৬। যুক্তফ্রন্টের নব-নির্বাচিত পরিষদ সদস্যগণ নিজ নিজ নিবর্বাচনী এলাকা পরিভ্রমণ করিয়া স্থানীয় অভাব-অভিযোগসমূহের নিরসন কল্পে কোন প্রকার সক্রিয় ব্যবস্থা অবলম্বন করিতেছে কিন্তু অথবা এ সম্পর্কে তাহারা ওয়াকিফহাল আছেন কিনা তাহার রিপোর্ট।

৭। সরকার নিয়ন্ত্রিত মূল্যে বস্ত্র বিতরণ করা হইতেছে কিনা অথবা নিয়ন্ত্রিত মূল্যে বস্ত্র বিতরণের কোন সরকারী দোকানে কোন প্রকার কালোবাজারী চলিতেছে কিনা তাহার রিপোর্ট।

৮। নারিকেল তৈল, হল্দী, মরিচ ও অন্যান্য মশলা, কাগজ ও নিত্যপ্রয়োজনীয় অন্যান্য দ্রব্যের বর্ত্তমান মূল্য কত এবং ধান পাট ও অন্যান্য কৃষিজাত অর্থকরী ফসলের বর্ত্তমানে কি মূল্য এবং কোথাও এই সাবের অত্যাধিক মূল্য হ্রাস ঘটিবার ফলে চাষীদের ক্রয়ক্ষমতা কি পরিমাণে কমিয়াছে এবং ইহাতে তাহাদের কি কি সঙ্কটের সম্মুখীন হইতে হইয়াছে তাহার রিপোর্ট।

৯। স্থানীয় সরকারী ও বেসরকারী অফিসসমূহে ব্যাপক ছাঁটাই নীতি কার্যকরী করা হইয়াছে কি না, কোন অফিসে কি পরিমাণ কর্ম্মচারী ছাঁটাই হইয়াছে এবং কর্মচ্যুত সেই সব কর্ম্মচারীরা বর্ত্তমানে কি অবস্থায় কালাতিপাত করিতেছে তাহার রিপোর্ট।

১০। রাস্তা-ঘাট, রেললাইন ও যুদ্ধের ঘাঁটির জন্য কি পরিমাণ জমি সরকার লইয়াছিলেন এবং সেই সব জমির জন্য সরকার কোন ক্ষতিপূরণ দিয়াছেন কি না তাহার হিসাব।

১১। বাত্যাবিধ্বস্ত এলাকার স্কুল, মাদ্রাসা, মসজিদ, মন্দির ইত্যাদি সম্বন্ধে বিস্তারিত তথ্য

১২। যে সমস্ত কৃষক, যুক্তফ্রন্ট সরকার পাটের লাইসেন্স ফি মওকুফ করার পূর্বেই লাইসেন্স ফি দিয়াছেন তাহাদের নাম ও দেয় ট্যাক্সের পরিমাণ সংক্রান্ত তথ্যসমূহ।

১৩। পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, প্রভৃতি স্থান হইতে দুদর্শাগ্রস্ত আগত মহাজেরদের সংখ্যা এবং তাহাদের বর্ত্তমান অবস্থা, পুনর্বসতি ও রোজী-রোজগারের ব্যবস্থার জন্য এ পর্যন্ত সরকার কি কি করিয়াছেন।

১৪। প্রাইমারী স্কুলের শিক্ষকগণ স্কুল বোর্ড হইতে নিয়মিত ভাবে বেতন পান কি না। না পাইয়া থাকিলে কতদিন হইতে পান না এবং কাহার কত টাকা বাকী।

১৫। কোন্ কোন্ স্থানে কি পরিমাণ রাজনৈতিক কর্ম্মী এখনও আটক এবং অন্তরীণ আছে তাহাদের নামের তালিকা এবং কর্ম্মীদের উপর নিবর্বাচনকালীন ফৌজদারী মামলার পূর্ণ বিবরণ।

-মোঃ আব্দুল হামিদ খান (ভাসানী)

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলনে উদ্বোধনী বক্তৃতাঃ ডঃ শহীদুল্লাহ	সাহিত্য সম্মেলন প্রচার কমিটি	২৩ শে এপ্রিল, ১৯৫৪

পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলন

উদ্বোধনী বক্তৃতা

ডঃ মুহম্মদ শহীদুল্লাহ

কার্জন হল, ঢাকা

২৩শে এপ্রিল, ১৯৫৪

সমাগত সাহিত্যিক ও সাহিত্যামোদী বন্ধুগণ,

১৯৪৭ সালের ১৪ই আগষ্টে বহু দিনের গোলামীর পর যখন আযাদীর সুপ্রভাত হল, তখন প্রাণে আশা জেগেছিল যে, এখন স্বাধীনতার মুক্ত বাতাসে বাংলা সাহিত্য তার সমৃদ্ধির পথ খুঁজে পাবে। ১৯৪৮ সালের ডিসেম্বরে ঢাকায় যে সাহিত্য সম্মিলনীর অধিবেশন হয়েছিল, তাতে বড় আশাতেই বুক বেঁধে আমি অভিভাষণ দিয়েছিলুম। কিন্তু তারপর যে প্রতিক্রিয়া হয়, তাতে হাড়ে হাড়ে বুঝেছিলুম স্বাধীনতার নূতন নেশায় আমাদের মতিচ্ছন্ন করে দিয়েছে। আরবী হরফে বাংলা লেখা, বাংলা ভাষায় অপ্রচলিত আরবী পারসী শব্দের অবাধ আমদানী, প্রচলিত বাংলা ভাষাকে গঙ্গাতীরের ভাষা ব'লে তার পরিবর্ত্তে পদ্মাতীরের ভাষা প্রচলনের খেয়াল প্রভৃতি বাতুলতা আমাদের একদল সাহিত্যিককে পেয়ে বসলে। তাঁরা এইসব মাতলামিতে এমন মেতে গেলেন যে প্রকৃত সাহিত্য সেবা যাতে দেশের ও দশের মঙ্গল হ'তে পারে, তার পথে আবর্জনার স্তূপ দিয়ে সাহিত্যের উন্নতির পথ কেবল রুদ্ধ ক'রেই খুশিতে ভূষিত হলেন না, বরং খাঁটি সাহিত্যসেবীদিগকে নানা প্রকারে বিড়ম্বিত ও বিপদগ্রস্ত করতে আদাজল খেয়ে কোমর বেঁধে লেগে গেলেন। তাতে কতক উচ্চপদস্থ সরকারী কর্মচারীরা উস্কানি দিতে কসুর করলেন না। ফলে বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র এবং অন্যান্য পশ্চিমবঙ্গের কবি ও সাহিত্যিকগণের কাব্য ও গ্রন্থ আলোচনা, এমনকি বাঙ্গালী নামটি পর্যন্ত যেন পাকিস্তানের বিরুদ্ধে ষড়যন্ত্র ব'লে কেউ কেউ মনে করতে লাগলেন। কেউ এ এসে মিলিত বঙ্গের ভূতের ভয়ে আতঙ্কগ্রস্থ হয়ে আবল-তাবল বকতে শুরু ক'রে দিলেন এবং বেজায় হাত-পা ছুড়তে লাগলেন। করাচীর তাঁবেদর গত লীগ গভর্ণমেন্ট বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্য কিছু করা দূরে থাক, বাঙ্গালী বালকের কচি মাথায় উর্দুর বোঝা চাপিয়ে দিলে এবং কেন্দ্রীয় সরকারের আরবী হরফে বাংলা ভাষা লেখার এবং উর্দুকে একমাত্র রাষ্ট্রভাষা করার অপচেষ্টায় সহযোগিতা করছেন। এইরূপ বিষাক্ত আবহাওয়ায় ১৯৪৮ সালের পর আর কোনও সাহিত্য সম্মেলনের আয়োজন সম্ভবপর হয়নি। আজে জনপ্রিয় পূবর্ব বাঙ্গালার গভর্ণমেন্টের আশ্রয়ে আমরা স্বস্তির নিঃশ্বাস ফেলে এক সর্বদলীয় সাহিত্য সম্মেলনের আয়োজন করছি।

পূবর্ব বঙ্গবাসীদের উদারতা যে তারা চার কোটি লোকের ভাষাকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা করার দাবী না ক'রে বরং উর্দুকেও অন্যতম রাষ্ট্র ভাষারূপে মানতে স্বীকৃতি দিয়েছে। এই উদারতায় কৃতজ্ঞ না হয়ে কেউ কেউ এখনো হুঙ্কার দিয়ে বলছেন যে, যারা বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবী করে তারা পাকিস্তানের দুশ্মন। আজ পূর্ব বঙ্গবাসী সমস্বরে বলবে যে এই রকম উর্দু পূজারীরাই পাকিস্তানের দুশ্মন। আমরা পাকিস্তানের জানী দোস্ত, তার জন্যে আমত্মঃপ্রাদেশিক ঐক্য চাই; সেই ঐক্যের খাতিরে আমরা বাংলার সঙ্গে উর্দুরও দাবী মেনে নিয়েছি। যারা

জবরদস্তি ক্রমে সমস্ত পাকিস্তানের ওপর কোন একটি ভাষা চাপিয়ে দিতে চায়, তারাই পাকিস্তানের দুশ্মন; তারাই পাকিস্তান ধ্বংস করবে।

সুখের বিষয়, মুসলিম লীগ পার্লিমেন্টারী পার্টির কিঞ্চিৎ সুবুদ্ধির উদয় হয়েছে। তাঁরা উর্দু ও বাংলা উভয়কে রাষ্ট্রভাষার মর্যাদা দানের প্রস্তাব গ্রহণ করেছেন, যদিও অন্য কতকগুলি ভাষার বিষয় তাঁরা বিবেচনা করতে স্বীকৃত হয়েছেন, কিন্তু বাংলাকে রাষ্ট্রভাষার আসনে আসীন দেখলেই আমরা চরিতার্থ হব না, যদি না সেই সঙ্গে আমরা বাংলা ভাষা ও সাহিত্যের সমৃদ্ধিকেও না পাই। তার জন্য সর্বপ্রথম প্রয়োজন পুর্ববঙ্গের সমস্ত সাহিত্যিকদের ঐক্যবদ্ধ হওয়া এবং সাহিত্যের উন্নতি প্রকৃষ্ট পন্থা অবলম্বনের জন্য একটি সুপরিকল্পিত পন্থা নির্দ্দেশ করা। এই জন্য এইরূপ সাহিত্য সম্মেলনের আজ বিশেষ গুরুত্ব দাঁড়িয়েছে। আশা করি সমবেত সাহিত্যিকগণ এ বিষয়ে অবহিত হবেন।

আমরা চাই বঙ্গীয় সাহিত্য পরিষদের ন্যায় একটি কেন্দ্রীয় সাহিত্য সমিতি যার পরিচালনাধীনে প্রতি বৎসরে পাকিস্তানের বিভিন্ন স্থানে এইরূপ সম্মিলনীর অধিবেশন হবে। যাতে সাহিত্যিকরা আমাদের সাহিত্যের উন্নতির পন্থা নির্ধারণ ও ভাবের আদান প্রদানে সমর্থ হবেন। এই জন্য একটি কেন্দ্রীয় সাহিত্য সমিতি স্থাপনের বা গ্রহণের কথাও এই সম্মেলনের প্রতিনিধিবর্গ বিবেচনা করবেন এই আশা করি। ঘরে ঘরে সাহিত্য সভা মন্দ কথা নয়; কিন্তু চাই একটি কেন্দ্রীয় সাহিত্য সমিতি, যার নিজস্ব কার্য্যালয় থাকবে আর মুখপত্র থাকবে। আমরা অভিভক্ত পরাধীন বঙ্গে বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতি স্থাপন ক'রেছিলুম। এখন স্বাধীন পূর্ববঙ্গে কি একটি উন্নততর কেন্দ্রীয় সাহিত্য সমিতি স্থাপন করতে পারব না?

বর্ত্তমান অবস্থায় পূর্ববঙ্গ সরকারের কার্য্যত সহানুভূতি ভিন্ন আমরা আমাদের সাহিত্যিক অভাব দূর ক'রে তাকে সমৃদ্ধিশালী করতে পারি না। সেই জন্য একটি বাংলা একাডেমী বা বাংলা সাহিত্য নিকেতনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। অত্যন্ত আনন্দের বিষয় আমাদের জনপ্রিয় পূর্ব বাংলা সরকার এই পরিকল্পনা অনুযায়ী কাজ করতে অগ্রসর হয়েছেন। কিন্তু এই পরিকল্পনা সম্পর্কে সকলের হয়তো সুস্পষ্ট ধারণা নেই। এই জন্য আমি এই বাংলা সাহিত্য নিকেতন বলতে কি বুঝি, তা গত অক্টোবর মাসে সিলেটের এক জনসভায় যা বলেছিলুম, এখানে তার কিছু অংশ উদ্ধৃত করছি।

''এই বাংলা সাহিত্য নিকেতন বলিতে আমি বুঝি কলিকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদের ন্যায় বরং তদপেক্ষা উন্নততর ও ব্যাপকতর একটি প্রতিষ্ঠান। ইহার জন্য প্রথম প্রয়োজন সুন্দর পরিবেশের মধ্যে আধুনিকভাবে সজ্জিত একটি প্রশস্ত দ্বিতল গৃহ। তাহার সংলগ্ন পুস্তকালয়ে বাংলা সাহিত্যে উৎকৃষ্ট গ্রন্থগুলি বিশেষতঃ বাংলা ভাষায় মুসলমান রচিত, মুদ্রিত ও অমুদ্রিত সমস্ত বই ও পুঁথি থাকিবে। তাহাতে পাকিস্তারের ধর্ম, ইতিহাস ও সংস্কৃতি সম্বন্ধীয় আরবী, ফারসী, উর্দু, হিন্দী, ইংরেজী, ফরাসী, জার্মান, ইতালিয়ান, ডাচ, স্পেনিস এবং রুশ ভাষায় লিখিত পুস্তক এবং সাহিত্যিক পত্রিকাগুলি রক্ষিত হইবে। ইহার একটি অনুবাদ বিভাগ থাকিবে। তাহার কার্য্য হইবে বিভিন্ন ভাষা হইতে পাকিস্তানের ধর্ম, সংস্কৃতি, প্রত্নতত্ত্ব ও ইতিহাস সম্পর্কীয় মূল্যবান পুস্তকগুলি বাংলা ভাষায় অনুবাদ করা। ইহার একটি পুস্তক প্রকাশ বিভাগ থাকবে তাহা হইতে বিভিন্ন ভাষায় এবং মুসলমান রচিত মধ্য যুগের বাংলা সাহিত্যের সংস্করণ প্রকাশিত হইবে। এই বাংলা সাহিত্য নিকেতনের সহিত পাঠকক্ষ, গবেষণা প্রকোষ্ঠ এবং গবেষণাকারীদের জন্য বাসভবন থাকিবে।

''সৌভাগ্যক্রমে আমরা মরহুম আবদুল করিম সাহিত্যবিশারদ সাহিত্যসাগর সাহেবের সংগৃহীত অমূল্য পুঁথিগুলির অধিকাংশ পাইয়াছি এবং তাঁহার অবশিষ্ট পুঁথিগুলিও পাইতে আশা করি। কিন্তু আরও অনেক মুসলমান লিখিত প্রাচীন পুঁথি অযত্নে, গৃহদাহ, জলপ্লাবন বা কীটদষ্ট হইয়া চিরতরে বিলুপ্ত হইয়া যাইতেছে। ব্যাপকভাবে এই সকল পুঁথি আহরণের জন্য কর্মচারী নিয়োগ এবং অর্থ ব্যয় করিতে হইবে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এই পূর্ববঙ্গ হইতেই ময়মনসিংহ গীতিকা ও পূর্ববঙ্গ গীতিকা সংগৃহীত হইয়া প্রকাশিত হইয়াছে। চেষ্টা করিলে লোক-সাহিত্য এখনও সংগ্রহ করা যাইতে পারে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের একান্ত ইচ্ছা থাকা সত্ত্বেও

অর্থাভাবে এই সকল আবশ্যকীয় কাজ করিতে পারিতেছেন না। এই অর্থাভাবের জন্য বিশ্ববিদ্যালয় প্রাচীন পুঁথির সংস্করণ ছাপাইতে পরিতেছেন না।

.... সুতরাং এখন আমাদের একমাত্র ভরসা যে প্রস্তাবিত বাংলা সাহিত্য নিকেতন পূর্ব্ববঙ্গ সরকার কর্তৃক স্থাপিত হইয়া এই সমস্ত সাহিত্যিক অভাব দূর করিতে অগ্রসর হইবে।''

আমি সর্বপ্রথম ১৯৪৮ সালের সাহিত্য সম্মেলনে এই একাডেমী কথা বলেছিলুম। ''আমাদিগকে একটি একাডেমী (পরিষদ) গড়তে হইবে, যার কর্ত্তব্য হবে পৃথিবীর বিভিন্ন ভাষা থেকে জ্ঞান-বিজ্ঞান ও সাহিত্য বিষয়ে শ্রেষ্ঠ গ্রন্থাবলীর অনুবাদ বাংলায় প্রকাশ। এজন্য এক পরিভাষা সমিতি প্রয়োজন আছে। বিশেষ করে আরবী, পারসী এবং উর্দু ভাষা থেকে পাকিস্তানের ধর্ম ও সংস্কৃতি সম্বন্ধে বইগুলির অনুবাদ একান্ত প্রয়োজনীয়।''

প্যারিসে **অপধফবসরব ঋৎধহপধরংব-**এর নিয়ন্ত্রনাধীনে ফরাসী অভিধান সংকলন করা হয়েছে, তাতে যেসব শব্দ আছে তাছাড়া ফরাসী সাহিত্যে অন্য শব্দ ব্যবহার করবার কারো অধিকার নেই। আমাদের এই সাহিত্য নিকেতনেরও কাজ হবে এইরূপ একটি অভিধান সংকলন করা। কিন্তু দক্ষ কর্ণধার না হলে নৌকা যেমন মাঝ দরিয়ায় ডুবে যায় সেইরূপ এই সাহিত্য নিকেতনের যদি উপযুক্ত অধ্যক্ষ নিযুক্ত না হয় তবে তাঁর দ্বারা ইষ্ট অপেক্ষা অনিষ্ঠ হবারই আশঙ্কা বেশী আছে। আশা করি আমাদের জনপ্রিয় সরকার বিশেষতঃ শিক্ষামন্ত্রী আমাদের এই মন্তব্যটি ধীরভাবে বিবেচনা করে দেখবেন।

ভূতপূর্ব্ব লীগ সরকারের আমলে বাংলা ভাষা ও অক্ষর সম্বন্ধে যে কৃত্রিম সমস্যার সৃষ্টি করা হয়েছিল দুঃখের বিষয় এখনও পর্যন্ত কেউ কেউ তা নিয়ে মাথা ঘামাচ্ছেন, এই প্রসঙ্গে আমি ১৯৪৮ সালে ঢাকায় সাহিত্য সম্মেলনে যা বলেছিলুম এখানে তা উদ্ধৃত করার প্রয়োজন মনে করছি।

''মূল আর্য্যভাষার সঙ্গে মিশেছে আদি যুগে কোল, মধ্যযুগে ফারসী ও পারসীর ভিতর দিয়ে কিছু আরবী ও যৎসামান্য তুর্কি এবং পরবর্তী যুগে পর্ত্তুগীজ আর ইংরেজী। দুচারটা দ্রাবিড়, মোঙ্গলী, ফরাসী, ওলন্দাজ প্রভৃতি ভাষার শব্দও বাংলায় আছে। মিশ্র ভাষা বলে আমাদের কিছু লজ্জা নেই। পৃথিবীর সর্ব্বাপেক্ষা চলিত ভাষা ইংরেজির প্রায় দশ আনা শব্দসমষ্টি বিদেশী। পশ্চিম বাংলার পরিভাষা নির্ম্মাণ সমিতি খাঁটি সংস্কৃত ভাষায় পরিভাষা রচনা করেছেন। পাঠ্য পুস্তকে এইরূপ খাটি আর্য্য ভাষা চলতে পারে কিন্তু ভাষায় চলে না। আমাদের মনে রাখতে হবে ভাষার ক্ষেত্রে গোড়ামি বা ছুঁৎমার্গের কোনও স্থান নেই।''

''ঘৃণা ঘৃণাকে জন্ম দেয়। গোঁড়ামি গোঁড়ামিকে জন্ম দেয়। একদল যেমন বাংলাকে সংস্কৃত-ঘেঁষা করতে চেয়েছে, তেমনি আর একদল বাংলাকে আরবী-পারসী ঘেঁষা করতে উদ্যত হয়েছে। একদল চাচ্ছে খাঁটি বাংলাকে বলি দিতে, আর এক দল চাচ্ছে 'জবে' করতে। একদিকে কামারের খাঁড়া, আর একদিকে কসাইয়ের ছূরি।''

''নদীর গতিপথ যেমন নির্দ্দেশ করে দেওয়া যায় না, ভাষারও তেমনি। একমাত্র কালই ভাষার গতি নির্দ্দিষ্ট করে। ভাষার রীতি (style) ও গতি কোন নির্দ্দিষ্ট ধরা-বাঁধা নিয়মের অধীন হতে পারে না। ফরাসী ভাষায় বলে Le style c'est I' homme- ভাষার রীতি সেটা মানুষ-অর্থাৎ মানুষে যেমন তফাৎ, প্রত্যেক লোকের রচনাতেও তেমনি তফাৎ থাকা স্বাভাবিক। এই পার্থক্য নির্ভর করে লেখকের শিক্ষা-দীক্ষা, বংশ এবং পরিবেষ্টনীর উপর। মোট কথা ভাষা হওয়া চাই সহজ, সরল এবং ভাষার রীতি (style) হওয়া চাই স্বতঃস্ফুর্ত্ত, সুন্দর ও মধুর। আমাদের স্মরণ রাখা উচিত ভাষা ভাব প্রকাশের জন্য, ভাব গোপনের জন্য নয়, আর সাহিত্যের প্রাণ সৌন্দর্য্য, গোঁড়ামি নয়।

''কিছুদিন থেকে বানান ও অক্ষর সমস্যা দেশে দেখা দিয়েছে। সংস্কারমুক্তভাবে এগুলির আলোচনা করা উচিত এবং তার জন্য বিশেষজ্ঞদের নিয়ে পরামর্শ সমিতি গঠন করা আবশ্যক। যারা ধ্বনিতত্ত্বের সংবাদ রাখেন, তাঁরা স্বীকার করতে বাধ্য যে বাংলা বানান অনেকটা অবৈজ্ঞানিক, সুতরাং তার সংস্কার দরকার। কেউ কেউ আরবী হরফে বাংলা লিখতে উপদেশ দিয়েছেন। যদি পূবর্ব বাংলার বাইরে বাংলাদেশ না থাক্ত আর যদি গোটা বাংলাদেশে মুসলমান ভিন্ন অন্য সম্প্রদায় না থাকত তবে এই অক্ষরের প্রশ্নটা এত সঙ্গীন হত না। আমাদের বাংলাভাষী প্রতিবেশী রাষ্ট্র ও সম্প্রদায়ের সঙ্গে সম্পর্ক রাখতে হবে। কাজেই বাংলা অক্ষর ছাড়তে পারা যায় না। আরবী হরফে বাংলা লিখলে বাংলার বিরাট সাহিত্য ভান্ডার থেকে আমাদিগকে বঞ্চিত হতে হবে। অধিকন্তু আরবীতে এতগুলি নূতন অক্ষর ও স্বরচিহ্ন যোগ করতে হবে যে বাংলার বাইরে তা কেউ অনায়াসে পড়তে পারবে না।

''বিদেশীর জন্য অক্ষর জ্ঞানের পূবের্ব ভাষাজ্ঞান এমন অদভুত কল্পনা এ বৈজ্ঞানিক যুগে খাটে না। অক্ষর সম্বন্ধে বিবেচনা করতে হলে ছাপাখানা, টাইপ-রাইটার, শটহ্যান্ড এবং টেলিগ্রাফের সুবিধা অসুবিধার কথা মনে রাখতে হবে। বিশেষ করে বাংলাকে যখন পাকিস্তানে রাষ্ট্রভাষারূপে গ্রহণ করা হচ্ছে তখন বাংলা ভাষার রাজনৈতিক সম্ভাবনা ও উপযোগিতার কথা চিমত্মা করারও প্রয়োজন রয়েছে। জনসাধারণের মধ্যে শিক্ষা ও জ্ঞান বিস্তারের জন্য Basic English- এর মত এক সোজা বাংলার বিষয় আমাদের বিবেচনা করা কর্ত্তব্য। যদি ৮৫০টি ইংরেজী কথায় সমস্ত প্রয়েজনীয় ভাব প্রকাশ করতে পারা যায়, তবে বাংলায় তা কেন সম্ভব নয়?

পূবর্ব বাংলার জনসংখ্যা গ্রেটব্রিটেন, ফ্রান্স, ইতালী, স্পেন, পর্ত্তুগাল, আরব, পারস্য, তুর্কি প্রভৃতি দেশের চেয়ে বেশী। এই সোনার বাংলাকে কেবল জনে নয়, ধনে-ধ্যান্যে, জ্ঞানে-গুনে, শিল্প-বিজ্ঞানে পৃথিবীর যে কোন সত্য দেশের সমকক্ষ হতে হবে। তাই কেবল কাব্য ও উপন্যাসের ক্ষেত্রে বাংলাকে সীমাবদ্ধ রাখলে চলবে না। দর্শন, ইতিহাস, ভূগোল, গণিত, পদার্থবিদ্যা, ভূতত্ত্ব, ভাষাতত্ত্ব, অর্থনীতি, মনোবিজ্ঞান, প্রত্নতত্ত্ব, প্রভৃতি জ্ঞান বিজ্ঞানের সকল বিভাগে বাংলাদে উচ্চ আসন নিতে ও দিতে হবে। তার জন্য শিক্ষার মাধ্যম স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে আগাগোড়া বাংলা করতে হবে।

আমি অষ্টাদশ শতাব্দীর কবি 'নুরনামার' লেখক নোয়াখালী সন্দ্বীপ নিবাসী আব্দুস হাকিমের একটি কথা আমাদের দেশের এক শ্রেণীর লোককে শুনিয়ে রাখছি :

''যে সবে বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী।
সে সবার কিবা রীতি নির্ণয় না জানি॥
মাতা পিতাময় ক্রমে বঙ্গেতে বসতি।
দেশী ভাষা উপদেশ মনে হিত অতি॥
দেশী ভাষা বিদ্যা যার মনে না জুয়ায়।
নিজ দেশ তেয়াগি কেন বিদেশে না যায়॥''

সাহিত্যিক বন্ধুগণ, আমি পুরানো হয়েছি, আমার কথাও পুরানো হয়েছে। কিন্তু আমার সব কথা এখনও শেষ হয়নি। কিন্তু উদ্বোধনী বক্তৃতার সীমা লংঘন করে আপনাদের ধৈর্য্যের উপর অত্যাচার করতে চাই না, তাই করুণাময় আল্লাহ তায়ালার নিকট বাঙ্গালা সাহিত্যের উন্নতি এবং এই সাহিত্য সম্মেলনের সাফল্যপূর্ণ ও শান্তিময় পরিসমাপ্তি কামনা ক'রে এর শুভ উদ্বোধন ঘোষণা করছি।

''আল্লাহুমা-ফতাহ্ লনা আবওয়াবি রহমতিক''

হে আল্লাহ্ আমাদের জন্য দয়ার দ্বার উন্মুক্ত কর।
বাংলা ভাষা জিন্দাবাদ
পাকিস্তান জিন্দাবাদ

পাকিস্তান সাহিত্য সংসদের কার্যনির্বাহক সমিতি

১৯৫২-১৯৫৩

সভাপতি	ঃ	ডক্টর কাজী মোতাহার হোসেন	
সহ-সভাপতি	ঃ	বেগম সুফিয়া কামাল	
		অধ্যাপক সরওয়ার মুর্শেদ	
		আবদুল গনি হাজারী	
		মোস্তফা নূরউল ইসলাম	
সাধারণ সম্পাদক	ঃ	ফয়েজ আহমদ	
সহ-সম্পাদক	ঃ	হাসান হাফিজুর রহমান	
		বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর	
বিভাগীয় সম্পাদক	ঃ	আলাউদ্দিন আল আজাদ	(সাহিত্য)
		ফজলে লোহানী	(সাহিত্য)
		আবদুল্লাহ আলমুতী	(বিজ্ঞান)
		আমিনুল ইসলাম	(চিত্রকলা)
		এম, আর, আখতার	(প্রচার)
সদস্য	ঃ	শামসুর রহমান	
		আনিস চৌধুরী দৌলতেন নেসা খাতুন	
		লায়লা সামাদ	
		সরদার জয়েন উদ্দিন	
		আতাউর রহমান	
		আবু জাফর ওবায়দুল্লাহ	
		আনিসুজ্জামান শেখ লুৎফর রহমান	

শিরোনাম	সূত্র	তারিখ
উর্দ্দু বাংলাকে সরকারী ভাষা হিসাবে স্বীকৃতি	দ্য ডন	৮ই মে, ১৯৫৪

URDU AND BENGALI OFFICIAL LANGUAGES

A new eight clause chapter-'Language of the Republic'-was added to the Basic Principles Committee Report by the Constituent Assembly of Pakistan yesterday.

The chapter "Language of the Republic" was brought before the House by Prime Minister Mohammad Ali and accepted without any amendment. It reads as follows:

(1) The official languages of the Republic should be Urdu, Bengali and such other Provincial languages as may be declared to such by the Head of the State on the recommendation of the Provincial Legislatures concerned.

(2) Members of Parliament shall have a right to speak in Urdu and Bengali in addition of English.

(3) Notwithstanding anything in the above article, for a period of 20 years from the commencement of the constitution the English language should continue to be used for all official purposes of the Republic for which it was# being used immediately before such commencement.

(4) For examinations for the central services, all provincial languages should be placed on an equal footing.

Additional Language

(5) Provision should be made for the teaching of Arabic, Urdu, and Bengali in Secondary schools to enable students to take either one or two of them in addition to the language used as the medium of instruction.

(6) The state should take all measures for the development and growth of common national language.

(7) A commission should be appointed 10 years after the commencement of the constitution to make recommendations for the replacement of English.

On a point of information Khan Abdul Gaffar Khan wanted to know if there were any decisions on provincial languages.

The Prime Minister explained that:

(1) All Provinces were free to use the provincial languages of their choice.

(2) The Head of State also had the powers to declare any provincial language as official language of the Republic on the recommendation of the Provincial Legislature concerned.

শিরোনাম	সূত্র	তারিখ
কেবলমাত্র উর্দ্দুকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দানের আহবান-ডঃ হক	দ্য ডন	১১ই মে, ১৯৫৪

URDU ALONE MUST BE OUR STATE LANGUAGE

Dr. Haq's statement

The following is the full text of Dr. Abdul Haq's statement on the state language formula issued yesterday.

"The language formula proposed by the Muslim League Party and subsequently approved by the Constituent Assembly merits careful examination. The authors of the formula have drafted it with great ingenuity and skill, and every word has been so meticulously chosen as destroy the chances of Urdu and disable it from gaining any strength anywhere in Pakistan. In this sedulous care to weaken Urdu the whole formula has been rendered vague contradictory and meaningless.

"The first clause of the formula lays down to State Language for Pakistan-Bengali and Urdu. This is entirely unacceptable to us. To juxtapose two such languages as are opposed to each other in genius and farm is highly objectionable. The Bengali language has Nagri or Sanskrit script. Whereas Urdu is written in Arabic script. Bengali is written from left to right and Urdu from right to left.

"Bengali has been nurtured by famous poets and authors of Bengali and Urdu has had its growth and development in the tradition of Islamic culture and learning. The simile and metaphors, symbols and references of Bengali are mostly taken from the Hindu mythology, while Urdu derives its material and motive force from Arabic and Persian and is steeped in Islamic lore and religious tradition.

Before Partition

"Our demand for Pakistan was based on the argument that we wanted to safeguard our religion, culture and language. It was for this reason that the Architect of Pakistan, Quaid-i-Azam Mohammad Ali Jinnah had categorically declared in the most unequivocal terms that the state language of Pakistan would be Urdu and Urdu alone, and no other language could be made the state language of Pakistan. We stand by this declaration firmly and consider any deviation from the Quaid's command a betrayal of Pakistan.

Our Ideal

(1) "There can be only one national and state language of Pakistan, and that in the words of the Quaid-i-Azam is Urdu and Urdu alone, and no other language can claim its place.

(2) "Within a year the process of replacing English by Urdu should be so begun that before the end of two years all government offices and courts carry on their business in Urdu. Urdu is fully capable of fulfilling the requirement of an official language for the country.

(3)"Urdu should be made the medium varsities. Beginning with 1955, all stages should be completed with five years, and the books and syllabi required for the purpose should prepared in the meantime.

(4) "The Anjuman Traqqi-e-Urdu is ready to offer any assistance in implementing 2 and 3 above. What is mentioned in clauses.

(5)"Finance should be found for the institution of an Urdu University and Government should also come forward with generous assistance in this connection.

To achieve this aim, we need sincere workers from the various parts of the country. Associations should be formed and money should be found for the many allied tasks. The An juman has not been able to make much headway in this behalf for lack of funds.

No Compromise

"In the end I would say that we are not prepared to make any compromise in this connection. We will not rest content until Urdu is made the state language of Pakistan, for no other language of the subcontinent can compare with the Urdu in respect, of its vastness, its richness of resources, its effectiveness and comprehension in communication of ideas and feeling and its unlimited receptivity. It is, therefore, our claim that Urdu alone can be the national and state language of Pakistan. All other languages .used in one part of the country of the other are regional languages or dialects, which are neither understood nor spoken beyond their limited frontiers.

"Urdu alone has the University to be spoken or understood through continent, and is, therefore, equal to its claim to be the state language of the country."

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তান গণপরিষদের ভাষা সংক্রান্ত সিদ্ধান্তে প্রতিবাদে মওলানা ভাসানী	দ্য ডন	১১ই মে, ১৯৫৪

Bhashani Rejects Constituent Assembly's Decision on State Languages

Maulana Bhashani said. "I am surprised to note that two Ministers of East Pakistan have welcomed the language resolution of Pakistan Constituent Assembly. I consider that no member of the United Front Parliamentary Party should give such opinion on a highly controversial matter like this without referring it to that party.

Maulana Bhashani added, "The resolution of the Constituent Assembly on the demand of the State language of Pakistan is unacceptable to us its entirety as it has completely failed to meet the popular demand of the country. It is an attempt to sidetrack the real issue and to divert the attention of the people to other controversial matters not at all connected with the issue.

"The demand to make Bengali as one of the Slate languages of Pakistan is categorical and unequivocal. All well-wishers of Pakistan demand that Bengali should be adopted as one of the Slate languages here and now it can brook on delay but the resolution adopted by the Constituent Assembly says that it will be given effect after 20 years. Twenty years is a long and far away cry for us and we do not know what will happen to issues like this within the period.

"So this resolution is of no interest to us and it will not help to ease the situations at all rather it will complete the issue. I hope all our countrymen will protest against this mischief with one voice. Resolutions and the movement for making immediately Bengali as one of the Slate languages of Pakistan should be intensified throughout the long and break of the land."

শিরোনাম	সূত্র	তারিখ
নিউইয়র্ক টাইমসে প্রকাশিত ‘স্বাধীনতার’ পক্ষে ফজলুল হকের বিবৃতির পুনঃপ্রকাশ	পাকিস্তান অবজারভার	২৫শে মে, ১৯৫৪

East Bengal wishes to he Independent: Fa/lul Haq's Interview with New York Times.

Centre's Attitude to Province Deplored.

New York, May 23: The New York Times today published an interview with East Bengal's Chief Minister, Mr. A.K. Fazlul Huq, quoting him to say that East Bengal "wished to become an Independent State".

The dispatch filed by the Newspaper's Karachi correspondent, who displayed on the front page and also credited Mr. Huq as saying that "independence will be one of the first things to be taken up by Ministry."

Dispatch said: "Leaders of East Pakistan, the largest province of Pakistan, said today it wished to become an Independent Stale."

Mr. Fazlul Huq. Chief Minister of province, made this statement a few hours after a closed-door meeting with the Prime Minister Mohammad Ali.

Mr. Huq, an octogenarian with 50 years of political experience including Chief Minister ship of his present domain, when it was part of Bengal in Undivided India, said: separation of West and East Pakistan by more than one thousand miles of India was one reason for 42 million Bengalees wanting their freedom.

At two-hour interview, he reviewed several cultural and economic points of disagreement between the two zones. These included the language difference (Bengali is used in East Pakistan and Urdu in most of West Pakistan), lack of corridor across India other than by air and lack of revenue balance.

During the election campaign earlier this year in which Mr. Huq's United Front Party defeated the nation-founding Muslim League, Mr. Huq frequently referred to Foreign Exchange earning of East Pakistan jute which provides Centra! Government with most of its dollar and pound revenues. East Pakistan produce about 70 percent of world's raw jute.

Colonial Status

Mr. Huq, who is known as the "Lion of Bengal" (East Pakistan) rented colonial status. He referred to what he described as 'favoritism' in the Central Government offices, particularly preferences given to people of the Punjab province to the exclusion of Bengalees.

After announcing today that he would complete the formation of his Ministry early next month, Mr. Huq, said a cabinet of 20 would lake up the issue of autonomy for East Pakistan.

Discussing possible partition which would be the great blow to the two-nation theory in the sub-continent and conversely victory for Prime Minister Jawaharlal Nehru of India. Mr. Huq talked about building a Bengali navy and spoke of the province's natural defenses.

"He said he had no idea of how soon autonomy could be accomplished. However, independence' will be one of the first things to be taken up by my Ministry."

Centre's Reaction

Asked what reaction would be in the Central Government to a move for partition, Mr. Huq said, "Undoubtedly they will try to resist such a move. But when a man wants freedom, he wants it."

Pakistan was distracted last Saturday by the worst labor riot in her seven-year history. More than 400 persons died, following an outbreak of fighting in the Adamjee Jute Mill in Narayanganj in East Pakistan.

A few days after the Prime Minister accused communists of instigating the riot, Mr. Huq asserted that communists had nothing to do with it. He said, he had asked the Central Government to help the province to investigate into the cause of the riot.

Mr. Huq arrived here for meeting with Central Government officials to discuss the riot and for the meeting of Chief Ministers of provinces. -APP

শিরোনাম	সূত্র	তারিখ
ফজলুল হক কর্তৃক প্রকাশিত বিবৃতির প্রতিবাদ	পাকিস্তান অবজারভার	২৬শে মে, ১৯৫৪

"Deliberate Falsehood and Perversion of Facts"

Fazlul Huq Contradicts 'New York Times' Report: Provincial Autonomy for East Pak. pleaded.

Karachi, May 24: "The notes taken by the Karachi correspondent of the New York Times, of my conversation with him contains nothing but deliberate falsehood and perversion of facts," said Mr. A.K. Fazlul Huq, Chief Minister of East Bengal while contradicting a statement published under his name by the New York Times.

He said, "what I actually stated at the interview to the correspondents was, East Pakistan should be an autonomous unit of Pakistan. This is our ideal and we will fight for it."

The following is the full text of Mr. Fazlul Huq's statement, issued to the Press late tonight:

"Today at about 4 p.m. I have had the advantage of having read some of the notes taken by the Karachi correspondent of the New York Times, of my conversation with him on Monday. I regret to have to say that the statement as taken down by him containing nothing but deliberate falsehood and perversion of facts which it is impossible to believe, has been made deliberately. Every word of the statement is baseless, falsehood and every sentence is perversion of truth. It is impossible to contradict such a statement peacemeal, so, I am making the following statement as a whole to give the public an idea of what I said and how much my statement has been mutilated.

What I actually stated at the interview to the correspondents are as follows:

"East Pakistan should be an autonomous unit of Pakistan. This is our ideal; and we will fight for it." I never said for a moment that our ideal is "independence."

I extremely regret that I am so much misunderstood and misreported. Perhaps people come to me with preconceived notions about me. I am not a coward. If I said something I will own it up.

There were two correspondents, the Reuters and the New York Times, at the interview.

They asked me about the defense of East Pakistan. I told them that in the case of aggression, we would expect help from West Pakistan but if no help was forthcoming from West Pakistan we will help ourselves.

I did say that East Pakistan has a fine manpower for a first class Navy.

There was a discussion about this interview at the Prime Minister's House where the correspondents were called in. The correspondent of the New York Times admitted that I did not talk of independence. He said that he had gathered it from my talks.

The New York Times correspondent in Karachi is famous for his notoriety in reporting. Many a sensational stories sent by him from Karachi were ultimately proved baseless. The most ridiculous item published by the paper from its Karachi correspondent is the Language Firing of Dacca in February 1952, in which the double column headline said, "Indian police open fire on Dacca, students: 4 Killed and several injured," but the story following was more ridiculous still. It said that "there were two English Language daily newspapers in Dacca, the Pakistan Observer and the Morning News. The Government banned the Pakistan Observer in protest of which the students organized a strike and the press of the Morning News was gutted down. The Indian police had to open fire to bring the situation under control as a result of which 4 students died and several others were injured. - (Ed., P.O.)

Ali, Huq and Times Reporter confer.

It is understood that on reading the text of Mr. Fazlul Huq's interview with Mr. John D. Challahan of the New York Times, the Prime Minister got together both Mr. Huq and Challahan and put before them the published report of the interview, reports A.P.P.

Mr. Fazlul Huq denied having made some of the statements ascribed to him Mr. Challahan of "New York Times" however struck to his version of the interview and did not retract any part of it.-(A.P.P.)

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পকিস্তান কর্তৃক ৯২-ক ধারা প্রবর্তন	পাকিস্তান অবজারভার	৩১শে মে, ১৯৫৪

Section 92-A Promulgated in East Bengal: Maj-Gcneral Iskander Mirza Sworn in as new Governor: "A Grave Emergency Exists."

Karachi, May 30: The Governor-General of Pakistan today promulgated Governor's rule in East Pakistan. His Excellency the Governor-General made the following proclamation on May 29, 1954 which has been published in a Gazette, Extraordinary, dated May 30, 1954 issued by the Ministry of Interior, Government of Pakistan.

"Whereas the Governor-General is satisfied that a Grave Emergency exists and thereby the security of East Bengal is threatened and that a situation has arisen in which the Government of East Bengal can't be carried on in accordance with the provisions of Government of India Act of 1935.

"Now, therefore, in exercise of the power conferred by section 92-A of the Act, the Governor-General is pleased to direct the Governor of East Bengal to assume on his behalf all powers vested in or exercisable by the Provincial Legislature."

The proclamation also suspends the operation of certain sections of the? Act.

Major-General Iskander Mirza was sworn in as Governor of East Pakistan at 6 p.m. today.

The oath of office and allegiance was administered by the Chief Justice of Dacca High Court, Sir J. H. Ellis.

শিরোনাম	সূত্র	তারিখ
সরকার কর্তৃক ৯২-ক ধারা প্রবর্তনের যৌক্তিকতা ব্যাখ্যা	পাকিস্তান অবজারভার	৩১শে মে, ১৯৫৪

Action taken to preserve integrity of Pakistan: Prime Minister's Broadcast

Karachi, May 30: Pakistan Prime Minister Mr. Mohammed Ali told the nation over the radio this evening, "Our sole aim in taking over the administration of the province is to save East Bengal and preserve the integrity of Pakistan."

The Prime Minister in a 29-minute broadcast immediately after the imposition of section 92-A in East Bengal gave a graphic survey of the situation leading to this drastic step by the Central Government. He said, the administration of East Bengal had "virtually broken down" and the Fazlul Huq Ministry was not able to secure the lives and properties of the people of the province.

Mr. Mohammed Ali -assured the nation that in coming to this decision we have not been influenced in the slightest degree by the fact that the provincial ministry was not a Muslim League Ministry but a United Front Ministry. He added the centre did not hesitate to dismiss the Muslim League Ministries in Sind and the Punjab when similar situation arose in the past

Centre's Information

Mr. Mohammed Ali said that in the light of information in possession of the Government two factors stood out clearly, Firstly, disruptive forces and enemy agents were actively at work in East Bengal to undermine the integrity of Pakistan by setting Muslim against Muslims, class against class and the province against the centre. The second factor was that Mr. Fazlul Huq and his colleagues were "not prepared to made the action necessary to cope with this situation".

The Prime Minister detailed the tragic events resulting from the nefarious activities of subversive elements in East Bengal and referred to the troubles in the industrial centers of Chittagong, Narayanganj and Khulna immediately after the results of the United Front Victory which came to be gradually announced.

He proceeded to mention the "Serious riot" at the Chandraghona Paper Mills where 13 persons were killed, the disturbance between the jail staff and the public at Dacca and Finally the "proudly tragic" riot at Adamjee Jute Mill in which over four hundred persons including innocent women and children were killed.

The Prime Minister asserted that the modus operandi in all these disturbances was identical. He declared, "no government could afford to ignore a situation pregnant with such disastrous possibilities for the well being of the province and the future of Pakistan".

He disclosed that on 17th May directives were issued to the Provincial Government requiring them to take certain actions to cope with the situation that had arisen. At the

same time the Provincial Government was assured that Centre would give them "every assistance in the restoration and maintenance of order in the province."

Centre's Directive Ignored

Mr. Mohammed Ali pointed out that the action suggested by the Central Government, Mr. Fazlul Huq publicly repudiated the suggestion that communists or other subversive elements had any hand in the disturbances. He added the United Front leaders made the fantastic allegation that the centre and the Muslim League had instigated these riots to discredit the United Front. "This", he said, "was of course a deliberate falsehood and wicked attempt to mislead the people and make political capital out of a great tragedy."

Mr. Mohammed Ali declared that Mr. Huq's recent statements viewed against the background of his Calcutta Utterances had convinced him and his colleagues that they had to deal with a political leader who was fundamentally opposed to Pakistan. It was clear that neither he nor his cabinet was Fit to administer the Province or could be trusted to restore peace and confidence and work for the prosperity of 42 million people. The centre had, therefore, no other alternative but the dismissal of the Huq Ministry.

The Prime Minister gave no indication in his broadcast as to how long the Governor's rule would continue in the province but added that section 92-A would remain in force "until such time as normal conditions have been restored in the province and ministry representative of the people and worthy of the people's confidence can function successfully".

Warning to people

He warned the people against the internal enemies and dangers of provincialism and appealed to the youth not to be misled by the enemies. He also told the members of services to do their duty in accordance with their duty in freedom from fear of victimization and restore social and administrative order.

Referring to Mr. Fazlul Huq's talks with the Central Government Mr. Mohammed Ali said that he and his colleagues were solely disillusioned and were left in no doubt that the United Front Ministry would not and could not be depended upon to take effective measures to meet the situation. "It was clear that since his last visit to Karachi Mr. Fazlul Huq's psychological makeup had undergone a remarkable metamorphosis."

The Prime Minister disclosed that during his previous visit here Mr. Huq had expressed concern over the growth of communism in his province and even favored a strong centre but during his second visit he maintained that there were no communists and no communism in East Bengal.

New York Times Again

Mr. Mohammed Ali also, made a reference to Mr. Fazlul Huq's interviews with Reuter and the New York Times in which he was reported to have stated that his objective was to secure independence for East Bengal and later issued a denial to this

statement. "Three days later, however," said Mr. Mohammed Ali, "Mr. Fazlul Huq had again changed his mind and in the coarse of certain discussions plainly told us that his objective was an independent East Bengal".

Mr. Mohammed Ali also quoted Mr. Huq's statements made in Calcutta to which he later issued "evasive explanation" and declared "I leave Mr. Fazlul Huq and his various statements to the contemplation and judgment of my countrymen. I have no doubt that their verdict will be that Mr. Fazlul Huq is a traitor to Pakistan." He also quoted the opinions publicly expressed by the Qaaid-e-Azam about Mr. Fazlul Haq whom he had called "a curse."

Full Text

Following is the full text of the Prime Minister's broadcast

"My colleagues and I have recently had under careful consideration the present situation in East Bengal. We have gratefully come to the conclusion after discussion with the Chief Minister, East Bengal, and his colleagues, in Karachi, that the administration in the province has virtually broken down, that the present Ministry is not able either to secure the lives and properties of the people of East Bengal or to inspire that confidence in the administration and the people which is a essential prerequisite to the working of an orderly and progressive Government. We have therefore, decided to assume the provincial administration under section 92-A of the Government of India Act 1935, as adopted by Pakistan. Accordingly, necessary orders under section 92-A dismissing the Provincial Ministry have been promulgated.

"They will remain in force for the minimum time necessary to restore law and order and public confidence so that parliamentary Government."

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তান গণপরিষদ বাতিল ঘোষনা	পাকিস্তান অবজারভার	২৫শে অক্টোবর, ১৯৫৪

G-G Dissolves Constituent Assembly: State of emergency proclaimed: Ali heads new 8-member cabinet: Ayub Khan Defense Minister and Commander-in-Chief.

Karachi: The Governor-General of Pakistan has declared State of Emergency throughout Pakistan today.

The constituent Assembly has been dissolved.

The Proclamation said that the ultimate authority vests in the people who will decide all issues including constitutional issues through the representatives to be elected afresh. Elections will be held "as early as possible".

Until fresh elections are held the administration of the country will be carried on by a reconstituted cabinet.

Prime Minister has been called upon to reform the cabinet. The invitation has been accepted.

A press Communiqué issued by Cabinet Secretariat said, "The following proclamation has been issued by the Governor-General and published in a *Gazette, Extraordinary*, today:

The Governor-General having considered the political crisis with which the country is faced with deep regret has come to the conclusion that the constitutional machinery has been broken down. He, therefore, has decided to declare a state of emergency throughout Pakistan. The Constituent Assembly as at present constituted has lost the confidence of the people and can no longer function.

The ultimate authority vests in the people who will decide all issues including constitutional issues through their representatives to be elected a fresh. Elections will be held as early as possible.

Until such time as elections are held, the administration of the country will be carried on by a Constituent Cabinet. He has called upon the Prime Minister to reform the Cabinet with a view to giving the country a vigorous and stable administration. The invitation has been accepted.

The security and stability of the country are of paramount importance. All personal, sectional and provincial interests must be subordinated to the supreme national interest."

NEW CABINET

Karachi: An eight member cabinet with Mr. Mohammed Ali as Prime Minister was sworn in at the Governor-General's House this evening.

The new ministers with their portfolios allotted to them are:
General Ayub Khan-Defense.

Mr. Ghyasuddin Pathan-Food and Agriculture and Parliamentary Affairs

Mir Ghulam Ali Khan Talpur-Information, Broadcasting and Education.

Mr. M. A. H. Ispahani-Industries and Commerce.

Maj-Gen. Iskander Mirza-Interior, States and Frontier region.

Choudhury Mohammed All-Finance, Kashmir Affairs and Refugee and Rehabilitation

Mr. Mohammed Ali, Prime Minister-Foreign Affairs and Communications. Dr. A. M. Malik-Health and Works.

Two State Ministers

Mr. Murtaza Reza Choudhury and Sardar Ameer Azam Khan will continue as Ministers of state for Finance and Defence respectively-APP.

General Ayub Khan will also continue as Commander-in-Chief, Pakistan Army.

ALI'S BROADCAST.

Karachi: Prime Minister Mohammed Ali, a few minutes after the swearing in ceremony of his 8-men new Cabinet told the Nation over Radio Pakistan that the People will be given an opportunity to elect a fresh Constituent Assembly "as early as possible".

Mr. Ali said that some of the actions of the Constituent Assembly were questioned by the majority of the people and that it had failed to inspire confidence in them. In fact, its actions had the contrary effect.

He declared that the constitution making has not more important than the security of the country.

Following is full text of the Prime Minister's broadcast:

"Fellow countrymen, most of you have no doubt heard that the Governor-General has issued a proclamation today declaring a State of Emergency throughout Pakistan. He considers that the Constituent Assembly as at present constituted has lost the confidence of the people can no longer function. The ultimate authority vests in the people who must decide all issues including constitutional issues through representatives to be elected afresh. For that purpose elections will be held as early as possible. Until such time as the elections are held, the administration of the country has to be carried on. The Governor- General, therefore, called upon me to reconstitute the Cabinet so as to give the country a vigorous and stable administration. This invitation I accepted. It was a duty which in this hour of crisis I owed to the country and to you, my beloved countrymen. I have accordingly reconstituted the Cabinet which was sworn in about 15 minutes ago. Certain

actions of the Constituent Assembly have provoked a storms of indignations throughout the country. Recently by far the majority of you have seriously questioned its confidence to speak for them, with result that its decisions have ceased to command that general acceptance by the people which is sin quo non of a workable and stable constitution. It has failed to inspire confidence in the country as to consolidate our people.

Growing Concern

In fact, some of its recent decisions have had quite the opposite effect. Under the circumstances, it became manifest that it no longer was in a position to function effectively. Some indication of these distressing developments began to reach me soon after 1 left for the United States. Since then I have watched with growing concern the progressive deterioration in the political situation in the country following a rapid decline in the prestige and authority of the Constituent Assembly. On my return I found that a situation has developed in which the Governor-General had to take the action he has taken in the larger interest of Pakistan. The destiny of the country could no longer be left to the caprices of an assembly which, instead of safeguarding the interests of Pakistan, was becoming increasingly subject to internal strain and bickering. Constitution making is important but more important by far is the security and stability of our country. These must at all times be fully assured. Constitution making by the present Constituent Assembly has resulted in developments which threatened to imperil our national unity. It was provoked personal, sectional and provincial rivalries and suspicions. *

These have to be curbed and Pakistan's interest must be put above everything else. This is what the Governor-General's action envisages. This is what my new Cabinet and I, your servant, will always have in view. In this 1 am fully confident of your whole hearted support. The only course open under the circumstances is to appeal again to you who are the true custodians of Pakistan. Therefore as early as possible you will be given an opportunity to elect your new representatives. They will have a fresh mandate from you to frame a Constitution such as I trust, will advance not reverse the process of welding our people into a single, united, progressive and strong nation. -APP.

শিরোনাম	সূত্র	তারিখ
গণতন্ত্র প্রতিষ্ঠার দাবী দিবসে ফজলুল হকের ভাষণ	যুক্তফ্রন্ট	১০ই এপ্রিল, ১৯৫৫

১০ই এপ্রিল রবিবার

গণতন্ত্র প্রতিষ্ঠা দিবস উপলক্ষে পল্টন ময়দানের জনসভায়

সভাপতি শেরে বাংলা জনাব এ, কে, ফজলুল হকের ভাষণ

আমার প্রিয় পাকিস্তানী ভাইগণ,

আজ দেশ ও জাতির অতি সঙ্কটপূর্ণ মুহূর্ত্তে আমি আপনাদিগকে এই ‘‘গণতন্ত্র প্রতিষ্ঠা দিবস’’ প্রতিপালনে আহবান জানাইয়াছি। ইংরাজ শাসনের ১৮২০ সাল হইতে আরাম্ভ করিয়া ১৯৪৬ সাল পর্যন্ত সোয়া শত বৎসর ধরিয়া পাক-ভারতের স্বাধীনতা আন্দোলনের সৈনিকগণ বিভিন্ন আন্দোলনের ভিতর দিয়া যে জীবনাহুতি প্রদান করিয়া আসিয়াছেন তাহারই ফলস্বরূপ ১৯৪৭ সালে আমরা আজাদ পাকিস্তান লাভ করিয়াছি। এই আজাদীর সংগ্রামে হাজার হাজার দেশপ্রেমিক জানমাল কোরবান করিয়া যে ইতিহাস সৃষ্টি করিয়াছেন তাহার স্মরণ করিলে উক্ত ত্যাগী বীরদের জন্য স্বতঃই মস্তক অবনত হইয়া আসে। শাহদত বরণ করিয়া, ফাঁসিকাষ্ঠে ঝুলিয়া, কারাবরণ করিয়া এবং যাবতীয় বিষয়-সম্পত্তি বিসর্জন দিয়া আমার লক্ষ লক্ষ দেশবাসী যে আজাদী হাসিল করিয়াছে সেই আজাদীর ফল কি আমরা ভোগ করার সুযোগ পাইয়াছি? কিরূপ আজাদীর জন্য সংগ্রাম করিয়া ঐ সব মনীষীগণ নিজদিগকে কোরবানী কারিয়াছিলেন এবং সেই আজাদী কাহাকে বলে? যাহাতে প্রত্যেকটি মানুষ তাহার জন্মগত গণতান্ত্রিক অধিকার লাভ করিতে পারে এবং সেই অধিকারের বলে দেশবাসীর জন্য জনগণের প্রকৃত গণতান্ত্রিক শাসনাধিকার প্রাপ্ত হইতে পারে উহারই নাম প্রকৃত আজাদী। আপনারা সকলে সেই আজাদীর জন্যই সংগ্রাম করিয়াছেন, আমরাই সেই আজাদীই চাহিয়াছি। কিন্তু আফসোস আজ পর্য্যন্ত আমরা সেই আজাদীর স্বাদ গ্রহণ করতে সমর্থ হই নাই। আমাদের আজাদী প্রাপ্তির পর প্রায় ৮ বৎসর উত্তীর্ণ হইয়া চলিল-ইংরাজ জাতির সৃষ্ট ভারত শাসন আইন দ্বারাই আজও আমাদিগকে শাসন করা হইতেছে, আমাদের আজাদ পাকিস্তানের উপযোগী শাসনতন্ত্র আজও আমরা পাই নাই। বিগত ৭ বৎসরের শাসন পাকিস্তানকে প্রায় দেউলিয়া করিয়া ফেলিয়াছে।

অতীতের কথা বেশী ঘাটিয়া লাভ নাই-আমি বর্তমান সম্পর্কে এখন আপনাদিগকে কিছু বলিতে চাই। গত বৎসর এই এপ্রিল মাসের ৩রা তারিখে আমাদের এই পূর্ব পাকিস্তানে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা কায়েম হয় এবং উহার ৫৭ দিন পরই উক্ত মন্ত্রিসভা বাতিল করতঃ গভর্ণর পরিচালিত আমলাতান্ত্রিক শাসন চালু করা হয়। জনসংখ্যার শতকরা সাতানববই জনের ভোটে নির্বাচিত আইন পরিষদের সভ্যগণকে সাসপেন্ড করতঃ আইন সভাকে অকেজো করিয়া রাখা হয়। বহু যুক্তফ্রন্ট এম,এল,এ-সহ শত শত কর্মীকে নিরাপত্তা আইন বলে গ্রেফতার করিয়া জেলে আটক রাখা হয়, আজও উহাদের অনেকে কারাগারে পচিতেছেন। আমরা জনসাধারণের ভোট লইয়া আসিয়াছি, মানুষ আমাদের দিকে তাকাইয়া রহিয়াছে, আশা করিয়া রহিয়াছেন আমাদের হাত দিয়া আল্লাহ তাহাদের দুঃখ মোচন করাইবেন। কিন্তু আমরা কোন কাজ করার সুযোগ ও সময়ই পাইলাম না। কাদিয়ানী বিরোধী আন্দোলনের ফলে পাঞ্জাবে হাজার হাজার লোক মারা যাওয়ার পর দওলতানা মন্ত্রিসভা ডিসমিস করা হইয়াছিল সত্য কিন্তু ৯২(ক) ধারা জারী করিয়া আইন পরিষদকে অকেজো করিয়া রাখা হয় নাই। কিন্তু আমাদের এই পূর্ব বাংলার বেলায় ঐরূপ অভূতপূর্ব কার্য্য দ্বারা পাকিস্তানের অত্রাঞ্চলের জনগণের মনে ভীষন আঘাত করা হইয়াছে।

যুক্তফ্রন্ট মন্ত্রিসভা ডিসমিস করিবার পর হইতে আজ পর্যন্ত দশ মাসের বেশী সময় চলিয়া গিয়াছে আমরা এবং আমাদের দেশবাসী তদবধি শামিত্ম পূর্ণমাত্রায় বিরাজ রাখিয়া চলিয়াছি উচ্চপদস্থ সরকারী লোকেরাও এ কথা বহুবার স্বীকার করিয়াছেন। কোথাও কোন গোলমাল বা কোন জরুরী অবস্থা আদৌ দেখা দেয় নাই, তথাপি ৯২(ক) ধারা শাসনের অবসান হইতেছে না, জনগণের শাসন জনপ্রতিনিধিদের হাতে ফিরাইয়া দেওয়া হইতেছে না। কিছুদিন যাবৎ যুক্তফ্রন্ট দলের ভিতর বিভেদের অজুহাত দেখাইয়া গণ-শাসনকে দাবাইয়া রাখার প্রচেষ্টা চলিয়াছে। অল্পবিস্তর মতান্তর সব দেশে সব পার্টিতেই থাকে কিন্তু উক্তরূপ মতান্তরের অজুহাতে কোন স্বাধীন দেশে কোনকালে পার্লামেন্টারী শাসন আটকাইয়া রাখার রীতি নাই। ইউরোপীয় বহু দেশে কোন দলের যথোযুক্ত সংখ্যাগরিষ্ঠতার অভাবেই মন্ত্রিসভা পুনঃ পুনঃ ভাঙ্গাগড়া হইয়া থাকে কিন্তু তথাপি ঐ অজুহাতে পার্লামেন্টারী শাসন হইতে দেশবাসীকে বহির্গত করা হয় না। কোন কোন মহল হইতে সংবাদপত্রে প্রকাশ করা হইয়ায়ে- আমি কেন্দ্রীয় সরকারের নিকট গ্রহণযোগ্য নই বলিয়া এখানে পার্লামেন্টারী শাসন প্রবর্তন সম্ভব হইতেছে না। এইরূপ অহেতুক উক্তির তাৎপর্য আমি বুঝিতে অক্ষম। কেন্দ্রীয় সরকার বা তাহার নিয়োজিত প্রাদেশিক গভর্ণর যাহাকে আইন পরিষদের সংখ্যাগরিষ্ঠ দলের আস্থাভাজন বলিয়া মনে করিবেন তাহাকেই আইনানুসারে মন্ত্রিসভা গঠন করার জন্য আবেদন করিতে পারেন সুতরাং কোন ব্যক্তি গ্রহণযোগ্য বা কোন ব্যক্তি গ্রহণযোগ্য নয় ইহা যাচাই করার গভর্ণরের নিকট একমাত্র মাপকাঠি হইতেছে পরিষদ সভ্যদের সংখ্যাগরিষ্ঠতা। নিবর্বাচনের প্রাক্কালে আমি পূর্ব বাংলার সবর্বত্র ঘুরিয়া ঘোষণা করিয়াছিলাম। যে যুক্তফ্রন্ট দলের সভ্যদের ভোট দেওয়া হইলে সেই ভোট আমাকেই দেওয়া হইবে। দেশবাসী আমার সেই আহবানে আশাতীত সাড়া দিয়াছিলেন, সুতরাং আমার দেশবাসী আমাকে ত্যাগ না করা পর্য্যন্ত আমি তাহাদিগকে ন্যায়তঃ ও ধর্মতঃ ত্যাগ করিতে পারি না। কিন্তু তাই বলিয়া আমার জন্য পার্লামেন্টারী শাসন আটকিয়া থাকার কোনই কারণ নাই। প্রাদেশিক গভর্ণর যদি মনে করেন আমাকে ছাড়া অন্য কেহকে দিয়া জনগণের ও পরিষদের গরিষ্ঠসংখ্যক সভ্যদের আস্থাভাজন কোন মন্ত্রিসভা গঠন করা সম্ভব তিনি বিলক্ষণ তাহা করিতে পারেন। আমি আজ এই প্রকাশ্য সভায় ঘোষণা করিতেছি যে আমি চাই জনগণের আস্থাভাজন পার্লামেন্টারী শাসন কোন ব্যক্তির জন্য তাহা রহিত হইয়া থাকিতে পারে না কারণ ব্যক্তি চেয়ে দেশ ও জাতি অনেক বড়। যে যুক্তফ্রন্ট দল শতকরা সাতান্নববইটি ভোট পাইয়া জয়ী হইয়াছে সেই দলকে তথা সাড়ে চারি কোটি পূর্বপাকিস্তান বাসীকে তাহাদের জন্মগত গণতান্ত্রিক শাসনাধীকার হইতে বঞ্চিত করিয়া রাখার কোন অধিকার কোন সরকারের বা কেহরই নাই।

ভাষা আন্দোলনের দাবী কিছু নয়, আইন ও শৃঙ্খলা ভংগ করিয়া শান্তিও নষ্ট করার জন্য যে একটা ধ্বংসাত্মক ষড়যন্ত্র করা হইয়াছিল ১৪৪ ধারা জারী করার পরবর্তী ঘটনা পরিস্থিতিই তাহার প্রমাণ। এই যুক্তির সমর্থনের দুইটি বিষয় উল্লেখ করা যাইতে পারে। প্রথমতঃ শোভাযাত্রা ও জনসভা একেবারে নিষিদ্ধ করিয়া দেওয়া হইয়াছে, ১৪৪ ধারা জারীতে তেমন কোন কথা ছিল না। নিষেধাজ্ঞায় বলা হইয়াছিল যে, জেলা ম্যাজিষ্ট্রেটের অনুমতি লইয়া শোভাযাত্রা ও জনসভা অনুষ্ঠান করা অথবা শোভাযাত্রা বাহির করার যদিও তাহাদের ইচ্ছা ছিল তবে তাহার জন্য এই অনুমতি লওয়ার পথে কোনই বাধা ছিল না। কিন্তু তাহারা কখনও এরূপ করে নাই। দ্বিতীয়তঃ বাংলা ভাষাকে রাষ্ট্রভাষার মর্যদা দেওয়ার জন্য প্রাদেশিক সরকারের সোপারিশ সত্ত্বেও এখনও দৃঢ়তার সহিত ছাত্র ও জনসাধারণকে হিংসাত্মক কাজে উত্তেজিত করার ও আইন ভংগের জন্য সংঘবদ্ধ করা প্রচেষ্টা চলিতেছে। এই সকল যুক্তির এবং হাঙ্গামাকারীদের কার্যকলাপ হইতে নিঃসন্দেহে ইহাই প্রতিপন্ন হয় যে, ভীষণ রকমের কোন একটা বিপর্যয় সৃষ্টি করাই ছিল তাহাদের প্রধান মতলব, শুধু জনসাধারণের সহানুভূতি লাভের জন্যই তাহারা ইহার সহিত ভাষার প্রশ্ন যোগ করে। ঢাকার সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কে মিথ্যা ও ভীষণ উত্তেজনামূলক গুজব শুধু ঢাকা শহরেই প্রচার করা হইতেছে না- সমস্ত প্রদেশেই ইহা ছড়ানো হইতেছে। আইন ভংগকারীদের সমর্থন জানানোর জন্য মোছলেম লীগ এম-এল-এ গণকে এবং স্থানীয় সংবাদপত্রগুলিকেও ভীতি প্রদর্শন করা হইতেছে। স্বাভাবিক শাসন পরিচালন কার্যে বিঘ্ন সৃষ্টির জন্যও চেষ্টা চলিতেছে। স্থানীয় ছাত্র মহলকে উত্তেজিত করার জন্য প্রতি মুহূর্তে সুযোগ গ্রহণ করা হইতেছে। তাহাদিগকে এই বলিয়া উৎসাহিত করা হইতেছে যে ইহা তাহাদের জাতীয় আন্দোলন। আইন ভংগের জন্য তাহাদিগকে চাপ দেওয়া হইতেছে। অনুরূপ প্রচেষ্টার জন্য প্রদেশের বিভিন্ন স্থানেও তাহার দল প্রেরণ করিতেছে।

উল্লিখিত ঘটনাগুলি এবং সরকারের হাতে যে সমস্ত প্রমাণ রহিয়াছে, তাহাতে ইহাই প্রতিপন্ন হয় যে, এই ষড়যন্ত্রের মূলে গভীর উদ্দেশ্য রহিয়াছে এবং ষড়যন্ত্রের নেতাগণ পাকিস্তানের বাহির হইতে উৎসাহ পাইতেছে। এমতাবস্থায় এই সকল ষড়যন্ত্র ব্যর্থ করিয়া রাষ্ট্রের নিরাপত্তা রক্ষা করার জন্য ব্যবস্থা অবলম্বন করিতে সরকার কখনও ইতস্ততঃ করিবেন না। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, পাকিস্তানের শুভার্থীগণও এই কাজে সম্পূর্ণরূপে সহায়তা করিবেন।

হাসপাতালে আর একজনের মৃত্যু

অসমর্থিত সংবাদে প্রকাশ, ঘটনার দ্বিতীয় দিন অর্থাৎ গত শুক্রবার পুলিশের গুলীতে আহত এক ব্যক্তি গত শনিবার ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে এন্তেকাল করিয়াছেন (ইন্নালিল্লাহে..... রাজেউন)।

ইহাছাড়া, গতকল্য (রবিবার) লালবাগ পুলিশ হাসপাতাল হইতে পূর্ব দুই দিনের আহত ৫ ব্যক্তিকে মিটফোর্ড হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে বলিয়া জানা গিয়াছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃক অদ্য প্রতিবাদ দিবস পালন

একজিকিউটিভ কাউন্সিলের সভায় প্রস্তাব গৃহীত

বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবীঃ শহীদ ছাত্রদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন

গতকল্য (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজিকিউটিভ কাউন্সিল ও অধ্যাপকদের বৈঠক হয়। উভয় বৈঠকের প্রস্তাবে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবী জানান হয়। ঢাকায় ছাত্রদের উপর গুলীবর্ষণের নিন্দা করিয়া এবং গুলীবর্ষণের ফলে নিহত ব্যক্তিদের পরিবারবর্গের শোকে সহানুভূতি জানাইয়া প্রস্তাব গ্রহণ করা হয়।

অধ্যাপকের বৈঠকের বিশ্ববিদ্যালয়ের প্রায় সমস্ত অধ্যাপকই উপস্থিত ছিলেন। বৈঠকে উপস্থিত অন্যান্যদের মধ্যে সলিমুল্লা, মোছলেম হল, ফজলুল হক হল এবং জগন্নাথ হলের প্রভোষ্টগণ, কলা, বিজ্ঞান ও আইন বিভাগের ডীন এবং ডাঃ জিলানী, মেসার্স প্যাটেল, রিজভী হোসেন, সিদ্দিকী প্রমুখ বহুসংখ্যক অবাঙ্গালী অধ্যাপকের নাম উল্লেখযোগ্য। একটি প্রস্তাবে কাউন্সিল ২১শে ও ২২শে ফেব্রুয়ারী তারিখে গুলীবষর্ণের ফলে হতাহত ছাত্রদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন।

অপর একটি প্রস্তাবে ঢাকা বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রাঙ্গণে পুলিশের প্রবেশের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করা হয়।

২১শে ও ২২শে ফেব্রুয়ারী যে সমস্ত ছাত্র পুলিশের গুলীবর্ষণে প্রাণ হারাইয়াছে, তাহাদের প্রতি শ্রদ্ধার নিদর্শনস্বরূপ ও তাহাদের প্রতি শ্রদ্ধার নিদর্শনস্বরূপ ও তাহাদের শোসসন্তপ্ত পরিবারবর্গ ও আহতদের প্রতি সহানুভূতি জ্ঞাপনের উদ্দেশ্যে এবং পুলিশের বেপরোয়া গুলীবর্ষণের প্রতিবাদে কাউন্সিল ২৫শে ফেব্রুয়রারী বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার সিদ্ধান্ত করিয়াছেন।

বৈঠকে আসন্ন আইন পরীক্ষাও স্থগিত রাখার সিদ্ধান্ত করা হইয়াছে এবং এ ব্যাপারে চূড়ান্ত তারিখ নির্ধারণ করার জন্য ভাইস চ্যান্সেলরকে ক্ষমতা দেওয়া হইয়াছে।

অপর একটি প্রস্তাবে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণের জন্য গণপরিষদের নিকট দাবী করা হয়।

অধ্যাপকদের বৈঠক

বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের ডীন ডাঃ আই, এইচ, জুবেরী সভাপতিত্বে গতকল্য (রবিবার) বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের এক বৈঠক হইয়াছে। বৈঠকে সরকারকে অবিলম্বে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে ঘোষণা করার দাবী জানানো হইয়াছে। বৈঠকে শিক্ষার মাধ্যম হিসাবে যথাসম্ভব বাংলা প্রবর্তনের জন্য বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করা হইয়াছে। ২১শে ফেব্রুয়ারী ও পরবর্তী দিনসমূহের পুলিশ ও মিলিটারীর নির্বিচারে ছাত্র সমাবেশের উপর গুলীবর্ষণ এবং 'নিষ্ঠুর হত্যাকান্ডের' তীব্র নিন্দা করা হয়। পুলিশ ও মিলিটারী কর্তৃক বিশ্ববিদ্যালয়ের মর্যাদা লংঘন সম্পর্কেও বৈঠকে নিন্দা করা হয়।

একটি প্রস্তাবে বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও অধ্যাপকের উপর কাঁদুনে গ্যাস নিক্ষেপের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জ্ঞাপন করা হয়।

সম্মিলিত অধ্যাপকগণ হাইকোর্টের একজন বিচারপতির নেতৃত্বের গঠিত একটি বিচার বিভাগীয় কমিটির দ্বারা ঢাকার সাম্প্রতিক ঘটনাবলীর তদমেত্মর দাবী করিয়াছেন। অতঃপর তাঁহারা অন্যান্য প্রস্তাবের মধ্যে ঢাকার শোচনীয় ঘটনাবীলর জন্য দায়ী অফিসারদের অপসারণ, ১৪৪ ধারা প্রত্যাহার এবং পুলিশ ও মিলিটারী পাহারা উঠাইয়া দানের জন্য এবং অবিলম্বে বিনা শর্তে বন্দীদের মুক্তিদানের প্রস্তাব গ্রহণ করেন।

রবিবারে শহরের অবস্থার আরো উন্নতি

দুই স্থানে পুলিশের মৃদু লাঠিচার্জঃ সান্ধ্য আইনের মেয়াদ হ্রাস

গতকল্য (রবিবার) ঢাকার অবস্থা অপেক্ষাকৃত শান্ত থাকে। তবে ইছলামপুর রোড ও ঢাকা রেল স্টেশনের আর-এম-এস অফিসের নিকট এক জনতার উপর পুলিশ লাঠিচার্জ করে। ফলে কয়েক ব্যক্তি আহত হয়। দুজনকে মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হয় বলিয়া জানা গিয়াছে। এই দিন শহরে সান্ধ্যা আইন কিছু শিথিল করিয়া রাত্রি ৮টার বদলে ১০টা হইতে ভোর ৫টা করা হয়। সর্বত্র পুলিশ ও সামরিক প্রহরা পূর্ণমাত্রায় বজায় থাকে।

এইদিনে শহরের নানাস্থানে সরকারের সমালোচনামূলক নানান নতুন ধরনের প্রচারপত্র বিলি করা হয়। বহু গৃহ ও প্রাচীরপত্র সংলগ্ন অনুরূপ বহু প্রাচীরপত্র পথচারীদের দৃষ্টি আকর্ষণ করে।

কিছুসংখ্যক পুলিশকে এই দিন বিভিন্ন রাস্তা হইতে প্রাচীরপত্রগুলি তুলিয়া ফেলিতে ব্যস্ত দেখা যায়।

এই দিন শহরে রিক্সা, ঘোড়ার গাড়ী ছাড়া অন্যান্য সর্বপ্রকার যানবাহন চলাচল বন্ধ থাকে। নওয়াবপুরের কয়েকটি ছোটখাটো দোকান ব্যতীত শহরের অন্যান্য এলাকার সমস্ত দোকান বন্ধ থাকে। এই দিন শহীদানের স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনের জন্য অনেকে রোজা রাখেন।

গত চারি দিবস ঢাকা বেতার কেন্দ্রে পূর্ণ হরতাল পালন করা হয়। ফলে কেবলমাত্র সংবাদ বুলেটিন ব্যতীত অন্য কোন অনুষ্ঠান প্রচারিত হয় নাই।

গতকল্য সকাল হইতে সলিমুল্লা মোছলেম হলে মাইকযোগে বক্তৃতা দেওয়া হয়। এই বক্তৃতায় উর্দু ভাষার ছাত্ররাও অংশ গ্রহণ করেন। উর্দু ভাষার ছাত্রগণ বাঙ্গালী ছাত্রদের বর্তমান আন্দোলনকে মোবারকবাদ জানান এবং বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা বলিয়া অনতিবলিম্বে ঘোষণা করার জন্য সরকারকে অুনরোধ জানান। এক শ্রেণীর দুস্কৃতকারী বাংলা ও উর্দুভাষীদের মধ্যে বিভেদ সৃষ্টি করিয়া এই আন্দোলনকে বানচাল করিবার যে চেষ্টা করিতেছে; উর্দুভাষী ছাত্রগণ তাহার বিরুদ্ধে দারুণ ক্ষোভ প্রকাশ করেন।

করাচীর ছাত্রদের সমবেদনা

করাচী মেথরান হোষ্টেলের ছাত্রগণ এক তারযোগে রাষ্ট্রভাষা সংগামী কর্মীদের উপর পুলিশের গুলী চালনায় তীব্র প্রতিবাদ ও শহীদ ছাত্রবৃন্দের আত্মীয়-স্বজনের প্রতি সমবেদনা জানাইয়াছেন। এই ঘটনায় তদন্ত করিয়া প্রকৃত দোষীর শাস্তির বিধানের জন্য এই তারে সরকারকে অনুরোধ করা হয়।

পুলিশের কাজের প্রতিবাদঃ বিশিষ্ট লীগ সদস্যদের বিবৃতি

ঢাকা, ২৪শে ফেব্রুয়ারী। -গাইবান্ধা লীগের সেক্রেটারী জনাব সৈয়দুর রহমান, বগুড়া লীগের সেক্রেটারী জনাব ফজলুল বারী, নীলফামারী লীগের প্রেসিডেন্ড কাজী আবদুল কাদের, বগুড়া লীগের ভাইস-প্রেসিডেন্ট জনাব আবদুল বারী, যশোর লীগের সেক্রেটারী জনাব শামছুর রহমান এবং বগুড়া লীগের প্রেসিডেন্ট জনাব

হাবিবুর রহমান অন্য এক যুক্ত বিবৃতিতে গুলীবর্ষণে নিহত ব্যক্তিগণের শোকসন্তপ্ত পরিজনের প্রতি সমবেদনা জ্ঞাপন করে এবং বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণ করিবার দাবী সমর্থন করেন।

শহীদ ছাত্রদের প্রতি আন্তরিক শ্রদ্ধা জ্ঞাপন

করাচীর পত্রিকাসমূহে প্রবন্ধঃ গুলীবর্ষণ সম্পর্কে তদন্ত দাবী

এখানকার 'ইভনিং স্টার' ও 'ইভনিং টাইমস'- এই দুইটি দৈনিক পত্রিকাও ঢাকার সাম্প্রতিক গুলীবর্ষণ সম্পর্কে তদন্ত দাবী করিয়াছেন। গুলীবর্ষণের ফলে যাহারা নিহত হইয়াছেন তাহাদের জন্য পত্রিকা দুইটিতে গভীর শোক প্রকাশকতরঃ তাঁহাদের পরিবারবর্গের প্রতি সহানুভূতি জ্ঞাপন করা হইয়াছে।

অন্যান্য পত্রিকাগুলিতেও এই গুলীবর্ষণ সম্পর্কে তদমেত্মর জন্য সর্বসম্মত দাবী জানাইয়া ছাত্র শহীদদের জন্য আন্তরিক শোক প্রকাশ করা হইয়াছে।

''ইভনিং টাইমস''-এ বলা হইয়াছে ''উর্দুর সহিত বাংলা ভাষাও যে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা লাভ করিবে, তাহাতে কোনই সন্দেহ নাই। সুতরাং যত শীঘ্র এই প্রশ্নের মীমাংসা হয়, ততই মঙ্গল। বাংলা ভাষার দাবীর সমর্থকগণ দেশপ্রেমিক নন বলিয়া অপবাদ দেওয়া অন্যায়। এই দাবীর জন্য সংগ্রামে যাঁহারা প্রাণ দিয়াছেন, সেই বীর শহীদদের জন্য আমরা গভীর শ্রদ্ধা জ্ঞাপন করিতেছি। এই বীর শহীদগণ যে আদর্শে বিশ্বাস করিতেন, সেই আদর্শের জন্য প্রাণ দিয়াছেন। বাংলার এই তরুণগণ আত্মদানের ভিতর দিয়া যে সাহসিকতা ও তেজস্বিতার পরিচয় দিলেন, তাহাতে আমরা ইহাই আশা করিতে পারি যে, পাকিস্তান স্থায়ী হইবে। ছাত্রদের উপর গুলীবর্ষণের জন্যও পত্রিকায় তীব্র সংশ্লিষ্ট সরকার ও সরকারের ভ্রান্ত নীতির নিন্দা করা হয়।

বিশ্ববিদ্যালয় কর্মচারীদের সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ প্রাঙ্গণের মধ্যে পুলিশ কর্তৃপক্ষ নিরস্ত্র ছাত্রগণের উপর অহেতুক ও অন্যায় জুলুম এবং বেপরোয়া গুলী চালনার ফলে যে তরুণ ছাত্র নিহত ও আহত হইয়াছে, তাহাদের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি এই সভা গভীর সমবেদনা জানাইতেছে। তাহাদের মৃত্যুতে আমরা আমাদের পরমাত্মীয়দের মৃত্যুজনিত শোক অনুভব করিতেছি। আমরা নিহতদের রূহের মাগফেরাত কামনা করি।

বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ প্রাঙ্গণের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতিবাদ সত্ত্বেও পুলিশের অহেতুক ও বেপরোয়া আক্রমণে শিক্ষায়তনের পবিত্রতা বিনষ্ট হইয়াছে।

এই সভা উহার তীব্র প্রতিবাদন করিতেছে এবং গভর্ণমেন্টের নিকট ভবিষ্যতে ইহার পুনরুক্তি যাহাতে না হয়, তাহার প্রতিশ্রুতি দিতে এবং সরকারকে তাহাদের কৃতকার্যেল জন্য ক্ষমা চাহিতে বলিতেছে।

এই প্রস্তাব কার্যকরী করার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য আমরা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে অনুরোধ জানাইতেছি।

এই ঘটনার জন্য দায়ী সরকারী কর্মচারীগণকে অবিলম্বে সাসপেন্ড করা হউক এবং.... অন্যায়ভাবে আটক ছাত্রদের মুক্তি দেওয়া হউক।

ছাত্রদের প্রতি অন্যায় জুলুম ও বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা নষ্ট করার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীবৃন্দ রবিবার কাজে যোগদান হইতে বিরত থাকেন।

লাহোরেও তদন্তের দাবী

লাহোর, ২৩ শে ফেব্রুয়ারী।- গণতন্ত্রী ছাত্র ফেডারেশনের কার্যনির্বাহী কমিটি অদ্য এখানে ঢাকার ছাত্রদের উপর পুলিশের গুলীবর্ষণের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জ্ঞাপন করে।

সভায় নিহতদের প্রতি সহানুভূতি প্রদর্শন করিয়া গুলীবর্ষণ সম্পর্কে তদন্তের দাবী জানায়।

রাষ্ট্রভাষার প্রশ্নে সোহরাওয়ার্দী

হায়দারাবাদ, ২৪ শে ফেব্রুয়ারীঃ জনাব এইচ, এম, সোহরাওয়ার্দী সংবাদপত্রে এক বিবৃতি দান প্রসঙ্গে ঢাকায় গুলীবর্ষণের ফলে নিহত ব্যক্তিদের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সহানুভূতি জ্ঞাপন করেন।

তিনি বলেন, ''আমি একদিকে শুনিতেছি ছাত্ররা শান্ত ছিল এবং আর একদিকে শুনিতেছি, তাহারা পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করিয়াছিল। সুতরাং স্বভাবতই প্রশ্নে উঠে পুলিশ ঘটনাস্থলে কি করিতেছিল এবং আইনসংগতভাবে বিক্ষোভ প্রদর্শনের জন্য তাহারা কেন শান্তিপূর্ণভাবে শোভাযাত্রা করিতে দেয় নাই।

তিনি বলেন, ঘটনা বর্তমানে ঘটিলেও বহু পূর্বেই পূর্ববংগে ভাষা সম্পর্কে বিতর্ক দেখা দিয়াছে। আমি সেই সময় একটি জনসভায়ও এক বিবৃতিতে বলিয়াছিলাম, যে আদর্শের ভিত্তিতে পাকিস্তান প্রতিষ্ঠিত হইয়াছে তদনুসারে উর্দুই হইবে পাকিস্তানের রাষ্ট্রভাষা। কিন্তু সেই সময় আমি ইহাও বলিয়াছিলাম যে, বাংলা পাকিস্তানের জনগণের একটি বিরাট অংশের মাতৃভাষা প্রকৃতপক্ষে ইহা জনসাধারণের সংখ্যাগুরু অংশের মাতৃভাষা।

বাংলার বুকে উর্দুকে অবশ্য জোর করিয়া চাপাইয়া দেওয়া হইবে না, তবে বিদ্যালয়ে আবশ্যিক দ্বিতীয় ভাষারূপে ইহা পড়ান হইবে এবং যথাসময়ে এই প্রদেশবাসীগণ এই ভাষার সহিত পরিচিত ইহয়া উঠিলে প্রদেশের শিক্ষিত সমাজ ও সরকারী কর্মচারীগণ আপনা হইতেই ইহা পড়িতে ও লিখিতে শুরু করিবে। তখন উর্দু তাহাদের নিকট গৌরবজনক মর্যাদা লাভ করিবে এবং পূর্ব পাকিস্তানীরাও দুই ভাষাভাষী হইবে। পারস্পরিক সমঝোতা ও সম্প্রীতির ভাব রক্ষার জন্য পশ্চিম পাকিস্তানেরও বাংলা ভাষা শিক্ষা দেওয়া উচিত..... ইহাই সমস্যা সমাধানের বাস্তব উপায়। কিন্তু কর্তৃপক্ষ উর্দুকে রাষ্ট্রভাষা করিবার জন্য বারংবার জেদ করিবার প্রতিক্রিয়া হিসাবে দুর্ভাগ্যজনক পরিণতি ঘটিয়াছে। মোট কথা বাংলায় বা পশ্চিম পাকিস্তান উর্দুর প্রসারের জন্য যখন কোন চেষ্টা কর হইতেছে না তখন এই প্রশ্ন উত্থাপনের হেতু কি? ইহা অত্যন্ত পরিতাপের বিষয় যে, পশ্চিম পাকিস্তানের জনসাধারন পূর্ব পাকিস্তানের সম্পর্কে কিছুই অবগত নহে। তজ্জন্য অনেক সংবাদপত্রের সম্পাদক ফাঁদে পড়িয়াছেন। উর্দুকে রাষ্ট্রভাষা করা সম্পর্কে প্রধানমন্ত্রীর এবং প্রচার বিভাগের মতামত অবগত হইবার জন্য আমি পত্র লিখিয়াছিলাম এবং তাঁহাদের অভিমত জানিতে পারিলে একটি বিবৃতি দিবার সিদ্ধান্ত করিয়াছিলাম কিন্তু আমি তাঁহাদের নিকট হইতে কোন জওয়াব পাই নাই। বর্তমান পরিস্থিতির দরুন আমাকে বাধ্য হইয়া এই ক্ষুদ্র বিবৃতি দিতে হইল।

ফেব্রুয়ারী ২৬

সোমবার ঢাকা শহরে শান্তিপূর্ণ হরতাল পালিত

পাঁচদিন পর অদ্য স্বাভাবিক নাগরিক জীবন পুনরারম্ভ

জননিরাপত্তা আইন অনুসারে পাঁচজন বিশিষ্ট ব্যক্তি গ্রেফতার

(স্টাফ রিপোর্টার)

গতকল্য (সোমবার) রাষ্ট্রভাষা আন্দোলনের পঞ্চম দিবসে ঢাকা শহরে সর্বত্র পূর্ণ হরতাল প্রতিপালিত হয়। ঐদিন সকল প্রকার যানবাহন, বাজার, দোকান-পাট, ব্যাংক, সিনেমা ও খেলাধুলা বন্ধ থাকে এবং কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের অফিসগুলি ও আদালতসমূহ জনশূন্য বলিয়া প্রতীয়মান হয়।

সোমবারে শহরে উত্তেজনাপূর্ণ আবহাওয়া বিরাজমান থাকিলেও কোনরূপ দুর্ঘটনার সংবাদ পাওয়া যায় নাই। এবং ছাত্রদের মধ্যে কেহ গ্রেফতার হইয়াছে বলিয়াও শোনা যায় নাই। অদ্য মঙ্গলবার হইতে শহরে সম্পূর্ণ স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসিবে বলিয়া মনে হয়।

সকাল হইতে সলিমুল্লা মুসলিম হল প্রাঙ্গণে ছাত্র ও জনসাধারণকে জমাযেত হইতে দেখা যায় এবং বহু বক্তা মাইকযোগে বাংলাকে রাষ্ট্রভাষা করার এবং অবিলম্বে ১৪৪ ধারা প্রত্যাহারের দাবীতে বক্তৃতা করেন।

বেলা প্রায় ১১টার সময় পুলিশ বাহিনী, ই,পি,আর দল সলিমুল্লা মুসলিম হল হইতে মাইক ছিনাইয়া লইবার জন্য হল প্রাঙ্গণে প্রবেশ করিয়া হলগৃহ ঘিরিয়া ফেলে। কিন্তু হলের ভিতরে গেট বন্ধ থাকায় পুলিশ বাহিনী ভিতরে প্রবেশ করিতে সক্ষম হয় না।

এই সময় সলিমুল্লা হলের প্রভোক্ট ডঃ ওছমান গণি দুইজন অধ্যাপকসহ ঘটনাস্থলে উপস্থিত জেলা-ম্যাজিস্ট্রেটের সহিত আলাপ-আলোচনা করেন। আলোচনার পর ছাত্রগণ ডঃ গণির অনুরোধক্রমে মাইকটি তাঁহার (ডঃ গণির) হাতে দেয়। কিছুক্ষণ পর পুলিশ ও ই,পি,আর বাহিনী ঘটনাস্থলে হইতে চলিয়া যায়।

তারপর অনুমান ৪ হাজার লোকের এক সভা হয়.....।

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করিবার দাবী আদায়ের আশ্বাসঃ

পূর্ব পাকিস্তান মুসলিম লীগ ওয়ার্ক কমিটির প্রস্তাব

ধ্বংসাত্মক কার্য্য হইতে বিরত থাকার উপদেশ

পূবর্ব পাকিস্তান মুসলিম লীগ ওয়াকিং কমিটির বৈঠকে গৃহীত এক প্রস্তাবে জনসাধারণকে দৃঢ় আশ্বাস দেওয়া হইয়াছে যে, গণপরিষদ কর্তৃক যাহাতে বাংলা অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে গৃহীত হয় তজ্জন্য লীগ পার্লামেন্টারী দলের সুপারিশ আদায়ের অভিপ্রায়ে ওয়াকিং কমিটি সবর্বপ্রকার চেষ্টা করিবেন।

প্রাদেশিক লীগ ওয়াকিং কমিটির তিন দিনব্যাপী বৈঠক গতকল্য (সোমবার) সমাপ্ত হইয়াছে।

ওয়াকিং কমিটি ধ্বংসাত্মক কার্য্যে লিপ্ত লোকদের সহিত সকল সম্পর্ক ছিন্ন করিতে এবং পাকিস্তানের স্বাধীনতা ও সাবর্বভৌমত্ব হরণের জন্য যে সকল শত্রু চেষ্টা করিতেছে তাহাদের আক্রমণাত্মক মতলব হইতে পাকিস্তানকে রক্ষা করার ব্যাপারে সাহায্য করিতে জনসাধারণ এবং ছাত্রবৃন্দকে অনুরোধ করেন।

মুছলমানদের ঐক্য ও সংহতির জন্যও ওয়াকিং কমিটির প্রস্তাবে আবেগময় আবেদন জানান হয়।

ওয়াকিং কমিটির প্রস্তাবে বলা হইয়াছেঃ পুলিশের গুলীবর্ষণের ফলে কয়েকজন ছাত্র ও সাধারণ লোক নিহত হওয়ার গভীর দুঃখ প্রকাশ করিয়া এবং পুলিশের কাজের তদন্তের জন্য বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন ও অপরাধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থ্যা গ্রহণের দাবী জানাইয়া ২৩ শে ফেব্রুয়ারী ওয়ার্কিং কমিটির প্রস্তাব গঠন করিয়াছিলেন, তাহার পরে পরিস্থিতির উন্নতি হয় নাই; আইন ও শৃঙ্খলা ভংগের জন্য জনসাধারণ প্রকাশ্যে প্ররোচিত হইতেছে এবং পরিস্থিতিকে আর অবনত করার জন্য আতঙ্ক ও হিংসাংত্মক কাজ অবাধে চলিতেছে বলিয়া কমিটির গভীর দুঃখের সহিত লক্ষ্য করিতেছেন।

গভীর উৎকণ্ঠার সহিত কমিটি আরও লক্ষ্য করিতেছেন যে, কম্যুনিষ্ট এবং বিদেশী দালারগণ প্রচুর উপকরণ লইয়া পূবর্ববংগে অনুপ্রবেশ করিতেছে এবং আওয়ামী লীগ, যুবলীগ ও অসন্তুষ্ট রাজনৈতিক সুবিধাবাদীদের সহযোগিতায় নিজেদের স্বার্থসিদ্ধির জন্য আন্দোলনের মোড় ঘুরাইয়া চেষ্টা করিতেছে।

তাহারা ট্রেন লাইন তুলিয়া ফেলিয়া, তার ও টেলিফোন যোগাযোগ বিচ্ছিন্ন করিয়া, বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা বানচাল করিয়া এবং জনসাধারণকে মৃত্যু অথবা মারপিটের ভয় দেখাইয়া সরকারকে অচল করিয়া ফেলার জন্য পরিকল্পনা করিতেছে।

দেশে আইন ও শৃঙ্খলা ভংগ করিয়া পাকিস্তানকে বিচ্ছিন্ন করিতে ও পাকিস্তানকে ধ্বংস করিতে তাহারা ধ্বংসাত্মক অভিযান ও শুরু করিয়াছে.....।

অদ্য শহীদ স্মৃতিস্তম্ভ উদ্বোধন

অদ্য (মঙ্গলবার) সকাল সাড়ে নয়টায় মেডিক্যাল কলেজ হোষ্টেল প্রাঙ্গণে ''আজাদ'' সম্পাদক জনাব আবুল কালাম শামসুদ্দিন ''শহীদ স্মৃতি স্তম্ভ'' উদ্বোধন করিবেন।

বাংলাকে রাষ্ট্রভাষা করিতে না পারিলে পদত্যাগ করিবঃ

গণ-পরিষদের সদস্য জনাব এ, এম, এ, হামিদের প্রতিশ্রুতি

পূবর্ব ব্যবস্থা পরিষদ ও পাকিস্তান গণ-পরিষদের সদস্য এ, এম, আবদুল হামিদ সাংবাদপত্রে প্রকাশনার্থে নিমণলিখিত বিবৃতি দিয়াছেনঃ

''আমি সম্যক উপলদ্ধি করিয়াছি যে, বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবী প্রতিষ্ঠার জন্য প্রচেষ্টা চালানোই আমার কর্তব্য। বাংলাকে পাকিস্তানের রাষ্ট্রভাষা মর্যাদাদানের জন্য আমি পাক গণ-পরিষদে যথাসাধ্য চেষ্টা করিব।''

''আমি ঘোষণা করিতেছি যে, যদি আমি ইহাতে অসমর্থ হই, তবে আমি অবশ্যই গণ-পরিষদে পদত্যাগ করিব।''

সংগ্রাম পরিষদ কর্তৃক প্রধানমন্ত্রীর বেতার বক্তৃতার নিন্দা

ব্যক্তি বিশেষকে কেন্দ্র করিয়া ভাষা আন্দোলনের সৃষ্টি নহে বলিয়া আহবায়কের উক্ত

জনাব ফজলুল হক সংক্রান্ত সংবাদের সহিত সম্পর্ক অস্বীকার

প্রধানমন্ত্রী জনাব নুরুল আমীন তাঁর সাম্প্রতিক বেতার বক্তৃতায় ভাষা আন্দোলন সম্পর্কে যে মন্তব্য করিয়াছেন তাহার প্রতিবাদে সবর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের কনভেনর জনাব কাজী গোলাম মাহবুব এক বিবৃতি দান করিয়াছেন। মওলবী এ, কে, ফজলুল হককে বাংলার প্রধানমন্ত্রীর গদীতে বসাইবার আহবান জানাইয়া সম্প্রতি যে এশতেহার প্রচারিত হইয়াছে জনাব কাজী গোলাম মাহবুব তাহার উল্লেখ করতঃ জানাইয়াছেন যে, ঐ এশতেহারের সহিত তাঁহার কোনও সংশ্রব নাই।

জনাব কাজী গোলাম মাহবুব বলেনঃ

''প্রধানমন্ত্রী জনাব নুরুল আমীন বেতার বক্তৃতায় ভাষা আন্দোলনের উপর যে কটাক্ষ করিয়াছেন, আমরা তাহার তীব্র নিন্দা করি। আমরা জনসাধারণের কাছে তাঁর বক্তব্যের আসল রূপ প্রকাশ করিয়া দেওয়া প্রয়োজন মনে করি।

জনাব নুরুল আমীন বলিয়াছেন যে, ভাষা বা অপর কোন সমস্যা সম্পর্কে শাসনতন্ত্র মোতাবেক জনমত প্রকাশ করা হইলে তাহার কণ্ঠরোধ করার কোনও ইচ্ছা সরকারের নাই। তাঁর কার্যকলাপ এবং ঢাকার বুকে অনুষ্ঠিত সাম্প্রতিক হত্যা এবং পুলিশ ও মিলিটারী আচরণই প্রমাণ করিতেছে যে, এই উক্তি সর্বৈব মিথ্যা। যে শাসনতন্ত্রের উপর নুরুল আমীন সরকার প্রতিষ্ঠিত, তাহা বৃটিশ আমলের কুখ্যাত দমনমূলক আইন ও অর্ডিন্যান্সেরই সমষ্টি। এই দমনমূলক আইনের বলেই তিনি তাঁহার স্বৈরচারী শাসন কায়েম রাখিয়াছেন।

জনাব নুরুল আমীন আরও বলিয়াছেন যে, আন্দোলনকারীর পাকিস্তানের বাহির হইতে প্ররণা পাইতেছেন। এই উক্তি প্রমাণ করিবার জন্য আমরা তাঁহাকে চ্যালেঞ্জ করিতেছি। বর্তমান আন্দোলন সমগ্র দেশবাসীর আন্দোলন এবং ইহার নেতৃত্ব করিতেছেন বিভিন্ন দল ও মতাবলম্বী কর্মীবৃন্দ। জনাব নুরুল আমীন তাঁহার ঘৃণ্য কার্যকলাপ আজ আর গোপন রাখিতে পারিতেছে না, তাই তিনি এবং লীগ নেতৃবন্দ মিথ্যা রটনার পথ বাছিয়া লইয়াছেন। কিন্তু আমরা বিশ্বাস করি যে, যে জনতা গুলির সম্মুখে বুক পাতিয়া দিয়াছে তাহারা এই সমস্ত অপপ্রচার বিভ্রান্ত হইবে না।

তৃতীয়তঃ আইন ও শৃঙ্খলা ভঙ্গ করিয়া শান্তি বিনষ্ট করার জন্য কেন্দ্রীয় সংগ্রাম পরিষদ ও জনসাধারণের উপর তিনি যে দোষারোপ করিয়াছেন তাহার উপর মন্তব্য নিষ্প্রয়োজন। আমরা শুধু এইটুকুই বলিতে চাই যে, সরকারের পুলিশ ও মিলিটারীই শান্তিভঙ্গ করিয়াছে এবং বর্তমান বিশৃঙ্খলার জন্য সরকারই দায়ী। সংগ্রাম পরিষদ বরাবরই শান্তিপূর্ণ আন্দোলনের কথা বলিয়াছেন এবং এখনও শান্তিপূর্ণ হরতালের নির্দেশ দিয়াছেন, আমরা সবর্বপ্রকার বিশৃঙ্খলার বিরোধী।

জনাব নুরুল আমীন আর বলিয়াছেন যে, ছাত্রগণ জনসভা ও শোভাযাত্রা করার অনুমতি চাহিলে জেলা ম্যাজিস্ট্রেট ঐরূপ অনুমতি দিতেন। কিন্তু আসল ব্যাপার এই যে, সংগ্রাম পরিষদ অনুমতি প্রার্থনা করিয়া ব্যর্থকাম হইয়াছেন।

অতঃপর জনাব নুরুল আমীন ''ব্যবস্থা পরিষদ কর্তৃক বাংলা ভাষার দাবী স্বীকৃত হওয়ার পরও হরতাল পালন'' সম্পর্কে যাহা বলিয়াছেন, সে প্রসঙ্গে আমাদের বক্তব্য সুস্পষ্ট... আমাদের দাবী মানিয়া লইলেই আন্দোলন ক্ষান্ত হইবে। অন্যথায় শহীদানের বুকের রক্ত-রঞ্জিত শপথ লইয়া জনসাধারণের আগাইয়া চলার অভিযান কিছুতেই ক্ষান্ত হইবে না।

প্রধানমন্ত্রী নুরুল আমীন তাঁহার বক্তৃতায় মিলিটারীর কাজের সমর্থনে যে সমস্ত উক্তি করিয়াছেন, তাহা জনসাধারণের তীব্র ঘৃণারই উদ্রেক করে।

এই ব্যাপারে দুইটি বিষয়ে আমরা জনসাধারণকে সর্তক করিয়া দেওয়ার প্রয়োজনীয়তা অনুভব করিতেছি।

প্রথমতঃ জনাব এ, কে, ফজলুল হককে পূবর্ববঙ্গের প্রধানমন্ত্রীর গদীতে বসাইবার আহবান জানাইয়া প্রকাশিত এশতেহার। রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের সহিত এই এশতেহারের কোন সম্পর্ক নাই। আমরা সুস্পষ্টভাবে ঘোষণা করিতেছি যে, আমাদের আন্দোলন কোন বিশেষ ব্যক্তি বা দলকে কেন্দ্র করিয়া নহে, আমাদের আন্দোলন সবর্বদলীয়।

দ্বিতীয়তঃ প্রাদেশিক লীগ ও বিভিন্ন লীগ নেতৃবৃন্দ এখন কুম্ভীরাশ্রু বর্ষণ করিয়া জনসাধারণকে বুঝাইতে চাহিতেছেন যে, তাঁহারা ভাষা আন্দোলনের সমর্থক। জনগণ লীগের এই চালে বিভ্রান্ত হইবে না। শহরে যে নরহত্যা সংঘটিত হইয়াছে পুলিশ-মিলিটারী যে জঘন্য আচরণ করিয়াছে তাহার জন্য দায়ী মুসলিম লীগ ও লীগ সরকারই। এই হত্যাকান্ডের জওয়াব মুসলিম লীগকেই দিতে হইবে। সেই কারণেই আমরা দেখিয়াছি যে ব্যবস্থা পরিষদের বহু সদস্য পূর্ববঙ্গ লীগ পার্লামেন্টারী পার্টি হইতে পদত্যাগ করিয়াছেন। আমরা এই সমস্ত পদত্যাগী সদস্যকে আন্তরিক অভিনন্দন জানাইতেছি।

ফেব্রুয়ারী ২৭

সলিমুল্লা মুসলিম হলে পুলিশ কর্তৃক তল্লাসী

বিশ্ববিদ্যালয়ের কয়েকজন অধ্যাপক ও বহু ছাত্র গ্রেফতার

মেডিক্যাল হোস্টেলে নির্মিত শহীদ স্মৃতিস্তম্ভের বিলোপ

গতকল্য (মঙ্গলবার) প্রায় বেলা আড়াই ঘটিকায় সলিমুল্লা মুসিলম হলে খানাতাল্লাসী হয়। বহু পুলিশ হলে অভ্যন্তরে প্রবেশ করিয়া প্রত্যেকটি কামরা তল্লাসী করে। এই তল্লাসী প্রায় দুই ঘন্টা যাবৎ চলে। পরে অনুমান ৩০ জন ছাত্রকে পুলিশ গ্রেফতার করে। মুসলিম হলের হাউস টিউটর ডঃ মফিউদ্দিন আহমদকেও পুলিশ গ্রেফতার করিয়াছে বলিয়া জানা গিয়াছে।

তল্লাসীর সময় ভাইস চ্যান্সেলর, মুসলিম হলের প্রভোক্ট, বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রারকে গেটের নিকট দাঁড়াইয়া থাকিতে দেখা যায়। প্রকাশ, পুলিশ তাঁহাদিগকে ভিতরে প্রবেশ করার অনুমতি দেয় নাই। মেডিক্যাল হোস্টেল প্রাঙ্গণে নির্মিত শহীদ স্মৃতিস্তম্ভ পুলিশ ভাঙ্গিয়া দিয়াছে।

এই দিন ভোরে বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর মোজাফফর আহমদ চৌধুরী, অধ্যাপক মুনির চৌধুরী ও অধ্যাপক ডঃ পি, সি, চক্রবর্তীকে পুলিশ গ্রেফতার করে। ইহাদের ছাড়াও জগন্নাথ কলেজের প্রফেসর আজিত কুমার গুহ এবং বরিশালের এম, এল, এ মিঃ সতীন্দ্রনাথ সেনকেও পুলিশ গ্রেফতার করে।

বেলা প্রায় আড়াইটার সময় পুলিশ মুসলিম হলের গেটের তালা ভাঙ্গিয়া ভিতরে প্রবেশ করে এবং প্রত্যেক কামরা তন্ন তন্ন করিয়া খানাতল্লাসী করে। এই তল্লাসীর সময় ছাত্রগণ কোন প্রকার বাধা দেন নাই। ছাত্রগণ অভিযোগ করেন যে, তল্লাসীর সময় পুলিশ বহু পুস্তক ও অন্যনায্য জিনিসপত্রও লইয়া গিয়াছে। প্রকাশ, জনৈক ছাত্রের অভিভাবক একটি বন্দুক আনিয়াছিলেন, পুলিশ সেই বন্দুকটিও লইয়া যায়।

গতকল্য মেডিক্যাল কলেজ হোস্টেলে শহীদানের যে স্মৃতিস্তম্ভ উদ্বোধন করা হইয়াছিল, পুলিশ সন্ধ্যায় তাহা ভাঙ্গিয়া ফেলিয়াছে।

গতকল্য (মঙ্গলবার) শহরে স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসে। একমাত্র শিক্ষায়তনসমূহ ছাড়া শহরের প্রতিটি দোকান ও অফিস কাছারী পুনরায় খোলা হয় এবং সেখানে স্বাভাবিকভাবেই কাজ-কর্ম চলে। শহরের রাস্তায় অন্যান্য দিনের চাইতে গতকল্য যানবাহন এবং জনতারও অধিক ভীড় পরিলক্ষিত হয়। শহরে সিনেমা গৃহসমূহ ও সার্কাস পার্টি এই কয়দিন বন্ধ থাকিবার পরে পুনরায় খোলা হয়। জাতীয় ফুটবল প্রতিযোগিতা খেলাও এইদিন অনুষ্ঠিত হয়।

ব্যাংক এবং পোষ্ট অফিস গত কয়েক দিন সম্পূর্ণরূপে বন্ধ থাকিবার ফলে সেখানে গতকল্য অধিক জনতার ভিড় পরিলক্ষিত হয়।

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি দানের প্রশ্ন গণপরিষদের আগামী অধিবেশনে আলোচনা- জনাব নূর আহমদ কর্তৃক প্রস্তাব উত্থাপনের নোটিশ দান

চট্রগ্রাম, ২৬শে ফেব্রুয়ারী- আগামী ২০শে মার্চ পাকিস্তান গণপরিষদের যে অধিবেশন হইবে, জনাব নূর আহমদ তাহাতে উর্দুর সহিত বাংলাকেও পাকিস্তানের রাষ্ট্রভাষা বলিয়া গ্রহণের জন্য একটি প্রস্তাব উত্থাপন করিবেন।

জনাব নূর আহমদ ইতিমধ্যেই পাকিস্তান গণপরিষদের সভাপতির নিকট এ সম্পর্কে একটি নোটিশও পেশ করিয়াছেন।

লাহোরস্থ পূর্ব পাক ছাত্রদের প্রস্তাব

লাহোর, ২৫ শে ফেব্রুয়ারী।- গত শনিবার লাহোরের উইং হলে জনাব মুস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত লাহোরস্থ পূর্ব পাকিস্তানী ছাত্রদের এক সভায় ঢাকার সাম্প্রতিক দুর্ঘটনার জন্য গভীর দুঃখ প্রকাশ ও ছাত্রদের উপর গুলিবর্ষণের তীব্র নিন্দা করা হয়।

সভায় শহীদ দেশপ্রেমিক যুবকদের রুহের মাগফেরাত ও তাদের শোকসন্তপ্ত পরিবারবর্গের এবং পুলিশের ও সশস্ত্র বাহিনীর আক্রমণে আহতদের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

সভায় বেসরকারী সদস্যদের দ্বারা গঠিত তদন্ত কমিশন কর্তৃক ঢাকার এই মর্মান্তিক ঘটনার তদন্ত এবং হত্যার জন্য দায়ী কর্মচারীদিগকে অনতিবিলম্বে স্থায়ীভাবে পদচ্যুতি ও বিচার দাবী করা হয়।

সভায় পাকিস্তান গণপরিষদকে বাংলা পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার অনুরাধ জানান হইয়াছে।

পুলিশ জুলুমের নিন্দা

ঢাকার মহিলাদের সভায় প্রস্তাব গ্রহণ

ঢাকার নিরীহ ছাত্র ও জনসাধারণের উপর পুলিশের গুলি সম্পর্কে প্রতিবাদে ১২ নং অভয় দাস লেনে মহিলাদের এক বিরাট সভা হয়। সভার বিশেষত্ব ছিল এই যে, শহরে রিক্সা ও ঘোড়ার গাড়ী বন্ধ থাকা সত্ত্বেও বহুদুর হইতে পায়ে হাঁটিয়া বৃদ্ধা ও বয়সী মহিলারা পর্যন্ত এই সভায় যোগদান করেন।

সভায় গৃহীত একটি প্রস্তাবে ২১ শে ফেব্রুয়ারী ও পরবর্তী দুইদিনের ছাত্র ও জনসাধারণের উপর পুলিশ ও মিলিটারী 'নিষ্ঠুর' গুলিবর্ষণ, লাঠিচার্জ ও টিয়ার গ্যাস বর্ষণের তীব্র নিন্দা করা হয় এবং হাসপাতালে আহতদের দ্রুত নিরাময় কামনা করা হয়।

সভায় ঢাকার হত্যাকান্ডের তদমেত্মর পর দোষী কর্মচারীদের প্রকাশ্য বিচার ও উপযুক্ত শাস্তি দাবী করা হয়।

শহরে অকারণে ১৪৪ ধারা জারী করার তীব্র নিন্দা করিয়া সভায় প্রস্তাব গৃহীত হয়।

নুরুল আমীনের কাজের সমালোচনা
জনাব এ, সবুরের বিবৃতি

প্রাদেশিক লীগ পার্লামেন্টারী পার্টির সদস্য ও খুলনা জেলা লীগের প্রেসিডেন্ট জনাব আবদুস সবুর অসুস্থ অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজে আছেন। তিনি পুলিশের সাম্প্রতিক গুলিবর্ষণের নিন্দা করিয়া নিম্নোক্তরূপ বিবৃতি দান করিয়াছেনঃ-

গত ২১ শে ফেব্রুয়ারী হইতে ঢাকায় যে সকল কান্ড ঘটিয়াছে, তাহা হাসপাতালের রোগশয্যায় থাকিয়া আমি কিছু কিছু উপলব্ধি করিতেছে। ছাত্রদের উপর যে জুলুম চালিয়াছে তাহা অমানুষিক এবং আকারণে এই জুলুমের অনুষ্ঠান করা হইয়াছে। সরকার ও ছাত্ররা সবাই যখন বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করিতে চায়, তখন বিরোধ কোথায়? ১৪৪ ধারারই বা প্রয়োজন কেন হইয়াছিল?

জনাব নুরুল আমিন গত ২৪ শে ফেব্রুয়ারী তারিখে তাহার বেতার বক্তৃতায় ১৪৪ ধারা জারীর যে কারণ দর্শাইয়াছেন, তাহার উৎস কোথায়, অনুমান করা শক্ত নহে। গত কয়েকদিন ধরিয়া ঢাকার একখানি তৃতীয় শ্রেণীর ইংরেজী দৈনিক বিদেশী গুজব ও ভারতীয় এজেন্ট-এর এবং বিশেষ করিয়া হিন্দু ষড়যন্ত্রের আওয়াজ তুলিয়া ছাত্র ও জননেতাদের উপর জুলুমের রথচক্র চালাইবার যে হীন পরামর্শ দিতেছিল, নুরুল আমীন সাহেব তাহার দ্বারা পরিচালিত হইতেছে। ক্ষমতালোলুপতা ত্যাগ করিয়া একটু প্রকৃতিস্থ হইয়া চিন্তা করিলে তিনি বুঝিতে পারিবেন যে, অহমিকার বশে দেশকে তিনি কোথায় লইয়া যাইতেছেন।

জনাব মোয়াজ্জেম উদ্দীন হোসেন কর্তৃক প্রধানমন্ত্রীর বেতার বক্তৃতার সমালোচনা

অবিভক্ত বাংলার প্রাক্তন শিক্ষা সচিব সৈয়দ মোয়াজ্জেম হোসেন এক বিবৃতিতে বলেন, পূর্ববঙ্গের প্রধানমন্ত্রী জনাব নুরুল আমীনের সর্বশেষ বেতার বক্তৃতায় মনে হয়, যে, ছাত্রগণ রাষ্ট্রবিরোধী কার্যকলাপে উন্মুখ হইয়া আইন ও শৃঙ্খলা ভংগ করিবার ফলেই পুলিশ গুরি করিতে বাধ্য হইয়াছিল। যদি ইহাই সত্য হয় যে, ছাত্রগণ বাহিরের উস্কানীতে আইন ও শৃঙ্খলার ব্যাঘাত ঘটাইতেছিল, তবে তাহাদিগকে পশুপক্ষীর মত হত্যা না করিয়া যথার্থ ব্যবস্থা অবলম্বন বিধেয় ছিল।

তিনি আরও বলেনঃ জনাব প্রধানমন্ত্রীর মতে এই আন্দোলন ও বিক্ষোভের পিছনে অন্যের উস্কানী রহিয়াছে। একমাত্র ছাত্রগণই এজন্য দায়ী নহে। যদি তাহাই হয় তবে ছাত্রদের উপর গুলি বর্ষণের হুকুম জারী করা নেহায়েত বিকৃত মস্তিস্কেরই পরিচায়ক মাত্র।

জনাব নুরুল আমীন যে সমস্ত বিবৃতি দিয়াছেন তাহা দ্বারা জনসাধারণকে আর বিভ্রান্ত করা চলিবে না। গত দুই সপ্তাহে সংবাদপত্র পাঠে ইহা স্পষ্ট বুঝা যাইবে যে, রাষ্ট্রভাষা সম্পর্কে ছাত্রদের মধ্যে একটি বিশেষ জাগরণের সৃষ্টি হইয়াছে এবং এ ব্যাপারে জনসাধারণ ও স্থানীয় অধিকাংশ সংবাদপত্রের পূর্ণ সমর্থন পাইতেছে। এই আন্দোলন শুরু করিবার জন্য ছাত্র ও জনসাধারণ বাহির হইতে কোন উস্কানী পায় নাই। ইহাতে প্রমাণ হয় যে, সরকার আশংকিত কোন অশান্তি দমনের জন্য ১৪৪ ধারা জারী করেন নাই।

জনাব সোহারাওয়ার্দীর সাম্প্রতিক বিবৃতিঃ
পূর্ব পাক আওয়ামী মোছলেম লীগ সেক্রেটারীর তীব্র সমালোচনা

ঢাকা, ২৫ শে ফেব্রুয়ারী, পূর্ব পাকিস্তান আওয়ামী মোছলেম লীগের জেনারেল সেক্রেটারী জনাব শামসুল হক এক বিবৃতি প্রসংগে বলেন, ‘‘অন্য কয়েকটি সংবাদপত্রে জনাব শহীদ সোহরাওয়ার্দীর এক বিবৃতি দেখিয়া আমরা অত্যন্ত বিস্মিত হইলাম। উহাতে তিনি পরোক্ষভাবে উর্দুকেই পাকিস্তানের রাষ্ট্রভাষারূপে গ্রহণের জন্য ওকালতী করিয়াছেন। তিনি প্রকৃত প্রস্তাবে এরূপ বিবৃতি দিয়াছেন কিনা তাহা আমরা সঠিক জানি না। কিন্তু

আমরা ইহা সঠিকভাবে অবগত আছি যে, গত বৎসর আরমানীটোলার এক বিরাট জনসভায় তিনি পরিস্কারভাবে ঘোষণা করিয়াছিলেন যে, বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণ করা উচিত। এখন কি করিয়া তিনি ইহার বিপরীত বিবৃতি দিতেছেন, যাহা আমরা বুঝিতে পারিতেছি না। আমরা এ সম্পর্কে তাঁহার নিকট হইতে প্রকৃত তথ্য জানিতে চেষ্টা করিতেছি। যদি প্রকৃত প্রস্তাবে তিনি উপরোক্ত মর্মে বিবৃতি দিয়া থাকেন, তবে উহাতে তাঁহার ব্যক্তিগত অভিমতই প্রকাশিত হইয়াছে বলিয়া বুঝিতে হইবে এবং আমরা দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করিতেছি যে, পূর্ব পাকিস্তান আওয়ামী মোছলেম লীগ বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণ করিবার দাবী করে এবং পাক গণপরিষদে বাংলা রাষ্ট্রভাষারূপে গৃহীত না হওয়া পর্যন্ত এবং সরকার কর্তৃক কার্যকরী না করা পর্যন্ত শান্তিপূর্ণভাবে আন্দোলন চালাইবে। আওয়ামী লীগের ঘোষণাপত্রে বাংলাকে রাষ্ট্রভাষারূপে গ্রহণ করিবার দাবী করা হইয়াছে এবং এই প্রতিষ্ঠান গঠিত হওয়ার পর হইতেই আমরা বাংলাকে রাষ্ট্রভাষারূপে গ্রহণ করিবার জন্য আন্দোলন করিয়া আসতেছি।

<u>ফেব্রুয়ারী ২৮</u>

প্রদেশের শান্তি ও আভ্যন্তরীণ শৃঙ্খলা বজায় রাখার আবেদনঃ

জনসাধারণের প্রতি লীগ নেতৃবৃন্দের আহবান

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে সমর্থন দানের আশ্বাস

গুলিবর্ষণ সম্পর্কে তদমেত্মর জন্য কমিটি গঠনের সোপারেশ

''গত সপ্তাহে ঢাকা শহরে গুলি চালনার ফলে যে বেদনাদায়ক ঘটনা সংঘটিত হইয়াছে, তৎসম্পর্কে প্রাদেশিক মুসলিশ লীগ ওয়ার্কিং কমিটি গভীর দুঃখ প্রকাশ করিয়া নিহত ব্যক্তিদের শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করিয়াছেন। হাইকোর্টের বিচারপতি লইয়া একটি নিরপেক্ষ উচ্চক্ষমতাবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করতঃ প্রকৃত দোষী ব্যক্তিদের শাস্তিবিধান এবং নিহত ব্যক্তিদের পরিবারবর্গের ক্ষতিপূরণ দেওয়ার জন্য ওয়ার্কিং কমিটি সরকারের নিকট দায়ী জানাইয়াছেন। ঢাকা শহরে স্বাভাবিক অবস্থা ফিরিয়া আসার সংগে সংগেই ১৪৪ ধারা এবং সান্ধ্যা আইন তুলিয়া লওয়ার জন্যও সরকারকে অনুরোধ করা হইয়াছে।'

প্রাদেশিক লীগ ওয়ার্কিং কমিটির প্রেসিডেন্ট মওলানা আবদুল্লাহের বাকী, সেক্রেটারী জনাব ইউসুফ আলী চৌধুরী, ভাইস প্রেসিডেন্ট খাজা হাবিবুল্লা, পাকিস্তান মোছলেম লীগের জয়েন্ট সেক্রেটারী ও প্রাদেশিক লীগ ওয়ার্কিং কমিটির সদস্য জনাব গিয়াসুদ্দিন পাঠান ও প্রাদেশিক লীগের জয়েন্ট সেক্রেটারী শাহ আজিজুর রহমান এক যুক্ত বিবৃতিতে উপরোক্তরূপ আবেদন করেন।

তাঁহারা আরও বলেন, প্রাদেশিক মুসলিম লীগ ওয়ার্কিং কমিটি, প্রাদেশিক মুসলিম লীগ পার্লামেন্টারী পার্টি এবং প্রাদেশিক আইনসভা বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার যে প্রস্তাব সর্বস্মতিক্রমে গ্রহণ করিয়াছেন তাহা যাহাতে গণপরিষদে গৃহীত হয় তার চেষ্টা করিব।

বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার প্রস্তাব সমর্থনে প্রতিশ্রুতিঃ

সাহায্য সচিব জনাব মফিজুদ্দিন আহমদের বিবৃতি

ঢাকা, ২৭ শে ফেব্রুয়ারি পূর্ব পাকিস্তানের সাহায্য ও পুনর্বাসিত সচিব জনাব মফিজুদ্দিন আহমদ অদ্য এখানে এই আশ্বাস দেন যে, গণপরিষদে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গ্রহণের দাবীকে তিনি পূর্ণভাবে সমর্থন করিবেন।

জনাব মফিজুদ্দিনের বিবৃতি

বাংলাকে রাষ্ট্রভাষারূপে দেখিতে দৃঢ়প্রতিজ্ঞ।.... পাকিস্তান গণপরিষদ এইরূপ একটি জনপ্রিয় দাবীকে এড়াইয়া চলিবে, তাহা মুর্হূর্তের জন্যও আমি ধারণা করিতে পারি না। খোদা না করুন যদি গণপরিষদে এ সম্পর্কে আলোচনা করিবার অনুমতি না দেওয়া হয়, তাহা হইলে গণপরিষদের পূর্ব বঙ্গীয় সদস্যগণের উপরই পরবর্তী দায়িত্ব পালিত হইবে।

জনাব মফিজুদ্দিন আরও বলেন যে, ব্যবস্থা পরিষদ যখন ভাষা সংক্রান্ত দাবী গৃহীত হইয়া গণপরিষদের বিবেচনাধীন রহিয়াছে, তখন শহরে পূর্ণ শান্তি ও স্বাভাবিক অবস্থা বিরাজ না করার কোন কারণ থাকিতে পারে বলিয়া আমি মনে করি না।

তিনি আরও বলেন যে, শহরে পূর্ণ শান্তি ফিরাইয়া আনার জন্য প্রত্যেককে চেষ্টা করিতে আমি অনুরোধ জানাইতেছি। কারণ এই অস্বাভাবিক অবস্থা বর্তমান থাকিলে পাকিস্তানের দুশমনরাই কেবল আনন্দিত হইবে।

জনসাধারণ ও ছাত্রগণের রাষ্ট্রানুগত্যের উপর আমার পূর্ণ আস্থা রহিয়াছে। তাহারা কোনরূপ অপ্রীতিকর ঘটনার পুনরাবৃত্তি হইতে দিবে বলিয়া আমি মনে করি না।

পাকিস্তান অবজারভার-এর উপর হইতে নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবীঃ

সম্পাদক পরিষদের সভায় প্রস্তাব গ্রহণঃ পূর্ব বংগ সরকারের আচরণের নিন্দা

লাহোর, ২৪ শে ফেব্রুয়ারী- অদ্য এখানে 'ডন' সম্পাদক জনাব আলতাফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত পাকিস্তান সম্পাদক পরিষদের সভায় ঢাকার 'পাকিস্তান অবজারভার' পত্রিকা সম্পর্কে অবলম্বিত সরকারী ব্যবস্থার নিন্দা করিয়া এবং অবিলম্বে নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবী জানাইয়া প্রস্তাব গ্রহণ করা হয়।.....

চাঁদা দাতাদের প্রতি হুঁশিয়ারী

সর্বদলীয় রাষ্ট্রভাষা কেন্দ্রীয় কর্মপরিষদের দফতর হইতে বলা হইয়াছে যে, বিভিন্ন লোক রাষ্ট্রভাষা আন্দোলনের নাম করিয়া জনসাধারণের নিকট হইতে চাঁদা আদায় করিতেছে। এই জন্য জনসাধারণকে অনুরোধ করা হইতেছে যে, তাহারা যেন সর্বদলীয় রাষ্ট্রভাষা কর্মপরিষদের আহবায়ক (কে,জি মাহবুব)-এর দস্তখতযুক্ত ছাপা রসিদ না লইয়া বা সীলবিহীন চাঁদার বাক্সে চাঁদা না দেন।

শিরোনাম	সূত্র	তারিখ
ভাষা-আন্দোলনকালীন দৈনিক আজাদ-এর দুটি সম্পাদকীয়	দৈনিক আজাদ	২২ ও ২৪ ফেব্রুয়ারী ১৯৫২

(১)

তদন্ত চাই

গতকাল ঢাকার বুকে বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজের নিকটে যে শোচনীয় দুর্ঘটনা ঘটিয়াছে, তাহা যেমন মর্মভেদী তেমনি অবাঞ্ছিত। আইন অমান্য, নিয়মভংগ, উচ্ছৃংখলতা সমর্থনযোগ্য নয়, কিন্তু এই সংগে এ কথাও সত্য যে, আইন অমান্য হওয়ার মত ক্ষেত্র সৃষ্টি করাও কোন গণতান্ত্রিক সরকারের উচিত নয়।

বিগত দুই দিনের ঘটনা পর্যালোচনা করিলে দেখা যায় যে, বাংলাকে রাষ্ট্রভাষা করিবার দাবীর সমর্থনে ছাত্র প্রতিষ্ঠানের পক্ষ হইতে প্রায় একপক্ষ পূর্বে ধর্মঘট পালন করিবার সিদ্ধান্ত ঘোষণা করা হইয়াছিল। গত পরশু তারিখে স্থানীয় কর্তৃপক্ষ হঠাৎ ১৪৪ ধারা জারী করিয়া শোভাযাত্রা ও সভা-সমিতি বন্ধ করিয়া দেন। গতকাল এই ব্যাপারকে কেন্দ্র করিয়া ছাত্র বিক্ষোভ হইয়াছে, টিয়ার গ্যাস ও গুলি চলিয়াছে, কতকগুলি হতাহতও হইয়াছে।

১৪৪ ধারা জারী করিবার কোন কারণ ঘটিয়াছে কিনা, এই প্রশ্নই সকলের আগে মনে হয়। কয়েকদিন পূর্বে প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীন যখন এখানে আসিয়াছিলেন, তখন ঢাকার স্কুল-কলেজের ছাত্ররা ধর্মঘট পালন এবং বিরাট শোভাযাত্রা করিয়াছিল, তখন শহরে শান্তিভংগ হয় নাই। গতকল্য ছাত্র ধর্মঘট ও শোভাযাত্রা হইলে শান্তি ভংগের আশংকা সম্পর্কে কর্তৃপক্ষ কতটা নির্ভরযোগ্য সংবাদ পাইয়াছিলেন, বর্তমান মন্ত্রীসভা দেশবাসীকে তাহা জানাইতে বাধ্য বলিয়া আমরা মনে করি।

গতকল্যকার ঘটনার মধ্যে গুলি চালাইয়া কতকগুলি ছাত্রকে হতাহত করার ব্যাপার সব চাইতে বড় হইয়া উঠিয়াছে। পাকিস্তানে এরূপ ঘটনা ঘটিতে পারে বলিয়া আমরা কখনও ভাবিতে পারি নাই- দেশের জনসাধারণও আশা করে নাই। গুটিকতক বালক ও যুবক যদি নিয়মবিরোধী কার্য করিয়াই থাকে, এমন কি যদি তাহারা কর্তৃপক্ষকে উত্তেজনার কারণও দিয়া থাকে, তাহা হইলেও গুলি চালাইবার মত সংকটাপন্ন অবসস্থা হইয়াছিল কিনা, তাহা বিশেষভাবে বিবেচ্য, হতাহতদের অনেকের আহত স্থান সম্পর্কে যে সংবাদ পাওয়া গিয়াছে, তাহাতে নির্বিচারেও গুলি চালান হইয়াছে বলিয়া আমরা মনে করিতেছি। কেবল টিয়ার গ্যাস ছাড়িয়া জনতাকে ছত্রভংগ করা কি সম্ভব ছিল না? দেহের উর্ধ্বাংগে গুলি চালান সুবিবেচনা সংগত কিনা, অথবা উহা সাধারণ নিয়মের ব্যতিক্রম কিনা, তাহাই আজ আমরা কর্তৃপক্ষকে জিজ্ঞাসা করিতেছি। উর্ধ্বাংগে গুলি চালানোর কথা দূরে থাক, মোটেই গুলি চালাইবার প্রয়োজন হইয়াছিল বলিয়া আমরা মনে করিতে পারিতেছি না।

সমস্ত অবস্থা বিবেচনা করিয়া আমরা মনে করি, একটা নিরপেক্ষ শক্তিশালী ও জনসাধারণের আস্থাভাজন ব্যক্তিদের লইয়া গঠিত কমিটির দ্বারা এই ঘটনার বিশদ ও প্রকাশ্য তদন্ত হওয়া আবশ্যক। হাইকোর্টের জজ এবং বেসরকারী ব্যক্তিদের লইয়া এই কমিটি গঠিত হওয়া প্রয়োজন। স্বাধীন দেশের নাগরিকগণের ন্যায়্য অধিকার সংরক্ষণের জন্য দেশবাসীর পক্ষ হইতে এই তদন্ত দাবী করিতেছি। তদন্তকালে প্রধানতঃ নিমেণাক্ত বিষয়গুলির বিচার করা আবশ্যক-(১) ১৪৪ ধারা জারী করিবার প্রয়োজন কি ছিল? (২) বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ এলাকার মধ্যে পুলিশের আক্রমণ চলিয়াছিল কি? (৩) গুলি চালাইবার মত অবস্থা ঘটিয়াছিল কি? উপরে আমরা

যে তদন্ত দাবী করিয়াছি, উক্ত প্রস্তাব কার্যকরী করিলে সমস্ত ঘটনা এবং জনকয়েক তরুণের মৃত্যুর জন্য কাহারা দায়ী, তাহাও প্রকাশ হইবে বলিয়া আমরা ঘটনা সম্পর্কে বিশদ আলোচনা করিলাম না।

গতকল্যকর দুর্ঘটনায় যে সমস্ত পরিবার শোকসন্তপ্ত, তাহাদের শোককে আমরা নিজেদের শোক বলিয়া গণ্য করি, আমরা সেই সব পরিবারকে গভীর সমবেদনা জানাইতেছি।

(২২শে ফেব্রুয়ারী ১৯৫২)

(২)

ভুলের মাশুল

গত শুক্রবার বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষারূপে গণ্য করার জন্য পাক-গণপরিষদের নিকট সুপারিশ করিয়া প্রধানমন্ত্রী জনাব নুরুল আমীন ব্যবস্থা পরিষদে এক বিশেষ প্রস্তাব উত্থাপন করেন; উহা সবৃসম্মতিক্রমে গৃহীত হয়। বহু বিলম্বে এবং অবাঞ্চিত ঘটনার পর মন্ত্রিসভা ও ব্যবস্থা পরিষদের সদস্যগণের আংশিক শুভবুদ্ধি উদয় হইয়াছে দেখিয়া সকলেই সুখী হইবেন। কিন্তু এই প্রস্তাব কার্যকরী করণে মন্ত্রিসভা ও তাদের সমর্থক দল কতটা দৃঢ়তা দেখাইবেন, এ সম্পর্কে জনমনে সন্দেহের অবসান হয় নাই। বিশেষতঃ যেসব ঘটনার পর উক্ত প্রস্তাব পেশ ও গ্রহণ করা হয় উহাই মন্ত্রিসভার উপর জনসাধানণের আস্থা-হ্রাস করিয়াছে।

প্রস্তাব পেশ কিরবার সময় জনাব নুরুল আমীন বলেন যে, গত বৃহস্পতিবারে সরাকার যে ব্যবস্থা অবলম্বন করেন তাহা রাষ্ট্রভাষা সম্পর্কিত দাবীর বিরোধী বলিয়া মনে করার নানরূপ ভ্রান্ত ধারণার সৃষ্টি হইয়াছে। তিনি বলেন যে, সেরূপ বিরোধিতা করার ইচ্ছা সরকারের নাই। ইহাই যদি প্রধানমন্ত্রী ও তার মন্ত্রীসভার প্রকৃত বক্তব্য হয়, তাহা হইলে তাহারা ২১শে তারিখের পূর্বেই উহা প্রকাশ না করার কারণ দুর্জ্ঞেয় রহস্যরূপে থাকিয়া যাইতেছে। এমন কি ২১শে তারিখের সমাল বেলাতেও এরূপ একটা বিবৃতি মন্ত্রিসভার তরফ হইতে প্রকাশিত হইলে পরবর্তী মর্মন্তুদ ঘটনা হইত না এবং আমাদের বিশ্বাস, কতকগুলি অমূল্য জীবনেরও অবসান হইত না। সুতরাং নানারূপ ভ্রান্ত ধারণার সৃষ্টি হইয়াই থাকে, তাহা হইলে সেজন্য জনসাধারণকে দোষ দেওয়া যায় না।

শহরে ১৪৪ ধারা জারীর কারণ ব্যাখ্যা করিতে গিয়া প্রধানমন্ত্রী বলিয়াছেন, সরকার জানিতে পারিয়াছেন যে, কোনও কোনও লোক শহরের স্বাভাবিক জীবনযাত্রাকে অচল করিতে চায়। ২২শে তারিখে প্রকাশিত সরকারী বিবৃতিতেও এই মর্মে মন্তব্য প্রকাশিত হইয়াছিল যে, যে সকল তথ্য আছে তাতে জানা যায়, বেআইনী কার্যকলাপের দরুন আজকের (অর্থাৎ ২১ শে তারিখের) অবাঞ্চিনীয় ঘটনা ঘটিয়াছে, তাহার জন্য দায়ী এমন একদল লোক, যাহাদের সঙ্গে বিশ্ববিদ্যালয় বা কোন শিক্ষা প্রতিষ্ঠানের সম্পর্ক নাই। কথাটা যদি সত্য হয় তাহা হইলে এতদিন জনসাধানণের নিকট এসব তথ্য যতদূর সম্ভব উদঘাটন করা হয় নাই কেন? যদি পূর্বাহ্নেই বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করা সম্পর্কে মন্ত্রিসভার মনোভাব প্রকাশিত হইত এবং দেশবাসীর নিকট রাষ্ট্র-বিরোধীদের কার্যকলাপ প্রকাশিত হইত, তাহা হইলে গুলি চালান বন্ধ হত। ১৪৪ ধারার প্রয়োজন হইত না। মন্ত্রিসভা আজ নিজেদেরে যে অবস্থা করিয়াছেন তাহাকে কেবল সুস্পষ্ট অভিযোগ দ্বারা দেশের জনসাধারণকে স্বীকৃতি বা তাহাদের আস্থা অর্জিত করিতে পারিবেন বলিয়া মনে হয় না। দেশে জনসাধারণ শান্তি ও শৃংখলাকারী বা রাষ্ট্রবিরোধীদের কখনও সহ্য করিবে না। ছাত্রসমাজের দেশাত্নবোধের উপর আমাদের সম্পূর্ণ আস্থা আছে। সুতরাং সরকার আজ তাঁহাদের খোলা ঢেল টেবিলে রাখুন। সব তথ্য হয়ত প্রকাশ করা সম্ভব নয়। কিন্তু

যথাসম্ভব প্রকাশ করুন। আমরা তাহদের এ নিশ্চয়তা দিতে পারি যে, আমাদের ছাত্রসমাজ, আমাদের দেশের জনসাধারণ দুষ্কৃতকারীদের সমূলে উচ্ছেদ করিতে বিন্দুমাত্র দ্বিধাবোধ করিবে না।

জনাব নুরুল আমীন ও তাঁর মন্ত্রিসভা ভুলের পর ভূল করিয়া চলিয়াছেন। তাঁহার নিজেদের গণনেতা বলিয়া দাবী করেন। সর্বজনবিদিত যে, জননেতা তাহারাই, যাদের পরিপূর্ণ যোগাযোগ আছে জনতার অন্তরের সঙ্গে, সংকটকালে তাঁহারা 'সঙ্কটকালে তাঁরা.....জনতাকে সুষ্ঠুপথে চালিত করিতে পারেন। এই মাপকাঠিতে জনাব নুরুল আমীন ও তাঁর মন্ত্রিসভার বিচার করিলে তাহাদের সম্পর্কে কি সিদ্ধান্ত গ্রহণ করিতে হয়, তা নিষ্প্রয়োজন।

সে যাহাই হোক বর্তমান মন্ত্রিসভার বিচার দেশের জনসাধারণই করিবে। কিন্তু আজ তাহারা যে জটিল পরিস্থিতি সৃষ্টি করিয়াছেন, তাহার সমাধান তাহাদেরই করিতে হইবে। এখন তাহাদেরই ভুলে যে অবাঞ্চিত পরিস্থিতির উদ্ভব হইয়াছে, উহার সমাধানের জন্যই তাহাদেরই অগ্রসর হওয়া কর্তব্য। এটা তাহাদের ভুলের মাশুল এবং তাহা দেওয়া হইবে যদি তাহারা অহেতুক প্রেষ্টিজ ত্যাগ করিয়া অনতিবিলম্বে ১৪৪ ধারা প্রত্যাহার করেন এবং উচ্চপর্যায়ের নিরপেক্ষ আস্থাভাজন তদন্ত কমিটি নিয়োগ করেন। শান্তি ও শৃঙ্খলা রক্ষাকল্পে এবং দেশের কল্যাণের জন্য এ ছাড়া অন্য কোন পথ আছে বলিয়া আমরা মনে করি না।

(২৪শে ফেব্রুয়ারী ১৯৫২)

শিরোনাম	সূত্র	তারিখ
মোজাফফর আহমেদ চৌধুরী ও মীর্জা গোলাম হাফিজের বিরুদ্ধে সরকারের আটকাদেশ সংক্রান্ত তথ্য	সরকারী	২৪ মার্চ ও ৪ এপ্রিল, ১৯৫২

GOVERNMENT OF EAST BENGAL
Home Department
Special Branch
ORDER
No. 842-U.S. Dacca, the 24th March, 1952.

Whereas the person known as Muzaffar Ahmad Chaudhuri, son of Moulvi Obaidullah of lbrahimpur, P. S. Lakshmipur, Dist. Noakhali, and of University Quarters at the gate of the Dacca University, Dacca, is detained in the Dinajpur Jail under the provisions of section 41 of the East Bengal Public Safety Ordinance, 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the East Bengal Expiring Laws Act, 1951 (East Bengal Act No. XXXVIII of 1951).

And whereas having considered the materials against the said person the Governor is satisfied that with a view to preventing the said person from acting in any manner prejudicial to the public safety and the maintenance of public order, it is necessary to make the following order for the purpose of continuing his detention:

Now, therefore, in exercise of the powers conferred by clause (a) of sub-section (1) of section 17 of the East Bengal Public Safety Ordinance, 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the said Act the Governor is pleased to direct:

(a) that the said person shall subject to the provisions of section 18 of the said Ordinance as enacted and continued in operation by the said Act be detained until further orders;

(b) that, subject to the provisions of clause (a) of this paragraph the said person shall until further orders, continue to be detained in the Dinajpur Jail; and

(c) that during such detention the said person shall be subject to the conditions laid down in the East Bengal Public Safety (Security Prisoners) Rules, 1951.

By order of the Governor
M. F. BAR1
Asstt. Secy, to the Govt, of East Bengal.

[Communication of grounds of detention under section 19 of the East Bengal Public Safety Ordinance, 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the East Bengal Expiring Laws 1951<East Bengal Act No. XXXVIII of 1951).]

In pursuance of section 19 of the East Bengal Public Safety Ordinance 1951 (East Bengal Ordinance No. XXI of 1951), as enacted and continued in operation by the East Bengal Expiring Laws Act, 1951 (East Bengal Act XXXVIII of 1951), you Prof. Muzaffar Ahmad Chaudhuri, son of Maulvi Obaidullah of Ibrahimpui, P.S. Lakshmipur, Dist. Noakhali and of University Quarters at the gate of the Dacca University, Dacca, at present detained in the Dinajpur Jail under Order No. 842-H.S., dated 24th March 1952, made under clause (a) of Sub-Section (1) of Section 17 of the said Ordinance as enacted and continued in operation by the said Act are hereby informed that your detention has been considered necessary on the following grounds:

1. That you have been and are associated with the illegal activities of a secret association in the district of Dacca, the object of which is to overthrow this Govt. (i.e. Govt, of East Bengal) by violent means and that during the years 1947, 1948, 1951 and 1952 (till your arrest you were concerned in prejudicial and disruptive activities in the district of Dacca against the Govt, and particularly in the months of December 1947; January, February and March, 1948; June 1951 and February 1952 (till your arrest you along with some anti-State elements held meetings and made prejudicial propaganda amongst the people of Dacca district as well as the students of the Dacca University and incited them against the Govt, with the ultimate object of overthrowing the Government of East Bengal. Furnishing any more facts and particulars other than those given above would be against public interest.

2. That all your activities mentioned above threaten and are likely to endanger the existence of public order and safety in this province.

3. You are further informed that you have a right to make a representation in writing to this Govt, against the order of detention made against you, and should you wish to do so you should send the representation to the undersigned through the Superintendent of Dinajpur Jail, where you are at present detained.

By order of the Governor
M.F.BARI,
Asstt. Secretary to the Govt, of East Bengal
Home (Special) Department.

GOVERNMENT OF EAST BENGAL
Home Department
Special Branch
ORDER
No. 1220 H.S. Dacca, the 4th April, 1952.

Whereas the person known as Mirza Golam Hafiz, son of late Mirza Asimuddin, of Atwari, District Dinajpur and of 40/1, Abdul Hadi Lane, P. S. Kotwali, District Dacca, is detained in the Dacca Central Jail under the provisions of section 41 of the East Bengal Public Safety Ordinance, 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the East Bengal Expiring Laws Act, 1951 (East Bengal Act No. XXXVIII of 1951)

And whereas having considered the materials against the said person the Governor is satisfied that with a view to preventing the said person from acting in any manner prejudicial to the public safety and the maintenance of public order, it is necessary to make the following order for the purpose of continuing his detention:

Now, therefore, in exercise of the powers conferred by clause (a) of subsection (1) of section 17 of the East Bengal Public Safety Ordinance,. 1951 (East Bengal Ordinance No. XXI of 1951) as enacted and continued in operation by the said Act the Governor is pleased to direct:

(a) that the said person shall subject to the provisions of Section 18 of the said Ordinance as enacted and continued in operation by the said Act be detained until further orders;

(b) that, subject to the provisions of clause (a) of this paragraph the said person shall until further orders, continue to be detained in the Dacca Central Jail; and

(c) that during such detention the said person shall be subject to the conditions laid down in the East Bengal Public Safety (Security Prisoners) Rules, 1951.

By order of the Governor,
M. F. BARI
Asstt. Secy, to the Govt, of East Bengal.

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান গণতন্ত্রী দলের আত্মপ্রকাশঃ পাকিস্তানে কনফেডারেশন প্রতিষ্ঠার দাবী	দৈনিক আজাদ	১৭ ও ১৮ জানুয়ারী ১৯৫৩

<u>১৭ জানুয়ারী</u>

(স্টাফ রিপোর্টার)

গতকল্য (শুক্রবার) আরমানীটোলা ময়দানে প্রস্তাবিত পূর্ব পাকিস্তান গণতন্ত্রী দলের তিন দিনব্যাপী সম্মেলন উদ্বোধন হয়। সম্মেলনে প্রদেশের নয়টি জেলা হইতে আগত প্রতিনিধিগণ যোগদান করেন।

অভ্যর্থনা সমিতির সভাপতি জনাব দেওয়ান মাহবুব আলী সম্মেলনে বক্তৃতা প্রসংগে বলেন যে, দেশের বর্তমান সামাজিক রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থার পরিবর্তন সাধনকল্পে অবিলম্বে একটি যুক্তরাষ্ট্র গঠনের প্রয়োজন রহিয়াছে। তিনি মন্ব্য করেন যে, দেশের বর্তমান গঠনতন্ত্র ইংরেজের সাম্রাজ্যবাদ ও সামন্ততন্ত্রেরই নামান্তর মাত্র। মুসলিম লীগ সরকার ধনী শ্রেণীর ধন বৃদ্ধিকেই সহায়তা করিয়াছে শুধু। সাধারণ মানুষের দুঃখ-দুর্দশা লাঘবের কোন চেষ্টাই করে নাই। দেশ হইতে সাম্রাজ্যবাদ ও সামন্ততন্ত্রবাদের উচ্ছেদ করিয়া পাকিস্তানের সমৃদ্ধিতে সকল নাগরিককে সমান অধিকার দানের উদ্দেশ্যই গণতন্ত্রী দল গঠিত হইয়াছে বলিয়া তিনি উল্লেখ করেন।

গনতন্ত্রী দলের আহবায়ক জনাব মাহমুদ আলী তাঁহার বক্তৃতায় গণতন্ত্রী দল গঠনের প্রয়োজনীয়তার বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করিয়া বলেন যে, দেশ শাসনে মুসলিম লীগ সরকার সম্পূর্ণ ব্যর্থতার পরিচয় দিয়েছে। গত পাঁচ বছর লীগ শাসনের ফলে দেশের বিভিন্ন দিকে বিশৃঙ্খলার সৃষ্টি হইয়াছে এবং দেশবাসীর দুর্দশা চরম সীমায় পৌঁছিয়াছে।

পাকিস্তানের বৈদেশিক নীতির সমালোচনা করিয়া তিনি কবলেন যে, উহা নিরপেক্ষ নীতি নয় এবং উহা প্রাশ্চাত্য সাম্রজ্যবাদী ব্লকের প্রভাবাধীন। দৃষ্টান্তস্বরূপ তিনি বৃটিশ কমনওয়েলথের সহিত পাকিস্তানের জড়িত থাকবার কথা উল্লেখ করেন।

<u>১৯ জানুয়ারী</u>

(স্টাফ রিপোর্টার)

গতকল্য (রবিবার) নবপ্রতিষ্ঠিত গণতন্ত্রী দলের তিন দিবসব্যাপী অধিবেশন শেষ হয়। অপরাহ্নে বিপুল জনসমাবশে প্রকাশ্য অধিবেশন হয়। প্রকাশ্য অধিবেশনে সভাপতিত্ব করেন জনাব দবিরউদ্দীন আহমদ চৌধুরী। সভায় গণপরিষদের সদস্য পাঞ্জাবের জনাব সর্দার শওকত হায়াত খান, জনাব আবদুস সালাম, জনাব মাহমুদ আলী প্রমুখ ব্যক্তি বক্তৃতা করেন।

জনাব শওকত হায়াত খান তাঁহার বক্তৃতায় পাকিস্তান সরকার ও মূলনীতি কমিটির রিপোর্টের সমালাচনা করিয়া বলেন যে, উক্ত রিপোর্টে পূর্ব পাকিস্তানের বাসিন্দাদের সম্পূর্ণরূপে উপেক্ষা করা হইয়াছে। পাকিস্তানে কনফেডারেশন প্রতিষ্ঠার জন্য তিনি দাবী জানান। তিনি বলে যে পশ্চিম পাকিস্তানের গদীতে আসীন থাকিয়া পূর্ব পাকিস্তানের বাসিন্দাদের অভাব-অভিযোগের সঠিক সন্ধান রাখা এবং তাহা নিরসনের উপযুক্ত উপায় নির্ধারণ করা সম্পূর্ণ অসম্ভব কল্পনা। পূর্ব পাকিস্তানের অধিবাসীর সুবিধা-অসুবিধার প্রতি দৃষ্টি রাখা এই প্রদেশের বিবিধ উন্নতির উপয় নির্ধারণ একমাত্র পূর্ব পাকিস্তানবাসীর দ্বারই সম্ভব। এই কারণে তিনি পূর্ব পাকিস্তানবাসীকে সম্মিলিতভাবে কনফেডারেশন প্রতিষ্ঠার দাবীতে আন্দোলন শুরু করিতে উপদেশ দেন।

গণপরিষদে পূর্ব বংগের যে সকল সদস্য মূলনীতি কমিটির রিপোর্ট মানিয়া লইয়াছেন তাঁহাদের আশু পদত্যাগের দাবীতে জনমত গঠনের জন্যও তিনি পূর্ব পাকিস্তানের অধিবাসীকে উপদেশ দেন।

সর্বশেষে তিনি মন্তব্য করেন যে, মূলনীতি কমিটির রিপোর্ট জনস্বার্থের প্রতি লক্ষ্য রাখিয়া গঠন করা হয় নাই। মুসলিম লীগ সরকারের গদীর নিরাপত্তার প্রতি দৃষ্টি রাখিয়াই তাহা গঠন করা হইয়াছে।

পশ্চিম পাকিস্তানের আজাদ পাকিস্থান পার্টি এবং পূর্ব পাকিস্তানের গণতন্ত্রী দলের উদ্দেশ্যে ও কর্মপদ্ধতি ভবিষ্যতে একইরূপ হইবে বলিয়াও তিনি তাঁহার বক্তৃতায় উল্লেখ করেন।

সভায় জনাব হাজী মোহাম্মদ দানেশকে নবপ্রতিষ্ঠিত গণতন্ত্রী দলের সভাপতি, জনাব মুজিবর রহমান খান (সম্পাদক, 'চাষী'), জনাব আব্দুল জববার (খুলনা), জনাব দবির উদ্দীন আহমদ চৌধুরী (সিলেট), জনাব মহিউদ্দীন আহম্মদ (সম্পাদক, 'আমারদেশ'), ও অধ্যাপক রফিকুল ইসলামকে (চাঁদপুর) সহসভাপতি; জনাব মাহমুদ আলীকে সাধারণ সম্পাদক এবং জনাব আতাউর রহমান (রাজশাহী) ও দেওয়ান মাহবুব আলীকে যুগ্ম-সম্পাদক নির্ধারণ করা হয়। ইহা ছাড়া ২১ জনকে সভ্য নির্ধারণ করা হয়।

পশ্চিম পাকিস্তানের আজাদ পাকিস্তান পার্টির সহিত একযোগে কাজ করিবার উদ্দেশ্য উভয় পাকিস্তানের গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নির্ধারণ এবং তাহার পরিপ্রেক্ষিতে কর্মপন্থা স্থির করিবার জন্য আজাদ পাকিস্থান পার্টির সহিত আলা-আলোচনা চালাইবার ক্ষমতাও নবগঠিত কমিটির হাতে অর্পণ করা হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব বাংলায় ৯২-ক ধারা জারীর পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকারের দমন নীতি: রাজনৈতিক নেতা ও কর্মীদের ব্যাপক গ্রেফতার	পাকিস্তান অবজারভার	১-১৫ জুন, ১৯৫৪

PAKISTAN OBSERVER

June 1,1954

About 190 persons arrested throughout Province, Promulgation of Section 92-A welcomed in West Pakistan.

(By A Staff Reporter)

General sense of disappointment and frustration prevails among the people in the city since the imposition of 92-A in Province. Contingents of Army continue to patrol the city through-fates and guard the strategic points. It may be mentioned that since the Adaiujee disturbances Armymen were posted in the city as a precaution against any possible breach of peace.

About 190 arrests were made throughout the province yesterday (Monday) evening which include Mr. Shaikh Mujibur Rahman, one of the members of the former Huq Cabinet, Mirza Gholam Hafiz, MLA, Mr. Gholam Quader Choudhury, MLA.

Chittagong Arrests

A report received here from Chittagong says that 17 persons were arrested on Monday among whom Mr. Zahur Ahmed Choudhury, MLA and Mr. A. Aziz, Secretary of the District Awami League, are prominent.

At Sylhet

Mr. Mahmud Ali, MLA, Secretary -General, Pakistan Ganatantri Dal was reported to have been arrested at Sylhet on Sunday night.

At Bogra

As a precautionary measure section 144 has been promulgated at Bogra and some arrests have been made according to reports received in Dacca.

APP adds : The situation in East Pakistan was quiet and normal and no untoward incident has occurred anywhere in the districts according to reliable reports received here till this evening.

Dacca city life was queit normal and people were seen busy in Eid purchase.

Tension existing since the recent rioting in the Adamjee Jute Mills has also died down and the Mill is expected to restart functioning from June 6.

188 person have been arrested under Public Safety Act and other specific charges all over the province till this evening.

Pre-sensorship has been imposed on all the local papers.
Another A.P.P. report from Karachi, dated May 31 says:

Mr. Ghulam Ali Talpur, Speaker, of the Sind Legislative Assembly and Vice-President of All-Pakistan Muslim League has issued the following statement to the press:
"I sincerely congratulate His Excellency the Governor-General and Hon'ble the Prime Minister of Pakistan for their timely action of removing the Fazlul Huq Ministry in East Bangal.

1 condemn with all emphasis the attitude of Mr. Fazlul Huq in non-cooperating with the Central Government and his design of breaking the solidarity of East and West Pakistan.

I assure His Excellency the Governor-General and the Prime Minister that the entire people of Sind are behind them".

A commission comprising a Supreme Court or High Court Judge and representatives from the profession of journalism, newspaper industry and the Government to deal with the matter.

Withdrawal of 'black-listing' of three Dacca dailies and release of arrested Journalists and newspaper workers and withdrawal of all warrants of arrests and restrictive orders against them.

The journalists, Press workers and all other newspaper employees reiterated their determination to continue their fight till the realization of these demands and till such time as press could breathe free air again in Pakistan.

The meeting expressed its gratitude to all those who extended their sympathy and cooperation for the struggle for freedom of Press and also felt proud of the great unity demonstrated by the working Journalists, press workers and other newspaper employees and called upon them to further consolidate and preserve this unity.

শিরোনাম	সূত্র	তারিখ
১৭ই সেপ্টেম্বর 'শিক্ষা দিবস' পালন করুন	পূর্ব পাকিস্তান সংগ্রামী ছাত্র সমাজের প্রচারপত্র	সেপ্টেম্বর,১৯৬৩

সতেরই সেপ্টেম্বর 'শিক্ষা দিবস' পালন করুন

সংগ্রামী ভাই-বোনেরা,

স্বৈরাচারী সরকারের চরম নির্যাতনের মুখে শিক্ষা জীবন আজ বিপর্যস্ত। শিক্ষাগত দাবী লইয়া আন্দোলন করার জন্য আজ অসংখ্য ছাত্র বন্দী, অসংখ্য ছাত্র বহিষ্কৃত, কাঁদুনে গ্যাস আজ নিত্যনৈমিত্তিক ব্যাপারে পরিণত হইয়াছে। এই অস্বাভাবিক পরিস্থিতিতে অমর শহীদের রক্তে রাঙ্গা ১৭ই সেপ্টেম্বর আজ আগত। ওয়াজিউল্লাহ, মোস্তফা ও ছোট ভাই বাবুলের রক্তে রাঙ্গা এই ১৭ই সেপ্টেম্বর।

কিন্তু সতেরর দাবী আজও পূরণ হয় নাই। তাই এই দিনে শিক্ষাগত দাবী লইয়া আন্দোলন গড়িয়া তুলিতে হইবে। প্রতিহত করিতে হইবে সরকারের চরম নির্যাতন।

ছাত্রসমাজের ২২- দফা দাবীকে কেন্দ্র করিয়া আসুন তাই ১৭ই সেপ্টেম্বর 'শিক্ষা দিবস' পালনের মাধ্যমে দুর্বার আন্দোলন গড়িয়া তুলি।

কর্মসূচী : (১) ১৭ই সেপ্টেম্বর সকাল ৬ টায় শিক্ষা প্রতিষ্ঠানে কালোপতাকা উত্তোলন ও কালোব্যাজ পরিধান, (২) প্রদেশব্যাপী ছাত্র ধর্মঘট, সভা ও শোভাযাত্রা, (৩) ঢাকায় আমতলায় বেলা ১১ টায় ছাত্রসভা, শোভাযাত্রা ও বিক্ষোভ।

পূর্ব পাকিস্তান সংগ্রামী ছাত্র সমাজ

ছাপাখানা হইতে পুলিশ কর্তৃক আকস্মিকভাবে প্রচারপত্র ছিনাইয়া লওয়ায় অল্প সময়ের মধ্যে ইহা প্রকাশিত হইল।

শিরোনাম	সূত্র	তারিখ
ঢাকায় সাম্প্রদায়িক দাংগা ও দাংগা প্রতিরোধ কমিটি	দৈনিক 'ইত্তেফাক'	১৭ জানুয়ারী, ১৯৬৪

পূর্ব পাকিস্তান রুখিয়া দাঁড়াও

সাম্প্রদায়িক দুর্বৃত্তদের ঘৃণ্য ছুরি আজ ঢাকা, নারায়ণগঞ্জ ও অন্যান্য স্থানের শান্ত ও পবিত্র পরিবেশ কলুষিত করিয়া তুলিয়াছে। ঘাতকের ছুরি হিন্দু- মুসলমান নির্বিশেষে পূর্ব বাংলার মানুষের রক্তে লাল হইয়া উঠিয়াছে। দুর্বৃত্তদের হামলায় ঢাকার প্রতিটি পরিবারের শান্তি ও নিরাপত্তা আজ বিপন্ন। হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের নিরীহ মানুষের ঘরবাড়ী পোড়ান হইতেছে, সম্পত্তি বিনষ্ট করা হইতেছে, এমনকি জনাব আমির হোসেন চৌধুরীর মত শান্তিকামী মানুষদেরও দুর্বৃত্তদের হাতে জীবন দিতে হইতেছে। তাদের অপরাধ কি ছিল একবার চিন্তা করিয়া দেখুন। গুন্ডারা মুসলমান ছাত্রীনিবাসে হামলা করিয়াছে এবং হিন্দু-মুসলমান নির্বিশেষে আমাদের মা-বোনের সম্ভ্রম আজ মুষ্টিমেয় গুন্ডার কলুষ স্পর্শে লাঞ্ছিত হইতে চলিয়াছে।

এই সর্বনাশা জাতীয় দুর্দিনে আমরা মানবতার নামে, পূর্ব পাকিস্তানের সম্মান ও মর্যাদার নামে দেশবাসীর নিকট আকূল আবেদন জানাইতেছি, আসুন সর্বশক্তি লইয়া গুন্ডাদের রুখিয়া দাঁড়াই, শহরে শান্তি ও পবিত্র পরিবেশ ফিরাইয়া আনি।

পূর্ব বাংলার মানুষের জীবনের ওপর এই পরিকল্পিত হামলার বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইতে আমার পূর্ব বাংলার সকল মানুষকে আহবান জানাইতেছি।

- প্রতি মহল্লায় দাঙ্গা প্রতিরোধ কমিটি গঠন করুন,
- গুন্ডাদের শায়েস্তা করুন, নির্মূল করুন,
- পূর্ব পাকিস্তানের মা-বোনের ইজ্জত ও নিজেদের ভবিষ্যৎকে রক্ষা করুন,

শিরোনাম	সূত্র	তারিখ
সার্বজনীন ভোটাধিকার আদায়ের জন্য জনগণের প্রতি পূর্ব পাকিস্তানের প্রধান নেতাদের আবেদন	সর্বদলীয় ভোটাধিকার ও প্রত্যক্ষ নির্বাচন কর্মপরিষদের প্রচারপত্র	মার্চ, ১৯৬৪

আগামী ১৮ই ও ১৯শে মার্চ ভোটাধিকার দাবীতে প্রদেশব্যাপী সভা শোভাযাত্রা ও হরতাল

দেশবাসী ভাই ও বোনেরা,

সুদীর্ঘ দুইশত বছর বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে মরণপণ লড়াই করিয়া আমরা যে স্বাধীনতা তথা আত্মনিয়ন্ত্রণাধিকার লাভ করিয়াছিলাম, আজ ছয় বছর সেই অধিকার হইতে আমরা বঞ্চিত। আবার সেই অধিকার ছিনাইয়া লইয়াছে এমনই এক শাসক শ্রেণী যারা দেশবাসীকে ভোটাধিকার লাভের যোগ্য বলিয়া মনে করে না; বরং ''গরু-ভেড়ার'' সমতুল্য বলিয়া মনে করে। আজ বিশ্বের দিকে দিকে যখন নাগরিক অধিকার ও ব্যক্তি স্বাধীনতা প্রতিষ্ঠার সংগ্রাম ক্রমশঃ সাফল্য লাভ করিতেছে ঠিক সেই সময় আমাদের শাসকবর্গ দেশবাসীকে ভোটাধিকার লাভের অযোগ্য ঘোষণা করিয়া চরম স্বৈরাচারী পন্থায় দেশ শাসনের ব্যবস্থা করিয়াছেন।

জাতীয় জীবনের এক সংকটজনক সন্ধিক্ষণে আজ আমরা অবস্থান করিতেছি। একবার আপনার পরিবারের, আপনার সমাজের, আপনার দেশের কথা ভাবিয়া দেখুন। সমাজের সর্বশ্রেণী ও সর্বস্তরে আজ এক চরম হতাশা এবং রাজনৈতিক ও অর্থনৈতিক দুর্যোগ বিরাজমান। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির আকাশ চুম্বী মূল্য বৃদ্ধিতে সমাজ ধ্বংসের পথে। নগরশুল্ক হইতে আরম্ভ করিয়া হাজারো রকম ট্যাক্স ও বর্ধিত খাজনার চাপে দেশবাসীর অর্থনৈতিক মেরুদন্ড আজ ভাঙিয়া পড়িবার উপক্রম হইয়াছে। উন্নয়নমূলক কাজের নামে কোটি কোটি টাকার ঘুষ ছড়াইয়া দেশে এক নাটকীয় পরিবেশের সৃষ্টি করা হইয়াছে। অর্ডিন্যান্স -এর যাঁতাকলে বাকস্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা প্রায় লুপ্ত। গণতন্ত্রের নামে একনায়কত্ব আজ দেশের বুকে চাপাইয়া দেওয়া হইয়াছে।

ভাইসব, পাকিস্তান অর্জিত হয় জনগণের ভোটে। আর আজ সেই পাকিস্তানের জনগণকে ভোটাধিকার হইতে চিরতরে বঞ্চিত করার এক জঘন্য ষড়যন্ত্র চলিয়াছে। উহার নজীর কোন স্বাধীন ও সভ্য দেশে নাই-এমনকি বৃটিশ আমলে ও ছিল না। আইয়ুব সরকার স্বয়ং যে কমিশন নিয়োগ করিয়া ছিলেন, সেই কমিশন ও সার্বজনীন ভোটে প্রত্যক্ষ নির্বাচনের সুপারিশ করিয়াছিল। কিন্তু সকল সুপারিশ, গণদাবী উপেক্ষা করিয়া স্বৈরাচারী সরকার দেশবাসীর প্রত্যক্ষ ভোটাধিকারের মাধ্যমে নির্বাচন ব্যবস্থাকে চিরতরে নস্যাৎ করিবার জন্য জাতীয় পরিষদের বর্তমান অধিবেশনে আইন পাসের চক্রান্ত করিতেছেন।

যে দেশবাসী রাষ্ট্র পরিচালনায় রসদ যোগাইতেছে, খাজনা-ট্যাক্স যোগাইতেছে, রাষ্ট্র পরিচালানার ব্যাপারে তাঁদের কোন অধিকার থাকিবে না, মতামত প্রকাশের অধিকার থাকিবে না, তাদের দেওয়া টাকা কিভাবে খরচ হয় তাহাতেও তাঁহাদের মতামতের কোন সুযোগ নাই- কোন স্বাধীন দেশে এ ব্যবস্থা চলিতে পারে না। অথচ, বর্তমান সরকার উক্ত অগণতান্ত্রিক ব্যবস্থা দেশে চালু করিতে চাহিতেছেন এবং ক্ষমতাবিহীন জাতীয় পরিষদ ও প্রাদেশিক পরিষদগুলিকে এক তামাসায় পরিণত করিয়া অর্ডিন্যন্স- এর দ্বারা দেশ শাসন করিয়া চলিয়াছেন।

ভাই-বোনেরা,

সুদীর্ঘ ছয় বছরের স্বৈরাচারী শাসনে নিস্পিষ্ট আমাদের জাতীয় মানসে আজ এই একটি সত্যই সুস্পষ্ট হইয়া উঠিয়াছে যে, হয় দাসত্ব বরণ, নয় সুদৃঢ় গণ-ঐক্য ও গণ-আন্দোলন দ্বারা স্বৈরাচারের প্রতিরোধ-এই দুই ব্যবস্থা ছাড়া আমাদের জন্য তৃতীয় কোন পথ খোলা নাই।

আমরা জানি, গণঐক্য ও দুর্বার গণ-আন্দোলনই আমাদের পথ। আমাদের হতাশ হওয়ার কিছু নাই। দেশবাসীর গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠায় রক্তদানের আত্মদানের সুমহান ঐতিহ্য আমাদের রহিয়াছে। তাই আমরা জানি, স্বৈরাচারী শাসকবর্গের প্রতিক্রিয়াশীল ষড়যন্ত্র রুখিবার ক্ষমতা আমাদের আছে। সুতরাং বর্তমান স্বৈরাচারী ব্যবস্থার রাহুমুক্ত হইতে হইলে ছাত্র, মজুর, কৃষক, মধ্যবিত্ত, চাকরিজীবী, আইনজীবী তথা সকল শ্রেণীর, সকল পেশার, সকল দল ও মতের মানুষের নিকট আমরা আবেদন জানাইতেছি, সার্বজনীন ও প্রত্যক্ষ ভোটাধিকার আদায়ের দাবীতে নিয়মতান্ত্রিক দুর্বার গণ-আন্দোলন গড়িয়া তুলুন ও আগামী ১৮ই মার্চ বুধবার সারা প্রদেশব্যাপী রাস্তার মোড়ে মোড়ে সভা অনুষ্ঠান ও খন্ড মিছিল বাহির করুন এবং ১৯শে মার্চ বৃহস্পতিবার প্রদেশব্যাপী হরতাল, জনসভা ও শোভাযাত্রা করুন।

আমাদের আজ দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করিতে হইবে, সার্বভৌম ক্ষমতা দেশের জনগণের উপর ন্যস্ত, কোন ব্যক্তি বা গোষ্ঠী বিশেষের হাতে নয়। নির্ভীকচিত্তে বলিতে হইবে, জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত নয় এমন কোন সরকার দেশবাসী গ্রহণ করিবে না। যতদিন আমাদের এই সার্বজনীন ভোটাধিকার ও প্রত্যক্ষ নির্বাচনের গণদাবী আদায় না হইবে ততদিন সংগ্রাম চলিতে থাকিবে।

ঢাকার কর্মসূচী

- ১৮ই মার্চ, বুধবারঃ রাস্তার মোড়ে মোড়ে সভা ও খন্ড মিছিল
- ১৯শে মার্চ, বৃহস্পতিবারঃ হরতাল
- বিকাল চারটায় পল্টন ময়দানে বিরাট জনসভা
- সভাশেষে শোভাযাত্রা।

সর্বদলীয় ভোটাধিকার ও প্রত্যক্ষ নির্বাচন কর্মপরিষদ

মাওলানা আবদুল হামিদ খান ভাসানী, সভাপতি, ন্যাশনাল আওয়ামী পার্টি।

মাওলানা আবদুর রশীদ তর্কবাগিশ।

শেখ মুজিবুর রহমান, সাধারণ সম্পাদক, পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ।

মহিউদ্দিন আহমদ, ন্যাশনাল আওয়ামী পার্টি।

মওলানা সৈয়দ মোসলেহউদ্দিন, সভাপতি, পূর্ব পাকিস্তান নেজামে ইসলামী পার্টি।

মওলানা সিদ্দিক আহমদ, সাধারণ সম্পাদক, পূর্ব পাকিস্তান নেজামে ইসলামী পার্টি।

মওলানা আবদুল আলী, এম, পি, এ (ভূতপূর্ব জামাতে ইসলাম)।

মওলানা আখতার উদ্দিন আহমদ, এম, এন, এ (ভূতপূর্ব জামাতে ইসলাম)।

দি মডার্ন প্রিন্টিং ওয়ার্কস লিঃ, ৩৭, হাটখোলা রোড, ঢাকা।

শিরোনাম	সূত্র	তারিখ
প্রেসিডেন্ট পদপ্রার্থী হিসেবে আইয়ুবের বিরুদ্ধে বিরোধী দলসমূহ কর্তৃক মিস ফাতেমা জিন্নাহ্ মনোনীত	দৈনিক 'আজাদ'	১৮ই সেপ্টেম্বর, ১৯৬৪

সম্মিলিত বিরোধীদলের ঐক্য-জিন্দাবাদ
গণতন্ত্রের সংগ্রাম- জিন্দাবাদ
পাকিস্তান-পায়েন্দাবাদ

প্রেসিডেন্ট নির্বাচনে সম্মিলিত বিরোধীদলের প্রার্থী হিসেবে মিস জিন্নাহর প্রতিদ্বন্দ্বিতা
লাখাম হাউসের বৈঠক শেসে বিরোধীদলীয় নেতার ঘোষণা
সমগ্র করাচী শহরে আনন্দের হিল্লোলঃ মিস জিন্নাহ কর্তৃক সানন্দে সম্মতি দান

(আজাদের করাচী অফিস হইতে)

১৭ই সেপ্টেম্বর মোহতারেমা মিস ফাতেমা জিন্নাহ আনন্দের সহিত আগামী নির্বাচনের প্রেসিডেন্ট পদে সম্মিলিত বিরোধীদলের প্রার্থী হিসাবে তাঁহার মনোনয়নের প্রস্তাব গ্রহণ করিয়াছেন। অদ্য লাখাম হাউসে সম্মিলিত বিরোধীদলের বৈঠকের পর বিরোধীদলের নেতা সাংবাদিকদের নিকট উপরোক্ত তথ্য প্রকাশ করেন। আজ লাখাম হাউসে পাঁচটি বিরোধীদলের সভা বিকাল ৫টায় শুরু হয় এবং রাত্রি ১০টা পর্যন্ত চলিতে থাকে।

অতঃপর বিরোধীদলের পাঁচজন নেতা খাজা নাজিমুদ্দীন, মওলানা ভাসানী, চৌধুরী মোহাম্মদ আলী, নওয়াবজাদা নসরুল্লাহ খান এবং শেখ মুজিবুর রহমান মোটরযোগে মোটরযোগে মিস ফাতেমা জিন্নাহর বাসভবনে গমন করেন এবং তাঁহাকে বিরোধীদলের সিদ্ধান্ত জানান।

তাঁহারা মিস ফাতেমা জিন্নাহকে মাল্যভূষিত করেন এবং তাঁহার সহিত ৪৫ মিনিটকাল অবস্থান করেন।

অতুঃপর মিস জিন্নাহ অপেক্ষমাণ সাংবাদিকদের বলেন যে, জাতির বৃহত্তর স্বার্থেই তিনি প্রেসিডেন্ট পদে বিরোধীদলের প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দিতা করিতে সম্মত হইয়াছেন। তিনি আরও বলেন যে, জনগণের সেবার উদ্দেশ্য লইয়াই তিনি ইহাতে সম্মতি দিয়াছেন। এতদ্ব্যতীত তাঁহার অন্য কোন উদ্দেশ্য নাই।

মিস জিন্নাহ সম্মিলিত বিরোধী দলীয় প্রার্থী হিসাবে আগামী প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে সম্মত হইয়াছেন এই খবর প্রকাশ হওয়ার পর সমগ্র করাচী শহরে আনন্দের জোয়ার প্রবাহিত হয়। লাখাম হাউজের সম্মুখে সমবেত হাজার হাজার লোক এই সংবাদে, মিস জিন্নাহ্ জিন্দাবাদ, পাকিস্তান জিন্দাবাদ, সম্মিলিত বিরোধীদলের ঐক্য জিন্দাবাদ ধ্বনিতে আকাশ বাতাস মুখরিত করিয়া তোলে।

মিস জিন্নাহকে সম্মিলিত বিরোধীদলের প্রার্থী হওয়া হইতে বিরত করার জন্য করাচীর সরকারী মহল ও সরকার সমর্থক সংবাদপত্রসমূহ কর্তৃক যে অপচেষ্টা ও অপপ্রচার চালানো হয় পাকিস্তানের স্রষ্টা কায়েদে আযমের ভগিনীর নির্ভীক মনোভাবের ফলে এই মহলটি হতাশ হইয়া পড়ে।

বিরোধী দলের সিদ্ধান্ত জ্ঞাপনের জন্য মোহতারেমা ফাতেমা জিন্নাহ্ গৃহে যখন বিরোধীদলীয় নেতৃবৃন্দ গমন করেন তখন হইতেই রাস্তার দুই পার্শ্বে লোক জমায়েত হইতে শুরু করে।

অদ্য সমগ্র করাচী শহরের সকলের মধ্যে এই একই বিষয়ে আলোচনা চলিতে থাকে।

মিস জিন্নাহ বিরোধীদলের প্রস্তাব শুনিয়া আলহামদুলিল্লাহ্ বলিয়া এই প্রস্তাব গ্রহণ করেন।

গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠার জন্য পূর্ব পাকিস্তানীরা যে ভূমিকা গ্রহণ করিয়াছে মিস জিন্নাহ উহাতে অত্যন্ত আনন্দ প্রকাশ করেন। সম্মিলিত বিরোধীদলের প্রতিনিধিগণ আগামীকল্যকার অধিবেশন শেষে মিস ফাতেমা জিন্নাহ সহিত তাহার বাসভবনে সাক্ষাৎ করিলে তিনি আনুষ্ঠানিকভাবে তাহার মনোনয়ন গ্রহণ করিবেন বলিয়া আশা করা যাইতেছে।

অদ্যকাল সম্মিলিত বিরোধীদলের বৈঠক কাউন্সিল মোসলেম লীগ, ন্যাশনাল আওয়ামী পার্টি, আওয়ামী লীগ, নেজামে ইসলাম পার্টি ও সাবেক জামাতে ইসলাম অংশ গ্রহণ করিয়াছে। সভায় কাউন্সিল লীগ সভাপতি খওয়াজা নজিমুদ্দীন সভাপতিত্ব করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
জনাব আইয়ুব খাঁর জবাবে হাজী মোহাম্মদ দানেশ	পূর্ব পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টির পুস্তিকা	অক্টোবর, ১৯৬৪

জনাব আইয়ুব খাঁর জবাবে

*এক নায়কত্বের অবসান হোক

* গণতন্ত্রের জয় হোক

হাজী মোহাম্মদ দানিশ

সাধারণ সম্পাদক

পূর্ব পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি

প্রেসিডেন্ট পদের জন্য কনভেনশন লীগ মনোনীত প্রার্থী জনাব মোহাম্মদ আইয়ুব খাঁ পূর্ব পাকিস্তানে নির্বাচনী অভিযানে প্রদত্ত বক্তৃতাসমূহে তাঁহার শাসন আমলের অনেক গুণগান বয়ান করিয়া গণমনে নানা বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা করিতেছেন।

জনাব মোহাম্মদ আইয়ুব খাঁ বৃটিশ আমলে সৈন্য বাহিনীতে যোগ দিয়া তাঁহার কর্মজীবন শুরু করিয়াছিলেন। পাক-ভারত উপমহাদেশে স্বাধীনতা সংগ্রামের সময়ে দেশের জনগণ যখন বিদেশী শাসকদের পুলিশ ও সেনা বাহিনীর গুলিতে নিজেদের বুকের রক্ত ঢালিয়া দিতেছিলেন, তখন জনাব আইয়ুব খাঁ বৃটিশ সামরিক বাহিনীর একজন অফিসাররুপে নিষ্ঠার সহিত ঐ বিদেশী সাম্রাজ্যবাদীদের সেবা করিয়াছিলেন। দেশের স্বাধীনতা সংগ্রামে তাঁহার কোন অবদান নাই; বরং তখন তিনি ছিলেন বৃটিশ একান্ত অনুগত।

বিভিন্ন দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে দেখা যায় যে, স্বাধীনতা অর্জনের পর দেশের রাষ্ট্র নেতারা রাষ্ট্রীয় ব্যবস্থা ও সামরিক বাহিনী হইতে বিদেশী সাম্রাজ্যবাদীদের দ্বারা শিক্ষিত ও পদলেহনকারী অফিসারদের অপসারণ করিয়া সে স্থলে নূতন দেশপ্রেমিক ব্যক্তিগণকে নিয়োগ করিয়া থাকেন। আমাদের দেশে সে ব্যবস্থা গৃহীত হইলে আজিকার অনেক বড় বড় 'রাষ্ট্র-নেতা' স্বাধীনতা প্রাপ্তির পরই দেশ-বিরোধী বলিয়া সমাজের আঁস্তাকুরে নিক্ষিপ্ত হইত। কিন্তু আমাদের দেশে স্বাধীনতা পাওয়ার পরও পুরাতন আমলতন্ত্রকেই অটুট রাখা হয়। সামরিক বাহিনীতে কোন রদবদল করা হয় নাই।

সেই সূত্রে জনাব আইয়ুব খাঁও স্বাধীনতার পরও সামরিক বাহিনীর একটি উচ্চপদে অধিষ্ঠিত এবং পাকিস্তান কায়েম হওয়ার পর পরই পাকিস্তানের জি.ও.সি হিসাবে নিযুক্ত হন। এই পদ হইতে তিনি পরে পাকিস্তানের সেনাবাহিনীর অধিনায়কের পদে অধিষ্ঠিত হন।

এই চাকুরীতে বহাল থাকাকালে তিন তিনবার তাঁহার চাকুরীর মেয়াদ বৃদ্ধি করা হয়। মরহুম খাজা নাজিমুদ্দিন তাঁহার মৃত্যুর মাত্র কয়েকদিন পূর্বে লাহোরে বলিয়াছিলেন যে, তাঁহার প্রধানমন্ত্রিত্বকালে জনাব আইয়ুব খাঁ তাঁহার (জনাব আইয়ুব খাঁ'র) চাকুরীর মেয়াদ বৃদ্ধির জন্য তদ্বির করিয়াছিলেন। খাজা নাজিমুদ্দিন উহাতে অস্বীকৃতি জানাইলে জনাব আইয়ুব খাঁ তদানীন্তন গর্ভনর জেনারেল গোলাম মোহাম্মদের শরণাপন্ন হন। ইহার কিছুদিন পরই গোলাম মোহাম্মদ মরহুম খাজা নাজিমুদ্দিনকে শাসনতন্ত্র বিরোধী উপায়ে প্রধানমন্ত্রীত্বের পদ হইতে অপসারণ করেন। অপরদিকে, জনাব আইয়ুব খাঁ'র চাকুরীর মেয়াদও বৃদ্ধি পায়।

'এবডো'র অধীনে মরহুম শহীদ সোহরাওয়ার্দীর তথাকথিত 'বিচারের' সময় যখন তাঁহার বিরুদ্ধে অফিসারদের পদোন্নতি সম্পর্কে প্রধানমন্ত্রীর ক্ষমতা 'অপব্যবহারের' 'অভিযোগ' আনা হয় তখন তিনি

বলিয়াছিলেন যে, অফিসারদের চাকুরী সম্পর্কে তিনি যে সকল হুকুম দিয়াছিলেন তার ভিতর একটি হুকুম সম্পর্কেই ঐ কথা উঠিতে পারে। সে হুকুম হইল সেনাবাহিনীর জনাব আইয়ুব খাঁ'র চাকুরীর মেয়াদ বৃদ্ধির হুকুম। তখন পাকিস্তানের প্রেসিডেন্ট ছিলেন ইস্কান্দার মীর্জা।

দেখা যায় যে, গোলাম মোহাম্মদ ও ইস্কান্দার মীর্জা যখন পাকিস্তান রাষ্ট্রের মালিক হইয়া বসিয়াছিলেন তখনই বার বার জনাব আইয়ুব খাঁর চাকুরীর মেয়াদ বৃদ্ধি করা হয়।

পাকিস্তানের রাজনৈতিক গগনের ঐ দুইটি অশুভ গ্রহেও সাথে জনাব আইয়ুব খাঁর 'বন্ধুত্বের' আরও প্রমাণ পাওয়া গিয়াছিল ১৯৫৫ সনে, যখন গোলাম মোহাম্মদ গায়ের জোরে তদানীন্তন গণ-পরিষদ ভাঙ্গিয়া দিয়া তাঁহার কুখ্যাত 'ট্যালেণ্ট মন্ত্রিসভা' গঠন করেন। তিনি তাহার ভিতর জনাব আইয়ুব খাঁকে আনিয়া তাঁহাকে দেশরক্ষামন্ত্রী পদে বহাল করেন। সেনাধিনায়ক আইয়ুব খাঁ সেই প্রথম পাকিস্তানের রাজনৈতিক গগনে আর্বিভূত হন।

প্রকাশ যে, গোলাম মোহাম্মদ যখন 'অসুস্থা'বশতঃ পাকিস্তানের গভর্নর জেনারেলের দায়িত্ব পালনে অক্ষম হইয়া পড়েন তখন 'ট্যালেণ্ট মন্ত্রিসভার' বৈঠকে জনাব জনাব আইয়ুব খাঁই গোলাম মোহাম্মদের স্থলে ইস্কান্দার মীর্জার নাম প্রস্তাব করেন। জনাব আইয়ুব খাঁ নাকি সেই মন্ত্রিসভার বৈঠকে স্পষ্টভাবে বলিয়াছিলেন, 'Army wants General Iskander Mirza to be the head of the State ' (সেনাবাহিনীর ইচ্ছা যে, জেনারেল ইস্কান্দার মীর্জা রাষ্ট্রের প্রধান হউন)। কেহ নাকি ইহার প্রতিবাদ করেন নাই বরং জনাব আইয়ুব খাঁর সমর্থনে ইস্কান্দার মীর্জার মত ব্যক্তি পাকিস্তানের গর্ভনর জেনারেল পদে বসিতে পারিলেন।

ইহার পর ১৯৫৮ সনের অক্টোবরে ঐ ইস্কান্দার মীর্জার নেতৃত্বেই সেনাধিনায়ক জনাব আইয়ুব খাঁ ও তাঁহার সহচরগণ পাকিস্তানে সামরিক শাসন কায়েম করেন এবং বহু কষ্টে রচিত ১৯৫৬ সনের শাসনতন্ত্র টুকরা টুকরা করিয়া ফেলেন।

ইহার মাত্র ২০ দিন পর জনাব আইয়ুব খাঁ ইস্কান্দার মীর্জাকেই দূর করিয়া দেন এবং পাকিস্তানের রাষ্ট্রের অধিনায়ক হইয়া বসেন।

এইভাবে, বৃটিশ আমলের সামরিক অফিসারের পদ হইতে জনাব আইয়ুব খাঁ বৃটিশ শিক্ষিত আমলা কুখ্যাত গোলাম মোহাম্মদ-ইস্কান্দার চক্রের সাথে বন্ধুত্বের পথে পাকিস্তানের প্রেসিডেন্ট পদে আরোহণ করেন।

ভূতের মুখে রাম নাম

সেই জনাব আইয়ুব খাঁ আজ আবার প্রেসিডেন্ট পদপ্রার্থী হইয়া 'গণতন্ত্রের' কত কথাই না বলিতেছেন! তিনি বলিতেছেন যে, তাহার 'বুনিয়াদী গণতন্ত্র' নাকি গণতন্ত্রের ইতিহাসে এক 'অভিনব অবদান', তিনি নিজে ভোটের জন্য জনগণের দুয়ারে উপস্থিত হইয়াছেন। বিরোধী পক্ষকে 'অবাধে' র্নিবাচনের অভিযান চালাইতে দিতেছেন ইত্যাদি ইত্যাদি।

কিন্তু ১৯৫৮ সনের অক্টোবরে যে ''বিপ্লব'' তিনি করিয়াছিলেন সেই ''বিপ্লবের'' প্রথম কাজই ছিল গণতন্ত্রকে জবেহ করা। সামরিক শাসন জারির প্রথম ঘোষণাতেই আইনের শাসন উচ্ছেদ করিয়া সামরিক আইনে দেশ শাসন করার কথা ঘোষণা করা হয়। সেই ঘোষণাতে রাজনৈতিক দল নিষিদ্ধ করিয়া, সংবাদপত্রের কণ্ঠরোধ করিয়া, বাকস্বাধীনতা হরণ করিয়া, জনগণের সভা-মিছিল করিবার অধিকার পদদলিত করিয়া এক নিমিষে সারা দেশে সামরিক সন্ত্রাসের রাজত্ব প্রতিষ্ঠা করা হয়। মওলানা ভাসানী, খান আবদুল গফফার খানের মত দেশবরেণ্য নেতৃবৃন্দসহ শত শত দেশপ্রেমিককে কারাগারে বিনা বিচারে আটক করা হয়, বহু কর্মীর বিরুদ্ধে

হুলিয়া জারি করা হয় এবং তাঁহাদের আত্মগোপনে বাধ্য করিয়া তাঁহাদের সব সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়। সেই সামরিক সন্ত্রাসের সময়ে ন্যাপ কর্মী হাসান নাসিরকে লাহোর দূর্গে প্রাণ দিতে হয়। বহু কর্মীকে সরকারের ''আইন'' ভঙ্গ করার অপরাধে চাবুক মারা হয়।

তখন বাড়ী-ঘর 'পরিষ্কার' না রাখার জন্য শহরে ও গ্রামে বহু নিরপরাধ নাগরিককে পুলিশের হাতে অপমান সহ্য করিতে হইয়াছে। অনেককে জরিমানা দিতে হইয়াছে। জামার আস্তিন গুটাইয়া রাস্তায় চলার 'অপরাধে' বহু যুবককে আমলা পুলিশের হাতে লাঞ্ছনা ভোগ করিতে হইয়াছে। রাস্তার ডাইনে না চলিয়া হঠাৎ চিরাচরিত অভ্যাস অনুসারে বামে চলিতে গিয়া বহু নিরীহ পথচারীকে পুলিশের ব্যাটনের গুঁতা খাইতে হইয়াছে।

সামরিক সন্ত্রাসের সেই সময়ে গণতন্ত্র ও স্বায়ত্তশাসন দাবী করিবার জন্য সাবেক বেলুচিস্তানে শত শত কর্মীকে বন্দী শিবিরে আটক করিয়া তাঁহাদের উপর নাৎসীসুলভ অত্যাচার চালানো হইয়াছে, ঐ অঞ্চলের জনগণের উপর আকাশ হইতে বোমা ফেলা হইয়াছে, সাবেক সীমান্ত প্রদেশের শত শত নেতা ও কর্মীকে বেত্রদন্ড দেওয়া হইয়াছে, তাঁহাদের সম্পত্তি বাজেয়াপ্ত করা হইয়াছে এবং ঢাকা নগরীর রাস্তায় জনতার শান্তিপূর্ণ মিছিলের উপর বেপরোয়া লাঠি ও কাঁদুনে গ্যাস চালান হইয়াছে।

জনাব আইয়ুব খাঁ আজ ভোটের জন্য 'গণতন্ত্রের' যত কথাই বলুন, বহু দেশপ্রেমিকের পারিবারিক জীবনের ধ্বংস, বহু দেশপ্রেমিক কর্মী ও রাজবন্দীর পরিবারবর্গেও উপবাস, বহু কর্মীর পিঠে বেত্রাঘাতের চিহ্ন, হাসান নাসিরের মায়ের চোখের পানি প্রভৃতি জনাব আইয়ুব খাঁ'র সামরিক শাসনের সীমাহীন বর্বরতার জীবন্ত সাক্ষ্য বহন করিতেছে। সে সময়কার বর্বরতার সব কাহিনী লিখিতে গেলে মহাভারত রচিত হইয়া যাইবে।

সুদীর্ঘ সাড়ে তিন বৎসর কাল ধরিয়া পাকিস্তানের জনগণ ঐ বর্বরতার অধীনে নিস্পেষিত হইয়াছেন। যদি আরও অধিককাল ঐ সামরিক শাসন রাখা সম্ভব হইত, তাহা হইলে জনাব আইয়ুব খাঁ তাহাও করিতেন। কিন্তু সামরিক জুলুমের বিরুদ্ধে দেশের জনগণ যেভাবে বিক্ষুব্ধ হইয়া উঠিয়াছিলেন, এবং বিদেশে, এমনকি বর্তমান শাসকবৃন্দের 'পীঠস্থান' খোদ আমেরিকাতেও ইহার যে সমালোচনা হইতেছিল, তাহা উপেক্ষা করিয়া তখন সামরিক শাসন বেশিদিন চালু রাখা সম্ভব ছিল না। তাই, বাধ্য হইয়া জনাব আইয়ুব খাঁ' ১৯৬২ সনে এক তথাকথিত 'শাসনতন্ত্র' জারি করেন।

১৯৫৬ সনের শাসনতন্ত্রে জনগণকে 'ভোটাধিকার ও প্রত্যক্ষ নির্বাচন' পার্লামেন্টারী শাসন, মৌলিক অধিকারসমূহের স্বীকৃতি ইত্যাদি কতকগুলি অধিকার দেওয়া হইয়াছিল।

কিন্তু, জনাব আইয়ুব খাঁ'র শাসনতন্ত্রে জনগণের সেই ভোটাধিকার কাড়িয়া নেওয়া হইয়াছে। আইন সভাগুলির কার্যতঃ কোন অধিকার নাই। পূর্ব পাকিস্তানের আঞ্চলিক স্বায়ত্তশাসন ও পশ্চিম পাকিস্তানের বিভিন্ন ভাষাভাষী জাতির স্বায়ত্বশাসন অস্বীকৃতি হইয়াছে। এককেন্দ্রিক শাসন ব্যবস্থা স্থাপন করিয়া দেশ শাসনের সমস্ত ভার দেওয়া হইয়াছে প্রেসিডেন্টের হাতে। ইহার গালভরা নাম দেওয়া হইয়াছে প্রেসিডেন্সিয়াল শাসন। প্রকৃতপক্ষে এই শাসনতন্ত্রের আড়ালে স্বৈরাচারী একনায়কত্ব কায়েম রহিয়াছে।

তাছাড়া দল গঠনের উপর নানা প্রকার বিধিনিষেধ জারি হইয়াছে এবং বিভিন্নভাবে সংবাদ পত্রের স্বাধীনতা খর্ব করা হইতেছে। এখনও বহু দেশপ্রেমিক কর্মীকে প্রায়ই গ্রেপ্তার করা হইতেছে, এখনও অনেক কর্মী ও নেতার উপর হুলিয়া ঝুলিয়া আছে, এখনও জনগণের শান্তিপূর্ণ মিছিলের উপর পুলিশের লাঠি ও কাঁদুনে গ্যাস চালান হইতেছে এবং শ্রমিকদের শান্তিপূর্ণ ধর্মঘট ভাঙ্গিবার জন্য গুন্ডা লেলাইয়া দিয়া বহু শ্রমিককে হতাহত করা হইতেছে। বস্তুতঃ জনাব আইয়ুব খাঁ'র 'শাসনতন্ত্রের' জামানতেও গণতন্ত্রকে গলাটিপিয়া হত্যা করা হইতেছে।

তীব্র দমননীতির এই পরিবেশে এবং জনাব আইয়ুব খাঁ'র একনায়কত্বমূলক শাসনতন্ত্রের অধীনে যে নির্বাচন অনুষ্ঠিত হইতেছে তাহা এই গণবিরোধী সরকারের 'গণতন্ত্রের' চিহ্ন বলিয়া গৃহীত হইতেও পারে না। আজ মিস

জিন্নাহর নির্বাচনী অভিযানে দমননীতি প্রয়োগ করা হইতেছে না বলিয়া এই সরকারের 'গণতন্ত্র প্রীতি' জাহির করার ও কোন কারণ নাই। কারণ, কায়েদে আজমের ভগিনীর নির্বাচনী অভিযানে দমননীতি দ্বারা বাধা দেওয়ার মত দুঃসাহস এই দেশে কাহারও থাকিতে পারে না। ওটা নিয়া জনাব আইয়ুব খাঁ'র বড়াই না করাই ভাল।

তাছাড়া আজ নির্বাচনী অভিযানে সরকার সরাসরি দমননীতি প্রয়োগ করিতেছে না বলিয়া এই সরকারের পূর্বেকার বর্বরতা ও হিংস্র দমননীতি জনগণ ভুলিতে পারে না। রাতারাতি সরকারের গণ-বিরোধী চরিত্র পরিবর্তিত হইতে পারে না।

সর্বোপরি এই নির্বাচনী ব্যবস্থায় যেগুলি আসল নির্বাচন, সেই প্রেসিডেন্ট ও আইন সভাগুলির নির্বাচনে জনগণের কাছে কোন ভোটই নাই। খাজনা-ট্যাক্স দেওয়ার বেলায় জনগণ, কিন্তু ভোটের বেলায় শূণ্য। সেই ভোটের অধিকারী সারা দেশে শুধু ৮০ হাজার 'মৌলিক গণতন্ত্রী'।

'মৌলিক গণতন্ত্রী' সংস্থা গ্রামের ও শহরের উন্নয়ন কাজের জন্য স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানরুপে কাজ করাক ইহা সবাই চায়। কেহই ইহাকে বিলোপ করিতে চায় না। কিন্তু দেশের দশকোটি লোকের ভিতর শুধু ঐ ৮০ হাজার 'মৌলিক গণতন্ত্রীকে' প্রেসিডেন্ট ও আইনসভাগুলির নির্বাচনের অধিকার দান করিয়া জনাব আইয়ুব খাঁ এই নির্বাচনকে একটা প্রহসনে পরিণত করিয়াছেন এবং গণতন্ত্রের মূলেই কুঠারঘাত করিয়াছে।

এহেন জনাব আইয়ুব খাঁর মুখে গণতন্ত্রের কথা 'ভূতের মুখে রাম নামের' মত শুনাইতেছে।

কবরের 'স্থিতিশীলতা'

জনাব আইয়ুব খাঁ দেশের রাজনৈতিক নেতাদের ও পার্লামেন্টারী শাসন ব্যবস্থাকে লোকচোখে হেয় প্রতিপন্ন করার জন্য নজির দেখাইতেছেন যে, পূর্বে পার্লামেন্টারী শাসনের আমলে রাজনৈতিক নেতারা ক্ষমতার কাড়াকাড়ি করিয়া দেশে এক এক রাজনৈতিক অনিশ্চয়তা সৃষ্টি করিয়া দেশকে জাহান্নামে পাঠাইতেছিলেন। তিনি উহা হইতে দেশকে রক্ষা করিয়াছেন। এবং তাঁহার শাসনতন্ত্রে প্রেসিডেন্সিয়াল শাসন চালু করিয়া দেশে 'স্থিতিশীলতা' আনয়ন করিয়াছেন।

কিন্তু আসল সত্য হইল যে, আমাদের দেশে প্রকৃত পার্লামেন্টারী প্রবর্তিতই হয় নাই। ১৯৫৬ সনের শাসনতন্ত্রে ঐ পার্লামেন্টারী শাসনের ব্যবস্থা করা হইয়াছিল মাত্র। ইহা বাস্তবায়িত করার জন্য যখন দেশে প্রাপ্তবয়স্কদের সার্বজনীন ভোটে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করা হইতেছিল তখনই ইস্কান্দার মীর্জার নেতৃত্বে জনাব আইয়ুব খাঁ প্রমুখ সামরিক নেতারা সামরিক শাসন কায়েম করিয়া সে নির্বাচনকে অনুষ্ঠিত হইতে দেন নাই। আইয়ুব ভ্রাতা বাহাদূর খাঁ ভভ

জাতীয় পরিষদে একথাও বলিয়াছিলেন যে, মার্কিনী সাম্রাজ্যবাদীরাও ঐ সামরিক শাসন জারিতে অনুপ্রেরণা দিয়াছিল। কাজেই সত্য ঘটনা বলিতে গেলে বলিতে হয় যে, মার্কিনী সাম্রাজ্যবাদীগণ এবং ইস্কান্দার মীর্জা ও জনাব আইয়ুব খাঁ প্রমুখ পার্লামেন্টারী শাসন ব্যবস্থার জন্মের পূবেই উহাকে হত্যা করিয়াছেন।

যদি ধরিয়া লওয়া যায় যে, পাকিস্তানের জন্মের পর হইতে বৃটিশের যে শাসনতন্ত্র অনুযায়ী (১৯৩৫ সনের শাসনতন্ত্র) দেশ শাসিত হইতেছিল তাহাতে মূলতঃ পার্লামেন্টারী ধরনের শাসন ব্যবস্থা প্রচলিত ছিল তাহা হইলেও দেখা যায় যে ঐ পার্লামেন্টারী শাসন ব্যবস্থা অনুযায়ী মুসলিম লীগ দল একটানাভাবে ১৯৫৪ সন পর্যন্ত দেশ শাসন করিয়াছে। তখন কেহই ইহাকে অকেজো বা দেশের স্থিতিশীলতার পক্ষে হানিকর বলিয়া মনে করেন নাই।

তবে ইহা অনস্বীকার্য যে, ১৯৫৩ সনে একবার কেন্দ্রীয় মন্ত্রিত্বে এবং ১৯৫৪ সনে পূর্ব পাকিস্তানের নির্বাচনে মুসলিম লীগেম শোচনীয় পরাজয় ও যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠনের পর হইতে দেশের বিভিন্ন মন্ত্রিত্বে বার বার পরিবর্তন হইয়াছে। কিন্তু ঐ সব ঘটনার জন্য দায়ী কাহারা?

সকলেই জানেন যে, ১৯৫৩ সনে ওয়াশিংটনের পরামর্শে গোলাম মোহাম্মদ চক্র খাজা নাজিমুদ্দিনকে প্রধানমন্ত্রিত্বের পদ হইতে অপসারণ করেন এবং বগুড়ার মোহাম্মদ আলীকে পাকিস্তানের প্রধানমন্ত্রীর গদিতে বসাইয়া দেন। ঐ গোলাম মোহাম্মদ-ইস্কান্দার মীর্জা চক্রই ১৯৫৪ সনে মার্কিনী রাষ্ট্রদূত হিলড্রেথের পরামর্শে পূর্ব পাকিস্তানে যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে পদচ্যুত করে; ঐ গণবিরোধী চক্রই বগুড়ার মোহাম্মদ আলীকে সরাইয়া চৌধুরী মোহাম্মদ আলীকে প্রধানমন্ত্রিত্বের গদীতে বসায়। ঐ গণবিরোধী চক্রই সোহরাওয়ার্দী মন্ত্রিসভাকে পদচ্যুত করিয়া চুন্দ্রীগড় মন্ত্রিসভা গঠন করে; ঐ গণবিরোধী চক্রই পূর্ব পাকিস্তানের আওয়ামী লীগ মন্ত্রিসভার পতন ঘটায়; ঐ গণবিরোধী চক্রই পূর্ব পাকিস্তানের আইন সভায় মারামারি বাধাইতে মন্ত্রিসভার পতন ঘটায়; ঐ গণবিরোধী চক্রই পূর্ব পাকিস্তানের আইন সভায় মারামারি বাধাইতে ও মরহুম শাহেদ আলীর হত্যার উস্কানি দেয়; এবং পরিশেষে সামরিক শাসন কায়েম করে। ইহা সত্য যে, কতিপয় রাজনৈতিক নেতা গদীর লোভে বা গদী রক্ষার জন্য ঐ গণবিরোধী চক্রের উস্কানিতে ও প্রলোভনের ফাঁদে পা দিয়াছিলেন। সেই রাজনৈতিক নেতাদের দেশবাসী তীব্র ভাবে নিন্দা করে। কিন্তু মন্ত্রিত্বের ঐসব ভাঙ্গাগড়ার প্রধান দায়িত্ব তাহাদের ছিল না। কিন্তু মন্ত্রিত্বের সব ভাঙ্গাগড়ার আসল হোতা ছিল দেশের কায়েমী স্বার্থবাদীদের মুখপাত্র । ঐ গোলাম মোহাম্মদ-ইস্কান্দার চক্র এবং মার্কিনী সাম্রাজ্যবাদীরা। জনাব আইয়ুব খাঁ কি উহাদের ঐসব কু-কর্মে তাঁহার সহযোগিতা অস্বীকার করতে পারেন? তিনি নিজেও কি ঐ সব কু-কর্মে উহাদের সাথে জড়িত ছিলেন না?

যাহা হউক,১৯৫৩ সন হইতে পাকিস্তানে মন্ত্রিসভার বার বার পরির্বতনের আসল তথ্য ইহাই প্রমাণ করে যে, পার্লামেন্টারী শাসন ব্যবস্থার ফলে ঐ সব ঘটনা ঘটে নাই। কেন্দ্রীয় মন্ত্রিসভার পরিবর্তনগুলি শুধু ১৯৫৮ সনে চুন্দ্রীগড় মন্ত্রিসভার পরির্বতে নূন মন্ত্রিসভার গঠন ব্যতীত আর কোন পরিবর্তন পার্লামেন্টারী পদ্ধতিতে, পার্লামেন্টে ভোটাভুটির ফলে সাধিত হয় নাই। ঐ সমস্ত পরিবর্তন ঘটিয়াছে পর্দার আড়ালে উপরতলার চক্রান্তের ফলে। ইহার জন্য পার্লামেন্টারী শাসন ব্যবস্থা দায়ী হইতে পারে না। বরং উপরতলার ঐ চক্রান্ত ভাঙ্গার এবং দেশে স্থিতিশীল সরকার প্রতিষ্ঠার একমাত্র পথ ছিল সাধারণ নির্বাচন করিয়া জনগণের ভোটে নির্বাচিত আইনসভার হাতে সার্বভৌম ক্ষমতা অর্পণ করা। নূন মন্ত্রিসভার আমলে দেশ সেই পথেই যাইতেছিল। কিন্তু, সামরিক শাসন জারি করিয়া জনাব আইয়ুব খাঁ-ই সে পথ রুদ্ধ করিয়াছেন। তিনিই দেশের সত্যিকারের স্থিতিশীল সরকার প্রতিষ্ঠিত হতে দেন নাই।

আজ যে 'স্থিতিশীল' শাসনের বড়াই তিনি করিতেছেন, সেই 'স্থিতিশীলতার' প্রকৃত অর্থ কি? যদি তিনি বলিতে চান যে, গত ছয় বৎসরে তাঁহার রাজত্বের কোন পরিবর্তন হয় নাই বলিয়া উহা 'স্থিতিশীল', তাহা হইলে বলিতে হয় স্পেনের ফ্র্যাঙ্কোর এবং পর্তুগালের সালাজারের সরকার আজ দুনিয়াতে সবচাইতে 'স্থিতিশীল' সরকার। কারণ গত প্রায় ৩০ বৎসরেও ফ্র্যাঙ্কোর এবং সালাজারের রাজত্বের পরিবর্তন হয় নাই। কিন্তু দুনিয়ার জনগণ ফ্র্যাঙ্কোর ও সালাজারের সরকারকে জঘন্য মানবতাবিরোধী নিরঙ্কুশ একনায়কত্ব বলিয়া নিন্দা করে ও ঘৃণা করে।

জনাব আইয়ুব খাঁ'র স্থিতিশীল এবং প্রেসিডেন্সিয়াল শাসন ও নিরঙ্কুশ একনায়কত্বের শাসন ব্যতীত আর কিছুই নহে। জনগণের উপর হিংস্র দমন নীতির স্টীম রোলার চালাইয়া এবং জনগণকে ভোটের অধিকার, ব্যক্তিস্বাধীনতা প্রভৃতি মৌলিক অধিকার হইতে বঞ্চিত করিয়া জনাব আইয়ুব খাঁ'র স্থিতিশীল এবং প্রেসিডেন্সিয়াল শাসন প্রতিষ্ঠিত হইয়াছে। এই 'স্থিতিশীলতা' হইল মানুষের কবরের 'স্থিতিশীলতা'

সামরিক শক্তির জোরে ক্ষমতা দখল করিয়া পরে জনগণকে সমস্ত অধিকার হইতে বঞ্চিত করিয়া গদীতে টিকিয়া থাকিলেই উহাকে 'স্থিতিশীল' সরকার বলিয়া অভিহিত করা যায় না। 'স্থিতিশীল' সরকারের আসল ভিত্তিই হইল দেশের জনগণের সমর্থন। যখন কোন দেশের জনগণ নিজেদের স্বাধীন ইচ্ছায় ও নিজেদের ভোটে কোন সরকার গঠন করে তখনই সে দেশের সরকার সত্যিকারের 'স্থিতিশীলতা' লাভ করে।

আমাদের দেশে এরুপ স্থিতিশীল সরকার গঠনের জন্য আজ জনাব আইয়ুব খাঁ'র প্রেসিডেন্সিয়াল শাসন তথা একনায়কত্বের অবসান করিয়া পার্লামেন্টারী শাসন প্রবর্তিত করিয়া জনগণের প্রত্যক্ষ ভোটে সরকার গঠনের ব্যবস্থা চালু করা প্রয়োজন হইয়া পড়িয়াছে।

পূর্বে বহু মন্ত্রিসভার নাটকীয় পরিবর্তন প্রভৃতি দেখিয়া অনেকের হয়ত এরুপ আশংকা হইতে পারে যে, পার্লামেন্টারী শাসন ব্যবস্থা চালু হইলে আবার ঐসব ঘটনা ঘটিবে।

কিন্তু, গত সংখ্যার আলোচনাতেই ইহা দেখান হইয়াছে যে, পার্লামেন্টারী শাসন ব্যবস্থার জন্য ঐসব ঘটনা ঘটে নাই। ঐ ঘটনার মূল কারণ ছিল গণবিরোধী শক্তিগুলির চক্রান্ত।

আমাদের দেশে পার্লামেন্টারী শাসন ব্যবস্থা প্রবর্তিত হইলে বিভিন্ন মত ও আদর্শের অনুসারী দলসমূহের ভিতর ক্ষমতা দখলের জন্য রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা চলিতে পারে এবং চলিবেও। বিভিন্ন সময়ে সরকারের পরিবর্তনও হইতে পারে।

কিন্তু, ইহাতে দেশের কোন ক্ষতি হইবার কথা নয়। কারণ বিভিন্ন দল ক্ষমতার জন্য যত কিছুই করুক না কেন, পার্লামেন্টারী ব্যবস্থা চালু থাকিলে বিভিন্ন দলকে পরিশেষে ভোটের জন্য জনতার দুয়ারে উপস্থিত হইতে হইবে। জনগণই তখন বিচার করিবেন কোন দল ভাল, কোন দল মন্দ এবং এই বিচার করিয়াই জনগণ বিভিন্ন দলের পক্ষে ও বিপক্ষে ভোট দিবেন। যে দল জনগণের অধিকাংশের ভোট পাইয়া আইনসভায় সংখ্যাগরিষ্ঠতা অর্জন করিবে সেই দল সরকার গঠন করিবে। এই পন্থা হইল সম্পূর্ণ গণতান্ত্রিক। ইহাতে দেশের অনিষ্ট হইতে পারে না। বরং বিভিন্ন দলের রাজনৈতিক শিক্ষা প্রতিদ্বন্দ্বিতার মধ্য দিয়া জনগণ বিভিন্ন দলকে রাজনৈতিকভাবে বিচার করিবেন, জনগণের রাজনৈতিক শিক্ষা হইবে, জনগণের রাজনৈতিক চেতনা বাড়িবে এবং দেশে 'চক্রান্তের রাজনীতির' বদলে একটা সুস্থ রাজনৈতিক জীবন গড়িয়া উঠিবে। দেশের প্রগতির জন্য ইহা অবশ্য প্রয়োজন।

ঐ পন্থায় সরকার পরিবর্তিত হইলেও দেশের রাজনৈতিক স্থিতিশীলতা ভাঙ্গে না। কেননা, যে কোন দলই সরকার গঠন করুক, উহাকে দেশের জনগণের সমর্থন ও ভোট নিয়া ইহা করিতে হইবে। ইহার ফলে সরকার পরিবর্তিত হইলেও, নূতন সরকারও স্থিতিশীল হইয়া দেশ শাসন করে। ইহার দৃষ্টান্ত আমরা দেখিতে পাইতেছি বৃটেনে।

তাছাড়া, ইহাও উপলব্ধি করা দরকার যে আজ 'স্থিতিশীলতার' নাম করিয়া জনাব আইয়ুব খাঁ যে প্রেসিডেন্সিয়াল শাসন প্রবর্তন করিয়াছেন উহার মূল কথা হইল একনায়কত্ব। সহজ কথায় উহা হইল একের শাসন।

পার্লামেন্টারী প্রথায় যে শাসন চালু হইবে উহার সার্বভৌম ক্ষমতা থাকিবে জনগণের ভোটে নির্বাচিত আইনসভার হাতে। ইহা হইল গণতন্ত্র। সহজ কথায় ইহা হইল দলের শাসন।

এই দুই শাসন ব্যবস্থার ভিতর কোনটি দেশের পক্ষে ভাল- একনায়কত্ব না গণতন্ত্র? একের শাসন, না দলের শাসন? ইহা জনগনকে বিচার করিতে হইবে।

আইয়ুবী 'উন্নয়নের' চেহারা

জনাব আইয়ুব খাঁ শাসনের আমলে দেশের নানাবিধ 'উন্নয়ন' করা হইয়াছে বলিয়া রেডিও, সরকারী দলের সংবাদপত্র ও বক্তৃতামঞ্চ হইতে অহরহ প্রচার করা হইতেছে।

স্বাধীনতাপ্রাপ্তির পর হইতে দেশে শিল্পের অগ্রগতি হইয়াছে এবং কলকারখানার সংখ্যা ও উৎপাদন বৃদ্ধি পাইয়াছে। গত ১৭ বৎসরেই ইহা ঘটিয়াছে। ইহা বিশেষ কোন সরকারের কৃতিত্ব নহে। তবে এই সঙ্গে ইহাও

স্মরণ রাখা দরকার যে, গত ১৭ বৎসরে দেশে শিল্পের যে অগ্রগতি সম্ভব ছিল তাহা হয় নাই। আজও ইস্পাত শিল্প ও যন্ত্র নির্মাণ শিল্প গড়িয়া উঠে নাই। দেশের মূল সম্পদ এখনও আসে কৃষি হতে। আজও দেশ অনগ্রসর কৃষি প্রধান দেশই রহিয়াছে।

ইহা ছাড়া, শুধু সারা দেশের কলকারখানার সংখ্যা দ্বারা পাকিস্তানের মত দেশের উন্নয়নের পরিমাপ করা চলে না। পূর্ব ও পশ্চিম পাকিস্তানে- দেশের এই উভয় অংশে এবং পশ্চিম পাকিস্তানের বিভিন্ন অঞ্চলেও একই পর্যায়ে উন্নয়নকার্য চলিতেছে কিনা তাহা একটি প্রধান বিচার্য বিষয়।

এই দিক দিয়া বিচার করিলে দেখ যায় যে যদিও পূর্ব পাকিস্তান সবচেয়ে বেশী বৈদেশিক মুদ্রা আহরণ করে তথাপি উহার অধিকাংশ পূর্ব পাকিস্তানের উন্নয়নের জন্য ব্যয়িত না হইয়া উহার সিংহভাগ ব্যয় করা হয় আদমজী, দাউদ, সায়গল, গান্ধারা প্রমুখ মুষ্টিমেয় বড় ধনিকের স্বার্থে। পূর্ব পাকিস্তানের উন্নয়ন পরিকল্পনা রচনা ও পরিচালনার দায়িত্ব এখানে গণনির্বাচিত সরকারের হাতে না দিয়ে উহা রাখা হইয়াছে সুদূর রাওয়ালপিন্ডিতে- বড় ধনিকগোষ্ঠীর পেটোয়া একটি চক্রের হাতে। তদুপরি,পূর্ব পাকিস্তানের শিল্প, ব্যাংক, ব্যবসা প্রভৃতির উপর অবাধ অধিকার আদমজী, দাউদ, সায়গল, গান্ধারা প্রমুখ মুষ্টিমেয় বড় ধনিকের হাতে তুলিয়া দেওয়া হয়েছে। এ সবের ফলে পূর্ব পাকিস্তানের উন্নয়ন কাজ অবেহেলিত। অর্থনৈতিক ক্ষেত্রে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের ভিতর বৈষম্য বিরাজ করিতেছে।

পশ্চিম পাকিস্তানের কতকগুলি অঞ্চল বিশেষতঃ সাবেক বেলুচিস্তান ও সিন্ধু সম্পর্কেও একই কথা খাটে।

বস্তুতঃ আইয়ুব সরকার 'উন্নয়নের' নামে আদমজী, দাউদ, সায়গল, গান্ধারা প্রমুখ মুষ্টিমেয় বড় ধনিকদের স্বার্থরক্ষায় যে নীতি অনুসরণ করিতেছে, তাহার ফলে দেশে এক বৈষম্যমূলক ও অসম অর্থনীতি গড়িয়া উঠিয়াছে। ইহার পরিমাণ হইবে মারাত্মক।

দ্বিতীয়তঃ দেশের উন্নয়নের প্রধান নিরিখ হইল জনগণের জীবন ধারণের উন্নয়ন। এদিক দিয়া বিচার করিলেও দেখা যায় যে, আদমজী, দাউদ, সায়গল, গান্ধারা প্রমুখ সামান্য কয়েকটি ধনিক পরিবার শ্রমিকদিগকে শোষণ করিয়া বৎসরে কোটি কোটি টাকা মুনাফা করিতেছে। ইহাদের মুনাফার হার হইল শতকরা ২০০-৩০০ ভাগ, যা সভ্য দুনিয়ার কোন দেশেই নাই, কোন কোন কোম্পানী- যেমন গান্ধারা ইন্ডাষ্ট্রীজ গত ৪/৫ বৎসরে কোটি কোটি টাকার মালিক হইয়াছে। অপরদিকে সমস্ত কল-কারখানা যাঁহাদের শ্রমে চালু থাকে, সেই শ্রমিকের শ্রেণী থাকে উপবাস।

মুষ্টিমেয় বৃহৎ ব্যবসায়ী বাজারের কারসাজি দ্বারা জিনিসপত্রের দাম ক্রমাগত বাড়াইতেছে। এই ফটকাবাজ দ্বারা ইহারা কোটি কোটি টাকা লাভ করে। অপরদিকে নিত্যব্যবহার্য জিনিসপত্রের দাম আকাশচুম্বী হওয়ার ফলে জনগণের ঘরে ঘরে হাহাকার পড়িয়া গিয়াছে।

ভূমি ব্যবস্থার ক্ষেত্রে গণবিরোধী আইয়ুব সরকার পূর্ব পাকিস্তানের বড় বড় জোতদারদের জমির সিলিং ১০০ বিঘা হইতে বৃদ্ধি করিয়া ৩৭৫ বিঘায় স্থির করিয়াছে। অপরদিকে, কৃষকদের ভিতর শতকরা ৭৬ জন হইল ভূমিহীন ও গরীব। পশ্চিম পাকিস্তানে বড় বড় ভূস্বামীদের জমির সিলিং ১৫০০ বিঘায় স্থির করা হইয়াছে। পক্ষান্তরে, সেখানে শতকরা প্রায় ৮০ জন ভূমিহীন ও গরীব। সারা পাকিস্তানে কৃষকদের উপর খাজনা ও ট্যাক্স বহুগুণ বৃদ্ধি করা হইয়াছে।

ভূমি ব্যবস্থার ক্ষেত্রে গণবিরোধী সরকারের এইসব নীতি ও কাজের ফলে আমাদের দেশের কৃষকগণ, যাহারা জনসংখ্যার প্রায় ৮০ ভাগ, তাঁহারা অভাব, উপবাস ও অশিক্ষার অন্ধকারে ডুবিয়া আছেন।

ইহাই হইল আইয়ুবী 'উন্নয়নের' আসল চেহারা। গ্রামের ওয়ার্কাস প্রোগ্রাম হইয়াছে দুর্নীতির এক আখড়া। ওয়ার্কস প্রোগ্রামের টাকা আসে পি,এল ৪৮০ ধারা অনুযায়ী প্রদত্ত আমেরিকার দেওয়া গম বিক্রী হইতে।

মার্কিনীদের এই টাকা ঢালা হইতেছে গ্রামে গ্রামে। ইহাতে গ্রামের রাস্তা ঘাটের উন্নয়ন যতটুকু হয়, তার চেয়ে অনেক বেশী 'উন্নতি' হয় কতকগুলি দুর্নীতিপরায়ণ লোকের। এই দুর্নীতিপরায়ণ লোকগুলিই হইতেছে গ্রামে গ্রামে আইয়ুব সরকারের সমর্থক। প্রকৃতপক্ষে, ওয়ার্কস প্রোগ্রামের টাকা ছড়াইয়া দুর্নীতির মাধ্যমে সরকার গ্রামে গ্রামে তাহার সমর্থক একদল টাউট সৃষ্টি করিয়াছে। দেশ আজ দুর্নীতিতে ভরিয়া গিয়াছে।

বস্তুতঃ আইয়ুব সরকারের 'উন্নয়নের' বদৌলতে সারা পাকিস্তানে আজ আদমজী, দাউদ, সায়গল প্রমুখ গুটিকয়েক ধনিক পরিবারের শোষণের সাম্রাজ্য গড়িয়া উঠিতেছে। বড় বড় ভুস্বামীরা অবাধে কৃষকদের শোষণ করিতেছে, ব্যবসায় মুনাফাখোর ব্যবসায়ীদের অবাধ কর্তৃত্ব কায়েম হইয়াছে এবং গ্রামে গ্রামে দুর্নীতিপরায়ণ টাউটদের রাজত্ব চলিতেছে। পক্ষান্তরে শ্রমিক, কৃষক ও জনগণ দিন যাপন করেন অভাবে ও উপবাসে।

বিদেশী সাম্রাজ্যবাদের শোষণ

এহেন আইয়ুব সরকার বৈদেশিক নীতি নিয়াও আবার গর্ব করে। পাকিস্তানের বৈদেশিক নীতিতে গত তিন-চার বৎসরের ভিতর কয়েকটি পরিবর্তন ঘটিয়াছে। ইহার প্রধান কারণ হইল দুনিয়ার রাজনৈতিক অবস্থার পরিবর্তন এবং দেশের অভ্যন্তরে মার্কিনী সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে জনগণের বিক্ষোভ। দুনিয়ার রাজনীতিতে মার্কিনী সাম্রাজ্যবাদীরা যেভাবে মার খাইতেছে এবং ভারতের অস্ত্র সাহায্য ও অন্যান্য অভিজ্ঞতায় পাকিস্তানের জনগণ যেভাবে মার্কিনী সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে বিক্ষুব্ধ হইয়াছে, তাহাতে পাকিস্তানের কোন সরকারের পক্ষেই আর পূর্বের মত নির্লজ্জভাবে মার্কিনীদের সঙ্গে সহযোগিতা করা সম্ভব নহে। পাকিস্তানের বৈদেশিক নীতির পরিবর্তনগুলির মূল কারণ হইল কতকগুলি ঘটনা প্রবাহ। যাহার ভিতর আইয়ুব সরকারের কেরামতি নগণ্য।

জনাব আইয়ুব খাঁ আজ যদি সত্যি সত্যিই বৈদেশিক নীতির পরিবর্তন কামনা করেন, তাহা হইলে তিনি কেন 'সিটো' ও 'সেন্টো' বাতিল করিতেছেন না? মার্কিনী সাম্রাজ্যবাদীদের সহিত অনুষ্ঠিত অন্যান্য অসম দ্বিপক্ষীয় সামরিক চুক্তিগুলিও তিনি নাকচ করিতেছেন না কেন?

মার্কিনীদের সহিত সামরিক চুক্তিসমূহ অনুষ্ঠানের ইতিহাস যাঁহারা অবগত আছেন, তাঁহারা জানেন যে, পাকিস্তানের যে চারজন উচ্চপদস্থ কর্মকর্তা বার বার আমেরিকা গিয়ে মার্কিনীদের সামরিক ও অর্থ সাহায্য ভিক্ষা করিয়াছেন, তাঁহাদের ভিতর তদানীন্তন সেনাধ্যক্ষ জনাব আইয়ুব খাঁ ছিলেন অন্যতম প্রধান ব্যক্তি। ১৯৫১-৫৩ সনের মধ্যে গোলাম আযম, ইস্কান্দার মীর্জা, জনাব আইয়ুব খাঁ প্রমুখরা বার বার মার্কিনী মুল্লুকে গিয়া ঐসব চুক্তি রচনার জন্য দেন-দরবার করিয়াছেন। ঐ সব চুক্তির আসল রচিয়তা তাঁহারা।

যেসব চুক্তি রচনাতে জনাব আইয়ুব খাঁ অন্যতম প্রধান ভূমিকা পালন করিয়াছিলেন, সেই সব চুক্তি তিনি স্বেচ্ছায় বাতিল করবেন, সে আশা করা বৃথা।

আইয়ুব সরকারের আমলে আমাদের দেশের অর্থনীতিতে মার্কিনী পুঁজির শোষণও বিন্দুমাত্র কমে নাই। বরং মার্কিনী পুঁজির অনুপ্রবেশ ক্রমাগত বাড়িয়া চলিতেছে এবং বর্তমানে মার্কিনী ঋণের পরিমান ১০০০ কোটি টাকার উর্ধ্বে উঠিয়াছে। দু'এক বৎসরের মধ্যেই ইহার সুদ হিসাবে বৎসর বৎসর প্রায় ৫০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা খরচ করিতে হইবে। দেশটাই যেন মার্কিনী ঋণের নিকট বাঁধা পড়িয়া গিয়াছে।

দেশের অভ্যন্তরে দীর্ঘদিন হইতে যে বৃটিশ পুঁজি নিয়োজিত ছিল তাহা এখনও রহিয়াছে। অন্যান্য সাম্রজ্যবাদী পুঁজিও নূতন করিয়া অনুপ্রবেশ করিতেছে। ইহারাও দেশের সম্পদ শোষণ করিয়া নিতেছে।

যুক্তফ্রন্টের বিরুদ্ধে গণবিরোধীদের আক্রমণ

পূর্ব পাকিস্তানের গণমানসে বিভ্রান্ত সৃষ্টির জন্য প্রেসিডেন্ট পদের কনভেনশন লীগ মনোনীত প্রার্থী জনাব আইয়ুব খাঁ তাঁহার বক্তৃতায় বলিয়াছেন যে, ১৯৫৪ সনের 'যুক্তফ্রন্ট' যেমন 'নেতাদের কোন্দলে' ভাঙ্গিয়া গিয়াছিল, 'সম্মিলিত বিরোধী দলের' অবস্থাও তাহা হইবে।

জনাব আইয়ুব খাঁ এই বক্তব্য দ্বারা সত্য ঘটনাকে বিকৃত করিতেছেন মাত্র। ইহা অনস্বীকার্য যে, একটি পর্যায়ে যুক্তফ্রন্টের বিভিন্ন অঙ্গ দলগুলির নেতৃত্বের ভিতর নানারূপ বিরোধও দেখা দিয়াছিল। 'যুক্তফ্রন্টে' ভাঙ্গনও ধরিয়াছিল। কিন্তু 'যুক্তফ্রন্টের' বিজয়ের পর হইতে শুরু করিয়া পূর্বাপর সব ঘটনা গোপন রাখিয়া শুধু ঐ বিভেদের কথা উল্লেখ করা সত্যের বিকৃতি মাত্র।

১৯৫৪ সনের নির্বাচনে পূর্ব পাকিস্তানে ক্ষমতাসীন মুসলিম লীগ দল যখন শোচনীয়ভাবে পরাজিত হয় এবং পূর্ব পাকিস্তানের সাড়ে পাঁচকোটি অধিবাসী একবাক্যে 'যুক্তফ্রন্ট' ও উহার ২১-দফা কর্মসূচী সমর্থন করিয়া প্রদেশের শাসনভার 'যুক্তফ্রন্টের' হাতে তুলিয়া দেয়, তখনই কেন্দ্রীয় শাসক মহলে বিষম দুশ্চিন্তার উদ্রেক হয়। দুনিয়ার সামনে ইহা স্পষ্ট হইয়া গিয়াছিল যে, পূর্ব পাকিস্তানে মুসলিম লীগ দলের কোন পাত্তাই নাই। অপরদিকে পূর্ব পাকিস্তানের জনসংখ্যার সংখ্যাগরিষ্ঠ লোক বাস করে। এই অবস্থায় কেন্দ্রীয় লীগ মন্ত্রিসভার পদত্যাগ ও ইহার পুনর্গঠনই ছিল একমাত্র গণতান্ত্রিক পদ্ধতি। কিংবা অন্ততঃ কেন্দ্রীয় মন্ত্রিসভায় পূর্ব পাকিস্তানের প্রতিভূরুপে পূর্ব পাকিস্তানের যে সব লীগ নেতা অধিষ্ঠিত ছিলেন, তাঁহাদের পদত্যাগ অপরিহার্য ছিল। পূর্ব পাকিস্তান হইতে সেই দাবীও উঠিয়াছিল।

কিন্তু কেন্দ্রীয় শাসকবর্গ বিশেষ করিয়া তদানীন্তন গভর্নর জেনারেল গোলম মোহাম্মদ ও তাঁহার সাঙ্গপাঙ্গরা গণতান্ত্রিক রীতিনীতি বা জনমতের কোন তোয়াক্কা করেন নাই। গণসমর্থন হীন মুসলিম লীগ দলই কেন্দ্রে ক্ষমতাসীন রহিয়া গেল। পূর্ব পাকিস্তানের লীগ নেতারাও উহা হইতে পদত্যাগ করিলেন না। গণতন্ত্রের এই চরম খেলাপ ও পূর্ব পাকিস্তানের লীগ নেতাদের যেন তেন প্রকারের ক্ষমতার গদী আঁকড়াইয়া থাকার নির্লজ্জ অভিলাষকে 'যুক্তিসঙ্গত' বলিয়া জাহির করার জন্য বড় বড় ধনিকের মুখপাত্রগুলি তারস্বরে চীৎকার করিতে লাগিল যে, যেহেতু পূর্ব পাকিস্তানের নির্বাচন একটা 'প্রাদেশিক নির্বাচন' মাত্র, সেই হেতু ইহার ফলে কেন্দ্রীয় মন্ত্রিসভার রদবদলের কোন প্রয়োজন নাই। মার্কিনী সাম্রাজ্যবাদীরা ও ইহার সমর্থনে আগাইয়া আসিয়াছিল। পাকিস্তানে তদানীন্তন মার্কিনী রাষ্ট্রদূত মিঃ হিলড্রেথও কূটনৈতিক শীলতা বিসর্জন দিয়া এবং আমাদের দেশের আভ্যন্তরীণ ব্যাপারে নাক গলাইয়া প্রকাশ্যে ঘোষণা করেন যে, 'পূর্ব পাকিস্তানের নির্বাচনের ফলে কেন্দ্রীয় মন্ত্রিসভায় রদবদলের প্রয়োজন নাই'।

এই সব ঘটনা হইতে বুঝা যায় যে, মার্কিনী সাম্রাজ্যবাদ এবং তাহাদের সহযোগী দেশের বৃহৎ ধনিক চক্রের স্বার্থে, পরামর্শে ও সমর্থনে জনগণের রায় উপেক্ষা করিয়া কেন্দ্রে মুসলিম লীগ মন্ত্রিসভাকে বহাল রাখা হইয়াছিল। কিন্তু ইহাতেও সমস্যার সমাধান হইল না। কেননা পূর্ব পাকিস্তানে ইতিমধ্যে 'যুক্তফ্রন্ট' মন্ত্রিসভা কায়েম হইয়াছিল। এই মন্ত্রিসভা ২১ দফা কর্মসূচী পূরণে ওয়াদাবদ্ধ ছিলেন। 'যুক্তফ্রন্টের নবনির্বাচিত আইন পরিষদ সদস্যদের অধিকসংখ্যক এক প্রকাশ্য বিবৃতি মারফত পাক-মার্কিন সামরিক চুক্তি (তখন এরূপ চুক্তি অনুষ্ঠানের আলোচনা চলিতেছিল) অনুষ্ঠানের বিরুদ্ধে প্রতিবাদও জানাইয়াছিলেন। কাজেই পূর্ব পাকিস্তানে যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে পদচ্যুত করা বিদেশী-দেশী কায়েমী স্বার্থবাদীদের পক্ষে জরুরী প্রয়োজন হইয়া পড়িয়াছিল।

শুরু হইল পর্দার আড়ালে ষড়যন্ত্র। মার্কিনী সাম্রাজ্যবাদীদের অন্যতম প্রধান মুখপাত্র 'নিউইর্য়ক টাইমস'-এর করাচীস্থ ভাড়াটিয়া সংবাদদাতা কালাহান এক আজগুবী খবর পরিবেশন করিল যে, 'পূর্ব পাকিস্তান যুক্তফ্রন্ট

মন্ত্রিসভার মুখ্যমন্ত্রী জনাব ফজলুল হক তাঁহার (কালাহনের) সহিত এক সাক্ষাৎকারে বলিয়াছেন যে, তিনি পূর্ব পাকিস্তানেরও পশ্চিম বঙ্গের একত্রীকরণ কামনা করেন।'

সাম্রাজ্যবাদের ভাড়াটিয়া কালহানের পরিবেশিত ঐ মিথ্যা খবরকে সম্বল করিয়া কেন্দ্রীয় শাসকচক্র যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে 'গাদ্দারের' মন্ত্রিসভা বলিয়া উহার বিরুদ্ধে সারা দেশব্যাপী এক বিরাট প্রচার অভিযান শুরু করিল। ইহার সঙ্গে সঙ্গেই সংঘটিত হইল আদমজী মিলে বাঙ্গালী ও অবাঙ্গালী শ্রমিকদের ভিতর রক্তক্ষয়ী দাঙ্গা। ঐ দাঙ্গার সহিত জড়িত কয়েকটি মামলায় ইহা প্রমাণিত হইয়াছিল যে, আদমজী মিলের কয়েকজন উচ্চপদস্থ কর্মচারী সুপরিকল্পিতভাবে ঐ দাঙ্গা বাধাইয়াছিল। করাচীর নির্দেশেই ঐ দাঙ্গা সংঘটিত হইয়াছিল।

ঐ দাঙ্গার অব্যবহিত পরেই 'আইন ও শৃঙ্খলার' অজুহাতে গণনির্বাচিত যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে কেন্দ্রের নির্দেশে পদচ্যুত করা হয়। পূর্ব পাকিস্তানে জারি হয় ৯২(ক) ধারার সন্ত্রাস এবং পূর্ব পাকিস্তান শাসনের একচ্ছত্র অধিকার দেওয়া হয় ইস্কান্দার মীর্জার হাতে। গোলাম মোহাম্মদ তখন পাকিস্তানের গভর্নর জেনারেল, জনাব আইয়ুব খাঁ তখন পাকিস্তান সেনাবাহিনীর অধিনায়ক এবং মার্কিনীদের পরম সুহৃদ, বগুড়ার মোহাম্মদ আলী তখন পাকিস্তানের প্রধানমন্ত্রী। এইসব 'উজ্জ্বল রত্নের' সমাবেশের পটভূমিকাতেই গণবিরোধীদের আক্রমণে যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকেও ভাঙ্গা হয়। ইহাই 'যুক্তফ্রন্ট' ভাঙ্গনের প্রথম পর্ব। উল্লেখযোগ্য যে, যুক্তফ্রন্ট মন্ত্রিসভার পদচ্যুতির কয়েকদিন পরেই প্রথম পাক-মার্কিন সামরিক চুক্তি স্বাক্ষরিত হয়।

বিভেদের ষড়যন্ত্রের জাল

'যুক্তফ্রন্ট' মন্ত্রিসভার অপসারণেও কেন্দ্রীয় শাসকবর্গের সমস্যার সমাধান হইল না। মন্ত্রিসভা গদীতে না থাকিলেও পূর্ব পাকিস্তানের জনগণের অটুট সমর্থন রহিয়া গেলো 'যুক্তফ্রন্টের' পিছনে। এখানে প্রশাসনিক বিভাগ কেন্দ্রীয় শাসকবর্গের হাতে থাকিলেও জনগণের ভিতর তাহাদের কোন সমর্থনই ছিল না। ইহাই ছিল কেন্দ্রীয় শাসকবর্গের বিষম সমস্যা। কেননা, করাচী হইতে সহস্র মাইল দূরে অবস্থিত সাড়ে পাঁচ কোটি লোকের বাসভূমি পূর্ব পাকিস্তানকে এরূপভাবে শাসন করা যায় না। তাই 'যুক্তফ্রন্টের' বিভিন্ন অঙ্গদলের নেতাদের মন্ত্রিত্বের গদী দ্বারা প্রলুব্ধ করিয়া তাঁহাদের হাত করার জন্য এক গভীর ষড়যন্ত্র শুরু হইল।

উপরতলার ষড়যন্ত্রের উপযোগী ক্ষেত্রও তখন বিরাজ করিতেছিল। পূর্ব পাকিস্তান তখন ব্যাপক সন্ত্রাসের রাজত্ব প্রতিষ্ঠিত। হাজার হাজার গণতান্ত্রিক কর্মী ও নেতা তখন কারারুদ্ধ, সভাসমিতি করার অধিকার হইতে জনগণ বঞ্চিত। রাজনৈতিক দলগুলি স্বাধীনভাবে কাজ করিতে পারিতেছিল না। এই শ্বাসরুদ্ধকর পরিস্থিতিতে গোলাম মোহম্মদ-ইস্কান্দার চক্রের দূতগণ দেশে ও বিদেশে যুক্তফ্রন্ট নেতাদের দুয়ারে ধর্না দিয়া আলাদা আলাদাভাবে তাঁহাদেরকে মন্ত্রিত্ব গ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে লাগিল। যে নেতাদের একদা 'গাদ্দার' বলিয়া অভিহিত করা হইয়াছিল, সেই নেতাদের নিকট শাসকবর্গের গোপন দূত আনাগোনা করিতে লাগিল।

'যুক্তফ্রন্টের' অনেক নেতা তখনই ঐ ফাঁদে পা দিয়াছিল। মন্ত্রিত্বের গদীর জন্য তাহারা অনেকে গোলাম মোহাম্মদ-ইস্কান্দার চক্রের সাথে আপোস করিয়াছিলেন। তাঁহাদের ঐ দুর্বলতা, ঐ নীতিবিগর্হিত কাজ হাজারবার নিন্দনীয়। কিন্তু ইহা বাস্তব সত্য যে, মার্কিনী সাম্রাজ্যবাদীদের পরামর্শে ও সাহায্যে এবং দেশীয় কায়েমী স্বার্থবাদীদের স্বার্থে গোলাম মোহাম্মদ-ইস্কান্দার চক্র শুধু পশুশক্তিবলে গণনির্বাচিত যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে পদচ্যুত করিয়া যে ভাঙ্গনের পালা শুরু করিয়াছিল এবং 'যুক্তফ্রন্টের' ঐক্য চুরমার করিয়া দেওয়ার জন্য ঐ গণবিরোধী চক্র ষড়যন্ত্রের যে জাল বিস্তার করিয়াছিল এবং 'যুক্তফ্রন্টের' অনেক নেতা উহার শিকারে পরিণত হইয়াছিল। 'যুক্তফ্রন্ট' ভাঙ্গনের প্রধান দায়িত্ব ছিল মার্কিনী সাম্রাজ্যবাদের অনুগত এবং দেশের কায়েমী স্বার্থবাদীদের মুখপাত্র ঐ গণবিরোধী চক্রের। জনাব আইয়ুব খাঁ আজ অস্বীকার করিতে পারিবেন না যে, তিনিও ঐ চক্রের অন্যতম মধ্যমণিরুপে কাজ করিয়াছিলেন। যুক্তফ্রন্ট ভাঙ্গনের কাজে তাহার হাত ও কলংকিত।

গণতন্ত্রই অগ্রগতির পথ

১৯৫৪ সনে গণবিরোধীরা চক্রান্ত করিয়া যেভাবে যুক্তফ্রন্টে ভাঙ্গন ধরাইয়াছিল, তাহার পুনারবৃত্তি যাহাতে ঘটিতে না পারে, সেই জন্যই আজ সম্মিলিত বিরোধীদলের পক্ষ হইতে পূর্ণ গণতন্ত্র এবং জনগণের ভোটাধিকারের ভিত্তিতে পার্লামেন্টারী শাসনের দাবী উত্থাপিত হইয়াছে। 'যুক্তফ্রন্ট' ভাঙ্গনের যে বাস্তব কারণসমূহের কথা উপরে বলা হইয়াছে, তাহাতে বুঝা যায় যে, তখন যদি গণবিরোধীদের চক্রান্তের রাজনীতির বদলে দেশে সুস্থ গণতান্ত্রিক রাজনৈতিক পদ্ধতি চালু করা যাইত, তাহা হইলে যুক্তফ্রন্টে ঐ ভাঙ্গন আসিত না। যুক্তফ্রন্ট নেতাদের ভিতর দলাদলি হইলেও মন্ত্রিত্ব লাভের জন্য তাঁহাদের উপরতলার গণবিরোধী চক্রের শরণাপন্ন না হইয়া জনগণের দুয়ারে উপস্থিত হইয়া গণতান্ত্রিক পদ্ধতিতে তাহার চেষ্টা করিতে হইত। কিন্তু, গোলাম মোহাম্মদ- ইস্কান্দার চক্র তখন ঐ গণতান্ত্রিক পদ্ধতিকেই হত্যা করিয়াছিল। গোলাম মোহাম্মদ- ইস্কান্দার মীর্জা যাহা শুরু করিয়া গিয়াছিল, জনাব আইয়ুব খাঁ তাহার পরিসমাপ্তি ঘটাইয়াছেন ১৯৫৮ সনের অক্টোবর মাসে সামরিক শাসন জারির মাধ্যমে।

সেই অবস্থা হইতে আজ গণতন্ত্রকে পুনঃপ্রতিষ্ঠা করার জন্য সম্মিলিত বিরোধীদল নির্বাচনী সংগ্রামে নামিয়াছে। যদি বিরোধী দলের এই প্রচেষ্টা সফল হয়, যদি জনগণের ভোটাধিকারের ভিত্তিতে পার্লামেন্টারী ব্যবস্থা সুপ্রতিষ্ঠিত হয়, তাহা হইলে তখন সম্মিলিত বিরোধী দলের অঙ্গদলগুলি নিজেদের ভিতর রাজনৈতিক প্রতিদ্বন্দিতা করিলেও, সেই অবস্থায় যে সরকারই গঠিত হউক, তাহাকে জনগণের ভোটে নির্বাচিত হইতে হইবে। ইহার ফলে দেশের কোন অমঙ্গল হওয়া দূরে থাকুক দেশে সুস্থ গণতান্ত্রিক পদ্ধতি গড়িয়া উঠিবে। বস্তুতঃ আধুনিক পার্লামেন্টারী গণতান্ত্রিক শাসনের মূল কথাই হইল বিভিন্ন কর্মসূচী নিয়া বিভিন্ন রাজনৈতিক দলের ভিতর প্রতিদ্বন্দিতা এবং জনগণের ভোটে যে কোন দলের সরকার গঠিত হওয়া। কাজেই পার্লামেন্টারী শাসনের অধীনে বিভিন্ন রাজনৈতিক দলও থাকিবে, ঐ দলগুলির ভিতর রাজনৈতিক প্রতিদ্বন্দিতাও থাকিবে।

সম্মিলিত বিরোধীদল ঐরূপ শাসন ব্যবস্থা কায়েম করিয়া জনগণের হাতে সরকার গঠনের দায়িত্ব দিতে চায়। এরূপ গণতান্ত্রিক পরিবেশেই দেশের সত্যিকারের অগ্রগতি হইতে পারে। ইহাতে আবার ১৯৫৪ সনের মত নোংরা দলাদলি হইবে- এরূপ কোন কথাই আসিতে পারে না। তখন আসিবে নীতি ও কর্মসূচীর ভিত্তিতে সুস্থ রাজনৈতিক প্রতিদ্বন্দিতা- যা ভালমন্দ বিচার হইবে জনগণের সুউচ্চ দরবারে।

ব্যক্তির প্রশ্ন নহে -- প্রশ্ন আদর্শের

সম্মিলিত বিরোধীদলকে জনসমক্ষে হেয় বলিয়া প্রতিপন্ন করার জন্য জনাব আইয়ুব খাঁ আরও বলিয়াছেন যে, ১৯৫৪ সনের 'যুক্তফ্রন্টের' নেতৃত্ব ছিল মরহুম 'ফজলুল হক ও সোহরাওয়ার্দীর ন্যায় ব্যক্তিত্বসম্পন্ন ও প্রজ্ঞাবান নেতাদের হাতে' আজ ইহাদের তুলনায় 'সম্মিলিত বিরোধীদলের' বর্তমান নেতারা ' বামন' মাত্র।

জনাব আইয়ুব খাঁর কথার কোন ঠিকই নাই। কোন কোন স্থানে তিনি যুক্তফ্রন্টের সব নেতাদের কসিয়া গালি দিতেছেন, আবার সুযোগ বুঝিয়া তাঁহাদের প্রশংসা করিতেছেন। ইহার নাম চরম সুবিধা বাদ।

যাহা হউক. মরহুম শেরে বাংলা ও সোহারাওয়ার্দীর তুলনায় রাজনৈতিক বিচক্ষণতা প্রভৃতি দিক দিয়া আজিকার 'সম্মিলিত বিরোধীদলের' নেতৃত্ব দুর্বল না সবল সে প্রশ্ন এখানে প্রধান নয়। জনাব আইয়ুব খাঁর জানা দরাকার যে, মরহুম শেরে বাংলা ও সোহারাওয়ার্দী সারা জীবন গণতন্ত্রের যে আর্দশের জন্য কাজ করিয়া গিয়াছেন, সেই গণতন্ত্র প্রতিষ্ঠার জন্যই আজ সম্মিলিত বিরোধীদলের নেতৃত্ব একযোগে একনায়কত্বের বিরুদ্ধে

দাঁড়াইয়াছেন। এখানে প্রশ্ন ব্যক্তির নহে এখানে প্রশ্ন হইল আদর্শ ও কর্মসূচীর, জনগণের নিকটও ব্যক্তির চাইতে আদর্শ ও কর্মসূচীর প্রশ্নই বড় প্রশ্ন। তাই, দেখা যাইতেছে যে, মরহুম ফজলুল হক, সোহরাওয়ার্দী প্রমুখের নেতৃত্বে পরিচালিত 'যুক্তফ্রন্টের' আহবানে জনগণ যেরূপ সাড়া দিয়াছিলেন, আজও 'সম্মিলিত বিরোধী দলের' আহবানে জনগণ সাড়া দিয়াছেন।

সম্মিলিত বিরোধী দলের সপক্ষে এই গণজাগরণ দেখিয়া জনাব আইয়ুব খাঁ একেবারে বে-সামাল হইয়া পড়িয়াছেন। অন্য কোন পথ না পাইয়া তিনি এখন 'সম্মিলিত বিরোধীদল' জয়ী হইলে আবার সামরিক শাসন জারির হুমকি পর্যন্ত প্রদর্শন করিতেছেন।

কিন্তু দেশের জনগণ জানেন যে, কঠোর সংগ্রাম ও আত্মত্যাগের মধ্য দিয়াই গণতন্ত্রের সংগ্রাম জয়ী হইবে। কোন হুমকি জনগণকে গণতন্ত্রের সংগ্রাম হইতে বিচ্যুত করিতে পারিবে না।

সম্মিলিত বিরোধী দলের দাবী

জনাব আইয়ুব খাঁর একনায়কত্বের অধীনে গণতন্ত্রকে হত্যা করা হইয়াছে, ভোটাধিকার ও ব্যক্তিস্বাধীনতা কাড়িয়া নেওয়া হইয়াছে। জাতিসমূহের স্বায়ত্বশাসন পদদলিত হইয়াছে এবং দেশপ্রেমিক কর্মীগণ কারাগারে পচিতেছেন। এই একনায়কত্বের অধীনে সারা দেশে গোটা কয়েক ধনিক পরিবার ও অন্যান্য কায়েমী স্বার্থবাদীদের শোষণের রাজত্ব গড়িয়া উঠিয়াছে। এই একনায়কত্বের অধীনে মার্কিনী ও অন্যান্য সাম্রাজ্যবাদী পুঁজি দেশের ধন-সম্পদ লুট করিয়া নিয়া যাইতেছে এবং আমাদের দেশ এখনও সিটো ও সেন্টোর অন্তর্ভুক্ত রহিয়াছে।

এই একনায়কত্বের অধীনে সুবিধা হইয়াছে শুধু দেশী ও বিদেশী শোষকদের। জনগণের ভাগ্যে জুটিয়াছে শুধু জুলুম, নিপীড়ন, অনটন ও উপবাস। স্বাধীন দেশের নাগরিক হইয়াও দেশের জনগণ জনাব আইয়ুব খাঁর শাসনে সব অধিকার হারাইয়াছে।

এই অসহ্য অবস্থার প্রতিকারের জন্য নির্বাচনে 'সম্মিলিত বিরোধীদল' একনায়কত্বের অবসান ও গণতন্ত্র প্রতিষ্ঠার দাবী বুলন্দ কণ্ঠে উত্থাপিত করিয়াছে। 'সম্মিলিত বিরোধীদল' আরও দাবী করিয়াছে যে, (১) জনগণের ভোটাধিকার ও প্রত্যক্ষ নির্বাচনের ভিত্তিতে পার্লামেন্টারী শাসন প্রবর্তিত হোক; (২) জনগণের পূর্ণ ব্যক্তিস্বাধীনতা স্বীকৃত হোক; (৩) সকল রাজবন্দীদের মুক্তি দেওয়া হোক; (৪) সমস্ত দমনমূলক আইন নাকচ করা হোক; (৫) খাজনা-ট্যাক্স কমান হোক এবং (৬) দুর্নীতি উচ্ছেদ করা হোক ইত্যাদি। 'সম্মিলিত বিরোধী দলের' পক্ষ হইতে দেশবরেণ্য মিস্ ফাতেমা জিন্নাহ্ আজ প্রেসিডেন্ট পদের প্রার্থী হিসাবে জনগণের সামনে উপস্থিত হইয়াছেন।

'সম্মিলিত বিরোধীদলের' মূল কথাই হইল যে, দেশের প্রগতির জন্য আজ সর্বপ্রথম প্রয়োজন হইল জুলুমবাজ একনায়কত্বের অবসান করা এবং পূর্ণ গণতন্ত্র প্রতিষ্ঠা করিয়া জনগণের হৃত অধিকারগুলি ফিরাইয়া দেওয়া এবং জনগণের হাতে দেশের সরকার গঠনের দায়িত্ব দেওয়া। 'সম্মিলিত বিরোধীদল' জনগণের এই মৌলিক অধিকারের দাবীই উত্থাপন করিয়াছে।

তাই দেশের জনগণের নিকট আমাদের আবেদন-

- একনায়কত্ব অবসানের জন্য
- গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য
- আপনাদের অধিকারগুলি ফিরিয়া পাইবার জন্য
- আপনাদের দুর্দশা লাঘব করিবার জন্য মিস জিন্নাহকে জয়যুক্ত করুন।

শিরোনাম	সূত্র	তারিখ
অপপ্রচারের জবাবে নির্বাচকমন্ডলীর সদস্যদের প্রতি শেখ মুজিবুর রহমান	সংযুক্ত বিরোধীদলের প্রচারপত্র	নভেম্বর, ১৯৬৪

অপপ্রচারের জবাবে নির্বাচকমন্ডলীর সদস্যদের প্রতি প্রাদেশিক সম্মিলিত বিরোধী দলের অন্যতম নেতা শেখ মুজিবুর রহমান বলেন-

নির্বাচকমন্ডলীর নবনির্বাচিত সদস্যদের বিভ্রান্ত করার জন্য বর্তমান সরকার ও সরকারী সাঙ্গপাঙ্গরা বিরোধী দলের বিরুদ্ধে সম্পূর্ণ মিথ্যা প্রচার অভিযান চালাইয়াছে। জাতীয় পরিষদে মনোনয়ন প্রথা বিলোপ করিয়া সিদ্ধান্ত গৃহীত হওয়া সত্ত্বেও খান এ সবুর খান ইউনিয়ন কাউন্সিল ও কমিটিতে সদস্য মনোনয়নের প্রলোভন দেখাইতেছেন। নির্বাচকমন্ডলীর সদস্যদের নিরুৎসাহিত করার জন্য জনাব আইয়ুব খান ও তাঁহার তোষামোদকারীরা প্রচার করিতেছেন যে, বিরোধী দল জয়লাভ করিলে মৌলিক গণতন্ত্রী প্রথা ও ওর্য়াকস কর্মসূচী বাতিল করিবে। নবনির্বাচিত সদস্যদের সদস্য পদ খারিজ করিয়া দিয়া তিন মাসের মধ্যে নূতন নির্বাচন অনুষ্ঠান করিবে। অথচ মাদারে মিল্লাত বার বার এসমস্ত অলীক প্রচারণার সত্যতা অস্বীকার করিয়া তাঁহার কর্মসূচী ও নীতি ব্যাখ্যা করিয়াছেন। এতদসত্ত্বেও সরকার পক্ষের গোয়েবলসীয় মিথ্যা প্রচারণা অব্যাহত রহিয়াছে। তাই সরকার পক্ষের মিথ্যা ও ভিত্তিহীন প্রচারণার জবাবে আমরা সুস্পষ্টভাবে ঘোষণা করিতেছি যেঃ

১। বর্তমান আইন অনুযায়ী ইউনিয়ন কাউন্সিল বা কমিটিতে কোন প্রকার মনোনয়ন চলিতে পারে না।

২। মাদারে মিল্লাত ও সম্মিলিত বিরোধী দল মৌলিক গণতন্ত্র প্রথা বাতিল করিবে না। কারণ ইহা কোন নয়া পদ্ধতি নয়। ইউনিয়ন বোর্ড নামে ইহা কয়েক দশক পূর্ব হইতেই বহাল রহিয়াছে। কেহই এই প্রথা বাতিলের কথা কষনও চিন্তাই করে নাই।

৩। নবনির্বাচিত সদস্যরা প্রেসিডেন্ট, জাতীয় ও প্রাদেশিক পরিষদ নির্বাচনের পর ইউনিয়ন কাউন্সিল ও কমিটি সদস্য হিসাবে পূর্ণ পাঁচ বছর বহাল থাকিবেন।

৪। নির্বাচকমন্ডলীর বর্তমান সদস্যদের স্থলে মৌলিক গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলিতে নূতন করিয়া কোন নির্বাচন অনুষ্ঠান করা হইবে না। নির্বাচকমন্ডলীর সদস্যদেরকেই মৌলিক গণতন্ত্রের সদস্যে পরিণত করা হইবে।

৫। ওয়ার্কস কর্মসূচী বাতিল করা হইবে না। ইউনিয়ন কাউন্সিল ও কমিটিগুলিকে পরিকল্পিতবভাবে ওর্য়াকস কর্মসূচী কার্যকরী করার ভার দেওয়া হইবে।

মৌলিক গণতন্ত্রের সদস্যদের উপর হইতে অহেতুক ও অবমাননাকর সরকারী নিয়ন্ত্রন প্রত্যাহার করা হইবে। মৌলিক গণতন্ত্রী প্রতিষ্ঠান সকল প্রকার প্রশাসনিক নিয়ন্ত্রণ-মুক্ত হইয়া স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসাবে অবাধ পরিবেশে কাজ করিবে। তাহার পূর্ণ আত্মমর্যাদা ও সম্মানের অধিকারী হইবে।

শিরোনাম	সূত্র	তারিখ
মিস ফাতেমা জিন্নাহকে ভোটদানের জন্য কৃষক-জনতার প্রতি মওলানা ভাসানীর আবেদন	পূর্ব পাকিস্তান কৃষক সমিতির প্রচার পত্র	নভেম্বর, ১৯৬৪

কৃষক-জনতার প্রতি পূর্ব পাকিস্তান কৃষক সমিতির সভাপতি

মওলানা আবদুল হামিদ খান ভাসানীর আহবান

ভাইসব,

নির্বাচনের প্রথম পর্ব শেষ হইয়া গিয়াছে। আপনারা নির্বাচনী সংস্থার সভ্য তথা ইউনিয়ন কাউন্সিলের সভা নির্বাচন করিয়াই আপনাদের সরাসরি ভোটের অধিকার পরিসমাপ্ত করিয়াছেন। এখন আবার নির্বাচনের দ্বিতীয় অধ্যায়ে পাকিস্তানের সর্বময় ক্ষমতাসম্পন্ন প্রেসিডেন্ট নির্বাচনের তারিখ আগামী ১৯৬৫ সনের ২রা জানুয়ারী ধার্য্য হইয়াছে। একমাত্র আপনাদের নবনির্বাচিত সভ্যদের ভোটেই প্রেসিডেন্ট নির্বাচিত হইবেন। এই প্রেসিডেন্ট হইলেন এমন এক ব্যক্তি যাহার হাতে থাকিবে পাকিস্তানের প্রশাসনিক যন্ত্র পরিচালনার সর্বময় ক্ষমতা। তাহারই উপর নির্ভর করিবে এদেশের সুখ, শান্তি ও সমৃদ্ধি। আপনাদের ভাগ্য নির্ধারণের কলাকৌশলও তিনিই উদ্ভাবন করিবেন। এই প্রেসিডেন্ট পদের জন্য প্রতিদ্বন্দিতা করিতেছেন জনাব আইয়ুব খান ও মিস ফাতেমা জিন্নাহ। একজন অগণতান্ত্রিক একনায়কত্বের ও শোষণ-উৎপীড়নের উলঙ্গ প্রতিভূ আরেকজন গণতন্ত্র ও প্রাপ্তবয়স্কের ভোটে নির্বাচিত পার্লামেন্টারী সরকারে বিশ্বাসী। পূর্ণ গণতন্ত্র ব্যবস্থায় আপনাদের ভোটাধিকারসহ সমস্ত মৌলিক অধিকারেরই স্বীকৃতি থাকিবে। আপনাদের দাবী আদায়ের পথকেও সুগম ও সহজ করিবে। আপনারা প্রতিমূহুর্তেই অনুভব করিতেছেন আইয়ুব সরকারের শাসনের স্বাদই এই সরকারের পুলিশের গুলিতে সম্প্রতি কুমিল্লার বাতাকান্দি গ্রামে নিরীহ কৃষাণ/কৃষাণীর জীবন দিতে হইয়াছে। এই প্রকার আরও কত মর্মান্তিক ঘটনাই না রহিয়াছে।

সামরিক শাসন প্রবর্তনের পর হইতেই বর্তমান সরকার আমার উপর নির্যাতন চালাইতে থাকে। ১৯৫৮ সালের ১২ই অক্টোবর তাহার পূর্ব পাকিস্তান জন নিরাপত্তা অর্ডিন্যান্সে আমাকে গ্রেফতার করে এবং প্রায় দেড় বৎসরকাল বিনা বিচারে আটক রাখে। আমাকে এইভাবে আটক রাখাকালে তাহারা আমার বিরুদ্ধে ছয়টি ফৌজদারী মামলা দায়ের করে, কিন্তু ঐ আমি সকল অভিযোগ হইতে সম্মানে অব্যাহতি লাভ করি। ১৯৫৯-এর ডিসেম্বর কিংবা ১৯৬০-এর জানুয়ারীতে আমাকে উক্ত আটকাবস্থা হইতে মুক্তি দেওয়া হয়।

মুক্তিলাভকালে আমার উপর কিছু কিছু বিধি-নিষেধ জারী করা -হয়ঃ ঢাকা ত্যাগ করিলে আমাকে গন্তব্যস্থল সম্বন্ধে লিখিতভাবে স্পেশাল ব্রাঞ্চকে জানাইতে হইবে এবং প্রত্যাবর্তনের পরেও একইভাবে সে বিষয় তাহাদিগকে অবগত করাইতে হইবে। গোয়েন্দা বিভাগের লোকেরা সর্বদা এই সময় সর্বদা ছায়ার মত আমার পিছু লাগিয়া থাকিত।

অতঃপর ১৯৬২ সালে বর্তমান শাসনতন্ত্র জারীর প্রাক্কালে যখন আমার নেতা মরহুম শহীদ সোহরাওর্য়াদীকে গ্রেফতার করা তখন আমাকেও জন নিরাপত্তা অর্ডিন্যান্স বলে কারান্তরালে নিক্ষেপ করা হয় এবং প্রায় ছয়মাস বিনা বিচারে আটক রাখা হয়। সোহরাওর্য়াদীর মৃত্যুর পর ১৯৬৪ সালে দেশের উভয় অংশে আওয়ামী লীগকে একটি রাজনৈতিক প্রতিষ্ঠান হিসাবে পুনর্জীবিত করা হয় এবং আমরা সম্মিলিত বিরোধী দলের অঙ্গদল হিসাবে প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত গ্রহণ করি। সম্মিলিত বিরোধী দল এই সময় প্রেসিডেন্ট পদে জনাব আইয়ুব খানের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য মোহতারেমা ফাতেমা জিন্নাহকে মনোনয়ন

দান করে। আমরা নির্বাচনী অভিযান শুরু করি। সরকারী কতৃপক্ষও পুনরায় আমার বক্তৃতা সম্পর্কে কয়েকটি মামলা দায়ের করিয়া আমাকে মিথ্যা বিরক্ত ও লাঞ্ছিত করিতে থাকে।

১৯৬৫ সালে ভারতের সাথে যুদ্ধ চলাকালে যে সকল রাজনীতিবিদ ভারতীয় আক্রমণের তীব্র নিন্দা করেন আমি তাহাদের অন্যতম। সরকারের যুদ্ধ প্রচেষ্টাকে পূর্ণভাবে সমর্থন করার জন্য আমি আমার দল ও জনসাধারণের প্রতি আহবান জানাই।

যুদ্ধ প্রচেষ্টার সম্ভাব্য সকল প্রকার সাহায্য প্রদান করার জন্যও আমার দল পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ ইহার সকল অঙ্গের নিকট নির্দেশ প্রেরণ করে।

যুদ্ধ চলাকালে পূর্ব পাকিস্তানের গভর্নরের বাসভবনে অনুষ্ঠিত সর্বদলীয় সম্মেলনে আমি প্রদেশের অন্যান্য রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে এক যুক্ত বিবৃতিতে ভারতীয় আক্রমণের প্রতি নিন্দা জ্ঞাপন করি এবং দেশের যুদ্ধ প্রচেষ্টায় ঐক্যবদ্ধভাবে সংগ্রাম ও সাহায্য করার জন্য জনগণের প্রতি আবেদন জানাই। যুদ্ধাবসানে প্রেসিডেন্ট আইয়ুবের প্রদেশ ভ্রমণকালে আমি ও অন্যান্য রাজনীতিবিদগণ আমন্ত্রিত হইয়া তাহার সহিত সাক্ষাৎ করি। সেই সময় আমি পূর্ব পাকিস্তানের আঞ্চলিক স্বায়ত্তশাসন প্রদান ও যুদ্ধকালে আমাদের অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে এ প্রদেশকে সামরিক প্রতিরক্ষার ব্যাপারে স্বয়ংসম্পূর্ণ করিয়া তুলিবার জন্য প্রেসিডেন্টের নিকট আবেদন জানাই। কারণ যুদ্ধকালে পূর্ব পাকিস্তান দেশের অন্য অংশসহ সকল বিশ্ব হইতে সম্পূর্ণ বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছিল।

আমি তাসখন্দ ঘোষণাকেও সমর্থন করিয়াছিলাম কারণ আমি এবং আমার প্রতিষ্ঠান অগ্রগতির জন্য বিশ্ব শান্তিতে আস্থাবান- আমরা বিশ্বাস করি যে সকল আন্তর্জাতিক বিরোধ শান্তিপূর্ণ উপায়ে মীমাংসা হওয়া উচিত।

১৯৬৬ সালের গোড়ার দিকে লাহোরে অনুষ্ঠিত সর্বদলীয় জাতীয় সম্মিলনীর বিষয় নির্বাচনী কমিটির নিকট আমি পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সমস্যাবলীর নিয়মতান্ত্রিক সমাধান- ছয়দফা কর্মসূচী উপস্থিত করি। ছয়দফা কর্মসূচীতে পূর্ব ও পশ্চিম পাকিস্তান- উভয় অংশের জন্যই পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী করা হইয়াছে।

অতঃপর আমার প্রতিষ্ঠান পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ ছয়দফা কর্মসূচী গ্রহণ করে এবং দেশের উভয় অংশের মধ্যকার অর্থনৈতিক ও অন্যান্য বৈষম্য দূরীকরণের অনুকূলে জনমত যাচাই ও গঠনের জন্য ছয়দফার পক্ষে জনসভা অনুষ্ঠানের প্রবৃত্ত হয়।

ইহাতে প্রেসিডেন্টসহ অন্যান্য সরকারী নেতৃবৃন্দ ও সরকারী প্রশাসন যন্ত্র আমাকে 'অস্ত্রের ভাষায়' 'গৃহ যুদ্ধ' ইত্যাদি হুমকি প্রদান করে এবং একযোগে একডজনেরও অধিক মামলা দায়ের করিয়া আমাকে হয়রানী করিতে শুরু করে। ১৯৬৬ সালের এপ্রিলে আমি যখন খুলনায় একটি জনসভা করিয়া যশোর হইয়া ঢাকা ফিরিতেছিলাম তখন তাহারা যশোর আমার পথরোধ করে এবং আপত্তিকর বক্তৃতা প্রদানের অভিযোগে ঢাকা হইতে প্রেরিত এক গ্রেফতারী পরোয়ানাবলে এইবারের মত প্রথম গ্রেফতার করে।

আমাকে যশোর মহাকুমা ম্যাজিস্ট্রেটের সম্মুখে উপস্থিত করা হইলে তিনি আমাকে অন্তবর্তীকালীন জামিন প্রদান করেন। আমি ঢাকার সদর দক্ষিণ মহকুমা প্রশাসকের সম্মুখে উপস্থিত হইলে তিনি আমার জামিনে অসম্মত হন কিন্তু মাননীয় দায়রা জজ প্রদত্ত জামিন বলে আমি সেইদিনই মুক্তি পাই এবং সন্ধ্যা সাতটায় নিজগৃহে গমন করি। সেই সন্ধ্যায়ই, আটটায়, পুলিশ পুনরায় আপত্তিকর বলিয়া কথিত এক বক্তৃতার উপর সিলেট হইতে প্রেরিত এক গ্রেফতারী পরোয়ানা বলে আমার বাসগৃহ হইতে আমাকে গ্রেফতার করে। পুলিশ সেই রাতেই আমাকে সিলেট লইয়া যায়। পরদিন প্রাতে আমাকে আদালতে উপস্থিত করা হইলে সিলেটের মহাকুমা ম্যাজিস্ট্রেট আমার জামিন আবেদন বাতিল করিয়া আমাকে কারাগারে প্রেরণ করেন। পরদিবস

সিলেটের মাননীয় দায়রা জজ আমার জামিন প্রদান করেন কিন্তু আমি মুক্ত হইবার পূর্বেই পুলিশ পুনরায় আপত্তিকর বলিয়া কথিত এক বক্তৃতা প্রদানের অভিযোগে আমাকে কারা দরজায়ই গ্রেফতার করে। এবারের গ্রেফতারী পরোয়ানা রাজশাহী হইতে প্রেরিত হইয়া ছিল। সেই রাত্রে আমাকে পুলিশ পাহারাধীন ময়মনশাহী লইয়া যাওয়া হয় এবং একই ভাবে ময়মনসিংহ মহাকুমা ম্যাজিস্ট্রেট আমার জামিন প্রদানে অস্বীকৃতি হন এবং পরে মাননীয় দায়রা জজ প্রদত্ত জামিনে মুক্তিলাভ করিয়া ঢাকা প্রত্যাবর্তন করি। উপরিউক্ত সকল ধারাবাহিক গ্রেফতারী প্রহসন ও হয়রানী ১৯৬৬ সালের এপ্রিলে সংঘটিত হয়।

১৯৬৬ সালের মে মাসের প্রথম সপ্তাহে- সম্ভবত আটই মে আমি নারায়ণগঞ্জে এক জনসভায় বক্তৃতা প্রদান করি এবং রাত্রে ঢাকায় নিজগৃহে প্রত্যাবর্তন করি। রাত একটার সময় পুলিশ 'ডিফেন্স অফ পাকিস্তান রুল'- এর ৩২ ধারায় আমাকে গ্রেফতার করে। একই সঙ্গে আমার প্রতিষ্ঠানের বহু সংখ্যক নেতৃবৃন্দকে গ্রেফতার করা হয়। ইহাদের মধ্যে ছিলেন পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনবা তাজউদ্দীন আহম্মদ, পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের প্রাক্তন সহ-সভাপতি জনাব মুজিবুর রহমান, চট্টগ্রাম জেলা আওয়ামী লীগ সম্পাদক জনাব আজিজ, পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের শ্রম সম্পাদক জনাব জহুর আহাম্মদ চৌধুরীসহ বহু অন্যান্য। ইহার অল্প কয়েকদিন পরে পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জনাব মিজানুর রহমান চৌধুরী, এম,এন,এ, প্রচার সম্পাদক জনাব মোমেন এডভোকেট, সমাজকল্যাণ সম্পাদক জনাব ওবায়দুর রহমান, ঢাকা জেলা আওয়ামী লীগ সভাপতি জনাব শামসুল হক, ঢাকা শহর আওয়ামী লীগ সভাপতি জনাব হাফিজ মোহাম্মদ মূসা, পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ কেন্দ্রীয় পরিষদ সদস্য মোল্লা জালালউদ্দিন আহম্মদ এডভোকেট, পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ সহ-সভাপতি ও প্রাক্তন মন্ত্রী ক্যাপটেন মনসুর আলী, প্রাক্তন এম.এন.এ. জনাব আমজাদ হোসেন, এডভোকেট জনাব আমিনুদ্দিন আহম্মদ, পাবনার এডভোকেট জনাব আমজাদ হোসেন, নারায়ণগঞ্জ আওয়ামী লীগ সভাপতি জনাব মুস্তফা সারওয়ার, নারায়ণগঞ্জ আওয়ামী লীগ সম্পাদক জনাব মহীউদ্দিন আহম্মদ, পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ কার্যালয় সম্পাদক জনাব মোহাম্মদুল্লাহ, এডভোকেট ও সংগ্রামী নেতা শাহ মোয়াজ্জেম হোসেন, ঢাকা জেলা আওয়ামী লীগ কার্যালয় সম্পাদক জনাব সিরাজউদ্দিন আহম্মদ, রাজারবাগ ইউনিয়ন আওয়ামী লীগ সহ-সভাপতি জনাব হারুনুর রশীদ, তেজগাঁও ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি জনাব শাহাবুদ্দীন চৌধুরী,ঢাকা সদর উত্তর আওয়ামী লীগ সম্পাদক জনাব আবদুল হাকিম, ধানমন্ডি আওয়ামী লীগ সহ-সভাপতি জনাব রশীদ ফিরোজ, শহর আওয়ামী লীগ কার্যালয় সম্পাদক জনাব সুলতান আহাম্মদ, অন্যতম আওয়ামী লীগ কর্মী জনাব নুরুল ইসলাম, চট্টগ্রাম শহর আওয়ামী লীগ অস্থায়ী সম্পাদক জনাব আবদুল মান্নান, পাবনার এডভোকেট জনাব হাসনাইন, মোমেনশাহীর অন্যতম আওয়ামী লীগ কর্মী জনাব আব্দুর রহমান সিদ্দিকীসহ অন্যান্য বহু আওয়ামী লীগ কর্মী, ছাত্রনেতা ও শ্রমিক নেতাকে পাকিস্তান রক্ষাবিধির ৩২ ধারার (নিষ্ঠুর অত্যাচার) বলে কারান্তরলে নিক্ষেপ করা হয়। আমার দুই ভ্রাতুষপুত্র পূর্ব পাকিস্তান ছাত্রলীগের প্রাক্তন সাধারণ সম্পাদক শেখ ফজলুল হক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শেখ শহীদুল ইসলামকেও কারারুদ্ধ করা হয়। অধিকিন্তু পূর্ব পাকিস্তানের সর্বাপেক্ষা জনপ্রিয় বাংলা দৈনিক ইত্তেফাককেও বর্তমান শাসকগোষ্ঠী নিষিদ্ধ ঘোষণা করে। ইহার একমাত্র কারণ হইল যে, ইত্তেফাক মাঝে মাঝে আমার প্রতিষ্ঠানের নীতিসমূহ সমর্থন করিত। সরকার ইহার ছাপাখানা বাজেয়াপ্ত করে এবং ইহার আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সম্পাদক জনাব তোফজ্জল হোসেন ওরফে মানিক মিয়াকে দীর্ঘকালের জন্যে কোরারুদ্ধ রাখিয়া তাহার বিরুদ্ধে বেশ কয়েকটি ফৌজদারী মামলা দায়ের করে। যুগপৎ চট্টগ্রাম মুসলিম চেম্বারস অব কমার্সের প্রাক্তন সভাপতি চট্টগ্রাম পোর্ট ট্রাষ্টের প্রাক্তন সহ-সভাপতি ও অন্যতম আওয়ামী লীগ নেতা জনাব ইদ্রিসকেও পাকিস্তান রক্ষা বিধি বলে অন্ধ কারাকক্ষে নিক্ষেপ করা হয়।

আমাদের গ্রেফাতারের প্রতিবাদে আমার প্রতিষ্ঠান ১৯৬৬ সালের ৭ই জুন সাধারণ ধর্মঘট আহবান করে। প্রদেশব্যাপী এই হরতালের দিন পুলিশের গুলিতে ঢাকা ও নারায়নগঞ্জে ১১ ব্যক্তি নিহত হয়। পুলিশ প্রায় ৮০০ লোক গ্রেফতার করে এবং অসংখ্য লোকের বিরুদ্ধে মামলা দায়ের করে। পূর্ব-পাকিস্তানের গর্ভনর জনাব মোনেম

খান প্রায়শঃই তাহার লোকজন এবং সরকারী কর্মচারী সম্মুখে বলিয়া থাকেন যে যতদিন তিনি গদীতে আসীন থাকিবেন ততদিন শৃঙ্খলিত থাকিতে হইবে। ইহা অনেকেই অবগত আছেন। আটকাবস্থায় কারাকক্ষেই আমাকে বিচারের সম্মুখীন হইতে হয়েছে। প্রায় ২১ মাস আটক রাখিবার ১৯৬৮ সালের ১৭/১৮ তারিখ রাত একটার সময় আমাকে তথাকথিত মুক্তি দেওয়া হয় এবং কেন্দ্রীয় কারাগারের ফটক হইতে কতিপয় সামরিক ব্যক্তি দৈহিক বল প্রয়োগ করিয়া আমাকে ঢাকা সেনানিবাসে লইয়া আসে এবং একটি রুদ্ধ কক্ষে আটক রাখে। আমাকে বহিঃজগত হইতে বিচ্ছিন্ন করিয়া নির্জনে রাখা হয় এবং কাহারও সহিত সাক্ষাৎ নিষিদ্ধ করা হয়। আমাকে খবরের কাগজ পর্যন্ত পড়িতে দেওয়া হইত না, বিশ্ব হইতে সকল যোগাযোগবিহীন অবস্থায় এইভাবে আমাকে দীর্ঘ পাঁচ মাসকাল আটক থাকিতে হয়। এই সময় আমাকে অমানুষিক মানসিক নির্যাতন সহ্য করিতে হয় এবং আমাকে সকল প্রকার দৈহিক সুযোগ-সুবিধা হইতে বঞ্চিত রাখা হয়।এই মানসিক অত্যাচার সম্বন্ধে যত অল্প প্রকাশ করিতে হয় ততই উত্তম।

এই বিচারকার্য শুরু হইবার মাত্র একদিন পূর্বে ১৯৬৮ সালের ১৮ই জুন, আমি প্রথম এডভোকেট জনাব আবদুস সালাম খানের সহিত সাক্ষাৎ করি এবং তাহাকে আমার অন্যতম কৌসুলী নিয়োগ করি।

কেবলমাত্র আমার উপর নির্যাতন চালাইবার জন্য এবং আমার দলকে লাঞ্ছিত, অপমানিত ও আমাদিগকে কুখ্যাত করিবার জঘন্য মনোবৃত্তি লইয়া আমাকে এই তথাকথিত ষড়যন্ত্র মামলায় মিথ্যা জড়িত করা হইয়াছে। ছয় দফার ভিত্তিতে পূর্ব পাকিস্তানের আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবীসহ রাজনৈতিক, অর্থনৈতিক, চাকুরীর সংখ্যা ও অন্যান্য ক্ষেত্রে সমতার ন্যায়সঙ্গত দাবী আদায়ের পথে বিঘ্ন সৃষ্টি করা ও নিষ্পেষণ করাই ইহার মূল উদ্দেশ্য।

এই আদালতে আসিবার পূর্বে আমি লেঃ কঃ মোয়াজ্জেম হোসেন, লেঃ মোজাম্মেল হোসেন, এক্স-কর্পোরাল আমির হোসেন, এল,এস সুলতান উদ্দিন আহাম্মদ, কামালউদ্দিন আহাম্মদ, ষ্টুয়ার্ড মুজিবুর রহমান, ফ্লাইট সার্জেন্ট মাহফুজ উল্লাহ ও এই মামলায় জড়িত অন্যান্য স্থল, নৌ ও বিমান বাহিনী কর্মচারীদের কখনও দেখি নাই। জনাব ফজলুর রহমান, জনাব রুহুল কুদ্দুস ও জনাব খান মোহাম্মাদ শামসুর রহমান- এই তিনজন সি,এস,পি অফিসারদের আমি জানি। আমি মন্ত্রী হিসাবে সরকারী কার্য সম্পাদনকালে তাহদিগকে জানিবার সুযোগ পাইয়াছিলাম এবং তাহার ও তখন পূর্ব পাকিস্তান সরকারের বিভিন্ন দায়িত্বে নিযুক্ত ছিলেন কিন্তু আমি তাহাদের সঙ্গে কখনো রাজনীতি বিষয়ক আলোচনা করি নাই কিংবা কোন ষড়যন্ত্রেও ব্যাপৃত হই নাই। আমি কোনদিন লেঃ কঃ মোয়াজ্জেম হোসেনের বাসগৃহে অথবা করাচীতে জনাব কামালউদ্দিনের বাসগৃহে গমন করি নাই কিংবা আমার অথবা লেঃ কঃ মোয়াজ্জেম হোসেনের বাসগৃহে অথবা করাচীতে জনাব কামালউদ্দিনের বাসগৃহে কোন সভা অনুষ্ঠিত হয় নাই কিংবা এই তথাকথিত ষড়যন্ত্র সম্পর্কে কোন ব্যক্তির সহিত কোন আলোচনা আমার অথবা জনাব তাজউদ্দিনের বাসায় সংঘটিত হয় নাই। ঐ সকল ব্যক্তি কোনদিন আমার গৃহে গমন করে নাই এবং আমিও এই তথাকথিত ষড়যন্ত্রের সাথে জড়িত কাহাকেও টাকা দেই নাই। আমি কখনও ডাঃ সাঈদুর রহমান কিংবা মানিক চৌধুরীকে এই তথাকথিত ষড়যন্ত্রে সাহায্য করিতে বলি নাই। তাহার চট্টগ্রাআমার প্রতিষ্ঠানের অন্যান্য শত শত সাধারণ কর্মীদের ন্যায় মাত্র। আমার প্রতিষ্ঠানে তিন সহ-সভাপতি, ৪৪ জন নির্দেশনা পরিষদ সদস্য, একজন সাধারণ সম্পাদক এবং আটজন সম্পাদক রহিয়াছেন। পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের কর্মকর্তাদের অনেকেই প্রাক্তন মন্ত্রী, এম,এন,এ, ও এম,পি,এ। বর্তমানে কেন্দ্রীয় পরিষদের পাঁচজন ও প্রাদেশিক পরিষদের দশজন সদস্য আমার প্রতিষ্ঠানভুক্ত। চট্টগ্রাম ও আমার প্রতিষ্ঠানের জেলা ও শহর সভাপতি ও সম্পাদকগণ, প্রাক্তন এম,এন,এ, ও এম,পি,এ ও অনেক বিত্তশালী ও প্রভাবশালী ব্যক্তিগণ বিদ্যমান। আমি তাহাদের কাহারও নিকট কোন প্রকার সাহায্যের কথা উল্লেখ করি নাই। ইহা অসম্ভব যে আমি একজন সাধারণ ব্যবসায়ী মানিক চৌধুরী ও একজন সাধারণ এল,এম,এফ ডাক্তার সাঈদুর রহমানকে কোন সাহায্যের জন্য অনুরোধ করিতে পারি। ১৯৬৫ সালের জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী জনাব জহুর আহাম্মেদ চৌধুরীর বিরোধিতা করার জন্য ডাক্তার সাঈদুর রহমানকে বরং আওয়ামী লীগ হইতে বহিষ্কার করা হইয়াছিল। আমি ডাক্তার সাঈদুর রহমানের গৃহে কদাপি গমন করি নাই।

আমি পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের সভাপতি। ইহা একটি নিয়মতান্ত্রিক রাজনৈতিক দল- দেশের অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক উন্নয়নের ক্ষেত্রে যাহার একটি সুনির্দিষ্ট, সুসংগঠিত নীতি ও কর্মসূচী রহিয়াছে। আমি অনিয়মতান্ত্রিক রাজনীতিতে কদাপি আস্থাশীল নই। আমি দেশের উভয় অংশের জন্য ন্যায়বিচার চাহিয়াছিলাম- ছয় দফা কর্মসূচীতে ইহাই বিধৃত হইয়াছে। দেশের জন্য আমি যাহাই মঙ্গলকর ভাবিয়াছি আমি সর্বদাই তাহা নিয়মতান্ত্রিক গন্ডির ভিতরে জনসমক্ষে প্রকাশ করিয়াছি এবং এই নিমিত্ত আমাকে সর্বদাই শাসকগোষ্ঠী এবং স্বার্থবাদীদের হাতে নিগৃহীত হইতে হইয়াছে। তাহারা আমাকে ও আমার প্রতিষ্ঠানকে দমন করিয়া পাকিস্তানের জনগণের, বিশেষতঃ পূর্ব পাকিস্তানীদের উপর শোষণ ও নিষ্পেষণ অব্যাহত রাখিতে চায়।

আমার উক্তির সমর্থনে আমি মহামান্য আদালতে আরো নিবেদন করিতে চাই যে, আমাকে প্রতিহিংসাবশত মিথ্যা এই মামলায় জড়িত করা হইয়াছে। পাকিস্তান সরকারের স্বরাষ্ট্র বিভাগ কর্তৃক ১৯৬৮ সালের ৬ই জানুয়ারী প্রকাশিত এক প্রচারপত্রে অভিযুক্ত বলিয়া কথিত ২৮ ব্যক্তির নাম লিপিবদ্ধ ছিল এবং উহার মধ্যে আমার নাম ছিল না। উক্ত প্রচারপত্রে ইহাও উল্লেখ করা হইয়াছিল যে, সকল অভিযুক্তই অভিযোগ স্বীকার করিয়াছে- তদন্ত প্রায় শেষ হইয়া আসিয়াছে এবং শীঘ্রই বিষয়টি বিচারার্থে আদালতে প্রেরণ করা হইবে।

একজন প্রাক্তন মন্ত্রী হিসাবে অর্জিত অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে আমি স্বরাষ্ট্র বিভাগের উক্ত প্রচারপত্র সম্বন্ধে একথা জানাইতে চাই যে, সংশ্লিষ্ট বিভাগের সেক্রেটারী কর্তৃক ব্যক্তিগতভাবে দলিলপত্র পরীক্ষিত ও অনুমোদিত হওয়া ব্যতিরেকে কোন বিভাগ হইতে কোন প্রকার প্রচারপত্র প্রকাশ করা যায় না। এবং এবম্বিধ গুরুত্বপূর্ণ বিষয়ের ক্ষেত্রে কোন প্রচারপত্র প্রকাশ করিতে হইলে প্রধানমন্ত্রী অথবা প্রেসিডেন্টের অনুমোদন লাভ আবশ্যক।

বর্তমান মামলা উল্লিখিত নিষ্পেষণ ও নির্যাতন নীতির পরিণতি ছাড়া আর কিছুই নহে। অধিকিন্তু স্বার্থবাদী মহল কর্তৃক শোষণ অব্যাহত রাখার যে ষড়যন্ত্র জাল বর্তমান শাসকগোষ্ঠী বিস্তার করিয়াছে এই মামলা তাহারই বিষময় প্রতিক্রিয়া। আমি কখনও পূর্ব পাকিস্তানকে পশ্চিম পাকিস্তান হইতে বিচ্ছিন্ন করিবার জন্য কোন কিছু করি নাই কিংবা কোনদিনও এই উদ্দেশ্যে কোন স্থল, নৌ বা বিমান বাহিনীর কোন কর্মচারীর সংস্পর্শে কোন ষড়যন্ত্রমূলক কার্যে আত্মনিয়োগ করি নাই।

আমি নির্দোষ এবং এ ব্যাপারে পরিপূর্ণভাবে অজ্ঞ। তথাকথিত ষড়যন্ত্র সম্পর্কে আমি কিছুই জানি না।

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তান লেখক সংঘের উদ্যোগে পাঁচদিন ব্যাপী মহাকবি স্মরণোৎসব	দৈনিক পাকিস্তান	৪ জুলাই,১৯৬৮

পাকিস্তান লেখক সংঘের উদ্যোগে পাঁচদিন ব্যাপী মহাকবি স্মরণোৎসব

আগামীকাল থেকে পাকিস্তান লেখক সংঘ পূর্বাঞ্চল শাখার উদ্যোগে পাক-ভারতের পাঁচজন শ্রেষ্ঠ কবির স্মরণোৎসব শুরু হবে। পাঁচদিন ব্যাপী এই উৎসবে ৫ই জুলাই রবীন্দ্র দিবস, ৬ ই জুলাই ইকবাল দিবস,৭ ই জুলাই গালিব, ৮ ই জুলাই মাইকেল মধুসূদন দত্ত, ৯ ই জুলাই নজরুল দিবস প্রতিপালিত হবে।

জুলাই ৬, ১৯৬৮ দৈনিক পাকিস্তান

লেখক সংঘের মহাকবি স্মরণোৎসব আরম্ভ

পাকিস্তান লেখক সংঘের পূর্বাঞ্চল শাখা আয়োজিত পাঁচদিন ব্যাপী মহাকবি স্মরণোৎসব গতকাল শুক্রবার থেকে ঢাকার ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউটে শুরু হয়েছে। গতকল্য ছিল রবীন্দ্র দিবস। সহজ সুন্দরভাবে রচিত মঞ্চে সন্ধ্যে সাড়ে ছটার আলোচনা সভার মধ্য দিয়ে শুরু হয় প্রথম দিনের অনুষ্ঠান।

সভাপতিত্ব করেন ইসলামিক একাডেমীর ডিরেক্টর জনাব আবুল হাশিম। প্রবন্ধ পাঠ করেন ডঃ আনিসুজ্জামান.. .. .. ..। অনুষ্ঠানে জনাব আবুল হাশিম বলেন, রবীন্দ্র সাহিত্য বা যে কোন সাহিত্য সম্পর্কে আমি সবসময় একটি কথা বলি, সাহিত্য ও সংস্কৃতি এক বস্তু নয়। সাহিত্য এক শিল্প। যে কোন শিল্পকেই যে কোন আদর্শের বাহন হিসেবে ব্যবহার করা সম্ভব। জনাব হাশিম বলেন যে, একে আমরা সব সময় স্মরণ রাখি না- একের সাথে অপরকে মিলিয়ে দিয়ে সংস্কৃতির সঙ্কট সৃষ্টি করি। তিনি বলেন, এই বাংলা ভাষার মাধ্যমে বাংলা সাহিত্যের আস্বাদ নেবো। বাংলা ভাষাকে একটি শিল্প হিসাবে আয়ত্ত করার চেষ্টা করতে হবে, তিনি বলেন, গত এক'শ বছরের বাংলা সাহিত্যকে আমরা উপেক্ষা করতে পারি না।

তিনি বলেন, রবীন্দ্রনাথ মত ও পথের উর্ধ্বে পরিবর্তনশীল হওয়া সত্ত্বেও একটি বিষয়ে সারা জীবনে ছিলেন তাহলো স্বাধীন চিন্তা।

ডঃ আনিসুজ্জামান তাঁর প্রবন্ধে বলেন, চলতে চলতে রবীন্দ্রনাথ মত বদলেছেন, পথ বদলেছেন; ক্রমেই সকল সংকীর্ণতার গন্ডি ভেদ করে তিনি মানুষের পৃথিবীর নাগরিক হতে চেয়েছেন।

আশি বছর ধরে তাঁর মধ্যে একই ব্যক্তি বাস করেন নি। এই নানা রবীন্দ্রনাথের সহযোগ ঘটেছিল বলেই তাঁর পক্ষে সম্ভব হয়েছিল বাংলা ভাষার শক্তিকে শতগুণে বৃদ্ধি করা।

আর যা ছিল প্রাদেশিক সাহিত্য তাকে বিশ্বসভায় সগর্ভে স্থান দেয়া।

তিনি বলেন, ''রবীন্দ্রনাথ যে আমাদের ভাষা ও সাহিত্যেও শ্রেষ্ঠ নির্মাতা সে কথার গুরুত্ব কারো পক্ষেই বিস্মৃত হওয়া সম্ভব নয়।.....

প্রথম দিনের এই অনুষ্ঠানে বিপুল পরিমাণ দর্শকের সমাবেশ ঘটে। কবিতা পাঠের আসরে গোলাম মোস্তফা, মোঃ মনিরুজ্জামান ও সিকান্দার আবু জাফর কবিতা পাঠ করেন।

- অনুষ্ঠানটি পরিচালনা করেন, আতিকুল ইসলাম।

জুলাই ৭, ১৯৬৮। দৈনিক পাকিস্তান

মহাকবি স্মরণোৎসবের দ্বিতীয় দিনঃ

আল্লামা ইকবালের প্রতি শ্রদ্ধা নিবেদন

কেন্দ্রীয় বাংলা উন্নয়ন বোর্ডের ডিরেক্টর ডঃ এনামূল হক গতকাল শনিবার মহাকবি স্মরণোৎসবে বলেন যে, আনন্দ-সৌন্দর্য সব কবিই সৃষ্টি করতে পারেন কিন্তু জাতিকে ভবিষ্যতের পথ নির্দেশ ও চলার পাথেয় দেওয়ার মত কবি খুব বিরল।

আল্লামা ইকবাল ছিলেন এমনি এক বিরল কবি। আমাদের সৌভাগ্য যে, আমরা আমাদের মাঝে এমন এক কবিকে পেয়েছি। ডঃ এনামূল হক বলেন, এদেশে দুজন কবি ঘুমন্ত জাতির জাগরণের বাণীতে দিলেন বজ্রকণ্ঠ। তাঁদের একজন ইকবাল, অন্যজন নজরুল ইসলাম। এরা আমাদেরকে আপন সত্তায় জাগ্রত করে দিয়েছেন।

আলোচনা সভায় প্রবন্ধ পাঠ করেন মোঃ মাহফুজুল্লাহও জনাব মনিরুদ্দিন ইউসুফ। হল ভর্তি দর্শককে গতকালের অনুষ্ঠানও যথেষ্ট আনন্দ দেয়।

জুলাই ১০, ১৯৬৮। দৈনিক পাকিস্তান

মহাকবি স্মরেণোৎসব সমাপ্ত

নজরুল দিবসের মধ্য দিয়ে হত মঙ্গলবার ঢাকার ইঞ্জিনির্য়াস ইন্সটিটিউটে সমাপ্ত হয়েছে লেখক সংঘের পূর্বাঞ্চল শাখার আয়োজিত ৫ দিন ব্যাপী মহাকবি স্মরনোৎসব।.....

আলোচনা সভায় সভাপতিত্ব করেন আবদুল কাদির। প্রবন্ধ পাঠ করেন জনাব বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর ও জনাব রফিকুল ইসলাম। মহাকবি স্মরণোৎসবের শেষ দিনের এই অনুষ্ঠানে উৎসবের সর্বাধিক দর্শকের সমাবেশ ঘটেছিল।

.....

শেষদিনের অনুষ্ঠানের একটা বৈশিষ্ট্য ছিল।

মঞ্চে রাখা হয়েছিল সাদা থোকাসহ পুষ্পগুচ্ছের একটি সেঞ্চুরী ফ্লাওয়ার। ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউটের এডমিনিষ্ট্রেটিভ অফিসার জনাব আলী লেখক সংঘের এই অনুষ্ঠানের ফুলটি উপহার দেন।

.....
.....

গতকালের অনুষ্ঠানের প্রথম পর্যায়ে আলোচনা সভায় আবদুল কাদির বলেন যে, নজরুল ছিলেন নিপীড়িত জনগণের স্বাধিকার আদায়ের সংগ্রামী কবি। বাংলা সাহিত্যে তিনি গণতন্ত্র সমাজতন্ত্রের প্রথম প্রবক্তা।তিনি নজরুলের কাব্য সাধনাকে ৪ ভাগে ভাগ করেন।.....তিনি বলেন, নজরুলের আগেও অনেক কবি হয়েছেন, যেমন রবীন্দ্রনাথ, নবীন চন্দ্র, কিন্তু নজরুলের মত তাদের সাহিত্যে এত মানবিক আবেদন নেই।.....

তৃতীয় পর্যায়ে সঙ্গীতকার নজরুল রবীন্দ্রনাথের চেয়েও বড়।

.....

সাহিত্য নজরুলের আর্বিভাব সম্পর্কে তিনি (জনাব কাদির) বলেন, নজরুল যখন সাহিত্যে নেমে এলেন তখন রবীন্দ্রনাথ ভাস্বর-তাঁর তখন পূর্ণ দীপ্তি। কিন্তু তাঁর যখন আবির্ভাব হলো- দেখা গেলো যুগের যৌবনের সব ধর্ম তার কাব্যে উদ্বেল হয়ে উঠেছে। তখন রবীন্দ্রনাথের কথা অনেকেই ভুলে গেলেন। নজরুল সাহিত্যে স্ববিরোধিতা করেছেন বলে কেউ কেউ যে অভিযোগ করেন তার বিরোধিতা করে জনাব কাদির বলেন, তার সাহিত্যের সুরটি হলো 'জনগণের স্বাধিকার'- গণতান্ত্রিক সমাজতন্ত্র। এ সুরটি যারা বুঝতে পারেন না, তাদের নজরুল সাহিত্য পাঠ পন্ডশ্রম মাত্র।

.....

.....

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলা বর্ণমালা ও বানান সংস্কার প্রসংগে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বক্তব্য	দৈনিক পাকিস্তান	১৩ আগষ্ট, ১৯৬৮

বাংলা বর্ণমালা ও বানান সংস্কার প্রসঙ্গ-
বিশ্ববিদ্যালয়ের বক্তব্যঃ

বাংলা বর্ণমালা সংস্কার সম্পর্কে ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের অনুমোদন প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে গতকাল বলা হয় যে, বাংলা বানানের ক্ষেত্রে যে ক্রমবর্ধমান বিশৃংখলা দেখা দিচ্ছে তার অবসান এবং উচ্চশিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমের ব্যাখ্যা হিসেবে বাংলার উন্নয়নকে সুগম করার জন্যে এই সংস্কার অনুমোদন করা হয়েছে। বানান-বিশৃংখলা অব্যাহতভাবে এগিয়ে গেলে তা ভাষাকেও দুর্বল করে ফেলবে। বাংলা ভাষার উন্নয়নকে ব্যাহত করা এই সংস্কারের উদ্দেশ্য বলে কোন ইঙ্গিত প্রদান করা হলে একাডেমিক কাউন্সিলের মহৎ উদ্দেশ্য ভুল বোঝা হবে। বাংলা ভাষার বিরুদ্ধে একাডেমিক কাউন্সিল একটি ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে বলা হলেও ভুল করা হবে। বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ জানান ডঃ মুহম্মদ শহীদুল্লাহ নিজেই এই কমিটি গঠনের প্রস্তাব করেন। অসুস্থ হওয়ার পূর্ব পর্যন্ত কমিটির সব বৈঠকে সভাপতিত্ব করেন। কমিটির রিপোর্টে যেসব সুপারিশ স্থান লাভ করেছে সেসব সুপারিশ গ্রহণের ব্যাপারে কমিটির বৈঠক সমূহে তিনি জোর প্রচেষ্টা চালিয়েছেন।

পক্ষাঘাতে আক্রান্ত হওয়ার দরুন রিপোর্টে ডঃ শহীদুল্লাহ স্বাক্ষর দিতে পারেন নি, এই সত্যকে বিকৃত করা চলে না। কতৃপক্ষ জানান যে, অনুমোদিত সংস্কারের বিস্তারিত প্রয়োগের ব্যাপারটি ঠিক করার উদ্দেশ্যে নয় সদস্যবিশিষ্ট আর একটি কমিটি গঠনের ব্যাপারেও একাডেমিক কাউন্সিল সিদ্ধান্ত নিয়েছেন। কর্তপক্ষ জানান, একাডেমিক কাউন্সিলের উক্ত বৈঠকে ৫০ জন সদস্যের মধ্যে মাত্র দুজন অনুমোদনের বিরোধিতা করেন। কমিটির তিনজন সদস্যের বিরোধিতামূলক বক্তব্যসহ রিপোর্টটি একাডেমিক কাউন্সিলের ৩রা আগষ্টের বৈঠকের আগেই সদস্যদের কাছে পাঠান হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর গত বৈঠকে ডঃ মুঃ শহীদুল্লাহর নেতৃত্বে গঠিত কমিটির রিপোর্ট রদবদলের রায় গ্রহণ করেন। বাংলা ভাষায় বানান, ব্যাবরণ ও বর্ণমালা সংস্কার ও সহজকরণের উদ্দেশ্যে ১৯৬৭ সালের ২৮শে মার্চ এই কমিটি গঠন করা হয়। এই কমিটি গঠনের উদ্দেশ্য ছিল শিক্ষার সর্বস্তরে যতশীঘ্র সম্ভব বাংলাকে শিক্ষার মাধ্যম হিসেবে গ্রহণ, অফিস আদালতে বাংলা ভাষার ব্যবহার এবং শিক্ষা বিস্তারে প্রতিবন্ধকতা দূরীকরণের জন্য প্রস্তুতির গতিকে দ্রুততর করা। কমিটি গঠনের ব্যাপারে ডঃ মুঃ শহীদুল্লাহ নিজেই প্রস্তাব দেন এবং একাডেমিক কাউন্সিল কমিটির চেয়ারম্যান ডঃ মুঃ শহীদুল্লাহ ছাড়া আরও ১০ জন সদস্য নিয়ে কমিটি গঠন করেন।

কমিটির এই সদস্যরা হলেন, (১) বাংলা একাডেমীর ডিরেক্টর ডঃ কাজী দীন মোহম্মদ, (২) প্রাদেশিক জনশিক্ষা বিভাগের পরিচালক জনাব ফিরদৌস খান, (৩) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যক্ষ জনাব আবদুল হাই, (৪) বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যক্ষ জনাব সৈয়দ সাজ্জাদ হোসেন, (৫) ঢাকা টির্চাস ট্রেনিং কলেজের অধ্যক্ষ ডঃ মোহাম্মদ ওসমান গনি, (৬) বাংলা কলেজের অধ্যক্ষ জনাব আবুল কাসেম, (৭) অধ্যক্ষ ইব্রাহীম খাঁ, (৮) ডঃ এনামূল হক, (৯) জনাব মুনীর চৌধুরী (১০) চৌমুহনী কলেজের অধ্যক্ষ জনাব টি, হোসেন।

১৯৬৭ সালের ২৮শে মার্চ অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের এই বৈঠকে গৃহীত প্রস্তাবে কমিটিকে বলা হয় যে, কমিটি তাদের মত প্রণয়নের সময় বাংলা একাডেমী ও অনুরূপ সংস্থাসমূহ এক্ষেত্রে যে কাজ করেছেন তাকে বিবেচনা করার জন্য বলা হয়। গত ডিসেম্বরে পক্ষাঘাতে আক্রান্ত হওয়ার পূর্ব পর্যন্ত ডঃ মুঃ শহীদুল্লাহ কমিটির বৈঠকসমূহে সভাপতিত্ব করেন।

এ বছরের ২২ শে মার্চ রেজিস্টার তিনজন সদস্যের বিরোধী মন্তব্যসহ কমিটির রির্পোটটি পান।

বিরোধী সদস্যত্রয় হলেন, জনাব এম, আবদুল হাই, জনাব মুনীর চৌধুরী, ডঃ এনামুল হক। ৪ঠা মে রির্পোটটি একাডেমিক কাউন্সিলে পেশ করা হয়। বিষয়টির গুরুত্ব বিবেচনা করে রির্পোট এবং বিরোধী বক্তব্যের কপি সব সদস্যকে সরবরাহের সিদ্ধান্ত নেওয়া হয়।

অতঃপর ৩রা আগষ্ট একাডেমিক কাউন্সিল কিছু সংশোধন ও রদবদলের পর নীতিগতভাবে রির্পোটটি গ্রহণ করেন। এর বিস্তারিত প্রয়োগের ব্যাপারটি ঠিক করার জন্য অপর একটি কমিটি নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ফ্যাকাল্টি অব আর্টস এবং ফ্যাকাল্টি অব মেডিসিনের ডীন পূর্ব পাকিস্তানের ডি,পি,আই, টিচার্স ট্রেনিং কলেজের প্রাক্তন অধ্যক্ষ জনাব ওসমান গনি, অধ্যক্ষ ইব্রাহিম খা, জনাব নুরুল মোমেন এবং ডঃ কাজী দীন মোহাম্মদ এই কমিটির সদস্য নিযুক্ত হন।

কাউন্সিল কমিটির রির্পোটটি যেভাবে গ্রহণ করেছেন তাতে বাংলা ভাষার উপর আক্রমণের কোন প্রশ্নই ওঠে না।

বানানের সুবিধার জন্য শুধু কয়েকটি অক্ষর বাদ দেওয়ার কথা বলা হয়েছে। অক্ষরগুলো হলো ঙ, ণ,ৎ, ষ, ঈ, ঐ, ঔ। এগুলো বাদ দিলে কোমলমতি বালক-বালিকাদের পাঠ গ্রহণে যে বিরাট সুবিধা লাভ করবে সেটাই কাউন্সিলের সামনে ছিল। বর্ণমালার ঐ সব বাড়তি অক্ষর শিক্ষার প্রসারে বাধা সৃষ্টি করেছে।

কাউন্সিল একটি বহুল প্রচলিত প্রয়োগ বাংলা একাডেমী, বিশিষ্ট শিক্ষাবিদ, লেখক ডঃ মুঃ শহীদুল্লাহ.

অধ্যক্ষ ইব্রাহিম খা এবং অন্যান্যের সুপারিশ ও প্রস্তাবকে আইনসিদ্ধ করতে চেয়েছেন।

পরিতাপের বিষয়, দেশের বিশিষ্ট শিক্ষাবিদের সৎ উদ্দেশ্যপ্রণোদিত একটি সহজ-সরল উদ্যমের ভুল ব্যাখ্যা দান করা হয়েছে। অসুখের জন্য ডঃ মুঃ শহীদুল্লাহ এত স্বাক্ষর দিতে পারেন নি। অথচ এক্ষেত্রে ভুল ব্যাখ্যা দেওয়া হয়েছে। বলা হয়েছে ডঃ মুঃ শহীদুল্লাহ নাকি এরূপ সংস্কারের বিরোধী।

আগেই বলা হয়েছে ডঃ মুঃ শহীদুল্লাহর কথা অনুযায়ী এই কমিটি নিয়োগ করা হয়। তিনি কমিটির বিভিন্ন সভায় রির্পোটে উল্লিখিত মর্মে ডঃ মুঃ শহীদুল্লাহ সুপারিশ গ্রহণের জন্য জোর সংগ্রাম চালান। একাডেমিক কাউন্সিলের সদস্যগণ দায়িত্বশীল শিক্ষাবিদ। তাঁরা বিভিন্ন ফ্যাকাল্টি বিভাগ ও বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কলেজের প্রতিনিধিত্ব করছেন। শিক্ষার সাথে যুক্ত এবং আগ্রহী বিশিষ্ট ব্যক্তিগণই কাউন্সিলের সদস্য। একাডেমিক কাউন্সিলের যে সভায় রির্পোটটি গৃহীত হয় তাতে উপস্থিত ৫০ জন সদস্যের মধ্যে মাত্র ২ জন সদস্য অধ্যাপক আবদুল হাই এবং আনন্দ মোহন কলেজের অধ্যক্ষ এ,কে,এম, কবির বিভ্রান্তির সৃষ্টি হবে এই যুক্তিতে রির্পোটের প্রস্তাবগুলোর বিরোধিতা করেন।

গোটা একাডেমিক কাউন্সিল বাংলা ভাষার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে, এ অভিযোগ দ্বারা সদস্যদের দেশপ্রেম ও উদ্দেশ্যও সত্যতাকে কটাক্ষ করা হয়েছে।

.....

অতীতে প্রশ্ন একটাই ছিল কোন পদ্ধতিতে এই সংস্কার করা হবে। বিশ্ববিদ্যালয়গুলোর তরফ থেকে কোন সুনির্দিষ্ট অভিমতের অভাবে বাংলা বানান ক্রমেই জটিল হয়ে পড়েছিল।

পাকিস্তান প্রতিষ্ঠার আগে থেকেই বাংলা বান নের সংস্কার সাধনের দাবীর কথা সবার জানা আছে।

এই জনদাবী পূরণের জন্য ১৯৩০ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় কতিপয় সংস্কার সাধন করেন, যা প্রায় সবাই গ্রহণ করেছেন। এসব সংস্কার ছিল অসম্পূর্ণ ও আংশিক।

একই ধ্বনির একাধিক অক্ষরের (স শ ষ অথবা জ য) উচ্চারণের দরুন সমস্যা তার সমাধান হয়নি। অপ্রয়োজনীয় বাড়তি ও কদাচিৎ ব্যবহৃত প্রতীক অথবা বিশেষ চিহ্নবাহীযুক্ত স্বরধ্বনি (অউ এর স্থলে ৌ, কই এর স্থলে কৈ) সমস্যার সমাধান হয়নি।

আজও আগামীতে বাংলা ভাষা যে প্রদেশের প্রধান ভাষা সেই প্রদেশে উচ্চতর শিক্ষা পরিচালনার দায়িত্বে সমাসীন একটি সংস্থা হিসেবে বিশ্ববিদ্যালয়ের বিশ্বাস, বানান সংস্কারের পথ নির্দেশ দানে তার ব্যর্থতা দায়িত্ব এড়ানোর শামিল হবে। বাংলা বানানের জটিলতা অব্যাহত রাখার অর্থ হবে বাংলা ভাষাকে দুর্বল রাখারই নামান্তর।

প্রস্তাবিত সংস্কারের পিছনে বাংলা ভাষার বিকাশ ব্যাহত করার মতলব আছে এরূপ ইঙ্গিত হবে মারাত্মক। এভাবে দেখলে কাউন্সিলের সামগ্রিক উদ্দেশ্যই ভুল বোঝা হবে।

শিরোনাম	সূত্র	তারিখ
বর্ণমালা সংস্কারের প্রতিবাদে ৪২ জন বুদ্ধিজীবীর বিবৃতি	দৈনিক পাকিস্তান	১ সেপ্টেম্বর, ১৯৬৮

৪২ জন বুদ্ধিজীবীর বিবৃতিঃ
বর্ণমালা সংস্কারের সমালোচনা

গতকাল শনিবার ঢাকায় ৪২ জন সাহিত্যিক, চিন্তাবিদ, শিল্পী ও সাংবাদিক এক যুক্ত বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলে গৃহীত বাংলা বর্ণমালা লিখনরীতি ও বানান সংস্কার সিদ্ধান্তের সমালোচনা করেন। তারা বলেন যে, প্রস্তাবিত পরিবর্তন গ্রহণ করা হলে হাজার বছরের বাংলা ভাষা ও সাহিত্যের সাথে আমাদের স্বাভাবিক সম্পর্ক বিকারগ্রস্ত হয়ে পড়বে, শব্দ তার পূর্বতন ব্যবহার ও ব্যুৎপত্তিগত ভাবার্থেও অনুষঙ্গ হারিয়ে ফেলবে, কবিতার ছন্দ প্রকরণের নিয়মাদি বির্পযস্ত হবে এবং ভাষাকে ব্যাকরণের সূত্র করায় বর্ণনা করা দুঃসাধ্য হবে, এছাড়াও সৃজনশীল সাহিত্যের ক্ষেত্রে এক নিদারুন বন্ধ্যাত্ব দেখা দেবে এবং ভাষা ও সাহিত্য পঙ্গু হয়ে পড়বে। ধ্বনি বিজ্ঞানের বিচারেও বাংলা বর্ণমালা অত্যন্ত সুষ্ঠভাবে বিন্যস্ত বলে স্বীকৃত। এই সংস্কার এর বিজ্ঞান ভিত্তিকেও নষ্ট করবে। তারা বলেন, জনশিক্ষার প্রসারের অজুহাতে লিখন পদ্ধতির পরিবর্তন সাধন জনসাধারণকে বিভ্রান্ত করার কৌশলমাত্র। তারা বলেন, ভাষা ও বর্ণমালার প্রকৃত মালিক দেশের জনসাধারণ, তাদের অগোচরে এর মৌলিক পরিবর্তন সাধনে কতিপয় ব্যক্তির অধিকারই নেই। বিবৃতিকারীরা এই সংস্কার প্রত্যাখানের জন্য দেশবাসীর নিকট আবেদন জানান। বিবৃতিতে তারা বলেন যে, কেন যে ঢাকা বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ এককভাবে ভাষার এরূপ সুদূরপ্রসারী পরিবর্তন সাধনে উদ্যোগী হয়েছেন তা জানা নেই। ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল আজ অবধি তাদের প্রস্তাবিত সংস্কারের পূর্ণ বিবরণ জনসমক্ষে প্রকাশ করেন নি। তবে আশঙ্কা করা হচ্ছে যে, জনসাধারণের অজান্তেই টেক্সট বুক বোর্ডের মাধ্যমে তাঁরা প্রস্তাবিত বর্ণমালা ও বানান পদ্ধতি শিক্ষাক্ষেত্রে কার্যকরী করতে অগ্রসর হয়েছেন। যতদূর জানা যাচ্ছে তাতে মনে হয়, বর্ণমালা হতে তারা ঈ, ঊ, ঐ, ঔ,ঙ, ণ, ষ, এর ঈ-কার, উ-কার, ঐ-কার ঔ-কার ইত্যাদি বর্জন, যুক্তবর্ণেও উচ্ছেদসাধন ব-ফলা , ম-ফলা, য-ফলা ইত্যাদির পরিবর্তে বর্ণ গ্রহণ শ-ষ, জ-য নবোদ্ভাবিত নিয়মে প্রয়োগ, এ-কার বর্ণের ডানদিকে আনয়ন, ঈ-কার দ্বার ই-কারের কাজ সাধনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

বিবৃতিতে তারা বলেন যে, তথাকথিত সরলকরণের মাধ্যমে জনশিক্ষা প্রসারই যদি এই সংস্কারের উদ্দেশ্য হয় তাহলে আমাদের বক্তব্য এই যে-

(ক) প্রচলিত বর্ণমালা এবং বানান পদ্ধতি যে জনশিক্ষা প্রসারের অনুপযোগী তা প্রমাণ হয়নি।

(খ) প্রস্তাবিত লিখনরীতি যে জনশিক্ষা প্রসারের মন্ত্রসিদ্ধ উপায়ের মত কার্যকরী হবে তারই বা নিশ্চয়তা কি?

(গ) যে সকল রাষ্ট্র ব্যাপকভাবে জনশিক্ষা বিস্তারে সফলকাম হয়েছেন, তাঁরা ভাষা বা লিপি সংস্কারের দ্বারা ঐ কার্য সম্পন্ন করেন নি-জনশিক্ষা বিস্তারের প্রকৃত উপায় সর্বস্তরে অপরিহার্যরুপে মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদান, শিক্ষা পদ্ধতির উন্নতি সাধন এবং সকলের জন্য শিক্ষার ব্যবস্থা করা। এ সকল উপায় অবলম্বন না করে জনশিক্ষা প্রসারের অজুহাতে লিখন পদ্ধতির পরিবর্তন সাধন জনসাধারণকে বিভ্রান্ত করার কৌশলমাত্র।

বিবৃতিতে তারা বলেন, প্রচলিত ব্যবস্থার পরিবর্তে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক একতরফাভাবে গৃহীত বর্ণমালা, বানান পদ্ধতি ও লিখন রীতি চালু হলে বর্তমানে যারা শিক্ষিত তাদের বেলায় এবং যতটুকু শিক্ষার প্রসার হয়েছে তার ক্ষেত্রেও মারাত্মক বিভ্রান্তির সৃষ্টি হবে। তাছাড়া ভাষা, সাহিত্য ও শিক্ষাক্ষেত্রে চরম বিশৃঙ্খলা ও অরাজকতার সৃষ্টি হবে। শিক্ষিতদের নূতন করে ভাষা লিখন ও পাঠ শিক্ষার ক্ষেত্রেও আরেকটি অতিরিক্ত সমস্যার সৃষ্টি হবে, যা দ্রুত অগ্রগতি সাধন তো দূরের কথা সাধিত অগ্রগতিকে অনেকাংশে ব্যাহত করবে। এর ফল বাংলাকে শিক্ষার মাধ্যম হিসেবে চালু করার প্রচেষ্টা সম্পূর্ণররুপে বানচাল হয়ে যাবে।

বিবৃতিতে তারা বলেন যে, ব্যুৎপত্তি গত অর্থের সাথে সংগতি রেখে বাংলা শব্দ বিভিন্ন রূপ ধারণ করে। শব্দগুলি এমন প্রতীক যা দেখামাত্রই ব্যুৎপত্তির ভাষানুষঙ্গে সে সর্বের মর্ম উপলব্ধি করা যায়। নূতন শব্দ সৃষ্টির সম্ভাবনাও এর ফলে উন্মোচিত থাকে। ভাষা সচল ও বিকাশমান থাকার পক্ষেও অত্যন্ত সহায়ক। আলোচ্য সংস্কার অনেক ক্ষেত্রেই শব্দকে ব্যুৎপত্তি হতে বিচ্ছিন্ন করিয়া ফেলিবে। ভাষা শিক্ষা জটিলতর হয়ে পড়বে এবং ভাষার সৃষ্টিশীলতা ও বিকাশমানতার ক্ষেত্রেও অন্তরায় দেখা দেবে। তারা আরো বলেন যে, কৃত্রিম হস্তক্ষেপের দ্বারা বর্ণমালা ও ভাষা সংস্কার সম্ভব নয়। ভাষা এবং লিখন প্রণালী আপন প্রবণতা অনুযায়ী নিজস্ব নিয়মে স্বাভাবিকভাবে বিবর্তিত হয়, বর্ণমালার সংস্কারদের এই সংগোপন প্রচেষ্টার প্রকৃত উদ্দেশ্য সম্পর্কে তাই স্বাভাবিকভাবে সন্দেহের সৃষ্টি হয়।

বিবৃতিতে যারা স্বাক্ষর করেন তারা হলেনঃ-

ডঃ কাজী মোতাহার হোসেন, জনাব আবুল হাশিম, জনাব মোঃ মনসুর উদ্দিন, সৈয়দ মুর্তাজা আলী, জনাব মোঃ নাসিরুদ্দিন, বেগম সুফিয়া কামাল, কাজী মোঃ ইদ্রিস, জনাব সিকান্দার আবু জাফর, জনাব জহুর হোসেন চৌধুরী, জনাব আবদুল গনি হাজারী, জনাব শহীদুল্লাহ কায়সার, জনাব হাসান হাফিজুর রহমান, জনাব ফজল শাহাবুদ্দিন, জনাব শামসুর রহমান, জনাব আহমেদ হুমায়ুন, সানাউল্লাহ নুরী, সাইয়িদ আতিকুল্লাহ, আফলাতুন, মিসেস লায়লা সামাদ, শহীদ কাদরী, কালাম মাহমুদ, কে.জি.মোস্তফা, আতাউস সামাদ, আনোয়ার জাহিদ, আবদুল গাফফার চৌধুরী, জহির রায়হান, রোকনুজ্জামান খান, নূর জাহান বেগম, এহতেশাম হায়দার চৌধুরী, ফয়েজ আহমেদ, আলী আকসাদ, খালেদ চৌধুরী, ওয়াহিদুল হক, কাজী মাসুম, ইসহাক চাখারী, শওকত আলী মোঃ সালেহউদ্দীন, আবদুল আওয়াল, জামালউদ্দিন মোল্লা, গোলাম রহমান, আবু কায়সার, আহমদ নূরে আলম, শহিদুর রহমান।

কবি জসীমউদ্দীন পৃথক এক বিবৃতিতে সংশ্লিষ্ট কতৃপক্ষকে এই বানান সংস্কার হতে নিবৃত্ত থাকার অনুরোধ জানান। তিনি বলেন, তা না হলে জনগণের মধ্যে মারাত্মক বিভ্রান্তির সৃষ্টি হয়ে দেশের শাসকবর্গের বিরুদ্ধে তীব্র অসন্তোষ প্রদর্শিত হবে।

তিনি বলেন যে, উ-কার, ঔ-কার এবং দুই ন,ণ এবং তিনটি শ, ষ, স-ও অত্যাচারে সারাজীবন আমাকে ভুগতে হয়েছে। যারা এখন বানান সংস্কার করতে চান, তাদের সাথে আমি কতকটা একমত। কিন্তু বিশ্ববিদ্যালয়ের হরফ ও বানান সংস্কার মেনে নিলে আমাদের বংশধরদের এক চক্ষু অন্ধ করে দেওয়া হবে।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলা ভাষা বর্জনের প্রতিবাদে সাধারণ ছাত্র জমায়েত	ঢাকা বিশ্ববিদ্যালয় সংস্কৃতি সংসদের প্রচারপত্র	২ সেপ্টেম্বর, ১৯৬৮

বাংলা ভাষার বর্ণ বর্জনের প্রতিবাদে সাধারণ ছাত্র জমায়েত

ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলে সম্প্রতি সংখ্যাগরিষ্ঠ ভোটে বাংলা বর্ণমালা সংস্কারের ধুয়া তুলে মূলতঃ বহুল ব্যবহৃত ঙ, ণ, ঞ, ঈ, উ, ঐ, ঔ, ষ,ৎ প্রভৃতি হরফ বর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উপরন্তু বিশিষ্ট ভাষাতত্ত্ববিদদের বিরোধীতা সত্ত্বেও বাংলা ভাষার প্রচলিত যুক্তাক্ষর যথা ঙ্ক, ক্ত, এবং সমুদয় ফলা যথা দ্ম, য্য, স্ম, প্রভৃতি বর্জন, '' ও '' কার বর্জন প্রভৃতির সিদ্ধান্ত উক্ত কাউন্সিলে গৃহীত হয়।

এই বর্ণমালা বর্জনের দ্বারা ভাষা সহজ হবে এবং তা শিক্ষা বিস্তারে সহায়ক হবে, এই যুক্তি দেখিয়ে একাডেমিক কাউন্সিল বর্ণ বর্জনের যে সিদ্ধান্ত নিয়েছে মূলতঃ তা বাংলা ভাষা শিক্ষা এবং বাংলা ভাষায় শিক্ষা উভয় ক্ষেত্রে জটিলতার সৃষ্টি করবে।

বর্ণমালা বর্জন বা বানান পরিবর্তনের ফলে শব্দ তার মূলগত অর্থ এবং ব্যবহারগত অনুষঙ্গ থেকে বিচ্যুত হবে। ভাষার যে সচল প্রবাহ রয়েছে এই সংস্কার দ্বারা তা ব্যাহত হবে। আমরা জানি সরকার শিক্ষা সঙ্কোচন নীতির ধারক। সেক্ষেত্রে এই বর্ণমালা- সংস্কারের দ্বারা ভবিষ্যতে শিক্ষা বিস্তারের ধুয়া তুলে মূলতঃ জনগণের উচ্চশিক্ষার ক্ষেত্রে বর্তমান ব্যুৎপত্তিকেও নাকচ করতে চাইছে, এটা উপলব্ধি করা কষ্টকর নয়।

গভীরভাবে বিশ্লেষণ করলে দেখা যাবে মূলতঃ বাঙালী স্বতন্ত্র্যবোধ তথা বাঙালী সংস্কৃতির যে জাগরণ আজ সর্বত্র দেখা দিয়েছে সেই জাগরণকে স্তিমিত করার জন্যই প্রচেষ্টা গৃহীত হয়েছে। স্বাধীনতার পর থেকেই 'পাকিস্তানী তমদ্দুন' এই দোহাই দিয়ে পূর্ব পাকিস্তানী সংস্কৃতির ওপর আঘাত এসেছে। আজকের এই হীন প্রচেষ্টা এ থেকে বিচ্ছিন্ন কোন ঘটনা নয়।

আরও লক্ষ্য করার বিষয় বাংলা ভাষাকে শিক্ষার মাধ্যম করার যে প্রবল জনমত গড়ে উঠেছে তার বিরোধিতা করার ক্ষমতা সরকারের আর নেই। আজ তাই পরোক্ষে বাংলা বর্ণমালা বর্জন করে নতুন 'লেখ্যরীতির' সূচনা দ্বারা এই প্রচেষ্টার মূলে আঘাত হানা হচ্ছে। নতুন লেখ্যরীতিতে শিক্ষার মাধ্যম হিসেবে বাঙলাকে প্রয়োগ করার প্রচেষ্টা আরও পশ্চাৎপদী হবে।

এ সকল বিষয় বিশ্লেষণ করেই দেখা যাবে বাংলা বর্ণমালা সংস্কারের পশ্চাতে রাজনৈতিক উদ্দেশ্য কার্যকরী। বাংলা ভাষার ওপর এই আঘাতকে প্রতিহত করার জন্য আমাদের আজ প্রবল কণ্ঠে প্রতিবাদ জানাতে হবে।

-সংস্কৃতি সংসদ,
ঢাকা বিশ্ববিদ্যালয়

*বর্ণ বর্জনের প্রতিবাদে সংস্কৃতি সংসদ সাধারণ ছাত্রসভায় যোগ দিন। ৩রা সেপ্টেম্বর, মঙ্গলবার বিকেল চারটায় মধুর রেস্তোরাঁ প্রাঙ্গণ।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলা ভাষার উপর আক্রমণের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল সমীপে হাসান হাফিজুর রহমানের খোলা চিঠি	দৈনিক পাকিস্তান	১১ অক্টোবর, ১৯৬৮

ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল সমীপে একটি খোলা চিঠি

হাসান হাফিজুর রহমান

বাংলা বর্ণমালা এবং বানান সংস্কার বিষয়ক প্রস্তাব পাস করে ঢাকা বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ এমন উৎসাহে এবং কর্মতৎপরতার দৃষ্টান্ত স্থাপন করেছেন, যা তাঁদের সক্রিয়তার ইতিহাসে অভিনব বলে অনায়াসেই আখ্যায়িত হতে পারে। অবশ্য কি প্রস্তাব পাস করা হয়েছে তার স্বাক্ষরিত বিবরণ জনসাধারণের সম্মুখে ঢাকা বিশ্ববিদ্যালয় আজ পর্যন্ত পেশ করার প্রয়োজনবোধ করেননি। তবে নান সূত্র থেকে যতটুকু জানা যায় তাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ উদ্যমের পেছনে যে অন্ততঃ বাংলা ভাষার বর্তমান লিখিত রুপের খোল-নলচে পাল্টাবার আয়োজন রয়েছে সে বিষয়ে সন্দেহের অবকাশ নেই। এতে কি সুবিধা-অসুবিধা হবে প্রশ্ন বাদ দিলেও একথা তর্কাতীত যে, প্রস্তাবিত সংস্কারটি বহুমুখী, ভয়াবহভাবে জটিল ও ব্যাপক এবং এর বাস্তবায়ন একা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্ম নয় এবং একে স্বার্থক করে তুলতে বহুজনের হাত লাগলেও কয়েক বছরের গন্ডিতে তা সম্পন্ন হবে কিনা এবং তারপরেও নানা বিভ্রান্তি ও জটিলতার জড় এড়িয়ে উক্ত ফরমূলার নির্দেশিত মান এককভাবে এদেশের ভাষার লিখনরীতিতে প্রতিষ্ঠিত হবে কিনা সে ব্যাপারেও সন্দেহের অবকাশ থেকে যায়।

অন্যদিকে জানা গেছে, কোন প্রকার সংস্কার ছাড়াই উর্দ্দুকে পশ্চিম পাকিস্তানের শিক্ষার মাধ্যম হিসেবে সর্বস্তরে পুরোপুরি চালু করার বাঞ্ছিত সিদ্ধান্তটি ইতিমধ্যেই গৃহীত হয়েছে এবং অচিরেই তা চালুও হবে, যদিও উর্দ্দু বর্ণমালায় তথাকথিত জটিলতা বাংলার তুলনায় কোন অংশেই কম নয়। তাদের এই প্রশংসনীয় ও দৃষ্টান্ত মূলক উদ্যোগের পরিপ্রেক্ষিতে আমাদের একটি মাত্র জিজ্ঞাসা যে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাকে শিক্ষার সর্বস্তরে চালু করার ব্যাপারে কতদূর অগ্রসর হয়েছেন? বাংলা ভাষার বর্ণমালা এবং বানান সংস্কারের বেলায় যে উৎসাহ ও কর্মতৎপরতা তার দেখাচ্ছেন, বাংলাকে শিক্ষার সার্বিক মাধ্যম করার ক্ষেত্রে তা আদৌ স্পষ্ট নয়। তবে কি এই ভাবতে হবে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ সম্পূর্ণ নিজ দায়িত্বেই বাংলা ভাষার বর্তমান রূপকে শিক্ষার মাধ্যম হিসেবে একেবারেই উপযুক্ত মনে করতে পারছেন না এবং সেই সংস্কারের সাহায্যে একে যোগ্য করে তুলতে ব্যস্ত হয়ে উঠেছেন? এবং সে কারণেই কি শিক্ষার মাধ্যম হিসেবে বাংলা চালু করার আশু কর্তব্য পালনের পরিবর্তে বাংলা ভাষার সংস্কার তাদের কাছে অধিকতর প্রয়োজনীয় হয়ে দেখা দিয়েছে? তাই যদি হয়, এ সংস্কারের মহান দায়িত্ব তারা সম্পন্ন তারা কিভাবে করবেন, এতে কত সময়ই বা তারা নেবেন এবং অতঃপর কবে নাগাদ বাংলা ভাষাকে শিক্ষার মাধ্যম হিসেবে সর্বস্তরে চালু করতে সক্ষম হবেন কিংবা পরিণামে আদৌ তার প্রয়োজন হবে কিনা- এসব বিষয়ে অবশ্যই তাঁদের দেশবাসীকে সঠিক ও সৎভাবে জানানো উচিত।

পক্ষান্তরে বাংলাকে অনিশ্চয়তা সংক্রান্ত আমাদের এই সন্দেহ যদি অমূলক হয়, তাহলেও বাংলা বর্ণমালা ও বানান সংস্কার এবং বাংলাকে শিক্ষার মাধ্যমরুপে সর্বস্তরে পুরোপুরি চালু করার মতো দুটি আপাতবিরোধী দুরুহ ও জটিল দায়িত্ব একই সঙ্গে বাস্তবায়নের অনুকূল কি অলৌকিক মন্ত্রসিদ্ধি ঢাকা বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ লাভ করে বসে আছেন, সে বিষয়েও দেশবাসীকে জানানো তাঁদের অবশ্যই কর্তব্য। বিশেষতঃ বাংলা ভাষা এবং শিক্ষার

মাধ্যম হিসেবে বাংলা প্রচলনের ভবিষ্যত শঙ্কাকুল এবং উদ্বেগজনক করে তুলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে মুখে তালা এঁটে চুপ করে থাকার কোন অধিকারই নেই।

সর্বসাধারণের ঘনিষ্ঠ ও অপরিহার্য স্বার্থের সাথে জড়িত এমন একটি বিষয় নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কতৃপক্ষই এককভাবে সারা দেশব্যাপী এক অসময়োচিত বিভ্রান্তি, বিতর্ক, ভুল বোঝাবুঝি, সন্দেহ ও অনিশ্চয়তাজনিত তোলপাড়ের সূত্রপাত করেছেন।..... স্বাভাবিকভাবেই তার নির্মূল তথ্যেও ভিত্তিতে জনসাধারণের পরিষ্কারভাবে জানার অধিকার রয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাকে শিক্ষার মাধ্যম হিসাবে সর্বস্তরে চালু করার ক্ষেত্রে কি কি সিদ্ধান্ত নিয়েছেন এবং কবে তা বাস্তবায়িত হবে এবং তাদের গৃহীত বাংলা বর্ণমালা ও বানান সংস্কারের তৎপরতা দেশ ও জাতির জন্য অপরিহার্যভাবে প্রয়োজনীয় উক্ত আশু কর্তব্য পালনে আদৌ কোন অন্তরায় হয়ে দাঁড়াবে কিনা?

শিরোনাম	সূত্র	তারিখ
আইয়ুব বিরোধী আন্দোলনের লক্ষ্যে ঐক্য প্রচেষ্টা	দৈনিক পাকিস্তান	২৭ নভেম্বর, ১৯৬৮

ঐক্য প্রচেষ্টা আলোচনা
মওলানা ভাসানী সকাশে মীজানুর রহমান

গণআন্দোলন তথা জনসাধারণের দাবী-দাওয়া আদায়ের ব্যাপারে সংগ্রামের জন্য বিরোধী দলগুলোর মধ্যে ঐক্য স্থাপনের ব্যাপারে মওলানা ভাসানীর সাথে গতকাল বুধবার ৬- দফাপন্থী আওয়ামী লীগের অস্থায়ী সম্পাদক জনাব মীজানুর রহমান চৌধুরী এক বৈঠকে মিলিত হন।

ন্যাপপ্রধান গতকাল রংপুর থেকে ঢাকা এসে পৌঁছেছেন। তিনি আজ বৃহস্পতিবার সুন্দরবন এক্সপ্রেসে সরিষাবাড়ী সফর করবেন।

ইতিমধ্যে পশ্চিম পাকিস্তানে ব্যাপক ছাত্র-বিক্ষোভ ও ধরপাকড়ের ফলে দেশে যে পরিস্থিতি দেখা দিয়েছে তার প্রেক্ষিতে আন্দোলন গড়ে তোলার উদ্দেশ্যে বিরোধী দলগুলোর মধ্যে ঐক্য সাধনের জন্য বৈঠক অনুষ্ঠানের প্রস্তাব দিয়ে পূর্ব পাকিস্তান রিকুইজেশন ন্যাপ- এর পক্ষে থেকে মওলানা ভাসানীর কাছে গতকাল ১টি পত্র পাঠানো হয়েছে বলে জানা গেছে। সৈয়দ আলতাফ হোসেন স্বাক্ষরিত অনুরূপ পত্র ৬- দফাপন্থী আওয়ামী লীগ ও পিডিএম-এর নিকট প্রেরণ করা হয়েছে বলে জানা গেছে। এই বৈঠকের স্থান ও তারিখ সম্পর্কে পত্রে কোনকিছু উল্লেখ হয়নি।

মওলানা ভাসানী গতকাল এক বিশেষ সাক্ষাৎকারে বলেন যে, বিরোধী দলগুলির মধ্যে ঐক্য স্থাপনের পথ সব সময় খোলা রয়েছে। ন্যাশনাল আওয়ামী পার্টি এ ব্যাপারে ইতিপূর্বেও সকল দলের নিকট আলাপ আলোচনার জন্য বৈঠকে মিলিত হওয়ার প্রস্তাব দিয়েছেন। ন্যাপ এখনও এ ধরনের আলোচনায় বসতে রাজী আছে।

এয়ার মার্শাল আজগর খান ও পূর্ব পাকিস্তানের সাবেক প্রধান বিচারপতি জনাব এস,এম, মুর্শেদের রাজনীতিতে প্রবেশের ফলে বিরোধীদলীয় ঐক্য জোরদার হবে কিনা এ প্রশ্নের জবাবে তিনি বলেন, তারা কোন রাজনৈতিক দলের লোক নন। রাজনীতি ক্ষেত্রে এরূপ কতিপয় অরাজনৈতিক ব্যক্তির আর্বিভাবে রাজনীতিতে এমন কি পরিবর্তন সূচিত হতে পারে?

বর্তমান সরকার নিজেই নিজের সর্বনাশের পথ খোলাসা করেছেন। ছ'দফাপন্থী পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের অস্থায়ী সাধারণ সম্পাদক জনাব মীজানুর রহমান চৌধুরীর সঙ্গে মওলানা ভাসানীর যে আলোচনা হয়েছে সে সম্পর্কে জানা গেছে যে, জনাব মীজানুর রহমান চৌধুরী জনসাধারণের দাবী-দাওয়া আদায়ের প্রশ্নে গণআন্দোলনের ব্যাপারে ঐক্যবদ্ধ কর্মসূচী গ্রহণে তার দল সম্মত আছে বলে জানিয়েছেন। নির্বাচনের ব্যাপারে কোন যুক্তফ্রন্ট গঠনে তারা রাজী নন। আগামী ১লা ডিসেম্বর ৬- দফাপন্থী আওয়ামী লীগের কার্য-নির্বাহক কমিটির বৈঠকে এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হবে। এই আলোচনার ফলাফল তারা মওলানা ভাসানীকে জানাবেন বলে জানিয়েছেন।

জনাব মীজানুর রহমান চৌধুরী রিকুইজেশন পন্থী ন্যাপকে আমন্ত্রণ না করায় ইতিপূর্বে মওলানা ভাসানীর ঐক্যের আহবানে সাড়া দিতে পারে না বলে গতকাল মওলানা ভাসানীকে জানান। মওলানা ভাসানী আওয়ামী লীগের উভয় গ্রুপকে একত্রিত করার জন্য জনাব মীজানুর রহমান চৌধুরীকে পরামর্শ দিয়েছেন বলে জানা গেছে।

ন্যাপপ্রধান আগামীকাল শুক্রবার সরিষাবাড়ীতে পূর্ব পাকিস্তান কৃষক সমিতির আয়োজিত এক জনসভায় ভাষণ দেবেন। তিনি ৩০শে নভেম্বর শনিবার ঢাকায় ফিরে আসবেন।

মওলানা ভাসানী সম্প্রতি বগুড়া, রংপুর, দিনাজপুর, জামালপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, সৈয়দপুর, ঠাকুরগাঁও, ডোমার, হোতনাই, শঠিবাড়ী, গুডডবাড়ী, কাউনিয়া, কাকিনা, তুষাভান্ডার, হাতীবান্ধা ইত্যাদি অঞ্চল সফর করেছেন। তিনি তাঁর এইসব অঞ্চলে সফরের অভিজ্ঞতা বর্ণনা প্রসঙ্গে বলেন, সর্বত্রই নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি পেয়েছে। জিনিসপত্রের দাম জনসাধারণের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে।

তিনি জনসাধারণের নিদারুন আর্থিক সংকটের উল্লেখ করে বলেন, ৫টি গ্রাম ঘুরেও তিনি ৫০ টাকার ১টি নোট ভাঙ্গাতে পারেননি।

উত্তর বঙ্গের বিভিন্ন নদী পলিতে ভরাট হয়ে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। এতে নৌ-পরিবহন নিদারুণভাবে বিঘ্নিত হবে বলে তিনি জানান।

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীনতার আহবান সম্বলিত শ্রমিক আন্দোলনের থিসিস	পূর্ব পাকিস্তান শ্রমিক আন্দোলনের পুস্তিকা	১০ডিসেম্বর, ১৯৬৮

পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের থিসিস

[পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের বিপ্লবী পরিষদ কর্তৃক ১৯৬৮ সালের ৮ই জানুয়ারীতে গৃহীত এবং ১৯৬৮ সালের ১লা ডিসেম্বরে পরিবর্ধিত ও পুনঃলিখিত এ দলিলটি সভাপতি সিরাজ সিকদারের নেতৃত্বে পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন ও পরবর্তীতে পূর্ব বাংলার সর্বহারা পার্টি গড়ে ওঠার তাত্ত্বিক ভিত্তিপ্রস্তর। এ ঐতিহাসিক প্রতিভাদীপ্ত দলিল এমন এক সময় অপরিহার্য হয়ে পড়েছিল যখন পূর্ব বাংলার কমিউনিস্ট আন্দোলন সংশোধনবাদ বা নয়া সংশোধনবাদের কানা গলিপথে পথ হাতড়াচ্ছে, আন্তরিকভাবে সর্বহারা বিপ্লবীরা প্রতিক্রিয়াশীল নেতৃত্বের বিরুদ্ধে বিদ্রোহ করেছেন। এ সময় আন্তরিক সর্বহারা বিপ্লবীদের জন্য অত্যন্ত জরুরী কর্তব্য হয়ে পড়েছিল পূর্ব বাংলার সমাজ ও কমিউনিষ্ট আন্দোলনের অভিজ্ঞতার একটি ঐতিহাসিকভাবে আনা সঠিক বিশ্লেষণ ও সারসংকলন, একটি সঠিক কর্মনীতি এবং এগুলোর ভিত্তিতে একটি সঠিক পার্টি গড়ে তোলার প্রক্রিয়া শুরু করা। এ ঐতিহাসিক কর্তব্য সম্পাদনে তাত্ত্বিক প্রয়োজন মেটায়‘ পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের থিসিস’ র্যা পূর্ব বাংলার সর্বহারা পার্টির প্রতিটি সচেতন কর্মী, সহানুভুতিশীল ও সমর্থকের অবশ্য পাঠ্য। - স, বি, প]

ভূমিকা

মার্কসবাদ-লেনিনবাদ-মাওসেতুঙ চিন্তাধারা আমরা কিভাবে প্রয়োগ করবো, আমাদের দেশের বিপ্লবের পরিপ্রেক্ষিতে। মার্কসবাদ-লেনিনবাদ-মাওসেতুঙ চিন্তাধারা হবে ‘তীর’ যা আমাদের নিক্ষেপ করতে হবে পূর্ব বাংলার বিপ্লবকে লক্ষ্য করে। যারা আজ লক্ষ্যহীনভাবে তীর ছোঁড়েন, এলোপাতাড়ি তীর ছোঁড়েন, তারা সহজেই বিপ্লবের ক্ষতি করতে পারেন। মার্কসবাদী নামধারী বহু ব্যক্তিই ‘এলোপাতারি তীর’ ছুড়ে সুবিধাবাদীবববববকিকিকি৺োযা ও প্রতিবিপ্লবী ভুমিকা পালন করছেন।

সভাপতি মাওসেতুঙ বলেছেন, ‘‘অতীতের ভুলগুলো অবশ্যই প্রকাশ করে দিতে হবে। অতীতের খারপ বস্তুকে বৈজ্ঞানিক মনোভাব দিয়ে বিশ্লেষণ করা ও সমালোচনা করা প্রয়োজন যাতে ভবিষ্যতের কাজ আরো সতর্কভাবে সম্পন্ন করা যায়। এটাই হচ্ছে অতীতের ভুল থেকে শিক্ষা গ্রহণ করে ভবিষ্যতের ভুল এড়ানোর অর্থ।’’

‘পাক স্বাধীনতা’কালে ভারতীয় কমিউনিষ্ট পার্টি কেন ব্যর্থ হলো উপনিবেশবাদ ও সামন্তবাদ বিরোধী সংগ্রামে নেতৃত্বে গ্রহণ করতে এবং ঔপনিবেশিক ও সামন্ততান্ত্রিক শোষণের অবসান ঘটিয়ে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে?

‘স্বাধীনতা’ উত্তরকালে ভারতীয় কমিউনিষ্ট পার্টি কেন ব্যর্থ হলো উপনিবেশবাদ ও সামন্তবাদ বিরোধী সংগ্রাম পরিচালনা করে সমাজতন্ত্রের পথ তৈরী করতে? এ ব্যর্থতার কারণগুলো ক্ষমাহীনভাবে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি দিয়ে উদঘাটন করতে হবে, যাতে একই ভুল ভবিষ্যতে না হয় এবং মার্কসবাদ-লেনিনবাদ-মাওসেতুঙ চিন্তানুসারীরা সক্ষম হন তাদের ঐতিহাসিক দায়িত্ব পালনে!

সারা দুনিয়ার সর্বহারা - এক হও!

'প্রাক-স্বাধীনতা' কাল

1. বৃটিশ শাসনকালে ভারতের সামাজিক বিকাশের জন্য নিম্নলিখিত মূল দ্বন্দ্বগুলো দায়ী ছিলঃ
2. ভারতীয় জনগণের সাথে বৃটিশ উপনিবেশবাদের জাতীয় দ্বন্দ্ব।
3. ভারতের বিশাল কৃষক জনগণের সাহে সামন্তবাদের দ্বন্দ্ব।
4. ভারতীয় বুর্জোয়া শ্রেণীর সাথে শ্রমিক শ্রেণীর দ্বন্দ্ব।
5. ভারতের মুসলিম বুর্জোয়া, সামন্তগোষ্ঠী ও শ্রমিক-কৃষকদের সাথে অমুসলিম বিশেষতঃ হিন্দু বুর্জোয়া, সামন্তগোষ্ঠী ও শ্রমিক-কৃষকদের সাম্প্রদায়িক দ্বন্দ্ব।

ভারতের বুর্জোয়া শ্রেণী (মুসলিম ও অমুসলিম বুর্জোয়া) নিজস্ব শ্রেণীস্বার্থেই সর্বপ্রথম স্বাধীনতার দাবী করে। স্বাধীনতা আন্দোলনের প্রাথমিক অবস্থায় ভারতের বুর্জোয়া শ্রেণী ঐক্যবদ্ধ ছিল। কিন্তু অপেক্ষাকৃত কম বিকশিত মুসলিম বুর্জোয়া ও সামন্তগোষ্ঠী অখন্ড স্বাধীন ভারতে অপেক্ষাকৃত বিকশিত অমুসলিম বুর্জোয়া ও সামন্তগোষ্ঠী কর্তৃক বিলুপ্তির সম্ভাবনা দেখতে পায়। তারা নিজেদের বিকাশের জন্য কিছু সুযোগ-সুবিধা দাবী করে। এভাবে শ্রেণীস্বার্থ তাদের আভ্যন্তরীণ দ্বন্দ্বকে তীব্রতর করে তোলে। একটা পর্যায়ে এ দ্বন্দ্ব বৈরীরূপ নেয় এবং মুসলিম বুর্জোয়া ও সামন্তগোষ্ঠী নিজেদের শ্রেণীস্বার্থ রক্ষার জন্য মুসলিম লীগ গঠন করে এবং অবাধ বিকাশের জন্য পৃথক স্বাধীন ভূখন্ড পাকিস্তানের দাবী করে।

মুসলিম বুর্জোয়া ও সামন্তগোষ্ঠী তাদের দাবীর পেছনে মুসলিম শ্রমিক-কৃষকদের সংঘবদ্ধ করার জন্য অবৈরী সাম্প্রদায়িক দ্বন্দ্বের সুযোগ নেয় এবং তাদের মাঝে জঘণ্য সাম্প্রদায়িক প্ররোচনা ও ষড়যন্ত্র চালায়। অমুসলিম বুর্জোয়া ও সামন্তগোষ্ঠী অখন্ড ভারত প্রতিষ্ঠার মানসে এবং ভারতের মুসলিম বুর্জোয়া ও সামন্তগোষ্ঠীর পাকিস্তান আন্দোলন নস্যাৎ করার জন্য অমুসলিম শ্রমিক-কৃষকদের মাঝে জঘণ্য সাম্প্রদায়িক প্ররোচনা ও ষড়যন্ত্র চালায় যাতে তারা অমুসলিম বুর্জোয়া ও সামন্তবাদীদের পেছনে ঐক্যবদ্ধ হয়।

বৃটিশ উপনিবেশবাদীরাও ভারতীয় স্বাধীনতা আন্দোলন দ্বিধাবিভক্ত করে নিজেদের শাসন ও শোষণ অব্যাহত রাখার জন্য তীব্র সাম্প্রদায়িক প্রচারণা ও ষড়যন্ত্র চালায়।

এ সকল কারণে বিভিন্ন স্থানে সাম্প্রদায়িক দাঙ্গা দেখা দেয় এবং অবৈরী সাম্প্রদায়িক দ্বন্দ্ব বৈরী রূপ নেয়। শ্রমিক ও কৃষক শ্রেণী ধর্মের ভিত্তিতে মুসলিম লীগ ও কংগ্রেসের পেছনে ঐক্যবদ্ধ হয়।

ভারতের স্বাধীনতা আন্দোলনের দ্বিধাবিভক্ততে বৃটিশ উপনিবেশবাদীদের শাসন ও শোষণ অব্যাহত রাখার সুবিধা হলেও দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রচন্ড ক্ষয়ক্ষতি, ভারতের স্বাধীনতা সংগ্রামে সশস্ত্র বিপ্লবী দেশপ্রেমিকদের অংশগ্রহণ এবং শ্রমিক-কৃষকদের চেতনার বিকাশ উপনিবেশবাদীদের বাধ্য করে তাদের সমর্থক ও সহযোগী বুর্জোয়া শ্রেণীর (মুসলিম লীগ ও কংগ্রেস) নিকট ক্ষমতা হস্তান্তরে যাতে তারা এ নয়া শাসকগোষ্ঠীর মাধ্যমে এ উপমহাদেশকে আধা উপনিবেশ পরিণম করতে সক্ষম হয়। এভাবেই পাকিস্তান ও ভারতের সৃষ্টি।

ভারতীয় কমিউনিষ্ট পার্টির অবিভক্ত ভারতকে যুক্ত করে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে ব্যর্থ হওয়ার কারণ

'প্রাক-স্বাধীনতার' কালে ভারতের সামাজিক অবস্থা ছিল উপনিবেশিক, সামন্তবাদী ও আধা সামন্তবাদী। উপনিবেশিক শক্তি সামন্তবাদকে জীবিত রেখে সামন্ত শ্রেণীর মাধ্যমে বিশাল কৃষক শ্রেণীকে শোষণ ও নিপীড়ন

করতো। কাজেই উপনিবেশবাদবিরোধী জাতীয় বিপ্লব এবং সামন্তবাদবিরোধী গণতান্ত্রিক বিপ্লব অর্থাৎ জাতীয় গণতান্ত্রিক বিপ্লব হওয়া উচিত ছিল এদেশের বিপ্লবের চরিত্র। এ জাতীয় গণতান্ত্রিক বিপ্লব বুর্জোয়া শ্রেণীর সম্পন্ন করতে অক্ষম। কাজেই ঐতিহাসিকভাবে সর্বহারা শ্রেণী ও তার পার্টির দায়িত্ব এ বিপ্লব সম্পন্ন করা। কাজেই এ বিপ্লব হওয়া উচিত ছিল জাতীয় গণতান্ত্রিক অথবা নয়া গণতান্ত্রিক বিপ্লব যার লক্ষ্য সমাজতন্ত্র ও কমিউনিজম। বিশ্ব বিপ্লবের ইহা একটি অংশ।

এ নয়া গণতান্ত্রিক বিপ্লব পরিচালনা ও সম্পন্ন করার জন্য সর্বহারা শ্রেণীর পার্টির নিম্নলিখিত শর্ত পালনের প্রয়োজন ছিলঃ

(ক) ''সুশৃংখলিত, মার্কসবাদ লেনিনের তত্ত্বে সুসজ্জিত, আত্মসমালোচনার পদ্ধতি প্রয়োগকারী ও জনগণের সাথে সংযুক্ত এমন একটি পার্টি;
(খ) এমন একটি পার্টিরনেতৃত্বাধীন একটি সৈন্যবাহিনী;
(গ) এমন একটি পার্টির নেতৃত্বে সমস্ত বিপ্লবী শ্রেণী ও বিপ্লবী দলের একটি যুক্তফ্রন্ট।''

ভারতীয় কমিউনিস্ট পার্টি উপরোক্ত শর্ত পালনে ব্যর্থ হয়; ফলে বুর্জোয়া ও সামন্তবাদীরা জাতীয় সংগ্রামের নেতৃত্ব গ্রহণ করে, নিজেদের শ্রেণীস্বার্থে অবৈরী সাম্প্রদায়িক দ্বন্দ্বের সুযোগ নিয়ে ধর্মের ভিত্তিতে শ্রমিক-কৃষক শ্রেণীকে নিজেদের পেছনে ঐক্যবদ্ধ করে এবং ভারতকে নিজেদের মধ্যে ভাগ করে নেয় !

[সভাপতি মাওসেতুঙ বলেছেন, ''বিপ্লবী পার্টি হচ্ছে জনসাধারণের পথ প্রদর্শক; বিপ্লবী পার্টি যখন তাদেরকে ভ্রান্তপথে চালিত করে তখন কোন বিপ্লবই স্বার্থক হতে পারে ন।]

'স্বাধীনতা' উত্তরকাল

পূর্ববাংলার সামাজিক বিকাশের জন্য নিম্নলিখিত মূল দ্বন্দ্বগুলো বিদ্যমানঃ

(1) পূর্ববাংলার জনগণের সাথে পাকিস্তানী উপনিবেশবাদের জাতীয় দ্বন্দ্ব।
(2) পূর্ববাংলার বিশাল কৃষক জনতার সথে সামন্তবাদের দ্বন্দ্ব।
(3) পূর্ববাংলার জনগণের সাথে-
  (ক) সাম্রজ্যবাদ বিশেষতঃ মার্কিন সাম্রজ্যবাদের,
  (খ) সাম্রজ্যবাদ বিশেষতঃ সোভিয়েত সামাজিক সাম্রজ্যবাদের ও
  (গ) ভারতীয় সম্প্রসারণবাদের জাতীয় দ্বন্দ্ব।
(4) পূর্ববাংলার বুর্জোয় শ্রেণীর সাথে শ্রমিক শ্রেণীর দ্বন্দ্ব।

দ্বন্দ্বসমূহের বিশ্লেষণ

প্রথমঃ পূর্ব বাংলার জনগণের সাথে পাকিস্তানী ঔপনিবেশবাদের জাতীয় দ্বন্দ্বঃ

মুসলিম বুর্জোয়া ও সামন্তবাদের মাঝে পাঞ্জাব, সিন্ধু, সীমান্ত প্রদেশ, দিল্লী লক্ষ্ণৌ, বোম্বাই প্রভৃতি স্থানে বৃটিশ সমর্থক বুর্জোয়া ও সামন্তবাদীরা বাঙালী বুর্জোয়া ও সামন্তবাদীদের (যারা খুবই অল্পসংখ্যক) চেয়ে বহুগুণ বিকশিত থাকায় স্বাভাবিকভাবেই পাকিস্তান আন্দোলনের নেতৃত্ব কুক্ষিগত করে।

পূর্ববাংলার হিন্দু বুর্জোয়া শ্রেনী ও সামন্তবাদীরা মুসলিম বুর্জোয়া, কৃষক শ্রমিকের ওপর অর্থনৈতিক শোষণ ছাড়াও ধর্মীয় নিপীড়িন চালাতো। বঙ্গভঙ্গ আইনের মাধ্যমে মুসলিম সংখ্যাগরিষ্ঠ পূর্ববাংলা একটি আলাদা প্রদেশ হলে অর্থনৈতিক শোষণ ও ধর্মীয় নিপীড়িন এর কিছুটা লাগব হবে জেনে বাঙালী মুসলিম বুর্জোয়া ও সামন্তবাদীরা তা সমর্থন করে । কিন্তু নিজ বিকাশ বাধাপ্রাপ্ত হবে বলে হিন্দু বুর্জোয়া ও সামন্তবাদীরা এ বিভাগের বিরোধীরা করে; ফলে বঙ্গভঙ্গ রদ হয়। কাজেই মুসলিম বুর্জোয়া ও সামন্ত শ্রেণীর বিকাশের দুটি বাধা ছিল, একটি হল বৃটিশ উপনিবেশবাদ আর একটি হিন্দু বুর্জোয়া ও সামন্তবাদিদের প্রতিদ্বন্দ্বিতা ও ধর্মীয় নিপীড়ন। কাজেই স্বাধীনতা আন্দোলন কমিউনিষ্ট পার্টি পরিচালিত না হওয়ায়, পূর্ববাংলার সৃষ্টি ঐতিহাসিকভাবে প্রয়োজন ছিল।

পূর্ববাংলার বুর্জোয়া ও সামন্তবাদীরা পাকিস্তানের মাধ্যমে নিজেদের শ্রেণী বিকাশ ঘটাতে সক্ষম মনে করে পাকিস্তান আন্দোলন সমর্থন করে এবং মুসলিম শ্রমিক-কৃষকদের পাকিস্তান দাবীর পিছনে ঐক্যবদ্ধ করে। তারা পাকিস্তানে যোগ দেয় এবং এভাবে পূর্ববাংলা পাকিস্তানের প্রদেশে পরিণত হয়।

স্বাধীনতা আন্দোলনের নেতৃত্বে অবাঙালী বুর্জোয়া ও সামন্তবাদীদের হাতে থাকায় বৃটিশ উপনিবেশবাদীরা রাষ্ট্রক্ষমতা তাদের নিকট হস্তান্তর করে। কেন্দ্রীয় রাজধানী করাচিতে স্থাপন, বৃটিশ উপনিবেশবাদের সামরিক আমলা দ্বারা রাষ্টযন্ত্রের প্রধান উপাদান সশস্ত্র বাহিনী গঠন এবং বেসামরিক আমলা দ্বারা রাষ্টযন্ত্রের অন্যান্য অংশ চালু করা (এই সকল সামরিক আমলাদের অধিকাংশই বৃটিশ উপনিবেশবাদ সমর্থক অবাঙালী ছিল) প্রভৃতির মাধ্যমে এই অবাঙালি বুর্জোয়া ও সামন্তবাদীরা রাষ্টযন্ত্রের একচ্ছত্র মালিকানা লাভ করে এবং নিজেদের শ্রেণী বিকাশের অবাধ সুযোগ পায়।

এ শাসক শ্রেণী পূর্ববাংলার স্বতন্ত্র জাতিয় ও অর্থনৈতিক বিকাশের জন্য স্বয়ত্তশাসন কিংবা আত্ননিয়ন্ত্রণাধিকার প্রদানের পরিবর্তে একে অবাধ শোষণের জন্য প্রথম থেকেই প্রচেষ্টা চালিয়ে আসে। এ শাষকশ্রেণী রাষ্টক্ষমতার মাধ্যমে পূর্ববাংলার পাট, চা, চামড়া প্রভৃতির অর্থ দ্বারা বিকাশ লাভ করে এবং এ বিকাশ ত্বরান্বিত করার জন্য সাম্রাজ্যবাদ বিশেষতঃ মার্কিন সাম্রাজ্যবাদের সাথে সিয়াটো, সেন্টো প্রভৃতির সামরিক চুক্তি ও বিভিন্ন প্রকার অর্থনৈতিক চুক্তি সম্পাদন করে। এভাবে পাকিস্তান আধা-উপনিবেশে পরিণত হয়। সম্প্রতি এ শাসক শ্রেণী সংশোধনবাদ বিশেষতঃ সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদের সাথে নানা প্রকার অর্থনৈতিক চুক্তি সম্পাদক করেছে।

পূর্ববাংলায় পাট, চা, চামড়া, কাগজ প্রভৃতির অর্থ দ্বারা, সস্তা শ্রমশক্তি দ্বারা, প্রায় সাত কোটি মানুষের বাজার এবং সাম্রাজ্যবাদের সাহায্যে পাকিস্তানী বুর্জোয়া শ্রেণী একচেটিয়া পুঁজিপতিতে পরিণত হয়। তারা পূর্ববাংলাকে শাসন ও শোষণের একটি স্থায়ী ক্ষেত্রে পরিণত করে।

পূর্ব বাংলাকে শাষন ও শোষণের একটি বিরাট বাধা হলো তার স্বতন্ত্র জাতিসত্তা এবং ভাষা ও স্বাতন্ত্রের প্রধান উপাদান। জাতি হিসাবে পূর্ববাংলার স্বাতন্ত্র মুছে দেয়ার জন্য এ পাকিস্তানী শাসক শ্রেণী বাংলা ভাষার পরিবর্তে উর্দু ভাষা প্রচলনের হীন প্রচেষ্টা চালায়। এ হীন প্রচেষ্টাকে ১৯৫২ সালের ভাষা আন্দোলন নস্যাৎ করে দেয়। বর্তমানেও এ শাসক শ্রেণী বাংলাভাষা পরিবর্তনের হীন প্রচেষ্টা চালাচ্ছে।

এ পাকিস্তানী বুর্জোয়া এ সামন্তবাদী শ্রেণীর বিকাশের জন্য ক্রমশঃ পূর্ববাংলার সম্পদ, সস্তা শ্রমশক্তি ও প্রায় সাত কোটি মানুষের বাজার অপরিহার্য হয়ে পড়ে।এভাবে বৃটিশ উপনিবেশবাদের প্রত্যক্ষ উপনিবেশ থেকে পূর্ববাংলা পাকিস্তানের অংশ হিসাবে কিছু কালের জন্য আধা-উপনিবেশ পরিণত হলেও এখানে প্রথম থেকেই পাকিস্তানী বুর্জোয়া ও সামন্তবাদী শাসকগোষ্ঠীর জাতীয় নিপীড়ন ও শোষণ বিদ্যমান ছিল। এ শাসকশ্রেণী নিজেদের বিকাশের সঙ্গে সঙ্গে পূর্ববাংলার ওপর জাতীয় নিপীড়ন বৃদ্ধি করে এবং তাদের বিকাশ একচেটিয়া রূপ

গ্রহণের পর্যায়ে এলে তারা শোষণ অব্যাহত রাখার জন্য তাদের শাসন ব্যাবস্থাকে ক্রমেই অধিকতর সময়বাদি করে এবং এভাবে পূর্ববাংলার ওপর জাতীয় নিপীড়ন উপনিবেশ শোষণের রূপ নেয় এবং পূর্ববাংলা পাকিস্তানী উপনিবেশিক শাসকশ্রেনীর উপনিবেশে পরিণত হয়। এ উপনিবেশিক শাসক শ্রেণী নিজেরাই সাম্রাজ্যবাদ ও সামন্তবাদেও স্বার্থ রক্ষা করছে। এ কারণে পাকিস্তান নিজেই একটি আধা-উপনিবেশিক ও আধা-সামন্তবাদী দেশ।

এই পাকিস্তানী উপনিবেশিক শাসক শ্রেণী পূর্ববাংলার পাকিস্তানবাদী দালাল বুর্জোয়াদের মাধ্যমে এবং গ্রামে সামন্তবাদকে জীবিত রেখে এদেশে শাসন ও শোষণ চালিয়ে যাচ্ছে। এ উপনিবেশিক শোষণের ফলে পূর্ববাংলার মাঝারী ও ক্ষুদে বুর্জোয়া শ্রেণীর বিকাশ ব্যাহত হয়েছে এবং গ্রামে সামন্তবাদী শোষণের তীব্রতা বৃদ্ধি পেয়েছে। বিশেষতঃ বর্তমানে বিদেশী ঋণ পরিশোধের জন্য, বিদেশে ঋন হ্রাসের ফলে কলকারখানার পুঁজি সংগ্রহের জন্য গ্রাম্য শোষণ প্রকট আকার ধারণ করেছে। কাজেই পূর্ববাংলার শ্রমিকঃ কৃষক, ক্ষুদে বুর্জোয়া ও মাঝারি বুর্জোয়া শ্রেণীর এক অংশ তথা সমগ্র পূর্ববাংলার জাতি এ শোষণে শোষিত। এ পাকিস্তানী উপনিবেশিক শাসক শ্রেণী অখন্ড পাকিস্তান, ধর্মের ভিত্তিতে এক জাতি, তথাকথিত ইসলামী সংস্কৃতি, পূর্ববাংলা একটি প্রদেশ প্রভৃতি প্রচারের মাধ্যমে শোষণের উপনিবেশিক চরিত্র গোপন করে । পৃথিবীর বিভিন্ন উপনিবেশিক চরিত্র গোপন করে। পৃথিবীর বিভিন্ন উপনিবেশিক শক্তি শোষণের উপনিবেশিক চরিত্র গোপন করার জন্য এক দেশ, এক জাতি প্রভৃতি প্রচারের প্রচেষ্টা চালায়। কিন্তু ইতিহাস তার ব্যর্থতা প্রমাণ করেছে। পাকিস্তানী উপনিবেশিক শাসক শ্রেণীর এই প্রচেষ্টাও ব্যর্থ হতে বাধ্য।

দ্বিতীয়ঃ পূর্ববাংলার বিশাল কৃষক জনতার সাথে সামন্তবাদের দ্বন্দ্বঃ

গ্রামে সরকারি কর্মচারি (পুলিশ, সার্কেল অফিসার), মৌলিক গণতন্ত্রী (বি,ডি), জমিদার, ধনীচাষী, অসৎ ভদ্রোলক (টাউট) ও মাঝারি চাষীর উপরের স্তর, গ্রামের ক্ষেতমজুর, গরীব চাষী ও মাঝারি চাষির ব্যাপক অংশের ওপর সামন্তবাদী শোষণ চালিয়ে যাচ্ছে। পাকিস্তানী উপনিবেশিক শ্রেণী গ্রামের সামন্তবাদীদের জিইয়ে রেখেছে এবং তাদের বিকাশের সর্বময় প্রচেষ্টা চালাচ্ছে। এ শাসক শ্রেণী তাদের বিকাশের নিমিত্ত পুঁজি ও সস্তা শ্রমশক্তি সংগ্রহের জন্য সামন্তবাদী শোষণ তীব্রতর করছে।

গ্রামে সামন্তবাদী শোষণের প্রকাশ হলো ভূমিকর ও অন্যান খাজনা বৃদ্ধি, গ্রামে রেশন চালু না করা, বুনিয়াদী গনতন্ত্র সৃষ্টি করা, ঋণ প্রভৃতির মাধ্যমে চাষীদের শৃংখলে আবদ্ধ করা, বন্যা নিয়ন্ত্রন না করা, সেচ প্রকল্প কার্যকরি না করা, বিভিন্ন ধরনের ইজারাদারী প্রথা, পোকা ধ্বংশের ব্যবস্থা না করা, অবৈতনিক সার্বজনীন শিক্ষা ব্যবস্থা চালু না করা, বিনামূল্যে চিকিৎসা ব্যাবস্থা না করা প্রভৃতি।

তৃতীয়ঃ (ক) পূর্ববাংলার জনগণের সাথে সাম্রাজ্যবাদ বিশেষতঃ মার্কিন সাম্রাজ্যবাদের জাতীয় দ্বন্দ্বঃ

মার্কিন সাম্রাজ্যবাদ একদিকে পাকিস্তানী উপনিবেশবাদীদের সঙ্গে সম্পর্ক ও সহযোগিতা বজায় রাখছে, অন্যদিকে পূর্ববাংলার বুর্জোয়াদের এক অংশের সাথে আঁতাত রাখছে এবং তাদের মাধ্যমে পাকিস্তানী শাসকশ্রেণীর ওপর চাপ সৃষ্টি করছে। তারা ঋণ, প্রতক্ষ ব্যবসায় প্রভৃতির মাধ্যমে পূর্ববাংলার জনগণকে শোষণ করছে। তারা পাকিস্তানী উপনিবেশবাদী ও ভারতীয় সম্প্রসারণবাদীদের নিয়ে চীন বিরোধী কমিউনিষ্ট বিরোধী ঐক্যজোট গঠনের প্রচেষ্টা চালাচ্ছে। কিন্তু পাকিস্তানী উপনিবেশবাদীরা নিজেদের স্বার্থেই ভারতীয় সম্পসারণবাদের সাথে বর্তমানে আঁতাত করতে পারছে না এবং নিজেদের শ্রেণী বিকাশের একটি নির্দিষ্ট পর্যায়ে এসে সমাজতান্ত্রিক দেশ বিশেষতঃ চীনের সাথে বন্ধুত্ব করতে বাধ্য হচ্ছে।

অন্যদিকে মার্কিন সাম্রাজ্যবাদ পূর্ববাংলার উপনিবেশিক শাসন ও শোষণের সুযোগে নিয়ে তাদের সমর্থক পূর্ববাংলার বুর্জোয়াদের সাহায্য ও সমর্থন করছে। সাম্রাজ্যবাদ সমর্থক এই দালাল বুর্জোয়ারা উপনিবেশিক শাসন বিরোধী আন্দোলন করছে। মার্কিন সাম্রাজ্যবাদ এ আন্দোলনকে মূলধন করে দুইভাবে ব্যবহার করছে- একদিকে পাকিস্তানী উপনিবেশবাদীদের ওপর চাপ সৃষ্টি করছে চীন বিরোধী পাক-ভারত যৌথ চুক্তি সম্পাদন করার জন্য; অন্যদিকে এই দালাল বুর্জোয়াদের দ্বারা পূর্ববাংলাকে বিচ্ছিন্ন করে চীন বিরোধী পূর্ববাংলা-ভারত যৌথ চুক্তি সম্পাদন ও পূর্ববাংলাকে প্রত্যক্ষ মার্কিন উপনিবেশে পরিণত করার যখন ষড়যন্ত্র চালাচ্ছে। বর্তমান মার্কিন সমর্থক পূর্ববাংলার দালাল বুর্জোয়ারা ছয় দফা আওয়ামী লীগের নেতৃত্বে করছে।

মার্কিন সাম্রাজ্যবাদ এদেশের সামন্তবাদীদের স্বার্থ রক্ষাকারী ধর্মীয় পার্টিগুলোকে সাহায্য ও সমর্থন করছে। এরা সাম্রাজ্যবাদের সবচেয়ে বিশ্বস্ত মিত্র।

(খ) পূর্ববাংলার জনগণের সাথে সংশোধনবাদ, বিশেষতঃ সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদের জাতীয় দ্বন্দ্বঃ

পাকিস্তানী উপনিবেশবাদীদের নিয়ে চীন বিরোধী, কমিউনিষ্ট বিরোধী ঐক্যজোট প্রতিষ্ঠার জন্য তারা প্রচেষ্টা চালাচ্ছে। পূর্ববাংলার জাতীয় মুক্তি সংগ্রাম তারা সমর্থন করে না। কারণ পাকিস্তানী উপনিবেশবাদীদের সাথে আতাঁত রেখে পাকিস্তানসহ তার উপনিবেশকে শোষণ করাই তাদের লক্ষ্য। এই জাতীয় মুক্তি সংগ্রাম নস্যাৎ করার জন্য তারা পাকিস্তানী উপনিবেশবাদীদের সাহায্য করবে যাতে পূর্ববাংলাকে শোষণের একটা ভাগ তারা পায়।

প্রসঙ্গক্রমে বায়াফ্রা, বামা, ভিয়েতনাম ও অন্যান্য দেশের কথা উল্লেখযোগ্য। বায়াফ্রার জনগণ সংগ্রাম করছে জাতীয় অত্যাচার, নিপীড়নের হাত থেকে মুক্তির জন্য। সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদীরা নাইজেরীয় সামরিক সরকারকে অস্ত্র, অর্থ ও লোক সরবরাহ করে বায়াফ্রার জনগণের মুক্তি সংগ্রামকে ধ্বংস করতে প্রচেষ্টা চালাচ্ছে যাতে তারা সমগ্র নাইজেরিয়ায় সাম্রাজ্যবাদীদের শোষণ চালাতে পারে। তারা বার্মার মুক্তি সংগ্রামক দাবিয়ে রাখার, ভিয়েতনামের মহান সংগ্রামকে মুছে দেওয়ার ষড়যন্ত্র চালাচ্ছে।

(গ) পূর্ববাংলার জনগণের সাথে ভারতীয় সম্প্রসারণবাদের জাতীয় দ্বন্দ্বঃ

ভারতীয় বৃহৎ পুঁজীবাদী ও সামন্তবাদী সরকার সর্বহারা শ্রেণীর নেতৃত্বে পূর্ববাংলার জাতীয় মুক্তি সংগ্রাম সমর্থন করবে না। কারণ তার উদ্দেশ্য হলো বুর্জোয়ার নেতৃত্বে স্বাধীন পূর্ববাংলাকে শোষণ করা এবং চীনবিরোধী, কমিউনিষ্ট বিরোধী একটি মিত্র পাওয়া। কিন্তু সর্বহারার নেতৃত্বে যুক্ত পূর্ববাংলা সহায়ক হবে আসাম, পশ্চিম বাংলা, বিহার, ত্রিপুরা তথা সমগ্র ভারতের শ্রমিক-কৃষকের মুক্তির। এ কারণে ভারতের সম্প্রসারণবাদ শ্রমিক-কৃষকের পূর্ববাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা বানচাল করার চেষ্টা করবে।

চতুর্থ: পূর্ববাংলার বুর্জোয়াদের সাথে শ্রমিক শ্রেণীর দ্বন্দ্বঃ

পূর্ববাংলার বুর্জোয়া শ্রেণী শ্রমিকদের শোষণ করে এবং এদের মাঝে একটি অংশ পাকিস্তানী উপনিবেশবাদীদের দালাল হয়ে পূর্ববাংলাকে শোষণ করছে। অপর অংশ সাম্রাজ্যবাদ বিশেষতঃ মার্কিন সাম্রাজ্যবাদের দালাল। একটি অংশ সাম্রাজ্যবাদ ও উপনিবেশবাদ উভয়েরই বিরোধী সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদীরা, যারা সত্যিকার জতীয় বুর্জোয়া। পূর্ববাংলার বুর্জোয়াদের প্রথম অংশ দেশদ্রোহী বিশ্বাসঘাতক। দ্বিতীয় অংশ সাম্রাজ্যবাদের দালাল যারা ভারতের সাথে আতাঁত রেখে নিজস্ব শ্রেণী বিকাশের জন্য যতটুকু অধিকার প্রয়োজন তার জন্য সংগ্রাম করতে ইচ্ছুক। পূর্ববাংলার বুর্জোয়াদের ব্যাপক অংশ বর্তমানে এদের নেতৃত্বে সংঘবদ্ধ। এদের নেতৃত্বে জাতীয় সংগ্রাম কখনো সম্পূর্ণ হতে পারে না। এদের সাথে জনগণের শত্রুতার সম্পর্ক ছাড়াও তারা যতক্ষণ পাকিস্তানী

উপনিবেশবাদের বিরোধিতা করে ততক্ষণ জনগণের সাথে একটা মিত্রতার সম্পর্কও রয়েছে। বুর্জোয়া শ্রেণীর তৃতীয় অংশ জাতীয় বুর্জোয়াদের সাথে জনগণের শত্রুতার সম্পর্ক ছাড়াও তারা যতক্ষণ উপনিবেশবাদ ও সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রাম করে ততক্ষণ একটা মিত্রতার সম্পর্কও রয়েছে।

বর্তমানে জাতীয় সংগ্রামের নেতৃত্বে মার্কিন সাম্রাজ্যবাদ সমর্থক দালাল বুর্জোয়াদের হাতে। এ নেতৃত্বেও অবসান তিন প্রকারে হওয়া সম্ভবঃ (ক) সর্বহারা শ্রেণীর রাজনৈতিক পার্টি দৃঢ়ভাবে জাতীয় পতাকা উর্ধ্বে তুলে ধরে কৃষক-জনতাকে উপনিবাশবাদ সামন্তবাদ বিরোধী সশস্ত্র সংগ্রামে উদ্বুদ্ধ করলে; (খ) উপনিবেশিক শক্তি মার্কিন সাম্রাজ্যবাদের নিকট আত্মসমর্পণ করে চীন বিরোধী কমিউনিষ্ট বিরোধী জোট কমিউনিষ্ট স্থাপন করলে মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ ও ভারতীয় সম্প্রসারণবাদের সাহায্য ও সমর্থনে দালাল বুর্জোয়াদের জাতীয় সংগ্রাম ধংশ করতে সক্ষম হবে; (গ) ঔপনিবেশিক শাসকশ্রেণী সাম্রাজ্যবাদের দালাল বুর্জোয়াদের সাথে আপোসে আসলে এই দালাল বুর্জোয়াদের আসল বিশ্বাসঘাতকতা ও গণবিরোধী চরিত্র প্রকাশ পাবে।

প্রধান দ্বন্দ্ব

উপরোক্ত দ্বন্দ্বগুলো ছাড়াও পূর্ববাংলার সমাজে আরো দ্বন্দ্ব রয়েছে। কিন্তু এই চারটি মূল দ্বন্দ্ব। সভাপতি মাও বলেছেন, "কোনো প্রক্রিয়াতে যদি কতকগুলো দ্বন্দ্ব থাকে তবে তাদের মধ্যে অবশ্যই একটা প্রধান দ্বন্দ্ব থাকবে যা নেতৃস্থানীয় ও নির্ণায়ক ভূমিকা গ্রহণ করে। অন্যগুলো গৌণ ও অধীনস্থ স্থান নিবে। তাই দুই বা দুয়ের অধিক দ্বন্দ্ববিশিষ্ট কোন জটিল প্রক্রিয়ার পর্যালোচনা করতে গেশে আমাদের অবশ্যই তার প্রধান দ্বন্দ্বকে খুঁজে পাবার জন্য সর্বপ্রকার প্রচেষ্টা চালাতে হবে। এই প্রধান দ্বন্দ্বকে আকড়ে ধরলে সমস্যাকেই সহজে মীমাংসা করা যায়।" পাকিস্তানী উপনিবাশবাদ বিরোধী জাতীয় সংগ্রামে কৃষক-শ্রমিক, ক্ষুদে বুর্জোয়া মাঝারি বুর্জোয়ার এক অংশ এবং দেশপ্রেমিক ধনী চাষী ও জমিদারদের অর্থাৎ সমগ্র জাতিকে ঐক্যবদ্ধ করা সম্ভব। কাজেই বর্তমান সামাজিক বিকাশের প্রক্রিয়ায় পূর্ববাংলার জনগণের সাথে পাকিস্তানী উপনিবেশবাদীদের জাতীয় দ্বন্দ্ব প্রধান দ্বন্দ্ব।

কিন্তু উপনিবাশবাদ বিরোধী জাতীয় সংগ্রাম একটা নির্দিষ্ট স্তরে পৌঁছালে পাকিস্তানী ঔপনিবেশিক শ্রেণীকে রক্ষার জন্য মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ, ভারতীয় সম্প্রসারণবাদ একযোগে অথবা আলাদাভাবে নিজেদের সৈন্য দ্বারা পূর্ববাংলার জনগণের সংগ্রামকে নস্যাৎ করার প্রচেষ্টা চালাবে। এ অবস্থায় পাকিস্তানী উপনিবেশবাদ গণসংগ্রাম বিরোধীর প্রধান ভূমিকা থেকে গৌণ ভূমিকা গ্রহণ করবে। পক্ষান্তরে, মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ, ভারতীয় সম্প্রসারণবাদ পূর্ববাংলার গণবিরোধী সংগ্রামের গৌণ পূর্ববাংলার ভূমিকা থেকে ক্রমশঃ মুখ্য ভূমিকা গ্রহণ করবে। পক্ষান্তরে, মার্কিন সাম্রাজ্যবাদ, সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ, ভারতীয় সম্প্রসারণবাদের সাথে পূর্ববাংলার জনগণের জাতীয় দ্বন্দ্ব প্রধান দ্বন্দ্বে পরিণত হবে। এই প্রধান দ্বন্দ্বের ভিত্তিতে নতুন করে ঐক্যফ্রন্ট প্রতিষ্ঠা করে জনগণকে সঠিক মুক্তিসংগ্রামের পথে পরিচালিত করতে হবে।

পূর্ববাংলার বিপ্লব ও তার চরিত্র

পূর্ববাংলার বুর্জোয়া ও সামন্তবাদীরা নিজেদের বিকাশের জন্য পাকিস্তানে যোগ দেয়। কিন্তু পাকিস্তানী ঔপনিবেশিক শ্রেণী পূর্ববাংলার বুর্জোয়া বিকাশের জন্য যে সুবিধা প্রয়োজন তা নিজেদের বিকাশে ব্যবহার করে। ফলে এদেশের বুর্জোয়া বিকাশ ব্যাহত হয়। তাই বুর্জোয়া বিকাশের প্রয়োজনীয় অবস্থার সৃষ্টি অর্থাৎ সামন্তবাদ ও উপনিবাশবাদদের অবসান প্রয়োজন।

সামন্তবাদের অবসান সম্ভব গণতান্ত্রিক বিপ্লবের মাধ্যমে এবং ঔপনিবেশিক শাসনের অবসান সম্ভব জাতীয় বিপ্লবের মাধ্যমে। কাজেই, পূর্ববাংলার বিপ্লব হবে জাতীয় গণতান্ত্রিক বিপ্লব।

বর্তমানে সাম্রাজ্যবাদ ও সামাজিক সাম্রাজ্যবাদের যুগে বুর্জোয়ারা এ বিপ্লব সম্পূর্ণ করতে পারে না। নিজেরাই কিছুদিন পরে সাম্রাজ্যবাদ ও সামাজিক সাম্রাজ্যবাদের দালাল হয়ে যায়। এ বিপ্লব সম্পূর্ণ করার মত একটি শক্তিই রয়েছে, তা হচ্ছে সর্বহারা শ্রেণী ও তার পার্টি। সর্বহারার নেতৃত্বে পরিচালিত বিপ্লবের লক্ষ্য ধনতন্ত্র নয়, সমাজতন্ত্র। বিপ্লব সর্বহারার নেতৃত্বে পরিচালিত বলে জাতীয় গণতান্ত্রিক বিপ্লব বা নয়া গণতান্ত্রিক বিপ্লব বলে পরিচিত হবে, যা বিশ্ববিপ্লবের একটি অংশ।

এ বিপ্লবের একটি চরিত্র হলো সশস্ত্র বিপ্লব। পাকিস্তানী ঔপনিবেশিক শাসক শ্রেণীর রাষ্ট্রযন্ত্রের মূল উপাদান সামরিক বাহিনী, পুলিশ ও আইন এবং এদের সাহায্যে ঔপনিবেশিক শাসক শ্রেণী পূর্ব বাংলাকে শাসন ও শোষণ করছে। এ নয়া গণতান্ত্রিক বিপ্লব সম্পন্ন করতে হলে সর্বহারা শ্রেণীর নেতৃত্বে শ্রমিক-কৃষক ও অন্যান্য দেশপ্রেমিক শ্রেণী ও স্তরকে ঐক্যবদ্ধ করে সশস্ত্র বিপ্লবের মাধ্যমে এই রাষ্ট্রযন্ত্রকে ধবংস করে সর্বহারা শ্রেণীর নেতৃত্বে কৃষক-শ্রমিক মৈত্রীর ভিত্তিতে এবং অন্যান্য দেশপ্রেমিক শ্রেণী ও স্তরের সমন্বয়ে নয়া রাষ্ট্রব্যবস্থা কায়েম করতে হবে। সভাপতি মাও-এর ভাষায় বন্দুকের নলের মধ্য দিয়ে রাজনৈতিক ক্ষমতা দখল করতে হবে।

এ বিপ্লবের আর একটা চরিত্র হলো দীর্ঘস্থায়ী সংগ্রাম। এ বিপ্লবে দ্রুত বিজয়ের সম্ভাবনা খুব কম। কারণগুলো হচ্ছে পূর্ববাংলার শ্রমিক-কৃষক জনগণের অনৈক্য অবস্থা, সঠিক মার্কসবাদী-লেনিনবাদী ও মাওসেতুঙ চিন্তানুসারী পার্টির অভাব, সংশোধনবাদী ও নয়া সংশোধনবাদী পার্টি কর্তৃক জনগণকে বিপথে পরিচালনা, জনগণের মাঝে প্রতিক্রিয়াশীল আদর্শের অভাব।

পক্ষান্তরে, ঔপনিবেশিক শক্তি একত্রিত, শাসনক্ষমতা সুদৃঢ়, বিডি প্রথার মাধ্যমে গ্রাম পর্যন্ত তাদের শাসন ব্যবস্থা বিস্তৃত এবং সাম্রাজ্যবাদ, সামাজিক সাম্রাজ্যবাদ, এবং সম্প্রসারণবাদ তাদের সাহায্য করবে। তাই বর্তমানে শক্তির ভারসাম্য পাকিস্তানী উপনিবেশবাদের পক্ষে। এ অবস্থা পরিবর্তন করতে সুদীর্ঘ সময়ের প্রয়োজন। কাজেই পূর্ববাংলার জাতীয় গণতান্ত্রিক বিপ্লব দীর্ঘস্থায়ী দুরুহ যুদ্ধের মাধ্যমেই সম্পন্ন হবে।

এ বিপ্লবের আর একটি চরিত্র হলো গ্রাম্য এলাকা দ্বারা শহর ঘেরাও এবং পরে শহর দখল। সভাপতি মাওসেতং বলেন, ''নিয়ম অনুসারে বিপ্লব আরম্ভ হয়, গড়ে ওঠে এবং জয়ী হয় ঐ সকল স্থানে, যেখানে প্রতিবিপ্লবী শক্তিগুলো অপেক্ষাকৃত দুর্বল।'' কাজেই, গ্রাম্য এলাকায় গিয়ে কৃষকদের গেরিলা যুদ্ধের জন্য জাগ্রত করে গেরিলা যুদ্ধের মাধ্যমে গ্রাম্য এলাকা দখল করতে এবং ঘাটি স্থাপন করতে হবে। শহরগুলো দখলকৃত গ্রাম্য এলাকা দ্বারা ঘেরাও করতে হবে এবং পরে শহর দখল করতে হবে।

এ বিপ্লবের আর একটি চরিত্র হলো ঐক্যফ্রন্ট গঠন।

জাতীয় পতাকা উর্ধ্বে তুলে ধরে, জাতীয় সংগ্রামের ভিত্তিতে ঐক্যফ্রন্ট গঠন করা অপিরহার্য।[১]

শ্রমিক-কৃষক মৈত্রীর ভিত্তিতে, সর্বহারা শ্রেণীর নেতৃত্বে পাকিস্তানী উপনিবেশবাদ বিরোধী সকল দেশপ্রেমিক শ্রেণী ও স্তরকে ঐক্যবদ্ধ করতে হবে। ঐক্যফ্রন্টের মাঝে সর্বহারা শ্রেণীর পার্টি অবশ্যই আদর্শগত, রাজনৈতিক ও সাংগঠনিক স্বাধীনতা রক্ষা করবে এবং 'স্বাধীনতা' ও উদ্যোগ গ্রহণের নীতিতে অটল থাকবে এবং নিজের নেতৃত্বের ভূমিকার জন্য জিদ ধরবে।

কাজেই ঐক্যফ্রন্টে সর্বহারা শ্রেণীর নেতৃত্ব ,স্বাধীনতা ও উদ্যোগ গ্রহণ থাকতে হবে আর তা থাকার একটি মাত্র গ্যারন্টি হচ্ছে সর্বহারা পার্টির নেতৃত্বে একটি গণফৌজ। সভাপতি মাও বলেছেন, '' গণফৌজ না থাকলে জনগণের কিছুই থাকবে না।'' কাজেই ঐক্যফ্রন্ট প্রতিষ্ঠার প্রাথমিক শর্ত হচ্ছে গণফৌজ।

জাতীয় গণতান্ত্রিক বিপ্লবের সাধারণ কর্মনীতি

১। সর্বহারা পার্টির নেতৃত্বে প্রতিক্রিয়াশীল শক্তি অপেক্ষাকৃত দুর্বল ও গেরিলা যুদ্ধের জন্য সর্বাপেক্ষা সুবিধাজনক এমন স্থানে অর্থাৎ জঙ্গলাকীর্ণ পার্বত্য গ্রামাঞ্চলে যেতে হবে। [২]

২। গ্রাম্য মজুর, গরীব চাষী ও মাঝারি চাষীকে উজ্জীবিত করতে হবে সামন্তবাদ ও উপনিবেশবাদ বিরোধী গেরিলা যুদ্ধে।

৩। কৃষি বিপ্লবঃ উপনিবেশবাদ সমর্থক জমিদার, ধনী চাষীদের জমি দখল করে তা ক্ষেতমজুর ও গরীব চাষীদের মধ্যে বিতরণ করতে হবে। সরকার কর্মচারী (পুলিশ, সার্কেল অফিসার) এবং বি,ডি-দের মাঝে উপনিবেশবাদ সমর্থকদের ধবংস করতে হবে।

দেশপ্রেমিক জমিদার, ধনী চাষী ও অন্যান্যের বর্গা বদলানো বাতিল, পত্তনি বদলানো বাতিল, বর্গা শোষণ ও পত্তনি শোষণ কমানো প্রভৃতি কার্যকর করতে হবে। সুবিধাজনক অবস্থায় দৃঢ়ভাবে ভূমি সংস্কার করাতে হবে।

৪। গেরিলা বাহিনী থেকে নিয়মিত বাহিনী সৃষ্টি ও ঘাটি এলাকা তৈরী করতে হবে।

৫। ঐক্যফ্রন্ট প্রতিষ্ঠা করতে হবে।

৬। গ্রাম্য এলাকা দখল করে তা দিয়ে শহর ঘেরাও শেষ পর্যন্ত শহর দখল করতে হবে।

৭। পাকিস্তানী উপনিবেশবাদ ও তার দালাল পূর্ববাংলার বুর্জোয়া, মার্কিন সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ, অন্য যে সকল বৈদেশিক শক্তি ঔপনিবেশিক শাসক শ্রেণীকে সমর্থন করে (যদি তাদের সম্পত্তি এ দেশে থাকে) এবং বৈদেশিক শক্তিসমূহের দালালদের (যখন তারা জাতীয় বিপ্লবের বিরোধিতা করে) সম্পত্তি বাজেয়াপ্ত করতে হবে।

৮। দখলকৃত এলাকায় জাতীয় গণতান্ত্রিক সরকার গঠন করতে হবে। এ সরকার গণতান্ত্রিক একনায়কত্বের মাধ্যমে, সর্বহারা শ্রেণীর নেতৃত্বে, শ্রমিক-কৃষক মৈত্রীর ভিত্তিতে এবং অন্যান্য দেশপ্রেমিক শ্রেণী ও স্তরের সহযোগিতায় শত্রুর উপর একনায়কত্ব ও জনগণের মাঝে গণতন্ত্র কায়েম করবে।

৯। বিচ্ছিন্ন হবার অধিকারসহ বিভিন্ন সংখ্যালঘু জাতিকে স্বায়ত্তশাসন ও বিভিন্ন উপজাতিকে আঞ্চলিক স্বায়ত্তশাসন দেয়া হবে।

১০। সকল বাঙালী দেশপ্রেমিক জনগণের সাংস্কৃতিক ও ভাষাগত বিকাশের পূর্ণ সুযোগ দেয়া হবে।

১১। জনগণের ধর্মীয় অধিকার নিশ্চিত করা হবে।

বিপ্লবী যুদ্ধের সাধারণ কর্মনীতি

১। নিয়মিত বাহিনী গড়ে না ওঠা পর্যন্ত গেরিলা যুদ্ধ বিপ্লবী যুদ্ধের প্রধান রূপ;
২। প্রধানতঃ চাষীদের নিয়ে গঠিত লালফৌজ প্রধান সংগঠন;
৩। গেরিলা যুদ্ধের গতিপথে নিয়মিত বাহিনী গড়ে উঠবে;
৪। দীর্ঘস্থায়ী দুরুহ যুদ্ধ চলবে।

প্রধান কাজঃ মার্কসবাদী লেনিনবাদী ও মাওসেতুঙ চিন্তানুসারী সর্বহারার রাজনৈতিক পার্টি প্রতিষ্ঠা।

অনুপূরক কাজঃ (১) সামন্তবাদ ও ঔপনিবেশবাদ বিরোধী সংগ্রামে কৃষকদেরকে গেরিলা উজ্জীবিত করা; (২) প্রধানতঃ চাষীদের নিয়ে গেরিলা বাহিনী করা গেরিলা যুদ্ধ করা; (৩) কৃষি বিপ্লব করা; (৪) নিয়মিত বাহিনী ও ঘাঁটি এলাকা তৈরী করা।

আন্তর্জাতিক বক্তব্য

বর্তমান বিশ্বের মূল দ্বন্দ্বগুলো নিম্নরূপঃ

(1) মার্কিন সাম্রাজ্যবাদের নেতৃত্বে সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদের সাথে সমাজতান্ত্রিক দেশসমূহের দ্বন্দ্ব;
(2) একদিকে সাম্রাজ্যবাদীদের নিজেদের মাঝে দ্বন্দ্ব সংশোধনবাদীদের নিজেদের মাঝে দ্বন্দ্ব; অন্যদিকে সাম্রাজ্যবাদী ও সংশোধনবাদের মাঝে দ্বন্দ্ব।
(3) সাম্রাজ্যবাদী ও সংশোধনবাদী দেশসমূহের শাসকশ্রেণীর সাথে নিজেদের দেশের জনগণের দ্বন্দ্ব।
(4) মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদের সাথে এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকার নিপীড়িত জনগণের দ্বন্দ্ব।

দ্বন্দ্ব বিশ্লেষণ

(1) মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদের নেতৃত্বে সংশোধনাবাদের সাথে সমাজতান্ত্রিক দেশসমূহের দ্বন্দ্বঃ

মার্কিন সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ বিশ্বব্যাপী তাদের শাসন ও শোষণ অব্যাহত রাখার পথে এবং বিশ্বকে নিজেদের শোষণের ক্ষেত্র হিসাবে পুনর্বণ্টনের পথে সমাজতান্ত্রিক দেশসমূহকে বিশেষতঃ সমাজতান্ত্রিক চীনকে প্রধান বাধা বলে মনে করা হয়। কারণ, চীন সর্বহারা আন্তর্জাতিকতাবাদের ভিত্তিতে সর্বদা সাম্রাজ্যবাদী ও সংশোধনবাদী শোষণের স্বরূপ তুলে ধরেছে। এ শাসন ও শোষণের হাত থেকে মুক্তির একমাত্র পথ বিপ্লবের পতাকাকে চীন উর্ধ্বে তুলে ধরছে। চীনের বিপ্লবী সর্বহারা শ্রেণী বিপ্লবের দেশ ও জাতিসমূহের শাসন ও শোষণ বিরোধী সংগ্রামকে নৈতিক সমর্থন দিচ্ছে ও বাস্তব সাহায্য করছে। চীন বিশ্বের শাসন ও শোষণ বিরোধী সংগ্রামকে নেতৃত্ব দিচ্ছে।

কাজেই সাম্রাজ্যবাদ ও সংশোধনবাদ এ প্রতিবন্ধককে ধবংস করতে সর্বপ্রকার প্রচেষ্টা চালাচ্ছে। কিন্তু বর্তমান বিশ্বের অবস্থা বিপ্লবের পক্ষে, জনগণের পক্ষে, সমাজতন্ত্রের পক্ষে এবং সামা্রজ্যবাদ, সংশোধনবাদ ও সকল প্রতিক্রিয়ার বিপক্ষে। বিশ্বের শক্তির ভারসাম্য সমাজতন্ত্রের পক্ষে। কাজেই সাম্রাজ্যবাদীরা ও সংশোধনবাদীরা যুদ্ধের মধ্য দিয়ে এ দ্বন্দ্বের অবসান করাতে অক্ষম। সভাপতি মাও বলেছেন, ‘‘ আজকের দিনে দু’ধরনের বাতাস-প্রবাহিত-পূবালী বাতাস ও পশ্চিমী বাতাস। চীনে একটি প্রবাদ আছে, ‘হয় পূবালী বাতাস পশ্চিমী বাতাসকে দাবিয়ে রাখে, না হয় পশ্চিমী বাতাস পূবালী বাতাসকে দাবিয়ে রাখে।’’ আমাদের মতে বর্তমান পরিস্থিতির বৈশিষ্ট্য হচ্ছে, পূবালী বাতাস পশ্চিমী বাতাসকে দাবিয়ে রাখছে। এর অর্থ এই যে, সমাজতান্ত্রিক শক্তি সাম্রাজ্যবাদী শক্তির ওপর অত্যধিক প্রাধান্য লাভ করছে। এ কারণে সাম্রাজ্যবাদীরা ও সংশোধনবাদীরা বাইরে থেকে চাপ প্রয়োগ, ব্লাকমেইল এবং আভ্যন্তরীণ দালালদের প্রভৃতির মাধ্যমে

সমাজতান্ত্রিক ব্যবস্থার ক্রমপরিবর্তন ঘটিয়ে ধনতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার স্বপ্ন দেখে এবং সে অনুযায়ী প্রচেষ্টা চালাচ্ছে।

সভাপতি মাওসেতুঙ কর্তৃক সূচিত ও পরিচালিত মহান সর্বহারা সাংস্কৃতিক বিপ্লব সাম্রাজ্যবাদী, সংশোধবাদী ও আভ্যন্তরীন পুঁজিবাদী দালালদের চীনে ধনতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার রঙীন স্বপ্নকে সম্পূর্ণ নস্যাৎ করে দিয়েছে। এ সাংস্কৃতিক বিপ্লব পথ দেখিয়েছে কিভাবে বিপ্লবীরা সংশোধনবাদী দেশসমূহে পুঁজিবাদী শাসকশ্রেণীকে উৎখাত করে রাষ্ট্রক্ষমতা দখল করে সমাজতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করতে পারে। কাজেই সমাজতন্ত্রী দেশসমূহের সাথে সাম্রাজ্যবাদী ও সংশোধনবাদী দেশসমূহের দ্বন্দ্ব বর্তমান। কিন্তু এ দ্বন্দ্ব প্রধান দ্বন্দ্ব নয়।

(২) একদিকে সাম্রাজ্যবাদীদের নিজেদের মাঝে দ্বন্দ্ব সংশোধনবাদীদের নিজেদের মাঝে দ্বন্দ্ব; অন্যদিকে সাম্রাজ্যবাদী ও সংশোধনবাদী দেশগুলোর মাঝে দ্বন্দ্বঃ

মার্কিন সাম্রাজ্যবাদ অন্যান্য সাম্রাজ্যবাদী দেশসমূহকে কমিউনিজমের ভয় দেখিয়ে বিভিন্ন সামরিক জোটে আবদ্ধ করছে এবং এভাবে তাদেরকে অর্থনৈতিক দিক দিয়ে শোষণ করছে। এ কারণে মার্কিন সাম্রাজ্যবাদের সাথে অন্যান্য সাম্রাজ্যবাদী দেশসমূহের দ্বন্দ্ব রয়েছে। অন্যান্য সাম্রাজ্যবাদী দেশসমূহের শাসক শ্রেণীগুলোর মাঝে স্বার্থের দ্বন্দ্ব রয়েছে।

সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ অন্যান্য সংশোধনবাদী দেশগুলোকে শাসন ও শোষণ করছে এবং যুদ্ধের ভয় দেখিয়ে বিভিন্ন জোটে আবদ্ধ রেখেছে যাতে তার খপ্পর থেকে কেউ বেরুতে না পারে।

মার্কিন সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ নিজেদের স্বার্থে সংগ্রাম ও সহযোগিতা করে। তারা নয়া ঔপনিবেশিক ও ঔপনিবেশিক শাসন ও শোষণের জন্য ক্রমশঃ পৃথিবীকে নিজেদের প্রভাবের এলাকা হিসেবে ভাগ করে নিচ্ছে। এ এলাকা বণ্টনের বিষয় নিয়ে তাদের নিজেদের মাঝে দ্বন্দ্ব দেখা দেয় আবার নিজেদের সাধারণ স্বার্থরক্ষার জন্য তারা সহযোগিতা করে।

কাজেই এ দ্বন্দ্ব বর্তমান। কিন্তু এটা প্রধান দ্বন্দ্ব নয়।

(৩) সাম্রাজ্যবাদী ও সংশোধনবাদী দেশসমূহের শাসকশ্রেণীর সাথে নিজেদের দেশের জনগণের দ্বন্দ্বঃ

সাম্রাজ্যবাদী ও সংশোধনবাদী দেশসমূহের শাসকশ্রেণী নিজেদের দেশের আপামর জনসাধারণকে শোষণ করছে। তারা পৃথিবীর বিভিন্ন স্থানে শাসন ও শোষণ চালিয়ে যাচ্ছে। এবং এ কারণে তাদেরকে বিশাল সামরিক বাহিনী গঠন করতে হয়েছে। এ সামরিক ব্যয়ভার আসে দেশের জনগণের কাছ থেকে ফলে জনগণের ওপর শাসন ও শোষণ তীব্রতর হচ্ছে। কোনো কোনো সাম্রাজ্যবাদী ও সংশোধনবাদী দেশের অভ্যন্তরে সংখ্যালঘু জাতির ওপর শাসন ও শোষণ অধিকভাবে চালানো হয়। মার্কিন সাম্রাজ্যবাদ আফ্রো-আমেরিকানদের (নিগ্রো) ওপর জাতিগত শোষণ করছে। সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ গুটিকয় বিশ্বাসঘাতক দালালদের সহায়তায় সংখ্যালঘু জাতিগুলোকে শোষণ করছে।

কাজেই এ দ্বন্দ্ব বর্তমান; কিন্তু এটা প্রধান দ্বন্দ্ব নয়।

(৪) মার্কিন সাম্রাজ্যবাদের নেতৃত্বে সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদের সাথে

এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকার নিপীড়িত জাতিসমূহের দ্বন্দ্বঃ

মার্কিন সাম্রাজ্যবাদের নেতৃত্বে সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ শাসন ওশোষণ করছে এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকার দেশসমূহকে ঔপনিবেশ ও আধা ঔপনিবেশ পরিণত করে। এ শোষণের ওপর নির্ভর করছে তাদের বিকাশ। এ কারণে আফ্রো-এশিয়া ও লাতিন আমেরিকার দেশগুলো হচ্ছে পৃথিবীর

গ্রামাঞ্চল। তাদের লুণ্ঠন করে বেঁচে আছে পৃথিবীর শহরাঞ্চল ইউরোপ ও আমেরিকার সাম্রাজ্যবাদী ও সামাজিক সাম্রাজ্যবাদী দেশগুলো। এই গ্রামাঞ্চলে যেখানে ইউরোপ ও আমেরিকার মত প্রতিক্রিয়াশীল শক্তি সুদৃঢ় নয় এবং অপেক্ষাকৃত অনেক দুর্বল, সেখানেই বিপ্লবের সূচনা করতে হবে এবং কালক্রমে সমগ্র গ্রামাঞ্চল দখল করে শহর অবরোধ করা এব শেষে শহর দখল করা মাওসেতুঙের চিন্তানুসারী নীতি।

এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকার অধিকাংশ দেশের বুর্জোয়ারা সাম্রাজ্যবাদ ও ঔপনিবেশবাদের প্রত্যক্ষ শাসন ও শোষণ থেকে নিজেদের দেশ ও জাতিগুলোকে মুক্ত করেছে। সাম্রাজ্যবাদ ও ঔপনিবেশবাদবিরোধী সংগ্রামের এটা একটা বড় বিজয়। কিন্তু এই বুর্জোয়া শ্রেণী, শ্রেণী বিকাশের স্বার্থে সাম্রাজ্যবাদ ও সামাজিক সাম্রাজ্যবাদের সাথে সহযোগিতার সম্পর্ক স্থাপন করে নিজ দেশকে নয়া-ঔপনিবেশে পরিণত করছে। এ অসমাপ্ত জাতীয় গণতান্ত্রিক বিপ্লব সম্পন্ন করে সমাজতান্ত্রিক বিপ্লবের শর্ত তৈরি করা সর্বহারা শ্রেণীর ঐতিহাসিক দায়িত্ব।

ভিয়েতনামের বীর জনগণের মহান মুক্তিযুদ্ধ যখন মার্কিন সাম্রাজ্যবাদকে সম্পূর্ণ পরাজিত করার পর্যায়ে পৌঁছেছে তখন মার্কিন সাম্রাজ্যবাদের অধঃপতিত দোসর সোভিয়েত সাম্রাজ্যবাদ শান্তি আলোচনার প্রহসনের ভেতর দিয়ে এ মহান মুক্তি সংগ্রামকে মুছে দেওয়ার জঘন্য ষড়যন্ত্র চালাচ্ছে।

তবু ভিয়েতনাম, লাওস, কম্বোডিয়া, থাইল্যান্ড, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, মালয়, বার্মা, নক্সালবাড়ী, বিহার, কঙ্গো, মোজাম্বিক, এ্যাঙ্গোলা, আজানিয়া, প্যালেস্টাইন, বায়াফ্রা, রোডেশিয়া, নিউজিল্যান্ড, বলিভিয়া প্রভৃতি স্থানে সাম্রাজ্যবাদ ও সামাজিক সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রাম তীব্র গতিতে এগিয়ে চলেছে।

মার্কিন সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ বর্তমান বিশ্বপ্রতিক্রিয়ার কেন্দ্র। ঘটনাবলী প্রমাণ করছে যে, মার্কিন সাম্রাজ্যবাদ ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ দুনিয়ার জনগণের প্রধান শত্রু

এ দ্বন্দ্ব বর্তমান এবং ইহাই প্রধান দ্বন্দ্ব।

আন্তর্জাতিক ও দেশীয় কমিউনিষ্ট আন্দোলন

আন্তর্জাতিক ও দেশীয় কমিউনিষ্ট আন্দোলনের প্রধান বিপদ হলো সংশোধনবাদ ও নয়া সংশোধনবাদ। সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদের নেতৃত্বে সংশোধনবাদ বুর্জোয়া শ্রেণীর প্রতিনিধি দ্বারা কু-দেতা ঘটিয়ে ধনতন্ত্র প্রতিষ্ঠা করেছে কয়েকটি সমাজতন্ত্রী দেশে। যে সকল কমিউনিষ্ট পার্টি এখনো ক্ষমতা দখল করতে সক্ষম হয়নি সেগুলোর মাধে বুর্জোয়া দালালদের সহায়তায় প্রতিবিপ্লবী কাজ পরিচালনা করছে এবং কোনো কোনো পার্টির ক্ষমতা এই দালালরা দখল করতে সক্ষম হয়েছে। সমাজতান্ত্রিক দেশে ধনতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার জন্য তারা সাম্যাজ্যবাদের সাহায্যে আভ্যন্তরীণ বুর্জোয়া প্রতিনিধিদের দ্বারা রাষ্ট্রক্ষমতা দখলের জঘন্য চক্রান্ত করছে।

কোনো কোনো পার্টি সংশোধনবাদীদের এ চক্রান্তের খপ্পরে পড়ে আন্তর্জাতিক কমিউনিষ্ট আন্দেলনে স্বাধীন পথ অনুসরণ করছে, ঘোষণা করে প্রকৃত পক্ষে সুবিধাবাদী পথ অনুসরণ করছে, সংশোধনবাদীদের কাছে আত্মসমর্পণ করতে বাধ্য হয়েছে। কারণ মার্কস-লেনিনবাদ-মাওসেতুঙ চিন্তাধারা আর সংশোধনবাদের মাঝে কোন মাঝারি পথ নেই।

বর্তমান দুনিয়ায় চীনা কমিউনিষ্ট পার্টি ও আলবেনিয়ার শ্রমিক সঠিক মার্কস-লেনিনবাদ-মাওসেতুঙ চিন্তানুসারী হয়ে সমাজতন্ত্রেও পথে এগিয়ে চলছে। সভাপতি মাওসেতুঙ দুনিয়ার শ্রেষ্ঠ মার্কসবাদী লেনিনবাদী, বর্তমান দুনিয়ার সর্বহার শ্রেণীর মহন নেতা ও পরিচালক। [৩]

‘‘সভাপতি মাওসেতুঙ প্রতিভার সঙ্গে সৃজনশীলভাবে ও সামগ্রিকভাবে মাকর্সবাদ লেনিনবাদকে উত্তরাধিকার সূত্রে লাভ করেছেন, রক্ষা করেছেন এবং বিকাশ করেছেন, মাকর্সবাদ-লেনিনবাদকে এক নতুন পর্যায়ে উন্নীত

করেছেন।'' মার্কস ও এঙ্গেলস মার্কসবাদের প্রতিষ্ঠাতা। লেনিন মার্কসবাদকে সাম্রাজ্যবাদী যুগে সর্বহারা বিপ্লবে পরিচালনার গুরুত্বপূর্ণ প্রশ্নের সমাধান করেন, সর্বপ্রথম সমাজতান্ত্রিক দেশের প্রতিষ্ঠা করেন, মার্কসবাদ-লেনিনবাদ প্রতিষ্ঠা করেন। স্তালিন লেনিনবাদকে রক্ষা করেন ও সর্বহারা বিপ্লবের কতকগুলো গুরুত্বপূর্ণ প্রশ্নের সমাধান করেন। সভাপতি মাওসেতুঙ সাম্রাজ্যবাদের সামগ্রিক ধ্বংসের যুগের মার্কসবাদ-লেনিনবাদকে বিকাশ করেছেন। তিনি সমাধান করেছেন কিভাবে সমাজতান্ত্রিক দেশে ধনতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা প্রতিরোধ করা যায় এবং যে সকল দেশে ধনতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে সেখানকার সর্বহারা বিপ্লবীরা কিভাবে পুনরায় রাষ্ট্রক্ষমতা দখল করতে পারে। তিনি প্রতিভার সঙ্গে দুনিয়ার প্রথম মহান সর্বহারা সাংস্কৃতিক বিপ্লবের সূচনা ও পরিচালনা করেন। এভাবে তিনি মার্কসবাদকে এই সম্পূর্ণ নতুন স্তরে উন্নীত করেন, যে স্তর হলো মাওসেতুঙ চিন্তাধারার স্তর।

'বিশাল সাগর পার হবার জন্য নির্ভর করি কর্ণধারের ওপর, বিপ্লব করার জন্য নির্ভর করি মাওসেতুঙ চিন্তাধারার ওপর। কাজেই বর্তমান যুগের বিপ্লবীদের চেনার উপায়- মাওসেতুঙ চিন্তাধারা অধ্যয়ন, অনুশীলন ও তার ভাল সৈনিক হওয়ার ওপর। বর্তমান আন্তর্জাতিক কমিউনিষ্ট আন্দেলনে এক নতুন ধরনের সংশোধনবাদ দেখা দিয়েছে। এরা মুখে মাওসেতুঙ-এর বুলি ঝাড়ে এবং কাজে তার বিরোধিতা করে; কথায় ও কাগজে মাওসেতুঙ চিন্তানুসারী ও অনুশীলনে সংশোধনবাদী পথ অনুসারী। মাওসেতুঙ চিন্তাধারার মুখোশ এঁটে জনগণকে ও বিপ্লবীদের ধোঁকা দেয়ার বুর্জোয়া দালালদের এ এক অভিনব কারসাজি ও ইহাই নয়া সংশোধনবাদ।

বর্তমান বিশ্বপরিস্থিতে কমিউনিষ্ট আন্দোলনের বিরাট পুনর্গঠন পুনর্বিন্যাসের সময়। বিভিন্ন দেশে যেখানে সংশোধনবাদী ও নয়া সংশোধনবাদীরা নেতৃত্ব কুক্ষিগত করছে, সেখানে মার্কসবাদী-লেনিনবাদী মাওসেতুঙ চিন্তানুসারীরা নতুন পার্টি সৃষ্টি করে সর্বহারা শ্রেণীর নেতৃত্বে জনগণকে বিপ্লবের পথে পরিচালিত করছে।

নয়া মার্কসবাদী-লেনিনবাদী-মাওসেতুঙ চিন্তানুবাদী সর্বহারা শ্রেণীর রাজনৈতিক পার্টি গঠনের প্রয়োজনীয়তা

সভাপতি মাও বলেছেন, ''যদি বিপ্লব করতে হয় তাহলে অবশ্যই একটি বিপ্লবী পার্টি থাকতে হবে। বিপ্লবী পার্টি ছাড়া, মার্কসবাদী-লেনিনবাদী বিপ্লবী তত্ত্বেও ও বিপ্লবী রীতিতে গড়ে ওঠা, একটি বিপ্লবী পার্টি ছাড়া শ্রমিক শ্রেণী ও ব্যাপক জনসাধারণকে সাম্রাজ্যবাদ ও তার পদলেহী কুকুরদের পরাজিত করতে নেতৃত্ব দান করা অসম্ভব।'' আমাদের দেশে গতানুগতিক যে মার্কসবাদী নামধারী পার্টি ছিল তা 'মস্কোপন্থী' ও 'পিকিংপন্থী' নামধারী দুই উপদলে বিভক্ত হয়, তাদেরকে, তাদের থেকে বেরিয়ে আসা অথবা বিতাড়িত এবং অন্যান্য বিচ্ছিন্ন দল ও উপদলগুলোকে এ দৃষ্টিকোণ থেকে বিচার করা প্রয়োজন।

পূর্ব পাকিস্তান কমিউনিস্ট পার্টি নামধারী সংশোধনী পার্টি

এই পার্টি মার্কসবাদী-লেনিনবাদের সকল মূল তত্ত্বকে সংশোধন করে প্রকৃতপক্ষে শোষকশ্রেণী অর্থাৎ উপনিবেশবাদী, সামন্তবাদী পুঁজিবাদী, সাম্রাজ্যবাদী ও সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদীদের দালাল হয়ে পূর্ববাংলার শ্রমিক-কৃষকদের বিপথে পরিচালিত করছে। এই অধঃপতিত দলদ্রোহী গোষ্ঠী অর্থনীতিবিদ, বার্ণাষ্টাইনবাদের অনুসারী। শ্রমিক-কৃষক জনগণকে বিভ্রান্ত করে শোষকশ্রেণীর স্বার্থসিদ্ধি এদের লক্ষ্য। এরা 'মস্কোপন্থী' নামে পরিচিত। এরা পূর্ববাংলার শ্রমিক-কৃষক জনগণের জাতীয় শত্রু

পূর্ব পাকিস্তান কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী)নামধারী নয়া সংশোধনবাদী পার্টি

এরা কথায় ও কাগজে মার্কসবাদী-লেনিনবাদী-মাওসেতুঙ চিন্তানুসারী ও অনুশীলনে সংশোধনবাদী। অর্থাৎ এরা লাল পতাকা ওড়ায় লাল পতাকার বিরোধিতা করার জন্য। এরা পূর্ববংলার ওপর পাকিস্তানী ঔপনিবেশিক শোষণ স্বীকার করে না এবং জাতীয় সংগ্রাম না করায় এরা পূর্ববাংলার জনগণের নিকট ঔপনিবেশিক সরকারের দালাল হিসেবে পরিচিত। জাতীয় গণতান্ত্রিক বিপ্লবের জন্য সশস্ত্র প্রস্তুতি না নিয়ে তারা একটিকে ঔপনিবেশিক

শাসকশ্রেণীর হাত শক্ত করছে এবং অন্যদিকে ব্যাপক জনগণকে ঔপনিবেশিক শোষণ বিরোধী সংগ্রামে লিপ্ত মার্কিনের দালাল বুর্জোয়াদের নেতৃত্বে ঠেলে দিচ্ছে। 'পিকিংপন্থী' নাম ধরে তারা বিপ্লবের কেন্দ্রকে অবমাননা করছে। এরা নয়া সংশোধনবাদী।

নতুন দল, উপ-দল ও বিচ্ছিন্ন বিপ্লবী

পূর্ববাংলার বিপ্লবের ফুটন্ত অবস্থা হওয়ায় বর্তমানে দেশীয় কমিউনিস্ট আন্দোলনের পুনর্গঠনের প্রক্রিয়া চলছে। মার্কসবাদী নামধারী পূর্ব পাকিস্তান কমিউনিস্ট পার্টির বিপ্লবী চরিত্র, দালালী ক্রমশঃ পার্টি কর্মী ও বিপ্লবীদের সামনে প্রকাশ হওয়ায় মার্কসবাদী-লেনিনবাদী-মাওসেতুঙ চিন্তানুসারীরা দৃঢ়ভাবে বিদ্রোহ করছে। এ অবস্থায় কিছু সুযোগ সন্ধানী প্রতিক্রিয়াশীল চক্র ঘোলা পানিতে মাছ ধরতে নেমেছে।

মোটামুটি অনুসন্ধানের ফলে তাদের নিম্নলিখিত ভাগে ভাগ করা যায়ঃ

নয়া সংশোধনবাদী পার্টির আভ্যন্তরীণ কোন্দলের ফলে বিতাড়িত একটি চক্র নিজেদেরকে সঠিক মার্কসবাদী, নক্সালবাদীর অনুসারী বলে জাহির করে। তবে এ গ্রুপটি সকল কর্মী ও জনসাধারণের নিকট ঔপনিবেশিক শক্তির দালাল বলে প্রকাশ্যভাবে পরিচিত।

অপর একটি গ্রুপ বর্তমানে নয়া সংশোধনবাদীদের সাথে আতাঁত করছে। অধঃপতিত ভাগ্যন্বেষী বুর্জোয়া গোষ্ঠীর একটি ভগ্নাংশ। সচেতন কর্মীদের গ্রুপটি একটি জোট বা সুবিধাবাদী, নেতৃত্বলোভী ও হীনমনা গ্রুপটি সুযোগসন্ধানী ও পদলোভী মেরুদন্ডহীনদের একটি প্রতিক্রিয়াশীল আতাঁত।

অন্য একটি উল্লেখযোগ্য দল মার্কসবাদী নামধারী পার্টির অভ্যন্তরে ভ্রুণ-পার্টি সৃষ্টির দায়ে বিতাড়িত, বক্তব্যের দিক দিয়ে তারা নয়া সংশোধনবাদী পার্টি থেকে অভিন্ন। জাতীয় বক্তব্যে এরা অস্পষ্ট, তত্ত্বগতভাবে দুর্বল।

আরেকটি বিপ্লবী গ্রুপ কমিউনিস্ট আন্দোলনের নামে প্রকৃতপক্ষে ক্ষুদে বুর্জোয়াদের একটি আন্দোলন প্রতিষ্ঠা করেছিল। এরা ধার করা বক্তব্য এলোপাতাড়ি মার্কসবাদ-লেনিনবাদ মাওসেতুঙ চিন্তাধারার কথা বলে তাদের সত্যিকার ক্ষুদে বুর্জোয়া চরিত্র গোপন করার প্রয়াস পায়। এরা শিশু অবস্থায় পার্টির মাঝে কোন দ্বন্দ্ব থাকবে না বলে স্টালিন ও মাওসেতুঙ কর্তৃক অবস্থায় পার্টির মাঝে কোন দ্বন্দ্ব থাকবে না বলে স্টালিন ও মাওসেতুঙ কর্তৃক বহুপূর্বে ধিকৃত ভাববাদী ডেবরিন তত্ত্বের আশ্রয় নিয়েছিল যাতে আন্দোলনে কয়েকজন ক্ষুদে বুর্জোয়া বুদ্ধিজীবীর পকেটস্থ হয়। এ ছাড়া রুদ্ধদ্বার নীতি, মনগড়া মনোলিথিজম, মার্কসবাদ-লেনিনবাদ-মাওসেতুঙ চিন্তাধারার দালালদের ঐক্যে আতংকবোধ কিন্তু সংশোধনবাদী, নয়া সংশোধনবাদী ও প্রমাণিত দালালদের সাথে নীতিহীন সুবিধাবাদী পবিত্র আতাঁত রাখতে উৎসাহী, বহুকেন্দ্রের তত্ত্বে বিশ্বাস, বিপ্লবী যুবকদের হাতে পার্টির নেতৃত্ব থাকবে এই তত্ত্ব, সভাপতি মাওসেতুঙ এর গেরিলা যুদ্ধের নীতির পাশ ঢের মার্কসবাদ বিরোধী গেরিলা যুদ্ধের তত্ত্বের স্থান প্রদান প্রভৃতি জঘন্য মার্কসবাদবিরোধী ক্ষুদে বুর্জোয়া তত্ত্বে বিশ্বাসী। কিছু কিছু বিপ্লবী এদের খপ্পরে পড়লেও অচিরেই তারা এদের সঠিক রূপ আবিষ্কার করে বেরিয়ে আসবে। সম্প্রতি তারা মার্কসবাদী নয়া সংশোধনবাদী পার্টির অভ্যন্তরে ভ্রুণ-পার্টি সৃষ্টির দায়ে বিতাড়িত যে পার্টির কথা উপরে উল্লেখ করা হয়েছে, সে পার্টিতে যোগ দিয়েছে।

এ ছাড়া জ্ঞাত অজ্ঞাতভবে বহু বিপ্লবী বিচ্ছিন্নভাবে কাজ করছেন। তার কেউ সমঝোতা রেখে, কেউ সমঝোতাহীনভাবে কাজ করছেন, আবার কেউ এলোপাতাড়ি তীর ছুড়ছেন।

কাজেই প্রতিটি বিপ্লবী যারা মার্কসবাদী-লেনিনবাদী-মাওসেতুঙ চিন্তানুসারী ও সে অনুযায়ী অনুশীলনকারী তাদেরকে অবশ্যই সংশোধনবাদ, নয়া সংশোধনবাদ ও অন্যান্য মার্কসবাদ বিরোধী আদর্শের বিরুদ্ধে সংগ্রাম

করতে হবে এবং ''প্রতিক্রিয়াশীলদের বিরুদ্ধে বিদ্রোহ করা ন্যায়সংগত''- পতাকা উর্ধ্বে তুলে ধরে এদের বিরুদ্ধে বিদ্রোহ করতে হবে। সভাপতি মাও বলেছেন, '' ধবংস ব্যতীত কোনো প্রকার গঠনকার্য সম্ভব নয়। ধ্বংস বলতে সমালোচনা বর্জন বুঝায় এবং ইহাই বিপ্লব। যুক্তি সহকারে সত্য বের করা তার সাথে জড়িত, যা হলো গঠনমূলক কাজ।

কাজেই প্রতিটি মার্কসবাদী-লেনিনবাদী-মাওসেতুঙ চিন্তানুসারীদের উচিত নিজেদের ঐক্য প্রতিষ্ঠা করা এবং দেশব্যাপী সর্বহার শ্রেণীর একটি বিপ্লবী রাজনৈতিক পার্টি প্রতিষ্ঠা করা। সভাপতি মাও বলেছেন, ''সুশৃংখলিত, মার্কসবাদ-লেনিনবাদের তত্ত্বে সুসজ্জিত, আত্মসমালোচনা পদ্ধতি প্রয়োগকারী ও জনগণের সাথে যুক্ত এমন একটি পার্টি, এমন একটির পার্টির নেতৃত্বাধীন একটি সৈন্য বাহিনী; এমন একটির পার্টির নেতৃত্বে সকল বিপ্লবী শ্রেণী ও বিপ্লবী দলের একটি যুক্তফ্রন্ট-এ তিনটি হচ্ছে আমাদের শত্রুকে পরাজিত করার প্রধান অস্ত্র।''

এই বিপ্লবী তত্ত্বে ও বিপ্লবী রীতিতে সর্বহারা শ্রেণীর রাজনৈতিক পার্টি প্রতিষ্ঠার জন্য, উপরের কর্মসূচী ও বক্তব্য বাস্তবায়ন করার জন্য একটি সক্রিয় সংগঠন পূর্ববাংলা শ্রমিক আন্দোলন।

চেয়ারম্যান মাও-দীর্ঘজীবী হও

মার্কসবাদ-লেনিনবাদ-মাওসেতুঙ চিন্তাধারা জিন্দাবাদ।

শিরোনাম	**সূত্র**	**তারিখ**
সংবাদপত্রের স্বাধীনতা খর্ব করার প্রতিবাদে সাংবাদিকদের মিছিল ও সভা	দৈনিক সংবাদ	২ ডিসেম্বর, ১৯৬৮

সংবাদপত্রের স্বাধীনতা খর্ব করার প্রতিবাদে

ঢাকায় সাংবাদিক ও সংবাদপত্রসেবীদের সভা ও

বিক্ষোভ মিছিল

সংবাদপত্রের স্বাধীনতার দাবীতে পূর্ব পাকিস্তান সাংবাদিক ইউনিয়নের আহবানে গতকল্য (রবিবার) প্রেসক্লাব প্রাঙ্গণে সংবাদপত্রে নিয়োজিত ঢাকায় কার্যরত সাংবাদিক, কর্মচারী ও প্রেস কর্মচারী এবং হকারদের একটি সমাবেশ অনুষ্ঠিত হয় এবং সমাবেশ শেষে সাংবাদিক ও সংবাদপত্রসেবীদের একটি দীর্ঘ মিছিল রাজপথে নামিয়া আসে। মিছিলকারীগণ সংবাদপত্রের স্বাধীনতা, পূর্ণ মৌলিক অধিকার প্রতিষ্ঠা, জরুরী অবস্থা প্রত্যাহার, দেশরক্ষা বিধি, প্রেস অর্ডিন্যান্সসহ সকল কালাকানুন বাতিল, সংগ্রামের মাঝে পূর্ব-পূশ্চিম পাকিস্তান এক হও, নিয়ন্ত্রণমূলক নির্দেশ প্রত্যাহার, ইত্তেফাক ছাপাখানার বাজেয়াপ্তি প্রত্যাহার, রাজবন্দীদের মুক্তির দাবীতে গর্ভণর হাউজের সম্মুখে বিক্ষোভ প্রদর্শন করেন।

সমাবেশে সংবাদপত্রের স্বাধীনতার দাবীতে ঐক্যবদ্ধ আন্দোলনের আহবান জানাইয়া বক্তৃতা করেন পাকিস্তান ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক জনাব মিনহাজ বার্না, ইত্তেফাক সম্পাদক জনাব তফজ্জল হোসেন, ই,পি,ইউ,জে'র প্রাক্তন সাধারণ সম্পাদক জনাব আলী আশরাফ, প্রেসক্লাব সভাপতি জনাব এ,বি,এম,মূসা এবং সভাপতি জনাব শহীদুল্লাহ কায়সার ও সম্পাদক জনাব আতাউস সামাদ।

শিরোনাম	সূত্র	তারিখ
মওলানা ভাসানী কর্তৃক গণ-আন্দোলনের ডাক	পাকিস্তান অবজারভার	৭ ডিসেম্বর, ১৯৬৮

BHASHANI'S CALL FOR MASS MOVEMENT
(By Special Correspondent)

National Awami Party (Pro-Peking) Chief Maulana Bhashani addressing Friday's public meeting at Paltan Maidan gave a call for changing the present system through man movement. Maulana Bhashani denied the allegation that his party did not want unity with other opposition political parties. But he also said, I do not want a united front for fighting election.

The meeting was held under the joint auspices of National Awami Party (pro-Peking), East Pakistan Sramik Federation protesting "repressions" by the regime. Besides, the Maulana who presided over the meeting was addressed among others, by Mr. Mashiur Rahman, MNA, Mr. Abdul Huq, Mr. Mohammad Toaha. Denying the charge against the opposition parties that hey were without any concrete programme he said that their demands for provincial autonomy, direct adult franchise, freedom of the press etc. formed the programme.

Criticising the regime for not accepting the people demands Maulana Abdul Hamid Khan Bhashani apprehended that if the demands were not conceded to East Pakistan might secede the become independent.

More than once he hinted that his party would not participate in the coming elections. He said the regime would not be able to hold elections if the people resist it.

Maulana Bhashani demanded release of all political prisoners including Mr. Bhutto and Khan Wali Khan.

Maulana Bhashani advised President to 'retire' and told the Basic Democrats to beware this time.

The meeting was followed by a procession led by Maulana Bhashani. When the processionists coming out on the D.I.T. Avenue through the southern gate of the Paltan Maidan were about to enter the road running in front of the Governor's House, a contingent of police obstructed their path.

After a brief demonstration near the crossing of Toyenbee Circular Road the procession proceeded towards Jinnah Avenue on way to Baitul Mukarram.

Afier the procession passed away a number of fencings of the Children Park were found demolished. Any empty bus of the E.P.R.T.C. was found standing on Toyenbee Circular Road with partially damaged window panes.

When the procession terminated at Baitul Mukarram Maulana Bhashani gave a call for observing strike in the city on Saturday, earlier addressing the Paltan Maidan he had called for general strike on December, 12. So his call for the strike on Saturday created confusion. He later announced that there might be a transport strike on Saturday.

শিরোনাম	সূত্র	তারিখ
গণ-আন্দোলনের প্রশ্নে প্রেসিডেন্ট আইয়ুব খানঃ বিক্ষোভ করে সরকারকে টলানো যাবে না।	দৈনিক পাকিস্তান	৮ ডিসেম্বর, ১৯৬৮

বিক্ষোভ করে সরকারকে টলানো যাবে না

একের পর এক বিক্ষোভ প্রদর্শন করে বা সভা করে বিরোধী দল বর্তমান সরকারকে টলাতে পারবে না। প্রেসিডেন্ট মোঃ আইয়ুব খান গতকাল শনিবার ঢাকায় এ কথা ঘোষণা করেন।

তিনি গতকাল মুসলিম লীগ কর্মী সম্মেলনে বক্তৃতা করছিলেন।

এ,পি,পি-পরিবেশিত খবরে প্রকাশ, প্রদেশের বিভিন্ন স্থান থেকে আগত মুসলিম কর্মীদের এই সম্মেলনে ১ ঘন্টাব্যাপী জোরালো ভাষায় বক্তৃতাকালে এই মর্মে সতর্ক করে দেন যে, বিরোধী দলের সর্বাত্মক লক্ষ্য হচ্ছে কিছু লাভের আশায় জাতীয় ঐক্য ও সংহতিকে ধবংস করা।

প্রেসিডেন্ট বলেন, তাদের 'গণতন্ত্র' প্রতিষ্ঠার দাবীর লক্ষ্য হচ্ছে দুই প্রদেশকে বিচ্ছিন্ন করে ফেলা এবং পশ্চিম পাকিস্তানকে টুকরো টুকরো করে ফেলা। খোদা না করুন, যদি তাই হয়, তবে তা হবে আমাদের সকলের কাছেই আত্মহত্যার শামিল। তিনি আরো বলেন, আয়তনে ভারতের পাঁচভাগের এক ভাগের সমান পাকিস্তান যদি খন্ড খন্ড হয়ে যায়, তবে তার অস্তিত্বই বিলুপ্ত হবে।

তিনি বলেন, বিরোধী দলের হাতে ক্ষমতা যাওয়ার অর্থ হচ্ছে সেইসব দুর্যোগময় দিনে ফিরে যাওয়া যা কি না দেশ ও জাতিকে বিভেদের দিকে টেনে নিয়ে যাবে এবং এর সার্বিক অর্থ হচ্ছে আমাদের নিজেদের পিঠেই ছুরিকাঘাত করা।

মুসলিম লীগের এই সম্মেলনে থানা, শহর, মহকুমা, জেলা ও প্রাদেশিক মুসলিম লীগের সভাপতি ও সম্পাদকগণ ছাড়াও গভর্নর জনাব আবদুল মোনেম খান, পাকিস্তান মুসলিম লীগের সাধারণ সম্পাদক, প্রাদেশিক মন্ত্রীবর্গ, জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যগণ এবং সারা প্রদেশের মুসলিম লীগের নেতা ও কর্মীরা উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট বলেন, কিভাবে ক্ষমতা দখল করা যায় বিরোধী দলের সবাই সেই মতলব আঁটতেই ব্যস্ত। বিরোধীদলিয় নেতাদের কারোরই কোন সুষ্ঠু বা গঠনমূলক কর্মসূচী নেই। তাঁরা আগে ক্ষমতা দখল করতে চান, তাঁর পরে তাদের কর্মসূচী গ্রহন করতে চান।

বিরোধী দলগুলির হীন কার্যকলাপ নসাৎ করে দেবার জন্য প্রেসিডেন্ট দলীয় কর্মীদের প্রতি সকল আভ্যন্তরীণ বিরোধ বিসর্জন দিয়ে পরিস্থিতির মোকাবেলার আহবান জানান। তিনি তাদেরকে এ কথা স্মরণ করিয়ে দেন যে, দেশের ভবিষ্যৎ নির্ধারণের ব্যাপারে আগামী নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ। জাতির ঐক্য, দেশের সংহতি ও মাতৃভূমির উন্নয়ন বা অগগ্রতি এসব কিছু নির্ভর করছে মুসলিম লীগের উপর।

প্রেসিডেন্ট বলেন, মুসলিম লীগ কর্মীদের এসব কিছুকে রক্ষা করতে হবে। কারণ, বিরোধী দলগুলি এসবকে চুরমার করে দিতে চায়।

শক্তিশালী কেন্দ্র

প্রেসিডেন্ট পুনরায় একটি শক্তিশালী কেন্দ্রের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে বলেন, একমাত্র এতেই পাকিস্তান একটি শক্তিশালী দেশে পরিণত হতে পারে এবং জনসাধারণ একটি সমৃদ্ধিশালী ও আত্মমর্যাদাসম্পন্ন জীবন যাপনের নিশ্চয়তা পেতে পারে।

১৯৫৮ সালের বিপ্লবের পর থেকে দেশের যে অগ্রগতি সাধিত হয়েছে তার বিস্তারিত বিবরণ দিয়ে প্রেসিডেন্ট বলেন, দেশের প্রতিরক্ষা ব্যবস্থা আরো জোরদার হয়েছে এবং ১৯৬৫ সালের যুদ্ধই এর প্রমাণ।

দতিনি বলেন, এসবই সাধারণ মানুষের কঠোর পরিশ্রমের ফল।

শিরোনাম	সূত্র	তারিখ
বিরোধী দলসমূহের আহবানে ঢাকায় সাধারণ ধর্মঘট	দৈনিক পাকিস্তান	১৪ ডিসেম্বর, ১৯৬৮

ঢাকায় সাধারণ ধর্মঘট

গতকাল শুক্রবার বিরোধী দলসমূহের আহবানে ঢাকায় হরতাল পালিত হয়। সকাল থেকেই শহরের সব দোকানপাট, হাট-বাজার, কল-কারখানা ও যানবাহন বন্ধ থাকে। ৩ দিন শহরের কয়েকটি এলাকায় সমাজবিরোধীরা কয়েকটি সরকারী ও বেসরকারী গাড়ী বিধ্বস্ত করে এবং দুটি জীপসহ তিনটি গাড়ী পুড়িয়ে দেয়। ইপিআরটিসি'র কয়েকটি বাসও ক্ষতিগ্রস্ত হয়।

আগের দিন রাত থেকেই শহরের সর্বত্র কড়া পুলিশ ও ইপিআর বাহিনী প্রহারায় মোতায়েন থাকে। গতকাল সারাদিন আইজি ও অন্যান্য পদস্থ পুলিশ কর্মচারী রায়ট কারসহ বিভিন্ন পুলিশ ভ্যানে শহর টহল দিয়ে বেড়ায়। পিকেটিং-এর চেষ্টা ও ক্ষুদ্র ক্ষুদ্র জমায়েত করার অভিযোগে পুলিশ বহু লোককে গ্রেফতার করেছে বলে জানা গেছে।

সাধারণ ধর্মঘটকালে গতকাল ঢাকা শহরে অবস্থানরত এয়ার মার্শাল আসগর খাঁন হেঁটে হরতাল দেখতে বের হন। এরপর তিনি বায়তুল মোকাররম মসজিদে জুম্মার নামাজ পড়েন ও নামাজ শেষে সেখানে বক্তৃতা করেন। ফেরার পথেও অন্যান্য পুলিশ ভ্যান সর্তকতামূলক ব্যবস্থা হিসেবে তার অনুগমন করতে থাকে এবং কোনরূপ ভীড় হলেই তা ছত্রভঙ্গ করে দেয়। এই সময় রায়ট কার হতে নিক্ষিপ্ত রঙ্গিন পানি এয়ার মার্শাল আসগর খানের পোশাককেও রঞ্জিত করে তোলে।

তোপখানা রোডস্থ প্রেসক্লাবের সামনে থেকে পুলিশ তার সেক্রেটারী কর্ণেল মোখতার হোসেনকে গ্রেফতার করে নিয়ে যায়। এরপর এয়ার মার্শাল আসগর খাঁন ও মৌলভী ফরিদ আহমদ প্রেসক্লাবে গমন করেন ও সাংবাদিকদের সঙ্গে অল্পক্ষণের জন্য মিলিত হন।

এখানে উল্লেখ করা যেতে পারে যে, বিভিন্ন বিরোধী দল পূর্ব ও (পৃঃ৮) পশ্চিম পাকিস্তানে 'সরকারী নির্যাতনের প্রতিবাদে' প্রদেশব্যাপী এই হরতাল পালনের আহবান জানিয়েছিলেন।

আরো উল্লেখযোগ্য যে, প্রতিবার হরতাল বা ধর্মঘটের সময় রাস্তায় বখাটে ছেলেরা বিশেষ তৎপর হয়ে ওঠে এবং যানবাহন চলাচলে ব্যাঘাত সৃষ্টির চেষ্টা করে। কিন্তু এবারে এইসব বখাটে ছেলেদের অনুপস্থিতি দেখা যায়। ইপিআর ও পুলিশ ভ্যান ঘন ঘন টহল দিয়ে বেড়ানোর ফলে সম্ভবতঃ তারা ভয় পেয়ে আত্মগোপন করে।

সন্ধ্যার দিকে অবস্থা স্বাভাবিক হয়ে আসে।

নারায়ণগঞ্জঃ

নারায়ণগঞ্জ থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানান যে, গতকল নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ ও বন্দর থানায় পূর্ণ হরতাল পালিত হয়। ইপিআইডিসি ডকইর্য়াডসহ বিভিন্ন মিলের শ্রমিকরাও পূর্ণ ধর্মঘট পালন করে। গতকাল

নারায়ণগঞ্জে ষ্টীমার ও ট্রেন ছাড়া কোন যানবাহন চলেনি। বাজার, দোকানপাট সম্পূর্ণ বন্ধ ছিল। পুলিশের ভাষ্য অনুসারে সিদ্ধিরগঞ্জ থানায় ২০ জন, নারায়ণগঞ্জ থানায় ২৪ জন ও বন্দর থানায় ৪ জনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতার

পুলিশ সূত্রে জানা গেছে, গত বৃহস্পতিবার রাত এবং গতকাল শুক্রবার ঢাকা শহরের ৫টি থানা এলাকা; নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ, বন্দর ও টংগী থানা এলাকা এবং চট্টগ্রামে মোট ৬৯৪ ব্যক্তিকে গ্রেফতার করা হয়। এর মধ্যে গতকাল চট্টগ্রাম, ঢাকার ৫টি থানা; নারায়ণগঞ্জ, বন্দর ও সিদ্ধিরগঞ্জ থানা এবং টংগী থানায় মোট ৪৩৭ জনকে গ্রেফতার করা হয়। গত বৃহস্পতিবার রাতে ঢাকার ৫টি থানা ও টংগী থানায় মোট ২৫৬ জন গ্রেফতার হয় বলে পুলিশ জানায়। বৃহস্পতিবার রাতে গ্রেফতার করা হয় তাদের প্রায় সবাইকে গতকাল রাতে ছেড়ে দেওয়া হয়েছে বলে পুলিশ কর্তৃপক্ষ জানিয়েছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
আন্দোলনের প্রস্তুতি গ্রহণের আহবান জানিয়ে ছাত্রনেতার যুক্ত বিবৃতি	দৈনিক আজাদ	২৯ ডিসেম্বর, ১৯৬৮

সাতজন ছাত্র যুক্ত বিবৃতিতে আন্দোলনের প্রস্তুতি গ্রহণের আহবান

ঢাকার সাতজন ছাত্রনেতা গতকাল শনিবার এক যুক্ত বিবৃতিতে শিক্ষাগত দাবী-দাওয়া আদায়কল্পে আন্দোলনের প্রস্তুতি গ্রহণের জন্য ছাত্রসমাজের প্রতি এবং সুস্পষ্ট রাজনৈতিক কর্মসূচী লইয়া ঐক্যবদ্ধ আন্দোলন গড়িয়া তুলিবার জন্য সকল গণতান্ত্রিক বিরোধী দলগুলির প্রতি আহবান জানাইয়াছেন।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের সহসভাপতি জনাব তোফায়েল আহমদ ও সাধারণ সম্পাদক জনাব নাজিম কামরান চৌধুরী পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের (উভয় গ্রুপ) পক্ষে জনাব সাইফুদ্দিন আহমেদ মানিক, ও জনাব শামদুদ্দোহা ও জনাব মোস্তফা জামাল হায়দার, পূর্ব পাকিস্তান ছাত্রলীগের পক্ষে জনাব আবদুর রউফ ও জনাব খালেদ মোহাম্মদ আলী যুক্ত বিবৃতিতে অভিযোগ করেন যে, সরকার ছাত্র নির্যাতন গুন্ডামি, শিক্ষায়তনে পুলিশ মোতায়েন ও শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা প্রভৃতির মাধ্যমে ছাত্রসমাজের গণতান্ত্রিক অধিকারকে ধ্বংস করিতে চাহিতেছেন। কিন্তু তাহারা বলেন ‘সংগ্রামী ছাত্রসমাজ’ নিজেদের গণতান্ত্রিক অধিকারের উপর কোন প্রকার হস্তক্ষেপ সহ্য করিবে না।

শিরোনাম	সূত্র	তারিখ
আটটি বিরোধী দলের উদ্যোগে গণতান্ত্রিক সংগ্রাম কমিটি (ড্যাক) গঠিত-আন্দোলনের আহবান	দৈনিক পাকিস্তান	৯, জানুয়ারী, ১৯৬৯

বিরোধী আট দলের ঐক্যজোট 'গণতান্ত্রিক সংগ্রাম কমিটি' গঠন

পিডিএমভুক্ত পাঁচটি দল ও অপর তিনটি দল গতকাল বুধবার বিকেলে আনুষ্ঠানিকভাবে আসন্ন নির্বাচনে অংশগ্রহণ না করার কথা ঘোষণা করে জনসাধারণকে নির্বাচন বর্জন করার আহবান জানিয়েছেন। এ ছাড়া তারা একটি গণতান্ত্রিক সংগ্রাম কমিটি (ডেমোক্র্যাটিক এ্যাকশন কমিটি) গঠনের কথা ঘোষণা করে জনসাধারণের রাজনৈতিক সার্বভৌমত্ব পুনরুদ্ধারের মহান দায়িত্ব পালনের জন্য বর্তমান আন্দোলনকে ব্যাপকতর ও সমন্বিত করে একটি 'অহিংস, সংঘবদ্ধ ও শৃঙ্খলাবদ্ধ গণআন্দোলন' গড়ে তোলার সংকল্প ঘোষণা করেছেন। গত এক সপ্তাহকাল যাবত ঢাকাস্থ, পিডিএম ৬ আওয়ামী লীগ, ন্যাপ (ওয়ালী খান গ্রুপ) ও জমিয়তে ওলেমায়ে ইসলামের ব্যাপক রাজনৈতিক আলাপ-আলোচনা শেষে গতকাল বিকেলে শেখ মুজিবুর রহমানের বাসভবন হতে উক্ত নেতৃবৃন্দ যুক্তভাবে এক ইস্তেহার প্রকাশ করেন।

ঘোষণাপত্রে ন্যাপের (ওয়ালী খান গ্রুপে) ভারপ্রাপ্ত সভাপতি জনাব আমীর হোসেন শাহ, জমিয়তে ওলেমায়ে ইসলামের সেক্রেটারী জেনারেল জনাব মুফতি মাহমুদ, ৬ দফাপন্থী আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি সৈয়দ নজরুল ইসলাম এবং পিডিএমভুক্ত নেজামে ইসলামের সভাপতি জনাব চৌধুরী মোহাম্মদ আলী, পিডিএম আওয়ামী লীগের সভাপতি জনাব নসরুল্লাহ খান, কাউন্সিল লীগের সভাপতি জনাব দৌলতানা, এনডিএফ প্রেসিডেন্ট জনাব নূরুল আমীন ও জামাতে ইসলামীর অস্থায়ী আমীর জনাব তোহায়েল মোহাম্মদ সাক্ষর করেন।

পূর্ণ বিবরণঃ

ঘোষণায় তারা বলেছেন, তাদের দৃঢ় বিশ্বাস বর্তমানের এক ব্যক্তির স্বৈরাচার ও জুলুমের শাসন জাতীয় জীবনের সর্বক্ষেত্রে অবনতি ও ধ্বংস ডেকে এনেছে। বিশেষ করে এই সরকার সচেতনভাবে এবং অবাধ গতিতে ইসলামবিরোধী জীবন ব্যস্থার প্রবর্তন করেছেন এবং জনগণকে সমস্ত প্রাথমিক ও মৌলিক অধিকার এবং সার্বভৌম অধিকার থেকে বঞ্চিত করে একটি পুরোপুরি অগণতান্ত্রিক ব্যবস্থা কায়েম করেছেন।

এই শাসন ব্যবস্থা সকল স্তরের মানুষের উপর বিশেষ করে ছাত্র, শ্রমিক, কৃষক এবং অন্যান্য শ্রমজীবী মানুষের উপরে নির্যাতন চালানোর অপরাধে অপরাধী।

ঘোষণায় বলা হয়, এই অগণতান্ত্রিক সরকার দেশের গুটিকয়েক পরিবারের হাতে সকল সম্পদ জমা করার পরিকল্পিত নীতি অনুসরণ করেন। ক্ষমতাসীন চক্রের কারসাজীতে দুর্নীতি সর্বস্তরে ছড়িয়ে পড়েছে। আমলাতন্ত্র এবং বিভিন্ন প্রশাসনিক বিভাগে দুর্নীতি এই সরকারের একটি স্থায়ী ব্যবস্থার রুপ নিয়েছে।

এই স্বৈরাচারী সরকার রাসহীনভাবে তাদের নির্যাতনমূলক শাসন চালিয়ে যাচ্ছে। রাজনৈতিক নেতাদের ব্যাপকভাবে আটক রেখে, অন্যায়ভাবে জরুরী অব্যাহত রেখে এবং মৌলিক এবং নাগরিক অধিকার পরিপন্থী আইনের ব্যাপক প্রয়োজন দ্বারা এই সরকার টিকে আছে।

এই সরকার এমন এক অবস্থার সৃষ্টি করেছে, যার ফলে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে অর্থনৈতিক বৈষম্য সৃষ্টি হয়েছে এবং তা বেড়ে যাচ্ছে। আর এই পরিবেশে বিভিন্ন স্তরের মানুষের মধ্যে অর্থনৈতিক সুযোগ ও

সম্পদের ব্যবধান প্রতিদিন বেড়েই চলেছে। জনসাধারণ দ্রব্যাদির অগ্নিমূল্য এবং অসহনীয় মুদ্রাস্ফীতির অসহায় শিকারে পরিণত হয়েছে।

উপরক্ত সরকার দেশকে রক্ষার মত উপযুক্ত সামরিক প্রস্তুতি গ্রহণ, বিশেষ করে পূর্ব পাকিস্তানকে রক্ষার ব্যবস্থা গ্রহণে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন।

সরকার এমন একটা অবস্থার সৃষ্টি করেছেন যে, তার ফলে দেশের সর্বত্র মানুষ তাদের ভাগ্য ও ভবিষৎ সম্পর্কে চরম হতাশার কবলে নিমজ্জিত হয়েছেন। বিশেষ করে পূর্ব পাকিস্তানের মানুষের মনে সব কিছুর প্রতি বিরাগ বিতৃষ্ণা, ঔদাসীন্য এবং অক্ষমতা বাসা বেঁধেছে।

এই চরম জাতীয় বিপর্যয়ের পটভূমিতে উপরোক্ত গলদগুলো দূর করার এবং পাকিস্তানের আদর্শের বাস্ত বতায় এবং মূল্যবোধ উদ্বোধনের জন্য এই আটটি দল পাকিস্তানে পূর্ণাংগ গণতন্ত্র ও জনগণের পূর্ণ রাজনৈতিক সার্বভৌমত্ব প্রতিষ্ঠার দৃঢ় এবং দ্ব্যর্থহীন সিদ্ধান্ত গ্রহণ করেছে। তারা দেশে (ক) ফেডারেল প্রকৃতির পার্লামেন্টারী শাসন ব্যবস্থা কায়েম, (খ) প্রাপ্তবয়স্কদের ভোটে প্রত্যক্ষ নির্বাচন, (গ) অবিলম্বে জরুরী অবস্থা প্রত্যাহার, (ঘ) পূর্ণ নাগরিক অধিকার পুনঃপ্রতিষ্ঠা। সমস্ত কালাকানুন বিশেষ করে বিনা বিচারে আটক রাখার আইন ও বিশ্ববিদ্যালয় অর্ডিন্যান্স বাতিল, (ঙ) খান আব্দুল ওয়ালী খান, শেখ মুজিবুর রহমান, জুলফিকার আলী ভুট্টোসহ সকল রাজনৈতিক বন্দী, রাজনৈতিক কারণে জারীকৃত সব গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহার, (চ) ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার আওতায় জারীকৃত সকল নির্দেশ প্রত্যাহার, (ছ) শ্রমিকদের ধর্মঘটের অধিকার পুনঃপ্রতিষ্ঠা, (জ) নতুন ডিক্লারেশেন দানের উপর আরোপিত বিধিনিষেধসহ সংবাদপত্রের ওপর জারীকৃত সকল নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং ইত্তেফাক, চাতন, প্রগ্রেসিভ পেপারস লিমিটেডসহ সকল বাজেয়াপ্তকৃত কিংবা ডিক্লারেশনে বাতিলকৃত প্রেস পত্রিকা এবং সাময়িকী তাদের আদি মালিকের কাছে প্রত্যাবর্তনের দাবী করছেন।

এই দলিল স্বাক্ষরদানকারী দলগুলো আরো ঘোষণা করছে যে, একটি বাধাহীন এবং পূর্ণ গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির উপরোক্ত শর্তসমূহ বাস্তবায়িত না হলে বর্তমান স্বেচ্ছাচারী এবং অগণতান্ত্রিক ব্যবস্থায় অনুষ্ঠিত নির্বাচন হবে জনগণের সাথে জালিয়াতির সামিল। তার প্রেক্ষিতেই তারা আগামী নির্বাচনে অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিয়েছেন এবং জনসাধারণের প্রতি নির্বাচন বর্জন করার আহবান জানিয়েছেন।

ঘোষণায় সর্বশেষে বলা হয়, বর্তমানে সারা দেশে ব্যাপক গণঅভ্যুত্থান নিঃসন্দেহে এটাই প্রমাণ করে যে জনসাধারণ ঐ ডিক্টেটারী শাসন চায় না। তাদের নিশ্চিত ও দৃঢ়বিশ্বাস স্বৈরাচার ও জুলুমের শাসন খতম না হওয়া পর্যন্ত বর্তমানের অগণতান্ত্রিক আন্দোলন থামবে না। দলিল স্বাক্ষর দাতাগণ তাদের নিজ নিজ দলের পক্ষ থেকে বলেন, আমরা ও আমাদের পার্টি স্বদেশপ্রেমের এই ঐতিহাসিক কর্তব্য পালনে কোন ত্যাগ স্বীকার পরাঙ্মুখ হবে না এবং জনগণকে তাদের পূর্ণ সার্বভৌম ক্ষমতা ফিরিয়ে দেওয়ার জন্য এবং অবিলম্বে উপরোক্ত লক্ষ্যসমূহ বাস্তবায়নের জন্য নিরলসভাবে সুশৃংখলা, সুসংগঠিত অহিংসা আন্দোলন চালিয়ে যাবে।

শিরোনাম	সূত্র	তারিখ
চিন্তা ও মত প্রকাশের স্বাধীনতার ওপর হামলার প্রতিবাদে এবং আন্দোলনের সমর্থনে বুদ্ধিজীবী সম্প্রদায়	লেখক স্বাধিকার সংরক্ষণ কমিটির প্রচারপত্র	১৪ জানুয়ারী, ১৯৬৯

চিন্তা ও মত প্রকাশের স্বাধীনতার ওপর হামলার প্রতিবাদে ১৫ই জানুয়ারীর সভা ও মিছিলে দলে দলে যোগদান করুন

চিন্তা ও মত প্রকাশের স্বাধীনতা মানুষের একটি মৌলিক অধিকার। সকল উন্নত জাতির বিকাশের মূলেই রয়েছে এই অধিকারের নিশ্চয়তা। সে কারণেই প্রতিটি উন্নতিকামী স্বাধীন জাতিই চিন্তা ও মত প্রকাশের স্বাধীনতাকে প্রাণেরও অধিক মূল্যবান বলে মনে করেন এবং তা সংরক্ষণের জন্য কোনো ত্যাগ স্বীকারে দ্বিধাগ্রস্ত হন না। পক্ষান্তরে এও লক্ষণীয় যে, কোনো জাতিকে দাবিয়ে রাখতে চাইলে তাদের শাসকবর্গ জাতির চিন্তা ও মত প্রকাশের স্বাধীনতাকে কেড়ে নিতে এমন ষড়যন্ত্র নেই যার জাল বিস্তার করতে ইতস্ততঃ বোধ করেন, এমন কোন সরকারী মাধ্যম নেই যার সাহায্য সক্রিয় হয়ে উঠতে সামান্যতম দ্বিধাবোধ করেন।

আমাদের বেলাতেও বিগত বাইশ বছরের ইতিহাসে দেখা গেছে, সরকার স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত বিশেষ করে এ প্রদেশের জনসাধারণের কণ্ঠ রোধ করা এক প্রধান নীতি হিসাবে অনুসরণ করে চলেছেন। কুখ্যাত প্রেস ও পাবলিকেশনস্ অর্ডিন্যান্স জারী করে সংবাদপত্রের প্রকাশ বন্ধ করে দেওয়ার যে স্বেচ্ছাচারী নজীর স্থাপন করা হয়েছে, তা শুধু বৃটিশের শাসন নীতির সঙ্গেই তুলনীয় হতে পারে। এই অর্ডিন্যান্স জারী করার পূর্বেই স্বাধীনতা লাভের পরপরেই পূর্ব বাংলার সংবাদপত্রের প্রকাশ বন্ধ করা হয়েছে এবং আজ পর্যন্ত প্রকাশনা ক্ষেত্রে সরকারী বিধিনিষেধের খাঁড়া সমানভাবে ঝুলে রয়েছে। এ ছাড়াও রয়েছে সংশ্লিষ্ট দফতরের যে কোনো কর্মচারীর মাধ্যমে লিখিত, অলিখিত যে কোনো উপায়ে 'প্রেস উপদেশ' ও সংবাদ বিশেষের ওপর 'এমবার্গো' জাতীয় ব্যবস্থার সাহায্যে জনমতের স্বাধীনতার ওপর হামলা। অন্যদিকে জনসাধারণের অর্থে পরিচালিত রেডিও এবং টেলিভিশন সরকার সম্পূর্ণরুপে নিজস্ব প্রচারযন্ত্ররুপে কুক্ষিগত করে রেখেছেন। সকলের স্বাধীন মতামত প্রকাশের সুযোগ রেডিও, টেলিভিশনে তো নেই-ই, এমন কি এইসব প্রচারযন্ত্র স্বাধীনভাবে শব্দও ব্যবহার করা যায় না। বেসরকারী সংবাদপত্রের ওপরও এ ধরনের জুলুম প্রতিনিয়ত অব্যাহত রয়েছে এবং প্রতি মুহূর্তে এ- সবের সঙ্গে সংগ্রাম অথবা আপোষ করে তাদের টিকে থাকতে হচ্ছে। যেখানে আপোস আর সম্ভব হয় না সেখানে সরকারী বিজ্ঞাপন কমানো বা বন্ধ করার চাপ সৃষ্টি থেকে শুরু করে সাংবাদিক, সাহিত্যিকদের কারারুদ্ধ করা এবং অবশেষে কাগজ বন্ধ করা পর্যন্ত স্বৈরাচারী পদক্ষেপের কোনোটাই প্রয়োগ করতে সরকারকে কখনো দ্বিধাগ্রস্ত হতে দেখা যায়নি। এই ধরনের কাজে সহায়তার জন্যে জাতীয় পুনর্গঠন ব্যুরো (--------) প্রভৃতি সংস্থার সাংস্কৃতিক গোয়েন্দাগিরিও অব্যাহত রাখা হয়েছে। এ দেশের চিন্তা ও মত প্রকাশ পরিস্থিতির এই হলো একদিকের চিত্র।

এরই পাশাপাশি রয়েছে গ্রন্থ প্রকাশের ওপর সরকারের ধারাবাহিকভাবে অনুসৃত দমননীতি। স্বাধীনতার পর এ প্রদেশে সরকার যে একে একে কত বই বাজেয়াপ্ত করেছেন তার হিসাব নেই। বিশেষ করে সম্প্রতি সেই কুখ্যাত প্রেস ও পাবলিকেশনস-এর কালাকানুনের সাহায্যে গ্রন্থ বিশেষের ওপর নিষেধাজ্ঞা জারী করে, কারণ

দর্শানোর নোটিশ জারী এবং কোন বই আটক ও বাজেয়াপ্তকরণের মাধ্যমে সরকার নতুনভাবে চিন্তা ও মত প্রকাশের কণ্ঠরোধে তৎপর হয়ে উঠেছেন। এই হামলার হিড়িক আইয়ুবী আমলের স্বৈরাচারকেও ছাড়িয়ে গেছে। এ অবস্থার ফলে কেবল যে লেখকদের স্বাধীনভাবে লেখার উৎসাহ দমিত হচ্ছে তাই নয়, প্রকাশকরাও বই প্রকাশে নিরুৎসাহ হয়ে পড়ছেন এবং ফলে সংস্কৃতির জগতে নেমে আসছে চরম বন্ধ্যাত্ব। বস্তুতঃ স্বৈরাচারী শাসকবর্গের নিকটও একটি জাতিকে অবদমিত রাখার জন্যে এটাই হলো সবচেয়ে উপযুক্ত ব্যবস্থা। যখন গণতন্ত্র প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেয়া হচ্ছে, ঠিক সেই মুহূর্তেই চিন্তা ও মত প্রকাশের স্বাধীনতার ওপর এই পরিকল্পিত হামলার ব্যাখ্যা কি? এই অসঙ্গতির মূল কোথায়?

তাই এ মুহূর্তে লেখকদের স্বাধিকার সংরক্ষণ এবং চিন্তা ও মত প্রকাশের ওপর যে কোন প্রকারের হামলার প্রতিরোধে প্রতিটি নাগরিককে সচেতন ও ঐক্যবদ্ধ হতে আমরা আহবান জানাচ্ছি। শেষবারের মতো এই সত্য প্রতিষ্ঠিত করা আজ অপরিহার্য হয়ে উঠেছে যে, আমরা স্বাধীন জাতি এবং আমাদের চিন্তা ও মত প্রকাশের মৌলিক অধিকারের ওপর হস্তক্ষেপ। আমরা যে কোনো মূল্যে প্রতিরোধ করব এবং এই অনাচারকে আমরা কিছুতেই কায়েম থাকতে দেব না।

সভার স্থানঃ বাঙলা একাডেমী প্রঙ্গণ
১৫ই জানুয়ারী, বিকাল ৩টা
সভাপতিঃ ডক্টর এনামুল হক

বক্তৃতা করবেনঃ শিল্পী জয়নুল আবেদিন, ডক্টর আহমদ শরীফ, বেগম সুফিয়া কামাল, সিকান্দার আবু জাফর, কে,জি মোস্তফা, রণেশ দাশগুপ্ত, শহীদুল্লাহ কায়সার, অধ্যাপক মনসুরউদ্দীন প্রমুখ।

লেখক স্বধিকার সংরক্ষণ কমিটির পক্ষ থেকে প্রচারিত ও সমকাল মুদ্রায়ন থেকে মুদ্রিত।

শিরোনাম	সূত্র	তারিখ
আইয়ুব সরকারের বিরুদ্ধে মওলানা ভাসানীঃ 'প্রয়োজনে খাজনা বন্ধ করা হবে'	দৈনিক আজাদ	১৫ই জানুয়ারী ১৯৬৯

হাতিরদিয়াতে মওলানা ভাসানী বলেনঃ
অধিকার আদায়ের জন্য প্রয়োজনবোধে খাজনা-ট্যাক্স বন্ধ করা হইবে

হাতিরদিয়া (ঢাকা), ১৪ই জানুয়ারীঃ-পূর্ব পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টির সভাপতি মওলানা আব্দুল হামিদ খান ভাসানী গতকাল সোমবার এখানে বলেন যে, জনসাধারণের ভোটাধিকার, লাহোর প্রস্তাবে উল্লেখিত পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসন ও অর্থনৈতিক অধিকার আদায়ের জন্য প্রয়োজন হইলে আমরা খাজনা-ট্যাক্স দেওয়া বন্ধ করিব।

তিনি পূর্ব পাকিস্তানের সাড়ে ছয় কোটি মানুষের প্রাণের দাবী পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসন প্রদান ও বন্যানিয়ন্ত্রণের জন্য গণচীন সরকারের সহযোগিতা গ্রহণের দাবী জানান।

মওলানা ভাসানী স্বাধীনতার একুশ বৎসরে কৃষকসমাজের উপর খাজনা, ট্যাক্স ও দুর্নীতিপরায়ণ আমলাদের সীমাহীন জুলুমের কথা উল্লেখ করিয়া বলেন যে, অত্যাচার আর শোষণের বিরুদ্ধে কৃষকসমাজের পুঞ্জীভূত বিক্ষোভই আজ দেশে এক বিস্ফোরণমূলক পরিস্থিতির সৃষ্টি করিয়াছে।

মওলানা ভাসানী বলেন, কৃষকের হাতে বন্দুক নাই, কিন্তু কৃষকের বিক্ষোভ প্রদর্শন ও হরতাল পালনের ক্ষমতা রহিয়াছে। তাহারা যদি হাটবাজারে তাহাদের পরিশ্রমের ফসল ও অন্যান্য জিনিসপত্র বিক্রয় বন্ধ করেন, তাহা হইলে হাজার হাজার টাকার মাহিনার উজির-আমলা হইতে শুরু করিয়া থানার দারোগা পর্যন্ত সকলকেই কারেন্সী নোট চিবাইয়া খাইতে হইবে।

(১) রাষ্ট্রায়ত্ত শিল্প ও ব্যক্তিগত মালিকানায় পরিচালিত শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক ও কর্মচারীদের ট্রেড ইউনিয়ন করার পরিপূর্ণ অধিকার থাকিবে।

(২) পুঁজিপতিদের বিরুদ্ধে শ্রমিক শ্রেণীর শ্রেণীসংগ্রাম পরিচালনা ও ধর্মঘট করার অধিকার থাকিবে।

(৩) উভয় পক্ষের আলাপ আলোচনা ও জনগণতান্ত্রিক সরকারের মধ্যস্থতায় শ্রমিক ও মালিকের মধ্যকার বিরোধসমূহ মীমাংসা করা হইবে।

(৪) রাষ্ট্রায়ত্ত শিল্পসমূহ শ্রমিক কর্মচারী ও রাষ্ট্র যৌথভাবে পরিচালনা করিবে। রাষ্ট্র ও শ্রমিকদের প্রতিনিধি যৌথভাবে শ্রমিকদের স্বার্থ, শিল্পের সম্প্রসারণ ও দেশের সার্বিক স্বার্থের দিকে লক্ষ্য রাখিয়া শ্রমিকদের বেতন এবং আভ্যন্তরীণ প্রশাসন ব্যবস্থা সম্পর্কে নীতি নির্ধারণ করিবে।

(৫) সকল শ্রমিকের জন্য বিনা ভাড়ায় পারিবারিক বাসস্থান, বিনা খরচে পূর্ণাঙ্গ চিকিৎসা ও বিনা পয়সায় আমোদ-প্রমোদের ব্যবস্থা করা হইবে। শ্রমিক কর্মচারীদের সন্তান-সন্ততিদের জন্য রাষ্ট্র বিনা খরচে শিক্ষার ব্যবস্থা করিবে। মহিলা শ্রমিকদের জন্য প্রসবকলীন সবেতন ছুটি ও প্রসূতি ভাতার ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৬) রোগ-ব্যাধি, কর্মক্ষমতা লোপ, বার্ধক্য ও অবসর গ্রহণকালে শ্রমিক ও কর্মচারীদের যত্ন, সাহায্যদান ও সামাজিক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা হইবে। বৃদ্ধ বয়সে পেনশন, দুর্ঘটনাজনিত ক্ষতিপূরণ ও ভাতা প্রদান করা হইবে।

(৭) খাদ্য দ্রব্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যের সহিত সমতা বিধান করিয়া শ্রমিক কর্মচারীদের নিম্নতর মজুরী নির্ধারণ করা হইবে। এই নিম্নতম মজুরী এমন হইবে যাহাতে শুধু শ্রমিকেরা নিজেরাই নয়, তাহাদের পরিবার পরিজনসহ সুখে স্বাচ্ছন্দ্যে জীবনযাত্রা চালাইতে পারে।

(৮) একই সুযোগ সুবিধাসহ বিকল্প কর্মসংস্থান ব্যতীত শ্রমিক ছাঁটাই করা চলিবে না। শ্রমিকদের চাকুরি হইতে বরখাস্ত করা চলিবে না, তবে শ্রমিকেরা কোন প্রকার অপরাধ করিলে তাহার জন্য তাহাদের সংশোধনের দায়িত্ব শ্রমিকদের ট্রেড ইউনিয়ন গ্রহণ করিবে।

(৯) ব্যক্তিগত মালিকানায় প্রতিষ্ঠিত শিল্পের ব্যবস্থাপনায় শ্রমিক ও কর্মচারীদের অংশ গ্রহণের অধিকার সংরক্ষণ করা হইবে।

(১০) সকল প্রতিষ্ঠানের সর্বোচ্চ নিম্ন বেতনের ব্যবধান হ্রাস করা হইবে। সকল পর্যায়ের সরকারী কর্মচারীদের বেতনের ব্যবধানও হ্রাস করা হইবে।

শিল্পে পুঁজিবাদী উৎপাদন প্রসঙ্গেঃ

(১) রাষ্ট্র ব্যক্তিগত মালিকানায় শিল্প প্রতিষ্ঠার স্বাধীনতা, পুঁজির বিকাশ ও পুঁজিবাদী উৎপাদনের স্বাধীনতা প্রদান করিবে, কিন্তু ইহা যাহাতে জনগণের জীবনধারণের ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করিতে না পারে তাহার কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) ক্ষুদ্র শিল্প ও হস্ত শিল্প পুনঃনির্মাণ ও উন্নয়ন করা হইবে এবং এই উন্নয়নে সাহায্য করার জন্য শিল্প ব্যবস্থার সহিত সংশ্লিষ্ট ছোট পুঁজিপতিদের উৎসাহিত করিবে।

(৩) এই সমস্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ রাষ্ট্রীয় পরিকল্পনা মাফিক হইতে অর্থাৎ রাষ্ট্রীয় পরিকল্পনার বহির্ভূত অথবা ঐ পরিকল্পনার সহিত অসামঞ্জস্যপূর্ণ কোন শিল্প বা ব্যবসায়ের জন্য রাষ্ট্র অনুমতি দেবে না।

(৪) দেশীয় উৎপাদনকে উৎসাহ দান ও সংরক্ষণের অনুকূল শুল্ক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৫)এই সমস্ত শিল্পের ব্যবস্থাপনায় শ্রমিক ও কর্মচারীদের অংশ গ্রহণের অধিকার সংরক্ষণ করা হইবে।

ব্যবসা ও বানিজ্যঃ

(১) সকল বৈদেশিক বানিজ্য রাষ্ট্রায়ত্ত করা হইবে।

(২)পারস্পরিক স্বার্থ ও সমতার ভিত্তিতে জাতীয় স্বাধীনতা ও সার্বভৌমত্বের মর্যাদা রক্ষা করিয়া সকল দেশের সহিত বাণিজ্য সম্প্রসারণ করা যাইবে। সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলির সহিত বিশেষ করিয়া গণচীনের সহিত বাণিজ্য সম্পর্কে উন্নয়ন ও বাণিজ্য ও সম্প্রসারণ করার উপর গুরুত্ব প্রদান করা হইবে।

(৩) পাট ব্যবসা রাষ্ট্রায়ত্ত করা হইবে।

(৪) কৃষকের অন্যান্য অর্থকরী ফসল যথা- ইক্ষু, হলুদ, পান, আলু ইত্যাদির ন্যায্যমূল্য পাওয়ার জন্য রাষ্ট্র নিশ্চয়তা বিধান করিবে এবং দেশী-বিদেশী বাজারের পরিপ্রক্ষিতে উপযুক্ত মূল্য প্রদান করা হইবে। সকল কৃষি পন্যের বিক্রয়ের সুনিশ্চিত ব্যবস্থা করা হইবে।

(৫) মূল খাদ্যশস্যের পাইকারী ব্যবসা রাষ্ট্রায়ত্ত করা হইবে। মূল খাদ্যশস্যের কৃষকের শ্রম, উৎপাদনের খরচ, জনসাধারণের আর্থিক অবস্থা ও দেশী-বিদেশী বাজারের সহিত সামঞ্জস্য বিধান করিয়া নির্ধারিত হইবে।

(৬) ক্ষুদে ব্যবসায়ী ও দোকানদারদের স্বার্থের প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া হইবে।

(৭) রাষ্ট্র নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য নিয়ন্ত্রণ করিবে এবং জনসাধারণের ক্রয়ক্ষমতার সহিত সামঞ্জস্য বিধান করিয়া নিত্যপ্রয়োজীয় দ্রব্যাদির মূল্য নির্ধারণ করা হইবে।

ফিন্যান্স (অর্থ, মুদ্রা, কর):

(১) সাম্রাজ্যবাদের অধীন মুদ্রা ব্যবস্থা বাতিল করিয়া স্বাধীন মুদ্রা প্রবর্তন করা হইবে।

(২) অপ্রত্যক্ষ করের মাধ্যমে ব্যাংক জনগণের উপর যে বোঝা চাপাইয়া দেওয়া হইয়াছে, তাহা বাতিল করা হইবে।

(৩) জনগণতান্ত্রিক সরকারের কর নির্দ্ধাণের নীতি হইবে-''যাহারা আয় যত বেশী, ট্যাক্সের হারও তত বেশী''।

যোগাযোগ ও পরিবহনঃ

যথাযথ যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা না থাকার ফলে বর্তমান অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে যে প্রতিবদ্ধকতা সৃষ্টি হইয়াছে, তাহার নিরসনকল্পে রাষ্ট্র নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করিবেঃ

(১) পূবর্ব বাংলার মূল যোগযোগ ব্যবস্থা-জলপথসমূহকে নৌচলাচলের উপযোগী করার জন্য নদী ও খালসমূহের সংস্কারসাধন করা হইবে।

(২) নৌ-যানসমূহ, বিশেষ করিয়া দেশী নৌকাকে আধুনিকীকরণ করা হইবে।

(৩) রেলপথ সম্প্রসারণ ও রেলওয়ে ব্যবস্থার আমূল সংস্কার সাধন করা হইবে।

(৪) সকল যানবাহন চলাচলের উপযোগী সারা দেশব্যাপী সড়ক নির্মাণ করা হইবে, যাহাতে গ্রামের প্রত্যন্ত অঞ্চল পর্য্যন্ত যোগাযোগের ব্যবস্থা থাকে।

(৫) দেশের উত্তরাঞ্চলের সহিত পূর্বাঞ্চলে যোগাযোগ স্থাপনের জন্য যমুনা নদীর উপর সেতু নির্মাণ করা হইবে।

(৬) বিপ্লবের পর প্রধান যানবাহন শিল্পকে রাষ্ট্রায়ত্ত করা হইবে এবং 'লাভেও নয়-লোকসানেও নয়' এই নীতির ভিত্তিতে উক্ত শিল্প পরিচালিত হইবে। যে সমস্ত ক্ষুদ্র যানবাহন বিপ্লবের প্রথম অবস্থায় রাষ্ট্রয়াত্ত করা সম্ভব হইবে না, তাহার ভাড়ার হার হ্রাস করা হইবে।

জনগণতান্ত্রিক শিক্ষা-সংস্কৃতি রুপরেখা

জনগণতান্ত্রিক শিক্ষাব্যবস্থা ও সংস্কৃতির মূল বৈশিষ্ট্যগুলি হইবে নিম্নরুপঃ

(১) বর্তমান শিক্ষা ব্যবস্থাকে আমূল পরিবর্তন করিয়া এমনভাবে ঢালিয়া সাজানো হইবে, যাহাতে ইহা সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও বৃহৎ পুঁজির সেবাদাসে পরিণত না করিয়া সৃষ্টি করিবে দেশকর্মী, কবি, শিল্পী, সাহিত্যিক, বিজ্ঞান কর্মী, কারিগরি ও উৎপাদনে অংশগ্রহণকারী দক্ষ শ্রমিক বাহিনী। এই শিক্ষাব্যবস্থা হইবে এমনি যাহা তরুণ শিক্ষার্থীদের তাহাদের স্বদেশভূমি ও পৃথিবীর সকল নিপীড়িত মানুষের মুক্তি সংগ্রামের সহিত পরিচিত ও একাত্ম করিবে, দেশমাতৃকা ও তাহার জনগণের বিশেষ করিয়া শ্রমজীবী মানুষের প্রতি সঞ্চার করিবে সুগভীর ভালবাসা ও শ্রদ্ধা, যাহা সাম্রাজ্যবাদ, বিশেষ করিয়া মার্কিন সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও বৃহৎ পুঁজিপতি ও তাহাদের দালালদের প্রতিও সৃষ্টি করিবে অপরিসীম ঘৃণা। এই শিক্ষা ব্যবস্থাই হইবে জনগণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থাই হইবেই জনগণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা যাহার মাধ্যমে ছাত্রসমাজের মন সাম্প্রদায়িকতা ও সকল প্রতিক্রিয়াশীল ভাবাদর্শের বিষবাষ্প হইতে মুক্ত হইবে। তাহারা উদ্বুদ্ধ হইবে বৈজ্ঞানিক সমাজতান্ত্রিক মতাদর্শে।

(২) পূর্ব বাংলার বুক হইতে নিরক্ষরতার অভিশাপকে চিরতরে নির্মূল করা হইবে। প্রতিটি নাগরিকের জন্য শিক্ষার দ্বার উন্মুক্ত করার জন্য গণশিক্ষার প্রসার করা হইবে। উক্ত শিক্ষা মুষ্টিমেয় ধনিক শ্রেণীর সন্তান-সন্ততির মধ্যে সীমাবদ্ধ রাখা হইবে না-ইহার সুযোগ জাতি, ধর্ম, বর্ণ, পেশা নির্বিশেষে প্রতিটি নাগরিকের জন্য উন্মুক্ত রাখা হইবে।

প্রতিটি নাগরিকের জন্য একই ধরনের শিক্ষা ব্যবস্থা প্রচলিত হইবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের সকল প্রকার তারতম্য যথা-কিন্ডারগার্টেন, পাবলিক স্কুল প্রভৃতি বিলুপ্ত করা হইবে।

(৩) মাধ্যমিক পরীক্ষা পর্যন্ত প্রতিটি নাগরিকের রাষ্ট্রীয় খরচে শিক্ষাদানের ব্যবস্থা করা হইবে। শ্রমিক-কৃষকের সন্তান-সন্ততির উচ্চ শিক্ষা প্রদানের জন্য রাষ্ট্র পর্যাপ্ত স্কলারশীপের ব্যবস্থা করিবে।

(৪) প্রচলিত শিক্ষা সিলেবাসকে জনগণতান্ত্রিক রাষ্ট্রের লক্ষ্য ও কর্মসূচীর সহিত সঙ্গতি বিধান করিয়া পরিবর্তন করা হইবে। অনাবশ্যক সিলেবাসের বোঝা কমানো হইবে এবং ঘন ঘন সিলেবাস পরিবর্তন রদ করা হইবে। বর্তমানে পরীক্ষাসমূহের পদ্ধতিরও সংস্কারসাধন করা হইবে।

(৫) বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার উন্নয়নের জন্য সর্বাধিক গুরুত্ব দেওয়া হইবে। বৈজ্ঞানিক ও কারিগরী গবেষণা কার্য্য পরিচালনার জন্য প্রতিটি নাগরিককে অবাধ সুযোগ প্রদান করা হইবে। প্রতিটি জেলায় অন্ততঃপক্ষে একটি করিয়া মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজ, প্রতিটি থানায় অন্ততঃপক্ষে একটি করিয়া কৃষি কলেজ, টেকনিক্যাল, পলিটেকনিক্যাল, উইভিং, ভেটেরিনারী কলেজ স্থাপন করা হইবে।

(৬) বিভিন্ন কল-কারখানার মেকানিক, যানবাহন চালনা, দর্জির কাজ, টেলিগ্রাফ ও টেলিফোন অপারেটর, রেডিও মেকানিজম, সিনেমা শিল্পের কারিগর প্রভৃতি শিক্ষায় শিক্ষিত করিয়া তোলার জন্য পর্যাপ্ত পরিমাণে বৃত্তিমূলক প্রতিষ্ঠান গড়িয়া তোলা হইবে।

(৭) বাংলা ভাষাকে উচ্চ শিক্ষার মাধ্যম করা হইবে। বিদেশী ভাষায় জ্ঞান-বিজ্ঞান বইসমূহ দ্রুত বাংলা ভাষায় অনুবাদের ব্যবস্থা করা হইবে। পূর্ব বাংলার অন্যান্য সংখ্যালঘু জাতিরা যাহাতে তাহাদের মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষা গ্রহণ করিতে পারে তাহার ব্যবস্থা করা হইবে।

(৮) রাষ্ট্রভাষা হইবে বাংলা এবং প্রতিটি রাষ্ট্রকাজে বাংলা ভাষা ব্যবহার করা হইবে।

(৯) যে সমস্ত তরুণ তাহাদের শিক্ষা জীবন অসমাপ্ত রাখিয়া বিপ্লবে আত্মনিয়োগ করিবে, বিপ্লবোত্তর যুগে তাহাদের শিক্ষা ও প্রতিভার বিকাশের জন্য রাষ্ট্র সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করিবে।

(১০) বর্তমান সমাজ ব্যবস্থার চরম অবহেলিত শিক্ষক সম্প্রদায় বিপ্লবের পরে জনগণতান্ত্রিক সমাজে বিশেষ মর্যাদার অধিকারী হইবেন। তাঁহারা যাহাতে নির্ভাবনায় তাঁহাদের শিক্ষকতা ও গবেষণা কার্য্য এবং প্রতিভার বিকাশ সাধন করিতে পারেন, সেই জন্য রাষ্ট্র তাঁহাদের পর্য্যাপ্ত বেতন ও অন্যান্য সর্বপ্রকার সুযোগ ও সুবিধা-প্রদান করিবে।

(১১) বর্তমানে পচাগলা ঘুণে ধরা সমাজ ব্যবস্থার ধারক ও বাহক যে সাম্রাজ্যবাদী, সামন্তবাদী ও বুর্জোয়া ভাবাদর্শে বিষাক্ত প্রতিক্রিয়াশীল ও সাম্প্রদায়িক সংস্কৃতি প্রচলিত রহিয়াছে, তাহা সমূলে করা হইবে এবং সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও সকল প্রতিক্রিয়াশীল ও সাম্প্রদায়িক ভাবধারাবিরোধী জনগণতান্ত্রিক সংস্কৃতিকে এমন ধাঁচে গড়িয়া তুলিতে হইবে যাহাতে ইহা জনগণতান্ত্রিক বিপ্লবের শত্রুদের চূড়ান্তভাবে ধ্বংস করিতে পারে। এই সাংস্কৃতিক কর্মকান্ডে প্রধান ও নেতৃস্থানীয় উপাদান হইবে সর্বহারা শ্রেণীর বিপ্লবী মতাদর্শ ও সংস্কৃতি, যাহাতে ইহা দ্রুত সমাজতন্ত্রের লক্ষ্য অভিমুখে অগ্রসর হইয়া যাইতে পারে এবং সমজতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামের কার্য্যকরী হাতিয়ারে পরিণত হইতে পারে।

(১২) বাঙালী জাতির সংস্কৃতির বিকাশ ও মানোন্নয়নের জন্য বিশেষ চেষ্টা গ্রহণ করা হইবে। এই জাতীয় সংস্কৃতি পূর্ব বাংলার গোটা জনগণ বিশেষ করিয়া শ্রমজীবী মানুষের সংঘাতময় জীবন ও নিরস্বর শ্রেণী সংগ্রামের একটি সার্থক দর্পণ হইবে।

(১৩) বাঙলা ভাষা ও সাহিত্যের গৌরবময় ঐতিহ্যকে রাষ্ট্র পরম নিষ্ঠার সহিত সংরক্ষণ করিবে-ইহার মধ্যে যে অংশ বিপ্লবের সাহায়ক হইবে, তাহার বিকাশের জন্য রাষ্ট্র সর্বপ্রকার প্রচেষ্টা চালাইবে, যে অংশ-সংগ্রাম ও শ্রমজীবী মানুষের বিরুদ্ধে যাইবে, তাহা জনগণের নিকট সমালোচনা সহকারে তুলিয়া ধরা হইবে। কিন্তু রাষ্ট্র মাইকেল , রবীন্দ্র, নজরুল বা অন্য ঐতিহ্যবাহী সাহিত্য প্রচারে বিঘ্ন সৃষ্টি করিবে না।

(১৪) বিদেশের যে সকল শিল্প, সাহিত্য ও সংস্কৃতি মানবজাতির সম্পদ হিসাবে পরিগণিত হইয়াছে, তাহার সারবস্তু আত্মস্থ করিবার জন্য অনুশীলন করার ব্যবস্থা গ্রহণ করা হইবে। কিন্তু ইহার সম্পর্কেও শ্রমিক শ্রেণীর দৃষ্টিভঙ্গি ও সমালোচনা তুলিয়া ধরা হইবে।

(১৫) সকল প্রকার লোক সাহিত্য ও সংস্কৃতির অবলুপ্তি রোধের জন্য এবং তাহার বিনাশসাধনের জন্য রাষ্ট্র সর্বাত্মক প্রচেষ্টা চালাইবে।

(১৬) সকল জাতীয় সংখ্যালঘুদের ভাষা, সাহিত্য ও সংস্কৃতির বিকাশ ও মানোন্নয়নের জন্য বিশেষ প্রচেষ্টা গ্রহণ করা হইবে।

(১৭) নোংরা মার্কিনী সিনেমা, অশ্লীল, পত্র-পত্রিকা ও গণবিরোধী সকল প্রকার সাংস্কৃতিক কার্যকে উৎখাত করা হইবে ও নিষ্ঠুর হস্তে দমন করা হইবে।

(১৮) সমাজে সাম্প্রদায়িক মনোভাব সৃষ্টি করার জন্য যাহারা প্রচেষ্টা চালাইবে রাষ্ট্র কঠোর হস্তে তাহাদের দমন করিবে।

(১৯) সাহিত্য ও শিল্পের সৃজনশীল ভূমিকা গ্রহণ এবং সাংস্কৃতিক কর্মকান্ডে অংশগ্রহণে প্রতিটি নাগরিককে অবাধ সুযোগ করা হইবে।

(২০) বুদ্ধিজীবী, কবি, লেখক ও শিল্পীদের সমাজে বিশেষ মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করা হইবে এবং তাহারা যাহাতে নিরুদ্বেগে তাঁহাদের সৃজনশীল কাজ অব্যাহতভাবে চালাইয়া যাইতে পারেন, রাষ্ট্র তাহার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করিবে।

(২১) মার্কসবাদ, লেনিনবাদ ও তাহার সর্বোচ্চরুপ মাও সে-তুঙের চিন্তাধারার প্রচার ও প্রসারের সুযোগ প্রদান ও জনগণকে তাদের শিক্ষায় শিক্ষিত করিয়া তুলিবার জন্য রাষ্ট্র উদ্যোগ ও প্রচেষ্টা গ্রহণ করিবে। রাষ্ট্র মার্কসবাদকে বিকৃতকারী সংশোধনবাদী নয়া সংশোধনবাদ ভাবাদর্শে পূর্ণ শিল্প, সাহিত্য ও সংস্কৃতি নিষিদ্ধ করিবে।

স্বাস্থ্য ও চিকিৎসাঃ (১) স্বাস্থ্য বিভাগের উন্নয়ন এবং স্বাস্থ্য রক্ষার ও প্রতিষেধক ব্যবস্থা গ্রহণের আন্দোলন গড়িয়া তোলা, জনগণের স্বাস্থ্য রক্ষা করা, মহামারী নিরোধের স্থায়ী ও কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা হইবে।

(২) জাতি, ধর্ম, বর্ণ পেশা নির্বিশেষে প্রতিটি নাগরিকের একই ধরনের চিকিৎসার সুযোগপ্রাপ্তির প্রশ্নে বর্তমান সমাজ ব্যবস্থায় যে বিরাট ব্যবধান রহিয়াছে, তাহা বিলুপ্ত করা হইবে।

(৩) ''জনগণের জন্য বিনামূল্যে চিকিৎসা ও সর্বপ্রকার ঔষধ সরবরাহ'' এই লক্ষ্যকে সম্মুখে রাখিয়া প্রতিটি ইউনিয়নে অন্ততঃপক্ষে একটি সর্বাধুনিক চিকিৎসার সরঞ্জামাদিসহ হাসপাতালের ব্যবস্থা করা হইবে।

(৪) ব্যক্তিগত মালিকানায় প্রতিষ্ঠিত ঔষধ শিল্প ও ঔষধ ব্যবসায় রাষ্ট্রায়ত্ত করা হইবে অর্থাৎ রাষ্ট্র ব্যতীত অন্য কেহ ঔষধ ব্যবসা করিতে পারিবে না।

(৫) ঔষধ প্রস্তুতের জন্য দেশজ গাছ-গাছড়া বিদেশে রপ্তানী না করিয়া উহার উপাদান হইতে ঔষধ প্রস্তুত করার ব্যাপক কার্য চালাইয়া যাইতে হইবে এবং উহার মাধ্যমে পূর্ব বাংলার ঔষধ শিল্প গড়িয়া তুলিবার জন্য প্রচেষ্টা গ্রহণ করা হইবে।

(৬) পূর্ব বাংলায় যে ঐতিহ্যবাহী কবিরাজি, হেকিমী ও আয়ুর্বেদীয় চিকিৎসা পদ্ধতি প্রচলিত রহিয়াছে, ব্যাপক গবেষণা ও পরীক্ষা চালাইয়া তাহাকে সম্পূর্ণ বিজ্ঞানসম্মত চিকিৎসা পদ্ধতি হিসাবে গড়িয়া তুলিবার জন্য রাষ্ট্র গ্রহণ করিবে।

(৭) শারীরিক শিক্ষা ও ক্রীড়া আন্দোলনের বিকাশ সাধন করা হইবে।

(৮) শহরে ও গ্রামে সর্বত্র বিশুদ্ধ পানি সরবরাহ ও সুষ্ঠু পয়ঃপ্রণালীর ব্যবস্থা করা হইবে। সামাজিক নিরাপত্তাঃ

সামাজিক নিরাপত্তা:

(১) রাষ্ট্র অনাথ, বৃদ্ধ অক্ষম ব্যক্তিদের বিশেষ যত্ন গ্রহণ করিবে। বৃদ্ধদের জন্য ভাতা, প্রত্যেক অন্ধ, আঁতুর ও অক্ষম ব্যক্তিদের জন্য রাষ্ট্র নিজ খরচে তাহাদের নিজেদের বাড়ীতে, কোন স্বাস্থ্যনিবাস বা ক্লিনিক থাকার ব্যবস্থা করিবে। অন্ধ ও আঁতুরদের বৃত্তিমূলক শিক্ষার দৃষ্টি দেওয়া হইবে।

(২) ভিক্ষাবৃত্তি চিরতরে বিলুপ্ত করা হইবে এবং ভিক্ষুকদের কর্মসংস্থানের ব্যবস্থা করিয়া সমাজে পুনর্বাসনের ব্যবস্থা করা হইবে।

(৩) বেকার যুবকদের কর্মসংস্থান অথবা তাহাদের বেকারভাতার ব্যবস্থা করা হইবে।

(৪) ঘুষ, দুর্নীতি, চুরি, ডাকাতি, জুয়া খেলা, মাতলামি, রাহাজানি, গুন্ডামি চিরতরে সমাজদেহ হইতে উৎপাটিত করা হইবে।

(৫) বেশ্যাবৃত্তিকে সমূলে উচ্ছেদ করা হইবে এবং বেশ্যাদের সুচিকিৎসা ও শিক্ষার মাধ্যমে সমাজে পুনর্বাসনের ব্যবস্থা করা হইবে। তাহাদেরকে সম্মানজনক জীবিকা নির্বাহের ব্যবস্থা করা হইবে।

(৬) প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের রিলিফ প্রদানের ব্যবস্থা করা হইবে। যাহাদের জমিজমা, বাড়ী-ঘর নদী ভাঙ্গনের ফলে ভাসাইয়া লইয়া যাইবে, রাষ্ট্র তাহাদের পুনর্বাসনের ব্যবস্থা করিবে।

নারীর অধিকারঃ

(১) রাজনীতি, অর্থনীতি, সমাজ ও সংস্কৃতি সর্বক্ষেত্রে নারী ও পুরুষের সমানাধিকার প্রতিষ্ঠা করা হইবে। নারীসমাজের রাজনৈতিক, সাংস্কৃতিক ও বৃত্তিগত মানোন্নয়নের জন্য রাষ্ট্র বিশেষ প্রচেষ্টা গ্রহণ করিবে।

(২) যে সকল মহিলা পুরুষের অনুরুপ কার্যে নিযুক্ত তাঁহারা সমবেতন, সমমর্যাদা ও অধিকার ভোগ করিবেন।

(৩) মহিলা কর্মীদের উৎকর্ষ বিধান, উপযুক্ত ট্রেনিং ও সক্রিয় সাহায্যদানের নীতি গ্রহণ করা হইবে।

(৪) বিবাহ ও পরিবার সম্পর্কে প্রগতিশীল আইন প্রণয়ন করা হইবে।

(৫) মহিলা শ্রমিক ও কর্মচারীদের দুই মাসের সমবেতন মাতৃত্ব ছুটি প্রদান করা হইবে। প্রসূতিদের বিশেষ ভাতা প্রদান করা হইবে।

(৬) মাতা ও শিশুদের প্রতি রাষ্ট্র বিশেষ যত্ন গ্রহণ করিবে। রাষ্ট্রীয় খরচে মাতৃসদন, শিশুমঙ্গল প্রতিষ্ঠান ও নার্সারী স্কুল পর্যাপ্ত সংখ্যায় প্রতিষ্ঠা করা হইবে।

শিরোনাম	সূত্র	তারিখ
জনসংখ্যার ভিত্তিতে সার্বজনীন প্রত্যক্ষ ভোটাধিকর ও সার্বভৌম পার্লামেন্টের আহবান	ন্যাশন্যাল আওয়ামী পার্টি (মোজাফফর)	এপ্রিল, ১৯৬৯

জনসংখ্যার ভিত্তিতে সার্বজনীন প্রত্যক্ষ ভোটে

শাসনতন্ত্র প্রণয়ন ও সার্বভৌম পার্লামেন্টের যৌথ দায়িত্ব পালনে সক্ষম পরিষদ নির্বাচনের সুপারিশঃ গণতান্ত্রিক শক্তিসমূহকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান

প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ২৬শে মার্চ তাঁহার বেতার ভাষণে ও পরে ১০ই এপ্রিল সাংবাদিক সম্মেলনে সুস্পষ্টভাবে ঘোষণা করিয়াছেন, দেশে সামরিক শাসন জারীর পিছনে সামরিক বাহিনীর কোন রাজনৈতিক অভিলাষ নাই বরং প্রত্যক্ষ ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত জনপ্রতিনিধিদের নিকট ক্ষমতা হস্তান্তর করাই কেবল তাহার সরকারের লক্ষ্য। দেশের রাজনৈতিক পরিবেশ অনুকূল থাকিলে যথাসম্ভব সংক্ষিপ্ততম সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হইবে বলিয়া তিনি ঘোষণা করিয়াছেন।

পূর্ব পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টির পক্ষ হইতে আমি এবং আমার দলীয় বন্ধুরা মনে করি যে, দেশে যেরুপ স্বাভাবিক অবস্থা বিদ্যমান থাকিলে নির্বাচন অনুষ্ঠিত হইতে পারে বলিয়া ঘোষণা করা হইয়াছিল, দেশে সেইরুপ স্বাভাবিক অবস্থা বিরাজ করিতেছে। তাই, আমরা মনে করিতেছে, বিলম্ব না করিয়া শীঘ্রই জনপ্রতিনিধিদের হাতে দেশের শাসন ক্ষমতা অর্পণ করা প্রয়োজন এবং এই জন্য অবিলম্বে নির্বাচন অনুষ্ঠিত হওয়া দরকার এবং পূর্ণ গণতান্ত্রিক পরিবেশে পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠানের সুবিধার্থে বিশেষ কোন অন্তর্বর্তীকালীন ব্যবস্থা অবলম্বনের বিষয় বিবেচনার জন্যও আমরা সকল দলমত ও সংশ্লিষ্ট মহলের প্রতি আহবান জানাইতেছি।

দেশে বর্তমান কোন গণতান্ত্রিক সরকার নাই; কোন শাসনতন্ত্র নাই-ইহাই বাস্তব অবস্থা। এই অবস্থার হাত হইতে মুক্তি পাইবার জন্য বিভিন্ন মহল হইতে বিভিন্ন প্রস্তাব আসিতেছে। যেমন-১৯৫৬ সালের সাবেক শাসনতন্ত্রকে পুনর্বহাল করা, ১৯৫৬ সালের শাসনতন্ত্রকে নির্বাচনের ভিত্তি হিসাবে ধরা, প্রথমবারের জন্য নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ (----------) ভোটে শাসনতন্ত্র সংশোধনের অধিকারসহ ১৯৫৬ সালের শাসনতন্ত্র গ্রহণ করা। তা ছাড়া জাতীয় কনভেনশন ও গণভোটের মাধ্যমে শাসনতন্ত্র গ্রহণ করার প্রস্তাবও উঠিতেছে।

শাসনতন্ত্র-সমস্যা সমাধানের তৈয়ারী (----------) ব্যবস্থা হিসাবে ১৯৫৬ সালের শাসনতন্ত্র বর্তমান সময়ে দেশবাসীর নিকট কোন মতেই গ্রহণযোগ্য হইতে পারে না। কারণ ১৯৫৬ সালের শাসনতন্ত্রে পূর্ব পাকিস্তানের আঞ্চলিক স্বায়ত্তশাসন নাই, অথচ এই দাবী আদায়ে দেশের জনগণকে দীর্ঘকাল হইতে অত্যাচার সহ্য করিতে হইয়াছে, এমনকি প্রাণ পর্যন্ত বিসর্জন দিতে হইয়াছে। ১৯৫৬ সালের শাসনতন্ত্রে পশ্চিম পাকিস্তানের এক ইউনিট ব্যবস্থা কায়েম করা হইয়াছে। ইহা দ্বারা সেখানকার জনগণের বিশেষতঃ বেলুচ, পাঠান, সিন্ধিদের স্বায়ত্তশাসন হরণ করা হইয়াছে। এই শাসনতন্ত্রে জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্বের দাবীকে অস্বীকার স্বায়ত্তশাসন হরণ করা হইয়াছে। এই শাসনতন্ত্রে জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্বের দাবীকে অস্বীকার করিয়া অগণতান্ত্রিক সংখ্যাসাম্য নীতি কায়েম করা হইয়াছে। ইহা পূর্ব পাকিস্তানের একটি গণতান্ত্রিক অধিকার নস্যাৎ করিয়াছে।

১৯৫৬ সালের শাসনতন্ত্রকে নির্বাচনের ভিত্তি হিসাবেও গ্রহণ করা যায় না। কারণ ইহাতে জনসংখ্যার ভিত্তিকে প্রতিনিধিত্বের ব্যবস্থা নাই।

১৯৫৬ সালের শাসনতন্ত্র গ্রহণের মাধ্যমে দ্রুত নির্বাচন অনুষ্ঠান করিয়া প্রথমবারের জন্য নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ ভোটে ১৯৫৬ সালের শাসনতন্ত্র সংশোধনের বিষয় যাঁহারা সুপারিশ করিতেছেন, আমরা তাঁহাদের সংগেও একমত হইতে পারিতেছি না। কারণ, এইরুপ অধিকার কে কাহাকে দিবে এবং এইরুপ অঙ্গীকার যে রক্ষিত হইবে উহার গ্যারান্টি কোথায়? উপরন্তু ১৯৫৬ সালের শাসনতন্ত্র সম্পর্কে নমনীয় নীতি গ্রহণের ফলে পূর্ব পাকিস্তানের পূর্ন আঞ্চলিক স্বায়ত্তশাসন, এক ইউনিট বাতিল ও জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্বের প্রশ্নে দেশবাসীকে যে পুনরায় ধোঁকাবাজি দেওয়ার কারসাজি থাকিতে পারে, উহা অতীতের রাজনৈতিক ঘটনাবলী সাক্ষ্য দিবে।

জাতীয় কনভেনশনের মাধ্যমে শাসনতন্ত্রের মূলনীতি স্থির করিয়া গণভোটের দ্বারা উহা গ্রহণের যে প্রস্তাব করা হইয়াছে সে বিষয়েও আমরা একমত হইতে পারিতেছি না। কারণ, প্রথমতঃ কণভেনশনে সকলের অংশগ্রহণের নিশ্চয়তা নাই। অতীতের ঘটনাই ইহার প্রমাণ। তৃতীয়তঃ কনভেনশনে অংশগ্রহণকারীগণ সকল বিষয়ে ঐক্যমত হইবেন, তাহা আশা না করাই বাঞ্ছনীয়। ঐকমত্য না হইলে নূতন সংকট দেখা দিবে। চতুর্থতঃ গণভোটে বিকল্প থাকিবে কি না এবং থাকিলে কতগুলি বিকল্প থাকিবে উহা স্থির করা দুরুহ ব্যাপার। বিকল্পহীন গণভোট যেরুপ অর্থহীন হইবে, অনুরুপভাবে বহুসংখ্যক বিকল্প থাকিলে এমন জটিলতা দেখা দিবে, যাহা পুনরায় সংকট ডাকিয়া আনিবে।

বিভিন্ন মহলের বিভিন্ন প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করিয়া আমরা মনে করি, অবিলম্বে সার্বজনীন প্রত্যক্ষ ভোটে জনসংখ্যার ভিত্তিতে এইরুপ পরিষদ নির্বাচন করা দরকার, যাহা একই সংগে সার্বভৌম পার্লামেন্ট ও গণপরিষদের যৌথ দায়িত্ব পালন করিতে পারিবে। অর্থাৎ দেশ শাসন এবং সহজ সংখ্যাগরিষ্ঠ ভোটে নির্ধারিত সময়ের মধ্যে শাসনতন্ত্র রচনা-এই উভয় দায়ত্বই এই পরিষদ পালন করিবেন।

অতীতের তিক্ত ও বেদনাদায়ক অভিজ্ঞতা স্মরণে রাখিয়া সকলেরই আজ দেশে নির্বাচনের মাধ্যমে জনপ্রতিনিধিদের হাতে দ্রুত রাষ্ট্রক্ষমতা ফিরাইয়া আনা এবং রাষ্ট্রের মর্যাদা রক্ষার কাজে ঐক্যবদ্ধভাবে অগ্রসর হইয়া আসা প্রয়োজন এবং গণপ্রতিনিধিদের হাতেই আস্থার সহিত শাসনতন্ত্র প্রণয়নের দায়িত্ব অর্পণ করা উচিত।

এই প্রসঙ্গে এ কথা আমরা সুস্পষ্টভাবে বলিয়া রাখা প্রয়োজন মনে করিতেছি যে, পূর্ব পাকিস্তানের পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসন, পশ্চিম পাকিস্তানের এক ইউনিট বাতিল ও জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্বের দাবী অস্বীকার করিয়া দেশের শাসনতন্ত্র সমস্যার সমাধান কিছুতেই সম্ভব নয়। এই তিনটি দাবীকে ধামাচাপা দিয়া প্রকৃত সমস্যার সমাধান হইবে না। ঐতিহাসিক ১১ দফা কর্মসূচীতে পূর্ব পাকিস্তানের পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসনের দাবী, পশ্চিম পাকিস্তানের এক ইউনিট বাতিলের দাবী উত্থাপিত হইয়াছে এবং জনগন ১১ দফা প্রতিষ্ঠার জন্য অকাতরে প্রাণ বিসর্জন দিয়া ইতিহাসে সৃষ্টিকারী গণঅভ্যুত্থান দেশে ঘটাইয়াছে। এই পরিপ্রেক্ষিতে আমরা ১১ দফার শাসনতান্ত্রিক দাবীসমূহ (১১ দফার ২, ৩ ও ৪ নং দাবী) সহ মোট পাঁচটি দাবী গোলটেবিল বৈঠকে উত্থাপন করিয়াছিলাম। আমি ও আমার সহকর্মীগণ মনে করি, ন্যাপ এই সকল দাবী হইতে বিচ্যুত হইবে না এবং এই দাবীগুলি আদায় না হওয়া পর্যন্ত নিরলস প্রচেষ্টা চালাইয়া যাইবে।

আমরা অত্যন্ত দুঃখের সহিত লক্ষ্য করিতেছে, কোন কোন রাজনৈতিক মহল বর্তমান অবস্থার সুযোগ পূর্ব পাকিস্তানের পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসন, এক ইউনিট বাতিল ও জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্বের দাবী ধামাচাপা দিয়া সমস্যার দ্রুত সমাধানের নামে কৌশলে ১৯৫৬ সালের শাসনতন্ত্র স্বীকার করিয়া লইবার জন্য ব্যস্ত হইয়া।

পড়িয়াছেন। তাঁহাদের এই অপচেষ্টা ফলপ্রসূ হইবে না। জনতা সময়ে এই অপচেষ্টার বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইবে, ইতিহাসে এই সাক্ষ্যই বহন করে।

পরিশেষে আমরা আশু রাজনৈতিক লক্ষ্য হিসাবে জনপ্রতিনিধিদের নিকট ক্ষমতা হস্তান্তর ও শাসনতন্ত্র রচনার জন্য অবিলম্বে নির্বাচন অনুষ্ঠান সম্পর্কে সকল গণতান্ত্রিক দলের মধ্যে আলোচনা, সমঝোতা এবং ঐক্য প্রতিষ্ঠার আবেদন জানাইতেছি। ন্যাশনাল আওয়ামী পার্টি দলীয় স্বার্থের উর্ধ্বে সর্বদাই জনগণ ও দেশের স্বার্থকে স্থান দিবে এবং এই জন্য যে কোন ত্যাগ স্বীকার প্রস্তুত রহিয়াছে।

অধ্যাপক মোজাফফর আহমেদ
সভাপতি
পূর্ব পাকিস্তান ন্যাশনাল আওয়ামী পার্টি

নাটোর প্রেস ১২, ফোল্ডার স্ট্রীট, ঢাকা-৩ হইতে মুদ্রিত।

শিরোনাম	সূত্র	তারিখ
ইয়াহিয়া সরকারের শিক্ষানীতি এবং বিরোধী রাজনৈতিক সংগঠনের সমালোচনা করে ছাত্রসমাজের বক্তব্য	ছাত্রসমাজ (তিনটি বৃহৎ সংগঠন)	আগষ্ট, ১৯৬৯

শিক্ষানীতির নামে প্রতিক্রিয়াশীলদের মিথ্যা অপপ্রচার সম্পর্কে ছাত্রসমাজের আবেদন

দ্বিতীয় সামরিক সরকার কর্তৃক প্রস্তাবিত খসড়া শিক্ষানীতি পূর্ব পাকিস্তানের গণতান্ত্রিক ছাত্রসমাজ সমর্থন করিতে পারে নাই। সামরিক সরকারের প্রস্তাবিত শিক্ষানীতির সমর্থক ইসলামী ছাত্রসংঘ নামক একটি তথাকথিত ছাত্র প্রতিষ্ঠান ও তাহাদের মুরব্বী জামাতে ইসলাম নামক একটি ধর্মভিত্তিক রাজনৈতিক প্রতিষ্ঠান এই কারণে ক্ষিপ্ত হইয়া উঠিয়াছে এবং অযথা ''ইসলাম বিপন্ন'' প্রভৃতি শ্লোগান তুলিয়া আইয়ুব-মোনায়েম আমলের মতই পুরাতন কায়দায় গণতান্ত্রিক প্রতিষ্ঠান এবং ছাত্রসমাজের বিরুদ্ধে বল্গাহীন অপপ্রচার চালাইতে শুরু করিয়াছেন। এই সকল গোষ্ঠী প্রকাশ্যভাবে উস্কানিমূলক নগ্ন প্রচারণাও চালাইতেছেন এবং জনগণের মধ্যে ধর্মভিত্তিক বিভেদ সৃষ্টির অপচেষ্টাও করিতেছেন শিক্ষানীতিকে কেন্দ্র করিয়া ইহাদের সাম্প্রতিক কার্যকলাপ দেশে বর্তমানে বিরাজমান শান্তিপূর্ণ স্বাভাবিক পরিস্থিতিকে নস্যাৎ করিবার অপচেষ্টা ব্যতীত আর কিছুই নয়। এবং ইহার অর্থ হইতেছে নির্বাচন এবং ১১দফা ভিত্তিক শাসনতন্ত্র প্রভৃতি সম্পর্কে গণতান্ত্রিক মহল ও দেশবাসীর দাবীসমূহ নস্যাৎ করিবার সুযোগ আরও সম্প্রসারণ করা। প্রকৃতপক্ষ বিগত গণঅভ্যুস্থানের সময় হইতেই জামাতে ইসলাম, ইসলামী ছাত্রসংঘ প্রভৃতি প্রতিক্রিয়াশীল গোষ্ঠীগুলি পূর্ব পাকিস্তানের পূর্ণ আঞ্চলিক স্বায়ত্তশাসন, এক ইউনিট বাতিল, পূর্ণ গনতন্ত্র কায়েম ও ছাত্র, শ্রমিক, কৃষক মধ্যবৃত্তদের ন্যায্য দাবীসমূহ তথা ১১ দফার বিরোধীতা করিয়াছে। এরই পরিপ্রেক্ষিতেই এই সকল গোষ্ঠী বর্তমানে সরকারের প্রস্তাবিত শিক্ষানীতির প্রতি সমর্থন জ্ঞাপন করিয়া শিক্ষানীতি মতামত প্রদানকারী তথা গণতান্ত্রিক প্রগতিশীল মহলের বিরুদ্ধে মিথ্যা অপপ্রচার চাইতেছে। তাহাদের এই সকল প্রচারণার জন্য দেশের মসজিদসমূহকে তাহারা ব্যবহার করিতেছে। পবিত্র মসজিদকে ইহারা নিজেদের গণবিরোধী রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য তাহাদের রাজনৈতিক আখড়ায় পরিণত করিয়াছে।

সকলেই এ কথা জানেন যে, সরকার প্রস্তাবিত খসড়া শিক্ষানীতি সম্পর্কে খোলাখুলি মতামত প্রদানের আহবান জানান। এই অভিমত লিখিতভাবে সরকারের নিকট পেশ করা হয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (----------) উদ্যোগে বিগত ১২ আগষ্ট শিক্ষানীতির উপর একটি আলোচনা সভা সেমিনার) আহবান করা হয়। এই আলোচনা সভায় যখন 'ভাষা' বিষয়ে আলোচনা হইতেছিল, সে সময় ইসলামী ছাত্রসংঘের কতিপয় সদস্য আকস্মিকভাবে গোলযোগ শুরু করে এবং বক্তা ও শ্রোতাদের আক্রমণ করে। ফলে সাধারণ ছাত্রসহ উদ্যোক্তদের কেহ আহত হয়। সকলে আলোচনা গৃহ হইতে বাহির হইয়া আসিতে বাধ্য হয়। কিন্তু ইহাতেও ইসলামী ছাত্রসংঘের আক্রমণ বন্ধ হয় না। ফলে অনিবার্যভাবে সংঘর্ষ সৃষ্টি হয়। এই সংঘর্ষের দুখঃজনক পরিণতি হিসাবে আবদুল মালেকের জীবনাবসান ঘটে। আমরা মালেকের অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ করিয়াছি এবং শান্তিপূর্ণ আলোচনা সভায় গুন্ডাবাজির পশ্চাতে যে একটি সুপরিকল্পিত উদ্দেশ্য রহিয়াছে ইহাও উন্মোচন করা প্রয়োজন মনে করি।

ইসলাম ছাত্রসংঘ প্রচার করিয়াছে যে, সেমিনারে ইসলাম বিরোধী ভাষণ দেওয়া হইতেছিল এবং তাহাদের বক্তৃতাদানের অধিকার দেওয়া হয় নাই। তাহাদের এই প্রচারণা সর্বৈব মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত।

প্রকৃত ঘটনা হইল এই যে, পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের সভাপতি জনাব সামদুদ্দোহা যখন খসড়া শিক্ষানীতির বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি চুলচেরা বিশ্লেষণ করিয়া ভাষার বিষয় বক্তৃতা করিতেছিলাম সে সময়ই তাহারা আক্রমণ করিয়া বসে। সেমিনারে বক্তৃতা করিবার জন্য সেমিনারের সভাপতি জনাব তোফায়েল আহমদের অনুমতি চাহিয়া তাহারা নিরাশ হইয়াছে এইরুপ কোন ঘটনা ঘটে নাই। এই সম্পর্কে প্রকৃত তথ্য প্রতিষ্ঠিত সংবাদপত্রসমূহে এমনকি প্রেস ট্রাষ্টের পত্রিকাসমূহেও প্রকাশিত হইয়াছে। প্রকৃতপক্ষে গোলযোগ সৃষ্টিকারী ও আক্রমণকারীগণ আত্মপক্ষ সমর্থন ও বালির বাঁধের পশ্চাতে আত্মরক্ষার জন্যই ইসলাম বিপন্ন ও সেমিনারে বক্তৃতা দানের গণতান্ত্রিক অধিকারের প্রশ্ন উত্থাপন করিয়াছেন। কিন্তু অন্যদের বক্তৃতার সময় লাঠি ও অন্যান্য অস্ত্র দ্বারা আক্রমণ করিতে তাহাদের বিন্দুমাত্র দ্বিধা হয় নাই। সেমিনারের ঘটনাবলী প্রমাণ করে যে, খসড়া শিক্ষানীতির বিরোধীতা করিবার ফলেই ইসলামী ছাত্রসংঘ তাহাদের রাজনৈতিক মুরব্বীগণ গণতান্ত্রিক ছাত্রসমাজের উপর ক্ষিপ্ত হইয়াছে।

ইহা বর্তমানে সকলেরই জানা আছে যে পূর্ব পাকিস্তানের গণতান্ত্রিক ছাত্র সমাজ কেন খসড়া শিক্ষানীতির বিরোধিতা করিতেছে। আমরা মনে করি যে, প্রস্তাবিত শিক্ষানীতি আমাদের আশা-আকাঙ্খার অনুরুপ হয় নাই। এই শিক্ষানীতি কার্যকরী করা হইলে শিক্ষাক্ষেত্রে সংকট বৃদ্ধি পাইবে। বর্তমানে যে বৈষম্য রহিয়াছে তাহা আরও বৃদ্ধি পাইবে। শিক্ষানীতি কার্যকরী করা হইলে শিক্ষাক্ষেত্রে সংকট বৃদ্ধি পাইবে। বর্তমানে যে বৈষম্য রহিয়াছে তাহা আরও বৃদ্ধি পাইবে। শিক্ষানীতি সম্পর্কে আমাদের অভিমত পত্রিকাসমূহে প্রকাশিত হইয়াছে। 'ইসলাম' ও 'পাকিস্তানের সংহতির' বিরোধিতা করার জন্যই আমরা শিক্ষানীতির বিরোধিতা করিতেছি ইহা সম্পূর্ণ মিথ্যা প্রচার বরং আমাদের দাবী হইল দেশের সংহতি রক্ষা ও সে জন্য সকল ভাষাভাষী জাতীয়সমূহের জাতীয় ঐতিহ্য ও সংস্কৃতিকে স্বীকারের মাধ্যমে জাতিগত শোষণ ও নিপীড়ন বন্ধ করা। ধর্মনিরপেক্ষ শিক্ষানীতির অর্থ ইসলাম বিরোধিতা নয়, বরং সকল ধর্মালম্বীর ধর্মীয় অধিকার রক্ষা করা ও প্রয়োজনমত ধর্মীয় শিক্ষার জন্য বিশেষ ব্যবস্থাও চালু রাখা। কিন্তু প্রতিক্রিয়াশীল গোষ্ঠী এই সকল বক্তব্য ইচ্ছাকৃতভাবেই ইসলামবিরোধী হিসাবে মিথ্যা প্রচার করিতেছে। ইহার উদ্দেশ্য সুস্পষ্ট।

এই পরিস্থিতিতে আমরা দেশের ছাত্রসমাজ, শিক্ষক, অভিভাবকমন্ডলী, গণতান্ত্রিকমহল ও সর্বোপরী শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত তথা আপমর জনগণের নিকট আবেদন জানাইতেছি যে, প্রতিক্রিয়াশীলদের উদ্দেশ্যপূর্ণ প্রচারণা শান্তিপূর্ণভাবে প্রতিহত করিতে আগাইয়া আসুন। ছাত্র, শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত বুদ্ধিজীবীদের গণতান্ত্রিক ঐক্য প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর সকল চক্রান্ত ব্যর্থ করিবে ইহাতে কোন সন্দেহ নাই। অতীতের অভিজ্ঞতাই ইহার প্রমাণ। কিন্তু বর্তমানে সকলকে সর্তক ও হুঁশিয়ার থাকিবার জন্য আমরা আহবান জানাইতেছি।

সামসুদ্দোহা	তোফায়েল আহমদ	মোস্তফা জামাল হায়দার
সভাপতি,	সভাপতি,	সভাপতি,
পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন	পূর্ব পাকিস্তান ছাত্র, লীগ	পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন

নুরুল ইসলাম	আঃ সঃ মঃ আবদুর রব	মাহবুব উল্লাহ
সাধারণ সম্পাদক।	সাধারণ সম্পাদক।	সাধারণ সম্পাদক।

শিরোনাম	সূত্র	তারিখ
পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ : নীতি ও কর্মসূচী	পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ	১লা আগষ্ট, ১৯৬৯

পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ
নীতি ও কর্মসূচীর ঘোষণা
(ম্যানিফেষ্টো)

তাজউদ্দীন আহমদ
সাধারণ সম্পাদক,
পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ।

[১৯৬৪ সনের মার্চ, ১৯৬৬ সনের মার্চ ও ১৯৬৭ সনের আগষ্ট মাসে অনুষ্ঠিত পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশনসমূহ গৃহীত সংশোধনীনিচয় অন্তভুক্ত করিয়া এই 'নীতি ও কর্মসূচীর ঘোষণা' (ম্যানিফেষ্টো) তৃতীয় প্রকাশরুপে পুর্নমুদ্রণ করা হইল।

ভূমিকা

স্বাধীন ও সার্বভৌম পাকিস্তান কায়েম করা হয় এই উদ্দেশ্যে যে, এখানে সুবিচার ও ন্যায়-নীতিভিত্তিক এক নূতন সমাজ ব্যবস্থা গড়িয়া তোলা হইবে-যেখানে জনগণের জীবনযাত্রার সর্বাঙ্গীণ মানোন্নয়নের মাধ্যমে এক সুখী, সমৃদ্ধ ও প্রগতিশীল সমাজ গড়িয়া উঠিবে। পাকিস্তান প্রতিষ্ঠিত করা হয় এই আশায় যে, এখানে দেশের সম্পদ মুষ্টিমেয় কয়েকজনের বা কয়েকটি গোষ্ঠীর হাতে কেন্দ্রীভূত না হইয়া দেশের সমগ্র জণসাধারণের মধ্যে সমভাবে বন্টিত হইবে, তাহাদের সর্বাত্মক কল্যাণ ব্যয়িত হইবে। স্বভাবতঃই আশা করা গিয়াছিল যে, এখানে প্রতিটি নাগরিকের জন্য প্রয়োজনীয় খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ও কর্মসংস্থানের মাধ্যমে সহজ, সুন্দর ও স্বচ্ছন্দ জীবনযাপনের ন্যূনতম শর্তাবলী পূরণের পরিপূর্ণ নিশ্চয়তা প্রদান করা হইবে। পাকিস্তানের নাগরিকেরা অত্যন্ত ন্যায়সঙ্গতভাবেই আশা করিয়াছিল চিন্তার ও চিন্তাধারা প্রকাশের পূর্ণ ও নিরঙ্কুশ স্বাধীনতা, পাক স্বাধীনতা, সমাবেশ ও সংগঠনের স্বাধীনতা, মুদ্রণ ও সংবাদপত্রের স্বাধীনতা, দেশের সর্বত্র অবাধ চলাফেরার স্বাধীতা এবং অন্যান্য মৌলিক স্বাধীনতার পূর্ণ নিশ্চয়তা; আশা করা গিয়াছিল অর্থনৈতিক, রাষ্ট্রনৈতিক ও সামাজিক ক্ষেত্রে ন্যায়বিচার ও জনগণের ভোগের সুস্পষ্ট নিশ্চয়তা।

কিন্তু দেশবাসী মর্মান্তিকভাবে হতাশ হইয়াছে, -তাহাদের আশা পূর্ণ হয় নাই, তাহারা এই সকল মৌলিক অধিকার ভোগের অধিকার পায় নাই। জনগণের এইসব অধিকার ও স্বাধীনতা প্রতিষ্ঠা ও উপভোগের জন্য যে সুস্পষ্ট গণতান্ত্রিক রাষ্ট্র ও সমাজব্যবস্থার প্রয়োজন সেই গণতান্ত্রিক রাষ্ট্র ও সমাজব্যবস্থা এ দেশে কার্যকরী করার সুযোগ দেওয়া হয় নাই। ক্ষমতা লোভী একদল চক্রান্তকারী, এক সংকীর্ণ আমলাতান্ত্রিক গোষ্ঠী এবং স্বার্থসর্বস্ব একটি সামন্তবাদী ও পুঁজিবাদী শ্রেণী সম্মিলিতভাবে দেশে গণতান্ত্রিক শাসন ব্যবস্থা প্রচলনের প্রতিটি প্রচেষ্ঠা বানচাল করিয়া দিয়াছে। এই স্বার্থপর কুচক্রীদলের দেশ ও গণস্বার্থবিরোধী কার্যকলাপের নজিরের অভাব নাই। এখানে উল্লেখযোগ্য যে, গণতন্ত্রের অতন্দ্র প্রহরী মরহুম হোসেন শহীদ সোহরাওয়ার্দী সাহেব যখন তাঁহার স্বল্পকালস্থায়ী প্রধানমন্ত্রিত্বের আমলে এ দেশে প্রথম সাধারণ নির্বাচনের প্রস্তুতি প্রায় সম্পূর্ণ করিয়াছিলেন, ঠিক সেই মুহূর্তে তাঁহাকে পদত্যাগ করিতে বাধ্য করা হইয়াছিল।

এই অশুভ চক্রের তৎপরতার ও প্রাধান্যের ফলেই ন্যায়-নীতি ও ইনসাফ বিসর্জন দিয়া এবং পাকিস্তানের ঐক্যের মূলে কুঠারাঘাত করিয়া পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে অর্থনৈতিক বৈষম্যের এক বিরাট পাহাড় সৃষ্টি করা হইয়াছে, যাহার ফলে পূর্ব পাকিস্তানের অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক কাঠামো আজ প্রায় ভাঙ্গিয়া পড়িয়াছে।

এই দুর্বিষহ অবস্থা হইতে দেশকে রক্ষা করিবার দায়িত্ব আমাদের,-আমাদিগকে এই দায়িত্ব পালন করিতে হইবে। মরহুম হোসেন শহীদ সোহরাওয়ার্দী সাহেব দেশকে এই দুঃসহ অবস্থা হইতে মুক্ত করিবার জন্য অর্থাৎ এ দেশে সত্যিকার গণতন্ত্র কায়েম করিবার জন্য এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য আওয়ামী লীগ প্রতিষ্ঠান স্থাপন করিয়া গিয়াছেন। জেল-জুলুম ও অন্য সকল প্রকার প্রতিবন্ধককে সহ্য ও অগ্রাহ্য করিয়া জন্মাবধি আওয়ামী লীগ এই মহান উদ্দেশ্য হাসিল ও বাস্তবায়নের পথ দৃঢ় ও নিরলস সংগ্রাম করিয়া চলিয়াছে। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, আওয়ামী লীগের দীর্ঘকালীন সংগ্রামের ফলেই পূর্ব পাকিস্তানের প্রতি অর্থনৈতিক অবিচারের অন্ততঃ কিছুটা মৌখিক স্বীকৃতি সকল মহলই প্রদান করিতে বাধ্য হইয়াছে। কিন্তু ইহা মৌলিক স্বীকৃতি মাত্র, কার্যতঃ সর্বক্ষেত্রেই অর্থনৈতিক বৈষম্য বৃদ্ধি পাইয়া চলিয়াছে।

ভৌগোলিক ও অন্যান্য কারণে পূর্ব পাকিস্তানের আঞ্চলিক স্বাত্তশাসনের দাবী অবশ্যই যুক্তিপূর্ন ও গ্রহণযেগ্য। ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধকালে এই অঞ্চলের শাসনকার্য্য পরিচালনায় এবং কেন্দ্রীয় সরকারের সহিত এই অঞ্চলের স্বাভাবিক যোগযোগ ব্যাপারে যে অসুবিধার সৃষ্টি হইয়াছিল তাহাতে এই অঞ্চলের আঞ্চলিক স্বায়ত্তশাসনের যৌক্তিকতা ও অপরিহার্য্যতা বাস্তব অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে অকাট্যরুপে প্রমাণিত হইয়াছে।

আমাদের প্রিয় নেতা মরহুম হোসেন শহীদ সোহরাওয়ার্দী সাহেবের প্রতিষ্ঠিত আওয়ামী লীগ রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক গণতন্ত্র এবং আঞ্চলিক ও প্রাদেশিক স্বায়ত্তশসন প্রতিষ্ঠার জন্য অবিরাম সংগ্রাম চালাইয়া যাইবে, কারণ, ইহাই পাকিস্তানের সকল জনগণের দাবী এবং 'জনগণের নির্দেশই সকল ব্যবস্থার উৎস'।

শাসনতান্ত্রিক আদর্শ

আওয়ামী লীগ জাতীয় গণতান্ত্রিক প্রতিষ্ঠান। ইহা অত্যন্ত দৃঢ়তার সহিত বিশ্বাস করে যে, জনগণই রাষ্ট্রের সার্বভৌমত্বের অধিকারী এবং জনগণের নির্বাচিত প্রতিনিধি কর্তৃক রাষ্ট্রের সকল ক্ষমতা ও কর্তৃত্ব পরিচালিত হইবে। রাষ্ট্রব্যবস্থা পরিচালনায় নিয়োজিত সকল ব্যক্তিই তাহাদের নিজ কার্য্যকলাপের জন্য জনসাধারণের নিকট সর্বতোভাবে দায়ী হইবে।

উল্লিখিত মূল নীতিসমূহের ভিত্তিতে শাসনতন্ত্রে আইন প্রণয়ন,শাসনকার্য অর্থনৈতিক ব্যবস্থা ও দেশরক্ষা কার্যকরী ব্যবস্থা গ্রহণ বর্তমানে সর্বাধিক প্রয়োজন। শুধু এই যুক্তিযুক্ত ও বাস্তব ব্যবস্থার মাধ্যমেই পাকিস্তানের সংহতি, স্থায়িত্ব, নিরাপত্তাও সমৃদ্ধির নিশ্চয়তা বিধান সম্ভব বলিয়া আওয়ামী লীগ বিশ্বাস করে।

রাষ্ট্রে সকল প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান প্রাপ্তবয়স্ক নাগরিকদের সার্বজনীন ও প্রত্যক্ষ ভোটের মাধ্যমে নির্বাচিত হইবে। ধর্ম, বর্ণ, শ্রেণী ও মতনির্বিশেষে নারী-পুরুষ প্রত্যেক নাগরিক ১৮ বৎসর বয়সে ভোটাধিকার লাভ করিবে এবং ২১ বৎসর বয়স পূর্ণ হইলে যে কোন ভোটার নির্বাচনপ্রার্থী হইবার অধিকারী হইবে। নির্বাচন স্বাধীনভাবে এবং গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

মৌলিক অধিকার

ধর্ম, বর্ণ, শ্রেণী, মত ও নারী-পুরুষ নির্বিশেষে পাকিস্তানের প্রতিটি নাগরিক গণতান্ত্রিক রাষ্ট্রে ও জাতিসংঘের মানবাধিকার সনদে স্বীকৃত প্রতিটি অধিকার ভোগের অধিকারী হইবে। নাগরিকদের ধর্ম, শিক্ষা, সংস্কৃতি, স্বাস্থ্য, নিরাপত্তা ও সুষ্ঠু জীবনযাপনের অধিকার ও সুযোগ প্রতিষ্ঠা করিতে হইবে। সকল নাগরিকের মৌলিক প্রয়োজনীয় খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা এবং ন্যায়সঙ্গত ও সহজ উপায়ে জীবিকা অর্জনের ব্যবস্থা থাকিতে হইবে।

আইনের চক্ষে সকল নাগরিক সমান বলিয়া বিবেচিত হইবে। দেশের প্রতিটি নাগরিকই আইনসঙ্গত সকল অধিকার ও মর্যাদা সমানভাবে ভোগ করিবে। অল্প ব্যয়ে দ্রুত ও সহজ উপায়ে ন্যায়বিচারের ব্যবস্থা করিতে হইবে।

ব্যক্তি-স্বাধীনতা

পাকিস্তানের প্রতিটি নাগরিককে তাহার সর্বক্ষেত্রে পূর্ণ স্বাধীনতা দিতে হইবে, যাহাতে সে স্বীয় প্রতিভা বিকাশের পূর্ণ সুযোগ লাভ করিতে পারে এবং জাতীয় জীবনের সকল পর্যায়ে স্বীয় সামর্থ্য অনুযায়ী অংশগ্রহণ করিতে পারে ও সমাজের বৃহত্তম কল্যাণ সাধন করিতে পারে। মতামত প্রকাশের পূর্ণ স্বাধীনতা, বাক-স্বাধীনতা, বই-পুস্তক, সংবাদপত্র ও প্রচারপত্র মুদ্রণ ও প্রকাশের পূর্ণ স্বাধীনতা, সমবেত হইবার ও সংগঠন করিবার পূর্ণ স্বাধীনতা এবং দেশের সর্বত্র অবাধ চলাফেরার স্বাধীনতা থাকিতে হইবে। উপযুক্ত ও আইনসঙ্গত কারণ ব্যতীত কাহাকেও গ্রেফতার করা ও বিনা বিচারে কাহাকেও আটক রাখা চলিবে না।

একমাত্র যুদ্ধকালীন সময় ব্যতীত অন্য কোন সময়ে এই সকল অীধকার খর্ব করা হইবে না। 'জরুরী অবস্থার' অজুহাতে অন্যায়ভাবে কোন নাগরিকের অধিকার খর্ব করা চলিবে না।

সর্বোপরি আওয়ামী লীগ হিন্দু-মুসলিম, বাঙ্গালী-অবাঙ্গালী প্রভৃতি সর্বপ্রকার সাম্প্রদায়িক ও আঞ্চলিক বিভেদ ও বিদ্বেষের সম্পূর্ণ বিরোধী। আওয়ামী লীগ ধর্ম, বর্ণ, শ্রেণী ও মত নির্বিশেষে সকল নাগরিকের সমান অধিকারে বিশ্বাস, ইহা গণতান্ত্রিক সমাজ ও রাষ্ট্রব্যবস্থার প্রাথমিক শর্ত।

বিচার বিভাগ

বিচার বিভাগ হইতে সম্পূর্ণরূপে পৃথক থাকিবে। শাসনতন্ত্রে বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতার বিধান থাকিবে। বিচার বিভাগের যোগ্যতা, নিরপেক্ষতা ও স্বাধীনতার উপযুক্ত ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

শাসনতান্ত্রিক প্রস্তাবঃ

ইহা পুনরুল্লেখ নিষ্প্রয়োজন যে, আওয়ামী লীগ নির্ভেজাল গণতান্ত্রিক রাষ্ট্রীয় ও সামাজিক বিধি-ব্যবস্থায় বিশ্বাসী এবং ইহা প্রতিষ্ঠার জন্য এই সংগঠন সর্বপ্রকার প্রচেষ্টা চালাইয়া যাইবে। এখানে বিশেষভাবে কতিপয় প্রস্তাবের উল্লেখ করা যাইতেছে-যেগুলিকে পাকিস্তানের শাসনতন্ত্রে অবশ্যই অন্তর্ভুক্ত করিতে হইবে :

* পাকিস্তান হইবে একটি "ফেডারেশন" বা যুক্তরাষ্ট্র। এই ব্যবস্থার যৌক্তিকতা বা অপরিহার্যতা সম্বন্ধে আলোচনা অবকাশ নাই, -ইহা সর্বজনস্বীকৃত সত্য। পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তান এই উভয় অঞ্চকে পূর্ন আঞ্চলিক স্বায়ত্তশাসন ও পশ্চিম পাকিস্তানের প্রদেশসমূহকে পূর্ব প্রাদেশিক স্বায়ত্তশাসন দিতে হইবে। সরাকর হইবে 'পার্লামেন্টারী' ধরনের, যাহাতে প্রাপ্তবয়স্ক নাগরিকদের ভোটে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে গঠিত আইন সভা সার্বভৌম। যুক্তরাষ্ট্রীয় আইনসভার আসন সংখ্যা জনসংখ্যার ভিত্তিতে নির্ধারিত হইবে।

* যুক্তরাষ্ট্রীয় (ফেডারেল) সরকারের ক্ষমতা দুইটি বিষয়ে সীমাবদ্ধ থাকিবে, -যথা, দেশরক্ষা ও বৈদেশিক নীতি। অবশিষ্ট সকল বিষয়ে অঙ্গ রাষ্ট্রগুলির ক্ষমতা থাকিবে নিরঙ্কুশ।

* সমগ্র দেশের জন্য দুইটি পৃথক অবাধে বিনিময়যোগ্য মুদ্রা চালু থাকিবে।

অথবা

বিশেষ ব্যবস্থা শর্তাধীনে মুদ্রা ও অর্থনীতি যুক্তরাষ্ট্রীয় বিষয়রুপে গৃহীত হইতে পারে। এই ব্যবস্থায় যুক্তরাষ্ট্রীয় কর্তৃকত্বাধীন '' ষ্টেট ব্যাঙ্কের'' পরিচালনার অধীনে দুই অঞ্চলে দুইটি ''রিজার্ভ ব্যাঙ্ক'' থাকিবে। এই আঞ্চলিক রিজার্ভ ব্যাঙ্কগুলি আঞ্চলিক সরকারের অর্থনৈতিক ব্যাপারে পরামর্শ দান করিবে এবং যাহাতে এক অঞ্চল হইতে অন্য অঞ্চলে অবাধে অর্থ ও মূলধন পাচার হইতে না পারে তাহার কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিবে।

* শাসনসম্বন্ধীয় কার্যনির্বাহের সুবিধার জন্য এবং নানা প্রকার জটিলতা এড়াইবার জন্য কর ও শুল্ক ধার্যের দায়িত্ব অঙ্গ রাষ্ট্রগুলির উপরই ন্যস্ত থাকা বাঞ্ছনীয়। এই ব্যাপারে যুক্তরাষ্ট্রীয় সরকারকে কোন ক্ষমতা অর্পনের প্রয়োজন নাই। তবে প্রয়োজন নাই। তবে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য অঙ্গ রাষ্ট্রগুলির রাজস্বের একটি স্বীকৃতি অংশ শাসনতান্ত্রিক ব্যবস্থানুযায়ী যুক্তরাষ্ট্রীয় সরকারের অবশ্য প্রাপ্য হইবে। অঙ্গ রাষ্ট্রগুলির আয়ের একটি নির্দিষ্ট অংশ স্বয়ংক্রিয় নিয়মে যুক্তরাষ্ট্রের নিজস্ব তহবিলে জমা হইবে।

* যুক্তরাষ্ট্রের প্রতিটি অঙ্গ রাষ্ট্রের বহির্বাণিজ্যের পৃথক হিসাবে রক্ষা করিতে এবং বহির্বাণিজ্যের মাধ্যমে অর্জিত বৈদেশিক মুদ্রা অঙ্গ রাষ্ট্রগুলির এখতিয়ারাধীন থাকিবে। যুক্তরাষ্ট্রের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার চাহিদা সমান হারে বা সর্বসম্মত কোন হারে অঙ্গ রাষ্ট্রগুলিই মিটাইবে। যুক্তরাষ্ট্রীয় সরকারের বৈদেশিক নীতির সহিত রাখিয়া অঙ্গ রাষ্ট্রগুলিকে বিদেশে নিজ নিজ বাণিজ্য প্রতিনিধি প্রেরণ এবং স্বীয় স্বার্থে বাণিজ্যিক চুক্তি সম্পাদনের ক্ষমতা দান করিতে হইবে।

* আঞ্চিলিক সংহতি ও শাসনতন্ত্র ও শাসনতন্ত্র রক্ষার জন্য শাসনতন্ত্রে রাষ্ট্রগুলিকে স্বীয় কর্তৃত্বাধীনে আদা সামরিক বা অঞ্চলের সেনাবাহিনী গঠন ও রাখার ক্ষমতা দিতে হইবে।

শাসনতন্ত্রে কার্য্যকরী এবং যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে হইবে যাহাতে যুক্তরাষ্ট্রীয় সরকারের সামরিক ও বেসামরিক চাকুরিতে উভয় অঞ্চলের লোকসংখ্যা অনুপাতে নিযুক্ত হইতে পারে। যুক্তরাষ্ট্রীয় সরকারের প্রত্যক্ষ বা পরোক্ষ কর্তৃত্বাধীন সরকারী, আধা-সরকারী ও বেসরকারী সংস্থা ও বিভাগসমূহ এমনভাবে স্থাপন করিতে হইবে এবং যুক্তরাষ্ট্রীয় সরকারের ব্যয়, বিনিয়োগ ও নির্মাণকার্য এমণভাবে পরিচালিত হইবে যাহাতে পাকিস্তানের উভয় অঞ্চলের লোকসংখ্যা অনুপাতে নিযুক্ত হইতে পারে। যুক্তরাষ্ট্রীয় সরকারের প্রত্যক্ষ বা পরোক্ষ কর্তৃত্বাধীন সরকারী, আধা-সরকারী ও বেসরকারী সংস্থা ও বিভাগসমূহ এমনভাবে স্থাপন করিতে হইবে এবং যুক্তরাষ্ট্রীয় সরকারের ব্যয়, বিনিয়োগ ও নির্মাণকার্য এমনভাবে পরিচালিত হইবে যাহাতে পাকিস্তানের উভয় অঞ্চলের লোক জনসংখ্যার অনুপাতে সমান সুযোগ ও সুবিধা লাভ করিতে পারে।

অর্থনৈতিক আদর্শ

আওয়ামী লীগের আদর্শ স্বাধীন, শোষণহীন ও শ্রেণীহীন সমাজব্যবস্থা কায়েম করা। সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থার মাধ্যমেই বর্তমানের শোষণ, বৈষম্য, অবিচার ও দুর্দশার হাত হইতে দেশকে মুক্ত করা সম্ভব বলিয়া আওয়ামী লীগ বিশ্বাস করে। অর্থনৈতিক ও সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠানকল্পে সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা কায়েম করা আওয়ামী লীগের চূড়ান্ত লক্ষ্য।

শিল্প ;

যুগ যুগ ধরিয়া নির্মম শোষণের ফলে পাকিস্তান সামগ্রিকভাবে অনুন্নত অবস্থায় রহিয়া গিয়াছে। দেশের মানোন্নয়নের জন্য ইহার প্রাকৃতিক ও কৃষিজ সম্পদের ব্যবহার দ্বারা সুষমভাবে দেশকে শিল্পায়িত করা আওয়ামী

লীগের আশু লক্ষ্য। শিল্প ও ব্যবসা ক্ষেত্রে কোন প্রকারের একচেটিয়া অধিকার স্বীকার করা হইবে না। ক্ষুদ্র ও মাঝারি ধরনের শিল্প প্রতিষ্ঠানসমূহের মূলধন সরবরাহ ও অন্য সকল ব্যাপারে উৎসাহ প্রদান করা হইবে। ভৌগোলিক অবস্থা, ভূমির পরিমাণ ও জনসংখ্যা এবং প্রাকৃতিক অনিশ্চয়তার পরিপ্রেক্ষিতে পূর্ব পাকিস্তানকে অধিকতর শিল্পায়িত করা ব্যাপক পরিকল্পনা অবশ্যই গ্রহণ করিতে হইবে।

মূল, ভারী ও বৃহৎ শিল্প, যথা, -খনিজ শিল্প, ইস্পাত শিল্প, সমর শিল্প, বিদ্যুৎ ও রাসায়নিক শিল্প,- জাতীয়করণ করিতে হইবে এবং ইহাদের পরিচালনার ভার রাষ্ট্রীয় তত্ত্বাবধানে গঠিত ও পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানের উপর ন্যস্ত করিতে হইবে।

ব্যাঙ্ক, বীমা, গুরুত্বপূর্ণ যানবাহন ও যোগযোগ প্রভৃতি প্রত্যক্ষ জনস্বার্থমূলক প্রতিষ্ঠানসমূহও জাতীয়করণ করা হইবে এবং বৈদেশিক বাণিজ্য রাষ্ট্রত্তাধীনে পরিচালিত হইবে।

পাকিস্তান, বিশেষভাবে পূর্ব পাকিস্তানের মতজনবহুল কৃষিপ্রধান দেশে কুটির শিল্প প্রসারের প্রয়োজনীয়তা, উপযোগিতা ও সাফল্য অনস্বীকার্য্য। সহজ অর্থনীতির খাতিরে কুটির শিল্পকে সর্বপ্রকার সাহায্য ও উৎসাহ প্রদান করিতে হইবে। দেশের সকল অঞ্চলে উহার বহুল প্রসারের ব্যবস্থা করিতে হইবে। বর্তমানে চলতি ও ক্ষীয়মান কুটির শিল্পকে টিকাইয়া রাখার জন্য সর্বপ্রকার সাহায্য প্রদান ও ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং নূতন ও প্রয়োজনীয় কুটির শিল্পের প্রতিষ্ঠা করিতে হইবে।

কৃষি :

কৃষি উন্নয়নের জন্য যে সকল স্বভাবজাত উপাদানের প্রয়োজন পাকিস্তান, বিশেষভাবে পূর্ব পাকিস্তান সেই সকল উপাদানে সমৃদ্ধ। কিন্তু স্বভাবজাত প্রাচুর্য্যের মধ্যেও এই দেশের কৃষক সমাজ কঠিন দারিদ্রের নিষ্পেষণে জর্জরিত ও মুমূর্ষু। এই বেদনাদায়ক অবস্থার প্রতিকারের জন্য কৃষকদের জীবনযাত্রার মান উন্নত ও সভ্য পর্যায়ে আনয়নের উদ্দেশ্যে এক ব্যাপক ও বহুমুখী পরিকল্পনা প্রণয়ন ও অগৌণ কার্যকরী করিতে হইবে।

পূর্ব পাকিস্তানের ভূমি প্রাকৃতিক সম্পদে ঐশ্বর্য্যবান। এই ভূমি আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদ ও ব্যবহারের ব্যবস্থা করিতে হইবে। সমবায় পদ্ধতিতে দেশে যৌথ চাষাবাদের প্রচলন করিতে হইবে। পূর্ব পাকিস্তানে প্রতি কৃষকের জমির পরিমাণ এত অল্প এবং তাহাও এত ক্ষুদ্র ক্ষুদ্র খন্ডে বিক্ষিপ্ত যে সমবায় পদ্ধতিতে চাষাবাদ ব্যতীত এখানে কৃষির উন্নয়নের কোন উপায় নাই। অতিসত্বর দেশের সর্বত্র যৌথ খামার সৃষ্টি করিতে হইবে। কৃষি ব্যাঙ্কের, সমবায় ব্যাঙ্কের এবং অন্যান্য কৃষি ঋণের টাকা কৃষকদের মধ্যে ব্যক্তিগতভাবে বিতরণ না করিয়া সমবায় পদ্ধতিতে পরিচালিত কৃষির জন্য উহা ব্যয় করা উচিত। ইহার ফলে কৃষকদের প্রধান সমস্যা মূলধন সমস্যার সমাধান অনেকাংশে সম্ভব হইবে।

সমবায় পদ্ধতিতে কৃষি ব্যবস্থার ফলে আধুনিক চাষ ও জলসেচের যন্ত্রপাতি ক্রয়, উন্নত বীজ সংগ্রহ এবং উৎপাদিত ফসলের সংরক্ষণ ও বিক্রয়ের ব্যবস্থা সহজ হইবে।

আধুনিক কৃষি ব্যবস্থার প্রয়োজনীয় সর্ব প্রকার যন্ত্রপাতি পূর্ব পাকিস্তানে প্রস্তুত করিবার জন্য কারখানা স্থাপন করিতে হইবে। উন্নত ধরনের বীজ সরবরাহের, জমিতে সার প্রদানের ও সেচ ব্যবস্থার এবং গবাদি পশুর উন্নতির সর্বপ্রকার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। বিভিন্ন প্রকারের পোকা-মাকড় ও রোগের ফলে শস্যাদির ব্যাপক ক্ষতির উপযুক্ত প্রতিরোধক ব্যবস্থা কার্য্যকরী করিয়া তুলিতে হইবে।

সরকার কর্তৃক পর্য্যাপ্ত সংখ্যক আদর্শ খামার প্রচলিত করিয়া কৃষকদিগকে কৃষি ব্যবস্থা ও কৃষি উন্নয়নের আধুনিক পন্থা প্রদর্শন করিতে হইবে।

পাটঃ

পাট ব্যবসা জাতীয়করণ করিতে হইবে। সরকারী তত্ত্বাবধানে গঠিত ও পরিচালিত একটি পাট-ক্রয় ও রফতানীকারী প্রতিষ্ঠানের পর্য্যাপ্তসংখ্যক শাখার মাধ্যমে কৃষকদের পাট সরাসরিভাবে ক্রয়ের ব্যবস্থা করিতে হইবে। এই প্রতিষ্ঠানের মুনাফা অর্জনের উদ্দেশ্য থাকিবে না। তবে পাট বিক্রয় ও রফতানীর মাধ্যমে যে মুনাফা অর্জিত হইবে উহা পাট-চাষীদের কল্যাণে এবং পাটজাত দ্রব্য উৎপাদনের গবেষণায় ও শিল্প প্রতিষ্ঠানে ব্যয় করিতে হইবে। পাট ব্যবসা নিয়ন্ত্রণের যে ব্যবস্থা এত দিন আংশিকভাবে করা হইয়াছিল তাহা ব্যর্থ হইয়াছে। পাট ব্যবসা জাতীয়করণের জন্য একটি সুষ্ঠু ও সামগ্রিক আবশ্যক। উপরিউক্ত প্রতিষ্ঠানের প্রয়োজনীয় মূলধন থাকিতে হইবে যাহাতে উহা দেশের সমস্ত পাট ক্রয় করিতে সক্ষম হয়।

বন্যাঃ

সাম্প্রতিককালে পূর্ব পাকিস্তানে বন্যা একটি জাতীয় বিপর্য্যায় ও সঙ্কটরুপে দেখা গিয়াছে। পূর্ব পাকিস্তানে বর্ষার শুরুতে উত্তরের নদীপথে বন্যা আসিয়া এক ধ্বংস-যজ্ঞের সৃষ্টি করে। অপর দিকে দক্ষিণের সমুদ্র হইতে সামুদ্রিক জলোচ্ছ্বস ও লবণাক্ত পানি সমুদ্র উপকূলবর্তী জেলাসমূহের ধন-প্রাণ ও শস্যের বিপুল ক্ষতিসাধন করিয়া থাকে। বন্যা নিয়ন্ত্রণ করিবার জন্য ক্রুগ মিশনের রিপোর্ট ও পরবর্তীকালীন উপদেষ্টাদের মতামতের আলোকে একটি সুষ্ঠু ও কার্য্যকরী পরিকল্পনা রচনায় সত্বর হাত দিতে হইবে এবং পূর্ব পাকিস্তানের বন্যা সমস্যাকে বিশেষ গুরুত্বপূর্ণ জাতীয় সমস্যারুপে গ্রহণ করিয়া জাতীয় অগ্রাধিকার ভিত্তিতে ইহার সমাধান করিতে হইবে।

খাজনা ও ভূমি ব্যবস্থাঃ

কৃষি ও কৃষকের মানোন্নয়নের জন্য ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তন ও সংস্কার আশু প্রয়োজন। পূর্ব পাকিস্তানে সামন্ত ভূ-স্বামীদের উচ্ছেদ সাধন করা হইলেও সামন্তবাদী অবস্থা এখনও বর্তমান রহিয়াছে। সদা বর্ধিষ্ণু উচ্চহারের খাজনা, গুরুভার বিবিধ কর ও আদায়কারী আমলাদের হৃদয়হীন জুলুমবাজী ও অবৈধ উশূল কৃষককুলকে ম্রিয়মাণ করিয়া রাখিয়াছে। এই অভিশাপের নাগপাশ হইতে ক্লেশ জর্জরিত কৃষককুলকে মুক্ত করিবার প্রথম পদক্ষেপ হিসাবে (পঁচিশ) বিঘা জমির মালিক প্রত্যেক কৃষকের জমির খাজানা মওকুফ করিয়া দিতে হইবে। পরবর্তী পর্যায়ে প্রকৃত কৃষকের স্বার্থে নূতন ভূমি ব্যবস্থা কায়েম সকল কৃষকের জমির খাজানা মওকুফ করিয়া দিতে হইবে।

শ্রমিকদের অধিকারঃ

আন্তজার্তিক শ্রমিক সংস্থার গৃহীত সুপারিশ ও কনভেনশনের ভিত্তিতে শ্রমিকদের সকল প্রকার অধিকার ও সুযোগ-সুবিধামূলক আইন প্রণয়ন করিয়া প্রত্যেক শ্রমিকের, সুষ্ঠু, উন্নত ও সুন্দর জীবনযাপনের ব্যবস্থা করিতে হইবে। জীবনযাত্রার মান ও ব্যয়ের প্রতি লক্ষ্য রাখিয়া প্রত্যেক শ্রমিকদের উপযুক্ত বেতন ও ভাতার ব্যবস্থা করিতে হইবে। তাহাদের চাকুরীর নিরাপত্তা প্রদান করিতে হইবে। শ্রমিকদের ও শ্রমিক পরিবারের জন্য বিনা ভাড়ায় বাসযোগ্য গৃহের বন্দোবস্ত করিতে হইবে। বিনা ব্যয়ে তাহাদের চিকিৎসার ব্যবস্থা করিতে হইবে। পীড়িত থাকাকালীন শ্রমিকদের পূর্ণ বেতনে ছুটির ব্যবস্থা থাকিবে। পূর্ণ বেতনে বৎসরে অন্ততঃ একমাস প্রত্যেক শ্রমিকের ছুটির ব্যবস্থা করিতে হইবে। শ্রমিকদের উন্নত ধরনের কারিগরি শিক্ষার ব্যবস্থা করিতে হইবে। তাহাদের ছেলেমেয়েদের জন্য অবৈতনিক শিক্ষা ব্যবস্থা-অন্ততঃ মাধ্যমিক স্তর পর্যন্ত-করিতে হইবে।

শিল্পের মুনাফার একটি নির্দিষ্ট অংশ শ্রমিকদের শেয়ার হিসাবে সংরক্ষিত রাখিয়া শ্রমিকদিগকে শিল্পের অংশীদার হওয়ার সুযোগ প্রদান করিতে হইবে।

শ্রমিক সংঘ গঠন ও ধর্মঘট করিবার অধিকার স্বীকার করিতে হইবে। কলকারখানা পরিচালনার ব্যাপারে শ্রমিকদের মতামত গ্রহণ করার ব্যবস্থা থাকিতে হইবে।

বেকার শ্রমিকদের ভাতা দিতে হইবে এবং সকল শ্রমিকদের বার্ধক্যের জন্য উপযুক্ত ভাতার ব্যবস্থা থাকিতে হইবে।

বেসরকারী ও আধা-সরকারী প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মচারীদিগকে উপযুক্ত বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা করিতে হইবে।

বেকার সমস্যাঃ

ক্রমবর্ধমান বেকার সমস্যা সমাধানের জন্য একটি সুষ্ঠু ও ব্যাপক পরিকল্পনা গ্রহণ করিতে হইবে। সাকুল্য জনশক্তিকে পরিকল্পনা অনুযায়ী দেশের সার্বিক উন্নয়নে নিয়োগ করতঃ জনশক্তির অপচয় রোধ করিতে হইবে এবং জাতীয় অর্থনীতির উপর হইতে বেকারত্বের অবাঞ্ছিত চাপ অপসারণ করিয়া উহাকে স্বাভাবিক ও গতিশীল রাখিবার ব্যবস্থা করিতে হইবে।

শিক্ষাঃ

পাকিস্তানের প্রত্যেক নাগরিকের শিক্ষার অধিকারকে বাস্তব রুপদানের জন্য প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করিতে হইবে; মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান এরুপ ব্যাপকভাবে প্রসারিত, সহজলভ্য ও সুলভ করিতে হইবে যাহাতে দরিদ্রতম নাগরিকের সম্মানও শিক্ষা লাভের সুযোগ গ্রহণ করিতে পারে। এমন শিক্ষা ব্যবস্থা চালু করার চেষ্টা করিতে হইবে যাহাতে আর্থিক বিবেচনা কাহারও দেশের উচ্চতম শিক্ষা লাভের পথে অন্তরায় সৃষ্টি করিতে না পারে।

যুগের ও দেশের চাহিদা অনুসারে কারিগরি শিক্ষার ব্যাপক প্রসার সাধন করিতে হইবে। দেশের বিভিন্ন অঞ্চলে পর্য্যাপ্তসংখ্যক কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের ব্যবস্থা করিতে হইবে।

বিশ্ববিদ্যালয়সমূহকে পূর্ণ স্বায়ত্তশাসিত প্রতিষ্টানরুপে বাস্তব স্বীকৃতি প্রদান করিতে হইবে। একজন সুপ্রতিষ্ঠিত ও সর্বজনসাম্য শিক্ষাবিদ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর থাকিবেন। সরকারের প্রত্যক্ষ ও পরোক্ষ হস্তক্ষেপের ফলে বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে যেসব দমনমূলক আইন প্রবর্তন করা হইয়াছে সেই সব আইন বাতিল করিতে হইবে। বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আভ্যন্তরীণ ব্যবস্থাপনা যথাসম্ভব গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালনার ব্যবস্থা করিতে হইবে। বিভিন্ন স্তরে, যথা, প্রাথমিক, মাধ্যমিক, কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষাদান কার্য্যে ব্যাপৃত ব্যক্তিদের জন্য এমন পরিবেশ সৃষ্টি করিতে হইবে যাহাতে উচ্চ মেধাসম্পন্ন ব্যক্তিগণ শিক্ষাদান কার্য্যের প্রতি আকৃষ্ট হন।

বাংলা ভাষা ও সাহিত্য

পাকিস্তানের সর্ব অঞ্চলে মাতৃভাষাকে সর্বোচ্চ শিক্ষার মাধ্যমরুপে গ্রহণ করিতে হইবে। পূর্ব পাকিস্তানে শিক্ষার সর্বস্তরে বাংলা ভাষাকে যত শীঘ্র সম্ভব শিক্ষার মাধ্যম হিসাবে প্রচলন করিতে হইবে এবং পাকিস্তানের সরকারী ও বেসরকারী সকল প্রতিষ্ঠানে এবং ব্যবসা-বাণিজ্য ও ব্যবহারিক জীবনে বাংলা ভাষার ব্যাপক প্রসারের চেষ্টা করিতে হইবে। বাংলা ভাষা, সাহিত্য, সংস্কৃতি ও শিল্পকলার উন্নতি ও বিকাশের জন্য কার্য্যকরী উৎসাহ প্রদান করিতে হইবে এবং সকল প্রকার প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

মোহাজের সমস্যা

বাস্তুহারা মোহাজেরদের স্থায়ী পুনর্বাসন ও কর্মসংস্থানের সর্বাত্মক পরিকল্পনা গ্রহণ করিতে হইবে। যথাশীগ্র সম্ভব মোহাজের ও স্থানীয়ের প্রবেধ বিদূরীত হইয়া যাহাতে দেশের সর্ব ব্যাপারে উভয়ে একাত্ব বোধে উদ্বুদ্ধ হইত পারে এমন পরিবেশ সৃষ্টির ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

বৈদেশিক সম্পর্ক

''সকল রাষ্ট্রের জন্য বন্ধুত্ব, বিদ্বেষ কাহারও প্রতি নয়'-আওয়ামী লীগ আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে এই নীতিতে বিশ্বাসী। বিশ্বে শান্তি স্থাপনের বিভিন্ন প্রচেষ্টায় আওয়ামী লীগ সর্বপ্রকার সহযোগিতা প্রদান করিবে। আওয়ামী লীগ জাতিসংঘ সনদের পূর্ণ সমর্থক এবং এই প্রতিষ্ঠানকে সর্বপ্রকার সাহায্য ও সহযোগিতা দান করিবে। আওয়ামী লীগ স্বাধীন ও নিরপেক্ষ বৈদেশিক নীতি এবং শান্তিপূর্ণ সহঅবস্থান নীতিতে বিশ্বাস করে। সর্বপ্রকার সাম্র্যবাদ, উপনিবেশবাদে এবং একনায়ত্বমূলক শাসনের বিরুদ্ধে বিশ্বের সকল মুক্তিকামী মানুষের সংগ্রামের প্রতি আওয়ামী লীগের একনিষ্ঠ সমর্থন থাকিবে।

শিরোনাম	সূত্র	তারিখ
বৈষম্য সম্পর্কে পিয়ার্সন কমিশন রির্পোট	দৈনিক পূর্বদেশ	১৬ নভেম্বর, ১৯৬৯

বৈষম্য সম্পর্কে পিয়ার্সন কমিশনের রির্পোট

পশ্চিম পাকিস্তানের উন্নয়ন-ব্যয় ও উৎপাদন বৃদ্ধির হার হ্রাসের সুপারিশ

(পূর্বদেশ রিপোর্ট)

চাঞ্চল্য সৃষ্টিকারী আন্তর্জাতিক উন্নয়ন কমিশনের রিপোর্টে বলা হয়েছে ''পাকিস্তানে দুই অঞ্চলের অর্থনৈতিক বৈষম্য দূর করার জন্য অবিলম্বে পশ্চিম পাকিস্তানের উন্নয়ন পরিকল্পনার ব্যয় এবং সামগ্রিকভাবে উন্নয়নের হার হ্রাস করতে হবে।''

বৈষম্য দূর করার জন্য কমিশন পূর্ব পাকিস্তানের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক একটি সুষ্ঠু ও সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং তাতে অধিক অর্থ ও বিশেষজ্ঞ নিয়োগের সুপারিশ করেছেন। অন্যথায় অবহেলার মারাত্মক বিপদ ডেকে আনবে বলে রিপোর্টে হুঁশিয়ারী উচ্চারণ করা হয়েছে।

পিয়ার্সন কমিশনের রিপোর্ট নামে পরিচিত এই আন্তর্জাতিক রিপোর্টটি সম্প্রতি প্রকাশত হয়েছে এবং পাকিস্তানে চাঞ্চল্য সৃষ্টি করেছে।

পিয়ার্সন কমিশনের রিপোর্টে বিশ্বের অন্যান্য দেশের মত পাকিস্তানের উন্নয়ন এবং উন্নয়ন সমস্যা সম্পর্কে সংক্ষেপে নানা তথ্য প্রদান করা হয়েছে এবং দেশের দু'অংশের ক্রমবর্ধমান অর্থনৈতিক বৈষম্য সম্পর্কে আলোকপাত করা হয়েছে। পাকিস্তানের উন্নয়ন পরিকল্পনায় আঞ্চলিক বৈষম্য সম্পর্কে কমিশনের সতর্ক ও রক্ষণশীল মতামতও অর্থনৈতিক পর্যবেক্ষক মহলের অনেকের কাছে চাঞ্চল্যকর মনে হয়েছে। শুধু অর্থনৈতিক ক্ষেত্রে নয়, রাজনৈতিক অধিকারের ক্ষেত্রেও পূর্ব পাকিস্তানীদের দুরবস্থা সম্পর্কে কমিশনের রিপোর্ট স্পষ্ট ভাষায় বলা হয়েছেঃ

''রাজনৈতিক অধিকারের ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের অংশীদার হওয়া অনেকটা সান্তনা লাভের মত। এছাড়া পশ্চিম পাকিস্তানের সঙ্গে ক্রমবর্ধিষ্ণু অর্থনৈতিক বৈষম্য আঞ্চলিক অসন্তোষকে আরো তীব্র করে তুলেছে।'' (পৃষ্টা ৩০৫)।

পিয়ার্সন কমিশনের রিপোর্টে প্রদত্ত তথ্যাদি পাকিস্তানের সরকারী হিসাবপত্র থেকেই সংগৃহীত এবং দেশের অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যার জন্য মুখ্যতঃ আইয়ুব শাসনামলেও সরকারী ভাষ্যের উপরই নির্ভর করা হয়েছে। এসত্ত্বেও কৃষি ও শিল্প অর্থনীতির ক্ষেত্রে স্বাধীনতা পরবর্ত্তীকালে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে দ্রুত বর্ধিষ্ণু বৈষম্য, বৈদেশিক ঋণ ও সাহায্যের টাকার ন্যায্য ভাগ পাওয়ার ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের দুর্ভাগ্যের কথা কমিশন গোপন করেননি।

পিয়ার্সন কমিশন নামে পরিচিত আন্তর্জাতিক উন্নয়ন কমিশনের রিপোর্ট পাকিস্তান সম্পর্কে বলা হয়েছেঃ

''দেশটির আভ্যন্তরীণ সমস্যার দিকে তাকালে দেখা যাবে, দু'অঞ্চলের মধ্যে ক্রমবর্ধমান বৈষম্যই রাজনৈতিক বিরোধ ও স্থিতিহীনতার কারণ হয়ে রয়েছে এবং ভবিষ্যতেও থাকবে। পূর্ব পাকিস্তানের সম্পদ বৃদ্ধির সরকারী প্রচেষ্টা, দক্ষতা এবং সম্পদের সদ্ব্যবহার করার সামঞ্জস্যপূর্ণ অর্থনৈতিক কাঠামোর অভাবে

ব্যর্থ হয়েছে। প্রদেশের আবহাওয়া এবং ছোট ছোট কৃষি ফার্মের উপযোগী করে ধান ও পাট উৎপাদনের আধুনিক কারিগরী বিদ্যা যথেষ্ট প্রয়োজন রয়েছে। অধিকন্তু সবচাইতে জরুরী প্রয়োজন হচ্ছে, কেন্দ্রীয় সরকার থেকেই অর্থ, বিশেষজ্ঞ প্রভৃতি দিয়ে এই পরিকল্পনা বাস্তবায়নের ব্যবস্থা করা। এর অর্থ হবে পশ্চিম পাকিস্তানের কার্যকরী করার ব্যয় হ্রাস এবং সেখানকার সামগ্রিক উন্নয়ন হার কমিয়ে ফেলা। এ না হলে পূর্ব পাকিস্তানের প্রতি উপেক্ষার ফল বিপজ্জনক হবে''। (পৃঃ ৩১৬)

কমিশনের গোড়ার কথা

অমুসলিমদের ভোটাধিকার নাই দেখে অনেকে হয়তো আতকে উঠবেন। ইহাতে আতকে উঠার কোন কিছুই নাই। শুধু ইসলামী রাষ্ট্রই অমুসলিমদের ভোটাধিকার খর্ব করে না। আধুনিক কম্যুনিষ্ট ধর্মাবলম্বী রাষ্ট্রগুলিও অকম্যুনিষ্টদের ভোটাধিকার খর্ব করেছে। আদর্শবাদী রাষ্ট্রের নিয়মই তাই। কম্যুনিষ্ট ধর্ম গ্রহণ অথবা সমর্থন অথবা মান্য না করলে, তাদেরকে সোজাসুজি পরপারে যাবার ব্যবস্থাও করে। কম্যুনিষ্ট রাশিয়া এই কারণেই তাদের দেশের অন্যান্য জাতের অসংখ্য লোকের সঙ্গে লাখে লাখে মুসলমানকেও মেরে ফেলেছে। এই একই কারণে কম্যুনিষ্ট চীন, তাদের দেশের অন্যান্য জাতের অসংখ্য লোকের সঙ্গে ৬ কোটি মুসলমানের মধ্যে প্রায় ৫ (পাঁচ) কোটিকেই লাপাত্তা করে দিয়েছে। কম্যুনিষ্ট, তথা সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলোতে, অতীতের পুঁজিবাদী অথবা পুঁজিবাদের সমর্থকদের ভোটাধিকার নাই। সর্বহারাগণ ভোটাধিকার দিলেও ভোটাধিকার প্রয়োগ করার ক্ষমতা, সর্বহারাগণের হাতে দেওয়া হয় নাই। ভোটাধিকার প্রয়োগ করার ক্ষমতা অর্জনের জন্য কোন সর্বহারা, নির্বাচন মারফৎ গণপ্রতিনিধি হ'তে চাইলে তাহা সে পারবে না, যদি না সে কম্যুনিষ্ট ধর্ম গ্রহণ করে অর্থাৎ কম্যুনিষ্ট পার্টির সদস্য হয়। কিন্তু কম্যুনিষ্ট তথা সমাজতন্ত্রী নামধারী স্বার্থপর, ভন্ড ও ক্ষমতালোভী মূর্খগুলো জেনেও জানে না যে সর্বহারা সকল বিধানেই সর্বহারা। সে কম্যুনিষ্ট ধর্ম বা অন্য কোন ধর্ম গ্রহণ করলে অথবা না করলে, মার্কসবাদ-লেনিনবাদ বা মাওবাদ মানলে অথবা না মানলেও সর্বহারাই থেকে যায়। পুঁজিবাদ যেমন কোন বিশেষ ধর্ম গ্রহণ করা অথবা না করার উপর নির্ভর করে না- সেইভাবে সর্বহারা গরীবও কম্যুনিষ্ট ধর্ম বা অন্য কোন ধর্ম গ্রহণ করা অথবা না করার উপর নির্ভর করে না, বরং একটি লোকের অর্থনৈতিক অবস্থার উপর নির্ভর করে। এখন দেখা যাচ্ছে পৃথিবীর কোন কম্যুনিষ্ট তথা সমাজতান্ত্রিক রাষ্ট্রেই রাষ্ট্রের মোট লোকসংখ্যার শতকার ৪ (চার) অথবা ৫ (পাঁচ) ভাগের বেশী লোক কম্যুনিষ্ট ধর্ম গ্রহণ করে নাই অর্থাৎ মগজ ধোলাই করতঃ কম্যুনিষ্ট পার্টির সদস্যভুক্ত হয় নাই। ফলে, আদর্শবাদী কম্যুনিষ্ট তথা সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলোতে শতকার চারি অথবা পাঁচভাগ কম্যুনিষ্ট মতাবলম্বী তথা খোদাবিরোধী ব্যতীত বাকী শতকরা ৯৫ (পচানববই অথবা ৯৬ ছিয়ানববই) ভাগ সর্বহারার ভোটাধিকার প্রয়োগ করার জন্য গণপ্রতিনিধি নির্বাচিত হওয়ার ব্যবস্থা তথা কার্য্যকরী ভোটাধিকার নাই। অনুরূপভাবে, আদর্শহীন পুঁজিবাদী দেশেও ৯৫% ভাগ দরিদ্র জনসাধারণের অর্থাভাব হেতু গণপ্রতিনিধি নির্বাচিত হওয়ার ক্ষমতা তথা কার্য্যকরী ভোটাধিকার নাই।

আদর্শবাদী বা ধর্মবাদী রাষ্ট্রে ভিন্ন আদর্শের অনুসারীগণকেই কৌশলগত (টেকনিকেল) কারণেও ভোটাধিকার দেওয়া যায় না। কারণ ভিন্ন আদর্শের লোকজনকে ভোটাধিকার দিলে পর আদর্শবাদী রাষ্ট্রটির রাষ্ট্রীয় আদর্শের অস্তিত্বই থাকে নাঃ ধবংস হয়ে যায়। পূর্ব পাকিস্তানে ইহার দু'বার পরীক্ষা হয়ে গেছে, তাহার একটি স্বতন্ত্র নির্বাচনের মাধ্যমে, অপরটি যুক্তনির্বাচনের মাধ্যমে। স্বতন্ত্র নির্বাচনের সময় দেখা গেছে পূর্ব পাকিস্তান পরিষদে অমুসলিমদের আসন সংখ্যা নির্দিষ্ট থাকে। তাহারা সংখ্যালঘু বিধায় সংখ্যাগুরু মুসলমানদের ভয়ে, তাদের মধ্যে দৃঢ় ঐক্য বজায় থাকে। তাই তাহারা সংখ্যালঘু হওয়া সত্ত্বেও দৃঢ়ভাবে ঐক্যবদ্ধ, নির্দিষ্ট সংখ্যক আসনের অধিকারী থাকায়; বিভক্ত, ক্ষমতালিপসু এবং নিজেদের আদর্শ সম্বন্ধে উদাসীন সংখ্যাগুরু মুসলমানগণকে কান ধরে ঘুরাতে থাকে। লোভী ও বিভক্ত মুসলমানগণ সংখ্যালঘু অমুসলিমদের ইচ্ছানুযায়ী অনেক কিছুই করতে বাধ্য হয়। যাহা অনেক সময় ইসলামী আদর্শেরও পরিপন্থী হয়ে দাঁড়ায়। এই জিনিষটা টের পেয়ে, দূরদর্শী মুসলমান রাজনীতিকগণ যুক্ত নির্বাচনের ব্যবস্থা করেন। তাতে সাধারণতঃ মুসলমান সদস্যগণই

নির্বাচিত হয়। কিন্তু তার আদর্শিক ফলাফল উল্টো হয়েছে। অর্থাৎ মুসলমানগণ আদর্শিক মৃত্যুর পথে আর একধাপ এগিয়ে গেছে। পরিষদের সদস্যপ্রার্থী মুসলমানগণ নির্বাচনের সময়ে আর তাদের এলাকায় প্রাণখুলে ইসলামী আদর্শের কথা প্রচার করতে পারে না। ভয়, তাহলে সংখ্যালঘু অমুসলিমদের ভোট একটিও পাবে না। যে সকল ভোটের সংখ্যা নেহায়েৎ কম নহে। বরং অমুসলিম ভোটারগণের মনোরঞ্জনের জন্য, কে কত বেশী পরিমাণে ইসলামী আদর্শের জলাঞ্জলী দেবে এবং কে কত বেশী ধর্মনিরপেক্ষতা দেখাবে, তা নিয়ে মুসলমান প্রতিদ্বন্দ্বীদের মধ্যে প্রতিযোগিতা শুরু হয়ে যায়। ফল স্বরূপ দেখা যায় যে, ইসলাম আদর্শের জন্য পাকিস্তানের জন্ম হয়েছিল, ধর্মনিরপেক্ষতার ঠেলায় সেই ইসলামী আদর্শই আজ ধ্বংসের মুখে।

পূর্বেই বলেছি, ধর্মনিরপেক্ষ রাজনীতি হলো সর্বভারতীয় কংগ্রেসের রাজনীতি অথবা আমেরিকা এবং কতিপয় ইউরোপীয় দেশে প্রচলিত রাজনীতি। এই জাতের রাজনীতি হলো পুঁজিবাদীদের তথা আধুনিক সাম্রাজ্যবাদীদের বাহন। কম্যুনিষ্ট রাষ্ট্র ব্যতীত, আমেরিকান সাম্রাজ্যবাদ অথবা হিন্দুস্তানী সম্প্রসারণবাদ অথবা পৃথিবীর অন্য যে কোন ধর্মনিরপেক্ষ দেশের সংগে যুক্তরাষ্ট্র গঠন করেঃ যে ধরনের রাজনীতি অনায়াসেই করা যায়। মুসলমান নামের খোলসধারী পুঁজিপতিদের সুবিধার জন্য এইটুকু পাকিস্তান, আলাদা করে রাখার প্রয়োজন পড়ে না। অখন্ড ভারত হতে অনায়াসেই, সমর্থ মুসলমানগণ হজব্রত সম্পন্ন করতে পারতোঃ কিন্তু পাকিস্তান থেকে হজব্রত সম্পন্ন করতে হলে, বৎসরের পর বৎসর পারমিটের জন্য বসে থাকতে হয়। অখন্ড ভারতের মুসলমানগণ বিনা বাধায় ব্যক্তিগতভাবে বা জমাতের সংগে তাদের নামাজ-রোজা আদায় করতে পারতো। শুধু আদায়ই নহে-নামাজের সময় ঢাক-ঢোল-কর্তাল বাজালে, হিন্দুদের সংগে খুনাখুনি হয়ে যেত। বর্তমান হিন্দুস্তানে এখনও তাই হয়। পাকিস্তানের শহরগুলিতে ধর্মনিরপেক্ষ মুসলমানদের মাইকের আওয়াজের ঠেলায় এবং রেডিও পাকিস্তানের প্রোগ্রামের ঠেলায় পাকিস্তান-তথাকথিত ইসলামী রাষ্ট্রের মুছল্লিগণ সমাজ পড়তে পর্যন্ত অসুবিধা ভোগ করে। হিন্দুস্তানে যাহা অচল-ইসলাম ধর্মে কঠোরভাবে নিষিদ্ধ সেই মদের ব্যবসায় আজ পাকিস্তান সচল। নারী ব্যবসার দিক দিয়ে পাকিস্তান অন্য যে কোন ধর্মনিরপেক্ষ দেশের পিছনে পড়ে নাই। ঘুষ ও দুর্নীতির দিক দিয়ে পাকিস্তান সকলের শীর্ষস্থান দখল করছে। লাখে লাখে মুসলমানতো এই জাতের ইসলামী রাষ্ট্র অথবা অতীতের অখন্ড ভারতের অনুরূপ ধর্মনিরপেক্ষ রাষ্ট্র গঠন করার জন্য তাদের নিজেদের জান-মাল-ইজ্জত-আবরু পর্যন্ত কুরবান দিয়েছিল। যাহা হউক অতীতে, পাক-ভারতের পূর্বাঞ্চল নিয়ে একটি ইসলামী সাম্যবাদী রাষ্ট্র গঠন করার পক্ষে অন্যান্যদের সংগে বাংলা ও আসামের মুসলমানগণও দ্ব্যর্থহীনভাবে রায় দিয়েছিল এবং প্রয়োজন হলে এখনও দেবে। তাই ধর্মনিরপেক্ষতার প্রশ্ন এখন অবান্তর।

এখন আমাদের পূর্ববর্তী রূপরেখা অনুযায়ী, রাষ্ট্র গঠন করার নিমিত্ত আলাদা হওয়ার পূর্ব পর্যন্ত প্রাথমিকভাবে সকল পূর্ব পাকিস্তানীর উচিত, পশ্চিম পাকিস্তানীদের তৈরী অথবা এখানকার অবাংগালাদীর তৈরী সকল প্রকার দ্রব্য বর্জন করা এবং পশ্চিমাদের ব্যাঙ্ক, বীমা প্রতিষ্ঠান ইত্যাদি বয়কট করা।

অধিকন্তু পূর্ব ও পশ্চিম পাকিস্তানের ভাষা, সংস্কৃতি, ইতিহাস, চালচলন রীতিনীতি ইত্যাদি দু'রকমের এবং দুই অঞ্চলের মাঝখানে বাধাস্বরূপ প্রায় ১৫০০(পনরশত) মাইলজুড়ে একটি শত্রুভাবাপন্ন দেশ অবস্থিত। তাই অতিদূ'রের এই দু'টি সংলগ্ন অঞ্চল নিয়ে একটি দেশ কোন মতেই ভারসাম্য বজায় রেখে টিকে থাকতে পারে না। এর সুবিধাপ্রাপ্ত অংশ সবসময় অপর অংশকে দাবিয়ে রাখবে। আল্লাহর দুনিয়াতে এই আজগুবি ধরনের স্বাধীন দেশ আর একটিও নাই। এসব কথা চিন্তা করেই আমাদের মুরব্বীগণ ১৯৪০ ইংরেজীতে লাহোরে বসে ঠিক করেছিলেন, দুটি অঞ্চল নিয়ে পৃথক দু'টি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র গঠন করা হবে। পূর্বেই বলা হয়েছে, কতিপয় পশ্চিমা নেতার চক্রান্তে তাহা বাস্তবায়িত হয় নাই।

একটি দেশ বা পরিবার দু'ভাবে আলাদা হয়। তার একটি হল যুদ্ধবিগ্রহের মাধ্যমে। অপরটি হলো শান্তিপূর্ণভাবে। যুদ্ধবিগ্রহ একটি অদ্ভুত জিনিস। কোথায় কিভাবে সংঘটিত হয়, বলা যায় না। নেপোলিয়নের

আল্পস অতিক্রমের কথা কেউ কোনদিন কল্পনাও করেনি। ম্যাজিনো লাইনের পিছনে জার্মান ছত্রী বাহিনী নামার বিষয়ে ফরাসীরা স্বপ্নেও ভাবেনি। মিশরের রাডার ষ্টেশন চুরির কাহিনী, সমগ্র পৃথিবীর গাঁজাখোরগণকেও টেক্কা দিয়েছে। পশ্চিম পাকিস্তানীরা যদি মনে করে থাকে আলাদা হওয়ার জন্য যুদ্ধ হলে তাহা পূর্ব পাকিস্তানেই সীমাবদ্ধ থাকবে, তাদের গায়ে আচঁড় লাগবে না; তবে তাহা তাদের ভুল ধারণা। আলাদা হওয়ার জন্য পশ্চিম পাকিস্তানেও যুদ্ধ হতে পারে। ওহাবী আন্দোলনের সময় দেখা গেছে, বাংগালী মুজাহিদগণ সীমান্তের দুর্গম এলাকায় পর্যন্ত গমন করে সেখানেও বীরত্বপূর্ণ সশস্ত্র সংগ্রাম করেছে।

ঐহা হউক শান্তিপূর্ণভাবে আলাদা হওয়াই, আলাদা হওয়ার উত্তম পন্থা। ইহাতে কোন পক্ষই বাড়তি ক্ষতির সম্মখীন হয় না। হিন্দুস্তান ও পাকিস্তান আলাপ-আলোচনার মাধ্যমেই আলাদা হয়ে গেছে। এমনকি তিক্ততা কমিয়ে সদভাব রক্ষার জন্য সহোদর ভাইয়েরাও শান্তিপূর্ণভাবে আলাদা হয়। তাই ইসলামের বৃহত্তর সংহতির স্বার্থে, সকল দেনা পাওনা পরিশোধ করে, পূর্ব ও পশ্চিম পাকিস্তানের এখন আপোষে আলাদা হয়ে যাওয়াই মুক্তির ও শক্তি বৃদ্ধির একমাত্র পথ। কারণ কলহরত বৃহৎ পরিবারের চেয়ে সংহত ছোট্ট পরিবারই অধিক শক্তিশালী।

কেহ কেহ বলতে পারেন, পশ্চিম পাকিস্তানের সাহায্য ব্যতীত আমরা টিকতে পারব না। ইহা ভুল। কারণ ১৯৬৫ ইংরেজীর লাহোর যুদ্ধের সময় দেখা গেছে পশ্চিম পাকিস্তানীরা পূর্ব পাকিস্তানকে সাহায্য করবে কি, তাহারা তাহাদের নিজেদের দেশ পশ্চিম পাকিস্তানকেই রক্ষা করতে পারে না। বরং ঐ যুদ্ধের সময় পশ্চিম পাকিস্তানকে রক্ষা করেছে বাংগালী বৈমানিক আলম ও অন্যান্য বাংগালী সৈন্যের অতুলনীয় সাহস, শৌর্য এবং বীর্য্য। ফলে, যুদ্ধের পর পর বাংগালীর বীরত্বের স্বীকৃতি স্বরুপ, মুগ্ধ দু'জন পশ্চিম পাকিস্তানী দু'টি যশোগাথা রচনা করে। ঐ যুদ্ধের সময়ে হিন্দুস্তানী সৈন্যগণ, লাহোরের দিকে প্রায় দশ মাইল পাকিস্তানের ভিতরে ঢুকে যেখানে খুটা গেড়েছিল, তাদেরকে তাদের সেই অবস্থান থেকে পশ্চিম পাকিস্তানের বাহাদুর সৈন্যরা এক ইঞ্চিও পিছু হটাতে পারে নি। তাই বাধ্য হয়ে তাসখন্দ চুক্তি করে। এখন বুঝে দেখুন যাহারা নিজেদের দেশ রক্ষা করতে পারে না, তাহারা কিভাবে ১৫০০ (পনরশত) মাইল শত্রুদেশ ডিঙ্গিয়ে আমাদেরকে সাহায্য করবে?

গত ১২/১১/৭০ইং তারিখের ঘূর্ণি ও গরকীতে পূর্ব পাকিস্তানের প্রায় ১০ দশ লক্ষ লোক প্রাণ হারায় এবং আরো প্রায় ২৫ (পঁচিশ) লক্ষ লোক অবর্ণনীয় ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়। সারা দুনিয়ার লোক দুর্গত বনি আদমের সাহায্যের জন্য পাগলের ন্যায় ছুটে আসে। ৬,০০০ (ছয় হাজার) মাইল দুর আমেরিকা তার হেলিকপ্টার পাঠায়। রাশিয়া, চীনা, জাপান, ফ্রান্স, ইংল্যান্ড, অষ্ট্রেলিয়া ইত্যাদি দেশ কমবেশী অনুরুপ দূরুত্ব থেকে বেহিসাব সাহায্য এবং বিমান ও জাহাজাদি পাঠায়। পূর্ব পাকিস্তানের এই দুর্যোগকে ইরান তার জাতীয় বলে ঘোষণা করতঃ ইরানী বিমান দিয়ে ঢাকা ও ইরানের মধ্যে আকাশ সেতু রচনা করে। ছোটখাটো ঐ কেয়ামতের সময়ও দেখা গেছে, পশ্চিম পাকিস্তানী সাম্রাজ্যবাদীগণ, পূর্ব পাকিস্তানের টাকায় ক্রীত শত শত বিমান ও হেলিকপ্টার নিয়ে চুপটি মেরে পশ্চিম পাকিস্তানে বসে থাকে। বেহিসাব বিদেশী সাহায্য দ্রব্য যখন পূর্ব পাকিস্তানে স্তূপীকৃত হয়ে যায়, তখন তাহার ভাগ-বাটোয়ারার জন্য পশ্চিম পাকিস্তানী সাম্রাজ্যবাদীগণ, তাহাদের প্রতিভূ ইয়াহিয়া খান ও অন্যান্য কতিপয় কেন্দ্রীয় কর্মচারীকে পূর্ব পাকিস্তানে প্রেরণ করে।

উপরোক্ত দু'টি ঘটনায় এখন ইহা দিবালোকের মত পরিষ্কার হয়ে গেল যে, পশ্চিম পাকিস্তানী সাম্রাজ্যবাদীগণ, পূর্ব পাকিস্তানকে যুদ্ধের সময়ে সাহায্য করা দূরে থাক শান্তির সময়ে পূব পাকিস্তানের ধ্বংসরুপী প্রলয়ঙ্করী বিপদের দিনে সাহায্য করতে এগিয়ে আসেনা। নেমকহারামগুলো, কেন্দ্রে সঞ্চিত পূর্ব পাকিস্তানের সম্পদ এবং যানবাহনাদি দিয়ে পর্য্যন্ত পূর্ব পাকস্তানীকে সাহায্য করতে প'বাড়ায় না। বরং পূর্ব পাকিস্তানের বিপদকে অতিরঞ্জিত করছে বলে, তাহারা বিশ্ববাসীকে অপবাদ দেয়। নেমকহারাম কি আর গাছে ধরে? এই জাতের নেমকহারামদের থেকে যত শীঘ্র আলাদা হওয়া যায় ততই মঙ্গল। এখন সকল পূর্ব পাকিস্তানীর উচিৎ শান্তিপূর্ণভাবে আলাদা হওয়ার জন্য আন্দোলন আরম্ভ করা। উক্ত শান্তিপূর্ণ আন্দোলন যদি

মোগল বাদশাদের বাগানবাড়ীর অধিবাসী এবং তাহার আশেপাশের অধিবাসীরা সাড়া না দেয়, তবে আইন বিজ্ঞানের শেষ বিধান (সেংশন) অনুযায়ী স্বাভাবিকভাবেই উভয় অঞ্চলের মধ্যে যুদ্ধ বেধে যাবে। যাতে উভয় পক্ষেরই সমূহ ক্ষতি হবে।

একদল ভন্ড প্রগতিবাদী আছেন, যারা আফ্রো-এশিয়ার সর্বহারার সংগ্রাম নিয়ে এতই ব্যস্ত যে, পূর্ব পাকিস্তানের সর্বহারাদের কথা চিন্তা করার সময়ই পান না। তারা ধুয়া তুলবেন পশ্চিম পাকিস্তানের জনসাধারণ তো আর কোন অপরাধ করে নাই। তবে আলাদা হব কেন? এক শ্রেণীর মোল্লারাও হয়ত এই জাতের প্রশ্ন উঠাবেন। তার একমাত্র উত্তর, একটা দেশের নেতৃত্ব নেতারাই দেয়ঃ জনসাধারণ নহে। ভিয়েতনামীদের বিরুদ্ধে যে সকল আমেরিকান সৈন্য যুদ্ধ করছে, তারাও সর্বহারা। কিন্তু তারা নির্বিবাদে তাদের পুঁজিবাদী নেতাদের হুকুম মেনে, ভিয়েতনামী সর্বহারাগণকে কতল করে যাচ্ছে। সর্বহারাদের মঙ্গলকামী চীন ও রাশিয়া পরস্পর সুসংলগ্ন দুটি সমাজতান্ত্রিক দেশ। তবুও উভয়ে,& কেটি রাষ্ট্রে পরিণত হওয়ার পরিবর্তে, নিজ নিজ দেশের নেতাদের নেতৃত্বে দিবারাত্রি কলহ করে চলছে। একই ভাষা, একই জাতীয়তা, একই ধর্ম তথা একই আল্লা-রসুলের অনুসারী হওয়া সত্ত্বেও মধ্য-প্রাচ্যের আরব রাষ্ট্রগুলোর নিজ নিজ দেশের নেতাদের নেতৃত্বে অহরহ কলহ করে চলেছে

অনেকে হয়তো বলবেন, আমাদের খনিজ দ্রব্য নেই। আমরা চলব কি করে? ইহাও ভুল ধারণা। একটা দেশের শক্তি তার খজিন দ্রব্যের উপর নির্ভর করে না। বরং তার অর্থনীতির উপর নির্ভর করে। জাপানেও খনিজ দ্রব্য নাই। কিন্তু জাপান একটি বিশ্বশক্তি। এদিক দিয়ে জাপান ও পূর্ব পাকিস্তানের অর্থনীতি একই ধরনের। অর্থাৎ খনিজদ্রব্য বিহীন অর্থনীতি। হাতে পয়সা থাকলে, খনিজ দ্রব্য কেন? এটম বোমা পর্যন্ত খরিদ করা যায়।

আশা করি সকলেই এখন ইহা বুঝতে পেরেছেন যে, সাকুল্য দেনা-পাওনা পরিস্কার করে, আপোষে আলাদা হয়ে যাওয়ার মধ্যেই পাকিস্তানের উভয় অঞ্চলের সমৃদ্ধি, মুক্তি এবং ইসলামের বৃহত্তমম সংহতি নিহিত।

০ ০ ০ ০

আমরা আমাদের মুজাহিদ সংঘের তরফ থেকে গত ২০শে মাঘ, ১৩৭৫ বাংলা, মোতাবেক ৫ই ফেব্রয়ারী ১৯৬৯ ইংরেজী হতে দ্ব্যর্থহীনভাবে এই আলাদা হওয়ার আন্দোলন আরম্ভ করি। আন্দোলনের অংশ হিসাবে- 'আলাদা হওয়াই মুক্তির পথ' নামে একটি পুস্তিকা লিখা হয়। যাহা সরকার সম্পূর্ণ বেআইনিভাবে বায়েজাপ্ত করেছে এবং সরকারপক্ষ হেরে যাবে বরে, ঐ বাজেয়াপ্তির বিরুদ্ধে দায়েরকৃত আপীলের শুনানী দিচ্ছে না। আমরা এই আন্দোলনের পরের ধাপে গত ২৪শে ফালগু, ১৩৭৬ বাংলা, মোতাবেক ৮ই মার্চ, ১৯৭০ইং তারিখে আমাদের সংঘের তরফ থেকে, ঢাকার ভিক্টোরিয়া পার্ক তথা বাহাদুর শাহ পার্কে একটি জনসভার আয়োজন করি। ঐ জনসভায়ও আমরা দ্ব্যর্থহীনভাবে আলাদা হওয়ার তথা স্বাধীন পুর্ব পাকিস্তান গঠন করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ করি। যার ফলে সংঘের আহবায়ককে সামরিক কর্তৃপক্ষ ওয়ারেন্ট মারফৎ ডেকে পাঠায়। সাক্ষাৎ হলে পরে আহবায়কের সংগে অভদ্র আচরণ করে। তাহাকে ভয় দেখায়। নানাভাবে ভয় দেখিয়ে ইংলিশ-উর্দুতে কথা বলানোর চেষ্টা করে। কিন্তু ব্যর্থ হয়। সংঘের আহবায়ককে ভীতসন্ত্রস্ত করতে অপরাগ হওয়ায় মুখ রক্ষার খাতিরে তাহাকে কেবল ওয়ার্নিং দিয়েই সামরিক কর্তৃপক্ষ ছেড়ে দেয়। আশ্চর্যের বিষয় আহবায়কের নির্ভীক আচরণ দেখে, সামরিক কর্তৃপক্ষ আর স্বাধীন পূর্ব পাকিস্তান প্রসঙ্গ নিয়ে ঘাঁটাঘাটি করার সাহস পায় নাই। বরং অন্যান্য বিষয় নিয়ে সারাক্ষণ আলোচনা করে।

যাহা হউক আমাদের জনসভার প্রায় ৮ (আট) মাস পরে ৪/১১/৭০ইং তারিখে ভাসানী ন্যাপ ও অন্যান্য কয়েকটি দল পল্টনের এক জনসভায় অনুরূপ প্রস্তাব পাশ করেছে। ভাসানী সাহেব আরো ঘোষণা করেছেন,

১৯৭১ ইংরেজীর জানুয়ারী মাসের ৯ তারিখে তিনি এই মর্মে একটি সর্বদলীয় পরিষদ গঠন করবেন। ঐ পরিপ্রেক্ষিতে সকলের নিকট আমাদের আবেদন-পূর্ব পাকিস্তানকে আলাদা তথ্য স্বাধীন করার পরে যদি ইহাকে, আমাদের রূপ-রেখা অনুযায়ী একটি ইসলামী সাম্যবাদী রাষ্ট্রে পরিণত করার দাবীর প্রতি ভাসানীর গঠিতব্য সর্বদলীয় পরিষদ সমর্থন জানায় তবে ঐ পরিষদের সহিত সকলের সহযোগিতা করা উচিৎ। অন্যথায় উহার সহিত সকল বাংগালী মুসলমানের বিরোধিতা করা উচিৎ। উপরন্ত, পূর্ব পাকিস্তানকে আলাদা করতঃ ইহাকে একটি ইসলামী সাম্যবাদী রাষ্ট্রে পরিণত করার জন্য যাহারা নিজেদের জানমাল পর্যন্ত কুরবান করতে প্রস্তুত আমরা তাদের সকলকে মুজাহিদ সংঘের পতাকাতলে সমবেত হওয়ার জন্য সাদর আহবান জানাচ্ছি। তৎসহ আমাদের এই মহান সংগ্রামে আমরা পৃথিবীর সকল মুক্তিকামী মানুষের সাহায্য ও সহযোগিতা চাচ্ছি।

৪। উপসংহার

আমার এই আলাদা হওয়ার দাবী উঠানোর পর থেকেই পশ্চিম পাকিস্তানী সাম্রাজ্যবাদীদের দেশী এজেন্টরা সক্রিয় হয়ে উঠেছে। তারা পঞ্চমুখে তাদের সাবেকি প্রচার আরম্ভ করেছে। তারা চলছেঃ এই দাবী উঠানোর সময় এখনো আসেনি। পূর্ব পাকিস্তান আলাদা হলে টিকতে পারবে না। ৯৮% (শতকরা আটানববই) ভাগে না হলে কি হবে ১০০% (শতকরা একশত ভাগ) স্বায়ত্তশাসন আসলে পর পূর্ব পাকিস্তানে সোনা ফলবে। আলাদা হওয়ার প্রয়োজন পড়বে না, ইত্যাদি ইত্যাদি।

আমি বলি, পূর্ব পাকিস্তান আলাদা হলে, শুধু টিকেই থাকবে না বরং পৃথিবীর মধ্যে একটি শক্তিশালী রাষ্ট্রে পরিণত হবে। আমাদের লোকসংখ্যা ৭ (সাত) কোটি। দুনিয়াতে ত্রাস সঞ্চারকারী জার্মানদের সংখ্যাও মাত্র সাত কোটি। প্রায় সমগ্র পৃথিবীর এক সময়কার শাসক, ইংল্যান্ডবাসীদের সংখ্যা মাত্র ৫ (পাঁচ) কোটি। অধিকন্তু, ইংল্যান্ড তার খাদ্য-দ্রব্যের ৩৫% (শতরা পঁচিশ ভাগের) এর বেশী নিজের দেশে উৎপাদন করতে পারেন নাঃ বাকী ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) খাদ্যদ্রব্য বিদেশ থেকে আমদানী করে সুখে স্বাচ্ছন্দে টিকে আছে। পূর্ব পাকিস্তানের আয়তন ৫৪,৫০১ বর্গমাইল এবং লোকসংখ্যা প্রায় সাত কোটি। নেপালের আয়তন ৫৪,৩৬২ বর্গমাইল। লোকসংখ্যা ৯০ (নববই) লক্ষ। ভুটানের আয়তন ১৯,৩০৫ বর্গমাইল। লোকসংখ্যা মাত্র সাত লক্ষ। তবুও নেপাল ও ভূটান দুই বিরাট প্রতিবেশী চীন এবং ভারতের মাঝখানে, সুউচ্চ আকাশের উচ্চতাকে ভেদ করে, গর্বভরে তাদের স্বাধীন পতাকা উড্ডীন রেখেছে। সিংহলের আয়তন ২৫,৩৩২ বর্গমাইল এবং লোকসংখ্যা ৯৪ (চুরানববই) লক্ষ। অর্থাৎ সিংহল, পূর্বপাকিস্তানের অর্ধেকের চেয়েও কম আয়তনের এবং পূর্ব পাকিস্তানের লোকসংখ্যার প্রায় এক সপ্তমাংশ লোকের অধিকারী হয়ে, হিন্দুস্তানের চক্ষুশূল হিসাবে ভারত মহাসাগরের মধ্যমণি কলম্বোর উচ্চাকাশে তার স্বাধীন পতাকা গর্বভরে উচিয়ে রখেছে। মাত্র ২৫ (পঁচিশ) লক্ষ অধিবাসী এবং ৮,০০০ (আট হাজার) বর্গমাইল আয়তন বিশিষ্ট ইসরাইল রাষ্ট্র, তাহার চেয়ে ৫০ (পঞ্চাশ) গুণ শক্তিশালী ১২ (বার) কোটি আরবকে নাকানি চুবানী খাওয়াচ্ছে। এবং বিরাট সিনাই এলাকা জবর-দখল করে রেকেছে। মাত্র ২২৪ (দু'শত চবিবশ) বর্গমাইর আয়তন ও ষোল লক্ষ অধিবাসীর গর্ব হিসাবে, ভারত মহাসাগর এবং প্রশান্ত মহাসাগরের সংগমস্থলে, সিঙ্গাপুরের স্বাধীন পতাকা উচ্চাকাশের উচ্চতাকে অবজ্ঞা করছে।

পিপীলিকাসম যে সকল দক্ষিণ ভিয়েতনামী পর্বত প্রমাণ আমেরিকানগুলিকে কলাগাছের মত কেটে যাচ্ছে তাদের দেশও আয়তনের দিক দিয়ে পূর্ব পাকিস্তানের চেয়ে খুব বড় নহে এবং তা'দের লোকসংখ্যা মাত্র দেয় কোটি। দেশপ্রেমিক ভিয়েতনামীরা শুধু ৫ (পাঁচ) লক্ষ আমেরিকান সৈন্যের সঙ্গেই লড়াই করছে না; তৎসঙ্গে তাদের নিজেদের দেশের আরও পাঁচ লক্ষ দালাল সৈন্যের সঙ্গেও বীরত্বের সহিত লড়াই করে যাচ্ছে।

এতদসত্ত্বেও পৃথিবীর আদি ও সবৃশ্রেষ্ঠ বুদ্ধিমান জাতি পূর্ব পাকিস্তানীরা, তাদের স্বাধীনতা রক্ষা করতে পারবে না কেন? নিশ্চয়ই পারবে। আমি বলছি, আলাদা হলে অতি শীঘ্রই আমরা পৃথিবীর মধ্যে একটি শক্তিশালী জাতীর মর্যাদা পাবো। এবং অচিরেই আমরা সমগ্র পৃথিবীর শ্রদ্ধা কুড়াবো।

অতএব সবে মিলে বজ্রকণ্ঠে আওয়াজ তুলুনঃ-

স্বাধীন পূর্ব পাকিস্তান-জিন্দাবাদ।
ইসলামী সাম্যবাদ-জিন্দাবাদ।
পশ্চিম পাকিস্তানীদের দ্রব্য-বর্জন করুন।
পশ্চিমা ব্যবসায় প্রতিষ্ঠান-বয়কট করুন।
উর্দু-ইংলিশ-ধ্বংস হউক।
পশ্চিম পাকিস্তানী সাম্রাজ্যবাদ-ধ্বংস হউক।
বিশ্বের মুসলিম, সর্বহারা-এক হও, এক হও।

বিশ্বাস করুন। বাংলা পৃথিবরি সর্বশ্রেষ্ঠ ভাষা! বাংগালী মুসলমান পৃথিবীর সর্বশ্রেষ্ঠ যোদ্ধা!! ইসলামী সাম্যবাদী সমাজ ব্যবস্থা পৃথিবীর সর্বশ্রেষ্ঠ ব্যবস্থা !!!

স্বাধীন পূর্ব পাকিস্তানের জন্য আমাদের প্রস্তাবিত
জাতীয় সংগীত

স্বা-ধীন পূ-রব পা-কি-সতা-ন,
স্বা-ধীন পূ-রব পা-কি-সতা-ন,
স্বা-ধীন পূ-রব পা-কি-সতা-ন।
ভী-মেরও ভীতি ওহে ব্যাঘ্র-ভূমি-,
আ-কাশ যুদ্ধে অগ্রগামী-,
নৌ-সিংহ-দের তীর্থ ভূমি-,
তব তরে জা-ন মাল কুরবা-নঃ
স্বা-ধীন পূ-রব পা-কি-সতা-ন...।
শি-ক্ষক, শি-লপী জ্ঞান-জীবি সে-রা,
কৃ-ষক, শ্রমজীবী পৃথিবীর বা-ড়া,
হ'-কার, তাঁ-তী মিলি সবে মো-রা,
পুঁজিবা-দ ভেংগে করি খান খা-নঃ
স্বা-ধীন পূ-রব পা-কি-সতা-ন...।

সাম্য ও শানতির মোরা দিশারী-,
লা-শরীক আ্লার মোর পূজারী-,
তওহীদী ঝানডা হস্তে ধরি-,

বেইমা-ন দেখে দেখে মারি গরদা-নঃ
স্বা-ধীন পূ-রব পা-কি-সতা-ন...।

প্রকাশক- মো: খলিলুর রহমান, কাঁঠাল বাগান, ঢাকা।
[সামছ উদ্দিন, আহববায়ক : জাতীয় মুজাহিদ সংঘ। ১৬-ডি, ছোট কাটারা ঘাট রোড, ঢাকা -১১। ১৬-৯-৭৭। বাং মূল্য ৫০ টাকা।]

শিরোনাম	সূত্র	তারিখ
রেসকোর্স ময়দানে গণপ্রতিনিধিদের শপথ	দেনিক ইত্তেফাক	৪ জানুয়ারী, ১৯৭১

গণপ্রতিনিধিদের শপথ

শোষণমুক্ত সুখী সমাজের বুনিয়াদ গড়ার সংকল্প

(স্টাফ রিপোর্টার)

মুক্ত শপথে দীপ্ত বীর বাঙ্গালীদের নির্বাচনোত্তর সাগ্রহ প্রতীক্ষার অবসান ঘটাইয়া বাঙ্গালী তথা পাকিস্তানের কোটি কোটি বঞ্চিত মানুষের কামনা-বাসনার পিলসুজে সম্ভাবনার অনির্বান শিখা প্রজ্জ্বলিত করিয়া প্রাণ-প্রিয় নেতা শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ দলীয় নব নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদ সদস্যরা প্রত্যয়দৃঢ়কণ্ঠে গতকাল (রবিবার) রমনা রেসকোর্স ময়দানের অবিস্মরণীয় ও অভূতপূর্ব গণ-মহাসাগরের বেলাভূমিতে দাঁড়াইয়া অঞ্চলে অঞ্চলে ও মানুষে মানুষে বিরাজমান চরম রাজননিতক, অর্থনৈতিক ও সামাজিক বৈষম্যের চির অবসান ঘটাইয়া শোষণমুক্ত সুখী সমাজের বুনিয়াদ গড়িবার ঈস্পিত কঠিন শপথ গ্রহণ করেন।

''আমরা শপথ করিতেছি-

''আমরা জাতীয় ও প্রাদেশিক পরিষদে আওয়ামী লীগ দলীয় নব নির্বাচিত সদস্যবৃন্দ শপথ গ্রহণ করিতেছি পরম করুণাময় ও সর্বশক্তিমান আল্লাহতায়ালার নামে; আমরা শপথ গ্রহণ করিতেছি সেই সব বীর শহীদের ও সংগ্রামী মানুষের নামে, যাহারা আত্মহুতি দিয়া ও চরম নির্যাতন-নিপীড়ন ভোগ করিয়া আজ আমাদের প্রাথমিক বিজয়ের সুচনা করিয়াছেন।

''আমরা শপথ গ্রহণ করিতেছি এই দেশের কৃষক, শ্রমিক, ছাত্র, মেহনতী মানুষের-তথা সর্বশ্রেণীর জনসাধারণের নামেঃ

- জাতীয় সাধারণ নির্বাচনের মাধ্যমে এই দেশের আপামর জনসাধারণ আওয়ামী লীগের কর্মসূচী ও নেতৃত্বের প্রতি যে বিপুল সমর্থন ও অকুণ্ঠ আস্থা জ্ঞাপন করিয়াছেন, উহার মর্যাদা রক্ষাকল্পে আমরা সর্বশক্তি নিয়োগ করিব;

- ছয়দফা ও এগারো দফা কর্মসূচীর উপর প্রদত্ত সুস্পষ্ট গণরায়ের প্রতি আমরা একনিষ্ঠরূপে বিশ্বস্ত থাকিব এবং শাসনতন্ত্রে ও বাস্তব প্রয়োগে ছয়-দফা কর্মসূচী ভিত্তিক স্বায়ত্বশাসন ও এগারো-দফা কর্মসূচরি প্রতিফলন ঘটাইতে সর্বশক্তি প্রয়োগ করিব;

- আওয়ামী লীগের নীতি, আদর্শ, উদ্দেশ্য ও কর্মসূচীর প্রতি অবিচল আনুগত্য জ্ঞাপনপূর্বক আমরা অঙ্গীকার করিতেছি যে, অঞ্চলে অঞ্চলে ও মানুষে মানুষে বিরাজমান চরম রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক বৈষম্যের চির অবসান ঘটাইয়া শোষণমুক্ত এক সুখী সমাজের বুনিয়াদ গড়িবার এবং অন্যায়, অবিচার বিদূরিত করিয়া সত্য, ন্যায় প্রতিষ্ঠার জন্য নিরলস প্রচেষ্টা চালাইয়া যাইব;

- জনগণ অনুমোদিত আমাদের কার্যক্রমের প্রতিবন্ধকতা সৃষ্টির প্রয়াসী যে কোন মহল ও অশুভ শক্তির বিরুদ্ধে আমরা প্রবল প্রতিরোধ আন্দোলন গড়িয়া তুলিব এবং সাধারণ মানুষের অধিকার প্রতিষ্ঠা কল্পে যে-কোনরূপ ত্রাগ স্বীকার কতরঃ আপোষহীন সংগ্রামের জন্য আমরা সর্বদা প্রস্তুত থাকিব। আল্লাহ আমাদের সহায় হউন। জয় বাংলা, জয় পাকিস্তান।''

গতকাল (রোববার) বিকালে রেসকোর্স ময়দানে আওয়ামী লীগ দলয়ি ১৫১ জন জাতীয় পরিষদ এবং ২৬৮ জন পূর্ব পাকিস্তান পরিষদ সদস্য ৬-দফা ও ১১-দফা বাস্তবায়নের সংকল্প ঘোষণা করিয়া শপথ গ্রহণ করেন। আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমান অনুষ্ঠান পরিচালনা করেন। সম্ভবতঃ পার্লামেন্টারী গণতন্ত্রের ইতিহাসে এই ধরনের গণশপথ গ্রহণ এই প্রথম।

শেখ মুজিবের ডানপার্শ্বে জাতীয় পরিষদ সদস্যগণ এবং বাম পার্শ্বে প্রাদেশিক পরিষদ সদস্যগণ দাঁড়াইয়া শপথ গ্রহণ করেন। প্রত্যেকের বাম হাতে শপথনামা এবং ডান হাতে শপথের ভঙ্গীতে উদিত ছিল। নেতার সঙ্গে সঙ্গে সকল সদস্য শপথনামা পাঠ করেন। শপথ পাঠ করার পূর্বে শেখ মুজিব ঘোষণা করেন জনপ্রতিনিধিগণ জনগণের সামনে জনসাধারণকে সাক্ষী শপথ গ্রহণ করিতেছেন। শপথ গ্রহণ সমাপ্ত হইলে বিশাল জনতা উল্লাসে ফাটিয়া পড়ে।

"সহযোগিতা চাই, কিন্তু নীতির প্রশ্নে আপোস নাই"

(স্টাফ রিপোর্টার)

আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমান গতকাল (রবিবার) রেসকোর্সের বিশাল গনসমাবেশে ভাষণ দানকালে বলেন যে, শাসনতন্ত্র রচনার প্রশ্নে তিনি পশ্চিম পাকিস্তানের গণপ্রতিনিধিদের সহযোগিতা গ্রহণে আগ্রহী, কিন্তু নীতির প্রশ্নে কোন আপোস করা হইবে না। তিনি বলেন, শাসনতন্ত্র ছয়-দফার ভিত্তিতেই হইবে- কেউ ঠেকাইতে পারিবে না।

শেখ সাহেব বলেন, আমরা জনগণের নির্বাচিত প্রতিনিধি। শুধু বাংলারই নই, আমরা সারা পাকিস্তানেরই 'মেজরিটি'। আমরা যে শাসনতন্ত্র রচনা করিব, সেটাই জনগণ গ্রহণ করিবে এবং উহা বানচালের অধিকার কাহারও নাই। তিনি বলেন, মরহুম নেতা শহীদ সোহরাওয়ার্দী বলিয়াছেন, শাসনতন্ত্রের প্রশ্নে জনগণের রায়ই শেষ কথা, আর সে রায় আমরা পাইয়াছি। শেখ মুজিব বলেন, তবু সংখ্যাগরিষ্ঠ বলিয়াই আমি একথা বলবো না যে, শাসনতন্ত্র রচনার প্রশ্নে আমরা সহযোগিতা চাই না। তিনি বলেন, প্রধানমন্ত্রিত্ব বা ক্ষমতার জন্য নয়, আওয়ামী লীগের সংগ্রাম বাংলার এবং পশ্চিম পাকিস্তানের গরীব জনগণের দাবী আদায়ের জন্য। তাই শাসনতন্ত্র প্রণয়নের ব্যাপারে আমি পশ্চিম পাকিস্তানের গণপ্রতিনিধিদেরও সহযোগিতা চাই।

"বাক্সবন্দী করিয়া রাখুন"

শেখ মুজিব সরকার প্রণীত চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাক্সবন্দী করিয়া রাখার জন্য সরকারের নিকট আহবান জানাইয়াছেন।

সন্ত্রাসবাদীদের সম্পর্কে

দেশের সর্বত্র শান্তি-শৃঙ্খলা বজায় রাখার ব্যাপারে সবিশেষ গুরুত্ব আরোপ করিয়া শেখ মুজিব গণতান্ত্রিক বিজয়কে সুসংহত করার স্বার্থে সন্ত্রাসবাদী ও সন্ত্রাসবাদীদের দালালদের বাড়াবাড়ি দমনের জন্য দেশবাসীকে সদা প্রস্তুত থাকার আহবান জানান। তিনি বলেন, ইউনিয়নে ইউনিয়নে, মহল্লায় আওয়ামী লীগ গঠন করুন এবং রাতের অন্ধকারে যারা ছোরা মারে তাদের খতম করার জন্য প্রস্তুত হোন। রাতের অন্ধকারে যারা মানুষ হত্যা করে, সেই সব বিপ্লবীদের উদ্দেশে তিনি বলেন, চোরের মত রাতের অন্ধকারে মানুষ হত্যা করিয়া বিপ্লব হয় না। বিপ্লব চোরের কাজ নয়।

সন্ত্রাসবাদী ও সন্ত্রাসবাদের দালালদের খতম করার জন্য প্রত্যেক নাগরিককে বাঁশের এবং সুন্দরী কাঠের লাটি বানাইবার পরামর্শ দিয়া শেখ সাহেব বলেন, প্রত্যেকের হাতে আমি হয় বাঁশের নয় সুন্দরীকাঠের লাটি দেখিতে চাই। কিন্তু খবরদার আমার হুকুম ছাড়া সেগুলি ব্যবহার করবেন না।

শিরোনাম	সূত্র	তারিখ
৬-দফা ও ১১-দফার প্রশ্নে কোন আপোস হবে না কিন্তু পশ্চিম পাকিস্তানী নেতৃবৃন্দের সহযোগিতা চাওয়া হবেঃ শেখ মুজিবুর রহমানের ঘোষণা	পাকিস্তান অবজারভার	৪ জানুয়ারী , ১৯৭১

WEST PAKISTAN LEADER' CO-OPERATION TO BE SOUGHT

CONSTITUTION BASED ON SIX AND ELEVEN-POINT

WILL BE FRAMED

Mujib's confident statement in Dacca on January 3, 1971.

The Awami League Chief Sheikh Mujibur Rahman said in Dacca on Sunday that the future constitution of the country would be framed on the basis of Six-point and Eleven-point Programmes.

Sheikh Mujib was addressing a mammoth public meeting at the Race Course on the occasion of oath-taking of the newly-elected MNAs and MPAs belonging to the Awami League.

The Awami League leader, however, said that he would seek co-operation of the people's representatives of West Pakistan in framing the constitution.

Sheikh Mujib said that after June 7, last year, it was his first appearance before the people at the Race Course. He said that the elections were over and the people of Bengal won in their first phase of struggle through the elections. He reminded the people not to think that the demands of the people were fulfilled in this election alone.

Co-operation

"For being the absolute majority party in the Assembly I would not like to say that we did not want co-operation from the representatives of West Pakistan in framing the constitution," he said. "Surely," he said, "We want co-operation and help of the West Pakistani representatives in framing the constitution. But there could be no compromise on fundamental matters of policies."

In this respect he pointed-out that the Six-point and Eleven-point programmes were no more his or his party's properties. Referendum was held on the Six-point and Eleven-point programmes. Awami League could not amend it now he mentioned. None would be able to stop us framing a constitution on the basis of Six-point programme, the Awami League Chief declared.

Giving an account of the treatment meted out of the people of Bangladesh in the past, the Sheikh said that the people here were considered to be second class citizens, and their

loyalty to the country was questioned. “We had suffered many an injustice. We know how it pinches. Therefore, we would do justice to the people of West Pakistan”.

Giving an account of the past sacrifices of Bangla Desh, he said that being the majority people “we allowed Karachi to be the capital of Pakistan and from the quota of this province six West Pakistan leaders were given Constituent Assembly seats”.

“Again”, he said, “We would frame a constitution for the country as we are the representatives of the majority of the people of the country. The people of Pakistan would accept that constitution. Those who want to put an obstacle on its way would be eliminated”.

CONSTITUTION BASED ON SIX-POINT

Conspiracies

In his 50-minute speech Sheikh Mujib referred to some of the incidents after the elections and said that the conspiracies for frustrating the election which were going on before the polls were going on still. He said that the killing of newly elected 26-year-old Awami League MPA Ahmed Rafiq in Pabna, murder of Mamtaz in Khulna and the death of Harun were some of the proofs of that conspiracy. He said that Ahmed Rafiq was killed in the darkness of night. He had received 13 knife injuries; Mamtaz was called out of his house and murdered and “my young brother Harun was knocked down by a jeep and killed”.

Calling upon the people to be ready for future struggle he said that it might so happen that “I may be eliminated while fighting for realizing the demands. In the case it would be your obligation to continue the struggle”.

Yahya thanked

Sheikh Mujib thanked President Yahya for fulfilling his (Yahya’s) commitment in holding the elections. However, he said that there was a section among his (Yahya's) subordinates who were still conspiring to undo the election results. Sheikh Mujib said that some of the conspirators came to Dacca recently and held a secret meeting. The Awami League Chief asked the Persidentity of Bangla Desh and those "conspirators", otherwise, he warned that people of Bengal would confront those elements with bamboo sticks.

Continuing he said, “We have emerged as the absolute majority party in the elections not only in Bangla Desh but also in the whole country. So, the right to rule the country is ours”. He said that he and his party would protect the rights of the poor people of the Punjab, Baluchistan, Frontier and Sind. There is no difference between the suffering humanity of Bangladesh and those of other provinces, he observed. However, the Awami League Chief emphatically said that there was no compromise with those who had exploited Bangla Desh for the last 23 years.

He further said that neither he nor his party men were in politics for simply being middle ministers or prime ministers. He said that he and his party were in politics for

serving the cause of common man, for establishment of the right of the masses. They did so as they tried to make sacrifice for the people.

Caution to officials

Sounding a note of caution to the high officials of the Government the Awami League Chief said that the officials should change the mentality they had grown in the last decade during Ayub Regime. He said that the high officials could not adjust with the common people; they remain as big bosses. “If you do not change your attitude towards the common man, we would only point out the people your residence, and tell them he is not a good man, throw him out. We are not going to take steps as taken by President Yahya against 303 high officials,” he said.

Move to combat Awami League

Referring to the role of different quarters at the time of elections, he said huge amount of money came to this province for the purpose of combating the Awami League. It was said that Islam was in danger. Was anybody stopped from offering his prayers and keeping fast after the elections, he asked. He said that those who involved the name of Islam unnecessarily in politics, deserved punishment prescribed in Islam-whipping.

Further he said that attempts were made in different ways to reduce the number of Awami League MNAs and MPAs in the elections. Once the move was made with the help of POP after the merger of four organizations and then in the name of Islamic Front. In the elections, however, all the weeds were cleared, he observed.

Speaking about his organisation, he called upon his party workers to make every village and mahalla a fort of the Awami League. He alleged that Awami League workers were stabbed in the darkness of night by terrorists and their agents. He called upon his workers to be prepared to fight such terrorists. He advised them to prepare bamboo sticks and sticks out of "sundari" to fight them. Sheikh Mujib said that revolution could not be made through dacoity.

To his workers, he said, "You keep your sticks ready but do not use those until I give order”. He reiterated, “I am a Muslim and not a Christian. If I am hit I will retaliate.” He asked his workers not to hit first.

The Sheikh told the cheering crowd to bury alive any member of his party including himself if any of them betrayed this oath.

Addressing the women audience in the meeting, he said that the women-folk would no more be treated as second class citizens. If required, he said, a special law would be framed to give equal rights to women with the men-folk.

Sheikh Mujibur Rahman demanded the release of all political prisoners and withdrawal of cases pending against political workers and students. "How long will you keep them in the jail? If you fail to release them immediately we shall do it very soon after going to power", Sheikh Mujib added.

Expressing his grave concern over the increasing criminal activities in the city Sheikh Mujibur Rahman said that it was impossible to move safely in the city. He asked the concerned authority to take measures to ensure safety of the people.

Tributes to martyrs

At the outset of his speech he paid glowing tributes to the martyrs who had sacrificed their lives in the movements especially, he mentioned those who were killed in the State Language, June 7 movements and in the mass upsurge of 1968 and 1969.

He said, “I along with the MNAs and MPAs promise today that the blood of the martyrs would not be allowed to go in vain”.

He further said that the victory in the polls was not the ultimate victory. However he said that the victory in the polls was not the victory of his won or his party. It was the victory of the seven crore people of Bengal, nay the whole repressed people of Pakistan.

He said that the people of Bengal would never forget the martyrs who would be remembered in all ages.

Addressing the audience he said that there was no reason to be complacent on the basis of election results about the realization of the demands. He said that it might so happen that the debt of the martyrs would have to be repaid in blood. He called upon the seven crore people of Bengal to be prepared for the future struggle, if needed.

Speaking about the elections, the Awami League chief said that "We had no money, no car, no wealth, but we had Iman (faith) and the common man with us, and that was our wealth".

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীন পূর্ব বাংলা কায়েমের আহবান জানিয়ে পুর্ব বাংলা শ্রমিক আন্দোলন	পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন	৮ জানুয়ারী, ১৯৭১

জাতীয় মুক্তিযুদ্ধ শুরু হয়ে গেছে, একটি স্ফুলিঙ্গকে দাবানলে রূপ দিন, স্বাধীন, গণতান্ত্রিক, শান্তিপূর্ণ, নিরপেক্ষ, প্রগতিশীল পূর্ব বাংলার গণতান্ত্রিক প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করুন

৮ই জানুয়ারী ১৯১৭ সালে পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের তৃতীয় প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কমরেড সিরাজ সিকদার কর্তৃক পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের কর্মী, গেরিলা, সহানুভূতিশীল সমর্থক ও বিপ্লবী জনগণ এবং অন্যান্য দেশপ্রেমিকদের উদ্দেশ্যে প্রদত্ত আহবান

পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন মার্কসবাদ-লেনিনবাদ-মাওসেতুঙ চিন্তাধারার সার্বজনীন সত্যকে পূর্ব বাংলার বিপ্লবের বিশেষ অনুশীলনে প্রয়োগের মূল্যবান অভিজ্ঞতা নিয়ে পূর্ব বাংলা ও বিশ্বের প্রতি দৃষ্টি প্রসারিত রেখে দৃঢ় পদক্ষেপে তার প্রতিষ্ঠার চতুর্থ বর্ষে পদার্পন করছে।

এই তিন বৎসর পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের কর্মীরা আত্মবলিদান ও কঠোর সংগ্রাম দ্বারা আনন্দ ও বেদনার মহা উপাখ্যানের সৃষ্টি করেছে এবং পূর্ব বাংলার বিপ্লবী সংগ্রামের ইতিহাসে মহান গৌরবময় অধ্যায়ের সংযোজন করেছে।

সভাপতি মাওয়ের নেতৃত্বে পরিচালিত বিশ্বের সর্বহারা শ্রেনী ও বিপ্লবীদের সংশোদধনবাদবিরোধী সংগ্রামের প্রভাবে পূর্ব বাংলার সর্বহারা বিপ্লবীরা 'প্রতিক্রিয়াশীলদের বিরুদ্ধে বিদ্রোহ করা ন্যায়সঙ্গত', এ পতাকাকে উর্ধ্বে তুলে ধরে পূর্ব বাংলার বিভিন্ন অকৃত্রিম সংশোধনবাদীদের বিরুদ্ধে বিদ্রোহ করে এবং পূর্ব বাংলার শ্রমিক শ্রেণীর সঠিক রাজনৈতিক পার্টি প্রতিষ্ঠার প্রস্তুতি সংগঠন পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন প্রতিষ্ঠা করে।

পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন প্রতিষ্ঠার মুহুর্ত থেকেই পার্টির অব্যন্তরে ও বাইরে বিভিন্ন আকৃতির সংশোধনবাদ ও খুদে বুর্জোয়া মতাদর্শ ও তার প্রকাশের বিরুদ্ধে আপোসহীন সংগ্রাম পরিচালনা করছে এবং বিপ্লবী অনুশীলনের প্রক্রিয়ার প্রণয়ন করেছে-সশস্ত্র সংগ্রামের মাধ্যমে পূর্ব বাংলার জাতীয় মুক্তির সঠিক রাজনৈতিক লাইন, দীর্ঘস্থায়ী গণযুদ্ধের বর্তমান পর্যায়ে জাতীয় শত্রু খতমের মাধ্যমে গেরিলা যুদ্ধ সূচনার সঠিক সামরিক লাইন এবং গোপনভাবে গণতান্ত্রিক কেন্দ্রীকতার ভিত্তিতে সংগঠন গড়ে তোলার সঠিক সাংগঠনিক লাইন।

পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের কর্মীরা মার্কসবাদ-লেনিনবাদ-মাওসেতুঙ চিন্তাধারা অধ্যয়ন ও প্রয়োগ, কৃষক শ্রমিকের সাথে একীভূত হওয়া এবং বিপ্লবী ঝড় তরঙ্গে পোড় খেয়ে অধিকতর, পরিপক্ক হয়েছেন এবং অধিকতর দক্ষতার সাথে বিপ্লবীকার্য পরিচালনা করছেন।

পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের বিপ্লবী অনুশীলনের এই তিন বৎসর সশস্ত্র সংগ্রাম সূচনা ও পরিচালনা করার আত্মগত প্রস্তুতির সৃষ্টি করেছেন। এর ফলশ্রুতি হিসেবে পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের গেরিলারা সাফল্যজনকভাবে পাকিস্তান কাউন্সিল কেন্দ্র, অফিস ও মার্কিন তথ্য-কেন্দ্রে কমান্ডো হামলা পরিচালনা করে এবং পূর্ব বাংলার বিপ্লবী আন্দোলনের ইতিহাসে সশস্ত্র প্রতিরোধের সূচনা করে।

পাকিস্তানের ঔপনিবেশিক সামরিক শাসকগোষ্ঠী 'একটি পাতা নড়ার শব্দেই আঁতকে উঠে' এবং পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনকে অঙ্কুরেই বিনষ্ট করার জন্য পাগলা কুকুরের মত হন্যে হয়ে উটে। তাদের এ জঘন্য প্রচেষ্টায় শামিল হয়ে পূর্ব বাংলার বিভিন্ন আকৃতির সংশোধনবাদী দালালরা এবং পূর্ব বাংলার দক্ষিণপন্থী ও আকৃতিগতভাবে বামপন্থী কিন্তু সারবস্তুগতভাবে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলরা।

পাকিস্তানের ঔপনিবেশিক শাসকগোষ্ঠী পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনে কর্যরত পূর্ব বাংলার শ্রেষ্ঠ সন্তানদের অনেককে গ্রেপ্তার করেছে, আরো অনেকের বিরুদ্ধে ঘোষণা করেছে গ্রেপ্তারী পুরস্কার।

পূর্ব বাংলার জনগণের রক্তের রক্ত, মাংসের মাংস পূর্ব বাংলার এ সকল শ্রেষ্ঠ সন্তানেরা আজ কারর অন্তরালে অশেষ নির্যাতন ও কষ্টে ভুগছেন। তাদের কথা মনে পড়ে আমাদের হৃদয় বেদনায় ভরে উঠে, চোখ অশ্রুসজল হয়ে উঠে।

পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের কর্মীরা বেদনাকে শত্রুর প্রতি তীব্র ঘৃণায় এবং অশ্রুকে শত্রু ধ্বংসের বজ্রকঠিন সপথে রূপান্তরিত করে নিজেদের শক্তিকে সুসংবদ্ধ ও পুনর্গঠিত করে, বিপ্লবী কাজ দ্বিগুণভাবে জোরদার করে এবং সশস্ত্র সংগ্রামকে গ্রাম্য এলাকায় সম্পসারিত করে।

পূর্ব বাংলা শ্রমিক আন্দোলনের গেরিলারা সাফল্যজনকভাবে পূর্ব বাংলার বুকে সর্বপ্রথম সূর্যসেনের দেশ চট্টলায় এবং সন্ন্যাস বিদ্রোহের দেশ ময়মনসিংহে জাতীয় শত্রুখতমের মাধ্যমে গেরিলাযুদ্ধের সূচনা করেছে এবং বিপ্লবী সংগ্রামেই ইতিহাসে একটি নতুন অধ্যায়ের জন্ম দিয়েছে।

১৯৭০-এ পূর্ব বাংলা শ্রমিক আন্দোলন তার বিকাশের সশস্ত্র সংগ্রামের ঐতিহাসিক স্তরে প্রবেশ করেছে।

পাকিস্তানী অবাঙ্গালী শাকগোষ্ঠীর সাথে পূর্ব বাংলার জনগণের দ্বন্দ্ব প্রতিদিনই তীব্রতর হচ্ছে। স্মরণাতীতকালের প্রচন্ডতম ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের তান্ডবলীলায় লক্ষ লক্ষ লোকের প্রাণ বলিদান প্রমাণ করেছে পূর্ব বাংলার পরাধীনতার চরিত্রকে। পাকিস্তানের উপনিবেশিক সামরিক শাসকগোষ্ঠী পূর্ব বাংলার জনগণরে জাতীয় স্বাধীনতা, মুক্তি ও বিচ্ছিন্নতার সংগ্রামকে নিয়মতান্ত্রিক, শান্তিপূর্ণ সংগ্রামের কানাগলিপথ পরিচালনার ষড়যন্ত্র করছে এবং এ উদ্দেশ্যে সামরিক শাসনের ছত্রছায়ায় এবং আইনগত কাঠামোর আওতায় নির্বাচন অনুষ্ঠিত করেছে।

আওয়ামী লীগ জনতাকে এর বিরুদ্ধে পরিচালিত না করে এ ষড়যন্ত্রে হাত মিলিয়েছে এবং পর্ব বাংলার উপরস্ত শোষণ নিপীড়ন সমাধানের জন্য শান্তিপূর্ণ ও সংস্কারবাদী পথ এবং গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা বলছে।

পাকিস্তানের অবাঙ্গালী শাসকগোষ্ঠীর ক্ষমতার প্রধান উপাদান হলো সামরিক বাহিনী। পূর্ব বাংলার জনগণের কোন উপকারই করা সম্ভব নয় সশস্ত্র সংগ্রামের মাধ্যমে পূর্ব বাংলার ভূমিকা গণবিরোধী এ সশস্ত্র বাহীকে পরাজিত ও ধ্বংস করা ব্যতীত। শান্তিপূর্ণ, নিয়মতান্ত্রিক, সংস্কারবাদী সকল প্রচেষ্টার চূড়ান্ত পরিণতি হলো আপোষ ও আঁতাত এবং জনগণের স্বার্থের প্রতি বিশ্বাসঘাতকতা। কাজেই আওয়ামী লীগের সামনে সশস্ত্র সংগ্রাম ও আপোষের দুটো পথ খোলা রয়েছে। আওয়ামী লীগের শ্রেণীভিত্তি প্রমাণ করে ইহা শেষোক্ত পথ অনুসরণ করেছে যার পরিণতি হলো জনগণের স্বার্থের সাথে বিশ্বাসঘাতকতা।

আওয়ামী লীগ কয়েকটি প্রতিষ্ঠান রাষ্ট্রীয়করণ করে তথাকথিত গণতান্ত্রিক সমাজতন্ত্র কায়েম করতে চায়। সর্বহারার রাজনৈতিক পার্টি ও তার মাধ্যমে পরিচালিত সর্বহারার একনায়ত্ব ব্যতীত অন্য সকল প্রকার সমাজতন্ত্রের সারবস্তু হলো রাষ্ট্রীয় পুঁজিবাদ। ইহা জনগণের পরিবর্তে দুর্নীতি পরায়ণ আমলা-ম্যানেজার

প্রভৃতিদের স্বার্থ রক্ষা করে। এর পরিণতি হলো লোকশানের প্রতিষ্ঠান ই, পি, আর, টি, সি, বা ই, পি, আই, ডি, সি এবং অন্যান্য সরকারী সংস্থা।

তথাকথিত মুক্ত পৃথিবীর প্রধান মোড়ল মার্কিন সাম্রাজ্যবাদ ও তার দালালদের কমিউনিজম প্রতিহত করার ইহা একটি নতুন কৌশল। বার্মার নে-উইন, সিঙ্গাপুরের লি-কান-উয়ে, ভারতের ইন্দিরা গান্ধি নিজস্ব পদ্ধতিতে সমাজতন্ত্র গঠনের নামে পুরানো শোষণকে নতুন শোষণের রূপে তীব্রতর করছে এবং কমিউনিস্ট ধ্বংসযজ্ঞ চালিয়ে যাচ্ছে। কিন্তু কমিউনিজম প্রতিহত করা তাদের পক্ষে সম্ভব হচ্ছে না। জনগণের বিপ্লবী সংগ্রাম প্রচন্ড রোষে ফেটে পড়ছে।

শেখ মুজিব সমাজতন্ত্র ও শোষণের অবসানের কথা বলে মার্কিন সাম্রাজ্যবাদ ও পাকিস্তানী ঔপনিবেশিক শাসকগোষ্ঠী ও প্রতিক্রিয়াশীলদের লাঠিয়ালবাহিনী হিসেবে পূর্ব বাংলার কৃষক-শ্রমিক জনতা ও তাদের নেতৃত্বকে 'জ্যান্ত কবরস্থ' করা এবং পূর্ব বাংলার চিয়াংকাইশেক, নে-উইন, ইন্দিরা, লি-কান-উইয়ের ভূমিকা পালন করার প্রচেষ্টা চালাচ্ছে। পাকিস্তানের ঔপনিবেশিক সামরিক শাসকগোষ্ঠী একারণেই তাদেরকে কিছুটা সুবিধা প্রদান কর পূর্ব বাংলার বিপ্লবীদের পরিচালিত পূর্ব বাঙলার স্বাধীনতা সংগ্রাম বাঙ্গালীদের দ্বারা ধ্বংস করার ষড়যন্ত্র করছে।

ইতিহাস সকল ভীতি ভাঁড় ও ভাঁওতাবাজদের, আগে হোক পরে হোক চূড়ান্তভাবে কবরস্থ করবেই। পূর্ব বাংলার বিপ্লবী জনতার পরিচালিত ইতিহাসের চাকা শেখ মুজিব ও আওয়ামী লীগকে উচ্চ শিখরে উত্তোলিত করেছে; ইহা নিজস্ব গতিপথে অনিবার্যভাবেই তাদেরকে গুঁড়িয়ে চূর্ণবিচূর্ণ করে চূড়ান্তভাবে কবরস্থ করবে।

আমরা অবশ্যই এ সত্য প্রতিনিয়ত জনতার সামনে তুলে ধরবো এবং বিভিন্ন আকৃতির সংশোধনবাদীদের বিশ্বাসঘাতকতার কারণে উঠতি বুর্জোয়াদের মোহগ্রস্ত জনগণকে আমাদের পেছনে ঐক্যবদ্ধ করার প্রচেষ্টা জোরদার করবো। এ উদ্দেশ্যে আমরা গ্রাম্য এলাকায় কৃষকদের জাতীয় শত্রুবিরোধী খতম অভিযান জোরদার করবো। এভাবে পূর্ব বাংলার ৮০ ভাগ জনতার নেতৃত্ব অর্জনের মাধ্যমে শহরে বুদ্ধিজীবী, শ্রমিক শ্রেণী, ও জাতীয় বুর্জোয়াদের নেতৃত্ব অর্জন করতে সক্ষম হবো।

বর্তমান আন্তর্জাতিক অবস্থা বিপ্লবের পক্ষে খুবই সুবিধাজনক। মহাননেতা সভাপতি মাও যথাযথভাবে বর্তমান দুনিয়ার বিপ্লবী সংগ্রামের অভিজ্ঞতার সার সংকলন করেছেন, 'বিপ্লব হলো বর্তমান বিশ্বের প্রধান প্রবণতা'। বিশ্বের বিপ্লবীরা দ্রুতগতিতে চূড়ান্ত বিজয়ের দিকে অগ্রসর হচ্ছে। ভিয়েতনাম, লাওস, কম্বোডিয়া, থাইল্যান্ড, বার্মা, ভারত, প্যালেস্টাইন এবং এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকার নিপীড়িত দেশ ও জাতিসমূহের মুক্তি সংগ্রাম দাউ দাউ করে জ্বলছে।

খোদ মার্কিন সাম্রাজ্যবাদের মর্মস্থলে কালো অধিবাসীদের হিংসাত্মক নির্যাতনের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম জোরদার হচ্ছে।

সোভিয়েট সামাজিক সাম্রাজ্যবাদের নেতৃত্বে সংশোদনবাদী দেশসমূহে গণঅসন্তোষ এবং নিজেদের মধ্যকার দ্বন্দ্ব তীব্রতর হচ্ছে। তারাও নিজের খতমের দিন গুনছে।

পক্ষান্তরে সভাপতি মাওয়ের নেতৃত্বে গণচীন বিরাটকায় দাবনের মত দাঁড়িয়ে আছে পূর্ব দিগন্তে, ইউরোপে সমাজতান্ত্রিক আলোকস্তম্ভ আলবেনিয়া উজ্জ্বল কিরণ বিচ্ছুরিত করছে।

এ যুগ সম্পর্কে সভাপতি মাও দূরদর্শিতার সাথে যথার্থই উল্লেখ করেছেন, 'আজ থেকে আগামী ৫০ বৎসর থেকে ১০০ বৎসর অথবা তার পরের সময়টা হচ্ছে বিশ্বব্যাপী সমাজ কাঠামো আমূল পরিবর্তনের মহান যুগ। পূর্ববর্তী যেকোনো ঐতিহাকি পর্যায় নজীরবিহীন একটি বিশ্ব কাঁপানো যুগ।''

পাকিস্তানের ঔপনিবেশিক শাসকগোষ্ঠী, আওয়ামী লীগ পূর্ব বাংলার জনগণের সশস্ত্র সংগ্রাম কিছুতেই দাবিয়ে রাখতে পারবে না। ১৯৭০-এ পূর্ব বাংলার জনগণের যে গণযুদ্ধ শুরু হয়েছে তা দাবানলের রূপ নেবে ১৯৭১-এ। পূর্ব বাংলার গ্রামে গ্রামে দাউ দাউ করে জ্বলবে গণযুদ্ধের দাবাগ্নি, আর তাতে পুড়ে মরবে পূর্ব বাংলার স্বাধীনতার শত্রুরা, তাদের দালাল, বিভিন্ন আকৃতির সংশোধনবাদীরা এই প্রবল ঝড়-তরঙ্গে থর থর করে কাঁপবে পুরনো দুনিয়া, গড়ে উঠবে জনগণের গেলিবাহিনী, সমাপ্ত হবে পূর্ব বাংলার শ্রমিকশ্রেণীর রাজনৈতিক পার্টি প্রতিষ্ঠার প্রস্তুতি সংগঠন হিসেবে পূর্ব বাংলার শ্রমিক আন্দোলনের ঐতিহাসিক ভূমিকা, প্রতিষ্ঠিত হবে পূর্ব বাংলার শ্রমিকশ্রেণীর রাজনৈতিক পার্টি।

টীকা

(1) বিভিন্ন আকৃতির সংশোধনবাদীঃ মনি সিং-মোজাফফর সংশোধনবাদী, হক-তোয়াহা নয়া সংশোধনবাদী, দেবেন-মতিন ট্রটস্কী-চেবাদী, কাজী-রনো ষড়যন্ত্রকারী, অগিপ্রভ মাইতি প্রভৃতিকে বুঝানো হয়েছে, যারা আকৃতিতে পৃথক কিন্তু সারবস্তুগতভাবে সংশোধনবাদী।

(2) পূর্ব বাংলার দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলঃ মুসলিম লীগের সকল অংশ, পিডিপি, জামাত ও অন্যান্য ধর্মভিত্তিক পাঠিসমূহ, আওয়ামী লীগ নেতৃত্বের একটি অংশ।

(3) আকৃতিগতভাবে বামপন্থী কিন্তু সারবস্তুগতভাবে দক্ষিণপন্থীঃ প্রতিক্রিয়াশীল ন্যাপ উভয় অংশ, আওয়ামী লীগের নেতত্বের ব্যাপক অংশ।

শিরোনাম	সূত্র	তারিখ
শহীদ আসাদ দিবস পালনোপলক্ষে স্বাধীন পূর্ব বাংলা কায়েমের আহবান	পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন	১৫ জানুয়ারী, ১৯৭১

২০ শে জানুয়ারী শহীদ আসাদ দিবস

সর্বত্র পূর্ণ হরতাল পালন করুন

সশস্ত্র কৃষি বিপ্লবের পতাকা উর্ধ্বে তুলিয়া ধরুন

আসাদের স্বপ্ন স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা কায়েম করুন

শহীদ আসাদের রক্তমাখা ২০শে জানুয়ারী আমাদের মাঝে আবার ফিরিয়া আসিয়াছে। ২০শে জানুয়ারী পূর্ব বাংলার কৃষক শ্রমিক জনতার মুক্তি সংগ্রামের ইতিহাসে এক গভীর বেদনাদায়ক ও সংগ্রাম দিন। এই দিন পূর্ব বাংলার ছাত্র-জনতা সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও বৃহৎ পুঁজির জাতীয় নিপিড়ন ও শ্রেণী শোষনের বিরুদ্ধে গণ-অভ্যুত্থানের বিস্ফোরণ ঘটাইয়াছিল। আমাদের সংগঠনের পূর্বসূরী ও প্রিয় সাথী আসাদ ছিলেন এই অভ্যুত্থানের একজন নির্ভীক সেনানী। ১৯৬৯ সালের ২০শে জানুয়ারীর সকাল বেলায় শহীদ আসাদসহ জঙ্গী ছাত্রসমাজ যখন নিষ্ঠুর অত্যাচারী আইয়ুবশাহীর বিরুদ্ধে ১৪৪ ধারা ভঙ্গ করিয়া মেডিক্যাল কলেজের সম্মুখে দিয়া মিছিল করিয়া অগ্রসর হইতেছিল, তখন শাসকগোষ্ঠীর ভাড়াটিয়া কুকুরের দল রিভলবার দিয়া গুলি করিয়া হত্যা করে জনতার মুক্তি সংগ্রামের নির্ভীক যোদ্ধা আসাদকে। যাহারা প্রত্যক্ষদর্শী তাহারা জানেন, আসাদের হত্যাকান্ড কোন আকস্মিক ঘটনা নয়। অত্যন্ত বীরত্বপূর্ণভাবে লড়াই করিতে করিতে আসাদ হাসিমুখে শাসকগোষ্ঠীর বুলেটকে বরণ করিয়া লইয়াছেন-আসাদ শহীদ হইয়াছেন। আসাদের হত্যা, জনগণের মধ্যে বিদ্রোহের যে আগুন ধুমায়িত হইয়া উঠিতেছিল, তাহাকে দাউ দাউ করিয়া জ্বালাইয়া দিল। শাসকগোষ্ঠী জেল-জুলুম-গুলী-বেয়োনেট-কারফিউকে অগ্রাহ্য করিয়া বিদ্রোহী জনতার কাফেলা আগাইয়া চলিল। শহরে শাসকগোষ্ঠীর প্রশাসনযন্ত্র অচল হইয়া গেল আর গ্রামাঞ্চল হইয়া পড়িল আধা-মুক্ত এলাকা। সৃষ্টি হইল পূর্ব বাংলার বুকে এক প্রচন্ড বিপ্লবী গণ-অভ্যুত্থান। জনতার সে কি বিপ্লবী মেজাজ! কি বিপ্লবী প্রাণবন্যা! জনতার এই বিপ্লবী শক্তি উৎখাত করিল জালেম আইয়ুব শাহীকে।

সংগ্রামী দেশবাসী !

যে আশা-আকাঙ্খা লইয়া কৃষক শ্রমিক সাধারণ মানুষ এই বিপ্লবী গণ-অভ্যুত্থান সৃষ্টি করিয়াছিল, যে স্বপ্ন লইয়া শহীদ আসাদ মাত্র চবিবশ বছর বয়সে তাঁহার অমূল্য প্রাণ বিসর্জন দিয়াছিল, জনগণের সেই আশা-আকাঙ্খা কি বাস্তবায়িত হইয়াছে? শহীদ আসাদের সেই স্বপন্ন কি সার্থক হইয়াছে? দুই বছর পর ২০শে জানুয়ারী সে প্রশ্ন লইয়া আজ আবার আমাদের দুয়ারে হাজির হইয়াছে। আমাদের আজ সেই প্রশ্নের উত্তর দিতে হইবে। আসাদের প্রাণ বিসর্জন ও জনতার বিপ্লবী গণ-অভ্যুত্থানের একটি মাত্র উদ্দেশ্যই ছিলঃ তেইশ বছর ধরিয়া পূর্ববাংলার জনগণের উপর সাম্রাজ্যবাদ সামন্তবাদ ও বৃহৎ পুঁজি এই তিন শত্রুর শোষন ও শাসনের যে পাহাড় চাপিয়া বসিয়া আছে, তাহাকে সমূলে উৎপাটিত করা, পূর্ব বাংলার বুকে কৃষক-শ্রমিক, মধ্যবিত্ত তথা সমগ্র জনতার একটি রাষ্ট্র কায়েম করা। মৃত্যুর পূর্ব দিন পর্যন্ত আসাদ এই উদ্দেশ্য ও লক্ষ্যকে বাস্তবায়িত করিবার জন্যই সংগ্রাম করিয়া গিয়াছেন। শহীদ আসাদ সাম্রাজ্যবাদ, সামন্তবাদ ও বৃহৎ পুঁজির শাসন ও শোষণমুক্ত এমন এক নতুন পূর্ব বাংলা রাষ্ট্রের স্বপ্ন দেখিতেন, যে রাষ্ট্রে পূর্ব বাংলার কৃষক জোতদারী মহাজনী শোষণ হইতে মুক্ত হইবে, গরীব ও ভূমিহীন কৃষক জমির মালিকানা পাইবে, শ্রমিক বাঁচার মত মজুরী পাইবে, তাহাদের উপর হইতে

শ্রমের দাসত্বের নিষ্ঠুর বোঝা লাঘব হইবে, ছাত্র-মধ্যবিত্ত বুদ্ধিজীবীর বিকাশের রাস্তা রাহুমুক্ত হইবে, তাহারা বেকারত্বের দুঃসহ জ্বালা হইতে মুক্তি পাইবে। এক কথায়, পূর্ব বাংলার সমগ্র জনগণের জীবনে অন্ন-বস্ত্র, বাসস্থান, শিক্ষা-চিকিৎসা, জীবন ও জীবিকার ন্যূনতম নিশ্চয়তা আসিবে। শহীদ আসাদ প্রাণ দিয়া বিশ্বাস করিতেন যে, শাসকগোষ্ঠীর সশস্ত্র শক্তির মোকাবিলা সশস্ত্র শক্তির মাধ্যমেই করিতে হইবে। শাসকগোষ্ঠীর সর্বাপেক্ষা দুর্বল ঘাঁটি গ্রামাঞ্চলে কৃষি বিপ্লবের সূচনা করিয়া সশস্ত্র সংগ্রামের ঘাঁটি এবং কৃষকের বিপ্লবী রাজত্ব প্রথমে প্রতিষ্ঠিত করিতে হইবে। তাহার পর মুক্ত গ্রাম এলাকা দিয়া শহর ঘেরাও করিয়া চূড়ান্তভাবে রাষ্ট্রশক্তি দখল করিতে হইবে। এই উদ্দেশ্যকে বাস্তবায়িত করিবার জন্যই শহীদ আসাদ মনোহরদী-তাহিরদিয়া এলাকায় কৃষকদের সংগঠিত করার কাজে আত্মনিয়োগ করিয়াছিলেন, এই জন্যই আসাদ মৃত্যুর মাত্র কিছুদিন পূর্বে হাতিরদিয়ার হাট হরতালকে সাফল্যমন্ডিত করিয়া তুলিতে যাইয়া আর একবার শাসকগোষ্ঠীর বুলেটের সম্মুখীন হইয়াছিলেন।

সংগ্রামী জনতা !

শহীদ আসাদের এই স্বপ্ন, জনতার বিপ্লবী গণ-অভ্যুত্থানের লক্ষ্য আজও বাস্তবায়িত হয় নাই। কিন্তু কেন? কারণ ১৯৬৮-৬৯ সালের গণ-অভ্যুত্থানের যখন সশস্ত্র বিপ্লবে পরিণত হইতে চলিয়াছিল, তখন শাসকগোষ্ঠী জনতার সংগ্রামকে বিভ্রান্ত করিবার জন্য গোল টেবিলের মাধ্যমে আপোষের পতাকা তুলিয়া ধরিয়াছিল। গণ-অভ্যুত্থানের আপোসকামী নেতৃত্ব শাসকগোষ্ঠীর সহিত আপোসের চোরাগলিতে পা বাড়াইয়াছিল। ফলে শাকগোষ্ঠী তাহাদের শক্তিকে পুনরায় মজবুত করিয়া দেশের বুকে সামরিক শাসন জারী করে। শাসকগোষ্ঠী এইবার পুনরায় নির্বাচনের মধ্য দিয়া জনতার সশস্ত্র বিপ্লবকে প্রতিহত করিতে চাহিয়াছে। কারণ, শাসকগোষ্ঠী ইহা ভালোবাবেই জানে, নির্বাচনের মাধ্যমে মেম্বর মন্ত্রীর পরিবর্তন হইবে, কয়েকটি দফাও হয়তো কাগজে-কলমে দিতে হইতে পারে, কিন্তু শাসন ও শোষণের মুল চাবিকাঠি মিলিটারী, পুলিশ ও প্রশাসন যন্ত্রের কোন পরিবর্তন হইবে না। তাহা হইলে পূর্ব বাংলার গোটা বাঙ্গালী জাতিকে তাহাদের জাতীয় স্বাধীনতা এবং কৃষক শ্রমিক মেহনতি জনতাকে তাহাদের শ্রেণী শোষণ হইতে মুক্তির সংগ্রাম হইতে দূরে সরাইয়া রাখা যাইবে- সংসদীয় রাজনীতিতে মোহাচ্ছান্ন করা যাইবে।

তাই এইবারের শহীদ আসাদ দিবস আমাদের নিকট গভীর তাৎপর্য বহন করিয়া আনিয়াছে। আসুন, আজ আমরা শহীদ আসাদের রক্তাক্ত স্মৃতিকে স্মরণ করিয়া শাসকগোষ্ঠী ও সুবিধাবাদ আপোষকামী রাজনীতিবিদদের সকল ষড়যন্ত্রের জালকে ছিন্ন করিয়া বিপ্লবী রাজনীতির পতাকাকে তুলিয়া ধরি। সেই বিপ্লবী পথ হইল, কৃষি বিপ্লবের মাধ্যমে গ্রামাঞ্চলে মুক্ত এলাকা গঠনের পথ। মুক্ত গ্রাম এলাকা দিয়া শহর ঘেরাও ও শহর দখল করিবার পথ। আর তাহার পাশাপাশি শহরে বিপ্লবী গণ- অভ্যুত্থানের ঝড় তুলিয়া শাসকগোষ্ঠীকে ঘায়েল করা যাহাতে তাহারা সর্বশক্তি লইয়া কৃষকের লড়াইয়ের উপর ঝাঁপাইয়া পড়িতে না পারে। এই বিপ্লবী পথেই খুলনার বাহিরদিয়া ও সিলেটের হাওর করাইয়ার সংগ্রামী কৃষক আগাইয়া চলিয়াছে। এই লক্ষ্য অভিমুখেই ১৯৬৮-৬৯ সালের বিপ্লবী গণ- অভ্যুত্থানের যাত্রা শুরু হইয়াছিল। আসুন, আগামী ২০শে জানুয়ারী পূর্ব বাংলার শহরে-বন্দরে, স্কুল-কলেজে, হাট-বাজার-গঞ্জে সর্বত্র হরতাল পালন করিয়া আসাদসহ শত শত দেশপ্রেমিক বীর সেনানীদের আত্মত্যাগকে নতুন করিয়া আমরা স্মরণ করি, তাহাদের অপূর্ণ আশা-আকাংখা ও অসমাপ্ত কাজকে বাস্তবায়িত করিবার জন্য নতুন করিয়া শপথ গ্রহণ করি, শহীদ আসাদের স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা কায়েমের স্বপ্নকে সার্থক করিয়া তুলিবার পথে জোর কদমে আগাইয়া যাই।

পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন

শিরোনাম	সূত্র	তারিখ
আওয়ামী লীগের সাথে তিন দিনের আলোচনা শেষে ভুট্টোর বিবৃতি	পাকিস্তান টাইমস	৩১ জানুয়ারী , ১৯৭১

PAKISTAN PEOPLE'S PARTY WILL STRIVE FOR VIABLE CONSTITUTION

No Deadlock In Talks

Mr. Z. A. Bhutto's statement to Dacca oil January 30, 1971, at the conclusion of his three days talks with Sheikh Mujibur Rahman.

Mr. Z. A. Bhutto, Chairman of the Pakistan People's Party, said here today the within national unity he and his party would go as far as possible to find a permanent formula for framing a viable and acceptable Constitution.

Mr. Bhutto, who yesterday concluded three-day, talks with Awami League Chief Sheikh Mujibur Rahman, told a Press Conference that he had come here to find the areas of agreement and search for common factors and try to rekindle the spirit of fraternity, understanding and co-operation.

Mr. Bhutto said: “We have genuine difficulties, and we need time at least up to the end of February to make a comment on it.”

He, however, said that he was neither satisfied with the talks with Shiekh Mujib nor were these talks a failure. "The dialogue should continue,“ he added. "There was no deadlock in our talks,” he said.

He said: “We understood each other's viewpoints and we would have to explain our viewpoint to our people and their representatives before we meet next time. The task was a challenging one and we will have to resolve many of our problems a legacy of the past 23 years.”

“How can you expect us to solve the problems of 23 years in three days?” he asked.

* * * * * * *

He could see a danger signal ahead for the nation, he said and added that he was in favor of dialogue and negotiation for overcoming what he described as "a national stake."

He said: “When necessary I will come to East Pakistan to continue such discussion with the leaders of the Awami League.”

Mr. Bhutto analyzed point by point the Six-point Programme of the Awami League and the 11- point programme of the student community of the province.

Constitution should be based on consensus

Taking both the programmes together, he announced his acceptance for 12 of these 17 points-excluding the five which dealt with provincial autonomy on the basis of the Lahore Resolution and a Constitution on the basis of Six-points.

He would not comment on them because “we have got genuine difficulty and we need time for consultation to see how far we can go for a consensus”.

But he described as ideal the point No. 1 of the Six-Points so far as it advocated a genuine federation in a true sense. He said he was a firm believer in one Pakistan and his entire political philosophy was based on it.

The four points of the Awami League on which Mr. Bhutto made no comments pertain to the transfer of Provincial and Central subjects, currencies, foreign trades, federating states and their accounts.

The second point of the students' demands relates to the Six-Point Programme.

National Assembly Session

(1)Banks : shall remain open for banking operations from 9 a. m. to 12-30 p.m. and for administrative purposes up to 3 p. m. Banks shall only open for deposits, inter-bank clearance within Bangladesh and cash transaction for the following purposes :

(a) Payment of wages and salaries as in previous week.

(b) Bonafide personal drawings of up to Rs. 1,000.

(c) For purchase of industrial raw materials necessary for running mills and factories, including sugarcane for sugar mills. Jute for jute mills, etc.

(2) No remittances shall be effected outside Bangladesh either through State Bank or otherwise.

(3) State Bank : Shall only remain open for the purpose of enabling above banking operations to be carried out and not for any other purpose.

(4) EPWAPDA : only such section shall remain open as are necessary for supply of electricity.

(5) EPADC : remain open only for the purpose of ensuring supply of fertilizer and diesel to power pumps.

(6) Coal supplies should be affected for brickfields, and jute seeds and rice seeds distribution should be effected.

(7) Movement of food supplies should be maintained.

(8) Treasury and A.G. office shall remain open to pass challans only for any of the purposes mentioned above.

(9) Relief and rehabilitation work in the cyclone-affected areas should continue.

(10)Post and Telegraph offices : only for the purpose of letters, telegrams and money orders within Bangladesh, but Press telegrams may be sent outside Bangladesh. Post Office Saving Bank shall remain open.

(11)HPRTO : shall function throughout Bangladesh.

(12)Supply of water and gas shall be maintained.

(13)Health and sanitation services shall be maintained.

(14) Police shall carry out the duty of maintenance of law and order assisted, if necessary, by Awami League volunteers.

(15)Semi-Government bodies other than those exempted shall continue to observe *hartal.*

(16)All exemptions granted in the previous week shall remain in force.

----------**শিরোনাম**	**সূত্র**	**তারিখ**
অবিলম্বে জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের আহবান জানিয়ে একটি সম্পাদকীয়	দৈনিক পাকিস্তান	১০ মার্চ, ১৯৭১

সম্পাদকীয়ঃ আর দেরী নয়

জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণার মাত্র এক সপ্তাহের মধ্যে দেশের রাজনৈতিক পরিস্থিতিতে বিরাট পরিবর্তন আসিয়াছে, জনগণের সচেতনতা বৃদ্ধি পাইয়াছে বহুগুণে, স্বচ্ছতা আসিয়াছে তাহাদের দৃষ্টিভঙ্গিতে। গত ১লা মার্চ হইতে ৭ই মার্চের মধ্যে আন্দোলনের মধ্য দিয়া পূর্ব বাংলার জনগণ যে চেতনার অধিকারী হইয়াছে সে চেতনাকে মুছিয়া ফেলা সম্ভব নয়। জনসাধারণের দাবী-দাওয়া পূরণের মাধ্যমেই কেবল বর্তমান রাজনৈতিক অচলাবস্থা দূর করা সম্ভব।

গত এক সপ্তাহের মধ্যে পূর্ব বাংলার বুকে প্রচন্ড গণআন্দোলনের মধ্যে দিয়া যেসব শিক্ষা উদ্ভাসিত হইয়া উঠিয়াছে সেগুলি হইলঃ (এক) বল প্রয়োগ করিয়া জনগণকে দমান যাইবে না, (দুই) জনপ্রতিনিধিদের হাতে অবিলম্বে ক্ষমতা হস্তান্তর করিতে হইবে, (তিন) ক্ষমতা হস্তান্তরের জন্য সরকারকে বাস্তব পদক্ষেপ গ্রহণ করিতে হইবে, এবং (চার) জনসমর্থিত ছয় ও এগার দফার ভিত্তিতে শাসনতন্ত্র প্রণয়নের পথ বাধামুক্ত করিতে হইবে।

গত ৭ই মার্চ তারিখে রেসকোর্সে অনুষ্ঠিত জনসভায় শেখ মুজিবুর রহমান জাতীয় পরিষদে যোগদানের প্রশ্ন বিবেচনার জন্য যে চারটি শর্ত উল্লেখ করিয়াছেন, আইনগত দিক হইতেও সেগুলি পুরণ করা সম্ভব বলিয়া বিশেষজ্ঞ মহল অভিমত দিয়াছেন। কাজেই আমরা আশা করি যে, প্রেসিডেন্ট ইয়াহিয়া এবং তাহার সরকার কালবিলম্ব না করিয়া বর্তমান সংকট দূর করার জন্য কার্যকর পন্থা উদ্ভাবন করিবেন এবং পূর্ব বাংলার জনগণের দাবী পুরণের ব্যবস্থা করিবেন।

লঘিষ্ঠ দলের নেতা ভুট্টো সাহেবের জেদাজেদিতে জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত রাখার ফলে পরিস্থিতি কতদূর গড়াইয়াছে সে সম্পর্কে সরকার নিশ্চয়ই অবহিত। সামরিক কর্তৃপক্ষের প্রেস বিজ্ঞপ্তিতেই প্রকাশ, সারা পূর্ব বাংলায় সপ্তাহব্যাবী গোলযোগ ১৭২ ব্যক্তি প্রাণ হারাইয়াছেন, আহত হইয়াছেন ৩৫৮ জন। যথাসময়ে জাতীয় পরিষদের অধিবেশন অনুষ্ঠিত হইলে এতগুলি অমূল্য প্রাণ অকালে বিনষ্ট হইত না।

কাজেই আমরা আশা করিব, সরকার স্পষ্ট এবং পরিষ্কার সিদ্ধান্ত নিয়া জনপ্রতিনিধিদের নিকট অবিলম্বে ক্ষমতা হস্তান্তরের ব্যবস্থা করিবেন।

শিরোনাম	সূত্র	তারিখ
ভুট্টোর ভূমিকার সমালোচনায় ঢাকার সংবাদপত্র	দি পিপল	১০ মার্চ, ১৯৭১

Bhutto Responsible for Spilling Bengalese' s Blood

Events following the unanimous verdict of 75 million people of Bangladesh to mould their life on the basis of the Six-Point Programme of the Awami League, given at the general election in December, 1970, have clearly shown 'which way the wind is blowing in Larkana and Islamabad. That the same old conspiracy for sucking the blood of Bengalees and Bengal's resources, if necessary, at gun-point, has been active with pro- Ayub bureaucrats hovering round Bhutto, is as clear as day-light. Indeed, President's pilgrimage to Larkana shortly after the elections, and the feudal lord of Larkana hosting him, did create distinct hopes in many and genuine suspicion in others regarding his mission. The hope was that President Yahya would be able to soften the " Spoilt child" of dictator Ayub and make him accept the situation as it obtained in the country after the election which apparently, upset west Pakistan's strategy, in the matter of the Six-Point formula. It will be honest to admit that the elections was fought by the Pakistan People's Party, led by Bhutto and other Political Parties, both in East and West Pakistan, with full knowledge that Shiekh had declared it a referendum on Six-Points. There was no protest from any quarters at the time, and elections were held smoothly all over the country, which was a rare example in Indo-Pak Sub-Continent. But, we find that after the elections not only a hue and cry has been raised against the Six Points in West Pakistan by PPP only, but the People in Bangladesh were put to severest test also, and the province was bleed. What a shame! What a betrayal!

All this happened because the President had suddenly decided to cancel the announced date for the National Assembly Session of March 3, obviously, on the advice of blood-sucker vested interests. Thus the solemn promises, the reassuring pledges given to the people by the head of State since 1969 were found to be lacking in sanctity. This was, evidently, due to President's anxiety to satisfy the minority groups CLIQUE spear- headed by the opportunist of Larkana. Indeed, according to Bhutto's own admission, he can be Anglo-Saxon when he wants to a revolutionist, when he finds a good opportunity for it, and certainly the history of Ayub's rule has proved that he can play the stooge of the dictator when it suits him. That a person with such a background can change color the way a Chameleon does, is nothing surprising. He is essentially a feudal lord but going about in Socialists' grab.

The cancellation of the earlier announced date of the National Assembly Session without taking into confidence the majority Party leader, is the worst type of .dictatorship, enforced from a distance of 1200 miles sitting safely behind the barracks. A soldier, if he is brave and true to his salt, does not sit in the fence. He faces the reality with honesty of purpose. Bangladesh,, if must be admitted, has been set on fire by what appeared to be master stroke of canceling the National Assembly Session on March 3, and the

President should have come to Bangladesh and had seen what killing the innocent, freedom-loving, unarmed but resolute people suffered. Now that blood has been spilled, and future appears to be darken still, there is no turning back for the people; there can be no compromise on the verdict of the people, Bhutto or no Bhutto !

In view of the latest offer of Sheikh Mujib, however, a solution of the unfortunate crisis may be possible, if this is considered with an unbiased mind.

শিরোনাম	সূত্র	তারিখ
অর্থনৈতিক কর্মকান্ডকে সচল রাখার ব্যাপারে আওয়ামী লীগের নির্দেশাবলী	দ্য ডন	১১ মার্চ, ১৯৭১

KEEP ECONOMY IN FULL GEAR IN THE NAME OF BANGLADESH: TAJUDDIN

Statement issued on March 11, 1971

Mr. Tajuddin Ahmed, General-Secretary of the East Pakistan Awami League, in a statement last night said the "people's movement has attained unprecedented heights."

This, he said, had been possible "because every person in his own sphere has taken it as his sacred duty to implement, in spirit and in substance all the directives of Banga Bandhu Sheikh Mujibur Rahman issued in the name of the people of Bangladesh. "

Mr. Tajuddin added: "The high sense of responsibility displayed by people in all walks of life is a source of inspiration to all. While the struggle must continue, we have to exert all our energies to maximize production and to keep our economy in full gear."

"We are determined to foil the conspiracy of the vested interests and the anti-people forces to destroy our economy and to inflict suffering on our hungry masses. In order to do so, our people must be prepared to give of their best in all spheres of production."

"They must at the same time be prepared to practice a high degree of austerity. All these engaged in economic activities must subject themselves to rigorous discipline in every respect for the victory of the people's cause".

More Exemptions

He said keeping the above objectives in view of the following further exemptions and clarifications are being issued:

Banks: In suppression of all previous exemptions and clarifications relating to banks it is provided as follows:

(1) Banks shall remain open for banking operations from 9 a.m. to 12 noon and for administrative purposes till 4 p.m. (with the usual recess period). But on Fridays and Saturdays banks shall remain open for banking operations from 9 a.m. to 11 a.m. and for administrative purposes till 12-30 p.m. Balancing of books and all usual working practices shall be observed in respect of permitted transactions.

(2) Banks shall carry on their operations including receiving deposits of any amount, inter-bank clearances without any limit within Bangladesh and inter-bank transfers within Bangladesh and drawings by T. T. or mail transfers within East Pakistan subject to the following restrictions:

(i) Payments of wages and salaries provided all pay bills duly certified by a representative of the workers organisation concerned or the wage register is presented along with the cheque.

(ii) Bonafide personal drawings of put Rs. 1,000 in a week.

(iii) Payment for purchases of industrial raw materials including sugarcane for sugar mills, jute for jute mills, etc.

The statement said payment up to a limit of Rs. 10,000 in a week for a bona fide commercial purpose, including purchase of all commodities was required by consumers in Bangladesh. This amount may be drawn in cash or by cash draft. But before making payments the bank shall satisfy itself from past records that the drawer is a bona fide industrial or commercial organisation or trader and the amount being drawn is not in excess of his normal average drawings in a week during the past one year.

(3) The crossed cheques and crossed demand drafts may be issued and deposited in any account within Bangladesh.

(4) Teleprinter service operated by the banking system within Bangladesh shall resume operation.

(5) The National Bank of Pakistan shall continue its entire discounting function throughout Bangladesh in order to enable other banks to meet their demands.

(6) Foreign travelers cheques may be encashed by any authorized dealer.

(7) Diplomats may freely operate their accounts and foreign nationals may operate their foreign exchange accounts.

(8) There shall be no operation of lockers.

(9) No remittances shall be effected outside Bangladesh either through the State Bank or otherwise.

He said the State Bank shall observe the same banking and office hours as, other banks and shall remain open for the purpose of taking all necessary steps for the smooth functioning of the banking system in Bangladesh within the framework of the restrictions defined above.

Farm Activities

(1) "P" Forms may be sanctioned.

Agricultural activities : Procurement, movement and distribution of paddy and jute seeds, fertilizers and pesticide shall continue and agricultural farms and the rice research institute and all its projects shall function.

(2) Movement, distribution, fielding and operation of power pumps and other mechanized implements and equipments along with the necessary supply of oil, fuel, tools and plants shall continue.

(3) Sinking and operation of tube-well and their irrigation systems including canal operation shall continue.

(4) Operation of agricultural credit by the East Pakistan Co-operative Bank. Central Co-operative Banks and their affiliated agencies and the Thana Central Cooperative Association shall continue.

(5) Distribution of interest free loan in the cyclone-affected areas and other essential items to farmers by the Agricultural Development Bank of Pakistan and other banks shall be effected.

Food control and town protection: The execution of flood control, town protection and water development works of EPWAPDA and other agencies including operation and repair of dredgers and mechanical equipment and movement of materials and connected urgent works may be carried on.

Ports including inland ports, authorities in all respects including pilotage: Only such sections of office of the port authorities shall as are necessary for smooth handling of incoming and outgoing ships except that no co-operation shall be extended for mobilization of forces or for materials which may be utilized for repression against the people.

EPIDC *Functions:* All EPIDC factories shall function and shall endeavor to maximize production, sections of EPIDC required for financing and purchases necessary for running the factories shall function.

Relief and rehabilitation shall function, day laborers engaged in development works shall continue to receive payments due to them for work done.

Payment of wages: Employees and some of Government and semi-Government institutions who are paid on a daily, weekly or fortnightly basis shall be paid their wages and salaries as and when it becomes due. Flood relief advances already sanctioned and arrear of salaries shall be paid to all Government, semi-Government employees. Necessary sections in the Government or semi-Government offices concerned shall function for the purpose of disbursing salaries.

Primary school teachers shall be given timely payment of their salaries and necessary sections of offices shall have a skeleton staff for clearance of pay bills and for the purpose of the transactions authorized by the directives issued today and previously. Jailers, jail warders and jail office shall function. Ansars shall continue to discharge their duties. Electricity and water supply section necessary for repair and maintenance shall function. All insurance companies shall function.

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীন পূর্ব বাংলা কায়েমের সংগ্রামের আহবান	ছাত্র ইউনিয়ন	১১ মার্চ, ১৯৭১

শোষণমুক্ত স্বাধীন পূর্ব বাংলা কায়েমের সংগ্রাম আরও দুর্বার করিয়া তুলুন

প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠী ও উহাদের ভাড়াটিয়া সেনাবাহিনীর যে-কোন রূপ হামলা, আক্রমণ প্রতিরোধে আজ ছাত্র-শ্রমিক-মধ্যবিত্ত জনতাকে সর্বশক্তি নিয়োগ করিতে হইবে। চরম গণ-বিরোধী শাসকগোষ্ঠী উহাদের সেনাবাহিনীকে লেলাইয়া দিয়া পূর্ব বাংলার জনগণের মহান সংগ্রামকে রক্তের বন্যায় ডুবাইয়া মারিবার যে ঘৃণ্য চক্রান্ত আঁটিয়াছে উহাকে উপযুক্তভাবে মোকাবেলা করিতেই হইবে। এইজন্য আমরা জনগণের প্রতি জানাইতেছি সর্বাত্মক প্রস্তুতি গ্রহণের আহবান।

পূর্ববাংলার জনগণ আশা করিয়াছিল যে নির্বাচনের পরে যথানিয়মে জাতীয় পরিষদের অধিবেশন বসিবে, শাসনতন্ত্র প্রণীত হইবে এবং নির্বাচিত প্রতিনিধিদের নিকট ক্ষমতা হস্তান্তর করিয়া সেনাবাহিনী ব্যারাকে ফিরিয়া যাইবে। কিন্তু ইয়াহিয়া খানের মার্শাল ল' বার বার গণদুশমন দেশী-বিদেশী প্রতিক্রিয়াশীল কায়েমী স্বার্থবাদীদের স্বার্থে শেষ পর্যন্ত ভুট্টোর সহিত ষড়যন্ত্রের পথ গ্রহণ করিয়া পূর্ববাংলার জনগণের বিরুদ্ধে সেনাবাহিনীকে লেলাইয়া দেওয়ার নীতি গ্রহণ করে। শাসনতন্ত্র ও ক্ষমতা হস্তান্তরের প্রশ্ন দূরে চলিয়া যায়। এই পরিস্থিতিতে দীর্ঘকাল জাতিগত নিপীড়নে নির্যাতিত পূর্ব বাংলার জনগণ নিরঙ্কুশ ঐক্যবদ্ধ কণ্ঠে আওয়াজ তুলিয়াছেন- ''পূর্ব বাংলা স্বাধীন কর। পৃথক রাষ্ট্র গঠন কর''। শাসকগোষ্ঠী জনগণের এই দাবীকে অস্ত্রের দ্বারা মোকাবেলা করিতে চাহিতেছে। ইয়াহিয়া খান পূর্ববাংলার জনগণকে শাসাইতেছে।

অনেক ঘটনার ঘাত ও প্রতিঘাতের মধ্য দিয়া বাংলাদেশের সাত কোটি জনতা আজ পূর্ববাংলায় তাহাদের আত্মনিয়ন্ত্রণ অধিকার কায়েম করিতে চাহিতেছেন, চাহিতেছেন একটি স্বাধীন সার্বভৌম স্বতন্ত্র রাষ্ট্র কায়েম করিতে। এই জন্য জনগণ আজ অকুতোভয়ে জীবন মরণ সংগ্রামে লিপ্ত হইয়াছেন। শত শত শহীদের রক্তে পূর্ববাংলার শ্যামল মাটি রক্তলাল হইয়া উঠিয়াছে। আমরা জনগণের এই মহান বীরত্বপূর্ণ সংগ্রামকে সঠিক নীতিতে অগ্রসর করিয়া লইয়া এমন একটি 'স্বাধীন পূর্ববাংলা' রাষ্ট্র গঠনের আহবান জানাইতেছি যে রাষ্ট্রে শ্রমিক-কৃষক-ছাত্র-মধ্যবিত্ত-বুদ্ধিজীবী প্রভৃতি জনগণের প্রকৃত আশা-আকাঙ্ক্ষা পূরণের পথ উন্মুক্ত হইবে। আমাদের দেশমাতৃকার উপর হইতে বৃটিশ, আমেরিকা প্রভৃতি সাম্রাজ্যবাদী শোষকদের যে কোন শোষণ ও প্রভাব লুপ্ত হইবে, কৃষকদের উপর হইতে জোতদার মহাজনদের সামন্তবাদী শোষণ উচ্ছেদ হইবে, দেশের জনগণকে পুনরায় পুঁজিবাদী শোষণের যাঁতাকলে নিষ্পেষিত হইতে হইবে না। সকল প্রকার শোষনমুক্ত বাংলাদেশের জনগণের জাতীয় গণতান্ত্রিক স্বাধীন বাংলা কায়েমের লক্ষ্য সামনে রাখিয়া বর্তমান সংগ্রামকে অগ্রসর করিয়া লইবার আহবান আমরা জানাইতেছি।

কিন্তু এই সংগ্রাম খুব সহজ সংগ্রাম নয়। প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠী এই সংগ্রাম দমনের জন্য নানা প্রচেষ্টা করিবে। অন্যদিকে, তথাকথিত দেশপ্রেমিকরা এই সংগ্রামকে ভুলপথে ঠেলিয়া দেওয়ারও প্রচেষ্টা করিতেছে। ইহারা ''স্বাধীন পূর্ব বাংলায়'' তাহাদের শ্রেণীস্বার্থ হাসিলের লক্ষ্য হইতে বাঙ্গালী জনতাকে বুঝাইতে চায় যে এই সংগ্রাম পশ্চিম পাকিস্তানের জনগণের বিরুদ্ধে এবং এমনকি তাহারা আরও বুঝাইতে চায় যে এই সংগ্রামে পুর্ব

বাংলার অবাঙ্গালী মেহনতী জনগণও আমাদের জনতার দুশমন। কিন্তু প্রকৃতপক্ষে যে শাসকগোষ্ঠী আমাদের সংগ্রামকে দমন করিতে চাহিতেছে উহারাই পশ্চিম পাকিস্তানের জনগণকেও শোষণ করিতেছে। তাই এই সংগ্রাম পশ্চিম পাকিস্তানের জনগণের বিরুদ্ধে নয়, পূর্ববাংলার অবাঙ্গালীদের বিরুদ্ধেও নয়। এই সংগ্রাম পরিচালিত করিতে হইবে পাকিস্তানের প্রতিক্রিয়াশীল শাসকগোষ্ঠী ও উহাদের সামরিক বাহিনীর বিরুদ্ধে। মনে রাখিতে হইবে যে অন্যজাতির সাধারণ মানুষের বিরুদ্ধে ঘৃণা সৃষ্টির মাধ্যমে পূর্ববাংলার জনগণের স্বার্থে 'স্বাধীন পূর্ববাংলা' কায়েম করা যাইবে না। তাই আমরা ছাত্র-জনতার প্রতি আবেদন জানাইতেছি যে গণস্বার্থে সঠিক নীতিতে 'স্বাধীন পূর্ববাংলা' কায়েমের সংগ্রাম অব্যাহত রাখুন।

বর্তমান গণসংগ্রামের পটভূমিতে ২৫শে মার্চ ইয়াহিয়া খান কর্তৃক আহূত জাতীয় পরিষদে অংশগ্রহণের প্রশ্ন বিবেচনার পূর্বশর্ত হিসাবে জনাব শেখ মুজিবুর রহমান বর্তমানে ৪টি দাবী উত্থাপন করিতেছেন। এই দাবী হইল সামরিক শাসন প্রত্যাহার কর, শাসন ক্ষমতা নির্বাচিত প্রতিনিধিদের হাতে অর্পন কর, সেনাবাহিনী ব্যারাকে লও, গণহত্যার তদন্ত চাই। বর্তমান গণঅভ্যুত্থানকে অগ্রসর করিয়া লওয়ার স্বার্থে ২৫শে মার্চের মধ্যে এই সকল দাবী পুরণের জন্য গণসংগ্রাম অব্যাহত রাখুন, সরকারের প্রতি অসহযোগ আন্দোলন অব্যাহত রাখুন, ইয়াহিয়া সরকারকে দাবী মানিতে বাধ্য করুন।

কিন্তু শাসকগোষ্ঠী যদি পুনরায় সেনাবাহিনী লেলাইয়া দিয়া জনগণের সংগ্রামকে দমন করিতে চায়, তবে 'যার যাহা আছে' উহা লইয়া সেনাবাহিনীকে প্রতিরোধ করুন। পূর্ব বাংলার ঘরে ঘরে আজ দুর্গ গঠন করুন, আরও বৃহত্তর আত্মত্যাগী সংগ্রামের জন্য সর্বদা প্রস্তুত হইয়া থাকুন। বিজয় আমাদের সুনিশ্চিত।

বর্তমানে করণীয়সমূহঃ

- রাজনৈতিক প্রচার অব্যাহত রাখুন। গ্রাম অঞ্চলে কৃষকদের মধ্যে ইহা ছড়াইয়া দিন।
- সর্বত্র 'সংগ্রাম কমিটি' ও 'গণবাহিনী' গড়িয়া তুলুন।
- শত্রুর মোকাবেলায় প্রস্তুত থাকুন।
- যে কোন রূপ দাঙ্গা-হাঙ্গামা-উস্কানি প্রতিরোধ করুন।
- শান্তি-শৃঙ্খলা নিজ উদ্যোগে বজায় রাখুন।
- এই সংগ্রামের সফলতার জন্য সকল গণতান্ত্রিক সংগ্রাম শক্তির একতা গঠনের জোর আওয়াজ তুলুন।

১১-৩-৭১

ছাত্র ইউনিয়ন

শিরোনাম	সূত্র	তারিখ
আওয়ামী লীগের প্রতি জাতীয় পরিষদের সংখ্যালঘিষ্ট দলগুলির সমর্থন	দ্য ডন	১৪ মার্চ, ১৯৭১

NATIONAL ASSEMBLY MINORITY GROUPS BACK AWAMI LEAGUE S FOUR-POINT DEMAND-PLEA FOR INTERIM GOVERNMENTS AT CENTRE AND PROVINCES

REPORT OF THE MEETING HELD ON MARCH 13, 1971 AT LAHORE BY MINORITY GROUPS IN THE NATIONAL ASSEMBLY

Delegation to see President Yahya and Sheikh Mujib

The minority groups in the National Assembly at a meeting held here today accepted in principle, the four-point demand of Awami League Chief Sheikh Mujibur Rahman, and demanded that interim governments should be set up at the Centre and in the Provinces before the commencement of the Assembly Session on March 25.

The meeting which was convened and presided over by Maulana Mufti Mahmud. leader of the Jamiatul Ulema-i-Islam Parliamentary Paity, was attended among others by Council League leaders, Mian Mumtaz Daultana and Sardar Shaukat Hayat Khan, Maulana Shah Ahmad Noorani of Jamiatul Ulema-i-Pakistan, Prof. Abdul Ghafoor of Jamaat-i-Islami, Mr. Jamal Mohammad Koreja of the Convention League and Independent MNAs, Maulana Zafar Ahmad Ansari and Sardar Maula Bux Soomro.

The Wali Khan NAP was not represented at the meeting but the Convener, Maulana Mufti Mahmud claimed that the decisions of the conference enjoyed their backing. Qayyum Muslim League was the only minority party, which was conspicuous by its absence.

Delegation to see Yahya

The meeting decided that a delegation, headed by Mufti Mahmud, should in the earliest possible time call on President Yahya to discuss the mechanics of transfer of power.

The delegation would also meet Sheikh Mujib in the same connection.

The meeting felt that the two demands of Sheikh Mujib, namely withdrawal of military to their barracks and judicial enquiry into the firings in East Pakistan should be accepted without any delay. As regards the demands for the immediate lifting of Martial Law and transfer of power to the elected representatives, "it is a unanimous demand of the entire nation and has been the consistent effort, as it should be crowning achievement of the President of Pakistan".

But in the altered circumstances and in view of the gravity of the developments, a speedier process of bringing this about, as suggested by Sheikh Mujibur Rahman, must be effectively considered, the meeting felt.

May see Bhutto also

Asked if the meeting itself discussed some mechanics for the withdrawal of Martial Law and transfer of power. Mufti Mahmud said a number of proposals were considered at the meeting but he would announce only that which would be agreed upon by the President and Sheikh Mujibur Rahman.

Replying to a question. Mufti Mahmud said the delegation would also meet the People's Party Chairman, Mr. Zulfiqar Ali Bhutto if needed. In fact, he added, the question of the withdrawal of Martial Law and transfer of power was to be decided by the Government and the majority party.

Written statement

Mufti Mahmud also gave a written statement to the Press which said: "In the present crisis which threatens the very being of Pakistan, the single and sole concern of every patriot must be to preserve and guarantee the existence and solidarity of Pakistan.

"There can be no Pakistan, nor can the concept of Pakistan have an ideological validity or practical credibility without the unity of the people of East and West Pakistan. The only basis, source and assurance of this unity is the free will to live together based on a sense of identity, comradeship, mutual justice and brotherhood. While the aspirations and interests of each pail, as in fact, of every section of the people of Pakistan, are to be preserved."

Request to President

"So that we can effectively convey the solidarity of the people of West Pakistan with their brothers and fellow-citizens in East Pakistan, as well as express our deepest concern about the urgency of immediately resolving the present crisis and discuss our views with respect to the ways and means of doing so, we request the President of Pakistan to grant an immediate interview to a delegation of the parties and MNAs represented in this meeting. For the same purpose we propose that a similar delegation should, proceed to Dacca and meet Sheikh Mujibur Rahman.

"We call upon the people of West Pakistan to express, by a democratic means, their commitment to the integral solidarity of Pakistan and their consecrated sense of comradeship and identity with their blood brothers in faith and destiny, namely the people of East Pakistan.

"At the same time, we know that the leaders of East Pakistan will continue to inculcate, as they have done already, a spirit of restraint and moderation and show as Sheikh Mujibur Rahman has done in his statements, their attachment to the indivisible unity and solidarity of Pakistan."

শিরোনাম	সূত্র	তারিখ
দুই সংখ্যাগরিষ্ঠ দলের হাতে ক্ষমতা দেবার আহবান জানিয়ে ভূট্টো	দৈনিক পাকিস্তান	১৫ মার্চ, ১৯৭১

করাচীর জনসভায় ভূট্টোঃ

দুই সংখ্যাগরিষ্ঠ দলের হাতে ক্ষমতা দেবার আহবান

করাচী, ১৪ই মার্চ (পিপিআই):- পাকিস্তান পিপলস পার্টি প্রধান জনাব জেড, এ, ভূট্টো আজ পূর্ব ও পশ্চিম পাকিস্তানে দুই দলের হাতে ক্ষমতা হস্তান্তরের পরমর্শ দিয়েছেন। তার দল সুখী ও সমৃদ্ধিশালী দেশ গড়ার এবং জনগণের কল্যাণের জন্যই জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর কামনা করে। তিনি বিকালে এখানে এক জনসভায় বক্তৃতা করছিলেন।

ভূট্টো স্পষ্ট ভাষায় বলেন, তার দল পূর্ব ও পশ্চিম পাকিস্তানের দরিদ্র ও নিপীড়িত মানুষের এক পাকিস্তানে বিশ্বাসী। তিনি বলেন, এখনো আওয়ামী লীগের সাথে শাসনতান্ত্রিক প্রশ্নে নিস্পত্তি হওয়া সম্ভব। তিনি বলেন আওয়ামী লীগ প্রধানের কাছে তার তারবার্তাটি পশ্চিম পাকিস্তানের জনসাধারণের পক্ষ থেকে একটি আবেদন। দেশের দুইটি সংখ্যাগুরু দল জাতীয় স্বার্থে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করবে, পশ্চিম পাকিস্তানের জনসাধারণ সেটাই কামনা করে। ভূট্টো বলেন, আওয়ামী লীগ প্রধানের সাথে আলোচনা করার জন্য তিনি এখনো পূর্ব পাকিস্তান যেতে রাজী আছেন। পশ্চিম পাকিস্তানের সংখ্যাগুরু দল বলেই তিনি তার দলের সাথে কথা বলার জন্য শেখ মুজিবের প্রতি আবেদন জানিয়েছেন। বর্তমান সংকট সমাধানের জন্য তাদের একসাথে চলার সময় এখনো রয়েছে।

তিনি বলেন, আওয়ামী লীগের কর্মসূচীর তিনটি দফা গ্রহণ করেছেন। বাকী তিনটি দফার বেলাতেও আলোচনার মাধ্যমে মীমাংসায় পৌছানো সম্ভব, একথা তিনি বহুবার বলেছেন। ক্ষমতা হস্তান্তরের পথে বাধা সৃষ্টির জন্য শেখ মুজিবের প্রতি আবেদন জানিয়েছেন। বর্তমান সংকট সমাধানের জন্য তাদের একসাথে চলার সময় এখনো রয়েছে।

তিনি বলেন, কায়েমী স্বার্থবাদী মহল নির্বাচনে জনগণের বিজয়কে নস্যাৎ করার জন্যে পূর্ব-পশ্চিম পাকিস্তানের মধ্যে বিভেদ সৃষ্টি করছে।

শিরোনাম	সূত্র	তারিখ
শেখ মুজিবুর রহমান কর্তৃক আন্দোলনের নতুন কর্মসূচী ঘোষণা	দৈনিক পূর্বদেশ	১৫ মার্চ, ১৯৭১

আন্দোলন চলবেঃ হরতাল অব্যহত থাকবে

(স্টাফ রিপোর্টার)

''জনগণের বীরত্বপূর্ণ সংগ্রাম এগিয়ে চলেছে। মুক্তিকামী মানুষ বিশ্বের সবখানে যারা প্রাণপণ লড়াই করে যাচ্ছেন মুক্তির জন্য, আমাদের সংগ্রামকে তাঁদের নিজেদের বলে গণ্য করা উচিত। শক্তির সাহয্যে যারা শাসনের চক্রান্ত কর তাদের বিরুদ্ধে দৃঢ়সংকল্প ও সংঘবদ্ধ জনশক্তি কেমন করে মুক্তির দুর্জয় দুর্গ গড়ে তোলে, আমাদের জনগণ তা প্রমাণ করেছে।।''

আজ বাংলাদেশের প্রতিটি নারী-পুরুষ এমনকি শিশু পর্যন্ত মাথা উঁচু করে দাঁড়াবার সাহসে বলীয়ান। নগ্নভাবে শক্তিপ্রয়োগ করে মানুষকে দলিত করার চিন্তা করেছিলেন যারা, তারা নিশ্চিতই পরাভূত হয়েছে। বাংলাদেশের প্রতিটি স্তরের মানুষ-সরকারী কর্মচারী, অফিস আর কলকারখানার শ্রমিক, কৃষক আর ছাত্র সবাই দৃপ্তদম্ভে ঘোষণা করেছে- তারা আত্মসমর্পণের চেয়ে মরণ বরণ করতেই বদ্ধপরিকর।

গতকাল (রবিবার) শেখ মুজিবুর রহমান সংবাদপত্রে প্রদত্ত এক বিবৃতিতে বলেছেন, এ বড় দুঃখজনক যে, এমন পর্যায়েও কিছু অবিবেচক মানুষ সামরিক আইন বলে নির্দেশ জারি করে বেসামরিক কর্মচারীদের একাংশকে ভীতি প্রদর্শনের চেষ্টা করছে। কিন্তু আজ এদেশের মানুষ সামরিক আইনের কাছে মাতা নত না করার দৃঢ়তায় একাট্টা। আমি তাই, সর্বশেষ নির্দেশ যাদের প্রতি জারি করা হয়েছে, তাঁদেরকে হুমকির কাছে মাথা নত না করার আবেদন জানাই। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ তাঁদের ও তাঁদের পরিবারের পেছনে রয়েছে। তাঁদের ত্রাসিত করার উদ্দেশ্যে এই যে চেষ্টা তা বাংলাদেশের মানুষকে রক্তচক্ষু দেখাবার অন্যান্য সাম্প্রতিক চেষ্টার মত নস্যাৎ হতে বাধ্য।

''বাংলাদেশের মুক্তির স্পৃহাকে স্তব্ধ করা যাবে না। আমাদের কেউ পরাভূত করতে পারবে না, কারণ প্রয়োজনে আমাদের প্রত্যেকে মরণ বরণ করতে প্রস্তুত। জীবনের বিনিময়ে আমরা আমাদের ভবিষ্যৎ বংশধরদের স্বাধীন দেশের মুক্ত মানুষ হিসেবে স্বাধীনভাবে আর আত্মমর্যাদার সাথে বাস করার নিশ্চয়তা দিয়ে যেতে চাই। মুক্তির লক্ষ্যে না পৌঁছা পর্যন্ত আমাদের সংগ্রামে নবতর উদ্দীপনা নিয়ে অব্যাহত থাকবে। আমি জনগণকে যে কোন ত্যাগের জন্য এবং সম্ভাব্য সবকিছু নিয়ে যে কোন শক্তির মোকাবেলায় প্রস্তুত থাকতে আবেদন জানাই।''

অপর এক বিবৃতিতে পূর্ব পাকিস্তান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব তাজউদ্দিন আহমদ বলেছেন, জনগণের যে আন্দোলন গৌরবোজ্জ্বল দ্বিতীয় সপ্তাহ সমাপ্ত করেছে তা অব্যাহত থাকবে। গত দু'সপ্তাহের মত হরতাল অব্যাহত থাকবে। সেক্রেটারিয়েট, সমস্ত সরকারী, আধা-সরকারী প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান এবং সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে।

১৯৭১ সালের ১৫ই মার্চ থেকে যে নয়া কর্মসূচী শুরু হবে নির্দেশাবলীর আকারে তা বিশদভাবে নীচে উল্লেখ করা হলো। নিম্নলিখিত নির্দেশাবলী কার্যকরী হওয়ার সংগে সংগে পূর্ব ঘোষিত সকল নির্দেশ, অব্যাহতি ও ব্যাখ্যাসমূহ বাতিল বলে বিবেচিত হবে।

আগামী কর্মসূচী ঘোষণা

১নং নির্দেশ

সরকরী সংস্থাসমূহ

কেন্দ্রীয় ও প্রাদেশিক সেক্রেটারিয়েটরসমূহ, সরকারী ও বেসরকারী অফিসসমূহ, স্বায়ত্তশাসিত সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ, হাইকোর্ট এবং বাংলাদেশস্থ সকল কোর্টে হরতাল পালন করবেন এবং নিম্নে বর্ণিত বিশেষ নির্দেশাবলী এবং বিভিন্ন সময়ে যেসব ছাড় ব্যাখ্যা দেয়া হবে তা মেনে চলবেন।

২নং নির্দেশ

শিক্ষা প্রতিষ্ঠানসমূহঃ

সমগ্র বাংলদেশে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে।

৩নং নির্দেশ

আইন ও শৃংখলা রক্ষা

(ক) ডেপুটি কমিশনার ও মহকুমা অফিসারগণ তাঁদের কোন দফতর না খুলে সংশ্লিষ্ট এলাকার আইন ও শৃংখলা রক্ষার দায়িত্ব পালন করবেন এবং উন্নয়ন কাজ ও প্রয়োজন হলে এই সকল নির্দেশ কার্যকরী বা প্রয়োগ করার দায়িত্ব পালন করবেন। ডেপুটি কমিশনারগণ ও মহকুমা অফিসারগণ তাঁদের এই সব দায়িত্ব ও কর্তব্য পালনে আওয়ামী লীগ সংগ্রাম পরিষদের সংগে ঘণিষ্ঠ যোগাযোগ ও নিবিড় সহযোগিতা বজায় রাখবেন।

(খ) পুলিশ আইন ও শৃংখলার রক্ষার দায়িত্ব পালন করবেন এবং প্রয়োজন বোধে আওয়ামী লীগ স্বেচ্ছাসেবক বাহিনীর সাথে যোগ দেবেন।

(গ) জেলের দফতরে কাজ চলবে এবং ওয়ার্ডারগণ তাদের দায়িত্ব যথাযথ পালন করে যাবেন।

(ঘ) আনসার বাহিনী তাদের দায়িত্ব পালন করবেন।

৪নং নির্দেশ

বন্দর (আভ্যন্তরীণ বন্দরসহ)

বন্দর কর্তৃপক্ষ পাইলটেজসহ সকল কাজ করে যাবেন। বন্দর কর্তৃপক্ষ কেবলমাত্র সেই সব অফিস খোলা থাকবে যেগুলি বন্দরে জাহাজসমূহের সহজ ও সুষ্ঠ আসা-যাওয়ার জন্য বিশেষভাবে প্রয়োজনীয়। কিন্তু সৈন্য চলাচলে কিংবা সমরাস্ত্র আনানোর ও বাংলাদেশের মানুষকে নির্যাতনের জন্যে সৈন্য ও সমরাস্ত্র আনা-নেয়ার কাজে কোনভাবেই সহযোগিতা বা সাহায্য করা যাবে না। জাহাজসমূহের বিশেষ করে বাংলাদেশের মানুষের জন্যে খাদ্যবাহী জাহাজসমূহের মাল ত্বরান্বিত করার সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। বন্দর কর্তৃপক্ষ বন্দর শুল্ক (পোর্ট ডিউজ) ও মাল খালাসের কর বা শুল্ক আদায় করবেন। আভ্যান্তরীণ বন্দর কর্তৃপক্ষ বন্দর শুল্ক ও অন্যান্য শুল্ক আদায় করবেন।

৫নং নির্দেশ

আমদানি

আমদানিকৃত মাল দ্রুত খালাস করতে হবে। শুল্ক বিভাগের সংশ্লিষ্ট শাখাসমূহ কাজ করে যাবেন এবং ধার্যকৃত শুল্ক সম্পূর্ণরূপে পরিশোধের পর মাল খালাসের অনুমতি দেবেন। এই কাজ সমাধানের জন্যে ইষ্টার্ণ

ব্যাংকিং কর্পোরেশন লিমিটেডে ও ইষ্টার্ণ মার্কেন্টাইল ব্যাংক লিমিটেডে বিশেষ একাউন্ট খোলা হবে। কাস্টমস কালেক্টরগণ এই বিশেষ একাউন্ট পরিচালনা করবেন। আওয়ামী লীগ বিভিন্ন সময়ে যেসব নির্দেশ ইস্যু করবেন কাস্টমস কালেক্টরগণ তদানুযায়ী একাউন্ট পরিচালনা করবেন। যে শুল্ক আদায় করা হবে তা কোন মতেই কেন্দ্রীয় সরকারের নামে জমা হবে না।

৬নং নির্দেশ

রেলওয়ে

রেলওয়ে চালু থাকবে। তবে রেল কর্তৃপক্ষের কেবলমাত্র সেই সব অফিসই খোলা থাকবে যে গুলি রেল চলাচলের জন্যে প্রয়োজনীয়। কিন্তু বংলাদেশের মানুষের উপর নির্যাতন চালানোর জন্যে সৈন্যদের আনা-নেয়া বা সমরাস্ত্র পরিবহনের কোন কাজে কোনভাবেই সাহায্য বা সহযোগিতা করা যাবে না। বন্দর থেকে দেশের আভ্যান্তরীণ খাদ্যশস্য পরিবহনের জন্যে রেলওয়ে অগ্রাধিকার ভিত্তিতে রেল ওয়াগনের ব্যবস্থা করবেন।

৭নং নির্দেশ

সড়ক পরিবহন

সারা বাংলাদেশে ইপিআরসিটি চালু থাকবে।

৮নং নির্দেশ

আভ্যন্তরীণ নদী বন্দরগুলো কাজ চালূ রাখার জন্য ই,পি,এস,সি, আভ্যন্তরীণ নৌ-পরিবহন ও আই, ডাব্লিউ,টি,এ-র প্রয়োজনীয় কিছুসংখ্যক কর্মচারী কাজ চালিয়ে যাবেন। গণ-নির্যাতনের জন্য সৈন্য বা রণসম্ভার আনা-নেওয়ার ব্যাপারে এই সব প্রতিষ্ঠানের কর্মচারীরা কোন সহযোগিতা করতে পারবেন না।

৯নং নির্দেশ

বাংলাদেশের মধ্যে শুধু চিঠিপত্র, টেলিগ্রাম ও মনি অর্ডার পৌঁছানোর জন্য ডাক ও তার বিভাগ কাজ করে যাবে। সরাসরি বিদেশে চিঠিপত্র ও টেলিগ্রাম প্রেরণ করা যাবে । ব্যাংকের বিভিন্ন নির্দেশ নেয়ার ও দেয়ার জন্য সোম, মংগল, বুধ ও বৃহস্পতিবার শুধু অপরাহ্ন তিনটা থেকে ৪টা পর্যন্ত এই এক ঘন্টা আন্তঃঅঞ্চল টেলিপ্রিন্টের যোগাযোগ চালু থাকবে। ২৫নং নির্দেশে এই অনুমতি দেয়া হয়েছে। আন্তঃঅঞ্চল প্রেস টেলিগ্রাম চালু থাকবে। পোষ্টাল সেভিংস ব্যাংক ও বীমা কোম্পানী কার্যরত থাকবে।

১০নং নির্দেশ

বাংলাদেশের মধ্যে কেবলমাত্র স্থানীয় ও আন্তঃজেলা ট্রাংক টেলিফোন যোগাযোগ অব্যাহত থাকবে। টেলিফোন মেরামত ও সংরক্ষণের জন্য প্রয়োনীয় বিভাগগুলো কাজ করে যাবে।

১১নং নির্দেশ

বেতার, টেলিভিশন ও সংবাদপত্রগুলি কাজ চালিয়ে যাবেন। তারা গণ-আন্দোলন সম্পর্কিত সকল বক্তব্য, বিবৃতি, সংবাদ ইত্যাদি প্রচার করবেন। যদি না করেন তবে এই সকল প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিরা সহযোগিতা করবেন না।

১২নং নির্দেশ

জেলা হাসপাতাল, টিবি ক্লিনিক, কলেরা রিচার্স ইনষ্টিউটসহ সকল হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র এবং স্বাস্থ্য সেনিটেশন সার্ভিসগুলো যথরীতি কাজ করে যাবে। সেন্ট্রাল মেডিক্যাল ষ্টোর্স কাজ করে যাবে এবং সকল হাসপাতাল ও হেলথ সেন্টারে প্রয়োজনীয় ঔষধপত্র ও অন্যান্য সামগ্রী সরবরাহ করবে।

১৩নং নির্দেশ

বিদ্যুৎ সরবরাহের কাজের সাথে ও এই কাজের সংরক্ষণ ও মেরামত কাজের সাথে জড়িত ইপিওয়াপদার বিভাগগুলো কাজ করে যাবে।

১৪নং নির্দেশ

গ্যাস ও পানি সরবরাহ অব্যাহত থাকবে। এইসবের সংরক্ষণ ও মেরামতের কাজও চালু থাকবে।

১৫নং নির্দেশ

ব্রিকফিল্ড ও অন্যান্য প্রয়োজনীয় কাজের জন্য কয়লা সরবরাহ অব্যাহত থাকবে।

১৬নং নির্দেশ

আমদানী, বন্টন, গুদামজাতকরণ ও খাদ্যশস্যের চলাচল জরুরী ভিত্তিতে কার্যকরী থাকবে। এই সবের প্রয়োজনে ওয়াগন, বার্জ ও ট্রাক ও অন্যান্য সকল প্রকার পরিবহন ব্যবস্থা জরুরী ভিত্তিতে চালু থাকবে।

১৭নং নির্দেশ

(ক) ধান ও পাটবীজ, সার ও কীটপতঙ্গ নাশক ঔষধ ক্রয়, চলাচল ও বন্টন অব্যাহত থাকবে। কৃষি খামার ও চাল গবেষণা ইনিষ্টিটিউট ও এর প্রকল্পগুলি যথারীতি করবে।

(খ) পাওয়ার পাম্প ও অন্যান্য কারিগরি যন্ত্রপাতি চলাচল, বন্টন, মাঠে চালু রাখা ইত্যাদি অব্যাহত থাকবে। তা ছাড়া, তেল, জ্বালানী, যন্ত্রপাতি ও এই সবের সংরক্ষণ ও মেরামতের জন্য প্রয়োজনীয় বিভাগ খোলা থাকবে।

(গ) নলকূপ খনন, খাল খনন, ও এই জাতীয় পানি সেচ সম্পর্কিত সকল কাজ চালু থাকবে।

(ঘ) পূর্ব পাকিস্তান সমবায় ব্যাঙ্ক, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ও তার অঙ্গ সংস্থাগুলো থানা সমবায় সমিতি এবং অন্যান্য সমবায় সংস্থাগুলো থেকে কৃষি ঋণ দেয়া অব্যাহত থাকবে।

(ঙ) যে বিষয়গুলো উল্লেখ করা হল তা কার্য সুচারুপে পরিচালনার জন্য পূর্ব পাকিস্তান কৃষি উন্নয়ন সংস্থার প্রয়োজনীয় শাখাগুলো খোলা থাকবে।

(চ)কৃষি উন্নয়ন ব্যাঙ্ক ও অন্যান্য ব্যাঙ্কগুলো থেকে ঘূর্ণিদুর্গতদের জন্য সুদবিহীন ঋণ ও কৃষকদের প্রয়োজনীয় শাখাগুলো খোলা থাকবে।

(ছ) আলু কিনে গুদামজাত করার জন্য কৃষি উন্নয়ন ব্যাঙ্কের তহবিল মওজুদ রাখতে হবে।

১৮নং নির্দেশ

বন্যা নিয়ন্ত্রণ ও শহর সংরক্ষণ

বন্যা নিয়ন্ত্রণের কাজ, শহর সংরক্ষণ এবং নদী খনন ও যন্ত্রপাতি স্থাপনসহ ওয়াপদার পানি উন্নয়ন কাজ, মালপত্র খালাস ও আনা-নেয়া এবং এই ধরনের অন্যান্য জরুরী কাজ সুচারূপে চালিয়ে যাওয়া হবে। সরকারী এজেন্সী কিংবা সংশ্লিষ্ট স্বায়ত্তশাসিত সংস্থা কন্ট্রাক্টরদের পাওনা মিটিয়ে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা করবে।

১৯নং নির্দেশ

উন্নয়ন ও নির্মান কার্য

বৈদেশিক সাহয্যে তৈরী রাস্তা ও পুল প্রকল্পগুলোসহ সকল প্রকার সরকারী, আধাসরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থার উন্নয়ন ও নির্মাণ কাজ অব্যাহত থাকবে। সরকারী এজেন্সী ও সংশ্লিষ্ট স্বায়ত্তশাসিত সংস্থা থেকে ঠিকাদারদের পাওনা যথারীতি মিটিয়ে দেয়া হবে। উক্ত সংস্থাগুলো থেকে যদি মালমসলা সরবরাহের চুক্তি থাকে তাহলে সেই চুক্তি মোতাবেক যথারীতি সরবরাহ করা হবে।

২০নং নির্দেশ

সাহায্য ও পুনর্বাসন

ঘূর্ণিদুর্গত এলাকার বাঁধ তৈরী ও উন্নয়নমূলক কাজসহ সকল প্রকার সাহায্য, পুনর্বাসন ও পূনঃনির্মাণ কাজ অব্যাহত থাকবে। সরকারী এজেন্সী ও স্বায়ত্তশাসিত সংস্থাগুলো ঠিকাদারদের পাওনা মিটিয়ে দিবে।

২১নং নির্দেশ

ইপিআইডিসি ও ইপসিকের সকল কারখানায় কাজ চলবে এবং যতদূর সম্ভব উৎপাদন বাড়ানোর চেষ্টা করতে হবে। এই সকল কারখানা চালু রাখার জন্য প্রয়োজনীয় অর্থ সরবরাহের ব্যাপারে ইপিআইডিসি ও চালিয়ে যেতে হবে।

২২নং নির্দেশ

বেতন দান

সরকারী ও আধা-সরকারী সংস্থার কর্মচারী ও প্রাইমারী শিক্ষকদের বেতন- যাদের রোজ, সাপ্তাহিক, পাক্ষিক কিংবা মাসিক হিসাবে দেয়া হয়ে থাকবে, তাদের সেইভাবে দিতে হবে। যাদের বন্যা সাহায্য মঞ্জুর করা হয়েছে এবং বাকী বেতন দেয়ার কথা তা দিয়ে দিতে হবে। বেতন বিল তৈরীর জন্য সরকারী, আধা-সরকারী বিভাগের সংশ্লিষ্ট বিভাগগুলো খোলা রাখতে হবে।

২৩নং নির্দেশ

পেনশন

সামরিক বিভাগের অবসারপ্রাপ্ত কর্মচারীসহ সকল অবসরপ্রাপ্ত কর্মচারীদের পেনসন নির্দিষ্ট তারিখে পরিশোধ করতে হবে।

২৪নং নির্দেশ

এ, জি (ইপি) ও ট্রেজারী

এই নির্দেশে যে সকল সংস্থাকে কাজ চালিয়ে যাওয়ার জন্য হুকুম দেয়া হয়েছে তাদের টাকা-পয়সা দেয়া- নেয়া ও সরকারী কর্মচারীদের বিল তৈরীর জন্য সামান্য সংখ্যক কর্মচারী দ্বারা এজি (ইপি) অফিসের কাজ চালিয়ে যেতে হবে।

২৫নং নির্দেশ

ব্যাংক

(ক) ব্যাঙ্কিং কার্য পরিচালনার জন্য সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এবং প্রশাসনিক প্রয়োজনে ৪টা পর্যন্ত সকল ব্যাঙ্ক খোলা থাকবে (অবশ্য মাঝে টিফিনের ছুটি থাকবে)। কিন্তু শুক্রবারে ও শনিবারে ব্যাঙ্কিং কাজের জন্য সকাল ৯টা থেকে ১১-৩০ মিঃ পর্যন্ত এবং প্রশাসনিক কাজের জন্য ১২-৩০ মিঃ পর্যন্ত খোলা থাকবে। অনুমোদিত লেনদেনের ক্ষেত্রে বুক ব্যালান্স অন্যান্য কার্যাবলী নিয়মিতভাবে চলবে।

(খ) কয়েকটি বিধি-নিষেধ ছাড়া ব্যাঙ্কগুলো যে কোন পরিমান জমা গ্রহণ, বাংলাদেশের ভিতর যে কোন পরিমান আন্তঃব্যাঙ্ক ক্লিয়ারেন্স, বাংলাদেশের ভিতর আন্তঃব্যাঙ্ক ট্রান্সফার এবং পশ্চিম পাকিস্তান থেকে টিটি বা মেইল ট্রান্সফার ব্যবস্থার মাধ্যমে অর্থ ড্র করাসহ তাদের কাজকর্ম চালিয়ে যাবে। যেসব বিধিনিষেধ মানতে হবে সেগুলো হচ্ছেঃ

(১) যদি চেকের মধ্যে সংশ্লিষ্ট শ্রমিক সংস্থার প্রতিনিধির বা বেতন রেজিষ্টারের সার্টিফিকেট থাকে তাহলে বেতন ও মঞ্জুরী পরিশোধ করা।

(২) সপ্তাহে এক হাজার টাকা পর্যন্ত বোনাফাইড ব্যক্তিগত ড্রইংস।

(৩) চিনিকলের জন্যে আখ এবং পাটকলের জন্যে পাটসহ শিল্পের জন্যে কাঁচামাল কেনার জন্যে অর্থ দান।

(৪) বাংলাদেশের ক্রেতাদের প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়সহ যে কোন বাণিজ্যিক খাতে সপ্তাহে দশ হাজার টাকা পর্যন্ত পেমেন্ট। ঐ অঙ্ক ক্যাশ অথবা ক্যাশড্রাফট মারফত উঠানো যাবে। কিন্তু উপরে উল্লিখিত (৩) ও (৪) নম্বর শর্তে কোন অর্থ দেয়ার পূর্বে অতীত রেকর্ড দেখে ব্যাঙ্ককে সন্তুষ্ট হতে হবে যে, অর্থ গ্রহণকারী একজন বোনাফাইড শিল্প অথবা বাণিজ্যিক সংস্থা অথবা ব্যবসায়ী এবং সে যে অর্থ উঠাচ্ছে তা তার গত এক বছরে সাপ্তাহিক গড় অর্থ উঠানোর চাইতে বেশী না হয়।

(৫) উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে নিযুক্ত তালিকাভুক্ত কন্ট্রাক্টরদের অর্থদান। তবে যে কর্তৃপক্ষের অধীনে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে তার কাছ থেকে চেকে একটি সার্টিফিকেট আনতে হবে যে, যে টাকাটা উঠাতে চাওয়া হচ্ছে তা উল্লিখিত কাজের জন্য প্রয়োজনীয়।

(গ) বাংলাদেশের অভ্যন্তরের যে কোন একাউন্টে ক্রস চেক ও ডিম্যাণ্ড ড্রাফট প্রদান করা ও জমা নেয়া যাবে।

(ঘ) স্টেট ব্যাঙ্ক ও ন্যাশনাল ব্যাঙ্ক, ঢাকা থেকে অর্থ প্রদানের ভিত্তিতে বাংলাদেশের অভ্যন্তরে টি,টি, পাঠানো যাবে। যে সমস্ত ব্যাঙ্কগুলোর সদর দফতর পশ্চিম পাকিস্তানে অবস্থিত সেগুলো ঢাকাস্থ স্টেট ব্যাঙ্ক ও ন্যাশনাল ব্যাঙ্কের মাধ্যমে প্রয়োজনীয় পাওনা করতে পারবে।

(ঙ) অর্থ সংগ্রহের উদ্দেশ্যে নিম্নলিখিত বিষয়ের জন্য সোমবার, মংগলবার, বুধবার ও বৃহস্পতিবার বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত এক ঘন্টা আন্তঃশাখা টেলিপ্রিন্টার সার্ভিস চালু থাকবে।

(১) প্রত্যেকটি বাণিজ্যিল ব্যাঙ্ককে সোমবার ও বুধবার বিকেল ৩টা থেকে ৪টার মধ্যে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে একটি খবর পাঠাতে পারে।

(২) প্রত্যেকটি ব্যাঙ্ক অর্থ পাঠানোর ব্যাপারে মংগলবার ও বৃহস্পতিবার বিকেল ৩টা থেকে ৪টার মধ্যে একটি খবর পেতে পারে।

(চ) বাংলাদেশের আভ্যান্তরীন ব্যাঙ্ক পদ্ধতির জন্য টেলিপ্রিন্টার সার্ভিসের কাজ অব্যাহত থাকবে।

(ছ) বাংলাদেশের আভ্যন্তরীন বিল সংগ্রহের অনুমতি দেয়া হয়েছে। কিন্তু ক্রস চেক বা ক্রস গ্রান্টের মাধ্যমে অর্থ প্রদান করতে হবে।

(জ) অনুমোদিত ডিলরের সাহায্যে ফরেন ট্র্যাভেলার্স চেক ভাংগানো যাবে।

(ঝ) কূটনীতিকগণ অবাধে তাদের এ্যাকাউন্টের কাজ পরিচালনা করতে পারবেন এবং বিদেশী নাগরিকগণ বৈদেশীক মুদ্রা এ্যাকাউন্ট পরিচালনা করতে পারবেন এবং বৈদেশিক মুদ্রা গ্রহণ করতে পারবেন।

(ঞ) লাকর্স পরিচালনার কাজ বন্ধ থাকবে।

(ট) স্টেট ব্যাঙ্ক বা অন্য কোন কিছুর মাধ্যমে বাংলাদেশের বাইরে টাকা পাঠানো যাবে না।

(ঠ) বিদেশী রাষ্ট্র থেকে লাইসেন্সের মাধ্যমে দ্রব্যাদি আমদানীর জন্য লেটার অব ক্রেডিট খোলা যাবে।

(ড) পণ্য বিনিময়ের চুক্তি (যে সমস্ত দ্রব্যাদি ইতিমধ্যেই পাঠানো হয়েছে) মোতাবেক প্রেরিত দ্রব্যাদি ছাড় করতে হবে।

(ঢ) ইষ্টার্ন মারকেন্টাইল ব্যাঙ্ক লিমিটেড ও ইষ্টার্ণ ব্যাঙ্কিং করপোরেশন লিমিটেড -এর মারফত বকেয়া রপ্তানী বিল সংগ্রহ করতে হবে এবং এ ব্যাপারে ব্যাঙ্কগুলোর প্রতি নির্দেশে মোতবেক কাজ পরিচালিত হবে।

২৬নং নির্দেশ

স্টেট ব্যাঙ্কও অন্যান্য ব্যাঙ্কের মত কাজ করবে এবং সে একই অফিস সময়ে চলবে এবং বাংলাদেশের ব্যাঙ্কিং পদ্ধতি কাজ করার জন্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরূপভাবে খোলা থাকবে। উল্লিখিত কাঠমো ও বিধিনিষেধ এ ক্ষেত্রেও প্রযোজ্য হবে। 'পি' ফর্ম বরাদ্দ করা যেতে পারে এবং বিদেশে অবস্থানরত ছাত্র ও অন্যান্য অনুমোদিত প্রাপকের জন্যে বিদেশে প্রেরণের টাকাও গৃহীত হতে পারবে।

২৭নং নির্দেশ

বাংলাদেশের জন্য আমদানী লাইসেন্স ইস্যুকরণ ও আমদানিকৃত দ্রব্যাদি বিধি ব্যাবস্থা নিশ্চিত করার জন্য আমদানি-রপ্তানী কন্ট্রোলারের অফিস নিয়মিতভাবে চলবে।

২৮নং নির্দেশ

সকল ট্রাভেল এজেন্ট অফিস ও বিদেশী বিমান পরিবহন অফিস চালু হতে পারে। কিন্তু তাদের বিক্রয়লদ্ধ অর্থ বাংলাদেশের ব্যাঙ্কে জমা রাখতে হবে।

২৯নং নির্দেশ

বাংলাদেশে সকল অগ্নিনির্বাপক ব্যবস্থা চালু থাকবে।

৩০নং নির্দেশ

পৌরসভার ময়লাবাহী ট্রাক, রাস্তায় বাতি জ্বালানো, সুইপার সার্ভিস এবং জনস্বাস্থ্য বিভাগীয় অন্যান্য ব্যবস্থা চালু থাকবে।

৩১নং নির্দেশ

কোন খাজনা কর আদায় করা যাবে না। (ক) পুনঃনির্দেশ দেওয়া পর্যন্ত, (১) সকল ভুমি-রাজস্ব আদায় বন্ধ থাকবে, (২) বাংলাদেশের কোথাও কোন লবণ কর আদায় করা যাবে না, (৩) বাংলাদেশে কোথাও তামাক কর আদায় হবে না, (৪) তঁতীরা আবগারী শুল্ক দান ব্যতিরেকেই বাংলার সুতা কিনবেন। মিল মালিক ও ডিলারেরা তাদের কাছ থেকে কোন আবগারী শুল্ক আদায় করতে পারবেন না।

(খ) এ ছাড়া সকল প্রাদেশিক সরকারের কর-যেমন প্রমোদ কর, হাট, বাজার, পুল ও পুকুরের উপর ধার্যকৃত কর আদায় করা যাবে এবং বাংলাদেশের সরকারের একাউন্টে জমা দিতে হবে।

(গ) অবট্রয় সহ সকল স্থানীয় কর আদায় করা যাবে।

(ঘ) কেন্দ্রীয় সরকারের সকল পরোক্ষ কর-যেমন আবগারী শুল্ক কর, বিক্রয় কর এখন থেকে আদায়কারী প্রতিষ্ঠান দ্বারা আদায় হবে, তবে তা কেন্দ্রীয় খাতে জমা করা যাবে না অথবা কেন্দ্রীয় সরকারে হাতে হস্তান্তর করা যাবে না। এসব আদায়কৃত কর ইষ্টার্ণ মার্কেন্টাইল ব্যাঙ্ক অথবা ইষ্টার্ণ ব্যাঙ্কিং কর্পোরেশনে 'বিশেষ একাউন্ট' খুলে জমা রাখতে হবে এবং ব্যাঙ্ক দুটিও তাদের প্রতি প্রদত্ত নির্দেশ অনুযায়ী এগুলো গ্রহণ করবে। সকল আদায়কারী প্রতিষ্ঠানকে এ নির্দেশ ও বিভিন্ন সময়ে তাদের প্রতি যে নির্দেশ দেয়া হবে, তা মানতে হবে।

(ঙ) কেন্দ্রীয় সরকারের সকল প্রত্যক্ষ কর যেমন- আয়কর আদায় ইত্যাদি পরবর্তী নির্দেশ জারি হওয়া পর্যন্ত বন্ধ থাকবে।

৩২নং নির্দেশ

পাকিস্তান বীমা কর্পোরেশন চালূ থাকবে এবং পোষ্টাল লাইফ ইন্স্যুরেন্স সকল বীমা কোম্পানী কাজ করবেন।

৩৩নং নির্দেশ

সকল ব্যবসা-শিল্প প্রতিষ্ঠান ও দোকানপাট নিয়মিতভাবে চলবে।

৩৪নং নির্দেশ

সকল বাড়ীর শীর্ষে পতাকা উত্তোলিত হবে।

৩৫নং নির্দেশ

সংগ্রাম পরিষদগুলো সর্বস্তরে তাদের কাজ চালু রাখবে এবং সকল নির্দেশ যথাযথভাবে বাস্তবায়ন করে যাবে।

শিরোনাম	সূত্র	তারিখ
সংখ্যাগরিষ্ঠ ভিত্তিক সরকার, পাকিস্তানের ক্ষেত্রে প্রযোজ্য নয়। ভূট্টোর ঘোষণা	দ্য ডন	১৬ মার্চ, ১৯৭১

RULE OF MAJORITY DOES NOT APPLY TO PAKISTAN
PPP CANNOT BE IGNORED IN COUNTRY'S GOVERNANCE
Report of a Press Conference by Mr. Z. A. BHUTTO on March 15,1971

Mr. Zulfiqar Ali Bhutto, Chairman of the Pakistan People's Party, said here (Karachi) yesterday that the present deadlock on constitution making could not be resolved "by ignoring the wishes of the people of West Pakistan as represented by the majority party in West Wing".

He told a Press Conference here that he was not "unhopeful" of resolving the present "inherent crisis" which had now come to surface.

Mr. Bhutto said that he supported the demand for lifting of Martial Law and transfer of power to the People's elected representatives. "The sooner the Martial Law is withdrawn the better ", he said and added that the mechanism was yet to be worked out for this purpose. He said he did not think that there could be any difficulty resolving the present crisis.

He told a questioner that the present crisis was not new. It was there for all the times in the past but it emerged on the surface now. He said that the word "secession" was not being used after this crisis or that the new foreign policy outlooks were not coming to the light after this crisis. They all existed before the current crisis, he said and added that it was now for the "two majority parties" to face this crisis and frame a lasting constitution.

Mr. Bhutto said that his party wanted that while transferring power at the Central level it should be transferred to the "two majority parties" of East and West Pakistan. "Our position is that the majority party in East Pakistan together with the majority party in West Pakistan could democratically represent the country".

Mr. Bhutto said this proposition did not in any way imply "two Pakistans and two Prime Ministers", one for each Wing. He said that he wanted a united Pakistan. He said that the common man very well understood what he meant by this contention and regretted that a section of the Press was "mischievously" distorting his standpoint. It was misconstrued by vested interests whose ultimate aim is to disintegrate Pakistan. They now stand exposed in the eyes of the people."

Mr. Bhutto said that leaders of other political parties were giving a different meaning to his contention. The PPP enjoyed an "axiomatic position" in this behalf, he said.

Asked how he would react if the leader of the majority party in East Pakistan. Sheikh Mujibur Rahman gave representation at the Central level to the leaders of minority

Parties in West Pakistan, Mr. Bhutto said that his party "represented the will of the majority of the people of West Pakistan. if this party is excluded it will imply the will of the majority of people of this Wing has been ignored."

Geographical Distance

Mr. Bhutto reiterated that in the situation faced by Pakistan, having a geographical distance between the two parts, "the rule of majority did not apply". The majority party "must take into account in the Governance of the country, the wishes of the majority Party of this Wing", he added.

Mr. Bhutto said that in the event of transfer of power to the majority party of this Wing, the PPP would "certainly give representation to the North West Frontier Province and Baluchistan".

The PPP leader denied accusation against him that in his talks with Sheikh Mujibur Rahman in Dacca in January last, he discussed with him the sharing of power. He said that it was a lie circulated by certain individuals who had been "most unkind" to him.

He said that if this was the position, he would have agreed to the six-point programme straight away and Sheikh Mujibur Rahman "would have been happy to accommodate him in the Government."

Mr. Bhutto said that there was no question of the PPP and its leader wanting power. "The people want us to come into power and fulfill our promises for bettering their lot".

Mr. Bhutto said that power in the Central should be transferred to the majority parties of both the Wings and in the provinces to the majority parties in the provinces.

শিরোনাম	সূত্র	তারিখ
সংখ্যালঘিষ্ঠ দলসমূহ কর্তৃক ভূট্টোর ভূমিকার সমালোচনা	পাকিস্তান টাইমস	১৬ মার্চ, ১৯৭১

MINORITY PARTIES LEADERS CRITICIZE BHUTTO S SPEECH

Press Report on March 16, 1971

Nawabzada Sher Ali Khan when contacted by PPI to comment on Chairman Bhutto's Karachi speech, said he had not read it in detail so he could not make a comprehensive comment.

Nevertheless, he said he was not ready to accept that any sensible and patriotic Muslim could present a proposal envisaging the break-up of Pakistan into two countries as was evidently implied by this move to transfer of power to the majority parties in the two Wings.

He said if the proposal had been correctly reported, he could say that its consequences would be far more catastrophic for the Muslims of the Sub-Continent than the tragedies that befell them at the battles of Plassey and Seringapatum. Such a proposal could only fulfill the hopes of those who were opposed to the establishment and continued existence of Pakistan. "It would please our enemies who forced a war on us in 1965", he said.

"I hope and pray he has been incorrectly reported", Nawabzada Sher Ali Khan said. He was confident that the Muslims of East as well as West Pakistan would never allow to succeed a conspiracy to tear the country to pieces.

Mian Tufail

Mian Tufail Mohammad, acting "Amir" of the 'Jama'at-i-Islami said in Lahore on Sunday that the setting up of two separate governments in the two wings of the country would be a negation of the Legal Framework Order.

Commenting on the proposal of Mr. Z.A. Bhutto, chairman of the Pakistan People's Party that power in West Pakistan must be transferred to the People's Party, if it was to be transferred to the Awami League in East Pakistan, Mian Tufail Mohammad said that a division of this sort contradicted the Legal Framework Order which was promulgated only to safeguard the integrity of the country.

He said Mr. Z.A. Bhutto, by making this suggestion had clearly stated his purpose of becoming the sole ruler in West Pakistan. He said it was strange that Mr. Bhutto had now started talking about West Pakistan as a single unit. He said that the conditions prevalent in East Pakistan today were a result of the attitude adopted by Mr. Bhutto.

Hainid Sarfraz

Malik Hamid Sarfraz, General Secretary, Punjab Awami League said in Lahore on Sunday that it was shocking to learn that Mr. Z.A. Bhutto, in the course of his speech at

the Karachi public meeting, has demanded that power in East and West Pakistan should be transferred to the respective majority parties- the Awami League and the People's Party.

He said: "I am dumfounded to hear that Mr. Bhutto, the erstwhile sole protagonist of the solidarity of Pakistan in his craze for power has thus virtually demanded secession of the two Wings of the country".

"I hope now the people of Pakistan shall be better equipped to comprehend the conspiracy of secession and its real author, Mr. Bhutto," he said. "I certainly believe that his move shall b e forthwith rejected by the patriotic people of Pakistan" he added.

Ali Asghar Shah

In Rawalpindi, Syed Ali Asghar Shah a former MNA, and President, Muslim League (Convention), Rawalpindi, said last night that the demand made by Mr. Z.A. Bhutto, that power should be transferred to his party in West Pakistan and to the_ Awami League in East Pakistan, clearly proved that the PPP Chairman was only interested in capturing power. He said today the basic issue was how to save Pakistan. All other matters were of secondary importance. But it seems, he added, that Mr. Bhutto, "could not live without being in power". He suggested that Sheikh Mujibur Rahman and Mr. Bhutto, should settle their differences through negotiations.

Mian Nizamuddin Hyder

In Karachi Mian Nizamuddin Hyder MNA-elect and the leader of the Bahawalpur United Front has strongly condemned Sunday's statement by Mr. Z.A. Bhutto, and said the PPP Chief was now advocating "a two nation theory" for Pakistan.

Mian Hyder said the existing national crisis had taken a "serious" turn "because of the irresponsible statements of the PPP Chairman".

In a statement issued on Monday, the Bahawalpur leader pointed out that Mr. Bhutto had been endeavoring from the very beginning to share power. He observed that the latest demand of the PPP amounted to the division of the country and no Pakistan would tolerate such irresponsible statements from any quarter whatever.

56. Works, lands and buildings vested in or in the possession of the State.
57. Compulsory acquisition or requisitioning of property.
58. Agriculture, including agricultural education and research protection against pests and prevention of plant diseases.
59. Local government, that is to say, the constitution and powers of municipal corporations, improvement trusts, district boards, mining settlement authorities and other local authorities for the purpose of local self-government or village administration.
60. Preservation, protection and improvement of stock, and prevention of animal diseases; veterinary training and practice.
61. Pounds and the prevention of cattle trespass.
62. Water, including water supplies, irrigation and canals, drainage and embankments, water storage and water power; flood control.
63. Education, including universities, technical education, and professional training.
64. Libraries and museums, and ancient and historical monuments.
65. Botanical, zoological and anthropological surveys.
66. Co-ordination and determination of standards in institutions for higher, education or research and scientific and technical institutions.
67. Public health and sanitation; hospitals and dispensaries.
68. Registration of births and deaths.
69. Gymnasia and other recreational facilities.
70. Burials and. burial grounds: cremations and cremation grounds.
71. Relief of the disabled and unemployed.
72. Industries.
73. Production, manufacture, supply and distribution of goods.
74. Markets and fairs.
75. .Spoils.
76. Manufacture, supply and distribution of salts.
77. Cultural institution.
78. Forests.
79. Protection of wild animals and birds.
80. Prevention of cruelty to animals.
81. Adulteration of food-stuffs and other goods.
82. Scientific and industrial research.
83. Social research.

84. Treasure trove.

85. Professions.

86. Inns and inn-keepers.

87. State Public Services; State Public Service Commission.

88. State pensions.

89. Administrator General.

90. Zakat.

91. Charities and charitable institutions; Charitable and religious endowments.

92. Tourism.

93. Salaries and allowances of members, the Speaker and the Deputy Speaker of the State Assembly; salaries and allowances of Ministers of the State Government, and the Advocate General.

94. Powers, privileges and immunities of the State Assembly and of the members and the committees thereof; enforcement of attendance of persons for giving evidence or producing documents before committees of the provincial Assembly.

95. Waqfs and mosques.

96. Orphanages and. poorhouses.

97. Offences against law with respect to any of the matters in this List.

98. Jurisdiction and powers of all courts, except the Federal Court with respect to any of the matters in this List.

99. Fees in respect of any of the matters in this List, but not including fees taken in this List.

100. Inquiries and statistics for .the purpose of any of the matters in this List.

THE SEVENTH SCHEDULE
(Article 101)

MATTERS IN RESPECT OF WHICH REGULATORY POWERS SHALL BE EXERCISED BY THE FEDERAL REGULATORY BOARD FOR INTERNATIONAL AND INTER REGIONAL TRADE.

(1) International and inter-regional telephones post and telegraphs.

(2) „ „ „ air communications.
(3) „ „ „ wireless, broadcasting and television
(4) Inter-regional shipping.

* * * * * *

সংযোজন-২

শিরোনাম	সূত্র	তারিখ
ইত্তেফাক সম্পাদক তোফাজ্জল হোসেন কর্তৃক মোসাফির ছদ্মনামে লিখিত রাজনৈতিক মঞ্চ শীর্ষক একটি উপ-সম্পাদকীয়	দৈনিক ইত্তেফাক	৪ অক্টোবর, ১৯৬৪

রাজনৈতিক মঞ্চ

মোসাফির

মোহতারেমা মিস ফাতেমা জিন্নাহর নির্বাচনী অভিযান শুরু হইতে না হইতেই ক্ষমতাসীন মহল-এমনকি প্রেসিডেন্ট আইয়ুব পর্যন্ত বেসামাল হইয়া পড়িয়াছেন। ইতিপূর্বে কনভেনশন লীগের সেক্রেটারী জেনারেল কাম কেন্দ্রীয় প্রচার সচিব মিঃ ওয়াহিদ খান নির্বাচনী প্রচারকালে কাহারো প্রতি ব্যক্তিগত আক্রমণ না চালাইবার যে আবেদন জানাইয়াছিলেন, তাহা তাদের দলই ভঙ্গ করিলেন। মেসার্স ওয়াহিদুজ্জামান, হাসিমুদ্দিন প্রমুখ ইতিমধ্যেই মিস জিন্নাহর বিরুদ্ধে আবোল-তাবোল মন্তব্য করিয়াছেন। অবশেষে গত পরশু লাহোরে সাংবাদিক সম্মেলনে স্বয়ং আইয়ুব সাহেব মিস ফাতেমা জিন্নাহ এবং প্রতিটি বিরোধী দলের দেশপ্রেমের প্রতি কটাক্ষ করিয়া বক্তৃতা করিয়াছেন। ফিল্ড মার্শাল আয়ুবের পক্ষে রাজনীতিকদের গালিগালাজ করা, তাদের দেশপ্রেমের উপর কটাক্ষ করা নূতন কিছু নয়। সামরিক শাসন প্রবর্তনের পর উঠিতে বসিতে রাজনীতিকদের আদ্যশ্রাদ্ধ করাই ছিল শাসকমন্ডলীর প্রধান কাজ। ইহাতে সন্তুষ্ট হইতে না পারিয়া তাহাদের বিরুদ্ধে দুর্নীতি, স্বজনপ্রীতির হয়রানীমূলক মামলা মোকদ্দমা রুজু করা হয়; শত শত রাজনৈতিক নেতা ও কর্মীকে বিনা বিচারে জেলে আটক রাখা হয়; খামখেয়ালী 'এবডো' প্রয়োগ করিয়া পাঁচ সহস্রাধিক রাজনৈতিক কর্মী ও নেতাকে রাজনীতি এবং নির্বাচনী পদের অযোগ্য করিয়া রাখা হয়। অবশেষে বৃদ্ধ বয়সে পাকিস্তানের সংগ্রামের অন্যতম প্রধান নেতা জনাব শহীদ সোহরাওয়াদীকে গ্রেফতার করিয়া বিনা বিচারে সেলে আটক রাখা হয় এবং তার বিরুদ্ধে বৈদেশিক রাষ্ট্র হইতে অর্থ গ্রহণের মিথ্যা, নোংরা অভিযোগও করা হয়। তারপর ফিল্ড মার্শাল আইয়ুব যখন কনভেনশন লীগের প্রেসিডেন্ট পদে অধিষ্ঠিত হইলেন, তখন এক বক্তৃতায় তিনি বিরোধীদলীয় রাজনীতিকদের কেরায়া-কা টাটটু (ভাড়াটিয়া খচ্চর) বলিয়া গালাগালাজ করেন। এই তিক্ত অভিজ্ঞতা থাকা সত্ত্বেও দেশবাসী ধারণা করিতে পারে নাই যে, তিনি কায়েদের ভগ্নী মোহতারেমা ফাতেমা জিন্নাহর দেশপ্রেমের উপর কটাক্ষ করিতে পিছুপাও হইবেন না। লাহোরে তিনি তাহাই করিয়াছেন। তিনি বলিয়াছেন যে, কায়েদ আজমের ভগ্নী হইলেও মোহতারেমা মিস ফাতেমা জিন্নাহকে পাকিস্তানকে ধ্বস করিতে দেওয়া হইবে না। এক্ষণে পরিস্থিতি এই দাঁড়াইয়াছে যে, তিনি এবং তার সঙ্গীসাথী কতিপয় মুখচেনা লোক ছাড়া সকলেই যেন পাকিস্তান ধ্বংস করিতে উদ্যত। মোহতারেমা ফাতেমা জিন্নাহসহ সকল রাজনৈতিক দলই পাকিস্তান ধ্বংস করিতে চায়; তিনি একাই পাকিস্তান-দরদী, তিনি একাই পাকিস্তানের রক্ষক-তাঁর বক্তব্যের নির্গলিত অর্থ এই দাঁড়ায় না কি? বিরোধীদলীয় রাজনীতিকদের কথা বাদ দিলাম। মোহতারেমা ফাতেমা জিন্নাহও পাকিস্তানকে ধ্বংস করিতে চান এবং ফিল্ড মার্শাল আইয়ুবই পাকিস্তানের একমাত্র রক্ষক-ইহা বিশ্বাস করা না করার ভার দেশবাসীর উপরই ন্যস্ত করা হইল।

ইহা বেসামাল মনের অভিব্যক্তি। আর ক্ষমতাসীন মহলের বেসামাল হইবার কারণও দেশবাসীর অবিদিত নাই। ২৯শে সেপ্টেম্বর 'জুলুম প্রতিরোধ দিবস' পালনের মধ্য দিয়া দেশবাসী ক্ষমতাসীনদের বিরুদ্ধে যে সুনির্দিষ্ট

রায় প্রদান করিয়াছে, তাতে তাদের বিচলিত বোধ না করিয়া উপায় নাই। বিরোধীদল সংগঠিত হইবার পরে- বিশেষতঃ মোহতারেমা ফাতেমা জিন্নাহর মত দল-নিরপেক্ষ, নিঃস্বার্থ সর্বজনমান্য নেত্রীর প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করিতে অবতীর্ণ হইবার পরে জনমতের যে প্লাবন সৃষ্টি হইয়াছে, তারই অভিব্যক্তি হিসাবে ২৯শে তারিখের সর্বত্র অভূতপূর্ব হরতাল, সভা ও শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। মনকে অন্যভাবে সান্ত্বনা দিবার চেষ্টা করা হইলেও জনমতের এই গতিধারা লক্ষ্য করিয়া ক্ষমতাসীন মহল ত্রাসিত ও হতোদ্যম। এই মুহূর্তে তাদের মানসিক ভারসাম্য হারান অস্বাভাবিক কিছু নয়। অতীতেও দেখা গিয়াছে যে কোন স্বার্থসর্বস্ব ক্ষমতাসীন দলের পতনের পূর্বাহ্নে তারা দিগ্বিদিক জ্ঞানশূন্য হইয়া যা' খুশি বলেন, যা' খুশি করেন। তাই, প্রেসিডেন্ট আইয়ুব কর্তৃক রাজনৈতিক দলগুলকে গালিগালাজ করা, তাদেরকে বন্য বিড়াল আখ্যায়িত করা- সর্বোপরি মোহতারেমা ফাতেমা জিন্নাহর দেশপ্রেমের উপরও কটাক্ষা করা ভবিষ্যতের পরাজয়েরই লক্ষণ।

ফিল্ড মার্শাল আইয়ুব মোহতারেমা ফাতেমা জিন্নাকে সহজেই পরাজিত করিবার দম্ভোক্তি করিয়াছেন। জনমতের প্রতি লক্ষ্য থাকিলে এই মুহূর্তে তার এই দাবী অশোভন ও অসময়োচিত। তিনি যদি নিজের জয় সম্পর্কে এতদূর স্থিরনিশ্চিত হন, তাহা হইলে মৌলিক গণতন্ত্রীদের মারপ্যাঁচ বাদ দিয়া তাঁকে প্রাপ্তবয়স্কদের সরাসরি ভোটে মিস জিন্নাহকে এই চ্যালেঞ্জ দিলেই তার দম্ভোক্তির সার্তকতা থাকিবে। অন্যথায়, গোটা দেশ যেখানে আজ একদিকে, সেখানে এই ধরনের দম্ভোক্তির অর্থ কি? ইহা কি মৌলিক গণতন্ত্রীদের উপর অবাঞ্ছিত সম্পর্কে এবং সর্বশেষ জামাতে ইসলামী বিরোধী দলে থাকিবে না এবং মিস জিন্নাহকে সমর্থন দিবে না বলিয়া অলীক প্রচার করিয়া নিরাশ হইয়াছেন, সেইরূপ আজিকার একটানা জনমতের প্রেক্ষিতে মৌলিক গণতন্ত্রীর উপর প্রভাব বিস্তারের স্বপ্নও অলীকে প্রমাণিত হইবে।

রাজনৈতিক দলের সমালোচনা অবাঞ্ছিত কিছু নয়। কিন্তু ক্ষমতাসীন দল কর্তৃক বিরোধীদলসমূহের আদর্শ ও কর্মপন্থার ভুল ব্যাখ্যা প্রদান-বিশেষতঃ তাদের দেশপ্রেমের উপর কটাক্ষা করা জনসাধারণ কোন কালেই সমর্থন করে নাই। বরং এই ধরনের সমালোচনা ও গালাগালিতে যারা লিপ্ত হইয়াছে, জনমত তাদের বিরুদ্ধে গিয়াছে এবং তাদের ভরাডুবি হইয়াছে। ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের বিরুদ্ধে ক্ষমতাসীন দল উঠিতে বসিতে তাদের প্রতিক্রিয়া সৃষ্টি হইয়াছিল, ফিল্ড মার্শাল আইয়ুবকে তাহা না জানা থাকিলেও দেশবাসীর তাহা জানা আছে। ফিল্ড মার্শাল আইয়ুব বিভিন্ন রাজনৈতিক দলকে যে ভাষায় গালাগালি করিয়াছেন, তাহা পরিতাপজনক। দেশব্যাপী বিরোধী দলকে যেমন চেনেন, তার দলকে তেমনি চেনেন।

আওয়ামীলীগ সম্পর্কে তিনি যে মন্তব্য করিয়াছেন, তার হেতু কি তা' আমরা কিছুটা আঁচ করিতে পারি। তিনি বলিয়াছেন যে, আওয়ামী লীগ 'জাতীয়তাবাদে' বিশ্বাস করে, পাকিস্তান শক্তিশালী হউক এমনি ব্যবস্থাদিতে তাদের আস্থা নাই। তাঁর এই ধারণার মূলে কি রহিয়াছে, তা' ব্যক্তিগতভাবে আমার কিছু কিছু জানা আছে। আমি আওয়ামী লীগ বা কোন দলের মুখপাত্র হিসাবে নয়, একজন সাংবাদিক এবং এই প্রদেশের একজন অধিবাসী হিসাবে পাকিস্তানের কাঠামোর মধ্যে পূর্ব পাকিস্তানের দাবী-দাওয়া নিয়া শুধু 'ইত্তেফাকে' এবং 'ঢাকা টাইমসে' লিখিত বিভিন্ন প্রবন্ধেই নয়, প্রেসিডেন্ট আইয়ুবের সহিতও সরাসরি একাধিকবার খোলাখুলি আলোচনা করিয়াছি। ১৯৬১ সালের ১৬ই আগস্ট ঢাকাতে সম্পাদকদের এক সভায় আমরা প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারবিহীন, প্রেসিডেন্সিয়াল পদ্ধতির প্রস্তাবিত শাসনতন্ত্রের বিরোধিতা করিয়া বলিয়াছিলাম যে, আমরা পার্লামেন্টারী ধরনের শাসনতন্ত্র চাই, যাতে পূর্ব ও পশ্চিম পকিস্তান দেশের রাজনৈতিক শাসন-ব্যবস্থার সমান অংশ ও সমমর্যাদা ভোগ করিতে পারে। আর যদি প্রেসিডেন্সিয়াল ধরনের শাসন-ব্যবস্থাই তার (প্রেসিডেন্টের) একান্ত কাম্য হয়, তবে

সেখানে এর সংখ্যাসাম্যের প্রশ্ন থাকিবে না এবং প্রেসিডেন্টকে সরাসরি প্রাপ্তবয়স্কদের ভোটে নির্বাচিত হইতে হইবে। এই প্রসঙ্গে আমরা আরো উল্লেখ করিয়াছিলাম যে, পাকিস্তান প্রতিষ্ঠার পর এই পর্যন্ত যে অবস্থা চলিয়া আসিতেছে, তাতে পদে পদে প্রতিটি ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্য নীতি অনুসৃত হইয়াছে। উদাহরণস্বরূপ আমরা বলিয়াছিলাম যে, কেন্দ্রীয় চাকুরী-বাকুরীতে পূর্ব পাকিস্তানীদের হিস্যা শতকরা ১ ভাগেরও কম; আজ পর্যন্ত কেন্দ্রীয় দপ্তরে একজন পূর্ব পাকিস্তানী সেক্রেটারী নাই; যেখানে দেশরক্ষা বিভাগে কেন্দ্রীয় রাজস্বের শতকরা ৬৫/৭০ ভাগ ব্যয়িত হয়, সেখানেও পূর্ব পাকিস্তানের হিস্যা উল্লেখেরও অযোগ্য, ব্যবসা-বাণিজ্যে ও শিল্প এক অংশর মুষ্টিমেয় লোকের একচেটিয়া প্রভুত্ব প্রতিষ্ঠিত হইয়াছে। দেশের পুঁজির শতকরা ১০ভাগও পূর্ব পাকিস্তানে গঠিত হয় নাই। তা'ছাড়া বৈদেশিক লোনেরও সিংহভাগ ব্যয়িত হইয়াছে পশ্চিম পাকিস্তানে। ইহার পর আবার করাচী হইতে ফেডারেল রাজধানী অপসারণ করিবার কালে সংখ্যাগরিষ্ঠ পূর্ব পাকিস্তানের কথা বিবেচনা না করিয়াই পিন্ডি ও ইসলামাবাদে ফেডারের রাজধানী স্থানান্তরিত করিয়া জাতীয় সম্পদ হইতে তথায় শত শত কোটি টাকা ব্যয় করা হইতেছে। এমতাবস্থায় পার্লামেন্টারী শাসন ব্যবস্থায় পূর্ব পাকিস্তানীদের একমাত্র সান্ত্বনা ছিল যে, রাজনীতির ক্ষেত্রে অন্ততঃ তাঁদের সমান অধিকার রহিয়াছে এবং এই অধিকার প্রয়োগ করিয়া কালক্রমে তারাসকল বৈষম্য ও অবিচারের অবসান ঘটাইতে পারিবে। কিন্তু 'স্থিতিশীলতার' নাম করিয়া দেশে যদি এমনি ব্যবস্থা প্রবর্তন করা হয়, যাতে সকল রাষ্ট্রীয় ক্ষমতাও এক ব্যক্তির হস্তে এই একই অঞ্চলে কেন্দ্রীভূত হয়, তবে পূর্ব পাকিস্তানীদের সেই সান্ত্বনার পথটুকুও রুদ্ধ হইবে।

আর অর্থনৈতিক বৈষম্য দূর কার জন্য আমরা প্রস্তাব দিয়াছিলাম যে, পূর্ব পাকিস্তানের অর্থনীতি ক্ষেত্রে-বিশেষতঃ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রে স্বয়ংসম্পুর্ণ করিয়া গড়িয়া তোলার জন্য অতঃপর পূর্ব পাকিস্তানের অর্জিত বৈদেশিক মুদ্রাসহ তাদের নিজস্ব সম্পদকে পূর্ব পাকিস্তানের উন্নয়ন কার্যে নিয়োজিত করিবার সুযোগ দেওয়া হউক। বৈদেশিক কর্জ সম্পর্কে আমাদের প্রস্তাব ছিল যে, পূর্ব পাকিস্তান যে পরিমাণ বৈদেশিক লোন করিবে, সে তাহা সুদে-আসলে পরিশোধ করিবে। আমরা তখন মনে করিয়াছি যে, পূর্ব পাকিস্তানকে বৈষম্যের অভিশাপ হইতে সত্যিকারভাবে মুক্ত করিতে হইলে ইহাই ন্যূনতম কার্যকরী ব্যবস্থা। ইহার দ্বারা পাকিস্তানের অখন্ডত্ব বিপন্ন হইবার প্রশ্ন নাই; ইহার দ্বারা পশ্চিম পাকিস্তানের অর্থনীতির উপর হামলা করিবার প্রশ্ন নাই। বরং ইহা একটি উদার প্রস্তাব। কিন্তু যে মুষ্টিমেয় লোক দেশের গোটা সম্পদের উপর কর্তৃত্ব বিস্তার করিয়া বসিয়া আছেন, যারা পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সাধারণ মানুষের মঙ্গলামঙ্গল উপেক্ষা করিয়া নিজেদের কর্তৃত্ব ও ভোগ-বিলাসকেই প্রাধান্য দিয়া থাকেন, যারা পূর্ব পাকিস্তানকে তাদের মিল-কলে উৎপাদিত পণ্যের বাজার হিসাবে গণ্য করিতে চান, তারা এই প্রস্তাবকে বিকৃত করিবার চেষ্টা করিবেন জানি, কিন্তু আমাদের মনে কোন দুরভিসন্ধি নাই; বরং পূর্ব পাকিস্তানের প্রতি যে অবিচার করা হইয়াছে, তাহাও ভুলিয়া গিয়া পূর্ব পাকিস্তানের সম্পদ দ্বারা পূর্ব পাকিস্তানের উন্নয়ন বিধান করিয়া পাকিস্তানের উভয় অঞ্চলকে একইভাবে সুখী ও সমৃদ্ধিশালী করাই আমাদের লক্ষ্য।

সহজভাবে চিন্তা করিলে 'বাঙালী জাতিত্ব বোধ' অপরাধের কিছু নাই। বাঙালী, পাঞ্জাবী, পাঠান, সিন্ধী, বেলুচ মিলিয়াই পাকিস্তান। বাঙালী নিজেকে পাঠান বলিয়া জাহির করিলে কিংবা পাঞ্জাবী মুখে বাঙালী বলিলে তদ্বারা জাতীয় সংহতি গড়িয়া উঠে না; বরং উহা মোনাফিকেরই নামান্তর। পূর্ব পাকিস্তান পাকিস্তানের অংশবিশেষ। কিন্তু যে মাটি আমাদের ধারণ করিয়াছে, যে জলবায়ু সেবন করিয়া আমরা বাঁচিয়া আছি সেই মাটি, সেই দেশ, সেই মানুষকে ভুলিয়া কিংবা তার তরককীর প্রশ্ন বাদ দিয়া আমরা ভুয়া দেশপ্রেমিক সাজিতে চাই না। বাঙগালীর পাকিস্তান সংগ্রামে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করিয়াছে। বন্দুক-কামান বা কোন ব্যক্তিবিশেষের 'শক্তিশালী' নেতৃত্বে পাকিস্তান অর্জিত হয় নাই। মানুষ নিয়া দেশ। আর পাকিস্তানের শতকরা ৬৫ ভাগ অধিবাসী বাস করে এই পূর্ব বাংলায়। তাঁদের প্রতি সুবিচার এবং তাদের ন্যায্য অংশ দাবী করিলে যদি বিকৃত অর্থ

ইহাকে বাঙালী জাতিত্ব বলা হয়, তবে সেখানে আমরা নাচার। পাকিস্তানের সংহতির নামে মুষ্টিমেয় লোক তাদের ভাগ্য গড়িয়া তুলিবে, ইসলামাবাদের জৌলুস বৃদ্ধি পাইবে, আর আমরা তাকে গোটা পাকিস্তানের জৌলুস বলিয়া মানিয়া নিব, তাহা হইতে পারে না। আমরা দুনিয়াবাসীকে দেখাইয়াছি যে, পূর্ব পাকিস্তান সংখ্যাগরিষ্ঠ হইয়াও জাতীয় সংহতি এবং পাকিস্তানের তরককীর জন্য সংখ্যাসাম্য মানিয়া নিয়াছিল। যে আওয়ামী লীগের বিরুদ্ধে 'বাঙালী জাতীয়তাবাদী'' ভাবধারার এবং পাকিস্তানকে শক্তিশালী না করিবার অভিযোগ আনয়ন করা হইয়াছে, ফিল্ড মার্শাল আইয়ুবের অবগতির জন্য উল্লেখ করা দরাকর যে, তারাই পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্য সংখ্যাসাম্য নীতি সর্বাগ্রে মানিয়া নিয়াছিলেন। এবারেও আসন্ন নির্বাচনে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার সংগ্রামের নেতৃত্ব পূর্ব পাকিস্তানীরা মোহতারেমা মিস ফাতেমা জিন্নাহর উপর অর্পন করিয়াছেন। ইহার পরও আমাদের বিরুদ্ধে পাকিস্তানকে দুর্বল করিবার অভিযোগ আনয়ন করিলে তাকে উদ্দেশ্যমূলক ছাড়া আর কি বলা যাইতে পারে। মেষশাবককে ভক্ষণ করিতে হইলে অজুহাতের অন্ত কি! কিন্তু এই পথে কাহারও হালে পানি পাইবার উপায় নাই।

শিরোনাম	সূত্র	তারিখ
ইত্তেফাক পত্রিকার 'মিঠো-কড়া' শীর্ষক আরও একটি উপ-সম্পাদকীয়	দৈনিক 'ইত্তেফাক'	২০ এপ্রিল, ১৯৬৫

মিঠে-কড়া

ভিমরুল*

মূলধন গঠন, সরকারী উন্নয়ন ব্যয়, বৈদেশিক সাহায্য বণ্টন, বৈদেশিক মুদ্রা বন্টন, দেশরক্ষা ও প্রশাসনিক বিভাগে চাকুরী, সরকারী রাজস্ব বণ্টন, শিক্ষা সাংস্কৃতিক ক্ষেত্রে সরকারী আনুকূল্য ও সুযোগ-সুবিধা তথা জাতীয় জীবনের প্রতি ক্ষেত্রে পূর্ব পাকিস্তান অবিরাম কিভাবে বঞ্চিত হইয়া আসিতেছে, তাহা অধুনা বহুল আলোচনার বিষয়বস্তু। অতীতে প্রথম যখন এসব বৈষম্য বঞ্চনার কথা তোলা হয়, তখন অপরাঞ্চলের কায়েমী স্বার্থের মুখপাত্রগণ সরাসরি ইহার অস্তিত্ব অস্বীকার করিয়া 'প্রাদেশিকতা', 'আঞ্চলিকতা, 'দেশানুগত্যহীনতা' ইত্যাদি তিরস্কারের দ্বারা সমস্যাটি ধামাচাপা দেওয়ার চেষ্টা করেন। কিন্তু আগুনকে যেমন ছাই-চাপা দিয়া রাখা যায় না, তেমনি দুই অঞ্চলের গুরুতর বৈষম্যের বাস্তব সত্যকেও শেষ পর্যন্ত ঢাকা দেওয়া সম্ভব হয় নাই। ক্ষমতাসীন মহলের রক্তচক্ষু এবং রাজনৈতিক নির্যাতনের তাপ সহ্য করিয়াও জনগণ বিষয়টি তুলিয়া ধরিয়াছে। অবশেষে প্রধানতঃ কয়েকজন প্রখ্যাত অর্থনীতিবিদের সত্যানুসন্ধিৎসা ও বলিষ্ঠতার গুণেই সমস্যাটির প্রকৃত স্বরূপ পরিস্কারভাবে অনুধাবনযোগ্য হইয়া উঠে। আজ অবশ্য সরকারীভাবে সমস্যাটি স্বীকৃত এবং দায়িত্বশীল সরকারী মুখপাত্রগণও এ সমস্যার প্রতিবিধানকল্পে রীতিমতো মুখর।

কিন্তু ইত্যবসরে এ ব্যাপারে নূতনতর একটি কথা চালু করার চেষ্টা চলিতেছে। বলা হইতেছে যে, সরকার যখন সমস্যাটির কথা স্বীকার করিয়া লইয়াছেন এবং উহার প্রতিকারের সংকল্প প্রকাশ করিতেছেন, তখন এ বিষয়ে আলাপ-আলোচনা ও লেখালেখি বন্ধ হওয়া উচিত। কারণ, বিষয়টি অধিক আলোচনা নাকি দুই প্রদেশের মধ্যে তিক্ততা বাড়াইয়া তুলিবে এবং তার ফলে জাতীয় সংহতি ও ঐক্য বাধাগ্রস্ত হইবে। বলা বাহুল্য, অতীতে দুই প্রদেশের বৈষম্যের কথা উঠিলে যে মহলটি উহাকে 'প্রাদেশিকতা' ও 'আঞ্চলিকতা' বলিয়া চিৎকার জুড়িয়া দিত, সেই বিশেষ মহলটিই উপরোক্ত যুক্তিটির উদ্ভাবক। এই যুক্তি যে প্রকৃতপক্ষে সমস্যাটি হইতে দৃষ্টি সরাইয়া নিবার একটি কৌশল ছাড়া আর কিছুই নয় তাহা বলার অপেক্ষা রাখে না। কেননা, দুই প্রদেশের মধ্যে তিক্ততা যদি বৃদ্ধি পায়, তাহা হইলে উহা বৃদ্ধি পাইবে বৈষম্যের বাস্তব সমস্যাটিরই জন্য-তৎসংক্রান্ত আলোচনার জন্য নয়। সমস্যাটির প্রতিবিধান হইলে তিক্ততা বৃদ্ধির আশংকা বিদূরিত হইতে পারে। সমস্যাটি অক্ষত রাখিয়া তৎসংক্রান্ত আলোচনা বন্ধ করিয়া দিলে তিক্ততা কিভাবে দূর হইবে আমরা বুঝি না; বরং তদবস্থায় সন্দেহ সংশয় আরো বৃদ্ধিই পাইবে। তাই বারবার আমরা এ কথাই বলিয়া আসিয়াছি যে, তিক্ততার আসল কারণকে দূর করিতে হইবে, লক্ষণগুলিকে চাপা দেওয়ার চেষ্টা অর্থহীন।

দুই অঞ্চলের অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ সম্পর্কে সরকারী মহলের প্রতিশ্রুতির মাত্রা অধুনা বৃদ্ধি পাইলেও সত্যিকার কাজ ঠিক সেভাবে হইতেছে কিনা, বলা কঠিন। আগামী কুড়ি বৎসরের মধ্যে দুই অঞ্চলের মধ্যে সমতা প্রতিষ্ঠিত হইবে বলিয়া যে সব আশ্বাসবাণী উচ্চারিত হইতেছে, তৎসম্পর্কে সজ্ঞান মহলে আদৌ কোন আস্থার ভাব সৃষ্টি হইতেছে না।

* আহমেদুর রহমান (ভিমরুল)।

বরং প্লান-পরিকল্পনার অর্থ বরাদ্দ, শিল্প বাণিজ্যের গতি প্রকৃতি এবং দেশরক্ষা ও প্রশাসনিক বিভাগসমূহে লোক নিয়োগের বিশিষ্ট ধারার পরিপ্রেক্ষিতে অনেকের মনে এরূপ আশংকাই দেখা দিয়াছে যে, আগামী কুড়ি বৎসরে বৈষম্যের মাত্রা সংকুচিত হওয়ার পরিবর্তে প্রসারিতই হইবে। যাই হোক, এ সম্পর্কে আপাতত বিস্তৃত আলোচনায় না গিয়া সম্প্রতি প্রকাশিত একটি খবরের প্রতি আমাদের দৃষ্টি নিবন্ধ করিব।

বিদেশে অবস্থিত পাকিস্তানী দূতাবাস ও বাণিজ্য মিশণগুলিতে কর্মরত চাকুরীয়াদের ব্যাপারে একটি তুলনামূলক তথ্য উক্ত খবরে উল্লিখিত হইয়াছে। প্রকাশ, পৃথিবীর বিভিন্ন দেশে অবস্থিত পাকিস্তানী দুতাবাদ, কূটনৈতিক মিশন ও বাণিজ্য মিশনসমূহে কর্মচারীর সংখ্যা আঠার হাজারের কম নয়। এই আঠার হাজার কর্মচারীর মধ্যে পূর্ব পাকিস্তানীর সংখ্যা মাত্র তিনশত দশজন; অর্থাৎ শতকরা দুই জনেরও কম। উপরন্তু উক্ত কর্মাচরীর মধ্যেও উচ্চপদে অধিষ্ঠিত অফিসারের সংখ্যা নগণ্য, অধিকাংশ কেরানী, টাইপিষ্ট, রিসেপশনিষ্ট, বয়-বাবুর্চি ইত্যাদি।

পাকিস্তানের বৈদেশিক মিশনে পূর্ব পাকিস্তানীরা এই নিদারুন সংখ্যাল্পতা শুধু তথ্য হিসেবেই চমকপ্রদ নয়, ইহার তাৎপর্যও নানা দিক হইতে বিচার্য। পাকিস্তানের সরকারী রাজস্বের সিংহভাগ ব্যয়িত হয় দেশরক্ষা খাতে। দেশরক্ষার পরেই যে খাতে অধিক রাজস্ব ব্যয়িত হয় সেটা হইতেছে প্রশাসনিক বিভাগ। দেশরক্ষা বিভাগে পূর্ব পাকিস্তানীরা সংখ্যা কত তার সঠিক তথ্য জানা না থাকিলেও উহা যে তিন চার পার্সেন্টের বেশী নয় তাহা কোন কোন ভূতপূর্ব জাতীয় পরিষদ সদস্যের বক্তৃতাদি হইতে জানা গিয়াছে। প্রশাসনিক বিভাগেও পূর্ব পাকিস্তানীর সংখ্যা অন্য অঞ্চলের চাইতে অনেক কম। ১৯৬৪-৬৫ সালে পাকিস্তান সরকারের প্রশাসিনিক বিভাগে আটষট্টি কোটি টাকা ব্যয় বরাদ্ধ হয়। তার মধ্যে বত্রিশ কোটি টাকাই ব্যয়িত হয় পাকিস্তানের বৈদেশিক মিশনগুলির জন্য। শতকরা হিসেবে উহা দাঁড়ায় প্রশাসনিক বিভাগের জন্য বরাদ্দকৃত মোট অর্থের শতকরা সাতচল্লিশ ভাগ। অতএব দেখা যাইতেছে, সরকারের যে দুইটি বিভাগে সর্বাধিক রাজস্ব ব্যয়িত হয়, সে দুই বিভাগে পূর্ব পাকিস্তানীর নিদারুন সংখ্যাল্পতার দরুন প্রায় সমুদয় অর্থই এক অঞ্চলে থাকিয়া যায়। জনসাধারণের আয় বৃদ্ধির ক্ষেত্রে উপরোক্ত দুই বিভাগের খরচের যে প্রভাব, পূর্ব পাকিস্তানীরা তাহা হইতে প্রায় সম্পূর্ণরূপেই বঞ্চিত থাকিয়া যাইতেছে। পূর্ব পাকিস্তানীদের আর্থিক জীবনের পক্ষে যে ইহা খুব ক্ষতিকর তাহা বলার প্রয়োজন করে না।

কিন্তু এই দিকটি ছাড়াও আরো একটি গুরুত্বসম্পন্ন দিক আছে। পূর্ব পাকিস্তান দেশের অধিকাংশ অধিবাসীর আবাসস্থল। বহির্বিশ্বে পাকিস্তান, সম্পর্কে কোন ধারণা সৃষ্টি করিতে হইলে পূর্ব পাকিস্তানকে যথাযথ গুরুত্ব দেওয়া প্রয়োজন। কিন্তু বৈদেশিক মিশনগুলি যেভাবে পরিচালিত হইতেছে, তাহাতে অনিবার্যভাবেই দেশের পশ্চিমাঞ্চল পূর্বাঞ্চল অপেক্ষা বেশী প্রাধান্য পাইতেছে। পূর্ব পাকিস্তান সম্পর্কে অনেক বিদেশী রাষ্ট্রে যে ব্যাপক অজ্ঞতা বিদ্যমান, তার কারণ ইহাই। ফলে পাকিস্তান বলিতে বিদেশে মোটামুটি পশ্চিম পাকিস্তানকেই বোঝাইয়া থাকে। একটি জাতি সম্পর্কে এরূপ খন্ডিত ধারণা যে সে জাতির জন্য কতটা ক্ষতিকর, তাহা ব্যাখ্যা করিয়া বলার দরকার পড়ে? এই কারণেই অতীতে আমরা বহুবার বলিয়াছি যে, পাকিস্তানের, বৈদেশিক মিশনগুলি পুনর্গঠন করিয়া উহাতে পূর্ব পাকিস্তানের ন্যায়সংগত প্রতিনিধিত্বের ব্যবস্থা করা দরকার। কিন্তু পরিতাপের বিষয়, কর্তৃপক্ষের কার্যকলাপে সেরূপ কোন উদ্যোগই পরিলক্ষিত হইতেছে না। পূর্ব পাকিস্তান অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রে যে বৈষম্য নীতির শিকার, বৈদেশিক মিশনের চাকুরী বৈষম্য সেই বৃহত্তর বঞ্চনারই অঙ্গ। এই বাস্তব সমস্যার সমাধান না হইলে এ সম্পর্কে কথাবার্তা বন্ধ করিয়া দিয়া কিভাবে দুই প্রদেশের তিক্ততা দূর করা যাইবে, আমরা অন্তত তাহা বুঝিতে পারি না।

শিরোনাম	সূত্র	তারিখ
অবিলম্বে ক্ষমতা হস্তান্তরের আহবান সম্বলিত ঢাকার বিভিন্ন দৈনিক 'আর সময় নাই' শিরোনামে প্রকাশিত যৌথ সম্পাদকীয়	ইত্তেফাক ও পাকিস্তান অবজার্ভার	১৪ মার্চ, ১৯৭১

আর সময় নাই

ইত্তেফাক, ১৪ মার্চ ১৯৭১

আমরা ঢাকার সংবাদপত্রসমূহ দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, আজ সিদ্ধান্ত গ্রহণের দিন আসিয়াছে এবং এই মুহূর্তে একবাক্যে একসুরে কয়েকটি কথা বলা আমাদের অবশ্য কর্তব্য হইয়া দাঁড়াইয়াছে। তেইশ বৎসরের ইতিহাসে জাতি আজ চরমতম সংকটে নিপতিত। দেশবাসীর আশা-আকাঙ্ক্ষা অনুযায়ী গণতান্ত্রিক জীবনপদ্ধতি কায়েমের আশায় সমগ্র দেশ জীবনের সর্বপ্রথম সাধারণ নির্বাচনে শরিক হওয়ার পর দেশের আজ এই অবস্থা জনগণই দেশের সার্বভৌম ক্ষমতার অধিকারী; দেশের প্রশাসনিক কাঠামো কি হইবে, কি ধরনের সরকারইবা কায়েম হইবে তা নির্ধারণের ক্ষমতার অধিকারী কেবল তাদের নির্বাচিত প্রতিনিধিরাই। গণতন্ত্রে যদি বিশ্বাস থাকে, তাহা হইলে দেশের আইন-কানুন প্রণয়ন বা রাষ্ট্র পরিচালনার ব্যাপারে জনগণের প্রতিনিধিদের এই অধিকার কেহ অস্বীকার করিতে পারেন না। এটা একটিা মৌলিক রাজনৈতিক প্রতিপাদ্য বটে। ক্ষমতায় যাহারা আজ সমাসীন আর ক্ষমতাসীনদের সহিত কানাকানি করার সুযোগ যাহাদের আছে তাঁহাদের ব্যর্থতাই দেশের রাজনৈতিক পরিস্থিতির অবণতির কারণ। বহিরাক্রমণ হইতে দেশের সীমান্ত রক্ষাই হইল সামরিক বাহিনীর কাজ। রাজনৈতিক বিতর্কে হস্তক্ষেপ বা পক্ষ গ্রহণ করা তাহাদের কোন দায়িত্বের আওতায় আসে না।

জনগণের সংগ্রাম যাতে অহিংসা পথেই পরিচালিত হয় সেদিকে লক্ষ্য রাখিতে শেখ মুজিবুর রহমান ও তার দল প্রতিশ্রুতিবদ্ধ। তাঁহাদের হস্ত শক্তিশালী করাই আজ প্রয়োজন।

দেশের দুই অংশের মধ্যে ভবিষ্যৎ সম্পর্ক কি হইবে, তা নির্ধারণের দায়িত্ব দেশবাসী জনসাধারণ ও তাহাদের নির্বাচিত প্রতিনিধিদের।

আমরা মনে করি আজ সময় আসিয়াছে যখন প্রেসিডেন্ট ইয়াহিয়া খানকে রাজনৈতিক জীবনের এই বাস্তব সত্যগুলি স্বীকার করিয়া লইতে হইবে। আমাদের বিচারে প্রেসিডেন্ট ইয়াহিয়ার উচিত দেশের বুক হইতে সামরিক আইন তুলিয়া লইয়া অবিলম্বে দলের নেতা শেখ মুজিবুর রহমানের সহিত একটি মীমাংসায় উপনীত হওয়া যাহার ফলশ্রুতিতে জনগণের প্রতিনিধিদের নিকট ক্ষমতা হস্তান্তরিত হয়।

TIME IS RUNNING OUT

THE PAKISTAN OBSERVER, March 14, 1971

We the daily newspapers of Dacca firmly believe that this is the time for decision and it is our bounded duty to speak with a common voice at this hour.

We are in the midst of the greatest crisis in our twenty-three years history. And this after the first over general elections in which the whole country participated in expectation of the fulfillment of its desire and demand for mitigation of a democratic system. The people are sovereign and their representatives have the system of government. One must recognize, if one is a believer in democracy, this right of the peoples representatives to make the laws and govern the country. This is a fundamental political question. The situation has become abnormal owing to the failure on the part of those in power and those who have access to the ears of power.

The armed forces are for defending the borders of the country against external aggressing. It is not their function to interfere in political controversy or take sides. Sheikh Mujibur Rahman and his party are pledged to see that the peoples struggle remain on the non violent plane and their hands have to be strengthened.

It is for the people and their representatives to decide what will be the future relationship between the two wings of the country.

We believe the time has come for President Yahya Khan lift Martial Law and reach a settlement immediately with Sheikh Mujibur Rahman, the leader of the majority party, so that power is transferred to the representatives of the people.

শিরোনাম	সূত্র	তারিখ
ঢাকায় প্রকাশিত বিভিন্ন পত্র-পত্রিকায় বাংলাদেশের অসহযোগ আন্দোলনের চিত্র	ইত্তেফাক, সংবাদ, পূর্বদেশ, দৈনিক পাকিস্তান, আজাদ, Monring News	১-২৫ মার্চ, ১৯৭১

ইত্তেফাক

বিক্ষুব্ধ নগরীর ভয়াল গর্জন-আমি শেখ মুজিব বলছি	মার্চ ৩, ১৯৭১
দিনের ঢাকায় হরতালঃ রাত্রির রাজধানীতেঃ ৬ই পর্যন্ত সারা প্রদেশে কারফিউ ভঙ্গ হরতাল।	মার্চ ৩, ১৯৭১
রাজধানীতে পোস্তগোলার শ্রমিকদের বিরাট মিছিল	মার্চ ৩, ১৯৭১
বেতার-টেলিভিশন বর্জনের সিদ্ধান্তঃ প্রদেশের বিশজন বিশিষ্ট শিল্পীর যুক্ত বিবৃতি	মার্চ ৫, ১৯৭১
টঙ্গীতে গুলিবর্ষণে ৪ জন নিহত, ২৫ জন আহত	মার্চ ৬, ১৯৭১
চট্টগ্রামে ১৩৮ জন নিহতঃ ছাত্রলীদের শোক মিছিল	,,
ছাত্রলীগের শোক মিছিল	,,
ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের জরুরী সভায় ''স্বাধীন বাংলাদেশ'' ঘোষণার প্রস্তাব অনুমোদন	মার্চ ১০, ১৯৭১
স্বাধিকার সংগ্রাম ও দায়িত্ব (সম্পাদকীয়)	মার্চ ১১, ১৯৭১
মুক্তি আন্দোলনে শ্রমিক সমাজের দায়িত্ব। জাতীয় শ্রমিক লীগের জরুরী সভায় সংগ্রাম পরিষদ গঠন।	মার্চ ১১, ১৯৭১
আগাম২২৩শে মার্চ 'প্রতিরোধ দিবস' পালনের আহবানঃ স্বাধীন বাংলা কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ কর্তৃক কর্মসূচী ঘোষণা	মার্চ ১৮, ১৯৭১
জয়দেবপুরে বিরামহীন সান্ধ্য আইন অব্যাহত	মার্চ ১৯, ১৯৭১
স্বাধীন বাংলা কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের নির্দেশ	মার্চ ১৯, ১৯৭১
কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ আহূত প্রতিরোধ দিবসের কর্মসূচী	মার্চ ২২, ১৯৭১
'আজ থেকে আমরা আর প্রাক্তন নই-' নেতা ও জনতার সহিত একাত্মতা ঘোষণা প্রসঙ্গে অবসরপ্রাপ্ত সৈনিক, নাবিক ও বৈমানিক	মার্চ ২২, ১৯৭১
এবারের ২৩শে মার্চ (সম্পাদকীয়)	মার্চ ২৩, ১৯৭১
'৭১-এর ২৩শে মার্চের সুরঃ আমরা শুনেছি ঐ, মাভেঃ মাভৈঃ মাভৈঃ (স্টাফ রিপোর্টার	মার্চ ২৪, ১৯৭১
টেলিভিশনে ধর্মঘটঃ অবিলম্বে সামিরক প্রহরীদের প্রত্যাহার দাবী	মার্চ ২৫, ১৯৭১

সংবাদ

অধিবেশন স্থগিতঃ নেতৃবৃন্দের প্রতিবাদ	মার্চ ২, ১৯৭১
আজ জাতীয় শোক দিবস (শেখ মুজিবের আহবান)	মার্চ ৩, ১৯৭১

ন্যাপের ডাকে পল্টনে বিশাল জনসভা-দৃঢ় প্রত্যয় ও শৃংখলাসহ গণ-সংগ্রামকে বাঞ্ছিত লক্ষ্যে পৌঁছাইয়া দিন।	মার্চ ৩, ১৯৭১
বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে বিরাট সমাবেশ	মার্চ ৩, ১৯৭১
নিহতের সংখ্যা ২৫-এ উন্নীত, আহত ১৩৩ জনকে হাসপাতালে ভর্তি	মার্চ ৪, ১৯৭১
শহীদ মিনারে ছাত্র ইউনিয়নের সভাঃ যুক্তফ্রন্ট গঠন করিয়া সংগ্রাম পরিচালনার ডাক	মার্চ ৪, ১৯৭১
শহীদ মিনারে ছাত্র ইউয়িনের জনসভাঃ রক্তপাত ঘটাইয়া বাংলার মানুষের মুক্তি সংগ্রাম স্তব্ধ করা যাইবে না	মার্চ ৬, ১৯৭১
মুক্তিসংগ্রামে যে কোনদলের সহিত শরিক হইতে প্রস্তুতঃ ভাসানী	মার্চ ৬, ১৯৭১
গুলিতে ৭ জন নিহতঃ ৩০ জন আহতঃ কেন্দ্রীয় কারাগার ভাঙ্গিয়া ৩২৫ জন কয়েদীর পলায়ন	মার্চ ৭, ১৯৭১
ন্যাপের জনসভায় অধ্যাপক মোজাফফর আহমদঃ মুক্তির জন্য যে কোন ত্যাগ স্বীকারে প্রস্তুত।	মার্চ ৭, ১৯৭১
বীর জনগণের প্রতি অভিনন্দন (সম্পাদকীয়)	মার্চ ৭, ১৯৭১
পল্টনে জাতীয় লীগের জনসভাঃ সংগ্রাম অব্যাহত রাখার আহবান	মার্চ ৭, ১৯৭১
কৃষক সমিতির প্রতি ১৮ জন কৃষক নেতাঃ গ্রামে গ্রামে গণসংগ্রাম কমিটি গঠনের নির্দেশ	মার্চ ৭, ১৯৭১
ছাত্রলীগের মশাল মিছিল	মার্চ ৭, ১৯৭১
উদীচীর গণসমাবেশ	মার্চ ৭, ১৯৭১
কর্মচারীদের কাজ বর্জনঃ ঢাকা বেতার ও টেলিভিশন কেন্দ্র বন্ধ	মার্চ ৮, ১৯৭১
২৫ তারিখের মধ্যে না দিলে মুজিবের সঙ্গে একযোগে আন্দোলন করিবঃ ভাসানী (পলটনে অনুষ্ঠিত জনসভা)	মার্চ ৮, ১৯৭১
পুলিশের সহিত গুলি বিনিময়ে ২৯ জন আহতঃ ১ জন নিহতঃ নারায়ণগঞ্জে জেল ভাঙ্গিয়া ৪০ জন কয়েদী পলায়ন	মার্চ ১১, ১৯৭১
স্বাধিকার আদায় সংগ্রামে ছাত্র ইউনিয়নে পথসভা ও গণসঙ্গীত স্কোয়াড	মার্চ ১১, ১৯৭১
বিশ্ববাসীর প্রতি আহবানঃ বাঙালীর মুক্তি সংগ্রামে সমর্থন করুন (বিশ্ববিদ্যালয় ক্লাবে শিক্ষক সমিতির সভা)	মার্চ ১২, ১৯৭১
বগুড়ায় ৮ জন হতাহতঃ ২৭ জনের পলায়নঃ কয়েদীর জেল ভাঙ্গার হিড়িকের অন্তরালে কি?	মার্চ ১৩, ১৯৭১
কোকাপেপের বিক্ষোভ মিছিলঃ সংগ্রাম অব্যাহত রাখার সংকল্প ঘোষণা। (সরকার, আধা সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কর্মচারী)	মার্চ ১৪, ১৯৭১
মুজিবের দাবীর সহিত সম্পূর্ণ একমতঃ ওয়ালী -আজ শেখ মুজিবের সহিত বৈঠক	মার্চ ১৪, ১৯৭১
বাংলাদেশ সম্পূর্ণ স্বাধীন-শ্লোগানের প্রয়োজন নেইঃ ভাসানী	মার্চ ১৪, ১৯৭১
ছাত্র ইউনিয়নের মশাল মিছিলঃ শোষণমুক্ত স্বাধীন বাংলা কায়েম কর	মার্চ ১৫, ১৯৭১
বিক্ষুব্ধ শিল্পী সংগ্রাম পরিষদঃ জনতার সংগ্রাম চলবে-	মার্চ ১৬, ১৯৭১

আওয়ামী লীগ সাহায্য তহবিলে বিভিন্ন সংস্থার চাঁদা	মার্চ ১৬, ১৯৭১
মহিলাদের কুচকাওয়াজ	মার্চ ১৭, ১৯৭১
বিক্ষুব্ধ শিল্পী সমাজঃ শহীদ মিনারে গণনাট্য পরিবেশন	মার্চ ১৭, ১৯৭১
মওলানা ভাসানী কর্তৃক স্বাধীন পূর্ব বাংলা দিবস পালনের আহবান	মার্চ ১৮, ১৯৭১
অগ্রসর ! সংগ্রামী জনগণ !! (সম্পাদকীয়)	মার্চ ২১, ১৯৭১
গ্রামবাংলাকে সংগঠিত করা দরকার (উপ-সম্পাদকীয়)	মার্চ ২১, ১৯৭১
ভুট্টো বিরোধী বিক্ষোভ	মার্চ ২৩, ১৯৭১
২৩শে মার্চ-আত্মজিজ্ঞাসার দিন (সম্পাদকীয়)	মার্চ ২৩, ১৯৭১
ছাত্র ইউনিয়নের ডাকে বিরাট জনসভাঃ বাংলার মানুষ কোন আপোস মানিবে না (ঢাকার শহীদ মিনার প্রাঙ্গণে)	
অসহনীয় নিশ্চয়তা (সম্পাদকীয়)	মার্চ ২৪, ১৯৭১
প্রতিরোধ দিবস পালনের জন্য জনগণের প্রতি ছাত্র সংগ্রাম পরিষদের অভিনন্দন	মার্চ ২৫, ১৯৭১
অনির্দিষ্টকাল অপেক্ষা করা চলবে নাঃ তাজউদ্দীন আহমেদ	মার্চ ২৫, ১৯৭১
	মার্চ ২৫, ১৯৭১

পূর্বদেশ

শহীদ মিনারে ওয়ালী ন্যাপের জনসভাঃ পূর্ব বাংলার দাবী প্রতিষ্ঠিত না হলে জনগণ নিজস্ব পথ বেছে নেবে	মার্চ ১, ১৯৭১
অধিবেশন অনির্দিষ্ট কাল স্থগিতঃ হরতাল, বিক্ষোভ	মার্চ ২, ১৯৭১
ঢাকায় ৬৮ জন আহত	মার্চ ২, ১৯৭১
দিনে রাতে মিছিল আর মিছিল	মার্চ ৩, ১৯৭১
বিক্ষুব্ধ পূর্ব বাংলা	মার্চ ৩, ১৯৭১
ঢাকা ও চট্টগ্রামে ১১৩ জন নিহত, বহু আহত	মার্চ ৪, ১৯৭১
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২৮ জন শিক্ষকের অভিযোগঃ দেশের বর্তমান পরিস্থিতির জন্য শোষক শ্রেণীই দায়ী	মার্চ ৪, ১৯৭১
সাংবাদিক ইউনিয়নের দাবীঃ অবিলম্বে সামরিক শাসন প্রত্যাহার করুন	মার্চ ৫, ১৯৭১
শোষক শ্রেণীই দায়ী	মার্চ ৬, ১৯৭১
সাংবাদিক ইউনিয়নের দাবীঃ অবিলম্বে সামরিক শাসন প্রত্যাহার করুন	মার্চ ৬, ১৯৭১
হরতালের ৪র্থ দিনঃ টঙ্গীতে গুলিবর্ষণ	মার্চ ৯, ১৯৭১
স্বাধিকারের দাবীতে শিল্পী, সাংবাদিক ও মা-বোনেরা	মার্চ ৯, ১৯৭১
কালো পতাকার শহর	মার্চ ১০, ১৯৭১
শিল্পীদের কর্মসূচী ঘোষণা	মার্চ ১২, ১৯৭১
চিকিৎসকদের সমর্থন	
শহীদ রিলিফ তহবিলে সাহায্য আসছে	

স্বাধিকার সংগ্রামের প্রতি সিএসপি/ইপসিএস-দের সমর্থন	মার্চ ১৩, ১৯৭১
মহিলাদের পথসভাঃ দীর্ঘস্থায়ী সংগ্রামের আহবান	মার্চ ১৭, ১৯৭১
সামরিক আইন প্রত্যাহার করে ক্ষমতা হস্তানরে কোন আইনগত বাধা নেই (ঢাকা হাইকোর্টের আইনজীবগিণের অভিমত)	মার্চ ১৭, ১৯৭১
শিল্পীর তুলি বন্দুকের চেয়েও তীক্ষ্ণ (চারু ও কারু শিল্প সংগ্রাম পরিষদের সভা)	মার্চ ১৭, ১৯৭১
মেকিক্যাল কর্মচারীদের জঙ্গী মিছিল	মার্চ ১৮, ১৯৭১
ছাত্র ইউনিযন প্রথম সভা ও মিছিল	মার্চ ২০, ১৯৭১
ছাত্র ইউনিযন প্রথম শিক্ষা শিবির সমাপ্ত	মার্চ ২১, ১৯৭১
প্রাক্তন সৈনিকরা একাত্নতা ঘোসণা করেছেন	মার্চ ২৩, ১৯৭১
প্রতিরোধ দিবসে ছাত্র ও শ্রমিক সংগ্রাম পরিষদ	মার্চ ২৫, ১৯৭১
চট্টগ্রাম বন্দর জনতা ঘিরে রেখেছে	মার্চ ২৫, ১৯৭১
স্বাধীনতা আন্দোলনে কচিকাঁচার মেলাও এগিয়ে এসেছে	মার্চ ২৫, ১৯৭১

দৈনিক পাকিস্তান

পূর্ব বাংলার নেতৃবৃন্দের প্রতিবাদ	মার্চ ২, ১৯৭১
বিক্ষুব্ধ ছাত্রসমাজ	মার্চ ২, ১৯৭১
অধিবেশন স্থগিত (সম্পাদকীয়)	মার্চ ২, ১৯৭১
উত্তেজনাপূর্ণ সমাপ্তির মুখে তীব্র বিক্ষোভের ফলে খেলা বন্ধ	মার্চ ২, ১৯৭১
এপসু'র সবাঃ এ সংগ্রাম কেউ রুখতে পারবে না	মার্চ ৪, ১৯৭১
লাশের সারি-কান্নার মিছিল (মেডিকেল কলেজ রিপোর্টার)	মার্চ ৪, ১৯৭১
ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের বিবৃতি	মার্চ ৪, ১৯৭১
আহতদের বাঁচান (সম্পাদকীয়)	মার্চ ৫, ১৯৭১
আওয়ামী লীগ মহিলা শাখার ডাক	মার্চ ৫, ১৯৭১
বাংলা ছাড়ো (কবিতাঃ সিকানদার আবু জাফর)	মার্চ ৭, ১৯৭১
আর দেরী নয় (সম্পাদকীয়)	মার্চ ১০, ১৯৭১
লেখক, পটুয়া ও শিল্পীদের কর্মসূচী	মার্চ ১৩, ১৯৭১
আর সময় নেই (যৌথ সম্পাদকীয়)	মার্চ ১৪, ১৯৭১
ছাত্র সংগ্রাম পরিষদের নির্দেশ	মার্চ ১৫, ১৯৭১
আমেরিকা, চীন, রাশিয়া ও ইরানের প্রতি ছাত্র সংগ্রাম পরিষদ	মার্চ ১৯, ১৯৭১
ইপিইউজে'র নির্দেশঃ জবরদস্তির মুখেও সাংবাদিকরা বাহুর ব্যাজ খুলবে না	মার্চ২৫, ১৯৭১

আজাদ

কর্তৃপক্ষের প্রতি আতাউর রহমান-হত্যা ও গুলিবর্ষণ বন্ধের আবেদন	মার্চ ৭, ১৯৭১
এয়ারওয়েজ এমপ্লয়িজ ইউনিয়নের সিদ্ধান্ত	মার্চ ৮, ১৯৭১
জাতীয় সরকার গঠনের আহবানঃ আতাউর রহমান	মার্চ ১০, ১৯৭১
শেখ মুজিবের দাবী ন্যায়সংগত ও ন্যূনতম -আসগর খান	মার্চ ১০, ১৯৭১
ইউনিয়ন পর্যায়ে সংগ্রাম পরিষদ গঠনের নির্দেশ	মার্চ ১৩, ১৯৭১
আওয়ামী লীগ তহবিলে চাঁদা দাতাদের তালিকা	মার্চ ১৪, ১৯৭১
স্বাধীনতা সংগ্রামে শিল্পীদের তুলিও আজ হাতিয়ার	মার্চ ১৮, ১৯৭১
তদন্ত কমিশন প্রত্যাখ্যান	মার্চ ১৯, ১৯৭১
শীতলক্ষ্যার বুকে জাহাজ মিছিল	মার্চ ২২, ১৯৭১
মুকুল মেলার সাহিত্য সভা	মার্চ ২২, ১৯৭১
স্বাধীনতার প্রতি সমর্থন	মার্চ ২৫, ১৯৭১
মুক্তিসংগ্রামে একাত্মতাঃ ইস্টার্ণ মার্কেন্টাইল ব্যাংক কর্মচারীদের মিছিল	মার্চ ২৪, ১৯৭১
সংবাদপত্র হকারদের গণসামবেশঃ বাঙালীরা যে কোন মূল্যে স্বাধীনতা অর্জন করিবে	মার্চ ২৫, ১৯৭১

Morning News

Slogans break calm of night	March 4, 1971
Mujib visits injured in Hospital	March 4.
A.L. Peace Committees formed	March 5.
Challenge of times (Editorial)	March 5.
Fundamental Issues	March 4.
Official version: 172 Killed, 358 hurt	March 8.
Medical Centre opened at D.M.C.H.	March 8.
Call for United Movement (S.L. DUCSU)	March 9.
Resolution : NAP (Bhashani)	March 10.
Conditions	March 10.
Press workers pledge solidarity with current movement	March 14.
Zainul Abedin renounces Tamgha	March 17.
Shilpee Sangram Parishad meets	March 16.
Parade form today	March 17.
Bikahubdha Shilpee Samaj	March 17.
Chru-O-Karu Shilpee Sangram Parishad	March 17.
Mujib's 53rd birthday observed	March 18.

I will shed last drop of blood for people-Says Mujib	March 18.
Ex-Servicemen to hold rally tomorrow	March 21.
Doctor’s plea to maintain harmony	March 21.
Teachers demand transfer of power	March 21.
UK. USSR mission hoist Bangladesh Flag	March 24.
Dacca turns into a city of processions	March 25.
(Full support) Girl Guides’ Association	March 25.
SBKCSP hails people for active response	March 25.
Bangladesh Flag hoisted on Govt. House	March 25.

শিরোনাম	সূত্র	তারিখ
ঢাকায় বিভিন্ন দল ও সংগঠনের অসহযোগ আন্দোলনকালীন কর্মসূচী	'দৈনিক পাকিস্তান' 'সংবাদ' ও 'আজাদ'	২-১৫ মার্চ, ১৯৭১

আজকের কর্মসূচী মার্চ ২, ১৯৭১ দৈনিক পাকিস্তান

(স্টাফ রিপোর্টার)

জাতীয় পরিষদের অধিবেশন মূলতবী ঘোষণার প্রতিবাদে আজ মঙ্গলবার ঢাকা শহরে হরতাল পালিত হচ্ছে। এই হরতাল উপলক্ষে বিভিন্ন সংস্থা যে কর্মসূচী নিয়েছে তা নীচে উল্লেখ করা হলোঃ

- সকাল ১১টায় বিশ্ববিদ্যালয় বটতলায় ছাত্র সমাবেশ ও পরে মিছিল।
- বিকেল সাড়ে তিনটায় পল্টন ময়দানে ওয়ালী ন্যাপের জনসভা।
- বিকেল সাড়ে তিনটায় বায়তুল মোকাররমে জাতীয় লীগের জনসমাবেশ। জনাব আতাউর রহমান খান, জনাব শাহ আজিজুর রহমান, মিসেস আমিনা বেগম প্রমুখ বতৃতা করবেন।
- বিকেল ৫টায় বায়তুল মোকাররমে ইসলামী ছাত্রসংঘের গণজমায়েত।

আজকের কর্মসূচী মার্চ ৩, ১৯৭১ দৈনিক পাকিস্তান

(স্টাফ রিপোর্টার)

আজ ৩রা মার্চ বুধবার। আজ নবনির্বাচিত জাতীয় পরিষদের অধিবেশন শুরুর যে কথা ছিল তা স্থগিত রাখা হয়েছে। এবং এর প্রতিবাদে বঙ্গবন্ধুর আহবানে আজ সারা বাংলায় হরতাল পালিত হচ্ছে। ভোর ৬টা থেকে বেলা ২টা পর্যন্ত এই হরতাল।

আজ বিভিন্ন সংস্থা যে কর্মসূচী নিয়েছে তা নীচে দেয়া হলোঃ

- আজ জাতীয় শোক দিবস।
- সকাল ৬টা থেকে বেলা ২টা পর্যন্ত হরতাল।
- সকাল ১১টায় পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের উদ্যোগে জনসভা।
- বেলা ৪টায় পল্টন ময়দান থেকে মিছিল বেরুবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নিজে এই মিছিলের নেতৃত্ব করবেন।

আজকের কর্মসূচী মার্চ ৪, ১৯৭১ দৈনিক পাকিস্তান

(স্টাফ রিপোর্টার)

আজ ৪ঠা মার্চ। বৃহস্পতিবার। আজ বঙ্গবন্ধুর আহবানে সারা বাংলায় ভোর ৬টা থেকে দুপুর দুটা পর্যন্ত হরতাল পালিত হচ্ছে।

আজ বিভিন্ন সংস্থা যে কর্মসূচী নিয়েছে তা নীচে দেয়া হলোঃ

- কেন্দ্রীয় শহীদ মিনারে বেলা ১১টায় পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের জনসভা।

- কেন্দ্রীয় শহীদ মিনারে বেলা ১০টায় বাংলা ছাত্রলীগের ছাত্রসভা।
- সমাজবাদী ছাত্র জোটের উদ্যোগে বেলা ১১ টায় বিশ্ববিদ্যালয় বটতলায় ছাত্রসভা।
- বেলা চারটায় বায়তুল মোকাররম থেকে মজদুর ফেডারেশনের মিছিল।

আজকের কর্মসূচী মার্চ ৫, ১৯৭১ দৈনিক পাকিস্তান

(স্টাফ রিপোর্টার)

আজ ৫ই মার্চ। শুক্রবার। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আহূত হরতালের চতুর্থ দিন। আজকের দিনের জন্য বিভিন্ন সংস্থা যে কর্মসূচী নিয়েছে তা নীচে দেয়া হলোঃ

- সকাল ১১টায় ছাত্র ইউনিয়নের উদ্যোগে শহীদ মিনারে গণসমাবেশ।
- সকাল ১০টায় প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতিবাদ সভা ও মিছিল।
- সকাল ৯টায় তাজ জুট বেলিং শ্রমিক ইউনিয়নের উদ্যোগে মিল সংলগ্ন মাঠে গায়েবানা জানাজা।
- সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয় বটতলায় বাংলা ছাত্রলীগের উদ্যোগে ছাত্র জনসভা ও পরে মিছিল।
- দুপুরে মজজিদে মন্দিরে বাঙালীর মুক্তির জন্য বিশেষ মোনাজাত ও প্রার্থনা এবং বেলা ২টায় বায়তুল মোকাররম থেকে পূর্ব পাকিস্তান ছাত্র লীগের লাঠিমিছিল। জাতীয় শ্রমিক লীগও এই কর্মসূচীর প্রতি সমর্থন জানিয়েছে।
- বিকেল ৪টায় লেখক সংঘের আলোচনা সভা ও সভা শেষে লেখকদের বিক্ষোভ মিছিল।
- বিকেল ৩টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে খিলগাঁও জমি বণ্টন সংগ্রাম কমিটির উদ্যোগে জনসভা।

আজকের কর্মসূচী মার্চ ৬ই, ১৯৭১ দৈনিক পাকিস্তান

(স্টাফ রিপোর্টার)

আজ ৬ই মার্চ। শনিবার। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আহূত হরতালের আজ ৫ম দিন। আজ ভোর ৬টা থেকে বেলা ২টা পর্যন্ত সারা দেশে হরতাল পালিত হবে।

এছাড়া অন্যান্য বিভিন্ন সংস্থা আজ যেসব কর্মসূচী নিয়েছে তা নীচে দেয়া হলোঃ

- সকাল ১০ টায় ন্যাশনাল আওয়ামী পার্টির (ওয়ালী) প্রতিবাদ সভা নিউমার্কেটের সামনে।
- সকাল ১০ টায় উদীচী শিল্পী গোষ্ঠীর সামবেশ ও মিছিল বায়তুল মোকাররম থেকে
- দশটায় নিউমার্কেটের মোড়ে ঢাকা মোটরকার ড্রাইভার্স ইউনিয়নের উদ্যোগে জনসভা।
- বেলা এগারটায় বাংলা ছাত্রীলীগের উদ্যোগে জনসমাবেশ। বায়তুল মোকাররমে।
- বেলা ২টায় এয়ারপোর্ট রোড থেকে বাংলাদেশের বিমান শ্রমিক ইউনিয়নের মিছিল।
- বেলা আড়াইটায় বাংলা একাডেমী প্রাঙ্গণে বেতার, টিভি, চলচ্চিত্র শিল্পী ও বাংলার পটুয়াদের সভা।
- বিকেল তিনটায় প্রেসক্লাব থেকে পূর্ব পাকিস্তান সাংবাদিক ইউনিয়নের মিছিল ও বায়তুল মোকাররমে সভা।

- বিকেল তিনটায় পল্টন ময়দানে বাংলা জাতীয় লীগের উদ্যোগে জনসভা।
- বিকেল তিনটায় আওয়ামী লীগের মহিলা শাখার উদ্যোগে মহিলা সমাবেশ। বায়তুল মোকাররমে।
- বিকেল ৪টায় পূর্ব পাকিস্তান শিক্ষক সমিতির উদ্যোগে শিক্ষক-শিক্ষিকার শপথ গ্রহণ। শহীদ মিনারে।
- বিকেল ৫টায় আওয়ামী লীগে স্বেচ্ছাসেবক বাহিনীর সংগঠকদের সভা। আওয়ামী লীগ কার্যালয়ে।
- সন্ধ্যে ৬টায় বায়তুল মোকাররম থেকে পূর্ব পাকিস্তান ছাত্রলীগের মশাল মিছিল।

আজ রেসকোর্সে শেখ মুজিবের ভাষণ — ৭ই মার্চ, ১৯৭১ — সংবাদ

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ বেলা ২ ঘটিকায় আওয়ামী লীগ প্রধান শেখ মুজিবুর রহমান রেসকোর্স ময়দানে এক জনসভায় বতৃতা করিবেন। জনসভায় শেখ সাহেব গতকল্যকার প্রেসিডেন্টের বেতার ভাষণের প্রতিক্রিয়া প্রকাশ করিবেন বলিয়া আশা করা যাইতেছে।

আজকের কর্মসূচী — ৯ই মার্চ, ১৯৭১ — সংবাদ

আজ মওলানা ভাসানীর জনসভা

(স্টাফ রিপোর্টার)

বাংলার মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানী আজ মঙ্গলবার বেলা তিনটার ঐতিহাসিক পল্টন ময়দানে সংগ্রামী জনতার উদ্দেশ্যে ভাষণ দান করিবেন।

'স্বাধীন বাংলা আন্দোলন সমন্বয় কমিটির উদ্যোগে আহূত এই জনসভায় বতৃতা করিবেন জনাব আতাউর রহমান খান, জনাব মশিউর রহমান ও শাহ আজিজুর রহমান।

আজকের কর্মসূচী — ১০ই মার্চ, ১৯৭১ — দৈনিক পাকিস্তান

(স্টাফ রিপোর্টার)

- পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের উদ্যোগে বিকের ৪টায় শহীদ মিনার থেকে পথসভা শুরু হবে।
- বিকেলা ৫টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে ফরোয়ার্ড ষ্টুডেন্টস ব্লকের উদ্যোগে ছাত্র জনসভা।
- লেখক শিল্পী মুক্তি সংগ্রাম পরিষদের উদ্যোগে বিক্ষোভ মিছিল। বিকেল চারটায় বায়তুল মোকাররম প্রাঙ্গণ থেকে শুরু এবং শহীদ মিনারে গিয়ে মিছিল শেষ। এরপর শহীদ মিনারে সভা, কবিতা পাঠ ও গণ সঙ্গীতের আসর।
- বিকেল পাঁচটায় ঢাকা বিশ্ববিদ্যালয় টিচার্স ক্লাবে ফেডারেশন অব দি সার্ভিসেস এসোসিয়েশন এন্ড প্রফেশনাল বডিজ-এর স্টিয়ারিং কমিটির জরুরী সভা।

আজকের কর্মসূচী — ১১ই মার্চ, ১৯৭১ — দৈনিক পাকিস্তান

(স্টাফ রিপোর্টার)

- পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের উদ্যোগে বিকাল ৪টায় কেন্দ্রীয় শহীদ মিনার হতে পথসভা ও খন্ড মিছিল।
- বিকেল ৫টায় বিশ্ববিদ্যালয় ক্লাবে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সভা।

- ওয়ালী ন্যাপের উদ্যোগে বিকেল ৫টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণ থেকে পথসভা শুরু।
- বিকেল ৪টায় ঢাকা নিউজ পেপার হকার্স ইউনিয়নের সাধারণ সভা। ইউনিয়নের অফিসে এটি অনুষ্ঠিত হবে।

অদ্যকার কর্মসূচী ১২ই মার্চ, ১৯৭১ সংবাদ

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিভিন্ন সংগঠন কর্তৃক ঘোষিত অদ্যকার (শুক্রবার) কর্মসূচীঃ

ন্যাপ

ন্যাশনাল আওয়ামী পার্টির উদ্যোগে বিকাল ৫টায় সদরঘাট টার্মিনাল হইতে পথসভা।

ছাত্র ইউনিয়ন

পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের উদ্যোগে বিকাল ৪টায় কেন্দ্রীয় শহীদ মিনার হইতে খন্ড মিছিল ও পথসভা।

কোকাপেপ

''কো-অর্ডিনেশন কাউন্সিল অব এসোসিয়েশন/ইউনিয়ন অব দি রিপাবলিক এমপ্লইজ অব পাকিস্তান'' (কোকাপেপ) এর উদ্যোগে বিকাল ৩টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে গণসমাবেশ।

ফরোয়ার্ড স্টুডেন্টস ব্লক

ফরওয়ার্ড স্টুডেন্টস ব্লকের উদ্যোগে বিকাল ৫টায় মগবাজার মোড়ে গণজমায়েত।

উদীচী

সাংস্কৃতিক প্রতিষ্ঠান উদীচী আয়োজিত বিকাল ৫টায় জিন্না এভিনিউ হইতে গণসঙ্গীতের স্কোয়াড।

আজকের কর্মসূচী ১৩ই মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

- পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের উদ্যোগে মশাল মিছিল। সন্ধ্যা ছয়টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণ থেকে শুরু হবে।
- বেলা ১২টায় নারায়ণগঞ্জ মাতলা ষ্টিমারঘাট থেকে বিভিন্ন নৌ-পরিবহন শ্রমিক সংস্থার উদ্যোগে এক নৌমিছিল। মিছিলটি নারায়ণগঞ্জ, মদনগঞ্জ, মুন্সীগঞ্জ হয়ে আদমজী ডেমরা পর্যন্ত যাবে।
- সন্ধ্যা সাতটায় কমলাপুর ইউনিয়ন আওয়ামী লীগ অফিসে কমলাপুর ইউনিয়ন আওয়ামী লীগ সদস্য ও স্বেচ্ছাসেবকদের জরুরী সভা।

আজকের কর্মসূচী ১৪ই মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

- ইষ্ট পাকিস্তান নিউজ পেপার প্রেস ওয়ার্কাস ফেডারেশনের উদ্যোগে মিছিল সকাল ১০টায় বায়তুল মোকাররম থেকে মিছিল শুরু।
- বিকেলা ৪টায় পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের উদ্যোগে বায়তুল মোকাররম প্রাঙ্গণে জনসভা।
- বিকেল ৫টায় সদরঘাট টারমিনালে ফরোয়ার্ড স্টুডেন্টস ব্লকের উদ্যোগে ছাত্র গণজমায়েত।
- বিকেল ৫টায় বাংলা একাডেমী প্রাঙ্গণে লেখন সংগ্রাম শিবিরের সভা।

- শুকতারা শিল্পী গোষ্ঠীর উদ্যোগে ট্রাকে করে পথসভা ও গণসঙ্গীত পরিবেশন। বিকেল ৩টায় কমলাপুর বৌদ্ধ মন্দিরের কাছ থেকে যাত্রা শুরু।
- বিকেল ৩-৩০ মিনিটে ৩২৩, এলিফ্যান্ট রোডে কে, এম, জি, স্কুলে হাইকোর্ট আইনজীবীদের সভা।
- লেখক শিল্পী সংগ্রাম পরিষদের মাধ্যমে 'কথা শিল্পী সম্প্রদায়'-এর উদ্যোগে পল্টন ময়দানে কবিতা পাঠের আসর, সঙ্গীত ও নাট্যানুষ্ঠান।
- সকাল ১০টায় ডি, আই, টি, প্রাঙ্গণে টেলিভিশন নাট্যশিল্পীদের সভা।
- বিকেল ৪টায় জহুরুল হক হল / (ইকবাল হল) প্রাঙ্গণে স্বাধীন বাংলাদেশ ছাত্র সংগ্রাম পরিষদের ঢাকা শহর আঞ্চলিক শাখাসমূহের সভা।

আজকের কর্মসূচী ১৫ই মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

- উদীচী শিল্পী গোষ্ঠীর উদ্যোগে শহরের পাঁচটি এলাকায় পথিপার্শ্বে গণসংগীতের আসর, সভা ও নাট্যানুষ্ঠান। নাটক মঞ্চস্থ হবে খোলা ট্রাকের উপর। ভিক্টোরিয়া পার্ক থেকে বেলা ৪টায় অনুষ্ঠান শুরু। এরপর বেচারাম দেউড়ী, হাজারীবাগ, মগবাজার ও মালীবাগে অনুষ্ঠান। নাটকের নাম শপথ নিলাম।
- সন্ধ্যা ৭টায় বিক্ষুব্ধ শিল্পী সংগ্রাম পরিষদ-এর উদ্যোগে শহী মিনারে গণসংগীতের অনুষ্ঠান।
- পূর্ব পাকিস্তান মহিলা পরিষদের উদ্যোগে বিকেল ৪টায় ১২ নম্বর তোপখানা রোডে মহিলাদের সাধারণ সভা।
- বিকের ৫টায় ঢাকা জেলার বিভিন্ন মহকুমার আওয়ামী স্বেচ্ছাসেবক বাহিনীর প্রধান ও সহকারী প্রধানদের জরুরী সভা। স্থান-ঢাকা জেলা আওয়ামী লীগ কার্য্যালয়।
- বিকেল ৫টায় ৪১২ নম্বর নাখাল পাড়ায় জাতীয় শ্রমিক লীগ তেজগাঁও আঞ্চলিক শাখার অন্তর্ভুক্ত ৮৬টি ইউনিয়নের সাধারণ সম্পাদকদের জরুরী সভা।
- ১১৫ নম্বর সামরিক আদেশের বিরুদ্ধে বিকেল চারটায় স্বাধীন বাংলা দেশ কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে বায়তুল মোকাররম প্রাঙ্গনে প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল। সকল ছাত্র, শ্রমিক, কৃষক জনতাকে উক্ত সভা ও বিক্ষোভ মিছিলে যোগদানের আহবান জানানো হয়েছে।

আজকের কর্মসূচী ১৬ই মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

- সকাল ৯টায় বাংলা একাডেমী প্রাঙ্গণে ব্রতচারী কর্মসূচী প্রণয়ন সম্পর্কে আলোচনা সভা।
- বিকেল ৪টায় কেন্দ্রীয় শহীদ মিনার থেকে চারু ও কারু শিল্পীদের শোভাযাত্রা
- বিকেল ৪টায় ১০/সি, সেগুনবাগানে মহিলা স্বেচ্ছাসেবী বাহিনীতে ভর্তি, শরীর চর্চা এবং কুচকাওয়াজ-পরে গুলিস্তানে পথসভা।
- বিকেল সাড়ে ৪টায় শহীদ মিনারে বিক্ষুব্ধ শিল্পী সমাজের কবিতা পাঠের আসর ও নাটক পরিবেশন।
- বিকেল ৫টায় বাফার ধানমন্ডি শাখায় গণসঙ্গীতের মহড়া।
- বিকের ৬টায় ৮০ নয় নয়পল্টনে ভাসানী ন্যাপের ঢাকা শহর শাখার কর্মীসভা।

- সন্ধ্যায় নজরুল একাডেমীর গণসঙ্গীতের আসর। শহীদ ফারুক ইকবালের মাজারের নিকট।
- ফরোয়ার্ড স্টুডেন্টস ব্লকের উদ্যোগে বিকেল ৫টায় মালিবাগ চৌধুরীপাড়ায় ছাত্রসভা।

আজকের কর্মসূচী ১৭ই মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিভিন্ন প্রতিষ্ঠানের অদ্যকার (বুধবার) কর্মসূচী নিম্নে প্রদত্ত হইলঃ

ঢাকা জেলা আইনজীবী সমিতির সভা

আজ (বুধবার) বিকাল ৪টায় জেলা বার সমিতির মিলনায়তনে ঢাকা জেলা আইনজীবী সমিতির এক সভা অনুষ্ঠিত হইবে।

ওয়াপদা এমপ্লয়ীজ ইউনিয়নের সভা

আজ (বুধবার) বেলা ৪টায় ওয়াপদা ভবনে ই,পি, ওয়াপদা এমপ্লয়ীজ ইউনিয়নের কার্যকরী সংসদের এক জরুরী সভা অনুষ্ঠিত হইবে।

ছাত্র ইউনিয়নের কুচকাওয়াজ

আজ (বুধবার) সকাল ৯টায় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে পূর্ব পাকিস্তান ছাত্র ইউনয়নের নিয়মিত কুচকাওয়াজ অনুষ্ঠিত হইবে।

মহিলা পরিষদের কুচকাওয়াজ ও পথসভা

আজ (বুধবার) বিকারে ১০/সি, সেগুন বাগানে পূর্ব পাকিস্তান মহিলা পরিষদের উদ্যোগে নিয়মিত কুচকাওয়াজ ও প্রাথমিক চিকিৎসা ট্রেনিং অনুষ্ঠিত ও পরে নিউমার্কেট এলাকায় পথসভা অনুষ্ঠিত হইবে।

ফরওয়ার্ড স্টুডেন্টস ব্লক

আজ (বুধবার) সকাল ৫টায় শহীদ আনোয়ারা উদ্যোনে ফরওয়ার্ড স্টুডেন্টস ব্লকের উদ্যোগে এক জনসভা অনুষ্ঠিত হইবে।

আজকের কর্মসূচী ১৮ই মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

(স্টাফ রিপোর্টার)

স্বাধীনতা এবং বিদ্রোহী বাংলার মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অহিংস ও অসহযোগ আন্দোলনের সপ্তদশ দিবসে গৃহীত বিভিন্ন প্রতিষ্ঠানের কার্যসূচী।

- আজ বৃহস্পতিবার সকাল নয়টায় কেন্দ্রীয় শহীদ মিনারে ঢাকা নার্সিং স্কুল ছাত্রী সংসদের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হইবে।
- বিকের ৫টায় কেন্দ্রীয় শহীদ মিনারে পাকিস্তান বিমান বাহিনীর প্রাক্তন কর্মচারীদের এক সভা অনুষ্ঠিত হইবে।
- পাকিস্তান মৃত্তিকা বিজ্ঞান সংস্থার এক জরুরী সভা আজ বিকেল সাড়ে তিনটায় ২০/জি, বিশ্ববিদ্যালয় বাসভবনে অনুষ্ঠিত হইবে।

- আওয়ামী লীগ সাহায্য তহবিলে সাহায্য দানের উদ্দেশ্যে কল্যাণপুর ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে মীরপুর বিউটি সিনেমা হলে এক 'ম্যাজিক শো' আয়োজন করা হইয়াছে।

আজকের কর্মসূচী ১৮ই মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

(স্টাফ রিপোর্টার)

বিভিন্ন সংগঠন কর্তৃক ঘোষিত আজকের (বৃহস্পতিবার) কর্মসূচীঃ -

ছাত্র ইউনিয়ন

বিশ্ববিদ্যালয় খেলার মাঠে সকাল ৯টায় ছাত্র ইউনিয়ন কর্মী বাহিনরি কুচকাওয়াজ।

নার্সিং স্কুল

কেন্দ্রীয় শহীদ মিনারে সকাল ৯টায় নার্সিং স্কুল ছাত্রী সংসদের আলোচনা সভা।

কৃষি উন্নয়ন কর্মচারী ইউনিয়ন

সকাল ১০-৩০ মিঃ ৩, ডি, আই, টি এভিনিউতে কৃষি উন্নয়ন সংস্থার কর্মচারী ইউনিয়নের সভা।

যশোর ন্যাপের জনসভা

আজ (বৃহস্পতিবার) যশোর ন্যাপের উদ্যোগে জনসভা অনুষ্ঠিত হইবে। প্রাদেশিক ন্যাপ সম্পাদক জনাব সৈয়দ আলতাফ হোসেন উক্ত জনসভায় বতৃতা করিবেন।

আজকের কর্মসূচী ১৯ই মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

- সাকল ৮টায় বাংলা কলেজ প্রাঙ্গণে মীরপুর ইউনিয়ন আওয়ামী লীগ স্বেচ্ছাসেবক বাহিনীর সমাপনী কুচকাওয়াজ।
- বেলা ৩-৩০মিঃ বায়তুল মোকাররমে বাংলাদেশ আণবিক শক্তি কমিশন কর্মচারীদের উদ্যোগে সভা ও মিছিল।
- বিকেল সাড়ে ৪টায় বেইলী রোড চটতলায় শহীদ স্মৃতি সৌধ উদ্বোধন।
- বিকের ৪টায় বায়তুল মোকাররমে পূর্ব পাকিস্তান শ্রমিক ফেডারেশনের উদ্যোগে গণসমাবেশ।
- বিকেল ৫টায় কমলাপুর রেলওয়ে স্টেশনে ফরওয়ার্ড স্টুডেন্টস ব্লকের উদ্যোগে গণজমায়েত ও মিছিল।
- বিকেল ৫টায় পূর্ব বাংলা বাস্তুহারা সমিতির উদ্যোগে বায়তুল মোকাররমে গণসমাবেশ সন্ধ্যা ৬টায় মশাল মিছিল।
- বিকের ৪টায় বাংলা শিক্ষক সমিতির অফিসে বর্তমান পরিস্থিতি সম্পর্কে আলোচনা সভা ও কর্মসূচী গ্রহণ।
- বেলা ১০টায় স্টার সিনেমা হলের সম্মুখ হতে চলচ্চিত্র শিল্প শ্রমিক ইউনিয়নের উদ্যোগে শ্রমিকদের মিছিল ও মধুমিতা সিনেমা হলের সম্মুখে সমাবেশ।
- বিকেল ৫টায় ঢাকা বিশ্ববিদ্যালয় আইন ভবনে পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের কর্মীসভা।
- বেলা ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারীদের ইউনিয়ন অফিসে সাধারণ সভা।

- বিকেল ৪টায় ৩৬৭নং এ্যালিফেন্ট রোডে খিলাফতে রাববানী পার্টির কেন্দ্রীয় কমিটির সভা।
- সন্ধ্যে ৬টায় কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয় শ্রমিক লীগ সংগ্রাম পরিষদ সভা।

আজকের কর্মসূচী ২০শে মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

- সকাল নয়টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ময়দানে পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের প্যারেড ও কুচকাওয়াজ প্রদর্শনী। পরে তাদের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ।
- সকাল আটটায় শহীদ মিনারে সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ ও মিটফোর্ড হাসপাতালের কর্মচারী সংসেদর সাধারণ সভা ও পরে মিছিল করে শেখ মুজিবুর রহমানের বাসভবনে গমন।
- সকাল এগারোটায় মতিঝিল প্রধান কার্যালয় থেকে ন্যাশনাল ব্যাংক কর্মচারীদের মিছিল ও শহীদ মিনারে গিয়ে শপথ গ্রহণ। সেখান থেকে মিছিল করে শেখ মুজিবুর রহমানের বাসভবনে গমন।
- বেলা একটায় বায়তুল মোকাররমে ইস্টার্ণ ব্যাংকিং করপোরেশনের কর্মচারীদের সমাবেশ ও সেখান থেকে মিছিল করে শেখ মুজিবুর রহমানের বাসভবসে গমন।
- বিকেল তিনটায় শহীদ মিনারে ঔষধ শিল্প কর্মচারীদের সভা ও পরে মিছিল।
- বিকেল তিনটায় ৩ নম্বর শান্তিনগরে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারক ও হোমিওপ্যাথিক সংগ্রাম কমিটির যুক্ত অধিবেশন।
- বিকেল পাঁচটায় ৩৭ নম্বরে তোপখানা রোডে লেখক সংগ্রাম শিবিরের সভা।
- বিকেল সাড়ে তিনটায় শহীদ মিনারে নৌ-বাহিনীর প্রাক্তন সৈনিকদের সভা।
- সকাল এগারোটায় ৮০ নম্বর মতিঝিলের তিনতলায় বাংলাদেশের চাটার্ড এ্যাকাউন্টেন্টদের সভা।
- বিকেল সাড়ে চারটায় ইঞ্জিনিয়ার্স ইন্সটিউটিউটে প্রকৌশলী, স্থপতি ও পরিকল্পনাবিদদের সভা।
- সন্ধ্যে সাতটায় মোহাম্মদপুর শহীদ পার্কে মোহাম্মদপুর শিল্পীগোষ্ঠীর গণসঙ্গীতের আসর।
- সন্ধ্যে সাতটায় তেজগাঁও পূর্ব ইউনিয়ন ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে পলিটেকনিক্যাল পোষ্ট অফিস থেকে মশাল মিছিল।
- ২৩শে মার্চ স্বাধীন পূর্ব বাংলা দিবস পালনের প্রস্তুতি হিসেবে আজ শনিবার বিকেল চারটায় মগবাজার, ফার্মগেট, নিউমার্কেট ও খিলগাঁও রাস্তায় ভাসানী ন্যাপের পথসভা।

আজকের কর্মসূচী ২১ শে মার্চ, ১৯৭১ দৈনিক পাকিস্তান

- সন্ধ্যা সাড়ে ৬টায় শহীদ মিনারে বিক্ষুব্ধ শিল্পী সমাজের তৃতীয় গণমুখী অনুষ্ঠান।
- সকাল ১০টায় বায়তুল মোকারমে পূর্ব বাংলা জীবন বীমা কর্মী সমিতির সভা ও মিছিল।
- বেলা ২টায় ফার্মগেট হতে মাধ্যমিক নৈশ ছাত্র সংগ্রাম পরিষদের মিছিল।
- বিকের ৪টায় বায়তুল মোকাররম থেকে সকল শিক্ষকদের সম্মিলিত শোভাযাত্রা।
- বাংলাদেশ ছাত্র সংগ্রাম পরিষদের ঢাকাসহ সকল আঞ্চলিক শাখার সোহরাওয়ার্দী হলে উপস্থিতি।

- বেলা ৪টায় নিখিল পাকিস্তান ইঞ্জিনিয়ারিং সুপারভাইজার এসোসিয়েশনের কার্যনির্বাহক কমিটির সভা।
- বেলা ৪টায় আজিমপুর মহিলা আওয়ামী লীগের উদ্যোগে আজিমপুর উচ্চ বালিকা বিদ্যালয়ে মহিলা সমাবেশ।
- বিকেল ৫টায় বাংলা একাডেমীতে লেখক সংগ্রাম শিবিরের বিপ্লবী কবিতা পাঠের আসর।
- সন্ধ্যা ৬টায় ওয়ালী ন্যাপ অফিসে কর্মীসভা।
- বেলা ৩টায় বায়তুল মোকাররম থেকে হোমিওপ্যাথিক চিকিৎসকদের মিছিল।
- বিকেল চারটায় প্রেস কর্মচারী ইউনিয়ন কাযালয়ে ইউনিয়নের জরুরী সভা
- বিকেল চারটায় বাংলাদেশ বিমান শ্রমিক ইউনিয়নের সভা। ইউনিয়নের কার্যালয়ে।
- বিকেল চারটায় সদরঘাট, বাহাদুর শাহ পার্ক, মৌলভী বাজার ও চকবাজারে ভাসানী ন্যাপের পথসভা।

<u>আজকের কর্মসূচী</u> <u>২২শে মার্চ, ১৯৭১</u> <u>দৈনিক পাকিস্তান</u>

- সকাল ৯-৩০ মিনিটে রমনা উদ্যোগে বাংলাদেশ সি এ ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে ছাত্রসভা ও গণসংগীতের আসর। সভাশেষে শোভাযাত্রা।
- সকাল ১০টায় এজিইপি অফিস প্রাঙ্গণে এস, এ, এস, সুপারিনটেন্ডেন্ট সমিতিসমূহের যৌথ উদ্যোগে জরুরী সভা।
- সকাল ১১টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে ওয়ার্কাস ফেডারেশনের উদ্যোগে গণজমায়েত। সভাশেষে বিক্ষোভ মিছিল।
- বেলা ১১টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে স্বাধীন বাংলাদেশ কেন্দ্রয়ি ছাত্র সংগ্রাম পরিষদের সহযোগিতার এস,এস,সি পরীক্ষার্থীদের সভা।
- বেলা ২টায় ইস্টার্ণ মার্কেন্টাইল ব্যাংক কর্মচারী সমিতির বিক্ষোভ মিছিল।
- বেলা ২টায় ইস্টার্ণ মার্কেন্টাইল ব্যাংক কর্মচারী সংগ্রাম পরিষদের উদ্যোগে মতিঝিল বাণিজ্যিক এলাকায় সমাবেশ। সভাশেষে মিছিল।
- বেলা ৩টায় বাযতুল মোকাররমে প্রাক্তন সৈনিক, নাবিক, বৈমানিকদের সভা।
- বিকেল ৩টায় কৃষি উন্নয়ন সংস্থা কর্মচারী সংগ্রাম পরিষদের উদ্যোগে গণজমায়েত।
- বিকেল ৩-৩০ মিনিটে বায়তুল মোকাররম প্রাঙ্গণে ঢাকা কচিকাঁচার মেলাসমূহের বিভিন্ন শাখার সমাবেশ। এরপর মিছিল ও শহীদ মিনারে দেশাত্ববোধক সঙ্গীত আসর।
- বিকেল ৩-৩০মিনিটে বায়তুল মোকাররম প্রাঙ্গণে কৃষি উন্নয়ন করপোরেশন কর্মচারী সংগ্রাম পরিষদের জনসভা।
- বিকেল ৪টায় ঢাকা দোকান কর্মচারী সংগ্রাম পরিষদের উদ্যোগে কেন্দ্রীয় শহীদ মিনারে গণসমাবেশ। সভাশেষে বিক্ষোভ মিছিল।
- বিকেল ৪টায় কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মচারীদের বিক্ষোভ মিছিল।
- বিকের ৪-৩০ মিনিটে বিজয়নগরে বাংলা জাতীয় লীগের কর্মী জমায়েত।

- বিকেল ৫টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে জাতীয় কৃষক শ্রমিক দলের উদ্যোগে গণজমায়েত। বিকেল ৫টায় বিউটি সিনেমার সামনে থেকে মীরপুরের সংগ্রামী জনতার উদ্যোগে ট্রাক মিছিল।
- বিকেল ৫-৩০ মিনিটে শহীদ মিনারে সঙ্গীত মহাবিদ্যালয় ও সংগীত একাডেমীর ছাত্রছাত্রীদের গণ সংগীতের আসর।
- সন্ধা ৭টায় ফার্মগেট আনোয়ার উদ্যানে তেজগাঁও কলেজ ছাত্রদের উদ্যোগে গণনাট্য 'মুক্তির নেশা' মঞ্চায়ন।
- সকাল আটটায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে নাহার শিশু মেলায় সমাবেশ ও পরে শহীদ মিনার পর্যন্ত মিছিল এবং দেশাত্মবোধক গানের আসর।
- বেলা ২টায় বাংলাদেশ খ্রীষ্টিয় সংসদের মিছিল।
- বিকেল ৩টায় ফুলবাড়িয়া পুরানা রেলগেট হকার্স মার্কেট সমিতির উদ্যোগে মার্কেটস্থ মসজিদ প্রাঙ্গণে হকার্স সভা।
- বিকাল ৩টায় ফুলবাড়িয়া পুরানা রেলগেট হকার্স মার্কেট সমিতির উদ্যোগে মার্কেটস্থ মসজিদ প্রাঙ্গণে হকার্স সভা।
- বিকের ৪টায় ভাসানীপন্থী রাজারবাগ আঞ্চলিক ন্যাপ স্বেচ্ছাসেবক বাহিনীর লাঠিধারী লালটুপি মিছিল। মালিবাগ মোড় থেকে যাত্রা শুরু।
- বিক্ষুব্ধ শিল্পী সমাজের উদ্যোগে নারায়ণগঞ্জ জিমখানা মাঠে সাংস্কৃতিক অনুষ্ঠান।

<u>আজকের কর্মসূচী</u> <u>২৩শে মার্চ, ১৯৭১</u> <u>সংবাদ</u>

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিভিন্ন সংস্থা ঘোষিত অদ্যকার (মঙ্গলবার) কমূসূচীঃ

- সকাল ১০টায় শহীদ মিনারে ছাত্র ইউনিয়নের জনসভা।
- সকাল ৭টায় শহীদ মিনারে বিক্ষুব্ধ শিল্পী সমাজের পক্ষে ছায়ানটের গণসঙ্গীতের আসর।
- সৃজনী লেখক ও শিল্পী গোষ্ঠীর উদ্যোগে সকাল ৮টায় শহীদ ফারুকের মাজারের সম্মুখে, ১০টায় কমলাপুর রেলওয়ে স্টেশনে, বিকের ৪টায় মতিঝিল, সন্ধ্যা সাড়ে ৬টায় বায়তুল মোকাররমে এবং রাত্রি ৮টায় সদরঘাট টার্মিনালে নাট্যানুষ্ঠান, কবিতা পাঠ ও গণসঙ্গীতের আসর।
- সকাল ৭টায় শেরে বাংলার মাজার জিয়ারত, সন্ধ্যা ৬টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে বাংলা জাতীয় লীগের গণজমায়েত ও মশাল মিছিল।

প্রতিরোধ দিবস উপলক্ষে বাংলাদেশের বিমান শ্রমিক ইউনিয়নের কর্মসূচীঃ

- সকাল ৬টায় ইউনিযনের আওলাদ হোসেন মার্কেটসহ অস্থায়ী দফতরে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন।
২১৩।	যুব শিবির পরিচালক, প্রশিক্ষণ সমন্বয় কর্মকর্তার কাছে প্রেরিত যুব শিবির রিক্রুটমেন্ট প্রধানের একটি চিঠি	৬২৩
২১৪।	যুব শিবিরে নবাগতদের ভর্তির ব্যাপারে শিবির পরিচালকের কয়েকটি জরুরী নির্দেশ	৬২৪
২১৫।	পূর্বাঞ্চলীর শিবিরের তালিকা	৬২৫
২১৬।	যুব শিবির পরিচালনা ও তার কার্যক্রম সম্পর্কে একটি প্রতিবেদন	৬২৭
২১৭।	যুব শিবির ও কর্মকর্তাদের একটি তালিকা	৬৩২

তৃতীয় অধ্যায়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আঞ্চলিক প্রশাসন

২১৮।	দক্ষিণ-পূর্ব জোন-১ এর অনুষ্ঠিতব্য সভার আলোচ্য বিষয়	৬৪৫
২১৯।	দক্ষিণ-পূর্ব জোন-১ এর অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলীর অংশবিশেষ	৬৪৬
২২০।	মুক্তিফৌজে ভর্তি সংক্রান্ত সমস্য নিয়ে লিখিত স্টাফ প্রধান কর্তৃক দক্ষিণ-পূর্ব জোনে লিখিত চিঠি	৬৪৭
২২১।	জোনের কর্মকর্তা নিয়োগের নিয়মকানুন সংক্রান্ত চিঠি	৬৪৮
২২২।	যুব শিবিরের নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে 'চীফ অব স্টাফ' কর্তৃক লিখিত চিঠি	৬৪৯
২২৩।	যুব শিবির পরিচালনা ব্যবস্থার পুনর্বিন্যাসের নির্দেশ	৬৫০
২২৪।	যুব শিবির উপদেষ্টা কমিটির সিদ্ধান্তসমূহ	৬৫৫
২২৫।	পলো ক্যাম্প হইতে তিনটি যুবকের পলায়ন সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি	৬৫৬
২২৬।	ভিত্তি ফৌজে নিযুক্তিকরণ সম্পর্কে মেজর মিত্রের কাছে লিকিত যুব শিবির পরিচালকদের একটি চিঠি	৬৫৭
২২৭।	যুব শিবির পরিচালনা সংক্রান্ত জোন প্রধানের বিজ্ঞপ্তি	৬৫৮
২২৮।	জোনের কর্মচারীদের কাজের তালিকা	৬৫৯

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
২২৯।	জোনের অর্থ উপ-পরিষদ প্রধানের যুব শিবির সফর সংক্রান্ত চিঠি	৬৬১
২৩০।	যুব শিবিরে নতুন করে যুবক অন্তর্ভুক্তকরণ করার আদেশ	৬৬২
২৩১।	প্রশিক্ষণপ্রাপ্ত সেবাকারীদেরকে (নার্সিং বয়) কর্মস্থল নিয়োগের জন্য যুব শিবির পরিচালকের একটি চিঠি	৬৬৩
২৩২।	যুব শিবিরের খরচের হিসাব অডিট করার আদেশ	৬৬৪
২৩৩।	জোনের কর্মচারীদের বেতনের হিসাবঃ নভেম্বর, ১৯৭১	৬৬৫
২৩৪।	দক্ষিণ-পূর্ব জোন-১ এর প্রশাসনিক কাউন্সিলের সভার কার্যবিবরণী	৬৬৬
২৩৫।	জোনের প্রশাসনিক সভার সিদ্ধান্ত অনুসারে শিবিরের দায়িত্ব গণপরিষদ সদস্য কর্তৃক সহকারী প্রধানের হাতে ন্যস্ত করার আদেশ	৬৬৯
২৩৬।	যুব অভ্যর্থনা শিবিরের খাদ্য ভাতা বৃদ্ধির বিজ্ঞপ্তি	৬৭০
২৩৭।	কেন্দ্রীয় সরকারের কাছে চিকিৎসার ব্যবস্থা করার আহবান জানিয়ে জোনের স্বাস্থ্য কর্মকর্তার তারবার্তা	৬৭১
২৩৮।	দক্ষিণ-পূর্ব জোনে বেসামরিক শাসন প্রতিষ্ঠাকল্পে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী	৬৭২
২৩৯।	বিভিন্ন রাজনৈতিক দল নিষিদ্ধ করার বিজ্ঞপ্তি জানিয়ে জোনের রাজনৈতিক বিষয় প্রধানের চিঠি	৬৭৫
২৪০।	প্রত্যাগত শরণার্থীদের জন্য অভ্যর্থনা শিবির খোলা সংক্রান্ত কয়েকটি চিঠি	৬৭৭
২৪১।	পূর্ব জোন কাউন্সিল অধিবেশনে গৃহীত প্রস্তাবাবলীর অংশ	৬৮১
২৪২।	পূর্ব জোন যুব শিবির উপদেষ্টা পরিষদের সভার কার্যবিবরণী	৬৮৩
২৪৩।	গণপরিষদ সদস্য দ্বারা গঠিত উত্তর-পূর্ব জোন-১ এর প্রথম সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট প্রশাসনিক চিঠি	৬৮৫
২৪৪।	উত্তর-পূর্ব জোন-২ এর আওতাধীন যুব শরণার্থী ও মুক্তিফৌজ শিবিরের মাসিক ব্যয় বরাদ্দের হিসাব	৬৮৯
২৪৫।	ইন্টারন্যাশনাল কমিশন অব জুরিস্টস সংশ্লিষ্ট দলিলাদি প্রেরণ সম্পর্কে নর্থ জোন প্রশাসক কর্তৃক কেবিনেট সচিবের কাছে লিখিত চিঠি	৬৯৫
২৪৬।	উত্তর-পূর্ব জোন এম-এন-এ ও এম-পি-এ'দের তালিকাঃ তাদের এলাকা ও ভারতস্থ ডাক ঠিকানা	৬৯৬
২৪৭।	পশ্চিম জোন কাউন্সিল সভার কার্যবিবরণী	৬৯৮
২৪৮।	পশ্চিম জোন-১ প্রশাসনিক কাউন্সিলের সভার কার্যবিবরণী	৭১৪
২৪৯।	সীমান্ত এলাকার ব্যবসা-বাণিজ্য সম্পর্কিত একটি প্রতিবেদন	৭১৭
২৫০।	পশ্চিম জোন-২ এর আওতাধীন মুক্ত এলাকার প্রশাসনিক কাঠামো	৭১৯
২৫১।	দক্ষিণ-পশ্চিম জোন প্রশাসনিক কাউন্সিলের গঠনতন্ত্র রচনার জন্য এম-এন-এ ও এম-পি-এ'দের সভার কার্যবিবরণী	৭২২
২৫২।	দক্ষিণ-পশ্চিম জোন প্রশাসনিক কাউন্সিলের গঠনতন্ত্র রচনার জন্য এম-এন-এ ও এম-পি-এ'দের সভার কার্যবিবরণী	৭২৪
২৫৩।	দক্ষিণ-পশ্চিম জোন প্রশাসনিক কাউন্সিলের গঠনতন্ত্র রচনার জন্য এম-এন-এ ও এম-পি-এ'দের সভার কার্যবিবরণী	৭২৬
২৫৪।	দক্ষিণ-পশ্চিম জোন প্রশাসনিক কাউন্সিল রিলিফ সাব-কমিটির সভার কার্যবিবরণী	৭২৯
২৫৫।	দক্ষিণ-পশ্চিম জোন প্রশাসনিক কাউন্সিলের পাবলিসিটি সাব-কমিটির সভার কার্যবিবরণী	৭৩০

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
২৫৬।	দক্ষিণ-পশ্চিম জোন প্রশাসনিক কাউন্সিলের ফাইনান্স সাব-কমিটির সভার কার্যবিবরণী	৭৩১
২৫৭।	দক্ষিণ-পশ্চিম জোন প্রশাসনিক কাউন্সিলের স্বাস্থ্য সাব-কমিটির সভার কার্যবিবরণী	৭৩২
২৫৮।	দক্ষিণ-পশ্চিম জোন প্রশাসনিক কাউন্সিলের শিক্ষা সাব-কমিটির সভার কার্যবিবরণী	৭৩৩
২৫৯।	দক্ষিণ-পশ্চিম জোন-১ এলাকার পাক্ষিক রিপোর্ট	৭৩৪
২৬০।	দক্ষিণ-পশ্চিম জোন-১ প্রশাসনিক কাউন্সিলের সভার কার্যবিবরণী	৭৩৫
২৬১।	দক্ষিণ-পশ্চিম জোন-২ এর কাউন্সিল সভার প্রস্তাবাবলীর অংশ	৭৩৭
২৬২।	দক্ষিণ-পশ্চিম জোন-১ জোনাল কাউন্সিল সদস্যদের ভ্রমণ ও দৈনিক ভাতা প্রদানের নিয়মাবলী সম্পর্কে সরকারের প্রশাসন বিভাগীয় সচিবকে লিখিত জোন কর্মকর্তার চিঠি	৭৩৮

চতুর্থ অধ্যায়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বৈদেশিক সম্পর্ক

২৬৩।	বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি কর্তৃক ভারতীয় রাষ্ট্রপতির কাছে লিখিত পত্র	৭৪১
২৬৪।	দিল্লীতে বাংলাদেশ তথ্য কেন্দ্র স্থাপন সম্পর্কে ভারতের পররাষ্ট্র মন্ত্রীকে লিখিত বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রীর চিঠি	৭৪৫
২৬৫।	পররাষ্ট্র মন্ত্রী কর্তৃক বাংলাদেশের পক্ষে আনুগত্য প্রকাশকারীদের উদ্দেশে লিখিত চিঠি	৭৪৬
২৬৬।	বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি কর্তৃক মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতি বাংলাদেশের গণহত্যায় সাহায্য না করার আবেদন	৭৪৭
২৬৭।	অস্থায়ী রাষ্ট্রপতি কর্তৃক ইসলামী সম্মেলনে প্রদত্ত টেলিগ্রাম	৭৪৯
২৬৮।	বাংলাদেশ স্বাধীনতা সংগ্রামের পটভূমি সম্পর্কে বাংলাদেশ মিশনের প্রেস এ্যাটচির সাংবাদিক সম্মেলন	৭৫০
২৬৯।	দিল্লীতে অনুষ্ঠিত বাংলাদেশের উপর আন্তর্জাতিক সেমিনার সংক্রান্ত পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকের কার্যসূচী	৭৫৪
২৭০।	পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহির্বিশ্ব প্রচার সম্পর্কিত একটি চিঠি	৭৫৬
২৭১।	কলিকাতাস্থ বাংলাদেশ মিশন প্রধান ও কর্মীদের পাকিস্তানে প্রত্যাবর্তনে অস্বীকৃতি- ১৮ জুলাই	৭৫৯
২৭২।	পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক বৈধ সরকারী প্রতিনিধিত্বকরণ সম্পর্কে একটি প্রেস বিজ্ঞপ্তি	৭৬০
২৭৩।	দিল্লীতে অনুষ্ঠিত আন্তর্জাতিক সেমিনার সম্পর্কিত পররাষ্ট্র মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী	৭৬১
২৭৪।	জাতিসংঘ কর্তৃক পর্যবেক্ষক মোতায়েন সম্পর্কে পররাষ্ট্র মন্ত্রীর প্রেস বিজ্ঞপ্তি	৭৬৪
২৭৫।	ইয়াহিয়ার নির্বাচন সম্পর্কিত বক্তব্যের পরিপ্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রেস বিজ্ঞপ্তি	৭৬৬
২৭৬।	মার্কিন প্রতিনিধি পরিষদের বৈদেমিক সাহায্য সংক্রান্ত সিদ্ধান্তের অভিনন্দন জানিয়ে বাংলাদেশ সরকার	৭৬৭
২৭৭।	পাকিস্তান কর্তৃক প্রকাশিত শ্বেতপত্রের প্রতিক্রিয়ায় পররাষ্ট্র মন্ত্রণালয়	৭৬৮
২৭৮।	অস্থায়ী রাষ্ট্রপতি কর্তৃক শেখ মুজিবের বিচার সম্পর্কিত প্রেস বিজ্ঞপ্তি	৭৭০
২৭৯।	আন্তর্জাতিক আইন সংস্থার অবদান সম্পর্কে একটি গোপন প্রতিবেদন	৭৭১
২৮০।	পাকিস্তানের মিশনসমূহে কর্মরত কূটনীতিবিদদের বাংলাদেশের পক্ষাবলম্বন সংক্রান্ত তথ্যাদি-২-২১ আগস্ট	৭৭৩
২৮১।	পূর্ব পাকিস্তানের গভর্ণর হিসাবে ডঃ মালিকের নিয়োগ সম্পর্কিত পররাষ্ট্রমন্ত্রীর প্রেস বিজ্ঞপ্তি	৭৭৫
২৮২।	বাংলাদেশ সরকার ও জাতিসংঘের মধ্যে বিনিময়কৃত চিঠি ও আনুষঙ্গিক তথ্য	৭৭৭

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
২৮৩।	নয়াদিল্লীস্থ বাংলাদেশ মিশন প্রধানের বক্তব্য-৮ই সেপ্টেম্বর	৭৮০
২৮৪।	বাংলাদেশ সরকারের ভারতস্থ হাইকমিশনার কর্তৃক স্বপক্ষ ত্যাগের কারণ ব্যাখ্যা	৭৮১
২৮৫।	বহির্বিশ্ব প্রচার বিভাগের একটি সভার কার্যবিবরণী	২৮৩
২৮৬।	পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রচার সংক্রান্ত সভার কার্যবিবরণী	৭৮৬
২৮৭।	ভারতস্থ বাংলাদেশ হাইকমিশনার কর্তৃক একটি চিত্র প্রদর্শনী উদ্বোধনকালে প্রদত্ত বক্তব্য	৭৮৮
২৮৮।	পাকিস্তান পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাঙালী কর্মচারীর স্বপক্ষ ত্যাগের পরিপ্রেক্ষিতে পররাষ্ট্রমন্ত্রীর বিবৃতি	৭৯০
২৮৯।	বাংলাদেশ সংক্রান্ত প্রথম আন্তর্জাতিক সম্মেলনে ডঃ এ, আর, মল্লিক-এর ভাষণ ১৮ সেপ্টেম্বর	৭৯১
২৯০।	জাতিসংঘে প্রেরিত বাংলাদেশ প্রতিনিধি দল সম্পর্কে প্রেস বিজ্ঞপ্তি	৭৯২
২৯১।	পূর্ণ স্বাধীনতা আমাদের লক্ষ্য	৭৯৩
২৯২।	''বাংলাদেশ-কনটেম্পর‍্যারী ইভেন্টস এন্ড ডকুমেন্টস''ঃ পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত গ্রন্থ এবং তার উপর প্রদত্ত প্রেস বিজ্ঞপ্তি	৭৯৪
২৯৩।	বাংলাদেশের ঘটনাবলীর উপর বিশ্বব্যাপী প্রতিক্রিয়াঃ বাংলাদেশ সরকারের পররাষ্ট্র দফতর প্রকাশিত একটি পুস্তিকা	৭৯৬
২৯৪।	আন্তর্জাতিক পরিস্থিতির উপর পররাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য প্রস্তুতকৃত প্রতিবেদন	৮১৭
২৯৫।	পাকিস্তানের মিশনসমূহের কূটনীতিবিদদের বাংলাদেশের পক্ষাবরম্বনে আরও সংবাদ- ১৩ সেপ্টেম্বর-১ অক্টোবর	৮২৬
২৯৬।	মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত বাংলাদেশ মিশনের একটি প্রতিবেদন	৮২৯
২৯৭।	পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত একটি প্রতিবেদন	৮৩২
২৯৮।	আন্তর্জাতিক প্রচার সম্পর্কিত একটি অফিস নোট	৮৩৪
২৯৯।	বাংলাদেশের সপক্ষে আনুগত্য প্রকাশের আরো ঘটনা অক্টোবর ৩-৭, ১৯৭১	৮৩৫
৩০০।	শীতবস্ত্র সংগ্রহ সম্পর্কে একটি আন্তর্জাতিক আবেদন	৮৩৬
৩০১।	ইয়াহিয়ার বক্তৃতার প্রতিক্রিয়ায় বাংলাদেশ সরকারের মুখপাত্র	৮৩৭
৩০২।	নিউইয়র্কের পরিস্থিতি অবহিত করে পররাষ্ট্র সচিবকে লিখিত একটি চিঠি	৮৩৯
৩০৩।	বাংলাদেশ সরকার কর্তৃক ভারতীয় প্রধানমন্ত্রীর কাছে লিখিত চিঠি	৮৪০
৩০৪।	জাতিসংঘ প্রেরিত বাংলাদেশ প্রতিনিধিদল সম্পর্কে একটি প্রেস বিজ্ঞপ্তি	৮৪২
৩০৫।	ভারত-পাকিস্তান যুদ্ধের সম্ভাবনার পরিপ্রেক্ষিতে পররাষ্ট্রমন্ত্রী	৮৪৩
৩০৬।	জাতিসংঘ ও বাংলাদেশঃ একটি প্রতিবেদন	৮৪৫
৩০৭।	পররাষ্ট্র সচিব কর্তৃক ঘোড়াশাল সার কারখানা এলাকায় মুক্তিবাহিনীর তৎপরতা সম্পর্কে প্রতিরক্ষা সচিবকে লিখিত চিঠি	৮৪৬
৩০৮।	বাংলাদেশের কূটনীতিকে পাকিস্তান দূতাবাস থেকে মুক্ত করার ব্যাপারে জাতিসংঘ মহাসচিবের হস্তক্ষেপ কামনা	৮৪৮
৩০৯।	বাংলাদেশের সপক্ষে দূতাবাস কর্মীদের আনুগত্য প্রকাশের আরও ঘটনা-নভেম্বর ২-৮	৮৫০
৩১০।	পাকিস্তান দূতাবাসে বাংলাদেশী কর্মচারীকে আটক সংক্রান্ত সংবাদ	৮৫২
৩১১।	জনাব মওদুদ আহমেদ (বহির্বিশ্ব প্রচার বিভাগ) কর্তৃক প্রধানমন্ত্রীকে লিখিত চিঠি	৮৫৩
৩১২।	বাংলাদেশ সরকারের অনুমোদিত প্রতিনিধির একটি তালিকা	৮৫৫

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
৩১৩।	বাংলাদেশ সরকার কর্তৃক ভারতীয় প্রধানমন্ত্রীকে লিখিত চিঠি	৮৫৮
৩১৪।	আন্তর্জাতিক প্রচার সম্পর্কিত একটি প্রতিবেদন	৮৬২
৩১৫।	মুক্তিবাহিনীর সাফল্য সম্পর্কে একটি প্রেস বিজ্ঞপ্তি	৮৬৩
৩১৬।	বাংলাদেশ সরকার কর্তৃক ভারতের প্রধানমন্ত্রীকে লিখিত চিঠি	৮৬৪
৩১৭।	ভারতীয় স্বীকৃতি দানের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পররাষ্ট্রমন্ত্রীর প্রেস বিজ্ঞপ্তি	৮৬৬
৩১৮।	১৬ই ডিসেম্বরে জাতির উদ্দেশে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর ভাষণ	৮৬৭
৩১৯।	বুদাপেস্টে অনুষ্ঠিত বিশ্বশান্তি সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধি জনাব এম, এ, সামাদের বক্তৃতা	৮৭২
৩২০।	পররাষ্ট্র দপ্তরের জন্য প্রস্তুতকৃত পাকিস্তান সরকারের বিভিন্ন দিক সম্পর্কে কয়েকটি মূল্যায়ন	৮৮৩
৩২১।	ভারত-পাকিস্তান যুদ্ধ সম্পর্কে একটি খতিয়ান	৮৯২
৩২২।	বিদেশে অবস্থানরত বাঙালীদের প্রতি বাংলাদেশ সরকারের আবেদন	৮৯৪
৩২৩।	বাংলাদেশের প্রতি আনুগত্য প্রকাশকারী কূটনীতিকদের নামের একটি তালিকা	৮৯৭
৩২৪।	বাংলাদেশ সরকারের জাতিসংঘ প্রতিনিধিদলের সদস্য কর্তৃক বাংলাদেশকে স্বীকৃতি দানের আবেদন	৯০১
৩২৫।	''বাংলাদেশ''ঃ উদ্দেশ্য ও লক্ষ্য	৯০৯
৩২৬।	ভারতস্থ বাংলাদেশ মিশন প্রধান কর্তৃক বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে পাঠানো টেলিগ্রাম	৯১২
৩২৭।	বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী কর্তৃক জাপানের পররাষ্ট্রমন্ত্রীর কাছে পাকিস্তান সরকার কর্তৃক সাহায্য সামগ্রীর অপব্যবহার সম্পর্কিত টেলিগ্রাম	৯১৩
৩২৮।	বহির্বিশ্ব প্রচার বিভাগের সম্প্রসারণ সম্পর্কে একটি সরকারী পরিকল্পনা	৯১৪
৩২৯।	বিদেশী প্রতিনিধিদলের সাথে যোগাযোগ ও প্রচার সম্প্রসারণের পরিপ্রেক্ষিতে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী	৯১৭
৩৩০।	বাংলাদেশ সরকারের প্রকাশিতব্য ডাকটিকিটের হার জানিয়ে বিদেশে লিখিত একটি চিঠি	৯১৯
৩৩১।	বাংলাদেশ সরকারের যশোর পোস্টমাস্টার কর্তৃক বিদেশে লিখিত একটি চিঠি	৯২১
৩৩২।	বাংলাদেশ সরকারের প্রথম ডাকটিটিক প্রকাশের সংবাদ	৯২২
৩৩৩।	ডাকটিকিট প্রচার সম্পর্কে বৃটিশ এম-পি জন স্টোনহাউস-এর চিঠি	৯২৪
৩৩৪।	নির্ঘন্ট	৯২৯

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় পত্র

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীন বাংলা বেতার কেন্দ্র হতে শেখ মুজিবুর রহমানের নামে প্রচারিত স্বাধীনতার ঘোষণা	বাংলাদেশ সরকার, পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহির্বিশ্ব প্রচার বিভাগ কর্তৃক প্রকাশিত পুস্তিকা- ‘‘বংগবন্ধু স্পীকস’’	২৬ মার্চ, ১৯৭১

DECLARATION OF INDEPENDENCE

"This may be my last message, from today Bangladesh is independent. I call upon the people of Bangladesh wherever you might be and with whatever you have, to resist the army of occupation to the last. Your Tight must go on until the last soldier of the Pakistan occupation army is expelled from the soil of Bangladesh and final victory is achieved."

[Message embodying Declaration of Independence sent by Bangabandhu Sheikh Mujibur Rahman to Chittagong shortly after midnight of 25th March, i.e. early hours of 26th March, 1971 for transmission throughout Bangladesh over the ex-EPR transmitter.]

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে মেজর জিয়াউর রহমান কর্তৃক স্বাধীনতার ঘোষণা*	স্বাধীন বাংলা বেতার প্রচারিত অনুষ্ঠানমালার টেপরেকর্ড, ২৭ মার্চ, ১৯৭১; দি ষ্টেটসম্যান, দিল্লী, ২৭ মার্চ, ১৯৭১	২৭ মার্চ, ১৯৭১

DECLARATION OF INDEPENDENCE

Major Zia, Provisional Commander-in-Chief of the Bangladesh Liberation Army, hereby proclaims, on behalf of Sheikh Mujibur Rahman, the independence of Bangladesh.

I also declare, we have already framed a sovereign, legal Government under Sheikh Mujibur Rahman which pledges to function as per law and the constitution.

The new democratic Government is committed to a policy of nonalignment in international relations. It will seek friendship with all nations and strive for international peace.

I appeal to all Government to mobilize public opinion in their respective countries against the brutal genocide in Bangladesh.

The Government under Sheikh Mujibur Rahman is sovereign legal Government of Bangladesh and is entitled to recognition from all democratic nations of the world.

* মেজর জিয়াউর রহমান ২৭শে মার্চের স্বাধীনতা ঘোষণা পাঠের ঐতিহাসিক মূল কপিটি নিরাপত্তার কারণে নষ্ট করে ফেলা হয়েছিল।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় পত্র

শিরোনাম	সূত্র	তারিখ
পাক হানাদার বাহিনী কর্তৃক বাংলাদেশের গণহত্যা রোধে এগিয়ে আসার জন্য জাতিসংঘ ও বৃহৎ শক্তিবর্গের প্রতি মেজর জিয়ার আহবান	'শব্দসৈনিক''- শহীদুল ইসলাম সম্পাদিত (১৯৭২)। বেতার বাংলা, বিজয় দিবস সংখ্যা ১৯৭৮	৩০ মার্চ, ১৯৭১

From Major Zia Declaration:

Punjabis have used 3rd Commando Battalion in Chittagong city area to subdue the valiant freedom fighters of Sadhin Bangla. But they have been thrown back and many of them have been killed.

The Punjabis have been extensively using F-86 air crafts to kill the civilian strongholds and vital points. They are killing the civilians, men, women and children brutally. So far at least……thousands of Bengali civilians have been killed in Chittagong area alone.

The Sadhin Bangla Liberation Army is pushing the Punjabis from one place to the other.

At present Punjabis have utilized at least two Brigades of Army, Navy and Air Force. It is in fact a combined operation.

I once again request the United Nations and the big powers to intervene and physically come to our aid. Delay will mean massacre of additional millions."

Signature

Major Ziaur Rahman
31.3.71.

* স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের মাধ্যমে প্রচারের জন্য জাতিসংঘ ও বৃহৎ শক্তিবর্গের প্রতি মেজর জিয়ার স্বহস্ত লিখিত আবেদনপত্রের অনুলিপি হতে। উল্লেখ্য যে, মূল কপিতে স্বাক্ষর প্রদানকালে তিনি ভুলক্রমে ৩০শে মার্চের স্থলে ৩১ মার্চ লিখেছিলেন।

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীনতার আনুষ্ঠানিক ঘোষণা	বাংলাদেশ সরকার	১০ এপ্রিল, ১৯৭১

THE PROCLAMATION OF INDEPENDENCE

Mujibnagar, Bangladesh
Dated 10th day of April, 1971.

Whereas free elections were held in Bangladesh from 7th December, 1970 to 17th January; 1971, to elect representatives for the purpose of framing a constitution,

AND

Whereas at these elections the people of Bangladesh elected 167 out of 169 representatives belonging to the Awami League,

AND

Whereas General Yahya Khan summoned the elected representatives of the people to meet on the 3rd March, 1971, for the purpose of framing a Constitution,

AND

Whereas the Assembly so summoned was arbitrarily and illegally postponed for indefinite period,

AND

Whereas instead of fulfilling their promise and while still conferring with the representatives, of the people of Bangladesh, Pakistan authorities declared an unjust and treacherous war.

AND

Whereas in the facts and circumstances of such treacherous conduct Bangabandhu Sheikh Mujibur Rahman, the undisputed leader of the 75 million people of Bangladesh, in due fulfillment of the legitimate right of self determination of the people of Bangladesh, duly made a declaration of independence at Dacca on March 26, 1971, and urged the people of Bangladesh to defend the honor and integrity of Bangladesh,

AND

Whereas in the conduct of a ruthless and savage war the Pakistani authorities committed and are still continuously committing numerous acts of genocide and unprecedented tortures, amongst others on the civilian and unarmed people of Bangladesh,

AND

Whereas the Government by levying an unjust war and committing genocide and by other repressive measures made it impossible for the elected representatives of the people of Bangladesh to meet and frame a Constitution, and give to themselves a Government,

AND

Whereas the people of Bangladesh by their heroism, bravery and revolutionary fervor have established effective control over the territories of Bangladesh,

We, the elected representatives of the people of Bangladesh, as honor bound by the mandate given to us by the people of Bangladesh, who's Will is supreme duly constituted ourselves into a Constituent. Assembly, and

having held mutual consultations, and

in order to ensure for the people of Bangladesh equality, human dignity and social justice,

declare and constitute Bangladesh to be sovereign Peoples' Republic and thereby confirm the declaration of independence already made by Bangabandhu Sheikh Mujibur Rahman, and

do hereby affirm and resolve that till such time as a Constitution is framed, Bangabandhu Sheikh Mujibur Rahman shall be the President of the Republic and that Syed Nazrul Islam shall be the Vice-President of the Republic, and

that the President shall be the Supreme Commander of all the Armed Forces of the Republic,

shall exercise all the Executive and Legislative powers of the Republic including the power to grant pardon,

shall have the power to appoint a Prime Minister and such other Ministers as he considers necessary,

shall have the power to levy taxes and expend monies,

shall have the power to summon and adjourn the Constituent Assembly, and

do all other things that may be necessary to give to the People of Bangladesh an orderly and just Government,

We, the elected representatives of the People of Bangladesh do further resolve that in the event of there being no President or the President being unable to enter upon his office or being unable to exercise his powers and duties due to any reason whatsoever, the Vice-President shall have and exercise all the powers, duties and responsibilities herein conferred on the President.

We further resolve that we undertake to observe and give effect to all duties and obligations that devolve upon us as a member of the family of nations and under the Charter of United Nations.

We further resolve that this proclamation of independence shall be deemed to have come into effect from 26th day of March, 1971.

We further resolve that in order to give effect to this instrument we appoint Prof. M. Yusuf Ali our duly Constituted Potentiary and to give to the President and the Vice-President oaths of office.

শিরোনাম	সূত্র	তারিখ
অস্থায়ী রাষ্ট্রপতি কর্তৃক আইন বলবৎকরণ আদেশ জারী	বাংলাদেশ সরকার, পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহির্বিশ্ব প্রচার বিভাগ কর্তৃক প্রকাশিত পুস্তিকা বাংলাদেশঃ কন্টেম্পরারী ইভেন্ট এ্যান্ড ডক্যুমেন্টস	১০ এপ্রিল ১৯৭১

LAWS CONTINUANCE ENFORCEMENT ORDER

Mujibnagar,
Dated 10th day of April, 1971.

I, Syed Nazrul Islam, the Vice President and Acting President of Bangladesh, in exercise of the powers conferred on me by the Proclamation of Independence, dated tenth day of April, 1971, do hereby order that all laws that were in force in Bangladesh on 25th March, 1971, shall subject to the Proclamation aforesaid continue to be so in force with such consequential changes as may be necessary on account of the creation of the sovereign independent State of Bangladesh formed by the Will of the people of Bangladesh and that all government officials-civil, military, judicial and diplomatic- who take the oath of allegiance to Bangladesh shall continue in their offices on terms and conditions of service so long enjoyed by them and that all District Judges and District Magistrates, in the territory of Bangladesh and all diplomatic representatives elsewhere shall arrange to administer the oath of allegiance to all government officials within their jurisdiction.

This order shall be deemed to have come into effect from 26th day of March, 1971.

Signed: - SYED NAZRUL ISLAM
Acting President.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশবাসীর উদ্দেশে প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের ভাষণ	বাংলাদেশ সরকার, গণসংযোগ বিভাগ	১১ এপ্রিল, ১৯৭১

বাংলাদেশবাসীর উদ্দেশে

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে গঠিত

বাংলাদেশ সরকারের পক্ষ থেকে

প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদের বেতার ভাষণ

(স্বাধীন বাংলা বেতার কেন্দ্র হ'তে ১১-৪-৭১তারিখে প্রচারিত)

স্বাধীন বাংলাদেশের বীর ভাইবোনেরা,

বাংলাদেশের সাড়ে সাত কোটি মুক্তিপাগল গণমানসের নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর সরকারের পক্ষ থেকে আমি আপনাদেরকে আমার সংগ্রামী অভিনন্দন জানাচ্ছি আমরা শ্রদ্ধাভরে স্মরণ করছি তাঁদের যাঁরা বাংলাদেশের স্বাধীনতা রক্ষা করতে গিয়ে তাঁদের মূল্যবান জীবন আহুতি দিয়েছেন যতদিন বাংলার আকাশে চন্দ্র-সূর্য-গ্রহ-তারা রইবে, যতদিন বাংলার মাটিতে মানুষ থাকবে, ততদিন মাতৃভূমির স্বাধীনতা রক্ষার সংগ্রামের বীর শহীদদের অমর স্মৃতি বাঙালীর মানসপটে চির অম্লান থাকবে।

২৫শে মার্চ মাঝরাতে ইয়াহিয়া খান তার রক্তলোলুপ সাঁজোয়া বাহিনীকে বাংলাদেশের নিরস্ত্র মানুষের ওপর লেলিয়ে দিয়ে যে নরহত্যাযজ্ঞের শুরু করেন তা প্রতিরোধ করবার আহবান জানিয়ে আমাদের প্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষনা করেন। আপনারা সব কালের সব দেশের স্বাধীনতা সংগ্রামী মানুষের সাথে আজ একাত্ম। পশ্চিম পাকিস্তানী হানাদার দস্যুবাহিনীর বিরুদ্ধে যে প্রতিরোধ আপনারা গড়ে তুলেছেন তা এমন এক ইতিহাস সৃষ্টি করেছে যে, পৃথিবীর সমস্ত স্বাধীনতাকামী মানুষের কাছে আপনাদের এ অভূতপূর্ব সংগ্রাম সর্বকালের প্রেরণার উৎস হয়ে রইল। প্রত্যেক দিনের সংগ্রামের দিনপঞ্জী আমাদের মুক্তিসংগ্রামের ইতিহাসকে সমৃদ্ধ করছে, বিশ্বের কাছে আমাদের গৌরব বৃদ্ধি করছে।

আপনাদের অদম্য সাহস ও মনোবল যা দিয়ে আপনারা রুখে দাঁড়িয়েছেন ইয়াহিয়ার ভাড়াটে দস্যুদের বিরুদ্ধে, তার মধ্যে দিয়ে আপনারা এইটেই প্রমাণ করেছেন যে, যুদ্ধক্ষেত্রাস্তীর্ণ ধ্বংসাবশেষের মধ্য দিয়ে ধূলি-কাদা আর রক্তের ছাপ মুছে এক নতুন বাঙালী জাতি জন্ম নিল। পৃথিবীর কাছে আমরা ছিলাম এক শান্তিপ্রিয় মানুষ। বন্ধুবাৎসল্যে, মায়া ও হাসি-কান্নায়, গান, সংস্কৃতি আর সৌন্দর্যের ছায়ায় গড়ে ওঠা আমরা ছিলাম পল্লী-বাংলার মানুষ। পৃথিবী ভাবত, আমরাও ভাবতাম যুদ্ধ ও রণঢংকা আমাদের থেকে অনেক দূরে। কিন্ত আজ?

আমাদের মানবিক মূল্যবোধ ও আদর্শের পতাকা সমুন্নত রেখে আমরা আবার প্রমাণ করেছি যে আমরা তীতুমীর-সূর্য্যসেনের বংশধর স্বাধীনতার জন্যে যেমন আমরা জীবন দিতে পারি, তেমনি আমাদের দেশ থেকে বিদেশী শত্রুসেনাদের চিরতরে হটিয়ে দিতেও আমরা সক্ষম। আমাদের অদম্য সাহস ও মনোবলের কাছে শত্রু যত প্রবল পরাক্রম হোক না কেন, পরাজয় বরণ করতে বাধ্য। আমরা যদি প্রথম আঘাত প্রতিহত করতে ব্যর্থ হতাম তাহলে নতুন স্বধীন প্রজাতন্ত্রী বাংলাদেশ হয়ত কিছুদিনের জন্যে হলেও পিছয়ে যেত। আপনারা শত্রুসেনাদের ট্যাঙ্ক ও বোমারু বিমানের মোকাবিলা করেছেন এবং আপনাদের যার হাতে যে অস্ত্র ছিল তাই নিয়েই রুখে দাঁড়িয়েছেন এবং তাদেরকে পিছু হটে গিয়ে নিজ শিবিরে আশ্রয় নিতে বাধ্য করেছেন। বাংলাদেশে

আজ স্বাধীন, বাংলাদেশ আজ মুক্ত। বৈদেশিক সাংবাদিকরা আজ স্বাধীন বাংলাদেশের যে কোন জায়গায় বিনা বাধায় ঘুরে বেড়াতে পারেন এবং আপনাদের এ বিজয়ের কথা তারাঁ বাইরে জগৎকে জানাচ্ছেন।

আজ প্রতিরোধ আন্দোলনের কথা গ্রামবাংলার প্রতিটি ঘরে পৌঁছে গেছে। হাজার হাজার মানুষ আজকের এই স্বাধীনতা সংগ্রামে যোগ দিয়েছেন। বেঙ্গল রেজিমেন্ট ও ই, পি, আর-এর বীর বাঙালী যোদ্ধারা এই স্বাধীনতা সংগ্রামের যে যুদ্ধ তার পুরোভাগে রয়েছেন এবং তাদেরকে কেন্দ্র করে পুলিশ,আনসার, মোজাহিদ, আওয়ামীলীগ স্বেচ্ছাসেবক বাহিনী, ছাত্র, শ্রমিক ও অন্যান্য হাজার হাজার সংগ্রামী মানুষ এই যুদ্ধে যোগ দিয়েছেন । অতি অল্প সময়ের মধ্যে এদেরকে সমর কৌশলে পারদর্শী করা হয়েছে ও শত্রুদের কাছে তেকে ছিনিয়ে নেয়া অস্ত্র ও গোলা-বারুদ দিয়ে বাংলার এ মুক্তিবাহিনীকে শত্রুদের মোকাবিলা করার জন্য প্রস্তুত করা হয়েছে। সাগরপারের বাঙালী ভাইয়েরা যে যেখানে আছেন আমাদেরকে অস্ত্র ও অন্যনা সাহায্য পাঠাচ্ছেন।

সিলেট ও কুমিল্লা অঞ্চলে বেঙ্গল রেজিমেন্টের মেজর খালেদ মোশারফকে আমরা সমর পরিচালনার দায়িত্ব দিয়েছি। খালেদ মোশারফের নেতৃত্বে আমাদের মুক্তিবাহিনী অসীম সাহস ও কৃতিত্বের সাথে শত্রুর সংগে মোকাবেলা করেছেন এবং শত্রুসেনাদেরকে সিলেট ও কুমিল্লার ক্যান্টনমেন্টের ছাউনিতে ফিরে যেতে বাধ্য করেছেন ।আমাদের মুক্তিবাহিনী শীঘ্রই শত্রুকে নিঃশেষ করে দেবার সংকল্প গ্রহন করেছে।

চট্রগ্রাম ও নোয়াখালী অঞ্চলের সমর পরিচালনার ভার পড়েছে মেজর জিয়াউর রহমানের ওপর। নৌ, স্থল ও বিমান বাহিনীর আক্রমণের মুখে চট্রগ্রাম শহরে যে প্রতিরোধব্যূহ গড়ে উঠেছে এবং আমাদের মুক্তিবাহিনী ও বীর চট্রলের ভাই-বোনেরা যে সাহসিকতার সাথে শত্রুর মোকাবেলা করেছেন, স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে এই প্রতিরোধ স্ট্যালিনগ্রাডের পাশে স্থান পাবে। এই সাহসিকতাপূর্ণ প্রতিরোধের জন্য চট্রগ্রাম আজও শত্রুর কবলমুক্ত রয়েছে। চট্রগ্রাম শহরের কিছু অংশ ছাড়া চট্রগ্রাম ও সম্পূর্ণ নোয়াখালী জেলাকে ‘‘মুক্ত এলাকা’’ বলে ঘোষণা করা হয়েছে।

ময়মনসিংহ ও টাংগাইল অঞ্চলের দায়িত্ব দেয়া হয়েছে মেজর সফিউল্লার উপর। ময়মনসিংহ ও টাংগাইল এলাকা সর্ম্পূণভাবে মুক্ত করে আমাদের মুক্তিবাহিনী ঢাকার দিকে অগ্রসর হবার প্রস্তুতি নিচ্ছে। পূর্বাঞ্চলের এই তিনজন বীর সমর পরিচালক ইতিমধ্যে বৈঠকে মিলিত হয়েছেন এবং একযোগে ঢাকা রওনা হবার পূর্বেই পূর্বাঞ্চলের শত্রুদের ছোট ছোট শিবিরিগুলোকে সমূলে নিপাত করবার পরিকল্পনা গ্রহন করেছেন।

দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ই,পি, আর এর বীর সেনানী মেজর ওসমানের ওপর দায়িত্ব দেয়া হয়েছে কুষ্টিয়া ও যশোহর জেলার। কুষ্টিয়ার ঐতিহাসিক বিজয়ের পর আমাদের মুক্তিবাহিনী সমস্ত এলাকা থেকে শত্রুবাহিনীকে বিতাড়িত করেছে এবং শত্রুসেনা এখন যশোহর ক্যান্টনমেন্টে ও খুলনা শহরের একাংশে আশ্রয় নিতে বাধ্য হয়েছে । মেজর জলিলের ওপর ভার দেয়া হয়েছে ফরিদপুর-খুলনা-বরিশাল-পটুয়াখালীর।

উত্তরবংগে আমাদের মুক্তিবাহিনী মেজর আহমদের নেতৃত্বে রাজশাহীকে শত্রুর কবল থেকে সম্পূর্ণ মুক্ত করেছেন। মেজর নজরুল হক সৈয়দপুরে ও মেজর নোয়াজেশ রংপুরে শত্রুবাহিনীকে সম্পূর্ন অবরোধ করে বিব্রত করে তুলেছেন। দিনাজপুর, পাবনা ও বগুড়া জেলাকে সম্পূর্ন মুক্ত করা হয়েছে । রংপুর ও সৈয়দপুর ক্যান্টনমেন্ট এলাকা ছাড়া জেলার বাকি অংশ এখন মুক্ত।

স্বাধীনতা সংগ্রামে আমাদের এ অভূতপূর্ব সাফল্য ভবিস্যতে আরও নতুন সাফল্যের দিশারী । প্রতিদিন আমাদের মুক্তিবাহিনীর শক্তি বেড়ে চলেছে। একদিকে যেমন হাজার হাজার মানুষ মুক্তিবাহিনীতে যোগ দিচ্ছে, তেমনি শত্রুর আত্মসমর্পণের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। আর এই সংগে আমাদের নিয়ন্ত্রণে আসছে শত্রুর কেড়ে নেয়া হাতিয়ার। এই প্রাথমিক বিজয়ের সাথে সাথে মেজর জিয়াউর রহমান একটি পরিচালনা কেন্দ্র গড়ে তোলেন এবং সেখান থেকে আপনারা শুনতে পান স্বাধীন বাংলাদেশের প্রথম কণ্ঠস্বর। এখানেই প্রথম স্বাধীন বাংলাদেশ সরকার গঠনের কথা ঘোষনা করা হয়।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ তৃতীয় পত্র

আপাততঃ আমাদের স্বাধীন বাংলাদেশ সরকারের প্রধান কার্যালয় স্থাপিত হয়েছে দক্ষিন- পশ্চিম অঞ্চলের মুক্ত এলাকায়। পূর্বাঞ্চলের সরকারী কাজ পরিচালনার জন্যে সিলেট-কুমিল্লা এলাকায় বাংলাদেশ সরকারের আর একটি কার্যালয় স্থাপন করা হয়েছে।

আমরা এখন পৃথিবীর বিভিন্ন দেশের সংবাদপত্রের প্রতিনিধি, কুটনৈতিক ও রাজনৈতিক প্রতিনিধিদের আমন্ত্রন জানাচ্ছি, তাঁরা যেন স্বচক্ষে এবং সরেজমিনে দেখে যান যে স্বাধীন বাংলাদেশ আজ সত্যে পরিণত হয়েছে। সাথে সাথে আমরা সমস্ত বন্ধুরাষ্ট্র ও পৃথিবীর সমস্ত সহানুভূতিশীল ও মুক্তিকামী মানুষের কাছে ও 'রেডক্রস' ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার কাছে সাহায্যের আহবান জানাচ্ছি । যাঁরা আমাদের সাহায্য করতে ইচ্ছুক অথচ বর্বর ইসলামাবাদ শক্তি যাঁদের এই মানবিক কাজটুকু করবার বিরুদ্ধে নিষেধ উঁচিয়ে দাঁড়িয়েছে তাঁরা এখন স্বাধীন বাংলাদেশ সরকারের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন করতে পারেন।

আমরা যদিও বিদেশ থেকে পাঠানো ত্রানসামগ্রীর জন্যে কৃতজ্ঞ; কিন্ত এটা ভুলে গেলে চলবে না যে, আজকের দিনে বাংলাদেশের জন্যে সবচেয়ে বড় ত্রানের বাণী বয়ে আনতে পারে উপযুক্ত এবং পর্যাপ্ত হাতিয়ার, যা দিয়ে বাংলাদেশের মানুষ হানাদারদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে পারে এবং রক্ষা করতে পারে তাঁর ও তাঁর প্রিয় পরিজনের জান, মার আর সম্ভ্রম।

বৃহৎ শক্তিবর্গের অস্ত্রাগারে আধুনিক সরঞ্জামে সজ্জিত জেনারেল ইয়াহিয়ার হানাদর বাহিনী আজ আমাদের শান্তিপ্রিয় ও নিরস্ত্র বাঙালীর কণ্ঠ স্তব্ধ করে দেয়ার এক পৈশাচিক উন্মত্ততায় মত্ত। আমরা সেইসব বৃহৎ শক্তিবর্গের কাছে মানবতার নামে আবেদন জানাচ্ছি, যেন এই হত্যাকারীদের হাতে আর অস্ত্র সরবরাহ করা না হয়। এ সমস্ত অস্ত্র দেয়া হয়েছিল বিদেশী শত্রুর আক্রমন থেকে দেশকে রক্ষা করার জন্যে-বাংলার নিষ্পাপ শিশুদেরকে ও নিরপরাধ নরনারীকে নির্বিচারে হত্যা করার জন্যে নিশ্চয়ই এ অস্ত্র তাদের হাতে তুলে দেয়া হয়নি। বাংলাদেশের কৃষক-শ্রমিকের মাথার ঘাম পায়ে ফেলে কষ্টার্জিত বৈদেশিক মুদ্রার বিনিময়ে যে অস্ত্র কেনা হয়েছে এবং যাদের টাকায় ইয়াহিয়া খানের এই দস্যুবাহিনী পুষ্ট, আজ তাদেরকেই নির্বিচারে হত্যা করা হচ্ছে। আমরা অস্ত্র সরবরাহকারী শক্তিবর্গের কাছে আবেদন জানাচ্ছি যে, যে অস্ত্র তাদের হাতে তুলে দেয়া হয়েছে সে অস্ত্র দিয়ে সাড়ে সাত কোটি বাঙালীকে স্তব্ধ করে দেয়ার প্রয়াস বন্ধ করতে হবে।

পৃথিবীর জনমতকে উপেক্ষা করে আজও ইয়াহিয়ার ভাড়াটে দস্যুরা বাংলাদেশের বুকে নির্বিচারে গণহত্যা চালিয়ে যাচ্ছে । তাই আমরা সমস্ত দেশের কাছে অস্ত্র সাহায্য চাচ্ছি এবং যাঁরা জাতীয় জীবনে স্বাধীনতাকে সর্বোচ্চ মূল্য দিয়ে এসেছেন ও নিজেদের দেশেও হানাদারদের বিরুদ্ধে লড়াই করেছেন তাঁরা আমাদের এ ডাকে সাড়া না দিয়ে পারবেন না, এ বিশ্বাস আমরা রাখি।

বিদেশী বন্ধুরাষ্ট্রসমূহের কাছে যে অস্ত্র সাহায্য আমরা চাইছি তা আমরা চাইছি একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে- একটি স্বাধীন দেশের মানুষ আর একটি স্বাধীন দেশের মানুষের কাছে । এই সাহায্য আমরা চাই শর্তহীনভাবে এবং আমাদের স্বাধীনতা সংগ্রামের প্রতি তাঁদের শুভেচ্ছা ও সহানুভূতির প্রতীক হিসেবে- হানাদারদের রুখে দাঁড়াবার এবং আত্মরক্ষার অধিকার হিসেবে, যে অধিকার মানবজাতির শাশ্বত অধিকার । বহু বছরের সংগ্রাম, ত্যাগ ও তিতিক্ষার বিনিময়ে আমরা আজ স্বাধীন বাংলাদেশের পত্তন করেছি। স্বাধীনতার জন্যে যে মূল্য আমরা দিয়েছি তা কোন বিদেশী রাষ্ট্রের উপরাষ্ট্র হবার জন্যে নয়। পৃথিবীর বুকে স্বাধীন ও সার্বভৌম একটি শান্তিকামী দেশ হিসেবে রাষ্ট্রপরিবারগোষ্ঠীতে উপযুক্ত স্থান আমাদের প্রাপ্য। এ অধিকার বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের জন্মগত অধিকার।

আমাদের বাঙালী ভাইয়েরা, আপনারা পৃথিবীর যে কোনও প্রান্তে থাকুন না কেন, আজকে মাতৃভূমির এই দুর্দিনে সকল প্রকার সাহায্য নিয়ে আপনাদেরকে এগিয়ে আসতে হবে। বিদেশ থেকে অর্থ সংগ্রহ করে অস্ত্র কিনে আমাদের মুক্ত এলাকায় পাঠিয়ে দিন, যাতে করে আমাদের মুক্তিবাহিনীর সৈনিকরা অতি সত্বর সে অস্ত্র ব্যবহার করতে পারে তার মাতৃভূমিকে রক্ষা করবার কাজে ।

ইতিমধ্যেই আমাদের বাংলাদেশের ঘরে ঘরে প্রত্যেকেই নিজেদের হাতে অস্ত্র তুলে নিয়েছেন। যাঁদের হাতে আজও আমরা আধুনিক অস্ত্র তুলে দিতে পারিনি তাঁদেরকে আহবান জানাচ্ছি, যার হাতে যা আছে তাই নিয়ে লড়াইয়ে অংশ নিন। আমাদের স্থির বিশ্বাস যে, শীঘ্রই আপনাদের হাতে আমরা আধুনিক অস্ত্র তুলে দিতে পারব। ইতিমধ্যে প্রত্যেকে আধুনিক অস্ত্র ব্যবহারের ট্রেনিং নেবার জন্য নিকটবর্তী সংগ্রাম পরিষদের সংগে যোগাযোগ করুন। যাঁদের হাতে আধুনিক অস্ত্র নেই তাঁদেরও এই জনযুদ্ধে গুরুত্বপূর্ণ দায়িত্ব এবং ক্ষমতা রয়েছে। শত্রুর ছত্রী ও গুপ্তবাহিনীকে অকেজো করে দেবার কাজে আপনি সক্রিয় অংশ গ্রহন করতে পারেন। সম্মুখসমরে কাজ না করতে পারলেও আপনি রাস্তা কেটে , পুল উড়িয়ে দিয়ে এবং আরো নানাভাবে আপনার উপস্থিত বুদ্ধি দিয়ে শত্রুকে হয়রান ও কাবু করতে পারেন। নদীপথে শত্রু যাতে না আসতে পারে তার সম্ভাব্য সমস্ত ব্যবস্থা আপনাকেই গ্রহন করতে হবে ও সবদিকে কড়া দৃষ্টি রাখতে হবে। নদীপথে সমস্ত ফেরী, লঞ্চ ও ফ্ল্যাট অকেজো করে দিতে হবে। এ সমস্ত দায়িত্ব পালন করার জন্যে স্থানীয় সংগ্রাম পরিষদের নেতৃত্বে ছোট ছোট দলে সংগঠিত হতে হবে। এর জন্যে আপনার এলাকার সমরপরিচালকের সাথে সংগ্রাম পরিষদের মাধ্যমে যোগাযোগ করতে হবে এবং তাঁর আদেশ ও নির্দেশাবলী মেনে চলতে হবে।

যুদ্ধে অংশ নেয়া ছাড়াও বাংলাদেশকে সব দিকে দিয়ে বাঁচিয়ে রাখবার দায়িত্বকেও অবহেলা করলে চলবে না। শাসনকার্যে অভিজ্ঞ ও সংশ্লিষ্ট বাঙালী অফিসারদের মধ্যে যাঁরা এখনও আমাদের সাথে যোগ দিতে পারেননি, তাঁরা যে যেখানে থাকুন না কেন, আমরা তাঁদেরকে মুক্ত এলাকায় চলে আসতে আহবান জানাচ্ছি। অনুরুপভাবে আমরা আহবান জানাচ্ছি সমস্ত বুদ্ধিজীবী, টেকনিশিয়ান, ইঞ্জিনিয়ার, সংবাদপত্রসেবী, বেতারশিল্পী, গায়ক ও চারুশিল্পীদের-তাঁরা যেন অনতিবিলম্বে বাংলাদেশ সরকারের সাহায়্যে এগিয়ে আসেন। আমাদের সামনে বহুবিধ কাজ, তার জন্যে বহু পারদর্শীর প্রয়োজন এবং আপনারা প্রত্যেকেই স্বাধীন বাংলাদেশের সেবায় আত্ননিয়োগ করবার সুযোগ পাবেন। আমরা বিশেষ করে সমস্ত রাজনৈতিক দলের নেতাদেরকে বাংলাদেশের এই সংঘবদ্ধ জনযুদ্ধে সামিল হতে আহবান জানাচ্ছি। বাংলাদেশের স্বাধীনতা রক্ষার সংগ্রামে সাড়ে সাত কোটি মানুষের এই ঐতিহাসিক প্রতিরোধ ও প্রতিরক্ষা আন্দোলনকে চিরাচরিত রাজনৈতিক গন্ডীর উর্ধ্বে রাখবার জন্যে আমরা আবেদন জানাচ্ছি।

হানাদার শত্রুবাহিনীর সাথে কোন প্রকার সহযোগিতা করা বা সংশ্রব রাখা চলবে না। বাংলাদেশে আজ কোন মীরজাফরের স্থান নেই। যদি কেউ হঠাৎ করে নেতা সেজে শত্রুসৈন্যর ছত্রছায়ায় রাজনৈতিক গোর থেকে গাত্রোত্থান করতে চায়, যাদেরকে গত সাধারন নির্বাচনে বাংলার মানুষ ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে তারা যদি এই সুযোগে বাংলাদেশের সাথে বিশ্বাসঘাতকতা করে বাংলাদেশের স্বার্থবিরোধী কার্যকলাপে লিপ্ত হয়, তবে বাংলাদেশের মানুষ তাদেরকে নিশ্চিহ্ন করে দেবে। তারা সাড়ে সাত কোটি বাংলাদেশেবাসীর রোষবহ্নিতে জ্বলে খাক হয়ে যাবে।

আমাদের মনে রাখতে হবে যে, আমাদের দেশের উপর একটা যুদ্ধ চাপিয়ে দেওয়া হয়েছে। কাজেই স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হতে বাধ্য। হয়ত কোথাও নিত্যপ্রয়োজনীয় জিনিসের ঘাটতি দেখা যেতে পারে।

আমাদের উচিত হবে যতদূর সম্ভব ব্যয় সংকোচ করা এবং জিনিসপত্র কম ব্যবহার করা। দোকানদার ও ব্যবসায়ীদের কাছে বিশেষ অনুরোধ তাঁরা যেন মজুতদারী ও কালোবাজারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করেন এবং জিনিসপত্রের দাম যাতে সাধারন লোকের ক্রয়ক্ষমতার বাইরে না যায় তার দিকে দৃষ্টি রাখেন।

এ যুদ্ধে যে আমাদের জয় অবশ্যম্ভাবী তাতে সন্দেহের কারণ নেই। আপনারা ইতিমধ্যে সাহস ও ত্যাগের বিনিময়ে যে বিজয় অর্জন করেছেন শত্রুপক্ষ আজকে তা স্পষ্টই বুঝতে পেরেছে । তারা ভেবেছিল যে, আধুনিক সমরসজ্জায় এবং কামানের গর্জনের নীচে স্তব্ধ করে দেবে বাঙালীর ভবিষ্যৎ আশা-ভরসা আর চোখ রাঙিয়ে ভয় দেখিয়ে বাঙালীকে তারা বুটের নীচে নিষ্পেষন করবে। কিন্ত তাদের সে আশা আজ ধূলিসাৎ হয়ে গেছে। আমরা তাদের মারমুখি আক্রমনের বিরুদ্ধে লড়াই করে টিকে আছি এবং তাদেরকে যে প্রতিনিয়ত হটিয়ে দিচ্ছি এতে

তাদের সমস্ত ষড়যন্ত্র ব্যর্থ হয়ে গেছে। তাদের খাদ্য সরবরাহের সকল পথ আজ বন্ধ- ঢাকার সাথে আজ তাদের যোগাযোগ বিচ্ছিন্ন। উড়োজাহাজ থেকে খাবার ফেলে এদেরকে ইয়াহিয়া খান আর বেশী দিন টিকিয়ে রাখতে পারবে না। ওদের জ্বালানী সরবরাহের লাইন আমাদের মুক্তিবাহিনী বন্ধ করে দিয়েছে। ইয়াহিয়ার উড়োজাহাজ আর বেশী দিন বাংলাদেশের আকাশে দেখা যাবে না। বাংলাদেশের সাড়ে সাত কোটি উত্তাল জনসমুদ্রের মাঝখানে ওরা আজকে বিচ্ছিন্ন দ্বীপের মত। বাংলাদেশের আকাশে শীঘ্রই ঝড়ের মাতন শুরু হচ্ছে। ওরা জানে ওরা হানাদার। ওরা জানে ওদের বিরুদ্ধে পৃথিবীর সমস্ত মানুষের ভ্রুকুটি ও ঘৃণা। ওরা ভীত, ওরা সন্ত্রস্ত মৃত্যু ওদের সামনে পরাজয়ের পরোয়ানা নিয়ে হাজির। তাই ওরা উন্মাদের মত ধ্বংস লীলায় মেতে উঠেছে।

পৃথিবী আজ সজাগ হয়েছে। পৃথিবীর এই অষ্টম বৃহৎ রাষ্ট্র বাংলাদেশের দিকে তাকিয়ে আছে বিশ্বের মানুষ, যেখানে ওরা এ ধ্বংসের খেলায় মেতে উঠেছে। বিশ্বের মানুষ আজ আর ইসলামাবাদ সরকারের আইন-শৃঙখলা রক্ষার মিথ্যা যুক্তি আর অজুহাত স্বীকার করে নিতে রাজি নয়। যে সমস্ত সাংবাদিক বাংলাদেশের এই যুদ্ধের ভয়াবহতা ও নৃশংসতা থেকে অব্যাহতি পেয়েছেন তারা ইয়াহিয়ার এই অন্যায় ও অমানবিক যুদ্ধ আর ধ্বংসলীলার বিরুদ্ধে নিন্দা জানাচ্ছেন। অপরপক্ষে যে সমস্ত সাংবাদিক আমাদের মুক্ত এলাকা পরিদর্শন করেছেন তাঁরা বয়ে নিয়ে যাচ্ছেন বাংলাদেশের মানুষের এই বীর প্রতিরোধ যুদ্ধের খবর- আর বয়ে নিয়ে যাচ্ছেন ইয়াহিয়া সরকারের ধ্বংস ও তান্ডবলীলার চাক্ষুস প্রমাণ।

ইতিমধ্যে সোভিয়েত রাশিয়া এবং ভারতবর্ষ এই নির্বিচার গনহত্যার বিরুদ্ধে তাঁদের হুঁশিয়ারী উচ্চারন করেছে এবং সোভিয়েত রাশিয়া অবিলম্বে এই হত্যাযজ্ঞ ও নিপীড়ন বন্ধ করবার আহবান জানিয়েছেন। গ্রেট ব্রিটেনও বাংলাদেশের এ অবস্থা সম্পর্কে সজাগ হয়ে উঠেছে। যে সমস্ত পাকিস্তানী বিমান মৃত্যুর সরঞ্জাম নিয়ে ঢাকা আসার পথে জ্বালানী সংগ্রহ করছিল তাদেরকে জ্বালানী সরবরাহ করতে অস্বীকৃতি জানিয়েছে আমাদের প্রতিবেশী রাষ্ট্র সিংহল ও ব্রহ্মদেশ।

যদিও কোন কোন দেশ বাংলাদেশের ঘটনাবলীকে পাকিস্তানের আভ্যন্তরীন ব্যাপার বলে অভিহিত করছেন, তবু একথা এখন দিবালোকের মত সত্য হয়ে গেছে যে সাড়ে সাত কোটি মানুষকে পিষে মারার চেষ্টা, তাদের কষ্টার্জিত স্বাধীনতাকে ব্যর্থ করে দেবর ষড়যন্ত্র একটি আন্তর্জাতিক ব্যাপারে পরিগণিত হয়েছে এবং এই সমস্যা আজ পৃথিবীর সমস্ত মানুষের বিবেককে নাড়া দিচ্ছে। বাংলাদেশের সরকারের পক্ষ থেকে আমরা বিদেশে অবস্থানরত বাঙালী ভাইদের বাংলাদেশের পক্ষে জনমত সৃষ্টি ও পৃথিবীর দৃষ্টি আকর্ষণ করতে অনুরোধ জানিয়েছি। পৃথিবীর বিভিন্ন রাজধানীতে আমরা আমাদের প্রতিনিধি পাঠাচ্ছি এবং বিদেশের সমস্ত রাষ্ট্রের কাছে কূটনৈতিক স্বীকৃতি ও আমাদের স্বাধীনতা ও আত্মরক্ষার সংগ্রামে সাহায্য ও সহানুভূতি চেয়ে পাঠাচ্ছি।

আমাদের যে সমস্ত ভাইবোন শত্রুকবলিত শহরগুলোতে মৃত্যু ও অসম্মানের নাগপাশে আবদ্ধ, আদিম নৃশংসতার বিরুদ্ধে সংগ্রাম করে সাহস ও বিশ্বাসের সাথে মুক্তির পথ চেয়ে আছেন তাঁদেরকে আমরা এক মুহূর্তের জন্যও ভুলতে পারি না। যাঁরা আমাদের সংগ্রামে শরিক হতে চান তাঁদের জন্যে রইল আমাদের আমন্ত্রণ যাঁদের পক্ষে নেহাৎই মুক্ত এলাকায় আসা সম্ভব নয় তাঁদেরকে আমরা আশ্বাস এবং প্রেরণা দিচ্ছি বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের পক্ষ থেকে, শহীদ ভাইবোনদের বিদেহী আত্মার পক্ষ থেকে। শহীদদের রক্ত বৃথা যেতে পারে না। ইনশাআল্লাহ , জয় আমাদের সুনিশ্চিত।

আমাদের যুদ্ধ দীর্ঘস্থায়ী হবে না বলে আমাদের স্থিরবিশ্বাস; কারন প্রতিদিনই আমাদের শক্তি বৃদ্ধি হচ্ছে এবং আমাদের এ সংগ্রাম পৃথিবীর স্বীকৃতি পাচ্ছে। কিন্ত আমাদের মুক্তিবাহিনীর হাতে শেষ পরাজয় মেনে নেয়ার আগে শত্রুরা আরও অনেক রক্তক্ষয় আর ধ্বংসলীলা সৃষ্টি করবে। তাই পুরাতন পূর্ব পাকিস্তানের ধ্বংসাবশেষের ওপর নতুন বাংলাদেশ গড়ে তুলবার সংকল্পে আমাদের সবাইকে প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে। আমাদের এই পবিত্র দায়িত্ব পালনে এক মুহূর্তের জন্যেও ভুলে গেলে চলবে না যে এ যুদ্ধ গনযুদ্ধ এবং এর সত্যিকার অর্থে এ কথাই বলতে হয যে এ যুদ্ধ বাংলাদেশের দুঃখী মানুষের যুদ্ধ। খেটে খাওয়া সাধারন কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত, ছাত্র-

জনতা তাঁদের সাহস, তাঁদের দেশপ্রেম, তাঁদের বিশ্বাস, স্বাধীন বাংলাদেশের চিন্তায় তাঁদের নিমগ্নপ্রাণ, তাঁদের আত্মাহূতি, তাঁদের ত্যাগ ও তিতিক্ষায় জন্ম নিল এই নতুন স্বাধীন বাংলাদেশ। সাড়ে সাত কোটি মানুষের সম্মিলিত প্রচেষ্টায় ফলপ্রসূ হয়ে উঠুক আমাদের স্বাধীনতার সম্পদ । বাংলাদেশের নিরন্ন দুঃখী মানুষের জন্যে রচিত হোক এক নতুন পৃথিবী, যেখানে মানুষ মানুষকে শোষন করবে না। আমাদের প্রতিজ্ঞা হোক ক্ষুধা, রোগ, বেকারত্ব আর অজ্ঞানতার অভিশাপ থেকে মুক্তি। এই পবিত্র দায়িত্বে নিয়োজিত হোক সাড়ে সাত কোটি বীর বাঙালী ভাইবোনের সম্মিলিত মনোবল ও অসীম শক্তি। যাঁরা আজ রক্ত দিয়ে উর্বর করছে বাংলাদেশের মাটি,যেখানে উৎকর্ষিত হচ্ছে স্বাধীন বাংলাদেশের নতুন মানুষ, তাঁদের রক্ত আর ঘামে ভেজা মাটি থেকে গড়ে উঠুক নতুন গনতান্ত্রিক সমাজব্যবস্থা; গণমানসের কল্যাণে সাম্য আর সুবিচারের ভিত্তিপ্রস্তরে লেখা হোক ‘জয় বাংলা’’, ‘‘জয় স্বাধীন বাংলাদেশ’’।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ সরকারের মন্ত্রিসভা গঠন	দি টাইমস অব ইন্ডিয়া –নয়াদিল্লী	১৩ এপ্রিল, ১৯৭১

MUJIB IS HEAD OF WAR CABINET FOR BANGLADESH

Press Report on April 13, 1971.

A six-member war cabinet headed by Sheikh Mujibur Rahman was formed in Bangladesh today when the West Pakistanis launched an all-out offensive in strongholds of his liberation forces.

An important Awami League member announced somewhere in Bangladesh that the Government, with Nazrul Islam as Vice-President and the Party General Secretary, Mr. Tajuddin Ahmed, as Prime Minister, would guide and coordinate the war of liberation.

Today's announcement formalised Sheikh Mujibur Rahman's proclamation of a Sovereign Democratic Republic of Bangladesh on March 25 when the martial law authorities cracked down on East Bengal calling the Sheikh a "traitor".

According to the announcement, Mr. Khondakar Mushtaque Ahmed is Foreign Secretary in the Government.

Other members of the Government are Capt. Mansoor Ali and Mr. A. H. M. Kamaruzzaman.

The Government came into being following protracted deliberations at a meeting of National Assembly members and top Awami League leaders.

Mr. Tajuddin Ahmed, a close associate of the Bangabandhu since long, had led the Awami League team at the advisers-level meeting during the abortive constitutional talks last month.;

He and Mr. Kamaruzzaman were both General Secretaries of the Awami League.

Mr. Kamaruzzaman was also Secretary of the Awami League party in the National Assembly.

Mr. Khondakar Mushtaque Ahmed was believed to be the Awami League's choice for Speakership of the National Assembly which never met.

Mr. Mansur Ali, of Pabna, was leader of the Awami League party in the Provincial Assembly.

The formation of the Government was announced in a broadcast from the newly set up Swadhin Bangla Betar Kendra and confirmed by the Press Adviser to President Rahman.

The radio said formal proclamation of the new Government would take place at 9 a.m. tomorrow.

The headquarters of the Government would be at Chuadanga in the liberated area.

The radio said the Council of Ministers would be expanded at a later stage.

The Government of Bangladesh would be based on the principle of collective responsibility, it added.

The portfolios of Mr. Tajuddin Ahmed's Cabinet colleagues are expected to be announced tomorrow.

শিরোনাম	সূত্র	তারিখ
জনসাধারণের প্রতি বাংলাদেশ সরকারের নির্দেশ	বাংলাদেশে সরকার, প্রচার দপ্তর	১৩ এপ্রিল,১৯৭১

জনসাধারণের প্রতি বাংলাদেশ সরকারের নির্দেশ

নবগঠিত বাংলাদেশ সরকার জনগণের প্রতি এই নির্দেশগুলি জারী করেছেনঃ

১। চিকিৎসা ও সেবা-শুশ্রুষার জন্যে আহত ব্যক্তিদের ডাক্তার বা কবিরাজের কাছে নিয়ে যান।

২। মুক্তিসংগ্রামের বিশ্বাসঘাতকদের শাস্তি দিন।

৩। আওয়ামী লীগের স্থানীয় নেতাদের কাছ থেকে জেনে নিন কী করা উচিত।

৪। তরুণরা সকলে ট্রেনিং-এর জন্যে নিকটতম মুক্তিফৌজ দপ্তরে চলে আসুন-সেখানেই তাঁরা নির্দেশ পাবেন।

৫। প্রত্যেক গ্রাম-প্রধান আশপাশের গ্রাম বা গ্রামগুলির প্রধানদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করে চলুন এবং সমস্ত খবরাখবর সম্বন্ধে পরস্পরকে ওয়াকিবহাল রাখুন।

৬। মুক্ত অঞ্চলগুলির সরকারী কর্মচারীরা আওয়ামী লীগের স্থানীয় সদর দপ্তর থেকে নির্দেশ নিন।

৭। নদী-পরিবহন ব্যবস্থার সমস্ত কর্মচারী বাংলাদেশ সরকারের নির্দেশ মেনে চলুন ও রেডিও-পাকিস্তান ঢাকা কেন্দ্র থেকে প্রচারিত নির্দেশ উপেক্ষা করুন। ঢাকায় নদী-পরিবহনকর্মীরা দখলদার জঙ্গী-বাহিনীর নির্দেশ অমান্য করায় বাংলাদেশ সরকার তাঁদের ধন্যবাদ জানাচ্ছেন।

৮। নিজের এলাকার মুক্তিফৌজ কম্যান্ডের নির্দেশ অনুযায়ী অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার সমস্ত নিয়ম মেনে চলুন।

৯। আপনার এলাকায় সন্দেহভাজন লোক ঘোরাফেরা করছে। তাদের সম্বন্ধে সাবধান থাকুন এবং তেমন কোনও লোকের খোঁজ পেলেই নিকটতম মুক্তিফৌজ কেন্দ্রে খবর দিন।

শিরোনাম	সূত্র	তারিখ
জনগনের প্রতি বাংলাদেশ সরকারের নির্দেশাবলী	বাংলাদেশ সরকার, প্রচার দপ্তর	১৪ এপ্রিল,১৯৭১

আল্লাহু আকবর

স্বাধীন বাংলার সংগ্রামী জনগণের প্রতি বাংলাদেশ সরকারের

নির্দেশাবলী

দেশবাসী ভাইবোনেরা,

হানাদার পাকিস্তানী পশুশক্তিকে বাংলাদেশের পবিত্র মাটি থেকে হটিয়ে দেবার ও বাঙ্গালীকে শোষণমুক্ত করে একটি নতুন সুখী-সমৃদ্ধ সমাজ ব্যবস্থা গড়ে তুলবার দীপ্ত শপথ ও ব্রত নিয়ে বাঙ্গালীর প্রানপ্রিয় নেতা বঙ্গবন্ধুর আদর্শে ও নেতৃত্বে গত ১২ই এপ্রিল রাত্রে স্বাধীন বাংলাদেশ বেতার থেকে বাংলাদেশ সরকার ঘোষনা করা হয়েছে। এই ঘোষনার পর থেকে মুক্তি সংগ্রাম ঠিক পূর্বের মতই এক সুস্পষ্ট গতিতে চলছে। প্রতিটি বাঙ্গালী আজ নিজ নিজ ঘরে প্রতিরোধের দুর্গ গড়ে তুলে সংকল্পকে দৃঢ় থেকে আরও দৃঢ়তর করে তুলছে। মুক্তিযোদ্ধার সংখ্যা দিন দিন বেড়েই চলেছে । বিশ্বাসঘাতক জঙ্গী পশু সরকারকে বিনাশ করে বিশ্বের দরবারে আজ মাথা তুলে দাঁড়াতে পেরেছে বলে-বাঙ্গালীর যুদ্ধ আজ আরও তীব্রতর; বিশ্বাস আজ অটুট; প্রতিটি বাঙ্গালী আজ সংগ্রাম থেকে অবিচ্ছিন্ন।

বাঙ্গালীর আশা-আকাঙ্ক্ষার প্রতিফলনে এ সরকারের রাষ্ট্রপ্রধান নির্বাচিত হয়েছেন স্বাধীন বাংলার মহানায়ক বাঙ্গালীর প্রিয় বাংলাদেশের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। আর তাঁর সহকারী হিসেবে রয়েছেন ত্যাগী ও শ্রদ্ধেয় নেতৃবৃন্দ।

সৈয়দ নজরুল ইসলাম, উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচিত। জনাব তাজউদ্দিন আহমদ প্রধানমন্ত্রিত্বের দায়িত্ব পালন করবেন এবং দেশরক্ষা দপ্তরের দায়িত্বও অতিরিক্তভাবে তাঁর উপর ন্যস্ত । খোন্দকার মোশতাক আহমদ পররাষ্ট্র মন্ত্রী হিসাবে নির্বাচিত। স্বাধীন বাংলা সরকারের মন্ত্রী পরিষদে আর যাঁরা রয়েছেন তাঁরা হলেন জনাব মনসুর আলী, জনাব এ, এইচ, এম, কামরুজ্জামান।

জনযুদ্ধের আশু সাফল্য অর্জনের উদ্দেশ্যে সরকার সম্প্রতি কতগুলো নির্দেশাবলী জারী করেছেন।

পাকিস্তানী শোষকগোষ্ঠী ও তাদের ভাড়াটিয়া হানাদার সৈন্যবাহিনী আজ বাংলাদেশের সাড়ে সাত কোটি লোকের উপর নগ্ন, পৈশাচিক বর্বরতা চালিয়ে যাচ্ছে। বাঙ্গালীর অপরাধ তারা অবিচারের অবসান চেয়েছে, বাঙ্গালীর অপরাধ তারা তাদের মা-বাপ, ভাইবোন, সন্তান-সন্ততিদের জন্যে অন্ন-বস্ত্র-শিক্ষা-চিকিৎসার দাবী জানিয়েছে, বাঙ্গালীর অপরাধ তারা মানুষের মর্যাদা নিয়ে মাথা তুলে বাঁচতে চেয়েছে। বাঙ্গালীর অপরাধ আল্লাহতালার সৃষ্ট এ পৃথিবীতে, আল্লাহর নির্দেশমত সম্মানের সাথে শান্তিতে সুখে বাস করতে চেয়েছে। বাঙ্গালীর অপরাধ মহান স্রষ্টার নির্দেশমত অন্যায়, অবিচার, শোষন ও নির্যাতনের অবসান ঘটিয়ে এক সুন্দর ও সুখী সমাজ ব্যবস্থা গড়ে তুলবার সংকল্প ঘোষনা করেছে।

মানবতার বিরুদ্ধে হানাদার বাহিনী দানবীয় শক্তিতে ঝাঁপিয়ে পড়েছে। তাদের সহায় আধুনিক মারণাস্ত্র আর আমাদের সহায় পরম করুণাময় সর্বশক্তিমান আল্লাহতালার সাহায্য, বাংলাদেশের জনসাধারনের অটুট মনোবল, মুক্তিলাভের দৃঢ় সংকল্প, শত্রুসংহারের অবিচল প্রতিজ্ঞা।

বাংলাদেশের এ সংগ্রামে দল, মত, শ্রেণী, ধর্ম নেই। বাংলার মাটি, পানি , আলো, বাতাসে লালিতপালিত মানুষের আজ একমাত্র পরিচয় আমরা বাঙ্গালী। তাই বাংলার ছাত্র-শিক্ষক, কৃষক-শ্রমিক, ধনিক-বণিক, নারী-পুরুষ সকলকেই মুক্তি বাহিনীর সঙ্গে সহায়তা করতে হবে, মুক্তি সৈনিকের পাশে এসে দাঁড়াতে হবে। বাংলার মাটি থেকে শত্রুকে উৎখাত করার জন্যে প্রত্যেককেই এগিয়ে যেতে হবে।

নির্দেশাবলী

১। প্রতি শহর/গ্রাম/মহল্লায় এক-একজন অধিনায়ক নির্বাচিত করে সমাজ জীবনে শৃঙখলা রক্ষা করতে হবে; আরও ঐক্যবদ্ধ শক্তিতে শত্রুর সাথে অসহযোগ প্রতিরোধ সংঘাতের দুর্বার সংগ্রাম চালিয়ে যেতে হবে।

২। নিজ নিজ এলাকার খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির চাহিদার হিসাব রাখতে হবে আর চাহিদা মেটাবার জন্যে খাদ্যশস্যের উৎপাদন বাড়াবার আর সংগ্রহ করবার চেষ্টা করতে হবে।

৩। কালোবাজারি, মুনাফাখোরি, চুরি, ডাকাতি ইত্যাদি সমাজবিরোধী কার্যকলাপের বিরুদ্ধে কঠোর দৃষ্টি রাখতে হবে। আদেশ অমান্য করলে শাস্তিদানের ব্যবস্থা করতে হবে।

৪। দৈনন্দিন জীবনের সংযম ও কৃচ্ছ্রতা চালিয়ে যেতে হবে। সর্বপ্রকার বিলাসিতা ত্যাগ করে জাতির বৃহত্তর কল্যাণে পারস্পরিক মমত্ববোধে ভ্রাতৃত্বের হাতকে দৃঢ়তর করতে হবে। আত্মশক্তির উপর বিশ্বাস রেখে আত্মনির্ভরশীল বলিষ্ঠ সমাজ গড়ে তুলতে চেষ্টা চালিয়ে যেতে হবে।

৫। শত্রুকে চিনতে হবে। অবাঙ্গালী সামরিক বেসামরিক শত্রু তো আছেই। তারা কমবেশী চিহ্নিত। মারাত্মক হলো ঘরের শত্রু ধর্মের দোহাই দিয়ে, অখন্ডতার বুলি আওড়িয়ে কালোবাজারী মজুতদারীর বেশে শত্রুর চর সরলপ্রাণ বাঙ্গালীর আশেপাশে ঘুরে বেড়ায়। এরা দোস্ত হিসোবে মনে ঠাই পেতে চায়। একবার ওদের খপ্পরে পড়লে আর নিস্তার পাওয়া যাবে না। এ ধরনের লোককে চিনে রাখতে হবে। বিশ্বাসঘাতকতার পথ ছেড়ে দেয়ার জন্যে তাদের বলতে হবে। তবুও যদি তাদের শুভবুদ্ধির উদয় না হয় তখন উর্ধ্বতন কর্মকর্তার কাছে তাদের নাম-ঠিকানা জানিয়ে দিতে হবে এবং কর্তৃপক্ষ দেশদ্রোহীর নির্ধারিত শাস্তি প্রদানের ব্যবস্থা করবেন ।

৬। গ্রামে গ্রামে রক্ষীবাহিনী গড়ে তুলতে হবে। মুক্তিবাহিনীর নিকটতম শিক্ষণশিবিরে রক্ষীবাহিনীর স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ দানের ব্যবস্থা রয়েছে। গ্রামের শান্তি ও শৃঙ্খলা রক্ষা ছাড়াও এরা প্রয়োজনে মুক্তিবাহিনীর সঙ্গে প্রতিরোধ সংগ্রামে অংশ গ্রহণ করবেন।

৭। গ্রাম/শহর অথবা মহল্লার নেতারা নিজেদের মধ্যে নেতা নির্বাচন করে গ্রাম- গ্রামান্তরে যোগাযোগ ও পণ্য বিনিময় ব্যবস্থার সুযোগ-সুবিধা রক্ষার জন্যে প্রচেষ্টা চালাবেন। এর উপরের স্তরের শৃঙ্খলা রক্ষার দায়িত্ব থাকবে প্রাদেশিক ও জাতীয় পরিষদে নির্বাচিত সদস্যদের হাতে।

৮। বাংলাদেশের সকল মুক্ত এলাকায় সরকারী, আধাসরকারী, বে-সামরিক কর্মচারীরা স্তরে স্তরে নির্বাচিত জনপ্রতিনিধিদের নির্দেশে কাজ করবেন। শত্রু কবলিত এলাকায় জনপ্রতিনিধিরাই ব্যক্তিবিশেষে অবস্থানুযায়ী ব্যবস্থা করবেন।

৯। সকল সামরিক, আধা সামরিক, কর্মরত বা অবসরপ্রাপ্ত বাঙ্গালী কর্মচারী অনতিবিলম্বে নিকটতম মুক্তিসেনা শিবিরে যোগ দেবেন এবং কোন অবস্থাতেই শত্রুর সহযোগিতা করবেন না।

১০। যোগাযোগ ব্যবস্থার বিশেষভাবে নৌ-চলাচল সংস্থার কর্মচারীরা কোন অবস্থাতেই শত্রুর সাথে সহযোগিতা করবেন না এবং যতদূর সম্ভব যানবাহনাদি নিয়ে মুক্ত এলাকায় চলে আসবেন।

গুজবে কান দেবেন না। গুজব রটাবেন না। নিজের উপর বিশ্বাস হারাবেন না। মনে রাখবেন আপনার এ সংগ্রাম ন্যায়ের সংগ্রাম, সত্যের সংগ্রাম । পশ্চিম পাকিস্তানী হানাদার দুশমন বাঙ্গালী মুসলমান নারী-পুরুষ, বালক-বালিকা কাইকে হত্যা করতে, বাড়ীঘর লুট করতে, জ্বালিয়ে দিতে এতটুকু দ্বিধা করেনি। মসজিদের মিনারে আজান প্রদানকারী মুয়াজ্জেন, মসজিদে-গৃহে নামাজরত মুসল্লী, দরগাহ মাজারে আশ্রয়প্রার্থী হানাদারদের গুলী থেকে বাঁচেনি। এ সংগ্রাম আমাদের বাঁচার সংগ্রাম । সর্বশক্তিমান আল্লাহত'লার উপর বিশ্বাস রেখে ন্যায়ের সংগ্রামে অবিচল থাকুন।

স্মরণ করুনঃ আল্লাহ প্রতিশ্রুতি দিয়েছেন

''অতীতের চাইতে ভবিষ্যৎ নিশ্চয়ই সুখকর''

বিশ্বাস রাখুনঃ

''আল্লাহর সাহায্য ও বিজয় নিকটবর্তী''।

জয় বঙ্গবন্ধু শেখ মুজিব!

জয় বাংলা!

শিরোনাম	সূত্র	তারিখ
অস্থায়ী সরকার কর্তৃক মুক্তিবাহিনীর পুনর্গঠনঃ কর্ণেল ওসমানীকে সর্বাধিনায়ক পদে নিয়োগ	এশিয়ান রেকর্ডার- মে, ১৪-২০, ১৯৭১	১৪ এপ্রিল, ১৯৭১

Re-organization of Liberation Forces:

The newly formed "Provisional" Government on April 14 set about the task of transforming the liberation army into an organized force by setting up a full-fledged operational base and an Interim capital and naming commanders for well-defined liberated zones.

Col. Osmani of the Bengal Regiment, who had retired from active service some time before the flare-up in East Bengal, was appointed the General Officer Commanding-in- Chief of the "Mukti Fauj".

The names of regional commanders as announced by the Prime Minister, Mr. Tajuddin Ahmed, were: Maj. Khalid Musharaf, Sylhet-Comilla; Maj. Ziaur Rahman, Chittagong-Noakhali; Maj. Safiulla, Mymensingh-Tangail; and Maj. M.A. Osman, south- west.

Besides the interim capital located in the western zone, a regional unit had been set in the Sylhet-Comilla zone with full administrative authority for the eastern region.

He said that in the Sylhet-Comilla region, Maj. Khalid Musharaf of the Hast Bengal Regiment had driven the Army to the cantonments of Sylhet and Comilla.

In the Chittagong-Noakhali sector, Maj. Ziaur Rahman was in full command of the liberation forces who had contained the enemy in limited pockets of Chittagong.

Maj. Safiulla was poised to march on Dacca after liberating all areas in Mymensingh and Tangail.

In the south-west region, Mr. Ahmed said, Maj. Osman had taken command, liberating large areas of Khulna, Kushtia, Jessore, Faridpur, Barisal and Patuakhali. The enemy remained confined to Jessore cantonment and parts of Khulna town.

In north Bengal, a unified command of the East Bengal Regiment and the East Pakistan Rifles had laid siege on Rangpur and Saidpur enemy positions.

Democratic Republic of Bangladesh Proclaimed:

Amidst thunderous cheers from a 10,000-strong crowd which included contingents of the EPR, Ansars and Mujahids, the Democratic Republic of Bangladesh was proclaimed in Mujibnagar on April 17 as a formally constituted State, to be run by a presidential form of Government.

The Prime Minister, Mr. Tajuddin Ahmed declared that the Government's writ ran through 90 per cent of the territory, except for the cantonments and a few administrative headquarters which were being held by the Army. About 50 foreign journalists watched and recorded the proceedings.

The proclamation named Syed Nazrul Islam as Vice-President, but explained that if the President, Sheikh Mujibur Rahman, "is absent, or cannot function or is incapacitated," Mr. Islam would carry on the functions of the President.

Pending the formulation of a new Constitution, the President would be the head of the armed forces and the sole legislative authority. He would appoint the Prime Minister and his colleagues, levy taxes and authorize expenditure and would convene or adjourn a Constituent Assembly.

The proclamation explained why this step had been necessary and affirmed that this was being done in accordance with the mandate of the people as reflected in the results of the last elections. The objective of the new State and "nation" would be to ensure human dignity and social justice. This, Mr. Islam said, had been sought to be achieved peacefully by the State's 75 million people over the last 23 years. But, they had been frustrated by the feudal interests and the military Junta.

Their present struggle, he said, was for political, cultural and economic emancipation of the people of Bangladesh as well as for their very existence and "win we must, today, tomorrow or the day after".

He urged foreign journalists to convey his message to their respective countries that for the sake of human liberty, dignity and values as well as for the sake of democracy, big and small Powers throughout the world, especially those in Africa and Asia, should recognize his Government and "do something positive to alleviate the miseries of the Bangladesh people."

স্বাধীন বাংলা বেতারের সূচনা চট্টগ্রামের কালুরঘাট ট্রান্সমিশন ভবনে ২৬-৩০ মার্চ ১৯৭১- সমাপ্তি মুজিব নগরে জানুয়ারী ২, ১৯৭২ তারিখে। ৩০ মার্চ ১৯৭১ তারিখে কালুরঘাট ট্রান্সমিশন ভবন হানাদার বাহিনীর বিমান হামলায় বিধ্বস্ত হওয়ার পর ৩ এপ্রিল থেকে ২৫ মে পর্যন্ত যেসব অনুষ্ঠান প্রচারিত হয়েছিল, সেগুলির কোন নিদর্শন সংগ্রহ করা সম্ভব হয়নি। তবে এ পর্যায়ে প্রচারিত মাত্র একটি বিষয় (পৃঃ ১৩) সন্নিবেশ করা হয়েছে। সূচনা পর্বের ২৬ থেকে ৩০ মার্চ ১৯৭১ পর্যন্ত প্রচারিত বিষয় সমূহও বেশি পাওয়া যায়নি, শুধু একখানি বাণীবদ্ধ টেপ (পৃঃ ১-১০), ' শব্দসৈনিক '- এ প্রকাশিত একটি কথিকা (পৃঃ ১২) ও বেতার বাংলায় প্রকাশিত এ সময়ের প্রচারিত অনুষ্ঠানের অংশবিশেষ (পৃঃ ১১) ছাড়া। এগুলি গ্রন্থের প্রারম্ভেই দেওয়া হয়েছে।

মুজিবনরে প্রতিষ্ঠিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সরকার তত্ত্বাবধানে সংগঠিতভাবে ২৫ মে ১৯৭১- এ স্বাধীন বাংলা বেতার সম্প্রচার নিয়মিতভাবে শুরু হয়। সেই তারিখ থেকে প্রচারিত অনুষ্ঠানমালার দলিলপত্র যতোদূর সংগৃহীত হয়েছে তা আংশিকভাবে সন্নিবেশ কারা হয়েছে (পৃঃ ৪০-৫১১)।

তার আগে বেতারের অধিবেশন সমূহের পরিচয় দেবার প্রয়াস রয়েছে গ্রহন্থের ৩ নং শিরোনামভূক্ত অনুষ্ঠান পত্রগুচ্ছে (পৃঃ ১৫)। শেষে রয়েছে সংগীত সূচী (পৃঃ ৫১২-৫১৬)। স্বাধীন বাংলা বেতারের নিয়মিত কর্মী, সংগঠক ও পরিচালবৃন্দের নামের কোন তালিকা এ খন্ডে দেওয়া হয়নি, কারণ, অনুরুপ একটি তালিকা এই দলিলপত্রের ৩য় খন্ডে আগেই মুদ্রিত হয়েছে।

বিভিন্ন শিরোনামে প্রচারিত বাংলা ধারাবাহিক স্বাতন্ত্র কথিকামালাকে সূত্রানুযায়ী বিভাজন করা হয়েঠেছ (পৃঃ ৫৪-৫২৬)।বাংলা অনুষ্ঠানের বিষয়াদি ছাড়াও উর্দু এবং ইংরেজী অনুষ্ঠানের প্রচারিত বিষয় সমূহের পরিচয় মিলবে যথাক্রমে ২৭৯-২৮০ ও ৪২২-৫০২ পৃষ্ঠাগুলিতে। বিষয় বস্তু অনুসারে আলাদা শিরোনামে চিহ্নিত করেও বাংলা অনুষ্ঠানের কিছু কথিকা সন্নিবেশিত হয়েছে-যেমন রণাঙ্গন সম্পর্কিত কয়েকটি কথিকা (পৃঃ ৫২৭-২৭৮), ধর্মীয় আলোচনা অনুষ্ঠানের ধারাবাহিক কথিকা (পৃঃ ২৮১-২৮৭) ঈদুল ফিতর উপলক্ষে অনুষ্ঠন (পৃঃ ২৮৮-২৯৫) ইত্যাদি। প্রচারিত বিভিন্ন নিয়মিত অনুষ্ঠান যেমন রক্ত স্বাক্ষর সাহিত্যানুষ্ঠান (পৃঃ ২৯৬-৩০৯), মুক্তিবাহিনীর জন্য প্রচারিত অগ্নিশিখা অনুষ্ঠান (পৃঃ ৩৪০) গ্রামীণ শ্রোতাদের জন্য অনুষ্ঠান (পৃঃ ২৯৬-৩০৯), প্রবৃতির অন্তর্গত কিছু কিছু বিষয় সংকলন করা হয়েছে। এ ছাড়া কবিতা(পৃঃ ৩১০-৩৩৯), রুপকানুষ্ঠান (পৃঃ ২৪৮-৩৭০),জীবন্তীকা (পৃঃ ৩৭১-৩৮২), গান(পৃঃ ৪০২-৪২১) ইত্যাদিও রয়েছে। সংযোজনীতে স্থান পেয়েছে মার্চ ও এপ্রিল ১৯৭২-এর বেতার বাংলা থেকে সংকলিত আরও কয়েকটি বাংলা কাথিকা (পৃঃ ৫০৩-৫১১)।

পরিশিষ্ঠে (পৃঃ ৫১৭-৫২৭) আছে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের গোড়াপত্তন সম্পর্কিত বিভিন্ন জনের লেখা কয়েকটি প্রতিবেদনের অংশবিশেষ। সবশেষে এসেছে বেতার অনুষ্ঠন প্রচার সম্পর্কিত একটি সভার সরকারী দরিল (পৃঃ ৫২৮)। এ দলিলপত্রের পঞ্চদশ খন্ডে সাক্ষাৎকারের মাধ্যমে স্বাধীন বাংলা বেতার নেন্দ্রের প্রতিষ্ঠা সংক্রান্ত তথ্যাদি সন্নিবেশিত হওয়ায় এখানে এ সম্পর্কিত তথ্য সংক্ষেপ করা হয়েছে।

এখানে উল্লেখ করা যেতে পারে, নিয়মিত অনুষ্ঠানমালার বাইরে বিভিন্ন সময়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিসভার সদস্যবৃন্দ, সরকার প্রধান, সেনাবাহিনী প্রধান ও ছাত্র নেতৃবৃন্দের যেসব ভাষণ এবং সরকারের যেসব নির্দেশ, বিজ্ঞপ্তি স্বাধীন বাংলা বেতারে প্রচারিত হয়েছে সেগুলি বাংলাদেশের স্বধীনতা যুদ্ধঃ দলিলপত্র -এর অন্যান্য প্রাসঙ্গীক খণ্ড, যেমন- ৩য়, ৪র্থ ও ১১শ খন্ডসমুহে সংযোজিত হওয়ায় এখানে অন্তর্ভুক্ত হয়নি।

বিষয়সমূহের রচয়িতার নাম প্রায় ক্ষেত্রেই দেয়া হয়েছে কেবল দু'একটি ক্ষেত্রে যেমন-'বিশ্বজনমত শীর্ষক ধারাবাহিক বাংলা কথিকাগুলির (পৃঃ ৫৪-৮৬) লেখকের নাম দলিল সন্নিবেশকালে জানা যায়নি বলে অনুল্লিখিত থেকে গেছে। এ পর্যায়ের ৩০ মে, ১০ জুন, ২৯ জুলাই, ১ আগষ্ট ১৯৭১- এর কথিকাগুলি বাদে বাকী সবগুলি সাদেকীন-এর রচনা বলে পরে চিহ্নিত করা গেছে। ১ আগষ্ট-এর কথিকাটি লিখেছেন আবুল কাশেম সন্দ্বীপ। কিন্তু প্রথমোক্ত তিনটির লেখকের নাম জানা যায়নি। অনুরূপভাবে, ইংরেজী অনুষ্ঠানের 'ওয়ার্ল্ড প্রেস রিভিউ অন বাংলাদেশ শীর্ষক প্রতিবেদনগুলিরও লেখকের নাম জানা যায়নি। তবে এগুলি একাধিক জনের রচনা এবং আলমগীর কবীর, আলী জাকের ও মওদুদ আহমেদ সাধারণত এগুলি লিখতেন।

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1, 1971, Page 503

Ministry of Information & Broadcasting

*** *** ***

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং-তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে-
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/231 Dated 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University
2.	Professor Salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3.	Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies, Rajshahi.
4.	Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5.	Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University
6.	Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University
7.	Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University
8.	Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University
9.	Mr. Hasan Hafizur Rahman	O.S.D., History of Bangladesh War of Liberation Project

The following shall be the terms of reference of the Committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of document are required for the purpose.

Syed Asgar Ali
Section Officer

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/10493/(25) Dated : 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh war of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Professor Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4.	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies, Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K. M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D., History of Bangladesh War of Liberation Project	Member-Secretary

2. The following shall be the terms of reference of the Committee:

To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

To determine validity and price of document are required for the committee.

M.A. Salam Khan
Section Officer

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১।	স্বাধীন বাংলাবেতার কেন্দ্র প্রচারিত অনুষ্ঠান (অংশ)	১
২।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত আরও অনুষ্ঠান	
	-২৬ শে মার্চের অনুষ্ঠান থেকে	১১
	-স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের প্রথম কথিকা	১২
	-সাম্প্রদায়িতকাঃ সামন্তবাদ প্রসঙ্গ	১৩
৩।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র-এর অনুষ্ঠান গুচ্ছপত্র (অংশ)	১৫
৪।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত বাংলা ও ইংরেজী সংবাদঃ	
	-বাংলা সংবাদ	৪০
	-ইংরেজী সংবাদ	৪২
৫।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত নিয়মিত বাংলা কথিকামালাঃ	
	-বিশ্ব জনমত	৫৪
	-দৃষ্টিপাত	৮৬
	-সংবাদ পর্যালোচনা	১০৪
	-মানুষের মুখ	১২৩
	-প্রতিনিধির কন্ঠ	১৩০
	-অভিজ্ঞতার আলোকে	১৩৯
	-শেখ মুজিবের বিচার প্রহসন	১৪৩
	-পর্যবেক্ষকের দৃষ্টিতে	১৪৬
	-দর্পণ	১৫০
	-কাঠগড়ার আসামী	১৫৩
	-জনতার সংগ্রাম	১৫৪
	-পুতুল নাচের খেল	১৫৫
	-বিশ্ব বিবেক ও বাংলাদেশ	১৫৮
	-পিন্ডির প্রলাপ	১৬১
	-রক্তের অক্ষরে লিখি	১৬৬
	-দৃষ্টিকোণ	১৭২
	-রাজনৈতিক মঞ্চ	১৭৫
৬।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত আরও কয়েকটি নিয়মিত কথিকাঃ	
	-দর্পণ	১৭৮
	-রাজনৈতিক মঞ্চ	১৮১
	-জনতার সংগ্রাম	১৮৩

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ পঞ্চম খন্ড

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
	-অভিযোগ	১৮৫
	-চরমপত্র	১৮৭
৭।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত বাংলা কথিকামালাঃ	
	-সাময়িকী	১৯০
	-বিদেশী মুসলিম রাষ্ট্রের পত্র-পত্রিকার সম্পাদকীয় অভিমত	১৯২
	-মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের কবিতা	১৯৩
	-রণ দামামা	১৯৬
	-কথিকা	১৯৭
	-বাংলাদেশ গেরিলা	১৯৮
	-আমাদের মুক্তি সংগ্রাম ও মহিলা	১৯৯
	-দেশবাসী সমীপে নিবেদন	২০০
	-যুদ্ধকালীন পরিস্থিতি ও বাংলার নারী	২০৩
	-সাংবাদিক স্বাধীনতা ও হানাদার অধিকৃত বাঙলাদেশ	২০৪
	-আমরা তাদের ভাতে মারাবো	২০৬
	-যুদ্ধই একমাত্র পথ	২০৮
	-কয়েকটি ছবি- একটি ইতিহাস	২১০
	-মুক্তি সংগ্রামে মায়ের প্রেরণা	২১২
	-মুক্তি সংগ্রামে বঙ্গ বীরাঙ্গণা	২১৪
	-বাংলার মুখ	২১৬
	-বাংলাদেশের অর্থনৈতিক পুনর্গঠন	২১৯
	-বাংলাদেশে কাদ্য উৎপাদন বৃদ্ধির উপায়	২২১
	-আগ্রগামী মুক্তিবাহিনী	২২৩
	-এখন অনেক কাজ	২২৪
৮।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত আরও বাংলা কথিকা	
	-রাজনৈতিক বঞ্চনার নেপথ্যে	২২৭
	-প্রতিধ্বনি	২২৯
	-অমর ১৭ই সেপ্টেম্বর	২৩০
	-ইয়াহিয়া জবাব দাও	২৩২
	-ঝিলামের চার ভাই	২৩৩
	-রক্ত দিয়ে রেখে গেলাম	২৩৫
	-রেনেসার সূচনাঃ বাংলাদেশ	২৩৭
	-রণাঙ্গনে বাঙলার নারী	২৩৯
	-দেয়ালের লিখন	২৪০
	-বাংলাদেশ ও বঙ্গবন্ধু	২৪২

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
	-দেশে গঠনে নারীর ভূমিকা	২৪৪
	-স্বদেশ স্বকাল	২৪৬
	-বাংলার সংগ্রামী জনাতা প্রস্তুত	২৪৮
	-বাংলাদেশের পুর্নগঠন-৩	২৪৯
	-পাকিস্তান থেকে বাংলাদেশ	২৫১
৯।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত রণাঙ্গন সম্পর্কিত কংয়েকটি কথিকাঃ	
	-দখলীকৃত এলাকা ঘুরে এলাম	২৫৭
	-মুক্তিযুদ্ধ কোন পথে	২৬৪
	-মুক্তিফৌজের ক্যাম্পে	২৬৬
	-দুর্জয় বাংলা	২৬৮
	-মুক্তাঞ্চল ঘুরে এলাম	২৭০
	-ঘুরে এলাম মুক্তাঞ্চল	২৭২
	-রণাঙ্গণ ঘুরে এলাম	২৭৩
	-মুক্তাঞ্চলে	২৭৬
১০।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত উর্দু অনুষ্ঠান থেকেঃ	
	-একটি উর্দু কথিকা	২৭৯
১১।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত ধর্মীয় আলোচনা অনুষ্ঠানের কয়েকটি কথিকাঃ	
	-ইসলামের দৃষ্টিতে	২৮১
	-ইসলামের দৃষ্টিতে জেহাদ	২৮২
	-বাইবেল পাঠ ও আলোচনা	২৮৫
১২।	ঈদুল ফিতর উপলক্ষে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের প্রচারিত অনুষ্ঠানঃ	
	-রমজানের ওই রোজার শেষে	২৮৮
	-রকেথ রাঙ্গ ঈদ	২৯১
	-রক্তে রাঙা ঈদুল ফিতর	২৯৪
১৩।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত সাহিত্যানুষ্ঠন থেকেঃ	
	-বিপন্ন যখন	২৯৭
	-আজকের বাংলায়	৩০০
	-সূর্য ওঠার স্বপ্ন নিয়ে	৩০৩
	-রণ শিবিরের একটি প্রতক্ষ্য চিত্র	৩০৫
	-স্বীকারোক্তি	৩০৭
১৪।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত কয়েকটি কবিতাঃ	৩১০
১৫।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে মুক্তিযোদ্ধাদের জন্য প্রচারিত অনুষ্ঠান অগ্নিশিখা থেকেঃ	৩৪০
	'-এহিয়া বধ কাব্য'	
১৬।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত একটি রুপক অনুষ্ঠানঃ	
	-জল্লাদের দরবার (অংশ)	৩৪৮

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১৭।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত জীবন্তিকা অনুষ্ঠানঃ	
	-মীর জাফরের রোজনামচা	৩৭১
	-এ সত্য রুধিবে কে?	৩৭৪
	-কে আমাদের রুখবে?	৩৭৯
১৮।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের গ্রামীণ শ্রোতাদের জন্য প্রচারিত অনুষ্ঠানঃ	
	-সোনার বাংলা	৩৮৩
	-জনতার আদালত	৩৮৯
	-গ্রাম বাংলা	৩৯২
১৯।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত গান	৪০২
২০।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত ইংরেজী অনুষ্ঠানঃ	
	-নিউজি কমেন্টারী	৪২২
২১।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত ইংরেজী অনুষ্ঠানঃ	
	-ওয়ার্ল্ড প্রেস রিভিউ অন বাংলাদেশ	৪৩৪
২২।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত ইংরেজী প্রতিবেদনমালা:	
	-Shocking Western Apathy : Bangladesh No Biafra or	৪৫০
	Indonesia	৪৫১
	-UN Proved Impotent	৪৫২
	-British Parliament Debates Bangladesh	
	-More US Arms for Killing Bengalees:	৪৫৪
	AAPO Fails to Understand Bangladesh	৪৫৫
	-Emergence of Secularism	৪৫৭
	-British Delegation States Yahya, Tikka	৪৫৮
	-Awami League Opts for Military Solution	৪৬০
	-Not Separatism : A War of Liberation	৪৬২
	-Causes of Arab Apathy Toward Bangladesh	৪৬৪
	-Nixon Goes to Peking as Bangladesh Bleeds	৪৬৫
	-Yahya Prepares to Murder Sheikh	৪৬৭
	-Indian Moslems Misled	৪৬৯
	-A multi-pronged Attack on Bangladesh	৪৭১
	-UN to Pakistan's Rescue	
	-Famine as a Weapon Relief Food for Soldiers!	
	Bangla is NO Biafra	৪৭২
	-World Press Worried about Sheikh: Honor for Tikka!	৪৭৪
	-Yahya Finds His Quisling	৪৭৬
	-'Amnesty' Fail to deceive : BBC Thaws:	
	Mercenary Malik	৪৭৭
	-An Historic Five-Party Agreement : Proof. Galbraith	৪৭৯
	Mistakes Bengali Spirit	৪৮১
	-US Senators Vote Stop[page of Aid: Paks on the Run	

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
	-Collusion with Iran	৪৮৩
	-India-USSR Treaty	৪৮৪
	-British Labor Party Wakes up: UN Intervention Not Welcome Now	৪৮৬
	-Yahya and His Bay Elections	৪৮৯
	-Monem Eliminated: Other Collaborators Shaking in	৪৯০
	Pants	৪৯১
	-Yahya'a Approaching Doom	৪৯৩
	-US People Force Nixon Stop Arms Flow	৪৯৫
	-Pakistan in Tight Corner: D-Day Nearing Warning for	৪৯৬
	UN	৪৯৮
	-Bangladesh Get Ready!	৫০০
	-Final Battle Begins: Mukti Bahini Riding High	৫০১
	-The Decisive Stage	
	-Niazi'a Pitiful Boasts	
	সংযোজন	
২৩।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত বাংলা অনুষ্ঠানমালার আরও কয়েকটি কথিকাঃ	
	-তথাকথিত পাকিস্তান বেতার ঢাকা	৫০৩
	-মৃত্যুহীন প্রাণ	৫০৬
	-ইবলিশের মুখোশ	৫০৭
	-রণাঙ্গনের চিঠি	৫০৯
	-বিচার চাই	৫১০
২৪।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সঙ্গীত সূচী (অংশ)	৫১২
	পরিশিষ্ট-১	
২৫।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র সম্পর্কিত কয়েকটি প্রতিবেদন (অংশ)	৫১৭
	পরিশিষ্ট-১	
২৬।	স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান প্রচার সম্পর্কিত একটি সভার কার্যবিবরণী	৫২৮
২৭।	নির্ঘণ্ট	৫৩১

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ পঞ্চম খন্ড

শিরোনাম	সূত্র	তারিখ
১। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত অনুষ্ঠান (অংশ)	টেপ থেকে উদ্ধৃত	২৬-৩০ মার্চ, ১৯৭১

''এবার তোমাদের বিদায় নিতে হবে, তবে অক্ষত অবস্থায় নয়। যে রক্ত এতদিন তোমরা নিয়েছো, সে রক্ত এবার আমরাও নেব।'' বলেছেন বাংলার মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিব।

''বাঙালী রেজিমেন্ট, ই-পি-আর, পুলিশ বাহিনী, মুক্তিসেনা- এগিয়ে যাও। তোমাদের সাথে রয়েছে বাংলার বিপ্লবী বীর জনতা। এরা সবাই রক্ত দিতে প্রস্তুত, আজ এরা রক্ত দেবেই এই প্রতিজ্ঞা নিয়ে পাকিস্তানী হানাদারদের ওপর এরা আক্রমণ চালাবে।'' বলেছেন বঙ্গবন্ধু শেখ মুজিব।

''পাক সৈন্যদের খতম করুন, বাংলাদেশের স্বাধীনতাকে অক্ষুণ্ণ রাখুন। যে পতাকা একবার বাংলাদেশের মানুষ উড়িয়েছে,শেষ রক্তবিন্দু থাকতেও সেই পতাকা কোনোদিন তারা ভুলে যাবে না।'' বলেছেন স্বাধীন বাংলার ছাত্র সংগ্রাম পরিষদের চারজন নেতা।

মনে রাখবেন, শত্রুসৈন্য ধ্বংস হওয়া না পর্যন্ত এই যুদ্ধাবস্থা চলবেই। তাই আরাম-আয়েশ বিসর্জন দিয়ে, রাতের ঘুম হারাম করে আপনারা আপনাদের বিজয়ের পথে এগিয়ে যান।

পশ্চিমা হানাদারেরা এখনো চিনতে পারেনি বাঙালী রেজিমেন্ট, ই-পি-আর, পুলিশ বাহিনী আর মুক্তিসেনা কি জিনিস! তারা ভুলে গেছে, এই বাহিনী বিভিন্ন যুদ্ধে যে শৌর্য ও বীর্য দেখিয়েছে তা তারা এখনো আন্দাজ করতে পারেনি। আমরা দৃঢ় বিশ্বাস রাখি, যে সমস্ত হানাদার পাকিস্তানী সৈন্য এখনো রয়েছে তাদের বাঙালীরা নিশ্চিহ্ন করে দেবে। জয় বাংলা।

সংগীতঃ জয়, জয়, বাংলার জয়... ...।

স্বাধীনতা অর্জনের জন্য মরণপণ সংগ্রাম চলেছে। বাংলার বীর সৈনিক, ইস্ট বেঙ্গল রাইফেলস, ইস্ট পাকিস্তান রাইফেলস, পুলিশ বাহিনী এবং এদেশের প্রতিটি ছাত্র, কৃষক, জনতা, হানাদার পশ্চিমা গুণ্ডা বাহিনীর আক্রমণ সাফল্যের সাথে প্রতিহত করে চলেছে। এবং বাংলার বীর সৈনিকদের আক্রমণে দিশেহারা পশ্চিমা বাহিনী পিছু হটে চলেছে এবং মর্টার, কামান এবং ট্যাঙ্কের সাহায্যে বিভিন্ন স্থানে নির্বিচারে গণহত্যা করে চলেছে। পশ্চিমা হানাদার বাহিনী যখন প্রতিটি আন্তর্জাতিক নিয়ম-কানুন উপেক্ষা করে গতকাল রাত্রে হাসপাতালে পর্যন্ত বোমাবর্ষণ করেছে- বাংলার সাত কোটি মুক্তিপাগল মানুষের উপর যেভাবে পশ্চিমা হানাদার বাহিনী আক্রমণ করে চলেছে, তার প্রতিরোধে বাংলার মানুষকে সর্বাত্মক সহায়তা করা প্রত্যেক গণতান্ত্রিক রাষ্ট্রের নৈতিক কর্তব্য বলে আমরা মনে করি। তাই বাংলার সাড়ে সাত কোটি মানুষ আজ বিশ্বের কাছে আহ্বান জানাচ্ছে তারা যেন বাংলার মুক্তিপাগল জনগণের সাহায্যার্থে এগিয়ে আসেন। আপনাদের অবগতির জন্য আমরা আরও জানাচ্ছি যে, পশ্চিমা হানাদার বাহিনীর মেজর জেনারেল টিক্কা খান- যাকে বাংলার বীর জনতা গর্ভনর হিসাবে মেনে নিতে ..... (অস্পষ্ট) অস্বীকৃতি জানিয়েছিলেন, সেই কুখ্যাত টিক্কা খানকে বাংলার বীর

স্বাধীন বাংলা বেতারের প্রথম সম্প্রচার কেন্দ্র ছিল চট্টগ্রাম বেতারের কালুরঘাট ট্রান্সমিটার ভবন। ২৬ মার্চ থেকে ৩০ মার্চ পর্যন্ত অনুষ্ঠান প্রচারের পর হানাদার বাহিনীর বিমান আক্রমণে কেন্দ্রটি বন্ধ হয়ে যায় এবং চট্টগ্রাম সীমান্তবর্তী মুক্তাঞ্চল থেকে দ্বিতীয় পর্যায়ে অনুষ্ঠান পুনঃপ্রচার শুরু হয়। পরবর্তীতে ২৫ মে থেকে মুজিব নগরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সরাসরি তত্ত্বাবধানে বেতার সম্প্রচার পূর্ণাঙ্গভাবে চালু হয়।

* বন্ধনীযুক্ত অংশের টেপ অস্পষ্ট ও বাংলা ভাষণের সঙ্গে অসঙ্গতিপূর্ণ।

সৈনিকেরা হত্যা করেছে। বাংলার বীর জনতা প্রতিটি অলিতে-গলিতে অস্ত্র হাতে শত্রুদের মোকাবিলা করে চলেছে। বিশ্ববাসী, আপনারা আসুন, বাংলার মানুষকে সর্বাত্মক সহায়তা করুন। আমরা জানি, ইনশাল্লাহ্ জয় আমাদেরই হবেই। জয় বাংলা।

আপনারা বাংলার প্রতিটি জনসাধারণকে জানিয়ে দিন যেন শত্রুর মোকাবিলায় তারা সর্বাত্মক সাহায্য করেন। বাংলার বীর সৈনিকেরা যেভাবে শত্রুর মোকাবিলা করে চলেছে, তা সত্যই প্রশংসার যোগ্য। আপনারা এগিয়ে আসুন। আপনারা কেউ শহর থেকে যাবেন না। যে যেরূপ ভাবেই পারেন বাংলার মুক্তিপাগল মানুষকে সাহায্য করুন। ..... আমাদের বিভিন্ন কেন্দ্রে খাদ্য ও যেসব সামগ্রী সংগ্রহ করা আছে, আপনারা যদি পারেন, সেখানে খাদ্য ও সামগ্রী জমা দিন।

সঙ্গীতঃ ... ...

ঘুম পাড়ানো তোতা পাখী লও বিদায়, লও বিদায়।

... ...

I Major Zia of Bengal Liberation Army. This is Major Zia, the Leader of Bengal Liberation Army, speaking on the support of Bangabandhu Sheikh Mujibur Rahman's liberation movement.

The Pakistan Army consisting mainly of Punjabi are killing the Bengalee civilians of all ages, and they acted in most ruthless manner. They have not spared the unarmed Bengalees - those are chiefly unarmed Bengalee officers and men of the army, navy and air force, some of whose families have not been killed]* the massacre started on the night of last Thursday when they attacked and started killing the unarmed soldiers, navy, airmen and civilian population all over Swadhin Bangladesh. they have been using American Russia and Chinese armaments including artillery gun and tank including Russian tank which is presented, which was so generously given by the Indonesian during the last 1965 war, All these acts uncivilized and cruel, They had a very well conceived plan of killing the senior political, civil, military leaders of Bengal. The need of the hour is that the important personalities of Bangladesh should go underground and work from there. Voice of America has announced that Beluchistan and Pakhtunistan with North-West Frontier Province has seceded from Pakistan to support the cause of Swadhin Bangladesh. At this moment, we have to fight united. By the grace of God, we will capture all Punjabi traitors in a matter of one or two days and free Bangladesh of these menaces. Joi Bangla.

This is- you are listening the taped broadcast by Major Zia of Bengal-Bengal Liberation Army leader. The broadcast coming to you from Free Radio Bengal.

আপনারা স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান শুনছেন। এবার আপনাদের মুক্তি-বাঙালী মুক্তিসেনা বাহিনীর নায়ক মেজর জিয়া আপনাদেরকে বাংলায় ভাষণ দিচ্ছেন।

আমি শেখ মুজিবুর রহমানের ঘোষিত স্বাধীন বাংলা প্রসংগে বলছি।

পাকিস্তান সেনাবাহিনী প্রধানত .....* পাঞ্জাবী সৈন্যরা বাংলার বেসামরিক মানুষদের নির্মমভাবে হত্যা করেছে। তারা অফিসার এবং নিরস্ত্র সৈন্যদের হত্যা করেছে। এমন কি তাদের পরিবারদেরকেও রেহাই দেয়নি। তাদের এরকম হত্যাকাণ্ড শুরু হয়েছে গত বৃহস্পতিবার থেকে। সেদিন থেকে তারা বাঙালী সৈন্যদের নিরস্ত্র করে এবং সমস্ত স্বাধীন বাংলাদেশের জনগণের উপর জুলুম চালাতে থাকে। তারা আর্টিলারী কামান, আমেরিকান, রাশিয়ান ও চীনা অস্ত্রশস্ত্র ব্যবহার করে। এছাড়াও তাদের জুলুমের ভয়াবহ সামগ্রীগুলির মধ্যে রয়েছে রাশিয়ান ট্যাঙ্ক, যেটি তাদেরকে গত উনিশশো পঁয়ষট্টি সালের তথাকথিত যুদ্ধে মহান দেশ ইন্দোনেশিয়া আমাদেরকে দিয়েছিলো। দুশমনদের এ সমস্ত কাজ যেমন বর্বরোচিত তেমনি জঘন্য। এই সমস্ত বর্বর হানাদারদের এখন সুপরিকল্পিত মতলব হচ্ছে স্বাধীন বাংলাদেশের মহান রাজনীতিক নেতাদের, বেসামরিক উচ্চপদস্থ কর্মচারীদের এবং বাংলাদেশের মুক্তিসেনাদের হত্যা করা। এই চরম মুহূর্তে সবচেয়ে প্রয়োজন হচ্ছে স্বাধীন বাংলাদেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিদিগকে আণ্ডারগ্রাউন্ড বা গোপন কাজে চলে যেতে হবে এবং সেখান থেকে দুর্বার আক্রমণ গড়ে তুলতে হবে। কিছুক্ষণ আগে ভয়েস অব আমেরিকা বেতারে বলা হয়েছে যে, স্বাধীন বাংলাদেশের ন্যায় আন্দোলনকে পূর্ণরূপে সমর্থন করে বেলুচিস্তান এবং সীমান্ত প্রদেশের পাখতুনিস্তান তথাকথিত পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়েছে। এই সময় আমাদের একমাত্র লক্ষ্য হচ্ছে সংঘবদ্ধভাবে মহান সংগ্রাম গড়ে তোলা। আল্লাহর অনুগ্রহে আমরা পাঞ্জাবী দেশদ্রোহীদের সম্পূর্ণ বিধ্বস্ত করবো। এই পাঞ্জাবী দেশদ্রোহীদের বিধবস্ত করতে আমাদের সময় লাগবে মাত্র একদিন কিংবা দুইদিন। এবং এভাবে স্বাধীন বাংলাদেশকে আমরা শত্রুর কবল থেকে মুক্ত করবো। জয় বাংলা।

This is.... This is Lt. Shamsher of Bengal Liberation Army- I hereby pass a message from Major Ziaur Rahman of the Bengal Liberation Army. He says it is reported that more Pakistani Punjabi Force and armament have been brought to Chittagong and Dacca by the sea and by air- I therefore on behalf of the people of Bangladesh request all the peace-loving country of the world to give immediate recognition to Swadhin Bangladesh and extend physical assistance of all types to liberate the democratic minded people of Bangladesh...Under the circumstances I hereby declare myself as a Provisional Head of the Swadhin Bangla Liberation Government under guidance of Sheikh Mujib. I urge upon the people of Bangladesh to continue this freedom movement with increased vigor and intent devotion. By the grace of God the victory is ours- Joi Bangla.

Here is an announcement: All civilians of Chittagong are requested to collect at Laldighi Maidan with whatever weapons they have and report to Captain Bhuiya and Captain Naser of the Bengal Liberation Army.

চট্টগ্রামে অবস্থানরত সমস্ত নাগরিকদেরকে আহ্বান করা হচ্ছে যে, তারা দুপুর বারোটার মধ্যে লালদিঘীর ময়দানে তাদের সমস্ত অস্ত্রশস্ত্র নিয়ে ক্যাপটেন ভূইয়া এবং ক্যাপটেন নাসের .... (অস্পষ্ট) হাজির হন। তিনারা দুপুর বারোটা পর্যন্ত আপনাদের জন্য ওখানে অপেক্ষা করবেন। দুপুর বারোটার মধ্যে আপনারা সবাই নিজ নিজ অস্ত্রশস্ত্র নিয়ে লালদিঘীর ময়দানে হাজির হয়ে যান। সেখানে ক্যাপটেন ভূইয়া ও ক্যাপটেন নাসের আপনাদেরকে আদেশ ও নির্দেশ দেবেন। অস্ত্রশস্ত্র পারতপক্ষে লুকিয়ে আনবেন-সাধারণ নাগরিক যাতে তা না দেখেন। আপনারা অস্ত্রশস্ত্র লুকিয়ে আনবেন। অস্ত্রশস্ত্র ছাড়া লালদিঘীর ময়দানে যাবেন না। যাদের হাতে অস্ত্রশস্ত্র আছে শুধু তারাই লালদিঘীর ময়দানে যেয়ে হাজির হবেন। অস্ত্রশস্ত্র ছাড়া কেউ ওখানে যাবেন না।

---

*এই অংশে টেপ অস্পষ্ট

আর একটি বিশেষ ঘোষণাঃ কুমিরায় অবস্থানরত স্বাধীন বাংলা মুক্তিবাহিনীর সংগে ক্যাপটেন ভূইয়া-ক্যাপটেন ভূইয়া দ্বারা পরিচালিত স্বাধীন বাংলা মুক্তিবাহিনীর সংগে পাঞ্জাব রেজিমেন্টের যে সংঘর্ষ হয়েছিল, তাতে পাঞ্জাব রেজিমেন্টের তিনশত সিপাই নিহত হয়েছে। তারা এখন ছত্রভঙ্গ হয়ে এদিক-সেদিক ছড়িয়ে পড়েছে। কোন বেসামরিক নাগরিক তাদেরকে সাহায্য করবে না। পাঞ্জাবী কোন সৈনিককে বেসামরিক নাগরিক সাহায্য করবেন না। এখানেও স্বাধীন বাংলা মুক্তিবাহিনীর জয় হয়েছে। জয় বাংলা।

.....স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে বলছি। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে বলছি। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে বলছি। স্বাধীন বাংলার বাসিন্দাদের উদ্দেশে আমাদের আবেদন, আপনারা কোন অবস্থাতেই বিভ্রান্ত হবেন না। আপনাদের উৎসাহ ও মনোবল অক্ষুণ্ণ রাখুন। শান্তি ও শৃংখলার সাথে প্রত্যেকটি স্বাধীন দেশের নাগরিক বাংলার মুক্তিবাহিনীর কাজে সহায়তা করুন। আমাদের মুক্তিবাহিনীর কর্মতৎপরতায় সমগ্র এলাকা মুখর। আমাদের ব্যবসায়ীরা তাদের দোকানপাট চালু করেছেন যাতে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র সুলভে পাওয়া যায়। ঔষধপত্রের দোকানগুলো খোলা হচ্ছে। আপনারা যদি পরাজিত শত্রুবাহিনীর কোন বর্বর সৈন্যকে বিক্ষিপ্তভাবে কোন স্থানে যেকোন বেশে চলাচল করতে দেখেন তাকে উচিত সাজা দিন। তাদের সাথে কথা বলে তাদের ভাষা পরীক্ষা করবেন। তারা আমাদের বাঙালী সামরিক বিভাগের জোয়ানদের ওপর জুলুম করেছে। তাদের ক্ষমা নেই। ক্ষমা নেই। প্রতিশোধ! প্রতিশোধ! নেবো! নেবো! আমাদের মুক্তিবাহিনী, কুমিরায় তিনশত বেঈমান পাঞ্জাবী জোয়ান যখন পালাচ্ছিল, ক্যাপটেন ভূইয়ার নেতৃত্বে সম্পূর্ণভাবে তাদের ধ্বংস করে দিয়েছে। জয় বাংলা। জয় বাংলা। জয় বাংলা।

দুশমনরা আমাদের মুক্তিবাহিনীর পোশাক পরে চোরের মত স্বাধীন বাংলাদেশ ছেড়ে বনে-জঙ্গলে পালিয়ে যাচ্ছে। সমস্ত বাংলাদেশের নাগরিকরা সজাগ দৃষ্টি রাখুন এই হানাদারদের ওপর। এদের যেখানেই পান, সাথে সাথে এদের ধরে উপযুক্ত শাস্তি দিন। এদের চেনার প্রথম উপায় হচ্ছে- যেখানে দেখেন বেশ দূরত্বে আগ্নেয়াস্ত্র নিয়ে এদের সাথে কথা বলবেন, সামনে যাবেন না প্রথমে। সন্দেহজনক লোক দেখলে বেশ দূরত্ব থেকে কথা বলে এদের পরিচয় জেনে তারপরে যদি সন্তুষ্ট হন, ছেড়ে দেবেন। নয়তো হাতের আগ্নেয়াস্ত্র ব্যবহার করুন।

স্বাধীন বাংলা বেতার থেকে প্রচারিত খবর শুনুন

স্বাধীন বাংলার মুক্তিবাহিনী প্রধান ঘোষণা করেছেন, স্বাধীন বাংলার গ্রাম ও শহরের কোন ব্যক্তি যেন কোন প্রকার গুজবে কান না দেন বা কোন গুজবে বিভ্রান্ত না হন। কেননা, শত্রুসৈন্যরা ছদ্মবেশে শহরে ছড়িয়ে পড়ে এসব গুজব ছড়াতে পারে বলে তিনি জানিয়েছেন। আন্তর্জাতিক মানবতাবাদী সংস্থা স্বাধীন বাংলাদেশের নিরস্ত্র জনগণের ওপর হানাদার পাঞ্জাবীদের অমানুষিক অত্যাচারের তীব্র নিন্দা করেছেন। গত পাঁচদিন ধরে শত্রুসৈন্যরা পানি, খাদ্য, বিদ্যুৎবঞ্চিত হয়ে অবরুদ্ধ হয়ে আছে। তাদেরকে ভাতে পানিতে মারাই হচ্ছে উপযুক্ত প্রতিশোধ। এই উচিত সাজাই হবে তাদের প্রাপ্য। আসাম বেতার কেন্দ্রের খবরে প্রকাশ, কুখ্যাত এহিয়া সরকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করা হয়েছে বলে খবর প্রচারের বহু পরে বেতারে শেখ মুজিবুর রহমানের কণ্ঠ শোনা গেছে। আমি আবার বলছি, আসাম বেতার কেন্দ্রের খবরে প্রকাশ, কুখ্যাত এহিয়া সরকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করা হয়েছে বলে খবর প্রচারের বহু পরে বেতারে শেখ মুজিবুর রহমানের কণ্ঠ শোনা গেছে। শেখ মুজিবুর রহমান সম্পূর্ণ সুস্থ অবস্থায় বিপ্লবী পরিকল্পনা কেন্দ্রে অবস্থান করছেন। মুক্তিবাহিনী প্রধান

নির্দেশ দিয়েছেন- বেসামরিক লোক, যাঁরা অস্ত্রশস্ত্রের ব্যবহার জানেন না, তাঁদের হাতে যেসব অস্ত্রশস্ত্র আছে, তা প্রত্যেক জেলার ই-পি-আর বাহিনীর হাতে অবিলম্বে জমা দিতে হবে। পাঞ্জাব, সিন্ধু, বেলুচিস্তান, পাখতুনিস্তানে অবস্থানকারী সমস্ত সামরিক ও বেসামরিক বাঙালী লোকজন সম্প্রতি আশংকার কোন কারণ নেই বলে আসাম বেতার থেকে ঘোষণা করা হয়েছে।

মুক্তিবাহিনী প্রধানের খবরে প্রকাশ,নিহত টিক্কা খানের চারজন সহকারীও নিহত হয়েছে। এ খবর আপনারা শুনছেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে। প্রতিবেশী রাষ্ট্র ভারতের প্রধানমন্ত্রী মিসেস ইন্দিরা গান্ধী বলেছেন, ভারতের পররাষ্ট্রমন্ত্রী মিস্টার শরন সিং পূর্ববাংলার উপর পশ্চিমাদের সামরিক হামলার পরিপ্রেক্ষিতে যে বিবৃতি দিয়েছেন তাতে কোন আবেগ প্রকাশ না করার অর্থ এই নয় যে, ভারতবাসীদের মনে বাঙালীদের প্রতি সহানুভূতি ও আবেগের অভাব রয়েছে এবং এ বিষয়কে গুরুত্ব দেয়ার অর্থই হচ্ছে তারা আমাদের প্রতি বিশেষ সহানুভূতিশীল। মিসেস গান্ধী স্বাধী বাংলার মুক্তিকামী জনতার ওপর পাঞ্জাবী দস্যুদের ট্যাঙ্ক আক্রমণের তীব্র নিন্দা করেছেন।

ভয়েস অব আমেরিকার খবরে প্রকাশ, সীমান্ত প্রদেশ ও বেলুচিস্তান পাখতুনিস্তানের স্বাধীনতা ঘোষণা করেছে।

বাংলাদেশের সমস্ত সরকারী-বেসরকারী অফিস, আদালত সম্পূর্ণরূপে বন্ধ রয়েছে। এই সম্পর্কিত তথাকথিত পাকিস্তান রেডিওর খবর সর্বৈর মিথ্যা।

খবর শুনলেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে। আমাদের পরবর্তী ঘোষণার জন্য একটু অপেক্ষা করুন।

বাংলাদেশের সমস্ত পেট্রোল পাম্পের মালিকদের প্রতি এক নির্দেশে স্বাধীন বাংলার মুক্তিবাহিনী প্রধান ঘোষণা করেছেন, সামরিক বাহিনীর অনুমোদিত পরিচয়পত্র ছাড়া কেউ যেন কোন প্রাইভেট গাড়ীর জন্য পেট্রোল বিক্রি না করেন।

আমি আবার বলছি, বাংলাদেশের সমস্ত পেট্রোল পাম্পের মালিকদের প্রতি এক নির্দেশে স্বাধীন বাংলার মুক্তিবাহিনী প্রধান ঘোষণা করেছেন, সামরিক বাহিনীর অনুমোদিত পরিচয়পত্র ছাড়া কেউ যেন কোন প্রাইভেট গাড়ীর জন্য পেট্রোল বিক্রি না করেন। এই সংগে অন্যান্য নির্দেশ হচ্ছে, রাত্রে কেউ বাতি জ্বালাবেন না। কোন ঘরের আলো যেন আকাশ থেকে দেখা না যায়। সারা বাংলাদেশে সম্পূর্ণরূপে নিষ্প্রদীপ থাকবে। স্বেচ্ছাসেবকরা প্রত্যেকটি গাড়ী চেক করবেন। বাংলাদেশের প্রত্যেকটি বিমানবন্দরের রানওয়ে যে-কোন ত্যাগের বিনিময়ে বিমান নামার পক্ষে অনুপযোগী করে তুলুন। রাত্রে কোন বেসামরিক স্বেচ্ছাসেবক কোন গোলাগুলির আওয়াজ করবেন না। কোন অবস্থাতেই কোন সক্ষম ব্যক্তি শহর ছেড়ে গ্রামে যাবেন না। ঘোষণাটি আবার পড়ছি ... ...

স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান সম্পর্কে বিশেষ ঘোষণা। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রর অনুষ্ঠান সম্পর্কে একটি বিশেষ ঘোষণাঃ

এখন থেকে আমরা প্রতিদিন নিয়মিত তিনটি অধিবেশন আমাদের সংগ্রামী জনতার উদ্দেশে প্রচারের ব্যবস্থা করেছি। প্রতিটি অধিবেশন আধঘণ্টা থেকে এক ঘণ্টা পর্যন্ত স্থায়ী হবে। প্রতিদিন সকাল ন'টায় আমাদের প্রথম অধিবেশন শুরু করা হবে, বেলা একটায় দ্বিতীয় অধিবেশন ও সন্ধ্যা সাড়ে সাতটায় তৃতীয় অধিবেশন শুরু করা হবে। আবার বলছি ... ...

প্রত্যেক অধিবেশনে আপনারা খবর, দেশ-বিদেশের প্রতিক্রিয়া, সংগীত ইত্যাদি শুনতে পাবেন। মাঝে মাঝে বঙ্গবন্ধু ও স্বাধীন বাংলা মুক্তিবাহিনীর মেজর জিয়ার নির্দেশ শুনতে পাবেন। এছাড়া মুক্তিবাহিনীর বীর জোয়ান এবং বেসামরিক ব্যক্তিবিশেষের সংগে সাক্ষাৎকারও প্রচারিত হবে।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে বিশেষ ঘোষণা ও খবর প্রচার শেষ হলো। জয় বাংলা।

Bangladesh Liberation Army- I will now read out an appeal made by Major Ziaur Rahman of the Bangladesh Liberation Army. It says- it is reported that more Pakistani Punjabi troops and armaments have been brought to Chittagong and Dacca by Sea route and by air- I therefore on behalf of the people of Bangladesh request all the peace-loving countries of world to give immediate recognition to Swadhin Bangladesh and extend physical assistance of all types to liberate the democratic minded people of Bangladesh. Under circumstances however I hereby declare myself as a Provisional Head of the Swadhin Bangla Liberation Government under guidance of Bangabandhu Sheikh Mujibur Rahman. I urge upon the people of Bangladesh to continue this freedom movement. I will repeat.....

সমস্ত পেট্রোল পাম্পের মালিকদের প্রতি-যারা গাড়ী চালানো জানেন, তারা অবিলম্বে রেস্ট হাউজে আওয়ামী লীগ অফিসে গিয়ে উপস্থিত হোন।

..... (নারীকণ্ঠ)- বাংলাদেশকে মুক্ত করার জন্য বাংলার সব পুরুষেরা ঝাঁপিয়ে পড়েছেন। এদের সাহস ও উৎসাহ যোগাতে হবে আমাদের। নিজ নিজ ঘরে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখুন, এ সংগ্রাম চালিয়ে যেতে বাড়িতে পুরুষদের উজ্জীবিত করে প্রমাণ করুন- এ সংগ্রাম শুধু বাংলার পুরুষদের নয়, মা-বোনেরাও ঝাঁপিয়ে পড়েছেন। আপনারা প্রমাণ করুন প্রতিটি বাঙালী ললনা বীর নওজোয়ানদের মা-বোন,বীরাঙ্গনা। আপনারা বর্গীর হাংগামার সময় যেভাবে হানাদার বর্গীদের বিরুদ্ধে তেজের সংগে রুখে দাঁড়িয়েছেন, রাস্তায় রাস্তায় বেরিয়ে পড়ে প্রতিবাদের ঝড় তুলেছেন, তা এখন বৃথা যেতে দেবেন না। আপনারা সবক্ষেত্রে প্রাণপণ সাহায্য করুন। প্রতিটি ঘরে দুর্গ তৈরী হয়েছেন, আজ দেশদ্রোহী পাঞ্জাবীদের বিরুদ্ধে রুখে দাঁড়ান। আপনাদের সন্তানদের প্রেরণা দিন, সাহস দিন, তাদেরকে অস্ত্র হাতে বেরিয়ে পড়তে দিন। আপনাদের কোন ভয় নেই। আমাদের স্বাধীন বাংলা মুক্তিবাহিনীর তৎপরতায় সারা বাংলাদেশ এখন আমাদের হাতে আমাদেরই আছে, আমাদের কাছে। আপনারা এদেশ রক্ষা করুন, আপনারাও রক্ষার কাজে পার্টিসিপেট করুন, অংশগ্রহণ করুন- অংশ নিন। আপনারা মুক্তিবাহিনীর জোয়ানদের সব রকমের সহায়তা করুন। আল্লাহর অনুগ্রহে আমাদের জয় সুনিশ্চিত। জয় ন্যায়ের ও বিনাশ অন্যায়ের হবেই হবে, এ আমাদের মনে রাখতেই হবে। জয় বাংলা। ... ...

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে অনুষ্ঠান প্রচার এখনকার মত এখানেই শেষ হচ্ছে। আবার আমরা আপনাদের সম্মুখে উপস্থিত হবো সন্ধ্যা সাড়ে সাতটায়।

স্বাধীন বাংলা বেতার থেকে প্রচারিত অনুষ্ঠান শুনছেন।

স্বাধীন বাংলার ভাই-বোনেরা, আসসালামু আলায়কুম-

মহান জননায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলার স্বাধীনতা ঘোষণা করেছেন। সারা বাংলাদেশে আজ যুদ্ধাবস্থা বিরাজমান। চিরাচরিত প্রথায় বাংলার জনসম্পদ লুণ্ঠন করার ঘৃণ্য মানসিকতা বর্জন করতে না পেরে এখনও শোষণ অব্যাহত রাখতে চায় ওরা। তাই তার সকল ন্যায়নীতি বিসর্জন দিয়ে পৈশাচিকভাবে শক্তি প্রয়োগের মাধ্যমে সাড়ে সাত কোটি বাঙালীকে সর্বপ্রকার অধিকার থেকে বঞ্চিত রাখতে বদ্ধপরিকর এবং বাংলাদেশসহ সমগ্র পৃথিবী আজ স্তম্ভিত। সামরিক শক্তির এহেন জঘন্যভাবে প্রয়োগ পৃথিবীর ইতিহাসের আর দ্বিতীয় নজীর নেই। আজ সারাদেশ সামরিক শক্তির দাপটে এবং নারকীয় হত্যাকাণ্ডে ক্ষতবিক্ষত। স্বাধীন বিপ্লবী জনসাধারণ*..... হেনে তাদের জীবন অতিষ্ঠ করে তুলেছে। ক্যান্টনমেন্ট এলাকায় স্বাধীন বাংলার মুক্তিযোদ্ধাদের প্রচণ্ড আক্রমণে হানাদার তস্করের দল প্রায় দিশেহারা হয়ে পড়েছে। এই অবস্থায় এ শত্রুবাহিনী তাদের শক্তি বাড়াবার উদ্দেশ্যে অনবরত হেলিকপ্টার ব্যবহার করছে। কুমিল্লা থেকে সৈন্য এনে তারা তাদের শক্তিকে মজবুত করতে চাইছে। ই-পি-আর ও অন্যান্য শক্তি তাদের মোকাবিলায় প্রচণ্ডভাবে যুদ্ধ চালিয়ে যাচ্ছে। তাই আজ মুক্তিপাগল কৃষক-শ্রমিক-ছাত্র-জনতার নিকট আহ্বান জানাই-শত্রুসেনাদের মোকাবিলায় তুমুল যুদ্ধে ঝাঁপিয়ে পড়ুন। হানাদারদের যাতয়াতের পথ সম্পূর্ণভাবে বন্ধ করে দিন। শত্রুসেনা শহরে প্রবেশ করতে চাইলে সুবিধা মত স্থানে অবস্থান করে মরিচের গুড়া, সোডা ও অন্যান্য জিনিসপত্র ছড়িয়ে দিন, হাতবোমা নিক্ষেপ করুন। গ্রামের ভাইদের কাছে আমাদের আবেদন, দলে দলে শহর অভিমুখে অগ্রসর হোন এবং ক্যান্টনমেন্ট দখল করার কাজে লিপ্ত মুক্তিসেনাদের সর্বতোভাবে সাহায্য করুন। শহরের ভাইদের কাছে আবেদন, আপনারা দলে দলে আন্দোলনকে সফলকাম করে তুলুন। বন্ধুগণ!.....

আজকে আমরা দেখতে পাই, নিরপরাধ নিরীহ নিরস্ত্র জনগণের ওপর যেভাবে অত্যাচার চালিয়ে যাচ্ছে, দেখামাত্র গুলি করছে, হাজার হাজার মানুষ আজকে মৃত্যুবরণ করছে তার নজির এ বিশ্বের ইতিহাসে নেই। তাই আমি সারা বিশ্ববাসীর কাছে আহ্বান জানাবো, বিশেষভাবে আমাদের প্রতিবেশি রাষ্ট্রের নিকট আহ্বান জানাবো, আপনারা এই নারকীয় হত্যাকাণ্ড দেখেও চুপ করে থাকবেন না। আসুন বিশ্ববাসী, সাড়ে সাত কোটি এই পূর্ব পাকিস্তানী ভাইদের বাঁচানোর জন্য আপনারা আমাদের সাহায্য করতে অগ্রসর হোন। বিশ্ববাসীর কাছে আবেদন জানাই- আপনারা মানবতার খাতিরে, মানুষকে বাঁচাবার তাগিদে, বাংলার জনগণের মুক্তির জন্য অগ্রসর হোন। হে বিশ্বের অধিবাসী তোমরা দেখ, কিভাবে পশ্চিমা এই গণবিরোধী শক্তি,এই শোষক শ্রেণীর প্রতিভূ পশ্চিম- এই সাম্রাজ্যবাদীদের দালালেরা পূর্ব পাকিস্তানকে শোষণ করবার উদ্দেশ্যে কিভাবে তাদের নারকীয় হত্যাকাণ্ড চালিয়ে যাচ্ছে। তাই প্রতিবেশী রাষ্ট্রসমূহের কাছে আহ্বান জানাই, আপনারা চুপ করে থাকবেন না, আসুন আমাদের সর্বপ্রকার সাহায্য করুন। বন্ধুগণ, আমি সারা বাংলার স্বাধীন বাংলার জনগণের কাছে আহ্বান জানাবো, বাঙালী ভাইয়েরা, আপনারা তুমুল সংগ্রামে নিজেদেরকে শরিক করুন এবং হানাদার দুশমনদের খতম করুন। যেখানে যে যে অবস্থায় আছেন, যার হাতে যে অস্ত্র আছে, সেই অস্ত্র তুলে নিন। মা-বোন বাপ-ভায়েরা বসে থাকবেন না। রাস্তায় বার হন এবং সুবিধামত স্থানে অবস্থান করে শত্রুসেনাদের ঘায়েল করুন। মারাত্মকভাবে আঘাত হানুন। আঘাতের পর আঘাত হেনে বাংলাকে মুক্ত করুন। স্বাধীন বাংলার পতাকা উড়বে- এদিন আর সুদূরপরাহত নয়। পরিশেষে আমি জনগণকে আহ্বান জানাবো, এই দেশ এই দেশের মহামান্য জননেতা, বাংলার সাড়ে সাত কোটি মানুষের প্রাণের দেবতা, বাংলার নয়নের মণি বঙ্গবন্ধু শেখ মুজিবের নির্দেশে পরিচালিত হবে- অন্য কোন কারও নির্দেশ বাঙালীরা কোন দিন বরদাশত করবে না এবং কোন মার্শাল ল' বাঙালীরা মানে না। আমি আহ্বান জানাবো- বাংলার প্রতিটি নরনারী সকলের কাছে-আপনারা মার্শাল ল' মানবেন

টেপ অস্পষ্ট

না, মার্শাল ল'র আইনই আমাদের কাছে গ্রহণযোগ্য নয়। আমরা স্বাধীন বাংলার নাগরিক। স্বাধীন বাংলার মহান জননায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবের নির্দেশ আমাদের শিরোধার্য। জয় বাংলা। স্বাধীন বাংলা-জয়।

....অনুষ্ঠান শুনছেন স্বাধীন বাংলা বেতার তেকে। আমাদের পরবর্তী অনুষ্ঠান বাংলা খবর।

স্বাধীন বাংলাদেশের বিপ্লবী বেতার থেকে খবর বলছি। আমাদের বিপ্লবী গণবাহিনী শত্রুর দুর্ধর্ষ আক্রমণকে প্রতিহত করে সম্মুখের দিকে এগিয়ে চলছে। বাংলাদেশের অধিকাংশ সামরিক ঘাঁটিতে এখন বাংলাদেশের পতাকা উড়ছে। সামরিক বিধি-বিধান, ভয়-ভীতি সবকিছুকে তুচ্ছ করে আমাদের বিপ্লবী বাঙালী সৈন্যবাহিনী শত্রুদের হটিয়ে চলছে। বাংলাদেশের মানুষের সংঘবদ্ধ প্রচেষ্টার ফলে বাংলার মাটি আজ দুর্জয় ঘাঁটিতে পরিণত হয়েছে। ঢাকা, কুমিল্লা, দিনাজপুর, রংপুর, পাবনা, চট্টগ্রাম এবং আরও কয়েকটি জেলায় সামরিক ঘাঁটি আমাদের বেঙ্গল রেজিমেন্টের হাতে এসে গেছে। দুনিয়ার সমস্ত মানবতার সহায়তা আমরা পাচ্ছি। খবর শুনছেন স্বাধীন বাংলাদেশের বিপ্লবী বেতার কেন্দ্র থেকে। আমাদের বীর সেনানীরা বিপুল বিক্রমে দুশমন সৈন্যকে প্রতিহত করে চলছে। বাংলাদেশের ঘরে ঘরে মুক্তির আগুন জ্বলছে দাউ দাউ করে। বাংলাদেশের প্রত্যেকটি থানার পুলিশ বাহিনী আমাদের সাথে লড়ছেন। ই-পি-আর বাহিনী, বেঙ্গল রেজিমেন্ট, বাংলার বীর স্বেচ্ছাসেবী বাহিনী, বাংলার মা-বোনেরা, বাংলার যুবক সম্প্রদায় প্রত্যেকে ক্যান্টনমেন্ট ঘেরাও করে আছেন। স্বাধীন বাংলা বেতার থেকে আজকের মত খবর এখানে শেষ করছি। জয় বাংলা।

স্বাধীন বাংলা বেতার থেকে আমাদের বিশেষ অনুষ্ঠান আজকের মত এখানেই শেষ হলো। আল্লাহ্ আমাদের সহায় হউন। জয় বাংলা।

শত্রুবাহিনী উপায়ন্তর না দেখে ট্যাঙ্ক ও মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়েছে, আঘাত হানার চেষ্টা করছে। চট্টগ্রামের পরিস্থিতি সম্পূর্ণ বাঙালীদের আয়ত্তে। (একজনের হাততালি ও বাহবা) কুমিল্লা ক্যান্টনমেন্ট দখল করে ইস্ট বেঙ্গল রেজিমেন্ট সৈন্যবাহিনী ইতিমধ্যেই চট্টগ্রামে পৌঁছে গেছে। এদেশের অন্যান্য সকল স্থান বাঙালীদের সম্পূর্ণ আয়ত্তাধীনে এসে গেছে। বিপ্লবী বেতার কেন্দ্র থেকে বলছি। স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র। এখন খবর পড়ছি-

বাংলাদেশের পথে পথে মুক্তিবাহিনীর সাথে পাকিস্তানী হানাদার সৈন্যদের প্রচণ্ড লড়াই চলছে। স্বাধীন বাংলার বিপ্লবী সৈন্যবাহিনী ও পুলিশ জনতার সাহায্য নিয়ে আক্রমণের পর আক্রমণ করে চলেছে। ঢাকার সর্বশেষ প্রাপ্ত খবরে প্রকাশ, পাকিস্তান হানাদার সেনাবাহিনীর কর্মাধ্যক্ষ টিক্কা খান দলবলসহ নিহত হয়েছেন। কিছুক্ষণ পূর্বে হানাদার সৈন্যদের মুখপত্র পানিস্তান রেডিও থেকে যে খবর পৌঁছেছে যে শেখ মুজিব ধৃত হয়েছেন, সেটা সম্পূর্ণ মিথ্যা ও উদ্দেশ্যমূলক। টিক্কা খান তার দলবলসহ নিহত হয়েছেন। কুমিল্লা ক্যান্টনমেন্ট সম্পূর্ণভাবে বাঙালীদের আয়ত্তাধীন। কুমিল্লা থেকে একদল সৈন্য চট্টগ্রামের পথে পালাবার সময় বাংলার বিপ্লবী ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, ই-পি-আর ও পুলিশ বাহিনী তাদের সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছে ও তারা এখন তাদের আক্রমণের মুখে টিকে থাকতে না পেরে বিভিন্ন অবস্থায় পালিয়ে রয়েছে। তাই বঙ্গবন্ধু এক নির্দেশ জারি করেছেন যে পলায়িত সৈন্যরা যাতে কোনক্রমেই রেহাই না পেতে পারে। চট্টগ্রামের অবস্থা সম্পূর্ণভাবে বাঙালী সৈন্যদের আয়ত্তাধীন। চট্টগ্রাম ক্যান্টনমেন্টের হানাদার পাকিস্তানী সৈন্য বিভিন্ন অবস্থানে লুকিয়ে রয়েছে। চট্টগ্রামের বীর জনতা, বেঙ্গল রেজিমেন্ট, ই-পি-আর, পুলিশ তাদের ধ্বংস করে দেয়ার কাজে লিপ্ত রয়েছে। গতকাল চট্টগ্রামের বিভিন্ন অবস্থান থেকে হানাদার বাহিনীর উপর প্রচণ্ড আক্রমণ চালানো হয় এবং এতে করে

হানাদার বাহিনীর বেশ কয়েকটা ঘাঁটি নিশ্চিহ্ন হয়ে যায়। যশোর, রংপুর সিলেট এসব শহরেও এখন পর্যন্ত প্রচণ্ড গোলাগুলি চলছে এবং হানাদার সৈন্যদের এখন মূল লক্ষ্যস্থল হলো বেতার কেন্দ্রগুলো। তারা বেতার কেন্দ্রগুলো দখল করে সেখান থেকে ভুয়া প্রচার-প্রচারণা চালাচ্ছে। কিন্তু বাংলার বীর জনতা তাতে মোটেই বিভ্রান্ত না হয়ে তাদের যুদ্ধ অব্যাহত রেখেছেন। ঢাকার পথে পথে এখন মুক্তিসেনা এবং বেংগল রেজিমেন্ট, ই-পি-আর ও পুলিশদের সাথে হানাদার সৈন্যদের প্রচণ্ড লড়াই চলছে এবং সর্বশেষ প্রাপ্ত খবরে প্রকাশ, টিক্কা খান তার দলবল সহ নিহত হয়েছেন। সারা বাংলাদেশে পাকিস্তানী হানাদার সৈন্যের নির্দেশ অমান্য করে জনসাধারণ স্বাধীন বাংলার পাহারাদার বঙ্গবন্ধু শেখ মুজিবের নির্দেশক্রমে চলছেন এবং তারা বঙ্গবন্ধু প্রদত্ত প্রত্যেকটি নির্দেশকে হুবহু মেনে চলছেন। স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ ও বঙ্গবন্ধু শেখ মুজিব জাতিসংঘের কাছে এক আহবানে বলেছেন, যেহেতু পাকিস্তানী হানাদার সৈন্যরা বাংলাদেশ আক্রমণ করেছে তাই জাতিসংঘের এখন উচিত বিদেশী সৈন্যদের বাংলাদেশ থেকে হটানোর ব্যাপারে বাংলার মুক্তিকামী মানুষকে সহযোগিতা করা। আপনারা এ খবর শুনছেন স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র থেকে।

টিক্কা খান সদলবলে নিহত হয়েছেন। বঙ্গবন্ধু শেখ মুজিব বাংলাদেশের বিভিন্ন স্থানে তার নির্দেশ জারি করে চলেছেন। তার সর্বশেষ নির্দেশ হলো যে, আপনারা জনসাধারণ যে যেখানে আছেন সেখান থেকেই পশ্চিমা সেনাবাহিনীর অবস্থান নির্দেশ করুন। এবং পশ্চিমা সেনাবাহিনী কোথায় আছে সেটা জেনে তাদের ধ্বংসকাজে লিপ্ত থাকুন। ই-পি-আর, বেংগল রেজিমেন্ট ও পুলিশ বাহিনীকে খাদ্য-পানীয় দিয়ে সর্বাত্মক সহযোগিতা করুন। যার ঘরে যা আছে, বন্দুক, পিস্তল, রিভলভার, প্রয়োজনবোধে সেটা ই-পি-আর অথবা বেংগল রেজিমেন্টের হাতে তুলে দিন আর আপনারা যারা চালানো জানেন তারাও তৈরী হয়ে থাকুন এবং যেখানে পশ্চিমা সেনাবাহিনী দেখবেন তাদের উপর আক্রমণ করুন। তবে একটি জিনিস মনে রাখবেন যে, কোথাও বাংগালী বা অন্য কেথাও কোন সৈন্য দেখা গেলে তার প্রতি গুলি করবেন না এবং এসব করার আগে ই-পি-আর, বেংগল রেজিমেন্ট অথবা পুলিশ বাহিনীর সাথে যোগাযোগ করুন। গত রাত্রেও সারা বাংলাদেশের উপর নারকীয় হত্যাযজ্ঞ চলেছে কিন্তু বাংলার বিপ্লবী বীর জনতা পশ্চিমা হানাদার সৈন্যদের উপর আঘাতের পর আঘাত হেনে চলেছে। স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ ও বঙ্গবন্ধু শেখ মুজিব বিদেশের কাছে এক আবেদনে জানিয়েছেন যে, পাকিস্তানী হানাদার সৈন্যরা বাংলাদেশ আক্রমণ করে এটাকে দখল করে নিতে চাইছে। তাই প্রত্যেকটি দেশের উচিত এ অবস্থায় বাংলাদেশকে সহযোগিতা ও সাহায্য করা এবং পাকিস্তানের হানাদার বাহিনীর উপর চাপ সৃষ্টি করা যাতে করে তারা অবিলম্বে এখান থেকে চলে যেতে বাধ্য হয়। বঙ্গবন্ধু শেখ মুজিব আর এক নির্দেশে এ কথাও জানিয়েছেন যে .... পাকিস্তানী সৈন্য যারা যেখানে আছেন তারা যদি আত্মসমর্পণ করেন তাহলে তাদেরকে ক্ষমা প্রদর্শন করা যেতে পারে। অন্যথায় বাংলার মাটি থেকে তাদের সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন করে দেয়া হবে এবং যাতে করে তারা বাংলাদেশ থেকে পালাতে না পারে তারও সম্পূর্ণ নির্দেশ তিনি জারি করেছেন। জয় বাংলা। বিপ্লবী বেতার কেন্দ্র থেকে খবর প্রচার আপাতত এখানে শেষ হলো।

Here is an announcement from Radio Free Bangladesh. Our leader Sheikh Mujibur Rahman had declared the independence of Bangladesh. Now Bangladesh is an independent and sovereign state. After the declaration of independence, the Pakistani anti people forces have become mad like dog and are out to massacre our people, thus creating a reign of terror in Bangladesh. But the gallant forces of Bangladesh under the guidance of Sheikh Mujibur Rahman are fighting them out of the homeland of ours. East Bengal Regiment, East Pakistan Rifles and Police forces with all the efforts and help of the people of Bangladesh, are restricting them, sticking hard on them throughout the whole Bangladesh. Chittagong is completely under the control of Bangla Regiment as well as other sectors such as Comilla, Rajshahi, Sylhet, Jessore, Rangpur. In Dacca, heavy fighting is going on and our gallant forces are marching towards victory. We appeal to

the people residing in towns and cities not to leave their places and to prepare themselves with whatever they have and create barricades at every road-corner by which enemy may travel. Do not allow them to move an inch forward without resistance. All the people in the villages those who have fire arms of any kind are requested to proceed to the town and cities. People of all walks of life are specially requested to extend their help specially by giving food to our gallant fighting forces.

Now, this is an appeal on behalf of Free Bangladesh to the people of peace-loving countries throughout the world specially our neighboring countries to help with whatever they can so that we can become masters of our own destiny. We also appeal to the big powers to intervene and see that seventy five million people of Bangladesh can become free from injustice, hardship, deprivation from legal right and oppression and torture by forces of Pakistani aggression. We also appeal to the United Nations to immediately.....(Noise).....

শিরোনাম	সূত্র	তারিখ
২। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত আরও অনুষ্ঠান	১। 'বেতার বাংলা' ১৬ ডিসেম্বর ১৯৭৯ ২ ও ৩। 'শব্দসৈনিক' ফেব্রুয়ারী, ১৯৭২	২৬ ও ২৮ মার্চ এবং ২১ এপ্রিল, ১৯৭১

১.

২৬ শে মার্চের অনুষ্ঠান থেকে
আবদুস সালাম

"নাহমাদুহু ওয়ানুসাল্লীআলা রাসুলিহীল কারিম"

আসসালামু আলায়কুম,

প্রিয় বাংলার বীর জননীর বিপ্লবী সন্তানেরা। স্বাধীনতাহীন জীবনকে ইসলাম ধিক্কার দিয়েছে। আমরা আজ শোষক প্রভুত্বলোভীদের বিরুদ্ধে সর্বাত্মক সংগ্রামে অবতীর্ণ হয়েছি। এ গৌরবোজ্জ্বল স্বাধিকার আদায়ের যুদ্ধে, স্বাধীনতার যুদ্ধে, আমাদের ভবিষ্যৎ জাতির মুক্তিযুদ্ধে মরণকে বরণ করে যে জানমাল কোরবানী দিচ্ছি, কোরআনে করিমের ঘোষণা-তারা মৃত নহে, অমর।

দেশবাসী ভাইবোনেরা, আজ আমরা বাংলার স্বাধীনতার সংগ্রাম করছি।

আল্লার ফজল করমে বাংলার আপামর নরনারী আমাদের কাঁধে কাঁধ মিলিয়ে সংগ্রাম করে চলেছেন। আর সবখানে আমাদের কর্তৃত্ব চলছে। আমরা যারা সংগ্রামে লিপ্ত রয়েছি- তাঁদের আপনারা সকল প্রকার সহযোগিতা দিন। এমন কি খাওয়া-দাওয়ার ব্যাপারেও সহাযতা দিন। স্মরণ রাখবেন দুশমনরা মরণকামড় দিয়েছে। তাদের এ সোনার বাংলাকে সহজে তাদের শোষণ থেকে মুক্তি দিতে চাইছে না। কোন অবাঙালী সৈনিকের কাজেই সাহায্য করবেন না।

মরণ তো মানুষের একবার। বীর বাংলার বীর সন্তানেরা শৃগাল-কুকুরের মতো মরতে জানে না। মরলে শহীদ, বাঁচলে গাজী।

কোন গুজবে কান দেবেন না। খালি হাতে কয়েকজন মিলে কোন পশ্চিমা মিলিটারীর মোকাবেলা করবেন না। ওরা আমাদের দেশে এসে আমাদের খেয়েই শক্তি যুগিয়ে আমাদের নির্বিচারে হত্যা করবে- তা হতে পারে না। দশজনে হলেও একজনকে খতম করুন। সমস্ত প্রকার অস্ত্র নিয়ে প্রস্তুত থাকুন। যারা নিরস্ত্র তারা অন্তত সোডার বোতল, বাজি প্রস্তুতকারীরা মরিচের গুঁড়ার ঠোঙ্গা বানায়ে ওদের প্রতি নিক্ষেপ করলে টিয়ার গ্যাসের কাজ করবে। বিজলী বাতির বাল্বে এসিড ভরে তাও নিক্ষেপ করুন। একেবারে খালি হাতে থাকবেন না। মরবেন তো মেরেই ইতিহাস সৃষ্টি করুন।

"নাছরুম মিনাল্লাহে ওয়া ফাতহুন কারিব" । আল্লাহর সাহায্য ও জয় নিকটবর্তী।।

২.

স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের প্রথম কথিকা

বেলাল মোহাম্মদ

কবির ভাষায়ঃ

'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় রে
কে বাঁচিতে চায়
দাসত্ব শৃংখল বলো কে পরিবে পায় রে
কে পরিবে পায়।'

দাসত্বের শৃংখল ভেঙ্গেছে সাড়ে সাত কোটি বাঙালী। স্বাধীনতাবঞ্চিত জীবন থেকে তারা স্বাধীন জীবনের জয়যাত্রার পথে এগিয়ে চলেছে। এই এগিয়ে চলার পথ দুর্গম, দুর্বার। এই যাত্রাপথে কোনো শাসক-শোষকের দমননীতি, কোনো অশুভ শক্তির বিধিনিষেধ সম্পূর্ণ বিধ্বস্ত। জীবনজয়ের অভিযাত্রীদের কে বাধা দেবে? কে এই অভিযাত্রীদের পথ রোধ করে দাঁড়াবে? সেই সাধ্য কারুর নেই, সেই দুঃসাহস দেখাবার সকল 'পশ্চিম পাকিস্তানী দাপট' আজ ছিন্ন-ভিন্ন, পর্যুদস্ত।

ভাবতে অবাক লাগে, তেইশ-তেইশটি বছর কিভাবে সেই তথাকথিত পাকিস্তান সরকার বাংলার মা-বোন, বাংলার শিশুবৃদ্ধ, বাংলার কৃষক-শ্রমিক, জেলে-তাঁতী কামার-কুমার-মেহনতি মানুষের ওপর অত্যাচারের স্টীম রোলার চালিয়েছে। আমার সন্তানের দুধ ওরা কেড়ে খেয়েছে, আমাদের ক্ষেতের ফসল ওরা লুটে নিয়েছে, ওরা আমাদের মা-বোনের ইজ্জত নষ্ট করেছে, তথাকথিত সংহতির ধুয়া তুলে ওরা আমাদের নিরীহ জনপদের ওপর শাসনের নামে চালিয়ে গেছে শোষণ।

বাংলার মানুষকে ওরা লাঞ্ছনা-গঞ্জনা আর অবহেলা দিয়ে দিয়ে নিজেদের জাতিগত দুশ্চরিত্রেরই পরিচয় দিয়েছে।

আজকের স্বাধীন বাংলার পথে-ঘাটে দেখতে পাওয়া যায় বীর জনতার গড়া স্বতঃস্ফূর্ত প্রতিরোধ ব্যবস্থা। পশ্চিম পাকিস্তানী গুপ্তচর, বর্বর সৈন্যদের প্রত্যেক প্রবেশপথ আজ রুদ্ধ। ওদেরকে যেখানেই দেখা যাচ্ছে, স্বাধীন বাংলা মুক্তিবাহিনীর রাইফেল গর্জে উঠছে, এফোঁড়-ওফোঁড় করে চলে যাচ্ছে বুলেট- আজ ধরাশায়ী হচ্ছে এক-একটি হানাদার দুশমন। ওদের ক্ষমা নেই- ক্ষমা নেই।

স্বাধীন বাংলার প্রতিটি গৃহ এক-একটি দুর্ভেদ্য দুর্গ। আমাদের মা-বোনেরাও আর নিষ্ক্রিয় হয়ে নেই। প্রত্যেকেই সশস্ত্র। দুশমনকে উচিত সাজা দেবার জন্যে নারী-পুরুষ শিশু-বৃদ্ধ সবাই সদা প্রস্তুত।

বাঙালী আজ জেগেছে। দাসত্বের শৃংখল ভেঙ্গে বেরিয়ে এসেছে তারা-

'এবার বন্দী বুঝেছে,
মধুর প্রাণের চাইতে ত্রাণ
মুক্তকণ্ঠে স্বাধীন বিশ্বে
উঠিতেছে এক তান;

জয় নিপীড়িত জনগণ জয়
জয় নব অভিযান
জয় নব উত্থান।'
জয় স্বাধীন বাংলা।

প্রচারঃ ২৮-৩-৭১

৩.

সাম্প্রদায়িকতাঃ সামন্তবাদ প্রসঙ্গ *

মোস্তফা আনোয়ার

সামন্তবাদ সভ্যতার ইতিহাসে একটি মৃত অধ্যায়। বাংলাদেশেও একদিন ছিলো সামন্ততন্ত্র। ছিলো জমিদারের শাসন ও শোষণ। এই জমিদারদের ছিল দুর্দান্ত প্রতাপ। পরগাছার মত এই জমিদার-শ্রেণী বেঁচে ছিল লাঞ্ছিত-নিপীড়িত মানুষের রক্ত শোষণ করে। এই জমিদাররা নিজেরাই এক জাতি-নিজেরাই একটা শ্রেণী। এরা হিন্দুও নয়, মুসলমানও নয়। এরা রক্তপায়ী এক জীব। এরা দরিদ্র মুসলমান কৃষককে শোষণ করেছে-নিরন্ন হিন্দু কৃষককেও ক্ষমা করেনি। এদের রক্তলোলুপ থাবা থেকে কেউ-ই রেহাই পায়নি। সম্পর্কটি ছিলো জমিদার ও কৃষকের মধ্যে শোষক ও শোষিতের সম্পর্ক- হিন্দু-মুসলমানের সম্পর্ক নয়। হিন্দু জমিদারের মধ্যে যেটা কাজ করেছে সেটা শ্রেণীস্বার্থ-জমিদাররূপে অত্যাচারিত কৃষকের রক্ত-পানের উদগ্র নেশা।

হিন্দু বা মুসলমান জমিদারদের অত্যাচারের এটাই বাস্তব চিত্র। শুধু বাংলাদেশে কেন সমগ্র বিশ্বে সামন্ততন্ত্রের এটাই আসল চেহারা। রাশিয়ায় বা আমেরিকায় এই সামন্ত প্রভুদের অত্যাচারের কাহিনী রক্তলেখায় লেখা আছে ইতহাসে ও সাহিত্যে।

(বিশ্বের প্রতিটি দেশে সাধারণ মানুষ অত্যাচারিত, লাঞ্ছিত, নিপীড়িত হয়েছে এই জমিদার শোষকগোষ্ঠী দ্বারা। কিন্তু এই অমানিশারও শেষ আছে। মানুষের মুক্তির সূর্যোদয় অবশ্যম্ভাবী। অত্যাচারিত মানুষ জেগেছে। ঘুম ভেঙ্গেছে দৈত্যপুরীর রাজকন্যার। অবশেষে কবর রচিত হয়েছে সামন্ততন্ত্রের। অত্যাচার আর নিপীড়নের হয়েছে অবসান। শোষণহীণ গণতান্ত্রিক সমাজ গঠন করেছে সংগ্রামী মানুষ।)

আমরা আগেই বলেছি, সামন্তবাদ বা জমিদারতন্ত্র সভ্যতার ইতিহাসে একটি মৃত অধ্যায়-যাদুঘরের সামগ্রী। যে জমিদার অত্যাচার করেছিলো, সে জমিদার শেষ হয়েছে। নিশ্চিহ্ন হয়েছে এই রক্তাপায়ী জোঁক শ্রেণী। ব্যাপারটি হচ্ছে শ্রেণী-সংঘর্ষের- হিন্দ-মুসলমানের নয়। বরং সর্বহারা কৃষকের জয় ঘোষিত হয়েছে গণতান্ত্রিক রাষ্ট্র পত্তনের মধ্য দিয়ে। বাংলাদেশের দরিদ্র কৃষকের দুঃখের অবসান হয়েছিল। বাংলার কৃষকের চোখে নেমেছিলো নতুন ফসলের আশা। বাংলার কৃষক দুর্ভিক্ষ দেখেছে। দেখেছে জলোচ্ছ্বাসের ভীষণ তাণ্ডবলীলা, দেখেছে প্রলয়ঙ্করী ঘূর্ণির বিধ্বংসকে। তবু সে বুক বেঁধে দাঁড়িয়েছে প্রতিবার। পদ্মাপারের মানুষ ধ্বংসকে ভয় করে না, তার হাতে আছে দুর্জয় সৃষ্টির মন্ত্র।

কিন্তু এতবড় দুর্যোগ কি কেউ কোনোদিনও দেখেছে? নিজের দেশে, নিজের ঘামঝরানো পয়সায় কেনা গুলি এসে বিঁধে নিজেরই বুকে। কারা চালালো গুলি? হিন্দু জমিদার-নাকি সেই দস্যু বর্বর পশ্চিম পাকিস্তানী হানাদার?

চট্টগ্রাম সীমান্তবর্তী মুক্তাঞ্চলে দ্বিতীয় পর্যায়ে স্থাপিত বেতার কেন্দ্র থেকে প্রচারিত

কারা পুড়িয়ে দিলো কৃষকের সাজানো সবুজ ক্ষেতকে- কারা কামান ও গোলায় গুঁড়িয়ে দিলো কৃষকের কুটির- কারা কেড়ে নিলো নবান্নের উৎসব- কারা, কারা, তারা কারা?

ইতিহাসের কবর থেকে উঠিয়ে আনা হচ্ছে জমিদারকে। জমিদার তো অত্যাচার করেই ছিল আর তার শাস্তিও পেয়েছে গণ-মানুষের হাতে। কিন্তু তোমাদের শাস্তির দিনও যে দ্রুত ঘনিয়ে আসছে- তা কি জানো?

তোমরা কি ভেবেছ জমিদার ও কৃষকের শ্রেণী-সংঘাতের ইতিহাসটি মুছে দিয়ে আজকের জাগ্রত শ্রেণী-সচেতন মানুষকে সাম্প্রদায়িতার ভাঁওতায় ভোলাতে পারবে? ইতিহাসের ভুল ব্যাখ্যা করে দাঙ্গাবাজ রাজনীতি এদেশের মাটিতে আজ অচল।

আজ প্রতিটি বাঙালী জানে, এ যুদ্ধ তার বাঁচার জন্য। এ যুদ্ধ তার চিরদাসত্বের নিগড় থেকে মুক্তির জন্য। বাঙালীর মুক্তিযুদ্ধকে তাই ইতিহাসের কবরে পচে যাওয়া সাম্প্রদায়িকতার বিষে ঘুলিয়ে দেওয়া যাবে না।

তথাকথিত পাকিস্তান আর নেই। পাকিস্তানের নিশান আমরা পুড়িয়ে ভস্মীভূত করেছি। আমরা উড়িয়েছি আমাদের বুকের রক্তে রাঙানো স্বাধীন বাংলাদেশের পতাকা। রক্তে আমাদের স্বাধীনতার আগুন গদগদ করছে। চোখে আমাদের প্রতিশোধের দাবাগ্নি দাউ দাউ করে জ্বলছে। মুখে আমাদের স্বাধীনতার বাণী চৌচির করে ফেটে পড়েছে শত-কোটি কণ্ঠে।

এই মহান বিপ্লবকে বিভ্রান্ত করার জন্য ওরা তাই উঠে-পড়ে লেগেছে। কিন্তু ওদের রসদ কই? হ্যাঁ, আছে বস্তাপচা রাজনীতি- হিন্দু-মুসলমানের দাঙ্গা-বাধানোর অপচেষ্টা। বুকে বেপরোয়া গুলি চালিয়ে সমস্ত বাঙালী জাতিটাকে পৃথিবীর বুক থেকে নিশ্চিহ্ন করে দেওয়ার হীন-ষড়যন্ত্রে মেতে, অখণ্ডতার প্রলেপ মাখানো আর ভারতীয় অনুপ্রবেশকারী ভূত দেখানোতে।

এক কথায়, দাঙ্গাবাজি, লুটতরাজ, নারী-হরণ প্রভৃতি অসামাজিক পৈশাচিক নারকীয় পশুত্বের রাজত্ব সৃষ্টি করতে চায় ওরা লক্ষ শহীদের রক্তভেজা বাংলার মাটিতে। যে জাতি সূর্যতেজে জেগে উঠেছে সে কি অন্য কোন রাষ্ট্রের কাছে দাসত্বের জন্য হার মানে? অদ্ভুত ওদের রাজনৈতিক হিসাব-নিকাশ। অদ্ভুত ওদের ইতিহাসের ব্যাখ্যা। অদ্ভুত ওদের বেপরোয়া গণ-হত্যার নজির।

দাঙ্গাবাজি কলা-কৌশল আর চলচে না। লাঞ্ছিত নিপীড়িত দরিদ্র বাঙালী গণ-মানুষ ওদের কলঙ্কিত রাজনীতির মুখোশ উন্মোচিত করেছে। ওদের নগ্ন আসল রূপটি অতি দুর্ভাগ্যের রাত্রে আমরা দেখে ফেলেছি। পশুও বুঝি এত নগ্ন নয়- এত বিশ্রী, এত কুৎসিৎ, এত বীভৎস নয়।

ওরা মানুষ হত্যা করেছে- আসুন আমরা পশু হত্যা করি।

জয় বাংলা।

প্রচারঃ ২১-৪-৭১

শিরোনাম	সূত্র	তারিখ
৩। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র (মুজিব নগর) এর অনুষ্ঠানপত্র গুচ্ছ (অংশ)	স্বাধীন বাংলা বেতার কেন্দ্র-এর দলিলপত্র	২৫ মে-১৭ ডিসেম্বর, ১৯৭১

আজ মঙ্গলবার, ১১ জ্যৈষ্ঠ ১৩৭৮
২৫ মে ১৯৭১ সাল

(Signature Tune)

7-00A.M আসসালামো আলায়কুম।
স্বাধীন বাংলা বেতার কেন্দ্র।
বাংলাদেশের সাড়ে সাত কোটি জনগণকে শুভেচ্ছা জানিয়ে আমাদের প্রথম অধিবেশন শুরু করছি।
অনুষ্ঠান প্রচারিত হচ্ছে ....
মিটারে.... কিঃ সাঃ এ।

7-10 '' অধিবেশনের প্রথমে শুনুন তেলাওয়াতে কালামে পাক ও তার বাংলা তরজমা।
স্বাধীন বাংলা বেতার কেন্দ্র। আমাদের অনুষ্ঠান সম্পর্কে একটি ঘোষণা। আজ থেকে সকাল ৭টা ও সন্ধ্যে ৭টায় দুটি অধিবেশনে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান প্রচারিত হবে। আজকের প্রথম অধিবেশনের অনুষ্ঠানঃ
* বাঙলা খবর প্রচারিত হবে সকাল সোয়া সাতটায়।
* ইংরেজী খবর শুনতে পাবেন সকাল সাতটা বেজে পঁচিশ মিনিটে।
* 'চরমপত্র' শুনতে পাবেন সকাল ৭টা বেজে .....মিনিটে।
* বঙ্গবন্ধুর বাণী থেকে পাঠ শুনতে পাবেন সকাল সাতটা বেজে চল্লিশ মিনিটে।
* জাগরণীঃ দেশাত্মবোধক গান শুনবেন সকাল পৌনে আটটায়।
আজকের প্রথম অধিবেশনের অনুষ্ঠান সূচী শুনলেন।
আপনারা এ অনুষ্ঠান শুনতে পাচ্ছেন স্বাধীন বাঙলা বেতার কেন্দ্র থেকে ... মিটারে। কিছুক্ষণের মধ্যেই খবর শুনতে পাবেন-প্রথমে বাংলা পরে ইংরেজীতে।

7-15A.M (News in Bengali)
7-25 '' (News in English)
7-30 '' সকাল সাড়ে সাতটা। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র। আজ এগারই জ্যৈষ্ঠ। বিদ্রোহী কবি নিপীড়িত জনগণের কবি কাজী নজরুল ইসলামের জন্মদিন। এ
7-40 '' উপলক্ষে এখন কবি রচিত কবিতা থেকে আবৃতি ও গান শুনুন অগ্নিশিখা অনুষ্ঠানে।
Slogans & Sayings of SK. Mujib.

SWADHIN BANGLA BETAR KENDRA
(Cue Sheet)

Trans-I
Date : 26-5-71

6-57 P.M. Signature Tune
6-59 '' Opening of the station & Programme Summary.
7-00 '' AGNISHIKHA : A Composite Programme for the freedom fighters.
(a)Message from

অধিবেশনের শুরুতে সোভিয়েট উইনিয়ন, সুইডেন ও ফ্রান্সের প্রতিনিধিগণ কঠোরতম ভাষায় বাংলাদেশে পাকিস্তানী সামরিক অভিযানের সমালোচনা করে বলেনঃ পাকিস্তানী হানাদাররা বাংলাদেশে যা করছে এবং আজও যা করে চলেছে তা কল্পনাও করা যায় না। তাঁরা দাবী করেন, অবিলম্বে বাংলাদেশে পাকিস্তানী বর্বরতার অবসান ঘটাতে হবে। তাঁরা বলেছেনঃ বাংলাদেশের ঘটনাবলী সম্পর্কে পাকিস্তানী সরকারী প্রচারযন্ত্র যতই বিভ্রান্তির জাল বুনুক সেখানকার প্রকৃত ঘটনাবলী আজ আর কারও অজানা নয়। পাকিস্তানী সামরিক সরকার বা সেখানকার জান্তা যা-ই বলুক না কেন সেখানে যা ঘটেছিলো তা কোনো বিশেষ রাজনৈতিক মতাদর্শ বা বিশেষ কোনো দাবীভিত্তিক আন্দোলন নয়। তা ছিলো বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের জীবন-মরণের আন্দোলন। আর অত্যন্ত শান্তিপূর্ণ ও নিয়মতান্ত্রিক পদ্ধতিতেই বাংলাদেশের মানুষ তাদের লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছিলো। তারা পশ্চিম পাকিস্তানের কায়েমী স্বার্থবাদী নিও-ফ্যাসিবাদের বিরুদ্ধে গণতান্ত্রিক আন্দোলনই শুরু করেছিলো। গত ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে বাংলাদেশের মানুষ যে অভূতপূর্ব বিজয় লাভ করেছিলো পাকিস্তানী হানাদাররা তা মেনে নিতে পারেনি। তাদের কাছে বাংলাদেশের মানুষের একমাত্র অপরাধ হলো নির্বাচনে তাদের বিরুদ্ধে পশ্চিম পাকিস্তানী কায়েমী স্বার্থবাদীদের ঔপনিবেশিক স্বার্থে আঘাত লাগার জন্যেই তারা বাংলাদেশে সামরিক অভিযান চালিয়েছে।

জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে সুইডেন, ফ্রান্স ও সোভিয়েট প্রতিনিধিগণ গভীর আশংকা প্রকাশ করে বলেন যে, অবিলম্বে বাংলাদেশ সংকটের সমাধান না করা হলে তা এক মহাপ্লাবী দাবানলের মতো ছড়িয়ে পড়বে এবং তার পরিণতি হবে অত্যন্ত ভয়াবহ।

সুইডেনের পররাষ্ট্রমন্ত্রী মিঃ ক্রিসটার ভিকম্যান বলেন, বাংলাদেশে পাকিস্তানী দখলদার বাহিনী যা চালাচ্ছে তা কোনোমতেই সমর্থন করা যায় না। দেশমাতৃকার বুক থেকে পাকিস্তানী দখলদার বাহিনীকে হটিয়ে দেবার জন্যে বাংলাদেশের মানুষ আজ পাল্টা আঘাত হেনেছে। বাংলাদেশের পাক অধিকৃত এলাকার সর্বত্রই দুর্বার লড়াই চলছে এবং এ লড়াইয়ের পরিণতি বিশ্বশান্তি ও নিরাপত্তার পক্ষে দারুণ বিপজ্জনক। মিঃ ক্রিসটার ভিকম্যান এই আশঙ্কা প্রকাশ করেন যে, বাংলাদেশে মান্তি প্রতিষ্ঠার ব্যাপারে এবং বাংলাদশের মানুষের পূর্ব নিরাপত্তার ব্যাপারে অবিলম্বে বিশ্ব নেতৃবৃন্দ সচেষ্ট না হলে এ সংকট বহু দূর গড়াবে।

ফরাসী পররাষ্ট্রমন্ত্রী মরিস স্যুম্যান বলেন, বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের ইচ্ছানুযায়ী বাংলাদেশ সংকটের সমাধান করতে হবে, তা না হলে বাংলাদেশের সংকট আরও বিস্তার লাভ করবে।

২ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশে সাধারন মানুষের উপর পাকিস্তানী হানাদারদের অমানুষিক অত্যাচার ও বর্বরতার মর্মান্তিক দৃশ্য সহ্য করতে না পেরে ঢাকায় বিশ্বব্যাঙ্কের প্রতিনিধি মিঃ টাইগারম্যান পদত্যাগ করেছেন।

মিঃ টাইগারম্যান গত ছ'বছর ধরে বাংলাদেশে বিশ্বব্যাঙ্কের একজন বিশেষ প্রতিনিধি হিসেবে কাজ করেছেন। বাংলাদেশে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের পর তিনি গত ডিসেম্বর মাসে শিকাগো গিয়েছিলেন। মিঃ টাইগারম্যান একজন মার্কিন নাগরিক। তিনি শিকাগো থেকে গত ১৮ই সেপ্টেম্বর ঢাকায় ফিরে এসেছিলেন।

মিঃ টাইগারম্যান বলেনঃ বাংলাদেশ অত্যন্ত পরিচিত দেশ। এদেশে বিশ্বব্যাঙ্কের প্রতিনিধি হিসাবে যোগদানের পর এখানকার প্রতিটি জিলা প্রতিটি শহর-বন্দরে গ্রামে-গঞ্জে আমি ঘুরেছি। ঘুরেছি একবার নয়, বার বার। বাংলাদেশের জেলাগুলোয় তিনি এ পর্যন্ত ঘুরেছেন ১৮ বার।

গত ৮ই সেপ্টেম্বরে আবার তিনি ঢাকায় ফিরে এলেন তখন তিনি বিস্ময়ে অবাক হয়ে গেলেন। তিনি বলেনঃ বিমান থেকে নেমেই আমি অবাক হয়ে গেলাম। আমার সেই পরিচিত ঢাকা বিমানবন্দর এ যেন নয়। এ যেন বিশ্বযুদ্ধের সময়কার কোন বিমান ঘাঁটি। বিমান বন্দরে পাকিস্তান বিমান বাহিনীর জঙ্গী বিমানগুলোকে প্রস্তুত হয়ে থাকতে দেখলাম। দেখলাম বিমানবন্দরের চারিদিকে অসংখ্য বিমানবিধ্বংসী কামান। টার্মিনাল ভবনের ছাদে, জানালায় আর চিলতে ছাদ বা বারান্দাগুলোয় দেখলাম বালির বস্তা দিয়ে বাঙ্কার করা হয়েছে এবং সেখানে সশস্ত্র পাকিস্তানী সৈন্যরা বিমানবিধ্বংসী কামান, মেশিনগান ও স্বয়ংক্রিয় রাইফেল তাক করে আছে যেন এখুনি কিছু ঘটবে বা ঘটতে যাচ্ছে। আগে যেখানে বিমানবন্দরের পূর্বপাশে রাস্তায় প্রাচীরের ধারে এবং ডমেস্টিক ও ইন্টারন্যাশনাল উইংসের টার্মিনাল ভবনে হাজার হাজার দর্শনার্থীকে দেখতাম লাইন ধরে দাঁড়িয়ে আছে এখন সেক্ষেত্রে একজন অসামরিক ব্যক্তিকেও দেখলাম না। আগে বিমানবন্দরে যেসব অসামরিক কাস্টম ও ইমিগ্রেশন বিভাগের কর্মচারীদের দেখতাম, তাদের কাউকেই দেখলাম না। হয় তাদের সবাইকে গুলি করে মারা হয়েছে, অথবা তারা প্রাণভয়ে এ শহর ছেড়ে পালিয়েছে। বিমানবন্দরে পশ্চিম পাকিস্তানী সৈন্যরাই সবকিছু করছে। বিমানবন্দরে যেসব বিদেশী নাগরিক যাওয়া-আসা করছে পাকিস্তানী সৈন্যরা তাদের নানাভাবে নাজেহাল করছে। পিআইএ বা পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্সের যে বিমানগুলো আগে অসামরিক যাত্রীদের বয়ে নিয়ে যেতো সেগুলোকে আজকাল পাকিস্তানী সামরিক বাহিনীর সাজ-সরঞ্জাম, গোলাবারুদ ও সৈন্যদের পরিবহণের কাজে ব্যবহার করা হচ্ছে। মিঃ টাইগারম্যান বলেন, ঢাকা বিমানবন্দরে নেমে একজন বাঙালীকেও আমি খুঁজে পেলাম না। অথচ দেশটা একান্তভাবে সাড়ে সাত কোটি বাঙালীর দেশ।

বিশ্বব্যাঙ্ক প্রতিনিধি মিঃ টাইগারম্যান বলেনঃ বিমানবন্দর থেকে বেরিয়ে আমি দেখলাম এয়ারপোর্ট রোডের দু'পাশে বহু ট্রেঞ্চ খোঁড়া হয়েছে এবং রাস্তার দুধারের বাড়িগুলি জনশূন্য। আর এইসব জনশূন্য বাড়িগুলির ছাদে, বারান্দায় ও জানালায় বালির বস্তা দিয়ে বাঙ্কার বানানো হয়েছে। রাস্তায় দু'হাত ছাড়া চেকপোস্ট বসানো হয়েছে। এইসব চেকপোস্টে পশ্চিম পাকিস্তানী সৈন্যরা পাহারা দিচ্ছে। এই রাস্তা দিয়ে কথিত যে দু-একটা অসামরিক গাড়ী চলাচল করছে স্যৈন্যরা সেগুলো তন্নতন্ন করে তল্লাশী করছে। পথচারীদেরও তল্লাশী করা হচ্ছে। পথচারীদের বেশভূষা ও চেহারায় বাঙালীত্বের স্পষ্ট ছাপ পাওয়া গেলে সৈন্যরা তাদের ধরে নিয়ে ক্যান্টনমেন্টর দিকে যাচ্ছে। বাঙালী বুদ্ধিজীবী তরুণ হলে তো আর কথাই নেই। গুরুত্বপূর্ণ এলাকাগুলোয় যুদ্ধক্ষেত্র সৃষ্টি করে রাখা হয়েছে। সারি সারি বাঙ্কার ও ট্রেঞ্চে সশস্ত্র পাকিস্তানী সৈন্য মোতায়েন রয়েছে। জায়গায় জায়গায় রাস্তার দুপাশে দেয়াল তুলে দিয়ে চেকপোস্ট বসানো হয়েছে। শহরের প্রধান প্রধান সরকারী ভবনগুলোর চারপাশে ১৫

থেকে ২৫ ফুট উঁচু দেয়াল তোলা হয়েছে। ঢাকা রেডিওকে বর্তমানে একটি দুর্ভেদ্য দুর্গে পরিণত করা হয়েছে। সন্ধ্যার পর ঢাকার রাস্তায় কেউ হাঁটে না। সন্ধ্যা থেকে সকাল পর্যন্ত শহরের রাস্তায় কেবল পাকিস্তানী সৈন্য, পশ্চিম পাকিস্তানী পুলিশ ও কুকুর ছাড়া আর কেউ চলাচল করে না। মানুষ সেখানে পাকিস্তানী সৈন্যদের অত্যাচার এতই ভীবসন্ত্রস্ত যে কেউ কারও সঙ্গে কথা বলে না। বিদেশীদের সঙ্গে কথা বলতে তারা ভীষণ ভয় পায়। কারণ আজও প্রতিদিন শহরে ধরপাকড় চলছে। কখন কোন মুহূর্তে সেখানে কার জীবনে মৃত্যু নেমে আসবে না কেউ জানে না। প্রায় প্রতিরাতেই বোমা বিস্ফোরণ ও খণ্ড লড়াইয়ের শব্দ শোনা যায়। গোটা শহরটা এখন বদ্ধভূমিতে পরিণত।

বিশ্বব্যাঙ্ক প্রতিনিধি বলেনঃ এই ভয়ংকর পরিস্থিতিতে সেখানে থেকে কাজ করা আমার পক্ষে যুক্তিগতভাবে, নীতিগতভাবে কিংবা নৈতিকতার দিক থেকে কোনভাবেই সম্ভব নয়। তিনি বলেন , পাকিস্তানে আমি আর কোনদিন ফিরে যাবো না। বাংলাদেশ থেকে হানাদার পাকিস্তানীরা বিতাড়িত হলে আমি বাংলাদেশের পক্ষে কাজ করতে যাবো। আমি স্বাধীন সার্বভৌম বাংলাদেশে কাজ করবো। দীর্ঘ ছ'বছর থাকার পর আমি বাংলাদেশ ও বাংলাদেশের মানুষকে ভালোবেসেছি। তাদের সঙ্গে আমার হৃদয়ের বন্ধন অনেক গভীর।

৫ অক্টোবর, ১৯৭১

...বৃটিশ কমন্সসভার অত্যন্ত প্রভাবশালী সদস্য মিঃ ফ্রেড ইভান্স বলেছেনঃ বাংলাদেশ আজ একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। জাতিগতভাবে সাংস্কৃতিক ঐতিহ্য এবং ভাষা ও সামাজিকতার দিক থেকে বাংলাদেশ সম্পূর্ণ স্বাধীন, সার্বভৌম একটি রাষ্ট্র- সম্পূর্ণ ভিন্ন একটি জাতি। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের এই স্বতন্ত্র অস্তিত্ব ও বাঁচার অধিকার সুপ্রতিষ্ঠিত করার জন্যেই বাঙালীরা আজ হানাদার পাকিস্তানী বাহিনীর বিরুদ্ধে অস্ত্র তুলে নিয়েছে। তারা আজ যে লড়াই করছে তা হলো এ দেশকে মুক্ত করার লড়াই- শত্রুমুক্তির লড়াই। দেশকে শত্রুমুক্ত করার জন্য সাড়ে সাত কোটি বাঙালী যে যুদ্ধ করছে তা তাদের বাঁচার অধিকার প্রতিষ্ঠার যুদ্ধ। আর এই অধিকার প্রকৃতপক্ষে মানুষের জন্মগত অধিকার।

বাংলাদেশে পাকিস্তানী হানাদার বাহিনীর নির্বিচার হত্যা, লুণ্ঠন ও নারী-নির্যাতনের ফলে যে দুই লক্ষাধিক শরণার্থী সীমান্তের ওপারে ভারতে আশ্রয় নিয়েছে তাদের অবস্থা নিজের চোখে দেখে যাবার জন্যে এবং কি নারকীয় নির্যাতনের ফলে তারা তাদের সাতপুরুষের ভিটেমাটি ফেলে উদ্বাস্তু শিবিরে দিন কাটাচ্ছে তা জানার জন্যে বৃটিশ কমন্সসভার বিশিষ্ট সদস্য মিঃ ফ্রেড ইভান্স লণ্ডন থেকে পশ্চিম বাংলায় গিয়েছিলেন। একাধিক শরণার্থী শিবির পরিদর্শন করে পশ্চিম বাংলার রাজধানী কলকাতায় ফিরে গিয়ে এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ সম্পর্কে তিনি এই মন্তব্য করেন। বাংলাদেশের ব্যাপারে বিশ্বের বৃহৎ শক্তিবর্গের অসহনীয় নিষ্ক্রিয়তার সমালোচনা করে তিনি বলেনঃ বাংলাদেশ সমস্যার সমাধানে বিশ্বের প্রত্যেকটি দেশেরই এগিয়ে আসা উচিত।

মিঃ ফ্রেড ইভান্স বাংলাদেশ সম্পর্কে বক্তৃতায় বৃটিশ সরকারের সমালোচনা করেন। তিনি বলেনঃ অবিলম্বে বাংলাদেশ সমস্যার সমাধান না হলে এশিয়ার এই অঞ্চলের শান্তি বিঘ্নিত হবে। অবিলম্বে এর সমাধান করতেই হবে।

মিঃ ফ্রেড ইভান্স বলেনঃ বাংলাদেশের মূল সমস্যা মানবিক চেতনা ও মানবাধিকারের সমস্যা। তিনি বলেনঃ একজন গণতন্ত্রী হিসাবে বুলেটের বদলে ব্যালটের মাধ্যমেই যে কোন সমস্যার সমাধানে আমি পক্ষপাতী। বাংলাদেশ সঙ্কটের শুরুতে বিশ্বের গণতন্ত্রকামী সকল মানুষের এবং সাড়ে সাত কোটি বাঙালীর মতো আমিও এটাই আশা করেছিলাম কিন্তু পাকিস্তানী সামরিক শক্তি সে সম্ভাবনাকে গোঁয়ারের মতো গুঁড়িয়ে দিয়েছে।

মিঃ ফ্রেড ইভান্স বলেনঃ আমরা বৃটেনবাসী ১৯৩৯ সালে ফ্যাসিস্ট জার্মানীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে নেমেছিলাম, প্রয়োজন নয়া ফ্যাসিস্টদের বিরুদ্ধেও যুদ্ধ করতে আমরা প্রস্তুত।...

২৯ অক্টোবর, ১৯৭১

...গত বাইশে অক্টোবর থেকে পঁচিশে অক্টোবরে মধ্যে নয়াদিল্লীতে ভারত ও সোভিয়েট ইউনিয়নের মধ্যে আলোচনা হয় তাতে এই উপমহাদেশের পরিস্থিতি এবং পাকিস্তান ভারতের সীমান্তে যে গুণ্ডামি ও তস্করবৃত্তির মহড়া দিয়ে উত্তেজনাপূর্ণ পরিস্থিতির সৃষ্টি করছে সে সম্পর্কে উভয়পক্ষে আরও মতৈক্য প্রতিষ্ঠিত হয়। উভয় দেশের মধ্যে চারদিনব্যাপী আলোচনার পর প্রকাশিত এক বিবৃতিতে বলা হয়ঃ পাকিস্তান ভারত সীমান্তে ব্যাপক সৈন্য সমাবেশ করে এবং যুদ্ধপ্রস্তুতি ও সামরিক তৎপরতায় লিপ্ত হয়ে এই উপমহাদেশে যে উত্তেজনার সৃষ্টি করেছে তাতে এ অঞ্চলের শান্তি বিঘ্নিত হবার দারুণ আশঙ্কা দেখা দিয়েছে। এ ব্যাপারে ভারত যে ব্যবস্থা গ্রহণ করেছে সোভিয়েট ইউনিয়নের তাতে পূর্ণ সমর্থন রয়েছে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়। সুতরাং ভারত আক্রমণ করে বাংলাদেশ প্রশ্নকে ভারত-পাকিস্তান প্রশ্নে রূপান্তরিত করার সপক্ষে এবং পরে জাতিসংঘের সাহায্য নিয়ে ত্রাণ পাওয়ার যে স্বপ্ন দেখেছে তাও সম্পূর্ণ ব্যর্থ হয়ে গেছে। আজ ভারত আক্রমণের অর্থ হবে পাকিস্তানের আত্মহত্যা, ভারত আক্রমণ করতে গেলে গোটা পাকিস্তানটাই কবর হয়ে যাবে।

গত ছাব্বিশে অক্টোবর মস্কো ও অটোয়ায় যুগপৎভাবে প্রকাশিত সোভিয়েট-কানাডা যুক্ত ইশতাহারে বাংলাদেশ সমস্যার প্রকৃত রাজনৈতিক সমাধানের দাবী জানানো হয়।

সোভিয়েট ইউনিয়ন এবং কানাডার এই যুক্ত ইশতাহারে বলা হয়ঃ বাংলাদেশ পরিস্থিতির এমন একটি রাজনৈতিক সমাধান আনতে হবে যাতে বাংলাদেশের জনগণের আইনসম্মত অধিকার ও স্বার্থ সম্পূর্ণ রক্ষিত এবং ভারতে আশ্রয় গ্রহণকারী শরণার্থীরা পূর্ণ আস্থায় ও মর্যাদায় দেশে ফিরে আসতে পারবেন। কানাডায় সোভিয়েট প্রধানমন্ত্রী মিঃ আলেক্সী কোসিগিনের আটদিনব্যাপী সরকারী সফরশেষে এই ইশতাহার প্রচারিত হয়।

১ নভেম্বর ১৯৭১

... যুগোশ্লাভিয়া সর্বতোভাবেই গোষ্ঠীনিরপেক্ষ একটি শান্তিমকামী দেশ বলে বিশ্ববাসীর কাছে পরিচিত। পুঁজিবাদী ও সমাজতন্ত্রীবাদী উভয় ব্লকেই এই সম্পর্কে কোনো দ্বিমত নেই। বিশ্বের সকল রাষ্ট্রের কাছেই জোটনিরপেক্ষ যুগোশ্লাভিয়া সমানভাবে সমাদৃত।

গোষ্ঠীনিরপেক্ষ যুগোশ্লাভিয়ার প্রেসিডেন্ট টিটোও আজ বাংলাদেশের পাকিস্তানী বর্বরতার বিরুদ্ধে মুখ খুলতে বাধ্য হয়েছেন।

প্রেসিডেন্ট টিটো বলেছেনঃ বাংলাদেশে পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনী যা করেছে এবং আজও তারা সেখানে যা করে চলেছে পৃথিবীর ইতিহাসে তার কোন দৃষ্টান্ত নেই। পাকিস্তানী সৈন্যরা বাংলাদেশে যে ব্যাপক গণহত্যা ও ধ্বংসযজ্ঞ চালিয়েছে এবং নারী-শিশু-বৃদ্ধ নির্বিশেষে সেখানকার নিরপরাধ সাধারণ মানুষের ওপর যে অবর্ণনীয় অত্যাচার ও বর্বরতা চালিয়েছে তার ফলেই বাংলাদেশ থেকে নব্বই লক্ষাধিক শরণার্থী তাদের ঘরবাড়ি সহায়-সম্বল ছেড়ে ভারতে আশ্রয় নিতে বাধ্য হয়েছে।

অথচ পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়াসহ গোটা সরকারী প্রচারযন্ত্র এতদিন প্রচার করে এসেছিলেন যে বাংলাদেশের সাড়ে সাত কোটি বাঙালী মুষ্টিমেয় অবাঙালীদের ওপর আক্রমণ চালিয়েছিলো, আর তাকেই থামাতে গিয়ে সেনাবাহিনীকে ব্যবস্থা গ্রহণ করতে হয়েছে। স্বাধীন সার্বভৌম বাংলাদেশ ঘোষণা করে জনগণতান্ত্রিক স্বাধীন বাংলাদেশ সরকার গঠন করে বাংলাদেশের মানুষ আজ দেশ থেকে হানাদার নিশ্চিহ্ন করার যে দুর্বার অভিযান চালিয়েছে তাকে দুষ্কৃতকারী ও ভারতীয় অনুচরদের কার্যকলাপ বলে ইয়াহিয়া সরকার কতদিন যাবৎ প্রচার করে এসেছে।

পাকিস্তানের মাথামোটা গোঁয়ার প্রেসিডেন্ট ইয়াহিয়া আর তার জঙ্গী সরকারের অপপ্রচামুখর মুখে বিরাট একটা চপেটাঘাত মারার মতো জওয়াব শোনা গেল গোষ্ঠীনিরপেক্ষ যুগোশ্লাভীয় প্রেসিডেন্টের দ্ব্যর্থহীন কণ্ঠে। তিনি বলেনঃ বাংলাদেশ প্রশ্নটি ভারত-পাকিস্তান প্রশ্ন নয়। এটি ভারত ও পাকিস্তানের মধ্যকার কোন বিষয় নয়। তিনি বলেনঃ এটি পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপারও নয়।

সপ্তাহব্যাপী মার্কিন যুক্তরাষ্ট্র সফরের আগে গত সপ্তাহে মার্কিন টেলিভিশন সংস্থা সি, বি, এস-এর সঙ্গে এক সাক্ষাৎকারে প্রেসিডেন্ট টিটো অত্যন্ত স্পষ্ট ভাষায় বিশ্বাবাসীকে এই সত্যটি জানিয়ে দিয়েছেন।...

৬ নভেম্বর, ১৯৭১

সম্প্রতি 'নিউইয়র্ক টাইমস' পত্রিকায় বাংলাদেশ পরিস্থিতি তথা বাংলাদেশের বর্তমান ঘটনাবলী ও প্রকৃত অবস্থা সম্পর্কে এক রিপোর্ট প্রকাশিত হয়েছে। এই রিপোর্টে পাক হানাদার বাহিনী অধিকৃত ঢাকা নগরীসহ বাংলাদেশের বিভিন্ন অধিকৃত এলাকার একটি চিত্র তুলে ধরা হয়েছে।

নিউইয়র্ক টাইমস-এর রিপোর্টার ঢাকা থেকে পাঠানো এর রিপোর্টে বলেছেনঃ বাংলাদেশে পাকিস্তানী সামরিক অভিযান শুরুর পর সাত মাস কেটে গেছে কিন্তু এখনও কোথাও স্বাভাবিক অবস্থা ফিরে আসেনি। বাংলাদেশের প্রত্যেক শহর-বন্দরের জনসংখ্যা বিগত ২৫ শে মার্চের আগে যা ছিলো এখন তার শতকরা ৩০ থেকে ৪০ ভাগ হ্রাস পেয়েছে। এই ৩০ থেকে ৪০ শতাংশ মানুষের কিছু অংশ সেনাবাহিনীর গুলিতে প্রাণ হারিয়েছে, কিছু লোক নিখোঁজ হয়েছে এবং বাকী সকলে মুক্তিবাহিনীতে যোগ দিয়ে লড়াই করছে।

নিউইয়র্ক টাইমস-এর রিপোর্টে বলা হয়ঃ পাকিস্তানী সৈন্যরা মুক্তি বাহিনীকে খতম করবে বলে যে দুরাশা পোষণ করেছিলো তা চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছে। বরং ফল উল্টো ফলতে শুরু করেছে- বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনে পাকিস্তানী সৈন্যরা মুক্তিবাহিনীর হাতে দারুণ মার খাচ্ছে। মুক্তিবাহিনীর বিরুদ্ধে তাদের আক্রমণাত্মক পরিকল্পনাগুলো ব্যর্থ হচ্ছে। লড়াইয়ে তারা তারা কোনোক্রমেই সুবিধে করে উঠতে পারছে না। জলে-স্থলে সর্বত্রই তারা মুক্তিবাহিনীর হাতে মার খাচ্ছে। পাকিস্তানী সৈন্যদের এখন একমাত্র নিরাপদ আশ্রয়স্থল হলো কয়েকটি ক্যান্টমেন্ট।

নিউইয়র্ক টাইমস-এর রিপোর্টার লিখেছেনঃ বাংলাদশের বহু বিস্তীর্ণ অঞ্চলে মুক্তিবাহিনীর অধিকার ও প্রশাসন প্রতিষ্ঠিত হয়েছে। ফরিদপর, রংপুর, ময়মনসিংহ, সিলেট ও দিনাজপুরের বিস্তীর্ণ এলাকায় স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসন প্রতিষ্ঠিত হয়েছে।

ওই রিপোর্টার লিখেছেনঃ বাংলাদেশের অধিকৃত এলাকাগুলোয় ব্যাপক হত্যা, লুটতরাজ, নারী নির্যাতন ও ধ্বংসের দ্বারা পাকিস্তানী সৈন্যরা যে বিভীষিকা ও ত্রাসের সঞ্চার করেছিলো তা এখন হ্রাস পেয়েছে। মুক্তিসেনারা এখন দেশের শহরে বন্দরে গ্রামে গ্রামে ছড়িয়ে পড়ে স্থানীয় প্রতিরোধ গড়ে তুলেছে। বর্তমানে বাঙালীদের মনে পশ্চিম পাকিস্তানের ওপর ঘৃণা দারুণভাবে বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশে সামরিক অভিযানের পর প্রথমদিকেও এতখানি ঘৃণা ছিল না। পাকিস্তানী সামরিক বাহিনী অসামরিক প্রশাসনে নিযুক্ত বাঙালী এবং সাধারণ বাঙালীদের ওপর এখনও চরম নির্যাতন অব্যাহত রেখেছে। একজন বাঙালী একজন বিদেশী সাংবাদিকের সঙ্গে কথা বলেছিলো-শুধু এই অপরাধেই পাকিস্তানী সৈন্যরা ওই বাঙালী ভদ্রলোকের পরিবারের সকলকে নির্মমভাবে প্রহার করেছে। কিন্তু এত করেও তারা মুক্তিবাহিনীর সঙ্গে পেরে উঠছে না।

নিউইয়র্ক টাইমস-এর সংবাদদাতা লিখেছেনঃ মুক্তিবাহিনীর সঙ্গে পেরে উঠতে না পেরে পাকিস্তান এখন বাংলাদেশ প্রশ্নটিকে অন্যদিকে ঘোরানোর উদ্দেশ্যে ভারত সীমান্তে ব্যাপক সৈন্য সমাবেশ করেছে। ভারতীয়

বাহিনীর সঙ্গে একটা সংঘর্ষের মাধ্যমে তারা বিষয়টিকে ভারত-পাকিস্তান বিরোধ বলে চালাবার চেষ্টায় আছে। এই উদ্দেশ্যে পাকিস্তান বাংলাদেশ-ভারত সীমান্তে ব্যাপক সৈন্য সমাবেশ করেছে। ফলে বাংলাদেশের শহরে-বন্দরে পাকিস্তানী সৈন্যদের বর্বরতা, সন্ত্রাস ও দৌরাত্ম্য কমে গেছে।...

১২ নভেম্বর, ১৯৭১

... সম্প্রতি সোভিয়েট ইউনিয়নের সুপ্রীম সোভিয়েটের আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক সংসদীয় কমিটির সাধারণ সম্পাদক মিঃ ভি, কুদরিয়াভেৎসেভ বাংলাদেশের এই যুদ্ধকে জাতীয় মুক্তিযুদ্ধ বলে অভিহিত করেছেন। তিনি বলেছেন-বাংলাদেশে আজ যে লড়াই চলেছে তা খাঁটি জাতীয় মুক্তিযুদ্ধ। পাকিস্তানের জঙ্গী সরকার তথা বর্বর সমর নায়করা বাংলাদেশে গণহত্যা, ধ্বংস আর চরমসন্ত্রাসের নীতির দ্বারা বাঙালীদের জাতীয় মুক্তিযুদ্ধকে ত্বরান্বিত করেছে। তিনি বলেনঃ আমি আশা করি এই বাস্তব ঘটনা যত তিক্ত ও যতো কঠোরই হোক না কেন পাকিস্তান এটা উপলব্ধি করে সুবুদ্ধির পরিচয় দেবে। সম্প্রতি সোভিয়েট পার্লামেন্টারী প্রতিনিধিদলের নেতা হিসেবে ভারত সফরে গিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মিঃ কুদরিয়াভেৎসেভ বাংলাদেশের মুক্তিসংগ্রাম সম্পর্কে এই মন্তব্য করেন।

বিশিষ্ট সোভিয়েট নেতার এই উক্তিরই আরও স্পষ্ট প্রতিধ্বনি উঠেছে ফরাসী দেশে। ফ্রান্সের লোকবরেণ্য নেতৃবর্গ আজ মনে করেন স্বাধীন সার্বভৌম বাংলাদেশ আজ এক অবশ্যম্ভাবী সত্য। এ সত্যকে অস্বীকার করা বা এড়িয়ে যাবার কোনো পথ নেই, পন্থাও নেই। ফ্রান্সের প্রেসিডেন্ট জর্জেস পঁপিদু নিজেই বলেছেনঃ বাংলাদেশ সংকটের মূল হচ্ছে রাজনৈতিক, অতএব বাংলাদেশের জনগণের ইচ্ছানুযায়ী এ সঙ্কটের সমাধান করতে হবে। তা না হলে সমগ্র উপমহাদেশে বিপর্যয়ের ঝড় নেমে আসবে এবং যার পরিণতি ভাবা দারুণ কঠিন ব্যাপার। বর্বর পাকিস্তানী হানাদার বাহিনীর ব্যাপক গণহত্যা, লুটতরাজ ও পৈশাচিকতার ফলেই বাংলাদেশ থেকে ৯৬ লক্ষ অসহায় নরনারী-শিশু বৃদ্ধ তাদের বাড়িঘর-সহায় সম্পদ হারিয়ে ভারতে আশ্রয় নিতে বাধ্য হয়েছে। পাকিস্তানী হানাদার বাহিনী বাংলাদেশকে একটি বধ্যভূমিতে পরিণত করেছিলো। বাংলাদেশে এই ভয়াবহ অবস্থা সৃষ্টির জন্যে পাকিস্তানের জঙ্গীশাহী তথা জঙ্গী সমরনায়করাই দায়ী। আর ঠিক এই কারণেই সোভিয়েট কমিউনিষ্ট পার্টির মুখপত্র 'প্রাভদা'য় পাকিস্তানী জঙ্গী সরকার ও সামরিকজান্তাকে হুঁশিয়ার করে বলা হয়েছেঃ বাংলাদেশের যে নব্বই লক্ষাধিক শরণার্থী তাদের সহায়-সম্পদ ঘরবাড়ি এবং স্বদেশ ছেড়ে ভারতে আশ্রয় নিতে বাধ্য হয়েছে, তারা যাতে পূর্ণ মর্যাদা ও নিরাপত্তার সঙ্গে স্বদেশে ফিরে আসতে পারে তার উপযুক্ত অবস্থার সৃষ্টি করতে হবে। পূর্ণ স্বাধীনতা ও নিরাপত্তার সঙ্গে তারা যাতে স্বদেশে ফিরে আসতে পারে তেমন অবস্থার সৃষ্টি করতে হবে। 'প্রাভদা'য় বলা হয়, ইয়াহিয়ার জঙ্গীশাহীই শরণার্থী সমস্যার সৃষ্টি করেছে এবং এ সমস্যা আজ এক জটিল আন্তর্জাতিক সমস্যায় পরিনত হয়েছে। পাকিস্তানের মাথাগরম জঙ্গীচক্র যুক্তিতর্ক বিসর্জন দিয়ে তাদেরই সৃষ্ট সমস্যার জন্যে গোঁয়ারের মতো ভারতের ঘাড়ে দোষ চাপাবার চেষ্টা করছে।

২৪ নভেম্বর, ১৯৭১

... গত রাতে বিবিস'র এক বিশেষ সংবাদ বুলেটিনে বিভিন্ন সংবাদ সংস্থা ও সাংবাদিকদের পাঠানো রিপোর্টের উদ্ধৃতি দিয়ে বলা হয়ঃ মুক্তি বাহিনীর প্রচণ্ড আক্রমণে গত ৪৮ ঘণ্টায় পাকিস্তান তার দশটি সামরিক ঘাঁটি হারিয়েছে। মুক্তিবাহিনীর বীর যোদ্ধারা পশ্চিম খণ্ডে মোট বাইশটি সীমান্ত চৌকির মধ্যে একুশটি দখল করেছে।

গত রাতে ঢাকা থেকে বিবিসি'র বিশেষ সংবাদদাতা মিঃ রোনাল্ড রোবসন জানাচ্ছেনঃ মুক্তিবাহিনীর বীর যোদ্ধারা এখন যশোরের চৌগাছা থেকে যশোর বিমান বন্দরের ওপর প্রচণ্ড আক্রমণ চালিয়েছে। মুক্তিবাহিনীর

আক্রমণে পাকিস্তানী হানাদার বাহিনী অধিকৃত যশোর বিমানবন্দরে রানওয়ে ও কন্ট্রোল টাওয়ারটি সম্পূর্ণরূপে নষ্ট হয়ে গেছে। মুক্তিবাহিনীর সঙ্গে পাল্লা দিতে না পেরে প্রভূত ক্ষয়ক্ষতি স্বীকার করতে করতে পাকিস্তানী বাহিনী এখন দ্রুত পিছু হটে যেতে শুরু করেছে।

বিবিসি, ভয়েস অব আমেরিকা ও অস্ট্রেলীয় বেতার থেকে প্রচারিত সংবাদে উল্লেখ করা হয়ঃ বাংলাদেশের সর্বত্রই বীর মুক্তিসেনারা সর্বাত্মক অভিযান চালিয়ে শত্রুসেনাদের একের পর এক ঘাঁটি থেকে বিতাড়িত করে দুর্বার বেগে এগিয়ে চলেছে। পাকিস্তানী হানাদারদের শিবিরে শিবিরে এখন ত্রাহি ত্রাহি হাঁক উঠেছে।

ঢাকা থেকে AFP সংবাদদাতা এক তারবার্তায় জানাচ্ছেনঃ শত্রুবাহিনী অধিকৃত ঢাকার সঙ্গে গত সোমবার থেকে বাংলাদেশের অন্যান্য এলাকার যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে গেছে। ঢাকা-যশোর, ঢাকা-ইশ্বরদী, ঢাকা-চট্টগ্রাম, ঢাকা-কুমিল্লা এক কথায় বাংলাদেশের সকল আভ্যন্তরীণ রুটে পি-আই এ'র সকল সার্ভিস বন্ধ হয়ে গেছে। গত মার্চের পর ঢাকার সঙ্গে বাংলাদেশের অন্যান্য এলাকার একমাত্র যোগাযোগ ছিলো পাকিস্তানী বাহিনী নিয়ন্ত্রিত পি-আই-এ সার্ভিস। কিন্তু মুক্তিবাহিনীর দুর্বার আক্রমণের মুখে তাও বিনষ্ট হয়ে গেল। প্রকৃতপক্ষে মুক্তিসেনারা বর্তমানে চারদিক থেকে শত্রুবাহিনীকে ঘিরে ফেলেছে এবং প্রতিটি ক্ষেত্রে তার শত্রুবাহিনীকে সমূলে নিধন করে চলেছে। সর্বত্রই চলেছে মুক্তিবাহিনীর অপ্রতিরোধ্য জয়যাত্রা। ঢাকার মাত্র আঠারো মাইল দূরে মুক্তিবাহিনীর বীর যোদ্ধারা মুন্সীগঞ্জ শহর আক্রমণ করে। মুন্সীগঞ্জ থানার পুলিশের ওপর আক্রমণ করলে থানার একজন পুলিশ অফিসার ও বহু পুলিশ নিহত হয়। মুক্তিসেনারা বিজয় দর্পে সারা শহরে কুচকাওয়াজ করেন। মুক্তিসেনারা মুন্সিগঞ্জ মহকুমার লৌহজং ও টঙ্গীবাড়ী থানা দুটিও পুড়িয়ে দিয়ে ঢাকার এক বিশাল এলাকাকে শত্রুমুক্ত করে।

এদিকে মুক্তিসেনারা বর্তমানে উত্তরে সামরিক গুরুত্বপূর্ণ সিলেট শহরের ওপর প্রচণ্ড আক্রমণ করে বলে বিবিসির বিশেষ সংবাদদাতা মিঃ ডোনাল্ড রোবসন উল্লেখ করেছেন। তিনি বলেন, সিলেটের বিভিন্ন ঘাঁটি থেকে পাকিস্তানী সৈন্যরা হটে যাচ্ছে। তিনি তার বার্তায় জানিয়েছেন মুক্তিসেনারা কুমিল্লার ওপরেও এক ব্যাপক অভিযান চালিয়েছে।

গত রাতে অস্ট্রেলীয় বেতারের এক সংবাদদাতা বুলেটিনে বলা হয়ঃ বাংলাদেশে মুক্তিবাহিনী যে দুর্বার আক্রমণ চালিয়েছে তার সঙ্গে একমাত্র বাংলাদেশের গত ঘূর্ণিঝড়েরই তুলনা করা যেতে পারে।

এ প্রসঙ্গে আমরা উল্লেখ করবোঃ গত সপ্তাহে NEWSWEEK-এর সিনিয়র এডিটর মিঃ বোচগ্রেভ তাঁর An unwinnable Guerilla war শীর্ষক রিপোর্টে বাংলাদেশের পরিস্থিতি সম্পর্কে বলতে গিয়ে মন্তব্য করেছিলেনঃ পাকিস্তানী হানাদার বাহিনী এখন এমন এক দুর্জয় গেরিলা যুদ্ধের ফাঁদে পড়েছে যেখান থেকে তাদের মুক্তির কোন সম্ভাবনা নেই।

২৬ নভেম্বর, ১৯৭১

... গত ২২ শে নভেম্বর নিউইয়র্ক টাইমস' পত্রিকায় প্রকাশিত এক দীর্ঘ রিপোর্টে বাংলাদেশের মুক্তিযুদ্ধের এক রূপরেখা প্রকাশিত হয়েছে।

নিউইয়র্ক টাইমস-এর করাচীস্থ সংবাদদাতা গত সপ্তাহে বাংলাদেশের বিস্তীর্ণ এলাকা সফর করে God is not with the big battalions শিরোনামের এক দীর্ঘ রিপোর্টে বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে মন্তব্য করতে গিয়ে বলেছেনঃ গেরিলা যুদ্ধের কৌশল সম্পর্কিত মাও সেতুঙ এর একটি বিখ্যাত উক্তি ভিয়েৎনাম তথা সমগ্র ইন্দোচীন, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার মুক্তিসেনাদের দারুণ প্রেরণা দিয়ে চলেছে। উক্তিটি হলোঃ মাছ

যেমন করে সমুদ্রের অগাধ জলের মধ্যে অত্যন্ত স্বচ্ছন্দে বিচরণ করে, মুক্তিসেনাকেও সেভাবে জনসমুদ্রে স্বচ্ছন্দে বিচরণ করতে হবে।

Mr. Malcom Browne তাঁর এই রিপোর্টে বলেনঃ বাংলাদেশের বীর মুক্তিসেনারাও আজ বাংলাদেশের বিশাল জনসমুদ্রে মাছের মতোই সাঁতার দিয়ে বেড়াচ্ছে।

নিউইয়র্ক টাইমস সংবাদদাতা বলেনঃ গত সপ্তাহে বাংলাদেশের বিস্তীর্ণ এলাকা সফর করে আমার এক অদ্ভুত অভিজ্ঞতা হয়েছে। পাকিস্তানী সেনাবাহিনী অধিকৃত বিভিন্ন এলাকা এবং মুক্তিবাহিনী নিয়ন্ত্রিত বিশাল এলাকা সফল করে আমার যে অভিজ্ঞতা হয়েছে আমি কোনদিন তা কল্পনাও করিনি। এত স্বল্প সময়ের মধ্যে একটা দেশের সমগ্র জনগণ মুক্তিসেনানী হয়ে উঠবে একথা ভাবাও যায় না। কিন্তু ভাবনা-চিন্তা নয় বাংলাদেশে গিয়ে আমাকে তো স্বচক্ষে প্রত্যক্ষ করতে হয়েছে। আজ বাংলাদেশের যে কোন পর্যটক যেকোন সাংবাদিক যান না কেন তিনিও আমার মতোই বিস্ময়ে মুগ্ধ হবেন।

পাকিস্তানী হানাদার বাহিনীকে বাংলাদেশের সর্বত্র শোচনীয়ভাবে পর্যুদস্ত হতে দেখে আমার শুধু বার বার একটা কথাই মনে হয়েছে যে ভিয়েৎনাম যুদ্ধ থেকে এইসব হতভাগ্য পাকিস্তানী সৈন্য ও সমর নায়করা কিছুই শেখেনি। বাংলাদেশের বিভিন্ন অধিকৃত এলাকায় আমি যেসব পাকিস্তানী সামরিক অফিসারদের সঙ্গে কথা বলেছি, জিজ্ঞাসাবাদ করেছি তাদের সবাইকেও মনে হয়েছে এক একটি আস্তো উজবুক।

পাকিস্তানের মাথামোটা সমরনায়করা বাংলাদেশে বড়ো বড়ো রেজিমেন্ট ও ব্যাটেলিয়ন নিযুক্ত করেছে বাঙালীদের মুক্তি সংগ্রামকে ঠেকিয়ে রাখার জন্য কিন্তু God is not with the big battalions -অর্থাৎ আল্লাহ তাদের সহায় নন। বাংলাদেশের গণগেরিলাদের হাতে তারা চূড়ান্তভাবে মার খাচ্ছে। পাকিস্তানের ব্যাটেলিয়নগুলো এখন কেবল প্রাণরক্ষার জন্যেই লড়াই করছে। বাংলাদেশের নদী-মাঠ-প্রান্তরে আর জলাভূমিগুলোয় পাকিস্তানী যুদ্ধজয়ের স্বপ্নের কবর দিয়েছে বাঙালী গেরিলারা। যে কোন বিদেশীর পক্ষে বাংলাদেশের এই বাস্তব পরিস্থিতিটুকু উপলব্ধি করা আদৌ কঠিন ব্যাপার নয়। কারণ শুধু গ্রাম বা প্রত্যন্ত অঞ্চল বলে নয়- বাংলাদেশের অধিকৃত এলাকাসমূহের প্রতিটি শহর-বন্দরের সর্বত্রই মুক্তিবাহিনীর দেখা পাওয়া আদৌ কষ্টসাধ্য নয়। হোটেল, রেস্তোরাঁ, ব্যাংক, দোকান, বিদেশী ফার্ম, কনসুলেট অফিস থেকে শুরু করে সরকারী অফিস আদালতের প্রত্যেকটি দফতরে তারা সক্রিয়। বাংলাদেশের আমি যেখানে গেছি, যার সঙ্গে কথা বলেছি সবখানে সবার মুখে একই কথা শুনেছি পাকিস্তানী হানাদারগুলোকে আমরা নিশ্চিহ্ন করবোই। আমাদের স্বাধীন সার্বভৌম বাংলাদেশকে পাকিস্তানী হানাদারমুক্ত না করা পর্যন্ত লড়াই চলবেই।

পাকিস্তানী বাহিনীর সৈন্যসংখ্যা এখন এমন অবিশ্বাস্যরূপে কমতে শুরু করেছে যা বিশ্বাস করাও কঠিন। কিন্তু বাংলাদেশের ঘটনাবলী সম্পর্কে আজ এটাই কঠোর বাস্তব।

দৃষ্টিপাত

১৪ জুন, ১৯৭১

আমাদের চোখের সামনেই যেন একটি মর্মান্তিক ইতিহাস তার পৃষ্ঠাগুলো দিনের পর দিন উন্মোচন করে দিল। আর আমরা সবাই হয়ে থাকলাম ইতিহাসের এক-একজন উজ্জ্বল সাক্ষী। সর্বযুগের, সর্বকালের এবং সর্বদেশের একটি নিষ্ঠুরতম ঘটনা, একটি অমানুষিক পৈশাচিকতা, একটি হৃদয়বিদারক, বিশ্বাসঘাতকতা

আমাদের চোখের সামনেই ঘটে গেল। আমরা চোখ দিয়ে দেখলাম, আমাদের সমগ্র অনুভূতি দিয়ে অনুভব করলাম এবং আমরা সবাই বহু ত্যাগের মধ্যে দিয়ে দিনযাপন করে আবার নতুন সূর্যের অভিমুখে যাত্রা শুরু করলাম। নতুন দিনের আশায় আমরা সাড়ে সাত কোটি বাঙালী আজ উজ্জীবিত নতুন সংগ্রামে আমরা সমগ্র বাঙালী আজ শপথ গ্রহণ করেছি। এ সংগ্রাম আমাদের সুনিশ্চিত মুক্তি নিয়ে আসবে, এ সংগ্রাম আমাদের বিজয়ের তোরণদ্বারে উপস্থাপন করবেই।...

বন্ধু, আমরা তো কোন অন্যায় করি নাই। বৃটিশ বেনিয়াদের উৎখাত করে এদেশে স্বাধীনতা আন্দোলনকে জোরদার করতে সারা ভারতীয় উপমহাদেশে বাঙালীর অবদান সবচেয়ে বেশি। মহামতি গোখলে তাই একদিন বাঙালীকে লক্ষ্য করে এ যুগের একটি পরম সত্যবানী উচ্চারণ করেছিলেন What Bengal thinks today, Indian thinks tomorrow -অর্থাৎ বাঙালী আজ যা ভাবে, সারা ভারত তা চিন্তা করে আগামীকাল। রামমোহন, চিত্তরঞ্জন, রবীন্দ্রনাথ, ইসমাইল হোসেন সিরাজী, নেতাজী সুভাষ বসু, নজরুল ইসলাম এবং এই জাতীয় আরো বহু নাম উচ্চারণ করা যায় যাঁরা সারা ভারতীয় উপমহাদেশকে মানবতার শিক্ষায় শিক্ষিত করেছেন এবং স্বাধীনতার দীক্ষায় দীক্ষিত করেছেন। পাকিস্তান আন্দোলনের ভিত্তিও ছিল বাংলাদেশ। ১৯০৬ সালে মুসলিম লীগের জন্ম হয়েছিল বাংলাদেশের ঢাকায়। ১৯৪০ সালে পাকিস্তান প্রস্তাব যিনি সারা বিশ্বের কাছে পেশ করেছিলেন তিনিও ছিলেন একজন বাঙালী-বাংলার নয়নমণি, বাংলার বাঘ ফজলুল হক। পাকিস্তান অর্জনের প্রাক্কালে পাঞ্জাবে এবং সিন্ধুতে মুসলিম লীগের বিরোধী মন্ত্রিসভা ছিল-সীমান্ত প্রদেশ পাকিস্তান চায় কিনা তা নির্ধারণ করতে হয় গণভোট নিয়ে। সারা পাকিস্তানে একমাত্র বাংলাদেশেই মুসলিম লীগ সরকার কায়েম ছিল। সুতরাং পাঞ্জাব ও সিন্ধু এবং সীমান্ত প্রদেশ পাকিস্তান আন্দোলনের প্রতি বহুলাংশে নিস্পৃহ ছিল-এ আন্দোলনে বলিষ্ঠ এবং অগ্রণী নেতৃত্ব গ্রহণ করেছিল বাংলাদেশ। বাঙালীর আন্দোলনেই পাকিস্তান এসেছে পাঞ্জাবীম সিন্ধী, বেলুচি বা পাঠানদের আন্দোলনে নয়। কিন্তু দুর্ভাগ্য এই যে পাকিস্তান প্রতিষ্ঠিত হবার সাথে সাথেই মাতব্বর হয়ে এলো পাঞ্জাবী, কি চাই? না লুটের মাল চাই-এলো সিন্ধী, এলো পাঠান। কোথায় লুট করা যায়। আর কোথায়! সোনার বাংলায় সোনা ফলে। সুতারাং সবাই মিলে লুটের জন্য হাত বাড়ালো। কিন্তু লুট করতে গিয়ে দেখা গেল বাঙালীর সাধনা, বাঙালীর ঐতিহ্য, বাঙালীর সংস্কৃতি সব কিছু অত্যন্ত প্রদীপ্ত। সুতরাং শুরু হলো ষড়যন্ত্র। ধ্বংস, করতে হবে বাঙালীর আসল চেহারাকে। ইসলামকে সামনে রেখে পাকিস্তানের অখণ্ডতাকে সামনে রেখে তাদের এই লুণ্ঠনের কাজ সম্পন্ন করতে হবে। এরপর দিনের পর দিন ষড়যন্ত্রেও জাল বিস্তারিত হতে থাকলো। প্রথম আঘাত এলো ভাষার ওপর তারপর অর্থনীতির ক্ষেত্রে, রাজনীতি ক্ষেত্রে, সংস্কৃতির ক্ষেত্রে। শুরু হলো শোষণের এক সুপরিকল্পিত আয়োজন, আরম্ভ হোল শাসনের এক নিদারুণ প্রয়াস। আমরা পাকিস্তান অর্জন করেছিলাম এবং প্রত্যেকটি বাঙালী পাকিস্তানের নিষ্ঠাবান নাগরিক হিসেবে পাকিস্তানের আদর্শকে বিশ্বস্তভাবে অনুসরণ করতে একান্ত সচেষ্ট ছিলেন। কিন্তু পশ্চিম পাকিস্তানের দেউলিয়া অর্থনীতিতে পুষ্ট মানুষ নিজেদের স্বার্থপরতাকে ভিত্তি করে বাঙালীর সমস্ত কিছু লুণ্ঠন করে বড় হবার জন্য মেতে উঠেছিল, আর তাই তারা আমাদেরকে দ্বিতীয় শ্রেণীর নাগরিরে পরিণত করলো। কথায় কথায় আমরা যে পাকিস্তানের সত্যিকার নাগরিক সে ব্যাপারে তারা সন্দেহ পোষণ করতে শুরু করলো-আমাদের আন্তরিকতা, আমাদের বিশ্বস্ত চেতনা সবকিছু পদদলিত করে আমাদের সবাইকে পর্দার সামনে থেকে পর্দার অন্তরালে নিয়ে যাবার সুপরিকল্পিত কাজ শুরু হোল। আর এই হোল পাকিস্তানের বিগত তেইশ বছরের ইতিহাস। বর্তমান শতাব্দীর নিমর্ম একটি ইতিকথা।

('চেনাকণ্ঠ' ছদ্মনামে ডঃ মযহারুল ইসলাম রচিত)

১৬ জুন ১৯৭১

বাংলার প্রাণের নেতা শেরে বাংলা ফজলুল হককে পশ্চিম পাকিস্তানের স্বার্থবাদীচক্রের মুখপাত্ররা একদিন বিশ্বাসঘাতক বলে আখ্যা দিয়েছিল। বলেছিল Mr. Fazlul Hoq is self-confessed traitor ১৯৫৪ সালের

নির্বাচনে কুচক্রী মুসলিম সরকারের অনুসারীগণ বাংলার মাটিতে সাংঘাতিক পরাজয়বরণ করে আবার পর্দার অন্তরালে ষড়যন্ত্রের আশ্রয় গ্রহণ করে। এই নির্বাচনে যুক্তফ্রন্টের একুশ দফার সপক্ষে সমগ্র বাঙালী অকুণ্ঠ রায় দিয়েছিলেন। বাঙালীর এই একতা ও নবজাগ্রত চেতনা পশ্চিমাদের ভয়ের ও আশঙ্কার কারণ হয়ে দাঁড়ায় বাংলাকে যেমন নির্বিচারে শোষণ করা চলছিল এবার সে পথে এক বিরাট বিঘ্ন সৃষ্টি হয়ে পড়ে। এই জাগ্রত জনতার পুরোভাগে দাঁড়িয়ে যখন শেরে বাংলা ফজলুল হক ব্রজকণ্ঠে ঘোষণা করতে থাকেন যে বাংলাকে আর শোষণ করতে দেয়া হবে না তখন পশ্চিমা আমলাগণ এবং স্বার্থবাদী রাজনীতিবিদরা বিপদ গুনতে শুরু করে। তাই ষড়যন্ত্রের জাল বিস্তার হতে থাকে-আর বাংলার অবিসংবাদিত নেতা ফজলুল হককে বলা হয় বিশ্বাসঘাতক। এই ষড়যন্ত্রের নেতা সেদিন ছিল ইস্কান্দার মির্জা, গোলাম মোহাম্মদ প্রমুখ। এদের সাথে হাত মিলিয়েছিল চুয়ান্নোর নির্বাচনে পরাজিত মুসলিম লীগের কতিপয় বাঙালী মীরজাফর। ১৯৫৫ সালের ২৯ শে মে বাংলার দরদী নেতা শেরে বাংলা ফজলুল হক যখন করাচী থেকে ঢাকা বিমানবন্দরে ফিরে এলেন তখন বিপুল জনতা তাঁকে সংবর্ধনা জানাতে সেখানে সমবেত হয়েছিলেন। কিন্তু ভাগ্যের কি পরিহাস-নিজের দেশে ফিরে এসে, যে বাংলার মাটিকে ফজলুল হক প্রাণের মত ভালবাসতেন সেই মাটিতে দাঁড়িয়ে একটি কথা পর্যন্ত বলবার অধিকার তাঁর রইল না। সামরিক বাহিনীর কড়া পাহারায় তাঁকে বিমানবন্দর থেকে গৃহে নিয়ে যাওয়া হোল এবং নিজের ঘরে তাঁকে অন্তরীণাবদ্ধ করে রাখা হোল। ছয় মাস তাঁকে বাইরের কোন লোকের সাথে মিশতে দেয়া হোত না। এমনকি পবিত্র ঈদের দিনে মুসলিম জামাতের সাথে একত্রে বসে নামাজ পড়তে পর্যন্ত তাঁকে দেয়া হোত না। বাংলাকে ভালবাসার এই হোল শাস্তি-বাংলার দুঃস্থ, নিঃস্ব, নিপীড়িত এবং বঞ্চিত মানুষের জন্য কথা বলার এই হোল সত্যিকার পুরস্কার। ঋণ সালিসী বোর্ড স্থাপন করে একদিন যে ফজলুল হক বাঙালীর অস্তিত্ব রক্ষা করতেন, বাংলার গ্রামে, বন্দরে, শহরে অসংখ্য স্কুল-কলেজ প্রতিষ্ঠা করে শিক্ষার পথ যিনি সুগম করেন এবং সর্বোপরি লাহোর বৈঠকে যিনি সারা বিশ্বের সামনে পাকিস্তান প্রস্তাব তুলে ধরেন সেই ফজলুল হক, সেই শেরে বাংলা ফজলুল হক সেদিন প্রবীণ ও বৃদ্ধ বয়সে নিজের ঘরে বন্দী হয়ে রইলেন। যেদিন জীবনের সমস্ত বিশ্বাস ও আরাম-আয়েশ পরিত্যাগ করে দেশের স্বাধীনতার জন্য ফজলুল হক ঝাঁপিয়ে পড়েছিলেন সেদিন কোথায় ছিল ইস্কান্দার মির্জা, গোলাম মোহাম্মদ? বৃটিশের তাঁবেদার ও গোলাম সেজে তারা তখন চাকরি করতো ও নিজেদের সমস্ত বিপদ থেকে নিরাপদ দূরত্বে বাঁচিয়ে রেখে স্বাধীনতা সংগ্রামীদের ওপর রক্তচক্ষু নিক্ষেপ করতো এই দুই পরাশ্রিত বশংবদ জানোয়ার। আর পাকিস্তান প্রস্তাবের যিনি উদ্যোক্তা, যাঁরা হাতে পাকিস্তান প্রস্তাবের জন্য, সেই মনীষী ফজলুল হককে বিশ্বাসঘাতক বলতে এদের এতটুকু বাধলো না।....

উনিশ শ' সত্তরের নির্বাচনের পর এসেছে অভিশপ্ত একাত্তর সাল। এবারেও সেই একই খেলার ভয়াবহ পরিণাম আমাদের চোখের সামনে প্রত্যক্ষ হয়ে উঠেছে। চুয়ান্নোর নির্বাচনের পর শিকার ছিলেন শেরেবাংলা ফজলুল হক, প্রবীণ গণনেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানী ও অসংখ্য দেশপ্রেমিক। শিকার ছিলেন শহীদ সোহরাওয়ার্দী এবং সেদিনের তরুণ নেতা শেখ মুজিবুর রহমান। আর আজকের নির্বাচনের পর শিকার হয়েছেন বাংলার অবিসংবাদিত প্রাণের নেতা শেখ মুজিবুর রহমান, তাঁর অনুসারীবৃন্দ এবং বাংলার সাড়ে সাত কোটি মানুষ আবাল-বৃদ্ধ-বনিতা। যে ইয়াহিয়া, টিক্কা এবং এম, এম, আহমেদ একদিন ছিল বৃটিশের পদলেহী চাকর, যারা স্বাধীনতা আন্দোলনের সময় ছিল এক-একটি অখ্যাত-কুখ্যাত সাধারণ গোলাম, আজ তারাই হয়েছে দেশের হর্তাকর্তা-বিধাতা। আর ফজুলল হকের ভাগ্যে যেমন জুটেছিল বিশ্বাসঘাতকতার গ্লানি, তেমনি বাংলার প্রাণের নেতার সমগ্র পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ মানুষের একমাত্র গণনেতা আজ হলেন দেশদ্রোহী। ভাগ্যের এ এক নির্মম পরিহাস বটে-রবীন্দ্রনাথের উপেনের ভাষায় ''তুমি মহারাজ সাধু হলে আজ আর আমি চোর বটে।''

কিন্তু দিন আর বেশী দূরে নয় যখন এই ষড়যন্ত্রের জাল আমরা ছিন্নবিচ্ছিন্ন করবোই এবং বাংলাদেশকে এই দানবদের নির্যাতন থেকে উদ্ধার করবোই। আসুন আপনি কৃষক-মজুর, আসুন আপনি চাকরিজীবী-বুদ্ধিজীবী, সবার ওপর এসো তোমরা ছাত্র-ছাত্রী, যুবক-তরুণের দল এবার আমরা দানব হত্যায় ও দানব বিতাড়নের

কাজে ঝাঁপিয়ে পড়ি। আল্লাহ আমাদের সহায় হবেন। জয় বাংলা। ('চেনাকণ্ঠ' ছদ্মনামে ডঃ মযহারুল ইসলাম রচিত)

২৩ জুলাই, ১৯৭১

পাকিস্তানের জঙ্গী শাসকবর্গ তাদের বেতার ও অন্যান্য প্রচারকেন্দ্রের মাধ্যমে বিশ্বের নিকট দিন-রাত প্রচার করে চলেছে যে তাদের দখলীকৃত বাংলাদেশের অঞ্চলসমূহ স্বাভাবিক অবস্থায় ফিরে এসেছে। বিগত তিন মাসে জঙ্গী শাসকদের অমানুষিক কার্যকলাপ এবং সমগ্র প্রচারণা যে কিভাবে বিশ্বাসঘাতকতা ও মিথ্যাকে অবলম্বন করে অগ্রসর হয়েছে আমরা তা জানি এবং বিশ্বের নিকটও তা বিশেষভাবে প্রমাণিত হয়েছে। স্বাভাবিক অবস্থা সম্পর্কে পাকিস্তান সরকারের চীৎকার এবং ক্রন্দন এই বিশ্বাসঘাতকতা এবং মিথ্যা প্রচারণাই জ্বলন্ত দৃষ্টান্ত।

মাসক্যারেনহাস্ নামক 'সানডে টাইমস'-এর একজন বিখ্যাত সাংবাদিক এই মাসের ১৩ তারিখে করাচী থেকে সপরিবারে লণ্ডনে চলে যান এবং সেখানে গিয়ে বাঙালী জাতিকে সম্পূর্ণ নিশ্চিহ্ন করবার সুপরিকল্পিত কার্যকলাপের একটি লোমহর্ষক এবং প্রামাণ্য বর্ণনা দিয়েছেন। সানডে টাইমস-এর জেনোসাইড বা একটি জাতিকে নির্মূল করা সম্পর্কে এই প্রামাণ্য তথ্য আজ ইউরোপ, আমেরিকা এবং প্রাচ্যজগতে একটি আলোড়নের সৃষ্টি করেছে। তিনি স্বচক্ষে দেখেছেন কিভাবে শক্তসমর্থ যুবকদের ধরে নিয়ে গিয়ে শরীর থেকে রক্ত নিয়ে মৃতদেহগুলোকে নদীতে ভাসিয়ে দেয়া হয়েছে, তিনি দেখেছেন সৈন্যরা কিভাবে যাকে খুশী তাকে ধরছে এবং খেয়ালখুশিমত গুলি করে মারছে। তিনি দেখেছেন এই বর্বর পশুগুলো কিভাবে যুবতী মেয়েদের ধরে নিয়ে গিয়ে পাশবিক অত্যাচার করছে। এবং এই জাতীয় আরো বহু চোখে দেখা ঘটনার বর্ণনা তিনি দিয়েছেন। আর এই ঘটনাগুলো সবই বেশী দিন আগের নয়। মে মাসের দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহের দিকে ঘটেছে। সুতরাং একদিকে মৃত্যুর নিষ্ঠুর লীলা চালিয়ে যাচ্ছে পাকিস্তানের বর্বর হানাদার সেনাবাহিনী, অন্যদিকে জঙ্গী সরকার প্রচারণা অব্যাহত রেখেছে যে অবস্থা স্বাভাবিক হয়েছে।

এই প্রসঙ্গে পি-টি-আই পরিবেশিত আর একটি চাঞ্চল্যকর ঘটনার উল্লেখ করবো। কোন একটি শহরে শতাধিক নিরীহ লোককে বলা হয় যে, রেশনের দোকানে এলে তাদেরকে সাপ্তাহিক রেশন দেয়া হবে। লোকজন সরল বিশ্বাসে রেশনের দোকানে উপস্থিত হয়। তখন সেনাবাহিনী রেশনের দোকান খুলে দিয়ে সেই শতাধিক লোককে দ্রব্য নিয়ে দোকান থেকে ঘরে ফিরে যাচ্ছিল তখন সৈন্যরা পেছন থেকে গুলি করে এবং শতাধিক লোককে সেখানেই হত্যা করে।

এগুলো সবই বর্বরতা এবং বিশ্বাসঘাতকতার এক-একটি উজ্জ্বল দৃষ্টান্ত। আর এই দৃষ্টান্তগুলো এখন সবই ইউরোপ, আমেরিকা ও অন্যান্য বিদেশী পত্রিকাগুলোতে ব্যাপকভাবে প্রকাশ পেয়েছে। অন্যদিকে মিথ্যা প্রচারণার তো অন্ত নেই। দেশবাসী সবাই জানেন যে এখনো ট্রেন পুরো চালু করা সম্ভব হয়নি- যে সব জায়গায় দিনে একটি কি দুটো মাত্র ট্রেন চালু হয়েছে সেখানেও বাঙালীদের উঠবার বিশেষ সুযোগ নেই। সড়কপথেও অনুরূপ অবস্থা। মফস্বল শহরগুলোতে লোকজন ফিরে আসতে ভরসা পাচ্ছে না, কেননা বহু ঘটনায় দেখা গেছে যে লোকজন ফিরে এলেই তাদের ব্যাপকভাবে হত্যা করা হয়েছে। সুতরাং সড়কপথে গাড়ি দু'এক স্থানে চালু হলেও লোকজন নেই। জলপথের অবস্থাও একই রকম। স্কুল, কলেজ বিশ্ববিদ্যালয় খোলা হয়েছে কিন্তু দু'একজন শিক্ষক কাজে যোগ দিলেও ছাত্র নেই- এবং এ কথা বলার অপেক্ষা রাখে না যে হানাদার সৈন্যদের বিতাড়িত না করা পর্যন্ত কোন ছাত্র পড়াশুনা করতে যাবে না।

অফিস-আদালতের অবস্থাও অন্যরূপ নয়। ঢাকার বেশকিছু পরিমাণ অফিস খোলা হয়েছে। কিন্তু ঢাকার অফিসগুলো মফস্বল শহরগুলোর অফিসের ওপর নির্ভরশীল। যেহেতু মফস্বল শহরে শতকরা আট-দশটির বেশী

অফিস চালু হয়নি, সেহেতু ঢাকায় লোকজন অফিসে গিয়ে বসে বসে সময় কাটানো ছাড়া করবার কিছু পাচ্ছেন না।

সুতরাং পাকিস্তানের জঙ্গী শাসক চীৎকার করে যতই বলুক যে স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে কিন্তু আসলে যে তা সত্য নয় একথা আমরা সবাই জানি। আর আমরা বাঙালী একথা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে বাংলাদেশকে যতদিন পর্যন্ত না হানাদার পশ্চিম পাকবাহিনীর হাত থেকে মুক্ত করা যাচ্ছে, ততদিন দেশে স্বাভাবিক অভস্থা ফিরে আসতে পারে না। সত্যিকারভাবে বাংলায় বিগত তিনমাসে যা ঘটেছে তারপর আর কোন অবস্থায়ই এই হানাদার পশুশক্তির সাথে সহযোগিতা করতে একটি বাঙালীও অগ্রসর হতে পারেন না। জোর করে কিছুসংখ্যক লোককে অফিসে, আদালতে, ট্রেনে, বাসে বা শহরে-নগরে নিয়ে এলেও বাংলার মানুষের মন জয় করবার সাধ্য এই পশুশক্তি চিরদিনের জন্য হারিয়ে ফেলেছে। আর তাদের বর্বরতা, তাদের ইতিহাসে নজীরবিহীন হত্যালীলা, পাশবিকতা ইত্যাদি কার্যকলাপের মাধ্যমে পাকিস্তান নামক দেশটি মৃত্যুবরণ করেছে-আর সেখানে জন্ম নিয়েছে স্বাধীন সার্বভৌম জনগণতান্ত্রিক বাংলাদেশ। আমাদের প্রিয় জন্মভূতি বাংলাদেশ। জয় বাংলা।

('চেনাকণ্ঠ' ছদ্মনামে ডঃ মযহারুল ইসলাম রচিত)

২৬ জুন, ১৯৭১

বাংলাদেশ! ও নাম কানের ভিতর দিয়া মরমে পশে। এ নামের লাবণী অবনি বহিয়া যায়। আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি। শেখ মুজিবের বড় প্রিয় গান। সাড়ে সাত কোটি বাঙালীর প্রাণের গান। এ গানে বাংলাদেশের মর্মকথাটি আছে। আমার কাছে এ গানের কিন্তু একটা ভিন্ন অর্থ আছে। মনে পড়ছে গাঁ থেকে ফিরছি। অদূরে রাজশাহী শহর দেখতে পাচ্ছি। তেসরা এপ্রিল। সকাল দশটা। মাথার ওপরে উড়ে এলো ইয়াহিয়া খানের জল্লাদ বিমান স্যাবর জেট। তারপর শুরু হলো নির্মম বোমা বর্ষণ। আমি তাড়াতাড়ি একটা খালে শুয়ে পড়লাম। কিন্তু খালটার দশহাত দূরেই একটি ছেলে হাল চাষ করছে। তাকেও শুয়ে পড়তে দেখলাম। কিন্তু সে নির্বিকার হাল চাষ করতে লাগলো। কোন কিছুই হয়নি। বিমানগুলি চলে গেলে আমি উঠে দাঁড়িয়ে কাপড়-চোপড় ঝাড়তে লাগলাম। কিন্তু ছেলেটি তখন গাইছে, আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি। আমাকে দেখে ও বলদ দুটি থামালো-বললো, আপনি বুঝি খুব ভয় পেয়েছিলেন? তার কথায় একটু বিদ্রূপের সুরও ছিল। বললাম, হ্যাঁ ভয় একটু পেয়েছিলাম বৈকি। বললাম, তোমার বুঝি ভয় করেনি। বললো, না। বললো, মরতে তো হবেই স্যার। জিজ্ঞেস করেছিলাম, তোমার নামটি কি ভাই? উত্তর এলো, অমল। ঘটনাটা ছোট্ট কিন্তু অসামান্য। অমল, বিমল, রহিম, করিম হাল-চাষ করছে আর গান গাইছে, আমার সোনার বাঙলা আমি তোমায় ভালবাসি।

হাঁটতে হাঁটতে আবার গাঁয়ের দিকে যাচ্ছি। আম বাগানের নীচে ইস্ট পাকিস্তান রাইফেলসের বীর সেনানী ভাইরা বন্দুক নিয়ে শত্রুর মোকাবেলার জন্য প্রস্তুত হয়ে বসে আছে। রাজশাহী শহরের চারদিকে অতন্দ্র প্রহরী এই ই-পি-আর বাহিনীর জোয়ানেরা। ওদের কাছে বসলাম। পাশেই বাজছে রেডিও। আবার গানঃ আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি। ই-পি-আর এর কয়েকজন জোয়ান গানের সঙ্গে পায়ের তাল ঠুকছে। ওরই মধ্যে একজন, নাম রশিদ। ঢাকায় বাড়ি, বললো, কি জানেন সাহেব, এ গানটা শুনলেই পরানটা এক্কেবারে ফাইট্যা যাবার চায়। বললো ঐ যে ছেলেটাকে দেখছেন, ঐ যে হাল চাষ করছে। ওর নাম অমল। কাল সারা রাত ট্রেঞ্চ কেটেছে আমাদের জন্য। আর এই যে দেখছেন বুড়ো মিয়াকে, ইনি মসজিদের ইমাম। সারাদিন আমাদের জন্য খাবার দিয়ে যাচ্ছে। পানি আনছেন। বিড়ি-সিগারেট জোগাড় করছেন। বুকটা আমার গর্বে ফুলে উঠলো। বাংলাদেশের মানুষ জাতি-ধর্ম নির্বিশেষে শেখ মুজিবের আহবানে সাড়া দিয়েছেন। হিন্দু-মুসলিম ঐক্যের এমন প্রমাণ আর কখনও দেখিনি।...

(অধ্যাপক আব্দুল হাফিজ রচিত)

২৭ জুন, ১৯৭১

২৭ জুন, ১৯৭১

একজন মায়ের কথা বলছি। হ্যাঁ, একজন বাঙালী মায়ের কথাই বলতে চাইছি। মার্চ মাসে ইয়াহিয়ার সরকার বন্দুক-রাইফেল জমা দেবার নির্দেশ দিয়েছেন। কেউ কেউ জমাও দিয়েছিল। কিন্তু যে মায়ের কথা বলছি তিনি রুখে দাঁড়ালেন। তাঁর ছেলেদেরকে তিনি নির্দেশ দিলেন-খবরদার, বন্দুক জমা দিবি না। জল্লাদের হাতে বন্দুক দেয়ার অর্থ মৃত্যুকে ডেকে আনা। মা-বোনের ইজ্জত রক্ষা করবি না তোরা? বললেন তিনি। আমার মনে আছে, তিনি তাঁর তিন ছেলেকেই বললেন, মুক্তিযুদ্ধে যোগদান করো। হয় ইয়াহিয়ার সেনাদেরকে খতম করবে আর না হয় মরবে। ছেলেরা কথা রেখেছে। তাঁর এক ছেলে শহীদ হয়েছে। আর বাকী দুজন এখনও লড়ছে। গেরিলা আক্রমণে তারা দুজনেই সকলের শ্রদ্ধা ও ভালোবাসা পেয়েছে। এই কিছুদিন আগে এদের দু'ভাইয়ের সঙ্গে আমার আলাপ হলো। বললাম- তোমার মায়ের কথা বলো। বললে মা আছেন গাঁয়ে। তিনি তাঁর কাজ করছেন। সবাইকে মুক্তিবাহিনীতে যোগ দেবার জন্য উদ্বুদ্ধ করছেন, প্রেরণা যোগাচ্ছেন। বললে- মা কি বলেন জানেন আপনি? বলেন, মাকে আর দেশকে এক করে দেখবি। তোমরা আমার ছেলে নও, তোমরা বাংলাদেশের সন্তান- এই কথাটা মনে রেখো, ইয়াহিয়ার রক্তপিপাসু সেনারা আমার মতো বহু রত্নপ্রসবিনী মাতাকে হত্যা করেছে। আর এখন রত্নগর্ভা বাংলাদেশকে হত্যা করছে। কিন্তু ওরা জানে না, একজন মাকে হত্যা করা যায় কিন্তু দেশকে হত্যা করা যায় না। বাংলাদেশকে হত্যা করা যায় না। যাবেও না। মাতা আর পুত্রের রক্ত থেকে জন্ম নেবে রক্তবীজের ঝাড়।

এমনি মা আমরা পেয়েছি লক্ষ লক্ষ, আর এমনি পুত্রও পেয়েছি লক্ষ লক্ষ। শেখ মুজিবের বাংলাদেশ আজ মরণ-পণ লড়াইয়ে ব্যস্ত। সমস্ত শোষিত নিপীড়িত জনগণ আজ জেগে উঠেছে, হাতে তুলে নিয়েছে তারা তরবারি-আজ ভয় নেই। মুক্তিফৌজের বীর ভাইয়েরা প্রতিনিয়ত কঠিন আঘাত হানছে ইয়াহিয়ার সেনাদলের ওপর। আর ভয় নেই। মুক্তিফৌজির সামনে তিনটি প্রধান কর্তব্যঃ

(এক) শত্রুকে চূড়ান্ত আক্রমণ করতে হবে

(দুই) শত্রুর দালালদের খতম করতে হবে

(তিন) কে শত্রু আর কে মিত্র তা চিনতে হবে।

... আমরা যারা মুক্তিযুদ্ধে লড়াই করছি, আমরা জানি, পৃথিবীতে যে সমস্ত স্থানে মুক্তিযুদ্ধ চলছে, তার মধ্যে বাংলাদেশের জাতীয় মুক্তি আন্দোলন সর্বাপেক্ষা গৌরবময়। কারণগুলো কি? প্রথম কারণঃ পৃথিবীর কোনও মুক্তিযুদ্ধ এমন অভূতপূর্ব গণঐক্য দেখে নি। দ্বিতীয় কারণঃ পৃথিবীর কোনও মুক্তিযুদ্ধই যুদ্ধের শুরুতেই সশস্ত্র বাহিনীর এমন সমর্থন লাভ করেনি। স্মরণ করুন কিভাবে আমরা ই-পি-আর, ই-বি-আর পুলিশ, আনসার এবং মুজাহিদ ভাইদের সহযোগিতা পেয়েছি এবং এ মুহূর্তেও তারা কিভাবে জনগণের পাশে দাঁড়িয়ে লড়াই করে যাচ্ছেন। এমন কি ভিয়েতনামের যুদ্ধেও প্রথম দিকে এ ধরনের সশস্ত্র সমর্থন পাওয়া যায়নি, কাজেই সবদিক থেকে বিচার বিবেচনা করে বলা যায় আমরা সবাই একটি গৌরবময় মহান যুদ্ধে অংশ গ্রহণ করছি। মনে রাখতে হবে, আমাদের মুক্তিযুদ্ধের কারণসমূহ যথার্থ। আমরা লড়াই করছি ন্যায়ের জন্য এবং আমাদের লড়াইও যথার্থ পথ ধরে অগ্রসর হচ্ছে। কাজেই বিশ্বের সকল দেশ থেকে আমরা সমর্থন, সাহায্য ও সহানুভূতি পাবোই এবং পাচ্ছিও....

(অধ্যাপক আবদুল হাফিজ রচিত)

৯ জুলাই, ১৯৭১

মাঠে মারা গিয়েছে ইয়াহিয়া খানের লম্বা-চওড়া রেডিও গলাবাজি। শাহী কায়দায় ফরমান জারির ভঙ্গিতে কাকাতুয়া ইংরেজীতে আওড়ানো প্রায় একঘণ্টার নরম গরম চরম বিলাপ আর প্রলাপ কি করে দাগ রাখবে

দুনিয়ার মানুষের মনে? তবু, যাদের মাথায় দুর্বুদ্ধি ভর করেছে, যাদের মাধ্যমণি হিসেবে ইয়াহিয়া খান ধরাকে সরা জ্ঞান করেছে, তারা এই রেডিও গলাবাজির আগে একটা অনুকূল পরিবেশ সৃষ্টির জন্যে বাজনা তো কম বাজায়নি, কাঠখড় তো কম পোড়ায়নি, গৌরীসেনের টাকা তো কম খরচ করেনি, বেঈমানি ঢাকবার জন্যে দেশদেশান্তরে মিষ্টি কথা তো কম পরিবেশন করেনি। পাকিস্তানী শাসকচক্রের ঝানু ঝানু উপদেষ্টারা ইতিমধ্যে তদ্বির-তদারকের বাকি কিছু রাখেনি। কিন্তু কোন ফল হলো না। ইয়াহিয়া খানের ২৮ শে জুনের রেডিও ভাষণ একটা জঘন্য অপভাষণ হিসেবেই বরং চিহ্নিত হয়ে গেল। উলঙ্গ হয়ে ধরা পড়ে গেলে রাওয়ালপিণ্ডি সামরিকচক্রের সেই মুনাফালোভী দুর্বুদ্ধিতা, যা এই চক্রকে বাংলাদেশ দমনে প্রবৃত্ত করেছে। ইয়াহিয়া খান তার প্রলাপে বলেছে যে, রাওয়ালপিণ্ডির সামরিক চক্র নিজেরাই শাসনতন্ত্র রচনা করবে। তারা পশ্চিম পাকিস্তানের নির্বাচিত প্রতিনিধিদেরও শাসনতন্ত্র রচনার এখতিয়ার নাকচ করে দিয়েছে। বাংলাদেশকে তো তারা ধ্বংস করতেই চেয়েছে। এটা ইয়াহিয়ার কারণে দুনিয়ার কাছে জাহির হয়ে গিয়েছে।

২৮শে জুনের আগে দুনিয়ার যেসব রাষ্ট্রের কর্মকর্তারা চিন্তা করছিলেন যে, দাবনীয় অপকর্ম করে ফেলে হাতেনাতে ধরা পরে ইয়াহিয়া খানেরা হয়তো তওবা করে পশ্চিম পাকিস্তানে বহাল থাকার জন্যেও দুনিয়ার কাছে একটা সম্মানজনক মীমাংসাসূত্র রাখতে পারবে, তারাও খুঁজে পেতে কিছু পায়নি ইয়াহিয়া খানের বাচনে।

বস্তুতপক্ষে ২৮শে জুনের পরে বিভিন্ন রাষ্ট্রের মুখপাত্র এবং প্রতিনিধিবৃন্দ বাংলাদেশের ঘটনা সম্পর্কে যেসব বক্তব্য বলেছেন, তাদের প্রত্যেকটি থেকেই একথা বুঝতে পারা যায় যে, এইসব মুখপাত্র এবং প্রতিনিধি ইয়াহিয়া খানের বাচনকে আমলেই আনেননি। নিউজিল্যাণ্ডের প্রধানমন্ত্রী এবং পশ্চিম জার্মানীর পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী বাংলাদেশ সম্বন্ধে বলতে গিয়ে বাংলাদেশের পক্ষে গ্রহণযোগ্য রাজনৈতিক মীমাংসাসূত্রের জন্যেই তাগিদ দিয়েছেন। এটা ধরে নেওয়া যায়, তাঁরা কূটনৈতিক সূত্রে ইয়াহিয়া খানের রাজনৈতিক সমাধান সূত্রগুলিকে প্রত্যাখান করেছেন।

কানাডা আর আয়ারল্যান্ডের আইন পরিষদের যেসব সদস্য বাংলাদেশ ও পশ্চিমবঙ্গ সফরে এসেছেন, তাদেরও একই কথা। তাঁরা স্বচক্ষে দেখে যাচ্ছেন, বাংলাদেশে ইয়াহিয়া খানের রাওয়ালপিণ্ডি চক্রের জল্লাদেরা একটা গোটা জাতিকে সাড়ে সাত কোটি নরনারী শিশুকে ধ্বংস করে দেওয়ার উদ্দেশ্য কি ধরনের হত্যাকাণ্ড করেছে। বাংলাদেশের প্রশ্নে রাজনৈতিক সমাধানের যে তাগিদ তাঁরা দিয়েছেন তাতে বুঝতে পারা যায়, ইয়াহিয়ার বাচনকে তাঁরা ঝাড়া অগ্রাহ্য করেছে। গোটা বাঙালী জাতিকে নিধন করার জন্য পাকিস্তানী শাসকচক্র যে ষড়যন্ত্র চালিয়ে এসেছে এতদিন, ইয়াহিয়ার বক্তব্য তারই একটা বেতালা পদক্ষেপের মহড়া ছাড়া যে আর কিছু নয় সে কথা আজ বিশ্বের মানুষ বুঝে নিয়েছে। পূর্ব ইউরোপের বিভিন্ন সমাজতন্ত্রী দেশ বাংলাদেশের মুক্তিসংগ্রামের পক্ষে তাঁদের সমর্থন জানিয়ে আসছে। সর্বশেষ সংবাদে দেখা গেল, চেকোশ্লোভাকিয়ার কর্মকর্তারা সরকারীভাবে বাংলাদেশের মুক্তিসংগ্রামের পক্ষে সমর্থন জানিয়েছেন। তাঁরা বাংলাদেশের ব্যাপারে রাজনৈতিক মীমাংসার জন্যে তাগিদ দিয়েছেন। এর সোজা অর্থ এই যে, ইয়াহিয়া খানের রেডিও বাচনকে তাঁরা ধর্তব্যের মধ্যেই আনেননি। বাংলাদেশ আজ স্বাধীন। এটাই সত্য, এটাই বাস্তব, এটাই বর্তমান, এটাই ভবিষ্যৎ। বাংলাদেশ নিজের শাসনতন্ত্র নিজেরাই তৈরী করবে। দুনিয়ার দেশ-দেশান্তরের কাছে এই ঘটনা অনিবার্য অপ্রতিরোধ্য ঘটনা হিসেবে উন্মোচিত হয়ে চলেছে। ইয়াহিয়া খানেরা মিথ্যা। স্বাধীন বাংলাদেশ সত্য। বাংলাদেশের সাড়ে সাত কোটি নরনারী-শিশু বুকের রক্ত ঢেলে এই সত্যের ভিত্তিতেই বাংলাদেশের মুক্তির দিনকে এগিয়ে নিয়ে আসছেন।

('জামিল শারাফি' ছদ্মনামে রণেশ দাশগুপ্ত রচিত)

১০ জুলাই, ১৯৭১

রাওয়ালপিণ্ডি থেকে দুটো পত্র পৌঁছেছে লণ্ডনে। সরকারীভাবে সরকারী চিঠি। এগুলো নাকি প্রতিবাদলিপি। কিন্তু কিসের প্রতিবাদ? দুনিয়া তাজ্জব হয়ে গিয়েছে খবরটা শুনে। পাকিস্তানী জল্লাদ সরকার বৃটিশ প্রধানমন্ত্রীর কাছে লিখে জানিয়েছে, বাংলাদেশের ঘটনা নিয়ে বৃটেনের সংবাদপত্রে পাকিস্তানবিরোধী প্রচার চলছে- এ প্রচার বন্ধ করার ব্যবস্থা হোক।

বিশ্ববাসীর মনে স্বভাবতই দুটো প্রশ্ন জেগেছে। বাংলাদেশ নিজেকে স্বাধীন বলে ঘোষণা করার পরেও যে পাকিস্তানী স্বৈরাচারী শাসকচক্র অতীতের রেশ ধরে বাংলাদেশের ঘটনাকে এখনও আভ্যন্তরীণ ব্যাপার বলে বোঝাতে চেষ্টা করছে। আর শুধুমাত্র অস্ত্রপাতির জোরে বলে বেড়াচ্ছে যে বাংলাদেশ তাদের দখলে রয়েছে- তারা বৃটেনের খবরের কাগজগুলি কি লিখছে না লিখছে তার ওপর খবরদারি করতে চাইছে কোন লজ্জায়? এটা হতে পারে প্রথম প্রশ্ন।

দ্বিতীয় প্রশ্নটা ভিন্ন ব্যাপার থেকে এসেছে। পাকিস্তানী জল্লাদেরা নিজেদের হাতে জ্বালিয়ে-পুড়িয়ে ধ্বংস করা ঢাকা কিংবা চট্টগ্রাম নগরীতে রাজমিস্ত্রী দিয়ে দুটো-চারটে দালানকোঠা মেরামত করিয়ে আর রং ফিরিয়ে, নিজেদের হাতে খুন করা হাজার হাজার নরনারী-শিশুর গলিত লাশ গুম করে সাফাই-সাক্ষীর মারফত প্রমাণ করার চেষ্টায় ছিল যে, পাকিস্তানী ফৌজের লোকেরা বেকসুর, মাসুম; তারা দুষ্টের দমন আর শিষ্টের পালনে জান কোরবান করে দিয়েছে আর ফৌজী কর্তাব্যক্তিরা করুণার বড় বড় থলে নিয়ে ক্যান্টনমেন্টে বসে আছে জনসংযোগ দফতর হাট করে খুলে। ফল এতে উল্টোই হয়েছে। সাংবাদিকরা অবরুদ্ধ নগরীগুলিতে ঢুকবার সুযোগ কাজে লাগিয়েছেন এবং ফাঁস করে দিয়েছেন পাকিস্তানী জল্লাদদের সমস্ত গোমর। শেষ রক্ষা করার জন্যে, সত্যের বিশ্বপরিব্যাপ্ত অগ্নিশিখাগুলিকে ঢাকা দেবার জন্যে পাকিস্তানী জল্লাদেরা এখন চেষ্টা করছে বিভিন্ন দেশের সরকারকে দিয়ে কিছু একটা করাতে। কিন্তু এদের মাথায় কি এ কথাটা ঢুকছে না যে, যে হাত দিয়ে এরা সত্যের বিরুদ্ধে প্রতিবাদপত্র লিখছে, তা বাংলাদেশের নিরস্ত্র নিরীহ নরনারী-শিশুর রক্তে রঞ্জিত সে রক্তের দাগ লেগে যাচ্ছে এদের চিঠিপত্রেও? তবে দুনিয়ার সামনে উপরোক্ত দুটো প্রশ্নের একটাই জবাব রয়েছে। দু'কান কাটা রাস্তার মাঝ দিয়েই চলে। আসামীর কাঠগড়ায় উঠে আবোল-তাবোল বকে পাগলের ভান করে। সত্যকে চাপা দেবার জন্যে পাকিস্তানী জল্লাদেরা কম চেষ্টা করেনি এরা ২৫শে মার্চে নৈশ হামলা শুরু করার সঙ্গে সঙ্গে ঢাকা নগরীতে সমাগত সমস্ত বিদিশী সাংবাদিকদের হোটেলের কামরায় আটকে রেখেছিল। তা সত্ত্বেও সেই অবরোধ ভেদ করে সাংবাদিকরা পাকিস্তানী জল্লাদদের নারকীয় কাণ্ডের যে তথ্য আর ছবি নিয়েছিল, সেই সব তথ্য আর ছবি কেড়ে নেয়া হয়েছিল করাচী বিমানবন্দরে। আন্তর্জাতিক রেডক্রসের স্বেচ্ছাসেবী বাহিনীকে এরা ঢুকতে দেয়নি, পাছে পাপ প্রকাশ পেয়ে যায় এই চিন্তায়। এরা বাংলাদেশের যেসব খবরের কাগজের অফিসকে দালান সমেত পুড়িয়ে ছাই করেনি, তাদের ওপর জঙ্গী আইনের নিষেধাজ্ঞা জারি করে। কোন ফাঁকে যাতে বাংলাদেশ থেকে খবর বাইরে না যেতে পারে সে জন্যে এরা বিদেশীদের জন্যে নির্ধারিত কূটনৈতিক শিষ্টাচারকে বুটের তলায় মাড়াতেও দ্বিধা করেনি। কিন্তু সত্যকে চাপা দেওয়া যায়নি। পাকিস্তানী জল্লাদেরা ভেবেছিল, দিন চলে যাবে একরকম করে এবং দুনিয়ার মানুষ আস্তে আস্তে ভুলে যাবে।

('জামিল শারাফী' ছদ্মনামে রণেশ দাশগুপ্ত রচিত)

১৬ জুলাই, ১৯৭১

বাংলাদেশের মত এমন শান্তির দেশ, এমন সুখের দেশ আর কোথায় আছে। এমন জন্মভূমি ক'জনে ভাগ্যে পায়। সুজলা সুফলা শস্যশ্যামলা বঙ্গজননী। বাংলাদেশের ছেলে-মেয়েরা চিরকাল ঘরকুনো। বুঝিবা একটু আড্ডাবাজ। কিন্তু বাংলার ছেলেমেয়েরা কোনোদিন গোলমালে নিজেদেরকে জড়াতে চায়নি। মায়ের স্নেহ, দাদা-

দাদী আর নানা-নানীর আদর কেড়ে বাংলার ছেলেমেয়েরা মানুষ হয়। অথচ আজ! ভাবলে অবাক লাগে। এই তো সেদিন! ঘুরছি আর ঘুরছি। হঠাৎ গিয়ে হাজির হলাম মুক্তিবাহিনীর শিবিরে। শান্ত নিরীহ বাঙালীর ছেলেরা দীপ্ত অগ্নিশিখার মত জ্বলছে। এক একটি ছেলে যেন জীবন-মৃত্যুকে পায়ের ভৃত্য করে নিয়েছে। মায়ের আঁচল ছেড়ে, ঘরের নিশ্চিন্ত কোণ ছেড়ে, সামান্য সুখ আর আনন্দের পথ ত্যাগ করে বাংলাদেশের ছেলেরা এই প্রথম অস্ত্রের ভাষায় কথা বলছে। পার্থক্যটা অনুভব না করে উপায় নেই। আমিও না করে পারিনি। বাংলাদেশে স্কুল-কলেজ বন্ধ। কিন্তু বন্ধ নেই মুক্তিবাহিনীর স্কুল-কলেজ। তা সব সময়ই খোলা।

এমনি একটি মুক্তিবাহিনীর শিবিরে গেলাম সেদিন। সোনার টুকরো হীরের টুকরো সব ছেলেরা লড়াইয়ে যাবে তাই তৈরী হচ্ছে। বললাম, কেমন আছো ভাইরা আমার? কেমন আছো? সবাই বললে ভালো আছি। বললেঃ আমাদের বিপ্লবী সেলাম নিন। ওদের সঙ্গে কথা বললাম। পেয়ালা পেয়ালা চা খেলাম। একজন বললেঃ আমরা এখন লড়াই করতে যাচ্ছি। বললাম- সে কি? এক্ষুনি? হ্যাঁ এক্ষুনি। প্রথমে অবশ্য বুঝতে পারিনি। পরে বুঝেছিলাম। অস্ত্রে ওরা দীক্ষিত হচ্ছে- অস্ত্রে ওরা শাণ দিচ্ছে। ওদের সমস্ত মাংসপেশীগুলো ক্রমাগত শক্তিশালী হচ্ছে, ওরা পায়ের তালে তালে মার্চ করছে- ওরা তৈরি হচ্ছে, লড়াই করতে যাচ্ছে। বাংলার সন্তান মুক্তিযুদ্ধে লড়ছে, শত্রু নিকেশ করছে। পার্থক্যটা সত্যিই ভুলবার মত নয়। মায়ের আদূরে খোকা নয় আর। ঘাড়ে বন্দুক, বুকে অসীম সাহস, চোখে-মুখে উজ্জল বিশ্বাস, পায়ে পায়ে বলীয়ান অশ্বের বেগ। ওদের একজন বললে-দেখবেন লড়াইটা। বলার অপেক্ষা মাত্র। সঙ্গে সঙ্গে ওরা দু'ভাগে ভাগ হয়ে গেল। একদল মুক্তিবাহিনী আর একদল পাক-সেনা। শুরু হল লড়াই। ইয়াহিয়ার সেনাবাহিনী হেরে গেল। আমি হাততালি দিয়ে ওদের অভ্যর্থনা জানালাম। এরপর ওরা গেরিলাযুদ্ধের কলাকৌশল দেখালো। আর একবার হাততালি দিয়ে ওদেরকে অভিনন্দন জানালাম। ওদের অবসর ওরা এমনি করে কাটায়। আনন্দের মধ্যে শিক্ষা আর শিক্ষার মধ্যে আনন্দ। মুক্তিবাহিনীর ছেলেরা এভাবে তৈরী হচ্ছে। ইয়াহিয়ার খুনী সেনাবাহিনীর কবর রচিত হবে অচিরে।

(অধ্যাপক আবদুল হাফিজ রচিত)

১৯ জুলাই, ১৯৭১

কবি শহীদ সাবের আজ আর নেই- কিন্তু তার কবিতা আছে। সেই কবিতাটিই পড়ছিলাম। গত মহাযুদ্ধের সময় ফ্যাসিস্ট জার্মান বাহিনী যেভাবে গেরিলাদের ওপর অত্যাচার চালিয়েছিল- সেসব কথা মনে পড়েছিলো শহীদ সাবেরের। সাবেরের মনে তৈরি হচ্ছিল বিদ্যুতের-জন্ম হচ্ছিল একটি কবিতার- আর সে কবিতা মুহূর্তে মনকে আক্রান্ত করে।

কবিতাটি পড়ছিলাম। শহীদ সাবের আজ আর নেই। বাংলাদেশে ইয়াহিয়ার বর্বর সেনাবাহিনী হত্যা করেছে শহীদ সাবেরকে। হত্যা বলবো, না অন্য কিছু? শহীদ থাকতেন ঢাকার দৈনিক পত্রিকা 'সংবাদ'-এর কার্যালয়ে আগুনে-বোমা ফেলে পুড়িয়ে দেওয়া হল সংবাদ কার্যালয়। তাঁরই সঙ্গে পুড়ে গেলেন শহীদ সাবের- যে শহীদ সাবের ছিলেন ফ্যাসি-বিরোধী, যে শহীদ ছিলেন মুক্ত মানবতার প্রতীক। ইয়াহিয়ার খুনী সেনাবাহিনী শুধু অধ্যাপক হত্যাই করেনি। কবি-সাহিত্যিক-শিল্পী কেউ বাদ যায়নি।

শহীদ সাবের নেই- কিন্তু আছে তাঁর কবিতা। কবিতাটির একটি ভূমিকা লিখেছিলেন সরদার ফজলুল করিম। লিখেছিলেনঃ

'কিশোর শহীদ সাবের আমারই ন্যায় জেল থেকে জেলান্তরিত হতে হতে রাজশাহী সেন্ট্রাল জেলে এসে আমার সঙ্গে দৈবক্রমে মিলিত হয়েছিলেন। রাজশাহীর সাঁওতাল কৃষকদের আত্মপ্রতিষ্ঠার আন্দোলন পূর্ব-বাংলার

আন্দোলনের মধ্যমণি ছিল। আর সে আন্দোলনের সঙ্গে ইলা মিত্রের নামও ওতপ্রোতভাবে জড়িত ছিল।''... সরদার ফজলুল করিম আরও লিখেছেনঃ ''ইলা মিত্রের গ্রেফতার এবং তার উপর অনুষ্ঠিত নির্যাতন তখনকার সংগ্রামের উপকথায় পরিণত হয়েছিল। সে কাহিনীর ভিত্তিতে শহীদ সাবের তাঁর 'শোকার্ত মায়ের প্রতি' কবিতাটি রচনা করেন।'' সংক্ষেপে এই হল শহীদ সাবেরের সেই বিখ্যাত কবিতার পটভূমি। তাঁর মনে পড়েছিল হিটলারের ফ্যাসিস্ট বাহিনীর অত্যাচারের কথা। কিন্তু যে কারণে আমি বিস্ময় বোধকরি, তা হল শহীদ সাবেরের সেই কবিতায় ইয়াহিয়ার খুনী জল্লাদ সেনাবাহিনীর অত্যাচার, নারী নির্যাতন ধর্ষণ, অপহরণ, খুন সবই প্রতিফলিত হয়েছে বিস্ময়কর ভাষায়। কবিরা নাকি ভবিষ্যৎ দেখতে পান। দেখতে পেয়েছিলেন শহীদ সাবেরও। সবচাইতে বড় কথা সেই ফ্যাসিস্ট নির্যাতনের শিকার হলেন কবি নিজেই। এমন করে নিজের ভবিষ্যৎ আর কোনও কবি দেখেছেন কি? আছে কি বিশ্বে কোনও উদাহরণ? না নেই- শুধু আছে এই বাংলাদেশে। শহীদের সেই কবিতার ভাষা তাই কান্নায় সিক্ত, ঘৃণায় ঘৃণায় উচ্চকিত, ছন্দে ছন্দে উচ্ছ্বসিত, পাশব শক্তির ঘৃণ্যতম অত্যাচারের কথা এমন কোরে কেউ কখনও প্রকাশ করেনি।...

কবিতাটির প্রথম অংশে দেখা যাচ্ছে একজন জার্মান ফ্যাসিস্ট ক্যাপ্টেন ভের্নের গর্ভবতী একজন রুশ মহিলাকে উলঙ্গ করছে। কারণ, সেই রুশ মা ছিলেন গেরিলা দলের সদস্যা। তাই এই নির্মম অত্যাচার। শহীদ সাবের লিখছেনঃ

মাগো, মা আমার কাঁদছো তুমি?
আমাকে একবার দেখো,
দেখো, আমি স্থির, অটল, চোখের পাতাটি নড়ছে না।
চেয়ে দেখ, আমার হাতে লাল মলাটের বই,
কারা-প্রাচীরের অন্তরালে, লুকিয়ে আনা বইটি।
এখন আমার চোখে ভেসে উঠেছে
সেতো তোমারি ছবি মাগো।

কি সেই ছবি? ছবিটা দেখুন।

চারদিকে রক্ত-জমানো হিমেল মৃত্যু
আর তুমি দাঁড়িয়ে আছ জার্মান কমাণ্ডারের সামনে
মাগো ক্যাপ্টেন ভের্নের কি বুঝবে বলো?
কেন তুমি যোগ দিয়েছ গেরিলা দলে?
স্বদেশ প্রেমের আগুন কত জ্বলে
পররাষ্ট্র লোভী নাৎসীরা কি বুঝবে তা।

না, শুধু হিটলারের ফ্যাসিস্ট বাহিনী নয়। বোঝেনি ইয়াহিয়ার ফ্যাসিস্ট জল্লাদ সেনারাও। শহীদ সাবের তারপর লিখেছেন দ্বিতীয় দৃশ্য। ফ্যাসিস্টরা ধরে নিয়ে গেছে গর্ভবতী মাতাকে। পথেই তার সন্তান হল। মায়ের কোল থেকে দস্যুরা কেড়ে নিলে নবজাতককে।

তারপর আমি দেখছি পরিষ্কার
সেই হাড় কাঁপানো শীতের রাতে, সেই দুঃসহ শীতে
তুমি উলঙ্গ, মাগো তুমি উলঙ্গ

সেই বরফের আস্তরণের উপর দিয়ে ধীর পদক্ষেপে তুমি
হেঁটে চলেছ মাগো, পেছনে বেয়োনেটের ডগা
ছুঁয়ে আছে পিঠেতে তোমার,
দস্যুরা হাসছে মাগো, মাতৃমূর্তির নগ্নতায়,
তোমার সন্তান ভরা পেট ঝুলে পড়েছে মাগো
খোঁচায় খোঁচায় ক্ষত-বিক্ষত তোমার শরীর

* * * *

তুমি এখন জন্ম দিচ্ছ একটি সন্তানের
কি দারণ যন্ত্রণা বলোঃ
একটি ক্ষুদ্র লাল মাংসপিণ্ডঃ আগামী দিনের
এক সর্বহারা সেনা বেরিয়ে আসে ধীরে।
শিশুটি ছিনিয়ে নিলে তোমার কোল থেকে

* * * *

শয়তান তোমার ছেলের জান কবজের দিক হুমকি
মাগো, তুমি, মা- তোমার একটি কথার পরে
করছে নির্ভর অসংখ্য তরুণ গেরিলার প্রাণ
তুমি তো জননী, বলবে না একটি কথাও।

না জননী একটি কথাও বলেননি। তাঁর চোখের সামনে তার সাদ্যোজাত শিশুকে হত্যা করা হলো। পরে তিনি নিজেও প্রাণ দিলেন। বাংলাদেশের মা-বোনদের ওপরে এমনি নির্যাতন চালিয়েছে ইয়াহিয়ার বর্বর সেনারা।...

শহীদ সাবের লিখেছিলেনঃ
আর দেখ আমি কারাগারে
মাগো তুমি কেঁদো না, কেঁদো না
আমার জন্যে কেঁদো না, দেখ দেখ
আমি স্থির, অটল...

কিন্তু তবু গোড়া থেকেই জঙ্গীশাহী চেষ্টা করে এসেছে বাংলাদেশের স্বাধীনতার প্রসঙ্গটি বেমালুম চাপা দিয়ে বিশ্ববাসীকে এই মর্মে বিভ্রান্ত করতে যে সংঘর্ষটা আসলে পাকিস্তন ও ভারতের মধ্যে। এর উদ্দেশ্যেও পরিষ্কার। জঙ্গীশাহী চাইছে পাক-ভারত সংঘর্ষের ডামাডোলে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনকে স্তব্ধ করতে ইয়াহিয়া চাইছে বাংলাদেশ ইস্যু থেকে বিশ্ববাসীর দৃষ্টি কল্পিত পাক-ভারত বিরোধের দিকে সরিয়ে নিতে। আর সে কারণেই তেহরানের দুয়ারে ধর্না।

২২শে 'সেপ্টেম্বর', ১৯৭১

খবরের পর খবর। নয়াদিল্লীতে বাংলাদেশ সর্ম্পকে অনুষ্ঠিত আন্তর্জাতিক সম্মেলনে যোগদানকারী ২৫টি দেশ একবাক্যে বাংলাদেশের সাড়ে সাত কোটি সংগ্রামী মানুষের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিনাশর্তে মুক্তি দাবী করেছে। গত সোমবার সম্মেলনের সমাপ্তি অধিবেশনে স্বাধীন বাংলাদেশেকে স্বীকৃতি দিয়ে সর্বপ্রকার রাজনৈতিক ও আর্থিক সাহায্য দানের জন্য বিশ্বের সকল রাষ্ট্রের প্রতি আহ্বান জানানো হয়। ভারতের সর্বোদয় নেতা শ্রী জয়প্রকাশ নারায়ণের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্মেলনে পাকিস্তানকে সর্বপ্রকার আর্থিক ও সামরিক সাহায্য দান বন্ধ করা এবং বাংলাদেশের জনগণের জন্য বরাদ্দকৃত সমুদয় সাহায্য সামগ্রী স্বাধীন বাংলাদেশ সরকারের মাধ্যমে বিলি-বণ্টনের ব্যবস্থা করারও দাবী জানানো হয়।

এদিকে কুয়ালালামপুর অনুষ্ঠিত কমনওয়েলথ সংসদীয় সম্মেলনে বাংলাদেশে হানাদার পশ্চিম পাকিস্তানী বাহিনীর বর্বর গণহত্যাযজ্ঞের তীব্র নিন্দা করে বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধানের দাবী জানানো হয়েছে। সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবের মুক্তি দাবী করে বলা হয়েছে, তার মত কালজয়ী নেতাকে আটক রাখা গর্হিত অন্যায়। আফগানের বাদশাহ জহির শাহের মস্কো সফরশেষে প্রকাশিত সোভিয়েত-আফগান যুক্ত ইশতেহারেও বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধানের সুপারিশ করা হয়েছে। এমনকি, বাংলাদেশে হানাদার পশ্চিম পাকিস্তানী সেনাদস্যুদের বর্বর গণহত্যাযজ্ঞের নীরব দর্শক জাতিসংঘের সেক্রেটারী জেনারেল উ থাণ্ট শেষ পর্যন্ত বিবেকের তাড়নায় বলতে বাধ্য হয়েছেন যে, মানবিক মূল্যবোধের মর্যাদাপূর্ন স্বীকৃতির ভিত্তিতে রাজনৈতিক সমাধানের মাধ্যমেই বাংলাদেশের মূল সমস্যার সমাধান সম্ভবপর। তিনি একথাও বলেছেন যে, বাঙালী জাতিকে সর্বপ্রকার সাহায্য করা বিশ্ববাসীকে নৈতিক দায়িত্ব।

এদিকে, ফ্রান্সের বিশিষ্ট লেখক, রাজনীতিক ও প্রাক্তন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী মঁসিয়ে আঁদ্রে মালরো বাংলাদেশের স্বাধীনতার জন্য মুক্তিযোদ্ধাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করবার সদিচ্ছা প্রকাশ করেছেন। তিনি জানিয়েছেন, বাংলাদেশের পক্ষ হয়ে হানাদার দস্যুদের বিরুদ্ধে যুদ্ধ করবার ইচ্ছা প্রকাশ করে দেশ-

বিদেশের বহু তরুণ তার কাছে চিঠি লিখেছে। এই খবর পরিবেশনাকারী একটি পত্রিকার ভায়ায় ''আজ বাংলার মুক্তিসংগ্রামের কার আগে প্রাণ, কে করিবে দান, তারি লাগি কাড়াকাড়ি'' পড়ে গেছে।

বলা বাহুল্য, উল্লেখিত সবক'টি খবরই বাঙালী জাতির জন্য শুভ সংবাদ। কারণ, এতে একদিকে যেমন বাঙালী জাতির মুক্তিযুদ্ধের যৌক্তিকতা ব্যাপকভাবে স্বীকৃত হয়েছে, অন্যদিকে তেমনি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়ে গেছে যে দুনিয়ার মানুষ জল্লাদ ইয়াহিয়ার কথা বিশ্বাস করেনি। বরং পৃথিবীর বিবেকবান মানুষের কাছে অস্ত হীন ঘৃণা আর ধিক্কার ছাড়া তার আশা করবার আর কিছুই নেই।...

২৯ সেপ্টেম্বর, ১৯৭১

একটি বিদেশী পত্রিকায় প্রকাশিত খবরে জানা যায়, লণ্ডনে এই মর্মে জোর জল্পনা-কল্পনা চলেছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের মুক্তি আসন্ন। কোন কোন পর্যবেক্ষকের মতে, বাংলাদেশ সর্ম্পকে জাতিসংঘ সাধারণ পরিষদে আলোচনার আগেই শেখ সাহেবকে মুক্তি দেওয়া হতে পারে। লণ্ডনে পাকিস্তানী অনুচররা এই মর্মে প্রচরণা চালিয়ে যাচ্ছে যে, শেখ মুজিবের কোন দোষ নেই। শুধুমাত্র চরমপন্থীরা দেশদ্রোহী কার্যকলাপের জন্য দায়ী। আর একই দরুন ২৫শে মার্চ পাক ফৌজকে অস্ত্র হাতে রাস্তায় নামতে হয়েছিল।

এদিকে করাচী থেকে ফরাসী বার্তা সংস্থা এ-এফ-পি জানিয়েছে, জেনারেল ইয়াহিয়া খান বেগম মুজিবকে লয়ালপুরের কারাগারে আটক বঙ্গবন্ধু শেখ মুজিবের সঙ্গে দেখা করতে দিতে পারে। রাওয়ালপিণ্ডির বিভিন্ন পত্র-পত্রিকার খবর অনুযায়ী ইয়াহিয়া খান বঙ্গবন্ধুকে ঢাকায় চিকিৎসাধীন তার বৃদ্ধ পিতা এবং বৃদ্ধা মায়ের সঙ্গে দেখা করার সুযোগ দিতে পারে। বলা হয়েছে যে, গত সপ্তাহে বাংলাদেশের অধিকৃত এলাকার গর্ভনর ডাঃ মালিকের সঙ্গে দেখা করে বেগম মুজিব বঙ্গবন্ধু যাতে তার অসুস্থ পিতা-মাতাকে দেখতে পারেন সে ব্যবস্থা করার অনুরোধ জানান। পিণ্ডির পত্র-পত্রিকার খবরে আরও বলা হয়েছে যে, শেখ মুজিবের বিচারের রায় আগামী সপ্তাহেই দেওয়া হবে বলে মনে হয়।

জল্লাদ ইয়াহিয়া খেলাটা ভালো জমিয়ে তুলেছে। উপরের খবরগুলো একটু তলিয়ে দেখলেই পরিষ্কারভাগে বুঝতে পারা যায় যে এর পেছনে রয়েছে ইয়াহিয়ার এক সুচতুর চাল। এই ক'দিন আগেও জেনারেল ইয়াহিয়া খান 'লা ফিগারো' পত্রিকায় প্রতিনিধির কাছে সদম্ভে বলেছে যে, শেখ মুজিব কোথায় আছে তা তার জানা নেই। কারণ, কারারুদ্ধ ক্রিমিনালদের' কে কোথায় আছে তা-একটা দেশের প্রেসিডেন্টের জানা থাকবার কথা নয়। আজ সেই ইয়াহিয়া খানের সরকারই দয়ায় বিগলিত শেখ মুজিবের পত্নীকে তার সঙ্গে দেখা করার সুযোগ দেবে, বঙ্গবন্ধুকে তার রোগশয্যাশায়ী মাতাপিতাকে দেখতে ঢাকায় নিয়ে আসবে, এমনকি জাতিসংঘে বাংলাদেশ প্রশ্নে বির্তক শুরু হবার আগেই বঙ্গবন্ধুকে মুক্তি দেবে-এতসব খবরে এখন বাজার মাত। শুধু কি তাই, একদিকে ইয়াহিয়া খান নিজেই বলেছে শেখ মুজিব রাষ্ট্রদ্রোহী ক্রিমিনাল, পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার দায়ে তার হচ্ছে বিচারের নাম প্রহসন- আবার অপরদিকে জেনারেল ইয়াহিয়াই বঙ্গবন্ধুর জাতীয় পরিষদ সদস্যপদটি খরিজ করে। তার অনুচরেরা সার্টিফিকেট দিচ্ছে 'শেখ মুজিব আসলে ভালো মানুষ। তার কোন দোষ নেই। ইয়াহিয়া খান 'লা-ফিগারো'কে বলেছে, 'শেখ মুজিবকে দিয়ে ভারত বাংলাদেশের স্বাধীনতা দাবী করিয়েছে। ইয়াহিয়ার অনুচরেরা বলছে, 'চরমপন্থীরাই 'দেশদ্রোহী কর্মকাণ্ডের গুরুঠাকুর।'

কিন্তু ঘটনাটা কি? আমরা বরাবরই বলেছি, শেখ মুজিবের জীবন এবং তার নিরাপত্তাকে ইয়াহিয়া খান ব্যবহার করতে চাইছে শেষ রক্ষার তুরুপের তাস হিসাবে। তাই সে এদিকে শেখ মুজিবের প্রাণনাশের হুমকি দিচ্ছে, অপরদিকে গোপনে দূত পাঠিয়ে তারই কাছে দিচ্ছে আপসের ধর্না। ... তারই অনুসারীদের ঘাড়ে সব দোষ চাপিয়ে জঙ্গীশাহী আর তার চেলা-চামুণ্ডারা জনমনে বিভ্রান্তি এবং বিভেদ সৃষ্টির চেষ্টা করেছে। ইয়াহিয়া

খান জানে যে, বাংলাদেশ সরকার এবং বাংলাদেশের জনগণ শেখ মুজিবের নির্দেশিত থেরই অভিযাত্রিক মাত্র। তবু এই বিভেদ-প্রচার নীতি অনুসরণ করছে তারা নিজেদের দুরভিসন্ধি হাসিলের জন্যই। ...

১লা অক্টোবর, ১৯৭১

জাতিসংঘ সদর দফতর প্রাঙ্গণে বাংলাদেশ প্রতিনিধিদলের প্রবেশ নিষিদ্ধ করে দেবার জন্য পাকিস্তান জাতিসংঘের সেক্রেটারী জেনারেল মিঃ উথান্টের কাছে আবেদন জানিয়েছে।

রেডিও পাকিস্তানের খবরে বলা হয়, জাতিসংঘে নিযুক্ত পাকিস্তানী প্রতিনিধি আগা শাহী উথান্টের কাছে লেখা এক চিঠিতে এ আবেদন জানিয়েছে। চিঠিতে অভিযোগ করা হয় যে, বাংলাদেশ প্রতিনিধি দলের অন্যতম সদস্য জনাব এম, আর, সিদ্দিকীর বিরুদ্ধে গুরুতর 'ক্রিমিনাল' অভিযোগ রয়েছে। চিঠিতে জনাব সিদ্দিকী এবং প্রতিনিধিদলের অন্য সদস্যদের নিউইয়র্কে প্রবেশ করতে না দেওয়ার জন্য যুক্তরাষ্ট্রের কাছেও আবেদন করা হয়েছে।

ব্যাপারটাকে কি বলা যায়! পাকিস্তান যে ফরিয়াদ জানিয়েছে তাকে মামা বাড়ির আবদার বললেও খাটো করে বলা হয়। একটি। স্বাধীন দেশের জনগণের আস্থাভাজন প্রতিনিধিদের বিশ্বসংস্থায় মাতৃভূমির বক্তব্য পেশে বাধা সৃষ্টিকল্পে উপনিবেশবাদী জঙ্গীশাহীর এই নির্লজ্জ অপচেষ্টাকে কলঙ্কজনক তস্করবৃত্তি আখ্যা দিলেও যথেষ্ট বলা হয় না, কিন্তু তবু ঘটনা সত্য যে পাকিস্তানী জঙ্গীশাহী জাতিসংঘে বাংলাদেশ প্রতিনিধিদলের বক্তব্য পেশে বাধা সৃষ্টির ঘৃণ্য প্রচেষ্টায় মেতে উঠেছে। এমনকি জাতিসংঘ লবিতে বিভিন্ন দেশের প্রতিনিধিদের কাছে বাংলাদেশের প্রতিনিধিরা যাতে স্বীয় বক্তব্য পেশ করতে না পারেন, সেজন্য বাংলাদেশ প্রতিনিধিদলের মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশের ভিসা মঞ্জুর বন্ধ করার চেষ্টাও পাকিস্তান করেছে। পাকিস্তানের এই অপচেষ্টার দরুনই মার্কিন যুক্তরাষ্ট্রের ভিসা লাভে বিলম্ব হয়েছে এবং তার ফলে বাংলাদেশ প্রতিনিধিদলের নিউইয়র্ক পৌঁছতে বিলম্ব হয়েছে পুরো চারটি দিন। কিন্তু শেষ পর্যন্ত জঙ্গীশাহীর প্রথম অপচেষ্টাটি ব্যর্থ হওয়ায় প্রতিনিধিদল নিউইয়র্কে পৌঁছেছেন এবং ইতিমধ্যেই তাদের নির্দিষ্ট দায়িত্ব পালনে আত্মনিয়োগ করেছে।

সকলেই জানেন, ঢাকা হাইকোর্টের বিচারপতি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং লণ্ডনে বাংলাদেশ মিশনের প্রধান জনাব আবু সাঈদ চৌধুরীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল নিউইর্য়ক গিয়েছেন বিশ্ব সংস্থার সদস্যদের কাছে জননী বাংলার বুকে জল্লাদ ইয়াহিয় ভাড়াটিয়া সেনাবাহিনীর বর্বর অত্যাচার ও নজিরবিহীন গণহত্যাযজ্ঞের লোমহর্ষক কাহিনী বর্ণনা করতে। তাঁরা গিয়েছেন স্বাধীন বাংলাদেশের স্বীকৃতিদান এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কারামুক্তির জন্য উদ্যোগ গ্রহণে বিশ্ব রাষ্ট্রবর্গকে অগ্রণী করতে। সাড়ে ৭ কোটি বাঙালীর প্রতিনিধি হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিব এবং বাংলাদেশ সরকারের পক্ষ থেকে যারা জাতিসংঘে গিয়েছেন তারা জনগনের আস্থভাজন-সর্বজনশ্রদ্ধেয় রাজনীতিক, বুদ্ধিজীবী এবং কূটনীতিক। সততা ও দেশপ্রেমের অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ খাঁটি সোনা তারা। তাদের কণ্ঠস্বর বাঙালী জাতির কণ্ঠস্বর বলেই বিবেচিত হবে। তাঁরা প্রতিনিধিত্ব করছেন হানাদার বর্বর উপনিবেশবাদী শক্তির বিরুদ্ধে জীবনপণ মুক্তিযুদ্ধে নিয়োজিত একটি দুর্বিনীত জাগ্রত জাতির।

অপরদিকে পাকিস্তানী প্রতিনিধিদলটি গঠিত হয়েছে গণধিকৃত রাজনৈতিক মৃত সৈনিকদের নিয়ে। সকলের পরিচয় দিয়ে কাজ নেই। শুধুমাত্র দুই নেতা-বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা বিচারপতি জনাব আবু সাঈদ চৌধুরী এবং পাকিস্তানী প্রতিনিধিদলের নেতা পেশাদার দালাল মাহমুদ আলির দিকে তাকালেই দুটি প্রতিনিধিদলের মধ্যকার পার্থক্যটা পরিষ্কার হয়ে ওঠে। বলা বাহুল্য, বিশ্বাবাসী জানেন, বিশ্বের দরবারে বাংলাদেশের হয়ে কথা বলার অধিকার রয়েছে একমাত্র বাংলাদেশ প্রতিনিধিদলের-পাঞ্জাবী কুচক্রের জারজ সন্তান মাহমুদ আলিদের নয়। তাই একথাও পরিষ্কার যে, বাংলাদেশ প্রতিনিধিদলের বক্তব্যকেই বিশ্ববাসী চূড়ান্ত

বলে মেনে নেবে। ফলে বাংলাদেশ সম্পর্কে বিশ্বজনমত বিভ্রান্ত করার জল্লাদী খায়েশ নির্ঘাত মাঠে মারা যাবে। আর সেই ভয়েই জঙ্গীশাহী প্রাণপণ চেষ্টা করছে যাতে বাংলাদেশ প্রতিনিধিদল বিশ্বসংস্থার আঙ্গিনায় ঢুকতে না পারেন-তাদের কাছে বক্তব্য পেশ করতে না পারেন।...

৮ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের অধিকৃত এলাকায় জঙ্গীশাহীর উপনির্বাচনের প্রহসন সর্ম্পকে আরও জবর খবর এসেছে। শত্রুকবলিত ঢাকা বেতার মারফত জানা গেছে যে, অধিকৃত এলাকার যে ৭৮টি জাতীয় পরিষদের আসনে আওয়ামী লীগ দলীয় সদস্যদের খারিজ করে উপনির্বাচন হচ্ছে তার ৫৫টিতেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় পাকিস্তান দরদী ইসলামী-দরদীরা নির্বাচিত হয়ে গেছে। এ ছাড়া প্রাদেশিক পরিষদের ১৯৩টি আসনের ৮৫টিতে জনাবরা নির্বাচিত বলে ঘোষিত হয়েছে-ভোটাভুটির দরকার হয়নি। এদিকে রেডিও পকিস্তান জানিয়েছে লাহোরে ইয়াহিয়া খাঁ'র সঙ্গে তার বৃদ্ধ ঘেটু নূরুল আমিন সুদীর্ঘ আলোচনা-বৈঠক চালিয়েছে। বিদেশী বার্তা প্রতিষ্ঠা জানিয়েছে, ইয়াহিয়া খান নূরুল আমিনকে প্রধানমন্ত্রী এবং ভুট্টোকে ডেপুটি প্রধানমন্ত্রী নিয়োগের পরিকল্পনা করেছে বলে পর্যবেক্ষকদের ধারণা। এই পরিকল্পনা বাস্তবায়নের উপায় নিয়েই নাকি জল্লাদ আর দালালের সলাপরামর্শ চলেছে।

অপরদিকে ভুট্টোর ডেপুটি প্রধানমন্ত্রী-গিরির চাকরিটা পাকা হবার সম্ভাবনাই বেশী বলে মনে করা হচ্ছে তার চীন সফরের দরুন। কিছুদিন আগেও ভুট্টো ইয়াহিয়ার বিরুদ্ধে অনেক গরম গরম কথা বলেছে। আর শেষ পর্যন্ত সেই ইয়াহিয়ারই ট্যাণ্ডেল হিসাবে সে পিকিং সফর করছে সমরাস্ত্রের ভিক্ষাপাত্র হাতে। বুঝতে কষ্ট হবার কথা নয় যে ক্ষমতার কাঁচকলার গন্ধ পেয়েই ভুট্টো এতটা তকলিফ স্বীকার এবং নীচে নামতে রাজী হয়েছে।...

এবার আসা যাক উপনির্বাচনের তেলেসমাতি খেলার কথায়। আমরা আগেও বলেছি, এখনও বলি ,'৭০-এর ডিসেম্বরের নির্বাচনে যারা নির্বাচিত হয়েছেন তারাই বাংলাদেশের জনগণের বিশ্বস্ততম প্রতিনিধি। তাদেরই নিয়ে গঠিত হয়েছে বঙ্গবন্ধুর নেতৃত্বে স্বাধীন বাংলাদেশ সরকার। তাই বাংলাদেশের অধিকৃত এলাকায় পর্যন্ত এই তথাকথিত জল্লাদী উপনির্বাচন শুধু অপর একটি স্বাধীন রাষ্ট্রের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপই নয়-ইয়াহিয়ার এক হাস্যকর পাগলামিও বটে। আর এই উপনির্বাচন সম্পর্কে ইয়াহিয়ার খাস তালুক পশ্চিম পাকিস্তানের পত্রপত্রিকার মতামতই কি তার প্রতি খুব অনুকূল? মোটেই নয়। সেকথাই এখন বলছি।

করাচীর 'ডন' পত্রিকা বাংলাদেশের অধিকৃত এলাকার উপনির্বাচনে ভুট্টোর পিপলস পার্টির ৬ জন সদস্যের বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়াকে 'রহস্যজনক' বলে মন্তব্য করেছে। পত্রিকা বলেছে, এটা সত্যিই রহস্যাবৃত-কেন এই ৬টি আসনের সবক'টিতে পিপলস পার্টির বিরোধী নূরুল আমিন নেতৃত্বাধীন ৬ দলের ঐক্যজোটের সমর্থিত প্রার্থীরা মনোনয়নপত্র প্রত্যাহার করে নিয়েছে। আর কেন নিয়েছে, তার জবাব নূরুল আমিনও দিতে পারেনি-সে জানে না। লাহোরের উর্দু দৈনিক 'কোহিস্তান' জানিয়েছেন বিনা প্রতিদ্বন্দ্বিতায় এই ৬টি আসন দখল করার জন্য পিপলস পার্টি বিরোধী প্রার্থীদের ২২ লক্ষ টাকা ঘুষ দিয়েছে। আরেকটি লাহোরী উর্দু দৈনিক 'আজাদ' এ ব্যাপারে তদন্ত দাবী করেছে। পত্রিকাটির এক সম্পাদকীয় নিবন্ধে বলা হয়েছে। এই উপনির্বাচনের ফলাফল জনগণকে এবং বিশ্ববাসীকে নির্বাচনের বৈধতা, নিরপেক্ষতা ও সত্যতা সম্পর্কে সংশোধন করতে পারবে না। পত্রিকাটি বলেছে, 'এই ৫৫টি আসনে তারাই নির্বাচিত বলে ঘোষিত হয়েছে, ডিসেম্বরই নির্বাচনে যাদের জামানত পর্যন্ত বাজেয়াপ্ত হয়ে গিয়েছিল।' তারপর আমাদের আর কি বলার আছে?

১৬ই নভেম্বর, ১৯৭১

... নিউজউইকের সিনিয়র এডিটর আর্নড বোর্চগ্রেভ গত সপ্তাহে ঢাকা থেকে প্রেরিত এক তারবার্তায় অন্যান্য কথার মধ্যে লিখেছেন : ইস্টার্ন সেক্টরের কমাণ্ডার নিয়াজীকে মুক্তিযুদ্ধের গতি-প্রকৃতি সম্পর্কে প্রশ্ন করা হলে সে বললো, 'বিদ্রোহীরা কোন সমস্যা নয়। তাদের শায়েস্তা করার জন্য আমাদের রাজাকাররাই যথেষ্ট।' অথচ বোর্চগ্রেভের মতে রাজাকাররাই সামরিক জান্তার উপকারের তুলনায় ক্ষতিই করেছে বেশী। যেহেতু তাদের হাতে বন্দুক আছে, তাই তারা মনে করে তাদের এক-একজন বিধাতাপুরুষ। খাদ্য বা মেয়েমানুষ সরবরাহে অস্বীকৃতি জানালে এই রাজাকাররা যে কোন লোকের জীবর বিপন্ন করে তুলতে পারে।

বোর্চগ্রেভ আরও লিখেছেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধের কঠিন সত্যটিকে সযত্নে ডাঃ মালিক থেকে শুরু করে জেনারেল ইয়াহিয়া পর্যন্ত সবার কাছে থেকে গোপন রাখা হচ্ছে। তাদের ধারণা, সেনাবাহিনী সঠিকভাবেই মুক্তিবাহিনীর মোকাবেলা করছে। কিন্তু পশ্চিম পাকিস্তানী হানাদার বাহিনী যে এখনও কত ভয়াবহ হিংস্র বর্বরতা চালিয়ে যাচ্ছে, তারই দুটি নজির পাওয়া গেছে সম্প্রতি। নিউজউইকের প্রতিনিধি বলেছেন, মুক্তিযোদ্ধাদের একটি দলের পশ্চাদ্ধাবনের নামে কয়েকদিন আগে পশ্চিম পাকিস্তানী হানাদার বাহিনী ডেমরা গ্রামে ঢুকে পড়ে। হানাদার নরপশুরা সেখানে ১২ থেকে ৩৫ বছর বয়স্ক মহিলার উপর পাশবিক অত্যাচার চালায় এবং ১২ বছরের বেশী বয়স্ক সকল পুরুষকে নির্মমভাবে হত্যা করে। এরই দু-একদিন পরে পশ্চিম পাকিস্তানী সৈন্যরা চালনার কাছে নদীতে দ্রুত গানবোট চালিয়ে ঢেউ তুলে কতকগুলি জেলে নৌকা ডুবিয়ে দেয়। জেলেরা সাঁতরে তীরে উঠবার চেষ্টা করলে পশ্চিম পাকিস্তানী সৈন্যরা তাদের উপর গুলি চালায়।

আমাদের কথা নয়-বিদেশী সাংবাদিক আর্নড বোর্চগ্রেভের এই বিবরণীই নিরপেক্ষ নিয়তির কঠিন রায়ের মত বিশ্ববাসীকে আরেকবার জানিয়ে দিল বাঙালী জাতিকে পৃথিবীর বুক থেকে নিশ্চিহ্ন করে দেবার জন্য পশ্চিম পাকিস্তানী উপনিবেশবাদী জঙ্গীচক্র মার্চ মাসে যে নারকীয় গণহত্যাযজ্ঞ, যে হিংস্র বর্বরতা শুরু করেছিল আজো তা অব্যাহত রয়েছে। কিন্তু কেন? কেন এই বর্বরতা? কেন এই নৃশংসতা? কোন মানব ইতিহাসে নজিরবিহীন এই পাশবিক গণহত্যযজ্ঞ? কি অপরাধ করেছিল বাংলার মানুষ?...

১৯৭০ সালের নির্বাচনে ঐক্যবদ্ধ বাঙালী জাতি দ্ব্যর্থহীন রায় দিয়েছেন উপনিবেশবাদী দুঃশাসনের বিরুদ্ধে-আওয়ামী লীগকে একচেটিয়া ভোট দিয়ে বাঙালী জাতি শেখ মুজিবকে প্রদান করেছে তাদের ভাগ্য নির্ধারণের দায়িত্বভার। আর বিধাতার ছায়া সন্দর্শনে ভীতসন্ত্রস্ত শয়ানের মতই থর থর করে কেঁপে উঠেছে গণবিরোধী শাসন-শোষককুলের অন্তরাত্মা। কারণ, তারা জানতো, শেখ মুজিবুর রহমানের ক্ষমতাসীন হওয়ার অর্থই হবে দুঃখী জনগণের রাজনৈতিক ও অর্থনৈতিক মুক্তি-আর চক্রান্তকারী শাসক-শোষক ও জঙ্গীবাজদের চূড়ান্ত সর্বনাশ। এ তাই তাদের স্বার্থের জিম্মাদার, ভাড়াটিয়া এজেন্ট ইয়াহিয়াকে তারা প্ররোচিত করেছে হিংস্র বর্বর পন্থায় বাঙালী জাতিকে নির্মূল করে দেবার অভিযান চালাতে।...

২৩শে নভেম্বর, ১৯৭১

'নিউইয়র্ক টাইমস' পত্রিকার প্রতিনিধি ম্যাককম ডব্লু ব্রাউন বাংলাদেশের দখলকৃত এলাকা সফরশেষে ঢাকা থেকে প্রেরিত এক রিপোর্টে বলেছেন, 'বাংলাদেশ স্বাধীন হবেই। বাংলাদেশের মানুষ পূর্ন স্বাধীনতা চায়। ইয়াহিয়া খান শক্তি প্রয়োগের দ্বারা তাদের এ ইচ্ছাকে দাবিয়ে দিতে পারবে না। অর্থাৎ তার বর্বরতা এবং শক্তি প্রয়োগের মাত্রা যত, বাড়বে, বাংলাদেশের স্বাধীনতা ততই ত্বরান্বিত হবে।'

নিউইয়র্ক টাইমসের এই রিপোর্টে এতটুকু অতিশয়োক্তি নেই। শুধু তাই নয়, বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে বিদ্রোহী তার সব রকমের মাধ্যমের সাহায্যে যে বিভ্রান্তিকর প্রচারণা চালিয়ে যাচ্ছে, নিউইয়র্ক টাইমসসহ

বিভিন্ন নিরপেক্ষ বিদেশী সংবাদপত্রের রিপোর্টে এবং মন্তব্যই বিশ্ববাসীর সামনে তার অসারতাকে নগ্নভাবে তুলে ধরেছে। সমগ্র দুনিয়ার দৃষ্টি আজ বাংলাদেশের দিকে। তাই বাংলাদেশ সম্পর্কে বিশ্বের মানুষ যাতে ঠিক তথ্য জানতে না পারে জল্লাদ ইয়াহিয়ার প্রচারবিশারদরা সেজন্য চেষ্টার এতটুকু কসুর করেনি।

পশ্চিম পাঞ্জাবী শিল্পপতি, কায়েমী স্বার্থবাদী এবং শোষককুল পৃষ্ঠপোষিত উপনিবেশবাদী জঙ্গী শাসককুলের গণবিরোধী শাসন ও শোষণের চাকা বন্ধ হয়ে যাবার আশংকায় তাদেরই ভাড়াটিয়া গোলাম জল্লাদ ইয়াহিয়া ২৫শে মার্চ বাংলাদেশের নিরস্ত্র মানুষের ওপর বর্বর সেনাবাহিনীকে লেলিয়ে দেয়। ইতিহাসে নজিরবিহীন গণহত্যাযজ্ঞ চালিয়ে, হিংস্র বর্বরতার সঙ্গে নারী ধর্ষণ, লুটতরাজ ও অগ্নিসংযোগের আশ্রয় নিয়ে, লক্ষ লক্ষ মানুষকে গৃহহারা দেশান্তরী করে ইয়াহিয়া খান চেয়েছিল পৃথিবীর বুক থেকে বাঙালী জাতিকে নিশ্চিহ্ন করে দিতে, তাদের স্বাধীনতার দাবীকে নির্মূল করে দিতে। আর এ বর্বরতার লোমহর্ষক কাহিনী চাপা দিয়ে রাখবার জন্য কুচক্রী ইয়াহিয়া বাংলাদেশ থেকে বিদেশী সাংবাদিকদের বহিষ্কার করেছিল বর্বর গণহত্যাযজ্ঞ শুরুর প্রথম মুহূর্তেই। কিন্তু তার অসদুদ্দেশ্য সফল হয়নি। ইয়াহিয়া একদিকে যেমন বাংলাদেশের মুক্তিযুদ্ধ বানচাল করতে পারেনি, তেমনি পারেনি বাংলাদেশে তার ভাড়াটিয়া সেনাবাহিনীর পৈশাচিকতা সম্পর্কে বিশ্ববাসীকে অন্ধকারে রাখতে।

বহুদিন কড়া সেন্সরশীপ আরোপ রেখে, কিছু অসৎ সাংবাদিক ভাড়া করে অপেক্ষাকৃত কম ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরিয়ে ফিরিয়ে দেখিয়ে জল্লাদশাহী নিজেদের পাপকীর্তি চাপা রাখার, বিশ্ববাসীকে ধোঁকা দেবার সর্বাত্মক চেষ্টা করেছে। কিন্তু সমগ্র দুনিয়াব্যাপী সংবাদপত্র জগৎ এর জনমতের প্রচণ্ড চপে বাধ্য হয়ে ইয়াহিয়া খান বিদেশী সাংবাদিকদের বাংলাদেশে ঢুকতে দিয়েছে। প্রথম সুযোগেই দুনিয়ার দশদিগন্ত থেকে খ্যাতনামা পত্রিকা, রেডিও এবং টেলিভিশন সাংবাদিক ও ক্যামেরাম্যানরা ছুটে এসেছেন যুদ্ধবিক্ষত বাংলাদেশে। তারা দেখেশুনে বিস্মিত হতবাক হয়ে গেছেন। ভিয়েৎনাম, আলজেরিয়া, কিউবার বিপ্লব আর জনযুদ্ধসারা পৃথিবীর মানুষের সপ্রশংসা দৃষ্টি আর্কষণ করেছিল। কিন্তু বাংলাদেশও মুক্তিযুদ্ধের ক্ষেত্রে নয়া রেকর্ড সৃষ্টি করেছে। বাংলাদেশের মুক্তিযুদ্ধের আট মাস সময়ও অতিক্রান্ত হয়নি কিন্তু এরি মধ্যে বীর প্রসবিনী বাংলার মুক্তিযোদ্ধারা যে অভূতপূর্ব বীরত্ব সাফল্যের পরিচয় দিয়েছেন ইতিহাসে তার আর কোন নজির নেই। ইয়াহিয়া খান ৭২ ঘণ্টার 'ক্রাশ বেঙ্গলী' পোগ্রামের হিংস্র নখরাঘাতে শুরুতেই বাংলাদেশের মুক্তিযুদ্ধ দাবিয়ে দেওয়ার স্বপ্ন দেখেছিল। কিন্তু শেখ মুজিবের বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধাদের প্রচণ্ড পাল্টা আক্রমণের তীব্রতায় জল্লাদী খোয়াব ভেঙ্গে খান খান হয়ে গেছে। আজ জল্লাদী সাম্রজ্যের মোহই চূড়ান্তভাবে ক্রাশ হবার দ্বারপ্রান্তে। বিদেশী সাংবাদিকরাই নিজের চোখে দেখছেন প্রতিদিন প্রতিটি রণাঙ্গনে হানাদার বাহিনী মুক্তিযোদ্ধাদের প্রচণ্ড আক্রমনের মুখে টিকতে না পেরে পিছু হটছে। প্রতিদিন মুক্ত হচ্ছে নতুন নতুন এলাকা-নতুন নতুন অঞ্চলে উড়ছে স্বাধীন বাংলার পতাকা। আর তাই হানাদার জঙ্গীবাহিনীর চূড়ান্ত বিপর্যয়ের পূর্বাভাস দিয়ে বিদেশী সাংবাদিকেরা সত্যভাষণের স্বার্থেই বলেছেন, বাংলাদেশের স্বাধীন হবেই-কেউ ঠেকিয়ে রাখতে পারবে না।

২৬শে নভেম্বর, ১৯৭১

জল্লাদ ইয়াহিয়া খান গতকাল বৃহস্পতিবার বলেছে যে, বর্তমান পরিস্থিতি ভারত ও পাকিস্তানের সম্পদ এমন একটি এক জায়গায় টেনে নিয়ে গেছে যেখান থেকে আর ফিরবার উপায় নেই। রেডিও পাকিস্তানের কাজ অনুসারে জেনারেল ইয়াহিয়া বলেছে, পাকিস্তানের সম্মান ও অখণ্ডতাকে সে সর্বশক্তি দিয়ে রক্ষা করবে । ইয়াহিয়া খান আবার অভিযোগ করেছে যে, ভারত বাংলাদেশের ওপর আক্রমণ পরিচালনার ফলেই উপমহাদেশের শান্তি বিঘ্নিত হয়েছে।

একই দিনের আরেকটি খবরে জানা যায়, যে সমস্ত বৃটিশ, মার্কিন ও জার্মান নাগরিক বাংলাদেশে আছেন অবিলম্বে তাদের নিজ নিজ দেশে ফিরে যাবার নির্দেশ দেয়া হয়েছে। যারা এই মুহূর্তেই স্বদেশে ফিরতে পারছেন না তাদেরকে নিরাপদ স্থানে আশ্রয় গ্রহণ এবং পর্যাপ্ত খাদ্যশস্য মজুদ রাখতে বলা হয়েছে। গতকালের খবরে বলা হয়েছে, মুক্তিবাহিনী ঝিকরগাছা থেকে হানাদার বাহিনীকে তাড়িয়ে দিয়ে যশোর সেক্টরে একটি নতুন ফ্রন্ট খুলেছে। সাতক্ষীরা মহকুমাও গতকাল শত্রুমুক্ত হয়েছে। মুক্তিবাহিনীর একটি দল খুলনা শহর অভিমুখে এগিয়ে চলেছে। আর যশোর ক্যান্টনমেন্টের চারপাশে মুক্তিবাহিনীর আক্রমণাত্মক তৎপরতা প্রচণ্ডভাবে বৃদ্ধি পেয়েছে।

অপরদিকে আকাশবাণীর খবরে জানা যায়, পকিস্তানী সৈন্যরা বুধবার মধ্যরাত্রি থেকে পশ্চিম দিনাজপুরের জেলা সদর বালুরঘাটের ওপর একটানা ১২ ঘণ্টা ধরে গোলাবর্ষণ করায় ১২ জন বেসামরিক নাগরিক নিহত হয়েছেন। আগরতলা সীমান্তেও পাকিস্তানী বাহিনীর অশুভ তৎপরতা অব্যাহত রয়েছে। সমগ্র পাকিস্তানে ইতিপূর্বেই জরুরী অবস্থা ঘোষণা করা হয়েছে।

সবকিছু মিলিয়ে আশংকা করবার সঙ্গত কারণ রয়েছে যে, পাকিস্তানী কাণ্ডজ্ঞানহীন জঙ্গীচক্রের ভারত আক্রমণের সম্ভবত বেশী দেরী নেই। ভারতও প্রস্তুত হয়ে আছে হামলার পাল্টা জবাব দেবার জন্য। আত্মরক্ষার প্রয়োজনে ভারতীয় বাহিনীকে সীমান্ত অতিক্রমের অনুমতি দেয়া হয়েছে। ফলে একথা নিশ্চিত যে, পাকিস্তান যদি আক্রমণ চালায় ভারত তার দাঁতভাঙ্গা জবাবই দেবে। আর সে জবাব যে পাকিস্তানী জঙ্গীচক্রের জন্য কত ভয়াবহ হবে, তার জলজ্যান্ত উদাহরণ হচ্ছে সম্প্রতি ভারতের আকাশসীমা লংঘনকারী ৪টি পাকিস্তানী বিমানের তিনখানির ভূ-পতন।

কিন্তু, কেন এই রণপাঁয়তারা? কেন এই যুদ্ধের আগুন? ভারত যুদ্ধ চায় নাই। ভারত চেয়েছে প্রতিবেশী বাংলাদেশের মানুষ স্বাধীন জাতি হিসাবে বাঁচুক, সেখান থেকে জঙ্গী বর্বরতার অতিষ্ঠ হয়ে প্রাণভয়ে যারা ভারতে গিয়ে আশ্রয় নিয়েছে, তারা সসম্মানে দেশে ফিরে যাক। তবু, শুধুমাত্র এই মৌলিক মানবিক দৃষ্টিভঙ্গির দায়েই পাকিস্তান ভারতের ওপর সমস্ত দোষ চাপিয়ে দিতে চাইছে। আগাগোড়াই ইয়াহিয়া খান চেষ্টা করে এসেছে বাংলাদেশের মুক্তিসংগ্রামকে ভারতের কারসাজি বলে চালিয়ে দিয়ে বিশ্বজনমতকে বিভ্রান্ত করতে। আজ যখন ইয়াহিয়ার লেলিয়ে দেয়া ভাড়াটিয়া বাহিনী শেখ মুজিবের বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধাদের হাতে চারদিকে থেকে অবরুদ্ধ হয়ে পড়েছে তখনও ইয়াহিয়া খান সেই পুরাতন সুরেই কথা বলছে। মুক্তিবাহিনীর হাতে নিজের ভাড়াটিয়া সৈন্যদের পরাজয়ের কথা স্বীকার করতে লজ্জাবোধ হওয়াতেই হয়তো সে বলে চলছে ভারতীয় সৈন্যরা পূর্ববঙ্গ আক্রমণ করেছে। আর এই কল্পিত অভিযোগে তুলেই জল্লাদ ইয়াহিয়া ভারত আক্রমণের পাঁয়তারা করছে।..

২৯ নভেম্বর, ১৯৭১

ভারতীয় প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী অবিলম্বে শেখ মুজিবুর রহমানকে মুক্তিদান এবং বাংলাদেশ প্রশ্নে একটি রাজনৈতিক সমাধানে পৌঁছার জন্য পাকিস্তানী জঙ্গীশাসক জেনারেল ইয়াহিয়া খানের প্রতি আহ্বান জানিয়েছেন। ইয়াহিয়া খানের শুভেচ্ছা বাণীর জবাবে শ্রীমতী গান্ধী পাকিস্তানে নিযুক্ত ভারতীয় হাইকমিশনারের মাধ্যমে তার এই আহ্বান জানিয়ে দেন।

ভারত সরকারের একজন মুখপাত্র স্বীকার করেন যে, ইয়াহিয়া খান শ্রীমতী গান্ধীর সঙ্গে বৈঠকে মিলিত হবার প্রস্তাব দিয়েছে। এ ব্যাপারে মুখপাত্রটি বলেন, শ্রীমতী গান্ধী বলেছেন, ইয়াহিয়া খানের সঙ্গে তিনি বৈঠকে বসতে পারেন। কিন্তু বাংলাদেশ কোন আলোচনার বিষয়বস্তু হতে পারবে না। শ্রীমতী গান্ধীর মতে, তিনি বাংলাদেশের জনগণকে কোন সমাধান মেনে নিতে বলতে পারেন না। কারণ সে অধিকার তার নেই।

এই উপমহাদেশের বর্তমানে উত্তেজনাকর পরিবেশের পটভূমিতে বঙ্গবন্ধুর মুক্তিদান এবং বাংলাদেশ ইস্যুর রাজনৈতিক সমাধানের জন্য জেনারেল ইয়াহিয়ার প্রতি শ্রীমতী গান্ধীর এই আহ্বানের তাৎপর্য অপরিসীম। ভারতের বিরুদ্ধে পাকিস্তানের মধ্যে একটা ভয়াল রক্তক্ষয়ী এ্যাডভেঞ্চার পরিহার করে বাস্তবতার আলোকে বিরাজমান গুরুতর সমস্যা থেকে শান্তিপূর্ণ পরিত্রানের এটাই সম্ভবত বিশেষ মানবিক আহ্বান। ইয়াহিয়া খান যদি শ্রীমতী গান্ধীর এই ডাকে সাড়া দিতে ব্যর্থ হয়, অনুমান করা অন্যায় হবে না যে, এই উপমহাদেশে উত্তেজনার বারুদস্তূপে জল্লাদী হামলার অগ্নিস্ফুলিঙ্গের সংযোগে, সর্বাত্মক যুদ্ধের দাবানল দাউ দাউ করে জ্বলে উঠবে। আর তার পরিণতি হবে ভয়াবহ।

ইয়াহিয়া খান শুধু মানবেতিহাসের ঘৃণ্যতম জল্লাদই-নয় কূটচক্রান্তের এক ঘৃণিত নায়ক। যে পশ্চিম পাঞ্জাবী শোষক-পুঁজিপতি-উপনিবেশবাদী চক্রের সে ভাড়াটিয়া গোলাম, তাদের স্বার্থরক্ষার জন্য ইয়াহিয়া না করতে পারে এমন কোন কাজ নেই। বাঙালীদের বুকের ওপর দিয়ে ঔপনিবেশিক দুঃশাসনের রথচক্র চালিয়ে যাওয়া অব্যাহত রাখার জন্যই জল্লাদ ইয়াহিয়া বাংলাদেশের বর্বর গণহত্যাযজ্ঞ, লুটতরাজ, অগ্নিসংযোগ আর নারী-ধর্ষণের পাশবিক উন্মত্ততায় লিপ্ত হয়েছে। এই জঘন্য উদ্দেশ্য চরিতার্থ করার জন্যই সে দশ লক্ষ বাঙালীর নরকঙ্কালের ওপর বিচার প্রহসনের মঞ্চ সাজিয়ে মেতে উঠেছে বঙ্গবন্ধুর জীবন নিয়ে রাজনৈতিক জুয়াখেলায়। কাহিনীর এখানেই শেষ নয়। ২৬শে মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে বাংলাদেশে সশস্ত্র মুক্তিযুদ্ধ শুরু হবার পর থেকেই ইয়াহিয়া খান চেষ্টা করে এসেছে বাংলাদেশ ইস্যুকে ভারত-পাকিস্তান বিরোধের চেহারা প্রস্তাব দিতে। এই উদ্দেশ্যেই সে বারবার ইন্দিরা গান্ধীর সঙ্গে বৈঠকের প্রস্তাব দিয়েছে। প্রত্যাখাত হয়েও আবার প্রস্তাব দিয়েছে। এই একই উদ্দেশ্যেই জল্লাদ ইয়াহিয়া ইরান, মার্কিন যুক্তরাষ্ট্র, বৃটেন এবং সর্বশেষ সুইজারল্যাণ্ডের কাছে তথাকথিত ভারত-পাকিস্তানে বিরোধ মীমাংসার মধ্যস্থতা করার জন্য ধর্না দিয়েছে। ঈদবাণীতে শ্রীমতী গান্ধীর সঙ্গে বৈঠকে মিলিত হবার জল্লাদী খায়েশেরও আসল উদ্দেশ্য ভারত-পাকিস্তান বিরোধের জগদ্দল পাথরের তলায় চাপা দিয়ে জননী বাংলার স্বাধীনতার স্বপ্ন আর সংগ্রামকে পিষে মারা। পাকিস্তান যদি ভারত আক্রমণ করে তারও পিছনে সক্রিয় এই একই দুরাভিসন্ধি।..

১১ ডিসেম্বর, ১৯৭১

ইয়াহিয়ার অপকর্মের দোসর স্বঘোষিত ডেনমার্কের যুবরাজ জুলফিকার আলী ভুট্টো ৮-সদস্যের এক প্রতিনিধিদলের নেতা হিসাবে জাতিসংঘে গিয়েছে। ডেপুটি প্রধানমন্ত্রীর চাকরি পাওয়ার পরপরই ইয়াহিয়া তাকে জাতিসংঘে পাঠিয়েছে তার পক্ষ হয়ে বক্তব্য পেশের জন্য।

ভুট্টো ভাগ্যবান লোক। ইয়াহিয়া জল্লাদ হলেও বেঈমান নয়। সম্ববত সেকারণেই অনেক ঝগড়া-ফ্যাসাদ, মান-অভিমানের পর আবার জল্লাদে-যুবরাজে মিলন ঘটেছে। শেষ পর্যন্ত বঞ্চিত হয়নি ভুট্টো। দীর্ঘদিন পরে ক্ষমতার কাঁচকলাটার টুকরা একটা অংশ হলেও ইয়াহিয়া ভুট্টোর হাতে তুলে দিয়েছে। তাকে পাঠিয়েছে জাতিসংঘে।...

বিগত সাড়ে আট মাসে জল্লাদ ইয়াহিয়া বাংলাদেশের স্বাধীনতার স্বপ্নকে বানচাল করার জন্য যে হিংস্র বর্বরতা, যে পাশবিক গণহত্যা, শাঠ্য-ষড়যন্ত্র আর ছন-চাতুরির তস্করসুলভ অভিযান চালিয়েছে, মানব জাতির ইতিহাসে তার কোন নজির নেই। কিন্তু তবু তার উদ্দেশ্য সফল হয়নি। দশ লক্ষ বাঙালীকে হত্যা করে, এক কোটিকে দেশান্তরী করে, অগণিত জনপদ নিশ্চিহ্ন করে, কারারুদ্ধ বঙ্গবন্ধুকে হত্যার হুমকি দিয়েও বাংলাদেশের মুক্তিযুদ্ধকে বানচাল করতে ইয়াহিয়া খান। বরং যতই দিন গেছে, ততই তীব্রতর দুর্জয় দুর্বার হয়ে উঠেছে দুর্ধর্ষ বাঙালী জাতির আক্রমণধারা। মিত্রবাহিনীর সহায়তায় বাংলাদেশের মুক্তিযোদ্ধারা মাতৃভূমিকে সম্পূর্ণভাবে শত্রুমুক্ত করতে চলেছেন। দুশমন বাহিনীকে পর্যুদস্ত করে তারা দুরন্ত বেগে এগিয়ে চলেছেন শত্রুকবলিত ঢাকার দিকে। বাঙালী জাতি আজ শত্রুমুক্ত বাংলাদেশের দ্বারপ্রান্তে।

কিন্তু এই নিষ্ঠুর বাস্তবকে স্বীকার করে নিতে কষ্ট হচ্ছে ইয়াহিয়া খানের। তাই সে মরিয়া হয়ে উঠেছে শেষরক্ষার জন্য -ধর্না দিয়েছে আমেরিকার দুয়ারে। আমেরিকা এগিয়ে এসেছে খুনী নিক্সনের দোসর জল্লাদ ইয়াহিয়ার পরিত্রাণে। ভারত-পাকিস্তান যুদ্ধবিরতির প্রচেষ্টা চালিয়ে আমেরিকা চাইছে ইয়াহিয়াকে সর্বনাশের চিতাগ্নি থেকে রক্ষা করতে। ইয়াহিয়ার সরকার মানবেতিহাসের ঘৃণ্যতম নরমেধযজ্ঞের নায়ক-এক কলঙ্কিত সরকার। এই সরকারের চেহারাটা বিশ্ববাসীর কাছে এত বেশী ঘৃণাদায়ক যে খোলস বদল ছাড়া ওকালতির ও সাহস পাচ্ছে না নিক্সন। সম্ভবত সে কারণে -ওয়াশিংটনের অদৃশ্য সুতার টানে ইয়াহিয়া নূরুল আমিনকে প্রধানমন্ত্রী আর ভূট্টোকে ডেপুটি প্রধানমন্ত্রী নিয়োগ করেছে। উদ্দেশ্য : বাঙালী নূরুল আমিন আর সিন্ধী ভূট্টোকে মঞ্চে খাড়া করে বিশ্ববাসীকে ধোঁকা দেয়া যে, পাকিস্তানে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে-গণপ্রতিনিধিদের নিয়ে সরকার গঠিত হয়েছে। জনগণ পাকিস্তানই চায়-ভারতই পাকিস্তানকে খণ্ডবিখণ্ড করার জন্য পূর্ব বাংলা দখল করার চেষ্টা করছে। কিছুদিন আগে ভূট্টোকে অস্ত্র ভিক্ষার জন্য পাঠানো হয়েছিল চীনে। এবার তাকেই মৃত পাকিস্তানের সঞ্জীবনী সঙ্গীত গাইবার জন্য পাঠানো হয়েছে জাতিসংঘে। ইয়াহিয়ার বড় আশা, ভূট্টো ব্যারিস্টার, তুখোড় বক্তা-নিশ্চয় সে সবকিছু গুছিয়ে বলে সারা দুনিয়ার মানুষকে ধোঁকা দিতে পারবে।

হায়রে দুরাশা! ইয়াহিয়া হয়তো জানেই না যে, কথার মারপ্যাচে ধোঁকাবাজির দিন বাসি হয়ে গেছে। আসল সত্য, উপমহাদেশের প্রকৃত অবস্থা বিশ্ববাসীর অজানা নয়। তার প্রমাণ বিদেশী পত্র-পত্রিকার রিপোর্টে ও নিবন্ধ।

লণ্ডনের 'গার্ডিয়ান' পত্রিকা লিখেছে, চীন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের অভিপ্রেত হোক আর না হোক, ধ্বংস আর রক্তপাতের মধ্য দিয়ে বাংলাদেশ আজ এক বাস্তব সত্য হয়ে দেখা দিয়েছে। যদি এরপর আন্তর্জাতিক রাজনীতিতে অতি নাটকীয় কিছু ঘটে তবু বাংলাদেশের অস্তিত্বকে অস্বীকার করা কোনমতেই সম্ভব হবে না। গার্ডিয়ান আরও বলেছে, ইয়াহিয়া যদি এখন আলোচনায় বসতে চায়, সে আলোচনার মূল বিষয় হবে কি উপায়ে বাংলাদেশ থেকে পশ্চিম পাকিস্তানী সৈন্য ফিরিয়ে নেয়া যায়। আমেরিকার যুদ্ধবিরতি প্রস্তাব অনেক দেরীতে এসেছে। মুক্তিযোদ্ধাদের গতিরোধের সময় পার হয়ে গেছে। 'নিউজউইক' লিখেছে, পাকিস্তানের মৃত্যুচিৎকারের মধ্যেই ধ্বনিত হয়ে উঠেছে নবজাত বাংলাদেশের প্রথম জন্মধ্বনি। আমাদের আর কিছু বলবার দরকার আছে কি?

১৫ ডিসেম্বর, ১৯৭১

অনিবার্য পতনের মুখে জঙ্গীশাহীর সাম্রাজ্য। বড্ডো প্রাণ লাগছে, সাধের উপনিবেশ হাতছাড়া হয়ে যাচ্ছে গালে চড় খেয়ে চোখে সর্ষের ফুল দেখছে। বীরবর জওয়ানরা লড়াই করা তো দূরের কথা, প্রাণের ভয়ে আত্মসমর্পণ করছে মিত্রবাহিনীর কাছে। তবু অবশ্য আশানুরূপ সাড়া এখনো মেলেনি। আজ পর্যন্ত অফিসার এবং জওয়ান মিলিয়ে ৮ হাজার অস্ত্র ফেলে আশ্রয় ভিক্ষা করেছে।

বাংলাদেশকে শ্মশানে পরিণত করার স্বপ্ন যারা দেখেছিল, বাংলাদেশে জুলুমের এবং ত্রাসের রাজত্ব চালিয়ে যারা বাংলাকে শায়েস্তা করতে চেয়েছিল, তারা প্রত্যক্ষভাবে কেউই বাংলার অকুতোভয় মুক্তিবাহিনীর শক্তির সম্যক উপলব্ধি করতে পারেনি, অথবা ঘটনা সম্পর্কে ওয়াকিবহাল হয়েও মনকে চোখ ঠেরে সবকিছু ধামচাপা দিতে চাইছিল। পিণ্ডির সদর দফতরে যুদ্ধের ঢেউয়ের আঘাত লেগেছে কিন্তু বাংলার মাটিতে মৃত্যভয়ে ভীতি খানসেনাদের আর্তহাহাকারের কোন শব্দ হয়তো পৌঁছায়নি।

কিন্তু সত্যকে গোপন করে বাস্তবকে অস্বীকার করা যায় না। সেটা বোধগম্য হয়েছে জল্লাদশাহীর অনেক দেরীতে। যুদ্ধরত সৈনিকের আকুল আবেদন পৌঁছেছে রাষ্ট্রসংঘের দরবারে, কিন্তু সে আবেদনের সাড়া দেবার এখতিয়ার নেই রাষ্ট্রসংঘের। বাংলাদেশে জল্লাদবাহিনীর প্রধান লেঃ জেঃ নিয়াজী সমস্ত অনুরোধ-উপরোধ নাকচ

---

* সংবাদ পর্যালোচনা'র এই কথিকাটি মুস্তাফিজুর রহমান রচিত।

করে মৃত্যুর দিনটিগোনার জন্য তাদের লড়াই চালিয়ে যেতে বলেছেন। মেজর জেঃ রাও ফরমান আলীর সব আবেদন ব্যর্থ হয়ে গেছে।

ভারতের সেনাবাহিনীর প্রধান জেনারেল শ্যাম মানেকশ' বারবার পাকিস্তানী সেনাবাহিনীকে অস্ত্রসংবরণ করে মিত্রবাহিনীর কাছে আত্মসমর্পণের জন্য অনুরোধ জানিয়েছেন। আর তা না হলে চরম বিপর্যয়ের জন্য তাদের প্রস্তুত থাকতে বলেছেনে। ঢাকা নগরীর ওপর গত রাত থেকে চরম আঘাত হানা শুরু হয়েছে।

জেনারেল নিয়াজী সত্যকে গোপন করার জন্য পাকিস্তানী সেনাবাহিনীর আত্মসমর্পণ বা উদ্ধারের পক্ষে সমর্থন জানায়নি। কারণ, উদ্ধারপ্রাপ্ত জীবিত এই সেনাবাহিনী দেশের মাটিতে অর্থাৎ পাকস্তানে ফিরে গেলে সেটা হবে জঙ্গীশাহীর পক্ষে আত্মহত্যার শ্যামিল। বাংলাদেশের সংগ্রামের সামগ্রিক রূপটি উদঘাটিত হয়ে যাবে। আপামর জনসাধারণের কাছে এবং পাকিস্তানের জনসাধারণ এটি স্পষ্টভাবে বুঝতে পারবে যে, তাদেরই বাপ-ভাই-ছেলে বাংলদেশে জঙ্গীশাহীর পরিচালিত অন্যায় যুদ্ধের জন্যই মারা গেছে। তাদের মৃত্যু হয়েছে বাংলাদেশের মুক্তিকামী মানুষের কাছে গ্লানিকর মৃত্যু। তার ফলে হবে মারাত্মক। এবং এরই পরিপ্রেক্ষিতে আজ পাকিস্তানে বিদেশী সংবাদপত্রের প্রবেশ নিষেধ, আকাশবাণী এবং বি-বি-সি শোনা নিষিদ্ধ।

আর এদিকে যাদের ভরসা দিয়ে শক্তির অহমিকা দেখিয়ে একটি অবাস্তব পুতুল সরকার গড়ে তুলল, তাদেরও স্বস্তি নেই। চিরকালের মিথ্যাবাদী, উগ্রমস্তিষ্ক ভুট্টোকে তথাকথিত পররাষ্ট্রমন্ত্রী করে পাঠানো হলো জাতিসংঘে। কিন্তু ভাগ্যের কি পরিহাস! সেই উগ্রমস্তিষ্কের মাথা এখন ঠাণ্ডা হয়ে গেছে, মিথ্যাবাদীর মুখ দিয়ে সত্য প্রকাশ হয়ে পড়েছে। এতদিনে ভূট্টো স্বীকার করেছে তারা ভুল করেছে এবং ভুট্টোর স্বভাবসিদ্ধ নীতিমাফিক সামরিক জান্তাকে দোষরোপ শুরু করেছে-অন্যায়ের সমস্ত ঝক্কি এখন ঠেলে দিচ্ছে সামরিক জান্তার উপর।

পুতুল সরকারের লোভী, ক্ষমতালিপ্সু পালের গোদটির যখন এই অবস্থা তখন বাংলাদেশের অবস্থায় পরিবর্তন হয়ে গেছে অনেক। জঙ্গীশাহীর ক্ষমতার ওপর বিশ্বাস করে একটি বালির প্রাসাদ গড়ে তুলেছিল চিরদিনের বাংলার জাতশত্রু পাক দালাল ডাঃ মালিক। পাকিস্তানী সুবেদারের দায়িত্বভাবে গ্রহণ করে তাঁতের মাকুর মত নিয়াজী এবং ফরমান আলী যাতয়াত করেছিলেন, ঠিক কখনই কলজের ওপর প্রচণ্ড আঘাত হানলো মুক্তিবাহিনী এবং মিত্রবাহিনী। চৈত্যন্যোদয় হলো বাংলার কলংক, জঙ্গীশাহীর পদলেহী তথাকথিত পাকিস্তানী সুবেদার ডাঃ মালিকের। চোখ থেকে এতদিনে গ্যালন গ্যালন জল ঝরতে শুরু করেছে।

ঢাকার গভর্নর হাউসের উপর বোমা এবং কামানোর গোলা নিক্ষেপের সংগে সংগে সন্দেহাতীভাবে পাক প্রতিরোধের পতন অনুধাবন করেছেন ডাঃ মালিক।

আন্তর্জাতিক রেডচক্র সোসাইটির একটি খবরে প্রকাশ, ডাঃ মালিক কাঁপা কাঁপা হাতে তাঁর এবং মন্ত্রী পরিষদের পদত্যাগের কথা ঘোষণা করেছেন। আজ জীবনের শেষপ্রান্তে ডাঃ মালিক নিডের জীবনের চুলচেরা হিসেব করে দেখছেন।

গভর্নর হাউসের বাংকারও আজ নিরাপদ নয়। তাই অতি মূল্যবান নিজের প্রাণটি বাঁচানোর জন্য স্ত্রী-কন্যার হাত ধরে ঢাকা নগরীর নিরপেক্ষ এলাকা হোটেল ইন্টারকন্টিনেন্টালে আন্তর্জাতিক রেডক্রস সোসাইটির কাছে আশ্রয় প্রার্থনা করেছেন। গতকাল অর্ধমৃত অবস্থায় পুলিশের প্রধান এম, এম, চৌধুরী উচ্চপদস্থ আরো ১৬ জন সরকারী কর্মচারীকে নিয়ে এখানে আশ্রয় নিয়েছেন। ডাঃ মালিক সপরিবারে আশ্রয় পেয়েছেন অবশ্য। আসামরিক প্রশাসন ব্যবস্থা একেবারে বিধ্বস্ত, বিপর্যস্ত।

ঢাকা নগরী মিত্রবাহিনীর এবং মুক্তিবাহিনীর পদানত না হওয়া পর্যন্ত ডাঃ মালিক সপরিষদ আইউব খানের আমল থেকে আজ পর্যন্ত তাঁর কাজের পর্যালোচনার করুন, হিসেবের খতিয়ান কষে দেখুন।

পাকিস্তানী বাহিনীর সর্বশেষ এবং সুদৃঢ় প্রতিরোধ যে বিপর্যস্ত এবং পতনের মুখে, এটা আজ দিনের আলোর মতোই সুস্পষ্ট।

এখন পাকিস্তানী বাহিনীর সম্মুখে দুটি পথ-একটি জেনারেল মানেকশ'র আহ্বান আহ্বানে সাড়া দিয়ে আত্মসমর্পণ করা, আর তা না হলে মৃত্যুকে শ্রেয় জেনে মৃত্যুকে আলিঙ্গন করা।

মানুষের মুখ *

১৬ জুন, ১৯৭১

এক টুকরো রুটি

সময় : উনিশ শ' একাত্তের সনের ২৭শে মার্চ। স্থানঃ চট্টগ্রামের কোন উপকণ্ঠ। পাকিস্তানী জল্লাদ বাহিনীর নির্বিচার গণহত্যার বিরুদ্ধে প্রতিরোধে গড়ে উঠেছে শহরে, বন্দরে, গ্রামে। 'দানবের সাথে সংগ্রামের তরে প্রস্তুত হয়েছে ঘরে ঘরে' আমাদের মুক্তিবাহিনী। সীমান্তে থেকে ছুটে এসেছে ই-পি -আর এবং বেঙ্গল রেজিমেন্টের জওয়ানরা। দলে দলে ওরা এসেছে রামগড়া রাঙামাটি আসলং কিংবা হরিণা থেকে। শ্রান্ত, ক্লান্ত অথচ উদ্দীপ্ত ঐ জওয়ানদের অন্তত একরাত্রির আহার ও বাসস্থানের ব্যবস্থা করতে হবে। তারপর কাল ভোর থেকে ওরা 'অবরোধ শুরু করবে ক্যান্টনমেন্টে। সুতরাং যত শীঘ্র সম্ভব ঐ দেড়শ জওয়ানের থাকা-খাওয়ার ব্যবস্থা প্রয়োজন।

না, অসুবিধা মোটেই হল না। থাকার ব্যবস্থার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের তালা খুলে দেয়া হল। খাবারের কথা গ্রামে পৌঁছতেই বাড়ি বাড়ি থেকে গরম ভাত-তরকারি চলে এল। মাত্র একঘণ্টার মধ্যেই নবাগত মেহমানদের জন্যে স্বতঃস্ফূর্ত খাবার এল অঢেল পরিমাণে।

যুদ্ধের সময়ে খাদ্য সরবরাহ একটি গুরত্বপূর্ণ ব্যাপার। স্থানীয় যুবকবৃন্দ এ বিষয়ের সম্পূর্ণ দায়িত্ব নিয়ে একটি কমিটি করে ফেললেন। খবর এল, রাতেই আরও নতুন জওয়ান পৌঁছে যাবে ওখানে। মোট আড়াই শ' লোকের ব্যবস্থা করে ফেলতে হবে। জনগণের মধ্যে উদ্দীপনা থাকলেও নিয়মিত কার্যসূচী চালিয়ে যাওয়া নিতান্ত সাধারণ কথা নয়।

ভোর বেলাতেই বস্তা বস্তা চাল এসে পৌঁছলো মুক্তিযুদ্ধের স্থানীয় দফতরে। গ্রামের একজন অবস্থাপন্ন ভদ্রলোক দু'টো দশাসই ছাগল নিয়ে এলেন। ওগুলো যুদ্ধকর্মীর হাতে তুলে দিতে বললেন, আগমী ঈদে কোরবানী দেব ভেবেছিলাম। সে সুযোগ আর জীবনে আসবে কিনা জানি না। ছাগল দুটো দিয়েই খালাস পেলাম ভাববেন না। প্রয়োজন হলে নিজেকেও কোরবানী দিতে কসুর করব না।

শুধু চাল আর ছাগল নয়। আরও এল তরিতরকারি, লাউ-কুমড়ো, গুঁড়ো মশলা ইত্যাদি। অনেকে পাক করে আনলেন ভাজা কিংবা সেদ্ধ ডিম। সেসব যথাযথভাবে রাখতে হিমশিম খেয়ে উঠলেন তিরিশজন কর্মী।

---

* মানুষের মুখ' শীর্ষক ধারাবাহিক কথিকাগুলি 'কামাল মাহবুব' ছদ্মনামে মাহবুব তালুকদার রচিত।

একাশি বছরের বৃদ্ধ সাদেক আলী লাঠীতে ভর দিয়ে যখন এসে পৌঁছালেন তখন সকাল আটটা। গভীর মমত্ববোধে তাকিয়ে রইলেন জওয়ানদের মুখের দিকে। শীর্ণ হাতে ধরে থাকা একটা কলাপতার ঠোঙা। ওটার মোড়ক খুলে বেরুল এক টুকরো রুটি।

বৃদ্ধ একজন জওয়ানের দিকে এগিয়ে দিতে যাচ্ছিলেন ঠোঙাটি। দেখতে পেয়ে জনৈক কর্মী ছুটে এলেন। বললেন কিছু দিতে হলে আমাকে দিন। ভদ্রলোকে রুটি টুকরোটি এগিয়ে দিলেন কর্মীটির দিকে। বললেন, আমি গরীব মানুষ। এক টুকরো রুটি দেয়া ছাড়া আমার আর সাধ্য নেই বাবা। বয়স কম হলে যুদ্ধে যেতাম। কিন্তু আল্লাহ সে সৌভাগ্যও কপালে রাখেননি।

আপনি কোত্থেকে এসেছেন? কর্মীটি সহনুভূতির স্বরে জিজ্ঞেস করলেন। গ্রামের নাম বললেন বৃদ্ধ। আত্মপরিচয়ও দিলেন, 'আমি গ্রামের প্রাইমারী স্কুলে শিক্ষকতাও করেছি। এখন আর কিছু করে খাবার সাধ্য আমার নেই।' 'কিন্তু আপনি দেড় মাইল পথ হেঁটে রুটি বয়ে আনলেন, কষ্ট তো আর'- বাধা দিয়ে বৃদ্ধ বললেন, 'আমার এতগুলো ছেলে দেশের জন্য প্রাণ দেবে, আর আমার হবে কষ্ট?' একটু যেন উষ্ণতা তাঁর কণ্ঠে। ভদ্রলোক বিশেষ অপেক্ষা না করে চলে গেলেন।

এক টুকরো রুটি নিয়ে যুদ্ধকর্মীটিকে যথেষ্ট অসুবিধেয় পড়তে হল। সকালের টিফিন-সবারই খাওয়া হয়ে গেছে। রুটিটা তাহলে কি করা যায়? এমনিতর রুটি তখন পর্যন্ত আর আসেনি, সুতরাং ওটাকে আলাদা রাখতে হবে এবং এক টুকরো রুটির জন্যে আলাদা ব্যবস্থার প্রয়োজন। কর্মীটি মনে মনে বিড়ম্বনা বোধ করলেন।

বেঙ্গল রেজিমেন্টের এক সুবেদার সাহেবে তাঁর প্লাটুন নিয়ে বেরিয়ে যাচ্ছিলেন অপারেশনের জন্যে। কর্মীটি তাঁর দিকে এগিয়ে গিয়ে বলল, এটা খেয়ে নিন তো?

আমার নাস্তা সারা হয়েছে। সুবেদার বললেন, এখন এটা দিয়ে কি করব?

কর্মীটি ম্লান মুখে বললেন, আমার রাখার অসুবিধা হচ্ছে। একজন অনেক কষ্ট করে রুটিটা নিয়ে এসেছেন। সুতরাং কোনদিকে ফেলে রাখতেও মন চাইছে না।

দিন তাহলে আমেকে, সুবেদার সাহেব হাত বাড়িয়ে রুটির টুকরোটি নিলেন। তারপর ওটা কাগজে মুড়িয়ে প্যান্টের পেছন-পকেটে ভরে রেখে দিলেন।

ঘটনাটা এখানেই শেষ হতে পারতো। কিন্তু তা হল না। দুদিন পর্যন্ত কোন খোঁজ পাওয়া গেল না সুবেদার সাহেবের। শোনা গেল, যুদ্ধ করতে করতে সুবেদার সাহেব ক্যান্টনমেন্টের কাছাকাছি চলে গিয়েছেন, বিস্তর পাক সৈন্যকে খতম করেছে ওঁদের দলটি। গড়পড়তায় এক-একজন মুক্তিযোদ্ধা তিনজন পাকিস্তানীর প্রাণ নিয়েছে। কিন্তু সুবেদার সাহেব বেঁচে আছেন কিনা কে জানে!

হ্যাঁ, বেঁচেছিলেন সুবেদার সাহেব। তিনদিন পরে যখন ফিরলেন তখন তাঁকে দেখে মনে হল, কয়লার খনি থেকে এইমাত্র বেরিয়ে এসেছেন যেন, দুচোখ ভরে কালি পড়েছে। শ্রন্তি আর ক্লান্তির প্রলেপ পড়েছে মুখে।

কিন্তু সুবেদার সাহেব কাকে যেন খুঁজছেন। পেয়েও গেলেন এক সময়। সেই যুদ্ধকর্মীটিকে সামনে দেখে হাত চেপে ধরলেন তার। বললেন, আপনি আমার খুব উপকার করেছেন।

আঁ-আমি! অপ্রস্তুত হলেন কর্মীটি।

আপনি সেদিন রুটিখানা না দিলে কি যে হত? উপোস করার অভ্যেস অবশ্য আছে। কিন্তু যুদ্ধের জন্যে যে তাকদ দরকার ঐ রুটিখানাই তা আমাকে দিয়েছিল। আপনি ওটা না দিলে-

কর্মীটি বাধা দিয়ে বললেন-সেই বৃদ্ধ ভদ্রলোককে স্মরণ করুন ঐ এক টুকরো রুটি যে সময় বিশেষে এত মূল্যবান হয়ে উঠবে, তাতো আমি জানতাম না। বৃদ্ধ ভদ্রলোকে বোধকরি জানতেন।

দুজনেই মাটির দিকে তাকালেন। দুজনের অভিভূত মনে একজন বৃদ্ধের মুখচ্ছবি। একজনের মনে বাস্তব, আর একজনা তাঁকে দেখেননি বলে ছবিটি কাল্পনিক।

কিন্তু আর একটা ছবি ওদের সামনে স্পষ্ট। দুজনের চোখের সামনেই অতি সাধারণ এক টুকরো রুটি।

২৭ জুন, ১৯৭১

স্বাতীর যুদ্ধ

স্বাতী। বয়েস সাড়ে পাঁচ। পেশা-ঘরকান্নার কাজে মাকে টুকিটাকি সাহায্য করা, আব্বু বাড়ী ফিরলে দরজা খুলে দেয়া, ছোট বোনটিকে যাবতীয় পার্থিব বিষয়ে উপদেশ দান। ইস্কুলের পড়াশুনা এখনও ওর শুরু হয়নি, বাসায় প্রথম পাঠের অনেক দূর এগিয়ে গ্যাছে। বাংলাদেশের হাজার মেয়ের মত সাড়ে পাঁচ বছরের ছোট্ট স্বাতী এখন যুদ্ধ করছে।

ওর বাবা ছিলেন অধ্যাপক। আর অধ্যাপক মানেই জল্লাদ ইয়াহিয়া বাহিনীর পয়লা নম্বরের শত্রু। ওদের চোখে শিক্ষা ও শিক্ষকতা মারাত্মক অপরাধ। মনুষের বুদ্ধি, মেধা প্রভৃতি আণবিক বিস্ফোরকের চাইতেও মারাত্মক; ফলে কুচক্রী পাশব শক্তির ষড়যন্ত্রে ওদের ছোট্ট সংসারেও নাড়া পড়ল। সংসারের সাজানো বাগান পেছনে ফেলে ওদের এগিয়ে যেতে হলো অনিশ্চিত ভবিষ্যতের দিকে।

প্রথম বাড়ি থেকে বেরিয়ে আশ্রয় নিয়েছিল একটি স্কুলের ছাত্রাবাসে। দিন দশেকের মধ্যে ওখন থেকে সরে যেতে হলো গ্রামের আরো অভ্যন্তরে, তারপর আরও ভেতরে যেখানে আদি অকৃত্রিম পা ছাড়া বিংশ শতাব্দীর কোন যানবাহন চলে না। চিরকালের পরিবেশ ত্যাগ করে সম্পূর্ণ নতুন করে নতুন এক পরিবেশে এসে দাঁড়াল ক্ষুদে পরিবারটি। হাতের সম্বল বলতে সামান্য কিছু টাকা-স্বাভাবিক অবস্থায় যাতে পনেরো থেকে বিশ দিন অব্দি চলে। এখন ঐ টাকায় অনির্দিষ্টকালে চালাতে হবে। প্রথম দিকে আলুভর্তা, ডাল আর দুবেলা ভাত বরাদ্দ রইল, কিন্তু ওতে মুখ ঘুরিয়ে রইল স্বাতী। বল্লো, আমি নাশতা খাবো। আমার বড়ো খিদে লাগে।

ওর মা এসে মাথায় বুলালেন, নাশতা এখন কোথায় পাব মামণি? এখন তো যুদ্ধ চলছে। সাবইকে তাই কষ্ট করতে হচ্ছে। আমরা যুদ্ধ করেছি? স্বাতীর মুখের রেখা পালটে গ্যালো সহসা। ওর চোখে-মুখে ঔজ্জ্বলতার ছোঁয়া লাগল। কণ্ঠ নামিয়ে বল্লো, ভূট্টো খুব পাঁজী, খুব শয়তান। আর শেখ মুজিব কতো ভাল, না আম্মু?

আম্মু মাথা নাড়লেন।

এরপর স্বাতীই সংসারের সব সমস্যার সমাধান করে ফেলল। ওর আব্বুর পরনের একমাত্র লুঙ্গিটা ছিঁড়ে এসেছিল কিন্তু কেনা হচ্ছিল না। স্বাতীর মাও কবার বলেছেন আর একটা কিনে ফেলতে। কিন্তু পয়সার অভাব তখনকার জন্যে নিদারুণ সত্য। স্বাতী বল্লো, যুদ্ধ থামলে তোমাকে একটা ভালো লুঙ্গি কিনে দেব আব্বু।

এ কথার পর যথাশীঘ্র লুঙ্গি কেনার ব্যাপারে ওর মায়ের চাপ কার্যকরী হলো না। ওর বাবা হাঁফ ছেড়ে বাঁচলেন।

স্বাতীর ছোট বোনটির অনেকগুলো হবি। তার মধ্যে অন্যতম কান্না। কিছু একটা হাতের মুঠোয় পায়নি বলে হঠাৎ সেদিন কান্নায় প্লাবন বইয়ে দিল। বোনের রকম-সকম দেখে স্বাতী ভারি খাপ্পা। বোনকে রীতিমতো শাসাল সে, কতবার বলছি এখন যুদ্ধ হচ্ছে! খবরদার তুমি কান্নাকাটি করবে না। কাঁদলে মিলিটারি বুঝে ফেলবে আমরা এখানে আছি। আব্বুকে তখন ধরে নিয়ে যাবে।

তারপর আব্বুর কানের কাছে মুখ লাগিয়ে বল্লো! আব্বু! তুমি যে প্রফেসর তা কিন্তু কাউকে বলো না। তুমি যদি কিছু না বল, তাহলে তোমাকে কেউ চিনতেই পারবে না, আবার যুদ্ধ করে আমাদের জয় হলে তখন তুমি প্রফেসর বলবে।

ওদের বাসস্থানের তিন-চার মাইলের মধ্যেই গোলাগুলির শব্দ শোনা যেত। ততদিনে স্বাতী চিনে ফেলেছে কোনটি মেশিনগানের শব্দ আর কোনটা শেল। বেশী আর অনেকক্ষণ ধরে শব্দ হলে বুঝত পাকিস্তানীদের আওয়াজ, অন্যদিকে পাশাপাশি কম শব্দ হলেই বুঝতে পারতো বাঙালীদের গোলাগুলির শব্দ। সাড়ে পাঁচ বছরের স্বাতী যুদ্ধের অনেক কথাই শিখে ফেলেছিল।

এইটা মেশিনগানের শব্দ, না আব্বু? দূরের শব্দ শুনে স্বাতী বলতো। কখনো ছোট বোনকে ধমকে দিয়ে বলতো, তুমি কিচ্ছু বোঝ না। খালি বিস্কুট খেতে চাও। যুদ্ধের সময় কি বিস্কুট পাওয়া যায়।

কান্নাকাটি থামিয়ে ছোট বোনটি তখন ফ্যালফ্যাল করে তাকাত ওর দিকে। আম্মু ও আব্বু দুজনেই তাকাতেন। তখন ভবিষ্যতের অনেক পরিকল্পনার মুখর হতো স্বাতী ; আমাকে আর ছোট বোনকে দুটো শাড়ি কিনে দিয়ো যুদ্ধ থামলে। আমরা না একদিন পোলাও খাব তখন! তখন তো তুমি আবার মাইনে পাবে। আমাদের সাইকেলে চড়ে আবার বিকেলে বেড়াতে যাব। আচ্ছা আব্বু আমাদের অতসুন্দর বাড়িটা মিলিটারিরা নিয়ে গ্যাছে? তোমার বইগুলো ওরা নষ্ট করেছে? এসব কথা শুনে ওর আব্বুকে মুখ ফিরিয়ে থাকতে হতো, ছল ছল করতো ওর মায়ের চোখ। আশ্চর্য, এসব মোটেই বিষাদ-বেদনা জড়াতো না ওর কণ্ঠে। স্বাভাবিক সহজভাবে বলতো সব কথা। যুদ্ধক্ষেত্রের একজন সৈনিক যেমন জীবনের সকল অস্বাভাবিকতা দূর করে পৃথিবীর নির্মমতম সত্যটিকে হাতের মুঠোয় রাইফেল তুলে দাঁড়ায়, তেমনি ওদের ছোট্ট সংসারে বাস্তবের কঠিন সত্যতার মুখোমুখি দাঁড়াবার জন্য প্রেরণা যোগাত সে।

একদিন বিকেলে দিঘীর পাড়ে আব্বুর সাথে বসে ছিল স্বাতী। চুপচাপ বসে মেশিনগানের শব্দ শুনছিল। হঠাৎ প্রশ্ন করল সে , আব্বু! যুদ্ধ কেন হয়?

এ প্রশ্নের উত্তর ওর আব্বুর অজানা-কি উত্তর হতে পারে এই অবোধ সরল শিশুর ক্ষুদ্র প্রশ্নটির? মানুষ মারার কারিগর ইয়াখান! আপনি কি পারবেন এ প্রশ্নের জবাব দিতে? বাংলাদেশের মানুষের উপর কেন যুদ্ধ চাপিয়ে দিলেন আপনি? কি স্বার্থ রক্ষা করলেন নিরীহ লক্ষ লক্ষ আবাল-বৃদ্ধ-বনিতাকে নির্বিচারে হত্যা করে? আপনি তো পাকিস্তানের অখণ্ডতা চেয়েছিলেন; সেনাবাহিনীর পশুত্ব লেলিয়ে রাষ্ট্রীয় সংহতিকে নিহত করল কে? ইতিহাসের পাতায় একদিন পাকিস্তানের প্রথম শত্রু ইয়াহিয়ার কলঙ্কিত নামে সিন্ধু-বেলুচিস্তানের মানুষও থুতু ছিটাবে। আর বাংলাদেশের মানুষের কাছে প্রবাদে রূপ লাভ করবে এই কথাটির : বিশ্বাসঘাতকতার অন্য নাম ইয়াহিয়া খান।

কিন্তু স্বাতীর কথায় আসি। দিঘীর কালো জলের দর্পণে মুখ রেখে স্বাতী বলেছিল : আমাদের পেলেন থাকলে বেশ হতো।

পেলেন দিয়ে কি হবে? অন্যমনস্ক আব্বু প্রশ্ন করেছিলেন।

শান্ত ধীর কণ্ঠে স্বাতী বলেছিল, তাহলে পেলেন বসে আমরা মেশিনগান দিয়ে ওদের মারতাম। আমাদের অনেক বন্দুক থাকলে মিলিটারীরা আমাদের সাথে পারত না।

হ্যাঁ মা-ওর আব্বু বলেছিলেন, আমদের হীরের টুকরো ছেলেরা সব অশ্বমেধের বলী হয়ে গ্যালো। অস্ত্র হাতে থাকলে তা হতো না।

স্বাতী কি বুঝেছিলে কে জানে! আব্বুর হাত ধরে ঘরের দিকে পা বাড়িয়ে বলেছিল, ওরা আমাদের সঙ্গে যুদ্ধ করে পারবে না।

ওর আব্বুকে উত্তর দিতে হয়নি। বাংলাদেশের মানুষ বুকের রক্ত ঢেলে এর উত্তর লিখেছে রাঙ্গামাটির প্রান্তরে। সত্যি, ওরা আমাদের সাথে যুদ্ধ করে পারবে না। জল্লাদ বাহিনীর কয়েক লক্ষ নিয়মিত সৈন্য ছাড়া আর কি আছে? হৃদয়হীন পাশব শক্তির উল্লাস ছাড়া ওদের অস্ত্রের আর কোন ভাষা নেই।

আর বাংলার মাটির দুর্বার ঘাঁটিতে 'প্রত্যেকে সৈনিক আজ, প্রত্যেকে সৈনিক'। ওরা কি করে এ যুদ্ধে জিতবে? আমাদের মুক্তিফৌজের পাশাপাশি দাঁড়িয়ে সাড়ে পাঁচ বছরের স্বাতী সাড়ে সাত কোটি বাঙালীর মুক্তির জন্য যুদ্ধ করে। ওরা কি করে এ যুদ্ধে জিতবে?

স্বাতী কেবল একটি মেয়ের নাম নয়, এদেশের অগণিত শিশু মেয়েদের নাম- সে স্বাতী জাতির অন্ধকার আকাশে ধ্রুবতারার মতো সংগ্রামী জনতাকে পথ দেখায়, যে স্বাতী রাতের অন্তিমে আসন্ন সূর্যোদয়ের আহ্বান জানাতে ঘন অন্ধকারেও প্রাণের আলো জ্বেলে রাখে।

"কলিজার রক্তে ভেজা মুহূর্তেই সে মুক্তি মহিমা
আকাশ, তোমারে ভাঙ্গে সীমা!"

৩ জুলাই, ১৯৭১

দেশের শত্রু

ছেলেটির বয়স ষোল কিংবা সতেরো। মুখের আদলটি কিন্তু আরও কচি। দেখতে চৌকস। এস-এস-সি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছিল দুটো লেটার নিয়ে। কলেজের ছাত্র ছিল ঢাকায়। মুক্তিফৌজের দফতরে এসে বলল, আমি গেরিলা যুদ্ধে নাম লেখাব।

তুমি এত দেরী করে এলে কেন? প্রাথমিক তদন্তকারী অফিসার জিজ্ঞেস করলেন।

কি করব? আব্বা দিচ্ছিলেন-না কিছুটা উষ্মা ও ক্ষোভ ছেলেটির কণ্ঠে।

তোমার বয়সী ছেলেরা অনেকেই বাবার মতামতের অপেক্ষা করেনি। তদন্তকারী অফিসার বল্লেন।

জানি, একটু বিরক্তির স্বর ছেলেটির কণ্ঠে। বলল, কিন্তু ঘরের দরজা বন্ধ করে আটকে রাখলে আপনি কি করবেন?

তাহলে কি করে এলে? এবারে কৌতুহলের স্বরে অফিসারের কণ্ঠে।

অনশন করে। তিনদিন যখন না খেয়ে রইলাম, তখন মা-কে দরজার তালা খুলে দিতে হলো। মা অবিশ্য আব্বার ভয়ে কিছু বলতে পারেন নি, নইলে আটকে রাখার মতো মহিলা নন।

তোমার বাবাই বা আটকালেন কেন?

বাবার কথা বলবেন না, সে পরে বলব, আমি আবার একটু ভদ্র ছেলে ছিলাম কিনা, মুক্তিফৌজ যোগদান করব ভেবে বিদায় চাইতে গিয়েছিলাম।

অফিসার ভদ্রলোক অন্য প্রসঙ্গ তুল্লেন, বল্লেন-ঢাকার কি খবর বলো।

সবাই স্বাধীন বাংলা বেতার শুনছে, ঐ যে ''পরমপত্র'' বলে অনুষ্ঠানটা-দারুণ পপুলার। আচ্ছা বলুন না ভদ্রলোক কি এই ক্যাম্পে থাকনে? আমি দেখব।

পাকিস্তানী বেতার লোকে শোনে না তাহলে?

শোনে মাঝে-মধ্যে, তবে স্বাধীন বাংলা না থাকলে ভারতীয় বেতারই শোনে বেশী। বিশেষ করে রাত সাড়ে দশটার সংবাদ পরিক্রমা।

ব্যাস! এবার বলো ঢাকার মুক্তিসেনার গেরিলারা কেমন কাজ করছে?

করছে বেশ ভাল, কয়েকটি তো ঘুঘু লোককে সাবাড় করে দিয়েছে। তবে টপ লীগার ফিগারগুলোর মাথায় মিলিটারী ছাতা ধরা কিনা, ঝড়-বৃষ্টি এখনও এদের গায়ে লাগেনি, দু'চারটে বাজ ফেলতে পারলে কাজ হবে।

এরপর ছেলেটাকে তার ব্যক্তিগত প্রসঙ্গ জিজ্ঞেস করা হলো। ওর নাম মোরশেদ। ঢাকার এক অভিজাত এলাকায় ওদের বাড়ি। ওদের এলকায় একটি লিস্ট তৈরি করে মিলিটারিরা লোকজন ধরছে। বিশেষ করে কম বয়সী ছেলেদের । ওর জন্য অবশ্য বিশেষ ভয় ছিল না। ও বরাবরই একজন গুড বয়। বাংলাদেশের আন্দোলন সম্পর্কে ওর সচেতনতা নিজের মধ্যেই সীমাবদ্ধ ছিল। ২৫শে মার্চের পরের ঘটনা ওকে দারুণভাবে প্রভাবন্বিত করে। তারপরই মুক্তিযুদ্ধে নাম লেখাবে বলে ঠিক করেছে।

তদন্ত ও অন্যান্য কাজ শেষ হলে মোরশেদকে মুক্তিযুদ্ধে ভর্তি করে ট্রেনিং সেণ্টারে পাঠান হল। এতদিনে ওর সকল স্বপ্ন যেন সার্থক হয়েছে। সেই সফলতার ছাপ লাগল ওর চোখে -মুখে।

ওদের ট্রেনিং ক্যাম্পের এক অফিসারের উপর ভার পড়েছিল একটি লিস্ট তৈরি করবার, তাতে পাকিস্তানী সৈন্য বাহিনীর সাহায্যকারী দালালদের নাম সংকলিত করে ওদের খতম করার জন্য মুক্তিযোদ্ধাদের নির্দেশ দান ছিল অফিসারটির কাজ। দুজন বন্ধুকে নিয়ে মোরশেদ ঢাকা থেকে নবাগত বলে উনি ওর সাথে আলাপ করছিলেন।

আপনি কি শত্রুদের লিস্ট করেন? মোরশেদ এক সময় তাঁকে প্রশ্ন করল।

কেন? অফিসারটি এহেন প্রশ্নের জন্য বোধ করি প্রস্তুত ছিলেন না।

আমি আপনাকে একটা নাম দেব। মোরশেদ বলল।

সবার কাছে সব সময়ে অবশ্য নাম নেওয়া হয় না। নির্দিষ্ট কোন ব্যক্তি সম্পর্কে যদি শত্রুতার উপযুক্ত প্রমাণাদি পাওয়া যায়, তবেই তার নাম তালিকায় রাখা হয়।

আমি কিন্তু সত্যি সত্যি একজন শত্রুর নাম আপনাকে বলতে পারি, মোরশেদ জানালো।

কিন্তু, সে তো সত্যিকার শত্রু না-ও হতে পারে। আসলে একজন দায়িত্বশীল ব্যক্তি না বল্লে ঠিক বোঝা যায় না কে কোন ধরনের শত্রু। অনেকে ব্যক্তিগত শত্রুতার জন্যও আমাদের কাছে একজনের নাম দিয়ে বসতে পারে। এই বিষয়ে আমাদের খুব সতর্ক থাকতে হয়।

ব্যক্তিগত শত্রুহলেই দেশের শত্রুহবে এমন কি কথা আছে? দেশের শত্রুমানে দেশের শত্রই।

কিন্তু সেটা তুমি কিভাবে বিচার করবে। এমন তো হতে পারে যে, তুমি যাকে শত্রুভাবছ, চরম মূল্য দেবার মতো শত্রুসে নয়।

আমি তাকে ভাল করেই চিনি। তিনি যে দেশের জন্য ক্ষতিকর কাজ করেছেন, সে সম্পর্কেও কোনরকম সন্দেহ নেই। মোরশেদ বেশ দৃঢ়তার সঙ্গে বল্লো কথাগুলো। সব অভিযোগ খুলে বল্লো।

কি নাম তার বলো। অফিসারটি কাগজ-কলম নিলেন। বল্লেন, যাচাই করে অভিযোগ যদি সত্য প্রমাণিত হয়, তাহলে উপযুক্ত ব্যবস্থাই নিতে হবে।

এবারে অকস্মাৎ ম্লান হয়ে উঠল মোরশেদের মুখ। চেখের সমস্ত উজ্জ্বল্য যেন নিভে গেলো, শীতল কণ্ঠস্বরে বল্লো-আমি একটা কথা বলতে চাই এ সম্পর্কে।

কি কথা?

ধরুন তাকে না মেরে বন্দী করে নিয়ে আসা যায় না?

সেসব আমরা দেখব। তোমার ভাবনায় কারণ নেই, তাকে যদি বন্দী করে রাখা যায় তো সবচেয়ে ভাল। বল্লাম তো! সে আমরা দেখব, অফিসারটি ওর চোখ-মুখের ওপর দৃষ্টি ফেলেই হঠাৎ ধমকে গেলেন, বল্লেন, লোকটির প্রতি তোমার দুর্বলতা আছে মনে হয়; কিন্তু ওর কাজের বর্ণনা শুনে কিন্তু তার প্রতি কোন দুর্বলতা থাকার কথা নয়।

মোরশেদ চুপ করে রইল, কিছু বল্লো না।

কথা বলছো না কেন? অফিসার ভদ্রলোক সহানুভূতির সাথে জিজ্ঞেস করলেন।

উনি আমার আববা, মোরশেদ বল্লো। ওর দুচোখের পাতা ভিজে উঠছে।

না। মোরশেদের আববার নামটি শেষ পর্যন্ত শত্রর তালিকায় উঠাতে পারেন নি অফিসার। ঐ তালিকায় নাম থাকার একটিমাত্র অর্থ, তা হচ্ছে মৃত্যু।

গেরিলা যুদ্ধের প্রথম সারিতে দাঁড়িয়ে মোরশেদ এখন দিগ্বিজয়ের মতো একটির পর একটি দেশের শত্রকে খতম করছে। ওর মতো একটি ছেলের শুধুমাত্র জনক হয়ে মোরশেদের বাবা তা জীবনের মূল্য পরিশোধ করেছেন। জনাব আফতাব আলী সাহব-ঐ হীরের টুকরো সন্তানের ত্যাগ ও দেশপ্রেমের কথা স্মরণ করে নিজেকে আপনি সংশোধন করবেন না কি?

প্রতিনিধি কণ্ঠ*

১৯শে জুলাই, ১৯৭১

... টিক্কা-হামিদ, ভূট্টো-মওদুদী চক্র পূর্বপরিকল্পনা অনুযায়ী সেনাপতি ইয়াহিয়াকে বলিলেন, ''আলোচনার প্রয়োজন নাই, আলোচনা দ্বারা বাঙালীকে ঠাণ্ডা করা যাইবে না। সেনাবাহিনী প্রস্তুত, হুকুম পাইলেই ২৪ ঘণ্টার মধ্যে বাঙালী জাতিটাকে চিরদিনের জন্য হুকুমের গোলাম বানাইয়া দিতে পারি।'' হুকুম মিলিয়া গেল। রাতের অন্ধকারে পরিকল্পনা মোতাবেক আধুনিক অস্ত্র সজ্জিত হইয়া ইয়াহিয়ার জল্লাদবাহিনী নারী শিশু জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে ১০ লক্ষ বাঙালীকে খুন করিল। নগর, বন্দর, গ্রাম, জনপদ, স্কুল, মাদ্রাসা, মসজিদ, মন্দির, কারখানা, পত্রিকা অফিস সবই এই কসাইরা অগ্নিসংযোগ ও লুণ্ঠনের মাধ্যমে ধ্বংস করিতে লাগিল। ইহারা বঙ্গবন্ধুকে গ্রেফতার করিল। বাঙালী জাতি এই দানবীয় হত্যাকাণ্ডের বিরুদ্ধে জল্লাদদের হাত হইতে অস্ত্র কাড়িয়া লইয়া রুখিয়া দাড়াঁইল। বাংলার স্বাধীনতা ঘোষণা করিল। কসাইদের অত্যাচার ও লুণ্ঠনের কারণে ৬০ লক্ষ বাঙালী হিন্দু-মুসলমান, বৌদ্ধ-খৃষ্টান প্রতিবেশী ভারতে আশ্রয় গ্রহণ করিতে বাধ্য হইল। মুক্তিবাহিনীর সঙ্গে যুদ্ধ করিয়া ইয়াহিয়ার নিয়মিত জল্লাদ বাহিনীতে যখন টান পড়িল, তখন পশ্চিম পাকিস্তান হইতে অনিয়মিত বাহিনী আমদানী করা হইল। বঙ্গশার্দুলদের সঙ্গে যুদ্ধ করিয়া যদি বলা হয় ইয়াহিয়া-টিক্কার হানাদার বাহিনী খতম হইয়াছে, তাহা হইলে অত্যুক্তি হইবে না। আমরা যাহারা অসীম সাহসী মুক্তিবাহিনীর সঙ্গে সক্রিয়ভাবে জড়িত আছি তাহারা দেখিয়াছি বাংলার সংগ্রামী জনতা ও মুক্তিবাহিনীর নাম শুনলে কিভাবে এই হানাদার বাহিনী প্রাণ লইয়া দৌড়ায়। মার খাইতে খাইতে ইহারা এখন মুক্তিযোদ্ধাদের সামনে আসিতে নারাজ। অপরপক্ষে এই পশুবাহিনী নিরীহ গ্রামবাসীর উপর অত্যাচার চালাইয়া প্রতিশোধ লইতে চাহিতেছে। এই প্রসঙ্গে দুই-একটি জেলার যুদ্ধ প্রসঙ্গ উল্লেখ করিতে চাই। তাহা হইতে বিশ্ববাসী বুঝিতে পারিবেন প্রকৃত অবস্থা কি। একমাত্র নোয়াখালী জেলার শুভপুর, ছাগলনাইয়া, বান্ধুয়া, মুন্সিরহাট, পরশুরাম, রথি ইত্যাদি স্থানের সম্মুখযুদ্ধে হানাদার বাহিনীর তিন হাজারের উপর সৈন্য নিহত হইয়াছে। গেরিলাদের আক্রমণে এই জিলার পেনাঘাটা, চন্দ্রগঞ্জ, লক্ষ্মীপুর, মাদাসব্রীজের নিকট, বগাদিয়া , আলোরপাড়া, কাঠালিয়া, পারপাড়া, পাঠাননগড় ইত্যাদি স্থানে কর্নেল, মেজর, ক্যাপ্টেন, জে-সি-ও ইত্যাদি অফিসার সহ এক হাজারের উপর হানাদার বাহিনী নিহত হইয়াছে। আহতের সংখ্যা নিহতের সংখ্যার দ্বিগুণ হইবে। পার্শ্ববর্তী কুমিল্লা জিলার শত্রুর অবস্থা আরও শোচনীয়। কুমিল্লা হইতে ফেনী পর্যন্ত হাইওয়ে রাস্তার দুই পার্শ্বে মিয়ার বাজার, চৌদ্দগ্রাম, জগন্নাথ দিঘী এবং ব্রাহ্মণবাড়িয়া, শালদা নদী, কসবা, আখাউড়া, গঙ্গাসাগর ইত্যাদি রণাঙ্গন হানাদার বাহিনীর গোরস্থানে পরিণত হইয়াছে। মুক্তিবাহিনীর সাথে গ্রমবাসী একত্র হইয়া যোগাযোগ ব্যবস্থা বানচাল করিয়া দিয়াছে। গেরিলা যুদ্ধ সম্বন্ধে নোয়াখালীর এক গ্রামবাসীর মন্তব্য এখানে উল্লেখ করিতে চাই। তাহারা পিতা-পুত্র দুইজনে শত্রু যাতায়াতের রাস্তার পার্শ্বের জমিতে ইরি ধান কাটিতেছিল। এমন সময় মাইন বিস্ফোরণ ঘটিয়া শত্রুর সৈন্যসহ দুইখানা ট্রাক ধ্বংস হইয়া যায়। পরের দিন গ্রামবাসীরা তাদের নিকট ঘটনার বিষয় জানিতে জড়ো হয়। তখন বৃদ্ধ বলিতে থাকনে, ''যুদ্ধের কথা শুনিয়াছি, এইবার আল্লাহ তাহা দেখাইয়াছে। কামান-বন্দুকের কথা শুনিয়াছি কিন্তু গতকল্য যাহা দেখিয়াছি তাহা আল্লার গজব ছাড়া আর কিছু নহে। এই পাঞ্জাবী পশুরা নিরীহ গ্রামবাসী মা-বোনের উপর অকথ্য অত্যাচার করিয়াছে, শরিয়তবিরোধী কার্যে লিপ্ত হইয়াছে। তাই আল্লাহতায়ালা এই গজবিয়াগো উরফে এক্কারে নারাজ অই গ্যাছে। নইলে কওচেন, হিগুন যাওন লাগছিল রাস্তার হরদি গাড়ী চালাইয়া, আচমবিৎ মাটির তলেত্তুন আওয়াজ করে কি একটা বারঅই হিগুনরে কিল্লাই ধ্বংস কল্লো! ইয়াত্তুন আঁর মনে অইচে ইগুনের উরফে আল্লার গজব নাজিল অইচে। আল্লা মজিবের উরফে রাজী অই গ্যাছে। মজিব এই যুদ্ধে জিতবো। নইলে আল্লার কিতাব মিইছা।''.....

(নূরুল হক, এম-এন-এ)

---

* জাতীয় সংসদ সদস্যদের বক্তৃতামালা থেকে সংকলিত।

৫ আগস্ট, ১৯৭১

প্রিয় ভাই-বোনেরা,

জীবনে অন্ততঃ একটা বিজয় তার আছে- তা হচ্ছে অস্ত্রের ঝঙ্কারে বলপূর্বক পাকিস্তান দখল, রাষ্ট্রের সর্বময় ক্ষমতা কুক্ষিগত। অঙ্গুলি হেলনে তিনি নির্বাচন করেছেন, অঙ্গুলি আস্ফালনে তিনি গণহত্যার পৈশাচিক তাণ্ডবে সেনাদের লেলিয়ে দিয়েছেন। আবার খেয়াল-খুশী মতো নির্বচিত প্রতিনিধিদের আসনচ্যুত করার নির্দেশ দিয়ে আনন্দে আত্মহারা হয়েছেন। এই তোঘলকী হঠকারিতার উত্তরাধিকারী শৈলনিবাসী ভদ্রলোকে ইয়াহিয়া জানেন না যে, নির্বাচনে অনুষ্ঠানের নির্দেশ তিনি দিয়ে থাকতে পারেন; কিন্তু প্রতিনিধিদের সদস্যপদ খারিজের অধিকার তার নেই। কারণ, পরিষদ সদস্যগণ নির্বাচিত হয়েছেন জনগণের ভোটে, তার ভোটে নয়। এক্ষেত্রে ধনুক থেকে তীর তার নাগালের বাইরে চলে গেছে। তার এই উচ্ছৃঙ্খল চরিত্রটি একটি মাত্র অভিপ্রায় বা মনোবাসনা দ্বারা পরিচালিত, তা হচ্ছে অস্ত্রবলে বেআইনীভাবে ক্ষমতার মসনদ আইনানুগ ও চিরস্থায়ী করার অভিপ্রায়। পাগলাগারদের চিকিৎসকগণ এ রোগের একটা নাম দিয়েছেন। আপাতঃদৃষ্টিতে সুস্থ-সবল দেখতে, এমন কি মাত্রাধিক অমৃত রসধারা পান করেও লোকটি স্বাভাবিক মাতালের মতো ব্যবহার করে। কিন্তু বিশেষ বিশেষ আকাঙ্খা চরিতার্থে করার উদ্দেশ্যে সে অকস্মাৎ অস্বাভাবিক হয়ে পড়ে- তখন যেকোন ব্যক্তিকে সে হত্যা করতে পারে। বিশষজ্ঞগণ এ রোগকে 'প্যারানাইয়া'' বলেন। উন্মাদদের শ্রেণীবিন্যাস।

নরহত্যার জেনারেল এই ইয়াহিয়া কলমের এক খোঁচায় আওয়ামী লীগের ৭৯ জন জাতীয় পরিষদ সদস্যের নির্বাচন বাতিল করেছেন। তিনি প্রাদেশিক পরিষদের ১৯৫ জন আওয়ামী লীগ সদস্যের পদ খারিজ করে আত্মতুষ্টি লাভ করেছেন। শুধু তাই নয়, তিনি নিজেই আবার আওয়ামী লীগ প্রধানরূপে অবশিষ্ট পরিষদ সদস্যদের উক্ত প্রতিষ্ঠান থেকে বহিষ্কার করে স্বপ্নরাজের ভবিষ্যৎ পরিষদে স্বতন্ত্র সদস্য হিসেবে আসন গ্রহণ করতে নির্দেশ দিয়েছেন। অর্থাৎ 'প্যারানাইয়া' রোগে আক্রান্ত এই ভদ্রলোকের এক অস্বাভাবিক খেয়ালে দু'টি পরিষদে আওয়ামী লীগের মোট ৪৫৫ জন সদস্যপদ হারিয়েছেন এবং মোট যে ১৮১ জন সদস্যপদ হারাননি, তাদের ইয়াহিয়া খান নিজেই শেখ মুজিবের পক্ষে আওয়ামী লীগ থেকে বহিষ্কার করেছেন! এ যেন টোগোল্যাণ্ডের কোন এক ক্লান অধিনায়ক কর্তৃক ইংল্যাণ্ডের প্রধানমন্ত্রীকে ক্ষমতাচ্যুত করার নির্দেশের মতো। ইয়াহিয়ার এই স্বেচ্ছাচারমূলক অধিকারটা রাষ্ট্রবিজ্ঞানীদের কাছে উন্মাদের কার্যকলাপ বলেই পরিগণিত হচ্ছে, একথা আজ সত্যের মতো উজ্জ্বল।

যে ২৭৪ জনকে অপরাধী বলে উল্লেখ করে সদস্যপদ খারিজ করেছেন, তাদেরই আবার বিচারের জন্যে কোর্টে উপস্থিত হতে বলেছেন। এ ক্ষেত্রে তিনি শাস্তি আগে দিয়েছেন, বিচার পরে হতে চলছে। শরীরের রক্তপ্রবাহ মানুষকে বাঁচিয়ে রাখে; কিন্তু মানুষ যদি রক্ত পান করে, তবে তার কার্যক্রমে অস্বাভাবিক ব্যতিক্রম ও অসঙ্গতি দেখা যায়- এ তারই দৃষ্টান্ত।

এতো সামঞ্জস্যহীন কার্যপদ্ধতির মধ্যেও ইয়াহিয়া একটি বিশেষ উদ্দেশ্য সফল করতে চাচ্ছেন- এক ঢিলে দুই পাখী। অন্ততঃ কাল্পনিক পরিষদে আওয়ামী লীগকে এভাবে সদস্যপদ থেকে বঞ্চিত করা যাবে এবং গণহত্যার সহচরও ক্ষমতার প্রতিদ্বন্দ্বী চক্রান্তকারী ভূট্টোকে সংখ্যালঘু দলের নেতার নেতারূপে পঙ্গু করা সম্ভব হবে।

জাতীয় পরিষদে মাত্র ৮৮ জন এবং প্রাদেশিক পরিষদে ৯৩ জন আওয়ামী লীগ নেতার সদস্যপদ বাতিল হয়নি বলে পিণ্ডি সরকার ঘোষণা করে স্বাধীনতা সংগ্রামে লিপ্ত বাংলাদেশ নাগরিকদের বোঝাতে চেষ্টা করেছেন যে, উক্ত মোট ১৮১ জন আওয়ামী লীগ পরিষদ সদস্য ইয়াহিয়া ও তার উন্মাদ জেনারেলদের পাশে রয়েছেন। এমন কি বাংলাদেশে গণহত্যা, লুণ্ঠন, অগ্নিকাণ্ড, ও নারী নির্যাতন তারা সমর্থন করেন। পরিষদ সদস্যদের একটা বিরাট অংশ স্বাধীনতা সংগ্রামে বিশ্বাস করেন না। অপরদিকে এমন একটা ভ্রান্ত ধারণা দিতে চেষ্টা করা হয়েছে যে, উক্ত ১৮১ জন সদস্য ইয়াহিয়ার কোটের পকেটে রয়েছেন। বিশ্ববাসীর কাছে তিনি এই বিভ্রান্তিকর চিত্র সাময়িককালের জন্যে তুলে ধরেছেন। কারণ মিথ্যাশ্রয়ী এই জেনারেল জানেন যে, ১৮১ জন সদস্য তার মুঠোর মধ্যে নেই। এদের প্রায় সব ক'জনই বিশ্বাসঘাতকের ভূমিকা পালন করতে যাননি। তিনি সদস্যপদ বাতিল না করে শুধুমাত্র প্রলোভন দেখিয়েছেন।

এতো ব্যাপকসংখ্যক আওয়ামী লীগ সদস্যকে ইয়াহিয়ার সামরিক জান্তা বিশ্বাস করতে পারে না। অবস্থার প্রেক্ষিতে পরিষদের মধ্যেও তারা বিদ্রোহীর ভূমিকা নিতে পারেন। যারা বিশ্বাসঘাতক, 'বিশ্বাস' শব্দটি তাদের অভিধানে থাকে না। চক্রান্তের প্রথম পর্বেই হচ্ছে সন্দেহ। রক্তপিপাসুদের হাতে নিহত হবার জন্যে মুষ্টিমেয় দু'চারজন ছাড়া কেহই যখন ইয়াহিয়ার বন্দীশালায় পা বাড়াবেন না, তখন তিনি পর্যায়ক্রমে বাতিলকৃত সদস্যদের তালিকার কলেবর বৃদ্ধি করবেন এবং সে সংখ্যা চার শতাধিক হয়ে দাঁড়ালে আশ্চর্য হবার কিছু থাকবে না। আর সে ক্ষেত্রে যুদ্ধবিধ্বস্ত দক্ষিণ ভিয়েতনামের নির্বাচনের রূপ নেবে ইয়াহিয়ার সর্বব্যাপী উপ-নির্বাচন।

এই সামগ্রিক পরিস্থিতি সম্পর্কে 'কমপিউটারকে' ও জিজ্ঞেস করলে একই উত্তর পাওয়া যাবে। বাংলাদেশে হত্যাভিযানে যিনি প্রধান সেনাপতির দায়িত্বভার নিয়েছেন, সেই ইয়াহিয়া জানেন যে, যতো প্রলোভনই থাকুক না কেন লক্ষ লক্ষ দেশপ্রেমিকের মৃতদেহ মাড়িয়ে ইতিপূর্বে নির্বাচিত কোন সদস্য পরিষদকক্ষে প্রবেশ করবেন না। তিনি জানেন যে, মা-বাপ, ভাই-বোন, স্ত্রী-পুত্র-কন্যাকে যারা হত্যা করেছে নির্বিচারে, তাদের সাথে সহযোগিতা করে দেশবাসীর প্রতি বিশ্বাসঘাতকতা করার জন্যে কেউ এগিয়ে যাবেন না। তিনি জানেন যে, দেশপ্রেমিকদের রক্তে কলম চুবিয়ে কেউ ইয়াহিয়ার পরিষদের হাজিরা খাতায় দস্তখত করবেন না। সেই দানব শক্তিটি জানেন যে, দস্যু-হানাদারদের কবল থেকে সমগ্র বাংলাদেশকে উদ্ধার করার জন্য এরা সবাই স্বাধীনতার অগ্নিমন্ত্রে দীক্ষিত।

এই রোগগ্রস্ত ভদ্রলোক এ-ও জানেন যে, বিশ্ববাসীকে বিভ্রান্ত করার তার এই অপচেষ্টা নিদারুণভাবে ব্যর্থ হবে।

(ফয়েজ আহমদ রচিত)

২১ সেপ্টেম্বর, ১৯৭১

ছদ্মবেশীর ময়ূরপুচ্ছ খসে পড়েছে

সামরিক ডিক্টেটর আয়ুব খানকে তাড়িয়ে নাঙ্গা তলোয়ার হাতে তারই প্রধান সেনাপতি ইয়াহিয়া ১৯৬৯ সালের ২৫শে মার্চের রাত্রে যখন পিণ্ডির সিংহাসনের বসলেন, সে সময় এই মিথ্যাশ্রয়ী জেনারেল বিক্ষুব্ধ জনসাধারণকে শান্ত করার জন্যে সভ্য জগতের শাসকদের অনুকরণে কোমল ভাষায় দর্শনসম্মত বাণী উচ্চারণ করতে শুরু করেন। গণতান্ত্রিক নির্বাচন, জনগণের আশা-আকাঙ্খা প্রতিফলিত শাসনতন্ত্র ও ন্যায়নীতির শাসন প্রতিষ্ঠার কথা তিনি অহরহ প্রচার করতেন। এমন কি, ''আমি জনগণের প্রতিনিধি নই- সৈনিক; জনগণের হাতে ক্ষমতা তুলে দিয়ে ব্যারাকে ফিরে যাবো এবং সামরিক সরকার হচ্ছে অন্তর্বর্তীকালীন''- এ সমস্ত বক্তব্য ফলাও প্রচার করে জনগণের চিন্তাকে আচ্ছন্ন করে রাখতেন।

দেশী-বিদেশী নেতৃবর্গ, অফিসার ও সাংবাদিকদের কাছে সবচাইতে প্রিয় আলোচ্য বিষয় ছিল নির্বাচন ও শাসনতন্ত্র। অর্থাৎ বন্দুকধারী মানুষটির মধ্যে গণতন্ত্রের এক সুকুমার মূর্তি বিরাজ করছে, এটাই ছিল সমগ্র কিছুর প্রতিপাদ্য বিষয়। এক কথায় তিনি দানবের কাছ থেকে মানবীয় গুণাগুণ লাভের আশ্বাস দিয়েছিলেন। কিন্তু তবুও ঈশপের গল্পের সত্য তার মধ্য প্রকাশ পেতে থাকে। বিশেষ বিশেষ পশু বা পক্ষী ছদ্মবেশ ধারণ করে দীর্ঘ সময় যেমন নিজেকে লুকিয়ে রাখতে সক্ষম হয় না, কণ্ঠস্বরই তার জন্যে অভিশাপ হয়ে ওঠে, তার পরিচয়কে ঘোষণা করে-ইয়াহিয়ার ব্যাপারেও তাই ঘটল। ক্রমবিকাশমান পাশবিক রূপটি সকলের কাছে স্পষ্ট হতে থাকে। তবে তিনি সুচতুরের ন্যায় বাক্যব্যয়ে শিক্ষিত।

তখন পিণ্ডিতে ট্যাঙ্কগুলো ক্যান্টনমেন্টে ফিরে গিয়েছিল, রাস্তার মোড়ের কামানগুলোর নল মাথা নত করে স্তব্ধ। অসামরিক ও সামরিক স্টারধারী আমলদের রাজনৈতিক শাসনগত কাঠামো তখন অনেকটা সুপ্রতিষ্ঠিত। সে সময় ইয়াহিয়া সিভিলিয়ান পোশাকে ঢাকা সফরে আসলেন। হাতের ব্যাটন আর মুখনিঃসৃত সৌরভ বাদ দিলে তাকে সেদিন অন্ততঃ একজন মোনাফেক রাজনীতিকের মতো মনে হয়েছিল। সাংবাদিকরা বিমানবন্দরে তাকে প্রশ্ন করেছিলেন, ফ্রান্সের প্রেসিডেন্ট দ্য গলের পদত্যাগের সিদ্ধান্ত সম্পর্কে- দেশব্যাপী এক রেফারোণ্ডামে দ্য গল পরাজিত হয়ে সেদিনকার পত্রিকাতেই পদত্যাগের কথা ঘোষণা করেছিলেন।

প্রশ্ন ছিলঃ দ্য গলের এই ঐতিহাসিক সিদ্ধান্ত সম্পর্কে আপনার মন্তব্য কি?

জেনারেল ইয়াহিয়া খান হাতের ব্যাটন বাঁ হাতের তালুতে দু'বার ঠুকে বিজ্ঞের ন্যায় মন্তব্য করেনঃ যে কোন সম্মানীয় নেতার পক্ষে এটাই হচ্ছে গৌরবজনক পথ।

আবার প্রশ্নঃ পাকিস্তানের ক্ষেত্রেও কি এ কথা প্রযোজ্য?

এ প্রশ্ন যে তির্যকভাবে তাকেই আঘাত করছে, তা তিনি বুঝতে পেরেছিলেন। ক্রোধ সংবরণ করে প্রশ্নকারী রির্পোটারের কাঁধে হাত রেখে দ্রুত উত্তর দেন 'ইয়েস্'-মানে 'হ্যাঁ'।

এটা যে তার দিক থেকে প্রতিশ্রুতি ছিল, সে কথা এই সিপাহীর মস্তিষ্কে আসেনি। কিন্তু রিপোর্টারগণ বুঝতে পেরেছিলেন কোথায় তার আঘাত লাগে।

ক্রমান্বয়ে ক্ষণিকের এই ছদ্মবেশীর ময়ূরপুচ্ছ খসে পড়তে থাকে। গণতন্ত্র প্রতিষ্ঠার প্রবঞ্চনাপূর্ণ বক্যসম্ভারের ছিদ্রপথে তিনি জনগণের বিরুদ্ধে অস্ত্র চালানোর তথ্য প্রকাশ করতে থাকেন- রিপোর্টারের কাঁধে তিনি হাত রেখে ''গৌরবজনক পথ অবলম্বনের'' প্রতিশ্রুতি তখন থেকেই তার কানে ব্যঙ্গ'র মতো শোনাতে ।

পিণ্ডির এক সংবর্ধনা সভায় ঘনিষ্ঠ মহলের আলোচনায় ইয়াহিয়া অস্ত্রে শান দেওয়ার তথ্য সগৌরবে ফাঁস করেন। তিনি বাঁ হাতের অমৃত্যাধার উর্ধ্বে তুলে ডান হাতের অঙ্গুলি নির্দেশে বলেনঃ আইয়ুব খান ক্ষমতায় এসেছিলেন মুষ্টিবদ্ধ হাতে- বিদায়ের সময় মুষ্টি খুলে তাকে চলে যেতে হয়েছে। আর আমি এসেছি মুষ্টি খুলে, কালক্রমে আমার হাত মুষ্টিবদ্ধ হবে। কথাটা শুনে জী-হুজুর পরিষদ নিষ্প্রয়োজনে হেসে উঠেছিলেন, সুযোগসন্ধানী রাজনৈতিক নেতারা বিচলিত হয়ে পড়বেন- কিন্তু জনসাধারণ তার এই বক্তব্যে মোটেই বিস্মিত হননি। তারা জানতেন ডিক্টেটর সেনাপতি কোন পথ নেবেন, তার শাসনের পথ কোনটি, ক্ষমতার স্থির থাকার জন্যে তার হাতের অস্ত্রের নাম কি। আর এক দুস্য জেনারেলের ''অস্ত্রের ভাষা'' সম্পর্কে তারা সচেতন।

নির্বচনের আয়োজন ও বিলম্বিত ব্যবস্থার পরও জনগণ ও দেশপ্রেমিক রাজনীতিকগণ ক্ষমতা হস্তান্তরের প্রশ্নে ইয়াহিয়াকে সম্পূর্ণ বিশ্বাস করতেন না। তবুও সামরিক আইনের মধ্যেই জনগণ ইয়াহিয়ার স্বপ্নকে চুরমার করে এক ঐতিহাসিক রায় ঘোষণা করেন। সামরিক শাসকগোষ্ঠীর গুপ্ত বাহিনীর রির্পোট ছিল আওয়ামী লীগ

শতকরা ৬০ বা ৬৫টির অধিক আসন লাভ করতে পারবে না। কিন্তু নির্বাচনের ফলাফল শত্রুর শানিতে অস্ত্রের ন্যায় ইয়হিয়ারে বক্ষে প্রোথিত হল। এই পরিস্থিতিটা ছিল সামরিক শাসকদের বিদায়ের ইঙ্গিতবাহী। কিন্তু সামরিক শাসক কোনদিন সম্মানের সাথে বিদায় নেন না- বিতাড়িত পশুদের ন্যায় পরাজয় হয়ে পলায়নই তার চরিত্র। ডিক্টেটরের চরিত্রের নির্দেশে ইয়াহিয়া চণ্ড রূপ নিয়ে হত্যার অভিযানে বের হলেন বাংলাদেশের নগরে-বন্দরে-গ্রামে-গঞ্জে। বিদ্রোহের অগ্নিতে প্রজ্বলিত হয়ে উঠলো সাড়ে সাত কোটি মানুষের মুখমণ্ডল। বিপ্লবী প্রত্যেকটি মানুষের লৌহ-পেশী বাহু দৃঢ়তার হয়ে উঠলো ঘৃণ্য আক্রমণকারী ভাড়াটিয়া সৈন্যবাহিনীর ধ্বংসের তাড়নায়। এতো হত্যা, এতো ধ্বংস আর নির্যাতনের বিভীষিকার মধ্যে তারা আজ দৃঢ়তর ক্রন্দনরত নয়, নয় স্থবির। তারা আজ স্বাধীনতা সংগ্রামে উদ্বুদ্ধ, নবচেতনায় উদ্ভাসিত মুক্তির দিশারী।

তাই আজ পরিস্থিতিটা হত্যাকারীর বিরুদ্ধে চলছে। বিশ্বের সচেতন রাষ্ট্র ও নাগরিকগণ সোচ্চার কণ্ঠে বর্বর শাসনের বিরুদ্ধে প্রতিবাদমুখর। কিন্তু এর পরও স্বাধীনতা সংগ্রামীদের প্রবঞ্চিত করার উদ্দেশ্যে ইয়াহিয়া নানান অপকৌশল অবলম্বনে পথ বেছে নিয়েছেন। চক্ষু চিকিৎসককে করেছেন ক্রীড়নক গভর্নর, আর মন্ত্রী করেছেন দশজন ধিকৃত ও জনগণের আঘাত থেকে পলাতক পশুকে। তদুপরি নির্বচিত ১৮৪ জন সদস্যের পদ খারিজ করে উপ-নির্বাচনের নির্দেশে দিয়েছেন। ২৫শে নভেম্বর থেকে ৯ই ডিসেম্বর পর্যন্ত এই উপনির্বাচনে হবে। আর এরই মধ্যে তিনি সামরিক নির্দেশে রচিত শানতন্ত্রের খসড়া প্রকাশ করবেন। তার মতের বাইরে উক্ত খসড়ার কোন ধারাই প্রস্তাবিত তথাকথিত পার্লামেন্টে বাতিল সংশোধন কথার ক্ষমতা থাকবে না। সম্ভবত ১৯৭২ সালের জানুয়ারীর পূর্বে তিনি পার্লমেন্টে আহ্বান করতে সাহসী হবেন বলে মনে হয় না। কিন্তু তার এই স্বেচ্ছাচারমূলক শাসনতন্ত্র রচনা ও অধিবেশন সবকিছুই একটা বিরাট ''যদি''র উপর ঝুলছে।

কার রাজত্ব তিনি শাসন-নির্যাতন-হত্যা অব্যাহত রাখার উদ্দেশ্যে এইসব বিভ্রান্তির আয়োজন করার ঘোষণা করছেন, সে কথা পিণ্ডির ''ব্রাসহ্যাট'' গোষ্ঠী হয়তো জানেন। কিন্তু তার চাইতে ও সুস্পষ্টভাবে এই শ্রেণীর চক্রান্তের ফলাফল সম্পর্কে অবহিত রয়েছন বাংলাদেশের সংগ্রামরত নাগরিকগণ। ইয়াহিয়ার প্রতিশ্রুতি আর দেশদ্রোহীদের সমাবেশ দ্বারা অস্ত্রধারী সংগ্রামীদের স্তব্ধ করা যাবে না-সমগ্র নব-চক্রান্ত আজ সূর্যের মতো প্রখর।

যার জীবনেতিহাস প্রবঞ্চনার বিষধারায় আচ্ছন্ন, মুক্তিকামী মানুষের ক্রুদ্ধ অস্ত্রের বর্ষণেই কেবল তার চক্রান্তের ফলপ্রসূ উত্তর।

(ফয়েজ আহমদ রচিত)

দর্পণ

১৬ সেপ্টেম্বর, ১৯৭১

সম্প্রতি প্রখ্যাত ফরাসী সাহিত্যক ও কূটনীতিকে মঁসিয়ে আঁদ্রে মালর বাংলাদেশের সংগ্রামী জনগণকে সংগ্রামী ভিয়েৎনামী জনগণের মত জবাব দিতে বলেছেন। বাংলাদেশের মুক্তিবাহিনীকে তিনি আমরণ যুদ্ধ চালিয়ে যাবার আবেদন করেছেন।

তিনি বলেছেন, বাংলাদেশের জনগণ কোন রাজনৈতিক ব্যবস্থাকে রক্ষা করার জন্যে যুদ্ধ করছেন না- তাঁরা আত্মরক্ষার জন্য যুদ্ধ করছেন।

মঁসিয়ে মালর দৃঢ়তার সাথে বলেছেন, বাংলাদেশের জনগণ পাকিস্তানী জঙ্গী বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে যে পদ্ধতি অবলম্বন করেছে তাতে জয় তাদের অনিবার্য।

দ্য গল মন্ত্রীপরিষদের সংস্কৃতি দফতরের বিদগ্ধ মন্ত্রী এই প্রখ্যাত সাহিত্যিক দ্বিতীয় মহাযুদ্ধের সময় নাৎসী বর্বরতা নিজের চোখে দেখেছেন। তিনি জানেন যুদ্ধ কি। তিনি জানেন, অন্যায় যুদ্ধের বিরুদ্ধে প্রতিরোধে কিভাবে গড়ে ওঠে এবং তিনি জানেন মুক্তিযুদ্ধ কি। এই কূটনীতিক ও সংবেদনশীল মানুষটির অভিজ্ঞতা ও রাজনৈতিক দূরদৃষ্টি সম্পর্কে সন্দেহের অবকাশ নেই। ফ্রান্সকে নাৎসী জার্মানীর কবল থেকে মুক্ত করার জন্যে একদিন জেনারেল দ্য গলকেও ইংলিশ চ্যনেল পার হয়ে ইংল্যাণ্ডে আশ্রয় নিতে হয়েছিল। জেনারেল দ্য গল তখন মুক্তিযোদ্ধা-স্বদেশকে মুক্ত করার জন্যে তিনি সংগ্রাম করছেন।

আলজেরিয়া মুক্তিযুদ্ধের সময় ফরাসী বুদ্ধিজীবী ও সাহিত্যিকের ভূমিকাও এ প্রসঙ্গে স্মরণীয়। এই মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে সাহায্যের জন্যে অনেক প্রখ্যাত শিল্পী-সাহিত্যিক কারাগার বরণ করেন। এ সম্পর্কে এ কালের বিবেকের অন্যতম মুখপাত্র জাঁ পল সাত্রের নাম উল্লেখযোগ্য। দ্বিতীয় মহাযুদ্ধের সময় সার্ত্র নাৎসী বাহিনীর বিরুদ্ধে প্রতিরোধ আন্দোলনের একজন সক্রিয় সদস্য ছিলেন। শুধু সার্ত্র নন, ফরাসী দেশের অন্যতম প্রখ্যাত সাহিত্যিক আলবেয়র কামুও দ্বিতীয় মহাযুদ্ধে সক্রিয় অংশগ্রহণ করেছিলেন। এ ছাড়াও বহু প্রখ্যাত কবি-সাহিত্যিক-বুদ্ধিজীবী যুদ্ধে সৈনিক হিসাবে যুদ্ধ করেছেন কিংবা পরোক্ষভাবে সাহায্য করেছেন। ইংরেজ কবি লর্ড বায়রন Anglo-Spanish যুদ্ধে নিহত হন। স্পেনের কবি গার্সিয়া লোরকাও স্পেনের গৃহযুদ্ধ শহীদ হন। প্রখ্যাত মার্কিন ঔপনাসিক আর্নেস্ট হেমিংওয়ে স্পেনের গৃহযুদ্ধে সক্রিয় ছিলেন এবং প্রথম মহাযুদ্ধেরও তার প্রত্যক্ষ অভিজ্ঞতা হয়েছিল। ক্রিমিয়ার যুদ্ধে সৈনিক ছিলেন মহান সোভিয়েট ঔপন্যাসিক ঋষি টলস্টয়।

এ যুগের মুক্তিযুদ্ধের ইতিহাসে আর একটি উজ্জ্বল তারকা গ্রীসের মিকিস থিওডোরাকিস। পাশ্চাত্য সঙ্গীতে তার বিশেষ অবদান রয়েছে। কিন্তু এই বিপ্লবী শিল্পী ও সঙ্গীতজ্ঞ মিকিস থিওডোরাকিস গ্রীক সামরিক জান্তার উৎপীড়নকে না মেনে নিয়ে প্রতিবাদে সোচ্চার হয়ে উঠলেন। গ্রীক সামরিক জান্তা তাকে বন্ধ করে রেখেছে কারাগারে।...

মুক্তিযুদ্ধে শত্রুকবলিত দেশের প্রত্যেকটি নাগরিক এক-একজন মুক্তিযোদ্ধা। সকলেই হয়তো রণাঙ্গনে শত্রুর সাথে প্রত্যক্ষ মোকাবেলা করেন না- কিন্তু সকলেই যুদ্ধ করছেন। কেউ নিষ্ক্রিয় নয়, সকলেই সক্রিয়। চাষী, শ্রমিক, মজুর, চাকুরে, ব্যবসায়ী সকলেই যুদ্ধ করছেন।

এই মুক্তিযুদ্ধে বুদ্ধিজীবী, কবি, শিল্পীদের একটা বিশেষ ভূমিকা থাকে- তারা সংগ্রামীদের মনোবল অক্ষুণ্ণ রাখেন, তাঁদের গান, কবিতা ও রচনার মাধ্যমে।

রণাঙ্গনে গিয়ে যুদ্ধ করার দরকার নেই কবির। কবি তখন যুদ্ধক্লান্ত যোদ্ধাদের গেয়ে শোনেন দেশপ্রেমের উদাত্ত সঙ্গীত, বিজয়গাথা । রণক্লান্ত সৈন্যরা আবার নতুন বলে বলীয়ান হয়ে মাতৃভূমির স্বাধীনতা রক্ষায় এগিয়ে যান। কবি তখন চারণের ভূমিকা গ্রহণ করেন।

মসি ও অসির প্রাধান্য নিয়ে পুরোনো বিতর্ক সৃষ্টি করার সময় নয় এটা। মসি এখন ঝলসে উঠুক অসির মত প্রতিশোধের প্রতিশ্রুতিতে।

বাংলাদেশের বেশীরভাগ কবি, সাহত্যিক, শিল্পী ও বুদ্ধিজীবী আজ গৃহহারা। ঘাতক ইয়াহিয়া ২৫শে মার্চ রাতেই তাদেরকে খতম করতে চেয়েছিল। শিক্ষা-সংস্কৃতি বাংলদেশ থেকে উচ্ছেদ করার জন্যে নরপশু ইয়াহিয়ার জল্লাদবাহিনী বিশ্ববিদ্যালয় অধ্যাপকের কোয়ার্টারগুলোতে আক্রমণ চালায়। বেশীরভাগই নিহত হয়েছেন। কেউ কেউ হয়তো পালিয়ে বেঁচেছেন।

কিন্তু এখনও যাদের কোন খোঁজ পাওয়া যায়নি কিংবা অসুবিধার জন্য যারা দেশের শত্রু-অধিকৃত অঞ্চলে রয়ে গেছেন, তারা কি করছেন- এটাই জানতে ইচ্ছে হয়। বলাবাহুল্য তারাও চুপ করে নেই। কি করে চুপ করে

থাকা যায়? চোখের সামনে মা, বোন, ভাই, বাপ, বন্ধুবান্ধব সকলকে ঘাতকেরা হত্যা করছে। এই জল্লাদদের অকথ্য অত্যাচারে সোনার বাংলা আজ শ্মশান।

বিশ্বের সবচেয়ে বড় বন্ধন হচ্ছে ভাষার বন্ধন। বাংলা-বাংলা ভাষাভাষীর দেশ। কি করে সহ্য করা যায় বাংলাদেশের পবিত্র মাটিতে হানাদারদের আনাগোনা? তবু সহ্য করতে হয়। সারাদিন রাত-কাটে এক ত্রাসের মধ্যে, এক দুঃস্বপ্নের জগতে। বেয়নেটের মুখে বিপন্ন অস্তিত্ব!

শামসুর রাহমান এখন পত্রিকা অফিসের তেতলায় বসে কবিতা লিখছেন কি? তাঁর বিষণ্ণ চোখ দুটোতে নিশ্চয় দশ লাখ মৃত মানুষের পুঞ্জীভূত নিষ্পলক দৃষ্টি লেগে রয়েছে। দুঃখ, মহা দুঃখ! আর এই দুঃখ অহরহই নাম লিখেছে- বাংলার প্রতিটি পর্ণ কুটিরে-ভাবনার আদিগন্ত জুড়ে।...

শিল্পচার্য জয়নুল আবেদীন নিশ্চয় বেয়নেটের ভ্রুকুটি উপেক্ষা করে সৃষ্টির উন্মাদনায় একর পর এক এঁকে চলেছেন ধর্ষিতা বাংলার ছবি। আরব গেরিলা শিবিরে থাকাকালে তার তুলিতে জ্বলে উঠেছিল আগুন- আর সেই অগ্নিমন্ত্রে দীক্ষা পেয়েছিল আরব মুক্তিযোদ্ধারা। আমরাও সে্ মন্দ্রে দীক্ষা নেবার জন্যে প্রতীক্ষায় রয়েছি।

জিন্না এভেন্যুর রেস্তেরাঁতে নববিবাহিত শহীদ কাদরী কি এখনও সন্ধ্যা কাটান? রক্ত, রক্ত চায়ের কাপে, ফ্রিজের জলে। মধ্যরাতে ঘুম ভেঙ্গে বৃষ্টির শব্দকেও কি তার দশ লাখ মানুষের আত্মার হাহাকার মনে হয়?...

আবুল হাসান কি এখনও হাসপাতালে পড়ে আছে? অসুখে নয়, জল্লাদের গুলীতে আহত হয়ে । নাকি সে পড়ে পড়ে ধুঁকছে কোন মেসের আলোহীন কক্ষে-আলোর প্রতীক্ষায়। ... সে কি এক মিলিয়ন শবের দুঃস্বপ্নে ঘুমের মধ্যে ঘেমে ওঠে?

রফিক আজাদের অন্তরঙ্গ দীর্ঘশ্বাস নিশ্চয়ই এখন বারুদের আগুন হয়ে শত্রুকে জ্বালিয়ে পুড়িয়ে ছারখার করে দিচ্ছে?

.... তোমাদের মৃত্যু নেই। তোমাদের স্থান সাড়ে সাত কোটি বাঙারীল মনের মণিকোঠায়।

বিশ্ববিবেক তোমাদের দিকে। তোমাদের ভয় কি?

জয় আমাদের হবেই। তোমাদের মসিকে করে তোল জিঘাংসু ধারালো হাতিয়ার। পড়ে পড়ে মার খাবার দিন চলে গেছে। তোমার প্রাণের ভাষা তোমার পবিত্র জন্মভূমি জননী বাংলাকে ওরা ধর্ষণ করছে। তোমরা দেখিয়ে দাও রবীন্দ্রনাথের সোনার বাংলা, জীবনানন্দের রূপসী বাংলা, নজরুলের বাংলাদেশ কত ভয়ঙ্কর হতে পারে।

আমরা তোমাদের পাশেই রয়েছি। পশ্চিম বাংলার কবি শক্তি চট্টোপাধ্যায়ের ভাষায় বলতে চাই-

‘মরো কিন্তু মেরে মরো এবং উদ্ধার করো ঘর-
নিশ্চিত রয়েছি পাশে আমি তোর জন্ম সহোদর।’’...

(রণজিৎ পাল চৌধুরী রচিত)

কাঠগড়ার আসামী

১৪ নভেম্বর, ১৯৭১

পৃথিবীর ইতিহাসে নৃশংস হত্যাকারীর তালিকায় সংযোজিত হয়েছে দুটি নাম। একটি ইয়াহিয়া খান, অপরটি টিক্কা খান। জঘন্য জালেম হিসেবে সারা বিশ্ব তাদের ধিক্কার দিচ্ছে। টিক্কা খান শুনেছ সেসব কথা? তোমার বক্তব্য আছে কিছু? বিচারের কাঠগড়ায় হলফ করে বলো, কেন এই গণহত্যা অনুষ্ঠিত করলে? বাংলার মাটি মানুষের রক্তে কেন লালে লাল হয়ে গেলো? এ গণহত্যার অন্যতম আসামী টিক্কা খান জবাব দাও।

অদ্ভুত এবং মস্তিষ্কবিকৃত নাদির শাহের যোগ্য প্রতিনিধি, হত্যার নেশায় ভুলে গেছিলে, মরিয়া মানুষের কি প্রচণ্ড শক্তি! বিশাল অতল সমুদ্রও সে শক্তির কাছে হার মানে। তুমি তো আজাজিলের পাণ্ডা, তুমি তো কোন ছার! ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, কুমিল্লায় তথা সারা বাংলাদেশে তোমারই নির্দেশে নিতান্ত বর্বরের মতো গুলি করে মারা হয়েছে অগণিত মানুষ। বিভীষিকার রাজত্ব কয়েম করতে চেয়েছ সারা বাংলাদেশে। বলো কুখ্যাত গণহত্যাকারী-কি অধিকার তোমার ছিল এ গণহত্যায়?

জল্লাদ প্রভুর আর জনগণের দুশমন দালালদের মনোরঞ্জনের জন্য, অমিতশালী তুমি- ৭২ ঘণ্টায় স্তিমিত করে দিতে চেয়েছিলে সারা বাংলার সংগ্রামের আগুন। কত শক্তি ধরে তোমার ওই শূকরছানার দল? সাম্রাজ্যবাদী, গণতন্ত্রের শত্রু, এ যুগের কলংক টিক্কা খান, তোমারই সেই বীর পুংগবের দল নেড়ীকুত্তার মত আজ লেজ গুটিয়ে আশ্রয় নিচ্ছে গর্তে। দেখেছ? প্রত্যক্ষ করছে বাংলার মানুষের শক্তি? তোমার শক্তির দম্ভ এক নিমিষেই মাটির হাঁড়ির মতো ভেঙে টুকরো টুকরো হয়ে গেছে। অবশ্যই এ কথা তোমার জানা। তবু, তবু হত্যাকারী, তোমার হত্যার নেশা মেটেনি। গ্রামে-জনপদে-শহরে-নগরে জাতি ধর্মবর্ণ নির্বিশেষে অত্যাচারের বান ডাকিয়েছ। বাংলার মাটি নিরীহ মানুষের রক্তে হয়ে গেছে লালে লাল। রক্তের সমুদ্রে আজ কার সর্বনাশ দেখছো শয়তান? তোমার? না তোমার মহাপ্রভুর? বলো কুৎসিৎ হত্যাকারী, এ বীভৎস হত্যার জবাব কি? জবাব দাও।

গ্রামে-গ্রামান্তরে-শহরে নগরে কুকুরের মতো লেলিয়ে দিয়েছ তোমার সেনাবাহিনী। ধর্ষণে, লুণ্ঠনে, হত্যায় তারা সারা বাংলাকে করে তুলেছিল মৃত্যুর পুরী! এ অত্যাচারে কতটুকু পেলে শয়তান? এক-একটি রক্তবিন্দুতে জন্ম নিয়েছে লাখো লাখো মুক্তিযোদ্ধা। তোমার সেই কুকুরের দল মুক্তিবাহিনীর হাতে মার খেয়ে দিকভ্রান্ত, বিপর্যস্ত, ভীত এবং সন্ত্রস্ত। তবু আজো সাধ মেটেনি, হত্যার নেশায় এখনো খুঁজে ফিরছে অস্ত্রহীন সাধারণ মানুষদের। কিন্তু তারই বদলে কুকুরগুলো নিঃশেষ হচ্ছে একের পর এক। বলো নরকের কীট, গ্রামবাংলাকে তুমি পুড়িয়েছ, লুট করেছ, শ্রীহীন করেছ কেন? জবাব দাও।

বাংলাদেশে সন্ত্রাস সৃষ্টি করে যে পদলাভে উন্মুখ হয়েছিলে, যে সাম্রাজ্যের বুনিয়াদ পাকাপোক্ত করতে চেয়েছিলে- চেয়ে দেখা আজ সেই সাম্রাজ্য তাসের ঘরের মতো ভেঙে টুকরো টুকরো হয়ে গেছে। মৃত মানুষের লাশের তলায় চাপা পড়ে গেছে তোমার সাধের পাকিস্তান। হাত-পা কামড়াচ্ছ কেন? সঙ্গীদের মতোই লাঙ্গুল দিয়ে গায়ের মাছি তাড়াও। বিভ্রান্তির অতল গহ্বরে নিহিত আত্মাকে খুঁজে পাচ্ছে না? নির্লজ্জ বিবেকহীন, জবাব দাও, কোন বিষীষিকা তোমার চোখে ভাসছে?

কতো মজার শাসন ব্যবস্থা তোমার দেশের! বেহায়ার পৃষ্ঠপোষক বেহায়াই হয়। তার প্রমাণ তুমি আর তোমার বন্ধু-বিশ্বের ইতিহাসে কলঙ্কিত নায়ক ইয়াহিয়া খান। এত অত্যাচার, এত লুণ্ঠন, এতো হত্যা করার পরেও তোমার পদোন্নতি হলো- পশ্চিম পাকিস্তান সীমান্তে 'কোর-কমাণ্ডার'! কিন্তু অর্বাচীন টিক্কা খান, যে আগুন তুমি জ্বালিয়েছে তার জের চলছে, চলবে। বাংলাদেশের মানুষে কোনদিন তোমাদের ক্ষমা করবে না। তোমাদের

শয়তানের মতো কালো মুখে নিক্ষেপ করবে রাশি রাশি কলঙ্কের কালি। তুমে যেখানেই যাও, যতো পদোন্নতিই তোমার হোক না কেন, শান্তিহীন, স্বস্তিহীন হবে তোমার দিবারাত্রি। বলো হত্যাকারী শয়তান, তোমার জবাব কি?

কালো কলংকের বোঝা মাথায় দিয়ে, নৃশংস জালেম প্রস্তুত হও। বলো, তোমার জবাব কি? জবাব দাও শয়তান ইয়াহিয়ার চেলা টিক্কা খান।

(মুস্তাফিজুর রহমান রচিত)

জনতার সংগ্রাম

৫ নভেম্বর, ১৯৭১

আমাদের বাংলাদেশের সংগ্রামী জনতা রচনা করেছে নয়া ইতিহাস। হরতাল, মিছিল আর বিক্ষোভের স্তর পার হয়ে বাংলাদেশের মুক্তিসংগ্রাম যে মুহূর্তে সশস্ত্র মুক্তিযুদ্ধের রূপ নিয়েছে, সে মুহূর্তে জনতার মধ্য থেকে বেরিয়ে এসেছে সশস্ত্র মুক্তিবাহিনী, অত্যন্ত স্বাভাবিকভাবে আপনাআপনি। ফুল ফুটলে যেমন সুগন্ধ বেরিয়ে আসে, ঠিক তেমনিভাবে।

দুনিয়ার ইতিহাসে দেশের এমন ঘটনা অবশ্য ঘটেছে এর আগেও। ফ্রান্সে ঘটেছে ফরাসী বিপ্লবের সময়। রাশিয়াতে ঘটেছে সোভিয়েট বিপ্লবে। চীনে গণচীনের প্রতিষ্ঠায়। কিউবাতে ঘাটেছে চে গুয়েভারার গেরিলা সংগ্রামের ধারায়। আর ঘটেছে হো চি মিনের ভিয়েতনামে- সারা দুনিয়াকে আজও যা করছে বিস্মিত।

কিন্তু বাংলাদেশে হরতাল, বিক্ষোভ আর মিছিলের স্তর পার হয়ে জনতার মুক্তিসংগ্রাম যত তাড়াতাড়ি সশস্ত্র মুক্তিযুদ্ধের পর্যায়ে প্রবেশ করেছে, এমনটি আর কোথাও হয়নি।

চলতি '৭১ সালের মার্চ মাসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে সারা বাংলাদেশ জুড়ে যে অহিংস গণঅসহযোগের কর্মসূচী অক্ষরে অক্ষরে পালিত হয়, তা যে দেখতে দেখতে অস্ত্রধারণের কর্মসূচীতে পরিণত হবে, মাত্র কয়েক মাসের মধ্যে বিশাল পাকিস্তানী হানাদার সাঁজোয়া বাহিনীকে বাংলাদেশ থেকে বিতাড়িত করার দুর্দম অভিযানে পৌঁছতে পারবে, এ ধাণা হয়তো আগে করা যায়নি।

কিন্তু এ ঘটনাই ঘটিয়ছে আমাদের বাংলাদেশ- আমাদের বাংলাদেশের জনতা- বাংলাদেশের সাড়ে সাত কোটি বাসিন্দা। পাকিস্তানী শাসকচক্রের শোষণে জর্জরিত বাংলাদেশের নিরন্ন বুভুক্ষু সর্বস্তরের মানুষ, নরনারী-শিশু অবতীর্ণ হয়েছে আপোষহীন মুক্তিযুদ্ধে। মাত্র সাত মাসের মধ্যে বাংলাদেশের লাখ লাখ মানুষ আধুনিক অস্ত্র নিয়ে হানাদার পাকিস্তানী সৈন্যদের উপর ঝাঁপিয়ে পড়তে শিখেছে। পাকিস্তানী সামরিক শাসকদের সমস্ত রকমের যোগাড়যন্ত্র করা আধুনিকতম মারণাস্ত্রে সজ্জিত সাঁজোয়া বাহিনী 'ব্লিৎসক্রিগ' বা বজ্রগতির যুদ্ধপদ্ধতিতে বাংলাদেশের উপর ঝাঁপিয়ে পড়লেও বাংলাদেশের বিপ্লবী সংগ্রামী জনতাকে ছত্রভঙ্গ করে দিতে পারেনি। ফিউজ হয়ে গিয়েছে পাকিস্তানী 'ব্লিৎসক্রিগ'। বাংলাদেশের সংগ্রামী মানুষের একটিমাত্র অংশের কাছে মামুলি ধরনের অস্ত্র ছিল ২৫শে মার্চ। ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, বাঙালী ইপিআর আর বাঙালী পুলিশ বাহিনী এবং আনসার বাহিনীকে সামনে নিয়ে ভবিষ্যতে আধুনিক অস্ত্র পাবার আশায় বাংলাদেশের জনতা মুক্তিযুদ্ধে অবতীর্ণ হয়েই হানাদার পাকিস্তানী জল্লাদ বাহিনীর সামরিক সময়সূচীকে পণ্ড করে দিয়েছে, কেড়ে নিয়েছে উদ্যোগ।

নরঘাতক ইয়াহিয়া খান, টিক্কা খান, হামিদ খান, গং এর নির্দেশে হানাদার পাকিস্তানী সেনাবাহিনী বাংলাদেশের সংগ্রামী জনতাকে ঠাণ্ডা করার মতলবে যে বীভৎস হত্যাকাণ্ড আর পাশবিক অত্যাচার চালিয়ে আসছে গত সাত মাস ধরে, পৃথিবীর তিহাসে তার নজীর নেই। কিন্তু বাংলাদেশের সংগ্রামী জনতা এতে ঠাণ্ডা না হয়ে বরং আরও বেশি একরোখা হয়ে উঠেছে। বাংলাদেশের প্রায় দু'কোটি মানুষ উৎখাত হলেও দেখা যাচ্ছে জনতা শুধু সামলে নেয়নি নিজেদের, পাল্টা আঘাত শুরু করেছে হানাদার বাহিনীর ওপর- প্রথমত গেরিলা পদ্ধতিতে আক্রমণ পরিচালনা করে, দ্বিতীয়ত নিয়মিত সেনাবাহিনীকে রণক্ষেত্রে নিয়োজিত করে। সমূসূচীর দিক দিয়ে এইভাবে পাল্টা আক্রমণে যাওয়ার তুলনা নেই ইতিহাসে।

সে জন্যই আমরা বলতে পারি, বাংলাদেশের সংগ্রামী জনতা মুক্তিসংগ্রামের নতুন নজীর স্থাপন করলো।

তুলনা করার জন্যে দৃষ্টান্ত দেওয়া যেতে পারে ফরাসী বিপ্লবের আমলের ফরাসী জনতার। ফ্রান্সের জনগণ স্বৈরাচারী রাজতন্ত্রের শাসন-শোষণের যাতাকলে নিষ্পষিত হচ্ছিল। গ্রামাঞ্চলে কৃষকসমাজ আর শহরের মেহনতি মানুষ আর ব্যবসায়ীরা খাজনা-ট্যাক্সের কড়ি গুণতে গুণতে সর্বস্বান্ত হয়ে গিয়েছিল। একদিন ফ্রান্সের শহর আর গ্রামাঞ্চলের কোটি জনতা তাই গণতান্ত্রিক প্রজাতন্ত্রের পতাকা নিয়ে সশস্ত্র বিদ্রোহে অবতীর্ণ হয়েছিল। পূর্ণ গণতন্ত্র, প্রজাতন্ত্র, ফরাসী জাতির নবজীবন আর মুক্তি আর মেহনতি মানুষের মুক্তির জন্যে যে সংগ্রাম চলে আসছিল বিভিন্নভাবে, তা-ই দানা বেঁধেছিল সশস্ত্র বিপ্লবে।

সাম্য-মৈত্রী-স্বাধীনতার অগ্নিমন্ত্রে উদ্বুদ্ধ প্যারিসের জনতা শুধুমাত্র সড়কি সম্বল করে দুর্ভেদ্য ব্যাস্টিল কারাগার ভেঙ্গে ফেলেছিল। মুক্ত করে এনেছিল রাজবন্দীদের। তার পরে বিপ্লবী ফরাসী গণসেনাবাহিনী গড়ে তুলতে তাদের চার বছর লেগেছিল। অথবা বলা যেতে পারে, ফরাসী জনতা চার বছর সময় পেয়েছিল গণসেনাবাহিনী গড়ে তোলার। পরে অবশ্য তৎকালীন ইউরোপের সমস্ত দেশের রাজতন্ত্রী বাহিনীর বিরুদ্ধে অভিযান চালিয়ে নবপ্রতিষ্ঠিত গণপ্রজাতন্ত্রকে রক্ষা করেছিল এই ফরাসী জনতার গণসেনাবাহিনী। রাজকীয় অস্ত্রভাণ্ডারগুলি দখল করে জনতার এই সেনাবাহিনী রাজতন্ত্রীদের সাঁজোয়া বাহিনী তুলোর মত উড়ে গিয়েছিল ফরাসী গণবাহিনীর ঝটিকা অভিযানে। এই গনসেনাবাহিনীর লোকদের নিয়মিত সামরিক পোশাক-আশাক ছিল নাব লে দের স্যানসবুলেট নাম হয়েছিল। জনতার মুক্তিসংগ্রাম জনতার মুক্তিযুদ্ধে রূপান্তরিত হবার পরে জনতার সুখে-দুঃখে, ভাবনায়-চিন্তায় জড়িত যে সেনাবাহিনীর প্রয়োজন হয়, তার সফল সূত্রপাত হয়েছিল এইভাবে।

এদিক দিয়ে আমাদের বাংলাদেশের সংগ্রামী জনতা আর মুক্তিবাহিনী ফরাসী বিপ্লবকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। স্মরণ করবে বিপ্লবের নেতা ড্যান্টনের অগ্নিবাণী- আমাদের চাই সাহস, আরও সাহস এবং আরও সাহস।

শ্রদ্ধা জানাবে একথা মনে রেখেই যে, বাংলাদেশেও এমন লড়াই করছে, যা আজ এবং আগামী যুগে-যুগান্তরে মুক্তিপ্রেমিক দেশদেশান্তরের মানুষকে অনুপ্রাণিত করবে।...

(রণেশ দাশগুপ্ত রচিত)

পুতুল নাচের খেল

৫ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের মানুষ দখলীকৃত ঢাকা বেতারের অনুষ্ঠান শোনে না। গত পঁচিশে মার্চের পর থেকেই ঢাকা বেতারের অনুষ্ঠান ধীরে ধীরে তারা বর্জন করতে শুরু করে। এখন এই অনুষ্ঠান বাংলাদেশের নারী, পুরুষ, শিশু

কেউ শোনে না। কে শুনবে? যারা নিজেদের চোখে দেখেছে মেঘনা নদীকে কারবালার রক্তরাঙা ফোরাত নদী হয়ে যেতে, যাদের চোখের সামনে হয়েছে নির্মম নিষ্ঠুর হত্যাকাণ্ড, তারা কি করে বিশ্বাস করবে দখলীকৃত ঢাকা বেতারের নির্লজ্জ মিথ্যা প্রচার? গল্পের পাগলা মেহের আলীর মতো অবস্থা হয়েছে ঢাকা বেতারের। মেহের আলী থেকে থেকে কেবল বলতো, সব ঝুট হ্যায়- সব ঝুট। ঢাকা বেতারও সেই মার্চ মাসের সাতাশ তারিখ থেকে কেবল চেঁচাচ্ছে, সব নর্মাল হায়- সব নর্মাল।

এবার রমজান মাসের শুরুতে যশোরের এক মুক্তাঞ্চলে গিয়েছিলাম। দেখি মাগরিবের নামাজ ও ইফতার সেরে গ্রামের মসজিদের এক ইমাম সাহেব তার ট্রানজিস্টর রেডিও নিয়ে বসেছেন। নিবিষ্ট মনে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান শুনছেন। পরিবেশটি বড় চমৎকার। আকাশে চাঁদ নেই। মিটি মিটি জ্বলছে তারার প্রদীপ। কার্তিকের হিমেল বাতাসে শরীর জুড়িয়ে যায়। যে পুকুরের পাড়ে ইমাম সাহেব বসেছেন, তার পানিতে ঝিকিমিকি তারার প্রতিভাস। ক'দিন আগেই এই গ্রামটিতে প্রচণ্ড যুদ্ধ হয়েছে- তার চিহ্ন এখন নেই। হানাদারের পালাবার সময় কোন কোন বড়িতে আগুন লাগিয়ে দিয়েছে। ধানের গোলা পুড়িয়ে দিয়েছে। মুক্তিবাহিনীর উপস্থিতিতে গ্রামের মানুষ আবার নতুন উৎসাহে ঘর বাঁধার কাজে হাত দিয়েছে। তাদের কেউ হারিয়েছে তার প্রিয়তম ভাইকে। কেউ হয়েছে পিতৃহারা। কারো যুবতী বোন লাঞ্ছিত হয়েছে বর্বর হানাদার দস্যুদের হাতে। কিন্তু তাতে কারো চোখে অশ্রুকণা নেই। সব অশ্রুকণা পুড়ে যেন ক্রোধের বারুদ হয়ে গেছে। সকলের মুখে, সকলের বুকে এক প্রতিজ্ঞা- মরতে হয় আরো মরবো, তবু হানাদারদের দেশছাড়া করবো।

ইমাম সাহেবের পাশে বসে আমি দেখছিলাম সোনার বাংলার সংগ্রামী রূপ। এই তো কার্তিকের হিমে ভেজা বাংলার সবুজ ঘাস। মাথার উপরে সাদা মেঘের কারুকাজ করা নীল আকাশ। ইমাম সাহেব নিবিষ্ট মনে শুনছিলেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান। আমি হঠাৎ জিজ্ঞেস করলাম। এই গ্রামে আপনি কি একাই স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান শোনেন, না সবাই শোনেন? ইমাম সাহেব হেসে বললেন, কি যে বলেন, সবাই শোনে। এই অনুষ্ঠান শোনার জন্য আমরা সারাদিন পাগল হয়ে থাকি।

প্রশ্ন করলাম, এই অনুষ্ঠান শুনে কি লাভ হয় আপনাদের?

ইমাম সাহেব বললেন, আমাদের আশা বাড়ে, সাহস বাড়ে, বুকের হিম্মত বাড়ে।

এরপরই আমার কাছে সরে এসে বললেন, একটা সত্য ঘটনা বলি শুনুন। তখনো আমাদের এই গ্রাম মুক্ত এলাকা হয়নি। পাকিস্তানী সৈন্যরা চারিদিকে ঘোরাঘুরি করছে, দিনে-দুপুরে লুটপাট চালাচ্ছে, ঘরের মেয়েকে বেআব্রু করে টেনে নিয়ে যাচ্ছে। আমরা বুড়ো মানুষেরা তখন কেবল চোখের পানিতে ভাসি, আল্লাহকে ডাকি আর ভাবি, মুক্তিবাহিনীর নওজোয়ানেরা কবে আমাদের গ্রামে আসবে? আমার ছোট নাতিটির বয়স বছর দশ। সে রোজ লুকিয়ে লুকিয়ে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান শোনে। আমি তাকে একদিন সাবধান করে দিলাম, বললাম- নানু, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান শুনিস না। মিলিটারিরা জানতে পারলে আমাদের সবাইকে মেরে ফেলবে। নাতি বলল, কতজনকে মারবে! এই গ্রামের সকলেই তো লুকিয়ে লুকিয়ে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান শোনে। কেউ ঢাকা বেতারে হুক্কামে মারশাল ল'-র অনুষ্ঠান শোনে না।

এর পরই নাতি আমাকে জিজ্ঞেস করে বসলো- আচ্ছা নানা, হুক্কামে মারশাল ল'র অর্থ কি?

নাতির প্রশ্ন শুনে এই বুড়ো বয়সেও ঠাট্টার লোভ সামলাতে পারলাম না। বললাম, নানু, হুক্কামে মারশাল ল'-র অর্থ- মার শালাদের। এই শালা কারা জানো? ওই বর্বর পাকিস্তানী সৈন্যরা। বৃদ্ধ ইমাম আর নাতির গল্প শেষ করে মৃদু মৃদু হাসতে লাগলেন। আমি তাকে বললাম, আপনার নাতির কথা বুঝতে পারলাম। কিন্তু আপনি এবং আপনার এই মসজিদের অন্যান্য মুসল্লিরাও কি ঢাকা বেতারের অনুষ্ঠান শোনেন না?

ইমাম সাহেব বললেন, মিথ্যা কথা বলা মহাপাপ। মুসলমানদের কাছে তো কবিরা গুনা। এটা পবিত্র রমজান মাস বাবা। আমাদের কাছে বড়ই পবিত্র মাস। এই মাসে মিথ্যা কথা বলার মতো শোনাও মস্তবড় পাপ। ঢাকা বেতার থেকে এই রমজান মাসেও রাত দিন যে মিথ্যা বলা হয়, আল্লাহর বান্দা, নবীর উম্মত হয়ে তা কেমন করে বরদাস্ত করি বাবা?... তবু মনকে চোখ ঠেরে না হয় ঢাকা বেতারের প্রাচারই বিশ্বাস করলাম, কিন্তু এর পরই একদিন শুনলাম নতুন প্রচার। শরণার্থীদের ফিরিয়ে আনার জন্য পাকিস্তানের মিলিটারি সরকার বর্ডারে অভ্যর্থনা শিবির খুলেছেন। শুনে আমরা সবাই বেকুব! ঢাকা বেতারই এতদিন বলে এসছে, যারা দেশ ছেড়ে গেছে তারা দৃষ্কৃতকারী, তারা ভারতের চর। এখন সেই দৃষ্কৃতকারী ও ভারতের চরদেরই আবার ফিরিয়ে আনার জন্য অভ্যর্থনা শিবির খোলা কেন?

এটা গেল জুলাই মাস পর্যন্ত প্রচার। আগস্ট মাস ও সেপ্টেম্বর মাসে শোনা গেল নতুন কথা। দলে দলে শরণার্থী ভারত থেকে দখলীকৃত বাংলাদেশের ফিরে এসেছে। ঢাকা বেতর থেকে বলা হলো, রোজ হাজারে হাজারে মানুষ ফিরে আসছে। আগে যারা বলেছিলেন, মুষ্টিমেয় দৃষ্কৃতকারী দেশ ছেড়েছে- তারা পরে কি করে বললেন, হাজারে হাজারে দেশত্যাগী ফিরে আসছে? এটা যে বাবা আমাদের সেই পুঁথির বয়ানের মত-

লাখে লাখে সৈন্য মরে কাতারে কাতারে

শুমার করিয়া দেখি চল্লিশ হাজার।

মাঝখানে ঢাকা বেতারের মুরুবিবরা বোধ হয় বুঝতে পেরেছিলেন, তাদের মিথ্যা প্রচার বিশ্ববাসীর কাছে ধরা পড়ে গেছে। তাই ফাঁক বুঝে এক সময় বলা হলো, ভারতে কিছু শরণার্থী গেছে বটে, কিন্তু তাদের ভয় দেখিয়ে ও লোভ দেখিয়ে নিয়ে যাওয়া হয়েছে। শোন বাবা কথা। বিদেশের রেডিওতেও শুনেছি, বাংলাদেশ ছেড়ে ভারতে নব্বুই লাখ শরণার্থী গেছে। কেউ লোভ দেখিতে বা ভয় দেখিয়ে এতগুলো লোককে রাতারাতি দেশছাড়া করতে পারে? আর যদি তা পারাই যায়, তাহলে তোরা কেন বাপু ভারতের অন্তত এক হাজার লোককেও ভয় দেখিয়ে, কি লোভ দেখিয়ে তোদের দিকে নিয়ে আসতে পারিস না? দেখা না তোদের কথার সত্যতা!।

ইমাম সাহেব থামলেন, দাড়িতে হাত বুলিয়ে বললেন, কত আর বলবো বাবা, বললে কিসসা ফুরায় না। সারা আগস্ট আর সেপ্টেম্বর মাসে শুনেছি, ভারত থেকে হাজার হাজার শরণার্থী ইয়াহিয়া খানদের অভ্যর্থনা শিবিরে ফিরে যাচ্ছে। যে হারে হিসাব দেয়া হয়েছে, তাতে এতদিনে নব্বুই লাখ লোকেরই দেশে ফিরে যাওয়ার কথা। কিন্তু এখন ওই ঢাকা বেতারেই তাঁবেদার গভর্নর মল্লিক মিয়ার একটা ভাষণ শুনলাম। মল্লিক মিয়া বলেছেন, ভারত রাজি হলে তারা বিমান পাঠিয়ে শরণার্থীদের ফিরিয়ে নেবেন। শোন বাবা কথা! এতদিন তোরা বল্লি সব শরণার্থী ফিরে গেছে। তাহলে বিমানে কবে কাদের আবার ফিরিয়ে নিতে চাইছিস? এ জন্যই কথায় বলে, মিথ্যাবাদীর স্মরণশক্তির কম। আগে জেনেশুনেও ওরা কত মিথ্যা বলতে পারে, তা যাচাই করার জন্য ঢাকা বেতর ধরতাম। এখন আর ধরি না। এই রমজান মাসে মিথ্যা শোনাও পাপ। বাবা স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে এই কথাটা কেন তোমরা ঢাকা বেতারকে জিজ্ঞাসা কর না- প্রত্যেক দিন এত মিথ্যা কথা বলতে ওদের জিহবা আড়ষ্ট হয়ে যায় না? ঈমান কমজোর হয়ে যায় না? আমি বাবা এখন ঢাকা বেতার ধরি না। কেউ ধরে না। খামোখা কেন মিথ্যা কথা শুনে গুণাহ্গার হই বলো! তার উপর এখন তো আবার রমজান মাস।

ইমাম সাহেবকে বললাম, এ নিয়ে দুঃখ করবেন না। দখলীকৃত ঢাকা বেতারে এখন চলছে পুতুল নাচের খেল। পুতুলকে দিয়ে যা বলানো হচ্ছে, তাই তারা বলছে। যে খেল খেলানো হচ্ছ তা-ই তারা বলছে। মেফিস্টোফিলিস আর ফাউস্টের কাহিনী আপনি জানেন না- শয়তানের কাছে আত্মা বন্ধক রেখে এক সাধুর কি পরিণতি হয়েছিল। ঢাকা বেতারেরও এক শ্রেণীর ভাড়াটিা বুদ্ধিজীবী তাদের আত্মা, বিবেক, সততা ও মনুষ্যত্ববোধ কয়েকটা টাকার বন্ধক রেখেছে খুনী দস্যু ইয়াহিয়া চক্রের কাছে।

ইমাম সাহেব কি বুঝলেন জানি না। দুঃখিত স্বরে বললেন, বাবা, এর কি কোন প্রতিকার নেই? তাকে সান্ত্বনা দিয়ে বললাম, আছে এবং সেই প্রতিকারের দিনও খুব দূরে নয়। শিগগিরই বাংলাদেশের মুক্তিবাহিনী ঢাকা বেতার কেন্দ্রসহ সারা দখলীকৃত এলাকা মুক্ত করবে। আবার ঢাকা বেতার কেন্দ্র থেকে আপনারা শুনতে পাবেন মুক্ত বাংলার মুক্ত কণ্ঠ, সত্য ও সুন্দরের জয় ঘোষণা।

ইমাম সাহেব ভাবাবেগে অশ্রুসিক্তপূর্ণ চোখ মুছে বললেন, আমিন, আমিন। ইয়া আল্লা, রব্বুল আলামিন, বাংলাদেশের সেই সুদিন যেন দেখে যেতে পারি।

কার্তিকের সেই স্বপ্নসন্ধ্যায় ইমাম সাহেবের কাছ থেকে বিদায় নিলাম।

(আবদুল গাফফার চৌধুরী রচিত)

বিশ্ববিবেক ও বাংলাদেশ

১১ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের মুক্তিযুদ্ধ এখন পৃথিবীর সজাগ দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। বিশ্বের মানুষের কাছে এখন সবচেয়ে আলোড়নকারী ঘটনা বাংলাদেশের মুক্তিযুদ্ধ। পৃথিবীর প্রতি অঞ্চলের মানুষের চোখ বাংলাদেশের ওপর- সেখানে কি ঘটছে, কি চলছে সেখানে। কিন্তু জল্লাদ ইয়াহিয়ার মিথ্যা প্রচারণার কুয়াশা ভেদ করে বাংলাদেশের ঘটনাবালী সঠিক চিত্র কি সব সময় তাদের চোখে ধরা পড়ছে? তারা কি দেখতে পাচ্ছেন বাংলাদেশের বর্তমান রূপ, তার ক্ষতবিক্ষত, রক্তাক্ত চেহারা? বাংলাদেশ এখন আক্রান্ত। হানাদার বর্বর দস্যুরা তার বুকের ওপর সন্ত্রাসের রাজত্ব প্রতিষ্ঠা করে চলেছে। সেখানে সত্য নেই, ন্যায় নেই- মানুষের মুল্যবোধ মৃত, সেখানে এখন প্রচলিত মিথ্যা, উন্মাদ লালসা মাথাচাড়া দিয়ে উঠছে। সেখানে কেবল-

জীবনের সারকথা পিশাচের উপজীব্য হওয়া
নির্বিচারে নির্ববাদে সওয়া
শবের সংসর্গ আর শিবার সদভাব;

বর্তমান আক্রান্ত বাংলাদেশকে যদি আপনার জানতে চান, যদি তার পূর্ণাঙ্গ ছবি মানসচক্ষে অবলোকন করতে চান, তাহলে পিশাচের উপজীব্য জীবনকেই সেখানে খুঁজতে হবে। কারণ পাশবিকতাই এখন সেখানকার মৌলনীতি। কিন্তু এইসব নয়। এই রক্তাক্ত, নিপীড়িত বাংলাদেশের মাটি থেকেই লক্ষ লক্ষ মৃত মানুষের কংকাল থেকেই বেরিয়ে এসেছে বাংলাদেশের জাগ্রত তারুণ্য। তারা যুদ্ধ করছে মিথ্যার বিরুদ্ধে, পাশবিকতার বিরুদ্ধে অবিরাম যুদ্ধ করছে- আর তার নামই বাংলাদেশ। তাই আমরা হতাশ হইনে, হতাশ হবো না।

বিশ্বের বিবেকমান মানুষের স্বতঃস্ফূর্ত সমর্থন আছে আমাদের এই সংগ্রামে, অস্তিত্ব রক্ষার এই যুদ্ধে। বিশ্বের এমন কোনো দেশ নেই, যে দেশের একটি মানব হৃদয়ও ব্যথিত হয়নি বাংলাদেশের মর্মান্তিক ঘটনাবলীতে। সব অঞ্চলের সব দেশের বিবেকমান মানুষের মন এই ঘৃণ্য বর্বরতায় বিষায়িত হয়েছে, প্রতিবাদ করেছেন তারা। আর সেই হলো আমাদের পুরস্কার, আমাদের স্বীকৃতি। পশুশক্তির বিরুদ্ধে চিরকাল মানুষের কল্যাণ ও সত্য প্রতিষ্ঠার যে সংগ্রাম, বাংলাদেশের মুক্তিযুদ্ধও তারই অন্তর্ভুক্ত। ...

বাংলাদেশের মুক্তিযুদ্ধ এখন চূড়ান্ত বিজয়ের পথে। যতই দিন যাচ্ছে, নৈতিকতাহীন, বর্বর হানাদার সেনাবাহিনীর মনোবল ও শক্তি ততই দুর্বল হয়ে পড়ছে। দেশ-বিদেশের সংবাদপত্রে আমাদের বীর মুক্তিযোদ্ধাদের এই বিজয় ও সাফল্যের সংবাদ প্রকাশিত হচ্ছে প্রতিদিন। বিশ্বের সব প্রভাবশালী পত্রপত্রিকা মুক্তিযোদ্ধাদের সাফল্যের কথা স্বীকার করেছেন। 'নিউজউইক' ও অন্যান্য পত্রপত্রিকায় মুক্তিবাহিনীর অগ্রগতি ও পাকিস্তানী হানাদার খান সেনাদের চরম নাজেহাল হওয়ার বিবরণ প্রকাশিত হয়েছে। বিদেশী সাংবাদিক ও সংবাদ ভাষ্যকারদের মতে, হানাদার পাকিস্তানী সেনাবাহিনী আর দীর্ঘদিন এই প্রতিকূল অবস্থার মধ্যে বাংলাদেশে তাদের প্রভূত্ব বজায় রাখতে পারবে না, তাদের মৃত্যু আসন্ন ও অবশ্যম্ভাবী।

এর পরেও মধ্যযুগীয় বর্বরতার নায়ক জল্লাদ ইয়াহিয়া তার মিথ্যা অপপ্রচারের দ্বারা বিশ্বকে বিভ্রান্ত করার চেষ্টা করছে, কারণ তার খোয়াব ভাঙতে এখনো কিছু বিলম্ব। কিন্তু ইয়াহিয়া, তোমার খোয়াব যেদিন ভাঙবে, সেদিন দেখবে কি নিষ্ঠুর ভয়ঙ্কর বাস্তব তোমার সম্মুখে।

দস্যু ইয়াহিয়া বাংলাদেশে পুতুল সরকার খাড়া করে বিশ্বকে ধোঁকা দেয়ার চেষ্টা করে আসছে। সম্প্রতি একজন বিদেশী সাংবাদিক ঢাকা ঘুরে এসে তার বাংলাদেশ পরিভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা প্রসঙ্গে জানিয়েছেন, বাংলাদেশের পুতুল মন্ত্রিসভার যে ঠাঁট ইয়াহিয়া দেখিয়ে বেড়াচ্ছেন, বাংলাদেশে প্রকৃতপক্ষে তার কোনো অস্তিত্বই নেই। মন্ত্রী সাহেবরা থাকেন মিলিটারি ক্যান্টনমেন্টে। হাজার চেষ্টা করেও তাদের সাক্ষাৎ মেলেনি। আর বাংলাদেশের মালেক মন্ত্রিসভার কোনো আছে অস্তিত্ব বলেও মনে হয় না। এইসব মন্ত্রীদের জনসাধারণ কেউ চেনে না। বরং সেখানকার প্রকৃত অবস্থা অন্যরূপ। মৃত্যু, নির্যাতন সবকিছু উপেক্ষা করে ঢাকার অধিবাসীরা পর্যন্ত মুক্তিবাহিনীর সক্রিয় সহযোগিতায় এগিয়ে আসছেন। ফলে হানাদার বাহিনীর দিশেহারা হওয়ার জোগাড়।

সম্প্রতি মার্কিন কংগ্রেসের প্রবল চাপের মুখে যুক্তরাষ্ট্র সরকার পাকিস্তানে সামরিক সাজসরঞ্জাম রপ্তানির লাইসেন্স বাতিল করার সিদ্ধান্ত নিয়েছেন। যুক্তরাষ্ট্রের সরকারী ঘোষণায় এই তথ্য জানা গেছে। এদিকে চীনে গিয়ে মি. ভুট্টো বড়ো বেশি কল্কে পাননি। বরং চীনা অস্থায়ী পররাষ্ট্রমন্ত্রী চিং পেং ফেই বাংলাদেশ সমস্যার যুক্তসঙ্গত সমাধানের প্রতিই পাকিস্তানকে সচেষ্ট হতে বলেছেন। ফরাসী সরকার বাংলাদেশ সমস্যার প্রতি অধিক মনোযোগী হয়েছেন এবং এর গুরুত্ব স্বীকার করেছেন। ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর সাম্প্রতিক ফ্রান্স সফরকালে ফরাসী সরকারের পক্ষ থেকে এই মতামত প্রকাশ করা হয়। পশ্চিম জার্মানীর চ্যালেন্সর উইলি ব্রান্ট বাংলাদেশের রাজনৈতিক সমাধানের প্রতি গুরুত্ব আরোপ করেছেন। পশ্চিম সরকারের এক ঘোষণায় বলা হয়েছে, বাংলাদেশের ঘটনাবলীতে পশ্চিম জার্মান সরকার গভীরভাবে উদ্বিগ্ন।

কিন্তু এখনো বাংলাদেশের মানুষ মরছে, গৃহ অগ্নিদগ্ধ হচ্ছে। এখনো দলে দলে মানুষ নিরাপদ আশ্রয়ের জন্য সীমান্ত পাড়ি দিচ্ছে। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের জীবনে এখনো অন্ধকার রাত্রির শেষ হয়নি। তারা সকল চোখে অসহায় দুটি হাতে তুলে তাকিয়ে আছে সত্য ও ন্যায়ের অমোঘ দণ্ড করে নেমে আসবে, কবে, কবে। কবে শেষ হবে এই কালরাত্রির কুটিল অন্ধকার? শেষ এর হবেই। এতো রক্ত, এতো মায়ের চোখের জল, বুকফাটা কান্না, সকরুণ প্রার্থনার বাণী ব্যর্থ হতে পারে না :

বীরের এ রক্তস্রোত
মাতার ও অশ্রুধারা
এর যতো মূল্য সেকি ধরার ধূলায় হবে হারা?
স্বর্গ কি হবে না কেনা
বিশ্বের ভাণ্ডারী শুধিবে না
এত ঋণ?

রাত্রির তপস্যা সেকি আনিবে না দিন
নিদারুণ দুঃখ রাতে
মৃত্যুঘাতে
মানুষ চূর্নিল যাবে নিজ মর্ত্যসীমা
তখনও দেবে না দেখা
দেবতার অমর মহিমা?

(মহাদেব সাহা রচিত)

৩০ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের মুক্তিযুদ্ধ এখন চরম বিজয়ের লক্ষ্যপথে অগ্রসর হচ্ছে। যতই দিন যাচ্ছে, অমিতবিক্রম মুক্তিযোদ্ধাদের শক্তিও ততই বৃদ্ধি পাচ্ছে। ক্রমশই তারা সংগঠিত হচ্ছে, শক্তিশালী হচ্ছেন, দুর্বার দুর্জয় হচ্ছেন। আর অন্যদিকে সেই সঙ্গে যতই দিন যাচ্ছে হানাদার পাকিস্তান বাহিনী ততই দুর্বল হচ্ছে, মনোবল ও নৈতিক সাহস হারাচ্ছে। এর কারণ বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের তারুণ্য ও নৈতিক মনোবল হানাদার দস্যুদের নেই। তারা পাশবশক্তি নিয়ে ঝাঁপিয়ে পড়েছে একটি নবজাগ্রত জাতির স্বাধীনতার আকাংক্ষাকে পদদলিত করে নিজেদের ঔপনিবেশিক শাসন কায়েম রাখতে। আর সেই শাসন কায়েম রাখতে গিয়ে তারা নির্বিচারে নরহত্যা, লুণ্ঠন ও নারী ধর্ষণের পাশবিকতার পথ অনুসরণ করেছে। নীতিবোধ, মনুষ্যত্ব, মানবিক ন্যায়বিচার সবকিছু জলাঞ্জলী দিয়ে তারা দস্যু ও তস্করের নির্লজ্জ বর্বরতার ভূমিকায় নেমেছে- যেখানে তারা বন্যপশুর মতোই আদিম, হিংস্র ও নৃশংস। তাদের কাছের ন্যায়নীতি, সুবিচার, যুক্তি কিংবা মনুষ্যত্বের কোনো মূল্য নেই। নিষ্ঠুরতায় তারা বন্যজন্তুর মতোই অন্ধ, বর্বরতার তারা মধ্যযুগীয় হার্মাদ দস্যুদের মতোই হিংস্র ভয়ংকর।

বিপরীত দিকে বাংলাদেশের তরুণ যারা যুদ্ধ করছেন, তাদের সংগ্রাম নিজেদের মাতৃভূমির শৃঙ্খল মোচনের সংগ্রাম, মায়ের লজ্জা, বোনের অপমান, পিতার অমর্যাদার প্রতিশোধ গ্রহণের সংগ্রাম। তাদের রক্তে মায়ের বোনের ভায়ের রক্তের প্রতিজ্ঞা জড়িত। তাই আমাদের মুক্তিযোদ্ধাদের কাছে ঐ হানাদার বর্বর দস্যুরা বন্দী পশুর মতোই অসহায়, দুর্বল। তাই বাংলাদেশের স্বাধীনতার বিজয়-পতাকা। বাংলাদেশে উড়ছে স্বাধীনতার বিজয়-পতাকা, সেই সঙ্গে বিশ্বমানবতার মনের ভূগোলে অর্জিত হচ্ছে তাদেও জন্যে সমর্থন ও শুভেচ্ছার রক্তকুসুম। পৃথিবীর দিকে দিকে উড়ছে তারই উজ্জ্বল মানবিক পতাকা। তাই ওদেও যেখানে শেষ; আমাদের সেখানে শুরু।

বিখ্যাত মার্কিন সাপ্তাহিক 'নিউজউইক' লিখেছেন, সামরিক ও রাজাকার বাহিনীর ক্রমাগত অত্যাচার বাংলাদেশের মানুষের মনে ভীতির সঞ্চার করতে পারিনি। বরং অত্যাচার যতই বাড়ছে, বাংলাদেশের জাগ্রত জনতার মনে প্রতিশোধের স্পৃহা ততই প্রবল হচ্ছে। ঐ সাপ্তাহিকের বিশেষ প্রতিনিধি সিনিয়র সম্পাদক আর নো দ্যা বোরচাগ্রাফ বলেছেন, বাংলাদেশের বিস্তীর্ণ অঞ্চলের ওপর এখন মুক্তিবাহিনীর কর্তৃত্ব প্রতিষ্ঠিত। সারা বাংলাদেশের মানুষ আজ প্রতিশোধ চায়। 'শিকাগো নান টাইমসের' সহযোগী সম্পাদক মি. রবার্ট ই, কেনেডি বলেছেন, বাংলাদেশ সম্পর্কে মার্কিন নীতি তার কাছে হতবুদ্ধিকর। মার্কিন প্রেসিডেন্ট সমস্যাটির প্রতি যথেষ্ট মনোযোগী নন বলেও তিনি কঠোর সমালোচনা করেছেন। মি. কেনেডি স্বীকার করেছেন যে মুক্তিবাহিনীর সাফল্য আসন্ন এবং তারা স্বাধীনতা সংগ্রামে আত্মোৎসর্গ করেছেন। বিখ্যাত মার্কিন দৈনিক 'নিউইয়র্ক টাইমস'-এর এক সম্পাদকীয় নিবন্ধেও বাংলাদেশ সম্পর্কে মার্কিন নীতির কঠোর সমালোচনা করা হয়। মার্কিন সাপ্তাহিক 'টাইমস এ ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী গান্ধীর সাম্প্রতিক মার্কিন যুক্তরাষ্ট্র সফরের একটি দীর্ঘ বিবরণী প্রকাশ প্রসঙ্গে বলা হয়েছে- পাকিস্তান একটি ডুবন্ত কুকুর। তার মাথা জলের নিচে ঠেসে ধরার কোনো প্রয়োজন নেই ভারতের।

মস্কোর প্রভাবশালী রাজনৈতিক সাপ্তাহিক 'নিউ টাইমস'-এ বিশিষ্ট সোভিয়েট লেখক মি. উলানুকী এই অভিমত ব্যক্ত করেছেন যে, পাকিস্তানের নিষ্ঠুর নিষ্পেষণই স্বাধীন বাংলাদেশের দাবীর জন্ম দিয়েছে। বাংলাদেশ আন্দোলনের ধারাবাহিক ইতিহাস পর্যালোচনা করে মি. উলানুকী বলেছেন, পাকিস্তানী সামরিক বাহিনীর অত্যাচারের প্রেক্ষিতেই বাঙালীরা অস্ত্রধারণ করতে বাধ্য হয়েছে। বৃটেনের উদারনৈতিক দৈনিক 'গার্ডিয়ান' বলেছেন, পাকিস্তান এখন নিঃসঙ্গ ও বন্ধুবিহীন। যুদ্ধ বাধলে তাকে একাই তার ফল ভোগ করতে হবে। 'ডেলি টেলিগ্রাফ' পত্রিকাও পাকিস্তানের এই নিঃসঙ্গ অবস্থার কথা বর্ণনা করে বলেছে, যতক্ষণ না ইয়াহিয়া বাংলাদেশ সমস্যার একটি যথার্থ রাজনৈতিক সমাধান না চাচ্ছেন, ততক্ষণ তার বন্ধুহীনতা কেবল বাড়তেই থাকবে।

এদিকে বৃটিশ মন্ত্রী মিঃ রিচার্ড উড বাংলাদেশ সমস্যার যথার্থ রাজনৈতিক সমাধানের প্রতি গুরুত্ব আরোপ করে বলেছেন, বাংলাদেশ সমস্যার যুক্তগ্রাহ্য সমধান ছাড়া শরণার্থীরা দেশে ফিরে যেতে পারে না। আর এই যুক্তগ্রাহ্য সমাধানের অর্থই হলো বাংলাদেশের স্বাধীনতা।

মার্কিন সিনেটর উইলিয়ম স্যাকসবি বলেছেন, বাংলাদেশের অবিসংবাদিত জননেতা শেখ মুজিবুর রহমানকে ছাড়া বাংলাদেশ সমস্যার কোন সমধান হতে পারে না। সুতরাং বাংলাদেম সমস্যার সমাধানে অগ্রসর হতে হলে প্রথমেই শেখ মুজিবের মুক্তি প্রয়োজন। বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাকে তিনি ইতিহাসের অন্যতম শোচনীয় ঘটনা বলে আখ্যায়িত করেছেন। বাংলাদেশ সমস্যা সমাধানে মার্কিন সরকারকে সচেষ্ট হওয়ার জন্য তিনি আহ্বান জানিয়েছেন।

বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধারা বাংলাদেশের স্বাধীনতার পতাকা উড়িয়ে দিচ্ছে বাংলাদেশের বিস্তৃত অঞ্চলে- আর সেই সঙ্গে বিশ্বমানুষের সমর্থনপুষ্ট মানবতার পতাকাও উড়ছে বিশ্বের সর্বত্র। কেননা ন্যায়, সত্য ও স্বাধীনতার সংগ্রাম কখনো ব্যর্থ হয় না।

(মহাদেব সাহা রচিত)

পিণ্ডির প্রলাপ*

১২ নভেম্বর, ১৯৭১

জঙ্গী শাসক ইয়াহিয়া খাঁ আর তার জল্লাদ বাহিনীর তোতাপাখীগুলা সকাল থেকে মধ্যরাত পর্যন্ত একই শেখানো বুলি আউড়ে চলেছে রেডিও গায়েবি আওয়াজে গ্রামোফোন কোম্পানীর কুকুরের ছবিওয়ালা সেই রেকর্ডের মতো। পিন দিয়ে চড়িয়ে দিলেই হোল কলেরগান বাজতে শুরু করবে। বাঁধা গতে গান হবে। সকাল-সন্ধ্যা-রাত-যখনই শুনুন না কেন, পড়ানো লবজই বেতারের একমাত্র পুঁজি। সকালবেলা উঠে শুনতে পাবেন, 'অবস্থা সম্পূর্ণ স্বাভাবিক, পরিস্থিতি সেনাবাহিনীর নিয়ন্ত্রণে রয়েছে।' দুপুরে-'দেশপ্রেমিক জনসাধারণ দৃষ্কৃতকারীদের প্রশ্রয় তো দিচ্ছে-ই না বরং সেনাবাহিনীর কাছে ধরিয়ে দিচ্ছে।' এরপর রাত গভীর হওয়ার সাথে সাথে পিন পাল্টে দেয়া হবে। আর তোতার কণ্ঠে শোনা যাবে- 'একদল অনুপ্রবেশকারী আমাদের সীমান্তের কয়েকশ' গজ ভেতরে ঢুকে পড়েছিল। আমাদের সেনাবাহিনী শুরুতেই তাদের বাধা না দিয়ে পরিকল্পিতভাবে তাদের কার্যকলাপ পর্যবেক্ষণ করতে থাকে। পরে সময়মতো আক্রমণ চালায়। আক্রমণের মুখে টিকতে না পেরে অনুপ্রবেশকারীরা অস্ত্রশস্ত্র ফেলে পালিয়ে যায়।' এর পরেই একটি অস্ত্রপাতির লম্বা ফর্দ পেশ

---

* 'পিণ্ডির প্রলাপ' শীর্ষক ধারাবাহিক কথিকাগুলো তোয়াব খান রচিত।

এবং হতহাতের সংখ্যা বহু বলে উল্লেখ করা হবে। সবশেষে বলা হবে, 'কয়েকজনকে গ্রেফতার করা হয়েছে।' দিনের পর দিন তোতার কণ্ঠে রেডিও গায়েবী আওয়াজের এই বাণীই শুনতে পাওয়া যাবে। অনুপ্রবেশকারীর সংখ্যাও আবার কয়েক হাজার, কিন্তু তোমার প্রভুর ক'জন বরকন্দাজ মারা গেল সে সম্পর্কে গায়েবী আওয়াজ এক্কেবারেই চুপ।

সমরবিদ্যার সবচেয়ে খারাপ ছাত্রটিরও পেটের পিলে এই জাতীয় কথাবার্তা শুনে ফেটে যেতে পারে হাসতে হাসতে। সীমান্তের কয়েকশ' গজ ভেতরে, হতাহতের সংখ্যা বহু, কয়েকজন গ্রেফতার'- অর্থাৎ সঠিক সুস্পষ্ট কোন তথ্য তোতার মুখে ভুল করেও শোনা যাবে না। যদি প্রশ্ন করা যায়- মাথা খারাপ হয়েছে, ও কথা মুখে আনবেন না। কোন তথ্য সম্পর্কে প্রশ্ন করা সাফ মানা। তার উপর তোতা কি প্রশ্ন করতে পারে? কিন্তু মুশকিল হোয়েছে গ্রামোফোন কোম্পানীর তোতা আর তার প্রভু ছাড়াও বাইরের যে জগতটি রয়েছে তাকে নিয়ে তারা তো তোতা নয়, তাই প্রশ্ন তারা তুলছে। বলছে, নাদীর শাহের বংশধর আর গোয়েবলসের মন্ত্রশিষ্যারা হাতে কোন সুস্পষ্ট তথ্য থাকলে ছাড়ুন। কয়েক হাজার অনুপ্রবেশকারী, কয়েকশ' গজ ভেতরে, কয়েকজন গ্রেফতার, হতাহত বহু- এসব কথা শুনলে তো পাগলেও হাসবে।

বাংলাদেশে কি ঘটেছে বা এখন কি ঘটছে, সে সম্পর্কে তোতার মুখের কাহিনীর ছাড়া অন্য কিছু যাতে দুনিয়ায় প্রচারিত না হয় তার জন্যই ইয়াহিয়া খাঁর আর সাঙ্গপাঙ্গরা প্রথমেই সমস্ত বিদেশী সাংবাদিককে ঢাকা থেকে বহিষ্কার করে দিয়েছিলেন। পরে দুনিয়াব্যাপী প্রতিবাদের মুখে নিজেদের ইচ্ছমত বাছাই করা সাংবাদিককে বাংলাদেশে যাওয়ার অনুমতি দেয়া হলো। সেই সঙ্গে বলে দেয়া হলো- অমুক অমুক জায়গায় যেতে পারবেন না, তমুক তমুক কথা লিখতে পারবেন না। অমান্য করলে হয় ফাটক, না হয় লেখা গুম। এতসব বাধানিষেধ সত্ত্বেও বিদেশী খবরের কাগজগুলো যা লিখছে, তাতে জঙ্গীশাহীর বিচারের বেলুনটি ছিন্নভিন্ন হয়ে যাচ্ছে।

'নিউজউইক' পত্রিকার কথাই ধরা যাক। এই মার্কিন সাপ্তাহিকীটির সাথে সাক্ষাৎকারে ইয়াহিয়া খাঁ ভারতের সঙ্গে যুদ্ধ অপরিহার্য বলেছিলেন। সেই কাগজই লিখেছে, ইয়াহিয়ার সরকার যাদেরকে অনুপ্রবেশকারী, ভারতীয় চর বলছে, তারা তো শুরু থেকেই লড়ছে সামরিক চক্রের বিরুদ্ধে। এরা বাংলাদেশের মুক্তিবাহিনীর লোকজন ছাড়া আর কিছুই নয়। পত্রিকাটিতে ভারতীয় গোলাবর্ষণের পাকিস্তানী অভিযোগের কথা উল্লেখ করে বলা হয়েছে, শেলগুলো পরীক্ষা করলেই যে কোন পর্যবেক্ষক বুঝতে পারবেন- এগুলো নিকটপাল্লার কামান বা দু'ইঞ্চি মর্টার থেকে বর্ষিত হয়েছে। দূরত্ব বিচার করে একথা অনায়াসে বলা বলে, ভারত থেকে বর্ষণ করলে শেলগুলো এত দূরে আসতে পারে না। বিলেতের কাগজগুলো বলছে, বিবিসি বলছে, ফ্রান্সের সবচেয়ে মর্যাদাসম্পন্ন সংবাদপত্র 'লামদ' বলছে একই কথা। কিন্তু তাতে কি আসে যায়! তোতার শেখানো লবজ তা পাল্টে যাবে না।

এরপর ধরুন না 'অবস্থা স্বাভাবিক, দেশপ্রেমিকেরা দুষ্কৃতকারীদের ধরিয়ে দিচ্ছে' তোতার এ বাণীর কথা। দেশপ্রেমিক নাগরিকরা জঙ্গিশাহীর সাথে এমনই সহযোগিতা করছেন যে, এখন তাদের উপর পিটুনি ট্যাক্স ধার্য করতে হচ্ছে জঙ্গীশাহীকে। এতেও যদি নিজেদের দৈন্য প্রকাশ না পায়, তবে 'দৈন্য' শব্দের আধিধানিক অর্থই পাল্টে ফেলতে হবে। বিবিসির ভাষ্যকারের মতে, পিটুনি ট্যাক্স ধার্য থেকে বাংলাদেশের অবস্থা সম্পূর্ণ স্বাভাবিক, জঙ্গীশাহীর এ দাবির অসারতা দুনিয়ার মানুষ বুঝতে পেরেছে। শুধুই তাই নয়, মুক্তিবাহিনীর লোকজন বাংলার মানুষের যে অকুণ্ঠ সহযোগিতা পাচ্ছে, এ থেকেই তা স্পষ্ট বোঝা যায়। গার্ডিয়ান, ডেলি টেলিগ্রাফ ও বিবিসির মতে, বাংলাদেশের মাইলে পর মাইল এলাকায় ইয়াহিয়ার জল্লাদ বাহিনী বা তার ক্রীড়নক সরকারের কোন অস্তিত্ব নেই। সেখানে মুক্তিবাহিনীর কর্তৃত্ব সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত। সর্বোপরি ইয়াহিয়ার চামুর দল রাতের বেলা কোথাও বের হতে সাহস করে না।

মুক্তিবাহিনীর সাথে লড়াইয়ে জঙ্গিশাহীর এই যখন হালহকিকত, সৈন্যদলের মোর‍্যাল ঠিক রাখার জন্য তখনই খাঁ সাহেবরা গোয়েবলসের প্রেতাত্মার ঘাড়ে ভর করেছেন, তাই প্রতিদিন কুৎসা আর মিথ্যার বোঝা তাদের বেড়েই চলেছে। কিন্তু এমন দিন আর দূরে নয়, যখন মিথ্যার বোঝা চাপা পড়ে জঙ্গীশাহীকে পুঁজিপাটাসমেত পৈত্রিক প্রাণটাও হারাতে হবে।

১৬ নভেম্বর, ১৯৭১

একেবারে গোমড় ফাঁক! ইয়াহিয়া খাঁর জবর বাক্যবাগীশ জেনারেল এ, এ, কে নিয়াজীকে একেবারে পথে বসিয়ে দিয়েছে মার্কিন কাগজ 'নিউজউইক'। এত জাঁক করে তিনি বলেছিলেন, মার্চে যা করেছি, প্রয়োজনবোধে আবার তা করবো ঢাকার রাজপথে। আমাদের ট্যাঙ্কগুলো অপেক্ষা করছে। কিন্তু নিউজউইর্কের সিনিয়র এডিটর আরনড-দ্য-ব্রচগ্রেভ তো আর নিয়াঁজীর ক্যান্টনমেন্টের সিপাই নয়। সাফ বলে দিয়েছেন, জেনারেল তুমি মূর্খের স্বর্গে বাস করছো। পায়ের তলায় মাটি যে কতটা সরে গেছে তার খবর রাখ না। বাংলাদেশের শতকরা ২৫ ভাগ থানার উপর তোমাদের কোন কর্তৃত্ব নেই। মুক্তিবাহিনীর কর্তৃত্ব সেখানে সুপ্রতিষ্ঠিত। খোদ ঢাকার উত্তরাংশ এখন মুক্ত।

বাংলাদেশের ৭২ ঘণ্টার মধ্যে অভিযান শেষ করার লম্বা-চওড়া আশ্বাসদানীকারী নরঘাতক জেনারেল টিক্কা খানের সর্ববৃহৎ বেলুনটি চুপসে যাওয়ার সাথে সাথেই এ, এ, কে নিয়াজীর আবির্ভাব। পাঞ্জাবের সাবেক সামরিক প্রশাসন এই জেনারেলের ভূমিকা সামরিক চক্রের জঘন্য ষড়যন্ত্রগুলিতে কোন অংশেই কম গুরুত্বপূর্ণ নয়। '৬৯ সালের জানুয়ারী-ফেব্রুয়ারী-মার্চ যখন সারাদেশ গর্জে উঠেছিল আইয়ুবের স্বৈরাচারী কুশাসনের বিরুদ্ধে, হরতাল মিছিল আর ঘেরাওয়ে প্রকম্পিত হয়েছিল সামন্ত প্রভু একচেটিয়া পুঁজিপতি আর সামরিক চক্রের ষড়যন্ত্রের প্রাসাদ, পশ্চিমী আমলারা আহার-নিদ্রা পরিত্যাগ করে ধর্না দিয়ে বেড়াচ্ছিল সামরিক অফিসারদের বাড়িতে বাড়িতে সেই সময়ে এই নিয়াজীকে দেখা যায় ঝিলামের একটি সামরিক ছাউনি এলাকায় অফিসারদের সাথে সলাপরামর্শ করতে-সংগঠিত করতে। '৬৯ সালের ২৫ মার্চের ইয়াহিয়ার সামরিক অভ্যুত্থানের নেপথ্য কাহিনী সম্পর্কে লিখতে গিয়ে লণ্ডনের ডেলী টেলিগ্রাফ বলেছিল, জেনারেল নিয়াজীর-যাকে সামরিক চক্র টাইগার নিয়াজী বলে অভিহত করে থাকে- নেতৃত্বে একদল অফিসার এই মর্মে আলটিমেটাম দিয়েছিল যে তারা বাংলাদেশের তথাকথিত অরাজকতা কোনমতেই বরদাস্ত করতে রাজি নয়। তাদের মতে, এই সময়ে যা চলেছে তাকে বাড়তে দিলে সব যাবে। শোনা যায়, ঝিলামের সেই কুখ্যাত বৈঠকেই ঠিক করা হয়েছিল, বাংলাদেশের গণঅভ্যুত্থানকে স্তব্ধ করে দেয়ার জন্য যদি দরকার হয় তবে লক্ষ লক্ষ লোককে সাবাড় করে দেওয়া হবে। শহরে-নগরে বিক্ষুব্ধ জনতার মিছিলের উপর প্রয়োজনবোধে চালানো হবে ট্যাঙ্ক। তবে নিয়াজীর বড় আফসোস ছিল '৬৯ সালেই এগুলো ঘটেনি বলে। অতএব নিয়াজী এ্যান্ড কোম্পানীরা বাংলাদেশের গণহত্যার ব্লুপ্রিন্টটা দু'বছরের জন্যে কোল্ড স্টোরেজে রেখে দিয়েছিলেন। তাই '৭১ সালের মার্চের শুরুতেই বাংলাদেশের মানুষের অসহযোগ আন্দোলনের আলোতেই এইসব জেনারেলরা তাদের বিপদের সংকেত দেখতে পেলো। কায়েমী স্বার্থ বিপন্ন। তাই তারা চক্রান্তের জাল ফেলতে শুরু করলো একে একে। অবশেষে এলো ২৫শে মার্চের সেই কালোরাত। টিক্কা খাঁর সাথে সাথে জেনারেল নিয়াজী বাংলাদেশে এলেও প্রেক্ষাপটে তার আগমনবার্তা ঘোষিত হয়নি। কিছুটা নেপথ্যেই রয়ে গেলেন তিনি। দায়িত্ব দেওয়া হলো বাঙালী নিধনের অপারেশনের। তারপর একদিন রণাঙ্গণে তার আবির্ভাব সামরিক প্রশাসন ও ইস্টার্ন কমান্ডের কমাণ্ডাররূপে।

কিন্তু এবারে জেনারেল সাহেবের এস্টার্ন কমান্ড একোবরেই ছিন্নভিন্ন হয়ে পড়েছে মুক্তিবাহিনীর গোলা আর বুলেটের আঘাতে আঘাতে। অবস্থা বেগতিক দেখে রাজাকার নামক একদল ক্ষুদে ডাকাত সৃষ্টি করা হলো, যাদেরকে 'নিউজউইক' পত্রিকা 'রাস্তার বখাটে তস্কর দল' বলে অভিহিত করেছে। পত্রিকাটির মতে, ''হাতে অস্ত্র আছে বলে রাজাকারদের দল নিজেদের খোদা বলে মনে করে। যত্রতত্র নিরীহ নিরস্ত্র জনসাধারণের কাছ থেকে

টাকা-পয়সা আদায় করছে। যারা তাদের আশ্রয় দিতে বা মেয়েলোক সরবরাহ করতে অস্বীকার করছে তাদেরকে হত্যা করছে গুলি করে। এরপর মুক্তিবাহিনীর দুর্জয় অভিযানের সামনে সেনাবাহিনী প্রথমেই ঠেলে দিচ্ছে এইসব নির্বোধ রাজাকারের দলকে।''

এসব সত্ত্বেও জেনারেল নিয়াজীর লম্বা-চওড়া দাবি কেন? নিউজউইকের মতে, পরাজয়ের গ্লানি কিছুটা লাঘবের জন্য জেনারেলের জল্লাদ বাহিনী নিরীহ-নিরস্ত্র সাধারণ মানুষকে হত্যা করছে, ব্যাপকাকারে চালাচ্ছে লুটতরাজ। সংবাদদাতা ঢাকার ডেমরা এলাকার কথা উল্লেখ করে বলেছেন, ইয়াহিয়ার সৈন্যদল এই গ্রামটি ঘেরাও করে ১২ থেকে ৩৫ বছরের প্রত্যেকটি মহিলার উপর পাশবিক অত্যাচার চালায় এবং ১২ বছরের উপরের সকল পুরুষকে হত্যা করে। এই হত্যা, লুণ্ঠন ও পাশবিকতায়ও শেষরক্ষা যে অসম্ভব, বাংলার দিগন্তবিস্তৃত মাঠ আর পদ্মা-মেঘনা-যমুনার উত্তাল তরঙ্গমালার দিকে একবার তাকালেই তা পরিষ্কার হয়ে যাবে।

২৮ নভেম্বর, ১৯৭১

সন্ধ্যায় আমাদের বাড়ির উঠোনে দাঁড়িয়ে মাও আমার বাঁশি কেনার কথা জিজ্ঞেস করেছিলো। আমি একই উত্তর দিয়েছিলাম। মা দারুণ স্নেহের আবেগে বুকে টেনে ধরে আমার মাথায় হাত বুলিয়ে দিচ্ছিলাম। কিন্তু কয়েক মুহূর্ত পরেই মুখ তুলে মায়ের মুখের দিকে তাকাতেই চমকে উঠলাম। মায়ের দু'চোখে জল। কান্নার বড়ো বড়ো ফোঁটাগুলো টলটল করতে মায়ের গাল বেয়ে পড়লো। মায়ের মুখের দিকে তাকাতে পারলাম না- উঠোন থেকে ছুটে বেরিয়ে গেলাম আমাদের ভিটের এক প্রান্তে একটা ডালভাঙ্গা সজনে গাছের তলায়। সেখানে দাঁড়িয়ে চারিদিকের অন্ধকারে হঠাৎ হঠাৎ জ্বলে ওঠা জোনাকীদের আলো আর আমার বিধবা আপার ধরানোর চুলোর অগ্নিশিখা দেখতে দেখতে আমিও কাঁদছিলাম।

সেদিন আমাদের দাদুভাইয়ের কণ্ঠের সেই বেদনাভারাক্রান্তের বিষণ্ণতা, আমার মায়ের এই আবেগাকুলতা, চোখের জল, আমার কান্না- এসবের কোন অর্থ আমি খুঁজে পাইনি।

অর্থ খুঁজে পেয়েছি আরও অনেক পরে- দীর্ঘ একুশ বছরের পর, ঢাকায়-গত ২৫শে মার্চের বীভৎস রাতে। একটি সংবাদপত্র অফিসের ছাদে বসে। আমাদের গায়ের ভিটের সেই ডালভাঙা সজনে গাছের চারপাশের অন্ধকার আর হঠাৎ হঠাৎ জ্বলে ওঠা জোনাকীর আলোর মধ্যে নয়, চারদিকে পাকিস্তানী বর্বরদের স্বয়ংক্রিয় রাইফফেল, মেশিনগান, মর্টার ও ট্যাঙ্কের গোলাগুলির মাঝখানে দাঁড়িয়ে আমার বিধবা আপার ধরানো চুলোর অগ্নিশিখা দেখতে দেখতে নয়, রাজারবাগ পুলিশ হেডকোয়ার্টার, সদরঘাট, শাঁখারী বাজার, তাঁতীবাজার, চকবাজার, পিলখানা আর ফার্মগেটে হাজার হাজার ঘরে পাকিস্তানী বর্বরদের লাগানো ভয়াবহ আগুন দেখতে দেখতে।

সেদিন রাতে আমি স্পষ্ট দেখতে পেয়েছিলাম আমার সেই গ্রাম, গ্রামের মাঠ আর বৈশাখী মেলায় ঘুরে বেড়ানো আমার সেই শিশু আমিকে। দেখতে পাচ্ছিলাম প্যান্ট পরা নগ্ন গায়ের সেই চঞ্চল শিশু- তার মাথাটা ওরা গুলির আঘাতে উড়িয়ে দিয়েছে-কালো পীচের ওপর দিয়ে গড়িয়ে পড়া রক্তধারা -মাথার খুলির টুকরোগুলো- সেইদিন আমি বুঝতে পেরেছিলাম আমাদের গাঁয়ের সেই দাদুভায়ের কান্নাভারাক্রান্ত কণ্ঠের অর্থ, বুঝতে পেরেছিলাম আমার মায়ের আবেগাকুল বুকের দ্রুত স্পন্দন আর চোখের জলের অর্থ। বুঝতে পেরেছিলাম আমার সেই শিশু আমির ফুঁপিয়ে ফুঁপিয়ে কান্নার অর্থ।

অতীতের এইসব টুকরো টুকরো স্মৃতির কথা ভাবতে অজান্তেই কখন যে হাতের এল-এম-জি'টাকে ইস্পাতের সাঁড়াশির মতো দু'হাতে চেপে ধরেছিলাম তা আমার মনে নেই।

(সাদেকীন রচিত)

বাংলাদেশের অর্থনৈতিক পুনর্গঠন

.....ডিসেম্বর, ১৯৭১

বাংলাদেশের স্বাধীনতা বিশ্বের ইতিহাসে এক যুগান্তরকারী ঘটনা। এর পটভূমিতে আছে লক্ষ লক্ষ মানুষের রক্ত ও জীবনদানের করুণতম গাথা। অন্যান্য গণতান্ত্রিক রাষ্ট্রের মত ক্ষমতা হস্তান্তরের প্রচলিত নিয়ম অনুযায়ী স্বাধীন ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিষ্ঠা হয়নি। বিশ্বের অত্যাধুনিক মারণাস্ত্র সজ্জিত নৃশংসতম ও বর্বর পাক-সৈন্যদের বিরুদ্ধে এক সশস্ত্র বিপ্লবের মাধ্যমে আমাদের এ স্বাধীনতার সূর্যোদয় সম্ভবপর হয়েছে। অন্যান্য স্বাধীনতা আন্দোলনের মতই আমাদের মুক্তিযুদ্ধও প্রথমদিকে কতগুলি অসুবিধার সম্মুখীন হয়েছিল। যেমন- পর্যাপ্ত অস্ত্রশস্ত্রের অভাব, প্রয়োজনীয় সামরিক প্রশিক্ষণের অভাব প্রভৃতি। এই সমস্ত কারণে আমাদের স্বাধীনতা যুদ্ধের প্রথম স্তরে গেরিলা পদ্ধতিতে যুদ্ধ চলেছিল। এই গেরিলা পদ্ধতিতে যুদ্ধ চালানোর উদ্দেশ্য হলো শত্রুকে বিভিন্ন দিক দিয়ে নাজেহাল করা। মূলত কতগুলি ফ্রন্টে বিভক্ত করে শত্রুকে কোণঠাসা করে আনা গেরিলা যুদ্ধের মূলনীতি। এই ফ্রন্টগুলি হলো অর্থনৈতিক, সামরিক, মনস্তাত্ত্বিক প্রভৃতি। তাই নিতান্ত অনিচ্ছা ও ক্ষতি সত্ত্বেও শত্রুকে কোণঠাসা করার জন্য বাংলাদেশ গেরিলাদের বিভিন্ন পুল, রেলওয়ে, ব্রিজ, কালভার্ট, প্রধান প্রধান সড়ক প্রভৃতির ধ্বংসসাধন করতে হয়। শত্রুর অর্থনৈতিক ব্যবস্থায় আঘাত হানার জন্যে মুক্তিবাহিনী গেরিলাদের অনেক শিল্পকারখানাও নষ্ট করতে হয়।

পরে শত্রুমুক্ত করার তথা স্বাধীনতা অর্জনের চরম মুহূর্তে মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সম্মিলিত আক্রমণে নিশ্চিত পরাজয় বর্বর হার্মদ পাক-সৈন্যরা ইচ্ছাকৃতভাবে বাংলাদেশের অগ্রগতিকে বহু বছর পিছিয়ে

দেবার মানসে ইচ্ছাকৃতভাবে বাংলাদেশের উপর ধ্বংসাত্মক কাজে লিপ্ত হয় এবং সার্বিক অর্থনীতিকে পঙ্গু করে দেয়। তাই বিজয়ের পরে আজ আমাদের প্রধান কর্তব্য ও দায়িত্ব হবে বাংলাদেশের পুনর্গঠনে সব মন-প্রাণ নিয়োগ করা।

মুক্তিসংগ্রামের থেকে মুক্ত ও যুদ্ধবিধ্বস্ত দেশের পুনর্গঠন আরো কঠিন ও কঠোর । এ বিরাট দায়িত্ব স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এবং সরকারও এ ব্যাপারে পূর্ণ প্রতিশ্রুত ও প্রতিজ্ঞাবদ্ধ। পশ্চিম পাকিস্তানী হার্মাদ নরপিশাচরা স্বেচ্ছায় হাতের অস্ত্র ছাড়েনি। মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সম্মিলিত আক্রমণে তারা আত্মসমর্পণ করতে বাধ্য হয়। তারা পরাজয়ের শেষ মুহূর্তে শিল্পনগরী নারায়ণগঞ্জের কল-কারখানাগুলি নষ্ট করে দিয়ে গেছে। এছাড়া দেশের এই অস্বাভাবিক অবস্থায় কৃষকরা ঠিকমত চাষাবাদ করতে পারেনি। শিল্প ও কৃষি দেশের প্রধান দুইটি অর্থনৈতিক ক্ষেত্রের উপর মারাত্মক আঘাত পড়ায় দেশের অর্থনৈতিক অবস্থা অত্যন্ত শোচনীয়। গত নয় মাস যাবৎ বাংলাদেশের অধিবাসীদের ওপর যে দুর্যোগ ও কালরাত্রি নেমে আসে তাতে ১২ লক্ষাধিক লোক নিহত হয়, ১ কোটি লোক ভারতে আশ্রয় নেয় এবং লক্ষ লক্ষ লোক দেশের অভ্যন্তরেই গৃহহারা হয়। এই ছিন্নমূল অধিবাসীদের মানসিক অবস্থা কৃষিকার্যে মনোনিবেশ করার অনুকূলে ছিল না। অন্যান্য সকল লোকমাত্রেই মুক্তিবাহিনীতে যোগ দিয়েছেন। সুতরাং কল-কারখানা, কৃষিকার্য, স্কুল, কলেজ, কোর্টকাচারী প্রভৃতি সবকিছু বন্ধ অবস্থায় ছিল।

বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল স্বর্ণতন্তু পাট। এই পাটচাষের প্রতি কৃষকদের আবার দ্বিগুণ উৎসাহে মনোনিবেশ করতে হবে। বিশ্বে এর অসম্ভব চাহিদা অনস্বীকার্য। এছাড়া চাও বাংলাদেশের রপ্তানীযোগ্য ফসলের মধ্যে অন্যতম। এ দুটি ব্যবসায় বৃটেনের বাংলাদেশের সহযোগিতার অত্যন্ত প্রয়োজন। এবং এমন ধারণা নিত্যন্ত অপ্রাসঙ্গিক হবে না যে, এই দুটি শিল্পে ব্যাঘাত না সৃষ্টির উদ্দেশ্যেই বৃটেন বাংলাদেশ সমস্যায় পাক-জাঙ্গীশাহীকে শেষের দিকে সমর্থন করেনি।

এছাড়া ধ্বংসপ্রাপ্ত শিল্পের পুনর্গঠনে বহু অর্থের প্রয়োজন। এটা কিছু সময়সাপেক্ষও বটে। বাংলাদেশে সম্পদের অভাব নেই। আর বাংলাদেশ সরকারের বিরাট ও নিরঙ্কুশ জনসমর্থন আছে। তাই মনে হয় বাংলাদেশে এই সমস্ত সমস্যা অচিরেই দূর হয়ে যাবে। দেশের সাংগঠনিক কার্যে মানুষ চরম নিষ্ঠা, আন্তরিকতা, ত্যাগ ও সহনশীলতা দ্বারা দেশকে গড়ে তুলবেন।

দেশের সাংগঠনিক কার্যে প্রথম পদক্ষেপ স্বরূপ দেশের যাতায়াত ব্যবস্থাকে পুনরায় চালু করতে হবে। শুধু দেশের অভ্যন্তরেই এ ব্যবস্থা সীমিত রাখলে চলবে না। কারণ আমাদের মুক্তিযুদ্ধে ভারতের সমর্থন ও সাহায্য তর্কাতীত। তাই রণবিধ্বস্ত স্বাধীন বাংলাদেশের পুনর্গঠনে ভারতকেই এগিয়ে আসতে হবে সবচেয়ে আগে। ভারত সরকার ইতিমধ্যেই সাধ্যানুযায়ী সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছেন। তাই ভারত ও বাংলাদেশের মধ্যে জল, নৌ ও বিমানপথের যোগাযোগ স্থাপন করা অত্যন্ত প্রয়োজন। অবশ্য ইতিমধ্যেই বনগাঁ, বেনাপোল, শিয়ালদহ ও যশোরের মধ্যে ট্রেন চলাচলের ব্যবস্থা হয়েছে, তথাপি তা আরো প্রসারিত করার আমু ব্যবস্থা দুই সরকারকেই করতে হবে- যদিও তা বেশ সময়সাপেক্ষ ব্যাপার। স্থলপথ ও জলপথের এই অসুবিধাগুলি আকাশপশে বিমান চলাচলের ব্যবস্থা করে অনেকাংশে দূর করা যায়। বাংলাদেশের অভ্যন্তরেও বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানগুলির সঙ্গে সত্বর বিমান যোগাযোগ একান্ত প্রয়োজনীয়। অবশ্য এটা ঠিক, যুদ্ধে অনেক বিমানক্ষেত্রে রানওয়েগুলির ক্ষতি হয়েছে, তথাপি সেগুলির সংস্কার খুব বেশী সময়সাপেক্ষ নয়।

বাংলাদেশ সরকার যুদ্ধবিধ্বস্ত দেশকে পরিপূর্ণভাবে গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক পদ্ধতিতে গড়ে তোলার জন্যে বদ্ধপরিকর, দেশের ভবিষ্যৎ রূপরেখায় যা উপস্থাপিত হয়েছে তাতে কায়েমী স্বার্থের কোন স্থান থাকবে না, পুঁজিবাদ বা আমলাতান্ত্রিকতা কোন অসুবিধা করতে পারবে না, নতুন করে কোন সুবিধাবাদী চক্রকে গড়ে উঠতে দেয়া হবে না। সরকার এটা ভালোভাবেই উপলব্ধি করেছেন যে, সংগঠন ও পুনর্গঠনের জন্যে রয়েছে যেটা সেটা

হলো দেশের সর্বত্র অসামরিক প্রশাসন ব্যবস্থা প্রসারিত করে দেশে শান্তি ও শৃঙ্খলা স্থাপন করা। ইতিমধ্যেই সরকার দেশের অগ্রগতির প্রতিবন্ধক সম্প্রদায়িক দলগুলিকে নিষিদ্ধ করে দিয়েছেন, বাংলাদেশে আর কোন সাম্প্রদায়িক রাজনীতি থাকবে না। সাম্প্রদায়িকতার বিষবাষ্পে দেশ আর কলুষিত হতে পারবে না। বাংলাদেশের মুক্তিযোদ্ধা যুবকদেরও এ ব্যাপারে এগিয়ে আসতে হবে। দেশে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখতে তাদের ভূমিকা সর্বাগ্রগণ্য।

পশ্চিম পাকিস্তানী রক্তলোভী হার্মাদরা বাংলাদেশের অসংখ্য বুদ্ধিজীবীকে হত্যা করেছে। বিজ্ঞানী, সাংবাদিক, চিকিৎসক, অধ্যাপক, রাজনৈতিক কর্মী, সাহিত্যিক প্রভৃতি বাঙালী বুদ্ধিজীবীরাই দেশের পুনর্গঠনে অধিকতর সহায়ক হবে জানতে পেরেই ইয়াহিয়ার লুটেরারা বেছে বেছে এদের হত্যা করে। কাজেই নানা দিক দিযে সরকারের অসুবিধা হবে। অবশ্য যতই বাধা থাকুক না কেন, বাংলাদেশের মানুষ এখন চরম আত্মত্যাগের মধ্য দিয়ে আবার দেশ গঠনেও আত্মনিয়োগ করতে পারবে। সাংগ্রামের মধ্য দিয়ে শোণিতমূল্যে আমরা স্বাধীনতা অর্জন করেছি- এই স্বাধীনতাকে রক্ষার জন্যে এবং দেশের আর্থিক পুনর্গঠনের জন্যেও আমরা তেমনি প্রাণ পণ করব। এ ব্যাপারেও আমরা বিশ্বে নতুন বিস্ময় সৃষ্টি করতে সক্ষম হব।

(নাসিম চৌধুরী রচিত)

বাংলাদেশের খাদ্য উৎপাদন বৃদ্ধির উপায়

..... ডিসেম্বর, ১৯৭১

যুদ্ধ একদিন শেষ হয়। ধ্বংসস্তূপের মধ্য থেকে গড়ে তুলতে হয় নতুন জীবন,সভ্যতা। মানুষ যুদ্ধ চায় না। চায় শান্তি। তবু যুদ্ধ চলে আসছে মানব অস্তিত্বের আদিকাল থেকে। আমরা যুদ্ধ চাইনি। তবু যুদ্ধ চেপে বসেছিল আমাদের উপর। নয মাস ২২ দিন পরে বাংলাদেশের পাক দখলদার বাহিনী সর্বত্র আত্মসমর্পণ করেছে। এখন আমাদের ভাববার পালা যুদ্ধোত্তর পুনর্গঠন নিয়ে। এখন আমাদের লক্ষ্য হবে বিভিন্ন পরিকল্পনা নিয়ে দেশ গড়বার কাজে আত্মনিয়োগ করা। সাধারণ মানুষের জীবন থেকে দুঃখ-দারিদ্রকে দূর করে, সমগ্র দেশকে এগিয়ে নিয়ে যাওয়া।

বাংলাদেশ পৃথিবীর মধ্যে অন্যতম জনবহুল দেশ। এখানে গড়পড়তায় প্রতি বর্গমাইলে জনসংখ্যার হার ৯০০ জনের উপরে। জমির উপর জনসংখ্যার চাপ এখানে খুব বেশী। আমাদের প্রধান এবং প্রাথমিক সমস্যা এই বিরাট জনসংখ্যার মুখে অন্ন যোগান।

বাংলাদেশের মোট আয়তন ৩৫.৩ মিলিয়ন একর। এর মধ্যে আবাদী জমির পরিমাণ হল ২২.৫ মিলিয়ন একর। এর মধ্যে বৎসরে একাধিকবার আবাদ করা হয় এমন জমির পরিমাণ হল ৩ মিলিয়ন একর। তাই বলতে হয় মোট ফসল উৎপাদন জমির পরিমাণ হল ৩৮.৮ মিলিয়ন একর।

একটা দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি করা যায় দু'ভাবেঃ

(১) নতুন জমিকে কর্ষণ উপযোগী করে; এবং

(২) আবাদী জমিতে ফসলের উৎপাদন মাত্রা বাড়িয়ে।

বাংলাদেশে বর্তমানে চাষ করা হয় না কিন্তু চেষ্টা করলে কর্ষণ উপযোগী করা যায় এমন জমির পরিমাণ প্রায় ১ মিলিয়ন একর। উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করলে, যেমন কলের লাঙ্গল ব্যবহার করে এই ভূমিকে কর্ষণ উপযোগী করা সম্ভব। বিগত কয়েক বছরে অনেক উন্নয়নগামী দেশে খাদ্য উৎপাদনের মাত্রা দ্রুত বেড়েছে। অনুসন্ধান করলে দেখা যায় তা সম্ভব হয়েছে প্রধানত নতুন জমি আবাদ করে। কিন্তু বাংলাদেশে আবাদযোগ্য অনাবাদী জমির পরিমাণ খুব বেশী নয়। তাই ফসল বাড়াবার প্রধান উপায় হিসাবে এখানে গ্রহণ করতে হবে বর্তমানে যে আবাদী জমি আছে তাতেই অধিক ফসল ফলানোর উপায় উদ্ভাবন করে- উন্নত কৃষিপ্রণালীর প্রয়োগ ঘটিয়ে।

বাংলাদেশে ফসলের ফলনের মাত্রা খুবই কম। যেখানে বাংলাদেশের ধানের গড়পরতা ফলনের পরিমাণ একরপ্রতি ৯০০-১০০০ পাউণ্ডের মত সেখানে জাপানে একরপ্রতি ধানের ফলন হচ্ছে ২০০০ পাউণ্ডের উপর। আমাদের দেশে ধানের ফলন-মাত্রা কমের একটি বড় কারণ জমিতে যথাযথভাবে সার দেওয়ার ব্যবস্থা নাই। পরীক্ষা করে দেখা গিয়েছে, বাংলাদেশের জমিতে কেবলমাত্র নাইট্রোজেন ঘটিত সার প্রদান করে ফসলের হার অনেক বাড়িয়ে দেওয়া যায়। যেমনঃ একর প্রতি ৪০ আউন্স নাইট্রোজেন ঘটিত সার দিয়ে দেখা গিয়েছে যে, এর ফলে আউশ ধানের ফলন ৩৭ ভাগ, আমন ধানের ফলন শতকরা ৪০ ভাগ ও বোরো ধানের ফলন শতকরা ৪৬ ভাগ বাড়িয়ে দেওয়া যায়।

আমাদের দেশে মাটির নীচে যে প্রাকৃতিক গ্যাসের সন্ধান পাওয়া গিয়েছে, তার সাথে বাতাসের নাইট্রোজেন গ্যাস যুক্ত করে নাইট্রোজেন ঘটিত সার যথেষ্ট পরিমাণে উৎপাদন করা সম্ভব। বাংলাদেশে এ পর্যন্ত যে পরিমাণ প্রাকৃতিক গ্যাসের সন্ধান পাওয়া গিয়েছে তার পরিমাণ হল ৯.৩৪ মিলিয়ন কিউবিক ফুট। এই গ্যাস আমরা বহুদিন ধরে ব্যবহার করতে পারবো। সার উৎপাদনের কাজে জ্বালানী হিসাবে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার ত্বরান্বিত করতে হবে।

বাংলাদেশের আবাদী জমির কম করে শতকরা ৬০ ভাগ শীতকালে পতিত থাকে। এর প্রধান কারণ শীতকালে আমাদের দেশে বৃষ্টিপাতের পরিমাণ খুবই কম। ডিসেম্বর ও জানুয়ারী মাসে বৃষ্টিপাতের পরিমাণ গড়পরতায় দেড় ইঞ্চির বেশী নয়। শীতকালে জলসেচের ব্যবস্থা করে তাই বহু জমিতে ফসল ফলান সম্ভব। এইভাবে রবিশস্যের উৎপাদন বৃদ্ধি করে বাংলাদেশের খাদ্য সমস্যা বহুলভাবে সমাধা করা চলে। পাকিস্তানী আমলের সরকারী হিসাব থেকে দেখা যায় যে, ১৯৬৬-৬৭ সালে বাংলাদেশে ১.৫ মিলিয়ন একর জমিতে জলসেচ ব্যবস্থা ছিল। অর্থাৎ মোট আবাদী জমির মাত্র শতকরা ৫ ভাগ জমিতে জলসেচ ব্যবস্থা ছিল। উপযুক্ত পরিকল্পনা গ্রহণ করে দ্রুত আরো অনেক জমিতে সেচ-ব্যবস্থা সম্ভব।

বাংলাদেশের এক বিরাট সমস্যা বন্যা। বন্যার পানি প্রতিবছর যথেষ্ট পলিমাটি বহন করে বাংলার মাটিকে উর্বর করে। কিন্তু বড় বন্যা হলে তাতে বাংলাদেশের ফসলের যথেষ্ট ক্ষতি হয়। সরকারি হিসাব মতে বাংলাদেশে যখন মাঝারি রকমের বন্যা হয়, তখন প্রায় ৯ মিলিয়ন একর জমি জলমগ্ন হয়। ১৯৫৭ সাল থেকে বন্যা নিয়ন্ত্রণ সম্পর্কে অনুসন্ধান এ পর্যন্ত চালান হয়েছে। তা থেকে দেখা যায়, বাংলাদেশে বন্যা নিয়ন্ত্রণ করতে হলে ভারতের সহযোগিতা একান্ত প্রয়োজন। পাকিস্তানের রাজনৈতিক কারণে, ভারতের সাথে এতদিন বন্যা নিয়ন্ত্রণ ব্যাপারে কোন সহযোগিতা সবস্তব হয়নি। কিন্তু এই সহযোগিতার প্রতিবন্ধক এখন দূর হয়েছে।

একটা দেশের আর্থিক শ্রীবৃদ্ধির জন্য বর্তমান যুগের রাষ্ট্রিক পরিকল্পনার প্রয়োজনীয়তার কথা এখন মোটামুটি সব অর্থনীতিবিদই স্বীকার করেন। কিন্তু সব পরিকল্পনার সাফল্য নির্ভর করে যেমন পরিকল্পনা তৈরির নির্ভুলতার উপর, তেমনি সেই পরিকল্পনাকে বাস্তবে কার্যকর করার ভার যাদের হাতে ন্যস্ত থাকে তাদের নিষ্ঠা ও সত্যতার উপর। কেবল আমলাতন্ত্রের সাহায্যে সমাজতান্ত্রিক অর্থনীতি সম্ভব নয়। এর জন্যে প্রয়োজন হয় উপযুক্ত গণসংগঠনের। আমাদের দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে হলে, যে মুক্তিযোদ্ধারা লড়াই করে দেশকে শত্রুকবল

থেকে মুক্ত করল, তাদের দেশপ্রেম ও কর্মশক্তিকে অর্থনৈতিক পুনর্গঠনের কাজে লাগাতে হবে। এদের সাহায্যে গ্রামবাংলার কৃষি অর্থনীতিতে দ্রুত বিরাট পরিবর্তন আনা সম্ভব।

(ডা. এবনে গোলাম সামাদ রচিত)

অগ্রগামী মুক্তিবাহিনী

১০ ডিসেম্বর, ১৯৭১

পাকিস্তানী বর্বর সেনারা মুখের উপর এক বিরাশী-সিক্কার চড় খেয়ে মাথা ঘুরে পড়ার উপক্রম। গত মার্চ থেকে আজ পর্যন্ত সমানে জ্বালাতন করে, বাংলার বুকে আগুনের লেলিহান শিখা জ্বালিয়ে, সমৃদ্ধ জনপদ শ্মশানে পরিণত করে, বাংলার শক্তিকে নিঃশেষ করেছে ভেবে, বাংলার পথে পথে শকুনী-গৃধিনী এবং শিবাদলের অট্টহাসিতে ভরে তুলেছিল বাংলার আকাশ। কিন্তু ঘুমন্ত আগ্নেয়গিরি তাদের বোধের অন্তরালে কখন যে জেগে উঠেছে, অনুধাবন করতে পারেনি অদূরদর্শী বর্বর হায়েনার দল। আচমকা কোন দিক থেকে গালের উপর পড়ল বিরাশী সিক্কার চড়।

আর অমনি বন্ধুর দল হায় হায় করে উঠলো। নিরাপত্তা পরিষদ থেকে বিতাড়িত হয়ে সাধারণ পরিষদে হাজির। গণতন্ত্রের জিগির তুলে, সার্বভৌমত্বের প্রশ্ন তুলে, পাকিস্তানের নিরাপত্তার অজুহাত দেখিয়ে পাকিস্তানী বন্ধুরা আরামকে হারাম করে বিশ্বের দরবারে হাজির হলো। বন্ধ কর, যুদ্ধ বন্ধ কর।

কারণ কী? কারণ আছে তো বটোই। মুক্তিবাহিনী এবং মিত্রবাহিনী দুর্বার গতিতে এগিয়ে চলেছে পরিণতির দিকে। একের পর এক পতন হচ্ছে নিরাপদ দুর্গগুলোর। সাহায্যদ্রব্য আনয়নের এবং পাঠানোর পথগুলো বন্ধ হয়ে গেছে। দুটি প্রধান বন্দর চট্টগ্রাম এবং চালনা সম্পূর্ণ অবরুদ্ধ। বিমান বাহিনী যে সাহায্য করবে সে উপায়ও নেই। কুল্লে দু'খানা বিমান এখন পাকিস্তানের বেঁচেবর্তে আছে, তাও আবার লুকানোর জায়গা খুঁজে পাচ্ছে না। কেননা সারা বাংলাদেশে জানোয়ারগুলোর আর লুকানোর কোন ঠাঁই নেই। মুক্তিবাহিনী খুঁজে খুঁজে ওদের আঘাত করছে, শেষ করছে। সারাবাংলা এখন হয়ে উঠেছে শয়তানের মৃত্যুফাঁদ।

বাংলাদেশের অর্থে কেনা সমরসম্ভার নিঃশেষিত প্রায়। এতদিন যে ধর্মের আফিমের নেশায় বুঁদ হয়েছিল সারা পাকিস্তানের সুবিধাবাদী জল্লাদ আর দালালের দল, আজ তাদেরও নেশা ভাঙতে শুরু করেছে। জাতীয় সংগ্রামের আগুনের আঁচে আফিমের নেশাও চড়াৎ করে ভেঙে যাচ্ছে। পাঞ্জাবী মহাপ্রভূদের মনোরঞ্জনার্থে আর অস্ত্র ধরতে রাজী নয় পাকিস্তানী সেনাবাহিনীর অনেকেই। আত্মসমর্পণকারী সেনাদের জবানবন্দীতে একথা স্পষ্টভাবে প্রমাণ হয়ে গেছে।

এবার দিন গুণবার পালা সামরিক জান্তার এবং তাদের চেলাচামুণ্ডা মওদুদী, ভুট্টো, কাইয়ুম খান, নুরুল আমিন, মাহমুদ আলী প্রমুখের। নিয়াজী বাংলার মাটিতে বসে ইয়ানফসী, ইয়ানফসী শুরু করেছে। ঢাকা বেতার তবু আজো প্রলাপ বকছে। ওদেরই কথার প্রতিধ্বনি তুলে নিজেদের বোঝাতে চেষ্টা করছে। কিন্তু অনুভব ভুলের বোঝায় ভারাক্রান্ত হয়ে উঠছে।

মুক্তিবাহিনীর মর্টার শেলের আঘাতে এবং মেশিনগানের গুলিতে সচকিত দালালের দল কোন বিবর খুঁজছে? বোমার আঘাতে প্রকম্পিত ঢাকা নগরীতে আজ কি আর বর্বরদের জীবনের উচ্ছলতার কোন অবশিষ্ট আছে? না,

নেই। যশোর দুর্গ পতনের পর, ময়নামতি দুর্গ অবরুদ্ধ হওয়ার পর, সিলেট জেলা, রংপুর এবং যশোর-খুলনার বিস্তীর্ণ অঞ্চল মুক্ত হওয়ার পর আর কি ভাবছে বাংলার স্বার্থবিরোধী, বাঙলার চরম শত্রুপাকবাহিনী এবং তার অনুচরেরা?

আজ মুক্তিবাহিনীর পথ রোধ করবে কে? কোথায় সে শক্তি? নিঃশেষিত শক্তি পাকিস্তানের আজ নাভিশ্বাস উঠেছে। যারা নিজেদের কবর নিজেরাই খুঁড়ছে তাদের নিজেদের স্থান করে নিতে হবে সেই করবে।

দুঃসাহসী মুক্তিবাহিনীর দৃঢ়পণ, বজ্রমুঠিতে ধরে রাখা হাতিয়ার আজ বদ্ধপরিকর সব অনাচারী, অত্যাচারী, জুলুমবাজদের মূলোচ্ছেদ করার জন্য। লাখো শহীদের রক্তলাল-বাঙলায় উদিত আজ স্বাধীনতার রক্তিম সূর্য। উত্তাল বিজয়-উল্লাসে মুখরিত বাংলা আকাশ-বাতাস।

আজ শোন বর্বরের দল, হয় মৃত্যুবরণ করো নয় পরাজয়ের কালি ললাটে লেপন করে আত্মসমর্পণ করো। বাংলার মাটিতে ঠাঁই নেই তোমাদের।

দুর্জয়, দুর্বার বাঙলার মুক্তিবাহিনী এগিয়ে চলো। সংহার করো, নিঃশেষ করো অনাচারী বর্বরদের। বাঙলার সাড়ে সাত কোটি মানুষ তোমাদের বিজয়-আহ্বান জানাতে প্রস্তুত।

সুদূর দিনাজপুরের বাংলাবান্ধা থেকে কক্সবাজার পর্যন্ত দৃঢ় দুর্দমনীয় হোক তোমাদের পদক্ষেপ। মনোবলহীন, ক্লীব, কুৎসিৎ হানাদার আজ মৃত্যুর দিন খুঁজছে বন্দীপ্রায় বিবরে।

তোমাদের জয়যাত্রায় শরীক সাতে সাত কোটি বাংলার মানুষ। গণহত্যাকারীদের নিঃশেষ করো বাংলার মাটি থেকে

(মুস্তাফিজুর রহমান রচিত)

এখন অনেক কাজ

২২ ডিসেম্বর, ১০৭১

বাংলাদেশ এখন মুক্ত, কিন্তু আসলে আমাদের মুক্তিযুদ্ধের এই সবে শুরু। মুক্ত বাংলার আকাশে নতুন সূর্যের প্রভাতী আবিরে সদ্য স্নান করে উঠেছি আমরা একটা জাতি। তাই নতুন জাতির জন্ম হোল-এখনই না বলে-একটি বাস্তব সত্য মিথ্যার কারামুক্ত হোল একথাই ঠিক। সত্য বনাম মিথ্যার চূড়ান্ত এই মুখোমুখি সংঘর্ষে পতন হয়েছে মিথ্যার, কিন্তু এ রক্তক্ষয়ী লড়াইয়ে সত্যও হয়েছে মারাত্মক ক্ষতবিক্ষত। সে জন্যেই এখন বিজয়ের উল্লাসে বুঁদ হয়ে আমাদের খুখীর তুফানে ভেসে যাওয়া চলবে না। এখন অনেক কাজ।

কারামুক্ত হলেই মুক্তি নয়, মুক্তির জন্য দরকার বেশুমার ত্যাগের-অনাবিল একতার। দীর্ঘ ২৪ বছর ধরে আমরা শোষিত, ধর্মের নামে ভণ্ডের অত্যাচারে জর্জরিত। আমাদের আকাশে এখন নতুন সূর্য- কিন্তু মাটিতে ২৪ বছরের ভাগাড়ের ধ্বংসাবশেষ। শকুনেরা চব্বিশ বছর ধরে- আমাদের মরা আত্মাকে নখ দিয়ে ছিঁড়েছে, গায়ের

জোরে এই ভাগাড়েই কামড়াকামড়ি করেছে একে অন্যে। এই চব্বিশ বছরের নৃশংস ভাগাড়কে, শকুনের উচ্ছিষ্ট এই হাড়গোড়ের পাহাড়কে অপসারণ করে যদি সজীব করতে পারি তাহলে হবে আমাদের সত্যিকারের মুক্তি। রবীন্দ্রনাথ বলেছেন- ''জীর্ণ পুরাতন যাক ভেসে যাক।'' নজরুল বলেছেন, ''সজীব করিব মহাশ্মশান''। এই শপথই আমাদের সত্যিকারের মুক্তির শপথ।

আমাদের অনেক ক্ষত-জাতীয় দেহ আজ ক্ষতবিক্ষত। এই মুক্তির প্রভাতে আমরা হয়তো মনের ক্ষতই উপলব্ধি করছি গভীরভাবে।

আমাদের এখনই ফিরে যেতে হবে ১৯৫২-র সেই ভাষা আন্দোলনে, আমাদের এখনই ফিরে যেতে হবে ১৯৪৮-এর মোহাম্মদ আলী জিন্না সেই সমাবর্তন বক্তৃতায়, সে বক্তৃতায় জিন্না বলেছিলেন,- ''পাকিস্তানের রাষ্ট্রভাষা উর্দুই হবে।''

আমাদের মনে রাখতে হবে ভাষা আন্দোলনের প্রথম শহীদ বরকত, সালামের মায়ের কথা- আজকের খসরু ড্রাইভারের মায়ের মতই। এ স্বাধীনতাকে তাদেরও ভাগ আছে সমান সমান। স্বাধীনতার প্রত্যেকটি শহীদকে আমাদের জানতে হবে। এ যুগের দধীচির মতই। এবং সেখান থেকে শুরু করতে হবে এই নতুন জাতির পুনর্গঠন।

শত্রুরা আমাদের অর্থনীতিকে যেনম তছনছ করেছে তেমন তছনছ করেছে সংস্কৃতি ও জাতীয় সম্ভ্রমকে। একটা জাতির বিকাশে অর্থনৈতিক অসচ্ছলতা যেমন বাধ্যস্বরূপ, তেমনই সমান প্রতিবন্ধক হল সাংস্কৃতিক সংকট। আমাদের সামনে এখন দুটোরই সংকট অতিমাত্রায়। জাতির অর্থভাণ্ডার আজু মুক্তির ঊষালগ্নে যেমনই শূন্য, সংস্কৃতিও একইভাবে শূন্য। শত্রুরা জাতীয় তহবিলের অর্থের মতোই শেষবেলায় রাইফেল দিয়ে লুটিয়ে দিয়ে গেছে আমাদের জাতীয় সাংস্কৃতিক ও বুদ্ধিজীবী তথা শিল্পী গোষ্ঠীকে।

সব খুইয়ে মুক্তি পেয়েছি বলে আমাদের হতাশায় ভেঙ্গে পড়া ভুল- শূন্যতা আমাদেরই পূর্ণ করতে হবে। মনে রাখতে হবে, ইসলামের ধ্বজাধারীরা সাথে কোন তহবিল নিয়ে আসেনি- আমাদের সম্পদ নিয়ে তারা মোড়লী করেছে এতকাল। আমাদের মাটিতে ফসল ফলে- আমাদের ভেতর থেকেই এসছিলেন জাতীয় সংস্কৃতিক বা বুদ্ধিজীবীরা। সুরের ইন্দ্রজাল বা মধুকণ্ঠ আমাদেরই ঘরের ফসল। তাই শূন্য দেখে ভেঙ্গে যাওয়া মানেই পূর্ণতার পথে কাটা দেওয়া। শত্রুর শিবিরে নির্যাতিতা বোনদের দেখে আমাদের শিউরে ওঠার প্রয়োজন নেই। তাদের সামনে আমরা মুখ তুলেই দাঁড়াবো। আমাদের ছেলেরাই দেবে তাদের এই চরম ত্যাগের বখশীস। তাদের ত্যাগের মর্যাদা দিতে যদি আমরা না পারি তাহলে অসংখ্য-শহীদকেও আমরা অপমানিত করবো- কারণ শহীদের আত্মার সঙ্গে এই নির্যাতিত আত্মার যোগ খুবই নিবিড়।

আমরা জীবন দিয়েই নতুন জীবন লাভ করেছি। ত্যাগের মধ্যে দিয়ে এসেছে আমাদের এই মুক্তির প্রভাত, তাই সেই ত্যাগ দিয়েই এই মুক্তিকে আমাদের বরণ করতে হবে- ভোগ দিয়ে শুরু করে নয়। আমরাই প্রমাণ করেছি- ভোগের জগৎ মিথ্যা এবং মিথ্যা বলেই আজ চব্বিশ বছর পরে ভোগের চিরনিবৃত্তি হোল।

আজ নতুন দিনের এই প্রভাতবেলায় আমাদের আরো ত্যাগের জন্য শপথ নিতে হবে। কারণ, কোন মতেই আবার যেন আমাদের এই মুক্ত আকাশ কালো মেঘে না ঢেকে যায়, কোনোমতেই যেন আজকের এই মুক্ত বাতাস আবার বিষিয়ে না যায়।

অর্থ নাই- তাতে কী? আমাদের মাটিতে সোনা ফলে। যে সোনার বাংলাকে কবি ভালবেসে গেছেন, কবি যে বাংলার মুখ দেখে আশান্বিত হয়েছেন- সে বাংলাকে আমরা সাড়ে সাত কোটি বাঙলী আবার ভরিয়ে তুলতে পারবো।

শকুনেরা চলে গেছে, ফেলে গছে অজস্র হাড়গোড়। তাই আমরা এখনও মুক্ত নই, শকুনমুক্ত মাত্র। এই জন্যেই আনন্দ মিছিলে আমাদের উল্লাস করার মত সময় নেই- এখন ত্যাগের মুহূর্ত। ঝটিকাবিধ্বস্ত জাতির ভাঙ্গা কাঠামোকে পূর্ণ উদ্যম গড়ে তোলার কাজে ঐক্যবদ্ধ হতে হবে আমাদেরই। মনে রাখতে হবে, ব্যথা আমাদের এবং তা আমাদেরই দেহে। তাই এখন শুধু উল্লাস নয়, এখন অনেক কাজ।

(হাফেজ আলি রচিত)

শিরোনাম	সূত্র	তারিখ
৮। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত আরও বাংলা কথিকা	''শব্দসৈনিক'' ফেব্রুয়ারি ১৯৭২	সেপ্টেম্বর-ডিসেম্বর ১৯৭১

রাজনৈতিক বঞ্চনার নেপথ্যে

১৪ আগস্ট, ১৯৭১

আজ উনিশশো একাত্তর সালের চৌদ্দই আগস্ট। মাত্র এক বছর আগেও এই দিনে আমি ছিলাম ঢাকায়। আমার প্রিয় পরিজন, পরিচিত পরিবেশের মধ্যে। আমার চোখে কত স্বপ্ন, দেশ স্বাধীন, স্বাধীন দেশে এই প্রথম সাধারণ নির্বাচন আসন্ন। এই নির্বাচনে দেশে আসবে বাক-স্বাধীনতা, চিন্তার স্বাধীনতা, নাগরিক স্বাধীনতা। সর্বোপরি দেশের মানুষ পাবে তাদের হারানো অধিকার।

এই অধিকার আমরা পাইনি। তার বদলে পেয়েছি বুলেট। পঁচিশে মার্চ মধ্যরাতে অকস্মাৎ' ঘুম ভেঙে গেছে, চারদিকে কামান আর ট্যাঙ্কের গর্জন। অসহায় মানুষের ভীত আর্তনাদ। রক্তে ঢাকা শহর ভেসে গেছে। সারা বাংলাদেশ ভেসে গেছে। আর সেই রক্তের স্রোতে ভাসমান স্তূপীকৃত লাশ। শিশু-নারী-বৃদ্ধ-যুবকের মৃতদেহ। এই লক্ষ মানুষের মৃতদেহের স্তূপের নীচে ইয়াহিয়া চাপা দিতে চেয়েছে বাঙালীর আত্মপ্রতিষ্ঠা ও স্বাধিকার লাভের ইচ্ছা। ইয়াহিয়ার সৈন্য আমার ভাইকে হত্যা করেছে, আমার বোনের সম্ভ্রম নষ্ট করেছে। আমার পিতার সাধের গোলার ধান পুড়িয়ে ছাঁই করে দিয়েছে। আমার মাকে দিয়েছে এক-বুক হাহাকার উপহার। গত ২রা জুন তারিখে আমার কৈশোর আর যৌবনের হাজারো স্বপ্নমাখা ঢাকা শহর ছেড়ে যেদিন মুক্তাঞ্চলের দিকে পা বাড়াই, সসিদন জ্যৈষ্ঠের বাংলার তপ্ত প্রকৃতির দিকে তাকিয়ে অশ্রুসজল চোখে বলেছি, মাগো, আবার যেন তোর কোলে ফিরে আসতে পারি। ফিরে আসতে পারি স্বাধীন বাংলার পতাকাশোভিত তোর ছায়া-সুনিবিড় নীড়ে। খুনী ইয়াহিয়ার দস্যু সেনাবাহিনী আমার চোখ থেকে স্বপ্ন কেড়ে নিয়েছে, আমার কণ্ঠ থেকে গান কেড়ে নিয়েছে, আমার দেশের সবুজ শ্যামল আঁচল রঞ্জিত করেছে আমারই ভাই আর বোনের রক্তে। কিন্তু সে আমার মৃত্যুঞ্জয় কালজয়ী আবহমানের স্বাধিকার-চেতনা হরণ করতে পারেনি। তাই আজ মুক্ত বাংলার বুকে লক্ষ মুক্তিফৌজ প্রস্তুত। আমার একমাত্র সান্ত্বনা, আমি আমার দেশের মুক্তিযুদ্ধে মুক্তিফৌজের পাশে রয়েছে। যদি মরতে হয় স্বাধীনতার জন্য মরবো, যদি বাঁচতে হয় স্বাধীন জাতির গৌরব ও মর্যাদা নিয়ে বাঁচবো।

চৌদ্দই আগস্টের কথা বলছিলাম। এই দিনটি পাকিস্তানের স্বাধীনতা দিবস। কিন্তু গত ২৫শে মার্চ বিশ্বাসঘাতক ইয়াহিয়া মধ্যরাতের বর্বরতায় যে পাকিস্তানকে হত্যা করেছে, তার আবার স্বাধীনতা-দিবস কি? বাঙালীর স্বাধীনতা স্বাধীন বাংলার স্বাধীনতা। এই স্বাধীন বাংলার স্বাধীনতা দিবস আমরা পালন করবো ঢাকায়, রাজপথ থেকে ইয়াহিয়ার দস্যুচক্রের রক্তচিহ্ন মুছে, শিশুঘাতী নারীঘাতী বর্বরতার শেষচিহ্ন লুপ্ত করে স্বাধিকার-চেতনার নতুন উৎসবে মুখর হবে ঢাকা, উদ্ভাসিত হবে সারা বাংলাদেশ। বিশ্বাস করুন, এই প্রত্যয় নিয়ে আমি বেঁচে আছি। আমার বিশ্বাস বাঙালীমাত্রেই এই বিশ্বাস নিয়ে বেঁচে আছেন।

চৌদ্দই আগস্ট আমারও স্বাধীনতা দিবস হতে পারতো। কিন্তু তাকে হতে দেয়া হয়নি। যা হতে পারতো আমার প্রাণের, ধানের, গানের সৌরভ, তাকে করা হয়েছে আমাকে দমনের-নির্মমভাবে দমনের হাতিয়ার। সেই হাতিয়ার আজ ভেঙে গেছে। তাই চৌদ্দই আগস্ট আজ সাড়ে সাত কোটি বাঙালীর জীবনে মৃত। আর এই একটি

দিবসের মৃত্যুর মধ্যদিয়ে নব-জন্মগ্রহণ করেছে গণপ্রজাতন্ত্রী স্বাধীন বাংলা। বঙ্গবন্ধু যার নেতা। আমি, আপনি সকল বাঙালী যে স্বাধীনতার অগ্নিরথের আরোহী।

পাকিস্তানের রাষ্ট্রকাঠামোতে বাংলাদেশকে তার প্রাপ্য সংখ্যাগরিষ্ঠতার অধিকার, রাষ্ট্রক্ষমতা পরিচালনায় সমঅংশীদারিত্ব দেয়ার কোন ইচ্ছা ছিল না করাচী ও ইসলামাবাদের শাসক চক্রের। তারা চেয়েছে বাংলাদেশে একটি অর্থনৈতিক কলোনী প্রতিষ্ঠা করতে। আর এই কলোনী শাসনের জন্য চেয়েছে বাঙালীর উপর একচ্ছত্র রাজনৈতিক প্রভুত্ব। সংখ্যালঘিষ্ঠ অংশ পশ্চিম পাকিস্তানের ততোধিক সংখ্যালঘু একটি আমলাতান্ত্রিক সামরিকচক্র গত তেইশ বছর বাংলাদেশকে শাসন করেছে, তাদের অনুগৃহীত তেইশটি পরিবার বাংলাদেশেকে যথেচ্ছ শোষণ করেছে, তাদের পণ্যের একচেটিয়া বাজার করে রেখেছে। আজকাল পাশ্চাত্যের কোন কোন খ্যাতনামা রাজনৈতিক ভাষ্যকার সম্পূর্ণ দক্ষিণ আফ্রিকা ও রোডেশিয়ার অশ্বেতাঙ্গদের উপর মুষ্টিমেয় শ্বেতাঙ্গের শাসনের অনুরূপ। পিণ্ডির শাসকচক্র ও প্রিটোরিয়ার শাসকচক্রের ফ্যাসিস্ট, অগণতান্ত্রিক ও মানবতাদ্রোহী ভূমিকার মধ্যে কোন পার্থক্য নেই। বাঙালীর ভাষা, বাংলাদেশের সংস্কৃতি-এক কথায় যা কিছু বাঙালীর জাতীয় চেতনার মহত্তম প্রকাশ, ১৯৪৮ সাল থেকে তাকে বার বার ধ্বংস করার চেষ্টা হয়েছে, এই একটিমাত্র লক্ষ্য থেকে। এবং সেই লক্ষ্য হল বাঙালীর রাজনৈতিক অধিকার হরণ। বাংলাদেশে পিণ্ডির একচ্ছত্র রাজনৈতিক প্রভূত্ব প্রতিষ্ঠা।

এই প্রভূত্বের বিরুদ্ধে, এই নির্মম শোষণ আর শাসনের বিরুদ্ধে যিনিই কথা বলেছেন, বাংলাদেশের বাঙালীর অধিকার প্রতিষ্ঠা করতে চেয়েছেন, করাচী এবং পিণ্ডির শাসকচক্রের চোখে তিনিই হয়েছেন দেশদ্রোহী। বৃটিশ আমলের আমলা গোলাম মোহাম্মদ শেরে বাংলা ফজলুল হকের মত বরেণ্য নেতাকে বলেছেন দেশদ্রোহী, তার বিচার করতে চেয়েছেন। মীরজাফরের বংশধর ইস্কান্দার মীর্জা হুমকি দিয়েছেন, তিনি গুলি করে মারবেন বয়োবৃদ্ধ নেতা মওলানা ভাসানীকে। ইংরাজ আজলের পা-চাটা সিপাই আইয়ুবের চক্রান্তে শহীদ সোহরাওয়ার্দীকে দেশের বাইরে সুদূর বৈরুতে শেষনিঃশ্বাস ত্যাগ করতে হয়েছে। আজ আইয়ুবের বিশ্বাসঘাতক দক্ষিণ হস্ত ইয়াহিয়ার চক্রান্তে প্রাণপ্রিয় মুজিব ভাই রাষ্ট্রদ্রোহিতার মিথ্যা অভিযোগে অভিযুক্ত। চলছে তার প্রাণ হননের ঘৃণ্য ষড়যন্ত্র।

বাংলাদেশের এমন একজন বরেণ্য নেতা নেই, যিনি পিণ্ডির প্রাসাদ-চক্রীদের কাছ থেকে দেশদ্রোহী আখ্যা পাননি, রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে অভিযুক্ত হননি। বাংলাদেশের রাজনৈতিক অধিকার এবং স্বাধিকারের দাবি যিনিই করেছেন, তিনি অভিযুক্ত হয়েছেন রাষ্ট্রদ্রোহীতার দায়ে। পিণ্ডির এই নির্মম পীড়ন-চিহ্ন আজ যারা বাংলাদেশের শরীরে। ১৯৪৭ সালের পর এমন একটি বছর নেই, যে বছর বাংলাদেশে রক্ত ঝরেনি, মায়ের বুক খালি হয়নি, সন্তানহারা বাপের বুকফাটা আর্তনাদ বাংলাদেশে আকাশ বিদীর্ণ হয়নি। বাংলাদেশে একুশে ফেব্রুয়ারি তারিখ কি একটি? ১৭ই মার্চ, ২১ শে ফেব্রুয়ারি, ১৭ই সেপ্টেম্বর, ৭ই জুন, ২০ শে জানুয়ারি, ২৫ শে মার্চ কত রক্তাক্ত তাখির আর এই তারিখের বীভৎস বর্বরতার কথা বলবো? সবশেষের তারিখ এই ২৫ শে মার্চ তারিখ। ছাত্র-যুবক, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, ব্যবসায়ী মজুর, ঘুমন্ত বস্তিবাসী নির্বিশেষে হাজার হাজার মানুষকে অকাতরে হত্যা করা হল একটিমাত্র উদ্দেশ্যে, এবং তা'হল বাঙালীর স্বাধিকার হরণ।

তাই বাংলাদেশ আজ বিদ্রোহী। স্বাধীনতার রক্তপতাকার নিচে জমায়েত হয়েছি আমরা কোটি কোটি বাঙালী। আমাদের নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বাঙালীর প্রিয় মুজিব ভাই। এই একটি নাম আজ সাড়ে সাত কোটি মানুষের সংগ্রামী প্রেরণা। বাঙালীর স্বাধিকার চেতনার সঙ্গে এই একটি সংগ্রামী মানুষকেও হত্যার জঘন্য ষড়যন্ত্র চলছে পিণ্ডির খুনী চক্রীদের মধ্যে।

আমি সূর্যসম্ভাবনার বিশ্বাসী। বুড়িগঙ্গার পলিমাটিতে তৈরি নতুন জীবন সম্ভাবনাতেও আমি আস্থাবান। এত রক্ত আমরা দিয়েছি, এই রক্তপিচ্ছিল পরে স্বাধীনতার সূর্যোদয় অবশ্যম্ভাবী।

আমরা আবার ফিরবো ঢাকায়। আমাদের নতুন স্বাধীনতা-দিবসে উৎসব হবে। প্রিয় পরিজনের সঙ্গে মিলিত হয়ে সেই উৎসব দিবসটি পালনের জন্য আমি অপেক্ষা করছি। আমি জানি, আমার স্বপ্ন, আমার প্রতীক্ষা সফল হবেই।

(আবদুল গাফফার চৌধুরী রচিত)

প্রতিধ্বনি

১২ সেপ্টেম্বর, ১৯৭১

সেখানে অন্যায় সহ্যের সীমা ছাড়িয়ে যায়, যেখানে মানুষ মানুষের রক্ত চোষে, যে দেশে রক্তের স্রোত বয়, পংকিলতা আর কুটিলতার শত আচ্ছাদন ভেদ করে সেখানেই ফুটে ওঠে নতুন সূর্য। রক্তনদীর ঢেউ চুরমার করে দেয় শোষণ-নির্যাতনের যাঁতাকল। এটাই চিরন্তন সত্য। আর এই মহাসত্যের ভিত্তিতে এই নরম রোদের দেশবাংলায় আজ আমরা হয়েছি সৈনিক। পক্ষান্তরে পাক জঙ্গিশাহী বাংলাদেশে শোষণ, নির্যাতন ও নির্বিচার গণহত্যা চালিয়েও যখন আমাদের জাতীয় অস্তিত্ব বিপন্ন করতে পারনি বরং বাংলাদেশের অর্থের ওপর নির্ভরশীল গোটা পশ্চিম পাকিস্তানই টুকরো টুকরো হয়ে যাবার উপক্রম হয়েছে, তখন গোয়েবলসীয় মিথ্যা প্রচারণায় বিশ্বজনমতকে ধোঁকা দেবার চক্রান্তে লিপ্ত হয়েছে ইয়াহিয়া চক্র।

বাংলাদেশের অধিকৃত এলাকায় খুনী টিক্কার পরিবর্তে ডাক্তার মালিককে গবর্নর নিয়োগ এমনি একটি চক্রান্ত। এর পেছনে জঙ্গিশাহীর চারটি উদ্দেশ্য রয়েছে। প্রথমত বাঙালী গবর্নর নিয়োগ করে বাঙালীদের বিভ্রান্ত করে যুদ্ধকে দুর্বল করে দেয়। দ্বিতীয়ত বাংলাদেশের দখলীকৃত এলাকায় বেসামরিক প্রশাসন চালু হচ্ছে বলে বিশ্ব-বিবেককে ধোঁকা দেয়া।

ডাক্তার মালিককে গবর্নর নিয়োগের তৃতীয় কারণটি হচ্ছেঃ ইয়াহিয়া খান একটা ব্যাপারে অত্যন্ত সুনিশ্চিত যে, বাংলাদেশের অধিকৃত এলাকার গবর্নর আজ হোক, কাল হোক মুক্তিযোদ্ধা গেরিলাদের হাতে নিহত হবেই। সুতরাং জঙ্গিশাহীর কথা হচ্ছে, মরবেই যখন পশ্চিম পাকিস্তানী কেন, একজন বাঙালীই মরুক। চূড়ান্ত এবং প্রধান কারণটি হচ্ছে বেসামরিক প্রশাসনের মুখোশ ভেঙ্গে পড়া অর্থনৈতিক অবস্থাকে চাঙ্গা করবার জন্য বৈদেশিক সাহায্যে বাগানো। কারণ বাংলাদেশ পরিস্থিতির জন্য বিশ্বের বিভিন্ন দেশ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা জঙ্গিশাহীকে সাহায্যদান বন্ধ করে দিয়েছে।

ডাক্তার মালিককে গবর্নর নিয়োগের দুরভিসন্ধি ধরা পড়ে গেছে বিশ্ববিবেকের কাছে। তাই বিশ্বের নামকরা পত্রপত্রিকা ও বেতারে এ ব্যাপারে ইয়াহিয়া চক্রের কঠোর সমালোচনা করা হচ্ছে। অস্ট্রেলিয়ার ব্রডকাস্টিং কমিশনের রিপোর্টার মি. শ্যোন ও কনার ঢাকা সফর শেষে বলেছেন, ‘‘টিক্কা খানকে সরিয়ে ডা. মালিককে দখলীকৃত এলাকার গবর্নর নিয়োগের আসল উদ্দেশ্য বিদেশী সাহায্য বাগানো এবং বিশ্বজনমতকে বিভ্রান্ত করা।’’

এ প্রসঙ্গে গার্ডিয়ান পত্রিকার মি. মার্টিন এডিনি বি-বি-সি থেকে এক সাক্ষাৎকারে বলেছেন, বাংলাদেশের দখলীকৃত এলাকায় অসামরিক গবর্নর নিয়োগ করা হলেও সামরিক তৎপরতার কোন পরিবর্তন ঘটবে না।’’ অর্থাৎ ‘‘বাংলার নিরীহ জনগণের ওপর পাক বর্বরতা ঠিকই চলবে এবং বেসামরিক গবর্নর ডা. মালিক সামরিক বাহিনীর হাতের পুতুল মাত্র।’’

জন্মভূমি থেকে হানাদারদের নিশ্চিহ্ন করে দেশকে মনের করে গড়ে তুলতে আজ আমরা বদ্ধপরিকর। আমাদের দুর্বার প্রথিরোধের সম্মুখে টিকতে না পেরে দখলীকৃত এলাকায় জাতিসংঘের রিলিফ কর্মী নিয়োগের আরেকটি চক্রান্ত এঁটেছে জঙ্গীশাহী। কিন্তু আমরা জানি এই রিলিফ কর্মী নিয়োগের আসল উদ্দেশ্য কি। জঙ্গীশাহী চাচ্ছেঃ রিলিফ কর্মীর কথা বলে বাংলার বুভুক্ষ জনতাকে যেমন যুদ্ধ সম্পর্কে বিভ্রান্ত করা যাবে, তেমনি বিশ্বজনমতকে বাঙালীর দরদি সেজে ধোঁকা দেয়া যাবে।

আমরা এও জানি, জাতিসংঘের এই তথাকথিত রিলিফ কর্মীদের বাংলাদেশে নিয়োগের উদ্দেশ্য হচ্ছে জঙ্গীশাহীর বর্বরতা-ও পৈশাচিকতায় সহায়তা করা। অর্থাৎ এদের ভূমিকা হবে দস্যুবাহিনীর দালালদের প্রতি আমাদের যে ব্যবস্থা গৃহীত হচ্ছে এদের প্রতিও তাই করা হবে।

এই প্রসঙ্গে বি-বি-সি থেকে বলা হয়েছে, 'বাংলাদেশের গেরিলা বাহিনীর একজন মুখপাত্র জাতিসংঘকে এই বলে হুঁশিয়ার করে দিয়েছেন যে, তাদের রিলিফ কর্মীদের জঙ্গীশাহীর দালাল বলেই গণ্য করা হবে এবং তারা দালালদের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থারই আওতায় পড়বে। 'বি-বি-সি থেকে আরও বলা হয়, 'এ ব্যাপারে জাতিসংঘ থেকে কোন মন্তব্য করা হয়নি। তবে অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, বাংলাদেশ গেরিলা বাহিনীর মুখপাত্রের এই হুঁশিয়ারি জাতিসংঘকে বেশ খানিকটা ভাবিয়ে তুলেছে।'

ভয়েস অব আমেরিকা থেকে বলা হয়, 'ডেমোক্র্যাট দলের নেতা এডওয়ার্ড কেনেডির মতো রিপাবলিকান দলীয় সিনেটর পার্সীও পাকিস্তান সরকারকে আমেরিকান সাহায্য দান বন্ধের দাবী জানান।'

বি-বি-সি রিপোর্টার মিঃ মার্টিন বেল সম্প্রতি শরণার্থী শিবিরগুলো পরিদর্শনের জন্য ভারত সফরে গিয়েছিলেন। সেখানে তিনি শরণার্থীদের অসীম দুঃখ-দুর্দশাই প্রত্যক্ষ করেছিলেন- শুনেছেন পাক জঙ্গীশাহীর চরম বর্বরতা ও পৈশাচিকাতর অনেক করুণ কাহিনী। কিন্তু তিনি লাখ লাখ লাঞ্ছিত মানুষের শুধু একটা প্রমাণই দেখেছেন। শুনেছেন একই কথা। চাপ চাপ যন্ত্রণায় সে কথা চাপা পড়ে যায়নি বরং আরো বলিষ্ঠ হয়ে প্রতিধ্বনিত হচ্ছে গোটা বিশ্বে। আর সে কথাটি হচ্ছে বাঙালীর অন্তর মথিত হৃদয়-সঙ্গীত 'জয় বাংলা।'

(শহীদুল ইসলাম রচিত)

অমর ১৭ই সেপ্টেম্বর স্বরণে

১৭ সেপ্টেম্বর, ১৯৭১

পাকিস্তান সরকারের স্বৈরাচারী শাসনের প্রতিবাদে বাংলাদেশের দীর্ঘকালব্যাপী সংগ্রামের ইতিহাসে ১৯৬২ সালের ১৭ই সেপ্টেম্বর একটি স্মরণীয় দিন। এই দিন বাংলাদেশের ছাত্ররা বুকের রক্ত দিয়ে সরকারী শিক্ষানীতির প্রতিবাদ করেছিল। সেই থেকে এই দিন বাংলাদেশের সর্বত্র শিক্ষা দিবস হিসেবে পালিত হয়ে আসছে। আজ সম্পূর্ণ ভিন্ন পরিবেশে, স্বতন্ত্র পরিস্থিতিতে, দেশব্যাপী স্বাধীনতা সংগ্রামের মাঝে ১৯৬২ সালের শিক্ষা-আন্দোলনের শহীদদের প্রতি আমরা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছি।

পাকিস্তান সরকারের শিক্ষানীতি চিরকালই ছিল জনসাধারণের স্বার্থের থেকে বিযুক্ত। নানারকম প্রতিশ্রুতি সত্ত্বেও সার্বজনীন অবৈতনিক প্রাথমিক শিক্ষাব্যবস্থা দেশে প্রবর্তিত হয়নি, বয়স্কদের শিক্ষার ব্যাপারেও

উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি। শিক্ষালাভের সুযোগের ক্ষেত্রেও দেশের দুই অংশে ইচ্ছাকৃতভাবে বৈষম্যের সৃষ্টি হয়েছিল। ১৯৪৭ সালে বাংলাদেশে প্রাথমিক স্কুলের সংখ্যা ছিল ১৬ হাজার। পশ্চিম পাকিস্তানে এর সংখ্যা ছিল অনেক কম। গত বছরে বাংলাদেশে প্রাথমিক স্কুলের সংখ্যা দাঁড়িয়ে ২৪ হাজার আর পশ্চিম পাকিস্তানে সে সংখ্যা স্ফীত হয়ে দাঁড়ায় ৪০ হাজারের চেয়ে বেশি।

শুধু স্কুল-কলেজের সংখ্যা নিয়েই কথা নয়। সরকারের প্রতিক্রিয়াশীল নীতির সঙ্গে সঙ্গতি রেখে স্কুল-কলেজের যে পাঠ্য তালিকা তৈরী করা হয়, তা প্রকৃত শিক্ষার অগ্রগতির সহায়ক ছিল না; বরঞ্চ ভাষার চাপ, সাম্প্রদায়িক বিষয়বস্তুর অবতারণা এবং অগণতান্ত্রিক ধ্যান-ধারণার প্রবর্তনে এই পাঠ্য তালিকা ছিল গঠনশীল চিত্তের পক্ষে ক্ষতিকর। উচ্চতর শিক্ষার ক্ষেত্রে চিন্তার ও বক্তব্যের স্বাধীনতা হরণ ছিল সরকারী শিক্ষানীতির অঙ্গ। শিক্ষার প্রশাসনের ক্ষেত্রেও সরকার যে অগণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি করেছিলেন, তাও স্বাধীন ও ফলপ্রসূ শিক্ষাব্যবস্থা প্রবর্তনের পথ রুদ্ধ করেছিল। মাতৃভাষার মাধ্যমে উচ্চশিক্ষাদানের বিষয়েও সরকারী উদাসীনতা ছিল এই নীতির অংশস্বরূপ।

আইয়ুব সরকারের আমলে যে নতুন শিক্ষানীতির অবতারণা হয়, তাতেই এই অগণতান্ত্রিক শিক্ষা পদ্ধতির সম্পূর্ণ চেহারাটা ধরা পড়ে। বাংলাদেশের শিক্ষক ও ছাত্ররা স্বভাবতঃই এই শিক্ষানীতির বিরোধিতা করেছিলেন। কিন্তু এই প্রতিবাদকে আন্দোলনের রূপ দেওয়ার সম্পূর্ণ কৃতিত্ব ছাত্রসমাজের প্রাপ্য। ১৯৬২ সালের ১৭ই সেপ্টেম্বর সেই আন্দোলনের রক্তক্ষয়ী দিবস হিসেবে ইতিহাসে স্থান পেয়েছে।

সরকারী শিক্ষানীতির বিরুদ্ধে এই আন্দোলনের সূচনা হলেও, তা শুধু শিক্ষানীতির প্রতিবাদস্বরূপ ছিল না। ১৯৫৮ সালের অক্টোবরে আইয়ুব খান যে একনায়কত্ববাদী শাসনের প্রবর্তন করেন, ১৭ই সেপ্টেম্বরের বিক্ষোভ সেই অগণতান্ত্রিক শাসনব্যবস্থার বিরুদ্ধেই পরিচালিত হয়েছিল। যখন সারাদেশ প্রকৃতপক্ষে এক সামরিক শাসনের নিষ্পেষণে পীড়িত হচ্ছিল, তখন ছাত্ররাই বিদ্রোহের ধ্বজা উড়িয়েছিল এবং প্রাণের বিনিময়ে সে আন্দোলনে তারা সাফল্য অর্জন করেছিল। একনায়ক আইয়ুবের সেই ছিল প্রথম পশ্চাদপসরণ। আর এর চূড়ান্ত বিকাশ ঘটে ১৯৬৯ সালে- যখন আইয়ুবকে ক্ষমতা ছেড়ে চলে যেতে হয়।

এরপর ১৯৬৯ সালে ইয়াহিয়া-সরকারের প্রস্তাবিত শিক্ষানীতিতে দেখা গেল শিক্ষাসংক্রান্ত আন্দোলনের আরো স্বীকৃতি ঘটেছে। প্রস্তাবিত নীতিতে শিক্ষা-প্রশাসনের গণতন্ত্রীকরণের ধারণা কিছুটা গৃহীত হয়। কিন্তু ধর্মনিরপেক্ষ শিক্ষা পদ্ধতির জন্য যে দাবী শিক্ষক ও ছাত্ররা করেছিলেন, তা স্বীকার করা হয়নি। মাতৃভাষার মাধ্যমে উচ্চতর শিক্ষাদানের প্রস্তাবও সেখানে ছিল না। কিন্তু এর চেয়ে বড় কথা, এই শিক্ষা সংস্কারের প্রস্তাবও শেষ পর্যন্ত ধামাচাপা দেয়া হয় এবং শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যকেই মেনে নেয়া হয় নীতি হিসাবে। আশা করা গিয়েছিল যে, দেশে গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে শিক্ষানীতিতেও ব্যাপক পরিবর্তন সাধন করা সম্ভবপর হবে।

কিন্তু সে আশা পূরণ হয়নি। তার আগেই সামরিক শাসনের বর্বরতম আঘাত নেমে এসেছে দেশের মানুষের উপর।

আজ বাংলাদেশের মানুষ স্বাধীনতা রক্ষার জন্য মরণপণ সংগ্রামে লিপ্ত। দেশকে শত্রুমুক্ত করার পরে সার্বিক পুনর্গঠনের সময়ে শিক্ষাব্যবস্থার নব রূপায়ণ ঘটবে। যে শিক্ষাব্যবস্থায় দেশের শতকরা আশি ভাগ লোক নিরক্ষরতার অভিশাপগ্রস্ত, সেই শিক্ষাব্যবস্থা দেশের কলঙ্কস্বরূপ। শিক্ষার সুযোগ দিতে হবে সকলকে। শিক্ষার ভিত্তি প্রসারিত করে গণতান্ত্রিক শিক্ষাব্যবস্থার প্রবর্তন করতে হবে আমাদের। শিক্ষার সঙ্গে জীবনের সম্পর্ক ঘনিষ্ঠতর করতে হবে। শিক্ষার সঙ্গে যুক্ত হতে হবে কাজের সুযোগ। সত্যিকার স্বাধীনতা অর্জন না করা পর্যন্ত শিক্ষাব্যবস্থার এই অভিপ্রেত পুনর্গঠন সম্ভবপর হবে না।

আজ আমরা সেই স্বাধীনতা রক্ষার জন্য যুদ্ধে ব্যাপৃত। ইতিহাসে অতুলনীয় ত্যাগ, তিতিক্ষা ও সংগ্রামের মধ্য দিয়ে নতুন উষার স্বর্ণদ্বার যেদিন উদঘাটিত হবে, সেদিনই ১৭ই সেপ্টম্বরের আন্দোলন সার্থকতায় উপনীত হবে।

(ডক্টর আনিসুজ্জামান রচিত)

ইয়াহিয়া জবাব দাও

প্রথম সওয়াল

২৪ সেপ্টেম্বর, ১৯৭১

আগা মোহাম্মদ এহিয়া খান, আপনাকে একটা প্রশ্ন করতে চাই।

আমার সওয়াল খুব ছোট। ইচ্ছে করলে এক কথায় জবাব দিতে পারেন। আপনাকে জিজ্ঞেস করি, ১৯৭০ সনে আপনি ইলেকশন কেন দিয়েছিলেন? একদম সোজা জবাব দেবেন। সাফ, সাফ। তালিবালি করবেন না। কারণ, আপনার খাসলৎ আমাদের জানা আছে। খালি আপনার নয়, পাঞ্জাবে যত ইসলামের চ্যাম্পিয়ান আছে, সকলের খাসলৎ আমাদের জানা। সাংবাদিক হিসেবে আপনার সঙ্গে সফর করবার বদ-নসীব বা খোশ-নসীব আমার হয়েছে। বেলা এগারোটা না বাজতে আপনার ছাতি শুকিয়ে যায়, আপনার বড় পেয়াস লাগে। আপনার তেষ্টা আবার সাধারণ পানিতে যায় না। পেগের পর পেগ হুইস্কি জরুরৎ হয়।তাই বলছি সাফ-সাফ জবাব দেবেন। বাংলাদেশের মানুষের চোখে অনেক ধুলো দিয়েছেন, আর তা চেষ্টা করবেন না।

আসুন, আসুন, আগা মোহাম্মদ ইয়াহিয়া খান, এবার ঢুক্ করে জবাবটা বলে ফেলুন, আপনি নির্বাচন বা ইলেকশান কেন দিয়েছিলেন?

এখন মনে হচ্ছে আপনি নির্বাচনের মানে জানতেন না। ইলেকশান মানে জনগণের রায়। তখন বাংলার মানুষ কী চেয়েছিল? দেশের সাচ্চা জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা ফিরে আসুক। ইলেকশানের ফল বেরুনোর পরই আপনি বললেন, শেখ মুজিব পাকিস্তানের ভাবী প্রধানমন্ত্রী। সুতরাং আপনার যে জনগণের রায়কে সম্মান দেওয়ার ইচ্ছা ছিল, তা বোঝা যায়। আর কথাটা আপনি মুখ দিয়ে বলেননি আর কোন জায়গা দিয়ে বাতাসে বের করেছিলেন? তার প্রমাণ তখন ছিল না। আপনি মুখই ব্যবহার করেছিলেন।

তবে ওয়াদার খেলাফ করলেন কেন আগা মোহাম্মদ এহিয়া খান? তার ফলাফল কি আপনি জানেন না? জেগে ঘুমাচ্ছেন? আপনার নাম নারীঘাতী, শিশুঘাতী- অন্ধকারে আগুন-লাগানো চণ্ডাল নামে দুনিয়ায় পরিচিত যারা বেঁচে আছে, তারা নিজের বাপ-দাদার বাস্তভিটা থেকে খারিজ। আর কোথাও মাথা গোঁজার ঠাঁই খুঁজে হয়রান। তাদের বুকফাটা আহাজারী, দুর্দশা-সব আপনার ওয়াদা খেলাফের ফল।

অথচ নির্বাচন বা ইলেকশানের পর কী আপনি বগল বাজাননি? নিজের ঈমানদারী দুনিয়ার কাছে জানাতে বুক টান টান করে ফুলিয়ে দাঁড়াননি? আপনার বোধ হয় খেয়াল নেই? একটু শলা দিয়ে উস্কে দিচ্ছি। আপনার প্রচার বিভাগের পুস্তিকা মানে ছোট কেতাবে-Election in the world's third largest democracy- "দুনিয়ার তৃতীয় বৃহত্তম গণতান্ত্রিক রাজ্যে নির্বাচন" এর পাতায় পাতায় কী নিজের সাফাই গাননি? বইটা এবার

খুলে দেখুন। বাংলা তর্জমা করে বলছি, কান খুলে শুনুন দেখিঃ 'সেনাবাহিনী সাধারণত বেসামরিক শাসনভার গ্রহণ করে সমস্ত গণতান্ত্রিক অধিকার ছিনিয়ে নেয়। এই নির্বাচন ঠিক নাটকীয়ভাবে তার বিপরীত। প্রেসিডেন্ট ইয়াহিয়া খান জনগণের কাছে তার কথা, প্রতিশ্রুতি, ঈমান ঠিক রেখেছেন, স্বাধীন এবং ন্যায্য নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পর জনগণের নির্বাচিত প্রতিনিধিদের কাছেই তিনি ক্ষমতা ফিরিয়ে দেবেন।''

শুনলেন ত? আপনার প্রচার বিভাগের কেতাব এ কথা বলছে। আরো জানিয়েছে, ঐ বইয়ের দ্বিতীয় পাতা খোলেন, ''The Election results underlined the political maturity, sound commonsense and practicality of the average voter.....Parties preching regionalism, tribalism, racialism and religious Bigorty have been short shrift. অর্থাৎ ''এই নির্বাচন থেকে বোঝা যায়, জনসাধারণ রাজনৈতিক দিক থেকে কত পাকা। তাদের সাধারণ জ্ঞান কত খাঁটি। যেসব পার্টি আঞ্চলিক, বর্ণবিদ্বেষ, ধর্মীয় গোঁড়ামির কথা বলেছে, সাধারণ মানুষ তাদের তওবা করার সময় পর্যন্ত দেয়নি।

এরপরও কী আপনি বলতে পারেন শেখ মুজিব দেশকে বিচ্ছিন্ন করতে চেয়েছিল? যা ঘটছে সব হিন্দুদের কারসাজি? সব গণ্ডগোল ভারতের ফন্দী- এসব ধুয়া আপনি তুলতে পারেন? না তোলার কোন সুযোগ আছে, আগা মোহাম্মদ ইয়াহিয়া খান?

আজ সর্বদা আমানুল্লাহ খান যে বাংলাদেশে আপনার জনসংযোগ-অফিসার, তিনিই তা ঐ পুস্তিকা লিখেছিলেন তার দপ্তর থেকে প্রকাশিত।

সর্দার আমানুল্লাহ পাঠানের বাচ্চা। তাকেও আপনি ঝুটটা বানিয়ে ছেড়েছেন। এ-ই ঘটে দুনিয়ায়। মিথ্যেবাদীর সঙ্গে যে বসবাস করে, সেও সিথ্যুকে পরিণত হয়। সঙ্গ দোষ।

ইয়াহিয়া, জাবব দাও, তুমি কেন ওয়াদা খেলাপ করলে?

(শওকত ওসমান রচিত)

ঝিলামের চার ভাই

২৯ সেপ্টেম্বর, ১৯৭১

অবরুদ্ধ ঢাকা শহরে অবস্থানকালীন কয়েকটি ঘটনার স্মৃতি আমার মনে আজও অনেক অনেক ঘটনার সাথে জেগে রয়েছে। অজস্র ঘটনার সমষ্টি আমার রাতের ঘুম কেড়ে নিয়েছে। আমার অবসর সময়ে জাতীয় অনেক অনেক চিন্তার মেঘ এসে আবৃত করে ফেলে। আমি যেন সম্বিতহারা হয়ে পড়ি। হৃদয়ের কোন সূর্য তারে এক অদৃশ্য হস্তের টোকায় যে শব্দ ধ্বনি উত্থিত হয় তা যেন বেদনার মতো শীতল। আগ্রাসী নিস্তব্ধতা যেন আমার সমস্ত সত্তাকে ছেঁকে ধরে। আমার উন্মনা উদাসী মন আমার শ্যামল বাংলার পথ-ঘাট, গঞ্জ-গ্রাম, বন্দর-নগরের পরিধি পেরিয়ে চলে যায় (এক সময়ে আমাদেরই দেশে অংশ হিসেবে বিবেচিত) পশ্চিম পাকিস্তানের ঝিলাম, নওশেরা, লায়ালপুরে। সেখানকার খেটেখাওয়া মজুর চাষীদের পূর্ণ কুটিরে। সারাদিনের হাড়ভাঙ্গা পরিশ্রমে ক্লান্ত-অভুক্ত কোন পরিবারের মরুভূমি আবাসে।

সেদিন দাঁড়িয়েছিলাম বায়তুল মোকাররমের একটি স্টীল ফার্নিচারের দোকানের সামনে। আমার কাছে একটি গোপন বার্তা। এ বার্তাটি নিয়ে একজন মুক্তিসেনা চলে যাবে মুক্তিবাহিনীর একটি ক্যাম্পে। এ বার্তার

আলোকে রাতের কমান্ডো আক্রমণের ধারা রচিত হবে। বার্তা যার হাতে দেওয়ার নির্দেশ তাকে আমি চিনি না। আমার হাত থেকে যিনি বার্তা নেবেন তিনিও আমাকে চেনেন না। কিন্তু উভয়ে উভয়কে প্রথম দৃষ্টিতে চিনে নেয়ার একটি বিশেষ সংকেত ছিল।আমাদের শার্টের বিশেষ একটি দৃশ্যমান স্থানে একটি বিশেষ চিহ্ন ছিল। আমরা দু'জন দু'জনকে চিনলাম এবং কৌশলে বার্তাটি হস্তান্তর করলাম। এরপর আমার কাজ শেষ। তেজগাঁর কোন এক স্থানে চলে যাবো পরবর্তী নির্দেশ গ্রহণের জন্য। অনেক চেষ্টা করে একটা বেবী ট্যাক্সি পাকড়াও করলাম। গ্যারিসন শহর ঢাকা নগরীতে বেবী ট্যাক্সি পাওয়া দুস্কর। চালকের অভাবে অধিকাংশ যানই মালিকদের গৃহে পড়ে রয়েছে। ২৫শে মার্চের মধ্যরাত থেকে পাইকারী হত্যাকাণ্ড চালানোর পর বিভিন্ন পেশার মানুষের সাথে অসংখ্য বেবী ট্যাক্সি চালকও মার্কিন ও চীনের বুলেটের শিকার হয়েছেন। যারা বেঁচে আছেন জীবনধারণের তাড়নায় তাদের কেউ কেউ রাস্তায় বেবী ট্যাক্সি নিয়ে বেরিয়েছেন। কিন্তু রাস্তায়ও ভয়। কারণ শাহেনশাহ ইয়াহিয়ার লুটেরা বাহিনী যানবাহনের অভাবে ডিউটি করার জন্য সাইকেল-রিকশায় আর বেবী ট্যাক্সিতে আরোহণ করে কিন্তু ভাড়া দেয় না। ভাড়া চাওয়ার দুঃসাহস দেখলে চালক সাথে সাথে ভারতীয় চর বা মুক্তিবাহিনীর এজেন্টে পরিণত হয়ে যান এবং এদের প্রকাশ্যে গুলি করে হত্যার অবাধ অধিকার জল্লাদ বাহিনীর রয়েছে। এমনকি রাজাকারাও এ জাতীয় হত্যা চালাতে পারে। হত্যার জন্য কোন জবাবদিহি হয় না, বুলেটের হিসাব দিতে হয় না। এ জাতীয় হত্যার জন্যে উপরি বাহবা পাওয়া যায়।

বেবী ট্যাক্সিতে আমি উঠে বসেছি। এমন সময় একজন দীর্ঘদেহী বলিষ্ঠ সৈনিক আমাদের থামাতে ইশারা করলো। সৈনিকটি কাঁধে একটি অটোমেটিক চীনা রাইফেল। রাইফেলের নলটি আমাদের দিকে উদ্যত নয় বলে কিছুটা আশ্বস্ত হলাম। তবু যেন আমার মনে হলো বেবী ট্যাক্সির দিকে প্রতিটি বুটের পদক্ষেপ যেন আমার মৃত্যুর সময়সীমাকে ঘটিয়ে আনছে। একটি চীনা সীসার গুলি আমাকে প্রাণহীন করে দেবে। যেমন ১০ লক্ষ বাঙালীকে তারা প্রাণহীন করে দিয়ে ৭ কোটি ৪০ লাখ বাঙালীকে রক্তের বদলা নেওয়ার জন্য অবিস্মরণীয় ঐক্যসূত্রে আবদ্ধ করেছে।

কিন্তু না- সৈনিকটি আমাকে গুলি করল না। বাঙালীর জাত তুলে গালাগালিও করলো না। আমাকে লাথি মেরে বেবী ট্যাক্সি থেকে ফেলেও দিলো না। শুধু উর্দুতে জিজ্ঞেস করলো আমি কোথায় যাবো। আমি বললাম তেজগাঁ ফারমগেট। সে বেবী ট্যাক্সিতে উঠে বললো, আমিও ওদিকে যাবো। প্রতিবাদ করার সাহস আমার ছিল না। আমি সরে জায়গা করে দিলাম। সৈনিকটি কাঁধ থেকে রাইফেলটি হাতে নিয়ে তার দু'পায়ের ফাঁকে তা দাঁড় করিয়ে চুপচাপ বসে রইলো। জিপিও ছাড়িয়ে, প্রেসক্লাব সামনে ফেলে হাইকোর্টের কাছে আসার পর নির্বাক সৈনিকটি সবাক হলো। সে আমার নাম জিজ্ঞেস করলো। আমি বললাম। জিজ্ঞেস করলো আমি মুসলমান কি না। বললাম নামেই তো বুঝতে পারছো। সৈনিকটি আবার চুপ করে গেলো।

আবার সে মুখ খুললো। অনেকটা জনান্তিকেই যেন বললো- তোমরা বেশ আছো! তোমরা বেশ আছো!

আমি এবার কথা জিজ্ঞেস করার সাহস পেলাম। আমি বললাম, আপনারাও তো বেশ আছেন। বাঙালী কেমন আছে একথা তাকে জানাবার প্রয়োজন বোধ করলাম না। আমার কাছে যে হায়েনাটি বসে আছে কত বাঙালীর রক্ত তার দেহে লেগে রয়েছে। হয়তো আমার কোন বোন এ পশুটির লালসার শিকার হতে অস্বীকার করায় বেয়নেটের খোঁচায় জীবনকে আলিঙ্গন করেছে। আমার প্রশ্নের কোন উত্তর দিলো না! তাই আবার বললাম- আপনারা তো বেশ আছেন। ভালো খাওয়া, ভালো পোশাক আর জীবনের নিরাপত্তা। প্রশ্নে একটু যেন জ্বলে উঠলো।

বললো সে তার কথা। সুখে থাকার কথা। ঝিলামের সুদেহী দীর্ঘকায় যুবকটি বললো তার কথা। সে বললো- সকালে নাস্তা দেওয়া হয় এক চামচ সেমাই আর এক চামচ ভিটামিন। ব্যস। এ খাবার খেয়ে হয়তো

বেঁচে থাকা যায়; কিন্তু যুদ্ধ করা যায় না। খাওয়ার মান অনেক কমিয়ে দেওয়া হয়েছে। তাই ক্ষিধে পেলেই সৈন্যরা দোকানে ঢুকে খেয়ে নেয়। পয়সা চাওয়ার সাহস করে না দোকানদাররা।

একটি বিমর্ষ কণ্ঠ থেকে শব্দ ঝরে পড়ছিলো। আমি খেতেও পারিনে। খেতে গেলেই ভাইদের মুখ চোখের সামনে ভেসে ওঠে। আমার আম্মার মুখ ভেসে ওঠে।

ভাবলাম ভাইদের হয়তো খুব ভালোবাসে। তাই বিদেশ, বাংলাদেশে যুদ্ধ করতে এসে ভাইদের কথা মনে করে কষ্ট পাচ্ছে। বললাম- তারা বুঝি ঝিলামে রয়ে গেছে? সৈনিকটি বললো- না। তারা মাশরেকী পাকিস্তানের মাটির নিচে শুয়ে আছে।

এই সৈনিকটির চার ভাই বাংলাদেশের যুদ্ধে রত ছিল। তিন ভাই ফেনী এলাকায় মুক্তিযোদ্ধাদের হাতে নিহত হয়েছে। আমার পাশে বসা এই জানোয়ারটি আরও অনেক জানোয়ারের মতো আমার বাংলাদেশের অসংখ্য নারী-পুরুষ ও শিশু-হত্যার জন্য দায়ী। তার খাকী রং আমাদের অনেক অনেক রক্তে রঞ্জিত। তবু পশুটির সাথে আমি বসে রয়েছি বলে আমার চাঞ্চল্য চাপা রাখতে হলো। সে কাঁদো কাঁদো হয়ে বললো যে, সে তার মাকে কি জবাব দেবে। যে মায়ের চার সন্তান ছিল, এখন তার মধ্যে তিনজনই চিরদিনের জন্য অনুপস্থিত হয়ে গেছে। তেজগাঁ আসার পর সে নেমে পড়ে। আমি এবং বেবী ট্যাক্সি ড্রাইভার স্বস্তির নিঃশ্বাস ফেললাম।

('ইলিয়াস আহমদ' ছদ্মনামে সলিমুল্লাহ রচিত)

রক্ত দিয়ে রেখে গেলাম

৬ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম বছরের অর্ধভাগ পেরিয়ে গেলো। গত ২৫শে সেপ্টেম্বর বাংলাদেশের মুক্তিযুদ্ধের ছ'মাস পূর্ণ হয়েছে। একটি জাতির স্বাধীনতা রক্ষার সংগ্রামে ছ'মাস সময় তেমন কিছুই নয়। কিন্তু আমাদের কাছে এই ছ'মাস সময়ের ব্যাখ্যা অনেক বেশী, অনেক ভিন্নভাবে মূল্যবান। কেননা যে সামরিক এক নায়কতন্ত্রের হিসাব কষা ধারণা ছিলো মাত্র ৭২ ঘণ্টার মধ্যে সব ঠাণ্ডা হয়ে যাবে, সেখানে ছ'মাস প্রতিনিয়ত সংগ্রামমুখর একটি জাতির গৌরবোজ্জ্বল অস্তিত্ব আমাকে নিঃসন্দেহে সগর্বিত জবাব দেবার অধিকার দেয়, আমি গর্ববোধ করি।

আমরা গর্ববোধ করি, আমরা যুদ্ধ করেছি। আমরা গর্ববোধ করি আমাদের বাঁচার সংগ্রামে। কারণ আমরা যুদ্ধ করে বেঁচে আছি, আমরা যুদ্ধ করে মরছি। আমাদের অস্তিত্ব আজ তাই পশ্চিম পাকিস্তানী সামন্ত প্রভু, ভূস্বামী পূঁজিপতি কিংবা বর্বর সামরিকতন্ত্রের অনুগ্রহ নয়, আমাদের অস্তিত্ব আমাদের অর্জিত অধিকার। এ কারণে আমি গর্ববোধ করি।

আমরা সবাই যুদ্ধ করে বেঁচে আছি কিম্বা বেঁচে থাকার জন্যে যুদ্ধ করছি, আমাদের ভবিষ্যৎ অস্তিত্বকে নিশ্চিত ও নিরাপদ করার জন্য যুদ্ধ করছি- এ আমার অহংকার ও এ আমার সম্মান। বঙ্গবন্ধু বলেছিলেন, আমাদের ভবিষ্যৎ বংশধরদের অস্তিত্বকে আমরা নিরাপদ না করে পারি না, আমরা সে জন্য যুদ্ধ করছি। আমরা যুদ্ধ করছি বাংলাদেশের প্রতিটি মানুষ। মনে পড়ে ছ'মাস আগের কথা। ২৮শে মার্চ ঢাকা থেকে বেরিয়ে চলেছি

গ্রামের দিকে। ঢাকা থেকে দীর্ঘ পথ। যানবাহন নেই। কখনো পায়ে হেঁটে, কখনো নৌকায়, এই দীর্ঘপথ পাড়ি দিয়ে চলেছি। আমার একজন সহযাত্রী বন্ধু নিজের হ্যান্ডব্যাগের মধ্যে পুরে অতি সন্তর্পণে একটি রেডিও সেট নিয়ে এসেছিলেন। ফরিদপুরের দিকে পদ্মায় আমরা নৌকা নিয়ে চলেছি। রেডিও সেটটি হাতে নিয়ে ঘুরাতে ঘুরাতে হঠাৎ শুনলাম, স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে মেজর জিয়া বলছি। সহসা বুকের মধ্যে লাল রক্ত যেনো ফিনকি দিয়ে উঠলো। স্থানকাল ভুলে আমরা ক'জন সহযাত্রী আনন্দে একসংগে চিৎকার করে উঠলাম, চিৎকার করে উঠলাম আমরা বেঁচে আছি, আমরা বাঁচবো।

হয়তো পদ্মার বক্ষ থেকে আমাদের সেদিনের সেই উল্লাসধ্বনি ক্ষণিকেই বাতাসে মিলিয়ে গেছে। কিন্তু রক্তের মধ্যে সেদিন যে প্রবল উত্তাপ অনুভব করেছিলাম তা আজো ভোলা যায়নি। জানি না, যুদ্ধের জন্যে কখনো এমন হয় কিনা। এতো দিন নিজের মানসিকতা সম্পর্কে যতোটুকু সচেতন হয়েছি, তাতেও জানি যে নিরাপদ নির্ঝঞ্জাট জীবনের সপক্ষেই আমার মানসিক প্রস্তুতি। কিন্তু তা সত্ত্বেও সেদিন যুদ্ধের সংবাদে, আমাদের প্রতিরোধ সংগ্রামের ঘোষণায় পবিত্র আনন্দে ফেটে পড়েছিলাম। দীর্ঘ শীতরাত্রির নিরুত্তাপ নিঃশব্দ অন্ধকারের পর এই যেনো প্রথম আমাদের রক্তের মধ্যে দারুণ উত্তাপ বোধ করেছিলাম। যুদ্ধ কোনো মানুষকে এমন জীবিত করে তোলে এর আগে কখনো এমন ভাবতে পারিনি। পঁচিশে মার্চের সেই ভয়ংকর দুঃসহ অন্ধকার ২৬, ২৭ ও আটাশের দিবালোকেও ছিলো এরো বেশি স্পষ্ট, সমাচ্ছন্ন। আর বহু হাতড়িয়েও সে অন্ধকার থেকে আলোর সন্ধান পাচ্ছিলাম না। মনে হচ্ছিলো, নিজের সবকিছু নিয়ে সুখ-দুঃখ, আশা-নিরাশা ও এলামেলো ভাষারাজী নিয়ে ক্রমাগত যেনো কোথায় তলিয়ে যাচ্ছি; কোথায় তা জানিনে, তবে এটুকু বুঝতে পারছিলাম যে, ভয়ানক অস্বাভাবিক অন্ধকারে তলিয়ে যাচ্ছি।

দীর্ঘ পাঁচদিন পর এই আমাদের প্রথম ভোর হলো। জানিনে ইতিহাসে কারো জীবনে কখনো দীর্ঘ পাঁচ দিন পর রাত শেষ হয়েছে কিনা, কিন্তু আমার ঠিক মনে আছে পঁচিশে মার্চের সেই দীর্ঘ রাত্রি আমার কাছে শেষ হয়েছিলো পুরো পাঁচদিন পরে। পুরো পাঁচদিন পর এই প্রথম বুঝলাম, ভোর হচ্ছে, আলো আসছে। অথচ আমরা তখন কোনো বন্দী শিবিরে ছিলাম না, ছিলাম না দেয়াল ঘেরা কারান্তরালে। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে যখন প্রথম শুনলাম আমরা যুদ্ধ করছি, বিশ্বাস করুন, আমার সমস্ত অনুভূতি দিয়ে তখনই কেবল অনুভব করলাম যে, দীর্ঘ পাঁচদিন পর ভোর হলো। তখন কেবল বোধ করলাম যে আমি বেঁচে আছি। নিজের পায়ে হাত দিলাম, রক্তের উত্তাপ নিলাম। দেখলাম আমি মরিনি।

আমি তাই জানি না আর কোনো মানুষের যুদ্ধের সংবাদ এমন শিহরণ এনেছে কি না। কিন্তু আমি জানি, আমরা সেদিন অস্ত্র হাতে পথে না নামলে আমরা মরে যেতাম, এই মুক্তিযুদ্ধ গড়ে তুলে মাথা উঁচু করে না দাঁড়াতে পারলে আমরা মরে যেতাম। অথবা বেঁচে থাকতামথ- কিন্তু সে দুই-ই মৃত্যু।

কারণ আমরা জানি, এ আমাদের বেঁচে থাকার যুদ্ধ, আমাদের অস্তিত্বের যুদ্ধ। আমাদের তরুণ মুক্তিযোদ্ধারা যুদ্ধ করেন হানাদার দুস্যুদের অধিকৃত অঞ্চলে ঢুকে তাদের ওপর মরণ আঘাত হেনে। তারা যুদ্ধ করেন, এক- একটি অঞ্চল মুক্ত করেন হানাদার দস্যুদের পাপপঙ্কিল অধিকার থেকে। সেখানে উড়িয়ে দেন বাংলাদেশের ভালোবাসার বিজয় পতাকা। সেখানে খুলে দিয়ে আসেন আমাদের উত্তর পুরুষের; আগামী সুখী-স্বচ্ছন্দ ও নিরাপদ জীবনের সোনালি স্বপ্ন; ওরা তাই যুদ্ধ করে; যুদ্ধ করে বাঁচে, যুদ্ধ করে মরে- মরেও বেঁচে থাকে।

আমরা বেঁচেও মেরে ছিলাম, তাই আমরা যুদ্ধ করছি- আমরা মরেও বেঁচে থাকবো। তাই আমরা রক্ত দিচ্ছি, আমরা রক্ত দিয়ে রেখে গেলাম আমাদের অস্তিত্ব, আমাদের দুর্জয় স্বপ্নের ফুল। ফ্রন্টে আমাদের মুক্তিসেনারা অবিরাম যুদ্ধ করছে আমাদের বেঁচে থাকার জন্য; ঘরে আমাদের জায়া-জননী, ভগ্নীরা যুদ্ধ করছে আমাদের বেঁচে থাকার জন্য, শরণার্থী শিবিরে শিবিরে লক্ষ লক্ষ নির্যাতিত মানুষ প্রতিনিয়ত জীবনের সংগে যুদ্ধ করছে বেঁচে

থাকার জন্য, আমাদের অস্তিত্বের জন্যে। হানাদার আক্রমণকারীর অস্তিত্ব ক্ষণস্থায়ী, তার যুদ্ধ সাময়িক, কিন্তু আমরা যারা বাঁচার জন্য যুদ্ধ করছি- এ যুদ্ধের শেষ নেই।

(মহাদেব সাহা রচিত)

রেনেসাঁর সূচনাঃ বাংলাদেশ

৪ নভেম্বর, ১৯৭১

রেনেসাঁ বা পুনর্জাগরণ কথাটা আজ নানা সূত্রে- বিশেষ করে সাহিত্য, সংস্কৃতি ও সমাজ প্রগতি উপলক্ষে বারংবার উচ্চারিত। রেনেসাঁর দৃষ্টান্তস্বরূপ আমাদের সামনে রয়েছে বহু আলোচিত ইওরোপীয় রেনেসাঁ এবং উনিশ শতকে বাংলার রেনেসাঁধর্মী নবজাগরণ। বর্তমানে বাংলায় যে মুক্তি আন্দোলন বাঙালী জীবনে দুকূলকপ্লাবী জোয়ার সৃষ্টি করেছে, আমি তাকে জাতীয় জীবনে রেনেসাঁর লক্ষণ বলে চিহ্নিত করতে চাই। এই জাগরণ বা অভ্যুত্থানকেই রেনেসাঁ না বলে রেনেসাঁর লক্ষণ বলতে চাই এই কারণে যে, রেনেসাঁ মুখ্যতঃ গঠনধর্মী, আর এখন আমরা একটি অচলায়তন ভাঙ্গার কার্যে ব্রতী- ভাঙ্গার পরে গড়বার পালা- স্বভাবতঃই সে দায়িত্বও হবে দুরূহ এবং তাতে প্রয়োজন হবে মুক্তিযুদ্ধের মতোই চরিত্র ও সংকল্পের প্রতি একনিষ্ঠতা। বর্তমান সংগ্রামে যে দুর্জয় শক্তি ও মানসিক বলের পরিচয় বাঙালী দেখিয়েছে- তা মুক্ত নবজীবনকে অঙ্গীকার করার প্রবল বাসনা থেকেই জাগ্রত।

বাঙালীচিত্তের এই নবজীবন প্রয়োগের পশ্চাতে যেসব অনুপ্রেরণা কার্যকরী সেসবের লক্ষণ বিশ্লেষণ করলেই আমরা বুঝতে পারব রেনেসাঁর সূচনা কত স্বাভাবিক এবং অবশ্যম্ভাবী।

স্বাধীনতা নিজেই একটি জাতির জীবনে অনুপ্রেরণাস্বরূপ হতে পারে এবং তার নবজাগরণ সূচিত করতে পারে। কিন্তু পাকিস্তান প্রতিষ্ঠা সে আশাকে সফল হতে দেয়নি। বৃহত্তম জনসমষ্টির ভাষা-সাহিত্য- সংস্কৃতির বিরুদ্ধে ষড়যন্ত্র এবং সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনকে পঙ্গু করার চক্রান্তের মধ্য দিয়ে তার জাগরণ সম্ভাবনাকে-সুপরিকল্পিতভাবে বিনষ্ট করার ঘৃণ্য অপচেষ্টায় মেতে ওঠে সাম্রাজ্যবাদী পাঞ্জাবী চক্রান্ত। কিন্তু স্বাভাবিকভাবেই এর ফল হয়েছে বিপরীত। জলস্রোত যেমন আপন গতিপ্রবাহেই সব বাধাকে অতিক্রম করে সম্মুখগামী- তেমনি বাঙালীর নবজীবন তৃষ্ণাও কোন ষড়যন্ত্র বা বাধাকে গ্রাহ্য করেনি বরং বিরুদ্ধতা তার শক্তিকে সংহত করেছে। রেনেসাঁর বিশেষত্বগুলিকে সংক্ষেপে এভাবে প্রকাশ করা যায়। যেমনঃ

১। জাতির অতীত ঐতিহ্য থেকে রস আহরণ এবং তার পুনর্মূল্যায়ন।

২। সংস্কারমুক্ত উদার জীবনবোধ।

৩। অপরিময়ে জীবনতৃষ্ণা।

মাটির রস যেমন বৃক্ষদেহে সঞ্চারিত হয়ে তাকে সজীব রাখে, তেমনি ঐতিহ্যও একটি জাতির জীবনের সঞ্জীবনী সুধা। পাকিস্তানী শাসকচক্র প্রথমেই আঘাত হানে বাঙালীর যুগ যুগ সঞ্চিত ঐতিহ্য সম্পদের ওপর। হিন্দু-মুসলমানের মিলিত সৃষ্টি হাজার বছরের বাংলা সাহিত্য-সংস্কৃতি ও লোকশ্রুতিকে হিন্দুয়ানীর গোড়া অজুহাতে বাতিল করে দেওয়া হয়। বাংলা সাহিত্যের প্রাণপুরুষ রবীন্দ্রনাথকে অস্বীকার করা হয়, নজরুলের

সাহিত্যে হিন্দু পৌরাণিক দেবদেবীর উল্লেখের জন্যে তাকে পৌত্তলিক বলে উপেক্ষা করা হয়- সর্বোপরি দেশের শতকরা ৬৫ জনের ভাষা বাংলা ভাষাকে হিন্দুর ভাষা বলে ফতোয়া জারি করে বাঙালীর প্রাণরস শুষ্ক করে দেবার ষড়যন্ত্রের মেতে ওঠে এই কীর্তিমানেরা। কিন্তু মনন-সমৃদ্ধ বাঙালী সেদিন ধরে ফেলে এই জঘন্য ষড়যন্ত্রের স্বরূপ। সে বলিষ্ঠ কণ্ঠে ঘোষণা করল, বাংলার আবহমান কালের ঐতিহ্য-ইতিহাস. সাহিত্য-সংস্কৃতি সমস্তই তার রক্তধারায় প্রবাহিত। বাংলা ভাষা তার বুকের রুধিরের চেয়েও প্রিয়। প্রমাণ দিতে হলো বুকের রক্ত দিয়েই। ভাষার জন্যে প্রাণদান। লিখিত হলো নব ইতিহাস। বাঙালী মুসলমান তার ধর্মের প্রতি অনুগত থেকেও খর্জুর কুঞ্জের পরিবর্তে আম্রবীথির শোভা নিরীক্ষণ করলেন। শুরু হলো বাঙালীর আত্মঅন্বেষা এবং তার পুনর্জাগরণ। ইওরোপের এবং উনিশ শতকের বাংলার নবজাগরণের ইতিহাসেও দেখি ঐতিহ্যের পুনরালোচনা এবং তার থেকে শক্তি সঞ্চয়। সুতরাং ঐতিহ্যের নব-স্বীকৃতির মধ্য দিয়ে বাঙালী জীবনেও রেনেসাঁর সূত্রপাত হয়েছে এ ঘোষণা করা চলে নির্দ্বিধায়।

বাঙ্গালার মুক্তিসেনা উড়ায় গৌরবে।

নারীঃ

যশোহর দুর্গ তবে হয়েছে পতন?
কহ বীর ত্বরা আর আর রণাঙ্গনে
কিভাবে যুঝিছে মিত্র অক্ষৌহিনী সেনা?

পুরুষঃ

সিলেট কুমিল্লা টাংগাইল নোয়াখালী
জিনি হেলাভরে, আন্দোলিয়া নীলাকাশে,
ঘোর রবে গরজিয়া ভীষণ সরবে
চলিয়াছে মিত্রসেনা ঢাকা অভিমুখে
প্রলয়ের মেঘ কিম্বা করীযুথ যথা।
অগ্নিময় আকাশ পুড়িছে কোলাহলে
যথা যবে ভূকম্পনে, ঘোর বজ্রনাদে
উগড়ে আগ্নেয়গিরি অগ্নিস্রোতোরাশি
নিশীথে! আতঙ্কে শত্রু উঠিছে কাঁপিয়া
কাঁপিছে মালিক বিভীষন প্রাণভয়ে
থরথরি পিণ্ডিনাথ কাঁপে সিংহাসনে।
অলংঘ্য সাগর সম মিত্র অক্ষৌহিনী
বেড়িছে তাহারে। রক্ষা নাহি এবে তার।
বনের মাঝারে যথা শাখাদলে আগে
একে একে কাঠুরিয়া কাটি, সবশেষে
নাশে বৃক্ষে; মহারথী মিত্র অক্ষৌহিনী
তেমতি দুর্বল করে এহিয়া পামরে
নিরন্তর। অবিলম্বে সমূলে নির্মূল
হইবে কুমতি। রক্ষিবে না কভু তারে
চীন আমেরিকা; রক্ষিবে না খান সেনা
আপনার জন। তুরঙ্গে কুরঙ্গে যেবা
মৃগেন্দ্র কেশরী নখে ছিন্নভিন্ন করি
নাশে প্রাণ, শৃগালের পদতলে চাপি
পিষ্ট করি সংহারে ক্রোধান্ধ ঐরাবত
তেমতি নাশিবে প্রভঞ্জন-সেনা সম
মিত্রসেনা ঘোর রণে এহিয়া পামরে।

নারীঃ

ধর্ম-নাম লয়ে যেবা ধর্ম নাশিয়াছে,
ধর্ম তারে করিবে না ক্ষমা। ধর্ম কভু
ক্ষমিবে না ঘোর অধর্মীরে। নরহন্তা
পাশব শ্বাপদ লভিবে না প্রাণভিক্ষা।

পুরুষঃ

পৃথিবীর রাষ্ট্রপুঞ্জ যদি ছত্র ধরি
তারে রক্ষিবারে চাহে, বজ্রাঘাত হতে
রক্ষা নাতি হার। লুকালে জলধিতলে
মিত্রসেনা জল সেচি অতল সলিল
আনিবে ধরিয়া তারে মৃত্যুদণ্ড লাগি।
অধর্মের পরাজয় জানো সুনিশ্চয়।

নারীঃ

জয় সত্যের জয়, জয় ধর্মের জয়

উভয় কণ্ঠেঃ
জয় মুক্তিবাহিনীর জয় জয় জয়
জী জীবনের জয়, জয় বাংলার জয়।

...ডিসেম্বর, ১৯৭১

পুরুষঃ

দুরাত্মা দানব দল মদমত্ত হয়ে
হানিয়াছে বঙ্গবক্ষে নিষ্ঠুর আঘাত
কাপুরুষ সম। সদা রুধিরাক্ত দেহে
কাঁদিছে জননী। হিংস্র হায়েনারা সবে
প্রমত্ত উল্লাসে ফেরে রাতের আঁধারে
প্রসারিত লোলজিহ্বা প্রেতের মতো।
দুগ্ধপোষ্য শিশুদের স্তূপ মৃতদেহ,
ধর্ষিতা নারীর দেহে রাখি পদ ভার
বিধাতার জয়গান গাহিছে দানব।
পাকিস্তানের গলিত শব কাঁধে বহি

ইসলাম বাঁচাইতে করিছে বাসনা
পামর এহিয়া।

নারীঃ

ইসলাম কি বাঁচিবে তাহে?
মানবতা হত্যাকারী জল্লাদের
হাতে ধর্ম কভু লভিবে কি প্রাণসুধা?

পুরুষঃ

ধর্ম কহে না কভু নিষ্পাপ শিশুদেহে
করিতে আঘাত। ধর্ম কভু কহে নাই
নারীদেহ পশুসম করিতে দলন।
ধর্ম কভু কহে নাই সুতীক্ষ্ণ শাণিত
অস্ত্রে নারীদেহ খণ্ডবিখণ্ডিত করি
রক্তমাখা মুখে গাহিতে ধর্মের গান।
যদি কেহ অস্ত্রাঘাতে শিশুহত্যা করে
যদি কেহ মদমত্ত পাশব ক্ষুধায়
নারীদেহ করিবে দলন তার লাগি
রহিয়াছে অনির্বা অনন্ত নরকণ।

নারীঃ

ইয়াহিয়া পাকসেনা মুখে ভাই বলি
ভ্রাতৃবক্ষে হানিয়াছে পাশব আঘাত
নারীরক্তে করিয়াছে ক্ষমাহীন পাপ
বাংলার বুকে।

পুরুষঃ

তারি লাগি দৃঢ়পদে
চলিয়াছে মুক্তিসেনা ক্ষমাহীন ক্রোধে
বিধাতার বজ্রসম করিতে সংহার
পাক পশু সেনা। ক্ষিপ্ত কেশরী যেমতি
বনভূমি প্রকম্পিয়া প্রচণ্ড গর্জনে পশুদেহ
ছিন্নভিন্ন করি তপ্তরক্তে করে

তৃষ্ণা নিবারণ, মদমত্ত করি
যথা শঠ শৃগালের পদতলে দলি
প্রতিহিংসার আগুন যত করে প্রশমন
তেমতি দুরন্ত ক্রোধে বীর মুক্তিসেনা
সুতীক্ষ্ণ অস্ত্র প্রহারে জর্জরিত করি
পাক সেনা যত, প্রতিশোধ বহ্নি করে
নির্বাপণ। শত্রুরক্তে করি স্নান সদা
নিভাইছে প্রতিহিংসার প্রজ্বলিত চিতা।
ক্রুদ্ধ সিংহসম মুক্তিসেনা আগমনে
দানবের দল ভীত শ্বাপদের মতো
পুচ্ছ নামাইয়া প্রাণভয়ে ছুটিয়াছে
আত্মরক্ষা লাগি। দিকে দিকে ধ্বনিতেছে
গগন বিদারী কণ্ঠে বাংলার জয়,

নারীঃ

জয় সত্যের জয়, জয় ধর্মের জয়-

উভয় কণ্ঠেঃ

জয় মুক্তিবাহিনীর জয়, জয় জয়
জয় জীবনের জয়, জয় মানবতার জয়।

১০ ডিসেম্বর, ১৯৭১

নারীঃ

জাতিসংঘ সাধারণ পরিষদ মাঝে
কিবা খেলা চলিয়াছে কহ সমাচার

পুরুষঃ

নিরাপত্তা পরিষদে চীন আমেরিকা
স্বীয় স্বার্থে অন্ধ হয়ে কুকীর্তি স্থাপিল
ধরা মাজে। স্বর্ণ বঙ্গে দুরাত্মা এহিয়া
কনক কমল বনে ঐরাবত যথা
লণ্ডভণ্ড করে সব বিস্মারিল তাহা।
বিস্মারিল দানবের প্রচণ্ড ক্ষুধায়
জ্বলিতেছে এবে বাংলার জনপদ।

স্বীয় ক্ষুদ্র স্বার্থ লাগি তোষণ করিছে
দুরাত্মা দানবে। ভারত আগ্রাসী কহি
মুক্তিযুদ্ধ দংশিবার ঘৃণ্য ষড়যন্ত্রে
উঠিয়াছে মাতি, আনিয়াছে পরিষদে
প্রগলভ প্রস্তাব ক্ষান্ত হও, ক্ষান্ত হও
মহান ভারত! অস্ত্র করো সংবরণ।

নারীঃ

অতঃপর কি করিল মহান রাশিয়া?

পুরুষঃ

গর্জিয়া উঠিল রাশিয়ার প্রতিনিধি
ধূর্ত শৃগালেরে দেখি সঘনে গর্জিয়া
যেমতি কেশরী ধায় বিদ্যুৎ গতিতে
ধরিতে তাহারে, পাপিষ্ঠ ভ্রমিছে দেখি
যেমতি গর্জিয়া ওঠে সুর, সুরপতি
হানে বজ্র পাপিষ্ঠের শির লক্ষ্য করি
রাশিয়ার প্রতিনিধি তেমনি গর্জিয়া
হানিল বজ্রের প্রচণ্ড আঘাত। ভেটো দিয়া
কহিল অশনি স্বরে, পাপী পাকিস্তান
কোটি লোক করিয়াছে নিজ গৃহ হারা,
দশ লক্ষ মানুষের রক্ত মাখি হাতে
মহাপাপ করিয়াছে পামর এহিয়া।
শৃগাল হইয়া সিংহে করিছে আঘাত
ভারত সীমান্ত দেশ করি আক্রমণ।
কোথা ছিলে তুমি বীর চীন আমেরিকা
জল্লাদ বাহিনী যবে হিংস্র হয়ে
ছিন্নভিন্ন করেছিল বাংলার দেহ?
কোথা ছিলে তুমি বীর চীন আমেরিকা
জল্লাদ বাহিনী যবে ক্রুর লালসায়
আহুতি দিছিল ভোগে লক্ষ লক্ষ নারী?
মানবতা বিসর্জিয়া আসিয়াছ এবে
পশু লাগি করিতে ক্রন্দন, দানবের

রক্ষা করিবারে? কিন্তু হীন ইচ্ছা তব
হবে না সাধিত। যতদিন পাক সেনা
না ছাড়িবে বাংলার মাটি যতদিন
গলবস্ত্রে পামর এহিয়া চাহিবে না
ক্ষমা ভারতের পায়ে, অস্ত্র ততদিন
কোষবদ্ধ করিবে না ভারত কেশরী।

নারীঃ

ভেটো লভি দিশাহারা হইয়াছে তারা
কলংক জর্জর মুখে কথা নাহি আর।
হীনতার পরিচয় সর্ব অঙ্গে মাখি
জাতিসংঘ সাধারণ পরিষদে যাচে
দস্যুর জীবন ভিক্ষা। লজ্জা নাহি পায়
নিক্সন সরকার। নির্লজ্জ হয়েছে
চীন প্রগলভ কুমতি। এতদিন ধরি
গণতন্ত্র গণতন্ত্র বলি ভিয়েৎনামে
লক্ষ লক্ষ লোক হত্যা করি আমেরিকা
বাংলার গণতন্ত্র হত্যা অনুষ্ঠান
করিবার ষড়যন্ত্রে রত। বিসর্জিয়া
মানবতা, সাম্যবাদ বুলি প্রকাশিছে
চীন আপনার ক্রুর গূঢ় অভিলাষ
ভারত বিদ্বেষ। মানবতা নিয়াছে সে
বলি আপনার হীন স্বার্থ বেদিমূলে
রক্ষা কি পাইবে তাহে পামর এহিয়া?

পুরুষঃ

পৃথিবীর শক্তি যদি ছত্র ধরি থাকে
এহিয়ার শিরের উপর রক্ষা নাহি
রক্ষা নাহি তার। লুকাইয়া থাকে যাদি
সমুদ্রে পর্বতে কিম্বা মরুভূমি মাঝে
রক্ষা নাহি পাবে, রক্ষা নাহি পাবে
কভু এহিয়া চমুর। যশোহর জিনিয়াছে,
জিনিয়াছে মিত্রসেনা সিলেট সমর
চলিয়াছে বীর সেনা বীর পদভারে

করিতে হেলায় জয় ঢাকার অংগন,
ব্যূহ ভাঙ্গি পলায়িত এহিয়া চমুর
এস্তভীত শ্বাপদ যথা মহা শংকায়
সন্দর্শিয়া বীরেন্দ্র কেশরী প্রাণভয়ে
উর্ধ্বশ্বাসে করে পলায়ন। সূর্যকর
মুক্ত হবে রাহুগ্রস হতে, ধ্বনিতেছে
গগন বিদারী কণ্ঠ, বাংলার জয়-

নারীঃ

জয় ন্যায়ের জয়, জয় ধর্মের জয়

উভয় কণ্ঠেঃ

জয় মিত্রবাহিনীর জয়, জয় জয়
জয় বাঙালীর জয়, জয় সত্যের জয়।

(রচনাঃ গাজিউল হক। আবৃত্তিঃ উম্মে কুলসুম ও আশফাকুর রহমান।)

শিরোনাম	সূত্র	তারিখ
১৬। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত একটি রূপক অনুষ্ঠান- 'জল্লাদের দরবার' (অংশ)	স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র	...১৯৭১

জল্লাদের দরবার

১১ জুলাই, ১৯৭১

নকীবঃ (চিৎকার করে হাঁকছে) জনাব সদরে-মূলুক, খানা-এ-তালুক, প্যায়ারে মোহাম্মদ কেল্লা ফতে খান বাহাদুর-

ফতেঃ সিপাহসালার টিটিয়া খান, যুদ্ধের খবর কি?

সিপাহঃ যুদ্ধ শেষ। আমাদের সেনারা এখন ক্যাম্পে বসে তুন্দুরী রুটি খাচ্ছে। আর ঘুমুচ্ছে।

দুর্মুখ খানঃ জনাব সদরে মুলুক, গোস্তাকি মাপ। আমি দুর্মুখ খান। মাঝে মাঝে অতিব সত্য কথা না বললে কেমন যেন অম্বলের মতো বুক জ্বলে যায়।

ফতেঃ তোমার কি বক্তব্য, বলে ফেল দুর্মুখ খান।

দুর্মুখঃ আমাদের সিপাহসালার বুড়ো হলেও মনটা জোয়ানই আছে। উনি এই মাত্র বললেন আমাদের সেনারা নাকি যুদ্ধ শেষ করে এখন ক্যান্টনমেন্টে বসে তুন্দুরী রুটি খাচ্ছে আর ঘুমুচ্ছে।

ফতেঃ তুমি কি বলতে চাও?

দুর্মুখঃ হুজুরে আলা, আপনি তো তিন মাস হ'ল হার্ট আর মাথা ঘুরানি ব্যামোতে আপনার 'মসরকী বাঙ্গালে'' পা রাখতে পারেননি। যদি মেহেরবানী করে একবার ''বাংলাদেশে'' যান তাহলে দেখতে পাবেন, ওইসব দুষ্টু বিচ্ছিন্নতাবাদী মানে মুক্তিবাহিনী প্রতিদিন আপনার প্যায়ারে সেনাদলকে এ্যায়সান ধোপা পাটকান পাটকাচ্ছে যে, সেইসব আমাদের সেনারা তুন্দুরী রুটি খাবার বদলে হাসপাতালের বেডে খাবি খাচ্ছে। ওরা ঘুমুচ্ছে ঠিকই- তবে সে ঘুম সহজে ভাঙবার নয়। উঃ কি মার হুজুর- একেবারে বদন বিগড়ে দিয়েছে।

ফতেঃ খামোশ নালায়েক! মুক্তিবাহিনী-মুক্তিবাহিনী-মুক্তিবাহিনী! আমাকে পাগল না বানিয়ে ছাড়বে না দেখছি।

দুর্মুখঃ গোস্তাফি মাফ জনাব। ভুলে গিয়েছিলাম, ওদের মুক্তিবাহিনী বলা চলবে না। মানে ঐসব দুষ্টু বিচ্ছিন্নতাবাদীরা।

ফতেঃ দুমুর্খ খানের একথা কি সত্য টিটিয়া খান?

সিপাহঃ জনাব, মারতে গেলে মার খেতে হয়- এইটাই আমাদের যুদ্ধকৌশল।

ফতেঃ তাহলে ওইসব দেশদ্রোহীদের হাতে আমার সাধের সেনাদল এখনও মার খাচ্ছে।

দুর্মুখঃ খাচ্ছে মানে? এ মার এমন মার যে হজম করা মুস্কিল। মেরে একে বারে তক্তা করে দিচ্ছে। আহা!

ফতেঃ দুর্মুখ খান, তোমার এই কথা শুনে আমার মাথাটা আবার ঘুরে উঠল। পানি।

সিপাহঃ জনাব, আপনি বিচলিত হবেন না। আমাদের বীর সেনাবাহিনী জান দিয়েও দেশ রক্ষা করবে।

দুর্মুখঃ দেশ রক্ষা নয়- বলুন তারা এখন পেট রক্ষায় ব্যস্ত।

ফতেঃ তার মানে? বেশ খোলাসা করে বলো দুর্মুখ খান।

দুর্মুখঃ তার মানে বুঝলেন না জনাব? আপনার সেনাদল বাংলাদেশের বুকে অভিযান। চালাবার নামে নিরীহ মানুষ গুলোকে হত্যা করেছে, তাদের যথাসর্বস্ব লুটতরাজ করেছে, ব্যাঙ্ক লুটেছে। এইসব লুটের টাকায় আপনার এক-একজন গরীব সেনা রাতারাতি ক্রোড়পতি বন গিয়া।

ফতেঃ এ তো আনন্দের বিষয়। খোশ খবর।

দুর্মুখঃ কিন্তু নিরানন্দে আপনি তাদের ভাসালেন জনাব। আচমকা একশো আর পাঁচশো টাকার নোটগুলোকে কাগজ করে দিয়ে আপনার ওইসব ক্রোড়পতি সেনাদের আপনি একেবারে পথে বসালেন। তারা বলছে, কেল্লা ফতে খান আমাদের পথে বসালেন।

ফতেঃ সিপাহসালার, এ কথা কি সত্য? এই দেখো মাথাটা আবার-

সিপাহঃ আংশিক সত্য জনাব। লুটের টাকা নিয়ে সৈন্যদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে কিনা জানি না। তবে তারা পুরো মাইনে না পাওয়াতে মানে ডিফেন্স সারটিফিকেটে মাইনে দেওয়াতে দিলে বড়ই দুঃখ পেয়েছে।

ফতেঃ কি আর করা যাবে সিপাহসালার। যুদ্ধের ব্যয়, খয়রাতি সাহায্য বন্ধ, ব্যবসা অচল। এই সব মিলে কোষাগার প্রায় শূন্য। উঃ মাথাটা কেমন যেন-

সিপাহঃ ভাববেন না জনাব। আমাদের সেনারা মাইনে না পেলেও বীরবিক্রমে যুদ্ধ চালিয়ে যাবে।

দুর্মুখঃ হ্যাঁ-হ্যাঁ, কুছ পরওয়া নাহি হ্যায়। পঁয়ষট্টি সালের যুদ্ধের সময় আমাদের স্বনামধন্য লালকানার নবাব নন্দন বলেছিলেন, যদি আমাদের ঘাস খেয়ে বাঁচতে হয় তবু হাজার বছর যুদ্ধ চালিয়ে যাবো। ভাগ্যিস সতেরো দিনে যুদ্ধ থেমেছিলো।

সিপাহঃ তুমি পরিহাস করছো দুর্মুখ খান!

দুর্মুখঃ এ পরিহাস নয় সিপাহসালার। বাস্তব আর মুখের বজ্রঠাণ্ডা। বুলি এক নয়। এর মধ্যেই শোনা যাচ্ছে, আমাদের কিছু সেনা নাকি আর বাংলাদেশের নিরীহ মানুষ খুন করতে রাজী নয়।

ফতেঃ ওফ! মাথাটা চক্কর দিয়ে উঠল!

সিপাহঃ বিচলিত হবেন না জনাব। এ নিতান্ত কিছু সেনার মুখের কথা- মনের কথা নয়।

দুর্মুখ ঃ আমাদের বৃদ্ধ সিপাহসালার আজকাল কি তাঁর প্রতিটি সেনার অন্তরের গভীরতর তলদেশ অন্বেষণ করে এ কথা বলছেন? আপনার বীর বেলুচ সেনারা যে ধীরে ধীরে বিদ্রোহী হয়ে উঠছে। তারা নাকি এখন বলছে, কাফের হত্যার নির্দেশ আমাদের দেওয়া হয়েছিল। কিন্তু এখন দেখছি, আমরা যাদের খুন করছি তারা নিরীহ মানুষ, তারামুসলমান, তারা আমার ভাই।

ফতে ঃ ওফ-মাথাটা আবার-

সিপাহ ঃ জনাব, আপনার মাথাটাকে অতো ঘোরাবেন না। আপনার প্রেসার আবার বেড়ে যাবে। আমার ওপর বিশ্বাস আর আস্থা রাখুন। সব ঠিক করে দেবো।

ফতে ঃ কি করে আস্থা রাখি টিটিয়া খান! ইতিপূর্বে আপনি আমাকে বলেছিলেন সব স্বাভাবিক হয়ে গেছে। আমিও বিশ্বকে বুক ঠুকে বলেছিলাম, দেখে যান বিশ্ববাসী, আমরা বিচ্ছিন্নতাবাদীদের নিশ্চিহ্ন করে দিয়ে সব স্বাভাবিক করে ফেলেছি। কিন্তু কতোকগুলো বিদেশী মানুষ এদেশে এসে আপনার জারি-জুরি সব ফাঁস করে দিল। আমার মুখ হাসালেন।

দুর্মুখ ঃ শুধু মুখ হাসালেন না, চোখের জলে লোমশ বুক ভাসালেন। আচ্ছা জনাব, যুদ্ধটা বন্ধ করে দিলে হয় না?

ফতে ঃ কি বললে?

দুর্মুখ ঃ একটু ভেবে দেখুন, আপনার জন্মদাতাও অবশেষে যুদ্ধে ক্ষ্যান্ত দিয়ে নিরালায় বসে আত্মজীবনী লিখছেন আর দিলখুশবাগে পায়চারী করছেন। আপনিও না হয় সব কিছুতে ইস্তফা দিয়ে সাকী আর সুরা নিয়ে খোশমহলায় বাকি জীবনটা আরাম-আয়েশে কাটিয়ে দেবেন। কি দরকার এসব ঝুট ঝামেলা!

ফতে ঃ দুর্মুখ খান, তোমার এই ঔদ্ধত্য স্পর্ধা দেখে আমি বিস্মিত হচ্ছি। রসনা সংযত করো। এই মুহূর্তে আমি তোমাকে বহিষ্কার করতে পারি।

দুর্মুখ ঃ পারেন না জনাব। কারণ আমি আপনার হৃদয়ের গভীরে বাস করি। সেখান থেকে আমাকে বিতাড়িত করবেন কি করে।

সিপাহ ঃ জনাব আমি তাহলে এখন চলি।

ফতে ঃ আসুন। তবে হ্যাঁ, স্মরণ রাখবেন সাড়ে সাত কোটি মানুষকে চরমভাবে শায়েস্তা না করা পর্যন্ত বিশ্রাম আমাদের হারাম।

সিপাহ ঃ আমি আবার বলছি। আপনি নিশ্চিত থাকুন। আর ক'দিন পর ওদের আমরা ফুঁয়ে উড়িয়ে দেবো জনাব।

দুর্মুখ ঃ (হেসে) দেখবেন, সাড়ে সাত কোটি মানুষের মিলিত নিঃশ্বাসে আপনারা শেষে উড়ে না যান! নিজেদের গোড়া শক্ত করে রাখবেন।

সিপাহ ঃ এ ব্যাপারে তোমার মাথা না ঘামালেও চলবে। আমি চললাম জনাব। খোদা হাফেজ।

ফতে ঃ খোদা হাফেজ।

দুর্মুখ ঃ জনাব, আমাদের সিপাহসালারের ভীমরতি ধরেছে। ওকে অবসর দিন।

ফতে ঃ আমিও তাই ভাবছি।

নকীব ঃ জনাবে আলা, লারকানার নবাবজাদা আপনার দর্শনপ্রার্থী।

ফতে ঃ উঃ লোকটা আবার ঝামেলা করতে আসছে।

দুর্মুখ ঃ সে কি জনাব, বাদশাজাদা আপনার প্যায়ারের দোস্ত। সেই দোস্তকে এখন বরদাস্ত না করার কারণ?

ফতে ঃ যখন প্রয়োজন ছিল দোস্তি করেছি।

দুর্মুখ ঃ আর এখন প্রয়োজন শেষে ছোববার মতো রাস্তায় ছুঁড়ে ফেলে দিচ্ছেন এইতো!

ফতে ঃ এইটাই আমাদের নীতি। যাও, নবাবজাদাকে পাঠিয়ে দাও।

নকীব ঃ জো হুকুম জনাব।

দুর্মুখ ঃ আমি কি চলে যাবো জনাব?

ফতে ঃ না-না-থাক। বুঝলে দুর্মুখ খাঁ, এক এক সময় তোমাকে সহ্য করতে পারি না সত্য, আবার তোমার অস্তিত্বকে অস্বীকারও করতে পারি না। আসুন, নবাবজাদা, আসন গ্রহণ করুন। তারপর কি সংবাদ?

নবাব ঃ আমাদের পক্ষে আর প্রকাশ্যে চলাফেরা দুঃসাধ্য খাঁ সাহেব। কোন রকেম ছাতা দিয়ে মাথা বাঁচিয়ে চলছি।

ফতে ঃ কেন?

নবাব ঃ আমার দলের সদস্যরা আজকাল কাবলে তাগাদা শুরু করেছে। তারা বলছে, আমরা এতো তকলীফ করে সদস্য হলাম, আর এখন পর্যন্ত ক্ষুদে উজির হওয়া তো দূরের কথা, মাইনেটা পর্যন্ত পেলাম না।

ফতে ঃ (হেসে) নবাবজাদা বর্তমান পরিস্থিতি বড়ই ঘোলাটে।

দুর্মুখ ঃ নবাবজাদা সেটা জানেন হুজুর, কারণ ওঁর হাত দিয়েই তো ঘোল ঢালিয়েছেন।

ফতে ঃ দুর্মুখ খান!

দুর্মুখ ঃ গোস্তাফি মাফ করবেন।

নবাব ঃ খাঁ সাহেব, আপনি আমার কাছে ওয়াদা করেছিলেন বিচ্ছিন্নতাবাদীদের ঠাণ্ডা করেই ক্ষমতা আমার হাতে অর্পণ করবেন।

দুর্মুখ ঃ লাগ ভেল্কি লাগ, চোখে মুখে লাগ।

ফতে ঃ নবাবজাদা, আমার ওয়াদার পূর্বে আপনি আপনার দেশবাসীর কাছে ওয়াদা করেছিলেন যে, আপনার কতো একর জমি যেন গরীবদের মধ্যে দান করবেন। আপনি ওয়াদা রক্ষা করেছেন?

নবাব ঃ সেটা নিতান্ত আমার ব্যক্তিগত ব্যাপার।

ফতে ঃ আর এটাও আমার কিছুটা ব্যক্তিগত ব্যাপার বৈ কি! কারণ-

দুর্মুখ ঃ কারণ, এই দেশ হুজুরের বাপ-দাদার খাশ তালুক না হলেও গোটা মালুকের একছত্র মালিক উনি।

ফতে ঃ স্তব্ধ হও দুর্মুখ খান।

নবাব ঃ আমি এসেছি এই জন্যে যে, আর আপনার কাছ থেকে নতুন প্রতিশ্রুতি নিয়ে যাবো খাঁ সাহেব।

ফতে ঃ প্রতীক্ষায় থাকু-ব্যবস্থা হবে।

নবাব ঃ তাতো বুঝলাম। কিন্তু কবে!

দুর্মুখ ঃ ঠিকই তো। এ কথা তো ছিল না!

ফতে ঃ দুর্মুখ খান-

দুর্মুখ ঃ গোস্তাফি মাপ করা হোক জনাব।

ফতে ঃ আর চার মাস অপেক্ষা করুন নবাবজাদা। যদি দুর্যোগ কাটিয়ে উঠতে পারি, যদি পৃথিবীর মানচিত্রে এ রাজ্যের অস্তিত্ব থাকে- তাহলে আমি অবশ্যই আপনাদের সম্পূর্ণ বিমুখ করবো না।

দুর্মুখ ঃ হুজুর পাঠানের বাচ্চা- এক কথার লোক। পাঠান জীবন থাকতে ওয়াদা খেলাপ করে না।

ফতে ঃ নিশ্চয়ই।

দুর্মুখ ঃ অবশ্য নেহাৎ বেকায়দায় পড়ে দু'চারবার বাধ্য হয়ে জনাবকে কথার বরখেলাপ করতে হয়েছে তবে পৃথিবীর গ্রেটম্যানরা ওসব করেই থাকেন।

ফতে ঃ দুর্মুখ, তোমাকে আমি কোতল করবো। তুমি গাধার বাচ্চা।

দুর্মুখ ঃ হুজুর আমার মা-বাপ। যা বলবেন তাই সত্যি।

নবাব ঃ আমি চলি। আবার আসবো। খোদাহাফেজ।

দুর্মুখ ঃ লারকানার নবাব নন্দন একটু চটে গেছেন।

ফতে ঃ কুছ পরওয়া নাহি। এই দেখো, আবার মাথাটা ঘুরে উঠল। বাতাস দাও-পানি খাওয়াও।

১৬ জুলাই, ১৯৭১

সিপাহ ঃ কি ব্যাপার দুর্মুখ খান? তুমি একাকী দরবারে বসে যে?

দুর্মুখ ঃ এসেছি একা, যাইবো একা। দোসর নাহিকো আর।

সিপাহ ঃ কাব্য করতেও জানো নাকি?

দুর্মুখ ঃ বাংলায় কিছুদিন ছিলাম। তাই শ্যামল মাঠভরা ধানের বাতাসে হৃদয়ে একটু কাব্য সঞ্চার হয়েছিল সিপাহসালার ।

সিপাহ ঃ বাংলাকে তুমি ভালোবাসো?

দুর্মুখ ঃ অমন সোনার বাংলাকে কে না ভালোবাসে জনাব। বাংলার মাটি, বাংলার আকাশ, সোনাঝরা রোদ্দুর প্রাণে নতুন স্পন্দন জাগায়।

সিপাহ ঃ কই আমার মনে তো কোন স্পন্দন জাগে না!

দুর্মুখ ঃ সিপাহসালার, জীবনে আপনি কোনদিন হেসেছেন?

সিপাহ ঃ না।

দুর্মুখ ঃ কোনদিন কেঁদেছেন?

সিপাহ ঃ না।

দুর্মুখ ঃ তবে কি করে আপনার হৃদয়ে স্পন্দন জাগবে? আপনি যে মৃত নক্ষত্রের মতো। হৃদয়টাকে হত্যা করেছেন আপনি।

সিপাহ ঃ না। আমি উল্কার মতো আকাশের বুকে অশুভের বার্তা নিয়ে দেখা দিই। তাইতো আমার ছায়া দেখলে লোকে শিউরে ওঠে।

দুর্মুখ ঃ আমার মনে হয় সিপাহসালার, শৈশবে, কৈশোরে আপনি কারও স্নেহ-ভালোবাসা পাননি। তাই আপনার হৃদয় থেকে স্নেহ, ভালোবাসা শুকিয়ে গেছে। অন্তর বিদ্রোহ করেছে। আচ্ছা সিপাহসালার, আপনার সন্তানদের প্রতি আপনার এতোটুকু স্নেহ-ভালোবাসা নেই?

সিপাহ ঃ প্রয়োজন মনে করি না।

দুর্মুখ ঃ নিজের স্ত্রীকেও কি কোনদিন একটু ভালোবেসে-

সিপাহ ঃ দুর্মুখ খান! বেয়াদপি আমি পছন্দ করি না। ভালোবাসা! স্নেহ! মমতা! ওসব হচ্ছে ন্যাকামি, ভাঁড়ামি। আমি ঘৃণা করি ওসবকে। ওই মোহে যারা আচ্ছন্ন তারা বেয়াকুব।

দুর্মুখ ঃ আচ্ছা আপনি তাহলে কি ভালোবাসেন, সিপাহসালা?

সিপাহ ঃ মানুষ খুন করতে আমি ভালোবাসি। রক্ত! মুঠো-মুঠো রক্ত হাতে নিলে আমি আনন্দ পাই- আমার বুকজোড়া তৃষ্ণা নিবারণ হয়- হৃদয়ে রোমাঞ্চ জাগে- স্পন্দন, শিহরণ জাগে।

দুর্মুখ ঃ (হেসে) ইতিহাসের এক নতুন চরিত্র! বিশ্বের বিস্ময়!

সিপাহ ঃ জানো দুর্মুখ, যুদ্ধে মানুষ খুন করলে কোন গুণাহ হয় না। তবে জানি না আমার কিসমৎ আমাকে কোথায় নয়ে চলেছে।

দুর্মুখ ঃ জাহান্নামে জনাব।

সিপাহ ঃ কি বললে দুর্মুখ খান?

দুর্মুখ ঃ না, মানে ইয়ে বলছিলাম কি, জনাবের বয়স অনেক হয়েছে, তাই জাহান্নামে যাবার পাসপোর্ট পেতে দেরী নয়। তবে হুজুর, বেহেস্তে যাবেন না। ওখানে আপনি শান্তি পাবেন না। কারণ সেখানে যতসব মহাত্ম ব্যক্তিরা খোদার ধ্যানে মগ্ন। ওসব ন্যাকামিপনা দেখলে আপনার গা খিসমিস করবে- হাত চুলকাবে। তার চাইতে আপনি দোজখবাসী হবেন। সেখানে আপনার

অনেক বাপ, দাদা, চাচা, মামুর সাক্ষাৎ পাবেন। আপনি সেখানে গেলে একেবারে দোজখ গুলজার হবে। কবে যাবেন জাহাপনা? আগে থেকে জনাবের যাতে ঢাকেশ্বরী মিলের ফাইন কাফনের কাপড় আপনার হাতে দিতে পারি। আমাদেরও তো একটু কর্তব্য আছে।

সিপাহ ঃ খামোশ কমবকত!

দুর্মুখ ঃ এইতো আবার চটে যাচ্ছেন। যতো বুড়ো হচ্ছেন ততই মেজাজ খিটখিটে হচ্ছে। শিশুহত্যা নারী হত্যা করে আপনি যেরকম না করেছেন- তাতে মেজাজের মুখে লাগাম না দিলে বুড়ো বয়সে অপঘাতে মরবেন।

সিপাহ ঃ আমাকে মারবার সাধ্য কারও নেই।

দুর্মুখ ঃ আছে জনাব-আছে- ওই মাথার ওপর যিনি বসে আছেন তার মার আপনি রকেট-বোমা দিয়েও ঠেকাতে পারবেন না। সেই মার দুনিয়ার বার।

সিপাহ ঃ আমি কাউকে পরোয়া করি না দুর্মুখ।

দুর্মুখ ঃ আপনি খোদাকে মানেন?

সিপাহ ঃ যাকে দেখি না তাকে মানি না।

দুর্মুখ ঃ তাহলে ইসলাম রক্ষার জন্য বাংলার বুকে রক্তগঙ্গা বইয়ে দিলেন কেন?

সিপাহ ঃ মসনদ ক্ষমতা রক্ষাই আমাদের একমাত্র উদ্দেশ্য।

দুর্মুখ ঃ ও! ''ইসলাম বিপন্ন- ইসলাম রক্ষা সাচ্চা মুসলমানের ফরজ'' ইত্যাদি বজ্র বুলি তাহলে বাম্প? আসলে-চাচা আপন প্রাণ বাঁচা।

সিপাহ ঃ বাঁচতে পারছি কই?

দুর্মুখ ঃ কি বললেন!

সিপাহ ঃ না- কই কিছু না! যাক, ওসব রাজনীতি নিয়ে তুমি মাথা ঘামিও না। ওসব তুমি বুঝবে না।

দুর্মুখ ঃ ২৩ বছর পর এবার বুঝেছি। চোখ খুলে গেছে। সূর্যের আলোর মতো সব ঘোর কেটে গেছে।

সিপাহ ঃ তুমি বড় চালাক দুর্মুখ খান। তোমার বুদ্ধির প্রখরতায় এক এক সময়- যাক, চলো জাঁহাপনার মন্ত্রণা কক্ষে যাওয়া যাক।

দুর্মুখ ঃ সে কি জনাব, আমাকে আপনি সহ্য করতে পারেন না অথচ আমাকে ল্যাজে বেঁধে নিয়ে জাঁহাপনার সামনে হাজির হতে চান? ব্যাপারটা ঠিক বুঝে উঠতে পারছি না তো সিপাহসালার!

সিপাহ ঃ না মানে, তুমি দরবারে না থাকলে দরবার কেমন যেন ফাঁকা ফাঁকা লাগে।

দুর্মুখ ঃ যাক, তাহলে এতদিন পরে আমার অস্তিত্বটুকুকে স্বীকার করলেন। সত্যিই আমি যে কি আনন্দিত সিপাহসালার যে, এই মুহূর্তে আপনার মৃত্যু হলে এতো আনন্দিত হয়তো হতে পারতাম না।

পিসাহ ঃ দুর্মুখ খান! বেয়াদপ- বেতমিজ-

দুর্মুখ ঃ ক্ষ্যাপা কুকুরটা বিদায় হলো তাহলে। খোদা, তোমার দুনিয়া থেকে এই আবর্জনাগুলোকে সরিয়ে নাও। নইলে লাঞ্ছিত, নিপীড়িত মানুষ তোমাকে অভিশাপ দেবে। তোমার আরশ কেঁপে উঠবে। এ্যায় পরওয়ারদিগার, তুমি রহমানুর রাহিম। রহম করো- নিরীহ, নিষ্পাপ বঙ্গসন্তানদের প্রতি তুমি রহম করো। ওরা সত্য, ন্যায়ের পূজারী। ওরাই তোমার সৃষ্টির গর্ব। সাড়ে সাত কোটি মানুষের অন্তরাত্মা যেখানে অত্যাচারিত নির্যাতিত, সেখানে কেন তুমি নিশ্চুপ!

নবাব ঃ দুর্মুখ খান-

দুর্মুখ ঃ এই যে আসুন নবাবজাদা।

নবাব ঃ জাহাপনা কোথায়?

দুর্মুখ ঃ মন্ত্রণা কক্ষে।

নবাব ঃ কেউ কি মন্ত্রণা কক্ষে গেছে?

দুর্মুখ ঃ জী হ্যাঁ। ত্রিরত্নের এক রত্ন এইমাত্র অন্দরে গেলেন, এবার আপনি গেলেই ত্র্যহস্পর্শ।

নবাব ঃ কোন গোপন সলাপরামর্শ হচ্ছে নাকি?

দুর্মুখ ঃ (হেসে) আজ তেইশ বছর ধরেই তো এই দরবারের মন্ত্রণা কক্ষে কতো চক্রান্তের জাল জন্ম নিল- আবার ভাঙলো- আবার গড়লো। মাকড়শার মতো এই দরবার জালে ছেয়ে গেছে। তাইতো নিজেদের জালে নিজেরা ফেঁসে গিয়ে এখন আর পালাবার পথ পাচ্ছে না।

নবাব ঃ তুমি বড় বাজে বলো।

দুর্মুখ ঃ মাঝে মাঝে একটু চরম সত্যি কথা না বললে মুখটা কেমন যেন তেতো তেতো লাগে।

নবাব ঃ আমার হাতে ক্ষমতা আসলে আমি তোমাকে একটা মন্ত্রিত্ব দেবো। দু পয়সা পাবার লাইন ধরিয়ে দেবো।

দুর্মুখ ঃ সাবাস নবাবজাদা- সাবাস! গাছে কাঁঠাল গোঁফে তেল। আগে নিজের পেট বাঁচান নবাজাদা।

নবাব ঃ আমি অন্য ধাতু দিয়ে তৈরী দুর্মুখ খান।

দুর্মুখ ঃ ওসব ধাতু ছাতু হয়ে যাবে নবাজাদা। সত্যিই, আপনার অবস্থার কথা চিন্তা করলে আমার মরা কান্না কাঁদতে ইচ্ছে করে।

নবাব ঃ কেন? কেন? কাঁদার কি আছে!

দুর্মুখ ঃ কাঁদবো না! জাঁহাপনা আপনার গলার দড়ি ধরে ডুগডুগি বাজালেন। দর্শকের সামনে আপনি লেজ নেড়ে নাচলেন, ডিগবাজী খেলেন, খেল দেখালেন। তারপর ভাঙ্গা থালে হাতে করে দর্শকের পায়ে হাত দিয়ে পয়সা নিয়ে জাঁহাপনাকে দিলেন। জাঁহাপনা মুচকি হেসে পকেটে সব পয়সা পুরলেন- আর আপনি বসে বসে এখন উকুন বাছছেন- আর এক টুকরো কলার জন্যে জাঁহাপনার দিকে ফ্যাল ফ্যাল করে তাকাচ্ছেন। এদিকে লোকে আপনার পেছনে কাঠির খোঁচা দিয়ে মজা লুটছে- আর আপনি দাঁত খিচুচ্ছেন। এইতো পরিণাম!

নবাব ঃ খামোশ বেয়াদপ। তোমাকে- তোমাকে আমি-

দুর্মুখ ঃ আহা- আপনার এ্যালকোহলী চেহারা লাল হয়ে গেল। রাগ করবেন না নবাবজাদা। একটু ঠাট্টা করলাম মাত্র।

নবাব ঃ তুমিই কি এই মন্ত্রণা কক্ষের দ্বাররক্ষী?

দুর্মুখ ঃ না জনাব, আমি হৃদয়ের দ্বাররক্ষী! হৃদয়ের বন্ধ দরজা আমি খুলে দিয়েছি।

নবাব ঃ উন্মাদ! যতোসব উন্মাদ-

দুর্মুখ ঃ নবাবজাদাও মন্ত্রণা কক্ষে চলে গেলেন। আমি উন্মাদ! কিন্তু তোরা- তোরা কি? তোরা জল্লাদ। তাই এই জল্লাদের দরবার ইতিহাসের এক কলঙ্কিত অধ্যায়। (Change over)

।। মন্ত্রণা কক্ষ।।

ফতে ঃ শুনুন সিপাহসালার টিটিয়া খান, শুনুন লারকানার নবাবজাদা, পিণ্ডির মসনদ আজ ধীরে ধীরে অন্ধকারাচ্ছন্ন হতে চলেছে। বাংলাদেশের বিদ্রোহীরা আমাদের লক্ষ্য করে একের পর এক তীর ছুঁড়ছে। বাংলাদেশের বিদ্রোহের ফলে দারুণ অর্থসংকট দেখা দিয়েছে আমার রাজ্যে। শুধু অস্ত্র দিয়ে যুদ্ধ হয় না- যুদ্ধের জন্য অর্থের প্রয়োজন। সেই অর্থের অভাব দেখা দিয়েছে আমার কোষাগারে। আপনারাই বলুন, এ ক্ষেত্রে করণীয় কি?

দুর্মুখ ঃ (স্বাগত) আহত মৃতপ্রায় ব্যাঘ্র শেয়াল আর বেড়ালের কাছে মুক্তি চাইছে। হাসি পায়।

সিপাহ ঃ আমাদের আহাম্মুখ খান, চিটজাদা কি উপদেশ দিচ্ছেন?

ফতে ঃ ও ব্যাটাদের মাথায় কিছু আছে নাকি! বাঁদরের বাচ্চারা আমার মাথায় কাঁঠাল ভেঙ্গে খেয়ে এখন জিব চাটছে।

দুর্মুখ ঃ না জনাব। ওদের গোঁফ-দাড়িতে এখন কাঁঠালের আঠা জড়িয়ে গেছে। তাই এখন ঘরের কোণে বসে কাঁঠালের আঠা ছাড়াচ্ছে।

নবাব ঃ অনেকটা সত্য। ওদেরই জন্যে রাজ্যের অর্থনীতি দীর্ঘদিন ধরে ভেঙ্গে পড়েছে।

ফতে ঃ সিপাহসালার, বাংলাদেশে খাজনা-কর আদায় কেমন হচ্ছে?

সিপাহ ঃ আমি যথাসাধ্য চেষ্টা চালাচ্ছি জনাব।

দুর্মুখ ঃ কিন্তু কোনই ফয়দা হচ্ছে না। কারণ বাংলার দামাল ছেলেরা সব তহসীল-অফিস বোমা মেরে উড়িয়ে দিচ্ছে।কার বাপের সাধ্য যে বোমা খাবার জন্যে খাজনা আদায় করতে যাবে!

সিপাহ ঃ দুর্মুখ খান, অবান্তর কথা বলে জাঁহাপনাকে অসুস্থ করে তুলো না।

দুর্মুখ ঃ কবে কখন জাঁহাপনা সুস্থ, প্রকৃতিস্থ থাকেন সিপাহসালার!

ফতে ঃ খামোশ দুর্মুখ খান। এটা মন্ত্রণা কক্ষ।

দুর্মুখ ঃ এই মন্ত্রণা নিয়েই তো আপনার যতো যন্ত্রণা।

ফতে ঃ সিপাহসালার, মসরেকী বাঙ্গাল থেকে পাট বিক্রয়ের কি ব্যবস্থা করলেন?

দুর্মুখ ঃ পাট সব লোপাট জনাব।

ফতে ঃ তার মানে?

দুর্মুখ ঃ জনাব, বাংলার ওই বিদ্রোহী নেকড়েগুলো আপনার পাটের গুদামগুলি পুড়িয়ে ছাই করে দিচ্ছে- কারণ, আপনারা যাতে বৈদেশিক মুদ্রা অর্জন করে অস্ত্র কিনতে না পারেন। তা ছাড়া বাংলার মুক্ত অঞ্চলের যাবতীয় পাট বাংলাদেশ সরকার ক্রয় করে বিদেশে রপ্তানী করছেন। ওই পাট দিয়েই আপনাদের সাট করার ব্যবস্থা হচ্ছে।

ফতে ঃ দুর্মুখ খান! উঃ মাথাটা আবার ঘুরে উঠল।

সিপাহ ঃ দুর্মুখের কথায় অসুস্থ হয়ে পড়বেন না-জনাব। এবার মাশরেকী বাঙ্গালে পাট খুব কম পয়দা হয়েছে।

ফতে ঃ নসীব- সবই বদনসীব সিপাহসালার। বিপদ যখন আসে তখন চারিদিক দিয়ে আসে।

দুর্মুখ ঃ আলবৎ। খোদা যখন দেন তখন একেবারে ছাপ্পর ফারকে দেন। আর যখন মারেন, তখন পানি খাবারও সময় দেন না।

ফতে ঃ উঃ পাঁচ ডিভিশন সৈন্য দিয়েও আপনি বিচ্ছিন্নতাবাদীদের নিশ্চিহ্ন করতে পারলেন না। সিপাহসালার! অথচ বোমাবাজ টিটিয়া খানের ওপর আমার যথেষ্ট আস্থা ছিল।

দুর্মুখ ঃ বোমাবাজ, ধরিবাজ যাকেই পাঠান- বাংলা মুলুকে গিয়ে সবাই ডিগবাজী খাবেন। কারণ আল্লাহ খোদ মদত করছেন বাঙালীদের। তাইতো বীর প্রসবিনী বাংলা আজ ধন্যা।

ফতে ঃ ওফ্- বাংলা-বাংলা-বাংলা। সিপাহসালার বাংলাকে আপনি পোড়ামাটি করে দিন। মৃতদেহের ভাগাড়ে পরিণত করুন মাশরেকী বাংলাকে। কুকুর-শেয়ালের সামনে বাঙালীদের লাশগুলো ছুঁড়ে ফেলে দিন।

দুর্মুখ ঃ চমৎকার।

সিপাহ ঃ অবশেষে তাই করবো আলমপনা। আমি টিটিয়া খান- আমার রোষানলে সব ভস্মীভূত হবে। পুড়িয়ে দেবো বাংলার মাটি, জ্বালিয়ে দেবো ক্ষেত খামার। বাংলার মাটিকে আমি বন্ধ্যা করে দেবো।

দুর্মুখ ঃ আপনার মাথার ওপর শকুন উড়ছে সিপাহসালার!

সিপাহ ঃ দুর্মুখ খান!

নবাব ঃ দুর্মুখ ঠিকই বলেছে সিপাহসালার। বিদ্রোহ শুধু বাংলার মানুষের মধ্যে নয়- বিদ্রোহ দেখা দিয়েছে আমাদের সৈন্যদের মধ্যে।

ফতে ঃ আপনি আমার সৈন্যদের ভেতরের খবরও রাখেন নাকি নবাবজাদা!।

নবাব ঃ নিশ্চয়ই। চোখ-কান আমার সদা সজাগ। খাঁ সাহেব হয়তো জানেন না যে, ইতিমধ্যে আমাদের 'ম্যাসাকার বাহিনী' বিশ্বাসঘাতকতা করছে। ওরা মুক্তিযোদ্ধাদের ভয়ে পালাচ্ছে- আত্মসমর্পণ করছে- আমাদের গোপন তথ্য ফাঁস করে দিচ্ছে।

ফতে ঃ তারপর- তারপর নবাবজাদা?

নবাব ঃ শুধু তাই নয়, আমাদের বেলুচ সৈন্যদের মধ্যে বিদ্রোহ দেখা দিয়েছে। এমন কি আমাদের সৈন্যদলের কিছু অধিনায়ক তলে তলে আমাদের বিরুদ্ধে হীন ষড়যন্ত্রে লিপ্ত। হয়তো কিছুদিনের মধ্যেই তারা সশস্ত্র বিপ্লবের মাধ্যমে আমাদের থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে। তখন কি অবস্থা দাঁড়াবে একবার ভেবে দেখেছেন খাঁ সাহেব।

দুর্মুখ ঃ তখন আমরা নিজেদের মধ্যে কিত্ কিত্ খেলা শুরু করবো। আগেই বলেছি কাকের মাংস কাকে খায়। তাইতো বলছি আলমপনা, আপনাদের মাথার ওপর শকুন উড়ে বেড়াচ্ছে। মাথা সাবধান!

ফতে ঃ এদিকে ভারত আমাদের সামনে বিরাট মহীরুহ। যুদ্ধের হুমকি দিয়েও ফয়দা হ'ল না। এই জাতশত্রুকে খতম করতে না পারলে-

দুর্মুখ ঃ ভারত অস্ত্র শাণিয়ে আপনাদের স্বাগত জানাবার জন্যে বসে আছে। মার আমরা খাবো ঠিকই- তবে তারা মলম লাগিয়ে দেবে বলেছে।

ফতে ঃ অসহ্য- অসহ্য! সিপাহসালার, অবিলম্বে ভারত সীমান্তে সৈন্য সমাবেশ করুন। যুদ্ধের দামামা বাজান। যুদ্ধ-যুদ্ধ চাই। হয় উত্থান- না হয় পতন। হয় ইতিহাসের মানচিত্রে আমরা টিকে থাকবো- না হয় মুছে যাবো। এ ছাড়া অন্য উপায় নেই।

সিপাহ ঃ কিন্তু জাঁহাপনা-

ফতে ঃ এর মধ্যে কোন কিন্তু নেই। বাঁচা কিম্বা মরা, দুটোর একটা বেছে নিন। মাশরেকী বাঙ্গালকে কবজায় আনতে হলে, ভারত আক্রমণ ছাড়া অন্য উপায় আর নেই সিপাহসালার। এ কি আপনার মুখটা অমন ছাইয়ের মতো, অমন শুকনো-শুকনো দেখাচ্ছে কেন! যান, মুখে পানির ছিটে দিয়ে বিছমিল্লাহ বলে অগ্রসর হোন। আর নবাবজাদা, আপনিও বিদায় গ্রহণ করুন।

সিপাহ ঃ খোদা হাফেজ।

ফতে ঃ খোদা হাফেজ।

দুর্মুখ ঃ উফ! দুই রাহু বিদায় হল। আলমপনা, আপনি একটা অষ্টধাতুর মাদুলী গলায় বাঁধুন। যেভাবে শনির দল আপনাকে ঘিরে ধেরেছে-

ফতে ঃ দুর্মুখ! তোমার ওসব ন্যাকামি আমার ভালো লাগছে না। যক্ষ্মার বীজাণুর মতো কে যেন সর্বদা আমার বুকেরভেতরটা কুরে কুরে খাচ্ছে। সাড়া শরীরে যেন শক্তি পাচ্ছি না। একটা দাহ, বুঝলে দুর্মুখ, কিসের যেন একটা দাহ সর্বদা পুড়িয়ে মারছে। জ্বলে যায়- আমার সর্বশরীর জ্বলে যায়।

দুর্মুখ ঃ কিসের দাহ জানেন না? শিশুহত্যা, নারীহত্যার গুণাহ। ওদের অভিশাপের দাহ আপনাকে দগ্ধ করছে। এর কোন দাওয়াই নেই জনাব। এর হাত থেকে রেহাই নেই।

ফতে ঃ শিশুহত্যা-নারীহত্যা। হ্যাঁ- মানুষের বাচ্চাগুলোকে আমি খুন করেছি- নারীর ইজ্জত লুটেছি- হত্যা করেছি। আমি খুনি-আমি জল্লাদ- আমি বেঈমান। দেখেও নাও- দেখে যাও বিশ্বাবাসী। আমি নিরীহ বাঙ্গালীর লহুতে রক্তস্নান করেছি- বাঙালীদের লাখো লাশের ওপর বসে আমি মসনদী করছি। আমি বিশ্বের বিস্মরণ- আমি মহাত্রাস- আমি জল্লাদ। হ্যাঁ হ্যাঁ আমি জল্লাদ-

আমি খুনী- আমি কশাই। হা-হা-হা-আরও রক্ত চাই- আরও রক্ত চাই- আমি রক্তবীজ- আমি রাক্ষস-হা-হা-হা-....

দুর্মুখ ঃ নাটক জমে উঠেছে। যবনিকার আর দেরী নেই। তারপর নতুন পালা শুরু।

১ আগস্ট, ১৯৭১

।। বাদশা কেল্লা ফতে খান হাসছেন।।

দুর্মুখ ঃ আলমপনা, সকাল থেকে আপনি শুধু হাসছেন। এ এক আশ্চর্য পরিবর্তন।

ফতে ঃ কেন হাসছি বল তো দুর্মুখ খান?

দুর্মুখ ঃ অনেক রকম হাসি আছে জনাব। আনন্দের হাসি, দুঃখের হাসি, শয়তানের হাসি-

ফতে ঃ আমার হাসি শুনে কি মনে হচ্ছে তোমার?

দুর্মুখ ঃ ইথারের বুকে কান পাতলে এমনি অনেক অট্টহাস্য শুনতে পাই। সুলতান মামুদ, নাদির শা, চেঙ্গিস, হিটলার সকলে বোধ করি এভাবেই হাসতেন।

ফতে ঃ রাজা-বাদশারা এভাবেই হাসে মূর্খ।

দুর্মুখ ঃ কিন্তু জাঁহাপনা, কোনদিন কি মায়ের হাসি দেখেছেন? যখন মায়ের কোলে শিশুর মধুর হাসি মুখ দেখে বুক ভরিয়ে যায়? কোনদিন কি রাস্তার ওই উলঙ্গ ছেলেটার মুখের স্নিগ্ধ হাসি দেখেছেন? দেখেছেন কি গ্রাম-বাংলার কৃষকের প্রাণের খোলা হাসি? না, দেখেননি। কারণ সেইসব হাসি আপনি কেড়ে নিয়েছেন।

ফতে ঃ বাংলা-মাশরেকী বাঙ্গালা। শোন দুর্মুখ খান, বাংলার মানুষের মুখের হাসির চাইতে সেখানকার জমিন আমার কাছে-

দুর্মুখ ঃ জানি জনাব, বাংলাদেশটা আপনাদের কাছে সোনার থালা, আর বাঙালীদের কাছে বাংলা ওদের মা। সেই মাকে কোনদিন কি আপনি ওদের কাছে থেকে কেড়ে নিতে পারবেন?

ফতে ঃ দুর্মুখ, বাদশা কেল্লা ফতে খান যেখানে থাবা চালায় সেখান থেকে খালি মুঠি কোনদিন ফিরিয়ে আনেন না।আর খোদা না খাস্তা যদি বাংলাদেশ আমার হাত থেকে বেরিয়ে যায়, তাহলে গোটা বাংলাদেশটাকে আমি জ্বালিয়ে পুড়িয়ে ভস্মস্তুপে পরিণত করবো। এই আমার কসম।

দুর্মুখ ঃ জনাব, শুনি নাকি ধ্বংসস্তুপের মধ্যেই নতুনের ভিত্তি রচিত হয়। আশ্চর্য সাহস ওই বাংলার দামাল ছেলেগুলোর-এখনও হিংসের নাকে সুড়সুড়ি দিচ্ছে।

ফতে ঃ ওই বিদ্রোহীরা আমাকে অতিষ্ঠ করে তুলেছে। আমার নীদ হারাম করেছে। কিন্তু কমবকতরা জানে না বাদশা কেল্লা ফতে খান জিন্দেগীর চলার পথের কোন কাঁটাকে পাশ কাটিয়ে যায়নি-বরঞ্চ দু'পায়ে দলে গেছে।

দুর্মুখ ঃ জনাব, শুনি নাকি বাংলাদেশের পথে কাঁটার চাইতে কাদা বেশী। সেই হাতী এবার কাদায় পড়েছে জাঁহাপনা।

ফতে ঃ তার অর্থ?

দুর্মুখ ঃ আলমপনা, দীর্ঘ চার মাস অতিবাহিত হতে চললো, আপনার জবরদস্ত বীর জোয়ানরা স্বাধীনতাকামী ছেলেগুলোঠাণ্ডা করতে পারল না। এদিকে ওই বিচ্ছিন্নতাবাদীরা আরও শক্তিশালী, দুর্ধর্ষ হচ্ছে। আমাদের সৈনিকরা বুকে থাবা মেলে এগিয়ে যাচ্ছেথ- কিন্তু পরক্ষণে মাজা ভেঙ্গে ছাউনীতে ফিরছে। কেউ আর নাড়িভুঁড়ি এলিয়ে চিতোচ্ছে। আহা রে, আমাদের সোনার চাঁদ সেপাহীদের রক্তাক্ত দেহ দেখে- (কান্নার সুর কণ্ঠে)

ফতে ঃ কেঁদো না-কেঁদো না দুর্মুখ খান। আমার মাথা ঘুরছে। এ্যাই- দাওয়াই কা বেতল লে আও।

দুর্মুখ ঃ অতো দাওয়াই খাবেন না জনাব। এমনিতেই ভুল বকছেন- আবার ঘন ঘন দাওয়াই পেটে পড়লে, একেবারে ক্ষেপে যাবেন জনাব।

ফতে ঃ খামোশ কমবকত! তমিজ-সে বাত করো!

দুর্মুখ ঃ বড় দুঃখে বলি জনাব। আমার বুকটা দুঃখে জার জার।

ফতে ঃ বেচেখান হয়ো না দুর্মুখ খান। যুদ্ধের সাফল্যের ওপর আমি নির্ভরশীল নই। আমার ক্রুর রাজনীতি আমার হাতিয়ার।

দুর্মুখ ঃ মেহেরবানী করে বান্দাকে যদি একটু খুলে বলতেন-

ফতে ঃ শোন দুর্মুখ- গোলা, বারুদ, সুরা, নারী আমার জীবনের সবচে' পেয়ারা চীজ। মাগার পিণ্ডির এই তক্তে তাউস আমাকে ছাড়ল না। উনোসত্তরের বাংলা আগ্নেয়গিরির মতো ফেটে পড়ল। সেই বাংলার জনতার জ্বলন্ত লাভা আছড়ে পড়ল পিণ্ডির মসনদে। কারাগার ভেঙ্গে বেরিয়ে এলেন বাঙ্গালীদের বঙ্গবন্ধু।

দুর্মুখ ঃ জানি জনাব। এবং সঙ্গে সঙ্গে মসনদচ্যুত হলেন আপনার ধর্ম-আব্বা হুজুর জনাব খানে খান বেকুব খান।

ফতে ঃ উত্তাল তরঙ্গে তখন হাবুডুবু খাচ্ছে এই তক্তে তাউস। আমি হাল ধরলাম। ছলনা আর মিষ্টি কথার অস্ত্র প্রয়োগকরে অগ্ন্যুৎপাত বন্ধ করলাম। কিন্তু আমি ভাবতে পারিনি যে, ওই বঙ্গবন্ধু মানুষটার মধ্যে এতো আগুন আছে। আগে যদি জানতাম, তাহলে নির্বাচনের প্রহসন করতে গিয়ে-

দুর্মুখ ঃ সং সেজে বুক চাপড়াতে হতো না।

ফতে ঃ তবু আমি বঙ্গবন্ধুকে প্রলোভন দেখালাম- ছলে বলে বশ করার চেষ্টা করলাম; কিন্তু ব্যর্থ হলাম। আজ পর্যন্ত মানুষটাকে নীতিচ্যুত করতে পারলাম না। তাই চাঁদির জুতো ফেলে চামড়ার জুতো চালালাম কিন্তু-

দুর্মুখ ঃ কিন্তু সেই জুতো যে ফিরে এসে আপনার মুখে পড়বে তা কি আর ভেবেছিলাম জনাব!

ফতে ঃ দুর্মুখ খান।

দুর্মুখ ঃ গোস্তাফি মাফ করবেন জনাব। আচ্ছা আলমপনা, এখন আপনার এই খাশ তালুক রক্ষার কি ব্যবস্থা করছেন?

ফতে ঃ শোন, আমি নিজেই একটা আইন তৈরী করছি। আর সেই আইন মোতাবেক আমিই হবো এই তক্তে তাউসের একচ্ছত্র অধিপতি।

দুর্মুখ ঃ একেই বলে রাজরাজড়ার মাথা!

ফতে ঃ আরও শোন, আমার ওইসব পোষা কুকুর যারা এইটুকরো মাংসের জন্য জগতের শ্রেষ্ঠ সর্দার, বেঈমান হতে পারে- তাদের আমি নফর করবো। বিশ্ব দেখবে, আমার ছত্রচ্ছায়ায় গণপ্রতিনিধিরাই রাজ্যভার গ্রহণ করেছে।

দুর্মুখ ঃ মারহাব্বা- মারহাব্বা, জনাব! আপনাকে যে মা গর্ভে ধারণ করেছিলেন, তিনি সত্যিই বিশ্বের বিস্ময়!

ফতে ঃ কেমন লাগলো পরিকল্পনা?

দুর্মুখ ঃ অদ্ভুত! জনাব- অদ্ভুত! আমি শুধু ভাবছি, এতো বুদ্ধি নিয়ে আজও আপনি বেঁচে আছেন কি করে।

ফতে ঃ (হেসে) সত্যিই তুমি রসিক পুরুষ দুর্মুখ খান।

দুর্মুখ ঃ একটা ছোট্ট গল্প বলি জনাব। বিয়ে-পাগল এক মূর্খ ব্যক্তি স্থির করল সে এক ধনীর একমাত্র কন্যাকে বিয়ে করে, শ্বশুর-শাশুড়িকে হত্যা করে তাড়াতাড়ি বড়লোক হবে। কিন্তু দুর্ভাগ্য, এই মুর্খকে কোন মেয়েই পছন্দ করল না। অবশেষে এই মূর্খ রাগে-দুঃখে তার বুড়ি মাকে বললো- মাগো, আমার বিয়া আমি আর দেইখ্যা যাইতে পারুম না।

ফতে ঃ (উচ্চৈঃস্বরে হাসলেন) হাঃ-হাঃ-হাঃ-হাঃ-হাঃ-[আচমকা হাসি বন্ধ করে ক্রোধে] এ্যাঁ। কি বললে, দুর্মুখ খান! বেহুদা বততামিজ, কমিনে- নিকাল যাও- [গর্জে উঠলেন' উঃ মাথাটা আবার-

।। দরবার কক্ষ।।

নবাব ঃ বন্দেগী খাঁ সাহেব।

ফতে ঃ আসুন লারকানা নবাবজাদা। কি সংবাদ?

নবাব ঃ আমার কিছু বক্তব্য আছে খাঁ সাহেব।

ফতে ঃ আমিও কিছু বলতে চাই নবাবজাদা। শুনছি, ইদানীং আপনি নাকি আমার কার্যের সমালোচনা করছেন?

নবাব ঃ আমার দলের স্বার্থে-

ফতে ঃ উফ্ - স্বার্থ-স্বার্থ! শুনুন নবাবজাদা, আমি এসব পছন্দ করি না।

নবাব ঃ খাঁ সাহেব কি আমার প্রতি ক্ষুব্ধ হয়েছেন?

ফতে ঃ না নবাবজাদা। কার ওপর ক্ষুব্ধ হবো? আপনারা যে আমার ভাই- অতি আপনার জন। আমার সততা, সারল্যকে-

দুর্মুখ ঃ নবাবজাদা জনাবকে ভালোভাবেই চেনেন। আমাদের আলমপনা সারল্যে শিশু, মহসীনের ন্যায় দয়ার সাগর-সততায় ইয়ের মতো আর কি।

ফতে ঃ নবাবজাদা- এই মসনদ, এই গুরুভার আমি বইতে পারছি না। আপনাদের বৃহত্তর স্বার্থে এই রাজদণ্ড আমি হাতে তুলে নিয়েছিলাম। সময় আসলে এই মসনদের সব আপনাদের হাতে অর্পণ করে-

দুর্মুখ ঃ জনাব আবার রংমহলায় ফিরে যাবেন।

ফতে ঃ না, আমি মক্কা শরীফে যাবো।

দুর্মুখ ঃ (স্বগত) এই বারেই কানা মরেছে।

নবাব ঃ কিন্তু আমার দলের নির্বাচিত প্রতিনিধিরা আর ধৈর্য রাখতে পারছে না খাঁ সাহেব।

ফতে ঃ তাঁদের ইচ্ছার ওপর আমার রাজকার্য নির্ভর করে না।

নবাব ঃ যদি তাঁরা বিদ্রোহ করে?

ফতে ঃ তাহলে বাংলার মানুষের মতো তাদের কলিজাগুলো ছিঁড়ে আনা হবে।

দুর্মুখ ঃ (স্বগত) একেই বলে কাকের মাংস কাকেই খায়।

নবাব ঃ জাঁহাপনা, শক্তির আতিশয্যে আপনি ভুল পথে চলছেন।

ফতে ঃ (হেসে) জীবনের পাশাখেলায় আমি কোনদিন হারিনি নবাবনন্দন। পশ্চিম খণ্ডে যদি বিদ্রোহ হয় তাহলে আপনি- না-না- আমি আপনাকে বিশ্বাস করি। আপনার প্রতি আমার পূর্ণ আস্থা, ভরসা আছে নবাবজাদা। কারণ-

দুর্মুখ ঃ কারণ কাকের বাসাতেই কোকিলের বাচ্চা মানুষ হয়ে কু-কু করে ডাকে।

নবাব ঃ জাঁহাপনা, আমি একা কি করবো? বাংলার মাটিতে আগুনের লেলিহান শিখা, সিন্ধুর আকাশে দুর্যোগের ঘনঘটা, পাঞ্জাবের বাতাসে পুঞ্জীভূত অস্ফুট প্রতিবাদ ধ্বনি- দারুণ অর্থসংকট, ব্যবসা, বাণিজ্য, কল-কারখানা সব বন্ধ। এতগুলো সমস্যা-

ফতে ঃ উঃ সমস্যা- সমস্যা-সমস্যা। এতোগুলো সমস্যা সমাধান আমার এক চরম সমস্যা হয়ে দাঁড়িয়েছে।

দুর্মুখ ঃ ভাববেন না জনাব। মাথার ওপর আমাদের মামারা আছেন, দুর্যোগে কেটে যাবে। নাকের বদলে নড়ন পাবো- সেই ভালো। নবাবজাদা তো এখন থেকেই "চীন-মার্কিন" ভাই ভাই বলে চেঁচাচ্ছেন।

ফতে ঃ কি লাভ। আমি এতো করে আমার মার্কিন বন্ধুকে দিয়ে পূর্ব বাংলার সীমান্তে রাষ্ট্রসংঘের সৈন্য মোতায়েন করার প্রস্তাব করলাম, কিন্তু আমাদের শত্রু ভারত-সম্রাজ্ঞী অমনি কঠোরভাবে তার বিরোধিতা করল।

দুর্মুখ ঃ জনাব, আমি বলি কি, এতোসব ফন্দিফিকির না করে একেবারে চোখ-কান বুঁজে বিসমিল্লাহ বলে ভারতআক্রমণ করে ফেলুন।

নবাব ঃ আমি তোমার সঙ্গে একমত দুর্মুখ খান।

সিপাহ ঃ বন্দেগী জাঁহাপনা। আমিও একমত এদের সঙ্গে।

ফতে ঃ কিন্তু সিপাহসালার কোথায় দাঁড়িয়ে, কিসের ভরসায়, কি নিয়ে যুদ্ধ করবেন? বাংলার জমিন, বাংলার মানুষ ওই হাজার হাজার বিচ্ছিন্নতাবাদীরা আমাদের শত্রু। এদিকে কোষাগার শূন্য, চার মাসের যুদ্ধে প্রচুর অস্ত্র, সৈন্য আমরা হারিয়েছি। তাই ভেবে দেখুন, ঘরের শত্রুর পাশে দাঁড়িয়ে, ভুখা শরীরে, খালি হাতে ভারতের ন্যায় শক্তিশালী দেশের সঙ্গে যুদ্ধে লিপ্ত হওয়া বাতুলতা।

দুর্মুখ ঃ যথার্থ বলেছেন জনাব। দীর্ঘ চার মাস ধরে আমাদের বীর সেনানীরা কতকগুলো ডানপিটে ছেলের সঙ্গে যুদ্ধ করে বাংলার রাজধানী ঠেকাতে পারছে না। আর-

সিপাহ ঃ তাহলে জাঁহাপনা, আপনি আপাতত ভারতকে একটা কড়া হুমকি দিন। তাতে দুটো সুফল হবে। এক. যদি বিদ্রোহীরা ভবিষ্যতে বাংলার কিছু জমি দখল করে, তাহলে আমরা বিশ্বকে জানাবো ভারত আমাদের ভূখণ্ড জোর করে দখল করেছে। আর দ্বিতীয়তঃ ভারত-সম্রাজ্ঞী নারী। আপনার ন্যায় সিংহপুরুষের হুঙ্কারে অবশ্যই ভীত হবে।

দুর্মুখ ঃ (হেসে) ভারত-সম্রাজ্ঞী জানেন যে, ফাঁকা কলসীর আওয়াজ বেশী।

ফতে ঃ খামোশ বেয়াদপ। ঠিক আছে টিটিয়া খান, আপনার যুক্তি মতোই ভারতকে একটা হুমকি দিন। সেই সঙ্গে এটা নিয়ে দিন, এবারের যুদ্ধে আমরা একা নই। হুঁশিয়ার।

দুর্মুখ ঃ আপনার হুংকারে ভারত-সম্রাজ্ঞী একটু মুচকি হাসবে জনাব। বিশ্ব জানে আপনার ভীমরতি ধরেছে।

ফতে ঃ দুর্মুখ খান! সিপাহসালার যুদ্ধের খবর বলুন।

সিপাহ ঃ আমাদের বীর সৈন্যরা বিদ্রোহীদের মেরুদণ্ড ভেঙ্গে দিয়েছে জনাবে আলা।

দুর্মুখ ঃ তা-ঠিক। তবে মাঝে মাঝে কমবকত বাঙালী ছেলে-ছোকরারা ঢাকার বুকে বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র, গ্যাসঘাঁটি উড়িয়ে দিচ্ছে। শহর-গ্রামে রেললাইন সেতু, রাস্তাঘাট, সামরিক ছাউনী গুড়ুম-ফটাস হয়ে যাচ্ছে। জনাবের ভুঁড়িয়াল সৈন্যরা, পোষ্যপুত্রেরা মাঝে মাঝে জিব বার করছে। সে এমন কিছুই নয়। সব স্বাভাবিক হয়ে গেছে।

ফতে ঃ উফ! মাথাটা আবার ঘুরছে।

দুর্মুখ ঃ ঘাবড়াবেন না জাঁহাপনা। আপনার নতুন চালানের সামান্য কিছু সৈনিক বিদ্রোহ করলেও- সব ঠাণ্ডা, সব স্বাভাবিক হয়ে গেছে জনাব।

ফতে ঃ সত্যই কি সব স্বাভাবিক টিটিয়া খান?

সিপাহ ঃ আমার প্রতি বিশ্বাস রাখুন আলমপনা। ব্যবসা-বাণিজ্য চালু করতে পারলেই-

ফতে ঃ কেন? ওদেশের ব্যবসাদাররা দোকান খুলছে না?

দুর্মুখ ঃ সব ভাগল-বা জনাব।

সিপাহ ঃ তবে আমি নয়া এলান জারি করেছি জনাব। এক সপ্তাহের মধ্যে কেউ যদি তার দোকান না খোলে তাহলে সেই দোকানে আমরা নিজেদের লোক বসাবো।

নবাব ঃ নিজেদের লোক মানে?

দুর্মুখ ঃ মানে জনাবের ওইসব জারজ সন্তানদের- মানে আর কি জনাবের খাস তালুকের খাস আদমীদের বসানো হবে।

নবাব ঃ সে কি ভালো হবে টিটিয়া খান সাহেব?

সিপাহ ঃ ভালো-মন্দের বিচার এখন রাখুন। বাঁচার কথা ভাবুন নবাব সাহেব। ওই বিদ্রোহীদের শায়েস্তা না করা পর্যন্ত-

ফতে ঃ হ্যাঁ, বিদ্রোহীদের নিশ্চিহ্ন করতেই হবে। ভেবেছিলাম বঙ্গবন্ধুকে বন্দী করলে বিদ্রোহের আগুন নিভে যায়। কিন্তু আগুন আরও জ্বললো। এবাব বাঙ্গালীর দরদী বন্দুকে খতম করতে হবে। জানিয়ে দিন বিশ্ববাসীকে- বঙ্গবন্ধুর বিচার করা হবে। প্রয়োজন হলে তাঁকে ফাঁসির দড়িতে জীবন দিতে হবে।

দুর্মুখ ঃ জনাব, গোস্তাফি মাফ করবেন। বঙ্গবন্ধুকে খতম করলে বীর প্রসবিনী বাংলা বীরশূন্য হবে না। আজ বাংলার ঘরে ঘরে প্রতিটি মুক্তিকামী মানুষ বঙ্গবন্ধু- প্রতিটি মুক্তিযোদ্ধা এক- একজন সিপাহসালার। কাটা বঙ্গবন্ধুরে খতম করবেন জনাব? একটি মশাল থেকে আর একটি মশাল জ্বলে উঠেছে। হাজারো হাতের উদ্যত শাণিত তরবারী পিণ্ডির মসনদ লক্ষ্য করে ছুটে আসছে। কি দিয়ে তাদের রুদ্ধ করবেন?

ফতে ঃ স্তব্ধ হও- স্তব্ধ হও দুর্মুখ খান। এ কি! দরবার এতো অন্ধকার কেন? কিসের যেন আর্তনাদ শুনতে পাচ্ছি। কারা যেন এদিকে এগিয়ে আসছে। ঐ, ঐ- জনতার স্রোত, গলিত লাভা এদিকে ছুটে আসছে। আগুন, আগুন! বন্ধ করো- সিংহদ্বার বন্ধ করো। আলো, আলো- আরও আরো জ্বেলে দাও। উঃ-

নবাব ঃ জাঁহাপনা মূর্ছা গেছেন। পিণ্ডির মসনদ, তুমিও একদিন মুক্তিকামী জনতার পায়ের তলায় গুঁড়া হয়ে যাবে। মহাকাল, ইতিহাস- শুধু তোমরা সাক্ষী থেকো।

১৪ নভেম্বর, ১৯৭১

নবাব ঃ পিণ্ডির মসনদ, অপেক্ষা করো- আমি আসছি। তোমার কলঙ্কিত জীবনের হবে অবসান। আমার এতোদিন প্রতীক্ষার সেই শুভদিন সমাগত। অনাগত দিনে তুমি আমাকে পেয়ে প্রাণ পাবে- ধন্য হবে। যে করে যেমনভাবে হোক তোমাকে হোক তোমাকে আমার চাই।

ঈমান ঃ (ইকো) হা-হা-হা- হা-হা-হা-

নবাব ঃ কে? কে?

ঈমান ঃ সিন্ধুর কুলাঙ্গার-পাকজাঁহার বেঈমান লারকানার নবাবজাদা, সিংহাসনের পানে একদৃষ্টে চেয়ে কিসের সুখস্বপ্ন দেখছো?

নবাব ঃ কে! কে তুমি অদৃশ্য পুরুষ?

ঈমান ঃ (ইকো) আমি ঈমান। তুমি আমাকে চেনো না। কারণ বেঈমান, শয়তান তোমার দোস্ত। আমি ন্যায়, আমি সত্য, সুন্দর। আমি নিয়ম- আমি বিবেক- আমি মানবতা! কোনদিন আমাকে চিনবার চেষ্টা করেছো কি?

নবাব ঃ না। ওসব নিয়ে নির্লিপ্ত থাকার সময় আমার নেই। আমি আমার দেশের কথা ছাড়া-

ঈমান ঃ (ইকো) দেশ! হা-হা-হা-! সুন্দর শয়তান, মানুষ তোমাকে কতো রূপেই না দেখলো। দেশ! দেশের জন্য কি করেছো আর করছো তা একবার ভেবে দেখেছো কি! স্বার্থের নামী জুয়াড়ী তুমি। দেশকে জুয়ার বাজিতে এনেছো। দেশের মানুষকে ধোঁকা দিয়েছো। আসলে তুমি, পাকিস্তান সামরিক জুন্তার এর উগ্রদলের হাতের পুতুল। মিলিটারী ব্যুরোক্র্যাটদের রাজনৈতিক ভাড়াটে কণ্ঠ তুমি।

নবাব ঃ না। আমি গণতন্ত্রে বিশ্বাসী- আমি গণতন্ত্র চাই।

ঈমান ঃ (ইকো) মিথ্যা কথা। তুমি গণতন্ত্রে বিশ্বাসী নও। ওটা তোমার পোশাকী কথা। তুমিই বলেছো, পাকিস্তানের হৃদপিণ্ড হচ্ছে পাঞ্জাব ও সিন্ধু। মানে পাঞ্জাবের সামরিক গোষ্ঠী। তুমি যদি সত্যই গণতন্ত্রে বিশ্বাসী হতে- তাহলে বলতে পাকিস্তানের প্রাণ তার জনগণ। আর সেই জনগণের সংখ্যাগরিষ্ঠ অংশের বাস বাংলায়। অতএব বাংলাদেশেই হচ্ছে পাকিস্তানের হৃদপিণ্ড।

নবাব ঃ আমি স্বীকার করি না।

ঈমান ঃ (ইকো) তা জানি। স্বীকার করার সৎসাহস তোমার নেই। কার এক অশুভ লগ্নে, রাজনীতিতে তোমার হাতেখড়ি। আর সে থেকেই তোমার পিপলস পার্টি জন্ম থেকেই সামরিক জুন্তার শক্তিশালী অংশের তাঁবেদার। আর আজ যে পিণ্ডির বাদশার মুখের পানে চেয়ে আছো- সেই বাদশাও সামরিক জুন্তার ভৃত্য মাত্র। আমি জানি, এই সামরিক গোষ্ঠীর অস্ত্র হিসাবে তুমি বাংলাদেশের রাজনৈতিক আকাশে ঝড় ডেকে আনলে- বাঙ্গালীর রক্ত নেবার জন্য পিণ্ডির বাদশাকে সহযোগিতা করলে।

নবাব ঃ না-না- এসব মিথ্যা! আমি কারো খেলার পুতুল নই। আমি যা কিছু করছি- আমার দেশের স্বার্থের জন্য। বাংলার মানুষের ঔদ্ধতা আমি বরদাস্ত করিনি কোনদিন- করবোও না।

ঈমান ঃ (ইকো) ক্ষমতালিপ্সু, অন্ধ তুমি। দীর্ঘদিন অতিবাহিত হল, ক্ষমতার স্বাদ কেমন তা বুঝতে পারলে না। কতো রঙ্গই না দেখাচ্ছো। তুমি কি ভেবেছো, পিণ্ডির এই মসনদ কেল্লা ফতে খান সাগ্রহে তোমার হাতে তুলে দেবেন?

নবাব ঃ শাহানশা ওয়াদা করেছেন।

ঈমান ঃ (ইকো) ওয়াদা। বিশ্বের সেরা নরঘাতী দানবের ওয়াদা! চমৎকার। তাই বুঝি পিণ্ডির বাদশার পেয়াদা হয়ে পিকিং দৌড়েছিলে?

নবাব ঃ অনেকটা তাই। কারণ বিশ্বের কোন বৃহৎশক্তির সমর্থন না পেলে মসনদ বিপদমুক্ত হবে না।

ঈমান ঃ কিন্তু কি পেলে? চীনের নীতির পটপরিবর্তন দেখে স্তম্ভিত হয়ে গেছো নিশ্চয়ই? দেখলে তা চীন সরকার শুধুমাত্র তোমাদের দু'চারটি উপদেশ দিয়ে বিদায় সম্ভাষণ জানালেন। তুমি ব্যর্থ হলে। এবার কি পিণ্ডির বাদশা তোমার প্রতি খুশী হয়ে মসনদের ভাগ দেবেন? তুমি ইনাম পাবে না।

নবাব ঃ তোমরা সবাই অনাগত দিনের দিকে চেয়ে থাকো। এই মসনদ আমার হাতে আসবে। আমিই হবো এদেশের ভাবী প্রধান উজির।

ঈমান ঃ অন্ধকারের মাঝে দাঁড়িয়ে আছো লারকানার নবাবজাদা। সত্যিই তুমি যদি জননায়ক বলে দাবী করো, তাহলে কি ভেবেছো সৈরাচারী সামরিক গোষ্ঠী জননায়ককে পেয়ার করে? অসম্ভব। তুমি কি ভেবেছো, যে কেল্লা ফতে খান সামরিক গোষ্ঠীর প্রতীত সে মুখের কথায় মসনদ ত্যাগ করবে?

নবাব ঃ যদি স্ব-ইচ্ছায় ওয়াদামতো কেল্লা ফতে খান মসনদ ত্যাগ না করে তাহলে আমি প্রতিহিংসার আগুনে গোটা পাক জাহান পুড়িয়ে দেবো।

ঈমান ঃ জ্বালাময়ী ভাষা প্রয়োগ করতে ওস্তাদ লোক তুমি। কিছুদিন আগেই তো বাদশার সঙ্গে তোমার তীব্র মতপার্থক্য শুরু হল। তুমি প্রকাশ্যে অভিযোগ করলে- 'জনগণের পরিষদ' আহ্বান করবে বলে বাদশাকে হুঁশিয়ার করে দিলে- আবার সেই তুমি পোষা কুত্তার মতো পিকিং দৌড়ালে।

নবাব ঃ এর পশ্চাতে রহস্য আছে। বিচিত্র- বিশ্বের বিস্ময়। তোমাদের ২৩ বছরের রাজনীতির ইতিহাসের পৃষ্ঠগুলি রক্তে ভেজা। বিষাক্ত নিঃশ্বাসে ভরপুর তোমাদের অন্তর। তাই পাকিস্তানের রাজনীতির মঞ্চে তোমার প্রবেশের সঙ্গে সঙ্গে, এদেশের রাজনীতি চরম সঙ্কটের সম্মুখীন- এদেশের রাজনীতি পথভ্রষ্ট। তাই কোন বাদশা, কোন প্রজা তোমাকে সহ্য করতে পারে না। তুমি যেন ধূমকেতু। তুমি এক অশুভ ব্যক্তি।

নবাব ঃ খামোশ! আমাকে তোমরা সবাই মিলে অন্ধকারে নিক্ষেপ করতে চাইছো। কিন্তু না- পারবে না। আমার এতোদিনের আশা-পরিকল্পনাকে তোমরা ভেঙ্গে দিতে পারবে না।'

ঈমান ঃ (ইকো) পঙ্গু-পরাজিত নায়ক, তুমি এখন মাঝ-দরিয়ার পাঁকে পড়েছো। তুমি তলিয়ে যাবে। যদি বাঁচতে চাও- তাহলে সাচ্চাইয়ের হাত ধরো।

নবাব ঃ আমাকে প্রলোভন দেখিও না।

ঈমান ঃ (ইকো) বেয়কুব, প্রলোভনের জন্যেই তো বাংলার সাড়ে সাত কোটি মানুষের স্বাধিকার, গণতন্ত্রকে কামানের মুখে উড়িয়ে দিয়েছো- বাংলার রক্তগঙ্গা বইয়েছো- তোমার দেশের মানুষের জীবনকে নিয়ে স্বার্থের জুয়াখেলা শুরু করেছো। গণতন্ত্রের নামে স্বৈরাচার, ধোঁকাবাজি তোমার দেশের জনগণও আর সহ্য করবে না। সেখানেও বিপ্লবের আগুন জ্বলে উঠবে। সব স্বার্থ ভস্মীভূত হবে।

নবাব ঃ আমাকে সুনির্দিষ্ট পথের সন্ধান তুমি দিতে পারো?

ঈমান ঃ (ইকো) একটিই পথ। সেটা হচ্ছে সত্য-সুন্দরের পথ। শান্তি-সংহতি-সৌভ্রাতৃত্বের পথে অগ্রসর হয়ে মানুষের অন্তরের গভীরে নিজেকে প্রতিষ্ঠিত করো। গোটা বিশ্বের মানবকল্যাণে নিজেকে-

উৎসর্গ করো। নির্যাতিত-নিপীড়িত মানুষের হাত ধরে অন্ধকার থেকে আলোয় নিয়ে এসো। তাদের যথাযোগ্য মর্যাদা দিয়ে সম্মানের আসনে প্রতিষ্ঠিত করো। তবেই তো মানব ইতিহাসের সাচ্চা দেশপ্রেমিক বলে নিজেকে চিহ্নিত করতে পারবে। গন্ডিমুক্ত হও- একলা চলো।

নবাব ঃ কিন্তু কি করে সর্ব বাঁধনমুক্ত হবো আমি! আমি যে আমার গোটা সত্তাটাকে বন্ধক দিয়েছি! আমি মুক্ত হতে চাইলেও- সামরিক জুন্তা আমাকে মুক্তি দেবে না।

দুর্মুখ ঃ আরে নবাবজাদা, মসনদের সামনে বসে কি ভাবছেন? ও- নবাবজাদা-

নবাব ঃ কে! ও! দুর্মুখ খান!

দুর্মুখ ঃ হা- খোদা! আজকাল থেকে থেকে অন্য জগতে চলে যাচ্ছেন নাকি!

নবাব ঃ আচ্ছা দুর্মুখ খান, তুমি তো বিচক্ষণ ব্যক্তি। আচ্ছা বল তো দুর্মুখ খান, আমি যা কিছু করেছি ও করছি সবই কি স্বীয় স্বার্থের জন্যে?

দুর্মুখ ঃ দুষ্ট লোকে অবশ্য তাই বলে। ওরা বলে আপনিই নাকি স্বচ্ছ পানি ঘোলা করেছেন। আবার অনেকে বলে- আপনি নাকি মুশকিল আসান। ভেবে দেখুন, ভেঙ্গে-পড়া গদীহারা পিণ্ডির বাদশা বেকুব খান আপনাকে মুশকিল আসান হিসেবে কাছে টেনে নিয়েছিলেন। পিকিং-এর সঙ্গে পাকিস্তানের দোস্তীয় বন্ধনে আপনি বেঁধে দিয়েছেন। আবার বাংলাকে কোতল করবার পরামর্শ দিয়ে মিলিটারী জুন্তার মুশকিল পথ বাতলে দিলেন। কিন্তু আমি ভাবছি নবাবজাদা, আপনি তো সকলের মুশকিল আসান- কিন্তু আপনার মুশকিল আসান কে করবে?

নবাব ঃ তুমিও কি আমাকে বিদ্রুপ করছো দুর্মুখ খান?

দুর্মুখ ঃ তোবা-তোবা! আপনাকে নিয়ে বিদ্রূপ-এও কি সম্ভব!

নবাব ঃ ধিক্কার-বিদ্রূপ আমাকে অতিষ্ঠ করে তুলেছে। যে পথটিকেও বেছে নিচ্ছি সে পথই আমাকে ধিক্কার দিয়ে ফিরিয়ে দিচ্ছে। জানি না, অনাগত দিন আমাকে প্রতিষ্ঠিত করবে, না আমাকে-

দুর্মুখ ঃ ইতিহাসের আবর্জনার স্তুপে নিক্ষেপ করবে। গোস্তাফি মাপ করবেন, শেষের টুকু আমিই বলে দিলাম। এ কি, কোথায় চললেন নবাবজাদা?

নবাব ঃ এখানে আমার নিঃশ্বাস বন্ধ হয়ে আসছে। একটু বাইরে থেকে আসি।

(Change over-Music)

।।দরবার।।

ফতে ঃ একে একে সবাই আমাকে পরিত্যাগ করছে। সবাই আমাকে হুঁশিয়ার করে দিচ্ছে। সর্বশক্তিমান যে আগুন আমি জ্বেলেছি মাশরেকী বাঙ্গালে, সেই আগুনের তাপ যেন পিণ্ডির দরবারে বসে পাচ্ছি। কিন্তু কি করবো আমি? অদৃশ্য হস্তের ইংগিতে আমাকে পৃথিবীর মানচিত্রের এক অংশে সুপরিকল্পিত উপায়ে আগুন জ্বালাতে হয়েছে। আমি ধীরে ধীরে দুর্বল হয়ে পড়ছি। উঃ ভাবতে পারছি না আর। এই-কোই হ্যায়?

দুর্মুখ ঃ বান্দা হাজির জনাবে আলা। ফরমাইয়ে-

ফতে ঃ দুর্মুখ খান! তুমি!

দুর্মুখ ঃ আমিই হাজির হলাম জনাব। আপনার হুকুম তামিল করার জন্যে কাউকে দেখলাম না।

ফতে ঃ কমবকতদের আমি বিতাড়িত করবো।

দুর্মুখ ঃ এখন কে কার হুকুম তামিল করে জনাব। দরবার, হারেমের সকলের চোখেমুখে কেমন যেন হতাশা-কেমন যেন একটা প্রচ্ছন্ন আতঙ্ক-

ফতে ঃ আতঙ্ক! হতাশা! এই সব আতঙ্ক-হতাশাকে আমি গলা টিপে হত্যা করবো। যার কণ্ঠে শুনবো আমি হতাশার বাণী, তার জিবটা আমি ছিঁড়ে নেবো।

দুর্মুখ ঃ আপনার অন্তরের গোপনেও কি হতাশা নেই জনাব?

ফতে ঃ না নেই। আমি পাঠান কা বাচ্চা।

দুর্মুখ ঃ এই হুঙ্কার আপনার মুখের-মনের নয়। পাশ্চাত্য দেশগুলির সমর্থন হারানোর জ্বালা আপনার হৃদয়কে দগ্ধ করছে। আমেরিকা কর্তৃক অস্ত্র সাহায্য বন্ধ, চীনের পাল্টা সুর, মশরেকী বাঙ্গালের সেনাবাহিনীর হত মনোবল, মুক্তিবাহিনীর বিক্রম আপনাকে, ধীরে ধীরে হতাশা-নৈরাশ্যের অন্ধকারে নিক্ষেপ করছে।

ফতে ঃ বন্ধুহীনতায় আমি কিছুটা দুর্বল হয়েছি সত্যি-নানারকম চাপ, হুমকির সম্মুখীন হয়ে আমি বিচলিত হয়েছি সত্য- আমার অগণিত সৈন্যদের মৃত্যু আমাকে ব্যথিত করেছে সত্য-কিন্তু তাই বলে মাথা নীচু করে বিশ্বের দরবারে বিচারাধীন হতে আমি রাজী নই। এ পরাজয় আমার আত্মহত্যার শামিল।

দুর্মুখ ঃ কিন্তু জনাব, এখনও কি ভেবেছেন বাংলা মুলুকে আপনার রাজ কায়েম রাখতে পারবেন?

ফতে ঃ হ্যাঁ পারবো। প্রয়োজন হলে বাংলার প্রতিটি ঘরকে আমি ভস্মস্তূপে পরিণত করবো- বাংলার মানুষের লাশে ওদের নদীর বুক ভরে যাবে। তবু -তবু বাংলার জমিন আমি ছাড়বো না।

দুর্মুখ ঃ হাসালেন-নিতান্তই হাসালেন। আপনি কি আর ছাড়বেন- ওরা ছাড়িয়ে নেবে।

ফতে ঃ দুর্মুখ খান।

দুর্মুখ ঃ হ্যাঁ জনাব। পিণ্ডিতে বসে বাংলার খবর কতোটুকু একবার যান না বাংলায়! আপনার সৈন্যদের মাঝে গিয়ে একবার দাঁড়ান। তাদের আশা দিন, ভরসা দিন।

ফতে ঃ বাংলায় যাবার আমি প্রয়োজন মনে করি না।

দুর্মুখ ঃ বলুন বাংলায় যাবার সৌভাগ্য আর হবে না। ২৫শে মার্চে নিশ্চয় 'হে বাংলা বিদায়-চিরবিদায়' বলে সেলাম জানিয়ে চলে এসেছেন?

ফতে ঃ দুর্মুখ খান! তমিজ-সে বাত করো। বাংলায় যাবার সময় হলেই যাবো।

দুর্মুখ ঃ সেই ভালো। কারণ খতরনাক স্থানে বুঝে-সুঝে সাবধানে যাওয়াই মঙ্গল। কোথায় মাইন পাতা আছে, ঘুপ-ঘাপ কোথায় বোমা পড়ছে বলা যায় না। এই দেখুন- খবরে প্রকাশ, আপনার ভাবী পুতুল সরকারের একটা পুতুলকে মুক্তিবাহিনী বোমের ঘায়ে খতম করেছে। অশান্তি কমিটির

কয়েকজন চামুণ্ডাও আচমকা মারে পটল তুলেছে। ত্রিপুরা- নোয়াখালীতে আপনার জেট বিমান দিয়েও বিদ্রোহীদের কাত করা যাচ্ছে না।

ফতে ঃ মরুক-মরতে দাও ওদের। ওদের স্থানে আর একটি পুতুল খরিদ করতে আমার বেশী কষ্ট হবে না।

দুর্মুখ ঃ আরও খবর আছে। চাঁদপুরে অস্ত্র বোঝাই একটা মার্কিন জাহাজ বাংলার নৌ-কমাণ্ডোরা ডুবিয়ে দিয়েছে। গোদের উপর বিষফোঁড়া।

ফতে ঃ তোমার এই কথাগুলো যেন মনে হচ্ছে আমার কানে গলিত সীসা ঢেলে দিচ্ছে। কতোগুলো অপদার্থের ওপর বাঙ্গাল মুলুকের দায়িত্ব দিয়েছি।

দুর্মুখ ঃ সৈন্যদের আর অপরাধ কি? তারা লড়ছে-মরছে। আর আহত সৈনিকরা চিকিৎসার অভাবে প্রাণ দিচ্ছে। এই ধরুন না, মেহেরপুরে আমাদের সৈন্যদের উপর বিদ্রোহীরা তিন দিক থেকে আক্রমণ চালিয়েছিল। আমাদের সৈন্যরা কোনদিক সামলাবে? তাই যারা বাঁচলো তারা পালিয়ে গিয়ে প্রাণ রক্ষা করল। আরও চমকপ্রদ খবর আছে জনাব। আপনার পোষ্যপুত্র নবাবজাদা একটুর জন্যে রক্ষা পেয়েছেন।

নবাব ঃ বন্দেগী খাঁ সাহেব।

দুর্মুখ ঃ আসুন নবাবজাদা, জাঁহাপনাকে একটু সান্ত্বনা দিন।

নবাব ঃ আমি আর কি সান্ত্বনা দেবো- কি ভরসা দেবো দুর্মুখ? একটা অনিশ্চিত ভবিষ্যতের অন্ধকারে আমরা নিমজ্জিত। মার্কিনীরা অস্ত্র সাহায্য বন্ধ করল। ফ্রান্স, যুগোশ্লাভিয়া, কানাডা সকলেই বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধান দাবী করছে।

ফতে ঃ দাবী! কিসের দাবী! কারও কোন দাবী-কোন আব্দার আমি বরদাস্ত করবো না। আমি জানি আমি বন্ধুহীন-আমি নিঃসঙ্গ। কিন্তু এর শেষ আমি দেখতে চাই।

নবাব ঃ তবে খাঁ সাহেব, আমাদের চীনা বন্ধুরা-

ফতে ঃ থামুন থামুন। চীনা বন্ধু! কি আশ্বাস নিয়ে এলেন আপনি চীনা দোস্তদের কাছ থেকে? নৈরাজ্য- কিছু উপদেশ আর কিছু সান্ত্বনা ছাড়া চীনা দোস্তরা কি দিয়েছে আপনাকে?

দুর্মুখ ঃ চীন বলেছে বাংলাদেশের সমস্যার একটা শান্তিপূর্ণ সমাধান করে নিতে। আরে বাবা, নবাবজাদা কতো কাঠখড়ি, পুড়িয়ে, পাক-জাঁহার ভাবী পেরধান মন্ত্রী হবার আশ্বাস নিয়ে চীনে গেলেন অস্ত্র আর মদত আনতে। চীনা সাহেবদের হৃদয়ে কি নবাবজাদার জন্য এতটুকু করুণা-

নবাব ঃ স্তব্ধ হও দুর্মুখ খান। খাঁ-সাহেব, চীন যে এভাবে আমাদের নিরাশ করবে তা ভাবতে পারিনি।

দুর্মুখ ঃ কপালে যখন আগুন লাগে-তখন তুষের আগুনের মতোই জ্বলতে থাকে।

ফতে ঃ হ্যাঁ ঠিকই বলেছো দুর্মুখ খান! অথচ ক্ষমতা নেবার জন্য সকলের লোলুপ জিহ্বা মসনদটাকে গ্রাস করার জন্য ব্যস্ত।

নবাব ঃ আপনার এই উক্তি কার প্রতি খাঁ-সাহেব?

ফতে ঃ আপনাদের প্রতি নবাবজাদা। মসনদের ভাগ নেবার জন্য একদিকে শক্তিশালী সামরিক জুন্তা, অন্যদিকে আপনি, আপনি, নুরুল আমিন, দৌলতানা, কায়ুম প্রভৃতি।

নবাব ঃ চীন সফরের পূর্বে আপনি আমার নিকট কি ওয়াদা করেছেন আশা করি ভুলে যান নি।

ফতে ঃ না-না-ভুলে যাইনি-যাবো না। আমি বিদায় নেবার পূর্বে মসনদটাকে টুকরো করে আপনাদের মধ্যে ভাগ-বাটোয়ারা করে দিয়ে যাবো। আমি ষোল আনা বুঝে দিয়ে যাবো।

দুর্মুখ ঃ কবে সেই দুর্দিন আসবে জনাব?

ফতে ঃ জানি না। বুঝলেন নবাবজাদা, বড় আশা করেছিলাম আপনাদের নিয়ে-তাই আজ আমার এই পরিণতি। বড় আশা করেছিলাম টিটিয়া, পিয়াজী, দান্দাল গভর্নরকে নিয়ে-বড় আশা করেছিলাম আমাদের দুর্দিনে একমাত্র দোস্ত চীন অন্তত নিঃসন্দেহে আমাদের সক্রিয় সমর্থন জানাবে। ব্যর্থ-আপনি ব্যর্থ নবাবজাদা!

নবাব ঃ এখন থেকে আমাদের অন্য কারও ওপর ভরসা না করা বাঞ্ছনীয়!

ফতে ঃ চীনের প্রতি আমার দৃঢ়বিশ্বাস ছিল বলেই আমি বড়মুখ করে বলেছিলাম-

দুর্মুখ ঃ সে মুখ এভাবে ভোঁতা হবে তা কি জানতেন? চীনে নবাবজাদার প্রতি চীনা ছাত্রদের বিক্ষোভ রীতিমত অপমানকর। যে দেশে বিক্ষোভ, প্রদর্শনী, মিছিলের জন্য সরকারী অনুমতি লাগে, সে দেশে এই বিক্ষোভ প্রদর্শন সরকারের সমর্থন ও অনুমতিতেই হয়েছে।

ফতে ঃ চীনও শেষে কি দোস্তের প্রতি অবিচার করবে?

নবাব ঃ খাঁ সাহেব, এখন থেকে বিদেশী রাষ্ট্রগুলো সম্বন্ধে সংযত উক্তি করাই বাঞ্ছনীয়। মনে রাখবেন আমরা ধীরে ধীরে বন্ধুহীন হয়ে পড়ছি-নিন্দিত হচ্ছি।

ফতে ঃ তবু আমি মেরুদণ্ড সোজা করে দাঁড়াতে চাই। বন্ধুহীন, অসহায়, রিক্ত আমি। তবু আমি মরণ-ছোবল দেবো। এ ছাড়া কোন উপায়, কোন পথ নেই নবাবজাদা। চরম অবস্থার সম্মুখীন আমি।

দুর্মুখ ঃ সামনে অন্ধকার-পেছনে অতল গহ্বর। ইতিহাস তুমি লিখে যাও-মহাকাল তুমি দেখে যাও-বন্য পশু কিভাবে মরণ গহ্বরে তলিয়ে যায়। বিশ্ববাসী তোমরা প্রত্যক্ষ করো, কেমনভাবে সত্যের অগ্নিতে মিথ্যার মৃত্যু ঘটে।

।।জয় বাংলা

(রচনাঃ কল্যাণ মিত্র। অংশগ্রহণেঃ রাজু আহমেদ, নারায়ণ ঘোষ (মিতা), নাজমুল হুদা মিঠু, প্রসেনজিং বোস, অমিতাভ বোস, জহুরুল হক, ইফতেখারুল আলম, বুলবুল মহলানবীশ, করুণা রায় প্রমুখ।)

শিরোনাম	সূত্র	তারিখ
১৭। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত জীবন্তিকা অনুষ্ঠান	স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র	.....১৯৭১

মিরজাফরের রোজনামচা

১ নভেম্বর, ১৯৭১

ভাগ্নে ঃ (ক্রন্দন মিশ্রিত কণ্ঠে) মামা- মামাগো-

মামা ঃ কেরে ? কে?

ভাগ্নে ঃ দরজা খোল মামা শীগগীর। আমি তোমার ভাগ্নে হাঁদু।

মামা ঃ চিৎকার করিসনে- আসছি দাঁড়া। (দরজা খোলার শব্দ)

ভাগ্নে ঃ মামা মামাগো- (ক্রন্দন)

মামা ঃ ওকি কাদছিস কেন? এই মলো, বলি কাঁদছিস কেন গবেট?

ভাগ্নে ঃ মামাগো চোখের সামনে খুন করল।

মামা ঃ খুন! মিলিটারী কাকে মারল?

ভাগ্নে ঃ না।

মামা ঃ তবে মুক্তিবাহিনী কি রাজাকারকে মারলো?

ভাগ্নে ঃ বলছি না।

মামা ঃ (রেগে) তবে কি তোর সাতগুষ্ঠির পিণ্ডি চটকালো?

ভাগ্নে ঃ না।

মামা ঃ তবে কে কাকে খুন করল?

ভাগ্নে ঃ একজন বাঙালী রাজাকার আর একজন খান রাজাকারকে আমার চোখের সামনে ধরাম করে গুলি করে পেড়ে ফেলে দিল।

মামা ঃ এই হতভাগা, শীগগীর আমার টেবিল থেকে মিরজাফরের রোজনামচাটা আর পেনটা নিয়ে আয়।

ভাগ্নে ঃ এই নাও।

মামা ঃ এবার বল।

ভাগ্নে ঃ আমি ওই মোড়ের ওপর দোকানে বসে চা খাচ্ছি। আমার পাশের টেবিলে একজন বাঙালী আর একজন খান রাজাকারের মধ্যে বেশ গরম কথাবার্তা চলছিল।

মামা ঃ কি কথাবার্তা হচ্ছিল তোর কানে গিয়েছে!

ভাগ্নে ঃ যাবে না মানে? থিয়েটারের অভিনেতাদের যেমন কান প্রমটের দিকে থাকে, এদিকে অভিনয়ও করে যায়,- আমিও তেমনি চা খেতে খেতে ওদের দিকে কান খাড়া করে রেখেছিলাম।

মামা ঃ ওরে বাবা হাঁদু, তোকে কতদিন বলেছি বাপ-ইনট্রোডাকশন বাদ দিয়ে কথা বলবি। ইয়াহিয়া খানের মতো যতো আজেবাজে কথার ঝুড়ি উপুড় করে দেবে। আসলে কি ঘটল তাই বল?

ভাগ্নে ঃ তারপর? মুখ ছেড়ে হাতাহাতি। খানটা বাঙালীকে কয়েক ঘা বসিয়ে দিল। তারপর বাঙালীটা মুখের রক্ত মুছে নিজের রাইফেলটা হাতে নিয়েই খানের বুকে গুরুম করে গুলি চালালো। খান রাজাকার আল্লা বলে বুক ধরে পড়ে গেল- । তারপর-

মামা ঃ তারপর খান পটল তুললো এইতো? একটা আপদ গেছে।

ভাগ্নে ঃ কিন্তু মামা, যদি গুলিটা আমার বুকে লাগতো?

মামা ঃ লাগেনি তো-তবে আর ভয় কি? এরকম ঘটনা তো রাজাকারদের মধ্যে আকছার ঘটছে। লুটের মাল নিয়ে খুনাখুনি, বন্দী রমণী নিয়ে রক্তারক্তি। ইয়াহিয়ার এ এক জ্বালা। ওদিকে দলে-দলে কাতারে-কাতারে বহু বাঙালী রাজাকার মুক্তিবাহিনীর কাছে অস্ত্রশস্ত্র নিয়ে পা চেপে ধরে আত্মসমর্পণ করছে। রাজাকাররা নাকি মুক্তিযোদ্ধাদের অনেক গোপন খবর দিয়ে পথ দেখিয়ে নিয়ে যাচ্ছে।

ভাগ্নে ঃ তাই নাকি মামা?

মামা ঃ দুনিয়ার কোন খবরই রাখিসনে? শুধু মামার ভাত রেধেঁই মলি?

ভাগ্নে ঃ তোমার মতো ঘোড়েল সাংবাদিক যার মামা তার চিন্তা কি? আচ্ছা মামা তুমি এসব সংবাদ সংগ্রহ করে সরবরাহ কর কোথায়?

মামা ঃ কোথায় এ্যাঁ? হা-হা-হা- শোন, গোপনে এইসব সংবাদ সরবরাহ করে বাংলাদেশ সরকারের তথ্য, বেতার আর প্রচার দপ্তরের কাছে লোক মারফৎ পাঠিয়ে দেই। বাংলার মুক্ত অঞ্চল থেকে এসব খবর প্রচার করা হয় বিশ্বে।

ভাগ্নে ঃ এ্যাঁ, বলো কি মামা।

মামা ঃ গোপন কথা ফাঁস করে ভুল করলাম নাতো?

ভাগ্নে ঃ জান যাবে- তবু কথা বেরুবে না। -হ্যাঁ।

মামা ঃ সাবাস ভাগ্নে।

ভাগ্নে ঃ তাহলে বাংলাদেশ সরকার সব দপ্তরই একরকম খুলে ফেলেছেন।

মামা ঃ আছিস কোথায় রে বেটা হাঁদু। বাংলাদেশ সরকার এমন কি কাস্টম ডিপার্টমেন্টও খুলে ফেলেছেন ইতিমধ্যে। বাংলাদেশ কাস্টমকে সকলে নিয়মমতো শুল্ক দিচ্ছে।

ভাগ্নে ঃ এসব কথা শুনলে, সত্যি বলছি মামা বুকটা খুশীতে ডগোমগো করে। আচ্ছা মামা শুনলাম, বাংলাদেশ সরকার নাকি বিমান আর নৌবহর গড়েছেন?

মামা ঃ গড়েছেন মানে? এইতো সেদিন বাংলাদেশ নৌবাহিনী চাটগাঁর কাছে পাক-সৈন্যের জন্য অস্ত্রশস্ত্র বহনকারী দুটি জাহাজ ডুবিয়ে দিয়েছে। একটা পাকিস্তানী জাহাজ 'নাসিম' আর একটা গ্রীসের। নাম 'এলভোস'।

ভাগ্নে ঃ আনন্দে আমার নাচতে ইচ্ছে করছে মামা।

মামা ঃ এই খেয়েছে।

ভাগ্নে ঃ আচ্ছা মামা শুনলাম, ইয়াহিয়া মামু নাকি ভারত আক্রমণ করার জন্যে লুঙ্গি ঝেড়ে ভাল করে গিঁট মেরে মালকোচা দিয়ে ভারতের সঙ্গে লড়বার জন্যে ''ইয়া আলী বলে ডন বৈঠক মারছে আর বুক চাপড়াচ্ছে?

মামা ঃ হ্যাঁ। শেষে লুঙ্গি হারিয়ে ল্যাঙ্গট পরে ''মাইয়ারে মাইয়া'' বলে পিঠে হাত দিয়ে ব্যাক গিয়ারে দৌড়ুতে হবে। বুঝলি হাঁদু, পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে। গুণ্ডাধিপতি ইয়াহিয়ার পাখনা গজিয়েছে।

ভাগ্নে ঃ হা-হা-হা-যথার্থ বলেছো মামা। আচ্ছা লড়াই করে কি জিততে পারবে ইয়াহিয়া মামা?

মামা ঃ অসম্ভব। ইয়াহিয়া এখন ''কলকে ছোট-তামুক বড়'' পান করছেন।

ভাগ্নে ঃ সে আবার কি?

মামা ঃ বুঝলিনে? মানে গেঁজা। গুলগাট্টি মেরে হামবড়াই ভাব দেখাচ্ছে। ওর ছয় জেনারেল দিনরাত পাম্প দিচ্ছে ইয়াহিয়াকে। কারণ বাংলাদেশ আজ বাস্তব-জ্বলন্ত সত্য। বাংলাদেশে খান দস্যুসেনারা বাঙালীদের হাতে প্যাদানী খেয়ে মরছে-হাড়গোড় ভেঙ্গে বদন বিগড়ে পড়ে আছে।

ভাগ্নে ঃ ইয়াহিয়া মামুজান জানে বাংলাদেশ হাত থেকে বেরিয়ে গিয়েছে।

মামা ঃ শুধু কি তাই, খান সাহেবের ট্যাঁক শূন্য। ব্যবসা. বাণিজ্য, আমদানী, রপ্তানী নেই। বিদেশী রাষ্ট্রগুলো একে একে মৌলভী সাহেবের পেছন থেকে কেটে পড়ছে। কেউ আর খান সাহেবকে টাকা, অস্ত্র দিয়ে চোট খেতে রাজী নয়।

ভাগ্নে ঃ তাছাড়া তো বাংলাদেশে জাহাজ, রেল, সেতু পোঁ-পোঁ করে চোকের নিমিষে উড়ে যাচ্ছে। পাট লোপাট হয়ে যাচ্ছে। চা বাগানগুলো-

মামা ঃ চা রপ্তানী করা ছেড়ে এখন আমদানী করতে হচ্ছে। ইয়াহিয়াকে ভরাডুবির হাত থেকে বাঁচাবার জন্য বোমাবাজ ট্যাঁটোন খান, বাংলার মামদো ভূত মামুদ আলী, বোতল ট্রেড মার্কা ভুট্টো, কুপুত্তর মালকে বেটা, গুণ্ডা নিয়াজী, টেকো নুরুল চাচা কতো কেমেকারী-কতো কসরৎই না করলেন। কিন্তু কোন ফয়দা হ'ল?

ভাগ্নে ঃ মোটেই না। বরঞ্চ আরও পানি ঘোলা হ'ল।

মামা ঃ তাই ইয়াহিয়া এখন বাঁচার জন্যে শেষ চেষ্টা করছে। ইয়াহিয়া দেখছে, আমি যদি যাই তাহলে ভোগ করার জন্যে আমিও কাউকে রেখে যাবো না। মরি যদি সবাইকে নিয়েই মরবো। তাইতো ভাগ্যের জুয়াখেলা শুরু করেছেন। তাইতো বাঁচেগা ইয়া মরেগা বলে ভারত আক্রমণ করতে চাইছে।

ভাগ্নে ঃ আচ্ছা মামা, ইয়াহিয়া ভারত আক্রমণ করে কিভাবে বাঁচবার পথ পাবে?

মামা ঃ এই পরিষ্কার ব্যাপারটা বুঝতে পারলিনি হাঁদু। ইয়াহিয়া এখন ছাতা দিয়ে মাথা বাঁচাতে চায়। ইয়াহিয়া বেটা ভাবছে ভারতের সঙ্গে চুলকিয়ে ঘা করে যুদ্ধ বাধাতে পারলেই, রাষ্ট্রসঙ্ঘ সাদা পতাকা বাঁধা বাঁশ কাঁধে করে উভয়ের মাঝে এসে দাঁড়িয়ে বলবে- "থাম বাপ-সকল মারামারি করিসনে।" তারপর সিজ ফায়ার। রাষ্ট্রসঙ্ঘের তখন পাক-ভারত মীমাংসার জন্যে মাথা ব্যথা শুরু হবে। আর মুখ্য বাংলাদেশ সমস্যা তখন ধামাচাপা পড়বে। ব্যাস-খেল খতম!

ভাগ্নে ঃ ইরি বাপ্! খানের মাথায় এতো বুদ্ধি!

মামা ঃ শয়তানি বুদ্ধিতে খান সাহেবরা চিরদিনই ওস্তাদ ব্যক্তি। কিন্তু এসব বুদ্ধি লাসটিং করে না বেশীদিন।

ভাগ্নে ঃ হা-হা-হা- মামা একেবারে রসে টুইটুম্বুর। বাংলার মানুষ আজ খান সেনার ভয়ে আতঙ্কগ্রস্ত। কিন্তু মামা ঠিক আছে।

মামা ঃ ঠিক থাকবো না কেন রে ছোঁড়া? আমিও বিয়ে করিনি-তুইও বিয়ে করলিনে? আমাদের কিসের চিন্তা? প্রয়োজনে অস্ত্র ধরবো। দেশের জন্য যদি মরি তাহলে জানবি-আমাদের বাপ-চৌদ্দপুরুষের পুণ্যের ফল।

(কল্যাণ মিত্র রচিত)

এ সত্য রুধিবে কে?

২৫ নভেম্বর, ১৯৭১

(একটি ঝোপের আড়ালে গভীর আঁধারে নারায়ণ পজিশন নিয়ে বসে আছে। দূরে মর্টার ও মেশিনগানের ক্রমাগত শব্দ শোনা যাচ্ছে। একটু কাছে সামান্য একটি শব্দ হোল-সঙ্গে সঙ্গে সে চ্যালেঞ্জ করে উঠলো)

নারায়ণ ঃ হল্ট। হু কামস দেয়ার?

মাইকেল ঃ ফ্রেণ্ড।

নারায়ণ ঃ পাস্ ওয়ার্ড!

মাইকেল ঃ বুলেট পিলেট মর্টার, পিলেট পিলেট মর্টার।

নারায়ণ ঃ ও. কে.

মাইকেল ঃ তারপর এদিককার খবর কি নারায়ণ?

নারায়ণ ঃ খুব চলছে অর্থাৎ খুব চালাচ্ছে। জানোই তো, খান-সেনারা এখন হাওয়ায় গুলি ছোড়ে, আমরা ছুড়ি হয়তো একটা, আর ওরা ছুড়বে এক ধামা।

মাইকেল ঃ উদ্দেশ্য?

নারায়ণ ঃ উদ্দেশ্য অতি, পরিষ্কার, যেন আমরা আর কাছেই না যাই। তা না হলে কখনো শুনেছ কোন সেনাবাহিনী হাঁটু কাঁপায় আর এলোপাতাড়ি আকাশের দিকে গুলি ছোঁড়ে?

মাইকেল ঃ না, তবে অপূর্ব চীজ এই খান বাবাজীদের কল্যাণে তাও এ জীবনে দেখে যেতে হোল। যাক সে কথা, শ্রীমতী বড়ুয়া কি ফিরেছে?

নারায়ণ ঃ কে, শান্তি? না এখনও তো ফিরলো না। কথা ছিল ডক্টর সিদ্ধার্থ বড়ুয়ার কাছ থেকে কিছু ঔষধ নিয়ে সবুজ গ্রামে গিয়ে রহমান ভাইয়ের সঙ্গে দেখা করবে। সেখান থেকে তো দুজনেরই ফেরার কথা। এদিকে তো রীতিমতো সুবিধে একেবারে তৈরী হয়েই আছে, খালি একবার ঘোড়া টানার অপেক্ষা।

মাইকেল ঃ এতো ব্যস্ত হয়ো না। রহমান ভাই এখনই এসে পড়বেন। আসলে কি একটা জরুরী ব্যাপারেই নাকি তাকে ডেকে পাঠানো হয়েছে।

নারায়ণ ঃ আমিও তাই শুনেছি। আমার মনে হয় চরম আঘাত হানার সময়-হল্ট, হু কাম্স দেয়ার?

রহমান ও শান্তিঃ ফ্রেণ্ড।

নারায়ণ ঃ পাস্ ওয়ার্ড।

রহমান ও শান্তি ঃ বুলেট পিলেট মটার, পিলেট পিলেট মর্টার।

নারায়ণ ঃ ও. কে.

মাইকেল ঃ কে, রহমান ভাই? তোমার দেরী দেখে আমরা ব্যস্ত হচ্ছিলাম। নাও চলো, যা দেখে এসেছি তাতে এখনই হানাদারদের আঘাত হানতে হবে। গোটা পঁচিশেক যা ফট ফট করছে তা একবারেই সাবার হয়ে যাবে।

রহমান ঃ না মাইকেল, এখন আর পঁচিশ-পঞ্চাশের ব্যাপার নয়, এখন হাজারের ব্যাপার শুরু হয়েছে।

নারায়ণ ঃ অর্থাৎ?

রহমান ঃ অর্থাৎ চরম মুহূর্ত এসে গেছে।

মাইকেল ঃ হ্যাঁ, চরম মুহূর্ত। ঘরে ঘরে দুর্গ গড়ে তোলার কাজ আমরা শেষ করে এনেছি। এবারে শুত্রর ওপর হানবো আমরা চরম আঘাত। (নেপথ্যে ক্ষীণ ক্রমাগত গুলির শব্দঃ সেই সঙ্গে দ্বিতীয় বাক্যের সঙ্গে সঙ্গে মুজিবের কণ্ঠস্বরঃ প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোল, তোমাদের যা কিছু আছে তাই নিয়ে..... ইত্যাদি)

নারায়ণ ও মাইকেল ঃ চালাও কিস্তি ডাঙ্গা দিয়ে! এই তো চাই।

রহমান ঃ হ্যাঁ এবার কিস্তি ডাঙ্গা দিয়েই চলবে। এবার মানুষের শত্রু সভ্যতার শত্রুজানবে কটা ধানে কটা চাল। এবার তারা জানবে অন্যায়ের দ্বারা, অত্যাচারের দ্বারা ন্যায়কে, সত্যকে, মানবতাকে হত্যা করা যায় না। শান্তি!

শান্তি ঃ রহমান ভাই।

রহমান ঃ তোমার ওপরে যে আদেশ এসেছে তা বুঝতে পেরেছ?

শান্তি ঃ হ্যাঁ, রহমান ভাই।

রহমান ঃ তুমি প্রস্তুত?

শান্তি ঃ সম্পূর্ণ প্রস্তুত রহমান ভাই...হল্ট ও কামস দেয়ার?

জনৈক ঃ (কাঁপা গলায়) ফ্রেণ্ড।

শান্তি ঃ পাস্ ওয়ার্ড।

জনৈক ঃ পিলেট বুলেট মর্টার, বুলেট বুলেট মর্ডার। (সঙ্গে সঙ্গে শান্তির হাতের স্টেনগান গর্জে ওঠে, একটি আর্ত চিৎকার। সবাই ছুটে এগিয়ে যায়।)

মাইকেল ঃ কে লোকটি রহমান ভাই?

রহমান ঃ রাজাকার দেখছি। পকেটে পাওয়া কাগজই তার সাক্ষী। গোয়েন্দাবাজি করতে এসেছিল।

শান্তি ঃ আহা, বেচারা গতকালকার পাসওয়ার্ড সম্বল করে এসেছিল দালালী করতে, ও হয়তো জানতো না সত্যের প্রহরীরা সদা জাগ্রত।

রহমান ঃ তোমায় ধন্যবাদ শান্তি, তুমি সময়মতো ধরে ফেলেছিলে। যাক্ যা বলছিলাম। চরম মুহূর্ত এসে গেছে। এতদিন আমরা কেবল গেরিলা পদ্ধতিতে যুদ্ধ করেছি। সারা বাংলাদেশের রাস্তাঘাট অকেজো করে দিয়েছি, ব্রিজ উড়িয়েছি, রেললাইন ধ্বংস করেছি। এবং সুযোগ পেলেই শত্রুকে আঘাত করেছি। আমাদের একমাত্র উদ্দেশ্য ছিল এটা দেখিয়ে দেওয়া যে খালি হাতে শুরু করলেও আমরা তাদের কাপুরুষোচিত অতর্কিত আক্রমণে নিশ্চিহ্ন হবার পদার্থ নই, আমরা এক মরে বহু হই। আমরা শত্রুর সমস্ত পথ বন্ধ করে দিয়েছি, সে ইচ্ছা করলেই সামনে-পিছনে-ডাইনে-বাঁয়ে তাড়াতাড়ি পালাতে পারবে না। সর্বত্র আমাদের ঘাঁটি, সবখানে আমাদের দুর্গ। হানাদাররা এখন যশোরে, রংপুরে, সিলেটে, কুমিল্লায়, ঢাকায়, চট্টগ্রামে আলাদা হয়ে আছে, বন্দী হয়ে আছে। কথায় কথায় এক জায়গা থেকে অন্য জায়গায় তাদের আর যেতে হবে না; একখানে দাঁড়িয়েই তাদের দেখে যেতে হবে সত্য কিভাবে অসত্যের ওপর জয়লাভ করে।

নারায়ণ ঃ তাহলে এখন আমাদের কর্তব্য কি?

রহমান ঃ এখানেই বসে থাকা। আর আধঘণ্টার মধ্যেই আমাদের মুক্তিবাহিনী এখান দিয়েই যাবে, এগিয়ে যাবে সামনে। সবুজ গ্রাম, অর্থাৎ হেডকোয়ার্টার থেকে আমাদেরকে বলা হয়েছে এখান থেকেই সরাসরি মুক্তিবাহিনীর সঙ্গে মিলিত হতে। এইবার আমরা চারদিক থেকে হানাদারদের আক্রমণ করবো। আমরা দেখিয়ে দেবো বাংলার মাটি দুর্জয় ঘাঁটি।

নারায়ণ ঃ রহমান ভাই, আজ আমার বারবার মনে পড়ছে ঢাকার সেই ভয়াবহ পঁচিশে মার্চ, সেই হাহাকার, সেই আর্তনাদ। আমি এখনও যেন শুনতে পাই খান-সেনাদের বুলেটে ঢলে পড়া আমার মায়ের সেই শেষ আদেশঃ খোকা তুই প্রতিশোধ নিবি, প্রতিশোধ নিবি তোর মায়ের, তোর দেশের।

(নেপথ্যে ঢাকার হাহাকার, মায়ের আর্তনাদ ও শেষ আদেশ দূর থেকে ভেসে আসবে)

মাইকেল ঃ আমিও ভুলিনি নারায়ণদা আমার বোনের হাহাকার। আমি এখনও শুনতে পাই আমার বোন মেরীর- তার বান্ধবী রাবেয়া, মরিয়ম, লক্ষ্মীর চীৎকার। তারা মৃত্যুর আগ পর্যন্ত বার বার বলেছেঃ প্রতিশোধ চাই, প্রতিশোধ চাই। আমরা মরে যাচ্ছি-তোমরা বেঁচে থাকবে, প্রতিশোধ নেবে। প্রতিশোধ। (নেপথ্যে মহিলাদের চীৎকার ও সংলাপ ক্ষীণভাবে ভেসে আসবে)

শান্তি ঃ সত্যিই কি আমরা বেঁচে আছি মাইকেল? সত্যিই কি আমরা তাদের শেষ ইচ্ছা পূরণ করতে পেরেছি? সত্যিই কি আমরা বৃদ্ধ বাবার আদেশ আমি পালন করতে সক্ষম হয়েছি? আমাদের সবার চোখের সামনে আল্লাহর ঘর মসজিদ, মন্দির, ভগবান বুদ্ধের মূর্তি গুঁড়িয়ে দিলো খানরা, আমার বাবা বাধা দিতে চাইলেন, বেয়োনেট দিয়ে তারা হত্যা করলো তাঁকে। আমরা ঝোপের আড়াল থেকে লুকিয়ে দেখলাম বাবার বুক দিয়ে গল গল করে রক্তের নদী নামছে। বাবা বলতেন কাউকে ঘৃণা করতে নেই, কারুর প্রতি হিংসা করতে নেই। কিন্তু, কিন্তু যে মানুষ নয়, যে পশুরও অধম, যে মানুষেরই শত্রু তাকেও কি ঘৃণা করবো না? (নেপথে-মার ঢালো বাঙালীকা)

রহমান ঃ তুমি আমি ঘৃণা না করার কে? যারা গুলি খেয়ে মরেছে, যে নারী লাঞ্ছিতা হয়েছে, যে শিশু আগুনে পুড়ে মরেছে তাকে জিজ্ঞেস করো ঘৃণা করা উচিত কিনা। যে মানুষ, তার বিরুদ্ধে তো আমাদের কোন যুদ্ধ নেই-কিন্তু যে অমানুষ, যে মানুষের শত্রুতাকে আমরা ধ্বংস করবোই।

শান্তি ঃ ঠিকই বলেছ রহমান ভাই। আচ্ছা রহমান ভাই, চট্টগ্রামে আমরা যে দুভার্গ্যের মুখে পড়েছিলাম তাতো বললাম, কিন্তু তুমি তো কিছুই বললে না তোমার কথা।

রহমান ঃ আজ আমাদের ব্যক্তিগত কোন সংবাদ তো নেই শান্তি। আমাদের জিজ্ঞাস্য একটিঃ বাংলাদেশ কেমন আছে। আমাদের ব্যক্তিগত ও সমষ্টিগত জীবনের একমাত্র নাম হচ্ছে বাংলাদেশ। আর সে জন্যেই তোমরা সবাই নিজেদের কথা বলোনি, বলোনি কি দুঃখের পাহাড় বুকের মধ্যে প্রতিদিন বহন করছো।

নারায়ণ ঃ বলিনি এই জন্যে যে, বলার সময় নেই আমাদের। চূড়ান্ত জয় না হওয়া পর্যন্ত সময় নেই আমাদের। তবু আজ এই মুহূর্তে সেইসব বেদনার কথা আমাদের মনে পড়ে গেল যা স্মরণে এলে হৃদয় চূর্ণ হয়ে যায়। তাই জানতে বড় ইচ্ছা আমাদের তোমার কথা, তোমার ব্যক্তিগত কথা।

রহমান ঃ (করুণ কণ্ঠে) কমরেড, তোমরা আমার জীবনের মরণের বন্ধু। তোমাদের বলতে আমার বাধা নেই। কুষ্টিয়ায় ছিলাম আমরা। এই হতভাগ্য আমি বাদে আমাদের আর সবাই হারিয়ে গেছে অনন্তে। তাদের হাত-পা বেঁধে আমাদেরই ঘরে পুড়ে আগুন লাগিয়ে দেয় নরপশুরা। (নেপথ্যে ক্ষীণ শব্দঃ বাঁচাও-বাঁচাও)

সবাই ঃ আহা!

(দূর থেকে ক্ষীণ মার্চের শব্দ ভেসে আসবে)

রহমান ঃ ঐ শোন, মুক্তিবাহিনী এগিয়ে আসছে। বন্ধুগণ, প্রত্যেক জাতির জীবনে একটি রচম সিদ্ধান্ত নেয়ার সময় আসে। তখন তাকে স্বাধীনতা ও পরাধীনতা, মুক্ত আকাশ ও বদ্ধঘর- এর যে

কোন একটি বেছে নিতে হয়। তাকে বলতে হয় সে সম্মান চায়, না অসম্মান চায়? জীবন ও মৃত্যুর মাঝখানে দাঁড়িয়েই তাকে সিদ্ধান্ত নিতে হয়। আমরা সেই চরম অবস্থায় এসে পৌঁছেছি। আমরা ছাব্বিশে মার্চেই সিদ্ধান্ত নিয়েছি- প্রাণ দেবো, কিন্তু স্বাধীনতা চাই। সেই সিদ্ধান্ত আজ আমরা চূড়ান্তভাবে কার্যকরী করার কাজে লিপ্ত। কাজ যখন শেষ হবে তখন আমি নিজে আর আমরা অনেকেই বেঁচে থাকবো না। কিন্তু আমাদের আত্মত্যাগ বৃথা যাবে না, আমাদের দেশ স্বাধীন হয়ে বেঁচে থাকবে, বেঁচে থাকবে আমাদের দেশের শান্তিপ্রিয় মানুষ। আমরা সেই উদ্দেশ্যেই যুদ্ধ করছি, প্রাণ দিচ্ছি।

শান্তি ঃ আমরা যুদ্ধ করছি শোষণের বিরুদ্ধে। একজন মানুষ যাতে আরেকজন মানুষকে শোষণ করতে না পারে, সেজন্যেই আমরা প্রাণ দিচ্ছি।

(মার্চের শব্দ আরো কাছে চলে আসবে)

মাইকেল ঃ বঙ্গবন্ধু শেখ মুজিবও তাই বলেছেন। তিনি বলেছেন সবাই সমান অধিকার পাবে, কেউ কাউকে শোষণ করতে পারবে না, মানবিক অধিকারের উপর প্রতিষ্ঠিত একটি সমাজতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থাই কায়েম করতে হবে।

নারায়ণ ঃ আমাদের দেশের সাধারণ মানুষও তাই চায়। তারা চায় কেউ যেন আর তাদের ঠকাতে না পারে, চব্বিশ বছর ধরে যে শোষণ তা যেন আর না হয়। কেউ যেন বলতে না পারে আমি শোষিত, বঞ্চিত।

রহমান ঃ বন্ধুগণ! বঙ্গবন্ধুর সেই মহান ঘোষণার কথা পুনরায় বলেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ। তিনি ও অন্যান্য নেতৃবর্গ দ্ব্যর্থহীন ভাষায় জানিয়ে দিয়েছেনঃ এদেশের সম্পদ সবাই সমানভাবে ভাগ করে নিতে হবে। দেশের মানুষকে প্রকৃত সুখ-সমৃদ্ধি প্রদানের জন্য সমাজতন্ত্র-ভিত্তিক একটি শোষণহীন সমাজব্যবস্থা কায়েম করার কথাই তাঁরা বারবার বলেছেন। আমাদের বীর মুক্তিবাহিনীর সেই মহান লক্ষ অর্জনের পথে চলেছে। তাদেরকে কোন অন্যায় অত্যাচারী শক্তি বাধা দিতে পারবে না।

(মার্চ আরো কাছে চলে এসেছে)

শান্তি ঃ আমরা সত্যের সৈনিক, তাই আমরা অজেয়। দেশের মাটি আমাদের বন্ধু, দেশের মানুষ আমাদের সহায়। আমরা যতই সাফল্যের দিকে এগিয়ে যাবো, দেশের মানুষ ততই আমাদের সাহায্য করবে; তারপর এক সময় সবাই মিলে ঝাঁপিয়ে পড়বো শত্রুর উপর। এভাবে চারপাশ থেকে শত্রুকে আমরা ঘিরে ধরবো-পিষে মারবো তাকে।

(মার্চের শব্দ কাছে)

রহমানঃ বন্ধুগণ, আমরা জনতার প্রতিনিধি, জনতার অংশ, জনতার বন্ধু। আমরা ন্যায়ের পথিক, আলোক পথিক, মানবতার প্রতীক। ন্যায়ের প্রতিষ্ঠায়, মানুষের ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় আমরা প্রাণ দেবো, জয়ী আমরা হবোই। পৃথিবীতে লক্ষ লক্ষ মানুষ জন্মায়, মরে যায়, আবার জন্মায়, আবার মরে যায়- জীবনের প্রবাহ এভাবেই চলে আসছে, চলে আসছে আদিকাল থেকে। সাধারণভাবে একজনের জীবন আর একজনের জীবনের চেয়ে কি বেশী মূল্যবান?

না, তা নয়। কিন্তু যে জীবন মানুষের মঙ্গলের জন্য বিসর্জিত হয়, যে জীবন ন্যায়ের জন্য বিসর্জিত হয়, সে জীবনের ক্ষয় নেই। সে জীবন অব্যয় অক্ষয় অমর। আজ আমরা মানুষের মঙ্গলের জন্য, ন্যায়ের জন্য জীবন দিতে যাচ্ছি, যুদ্ধ করতে যাচ্ছি। আজ আমরা মুখোমুখি দাঁড়াবো অন্ধকারের সঙ্গে। কে আমাদের জয়কে ঠেকাবে? কে আমাদের পথ রোধ করবে? কে বাধা দেবে ইতিহাসকে? সত্যকে? ন্যায়কে?

(মোহাম্মদ আবু জাফর রচিত)

কে আমাদের রুখবে?

৪ ডিসেম্বর, ১৯৭১

(মুক্তিবাহিনীর শিবির। গেরিলাদল হানাদারদের আক্রমণ করার পূর্বমুহূর্তে প্রস্তুত। গেরিলা অধিনায়ক নিয়াজ তাঁর বক্তব্য পেশ করছেন)।

নিয়াজ ঃ তবু বন্ধুগণ লড়াই আমাদের করতেই হবে। সমস্ত প্রতিকূলতা এবং প্রতিবন্ধকতা দূর করে এগিয়ে যেতে হবে। আজ আমাদের সমস্ত দুঃখ-কষ্ট বিপদ-আপদকে বরণ করে নিয়ে শত্রুধ্বংসের জন্য নিজেকের নিয়োজিত করতে হবে। আমাদের এক উদ্দেশ্য, এক লক্ষ্য-বাংলার মাটিতে যারা রক্ত ঝরিয়েছে, বাংলার বুকে যারা আগুন জ্বালিয়েছে, বাংলাকে যারা শ্মশান করেছে, তাদের ক্ষমা নেই। তাদের আমরা সম্পূর্ণভাবে পর্যুদস্ত করব, বাংলার মাটি মুক্ত করব শয়তানদের কবল থেকে। আর এমনই শিক্ষা আমরা দেবো যেন ভবিষ্যতে কেউ আবার বাংলার মাটিতে পা রাখতে জায়গা না পায়। বন্ধুগণ প্রস্তুত!

সমস্বরে ঃ প্রস্তুত কমরেড।

নিয়াজ ঃ তবে এগিয়ে যাও-নির্ভয়, নির্ভীক। ভয়ংকর ঈগলের মতো ঝাঁপিয়ে পড়বে কাপুরুষ হানাদারদের উপর। ওদের নিঃশেষ করে দেবে। প্রভাত আলোর মতো তোমাদের গতি হবে সম্মুখে। এগিয়ে যাও।....মানিক, তুমি স্বপনাকে ডেকে নিয়ে এসো।

মানিক ঃ নিয়াজ ভাই আসতে পারি?

নিয়াজ ঃ এসো মানিক, স্বপন কোথায়? ও এসেছ, শোন তোমাদের উপর একটা কাজের ভার দেবো, এর সফলতার ওপর নির্ভর করছে আমাদের পরবর্তী আক্রমণ। যেমনই করেই হোক এ কাজ তোমাদের করতেই হবে।

স্বপন ঃ প্রাণ থাকতে পিছিয়ে আসবো না নিয়াজ ভাই। হয় সাফল্য, না হয় মৃত্যু।

নিয়াজ ঃ সাবাস। এই হচ্ছে বাংলার সন্তানের, বাংলার মুক্তিযোদ্ধার কথা। এই তো চাই।

মানিক ঃ আমরা নিয়েছি এগিয়ে চলার শপথ-চলাই আমাদের গতি, চলাই আমাদের জীবন।

নিয়াজ ঃ হ্যাঁ, চলাই আমাদের জীবন।

(জনান্তিকেঃ হল্ট, হু কামস দেয়ার) (মহিলা কণ্ঠঃ ফ্রেণ্ড)

রেখা এসে গেছে। ও তোমাদের সংগে যাবে। দিনের বেলায় যেতে হবে। বিপদসংকুল যদিও, তোমাদের উপর আমার বিশ্বাস আছে।

রেখা ঃ জীবনমৃত্যু পায়ের ভৃত্য চিত্ত ভাবনাহীন। বিপদের কথা শুনলে মন আমার আনন্দে নেচে ওঠে। বিপদহীন, শংকাহীন জীবন বড্ড ঠুনকো লাগে কমরেড। আমি চাই মৃত্যুর মাঝে জীবনের গান গাইতে।

স্বপন ঃ আর সে গান রক্তরাঙ্গা নির্ভীক জীবনের গান।

মানিক ঃ রোদ্রোজ্জ্বল সংগ্রামী জীবনের গান।

নিয়াজ ঃ নির্ভয় নিঃশঙ্ক চলার শপথ যে নিয়েছে তার কাছে কোন বাধাই বাধা নয়। দুস্তর সমুদ্র বা দুর্লঙ্ঘ্য পাহাড় কিছুই তার পথ রোধ করতে পারে না।
(বিস্ফোরণের শব্দ দূর থেকে)
শুনলেন তো, ফরহাদপুরের ব্রিজ উড়ে গেলো। হানাদারদের পথ আজ থেকে রুদ্ধ হয়ে গেল।

রেখা ঃ এবার আমরা বাকী পথটুকুও বন্ধ করে দেবো। আজ ওরা গ্রামে-গ্রামে দলবদ্ধ পাগলা জানোয়ারের মতো হামলা চালাচ্ছে। ঘর-বাড়ি আগুন লাগিয়ে পোড়াচ্ছে। মানুষকে রাস্তায় দাঁড় করিয়ে মেশিনগানের গুলি চালিয়ে হত্যা করছে।

নিয়াজ ঃ আর মা-বোনদের ধরে নিয়ে যাচ্ছে। সমগ্র বাংলাদেশে শয়তানরা ১০০টা বন্দীশিবির করেছে। আর সেখানে হাজার হাজার মানুষকে বন্দী করে অকথ্য নির্যাতন করছে। মা-বোনদের ইজ্জত নিয়ে ছেলেখেলা করছে। এ নির্যাতন বন্ধ করব, নির্যাতনকারীর মৃতদেহের স্তুপে লেখা হবে হানাদারের গ্লানিকর পরাজয়।

মানিক ঃ নিয়াজ ভাই, আমাদের কি কাজের ভার দেবেন বলেছিলেন না?

নিয়াজ ঃ ও হ্যাঁ, শোন, নগরপুরে দুশমনদের একটা শক্ত ঘাঁটি আছে। এ ঘাঁটিটা আমাদের নষ্ট করতে হবে। এ ঘাঁটিটা নষ্ট হলে আমরা নদীপথ এবং সড়ক উভয়ই নিয়ন্ত্রণ করতে পারবো। শহরে আঘাত হানার পক্ষেও সুবিধা হবে।

স্বপন ঃ এ আক্রমণে আমি নেতৃত্ব দেবো নিয়াজ ভাই, আমাকে শুধু পাঁচটা ছেলে দেন। আমি শয়তানদের ঘাঁটি উড়িয়ে দিয়ে আসবো।

রেখা ঃ নেতৃত্ব তুমি দাও ক্ষতি নেই, কিন্তু এভাবে এতো অল্প ছেলে নিয়ে গেলে কতখানি সফল হবে ভেবে দেখেছ?

স্বপন ঃ এখন এতো ভেবে দেখার সময় নেই। এখন জানি শুধু শত্রুর উপর ঝাঁপিয়ে পড়ো।

নিয়াজ ঃ না, স্বপন। বিশেষ প্রস্তুতি নিয়েই তোমরা এগিয়ে যাবে। আমরা ত্রিমুখী আক্রমণ চালাবো। তিনটে দল থাকবে, তার একটার নেতৃত্ব নেবে তুমি।

মানিক ঃ আমার কাজ কি নিয়াজ ভাই?

নিয়াজ ঃ তোমারও কাজ আছে। তুমি থাকবে রক্ষণভাগে। আক্রমণ শুরু হলে, শহর থেকে শয়তানদের সাহায্য আসতে পারে। তুমি এই সাহায্য আসার পথে বাধা সৃষ্টি করবে। কোনভাবেই যেন তারা সাহায্য নিয়ে আসতে না পারে।

রেখা ঃ আর আমি? আমি কি করব?

নিয়াজ ঃ তুমি আমার সংগে ওষুধের ব্যাণ্ডেজ সব নিয়ে থাকবে। প্রয়োজন হতে পারে। একটা স্ট্রেচার নিয়ে নিয়ো। মানিক নায়েক কাসেম, বাবলা, রশিদ, কালু, স্বপন তোমার সংগে থাকবে। নায়েক মোহর আলী রফিক, বিজন, মনি এবং আমি নায়ক নিযামুদ্দিনকে নিয়ে নেবো। নাও প্রস্তুত হয়ে নাও, অস্ত্রশস্ত্র সব নিয়ে নাও। শয়তানদের গুলির জবাব দিবে-বেশী গুলি অহেতুক খরচ করো না।

(ক্ষণ বিরতি)

প্রস্তুত, এগিয়ে যাও, কিন্তু সাবধান কেউ অহেতুক উত্তেজিত হয়ে উঠবে না। বিপদের মুখে যে ধীরমস্তিষ্কে, শান্ত মাথায় কাজ করতে পারে সে-ই কামিয়াব হয়। যাও, এগিয়ে যাও।

(মেশিনগান ও রাইফেলের গুলি)

মানিক ঃ কাসেম ভাই, ডাইনে চেপে যান, বাঁদিকের মেশিনগানটা বন্ধ করতে হবে।
(গুলি চলতেই থাকবে)

স্বপন ঃ রফিক-বিজন বাঁয়ের খাঁড়ি দিয়ে উঠে যাও, পাশের বাংকারের মেশিনগানটা স্তব্ধ করে দাও। মোহর ভাই থামো, এগিয়ে যেয়ো না, থামো.....

মানিক ঃ বাবলা, কাসেম ভাই কোথায়?
(মর্টারের শব্দ ও মেশিনগানের গুলি)

নিয়াজ ঃ মিনিটে ৫টা করে সেল করো, ডাইনে, আর একটু ডাইনে। ঠিক হয়েছে, বাছাধনদের ট্রাকটা একেবারে গেছে। মর্টার থামাও।

স্বপন ঃ রফিক চার্জ।
(গ্রেনেডের বিস্ফোরণ)

মানিক ঃ বাবলা চার্জ (গ্রেনেডের বিস্ফোরণ) এবার জয় বাংলা বলে ঝাঁপিয়ে পড়ো।
(সমস্বরে-জয় বাংলা)
হ্যাণ্ডস আপ। ঐ দেখ একটা শয়তান পালাচ্ছে, (গুলির শব্দ) যাক মরেছে। স্বপন ভালই হয়েছে, নাও ভাই অস্ত্রশস্ত্র গোলাবারুদগুলো নিয়ে নাও।
(কাতরানোর শব্দ)

স্বপন ঃ কে কাতরাচ্ছে!...বিজন দেখ তো ভাই। ...আরে এ কি কাসেম ভাই...কাসেম ভাই-
(আর্তনাদ করে ওঠে)

কাসেম ঃ আমাকে নিয়াজ ভাইয়ের কাছে নিয়ে চলো।

মানিক ঃ নে, ধরাধরি করে ওঠা। চল চল।

স্বপন ঃ তার আগে ক্ষতস্থানটা বেঁধে নে।

নিয়াজ ঃ কি, কি হয়েছে স্বপন?

স্বপন ঃ কাসেম ভাইয়ের গুলি লেগেছে।

নিয়াজ ঃ কাসেম।

মানিক ঃ কাসেম ভাই!

কাসেম ঃ কেঁদো না ভাই। কেউই বেঁচে থাকার জন্য আসে না। একদিন তাকে যেতেই হয়। আমার দুঃখ নেই, আমি আমার জন্মভূমির জন্য প্রাণ দিয়েছি। এ মৃত্যু আমার অনেক গৌরবের। দুঃখ করো না।

(মুস্তাফিজুর রহমান রচিত)

শিরোনাম	সূত্র	তারিখ
১৮। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের গ্রামীণ শ্রোতাদের জন্য প্রচারিত অনুষ্ঠান	স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র	অক্টোবর-ডিসেম্বর, ১৯৭১

সোনার বাংলা

২৯ অক্টোবর, ১৯৭১

সবাই ঃ আসসালামু আলায়কুম।

ছোটমিয়া ঃ ওয়ালায়কুম আসসালাম।

রুস্তম ঃ কি জমির ভাই ভাবছ কি? আমাদের ছোটমিয়া গো, ছোটমিয়া। আশফাক ভাই কাল যাবার সময় আমাকে বলল, 'চলো বেড়িয়ে আসি।'

জমির ঃ কাল তাহলে তুমি ছোটমিয়ার ওখানে গেছিলে? তা ভালই হয়েছে।

কাজলীর মা ঃ কি জমির ভাই, আশফাক ভাই আজ আসবে না?

ছোটমিয়া ঃ আশরাফ ভাই আজ আর আসবেন না। উনি রক্ষীবাহিনী গঠনের ব্যাপারে ব্যস্ত আছেন, তাই কাল আমাকে বললেন, 'তুমি ভাই আসরে যেয়ো'।

কাজলীর মা ঃ ভালই হয়েছে।

ছোটমিয়া ঃ জমির ভাই, এবার তোমাদের খবর-টবর বলো। এখন সারা বাংলাদেশ জুড়ে তো যুদ্ধের দামামা বাজছে। একদিকে সংগ্রামী চেতনায় উদ্বুদ্ধ সাড়ে সাত কোটি মানুষ, আর অন্যদিকে ইয়াহিয়ার জল্লাদ বাহিনী।

রুস্তম ঃ ওদিকে আবার জুটেছে 'চোরের সাক্ষী গাঁটকাটা'।

কাজলীর মা ঃ তার মানে, কি বলছ রুস্তম!

জমির ভাই ঃ রুস্তম আজকে আবার ভালো কথা বলছে মনে হচ্ছে। কার কথা বলছ রুস্তম!

রুস্তম ঃ ও, দেখেছো তো শুধু শুধু আমাকে বোকা ভাবো, এখন দেখো বুদ্ধি হয়েছে কিনা।

জমির ভাই ঃ বুদ্ধি তো হয়েছে দেখতে পাচ্ছি। কার কথা বলছ আগে সেটা বলো।

ছোটমিয়া ঃ বলো, রুস্তম। কথা বলতে বলতে থেমে যাওয়া ভাল না। কথা পরিষ্কার করে বলা উচিত।

রুস্তম ঃ বলব? ওই রাজাকারদের কথা বলছি। খান সৈন্যেরা যত না চেঁচায়, তার চেয়ে বেশী লাফায় রাজাকাররা।

জমির ভাই ঃ তার মানে তুমি বলতে চাচ্ছো, রাজা যতো বলে পারিষদ দলে বলে তার শতগুণ।

কাজলীর মা ঃ ঠিকই বলেছ জমির ভাই, রুস্তম কিন্তু ঠিকই ধরেছে।

ছোটমিয়া ঃ রুস্তমেরও ধ্যান-ধারণা আছে। আজ বাংলার প্রতিটি মানুষ সচেতন, তারা প্রত্যেকে নিজের দেশকে শত্রুর কবলমুক্ত করার জন্য বদ্ধপরিকর। প্রাণ যায় তবু স্বীকার, স্বাধীনতা চাই-ই।

জমির ভাই ঃ আমরা দখলদার বাহিনীকে তাড়াবোই। প্রতিটি গ্রামে-গঞ্জে ছেলেরা ট্রেনিং নিচ্ছে, মুক্তিবাহিনীতে ভর্তি হচ্ছে।

রুস্তম ঃ ট্রেনিং আমি নিচ্ছি, দুশমনের বিষদাঁত ভাঙ্গতেই হবে। এমন শিক্ষা দিবো জীবনে যেন আর কোনদিন-

কাজলীর মা ঃ থেমে গেলে কেন, বলো।

ছোটমিয়া ঃ রুস্তম বলতে চাচ্ছে, দুশমন যেন আর কোনদিন বাংলার মুখে না হয়, বা বাংলার নামও মুখে না আনে। তাই না রুস্তম?

রুস্তম ঃ ঠিক বলেছ ছোটমিয়া। শক্ত কথা তো একটু আটকে যায়। তবে শিখে নিয়েছি। তাই না ছোটমিয়া?

ছোটমিয়া ঃ ঠিকই, মানুষ ঠেকতে ঠেকতেই শেখে।

জমির ভাই ঃ এই রাজাকাররা শিখছে। মুক্তিবাহিনীর গেরিলাদের হাতে এমনই মার খাচ্ছে যে বদবুদ্ধি সব কোথায় হারিয়ে যাচ্ছে।

কাজলীর মা ঃ যাবে না, অন্যায় কদিন থাকবে বলো। দুদিন হয়তো মানুষকে কষ্ট দেবে, তারপর যেতেই হবে।

ছোটমিয়া ঃ ঠিকই, অন্যায় বেশীদিন থাকতে পারে না। একদিন তাকে দূর হতেই হবে। ন্যায়ের প্রতিষ্ঠা হবেই।

জমির ভাই ঃ এই যেমন দেখ না, আমতলীর বসিরউদ্দিন খবর দিয়ে গেল, বিশজন রাজাকার পালিয়ে এসেছে, মুক্তিবাহিনীর কাছে আত্মসমর্পণ করেছে।

রুস্তম ঃ কেন, তিড়িং বিড়িং ফুরালো? হাতে তো রাইফেল নিয়ে গাঁ-গেরামের হাঁসটা মুগরীটা ছাগলটা খুব জুত করে খাওয়া হচ্ছিল, কেন সে শখ মিটে গেল?

কাজলীর মা ঃ শখ মিটবে না? মুক্তিবাহিনীর মার জানা আছে না-এমনই মার দেয়, ল্যাজ তুলে চোঁ-চোঁ দৌড়।

রুস্তম ঃ মুক্তিবাহিনীর ভয়ে খানসেনাদের রাতের ঘুম দিনের আরাম হারাম হয়ে গেছে।

জমির ভাই ঃ কথাটা একেবারে সত্য বলেছ রুস্তম। আর তার জন্যেই তো ওরা নিজেরো কোথাও যাওয়ার আগে রাজাকারদের পাঠিয়ে দেয়। হালচাল দেখে তারপর এগোয়।

রুস্তম ঃ কথায় আছে না, সাবধানের মার নেই।

ছোটমিয়া ঃ কথাটা ঠিকই, কিন্তু এক করেও দখলদার পাকবাহিনীর কুল রক্ষা হচ্ছে না। ওরা ভেবেছিল ভয় দেখিয়ে সন্ত্রাস সৃষ্টি করে মানুষের ইচ্ছাকে, সমগ্র আন্দোলনকে স্তব্ধ করে দেবে। কিন্তু

বাংলার মানুষের ইচ্ছাই বাংলার মানুষকে জাগিয়েছে। আজ বাংলার মানুষ ঘরে-বাইরে সংগ্রামী। একদিকে লড়াই করছে দুঃসাহসী বীর মুক্তিবাহিনী, অন্যদিকে সহায়তা করছে বাংলার সাধারণ মানুষ।

জমির ভাই ঃ আর ভাই রাজাকারদের অবস্থা হয়েছে 'বিনা জলে মাছের মতো' খাবি খাচ্ছে।

কাজলীর মা ঃ তার জন্যেই উপায় না দেখে মুক্তিবাহিনীর হাতে ধরা দিচ্ছে। বুঝলে ছোটমিয়া, ওদের নাক কানগুলো কেটে দিতে হয়। কি কষ্টই না মানুষকে দিচ্ছে।

রুস্তম ঃ ওরা যেমন যেমন করে মানুষকে কষ্ট দিয়েছে, তেমন তেমন করে শোধ তুলে নেওয়া উচিত।

ছোটমিয়া ঃ ওটা ভুল ধারণা। যারা নিজে এসে ধরা দেয়, তাদের উপর অত্যাচার করাটা ভুল। ওতে মনুষ্যত্বের অপমান হয়। আর তাছাড়া রাজাকার মানেই যে খারাপ একটা কিছু তা নয়। তুমি কি বলো জমির ভাই।

রুস্তম ঃ জমির ভাইয়ের মনে লাগেনি কথাটা, তুমিই একটু বুঝিয়ে বলো ছোটমিয়া।

কাজলীর মা ঃ সেই ভালো ছোটমিয়া।

ছোটমিয়া ঃ আচ্ছা জমির ভাই, ভাল-মন্দ মিলিয়েই মানুষ- কিন্তু সব মানুষই কি খারাপ? তা নয়। আজ বাংলাদেশের রাজাকার যারা তাদের মধ্যে অনেকেই প্রাণের দায়ে রাজাকারে নাম লিখিয়েছে। অনেকে হয়তো সামরিক লোভে পড়ে রাজাকার হয়েছে। কিন্তু তারা যখন বুঝতে পারছে তখনই দলে দলে সরে আসছে। তখন তাদের আর শাস্তি দিলে ভুল হবে। মানুষেই ভুল করে, তাই না? কি বলো জমির ভাই?

জমির ভাই ঃ ঠিকই বলেছ ছোটমিয়া। তবে দুর্বলের উপর আমাদের রাগ নাই, কিন্তু দখলদার সৈন্যের অত্যাচারের জবাব আমরা দেবো।

ছোটমিয়া ঃ ঠিকই, দুশমনদের যোগ্য জবাবই আমরা দেবো। তাদের সমস্ত শক্তি আর দম্ভ আমরা নিঃশেষে চূর্ণ করব।

কাজলীর মা ঃ এ জন্যেই তো ঘরে ঘরে ছেলেরা আজ ট্রেনিং নিচ্ছে। মা-বোনেরা তৈরী হচ্ছে।

ছোটমিয়া ঃ নিশ্চয়ই কেননা এ সংগ্রাম আমাদেরই স্বাধীনতার সংগ্রাম।

রুস্তম ঃ ছোটমিয়া, বলছিলাম এতো সুন্দর সুন্দর কথা হলো এরপর একটা গান হলে হতো না?

জমির ভাই ঃ ঠিকই ছোটমিয়া, একটা গান শোনাও।

ছোটমিয়া ঃ বেশ, তাহলে শোন, একটা দেশাত্মবোধক গান শোন।

(দেশাত্মবোধক গান)

ছোটমিয়া ঃ গান তো শুনলে, বেশ ভালই লাগলো, না কি বলো?

রুস্তম ঃ এরকম গান শুনলে রক্তটা একেবারে টগবগ করে ফুটতে থাকে।

জমির ভাই ঃ ঠিকই

কাজলীর মা ঃ সবই তো হতো। ছোটমিয়া, হাতে তো সময়ও নাই।

ছোটমিয়া ঃ হ্যাঁ, হাতে আজকে আমাদের আর সময় নেই, চলো আজকের মতো উঠি।

রুস্তম ঃ চলো।

১ নভেম্বর, **১৯৭১**

জমির ভাই ঃ আসসালামু আলায়কুম।

সবাই ঃ ওয়ালায়কুম আসসালাম।

ছোটমিয়া ঃ এসো জমির ভাই। খবর সব ভাল তো?

রুস্তম ঃ জমির ভাই নিশ্চয় খবর নিয়ে এসেছে। আজ আসরে আবার 'নেট'-এ এলো দেখছ না?

জমির ভাই ঃ রোজদিন নিজে দেরী করে আসো। আজ তাই খুব ঠাট্টা হচ্ছে, না?

কাজলীর মা ঃ ঠাট্টা করেনি জমির ভাই। রুস্তম সত্যি বলছে। একটু আগে ছোটমিয়াকে বলছিল জমির ভাই খুব খাটছে।

ছোটমিয়া ঃ খুব ভালো কথা। জমির ভাই শুধু কেন, তুমিও তো খুব খাটো।

কাজলীর মা ঃ নিজের কথা কি নিজে বলা যায় ছোটমিয়া? অন্যের উপর দিয়ে যদি যায় ভালো কথা।

রুস্তম ঃ কি যে বলো। একটু কাজ করি, তা আবার বলে বেড়াতে হবে নাকি? কাজ তো করতে হবেই। সব মানুষ কাজ করছে আর আমি একলা বসে থাকবো নাকি?

জমির ভাই ঃ কি বলছো রুস্তম। তুমি কাজ করো না একথা বলছে কে?

ছোটমিয়া ঃ ওটা কেউই বলেনি, তবে রুস্তম মনে মনে সন্দেহ করছে, হয়তো সবাই ভাবছে রুস্তম কাজ করে না। তাই না রুস্তম?

রুস্তম ঃ ঠিকই ছোটমিয়া।

ছোটমিয়া ঃ তা কেউ ভাবে না রুস্তম। যে কাজ করবে সে তার মূল্য অবশ্যই পাবে। আজকে আমাদের সবাইকে খাটতে হবে। বর্বর ইয়াহিয়ার সৈন্যেরা আমাদের ঘরবাড়ি পুড়িয়েছে, খেতখামারে ফসল নষ্ট করেছে, আমাদের সম্পদ লুট করে নিয়ে গেছে। এমন অবস্থায় চুপচাপ বসে থাকার সময় তো কারোরই নেই।

কাজলীর মা ঃ এর জন্যেই তো। দিন-রাত গ্রামে-গঞ্জে ঘুরছি। এই সংগ্রামে আমাদের মা-বোনদেরও দায়িত্ব আছে-কর্তব্য আছে, সেটা তাদের বুঝাচ্ছি। নিজের নিজের সংসার গুছিয়ে নেওয়ার জন্য সাহায্য করছি।

জমির ভাই ঃ এক হিসেবে এটা তোমার বিরাট দায়িত্ব। আমাদের সবার সবারই প্রতি দায়িত্ব আছে। তুমি ঠিকই করছ।

ছোটমিয়া ঃ আজকের এই দিনে আমাদের মা-বোনরা কেউই বসে নেই। যার যা কাজ করে যাচ্ছেন। এতদিন তোমরা ছিলে অন্দরের কাজ নিয়ে ব্যস্ত, আজ সংগ্রামে তোমাদেরও ডাক পড়েছে।

আজ তোমরাও বেরিয়ে এসেছো বাইরে। আজ তো কোন প্রশ্নই ওঠে না কি করব, কেন করব।

রুস্তম ঃ দেখো ছোটমিয়া। এই লড়াই শুরু হয়ে কতো মানুষ ঘরবাড়ি আত্মীয়-স্বজন ছেড়ে এসেছে। কতো ভাই ভাইকে হারিয়েছে।

জমির ভাই ঃ ও কথা তুলে মন খারাপ না করাই ভালো, তাই না ছোটমিয়া?

কাজলীর মা ঃ আগে বাপু শোনই কথাটা কি বলতে চাইছে। কথার মাঝে বাগড়া দেওয়া-

ছোটমিয়া ঃ থামো, হয়েছে। রাগ করে জমির ভাইকে এমন করে না ধমকালে হতো না? যাক রুস্তম কি বলতে চাইছো বল তো?

রুস্তম ঃ কি আর বলব, মনটাই খারাপ হয়ে গেল।

কাজলীর মা ঃ ও মা, এতটুকু কথা শুনেই মনটা খারাপ হয়ে গেলে চলবে কি করে রুস্তম। তুমি না সৈনিক, তুমি না লড়াই করো?

জমির ভাই ঃ আমি ওভাবে কথাটা বলিনি ছোটমিয়া। আমি ভাবছিলাম, রুস্তম হয়তো কথার তোড়ে আসল কথাই চাপা দিয়ে দেবে, তাই বলেছিলাম। যাক রুস্তম বল।

ছোটমিয়া ঃ আচ্ছা এবার বলো রুস্তম। এখন আর অভিমান করার সময় নেই রুস্তম। আর ওটা তোমার সাজেও না। আজ আমরা বাংলার সাড়ে সাত কোটি মানুষ প্রত্যক্ষ সংগ্রামে লিপ্ত। কোথাও কোনদিকে চাইবার সময় নেই আমাদের। এখন সোজা কথা বলো, সোজা কাজ করো। অযথা দুঃখ করে সময় কাটিয়ে লাভ আছে? মনে বল রাখো, বুকে সাহস রাখো, চোখ-কান খুলে রেখে লড়াই চালিয়ে যায়।

রুস্তম ঃ হক কথার এক কথা। ঠিকই বলেছ ছোটমিয়া। তাই তো বলছিলাম আমি। আজ ভোরে গাবতলীর মাঠ দিয়ে কাসিমপুরে যাচ্ছিলাম। হঠাৎ রাস্তায় দেখা মানকের সাথে। ওই যে মানকে গো-মজিরুদ্দিন লাতিটা।

কাজলীর মা ঃ মজিরুদ্দিন লাতির আবার কি হলো! খুব ভালো লোক-কিছু হয়েছে নাকি?

জমির ভাই ঃ কৈ, আমি তো শুনিনি কিছু হয়েছে নাকি?

রুস্তম ঃ না কিছু হয়নি। আগে কথাটা শুনোই না বাপু, তারপর পিড়িং পিড়িং করো। বাঁধা সারিন্দার তার হাত লাগলেই পিড়িং।

ছোটমিয়া ঃ থামো রুস্তম। কথাটা খুব বেশী হয়ে যাচ্ছে । বলো।

রুস্তম ঃ হ্যাঁ, তারপরে মানকে তো মুষড়ে, মুখটা এতটুকু হয়ে গেছে। জিজ্ঞেস করলাম কি হয়েছে তোর। মুখ এমন শুকনো কেন? বলে কি জানোয়ারগুলো যেখানেই যাচ্ছে সাধারণ পাড়াগাঁয়ের মানুষগুলোকে মেরে খতম করে দিচ্ছে।

ছোটমিয়া ঃ কাপুরুষ শক্তি প্রয়োগ করে নিরীহের উপরে। এ জন্যেই আমরা আজ রুখে দাঁড়িয়েছি, মরণপণ করে লড়াই করে যাচ্ছি।

রুস্তম ঃ আমিও তাই বললাম। যুদ্ধ করছি, করব, কিন্তু শেখ মুজিব বলেছেন, দেশকে স্বাধীন করবো। তাই স্বাধীন না হওয়া পর্যন্ত যুদ্ধ আমরা করবই।

জমির ভাই ঃ ঠিক বলেছ রুস্তম। গ্রামে গ্রামে আজ এ জন্যেই আমরা প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলেছি। যেখানেই দুশমনকে পাও, মারো-ইঁদুরের মতো মেরে মেরে খতম করো।

কাজলীর মা ঃ এর জন্যই তো খানসেনারা শিবির থেকে বের হতে ভয় পাচ্ছে। কখন কোনদিকে মারা পড়ে ঠিক আছে।

ছোটমিয়া ঃ মৃত্যুর ফাঁদ পেতে রেখেছে গেরিলাদল। আর সঙ্গে সহযোগিতা করছে বাংলার সংগ্রামী মানুষ। প্রতিটি বাড়ি হয়ে উঠেছে দুর্গ। প্রতিটি মানুষ হয়ে উঠেছে সৈনিক।

রুস্তম ঃ ইয়াহিয়া বুঝতে পারেনি, না বুঝেই ভীমরুলের চাকে ঢিল দিয়েছে। এখন ভীমরুলের কামড়ের চোটে চোখ-মুখ অন্ধকার।

কাজলীর মা ঃ এখন তো খান সেনাদের অবস্থা ছেড়ে দে মা, কেঁদে বাঁচি।

ছোটমিয়া ঃ ভীরু কাপুরুষরা যতো অত্যাচার করছে, আমাদের মানুষের মনে সাহস এবং শক্তি ততোই বেড়ে যাচ্ছে। মানিককে বুঝিয়ে দিয়েছো তো 'শয়তান জ্বালাতে পারে, মারতে পারে না। সাড়ে সাত কোটি মানুষ যখন একযোগে লেগেছে-আমরা কামিয়াব হবোই। বর্বরদের তাড়াবোই আমরা।

জমির ভাই ঃ মনে বল ধরতে হবে, আল্লার উপর বিশ্বাস রাখতে হবে, এবং লড়াই করে যেতে হবে। তাই না?

কাজলীর মা ঃ আমারও কথা তাই জমির ভাই।

ছোটমিয়া ঃ আজকের সংগ্রামে জনসাধারণের সাহায্য-সহযোগিতা এবং শক্তি সবচেয়ে বেশী প্রয়োজন এবং সংগে সংগে দরকার অটুট মনোবল, আমাদের সব সময় মনে রাখতে হবে-আমরা জিতব, জিতব, জিতবই। আমাদের আশা-আকাঙ্ক্ষা পরিপূরণ হবেই।

রুস্তম ঃ মানকেকে খুব বুঝালাম-ছোটমিয়া। তারপরে মানকের সে কি তড়পানি। বলে কিনা, ঠিক বলেছিস রুস্তম লড়াই যখন করছি, তখন আর ভাবব না, দুশমনকে তাড়িয়ে তবে আরাম করবো। মানকে আবার আশফাক ভাইয়ের কাছে গেলো।

জমির ভাই ঃ রক্ষীবাহিনীতে নাম লেখাতে, না?

কাজলীর মা ঃ ঠিকই করেছে। পঙ্গুও মনের জোরে পাহাড় ডিঙায়। আর আমাদের তো সবই আছে।

রুস্তম ঃ কি ব্যাপার জমির ভাই, কথায় কথায় তোমাদের খেয়ালই নাই।

জমির ভাই ঃ কি হলো আবার?

রুস্তম ঃ গান শুনবে না? ছোটমিয়া একটা গান শোনাও।

ছোটমিয়া ঃ ওহো, আমারও খেয়াল নেই। আচ্ছা এবার তাহলে একটা গান শোন, দেশাত্মবোধক গান। (দেশাত্মবোধক গান)

ছোটমিয়া ঃ গান তো শোনা হলো, হাতে সময়ও নাই আর-চলো আজকের মতো উঠি।

কাজলীর মা ঃ চলো, জমির ভাই, রুস্তম চলো যাই।

সবাই ঃ চলো, চলো।

(মুস্তাফিজুর রহমান রচিত)

জনতার আদালত

১৩ নভেম্বর, ১৯৭১

কুঁকড়্যা ঃ শুন রাসুবু আমি খুব ভালো কর‍্যা বুঝ্যা লিয়্যাছি, আমাধের দুষমুন আমাধেরই শায়েস্তা কইরতে হবে। তুমি যে একটু আগে বুলল্যা, দানেশ মিয়ার ব্যাটা রাজাকারে ভর্তি হয়া ধরাখে সরা জ্ঞান করছে-তা ঠিক। আইজক্যাল ওই খালি লুটপাটই কইরছে না, আরো ম্যালা কিছু আছে।

রাসু ঃ আরে খুলে না বললে কি আর আমি জানিনে। দানেশ মিয়ার ছেলে রহিম তো পাণ্ডা, ওর সাথে যোগ দিয়েছে মোমিন বেপারীর শালা আর কালু মিস্তিরীর ভাই। সেদিন দেখো না বলা নাই কওয়া নাই, একদল মিলে এসে আমার গাছের ডাবগুলো পেড়ে নিয়ে গেল, কি না ওদের কে অফিসার এসেছে, সে খাবে। শোন কথা, বেটারা যেন সব বাপের সম্পত্তি পেয়েছে। তা কে বলতে যাবে বল আমার বোনের ছেলেটা গিয়ে জিজ্ঞেসে করেছে, তাতেই রাগ কতো, এই মারে কি সেই মারে।

কুঁকড়্যা ঃ তুমার ডাব খায়্যাছে। আমার একদিন জাল দিয়্যা মাছ মার‍্যা লিয়্যা গিয়্যাছে। আমি ছিল্যাম না, না হোলে সেদিন আর জান লিয়্যা যাত্যে দিত্যাম না। আমিও তক্কে তক্কে আছি, আর একদিন পাল্যে হয়।

রাসু ঃ আরে শুধু ফল পাকুড় গেলে তো কথাই ছিল না। ওদের জ্বালাতে আজকাল বো- বিটীরই কি ঘাট-ঘাটালীতে যাওয়ার জো আছে। সেদিন আমেনা বুবুর বড়ো মেয়েটাকে পানি নিয়ে আসার সময় ধরে, সে যা-তা, আমেনা বুবু যখোন গিয়ে বলল- হ্যাঁরে রহিম, এক পাড়ার ছেলে-মেয়ে, আমার বাশেরা কি তোর বোন নারে। তো সে হারামজাদা কথায় তো কান দিলই না, যা-তা বলতে শুরু করলো মনে হয় নোড়া দিয়ে ওর মুখ ভেঙ্গে দিই।

কুঁকড়্যা ঃ আমিও শুন্যাছি আবার হই চই হ্যয়াছিল বুল্যা নাকি রহিম আমেনা বুবুকে শাসিয়্যা গেছে- বাশেরাকে চুরি করা লিয়্যা যাবে বুল্যা। শুন কথা, দিন দিন হচ্ছে কি? আমাধের সহ্যের বাহেরে চল্যা গেলছে, মোড়ল ভাই আসুক, তুমরাও সবাই আছ, আজই ওদেরকে ডাক্যা আন্যা আমরাই ওদের বিচার করব। তুমরা সবাই মোড়ল ভাইকে বুলব্যা। আইজই য্যানে একটা ব্যবস্থা করে।

মোড়ল ঃ কি ব্যাপার, কুঁকড়্যাকে একটু উত্তেজিত মনে হচ্ছে যেন। নোতুন কিছু ঘটেছে নাকি?

রাসু ঃ এইতো মোড়ল ভাই এসেছে। বল কুঁকড়্যা ভাই, একটু গুছিয়ে বলো তো।

কুঁকড়্যা ঃ আমি খুব রাগ্যা গেছলি, আমি সাজিয়্যা বুলতে পারবো না, তুমি বুল।

মোড়ল ঃ কি হয়েছে রাসু বুবু?

রাসু ঃ কি হয়েছে তা' আমি বলব আর তুমি জানবে? তোমার কি নিজে থেকেই খবর রাখা উচিত ছিল না মোড়ল ভাই। থাকগে যা বলি শোন। এই যে দানেশ মিয়ার ছেলে রহিম, গুণ্ডাপাণ্ডার দল নিয়ে রাজাকারে নাম লিখিয়ে গোটা গ্রামটাকে একেবারে তছনছ করে দিচ্ছে, এর তোমরা কোন বিহিত ব্যবস্থা করবে, না আমাদেরকে দেশ-গাঁ ছেড়ে চলে যেতে হবে।

মোড়ল ঃ তোমরা কি বলতে চাও, আমি এসব কোন খবর রাখি না, না কোন চেষ্টা করছি না। নিজে কদিন রাস্তায়-হাটে ডেকে সাবধান করে দিয়েছি এরপরও যদি তাদের অত্যাচার বন্ধ না হয় বা রাজাকারের দল থেকে নাম না কাটায় তখোন বাধ্য হয়েই মুক্তিবাহিনীর লিস্টে ওদের নাম তুলে দিতে হবে।

কুঁকড়্যা ঃ যদ্দিন সে ব্যবস্থা না হয়, তদ্দিন কি আমরা সহ্য করবো ভাব্যাছো মোড়ল ভাই। এতো বাড়া বাড়্যাচ্ছে ওরা যে আইজকাল কাণ্ঠা ঘাঁটাতে বৌ-বিটীর হাঁটাচলা বন্ধ হবার যো হয়্যাছে। কেউ কিছু বুললেই ভয় দেখায়। আইজকাল ত পকেটে ছুটু বন্ধুক লিয়্যাই ব্যাড়াই।

রাসু ঃ হ্যাঁ, বাপেদের কাছ থেকে বন্ধুক পেয়েছে ত, গুলি-বারুদের হিসেব নাই। আরে মানুষ না হয় দুর্বল, খোদা কি দেখছে না, তোদের বংশ নির্বংশ হয়ে যাবে, ধ্বংস হয়ে যাবি তোরা।

কুঁকড়্যা ঃ বাদ দ্যাও বুবু ওসব কথা, মোড়ল ভাই। আমি এখুনই যায়্যা ডাক্যা আনছি ওদেরকে। হয় তুমি এখুন ওদের বিচার কইরব্যা না হলে কিন্তু খুন খারাবী হয়্যা গেলে আমার দোষ দিতে পাইরব্যা না, হ্যাঁ।

মোড়ল ঃ আরে, কুঁকড়্যা ভাই, মাথা গরম করো না, শোন শোন...

কুঁকড়্যা ঃ শুনাশুনির কিছু নাই। মাথা আমার ঠাণ্ডাই আছে। আমি কিছু বুইলবো না, যা বোলার তুমিই বুলো, আমি খালি ডাক্যা আনছি, বুইঝল্যা-আমি চননু।

(একটু বিরতি)

মোড়ল ঃ রাসু বুবু তুমি একটু বসো, আমি আর দু'চারটে মুরুব্বীকে ডেকে আনি, হাজার হলেও গ্রাম্য পঞ্চায়েতের ব্যাপার, সবারই থাকা উচিত। আর, এইত নিয়ামত চাচা এসে গেছে, বসো চাচা বসো, পেছনে ওই অন্ধকারের দিকে কে বসে আছে। আবেদ ভাই নাকি-আঃ হা, পেছনে কেন, সামনে এসে বসোনা, এসো হ্যাঁ-হ্যাঁ, বসো ওখানেই বসো, আরে ডাক্তার সাহেবকে আড়াল করে দিয়ো না, একটু গুছিয়ে বসো।

রাসু ঃ আচ্ছা মোড়ল ভাই দানেশ মিয়াকে একটু ডেকে নিলে হতো না, ছেলের কীর্তিকলাপ সম্পর্কে দানেশ ভাইয়েরও কিছু জেনে রাখা ভাল। পরে আবার না বলে যে, আমরাই অন্যাই করেছি।

মোড়ল ঃ এতো রাগা তোমরা রেগেছ রাসু বুবু, যে, মানুষ পর্যন্ত চিনতে পারছ না, সামনের সারির ওই বামদিকে ওটা কে বসে আছে দানেশ ভাই না, লজ্জায় এতোক্ষণ কথা বলেনি বুঝলে। দেশ ও দশের এই দুর্দিনে কারো ছেলে যদি শত্রুর সাথে পাঞ্জা মিলিয়ে এমন সব জঘন্য কাজে লিপ্ত হয়, তবে স্বভাবতই সে বাপের মুখ লজ্জায় বন্ধ হয়ে যায়।

রাসু ঃ আচ্ছা মোড়ল ভাই, এই যে পাকিস্তানের মিলিটারীদের অমানুষিক অত্যচার, লুট, গ্রাম পোড়ানো, খুন আর ইজ্জত নিয়ে ছিনিমিনি করা- আর দেশেরই কিছু লোকের ওদের দিকে হয়ে ওদেরকে সহযোগিতা করা, এর কি কোন ব্যবস্থা নাই? কিছু একটু বলো না- এরকম সময়ে আমাদের কি করা উচিত?

মোড়ল ঃ হ্যাঁ, আমি তোমাদের সবাইকে এ সম্পর্কে কিছু বলতে চাই, দেখ-পশ্চিম পাকিস্তানীরা আমাদের শত্রু তারা শুধু শোষণ করার জন্য আমাদেরকে জুলুম করে ওদের গোলাম করে রাখতে চায়। ওদের মেরে নিঃশেষ করে দেশকে স্বাধীন করার দায়িত্ব নিয়েছে আমাদের মুক্তিবাহিনী। রীতিমত যুদ্ধ হচ্ছে এবং শুনলে অবাক হবে, খোদা সহায় আছেন বলেই, সব জায়গাতেই পাকিস্তানী সৈন্যরা মার খাচ্ছে আর পিছু হটছে। আমাদের কাজ হলো- সব রকমে পশ্চিম পাকিস্তানীদের সাথে অসহযোগিতা করা এবং এমন কিছু না করা, যাতে আমাদের দেশের পয়সা পশ্চিম পাকিস্তানে চলে যায়।

রাসু ঃ তা কি করে সম্ভব? ওরা আমাদের ধার ধরছে থোরাই? যা ইচ্ছে হচ্ছে তাই ত করছে।

মোড়ল ঃ খুব সম্ভব। ওদের মনোবল এতো ভেঙ্গে গেছে, যে, আজকাল কোন জায়গায় আর নিজেরা এগোচ্ছে না। আমাদেরই ভাই-ছেলে দিয়ে তৈরী করা রাজাকার আল-বদর বাহিনীকে ঠেলে দিচ্ছে। আমাদের ছেলেরা যাতে ওদের কাজ না করে, সেদিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখতে হবে। তারপর-ওদের যোগাযোগ ব্যবস্থা, যতো ক্ষতিই হোক, একেবারে বিচ্ছিন্ন করে দিতে হবে। কোন অবস্থাতেই আমাদের পশ্চিম পাকিস্তানী পণ্য ক্রয় করা চলবে না। আমরা যারা দেশে অসহায় হয়ে পড়ে আছি, তারা এভাবেই মুক্তিসংগ্রামকে এগিয়ে নিয়ে যাবো, তাতে করে যুদ্ধরত আমাদের ভাইদের কাজ এগিয়ে যাবে।

কুঁকড়্যা ঃ এই যে মোড়ল ভাই। তোমার আসামীরা। সবাইকে নিয়্যা আস্যাছি। যা বোলার তুমি বোলো।

মোড়ল ঃ এই যে রহিম, বাদশা মিয়া, শাকের ভাই, বসো, সব বসো।

রাসু ঃ এঃ আদর করে আবার বসতে বলা হচ্ছে। ওরা ভদ্রলোকের মধ্যে বসার যোগ্য?

মোড়ল ঃ থাম রাসু বুবু। অমন করে কাউকে বলতে নেই। দোষ থাক্ গুণ থাক্, ওরা আমাদেরই গাঁয়ের ছেলে। আমাদেরই ভাই-ভাইপো। আমরা মানুষের কাজের সমালোচনা করতে পারি, কাজকে ঘৃণা করতি পারি- মানুষকে নয়।

কুঁকড়্যা ঃ তুমার ওই ব্যবহারেই ত ওরা অতো আস্কারা পায়্যাছে। হুঁঃ কথায় আছে-ছেল্যাক থাবা, বুঢ়্যাক বাবা, তা না ভাই-সোনা কর্য্যা কর্য্যা...

মোড়ল ঃ তুমি থাম কুঁকড়্যা ভাই। শোন রহিম, তোমরাও শোন বাদশা ভাই। তোমরা রাজাকার হয়েছ ভাল কথা, যদিও আমাদের সেটুকুই বরদাস্ত করা উচিত নয়। অন্যান্য স্থানের রাজাকাররা শুধু নামেই রাজাকার, তারা কাজ করছে। আমাদের তোমরা তাতো করছই না, উল্টে তোমাদের অত্যাচারে গাঁয়ের লোকের সুখ-শান্তি শেষ হয়ে গেছে। তোমাদের বিরুদ্ধে অনেক নালিশ। এমন কোন নোংরা কাজ নাই যা তোমরা করোনি। আর এই সভা যে শাস্তি তোমাদের দেবে- তা তোমাদের মাথা পেতে নিতে হবে। কারণ, গ্রামবাসীরা তোমাদের অত্যাচারে জর্জরিত। তোমাদের বিচার করার পূর্ণ অধিকার তাদের আছে।

(সমস্বরে কয়েকজনে)

সমস্বর ঃ আমরা ওদের মুখ দেখতে চাই না। ওদের গ্রাম থেকে বের করা হোক। ওদের যোগ্য শাস্তি দেয়া হোক।

কুঁকড়্যা ঃ মাইরের বদল মাইর। ওরা আমাদের অনেক জ্বালিয়েছে, আমরা তার বদলা মার‍্যা লিবো।

মোড়ল ঃ দেখছ তা রহিম, তোমাদের বিষয়ে মানুষ কতো উত্তেজিত। যাহোক, ভুলভ্রান্তি মানুষেরই হয়। এবার যদি তোমরা কথা দাও যে আর কখনও অন্যায় করবে না আর উপস্থিত সবার কাছে ক্ষমা চাও.....

কুঁকড়্যা ঃ ওসব বুঝিন্যা। এই বুটারা- পাঞ্জাবীরা তোধের বাপ। দেশের লোক ভাল লাগে না। এই দেখ শাস্তি কি দিই। (লাঠির শব্দ)

(উঃ হু-হু-রে, আঃ ওরে বাবারে)

মোড়ল ঃ থাম কুঁকড়্যা ভাই। এবারের মতো ওদেরকে ক্ষমা করা হলো। তবে জানিয়ে রাখি, মুক্তিবাহিনীর তালিকায় তোমাদের নাম দেয়া আছে, ওরা তোমাদের গতিবিধির ওপর পূর্ণ দৃষ্টি রেখেছে। সাবধান না হলে ভবিষ্যতে মারা পড়বে বলে দিলাম।

কুঁকড়্যা ঃ হ্যাঁ- তেড়িবেড়ি কইরব্যা তো মইরব্যা।

(আনোয়ারুল আবেদীন রচিত)

গ্রামবাংলা

১৬ নভেম্বর, ১৯৭১

মাস্টার ভাই ঃ সবাই এসে গেছে? ময়না বু'তো এখনো এলো না? রাত হয়ে যাচ্ছে, তাছাড়া শীতের মধ্যে লোকজনকে বেশীক্ষণ আটকে রাখাও যাবে না। তুমি ওদের খবর দিয়েছিলে তো?

বনি ঃ হ্যা, ভাল করে বলে দিয়েছি, কাজের কথা আছে, লোকজন আসবে, সাঁঝ লাগতেই ইদলপুরের স্কুলে চলে এসো।

মাস্টার ভাই ঃ তাহলে ওরা আসবে। যাক এবার আমরা কথাবার্তা শুরু করি। দেখ তো বাইরে কার শব্দ পাওয়া যাচ্ছে।

বনি ঃ ভালই হয়েছে, ময়না বু এসে গেছে। এসো বুবু এসো।

ময়না বু ঃ আঁধারী রাত, আসতে একটু কষ্ট হলো বাপু। হারিকেন জ্বালিয়ে আসতে পারিনি।

মাস্টার ভাই ঃ ভয়ের কি আছে? ভয়কে জয় করে চলতে হবে।

ময়না বু ঃ ভয় নয়, তবে, 'সাবধানের মার নাই।' শয়তান জল্লাদ বাহিনীর চেলাগুলো কোথায় কখন কিভাবে আসে কেউ জানে?

মাস্টার ভাইঃ ময়না বু'র কথাটা ঠিকই 'সাবধানের মার নাই।' শয়তানগুলো তো নিয়ম-কানুনের ধার ধারে না, মারলেই হলো। তাছাড়া মনুষ্যত্ব বলতে ওদের নাই কিছুই। ওদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে বাঙালী মারো, বাংলার শক্তিকে নিঃশেষ করে দাও।

বনি ঃ আমরাও কিন্তু কসম করেছি, ওই জানোয়ারগুলোকে না তাড়াতে পারলে, আমরাও আরাম করব না। দেখ না, দিনে মাঠে কাজ করি, রাতের বেলায় মুক্তিবাহিনীর সাথে দুশমনকে মারতে যাই।

ময়না বু ঃ এটা আমাদের করতেই হবে। দেশ যখন শত্রুমুক্ত হবে, তখন বসে বসে গল্পগুজব হৈ-হল্লা ঠাট্টা-তামাসা করা যাবে, কি বলো?

বনি ঃ আমার কথাটাও তাই। যারা আমাদের জানের দুশমন তাদের আমরা শেষ করবই।

মাস্টার ভাইঃ আজকে এই শপথ নিয়েছে বাংলার সাড়ে সাত কোটি মানুষ, প্রতিটি স্তরের মানুষ আজ ঝাঁপিয়ে পড়েছে সংগ্রামে।

বনি ঃ কিন্তু একটা কাজ খুব ভাল হয়েছে মাস্টার ভাই, কথায় আছে না, সাপের লেজ আর শত্রুর শেষ রাখতে নাই। মুক্তিবাহিনী একথা কিন্তু অক্ষরে অক্ষরে পালন করছে-দেশের শত্রুদালাল, এই দালালগুলোকে মেরে শেষ করছে।

ময়না বু ঃ পাকিস্তানের দালালগুলোই তো পথ চিনিয়ে নিয়ে আসছে ঐ জল্লাদ বাহিনীকে, ওরা কাকে চেনে বলো তো? ওরা এদেশের মানুষ, না, কাউকে চেনে? দালালারাই তো লোকজনকে চিনিয়ে দিচ্ছে, ধরিয়ে দিচ্ছে।

বনি ঃ এ জন্যেই তো আমরাও একটা একটা করে দালাল শেষ করছি। আমাদের সংগ্রামের বিরুদ্ধে যে এতটুকু কাজ করবে, তাকে আমরা কিছুতেই রেহাই দিব না। আমরাও দালালদের চিনে চিনে মুক্তিবাহিনীর হাতে ধরিয়ে দিব।

মাস্টার ভাইঃ হ্যাঁ, দেশের এই মারাত্মক পরিস্থিতির সুযোগ নিয়ে সুবিধাবাদী এবং সুযোগসন্ধানী সেইসব শয়তান, যারা মাথা চাড়া দিয়ে উঠেছে, মানুষের নিঃসহায়তার সুযোগ নিয়ে মানুষকে জ্বালাতন করছে, তাদেরকে আমাদের খতম করতে হবে। তাছাড়া আরও একটা কারণ আছে- এইসব দালালদের শেষ না করলে গেরিলা বাহিনীর গোপন আস্তানাও গোপন থাকবে না। অতএব আমাদের সংগ্রামের নিরাপত্তার জন্য, সাফল্যের জন্য আমাদের ঘরের দুশমনের চিহ্ন রাখব না। এরাই হচ্ছে জাতির কলংক, এদের ঠাঁই নেই বাংলার মাটিতে।

ময়না বু ঃ ওদিকে আবার মুক্তিবাহিনীর লড়াইয়ের খবর ভাল। চট্টগ্রাম, চালনা-দুটো বন্দরেই বিদেশী জাহাজ আসতে চাচ্ছে না।

বনি ঃ কেন ময়না বু?

ময়না বু ঃ আমাদের গেরিলারা কড়া পাহারার মধ্যেও হরদম জাহাজ ডুবাতেই আছে। অস্ত্রশস্ত্র বোঝাই জাহাজ এরই মধ্যে অনেকটা ডুবেছে। তাছাড়া দিন কয়েক আগে একটা তেলবাহী জাহাজও ডুবিয়ে দিয়েছে। এত কড়া পাহারার মধ্যেও এ দুর্ঘটনা ঘটাতে শয়তান পাকবাহিনী তো, হকচকিয়ে গেছে।

বনি ঃ শুধু জাহাজই না ময়না বু, লঞ্চ, নৌকা কিছুই নিরাপদ না। নৌকা করে শয়তানগুলো যাচ্ছে, মুক্তিবাহিনী গুলি করে ডুবিয়ে দিচ্ছে। ওদের এখন তরাস ধরে গেছে, ডাঙাতেও ভয়, পানিতেও ভয়।

ময়না বু ঃ জুলুম করার আগেই একথা ভাবা উচিত ছিল। অন্যায় করলে তার প্রতিফল পেতেই হবে। আমাদেরই টাকায় গুলি কিনে আমাদেরই খুন করবে, এতো হতে পারে না। এ জন্যেই দিন কয়েক আগে দুটো জাহাজ বাংলাদেশ থেকে পাট নেবে বলে এসেছিল, গেরিলারা ও-দুটোও ডুবিয়েছে।

মাস্টার ভাই ঃ বঙ্গবন্ধু পল্টন ময়দানে বলেছিলেন আমরা ভাতে মারব, আমরা পানিতে মারব'। আজ দেখো সে কথাটা কতখানি সত্য। শয়তানদের অর্থনৈতিক বুনিয়াদ ভেঙে পড়েছে। এখন পাগলা কুকুরের মতো দিশেহারা হয়ে ছুটছে। বিদেশ থেকে সাহায্যও বন্ধ হয়ে গেছে। বাংলার সম্পদ নিয়ে যে শক্তিমত্ততা দেখাতো আজ তার সেসব জারিজুরি ভেঙে গেছে।

বনি ঃ এবারে তো বাংলাদেশের মানুষ পাট ভেঙে ফেলে ধান বুনে দিয়েছিল, যার জন্য পাটের উৎপাদনও কমে গেছে অনেক।

মাস্টার ভা ঃ শুধু পাটই না-চা তামাক এগুলোরও কোন উৎপাদন নাই। চায়ের বাগানগুলো এখন মুক্তিবাহিনীর কব্জায়, যার জন্য জল্লাদ সৈন্যদের ভাগ্যে আর চা জুটছে না, এখন নিষিদ্ধ পদার্থের মতো চা খাওয়াও নিষিদ্ধ হয়ে গেছে জল্লাদবাহিনীর। যে অন্যায় তারা করেছে তার তিল তিল করে শোধ তুলে দিবো আমরা।

বনি ঃ একটা কথা জিজ্ঞেস করছিলাম মাস্টার ভাই, সেদিন তুমি বললে না, কতগুলো খানসেনা খতম হয়েছে?

মাস্টার ভাই ঃ গত এক মাসের হিসেব ২৪৭০ জন জল্লাদ সেনা, আর তাদের অফিসার খতম হয়েছে এবং রাজাকার পুলিশ মিলিয়ে খতম হয়েছে ২২০০ জন। ২৪টা সামরিক গাড়ী বিধ্বস্ত হয়েছে, ৫টা মিলিটারী স্পেশাল ট্রেন নষ্ট হয়েছে।

ময়না বু ঃ খুব ভাল হয়েছে-'যেমন কর্ম তেমন ফল।' বাংলাকে দেখেছে, বাংলার মানুষকে দেখেছি। বাংলার মানুষও যে প্রয়োজনে অস্ত্র হাতে লড়াই করতে পারে, জুলুমের প্রতিকার করতে পারে, এবার বুঝেছে।

বনি ঃ লড়াইয়ের খবর-টবর বলো মাস্টার ভাই।

মাস্টার ভাই ঃ আমাদের মুক্তিবাহিনী একটা গুরুত্বপূর্ণ সড়কের অধিকাংশ স্থানই দখল করে নিয়েছে, সড়কটা হচ্ছে দিনাজপুর-ফুলবাড়ির মধ্যে। এই সড়কের পার্শ্বে দুশমনদের যেসব রাজাকার ছিল, এখন সেগুলো মুক্তিবাহিনীর দখলে, মুক্তিবাহিনীর কাজে লেগেছে। এখানের লড়াইয়ে ৪৫ জন পাকসেনা খতম এবং তিনজন আহত হয়েছে। তাছাড়া প্রতিটি সেক্টরেই তুমুল লড়াই চলছে।

বনি ঃ লড়াই আরো জোরদার হয়েছে। দুশমনরা পিছু হপতে শুরু করেছে। টাঙ্গাইল তো মুক্তই হয়ে গেছে মাস্টার ভাই।

ময়না বু ঃ আস্তে আস্তে সবই মুক্ত হবে বনি। ধৈর্য ধরতে হবে, মনের বল রাখতে হবে। তাই না মাস্টার ভাই?

মাস্টার ভাই ঃ ঠিকই। লড়াই তীব্র থেকে তীব্রতর হয়ে উঠছে। মুক্তিবাহিনীর আক্রমণের চোটে জল্লাদবাহিনীর পিছু হটতে বাধ্য হচ্ছে। আমরা লড়াই করছি স্বতঃস্ফূর্তভাবে, নিজের দেশকে উদ্ধার করার জন্য, আর ওদের সৈন্যরা বেতনভোগী পেশাদার সৈন্য-দুটোর মধ্যে তফাৎ অনেক। দেশের জন্য যার দরদ আছে তার শক্তি ওই ভাড়াটিয়া সৈন্যদের চেয়ে দশগুণ বেশী।

বনি ঃ এটা একেবারে খাঁটি সত্য কথা। দেশকে ভালবেসে দেশের জন্য জন্য জান দিতে যাওয়া কি কম কথা মাস্টার ভাই? এর থেকে বড় গৌরব আর কি আছে? কিন্তু এই দালালগুলো বুঝতে পারেনি সে কথা। তাই মরছেও দমাদম।

ময়না বু ঃ 'লোভে পাপ, পাপে মৃত্যু'।

বনি ঃ ঠিক বলেছ-ময়না বু, লোভের খেসারত দিচ্ছে। ইসাহাকের ঠ্যাং খোঁড়া হলো, সুলতানউদ্দিন মরলো, মোনেম খাঁ, একে একে সব মরবে।

মাস্টার ভাই ঃ ফসলের জমিতে যেমন আগাছা রাখতে নাই, ঠিক তেমন একটা সমাজে বা জাতির মধ্যে বেঈমান, বিশ্বাসঘাতক রাখতে নাই। যাক শোন, তোমাদের একটা কথা বলি, সবাই খেয়াল রাখবে কে আমাদের মধ্যে মোনাফেকী করার সুযোগ নিচ্ছে-তার নাম চাই, নাম দিতে হবে মুক্তিবাহিনীকে। গ্রামে গ্রামে লোক লাগাও, ময়না বু তোমার পক্ষে এ কাজটা করা অনেক সহজ, তুমি অন্দরমহলের মারফত খবর পাবে। খবরগুলো পৌঁছে দিও।

ময়না বু ঃ আচ্ছা মাস্টার ভাই। তা মাস্টার ভাই বলছিলাম কি, রাত তো অনেক হলো, আমি উঠি।

বনি ঃ তুমি একলাই যাবে না, আমরাও যাবো।

মাস্টার ভাই ঃ হ্যাঁ চলো, কথায় কথায় অনেক রাত হয়ে গেছে, চলো আমরাও যাই।

বনি ঃ কাল সকালে তুমি একবার আমার সাথে দেখা করো, কথা আছে।

মাস্টার ভাই ঃ চলো, যাই।

সবাই ঃ চলো।

৩০ নভেম্বর, ১৯৭১

মাস্টার ভাই ঃ যুদ্ধ পরিস্থিতি এখন মারাত্মক। মুক্তিবাহিনী যুদ্ধ করতে করতে এগিয়ে যাচ্ছে আর পাকিস্তানী শয়তানগুলো প্রাণের ভয়ে পিছে হটে যাচ্ছে। বনি, আমাদের আরো সজাগ আরো সতর্ক হতে হবে।

বনি ঃ আমরা সতর্ক আছি মাস্টার ভাই। মানুষের মনের শক্তি কেমন বেড়ে গেছে শুনেছ। মুক্তিবাহিনী যতোই এগিয়ে যাচ্ছে মানুষ ততই যেন নতুন শক্তি অর্জন করেছে।

মাস্টার ভাই ঃ এটা তো খুবই স্বাভাবিক বনি। বাংলার মানুষ যেমন আমাদের গেরিলাদের আশ্রয়স্থল, আমাদের গেরিলারা এবং মুক্তিবাহিনী ঠিক তেমনি বাংলার মানুষের ভরসাস্থল।

বনি ঃ পরশু কালিগঞ্জ গেছিলাম। মুক্তিবাহিনীর গানবোটে চড়ে। গায়ের লোক আমাদের বোট দেখে 'জয় বাংলা' ধ্বনি দিতে দিতে নদীর পাড়ে এসে হাজির, আর আমাদের দেখে কতো খুশী!...কে যায়? কে?

বসির ভাই ঃ আমি বসির। কে, বনি নাকি?...আরে মাস্টার ভাই দেখছি। আসসালামু আলায়কুম।

মাস্টার ভাই ঃ ওয়ালায়কুম আসসালাম। এসো বসির ভাই। কোথায় যাচ্ছিলে?

বসির ভাই ঃ ময়নাবুবুর কাছে যাচ্ছিলাম। কাল কিছু কাপড়-চোপড় ময়নাবুবু জোগাড় করেছে, মুক্তাঞ্চলের গরীব-দুঃখীকে দেওয়ার জন্য, ওগুলো নিয়ে আসি।

বনি ঃ আমিও কিছু জোগাড় করেছি, তাহলে তুমি সেগুলোও নিয়ে যেয়ো, আমি আবার অন্য কাজে আটকা পড়ে গেছি, সময় পাচ্ছি না।

বসির ভাই ঃ ঠিক আছে নিয়ে যাবো। তারপর কি গল্প করছিলে তোমরা।

বনি ঃ গল্প না, বসির ভাই। সত্যি ঘটনা।

মাস্টার ভাই ঃ বনি পরশুদিন কালিগঞ্জে গেছিল তারি গল্প করছে।

বসির ভাই ঃ কও শুনি। আমিও যাবো একদিন!

বনি ঃ যা বলছিলাম, মাস্টার ভাই, ঘাটে যখন বোট ভিড়ল, লোকে কি খুশী। এর মধ্যে এক বুড়ো মানুষ হঠাৎ বলে উঠল 'বাপুরে, আজ তোমাদের গানবোট দেখে আমরা ছুটে আসছি তোমাদের দেখার জন্য। আর দুদিন আগে ওই শয়তানের বাচ্চারা যখন আসত, নদীর দুই পাড়ে গাঁয়ের লোক কে যে কোথা পালাবে, তার হিসাব পেতো না। মেশিনগান ফিট করে রাখতো। সমানে গুলি চালাতো পাড়ে, কে মরবে, কে বাঁচবে, বলা মুস্কিল ছিলো।

মাস্টার ভাই ঃ মানুষের মনে ভয় এবং সন্ত্রাস সৃষ্টির জন্য এবং মুক্তিবাহিনীর আক্রমণ থেকে নিজেদের বাঁচানোর জন্য এলাপাতাড়ি গুলি চালাতো, সাধারণ মানুষের মৃত্যুতে কিছু যেতো-আসতো না- কিন্তু আজ শয়তানরা বুঝতে পেরেছে, বাংলার মানুষ তাদের চরম ঘৃণা করে। মুক্তিবাহিনীকে পরম আদরে তারা ডেকে নেয়, কিন্তু জল্লাদদের দেখলে ঘৃণায় মরে যায়।

বসির ভাই ঃ কথাটা কিন্তু ঠিক। অত্যাচার করে যে মানুষের মুক্তির ইচ্ছাকে দমানো যায় না সেটা শয়তানগুলো বুঝেছে।

মাস্টার ভাই ঃ আর আজ বেঈমানের জাতগুলো তাই 'পোড়া মাটি নীতি' অবলম্বন করেছে। তারা যে অঞ্চল ছেড়ে পিছু হটে যাচ্ছে সে অঞ্চলটা সম্পূর্ণ জ্বালিয়ে-পুড়িয়ে শেষ করে দিচ্ছে। ধান-চাল লুটপাট করে দিয়ে যাচ্ছে, বাড়িঘর সম্পূর্ণ ধ্বংস করে দিচ্ছে।

বনি ঃ তাতেই কি মানুষকে কোনদিন দাবিয়ে রাখতে পারবে?

মাস্টার ভাই ঃ না, মোটেই না। এ জন্যই তো আমাদের প্রিয় নেতা বঙ্গবন্ধু বলেছেন, 'আমাদের আ দাবিয়ে রাখা যাবে না।

বসির ভাই ঃ মাস্টার ভাই, চলো না হাঁটতে হাঁটতে গল্প করতে করতে যাই, ময়না বুবুর ওখানে।

বনি ঃ কথাটা ঠিকই বলেছ বসির ভাই। চলো মাস্টার ভাই ময়না বুবুর ওখানেই যাই, কাজের কথাও হবে, একটু গল্প করাও যাবে।

বনি ঃ ময়না বু....ও ময়না বু।

ময়না বু ঃ কে? বনি নাকিরে- আরে ভাই, কাজ করছি।

বসির ভাই ঃ আমরাও এসে গেছি ময়না বু,

ময়না বু ঃ এসো এসো, মাস্টার ভাইও দেখছি, বসো।

মাস্টার ভাই ঃ কাপড়-চোপড় তো অনেক জোগাড় হয়েছে দেখছি ময়নাবুবু। ভালই করেছ। অধিকৃত অঞ্চলে মানুষের জীবন তো ভীষণ কষ্টের মধ্য দিয়ে কাটছে, মুক্ত হওয়ার পর মানুষ স্বস্তির নিঃশ্বাস ফেলছে। অধিকৃত অঞ্চলে মানুষের জীবন কাটছে একটা বিভীষিকাময় ঘোরের মধ্যে। স্বস্তি নাই, শান্তি নাই, ঘুম নাই, আরাম নাই। এদিকে শয়তানগুলো আর রাজাকার- বদর বাহিনীর জানোয়ারগুলো মানুষের ঘর থেকে তাদের শেষ সম্বলটুকু পর্যন্ত লুট করে নিয়ে গেছে। তাদের জীবন-ধারণের জন্য ন্যূনতম অন্ততঃ কিছু করতেই হবে। ময়না বু আমি কিছু জিনিস, ঔষধপত্র আর কাপড়-চোপড় জোগাড় করে দেবো।

ময়না বু ঃ আমরা তো মানুষের সেবা করতে পারি। তাই এই সেবার ভারটা আমি হাতে তুলে নিয়েছি।

মাস্টার ভাই ঃ আজ বাংলা মা-বোনেরা এভাবেই তো দেশের সেবা করছে, সেবা করার জন্য এগিয়ে এসেছে ময়নাবুবু। আজ স্বতঃস্ফূর্তভাবে মানুষ যে যা কাজ করতে পারে, সে তাই করবে। যেকোন কাজ দ্বারাই মুক্তিসংগ্রামকে সাহায্য করা যায়। যে মুক্তিবাহিনীর জন্য মরচা খোঁড়ে, তাদের শত্রুর অবস্থানের খবর এনে দেয় অথবা মুক্তিবাহিনীর গুলির বাক্স বয়ে নিয়ে যায়, সেও মুক্তিসংগ্রামের সামিল, সেও মুক্তসংগ্রামকে সাহায্য করছে।

ময়না বু ঃ যুদ্ধের খবর-টবর কিছু বলো মাস্টার ভাই।

বনি ঃ তাহলে আমিই বলি- যশোর ক্যান্টনমেন্টের কাছে তুমুল লড়াই চলছে। ক্যান্টনমেন্টের উপর চরম আঘাত হানছে। এদিকে আবার জল্লাদবাহিনী মসজিদে মসজিদে ওদের জন্য দোওয়া করতে বলেছে। বেটারা মরে মরে ভূত হচ্ছে আর আতংক বাড়ছে।

বসির ভাই ঃ নোয়াখালীর কথা শুনেছ? মুক্তিবাহিনী বিলোনিয়া দখল করে এখন ফেনীর দিকে এগিয়ে চলেছে। পথে ছাগলনাইয়া দখল করে নিয়েছে। ছাগলনাইয়া ফেনী থেকে মাত্র চার মাইল দূরে।

ময়না বু ঃ এদিকে তো আমি শুনলাম, পঁচাগড়া মুক্তিবাহিনীর দখলে আর সেটা দখল করার জন্য পাক ফৌজ খুবই চেষ্টা চালাচ্ছে।

বসির ভাই ঃ চেষ্টা তো করবেই, কিন্তু পারলে হয়। মুক্তিবাহিনী যেখানে মুক্ত করছে, তাদের ঘাঁটি শক্ত করছে।

ময়না বু ঃ ঢাকা শহরে তো হরদম বোমা বিস্ফোরণ হচ্ছে। কয়েকটি পেট্রোল বোমার আগুনে রেলসেতুগুলোর চরম ক্ষতি হয়েছে।

মাস্টার ভাই ঃ মুক্তিবাহিনী এখন প্রতিটি সেক্টরে তৎপর। রাস্তা-রেল-নদীপথে যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত। প্রয়োজনীয় জিনিসপত্রের দাম-অধিকৃত অঞ্চলে পঞ্চাশ থেকে একশ ভাগ পর্যন্ত বেড়ে গেছে।

সমস্ত শহরের চারিদিকে পরিখা খোঁড়া হয়েছে। দোকানপাট সন্ধ্যার আগেই বন্ধ হয়ে যায়। ঢাকায় তো জোর গুজব দু'হাজার মুক্তিসেনা প্রস্তুত, যেকোন মুহূর্তে ঝাঁপিয়ে পড়তে পারে।

বসির ভাই ঃ মুক্তিবাহিনী এদিকে ঝিনাইদহ পাঁচমাথার মোড় দখল করে নিয়ে শক্ত ঘাঁটি গড়ে তুলেছে।

বনি ঃ এদিকে তো আর দু'চারদিনের মধ্যেই রাজশাহী-নবাবগঞ্জ দখল হওয়ার উপক্রম। মুক্তিবাহিনী ১৭ জন রাজাকার, তিনজন পাকসেনা বন্দী করে এনেছে। আর বহু রাইফেল আর গুলি উদ্ধার করে নিয়ে এসেছে।

ময়না বু ঃ এর জন্যই তো শয়তানগুলো এখন পালাবার পথ খুঁজছে।

মাস্টার ভাই ঃ পালাবে আর কোথায়? এখন ওরা সবাই আশ্রয় নিতে চাচ্ছে ক্যান্টনমেন্টগুলোয়। আর মুক্তিবাহিনী তাদের সে পথ রুদ্ধ করে দিচ্ছে। এখন শয়তানগুলো ছড়ানো-ছিটানো অবস্থায় বাংলাদেশের পথে-ঘাটে মুক্তিবাহিনীর হাতে কুকুরের মতো গুলি খেয়ে মরছে। পাকিস্তানী ৬০টা ট্যাংকের মধ্যে ১৭টাই তো মারা পড়েছে। বিমান বহরের ১৮টা বিমানের মধ্যে পাঁচটা নেই। নদী-আকাশপথ আর সড়কে কোথাও নিস্তার নেই শয়তানদের।

ময়না বু ঃ সংঘবদ্ধ মুক্তিকামী মানুষের শক্তি যে কি প্রচণ্ড তার প্রমাণ পাচ্ছে শয়তানরা এখন।

বনি ঃ আরো পাবে বুবু, কিন্তু সেদিন আর বেশী দূরে নয়।

বসির ভাই ঃ যাক ময়না বুবু, কথাবার্তা তো হলো, এবার কাপড়-চোপড়গুলো দাও, আমাদের আবার দেরী হয়ে যাচ্ছে, চলে যাবো।

ময়না বু ঃ এই যে দিচ্ছি ভাই।-নাও, কাল আরো কিছু পাবো, পরশু এসে নিয়ে যেয়ো।

বসির ভাই ঃ আচ্ছা।

মাস্টার ভাই ঃ চলো, আমরা তাহলে যাই। বুবু চলি।

৬ ডিসেম্বর, ১৯৭১

মাস্টার ভাই ঃ এখন আমাদের দুর্যোগময় রাতের অন্ধকার শেষ হয়ে আসছে। এখন আমাদের মুক্তিবাহিনী দুর্বার গতিতে এগিয়ে চলেছে। শত্রুশিবির একের পর এক মুক্তিবাহিনীর পদদলিত হচ্ছে। মুক্তাঞ্চলের বিস্তৃতি ঘটছে দিনের পর দিন। অত্যাচারে জর্জরিত মানুষ এখন ফেলছে স্বস্তির নিঃশ্বাস। মুক্তাঞ্চল দিয়েছে তাদের নতুন জীবনের আশ্বাস। আজ আমরা জমায়েত হয়েছি দুটো কারণে। একটা হলো- আমরা মুক্তিবাহিনীকে কিভাবে আরো সাহায্য করতে পারি তারই পরিকল্পনা নিতে হবে এবং দ্বিতীয়টা হলো- সদ্য মুক্তাঞ্চলের বিপর্যস্ত জীবনধারা আমরা আবার স্বাভাবিক এবং সুন্দর করে গড়ে তুলতে পারি। এ কাজ নিঃসন্দেহে খুবই গুরুত্বপূর্ণ। অবশ্য তার জন্য চিন্তা আমরা করি না, কেননা মুক্তিসংগ্রামে নিয়োজিত প্রতিটি ব্যক্তি আপন আপন দায়িত্ব এবং কর্তব্য পালনে নিষ্ঠাবান, সচেষ্ট এবং উন্মুখ। আমরা গভীরভাবে আমাদের কর্মদক্ষতায় বিশ্বাসী।...কি ব্যাপার বসির ভাই কিছু বলবে নাকি?

বসির ভাই ঃ পাকিস্তানী জল্লাদগুলো নিজের ঘাঁটি ছেড়ে পালাবার সময় আশেপাশের গ্রাম-বাড়িঘর জ্বালিয়ে-পুড়িয়ে শেষ করে দিচ্ছে। এর জন্য আমরা কি করব? আমরা কিভাবে সাহায্য করতে পারি, আমাদের বলো।

বনি ঃ হ্যাঁ মাস্টার ভাই, বসির ভাই ঠিকই বলেছে। প্রত্যেকটা জায়গায় একই রকম অন্যায় করছে ওরা। আমাদের বুদ্ধি দাও কিভাবে সাহায্য করব আমরা।

মাস্টার ভাই ঃ নানাভাবে সাহায্য করতে পারি আমরা। প্রথমতঃ যেসব অঞ্চলে ওরা এমন অত্যাচার করছে, বা করেছে সেখানের খুঁটিনাটি খবরাখবর আর ক্ষতির পরিমাণ জানতে হবে। তারপর স্বেচ্ছাসেবক বাহিনীর অত্যাচারিত মানুষকে আশু সাহায্য করতে হবে। অসুস্থ-আহত লোকদের চিকিৎসার জন্য ওষুধপত্র নিয়ে যেতে হবে।

আমার সোনার বাংলার শত শত প্রতিভাকে বিনষ্ট করা হয়েছে। কি আর কোন ভাষায় যে আমরা হাহাকার করবো বুঝতে পারছি না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে পড়েছি। শত স্মৃতি আজ মনে পড়ছে। আমার শ্রদ্ধেয় শিক্ষকরাও অনেকে প্রাণ হারিয়েছেন। কোন কিছুই দিয়েই তাদের শূন্য স্থান পূর্ণ হবে না। যেসব সাংবাদিক, ডাক্তার, ইঞ্জিনিয়ার চিরকালের জন্য হারিয়ে গেলেন তাঁদের অভাবে সারা দেশ আজ কাঁদছে। আমরা সবাই আজ হাহাকার করছি। সেইসব বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করার সময় চীৎকার করে আমরা বলতে চাই- হত্যাকারী যেন শাস্তি পায়, হত্যাকারী যেন শিক্ষা পায়, হত্যাকারীর সাগরেদ যেন শাস্তি পায়, হত্যাকারীর সাগরেদ যেন শিক্ষা পায়।

তবে এ কথা ঠিক, অপরাধীর বিচারের ভার আমরা নিজের হাতে তুলে নেবো না। বিচার করবেন আমাদের সরকার। বিচারের ভার বহন করবেন সরকারের আইন বিভাগ।

(মোহাম্মদ আবু জাফর রচিত)

শিরোনাম	সূত্র	তারিখ
২৪। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সঙ্গীত সূচী (অংশ)	স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিলপত্র	.....১৯৭১

২৫ আগস্ট, ১৯৭১
১। সোনা সোনা সোনা লোকে বলে সোনা (কোরাস)
২। পথে যেতে যেতে জন্ম হলো একটি কাহিনী (আপেল মাহমুদ)
৩। দুনিয়ার যত গরীবকে আজ
৪। সেলাম সেলাম হাজার সেলাম

২য় অধিবেশনঃ
১। মুজিব বাইয়া যাওরে (আঃ জব্বার)
২। জাগো অনশন বন্দী উঠোরে যত (কোরাস)
৩। আমার দেশের মাটির গন্ধে (ফেরদৌসী রহমান)
৪। ফুল খেলবার দিন নয় অদ্য
৫। জাগো জাগো ও বাঙ্গালী

৩য় অধিবেশনঃ
১। চল বীর সৈনিক (আপেল মাহমুদ)
২। কারার ঐ লৌহ কপাট (কোরাস)
৩। জনতার সংগ্রাম চলবেই (ঐ)
৪। আমার প্রতিবাদের ভাষা
৫। আমি শুনেছি শুনেছি বাংলার মায়ের কান্না (মান্না হক)

২৮ আগস্ট, ১৯৭১
২য় অধিবেশনঃ
১। শেখ মুজিব সত্যযুগের (তোরাব আলী শাহ)
২। মুজিব বাইয়া যাওরে (আঃ জব্বার)
৩। ওরা কোথায় গো (শাহ আলী সরকার)
৪। আমি ভয় করবো না (জরিন আহমদ)
৫। আজি বাংলাদেশের (অজিত রায়)

৩য় অধিবেশনঃ
১। বীর বাঙ্গালী অস্ত্র ধর (মনোরঞ্জন সরকার)
২। সোনার বাংলা বলো (কোরাস)
৩। আয়রে চাষী মজুর কুলি (ঐ)
৪। অনেক রক্ত দিয়েছি (আঃ জব্বার)
৫। দুর্জয় বাংলা- (কোরাস)

১৯ সেপ্টেম্বর, ১৯৭১

১ম অধিবেশনঃ
১। সোনায় মোড়ানো বাংলা মোদের (কোরাস)
২। সেলাম সেলাম হাজার সেলাম (ঐ)
৩। আমার বাংলা দেশের মাটি (ঐ)
৪। জাগো জাগো ও বাঙ্গালী (ঐ)

২য় অধিবেশনঃ
১। ভেবো না গো মা তোমার ছেলেরা (কোরাস)
২। ভায়ের মায়ের (ঐ)
৩। আমি মরিব তাতে ক্ষতি নাই (ঐ)
৪। হাজার বছর পরে (আঃ জব্বার)
৫। জয়ধ্বনি কর বীর মুজিবর (মোঃ শাহবাঙালী)
৬। হায়রে পাষাণ তোদের শীর্ণ দেহ (স্বপ্না রায়)
৭। দুনিয়ার যত গরীবকে আজ (কোরাস)
৮। কারার ঐ লৌহ কপাট (ঐ)

৩য় অধিবেশনঃ
১। রক্তে যদি ফোটে (কোরাস)
২। জনতার সংগ্রাম চলবেই (ঐ)
৩। আমি ভয় করবো না (জরিন আহমদ)
৪। যে তোমায় ছাড়ে ছাড়ুক (তপন ভট্টাচার্য)
৫। বীর বাঙ্গালী অস্ত্র ধর (মনোরঞ্জন সরকার)
৬। অনেক রক্ত দিয়েছি (আঃ জব্বার)
৭। সোনা সোনা সোনা লোকে (কোরাস)

২৯ সেপ্টেম্বর, ১৯৭১

২য় অধিবেশনঃ

১। পথে যেতে জন্ম হলো (আপেল মাহমুদ ও স্বপ্না রায়)
২।আয়রে চাষী মজুর কুলি (কোরাস)
৩। তোমার নেতা আমার নেতা (ঐ)
৪। সোনার বাংলা বলে (ঐ)
৫। জয়ধ্বনি করে শেখ মুজিবর (মোঃ শাহ বাঙালী)
৬। কার বা বিচার কে বা করেরে (হরলাল রায়)
৭। শিকল পরা ছল (নজরুল গীতি)
৮। জাগো অনশন বন্দী (ঐ)

৩য় অধিবেশনঃ

১। নওজোয়ান সব এগিয়ে চল (কোরাস)
২। বাধ ভেঙ্গে দাও (রবীন্দ্র সঙ্গীত)
৩। বাংলার মাটি বাংলার জল (ঐ)
৪। যুদ্ধ কর অসি ধর (অনিল চন্দ্র দে)
৫।আয়রে চাষী মজুর কুলি (কোরাস)
৬। জাগো জাগো ও বাঙালী (ঐ)

২১ অক্টোবর, ১৯৭১

১ম অধিবেশনঃ

১। ও আমার দেশের মাটি (অজিত রায়)
২। জয় জয় বাংলার জয় (কোরাস)
৩। পথে যেতে যেতে জন্ম হলো (আপেল মাহমুদ)
৪।সোনা সোনা সোনা লোকে (কোরাস)

২য় অধিবেশনঃ

১। জ্বলছে জ্বলছে জ্বলছে (নাসরিন ও অরূপ)
২। আয়রে চাষী মজুর কুলি (কোরাস)
৩। জাগো জাগো ও বাঙ্গালী (ঐ)
৪। বিচারপতি তোমার বিচার (ঐ)
৫। সোনার স্বদেশ ভূমি (মনজুর আহমদ)
৬। জাগো অনশন বন্দি (নজরুল গীতি)
৭। কারার ঐ লৌহ কপাট- (ঐ)

৩য় অধিবেশনঃ

১। ওরে জাগো জাগো ও বাঙ্গালী (কোরাস)
২। নওজোয়ান সব এগিয়ে চল (ঐ)
৩। রক্ত রঙীন উজ্জ্বল দিন (ঐ)
৪। জনতার সংগ্রাম চলবেই (ঐ)
৫। সোনার স্বদেশ ভূমি (মনজুর আহমদ)
৬। আজি বাংলাদেশের হৃদয় হতে (অজিত রায়)
৭। আমি মরিব তাতে ক্ষতি নেই (কোরাস)

১ নভেম্বর, ১৯৭১

২য় অধিবেশনঃ

১। জন্ম আমার ধন্য হলো মাগো (কোরাস)
২। জয় জয় বাংলার জয় (ঐ)
৩। পূবের ঐ আকাশে সূর্য উঠেছে (ঐ)
৪। বাংলার মাটি বাংলার জল (রবীন্দ্রসঙ্গীত)
৫। ও খাঁটি সোনার চেয়ে খাঁটি (রবীন্দ্রনাথ)
৬। আরে ও মাঝি ভাই (মনিরা জামান)
৭। দুর্গম গিরি কান্তার মরু (নজরুল গীতি)
৮। চল ছুটে চল (পল্লীগিতি) (আঙ্গুর)

৩য় অধিবেশনঃ

১। আমার প্রতিবাদের ভাষা (কোরাস)
২। যে তোমার ছাড়ে ছাড়ুক (ঐ)
৩। আয়রে চাষী মজুর কুলি (ঐ)
৪। আমি একজন মুক্তিসেনা (মান্না হক)
৫। একটি ফুলকে বাঁচাবো বলে (আপেল)
৬। দুনিয়ার যত গরীবকে আজ (ঐ)

১৫ নভেম্বর, ১৯৭১

১ম অধিবেশনঃ

১। এবার উঠেছে মহাঝড় আলোড়ন (কোরাস)
২। দিনের শোভা সূর্য রাতের শোভা চাঁদ (আঃ গনি বোখারী)
৩। 'এঘর দুর্গ ওঘর দুর্গ'- একটি গীতিনকশা
সংযোজনা-শাজাহান ফারুক
বর্ণনায়- আশরাফুল আলম
সঙ্গীত পরিচালনা-
১। সুজেয় শ্যাম
২। আপেল মাহমুদ
৩। রফিকুল আলম।

৩য় অধিবেশলনঃ

১। কারার ঐ লৌহ কপাট (কোরাস)
২। মোরা ঝঞ্জার মত (ঐ)
৩। জনতার সংগ্রাম চলবে (ঐ)
৪। সোনার বাংলা (জারী গান) (হযরত আলী)
৫। চল ছুটে চল (মফিজ আঙ্গুর)
৬। একি অপরূপ (কোরাস)
৭। বাংলাদেশ বাংলাদেশ (ঐ)
৮। সংগ্রাম সংগ্রাম (অনুপ)

২৮ নভেম্বর, ১৯৭১

১। গীতিনকশা (রক্ত চাই)
সঙ্গীত পরিচালনাঃ সুজেয় শ্যাম (কোরাস)
২। জয় বাংলার জয় (কোরাস)
৩। জনতার সংগ্রাম চলবেই (ঐ)
৪।ওদের বাঁধন যতই শক্ত হবে (রবীন্দ্রসঙ্গীত)
৫। বাঁধ ভেঙ্গে দাও (কোরাস)

৫ ডিসেম্বর, ১৯৭১

১। এঘর দুর্গ ওঘর দুর্গ
২। জয় ধ্বনি কর বীর মুজিবর (মোঃ শাহ বাঙালী)
৩। বাংলা থেকে দুশমনদের (সর্দার আলাউদ্দিন)
৪। সাগর পাড়িতে ঝড় জাগেই যদি
৫। বাংলাদেশ বাংলাদেশ (রবীন্দ্র সঙ্গীত)
৬। এই কথাটি ধরেই (লায়লা জামান) (ঐ)
৭। এবার তোর মরা গাঙ্গে (তপন ভট্টাচার্য) (ঐ)

৯ ডিসেম্বর, ১৯৭১

প্রথম অধিবেশনঃ

১। ধন্য আমার জন্মভূমি (কোরাস)
২। রক্ত চাই রক্ত চাই (ঐ)
৩। আগুন আগুন আমরা আগুন (ঐ)
৪। জনপদ প্রান্তরে সাগরে বন্দরে (ঐ)
৫। ঝড় ঝঞ্জার মুখোমুখি (ঐ)
৬। আহা ইয়াহিয়া কান্দেরে (হরলাল রায়)
৭। কার বা বিচার কে বা করে রে (ঐ)
৮। বাঁধ ভেঙ্গে দাও (রবীন্দ্র সঙ্গীত)

১০ ডিসেম্বর, ১৯৭১

প্রথম অধিবেশনঃ

১। পথের আঁধার আর নাই (কোরাস)
২। এবার উঠেছে মহাঝড় (ঐ)
৩। মোরা জঞ্জার মতো উদ্দাম (ঐ)
৪। কারার ঐ লৌহ কপাট (ঐ)
৫। ও বাঙালী ভাই কে কে যাবি (ইন্দ্রমোহন বোখারী)
৬। ঐ ঐ ঐ চল চল নওজোয়ান (আঃ গনি রাজবংশী)
৭। জয় বাংলা জয় (কোরাস)
৮। রক্ত রঙ্গীন উজ্বল দিন (ঐ)

দ্বিতীয় অধিবেশনঃ

১। ও বগিলারে কেন বা আইলো (নথীন্দ্রনাথ রায়)

২।সাত কোটি আজ প্রহরী প্রদীপ (কোরাস)
৩। ওরা কলিজা ছিঁড়ে
৪। বারুদে বারুদে সারা বাংলা
৫। সম্মুখপানে চলবো মোরা
৬। বীর মুক্তিযোদ্ধা তোদের (আঃ গনি বোখারী)
৭। তোরা জোরছে চল (শাহ আলী সরকার)
৮। ঐ ঝঞ্জার ঝংকারে ঝংকারে

১২ ডিসেম্বর, ১৯৭১
দ্বিতীয় অধিবেশনঃ

১। দেয়ালে দেয়ালে লিখা (কোরাস)
২। ওরা যতই বলুক (ঐ)
৩। সোনার বাংলা করবো সোনা (মোঃ নৌশেদ আলী)
৪। বারুদে বারুদে সারা বাংলা
৫। পথের আধাঁর আর নেই (লাকি আখন্দ)

তৃতীয় অধিবেশনঃ
১। সংগ্রাম সংগ্রাম (কোরাস)
২। আমার প্রতিবাদের ভাষা (ঐ)
৩।মুক্তির একই পথ সংগ্রাম (ঐ)
৪। দুর্জয় মোরা সাত কোটি (ঐ)
৫। এবার উঠেছে মহাঝড় আলোড়ন (ঐ)
৬।এঘর দুর্গ ওঘর দুর্গ (ঐ)
৭।সাগর পাড়িতে ঝড় জাগেই যদি (ঐ)
৮।ঐ ঝঞ্জার ঝংকারে (রবীন্দ্রসঙ্গীত)
৯। বাংলা থেকে দুশমনদের (সর্দার আলাউদ্দিন)
১০। ও আমার দেশবাসী ভাই (মোঃ মুন্নাফ)
১১।জনতার সংগ্রাম চলবেই (কোরাস)
১২। আয়রে চাষী মজুর কুলি (ঐ)
১৩।এবার তোর মরা গাঙে (রবীন্দ্রসঙ্গীত
১৪। এই কথাটি বলেই (ঐ)

১৩ ডিসেম্বর, ১৯৭১
তৃতীয় অধিবেশনঃ
১। জয় জয় জয় হবে বাংলার (কোরাস)
২। ওরা কলিজা ছিঁড়ে (ঐ)
৩। ঝড়ঝঞ্জার মুখোমুখি (ঐ)
৪। ব্যারিকেড বেয়নেট বেড়াজাল (ঐ)
৫। পূর্ব দিগন্তে সূর্য উঠেছে (ঐ)
৬। আমি শুনেছি শুনেছি (মান্না হক)
৭। রুখে দাঁড়াও রুখে দাঁড়াও (সরদার লাউদ্দিন)
৮। বীর বাঙ্গালী অস্ত্র ধর (মনোরঞ্জন সরকার)
৯। একটি ফুলকে বাঁচাবো বলে (আপেল মাহমুদ)
১০। অনেকে রক্ত দিয়েছি (আঃজব্বার)
১১। ঐ ঝঞ্জার ঝংকারে ঝংকারে (রবীন্দ্র সঙ্গীত)
১২। ব্যর্থ প্রাণের আবর্জনা (ঐ)

১৪ ডিসেম্বর, ১৯৭১
প্রথম অধিবেশনঃ
১। পূর্ব দিগন্তে সূর্য উঠেছে (কোরাস)
২। মোরা ঝঞ্জার মত উদ্দাম (নজরুলগীতি)
৩। শিকল পরা ছল (ঐ)
৪। চলরে সবাই বাঁধ ভাঙ্গাবার (কোরাস)
৫। সংগ্রাম আজ সংগ্রাম (ঐ)
৬। রক্ত রঙীন উজ্জ্বল দিন (ঐ)
তৃতীয় অধিবেশনঃ
১। আমরা গেরিলা আমরা (কোরাস)
২। আমি এক বাংলার মুক্তিসেনা (ঐ)
৩। দুর্জয় বাংলা (ঐ)
৪। দুর্গম দূর পথ বন্ধুর (ঐ)
৫। নোঙ্গর তোল নোঙ্গর তোল (ঐ)
৬। তোরা জোরছে চল (শাহ আলী সরকার)
৭। দস্যু মারিতে চল ধাইয়া (ঐ)
৮। পরানের বন্ধুরে বলবো কি তোরে (দ্বৈত সঙ্গীত)

৯। হুঁশিয়ার হুঁশিয়ার হুঁশিয়ার (আপেল মাহমুদ)
১০। বাঁধ ভেঙ্গে দাও (রবীন্দ্রসঙ্গীত)
১১। চল যাই চল যাই (ঐ)

১৬ ডিসেম্বর, ১৯৭১

প্রথম অধিবেশনঃ

১। আজ রণ সাজে বাজিয়ে বিষাণ (সমবেত কণ্ঠ)
২। ফুল খেলবার দিন নয় অদ্য (ঐ)
৩। পূর্ব দিগন্তে সূর্য উঠেছে (ঐ)
৪। রক্ত রঙ্গীন উজ্জ্বল দিন (ঐ)
৫। আমি মস্ত সাগর
৬। মোরা ঝঞ্জার মত উদ্দাম (নজরুল গীতি)
৭। রক্ত দিয়ে নাম লিখেছি

দ্বিতীয় অধিবেশনঃ

১। আমি শুনেছি শুনেছি (মান্না হক)
২।থের আঁধার আর নাই (কোরাস)
৩। চল বাঙ্গালী চল (পল্লীগীতি) (কোরাস)
৪। মুক্তি ভাই ঝম ঝম করে (তোরাব আলী শাহ)

তৃতীয় অধিবেশনঃ

১। সাত কোটি মোরা করেছি অঙ্গীকার (কোরাস)
২। সম্মুখপানে চলবো মোরা (ঐ)
৩। চলরে সবাই বাঁধ ভাঙ্গাবার (ঐ)
৪। মুজিবর মুজিবর (ঐ)
৫। ওরে শোনরে তোরা শোন (ঐ)
৬। আমি মরবো তাতে ক্ষতি নাই (ঐ)
৭। আমার মুক্তিবাহিনী ভাইরা (তোরাব আলী শাহ)
৮। আকাশের তারার মত (ঐ)
৯। ও আলোর পথ যাত্রী (কোরাস)
১০। চল চল চল (নজরুলগীতি)
১১। আমার মুক্তি আলোয় আলোয় (রবীন্দ্রসঙ্গীত)
১২। নাই নাই ভয় (ঐ)
১৩। এবার তোর মরা গাঙ্গে বান এসেছে (ঐ)

পরিশিষ্ট-১

শিরোনাম	সূত্র	তারিখ
২৫। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রতিষ্ঠা সম্পর্কিত কয়েকটি প্রতিবেদন	.....	.....১৯৭১

১. মুক্তিকামী বাঙালীর প্রেরণার উৎস
স্বাধীন বাংলা বেতার কেন্দ্র

আতিকুর রহমান

ইথারে ভেসে আসা শব্দ যে বুলেটের চেয়েও প্রচণ্ডতম শক্তি নিয়ে শত্রুর বিরুদ্ধে আঘাত হানতে পারে তার প্রমাণ হচ্ছে 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র'। ইয়াহিয়া খানের নেতৃত্বে টিক্কা-নিয়াজী-ফরমান আলীর বীর পশুরা সেদিন বুলেট-বেয়োনেট দিয়ে বাংলাদেশের জনগণের স্বাধীনতা সংগ্রামকে স্তব্ধ করতে চেয়েছিল। আর স্বাধীন বাংলা বেতার কেন্দ্র হাতিয়ারের চেয়ে শক্তিশালী আঘাত হেনেছে নরপশুদের বিরুদ্ধে।

১৯৭১ সালের ২৫শে মার্চের কালো রাতে পাকিস্তানী বাহিনী মরণ ছোবল হেনেছিল। শহর-বন্দর-গ্রামকে রক্তে রঞ্জিত করেছিল। সেই আঘাতে হকচকিত বাংলার মানুষ পরদিন ২৬শে মার্চ বেতারে শ্রুত একটি বাণীতে খুঁজে পেয়েছিলেন আশার বাণী। সে বাণী ছিল স্বাধীনতার, হানাদারদের কবল থেকে মুক্তির। দীর্ঘ নয় মাসের যুদ্ধে এই বেতার বাঙ্গালীদের যুগিয়েছে উৎসাহ-উদ্দীপনা, দেশকে মুক্ত করার প্রেরণা।

বিপ্লবী বীর সূর্যসেনের স্মৃতিতে উজ্জ্বল চট্টলার বুক থেকেই সেদিন বেতারে হয়েছিল বাংলার স্বাধীনতা। আর কালুরঘাটস্থ পাকিস্তানী বেতারের ট্রান্সমিশন কেন্দ্র থেকেই বাংলার ঘরে ঘরে পৌঁছানো হয়েছিল স্বাধীনতার সে বাণী। ২৬শে মার্চ জন্ম নিয়েছিল বাংলাদেশের মুক্তিযুদ্ধের অন্যতম হাতিয়ার 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র'।

২৫শে মার্চ রাতে হানাদার হায়েনার দল হত্যাযজ্ঞ শুরু করার পর ২৬শে মার্চ সকাল থেকে চট্টগ্রাম বেতারের সকল কর্মচারী কাজ বন্ধ করে নিয়েছিলেন। ব্রডকাস্টিং যন্ত্রপাতি সরিয়ে রেখেছিলেন যাতে হানাদার বাহিনী প্রয়োজনবশত অবিলম্বে বেতার কেন্দ্র থেকে প্রচার শুরু করতে না পারে। ঢাকা বেতারও সেদিন নীরব ছিল।

চট্টগ্রামের কিছু সংখ্যক দেশপ্রেমিক সেদিন এগিয়ে এসেছিলেন। 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র' চালু করেছিলেন তাঁরা সকল প্রকার ঝুঁকি নিয়ে।

২৬শে মার্চ দুপুরে কিছুক্ষণের জন্য একবার চট্টগ্রাম বেতার থেকে 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র' বলে নিজেদের পরিচয় দিয়ে হানাদার বাহিনীকে রুখে দাঁড়াবার আহ্বান প্রচারিত হয়েছিল।

সংগঠিতভাবে না হলেও সেদিনই সন্ধ্যায় আরেকদল কর্মী 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র' বলে পরিচয় দিয়ে প্রচার শুরু করেছিলেন। ২৭শে মার্চ এই কেন্দ্র থেকে মেজর (বর্তমান লেঃ কর্নেল) জিয়াউর রহমান জাতির জনক বঙ্গবন্ধুর পক্ষে বাংলার স্বাধীনতা ঘোষণা করেছিলেন।

এই কেন্দ্র থেকেই ২৮শে মার্চ মুক্তিযোদ্ধারা অতর্কিত হামলা চালিয়ে ঢাকায় টিক্কা খানকে হত্যা করেছে বলে প্রচার করা হয়। সত্য না হলেও জনগণের হৃদয়ে আশা ও উদ্দীপনা সঞ্চারের জন্য বেতার কর্মীরা সুপরিকল্পিতভাবে এ কাজ সেদিন করেছিলেন।

দুই ভাগে বিচ্ছিন্নভাবে এজন্য প্রচেষ্টা চলেছিল। প্রথম দিনে দুপুরে সামান্যক্ষণ অনুষ্ঠান প্রচারকালে গণ-পরিষদ সদস্য জনাব এম, এ, হান্নান হানাদারদের রুখে দাঁড়াবার আহ্বান জানিয়ে ভাষণ দিয়েছিলেন। আর এই অনুষ্ঠান প্রচারে সহযোগিতা করেছে চট্টগ্রাম বেতারের ইঞ্জিনিয়ার মীর্জা নাসির, জনাব আবদুস সোবহান, চট্টগ্রাম কাস্টম বিভাগের জনাব আবদুল হালিম, একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানের কর্মকর্তা জনাব এম, এ, মাসেম প্রমুখ।

সেদিন সন্ধ্যায় দ্বিতীয় অনুষ্ঠান প্রচারের সাথে জড়িত বেতার কর্মিগণ ৩০শে মার্চ পর্যন্ত চট্টগ্রাম থেকে এই প্রচার চালু রেখেছিলেন। সেসব বেতার কর্মীর অনেকেই শেষ পর্যন্ত মুজিবনগর থেকে প্রচারিত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে কাজ করেছেন।

আগ্রাবাদ আবাসিক এলাকার ডাঃ সৈয়দ আনোয়ার আলীর বাসভবনে জমায়েত হয়েছিলেন দেশপ্রেমিক কয়েকজন ব্যক্তি। নেপথ্যে শুরু হয়েছিল অপর প্রচেষ্টা। ওয়াপদার ইঞ্জিনিয়ার জনাব আসিকুল ইসলামের গাড়ীতে (চট্টগ্রাম ট-৯৬১৫) সেদিন ডাঃ আনোয়ার আলী, জনাব ইসলাম, ইঞ্জিনিয়ার দিলীপ চন্দ্র দাস, চট্টগ্রাম বেতারের ঘোষিকা কাজী হোসনে আরা সবাই ছুটে গিয়েছিলেন আগ্রাবাদস্থ ব্রডকাস্টিং হাউসে। আরেকদিক থেকে চট্টগ্রাম বেতারের কর্মী জনাব বেলাল মোহাম্মদ, জনাব আবুল কাসেম সন্দ্বীপ, জনাব মাহবুব হাসান একই প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে ব্রডকাস্টিং হাউসে পৌঁছেন। সমবেত প্রচেষ্টার ফল ফলে সেদিন সন্ধ্যায়।

সেই কর্মীদের দল আবার একত্রে কালুরঘাট পৌঁছেন। খবর পেয়ে কাজে যোগ দিয়েছিলেন টেকনিশিয়ান ও প্রোগ্রাম প্রডিউসার কয়েকজন।

রাত সাড়ে সাতটার দিকে ট্রান্সমিশন কেন্দ্রের একটি কক্ষকে স্টুডিও হিসাবে ব্যবহার করে জনাব আবুল কাসেম সন্দ্বীপের কণ্ঠে ঘোষণার মাধ্যমে শুরু হয় মুক্তির নবতম হাতিয়ারের ব্যবহার।

প্রথমেই বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণা করে টেলিগ্রামের বাংলা ও ইংরেজী তর্জমা প্রচার করা হয়েছিল। ইংরেজী থেকে তর্জমা করেছিলেন ডঃ মঞ্জুলা আনোয়ার। ইংরেজীতে ঘোষণাটি পড়েছিলেন ইঞ্জিনিয়ার জনাব আশিকুল ইসলাম। এই ঘোষণায় বাঙালী জাতি উদ্বুদ্ধ হয়নি শুধু- বাঙ্গালী জাতি যে স্বাধীন হবেই সে আশায় উদ্দীপ্ত হয়েছিল।

আধ ঘণ্টার মত প্রচারকালে আওয়ামী লীগ নেতা জনাব হান্নান ও বয়োবৃদ্ধ কবি আবদুস সালাম কথিকা পাঠ করেছেন। সেদিনের ঘোষণায় কণ্ঠ দিয়েছেন কাজী হোসনে আরা।

৩০শে মার্চ পর্যন্ত বেতার কর্মীরা অনিয়মিত হলেও অনুষ্ঠান প্রচার করেছেন। ৩০শে মার্চ হানাদার বাহিনী বাংলাদেশে প্রথম বিমান হামলা চালায়। আর তা ছিল কালুরঘাট বেতার কেন্দ্রে। স্যাবর বিমান থেকে রকেট নিক্ষেপ করে স্তব্ধ করে দিতে চেয়েছিল ইথারের ভাষা।

পরে বেতার কর্মীরা স্থান ত্যাগ করার সিদ্ধান্ত নেন। ধীরে ধীরে তখন মুজিবনগরে গড়ে উঠছিল 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র' চট্টগ্রামের বীর সন্তানদের পথ ধরেই। সেদিনের অনেক কর্মী পরে সেখানে যোগ দেন।

চট্টগ্রামের বিদ্রোহী বেঙ্গল রেজিমেন্টের প্রায় পঞ্চাশজন যোদ্ধা বেতার কেন্দ্র রক্ষার দায়িত্বে থেকে সেই কয়দিন অক্লান্ত প্রচেষ্টা চালিয়েছেন অনুষ্ঠান চালু রাখার।

'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র' থেকে তখনকার অনুষ্ঠান প্রচারে জড়িত ছিলেন এ ছাড়াও প্রোগ্রাম প্রডিউসার জনাব আবদুল্লাহ-আল-ফারক ও জনাব মোস্তফা আনোয়ার, বেতার ইঞ্জিনিয়ার সৈয়দ আহমদ শাকের, টেকনিক্যাল এসিসট্যান্ট জনাব রশিদুল হাসান ও জনাব আমিনুর রহমান, টেকনিক্যাল অপারেটর জনাব রেজাউল করিম চৌধুরী, জনাব শরফুজ্জামান ও কাজী হাবিবউদ্দিন আহমদ।

সক্রিয়ভাবে সাহায্য করেছেন জনাব এ, কে খানের দুই ভাইপো সেকান্দর ও হারুন।

অন্যান্য ভূমিকা পালন করেছেন। মেকানিক শফুর। প্রথমে ড্রাইভার হিসেবে চাকুরী নিয়েছিলেন তিনি। কিন্তু পরে অভিজ্ঞতার জন্য মেকানিক হিসেবে নিয়োজিত হয়েছিলেন। শত অনভিজ্ঞতা সত্ত্বেও তার অদম্য প্রেরণা ও প্রচেষ্টায় একদিন অনুষ্ঠান প্রচার সম্ভব হয়েছিল।

[-দৈনিক 'পূর্বদেশ,' ১৫ ডিসেম্বর, ১৯৭২]

২, বেতার-মুক্তি সংগ্রামে*

বেলাল মোহাম্মদ

এই তথ্য-নিবন্ধ নির্মাণোদ্যত হয়ে প্রথমেই যে বিবেচনা বোধ করছি, তা হচ্ছে, ইতিহাস দুই কারণে বিকৃত হতে পারে। এক, প্রণেতার স্মৃতি বিপত্তি, যার কারণ কালবিলম্ব না করে লিপিবদ্ধকরণের পরিবেশের অপ্রতুলতা। দুই, অবস্থা গতিকে না ব্যক্তিগত দলগত স্বার্থে কোনো কোনো তথ্য গোপন বা অব্যক্ত আবশ্যকতা। এই শেষোক্ত কারণে অনেক সময় কোন বক্তব্য বিষয়কে বিকৃত না করলেও সীমাবদ্ধতা দিয়ে ক্ষুন্ন করতে পারে বেশ খানিকটা, অনেক কথাই স্মৃতিতে অম্লান হওয়া সত্ত্বেও সর্বমুহূর্তে প্রকাশ করা যায় না।

গোড়াতেই সবিনয়ে একটি কতা বলে রাখতে চাই, যে বিষয়ের আমি প্রত্যক্ষ কর্মবিবরণ লিপিবদ্ধ করতে বসেছি, আমার সহকর্মীরা অনেকেই বর্তমান আছেন যারা এটি পাঠ করবেন এবং আমার ভ্রমের জন্য বা দৃষ্টি বৈচিত্র্য ও উপলব্ধির বিভ্রমের জন্য তাদের কারো কাছে এখানে বর্ণিত কোনো তথ্যকে অস্বস্তিকর আপত্তিকর বিবেচিত হলে তা যেন ব্যক্তিগত ভুল বোঝাবুঝির বা অসন্তুষ্টির কারণ না হয়ে দাঁড়ায়। বস্তুত সবচেয়ে বড়ো সমস্যা হচ্ছে একজন সাংবাদিক যখন কোন সংবাদ সরঞ্জাম প্রত্যক্ষদর্শী হিসেবে সংগ্রহ করেন, তখন তিনি ঘটনা পরম্পরার সঙ্গে স্বয়ং জড়িত না হয়ে তৃতীয় ব্যক্তিত্বের ভূমিকা গ্রহণ করেন। কিন্তু বাংলাদেশের মুক্তি সংগ্রামের পটভূমিকা লিখতে গিয়ে আমরা স্বকীয় নগণ্য প্রয়াসকে ও সামগ্রিক সংগ্রামসূচী ও সংগ্রামী কার্যক্রমের সংগে সংযুক্ত করতে বিশেষভাবে প্রলুব্ধ হই। এটি একটি সংগ্রামী জাতির অস্তিত্বের সংগে একটি ব্যক্তিজীবনের কর্মময়।

---

*একই শিরোনামে ১৯৭৮ সালের ১৬ ডিসেম্বর তারিখে 'বেতার বাংলা'র বিজয় দিবস সংখ্যায় প্রকাশিত বেলাল মোহাম্মদ-এর প্রতিবেদন দ্রষ্টব্য।

অস্তিত্ব রক্ষার আত্মপরিচয়মূলক সহজাত এবং নির্দোষ ঔৎসুক্য। অনুরূপ মানসিকতার প্রাবল্যে আমাদের ন'মাসকালের দেশ রণাঙ্গনের যাবতীয় কথা প্রায়ই হয়ে দাঁড়ায় আত্মকথা।

বর্তমান সময়ে সঙ্গত কারণেই আমরা সবাই অসম্ভব রকম জাতীয় সঙ্কীর্ণতায় আক্রান্ত বলেই নিবন্ধের গৌরচন্দ্রিকা আকারে এতো কথা বলতে হলো।

এবার আরম্ভেরও প্রারম্ভিক হিসেবে বলতে হচ্ছে, একটা বিষয় রহস্যাবৃত থাকা পর্যন্ত তাই নিয়ে বিচিত্র বিক্ষিপ্ত জল্পনা-কল্পনারও যেমন অবকাশ আছে, তেমন অবকাশ আছে নানা রকম রটনার এবং নানা জনের ব্যক্তিগত কৃতিত্ব প্রকাশের সুযোগ-সুবিধার।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রতিষ্ঠার বিষয়টি ইতিমধ্যেই একটি বহুবিতর্কিত জটিল প্রসঙ্গ হয়ে দাঁড়িয়েছে। এ বিষয়ে একজন নগণ্য বেতার কর্মী হিসেবে আমার সর্বসময়ের বক্তব্য হচ্ছে, স্বধীন বাংলা বেতার কেন্দ্র প্রতিষ্ঠার একক কৃতিত্ব কারুরই নেই। অনেকেই মুক্তিযুদ্ধের সূচনাকালে এ ব্যাপারে চিন্তা-ভাবনা করতে পারেন। তবে একথা নির্দ্বিধায় বলা যায় বেতার বিভাগীয় কর্মীরাই আলোচ্য কেন্দ্রটি চালু করেছেন- সেটা স্বেচ্ছাপ্রণোদিত হয়েই হোক কিংবা হোক রাজনৈতিক কর্মীদের প্রভাবে বা সহযোগিতায়। কেননা, বেতার মাইকের সামনে শব্দনিক্ষেপণ এবং শব্দকে ইথারে উৎক্ষেপন এই দুই কর্মই বেতারের অনুষ্ঠান ও প্রকৌশল বিভাগীয় কর্মীগণ ছাড়া আর কারো পক্ষে সম্ভব নয়। এছাড়া ২৫শে মার্চ, ৭১- এর পূর্বহ্নে বঙ্গবন্ধু আহূত অসহযোগ আন্দোলনের প্রভাবে আমাদের বেতার কেন্দ্রগুলো দখলদার সরকারের সঙ্গে সত্যিকার অসহযোগিতা প্রদর্শনে উদাহরণ সৃষ্টি করেছিল- তারই নির্দশন হচ্ছে 'রেডিও পাকিস্তান'- নাম ঘোষণাটি সম্পূর্ণ বর্জন করে প্রত্যেক আঞ্চলিক কেন্দ্র নিজ নিজ আঞ্চলিক নাম ঘোষণা শুরু করেছিল, যেমন, ঢাকা বেতার কেন্দ্র, চট্টগ্রাম বেতার কেন্দ্র ইত্যাদি। প্রত্যেক বেতার কেন্দ্রেই প্রতিষ্ঠিত হয়ে ছিল বাঙালী কর্মীদের সমন্বয় সংগ্রাম কমিটি। বঙ্গবন্ধুর ঐতিহাসিক রেসকোর্স ময়দানের ভাষণটি চট্টগ্রাম বেতার কেন্দ্র থেকেই প্রথম ৭ই মার্চ সন্ধ্যা সাড়ে সাতটায় প্রচার করা হয়েছিল। অসহযোগ আন্দোলন চলাকালে ১৫ই মার্চ, ৭১ স্থানীয় লালদীঘির ময়দানে অভিনীত গণনাটক মমতাজউদ্দীনের রচিত 'এবারের সংগ্রাম'- এর রেকর্ড ১৭ই মার্চ চট্টগ্রাম বেতার থেকে বাজানো হয়েছিল। বেতার তথা সরকারী কর্মচারীদের কানে নিত্যই বাজাতো একটি বজ্রকণ্ঠের বাণীঃ বাঙালীর স্বার্থবিরোধী কোনো কাজ তোমাদের করতে বলা হলে তোমরা অফিস বন্ধ করে দেবে।

ঠিক তা-ই করেছিলাম ২৬শে মার্চ, ৭১ সকালবেলা চট্টগ্রাম বেতারের কর্মীরা। প্রথম অধিবেশনের শেষাংশে যে মুহূর্তে বেতারের তখনকার প্রাদেশিক অনুষ্ঠানের সামরিক প্রশাসক প্রবর্তিত বিধানের প্রারম্ভিক ঘোষণা প্রচার করা হয়েছিল সেই মুহূর্তে উপস্থিত সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। আমাদের কর্মীরা বেতার ভবন ছেড়ে বেরিয়ে পড়েছিলেন।

তার পরের ঘটনাগুলো অসম্ভব রকম স্বতঃস্ফূর্ত, অসম্ভব রকম বিচিত্র-বিক্ষিপ্ত। বিচিত্র কি, তখন আমাদের অনুষ্ঠানের শ্রোতারাও এরকম কিছু একটা ভাবতে পারেন, এখন যদি বেতারের বাঙালিদের সংগ্রামের সপক্ষে কিছু প্রচার করা যেতো।

বস্তুতঃ অনুরূপ চিন্তা-ভাবনা থেকেই চট্টগ্রাম বেতারের ট্রান্সমিটারে বিভিন্ন পর্যায়ে একই দিনে ২৬শে মার্চ, ৭১ তিনবার স্বল্পকাল স্থায়ী তিনটি অধিবেশন প্রচারিত হয়। একবার বেলা ২ টা বেজে ৭ মিনিট আর একবার সন্ধ্যা ৭ টা বেজে ৩৫ মিনিটে এবং আর একবার রাত ১০ টায়। বস্তুতঃ এই তিনটি ঘটনাই অসম্ভব রকম বিক্ষিপ্ত এবং এগুলোর উদ্যোগ-আয়োজনও ছিল প্রকৃতপক্ষে স্বতঃস্ফূর্ত- দেশে দখলদার সামরিক বাহিনীর আকস্মিক আক্রমণাত্মক তৎপরতার বিরুদ্ধে যেমন সেদিন সর্বত্র গড়ে উঠেছিল জনগণের স্বতঃস্ফূর্ত প্রতিরোধ, এগুলোও ঠিক তেমনি।

দ্বিপ্রহরের অধিবেশনটির আমি প্রত্যক্ষদর্শী বা শ্রোতা নই। কিন্তু পরবর্তীকালে জেনেছিলাম, সেটির উদ্যোক্তা ছিলেন চট্টগ্রাম জেলা আওয়ামী লীগের তৎকালীন সাধারণ সম্পাদক জনাব এম এ হান্নান। তিনি ও তার দলের সহকর্মীরা আমাদের কয়েকজন প্রকৌশলীকে নিজেদের প্রভাব খাটিয়ে ট্রান্সমিটার ভবনে নিয়ে গিয়েছিলেন এবং ট্রান্সমিটার চালু করিয়েছিলেন। অধিবেশনটিতে ঘোষণা হিসেবে জনাব হান্নানের নাম ও বঙ্গবন্ধুর পক্ষ থেকে জাতির উদ্দেশে ভাষণদানের কথা উল্লেখ করা হয়েছিল এবং জনাব হান্নান বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণা প্রসঙ্গে পাঁচ মিনিট ভাষণ প্রচার করেছিলেন। অধিবেশনের স্থিতিকালও ছিল ছয় থেকে সাত মিনিট।

জনাব হান্নানের প্রভাবে যেসব বেতারকর্মী/প্রকৌশলী ট্রান্সমিটার চালু করেছিলেন, তাঁর পরে আর এমুখো হননি-অধিকন্তু পরবর্তীকালে পাকিস্তান বেতারে কাজ করেছিলাম।

সন্ধ্যা৭টা বেজে ৩৫ মিনিটে যে অধিবেশন প্রচার করা হয় সেটার উদ্যোক্তা পরিচালক ছিলাম আমি। 'স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র' নামটি আমিই অন্যতম সহকারী আবুল কাসেম সন্দ্বীপের সঙ্গে আলোচনাক্রমে স্থির এবং অনুমোদন করেছিলাম।

২৬ শে মার্চ, ৭১ সকালবেলা সহসা যখন চট্টগ্রাম বেতার কেন্দ্র নীরব হয়ে গিয়েছিল, তখন আমি ছিলাম এনায়েত বাজারে দন্তচিকিৎসক মোহাম্মদ শফীর বাড়িতে। তখনই আমার মনে এসেছিল, এখন যদি কিছু একটা করা যেতো! যেটা একজন অসহযোগকারী বাঙালীর জন্যে অত্যান্ত স্বাভাবিক, আগেই বলেছি। মনের কথাটা সে মুহূর্তে আমি শুধু বেগম মুশতারী শফীকে বলেছিলাম- তিনি উৎসাহ দিয়েছিলেন।

প্রথমেই আমি গিয়েছিলাম স্টেশন রোডের রেস্ট হাউসে আওয়ামী লীগ অফিসে- নেতৃবৃন্দের অনুমোদন নিয়ে যদি পরিকল্পনাটি বাস্তবায়িত করা যায়। পরিচিত কারো সঙ্গেই সেখানে আমার দেখা হয়নি। আমি শুধু নিজের নাম-পরিচয় দিয়ে সেখানে অন্যভাবে অসম্ভব রকম কর্মব্যস্ত দু'একজন কর্মীর দৃষ্টি আকর্ষণ করার প্রয়াস করেছিলাম। তখন সেখানে অস্ত্র বিতরণ করা হচ্ছিল। সেখানেই দেখা হয়েছিল অধ্যাপক মমতাজউদ্দীনের সঙ্গে। মমতাজ আমার প্রস্তাব/ পরিকল্পনা শুনেই নির্দ্বিধায় সহযোগী হয়েছিলেন এবং নিজেন প্রভাবে আওয়ামী লীগ কর্মী এডভোকেট রফিকের কাছ থেকে একখানা জীপ চেয়ে নিয়েছিলেন। আমাদের প্রাথমিক প্রস্তুতি প্রসঙ্গটি ছিল আগ্রাবাদ বেতার ভবন এবং কালুরঘাট ট্রান্সমিটার ভবন এ দুটি এলাকাকে পর্যপ্ত সংখ্যক সশস্ত্র স্বেচ্ছাসেবক বা বাঙালী সৈন্য সমাবেশে সংরক্ষিত করা। আমরা দুজন জীপে করে রেলওয়ে বিল্ডিং- এর পাহাড়ে ইপিআর হেড কোয়ার্টার্সে কমাণ্ডার রফিকের কাছে গিয়েছিলাম। তখন বেলা ২ টা। কমাণ্ডার আধ ঘণ্টার মধ্যে বেতার ভবনে ২০ জন এবং ট্রান্সমিটারে ১৫ জন ইপিআর পাঠিয়ে দেয়ার আশ্বাস দিয়েছিলেন। আশ্বাস্ত হয়ে আমার রাবেয়া খাতুন লেনে মাহবুব হাসানের বাড়ীতে গিয়েছিলাম। মাহবুব হাসান বেতার নাটকের শিল্পী- প্রযোজক হিসেবে চট্টগ্রাম বেতারের সঙ্গে দীর্ঘদিন ধরে সংশ্লিষ্ট, আমাদের প্রকৌশলীদের অনেকের সঙ্গেই তার বন্ধুত্ব। তার সহায়তায় প্রকৌশলিক প্রস্তুতি সম্পাদন আমার উদ্দেশ্য ছিল।

এবার আমরা তিনজন জীপে করে চকবাজার এলাকার বাসিন্দা আমাদের বেতারের দুজন প্রকৌশলীর কাছে গিয়েছিলাম। তারা শর্ত আরোপ করেছিলেনঃ তারা কাজ করবেন, তবে এক, আঞ্চলিক প্রকৌশলীর লিখিত অনুমতি নিতে হবে অথবা দুই, এমন একটা পরিবেশ সৃষ্টি করতে হবে যেন তারা বাধ্য হয়ে প্রস্তাবিত কাজটি করেছিলেন- অনিশ্চিত ভবিষ্যতে যেন তাদের বিপদ না হয়। বেশ তো! দ্বিতীয় শর্তে আমরা মেনে নিয়েছিলাম। কেননা তখন যে কোন মুহূর্তে কমাণ্ডার রফিকের বাহিনী এসে পড়বে বলে আমরা আশা করেছিলাম।

প্রকৌশলী দুজনকে ট্রান্সমিটার ভবনে নামিয়ে দিয়ে আমারা তিনজন বেতার ভবনের উদ্দেশ্যে যাত্রা করেছিলাম। পথে কলেজ রোডে পৌঁছে মমতাজউদ্দীন বললেনঃ আচ্ছা, ভালো কথা, আমরা কিন্তু কি প্রচার

করবো সেটা একটুও চিন্তাভাবনা করছি না। এক কাজ করা যাক আমি এখানেই নেমে পড়ি এক্সটেম্পোর (তাৎক্ষণিক) কিছু বলতে পারবেন এরকম দু-একজনকে সঙ্গে নিয়ে শিগগিরিই আগ্রাবাদ গিয়ে আপনাদের সঙ্গে মিলিত হচ্ছি।

সেদিন মমতাজউদ্দীন আর আমাদের সাথে যোগাযোগ রক্ষা করতে পারেননি। এখন আমি আর মাহবুব হাসান- আমরা আগ্রাবাদ রোডে জেকস এর সামনে এসে জীপ ছেড়ে দিয়েছিলাম- গাড়ী আর যাবে না, এখানে ছিল ব্যারিকেড। হেঁটে জনশূন্য বেতার ভবনে পৌঁছেই মাহবুব হাসান কন্ট্রোল রুমের সুইচ অন করেছিলেন। এমন সময় টেলিফোন। ট্রান্সমিটার থেকে প্রকৌশলী বন্ধুরা মাহবুব হাসানকে জানিয়েছিলেন তারা অনুষ্ঠান 'এয়ার'-এ দিতে পারবেন না। কেননা ইতিমধ্যেই তারা আঞ্চলিক প্রকৌশলির সঙ্গে যোগাযোগ করেছেন। তিনি সম্মতি দেননি- কাজেই তারা ট্রান্সমিটার ভবন ছেড়ে চলে যাচ্ছেন। আমি টেলিফোন ধরলাম। বলেছিলাম আপনারা একটু অপেক্ষা করুন, আপনাদের দুই শর্তের একটি কর্যকারী হবে।

মাহাবুব হাসান আঞ্চলিক প্রকৌশলীর বাসার নম্বরে ডায়াল করে রিসিভার আমাকে ধরিয়ে দিয়েছিলেন। আঞ্চলিক প্রকৌশলী ঠিক এ কথাটি বলেছিলেন। বেলাল সাহেব আমাকে কেন জড়াচ্ছেন। বেতার কেন্দ্রে আমি তো দু'নম্বর। আপনি বরং নাজমুল আলম সাহেবের পারমিশন নিন। দুপুর বেলা হান্নান সাহেব জোর করে নিয়ে গিয়ে আমাদের হাতে কাজ করালেন, তার জন্য কি যে বিপদ আসে, আমি সত্যি ভয় পাচ্ছি।

আমি বলছিলাম- আর ডি সাহেবের বাসায় তো টেলিফোন নেই, ওর সঙ্গে কি করে যোগাযোগ করবো। তিনি বললেনঃ আলম সাহেব এখন আর ডি কাহহার সাহেবের বাসায়। ওখানে টেলিফোন করুন।

ঠিক সে সময় আমার খোঁজে এনায়েতবাজার থেকে আবুল কাসেম সন্দ্বীপ ও আবদুল্লাহ আল ফারুক বেতার ভবনে এসে পৌঁছেছিলেন। জনাব কাহহারের বাসায় টেলিফোন করে আমি কাসেমকে কথা বলতে দিয়েছিলাম। নাজমুল আলম সাহেব ওখানে আছেন কিনা এটাই জেনে নিতে বলেছিলাম। ওদিক থেকে এই অনুসন্ধানের কারণ জানতে চাওয়া হলে কাসেম আমার কথা বলেছিলেন। স্বাভিকভাবেই রিসিভার আমার হাতে এসে গিয়েছিল।

নাজমুল আলমের সঙ্গে আলোচনা করে আবদুল কাহহার আমাকে যা বলেছিলেন, তা সক্ষেপে, বেতার ভবন বন্দরে নোঙ্গ করা পাকিস্তনী যুদ্ধজাহাজ 'বাবর' সোয়াত-এর শেলিং এর আওতায় যে কোন মুহূর্তে শত্রুকবলিত হতেপারে। উত্তম হবে কালুরঘাট ট্রান্সমিটারের ক্ষুদে স্টুডিওটি ব্যবহার করা- সেটি শহর থেকে বেশ দূরে- সে এলাকার পতন শীঘ্র হবার কারণ নেই। এ ছাড়া একযোগে দুটি ঘর রক্ষা করার জন্যে বাড়তি প্রস্তুতি অবশ্যক। ট্রন্সমিটার ভবনটি ব্রডকাস্টিং পারপাস-এ স্বয়ংসম্পূর্ণ।

এবারে মাহবুব হাসান, আবুল কাসেম স্বন্দ্বীপ, আবদুল্লাহ আল ফারুক আর আমি কন্ট্রোল রুম থেকে বেড়িয়ে এসেছিলাম। গাড়ি বারান্দায় আমাদের একজন মহিলা ঘোষিকা- তিনি একজন ভদ্রলোককে দেখিযে বলেছিলেনঃ বেলাল ভাই, ইনি আমার চাচা ডাক্তার আনোয়ার- আওয়ামী লীগের একজন কর্মী।

ডাক্তার আনোয়ার বলেছিলেনঃ আচ্ছা আপনারা বেতার চালু কার কি প্রচার করবেন, ঠিক করেছেন?

আমি বলেছিলামঃ আগে চালু করার ব্যবস্থা করি, তারপর যা মুখে আসে বলবো। কথা তো সেই একটা, আমরা স্বধীন।

তিনি সাইক্লোস্টাইল করা একটি ক্ষুদ্রকার ঘোষণাপত্র আমার হাতে দিয়ে বলেছিলেনঃ এটা দেখুন তো দুই বা তিন বাক্যবিশিষ্ট বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণাপত্র। পড়েই আমি উল্লসিত হয়েছিলাম। বলেছিলামঃ ভালোই হলো এটা দিয়েই অধিবেশন শুরু করা হবে, আর এরই ভিত্তিতে প্রচার করা হবে সকল বক্তব্য।

আমি টুকরো কাগজখানা পকেটে নিয়েছিলাম। তারপরই বেরিয়ে এসেছিলাম ডাক্তার আনোয়ারকে বিন্দুমাত্র সৌজন্য প্রদর্শন না করে।

জেকস্-এর সামনে এসেই খেয়াল হয়েছিল আমাদের গাড়ী নেই। এখন উপায়! উদ্ধার করেছিলেন ডাক্তার আনোয়ার- তিনিও আমাদের সঙ্গে সঙ্গে এসে গিয়েছিলেন, সঙ্গে ঘোষিকা হোসনে আরা। ডাক্তার আনোয়ার বলেছিলেনঃ কালুরঘাট যাবেন তো আসুন আমার গাড়ীতে।

মাহবুব হাসানের মাথায় তখন অন্য চিন্তা।

ট্রান্সমিটার ভবনে অবস্থানরত প্রকৌশলী বন্ধুরা তো তাদের শর্ত পূরণ ছাড়া সহযোগিতা দেবেন না। দেখা যাক আঞ্চলিক প্রকৌশলীকে বাধ্য করে এখান থেকে একটা টেলিফোন করিয়ে দেয়া যায় কিনা। আমরা আগ্রাবাদ কলোনীতে আঞ্চলিক প্রকৌশলীর বাসায় গিয়েছিলাম- তিনি প্রথমে ক্ষমা চেয়ে পরে চাপে পড়ে বলেছিলেনঃ আচ্ছা, আমি টেলিফোনে বলে দিচ্ছি, আপনারা যান।

রাস্তায় ইতিমধ্যে কবি আবদুস সালাম আমাদের গাড়ীতে এসে উঠেছিলেন। বললেনঃ নাতী বেলাল, আমাকে তোদের সঙ্গে নিয়ে যা। আমি-এই-দেখ্-একটা কথিকা লিখছি-দু'পাতা লেখা হয়ে গেছে, এটা প্রচার করবো। তুই দেখে দিস।

মাহবুব হাসান বলেছিলেনঃ দেখুন, আর-ই সাহেব আসলে, ট্রান্সমিটারে আদৌ ফোন করবেন না। এদিকে বিনা পারমিশনে ওঁরা দুজন কাজ করবেন না। আমি বরং এক কাজ করি- আমি স্টেশন রোডে আওয়ামী লীগ অফিসে যাই। কয়েকজন স্বেচ্ছাসেবক নিয়েই এসে পড়বো। আপনারা এ গাড়ীতে যান।

মাহবুব হাসান আর আমাদের সংগে যোগদান করতে পারেননি- শুধু দু'দিন পরে একবার টেলিফোনে যোগাযোগ করেছিলেন।

কালুরঘাটগামী মোটর গাড়ীতে আমরা তখন ছ'জন- হোসনে আরা, ডাক্তার আনোয়ার, কবি আবদুস সালাম, কাসেম, ফারুক ও আমি। ট্রান্সমিটার ভবনের গেটের কাছেই আমি একরকম লাফ দিয়ে গাড়ী থেকে নেমে পরেছিলাম। কেননা, দেখতে পেয়েছিলাম, প্রকৌশলী বন্ধু দু'জন ততোক্ষণে বেরিয়ে এসে রিকশায় উঠেছেন। রিকশা আগলে দাঁড়িয়ে গিয়েছিলাম-বলেছিলামঃ আর-ই সাহেব পারমিশন দিয়েছেন (?) এবং স্বেচ্ছাসেবকরাও এসে পড়বেন মাহবুব হাসানের সংগে। আপনারা দয়া করে চলে যাবেন না।

ওরা বলেছিলেনঃ আর-ই সাহেবের সংগে আমাদের টেলিফোনে আলাপ হয়েছে, তিনি বলেছেন কিছু করলে নিজের দায়িত্বে করবেন। দেখুন, আমাদের চাকরি থাকবে না।

ডাক্তার আনোয়ার সমস্যাটি উপলব্ধি করেছিলেন এবং দ্বিতীয় ও শেষবারের মতো পরম আনুকূল্য দিয়েছিলেন। তিনি কাছাকাছি কোনো গ্রামীণ অস্থায়ী ছাউনী থেকে কয়েকজন সশস্ত্র জোয়ানকে নিয়ে এসে সাময়িকভাবে ট্রান্সমিটারে মোতায়েন করার উপস্থিত ব্যবস্থা করেছিলেন- বাধ্যবাধকতার পরিবেশ সৃষ্টি হয়েছিল। প্রকৌশলী বন্ধুদের দেয়া একটি শর্ত পূরণ করা গিয়েছিল।

কেন্দ্রের নাম ও প্রথম ঘোষণাপত্রটি আমি লিখেছিলাম ট্রান্সমিটার ভবনের অফিসকক্ষে বসে। এমন সময় টেলিফোন বেজে উঠেছিল। আমি 'হ্যালো' বলতেই ওদিক থেকে দ্রুত এবং চাপা কণ্ঠে উচ্চারিত হয়েছিলঃ বেলাল সাহেব, দেরী করছেন কেন? এখন তো প্রায় সাড়ে সাতটা-যা পারেন প্রচার শুরু করুন। লোক এখন

রেডিওর কাঁটা ঘোরাচ্ছে- আটটা বাজলেই কিন্তু আকাশবাণীর খবর শুনবে সবাই। আপনাদেরটা আর কেউ শুনবে না।

আমাদের বার্তা সম্পাদক সুলতানা আলী। করেছিলাম তিনি হয়তো ইতিমধ্যে আবদুল কাহহারের কাছ থেকে আমরা কথা জেনেছিলেন। সুলতানা আলী আমাকে প্রচারযোগ্য দুএ'কটি খবরও বলে দিয়েছিলেন।

হোসেন আরাকে আমি কণ্ঠ দিতে দিইনি- কেননা একটি গুপ্ত বেতার কেন্দ্রে আমাদের শ্রোতা সাধারণের জন্যে একটি মহিলাকণ্ঠের ঘোষণা বেমানান ঠেকাতে পারে বলে আমাদের ধারণা হয়েছিল। সেদিন অন্য একজন ঘোষক সেখানে উপস্থিত হয়েছিলেন এবং কণ্ঠ দিয়েছিলেন- সুলতানুল আলম। তবে 'স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র' নাম ঘোষণটি সর্বপ্রথম আমার নির্বাচনক্রমে আবুল কাসেম সন্দ্বীপের কণ্ঠে উচ্চারিত হয়েছিল। আবদুল্লাহ-আল-ফারুক বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণাপত্রটি পাঠ করেছিলেন। কবি আবদুস সালাম কথিকা প্রচার করেছিলেন।

অধিবেশন চলাকালেই এসে উপস্থিত হয়েছিলেন জনাব এম, এ হান্নান। তিনি তাঁর ভাষণের পূর্বাহ্নে নাম ঘোষণা করতে বলেছিলাম। আমি বলেছিলামঃ নাম ঘোষণা না করলেই ভালো হতো, কেননা আমরা শত্রুশ্রোতাদের কাছে যতোটা সম্ভব নিজেদের অবস্থানকে দুর্জ্ঞেয় রাখাত চাই-সহজে যেন ওদের বোমাবর্ষণের টার্গেট নির্ণয় করতে না পারে। রাডারের সাহায্যে ওরা ঠিকই ধরে নেবে- তবে এক-দু'দিন অন্ততঃ তা বিলম্বিত হবে।

জনাব হান্নান দ্বিপ্রহরে স্বনামে ব্রডকাস্ট করার কথা বললে আমি বলেছিলামঃ তখন কেন্দ্রের নামকরণ হয়নি এবং অনুষ্ঠান প্রচারের ধারবাহিকতা পরিকল্পনা ছিল না।

আমার উদ্দেশ্য তিনি অনুধাবন করেছিলেন এবং নাম ঘোষণা ছাড়াই তার মূল্যবান ও সময়োপযোগী ভাষণ প্রচার করেছিলেন।

বেতার ভবন থেকে আমার একটি টেপ হাতে করে নিয়ে এসেছিলাম। তাতে অসহযোগ আন্দোলনের সময়ে রেকর্ডকৃত ও প্রচলিত গণসঙ্গীত এবং রবীন্দ্রসঙ্গীতের সুরে গীটার বাদ্য ছিল- সেই টেপটিও এই অধিবেশনে বাজানো হয়েছিল।

আনুমানিক আধঘণ্টা স্থায়ী অধিবেশন শেষে বাইরে এসে আমরা ডাক্তার আনোয়ার ও তাঁর সৌজন্যে মোতায়েনকৃত জোয়ানদের কাউকে আর দেখতে পাইনি। জনাব হান্নানও তার ভাষণ প্রচারের পর চলে গিয়েছিলেন। প্রসঙ্গতঃ ডাক্তার আনোয়ারকে এরপর আর কোন দিনই বেতারকেন্দ্রে দেখতে পাইনি এবং হোসনে আরা পরবর্তীকালে পাকিস্তান বেতারে কাজ করেছিলেন।

আমি, কাসেম ও ফারুক পায়ে হেঁটে রাত সাড়ে দশটায় এনায়েতবাজারে ফিরে এসেছিলাম্ পথটি ছিল ৭/৮ মাইল। (অংশ)

-দৈনিক 'আজাদী,' ২৬ মার্চ, বিশেষ সংখ্যা, ১৯৭

৩. স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের জন্মকথা

মেসবাহ আহমেদ

.....বাংলাদেশে ২৬শে মার্চের সূর্যোদয় হল রক্তস্নানের মধ্য দিয়ে। ইথারে ক্ষীণ কণ্ঠস্বর ভেসে এল ''স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র''! ঐ সময় স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান শুনে মনে হয়েছিল এ একটি অল্প বিদ্যুৎ শক্তি সম্পন্ন কেন্দ্র। তখনো জানা যায়নি কে বা কারা এই অসমসাহসী যোদ্ধা যাদের উদ্যোগে বাংলার সাড়ে সাত কোটি মানুষের আশা-আকাংক্ষা ও সুখ -দুঃখ-কান্নার কথা প্রথম বাতাসে ধ্বনিত হল। অবশ্য পরে আমরা এদের সন্ধান পেয়েছি।

শত্রুসৈন্য চট্টগ্রাম বেতার কেন্দ্র দখল করাবার পর এই বেতার কেন্দ্রের অন্যতম বেলাল মোহাম্মদের পরিচালনায় দশজনের একটি দল চট্টগ্রাম থেকে সরে গিয়ে কালুরঘাট এক কিলোওয়াট শক্তিসম্পন্ন ট্রান্সমিটার প্রথম স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্রের অনুষ্ঠান প্রচার করে। এই দলে ছিলেন রেডিও ইঞ্জিনিয়ার আবদুস সাকের, রাশেদুল হাসান, আমিনুর রহমান, রেজাউল করিম, শরফুজ্জামান, আবুল কাশেম সন্দ্বীপ, আবদুল্লা-আল-ফারুক, সুব্রত বড়ুয়া ও কাজী হাবিবউদ্দীন। কালুরঘাট পাকিস্তানী সৈন্যদের কবলে এলে পরে তাঁরা বাংলাদেশকে অন্য এক মুক্তাঞ্চল থেকে কিছুদিন অনুষ্ঠান প্রচার করেন।

২৫শে মার্চ রাজশাহী বেতার কেন্দ্রেও কয়েকজন বাঙালী কর্মী আটকা পড়েছিলেন। ২৮শে মার্চ রাজশাহী পুলিশ লাইনে পুলিশ বাহিনী ও ই-পি-আর বাহিনীর প্রচণ্ড আক্রমণে পাক ফৌজ রাজশাহী বেতার কেন্দ্রে পিছু হটতে বাধ্য হয়। একদিন একরাত পর্যন্ত কয়েকজন বেতারকর্মীকে একটি স্টুডিও মধ্যে আটকে রাখা হয়।

মুক্তাঞ্চল থেকে স্বাধীনতার অনুষ্ঠান প্রচারের উদ্দেশ্যে রাজশাহী বেতার কেন্দ্রের কয়েকজন নির্ভীক কর্মী জীবন বিপন্ন করে বেরিয়ে পড়েন বেতার ভবন থেকে। এই দলে ছিলেন অনুষ্ঠান সংগঠক মেসবাহ আহমেদ, অনুষ্ঠান সংগঠক আতাউর রহমান, অনুষ্ঠান প্রযোজক অনু ইসলাম, অনুষ্ঠান প্রযোজক শাহজালাল ফারুক এবং বার্তা সম্পাদক মোহাম্মদ মামুন।

রাজশাহী বেতারের এই কর্মীদল ২রা মে মুজিবনগরে পৌঁছান। দু'চারদিন পরের কথা। তখন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠিত হয়েছে। ইতিমধ্যে রাজশাহী বেতারের অনুষ্ঠান সংগঠক শামছুল হুদা চৌধুরী এসে গেছেন। তাঁকে আমাদের মধ্যে পেয়ে আমরা আরো উৎসাহ পেলাম।

ঢাকা টেলিভিশনের মোস্তফা মনোয়ার এবং জামিল চৌধুরী, প্রখ্যাত চিত্রশিল্পী কামরুল হাসান, বিশিষ্ট সাংবাদিক এম, আর, আখতার এবং চিত্রাভিনেতা হাসান ইমাম ও তখন মুজিবনগনে। বিশিষ্ট ছাত্রনেতা এবং শেখ সাহেবের প্রেস সেক্রেটারী আমিনুল হক বাদশার সংগেও দেখা হল।

আমরা সকলে মান্নান সাহবের সংগে দেখা করলাম

পর পর কয়েকদিন আলোচনা হল। মান্নান সাহেবের পরিচালনায় উচ্চ বিদ্যুৎ শক্তি সম্পন্ন ট্রান্সমিটারযোগে স্বাধীন বাংলা বেতারের অনুষ্ঠান প্রচারের কয়েকটি খসড়া পরিকল্পনা প্রণীত হয়।

ইতিমধ্যে ট্রান্সমিটার সংগ্রহের কাজও শুরু হয়ে গেছে। অনুষ্ঠান প্রচারের জন্য প্রয়োজনীয় কাগজপত্র কেনার জন্য ১৪ই মে মান্নান সাহেব আমাদের শ' দুই টাকা দিয়েছিলেন।

আমি, শামসুল হুদা চৌধুরী এবং ঢাকার পাইওনিয়ার প্রেসের মালিক এম, এ মোহাইমেন এম-পি-এ ঐদিনই প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয় করি।

দু-তিনদিন ধরে আমরা প্রপোজল রেজিস্টার, কণ্ট্রাক্ট রেজিস্টার, কণ্ট্রাক্ট ফরম, আর্টিস্ট রেজিস্টার ইত্যাদি তৈরি করি। এবস কাজে অনু ইসলাম আমাদের যথেষ্ট সহযোগিতা করেণ, যদিও তিনি তখন 'জয়বাংলা' পত্রিকায় কাজ করতেন।

এগিয়ে এল চরম মুহূর্ত। মান্নান সাহেবের প্রচেষ্টায় পঞ্চাশ কিলোয়াট শক্তিসম্পন্ন ট্রান্সমিটার পাওয়া গেল। ঠিক ঐ মুহূর্তে ঢাকা বেতারের সেই নির্ভীক 'তিন কর্মী' আশফাকুর রহমান, তাহের সুলতান এবং টি, এইচ শিকদার মুজিবনগরে এসে পৌঁছেন। তারা এসেই এম-এন-এ তাহের উদ্দীন ঠাকুর এবং আমিনুল হক বাদশার সংগে দেখা করেন। তাদের সংগে ঢাকা থেকে আনীত কিছু মূল্যবান গানের টেপও ছিল।

২৫শে মে, বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের জীবনে বিশেষ করে বাংলাদেশের বেতারকর্মীদের জবিনে একটি গুরুত্বপূর্ণ দিন। ঐদিনই বাংলাদেশের মানুষের আশা-আকাংক্ষা ও দুঃখ-কান্নার শব্দ ধ্বনিত হয় বাতাসে। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র নামে বাংলাদেশের প্রথম আনুষ্ঠানিক বেতার প্রচারে শুরু হল।

কয়েকদিন আবাসিক বাড়ীর সীমাবদ্ধ পরিবেশে ছোট একটি ঘরকে স্টুডিও করে প্রথম অনুষ্ঠান প্রচার শুরু হয়। প্রথম কিছুদিন প্রয়োজনীয় সুযোগ-সুবিধার নিদারুণ অসুবিধার মধ্যেও অনুষ্ঠান প্রচার করতে হয়েছে। পরবর্তীকালে আমরা সে সমস্ত অসুবিধা অনেকটা কাটিয়ে উঠেছিলাম। স্টুডিও অভাব, পর্যাপ্ত রেকর্ডিং সুবিধার অভাব এবং শিল্পী-সাহিত্যেকের ও কথকের অভাবের মধ্যে প্রথম দু'তিন মাস যে কি কষ্টে আমরা অনুষ্ঠান চালিয়েছি তা আজ লিখে শেষ করা যাবে না। ইতিমধ্যে চট্টগ্রাম বেতারের সেই দশজনের দলটিও এসে কাজে যোগ দিয়েছেন।

প্রথম দিকের ঝক্কি খানিকটা কাটিয়ে ওঠার পর অনুষ্ঠান সম্পর্কে সংহত পরিকল্পনা গ্রহণ করা হল। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সমগ্র দায়িত্ব ছিল তথ্য ও বেতার দপ্তরের ভারপ্রাপ্ত এম-এন-এ আবদুল মান্নানের উপর ন্যস্ত।

কিছুদিনের জন্য সেক্রেটারী পর্যায়ে প্রতিরক্ষা দপ্তরের সচিব আবদুস সামাদও অনষ্ঠান সম্পর্কে আমাদেরকে পরামর্শ দিতেন।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের ভেতর অনুষ্ঠান সংগঠন এবং কেন্দ্রের প্রশাসনিক পরিচালক হিসেবে কাজ করেছেন আমাদের সিনিয়র পোগ্রাম অর্গানাইজার শামসুল হুদা চৌধুরী।

সমগ্র অনুষ্ঠানের সাংগঠনিক দায়িত্ব পালন করেছেন আশফাকুর রহমান।

পরবর্তীকালে তথ্য ও বেতার সচিব হিসেবে আনোয়ারুল হক খান আমাদের বিভিন্ন কার্যক্রম তত্ত্বাবধান করেছেন।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান বিভাগে নিয়মিত কর্মী হিসাবে যাঁরা কাজ করেছেন তাঁরা হলেনঃ শামসুল হুদা চৌধুরী, আশফাকুর রহমান, মেসবাহ আহমেদ, বেলাল মোহাম্মদ, তাহের সুলতানা, টি এইচ সিকদার, মোস্তফা আনোয়ার, আশরাফুল আলম, মোহাম্মদ ফারুক, আবদুল্লা-আল-ফারুক, শহীদুল ইসলাম, শামসুদ্দিন আহমেদ, মঞ্জুর কাদের (বাবুল আখতার), আবু ইউনুস প্রমুখ কর্মী।

ইঞ্জিনিয়ারিং বিভাগে কাজ করেছেন আবদুস সাকের, রাশেদুল হাসান, আমিনুর রহমান, রেজাউল করিম, মইনুল হক, প্রণব রায়, মোহাম্মদ মহসিন ও শরফুজ্জামান।

যাদের নিরলস প্রচেষ্টায় সংবাদ বিভাগ সমৃদ্ধ হয়েছে তারা হচ্ছেন কামাল লোহানী, মোহাম্মদ মামুন, সুব্রত বড়ুয়া, মৃণালকৃষ্ণ রায়, আবুল কাশেম সন্দ্বীপ, নূরুল ইসলাম সরকার, আলী রেজা চৌধুরী, পারভীন হোসেন, জাহেদ সিদ্দিকী, শহীদুল হক ও জারিন আহমেদ।

ড্রামা প্রডিউসার ছিলেন রণেন কুশারী ও হাসান ইমাম। ইংরেজী অনুষ্ঠান প্রচারে ছিলেন আলমগীর কবীর ও আলী যাকের।

যেসব শিল্পী, সাহিত্যক ও বুদ্ধিজীবী অনুষ্ঠান সমৃদ্ধির জন্য সহযোগিতার হস্ত প্রসারিত করেছেন, তাদের মধ্যে ডক্টর এ, আর, মল্লিক, সৈয়দ আলী আহসান, ডক্টর মাযহারুল ইসলাম, ডক্টর আনিসুজ্জামান, শওকত ওসমান, গাজীউল হক, আবদুল গাফফার চৌধুরী, রণেশ দাশগুপ্ত, সিকান্দার আবু জাফর, নির্মলেন্দু গুণ, মহাদেব সাহা, কল্যাণ মিত্র, নারায়ণ ঘোষ, সুভাষ দত্ত, জহির রায়হান, সুমিতা দেবী, মাধুরী চট্টোপাধ্যায়, বুলবন ওসমান, আসাদ চৌধুরী, আনু ইসলাম, প্রণব চৌধুরী, রাজু আহমেদ, নূরন্নাহার মযহার, আইভি রহমান, উম্মে কুলসুম, জিল্লুর রহমান, প্রখ্যাত কণ্ঠশিল্প আবদুল জব্বার, অজিত রায়, রথীন রায়, কল্যাণী ঘোষ, আপেল মাহমুদ, স্বপ্না রায়, অনুপ কুমার ভট্টাচার্য, রফিকুল আলম প্রমুখের নাম উল্লেখযোগ্য।

স্বাধীন বাংলা বেতারের কর্মী বলে নয়, একজন সাধারণ শ্রোতা হিসেবে বলতে পারি, এই কেন্দ্র থেকে গত নয় মাসে প্রচারিত প্রায় সব অনুষ্ঠানই উন্নতমানের হয়েছে। বিশেষ করে 'চরমপত্র', 'অগ্নিশিখা,' 'জল্লাদের দরবার', 'পর্যবেক্ষকের দৃষ্টিতে', 'পুতুলনাচের খেল' অনুষ্ঠানসমূহ সবচেয়ে বেশী জনপ্রিয়তা অর্জন করেছে বলে আমার বিশ্বাস। বিশিষ্ট সাংবাদিক এম আর আখাতার 'চরমপত্র' অনুষ্ঠানের লেখক ও প্রচারক। 'জল্লাদের দরবার' লিখতেন প্রখ্যাত নাট্যকার কল্যাণ মিত্র। জল্লাদ, দুর্মুখ, নবাবজাদা, টিটিয়া খান, পিয়জী খান, গর্ভণর এবং বেগমের ভূমিকায় অভিনয় করতেন যথাক্রমে চিত্রাভিনেতা রাজু আহমেদ, চিত্র পরিচালক নারায়ণ ঘোষ, প্রসেনজিৎ আজমল হুদা মিঠু, ফিরোজ ইফতিখার, জহিরুল হক ও বুলবুল মহলানবীশ। মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ অনুষ্ঠানের পরিচালক ছিলেন আশরাফুল আলম। 'ইসলামের দৃষ্টিতে' অনুষ্ঠান প্রচার করে বিশিষ্ট শিক্ষাবিদ ও সাহিত্যক সৈয়দ আলী আহসান আমাদের অনুষ্ঠানে শ্রীবৃদ্ধি করেছেন।

'পর্যবেক্ষকের দৃষ্টিতে' এবং 'পুতুলনাচের খেল' লিখতেন যথাক্রমে ফয়েজ আহমদ ও আবদুল গাফফার চৌধুরী।

গণসঙ্গীত ও দেশাত্মবোধক গানের সুর সংযোজনা এবং কণ্ঠদানে কয়েকজনের নাম বিশেষভাবে স্মরণ করেত হয়। তাঁরা হচ্ছেন- তাহের সুলতান, সমর দাশ, মোহাম্মদ আবদুল জব্বার, আপেল মাহমুদ, মান্না হক, কল্যাণী ঘোষ, সুজেয় শ্যাম, অজিত রায়, রফিকুল আলম, অনুপ ভূট্টাচার্য, হরলাল রায়, রথীন রায়, প্রমুখ শিল্পী।
(অংশ)

-'জয়বাংলা/বিশেষ সংখ্যা, ১৯৭২

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে শামসুল হুদা চৌধুরীর 'একাত্তরের রণাঙ্গন' গ্রন্থে।

শিরোনাম	সূত্র	তারিখ
২৬। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান প্রচার সম্পর্কিত একটি সাভার কার্যবিবরণী	'বেতার বাংলা' ডিসেম্বর, ১৯৭৮	১০ অক্টোবর, ১৯৭১

MINUTES OF MEETING ON CO-ORDINATION ON PROPAGANDA AND PUBLICITY EFFORTS IN SUPPORTS OF WAR ACTIVITY HELD ON 10-10-1971

Members Present :

1. A. Samad, Secretary, Ministry of Defense.
2. Dr. B. Hossain, Adviser.
3. Mr. Alamgir Kabir.
4. Mr. Shamsul Huda Chowdhury.
5. Mr. Kamal Lohani.
6. Mr. A. Rahman.
7. Mr. B. Mahmood.

Progress of action on decisions taken in last meeting was discussed. Members from Radio Bangladesh assured that they are working on lines already decided upon and significant improvement will be noticeable from 15-10-71 onwards.

There was further discussion on measures which will contribute to improve the Radio Programme.

DECISIONS :

1. An office will be immediately set-up in the Radio Building and all Staff work done there.

2. The method of news composition will be changed and text will be the same for English. Bengali and Urdu Bulletins. In view of pressure of work Mr. A. Kabu will compose the night bulletin and Mr. K. Lohani will compose the morning and afternoon bulletins.

3. The Radio will be immediately provided with a type-writing machine, two portable tape recorders and one Cassette tape recorder.

4. The Staff of the outside broadcast section will go out frequently to the field I h will be given T.A. as no conveyance can be arranged at present.

5. Dependence on patriotic songs should be reduced and in its place martial songs and music should be introduced.

6. Arrangement for bringing the microphone from Agartala should be immediately made.

7. Security checking will be made rigid from 15.10.71. In the meantime I.D. Cards should be issued where necessary.

8. Payments for script-writers and talkers should be regular.

9. The panel of Talents should be finalized immediately in consultation with Mr. A. Mannan, MNA-in-charge.

10. Programme shall be drawn up for 7 days at a time sufficiently in advance (at least 4 days). The responsibility of filling in the Programme shall lie with the respective Programme organizer/Section heads.

11. Arrangement shall be made by Secretary, Information for getting Pak Newspapers for the counter-propaganda section.

Sd/-A. Samad
Secretary
Ministry of Defense.

Memo No. D-003/76(8)

Dated 18-1071

1) Copy forwarded to Mr. M.A. Mannan, MNA-in-charge, Information & Broadcasting for information.

2) Mr. Shamsul Huda Chowdhury, Swadhin Bangla Betar Kendra for information.

Secretary.

নির্ঘণ্ট

অ
অগ্নিশিখা (মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ অনুষ্ঠান) ১৭, ১৯, ২০, ২২, ২৩, ২৪, ২৬, ২৭, ২৮, ৩৪০-৩৪৭, ৫২৭
অগ্রগামী মুক্তিবাহিনী (কথিত) ২২২-২২৫
অন্বিষ্ট রাজ্যঃ আমার বাংলা (কবিতা) ৩৩৮
অনুপ ৫১৪
অবৈধ ন্যুরেমবার্গ ট্রায়াল (কবিতা) ৩৩৫-৩৩৬
অভিজ্ঞতার আলোকে ১৩৯-১৪৩
অভিযোগ (কথিকা) ১৮৫-১৮৭
অমর ১৭ই সেপ্টেম্বর স্মরণে (কথিকা) ২৩০-২৩২
অরূপ-৫১৩
অর্থনৈতিক পুর্নগঠন (প্রস্তাব) ২১৮-২২৩, ২৪৯-২৫০
অর্পণ (নেপালের পত্রিকা) ১৩৪-১৩৫
অশুভ শক্তির চ্যালেঞ্জ আমি (কবিতা) ৩১৬
অসহযোগ আন্দোলন (১৯৭০), ১৩৮-১৩৯, ১৫৪
অস্ট্রেলিয়ান ব্রডকাস্টিং কমিশন ২২৯

আ
আইখম্যান ৩৩৫
আইরিশ টাইমস(ডাবলিন থেকে প্রকাশিত)
আওয়ামী লীগ ৬, ৫৬, ৫৭-৫৮, ৬৩, ১০০, ১১১, ১১২, ১১৬, ১১৭, ১৩০-১৩২, ১৩৮-৩৯, ১৪৪-১৪৫, ১৪৭-১৪৮, ১৪৯-১৫০, ১৬৬, ১৭৫-১৭৭, ১৯৩-৯৪, ২০৫, ২০৭, ২৫৩-৫৫, ৫১৯, ৫২১, ৫২৫
আওয়ামী স্বেচ্ছাসেবক বাহিনী ১৩৬-১৩৭
আকবর-আল-কুয়েত (কুয়েতের পত্রিকা) ১৩৪-১৩৫, ১৯৩--১৯৪
আকন্দ, লাকী ৫১৫
আখতার, এম, আর ১৯, ২১, ৩১, ৩৯, ১৮৭-৮৯, ৫২৫, ৫২৭
আকসাস (তুরস্কের পত্রিকা) ১৩৪-৩৫, ১৯৩-৯৪,
আগরতলা ষড়যযন্ত্র মামলা ১০৪, ১৪৫, ১৭৪-৭৫, ১৭৬-৭৭
আঙ্গুর, মফিজ (সঙ্গীত শিল্পী) ৫১৪
আজকের বাংলায় (কথিকা) ৩০০, ৩০৩
আজাদ (লাহোরের উর্দু দৈনিক) ১১৬-১৭
আজাদ, রফিক ১৫২
আজাদ হিন্দু ফৌজ ১৩৮
আঞ্চলিক অর্থনৈতিক বৈষম্য ৫৪, ১৮১-৮৪, ১৯২-৯৩, ২৫০-৫৪, ২৭৯
আনসার ২৪, ৯১, ১৫৪-৫৫, ১৮৭, ২৫৫-৫৬
আনিসুজ্জামন (ডঃ) ২৩০-৩২,৫২৭
আনোয়ার ২৪৮
আনোয়ার, মঞ্জুলা (ডাঃ) ৫১৯
আনোয়ার, মোস্তফা ১৩-১৪, ১৮, ২১, ২২, ২৩, ৫১৯,৫২৩, ৫২৭
আন্তর্জাতিক রেডক্রস সোসাইটি ৭১, ১২২
আদমজী ১৩৮-৩৯
আবদুল্লা-আল-ফারুক ৫১৯, ৫২৩, ৫২৪, ৫২৫,৫২৭
আবার দেখবো (কবিতা) ৩১২
আবেদীন, আনোয়ারুল ৩০০-৩০৩
আবেদীন, জয়নাল (শিল্পাচার্য) ১৫২
আবু জাফর, মোহাম্মদ ১০০, ১৬৬-৭২, ২০৭-১০
আবু জাফর, সিকান্দার ১৮৫-৮৭, ৪০৬-০৭, ৫২৭
আব্বাস উদ্দিন (সঙ্গীত শিল্পী) ১৬৮-৬৯
আফগান মিল্লাত (আফগানিস্তানের দৈনিক পত্রিকা) ১৯৩-৯৪
আমরা গেরিলা ২৩, ২৪, ২৮,

আমরা তাদের ভাতে মরাবো (কথিকা) ২০৬-০৮
আমার প্রতিদিনের শব্দ (কবিতা) ৩১৩-৩১৪
আমার স্বর্গের নামে (কবিতা) ৩৩০-৩১
আমাদের মুক্তি সংগ্রাম ও মহিলা (কথিকা) ১৯৯-২০১
আমিন (শহীদ) ১৭২-১৭৩
আমীন, নূরুল ১১৬-১৭, ১৩৭, ২২৪, ২৮৯-৯০
আমীর আলী ১৩৮-৩৯
আমীরুদ্দীন (এ্যাডভোকেট) ২৪৮
আমেরিকান ভূমিকা ১৭২-৭৪
আরউইন, জন ৭১
আরথার, ম্যাক (মার্কিন জেনারেল) ১৭২-৭৩
আলগেমাইনে জাইটিং (জার্মান পত্রিকা) ১৯০-৯১
আল-তাউরা (সিরিয়ার পত্রিকা) ১৩৫-৩৬, ১৯২
আলবেয়র, কামু ১৫১
আল মুজাহিদী ৪১৫-১৭
আল সাব (লেবাননের দৈনিক পত্রিকা) ৬৫
আল-সাহাফা (সুদানের দৈনিক) ১৯৩
আলম, আশরাফুল ২১, ২২, ৪০, ১৭৮-১৮১, ৫০৩-০৬, ৫১৪, ৫২৬, ৫২৭,
আলম, ইফতেখারুল ৩৪৮-৩৭০
আলম, জাহাঙ্গীর ২১০-১২
আলম, নূরে ১৭
আলম, রফিকুল ৫১৪, ৫২৭
আলম, সুলতানুল ৫২৪
আলমারকিউরিও (চিলির পত্রিকা) ১৩৪-৩৫
আলী, ইশাক ৬৪
আলী, জাকের ১৯,৫২৭
আলী, মনসুর ২০
আলী, মাহমুদ ১১৬,১৩৭, ২২৪, ২৮৯-৯০
আলী, মোহাম্মদ (বগুরা) ২৫০-৫১
আলী, রাও ফরমান (লেঃ জেঃ) ১২১-২২, ১৮৮, ৫১৭
আলী, সুলতান ৫২৪
আলী, সৈয়দ আনোয়ার (ডাঃ) ৫১৮,
আলী, হযরত ২১৪
আলী, হাফেজ ২২৪-২৬
আলী, অ্যার্লা (কর্ণেল) ৭১
আসসালাফি যুব আন্দোলন (ইয়েমেন) ৫৭-৫৮
আসাদ ২৪৮
আসাহি শিমবুন (জাপানের পত্রিকা) ৫৭
আহমদ, এম, এম ৫৪, ৫৫, ৮৯, ১৯০-৯১
আহমদ, জরিন ৫১২,৫১৩, ৫২৭
আহমদ, তাজউদ্দিন ৪১, ৬৫, ১৬৬, ১৬৯-৭০, ১৭৩, ৩৭৮
আহমদ, নাদিম ১৭৫-৭৭
আহমদ, ফরিদ ২৮৯-৯০
আহমদ, ফয়েজ ১৪৬-১৫১, ১৭০-৭১, ৫২৭
আহমদ, সালেহ ১৯,২০
আহমদ, হাবিবউদ্দিন ৫১৯
আহমেদ, ইলিয়াস ২৮, ২০৬-২০৮, ২৩৩-৩৫
আহমেদ, বদরুন্নেসা (এম, এন, এ) ১৩২-৩৪
আহমেদ, মেসবাহ ২৮৮-৯১, ৩০৩-৩০৬, ৫০৮-০৯, ৫২৫-২৭
আহমেদ, রাজু ৩৪৮-৩৭০, ৫২৭
আহমেদ, শামসুদ্দিন ৫২৭
আহম্মদ, মনজুর ৫১৩
আহসান (এডমিরাল) ১৩৮-৩৯
আহসান, সৈয়দ আলী ১৮, ১৯, ২৮১-৮২, ৩১৩-১৪, ৫২৭,
আয়ুব-বিরোধী গণবিপ্লবী(১৯৬৯), ১৭৬-৭৭, ২৪৮

ই

ই,পি,আর (ইস্ট পাকিস্তান রাইফেলস) ১, ৪, ৬-৭,৯, ২৪, ৯১, ১২৩, ১৩৬-৩৭, ১৩৯-৪৩, ১৫৪-৫৫, ১৮৪-৮৫, ২০২, ২১৬-১৭, ২৫৫-৫৬
ইউথ ইউনিয়ন (সুদান) ৫৭-৫৮
ইউনুস, আবু ৫২৭

ইউনাইটেড প্রেস ইন্টান্যাশনাল ৪০
ইকবাল, ফারুক ২৪৮
ইজভেস্তিয়া (সোভিয়েত পত্রিকা) ২৬৫-৬৬
ইবলিশের মুখোশ (কথিকা) ৫০৮-০৯
ইফতিখার, ফিরোজ ৫২৭
ইভান্স, ফ্রেড ৮১-৮২
ইমাম, হাসান ৫২৫, ৫২৭
ইমাম হোসেন ২৮৮-৮৯
ইরাকী বিপ্লব (১৯৫৮), ১৬৪-৬৫
ইস্ট বেঙ্গল রাইফেলস ১, ৯১
ইস্ট বেঙ্গল রেজিমেন্ট ১৩২, ১৩৬-৩৭, ১৫৪-৫৫, ১৮৪-৮৫, ১৮৭, ২৫৫-৫৬
ইসমত আরা ৬৪
ইসলাম, অনু ৩২৫, ৫২৫, ৫২৭
ইসলাম, আশিকুল ৫১৯
ইসলাম, কাজী নজরুল (বিদ্রোহী কবি) ১৫, ৪০, ৪২-৪৩
ইসলাম, মযহারুল (ডা.) ১৭, ৩৯, ৮৬-৯০, ১০১-১০৩, ২৪৩-৪৪, ৩৩০-৩১, ৫২৭
ইসলাম, শহিদুল ১৭, ২৬, ৩১, ২২৯-৩০, ৪০৮, ৫২৬, ৫২৭
ইসলাম, সৈয়দ নজরুল ২৮, ৪০-৪১, ১৬৬
ইসলাম ও পাকিস্তানের রাজনীতি (কথিকা) ১৭
ইসলামের দৃষ্টিতে (কথিকা) ১৯, ২৮১-৮২, ৫২৭
ইসলামের দৃষ্টিতে জেহাদ (কথিকা) ২৮১-৮৫
ইয়র্কশায়ার পোস্ট ৭২
ইয়াজিদ ৫৪, ২৮০, ২৮৮-৮৯
ইয়াহিয়া জবাব দাও (কথিকা) ২৪, ২৩১-৩৩
ইয়াহিয়া--ভুট্টো বৈঠক ১৭৯-৮০
ঈ
ঈশা খান ৪০৪-০৫
উ
উইলিয়াম, ডব্লিউ, টি ৭২-৭৩
উকিল, আবদুল মালেক (এম-এন-এ) ১৩৬-৪০
উড, রিচার্ড (বৃটিশ মন্ত্রী) ১৬১-৬২
উডনিক, জেবি (হল্যান্ডের মন্ত্রী) ৬২
উতশান মালয়েশিয়া (মালয়েশিয়া দৈনিক) ১৯২
উ থান্ট ৪১, ৪২-৪৩, ৬০, ৭২, ৭৩, ৭৮-৭৯, ১১৩-১৪, ১১৫, ১৮৮-৮৯
উনসত্তরের গণঅভ্যুত্থান ১৭৪-৭৫, ২০২,২৫৩
উপনির্বাচন (পুনঃনির্বাচন) ১১১-১২, ১১৬-১৭, ১৪৬-৪৮, ১৪৯-৫১
উম্মে কুলসুম ৩৪০-৪৭, ৫২৭
উলানুকী (সোভিয়েত লেখক) ১৬০-৬১
ঋ
ঋণ সালিসী বোর্ড- ১৬৩-৬৪
এ
এ সত্য রুধিবে কে? (জীবন্তিকা) ৩৭৫-৩৮০
এক ইউনিট প্রথা ২৫২
একটি উর্দু কথিকা (উর্দু অনুষ্ঠান) ২৭৯-৮০
একতা (পত্রিকা) ২০৫-০৬
এক্সপ্রেস ২০৫-০৬
একুশ দফা ৮৮
এখন অনেক কাজ (কথিকা) ২২৪-২৬
এগারো (১১) দফা কর্মসূচী ১৩১-১৭৬, ২৪৮
এডিনি, মার্টিন (মিঃ) ২২৯
ও
ওসমান, বুলবন ৩০৭-০৯
ওসমান, শওকত ২৪, ২০০-০৩, ২৩১-৩৩, ৫২৭
ওসমানী (কর্নেল) ১৮৫
ওয়াজিউল্লা (২৪৮
ওয়ার অন ওয়ান্ট ৪৫
ওয়ার্ল্ড কাউন্সিল অব চার্চেস ৭৩
ওয়াশিংটন পোস্ট ৬১-৬২, ৬৮, ৭৩
ওয়াশিংটন স্টার ৭৩
ক
কনার (মিঃ ২২৯
কবির, আলমীর ২০, ২১, ৪৪২, ৪৫০, ৫২৭
কম্পরাম ২৪৮
কমাণ্ডার (কবিতা) ৩১৭-১৯

করিম, রেজাউল ৫২৫, ৫২৭
কয়েকটি ছবি - একটি ইতিহাস (কথিকা) ২১০-১২
কাঠগড়ার আসামী ১৫৩-৫৪
কাদের, মঞ্জুর ২২,৫২৭
কাদের, যহুর ৫২৬
কাদরী, শহীদ ১৫২
কামাল মাহবুব (মাহবুব তালুকদারের ছদ্মনাম) ১২৩-৩০, ১৯৩-৯৭
কাসেম ২৮৮, ২৮৯-৯১
কাহহার, আবদুল ৫২৪
কায়কোবাদ ১০৬
ক্লিফটন, টনি ৬৪-৬৫
ক্রীশ্চিয়ান সায়েন্স মনিটর ৭৩, ১৪৪
কুদুরিয়াভেৎসেভ, ভি ৮৪
কুশারী, রণেন ৫২৭
কে আমাদের রুখবে? (জীবন্তিকা) ৩৭৯-৮২
কেনেডি, এডওয়ার্ড ৫৪, ৬০, ৭২, ৭৩ , ৭৪, ১০৮-০৯, ১৬০-৬১, ১৭৪
কেনেডি, জন এফ ৭৩
কোন এক নিবেদিতাকে (কবিতা) ৩২৩-২৪
কোরায়শী, সামী ৫০৩
কেসিগিন, আলেক্সী ৭৭,৮২, ১৩৫-৩৬
কোহিস্তান (লাহোরের উর্দু দৈনিক) ১১৬-১৭
ক্রাশ বেঙ্গলী প্রোগ্রাম ১১৮-১৯

খ

খসরু ২২৫
খাঁ, সুলতান মোহাম্মদ ৫০৯
খান, আবদুল কাইয়ুম ২২৪, ২৫৪, ২৫৬, ২৯৩
খান, আবদুল গফফার খান ৭৫, ২৭৯
খান, আবদুল মোমেন ১০৫, ১০৬, ২৫০-৫১, ২৫৬
খান আসগর (এয়ার মার্শাল) ৭৪
খান এ, কে ৫১৯
খান, ওয়ালী ৭৫-৭৬, ১৯৩-৯৪
খান, টিক্কা ২, ৫, ৯, ১০, ৫৬, ৬৪, ৮৯, ১৩০, ১৩৮-৩৯, ১৪৪-৪৫, ১৫৩-৫৫, ২০৩, ২২৯, ২৫৫-৫৬, ২৭৯, ২৯৩, ৪১৭-১৮, ৫১৭, ৫১৮-১৯,
খান, তোয়াব ১৬১-৬৬, ৫২৭
খান, মুহাম্মদ আইউব ১০৪, ১১১, ১২২, ১৪৪, ৪৫, ১৪৯-৫০, ১৬৩, ১৭৪-৭৫, ১৭৬-৭৭, ১৮৩, ২২৭-২৮, ২৩০-৩১, ২৪৮, ২৫০-৫১, ২৫৩, ২৫৪
খান, মুহাম্মদ ইয়াহিয়া ৪, ২৪, ২৮, ৪২, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৭-৫৮, ৫৮-৫৯, ৬০, ৬১, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৬, ৬৭, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭১, ৭২, ৭৩, ৭৩, ৭৬, ৭৭, ৭৮, ৮২, ৮৪, ৮৯, ৯০, ৯১, ৯১, ৯২, ৯৩, ৯৫, ৯৬, ৯৭, ১০০, ১০২, ১০৪, ১০৫, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১২-১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৬-১৭, ১১৭-১৯, ১১৯-২০, ১২১, ১২৫-২৬, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫-৩৬, ১৩৭, ১৩৮-৩৯, ১৪১, ১৪২, ১৪২-৪৩, ১৪৩-৪৭, ১৪৭-৪৮, ১৪৮-৫১, ১৫১, ১৫৪, ১৫৭-৫৮, ১৫৮, ১৫৮-৫৯, ১৬০-৬১, ১৬২, ১৬৩, ১৬৩-১৬৪, ১৬৮-৬৯, ১৬৯-৭০, ১৭২-৭৩, ১৭৩, ১৭৫-৭৬, ১৭৬ -৭৭, ১৭৯-৮০, ১৮৫-৮৬, ১৮৮, ১৮৮-৮৯, ১৯০-৯১, ১৯২, ১৯৩-৯৪, ১৯৬-৯৭, ২০৩, ২০৭-০৮, ২২৭-২৮, ২২৯, ২২৯, ২৩০-৩১, ২৩১-৩৩, ২৩৩-৩৪, ২৪২, ২৪২-৪৩, ২৫৩, ২৫৫, ২৫৫-৫৬, ২৫৬, ৩৬৫-৬৬, ২৭৯, ২৮০, ২৮৩-৮৪, ২৮৮-৮৯, ২৮৯-৯০, ৩৩৬, ৩৪০-৪৭, ৩৭৩, ৩৭৪, ৩৮৭, ৩৮৮, ৪১৭-১৮, ৪১৮-১৯, ৪২০, ৫০৫, ৫০৯, ৫১০, ৫১৭
খান, লিয়াকত আলী, ২০১-০২, ২৫০, ২৫৬,
খান, সদরুদ্দীন আগা, ৬০
খান, সর্দার আমানুল্লাহ ২৩৩
খান, সবুর ২৫০-৫১
খান, সিরাজউদ্দিন হেসেন ২৪৭-৪৮
খাপরা জেলা ওয়ার্ড ঘটনা ২৪৮
খায়েরুদ্দিন, খাজা ২৮৯-৯০
খোকন, (শহীদ) ৯৯
খোন্দকার মোশতাক ৭১

খোন্দকার মেহের ২২, ১৯৯-২০১
গ
গওহর, নঈম ৪১১
গণশক্তি (পত্রিকা) ২০৫-০৬
গণহত্যা ৬৪, ৮১, ৮২, ৮৪, ৮৯-৯০, ১১০-১১১, ১২৫-২৭, ১৩০-৩১, ১৩৩-৩৫, ১৫৫-৫৬
গ্রামবাংলা (গ্রামীণ শ্রোতাদের জন্য প্রচারিত অনুষ্ঠান) ৩৯২-৪০১
গান্ধারা ১৩৮-৩৯
গান্ধী, ইন্দিরা ৫, ১১৯-২০, ১৫৮-৫৯, ১৬০-৬১
গার্ডিয়ান (লণ্ডনের পত্রিকা) ১২১, ১৩৪-৩৫, ১৬০-৬১, ২২৯
গুণ নির্মলেন্দু ২৪৯-৫০, ৫২৭
গুণ, বাসনা ২৪৪-৪৬
গুণবর্ধন (সিংহলের পার্লমেন্ট সদস্য) ২৬৬
গুহ ঠাকুরতা, জ্যোতির্ময় (অধ্যাপক) ১৮৫
গোখলে ৮৬-৮৭
গোলাম, মহম্মদ ৮৮, ১৪৩, ১৪৪-৪৫, ১৭৬, ২২৭-২৮, ২৫০-৫১, ২৫৬
গোয়েবলস ১৬২, ১৬৩, ২২৯
গ্যালাঘার, কর্নেলিয়াস ৫৭-৫৮, ৬৪,৭৮
ঘ
ঘুরে এলাম মুক্তাঞ্চল (কথিকা) ২৭২-৭৪
ঘোষ, কল্যাণী ৫২৭
ঘোষ, যোগেশ ১৮৫
ঘোষ, নারায়ণ (মিতা) ৩৪৮-৭০, ৫২৭

চ
চট্টোপাধ্যায়, মাধুরী ৫২৭
চট্টোপাধ্যায়, শক্তি ১৫৩
চরমপত্র ১৫, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৭, ২৮, ১২৭-২৮, ১৮৭-৮৯, ৫২৭
চাঁদ সুলতানা ১৯৯-২০০
চার দাবী ৫৬,
চিকাগো ট্রিবিউন ১৩৪-৩৫
চি পেং (চীনের পররাষ্ট্র মন্ত্রী) ১৫৮-৫৯
চিত্তরঞ্জন (দেশবন্ধু) ৮৭, ১৪৩
চুন্দ্রিগর, আই, আই ২৫০-৫১
চেঙ্গিস খান ২৮০
চেনা কণ্ঠ ৮৭, ৮৯, ৯০
চেম্বারলিন ৫১১
চেসওয়ার্থ, ডোনাল্ড ৪১
চৌধুরী, আবু সাঈদ ১১৫-১৬
চৌধুরী, আবদুল গাফফার ১৪২-৪৭, ১৫৫-৫৮, ২২৭-২৯, ২৬৪-৬৬, ২৮৮-৯১, ৫২৭, ৫২৭
চৌধুরী, আবদুর রাজ্জাক ২৭, ২৪০-৪৩
চৌধুরী, আলী রেজা ১৯, ২২, ৫২৬, ৫২৭
চৌধুরী, আলীম (ডাঃ) ২৪৭-৪৮, ২৪৮
চৌধুরী, আসাদ ৩২০-২২, ৫০৬-০৮, ৫২৭
চৌধুরী, এম এম (পুলিশ প্রধান) ১২২
চৌধুরী, জামিল ২২৫
চৌধুরী, নাসিম ২১৮-২১, ৩১৭-১৯, ৫২৭
চৌধুরী, প্রণব ৩৩৮, ৫২৭
চৌধুরী, মতিন আহমদ ২৫৭-৬৪
চৌধুরী, মিজানুর রহমান ৩৩২-৩৪
চৌধুরী, মুনির (শহীদ) ২৪৭-৪৮, ২৪৮
চৌধুরী, মোহাম্মদ আলী ২৫০-৫১, ২৫৬
চৌধুরী, রেজাউল করিম ৫১৯
চৌধুরী, শামসুল হুদা ৪২০-২১, ৫২৫, ৫২৬, ৫২৭, ৫২৭
চৌধুরী,, শামীম ২৬, ২৮, ১৯৮-৯৯
চৌধুরী, সলিল ৪০৩-০৫
চৌধুরী, হামিদুল হক ২৮৯-৯০
ছ
ছয় দফা দাবী ১০৪, ১৪৪-৪৫, ১৭৪-৭৫, ১৭৬-৭৭, ১৯৮, ২১৩, ২০৯, ২৪৮, ২৫৪
জ
জনতা (পত্রিকা) ২০৫
জনতার আদালত (গ্রামীণ শ্রোতাদের জন্য প্রচারিত অনুষ্ঠান) ৩৮৯-৯২
জনতার সংগ্রাম (কথিক) ১৫৪-৫৫, ১৮৩-৮৫
জনস্টোন, রাসেল ১৩৪

জব্বার (শহীদ) ১০৫, ২৪৮
জব্বার, আবদুল ৫১২, ৫১৩, ৫১৬, ৫১৭
জমহুরিয়াত (তুরস্কের দৈনিক) ১৯২
জমিদার ১৩-১৪
জলি, জাহানূর ৩৮
জলিল, আবদুল ১৬৭-৬৮
জল্লাদের দরবার (রূপক নাটক) ২১, ২৭, ২৭, ৩৪৮-৭০, ৫২৭
জয় বাংলা (পত্রিকা- ৩০, ১৬৭, ১৬৮-৬৯, ৫২৬, ৫২৭
জসীমুদ্দীন (কবি) ১০৫, ১৯৪-৯৫
জাইচেক (ইন্দোনেশীয় পার্লামেন্টের স্পীকার) ৫৫
জাকার্তা (ইন্দোনেশীয়ার পত্রিকা) ১৩৪-৩৫, জাকার্তা টাইমস ৭৩
জাগরণী (দেশাত্মবোধক গানের অনুষ্ঠান) ১৫, ১৮, ১৯, ২৩, ২৬, ২৭
জাগৃতি (দেশাত্মবোধক গান) ১৭
জাফর, মোহাম্মদ আবু ৩৭৫-৮০, ৫১০-১১
জাফর সাদেক (মোহাম্মদ আবু জাফরের ছদ্মনাম) ১০০, ১৬৬-৭২, ২০৭-১০
জামাতে ইসলাম ২০২, ২৫৪, ২৫৫
জামিল শারাফি (রণেশ দাশগুপ্তের ছদ্মনাম) ৯১-৯৩
জামিলা বোখারিদ ১৯৯-২০০
জিন্নাহ, মুহাম্মদ আলী ১০৬, ২২৫
জীবনানন্দ (কবি) ১৫২, ১৯৬-৯৭, ৩৩৩, ৪১৫-১৬
জেনকিনস, লোরেন ৭১
জেবুন্নাহার আইভি ১৯৭-৯৯, ২১২-১৪
জেসেল টোবি ৬৩
জেহাদী, মোঃ মুজি বুর রহমান ২৭
ঝ
ঝিলামের চার ভাই (কথিকা) ২৩৩-৩৫
ট
টলস্টয় (সোভিয়েট উপন্যাসিক) ১৫১
টাইগারম্যান (বিশ্ব ব্যাংকের প্রতিনিধি) ৮০-৮১
টাইম ম্যাগাজিন ১০৯
টিক্কা খানের বীভৎস রক্তস্নান (সংবাদ শিরোনাম) ৬৪
টিটো (যুগোশ্লাভিয়ার প্রেসিডেন্ট) ৮২
টুডো (কানাডার প্রধান মন্ত্রী) ৭২
দ্য টেরিবল ব্লাড বাথ অব টিক্কা খান (সংবাদ শিরোনাম) ৬৪
ঠ
ঠাকুর, তাহের উদ্দীন ৫২৬
ড
ডন (করাচীর পত্রিকা) ৫৫, ১১৬-১১৭
ডর্ফম্যান, রবার্ট ১৩৪-৩৫
ডগেনস নিহিতের (সুইডিশ দৈনিক) ৬৯
ডেমোক্রাটিস ইউথ ইউনিয়ন (ইরাক) ৫৭-৫৮
ডেমোক্রাটিক ইউথ ইউনিয়ন (লেবানন) ৫৭-৫৮
ডেমোক্রাটিক ইউনিয়ন অব ইউথ (সিরিয়া) ৫৭-৫৮
ডেমোক্রাটিক পার্টি (যুক্তরাষ্ট্র) ১৭৪
ডেলী জাপান টাইমস ৫৭
দি ডেলী জুনাইদিন (তুরস্কের পত্রিকা) ৫৭
ডেলী টেলিগ্রাফ (লণ্ডনের পত্রিকা) ১০৯, ১১১, ১৩৪-৩৫, ১৬০-৬১, ১৬৩-৬৪
ডেলী মিরর (লণ্ডনের পত্রিকা) ৬৫
ডেলী মেইল (লণ্ডনের পত্রিকা ১৩৪-৩৫
ড্যান্টন (ফরাসী বিপ্লবের নেতা) ১৫৫
ঢ
ঢাকা বেতার ১০৭
ত
তথাকথিত পাকিস্তান বেতার, ঢাকা (আলোচনা) ৫০৩-০৬,
তালুকদার, মাহবুব ১২৩-৩০, ১৯৩-৯৭
তীতুমীর ১৪৩, ১০৪-০৫
তেহরান জার্নাল (তেহরানের ইংরেজী দৈনিক) ১১২-১৪

তুগলক ১০৭
থ
থিওডোরাকিস, মিকিস (সঙ্গীতজ্ঞ) ১৫১
দ
দখলীকৃত এলাকা ঘুরে এলাম (কথিকা) ২৫৭-৬৪
দত্ত, ধীরেন্দ্র ১৮৫
দত্ত, সুভাষ ৫২৭
দর্পণ (বাংলা কথিকা) ১৭, ১৮, ১৯, ২০, ২২, ২৩, ২৪, ২৬, ২৭, ২৮, ১৫০-৫৮, ১৭৮-৮৯
দাউদ ১৩৮-৩৯
দাবানল (পত্রিকা) ১৬৭-৬৮
দাশ, সময় ৪১২, ৫২৭
দাশগুপ্ত, রণেশ ১৯, ৯১-৯৩, ১৫৪-৫৫, ৫২৭
দাস, ডেভিড ২৮৫-৮৭
দাস, দিলীপ চন্দ্র ৫১৮
দিন এলো (কবিতা) ৩৩৯
দ্বিজাতিতত্ত্ব ১৩৮-৩৯, ১৮৭
দুর্জয় বাংলা (কথিকা) ২৬৯-৭১
বাংলাদেশের মানুষ নির্বাচন শেষে স্বাভাবিকভাবেই আশা করেছিল, গণতন্ত্রের সাধারণ নিয়মে, একক সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে, আওয়ামী লীগ পাকিস্তানের সংবিধান রচনা করবে, পাকিস্তানের শাসন, ভার, পরবর্তী নির্বাচন পর্যন্ত চালিয়ে যাবে। কিন্তু জন্মলগ্ন থেকে পাকিস্তানে যে ষড়যন্ত্রের রাজনীতি চলে আসছে তারই পথ ধরে সাধারণ মানুষের বিরুদ্ধে কায়েমী স্বার্থবাদী, অগণতান্ত্রিক শক্তি আবারও চক্রান্ত শুরু করল। মানুষের সমস্ত আশা-আকাঙ্ক্ষাকে নস্যাৎ করে দিয়ে শাসন ও শোষণকে অব্যাহত রাখার উদ্দেশ্যে তারা আকস্মিকভাবে নিরাপরাধ, নিরস্ত্র বাঙ্গালীর উপর পশ্চিম পাকিস্তানী সৈন্য লেলিয়ে দিল। তারা বাংলাদেশকে গোরস্থানে পরিণত করেছে, লক্ষ লক্ষ মানুষকে গৃহহারা, করেছে, আবাল-বৃদ্ধা-বনিতাকে হত্যা করেছে, লক্ষ লক্ষ মা বোনদের ইজ্জতহানি করেছে, কোটি কোটি টাকার সম্পত্তি লুট করেছে। পশ্চিম পাকিস্তানী সামরিক চক্রের নজিরবিহীন নির্মমতা ও পাশবিকতা, সাড়ে সাত কোটি বাঙালীর মনকে রক্তাক্ত করে দিয়েছে। বাঙ্গালীর চোখে আজ তীব্র ঘৃণা ও প্রতিহিংসার আগুন জ্বলছে। গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপ্রধান সৈয়দ নজরুল ইসলামের কণ্ঠে যেদিন ধ্বনিত হল-'লক্ষ লক্ষ শহীদের লাশের উপর আলোচনা চলতে পারে না'-সেদিন ক্ষতবিক্ষত বাঙ্গালীর মনের কথাটিই প্রতিধ্বনিত হয়ে উঠেছিল।

কিন্তু আওয়ামী লীগ নেতৃবৃন্দ বাস্তব ও যুক্তিবাদী বলে ভাবাবেগকে প্রশ্রয় দেন না। মূলতঃ তাঁরা নিয়মতান্ত্রিক ও শান্তিপূর্ণ রাজনীতিতে বিশ্বাসী বলে অপ্রয়োজনে রক্তপাতে আগ্রহী নন। বিনা রক্তপাতে যদি লক্ষ্যে পৌছান সম্ভব নয়, বাঙালীর আশা-আকাঙ্ক্ষা যদি রূপায়িত হওয়া সম্ভব হয়, সেই পথ অনুসরণে যাতে কোন প্রতিবন্ধকতা না আসে, তারই জন্য অস্থায়ী রাষ্ট্রপ্রধান সৈয়দ নজরুল ইসলাম চারটি পূর্বশর্ত দিয়েছেন। সুস্পষ্ট, দ্ব্যর্থহীন, সুনির্দিষ্ট ইঙ্গিত অস্থায়ী রাষ্ট্রপ্রধানের কেবল দেশপ্রেমেরই পরিচায়ক নয়, এতে তাঁর মানবিকতা ও আন্তরিকতাকেও প্রতিভাত করেছে। তাঁর চারটি শর্ত বাস্তব অবস্থার প্রেক্ষিতে বাঙ্গালীর মনের কথাটিকেই প্রতিধ্বনিত করেছে।

সৈয়দ নজরুল ইসলামের চারটি শর্ত হলঃ (১) বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এবং অন্যান্য রাজনৈতিক নেতৃবৃন্দকে বিনাশর্তে মুক্তি (২) বাংলাদেশ থেকে পশ্চিম পাকিস্তানী সমস্ত সৈন্যদের অপসারণ (৩) স্বাধীন বাংলাদেশ সরকারের স্বীকৃতি এবং (৪) বিগত ২৩ বছরের বঞ্চিত অর্থসহ বর্তমান যুদ্ধে ক্ষতিসাধিত সম্পত্তির ক্ষতিপূরণ। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলার অবিসংবাদিত নেতা। তিনি গণতান্ত্রিক বাংলাদেশের রাষ্ট্রপ্রধান। তাঁকে কারাগারে রেখে কোন আলোচনা চলতে পারে না। আলোচনা চালাবার জন্য তাঁর ও তাঁর সহকর্মীদের বিনা শর্তে মুক্তি দিতেই হবে। বাংলা ও বাঙ্গালীর পক্ষে অভিমত দেবার একমাত্র অধিকারী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। পশ্চিম পাকিস্তানী সৈন্যদের বাঙ্গালীরা বিদেশী হানাদার বলে মনে করে। পশ্চিম পাকিস্তানী সৈন্যদের উপর বাঙ্গালীদের কোন আস্থা নেই। তাদের উপস্থিতিতে বাঙ্গালী নিরাপদ মনে করতে পারে না এবং এ কারণেই ক্ষমা প্রদর্শনের কথা বলা সত্ত্বেও কোন উদ্বাস্তু ফিরে যাননি। ভীতি ও অবিশ্বাসের মধ্যে নিরাপত্তার ভাব জাগতে পারে না। স্বাধীন বাংলাদেশ সরকার বাংলার সর্বস্তরের মানুষের আস্থাভাজন। বাংলার আশা-আকাঙ্ক্ষা স্বাধীন বাংলাদেশ সরকারের মাধ্যমে প্রতিফলিত। বাংলার নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে গঠিত এই সরকার প্রকৃত প্রস্তাবে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার অধিকারী। আর পশ্চিম পাকিস্তানীরা গত ২৩ বছরে বাংলাকে শোষণ করে, বঞ্চিত করে এবং সর্বশেষে গত মার্চ মাসের ২৫ তারিখ থেকে হত্যা, লুণ্ঠন ইত্যাদিতে বাংলাদেশের অর্থনীতেকে যেভাবে ধ্বংস করে দিয়েছে তার ক্ষতিপূরণ দিতে হবে। নৈতিক বা আইনগত যে কোন বিচারে বাঙালী ক্ষতিপূরণ দাবী করতে পারে। বিনা অপরাধে তার সম্পদ নষ্ট করা হয়েছে। তাছাড়া বাস্তব দৃষ্টিভঙ্গিতে বিচার করলে বলতে হয়, অনাহার-অনটনক্লিষ্ট, দারিদ্র-পীড়িত মানুষ কখনো শান্তিতে থাকিতে পারে না।

সৈয়দ নজরুল ইসলামের চার দফার ভিত্তিতে রাজনৈতিক সমাধান হলে স্থায়ী ফল পাওয়া যাবে বলে আমরা বিশবাস করি। একটি জাতি নির্দিষ্ট এক লক্ষ্যে পৌছার জন্যে জীবন মরণ সংগ্রাম চালিয়ে যাচ্ছে। রাজনৈতিক সমাধান সেই লক্ষ্যে পৌছে দিতে ব্যর্থ হলে স্থায়ী ফল বা শান্তি আসতে পারে না। সত্য সে যতই কঠোর হোক, তাকে অস্বীকার করা যায় না এবং করাও উচিত নয়। বাস্তব ও সত্যকে উপেক্ষা করার চেষ্টা করা হলেও পরিস্থিতি তার নিজস্ব গতিতে বয়ে যেতে বাধ্য।

বাংলাদেশের ব্যাপারেও সত্যকে অস্বীকার করা উচিত হবে না। আজ নগ্নভাবে এ সত্যটি ভেসে উঠেছে যে বাংলা, পাঞ্জাব, সিন্ধু, বেলুচিস্তান, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ এক নয়, বাংলা ও বাঙালীর সাথে পশ্চিম পাকিস্তানের মিলনের কথাই উঠে না, এমনকি সম্প্রীতিও জাগতে পারে না। বাংলার প্রতি ঘরে যে হাহাকার উঠেছে, প্রতিটি বাঙালীর মন যেভাবে ক্ষতবিক্ষত হয়েছে, আর কোন মধুর বাণী এ হাহাকার, এ আর্তিতে প্রলেপ দিতে পারবে না। আজ স্পষ্ট হয়ে উঠেছে যে, বাংলার স্বাধীনতাই একমাত্র সমাধানের পথ। বাঙ্গালীর সঙ্গে পশ্চিম পাকিস্তানীদের সাহিত্য, সংস্কৃতি, কৃষ্টির কোন মিল নেই এ সর্ববাদীসম্মত বক্তব্যের সাথে গত ২৩ বছরের বঞ্চনা এবং গত কয়েক মাসের হত্যা, লুণ্ঠন, ব্যভিচার, নির্যাতন মিলে বাঙ্গালী-মন যেভাবে বিষাক্ত হয়ে গেছে, তাতে কোন বন্ধনের কথা প্রলাপ বলেই মনে হবে। তাই আজ স্বীকার করে নিতে হবে পাকিস্তান যে কোন বাস্তব বিচারে তার অস্তিত্ব হারিয়ে ফেলেছে। কেবল আবেগ ও অনুভূতিতে সমস্যার বিচার চলে না।

এই পরিস্থিতিতে পাকিস্তানকে গড়ে তোলার চিন্তাও বাতুলতার সমান। পশ্চিম পাকিস্তানী সামরিক বাহিনীর পৈশাচিকতার শত শত কোটি টাকার সম্পদ নষ্ট হয়েছে, বাংলাদেশে এমনকি পশ্চিম পাকিস্তানের অর্থনীতি আজ প্রায় ধ্বংসের পথে। এ ধ্বংসস্তূপ থেকে অর্থনীতিকে গড়ে তুলতে হলে জনসাধারণের সহযোগিতা অপরিহার্য। ভয়-ভীতি, ত্রাস, ঘৃণা, অবিশ্বাসের মধ্যে সহযোগিতা হতে পারে না। চাপে পড়ে যে কাজ তাতে আন্তরিকতা থাকে না আন্তরিকতা না থাকলে কার্যকরী প্রচেষ্টা চলতে পারে না। তাই রাজনৈতিক সমাধানের নামে যদি বাংলাদেশকে পশ্চিম পাকিস্তানের সঙ্গে জুড়ে দেওয়ার চেষ্টা চলে তাতে সংহতি-সে রাজনৈতিক, অর্থনৈতিক বা সামাজিক যে কোন ক্ষেত্রেই হোক, আসতে পারে না। বরং এ কথা বলা চলে, বাস্তব সত্যকে স্বীকার করে বাংলার স্বাধীনতাকে মেনে নিলে, কালের গতিতে বর্তমানের পুঞ্জীভূত হিংসা, বিদ্বেষ, অবিশ্বাস কেটে যেতে পারে এবং এক সময়ে হয়ত প্রীতির বন্ধন গড়ে উঠতে পারে।

তাই, আমাদের অভিমত ভবিষ্যতের কল্যাণ কামনায়, বর্তমানে বাস্তবতার প্রেক্ষিতে নির্মম সত্য-বাংলার স্বাধীনতার স্বীকৃতিতে সমাধান হওয়া বাঞ্ছনীয়। এবং দীর্ঘস্থায়ী সুফল পাওয়া সম্ভব হবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ঐক্যবদ্ধ বাঙ্গালী আজ সাম্প্রদায়িক মনোভাবের উর্ধ্বে	জয় বাংলা ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	১৮ জুন, ১৯৭১

ঐক্যবদ্ধ বাঙালী আজ সাম্প্রদায়িক মনোভাবের উর্ধ্বে

পৃথিবীর সভ্য মানুষ মাত্রই রাষ্ট্রে রাষ্ট্রে বা একই রাষ্ট্রের মধ্যকার ধর্ম সম্প্রদায়ের হানাহানিকে ঘৃণা করে। এই সাম্প্রদায়িকতা ক্ষয়িষ্ণু শাসকচক্রের আত্মরক্ষার কবচস্বরূপ। বর্তমান পাকিস্তান সরকারও নিজের অস্তিত্ব রক্ষার জন্যে বাংলাদেশকে শাসনের হাতিয়ার হিসাবে বেছে নিয়েছে। এখন বাংলাদেশে সাম্প্রদায়িকতার যে বিষ পাকিস্তান সরকার ছড়াচ্ছে তার পশ্চাতে আছে শাসকগোষ্ঠী পাকিস্তান সরকারের অনেক কৌশল, অনেক চক্রান্ত এবং অনেক স্বার্থের দ্বন্দ্ব।

একনায়ক শাসন ব্যবস্থায় শাসক শ্রেণী শাসন ও শোষণ যন্ত্রকে অব্যাহত রাখতে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে অবিশ্বাস, দ্বিধা-সন্দেহ সৃষ্টি করে পরিণামে রক্তক্ষয়ী সংঘর্ষ বাঁধিয়ে দেয়। পাকিস্তানে যতবার সাম্প্রদায়িক দাঙ্গা বেঁধেছে ততবারই তার মূলে পশ্চিম পাকিস্তান শাসক শ্রেণীর চক্রান্ত ক্রিয়াশীল ছিল। উদ্দেশ্য হচ্ছে মূল সমস্যা থেকে বাঙ্গালীদের দৃষ্টি অন্যদিকে সরিয়ে দেয়া ও বাঙ্গালী জাতির আত্মপ্রতিষ্ঠা ব্যাহত করা। ফলে পশ্চিম পাকিস্তান কর্তৃক বাংলার শোষণ সহজতর হবে। পশ্চিম পাকিস্তানী শাসকচক্র বরাবরই চেয়েছে পূর্ববাংলার জনগণ যেন একতাবদ্ধ না হতে পারে। কারণ পূর্ববাংলার হিন্দু-বৌদ্ধ-মুসলমান-খৃষ্টান যদি একতাবদ্ধ হয় হবে তাকে কিছুতেই পশ্চিম পাকিস্তান রুখতে পারবে না। এ জন্যেও সাম্প্রদায়িকতার পক্ষে তার এত উৎসাহ। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের পথ ধরেই পূর্ববাংলার মানুষ ধীরে ধীরে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে মতামত গড়ে তোলে; এই অভিজ্ঞানের পর থেকে সাধারণ মনোভঙ্গী গড়ে উঠতে থাকে। ১৯৫২ সালের ভাষা আন্দোলন ও ১৯৫৪ সালে জনাব হোসেন শহীদ সোহরাওয়ার্দীর প্রচেষ্টায় যুক্ত নির্বাচন প্রথা প্রবর্তন ও বাংলাদেশের বৃহত্তম রাজনৈতিক প্রতিষ্ঠান আওয়ামী লীগের ধর্মনিরপেক্ষ রাজনীতির প্রভাবে সাম্প্রদায়িক চক্রান্ত সৃষ্টির সমাধি রচনা হলো। আজ যাঁরা স্বাধীনতা যুদ্ধের পুরোভাগে তাদের দ্বারা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে এবং স্বাধিকার প্রতিষ্ঠার পক্ষে সংগ্রাম শুরু হয়েছিল সেদিনই। আর এই ধর্মনিরপেক্ষ ও অসাম্প্রদায়িক সংগ্রাম চালাতে গিয়ে শেখ মুজিবুর রহমানসহ অসংখ্য রাজনৈতিক নেতা ও কর্মীকে দিনের পর দিন, বছরের পর বছর বিভিন্ন নির্যাতনমূলক আইনের মাধ্যমে জেল ও নির্যাতন ভোগ করতে হয়েছে। ১৯৬৪ সালে আইয়ুব খানের প্রধান সহচর পূর্ববাংলার তদানীন্তন গভর্নর মোনয়েম খান পুনরায় এই সাম্প্রদায়িক দাঙ্গা লাগানোর চেষ্টা করেন। শেখ মুজিবুর রহমানসহ অন্যান্য নেতৃবর্গ বাংলাদেশের সর্বত্র দাঙ্গাবিরোধী আন্দোলন গড়ে তোলার আহ্বান জানালেন। এই সময় ঢাকার সকল পত্রিকায় 'পূর্ব বাংলা রুখিয়া দাঁড়াও' শিরোনামায় বাঙালীর প্রতি এক আকুল আবেদন করা হয়। সেই আহবানে এক অপার মানবতাবোধে উদ্বুদ্ধ হয়ে সমস্ত চক্রান্তের বিরুদ্ধে বাঙালী জাতি সাড়া দিল। দাঙ্গা রোধ করতে গিয়ে সেদিন আমির হোসেন চৌধুরীর মত বহু মুসলমান অকাতরে মৃত্যুবরণ করে নিল। কথায় ফানুস দিয়ে নয়, বুকের তাজা রক্ত দিয়ে বাঙালী এবারও তাঁর মানবতাপ্রীতি প্রমাণ করলো। তারপর থেকে শাসক শ্রেণী চেষ্টা করতে লাগলো বাঙালী অবাঙালী দাঙ্গা বাধিয়ে তাদের উদ্দেশ্য সফল করতে। কিন্তু বাংলাদেশের মানুষ সে ঘৃণ্য চেষ্টাও ব্যর্থ করে দিয়ে তাদের নিরাশ করলো। বর্তমান সংগ্রামের এক পর্যায়ে আবার পশ্চিমী শাসকচক্র সাম্পদায়িকতার ধুয়া তুললো। পাকিস্তানী বেতার যন্ত্র হিন্দুদের বিরুদ্ধে মিথ্যা প্রচারে তৎপর হয়ে উঠলো। এই পর্যায়ে ইয়াহিয়ার জঙ্গীচক্র সুপরিকল্পিতভাবে বেশ কিছু হিন্দু অধ্যুষিত গ্রাম পুড়িয়ে দিয়ে অসহায় জনগণকে ঘর

ছেড়ে বেরিয়ে পড়তে বাধ্য করেছে। হিন্দুদের সঙ্গে সঙ্গে মুসলমান গ্রামও পুড়লো, অগণিত হিন্দু-মুসলমান বাঙালী জঙ্গী মেশিনগানের গুলিতে প্রাণ দিল। তার ফলে সারা বাংলাদেশ আজ শ্মশানভূমি।

এই অত্যাচার চালানোর জন্যে বর্বর সৈন্য বাহিনী ভয় দেখিয়ে কিছু লোককে গ্রামে গ্রামে অগ্নিসংযোগ ও লুঠতরাজের কাজে নিয়োগ করে। এবং সেই অগ্নিসংযোগকারীকে দুষ্কৃতকারী প্রতিপন্ন করার উদ্দেশ্যে ক্যামেরার সাহায্যে তাদের ছবি তুলে নিয়েছে। আবার পরক্ষণেই গুলি করে তাদেরকে হত্যা করেছে। তবু বাংলাদেশের ঐক্যবদ্ধ স্বাধীনতাপ্রিয় মানুষ সাম্প্রদায়িক উস্কানিতে উত্তেজিত হয়নি। ইস্পাতের মত কঠিন একতা নিয়ে অপেক্ষা করছে শত্রুর ধ্বংস দেখার জন্য।

আজ সর্বত্র সামরিক বাহিনী সাধারণ মানুষকে হত্যা করে, ভয় দেখিয়ে নিজেদের এই লুটপাটে নিয়োজিত করেছে, এই সমস্ত জঘন্য অত্যাচারে জর্জতির হয়ে নিরুপায় নিরীহ জনগণ দলে দলে পালিয়ে ভারতবর্ষে যেতে শুরু করে, হিন্দু-মুসলমান-বৌদ্ধ-খৃষ্টান সকলেই পালাচ্ছে- এতেই প্রমাণিত হয় অত্যাচার এসেছে বাঙালী জাতির ওপর। কোন ব্যক্তিবিশেষ, কোন গোষ্ঠীবিশেষ বা কোন সম্প্রদায় বিশেষের উপর নয়। বহু বৌদ্ধ অধ্যুষিত এলাকা, খৃষ্টান গীর্জা আজ ধ্বংসপ্রাপ্ত, হিন্দুদের মন্দির, মুসলমানদের মসজিদ কিছুই রেহাই পায়নি এই বর্বর অত্যাচারীদের হাত থেকে।

বাঙালীদের নিশ্চিহ্ন করতে যেভাবে বুদ্ধিজীবীদের হত্যা করা হয়েছে সেখানে হিন্দু-মুসলমান সমান হারে মরেছে। এর কারণ বাঙালীকে নেতৃত্বহীন করে দেওয়া। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যক্ষ ডঃ গোবিন্দ দেব-এর পাশাপাশি পরিসংখ্যান বিভাগের প্রধান জনাব মনিরুজ্জামান এবং অধ্যাপক জ্যোতির্ময় গুহ ঠাকুরতার পাশে অধ্যাপক মোক্তাদিরও একই হাতের শিকার।

তাই দীর্ঘ চবিবশ বছরের ইতিহাসের দিকে তাকালে বোঝা যায় অত্যাচারী পাকিস্তান সরকারের অতীত ও বর্তমান রাজনীতির প্রধান হাতিয়ার এই সাম্প্রদায়িকতা। আজ বাংলাদেশের মুক্তির প্রচেষ্টায় যে ঐক্যবদ্ধ শক্তির বিকাশ ঘটেছে তা বানচাল করার উদ্দেশ্যে প্রতিক্রিয়াশীল জঙ্গী সরকার বাঙালীদের মধ্যে অনৈক্য সৃষ্টির জন্যে হন্যে হয়ে উঠেছে। তারা অবাঙালীদের হাতে প্রচুর অস্ত্র দিয়ে গ্রামে গ্রামে পাঠিয়ে দিচ্ছে, সেখানে তারা নতুন করে অত্যাচার শুরু করছে, রাস্তায় রাস্তায় এই সব অবাঙালীরা টহল দিয়ে বেড়াচ্ছে। এদিকে ইয়াহিয়া সরকারের প্রচার যন্ত্র একথা প্রচার করছে যে, বাংলা ও বাঙালীদের স্বাধিকারের জন্য যারা সংগ্রাম করেছে এবং এই সংগ্রামে যারা সাহায্য ও সহযোগিতা করেছে তারা এবং যেহেতু বাংলার সংখ্যালঘুরা ধর্মনিরপেক্ষ এবং অসাম্প্রদায়িক স্বাধিকার সংগ্রামের সাথে একাত্মতা করেছে, কাজেই তারাই পূর্ববাংলার এই দুরাবস্থার জন্য দায়ী। এই ঘৃণ্য অপপ্রচারের একমাত্র উদ্দেশ্য হচ্ছে ভারত ও বাংলাদেশের সর্বত্র সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধানো। লক্ষ লক্ষ বাঙালী আজ ভারতে আশ্রয় নিয়েছে, এ অবস্থায় যদি পকিস্তানের উস্কানির ফলে কোথাও সাম্প্রদায়িক দাঙ্গা বাধে তাহলে পাকিস্তান সরকারের উদ্দেশ্য সিদ্ধ হয়। তাই এই মুহূর্তে সব থেকে যা প্রয়োজন তা হচ্ছে বাংলার শত্রুঘৃণ্য পশ্চিমী কুচক্রীদের ষড়যন্ত্র ব্যর্থ করা, তাদের কোন প্রকার উস্কানিতে কান না দেওয়া বরং দিনের পর দিন মুক্তি যুদ্ধ চালিয়ে যাওয়ার জন্যে নিজেদের তৈরী করা। একথা মনে রাখতে হবে যে কোন স্বাধীনতা যুদ্ধেই সহজে সাফল্য অর্জন করা যায় না। সুতরাং সংগ্রাম যত কঠিন ও দীর্ঘ হোক না কেন তা চালিয়ে যাওয়ার জন্য তৈরী থাকতে হবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় এরই নাম কি স্বাভাবিক অবস্থা?	জয় বাংলা ১ম বর্ষঃ ৭ম সংখ্যা	২৫ জুন, ১৯৭১

সম্পাদকীয়

এরই নাম কি স্বাভাবিক অবস্থা?

মিথ্যার শত জাল বুনেও সত্যকে কোনদিন ঢেকে রাখা যায় না। স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ বিশ্ব মানবতার কাছে আজ একটি মহাসত্য। এই সত্যকে প্রতিষ্ঠা করার জন্য সাড়ে সাত কোটি মানুষ ত্যাগ, তিতিক্ষা, শৌর্যবীর্য্য ও আত্মদানের যে নজীর স্থাপন করেছে তা মানব ইতিহাসে চিরদিন ভাস্বর থাকবে। অথচ এই মহাসত্যটিকে মুছে ফেলার জন্য সুপরিকল্পিতভাবে জল্লাদ ইয়াহিয়া খান প্রথম থেকে একের পর একটি করে মিথ্যার জাল বুনে বুনে তার প্রচার যন্ত্র, ব্যক্তিগত দূত ও পৃথিবীর সর্বত্র প্রতিষ্ঠিত ডিপ্লোম্যাটিক মিশনের মাধ্যমে প্রচার চালিয়ে পৃথিবীর মানুষকে ধোঁকা দেওয়ার কত কোশেশই না করে এসেছে। সত্যের কাছে মিথ্যা পরাজিত হবেই। তাই ইয়াহিয়া খানের ধোঁকাবাজীও বিশ্ব-মানবতার কাছে হার মানতে বাধ্য।

সাড়ে ৭ কোটি বাঙালী জাতিকে রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক তথা সর্বতোভাবে নিশ্চিহ্ন করার মানসে নজিরবিহীন নৃশংস গণহত্যা, ব্যভিচার, লুণ্ঠন প্রজ্বলন অনুষ্ঠিত হয়েছে। যার ফলে প্রায় ১০ লক্ষ নিরস্ত্র মানুষ প্রাণ হারিয়েছে, প্রায় ৬০ লক্ষ মানুষ সর্বহারা বাস্তুত্যাগী হয়ে ভারতে আশ্রয় গ্রহণ করেছে এবং দুই কোটিরও অধিক বাঙালী বাংলার গ্রাম গ্রামান্তরে আশ্রয়ের আশায় অনিশ্চয়তার পিছনে পিছনে ঘুরছে। শুধু তাই নয়, গুটিকয়েক শহর ও বন্দর এবং মুষ্টিমেয় এলাকায় হানাদার বাহিনীর আধিপত্য সীমাবদ্ধ থাকলেও বাংলার ৬৪ হাজার গ্রামের প্রায় ৪ কোটি পরিবারের প্রায় প্রত্যেকটি গ্রাম ও পরিবার প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে আজ জল্লাদ ইয়াহিয়ার নৃশংস হত্যাযজ্ঞ ও অত্যাচারের শিকারে পরিণত হয়েছে। অথচ সম্পূর্ণ ব্যাপারটিকে ঢেকে রাখার জন্য পৃথিবীর মানুষকে অপপ্রচারের মাধ্যমে এ কথাই বুঝাতে চেয়েছিলেন যে, বিষয়টি একান্ত ভাবেই পাকিস্তানের 'ঘরোয়া ব্যাপার'। কিন্তু, সাড়ে সাত কোটি মানুষের করুণ ফরিয়াদে বিশ্বের দরবারে এই সত্যটি আজ প্রকাশ্য দিবালোকের মত প্রতিষ্ঠিত হয়েছে যে, ইয়াহিয়া খানের কাছে যা ঘরোয়া ব্যাপার, মানব ইতিহাসে সেটা জঘন্যতম কলঙ্ক। কখনো ইসলামের ব্যবসা করে, কখনো তথাকথিত প্রতিষ্ঠিত রাজ্যে অখণ্ডতার নামে, আবার কখনো সাম্প্রদায়িকতার জঘন্যতম অপপ্রচার করে বাংলার সাড়ে ৭ কোটি মানুষের শাশ্বত সত্য প্রাণের চেয়েও প্রিয় যার জন্য প্রতিটি বাঙালী যে কোন ত্যাগকে হাসিমুখে গ্রহণের জন্য সদা প্রস্তুত সেই স্বাধীনতা সংগ্রামকে ধামাচাপা দেওয়ার জন্য কত কৌশলই না করেছে। কিন্তু সূর্যের আলো থেকে কুয়াশা দূরে সরে যাবেই। যতই দিন যাচ্ছে শত মিথ্যার ধূম্রজালকে ভেদ করে পূর্ব দিগন্তে সূর্যরশ্মি ততই আসন্ন হচ্ছে।

আজ সার্বভৌম বাংলাদেশ যেমন মহা সত্য, তথাকথিত পাকিস্তানের অনলুপ্তিও তেমনি একটি সত্য। ব্যক্তিবিশেষ কিংবা গোষ্ঠীবিশেষের স্বার্থান্ধতা ও হঠকারিতা এবং ভুলের মাশুল হিসাবেই এই অবলুপ্তি ঘটেছে, একথা আমরা পূবেই বলেছি এবং পৃথিবী তা স্বীকার করেছে। কারণ, মৃত পাকিস্তানকে অর্থনৈতিক সাহায্য দিতে পৃথিবী আজ নারাজ। এর কোন বিশ্লেষণের অপেক্ষা রাখে না। কনসোর্টিয়াম বৈঠক থেকে শুরু করে প্রত্যেকটি সাহায্যকারী দেশ অভিমত প্রকাশ করেছে ইয়াহিয়ার পাকিস্তানের 'আভ্যন্তরীণ ব্যাপারটি' আন্তর্জাতিক দৃষ্টিতে এতই গুরুত্বপূর্ণ যে, বাংলাদেশে স্বাভাবিক অবস্থা ফিরে না আসা পর্যন্ত সাহায্য দেওয়ার প্রশ্নটি স্থগিত রাখাই বাঞ্ছনীয়। এ রকম অভিমত প্রকাশের পিছনে অবশ্য একটি গূঢ় রহস্য আছে। সাহায্যকারী দেশ ভালভাবেই জানেন যে, বাংলাদেশ আর ইয়াহিয়া খানের মৃত পাকিস্তান এক নয়। আর বাংলার পাট, চা, তামাক এবং

চামড়ার টাকা ছাড়া বৈদেশিক ঋণ শোধ করার কোন সম্ভাবনা নেই। সুদের জন্যই যেখানে কিস্তি ভিক্ষে সেখানে আসল পাওয়ার সম্ভাবনা কোথায়? কাজেই জনাব ইয়াহিয়া খান ঢাকঢোল পিটিয়ে মুক্তিফৌজ থেকে শুরু করে রাজনৈতিক নেতৃবৃন্দকে যারা দু'দিন আগে দুষ্কৃতকারী ও অনুপ্রবেশকারী বলে আখ্যায়িত করেছে তাদেরকে সাধারণ ক্ষমা প্রদর্শনের নামে রিসেপশন ক্যাম্প খুলে, আগে অস্বীকার করে পরে বিপাকে পড়ে মাত্র ৪০ হাজার বাস্তুত্যাগী স্বীকার করে 'স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে' শিরোনামওয়ালা ১২ পৃষ্ঠার জায়গায় ২ পৃষ্ঠায় সংবাদপত্রগুলোকে প্রকাশ করতে বাধ্য করে, আর মুক্তিফৌজের কাছে পাক সেনাবাহিনীর বেধড়ক মার খাওয়া গোপন করে, গুটিকতক ভাড়াটিয়ে পদলেহী তথাকথিত শিল্পীকণ্ঠে ঢাকা বেতার কেন্দ্র থেকে ইসলামের গান গাইয়ে ইয়াহিয়া খান এ কথাই প্রমাণ করেছেন যে সাহায্য পাওয়ার স্বাভাবিক অবস্থা এখন ফিরে এসেছে।

বাংলায় স্বাভাবিক অবস্থা বাঙালীরাই ফিরিয়ে আনবে। প্রতিটি বাঙালী আজ দৃঢ়প্রতিজ্ঞ যে, সাড়ে সাত কোটি বাঙালীর নয়নমনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্ত করে, হানাদার ইয়াহিয়া বাহিনীদের বাংলার মাটি থেকে নিশ্চিহ্ন করে, বাংলার স্বাধীনতার স্বীকৃতি আদায় করে, বিগত দিনের অর্থনৈতিক বঞ্চনার প্রতিশোধ ও ক্ষতিপূরণ আদায় করে বাংলার স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনবেই।

.....

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
তোমরা তোমরা আমরা আমরা	জয় বাংলা ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	২ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

‘‘তোমরা তোমরা আমরা আমরা’’

আওয়ামী লীগ ও স্বাধীনতা মন্ত্রে দীক্ষিত তার অসংখ্য কর্মী ও সদস্য এবং মুক্তিযোদ্ধাদের উদ্দেশ্য করে তথাকথিত পাকিস্তান সরকারের প্রচার যন্ত্রগুলো কতকগুলো বিশেষ বিশেষণ ব্যবহার করে থাকে। সরাসরিভাবে প্রকৃত নাম উচ্চারণ করার বাধা কোথায় আমরা তা বুঝি না। বিশেষণগুলো হলো-দুষ্কৃতকারী, বিচ্ছিন্নতাবাদী, দেশদ্রোহী, ভারতীয় অনুপ্রবেশকারী ইত্যাদি।

এই বিশেষণগুলোর ব্যবহার পাকিস্তান সরকারের পক্ষে যদি নেহাৎ লজ্জাজনিত হয়ে থাকে আমাদের কিছু বলার নেই। কারণ বৃদ্ধা স্ত্রীলোকটিকে যখন তার স্বামীর নাম জিজ্ঞেস করা হয়েছিলো তখন লজ্জাবনতভাবে সে বলেছিলো-

‘‘বিশেষণে সবিশেষ কহিবারে পারি

জান হে স্বামীর নাম নাহি ধরে নারী।’’

সরাসরিভাবে স্বামীর নাম উচ্চারণ করতে ইয়াহিয়া সরকারের যদি বাধে তা হলে আমাদের বলার কিইবা থাকতে পারে। এটা হলো তার ব্যক্তিগত ব্যাপার। কিন্তু এই বিশেষণগুলোর ব্যবহার যদি ঘৃণাজনিত হয় অথবা আওয়ামী লীগ, মুক্তিযোদ্ধা এবং অগণিত স্বাধীনতাকামী মানুষের নাম বিস্মৃতির অন্তরালে নিয়ে যাওয়ার অপচেষ্টা হয়ে থাকে তা হলে আমাদের অবশ্যই কিছু বলার আছে।

ইয়াহিয়া খানের জানা দরকার শেখ মুজিবর শুধু মুক্তি-পাগল সাড়ে সাত কোটি বাঙালীর অবিসংবাদিত রাজনৈতিক নেতাই নয়, শেখ মুজিব কৃষক শ্রমিক ছাত্র জনতা ও আবাল বৃদ্ধা বনিতার ‘মুজিব ভাই’। শেখ মুজিব একটি নাম-একটি ইতিহাস এ নামের প্রভাবে একদিকে যেমন সাম্রাজ্যবাদী, সামন্তবাদী আমলাতন্ত্র সামরিক জান্তা ও যাবতীয় কায়েমী স্বার্থবাদীদের প্রাসাদ চক্র খান খান হয়ে ধুলায় লুণ্ঠিত হতে চলেছে অন্যদিকে তেমনি বঞ্চিত, লাঞ্ছিত ও নির্যাতিত সাড়ে সাত কোটি বাঙালী স্বাধীন সার্বভৌম জাতি হিসাবে জন্মলাভ করেছে। তার নেতৃত্ব ত্যাগ তিতিক্ষা নির্যাতন ও অগ্নিপরীক্ষায় পরীক্ষিত। তার রাজনৈতিক প্রজ্ঞা বহু চড়াই- উতরাই পার হয়ে গিয়ে আজ বিশ্বের দরবারে সুপ্রতিষ্ঠিত। তার অলৌকিক জনপ্রিয়তা আজ কঠিন বাস্তব। তার অপরিসীম সংগঠনী ক্ষমতা আজ সকল সন্দেহের উর্ধ্বে। মুজিবের আর এক নাম সংগ্রাম। আর এই সংগ্রামের জন্ম হয়েছে মানবাধিকার আদায়ের সংগ্রাম ও দুঃস্থ মানবতার সেবায় নিয়োজিত দেশের সর্ববৃহৎ রাজনৈতিক প্রতিষ্ঠান আওয়ামী লীগের অঙ্গনে। যে প্রতিষ্ঠানের জন্ম, পরিস্ফুটন পরিব্যাপ্তি এবং অসাধারণ বিস্তৃতি ঘটেছে নিরলস নিরবচ্ছিন্ন সংগ্রাম ও সাধনার মধ্য দিয়ে। নির্বাচনে শতকরা সাড়ে আটানববইটি আসন ও শতকরা ৮১ জনের সমর্থন লাভ করা একমাত্র ত্যাগ তিতিক্ষা ও নিষ্কলুষ সংগ্রামের বিনিময়ে অর্জিত জনপ্রিয়তার মাধ্যমেই সম্ভব। অহিংস ও অসহযোগ আন্দোলন সশস্ত্র বিপ্লবে রূপান্তরিত হয়ে সুদীর্ঘ ৪৩ বছর লেগেছিল ভারতের স্বাধীনতা লাভ করতে আর ২৫শে মার্চ পর্যন্ত অহিংস অসহযোগ আন্দোলন করে সশস্ত্র সংগ্রামে রূপান্তরিত হয়ে

মাত্র তিন মাস তিন মাস মুক্তিফৌজের সাথে অসম যুদ্ধের পর আধুনিক সমরাস্ত্রে সুসজ্জিত ইয়াহিয়া বাহিনীর নাভিশ্বাস উঠেছে। এটা সম্ভব হয়েছে আওয়ামী লীগ প্রতিষ্ঠানের সংগঠনী শক্তিমত্তা ও দলীয় ঐক্য সংহতি শৃঙ্খলা এবং নেতৃত্বের প্রতি অটুট আস্থার পরিপ্রেক্ষিতে।

আর মুক্তিফৌজ ও আওয়ামী লীগ এরা একে অপরের পরিপূরক। প্রতিটি মুক্তিযোদ্ধা স্বাধীনতার অগ্নিমন্ত্রে দীক্ষিত। হানাদার বাহিনীর হাত থেকে দেশমাতৃকাকে মুক্ত করার কঠিন শপথে তারা আবদ্ধ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
মুক্তিযুদ্ধে আপনার করণীয় কি?	জয় বাংলা ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	২ জুলাই, ১৯৭১

মুক্তিযুদ্ধে আপনার করণীয় কি?

পাঞ্জাবী শোষক গোষ্ঠীর তল্পীবাহক ইয়াহিয়ার সরকার স্বাধীন বাংলাদেশে যে নারকীয় হত্যালীলা চালিয়ে যাচ্ছে তার নজীর ইতিহাসে নেই। মুখে ইসলাম, মুসলিম ভ্রাতৃত্ব, এক জাতীয় বুলি আওড়িয়ে সে তার পশু সৈন্যদের হিংস্র কুকুরের মত লেলিয়ে দিয়েছে বাংলাদেশের সমস্ত মানুষের বিরুদ্ধে। সারা দেশে সৃষ্টি করেছে এক বিভীষিকার রাজত্ব, ধ্বংসের তাণ্ডবলীলা। স্বাধীন বাংলাদেশ, সোনার বাংলাদেশ, বাঙ্গালী জাতির গৌরব, তাদের পীঠস্থান। বাংলাদেশকে এই দানবীয় পিশাচের হাত থেকে রক্ষা করবার জন্যে বাংলাদেশ, বাংলাদেশকে শত্রুসৈন্য মুক্ত করবার জন্যে আজ বাংলাদেশের মুক্তিকামী সমস্ত জনতা ইস্পাত কঠিন শপথে প্রতিজ্ঞাবদ্ধ। আজ রক্তের শপথ নিয়েছে বাংলার মুক্তিযোদ্ধারা, তারা আঁজলা ভরে বুকের রক্ত ঢেলে দেবে, বিনিময়ে স্বাধীন বাংলার বুক থেকে শত্রুসৈন্যকে নিশ্চিহ্ন করবে। সুতরাং লড়ছে আমাদের মুক্তিযোদ্ধারা, বাংলাদেশের সোনার ছেলেরা। সিংহের মত তারা ওৎ পেতে বসে থাকে সুযোগ পেলেই ঝাপিয়ে পড়ছে পাক সৈন্যের ওপর, নির্মমভাবে হত্যা করছে হানাদার দস্যু পাক সেনাদের। প্রতিদিন শত শত্রুর রক্তে সণাত হয়ে বাংলার মাটিকে করছে কলুষমুক্ত। মুক্তিযোদ্ধাদের আক্রমণে অপূর্ব বীরত্বে ভীতসন্ত্রস্ত হয়ে পড়েছে পাকসেনা। প্রতিদিন শত শত পাকসেনার মৃত্যুতে পাক সেনাবাহিনীতে হাহাকার উঠেছে। তারা আজ মর্মে মর্মে উপলব্ধি করতে পেরেছে এমনিভাবে আর কিছুদিন যুদ্ধ চললে বাংলাদেশ থেকে আর একটি পাক সৈন্যও জীবিত ফিরে যেতে পারবে না। মুক্তিযোদ্ধাদের অতুলনীয় বীরত্ব সারা বিশ্বের মানুষ আজ বিস্মিত, মুগ্ধ। তাদের অপূর্ব সাফল্যে আজ শত্রুদের অন্তিমদশা উপস্থিত।

বাংলার মুক্তিযোদ্ধারা তাদের কর্তব্য করে যাচ্ছেন, একান্ত নিষ্ঠার সংগে। তাদের অজেয় দেশপ্রেম, তাদের ত্যাগ, তাদের অপূর্ব নিষ্ঠা সারা বাংগালী জাতিকে এক গৌরবময় মহিমা দান করেছে।

মুক্তিযোদ্ধারা যেমন তাদের কর্তব্য করে যাচ্ছেন অপূর্ব নিষ্ঠার সাথে তেমনি আজ বাংলাদেশের সমস্ত মানুষের একান্ত কর্তব্য হয়ে দাড়িয়েছে মুক্তিযোদ্ধাদের প্রতিটি কাজে সর্বতোভাবে সাহায্য করা। কারণ মুক্তিযুদ্ধের চূড়ান্ত সাফল্য নির্ভর করছে দেশের কৃষক, শ্রমিক, ছাত্র, যুবক, মধ্যবিত্ত সমগ্র জনসাধারণের সক্রিয় সমর্থনের ওপর।

মুক্তিযোদ্ধারা যেমন এ দেশের কৃষক শ্রমিক জনতার শ্রেষ্ঠ সন্তান, তেমনি বাংলাদেশের মানুষকেও মুক্তিযোদ্ধাদের একান্ত আপনজন হিসেবে গ্রহণ করতে হবে। মুক্তিযোদ্ধাদের জীবনের নিরাপত্তা এবং সাফল্য সম্পূর্ণরূপে গ্রামের কৃষক, শ্রমিক, জনতার ওপর সম্পূর্ণ নির্ভরশীল। বর্তমান যুদ্ধে অবলম্বিত গেরিলা যুদ্ধের নীতিই হলো শত্রুর সন্ধান নেয়া, শত্রুকে অতর্কিতে আক্রমণ করা, ধ্বংস করা এবং নিজেকে রক্ষা করা। সুতরাং শত্রুর সন্ধান নিতে হলে, শত্রুকে অতর্কিতে আক্রমণ করতে হলে সর্বশেষে গেরিলাদের আত্মরক্ষা করতে হলে সংঘর্ষের এলাকার এবং তার চারপাশের এলাকার কৃষক শ্রমিক জনতার সক্রিয় সাহায্য একান্ত প্রয়োজন। কারণ, মুক্তিযোদ্ধাদের শত্রুর চোখ এড়িয়ে শত্রুকে আক্রমণ করতে সাহায্য ও তারাই করতে পারেন। তাছাড়া শত্রুকে আক্রমণের আগে এবং দ্রুত পশ্চাৎপসরণের সময়েও আশ্রয় দিয়ে সাহায্যও তারাই করবেন। এ কথা অনস্বীকার্য যে আজ মুসলিম লীগ ও জামাতে ইসলামীর একদল অনুচর শত্রুকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সাহায্য করছে। এরা সব সময়ে চেষ্টা করছে মুক্তিযোদ্ধাদের ঘাটি এবং মুক্তিযোদ্ধাদের শত্রুকে চিনিয়ে দিতে। এদের ঘৃণ্য প্রচেষ্টায়

এরা যদি সাফল্য লাভ করতে পারে তাহলে মুক্তিযুদ্ধে এরা চরম ক্ষতিসাধন করবে।সুতরাং বাংলাদেশের মানুষের প্রথম কর্তব্য হবে এই সমস্ত শত্রুচরদের দৃষ্টি থেকে মুক্তিযোদ্ধাদের রক্ষা করা। তাহলে বর্তমান মুক্তিযুদ্ধে বাংলাদেশের প্রতিটি মানুষের আশু করণীয় হচ্ছে, মুক্তিযোদ্ধাদের ঘাটির সাথে যোগাযোগ রাখা, শত্রুর গতিবিধির খবর গোপনে মুক্তিযোদ্ধাদের ঘাটিতে পৌছিয়ে দেয়া, মুক্তিযোদ্ধাদের আশ্রয় দেয়া, পশ্চাৎপসরণকালে তাদের সাহায্য করা, শত্রুকে এবং শত্রুর চরদের ধ্বংস করতে মুক্তিযোদ্ধাদের সাহায্য করা। এছাড়া তারা নিজেদের প্রচেষ্টা চালিয়েও শত্রুর চরদের খতম করবেন। গ্রামকে শত্রুচর মুক্ত করতে না পারলে মুক্তিযোদ্ধা ও তাদের সহায়কদের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে।

উপরে উল্লিখিত উপায়ে মুক্তিযুদ্ধে সহায়তা করতে হলে গ্রামগুলোকে সংগঠিত হতে হবে। নিঃসন্দেহে এ কথা বলা চলে যে, মুষ্টিমেয় শত্রুর অনুচর ব্যতিরেকে সারা বাংলাদেশের মানুষ আজ মুক্তিযোদ্ধাদের অনুকূলে। কিন্তু এ প্রসংগে এ কথাও একান্ত সত্য যে, গ্রামে দু একটি শত্রুচর থাকলেও গেরিলা যোদ্ধা কিংবা মুক্তিযুদ্ধে সহায়তাকারীগণ কেউ নিরাপদ নন। সুতরাং সুযোগ পেলেই শত্রুর চরকে খতম করে দিতে হবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ জাতিসঙ্ঘের মাধ্যমে নয়া চক্রান্ত	জয় বাংলা ১ম বর্ষঃ ১২শ সংখ্যা	৩০ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

জাতিসংঘের মাধ্যমে নয়া চক্রান্ত

বাংলাদেশে এবং ভারতের সীমান্তে জাতিসঙ্ঘ পর্যবেক্ষক দল মোতায়েন করার প্রস্তাব করা হয়েছে। জাতিসঙ্ঘের উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের হাইকমিশনার প্রিন্স সদরুদ্দিন বাংলাদেশের জাতিসঙ্ঘের চল্লিশজন পরিদর্শক পাঠাবার প্রস্তাবও করেছেন। উদ্দেশ্য হিসাবে বলা হয়েছে, ভারতে চলে এমন লক্ষ লক্ষ শরণার্থী যাতে নিরাপদে স্বদেশে ফিরে আসতে পারেন এবং তারা পুনর্বাসিত হন তার তদারকি করা। দৃশ্যতঃ প্রস্তাবটি খুবই নির্দোষ ও সাধু। কিন্তু একটু তলিয়ে দেখলেই বোঝা যাবে দৃশ্যতঃ সাধু ও নির্দোষ প্রস্তাবটির আড়ালে রয়েছে জাতিসঙ্ঘ ও তার প্রধান মুরুব্বি যুক্তরাষ্ট্রের নিক্সন এডমিনিষ্ট্রেশনের নতুন চক্রান্ত। কেবল একটি প্রস্তাব এসেছে তাদের পাকিস্তান ঘেঁষা এজেন্ট সদরুদ্দিনের মারফৎ। গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকার এবং ভারত সরকারও সঙ্গে সঙ্গে জাতিসঙ্ঘ পর্যবেক্ষক মোতায়েনের 'সাধু' প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন।

কিছুদিন আগে, জাতিসঙ্ঘের তরফ থেকে বাংলাদেশের উদ্বাস্তুদের পরিদর্শনের নামে ভারত, পাকিস্তান ও অধিকৃত বাংলাদেশ সফরে এসেও সদরুদ্দিন নানা উল্টাপাল্টা কথা বলে গেছেন। উদ্দেশ্য ছিল সম্ববতঃ তার দোস্ত ইয়াহিয়ার গণহত্যার পাপ যথাসম্ভব কমিয়ে দেখানো।

প্রিন্স সদররুদ্দিনের কথা থাক। বাংলাদেশ ও ভারতে জাতিসঙ্ঘের পর্যবেক্ষক মোতায়েন করার প্রস্তাব শুনে অতি দুঃখের মধ্যেও আমাদের একটি পুরনো গল্প মনে পড়েছে। একবার এক সার্জন একজন রোগী দেখে বললেন, এমন কিছু বড় অপারেশন নয়। এখনই তিনি রোগীকে রোগমুক্ত করে দেবেন। ঘটা করে সার্জন রোগীর দেহে অস্ত্রোপচার করলেন। প্রায় ঘন্টাখানেক পরে কক্ষের বাইয়ে এসে রোগীর রুদ্ধশ্বাস আত্মীয়দের বললেন, 'আপনাদের কি বলবো' অপারেশন অত্যন্ত সাকসেসফুল হয়েছে। তবে দুঃখের কথা এইটুকু যে, রোগী মারা গেছে।

বাংলাদেশে ইয়াহিয়ার দস্যুচক্র বেপরোয়া গণহত্যা চালাচ্ছে আজ চার মাস হয়ে গেল। দখলীকৃত বাংলাদেশ এখন ধ্বংসস্তুপে পরিণত। এখানো বাংলার জীবন ও সম্পত্তি ধ্বংসের কোন সঠিক হিসাব হয়নি। বেসরকারী হিসাবে আশঙ্কা করা হয়েছে, মৃতের সংখ্যা দশ লাখ, গুরুতরভাবে আহতের সংখ্যা পঁচিশ হাজার, সাধারণভাবে আহত তিন লাখ, নির্যাতিত নারীর সংখ্যা পনর হাজার থেকে বিশ হাজার। আর বাংলাদেশ থেকে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খৃষ্টান নির্বিশেষে শরণার্থী ভারতে ঠেলে দেয়া হয়েছে ৭০ লাখের উপরে। এই পৈশাচিক ধ্বংসযজ্ঞ ও হত্যাকাণ্ড যখন চলছিল, তখন বাংলাদেশের নেতারা বার বার জাতিসঙ্ঘ ও বৃহৎ রাষ্ট্রবর্গের কাছে মানবতা ও বিশ্বশান্তির নামে আকুল আবেদন জানিয়েছেন, এই শিশুঘাতী ও নারীঘাতী বর্বরতা বন্ধে সক্রিয় হোন, বাংলাদেশে মানবতার স্বার্থে জাতিসঙ্ঘের হস্তক্ষেপ চাই। জাতিসঙ্ঘ কোটি কোটি মানুষের এই বিপন্ন আর্তনাদে কান দেননি। আর বৃহৎ রাষ্ট্রবর্গের মধ্যে আমেরিকা জাহাজ বোঝাই করে অস্ত্র পাঠিয়েছে এই অস্ত্র নিরীহ ও নিরস্ত্র নর-নারী হত্যার কাজে লাগানো হবে এই তথ্য জেনেও। এই দীর্ঘ চার মাস পরে যখন ইয়াহিয়া চক্রের ধ্বংসযজ্ঞ প্রায় সমাপ্ত হয়ে এসেছে, তখন জাতিসঙ্ঘ কর্তৃপক্ষ পর্যবেক্ষক পাঠাতে চান কি প্রয়োজনে? সেখানে স্তুপিকৃত মৃতদেহের সংখ্যা গুনতে? ধ্বংস্তুপে পরিণত দখলীকৃত বাংলাদেশে জাতিসংঘের তথাকথিত ত্রাণকার্যের মহড়া দিতে? হ্যা, তাতে জাতিসঙ্ঘের ত্রাণকার্যের অপারেশন অবশ্যই সাকসেসফুল হবে, কিন্তু রোগী

বাঁচবে না, অর্থাৎ বাংলাদেশের ধ্বংস চূড়ান্ত বিপর্যয় ঠেকানো যাবে না। এই ধ্বংসস্তুপ ও মৃতদেহের স্তুপের উপর দাঁড়িয়েই জাতিসঙ্ঘের পর্যবেক্ষকরা তখন হয়ত দাবী করবেন, বাংলাদেশ ধ্বংস হয়ে গেছে তাতে আমাদের কি? আমাদের অপারেশন অভিযান সাকসেসফুল।

জাতিসঙ্ঘ নামক একটি বিশ্ব প্রতিষ্ঠানের যদি যথার্থই কোন অস্তিত্ব থাকতো, তাহলে তারা ভারতে তো দূরের কথা, বাংলাদেশেও পর্যবেক্ষক পাঠাবার নাম এখন মুখে আনতেন না। জাতিসঙ্ঘের কর্তা ব্যক্তিদের স্মরণ আছে কিনা আমরা জানি না, এপ্রিল মে মাসের দিকে দখলীকৃত বাংলাদেশে ইয়াহিয়ার গণহত্যাযজ্ঞ যখন পুরোদমে চলেছে, তখন জাতিসঙ্ঘ সেখানে ত্রাণসামগ্রী পেরণ এবং নিজেদের তদারকিতে তা বন্টনের জন্য প্রস্তাব দিয়েছিল। ইয়াহিয়া তখন আন্তর্জাতিক রেডক্রসের একটি টিমকেই শুধু পাকিস্তান থেকে বহিষ্কার করে দেয়নি, উ-থান্টের প্রস্তাবেও সাফ না বলে দিয়েছিল তারপর জাতিসঙ্ঘের পক্ষ থেকে আবার নরম ভাষায় প্রস্তাব দেয়া হল, জাতিসঙ্ঘের ত্রাণসামগ্রী ইয়াহিয়ার সরকরী সংস্থাগুলোই বন্টন করবে, তবে তদারকি করবে জাতিসঙ্ঘের লোকেরা। এই প্রস্তাবটি প্রথমে ইয়াহিয়ার মনঃপূত হয়নি। ইয়াহিয়ার কাছে জাতিসঙ্ঘের আমল পায়নি। এমনকি তার পৈশাচিক গণহত্যা বন্ধ করতেও জাতিসঙ্ঘ পারেননি। আক্রমণকারী ও অত্যাচারীর বর্বরতা বন্ধ করতে সাহসের সঙ্গে না এগিয়ে দীর্ঘ চার মাস পর সক্রিয় হয়েছেন, পর্যবেক্ষক নিয়োগের নামে আক্রান্ত পক্ষের আত্মরক্ষার প্রস্তুতি ও উদ্যোগ আয়োজন নষ্ট করার জন্য। এ না হলে আর জাতিসঙ্ঘ! আসলে জাতিসঙ্ঘ নামক বিশ্ব সংস্থাটির বহুদিন আগেই অস্তিত্ব লোপ পেয়েছে। নিউ ইয়ার্কে জাতিসঙ্ঘ সদর দপ্তর নামে যে ভবনটি আছে, তা প্রকৃতপক্ষে একটি বৃহৎ শবাধার। আর এই শবাধারটি বহনের জন্য সর্বাগ্রে এগিয়েছেন যুক্তরাষ্ট্রের নিক্সন এডমিনিষ্ট্রেশন। এবং সর্বশেষ ব্যক্তি নিমন্ত্রিত হয়েছেন পাকিস্তান নামক একটি অধুনালুপ্ত রাষ্ট্রের বেআইনী প্রেসিডেন্ট ইয়াহিয়া।

সব চাইতে মজার ব্যাপার এই যে, জাতিসঙ্ঘ ভারত সীমান্তেও পর্যবেক্ষক মোতায়েন করতে চেয়েছেন। এ যেন মামার বাড়ীর আবদার। ভারত সরকার অবশ্য সঙ্গে সঙ্গে এ ব্যাপারে না বলে দিয়েছেন। তথাপি প্রশ্ন থেকে যায়, ভারতে পর্যবেক্ষক পাঠিয়ে কি হবে? গৃহস্থ বাড়ীতে ডাকাত পড়েছে। ডাকাত না বেঁধে, গৃহস্থ বাঁধার এমন চমৎকার প্রস্তাব আর কখনো শোনা যায়নি। অপরাধ করেছে পাকিস্তান। সত্তর লাখ শরণার্থী সে ভারতের ঘাড়ে চাপিয়েছে। ভারত এই শরণার্থীদের সাময়িকভাবে আশ্রয় দিয়ে বিরাট মানবতাবাদী ভূমিকার পরিচয় দিয়েছে। এক্ষণে অপরাধী পাকিস্তানের সঙ্গে মানবতাবাদী ভারতকে একাসনে বসিয়ে ভারতের ঘাড়েও পর্যবেক্ষক বসিয়ে দেয়ার প্রস্তাব বাতুলতা না নতুন চক্রান্ত পরিবর্তিত বিশ্ব পরিস্থিতিতেই তা বিচার্য। এখানে আরও একটি কথা বলা দরকার শরণার্থীরা ভারতে গিয়ে বিপন্ন হয়নি। এ জন্যেই পাকিস্তান ঘেঁষা জাতিসঙ্ঘ প্রতিনিধি প্রিন্স সদরুদ্দিন ইয়াহিয়ার অনেক দুষ্কর্ম চাপা দিতে চাইলেও বলতে বাধ্য হয়েছেন 'পাকিস্তানে ফিরে গেলে শরণার্থীদের জীবন বিপন্ন হবে না, এমন গ্যারান্টি আমি দিতে পারি না। যে স্বীকারোক্তির একমাত্র অর্থ , পাকিস্তানে এখনো অত্যাচার চলছে এবং দেশত্যাগীদের প্রত্যাবর্তন সেখানে নিরাপদ নয়। এই অবস্থায় জাতিসঙ্ঘের যদি সত্যই কোন দায়িত্ব বোধ থাকে, তাহলে তাদের একমাত্র কর্তব্য হচ্ছে, বাংলাদেশ থেকে অবিলম্বে অত্যাচারী হানাদার বাহিনী অপসারণের ব্যবস্থা করা এবং লক্ষ লক্ষ শরণার্থীর স্বদেশ প্রত্যাবর্তন নিরাপদ ও নিশ্চিত করার জন্য গণপ্রজাতন্ত্রী বালাদেশ সরকারকে তাদের বৈধ কর্তৃত্ব সম্প্রসারণে সাহায্য করা। তা না করে শরণার্থীদের জন্য মেকি দরদ দেখিয়ে বাংলাদেশে এবং ভারতে পর্যবেক্ষক প্রেরণের প্রস্তাব আসলে নতুন মোড়কে একটি পুরনো সাম্রাজ্যবাদী চক্রান্ত মাত্র। জাতিসঙ্ঘ এই চক্রান্তেরই বহু ব্যবহৃত মাধ্যম।

জাতিসঙ্ঘ পর্যবেক্ষক ও জাতিসঙ্ঘ বাহিনীর মোতায়েনের চমৎকার ফল বিশ্ববাসী একবার মধ্যপ্রাচ্যে এবং আরেকবার কঙ্গোতে প্রত্যক্ষ করেছে। জাতিসঙ্ঘের চমৎকার পর্যবেক্ষণ ও খবরদারি প্যালেষ্টাইনেও দেখেছে। কঙ্গোতে বিপুল ভোটাধিক্যে নির্বাচিত প্রথম জাতীয় সরকারের প্রধানমন্ত্রী লুমুম্বা দেশের আভ্যন্তরীণ শৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠার জন্য জাতিসঙ্ঘ বাহিনীকে আমন্ত্রণ জানিয়ে নিজ দেশে নিয়েছিলেন। এ জাতিসঙ্ঘ বাহিনীর নাকের ডগায় দাড়িয়ে কঙ্গোর ফ্যাসিষ্ট চক্র মহান দেশনায়ক লুমুম্বাকে পৈশাচিক নির্যাতন চালিয়ে হত্যা করেছে।

জাতিসঙ্ঘ এই হত্যাকাণ্ডের নীরব দর্শক ছিলেন মাত্র। সুতরাং বাংলাদেশের শরণার্থীদের সেবার অছিলায় সুঁচ হয়ে ঢুকে জাতিসঙ্ঘ কাদের জন্য ফাল হতে চান, তা বুঝতে 'বোকা বাঙালীরও' খুব বেশী দেরী হয়নি।

জাতিসঙ্ঘের মাধ্যমে এই নয়া চক্রান্তের উদ্দেশ্য অতি স্পষ্ট। দখলীকৃত বাংলাদেশে ইয়াহিয়ার হানাদার বাহিনী এখন ক্রমবর্ধিত গেরিলা তৎপরতায় কাবু হয়ে পড়েছে। মুক্ত অঞ্চলে মুক্তিবাহিনীর উপর চূড়ান্ত আঘাত হানার প্রস্ততি নিচ্ছে। জাতিসঙ্ঘ সংগঠিত ও শক্তিশালী হয়ে উঠেছে এবং ইয়াহিয়ার হানাদার চক্রের মাধ্যম হিসাবে ব্যবহার করে তাদের নেপথ্যের মুরুবিবরা চাচ্ছে হানাদারদের এই চরম মার থেকে বাঁচাতে। পর্যবেক্ষক মোতায়েনের নামে যদি বাংলাদেশেও ভারত সীমান্তে জাতিসঙ্ঘ বাহিনী মোতায়েন করা যায়, তাহলে মুক্তিবাহিনী ও গেরিলাদের তৎপরতা রোধ করা যাবে এবং তাদের মার থেকে হানাদার বাহিনীকে বাঁচানোও যাবে, এই তাদের দুরাশা। পাকিস্তানকে এখনো অস্ত্র প্রদানের যুক্তি হিসাবে নিক্সন সরকার যে অভিনব তথ্য অবিষ্কার করেছেন, তাহল বাংলাদেশে উগ্রপন্থীদের দমনের জন্য অস্ত্র প্রেরণ দরকার। ভবিষ্যতে এই উগ্রপন্থীদের দমনের নামে মুক্তিবাহিনীকে দমনেরও এক চমৎকার যুক্তি নিক্সন সাহেবেরা খাড়া করতে পারবেন, বাংলাদেশে যখন জাতীয় মুক্তিযুদ্ধ চলছে, তখন সেখানে যারা 'উগ্রপন্থীদের অস্তিত্ব বা তাদের প্রভাব আবিষ্কার করতে পারেন, তাদের পক্ষে সবই সম্ভব। মার্কিন যুক্তরাষ্ট্রের বড় ব্যবসায়ীদের এখন প্রধান ব্যবসা অস্ত্র বিক্রয়। ভিয়েৎনামের কিছু উদ্ধৃত্ত মার্কিন সৈন্য জাতিসঙ্ঘ পর্যবেক্ষক বাহিনীতে ঢুকিয়ে যদি বাংলাদেশে পাঠানো যায়, তাহলে এখানেও আরেকটি ভিয়েৎনাম সৃষ্টিতে দেরী হবে না এবং মার্কিন অস্ত্র ব্যবসায়ীদের অস্ত্র ব্যবসায়ও ভাটা পড়বে না। যুক্তরাষ্ট্রের শান্তিকামী ও গণতন্ত্রকামী মানুষেরও তাই উচিৎ, তাদের দেশের রক্ত ব্যবসায়ীদের এই নতুন চক্রান্ত সম্পর্কে সজাগ হওয়া।

বাংলাদেশ সমস্যায় জাতিসঙ্ঘ যদি কোন কার্যকর ভূমিকা গ্রহণ করতে চায়, তার পথ এখনো উন্মুক্ত রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের উপরাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম তার সাম্প্রতিক এক ভাষণে এই পথের কথাই সুস্পষ্ট ভাষাই বলে দিয়েছেন। এই পথ হল, বাংলাদেশ থেকে পাক হানাদার বাহিনী অবিলম্বে সরিয়ে ফেলার ব্যবস্থা করা, স্বাধীন বাংলাদেশকে স্বীকার ও জাতিসঙ্ঘে স্থান দেয়া, গত তেইশ বছর ধরে বাংলাদেশে যে শোষণ চালানো হয়েছে বিশেষ করে গত ২৫শে মার্চের পর ধ্বংস সাধন করা হয়েছে, ইসলামাবাদ সরকারের কাছে থেকে তার ক্ষতিপূরণ আদায় করা ও শরণার্থীদের স্বদেশ প্রত্যাবর্তন ও পুনর্বাসনে সাহায্য করা। একমাত্র এ পথেই বাংলাদেশ সমস্যার শান্তিপূর্ণ ও ন্যায়সঙ্গত সমাধান সম্ভব। জাতিসঙ্ঘের তাই উচিৎ কোন নেপথ্য চক্রীদলের চক্রান্তের মাধ্যম না হওয়া এবং ভাওতাবাজির আশ্রয় না নেয়া। বাংলাদেশের মানুষ এখন অপরের কৃপাপ্রার্থী নয়। তারা নিজেরাই নিজেদের সমস্যার সমাধান ও হানাদার উৎপাদনে কৃতসংকল্প।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশের মানুষ বরদাশত করবে না (শেখ মুজিবের বিচার প্রসঙ্গে)	জয় বাংলা ১ম বর্ষঃ ১২শ সংখ্যা	৩০ জুলাই, ১৯৭১

বাংলাদেশের মানুষ বরদাশত করবে না
(নিজস্ব প্রতিনিধি)

বঙ্গবন্ধুর বিচার করবে, একথা প্রচার করেছে ইসলামাবাদের খুনী চক্র। কিন্তু এ অধিকার তাকে কে দিয়েছে? ইতিহাসের পথ রোধ করে যারা ক্ষমতার দাপটে উন্মাদ হয়ে উঠে, বাংলার সরলপ্রাণ মানুষ তাদের শায়েস্তা করেছে। আর তাদেরই অবিসম্বাদিত চেতনা বঙ্গবন্ধু আজ বন্দীদশায় কাল কাটাচ্ছেন জঙ্গীশাহীর কারান্তারালে। কিন্তু তাঁকে বিচার করবার অধিকার তাদের নেই। জবরদস্তি করে এ প্রহসন করলে বাংলাদেশের মানুষ তাকে বরদাশত করবে না। এ উদ্ধৃত আচরণের সমুচিত জবাব দেবেই বাংলার মানুষ।

স্বাধীন বাংলাদেশ একটি সত্য। পৃথিবীর মানচিত্রে এ এক সার্বভৌম নবরাষ্ট্রের নাম। ইতিহাসে এ নাম সাড়ে সাত কোটি রক্তের অক্ষরে লেখা চিরভাষ্কর। এই দেশেরই প্রতিটি মানুষের প্রাণপ্রিয় সুহৃদ বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমান তাঁকে দেশদ্রোহীর অপরাধে কাঠগড়ায় দাঁড় করাতে চায়, এমন ধৃষ্টতা কার? 'পাকিস্তান' নামের যে দেশটি আজ মৃত, তারই নরপতি ইয়াহিয়া যদি এই দুঃসাহস নিয়ে বিশ্বের মানবগোষ্ঠীকে বোকা বানাতে চায় আর বাংলার সার্বিক মুক্তির অপ্রতিরোধ্য সংগ্রামকে করতে চায় দুর্বল তবে জেনে রাখো ইয়াহিয়া তোমাদের জবাবের দিন সমাগত। এবারেতে প্রতিশোধ কসম নিয়েছি, পালাবার পথ দেবো না তোমাদের।

জঙ্গী পাক সরকারের হাতে মাতৃভূমি বাংলাদেশ থেকে দেড় হাজার মাইল দুরে পশ্চিম পাকিস্তানে বন্দী বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের নয়নমণি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জল্লাদ অধিপতি ইয়াহিয়া খান কর্তৃক সামরিক আদালতে বিচারের হুমকি সম্পর্কে প্রকাশিত খবরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপ্রধান সৈয়দ নজরুল ইসলাম বাংলাদেশের রাষ্ট্রপ্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারবর্গের আশু মুক্তির জন্য জাতিসংঘের সেক্রেটারী জেনারেল উথান্ট, মার্কিন যুক্তরাষ্ট্র, সোভিয়েত রাশিয়া, গ্রেট বৃটেন, গণচীন, ভারত, কানাডা, অষ্ট্রেলিয়া প্রভৃতি দেশের রাষ্ট্রপ্রধানদের নিকট পৃথক পৃথক তারবার্তা প্রেরণ করে তাঁদের হস্তক্ষেপ কামনা করেছেন।

এ ছাড়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমদ ও পররাষ্ট্রমন্ত্রী খোন্দকার মোশতাক আহমদ স্বাধীন সার্বভৌম বাংলাদেশের রাষ্ট্রপ্রধান ও অবিসম্বাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুক্তির জন্য বিশ্বের বিভিন্ন ও জাতিসংঘের হস্তক্ষেপ কামনা করেছেন। বাংলাদেশ ছাত্র লীগের সভাপতি নূরে আলম সিদ্দিকী ও সাধারণ সম্পাদক শাজাহান সিরাজ যুবশক্তির অদম্য প্রেরণার অফুরন্ত উৎস বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুক্তির ব্যাপারে বিশ্বের যুব সমাজের দৃষ্টি আকর্ষণ করেছেন। নেতৃবৃন্দ তাঁদের বিবৃতিতে বলেন যে, স্বাধীন সার্বভৌম বাংলাদেশের রাষ্ট্রপ্রধান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচার করার ন্যায় ও আইনসঙ্গত অধিকার আজ জঙ্গী সরকারের নেই।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ঐতিহাসিক গণপ্রতিনিধি সমাবেশ	জয় বাংলা ১ম বর্ষঃ ১২শ সংখ্যা	৩০ জুলাই, ১৯৭১

ঐতিহাসিক গণপ্রতিনিধি সমাবেশ

আহমদ রফিক

অসহযোগ আন্দোলন থেকে স্বাধীনতায় উত্তরণ করে স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠন করার পর, বাংলাদেশ আওয়ামী লীগ ওয়ার্কিং কমিটি এবং নির্বাচিত প্রতিনিধিদের প্রথম বৈঠক এ মাসেই ৫ই ও ৬ই তারিখে মুজিবনগরে অনুষ্ঠিত হয়েছে।

দেশমাতৃকার স্বাধীনতা রক্ষার জন্যে যখন সাড়ে সাত কোটি মানুষ মৃত্যুঞ্জয়ী সংগ্রামে লিপ্ত হয়ে বুকের তাজা রক্ত বইয়ে দিয়েছে বাংলার শ্যামল প্রান্তরে, জাতীয়তাবাদের নব চেতনায় উদ্বুদ্ধ ও স্বাধীনতা মন্ত্রে দীক্ষিত সংগ্রামী বাংলার মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যখন কারারুদ্ধ, বিশ্বমানবতা যখন বিবেকের দংশনে কিংকর্তব্য বিমূঢ়, সারা বিশ্ব যখন বাংলার নেতৃত্ব বিশেষ করে আওয়ামী লীগের নেতৃত্বের দিকে এক বিরাট উৎকণ্ঠা নিয়ে তাকিয়ে আছে, তেমনি এক মুহূর্তে এই সম্মেলন অনুষ্ঠিত হল। কার্যকরী সংসদের ৩৯ জন সদস্য এবং উভয় পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের যুক্ত বৈঠকে মোট ৩৭৪ জন সদস্য উপস্থিত ছিলেন। এর মধ্যে ১৩৫ জন জাতীয় পরিষদ সদস্য ২৩৯ জন প্রাদেশিক পরিষদ সদস্য। আওয়ামী লীগ দলীয় জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যদের মধ্যে যাঁরা সম্মেলনে উপস্থিত হতে পারেননি, তাদের মধ্যে বেশ কয়েকজন ইয়াহিয়া খানের সেনাবাহিনীর হাতে নিহত অথবা গ্রেফতার হয়েছেন এবং কয়েকজন আত্মসমর্পণও করেছেন। আর কেই কেই নিজ নিজ এলাকায় থেকে মুক্তিযুদ্ধ পরিচালনার কাজে ব্যস্ত থাকায় সম্মেলনে হাজির হতে পারেননি। অবশ্য আরও বেশ কয়েকজন সদস্য পার্শ্ববর্তী রাষ্ট্রসমূহে আশ্রয় নিয়েছেন।

এই বৈঠক কয়েকটি দিক থেকে বিশেষ গুরুত্বপূর্ণ। ইয়াহিয়া সরকার আওয়ামী লীগ তথা বাংলাদেশের মক্তি সংগ্রামকে নস্যাৎ করার উদ্দেশ্যে ত্রিমুখী আক্রমণ চালিয়েছিল। ইয়াহিয়া সরকার আওয়ামী লীগকে বেআইনী ঘোষণা করে, আওয়ামী লীগের নেতা, কর্মী ও নির্বাচিত পরিষদ সদস্যদের উপর সকল রকম অত্যাচার চালিয়ে তাদেরকে সর্বস্বান্ত করেছে। আর সর্বশেষে আওয়ামী লীগকে বেআইনী ঘোষণা করা হলেও নির্বাচিত প্রতিনিধিদের নির্বাচন বাতিল হবে না বলে একটি মস্ত বড় প্রলোভনের টোপ ছেড়েলিল। কিন্তু এই বৈঠক প্রমাণ করে দিয়েছে যে, ইয়াহিয়ার প্রলোভনের টোপ ব্যর্থ হয়েছে।

সম্মেলনে উপস্থিত প্রতিটি মানুষই যে সংগ্রামী বাংলাদেশের প্রতিনিধি তার চিহ্ন আঁকা রয়েছে তাদের চোখে মুখে। তাঁরা এসেছেন রণক্ষেত্রের মুক্তিযোদ্ধাদের এবং সার বাংলাদেশের সংগ্রামী মানুষের দুর্জয় সংকল্পের প্রতিনিধি হিসেবে। তাদের চোখ মুখে চূড়ান্ত বিজয়ের আলোর উদ্ভাসিত।

এই বৈঠকের রাজনৈতিক তাৎপর্য, ঐতিহাসিক গুরুত্বও অনেক। ভাবী কালের ঐতিহাসিকেরা যেদিন বাংলাদেশের মুক্তি সংগ্রামের গৌরবোজ্জ্বল ইতিহাস লিখবেন, সেদিন এই মুজিবনগর বৈঠকের গুরুত্ব তার যথার্থ প্রেক্ষিত নিয়ে ইতিহাসে লিপিবদ্ধ হবে, এতে কোন সন্দেহ নেই। কেউ কেউ হয়ত বলতে পারেন, বাংলাদেশ আওয়ামী লীগের সংসদ সদস্যরা একটি যুক্ত বৈঠক করেছেন এবং দেশের রাজনৈতিক ও সামরিক পরিস্থিতি পর্যালোচনা করে কয়েকটি সিদ্ধান্ত নিয়েছেন, তার রাজনৈতিক গুরুত্ব থাকতে পারে, ঐতিহাসিক তাৎপর্য কি?

এই তাৎপর্য বুঝতে হলে আমাদের ফিরে যেতে হবে, আজ থেকে দু'মাস আগে জানুয়ারীর এক শীত বিকেলে রমনার সবুজ ঘাসে ঢাকা রেসকোর্সের ময়দানে। তখন বাংলাদেশে আওয়ামী লীগের সদ্য নির্বাচন বিজয়ের মহা উল্লাস। গণতান্ত্রিক ও রাজনৈতিক অধিকার ফিরে পাওয়ার আকুল প্রত্যাশায় বাংলার আবাল বৃদ্ধা বনিতা প্রতীক্ষারত। সেই মহা বিজয়ের মহা উল্লাসের দিনে বঙ্গবন্ধু শেখ মুজিব প্রস্তাব দিলেন রমনার মাঠের প্রায় বিশ লাখ মানুষের সামনে দাড়িয়ে অর্থাৎ গণ-আদালতে দাড়িয়ে আওয়ামী লীগের সকল সংসদ সদস্যকে শপথ গ্রহণ করতে হবে, জনগণের রায় বানচাল হতে পারে, জনগণকে দেয়া প্রতিশ্রুতি ভঙ্গ হতে পারে এমন কাজ কেউ করবেন না। জনগণের সঙ্গে গণস্বার্থের সঙ্গে কেউ যদি বিশ্বাসঘাতকতা করে, তাহলে জনগণের অধিকার রইল তাকে চরম শাস্তি দেয়ার। সেদিনও বাইরের রাজনৈতিক পর্যপেক্ষকেরা প্রশ্ন তোলেননি তা নয়, নতুন করে আবার শপথ গ্রহণের দরকার কি? বাংলাদেশের জাতীয় নেতা বঙ্গবন্ধু তার ময়দানের ভাষণে এর জবাব দিয়েছেন অল্প কয়েকটি কথায়, ''এই নির্বাচনী বিজয়ই চূড়ান্ত বিজয় নয়। আমাদের আবার সংগ্রামে নামতে হতে পারে।''

মাত্র তিন মাসের মধ্যে বঙ্গবন্ধুর ভবিষ্যদ্বানী অক্ষরে অক্ষরে ফলে গেল। ইয়াহিয়া চক্র বিশ্বাসঘাতকতা করলো। নিরস্ত্র এবং অহিংস গণ অসহযোগ আন্দোলনের মোকাবিলায় আধুনিক অস্ত্রে সজ্জিত কয়েক ডিভিশন সৈন্য তারা লেলিয়ে দিল বাঙ্গালী নিধনে। মার্চ মাসের সাত তারিখে আবার লাখো লাখো মানুষ জমায়েত হল রমনার মাঠ তাদের মুক্তি সংগ্রামে নেতার নির্দেশ লাভের জন্য। তাদের সকলের মনেই সেদিন একটি নীরব প্রশ্ন এরপর কি হবে? বঙ্গবন্ধু যদি তাদের মধ্যে না থাকেন, তাকে যদি গ্রেপ্তার হতে হয় বর্বর জঙ্গীচক্রের হাতে তাহলে কি হবে? কে নির্দেশ দেবে সংগ্রামী জাতিকে? এই প্রশ্নেরও জবাব দিলেন বঙ্গবন্ধু নিজেই। আবেগমণ্ডিত বজ্রকণ্ঠে বললেন, ''আমি যদি নির্দেশ দেয়ার জন্য না থাকি তাহলে আমার এই নির্দেশ রইল, এই সংগ্রাম চলবে। এই সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এই সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।''

বঙ্গবন্ধু আজ আমাদের মধ্যে হাজির নেই। হানাদার বর্বর ইয়াহিয়া চক্রের হাতে আজ তিনি বন্দী। কিন্তু বাংলাদেশের মুক্তি সংগ্রাম থামেনি, স্বাধীনতার সংগ্রাম পথভ্রষ্ট হয়নি, আওয়ামী লীগের একজন কর্মী অথবা নেতা নীতি ভ্রষ্ট হয়নি, বাংলাদেশের মানুষের সঙ্গে তারা বিশ্বাসঘাতকতা করেননি। বরং তারা আরো ঐক্যবদ্ধ হয়েছেন। মুক্তি সংগ্রাম আরও জোরদার ও সংগঠিত হয়েছে। সংগ্রামে চুড়ান্ত জয়লাভের দিনও ক্রমশঃ আমাদের নিকটবর্তী হচ্ছে। আর এই সংগ্রাম ও সাফ্যল্যের নিরিখেই এ মাসে অনুষ্ঠিত মুজিবনগর বৈঠকের রাজনৈতিক তাৎপর্যও ঐতিহাসিক গুরুত্ব বিচার করতে হবে।

ইয়াহিয়া ভুট্টো টিক্কা চক্র আশা করেছিল, বঙ্গবন্ধকে আটক করা হলে নেতাহীন মুক্তি আন্দোলন বানচাল হবে, চরম অত্যাচারের মুখে আওয়ামী লীগ দল ভেঙ্গে যাবে, আওয়ামী লীগের পরিষদ সদস্যেরা ইয়াহিয়ার নির্দেশ মেনে নিয়ে সাড়ে সাত কোটি মানুষের নির্বাচনী রায়কে ব্যর্থ করে দেবে। এই দুরাশায় ইয়াহিয়া তথাকথিত রাজনৈতিক সমাধানের কথা বলে বিশ্ববাসীকে ধোকা দিতে চেয়েছিলেন। কিন্তু তাতে ভাবী ভোলেনি। আওয়ামী লীগ দলীয় কয়েকজন পরিষদ সদস্যকে বন্দীকরা ছাড়া আর দু'একজনের বেশী ইয়াহিয়া খান দলে ভেড়াতে পারেনি। আওয়ামী লীগ গোটা জাতির সমর্থন পেয়ে মুক্ত অঞ্চলে বাংলাদেশের গণপ্রাজতন্ত্রী সরকার গড়ে তুলেছেন, মুক্তি বাহিনীর সঙ্গে কাধে কাধে মিলিয়ে মুক্তি সংগ্রামে শরিক হয়েছেন। নগরে এই মাসের গোড়ার দিকে তারা সকলে একত্র হয়ে ইয়াহিয়ার মিথ্যা প্রচারণা ফাঁস করে দিয়েছেন এবং বিশ্ববাসীকে দেখিয়ে দিয়েছেন, শেখ মুজিব বন্দী হলেও আদর্শ রয়ে গেছে পিছনে, আর রয়ে গেছে তার সুযোগ্য সহকর্মীরা যাদের নেতৃত্বের প্রভাবেই ইয়াহিয়ার তথাকথিত রাজনৈতিক সমাধানের ফাঁদে তাদের কেউ ধরা দেননি। তারা সকলেই মুক্তাঞ্চলে রয়েছেন এবং মুক্তি সংগ্রামে শরিক হয়ে তাদের উপর অর্পিত দায়িত্ব পালন রত। বিশ্বের কোন কোন প্রখ্যাত রাজনৈতিক ভাষ্যকার তাই বিশ্মিত হয়ে মন্তব্য করেছেন বিশ্ব ইতিহাসে এমনটি আর কখনো ঘটেনি। আওয়ামী লীগের মত একটি নিয়মতান্ত্রিক রাজনৈতিক দল রাতারাতি বিপ্লবী চরিত্র গ্রহণ করবে, এটা বিস্ময়কর বিশ্বের ইতিহাসে এটা তুলনাহীন, উপমাহীন ঘটনা।

এই বৈঠক প্রমাণ করেছে, ইয়াহিয়া-চক্রের চরম বর্বরতার মুখেও বাংলাদেশের গণঐক্য অটুট গণপ্রতিনিধিরা ঐক্যবদ্ধ এবং স্বাধীনতার চূড়ান্ত লক্ষ্য অর্জনে দৃঢ়সংকল্প। এই বৈঠক আমাদের মুক্তিবাহিনীর মনে নতুন প্রেরণা এনেছে, সাড়ে সাত কোটি মানুষের মনে এনেছে নতুন প্রত্যয়, দৃপ্ত সাহস। বহির্বিশ্বের বন্ধু রাষ্ট্রগুলোও উপলব্ধি করেছেন, বাংলাদেশের একমাত্র বৈধ ও প্রতিনিধিত্বশীল সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বঙ্গবন্ধুর কণ্ঠে কণ্ঠে মিলিয়ে আমরাও বলি, এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম। এবং সংগ্রামে জয়লাভ অবশ্যম্ভাবী। উদায়াচলে মুক্তি সূর্যের আলোর রেখা উদ্ভাসিত। রক্ত পিছল সূর্যতোরণে আজ প্রতীক্ষারত বাংলাদেশের সংগ্রামী মানুষ। লক্ষ লক্ষ শরণার্থীর হাহাকার ব্যর্থ হবে না বীরের রক্তস্রোত, মায়ের অশ্রুধারা বিফলে যাবে না। জয় আমাদের সন্নিকট এবং সুনিশ্চিত। জয় বাংলা।

(স্বাধীন বাংলা বেতার থেকে প্রচারিত)

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
তাঁকে হত্যা করে বাঙালী জাতিকে স্তব্ধ করা যাবে না	জয় বাংলা ১ম বর্ষঃ ১৬শ সংখ্যা	২৭ আগস্ট, ১৯৭১

তাঁকে হত্যা করে বাঙালী জাতিকে স্তব্ধ করা যাবে না
মুজিব আজ আর কোন ব্যক্তি নয়
সাড়ে সাত কোটি বাঙালীর নাম শেখ মুজিব
(জয় বাংলা প্রতিনিধি)

মানব ইতিহাসের নৃশংসতম হত্যাকারী ইয়াহিয়া লাখো লাখো নিরাপরাধ বাঙালীর শোণিতে দেহ রঞ্জিত করেও তার রক্ত পিপাসা নিবৃত্ত করতে পারেনী। খেঁকি কুত্তা ক্ষিপ্ত হয়ে উঠলে যেমন দিকবিদিক জ্ঞান শূন্য হয়ে যা তা কিছু করে বসে তেমনি মদ্যপ দুশ্চরিত্র ইয়াহিয়াও ঝাঁকালো ডিম্পল হুইস্কির নেশায় গোলাপী হয়ে গিয়ে তার মনিব বঙ্গবন্ধু শেখ মুজিবের বিচারের প্রহসন চালাবার জন্য উদ্ধত ঔদ্ধত ঔদ্ধত্যে খেউ খেউ রব ছাড়তে শুরু করেছে।

মানব সভ্যতা ও মানবিক মূল্যবোধের প্রতি হুমকিস্বরূপ এই ঘৃণ্য নরপশুকে তার বিপজ্জনক কাজ থেকে নিবৃত্ত করার জন্য বিশ্বের মানবতাবাদী বিবেক তাদের কণ্ঠস্বরকে উচ্চগ্রামে তুলেছেন। কিন্তু তাতেও কোন লাভ হচ্ছে না। উন্মত্ত খেকি কুত্তাকে যেমন মুগুরের আঘাতে মাথার মগজ বের করে দিয়ে মানুষের স্বাভাবিক জীবন যাত্রা পরিচালনার পথকে কন্টকহীন করতে হয় ইয়াহিয়া এবং তার ইতিহাসের শিক্ষা বিস্মৃত জান্তাকেও তেমনি প্রচণ্ডতার সাথে আঘাত করতে না পারলে আগুন নিয়ে খেলা করা থেকে নিবৃত্ত করা যাবে না। ইতিহাসের আস্তাকুড়ের গালিজ পচা চরিত্র হিটলার, আইখম্যান মুসোলিনীদেরও মিষ্টি কথায় নিবৃত্ত করা যায়নি। যেমন কুকুর তার জন্য তেমন মুগুরের প্রয়োজন। আমাদের মুক্তি বাহিনী স্বয়ংক্রিয় মুগুর হাতে সে কাজ সমাধা করার জন্য আজ বিদ্যুতের গতিতে কাজ শুরু করে দিয়েছেন। তারা পথের কোন বাধা মানবে না বাঙালী জাতির পিতা শেখ মুজিবুর রহমানের জীবন রক্ষার জন্য কোন ত্যাগকেই বড় করে দেখবে না। মুজিব ভাই না বাচলে তাদের আলো বাতাস নিঃস্বাস নিয়ে বেচে থাকারও কোন আগ্রহ নেই। প্রতিটি অস্ত্রাঘাতে জল্লাদদের বাচার ক্ষীণ সম্ভাবনাকেও তরুণ মুক্তি সেনারা অসম্ভব করে তুলবে।

ইয়াহিয়া ঘোষণা করেছে, সে ৭৫ মিলিয়ন বাঙালীর আশা আকাঙ্খা ও আবেগ অনুভূতির প্রতীক শেখ মুজিবের বিচার করবেই। বিচারের কয়েক মাস আগেই সে ২৬শে মার্চের বেতার ভাষণে রায়ও দিয়ে ফেলেছে। মদ্যপ ইয়াহিয়ার মাতাল কণ্ঠ থেকে সেদিন ঝরে পড়েছিলঃ শেখ মুজিবকে রেহাই দেওয়া হবে না। পরবর্তীকালে একই কণ্ঠ ঘোষণা করেছে, বিচারে শেখ মুজিবের প্রাণদণ্ড হতে পারে। তার পাঞ্জাবী সেনাদের বুটের আঘাতে প্রকম্পিত বেতার থেকে প্রতিদিন শেখ সাহেবকে হত্যার হুমকি দেওয়া হচ্ছে। খেকি কুকুরের দুগ্ধক্তময় নখ চাটা বাঙালী কণ্ঠ তাকে মীরজাফর বলার ঔদ্ধত্য দেখাচ্ছে।

এই পরিবেশে স্থানের নামহীন, বিচারকের নামহীন, খাকী ইউনিফরমধারীর গ্যাস চেম্বারে বাংলার নয়নমণি শেখ মুজিবের বিচার শুরু হয়েছে বলে ঘোষণা করা হয়েছে।

আরও একটি চমকপ্রদ ঘোষণাও একই সাথে সাথে করা হয়েছে তাতে বলা হয়েছে সিন্ধুর আল্লাবক্স খোদাবক্স দ্রোহী শেখ সাহেবের পরে মামলা পরিচালনা করতে স্বীকৃত হয়েছেন। এবং তাকে শেখ সাহেবের পক্ষ

অবলম্বনের জন্য অনেক চেষ্টা তদ্বির করা হয়েছে। চেষ্টা করেছেন স্বয়ং ঘাতক বিচারক ইয়াহিয়া। অনেক চেষ্টা তদ্বিরের পর জনাব ব্রোহী মামলা পরিচালনায় স্বীকৃত হয়েছেন। আহা কি নাটক! কি উপাদেয় নাটক!

শেখ মুজিব দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করেছিলেন, আমার বিচার করার কোন এখতিয়ার ইয়াহিয়ার নেই। কিসের অভিযোগ আমার বিরুদ্ধে? আমার বিরুদ্ধে অভিযোগ করার কি অধিকার ইয়াহিয়ার আছে, তাকে এ অধিকার কে দিয়েছে?

এর পরও জনাব এ কে দ্রোহীকে নাকি শেখ সাহেবের পক্ষে মামলা পরিচালনায় নিযুক্ত করা হয়েছে এবং তিনি তার মক্কেলের সাথে আলোচনার জন্য এক অঘোষিত স্থানে রওয়ানা হয়ে গেছেন। সে স্থানের নাম তিনি প্রকাশ করবেন না কারণ তিনি গোপনতার শপথ পাঠ করেছেন ইয়াহিয়ার কাছে। ঘাতক যে শেখ সাবেককে অপরাধী বলে পূর্বেই রায় দিয়ে ফেলেছে, যার প্রচারযন্ত্র অহরহ শেখ বিরোধী বিষ ছড়িয়ে ঝালিয়ে যাচ্ছে সেই আইনের আর ইতিহাসের জ্ঞান বর্জিত ইয়াহিয়া আবার অনেক চেষ্টার পর, বিবাদী পক্ষের আইনজীবীও ঠিক করে নিয়েছেন। ইয়াহিয়া তোমাদের হাজারো গ্রামের গুহায় এ জাতীয় বিচারের প্রহসন হতে পারে-কিন্তু সভ্যতার আলো বাতাসে উদ্ভাসিত আজকের বিশ্বে এ জাতীয় মধ্যযুগীয় বিচারের প্রহসন অকেজো। ইয়াহিয়া তোমাকে খেয়াল রাখতে হবে পরকীয়া প্রেম করে তোমার সাদ্দামী বেহেস্ত প্রেসিডেন্ট ভবনে প্রত্যাবর্তনের পর তোমার স্ত্রীকে চোখ রাঙ্গিয়ে ঠান্ডা করার ক্ষমতা তোমার আছে কিন্তু দুর্জয় শপথের দীপ্তিতে মাথা উচু বাঙালীরা তোমার হুমকীর কাছে যে মাথা নোয়াবার শিক্ষা পায়নি তা তুমি এবং তোমার জেনারেলরা ইতিমধ্যেই নিশ্চয়ই টের পেয়ে গেছে।

মিঃ ব্রোহী মামলায় কার পথ অবলম্বন করবেন? শেখ সাহেবের বিরুদ্ধে কি অভিযোগের জবাব তিনি দেবেন এবং কার কোর্টে? বিশ্ব জনমতের আদালতে শেখ মুজিব একটি মাত্র অপরাধ করেছেন এবং তা হলো জনগণের আশা আকাঙ্ক্ষা অনুভূতির সাথে তিনি বিশ্বাসঘাতকতা করেননি-ছয় দয়ার সাথে বেঈমানী করে প্রধানমন্ত্রীর পদকে বড় করে দেখেননি। জনতার নদী রক্ত আর অশ্রু গঙ্গার সাথে নিজেকে একাত্ম করে নিতে সূক্ষ্মতর বিলম্ব করেননি। এই অপরাধে যদি শেখ সাহেবের বিচার হয় তা হলে সাড়ে সাত কোটি বাঙালীকেও বিচারের কাঠগড়ায় উঠাতে হবে। কারণ শেখ মুজিব আজ ব্যক্তি নয়, সাড়ে সাত কোটি বাঙালীর নাম শেখ মুজিব মুজিব মানে সাড়ে সাত কোটি বাঙালী কণ্ঠ বাঙালী-প্রাণ বাঙালী আবেগ। ইয়াহিয়া তোমার ক্ষমতাদর্পী সেনারা একটি জাতিকে কি নিশ্চিহ্ন করতে পারবে? পারবে না। হিটলার পারেনি। আইখম্যানদের গ্যাস চেম্বারও একদিন 'টায়ার্ড' হয়ে পড়েছিল।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় বন্যা ও মুক্তিযুদ্ধ	জয় বাংলা ১ম বর্ষঃ ১৬শ সংখ্যা	২৭ আগস্ট, ১৯৭১

সম্পাদকীয়

বন্যা ও মুক্তিযুদ্ধ

বাংলাদেশের বিস্তীর্ণ অঞ্চল বন্যায় প্লাবিত হয়েছে। হানাদার বাহিনীর দখলীকৃত এক বিস্তীর্ণ এলাকা এখন পানির নীচে। বাংলাদেশের এটা সাম্বৎসরিক বন্যা। ১৯৫৫ সালে প্রথম পথম এই সর্বগ্রাসী বন্যার প্লাবন দেখা দেয় বাংলাদেশে। এখন এটা নিয়মিত মৌসুমী ব্যাপার। প্রথম প্রথম এক বছর বা দু'বছর অন্তর এই বন্যা দেখা দিত। তারপর প্রতি বছর এমনকি বছরে একাধিকবার এই প্লাবনে বাংলাদেশের মানুষ সর্বস্বান্ত হচ্ছে। বন্যায় প্রতি বছর বাংলাদেশে ফসলের যে ক্ষতি হয়, তার পরিমান দুশো কোটি টাকা। গবাদিপশু ও ঘরবাড়ীর ক্ষয়ক্ষতির হিসাব এর মধ্যে ধরা হয়নি। অবশ্য এই দুশো কোটি টাকাও ইসলামাবাদের 'মিথ্যাবাদী রাখাল বালকদের' হিসাব। বন্যায় প্রকৃত ক্ষয়ক্ষতির হিসাব এখন পর্যন্ত জানা যায়নি বা জানানোর চেষ্টা হয়নি। ইসলামাবাদের উপনিবেশিক শাসকেরা সকল সময় এই ক্ষতির হিসাব চেপে রাখার চেষ্টা করেছেন।

বন্যায় বাংলাদেশের ক্ষতি শুধু ফসল, গবাদিপশু বা ঘরবাড়ী সম্পত্তি ধ্বংস হওয়ার মধ্যেই সীমাবদ্ধ নয়। এই ক্ষতির ধাক্কা যেমন পৌনপুনিক, তেমনি সুদূরপ্রসারী। এক বছরে একাধিকবার সর্বপ্লাবী বন্যা হওয়ার ফলে বাংলাদেশে খাদ্য ঘাটতি একটি সংক্রামক ব্যধিতে পরিণত হয়েছে। দুর্ভিক্ষাবস্থা বাংলাদেশে নিত্য নৈমিত্তিক ব্যাপার বন্যার দরুন কৃষি সংস্কার ও অধিক খাদ্য ফলাও আন্দোলন কিছু মাত্র সফল হয়নি। ইসলামাবাদের শোষক চক্র বাংলাদেশকে হরি লুটের বাতাসার মত কেবল চোষণ করেছেন, কিন্তু বন্যার প্রতিকার এবং খাদ্য ঘাটতি দুর করার জন্য সবুজ বিপ্লব অনুষ্ঠানের কোন ব্যবস্থা করেননি। জাতিসংঘের পিয়ারসন কমিটির রিপোর্টেও অত্যন্ত স্পষ্ট ভাষায় এই ব্যাপারে বলা হয়েছে যে বাংলাদেশে ভুমির উপর অত্যাধিক চাপ হ্রাসের জন্য শক্তি চালিত পাম্প ও গভীর নলকুপের সাহায্যে সেচ ব্যবস্থা প্রবর্তন দ্বারা বহু আগেই বাংলাদেশে সবুজ বিপ্লব বা কৃষি উন্নয়নের ব্যবস্থা ত্বরান্বিত করা উচিত ছিল। কিন্তু বাংলাদেশে যা করা হয়নি, তা করা হয়েছে পশ্চিম পাকিস্তানের মরুভূমিতে। সেখানে গভীর নলকূপের সাহায্যে সেচ ব্যবস্থা প্রবর্তন দ্বারা গত চবিবশ বছরে একটি খাদ্য ঘাটতি এলাকাকে খাদ্যে উদ্বৃত্ত এলাকায় পরিণত করা হয়েছে। অন্যদিকে সেখানকার শিল্পোন্নতি তো রয়েছেই। বাংলাদেশে না হয়েছে শিল্পোন্নতি না সবুজ বিপ্লব। ফলে খাদ্য ঘাটতি দুর্ভিক্ষ ও দারিদ্রের করালগ্রাসে বাংলাদেশ আজ সর্বনাশের শেষ প্রান্তে উপনীত। তারপর গোদের উপর বিষ ফোড়ার মত জুটেছে প্রতি বছরের বন্যা।

পিয়ারসন কমিটির এই রিপোর্টের বিবরণ প্রকাশিত হলে বাংলাদেশে রীতিমত চাঞ্চল্য সৃষ্টি হয়। আজ ঢাকা শহরের যে দুটি বা তিনটি পত্রিকা পশ্চিম পাকিস্তানী হানাদার বাহিনীর পা চাটা দালালের ভূমিকা গ্রহণ করেছে, মাত্র এক বছর আগে অর্থাৎ গত বছরের এই সময় তারাই পিয়ারসন কমিটির রিপোর্টের উদ্ধৃতি দিয়ে বাংলাদেশকে বঞ্চনা ও বাঙালীদের সঙ্গে পশ্চিম পাকিস্তানী শাসকদের বিশ্বাসঘাতকতার বিবরণ ধারাবাহিকভাবে প্রকাশ করেছে এবং ইসলামাবাদ বাংলাদেশে ঔপনিবেশিক শাসন ও শোষণ চালাচ্ছে বলে অভিমত ও প্রকাশ করেছে।

বন্যা বাংলাদেশ ও বাঙালীর জীবন মরণ সমস্যা। বন্যা সমস্যার সমাধান না হলে বাংলাদেশের অর্থনৈতিক বিপর্যয় ও সামাজিক ধ্বংস রোধ করার দ্বিতীয় কোন উপায় নেই। কিন্তু গত ষোল বছর যাবৎ প্রতি বছর কোটি

কোটি টাকার শস্য নষ্ট, জীবন ও সম্পত্তির ক্ষতি হওয়ার পরও এই সমস্যার যে সমাধান হয়নি, তার কারণ বাংলাদেশের উপর পশ্চিম পাকিস্তানী জঙ্গী চক্রের ঔপনিবেশিক শাসন। বাংলাদেশ ছিল পশ্চিম পাকিস্তানের শকুনী চরিত্রের একদল মানবতাদ্রোহী শাসকের ও শোষণের লীলাক্ষেত্র। পাকিস্তানের পরিকল্পনা কমিশনের প্রাক্তন কর্তা এবং এখন যিনি জেনারেল ইয়াহিয়ার অর্থনৈতিক উপদেষ্টা, সেই পাঞ্জাবী আমলা এম এম আহমদ এ যুগের শ্রেষ্ঠ প্রতারক ও জালিয়াত আখ্যালাভের যোগ্য। বাংলাদেশের উপার্জিত বৈদেশিক মুদ্রায় পশ্চিম পাকিস্তানের তারবেলা, মংলা বাধ পরিকল্পনা কার্যকরী হয়েছে পরিকল্পনা বহির্ভূত টাকায় জমির লবণাক্ততার সমস্যা মোচন করা সম্ভব হয়েছে, এমনকি বিনা প্রয়োজনে কয়েক হাজার কোটি টাকা ব্যায় পাঞ্জাবের মরুভূমিতে ইসলামাবাদ নাম দিয়ে একটি নতুন রাজধনী তৈরী করা সম্ভব হয়েছে। কেবল সম্ভব হয়নি ১৯৫৫ সালের পর বাংলাদেশের বন্যা নিয়ন্ত্রণের জন্য পাঁচশো কোটি টাকার একটি প্রাথমিক পরিকল্পনার অর্থসংস্থান করা, বাংলাদেশের একমাত্র প্রস্তাবিত আনবিক চুল্লী রূপপুর কেন্দ্রের জন্য বৈদেশিক সাহায্য সংগ্রহ করা।

রাষ্ট্রকর্তৃক জনগণের প্রাথমিক চাহিদা পূরণের মৌলিক দায়িত্ব রাষ্ট্রের বলে ঘোষণা করার সঙ্গে সঙ্গে উক্ত ঘোষণাকে বাস্তবে রূপায়িত করার জন্যে আওয়ামী লীগ ম্যানিফেস্টোতে অর্থনৈতিক কর্মসূচীর ভিত্তিও ব্যাখ্যা করা হয়েছে। তাতে বলা হয়েছে যে, 'শোষণমুক্ত একটি ন্যায় ও সাম্যবাদী সমাজ গঠন করাই এই অর্থনৈতিক কর্মসূচীর মূল লক্ষ্য। এটা একটা সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার রূপকল্প-যাতে অর্থনৈতিক অবিচার দূরিকরণ ও দ্রুত অর্থনৈতিক উন্নতি সাধন করা হবে এবং দেশের বিভিন্ন অঞ্চলের ও সকল স্তরের মানুষের মধ্যে এই সমৃদ্ধির ফল যথাযথভাবে বন্টনের বিধান থাকবে।

''শোষণমুক্ত ন্যায় ও সাম্যবাদী সমাজ গঠন ও সমাজতান্ত্রিক অর্থনৈতিক রূপকল্প' বাস্তবায়িত করার জন্য আওয়ামী লীগের ম্যানিফেস্টোতে ভাবী শাসনতন্ত্রে যে ব্যবস্থা সংবিধানে সন্নিবদ্ধ করার প্রতিশ্রুতি দেয়া হয়েছে

সেই সংবিধানটি জনগণের হাতে উপরোক্ত সমাজ গঠন ও অর্থনৈতিক রূপকল্প বাস্তবায়নের দলিল। শাসনতন্ত্রে বিধিবদ্ধ মৌলনীতির ভিত্তিতে উপরোক্ত শোষণমুক্ত ন্যায় ও সাম্যবাদী সমাজ সঠন নির্ভর করবে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে। আওয়ামী লীগের ম্যানিফেস্টোতে উপরোক্ত প্রশাসনিক পদক্ষেপ সম্পর্কেও সুস্পষ্টভাবে পথ নির্দেশ করা হয়েছে।

ব্যক্তিগত মালিকানাধীন শিল্পের জায়গায় সরকারী খাতের সম্প্রসারণ এবং গুরুত্ব অনুযায়ী অগ্রাধিকারের ভিত্তিতে বিভিন্ন শিল্প, ব্যাংক, বীমা, বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যবসা ও আমদানী রফতানী বানিজ্য জাতীয়করণ, যে পরোক্ষ কর সাধারণ মানুসের কাঁধে চেপে বসে, কর ব্যবস্থার আমূল পরিবর্তন করে উপরোক্ত পরোক্ষ করের জায়গায় প্রত্যক্ষ কর ব্যবস্থার মাধ্যমে অধিক পরিমাণ অর্থ আদায়ের ব্যবস্থা করা প্রভৃতি প্রশাসনিক পদক্ষেপের অঙ্গ।

মূলধন ও ব্যবস্থাপনায় শ্রমিক অংশীদারিত্ব

মূলধনে শ্রমিক শ্রেণীর অংশীদারিত্ব সম্পর্কে ম্যানিফেস্টোতে বলা হয়েছে যে, যে সমস্ত শিল্প কারখানা সত্বর জনগণের মালিকানাধীনে আনা হবে না, সরকার ক্রমবর্ধমান হারে তাদের ইকুইটি মূলধন দখল করবে। সরকার যেটুকু ইকুইটি মূলধন আয়ত্ত করবে, সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণ যৌথভাবে সেই পরিমাণ অংশের মালিকানা লাভ করবে এবং সেই পরিমাণ অংশের মুনাফার ভাগ পাবে। শ্রমিকরা কেবল ইকইটি মূলধনের নয়, শিল্প কারখানার ব্যবস্থাপনায়ও অংশগ্রহণ করবে। এই ভাবে শ্রমিক সমাজ যেমন ক্রমান্বয়ে অধিক হারে শিল্পে মালিকানা লাভ করবে তেমনি শিল্প পরিচালনা ও ব্যবস্থাপনাতেও দক্ষতা অর্জন করতে পারবে।

কৃষি ও গ্রামের জনগণ

বাংলাদেশের জনসংখ্যার ৯০ শতাংশ পল্লী অঞ্চলের অধিবাসী। এদের মধ্যে ৮০ শতাংশ প্রত্যক্ষভাবে কৃষিকর্মের ওপর নির্ভরশীল। কাজেই শোষণমুক্ত এবং ন্যায় ও সাম্যবাদী সমাজ গঠন বা সমাজতানিন্ত্রক অর্থনীতির সফল রূপায়ণ কৃষি ও ভূমি ব্যবস্থার আমূল সংস্কার ছাড়া সম্ভব নয়। তাই আওয়ামী লীগের ম্যানিফেস্টোতে এ সম্পর্কে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। তাতে বলা হয়েছে যে, ‘‘কৃষি ও গ্রামের মানুষের অবস্থার উন্নয়নের উপর সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া না হলে আমাদের জাতীয় অর্থনীতির বৈপ্লবিক পরিবর্তন সাধনের সমস্ত পরিকল্পনাই অর্থহীন হয়ে পড়বে। এক দিকে আমাদের গোটা সমাজের সর্বত্র দারিদ্র্য ছড়িয়ে পড়েছে, অন্যদিকে গ্রামে ও শহরের জীবনযাত্রার মানের মধ্যে গুরুতর বৈষম্য রয়েছে।’’

এ প্রসঙ্গে ম্যানিফেস্টোতে আরও বলা হয়েছে যে এর পিছনে ঐতিহাসিক কারণ থাকলেও নিকট অতীতে সরকারের বৈষম্যমূলক নীতির জন্য এই বৈষম্য আরও বেড়ে গিয়েছে, ফলে গরীব চাষীর হাত থেকে সম্পদ ধনী পুঁজিপতিদের হাতে ব্যাপকভাবে পাচার হয়ে গিয়েছে। আওয়ামী লীগ অবিলম্বে গ্রামঞ্চলের জনগণকে এইরূপ শোষণের হাত থেকে বাঁচাবার অঙ্গীকার করেছে। আর এটা করতে হলে কৃষি খাতে সুদূরপ্রসারী বিপ্লবের প্রয়োজন। এই ধরণের বিপ্লবের পূর্বশর্ত হলো ভূমি ব্যবহারের বর্তমান পদ্ধতির আমূল পরিবর্তন এবং বহুমুখী সমবায়ের মত নয়া প্রতিষ্ঠান স্থাপন।

কাজেই ঔপনিবেশিক শোষনের নাগপাশ থেকে নিজেদের মুক্ত করার ঐকান্তিক কামনার সঙ্গে সঙ্গে সামাজিক ন্যায় নীতি ও অর্থনৈতিক সাম্যের প্রতিশ্রুতি বাংলাদেশের সর্বশ্রেণীর মানুষকে একটি শোষণহীন সমাজ গঠনের জন্য ঐক্যবদ্ধ সংগ্রামে উদ্বুদ্ধ করেছে। বাংলাদেশের সর্বশ্রেণীর মানুষের বর্তমান রক্তমোক্ষণ নিছক ভাববিলাশের ফলশ্রুতি নয়।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় (☐) যুদ্ধক্ষেত্রেই সমাধান নিহিত (☐) জঙ্গীশাহীর সামরিক পাঁয়তারা	জয় বাংলা ১ম বর্ষ, ২৩শ সংখ্যা	১৫ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

যুদ্ধক্ষেত্রেই সমাধান নিহিত

বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধানের কথা বিশ্বের বিভিন্ন রাষ্ট্রনায়কদের মুখে প্রায়ই শোনা যায়। মুক্তি সংগ্রামের আশু লক্ষ্যও হচ্ছে রাষ্ট্রের রাজনৈতিক কর্তৃত্ব অর্থাৎ জনগণের জাতীয় সরকার প্রতিষ্ঠা করা। কিন্তু সেই রাজনৈকি সমাধানের লক্ষ্যে পৌছানো যাবে কোন পথে? সশস্ত্র সংগ্রামের দ্বারা চূড়ান্ত বিজয়ের পথে, না আলাপ আলোচনার পথে?

স্বাভাবতই যাঁরা রাজনৈতিক সমাধানের কথা বলেন, তাঁরা শান্তিপূর্ণ উপায়ে অর্থাৎ আলাপ আলোচনার পথে সমাধানের কথাই বোঝাতে চান। কিন্তু বাংলাদেশের মানুষ ও বাংলাদেশের জাতীয় নেতৃবৃন্দ ১৯৬৯ সালের গোল টেবিল বৈঠক থেকে শুরু করে ১৯৭১ সালের ২৫শে মার্চ পর্যন্ত এই শান্তিপূর্ণ উপায়ও আলাপ আলোচনার পথই অনুসরণ করেছিলেন। পাকিস্তানী জঙ্গীশাহীই পথ বন্ধ করে বাংলাদেশের নিরস্ত্র মানুষের বিরুদ্ধে যুদ্ধ শুরু করে। ফলে অস্ত্রের ভাষায় জবাব দেয়া ছাড়া বাংলাদেশের জনগণ ও নির্বাচিত জাতীয় নেতৃত্বের কাছে আর কোন বিকল্প পথ খোলা থাকেনি। এরই ফলে জন্ম নিয়েছে বাংলাদেশের মুক্তিবাহিনী।

সামরিক জান্তা একটা ভাষাই বোঝে। সে ভাষা অস্ত্রের ভাষা। তাই সেই ভাষাতেই তাদের জবাব দেয়া হচ্ছে। সামরিক জান্তা তখনই রাজনৈতিক সমাধানের জন্যে পথে আসতে বাধ্য হবে, যখন তাদের অস্ত্রের ভাষা ফুরিয়ে যাবে। যদি রাজনৈতিক ও সামরিক উদ্যোগ তাদের আয়ত্তে থাকে তাহলে কেন তারা নিজেদের বাড়া ভাতে ছাই দেবে? শক্তের ভক্ত নরমের যম বলে এদেশে যে প্রবাদটি চালু আছে, অনেকের বেলায় যদি নাও খাটে, সামরিক জান্তার বেলায় তা অবশ্যই খাটে। কাজেই সামরিক জান্তাকে রাজনৈতিক সমাধানের পথে আসতে বাধ্য করার জন্যেও আমাদেরকে পাক হানাদার বাহিনীর ওপর আঘাতের পর আঘাত হানতেই হবে। এটা আমরা ভাল করেই বুঝি। তাই রাজনৈতিক সমাধানের শিখন্ডী দাড় করিয়ে বাংলাদেশের মুক্তিকামী মানুষকে নিবৃত্ত বা বিভ্রান্ত করা যাবে না।

আমাদের নিজস্ব প্রতিনিধির সঙ্গে এক সাক্ষাৎকারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদও তাই মন্তব্য করেছেন, ''যুদ্ধক্ষেত্রেই বাংলাদেশ প্রশ্নের সমাধান নিহিত।'' বিশ্বের প্রতিটি গণতন্ত্রীকামী ও মানবতাবাদী শক্তি এবং রাজনৈতিক সমাধানে বিশ্বাসী নেতৃবৃন্দ এই সত্যটি যত শীঘ্র উপলব্দি করেন, সমস্যার সমাধানও তত ত্বরান্বিত হবে।

সম্পাদকীয়-২

জঙ্গীশাহীর সামরিক পাঁয়তারা

পাকিস্তানের জঙ্গীশাহী বাংলাদেশ-পাকিস্তান বিরোধকে সশস্ত্র পাক-ভারত বিরোধ রূপান্তরিত করার জন্য মরিয়া হয়ে উঠেছে। অবশ্য তাদের এই প্রচেষ্টা শুরু হয়েছে বেশ কিছুদিন পূর্বেই। তবে এতদিন তা প্রধানত সীমাবদ্ধ ছিল কূটনৈতিক ক্ষেত্রে। কিন্তু কূটনৈতিক ব্যর্থতা, জঙ্গীশাহীর বিরুদ্ধে বিশ্বব্যাপী তীব্র ধিক্কার, অর্থনৈতিক বিপর্যয় ও মুক্তিবাহিনীর গেরিলা যোদ্ধাদের তীব্র আক্রমণের মুখে দিশেহারা ও পাগলা কুকুরের মতই ক্ষিপ্ত এবং হিতাহিত জ্ঞানশূন্য পিণ্ডি ইসলামাবাদের জঙ্গীশাহী এখন ভারতের সঙ্গে একটি যুদ্ধ বাধিয়ে তোলার চেষ্টা করছে।

বাংলাদেশের দখলীকৃত এলাকা এবং পাকিস্তান থেকে মুক্ত অঞ্চলে পাকিস্তানী জঙ্গীশাহীর ব্যাপক সমর প্রস্তুতির খবর পাওয়া যাচ্ছে। শতদ্রু নদীর দক্ষিণ তীর বরাবর পাকিস্তানের ব্যাপক সামরিক সমাবেশ লক্ষ্য করা গেছে। চাম্ব সীমান্তের কয়েকটি পাকিস্তানী গ্রাম থেকে অসামরিক অধিবাসীরা চলে গিয়েছে। মুক্ত অঞ্চল ও ভারতের সীমান্ত বরাবর দখলীকৃত বাংলাদেশে ব্যাপক সামরিক সমাবেশ, ভারী কামান ও অন্যান্য সমরাস্ত্র স্থাপনের খবর পাওয়া গিয়াছে। তাছাড়া ভারতের নদীয়া জেলার সীমান্তে বিনা প্ররোচনায় পাকিস্তানী সেনারা গোলাগুলীবর্ষণ করেছে। এর একমাত্র উদ্দেশ্য হচ্ছে, কোন রকমে ভারতের সঙ্গে একটা যুদ্ধ বাধিয়ে পাক-ভারতের বিরোধের আবরণে বাংলাদেশ সমস্যাকে চাপা দেয়া এবং এই উপমহাদেশে শান্তি স্থাপনের অজুহাতে আন্তর্জাতিক পর্যবেক্ষকদের তদারকির ছত্রছায়ায় বাংলাদেশের মুক্তিবাহিনীর তৎপরতা বন্ধ করে পাক জঙ্গীশাহীর আত্মরক্ষার চেষ্টা।

বাংলাদেশের মুক্তি সংগ্রাম যে জয়যুক্ত হবেই এবং বাংলাদেশ থেকে পাকিস্তানী হানাদার বাহিনীকে পাততাড়ি ঘটি-বাটি গুটোতে হবেই এটা জঙ্গীশাহী হাড়ে হাড়ে উপলব্ধি করতে পেরেছে। অথচ তাদের দেশবাসীকে কিম্বা মুক্তিবাহিনীর হাতে নিহত সৈনিকদের পরিবার পরিজনকে বাংলাদেশে সামরিক এ্যাডভেঞ্চারের ব্যর্থতার কৈফিয়ত দেয়া সহজ হয়। তাই একান্তপক্ষে তাদের নিজ দেশের অর্থাৎ পশ্চিম পাকিস্তানী জনগণের কাছে মুখ রক্ষার জন্যে পাক ভারত বিরোধের মতো আর একটি সামরিক এ্যাডভেঞ্চারের ঝুকি নেবার প্রয়োজন দেখা দিয়েছে।

বাংলাদেশের ঘটনায় পাকিস্তানী জঙ্গীশাহী বিশ্বের কাছে মুখ পায়নি। এখন তাকে পাক ভারত বিরোধে রূপান্তরিত করলে বিশ্বে কিম্বা নিজ দেশের জনগণের কাছে মুখ থাকবে কিনা তা আমাদের গবেষণার বিষয় নয়। তবে সূত্র ধরে যদি এদেশের মাটিতে আন্তর্জাতিক পর্যবেক্ষক দলের আগমন ঘটে এবং তারা যদি জঙ্গীশাহীকে ভরাডুবির হাত থেকে রক্ষা করার জন্য মুক্তিবাহিনীর জাতীয় কর্তব্যে অন্তরায় হতে চান তাহলে বাংলাদেশের জনগণ, গণপ্রজাতন্ত্রী সরকার ও দেশপ্রেমিক বীর মুক্তিযোদ্ধারা তা সহ্য করবে না। পাকিস্তানের জঙ্গীশাহী যখন বাংলাদেশে নির্মম গণহত্যা চালিয়েছে, মা বোনদের ইজ্জত নষ্ট করেছে, ধন সম্পদ লুণ্ঠন করেছে ও ঘরবাড়ী জ্বালিয়ে দিয়েছে, নববই লক্ষাধিক মানুষকে দেশছাড়া এবং নির্বাচিত গণপ্রতিনিধিদের অধিকার হরণ করেছে তখণ জাতিপুঞ্জ কোন মানবিক ও নৈতিক দায়িত্ব পালন করেনি। এখন এই উপমহাদেশে শান্তির নামে বাংলাদেশের মুক্তিকামী মানুষের আশা আকাঙ্খা ও জাতীয় লক্ষ্য অর্জনের পথে কোন অন্তরায় সৃষ্টির চেষ্টাকেই তারা মানবে না। তবে তারা সত্যই যদি এই উপমহাদেশে স্থায়ী শান্তি চান, তাহলে বাংলাদেশে গণহত্যা বন্ধ করতে এবং বাংলাদেশের মাটি থেকে পাকিস্তানী হানাদার বাহিনীকে চলে যেতে বাধ্য করুন। বাধ্য করুন বঙ্গবন্ধুশেখমুজিবকে মুক্তি দিতে এবং স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে মেনে নিতে। এই উপমহাদেশে স্থায়ী শান্তির এটাই পথ, পাক জঙ্গীশাহীর সামরিক এ্যাডভেঞ্চারিজম নয়।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশের পূর্ণ স্বাধীনতাই সমস্যার একমাত্র সমাধানঃ আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির দ্ব্যর্থহীন ঘোষণা	জয় বাংলা অতিরিক্ত সংখ্যা	২৫ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশের পূর্ণ স্বাধীনতাই সমস্যার একমাত্র সমাধান

আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির দ্ব্যর্থহীন ঘোষণাঃ
বঙ্গবন্ধুর আশু মুক্তির ব্যবস্থা ও বাংলাদেশ সরকারকে অবিলম্বে
স্বীকৃতি দানের জন্য বিশ্বের রাষ্ট্রবর্গের প্রতি আবেদন

গত বৃহস্পতিবার মূলতবী হয়ে যাওয়ার পূর্বে পূর্বনীতির পুনরুল্লেখ করে বাংলাদেশ আওয়ামী লীগের পক্ষ থেকে দ্ব্যর্থহীন ও স্পষ্টভাবে ঘোষণা করা হয় যে, পূর্ণ স্বাধীনতাই বাংলাদেশ সমস্যার একমাত্র সমাধান। ওয়ার্কিং কমিটি এই সংগ্রাম ত্বরান্বিত করার জন্য বলিষ্ঠ শপথ গ্রহণ করে।

ওয়ার্কিং কমিটির অপর এক প্রস্তাবে বাঙালী জাতির অবিসম্বাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আশু মুক্তির জন্য প্রত্যেক্ষ কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্বের প্রতিটি রাষ্ট্র ও জাতিসংঘের প্রতি আহ্বান জানান হয়।

ওয়ার্কিং কমিটি জনগণের বিপুল ভোটে নির্বাচিত আওয়ামী লীগ দলীয় সদস্যদের সদস্য পদ খারিজ করে তদস্থলে ইয়াহিয়ার উপ নির্বাচন অনুষ্ঠান প্রচেষ্টাকে ‘ধৃষ্টতার পরিচায়ক এবং বিশ্ব জনমতকে বিভ্রান্ত করার অপচেষ্টা’ বলে অভিহিত করে এবং এ প্রসঙ্গে স্পষ্টভাবে ঘোষণা করে যে বাঙালী জাতি ও আওয়ামী লীগ স্বাধীন বাংলার জাতীয় জীবনে তথাকথিত পাকিস্তানীদের কোন হস্তক্ষেপই সহ্য করবে না।

ভারতসহ বিশ্বের যে সমস্ত রাষ্ট্র বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের মুক্তি ও স্বাধীনতা যুদ্ধের প্রতি অকুণ্ঠ সমর্থন জ্ঞাপন করেছে আওয়ামী লীগ ওয়ার্কিং কমিটি তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

আওয়ামী লীগ ওয়ার্কিং কমিটির প্রস্তাবে বিশ্বের প্রতিটি মানুষ ও যে সমস্ত সংবাদপত্র প্রচার মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে সমর্থন দান করেছেন তাদের প্রতি সংগ্রামী অভিন্দন জানান হয়। সাথে সাথে ওয়ার্কিং কমিটি বাংলাদেশের ইয়াহিয়া চক্রের নজীরবিহীন গণহত্যা, নারী নির্যাতন ও ধ্বংসযজ্ঞের বিরুদ্ধে মানবতার স্বার্থে সক্রিয় জনমত গঠনের জন্য বিশ্ববাসীর প্রতি আকুল আবেদন জানান।

ভারত সরকার ৯০ লক্ষাধিক শরণার্থীকে আশ্রয় দিয়ে ও তাদের ভরণ পোষণের দায়িত্ব নিয়ে মানবতার ইতিহাসে যে নজীর সৃষ্টি করেছেন তজ্জন্য আওয়ামী লীগ ওয়াকিং কমিটি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। সাথে সাথে ওয়ার্কিং কমিটি দ্ব্যর্থহীনভাবে ঘোষণা করেণ যে, জাতিধর্ম নির্বিশেষে ভারতে আশ্রিত প্রতিটি শরণার্থীকে সসম্মানে বাংলাদেশে ফিরিয়ে আনার ব্যাপারে আওয়ামী লীগ বদ্ধপরিকর।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাবনা ও জাতীয় পুনর্গঠন	জয় বাংলা ১ম বর্ষঃ ১৬শ সংখ্যা	১২ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাবনা

ও জাতীয় পুনর্গঠন

!! অর্থনৈতিক ভাষ্যকার !!

পাক হানাদার বাহিনীর কবল থেকে বাংলাদেশের অবশিষ্ট দখলীকৃত এলাকার মুক্তির কাল আসন্ন বাংলাদেশের বিভিন্ন রণাঙ্গনের খবর থেকে এমন একটি প্রত্যাশা সকলের মনেই জেগেছে।

দেশপ্রেম, আত্মবিশ্বাস ও উন্নততর রণকৌশল এবং দেশের মাটির সঙ্গে নাড়ীর সংযোগই মুক্তিবাহিনীকে চূড়ান্ত বিজয়ের তোরণদ্বারে পৌছে দিতে পেরেছে।

তবে রণাঙ্গনের খবর নয়, বর্তমান নিবন্ধে আমরা আলোচ্য বিষয় স্বতন্ত্র। মাতৃভূমির আসন্ন মুক্তি সম্ভাবনাকে সামনে রেখে যে প্রশ্নটি ইতিমধ্যেই অনেকের মনে জাগছে তা হচ্ছে হানাদার বাহিনীর ধ্বংসযজ্ঞ ও যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশকে কত দ্রুত পুনর্গঠন করা যাবে এবং পুনর্গঠনের জন্যে আমাদের কোন বস্তুটির প্রয়োজন সবচেয়ে বেশী। একটি মাত্র বাক্যে এই প্রশ্নের উত্তর দেয়া যায়। জনগণের দেশপ্রেম ও সর্বস্তরে পূর্ণ ঐক্যই দ্রুত পুনর্গঠনের প্রাথমিক শর্ত।

মুক্তি সংগ্রামকে চূড়ান্ত বিজয়ের পথে নিয়ে যাবার জন্যে উপরোক্ত দুটি উপাদানের যেমন প্রয়োজন হয়েছিল, জাতীয় পুনর্গঠন ও দেশকে দ্রুত সুদৃঢ় অর্থনৈতিক ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করার জন্যেও ওই দুটি উপাদানের প্রয়োজন তার চেয়ে কিছু কম নয়। ওটা মুক্তি সংগ্রামের সফল পরিসমাপ্তিরই যুক্তিসঙ্গত পরবর্তী ধাপ।

জাতীয় মুক্তিসংগ্রাম দেশের মানুষকে যেমন উদ্বুদ্ধ ও ঐক্যবদ্ধ করতে পেরেছে তেমনি অর্থনৈতিক ন্যায়নীতি ও সম্পদের সুষম বন্টন দেশের মানুষের জাতীয় পুনর্গঠনের ক্ষেত্রে বৈপ্লবিক প্রেরণায় উদ্বুদ্ধ করতে সমর্থ হবে। আওয়ামী লীগের ম্যানিফেস্টো ও খসড়া কর্মসূচীতে তার সুস্পষ্ট প্রতিশ্রুতি রয়েছে। কাজেই জাতীয় পূর্ণগঠনের জন্যে যে মানবিক উপাদানগুলোর প্রয়োজন সেই উপাদানের কোন অভাব যে হবে না যে সম্পর্কে আমরা স্থির নিশ্চিত। কিন্তু মানবিক উপাদান ছাড়াও যে অর্থনৈতিক সম্পদ ও সংঙ্গতির প্রশ্ন এর সঙ্গে জড়িত রয়েছে স্বাধীনতা পরবর্তী অধ্যায়ে জাতীয় পুণর্গঠনের ব্যাপারে সে সম্পর্কেও বিশেষভাবে আলোচনা করার প্রয়োজন রয়েছে।

এ প্রসঙ্গটির সার্থক আলোচনার পূর্বে বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাব্যতা ও সম্ভাবনা সম্পর্কে প্রথমে আলোচনা করে নেবার প্রয়োজন রয়েছে। এ সম্পর্কে ইতিপূর্বেও বিচ্ছিন্নভাবে কিছু কিছু আলোচনা যে না হয়েছে তা নয়, তবু জাতীয় পুণর্গঠনের প্রশ্নকে সামনে রেখে বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাব্যতা ও সম্ভাবনা সম্পর্কে আরও কিছু আলোচনার অবকাশ আছে।

কিছু কিছু মানুষ এখনও আছেন যারা অনেক সময় প্রশ্ন করেন যে, আমাদের এই রাষ্ট্রের ছোট্ট পরিসরে অগুনতি মুখে খাদ্যের জোগান দিতে হবে। কাজেই এই দেশের পক্ষে অর্থনৈতিক দিক থেকে টিকে থাকা ও এগিয়ে যাওয়া কি সম্ভব হবে? এ প্রশ্ন যারা করেন তারা হয় অধুনালুপ্ত পাকিস্তানের অর্থনৈতিক ইতিহাস জানেন না, নয়তো মানসিক দিক থেকে পুরোপুরি সংশয়বাদী। তাঁরা পাকিস্তানের বিলুপ্তির পূর্বেকার অর্থনৈতিক বিন্যাসকে সাধারণ দৃষ্টিতে দেখেছেন কিন্তু তার কার্যকারণ এবং তাৎপর্য অনুধাবন করার চেষ্টা করেননি। তা

করলে বুঝতে পারতেন যে, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের গোড়াতে এই কার্যকারণই প্রচণ্ডভাবে কাজ করেছে, নিছক ভাবাবেগ দ্বারা তারা পরিচালিত হয়নি।

বিলুপ্তির পূর্বেকার পাকিস্তানের যে পশ্চিম পাকিস্তানী অর্থনৈতিক অক্টোপাসের শুড় দেখে আমাদের অনেকের মনে উপরোক্ত সংশয় জাগে সেই অক্টোপাসটি আসলে বেড়ে উঠেছে বাংলাদেশের সম্পদ গ্রাস করে। এক কথায় বলতে গেলে পশ্চিম পাকিস্তান বাংলাদেশের অর্থনীতিকে বাঁচিয়ে রাখতে সাহায্য করেনি। বরং বাংলাদেশই নিজেকে রিক্ত করে পশ্চিম পাকিস্তানের এই বিপুল অর্থ ও শিল্প সম্পদকে গড়ে তুলেছে। বাংলাদেশ দীর্ঘ তেইশ বছর ধরে নিজের রক্ত দিয়ে পশ্চিম পাকিস্তানকে গড়ে তুলতে বাধ্য হয়েছে রাজনৈতিক পরাধীনতার শেকলে আবদ্ধ থাকায়। কাজেই পশ্চিম পাকিস্তানের বোঝা বহনের দায় থেকে মুক্ত, দেশপ্রেম উদ্বুদ্ধ স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ অনেক সহজে এবং আরও ভালভাবে নিজেকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে পারবে।

যাঁরা বাংলাদেশের অর্থনৈতিক সম্ভাবনা সম্পর্কে কিছুটা দ্বিধাগ্রস্ত আপাতদৃষ্টিতে তারা প্রধানত দুটো লক্ষণ দেখে দ্বিধাগ্রস্ত হয়ে পড়েছেন। সেই কারণের একটা হল বাংলাদেশের ঘনবসতি। মাত্র ৫৫ হাজার ১২৬ বর্গমাইল এলাকায় সাড়ে সাত কোটি লোকের বাস। সম্ভবতঃ বাংলাদেশই পৃথিবীর সবচেয়ে ঘনবসতি এলাকা। এই ছোট্ট পরিসরে অগুনতি মানুষ যেন কোন ক্রমে হামাগুড়ি দিয়ে চলছে। তার ওপর প্রাকৃতিক দুর্যোগের পৌনঃপুনিক আঘাত। দ্বিতীয় কারণ হলো বাংলাদেশের অর্থনৈতিক পশ্চাদপদতা। এই অর্থনৈতিক পশ্চাদপদতাকেই তাঁরা পশ্চিম পাকিস্তানের ওপর বাংলাদেশের অর্থনৈতিক নির্ভরশীলতা বলে ভুল করছেন। কিন্তু এ কথাটা মনে রাখার প্রয়োজন রয়েছে যে গত ২৩ বছরে বাংলাদেশ পশ্চিম পাকিস্তানের সমৃদ্ধির জন্য বিভিন্ন ভাবে কমপক্ষে পাঁচ থেকে ছয় হাজার কোটি টাকার যোগান দিতে বাধ্য হয়েছে।

শিরনাম	সংবাপত্র	তারিখ
মোনেমের ভাগ্য সব দালালকেই বরণ করতে হবে	জয় বাংলা ১ম বর্ষঃ ২৭শ সংখ্যা	১২ নভেম্বর, ১৯৭১

মোনেমের ভাগ্য সব দালালকেই বরণ করতে হবে

মসনদের লোভে পড়ে যে মীর জাফর আলী খান পলাশীর আম্রকাননে বাংলা-বিহার-উড়িষ্যার স্বাধীনতা বিকিয়ে দিয়েছিল ইতিহাসে কুখ্যাত হয়ে থাকলেও মৃত্যুর পরে সে বাংলারই মাটিতে শায়িত থাকার সুযোগ পেয়েছিল। এর ফলে মৃত্যুর পরেও সে বাংলাদেশের পবিত্র মাটিকে অপবিত্র করার সুযোগ পেয়েছিল। কিন্তু বাংলার লাটগিরির আশায় যে কুখ্যাত মোনেম খান বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের সাথে বেঈমানী করেছে এমনকি লাথি মেরে গদি হারাবার পরও জীবনের শেষ মুহূর্তে পর্যন্ত সাত কোটি বাঙালীকে পরাধীনতার জিঞ্জিরে আবদ্ধ রাখার প্রয়াস পেয়েছে, আজিকার বাঙালী সমাজ তাকে কোনদিনও ক্ষমা করতে পারে না। বাঙালী বীর মুক্তিযোদ্ধারা তাকে স্টেনগানের গুলীতে কুকুরের মত হত্যা করেছে। মোনেমের আত্মীয়রা ভেবেছিল ওখানেই সব কিছুর শেষ। মৃত্যুর পরে অন্তত মোনেম খান বাংলার মাটিতে শান্তিতে ঘুমিয়ে থাকতে পারবে। তাই তারা জায়গা কিনে আজিমপুরায় নয়া গোরস্তানে তার লাশ সমাহিত করেছিল। কিন্তু তারা ভুলে গিয়েছিল যে বাঙালী তরুণরা মৃত্যুর পরও মোনেম খানকে ক্ষমা করতে পারে না, তাকে বাংলার মাটি অপবিত্র করতে দিতে পারে না। মোনেমের আত্মীয়রা আরো ভুলে গিয়েছিল যে, এই আজিমপুরা গোরস্তানেই শায়িত রয়েছেন ভাষা আন্দোলনের অমর শহীদান বরকত, সালাম ও রফিক। আরো রয়েছেন বঙ্গবন্ধুর দক্ষিণ হস্ত সৈনিক ইত্তেফাকের প্রতিষ্ঠাতা সম্পাদক জনাব তফাজ্জল হোসেন (মানিক মিয়া) এবং আজীবন সংগ্রামী জনাব আবু হাসেন সরকার প্রমুখ। তাই, আমাদের বীর মুক্তিযোদ্ধারা হাজার হাজার পশ্চিমা সৈন্য ও তাদের দালালদের চোখকে ফাঁকি দিয়ে রাতের বেলায় মোনেম খানের লাশটি গোরস্তান থেকে তুলে নিয়ে নদীতে ফেলে দিয়েছেন।

প্রকাশ, মোনেম খানের অপবিত্র লাশ তুলে নেওয়ার সময় মুক্তিযোদ্ধারা সেখানে একখানা কাগজে কতিপয় কথা লিখে রেখে গেছেন। তাতে লেখা হয়েছে, অন্যান্য দালালদেরও মোনেমেরই দশা হবে। তাদেরকে কুকুরের মত হত্যা করা হবে। তারপর তাদের লাশ নদীতে ফেলে দেয়া হবে বা শিয়াল-কুকুরের উদরপূর্তির কাজে লাগান হবে যাতে মৃত্যুর পর তারা বাংলার মাটিকে অপবিত্র করতে না পারে।

শিরনাম	সংবাপত্র	তারিখ
ভেঙ্গেছে দুয়ার এসেছে জ্যোতির্ময়	জয় বাংলা ১ম বর্ষঃ ৩৩শ সংখ্যা	১৬ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

ভেঙ্গেছে দুয়ার এসেছে জ্যোতির্ময়

ঢাকা মুক্ত। ঢাকা এখন আমাদের। জয় বাংলা। স্বাধীনতার এই পবিত্র ঊষালগ্নে, সাড়ে সাত কোটি মানুষের পরম প্রত্যাশা পূরণের এই পবিত্র মুহূর্তে আমরা ভাবাবেগে অধীর হয়ে নয়, শান্ত, সমাহিত ও সৌম্য হৃদয়ে স্মরণ করি অসংখ্য বীরের রক্তস্রোত ও মাতার অশ্রুধারাকে। স্মরণ করি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। 'রাত্রির তমসা শেষে আসিবে না দিন?' এই প্রশ্নের জবাব এসেছে মহানগরী ঢাকায় স্বাধীনতার রক্তরাঙা পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। আমরা আজ গভীর কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি পঞ্চান্ন কোটি ভারতবাসীর অকুতোভয় মৈত্রী এবং তাদের জগৎবরেণ্য নেত্রী শ্রী মতি ইন্দিরা গান্ধীর ঐতিহাসিক ভূমিকাকে। আমাদে স্বাধীনতা অর্জনের সংগ্রামে ভারতের বীর সৈনিকরাও রক্ত দিয়েছেন, আত্মদান করেছেন এবং রক্তঋণের অচ্ছেদ্য রাখীতে সারা বাংলাদেশকে বেঁধে ফেলেছেন। বাংলাদেশ ও ভারতের এই মৈত্রী সুদৃঢ় হোক। স্বাধীন বাংলাদেশ চিরস্থায়ী হোক।

শিরনাম	সংবাপত্র	তারিখ
ঢাকা আমাদের	জয় বাংলা ১ম বর্ষঃ ৩৩শ সংখ্যা	১৬ ডিসেম্বর, ১৯৭১

ঢাকা আমাদের

মহানগরীর সরকারী বেসরকারী ভবনে স্বাধীন বাংলার পতাকা
বঙ্গবন্ধু দীর্ঘজীবী হোন ধ্বনিতে আকাশ বাতাস প্রকম্পিত

আজ (বৃহস্পতিবার) বিকেলে ঢাকায় পাকিস্তান সেনাবাহিনী আত্মসমর্পণ করেছে। অগ্রসরমান মুক্তিবাহিনী ও ভারতীয় জোয়ানদের সম্মিলিত অভিযানে বাংলাদেশের রাজধানী ঢাকা নগরী মুক্ত হয়েছে এবং সকল সরকারী বেসরকারী ভবনে স্বাধীন বাংলাদেশের পতাকা উড্ডীন হয়েছে। মুজিব নগর থেকে শীঘ্রই স্বাধীন বাংলার প্রশাসনিক সদর দপ্তর স্থানান্তরিত হচ্ছে বলে জানা গেছে। তাবেদার গভর্নর মালেকের পদত্যাগের পর খান সেনারা নিজেরাই যুদ্ধ বিরতির আরজি জানায়।

আজ বাংলাদেশের বীর মুক্তিবাহিনী ও ভারতীয় জোয়ানগণ পাকিস্তানী ও হানাদারদের পশ্চাৎধাবন করে মহানগরী ঢাকায় প্রবেশ করলে বিরান ও ধ্বংসস্তূপ নগরী আবার সজীব হয়ে ওঠে এবং জয় বাংলা ও বঙ্গবন্ধু দীর্ঘজীবী হোক, বাংলাদেশ-ভারত মৈত্রী স্থায়ী হোক ধ্বনিতে ঢাকার আকাশ বাতাস প্রকম্পিত হয়ে ওঠে। খান সেনারা এবং তাদের তাবেদারেরা সদলে আত্মসমর্পণ করেছে। আত্মসমর্পণের পর তারা জেনারেল মানেক শ'র কাছে যুদ্ধ বিরতির প্রস্তাব জানালে ভারতের সেনাপতি তাদের আত্মসমর্পণের নির্দেশ দেন।

ঢাকা শহর মুক্ত হওয়ার খবরে অশ্রুসজল কণ্ঠে আমাদের অস্থায়ী প্রেসিডেন্ট এক বাণীতে বলেছেন, আমাদের বিজয় লাভ সম্পূর্ণ হল। এখন আমাদের সমানে আরো কঠিন কাজ বাকী। তা হল ধ্বংসস্তূপের মধ্যে একটা জাতির পুনর্বাসন এবং সামাজিক ও অর্থনৈতিক পুনর্গঠন।

প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ বলেছেন, স্বাধীন বাংলাদেশ বিশ্ব নিপীড়িত ও লাঞ্ছিত মানবতার একটি অকৃত্রিম বন্ধু জাতি হিসেবে গড়ে উঠবে। আমরা দেশ ও জাতিকে মুক্ত করার সংগ্রামে জয়ী হয়েছি। কিন্তু এখন জাতির পিতাকে মুক্ত করার সংগ্রামে অবতীর্ণ হতে হবে।

শিরনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় বিচারের বাণী নীরবে নিভৃতি কাঁদে	বঙ্গবাণী ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৩ জুন, ১৯৭১

সম্পাদকীয়

বিচারের বাণী.... কাঁদে

বিশ্ববাসীর নিকট আমাদের আকুল প্রার্থনা- তাঁর ইয়াহিয়া চক্রের বিচার করুন। অন্যায়ের যদি বিচার না হয়, তাহলে সত্যতা, মানবতা, ন্যায়বিচার- এসব বলে আর বিভ্রান্তির সৃষ্টি করা যেন না হয়। কারণ এই শব্দগুলি যদি শুধু মুখেই বলা হয়- কিন্তু সেগুলিকে যদি কর্মে ব্যবহার অথবা তা বাস্তবে প্রয়োগ না করা হয়, তাহলে সেই বলা কথাগুলি শুধু বিভ্রান্তির সৃষ্টি করে না- প্রহসনে রূপান্তরিত হয়। তখন সেই ভাল ভাল কথাগুলির উপর মানুষ ক্রমে আস্থা হারিয়ে ফেলে। অপরদিকে এই ভাল কথাগুলির বিরুদ্ধে প্রতিক্রিয়াশীল চক্র নিমর্ম হয়ে ওঠে। ফলে তাদের অত্যাচারের মাত্রাও যায় বেড়ে। এ পর্যন্ত পৃথিবীর বৃহৎ শক্তিগুলি মানুষের মঙ্গলের জন্য প্রতিষ্ঠান করেছেন- বিশ্বশান্তি প্রতিষ্ঠার জন্য বহু মানবতার বাণী প্রচার করেছেন। মানুষের বেঁচে থাকার অধিকারের কথা বলেছেন। গণতন্ত্র ও সমাজতন্ত্রের বড় বড় বুলি আওড়িয়েছেন। বিশ্ববাসীকে আশার কথা শুনিয়েছেন। এখন দেখা যাচ্ছে তা শুধু কথায় রয়ে গেছে- বাস্তবে রূপায়িত হয়নি। বাংলাদেশের স্বাধীনতা, এখানকার মানুষের উপর বর্বরোচিত নির্যাতনের জন্য (একমাত্র ভারত ছাড়া) কেউ কিছু করলেন না বললেই হয়। যেটুকু ও বা কেউ কেউ করলেন তা বাংলাদেশের শত্রুকে তাড়িয়ে দেওয়ার পক্ষে উপযুক্ত নয়। বরং এই মৃদু প্রতিবাদে ইয়াহিয়া চক্রের অত্যাচার আরও বেড়ে গেল। নির্বিচারে নির্যাতন ও গণহত্যায় বাংলার আকাশ বাতাস বিষাক্ত করে তুলল।

গত দুই মাসের যুদ্ধে বাংলা প্রায় ১০ লক্ষ সাধারণ মানুষ মৃত্যুর কোলে ঢলে পড়েছে। প্রায় ৪০/৫০ লক্ষ জনগণ ছিন্নমূল লতার মত ভারতে আশ্রয় নিয়েছেন। আর্শ্চায হতে হয় এ বিষয় নিয়ে বিশ্বের বৃহৎ শক্তি মাথা ঘামাচ্ছে না। লক্ষ লক্ষ সাধারণ মানুষকে নির্বিচারে নির্লজ্জ হত্যার নজির এক ইয়াহিয়া ছাড়া অন্য কোন ইতিহাসে পাওয়া যায় না। লক্ষ লক্ষ নারীর সতীত্বকে বিনষ্ট করা, তাদের উলঙ্গ করে মাঠে ছেড়ে দেওয়া ও ঘরে আবদ্ধ করে রাখা, একই মেয়ের উপর পর পর কয়েকজন নরপশুর আত্মীয়ের সামনে অত্যাচার, স্তন কেটে ফেলে পিতাকে উপহার দেওয়া, স্ত্রী-লিঙ্গে বেয়োনেট দিয়ে খোঁচান, শিশুকে ধরে পা চিরে বা গাছে আছাড় দিয়ে নির্মমভাবে হত্যা, হাজার হাজার নিরীহ মানুষকে দাঁড় করিয়ে রেখে গুলি করে হত্যা, শহর ও গ্রামের বাড়ীঘর নির্বিচারে ধ্বংস করা ও জ্বালিয়ে দেওয়া, মানুষের ধান-চাল, সোনা অর্থাৎ যা কিছু সম্পদ, সবই লুণ্ঠন করা। এসবেও যদি বিশ্ব বিবেক কাতর হয়ে না ওঠে এবং তার প্রতিকারের জন্য কার্যকরী ভূমিকা গ্রহণ না করে- তা হলে মানবতা, বিশ্বশান্তি, বিশ্বপ্রেম প্রভৃতি শব্দের মূল্য কোথায়? আজ মানবতা পৃথিবীর দ্বারে কেঁদে মরছে। এরপরও কেউ যদি action না দিয়ে শুধু শান্তির কথা বলে- তা প্রহসন ছাড়া আর কি হতে পারে?

* বঙ্গবাণীঃ স্বাধীন বাংলার সাপ্তাহিক মুখপত্র। সম্পাদকঃ এ, এম, হোসেন। ফিরোজ প্রিন্টিং প্রেস, নওগাঁ (রাজশাহী) থেকে মুদ্রিত ও এম এ জলিল কর্তৃক প্রকাশিত।

তাই আমি বিশ্বকে আহ্বান করে বলতে চাই- মানবতা ও বিশ্বশান্তিই যদি সকলের নিকট শ্রেয় ও আদর্শ হয়- তাহলে অত্যাচারী ইয়াহিয়ার বিচার করুন। মানবতার আহ্বানকে যদি আপনারা মর্যাদা দেন তাহলে শয়তানরূপী ইয়াহিয়ার অত্যাচারের বাস্তব চেহারা বাংলায় এসে দেখে শুনে যান এবং সেই বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে আপনারা ন্যায় বিচার করুন। এবং এই জঘণ্য নির্যাতন ও গণহত্যা বন্ধ করুন। তা না হলে পৃথিবীতে মানবতার মৃত্যু ঘটবে এবং 'বিশ্বশান্তি' 'বিশ্বপ্রেম' শব্দগুলির ভাবার্থের কোন মর্যাদাই থাকবে না। যে ন্যায় বিচার স্বর্গীয়- তা কেঁদে মরবে। বিশ্বের বিবেক সম্পন্ন ব্যক্তির আকুল আবেদনে বৃহৎ শক্তিগুলির কোন মর্যাদা দেবেন না? আমার সোনার বাংলার এ দশা দেখে শুধু মনে পড়ে- ''আমি যে দেখেছি প্রতিকারহীন শক্তি অপরাধে- বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে।''

শিরনাম	সংবাপত্র	তারিখ
আড়াই ডিভিশন পাঞ্জাবী ফৌজ বাংলার স্বাধীনতা রুখতে পারবে না	বঙ্গবাণী ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৩ জুন, ১৯৭১

আড়াই ডিভিশন পাঞ্জাবী ফৌজ
বাংলার স্বাধীনাত রুখতে পারবে না

অচিরেই বাংলাদেশ স্বাধীন হয়ে যাচ্ছে। পৃথিবীর মানচিত্রে
সংযোজিত হচ্ছে নদীমাতৃক বাংলাদেশ, একটি স্বাধীন
ও সার্বভৌম গণতান্ত্রিক রাষ্ট্র হিসাবে।

ইদানীং ইয়াহিয়া জঙ্গী সরকারের বেতার বার্তায় প্রাচারিত হয়েছে যে বাংলার বিদ্রোহ দমন করতে আরও আড়াই ডিভিশন (৩৫ হাজার) খান সেনা বাংলায় পাঠান হচ্ছে। এখন স্বভাবতই প্রশ্ন জাগে তবে আগের ৩ ডিভিশন পাঞ্জাবী গেল কোথায়? তারা কি বাড়ী যেয়ে ছুটি যাপন করছে? না, বাঙালী বীরেরা তাদেরকে পাতালপুরীতে নিমন্ত্রণ খাওয়াতে নিয়ে গেছেন? স্বাধীন বাংলার বেতার কেন্দ্রের ঘোষণা ও বিভিন্ন সূত্র থেকে পাওয়া খবর হতে স্পষ্টই বুঝা যাচেছ যে, বাংলার স্বাধীনতা সংগ্রাম শুরু হওয়া থেকে আজ পর্যন্ত কমপক্ষে ২৫০০০ (পঁচিশ হাজার) পাক সেনা নিহত ও বহু আহত হয়েছে।

যুদ্ধবাজ টিক্কা খাঁ যে বাংলাদেশ ৪৮ ঘন্টার মধ্যে আয়ত্তে আনবেন- আজ ৪৮ ঘন্টার স্থলে ৮০ দিন অর্থাৎ ১৯২০ ঘন্টা বিলীন হয়ে গেল, এর মদ্যে না পারলেন বাংলাদেশকে দমন করতে না পারলেন ২৫০০০ খান সৈন্যের জীবন রক্ষা করতে। বর্তমানে হালে আর পানি পাচ্ছে না পাঞ্জাবীদের। অবস্থা বেগতিক দেখে সামরিক কর্তৃপক্ষ সাধারণ ক্ষমা প্রদর্শন করেছেন দেশবাসীকে এবং তারাও দেশবাসীর নিকট হতে ক্ষমা চেয়েছেন। কথাটি ঠিক মানানসই হল না কারো কাছে। বাংলাবাসীকে প্রশ্ন করি তারা কি কারো করুণার পাত্র হতে চান অথবা ক্ষমা করতে চান জালেম, অগ্নিসংযোগকারী, লুন্ঠনকারী, লক্ষ লক্ষ নিরস্ত্র নরনারী, বৃদ্ধ, শিশু হত্যাকারী মা-ভগিনীর ইজ্জত বিনষ্টকারী ইয়াহিয়ার পশু পাঞ্জাবী সেনাদেরকে? কিন্তু এর উত্তর বাংলাবাসী বহু পূর্বেই দিয়েছেন কোন ‘‘আপোষ নেই’’ নেই কোন রাজনৈতিক সমাধান।’’

এর একমাত্র সমাধান ‘‘অস্ত্র’’ অথবা বাংলার ‘‘স্বাধীনতা’’। ওয়াদা খেলাপকারীদের আজ আর কোনও কথায় বিশ্বাস নেই। দেশকে স্বাধীন আমরা করবোই। লক্ষ লক্ষ রক্তস্রোত বৃথায় যেতে দিব না। আজ পূর্বের আকাশে রাঙা প্রভাতের বিজয় কেতন নিয়ে ধীরে জেগে উঠেছে সোনার সূর্য্য। ওই শোনা যায় জয়ভেরীর নিনাদ ‘‘স্বাধীন বাংলা’’

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ আমাদের লক্ষ্য মৃত্যু অথবা জয়লাভ	স্বদেশ ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১৬ জুন, ১৯৭১

সম্পাদকীয়

আমাদের লক্ষ্য মৃত্যু অথবা জয়লাভ

দশ লক্ষ শহীদের তাজা রক্তের বন্যায় ভেসে গেছে 'পাকিস্তান'-এর শবদেহ। বীর প্রসবিনী। বাংলার লক্ষ লক্ষ দামাল ছেলেরা এখন সুদূর চট্টল থেকে দিনাজপুরের রোদ্রক্ষরা মালভূমি পর্যন্ত পয়ষট্টি হাজার গ্রাম গড়ে তুলেছে এক একটি দুর্জয় দুর্গ।

পদ্মা-মেঘনা-যমুনা আর তিস্তার কূলে কূলে গড়ে ওঠা জনপদে আজ শুধুমাত্র একটি শপথই প্রতিধ্বনিত হচ্ছে- 'এবার আর শহীদ নয় গাজী হবো।' পাক জঙ্গী চক্র সোনার বাংলাকে শ্মশানে পরিণত করার পর, বাংলাদেশে আবার পাকিস্তানের পতাকা ওড়াতে চায়। তারা ইসলাম ও সংহতি রক্ষা করতে গিয়ে হত্যা করেছে লক্ষ লক্ষ নিরপরাধ অসহায় নর-নারী আর শিশুদের, ধ্বংস করেছে মসজিদ, মন্দির স্কুল কলেজ, কলকারখানা। ক্ষেত-খামার, জমা-জমি আর গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দিয়ে রচনা করেছে পাকিস্তানের সমাধি। বাংলাদেশ পাকিস্তানের সমাধিস্থল- সে সমাধির পরে একমাত্র স্বাধীন বাংলার পতাকাই উড়বে।

দশ লক্ষ শহীদের রক্তে সিক্ত পাকিস্তানের পতাকার সাথে আমাদের কোন মিত্রতা নেই- কোন সম্পর্ক নেই- নেই কোন আপোষ। যে কোন মূল্যেই হোক না কেন বাংলাদেশের স্বাধীনতা রক্ষা আমরা করবই। আমাদের লক্ষ্য মৃত্যু অথবা জয়লাভ।

* স্বদেশঃ জাতীয়তাবাদী বাংলার সাপ্তাহিক মুখপত্র। সম্পাদক ও প্রকাশকঃ গোলাম সাবদার সিদ্দিক। সম্পাদক কর্তৃক বর্ণালী প্রেস, বাংলাদেশ থেকে মুদ্রিত।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
পাকিস্তানের বিধ্বস্ত অর্থনীতি	স্বদেশ ১ম বর্ষঃ ১ম সংখ্যা	১৬ জুন, ১৯৭১

পাকিস্তানের বিধ্বস্ত অর্থনীতি

যুদ্ধ শুরু হবার পর থেকেই করাচীর কাগজগুলি বিদ্রোহীদের খবরাখবর পুরো চেপে যায় এবং তার ফল এতো পরিষ্কার হয়েছিল যে রাজনীতির বিশেষজ্ঞরা পর্যন্ত দ্বিধাগ্রস্ত হয়ে পড়েছিলেন। কিন্তু পরবর্তীকালে রাওয়ালপিণ্ডি সরকার যবনিকার সামান্য অংশ তুলে যখন দেখালেন তখন পশ্চিম পাকিস্তানীরা তার অংশটুকু মাত্র দেখে স্তম্ভিত এবং বিষণ্ণ হয়ে পড়লেন।

তাঁরা প্রথম এই খবর জানলেন যখন মুহম্মদ ইয়াহিয়া খানের সামরিক সরকার বিদেশী চারশো কোটি পাউণ্ড ঋণ ছ'মাসের জন্যে বিশেদী শক্তিগুলির কাছে আপতকালীন স্থগিতের জন্য আবেদন জানালেন এবং জ্বালানী তেলের দাম শতকরা ৮ থেকে ১০ ভাগের ওপর বাড়িয়ে দিলেন; তাছাড়া ৪৬টি জিনিষের ওপর দুই থেকে তিন গুণ কর স্থাপনও ছিল এর মধ্যে। ফলে জনগণের কাছে এই ঘটনাগুলি এলা এক ভয়াবহ মুদ্রাস্ফীতির পূর্বাভাস হিসাবে। পাকিস্তানী অর্থনীতিবিদরা বল্লেন, পূর্বদিকে সামরিক সরকারের যুদ্ধক্ষেত্রের জয়লাভ যদিও সম্ভব, জাতীয় উন্নতির ক্ষেত্রে তা ভয়াবহ দুর্গতির সূচনা।

এই তত্ত্বের সমর্থনে বলা যায় যে, পশ্চিম পাকিস্তানী ব্যবসায়ীরা তাঁদের ব্যবসাপত্র গোটাতে শুরু করেছেন, কারণ তাঁদের তৈরী জিনিষপত্রের দুই-তৃতীয়াংশের বাজার ছিল পূর্বাঞ্চল। কিন্তু সে বাজার আপাতত বন্ধ। দ্বিতীয়তঃ পূর্ব পাকিস্তানী বাঙালী ব্যাপক হারে ভারতে শরণ নেওার ফলে চা শিল্পের পক্ষে তা এক চরম বিপদের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে- পাকিস্তানকে তারও বিকল্প রপ্তানির কথা চিন্তা করতে হবে। অবশ্য সবচেয়ে বেশী ক্ষতি হয়েছে পাট রপ্তানির ক্রমবর্ধমান হার কমে যাওয়ায়। পাকিস্তানের কাছে এই পাট ছিল বিদেশী মুদ্রা অর্জনের সবচেয়ে বড় সূত্র। কেবলমাত্র গত সপ্তাহের গোড়ার দিকেই কিছু রপ্তানি করা গেছে। সব মিলে যুদ্ধের দরুন দৈনিক মূল্য দিতে হচ্ছে ২০ লক্ষ পাউণ্ড করে্ যে জাতির যুদ্ধের আগে জমা মোট টাকা ছিল ৮ কোটি ২০ লাখ পাউণ্ড তার পক্ষে এটা একটা বেশ ভারী ধরণের বোঝাই বলতে হবে।

নিকট ভবিষ্যতে এই অবস্থার খুব একটা উন্নতির আশা নেই। অফিসার মহল থেকে বলা হচ্ছে, পূর্বাঞ্চলে দ্রুত স্বাভাবিক অবস্থা ফিরে আসছে, কিন্তু অন্যেরা বলছেন যে, অবস্তা এখনও অনেকখানিই বিপ্লবীদের পক্ষে রয়ে গেছে। সেখানে জাতীয় করের ৪০ ভাগ কর দেওয়া বন্ধ রয়েছে। রাজনৈতিক স্থৈর্য ও ফিরে আসেনি। গেরিলাদের প্রতি ক্ষমা প্রদর্শনের প্রতিশ্রুতি এবং সরকারী কর্মচারীদের প্রতি কাজে যোগদানের আদেশ প্রদান-সামরিক জুন্টার এই বড়শির টোপে অল্প বাঙালীই ধরা দিয়েছেন। প্রকৃতপক্ষে, পূর্বাঞ্চলের অবিসংবাদিত রাজনৈতিক দল আওয়ামী লীগের ১৬৭ জন নির্বাচিত প্রতিনিধির মধ্যে মাত্র দুইজন তাঁদের স্বাধীনতার আন্দোলন আঞ্চলিকভাবে পরিত্যাগ করেছেন।

ক্রমবর্ধমান অর্থনৈতিক সঙ্কট এবং পূর্বের নিরবিচ্ছিন্ন প্রতিরোধ পশ্চিমেও রাজনৈতিক ধাক্কা বয়ে এনেছে। প্রাদেশিক বিচ্ছিন্নতার আন্দোলনের অপরাধে উত্তর পশ্চিম সিন্ধু প্রদেশের প্রায় ১২ জন নেতাকে সাম্প্রতিককালে

গ্রেপ্তার করা হয়েছে। তাছাড়া পশ্চিমের উচ্চাকাঙ্খী নেতা জুলফিকার আলি ভুট্টো তাঁর অনুগামীদের কাছে সামরিক শাসন অবসানের যে প্রতিশ্রুতি দিয়াছিলেন তা ব্যর্থ হওয়ায় মর্যাদাহীন হয়ে পড়েছেন। সর্বোপরি মুদ্রাস্ফীতি এবং বাঙালীদের প্রতিরোধ সংগ্রামই ইয়াহিয়ার কাছে ব্যক্তিগতভাবেই পতনের পূর্বাভাস হয়ে দেখা দিয়েছে। করাচীর একজন বিশিষ্ট রাজনীতিবিদ আমায় বলেছেন, ইয়াহিয়া খানকে ছ'মাসের মধ্যে এই সমস্যা মিটিয়ে ফেলতে হবে। অতঃপর সৈন্যবাহিনী বুঝবে যে, রাষ্ট্রপতি যতটুকু না চিবোতে পারেন তার চেয়ে বেশী মুখে পোরেন। ফলে তারা নতুন নেতা খুঁজতে চাইবে। ইয়াহিয়াকে বাতাসের অনুকূলে আসতেই হবে- অবশ্য সময়ও দ্রুতগতিতে বয়ে যাচ্ছে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় জানি রক্তের পিছে ডাকবে সুখের বান	স্বদেশ ১ম বর্ষঃ ২য় সংখ্যা	১ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

জানি রক্তের পিছে ডাকবে সুখের বান

সমগ্র বাংলাদেশ আজ যুদ্ধে লিপ্ত। পাকিস্তানের উপনিবেশবাদী জঙ্গী নাৎসীচক্রের ভাড়াটিয়া সৈন্যদের প্রতিহত ও সম্পূর্ণরূপে উৎখাত করার ইস্পাত কঠিন শপথ নিয়ে বাংলার আপামর কৃষক-শ্রমিক-ছাত্র-জনতা আজ মরণপণ সংগ্রামে লিপ্ত। যে কোন মূল্যেই হোক না কেন বাংলার পবিত্র মাটি থেকে হানাদার বাহিনীকে বিতাড়িত না করা পর্যন্ত বাংলাদেশের গণ-মানুষের এই যুদ্ধ অব্যাহত থাকবে।

বাংলার মানুষের রক্তদান কখনও বৃথা যায়নি। তাই দশ লক্ষ শহীদের রক্তের সাথে আমরা বিশ্বাসঘাতকতা করতে পারি না। শহীদের এ রক্তদান আমরা বৃথা যেতে দিতে পারি না।

বাংলাদেশের মানুষের অসীম ত্যাগ-তিতিক্ষা ও শৌর্য-বীর্য ইতিমধ্যেই বিশ্বের অন্যান্য দেশের মানুষের শ্রদ্ধা অর্জনে সক্ষম হয়েছে। কোন বিদেশী শক্তির উপর নির্ভর না করে নিজেদের শক্তিতে বলীয়ান হয়ে বাংলার মানুষ যে একটি সুশিক্ষিত ও আধুনিক সমরাস্ত্রে সজ্জিত সেনাবাহিনীর সাথে যুদ্ধে লিপ্ত, এটা বিশ্বের মানুষের কাছে একটা চরম বিস্ময় হিসাবে দেখা দিয়েছে।

রক্ত আমরা দিয়েছি, আরো রক্ত দিতে আমরা প্রস্তুত। কিন্তু বাংলার স্বাধীনতা আমরা রক্ষা করবই। জয় আমাদের অবশ্যম্ভাবী। আমরা এই মর্মে বিশ্বের সকল স্বাধীনতাপ্রিয় জনগণ এবং গণতান্ত্রিক এবং সমাজতান্ত্রিক রাষ্ট্রের নিকট বাংলাদেশের এই মুক্তিযুদ্ধকে সর্বতোভাবে সাহায্য করার জন্য আবেদন জানাচ্ছি। জনবল আমাদের আছে, অস্ত্র, অর্থ, ঔষধপত্র এবং নৈতিক সমর্থন আমাদের একান্ত প্রয়োজন।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বিচ্ছিন্নতার পথে পাকিস্তান	স্বদেশ ১ম বর্ষঃ ২য় সংখ্যা	১ জুলাই, ১৯৭১

বিচ্ছিন্নতার পথে পাকিস্তান

[আমেরিকার নিউজউইক সংবাদ সাপ্তাহিকের (১৫ই মার্চ সংখ্যায়) পাকিস্তানের তদানীন্তন রাজনৈতিক সঙ্কট সম্পর্কে পাকিস্তান বিচ্ছিন্নতার পথে শীর্ষক এক রিপোর্ট প্রকাশিত হয়েছিল। ভাষান্তরিত নিবন্ধটি প্রকাশ করা হল।]

চূড়ান্ত হতাশা বাঙালীদের আজ যে বিচ্ছিন্নতার পথে পরিচালিত করেছে অধিকাংশ লোক তাতে বিচলিত হয়ে পড়েছেন। পশ্চিম পাকিস্তানী অফিসাররা স্বীকার করেন যে, পশ্চিমাঞ্চলে পাঁচ কোটি মানুষের তুলনায় পূর্বাঞ্চলের সাত কোটি জনসাধারণের রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নয়ন নিতান্ত সামান্যই হয়েছে। যেমন বিগত তেইশ বছর ধরে কেন্দ্রীয় বাজেটের পাঁচ ভাগের চার ভাগ পশ্চিম পাকিস্তানে ব্যয় করা হয়েছে। পাকিস্তানের উচ্চপদস্থ সরকারী কর্মচারীদের প্রায় ৮৫ ভাগ এবং সেনাবাহিনীর অফিসারদের প্রায় ৯০ ভাগ পশ্চিম পাকিস্তানী এবং বিগত কয়েক বছরে পশ্চিমাঞ্চলে মাথা পিছু আয় বেড়েছে শতকরা ৪২ ভাগ, আর পূর্বাঞ্চলে মাত্র শতকরা ১৭ ভাগ। পূর্ব পাকিস্তানীরা দীর্ঘ বার বছর সামরিক একনায়কত্বের পর গত বছরের শেষ ভাগে দেশের প্রথম স্বাধীন সাধারণ নির্বাচনের মাধ্যমে (নিউজ উইক ডিসেম্বর ২১) তাদের পুঞ্জীভূত রোষের চূড়ান্ত বহিঃপ্রকাশ ঘটেছে। পূর্ব পাকিস্তানে বাঙালী জাতীয়তাবাদী অগ্নিপুরুষ শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে পরিচালিত আওয়ামী লীগ দল আশ্চর্যজনকভাবে শকতরা ৯৮ ভাগ ভোট লাভ করেন। শেখ মুজিবুর তাঁর অনুরক্তদের মধ্যে 'মুজিব' নামে পরিচিত। মুজিব তাঁর ছয় দফা কর্মসূচীর জোরেই নির্বাচনে জয়লাভ করেন। এই ছয় দফা কর্মসূচী মূলত পাকিস্তান রাষ্ট্রেকে একটি শিথিল কনফেডারেশনে পরিণত করবে। এতে প্রদেশগুলোকে সত্যিকারের স্বায়ত্তশাসন দিয়ে কেন্দ্রের জন্যে নিতান্ত সামান্য ক্ষমতাই অবশিষ্ট রাখা হয়েছে। কেন্দ্রের হাতে শুধু বৈদেশিক নীতি এবং জাতীয় প্রতিরক্ষার বিষয় ছাড়া আর কিছুই দেয়া হয়নি। আর নতুন জাতীয় পরিষদে নিশ্চিত সংখ্যাগরিষ্ঠতা লাভ করে মুজিব তথা পূর্ব পাকিস্তান তাদের রাষ্ট্রের ইতিহাসে, সর্বপ্রথম মুক্তির পথ করে নেয়ার মত রাজনৈতিক শক্তি অর্জন করেছে। এই সমস্ত ঘটনা পশ্চিম পাকিস্তানে বেশ আলোড়ন সৃষ্টি করেছে। এখানে উল্লেখ্য যে, গত ডিসেম্বরের নির্বাচনে প্রভাবশালী বামপন্থী নেতা জুলফিকার আলী ভুট্টোর নেতৃত্বে পাকিস্তান পিপসল পার্টি পশ্চিম পাকিস্তানে শীর্ষস্থান অধিকার করেছেন। কিন্তু তিনি আওয়ামী লীগের হাতে সংসদীয় পরাজয় মেনে নিতে রাজি হলেন না। নির্বাচনে আওয়ামী লীগ পেয়েছে ১৬৭টি ও পাকিস্তান পিপলস পার্টি পেয়েছে ৮২টি আসন। জুলফিকার আলী ভুট্টো কেবল যে সংসদীয় পরাজয় মেনে নিতে রাজী হলেন না তা নয় তাঁর দলের পরিষদ সদস্যদের বলে দিলেন কেউ যেন জাতীয় পরিষদের অধিবেশনে যোগদান না করে। এর ফলে বৃটেনে ট্রেনিংপ্রাপ্ত অসত্মঃসারশূন্য সৈনিক প্রেসিডেন্ট ইয়াহিয়া খান পড়লেন দুজন আপোষ বিমুখ রাজনীতিবিদের পাল্লায়। শেখ মুজিবর রহমান ও জুলফিকার আলী ভুট্টো দুজনেই রাজনৈতিক মঞ্চের কুশলী নট।

অবশেষে ইয়াহিয়া খান ভাবলেন যে, তাঁকে সময়ের সাথে তাল মিলিয়ে যেতে হবে। এ উদ্দেশ্যে জাতীয় পরিষদের উদ্বোধনী অধিবেশন বাতিল করে দিয়ে তিনি চলতি সপ্তাহের মধ্যে পাকিস্তানের শীর্ষস্থানীয় রাজনীতিবিদদের একটি সম্মেলন আহ্বান করেছেন। এই সম্মেলনই হয়ত অচলাবস্থার নিরসন ঘটানোর একটি শেষ ও দুঃসাহসিক প্রচেষ্টা। কিন্তু ইয়াহিয়ার এই আমন্ত্রণ শেখ মুজিব প্রত্যাখ্যান করেছেন। এবং সপ্তাহ শেষের ঘটনাবলী দেখে মনে হয় তিনি অবিলম্বে পূর্ব পাকিস্তানের স্বাধীনতা ঘোষণা করবেন। এই ঘটনার পর ইয়া হিয়া

এক ঘোষণার মারফত এ মাসের শেষের দিকে জাতীয় পরিষদ অধিবেশন উদ্বোধনের ব্যাপারে তাঁর মতামত দেশবাসীকে জানিয়ে দিলেন এবং সেই সাথে এক হুঁশিয়ারী উচ্চারণ করে বললেন যে 'পাকিস্তানের সংহতি ও নিরাপত্তার' নিশ্চয়তা বিধানের জন্যে বিধানের জন্যে সেনাবাহিনী এগিয়ে আসতে পারে। দেশকে রাজনৈতিক ভরাডুবির হাত থেকে রক্ষার জন্যে ইয়াহিয়ার চেষ্টা সত্ত্বেও পর্যবেক্ষক মহল মনে করেন যে, অবস্থা এখন পাকিস্তানের রাজনৈতিক নেতৃবৃন্দের আয়ত্তের বাইরে। হয়তো সীমাবদ্ধ অনুভূতিই ভবিষ্যৎ ঘটনাবলী নিয়ন্ত্রিত করবে। নিউজউইকের ঢাকায় অবস্থানরত লোরেন জেন কিনসকে পাশ্চাত্যের জনৈক কূটনীতিক বলেছেন, ''পাকিস্তানের দুই অংশ বিচ্ছিন্ন হয়ে পড়বে কি পড়বে না এটা এমন কোন প্রশ্ন নয়। এখন প্রশ্ন দাঁড়িয়েছে স্বাধীনতা কবে হবে। কি আগামী সপ্তাহে, না কি আগামী মাসে অথবা এর জন্যে আরো বছর খানেক কি বছর দুয়েক সময় লাগবে। দুর্ভাগ্যবশত মনে হয় পশ্চিম পাকিস্তান ও পূর্ব পাকিস্তান খুব তাড়াতাড়িই বিচ্ছিন্ন হবে; খুব বেশী দেরী হবে না।''

শিরনাম	সংবাপত্র	তারিখ
আমাদের প্রধান সেনাপতিঃ জেনারেল ওসমানী	স্বদেশ ১ম বর্ষ, ২য় সংখ্যা	১ জুলাই, ১৯৭১

আমাদের প্রধান সেনাপতিঃ জেনারেল ওসমানী

বাংলাদেশ বাহিনীর প্রধান সেনাপতি জেনারেল মুহম্মদ আতাউল গণী ওসমানীর নাম আজ বাংলার ঘরে ঘরে গর্বের সঙ্গে উচ্চারিত হচ্ছে। আত্মত্যাগ ও নিষ্ঠা এবং সর্বোপরি দৃপ্ত ও বিচক্ষণ নেতৃত্বের জন্য বাংলার এই চিরকুমার প্রধান সেনাপতি সকলের কাছে সুপরিচিত। আজ তিনি দেশের স্বাধীনতা সংগ্রামের পুরোভাগে এসে দাঁড়িয়েছেন। তাঁর সবল নেতৃত্বে হাজার হাজার বাঙালী এগিয়ে চলেছে জয়যাত্রার পথে, নব জনগণবাংলার নতুন ঊষার পথে।

জাতিগত অধিকার এবং গণস্বার্থ আদায়ের জন্য যে সজাগ দৃষ্টি এবং সংগ্রামী মানসিকতার প্রয়োজন, বাঙ্গালীদের মধ্যে সেই উপলব্ধিকে জোরদার করার জন্য জেনারেল ওসমানী অক্লান্ত পরিশ্রম করে যান তাঁর কর্মজীবনের প্রথম থেকেই।

১৯৫১ সালের শেষের দিকে জেনারেল ওসমানী কর্তৃক ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের অধিনায়কত্ব গ্রহণ করার পর থেকে রেজিমেন্টের ইতিহাসে এক গৌরবোজ্জ্বল অধ্যায়ের সূচনা হয়। বাঙালীদের সামরিক বাহিনীতে না নেয়ার জন্য বাঙালীবিদ্বেষ স্বার্থ সংশ্লিষ্ট মহল 'বাঙালীরা সামরিক জাতি নয়' এই মর্মে যে মিথ্যা প্রচারণা চালিয়ে যাচ্ছিল সেটাকে প্রতিরোধ করার জন্য তিনি প্রাণপন ঢেলে দেন ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের সর্বাত্মক উন্নতি সাধন ও মান উন্নয়নের জন্য। কর্তৃপক্ষ কর্তৃক সকল রকমের বিঘ্ন সৃষ্টি করা সত্ত্বেও তিনি অক্লান্ত পরিশ্রম করে এই রেজিমেন্টকে একটি সংগ্রামী যোদ্ধাদল হিসেবে সুপ্রতিষ্ঠিত করেন যার ফলে যুদ্ধকৌশল এবং বীরত্বের দিক থেকে ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট পাকিস্তানের বেলুচ এবং পাঞ্জাব ইত্যাদি সকল দলের মধ্যে নিজেদেরকে শ্রেষ্ঠ প্রতীয়মান করে। এই ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট এক রকম বলতে গেলে, জেনারেল ওসমানীর নিজের হাতে গড়া। তারঁই প্রেরণায় উদ্বুদ্ধ বেঙ্গল রেজিমেন্ট পাকিস্তানে শ্রেষ্ঠত্ব অর্জন করে। তারই প্রতিফল আমরা দেখি ১৯৬৫ সালের ভারত পাকিস্তান যুদ্ধের লাহোর রণাঙ্গনে। সেই যুদ্ধে বীর বিক্রমে লড়াই করে লাহোরকে রক্ষা করে এই বাঙালীরাই।

বাঙালীদের সম্পর্কে পাঞ্জাবী চক্রের মিথ্যা প্রচারণার অবসান ঘটানো এবং সেনাবাহিনীতে বাঙালীদের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে জেনারেল ওসমানী থাকতেন সকলের পুরোভাগে। এই জন্য তিনি পাকিস্তান সামরিক চক্রের বিরাগভাজন হন। সামরিক শিক্ষা ও কর্মদক্ষতার দিক থেকে তাঁর সমকক্ষ সেনাপতি কেউ নেই, তবু তাঁর পদোন্নতি বন্ধ করে দেয়া হয়।

এখানে উল্লেযোগ্য যে তদানীন্তন ভারতীয় সেনাবাহিনীর মধ্যে জেনারেল ওসমানীই সর্বকনিষ্ট মেজর হিসাবে নিযুক্ত হন। বাঙালী অফিসারদের সবসময়ই পাকিস্তানে দাবিয়ে রাখা হয়। তিনি নিজের ভবিষ্যৎ এবং কর্তৃপক্ষ থেকে সম্ভাব্য সকল রকম বিপদ উপেক্ষা করে এইসব বাঙালীদের উন্নতির জন্য লড়াই করে গেছেন। আর বাংলাদেশ এবং বাংলাদেশের মানুষের প্রতি ভালবাসা এবং তাদের হয়ে সংগ্রাম করার কারণে তাঁকে সামরিক কর্তৃপক্ষের তরফ থেকে বিভিন্নভাবে পর্যুদস্ত হতে হয়।

সাধারণ সৈনিকদের প্রতি তাঁর অকৃত্রিম স্নেহ এবং বাংলার মানুষ তথা বাংলার ভাষার প্রতি তাঁর ভালবাসার প্রমাণ নিম্নোক্ত দুটি ঘটনা থেকেই মেলে। সামরিক বাহিনীতে উর্ধ্বতন অফিসারদের কাছে সুবেদার মেজরদের

দৈনন্দিন একটা রিপোর্ট দেয়ার রেওয়াজ আছে। পাকিস্তান বাহিনীর নির্দেশ হচ্ছে, এই রিপোর্ট একমাত্র উর্দুতেই দেয়া চলবে। জেনারেল ওসমানী এই সর্বপ্রথম তাঁর সুবেদার মেজরকে বাংলায় রিপোর্ট দেয়ার অনুমতি দেন। এই জন্য পাকিস্তান সামরিক চক্র তাঁর কাছ থেকে কৈফিয়ৎ দাবী করে; এবং তিনিও তার যথাযোগ্য জওয়াব দেন। আর একটি ঘটনা হয়ত অনেকেরই জানা নেই। জেনারেল ওসমানী এক দানপত্রে তাঁর সকল সম্পত্তি ইষ্ট বেঙ্গল রেজিমেন্টকে দিয়েছেন। বাংলাদেশের প্রতি এবং বাঙালী বাহিনীর প্রতি তাঁর আন্তরিক প্রীতির পরিচয় এখানেই পাওয়া যায়।

জেনারেল ওসমানী ১৯১৮ সালের ১লা সেপ্টেম্বর পূর্ব-বাংলার সিলেট জেলার সুনামগঞ্জে জন্মগ্রহণ করেন। তাঁর পূর্বপুরুষ শাহ নিজাম উদ্দিন ওসমানী হজরত শাহজালালসহ গৌরগোবিন্দ সিংহের রাজত্বকালে এদেশে আসেন। তাঁর পিতা মরহুম খান বাহাদুর মুফিজুর রহমান, বি, এ, কে, এইচ, এম, সততা, মানবপ্রীতি ও নিঃস্বার্থ দেশ প্রেমের জন্য খ্যাত ছিলেন।

জেনারেল ওসমানী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন সিলেট গভর্নমেন্ট হাইস্কুল থেকে প্রথম বিভাগে ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণ হন এবং ইংরেজীতে বিশেষ দখলের জন্য প্রিটোরিয়া প্রাইজ লাভ করেন। ১৯৩৪ সালে তিনি উচ্চ শিক্ষার্থে আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ে গমন করেন। ১৯৩৮ সালে তিনি কলা বিভাগে ডিগ্রী লাভ করেন এবং ১৯৩৯ সালে মাষ্টার ডিগ্রীর চূড়ান্ত পরীক্ষার পূর্বেই ভারতীয় সেনাবাহিনীতে ক্যাডেট হিসাবে যোগদান করেন। ১৯৪০ সালের ৫ই অক্টোবর তিনি ইণ্ডিয়ান মিলিটারী একাডেমী, দেরাদুন থেকে সামরিক শিক্ষা শেষ করে বৃটিশ ইণ্ডিয়ান কমিশন প্রাপ্ত হন। এরপর থেকে তাঁর দ্রুত পদোন্নতি হয়- ১৯৪১ এর ফেব্রুয়ারীতে ক্যাপ্টেন এবং ১৯৪২ এর ফেব্রুয়ারীতে তৎকালীন বৃটিশ সাম্রাজ্যের সর্বকনিষ্ঠ মেজর হন ও মাত্র ২৩ বছর বয়সে একটি যান্ত্রিক পরিবহন ব্যাটালিয়নের অধিনায়ক হয়ে এক রেকর্ড সৃষ্টি করেন।

দ্বিতীয় মহাযুদ্ধে বর্মা রণাঙ্গনে যে অল্প কয়েকজন অশ্বেতাঙ্গ অধিনায়ক যুদ্ধ পরিচালনায় নিযুক্ত হয়েছিলেন তিনি তাঁদের মধ্যে অন্যতম। ১৯৪৬ সালের বৃটিশ সেনাবাহিনীতে ইস্টার্ন কমাণ্ড সিলেকশন কমিটি কর্তৃক তিনি উচ্চ শিক্ষার জন্য মনোনীত হন এবং ১৯৪৭ সালের ফেব্রুয়ারীতে অনুষ্ঠিত ফাস্ট পোস্টওয়ার স্টাফ কলেজ এন্ট্রেন্স পরীক্ষায় বৃটিশ ও ভারতীয় সেনাবাহিনীর অফিসারদের সঙ্গে প্রতিযোগিতায় উচ্চস্থান লাভ করেন এবং স্টাফ কলেজে ১৯৪৮ সনের কোর্সে স্থান অর্জন করেন।

এখানে উল্লেখযোগ্য যে তিনি আই,সি এস, এ কোয়ালিফাইড হওয়ায় ইণ্ডিয়ান পলিটিক্যাল সার্ভিসের জন্যও ১৯৪৬ সালেই মনোনীত হন। কিন্তু সৈনিক জীবন পরিত্যাগ করতে অস্বীকার করেন। পরে ১৯৪৭ সনের শুরুতে তৎকালীন ভারতীয় অন্তবর্তী সরকারের পররাষ্ট্র সচিব জওহরলাল নেহেরু১ তাঁকে একটি কূটনৈতিক পদ গ্রহণের জন্য আহ্বান জানান। জেনারেল ওসমানী সে প্রস্তাবও প্রত্যাখ্যান করেন। একই সালে তিনি লেফটেন্যান্ট কর্ণেল পদের জন্য মনোনীত হন এবং বৃটিশ ভারতের সিমলাস্থ জেনারেল হেডকোয়ার্টার্স-এ কোয়ার্টার মাষ্টার জেনারেলের শাখায় সেকেণ্ড গ্রেড স্টাফ অফিসার পদে নিযুক্ত হন।

ভারত বিভাগের পরপরই তিনি পাকিস্তানের জন্য অংশ নির্ধারণের দায়িত্ব গ্রহণ করেন। এই বছর সাতই অক্টোবর পাকিস্তানে তাঁকে লেফটেন্যান্ট কর্ণেল পদে তাকে উন্নীত করা হয়। তারপর ১৯৪৮ সালে তিনি কোয়েটা স্টাফ কলেজের কোর্সে যোগদান করেন। ১৯৪৯ সনে স্টাফ কলেজ থেকে ডিগ্রী লাভ করার পর তাঁকে তদানীন্তন চীফ অব দি জেনারেল স্টাফ মেজর জেনারেল রেজিনাল্ড হাটন-এর সহকারী স্টাফ অফিসার পদে নিয়োগ করা হয়।

এরপর বিভিন্ন পদে সৈন্যবাহিনীতে অধিনায়কত্ব এবং বিশেষ খ্যাতি অর্জনের পর ১৯৫২ সনের দিকে তাঁকে ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের প্রথম ব্যাটেলিয়নের ভার দেয়া হয়। ১৯৫৫ সনে তাঁকে ই,পি রাইফেলস এর অতিরিক্ত কমান্ডান্ট পদে বহাল করা হয়।

১৯৫৬ সনে তিনি কর্ণেল পদে উন্নতি হন এবং জেনারেল হেড কোয়ার্টার্স এর জেনারেল স্টাফ এ মিলিটারী অপারেশনের ডেপুটি ডাইরেক্টর পদ গ্রহণ করেন। এই সময় থেকে তিনি বহু আন্তর্জাতিক সামরিক ও পরিকল্পনার বৈঠকে পাকিস্তানের প্রতিনিধিত্ব করেন এবং বিদেশী রাষ্ট্রের সর্বাধিনায়কদের শ্রদ্ধা ও প্রশংসা অর্জন করেন।

১৯৬৪ সনে তিনি যুক্তরাষ্ট্রে যান এবং সেখানকার সাঁজোয়া, গোলন্দাজ, পদাতিক এবং বিমানবাহী শত্রু ও অস্ত্রের বিরুদ্ধে নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে অবহিত হন।

১৯৬৭ সনে জেনারেল ওসমানী সেনাবাহিনী থেকে অবসর গ্রহণ করেন।

অবশেষে ১৯৭১ সনের এপ্রিল মাসে বাঙালীরা তাঁকে তাঁর উপযুক্ত মর্যাদা দেয় এবং বাঙালী সেনাবাহিনীর সর্বাধিনায়ক পদে তাঁকে বরণ করে নেয়। একই সঙ্গে গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকার তাঁকে জেনারেল পদে উন্নীত করেন। আজ তাঁরই অধিনায়কত্বে বাংলার সংগ্রামী সেনারা এগিয়ে চলেছে এক নবতর ভবিষ্যতের পানে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
লণ্ডনের চিঠিঃ	স্বদেশ ১ম বর্ষঃ ২য় সংখ্যা	১ জুলাই, ১৯৭১

লণ্ডনের চিঠি

বাংলাদেশকে স্বীকৃতি না দিয়ে রাজনৈতিক সমাধান

জলের উপর আল্পনা কাটার নামান্তর

(মাহমুদ হোসেন প্রদত্ত)

পাকিস্তান সরকারের পৃষ্ঠপোষকতায় বিশিষ্ট ইংরেজী 'দৈনিক মর্নিং নিউজের' করাচী সংস্কণের অন্যতম সহকারী সম্পাদক মিঃ এ্যান্টনী মাসকারেনহাস সম্প্রতি পাকিস্তান থেকে সপরিবারে এখানে চলে এসে সানডে টাইমস পত্রিকায় বাংলাদেশের হত্যাযষ্ঞ সম্পর্কে যে বিস্তারিত বিবরণী দিয়েছেন তাতে থলের বিড়াল বেরিয়ে পড়েছে। ত্যাগী পাকিস্তানী সাংবাদিক মিঃ মাসকারেনহাস- তোমাকে জানাই অভিনন্দন।

কালজয়ী নির্ভীক সাংবাদিক বন্ধু মিঃ মাসকারেনহাস প্রদত্ত 'সানডে টাইমসের' সেই স্টোরি পাকিস্তানী কাগজ ছাপবে না এ জানি। কিন্তু সকল দেশের স্বাধীন পত্র-পত্রিকা তা ছাপিয়েছে; ভারতীয় পত্র-পত্রিকাও তা ছাপাতে কুণ্ঠিত হয়নি। এখানে বন্ধু মিঃ মাসকারেনহাসের সাথে আমার আলাপ হয়েছেঃ তিনি তার দেশের (পাকিস্তান) অন্যান্য প্রত্যক্ষ করেছেন ধ্বংসলীলা। বিরাট জনপদগুলো দেখে কান্না পেয়েছে তাঁর। এই কিছুদিন আগেও বাংলাদেশের যে সব জনপদ ছিল প্রাচুর্যে ভরা, হাসি গানে মুখরিত; সে সব জনপদে এখন কবরের নিস্তব্ধতা বিরাজ করছে। অধিকাংশ ঘরবাড়ীতে মানুষ নেই এমন কি নেই জানালা-দরজা। দোকানপাট খা খা করছে। সরকারী অফিসগুলো দরজা খোলা থাকলেও কোন কর্মচারী দেখেননি তিনি। যে সব উর্দুভাষী মানুষ তাঁর চোখে পড়েছে তাদের দেহ অনশন ক্লিষ্ট বা রোগাজীর্ণ। আর দেখেছেন অগণিত মানুসের ফসিল। কলকারখানার চাকা বন্ধ, মাঠে মাঠে ফসল নেই, আছে ঘাস ও অন্যান্য তৃণের সমাহার। আর দেখেছেন জলে স্থলে অন্তরীক্ষে শুধু সেনাবাহিনীর অশুভ পদচারণা; যাদের চোখ বাজপাখীর মত সর্বত্র শিকার খুঁজছে। সে শিকারটি কি তা আর বলে দিতে হয় না। যদিও পাকিস্তানের সামরিক জান্তা সরকার সফরকারী সাংবাদিককে পশ্চিম পাকিস্তানের নাগরিক এবং বাংলাদেশে বসবাসকারী উর্দুভাষী বাসিন্দাদের দ্বারা সৃষ্ট কৃত্রিম স্বাভাবিক পরিবেশ দেখানোর চেষ্টা করেছিল কিন্তু তা দিয়ে বিভীষিকাকে ঢাকা যায়নি, যায় না। তবে মাসকারেনহাস আপ্রাণ প্রচেষ্টায় খুব গোপনে এবং সতর্কতার সাথে স্বাধীনতা সংগ্রামীদের সাক্ষাৎ লাভে সমর্থ হয়েছিলেন।

তাদের সাথে আলাপ করে তিনি জানতে পেরেছেন কোন আপোষ নয়, বাংলাদেশেকে শত্রুমুক্ত না করা পর্যন্ত সংগ্রাম চলবে। মাসকারেনহাসের মন্তব্যঃ এই তো কথার মত কথা। ভেতো বলে অপবাদ থাকলেও বাঙালীরা সত্যিই বীরের জাত। অধিকার সচেতন বাঙালীরা নিজেদের মৌলিক দাবী প্রতিষ্ঠার প্রশ্নের এ ব্যাপারে কাউকে তোয়াক্কা রাখে না।

মাসকারেনহাসের রিপোর্ট বিশ্বে যে আলোড়ন সৃষ্টি করেছে, এই বিংশ শতাব্দীর সাংবাদিকতার ইতিহাসে এখানে তা অনুভব করা যায়। এখন আর কিছুই লুক্কায়িত নেই। বাংলাদেশের চলমান ঘটনাবলীর কাছে

মাইলাইর হত্যাযষ্ঞ তুচ্ছ বলে এখানে অনেকে অভিমত প্রকাশ করেছেন। অবশ্যি ঘটনার শুরুতে ভারতের বার্তা সরবরাহ প্রতিষ্ঠান পি,টিআই বাংলাদেশের জনৈক হাই পারসোনালিটির বরাত দিয়ে এ ধরনের একটি খবর ক্রিড করেছিলেন। তা আজ সত্য বলে প্রমাণিত হয়েছে। প্রমাণিত হয়েছে যে এটা কখনই পাকিস্তানের ঘরোয়া ব্যাপার হতে পারে না। এমনি বাংলাদেশের প্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিব বিঘোষিত স্বাধীনতা মেনে নিয়ে কোন রাজনৈতিক মীমাংসা হওয়াও অসম্ভব ব্যাপার। এটা বিশ্বের জনমত। কারণ পাকিস্তান আর বাংলাদেশ প্রকৃতপক্ষে ভৌগলিকভাবে এবং অনেক দিক থেকে সম্পূর্ণ সামঞ্জ্যহীন। সুতরাং এ দুটোকে এক সুতোয় বেঁধে রাষ্ট্র হিসেবে দাঁড় করান যায় না। আর যেহেতু বাংলাদেশের জনসংখ্যা পশ্চিম পাকিস্তানের তুলনায় বেশী সে ক্ষেত্রে নীতিগতভাবে বাংলাদেশের অধিবাসীরা প্রশাসনিক ব্যাপারে পশ্চিম পাকিস্তানের নেতৃত্ব মেনে নিতে পারে না। এবং তা চাপিয়ে দেয়ার চেষ্টা হবে জলের উপর আলপনা কাটার নামান্তর।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশের স্বীকৃতি এখন কেবল সময়ের প্রশ্ন মাত্র	স্বদেশ ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	১৪ জুলাই, ১৯৭১

বাংলাদেশের স্বীকৃতি এখন কেবল সময়ের প্রশ্ন মাত্র

প্রখ্যাত মার্কিন সাপ্তাহিক পত্রিকা নিউজউইক-এ বাংলাদেশের গণহত্যার করুণ চিত্র তুলে ধরা হয়েছে। বলা হয়েছে এই হত্যাযজ্ঞের সাথে ইতিহাসে অন্য কোন ধ্বংসলীলার তুলনা হতে পারে না। উক্ত পত্রিকায় আরও বলা হয়েছে যে, এই হত্যালীলা ও নরমেধযজ্ঞের ফল একটিই হচ্ছেঃ পূর্ব পাকিস্তান আজ নামমাত্র পাকিস্তানের অংশ। যে পাশবিকতা চালানো হয়েছে পূর্বাঞ্চলের মানুষের উপর তাতে আর কোন দিন পূর্ব ও পশ্চিমের একত্রে জোড়া লাগান যাবে না। পাকিস্তানের দুই অংশ চিরদিনের মত বিচ্ছিন্ন হয়ে গেছে। রক্তস্নাত বাংলাদেশের স্বীকৃতি এখন কেবলমাত্র সময়ের ব্যাপার মাত্র।

অপর দিকে ভিয়েনার পত্রিকার সাংবাদিক বাংলাদেশ সম্পর্কে দীর্ঘ প্রবন্ধ প্রকাশ করেছেন। উক্ত প্রবন্ধটিতে বলা হয়েছে শাসক জাতির গর্বে উন্মত্ত পাঞ্জাবীরা বাংলাদেশকে গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত করেছে; ফলে বাঙালীরা বাধ্য হয়ে ঘোষণা করেছে তাদের স্বাধীনতা। পৃথিবীর বিভিন্ন দেশ পাকিস্তানকে অস্ত্র সরবরাহ করেছে। আর এইসব অস্ত্র এখন ব্যবহার করা হচ্ছে নির্বিকার গণহত্যায়। কিন্তু এই হত্যাকাণ্ডের ফলে পাকিস্তানের ঐক্য চিরতরে বিনষ্ট হয়েছে। স্বাধীন বাংলাদেশের স্বীকৃতি এখন কেবল সময়ের প্রশ্ন মাত্র।

সংবাপত্র	তারিখ	শিরোনাম
স্বদেশ ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	১৪ জুলাই, ১৯৭১	স্বাধীনতার দাবী করে মুজিব অন্যায় করেনি

স্বাধীনতার দাবী করে মুজিব অন্যায় করেনি

বাংলাদেশের স্বাধীনতার দাবী করে শেখ মুজিবুর রহমান কোন অন্যায় করেননি। জনগণের নির্বাচিত প্রতিনিধি যদি দেশের স্বাধীনতা চেয়ে থাকেন তাহলে তিনি রাজনৈতিক অপরাধী হতে পারেন না। পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের কাছে তাই আমাদের একমাত্র দাবী, মুজিবুর রহমানের মুক্তি চাই।

কলাসীম, গাঁইঘাটা, বনগা ও বাগদার শরণার্থী শিবিরগুলি পরিদর্শনের পর কানাডার সরকারী দলের নেতা শ্রী জর্জ ল্যাচেনস সাংবাদিকদের কাছে তাঁদের এই অভিমত ব্যক্ত করেন।

বুধবার নয়াদিল্লী থেকে দমদম বিমান ঘাঁটিতে নেমে তাঁরা সোজা সীমান্তে শিবিরগুলি পরিদর্শনে যান। পথের দুপাশে অগণিত জনতার মিছিল তাঁদের বার বার জিজ্ঞাসার কারণ হয়ে দাঁড়ায়। দোভাষীকে দিয়ে জিজ্ঞাসা করান, কোথায় তাদের ঘর, কত দূর থেকে তারা আসছে। সেই একই বেদনাময় কাহিনী। মায়ের বুক থেকে ছিনিয়ে নিয়েছে সন্তানকে, সদ্য বিবাহিতা স্ত্রীর চোখের সামনে স্বামীকে হত্যা করেছে, ইয়াহিয়ার রক্তলোলুপ বাহিনীর রক্তের তৃষ্ণা তাতেও মেটেনি। প্রাণ নিয়ে পালিয়ে আসার পথেও হিংস্র কুকুরের মত তারা ঝাঁপিয়ে পড়েছে যুবতী কন্যাদের লুন্ঠন আর কিশোরীদের হত্যা- ওপার বাংলা থেকে পালিয়ে আসা মানুষদের সবারই এই কাহিনী। কানাডিয়ান পার্লামেন্টের প্রতিনিধিরা তাদের জিজ্ঞাসা করলেন, তোমরা কি আর দেশে ফিরে যাবে না? হ্যাঁ যাবো, যদি মুজিব আমাদের ডাক দেয়, সবার মুখে একই উত্তর।

আবেগেআপ্লুত কানাডার নিউ ডেমোক্রেটিক পার্টির নেতা মিঃ এন্ড্রু ব্রেউইন, কনজারভেটিভ দলের নেতা মিঃ হীথ ম্যাকোয়ারি ও লিবারেল পার্টির নেতা মিঃ জর্জ ল্যাচেনস বলে ওঠেনঃ পাকিস্তানে গিয়ে আমাদের প্রধান কাজ হবে শেখ মুজিবুর রহমানের মুক্তির দাবী তোলা।

গণতান্ত্রিক কাঠামোয় কেউ যদি স্বাধীনতার দাবী করে তাহলে সে কিছু অন্যায় করবে না। কানাডায় এমন গণতান্ত্রিক দল আছে যারা কুইবেকের স্বাধীনতার দাবী তুলেছে। তাদের বিচ্ছিন্নতাকামী বলে তো জেলে পোরা হয়নি। কিংবা তাদের দেশদ্রোহী বানিয়ে পৃথিবীর সামনে হেয় করবারও কোন চেষ্ট হয়নি। নিউ ডেমোক্রেটিক পার্টির নেতা শ্রী এন্ড্রু ব্রেইউন তাঁদের সফরের উদ্দেশ্য ঘোষণা করে বলেন, দুটি উদ্দেশ্য নিয়ে তাঁরা ভারতে এসেছেন। একটি মানবিক কর্তব্য সম্পাদনের দায়িত্ব। অপরটি বাংলাদেশের রাজনৈতিক সমাধানের সম্ভাবনা পরীক্ষা করা। মানবিকতার দিক থেকে ভারতের কাঁধে সবচেয়ে বেশী বোঝা এসে পড়েছে। কানাডা তার কতটুকু সহজ করে দিতে পারে সেদিকে তাদের প্রধান লক্ষ্য। বাংলাদেশের রাজনৈতিক সমাধান না হলে বিশ্বশান্তি বিঘ্নিত হবে বলে তাঁদের বিশ্বাস। কারণ আমেরিকা, চীন ও রাশিয়া বাংলাদেশের ওপর লোলুপ দৃষ্টিতে তাকিয়ে আছে। তাই ভয় হয়, রাজনৈতিক সমাধানের সম্ভাবনা সুদূরপরাহত না হয়ে পড়ে।

তিনি আরও বলেন, মাত্র ছ'মাস শরনার্থীদের থাকা-খাওয়ার জন্য প্রায় চল্লিশ কোটি ডলার খরচ হবে। কানাডা ইতিমধ্যেই কিছু অর্থ ও অন্যান্য সামগ্রী পাঠিয়েছে। শরাণার্থীদের দেখে যাবার পর তারাও সরকারের কাছে দাবী তুলবেন, কত বেশী সাহায্য শরণার্থীদের দেয়া সম্ভব সেদিকে নজর দিতে।

লিবারাল পার্টিও নেতা শ্রী জর্জ ল্যাচেনস বলেন, অর্থনৈতিক সাহায্যের জন্য পাকিস্তানকে বিশ্বের অন্যান্য রাষ্ট্রের ওপর নির্ভর করতে হয়। তাই এমন পরিকল্পিত গণহত্যা করার আগে তারা যদি বিশ্বের অন্যান্য দেশের পরামর্শ গ্রহণ করতো তবে তা অনেক বেশী বাস্তব ও বুদ্ধিমানের কাজ হতো।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ রক্তে মোদের জ্বলছে আজ প্রতিশোধের আগুন	স্বদেশ ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	১৪ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

রক্তে মোদের জ্বলছে আজ প্রতিশোধের আগুন

বাংলাদেশের মুক্তিপাগল সাড়ে সাত কোটি মানুয আজ পাকিস্তানের উপনিবেশবাদী জঙ্গী নাৎসী চক্রের ভাড়াটিয়া সৈন্যবাহিনীর বিরুদ্ধে মরণপণ যুদ্ধে লিপ্ত। পাঞ্জাবী সামরিক আমলাতন্ত্রের পোষ্য ইয়াহিয়া-টিক্কা চক্র ভেবেছিল মাত্র কয়েক ঘন্টার মধ্যেই বাংলাদেশের প্রতিরোধ চুর্ন করে দেয়া যাবে। কিন্তু বিগত ১১০ দিনের যুদ্ধে বাংলার মুক্তিপাগল স্বাধীনতাকামী মানুযের হাতে ২৩ হাজার ভাড়াটিয়া সৈন্য নিহত হয়েছে। এ ছাড়া পাকিস্তানের অর্থনীতি সম্পুর্নরূপে বিধ্বস্ত। রপ্তানি বানিজ্য শুন্যের কোঠায় এসে পৌছেছে। অপর দিকে পাক-সামরিক চক্রের দিবা-স্বপ্নকে ধুলিসাৎ করে দিয়ে পৃথিবীর বুকে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশে স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসাবে।

বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশকে স্বীকৃতি দেবার দাবী সোচ্চার হয়ে উঠেছে। স্বাধীনতাকামী বাংলার গণমানুষ আজ প্রমাণ করেছে যে, ভিয়েতনাম, লাওস ও কম্বোডিয়ার মানুযের রক্তের মতই বাংলার মানুযের রক্ত লাল। পদ্মা-মেঘনা-যমুনার কুলে কুলে আজ প্রতিশোধের আগুন জ্বলছে। ভাড়াটিয়া সৈন্যের কামান স্তব্ধ না হওয়া পর্যন্ত বাংলাদেশের মানুষের এ যুদ্ধ চলবে। রূপসী বাংলার দুচোখে জ্বলছে ভয়াল বহ্নশিখা। সোনার বাংলায় আজ দাবানলের মত প্রতিশোধের আগুন ছড়িয়ে। ভাড়াটিয়া সৈন্যের কামান স্তব্ধ না হওয়া পর্যন্ত বাংলাদেশের মানুয়ের এ যুদ্ধ চলবে। রূপসী বাংলার দুচোখে জ্বলছে ভয়াল বহ্নশিখা। সোনার বাংলায় আজ দাবানলের মত প্রতিশোধের আগুন ছড়িয়ে পড়েছে দিকে দিকে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
আমেরিকা তোমার পতাকার তারাগুলো যেন বুলেটের গর্ত	স্বদেশ ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	১৪ জুলাই, ১৯৭১

আমেরিকা, তোমার পতাকার তারাগুলো যেন বুলেটের গর্ত

আমেরিকা বার বার বলেছিল, পাকিস্তানকে আর নতুন করে অস্ত্রশস্ত্র দেয়া হচ্ছে না এবং পুরনো শর্তানুযায়ীও অস্ত্রশস্ত্র যাচ্ছেনা। এই কথা দেয়া হয়েছিল ২৫শে মার্চ থেকে ২১শে জুন পর্যন্ত। কিন্তু দেখা গেল সবই নির্ভেজাল মিথ্যা। তারপর যখন নিউইর্য়ক টাইমস অস্ত্র পাঠাবার কথা ফাস করে দিল তখন মার্কিন সরকার নাকে কেঁদে বললেন ওটা আমলাতান্ত্রিক 'মারপ্যাচ'। কিন্তু সম্প্রতি 'থলের বিড়াল'' বেরিয়ে পড়েছে। আমলাতন্ত্র নন প্রেসিডেন্ট নিক্সন নিজের দায়িত্বেই অস্ত্র জোগাচ্ছেন পাকিস্তাকে তিনি নিজেই আমলাতন্ত্রের পরামর্শ খারিজ করেছেন। সেই অতি পুরাতন যুক্তি পাকিস্তনকে অস্ত্র না দিলে দেশটা চলে যাবে চীনের খপ্পরে ইত্যাদি।

সমগ্র পৃথিবী যখন বাংলাদেশের ইয়াহিয়ার সামরিক আমলাতন্ত্রের মধ্যযুগীয় বর্বরতার নিন্দায় মুখর ঠিক তখনই পেন্টাগনের কর্তৃপক্ষ ইয়াহিয়ার রক্তাক্ত হাতকে সবল করার জন্য অস্ত্র পাঠাচ্ছে। আমরা জানি মার্কিন সরকার তার শিল্পপতি ব্যবসায়ীদের স্বার্থে কাজ করে। সম্প্রতি মার্কিন পত্রিকা 'বিজনেজ উইক' বলেছে যদি ভিয়েতনামের যুদ্ধ বাবদ সরকারী খরচ বন্ধ হয়ে যায় তাহলে আমেরিকার বৃহত্তম দুইশত কোম্পানীর মধ্যে একশ পঁচাত্তরটাই ব্যবসা গুটিয়ে নিতে বাধ্য হবে অর্থ্যাৎ এতেই বুঝা যায় যে, পেন্টাগণ কর্তৃপক্ষ তাদের অস্ত্রের বাজার সৃষ্টির জন্য উদ্বিগ্ন। আমেরিকার সমরনায়কেরা ও সমরশিল্পের সম্রাটেরা নতুন নতুন যুদ্ধের এলাকা খুজে বেড়াচ্ছে কারন তাদের তৈরী সমর সম্ভার বিক্রির ব্যবস্থা করতে হলে যুদ্ধ বাধানো চাই।

পাকিস্তানকে আমেরিকা যতই অস্ত্র পাঠাক না কেন বাংলাদেশের মুক্তিযুদ্ধকে বানচাল করার ক্ষমতা পৃথিবীর কারোর নেই। ভিয়েতনামের মানুয় যেমন মার্কিন ঔদ্ধত্যের জবাব দিয়েছে, বীর প্রসবিনী বাংলার মানুয় আজ সেইভাবে জবাব দিতে প্রস্তুত।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ বিচিত্র নয়-অবাস্তব নয়	স্বদেশ ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	২১ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

বিচিত্র নয়-অবাস্তব নয়

ফ্রান্সের দৈনিক লামদ পত্রিকার প্রতিনিধির সাথে এক সাক্ষাৎকারে পাক প্রেসিডেন্ট ইয়াহিয়া বলেছেন যে, ''জনগণ চাইলে আমি শেখ মুজিবকে ক্ষমা করতে পারি।'' এবং ভারত ও পাকিস্তান বিরোধ আলাপ-আলোচানার মাধ্যমে হওয়া উচিত যুদ্ধের মাধ্যমে নয়। তিনি আরো বলেছেন যে, এই বিরোধ মীমাংসায় তিনি যে কোন লোকের সাথে যে কোন স্থানে বসতে রাজী আছেন। ইয়াহিয়ার 'জনগণ' কারা তা আমরা জানি না। তবে আমরা জানি বিগত গণঅভ্যুত্থানের সময় বাংলার গণমানুষ ব্যারিকেড বেয়নেট-বেড়াজাল ভেদ করে বঙ্গবন্ধুর মুক্তির দাবীতে প্রাণ বিসর্জন দিয়েছে। আজ সারা বিশ্ব জানে যে, বিগত সাধারন নির্বাচনে বঙ্গবন্ধুর আহবানে বাংলার সাড়ে সাত কোটি মুক্তিপাগল জনতা ছয় দফা এবং এগারো দফার সপক্ষে রায় দিয়েছে। এবং সে রায় ঐতিহাসিক রায় । পৃথিবীর নির্বাচনের ইতিহাসে সে রায় অনন্য সে রায় ভাস্বর।

আজ যখন সুদূর চট্টল থেকে দিনাজপুরের রৌদ্রক্ষরা মালভুমি পর্যন্ত বাংলাদেশের মুক্তিবাহিনীর বীর সেনানীরা দাবানলের মত ছড়িয়ে পড়েছে, আঘাতে আঘাতে যখন পর্যুদস্ত করছে হানাদার পাক-দস্যুদের; তখন পাক সামরিকচক্র বাংলাদেশে তাদের নিশ্চিত পরাজয় জেনে, আজ ভুল করতে শুরু করেছে। এটা বিচিত্র নয়-এটা অবাস্তব নয়, এটাই স্বাভাবিক। এ ছাড়া ইয়াহিয়া 'ভারত পাকিস্তান বিরোধের মত একটা কল্পিত ভুত আবিস্কার করেছেন-বিশ্ব জনমতকে ধোকা দেয়ার জন্য। তিনি আবদার করেছেন যে, 'যে কোন লোক' এর সাথে 'যে কোন স্থানে' তিনি বিরোধ মীমাংসায় বসতে রাজী আছেন। কারা সেই যে কোন লোক কোন সে স্থান? কারা সেই লোক যারা একটি বর্বর পশুর সাথে আলোচনায় বসতে যাবে? মানব ইতিহাসের দুরপনেয় কলংক সৃষ্টিকারী নায়কের সাথে কারা আলোচানায় বসবে আমরা জানি না। কি সে বিরোধ আমরা তাও জানি না। তবে আমরা জানি বাংলাদেশের মাটি আজ দুর্জয় ঘাটিতে পরিনত হয়েছে। এক লক্ষ মুক্তিবাহিনী সুন্দরবনের বাঘেরমত ক্ষিপ্রতা নিয়ে যে কোন মুহুর্তে সম্পুর্নভাবে পরাজিত করবে হানাদার পাক-বাহিনীকে। মুক্ত করবে বাংলার মাটি আর মানুষকে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
মৃতনগরী ঢাকা	স্বদেশ ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	২১ অক্টোবর, ১৯৭১

মৃত নগরী ঢাকা

(কলকাতা প্রতিনিধি)

রেডিও সুইডেনের প্রতিনিধি মিঃ এরল্যাণ্ডসন তিনি দিনব্যাপী বাংলাদেশে সফর সমাপ্ত করে সম্প্রতি দিল্লিতে সাংবাদিকদের জানান যে, ঢাকা সন্ত্রাসকবলিত শহরে পরিনত হয়েছে। সুর্যাস্তের পুর্বেই দোকানপাট বন্ধ করে দেয়া হয় এবং সেই সময়ে যুবকদের রাস্তায় দেখা যায় না। এ ছাড়া সর্বত্রই পাক বাহিনী মোতায়েন রয়েছে। সমস্ত সুবিধাজনক স্থানে, এমনকি ডাকঘরেও হোটেল ইন্টারকনটিনেনটালে সামরিক প্রহরা রয়েছে। হোটেলে প্রবেশ করার ও বাইরে আসার সময় তল্লাশী চালানো হচ্ছে।

মিঃ এরল্যঅণ্ডসন বলেছেন যে, যদিও ঢাকা বিশ্ববিদ্যালয়ে পাঁচ হাজার ছাত্রের তালিকা রয়েছে, কিন্তু তিন থেকে চারশো ছাত্র ক্লাশে যোগ দেয়। সংবাদপত্রগুলির ওপর সেন্সরের কড়াকড়ি ব্যবস্থা রয়েছে। বাংলাদেশ শব্দটির সংবাদপত্রের মধ্যে কোন স্থান নেই এবং বঙ্গবন্ধু সম্পর্কিত যে কোন সংবাদের ঐ একই অবস্থা। তিনি আরো বলেছেন যে, সফররত বিদেশী সাংবাদিকদের পক্ষে পরিস্থিতির সঠিক চিত্র সংগ্রহ করা অসম্ভব। ঢাকার বাইরে সফর সম্পুর্ন নিযিদ্ধ। মুক্তিবাহিনীর কার্যকলাপের বিভিন্ন সংবাদ বিভিন্ন সুত্রে শহরে এস পৌঁছায়। গেরীলাদের মাইন আক্রমনে চট্টগ্রাম বন্দরে জাহাজ ডুবানোর সংবাদ ঢাকায় পৌছেছিল।

মিঃ এরল্যাণ্ডসন ক্ষোভের সঙ্গে জানান যে, যেহেতু ত্রান সামগ্রী বিলি বন্টনের দায়িত্ব পাক কর্তৃপক্ষের হাতে সেহেতু বন্টন মোটেই আশাপ্রদ নয়। তিনি এই মর্মে অভিমত প্রকাশ করেছেন যে, ত্রান সামগ্রীর সিংহভাগই পাক সেনারা ভোগ করেছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক রাষ্ট্রঃ বাংলাদেশ সরকারের লক্ষ্য সম্পর্কে প্রধানমন্ত্রী	স্বদেশ ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	২১ অক্টোবর, ১৯৭১

ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক রাষ্ট্র

বাংলাদেশ সরকারের লক্ষ্য সম্পর্কে প্রধানমন্ত্রী

(ভ্রাম্যমান প্রতিনিধি)

''এ লড়াই বেঁচে থাকার লড়াই, এ লড়াই মৌলিক ও মানবিক অধিকার সুরক্ষিত করার আন্দোলন-এ লড়াই স্বাধীনতার লড়াই। বিজয় আমাদের সুনিশ্চিত।'' সম্প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমদ বাংলাদেশের বিভিন্ন মুক্তাঞ্চলে বক্তৃতা প্রসঙ্গে উপরোক্ত মন্তব্য করেন।

আমাদের সরকার এমন এক রাষ্ট্র গঠনে ইচ্ছুক যে রাষ্ট্র হবে সার্বিকভাবে ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক এবং যার বৈদেশিক নীতি হবে গোষ্ঠীনিরপেক্ষ''- মুক্তি বাহিনীর দুর্জয়ঘাটি রৌদ্রক্ষরা মালভুমি দিনাজপুরে প্রায় তিন হাজার সুশিক্ষিত গেরিলাদের উদ্দেশ্যে বক্তৃতা প্রসঙ্গে প্রধানমন্ত্রী দীপ্তকণ্ঠে উপরোক্ত ঘোষণা করেন। প্রধানমন্ত্রী তার ভাষণে সকল প্রকার মতপার্থক্য পরিহার কারার জন্য আকুল আহ্বান জানিয়ে বলেন যে, এই সংকটকালে হানাদার বাহিনীর বিরুদ্ধে আমাদের স্বাধীনতা সংগ্রামের মুখ রাজনৈতিক, মতপার্থক্য কোন প্রকার বাধা হয়ে দাড়াতে পারে না।'' এ ছাড়া প্রধানমন্ত্রী বিভিন্ন হাসপাতালে ৫০ জন আহত মুক্তিযোদ্ধাদের সাথে ব্যাক্তিগতভাবে সাক্ষাৎ করেন্ সাক্ষাৎকালে আহত মুক্তিযুদ্ধাদের মধ্যে অসীম সাহস ও মনোবল প্রত্যক্ষ করেছেন বলে প্রধানমন্ত্রী আমাদের প্রতিনিধিকে জানান। আমাদের ভ্রাম্যমান প্রতিনিধি জানান যে, মুক্তাঞ্চল সফরকালে প্রধানমন্ত্রী মুক্তাঞ্চলের জনসাধারনের মধ্যে অসীম সাহস ও মনোবলের ভুয়সী প্রশংসা করেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
রাষ্ট্রসংঘে ‘পাক অপপ্রচার‘ ব্যর্থ হয়েছে	স্বদেশ ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	২১ অক্টোবর, ১৯৭১

রাষ্ট্রসংঘে ‘পাক অপপ্রচার‘ ব্যর্থ হয়েছে

(নিজস্ব প্রতিনিধি)

মুজিব নগরঃ রাষ্ট্রসংঘ সাধারন সভায় বাংলাদেশে সম্পর্কে পাক অপপ্রচার এবং এ ব্যাপারে ভারতের হস্তক্ষেপের অভিযোগ রাষ্ট্রসংঘের অধিকাংশ প্রতিনিধিকেই প্রভাবিত করতে ব্যার্থ হয়েছে। নিউইয়র্ক থেকে এখানে প্রত্যাবর্তন করে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য অধ্যাপক মুজাফফর আহমেদ এই কথা জানান।

অধ্যাপক আহমেদ জাতীয় আওয়ামী দলের (ওয়ালী মুজাফফর গোষ্ঠী) সভাপতি। তিনি বলেন, সাধারন সভায় যারা কোন পক্ষের সমর্থনে ভাষণ দেননি, এমন কি সে সব প্রতিনিধিদের মধ্যেও বাংলাদেশ প্রশ্নে বিপুল সহানুতুতি লক্ষ্য করা গেছে।

তিনি বলেন, গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক দেশগুলির বহু সদস্যের সঙ্গে কথা বলার পর তারা আমাদের বাংলাদেশ প্রশ্নে নৈতিক সমর্থনদানের প্রতিশ্রুতি দিয়েছেন। এই সব প্রতিনিধি এবং বহু মার্কিন সিনেটর মনে করেন যে, গত ছয় মাসের ঘটনাবলীর পর বাংলাদেশ আর পাকিস্তানের অংশ হিসাবে থাকতে পারে না। বাংলাদেশ স্বাধীন হবেই। প্রশ্ন যেটা তা হল সময়ের।

বাংলাদেশকে স্বীকৃতি দান সম্পর্কে আরব দেশগুলির মনোভাবের কথায় অধ্যাপক আহমেদ বলেন, কিছু আরব দেশসহ বিদেশী প্রতিনিধিরা আমাদের জানিয়েছেন যে, ঠিক সময় এলই তারা আমাদের স্বীকৃতি দেয়ার জন্য তৈরী।

প্রত্যাবর্তনের সময় তিনি লণ্ডনে দলের নেতা পশ্চিম পাকিস্তানের শ্রী ওয়লী খান সমেত কয়েকজনের সঙ্গে মিলিত হন তারাও বাংলাদেশের সংগ্রামের প্রতি পূর্ণ সহানুভূতি জ্ঞাপন করেন। অধ্যাপক আহমেদ জেনেছেন যে পশ্চিম, পাকিস্তানীরাও আত্মনিয়ন্ত্রনাধিকার লাভের জন্য সংগ্রামে অবতীর্ন হতে দৃঢ় সংকল্পবদ্ধ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় আসন্ন যুদ্ধের জন্য ঘরে ঘরে প্রস্তুত হউন	স্বদেশ ১ম বর্ষঃ ৫র্ম সংখ্যা	১৪ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

আসন্ন যুদ্ধের জন্য ঘরে ঘরে প্রস্তুত হউন

সমগ্র বাঙালী আজ আসন্ন যুদ্ধের জন্য প্রস্তুত। এ যুদ্ধ মহান যুদ্ধ- এ যুদ্ধ পবিত্র যুদ্ধ। বাংলাদেশের সাড়ে সাত কোটি কৃষক-শ্রমিক-ছাত্র-জনতা এ যুদ্ধের সৈনিক। যে কোন মূল্যেই হোক এ যুদ্ধে আমরা জয়লাভ করবই। পৃথিবীর কোন শক্তিই আমাদের এই জয়লাভকে নস্যাৎ করতে পারবে না। কেননা আমরা আজ সংকল্পবদ্ধ। চট্টল থেকে সাতক্ষীরা পর্যন্ত বিস্তৃত এর রণাঙ্গন। ক্ষেত-খামার-স্কুল-কলেজ আর কলে কারখানায় এ যুদ্ধ চলবে আমাদের আজকের যুদ্ধ ধর্মনিরপেক্ষ-গণতন্ত্র ও সমাজতন্ত্রের সুমহান আদর্শ বাস্তবায়নের যুদ্ধ। আমাদের আজকের যুদ্ধ সাম্রজ্যবাদ উপনিবেশবাদ পুজিবাদের বিরুদ্ধে। আমাদের আজকের যুদ্ধ সুখী সমৃদ্ধশালী কৃষক-শ্রমিক-ছাত্র-জনতার বাংলাদেশ গড়ার। বাংলাদেশের মাটিতে কবরস্থ হয়েছে পাকিস্তান। পাকিস্তান আত্মহত্যা করেছে। গড়ে উঠেছে নতুন দেশ নতুন জাতি বাংলাদেশ আর বাঙালী জাতি্ সুজলা-সুফলা বাংলা, বীর প্রসবিনী বাংলা। লক্ষ লক্ষ শহীদের তাজা রক্তে বিধৌত বাংলা- কোটি কোটি গাজীর বাংলা। যে দেশ যে জাতি মাতৃভাষার জন্যে রক্ত দিয়েছে স্বাধিকারের জন্য রক্ত দিয়েছে রক্তের মুল্যে স্বাধীনতা কিনেছে, সে জাতি পৃথিবীতে অমর, সে জাতির কথা পৃথিবীর মানুষ শ্রদ্ধার সাথে স্মরণ করে। সে জাতি আজ আসন্ন যুদ্ধের জন্য প্রস্তুত। সে জাতি আজ আসন্ন যুদ্ধের জন্য ঘরে ঘরে প্রস্তুত।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	স্বদেশ ১ম বর্ষঃ ৫ম সংখ্যা	২২ জুন, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশের মুক্তি সংগ্রামে লিপ্ত জনগণ আজ পশ্চিমা বর্বর জঙ্গীশাহীর পশু-জনোচিত হামলার হাত থেকে স্বীয় মাতৃভুমির ও লাখো লাখো নর-নারীর মান-ইজ্জত রক্ষার জন্য মরণপণ করে রুখে দাড়িয়েছে। বাংলাদেশের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত পাক হানাদার বাহিনীকে নির্মূল করার জন্য চলছে মুক্তিবাহিনীর প্রচণ্ড লড়াই। আধুনিক অস্ত্র-শস্ত্রে সুসজ্জিত খান সেনাদের নায়ক নাদির শাহীর উত্তরসুরী টিক্কা খান ভেবেছিল মাত্র কয়েক ঘন্টার মধ্যেই ভেঙ্গে দিয়ে যাবে বাঙালীর প্রতিরোধ, তাদের আবদ্ধ করা যাবে চিরদিনের মত গোলামীর শৃঙ্খলে। কিন্তু তাদের সে দুরাশা সম্পুর্নরূপে নসাৎ করে দিয়ে বাংলার মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে রেখে ঘোষণা 'স্বাধীনতা' গঠিত হল বাংলাদেশ সরকার।

স্বাধীন, সার্বভৌম বাংলাদেশ সরকারের নেতৃত্বে লাখো লাখো মুক্তি সংগ্রামীরা নিচ্ছে হানাদার বাহিনীদেরও খতম করার চূড়ান্ত প্রস্তুতি। দিন দিন বাড়ছে মুক্তি বাহিনীর শক্তি। শত্রুর কামান চিরতরে স্তব্দ না করা পর্যন্ত থামবে না এ যুদ্ধ। বিশ্বের ইতিহাসে যখনই কোন বিদেশী শক্তি অস্ত্রের জোরে পরের দেশ দখল করেছে তখনই তারা চেষ্টা করেছে সে দেশে শিখন্ডী সরকার খাড়া করার। ইয়াহিয়া-ভুট্রো-টিক্কা খানও সেই মহাজনী পন্থার আশ্রয় নিয়েছে। এর উদ্দেশ্য হচ্ছে মধ্যে জনগণের মধ্যে বিবেধ সৃষ্টি করা, তাদের মনোবল নষ্ট করা, চূড়ান্ত বিজয় সম্পর্কে তাদের সফলতা দীর্ঘস্থায়ী হয়নি ইয়াহিয়া ভুট্রো চক্রেরও হবে না , হতে পারে না। শোষক নিপীড়িত বর্বর এই পশ্চিম পাকিস্তানী চক্র হয়তো ভেবেছে যে, আওয়ামী লীগকে অবৈধ ঘোষণা করেও শিখন্ডীদের তারা বাংলাদেশের প্রতিনিধিত্ব করাবে। তাই তারা আজ দলে ভিড়িয়ে নিয়েছে বাংলার কুলাঙ্গার বিশ্বাসঘাতক ক্ষমতালিপ্সু মীরজাফরদেরকে।

তাই আমরা, স্পষ্ট ভাষায় বলে দিতে চাই যে সেনারা অধিনায়ক ইয়াহিয়া খানের ক্ষমতা হস্তান্তর বা পাকিস্তানের শাসনতন্ত্র রচনার সাথে বাংলাদেশের মানুষের কোন সম্পর্ক নেই। বাঙালীরা যখনই ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার পর্যায়ে উপনীত হয়েছে তখনই পেয়েছে বুলেট ও বেয়নেট, রক্তে রঞ্জিত হয়েছে বাংলার জনপদ।

১৯৫০সালে যে প্রবঞ্চনা পেয়েছিলাম তারই পুনরাবৃত্তি দেখতে পাই ১৯৭১ সালে। ব্যবধান মাত্র ১৬টি বৎসরেরঃ তারিমধ্যে বাঙালী জাতি আত্মত্যাগের মহিমায় মহান নেতার আদেশে একতাবদ্ধ। ধোকাবাজি আর প্রবঞ্চনা ধরা পড়েছে আমাদের চোখে। তাই আজ আমরা আমাদের ভাগ্য নিয়ন্ত্রণের উদ্দেশ্য অস্ত্র হাতে নিয়েছি সে প্রবঞ্চনা আর ধোকাবাজির চির অবসান ঘটাতে।

''কাল মৃত্যুঞ্জয়ী কাউকে কোনদিন ক্ষমা করে না, করতে পারে না।''

-আমরাও ঠিক সে কালকে সামনে রেখে আমাদের রক্তের প্রতিশোধ রক্তের মাধ্যমেই নেব। স্বাধীনতা আমাদের অক্ষুন্ন থাকবেই। পৃথিবীর মানচিত্রে অন্যমত আদর্শ রাষ্ট্র হিসাবে প্রতিষ্ঠিত হবেই।

স্বাধীন সার্বভৌম বাংলাদেশ ও আদর্শ বাঙালী জাতির জয় সুনিশ্চিত ।

''জয় বাংলা''

* বাংলাদেশঃ সাপ্তাহিক সংবাদপত্র। বাংলাদেশ সম্পাদনা পরিষদের পক্ষে আবুল হাসান চৌধুরী কতৃক সম্পাদিত এবং আব্দুল মমিন কর্তৃক বাংলাদেশ প্রেস, রমনা, ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	স্বদেশ ১ম বর্ষঃ ৯ম সংখ্যা	১৯ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

বর্তমানে আমরা অসম যুদ্ধে লিপ্ত্ আমাদের এই সংগ্রাম অন্যায়ের বিরুদ্ধে ন্যায় প্রতিষ্ঠার, অত্যাচার অবিচারের বিরুদ্ধে সুবিচার প্রতিষ্ঠার, অসুন্দরের বিরুদ্ধে সুন্দর সুখী জীবন প্রতিষ্ঠার, পরাধীন হতে স্বাধীন হবার যে স্বাধীনতা পেলে নির্বিচার গণহত্যার পুনরাভিনয় হবে না, শোষণের অবসান হবে, প্রতিষ্ঠিত হবে সুন্দর গণতান্ত্রিক সমাজ যেখানে থাকবে মানবের মানবিক অধিকার, ধর্ষিতা মা বোনের বুক ফাটানো কান্নার পরিসমাপ্তি হবে সেখানে।

আমাদের শত্রুরা পাশবিক উত্তেজনায় মত্ত; রক্তের লালসায় এদের কামনা আকাশ প্রমাণ। ধর্মের নাম করে এরা গত ২৪ বৎসর যাবৎ আমাদেরকে করেছে প্রাণান্ত শোষণ। এই ধর্মের দোহাই মুখে উচ্চারণ এরা ধ্বংস করেছে মসজিদ, মক্তব, গুলি করেছে ধর্মপ্রাণ মুসলমানকে, হত্যা করেছে নামাজে দন্ডায়মান মোক্তাদিকে। গ্রামকে গ্রাম উজার করেছে । পরিত্যাক্ত মসজিদগুলো আল্লাহুর আহজারি করছে; এরা মুসলমান রমনীদের উপর করেছে বলাৎকার অন্তহীন পাশবিক অন্যাচার কাণ্ড দেখে মনে হয় এরা হাদিস বর্নিত খানে দজ্জাল। এ কথা অজানা নয় যে এরা শুধুমাত্র নিজেদের বাজার এবং শোষণ পাকা পোক্তা রাখতে আমাদের ধর্মপ্রাণ নির্বোধ মানুষকে ধর্মের দোহাই দিয়ে এতসব অপকর্ম ঢাকতে চেষ্টা করছে।

এদের আছে আধুনিক যুদ্ধের সাজসরঞ্জাম, উন্নত শিক্ষাপ্রাপ্ত সেনাবাহিনী। আমরা নিরস্ত্র সাধারন মানুষ। এই দলে রয়েছে ছাত্র, শ্রমিক, কৃষক, জনতা, উকিল, মোক্তার. ডাক্তার, শিক্ষক বুদ্ধিজীবী পুরো সম্প্রদায়। এরা আমাদের শেষ করে দিতে চায়। তাই বাংলাদেশের যারা চিন্তা করতে শিখেছে, তাদেরকেই নির্বিচারে হত্যা করেছে। এই জন্যেই বেঁচে থাকার দুর্জয় ইচ্ছা নিয়ে আমরা গণপ্রতিরোধ গড়ে তুলছি।

আমাদের মুক্তিবাহিনীর সৈনিক ও গেরিলারা মাতৃভুমির স্বাধীনতার জন্য অস্ত্র নিয়ে সংগ্রাম করছে। গণপ্রতিনিধিরা পরিকল্পনা দিচ্ছেন। আমরা কলম ধরে দেশবাসী ও বিশ্ববাসীকে আমাদের সংগ্রাম সম্বন্ধে অবহিত করছি। মোট কথা সকলেই আমরা সংগ্রামে লিপ্ত; প্রত্যেকের যোগ্যতা মাফিক আমরা কর্তব্যে লিপ্ত। যারা একান্তভাবে অক্ষম, কর্মশক্তিহীন, তারাও গণমত অক্ষুন্ন রাখার ব্যাপারে নিয়োজিত্ মনে রাখতে হবে কোন কাজকর্ম না করে শুধুমাত্র ধ্বংসাত্মক সমালোচনায় লিপ্ত থাকা যে কথা, পাক বাহিনীর প্রত্যেক্ষ বা পরোক্ষ সহযোগিতা এক কথা। বিবেক কাউকে রেহাই দেবে না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় এই প্রহসন নতুন নয়	স্বদেশ ১ম বর্ষঃ ১১শ সংখ্যা	১৬ আগষ্ট, ১৯৭১

সম্পাদকীয়

এই প্রহসন নতুন নয়

বঙ্গবন্ধুর বিচারের প্রহসন আরম্ভ হয়েছে। অবশ্য এই জাতীয় যড়যন্ত্র ও বিচারের নামে প্রহসনের অবতারনা এই নতুন নয়। পাকিস্তান প্রতিষ্ঠিত হয়েছে এই যড়যন্ত্রের উপর ভিত্তি করে। তাই তো পাকিস্তান সংগ্রামে যাদের দান সর্বাপেক্ষা অধিক, প্রতিষ্ঠিত পাকিস্তানে তারা পেয়েছে নির্বিচার জেল, জুলম, লাঞ্ছনা বঞ্চনা। ইতিহাসের পাতা থেকে তাদের নাম কৌশলে মুছে দেয়া হয়েছে। বাংলার অগ্নিপুরুষ শেরে বাংলাকে পেতে হয়েছে দেশদ্রোহী আখ্যা; সম্মুখীন হতে হয়েছে বিচার প্রহসনের। মহান নেতা হোসেন শহীদ সোহরওয়ার্দীকে পেতে হয়েছে ভারতের লেলিয়ে দেয়া কুকুর খেতাব; আমৃত্যু অশেষ লাঞ্ছনা, নিপীরণ জেল জুলুম। বাংলার মহান নেতা বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মজিবুর রহমান আজ ইয়াহিয়ার তথাকথিত আদালতে বিচারের নামে প্রহসনের সম্মুখীন। মূলত এই প্রহসন নতুন কিছু নয়। বাঙ্লীর সামগ্রিক মানবধিকার সংরক্ষনের জন্য যে কণ্ঠ সদা সর্বদাউচচকিত হয়েছে সে কণ্ঠ হয় ইসলাম বা জাতীয় সংহতির শত্রু ভারতের চর নতুবা দেশদ্রোহী আখ্যায় ভুষিত করা হয়েছে। জানা কথা বঙ্গবন্ধু পাকিস্তান প্রতিষ্ঠার লগ্ন থেকে পশ্চিমা প্রভুদের বিরাগভাজন হয়েছিলেন। আই তো জেল জুলুম হয়রানি তার নিত্যসঙ্গী। ১৯৫৮ সালে সামরিক শাসন আমলে তাকে ৬টি মিথ্যা মামলার জের টানতে আসামীর কাঠগড়ায় দাড়াতে হয়েছিল। বিনা বিচারে দীর্ঘ কারবাসের পর সসম্মানে মুক্তি পেয়ে ১৯৬২ সালে তিনি পুনরায় কারান্তরালে যেতে বাধ্য হলেন। ৬৪ সালেও তিনি আয়ুব খার বিরুদ্ধে বিরোধী দলের সপক্ষে নির্বাচনী অভিযানে নেমে বহু মিথ্যা মামলাজনিত হয়রানী সম্মুখীন হয়েছিলেন। ১৯৬৬ সালের এপ্রিল মাস হতে আরাম্ভ করে মে মাসের প্রথমার্ধ পর্যন্ত গড়ে দৈনিক তার বিরুদ্ধে একটি করে মামলা আনীত হয়। এই সময় অস্ত্র সংগ্রহ ও গৃহযুদ্ধের প্রস্তুতির অভিযোগও নেতার বিররুদ্ধে আনা হয়। তারপর দীর্ঘ ১১ মাস কারাবাসের পর তার বিরুদ্ধে আনীত হয় কুখ্যাত আগরতলা যড়যন্ত্র মামলা। অভিযোগ আনা হয় যে ভারতের যোগসাজশে ও অর্থানুকূল্যে নেতা বাংলাদেশেকে কেন্দ্র করে বিচ্ছিন্ন করে স্বাধীন রাষ্ট্রে পরিনত করতে চেয়েছিলেন। আয়ুব খার আদালতে নয় পূর্বের ন্যায় গণআদালতের রায়ে তিনি মুক্তি পান। দৃশ্যপটের পরিবর্তন ঘটেছে। এবারে মঞ্চে ইয়াহিয়া । এবারেও নেতার বিরুদ্ধে হাজারো অভিযোগ। বহ বিচিত্র সেই সব অভিযোগ্একটা জিনিস লক্ষনীয়, আজকে যিনি মদ্যপ, নরখাদক ও ব্যাভিচারীদের আদালতে বিচার প্রসহসনের সম্মুখীন তিনি অতীতেও এই জাতীয় ব্যক্তি বিশেষের কাছে দেশদ্রোহিতার আখ্যা পেয়েছিলেন। আকার আকৃতিতে না হউক চরিত্রগত দিক থেকে গোলাম মহম্মদ মীর্জা বা আয়ুব ইয়াহিয়া সমগোত্রীয়। আজ যারা বিচারক, আমাদের দৃষ্টিতে তো বটেই সারা দুনিয়ার সভ্য মানুষের মানদণ্ডে তারাই প্রকৃত অপরাধী। বঙ্গবন্ধু তার বিচারের বৈধতা এই দৃষ্টিকোন থেকেই চ্যালেন্স করেছেন। বহু যড়যন্ত্র ও বহু বিচার প্রহসন থেকে বঙ্গবন্ধু অপার করুনাময়ের কৃপায় নিষ্কৃতি পেয়েছেন। অতীতে নিয়মতান্ত্রিক আন্দোলনের ফলে আমরা নেতাকে ফিরিয়ে এনেছি। এবারে অনিয়মতান্ত্রিক উপায়ে অস্ত্রের হুংকারে নেতাকে ছিনিয়ে আনতে হবে। আমাদের চোখের জলকে করতে হবে বারুদ চিত্তকে করতে হবে সুদৃঢ়, বাংলার মাটি থেকে দুর্বৃত্তদের উৎখাত ও বন্দী করে আমরা বিনিময়ে ছিনিয়ে আনব পরমপ্রিয় নেতাকে।

একথা সত্য যে নেতার সামান্যতম ক্ষতি সাধিত হলে তৃতীয় বিশ্বযুদ্ধকে ঠেকিয়ে রাখা দুস্কর হবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বঙ্গবন্ধুর জীবন রক্ষায় ২৪টি রাষ্ট্রের প্রধানদের কাছে ইন্দিরা গান্ধীর আবদেন	বাংলাদেশ ১ম বর্ষঃ ১১শ সংখ্যা	১৬ আগষ্ট, ১৯৭১

বঙ্গবন্ধুর জীবন রক্ষায় ২৪টি রাষ্ট্রের প্রধানদের কাছে শ্রীমতি ইন্দিরা গান্ধীর আবেদন

মুজিবনগর, ১১ ই আগষ্ট- গতকাল ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী বিশ্বের ২৪টি রাষ্টের প্রধানদের কাছে আবেদন জানিয়ে বানী পাঠিয়েছেন, যেন তারা শেখ মুজিবের জীবন রক্ষার জন্য পাক প্রেসিডেন্ট ইয়াহিয়া খার উপর প্রভাব বিস্তার করেন।

শেখ মুজিবুর রহমানের গোপনে সামরিক আদালতে বিচার ব্যবস্থা এবং তাকে কোন রকম বিদেশী আইন বিশেষজ্ঞদের সাহায্য নিষিদ্ধ করার যে ঘোষণা প্রেসিডেন্ট ইয়াহিয়া খা করেছেন তাতে ভারত সরকার, ভারতের জনগণ, প্রেস এবং সংসদ গভীরভাবে উদ্বিগ্ন।

''আমাদের আশঙ্কা হচ্ছে যে, এই তথাকথিত বিচার প্রহসনের আড়ালে শেখ মুজিবকে হত্যার চক্রান্ত করা হয়েছে এই হত্যা সংঘটিত হলে পূর্ব বাংলার পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে দাড়াবে এবং ভারতের সমস্ত রাজনৈতিক দল ও জনগণের মনোভাব কঠোর হওয়ার ফলে এদেশেও জটিলতর পরিস্থিতির উদ্ভব হবে। সেই কারনেই আমাদের উদ্বেগ এত গভীর । তাই আপনার কাছে আমরা আবেদন জানাচ্ছি যে, এই অঞ্চলের শান্তি বজায় রাখার স্বার্থে প্রেসিডেন্ট ইয়াহিয়া যাতে এ ব্যাপারেও বাস্তব দৃষ্টিগোচর পরিচয় দেন, তার জন্য আপনি তার উপর আপনার প্রভাব কাজে লাগান।

শেখ মুজিব তার দেশের জনগণের এক অবিসম্বাদিত নেতা, বিপুলভাবে জনপ্রিয় এবং শ্রদ্বেয়। ১৯৭০ সালের নির্বাচনে তার সাফল্য সাম্প্রতিক কালে বিশ্বে বিভিন্ন রাষ্ট্রে অনুষ্ঠিত নির্বাচনগুলির মধ্যে হয়ত সবচেয়ে চমকপ্রদ। আমাদের দেশে জনমত, প্রেস সংসদ এবং সরকার এবং সরকার সবাই দৃঢ় বিশ্বাস পূর্ব বাংলায় পাকিস্তানী কার্যকলাপের ফলে আমাদের দেশ জটিল সমস্যার সম্মুীন হয়েছে; পাক সরকার শেখ মুজিবের প্রাণনাশ করলে বা তার কোন ক্ষতি করলে যে চরম অবস্থার সৃষ্টি হবে, তাতে এই সমস্যা দশগুন বৃদ্ধি পাবে।

আমরা আপনার কাছে আবেদন জানাচ্ছি যে, আপনি পাকিস্তান সরকারকে অনুরোধ জানান, যেন তাঁরা তাদের এবং আমাদের দেশকে বিপজ্জনক পরিস্থিতিতে ফেলার মত কোন কাজ না করেন। পাক সরকার শেখ মুজিবের কোন ক্ষতি করলে তার ফল মারাত্মক হবে।

গতকাল শ্রীমতি গান্ধী এই আবেদনটি পাঠিয়েছেন নিম্মোক্ত দেশগুলির রাষ্ট্র প্রধানদের কাছেঃ আরব সাধারণতন্ত্র, সিংহল, ইন্দোনেশিয়া, আফগানিস্তান, নেপাল, মালয়েশিয়া, সিঙ্গাপুর, সোভিয়েট ইউনিয়ন, কানাডা, ফ্রান্স, ইতালী, সুইডেন, জাপান, যুক্তরাষ্ট্র, বৃটেন, পশ্চিম জার্মানী, যুগোশ্লাভিয়া, হল্যাণ্ড এবং আরো কয়েকটি দেশ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় ৬ দফা না মুজিববাদ?	বাংলাদেশ ১ম বর্ষঃ ১২শ সংখ্যা	২৩ আগষ্ট, ১৯৭১

সম্পাদকীয়

৬ দফা না মুজিববাদ?

বাংলাদেশে বহু বিচিত্র দেয়য়ালের লিখন দেখেছি। কোথাও দেখেছি পাঞ্জাবী কুকুর বাংলা ছাড়; আবার কোথাও দেখেছি পশ্চিম পাকিস্তানী পশুরা মানুষ হত্যা করেছে, আসুন আমরা পশু হত্যা করি। স্থানে স্থানে প্রত্যক্ষ করেছি, বঙ্গবন্ধুর দীর্ঘজীবি হউক। এক জায়গায় দেখেছি লেখা রয়েছে মুজিববাদ দীর্ঘজীবি হউক। এই পোষ্টারটি আমার চিন্তাস্রোতকে বিঘ্নিত করেছে , তাড়িত করেছে নতুন ভাবনার পথে। সত্যি কি মুজিববাদ বলে বিশ্বে কিছু প্রতিষ্ঠিত হতে যাচেছ?

আজকে শেখ মুজিব কোন ব্যাক্তির নাম বা কোন দলীয় প্রধান নয়, শেখ মুজিব এক কালজয়ী আদর্শ, এক জ্বলন্ত শিখা। এই অগ্নিশিখার আলোকে অনাগত ভবিষ্যতের অগনিত নিপীড়িত জনতা পথ দেখে নেবে। বিশ্বের যেখানে অত্যাচার , অনাচার, সাম্রজ্যবাদী শোষণ-শাসন, ফ্যাসিবাদী নির্যাতন, নিমর্ম আঞ্চলিক বৈষম্য বিরাজমান, সে সব এলাকার মানষের জন্য মুজিব এক বলিষ্ট সোচ্চার প্রতিবাদ, স্বৈরতন্ত্র ও সামরিক জান্তার বিরুদ্ধে অনড় চ্যালেঞ্জ; বাস্তব, প্রাণবন্ত ও নির্ভেজাল গণতন্ত্রের প্রতীক এবং শোষণহীন সমাজ প্রতিষ্ঠার বিমূর্ত প্রকাশ। অন্যান্য বহু প্রসঙ্গকে না টেনেও শুধুমাত্র নেতা প্রনীত ৬ দফা কর্মসুচির আলোকেই উপরিউক্ত সত্যকে নির্দ্বিধায় প্রতিষ্ঠিত করা যায়। বঙ্গবন্ধুর ৬ দফা যদিও পাকিস্তানের দুটি বিচ্ছিন্ন অংশের আঞ্চলিক বৈষম্য দূরীকরনের একটা রাজনৈতিক অর্থনৈতিক কর্মসূচী চিল, আজকের দিনে সেটা বাংলাদেশের জন্য এক দফায় রূপান্তরিত হলেও অদূরভবিষ্যতে এর আবেদন চিরন্তন বলেই আমাদের বিশ্বাস । ৬ দফা কালজয়ী, ৬ দফা এখন মুজিববাদ এ রূপান্তরিত। তদানীন্তন পাকিস্তানের সংশ্লিষ্ট এলাকা বাংলাদেশ এখন স্বাধীন সত্তা নিয়ে বিরাজমান। পশ্চিম পাকিস্তানের অবস্থা ভঙ্গপ্রায়, টলটলায়মান। বিলুচিস্তানের মানুষের বিক্ষোভ ধূমায়িত। ৮ই মার্চ বঙ্গবন্ধুর কাছে লিখিত একটি পত্রে সেখানকার ছাত্র-শ্রমিক , রাজনীতিবিদ তথা সাধারন মানুষের পাঞ্জাব বিদ্বেষী মনোভাব স্ফটিকের ন্যায় স্বচ্ছ। পাকিস্তানে যে জাতিগত বৈশিষ্ট চূড়ান্তভাবে লাঞ্জিত, আঞ্চলিক শোষণের শিকার হিসাবে অবহেলিত্ এলাকার চেতনা মুমূর্ষ প্রায়, পাঞ্জাবী শোষক ও শাসকের জগদ্দল পাষাণ বেদী হতে মুক্তির চিরন্তর আকাঙ্কা আকাশ প্রমাণ, তারই মুর্ত প্রকাশ উক্ত পত্র। অপর দিকে সীমান্তের মানুয়েরা আত্মনিয়ন্ত্রণাধিকারের দাবীতে সোচ্চার্ সীমান্ত গান্ধী আব্দুল গফফার খানের অতীতের বক্তব্য ও সাম্প্রতিক কার্যকলাপ, তদীয় সন্তান ওয়ালী খানের সাম্প্রতিক বিবৃতি একটি সত্যকে প্রতিষ্ঠিত করেছে যে জাতিগত সত্তার বিলুপ্তি বা অবলুপ্তি অসম্ভব , সাম্রাজ্যবাদী শোষণ অকল্পনীয়। এই চেতনাবোধের গভীরতা আর ব্যাপ্তির পেছনে রয়েছে বঙ্গবন্ধুর বলিষ্ঠ কর্মপ্রচেষ্টা এবং সুনিদির্ষ্ট রাজনৈতিক অর্থনৈতিক প্রোগ্রাম। বাংলাদেশ আজ স্বাধীন সার্বভৌম রাষ্ট্রে পরিনত হয়েছে। সারা পশ্চিম পাকিস্তান ভগ্নোন্মুখ। বিদ্রোহ ও বিক্ষোপ ঘনায়িত। এমনি পরিস্থিতিতে পশ্চিম পাকিস্তানের অস্তিত্ব প্রায় বিলীয়মান। এমতাবস্থায় কোন যাদুমন্ত্র, রক্তচক্ষু, সামরিক জান্তার নির্বিচার গণহত্যা, ধ্বংসযজ্ঞ বা নারী ধর্ষণ পশ্চিম পাকিস্তানকে একত্রিত রাখতে অক্ষম । এই মুমুর্তে ভগ্নোন্মুখ পশ্চিম পকিস্তানের আশু বিচ্ছিন্নতা রোধের জন্য প্রয়াজন বঙ্গবন্ধু প্রনীত ৬ দফা কর্মসূচীর অনুরূপ কোন বাস্তব ও বিজ্ঞানভিত্তিক পদক্ষেপ গ্রহণ। এ কথা সত্য যে ৬ দফার আক্ষরিক প্রয়োগ হয়ত সেখানে সম্ভব নয় কিন্তু তার

গভীরতম প্রদেশে নিহিত চূড়ান্ত বক্তব্যটিকে গ্রহণ করতেই হবে। মার্কসবাদ লেনিনবাদও প্রনেতাদের ধ্যান ধারনাকে অতিক্রম করে অবস্থা ও অবস্থানের পরিপ্রেক্ষিতে রূপান্তরিত হয়েছে। বাস্তব প্রয়োগ ক্ষেত্রে লক্ষিত হয়েছে বিভিন্নতা। এটা নিতান্ত স্বাভাবিক এবং স্বাভাবিক বলেই পৃথিবীর বিভিন্ন দেশে প্রতিষ্ঠিত সমাজতন্ত্রে কতকগুলো মৌলিক পার্থক্য রয়েছে। এই দৃষ্টিকোন থেকে বিচার করলে ৬ দফা বা মুজিববাদও পরিবেশের প্রভাবহেতু রূপান্তরিত হবে সত্য কিন্তু তার অন্তর্নিহিত মৌলিক সত্যটি কোনক্রমে ম্লান হবে না। বিশ্বের দেশে দেশে আঞ্চলিক বৈষম্য রয়েছে, রয়েছে সাম্রজ্যবাদী শাসন-শোষণ ; অত্যাচার, অনাচার নিপীরিনের অবসান আজও ঘটেনি, আজও স্বৈরাচারী সামরিক জান্তা গণতন্ত্রের টুটি চেপ ধরছে। অন্যগত বিশ্বে এই জাতীয় বৈষম্য, শোষণ-শাসন বা নিপীড়রনের রূপান্তর ঘটবে বটে, তবে একেবারে তিরোহিত হবে না। এই জাতীয় রাজনৈতিক অর্থনৈতিক ব্যাধি নিরসনের জন্য সুনিদির্ষ্ট কর্মপন্থা প্রয়োজন এর নাম ৬ দফা না হলেও কিছু একটা হবে কিন্তু এর প্রতিষ্ঠাতার আবেদন চির ভাস্বর । মুজিববাদ তাই স্থান-কাল- জয়ী-।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
শত্রুর বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ গড়ে তুলুনঃ দেশবাসীর প্রতি বাংলাদেশ সরকারের আবেদন	বাংলাদেশ ১ম বর্ষঃ ১২শ সংখ্যা	২৩ আগষ্ট, ১৯৭১

শত্রুর বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ গড়ে তুলুন
দেশবাসীর প্রতি বাংলাদেশ সরকারের আবেদন

মুজিবনগর, ২০শে আগষ্টঃ পাকিস্তানের বিরুদ্ধে আমাদের যে সংগ্রাম তাহা হইল সর্বাত্মক মুক্তির সংগ্রাম। এই সংগ্রামে জয়ী হইতে হইলে বাংলাদেশের সংগ্রামী জনতার নয়নমনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সাহেবের নির্দেশানুসারে শত্রুর মোকাবেলা করিতে হইবে। তজ্জন্য প্রয়োজন বাংলাদেশের ঘরে ঘরে দুর্গ গড়িয়া তোলা এবং শত্রুর অর্থনৈতিক অবরোধ কায়েম করা। অর্থনৈতিক কাঠামো ধ্বংস করিয়া দিতে পারিলে শত্রু দুর্বল হইবে। বাংলাদেশবাসীর উদ্দেশ্যে এই নির্দেশ প্রচার করিয়াছেন বাংলাদেশ সরকার।

উক্ত নির্দেশনামায় বলা হইয়াছে, বৈদেশিক মুদ্রা অর্জনকারী বিভিন্ন ফসল যথা পাট, চা, তামাক প্রভৃতির উৎপাদন বন্ধ রাখুন, আলু, ডাল ও কৃষি দ্রব্য উৎপাদন বৃদ্ধি করুন। খাদ্যশস্য ব্যাপকভাবে উৎপাদানের মাধ্যমে দুভির্ক্ষ প্রতিরোধ করুন। শ্রমিকদের নির্দেশ দেওয়া হইতেছে তাহারা যেন কলকারখানায় যোগদান হইতে বিরত থাকেন।

জনসাধারণকে আহ্বান জানাইয়া বলা হইতেছে, আপনারা সামরিক সরকারকে কোন প্রকার ট্যাক্স দিবেন না। আপনাদের ভোটে নির্বাচিত বাংলাদেশ সরকারই একমাত্র বৈধ সরকার। নির্দেশনামায় বলা হয়েছে খেলাধুলা, আমোদ-প্রমোদ বর্জন করুন, বাস্তুত্যাগীদের সম্পত্তি নিলাম ডাক বা বন্ধক লওয়া পরিহার করুন। কোন সরকারী অর্থনৈতিক প্রতিষ্ঠানে অর্থ লগ্নী করিবেন না। কোথাও টাকা জমা থাকিলে তাহা উঠাইয়া লউন। সরকার পরিচালিত বিমান পথ, রেলওয়ে, ষ্টীমার বয়কট করুন। সমস্ত পশ্চিম পাকিস্তানী এবং অবাঙালী মালিকানাধীন প্রস্তুত দ্রব্য দৃঢ়তার সঙ্গে বর্জন করুন। আপনিও একজন মুক্তিযোদ্ধা- মনে রাখিবেন, আপনার সক্রিয় সহযোগিতা আমাদের বিজয়কে আরও নিকটবর্তী করিয়া তুলিবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
খাদ্যের ব্যবস্থা হলে মুক্তাঞ্চলে উদ্বাস্তুদের ফিরিয়ে নেয়া যায়	বাংলাদেশ ১ম বর্ষঃ ১৫শ সংখ্যা	৪ অক্টোবর, ১৯৭১

খাদ্যের ব্যবস্থা হলে
মুক্তাঞ্চলে উদ্বাস্তুদের ফিরিয়ে নেয়া যায়

বোম্বাই, ২৪শে সেপ্টেম্বরঃ- ভারত সরকার যদি মাত্র তিন চার মাসের জন্য বাংলাদেশের মুক্তাঞ্চলে খাদ্য সরবরাহর প্রতিশ্রুতি দেন তাহলে ভারত থেকে উদ্বাস্তু ফিরিয়ে নেওয়ার কাজ শুরু করা যেতে পারে এবং এখনই অন্তত ১৫ হাজার উদ্বাস্তুকে ফিরিয়ে নেওয়া যায় বলে ভারতস্থ বাংলাদেশ প্রতিনিধিবৃন্দ ভারত সরকারকে যে প্রস্তাব দিয়েছেন আজ এখানে এক সাংবাদিক সম্মেলনে শেখ মুজিবুর রহমানের অনুজ শেখ আবু নাসের তা প্রকাশ করেন।

শেখ নাসের বলেন, খাদ্যই বাংলাদেশে বর্তমান প্রধান সমস্যা তবে, সমগ্র মুক্তাঞ্চল জুড়ে ব্যাপক চাষাবাদ হচ্ছে এবং তিন চার মাসের মধ্যে নতুন ফসল উঠবে, তখন কোন সমস্যা থাকবে না।

শেখ নাসের আরো বলেন, মুক্তাঞ্চলে ইতিমধ্যেই কোর্ট কাচারী ও স্কুল কলেজ বসান হয়েছে এবং আশা করা যায় তিন চার মাসের মধ্যেই পরিস্থিতির সামগ্রিক উন্নতি হবে।

মাত্র দুদিন আগেও শেখ নাসের বাংলাদেশে ছিলেন এবং স্বল্পকাল সফরের জন্য তিনি বোম্বাইতে এসেছেন্ তার সঙ্গে এসেছেন ১৫ সদস্য বিশিষ্ট এক সাংস্কৃতিক প্রতিনিধিদল।

* সাপ্তাহিক বাংলাদেশ এর ১৫ ও ১৬ শ সংস্করনের ধারাবাহিক সংখ্যা, প্রকাশনার তারিখ এবং প্রকাশিত সংবাদের তারিখে গরমিল পরিলক্ষিত হওয়ায় প্রকাশিত সংবাদের তারিখের ভিত্তিতে ধারাবহিকতা রক্ষার চেষ্টা করা হয়েছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশের নারীদের ওপর পাক ফৌজের অত্যাচারঃ তদন্ত কমিটি গঠন করার জন্য রাষ্ট্রসংঘের প্রতি আবেদন	বাংলাদেশ ১ম বর্ষঃ ১৫শ সংখ্যা	৪ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশ নারীদের ওপর পাক ফৌজের অত্যাচার তদন্ত কমিটি গঠন করার জন্য রাষ্ট্রসংঘের প্রতি আবেদন

মুজিবনগর, ২৭শে সেপ্টেম্বরঃ- বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় কার্যনির্বাহক সমিতি আজ রাষ্ট্রসংঘের প্রতি আকুল আবেদন জানান যে, বাংলাদেশে নারীদের উপর পাকিস্তানী সৈন্য বাহিনী যে অত্যাচার করছে তা তন্ন তন্ন করে তদন্ত করার জন্য একটি বিশেষ তদন্ত কমিটি গঠন করা হোক।

পরিষদের সাধারন সম্পাদিকা মালেকা বেগম এখানে বিবৃতি প্রচার করে বাংলাদেশের নির্যাতিত নারী সমাজের পক্ষ থেকে বিশ্বের সমস্ত গণতান্ত্রিক নারী সংস্থার উদ্দেশ্যে আবেদন করেন যে পাকিস্তানী সৈন্যদের হাতে বাংলাদেশের নারীরা যে দারুন নির্যাতন ভোগ করছে তার প্রতি সহানুভূতিসুচক মনোযোগ দিন ও তা অবিলম্বে বন্ধের জন্য সমস্ত প্রকার ব্যবস্থা নিন।

মিসেস বেগম অভিযোগ করেন যে প্রত্যেক জেলা, শহর ও গ্রামে যেখানে পাকিস্তানী ফৌজ তাদের ক্যাম্প পেতেছে সেখানে তারা কিছু দুরে পৃথক পৃথক ক্যাম্পে তাদের লালসা তৃপ্তির জন্য হাজার হাজার বাঙালী নারীকে আটক করে রেখেছে।

তিনি বলেন, ঢাকা ক্যান্টনমেনেন্টর কাছে একটি হারেমে পনের শতের বেশী নারীকে নির্যতন করে তিলে তিলে মেরে ফেলা হচ্ছে। তাদের অনেকে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়েছে। যারা গর্ভবর্তী হয়েছে তাদের ফিরিয়ে দেয়া হচ্ছে যাতে তাদের আত্মীয় স্বজনগণ তাদের হাতে বিয়ের পাত্র তুলে দেয়। তিনি বলেন, ফলে বাংলাদেশের হাজার হাজার নারী হয় আত্মহত্যা করছে অথবা পাগল হয়ে যাচ্ছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
পশ্চিম পাকিস্তানে রাজনৈতিক অস্থিরতার ঢেউঃ বাংলাদেশে মুক্তিযুদ্ধের তীব্রতা বৃদ্ধি	বাংলাদেশ ১ম বর্ষঃ ১৬শ সংখ্যা	১৫ অক্টোবর, ১৯৭১

পশ্চিম পাকিস্তানে রাজনৈতিক অস্থিরতার ঢেউঃ বাংলাদেশে মুক্তিযুদ্ধের তীব্রতা বৃদ্ধি

ঢাকা, ১৩ অক্টোবর-বাংলাদেশ পরিস্থিতি নিয়ে পশ্চিম পাকিস্থানে যে রাজনৈতিক অস্থিরতা দেখা দিয়েছে বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দের সাম্প্রতিক বক্তব্যে সব স্পষ্ট হয়ে পড়েছে।

বর্তমান ঘটনার চাপে জঙ্গী সরকারের বহু তাবেদার স্বীকার করেছেন যে অসন্তোষ ক্রমস ছড়িয়ে পরছে। মাত্র কয়েকদিন পুর্বে পশ্চিম পাকিস্তান ডেমোক্রেটিক পার্টির সভাপতি নবাব নসরুল্লাহ খান মন্তব্য করেছেন যে, জাতীয় বিরোধীদের প্রভাবে বুদ্ধিজীবি মহল, ছাত্র মহল ও অন্যান্য শ্রেণীর মধ্যে চাপা সহানুভূতির লক্ষন দেখতে পাওয় যাচ্ছে। পশ্চিম পাকিস্তান এটাই দঃখজনক বাস্তব অবস্থা। এমন কি পাঞ্জাবের এক শক্তিশালী মহল চাইছেন উদ্ভট একলা চলার নীতি অনুসরন করতে। উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ এবং সিন্ধুতে জাতীয় বিরোধী শক্তি দ্বিজাতি নীতির বিরুদ্ধে জনমত উত্তেজিত করছে এবং আলাপ আলোচনা আরাম্ভ করছেন পাকতুনিস্থান জয় সিন্ধু এবং স্বাধীন বালুচিস্থান বলে।

পাকিস্তানী সংবাদপত্র নবাবজাদা নসরুল্লা খানের উদ্ধৃতি দিয়ে প্রকাশ করেছে যে, শেখ মুজিবুর রহমনের প্রতি এই ধরনের সহানুভূতি ও সমর্থনই পূর্ব বাংলার অসন্তোষ বজায় রাখতে সাহায্য করছে। আর এক বাঙালী দালাল মৌলভী ফরিদ আহমদ আর এক ধাপ এগিয়ে গেছেন। তিনি অভিযোগ করেছেন যে, পশ্চিম পাকিস্তানের এক শক্তিশালী মহল পূর্ব বাংলায় আওয়ামী লীগের বিদ্রোহকে সাহায্য করছে। পাকিস্তানী জঙ্গী সরকার মৌলভী ফরিদ আহমদকে পাকিস্তান কাউন্সিল ফল পিস এণ্ড ওয়েলফেয়ারের সভাপতি পদে নিযুক্ত করেছে। জঙ্গী সরকার সমর্থক লাহোরের ইমরোজ এবং করাচীর জং পত্রিকা ফরিদ আহমদের বক্তব্য উল্লেখ করে লিখেছে যে, পূর্ব পাকিস্তানে রকম ঘটেছে তার পুনরাবৃত্তি হবার সমূহ সম্ভবনা আছে পশ্চিম পাকিস্তানে। পূর্ব বাংলার এমন সব গুরুত্বপূর্ণ দলিলপত্র আছে যার দ্বারা প্রমাণ করা যায় যে পশ্চিম পাকিস্তানের এক শক্তিশালী মহল আওয়ামী লীগকে আর্থিক, নৈতিক ও মালপত্র দিয়ে সাহায্য করছে। তিনি আরও বলেছেন যে, সরকার ঐ মহলের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি এই আশঙ্কায় যে ব্যবস্থা নিলেই পরিস্থিতি আরও জটিল হয়ে যাবে।

বাংলাদেশের বর্তমান অবস্থা সম্বন্ধে বলতে গিয়ে মৌলভী ফরিদ আহমদ মন্তব্য করেছেন যে, অবস্থা কোন মতেই স্বাভাবিক নয়। আওয়ামী লীগ প্রভাবান্বিত পাক বিরোধী শক্তিদের আক্রমন বেশ বেড়ে গেছে। সৈন্যবাহিনীর বীরত্ব সুচক কাজকর্ম হওয়া সত্ত্বেও পাকিস্তান সমর্থকদের জীবন ও সম্পত্তি প্রতি পদে বিপদের সম্মুখীন। মৌলভী ফরিদ আহমদ আরও বলেছেন যে শত শত পাকিস্তানী প্রাণ হারিয়েছেন আওয়ামী লীগ গেরিলাদের হাতে।

ফরিদ আহমদের ভাষণ দু কারনে বিশেষ গুরুত্বপূর্ণ। প্রথমত বেশ স্পষ্ট বুঝতে পারা যায় যে পশ্চিম পাকিস্তানের বাংলাদেশের প্রতি সহানুভূতি সম্পন্ন। এর ফলে জঙ্গী গোষ্ঠীর মিথ্যা অপবাদ যে ভারতযর্ব থেকে সাহায্য পেয়ে একজন দুর্বৃত্ত বাংলাদেশে গোলযোগ চালাচ্ছে, সম্পুর্ন মিথ্যা প্রমানীত হল্ দ্বিতীয়ত, ফরিদ আহমদ স্পষ্ট স্বীকার করেছেন যে, প্রতিরোধ আন্দোলন বাংলাদেশে ক্রমশ শক্তিশালী হয়ে উঠেছে এবং শত শত পাক জঙ্গীশাহী তাবেদার বিনষ্ট করতে সমর্থ হয়েছেন মুক্তিযোদ্ধারা।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
মন্ত্রীদের মধ্যে আতঙ্কঃ পদত্যাগের অভিপ্রায় প্রকাশ	বাংলাদেশ ১ম বর্ষঃ ১৮শ সংখ্যা	২৫ অক্টোবর, ১৯৭১

মন্ত্রীদের মধ্যে আতঙ্কঃ

পদত্যাগের অভিপ্রায় প্রকাশ

ঢাকা, ১৫ অক্টোবর- গেরিলাদের হাতে পূর্ববঙ্গের প্রাক্তন গর্ভনর মুসলিম লীগ নেতা মিঃ আব্দুল মোমেন খানের মৃত্যুতে মুসলিম লীগ ও জামাতে ইসলামী নেতৃবৃন্দের ও ডাঃ এ. এম. মালিকের পুতুল মন্ত্রিসভার মন্ত্রীদের মধ্যে মনোবল ভেঙ্গে পড়েছে।

এইসব সংবাদে বলা হয়ে যে, মিঃ খানের মৃত্যুর অব্যবহিত পরে ডাঃ মালিক মন্ত্রিসভার মন্ত্রীরা এবং কয়েকজন বিশিষ্ট মুসলীম লীগ ও জামাত-ই-ইসলামী নেতারা পরিস্থিতি পর্যালোচনার জন্য একটি গোপন বৈঠক করে । এই বেঠকে নাকি তারা মন্ত্রি সভা থেকে পদত্যাগের অভিপ্রায় প্রকাশ করেছে। তারা পদত্যাগ করলে প্রেসিডেন্ট ইয়াহিয়া তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে পারে, এই ভয়ে তারা নাকি ডাঃ মালিককে এ সদ্ধান্ত জানাতে সাহসী হচ্ছে না।

গোপন বৈঠকে উপস্থিত ব্যক্তিদের মধ্যে ছিলেনঃ জামাত- ই- ইসলামের অধ্যাপক গোলাম আযম, মুসলিম লীগের খাজা খয়ের উদ্দিন ও শফিউল ইসলাম পি.ডি. পির নুরুল আমিন ও ফরিদ আহমেদ।

আরও জানা গিয়াছে যে, এইসব নেতাদের অধিকাংশর পূর্ববঙ্গের প্রাক্তন গর্ভনরের শেষকৃত্যে উপস্থিত থাকতে পারেননি। তাদের ভয় মুক্তিবাহিনীর হাতে তাদেরও অনুরূপ অবস্থা ঘটতে পারে।

সংবাদে প্রকাশ যে, এমনকি সরকারের উর্ধ্বতন বেসামরিক অফিসাররাও মিঃ খানের মৃত্যুর পর তাদের নিজ নিজ অফিসে যেতে সাহস পাচ্ছে না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সেই অতীতে যেন আর ফিরে না যাই	বাংলাদেশ ১ম বর্ষঃ ১৯শ সংখ্যা	১ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

সেই অতীতে যেন আর ফিরে না যাই

৭ই মার্চ থেকে ২৫শে মার্চ আর ২৫শে মার্চের রাতের আধার থেকে ফেলে আসা আজকের ১ লা নভেম্বর। সাড়ে সাত কোটি বাঙালী জাতির অতুলনীয় ত্যাগ, তিতিক্ষা ও সংগ্রামের এক অভুতপূর্ব ইতিহাস। এই ইতিহাস সমগ্র মানবজাতির ইতিহাসে এক নতুনতর সৃষ্টি। এই সৃষ্টি আগামী দিনের পৃথিবীকে দেখাবে নতুন পদ ও মত।

২৪ বছরের শাসন-শোসণের জিঞ্জির ভেঙ্গে বাঙালী জাতি চেয়েছিল সম অধিকারের ভিত্তিতে একত্রে বাস করতে এক পাকিস্তানে কিন্তু সম্রাজ্যবাদী শক্তির প্ররোচনায় এদেশের শাসক আর শোষকগোষ্ঠী ভেঙ্গে খান খান করে দিল সেই সদিচ্ছাকে। পদদলিত করে দিল তাদেরই দেওয়া নির্বাচনের রায়কে। বাঙালীর ন্যায্য অধিকার থেকে বাঙালীকে করল বঞ্চিত।

ক্ষমতা হস্তান্তর আর আলোচনার সুযোগ নিয়ে বাঙালী নিধনের যে যড়যন্ত্র ইয়াহিয়া গোষ্ঠী করে চললো বাঙালী ভাবতে পারেনি তার হিংস্রতা হতে এতো পৈচাশিক ও নগ্নতায় ভরপুর । লক্ষ লক্ষ নিরস্ত্র জনতাকে গুলি করে হত্যা করে আর প্রায় এক কোটি বাঙালীকে গৃহত্যাগে বাধ্য করে নয় পিশাচ ইয়াহিয়া ও তার সাঙ্গপাঙ্গরা কি আশা করেছিল সেটা প্রকাশ হয়ে পড়েছে সাংবাদিক মিঃ এ্যান্থনী মাসকারেনহাসের লিখিত গ্রন্থ দি রেপ অব বাংলাদেশ নাম পুস্তিকায়।

অপ্রস্তুত বাঙালী জাতি ক্ষনিকের তরে মুষড়ে পড়েছিল এই নারকীয় হত্যালীলা আর হত্যা যজ্ঞের রূপ দেখে কিন্তু দুর্ভাগ্য ইয়াহিয়া খানের তিনি চিনতে পারেননি এই বাঙালী জাতিকে। বাঙালী মচকাবে তবু ভাঙ্গবে না।

অচিরেই শুরু হয়ে গেল পাল্টা আঘাত হানার পালা। হাজার হাজার তরুনেরা যোগ দিতে লাগল মুক্তিফৌজে- শিক্ষা নিতে লাগলো আধুনিকতম গেরিলা যুদ্ধের কায়দা। এক একজন মুক্তিফৌজ এগিয়ে এল হানাদার দস্যুদের নিধনে। মুক্তিফৌজের আক্রমন ধারা যতই তীব্র হতে তীব্রতর হতে লাগল পশু ইয়াহিয়ার সামরিক শক্তি ততই অত্যাচারের মাত্রা দিল বাড়িয়ে। নিরীহ গ্রামবাসীদের ধন সম্পদ লুট করে বাড়ী ঘরদোর জ্বালিয়ে দিয়ে বাঙালী মা বোনদের মান-ইজ্জত নষ্ট করে তারা প্রতিশোধের তাণ্ডবলীলায় মেতে উঠলো মেতে উঠল কিন্তু তবু আজকে কি দেখতে পাচ্ছি। এক একজন মুক্তিযোদ্ধা চার-পাচগুন শক্তিশালী হানাদার দস্যুকে খতম করে চলেছে। দুর্জয় সাহস আর মাতৃভুমিকে হানাদার মুক্ত করার বলিষ্ঠ শপথে আমাদের মুক্তিবাহিনী আজ দৃঢ় সঙ্কল্পচিত্ত । দেশ-বিদেশী বন্ধুরা দিচ্ছেন আধুনিকতম সমরাস্ত্র। শত্রুর বুকে শেষ আঘাত হানার জন্য আজ আমরা কৃত সঙ্কল্প।

আমরা জানি অমানিষার অন্ধকার কেটে গিয়ে পূর্বাকাশে নবতর সুর্যোদয় ঘনিয়ে আসছে। বাংলার আকাশে নতুন সূর্য উঠবে এবং সেই আলোকে প্রদীপ্ত হয়ে উঠবে প্রতিটি বাঙালীর মনপ্রাণ, আর সঙ্গে সঙ্গে জাতি-ধর্ম নির্বিশেষে বাঙালী কুলবধুদের উপসনার সুমধুর কণ্ঠস্বর বেজে উঠবে বাংলা মায়ের বুকে। আর সেই দৃরপ্রত্যয় নিয়েই বলতে চাই-যে অতীতকে আমরা পদদলিত করে স্বাধীনতার দ্বারপ্রান্তে এসে দাড়িয়েছি, সেই অতীতে যেন আর আমরা ফিরে না যাই।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ভণ্ড নায়ক ইয়াহিয়া	বাংলাদেশ ১ম বর্ষঃ ১৯শ সংখ্যা	২৫ অক্টোবর, ১৯৭১

ভণ্ড নায়ক ইয়াহিয়া

ইয়াহিয়া খান যুদ্ধ চান না। আলোচনার মাধ্যমে তিনি পাক-ভারত বিরোধ মীমাংসার পক্ষপাতী। তার মতে যুদ্ধ বাধলে উভয় রাষ্ট্রের জনগণের দুঃখ দুর্দশা বাড়বে শরনার্থী সমস্যার ও হবে না কোন সমাধান। পাক-ভারত বিরোধের কতটা ফয়সালার জন্য যে কোন সময়, যে কোন স্থানে এবং যে কোন নেতার সঙ্গে তিনি শান্তি বৈঠকে বসতে রাজি। পাক প্রেসিডেন্ট এ কথাগুলা বলছেন ফরাসী পত্রিকা লা মদের প্রতিনিদির সঙ্গে এত সুবোধ বালক ইয়াহিয়া খান তা হয়ত ফরাসীরা আগে জানতেন না। এখন হয়ত তারা হাফ ছেড়ে বাঁচবেন। পাক-ভারত যুদ্ধটা আর হল না হবেই বা কি করে? ইয়াহিয়া নিজেই বলছেন, পাকিস্তানের চেয়ে পাচগুন ভারত। তার সমর শক্তিও পাচগুন বেশী। এ অবস্থায় কি করে ভারতের উপর ঝাপিয়ে পড়তে পারে পাকিস্তান? এখন যে উত্তেজনা চলছে তা প্রশমনের জন্য যে কেন সালিশীতে তিনি সম্মত। ইয়াহিয়ার অভিযোগ-পাক-ভারত উত্তেজনার জন্য দায়ী নয়াদিল্লী। আট ডিভিশন সৈন্য দিয়ে তারা ঘিরে রেখেছেন পূর্ব বাংলা। দলে দলে পাঠাচ্ছেন অনুপ্রবেশকারী। ওরা ধ্বংস করছে যোগাযোগ ব্যবস্থা্ অসার করে ফেলছে পাক অর্থনীতি। পাকিস্তানের অভ্যন্তরীন সমস্যায় ভারতীয় হস্তক্ষেপ সহ্য করা চলে না। বর্তমান সঙ্কটের পরিণতি কি হবে তা নির্ভর করছে নয়দিল্লীর মতি গতির উপর।

চমৎকার অভিনেতা ইয়াহিয়া খান। কয়েক সপ্তাহ আগে তিনি দিয়েছিলেন ভারতের বিরুদ্ধে সর্বাত্মক সংগ্রামের হুমকি। সীমান্ত বরাবর তিনি আগে করেছেন সৈন্য সমাবেশ।

ইয়াহিয়ার আসল মতলব প্রায় সবারই জানা। তিনি চান বাংলাদেশ সমস্যাকে পাক-ভারত বিরোধে পরিণত করতে। তাই ইন্দিরা গান্ধীর সঙ্গে সাক্ষাৎকারেও তার এত আগ্রহ-সালিশীর জন্য এক আকুতি। এক সময় তিনি বলতেন ভারতে যাওয়া শরনার্থীরা আসলে পাক-শরনার্থী নয়। ওরা কলকাতা এবং অন্যান্য শহরের ফুটপাতের বাসিন্দা। পাকিস্তানকে জব্দ করার জন্য তাদের ঝাটিয়ে পাঠান হয়েছে সীমান্তের শিবিরগুলোতে। পরে মতটা একটু পাল্টিয়ে বললেন দুরকমের শরনার্থী আছে। আসল এবং নকল। আসলদের ফিরিয়ে নেবো। নকলরা যথাস্থানে থাকবে। এখন বলছেন সব শরণার্থীকেই তিনি গ্রহণ করবেন তার জন্য দরকার পাক-ভারত আলোচনা। আর মুক্তিবাহিনী? ওরা পূর্ব বাংলায় ভারতীয় অনুপ্রবেশ কারী। এদের আস্কারা দিচ্ছেন নয়াদিল্লী। তার জন্যই পাক-ভারত সামরিক উত্তেজনা। বাংলাদেশের শতকরা তেরজন নাগরিক এখন দিন কাটাচ্ছেন ভারতের আশ্রয় শিবিরগুলোতে। এরা কেন গেলেন তা খতিয়ে দেখলে ইয়াহিয়া ধরতে পারতেন নিজের নারকীয় কীর্তি। যে বীভৎসতার কাহিনী জানে বিশ্ববাসী তা জানেন না এই স্বৈরাচারী মানবদ্রোহী। মুক্তি বাহিনী বাংলাদেশের জনগণের মুক্তি সাধনার বলিষ্ঠ প্রকাশ। তাদের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম । স্বেচ্চারী এবং মানবদ্রোহীর পূর্ণ উচ্ছেদ ছাড়া হবে না এ সংগ্রামের বিরতি । রক্ততিলকে শপথ নিয়েছেন বাংলার সন্তানরা। মারার চোটে একটু একটু করে নিমর্ম সত্য বুঝতে পারছেন ইয়াহিয়া খান। আগে তিনি বলতেন মুজিবুর রহমান রাষ্ট্রদ্রোহী। এখন বলছেন জনগণ চাইলেই তাকে মুক্তি দেয়া হবে। এত রক্তপাতের পর স্বাধীনতার দ্বারপ্রান্তে এসে বাঙালী জনতা মহানুভব পাক সম্রাট ইয়াহিয়ার কাছে দাসখত লিখে দিয়ে মুজিবের মুক্তি চাইবে?

বাংলাদেশের হৃদয়ের কতখানি জায়গা জুড়ে বসে আছেন বঙ্গবন্ধু তা কি তিনি জানেন না? ১৯৭০ সালের নির্বাচনের ফলাফল কি তিনি ভুলে গেছেন? শুধুমাত্র বাংলাদেশ কেন, গোটা দুনিয়া আজ দাবী করছে বঙ্গবন্ধুর মুক্তি। ইয়াহিয়া খান বলদর্পিত বধির। তার কানে পৌঁছায় না মানুষের ভাষা। তিনি বুঝে না অস্ত্রে ভাষা। তাই মুক্তিবাহিনী ধরেছে অস্ত্র। খতম করছে পাক সৈন্য। এ ভাষা যত জোরাল হবে ইয়াহিয়ার বধিরত্ব তত ঘুচবে। চালাকি দিয়ে ঢাকা যাবে না আহম্মকী। দেয়ালের লিখন পড়তে চেষ্টা করুন ইয়াহিয়া খান।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
রাজাকারাও আর বিশ্বাসী নয়	বাংলাদেশ ১ম বর্ষঃ ১৯শ সংখ্যা	১ নভেম্বর, ১৯৭১

রাজাকাররাও আর বিশ্বাসী নয়

ঢাকা ২৮শে অক্টোবর-এক জেলার রাজাকারদেরও অন্য জেলায় ব্যাপকভাবে বদলি করেও মুক্তিবাহিনীর মোকাবিলা করবার কাজে নিয়োগ করতে পাক হানাদাররা উঠে পড়ে লেগেছে। পাকবাহিনী শহর, গ্রাম, গঞ্জ থেকে সক্ষম লোকদের এক বিশেষ আদেশ বলে সামরিক ছাউনীতে নিয়ে গিয়ে মোটামোটি গোছের একটা প্রশিক্ষণ দিয়ে রাজাকার বাহিনীতে শামিল হতে বাধ্য করছে।

জানা গেছে, ঢাকা, চট্টগ্রাম, ফরিদপুর, ময়মনসিংহ প্রভৃতি জেলা থেকে প্রশিক্ষনপ্রাপ্ত রাজাকারদের রংপুর দিনাজপুর প্রভৃতি এলাকায় প্রেরণ করা হচ্ছে। বাংলাদেশের জনৈক নেতৃস্থানীয় ব্যাক্তির ধারনা দলে দলে মুক্তিবাহিনীর হাতে রাজাকাদের আত্মসমর্পনের ব্যাপারে সাবধানতা অবলম্বনের জন্যই এক জেলার লোকদের অন্য জেলায় ঠেলে দেওয়া হয়েছে। মুক্তিবাহিনীর হাতে ধৃত বেশ কিছু সংখ্যক রাজাকারদের মধ্যে বিভিন্ন জেলার লোক দেখা গেছে। ধৃত রাজাকারদের কাছ থেকে জানা গেছে যে, পাকবাহিনী এক ফতোয়া জারী করে তাদের রাজাকার বাহিনীতে প্রবেশ করতে বাধ্য করছে।

জনৈক রাজাকার বলেন যে, অনেকে মুক্তিবাহিনীর বিরুদ্ধাচারনের ভূমিকা প্রদর্শন করেও রাজাকার বাহিনীতে যোগ দিচ্ছে কারন এর ফলে অতি সহজে যদি প্রাণে বেঁচে থাকা যায় তাহলে অস্ত্র শস্ত্রসহ মুক্তিবাহিনীর কাছে আত্মসপর্নের নামে মুক্ত জীবনের অধিকারী হওয়া সম্ভব হচ্ছে।

উল্লেযোগ্য, এত সাবধানতা সত্ত্বেও খানসেনারা রাজাকারদের আত্মসমর্পণ আটকাতে পারছে না। কারন জেলাব্যাপী ব্যাপকভাবে বদলী করেও রাজাকারদের মানসিক গতিকে অর্থ্যাৎ বাঙালীর বাংলাদেশ প্রীতিকে ঠেকিয়ে রাখতে পারছে না যদিও ব্যতিক্রম কিছু বিশ্বাসঘাতক ক্ষমতালোভী ইয়াহিয়া তাঁবেদার।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাঙালী রাজাকাররা সাবধান	বাংলাদেশ ১ম বর্ষঃ ২১শ সংখ্যা	১৫ নভেম্বর, ১৯৭১

বাঙালী রাজাকাররা সাবধান

নরপিশাচ ইয়াহিয়া খান তার বর্বর সামরিক বাহিনীকে সাহায্য করার জন্য বাঙালী যুবকদের জোর করিয়া রাজাকার বাহিনীতে যোগদান করিতে বাধ্য করিয়াছেন। সমাজবিরোধী এক শ্রেণীর গুণ্ডা বাদমায়েশ লম্পটরাও এই সুযোগে রাজাকার বাহিনীতে ঢুকিয়া পড়িয়াছিল। ইহারা জনসাধারনের জান মালের যথেষ্ট ক্ষতিসাধন ও ধনসম্পত্তি লুন্ঠন করিয়া অরাজকতা সৃষ্টি করিয়াছিল। কিন্তু ইদানিং মুক্তিফৌজের ক্রমাগত সাফল্যের ফলে এক শ্রেণীর রাজাকার যারা নিজের ইচ্ছার বিরুদ্ধে রাজাকার বাহিনীতে যোগদান করিতে বাধ্য হইয়াছিল তাহারা মুক্তিফৌজ গেরিলাদের হাতে প্রত্যেহ আত্মসমর্পণ করিয়া চলিয়াছে। রাজাকারদের মনে আরও ভীতির সঞ্চার করিয়াছে যখন তাহারা দেখিতে পায় পাঞ্জাবী হানাদার বাহিনী মুক্তিফৌজের ভয়ে তাহাদিগকেই প্রথমে সম্মুখে ঠেলিয়া দেয়। রাজাকাররা ইদানিং তাদের ভবিষ্যৎ সম্বন্ধে অত্যন্ত চিন্তিত হইয়া পড়িতেছে। তাদের মানসিক অবস্থার দিকে লক্ষ্য রাখিয়া এই কথাই বলিব অবিলম্বে যেন তারা তাদের অস্ত্র শস্ত্রসহ মুক্তিফৌজের হাতে আত্মসমর্পণ করেন। তাদের অপকীর্তি দেশ দ্রোহিতার শামিল এবং দেশদ্রোহিতার একমাত্র শাস্তি মৃতুদণ্ড। এই মৃত্যুদণ্ড এড়াইবার পথ হইল নিকটস্থ মুক্তিফৌজ শিবিরে অবিলম্বে আত্মসমর্পণ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ঢাকায় চাপা আনন্দের সঞ্চার	বাংলাদেশ ১ম বর্ষঃ ২১শ সংখ্যা	১৫ নভেম্বর, ১৯৭১

ঢাকায় চাপা আনন্দের সঞ্চার

ঢাকা ১৫ নভেম্বরঃ গত কয়েকদিন থেকে ঢাকা শহরের সর্বত্র একটা চাপা আনন্দের ভাব পরিলক্ষিত হচ্ছে। আমাদের প্রতিনিধি ঢাকা শহরের বিভিন্ন অঞ্চলে সফর করে এই সম্বন্ধে তার ব্যক্তিগত অভিজ্ঞতা বর্ননা প্রসঙ্গে বলেন যে, ইদানিং খোদ ঢাকা শহরে মুক্তিবাহিনীর দুঃসাহসিক অভিযান এবং বিভিন্ন স্থানে হানাদার বাহিনীর সাথে প্রকাশ্য সংঘর্ষে মুক্তিবাহিনী যে বীরত্ব প্রদর্শন করেছেন তাতে ঢাকার বাসিন্দারা ভবিষ্যৎ সম্বন্ধে অত্যন্ত আশান্বিত হয়ে উঠেছেন। সম্প্রতি বাংলাদেশের মুক্তাঞ্চলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি জনাব সৈয়দ নজরুল ইসলাম ক্যাডেটদের কুচকাওয়াজ অনুষ্ঠানে ভাষণ দান কালে বলেন সেই দিন আর দুরে নয় যেদিন ঢাকায় স্বাধীন বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বঙ্গবন্ধু গার্ড অব অনার দেয়া হবে। ঢাকা ও বাংলাদেশের হানাদার অধিকৃত এলাকায় অধিবাসীদের মনে এটা গভীর আনন্দের সঞ্চার করেছে। তদুপরি হানাদার কবলিত এলাকাগুলি ক্রমশই মুক্তিবাহিনী দখল করে নিচ্ছে এসব খবরও আর ঢাকা বাসীদের নিকট গোপন থাকছে না। রাজধানী ঢাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে প্রকাশ্য দিবালোকে বোমা বিস্ফোরনের ফলে হানাদার পাক সেনাদের মনোবল একেবারেই ভেঙ্গে পড়েছে। রাতের বেলায় ঢাকা নগরীতে হানাদারের কোন অস্তিত্ব খুজে পাওয়া যায় না। তাই বিবিসি থেকে এই বলে মন্তব্য করা হয়েছে যে রাতের বেলা ঢাকা নগরী মুক্তিবাহিনীর দখলে থাকে। এমনকি দিনের বেলায়ও হানাদার বাহিনী দলবন্ধ না হয়ে আজকাল শহর ঘুরাফেরা করতে সাহস পাচ্ছে না। তাছাড়া পশ্চিম পাকিস্তান থেকে যে সকল পুলিশ আমাদানী করা হয়েছিল তারা দেশে ফিরে যাবার জন্য একদিনের ধর্মঘট করেছে। এই সকল অবস্থা আজ ঢাকাবাসীর মনে বদ্ধমূল ধারনার সৃষ্টি করেছে যে, সে দিন আর বেশী দুরে নয় যেদিন ঢাকা নগরী তথা সারা বাংলাদেশ নরঘাতক ইয়াহিয়ার দানবদের কবল মুক্ত হবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ শান্তি কমিটি?	বাংলাদেশ ১ম বর্ষঃ ২২শ সংখ্যা	২২ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

শান্তি কমিটি?

বঙ্গবন্ধু প্রায়ই বলতেন বাংলার সজীব মাটিতে সোনার যেমন ফসল ফলে, তেমনি উর্বরতার সুযোগে আগাছাও গজিয়ে উঠে। বাংলার মাটি সিরাজ, মোহন লালকে জন্ম দিয়েছে, আবার মীরজাফর, উর্মিচাদ জগৎশেঠকেও জন্ম দিয়েছে। বঙ্গবন্ধুর এ কথা অক্ষরে অক্ষরে সত্য। শান্তি কমিটি নামে বাংলার বুকে যা গড়ে উঠেছে তা কি মীরজাফর আর উর্মিচাদের প্রেতাত্মার বৃথা আস্ফালন নয়?

বাঙালী হয়ে বাঙালীর ক্ষতি, পাক হানাদার দুস্যদের তাবেদারী করে স্বদেশদ্রোহিতার নজীরবিহীন দৃষ্টান্ত স্থাপন করেছেন আমাদের শান্তি কমিটির (?) বন্ধুরা । ২৫শে মার্চের হোলিখেলায় গ্রামবাংলা এমনিতেই মৃত্যুর হিমশীতলতায় ঢলে পড়েছিল।

সামরিক চক্রের নিধনযজ্ঞের পর আবার নতুন করে অশান্তির আগুন জ্বালায় এই শান্তি কমিটির অশান্তি ওয়ালারা। এদের আচরনে ও কার্যকলাপে লক্ষ লক্ষ বাঙালী দেশত্যাগ করতে বাধ্য হয়েছে। বহু পরিবারকে এরা সর্বহারা করে ছেড়েছে, হানাদার দস্যুদের হাতে ধরিয়ে দিয়েছে, মা বোনদের সতীত্ব নষ্ট করার সুযোগ করে দিয়েছে আর নিজেরা সুযোগ সুবিধামত দলবলসহ বাড়ী বাড়ী হান দিয়ে সর্বস্ব লুট করে নিয়েছে। এরাই আবার পাক জল্লাদদের সাহায্যের জন্য পাড়ায় পাড়ায় গ্রামে গ্রামে রাজাকার বাহিনী সৃষ্টি করতে সাহায্য করেছে।

সেদিনের ছবি আমাদের মন থেকে এখনও মুছে যায়নি। আমরা দেখেছি কত অগনিত পরিবার একান্ত নিরুপায় হয়ে চোখের জলে বুক ভাসিয়ে দেশত্যাগ করতে বাধ্য হয়েছে। আমরা আরও দেখেছি পাক দস্যুদের সাথে সহযোগিতা করে এর কত শত ব্যাক্তিকে নিজেদের পারিবারিক বা আর্থিক কলহের শিকারে পরিনত করে ছেড়েছে। লক্ষ লক্ষ নিরপরাধ মানুষ পুত্র, কন্যা, মা, বাপ, ভাই বোনকে ফেলে রেখে প্রাণের ভয়ে রিক্তহস্তে ভারতের মাটির দিকে ছুটে চলে গেছে।

মুক্তিযোদ্ধাদের ক্রমাগত সাফল্যে হাওয়া বিপরীত বইতে শুরু করেছে; এদের কার্যকলাপও স্তিমিত হয়ে আসছে। সুর অনেকের পাল্টাতে শুরু করছে। এখন অনেকেই ভবিষ্যৎ চিন্তা করে হানাদার কবলিত দেশে এবং মুক্তাঞ্চলে নিজ নিজ পথে প্রাণ বাচানোর তাগিদে দুত পাঠিয়ে যোগাযোগ করবার চেষ্টায় আছেন। আবার অনেকে নাকি এখন মুক্তিবাহিনীর সহযোগীতায় এগিয়ে আসতে অসম্ভব আগ্রহের ভাবও দেখাচ্ছেন।

ইতিহাস বলে, যুগে যুগে সুবিধাবাদীরা এবং দেশদ্রোহী লম্পটেরা এমনি করেই তাদের অস্তিত্বকে বজায় রাখতেসচেষ্ট হয়। তাই এবার আমরা জাতির অতি ঘৃনিত এই শত্রুদের দিকে সজাগ ও তীক্ষ্ণ দৃষ্টি রাখার জন্য আমাদের একান্ত প্রিয়, সংগ্রামী চেতনায় উদ্বুদ্ধ, বাঙালী জাতীয়তাবোধে অনুপ্রাণিত বাংলার ঐতিহ্যবাহি, ত্যাগ তিতিক্ষার মুর্ত প্রতীক আমাদের যুবসমাজের প্রতি আবেদন জানাই। আমরা জানি শান্তি কমিটির দালালদের

নিকট আত্মীয়স্বজনদের অনেকেই এবারের মুক্তিসংগ্রামে আমাদের সাথে অংশগ্রহণ করেছেন। তাই প্রতি পদে মুক্তি সংগ্রামীর মানসিক দৃর্বলতা দেখা দেওয়া স্বাভাবিক্ কিন্তু বহু ত্যাগ, বহু প্রাণ ও বহু রক্তের বিনিময়ে আমরা যে স্বাধীনতা প্রায় আমাদের হাতের কব্জায় নিয়ে এসেছি তা যেন বিন্দুমাত্র দুর্বলতার সুযোগে ফসকে না যায়।

শান্তি কমিটির অশান্তি সৃষ্টিকারীরা যেন আমাদের ব্যক্তিগত বা পারিবারিক সম্পর্কের সুযোগ নিয়ে আত্মত্যাগী মুক্তিযোদ্ধাদের কিছু মাত্র দুর্বল বা বিপথগামী করতে না পারে, সেটাই হবে আজকের দিনে আমাদের মুক্তিযোদ্ধাদের প্রতি একান্ত আবেদন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশ সরকার রাষ্ট্রীয় ও সাংবিধানিক বিষয়ে কর্মসূচী নিচ্ছেন	বাংলাদেশ ১ম বর্ষঃ ২২শ সংখ্যা	২২ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশ সরকার রাষ্ট্রীয় ও সাংবিধানিক বিষয়ে কর্মসূচী নিচ্ছেন

ঢাকা, ২২ শে নভেম্বরঃ মুজিবনগর থেকে আমাদের বাংলাদেশ প্রতিনিধি জানিয়েছেন যে, মুক্তিবাহিনীর ক্রমবর্ধমান আক্রমণ ও সাফল্যের সঙ্গে সঙ্গে বাংলাদেশ সরকার রাষ্ট্রীয় ও সাংবিধানিক কাঠামো সম্পর্কে এখন থেকেই সুনির্দিষ্টভাবে চিন্তা করছেন এবং এই বিষয়ে তারা ইতিমধ্যে বেশ কিছু আলোচনাও সেরে ফেলেছেন। মুক্ত বাংলাদেশে যাতে যথাশীঘ্র আইনশৃঙ্খলা প্রতিষ্ঠা করা যায় তার জন্য পার্লামেন্টারী, আইন ও পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী জনাব খোন্দকার মোশতাক আহম্মদ সাহেব তার সহকর্মীদের সহযোগিতায় যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করে চলেছেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাস্তুত্যাগীদের নিয়ে ঢাকা বেতারের অপপ্রচার	বাংলাদেশ ১ম বর্ষঃ ২২শ সংখ্যা	২২ নভেম্বর, ১৯৭১

বাস্তুত্যাগীদের নিয়ে ঢাকা বেতারের অপপ্রচার

(রাজনৈতিক ভাষ্যকার)

হানাদার শত্রু কবলিত ঢাকা বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের বাস্তুত্যাগীদের স্বদেশে আসা নিয়ে প্রতিদিনই বিভিন্ন ধরনের মিথ্যা প্রচার চালানো হচ্ছে। এর মধ্যে প্রথম দিকে বিশেষ একটি প্রচারনা ছিল ভারতে চলে যাওয়া লক্ষ লক্ষ বাস্তুত্যাগীদের স্বদেশ প্রত্যাগমনের জন্য আবেদন নিবেদন, অনেক দিন যাবৎ একটানা প্রচার করা হয়েছিল পাকিস্তানী সামরিক কর্তারা বাস্তুত্যাগীদের জন্য বিভিন্ন স্থানে অভ্যর্থনা শিবির (Reception Camp) খুলেছেন এবং সেই সাথে প্রচার- মহাত্মা দিয়ে প্রতিদিনই যে হাজারে হাজারে বাস্তুত্যাগী স্বদেশ) ফেরার পথে ঐ সকল অভ্যর্থনা শিবিরে আগমন করছেন, সেই খবরও জৌলুস সহকারে প্রচার করা হয়েছিল কিন্তু বিদেশী সাংবাদিকরা এবং পরবর্তী পর্যায়ে রাষ্ট্রসংঘের ত্রান কমিটির কর্নধার প্রিন্স সদরুদ্দীন আগাখানের সফরের পর পাক বেতারের মিথ্যা প্রচারনার খোলস খুলে পড়েছে। বিদেশী সাংবাদিকদের জবানীতেই জানা যায় বাংলাদেশের যেখানে প্রতিদিন অব্যাহতভাবে মানব ধিনযজ্ঞ ও বাড়ী ঘর, গ্রামকে গ্রাম পাইকারী হারে লুটপাট ও পোড়ানো চলছিল এবং সর্বত্র তল্লাশী চালিয়ে ধরপাকড় আর বিভীষিকার রাজত্ব কায়েম করা হয়েছিল এবং সর্বোপরি হাজারে হাজারে বাঙালীরা প্রাণভয়ে ভারতে চলে যেতে বাধ্য হয়েছিল, সেখানে হানাদারকবলিত অভ্যর্থনা শিবির তথা নিশ্চিত মৃত্যুর শিবিরে ফিরে যাবার কোন প্রশ্নই আসে না ফলে শেষ পর্যন্ত ঐ ধরনের অভ্যর্থনা শিবিরগুলি স্বাভাবিকভাবে বন্ধ হয়ে যায়।

এবার ঢাকা বেতারের কর্তা ব্যক্তিরা প্রচারের ঢং বদলিয়ে অন্য সুর ধরেছেন। এখন বলা হচ্ছে বাস্তুত্যাগীরা দেশে ফেরার জন্য খুবই উদগ্রীব শুধু ভারত সরকার তাদের স্বদেশে ফিরতে দিতেছেন না। সঙ্গে সঙ্গে এই খবরও ফলাও করে প্রচার করা হচ্ছে ভারতে অবস্থিত শরনার্থী শিবিরগুলিতে মহামারী লেগেছে এবং প্রতিদিন সেখানে হাজার হাজার শরনার্থী প্রাণ হারাচ্ছেন।

কিন্তু আমরা শুধু ঢাকা বেতার কর্তৃপক্ষের নিকট একটি মাত্র প্রশ্নের জবাব চাইব যে, বাস্তুত্যাগীদের জন্য যেমন মার চেয়ে মাসীর দরদের মত দেখানো হচ্ছে, স্বগৃহে প্রত্যাবর্তনের জন্য বিভিন্ন লাভজনক টোপ ফেলা হচ্ছে- তার আগে কি ঢাকা বেতার কর্তৃপক্ষ জবাব দেবেন- বাংলাদেশের প্রায় এক কোটি অধিবাসীকে কোন অপরাধে আত্মীয়হারা, স্বজনহারা আর সহায় সম্বলহীন অবস্থায় বাড়ীঘর ছেড়ে শুধুমাত্র প্রাণভয়ে ভারতের মাটির দিকে ছুটে চলে যেতে হয়েছিল? ২৫শে মার্চের রাতের আধারে যে হত্যাযজ্ঞ শুরু হয়েছিল এবং এখনও কেন সেটা বন্ধ হয়নি? বেতার কর্তৃপক্ষ অথবা তাদের পরিচালক সামরিক চক্র কি এতই অবোধ শিশু যে, তারা বুঝতে পারছে না যত রং ঢং দিয়েই প্রচার চালানো হউক না কেন সাড়ে সাত কোটি বাঙালীর প্রাণপ্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি না দিয়ে এবং বাংলাদেশের নির্বাচিত প্রতিনিধিদের স্বদেশ প্রত্যাবর্তনের পুর্বে ভারতে চলে যাওয়া বাস্তুত্যাগীরা আর দিশে ফিরে আসবেন না। আমরা এটাও জেনেছি বাস্তুত্যাগীদের একমাত্র বক্তব্যই হলো আমাদের নেতা বঙ্গবন্ধু যে দিন আমাদেরকে স্বদেশ ফেরার আহ্বান জানাবেন ঠিক তখনই আমরা স্বদেশ পানে ছুটে যাব এবং আমরাত বঙ্গবন্ধু ও সেই স্বকণ্ঠ আহবানের প্রত্যাশাতেই আছি এবং থাকবো।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
নির্বাচিত প্রতিনিধিদের মুক্তাঞ্চল পরিদর্শন	বাংলাদেশ ১ম বর্ষঃ ২২শ সংখ্যা	২২ নভেম্বর, ১৯৭১

নির্বাচিত প্রতিনিধিদের মুক্তাঞ্চল পরিদর্শন

ঢাকা, ২২শে নভেম্বরঃ- হানাদার মুক্ত এলাকা সফর শেষে জাতীয় ও প্রাদেশিক পরিষদের একদল সদস্য তাদের সফর অভিজ্ঞতা বর্ননা করতে গিয়ে আমাদের বাংলাদেশ প্রতিনিধিকে বলেন যে, গত এক সপ্তাহ যাবৎ আমরা বাংলাদেশের অভ্যন্তরে শত্রু বিতাড়িত এলাকাগুলি সফর করে চলেছি। গ্রামবাসীদের সাথে আমরা ঘরোয়া পরিবেশে আলাপ-আলোচনা করেছি এবং স্থানে স্থানে জনসভাতেও বক্তৃতা দিয়েছি। আমরা সর্বত্রই দেখতে পেয়েছি এত দুঃখ কষ্ট ও অত্যাচার সহ্য করার পরও গ্রামবাসীদের মনোবল একটুও নষ্ট হয়নি্ বরং এখন গ্রামবাসীরা নিজেরাই সক্রিয় হয়ে উঠেছেন। মুক্তিযোদ্ধাদের জন্য এখন তারা শুধু খাদ্য ও আশ্রয়ের ব্যবস্থাই করে দিতেছেন না উপরন্তু মুক্তিযুদ্ধাদের সহযোগিতায় দলবদ্ধভাবে হানাদার দস্যুদের বিরুদ্ধে সাক্ষাৎ সংঘর্ষেও লিপ্ত হয়ে চলেছেন।

প্রতিনিধিবৃন্দ আরও জানান, পাক দস্যুরা অতর্কিত হামলা দিয়ে গ্রামবাসীদের হত্যা ও বাড়ীঘর জ্বালিয়ে পুড়িয়ে শেষ করে দিয়েছে। আশ্রয়হীন অবস্থায় আর শীতে তাদের দুরবস্থা অবর্ননীয়। তবুও তাদের একমাত্র কথা আপনারা মুক্তি ফৌজ নিয়ে শত্রুর উপর প্রবলভাবে ঝাপিয়ে পড়ুন এবং অনতিবিলম্বে সমগ্র দেশকে হানাদার শত্রুমুক্ত করে রাজধানী ঢাকার বুকে স্বাধীন বাংলার পতাকা উড্ডীন করুন।

আমরা এটাও লক্ষ্য করেছি গ্রামবাসীরা অধীর আগ্রহে স্বাধীন বাংলা রেডিওর সংবাদ শোনার জন্য রেডিও নিয়ে বসে থাকেন। তারা আমাদের একথাও জানান আমরা ঢাকা বেতার কেন্দ্রের কোন অনুষ্ঠান শুনিনা। প্রত্যেক গ্রামেই দেখলাম যুবক শ্রেণীর সংখ্যা খুবই কম্ খোজ নিয়ে জানতে পারলাম যুবসম্প্রদায় মুক্তিফৌজে ট্রেনিং নেবার জন্য বিভিন্ন যুবশিবিরে চলে গেছেন। অনেক অভিভাবক সে কথা গর্বভরে আমাদের জানাতে এগিয়ে এলেন। পিছু হটে যাওয়া হানাদার শত্রুদের ব্যাঙ্কারগুলিও আমরা পরিদর্শন করালাম ভিন্ন স্থানে আমাদের জওয়ানদের সাথে মিলে তাদের কর্মপদ্ধতিও লক্ষ্য করলাম। তাদের মুখে চোখে দেখতে পেলাম এক অভুতপূর্ব বীরত্বব্যঞ্জক চিহ্ন, যা থেকে সহজে্ অনুমান করা যায় শত্রুকে আমরা নির্মুল করেই ছাড়বো প্রতিদিনই তারা শত্রুনিধন করে এগিয়ে যাচ্ছে আর হানাদার বাহিনী পিছু হটে চলছে। বিদায়ের প্রাক্কালে তাদের প্রত্যেকের সাথেই হলো আমাদের গভীর মমতাভরা আলিঙ্গন আর তাদের হাতে তুলে দিলাম আমাদের সাথে নিয়ে যাওয়া তাদেরই সংগ্রামের ইতিহাসের জ্বলন্ত প্রতিচ্ছবি সাপ্তাহিক বাংলাদেশ পত্রিকার কয়েকটি সংখ্যা।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
রাজাকারদের জন্য শেষ সুযোগ	বাংলাদেশ ১ম বর্ষঃ ২২শ সংখ্যা	২২ নভেম্বর, ১৯৭১

রাজাকারদের জন্য শেষ সুযোগ

(নিজস্ব ভাষ্যকার)

বাংলার মুক্তিযুদ্ধের ব্যাপকতা ও প্রচণ্ডতা বৃদ্ধির সাথে সাথে পশ্চিম পাকিস্তানী হানাদার পশুদের মনে এক বিভীষিকাময় আতঙ্কের কালো ছায়া রেখাপাত করেছে। স্বাধীনতা মন্ত্রে দীক্ষিত মুক্তিযোদ্ধা ও গেরিলাদের অতর্কিত আক্রমনে পাক বাহিনী দিশেহারা, সদ্য শঙ্কিত । নিতান্ত প্রাণের দায়ে বা মুখ রক্ষার খাতিরে এরা আজ ভগ্নমনে লড়ে যাচ্ছে। এরা এতই শঙ্কিত যে, যে কোন অভিযানে তাবেদার রাজাকার ছাড়া এক পাও এগুতে সাহস পাচ্ছে না। রাজাকার নামক এইসব বকরীগুলো এতদিন খুটির জোরে বহু কুদেছে। আজ খুটি ভেঙ্গে পড়ার উপক্রম দেখে বহু রাজাকার দলে দলে মুক্তিবাহিনীর কাছে অস্ত্রশস্ত্র সমেত আত্মসর্মপণ করে চলেছে।

পায়ের তলা থেকে যখন মাটি সরে যাচ্ছে, পালে যখন উল্টো হাওয়া বাইতে শুরু করেছে তখন এদ্দিন যারা ধর্মীয় বিভ্রান্তি, প্রলোভন বা সাময়িক মোহের বশবর্তী হয়ে অথবা লুটপাটের দরাজ সুযোগ লাভের জন্য সেনাবাহিনীর তল্পীবাহক হয়ে স্বাতি নিধনযজ্ঞে , অগ্নিসংযোগ ও লুন্ঠনের লিপ্ত ছিল তারা আজ সম্বিত ফিরে পাচ্ছে ক্রম। তাই দলে দলে এরা আত্মসর্মপণ করে চলেছে। রাজাকারদের কাছে শেষ সুযোগএসেছে। এদের ভেবে দেখা উচিত কার জন্য কিসের জন্য এত আত্মবলিদান করে চলেছে। একবারও কি এরা ভাবছে না যে স্বাধীন বাংলায় এদের কি অবস্থা হবে। বাঙালী হয়ে বাঙালীর প্রতি এই ক্ষমাহীন আচরনের জন্য তাদের শাস্তি পেতেই হবে। আর স্বদেশ দ্রোহিতার বা স্বাধীনতা সংগ্রামের বিরোধীদের একমাত্র শাস্তিই হলো মৃত্যুদণ্ড।

এখনও কিছু সময় বাকী আছে। আজও যদি এরা মুক্তাঞ্চলে চলে আসে, কৃতকর্মের অনুশোচনা করে, তবে আমরা তাদেরকে পথভোলা মানুষ বলে পরিপূর্ণ নাগরিকের মর্যাদা দেব। যার যা অস্ত্রশস্ত্র আছে তাই সমেত আত্মসমর্পণ করে আত্মপক্ষ সমর্থনের শেষ সুযোগ এসেছে রাজাকারদের কাছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ	রণাঙ্গন ১ম সংখ্যা	১১ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

আমরা শান্তি চেয়েছিলাম, গণতন্ত্র চেয়েছিলাম আমরা, তাই অংশ নিয়েছিলাম নির্বাচনে । কিন্তু বর্বর ইয়াহিয়ার বিশ্বাসঘাতকতায় আমরা শান্তি হারিয়েছি, গণতন্ত্রের হয়েছে মৃত্যু। লক্ষ লক্ষ নারী, পুরুষ, শিশু জালিম হানাদারদের বেয়োনেট, গুলির আঘাতে প্রাণ দিয়েছে ইজ্জত দিয়েছে কিন্তু স্বাধীনতা ছাড়ে নাই। বাংলাদেশ আর বাঙালী জাতি আজ স্বাধীন। মীরজাফরের বিশ্বাসঘাতকতায় আমরা যে স্বাধীনতা হারিয়েছিলাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে সেই স্বাধীনতা আমরা আবার ফিরে পেয়েছি। মুক্তিফৌজের বীর জোয়ানরা আমাদের স্বাধীনতা রক্ষায়, দীর্ঘ সাড়ে তিন মাস ধরে জীবনপন লড়াই করে চলেছেন। ইতিহাসের শিক্ষা, বঙ্গবন্ধু দীক্ষা আমাদের স্বাধীনতার লড়াই ব্যর্থ হবে না ব্যর্থ হতে পারে না।

আমরা শান্তি চাই। কিন্তু কবরের শান্তি চাই না। এবার আমরা শান্তি প্রতিষ্ঠা করব-আঘাতের পর আঘাত হেনে, দস্যূ হানাদারদের খতম করে। জয় বাংলা।

* রণাঙ্গনঃ মুক্তিফৌজের সাপ্তাহিক মুখপত্র। সম্পাদক রণদূত। টাংগাইল জেলা মুক্তিফৌজের বেসামরিক দফতর থেকে প্রকাশিত। রণদূত সম্পাদকের ছদ্মনাম। পত্রিকাটি শত্রুসেনা পরিবেষ্টিত বাংলাদেশ হতে সাইক্লোস্টাইলে প্রকাশিত।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ (শেখ মুজিবের বিচার প্রসঙ্গে)	রণাঙ্গন ২য় সংখ্যা	১৫ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

বর্বর ইয়াহিয়ার সাম্প্রতিকতম ষ্টান্ট হল শেখ মুজিববের বিচার প্রসঙ্গে। গত চার মাস ধরে বঙ্গবন্ধু এক হিংস্র বর্বর পশুর শিকার । বাংলাদেশের সাধারণ জনগণ এক নারকীয় পরিস্থিতিতে দিন কাটাচ্ছেন, প্রাণ দিয়েছেন দশ লাখ লোক। গত চার মাস ধরে বিশ্বের কাছে এই বর্বরতা এবং দস্যুতার কাহিনী উদঘাটিত হয়েছে, ধীরে ধীরে পাকিস্তান সরকারের নামে দস্যু সরকার বিশ্বে তার বন্ধু হারিয়েছে। বৃটেন, কানাডা, রাশিয়া, অষ্ট্রেলিয়া, পশ্চিম জার্মানী, জাপান, ফ্রান্স, বন্ধ করেছে সকল প্রকার সাহায্য।

অর্থনীতিক দিক দিয়ে পাকিস্তান এখন পুরোপরি দেউলিয়া। বাংলাদেশের কলখারখানা পুরোপুরি বন্ধ, প্রধান অর্থকরি ফসল পাচ্ছে না সে। পাকিস্তানের উৎপাদনের সমস্তই তাদের সমকালীন কলোনী বাংলাদেশে রফতানী করত। সেটাও বন্ধ। সুতরাং ইয়াহিয়া সরকারের অর্থনৈতিক অবস্থা দেউলিয়া। তাছাড়া ২১ মার্চের পরে যুদ্ধে প্রথম দিকে যে আবেগ আশ্রিত আন্দোলন বাংলাদেশে জন্ম নিয়েছিল, আজ আর তা নেই্ আবেগ আর অস্ত্র হীন আন্দোলন দিয়ে যে এখন দেশ স্বাধীন করা সম্ভব নয়, মুক্তিফৌজ তা তার বাস্তব অভিজ্ঞতা দিয়ে অচিরেই বুঝতে পেরেছিল। সুতরাং অস্ত্রের বিরুদ্ধে অস্ত্র ধরা শিখতে হয়েছে তাকে। এভাবেই শক্তিশালী হয়েছে মুক্তিফৌজ। এই শক্তি সর্ম্পকে ইয়াহিয়ার সামরিক জান্তা যেমন তেমনি সমস্ত বিশ্বও সচেতন। বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমানকে বিশ্বের কারো সঙ্গে আজ পর্যন্ত দেখা করতে দেয়নি। পশ্চিম পাকিস্তানের গণমনে ধুইয়ে উঠছে রক্তস্রোত। বাংলাদেশের সাধারন জনগণের মনে জ্বলছে রুদ্র বহ্নি শিখা। আর এসবেরই বিরুদ্ধে ইয়াহিয়ার সামরিক জান্তা এক ঘৃন্য যড়যন্ত্রে মেতে উঠছে। বঙ্গবন্ধুর বিচার করে মুক্তিফৌজের শক্তিকে আবেগ আপ্লুত করে দিয়ে সমস্ত বিশ্বের দৃষ্টিকে বিভ্রান্ত করতে চাইছে সে। আমেরিকান প্রেসিডেন্টের সঙ্গে গণচীনের বৈঠক প্রস্তাব এবং পাকিস্তানের ভারতের বিরুদ্ধে যুদ্ধের হুমকিও এই যড়যন্ত্রের অংশ। কিন্তু ইয়াহিয়ার সামরিক জান্তাকে আমরা সুস্পষ্ট ভাষায় জানিয়ে দিতে চাই মুক্তিফৌজের শক্তিকে বিভ্রান্ত করা সমস্ত বিশ্বের পক্ষেও সম্ভব নয়। ইয়াহিয়ার ঔদ্ধত্যের জবাব আমরা বুলেটেই দিব। বিশ্ব জনমতকেও আমরা জানিয়ে দিচ্ছি যদি ইয়াহিয়া বঙ্গবন্ধুর বিচার করতে চায় তাহলে বাংলার মুক্তিফৌজ এমন জবাব দেবে যাতে বিশ্ব শান্তি বিঘ্নিত হতে পারে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ	রনাঙ্গন ৩য় সংখ্যা	৮ আগষ্ট, ১৯৭১

সম্পাদকীয়

আমাদের মুক্তি সংগ্রামের বয়স মাত্র সাড়ে চার মাস। বিশ্বের বিভিন্ন দেশের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব অর্জনের ইতিহাসে একটা বেশী সময় নয়। তবে আমাদের শ্যামল আর পলি মাটির দেশ সোনার বাংলার চিরন্তন ঐতিহ্যবাহী মুক্তি সংগ্রামীরা চূড়ান্ত মুক্তিযুদ্ধের প্রাথমিক পর্যায়েই যে অসম সাহস এবং অপূর্ব রন - কৌশল প্রদর্শন করেছেন বিশ্বের সর্বকালের সর্ব দেশের সর্বযুগের স্বাধীনতার ইতিহাসে তা সত্যই বিরল। সামান্যতম ক্ষতি স্বীকার না করেই আমাদের পরম গৌরব ও আশার তরী মুক্তি যোদ্ধা ভাইয়েরা নাৎসী ইয়াহিয়ার বর্বর হানাদার বাহিনীর ৪৬ হাজারেরও বেশী পশু সেনাকে একবারে নিশ্চিহ্ন করে দিয়েছেন। দখলদার বিদেশী বাহিনীর রসদ চলাচল বাধাগ্রস্থ করার জন্য শত শত সড়ক, রেল লাইন, কালভার্ট মুক্তিবাহিনীর বীর যোদ্ধারা বিধ্বস্ত করে ফেলেছেন। শত্রুর বিমান ভুপাতিত করেছেন, বহু গানবোট ও স্পীডবোট পানিতে ডুবিয়ে দিয়েছেন। প্রচুর রসদ গোলাবারুদ, অস্ত্রশস্ত্র ও দলিল পত্র মুক্তিযোদ্ধাদের হস্তগত হয়েছে। অফিসারসহ হাজার হাজার বর্বর তাতার পাকসেনা বন্ধী হয়েছে, আত্মসমর্পণ করেছে অনেকে। হাজার হাজার দস্যুসেনা গুরুতররূপে আহত অবস্থা হাসপাতালে মৃত্যুর প্রতীক্ষা করছে। প্রতি দিন প্রতি মুহুর্তেই মুক্তিবাহিনীর কাছে নতুন সাফল্যের দ্বার উদঘাটিত হচ্ছে। সংগ্রামী বাংলাদেশের সাড়ে সাত কোটি মুক্তিপাগল মানুষ বীর মুক্তিসংগ্রামীদের সাথে একাত্ম হয়ে লড়ে চলেছেন। মুক্তিবাহিনীর এই অভুতপূর্ব সাফল্যে তাদের প্রতি আমরা জানাই হৃদয় নিংড়ানো শ্রদ্ধা এবং সংগ্রামী অভিনন্দন। জয় বাংলা।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ	রণাঙ্গন ৩য় সংখ্যা	৮ আগষ্ট, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশে আজ যুদ্ধ যুদ্ধ খেলা চলছে। এ খেলা মৃত্যুর মুখোমুখি দাড়িয়ে শত্রুহননের খেলা। এ খেলা পাকিস্তানী বর্বর হানাদার সেনাদের খতম করে বাংলাদেশেকে মুক্ত করার খেলা। এ খেলায় জয় আমাদের অনিবার্য, কেননা আমরা সত্য ন্যায় এবং স্বাধীনতার পক্ষে যুদ্ধ করছি। আমাদের পক্ষে রয়েছে বাংলার সাড়ে সাত কোটি মানুষ এবং বিশ্বের বিবেকশালী অগনিত জনতা আমাদের পক্ষে রয়েছেন বিশ্বে মানবের প্রতিপালক মহাশক্তিশালী আল্লাহ। অপরপক্ষে আছে পাকিস্তানী বর্বর দস্যূ বাহিনী এবং সম্রাজ্যবাদী পশুশক্তি। ওদের জয় হতে পারে না। ওদের যদি জয় হয় তাহলে সাম্রাজ্যবাদ উপনিবেশবাদের করাল গ্রাসে পৃথিবী ধ্বংস হয়ে যাবে, বিশ্ব ইতিহাস মিথ্যা হয়ে যাবে। সভ্যতার হবে চরম অপমান।

না তা হচ্ছে না জয় ওদের হচ্ছেনা। জয় আমাদের প্রতিটি আগামীকাল আমদের রনক্ষেত্রের বিজয়ের সংবাদ নিয়ে আসেছে। আমাদের আগে উদ্দীপনা নিয়ে যুদ্ধ করে যেতে হবে, বিজয়কে আরো ত্বরান্বিত করতে হবে। আঘাতের পর আগাত হেনে দুস্য পশু শক্তির বিষদাত ভেঙ্গে দিতে হবে, চুর্ন-বিচুর্ন করে দিতে হবে। বাংলার বীর যোদ্ধারা, বাংলা মুক্তিকামী সৈনিকেরা তোমরা আরও শক্তি নিয়ে এগিয়ে চলো। দুর্বার গতিতে এগিয়ে চলো। নিঃশেষ করে দাও তোমাদের শেষ শত্রুকে। বাংলার মানুষ তোমাদের সাথে, বিশ্ববিবেক তোমাদের সাথে, পরম শক্তিশালী আল্লাহ তোমাদের সাথে। গুলি আওয়াজ, আঘাতের প্রচণ্ডতায় ছিনিয়ে নাও তোমাদের স্বাধীনতা। জয় বাংলা ।

---

* ঢাকা, টাঙ্গাইল, ময়মনসিংহ ও পাবনা জেলা মুক্তি বাহিনীর বেসামরিক দপ্তর থেকে প্রকাশিত,পত্রিকাটির মূল সংখ্যায় এই উল্লেখ্য রয়েছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বঙ্গবন্ধুকে মুক্ত করেই হাতিয়ার ছাড়বো	রনাঙ্গন ৬ষ্ঠ সংখ্যা	২৪ অক্টোবর, ১৯৭১

বঙ্গবন্ধুকে মুক্ত করেই হাতিয়ার ছাড়বো

টাঙ্গাইলের মুক্ত এলাকার জনসভায় বীর কাদেরের ভাষণ

মুজিব নগর থেকে ফেরার পর মুক্ত এলাকার কোন এক অঞ্চলে প্রথম জনসভায় জনাব কাদেরের ভাষণ দিচ্ছিলেন। ২২ অক্টোবার মাহে রমজানের প্রথম দিনে বেলা ৩-১০ মিনিটে মাওলানা জয়নুল আবেদীন হাদীর কোরান তেলাওয়াতের মাধ্যমে এই জনসভার শুভ-সূচনা হয়।

যুদ্ধ এখনও শুরু হয়নিঃ

জনাব সিদ্দিকী তার ভাষনে বলেন- বাংলাদেশ মুক্তি সংগ্রামের প্রায় সাত মাস অতিবাহিত হতে চলছে। এ যুদ্ধ নয়-প্রস্তুতি মাত্র। ২৩ বৎসরের প্রস্তুতি নিয়ে ২৫ মার্চের রাত্রে ওরা আমাদের উপর ঝাপিয়ে পড়েছে। আমরা ৭ মাসের প্রস্তুতিতে এখন যুদ্ধ করবো।

জনসাধারণ করিয়ে দেয়ঃ

মুজিব নগরে বিভিন্ন সময় আমাকে জিজ্ঞাসা করা হয়েছে- যোগাযোগ এবং খাদ্য কে দেয়? আমি বলেছি যখন দুরালাপনী ছিল না, তখন জনসাধারন যেভাবে যোগাযোগ করিয়ে দিত, আমাদের বেলায় তাই-ই হইতেছে। সাধারন মানুষের খাবার আমার খাবার।

আপোষ হতে পারে নাঃ

বাংলার সাড়ে সাত কোটি মানুষ যাকে নেতা বলে স্বীকার করেছেন, তাকে কারাগারে রেখে জালিমের হাতে কামান রেখে কোন আপোষ হতে পারে না।

বঙ্গবন্ধুকে মুক্ত করেই হাতিয়ার ছাড়বোঃ

জনাব সিদ্দিকী বলেন -৫২র ভাষা আন্দোলন, ৬২র শিক্ষা কমিশন আন্দোলনে ৬৯র গণজোয়ারে '৭০-র নির্বাচনে আমরা জয়ী হয়েছি। ৭১-র এ যুদ্ধেও আমরা জয়ী হব। বঙ্গবন্ধুকে যে কোন কারাগারেই রাখা হউক না কেন, তাকে মুক্ত করেই ছাড়বো।

এখনও সময় আছেঃ

সাধারণ ক্ষমা ঘোষণা করে তিনি বলেন-আত্মসমর্পণ করা হলে দালাল এবং রাজাকারদের এখনও ক্ষমা করা হবে।

ধৈর্য্যশীল হতে হবেঃ

জনগণকে আশ্বাস দিয়ে তিনি বলেন-আপনারা ধৈর্য ধরেন। দেশ স্বাধীন হতে আর বেশী বিলম্ব নেই। আপনারা পাট বিক্রি করতে পারবেন। তবে পাট ক্রেতাকে মনপ্রতি এক টাকা করে মুক্তিবাহিনীতে চাঁদা দিতে হবে।

ঢাকা টাঙ্গাইল-ময়মনসিংহ ও পাবনার বেসামরিক প্রধান তার জ্ঞানগম্ভীর ভাষণে বলেন-বাংলাদেশের বুক থেকে হানাদারদের খতম না করা পর্যন্ত এ যুদ্ধ চলবে। ত্যাগ-তিতিক্ষা স্বীকার করেই আমরা যুদ্ধে লিপ্ত হয়েছি। কারো ধার করা স্বাধীনতা আমরা চাই না। আমরা গাজী হয়ে যুদ্ধ শুরু করেছি গাজী হয়েই যুদ্ধ শেষ করবো। বঙ্গবন্ধুকে হানাদার গোষ্ঠীর কারাগার থেকে ছিনিয়ে আনবই আনব।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ৭ম সংখ্যা	১২ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশের স্বাধীনতার যুদ্ধ আজ ১০০টি দিন অতিবাহিত হয়ে গেল। বীর মুক্তিবাহিনীর ব্যাপক আক্রমনে হানাদার পাক সেনারা ভুত দেখার মত আতকে উঠছে। এদের অবস্থা এখন ছেড়ে দে মা কেঁদে বাঁচি। ভীত সন্ত্রস্ত পাক জঙ্গীরা ক্যান্টনমেন্ট এর বাইরে বেরুতে সাহস পাচ্ছে না। শুধু কি তাই? নিজেদের মধ্যে শুরু হয়েছে কোন্দল। সাধারন একজন সৈনিক, একজন মেজরের আদেশ ঘৃনাচ্ছলে অমান্য করেছে। এক মাস যুদ্ধ করার নামে জঙ্গী শাসক ইয়াহিয়া যে তাণ্ডবলীলা শুরু করেছেন, তাতে অনেক সৈনিক-ই বিরক্ত বোধ করছে। তারা চঞ্চল হয়ে পড়েছে দীর্ঘদিন ছেড়ে আসা মা-ভাই-স্ত্রী-পুত্রদের অদর্শনে ওদিকে বেলুচ সৈন্যরা নরহত্যা করতে অস্বীকার করায় ঢাকা ক্যান্টনমেন্টে প্রায় ৫ পাঁচ হাজার বেলুচ ও পাঞ্জাবী সেনাদের মধ্যে মাঝে মাঝেই যে যাকে পারছে সুযোগ অনুযায়ী হত্যা করছে।

নদীমাতৃক বাংলাদেশ বর্ষার আগমনে ঝলমল করছে। চারিদিকে জলে জলাকার। রাস্তাঘাট কর্দমাক্ত, গাড়ী-ঘোড়া আর চলছে না। প্রকৃতি দেবী বর্বর পাক-জঙ্গীর অমানুষিক অত্যাচারিত সাড়ে সাত কোটি বাঙ্গালীর দুরবস্থায় ম্রিয়মান বাংলার পশু-পাখীও ভুলে গেছে তাদের কুজন। বনে জঙ্গলে আর শোনা যায় না কোকিলের কুহুতান। বাংলার পুর্বাবস্থা ফিরিয়ে আনতে বাংলার যুবক আজ বদ্ধপরিকর তাই দিকে দিকে তাদের আক্রমণে পাক সেনারা যথেষ্ট নাজেহাল হচ্ছে। বিভিন্ন এলাকায় সেতু ধ্বংস করে দিয়ে তাদের চলাচলে যে, ব্যাঘাত ঘটিয়েছে তাতে পাক সৈন্যরা কোন কুল কিনারা পাচ্ছে না। বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে দেখা যায় যে, পাক সেনার আজ এমনই এক অবস্থার সম্মুখীন হয়েছে যে তারা আজ ''চাচা আপন পরান বাঁচা'' মানে মানে কোন প্রকারে পৈতৃক প্রাণটা বাঁচানোর তাগিদেই অস্থির হয়ে পড়েছে।

এদিকে বর্ষার অপেক্ষায় অপেক্ষমাণ মুক্তিবাহিনী এই সুযোগের অপেক্ষাই করেছিল। তারা আজ দেশমাতৃকাকে শত্রুকবল থেকে মুক্ত করবার জন্য প্রতিজ্ঞাবদ্ধ এবং ইতিমধ্যে প্রায় ৩০ হাজার পাক সেনাকে খতমও করেছে। চট্টগ্রাম, টাঙ্গাইল, ময়মনসিংহ, কুমিল্লা, যশোর, রাজশাহী, বগুড়া, দিনাজপুরসহ বহু অঞ্চল আজ মুক্তি বাহিনীর নিয়ন্ত্রনে। হিসাব মোতাবেক দেখা যায় বাংলাদেশের প্রায় তিন অংশ আজ মুক্তিবাহিনীর দখলে। অল্পদিনের মধ্যে হয়তো বাকী অংশ দখল হয়ে যাবে।

তাই পরিশেষে সেই সব পাকিস্তানের শক্ত কেন্দ্রের দাবীদারদের বলতে হয়-হে বাংলার দরদী বন্ধুরা তোমরা তোমাদের শক্ত কেন্দ্র নিয়ে থাক তোমাদের সৃষ্ট ঐ সখের পাকিস্তানকে বাংলার জনগণ অনেক আগেই কবর দিয়ে তার মৃত আত্মার সদগতির জন্য তামদারী ও দোয়া দরুদ পড়েসবই শেষ করে দিয়েছে। চিন্তা কর না, যেটুকু বাকী আছে তাও অতি শীঘ্রই শেষ করে দেবে।

* স্বাধীন বাংলা (সোনারদেশ): স্বাধীন বাংলার সাপ্তাহিক মুখপত্র। প্রতিষ্ঠাত্রী সম্পাদিকাঃ মিসেস জাহানারা কামারুজ্জামান। সম্পাদকঃ এস, এম এ, আলমাহমুদ চৌধুরী কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত এবং বলাকা প্রেস জামানগঞ্জ, রাজশাহী, বাংলাদেশ হতে এম, এ, মজিদ কর্তৃক মুদ্রিত।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলার নারীদের বাঁচান	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ৭ম সংখ্যা	১২ জুলাই, ১৯৭১

বিশ্বের নারী সমাজের প্রতি অন্তিম আবেদন

বাংলার নারীদের বাঁচান

[এম.এ জলিল (বার্তা সম্পাদক) পরিবেশিত]

যশোহর ১০ই জুলাইঃ-

বাংলাদেশে পাক সেনার অধিকৃত অঞ্চলসমুহে প্রতিদিন কামান্ধ তথাকথিত ইসলামভক্ত পাকিস্তানী হানাদাররা অবলা নিস্কলঙ্কিনী মা-বোনদের উপর সীমাহীন পাশবিক আচরন ও অকথ্য নির্যাতন চালিয়ে যাচ্ছে। তারই একটি উজ্জ্বল স্বাক্ষর বহন করছে এই বধুটি। একমাত্র সন্তানের জননী এই বধু। (নগ্নাবস্থার জন্য তার পরিচয় দেয়া হল না।) ঘর-বাড়ী তাদের বহু পূর্বেই পাক সদস্যরা ধ্বংস করে দেয়াও গ্রামের অন্যান্যদের সাথে তার পরিবারও আশ্রয় নিয়েছিলেন একটি স্কুলগৃহে। খাবার সংস্থানও নেই। সারাদিন অনাহারে থেকে বহু কষ্টে ৬ মাসের শিশুর জন্য একটু দুধ সংগ্রহ করে খড়কুটো দিয়ে গরম করছিলেন তিনি। ক্ষিধেয় কাতর তাঁর একমাত্র নয়নমনি আকাশফাটা চিৎকার করছিল। তাড়াতাড়ি দুধটুকু গরম করতে তিনি ব্যস্ত। হঠাৎ কান্না-কাটির শোরগোলে তার সংগৃহীত দুধটুকু ছলকে পড়ে যায়। দু'গাড়ী পাকপশু ঢুকে পড়ে ঘরে। যুবতী মেয়েদের রেখে বাকীগুলোকে ঘর থেকে বের করে দেয় তারা। তার পর শুরু করে অকথ্য অত্যাচার। বর্বরেরা বলপূর্বক টেনে হিচড়ে তার দুগ্ধপোষ্য শিশুকে ছুড়ে ফেলে দেয় ঘরের বাইরে। চীৎকার করে কেঁদে উঠতেই বেয়নেটের এক খোচায় চিরনিদ্রায় ঘুম পাড়িয়ে দিল অবোধ শিশুকে। উন্মদিনী মাতা সন্তানের কাছে ছুটে যেতে বাধা পেলেন। তিনি তখন এক পশুর বাহবন্ধনে আবদ্ধ। ইজ্জত বাঁচানোর তাগিদে অস্ত্র হিসেবে ব্যবহার করলেন তিনি তার সুতীক্ষ্ণ দন্তরাশি। কামড়ে ধরলেন পশুটির একটি হাত। যন্ত্রণায় কাতর হয়ে হাত সরিয়ে নিল বর্বরটি। এই সুযোগে দৌড়ে বেড়িয়ে গেলেন তিনি। শিকার পালিয়ে যাওয়ায় যন্ত্রণার কথা ভুলে গিয়ে কামোন্মাদ পশু ঝাপিয়ে পড়ল শিকার ধরতে। সহকর্মীর শিকার ধরতে এগিয়ে এল আরও ৮ জন পাক দস্যু। ব্যার্থ হল নিষ্পাপ রমনীর ইজ্জত বাঁচানো। পশু শক্তির কাছে হেরে গেলেন তিনি। শুর হল অকথ্য অত্যাচার ও ধর্ষণ। ৯ জন পশুর অত্যাচারে শোণিত ধারা বয়ে চললো-জ্ঞান হারালেন তিনি।

ঘন্টা দুয়েক পর বর্বরেরা চলে গেলে লুক্কায়িত দুজন ব্যক্তি ছুটে এল সেখানে। একজন ডাক্তারের আপ্রাণ চেষ্টাতে তার জ্ঞান ফিরে এলো ক্ষণিকের জন্য। নির্দোষ খোকনের কথা স্মরণ করে হত্যাকারীদের বিচার প্রার্থনা করে আই, এ, পাশ এই বধু তথা নারীকল্যান সমিতির সম্পাদিকা বিশ্বের নারী সমাজের কাছে রেখে গেলেন তার জীবনের শেষ আকুল আবেদন- 'হে বাংলার নারী তোমরা বিশ্ব বিবেক জাগ্রত কর, বর্বর পাক-দস্যুদের হাত থেকে লক্ষ লক্ষ মা-বোনদের প্রাণ ও ইজ্জত রক্ষা কর আমার -তোমার দেশমাতৃকাকে। চোখ মুদে এল তার। নিমিষে সব কিছু শেষ হয়ে গেল। সমস্ত গ্রাম জুড়ে নেমে এল শোকের ছায়া। বর্বরদের ভয়ে জনশুন্য হয়ে গেল গ্রামটি। সৎকারের অভাবে তার দেহ হয়তো এখন শৃগাল কুকুরের উদর পূর্তিতে পরিনত হয়েছে।

---

* ছবি। ক্যাপশানে লিখা রয়েছে-৯ জন পাক পশু সেনার ধর্ষণে মৃত রমণী। তার হাতের চুরিগুলো এখনো বলছে 'আমি ঘরের বৌ ছিলাম'।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় ইয়াহিয়া চক্রের যড়যন্ত্র ব্যর্থ করুন	মুক্তিযুদ্ধ ১ম বর্ষঃ ২য় সংখ্যা	১৮ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

ইয়াহিয়া চক্রের যড়যন্ত্র ব্যর্থ করুন

বাংলাদেশের জনগণ যখনই কোন অধিকারের জন্য সংগ্রাম করিয়াছেন, তখনই পাকিস্তানের গণ-দুশমন শাসকবৃন্দ জনগণের উপর তীব্র দমননীতির সঙ্গে সঙ্গে কতকগুলি সাম্প্রদায়িক জিগির তুলিয়া গণমনে নান বিভ্রান্তির সৃষ্টি করিতে চেষ্টা করিয়াছে। ১৯৫২ সনে মাতৃভাষার মর্যাদার জন্য গৌরবময় গণ সংগ্রামের সময়ে গণ-বিরোধী সরকার একদিকে যেমন ঢাকার রাজপথ বরকত সালাম প্রমুখ শহীদদের রক্তে রঞ্জিত করিয়াছিল তেমনি অন্য দিকে ঐ সংগ্রাম পাকিস্তান ভাঙ্গার জন্য হিন্দুদের কারসাজি সীমানার অপর পার হতে উসকানির ফল প্রভৃতির জিগির তুলিয়া গণমনে নান প্রকার সংশয় ও সন্দেহ সষ্টি করিতেও প্রয়াস পাইয়াছিল।

১৯৫৪ সনে যখন বাংলাদেশের নির্বাচনে যুক্তফ্রন্টের হাতে শাসক মুসলিম লীগের শোচনীয় পরাজয় ঘটিয়াছিল, ১৯৬২ সনে যখন ছাত্র সমাজের মৃত্যু- ভয়হীন সংগ্রামে স্বৈরাচারী আয়ুবশাহীর ভিত কাপিয়া উঠিয়াছিল, ১৯৬৬ সনে, যখন আওয়ামী লীগের ৬ দফার সংগ্রামে ঢাকা নারায়নগঞ্জের হাজার হাজার শ্রমিক ও শহরের গরীব বুক ফুলাইয়া সশস্ত্র পুলিশের বিরুদ্ধে রুখিয়া দাড়াইয়াছিল , ১৯৬৮-১৯৬৯ সনে , যখন বাংলাদেশ ও পশ্চিম পাকিস্তানে সম্মিলিত গণ-অভ্যুত্থানের ফলে লৌহ মানব 'আয়ুব খান ধরাশয়ী হইয়াছিল এবং শ্রমিক কৃষকদের অনেক সংগ্রামের সময়েও গণ-বিরোধী শাসকগোষ্ঠী জনগণের উপর বিভেদ সৃষ্টির জন্য শাসক গোষ্ঠী সময়ে সময়ে হিন্দু-মুসলমান সাম্প্রদায়িক দাঙ্গাও বাধাইয়াছিল।

বস্তুতঃ বাংলাদেশের জনগণকে পায়ের তলায় রাখার জন্য পাকিস্তানের শাসক গোষ্ঠী গত ২৩ বৎসর ধরিয়াই জনগণের বিরুদ্ধে চণ্ড দমননীতি এবং ভারত-বিরোধী জিগির তথা সাম্প্রদায়িক বিভেদনীতি-এই দুইটি মোক্ষম অস্ত্র প্রয়োগ করিয়া আসিয়াছে।

বস্তুতঃ বাংলাদেশের জনগণকে পায়ের তলায় রাখার জন্য পকিস্তানের শাসক গোষ্ঠী গত ২৩ বৎসর ধরিয়াই জনগণের বিরুদ্ধে চণ্ড দমননীতি এবং ভারত-বিরোধী জিগির তথা সাম্প্রদায়িক বিভেদ নীতি-এই দুইটি মোক্ষম অস্ত্র প্রয়োগ করিয়া আসিয়াছে।

মাতৃভুমির স্বাধীনতার জন্য আমাদের বর্তমান মুক্তিযুদ্ধের বিরুদ্ধে ও শয়তানের দোসর ইয়াহিয়া-চক্র ঐ অস্ত্রগুলি প্রয়োগ করিতেছে। ২৫শে মার্চ মধ্যরাত্রি হইতে ঐ হিংস্র পশুর দল বাংলাদেশের নজিরবিহীন গণহত্যা, ব্যাপক নারী ধর্ষণ প্রভৃতি নারকীয় কাজকর্ম অনুষ্ঠানের সঙ্গে সঙ্গে চিৎকার করিতে শুরু করিয়াছে যে, ভারত হইতে অনুপ্রবেশকারী দুস্কৃতকারীরাই নাকি বাংলাদেশের গোলমাল বাধাইয়াছে।

বাংলাদেশের জনগণ প্রত্যক্ষভাবে দেখিতেছেন ও বুঝিতেছেন যে, বিদ্রোহী ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট, ই, পি,আর প্রভৃতির লোকজন এবং এই দেশের বহু তরুনদের নিয়াই গঠিত হইয়াছে আজিকার মুক্তিফৌজ। বাংলাদেশের মাটি হইতেই মুক্তিফৌজ জন্ম নিয়াছে। এই মুক্তিফৌজই আজ গণ সমর্থন নিয়া ইয়াহিয়া-চক্রের দস্যু বাহিনীর বিরুদ্ধে দেশের স্বাধীনতার জন্য অসম সাহসিক সংগ্রাম চালাইতেছেন। বাংলাদেশের স্বাধীনতার জন্য এই সংগ্রাম হইল এই দেশের জনগণের সংগ্রাম।

* মুক্তিযুদ্ধ ঃ সাপ্তাহিক। পূর্ব পাকিস্তানের (বাংলাদেশের) কমিউনিষ্ট পার্টির মুখপাত্র পূর্ব পাকিস্তানের (বাংলাদেশের) কমিউনিষ্ট পার্টি কর্তৃক প্রকাশিত ও মুক্তিযুদ্ধ প্রেস বাংলাদেশ হতে মুদ্রিত।

কিন্তু দুনিয়ার চোখে আমাদের এই মহান ও ন্যায্য সংগ্রামকে কলংকিত করার জন্য ইয়াহিয়া-চক্র আজ মুক্তিফৌজকে ভারত হইতে অনুপ্রবেশকারী এবং স্বাধীনতার গণ-সংগ্রামকে 'ভারতের হস্তক্ষেপ' বলিয়া চিত্রিত করার চেষ্টা করিতেছে।

ইহা ছাড়া ঐ পশুর দল, যাহারা হিন্দু মুসলমান নির্বিশেষে জনগণকে হত্যা করিয়াছে, ধর্ম নির্বিশেষে বাংলাদেশের অগনিত নারীর ইজ্জত হানি করিয়াছে, তাহারা জনগণের মুক্তি সংগ্রামের ভিতর সাম্প্রদায়িক বিষ সৃষ্টির জন্য গুন্ডা বদমায়েশদের জমায়েত করিয়া উহাদের দ্বারা কতকগুলি স্থানে বাছিয়া বাছিয়া নিরীহ হিন্দুদের ঘরবাড়ী লুট করাইতেছে ও তাহাদের দেশ ছাড়া করিতেছে। ঐ দস্যুর দল তাহাদের পোষা গুন্ডাশ্রেণীর অবাঙ্গালীদের-বাঙ্গালীদের বিরুদ্ধেও লেলাইয়া দিতেছে, যাহাতে আমাদের মুক্তিযুদ্ধ বাঙ্গালী অবাঙ্গালী সংঘর্ষের খাতে চলিয়া যায়।

আগামী দিনে মুক্তিযুদ্ধ যখন আরও দুর্বার হইয়া উঠিবে, মুক্তিফৌজের মারের চোটে হানাদার বাহিনী যখন পরাজয়ের পর পরাজয় বরণ করিবে তখন ইয়াহিয়া চক্রের ঐসব চক্রান্ত আরো বৃদ্ধি পাইবে। তাহারা আরও তারস্বরে ভারতের হস্তক্ষেপ বলিয়া চিৎকার করিতে থাকিবে এবং সাম্প্রদায়িক ও জাতিগত উত্তেজনা সৃষ্টিও জন্য আরো বেশী করিয়া তৎপর হইবে। এমনও হইতে পারে যে, মুক্তিফৌজের ও জনগণের হাতে ভরাডবি আসন্ন দেখিয়া দুস্যু ইয়াহিয়া চক্র 'ভারতের সশস্ত্র আক্রমনের ' এক মিথ্যা কাহিনী বানাইয়া পাক-ভারত সংঘর্ষ বাধাইয়া গণ-মনে প্রবল বিভ্রান্তি সৃষ্টি করার প্রয়াসী হইতে পারে।

আমরা মনে করি যে, পাক-ভারত সংঘর্ষ বাধাইয়া বাংলাদেশের জনগণের স্বাধীনতা সংগ্রামকে বিনষ্ট করার কুমতলব নিয়াই মার্কিনী সম্রাজ্যবাদী দস্যুরা তাহাদের সহযোগী ইয়াহিয়া চক্রকে এই সময়ে আবার প্রচুর অস্ত্রশস্ত্র দিতেছে।

বাংলাদেশের জনগণকে আজ বিদেশী ও দেশী প্রতিক্রিয়াশীলদের ঐ সব চক্রান্ত সম্পর্কে হুশিয়ার হইতে হইবে। অতীতে গণ-বিরোধী শাসকগোষ্ঠীর সাম্প্রদায়িক ও জাতিগত বিরোধে এবং পাক-ভারত উত্তেজনা সৃষ্টি উসকানী সত্ত্বেও বাংলাদেরশের জনগণ ঐক্যবদ্ধভাবে নিজেদের অধিকার সমুহের সংগ্রাম চালাইয়া গিয়াছেন। মুক্তিযুদ্ধের জনগণ অপূর্ব একতার পরিচয় দিয়াছেন। তাই আমরা দৃঢ় ভাবে বিশ্বাস করি যে, ইয়াহিয়া-চক্র ও মার্কিনী সাম্রাজ্যবাদীরা আমাদের মুক্তিযুদ্ধ বিনষ্ট করার জন্য যে সাম্প্রদায়িক ও জাতিগত হানাহানি এবং পাক-ভারত সংঘর্ষ বাধাইবার জুয়াখেলায় মাতিয়াছে বাংলাদেশের স্বাধীনতাকামী জনগণ তাহাতে বিভ্রান্ত হইবেন না। আমরা বিশ্বাস করি যে, সাম্রাজ্যবাদের সহযোগী ইয়াহিয়া-চক্র যত শয়তানীই করুক, জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে বাংলাদেশের শ্রমিক-কৃষক-ছাত্র জনতা মুক্তিযুদ্ধে তাহাদের অটুট একতা রক্ষা করিবেন এবং দুস্যুদলের সমস্ত চক্রান্ত ব্যর্থ করিয়া মুক্তিযুদ্ধকে জয়ী করিবেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় মুক্তিসংগ্রামের বিজয়ের স্বার্থে	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	২৫ জুলাই, ১৯৭১

সম্পাদকীয়

মুক্তিসংগ্রামের বিজয়ের স্বার্থে

বাংলাদেশের মুক্তি সংগ্রামের চার মাস পুর্ণ হইল। চবিবশ ঘন্টা, আটচল্লিশ ঘন্টা বা এক সপ্তাহের মধ্যে বাংলাদেশকে পদানত করা সম্বব হইবে, এই হিসাব নিয়া যাহারা বাংলাদশের সামরিক অভিযান শুরু করিয়াছিল ইসলামাবাদের সেই জঙ্গী শাসকদের মুখে ছাই দিয়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ দৃঢ়পন লড়াই চালাইয়া যাইতেছে এবং শত্রুর বিরুদ্ধে একের পর এক গৌরবময় বিজয় অর্জন করিয়া চলিয়াছে। বাংলাদেশের জনগণ স্বাধীনতার দাবীতে ঐক্যবদ্ধ ও আপোষহীন এবং লক্ষ্য অর্জনের জন্য যে কোন ত্যাগ স্বীকার করিতে প্রস্তুত। ইয়াহিয়ার দস্যুবাহিনীর অবর্ননীয় অত্যাচার ও নৃশংস গণহত্যা সত্ত্বেও দেশবাসীর মনোবল অটুট রহিয়াছে- অত্যাচার উৎপীড়ন শত্রুর বিরুদ্ধে ঘৃনা ও প্রতিরোধের সংকল্পকে আরও সুদৃঢ় করিতেছে মাত্র। পক্ষান্তরে ইয়াহিয়ার দস্যু দলের সামনে খুন ও লুন্ঠন ছাড়া কোন উদ্দেশ্য নাই- ইহাদের শৃঙ্খলা ও মনোবল একেবারে ভাঙ্গিয়া পড়িয়াছে এবং শোচনীয় পরাজয় অবধারিত হইয়া উঠিয়াছে। প্রতিটি রণাঙ্গনে মুক্তিফৌজের হাতে মার খাইয়া ইহারা দিশাহারা হইয়া পালাইবার পথ পাইতেছেনা। আন্তর্জাতিক ক্ষেত্রেও সমাজতান্ত্রিক রাষ্ট্রবর্গ, বিশ্ব কমিউনিষ্ট আন্দোলন এবং দুনিয়ার অন্যান্য গণতান্ত্রিক ও প্রগতিশীল শক্তি বাংলাদেশের সমর্থনে ক্রমেই অধিক হইতে অধিকতর সোচ্চার ও সক্রিয় হইয়া উঠিতেছে।

কিন্তু ইহা সত্ত্বেও বাংলাদেশের মুক্তিসংগ্রামের সামনে কোন সমস্যা নাই একথা বলা আত্মসন্তুষ্টি ও আত্মপ্রবঞ্চনার নামান্তর হইবে। এই সমস্যাগুলিকে গভীরভাবে উপলদ্ধি করা এবং উহাদের সমাধানের জন্য বাস্তব পদক্ষেপ নেওয়া একান্ত জরুরী। সমস্যাগুলিকে উপেক্ষা করিয়া নয়, উহাদের যথাযথ সমাধানের মাধ্যমেই মুক্তিসংগ্রামকে দ্রুত চূড়ান্ত ও নিশ্চিত সাফল্যের পথে অগ্রসর করিয়া লওয়া সম্বব।

বাংলাদেশের সংগ্রামী শক্তিগুলির সমবায়ে জাতীয় মুক্তিফ্রন্ট গঠিত না হওয়ার দরুন যুদ্ধপ্রয়াসে যেসব বিঘ্ন সৃষ্টি হইতেছে, সে সম্পর্কে ইতিপুর্বে মুক্তিযুদ্ধে সংক্ষিপ্তভাবে আলোচনা করা হইয়াছে।

মুক্তিফ্রন্ট গঠিত না হওয়া পর্যন্ত সাময়িক ব্যবস্থা হিসাবে আওয়ামীলীগ দলীয় পরিষদ সদস্যবর্গ ছাড়াও যাহাতে অন্যান্য সংগ্রামী দলের দায়িত্বশীল কর্মকর্তাদের সুপারিশ পত্র লইয়া মুক্তিফৌজের যোগ দেওয়া যায় উহার ব্যবস্থা অবিলম্বে করা দরকার। দ্বিতীয়তঃ বাংলাদেশের অভ্যন্তরে গোপন সংগ্রাম কমিটিগুলি যাহাতে সকল সংগ্রামীদলের প্রতিনিধিদের লইয়া ঐক্যবদ্ধ সংগঠন হিসাবে গড়িয়া উঠিতে পারে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা দরকার।

বাংলাদেশের যে হাজার হাজার ছাত্র যুবক মুক্তি বাহিনীতে যোগদানের উদ্দেশ্যে আগাইয়া আসিতেছে তাহাদের ট্রেনিংয়ের সুযোগ সুবিধা আরও উন্নত ও সম্প্রসারিত করিতে হইবে এবং রাজনৈতিক বা মতাদর্শগত কারনে কাহারও বিরুদ্ধে বৈষম্যমূলক আচরন করা চলিবে না।

মার্কিন সাম্রাজ্যবাদীরা ইয়াহিয়া-চক্রকে অস্ত্র ও অর্থ দিয়া সাহায্য করার যে নিলর্জ্জ নীতি অনুসরন করিয়া চলিয়াছে উহার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের বৈদেশিক নীতির পূর্ণমূল্যায়ন আবশ্যক। মানবতার নামে

আবেদন জানাইয়া মার্কিন সাম্রজ্যবাদীদের 'হৃদয় পরিবর্তন' করা যাইবে এইরূপ চিন্তা বাংলাদেশ সরকার কিম্বা গণতান্ত্রিক শিবিরের কোন অংশে এখনও থাকিয়া থাকিলে অবিলম্বে উহা দুর করা দরকার। মার্কিন যুক্তরাষ্ট্র শুধু অস্ত্র সরবরাহই নয়, প্রয়োজন হইলে ভিয়েতনামের এই খুনী যে বাংলাদেশে গণহত্যাকারীর স্বপক্ষে অস্ত্র ধারন করিতেও দ্বিধা করিবে না উহার ইঙ্গিত ইয়াহিয়া খানের সাম্প্রতিক হুমকিতেও স্পষ্ট। পক্ষান্তরে বিশ্বের সাম্রাজ্যবাদ বিরোধী শক্তিবর্গ বাংলাদেশের সমর্থনে উত্তরোত্তর আগাইয়া আসিতেছেন এই পটভূমিকায় বাংলাদেশ সরকারের বৈদেশিক নীতিকেও ঢালিয়া সাজাইতে হইবে এবং মার্কিন সাম্রজ্যবাদীদের হৃদয় পরিবর্তনের চেষ্টার পরিবর্তে সাম্রাজ্যবাদ বিরোধী শক্তিগুলিকে বাংলাদেশের পক্ষে আরো সক্রিয়ভাবে টানিয়া আনার জন্য সচেষ্ট হইতে হইবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সামরিক আদালতে মুজিবের বিচার	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	২৫ জুলাই, ১৯৭১

সামরিক আদালতে মুজিবের 'বিচার'

অভিযোগ প্রমানীত হইলে মৃত্যুদণ্ড পর্যন্ত

দেওয়া যাইতে পারে- ইয়াহিয়া

(বিশেষ প্রতিনিধি)

ইসলামাবাদের সামরিক চক্র কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধান শেখ মুজিবুর রহমানের সামরিক আদালতে বিচারের চক্রান্ত দেশবাসী ও রাজনৈতিক মহলে তীব্র ক্ষোভ ও প্রতিক্রিয়া সৃষ্টি করিয়াছে। সকল মহল ইহাকে বে-আইনী ইসলামাবাদ গোষ্ঠীর অধিকার বহির্ভূত এবং বাংলাদেশের বিরুদ্ধে আর একটি ষড়যন্ত্রমূলক কার্য বলিয়া অভিহিত করিয়াছেন। উল্লেখযোগ্য যে, শেখ মুজিব বর্তমানে ইয়াহিয়ার হাতে বন্দী।

বিবিসি প্রচারিত এক খবরে ফাইনান্সিয়াল টাইমস পত্রিকার সংবাদের বরাত দিয়া বলা হয় ইয়াহিয়া উক্ত পত্রিকার প্রতিনিধিদের জানাইয়াছে যে, শীঘ্রই শেখ মুজিবুর রহমানকে বিচারের জন্য সোপর্দ করা হইবে। এই বিচার সামরিক আদালতে গোপনে অনুষ্ঠিত হবে। ইয়াহিয়া নাকি আরও বলে যে, শেখ সাহেবের বিরুদ্ধে যে অভিযোগ আনয়ন করা হইয়াছে উহা প্রমানীত হইলে মৃত্যুদণ্ড পর্যন্ত দেওয়া যাইতে পারে।

সৈয়দ নজরুল ইসলাম

বাংলাদেশ সরকারের অস্থায়ী সভাপতি সৈয়দ নজরুল ইসলাম সোভিয়েত ইউনিয়ন ও মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপ্রধান এবং ভারত, চীন, বৃটেন, ক্যানাডা, অষ্ট্রেলিয়া, প্রভৃতি প্রধানমন্ত্রীদের কাছে শেখ মুজিবের নিরাপত্তা ও মুক্তির ব্যাপারে হস্তক্ষেপের জন্য আবেদন জানাইয়া তারবার্তা প্রেরণ করিয়াছেন।

কমিউনিষ্ট পার্টি ও ন্যাপের নেতৃবৃন্দ ইয়াহিয়া গোষ্ঠীর এই সিদ্ধান্তের নিন্দা করিয়া বলেন যে, ইহা তো বিচার নয়, বিচারের প্রহসন করিয়া শেখ মুজিবকে হত্যার ষড়যন্ত্র মাত্র। তাহারা বলেন, ইয়াহিয়ার এই চক্রান্তও তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলার ন্যায় একই পরিনতি লাভ করিবে।

কমিউনিষ্ট পার্টির জনৈক মুখপাত্র বলেন শেখ মুজিবুর রহমানের বিচার করার কোন অধিকার ইয়াহিয়ার চক্রের নাই।

উল্লেখ্য যে, কমিউনিষ্ট পার্টির কেন্দ্রীয় কমিটির এক সভায় সম্প্রতি শেখ মুজিবুর রহমানের বিনাশর্তে মুক্তি দাবী করা হয়।

আমাদের নিজস্ব বার্তা পরিবেশক জানানঃ

শেখ মুজিবের বিরুদ্ধে মামলায় সাক্ষ্যদানের জন্য সামরিক বাহিনীর গোয়েন্দরা ঢাকার সাংবাদিকদিগকে পীড়ন করিতেছেন। বিভিন্ন পত্রিকার বার্তা সম্পাদক, বার্তা পরিবশেক, আলোকচিত্র শিল্পী প্রভৃতিকে ক্যান্টমেন্টে নিয়া গিয়া শেখ মুজিবের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ সংক্রান্ত বিবৃতিতে স্বাক্ষর আদায় করা হইতেছে। কতকগুলি দালাল সংবাদপত্র এ ব্যাপারে সোৎসাহে সহযোগিতাও করিতেছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় সংগ্রামী দেশবাসীর প্রতি	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১ আগষ্ট, ১৯৭১

সম্পাদকীয়

সংগ্রামী দেশবাসীর প্রতি

বাংলাদেশের বীর জনগণকে মুক্তি সংগ্রামের একনিষ্ঠ হিসাবে কমিউনিষ্ট পার্টি জানায় বিপ্লবী অভিন্দন। দেশপ্রেমের অগ্নিপরীক্ষায় সগৌরবে উত্তীর্ণ জনগণেঐক্য, সাহস ও সংগ্রামী মনোবল বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সবচেয়ে বড় শক্তি। জনগণের বিজয় অবশ্যম্ভাবী, জনগণের ঐক্যবদ্ধ শক্তি অপরাজেয়-এই দৃঢ় প্রত্যয় লইয়াই কমিউনিষ্ট পার্টি অন্যান্য গণতান্ত্রিক শক্তির সহিত কাধে কাধ মিলাইয়া বাংলাদেশের মুক্তি সংগ্রামে অংশগ্রহণ করিতেছি।

দস্যু সর্দার ইয়াহিয়া খানের জল্লাদ বাহিনী গত চার মাস ধরিয়া বাংলাদেশে যে নৃশংস গণহত্যা ও পৈশাচিক বর্বরতা চালাইয়া আসিতেছে ইতিহাসে উহার নজির সত্যই বিরল। ইতিহাসে আমরা বহু অত্যাচার উৎপীড়নের কাহিনী পড়িয়াছি কিন্তু একটা নিরস্ত্র জাতিকে পৃথিবীর বুক হইতে নিশ্চিহ্ন করিয়া দেওয়ার এই দানবীয় প্রচেষ্টার দৃষ্টান্ত কদাচিৎ দেখা যায়। কিন্তু ইয়াহিয়া বাহিনীর অত্যাচারে যেমন তুলনা নাই, তেমনি বাংলাদেশের গণ-জাগরণও অতুলনীয়। স্বাধীনতার দাবীতে এরূপ একতার দৃষ্টান্ত ইতিহাসে বিরল। মুক্তি সংগ্রামের শুরু হইতে শতকরা একশ জনই স্বাধীনতা সংগ্রামের স্বপক্ষে -প্রতিটি দেশবাসীই স্বাধীনতার সৈনিক। ১৯৪৭ সালে বৃটিশ সরকার এদেশের জনগণের মধ্যে হইতে যতটা বিচ্ছিন্ন ছিল, ইয়াহিয়া শাহী আজ বাংলাদেশের জনগণের সকল শ্রেণী, সকল স্তর হইতে ততোধিক বিচ্ছিন্ন।

স্বাধীনতার দাবীতে জনগণের এই সুদৃঢ় ঐক্যও দরুনই ইয়াহিয়া শাহী বিপুল ন্যৈ-সামন্ত ও আধুনিক অস্ত্রশস্ত্র সত্বেও বাংলাদেশের মুক্তিসংগ্রামকে দমন করিতে পারিতেছে না। ইয়াহিয়া বাহিনীর শত অত্যাচারও জনগণের মনোবলকো ভাঙ্গিতে পারে নাই। বরং দস্যুবাহিনীর অত্যাচার ও উৎপীরন ইসলামবাদের জঙ্গী শাসক গোষ্ঠীর প্রতি বাংলাদেশের জনগনে ঘৃনাকে তীব্রতর করিতেছে, তাহাদের সংকল্পকে আরও সুদৃঢ় করিতেছি। জাতীয় মুক্তির এই সংগ্রামের বিজয়ের মধ্য দিয়ে বাংলাদেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠার পথ উম্মুক্ত হইবে এই আশা নিয়াই দেশবাসী এই মরণপণ যুদ্ধে ঝাপাইয়া পড়িয়াছেন। ইয়াহিয়া-চক্র নৈতিক ও রাজনৈতিকভাবে ইতিমধ্যেই পরাজিত হইয়াছে, সামরিক ক্ষেত্রেও উহাদের পরাজয় অবধারিত হইয়া উঠিয়াছে।

বাংলাদেশের মুক্তিযুদ্ধের অবশ্যম্ভাবী বিজয়ের দৃঢ় আস্থা লইয়া সেই বিজয়কে ত্বরান্বিত করার উদ্দেশ্য কমিউনিষ্ট পার্টি দেশবাসীর কাছে কয়েকটি আবেদন রাখিতেছেঃ

১. বাংলাদেশের প্রতিটি শহর-বন্দর-গ্রাম-গঞ্জ, প্রতিটি গৃহকে শত্রুর বিরুদ্ধে প্রতিরোধের দুর্ভেদ্য দূর্গ হিসাবে গড়িয়া তুলুন।

২. জনগণের শক্তিকে সংগঠিত করুন। মনে রাখিবেন পূর্বে আমাদের আন্দোলন ছিল নিয়মতান্ত্রিক ধরনের- উহাতে স্বতঃস্ফুর্ততার উপদান ছিল অধিক। বর্তমান সশস্ত্র শত্রুর বিরুদ্ধে সংগ্রামে জয়লাভের জন্য স্বতঃস্ফুর্ততাকে পরিহার করিয়া জনশক্তিকে সংঘবদ্ধরূপে গড়িয়া তুলিতে হইবে।

৩. ছাত্র-যুবক ও শ্রমিকদের পাশাপাশি কৃষক ভাইয়েরা আরও বেশী সংখ্যায় স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করুন। মনে রাখিবেন, আমাদের দেশের শতকরা ৮০ জন কৃষিজীবী, কাজে কৃষক সমাস কত অধিক সংখ্যায় ও

কতটা সংগঠিতভাবে অংশগ্রহণ করেন উহার উপরই অনেকাংশে নির্ভর করে কত শীঘ্র স্বাধীনতার লড়াই সাফল্যজনক পরিসমাপ্তিতে পৌঁছিবে।

৪. বাংলাদেশের মুক্তিবাহিনীতে হাজারে হাজারে লাখে, লাখে যোগ দিন। নানা অসুবিধা ও কষ্ট সত্বেও মুক্তিবাহিনীতে যোগ দিয়া শত্রুর নৃশংস অত্যাচারের প্রতিশোধ দিন, আমাদের সকলের প্রাণের চেয়ে প্রিয় মাতৃভুমিকে শত্রুর কবল হইতে মুক্ত করুন।

৫. বাংলাদেশের মুক্তিসংগ্রামকে বানচাল করার জন্য ইয়াহিয়া চক্র ও উহার অনুচরেরা হিন্দু-মুসলিম বাঙালী-অবাঙালী প্রভৃতির মধ্যে বিরোধ ও বিভেদ উসকাইয়া সাম্প্রদায়িক হাঙ্গামা বাধাইতেছে। ইহার বিরুদ্ধ প্রতিরোধ গড়িয়া তুলুন ও সাম্প্রদায়িক শান্তি বজায় রাখুন।

৬. স্থানীয়ভাবে মুক্তি সংগ্রাম পরিচালনা ও মুক্তিযোদ্ধাদের সহিত সহযোগিতার উদ্দেশ্য দলমত নির্বিশেষে সংগ্রামী কর্মীদের নিয়া গোপন মুক্তি সংগ্রাম কমিটি গড়িয়া তুলুন। দুস্কৃতিকারী ও সমাজবিরোধীদের দমন করুন ও মুক্তসংগ্রাম কমিটির নেতৃত্বে গ্রামরক্ষা বাহিনী গড়িয়া তুলুন। চোরাকারবার ও মুনাফাখোরী দমন করুন।

৭. শত্রু বাহিনীর সহিত সর্ব প্রকার অসহযোগিতা করুন এবং উহাদের অবস্থান ও চলাচলের খবর মুক্তিবাহিনীর নিকট পৌঁছাইয়া দিন। মুক্তিবাহিনীর খবর গোপন রাখুন। মুক্তিযোদ্ধাদিগকে আশ্রয়, রসদ প্রভৃতি দিয়া সহায়তা করুন। মনে রাখিবেন, মুক্তিযোদ্ধারা আপনাদেরই সন্তান, দেশমাতৃকাকে শত্রুর কবল হইতে মুক্ত করার জন্য তাহারা প্রাণের মায়া তুচ্ছ করিয়া লড়াই করিতেছেন।

বিজয় আমাদের অবশ্যম্বাবী। স্বাধীনতার অগ্নিমন্ত্রে উদ্বুদ্ধ বাংলাদেশের বীর জনগণের সংগ্রামকে চুর্ন করিয়া দিতে পারে পৃথিবীতে এমন কোন শক্তি নাই।

স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ জিন্দাবাদ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ইয়াহিয়াচক্রকে মদত দেওয়ার জন্য জাতিসংঘের পর্যবেক্ষক দল ও মার্কিন 'বিশেষজ্ঞ'	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১ আগষ্ট, ১৯৭১

ইয়াহিয়াচক্রকে মদত দেওয়ার জন্য জাতিসংঘের পর্যবেক্ষক দল ও মার্কিন 'বিশেষজ্ঞ'

(বিশেষ প্রতিনিধি)

মার্কিন সাম্রাজ্যবাদীরা কি বাংলাদেশকে ভিয়েতনামে রূপান্ততির করার যড়যন্ত্র আটিয়াছেন? এই অত্যন্ত প্রাসঙ্গিক প্রশ্নটি আজ সকলের মনকে আলোড়িত করিতেছে। নির্ভরযোগ্য সুত্রে জানা গিয়াছে, মার্কিন সাম্রাজ্যবাদীরা ''জননিরাপত্তামূলক'' কর্মসূচীর নামে ঢাকায় পুলিশ বিশেষজ্ঞ পাঠাইবার সিদ্ধান্ত নিয়াছে। জননিরাপত্তার নামে এই বিশেষজ্ঞ ও তাহার শিকারী কুকুরের দলে কাজ হইবে, মুক্তিযুদ্ধ দমনের কাজে ইয়াহিয়ার জল্লাদ বাহিনীকে মদত দেওয়া। এই দায়িত্ব দিয়া যে কুটনীতিকে ঢাকায় পাঠান হইতেছে, এই ধরনের কাজে তাহার নাকি বিশেষ পারদর্শিতা ও পূর্ব অভিজ্ঞতা রহিয়াছে। খবরে প্রকাশ, ইতিপুর্বে এই ব্যাক্তি ভিয়েতনামে নিযুক্ত ছিল এবং সেখানেই বিশেষজ্ঞ হিসাবে হাত পাকায়। পাকিস্তানে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদুত ফারল্যাণ্ড একজন কুখ্যাত সি-আই-এ এজেন্ট । এক সময়ে তিনিও কুটনৈতিক কার্য উপলক্ষে ভিয়তনামে ছিলেন। কাজেই পুলিশ বিশেষজ্ঞ হিসাবে রবার্ট জ্যাকসন রাষ্ট্রদূত ফারল্যাণ্ডের সহিত যোগদান করিলে একবারে সোনায় সোহাগা হইবে্ তবে মার্কিন সাম্রাজ্যবাদীদের খেলার এইখানেই শেষ নয়, মাত্র শুরু। ভিয়েতনামেও তাহারা এইভাবেই সৈন্যদল পাঠাবার আগে নগো দিন দিয়েম-চক্রকে মদত দিবার জন্য পুলিশ বিশেষজ্ঞ পাঠাইয়াছিল। বাংলাদেশে ভিয়েতনামের সেই পুরাতন খেলারই পুনরাবৃত্তি হইতে চলিয়াছে মাত্র।

বাংলাদেশ সীমান্তে জাতিসংঘ বিশেষজ্ঞ বসাইবার যে পরিকল্পনা কার্যকর হইতে যাইতেছে উহার পিছনেও রহিয়াছে মার্কিন সাম্রজ্যবাদীদের নোংরা হাত। বাংলাদেশে ইয়াহিয়ার জল্লাদ বাহিনীর হাতে দশ লক্ষ নর নারী প্রাণ দিল, মানবাধিকারের পবিত্র সনদ রক্তের বন্যায় ভাসিয়া গেল, জাতিসংঘ টু শব্দটি পর্যন্ত করিল না। হিন্দু মুসলমান নির্বেশেষে পৌঁনে এক কোটি শরনার্থী ভারতে আশ্রয় গ্রহণ করিয়াছে- জাতিসংঘ তাহাদের রিলিফের দায়িত্ব গ্রহণ না করিয়া বিশ্ববাসীর উদ্দেশ্যে একটি আবেদন জানাইয়া বিবেক পরিস্কার করিয়াছে, অবশেষে মর্কিন সাম্রাজ্যবাদীদের ''গুড বয়'' সদরুদ্দিন আগা খান দাওয়াই আবিস্কার করিয়াছে, ভারত বাংলাদেশ সীমান্তে জাতিসংঘ পর্যবেক্ষক বসাইতে দিতে রাজি না হওয়ায় এখন বাংলাদেশের এলাকায় পর্যবেক্ষক নিয়োগের পায়তার চলিতেছে। কিন্তু বাংলাদেশের সরকারও দ্ব্যর্থহীন ভাষায় এই উদ্যোগের বিরোধীতা করিয়াছে।

জাতিসংঘ কর্মকর্তাদের জানিয়া রাখা দরকার যে, বাংলাদেশ সরকারের বিনা অনুমতিতে বাংলাদেশের এলাকার মধ্যে পর্যবেক্ষক নিয়োগের কোন অধিকার তাহাদের নাই এবং ইহা দ্বারা জটিলতা বৃদ্ধি ছাড়া সমস্যা সমাধানের কোনই সম্ভাবনা নাই। এই মুহুর্তে জাতিসংঘের যাহা করুনীয় তাহা হইল, বাংলাদেশ হইতে দখলকারী বাহিনী সম্পূর্ণরূপে প্রত্যাহার করার জন্য ইয়াহিয়া সরকারকে চাপ দেওয়া। উহা না করিয়া জাতিসংঘ পর্যবেক্ষক বসাইলে বাংলাদেশে স্বাভাবিক অবস্থা বা জনমনে আস্তা ফিরিয়া আসিবে, বাস্তত্যাগ বন্ধ করিয়া জাতিসংঘ পর্যবেক্ষক বসাইলেই বাংলাদেশে স্বাভাবিক অবস্থা বা জনমনে আস্তা ফিরিয়া আসিবে, বাস্তত্যাগ বন্ধ হইবে এবং ভারতে আশ্রয়- প্রার্থীরা প্রত্যাবর্তন করিবে ইহা আশা করা মুর্খতা ছাড়া আর কিছুই নয়। দুঃখের বিষয়, জাতিসংঘ জানিয়া

শুনিয়া 'বোকা' সাজিতেছে এবং বাংলাদেশের গণমানুষের স্বাধীনতার আকাঙ্কা ও ইয়াহিয়া বাহিনীর গণহত্যা ও নৃশংস অত্যাচারকে পাশ কাটাইয়া গিয়া বাংলাদেশ প্রশ্নকে পাক-ভারত বিরোধ হিসাব চিত্রিত করার প্রয়াস পাইতেছে।

বাংলাদেশের সংগ্রামী মানুষ বাংলাদেশকে দ্বিতীয় ভিয়েতনামে পরিনত করা কিম্বা বাংলাদেশের মুক্তি সংগ্রামকে পাক-ভারত বিরোধ হিসাবে চিত্রিত করার ন্যাক্কার জনক যড়যন্তকে দৃঢ়ভাবে প্রতিহত করিবেন। একথা সকলের পরিস্কারভাবে জানিয়া রাখার দরকার যে, বাংলাদেশের মুক্তিযুদ্ধকে কিছুইতেই পাক-ভারত বিরোধের পর্যায়ে ফেলা চলে না এবং যে কোন মহলের কোন অজুহাতেই ইয়াহিয়া চক্রকে মদত দেওয়া বাংলাদেশের জনগণ বরদাস্ত করিবেন না। এই প্রসঙ্গে মার্কিন সাম্রাজ্যবাদীদের উদ্দেশ্যযভ আমরা হুশিয়ারী উচ্চারন করিতে চাই যে, বাংলাদেশের জননিরাপত্তার নামে শিকারী কুকুরের দল পাঠান হইলে উহাদিককে কুকুরের মতই বিতাড়িত করা হইবে। বাংলাদেশে দ্বিতীয় ভিয়েতনাম সৃষ্টির ষড়যন্ত্র ভিয়েতনামের মত বাংলার মাটিতেও মার্কিন সাম্রাজ্যবাদের কবর রচনা করিব- ইতিহাসের ইহাই অমোঘ বিধান।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় সামরিক দিক হইতেও ঐক্যজোটের অনিবার্য তাগিদ	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ৯ম সংখ্যা	৪ সেপ্টেমবর, ১৯৭১

সম্পাদকীয়

সামরিক দিক হইতেও
ঐক্যজোটের অনিবার্য তাগিদ

আমাদের স্বাধীনতা সংগ্রামের সঠিক পরিচালনা ও সাফল্যের জন্য জাতীয় মুক্তিফ্রন্ট গঠনের জরুরী আবশ্যিকতার কথা আমরা ইতিপুর্বে একাধিকবার আলোচনা করিয়াছি। আমরা বার বার এ কথাটাই বলিয়াছি যে, বিগত নির্বাচনে কোন দল কত ভোট পাইয়াছিল, কোন দল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করিয়াছিল প্রভৃতি কথা দুর্ধর্ষ শত্রুর বিরুদ্ধে সশস্ত্র সংগ্রামের পরিস্থিতে অবাস্তব। আজিকার পরিস্থিতিতেই সবচেয়ে বড় কথা হইল হানাদার পাক সেনাদলকে পরাজিত করা, অধিকৃত বাংলাদেশকে মুক্ত করা, বাস্তুত্যাগীদের পুনবার্সন করা এবং ধর্ম-জাতি-ভাষা নির্বিশেষে বাংলাদেশের জনগণের সামনে নতুন জীবনের পথ খুলিয়া দেওয়া এই মহান কর্তব্য সাধনের জন্যই শত্রুর বিরুদ্ধে বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিসংগ্রামে অংশগ্রহণকারী ছোট বড় সমস্ত দলও গ্রুপের একতা জরুরী প্রয়োজন্। এই সোজা, সরল কথাটা আমরা ইতিপুর্বে বাংলাদেশের সমস্ত জনগণ ও আওয়ামীলীগসহ সমস্ত গণতন্ত্রিক শক্তির নিকট একাধিকবার পেশ করিয়াছি এবং একতার জন্য আবেদনও জানাইয়াছি। এই প্রসঙ্গে আমরা ভিয়েতনামের উজ্জ্বল দৃষ্টান্ত তুলিয়া ধরিয়া দেখাইয়াছি যে, সেখানে মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী কোন দলই ''আমরা বড় দল'' বা আমরা ''বেশী বিপ্লবী'' বলিয়া বড়াই করিয়া জাতীয় মুক্তিফ্রন্ট গঠনে অস্বীকার করে নাই । বরং সমস্ত দেশপ্রেমিক দল ও সংস্থা অহমিকা, সংকীর্নতা, প্রভৃতি পরিহার করিয়া শত্রুর বিরুদ্ধে এক ব্যাপক একতা গড়িয়া তুলিয়াছেন। ইহাই হইল মূল রাজনৈতিক কারন যার জন্য ভিয়েতনামের মুক্তিযুদ্ধ এত দূর্বার, এত সাফল্যমণ্ডিত।

ভিয়েতনামের ঐ উজ্জ্বল দৃষ্টান্ত দেখাইয়া আমরা বলিয়াছি যে, বাংলাদেশে সমস্ত গণতান্ত্রিক ও সংগ্রামী শক্তির সমবায়ে জাতীয় মুক্তিফ্রন্ট গঠন দেশের জনগণের মনে সৃষ্টি করিবে নতুন প্রেরনা, সংগ্রাম হইবে অধিকতর সংগঠিত, দুনিয়ার প্রগতিশীল শক্তির সাহায্য ও সমর্থন পাইতে অধিকতর সুবিধা হইবে এবং এগুলির ফলে আমাদের স্বাধীনতা ও মুক্তির সংগ্রাম এমন দূর্বার শক্তি সমর্থন করিবে যে, মার্কিন সাম্রাজ্যবাদীদের অস্ত্রেশস্ত্রে সজ্জিত হইয়া চক্রের পশু সেনাদলের পরাজয় নিশ্চিত ও ত্বরান্বিত হইবে।

দুঃখের বিষয়, কোন কোন দলের নেতৃত্বের অহমিকা ও বুর্জোয়াসুলভ সংকীর্নতার জন্য জাতীয় মুক্তিফ্রন্ট গঠিত হয় নাই। কিন্তু ফ্রন্ট আজও গঠিত হয় নাই বলিয়া উহার প্রয়োজনীয়তা ফুরাইয়া যায় নাই।

বরং আজ আমাদের স্বাধীনতা ও মুক্তিসংগ্রাম এমন একটি পর্যায়ে আসিয়া পৌঁছিয়াছে যে, জাতীয় মক্তিফ্রন্ট গঠন আরও অপরিহার্য হইয়া উঠিয়াছে। গত পাচ মাসে আমাদের মুক্তিবাহিনী সংখ্যায় বাড়িয়াছে, তাহারা অধিকতর সংগঠিত হইয়াছেন এবং সামরিক দিক হইতে তাহারা আজ অধিকতর দক্ষ। এসবের বাস্তব প্রমাণ আমরা প্রতিদিন পাইতেছি রণক্ষেত্রে- যেখানে শত্রুসৈন্য ক্রমাগত মার খাইতেছে।

ইহা ছাড়া, বাংলাদেশের বিভিন্ন স্থানে আজ গড়িয়া উঠিয়াছে বহু গেরিলা দল। তাহারাও শত্রু পক্ষকে অবিরত নাজেহাল করিতেছেন।

কিন্তু এই ক্ষেত্রে একটা সমস্যাও দেখা যাইতেছে। অধিকাংশ গেরিলা দলই স্বাধীনতার আর্দশে উদ্বুদ্ধ এবং অনেক অসম সাহসিক কাজও তাহারা দক্ষতার সহিত করিতেছেন। কিন্তু অনেক ক্ষেত্রে এই গেরিলা দলগুলির ভিতর পারস্পারিক কোনও যোগাযোগ, কোন সমন্বয় প্রভৃতি নাই। অনেক ক্ষেত্রে মুক্তি বাহিনীর সহিতও গেরিলা দলের কাজের সমন্বয়ের অভাব আছে। তাছাড়া, গেরিলা দলগুলি শুধু কোন একটি রাজনৈতিক পার্টির অনুগামী নহে। আওয়ামীলীগ, কমিউনিষ্ট পাটি, ন্যাপ ও অন্যান্য গণতান্ত্রিক দলের স্থানীয় নেতৃত্বে পরিচালিত গেরিলা দলসমূহ বাংলাদেশের বিভিন্ন স্থানে রহিয়াছে।

কিন্তু যেহেতু ঐ সব দল ও গ্রুপ নিয়া কেন্দ্রীয়ভাবে কোন জাতীয় মুক্তিফ্রন্ট গড়িয়া উঠে নাই এবং বহু স্থানে গেরিলা দলগুলির ভিতর এলাকা ভিত্তিতেও যোগাযোগ, সমন্বয় প্রভৃতি নাই, সেই হেতু এরূপ বিপদের আশঙ্কা আছে যে, রাজনৈতিক মতভেদ হেতু কোন কোন স্থানে বিভিন্ন গেরিলা দলের ভিতর পারস্পরিক গোলমাল বাধিতে পারে। ইহা ছাড়া, উপরোক্ত কারনগুলির জন্যই বিভিন্ন স্থানে গেরিলা দলগুলির কাজের ক্ষেত্রে বিভিন্নতা ঘটিয়া শক্তির অপচয়ও ঘটিতে পারে।

এইসব অবাঞ্ছিত ঘটনা ঘটিলে, উহার ফলশ্রুতিতে জনগণের মনে সমস্ত গেরিলা দল তথা বিভিন্ন রাজনৈতিক দলের প্রতি বিরূপ মনোভাব দেখা যাবে, ক্ষতিগ্রস্ত হইবে আমাদের স্বাধীনতা ও মুক্তির সংগ্রাম এবং লাভ হইবে নরঘাতক ইয়াহিয়া চক্রের।

বাংলাদেশ সরকার ও আওয়ামী লীগ নেতৃত্ব এই বিপদের আশঙ্কা সম্পর্কে অবহিত কিনা এবং অবহিত হইলে সেগুলি দূর করার জন্য কোনও ব্যবস্থা অবলম্বন করিতেছেন কিনা, তা আমরা জানি না। কিন্তু ঐ বিপদের আশঙ্কা আজ বাস্তব।

আমরা মনে করি যে, স্বাধীনতা ও মুক্তি সংগ্রামের বর্তমান পর্যায়ে উপরে উল্লেখিত যেব সমস্যা দেখা দিয়াছে, তার সমাধানের প্রশস্ত পথ হইল সমস্ত গণতান্ত্রিক ওসংগ্রামী শক্তির সমবায়ে কেন্দ্রীয়ভাবে একটি জাতীয় মুক্তিফ্রন্ট গঠন করা এবং সমস্ত পর্যায়ে সেরূপ ফ্রন্ট গঠনের নির্দেশ দেওয়া এই কাজ করা হইলে বিভিন্ন স্থানে বিভিন্ন গেরিলা দলের ভিতর গড়িয়া উঠিবে সমন্বয়, ঐক্যবোধ প্রভৃতি এবং রণদক্ষতা বৃদ্ধি পাইয়া তাহারা শত্রুকে আরও বেশী আঘাত করিতে পারিবেন।

তাই, শুধু রাজনৈতিক প্রয়োজনেই নয়, বাস্তব সামরিক প্রয়োজনে ও জাতীয় মুক্তিফ্রন্ট গঠন আজ অপরিহার্য । ইহা গঠনের বিলম্বে সমূহ ক্ষতি হইবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় শুভ সূচনা	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ১১শ সংখ্যা	১৯ সেপ্টেমবর, ১৯৭১

সম্পাদকীয়

শুভ সূচনা

গত সপ্তাহে পাঁচটি সংগ্রামী রাজনৈতিক দলের প্রতিনিধি সমবায়ে মন্ত্রিসভার 'পরামর্শদাতা কমিটি গঠন বাংলাদেশের মুক্তি সংগ্রামে নয় অধ্যায়ের সূচনা করিয়াছে। পরামর্শদাতা কমিটিতে বাংলাদেশ সরকার ও আওয়ামীলীগের দুই জন করিয়া এবং কমিউনিষ্ট পার্টি, ন্যাশনাল আওয়ামী পার্টি (সভাপতি অধ্যাপক মোজফফর আহমদ) জাতীয় কংগ্রেস ও ভাসানী ন্যাপের একজন করিয়া প্রতিনিধি অন্তর্ভূক্ত হইয়াছেন। এই কমিটি গঠনের ফলে বাংলাদেশের জাতীয় মুক্তির সংগ্রামে নিয়োজিত সকল সংগ্রামী দল ও শক্তির সমান অংশীদারিত্বেও মনোভাব নিশ্চিত হইবে এবং বিভিন্ন দল ও শক্তির কার্যকলাপের মধ্যে সমন্বয় বিধানের মাধ্যমে মুক্তিসংগ্রামের আরও সুষ্ঠু পরিচালনা সম্ভব হইবে। সর্বোপরি, সংযুক্ত কমিটি হইল জাতীয় মুক্তি সংগ্রামে বাংলাদেশের সমগ্র জনগণের জঙ্গী একতার প্রতীক। আমরা এই কমিটি গঠনকে মুক্তি সংগ্রামের দ্রুত ও নিশ্চিত বিজয়ের পথে একটি সঠিক পদক্ষেপ বলিয়া মনে করি এবং ইহাকে আন্তরিক অভিনন্দন জানাইতেছি।

বাংলাদেশের মুক্তি সংগ্রামে সকল সংগ্রামী দল ও শক্তির মধ্যে একতা গড়িয়া তোলার প্রয়োজনীয়তা অধিক বলার অপেক্ষা রাখে না। কমিউনিষ্ট পার্টি ও ন্যাশনাল আওয়ামী পার্টি প্রথমাবধি সকল সংগ্রামী দল ও শক্তির সমবায় ঐক্যবদ্ধ জাতীয় মুক্তিফ্রন্ট গঠনের আহ্বান জানাইয়া আসিয়াছে। কমিউনিস্ট পার্টি বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে প্রস্তাবিত মুক্তি ফ্রন্টের উপযোগী একটি খসড়া নিম্নতম কর্মসূচীও হাজির করিয়াছে। কিন্তু কোন কোন দলের সঙ্কীর্ণতাবাদী মনোভাবে ও বৃহৎ দলসুলভ অহমিকার দরুন মুক্তিসংগ্রামের বিজয়ের অত্যাবশ্যকীয় শর্তস্বরূপ এই একতা গড়িয়া তোলার কাজ এতদিন অগ্রসর হইতে পারে নাই। এখন জনমতের চাপ ও মুক্তি সংগ্রামের বাস্তব অভিজ্ঞাতা হইতে সংশ্লিষ্ট পক্ষগুলি ঐক্যের প্রয়োজনীয়তা উপলদ্ধি করিয়াছেন। আলোচ্য পরামর্শদাতা কমিটি জাতীয় মুক্তিফ্রন্টের সমর্থক বা সমপর্যায়ের না হইলেও ইহা নিঃসন্দেহে সঠিক পথে এক ধাপ অগ্রগতি এই কমিটি গঠনের ফলে একতার প্রয়োজনীয়তা স্বীকৃত হওয়ার সাথে সাথে উহার একটা প্রাথমিক ভিত্তিও স্থাপিত হইয়াছে। ইহাকে দিন দিন আরও প্রসারিত ও আরও উন্নত করিয়া নিতে ইহবে এবং উহার সম্ভাবনাও রহিয়াছে।

সর্বদলীয় ভিত্তিতে মন্ত্রিসভার পরামর্শদাতা কমিটি গঠিত হওয়ার ফলে দেশবাসীর সংগ্রামী উদ্দীপনা আরও বৃদ্ধি পাইবে এবং মুক্তিবাহিনী ও অন্যন্য মুক্তিযোদ্ধাদের মনোবল ও বাহুবল বহুগুনে বাড়িয়া যাইবে। বাংলাদেশের অধিকৃত এলাকার বেসামরিক গভর্ণর নিয়োগ সাধারন ''ক্ষমা'' ঘোষণা প্রভৃতি দ্বারা দেশের ও বিদেশের জনগণকে দূর্বল ও বিভ্রান্ত করার যে সুচতুর কৌশল জল্লাদ ইয়াহিয়া -চক্র অবলম্বন করিয়াছে, উহাকে নস্যাৎ করার ব্যাপারে সংযুক্ত কমিটি বিশেষ কার্যকর হইব। আর্ন্তজাতিক ক্ষেত্রে বাংলাদেশের মিত্রবর্গ বিশেষ সমাজতান্ত্রিক শিবির এবং সম্রাজ্যবাদ বিরোধী প্রগতিশীল রাষ্ট্রবর্গ ও গণতান্ত্রিক শক্তিসমুহের অধিকতর সাহায্য সমর্থন লাভেও ইহা খুবই সহায়ক হইবে। এ সব দিক দিয়া এই সংযুক্ত কমিটি গঠনে তাৎপর্য সুদুর প্রসারী বলিয়া আমরা মনে করি।

দেশবাসী একান্তভাবে আশা করেন যে, এই কমিটি নিছক কাগজে-পত্রে সীমাবদ্ধ না থাকিয়া সংগ্রামী শক্তিগুলির ঐক্য ও সমন্বয়ের কার্যকর হাতিয়ারে পরিনত হউক। এতদিন সংগ্রামের ক্ষেত্রে যে সকল অসুবিধা

বিরাজ করিতেছিল (যা মুক্তিবাহিনীকে লোক সংগ্রহের ব্যাপারে দলীয় বাছবিচার, সামরিক অপারেশনের ক্ষেত্রে বিভিন্ন শক্তির কার্যক্রমের ব্যাপারে সমন্বয়ের অভাব প্রভৃতি) সংযুক্ত কমিটি গঠনের ফলে এখন সেগুলি দূরীভুত হইবে বলিয়া দেশবাসী প্রত্যাশা করেন। উচ্চ পর্যায়ের মত স্থানীয় কার্যকলাপের সমন্বয় সাধনের উদ্দেশ্যে নিচের স্তরের সর্বদলীয় কমিটি গঠন করা দরকার। এবং সর্বোপরি যাহা দরকার তাহা হইল, প্রত্যেকেরই দলীয় সঙ্কীর্ণতা ত্যাগ করিয়া স্বাধীনতা সংগ্রামের স্বার্থকে সর্বাগ্রে স্থান দেওয়া এবং সংগ্রামী শক্তিগুলির পরস্পরের মধ্যে সমঝোতা ও সহযোগিতার মনোভাব গড়িয়া তোলা্ এখানে আমরা দেশবাসী সংগ্রামী শক্তিগুলির উদ্দেশ্য একটি সকর্তবানী উচ্চারিত করিতে চাই। সংযুক্ত কমিটি গঠনের ফলেই সংগ্রামী ঐক্যের সমস্যা দূরীভুত হইয়া গিয়াছে কিম্বা দলীয় সঙ্কীর্ণতা বা বিভেদ পন্থার শক্তি সম্পূর্ণরূপে পরাস্ত হইয়াছে একথা মনে করা ভুল হইবে। বিভেদে ও শক্তি সম্পর্কে দেশবাসী ও সকল সংগ্রামী শক্তিকে সজাগ থাকিতে হইবে এবং ইহার বিরুদ্ধে লড়াই করিয়া ঐক্যের ভিত্তিকে মজবুত করিতে হইবে।

গত ৮ই সেপ্টেম্বর সর্বদলীয় বৈঠকে যেসব প্রস্তাব গ্রহণ করা হইয়াছে সেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং উহাদের তাৎপর্যও সুদরপ্রসারী্। এই বৈঠকে বাংলাদেশ সরকারের প্রতি দলমত নির্বিশেষে সমগ্র জনগনে পূর্ণ আস্থার কথা পুনরায় ঘোষণা করা হইয়াছে। ইয়াহিয়া-চক্রের রুট চক্রান্ত ও বিভেদমূলক নীতির পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সকল দলের এই সম্মিলিত ঘোষণা দেশে ও বিদেশে অনুকূল পরিবেশ সৃষ্টি করিবে। অন্যদিকে বাংলাদেশের প্রিয় নেতা শেখ মুজিবুর রহমানকে জিম্মি রাখিয়া মার্কিন সাম্রাজ্যবাদীরা যেভাবে স্বাধীনতার দাবি ছাড়িয়া দিয়া আপোষ মীমাংসার জন্য চাপ সৃষ্টি করিতেছে উহার পটভুমিতে সর্বদলীয় বৈঠকের স্বাধীনতার স্বীকৃতি ব্যতিত অন্য কোন ভিত্তিতে রাজনৈতিক মীমাংসা গ্রহণ যোগ্য নয়'' বলিয়া সুস্পষ্ট প্রস্তাবও তাৎপর্যপূর্ণ। শেখ মুজিবকে আটক রাখিয়া ব্লাকমেলিং এর কোন প্রচেষ্টা বাংলাদেশের জনগণ বরদাস্ত করিবেন না, এই প্রস্তাবের উহাই দ্ব্যর্থহীনভাবে প্রকাশ পাইয়াছে্ শেখ মুজিবের গ্রেফতার ও বিচার প্রহসনের বিরুদ্ধে তীব্র ধিক্কার ধ্বনিত হইয়াছে সর্বদলীয় বৈঠকে । বাংলাদেশের সংগ্রাম যে ''পশ্চিম পকিস্তানীদের'' বিরুদ্ধে নয়, সেখানকার একচেটিয়া ধনিক ও বৃহৎ সামন্ত ভুস্বামী-শ্রেণী এবং ইহাদের স্বার্থরক্ষক ইয়াহিয়ার নেতৃত্বাধীন সামরিক চক্রের বিরুদ্ধে এই সঠিক উপলব্ধির অভিব্যক্তিও দেখা গিয়াছে সর্বদলীয় বৈঠকের প্রস্তাবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
স্বাধীনতার প্রশ্নে আপোষ নাই	মুক্তিযুদ্ধ ১ম বর্ষঃ ১৩শ সংখ্যা	৩অক্টোবর, ১৯৭১

সাম্রাজ্যবাদীদের ষড়যন্ত্র রুখিয়া দাঁড়ান

স্বাধীনতার প্রশ্নে আপোষ নাই

(বিশেষ প্রতিনিধি)

বাংলাদেশের স্বাধীনতা বিভ্রান্তি সৃষ্টির উদ্দেশ্য সাম্রাজ্যবাদী গোষ্ঠী ও উহাদের তাবেদার কোন মহল সম্প্রতি অতি তৎপর হইয়া উঠিয়াছে। বীর মুক্তিবাহিনী ও গেরিলাবাহিনীর অকুতোভয় তরুন যোদ্ধারা স্বাধীনতার লাল সূর্যকে ছিনাইয়া আনার জন্য যখন অকাতরে বুকের রক্ত ঢালিতেছেন, তখন ইহাদের কণ্ঠে আপোষের সুর। যে স্বাধীনতার স্বপ্নকে সামনে রাখিয়া দেশবাসী গত ছয় মাস যাবৎ কঠোরতর দুঃখ কষ্ট ও চরম লাঞ্চনা সহ্য করিয়াছেন কিন্তু কখনও হতাশ হন নাই বা ভাঙ্গিয়া পড়েন নাই সেই স্বাধীনতার স্বপ্নকে নস্যাৎ করিয়া দিতে উদ্যত হইয়াছে ইহারা। ইহাদের সম্পর্কে সজাগ থাকা এবং অবিলম্বে উহাদের অশুভ তৎপরতা বন্ধ করা দরকার।

গলব্রেথের মিশন

ভারতে প্রাক্তন মার্কিন রাষ্ট্রদুত গলব্রেথ খোলাখুলিই বলিয়াছেন স্বায়ত্বশাসন দেওয়া হইলেই পূর্ব বাংলা সমস্যার সমাধান হইয়া যাইবে। অর্থ্যাৎ তাহার মতে স্বায়ত্বশাসনের অধিক কোন কিছুর জন্য জেদ ধরা বাংলাদেশের নেতৃবৃন্দের পক্ষে ঠিক হইবে না। তিনি নাকি সর্বদলীয় উপদেষ্টা কমিটি গঠনের ব্যাপারে উদ্বেগ গোপন না করিয়া বাংলাদেশ সরকারের প্রতিনিধিগণকে শাসাইয়াছেন যে, এভাবে চলিলে বাংলাদেশ ভারত ও সোভিয়েত ইউনিয়নের লেজুড়ে পরিনত হইবে। তাহার মত স্বাধীনতার দাবী ছাড়িয়া দিয়া বাংলাদেশের উচিত মার্কিনের মধ্যস্থতায় ইয়াহিয়া-চক্রের সহিত আপোষ মীমাংসার পথে আসা।

হাফটনের 'ফর্মুলা'

অন্যদিকে বৃটেনের সংসদীয় শ্রমিক দলের চেয়ারম্যান ডগলাস হাপফটন সম্প্রতি বলেন, ইয়াহিয়া খান ও আওয়ামীলীগ প্রতিনিধিদিগকে আলোচনা বৈঠকে মিলিত করার ব্যাপারে বৃটেন মধ্যস্থের ভূমিকা গ্রহণ করিতে পারে। তাহার মতে পাকিস্তানের জন্য একটি নয় শাসনতন্ত্র প্রণয়ন কিম্বা ইয়াহিয়া খানের শাসনতন্ত্রে সংশোধনের ব্যবস্থা সন্নিবেশিত করিয়াই সমস্যার সমাধান হওয়া সম্ভব। এ সম্পর্কে মন্তব্য নিস্প্রয়োজন।

কিছু দিন আগে ইরানের মারফত মার্কিন সাম্রাজ্যবাদীরা আর এক দফা আপোষের টোপ ফেলিয়াছিল কিন্তু বাংলাদেশ উহাকে ঘৃণাভরে প্রত্যাখান করিয়াছে।

হিজ মাষ্টারস ভয়েস

জল্লাদ ইয়াহিয়াচক্রেও দোসর মার্কিন যুক্তরাষ্ট্র ও বৃটেনের কোন মুখপাত্র কি বলিল উহা সমস্যা নয়। কারন বাংলাদেশের জনগণ রক্তমুল্যে সাম্রাজ্যবাদীদের স্বরূপ চিনিয়াছে কিন্তু সমস্যা হইতেছে বাংলাদেশের কিছু কিছু মার্কিন-প্রেমীর কার্যকলাপ। ইহারা ইহাদের মার্কিন প্রভুদের সুরে সুর মিলাইয়া আপোষের ধুয়া তুলিয়াছে, প্রকাশ্যে আপোষের কথা বলার সাহস না থাকায় গুজবের আশ্রয় লাইয়াছ। গুজবে গুজবে দেশ ছাইয়া

ফেলিতছে। সর্বদলীয় উপদেষ্টা কমিটি সম্পর্কেও ইহাদের বিরুপতা সুবিদিত্ ইয়াহিয়াচক্র ছয় ডিভিশন সৈন্য আমদানী করিয়া বাংলাদেশের স্বাধীনতা সাংগ্রামকে দমন করিতে পারে নাই, ইহারা ভিতর হইতে এই সংগ্রামকে দুর্বল করিয়া ফেলিতে উদ্যত হইয়াছে।

বেতারযোগে প্রাপ্ত এক খবরে প্রকাশ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডঃ মজহারুল ইসলাম ভারতের কোন এক স্থানে এক বক্তৃতায় নাকি বলিয়াছেন যে, শেখ মুজিবর রহমান কে মুক্তিদান ও পূর্ব বাংলা হইতে পশ্চিম পাকিস্তানী সৈন্য বাহিনী প্রত্যাহার করা হইলে বাংলাদেশের জনগণ পশ্চিম পাকিস্তানের সহিত একটা শিথিল ধরনের ফেডারেশন গঠন করিতে রাজী হইতে পারে। এই সংবাদ সঠিক হইলে ইহাকে বাংলাদেশের জনগণ ও তাহাদের প্রতিনিধিরা যখন দ্ব্যর্থহীন ভাষায় ও সর্বস্মতিক্রমে ঘোষণা করিয়াছেন যে, স্বাধীনতা ছাড়া অন্য কোন কিছুই দেশবাসীর কাছে গ্রহণযোগ্য নয় তখন এই মার্কিনপ্রেমী পণ্ডিত ব্যক্তিটি জনগণের পক্ষ হইতে ভিন্নরূপ কথা বলার অধিকার পাইলেন কোথায়? প্রসঙ্গক্রমে উল্লেখযোগ্য, ভারতে বাংলাদেশের হাই কমিশনার জনাব হোসেন আলীর একটি সাম্প্রতিক বিবৃতির জনমনে নানা প্রশ্ন জাগাইয়াছে।

স্বাধীনতার প্রশ্নে আপোষ নাই

আমরা দ্ব্যর্থহীন কণ্ঠে সকল মহলকে একথা জানাইয়া দিতে চাই যে, বাংলাদেশের স্বাধীনতার স্বীকৃতি ব্যতিত অন্য কোন প্রকার সমাধান দেশবাসীর কাছে গ্রহণযোগ্য নয়। গত ৮ই সেপ্টেম্বর ও সর্বদলীয় উপদেষ্টা কমিটি এ ব্যাপারেও সর্বসম্মতিক্রমে যে প্রস্তাব গ্রহণ করিয়াছেন দেশবাসী দৃঢ়ভাবে উহার পিছনে রহিয়াছেন উহা হইতে কোন প্রকার পশ্চাদাপসরণ দেশবাসী বরদাস্ত করিবেন না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় সোভিয়েত ভারত যুক্ত বিবৃতি	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ১৪শ সংখ্যা	১০ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

সোভিয়েত-ভারত যুক্ত বিবৃতি

ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীর সাম্প্রতিক মস্কো সফল শেষে প্রকাশিত সোভিয়েত-ভারত যুক্ত বিবৃতিটি বাংলাদেশের সংগ্রামী জনগণের প্রতি সোভিয়েত ইউনিয়ন ও ভারতের গভীর ভ্রাতৃত্ববোধে ও দৃঢ় সমর্থনের পরিচায়ক। দলমত নির্বিশেষে বাংলাদেশের জনগণ ইহাকে সঠিকভাবেই আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের স্বপক্ষে একটি মস্তবড় ঘটনা হিসাবে গন্য করিয়াছেন এবং যুক্ত বিবৃতির প্রতি দ্ব্যর্থহীন অভিনন্দন জানাইয়াছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদও সোভিয়েত ভারত যুক্ত বিবৃতিতে সন্তোষ প্রকাশ করিয়া বলিয়াছেন যে, ইহার মধ্য দিয়া বাংলাদেশ সমস্যা সম্পর্কে সোভিয়েত সরকারের গভীর উপলদ্ধির পরিচয় ফুটিয়া উঠিয়াছে। বাংলাদেশ সরকারের ঘনিষ্ঠ মহলের বরাত দিয়া কোন কোন স্বার্থসন্ধানী মহল সোভিয়েত-ভারত বিবৃতিতে বাংলাদেশ সরকার হতাশ হইয়াছেন-এই মর্মে ইতিপুর্বে যে প্রচারনা চালাইয়াছিল বাংলাদেশ সরকারের মুখপাত্র প্রকাশ্য বিবৃতি দ্বারা উহাকে দ্ব্যর্থহীন ভাষায় খণ্ডন করিয়াছেন।

অবশ্য একথা ঠিক যে, সোভিয়েত-ভারত যুক্ত বিবৃতিতে প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কে কুটনৈতিক স্বীকৃতি দেওয়ার কথা এবং স্বাধীনতা ছাড়া বাংলাদেশ সমস্যার আর কোন গ্রহণযোগ্য সমাধান যে নাই তাহা স্পষ্ট বলা হয় নাই। কিন্তু ইহা হইতে একথা প্রমানীত হয় না যে সোভিয়েত ইউনিয়ন বাংলাদেশের পূর্ণ স্বাধীনতার দাবির বিপক্ষে কিম্বা বাংলাদেশের উপর সোভিয়েত সরকার যেমন-তেমন ধরনের একটা রাজনৈতিক সমাধান চাপাইয়া দিতে চায়।

বাস্তব অবস্থাও তাহা নয়। প্রথমত, সোভিয়েত-ভারত যুক্ত বিবৃতিতে প্রস্তাবিত রাজনৈতিক সমাধানের চরিত্র সুনিদির্ষ্টভাবে ব্যাখ্যা করা হইয়াছে। এই রাজনৈতিক সমাধানকে অবশ্যই বাংলাদেশের জনগণের ইচ্ছা অনপহরনীয় অধিকার ও আইনসঙ্গত স্বার্থের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে। ভাষ্যকারদের মতে অনপহরনীয় অধিকার বলতে জাতীয় আত্মনিয়ন্ত্রণের অধিকারও বুঝায়। বিশেষত বাংলাদেশের জনগণ তথা নির্বাচিত জনপ্রতিনিধিগণ এবং বাংলাদেশ সরকার ও সর্বদলীয় উপদেষ্টা পরিষদ যখন অপরিবর্তনীয়রূপে ঘোষণা করিয়াছেন যে, পূর্ণ স্বাধীনতা ছাড়া অন্য কোন ভিত্তিতে রাজনৈতিক সমাধান তাহাদের নিকট গ্রহণযোগ্য নয় সেক্ষেত্রে জনগণের ইচ্ছার ভিত্তিতে মিমাংসা করিতে হইলে বাংলাদেশের স্বাধীনতাকে স্বীকৃতি দিয়াই উহা পদক্ষেপ নিয়াছে সোভিয়েত কর্তৃপক্ষ পরিস্কারভাবে সেগুলিকে উপেক্ষা করিয়াছেন।

দ্বিতীয়, বাংলাদেশ সমস্যা ও ভারতে প্রায় এক কোটি উদ্বাস্তুর আশ্রয়গ্রহণ প্রভৃতির জন্য সোভিয়েত কর্তৃপক্ষ দ্ব্যর্থহীন ভাষায় ইসলামাবাদের জঙ্গীশাহীকে দায়ী করিয়াছেন এবং শ্রীমতি ইন্দিরা গান্ধীর সম্মানার্থে আয়োজিত ভোজসভায় সোভিয়েত প্রধানমন্ত্রী কমরেড কোসিগিন ইয়াহিয়া-চক্রকেই এই অবস্থার প্রতিকারের উদ্দেশ্যে অবলিম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে বলিয়াছেন। ইয়াহিয়া-চক্র বিশ্ববাসীকে ধোকা দেওয়ার উদ্দেশ্যে বাংলাদেশের অধিকৃত এলাকায় বেসামরিক ‘‘গভর্ণর’’ নিয়োগ, ‘‘সাধারন ক্ষমা’’ ঘোষণা প্রভৃতি যেসব পদক্ষেপ নিয়াছে সোভিয়েত কর্তৃপক্ষ পরিস্কারভাবে সেগুলিকে উপেক্ষা করিয়াছেন।

তৃতীয়ত, সোভিয়েত ইউনিয়নের বাংলাদেশ সংক্রান্ত বক্তব্য বা দৃষ্টিভঙ্গী যে অনড়-অচল নয়, গত কয়েক মাসে উহার পরিচয় পাওয়া গিয়াছে। এপ্রিল মাসে সোভিয়েত রাষ্ট্রপ্রধান কমরেড পদগর্নি ইয়াহিয়া সরকারকে

শক্তি প্রয়োগের পরিবর্তে রাজনৈতিক সমস্যার রাজনৈতিক সমাধান করার জন্য আবেদন জানাইয়া ছিলেন। উহার মধ্য দিয়া বাংলাদেশের জনগণের জন্য গভীর সহানুভূতি প্রকাশ পাইলেও তখনকার তুলনায় সোভিয়েত ইউনিয়নের সাম্প্রতিক বক্তব্য অনেক বেশী সুনির্দিষ্ট ও বাংলাদেশের পক্ষে আরও অনুকূল। এমনকি সোভিয়েত-ভারত মৈত্রী চুক্তি সাম্পদনের পর নয়া দিল্লীতে স্বাক্ষরিত গ্রোমিকোশরন সিং যুক্ত ইশতেহারের সহিত যুক্ত বিবৃতিকে মিলাইয়া দেখিলেও সোভিয়েত দৃষ্টিভঙ্গীর গতিশীলতার প্রমাণ পাওয়া যাইবে। গ্রোমিকো-শরণ সিং যুক্ত ইশতেহারেও বাংলাদেশে ''পূর্ব পাকিস্তান'' বলিয়া উল্লেখ করা হইয়াছিল। আলোচ্য যুক্ত বিবৃতিতে তদস্থলে পূর্ব বাঙলা ''ব্যবহৃত হইয়াছে। যুক্ত ইশতেহারে'' সারা পাকিস্তানের জনগণের স্বার্থে রাজনৈতিক সমাধানের কথা বলা হইয়াছে। সেখানে যুক্ত বিবৃতিতে পূর্ব বাংলার জনগণের ইচ্ছা, অনপহরনীয় অধিকার ও আইনসঙ্গত স্বার্থের'' ভিত্তিতে সমাধানের কথা বলা হইয়াছে। কাজেই সোভিয়েত-ভারত যুক্ত বিবৃতির রাজনৈতিক সমাধানের প্রস্তাবকে যাহারা বাংলাদেশের স্বার্থ জলাঞ্জলি দেওয়া বলিয়া প্রচারনা চালাইয়া সোভিয়েত ইউনিয়ন ও ভারত বিরোধী জিগির তুলিতেছেন তাহারা হয় অন্ধ, না হয় মতলবাজ।

সোভিয়েত ভারত যুক্ত বিবৃতি নিছক কথার কথা কিম্বা বাংলাদেশের প্রতি লোক দেখান সহানুভূতি নয়। জাতিসংঘে ভারত ও সোভিয়েত ইউনিয়ন ইয়াহিয়া-চক্রের প্রতি ধিক্কার জানাইয়া বাংলাদেশের পক্ষে বিশ্বজনমতকে সংগঠিত করিতেছে। সোভিয়েত প্রধানমন্ত্রী মস্কোতে সাংবাদিকদের নিকট খোলাখলিভাবে যাহা বলিয়াছিলেন (''আমাদের সহানুভূতি পর্ব বাংলার নিপীড়িত জনগণের প্রতি, উৎপীরকের প্রতি নয়'') জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক মঞ্চে উহার সহিত সঙ্গতির্পুন বাস্তব কার্যক্রম দেখা যাইতছে। বাংলাদেশের রাষ্ট্রপ্রধান শেখ মুজিবর রহমান ও অন্যান্য নির্বাচিত জনপ্রতিনিধিদের মুক্তির যে দাবী যুক্ত বিবৃতিতে গুরুত্বপূর্ণ স্থান লাভ করিয়াছে, সোভিয়েত ইউনিয়ন সে দাবীতে বিশ্বজনমত গড়িয়া তুলিতেছে। সোভিয়েতের বিভিন্ন সংগঠন যথা শান্তি পরিষদ, ট্রেড ইউনিয়ন, আফ্রো-এশীয় সংহতি পরিষদ , সাংবাদিক্ ইউনিয়ন, মহিলা সংস্থা প্রভৃতি গত কয়েক দিনে বাংলাদেশের প্রতি সংহতি জানাইয়া যেসব বিবৃতি প্রকাশ করিয়াছে উহা তাৎপর্যহীন নয়। সোভিয়েত ইউনিয়ন আজ নয়, একেবারে প্রথম হইতে এবং দৃঢ়চিত্তভাবে বাংলাদেশের জনগণের প্রতি সহানুভূতি ও সৌভ্রাতৃত্ব প্রকাশ করিয়া আসিয়াছে। এপ্রিল মাসের প্রথম সপ্তাহে যখন একমাত্র ভারত ছাড়া অন্য কোন দেশ বাংলাদশে সম্পর্কে মাথা ঘামাইয়বার প্রয়োজনীয়তা উপলব্ধি করে নাই- তখনই সোভিয়েত ইউনিয়ন রাষ্ট্রপ্রধানের আবেদন জ্ঞাপনের ন্যায় সর্বোচ্চ কুটনৈতিক পদক্ষেপ গ্রহণ করিয়াছে। কাজেই সোভিয়েত ইউনিয়িনের ভূমিকাকে যাহারা জল্লাদ ইয়াহিয়া চক্রের দোসর মার্কিন সাম্রাজ্যবাদীদের সহিত এক করিয়া প্রচার করে তাহাদের উদ্দেশ্য সম্পর্কে প্রশ্ন না তুলিয়া পারা যায় না।

পাক-ভারত যুদ্ধের আশঙ্কা প্রহিতহত করিয়া বিশ্বের এই এলাকায় শান্তি অব্যাহত রাখার প্রশ্নটি বাংলাদেশের মুক্তি সংগ্রামের পক্ষে বিশেষ তাৎপর্যপূর্ণ। শান্তি অক্ষুন্ন রাখার ব্যাপারে শুধু যে সোভিয়েত ইউনিয়ন ও ভারত আগ্রহী তাহা নয়, বংলাদেশের মুক্তিযুদ্ধের স্বার্থের ইহা প্রয়োজন। পাক-ভারত যুদ্ধ বাধাইয়া জাতিসংঘ মারফত মার্কিন সাম্রাজ্যবাদীদিগকে হস্তক্ষেপের সুযোগ দেওয়া এবং বাংলাদেশ প্রশ্ন হইতে বিশ্ববাসীর দৃষ্টি পাক-ভারত বিরোধের প্রতি সরাইয়া নেওয়ার উদ্দেশ্যে ইয়াহিয়া চক্রই কেবল পাক-ভারত যুদ্ধ বাধাইতে আগ্রহী হইতে পারে। বস্তুত পাকিস্তানী শাসকচক্র মুক্তিবাহিনীর হাতে ক্রমাগত মার খাইয়া পাক-ভারত যুদ্ধ বাধাইবার ফিকিরই খুজিতেছে। কাজেই যুক্ত বিবৃতিতে যুদ্ধ প্রতিহত করিয়া শান্তি রক্ষার যে কথা বলা হইয়াছে উহা বাংলাদেশের স্বার্থের সাহিত সম্পূর্ন সঙ্গতিপূর্ণ।

বাংলাদেশের দুই অকৃত্রিম সুহৃদ ভারত সোভিয়েত ইউনিয়নের মধ্যে আন্তর্জাতিক ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বাংলাদেশের মুক্তি সংগ্রামের অনুকূলে গুরুত্বপূর্ণ অবদান সৃষ্টি করিতেছে। ভারত-সোভিয়েত যুক্ত বিবৃতি এই ফলপ্রসু সহযোগিতারই একটি অমূল্য দলিল। আমরা ইহাকে মুক্তকণ্ঠে অভিনন্দন জানাইতেছি।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশের সংগ্রামী জনগণের সহিত আন্তর্জাতিক কমিউনিস্ট আন্দোলনের দৃঢ় সংহতি জ্ঞাপন	মুক্তিযুদ্ধ ১ম বর্ষঃ ১৪শ সংখ্যা	১০ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশের সংগ্রামী জনগণের সহিত আন্তর্জাতিক কমিউনিস্ট আন্দোলনের দৃঢ় সংহতি জ্ঞাপন

বাংলাদেশের মুক্তি সংগ্রামের প্রতি আন্তর্জাতিক কমিউনিস্ট আন্দোলনের দৃঢ় সমর্থন ও সংহতি ভারতের কমিউনিষ্ট পার্টির নবম কংগ্রেসের মধ্যে দিয়া পরিস্কাররূপে ফুটিয়া উঠিয়াছে। কংগ্রেসে গৃহীতব্য সি পি আই জাতীয় কাউন্সিলের রাজনৈতিক রিপোর্ট ও খসড়া প্রস্তাবে বাংলাদেশের সংগ্রামের প্রতি ভারতের কমিউনিস্ট পার্টির সর্বাত্মক সমর্থন পুনরায় ঘোষণা করা হয়। ইহা ছাড়া কংগ্রেসে যোগদানকারী সোভিয়েত ইউনিয়ন, গ্রেট বৃটেন, ফ্রান্স, বুলগেরিয়া, গণতান্ত্রিক জামানী, হাঙ্গেরী প্রভৃতি বহু দেশের কমিউনিষ্ট পাটির প্রতিনিধিদল তাহাদের ভাষনে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি ও সংগ্রামী জনগণের সহিত সংহতি জ্ঞাপন করেন। বাংলাদেশের কমিউনিষ্ট পার্টির প্রতিনিধিদলকে যেরূপ বীরোচিত সম্মান দেওয়া হয় উহার মধ্যে দিয়া বাংলাদেশের সংগ্রামের উচ্চ মূল্যায়নের আন্তরিক অভিব্যাক্তিই প্রকাশ পাইয়াছে।

ভারতের কেরালা রাজ্যের ঘাটে নগরে (কোচিন) গত ৩রা অক্টোবর ভারতের কমিউনিস্ট পার্টির এই গুরুত্বপূর্ণ কংগ্রেস শুরু হয়। ১০ই অক্টোবর কংগ্রেস সমাপ্ত হইবে। বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সাধারন সম্পাদক কমরেড আব্দুস সালামের নেতৃত্বে একটি প্রতিনিধিদল এই কংগ্রেসে যোগ দিয়াছেন। ইহা ছাড়াও আরও বিশটি বিদেশী ভ্রাতৃসুলভ পার্টির প্রতিনিধিবর্গ এই কংগ্রেসে অংশগ্রহণ করিতেছেন।

কমরেড সালাম

বাংলাদেশের কমিউনিস্ট পার্টির প্রতিনিধিদলের নেতা কমরেড আবদুস সালম কংগ্রেসের প্রতিনিধি, দর্শক ও অতিথিদের তুমূল হর্ষধ্বনির মধ্যে বাংলাদেশের মুক্ত আন্দোলনের পটভুমি ও প্রগতিশীল চিত্র ব্যাখ্যা করেন। তিনি এই সংগ্রামকে জাতীয় আত্মনিয়ন্ত্রণাধিকার আদায়ের ন্যায্য লড়াই বলিয়া অভিহিত করেন এবং আর্ন্তজাতিক কমিউনিস্ট ও শ্রমিক আন্দোলন এবং পৃথিবীর সকল প্রগতিশীল ও গণতান্ত্রিক শক্তিকে ইহার সমর্থনে দৃঢ়ভাব দাড়াইবার জন্য উদাত্ত আহ্বান জানান।

কমরেড সালাম বাংলাদেশের শ্রমিক কৃষক মেহনতি মানুষের আন্দোলনে কমিউনিস্ট পার্টির অগ্রনী ভূমিকার কথা উল্লেখ করিয়া বলেন, সাম্প্রদায়িকতা, স্বৈরচারী শাসন ও সাম্রাজ্যবাদের বিরুদ্ধে গণতন্ত্র ও জাতীয় অধিকারের সংগ্রামে কমিউনিস্ট পার্টি সর্বদা সর্ব-অবস্থায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করিয়াছে। বর্তমান স্বাধীনতার লড়াইয়েও কমিউনিষ্ট পার্টি অন্যান্য সংগ্রামী শক্তির সহিত কাধে কাধ মিলাইয়া অস্ত্র হাতে লড়াই করিতেছে।

কমরেড সালম বাংলাদেশের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির একটি অভিনন্দন বানী ভারতের কমিউনিস্ট পার্টির হাতে অর্পণ করেন। অভিনন্দন বানীতে বাংলাদেশের পার্শ্বে সর্বশক্তি লইয়া দাড়াইবার জন্য ভারতের কমিউনিস্ট পার্টি, সকল গণতান্ত্রিক শক্তি ও ভারতের জনগণের প্রতি গভীর কৃতজ্ঞতা জানান হয়।

উহাতে বলা হয় ভারতের কমিউনিস্ট পার্টি সর্বহারার আর্ন্তজতিকতাবাদের প্রতি আনুগত্যের উজ্জ্বল ও অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করিয়াছে। (অভিনন্দনবানীর পূর্ণ বিবরন আগামী সংখ্যায় প্রকাতি হইবে)

কমরেড সালাম তাহার ভাষণের উপসংহারে বলেন, আমরা জানি বাংলাদেশের সংগ্রাম কঠিন ও কঠোর। বাংলাদেশের জনগণ এই কঠোর সংগ্রামের মধ্যে দিয়াই জাতীয় আত্মনিয়ন্ত্রণের অধিকার ও স্বাধীনতা কায়েম করিবেন বিজয় আমাদের অনিবার্য।

সোভিয়েত প্রতিনিধি

সোভিয়েত কমিউনিস্ট পার্টির প্রতিনিধিদলের নেতা কমরেড দীন মোহাম্মদ কুনায়েত বাংলাদেশের নিপীড়িত জনগণের প্রতি সহানুভূতি জ্ঞাপন করিয়া বলেন, সোভিয়েত ইউনিয়ন প্রথমাবধি ইয়াহিয়ার সামরিক সরকারের নির্যাতন ও দমননীতির বিরুদ্ধে দৃঢ়তার সহিত প্রতিবাদ জানাইয়াছে এবং পূর্ব বাংলার জনগণের ইচ্ছা ও অলঙ্ঘনীয় অধিকারের ভিত্তিতে সমস্যাটির রাজনৈতিক সমাধান দাবি করিয়াছে।

ফরাসী পার্টির সমর্থন

ফ্রান্সের কমিউনিস্ট পার্টির প্রতিনিধি দলের নেতা কমরেড গাই বেসসি তুমূল হর্ষধ্বনির মধ্যে ঘোষণা করেন যে, বাংলাদেশের ''জাতীয় মুক্তি সংগ্রামের'' বিজয় সম্পর্কে তাহাদের পার্টির বিন্দুমাত্র সন্দেহ নাই। তিনি বলেন ফ্রান্সের কমিউনিস্ট পার্টি পুরাপুরিভাবে বাংলাদেশের সংগ্রামের পক্ষে। ফরাসী পার্টি ফ্রান্সের এক-চতুর্থাংশ ভোটদাতার আস্থাভাজন বিধায় তাহাদের পার্টির মাধ্যমে ফ্রান্সের অন্ততঃ এক-চতুর্থাংশ জনসংখ্যা বাংলাদেশের সংগ্রামের সমর্থনে ঐক্যবদ্ধ। তিনি দৃঢ়তার সহিত ঘোষণা করেন যে, জনগণের আত্মনিয়ন্ত্রণের অধিকারের স্বীকৃতির ভিত্তিতেই এই সমস্যার সামাধান করিতে হইবে।

হাঙ্গেরী

হাঙ্গেরী প্রতিনিধিদলের নেতা কমরেড আন্দ্রে গাইনেস ইসলামাবাদের জঙ্গী শাসকদের বর্বর নির্যাতনের নিন্দা করিয়া বলেন যে, কেবল মাত্র জাতীয় গণতান্ত্রিক বিধি ও মানবিক অধিকার মানিয়া নেওয়ার মধ্যে দিয়া বাংলাদেশ সমস্যার সামাধান সম্ভব।

গণতান্ত্রিক জামার্নী

গণতান্ত্রিক জার্মানীর প্রতিনিধি দলের নেতা কমরেড অ্যালবার্ট নর্ডস বাংলাদেশের জনগণের ''গণতান্ত্রিক স্বাধীনতা ও রাজনৈতিক অধিকার'' প্রতিষ্ঠা ও শেখ মুজিবর রহমানের মুক্তি দাবি করেন।

ভ্রাতৃত্বমূলক সংহতি

পশ্চিম জার্মানীর কমিউনিস্ট পার্টির প্রতিনিধিদলের নেতা কমরেড কুর্ট অর্লরেকন বাংলাদেশের সংগ্রামী জনগণের সহিত 'ভ্রাতৃত্বমূলক সংহতি '' জ্ঞাপন করেন।

ন্যায্য সংগ্রাম

বৃটিশ কমিউনিস্ট পার্টির প্রতিনিধিদলের নেতা কমরেড উইলিয়াম ওয়েনরাইট বাংলাদেশের আন্দোলনকে 'ন্যায় সংগ্রাম বলিয়া অভিহিত করেন।

এই রিপোর্ট লেখার সময় পর্যন্ত দেশের ভ্রাতৃপ্রতিম পার্টিগুলির প্রতিনিধিদলের বক্তব্য জানা যায় নাই।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় উপদেষ্টা পরিষদকে সংগ্রামী ঐক্যের প্রাণবন্ত প্রতীকে পরিনত করা হউক	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ১৮শ সংখ্যা	৭ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

উপদেষ্টা পরিষদকে সংগ্রামী ঐক্যের প্রাণবন্ত প্রতীকে পরিনত করা হউক।

৬ই নভেম্বর সর্বদলীয় উপদেষ্টা পরিষদের বৈঠক আহ্বান করা হইয়াছে। উপদেষ্টা পরিষদকে আতুড়েই গলা টিপিয়া মারার জন্য ঐক্যবিরোধী কোন কোন মহল ও দেশী-বিদেশী প্রতিক্রিয়াশীলরা বিশেষতঃ মার্কিন লবী যেভাবে আদা-জাল খাইয়া লাগিয়াছিল উহার পরিপ্রেক্ষিতে এই বৈঠকের তাৎপর্য রহিয়াছে।

প্রায় দুই মাস পূর্বে সর্বদলীয় বৈঠকে মন্ত্রিসভার উপদেষ্টা পরিযদ গঠিত হইলে দেশব্যাপী প্রবল উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হইয়াছিল। বাংলাদেশের মুক্তি সংগ্রামে সংগ্রামী শক্তিগুলির মধ্যে ঐক্য ও সমন্বয় বিধানের যে সমস্যাটি প্রথমাবধি রহিয়া গিয়াছে, দেশবাসী আশা করিয়া ছিলেন উপদেষ্টা পরিষদ গঠনের ফলে উহার বহুলাংশে সামাধান হইবে এবং এই উপদেষ্টা পরিষদ ধীরে ধীরে পূর্ণাঙ্গ জাতীয় মুক্তিফ্রন্টের স্তরে উন্নত হইবে। কিন্তু দুঃখের বিষয় জনগণের এই আশা পূরণ হয় নাই। ঐক্যের ভিত্তি আরও প্রসারিত কিম্বা গভীরতম হওয়া দুরের কথা উপদেষ্টা পরিষদ গঠনের মধ্যে দিয়া যে সূচনাটি হইয়াছে ইহাকেই অঙ্কুরে নির্দিষ্ট করার জন্য পূর্বোক্ত মহলগুলি উঠিয়া পড়িয়া লাগে। ইহার ফলে গত দুই মাসের মধ্যে উপদেষ্টা পরিযদের একটিও বৈঠক অনুষ্ঠিত হইতে পারে নাই।

ঐক্যের পথে এই সকল বাধা থাকা সত্বেও ঐক্যের প্রয়োজনীয়তা ফুরাইয়া যায় নাই। বরং বাংলাদেশের মুক্তিসংগ্রামের অগ্রগতির সাথে সাথে ঐক্যের প্রয়োজনীয়তা আরও তীক্ষ্ণভাবে অনুভূত হইতেছে শত্রুর বিরুদ্ধে লড়াইয়ে ঐক্য প্রয়োজন-ঐক্যবদ্ধ প্রচেষ্টা প্রয়োজন মুক্তাঞ্চলগুলির পূর্ণগঠনের ক্ষেত্রেও। কাজেই উপদেষ্টা পরিষদকে একেবারে ঘুম পাড়াইয়া রাখার পরিবর্তে মাঝে মাঝে উহার বৈঠক ডাকিয়া নিয়মরক্ষা করিলেও সমস্যার সমাধন হইবে না। উপদেষ্টা পরিষদকে বাংলাদেশের সংগ্রামী শক্তিগুলির প্রাণবন্ত ঐক্যের প্রতীক হিসাবে দেশবাসীর সম্মুখে তুলিয়া ধরিতে হইবে, মুক্তিসংগ্রামকে সুসংগঠিত ও বিভিন্ন সংগ্রামী শক্তির তৎপরতার মধ্যে সমন্বয় সাধনের ক্ষেত্রে ইহাকে যোগ্য ভূমিকা গ্রহণ করিতে দিতে হইবে। তাছাড়া উপদেষ্টা পরিষদকে শুধু উপরের তলায় সীমাবদ্ধ না রাখিয়া নীচের স্তরগুলিতেও ঐক্যবদ্ধ কমিটি গঠন করিতে হইবে।

দেশবাসীর জঙ্গী উদ্দীপনা বৃদ্ধির জন্য সরকারের তরফ হইতে স্বাধীন বাংলাদেশের ভবিষ্যতের একটি রূপরেখা তুলিয়া ধরা এবং বক্তৃতায় বিবৃতিতে, বেতারে, সংবাদপত্রে উহা ব্যাপকভাবে প্রচার করা দরকার। বিভিন্ন সময়ে প্রধানমন্ত্রীসহ বিভিন্ন সরকারী মুখপাত্র বলিয়াছেন, সরকারের লক্ষ্য বাংলাদেশে একটি সত্যিকারের গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ ও সমাজতান্ত্রিক ব্যবস্থা কায়েম করা। কখনও বা বলা হয়, আওয়ামীলীগ উহার নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তাবায়িত করিবে। সম্প্রতি একজন সরকার মুখপাত্র বলিয়াছেন, বাংলাদেশের মুক্তাঞ্চলে আওয়ামী লীগের নির্বাচনী ওয়াদা অনুযায়ী ২৫ বিঘা পর্যন্ত জমির মালিকদিগকে খাজনা হইতে অব্যাহতি দেওয়া হইয়াছে। এই সমস্ত কথাবার্তার মধ্যে দিয়া স্বাধীন বাংলাদেশের রূপরেখা টুকরা টুকরা ভাবে তুলিয়া ধরার চেষ্টা দেখা গেলেও ইহা যথেষ্ট নয়। প্রয়োজন যা তাহা হইল, স্বাধীন বাংলাদেশে কার্যকরী করা হইবে এরূপ একটি কর্মসূচী ঘোষণা। স্বাধীন বাংলাদেশে যে আবার সাম্রাজ্যবাদ বিশেষতঃ মার্কিন সাম্রাজ্যবাদ ও দেশীয় পুজিপতি

শ্রেণীর অবাধ শোষণের মৃগয়া ক্ষেত্র হইয়া উঠিবে না, স্বাধীন বাংলাদেশে যে সত্যই সুখী সমৃদ্ধিশালী সমাজ গড়িয়া তোলা হইবে- এই আশ্বস ও নিশ্চয়তা দেশবাসীকে দিতে হইবে। আওয়ামী লীগের কর্মসূচীতে পাকিস্তানের তৎকালীন অবস্থার পটভুমিতে অনেক ইতিবাচক বিষয় সন্নিবেশিত হইলেও বাংলাদেশের স্বাধীনতার পটভুমিতে উহার রদবদল অত্যাবশ্যক। বিশেষভাবে উল্লেখযোগ্য যে, আওয়ামী লীগের কর্মসূচীতে সাম্রাজ্যবাদী শোষণ বন্ধকরা ও কৃষকের স্বার্থে ভুমি ব্যবস্থার সংস্কার সম্পর্কে কোন উল্লেখ নাই। অথচ স্বাধীন বাংলাদেশের পুনগর্ঠনের ক্ষেত্রে এই দুই বিষয়েই হইবে মূখ্য। কাজেই পরিবর্তিত অবস্থার চাহিদার সহিত সঙ্গতি রাখিয়া সর্বদলীয়ভাবে স্বীকৃত একটি গণমুখী কর্মসূচী বাংলাদেশ সরকারের তরফ হইতে ঘোষণা করা একান্ত অবশ্যক হইয়া পড়িয়াছে।

ইয়াহিয়া চক্রের পাক-ভারত যুদ্ধের হুমকির দরুন বাংলাদেশের মুক্তি সংগ্রামের ক্ষেত্রে নয়া পরিস্থিতির উদ্ভব হইয়াছে এই পরিস্থিতিতে মুক্তিযুদ্ধকে অগ্রসর করিয়া নেওয়ার জন্য উপদেষ্টা পরিষদের সামগ্রিক ও ঐক্যবদ্ধ পরিকল্পনা গ্রহণ করা দরকার। ইয়াহিয়া-চক্র যদি মরিয়া হইয়া যুদ্ধ বাধায়ই তাহা হইলেও শত্রুযেন পাক-পাকত যুদ্ধের মধ্যে দিয়া বাংলাদশের স্বাধীনতার প্রশ্নটিকে চাপা দেওয়ার কুমতলব হাসিল করতে না পারে বরং বাংলাদেশে উহার পরাজয় ত্বরান্তিত হয় সে জন্য বাংলাদেশের সকল সংগ্রামী শক্তিকে প্রস্তুত থাকিতে হইবে। বাংলাদেশের মুক্তিবাহিনী এবং সাড়ে সাত কোটি নর-নারী যেন একটি মানুষের ন্যায় ঐক্যবদ্ধ ও ক্ষিপ্রতার সহিত শত্রুর উপর ঝাপিয়া পড়িতে পারে সে জন্য একটি সামগ্রিক অভ্যুত্থানের পরিকল্পনা তৈরী করা দরকার। উপদেষ্টা পরিষদের সামনে ইহাও আজ একটি মূখ্য করণীয় হিসাবে হাজির হইয়াছে। এ ব্যাপারে কালবিলম্ব করা চলে না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ঐক্যবদ্ধভাবে চূড়ান্ত আঘাত হানিয়া শত্রুকে পর্যুদস্ত কর	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ১৯শ সংখ্যা	১৪ নভেম্বর, ১৯৭১

ঐক্যবদ্ধভাবে চূড়ান্ত আঘাত হানিয়া শত্রুকে পর্যুদস্ত কর
যে-স্বাধীনতার বেদীমূলে অগনিত দেশবাসী অকাতরে আত্মবলি দিয়াছেন
উহার প্রতি বেইমানী বরদাশত করা হইবে না।

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদ ঐক্যবদ্ধভাবে চরম আঘাত হানিয়া পাক জঙ্গীশাহীর ধ্বংসকে ত্বরান্বিত করার জন্য সমগ্র জনগণ ও সকল মুক্তি সংগ্রামীর প্রতি আহ্বান জানাইয়াছেন। উপদেষ্টা পরিষদ বাংলাদেশের পূর্ণ স্বাধীনতার জন্য আপোষহীন লড়াইয়ের সঙ্কল্প পুনরায় ঘোষণা করেন এবং যে স্বাধীনতার জন্য অগনিত দেশবাসী অকাতরে আত্মদান করিয়াছেন উহার সহিত কোন অবস্থাতেই বেঈমানী হইবে না বলিয়া ওয়াদা করেন।

উপদেষ্টা পরিষদ বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রতি সহায়তার জন্য ভারতের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন ও সোভিয়েত ইউনিয়নের ভূমিকার প্রশংসা করেন।

গত ৬-৭ নভেম্বর মুজিব নগরে অনুষ্ঠিত বাংলাদেশ সরকারের উপদেষ্টা পরিষদের সভায় উপরোক্ত সিদ্ধান্ত গ্রহণ ও অভিমত প্রকাশ করা হয়। এই সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমেদ এবং অংশ গ্রহণ করেন বাংলাদেশের কমিউনিস্ট পার্টির শ্রী মনি সিং, আওয়ামী লীগের জনাব আবদুস সামাদ আজাদ ও শ্রী ফণী ভুষণ মজুমদার, ন্যাশনাল আওয়ামী লীগ পার্টির অধ্যাপক মোজাফফর আহমদ ও কংগ্রেস নেতা শ্রী মনোরঞ্জন ধর। ইহা ছাড়া মন্ত্রিসভার সদস্যবর্গও সভায় যোগদান করেন।

বৈঠকে জাতীয় ও আন্তর্জাতিক পরিস্থিতি এবং মুক্তি সংগ্রামের অগ্রগতি পর্যালোচনা করিয়া সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত প্রস্তাবসমূহ গ্রহণ করা হয়ঃ

(১) কমিটি মনে করে যে, ইয়াহিয়ার যুদ্ধবৎ প্রস্তুতি ভারত-পাকিস্তান যুদ্ধ বাধানোর প্রকাশ্যে পায়তারা বাংলাদেশে স্বাধীনতার প্রশ্নও দখলদার বাহিনীর বিরুদ্ধে গণপ্রতিরোধের ক্রমবর্তমান সাফল্য হইতে বিশ্বের দৃষ্টি অন্যত্র সরানোরই একটি কুমতলব। কমিটি শত্রুর স্পষ্টতঃ দৃশ্যমান দূর্বলতাসমূহের পূর্ণ সুযোগ গ্রহণ এবং শত্রুর পতন দ্রুততর করার উদ্দেশ্য তাহার উপর ঐক্যবদ্ধ ও চরম আঘাত হানার জন্য সকল শ্রেণীর সম্প্রদায়ের মানুষ এবং সকল স্তরের মুক্তি সেনানীদের প্রতি আহ্বান জানাইতেছে।

(২) কমিটি সভ্যতার সকল নিয়ম কানুন ভঙ্গ করিয়া শেখ মুজিবর রহমানকে অব্যাহতভাবে আটক রাখার বিরুদ্ধে নিন্দা প্রকাশ করিতেছে এবং বাস্তবকে স্বীকার করিয়া লইয়া অবিলম্বে বঙ্গবন্ধুকে মুক্তিদানের জন্য পাকিস্তান সরকাররের প্রতি আহ্বান জানাইতেছে।

(৩) কমিটি জালিয়াতিমূলক নির্বাচনের মাধ্যমে ইয়াহিয়ার প্রস্তাবিত বে-সামরিক শাসনে প্রত্যাবর্তনকে শঠতা বলিয়া মনে করে। ইহা শুধু তাহাদেরকেই মুগ্ধ করিবে যাহারা ইহাকে বিশ্বাস করার ভান বা বিশ্বাস করিতে ইচ্ছুক।

(৪) কমিটি ভারতের জনগণ ও সরকারকে বাংলাদেশের প্রশ্নে তাহাদের ঐক্যবদ্ধ সমর্থনের জন্য কৃতজ্ঞতা জানাইতেছে এবং বাংলাদেশ প্রশ্নে সোভিয়েত ইউনিয়নের নীতির প্রশংসা করিতেছে।

(৫) কমিটি সাড়ে ৭ কোটি মানুষের আশা আকাঙ্খার ন্যায্যতার প্রতিনিধিত্বকারী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের জন্য বিশ্বের সরকারসমুহের প্রতি আবেদন জানইতেছে।

(৬)কমিটি লক্ষ করিতেছে যে, কতিপয় দেশ বাংলাদেশের ব্যাপারে সহানুভূতিশীল হইলেও তাহাদের মনোভাব প্রকাশ্যে দ্বিধাগ্রস্ত। কমিটি ন্যায়, গণতন্ত্র ও মুক্তির পক্ষে তাহাদেরকে আরও সোচ্চার হইয়া আগাইয়া আসার আহ্বান জানাইতেছে।

(৭)যে সব দেশের সরকার ইয়াহিয়া খানকে অস্ত্রশস্ত্র ও অন্যান্য উপকরন দিয়া বাংলাদেশে গণহত্যার সাহায্য করিতেছে, কমিটি সে সব দেশের জনগণের প্রতি আবেদন জানাইতেছে, তাহারা যেন বাংলাদেশের ব্যাপারে তাহাদের সরকারের এই নিষ্ঠুর হস্তক্ষেপ বন্ধ করেন।

(৮) কমিটি পূর্ণ স্বাধীনতার লক্ষ্যকে দ্রুত বাস্তবায়িত করার সঙ্কল্প পুনরায় ব্যক্ত করিতেছে এবং স্বাধীনতার কমে সমাধানের নিমি্ত্ত প্রদত্ত সকল বক্তব্য ও ফর্মূলা প্রত্যাখান করিতেছে।

(৯) স্বাধীনতার জন্য যাহারা জীবন দিয়াছেন, তাহাদের ত্যাগ স্মরণ করার সঙ্গে সঙ্গে কমিটি ঐসব নিহত বীরদের সহিত সংহতি ঘোষণা করিতেছে এবং শপথ গ্রহণ করিতেছে যে, যে কারনে তাহারা সর্বোচ্চ ত্যাগ স্বীকার করিয়াছেন, উহার সহিত কখনও বিশ্বাস ভঙ্গ করা হইবে না।

শেষ দুইটি প্রস্তাবে কমিটি নয়াদিল্লীস্থ পাকিস্তানী হাইকমিশনে আটক জনাব হোসন আলী ও তাহার স্ত্রী-কন্যাদের মুক্তি দাবী করে এবং উরিষ্যার প্রলয়ঙ্করী ঘুর্নিঝড়ে ক্ষতিগ্রস্থদের প্রতি গভীর সহানুভূতি জ্ঞাপন করে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
গ্রাম বাংলায় জঙ্গীশাহীর কর্তৃত্ব অচল	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ১৯শ সংখ্যা	১৪ নভেম্বর, ১৯৭১

আয় নাই, ঘরে খাদ্য নাই, ভয়াবহ সঙ্কট

গ্রাম বাংলায় জঙ্গীশাহীর কর্তৃত্ব অচল

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশের গ্রামাঞ্চলে পাক জঙ্গী শাহীর কর্তৃত্ব সম্পূর্ণ ভাঙ্গিয়া পড়িয়াছে। অধিকৃত এলাকার বিভিন্ন অঞ্চল হইতে আমাদের নিজস্ব সংবাদদাতাগণ যে প্রত্যক্ষদর্শীর রির্পোট পাঠাইয়াছেন তাহাতে বলা হয়, সৈন্যবাহিনী শহরগুলি হইতে সচরাচর বাহির হয় না। তদুপরি পাক জঙ্গীশাহী ভারতের সহিত যুদ্ধ প্রস্তুতির অঙ্গ হিসাবে সেনাবাহিনীর প্রধান অংশকে সীমান্ত অঞ্চলে মোতায়েন করায় অধিকৃত বাংলাদেশের গ্রামাঞ্চলে জঙ্গীশাহীর শাসন কার্যত রাজাকার ও অবাঙালী পুলিশ বাহিনীর লুটপাট ও জবরদস্তির মধ্যেই সীমাবদ্ধ কিন্তু অধিকৃত এলাকায় পাক সরকারের প্রশাসন সম্পূর্ণ অচল এবং মুক্তিবাহিনী ও স্থানীয় ভিত্তিতে গড়িয়া ওঠা ঐক্যবদ্ধ সংগ্রামে পরিষদগুলির কর্তৃত্ব প্রতিষ্ঠিত হইয়াছে। এইসব এলাকায় বাংলাদেশে সরকারের বেসামরিক প্রশাসন চালু করা সম্ভব এবং অত্যান্ত দরকার।

পাক হানাদার বাহিনী কর্তৃক অধিকৃত শহরগুলিতে স্কুল-কলেজ কিছু কিছু খোলা হইলেও গ্রামাঞ্চলে সকল শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণ বন্ধ।

পাক দস্যু বাহিনী সামরিক অভিযান চালাইবার পর স্থানীয় সমাজ বিরোধী প্রতিক্রিয়াশীল শক্তি তথা পাক দালালেরা জনসাধারনের উপর নির্যাতন, লুটতরাজ প্রভৃতি দুষ্কর্ম করে। কিন্তু পরবর্তীকালে মুক্তিবাহিনী ও স্থানীয় গেরিলা বাহিনীগুলি সংঘবদ্ধ হইয়া ইহাদিগকে শায়েস্তা করে। বর্তমানে এই মহলটি একেবারে কোনঠাসা এবং মুখচেনা পাক দালালেরা সকলেই গিয়া শহরে আশ্রয় লইয়াছে। গ্রামে যারা আছে তাহারা মৌখিকভাবে হইলেও মুক্তিসংগ্রামের প্রতি সহানুভূতি জানাইয়াছে। কিছু কিছু ভুয়া মুক্তিফৌজ জনসাধানের উপর অত্যাচার করিত। মুক্তিবাহিনী ও গেরিলা বাহিনীগুলো ইহাদিগকেও ঠান্ডা করিয়াছে।

অর্থনৈকি সংকট

হানাদার বাহিনীর লুটপাট,অগ্নিসংযোগ, ধবংসাত্মক কার্যকলাপের ফলে জনজীবনে দারুন অর্থনৈতিক সঙ্কট সৃষ্টি হইয়াছে। গত আউশের মওশুমে ধান হয় নাই-পাক সেনাদের অত্যাচারে কৃষকরা ধান বুনিতে ও কাটিতে পারে নাই। আমন ধানের আবাদ হইয়াছে কম্ শ্রমিক, ব্যবসায়ী, দোকানদার, কর্মচারী, ক্ষেতমজুর প্রভৃতির আয়ের কোন পথ নাই। ধান -চাউলের দর কোন কোন জায়গায় খুবই বেশী- বরিশালের একটি এলাকা হইতে আমাদের প্রতিনিধি জানইতেছেন, সেখানে নতুন আউশের চাল প্রতিমন ৬০ টাকা দরে ক্রয়-বিক্রয়

হইতেছে। আবার যোগাযোগের ব্যবস্থার অভাবে পার্শ্ববর্তী উদ্বৃত্ত এলাকা্হইতে ধান চাউল আমদানী করা যাইতেছে না।

বরিশাল প্রতিনিধি জানান, কোন কোন এলাকায় শতকরা ৯০ জন অধিবাসী উপবাসে দিন কাটাইতেছে। পাক জঙ্গীশাহী খাদ্যশস্য সরবরাহের ব্যবস্থা করিবে না ইহা জানা কথাই। তাই বাংলাদেশ সরকারের উচিত এই সব গ্রামাঞ্চলে খাদ্যশস্য সরবরাহের উদ্যোগ নেওয়া। বস্তুত খাদ্যসঙ্কট এরূপ তীব্র যে, আমাদের সংবাদদাতা লিখিয়াছেন, এই সমস্যা সমাধানের উপর মুক্তি সংগ্রামের ভবিষ্যত বহুল পরিমাণে নির্ভরশীল।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশের অধিকৃত এলাকার অর্থনীতি ভেঙ্গে পড়েছে	মুক্তিযুদ্ধ ১ম বর্ষঃ ১৯শ সংখ্যা	১৪ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের অধিকৃত এলাকার অর্থনীতি একেবারেই ভাঙ্গিয়া পড়িয়াছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশের অধিকৃত এলাকার অর্থনীতিতে চরম অচলাবস্থা বিরাজমান। গত পহেলা মার্চ অসহযোগ আন্দোলনের সূচনা হইতেই অর্থনৈতিক ক্ষেত্রে কর্মচাঞ্চল্য ভাটা পড়ে, গত কয়েক মাসের লড়াই উহাকে একেবারে অচল করিয়া দিয়াছে।

কলকারখানা আজও পুরোপরি চালু করা সম্ভব হয় নাই। ব্যবসা-বাণিজ্য বন্ধ বললেই চলে। কৃষিক্ষেত্রে কিছুটা তৎপরতা থাকিলেও ব্যবসাকেন্দ্রগুলি ধ্বংস হওয়ায় কৃষি পন্যের বাজারজাতকরনের সুবিধা খুবই সীমাবদ্ধ। বাংলাদেশের দুটি সমুদ্রিক বন্দর চট্টগ্রাম ও চালনা শ্রমিকদের অসহযোগিতা ও মুক্তিফৌজের আঘাতে আঘাতে প্রায় অচল্ আমদানী রপ্তানী প্রায় সম্পূর্ণ বন্ধ। যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা ভাঙ্গিয়া পড়ায় অধিকৃত এলাকার অভ্যন্তরেও পন্য চলাচল খুবই সামন্য । ফলে স্থানীয় চাহিদা ও সরবারহের ভিত্তিতেই জিনিসপত্রের দাম নির্ধাররিত হইতেছে।

আমাদের সংবাদদাতাদের প্রেরিত রিপোর্ট হইতে জানা যায়, কৃষকরা যাহা উৎপাদন করে উহা পানির দরে বিক্রি হইতেছে আর শিল্পজাত পন্য বা যাহার সরবরাহ বাহির হইতে আসে সেগুলি রীতিমত অগ্নিমূল্য। ধান-চাউলের দর বেশী না হওয়া সত্ত্বেও লোকের ক্রয়ক্ষমতা একেবারই লোপ পাওয়ার ফলে দুর্ভিক্ষাবস্থা বিরাজ করিতেছে।

ময়মনসিংহ জিলার একটি এলাকা হইতে আমাদের একজন সংবাদদাতা জানাইয়াছেনঃ

ভৈরববাজার, নরসিংদী ও নারায়নগঞ্জ এই তিনটি মূল ব্যবসা কেন্দ্রের সহিত প্রত্যক্ষ যোগাযোগের অভাবে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের আমদানী ব্যাহত হওয়ায় দ্রব্যমূল্য ভীষণভাবে বৃদ্ধি পাইয়াছে। কাপড়-চোপড়, ঔষধ, লবন, কেরোসিন তৈল, নারিকেল তৈল, সরিষার তৈল, চা, সিগারেট, চিনি প্রভৃতির মূল্য দ্বিগুন হইতে তিনগুন বৃদ্ধি পাইয়াছে। চাউলের দর প্রতিমণ ৫০ টাকা, আটা ৪২ টাকা।

পাট

কৃষকের প্রধান অর্থকরী ফসল পাটের উৎপাদন এবার খুবই কম। স্থানীয়ভাবে অনুমিত হয়, অন্যান্য বৎসরের তুলনায় অর্ধেক পাট উৎপাদন হইয়াছে।

পাট বোনার মওশুমে পাক বাহিনীর নির্মম অত্যাচার শুরু হওয়ায় কৃষকেরা পাট বুনিতে পারে নাই। অনেক কৃষক জঙ্গীশাহীর সহিত অসহযোগিতার উদ্দেশ্যে পাটক্ষেত ভাঙ্গিয়া ধান বুনিয়াছিল তাছাড়া পাক সৈন্য ও রাজাকার বাহিনীর অত্যাচারে বহু কৃষক বাড়ীঘর ছাড়িয়া চলিয়া যাওয়ায় ক্ষেতের পাট ক্ষেতে শুকাইয়াছে। ফলে পাট উৎপাদন বিরাজ গুরুতররূপে হ্রাস পাইয়াছে।

নারায়নগঞ্জে পাটের দর চড়া থাকা সত্ত্বেও কৃষকরা উহার সুবিধা পাইতেছেনা অনেক ভাল ভাল পাটের বাজার পাক হানাদার সৈন্যরা পুড়াইয়া দেওয়ায় পাট বিক্রয়ের দারুন অসুবিধা সৃষ্টি হইয়াছে। আবার আর্থিক

সঙ্কট এবং পাক বাহিনী বা রাজাকারদের লুটতরাজ, অগ্নিসংযোগ প্রভৃতির আশঙ্কায় কৃষক ঘরে পাট মজুত রাখা নিরাপদ মনে করিতে পারে নাই। কৃষকের এই অসহায় অবস্থার সুযোগে ফড়িয়া ব্যাপারীরা গ্রাম হইতে পানির দরে পাট কিনিয়া নিয়াছে। পাটের দর সূতী মনপ্রতি ২০ হইতে ৩০ এবং বগী ৩৫ হইতে ৪০ টাকা। নিরপত্তার অভাব হেতু ব্যবসায়ীরা সরাসরি নারায়নগঞ্জে পাট চালান না দিয়া নরসিংদীতে বিক্রি করিয়া দেয়। লুটেরা রাজাকার বাহিনী পাটের নৌকা আটক করিয়া যথেষ্ট টাকা আদয় করিতেছে। পাক সৈন্যরা পাটের নৌকায় মুক্তিবাহিনী আছে সন্দেহ করিয়া হয়রানির একশেষ করে। ফলে নারায়নগঞ্জ বন্দরে পাটের দর ও গ্রামের বাজরে কৃষক যে দাম পায়, উহার মধ্যে বিস্তর ব্যবধান সৃষ্টি হইয়াছে।

অন্যান্য অর্থকরী ফসল

এই মওশুমে কলা, লিচু, মূলা, হলুদ, মরিচ, পেয়াজ, রসুন, আদা, তরিতরকারী প্রভৃতি বিক্রি করিয়া কৃষকের হাতে কিছু পয়সা আসিত। কিন্তু বাজারজাতকরণের অসুবিধা এবং ক্রয়ক্ষমতা লোপ পাওয়ার দরুন স্থানীয় চাহিদা হ্রাসের ফলে এই সবের মূল্য শতকরা ৪০ হইতে ৫০ ভাগ কমিয়া গিয়াছে।

খাদ্য-শস্য

এই এলাকায় চাউলের দর বর্তমান মণপ্রতি ৪৫ টাকা হইতে ৫০ টাকা নিরাপত্তার অভাবে ধান চাউলের মজুত ব্যবসা নাই। পার্শ্ববর্তী ভাটি অঞ্চলের বিচ্ছিন্নতার দরুন সেখানে ধান প্রতিমণ ৮ হইতে ১০ টাকা এবং চাউল ১৫ হইতে ২০ টাকা দরে বিক্রি হইতেছে। যোগাযোগ ও পরিবহন ব্যবস্থার অভাবে মাল চলাচল নাই।

ভাটি অঞ্চলের ধানই সাম্বৎসরের একমাত্র ফসল। কৃষক উহা পানির দরে বিক্রি করিয়া দিতে বাধ্য হইতেছে কারন লুটেরা রাজাকার বাহিনীর দৌরাত্ম্যে কৃষক ঘরে ধান চাউল মুজুত রাখিতে ভরসা পাইতেছে না। অবিশ্বাস্য হইলেও সত্যি যে, একদিকে ধান চাউলে নিম্ন মূল্য ও অন্যদিকে দূর্ভিক্ষের করাল ছায়া পাশাপশি বিরাজ করিতেছে। রুটি রোজগারের অভাবে গ্রামের গরীব মানুষ ক্ষেতমুজর ভূমিহীন প্রভৃতি উপবাসে দিন কাটাইতেছে। তাছাড়া আমন ফসলের ফলন বিক্রি ভাল হয় নাই। সার ও কীটনাশকের অভাবে অধিক উৎপাদনশীল ইরি ধরনের চাষ ক্ষতিগ্রস্থ হইয়াছে। যুদ্ধাবস্থার দরুন আউশ ধান সময় মত বোনা ও কাটা সম্ভব হয় নাই্ ফলে কৃষকের সামনে অন্ধকার ভবিষৎ।

তাঁত শিল্প

সুতার অভাবে গ্রামীন তাত শিল্প ধবংসের মুখে। পশ্চিম পাকিস্তানী মিলের কাপড় চালু করার উদ্দেশ্য হানাদার পাক সৈন্যরা অনেক গ্রামে তাত পুড়াইয়া দিয়াছে। যথাঃ বাজিতপুর, বসন্তপুর, নিতাইকান্দি, কাপাসটিয়া্ পার্শ্ববর্তী ঢাকা জেলার নরসিংদী এলাকার তাত শিল্পও পাক বাহিনী ধ্বংস করিয়া দিয়াছে।

বেকার সমস্যা

এই অর্থনৈতিক অবস্থার পটভুমিতে গ্রামাঞ্চলে বেকার সমস্যার তীব্রতা ভয়াবহরূপে বৃদ্ধি পাইয়াছে। শিক্ষক সরকারী কর্মচারী বেসরকারী চাকুরিজীবি বেকার হইয়া গ্রামে আশ্রয় লইয়াছে। এবং ভরনপোষণের জন্য নিজেদের যৎসামন্য জমির উপর নির্ভর করিতেছে। অধিকাংশ কলকারখানা বন্ধ থাকায় শ্রমিকেরা দলে দলে গ্রামে আসিয়া ভিড় জমাইয়াছে। সরকারী ও বেসরকারী অফিসের চতুর্থ শ্রেণীর কর্মচারীরাও বেকার হইয়া ক্ষেতমজুরের কর্মপ্রার্থী হইয়া একদিকে বেকার সমস্যা বৃদ্ধি করিয়াছে অন্যদিকে ক্ষেত মজুরের চাহিদা ও মজুরী হ্রাস পাওয়ার কারন ঘটাইয়াছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
দিনাজপুরের মুক্তাঞ্চলে সর্বদলীয় কমিটি গঠিত	মুক্তিযুদ্ধ ১ম বর্ষঃ ২০শ সংখ্যা	১ নভেম্বর, ১৯৭১

জনজীবনের বহুমুখী সমস্যা সমাধানের তাগিদে দিনাজপুরের মুক্তাঞ্চলে সর্বদলীয় কমিটি গঠিত

(নিজস্ব প্রতিনিধি)

বাংলাদেশের উত্তরতম প্রান্তে দিনাজপুরের মুক্ত এলাকা তেতুলিয়ার বাংলাদেশ সরকারের প্রশাসন, আইন, শৃংখলা পুনঃপ্রতিষ্ঠা ও গণজীবনের সুষ্ঠু পুনর্বাসন সংক্রান্ত সকল বিষয়াদি দেখা শোনার জন্য উক্ত এলাকা হইতে নির্বাচিত জাতীয় পরিষদ সদস্য জনাব মোশারফ হোসেনের আহবানে কমিউনিস্ট পার্টি, আওয়ামীলীগ ন্যাপসহ একটি সর্বদলীয় উপদেষ্টা কমিটি গঠিত হইয়াছে। কমিটিতে জনাব হোসেন ছাড়া অন্যান্যরা হইতেছেন জনাব তফিল হোসেন, জনাব খোরশেদ আলী, জনাব নজির হোসেন, জনাব, জমির আলী, জনাব আব্দুস সাত্তার মোল্লা, জনাব, নুরুল হক, জনাব ওয়াহেদ হোসেন, জনাব মোহাম্মদ আলী, জনাব নিজামুদ্দিন আহমদ, জনাব খাদেম আলী, জনাব নফিসউদ্দিন, জনাব করিমউদ্দিন, জনাব গফুর উদ্দিন আহমদ প্রধান, জনাব লুৎফর রহমান, জনাব তবিবুর রহমান ও জনাব মঈনুল হক। উপদেষ্টা কমিটি গঠনের ফলে স্থানীয় জনসাধারনের মধ্যে বিপুল উৎসাহ উদ্দীপনার সৃষ্টি হইয়াছে।

গত ৯ই নভেম্বর কালান্দিগঞ্জে জনাব মোশাররফ হোসেন চৌধুরীর আহবানে অনুষ্ঠিত এক সর্বদলীয় সভায় এই উপদেষ্টা কমিটি গঠন করা হয়। এই সভায় তেতুলিয়া থানার আওয়ামীলীগ, কমিউনিষ্ট পার্টি, ন্যাপ, ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ, কৃষক সমিতি, শিক্ষক সমিতি প্রভৃতি রাজনৈতিক ও গণসংগঠনের প্রতিনিধি ছাড়াও সকল স্তরের জনগণের প্রতিনিধি স্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন জনাব জমির আলী।

সভায় জনাব নুরুল হক উপদেষ্টা কমিটি গঠনের প্রস্তাবটি উত্থাপন করেন এবং উহা সর্বস্মতিক্রমে গৃহীত হয়।

সভায় সংশ্লিষ্ট মুক্তাঞ্চলের সমস্যাদি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে তিনটি প্রস্তাব গৃহীত হয়।

প্রথম প্রস্তাবে মুক্তাঞ্চলে আসন্ন মরসুমে মালিকবিহীন পরিত্যাক্ত জমির ফসলাদি কাটা এবং বিলি ব্যবস্থা সম্পর্কে সরকারের নীতি কি তাহা অবগত হওয়ার জন্য কমিটি জনাব মোশাররফ হোসেন এম. এন এ কে অনুরোধ করে।

দ্বিতীয় প্রস্তাবে উক্ত এলাকার যে সব সরকারী ও পরিত্যাক্ত মালিকবিহীন সম্পত্তি বা উহার আয় যাহাতে বাংলাদেশ সরকারের হাতে আসে তাহার জন্য জনাব মোশাররফ হোসেন এম এন একে উপদেষ্টা কমিটির পক্ষ হইতে অবিলম্বে সংশ্লিষ্ট বিষয় সম্পত্তির একটি হিসাব গ্রহণ করিতে অনুরোধ জানানো হয়।

অপর প্রস্তাবে উক্ত এলাকায় সরকার অনুমোদিত যে ইয়ুথ ক্যাম্পটি কার্যতঃ নিস্ক্রীয় রহিয়াছে, উহাকে সক্রিয় করা ও যুবকদের ট্রেনিং দানের ব্যবস্থা করার জন্য জনাব মোশাররফ হোসেন এম. এন. এ-কে সরকারের সহিত আলাপ আলোচনা করার অনুরোধ জানানো হয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
রাজনৈতিক হালচাল	মুক্তিযুদ্ধ ১ম বর্ষঃ ২০শ সংখ্যা	২১ নভেম্বর, ১৯৭১

রাজনৈতিক হালচাল
(ভাষ্যকার)

বাংলাদেশের মুক্তিসংগ্রাম সাফল্যের দ্বারপ্রান্তে। ছোট ছোট মুক্তাঞ্চল গড়িয়া উঠিয়াছে বিভিন্ন এলাকায়। এছাড়া গ্রাম এলাকায় পাক হানাদর বাহিনীর তৎপরতা খুবই সীমাবদ্ধ রাজাকার ও পশ্চিম পাকিস্তান হইতে আমদানী করা পুলিশও মুক্তি বাহিনী ও গেরিলাদের অতর্কিত আক্রমনের ভয়ে থানার সদর কার্যালয় ছাড়িয়া দুরে যাইতেসাহস পায় না। ফলে বাংলাদেশের অধিকৃত এলাকার বিস্তীর্ণ গ্রামাঞ্চলও কার্যত মুক্ত। সেখানে ইয়াহিয়া খান কিম্বা তাহার পা-চাটা মালেকের তথাকথিত সরকার শাসন নাই বলিলেও চলে। বাংলাদেশ সরকারের মুক্তিবাহিনী, স্থানীয়ভাবে সংগঠিত আওয়ামীলীগ, ন্যাপ বা কমিউনিস্ট সমর্থক গেরিলা বাহিনী এবং স্থানীয় মুক্তিসংগ্রাম কমিটি (যা বহুক্ষেত্রে উপদেষ্টা কমিটির ধরনে সর্বদলীয় গড়িয়া উঠিয়াছে) প্রভৃতির হাতেই এই সব এলাকার কর্তৃত্ব কার্যত ন্যাস্ত। এই সব মুক্তাঞ্চলে অসামরিক প্রশাসন ব্যবস্থা চালু ও অর্থনৈতিক পুনর্গঠনের কাজ সম্পন্ন করার জরুরী তাগিদ আজ অনুভূত হইতে শুরু করিয়াছে। আবার, মুক্ত এলাকার প্রশাসন বা পুর্গঠনের প্রশ্নকে কেন্দ্র করিয়া একটি বড় ও মৌলিক প্রশ্ন সামনে চলিয়া আসিয়াছে। প্রশ্নটি হইল বাংলাদেশ সরকার অর্থনৈতিক ও সামাজিক পুনগর্ঠনের ক্ষেত্রে কোন নীতি, কোন পথ অনুসরণ করিবে? মুক্ত এলাকার সমস্যা সমাধান আলাদাভাবে হইতে পারে না। গোটা বাংলাদেশের পুনর্গঠনের প্রশ্নের সহিত ইহা ওতপ্রোতভাবে জড়িত। আজিকার ছোট ছোট মুক্তাঞ্চলগুলিকে গড়িয়া তুলিতে হইবে আগামী দিনের বাংলাদেশের মডেল হিসাবে তাই মুক্তাঞ্চলের পূর্ণগঠনের প্রশ্নকে সামনে রাখিয়া আজ বাংলাদেশ সরকার ও অন্যান্য সকল সংগ্রামী শক্তিকে দেশের ভবিষ্যৎ সামাজিক অর্থনৈতিক রূপরেখা সম্বন্ধে চিন্তা করিতে হইবে। ইহা এখন আর নিছক তত্ত্বগত বিষয় নয়, ভবিষ্যতের জন্য ইহাকে ফেলিয়া রাখাও চলে না।

স্বাধীন বাংলাদেশের সম্পর্কে অস্পষ্টভাবে হইলেও একটা ধারনা বা ছবি সকলের মনেই আছে ইহার প্রকাশও নানভাবেই দেখা যাইতেছে। স্বাধীনতার দাবিতে বাংলাদেশেল সব মানুষ এক। পশ্চিম পাকিস্তানের কুখ্যাত বাইশটি একচেটিয়া পুজিপতি পরিবার, বড় জামিদার গোষ্ঠী ও উহাদের মুরব্বী সাম্রাজ্যবাদীরা বাংলাদেশের উপর যে এক ধরনের ঔপনিবেশিক শাসন শোষনের জোয়াল চাপাইয়া দিয়াছিল, উহা হইতে মুক্তি চায় প্রতিটি নরনারী্ এই একচেটিয়া শোষন বজায় রাখার উদ্দেশ্যে উহার যে নিষ্ঠুর সামরিক স্বৈরতন্ত্র কায়েম করিয়াছিল উহাকে ধ্বংস করিয়া জাতীয় আত্মনিয়ন্ত্রন ও গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামে বাংলাদেশের সকল শ্রেণীর সকল স্তরের মানুষ ঐক্যবদ্ধ। প্রতিটি দেশবাসী চায় বাংলাদেশের স্বাধীনতা এবং উক্ত দাবিতে প্রত্যেকেই ঐক্যবদ্ধভাবে লড়াই করিতেছে।

কিন্তু ইহার অর্থ অবশ্য এই নয় যে, বাংলাদেশে সকল শ্রেণী ভেদাভেদ লুপ্ত হইয়া গিয়াছে কিম্বা শ্রেণী স্বার্থের বৈপরীত্য লোপ পাইয়াছে। স্বাধীন বাংলাদেশের ছবিও সকল শ্রেণীর মানুষের মনে এক রকম নয় কৃষক ভাবিতেছে স্বাধীন বাংলাদেশে সে জমি পাইবে, সামন্তবাদী শোষনের নাগপাশ হইতে পাইবে মুক্তি। শ্রমিক ভাবিতেছে সে পাইবে বাঁচার মত মজুরী, কাজের নিরাপত্তা রাজনৈতিক ও ট্রেড ইউনিয়ন অধিকার। যুগ যুগ ধরিয়া সে সভ্যতার পিলসুজ হইয়া কাটাইয়াছে, বাংলাদেশের স্বাধীনতার মধ্য দিয়া এমন এক উজ্জ্বল সম্ভাবনাময় ভবিষ্যতের দুয়ার খুলিয়া যাইবে যেখানে সে সভ্যতার নির্মাতা হিসাবে উহার ফল ভোগেরও অধিকারী হইবে।

সকলের অন্ন বস্ত্র শিক্ষা স্বাস্থ্য আশ্রয়ের মত ন্যুনতম চাহিদাগুলি মিটিবে। মধ্যবিত্ত ভাবিতেছে স্বাধীন বাংলাদেশে তাহার শিক্ষা-দীক্ষার ব্যবস্থাহবে, বেকারত্ব ঘুচিবে, জীবন মানের উন্নতি হইবে। বাঙালী ব্যবসায়ী শিল্পপতিদের মনে রহিয়াছে পশ্চিম পাকিস্তানী এক চেটিয়া পুঁজির অসম প্রতিযোগিতার অবসান ঘটাইয়া আত্মবিকাশের আকাঙ্খা। ইহাদের মধ্যে কেউ কেউ আবার আদমজী-ইস্পাহানী-দাউদ-বাওয়ানীকে তাড়াইয়া নিজেরাই যে বাঙালী আদমজী-দাউদ-বাওয়ানী হইয়া বসিবার স্বপ্ন দেখিতেছিনা তাও নয়।

এখন প্রশ্ন হইল, স্বাধীন বাংলাদেশে কোন শ্রেণীর মানুষের স্বপ্ন সফল হইবে? শোষক শ্রেণীর না শোষিত শ্রেণীর? যে শ্রমিক কৃষক-ছাত্র জনতা স্বাধীনাতর জন্য বুকের রক্ত ঢালিতেছে তাহাদের শোষণ মুক্তির পথ উন্মোচিত করা হইবে, না মুষ্টিমেয় ধনিকের শোষনের অধিকার কায়েম করা হইবে। বাঙালী উদীয়মান ধনিকশ্রেণীর স্বাধীনতা সংগ্রামের স্বপক্ষে-পশ্চিম পাকিস্তানের একচেটিয়া পুজির বিরুদ্ধে ইহারা অতীতেও লড়াই করিয়াছে। স্বাধীনতা সংগ্রামে ইহারা মিত্র শ্রেণীভুক্ত। তাহা সত্ত্বেও একথা মনে রাখিতে হইবে যে, ইহাদের শ্রেণী চরিত্র শোষকের। কাজেই স্বাধীন বাংলাদেশে ইহাদিগকে যদি অবাধ বিকাশের সুযোগ দেওয়া হয় শ্রেণীগুলি অর্থ্যাৎ শ্রমিক কৃষক বুদ্ধিজীবি তথা সকল মেহনতী মানুষ শোষনের জোয়ালে আবদ্ধই থাকিয়া যাইবে। শোষকের পরিবর্তন হইলেও শোষনের অবসান ঘটিবেনা। তাছাড়া পুজিবাদী ব্যবস্থা কায়েম করা হইলে যে মার্কিন সাম্রাজ্যবাদ আজ ইয়াহিয়া চক্রকে অস্ত্র অর্থ উপদেষ্টা দিয়া বাংলার নরমেধযজ্ঞে সহায়তা করিতেছে, সাহায্য ঋন ও বিশেষজ্ঞের জন্য উহাদিগকেই স্বাধীন বাংলাদেশে ডাকিয়া আনিতে হইবে। সাম্রাজ্যবাদী শোষণের শৃঙ্খলে বাঁধা পড়িবে বাংলদেশ। সোনার বাংলা আরও রিক্ত, আরও কঙ্কালসার ইহয়া পড়িবে।

ইহার বিকল্প কি? ইহার বিকল্প রাস্তা হইল পুঁজিবাদী পথ পরিহার করা শুধু শোষক পরিবর্তন নয়, শোষনমূলক ব্যবস্থারই চির অবসানের দিকে পদক্ষেপ নেওয়া। শোষিত নিপীড়িতের রাজ কায়েম করা। ইহার অর্থ এই নয় যে, পুঁজিপতিদের গলা কাটিয়া ফেলা হউক কিম্বা যে লোক আন্ডা বেচিয়া খায় তাহার মুরগীটিকে জাতীয়করন করিয়া লওয়া হউক। বাংলাদেশের সামাজিক বিকাশের বর্তমান স্তরে বেসরকারী উদ্যোগের ইতিবাচক ভূমিকা শেষ হইয়া যায় নাই। কাজেই বেসরকারী পুঁজি বা উদ্যোগকে সম্পূর্ণরূপে নাকচ করার প্রশ্ন আসে না। কিন্তু এই পুঁজিকে জনসাধারনের উপর অবাধ শোষণ চালাইয়া একচেটিয়া পুঁজিতে পরিনত হইতে দেয়া চলিবে না। রাষ্ট্রায়ত্ব খাতকে জাতীয় অর্থনীতির নিয়ামক শক্তিরূপে গড়িয়া তুলিতে হবে। ব্যাংক, বীমা বৃহৎ শিল্প, পাট শিল্প ও পাট ব্যবসা, আমদানী রপ্তানী ব্যবসা প্রভৃতি জাতীয়করন করিয়া রাষ্ট্রায়ত্ত বা সরকারী খাতকে শক্তিশালী করিতে হইবে। সরকারী খাতের পরিচালনা ব্যবস্থার গণতান্ত্রিকীকরন, পরিচালনার ক্ষেত্রে শ্রমিকদের অংশ গ্রহনের নিশ্চয়তা বিধান এবং সরকারী খাতের দক্ষতা বৃদ্ধির ও ব্যবস্থা নিতে হইবে। জাতীয় অর্থনীতির বিকাশকে পরিচালতি করিতে হইবে অপুঁজিবাদী পথে-যাহা পরিনতি লাভ করিবে সমাজতান্ত্রিক অর্থনীতি ও সমাজ ব্যবস্থার প্রতিষ্ঠায়।

অর্থনৈতিক পুনগঠনেও একটি প্রধান কাজ হইল, ভুমি ব্যবস্থার সংস্কার তথা কৃষির পুনর্গঠন বাংলাদেশে ভুমি সংস্কারের প্রশ্নটিকে দীর্ঘদিন যাবৎ ফেলিয়া রাখা হইয়াছে। ১৯৫০ সালে জমিদারী প্রথার উচ্ছেদ হইলেও জমিদারী উচ্ছেদ হয় নাই।

আইয়ুব খানের আমলে ভূমি ব্যবস্থার 'সংস্কার' করা হয় উল্টা দিকে। এর আগে বাংলাদেশে মাথাপিছু জমির মালিকানার সর্বোচ্চ সীমা বা সিলিং ছিল ৩৩ একর বা ১০০ বিঘা। আইয়ুবী শাসনে তথাকথিত 'ভূমি সংস্কার' আইনে বাড়াইয়া ৩৭৫ বিঘায় নির্ধারিত করা হয়। অথচ বাংলাদেশে জমির উপর জনসংখ্যার অতিরিক্ত চাপের পরিপ্রেক্ষিতে সিলিং নামাইয়া ৫০ বিঘা নির্ধারিত করা ছিল খুবই জরুরী।

১৯৫০ সালের জমিদারী দখল আইন এবং সিলিং সংক্রান্ত বিধি কিংবা পরবর্তীকালের আইয়ুব আমলের তথাকথিক 'ভূমি সংস্কার' আইন যে কোন গরীব বা অর্থহীন কৃষক এক বিঘা জমিও পায় নাই। বাংলাদেশের শতকরা ৩৫ জন কৃষক ভূমিহীন এবং যাহাদের জমি আছে তাহাদের মধ্যেও শকতরা ৭৮ জনের জমির পরিমাণ পাঁচ এর বা ১৫ বিঘার নিচে (বাংলাদেশের অন্যুন ১৫ বিঘা পরিমাণ জমিকে ইকনমিক হোল্ডিং ধরা হয়)। কাজেই ভুমি সংস্কারের প্রয়োজনীয়তা যে কত জরুরী তা বলার অপেক্ষা রাখে না।

কিন্তু এই জরুরী কাজটিই হয় নাই এবং না হওয়ার ফলে কৃষিতে সৃষ্টি হইয়াছে বন্ধ্যাত্ব। অধিকাংশ জমির মালিক জমি চাষ করেন না আর যারা জমি চাষ করেন তাহারা জমির মালিক নন। ফলে কৃষির অগ্রগতির পথে এক দুস্তর বাধা সৃষ্টি হইয়াছে। আবার কৃষি ব্যবস্থার আধুনিকীকরণ তথা কৃষি উৎপাদন বৃদ্ধির মারফত কৃষকের হাতে পয়সা না আসার ফলে শিল্পজাত পণ্যের বাজারও রহিয়া গিয়াছে সঙ্কুচিত অবস্থায় এবং শিল্প বিকাশের সম্ভাবনা হইয়াছে খর্ব। এই অবস্থায় অর্থনৈতিক উন্নতির আশা ছিল সুদূর পরাহত।

আজ যখন বাংলাদেশের সংগ্রাম সাফল্যের দ্বারপ্রান্তে তখন দেশের অর্থনৈতিক রূপরেখায় ভূমি সংস্কার তথা কৃষি পুর্ণগঠনের কর্মসূচীকে আর ফেলিয়া রাখা যায় না। ইহার স্থান হওয়া উচিত অর্থনেতিক পুনর্গঠন কর্মসূচীর একেবারে পয়লা নম্বরে। পারিবারিক মালিকানাধীন জমির সিলিং কমাইয়া উর্ধ্বপক্ষে ১০০ বিঘা নির্ধারিত করা, উদ্বৃত্ত জমি গরীর কৃষক ও ভূমিহীনদের মধ্যে বিনামূল্যে বিলি করা, ২৫ বিঘা পর্যন্ত জমির মালিকদিগকে খাজনা হইতে অব্যাহতি দেওয়া, খাজনা প্রথা ধীরে ধীরে উঠাইয়া দিয়া কৃষি আয়কর চালু করা, ইজারাদারী জলমহাল, বনমহাল প্রভৃতি সামন্তবাদী শোষণের অবশেষ গুলিকে বিলুপ্ত করা, সমবায় কৃষি খামার গড়িয়া তোলা প্রভৃতি কৃষি পুনর্গঠনের ক্ষেত্রে আশু করণীয়।

শুধ অর্থনৈতিক পুনর্গঠনের তাগিদে নয়, স্বাধীনতার লড়াইয়ে কৃষকদিগকে অধিকতর সংখ্যায় উদ্বুদ্ধ করার জন্যও মুক্তি সংগ্রামের একটি প্রধান রণধ্বনি হওয়া উচিতঃ কৃষকের হাতে জমি দাও। বিভিন্ন দেশের অভিজ্ঞতা হইতেও আমরা এই শিক্ষাই পাইতে পারি। কৃষকের হাতে জমি দেওয়ার ভিত্তিতে মুক্তাঞ্চলগুলিতে ভূমি সংস্কারের কাজে এখনই হাত দেওয়া উচিত। মুক্তাঞ্চলে এই দৃষ্টান্ত স্থাপন করিতে পারিলে অধিকৃত এলাকার কৃষকগণও মুক্তি সংগ্রামে অধিকতর অনুপ্রাণিত হইবেন।

সাম্রাজ্যবাদী শোষণের অবসান ঘটান রাজনৈতিক পুনর্গঠনের ক্ষেত্রে আর একটি জরুরী কাজ। সোনার বাংলা যে আজ শ্মশান, তার পিছনে করাচী-লাহোরের একচেটিয়া পুঁজিপতিদের সাথে সাথে সাম্রাজ্যবাদী বিশেষতঃ মার্কিন সাম্রাজ্যবাদী শোষণের অবসান কম নয়। মার্কিন যুক্তরাষ্ট্র ঋণের সুদ বাবদই প্রতি বৎসর ৭০-৮০ কোটি টাকা পাকিস্তান হইতে লুটিয়া নিত, উহার সিংহভাগ যাইত পূর্ব বাংলা হইতে। অতীতে দেশবাসীর দৃষ্টি এদিকে যথেষ্ট পরিমাণে সজাগ ছিল না। পূর্ব বাংলারূপী চৌবাচ্চাতে দুইটি ছিদ্র ছিল একটি করাচী-লাহোরের একচেটিয়া পুঁজির শোষণের আর অন্যটি সাম্রাজ্যবাদী তথা মার্কিন সাম্রাজ্যবাদী শোষণের। বাংলাদেশের সম্পদ পাঁচার বন্ধ করিতে হইলে এই দুইটি ফুটোই বন্ধ করা দরকার। এ ব্যাপারে সরকারের কর্মসূচী হওয়া উচিতঃ (১) অতীতে পাকিস্তানকে দেওয়া ঋণের সমুদয় দায়িত্ব অস্বীকার করা; (২) বাংলাদেশে সাম্রাজ্যবাদী পুঁজি বিনা ক্ষতি পূরণের জাতীয়করণ করা (চা-শিল্প ব্যাংক, বীমা ও রপ্তানী বাণিজ্যে সাম্রাজবাদী পুঁজি রহিয়াছে); এবং (৩) ভবিষ্যতে সাম্রাজ্যবাদী পুঁজির অনুপ্রবেশের পথ বন্ধ করা।

কোন কোন মহল মনে করেন এবং অনেক সময় প্রকাশ্যে বলিয়াও থাকেন, আগে তো দেশ স্বাধীন হউক, তারপর কর্মসূচীর কথা ভাবিয়া দেখা যাইবে। আবার কোন কোন মহল মনে করেন, বাংলাদেশের স্বাধীনতা আসুক, তা হইলেই সব সমস্যার সমাধান হইয়া যাইবে। কিন্তু এগুলি হইল শোষকশ্রেণীর যুক্তি। ১৯৪৬ সালে বলা হইয়াছিল, পাকিস্তান হাসিল হইলেই সব শোষণের অবসান হইবে। কারণ সব মুসলমান ভাই ভাই। আবার কেহ কেহ বলিতেন, মুসলমানদের মধ্যে জমিদার বা বড় পুঁজিপতি বিশেষ কেন নাই, কাজেই পাকিস্তান কায়েম হইলে উহা হইবে 'গরীবের পাকিস্তান'। এইসব 'যুক্তি' যে ধোঁকাবাজি ছাড়া কিছু নয়, তা আজ আর কাহাকেও বলিয়া বুঝাইতে হয় না। কাজেই 'সব বাঙালী ভাই ভাই' শ্লোগানও কোন কাজের কথা নয়। স্বাধীনতার দাবীতে সকল বাঙালী এক হইলেও বিভিন্ন শ্রেণীর মধ্যে স্বার্থের দ্বন্দ্ব রহিয়াই গিয়াছে। কাজেই বাংলাদেশে যাহাতে প্রকৃতই শ্রমিক কৃষক বুদ্ধিজীবী তথা মেহনতি জনতার ন্যায্য স্বার্থ রক্ষা পায় উহার নিশ্বয়তা সংবলিত একটি সামাজিক অর্থনৈতিক পুনর্গঠনের কর্মসূচী অবিলম্বে ঘোষণা করা দরকার। এবং এই কর্মসূচীর রূপরেখার ভিত্তিতেই আদর্শ হিসাবে গড়িয়া তুলিতে হইবে মুক্তাঞ্চলগুলিকে। শুধু সামাজিক ন্যায়নীতির খাতিরেই নয়, শ্রমিক কৃষক জনতাকে অধিকতর অনুপ্রাণিত করিয়া বাংলাদেশের মুক্তিযুদ্ধকে আরও দুর্বার করিয়া তোলার জন্য ইহা অত্যাবশক।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
মুক্তাঞ্চলে নতুন জীবন গড়িতে হইবে	মুক্তিযুদ্ধ ১ম বর্ষঃ ২২শ সংখ্যা	৫ ডিসেম্বর, ১৯৭১

মুক্তাঞ্চলে নতুন জীবন গড়িতে হইবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

আমাদের প্রিয় মাতৃভূমির অনেক অঞ্চল মুক্ত হইয়াছে। নতুন নতুন এলাকা মুক্ত হইতেছে। মুক্তাঞ্চলের মানুষ দখলদার শত্রুসেনাদের কবলমুক্ত হইয়া স্বস্তির নিঃশ্বাস ফেলিতেছেন এবং মাতৃভূমির বাকি অংশ মুক্ত করার জন্য মুক্তিবাহিনীর সহিত পূর্ণ সহযোগিতা করিতেছেন। কিন্তু এই সঙ্গে মুক্তাঞ্চলে দেখা দিয়াছে অনেক জটিল সমস্যা। যুদ্ধবিধ্বস্ত এলাকাগুলির পুনর্গঠন, জনজীবনে শান্তি ও নিরাপত্তা এবং সুষ্ঠ প্রশাসন গড়িয়া তোলার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণের তাগিদ জরুরী হইয়া দেখা দিয়াছে।

আমাদের প্রতিনিধি সম্প্রতি রংপুর জেলার ভূরুঙ্গামারী, নাগেশ্বরী, পাটগ্রাম ইত্যাদি মুক্তাঞ্চল পরিভ্রমণ করিয়া এই সলক সমস্যার কথা জানাইয়াছেন।

পাক বাহিনীর পোড়ামাটি নীতি

সর্বত্রই পিছু হটার সময় পাক বাহিনী পোড়ামাটি নীতি গ্রহণ করিয়া সব কিছু জ্বালাইয়া পোড়াইয়া ধ্বংস করিয়া দিতেছে। মুক্তি বাহিনীর অগ্রগতির মুখে ভূরুঙ্গামারী ও নাগেশ্বরী থানা ত্যাগ করার সময় হানাদার শয়তানরা গ্রামবাসীদের উপর এলোপাতাড়ি গুলি চালাইয়া তিন শতাধিক লোককে হত্যা করে, বহু বাড়িঘর জ্বালাইয়া দেয়, এমন কি পেট্রোল দিয়া জমির পাকা ধানে আগুন ধরাইয়া দেয়। কয়েকটি সড়ক সেতুও পাক সেনারা যাইবার সময় ধ্বংস করিয়া দিয়াছে। নিজদলীয় রাজাকারদেরও পাক সেনারা গুলি করিয়া হত্যা করিয়াছে।

এইভাবে শত্রুসেনারা পূর্ব দখলকৃত গ্রামগুলিকে যাইবার সময় শ্মশানে পরিণত করিয়াছে। মুক্তাঞ্চলে নিজ বাড়িঘরে যাহারা ফিরিয়া আসিতেছেন, তাহাদের আশ্রয় নাই, বস্ত্র নাই, ক্ষেতের ধান বিনষ্ট হওয়ায় খাদ্যও নাই।

মুক্তাঞ্চলের জনগণকে বাঁচাইবার জন্য এখনই জরুরী ভিত্তিতে রিলিফের ব্যবস্থা করা প্রয়োজন। যাহাদের ঘরবাড়ি নাই তাহাদের পুনর্বাসনের জন্য ঘর তুলিয়া দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন। খাদ্য, ঔষধপত্র ও চিকিৎসকের তীব্র অভাব রহিয়াছে।

অর্থনীতি

মুক্তাঞ্চলগুলি অর্থনৈতিক দিকে হইতে কার্যত বন্ধ এলাকায় পরিণত হইয়াছে। স্বাভাবিক ব্যবসা-বানিজ্য নাই। এই সকল অঞ্চলের ব্যবসা বাণিজ্য পূর্বে দখলকৃত এলাকার সহিত মুক্ত থাকায় এখন সরবরাহের ক্ষেত্রে দারুণ উচ্চমূল্য। লবণ, কেরোসিন, দেশলাই, আটা, চিনি ইত্যাদি প্রায় পাওয়াই যায় না। লবণ প্রতি সের কোথাও কোথাও ৫ টাকা ও কেরোসিন ৮ টাকায় বিক্রয় হইতেছে। গরীব, ক্ষেত মজুর দিনমজুর ও সাধারণ কৃষকের এইগুলি ক্রয়ক্ষমতার বাইরে। এই শ্রেণীর জনগণের হাতে এখন কোন কাজও নাই। এই সকল এলাকায় প্রধান অর্থকরী ফসল পাট ও তামাক যাহাদের কিছু আছে তাহারাও দাম পাইতেছে না।

অভিজ্ঞ মহলের মতে, মুক্তাঞ্চলে সরবরাহ ও কিছুটা স্বাভাবিক ব্যবসা বাণিজ্য চালু করার জন্য বাংলাদেশ সরকারের উচিত প্রতিবেশী ও মিত্র ভারতের সহিত আলাপ আলোচনা করিয়া ভারত ও মুক্তাঞ্চলের মধ্যে ব্যবসা -

বাণিজ্য চালু করা। তবে, সেরূপ ক্ষেত্রে যাহাতে বিশৃঙ্খলা ও অবাধ মুনাফার প্রবণতা দেখা না দেয় তাহার জন্য বর্তমান পরিস্থিতিতে জনগণের প্রয়োজনের প্রতি লক্ষ্য রাখিয়া ব্যবসা বানিজ্য সরকারী নিয়ন্ত্রণে ও কো-অপারেটিভ ভিত্তিতে পরিচালিত হওয়া উচিত তাহারা মনে করেন।

প্রশাসন

মুক্ত অঞ্চলসমূহে বাংলাদেশ সরকারের বেসামরিক প্রশাসন চালু হইতেছে । আমাদের প্রতিনিধি জানাইতেছেন, রংপুরের মুক্তাঞ্চলগুলিতে থানা প্রশাসন চালু হইয়াছে, অসামরিক প্রশাসনের জন্য অনেক এলাকার আঞ্চলিক কাউন্সিল গঠন করা হইতেছে। বাংলাদেশ সরকারের রাজস্ব আদায় শুরু হইয়াছে এবং শিক্ষা প্রতিষ্ঠানও কিছু কিছু খোলা হইতেছে।

ভূরুঙ্গামারী ও নাগেশ্বরী এলাকায় সরকারী হাট-বাজার হইতে তোলা আদায় করিতেছেন। প্রতিরক্ষা ও প্রশাসনের নাম করিয়া কোন কোন স্থানে উচ্চহারে তোলা আদায় হইতেছে বলিয়া কৃষকরা অভিযোগ করিতেছেন। এই বিষয়ে সরকারের সতর্ক সৃষ্টি দেওয়া প্রয়োজন। বর্তমান অবস্থায় শুধু সচ্ছল ব্যবসায়ীর নিকট হইতেই তোলা আদায় করা উচিত বলিয়া মুক্তাঞ্চলের মানুষ মনে করেন।

প্রয়োজন ঐক্যবদ্ধ প্রচেষ্টা

মুক্তাঞ্চলের বহুমুখী জটিল সমস্যা সমাধানের জন্য প্রয়োজন দক্ষ দুর্নীতিমুক্ত ও সুষ্ঠু প্রশাসন গড়িয়া তোলা। ইহার জন্য বাংলাদেশ সরকার ও মুক্তিযুদ্ধে শরিক সকল দলের ঐক্যবদ্ধ প্রচেষ্টা প্রয়োজন। হানাদার পাকিস্তানীরা বিতারিত হওয়ার পর কোন এলাকায় যাহাতে প্রশাসনিক শূন্যতা দেখা না দেয় তাহার জন্য প্রশাসনকে জনগণ ও সকল গণতান্ত্রিক দলের সক্রিয় অংশগ্রহণ সম্ভব করিয়া তুলিতে হইবে।

পুনর্গঠনের কঠিন কাজকে সম্ভব করিয়া তোলার জন্য সর্বদলীয় ভিত্তিতে প্রশাসনিক কাঠামো দাঁড় করান প্রয়োজন।

কিন্তু এ যাবৎ যে সকল জোনাল, সাব-জোনাল, থানা ও ইউনিয়ন কাউন্সিল গঠন করা হইয়াছে, সেগুলি কোনটি সর্বদলীয় ভিত্তিতে গঠিত হয় নাই। শুধু অফিসারদের বড়জোর অফিসার ও আওয়ামী লীগের লোকজন লইয়া গঠিত হইয়াছে। অথচ সব জায়গাতেই স্থানীয় জনসাধারণ দলমত নির্বিশেষে তাহাদের বিশ্বাসভাজন নেতৃবৃন্দকে এই প্রশাসনের সঙ্গে যুক্ত দেখিতে চান।

মুক্তাঞ্চলের থানাগুলিতে পুলিশ ও কর্মচারীর সংখ্যা প্রায়শই নগণ্য। এ ক্ষেত্রে সকল সংগ্রামী দল ও গণসংগঠন হইতে যুবকদের নিয়া স্বেচ্ছাসেবক বাহিনী গড়িয়া তোলার প্রয়োজনীয়তা মুক্তাঞ্চলের মানুষ অনুভব করিতেছেন। পুনর্বাসন, খাদ্য ও চিকিৎসার ক্ষেত্রে যে তীব্র অভাব রহিয়াছে, সর্বদলীয় রিলিফ কমিটি গঠন করিয়া উহার কাজের সহিত সরকারী প্রশাসনের সমন্বয় সাধন করিয়া তাহা মোকাবিলা করিতে হইবে। ইতিপূর্বে ফুলবাড়ীর মুক্তাঞ্চল সর্বদলীয় রিলিফ কমিটি গঠনের সংবাদ 'মুক্তিযুদ্ধে প্রকাশিত হইয়াছে। এইরূপ রিলিফ কমিটি সকল মুক্তাঞ্চলে গড়িয়া তোলা দরকার।

জনগণের মনোবল অটুট আছে

আমাদের প্রতিনিধি জানাইতেছেন, মুক্তাঞ্চলের সর্বত্রই বীর মুক্তিযোদ্ধাদের জনগণ বিপুলভাবে অভিনন্দিত করিতেছেন। মুক্তাঞ্চলের যুবকরাও মাতৃভূমিকে সম্পূর্ণ শত্রুকবলমুক্ত করার সংকল্প লইয়া ট্রেনিং গ্রহণ করিতেছেন এবং জনগণ মুক্তিবাহিনীর সহিত পূর্ণ সহযোগিতা করিতেছেন।

রংপুর রণাঙ্গনে পলায়নপর জনৈক পাকিস্তানী অফিসার তাহাকে নদী পার করিয়া দেওয়ার বিনিময়ে কয়েকজন গ্রামবাসীকে ১৩শত টাকা দিতে চায়। গ্রামবাসীরা পাক অফিসারটিকে সাহায্য করার ভান করে এবং তাহাকে পোশাক বদলাইয়া লুঙ্গি পরিতে বলে। অফিসারটি হাতের অস্ত্র মাটিতে রাখিয়া গ্রামবাসীদের দেওয়া লুঙ্গি পরিতে শুরু করিলে এই সুযোগে তাহারা অফিসারটিকে পাকড়াও করিয়া মুক্তি বাহিনীর হাতে সমর্পণ করে।

অপরিসীম দুঃখ, কষ্ট ও চূড়ান্ত ত্যাগের মধ্য দিয়া সাড়ে সাত কোটি মানুষ বাংলাদেশে নবজীবনের স্বপ্ন দেখিতেছেন। তাহাদের স্বপ্ন কতটা বাস্তবায়িত হইবে তাহা বোঝা যাইবে মুক্তাঞ্চলগুলি দেখিয়া। তাই সকলের সমবেত প্রচেষ্টায় মুক্তাঞ্চলগুলিকে ভবিষ্যৎ বাংলাদেশের আদর্শ হিসাবে গড়িয়া তুলিতে হইবে। ইহা হইতে শত্রুকবলিত অঞ্চলসমূহের জনগণও মুক্তিযুদ্ধকে তীব্রতর করিতে অনুপ্রাণিত হইবেন। মুক্তাঞ্চলের জনগণের আশা কি জন প্রশাসন কি অর্থনৈতিক কি সামাজিক কাঠামো কোন ক্ষেত্রেই যেন পূর্বতন পাকিস্তানের দুর্নীতি অসাম্য আর শোষণের পুনরাবৃত্তি না ঘটে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ জাতীয় জীবনের এই পরম লগ্নে	মুক্তিযুদ্ধ ১ম বর্ষঃ ২৩শ সংখ্যা	১২ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

জাতীয় জীবনের এই পরম লগ্নে

আট মাসের এবং বলিতে গেলে ২৪ বৎসরের অমানিশার পরে বাংলাদেশের আকাশে আজ নব-অরুণোদয় ঘটিতেছে।

পাকিস্তানের মুষ্টিমেয় একচেটিয়া পুঁজিপতি ও বৃহৎ সামন্তবাদী ভূস্বামীদের জাতিগত নিপীড়ন ও শোষণ এবং তার সাথে মার্কিনী পুঁজির নয়া ঔপনিবেশিক জাঁতাকলে নিষ্পেষিত বাংলাদেশের শ্রমিক, কৃষক, ছাত্র, মধ্যবিত্ত তথা গোটা বাঙালী জাতি নিজেদের ন্যায্য জাতীয় ও গণতান্ত্রিক অধিকারের জন্য গত ২৪ বৎসর বহু গৌরবময় সংগ্রাম করিয়াছেন। গত ২৫শে মার্চের পর জনগণের এই ন্যায্য সংগ্রামই ইয়াহিয়া চক্রের বর্বর বাহিনীর বিরুদ্ধে বাংলাদেশের স্বাধীনতা ও গণতন্ত্রের জন্য সশস্ত্র সংগ্রামের রূপ পরিগ্রহণ করিয়াছে। মাতৃভূমির স্বাধীনতা ও জাতীয় মুক্তির জন্য জনগণের এই বীরত্বপূর্ণ সংগ্রাম আজ সাফল্যের দ্বারে আসিয়া উপনীত হইয়াছে। ঘৃণ্য দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে কৃত্রিমভাবে রচিত প্রতিক্রিয়াশীল পাকিস্তান রাষ্ট্র আমাদের মুক্তিযোদ্ধাদের আঘাতে আজ ভাঙ্গিয়া পড়িতেছে। দুনিয়ার বুকে জন্ম নিয়াছে এক নবীন রাষ্ট্র-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ । প্রতিক্রিয়াশীল সাম্প্রদায়িক রাষ্ট্র পাকিস্তানের অভিশাপ হইতে বাঙালী জাতি আজ মুক্ত হইতেছে।

আমাদের এই স্বাধীনতা সংগ্রামকে স্তব্ধ করার জন্য নরঘাতক ইয়াহিয়া চক্র গণহত্যা, পাইকারী নারী ধর্ষণ, গৃহদাহ, লুণ্ঠন প্রভৃতি কোন অপরাধমূলক কাজই বাকি রাখে নাই। কিন্তু, আমাদের মুক্তিযুদ্ধ তাতে দমিত হওয়ার বদলে আরও দুর্বার হইয়াছে। দুর্ধর্ষ মুক্তিবাহিনী ও গেরিলা বাহিনীর প্রচণ্ড- মারের চোটে দিশাহারা হইয়া ইয়াহিয়া চক্র অবশেষে আমাদের দেশে মার্কিনী হস্তক্ষেপ ডাকিয়া আনার জন্য পাক-ভারত যুদ্ধ বাধাইয়াছে। ইয়াহিয়া চক্রকে বাঁচাইবার জন্য মার্কিনী সাম্রাজ্যবাদীরাও এই যুদ্ধের সুযোগে নিরাপত্তা পরিষদের মাধ্যমে আমাদের দেশে হস্তক্ষেপের চেষ্টা করিয়াছিল। সমাজতন্ত্রের দাবিদার চীনও সমাজতন্ত্রের নীতি হইতে বিচ্যুত হইয়া নরঘাতক ইয়াহিয়া চক্রের পক্ষ নিয়া মার্কিনী সাম্রাজ্যবাদের ঐ চক্রান্ত সমর্থন করিয়াছিল। কিন্তু, দুনিয়ার নিপীড়িত জাতিসমূহ ও জনগণের অকৃত্রিম বন্ধু মহান সোভিয়েত ইউনিয়ন মার্কিন সাম্রাজ্যবাদ ও চীনের সে চক্রান্ত জাল ছিন্নভিন্ন করিয়া দিয়া আমাদের মুক্তিযুদ্ধের সাফল্যে এক বিরাট অবদান রাখিয়াছে।

পক্ষান্তরে ইয়াহিয়া চক্রের আগ্রাসী আক্রমণের বিরুদ্ধে ভারত সরকার প্রতিরক্ষার জন্য যে পাল্টা ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, তাতে বাংলাদেশে ঐ খুনীর দলের অন্তিম দশা উপস্থিত হইয়াছে। ভারত সরকার বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দিয়া নিজের সেনাবাহিনীকে আমাদের মুক্তিবাহিনীর সহিত একযোগে কাজ করার নির্দেশ দিয়াছেন। আমাদের মুক্তিবাহিনী ও মিত্র ভারতীয় বাহিনীর যৌথ আক্রমণে বাংলাদেশে শত্রুর ঘাটিগুলির একটার পর একটা দ্রুত পতন ঘটিতেছে। নিরস্ত্র মানুষকে পাইকারী হত্যা, অসহায়া নারীকে ধর্ষণ ও এক কোটি নরনারীকে দেশছাড়া করিয়া যে নরপিশাচরা একদা বীরত্ব দেখাইয়াছিল, আজ মুক্তিবাহিনী ও মিত্র বাহিনীর দুর্বার অগ্রগতির সামনে তারা প্রাণভয়ে পলায়ন করিতেছে। বাংলাদেশের বিস্তীর্ণ এলাকা ইতিমধ্যেই শত্রুর কবল হইতে মুক্ত হইয়াছে। সে শুভদিনও আজ আর বেশী দূরে নয়, যেদিন ঢাকার সরকারী দপ্তরেও স্বাধীন বাংলাদেশের পতাকা উড্ডীন হইবে। বাঙালী জাতির জীবনে আজ নতুন দিন আগত।

জাতীয় জীবনের এই শুভলগ্নে নুতন দায়িত্বের কথাও আমরা সমস্ত মুক্তিযোদ্ধা ও দেশবাসীকে স্মরণ করাইয়া দিতে চাই। মার্কিনী সাম্রাজ্যবাদীদের চক্রান্ত এখনও থামে নাই। কাজেই আত্মসন্তুষ্টিরও অবকাশ নাই।

তাই, দেশবাসীর কাছে আমাদের আবেদনঃ (১) মুক্তি সংগ্রামের ত্বরিত ও চূড়ান্ত বিজয়ের জন্য সকলে মিলিয়া আরও প্রবল বেগে শত্রুর বিরুদ্ধে আঘাত হানুন, শত্রুর পলায়নের পথ রুদ্ধ করুন। (২) বাংলাদেশ সরকারের প্রতি অটুট আনুগত্য রাখুন ও নির্দেশ মানিয়া চলুন। (৩) মুক্তিবাহিনী ও মিত্র ভারতীয় বাহিনীর সহিত সকল প্রকারের সহযোগিতা করুন। (৪) সর্বত্র মুক্ত এলাকা গড়িয়া তুলুন। মুক্ত এলাকার স্বাধীনতা সংগ্রামী সকল দলমতের লোক নিয়া গণ-কমিটি গঠন করিয়া তার উপর অসামরিক প্রশাসনের দায়িত্ব ন্যস্ত করুন। (৫) মুক্ত এলাকায় শান্তি শৃঙ্খলা রক্ষা করুন। জাতি ধর্ম ভাষা নির্বিশেষে সকলের নিরাপত্তা বিধান করুন। আইনশৃঙ্খলা নিজের হাতে নিবেন না। অবাঙালী বিরোধী বা অন্য কোন প্রকার দাঙ্গা না ঘটিতে পারে সে দিকে লক্ষ্য রাখুন। (৬) খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের সুষ্ঠু বিতরণের ব্যবস্থা করুন। স্কুল কলেজ খোলার ব্যবস্থা করুন। স্বাভাবিক জীবন গড়িয়া তুলিতে উদ্যোগী হউন। (৭) শ্রমিক কৃষক মেহনতি জনতার দুঃখ দুর্দশা লাঘব করার চেষ্টা করুন।

সকল দলমতের সংগ্রামী দেশবাসীর প্রতি আমাদের আহবানঃ আসুন, সকল প্রকার দলীয় সঙ্কীর্ণতা ভুলিয়া সকলে মিলিয়া রক্তমূল্যে অর্জিত স্বাধীনতার নবীন সূর্যোদয়কে স্বাগত জানাই। বাংলাদেশে সুষ্ঠু গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম করি এবং সত্যিকারের সুখী সুন্দর প্রগতিশীল নুতন বাংলা গড়িয়া তুলি।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ মুক্তির শুভ দিনে	মুক্তিযুদ্ধ ১ম বর্ষঃ ২৪শ সংখ্যা	১৯ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

মুক্তির শুভ দিনে

বাঙালী জাতির জীবনে আজ মহা উৎসবের দিন। নয় মাসের রক্তক্ষয়ী সংগ্রামের পরে গত ১৬ই ডিসেম্বর বাংলাদেশে দখলদার বর্বর পাক বাহিনী আত্মসমর্পণ করিয়াছে। ২৪ বৎসর জাতীয় নিপীড়ন ও সীমাহীন দুঃখভোগের পরে বাংলাদেশের জনগণ প্রতিক্রিয়াশীল সাম্প্রদায়িক পাকিস্তান রাষ্ট্রের নিগড় হইতে মুক্ত হইয়া বহু আকাঙ্খিত স্বাধীনতা লাভ করিয়াছেন। বহু সংগাম, বহু ত্যাগের পর বাঙালী জাতি আজ স্বাধীন দেশের স্বাধীন নাগরিক হিসাবে বাস করার অধিকার লাভ করিয়াছেন। দুনিয়ার বুকে সগৌরবে উদয় হইয়াছে হাজার হাজার শহীদের রক্তোত স্বাধীন, সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

বাঙালী জাতীয় জীবনের এই শুভ দিনে আমরা অন্তরের শ্রদ্ধাঞ্জলি অর্পণ করি সেই বীর শহীদদের স্মৃতির প্রতি যাঁরা গত ২৩ বৎসরে জাতীয় অধিকার ও গণতন্ত্রের সংগ্রামে এবং মুক্তিযুদ্ধে প্রাণ বিসর্জন দিয়াছেন। আমরা সালাম জানাই সেই অগণিত প্রগতিশীল ও গণতান্ত্রিক কর্মীদের জাতীয় অধিকার, গণতন্ত্র এবং শ্রমিক কৃষক ও মেহনতি জনগণের মুক্তির জন্য যাঁরা দিনের পর দিন পাকিস্তানের প্রতিক্রিয়াশীল শাসকবর্গের বিরুদ্ধে সংগ্রাম করিয়াছেন এবং সেজন্য বহু অত্যাচার ও নির্যাতন সহ্য করিয়াছেন। সঙ্গে সঙ্গে আজ এই শুভ দিনে আমরা বাংলাদেশের জনগণের প্রিয় নেতা শেখ মুজিবুর রহমানের অবিলম্বে নিঃশর্ত মুক্তির দাবি আবার ধ্বনিত করিতেছি।

মুক্তিযুদ্ধের চূড়ান্ত সাফল্যে বাংলাদেশের শ্রমিক, কৃষক, ছাত্র, জনতা যে অবদান রাখিয়াছেন, পাক সামরিক জান্তার বহু পাশবিক অত্যাচার সত্ত্বেও জনগণ যে ভাবে দুঢ়তার সহিত স্বাধীনতা সংগ্রামকে অকুণ্ঠ সমর্থন জানাইয়া গিয়াছেন, সেজন্য আমরা বাংলাদেশের জনগণকে আজ আন্তরিক অভিনন্দন জানাইতেছি। আমরা অভিনন্দন জানাইতেছি আমাদের দুর্ধর্ষ মুক্তিবাহিনী ও গেরিলা যোদ্ধাদের যারা মুক্তি সংগ্রামে এক বীরত্বপূর্ণ ভূমিকা পালন করিয়াছেন এবং মাতৃভূমরি স্বাধীনতা সংগ্রামে আত্মত্যাগের এক গৌরবোজ্জ্বল দুষ্টান্ত স্থাপন করিয়াছেন।

প্রতিবেশী ভারতের জনগণ, গণতান্ত্রিক শক্তিসমূহ, সরকার এবং সেনাবাহিনী আমাদের মুক্তি সংগ্রামে যে অকুণ্ঠ সমর্থন ও সাহায্য দিয়াছেন, তা বাঙালী জাতি কোনদিন ভুলিবে না। আমাদের মুক্তিযুদ্ধে সেই সাহায্য ও সমর্থনের জন্য আমরা তাদের নিকট জানাই আমাদের আন্তরিক কৃতজ্ঞতা ও অভিনন্দন।

সর্বোপরি, আমরা অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই সোভিয়েত ইউনিয়ন ও সমাজতান্ত্রিক দেশসমূহের নিকট, যাঁদের সাহায্য ও সমর্থন আমাদের মুক্তিযুদ্ধের বিজয়ে অবিস্মরণীয় অবদান রাখিয়াছে।

বস্তুত, স্বাধীনতা সংগ্রামে বাংলাদেশের জনগণের ঐক্যবদ্ধ ও দৃঢ় সমর্থন, শত্রুর বিরুদ্ধে আমাদের মুক্তিবাহিনী ও গেরিলা যোদ্ধাদের অসম সাহসিক সংগ্রাম এবং ভারত, সোভিয়েত ইউনিয়ন ও সমাজতান্ত্রিক দেশসমূহের সাহায্য এবং সমর্থন আমাদের মুক্তিসংগ্রামের এই ঐতিহাসিক বিজয় সম্ভব করিয়াছে।

কিন্তু বিজয়ের আনন্দে আত্মহারা হইয়া স্বাধীনতা লাভের পরবর্তী অধ্যায়ের দায়িত্বের কথা আমরা যেন বিস্মৃত না হই। পাক সেনাদল কর্তৃক ধ্বংসকৃত বাংলাদেশের পুনর্গঠন, প্রায় এক কোটি দেশত্যাগী নর-নারীকে

দেশে ফিরাইয়া আনিয়া তাঁদের পুনর্বাসন, দেশের শান্তি ও শৃঙ্খলা রক্ষা এবং অত্যাচার ও শোষণহীন সুখী ও শান্তিময় সমাজ ব্যবস্থা গড়িয়া তোলার কঠিন কর্তব্য আজ আমাদের সম্মুখে উপস্থিত হইয়াছে। মুক্তিযুদ্ধে জয়ের চেয়ে এক কাজ কম কঠিন নহে। কোন একটি দল, সে দল যত বড়ই হোক না কেন, তার একার পক্ষে এই কাজ সম্পন্ন করা সম্ভব নয়। তাই, আজ জরুরী প্রয়োজন হইল উচু হইতে নিচু পর্যন্ত সমস্ত স্তরে মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সমস্ত দেশপ্রেমিক ও গণতান্ত্রিক শক্তির একতা। এই একতার আবেদন আমরা আজ আবার সকলের নিকট জানাইতেছি।

তা ছাড়া, দেশীয় ও বিদেশী প্রতিক্রিয়াশীলদের চক্রান্ত সম্পর্কে সমস্ত জনগণ ও গণতান্ত্রিক শক্তিকে আমরা হুঁশিয়ার করিয়া দিতেছি। মার্কিনী সাম্রাজ্যবাদ আমাদের দেশে তার নয়া ঔপনিবেশিক শোষণ রক্ষা করার জন্য সব সময়ই আমাদের সকল গণতান্ত্রিক আন্দোলনের বিরোধিতা করিয়াছে। মুক্তিযুদ্ধের সময়ে পাক সামরিক জান্তাকে অশেষ সাহায্য দিয়াছে। মুক্তিযুদ্ধের বিজয়ের মুখে তারা জাতিসংঘের মারফত আমাদের দেশে হস্তক্ষেপ করিতে চেষ্টা করিয়াছে। পরিশেষে সপ্তম নৌবহর পাঠাইয়া ভীতিপ্রদর্শনপূর্বক মুক্তিযুদ্ধের বিজয়কে পর্যুদস্ত করিতে সচেষ্ট হইয়াছিল।

চীনের মাওবাদী নেতৃত্বও মার্কসবাদী লেলিনবাদী নীতি বিসর্জন দিয়া আমাদের ন্যায়সঙ্গত মুক্তি সংগ্রামের রিরুদ্ধে প্রতিক্রিয়াশীল ইয়াহিয়া চক্রকে সমর্থন দিয়া চলিয়াছে।

যদিও আমাদের বিরুদ্ধবাদী ঐ সকল শক্তির চক্রান্ত এ পর্যন্ত ব্যর্থ হইয়াছে, কিন্তু তাদের সে চক্রান্ত থামে নাই। এখনও তারা আমাদের দেশ পুনর্গঠনের কাজে নানাবিধ বিগ্ন সৃষ্টি করিতে এবং বহু রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতাকে বিপর্যস্ত করিতে সচেষ্ট থাকিবে। তাই, জাতির মুক্তির এই শুভদিনে সকল গণতান্ত্রিক ও দেশপ্রেমিক শক্তিকে আমরা আহ্বান করি যে, ঐক্যবদ্ধভাবে এই চক্রান্তের মোকাবিলা করিয়া উহাকে পরাস্ত করুন। স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জয়যাত্রা অব্যাহত রাখুন।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
টেকনাফ থেকে তেঁতুলিয়া মুক্তিবাহিনী জয়মাল্য নিয়ে এগিয়ে চলেছে	সোনার বাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	জুলাই (?), ১৯৭১

বাংলার সবুজ-শ্যামল প্রান্তর
টেকনাফ থেকে তঁতুলিয়া
মুক্তিবাহিনী জয়মাল্য নিয়ে এগিয়ে চলেছে
(ভ্রাম্যমান প্রতিনিধি)

স্বাধীন সার্বভৌম গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশের অদম্য মনোবলের অধিকারী ও দুর্জয় শপথে মুক্তিযোদ্ধাদের প্রচণ্ড আক্রমণে হানাদার খান সেনারা যতই পর্যুদস্ত হয়ে পালিয়ে যাচ্ছে, ততই দিনের পর দিন মুক্ত অঞ্চলের সীমানা বৃদ্ধি পাচ্ছে। স্বাধীনতার যুদ্ধ প্রায় চার মাস অতিক্রম করতে চলেছে আর সঙ্গে সঙ্গে মুক্তিবাহিনীর শক্তি দিনের পর দিন বৃদ্ধি পেয়ে খান সেনাদের ভীত ও সন্ত্রস্ত করে তুলেছে।

আমাদের ভ্রাম্যমাণ প্রতিনিধি বিভিন্ন রণাঙ্গন পরিদর্শন করে খবর পাঠিয়েছেন মুক্তিবাহিনী বাংলাদেশের সীমান্তবর্তী এলাকা টেকনাফ থেকে শুরু করে তেঁতুলিয়া পর্যন্ত বিস্তীর্ণ এলাকা খান সেনাদের কবল মুক্ত করতে সক্ষম হয়েছে। চট্রগ্রামের বিভিন্ন এলাকায় এখন বাংলাদেশের সবুজ-লাল রঙ্গে রঞ্জিত, সোনালী বাংলাদেশের মানচিত্র অঙ্কিত পতাকা শস্য শ্যামল মাটির বুকে দাঁড়িয়ে আছে। ঠাকুরগাঁও মহকুমা, মেহেরপুর মহকুমাও একই গর্বে গর্বিত। এমনকি বাংলাদেশের প্রাণকেন্দ্র ঢাকা নগরীর রেল স্টেশনেও মুক্তিবাহিনী আক্রমণ চালিয়ে একটি সামরিক অস্ত্র বোঝাই ট্রেন ধ্বংস করে দিয়েছে এবং তিনটি বিদ্যুৎ কেন্দ্রে মুক্তিবাহিনীর আক্রমণে ঢাকা শহর গত কয়েক দিন অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়েছিল। আমাদের কমাণ্ডো বাহিনী ঢাকা হোটেল ইন্টারকন্টিনেন্টাল সুইমিং পুলের নিকটে, হাবিব ব্যাংক, নবাবপুর রোড, এবং গভর্ণর ভবনে হ্যাণ্ড গ্রেনেড দিয়ে আক্রমণ করে। ফলে ঢাকা শহরে প্রবেশের সকল পথ সন্ধ্যা ৬টা পর্যন্ত বন্ধ করে দেওয়া হয়েছে। পাক সেনারা কমাণ্ডোদের ভয়ে ঢাকার প্রধান সামরিক দপ্তরটি গভর্নর ভবন থেকে অধিকতর সুরক্ষিত তেজগাঁও এলাকায় প্রাদেশিক পরিষদ ভবনে স্থানান্তরিত করেছেন।

রংপুর জেলার বিভিন্ন রণাঙ্গনে আক্রমণ চালিয়ে মুক্তিবাহিনীর কমাণ্ডোরা হাতীবান্দা সেক্টর দখল করে খান সেনাদের তাড়িয়ে দিয়েছে। দিনাজপুরের রণাঙ্গন মুক্ত হয়েছে তিন দিনের প্রতিরোধের পর। যশোর অঞ্চলে পঁয়ত্রিশজন খান মুক্তিযোদ্ধাদের হাতে নিহত হয়েছে। বিদ্যুৎ সরবরাহের প্রাণকেন্দ্র জলঢাকা বিদ্যুৎকেন্দ্র সাতদিন অবরোধের পর মুক্তিযোদ্ধাদের দখলে এসেছে। উত্তরবঙ্গের বৃহত্তম চিনির কল দর্শনাও এখন মুক্তিবাহিনীর নিয়ন্ত্রণে। পূর্ব রণাঙ্গনে কুমিল্লা জেলার মুরাদনগরে একটি সামরিক দল কয়েকটি নৌকা করে যখন তাদের মনের কুপ্রবৃত্তিকে চরিতার্থ করার জন্য নদী পাড়ি দিচ্ছিল, ঠিক সেই সময় মুক্তিবাহিনীর আক্রমণে একজন মেজরসহ ১৭ জন খান সেনা নদীর জল পেট পুরে খেয়ে মৃত্যুবরণ করেছে। আখাউড়া ও ফেনী মহকুমার বিভিন্ন স্থানে

* সোনার বাংলাঃ সাপ্তাহিক। মুক্তিবাহিনীর মুখপত্র। সরকার কবীর খান কর্তৃক সম্পাদিত এবং কে জি মুস্তফা কর্তৃক সোনার বাংলা প্রেস হতে মুদ্রিত ও প্রচারিত।

আক্রমণ চালিয়ে ১ জন উর্ধ্বতন সামরিক কর্মকর্তাসহ বেশকিছু সংখ্যক খান সেনাদের খতম করে মুক্তিবাহিনীর বিজয় অভিযান অব্যাহত রেখেছে।

কুষ্টিয়ার নয়নপুরে আক্রমণ চালিয়ে মুক্তিবাহিনীর কমাণ্ডোরা ২০ জন খান সেনার প্রাণনাশ করেছে। পরে সামরিক হেলিকপ্টারযোগে মৃত সেনাদের অন্যত্র সরিয়ে নিতে দেখা গেছে। আক্রমণের ফলে বাজিতপুরে ৫ জন দালাল, ফকিরহাটে ৭ জন ও কুষ্টিয়ায় বেশ কয়েকজন দালাল নিহত হয়েছে।

কুষ্টিয়ার প্রচণ্ড লড়াইয়ের পর মুক্তিবাহিনীর কমাণ্ডোরা পাকিস্তানী খান সেনাদের একটি অস্থায়ী সামরিক ব্যারাক দখল করে নিয়েছে এবং বেশ কিছুসংখ্যক অস্ত্রশস্ত্রও দখল করেছে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
হানাদার বাহিনীর শাস্তিদানের জন্য ট্রাইব্যুনাল গঠন করুন	সোনার বাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	জুলাই (?), ১৯৭১

হানাদার বাহিনীর শাস্তিদানের জন্য ট্রাইব্যুনাল গঠন করুন

কে, জি মুস্তফা প্রদত্ত

সাড়ে সাত কোটি মানুষের আবাস ভূমি ''স্বাধীন সার্বভৌম গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ'' বিশ্বের মানচিত্রে একটা নতুন রাষ্ট্র হিসাবে চিহ্নিত হয়েছে। বিশ্বের বিবেকসম্পন্ন জাতিসমূহের নিকট বাংলাদেশ স্বীকৃতি লাভ করেছে। শুধুমাত্র সাম্যবাদ, সমাজবাদের ধারক, চীনের মানুষের নিকটই বাংলাদেশের ঘটনাসমূহ কোন আলোড়ন সৃষ্টি করতে পারে নাই।

গণপ্রজাতন্ত্রের ধ্বজা ধরে বিশ্ব মানবতার চিরশত্রু সাম্রাজ্যবাদের এক নম্বর পাণ্ডা মার্কিন সাম্রাজ্যবাদ এবং তিব্বত গ্রাসকারী পররাজ্যলোভী গণতন্ত্রের দুশমন চীন একাধারে বাঙালী নিধনযজ্ঞে সাহায্য সহযোগিতা করে সাধ্যমত নিজের দেশের ধনসম্পদ ও অস্ত্রশস্ত্র দিয়ে কুখ্যাত পাকিস্তান সরকারকে শক্তিশালী করে তুলেছে। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চার মাস অতিক্রম করে সাফল্যের দ্বারপ্রান্তে এসে হাজির হয়েছে। আর সঙ্গে সঙ্গে এই সাফল্যের সংবাদে টনক নড়েছে আমেরিকা, চীন ও রাশিয়ার। বন্ধ করে দিয়েছে পাকিস্তান সরকারকে সর্বপ্রকার সাহায্য ও সহানুভূতি, জিকির তুলেছে বাংলাদেশের একটি রাজনৈতিক সমাধান চাই। কিন্তু এই জিকিরে কি বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ স্তিমিত হবে? হতে পারে না। যাদের অদৃশ্য হাতের কারসাজিতে বাংলাদেশের স্বাধীনতা পাগল ১০ লক্ষ নিরীহ, নিরস্ত্র মানুষ পশ্চিমা বেনিয়া গোষ্ঠীর প্রতিভূ খান সেনাদের হাতে প্রাণ দিয়ে বাংলার শস্য-শ্যামল প্রান্তরকে রক্তে রঞ্জিত করে তুলেছে এবং তাদেরই প্রাণপ্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বাংলা জাতীয় লীগ প্রধান জনাব আতাউর রহমান খান এখন ও খান সেনাদের অন্ধকার কারাগারে নিক্ষিপ্ত। আর ঘাট লক্ষাধিক মানুষ প্রাণের ভয়ে পালিয়ে আশ্রয় নিয়েছে বন্ধুরাষ্ট্র ভারতে। বাংলাদেশের স্বাধীনতাকামী মানুষের অনুপস্থিতিতেই তাদের নামে ট্রাইব্যুনাল গঠন করে চরম শাস্তিদানের ব্যবস্থা করে বিশ্বের কলঙ্কজনক ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করেছে খান প্রতিভূ গোষ্ঠী। এমন কি বাঙালীদের নয়নমণি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জনাব আতাউর রহমান খানের জন্যও বিচারের ট্রাইব্যুনাল গঠন করার খবর আমরা পেয়েছি। তাই প্রতিটি বাঙালী মানুষই আতঙ্কে শিউরে উঠেন এই ট্রাইব্যুনাল গঠনের সংবাদ শুনে। বিশ্বের বিবেকসম্পন্ন রাষ্ট্রসমূহ নির্বাক দৃষ্টিতে ইয়াহিয়া খানের এই নাটকীয় ঘটনার দিকে তাকিয়ে আছে। কখন কি ঘটবে, তা বলা মুশকিল।

তাই এই সমস্ত হানাদার বাহিনীর কুখ্যাত সামরিক কর্মকর্তাদের শাস্তি বিধানের জন্য বাংলাদেশ সরকারকে একটি বাস্তব পদক্ষেপ গ্রহণ একান্ত প্রয়োজন। স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রিক বাংলাদেশের মুক্তাঞ্চলে একটি বিশেষ ট্রাইব্যুনাল গঠন করে হানাদার বাহিনীর কর্মকর্তাদের বিচার করে, উপযুক্ত প্রতিশোধ গ্রহণ করার জন্য আমরা স্বাধীন সার্বভৌম গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারের প্রতি আবেদন জানাই।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় মক্তিযোদ্ধা লহ সালাম	সোনার বাংলা ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	আগস্ট, ১৯৭১

সম্পদকীয়

মক্তিযোদ্ধা লহ সালাম

ক্ষুদিরাম, তিতুমীর, সূর্যসেনের জন্মভূমি পদ্মা, মেঘনা, তিস্তা, যমুনা প্রান্তরে এগিয়ে চলছে দুর্বার গতিতে ওরা কারা? পশু হানাদার বাহিনীকে সমুচিত শিক্ষা দেওয়ার জন্য কেন ওরা দৃঢ় প্রতিজ্ঞ? মুক্তির নেশায় কেন ওরা পাগল? রক্ত পিচ্ছিল পথে কেন ওরা চলছে। স্বাধীনতা না হয় মৃত্যু কেন ওদের কাম্য?

২৫শে মার্চ ১৯৭১ সাল। অবহেলিত বাংলা তথা সমগ্র পৃথিবীর ইতিহাসে সংযোজিত হলো একটি চরম বিশ্বাসঘাতকতার নির্মম ইতিহাস। বিশ্বাসঘাতক ইয়াহিয়ার হানাদার পশুরা স্তব্ধ করতে চাইলো সাড়ে সাত কোটি মেহনতি, কৃষক, শ্রমিক, ছাত্র, জনতার কণ্ঠস্বর। শহর বন্দর গ্রাম গঞ্জে ওরা চালালো রাইফেল স্টেগান, ব্রেনগান, মর্টার, কামান, ট্যাঙ্ক লুটিয়ে পড়লো লক্ষ লক্ষ নির্যাতিত নিপীড়িত মানুষের শব। রক্ত আর রক্ত। রক্তের বন্যায় ভেসে গেল সোনার বাংলা। ওরা আগুন জ্বালালো গ্রাম হতে গ্রামান্তরে বাংলার আকাশে বাতাসে গুমরিয়ে উঠলো নারীর আর্ত্তনাদ, সন্তানহারা জননীর বুক ফাটা আকুল ক্রন্দন। অত্যাচার ব্যাভিচার নির্যাতনে নিষ্পেষিত জনতার সঞ্চিত ব্যথা পুঞ্জীভূত হয়ে আগ্নেয়গিরির মতো ফেটে পড়ল তারই ফলশ্রুতিতে ।

বাংলার বুকে, ২৫শে মার্চের ভয়াবহ কালো রাত্রিতে জন্ম নিল বাংলা মুক্তিবাহিনী। ওরা দুর্বার, বিক্ষুব্ধ বাংলার সংক্ষুব্ধ কৃষক, শ্রমিক, ছাত্র জনতা। যে কোন তিতিক্ষার মাধ্যমে গ্রহণ করবে মা বোন ভাইয়ের রক্তের প্রতিশোধ। বাংলার শ্যামল প্রান্তরে তাইতো আজ জেগে উঠেছে বীর বাংলার সংগ্রামী মুক্তিযোদ্ধা। লক্ষ লক্ষ শহীদের রক্তে সিক্ত পাকিস্তান আজ মৃত। জন্ম নিয়েছে সেই শহীদী রক্তে পৃথিবীর মানচিত্রে একটি নতুন দেশ বাংলা। সৃষ্টি হয়েছে নতুন ইতিহাস। সেই রক্তাক্ত পিচ্ছিল পথে এগিয়ে চলছে বীর বাংলার সংগ্রামী মুক্তিবাহিনী। লক্ষ কোটি মায়ের অশ্রু আজ আশীর্বাদ ওদের, শহীদী রক্তে লাল পতাকা হাতে নিয়ে বিজয়ের জয়মাল্যে ওরা চলছে- ওরা চলবে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
মুজিবের প্রাণনাশের ষড়যন্ত্রের বিরুদ্ধে সারা বিশ্বে আলোড়ন সৃষ্টি	সোনার বাংলা ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	আগস্ট, ১৯৭১

মুজিবের প্রাণনাশের ষড়যন্ত্রের বিরুদ্ধে সারা বিশ্বে আলোড়ন সৃষ্টি

রাশিয়া

সোভিয়েত সরকারের পক্ষ থেকে স্পষ্ট করে পাকিস্তানের জঙ্গী শাসক ইয়াহিয়া খাঁকে জানিয়ে দেওয়া হয়েছে যে, বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের প্রাণপ্রিয় নেতা শেখ মুজিবকে হত্যা করার ষড়যন্ত্র করলে তার পরিণাম মারাত্মক হবে। তাই অবিলম্বে শেখ মুজিবকে মুক্তি দিয়ে আলাপ আলোচনার মাধ্যমে বাংলাদেশ সমস্যার একটি রাজনৈতিক সমাধান করার জন্য সোভিয়েত সরকারের পক্ষ থেকে আহ্বান জানান হয়েছে।

অষ্ট্রেলিয়া

পাকিস্তানের জঙ্গী শাসকগোষ্ঠী রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ এনে বঙ্গবন্ধু শেখ মুজিবের যে বিচার প্রহসনের ব্যবস্থা করছেন তার প্রতি ঘৃণা প্রকাশ করে অষ্ট্রেলিয়ার সরকার পাকিস্তানকে একটি নোট দিয়েছেন। অষ্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মিঃ উইলিয়াম ম্যাকমোহন প্রেসিডেন্ট ইয়াহিয়ার নিকট একটি ব্যক্তিগত বার্তা পাঠিয়ে দুঃখ প্রকাশ করেছেন।

মার্কিন

মার্কিন যুক্তরাষ্ট্র প্রগতিশীল রাজনীতির অন্যতম প্রবক্তা সিনেটর এডওয়ার্ড কেনেডী ও সিনেটর চার্লস পার্সি বলেন- শেখ মুজিবের বিচারের ব্যাপারে মার্কিন সরকার পাকিস্তান সরকারের উপর প্রবল প্রভাব বিস্তার করবে। বঙ্গবন্ধুর প্রাণনাশ হলে পরিস্থিতির বিস্ফোরণ ঘটবে বলেও তারা মন্তব্য করেন।

বৃটিশ সংবাদপত্র

বৃটিশ সংবাদপত্র ইয়র্কশায়ার পোষ্ট মন্তব্য করেছে, শেখ মুজিবের গোপন বিচার সম্পর্কে সারা বিশ্বে যে আলোড়ন সৃষ্টি করে পাকিস্তান সামরিক জান্তার বিরুদ্ধে যে ধিক্কার তুলেছে তার প্রতি জঙ্গীশাহী কর্ণপাত করলে সুবিবেচনারই পরিচয় দিতেন। পত্রিকাটিতে তীব্র প্রশ্ন তুলে বলা হয়েছে-শেখ যদি মানুষ হিসাবে এতই ভয়ঙ্কর ও খারাপ হয় তবে প্রকাশ্য আদালতে বিচার করতে সামরিক কর্তৃপক্ষ কুণ্ঠিত কেন?

ভারত

ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী পাকিস্তান সামরিক জান্তার প্রতি এই মর্মে হুঁশিয়ারি উচ্চারণ করেন যে, পাকিস্তান সামরিক কর্তৃপক্ষ যদি শেখ মুজিবুর রহমানের প্রতি কঠোর ব্যবস্থা গ্রহণ করে তবে 'শুধু বাংলাদেশ নয়, তার প্রতিক্রিয়া সারা বিশ্বে গিয়ে পড়বে।'

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় বিশ্ববিবেক নীরবতার প্রেক্ষিতে	সোনার বাংলা ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	আগস্ট, ১৯৭১

সম্পাদকীয়

বিশ্ববিবেক নীরবতার প্রেক্ষিতে

বিশ্বপলিটব্যুরোর বুড়োদের কি ভীমরতী ধরেছে? বাংলার মুক্তিযুদ্ধ সাত মাস অতিক্রান্ত। শরণার্থীদের সংখ্যা ভারতে দিন দিন বাড়ছেই, তেমনি বাড়ছে আমাদের মুক্তিযোদ্ধাদের গেরিলা তৎপরতা।

অনেকেই বাংলার লালরং দেখে গেলেন। শরণার্থীদের বুকফাটা কান্না শুনে গেলেন। ভালো ভালো কান্নাজড়ানো, জ্ঞানিকথা কপচানো বিবৃতিও দিয়ে গেলেন। কিন্তু তাদেরকে প্রশ্নঃ এগুলো রসগোল্লা ফিরিস্তি কি সেই জলে পড়া, সাঁতার না জানা সেই হতভাগ্য বালকের প্রতি সেই বুড়োর 'জলে নেমেছো ক্যানো বাবা' বলে উপদেশ ঝাড়া নয়? যখন জল থেকে বালককে উদ্ধার করাটা সবচেয়ে প্রথম কর্তব্য তখন এহেন উপদেশ প্রহসন নিশ্চয়ই নিষ্প্রয়োজন।

কিন্তু তাদের কাছে, না কোন আবেদন বা আজ্ঞে হুজুরের নিবেদন নয়।

বাঙালী জেগেছে-এ কথাটা এখন পুরনো। বাঙালী কোনদিন ঘুমিয়ে ছিল এবং নির্যাতিত, শোষিত, লাঞ্ছিত বন্দি কি কখনো ঘুমায়-তা তাদের অবশ্যই জানা উচিত। আর যদি ঘুমায় কখনো, তবে তাদের জানা উচিত এ তাদের চির জাগ্রত নিদ্রা। বাঙালী জাতির ইতিহাস চিরকালই ঘুম ভাঙ্গানোর ইতিহাস-একটা বিশেষ লাল ঐতিহ্য।

অতএব তাদেরকে অনুরোধ, তারা আর মিছামিছি বড় বড় আলোচনা বৈঠক না করে, আশা দিয়েও আর হতাশ করবেন না। এতো রক্ত, এতো শহীদানের পর পাকিস্তানের ক্রমেই বাংলাকে বেঁধে রাখার অপচেষ্টা করে আমাদের স্বাধীনতা অর্জনকে বিলম্বিত করবেন না।

আমাদের এ যুদ্ধ আমাদের প্রিয়তম নেতার সুরে সুর মিলিয়ে বলি-এ সংগ্রাম মুক্তির সংগ্রাম, এ সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। চলছে, চলবে।

তবে হ্যাঁ বিশ্ববিবেকের ধুয়া তুলে, শুধু কথা এবং আশা দিয়ে নয় আসুন আমরা সবাই মিলে, কি হিন্দু কি মুসলিম, কি খৃষ্টান সব সাম্প্রদায়িকতার উর্ধ্বে উঠে নির্বিশেষে আমাদের এই মহৎ সংগ্রাম যাতে আরো এগিয়ে যায় তার পথকে সুগম করার চেষ্টা করি।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধান প্রসঙ্গে	সোনার বাংলা ১ম বর্ষঃ ৮ম ও ৯ম সংখ্যা	৩১অক্টোবর, ১৯৭১

বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধান প্রসঙ্গে

(রাজনৈতিক ভাষ্যকার)

বাংলাদেশে আজ রক্তক্ষয়ী স্বাধীনতা সংগ্রাম চলছে। হানাদার পশ্চিম পাকিস্তানী বাহিনীকে বাংলাদেশের মাটি থেকে চিরতরে উৎখাত করে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ কায়েম করার জন্য স্বর্ণ প্রসবিনী বাংলার বীর সন্তানগণ শত্রুর বিরুদ্ধে লড়ছে। গত ৬ মাসের যুদ্ধে আমাদের বীর মুক্তিযোদ্ধাগণ বাংলাদেশের বিস্তীর্ণ এলাকা মুক্ত করতে সক্ষম হয়েছেন এবং দখলীকৃত এলাকা উদ্ধারের জন্য পাল্টা আক্রমণ চালিয়ে যাচ্ছেন। এবং সেদিন হয়তো আর বেশি দুরে নয়, যেদিন আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ ফিরে পাব। ঠিক এই মুহুর্তে বিশ্বের বিভিন্ন মহল বিশেষ করে বৃহৎ শক্তিবর্গসহ কয়েকটি প্রভাবশালী রাষ্ট্র বাংলাদেশ সমস্যার একটি রাজনৈতিক সমাধানের জন্য আহ্বান জানিয়েছেন। কিন্তু এই রাজনৈতিক সমাধানের কাঠামোটা কি তা কেউ স্পষ্ট ভাষায় বলেননি। বাংলার মানুষের বক্তব্যের প্রতিধ্বনি করে নবগঠিত বাংলাদেশ মুক্তিযুদ্ধ উপদেষ্টা কাউন্সিল ঘোষণা করেছেন, বাংলাদেশ সমস্যার একমাত্র সমাধান পূর্ণ স্বাধীনতা। আমরা সেই রাজনৈতিক সমাধান মেনে নিতে পারি, যাতে বাংলাদেশকে স্বাধীন সার্বভৌম রাষ্ট্র বলে স্বীকার করে নেওয়া হয়।

কারণ যারা রাজনৈতিক সমাধানের কথা বলেন, তাদের এটা উপলব্ধি করতে হবে যে কি অবস্থার পরিপ্রেক্ষিতে বাংলাদেশের ৮০ লক্ষ মানুষ দেশ ত্যাগ করে ভারতে আশ্রয়গ্রহণ করেছে এবং কেন স্বাধীনতা ঘোষণা করতে বাধ্য হয়েছে। বাঙালীরা চিরদিন শান্তিপ্রিয় জাতি এবং আওয়ামী লীগও একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল। তাই তারা ২৫শে মার্চের পূর্বে নিয়মতান্ত্রিক উপায়ে সমস্যার শান্তিপূর্ণ সমাধান করতে চেয়েছিল; কিন্তু খুনী ইয়াহিয়া তা হতে না দিয়ে বাংলার মানুষের উপর শোষণ আর শাসন অব্যাহত রাখার জন্য কুত্তা বাহিনীকে লেলিয়ে দিয়ে পাকিস্তানকে খুন করেছে। তাই নিরীহ নিরস্ত্র নিরাপরাধ ১০ লাখ বাঙালীকে হত্যা করে, দেশত্যাগ করতে বাধ্য করে, লাখো মা বোনের ইজ্জত লোটার পর আর পাকিস্তান নামক রাষ্ট্রের সঙ্গে বাঙালীদের বসবাস সম্ভব নয়। ন্যায্য অধিকারের পরিবর্তে শোষণ অপমান আর অন্যায়ের বিরুদ্ধে বাঙালীরা ন্যায়ের জন্য সংগ্রাম করছে। অহিংস রাজনীতির অনুসারী দল আওয়ামী লীগ বাধ্য হয়েছে সশস্ত্র সংগ্রামের পথে নামতে। তাই স্বাধীনতা ঘোষণা করতে হয়েছে। স্বাধীনতার অগ্নিমন্ত্রের শপথ নিয়ে মা বোনের ইজ্জত লুন্ঠনকারী মানুষ নামধারী বর্বর জানোয়ারদের খতম করার জন্য বাঙালীরা প্রস্তুত। মৃত পাকিস্তানের উপর উঠবে বাঙালীর বাংলাদেশ-যেখানে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খৃষ্টান, ধনী-দরিদ্রের মধ্যে কোন ভেদাভেদ থাকবে না। গড়ে উঠবে এক শোষণমুক্ত সোনার বাংলা।

এত রক্ত, জীবনহানি, সম্পত্তি লুট, ইজ্জতহানির পরও যদি কেউ ভাবেন যে, বাঙালীরা ঐ বেঈমানদের সঙ্গে বসবাস করবে-তারা মস্ত বড় ভুল করবেন। ইয়াহিয়ার রক্ত কলঙ্কিত হাতে খণ্ডিত পাকিস্তান বাঙালীরা জোড়া লাগাবে না। আমরা শহীদদের সহিত বেঈমানী করতে পারি না। তাই বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমেদ যথার্থই বলেছেন 'লাখো' শহীদের লাশের তলায় পাকিস্তানের কবর হয়েছে। তাই যারা রাজনৈতিক সমাধানের কথা বলেন, তাদের আমরা একথা স্পষ্ট ভাষায় জানিয়ে দিতে চাই যে, বাংলার মানুষ পূর্ণ স্বাধীনতা ছাড়া কোন সমাধান মেনে নিতে রাজি নয়।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পদকীয় বাংলাদেশ ও জাতিসংঘ	বাংলার মুখ ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	২৭ আগস্ট, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশ ও জাতিসংঘ

জাতিসংঘ নামে বিশ্বের বুকে একটা আন্তর্জাতিক বিশ্ব সংগঠনের অস্তিত্ব আছে-একথা সংগ্রামী বাংলার মানুষ আজ আর বিশ্বাস করতে চায় না। একদিন তারা জানতো বিশ্ব মানবতার জন্য এ নামে একটা প্রতিষ্ঠান রয়েছে। লীগ অব ন্যাশনস এর পরিবর্তিত, সংশোধিত রূপ এই জাতিসংঘ মানব কল্যাণ্যের জন্য অত্যাচার নির্যাতন ও মানবীয় শোষণের অবসাণের জন্য কিছু করা অন্তত করার দায়িত্ব নিয়ে প্রতিষ্ঠানের অস্তিত্ব হয়েছে এ বিশ্বাসও বাংলাদেশের জনগণের ছিল। কিন্তু আজ আর তারা এ কথা বিশ্বাস করতে চায় না আর চাইবে কিনা তাতেও যথেষ্ট সন্দেহ রয়েছে।

কেননা জাতিষংঘের সফলতার দিকটার চাইতে দূর্বলতার দিকটা, ব্যর্থতার দিকটা অত্যাচারিত, শোষিত, বঞ্চিত, সংগ্রামী বিশ্বের জনতার কাছে বেশি প্রকট হয়েছে। যে আশা নিয়ে, আকাঙ্খা নিয়ে, সাহায্যের তীব্র ইচ্ছা নিয়ে সর্বোপরি মানবতার সেবা পাবার আগ্রহ নিয়ে যখনই তারা হাত বাড়িয়েছে, তখনি জাতিসংঘের সদর মহলের প্রবেশপথে কারো পর্দা ঝুলে পড়েছে। তাহা রিক্তহস্তে করুণভাবে ফিরে এসেছে। বিশ্বের এই সংগ্রামী মানুষগুলোর সাথে বাংলার সংগ্রামী নরনারীও আজ পর্যন্ত জাতিসংঘের সদর দরজার কাছ থেকে তেমনি ফিরে এসেছে আসছে। হয়তো এমনি আঘাত পেয়ে আরও বহুবার ফিরে আসতে হবে।

মূলতঃ কার্যদৃষ্টে এ কথা স্পষ্ট হয়ে উঠেছে যে, জাতিসংঘ নামে আন্তর্জাতিক এই প্রতিষ্ঠানটি বিশ্বের গুটিকয় বড় শক্তির বৈঠকখানা বিশেষ। চা খাওয়া, আড্ডা দেয়া, প্রয়োজনবোধে তাস পাশা খেলার সুন্দর ব্যবস্থা বিশেষ এই জাতিসংঘের সদর দফরতটি। তার কর্মকর্তারা বৃহৎ শক্তিগুলোর হর্তা-কর্তা আড্ডাবাজদের হুকুমের কর্মচারী বিশেষ।

এই পরিপ্রেক্ষিতে জাতিসংঘের কাছ থেকে সংগ্রামী বাংলাদেশ কি আশা করতে পারে। পক্ষান্তরে বিশ্বের দুটি শক্তি ক্ষমতার রাজনীতির নেশায় এমনভাবে মজেছে যে, মানবদরদি, শোষণ-নির্যাতনের বিরোধী বলে পরিচিত এ দুই রাষ্ট্রের বিবেকের সকল অনুভূতির যেন বিলুপ্তি ঘটেছে। অন্যরা আজ মেরুদণ্ডহীন প্রাণীবিশেষ। আত্মবিশ্বাস, আত্মশক্তি, ন্যায়বোধ বলতে যে তাদের কিছুই নাই।

এদিকে আজকের বিশ্বের বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে বলা যায় যে, যার শক্তি নাই, সম্পদ নাই, আত্মবিশ্বাস নাই, সম্মান ও মর্যাদাবোধ নাই তার কদর নিজের কাছে তো নাই, পরের কাছে তো মোটেও নাই। সম্পদ ও ক্ষমতা এ দুটোই অমোঘ অস্ত্র। এ দুটোর নির্দেশেই সবাই উঠানামা-বসা-শোয়া করছে। জাতিসংঘও তাই বৃহৎ শক্তিগুলোর ক্রীড়নক হয়ে কাজ করুক, তাতে তাদের মেরুদণ্ড বিবেকহীন অস্থিমজ্জায় বাধে না। বাধবে না।

* বাংলার মুখঃ একটি সংবাদ নিবদ্ধ সাপ্তাহিক। সম্পাদকঃ সিদ্দিকুর রহমান আশরাফী। রঞ্জিনা প্রকাশনীর পক্ষে সম্পাদক কর্তৃক পলাশ আর্ট প্রেস মুজিব নগর বাংলাদেশ থেকে মুদ্রিত ও প্রকাশিত।

জাতিসংঘ ও বৃহৎ শক্তিগুলোর বাংলাদেশ নিয়ে খেলার অবস্থাদৃষ্টে এ কথা স্পষ্টভাবে বলা যায় যে, নিজেদের ক্ষমতা ছাড়া তাদের মুক্তি সম্ভব নয়-স্বাধীনতা কখনো আসবে না। স্বাধীনতা সার্বভৌম বাংলাদেশ সরকারের নেতৃবৃন্দের অভিমতও তাই। ইতিপূর্বেই তারা এ কথা স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন।

অবশ্য এই ঘৃণ্য, মানবতাবিরোধী মানসিকতার বিরুদ্ধে যে শক্তিশালী রাষ্ট্র ও বিবেকবান মানুষ নাই, তা নয়। তারাও কাজ করছেন। করবেন। তারাই একমাত্র বাংলাদেশের জনগণের বাইরের সম্পদ।

মুক্তিযোদ্ধারা মাতৃভূমি থেকে পাক হানাদারদের একে একে খতম করছে। করবে। তাদের শেষ অপচেষ্টা শীঘ্রই তাদের মৃত্যুমুখী আঘাতে সম্পূর্ণ নির্মূল হবে-এ দৃঢ় বিশ্বাস ও আত্মনিষ্ঠা তাদের রয়েছে।

সাড়ে সাত কোটি মানুষ বিশ্বের বুকে কণিষ্ঠতম জাতি হবে, শোষক গোষ্ঠীকে সাম্রাজ্যবাদ ক্রীড়নক শক্তিগুলো উৎখাত করবে বিশ্বের বুক থেকে এ কামনা বাংলার প্রতিটি মানুষই করেছে। আর এই জন্য সার্বিক সাফল্য তাদের জন্য সুনিশ্চিত।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পদকীয় সংগ্রামী নেতৃবৃন্দের প্রতি	বাংলার মুখ ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	১৭ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

সংগ্রামী নেতৃবৃন্দের প্রতি

বাংলার সংগ্রামী সাড়ে সাত কোটি মানুষ আজ এক গুরুত্বপূর্ণ ঐতিহাসিক সন্ধিক্ষণে উপনীত হয়েছে। সাম্প্রতিক সর্বদলীয় ঐক্যফ্রন্ট স্বাধীনতার সংগ্রামকে এক নতুন মোড় দিয়েছে। নতুন রূপ পেয়েছে সংগ্রামী আন্দোলন। এর সাথে সাথে আন্তর্জাতিক রাজনৈতিক বিশ্বেও বাংলাদেশ এক নতুনতর, উজ্জ্বলতর রূপ পেল। বিশ্বের বুকে একটি বলিষ্ঠতম জাতি হিসাবে, ঐক্যবদ্ধ সংগ্রামের প্রতীক হিসাবে বাংলাদেশ শীর্ষ সম্মানের, উপযুক্ত মর্যাদার দাবীদার। সাম্রাজ্যবাদ, মানবতাবিরোধী চক্রকে নস্যাৎ করার ব্যাপারে, উপযুক্ত ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি নেয়ার জন্য এ সূচনা নতুন দিগন্ত উন্মোচিত করলো।

পক্ষান্তরে বাংলার সংগ্রামী জনগণ অতি গভীর আগ্রহভরে লক্ষ্য করছে যে, তাদের নিয়ে তাদের জীবন নিয়ে, মান-ইজ্জত নিয়ে লোলুপ সাম্রাজ্যবাদী গোষ্ঠী, মানবতা বিধ্বংসী চক্র নতুনভাবে ষড়যন্ত্র শুরু করেছে। তাদের এই ষড়যন্ত্র দিনের পর দিন অতি সূক্ষ্মতর পদ্ধতিতে জাল বিস্তার করে চলছে। আগামী দিনের বাঙালী জাতিকে পঙ্গু করার জন্য, বিধ্বস্ত করার জন্য, পদানত করে রাখার জন্য এই ষড়যন্ত্র সক্রিয়ভাবে কাজ শুরু করেছে। অতি দুঃখের সাথে সাড়ে সাত কোটি মানুষ এও লক্ষ্য করছে যে, এই ষড়যন্ত্রকারী গোষ্ঠীর সাথে বাংলার মীরজাফরের দল তলে তলে কাজ করে যাচ্ছে। নিজেদের স্বার্থসিদ্ধির জন্যে ও একটি জাতিকে সমূলে নষ্ট করার জন্য তাদের এই হীনতম কাজ অতি জঘন্য ও ঘৃণ্য।

এদিকে জাতীয় নেতৃবৃন্দ এই চক্রান্তকারী গোষ্ঠী সম্পর্কে সচেতন থাকলেও এই হীন, জঘন্যতম প্রচেষ্টাকে প্রতিহত করার ব্যাপারে কোন বিশেষ কর্মসূচির মাধ্যমে এগিয়ে আসছেন কিনা তা বাংলার জনগণের জানা নেই।

কুখ্যাত জামাতে ইসলামী, মুসলিম লীগ এবং তাদের লেজুড় রাজাকার বাহিনীকে বাংলার সোনার মাটি থেকে আগাছার মত উপড়ে ফেলার কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে, এ বড় আনন্দের কথা। কিন্তু স্বাধীনতা সংগ্রামের নামে তলে তলে একশ্রেণীর ছদ্মবেশী কাজ করে যাচ্ছে এবং সমাজের শীর্ষস্থান থেকে তাদের কাজের গতিধারা প্রতিটি সচেতন ও স্বাধীন বিবেকসম্পন্ন নাগরিককেই ব্যথিত করে তুলেছে।

স্বাধীনতা সংগ্রামের প্রাথমিক পর্যায় থেকে আজ পর্যন্ত কিছুসংখ্যক বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষক বাংলাদেশ থেকে বাইরের বিশ্বে ছড়িয়ে পড়েছে। অতি সাম্প্রতিক কালের একটি খবরে জানা যায় যে, আমেরিকার একটি বিশেষ ফাউণ্ডেশন তাদের 'সাময়িক আর্থিক' সাহায্যদানে সাড়ে সাত লক্ষ টাকা দান করেছে। এই দানের কারণ হিসাবে জেনারেল ইয়াহিয়ার অত্যাচার, নির্যাতনের কথা স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। অতিসাধারণ সচেতন নাগরিকও জানেন যে, আমেরিকা এই প্রশাসনে তথাকার কুখ্যাত গোয়েন্দা বিভাগের পরেই প্রভাব বিস্তার করেছে। যে আমেরিকান সাম্রাজ্যবাদী প্রশাসন বাংলার বুকে হত্যালীলার, বাংলাকে বিধ্বস্ত করার কাজে জেনারেল ইয়াহিয়াকে সরাসরি সমর্থন এবং প্রয়োজনীয় আর্থিক ও অস্ত্র সাহায্য দিয়ে আসছে তারই অঙ্গ হিসাবে এই ফাউণ্ডেশন বাংলার শিক্ষাবিদ, পণ্ডিতদের গবেষণায় আর্থিক সাহায্য

দিচ্ছে। আর এইসব হতভাগ্য গবেষণাবিশারদরা, পণ্ডিতরা ইতিপূর্বেই সাম্রাজ্যবাদ গোষ্ঠীর দালালী করেছে, ক্রীড়নক হিসাবে কাজ করেছে, এ কথা সর্বজনবিদিত। আজ তারা বাংলার স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ দূরে থাকুক, যারা স্বাধীনতাকে নস্যাৎ করার জন্য, হত্যাযজ্ঞকে ব্যাপকতর করার জন্য সক্রিয়ভাবে কাজ করছে তাদেরই অর্থানুকূল্যে বিলাসপূর্ণ জীবনযাপন করার কাজে উঠেপড়ে লেগেছে। তাদের এই জীবন-ঐতিহ্য, বহু পুরনো। বাংলার সংগ্রামী জনতা, জননেতা তাদেরকে ভালো করেই জানেন। কিন্তু আজ পর্যন্তও এইসব জাতি বিধ্বংসীদের ব্যাপারে কোন ব্যবস্থাই গ্রহণ করা হয়নি। আজো যদি করা না হয় তা হলে বাংলার আগামী দিনের স্বাধীনতা কোন পথে মোড় নেবে তা প্রত্যেকের জানা আছে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
মুক্তি সংগ্রামের নতুন দিক	বাংলার মুখ ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	১৭ সেপ্টেম্বর, ১৯৭১

মুক্তি সংগ্রামের নতুন দিক

অধিকৃত বাংলাদেশ থেকে পাকিস্তানী ইসলামবাহিনী বিতাড়নের জন্য মক্তিবাহিনী যেমন তৎপর হয়ে উঠেছে, তেমনি তৎপর হয়ে উঠেছেন বাংলাদেশের বিশিষ্ট কুটনীতিবিদরা। বিভিন্ন রাষ্ট্রে নিযুক্ত কুটনীতিবিদরা পাকিস্তানীদের সাথে সম্পর্কছেদ করে বাংলাদেশ সরকার ও জনগণের সংগ্রামের সাথে একাত্মতা প্রকাশ করেছেন এবং একই সাথে তারা কুটনৈতিক সংগ্রামে অবতীর্ণ হয়েছেন।

আধুনিক সশস্ত্র সংগ্রামের কূটনৈতিক চালের যে মূল্য নেই এ কথা বলা মুশকিল। বিশেষতঃ বিরোধী শক্তি যদি কোন বিশেষ রাষ্ট্রগোষ্ঠীর কূটনৈতিক আশ্রয়ে থাকে সেক্ষেত্রে সংগ্রামী পক্ষকেও গ্রহণ করতে হয় অনুরূপ কূটনৈতিক পদ্ধতি। সংগ্রামে প্রচারের ভূমিকার পাশেই কূটনৈতিক মারপ্যাঁচের স্থান নির্ধারিত করা যেতে পারে।

অনস্বীকার্য যে বিশ্বের প্রতিটি সংগ্রামী জনসাধারণ আত্মপক্ষ সমর্থনের জন্য খুঁজেছে কোন না কোন কূটনৈতিক দিকে ক্ষমতাবান দেশকে। এর অন্যমত কারণ, যে দেশগুলোর স্বাধিকার অর্জনের জন্য সংগ্রাম শুরু করেছে এমন কতকগুলি শক্তির বিরুদ্ধে যে শক্তিগুলোর পেছনে ছিল উপনিবেশবাদী সাম্রাজ্যবাদী পুঁজিবাদী ক্ষমতা। তাই তাদের সংগ্রামে প্রয়োজন হয়েছে অনুরূপ ক্ষমতাবান শক্তির সমর্থন।

আমাদের মুক্তি সংগ্রামের প্রথম দিকে আমরা শুধু শত্রুর মোকাবিলা করেছি অস্ত্রে, অন্যদিকে শত্রু শুধু অস্ত্রেই নয়, তার প্রচার মাধ্যমে ও কূটনৈতিক মাধ্যমে বিশ্ববাসীকে প্রকৃত ঘটনা থেকে সম্পূর্ণ দূরে সরিয়ে রাখতে সমর্থ হয়েছে। সমাজতান্ত্রিক বিশ্ব এবং জোটবহির্ভূত তৃতীয় বিশ্ব নামে কথিত শান্তিকামী দেশগুলো শুধু অবাক বিস্ময়ে চেয়ে থেকেছে। কারণ বাংলাদেশের সামগ্রিক ঘটনা তাদের কাছে পৌঁছায়নি। যেটুকু পৌঁছেছিল তা হল জবরদখলকারীর বিকৃতি। আমরা যে গণতন্ত্রে বিশ্বাসী একটি জনগোষ্ঠী ছিলাম এবং আমাদের গণতান্ত্রিক অধিকার খর্ব করে স্বৈরাচারী সরকার যে শোষণকে কায়েম রাখতে চেয়েছে এবং আমাদের ওপর সশস্ত্র সংগ্রাম চাপিয়ে দেওয়া হয়েছে এ কথা জানতে পারেনি বিশ্বের কেউই বরঞ্চ বিশ্ব জনমতের এই ভ্রান্তির সুযোগে সাম্রাজ্যবাদী গোষ্ঠী আমাদের দেশটাকে ও সংগ্রামটাকে তাদের স্বার্থে স্ট্রাটেজিক প্রয়োজনে ব্যবহার করতে চেয়েছে। কূটনৈতিক চালে ফেলে আমাদের বিভ্রান্ত করতে চেয়েছে।

কমনওয়েলথে বাংলাদেশের যোগদান করার কথা ঘোষণা করেছেন বাংলাদেশ সরকারের বিশেষ প্রতিনিধি জনাব কে, এম, শাহাবুদ্দিন এবং এ জন্যই জনাব হোসেন আলীকে ভারতে নিযুক্ত বাংলাদেশ হাইকমিশনার হিসাবে গ্রহণ করা হয়েছে। নয়াদিল্লীতে হাইকমিশনারের অফিসও স্থাপিত হচ্ছে।

আবার অন্যদিকে বাংলাদেশ সরকার জাতিসংঘের সাধারণ পরিষদের আসন্ন অধিবেশনে তাদের প্রতিনিধি পাঠাবার কথাও ঘোষাণা করেছেন। সাধারণ অধিবেশনে যোগদানের অন্যতম উদ্দেশ্য জাতিসংঘের সমর্থন অর্জন।

অন্যদিকে এও জানা গেছে যে আসন্ন সাধারন পরিষদের অধিবেশনে ভারত সরকার বাংলাদেশ প্রশ্ন উত্থাপন করবে। এ ব্যাপারে ভরত সরকার হয়ত সোভিয়েট রাশিয়ার সাহায্য অথবা অনুমোদনও নিতে পারে। রাজনৈতিক মহল এ নিয়ে বেশ সরগরম হয়ে উঠেছে।

সম্প্রতি কুয়ালালামপুরে অনুষ্ঠিত সপ্তদশ কমনওয়েলথ শারদীয় অধিবেশনে বাংলাদেশের সেনাবাহিনীর বর্বর অত্যাচারের তীব্র সমালোচনা করা হয় তাছাড়াও সিংহল, ফিলিপিন, নেপাল, ইংল্যাণ্ড প্রভৃতি দেশে বাংলাদেশের মিশণ স্থাপিত হতে যাচ্ছে।

সমগ্র পরিস্থিতি দৃষ্টে এটুকু আশা করা যায় যে বাংলাদেশের মুক্তি সংগ্রাম তার সর্বাঙ্গীণ রূপ পরিগ্রহ করছে এবং সে তার আপন অধিকার শুধু দেশের মাঝেই সীমিত রাখবে না বিশ্বের মাঝেই সে তার স্থান করে নেবে। বিশ্বের গণতন্ত্রে বিশ্বাসী শান্তিকামী মানুষের যেমন সমর্থন সে কামনা করছে তেমনি বিশ্বের শোষণ মুক্তির প্রতিটি সংগ্রাম সে করবে সমর্থন।

সংগ্রামের যথার্থ মুহূর্তেই সূচিত হয়েছে আমাদের এই কূটনৈতিক তৎপরতা। বাংলাদেশের বিস্তীর্ণ এলাকা আজ হানাদারমুক্ত। বাংলাদেশ সরকার সেখানে তাদের কর্তৃত্ব সম্পূর্ণ বজায় রেখে চালিয়ে যাচ্ছেন প্রশাসন ব্যবস্থা। ঠিক এই পরিস্থিতিতে তার স্বীকৃতির প্রয়োজনে কূটনৈতিক কার্যপদ্ধতি অত্যন্ত প্রয়োজন।

তবে এটা ঠিক যে আমাদের এই কূটনৈতিক তৎপরতায় চিনে নিতে হবে আমাদের হিতাকাঙ্খীদের। কারণ ইতিহাস আমাদের দেখিয়ে দিয়েছে যে মিত্ররূপী শত্রু একটা দেশকে ধ্বংস করে দেয়ার জন্য কিনা করেছে। কূটনৈতিক ফাঁদে পড়ে বাংলাদেশ সমস্যার যে অপঘাত হতে যাচ্ছিল ওই তৎপরাতায় প্রমাণিত হল যে বাংলাদেশের সংগ্রাম একমুখী নয়। শত্রুর প্রতিটি আস্তানায় হানা দেবে বাঙালার বীর সন্তানরা এবং তারা হবে জয়ী।

শুধু দু'চারটি দেশে নয় এশিয়া, আফিকা, ইউরোপ ও লাতিন আমেরিকার যে দেশগুলো আমাদের সংগ্রামের প্রতি সহানুভূতিশীল সে সব দেশেও আমাদের মিশন স্থাপন করতে হবে এবং কুটনৈতিক বোঝাপড়ার মাধ্যমেই গড়ে তুলতে হবে আমাদের পররাষ্ট্র নীতি।

বেসামাল জঙ্গীশাহী আপ্রাণ চেষ্টা করেছে বাংলাদেশে দালালশাহী প্রবর্তনের। প্রতিক্রিয়াশীল ও ধর্মান্ধ রাজনৈতিক দলগুলোকে এক করে চেষ্টা করছে দালাল গণতন্ত্র সৃষ্টির। এর পেছনে যুক্তি একটি সেটা হ'ল বিশ্ব জনমতকে বিভ্রান্ত করা। অতএব আমাদের প্রতিটি পদক্ষেপ হবে সংগ্রামী পদক্ষেপ। আমাদের ধরে নিতে হবে যে আমরা প্রতিটি পদক্ষেপে সংগ্রামের সম্মুখীন হচ্ছি এবং যে সংগ্রাম আমাদের ভবিষ্যৎ নির্ধারণ করবে। শত্রুর প্রতিটি গতিবিধি লক্ষ্য রেখে পরিচালিত করতে হবে আমাদের সংগ্রাম কৌশল।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশ ও বিশ্ব বিবেক	বাংলার মুখ ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	১৭ সেপ্টেম্বর, ১৯৭১

আজকের সংগ্রামী বাংলাদেশ ও বিশ্ব বিবেক

দি ইকনমিস্ট পত্রিকার চলতি সংখ্যায় বলা হয়েছে যে, অবশেষে প্রেসিডেন্ট ইয়াহিয়া কিছু একটা করলেন। গত সপ্তাহে পূর্ব পাকিস্তানের গভর্ণর টিক্কা খানকে পশ্চিম পাকিস্তানে ফেরত পাঠিয়েছেন এবং তার দায়িত্ব বাঙালী বেসামরিক ব্যক্তি ডাঃ আব্দুল মালিক গভর্নর হিসাবে ও জেনারেল আমীর নিয়াজী সামরিক প্রশাসক হিসাবে ভাগ করে নেবে। একজন সরকারী মুখপাত্র বলেছেন যে, ''সেনাবাহিনী এখন বেসামরিক প্রশাসন ব্যবস্থাকে কেবল সাহায্য করছে''। এবং রোববার ১লা মার্চ হথে ৫ই সেপ্টেম্বরের মধ্যে যারা অপরাধ করেছিল তাদের ব্যাপক ক্ষমা প্রদর্শন করেছেন। অপ্রকাশিত সংখ্যক আটক বাঙালী পুলিশ ও সেনাবাহিনীসহ বহু ব্যক্তিকে মুক্তিও দেওয়া হয়েছে।

পশ্চিম পাকিস্তান পিপলস পার্টির নেতা মিঃ ভূট্টো যিনি সামরিক শাসনের বিরুদ্ধে আপন সজাতিতে আক্রমণ রচনা করেছে, বলেছেন যে, একজন অসামরিক গভর্ণর নিয়োগ লোক দেখানো মাত্র। অবশ্য এ মন্তব্য কতখানী সত্য এখন বলা কঠিন। ডাঃ মালিকের মন্ত্রিপরিষদে মুজিবের আওয়ামী লীগের সদস্য গ্রহণ এবং সামরিক কর্তৃপক্ষ তাকে কতখানি ক্ষমতা ব্যবহারের সুযোগ দেবে তার ওপরই নির্ভর করবে অনেকখানি। ডাঃ মালিক মনেপ্রাণে বাঙালী নন, ১৯৬৯ সালে ইয়াহিয়ার মন্ত্রিপরিষদে কাজ করার ফলে অধিকাংশ বাঙালী তাকে সন্দেহের চোখে দেখতো।

পত্রিকাটিতে আরও বলা হয় যে, নতুন বেসামরিক শাসনকর্তা যদি সাচ্চা হন তাহলে তার এ ভয় দুর করা উচিত যে সাহায্য সামগ্রী সেনাবাহিনী মুক্তিফৌজের প্রতি বাঙালীদের সমর্থন নষ্ট করার জন্য ব্যবহার করা হচ্ছে। কোন কোন প্রতিষ্ঠান অবশ্য ঝুঁকি নিয়ে কাজ করছেন। কিন্তু একটা দাতব্য প্রতিষ্ঠান, অপারেশন ওমেগা, সরকারকে তাদের সামগ্রী দিতে সাহস পাচ্ছে না। এবং তাই তারা পূর্ব পাকিস্তান সীমান্তে নিজেরাই গিয়ে কাজ করতে সচেষ্ট হয়েছে। গত মাসে এদের ফেরত পাঠানো হয়েছিল। রোববার এবং চারজন সদস্য প্রোটিনযুক্ত খাদ্যাদি নিয়ে আবার পূর্ব পাকিস্তানে ঢোকার চেষ্টা করতে তাদের গ্রেফতার করা হয়।

পত্রিকাটি মন্তব্য করে যে, প্রেসিডেন্ট ইয়াহিয়া এই পন্থা গ্রহণ করেছেন বিভিন্ন কারণে। মার্কিন অস্ত্র সরবরাহে দ্বিধা দূর করতে হবে তবে পাশ্চাত্য সাহায্য কনসর্টিয়ামের সাহায্য পাওয়ার জন্য তাকে তাদের অনুরোধ করতে হবে এবং শেখ মুজিবুর রহমানের বিচারের থেকেও সবার দৃষ্টি অন্যদিকে সরানোর চেষ্টা করছেন। কিন্তু আসল ব্যাপার রয়ে যাবে ভারতে আগত ৮৫ লক্ষ শরণার্থীর প্রত্যাবর্তন ও মুক্তিফৌজের সংগ্রাম থামার পর।

বৃটিশ গিয়ানার বিরোধীদল পিপলস প্রোগ্রেসিভ পার্টির নেতা ডঃ চেণ্ডি জগলের স্ত্রী ও উক্ত দলের আন্তর্জাতিক সংক্রান্ত বিষয়ের সেক্রেটারী মিসেস জালে জগল বলেন যে, ভারত উপমহাদেশে মানবিক দুর্দশার যে কাহিনী প্রকাশিত হচ্ছে তার গুরুত্ব পশ্চিম দেশগুলো উপলব্দি করতে পারেনি।

তিনি ফোরবেস বানটাহম সরকারকে এ ব্যাপারে ব্যর্থতার জন্য তীব্র সমালোচনা করেন।

এক সাংবাদিক সাক্ষাৎকারে তিনি বলেন যে, এ মুহুর্তে গিয়ানার উচিত ভারতে আগত ৮০ লক্ষ শরণার্থী প্রত্যাবর্তনের জন্য পূর্ব পাকিস্তানের অবস্থা স্বাভাবিক করার নিমিত্তে পাকিস্তান সরকারের উপর চাপ সৃষ্টি করা ও বিশ্বজনমত সৃষ্টিতে সাহায্য করা।

মিসেস জগল বলেন যে অনুষ্ঠিতব্য জাতিসংঘের সাধারণ অধিবেশনে গিয়ানার উচিত শান্তিকামী দেশগুলোর সাথে এক হয়ে রাজনৈতিক সমাধান ও গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত পাকিস্তানী নেতাদের হাতে শাসনক্ষমতা ফিরিয়ে দেওয়ার জন্য চাপ দৃষ্টি করা।

বিশ্ব শান্তি পরিষদ রাষ্ট্রসংঘের সাধারণ সম্পাদক উ থান্টের কাছে এক স্মারকলিপিতে এই অভিমত প্রকাশ করেছেন যে, বাংলাদেশ সমস্যার একটা রাজনৈতিক সমাধান সম্ভব, যদি তা নিয়ে জনগণের সত্যিকারের প্রতিনিধিদের সঙ্গে এবং বাংলাদেশের জনগণের ভাগ্য নির্ধারণে তাদের অবিচ্ছেদ্য অধিকারের ভিত্তিতে আলোচনা করা হয়।

৯ই সেপ্টেম্বর নিউইয়কে পরিষদের মহাসচিব শ্রী রমেশচন্দ্রের নেতৃত্বাধীন পরিষদের এক প্রতিনিধি দল এবং সমস্ত মহাদেশের অন্যান্য প্রতিনিধিরা উ থান্টের হাতে স্মারকলিপিটি অর্পণ করেন।

স্মারকলিপিতে বাংলাদেশের নিরস্ত্র অসামরিক নাগরিকদের ব্যাপক হারে হত্যা করার তীব্র নিন্দা করা হয়েছে। স্মারকলিপিতে বাংলাদেশের জনগণের ক্রমবর্ধমনা প্রতিরোধ এবং মুক্তিযুদ্ধের প্রতি পরিষদের সমর্থন জ্ঞাপন করা হয়েছে।

নেপালস্থ পূর্ববঙ্গ শরণার্থী সহায়ক কমিটি এক প্রস্তাবে অবিলম্বে বঙ্গবন্ধু শেখ মুজিবের মুক্তি এবং নির্বাচিত প্রতিনিধিদের হাতে বাংলাদেশের শাসনভার তুলে দেবার দাবী জানিয়েছে। কারণ এই ব্যবস্থার দ্বারাই শরণার্থীদের আবার স্বদেশে ফিরিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে।

আর এক প্রস্তাবে বাংলাদেশে পাকিস্তানের জঙ্গীশাহীর বর্বরতার তীব্র নিন্দা করা হয়েছে। নেপালের খ্যাতনামা নেতারা এই সভায় যোগ দেন এবং বাংলাদেশের জনগণের প্রতি অকুণ্ঠ সমর্থন জানান।

প্রাক্তন পররাষ্ট্রমন্ত্রী শ্রী ঋষিকেশ শাহা এই সভায় সভাপতিত্ব করেন। বাংলাদেশ সহায়ক তহবিলে ডাঃ কামার্জি একশত টাকা দিয়ে অর্থ সংগ্রহ শুরু করান।

যে ঘটনায় কোন দেশের ৮০ লক্ষ মানুষকে পররাষ্ট্রে আশ্রয়ের জন্য চলে যেতে হয় আর সে দেশের আভ্যন্তরীণ সমস্যা বলা যায় না। ভারতে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাক্তন রাষ্ট্রদূত অধ্যাপক জন কেনেথ গলব্রেথ এক সংবাদিক বৈঠকে বলেন, পূর্ববঙ্গের বর্তমান পরিস্থিতি আর ভারতে শরণার্থী আসার ঘটনাকে ভিন্ন করে দেখা যায় না।

অধ্যাপক গলব্রেথ বলেন, তাঁর ভারত সফর পুরোপুরি বেসরকারী। এর সঙ্গে কুটনৈতিক গুরুত্ব আরোপ করা ঠিক হয়। নিজের সফর সম্পর্কে তিনি বলেছেন, একজন প্রাক্তন রাষ্ট্রদূত এসেছেন ভালোভাবে শরণার্থী সমস্যা অনুধাবন করতে। বাংলাদেশে পাকিস্তানের ভূমিকা সম্পর্কে পর পর কয়েকটি প্রশ্নের উত্তরে তিনি বলেছেন, পাকিস্তানের বিরুদ্ধে নতুন কোন 'ফ্রন্ট' খোলার উদ্দেশ্যে তিনি ভারতে আসেন নি তবে তিনি বলেছেন, জনগণের ইচ্ছার বিরুদ্ধে পূর্ববঙ্গে শাসন চালাবার চেষ্টা করলে পাকিস্তানের অর্থনীতির শোচনীয় পরিস্থিতি হবে। শেখ মুজিব সম্পর্কে এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, শেখ মুজিব গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত হয়েছেন তাঁর বিচারকে গণতান্ত্রিক বলে চালানো হলে গণতন্ত্রের ওপর মানুষের আস্থা হারিয়ে যাবে।

অধ্যাপক গলব্রেথ বলেন, তাঁর ধারণা, নিরাপত্তা বোধ করলে শরণার্থীরা দেশে ফিরে যাবেন। তাঁর মতে নিরাপত্তার ভাব তখনই ফিরে আসবে যখন তাঁরা নিজেদের শাসনের অধিকার হাতে পাবে এবং নিজেদের ভাগ্য নিজেরাই নিয়ন্ত্রণ করতে পারবে। তিনি জানান, তিনি এ ব্যাপারে বাংলাদেশের বুদ্ধিজীবী, হাইকমিশনার ও সরকারের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে এ সিদ্ধান্তে এসেছেন।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় স্বাধীন বাংলাদেশ বাস্তব সত্য	বাংলার মুখ ১ম বর্ষঃ ৭ম ও৮ম সংখ্যা	১ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

স্বাধীন বাংলাদেশ বাস্তব সত্য

বিশ্বের বুকে আজ স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসাবে বাংলাদেশ বাস্তব সত্য। বাংলাদেশের যুদ্ধরত সিংহশাবকরা একথা চরমভাবে প্রমাণিত করেছেন। বাংলার সশস্ত্র মুক্তিবাহিনী বিশ্বের সাম্রাজ্যবাদ গোষ্ঠীকে হাড়ে হাড়ে উপলব্দি করাতে পেরেছেন যে, বাংলার বুকে তাদের পাঁয়তারার দিন শেষ হয়ে গেছে। বর্বর পশু সেনাবাহিনীর নেতা জেনারেল ইয়াহিয়াও বুঝতে পেরেছে তার ঘৃণ্য মানসিকতাও বিধ্বস্ত। মানবীয় ও সচেতন বিশ্ব তার সমালোচনায় মুখর। বিশ্ব-ব্রিগেড গড়ে তোলার প্রস্তাব নেয়া হয়েছে দিল্লীতে বিশ্ব-সম্মেলনে। বাংলাদেশ সম্পর্কে অন্ধকারে রাখা পশ্চিম পাকিস্তানও আর অন্ধকারে নয়। বিশ্ব সম্মেলনে অংশগ্রহণকারী ২৫টি রাষ্ট্রের নেতৃবৃন্দের পশ্চিম পাকিস্তান প্রতিবাদ পরিক্রম তাদের নতুন চোখ খুলে দেবে।

রাষ্ট্রসঙ্ঘের সেক্রেটারী উ থান্টের মুখ খুলেছে। অবশ্য তার মুখ সাম্রাজ্যবাদ গোষ্ঠীরই মুখ একথা স্পষ্ট। চীনেরও মনোভাবের পরিবর্তন(?) ঘটেছে।

এসবের সাথে বাংলাদেশ সম্পর্কে বিশ্বের রাজনৈতিক চিন্তাধারাও পরিবর্তন হচ্ছে অভূতপূর্বভাবে। এই পরিস্থিতির মধ্যে বসেছে রাষ্ট্রসঙ্ঘের সাধারণ অধিবেশন। বিচারপতি আবু সাঈদ চৌধুরীর নেতৃত্বে সেখানে যোগদান করছেন স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ সরকারের একটি প্রতিনিধি দল। উদ্দেশ্য বাংলাদেশের সাড়ে সাত কোটি মানবাত্মার আত্মবিশ্বাস, দৃঢ়তা ও সঙ্কল্পকে জানিয়ে দেয়া। বিশ্ব বিবেককে বুঝানো বাংলাদেশ কি চায়, সেখানে কি ঘটেছে। কি ঘটবে। বাংলাদেশের স্বাধীন সার্বভৌম সরকারের স্বীকৃতি বিনাশর্তে বঙ্গবন্ধুর মুক্তি, পশু পাক-সৈন্যদের বাংলার মাটি থেকে সরিয়ে নেয়ার দাবী জানাবেন তারা। পাকিস্তানের বর্বর আক্রমণের বিরুদ্ধে যুগোশ্লাভিয়া, চেকোশ্লভাকিয়া, ইরাক, রাশিয়া ও আরো ক'টি দেশ দিক্কার জানাবেন। বাংলাদেশকে রাষ্ট্রপুঞ্জে গ্রহণের দাবীও তোলা হবে। প্রতিনিধিদল বিশ্বের ক'টি দেশও ঘুরে আসবেন। স্বীকৃতি সাপেক্ষে অস্ত্রের কথাও তুলবেন তারা।

বাংলাদেশ সম্পর্কে পার্শ্ববর্তী রাষ্ট্র ভারত যে মানবীয় দায়িত্বের তাগিদে কাজ করেছেন একথা স্পষ্ট। প্রতিনিধিদল একথাও বুঝবেন। ভারত শরণার্থীদের জন্যে যা করেছেন তা মানবীয়, রাজনৈতিক নয়। এ ব্যাপারে জঙ্গী পশু পাক সরকার যা বলেছেন যা করেছেন তা ভিত্তিহীন, উদ্দেশ্যপ্রণোদিত, সঙ্কীর্ণ মানসিকতা সম্পন্ন বই আর কিছু নয়। একথা বিবেকবান বিশ্ব আজ ভালো করেই জানেন।

একদিকে এই হলো আন্তর্জাতিক বিশ্ব। পক্ষান্তরে বাংলার সিংহশাবকরা অবিরাম সংগ্রাম করে চলেছেন। মুক্ত করছেন মাতৃভূমিকে পাক হানাদারদের কাছ থেকে। দিন দিন তাদের হামলা দুর্বার হচ্ছে।

আজ সংগ্রামী বাংলার যে কণ্ঠস্বর তা হচ্ছে পূর্ণ স্বাধীনতা রাজনৈতিক সমাধান নয়। স্বাধীনতা অর্জনের জন্য, বিশ্বের বুকে সাম্রাজ্যবাদ গোষ্ঠীর বিরুদ্ধে দুর্বার গণ-রাষ্টীয় প্রতিরোধ গড়ে তোলার জন্যে চাই অস্ত্র। এ হলো তাদের প্রথম ও সবচাইতে গুরুত্বপূর্ণ দাবী। সাম্রাজবাদ গোষ্ঠী ইয়াহিয়াকে নিয়ে বাংলাদেশের উপর যেভাবে দাবা খেলতে বসেছেন তা নিপাত করতে অস্ত্রের প্রয়োজন। অস্ত্র ব্যতীত তাদের মরণ কামড়কে

প্রতিরোধ করার মতো ক্ষমতা অন্যকিছু আছে কিনা তাদের জানা নেই। মনেপ্রাণে তারা প্রয়োজন বোধে বাংলার সংগ্রামী জনগণের অধিক দান করতেও সম্পূর্ণ প্রস্তত রয়েছে।

এর বাইরে যদি কেউ কিছু চিন্তা করে থাকেন তা হলে তারা বাংলার সংগ্রামী স্বাধীনতাপ্রিয় জনগণের বাইরের বলেই বিবেচিত হবেন। জনগণের পরম শত্রুবলে বিবেচিত হবেন তারা। এ ব্যাপারে বাংলার সংগ্রামী নেতৃবৃন্দের বলিষ্ঠ ভূমিকারও বিশে2ষ গুরুত্ব রয়েছে। আজ তাদের নেতৃত্বে বাংলার বুকে যে জাতি গড়ে উঠছে তা শুধু বাংলার নয়, বিশ্বের নিপীড়িত, নির্যাতিত, মানব গোষ্ঠীরও আশা ভরসা। তারা আজ সংগ্রামী বাংলার দিকে তাকিয়ে রয়েছেন।

জাতিসঙ্ঘে প্রতিনিধিদল সংগ্রামী বাংলার সত্যিকার রূপ, মানসিকতা বলিষ্ঠতার সাথে স্পষ্টভাবে তুলে ধরতে পারবেন এ দৃঢ় বিশ্বাস জনগণ পোষণ করছেন।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় এবারের ঈদ	বাংলার মুখ ১ম বর্ষঃ ১০ম সংখ্যা	২৬ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

এবারের ঈদ

বাংলার আকাশে এবারেও শওয়ালের চাঁদ দেখা দিয়েছে। আত্মবিশ্বাসের বলিষ্ঠতা, সংগ্রামের দৃঢ়তায় সাড়ে সাত কোটি নাগরিক অধ্যুষিত বাঙালী জাতি তাদের ভাগ্যের ইতিহাসের এক করুণ ও সঙ্কটময় মুহুর্তে সেই শওয়ালের চাঁদকে স্বাগতম জানিয়েছেন। রমজানের পূর্ণ কৃচ্ছ সাধনার পর গত শনিবার বাংলাদেশে পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপন করলেন। বাংলার ঘরে ঘরে এবারের শারদোৎসব যেভাবে পালিত হয়েছে, ঈদ-উল-ফিতরও সেইভাবেই পালিত হয়েছে। ঈদ আনন্দের হলেও, বছরের একটি পুণ্যোৎসব হলেও এবার হয়েছে ত্যাগের, উৎসবের নয়। শারদোৎসবে যেমন এবার বুড়িগঙ্গা-পদ্মা-মেঘনা-যমুনার বুকে বাজনা বাজেনি, বিচিত্র বেশে নারী-পুরুষ, আবাল-বৃদ্ধ-বনিতা নামেনি মিছিল করে তেমনি এই ঈদে ঘরে ঘরে আনন্দের ঢেউ খেলেনি, নতুন পোষাকে নামেনি রাস্তায়, আত্মীয়-স্বজনের বাড়ীতে যায়নি উন্মুক্ত খুশীর মন নিয়ে। বাংলার বুকে বর্বর ইয়াহিয়ার ফ্যাসিবাদী চক্র যে অত্যাচার, যে নির্যাতন, যে করুণ মর্মবিদারক পরাকাষ্ঠা দেখিয়েছে তা সব আনন্দকে সব আশা আকাঙ্ক্ষাকে ধূলিসাৎ করে দিয়েছে। বাংলার বুকে আজ এমন কোন ঘর নাই যার স্বজন হারানোর শোক নাই। কি পরোক্ষ, কি প্রত্যক্ষ শোকে শোকে আজ তারা এমন হয়েছেন যে, অত্যাচার, নির্মম নগ্ন পাশবিকতার শিকার পরিণত হয়ে বাংলার প্রতিটি নারী-পুরুষ দুর্জয় শপথে স্বাধীনতা সংগ্রামের অগ্নিমন্ত্রে উজ্জীবিত। প্রতিটি মুহুর্ত, প্রতিটি ক্ষণ, প্রতিটি রক্তের ফোঁটা, মাতৃভূমির মান রক্ষায়, সার্বিক অস্তিত্ব রক্ষায় উৎসর্গীকৃত। অতএব ঈদের উৎসবের জন্যে তাদের স্বাভাবিক অনুভূতিও এর সাথে সাথে বিলীন। তারা ইতিহাসের এমন চরম মুহুর্তে বিশ্বের বুকে নিজেদের প্রতিষ্ঠার প্রয়াসে আত্মবলিদানরত।

শুধু এবারের ঈদই নয়। বিগত সালের ১২ই নভেম্বর বাংলার বুকে যে ভয়ঙ্করী প্রাকৃতিক দুর্যোগ নেমে এসেছিল যার ফলে ২০ লাখেরও বেশী নর-নারী বাংলার বুক থেকে নিশ্চিহ্ন হয়েছেন, এক বিস্তীর্ণ জনপদ ধুলিসাৎ হয়েছে তার ফলে সেবারও বাংলার মানুষ রামজানের ঈদের পবিত্র সুখ, আনন্দ উপভোগ করতে পারেনি। স্বজন হারানোর শোকে তখনো তারা ছিলেন মুহ্যমান।

বাংলার মানুষ আজ যে মহান ত্যাগ ব্রতে উদ্বুদ্ধ, দেশকে হানাদার জল্লাদ বাহিনীর কবলমুক্ত করার কাজে হাসিমুখে কোরবান দিচ্ছেন তারই মধ্যে তারা এবারের ঈদের স্বরূপ খোঁজার চেষ্টা করেছেন।

আকাশে অশ্রুর কুয়াশামুক্ত খুশীর রোশনাই ছড়িয়ে শওয়ালের চাঁদের অপেক্ষায় বাংলার বীর সিংহশাবকরা আজ করছেন, দেশকে মুক্ত করে সে চাঁদের অপেক্ষায় প্রহর গুনছেন আর এক আনন্দ পুলকে দোলায়িত হচ্ছেন এই ভেবে যে, লৌহ শপথ বাস্তবায়িত হলেই তাঁরা ঈদ করবেন। নিজেদের মধ্যে নয়, দুনিয়ার স্বাধীনতাপ্রিয় সংগ্রামী প্রতিটি মানুষের সাথেই তাঁরা ঈদের সত্যিকার আনন্দ আর শুভেচ্ছা বিনিময় করবেন। নিঃস্বার্থভাবে সেই কাজে নিজেদের নিয়োগ করার শক্তি দেয়ার জন্যে বাংলার সাড়ে সাত কোটি মানুষ পরম করুণাময়ের কাছে, সর্বশক্তিমান আল্লাহর কাছে হাত উঠিয়ে প্রার্থনা জানিয়েছেন। এই প্রার্থনা, এই মোনাজাত হয়েছে ভাঙ্গা মসজিদে, উন্মুক্ত ময়দানে, শরণার্থী ক্যাম্পে, হাসপাতালে, গীর্জায়, মন্দিরে সর্বত্র। ছিন্ন বস্ত্রে, কঙ্কালসার দেহে উন্মুক্ত হৃদয়ের এই মোনাজাত বিশ্ববিধাতার কাছে, মানবতার কাছে, স্বাধীনতাপ্রিয় প্রতিটি বিশ্ববাসীর কাছে।

তাই ঈদের সাথে সাথে লক্ষ্যণীয় বিষয় যে, স্বাধীনতার অগ্নিমন্ত্রে উজ্জীবিত বঙ্গশার্দুলরা হানাদার পাকদস্যুদের অধ্যুষিত এলাকায় দ্রুতগতিতে নিধন করে চলেছেন একের পর এক।

বিভিন্ন রণাঙ্গন হানাদার বাহিনী মুক্ত হচ্ছে। বাংলার এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত আত্মবিশ্বাসে ভরপুর মুক্তিবাহিনীর গেরিলারা খুব শীঘ্রই জলে, স্থলে, আকাশে হানাদার দস্যুদের নিশ্চিহ্ন করে দেবেন। এই হলো বাংলাদেশ সরকারের দুর্জয় বলিষ্ঠ শপথ। ঢাকার পতন আসন্ন। চূড়ান্ত বিজয় একান্ত নিকটতর। বাংলার প্রতিটি নারী-পুরুষ জল্লাদমুক্ত, অবাঞ্ছিত অবস্থা থেকে মুক্ত এক স্বাধীন, সার্বভৌম দেশে সুখে শান্তিতে বসবাস করবেন এই হোক তাদের চরমতম ও দুর্জয় বলিষ্ঠ শপথ।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলার স্বাধীনতা অশ্রু আর রক্তে	বাংলার মুখ ১ম বর্ষঃ ১০ম সংখ্যা	২৬ নভেম্বর, ১৯৭১

বাংলার স্বাধীনতা

অশ্রু আর রক্তে

তাজউদ্দীন

অশ্রু আর রক্ত। এরই বিনিময়ে দুর্বার গতিতে এগিয়ে চলেছে বাংলার সাড়ে সাত কোটি নর-নারী স্বাধীনতা সংগ্রাম। কালের গতির সাথে সাথে স্বাধীনতার সোনালী সূর্যের ক্ষণটি নিকটতর হচ্ছে। কিন্ত এর জন্যে চাই আরো রক্ত, আরো অশ্রু, আরো আত্মত্যাগ, আরো জীবন ও কষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ গত বুধবার জাতির উদ্দেশ্যে এক বেতার ভাষণে এই অভিতম ব্যক্ত করেন। আত্মত্যাগের মহিমায় উজ্জ্বল সংগ্রাম প্রতিটি নারী-পুরুষের কথা উল্লেখ করেছেন তিনি। এই পর্যায়ে শত্রুসংহারের প্রতিজ্ঞা গ্রহণের সঙ্গে সঙ্গে চাই শহীদদের রক্তের উপযুক্ত মর্যাদার বিনিময়ে সমাজ গঠনের দৃঢ় প্রতিজ্ঞা, আত্মপণ। তিনি বলেন, বাংলাদেশের শহরে ও গ্রামে তরুণেরা যে যুদ্ধে লিপ্ত, তা বিদেশী দখলদারদের উৎখাত এবং অসাম্য ও সুবিধা ভোগের অবসান ঘটানোর সংগ্রাম। আমাদের আজকের সংগ্রাম সেদিনই সার্থক হবে যেদিন আমরা বঙ্গবন্ধু প্রতিশ্রুত ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক ও সমাজতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা প্রতিষ্ঠা করতে সক্ষম হবো। সমাজের যে ভবিষ্যৎ রূপ আজ বাংলাদেশের জনসাধারণ প্রত্যক্ষ করছেন সেখানে সকলে সমাধিকারের ভিত্তিতে রাষ্ট্রীয়, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবন গঠিত হবে এবং উন্নয়ন ও পরিপূর্ণতার সাধারণ লক্ষ্যে উপনীত হবার প্রয়াসে সকলে অংশগ্রহণ করবেন।

প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকে পাকিস্তানের সামরিক চক্রের হাত থেকে উদ্ধার করার একমাত্র উপায় হিসাবে বাংলাদেশ থেকে হানাদার সৈন্যদের নিষ্ক্রমণের সকল পথ রুদ্ধ করে দেয়ার কথা বলেন। জলে স্থলে অন্তরীক্ষে শত্রুকে আমরা চরম আঘাত হানবো আর তখনই জেনারেল ইয়াহিয়া খান ক্রুর সত্যের মুখোমুখি হবেন।

জনাব তাজউদ্দীন বক্তৃতায় এশিয়ায় গণতন্ত্রের প্রয়োজনীয়তা সম্পর্কে কোন কোন পাশ্চাত্য দেশের নিরাসক্তির কথা উল্লেখ করেন। তিনি বলেন, মনে হয় মানুষ হিসাবে মানুষের মর্যাদার চাইতে এখানে তাঁরা সরকারের স্থিতিশীলতার গুরুত্ব দেন বেশী, এটা শোচনীয়। কিন্তু ভারতকে অর্থ সাহায্যের বিনিময়ে বাংলাদেশের শরণার্থীদের সেখানে স্থায়ীভাবে বসবাসের প্রস্তাব যখন কোন রাষ্ট্র উত্থাপন করেন তখন আমরা শিউরে না উঠে পারি না। এই প্রস্তাবে গণহত্যা ও তার ফলাফলকে নীরবে মেনে নেয়া হয়েছে। পর্বত প্রমাণ অবিচার ও অন্যায়কে বিনাবাক্যে স্বীকার করে নেয়া হয়েছে এবং ভবিষ্যতে গণহত্যা ও তার ব্যাপক বাস্তুত্যাগের পথ প্রশস্ত করা হয়েছে। পাকিস্তানী সন্ত্রাসের ফলে যারা ছিন্নমূল হয়েছেন, তারা অস্থাবর সম্পত্তি নন যে, অর্থের বিনিময়ে তাঁদেরকে হাতবদল করা হবে। সম্মান ও মর্যাদার সঙ্গে নিজ বাসভূমে ফেরার জন্মগত অধিকার তাদের আছে এবং তারা সেখানে সেভাবেই ফিরে আসবেন। আর আমি বলছি যে, তার খুব বেশী দেরী নাই।

প্রসঙ্গত জনাব তাজউদ্দীন আমেরিকার কথা উল্লেখ করেন। বাংলাদেশের এই চরমতম ক্ষণে প্রেসিডেন্ট নিক্সন উপমহাদেশের তথ্য সংগ্রহের জন্যে একটি বিশেষ দল পাঠিয়ে কি উদ্দেশ্য সাধন করতে চান, এই হলো

তাঁর জিজ্ঞাসা। তিনি বলেন, তাঁর দেশের কূটনীতিবিদ ও আইনসভার সদস্যরা অবগত নন এমনকি নতুন তথ্য তিনি জানতে ইচ্ছুক? লক্ষ লক্ষ বাঙ্গালীকে সুপরিকল্পিতভাবে হত্যা এবং প্রায় এক কোটি মানুষকে বাস্তুত্যাগে বাধ্য করা সত্ত্বেও পাকিস্তান সরকারকে তাঁর প্রশাসন নিন্দা করেনি। এমন তথ্য সংগ্রাহক পাঠিয়ে কি ফল তাঁরা লাভ করতে চান, জানি না। তবে এতে আমাদের সঙ্কল্পের কোন ব্যত্যয় হবে না। সে সঙ্কল্প হল দেশকে শত্রুমুক্ত করে নিজেদের অভিপ্রেত সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা করা।

জনাব তাজউদ্দীন মুক্তি সংগ্রামের সাফল্যের কথা উল্লেখ করেন এবং বলেন, দখলদার বাহিনীর বিরুদ্ধে মুক্তিবাহিনীর আক্রমণ যে সর্বক্ষেত্রে তীব্রতর হয়েছে, সেকথা শত্রুমিত্র নির্বিশেষে সকলেই স্বীকার করেছেন। মুক্তিবাহিনী এখন যে কোন সময়ে যে কোন জায়গায় শত্রুকে আঘাত করতে পারে, এমনকি শত্রুর নিরাপদ অবস্থানের কেন্দ্রে অতর্কিতে আক্রমণ চালিয়ে তাকে বিমুঢ় করে দিতে পারে। জলে স্থলে চমকপ্রদ অগ্রগতি ঘটেছে মুক্তিবাহিনীর। নদী পথে হানাদাররা বিপর্যস্ত, মংলা ও চট্টগ্রাম বন্দর প্রায় অকেজো, বাংলাদেশের বিস্তৃত অঞ্চল শত্রুমুক্ত। ক্রমেই অধিকতর এলাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কার্যকর প্রশাসন চালু হচ্ছে। আর সৈন্য, সামগ্রী ও মনোবল হারিয়ে শত্রুপক্ষ হতাশায় উন্মাদ হয়ে উঠেছে।

তিনি আন্তর্জাতিক ক্ষেত্রে পাক সামরিক হুঙ্কার দিশাহারা ও কোণঠাসা হয়ে পড়ার কথা উল্লেখ করেন। তিনি বলেন, ইসলামাবাদের দুষ্কৃতিকারীরা দিজেদের ভবিষ্যৎ সম্পর্কেই সংশয় ও ভীতিগ্রস্ত। বাংলাদেশের জনগণের অপরিমেয় দুর্দশা ঘটাবার সঙ্গে সঙ্গে তারা পশ্চিম পাকিস্তানকেও টেনে নিয়ে গেছেন অর্থনৈতিক ও রাজনৈতক ভাঙ্গনের দিকে। এখন তারা চায় ভারতের সঙ্গে যুদ্ধ বাধিয়ে একটা আন্তর্জাতিক সঙ্কট সৃষ্টি করতে। তারা আশা করে যে, এমন একটি যুদ্ধ হলে বাংলাদেশের রক্তক্ষয়ী স্বাধীনতা সংগ্রাম থেকে পৃথিবীর দৃষ্টি অন্যদিকে নিবদ্ধ হবে। মুক্তিবাহিনীর হাতে তাদের পরাজয়ের গ্লানি গোপন করা যাবে এবং এমন একটা পরিস্থিতির উদ্ভব হবে যাতে তাদের পৃষ্ঠপোষকেরা হস্তক্ষেপ করার সুযোগ পাবে। কিন্তু আমি প্রত্যয়ের সঙ্গে বলছি যে, এর একটি উদ্দেশ্যও সিদ্ধ হবে না। এবং এতে তাদের ভ্রান্তি, অপরাধ ও আত্মঘাতের মাত্রা বৃদ্ধি পাবে মাত্র এবং পাকিস্তানের আত্মবিনাশ সুনিশ্চিত হবে।

সর্বশেষে জনাব তাজউদ্দীন জনগণকে মুক্তি সংগ্রামের বর্তমান পর্যায়কে চূড়ান্ত স্তরে নিয়ে চলার আহ্বান জানান। যেসব সরকারী কর্মচারী, রাজাকার, পুলিশ বা অন্যান্য ব্যক্তি বিবেকের নির্দেশের বিরুদ্ধে হানাদারদের কাজ করতে বাধ্য হচ্ছেন তাদেরকে সামরিক চক্রের বিরুদ্ধে বিদ্রোহ করার সুযোগ নেয়ার আহ্বান জানান। শত্রুপক্ষের সঙ্গে যারা স্বেচ্ছায় হাত মিলিয়েছে তাদের শেষবারের মত তিনি জানিয়ে দেন যে, বিশ্বাসঘাতকতার পথ পরিহার করুন। অনুতাপহীন বিশ্বাসঘাতকদের আর তাদের বিদেশী প্রভুদের পরিণতি এক হবে আর তা হলো গ্লানিকর মৃত্যু।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশ সরকার ও তার ব্যাপক সাফল্য	বাংলার মুখ ১ম বর্ষঃ ১০ম সংখ্যা	২৬ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশ সরকার ও তার

ব্যাপক সাফল্য

আমাদের স্বাধীন সরকার গঠন করার পর মাত্র কয়েকটি মাস অতিক্রান্ত হয়েছে। দেশের মাটি থেকে একটি বিদেশী শোষকগোষ্ঠীর পোষা পেশাদারী সৈন্যদের নিশ্চিহ্ন করার কর্তব্যই আমাদের প্রাথমিক এবং মৌলিক কর্তব্য। এই কর্তব্য সম্পাদনের প্রাথমিক পর্বে আমাদের শক্তি ছিল সীমিত এবং শত্রুপক্ষের তুলনার একেবারে নগণ্য। বেঙ্গল রেজিমেন্টের সৈন্য, ইষ্ট পাকিস্তান রাইফেলসসহ পুলিশ এবং আনসারের সামান্য শক্তিই ছিল আমাদের মূলধন। এই সামান্য শক্তি নিয়ে যে যুদ্ধের সূচনা হয়েছিলো তাকে আজকের বিশ্লেষনে এক অভাবনীয় সাফল্যের সূচনার দ্বারপ্রান্তে পৌঁছছে বলে বলতে হয়। কারণ আমাদের সমস্যা ছিলো অস্ত্রের এবং অস্ত্র বিদ্যায় পারদর্শী সুসংহত বাহিনীর। বাহিনী বলতে যে তাৎপর্যময় একটি সামরিক শক্তিকে বোঝায় তা যেমনি ছিলো না, তেমনি ছিলো না প্রয়োজনীয় অস্ত্র ছাড়াও সামরিক যানবাহন এবং সামরিক প্রয়োজনে যোগাযোগের ব্যবস্থা। অপরপক্ষে শত্রুসেনাদের ছিল আধুনিক যুদ্ধোপযোগী সবকিছুই এবং কয়েকটি রাষ্ট্রের অস্ত্র সরবরাহ ও তাদের নিশ্চিত রেখেছে ভবিষ্যৎ সম্পর্কে।

বস্তুতঃ এই যুদ্ধের প্রাথমিক পর্যায়ে আমাদের অতি সামান্য সামরিক শক্তি ছাড়া ছিলো সাড়ে সাত কোটি মুক্তিকামী মানুষের নৈতিকসহ সার্বিক সমর্থন।

এই কয়েকটি মাসের ব্যবধানে বহুমূখী সমস্যার মধ্য দিয়ে এগুতে হয়েছে বাংলাদেশ সরকার তথা বাংলাদেশের জনগণকে। একদিকে যেমন সক্ষম যুবকদের এক বিরাট অংশকে যুদ্ধ বিদ্যায় ট্রেনিং দিতে হয়েছে অন্যদিকে তেমনি অর্থনৈতিক সমস্যার মোকাবেলা করতে হয়েছে। এছাড়া দ্রুত প্রশাসন ব্যবস্থার প্রবর্তনের সঙ্গে সঙ্গে অস্ত্র সমস্যার সমাধানও করতে হয়েছে। সর্বোপরি বিপর্যস্ত যোগাযোগ ব্যবস্থার মধ্যেও সাড়ে সাত কোটি মানুষের মনে জেগে ওঠা স্বাধীনতার দুর্বার বাসনাকে রক্ষা করতে হয়েছে অতি সন্তর্পণে। সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যা দেখা দিয়েছিলো আন্তর্জাতিক বিশ্বের কাছে আমাদের সংগ্রামের সত্যিকার রূপ তুলে ধরা এবং সমর্থন লাভ।

এই সমস্ত বহুমুখী সমস্যা সত্ত্বেও আমাদের যুদ্ধ সাফল্য আজ বিশ্বের কাছে এক দৃষ্টান্ত হয়ে দাড়িয়েছে।

আন্তর্জাতিক বিশ্ব আমাদের সংগ্রামের সত্যিকার রূপটি যেমন চিনতে পেরেছে তেমনি সর্বক্ষেত্রে নৈতিক সমর্থন লাভ করতে শুরু করেছি আমরা, অন্যদিকে ইয়াহিয়া সামরিক চক্রের সমর্থনকারী দেশগুলো আমাদের বক্তব্যের মৌলিকত্ব অনুধাবনের সঙ্গে ইয়াহিয়া সামরিক চক্রের প্রতি সমর্থন প্রত্যাহার করে আমাদের স্বার্থের অনুকূলে মনোভাবও প্রকাশ করেছে। আমাদের সংগ্রামের এই দিকটিতে বিশেষ সাফল্য ইয়াহিয়া চক্রকে এক বিপর্যস্ত অবস্থায় ফেলে দিয়েছে। প্রশাসন ব্যবস্থায় প্রচলনের সঙ্গে সঙ্গে বহু দেশই আমাদের দূতাবাসের কার্যোপযোগী অফিসগুলো স্থাপিত হয়েছে। এগুলোর মাধ্যমে দেশের আভ্যন্তরীণ অবস্থার সাথে বিশ্বকে পরিচিত করে তোলা সহজ হয়েছে। সামরিক ক্ষেত্রে আমাদের দ্রুত সাফল্যের তথ্য এবং ইয়াহিয়ার বর্বরোচিত অত্যাচারের রূপটি বিশ্বের জনগণের কাছে তুলে ধরা সম্ভব হচ্ছে। এক কথায় আন্তর্জাতিক জনমত গঠনে সর্বতোভাবেই আমাদেরই সাফল্য লাভ সম্ভব হয়েছে।

বর্তমান অবস্থায় সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়ই হচ্ছে আমাদের শত্রুনিধন অভিযান। একটি সামরিক বিষয় এবং সামরিক ক্ষেত্রে আমাদের সাফল্য আজ তর্কাতীতভাবে পাকিস্তানী সামরিক চক্রের ভীতির কারণ হয়ে দাঁড়িয়েছে। পাকিস্তানী সেনাদের নিহতের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পেয়ে গত এক মাসেই তা হয়ে দাঁড়িয়েছে পাঁচ হাজারেরও বেশী। চলতি মাসের হিসাবে এখন দৈনিক গড়ে দু'শোর মত পাকিস্তানী সেনা মুক্তিবাহিনীর হাতে নিহত হচ্ছে। সার্থকভাবে গেরিলা যুদ্ধ কায়দা রপ্তের পর আমাদের গেরিলাদের ব্যাপক তৎপরতা শুরু হয়েছে এবং তা এখন তীব্রতর হয়ে শত্রুবাহিনীকে একেবারে কোণঠাসা করে ফেলেছে। শত্রুবাহিনী নিজেদের নিয়মিত সৈন্যদের জীবনের ওপর ঝুঁকি না নেয়ার জন্যে যে রাজাকার বাহিনীর সৃষ্টি করেছিলো তাও ভেঙ্গে পড়ছে। দলে দলে রাজাকাররা অস্ত্রসহ আত্মসমর্পণ করছে। অগত্যা পাক সেনাদের রাজাকারদের ওপর নির্ভরশীলতা ছেড়ে দলে নিজেদের প্রত্যক্ষ সংঘর্ষে এসে লড়তে হচ্ছে এটাই পাক-সেনাদের বেশী হারে নিহত হবার কারণ। আমাদের সংগ্রামের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশটিতেই আমাদের সাফল্য সবচেয়ে বেশী। গেরিলা তৎপরতার এতো বড় রকমের সাফল্য এর আগে অন্য কোথাও দেখা যায়নি। আমাদের বাহিনীতে সদ্য সামরিক শিক্ষা সমাপ্তকারী অফিসাররা যোগদান করেছেন এরই প্রত্যক্ষ ফল হিসাবে মুক্তি বাহিনী এই সাফল্য লাভ করছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় তোমার স্বপ্ন সফর তোমার বাংলা স্বাধীন	বাংলার মুখ ১ম বর্ষঃ ১২শ সংখ্যা	১০ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

তোমার স্বপ্ন সফল
তোমার বাংলা স্বাধীন
জয় নব অভ্যুত্থান

জয় বাংলাদেশ, জয় বাংলার সাড়ে সাত কোটি সংগ্রামী নর-নারীর ত্যাগ, তিতিক্ষা, অশ্রু আর রক্তের। জয় বিশ্বের স্বাধীনতা সংগ্রামী জনগণের। বঙ্গবন্ধু বাংলার যে স্বপ্ন দেখেছেন, যে স্বাধীনতা সংগ্রামের জন্যে আত্মত্যাগ করেছেন তা আজ সফল।

ভারত আর ভুটানকে বাংলাদেশের স্বীকৃতির জন্যে, গণতন্ত্র, সমাজতন্ত্র এবং সর্বোপরি লাঞ্ছিত মানবতার জন্যে আত্মত্যাগ এবং চরম বলিষ্ঠতার জন্যে বাংলার সাড়ে সাত কোটি মানুষ জানাচ্ছেন অন্তরের গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা। সাম্রাজ্যবাদ গোষ্ঠী, মানবতা বিরোধীদের শেষ গোরস্তান আজ বাংলাদেশ।

সাড়ে সাত কোটি বাঙালীর আশা-আকাঙ্কার স্বাধীন দেশ পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্রের স্বীকৃতি পাওয়ার সঙ্গে সঙ্গে মুক্তিবাহিনীর হানাদার সেনা নিধনের অভিযান সাফল্যের দ্বারপ্রান্তে এসে দাঁড়িয়েছে। মুক্তিবাহিনীর সাথে ভারতীয় বাহিনীর যোগদানে যুদ্ধ-পরিস্থিতির বৈপ্লবিক পরিবর্তন ঘটছে। মুক্তিবাহিনী এবং ভারতীয় বাহিনীর যুক্ত আক্রমনে হানাদার পাকসেনাদের ঘাঁটিগুলোর পতন ঘটছে এবং হানাদার সেনারা পিছু হটে যাচ্ছে।

মুক্তিবাহিনী এবং ভারতীয় বাহিনীর মিলিত আক্রমনের মুখে বহু হানাদার পাক সেনা নিহত ও আহত হয়েছে এবং বিভিন্ন অংশে অনেক হানাদার পাকসেনা আত্মসমর্পণ করেছে।

পাকিস্তান বিশ্ব সভ্যতার সব রকম নীতিমালাকে অস্বীকার করে ভারতের বিভিন্ন অংশে বিমান আক্রমন চালিয়ে উপমহাদেশের শান্তিপূর্ণ অবস্থার মধ্যে সংকটের সৃষ্টি করেছে।

পাকিস্তানী সামরিকচক্র আমাদের স্বাধীনতার স্বপ্নকে ধূলিসাৎ করবার জন্যে ভারত আক্রমন করেছে। আন্তর্জাতিক হস্তক্ষেপের তথা ঈঙ্গ-মার্কিন সাম্রাজ্যবাদী শক্তি হস্তক্ষেপের মাধ্যমে আমাদের স্বাধীনতা সংগ্রামকে বানচাল করবার জন্যে এক আন্তর্জাতিক সমস্যা সৃষ্টিতে লিপ্ত হয়েছে পাকিস্তান। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ যে স্বাধীনতার মন্ত্রে উদ্দীপ্ত তা আন্তর্জাতিক চক্রান্তের জাল ছিন্ন করে বিশ্বের দরবারে যে মর্যাদা অর্জন করেছে তা রক্ষা করতে বদ্ধপরিকর জনগণ মুক্তিবাহিনী এবং ভারতীয় বাহিনীকে সর্বাত্মক সাহায্য দিয়ে চলেছে।

মুক্তিবাহিনী এবং ভারতীয় বাহিনীর আক্রমনে পূর্ব রণাঙ্গনে ফেনী, লাকসাম, সিলেট শত্রু কবলমুক্ত হয়েছে। উত্তর এবং উত্তর পশ্চিম রণাঙ্গনেও ব্যাপক সাফল্য লাভের খবর পাওয়া গেছে। যশোর ক্যান্টনমেন্ট এবং বিমানবন্দরে পাকিস্তানী সেনাদের পতন ঘটেছে।

এছাড়া চট্টগ্রাম জেলার রামগড়, কক্সবাজার, বান্দরবনও শত্রুকবলমুক্ত হয়েছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় জনযুদ্ধের জনশিক্ষা	বিপ্লবী বাংলাদেশ* ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	৫ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

জনযুদ্ধের জনশিক্ষা

জনযুদ্ধের দুটি দিক আছে। একটি হলো যারা সরাসরি লড়াই করবে, অর্থাৎ 'কম্বাট ফোর্স বা কমাণ্ডো' । সংখ্যায় তারা জনগণের সামান্য অংশ। আর জনগণের বৃহদাংশ হলো 'মোটিভেশনাল আর্মি'। তারা জনগণকে বিপ্লব সম্বন্ধে সচেতন রাখে, জনগণের মনোভাব অবিচল রাখতে সাহায্য করে, শত্রুপক্ষকে ভুল বোঝায়, শত্রুপক্ষ সম্বন্ধে তথ্য জোগাড় করে, এবং সর্বোপরি, কম্যাণ্ডোরা যাতে সবরকম সাহায্য পায় তার চেষ্টা করে। এইসব কাজকর্মের মধ্য দিয়া মোটিভেশনাল আর্মি জনগণের বিপ্লবী মনোভাব গড়ে তোলে। ফলে বিপ্লবের কাজ আরও দ্রুততর হয়। আর মোটিভেশনাল আর্মির কার্যকলাপের ওপর নির্ভর করে এগোতে থাকে কম্যাণ্ডোদের যুদ্ধ এবং অন্তর্ঘাতমূলক ব্যবস্থা।

বাংলাদেশের জনযুদ্ধের তথা মুক্তিযুদ্ধেরও এই দুটি দিক রয়েছে। একটি হচ্ছে কম্যাণ্ডো অর্থাৎ মুক্তিযোদ্ধারা ; অপরটি হচ্ছে জনগণের বাকি অংশ অর্থাৎ মোটিভেশনাল আর্মি। মুক্তিযোদ্ধারা বাংলাদেশের স্বাধীনতার জন্য হাসিমুখে প্রাণ বিসর্জন দিচ্ছে। কিন্তু এসবই বিফল হবে, যদি জনগণ প্রস্তুত না হয়। আর এই প্রস্তুতির জন্যই চাই মোটিভেশনাল আর্মি ।

মোটিভেশনাল আর্মি কারা, এবং তাদের ঠিক কি কি করতে হবে ? মোটিভেশনাল আমি কে বলা যায় প্রস্তুতি বাহিনী। তাদের মোটামুটি কাজ হলো জনগণকে প্রস্তুত করা। এই প্রস্তুতি বাহিনী গঠন করতে হবে আমাদের মধ্য থেকেই। এত আপনিও আছেন, আমিও আছি, সমগ্র বাংলাদেশ আছে। মোটিভেশনাল আর্মি তৈরি করা এবং তার কার্যপদ্ধতির কিছু কিছু অংশ এখানে দেওয়া হলো। এগুলির মধ্যে আপনি যা যা করতে পারেন সেগুলি করতে আরম্ভ করুন।

মোটিভেশনাল আর্মি বা প্রস্তুতি বাহিনীর গোড়াপত্তন হবে তাদের দ্বারাই যারা ব্যক্তিগত জীবনে সৎ ও আদর্শবাদী হবে এবং হাজার বিপদের ভেঙ্গে পড়বে না। প্রস্তুতি বাহিনীর মনোবল খুবই বেশী হওয়া আবশ্যক, কারণ তারাই সাধারণ লোকদের সাহস যোগাবে। প্রস্তুতি বাহিনীর প্রশাসন সম্বন্ধেও জ্ঞান থাকা প্রয়োজন, যেহেতু অনেক সময়েই হয়তো তাদের ওপর প্রশাসনের দায়িত্ব পড়বে। তাদের হতে হবে কষ্টসহিষ্ণু এবং জনগণের সঙ্গে মিলে যাবার গুণ থাকা দরকার। সর্বোপরি তাদের থাকবে চারিত্রিক দৃঢ়তা, সেবাপরায়ণতা এবং সাবধানতা ও গোপনীয়তা অবলম্বন করার ক্ষমতা।

এই প্রস্তুতি বাহিনীর সামনে তিনটি দায়িত্ব রয়েছে। প্রথমতঃ প্রস্তুতি, দ্বিতীয়ঃ মুক্তিযোদ্ধাদের সহায়তা করা এবং তৃতীয়তঃ সংযোগ ও সংবাদ সরবরাহ করা। প্রথমে জনপ্রস্তুতি সম্বন্ধে আলোচনা করা যাক।

জনপ্রস্তুতি বলতে আর কিছুই নয়, মুক্তিযুদ্ধের গুরুত্ব ও দায়িত্ব সম্বন্ধে জনগণকে ওয়াকিফহাল করে তোলা। তাদের বোঝানো যে এ লড়াই তাদের মুক্তির লড়াই। মুক্তিযোদ্ধাদের সাফল্য হবে জনগণেরই সাফল্য। তাই বাংলাদেশের একমাত্র উপায় হলো মুক্তি সংগ্রামীদের সর্বপ্রকারের সহায়তা করা। তাছাড়া জনগণের দেশপ্রেম

* বিপ্লবী বাংলাদেশঃ বরিশাল হতে প্রকাশিত একটি সাপ্তাহিক। রফিক হায়দার কর্তৃক চাঁপা প্রেস হতে মুদ্রিত ও সম্পাদক নূরুল আলম কর্তৃক প্রকাশিত।

জাগিয়ে তুলতে হবে। তাদের জানাতে হবে যে তারা শুধু স্বাধীন বাংলার আশা করবে তাই নয়, তারা সোনার বাংলা তৈরী করবে। বিগত ২৪ বছরের ইতিহাস পর্যালোচনা করে তাদের বোঝাতে হবে কিভাবে পশ্চিম পাকিস্তানী প্রভুরা বাংলাদেশে একটানা অত্যাচার চালিয়েছে। এবং বিশ্বের অন্যান্য মুক্তিযুদ্ধের ফলে কিভাবে অত্যাচারী শাসকদের পতন হয়েছে তা জনসাধারণকে জানাতে হবে; বোঝাতে হবে যে বাংলাদেশে সেইভাবে অত্যাচারী শাসকের পতন ঘটতে চলেছে।

এসব কাজ করার জন্য গ্রামে ও শহরে প্রস্তুতি বাহিনী তৈরী করা আবশ্যক। এ দায়িত্ব প্রতিটি বাঙালীর। আপনিও এগিয়ে আসুন। প্রথমে আপনার প্রতিবেশীকে মুক্তিযুদ্ধে জয়লাভ সম্বন্ধে বোঝান। পরে আস্তে আস্তে অঞ্চলবাসীকেই বুঝিয়ে দলে আনুন। দেশাত্মবোধক সঙ্গীত, বিগত শোষণের ইতিহাস, পাক-সৈন্যের সাম্প্রতিক বর্বরতার কাহিনী এবং তার বিরুদ্ধে মুক্তিযোদ্ধাদের জয়যাত্রা-ইত্যাদি বলে জনগণের দেশপ্রেম জাগ্রত করুন, পাক জঙ্গীশাহীর উৎখাত আরও দ্রুততর করুন। আর লক্ষ্য রাখুন যে আপনার অঞ্চলের প্রতিটি লোক যেন মুক্তিযোদ্ধাদের যথাসাধ্য সাহায্য করে।

প্রস্তুতি বাহিনীর দ্বিতীয় কাজ হলো মুক্তিযোদ্ধাদের সাহায্য করা। তার জন্য প্রস্তুতি বাহিনীকে জানতে হবে কোথায় মুক্তিযোদ্ধাদের আশ্রয় দেওয়া যেতে পারে, রসদই বা কোথায় পাওয়া যাবে, এবং কোন পথে নিরাপদে চলাফেরা করা যায়, ইত্যাদি।

এ প্রসঙ্গে অনিবার্যভাবেই এসে পড়ে মুক্তিযোদ্ধাদের তৃতীয় দায়িত্ব, অর্থাৎ সংযোগ ও সংবাদ সরবরাহের কথা। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ এবং এর ওপরেই মুক্তিফৌজের জয় নির্ভর করবে। এই কাজটি হলো নানা জায়গায় যুদ্ধরত মুক্তিযোদ্ধাদের মধ্যে যোগাযোগ স্থাপন করা, শত্রুসৈন্য সম্বন্ধে তথ্য সংগ্রহ করে মুক্তিযোদ্ধাদের তা দেওয়া, এবং মুক্তিফৌজের গুরুত্বপূর্ণ বিজয় বার্তাগুলো জনগণের কাছে পৌছে দেওয়া।

এসব ছাড়াও প্রশাসন চালানো, আহতদের সেবা শুশ্রুষা, অন্তর্ঘাতমূলক কার্যকলাপ ইত্যাদি সম্বন্ধে প্রস্তুতি বাহিনীর সুস্পষ্ট ধারণা থাকা আবশ্যক, এবং প্রয়োজন হলেই প্রস্তুতি বাহিনীকে এসব করতে হবে।

আবার জানাচ্ছি, প্রস্তুতি বাহিনীর মনোবল হওয়া উচিত অত্যন্ত দৃঢ়। যুদ্ধে ক্ষয়ক্ষতি থাকেই। কাজেই তাৎক্ষণিক জয়-পরাজয় প্রস্তুতি বাহিনী বিচলিত হবে না। দিনের পর দিন, রাতের পর রাত, তারা জনগণকে বোঝাবে যে সত্যের জয়, ন্যায়ের জয়, মুক্তিযুদ্ধের জয় অবশ্যম্ভাবী।

মনে রাখবেন, আপনার স্বাধীনতা আনবার জন্য মুক্তিযোদ্ধারা যুদ্ধ করছে, হাসিমুখে জীবনদান করেছে। তাদের সাহায্যের জন্য আপনার কর্তব্য হলো প্রস্তুতি বাহিনী তৈরি করা। সোনার বাংলার সোনার বাঙালী হতে গেলে আপনার এই কর্তব্যের কথা ভুলবেন না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় বাংলাদেশ মুক্তিযুদ্ধ	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ৫ম সংখ্যা	১২ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশের মুক্তিযুদ্ধ

বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রস্তুতি বাহিনীর কর্তব্য ও ভূমিকা সম্বন্ধে আগেই বলা হয়েছে। এবার তাদের কর্তব্যগুলো তারা কিভাবে পালন করবে তা জানা দরকার। কিন্তু এটা জানবার আগে বুঝতে হবে যে বাংলাদেশে গেরিলা-পদ্ধতির গুরুত্ব এবং প্রয়োজন কতোখানি।

গেরিলা-যুদ্ধের সবচেয়ে দরকারী তিনটি বিষয় হলো সমগ্র জনগণের যুদ্ধে সাহায্য করা, লড়াইয়ের সঠিক স্থান ও কৌশল নির্বাচন করা এবং দীর্ঘদিন ধরে সর্বদাই একটু একটু করে শত্রুনিধন করা। এই তিনটি বিষয়ের একটু আলোচনা করে দেখা যাক।

প্রথমে দেখা যাক সমগ্র জনগণকে যুদ্ধে সাহায্য করানোর ব্যাপারটা। এটা জানা দরকার যে, গেরিলা লড়াইয়ের মতো জনসমর্থনের প্রয়োজন আর কোনও যুদ্ধে হয় না। সাধারণতঃ যুদ্ধে সৈন্যবাহিনী লড়াই করে চলে, এবং জনসাধারণ তাদের জীবনযাত্রা প্রায় স্বাভাবিকভাবে চালাতে থাকে। কিন্তু গেরিলা যুদ্ধে প্রত্যেককেই অংশগ্রহণ করতে হয়। ভিয়েতনামে দেখা গেছে যে হয়তো কখনও মা বাচ্চাকে খাওয়াচ্ছে, কখননো বা সে ক্ষেতে চাষ করছে, আবার কখনো বা শত্রুপক্ষের গতিবিধি ক্ষমতা মনোভাব ইত্যাদি সম্বন্ধে তথ্য সংগ্রহ করছে, এমনকি প্রয়োজনে বন্দুকও ঘাড়ে নিচ্ছে। বাংলাদেশের গেরিলা যুদ্ধে এই অবস্থানই ঘটেছে। বর্বর পাক সৈন্য ভেবেছিল যে পাশবিক অত্যাচারের দ্বারা বাঙালীর মুখ বন্ধ করে রাখবে। কিন্তু বিগত ২৪ বছর একটানা পশ্চিমী শোষণের মুখোশ আজ খসে পড়ছে। তাই প্রত্যহ দলে দলে জনসাধারণ মুক্তিফৌজে যোগদান করছে। এই রকম অসাধারণ জনসমর্থনই গেরিলা যুদ্ধে প্রয়োজন।

দ্বিতীয় বিষয়টি হচ্ছে লড়াইয়ের সঠিক স্থান এবং কৌশল স্থির করা আবশ্যক। গেরিলা লড়াইয়ে যে ধরনের স্থানের প্রয়োজন তা বাংলাদেশে যথেষ্ট রয়েছে। এইসব স্থান হলো জঙ্গল, পাহাড়, খাল-বিলওয়ালা অঞ্চল, ইত্যাদি। এগুলোর সঠিক ব্যবহারের ফলে মুক্তিফৌজ ক্রমাগত জয়ের পথে এগিয়ে চলছে। সেই সঙ্গে যখন যেরকম কৌশল কাজে লাগানো যায়, সেরকম কৌশল নেওয়া হচ্ছে।

আর তৃতীয় বিষয় হলো দীর্ঘদিন ধরে সর্বদাই একটু একটু করে শত্রুর ক্ষতি ঘটিয়ে যাওয়া। এ ব্যাপারটা অত্যন্ত জটিল। কারণ, সাধারণত যুদ্ধে দেখা যায় যে যত তাড়াতাড়ি সম্ভব যুদ্ধের মীমাংসা করার চেষ্টা করা হয়; যেহেতু, দিনের পর দিন সৈন্যবাহিনীর রসদ অস্ত্র-শত্রুযোগান দিয়ে ওঠা অত্যন্ত কষ্টকর। কিন্তু গেরিলারা জনগণেরই অংশ-তাই তাদের রসদের অভাব হয় না। সমস্ত জনগণ মুক্তিফৌজের প্রয়োজনীয় রসদ জোগাড় করে দেয়। বাংলাদেশের জনগণও আজ তাই দৃঢ় প্রতিজ্ঞ হয়ে মুক্তিফৌজের পিছনে এসে দাঁড়িয়েছে। সবারই একমাত্র প্রতিজ্ঞা-'বাংলা মা' কে পাক হানাদার বাহিনীর হাত থেকে মুক্ত করবো।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশের মুক্তিযুদ্ধ কি এবং কেন ?	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ৫ম সংখ্যা	১২ সেপ্টেম্বর, ১৯৭১

বাংলাদেশের মুক্তিযুদ্ধ কি এবং কেন

মোহাম্মাদ আলী খান

পাকিস্তান প্রতিষ্ঠার পর হতে বাংলাদেশের মানুষ চরম অত্যাচার, শোষণ, উৎপীড়নের বিরুদ্ধে প্রকৃত স্বায়ত্তশাসনের লক্ষ্য অর্জনের মানসে গণতান্ত্রিক অধিকার, অর্থনৈতিক এবং সামাজিক অগ্রগতি সাধনের জন্য অবিচল প্রচেষ্টা চালিয়ে গিয়েছেন। দীর্ঘদিন এই স্বাধিকার আন্দোলন পরিচালনা করতে কৃষক, শ্রমিক, ছাত্র জনতা অত্যাচার, নিপীড়ন, লাঞ্ছনা, নিষেধাজ্ঞা, গ্রেপ্তার এবং সামরিক আইনের বহু বাধাকে উপেক্ষা করেছে। বাংলার জনগণের ইস্পাত কঠিন দৃঢ়তাকে ধ্বংস করার জন্য প্রতিক্রিয়াশীল জালেমরা বারবার ট্যাঙ্ক, কামান ও বোমারু বিমান ব্যবহার করে ব্যাপক নরহত্যা ও ধ্বংসের প্লাবন বইয়ে দিয়েছে। অত্যাচারী নরখাদক বর্বর পশুর দল নির্মমভাবে হত্যা করেছে লক্ষ লক্ষ নিরীহ নারী-পুরুষ-শিশুকে, লক্ষ লক্ষ বাড়ী-ঘর ছাই করে দিয়েছে। ওরা লুট করে নিয়েছে আমাদের সুখের সংসার-শ্মশান করেছে সোনার বাংলা-ধ্বংস করেছে আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য-ভেঙ্গে দিয়েছে অর্থনৈতিক কাঠামো।

গণপ্রতিনিধিগণ কখনও পাকিস্তান হতে বাংলাদেশকে বিচ্ছিন্ন করতে চাননি। কিন্তু গণতান্ত্রিক পদ্ধতিতে স্বায়ত্তশাসনের দাবীকে অস্বীকার এবং নির্মমভাবে প্রতিহত করার উদ্দেশ্যে বর্বর সামরিক আক্রমণ শুরু করার পরেই তাঁরা গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশের প্রতিষ্ঠা ঘোষণা করেন।

তাই বাংলাদেশের সাড়ে সাত কোটি বাঙালী আজ পাকিস্তানী হানাদারদের বিরুদ্ধে স্বাধীনতার দুর্জয় বিপ্লবী সংগ্রামে লিপ্ত। এই বিপ্লবী যুদ্ধের মাধ্যমে বাঙ্গালীরা তাদের রাজনৈতিক এবং অর্থনৈতিক স্বাধীনতার চূড়ান্ত রুপ দেবে।

যুগে যুগে বিশ্বের বিভিন্ন দেশের আপামর জনসাধারণ অত্যাচার, অন্যায়, জালেম, শোষকের বিরুদ্ধে নিরুপায় হয়ে মুক্তিযুদ্ধ ঘোষণা করেছে। আজও কয়েকটি দেশে সাম্রাজ্যবাদী, শোষণের বিরুদ্ধে প্রচণ্ড মুক্তিযুদ্ধ ঘোষণা চলছে। আমরা বাঙালীরাও বিশ্বের ইতিহাসে এই চরম শিক্ষাকে গ্রহণ করতে বাধ্য হয়েছি, ভবিষ্যতেও অত্যাচারি শোষিত মুক্তকামী মানুষ তার রাজনৈতিক, অর্থনৈতিক মুক্তির জন্য এই চরম ও পরম পথকে বেছে নিতে বাধ্য হবে।

মুক্তিযুদ্ধ কি? মুক্তিযুদ্ধ কেন? কিভাবে মুক্তিযুদ্ধে জয়যুক্ত হতে হয়-একথা বুঝতে পারলে, শিখতে পারলে যতদিনই মুক্তি চলুক না কেন, যত বাধাই আসুক না কেন, তা দেখে হতাশ হয়ে পড়ার কারণ নেই। মানুষ তখনই হতাশ হয়ে পড়ে, যখন সে এমন কিছুর সম্মুখীন হয় যা তার কাছে অপ্রত্যাশিত। যদি মুক্তিযুদ্ধ সম্পর্কে মুক্তিযোদ্ধার মনে একটা সুস্পষ্ট ধারণা থাকে তবে মুক্তির পথে চলতে কোনদিনই তারা নিরাশ হয়ে পড়বে না। যতই তাদের ধারনা সুস্পষ্ট হবে, ততই তাদের প্রেরণা বাড়বে। ভাবাবেগের দ্বারা মুক্তিযুদ্ধ হয় না, রাইফেল চালাতে জানলেই মুক্তিযোদ্ধা হওয়া যায় না। মুক্তিযোদ্ধাকে মনেপ্রাণে অবশ্যই বিপ্লবী হতে হবে। কেন আজ তাকে এই চরম-পরম পথকে বেছে নিতে হয়েছে তা ভালভাবে হৃদয়ঙ্গম করতে হবে। বিপ্লবী যোদ্ধার বড় অস্ত্র হচ্ছে তার বৈপ্লবিক প্রেরণা তার বৈপ্লবিক কর্মতৎপরতা। বিপ্লবী যোদ্ধাকে অস্ত্র হাতে তুলে দিতে হয় না - শত্রুর কাছ থেকে বিপ্লবী অস্ত্র কেড়ে নেয়।

ইংরেজী ভাষায় revolution মানে পরিবর্তন। কিন্তু প্রশ্ন হচ্ছে, যে কোন পরিবর্তনকেই কি বিপ্লব বলা চলে? একটি গভর্ণমেন্টের পরিবর্তন বা মন্ত্রীদলের পরিবর্তনকে কি বিপ্লব বলব? পাকিস্তানের আইয়ুব খাঁর গদি পরিবর্তনকে কি বিপ্লব বলব? না, এসব বিপ্লব নয়। কারণ এতে জাতীয় জীবনধারার পরিবর্তন ঘটে না। জাতীয় রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক জীবনের গণমুখী পরিবর্তন ঘটে না। আইয়ুব খাঁ জনগণের দেওয়া চাকুরী, অস্ত্রশস্ত্র, জনগণের কষ্টার্জিত অর্থে গড়া সৈন্যবাহিনীকে অপব্যবহার করেছে নিজের এবং শোষক দুর্নীতিপরায়ণ ব্যবসায়ী ও সরকারী কর্মচারীদের স্বার্থে। জাতীয় জীবনে গণমুখী মূলগত পরিবর্তন ঘটেনি।

বিপ্লবের ফলে যে পরিবর্তন আসে তা মূলগত পরিবর্তন। জনগণের রাজনৈতিক, অর্থনৈতিক, চারিত্রিক জীবনের মূলগত পরিবর্তনে নিয়মতান্ত্রিক, স্বাভাবিক পথ যখন বন্ধ হয়ে যায়, তখন নির্যাতিত, বঞ্চিত মানুষকে অস্ত্র ধারণ করে বিপ্লবের পথে সমস্ত বাধাকে ধ্বংস করে এগিয়ে যেতে হবে - শোষনের সমস্ত উৎস মুখ ধ্বংস করতে হবে জাতীয় শত্রুদের নির্মূল করতে হবে। সেই জন্যেই রক্তপাত বিপ্লবের একটা অঙ্গ হয়ে দাঁড়ায়। সামান্য ২/৪টি নগণ্য পরিবর্তনকে বিপ্লব বলা চলে না।

বাংলার মানুষ স্বাভাবিক পথে বাঁচতে চেয়েছিল - চেয়েছিল নিয়মতান্ত্রিক সংগ্রামের মাধ্যমে শোষণ-অত্যাচার-অবিচার জুলুমের হাত থেকে রেহাই পেতে। কিন্তু প্রতিক্রিয়াশীল পাকিস্তান সরকার এবং তাদের তল্পিবাহক দালালেরা বারবার সে নিয়মতান্ত্রিক সংগ্রামের পথে বিভিন্ন কায়দায় বাধার সৃষ্টি করেছে এবং নির্মম অত্যাচারের মাধ্যমে সংগ্রাম বন্ধ করার চেষ্টা করেছে। তাই বাংলার জনগণের রাজনৈতিক মুক্তি এবং শোষণহীন সমাজ ব্যবস্থা গঠনের জন্য অস্ত্র হাতে গর্জে উঠতে বাঙালীরা বাধ্য হয়েছে। দেশীয় শাসকবর্গের বিরুদ্ধে বিপ্লব সৃষ্টি করে নতুন সমাজ ব্যবস্থার জন্য বিপ্লব করা অপেক্ষাকৃত সহজ কাজ কিন্তু প্রথমে বিদেশী শক্তিকে অপসারিত করা এবং তারপর নতুনতর সমাজ ব্যবস্থার সৃষ্টি করা সত্যিই আরও কঠিন কাজ। বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের সম্মুখে তাই আজ কঠিন অগ্নিপরীক্ষা। প্রথমতঃ বিদেশী পাকিস্তানী হানাদার বাহিনীকে বিতাড়িত করা, দ্বিতীয়তঃ বাংলাদেশের বঞ্চিত অবহেলিত মানুষের জন্যে শোষণহীন সমাজব্যবস্থার সৃষ্টি করা।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় অবরোধ	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	১০ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

অবরোধ

মুক্তিযুদ্ধের জনপ্রস্তুতি যেমন বিশাল হওয়া দরকার, তেমনি দরকার জনগণকে বিপ্লবের মূল তথ্যটা বোঝানো। সব দেশের মুক্তিযুদ্ধ একইভাবে পরিচালিত হয় না। স্থান-কাল-পাত্র ভেদে মুক্তিযুদ্ধের চেহারা পাল্টায়। বাংলাদেশের মুক্তিযুদ্ধও তার নিজস্ব কায়দায় চলেছে।

বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পূর্ণ ভিন্ন ধরনের। এটার গোড়াপত্তন হয়েছিল গণতান্ত্রিক বিপ্লবের মধ্য দিয়ে। সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে যারা নির্বাচনে জয়ী হলেন, তাঁদের সরকার তৈরীর সুযোগ দেওয়া হলো না। উপরন্তু, সামরিক শাসনকর্তারা সৈন্য দিয়ে গণতান্ত্রিক বিপ্লবকে দমাতে গেলেন। ফলে রাতারাতি গণতান্ত্রিক বিপ্লব পরিবর্তিত হয়ে গেল মুক্তিযুদ্ধে। কাজেই বাংলাদেশের মুক্তিযুদ্ধকে অন্যান্য দেশের মুক্তিযুদ্ধের সঙ্গে তুলনা করা যায় না।

যখন গণতান্ত্রিক বিপ্লব রুপান্তরিত হয়ে গেল সশস্ত্র বিপ্লবে, তখন প্রথম প্রয়োজন ছিল আত্মরক্ষা করার। কারণ, মুক্তিবাহিনী গড়ে তুলবার জন্য লোক, অস্ত্র, রসদ, আশ্রয় ইত্যাদি প্রয়োজন। এখন মুক্তিবাহিনী এক সুসংগঠিত বাহিনী হয়ে উঠেছে। তাই এবার চলেছে প্রত্যাঘাতের পালা।

এই প্রত্যাঘাত করবার দুটি পথ আছে। প্রথমতঃ সরাসরি যুদ্ধ ও অন্তর্ঘাত, দ্বিতীয়তঃ অবরোধ ও অসহযোগ। যুদ্ধ, অন্তর্ঘাত ও অসহযোগ সম্বন্ধে প্রায় সবারই কিছু ধারণা আছে। কিন্তু অবরোধই হবে বাংলাদেশের বিপ্লবের প্রধানতম অস্ত্র এবং অবরোধের পর্ব ও বিভিন্ন কৌশল সবাইকে জানতে হবে। শেখ মুজিব একবার বলেছিলেন, আমরা ওদের ভাতে মারবো, আমরা ওদের পানিতে মারবো। সম্ভবতঃ কেউ ধারনাই করতে পারেনি যে কয়েক মাস পরেই এই কথাটি এক চরম সত্য হয়ে দাঁড়াবে।

সাধারণ যুদ্ধে যে অবরোধ সৃষ্টি করা হয় তার সঙ্গে মুক্তিযুদ্ধের অবরোধ সৃষ্টির এক মূলগত অভ্যাস আছে। তা হলো সাধারণ যুদ্ধে একটি বিশেষ গুরুত্বপূর্ণ স্থানে অবরোধ সৃষ্টি করা হয়। কিন্তু মুক্তিযুদ্ধ যেহেতু দখলকারী সৈন্যের বিরুদ্ধে চালানো হয়, সেহেতু মুক্তিযোদ্ধারা সমগ্র দেশ জুড়ে অবরোধ সৃষ্টি করে। এ অবরোধের মূল লক্ষ্য হলো শত্রুকে রসদ জোগাড়ের পথ সম্পূর্ণ বন্ধ করে দেওয়া।

এই অবরোধে শত্রুকে শুধু ঘিরে রাখাই যথেষ্ট নয়। প্রয়োজন হয় রাস্তা ওড়ানোর, ব্রীজ ভাঙ্গার, বন্দর আক্রমন করার, এবং সর্বোপরি বিমান চলাচল ব্যাহত করার। বাংলাদেশের মুক্তিসংগ্রামে এই সব পদ্ধতি সফলভাবে অনুসৃত হচ্ছে।

তা ছাড়া অবরোধের সাথে অসহযোগ চালানো দরকার। বাংলাদেশের ধান, পাট, ইত্যাদি কৃষিজ দ্রব্য যার ওপর পশ্চিম পাকিস্তানের অর্থনৈতিক কাঠামো গড়ে উঠেছে- সেগুলো যাতে পাক হানাদারেদের হাতে কিছুতেই না পড়ে তার জন্য সতর্ক থাকা দরকার। চাষী ভাইদের চেষ্টা করতে হবে যাতে তারা ধান, পাট ইত্যাদি কৃষিজ দ্রব্য মুক্তাঞ্চলে মুক্তিফৌজের কাছে পৌছে দিতে পারেন। এ কাজে তারা মুক্তিফৌজের সহায়তা পাবেন।

একই সঙ্গে অসহযোগ ও অন্তর্ঘাতমূলক কার্যকলাপ চালাতে পারলে অবরোধ সম্পূর্ণতর হবে। তখন দখলকারী সৈন্যরা বাইরের থেকেও কোনো সাহায্য পাবে না, ভেতর থেকেও কিছু সংগ্রহ করতে পারবে না।

অন্তর্ঘাতমূলক কার্যকলাপ, যথা ট্রেন ওড়ানো, রাস্তা ভাঙ্গা, ব্রীজ ওড়ানো ইত্যাদি করতে গেলে প্রথমে প্রয়োজন বিভিন্ন ধরনের বিস্ফোরক ও তাদের ব্যবহার সম্পর্কে জ্ঞান লাভ করা। পরে সে সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা হবে।

মুক্তিযুদ্ধের অবরোধের প্রকৃতি বিচার করলে দেখা যায় যে তা অত্যন্ত দীর্ঘস্থায়ী। পৃথিবীতে এমন দেশও আছে, যারা বিগত বিশ বছর ধরে মুক্তিযুদ্ধ চালাচ্ছে। প্রয়োজন হলে বাংলাদেশেও সেরকম করা হবে। এ এক সুদীর্ঘ সুকঠিন সংগ্রাম। এ সংগ্রামে আমাদের জিততেই হবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
রাজনৈতিক সমাধান	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	১০ অক্টোবর, ১৯৭১

রাজনৈতিক সমাধান
মেহেরুন আমিন

দ্বিতীয় বিশ্বযুদ্ধে অক্ষশক্তি হিটলারের নেতৃত্বে রুশ-জার্মান অনাক্রমন চুক্তি লংঘন করে সোভিয়েট রাশিয়া আক্রমন করে। ইয়াহিয়ার পূর্বসূরী হিটলারের দৃঢ় বিশ্বাস ছিল যে মাত্র দু'সপ্তাহের মধ্যে মস্কোর ক্রেমলিন প্রাসাদে বিজয়োৎসব পালন করবে। রাশিয়া অভিযানই ত্বরান্বিত করল নরপশু হিটলারের বিপর্যয়। ঘটনা প্রবাহ তাকে ও তার মিষ্ট্রেস এফা ব্রাউনকে বার্লিন শহরের আণ্ডারগ্রাউণ্ডেই আত্মহত্যা করতে বাধ্য করে। ইতিহাসের এক নির্মম ধ্বংসলীলা ও হত্যাকাণ্ডের নাটকের যবনিকাপাত দ্রুততর হলো।

১৯৭০ সালের নির্বাচনে পাকিস্তান নামক এক রাষ্ট্রের অবিসম্বাদিত নেতা নির্বাচিত হলেন বাংলার প্রাণপ্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। সারা পৃথিবী শ্রদ্ধাবনত হৃদয়ে মেনে নিল নির্বাচনের রায়। ক্ষমতা লোলুপ পিণ্ডির জঙ্গীশাহী, মুষ্টিমেয় পুঁজিপতি ও কতিপয় পা-চাটা রাজনৈতিক দালাল সহ্য করতে রাজী হল না জনতার নির্বাচনী রায়। শুরু হল আদি ও অকৃত্রিম ''পাকিস্তানী মার্কা ষড়যন্ত্র''। নেতৃত্বে নেমে এল সেনাপতি ইয়াহিয়া এবং তার জঙ্গী দোসর হামিদ, টিক্কা, নিয়াজী, ওমর, পিরজাদা। এদের সঙ্গে দালালীর হাত বাড়াল ভুট্টো, কাইয়ুম ও অন্যান্য। ইয়াহিয়া ১লা মার্চ রেডিও মারফত জাতীয় পরিষদের প্রথম অধিবেশনের তারিখ অনির্দিষ্টকালের জন্য স্থাগিত ঘোষণা করল। উত্তরে জাতির পিতা শেখ মুজিব বাংলাদেশব্যাপী অহিংস অসহযোগ আন্দোলন শুরু করলেন। আন্দোলনের স্বতঃস্ফহর্ত গতি ও ব্যাপকতা ঘাবড়ে দিল জঙ্গীশাহীকে এবং তাই ''মুজিব-ইয়াহিয়া'' দীর্ঘ আলোচনার ভণ্ডামির মাধ্যমে সমর প্রস্তুতি সম্পূর্ণ করে ২৫শে মার্চ রাতে নরঘাতক টিক্কাকে লেলিয়ে দেয়া হল তেইশ বৎসরাধিক নির্যাতিত, নিপীড়িত, শোষিত সাড়ে সাত কোটির এক মানবগোষ্ঠীকে নিশ্চিহ্ন করে দিতে। লাখো লাখো নিরীহ, নিরস্ত্র মানুষ পৃথিবী থেকে চিরবিদায় নিল। ভস্মীভূত হয়ে গেল বাংলার জনপদ ও গ্রামগুলো। নব্বই লক্ষ লোক নিজ দেশের ভিটেমাটি ছেড়ে প্রতিবেশী রাষ্ট্র ভারতে আশ্রয় নিল। হাজারো হাজারো মা-বোনের ইজ্জত লুটে নিল ইয়াহিয়ার পশ্চিমা সেনাবাহিনী। ইয়াহিয়া গ্যাং ঠিক হিটলারের মতই ভেবেছিল যে আটচল্লিশ ঘণ্টায় সোনার বাংলাকে চিরদাসত্বের শৃঙ্খলে আবদ্ধ করবে। ছ'মাস চলে গেছে, বাংলার শহরে গ্রামে প্রতিরোধ সংগ্রাম আজ ব্যাপকতায় ভীষণতর হয়ে প্রতিশোধের শেষ পর্যায়ের দ্বারে উপস্থিত। বাংলার স্থল, নৌ ও বিমান বাহিনী প্রস্তুতি নিচ্ছে হানাদার বাহিনীকে চরম আঘাত হানতে। অবাক বিস্ময়ে বিশ্ব চেয়ে দেখছে অত্যাধুনিক অস্ত্রশস্ত্রে সুসজ্জিত পশ্চিম পাকিস্তানী ডালকুত্তা বাহিনীর নিশ্চিহ্ন হয়ে যাওয়ার নাটকীয় ঘটনাবলী। রুখতে পারছে না ডালকুত্তার দল মুক্তিবাহিনীর স্থল ও নৌ আক্রমনের দর্বার গতি। ইয়াহিয়া দিকে দিকে দালাল পাঠাচ্ছে এবং নিজেও দোস্ত ইরানের শাহের দরজায় মাথা কুটছে একটি রাজনৈতিক মীমাংসার জন্য।

রাজনৈতিক সমাধান কি সম্ভব? রাজনৈতিক দাবার গুটি যে আজ ইয়াহিয়ার হাতের বাইরে। ইয়াহিয়া ও তার গ্যাং ধ্বংস করে দিয়েছে দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে তৈরি জিন্নার সাধের পাকিস্তান। ঐ ধ্বংসস্তুপের মধ্যে জন্ম নিয়েছে এক নতুন জাতি এবং তাদের প্রাণপ্রিয় স্বাধীন, সার্বভৌম গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ। পশ্চিম পাকিস্তানের পুঁজিপতি দলের এক বিরাট অংশ আজ ইয়াহিয়ার ঘোর বিরোধী। কলকারখানার হাজার হাজার শ্রমিক আজ চাকুরী থেকে বরখাস্ত। মুষ্টিমেয় কয়েকজন জেনারেল ভিন্ন অন্য সেনানীমণ্ডলী ইয়াহিয়ার অবিমৃষ্যকারিতায় তার

প্রতি বিরুপ। ইয়াহিয়ার বাংলাদেশকে স্বাধীন রাষ্ট্র বলে স্বীকৃতি দেওয়ার অর্থ দাঁড়াবে পশ্চিম পাকিস্তানের এতদিনকার জৌলুসে গড়া শিল্প, বাণিজ্য, চাকরি-বাকরী, ও সেনাবাহিনীর চরম বিপর্যয়। তারা হারাবে বাংলাদেশে সাজান ঔপনিবেশিক বাজার। ইয়াহিয়ার সাধ্য নেই যে সে বাংলাদেশকে স্বাধীন বলে স্বীকার করে নেয়। তাই বাংলাদেশ আজ ইয়াহিয়ার গলার কাঁটা-এক গেলাও যাচ্ছে না বা ফেলতেও পারা যাচ্ছে না। সাধু সজ্জন ব্যক্তিরা বলেন যে ইংল্যাণ্ড যেভাবে পাক-ভারত সমস্যার সমাধান করেছে, সেভাবেই বাংলাদেশ ও পাকিস্তানের রাজনৈতিক সমাধান হতে পারে। তাঁরা ভুলে যান যে ব্রিটিশ জাতির পাক-ভারত নীতি নির্ধারিত হয়েছিল ইংল্যাণ্ডের পার্লামেন্টে এবং তার সম্পূর্ণ দায়িত্ব বর্তেছিল ইংল্যাণ্ডের আপামর জনসাধারণের উপর। পাকিস্তানের বর্তমান চণ্ডনীতি নির্ধারণ করেছে ইয়াহিয়া গ্যাং। বারো কোটি অধ্যুষিত অধুনালুপ্ত পাকিস্তানের জনগণের কোন সম্পর্ক ছিল না এই বর্বর জঙ্গীনীতির সঙ্গে। এ ক্ষেত্রে বাংলাদেশ স্বাধীন হওয়ার পূর্ণ দায়িত্ব বর্তাবে বলদর্পী জঙ্গীশাহী ও তার মুষ্টিমেয় অনুচরদের উপর। সেই ভীষণ দিনে রুদ্ধ আক্রোশে ফেটে পড়বে পশ্চিম পাকিস্তানের সৈন্যবাহিনী, পুঁজিপতি গোষ্ঠী ও জনসাধারণ। তা থেকে ইয়াহিয়া ও তার মন্ত্রণাদাতাদের বাঁচবার কোন উপায় থাকবে না। তাই আজ ইয়াহিয়াকে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত এই আত্মঘাতী যুদ্ধ চালিয়ে যেতেই হবে। ইয়াহিয়া অবশ্যই বুঝতে পেরেছে যে অনির্দিষ্টকাল এ যুদ্ধ চালাবার ক্ষমতা তার নেই। চীন-মার্কিন সাহায্যও তাকে টিকিয়ে রাখতে পারবে না পিণ্ডীর সিংহাসনে। অথচ ইয়াহিয়া এও জানে যে বাঙ্গালী জাতিকেও এ যুদ্ধ চালাতেই হবে জীবনের শেষ রক্তবিন্দু দিয়ে। কোন মীমাংসা ''পাকিস্তানী কাঠামোর'' মধ্যে হবে না ও হতে পারে না। ইয়াহিয়ার এখন একমাত্র উপায় পাক-ভারত যুদ্ধ বাধিয়ে নিরাপত্তা পরিষদের হস্তক্ষেপে বাংলাদেশ সমস্যার সমাধান বের করার চেষ্টা করা। সেক্ষেত্রে হয়ত সে ও তার বশম্বদরা পশ্চিম পাকিস্তানী জনসাধারণের আক্রোশ থেকে জীবনে বেঁচে যেতে পারে। অন্যথায় হার্মাদ ইয়াহিয়া ও তার স্তাবকদের হিটলারে মতই আত্মঘাতী হয়ে নরকের বংশ বৃদ্ধি করতে হবে।

কিন্তু এত সবের পরও একটা মোদ্দাকথা এই যে রণক্ষেত্রে আমাদের জাতীয় সম্মিলিত সেনাবাহিনীর ক্রমাগত দাঁতভাঙ্গা জবাবই শুধু লম্পট ইয়াহিয়া হানাদার বাহিনীকে বাধ্য করবে বাংলার পবিত্র মাটি ছেড়ে যেতে এবং সেখানেই নিহিত রয়েছে বাংলাদেশ সমস্যার একমাত্র সমাধান।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বিশ্বের মুক্তিকামী সরকার বাংলার মুক্তিবাহিনীকে অস্ত্র দিন	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	১০ অক্টোবর, ১৯৭১

বিশ্বের মুক্তিকামী সরকার বাংলার মুক্তিবাহিনীকে অস্ত্র দিন
(রাজনৈতিক ভাষ্যকার)

বাংলাদেশের মুক্তিযোদ্ধারা আজ দুর্বার দুর্জয়। প্রতিটি মুক্তিযোদ্ধা আজ এক একটি অগ্নিস্ফূলিঙ্গ ! পাক জঙ্গী শাহীর লেলিয়ে দেওয়া হানাদার বর্বর নরপশুগুলোকে তাড়িয়ে দেওয়ার প্রতিজ্ঞায় দৃঢ় প্রতিজ্ঞ বাংলার অসম সাহসী মুক্তিযোদ্ধারা। তাদের জীবনের একমাত্র পণ ; হয় মুক্তি নয় মৃত্যু। মৃত্যুকে আজ আর ভয় পায় না বাংলার তরুণ শক্তি। মৃত্যুকে জয় করেছে বাংলার মানুষ এক করুণ বাস্তবতার মধ্য দিয়ে। বাংলার মানুষ আজ মুক্তিপাগল। বাংলার মানুষ দেখেছে ইয়াহিয়ার নাৎসীবাহিনীর পৈশাচিক উল্লাসে তাইতো বাংলাদেশ আজ নাপাম বোমার মত জ্বলছে। জ্বলছে তাদের পুড়িয়ে মারবার জন্য যারা সোনার বাংলাকে শ্মশান করেছে, যারা বাংলার ছায়া সুনিবিড় নীড় ভেঙেছে, যারা বাংলার বুকে হিংস্র হায়েনার মত থাবা বিস্তার করেছে। বাংলাদেশের প্রতিটি ঘর এক একটি দুর্জয় ঘাঁটি। প্রতিটি ঘাঁটিতে আজ এক দারুণ উৎকণ্ঠা। প্রতিটি ঘাঁটির প্রতিটি মানুষ প্রতীক্ষায় উন্মুখ। বিশ্ব এগিয়ে আসবে তাদের পাশে, তাদের হাতে তুলে দেবে মারণাস্ত্র। আর তা নিয়ে ঝাঁপিয়ে পড়বে অসুর শক্তির করবে বাংলার শক্তি। বাংলার মানুষ অন্ন চায় না, বস্ত্র চায় না; চায় শুধু অস্ত্র। অস্ত্র পেলে বাংলার মানুষ দেখিয়ে দেবে কেমন করে স্বীকৃতি পাওয়া যায়। তাই বাংলার প্রতিটি মানুষের একমাত্র আবেদন বিশ্বের মুক্তিকামী জনতা এবং সরকারের কাছে, যেন সর্বরকমের অস্ত্র দিয়ে সাহায্য করে বাংলার মুক্তিকামী মানুষকে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় তথ্য সংগ্রহ ও অন্য কাজ	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ৯ সংখ্যা	১৭অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

তথ্য সংগ্রহ ও অন্য কাজ

গেরিলা যুদ্ধের মূল নীতিই হলো Hit and Run অর্থাৎ আঘাত করো এবং করেই সরে পড়ো। কিন্তু সাধারণ বুদ্ধিতেই বোঝা যায় যে, শত্রুজোরালো হলে তাকে আঘাত করা সহজ নয়। তখন শত্রুকে প্রথমে দুর্বল করে নিতে হয়, অথবা তার দুর্বলতম স্থান খুঁজে বার করতে হয়। শত্রুকে দুর্বল করে তুলতে হলে তার সংযোগগুলো ছিন্ন করা প্রয়োজন। এ কাজটা অবরোধের পর্যায়ে পড়ে, যা আগেই আলোচনা করা হয়েছে। আর শত্রুর দুর্বলতম স্থান খুঁজে বের করতে হলে চাই শত্রু সম্বন্ধে তথ্য সংগ্রহ করা, অর্থাৎ জনসংযোগ। এ সম্বন্ধেও আগে লেখা হয়েছে। এবার আলোচ্য বিষয় হলো ঠিক কোন্ উপায়ে বাংলাদেশে মুক্তিবাহিনী এই ধরনের কার্যকলাপ চালাতে পারে।

প্রথমে তথ্য সংগ্রহের কথাই আলোচনা করা যাক। গ্রামাঞ্চলে তথ্য সংগ্রহ করবে গ্রামবাসীরাই। তাদের সামান্য শিক্ষা দিলেই তারা হানাদার পাক সৈন্যদের সম্বন্ধে খবর জোগাড় করতে পারে। যথাঃ-

১। ছাউনীর আয়তন ও তার পাহারার ব্যবস্থা, যা থেকে অনুমান করা যেতে পারে যে মোটামুটি কতজন সৈন্য সেখানে আছে।

২। গাড়ীর সংখ্যা ও সেগুলির সৈন্য বহন ক্ষমতা।

৩। সাধারনতঃ কি ধরনের ও কতো অস্ত্র নিয়ে সৈন্যরা চলাফেরা করে।

৪। পেট্রলের প্রাপ্তিস্থান ও পরিমাণ, যার থেকে আন্দাজ করা যেতে পারে গাড়ী নিয়ে পাক সৈন্য কতদূর অবধি হানা দিতে পারে।

৫। গাড়ীগুলোতে কি কি অস্ত্র বহন/চালনার ব্যবস্থা আছে।

৬। গাড়ী চলবার মত রাস্তা কোথায় কোথায় আছে।

৭। জলযান আছে কি না, এবং থাকলে গাড়ীর মতোই সেগুলো সম্বন্ধেও তথ্য সংগ্রহ।

৮। রসদ আসে কোন্ পথ দিয়ে, কবে কবে, কখন কখন, এবং তার সাথে কি ধরনের/ পরিমানের প্রহরা থাকে।

৯। ছাউনীর কাছে ধারে আড়াল রেখে মুক্তিবাহিনীর লড়াই চালাবার মতো কোন ঝোপ-জঙ্গল, টিলা-পাহাড়, নদ-নদী আছে কিনা, এবং থাকলে কতো আছো।

১০। মুক্তিবাহিনী কোন্ পথে যাতায়াত করতে পারে, কিভাবে এবং কখন।

১১। পাক সৈন্য কখন বিশ্রাম করে বা অসতর্ক থাকে।

এসব তথ্য সংগ্রহ করা একটা অসম্ভব কিছু ব্যাপার নয়। সামান্য নজর রাখলেই দুয়েকজন গ্রামবাসী দশ পনেরো দিনে এইসব খবর যোগাড় করে দিতে পারে।

আপাতদৃষ্টিতে মনে হতে পারে যে এসব খবর তেমন গুরুত্বপূর্ণ কিছু নয়। কিন্তু একটু ভেবে দেখলেই বোঝা যাবে যে এই 'সামান্য '' খবরগুলো পেলেই মুক্তিবাহিনী পাকসৈন্যর একটা ছাউনী আক্রমণ করতে পারে।

শহরের বাসিন্দাদের পক্ষে তথ্য সংগ্রহের কাজটা এতো সহজ নয়। তাদের জানতে হবে প্রতিটি অস্ত্রের পরিচয় ও ক্ষমতা। এর কারণটা খুবই সহজ। গেরিলাদের বারবার আক্রমণে পাকসৈন্য উত্ত্যক্ত হয়ে উঠলে হয়তো তারা ভারী অস্ত্র এনে গেরিলাদের গোপন-ঘাঁটিসহ একটা বসতি অঞ্চল ধ্বংস করে দিতে পারে। কাজেই শহর অঞ্চলের তথ্য সংগ্রহকারীকে জানতে হবে, ঠিক কোন অস্ত্রের সাহায্যে বাড়িগুলো ধ্বংস করে দেয়া যায়। এবং তাদের লক্ষ্য রাখতে হবে হানাদার সৈন্যরা ঐ ধরনের কোন অস্ত্র সমবেশ করছে কিনা। আর যদি তা না করে, তাহলে শুধু পাকসৈন্যর গতিবিধির ও ক্ষমতা সম্মন্ধে খবর সংগ্রহই যথেষ্ট।

এ পর্যন্ত যা বলা হলো তা হচ্ছে শত্রুর দুর্বলতম স্থান খুঁজে বের করা অর্থাৎ তথ্য সংগ্রহের মাধ্যমে শত্রুর কোথায় জোর কম তা জানা, এবং সেই জায়গাতে শত্রুকে আঘাত করা। প্রথম দিকে আঘাত মানে আত্মরক্ষা, কৌশলশিক্ষা ও অবরোধ। পরে অবেরোধের ফলে শত্রুর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে, শত্রুর রসদ কমে গেলে, এক কথায় শত্রুদুর্বল হয়ে পড়লে, শত্রুকে আঘাত করা সহজ হয়।

''বাংলাদেশে পাক দখলদার সৈন্যদের আরোধ কিভাবে হবে?-এ প্রশ্নের উত্তর দেওয়া কঠিন নয়। পাকসৈন্য পুরোপুরি বাইরে থেকে, অর্থাৎ পশ্চিম পাকিস্তান থেকে আনা রসদ এবং শত্রুসম্ভারের সাহায্যে লড়াই চালাচ্ছে। সুতরাং তাদের রসদ আনার পথ বন্ধ করতে পারলেই লড়াই জেতার অর্ধেকটাই হয়ে যাবে। মুক্তিবাহিনীও সঠিক পথেই চলেছে। তারা ইতিমধ্যেই বন্দরগুলো প্রায় অকেজো করে য়য়েছে। ফলে পাকসৈন্য জলপথের সুযোগ আর বিশেষ নিতে পারছে না। বাকি আছে বিমান যোগযোগ, এবার সেটা নষ্ট করার ব্যবস্থা দেখতে হবে।

এই ধরনের অবরোধের সাথে সাথে নানা জায়গা জুড়ে ছোটখাটো আক্রমণ করে পাকসৈন্যকে পর্যুদস্ত করে তুলতে হবে তাতে গ্রামবাসীগণও নিজস্ব ক্ষমতা অনুসারে অংশগ্রহণ করতে পারেন। কিভাবে তা সম্ভব হতে পারে, সে সম্বন্ধে পরে আলোচনা করা হবে।

মোদ্দা কথা এই, লড়াই যে পর্যায়ে এগিয়ে এসেছে তাতে প্রতিটি সাধারণ মানুষকে হয় তথ্য সংগ্রহ, নয় অন্য পথে মুক্তিবাহিনীকে সহায্য করতে হবে। কারণ সেটাই স্বাধীনতা লাভের একমাত্র পথ।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় আমাদের স্বাধীনতা সংগ্রাম	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ১০ম সংখ্যা	২৪ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

আমাদের স্বাধীনতা সংগ্রাম

রক্তের একট নদী পেরিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করেছে-এ সত্য আজ বিশ্বের প্রতিটি মানুষের কাছে দিবালোকের মত সুস্পষ্ট হয়ে গেছে। কিন্তু বাংলাদেশ স্বাধীনতা অর্জন করলেও হানাদারমুক্ত হতে পারেনি আজও। সাম্রাজ্যবাদপুষ্ট পশ্চিম পাকিস্তানের বর্বর সৈন্যরা রাহুগ্রাসের মত বাংলাদেশ আঁকড়ে আছে।

এই পশ্চিমা নাগপাশ থেকে জননী জন্মভূমিকে মুক্ত করতে হবে সর্বাগ্রে চাই একতা। মুক্তিযোদ্ধারা যেমন আজ বাংলার স্বাধীনতা সংগ্রামে একতাবদ্ধ হতে পেরেছে তেমনি জনগণকেও একতাবদ্ধ হতে হবে। প্রতি মহুর্তে স্মরণ রাখতে হবে একটা দেশের মুক্ত আন্দোলন তখনই সার্থক হয় যখন সে দেশের জনগণ সমস্ত সংকীর্ণতার উর্ধ্বে উঠতে পারে। তার চেয়েও বড় কথা, আমরা একটা দেশের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়েছি। যে দেশের সৈন্যরা আমাদের ঘর পুড়িয়েছে, মা-বোনের ইজ্জত ছিনিয়েছে, বাবা-ভাইকে নির্মমভাবে হত্যা করেছে। এক কথায় বলতে গেলে সোনার বাংলাকে ওরা শ্মশান করেছে। কাজেই সে কথা মনে রেখেই স্বাধীনতা আন্দোলনে সবাইকে অংশগ্রহণ করতে হবে। স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করা বাংলাদেশের প্রতিটি মানুষের জাতীয় কর্তব্য।

বাংলাদেশের স্বাধীনতা আন্দেলনে আজ যে সমস্যা বড় হয়ে দেখা দিয়েছে তা হল রাজনৈতিক মতানৈক্য। অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে রাজনৈতিক কোন্দল মাথাচাড়া দিয়ে ইঠেছে। এতে আন্দোলন বিঘ্নিতই হবে। আজকে জাতির যুগসন্ধিক্ষণে দেশমাতৃকার মুক্তিই প্রতিটি দলের সমর্থকদের মুখ্য লক্ষ্য হওয়া উচিত। রাজনৈতিক মতামতের সময় অনেক পাওয়া যাবে কিন্তু আজকের এই পরম মুহুর্তকে যদি কোন্দলের দ্বারা অবহেলা করা হয় তাহলে আগামী দিনের বংশদররা কিছুতেই আমাদের ক্ষমা করবে না।

কে কতটুকু ক্ষমতা আকড়ে আছে এই সংকীর্ণতার বেড়াজাল ভেঙ্গে জাতির দুর্দিনে সবাইকে এগিয়ে আসতে হবে এক কাতারে। মানুষের চেয়ে মানুষের কর্ম বড়। তাই ক্ষমতা চিরস্থায়ী নয়। ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে ক্ষমতার অপব্যবহার করলে তাকে ছুঁড়ে ফেলা হয় জাতির অঙ্গন থেকে ডাস্টবিনে, তা এই পৃথিবীর শুরু থেকে হয়ে আসছে।

জনতাই দেশের মালিক। দেশ স্বাধীন হলে কোন দল কিংবা কোন ব্যক্তি দেশের প্রকৃত বন্ধু তার বিচার করবে দেশের জনতা, তাই আমাদের উচিত জনতার সামনে সেই দিনটি উপস্থিত করা। সেই শুভদিনটির জন্য দলমত নির্বিশেষে মুক্তিযোদ্ধাদের পাশে এসে দাঁড়াতে হবে। কোন দল বা মতের ভাবাদর্শে উদ্বুদ্ধ না হয়ে মুক্তিযোদ্ধাদের সাহায্যার্থে কিংবা মুক্তিযোদ্ধা হতে প্রতিটি দলের প্রতিটি সমর্থককে এগিয়ে আসতে হবে। এ সংগ্রামে যদি আমরা উত্তীর্ণ হতে পারি তবে বিশ্বে বাংলাদেশকে নিয়ে সমস্ত ষড়যন্ত্র ছিন্ন করে আচিরেই বাংলাদেশকে হানাদারমুক্ত করা যাবে।

বাংলাদেশের অনেক হিন্দু যুবকের মুখে শোনা যায়, ‘‘আমাদের হিন্দু সম্প্রদায়ের উপর অত্যাচার হয়েছে সবচেয়ে বেশী অতএব আমরা স্বাধীনতার জন্য প্রাণ দেব কেন?’’ অত্যাচার হয়েছে একথা সত্য। কিন্তু এমন ধারণা পোষণ করে এখানে যারা মুক্তিসংগ্রাম থেকে দূরে সরে আছে তাদের উদ্দেশ্যে আমরা একথাই বলব যে

তারা ভুল ধারণা পোষণ করে এখনো তুচ্ছ সংকীর্ণতার আবর্তে হাবুডুবু খাচ্ছে। পাকিস্তান স্বাধীনতা লাভের পর স্বার্থবাদী শাসক চক্র হিন্দুদেরকে সংখ্যালঘু বলে চিরদিন দাবিয়ে রেখেছে। ক্ষমতার রাজনীতিতে পাক স্বার্থবাদী গোষ্ঠী বার বার সংখ্যালঘু সম্প্রদায়কে হাতিয়ার হিসেবে ব্যবহার করেছে। অথচ তাঁর প্রথম থেকেই যদি শাসক চক্রের বিরুদ্ধে রুখে দাঁড়াতেন তাহলে হয়তো স্বার্থবাদী গোষ্ঠীর চক্রান্ত তাসের ঘরের মত ভেঙ্গে গুড়িয়ে যেত। আজো তেমনি ভুলের বশবর্তী হয়ে কিছু সংখ্যক যুবক নিরপেক্ষকের ভূমিকা অবলম্বন করেছে, এ সত্যি দুঃখজনক ঘটনা।

বাংলাদেশে যখনি ন্যায়ের দাবিতে জনতার কণ্ঠে সোচ্চার হয়ে উঠেছে তখনি স্বার্থবাদী শাসক সম্প্রদায় ভারতের সঙ্গে বিরোধ নয় তো ধর্মের নামে ঘৃণ্য সাম্প্রদায়িকতা সৃষ্টি করে জনতার কণ্ঠকে স্তব্ধ করেছে। এর জন্য বার বার বলি হয়েছে নিরীহ মানুষ। বার বার রক্তে রঞ্জিত হয়েছে বাংলার মাটি। কিন্তু স্বার্থবাদী গোষ্ঠীর মুখোশ খুলে গেছে এবার। তাই বাংলাদেশের কোটি কোটি মানুষ লক্ষ লক্ষ শহীদের বেদীমূলে দাঁড়িয়ে ঘৃণ্য সাম্প্রদায়িকতা বিসর্জন দিতে সক্ষম হয়েছে। পাক সাম্প্রদায়িক সরকারের সর্ব প্রকারের উস্কানি ব্যর্থ করে দিয়েছে বাংলার সংগ্রামী জনতা।

বাংলার মানুষ আজ বাঙ্গালী। হিন্দু-মুসলমান-বৌদ্ধ-খৃষ্টান নয়, তারা বাংলার মানুষ। জাতি ধর্মের উপরে যে মানব ধর্ম সেই মহান ধর্মে উদ্বুদ্ধ আজ বাঙ্গালী জাতি। লক্ষ লক্ষ প্রাণের বিনিময়ে যে বাংলাদেশ আজ পৃথিবীর মানচিত্রে স্থান করে নিয়েছে সে দেশ শুধু মুসলমানের নয়। হিন্দু-মুসলমান-বৌদ্ধ-খৃষ্টান সবার দেশ বাংলাদেশ।

তাই আসুন আমাদের সবার সম্মিলিত প্রচেষ্টায় দেশমাতৃকার শৃঙ্খল ছিন্ন করে হানাদার শেষ করে পূত পবিত্র করে গড়ে তুলি জননী জন্মভূমি বাংলাদেশকে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় অনুপ্রবেশকারী কে? দুস্কৃতকারী কে?	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ১২শ সংখ্যা	৭ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশে
অনুপ্রবেশকারী কে?
দুস্কৃতকারী কে?

চল্লিশ বৎসর পূর্বে হিটলারের রাক্ষস চীৎকারে ইউরোপের আকাশ মুহুর্মুহু বিদীর্ণ হত। চীৎকার আর্তনাদের। তার বিলাপের বিষয়বস্তু ছিলঃ অন্যান্য দেশের আক্রমণাত্মক কার্যে জার্মানী ও জার্মান জাতি বিপন্ন।

অথচ বিশ্বের লোকের চোখে এর বিপরীতটাই সত্য বলে মনে হত। কারণ তারা দেখত যে জার্মানীই আজ অষ্ট্রিয়াকে কাল চেকোশ্লোভাকিয়াকে পদাতিক, ট্যাঙ্ক এবং বিমান বাহিনীযোগে আক্রমণ করছে। কারণ প্রকৃতই ঐ বিপরীতটাই সত্য।

আজ চল্লিশ বৎসর বাদে হিটলারের পদাঙ্ক অনুসরণ করে ইয়াহিয়াও রাক্ষস চীৎকারে পাক-ভারত-বাংলাদেশের আকাশ আচ্ছান্ন করছে। বুলি, পাকিস্তান বিপন্ন। ভারতের প্ররোচনায় ভারতের অনুচরবর্গ পাকিস্তানের পুণ্যভূমি আক্রমণ করেছে। তাদের দুস্কৃত কার্যে ঐক্যবদ্ধ পাকিস্তান ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে পড়বার উপক্রম হয়েছে। এই বিপদ থেকে পরিত্রাণ পাবার একমাত্র উপায় ভারত আক্রমণ।

কিন্তু আজও বিশ্বের লোকের চোখে প্রতিপন্ন হয়েছে এবং এখনও হচ্ছে যে ইয়াহিয়ার অভিযোগের বিপরীতটাই সত্য। বিশ্বের লোকের সমক্ষে বাংলাদেশের শতকরা ৯৯ জন লোক প্রকাশ্যে নির্বাচনে বাংলাদেশের স্বাতন্ত্রের দাবী ঘোষণা করেছে। তার কারণ বাংলাদেরশের বুকের উপর বসে গত চব্বিশ বছর যাবৎ পশ্চিম পাকিস্তানের মুষ্টিমেয় ধনপতি এবং ভূস্বামী বাঙালীর রক্ত শোষণ করেছে।

বাংলাদেশের শতকরা ৯৯ জন লোক-যাদের বাংলার মাটিতে জন্ম, যারা বাংলার মাটিতে বসে পুষ্ট-তারা কি ‘‘অনুপ্রবেশকারী’’? সেই শতকরা ৯৯ জন বাঙালির আকাঙ্ক্ষা, শোষণাবসানের কামনা যারা রক্ত দিয়ে পূর্ণ করতে যাচ্ছে, সেই বাঙালী মুক্তিযোদ্ধারাই কি ‘‘অনুপ্রবেশকারী’’?

না কি, সেই সব পশ্চিম পাকিস্তানী ধনিক-ভূস্বামী-রক্তপিপাসু যুদ্ধলিপ্সু সেনাধ্যক্ষরাই অনুপ্রবেশকারী? অবশ্যই তারা অনুপ্রবেশকারী। প্রথমতঃ তারা পাকিস্তানের শাসনযন্ত্রে অনুপ্রবেশ করেছে। কোন নির্বাচনে কে সিকান্দার মির্জা-আইয়ুব-ইয়াহিয়া খানকে পাকিস্তানের প্রেসিডেন্ট নির্বাচিত করেছে? কেউ নয়। পশ্চিম ধনীকভূস্বামীবর্গ এবং তাদেরই বেরাদর সেনাধ্যক্ষরা পদাতিক, ট্যাঙ্ক এবং বিমানবাহিনীর শক্তির বলে পাকিস্তানের ভাগ্যনিয়ন্তা সেজে বসেছে।

হাজার মাইল দূরের পশ্চিম পাকিস্তানী পদাতিক, ট্যাঙ্ক, বিমানবাহিনীর প্রয়োগ দ্বারা বাংলাদেশের শতকরা ৯৯ জনের রায় পদদলিত করে, তাদের প্রাণাধিক প্রিয় নেতা মুজিবকে বন্দী করে বাংলাদেশে অনুপ্রবেশ করেছে। এবং তাদের দুস্কৃতি চরমে উঠেছে বাংলার গ্রাম জ্বালিয়ে, লক্ষ লক্ষ বাঙালীকে হত্যা করে, লক্ষ লক্ষ বাঙালীকে মাতৃভূমি থেকে বিতাড়িত করে, বাঙালী নারীকে ধর্ষণ ও লাঞ্ছনা করে, বহু বাঙালী বীর সন্তানকে নিরস্ত্র করে নৃশংসভাবে হত্যা করে। দুস্কৃতকারী পশ্চিম পাকিস্তানী পশুশক্তিই-আর কেউ নয়।

এবং এর হাত থেকে পরিত্রণ পাবার একমাত্র উপায় মুক্তিবাহিনীর অবিরাম, নিরবচ্ছিন্ন প্রতি-আক্রমন। তার অবসান পূর্ণ স্বাধীনতায়।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বিশ্বের চোখে বাংলাদেশ	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ১২শ সংখ্যা	৭ নভেম্বর, ১৯৭১

বিশ্বের চোখে বাংলাদেশ

(বিশেষ প্রতিনিধি)

পশ্চিম পাকিস্তানের নেতারা উন্মাদ হয়ে উঠেছে। বাংলার মানুষের স্বাধিকারের দাবী সমস্ত অত্যাচারেও একবিন্দু টলেনি বরং দিন দিন জোরদার হয়ে উঠেছে। এদিকে বিশ্বের সমস্ত দেশ একযোগে পশ্চিমের নেতাদের বিক্রিত মস্তিস্কের চিকিৎসা করতে পরামর্শ দিচ্ছে। পাগলকে পাগল বললে সে আরও ক্ষেপে যায়। সেই রকম ক্ষেপে অক্টোবর মাসে পাঞ্জাবী খানসেনারা তিনবার ভারত আক্রমণের চেষ্টা করে। এর মধ্যে একবার আগরতলায় তারা কিছু কামান প্লেনসহ বোমা ও গোলা বর্ষণ করে। আর দুবার শিয়ালকোটের কাছে ট্যাঙ্কবাহিনীসহ তারা ভারতের মাটিতে ঢুকে পড়ে। পাকিস্তানের আশা ছিল ভারত এরপর যুদ্ধ ঘোষণা করবে। কিন্তু ভারত তিনবারই আক্রমণ প্রতিরোধ করে বিশ্বের দরবারে তুলে ধরে এই কূপ্রচেষ্টা। পাকিস্তান হয়তো ভেবেছিল ভারতীয় প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দ্রিরা গান্ধী তাঁর বেলজিয়াম-ইংল্যাণ্ড-অষ্ট্রিয়া ও আমেরিকা সফর স্থগিত রাখবেন। সে আশাও পূর্ণ হয়নি। শ্রীমতী গান্ধী যাবার পূর্বে জাতির উদ্দেশ্যে ভাষণে বলেন যে ভারত যে কোন আক্রমণের মোকাবিলা করতে প্রস্তুত কিন্তু যুদ্ধ ভারত চায় না। যে ক'টি দেশে তিনি গেছেন একই কথা তিনি জানিয়েছেন এবং ইংল্যাণ্ডের জনমত তাঁকে স্বাগত জানিয়েছে নিপুণভাবে। ইংল্যাণ্ড সরকার পাকিস্তানের জঙ্গীশাহীর ওপর শীঘ্রই চাপ দেবেন আরো নমনীয় হবার জন্য ইতিমধ্যে ভারতের প্রতিটি মানুষ আশা রাখে মুক্তিবাহিনীর ওপর। মক্তিবাহিনী একাই শত্রুর মোকাবিলা করে বাংলাকে মুক্ত করবে।

পাকিস্তানী জঙ্গীশাহী উন্মাদ হয়ে উঠেছে। তার দ্বিতীয় প্রমাণ দেখা গেল সোভিয়েত এয়ার মার্শালকে পাক আকাশে চলার অনুমতি না দেবার মধ্যে। যদিবা সোভিয়েত এয়ার মার্শালের মনে পাকিস্তানের দুরভিসন্ধি সম্বন্ধে কোন সন্দেহ থেকেও থাকে, তাদের এই ব্যবহারে সেটুকু সম্পূর্ণ কেটে যাবে।

মার্কিন যুক্তরাষ্ট্রের আজ বড় দুর্দিন। চীনকে রাষ্ট্রসঙ্ঘে নেওয়ায় আজ বাংলাদেশের নেতারাও উল্লসিত। ভারত ও অন্যান্য দেশে তো বহু বৎসর এই দাবী জানিয়েছে যে মহাচীনের রাষ্ট্রসঙ্ঘে বসার অধিকার আছে। মার্কিন প্রস্তাবঃ "দুই চীনেই রাষ্ট্রসঙ্ঘে থাক,"-ভোটে টেকেনি। আমেরিকা সব দেশকেই সাহায্য বন্ধ করে দিচ্ছে। তারা পাকিস্তানের অখণ্ডতা চায় বলে দাবী করেছে। শ্রীমতী ইন্দিরা গান্ধী আমেরিকা যাচ্ছেন স্পষ্টকণ্ঠে জানাতে- ধ্বংসস্তূপ পাকিস্তানকে ছেড়ে আমেরিকা বরং চলে আসুক বাংলাদেশ ও ভারতের মিত্রতার আহবানে। কারণ ইতিহাসের বাণী অমোঘ। ভিয়েতনামের মুক্তির মতো, চীনের রাষ্ট্রসঙ্ঘে প্রবেশের মত ধ্রুব আগামী দিনে বাংলাদেশের সম্পূর্ণ স্বাধীনতা।

পাকিস্তানের নেতাদের মস্তিস্ক বিকৃতির এক দুঃখজনক উদহরণ দেখা গেছে দিল্লীতে ২রা নভেম্বর। পাক দুতাবাস থেকে ১১ জন বাঙালী অফিসার বাংলাদেশের প্রতি আনুগত্য স্বীকার করে বেরিয়ে আসার সময় এই উন্মাদ জঙ্গীশাহীর চররা তদের প্রচণ্ড প্রহার করে। শ্রী হুসেন আলী, জঙ্গীশাহীর সংবাদ সংগ্রহের ফার্ষ্ট সেক্রেটারীকে মেরে অজ্ঞান করে ফেলা হয়। এই খবর বেরোন অবধি তাঁর স্ত্রী পুত্র কন্যা তাঁর পরীর দূতাবাস থেকে বার করে আনতে পারেনি। বাংলাদেশ দূতাবাস (দিল্লী) থেকে তার অধ্যক্ষ আমজাদুল চৌধুরী পাক দূতাবসের শ্রী মাসুদ হাইদরকে সময় দিয়েছেন শ্রী আলী ও তাঁর পরিবারকে সসম্মানে ছেড়ে দিতে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
এবারের ঈদ রক্ততিলক শপথের দিন	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ১৪শ সংখ্যা	২১ নভেম্বর, ১৯৭১

রক্তমত্ত বাংলা দেশ-ঈদের চাঁদ রক্তের সমুদ্রে

এবারের ঈদ রক্ততিলক শপথের দিন

অনেক স্মৃতির স্বাক্ষর নিয়ে ঘুরতে ঘুরতে হারিয়ে গেল একটা বছর। এল আবার ঈদ। এল খুশীর ঈদ। আনন্দের ঈদ। মিলনের ঈদ। একটা মাসের সংযমের অগ্নিপরীক্ষার পর আসে আমাদের জীবনে এই পবিত্র দিনটি; তাই পবিত্র দিনটিকে আমরা স্বাগত জানাই পবিত্র মনে।

প্রতি বছরের মত এবারও বাংলাদেশে ঈদ এসেছে। কিন্তু আসেনি আনন্দ! ওঠেনি খুশীর ঢেউ। বাজেনি মিলনের বাঁশি। বাংলাদেশে যে বিদ্রোহের আগুন জ্বলছে শতশিখা বিস্তার করে। বাংলার তরুণ শক্তি যে আজ দুর্বার দুর্জয় স্বৈরাচার আর শোষণের বিরুদ্ধে।

বাংলার দামাল ছেলেগুলো আজ ঘরছাড়া । আত্মীয়-স্বজন থেকে দূরে বন থেকে বনান্তরে অস্ত্র হাতে ঘুরছে শত্রু হননের প্রতিজ্ঞা নিয়ে। তাইতো বাংলাদেশে এবার খুশীর বান ডাকেনি। এবারে বাংলার তরুন শক্তির প্রতিজ্ঞা, যে চাঁদ রক্তের সমুদ্রে হারিয়ে গেছে সে চাঁদকে মুক্ত করে তবেই তারা ঈদের উৎসব পালন করবে। তাই আজকের এই দিন শপথের দিন। আজ বাংলাদেশের মায়ের চোখে অশ্রু। বোনের চোখে অশ্রু বাবার চোখে অশ্রু। এবারের ঈদে বাংলাদেশের মায়ের পাশে ছেলে নেই। পিতার পাশে সন্তান নেই। বোনের পাশে ভাই নেই। আজকে মা-বাবার আদরের সন্তান, বোনের স্নেহের ভাই প্রতিবাদের রণাঙ্গনে। তাই বাংলার মা-বাবা আর বোনের ঈদের জামাতে খোদার কাছে প্রার্থনা হবে হে খোদা, যারা ১৫ লক্ষ মানুষকে নিষ্ঠুরভাবে হত্যা করেছে তাদের বিচার করো। বাংলাকে মুক্ত করো আর যারা বাংলার স্বাধীনতার জন্য লড়াই করে যাচ্ছে তাদের আর্শীবাদ করো। সেই হবে এবারের ঈদের ‘‘প্রার্থনা।’’

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশের স্বাধীনাতার প্রশ্নে বিরূপ রাজনৈতিক সমাধান মেনে নেয়া হবে না	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ১৪শ সংখ্যা	২১ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের স্বাধীনাতার প্রশ্নে বিরূপ রাজনৈতিক সমধান মেনে নেয়া হবে না

সম্প্রতি স্বাধীন বাংলাদেশের প্রশ্নে বিশ্বের সরকারগুলি বড় বেশী সোচ্চার হয়ে উঠেছে। এ জন্য বিশ্বের সরকারদের ধন্যবাদ। বাংলাদেশের নির্যাতিত মানুষেরা আশা রাখে বাংলাদেশের প্রকৃত অবস্থা উপলব্ধি করতে বিশ্বের সমস্ত সরকার দ্বিধাবোধ করবে না।

কিন্তু বাংলাদেশের প্রশ্নে রাজনৈতিক সমাধানের নামে কোন রকম বিরূপ সমাধান চাপিয়ে দেওয়ার চেষ্টা করলে বাংলার মুক্তিযোদ্ধারা তথা জনগণ তা সহ্য করবে না। তাই বাংলার মুক্তিযোদ্ধা এবং জনগণের বিশ্বের সরকারের কাছে প্রশ্ন, কিভাবে রাজনৈতিক সমাধান করা হবে? স্বাধীন বাংলার স্বাকৃতির মাধ্যমে না পাকিস্তান কাঠামোর মধ্যে?

যারা পাক কাঠামোর মধ্যে মীমাংসার কথা ভাবছেন তাঁদের জেনে রাখা উচিত, পাক জঙ্গীশাহী বাংলাদেশের পনের লক্ষ মানুষকে নিষ্ঠুরভাবে হত্যা করেছে, নারী নির্যাতন করেছে, ঘরবাড়ী পুড়িয়ে ছারখার করেছে-এরপরও কি পাক কাঠামোর মধ্যে বাংলাদেশ সমস্যার সমাধান হতে পারে? তাদের দেশে যদি এমন অবস্থা হত তাহলে তাঁরা কি এমন সমাধান মেনে নিতে পারতেন?

অনেক রক্তের বিনিময়ে পৃথিবীর মানচিত্রে স্বাধীন বাংলার পতাকা স্থান করে নিয়েছে। এ পতাকার সম্মান অক্ষুন্ন রাখার প্রয়োজন হলে বাংলার সাড়ে সাত কোটি মানুষ প্রাণ দেবে তবু কোন রকম গোঁজামিলের সমাধান মেনে নেবে না আজকের বাংলার সংগ্রামী মানুষেরা।

তাই বিশ্বের সরকারের কাছে আবেদন, তাঁরা যদি বাংলাদেশের মানুষের গ্রহণযোগ্য সমাধান করতে পারেন তবেই যেন তারা এগিয়ে আসেন নচেৎ তারা যেন নিরপেক্ষ থাকেন। বাংলাদেশের মানুষরাই তাদের ভাগ্য নির্ধারণ করতে সক্ষম কেননা বাংলার মানুষ অস্ত্র ধরতে শিখেছে।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় শোষণ অবসানের অভিযান	বিপ্লবী বাংলাদেশ ১ম বর্ষঃ ১৫শ সংখ্যা	২৮ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

শোষণ অবসানের অভিযান

একদিকে সারা বাংলাদেশ রাহুমুক্ত হবে, বাংলাদেশের সূচাগ্র ভূমিতেও পাকিস্তানী শোষকের অবৈধ অধিকার থাকবে না, সর্বত্র উড়বে স্বাধীন বাংলাদেশের পতাকা। সর্বত্র প্রতিষ্ঠিত হবে সার্বভৌম, গণতান্ত্রিক, সামাজতান্ত্রিক বাংলাদেশ সরকারের শাসন।

কবে আসবে সেদিন?

কয়েক মাস আগেও মনে হয়েছিল, সেদিন বুঝি বহুদূর। কিন্তু আজ শুধু বাংলাদেশের বাঙালী নয়, বিদেশীরাও, শুধু বন্ধুরা নয়, শত্রুও ভাবছে এ ঘটবে অদূর ভবিষ্যতেই।

কী করে ঘটল এই পরিবর্তন? কোন গোপন অস্ত্র এল বাঙালীর হাতে? কে যোগাল সেই অস্ত্র?

বিদেশী কোন মহাশক্তি কি? দুনিয়া জানে পাকিস্তানী জল্লাদেরা কার অস্ত্রের বলে বাংলার রক্ত বইয়ে দিয়েছে। যারা দিয়েছে সেই অস্ত্র তাদের না সবাই জানে। তারা মহাশক্তি, সাম্রাজ্যবাদী শক্তি যান্ত্রিক উন্নতিতে যারা জগতের শীর্ষস্থানে অধিকার করেছে। তেমন কোন শক্তি কোন মহাপরাক্রমাশালী মারণাস্ত্র বাঙালীর হাতে তুলে দেয়নি, যার বলে আজ পাক পশুশক্তি সন্ত্রস্ত, আতঙ্কগ্রস্ত।

যে শক্তির প্রয়োগে এই সামান্য সময়ে বাঙালী জাতি পাক রক্তপায়ীদের রাক্ষস উল্লাসকে ত্রাসে পরিণত করেছে সে হল সাড়ে সাত কোটি বাঙালীর শোষণ মুক্তির আকাঙ্ক্ষা, মষ্টিমেয় বাঙালীর ক্ষমতা লোলুপতা নয়। সেই আকাঙ্ক্ষা অনুপ্রাণিত করেছে সামান্য অস্ত্রে সজ্জিত, সুশিক্ষিত, অর্ধশিক্ষিত, বৃদ্ধ, যুবক, শিশু, নারী-পুরুষ মুক্তিসেনাকে। শোষণ মুক্তির উন্মাদনায় মুক্তিযোদ্ধারা রক্তবীজের মত এক থেকে অনেক, স্বল্প থেকে বহু হয়ে উঠেছে। সেই উন্মাদনায় ছড়িয়ে পড়েছে দিকে দিকে অঞ্চলে অঞ্চলে, সীমান্তে ও কেন্দ্রে-যেখানেই শোষিত বাঙালী সেখানেই মক্তিসংগ্রামের বীজ অঙ্কুরিত হয়েছে-মুক্তির তীর্ব আকুতি তার দ্রুত বৃদ্ধি অব্যাহত রেখেছে।

অপপ্রচারে বাংলাদেশের জনসাধারণ বিভ্রান্ত হয়নি। কেন? কারণ তারা মুক্তিবাহিনীর কার্যকলাপ প্রত্যক্ষ করেছে। তারা দেখেছে, মুক্তিযোদ্ধারা শুধু অস্ত্রবলে বলীয়ান নয়। তাদের মনোবল অটুট আর তাদের মনোবলের উৎস জনসাধারণের প্রতি তাদের সহানুভূতি, সৌহার্দ্য, আত্মবোধ। তারা দেখেছে যে তারা জনাসাধারণের জন্য, তাদের শোষণ মুক্তির জন্য দিতে পারে সব কিছুই, দিতে পারে প্রাণ-অথচ চায় না কিছুই। তাদের মুক্ত চিত্তে ক্ষমতালোভের কলুষ নেই, বিলাস বসনে আগ্রহ নেই, নেই ক্ষুদ্র স্বার্থবুদ্ধি। একটা মহৎ আদর্শ-সাধারণ মানুষের শোষণের আবসান-তাদের অন্তরকেও মহৎ করেছে। তাদের শৌর্যের মূলে আছে অগ্নিশুদ্ধ, স্বার্থলেশহীন স্বাধীনতা, শোষণমুক্তির যজ্ঞে নিবেদিত নিষ্কলুষ মন।

এ যদি না হতো, তবে সমগ্র দেশে এত শীঘ্র মুক্তিযুদ্ধ এত তীব্ররূপ ধারণ করত না। জনাসাধারণের স্বচ্ছ দৃষ্টিতে স্বাধীনতা যুদ্ধের ত্রুটি, তার অন্ধকার রূপ অনাবৃত হয়ে পড়ত। এ যুদ্ধ হয়ে পড়ত শীর্ণ, সংকীর্ণ-হত শুধুই অস্ত্র ঝঞ্ঝনা।

জনসাধারণের শোষণমুক্তি বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের হৃৎপিণ্ডস্বরূপ। স্বাধীনতার সঙ্কল্পের প্রথম মুহূর্তেই শুধু বাঙালী নয়, দুনিয়ার লোক শুনেছে সেই বজ্রকণ্ঠঃ আমাদের সংগ্রাম, শোষিতজনের সংগ্রাম, দুনিয়ার শোষিতজনের মুক্তির সংগ্রাম। শোষণের স্পর্শমাত্রও যদি এই সংগামে থাকত তবে সারা দুনিয়ার লোকবাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে তাদের একান্ত আন্তরিক সহায়তা জ্ঞাপন করত না। তারা ভাবত, এ লড়াই বুঝি ক্ষমতার লড়াই, পশ্চিম পাকিস্তানী ধনিক-ভূস্বামীর সঙ্গে বাঙালী ধনিক-ভূস্বামীর লড়াই।

কিন্তু মুক্তি সংগামের এ কয়েকমাসের সংগামে যুদ্ধক্ষেত্রে কোথাও স্বার্থবুদ্ধির, লোভের, ক্ষমতার আকাঙক্ষার প্রাকাশ ঘটেনি। তাই দেশে বাঙালী এবং বিদেশে জনসাধারণ এবং শ্রেষ্ঠ বুদ্ধিজীবীরা বাংলার স্বাধীনতা সংগ্রামকে প্রকৃতই শোষণমুক্তির সংগ্রাম বলে গ্রহণ করেছে এবং অকুণ্ঠ সমর্থন করেছে।

আজ সারাদেশ জোড় এই সংগ্রাম দৃঢ় পদক্ষেপে অগ্রসর হচ্ছে। এই পদক্ষেপ আরও বলিষ্ঠ, আরও দ্রুত হবে-কিন্তু পদে পদেই আমাদের-সাধারণ সৈনিক যাঁরা তাঁদেরও, নেতৃস্থানীয় যাঁরা তাঁদেরও-প্রমাণ দিতে হবে বাংলাদেশের ও দুনিয়ার জনসাধারণের কাছে যে এ যুদ্ধ শোষণ শেষের, এ যুদ্ধের তরবারি শোষণমুক্তির পবিত্র আদর্শ শাণিত এবং তাই দুর্বার। এ সংগ্রাম ক্ষমতার লড়াই নয়, নতুন আরেক শোষণের প্রতিষ্ঠার প্রয়াস নয়। সহস্রের আত্মদানের আহুতি উজ্জ্বল এই আগুনে স্বার্থবুদ্ধি বিসর্জন দিয়ে বাংলাদেশ হবে মুক্ত। তাই লক্ষ মানুষের এই আমৃত্য পণ, অপূর্ব আত্মদান।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় মালিক সাবধান	জন্মভূমি* ১ম বর্ষঃ ৭ম সংখ্যা	৬ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

মালিক সাবধান!

বঙ্গবন্ধু প্রায়শই একটা কথা বলতেন, ''পাকিস্তানের ২৪ বছরের রাজনীতি-ষড়যন্ত্রের রাজনীতি।'' কথাটা এতই সত্য যে, তা আর বিশ্লেষণ করে দেখানোর প্রয়োজন হয় না। বাঙালীদের শাসন আর শোষণ করার জন্য সাম্রাজ্যবাদ ও পুঁজিবাদেও পা-চাটা পশ্চিম পাকিস্তানী কুকুরেরা না করেছে হেন কুকর্ম এবং হেন ষড়যন্ত্র নেই।

খান সেনাদের মধ্যে অত্যন্ত নরমপন্থী বলে ধিকৃত ভাইস এ্যাডমিরাল এম, এস, আহসান পূর্ব পাকিস্তানকে দমন করতে পারছেন না বলে চট করে রাজ্যপালের গদি থেকে তাঁকে সরিয়ে দেওয়া হলো।

আপরদিকে নৃশংস হত্যাকারী নামে পরিচিত কুখ্যাত টেক্কা খাঁকে পূর্বাঞ্চলে পাঠানো হলো প্রধান সামরিক প্রশাসক করে।

কিন্তু লক্ষ লক্ষ লোক হত্যা করেও টেক্কা খাঁ যখন বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে স্তব্ধ করে দিতে ব্যর্থ হলো, পক্ষান্তরে মুক্তিযোদ্ধাদেও আক্রমণ প্রচণ্ডতর হতে শুরু করল, তখন শুরু হলো আর এক ষড়যন্ত্র।

ভোল পাল্টালো জঙ্গীশাহী। বাঙালীদের সঙ্গে ভালো ব্যবহার, সঙ্গত আচরণ এবং তাদের মঙ্গল বিধানের জন্য টেক্কার পরিবর্তে দেবদূতের মত আবির্ভূত হবেন ডঃ এ, এম, মালিক।

ডাক্তার সাহেব, আপনি আর যেখানকার মালিক হোন না কেন, বাংলাদেশের মালিক আপনি নন। নরুল আমীনের মত ধুরন্ধর রাজনীতিক, মোনেম খাঁর মত পশ্চিমা প্রভুর জুতোবাহী গর্দভ পর্যন্ত এই গদিতে বসার ভয়াবহ পরিণতি সম্পর্কে সচেতন। অতএব যদি ভালো চান তো গদির মোহে পড়বেন না। কেন না, মুক্তিবাহিনীর কালো খাতায় আপনার নামটি বহু আগে থেকেই বড় হরফে স্পষ্ট করে লেখা রয়েছে। সুতরাং ডঃ মালিক সাবধান!

এহেন অবস্থায়, আপনি যদি অকালে আপনার পৈতৃক প্রাণটা হারাতে না চান তাহলে কালক্ষেপণ না করে বাংলাদেশ ছাড়ুন। আন্যথায় বাংলাদেশে অবস্থানকারী প্রতিটি পশ্চিম পাকিস্তানীর মত আপনার ভাগ্যেও নিশ্চিত মৃত্যু।

* জন্মভূমিঃ সাপ্তাহি। বাংলাদেশের সংগ্রামী জনগণের বিপ্লবী মখপত্র। সম্পদকঃ মোস্তাফা আল্লামা। জন্মভূমি প্রেস এণ্ড পাবলিকেশনের পক্ষে সম্পদক কর্তৃক রবীন্দ্র এভিনিউ, মজিবনগর, বাংলাদেশ থেকে প্রকাশিত বিদেশস্থ পদান যোগযোগ অফিসঃ ৩৩/২ শশীভূষণ দে ষ্ট্রীট, কলিকাতা-১২।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
(বিদেশী দূতাবাস সমূহে) যাঁরা বাংলাদেশের আনুগত্য সবীকার করেছেন	জন্মভূমি* ১ম বর্ষঃ ৭ম সংখ্যা	৬ সেপ্টেম্বর, ১৯৭১

যাঁরা বাংলাদেশের আনুগত্য স্বীকার করেছেন

নয়াদিল্লী- ৬ই এপ্রিল '৭১

১। জনাব কে, এম, শাহবুদ্দিন
সেকেণ্ড সেক্রেটারী

২। জনাব আমজাদুল হক
এ্যসিস্টেন্ট প্রেস এটাসি

৩। জনাব আবদুল মজিদ (ষ্টাফ)
১২ই আগষ্ট' ৭১

কলকাতা-১৮ইং এপ্রিল

১। জনাব এম, হোসেন আলী
ডেপুটি হাইকমিশনার

২। জনাব আর, আই চৌধুরী
ফাষ্ট সেক্রেটারী

৩। জনাব আনোয়ার করিম চৌধুরী
থার্ড সেক্রেটারী

৪। জনাব কাজী নজরুল ইসলাম
থার্ড সেক্রেটারী

৫। জনাব এম, মকসুদ আলী
এ্যসিস্টান্ট প্রেস এটাসি

৬। জনাব সাইদুর রহমান
নন-ডিপ্লমেট অফিসার

নিউইয়র্ক-২৬শে এপ্রিল'৭১

১। জনাব, এ এইচ, মাহমুদ আলি
ভাইস কন্সাল

প্যারিস-৫ই জুলাই'৭১

১। জনাব মোশারফ হোসেন
সিপার এ্যাসিস্টেন্ট

২। জনাব শওকত আলি
এডিশন্যাল এসিস্টেন্ট

লণ্ডন-আগষ্ট' ৭১

১। জনাব মহিউদ্দিন আহমেদ
সেকেণ্ড সেক্রেটারী
৮ই আগষ্ট' ৭১

২। জনাব মোঃ আকবর লুৎফুল মতিন
ডাইরেক্টর-অডিট এণ্ড এ্যাকাউন্টস
১১ইং আগষ্ট' ৭১

৩।জনাব আবদুর রউফ
এণ্ড পাবলিকেশন্স

৪। জনাব ফজলুল হক চৌধুরী
লেবার এটাসি

ইউ,এন-নিউইয়র্ক

৪ আগষ্ট'৭১

১। জনাব এস, এ, করিম
সহযোগী স্থায়ী প্রতিনিধি

ওয়াশিংটন

৪ আগষ্ট' ৭১

১। জনাব এনায়েত করিম
মিনিষ্টার

২। জনাব এস, এ, এম এস, কিবরিয়া
পলিটিক্যাল কাউন্সিলার

৩। জনাব এ, এম, এ, মুহিত
ইকনমিক কাউন্সিলার

৪। জনাব এ, আর, মতিন উদ্দিন
শিক্ষা ও সাংস্কৃতিক কাউন্সিলার

৫। জনাব সৈয়দ মোয়াজ্জেম আলি
থার্ড সেক্রেটারী

৬। জনাব এ, আর, চৌধুরী
ফাইনেন্স ও এ্যাকাউন্টস অফিসার

৭। শেখ রুস্তম আলি
এ্যাসিস্টেন্ট ইনফরমেশন অফিসার

৮। জনাব হাবিবুর রহমান
এ্যাকাউন্টেন্ট

৯। জনাব সোলেমান
পি, এ-পলিটিক্যাল কাউন্সিলার

১০। জনাব এম, হক
পি, এ-ইকনামিক কাউন্সিলার

১১। জনাব নূরুল ইসলাম
এ্যাসিস্টেন্ট ডিফেন্স উইং

১২। জনাব মোস্তাক আহম্মদ
এ্যাসিস্টেন্ট এডমিনিস্ট্রেটিভ উইং

বার্ণ

১। গোলাম মোস্তফা

হংকং

১৮ আগষ্ট' ৭১

১। জনাব মহিউদ্দিন আহম্মদ
একটিং ট্রেড কমিশনার

বাদদাদ

২১ আগষ্ট' ৭১

১। জনাব এ, এফ, এম, আবদুল ফাতেহ
এমবেসেডর

ষ্টকহোম

২৬ আগষ্ট' ৭১

১। জনাব শফিউল্লা
ষ্টাফ অফিসার

শিরোনাম	সংবাপত্র	তারিখ
বাংলাদেশের ডাকটিকিট	জন্মভূমি ১ম বর্ষঃ ৭ম সংখ্যা	৬ সেপ্টেম্বর, ১৯৭১

বাংলাদেশের ডাকটিকিট

কলিকাতার কূটনৈতিক মিশন-প্রধান জনাব হোসেন আলী বাংলাদেশের নতুন ডাকটিকিটের প্রদর্শন সম্প্রতি আরম্ভ করেছেন। এই ডাকটিকিটগুলির পরিকল্পনা করেছেন লণ্ডন প্রাবাসী বিশ্ববিখ্যাত বাঙালী শিল্পী বিমান মল্লিক।

মোট আট রকমের ডাকটিকিটের মধ্যে দশ পয়সার টিকিটে আছে বাংলাদেশের মানচিত্র, বিশ পয়সার টিকিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ে হত্যাকাণ্ডের প্রতীক, পঞ্চাশ পয়সার টিকিটে সাড়ে সাত কোটি বাঙালীর প্রতীক। এক টাকার টিকিটে বাংলাদেশের পতাকা, দুই টাকার টিকিটে আওয়ামী লীগের ৯৮% ভোটে বিজয়ের প্রতীক, তিন টাকার টিকিটে স্বাধীন সরকারের ঘোষণার প্রতীক, পাঁচ টাকার টিকিটে শেখ মুজিবের ছবি, দশ টাকার টিকিট বাংলাদেশের সমর্থনের জন্য আবেদনের প্রতীকবাহী

শিরনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় ১। দুর্ভিক্ষ ও ত্রাণ সংস্থা ২। একটি শুভ পদক্ষেপ	জন্মভূমি ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	১৩ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

(১)

দুর্ভিক্ষ ও ত্রাণ সংস্থা

অন্নপূর্ণার সোনার বাংলা আজ অন্নরিক্তা। সেখানকার মানুষ আজ একমুঠো অন্নের অভাবে ধুঁকে ধুঁকে মরছে। অথচ কোন দেশ বা কোন আন্তর্জাতিক ত্রাণ সংস্থা পর্যন্ত এগিয়ে আসছে না বাংলাদেশের দুর্ভিক্ষগ্রস্থ মানুষের সাহয্যের জন্য। কিন্তু কেন? পৃথিবীর অভিধান থেকে কি তবে সেবা, সহানুভূতি, মানবিকতা প্রভৃতি শব্দ নির্বাসিত হয়েছে? অন্ততঃ বাংলাদেশের ব্যাপারে যেন তাই।

কিন্তু কেন? তাহলে, বাংলাদেশের অপরাধ সে গণতন্ত্র দাবী করেছে, শোষণের অবসান চেয়েছে, হানাদারদের প্রতিহত করেছে, ন্যায়ের সংগ্রামে, স্বাধীনতা সংগ্রামে লিপ্ত হয়েছে।

এই অপরাধে বাঙালী আর তাদের বাংলাদেশ যদি আজ বিশ্বের নিকট থেকে কোনরূপ সাহায্যে পাওয়ার অযোগ্য হয়ে দুর্ভিক্ষ আর মহামরীতে প্রাণ হারায় তাহলে ভবিষ্যতে যুগ যুগ ধরে বর্তমান বিশ্ববাসীকে অপরাধীর কাঠগড়ায় দাঁড়িয়ে প্রায়শ্চিত্ত করতে হবে।

(২)

একটি শুভ পদক্ষেপ

বাংলার ভাগ্যাকাশে নতুন আলোর রেখা দেখা দিয়েছে। বাংলার মুক্তিকামী মানুষেরা আবার একত্র হয়েছে। সাড়ে সাত কোটি মানুষের পুণ্যভূমি আজকে আবার নব শয্যায় সজ্জিত। পঞ্চদল বিশিষ্ট উপদেষ্টা কমিটি গঠনের ফলেই বাংলার মানুষের মনে আনন্দ জেগেছে। উপদেষ্টা কমিটি প্রথমেই বাংলাদেশ সরকারকে বাংলাদেশের জনগণের সরকার বলে স্বীকৃতি দিয়েছে এবং শেখ মুজিবের বিনা বিচারে মুক্তি দাবী করেছে। আমরা উপদেষ্টা দলটিকে জানাই আমাদের আন্তরিক অভিনন্দন। আমরা মনে করি বাংলার স্বাধীনতাপ্রিয় মানুষের সব রকম অসুবিধা এই কমিটি দূর করতে পারবে। যুদ্ধরত বাঙালীদের ঠিক পথে চালিয়ে নিয়ে যাবে। এই আশাই আমরা করি।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় নিশ্চিহ্ন পাকিস্তানঃ এ লড়াই শেষ লড়াই	জন্মভূমি ১ম বর্ষঃ ১৬শ সংখ্যা	৬ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

নিশ্চিহ্ন পাকিস্তানঃ এ লাড়াই শেষ লড়াই

পাকিস্তানের জঙ্গী এহিয়া ভারতের বিরুদ্ধে যুদ্ধে নেমেছে। ভারতের স্থলে, জলে ও অন্তরীক্ষে পাকিস্তানী আক্রমণের পাল্টা আঘাতে পশ্চিম পাকিস্থান আর অধিকৃত বাংলাদেশে এহিয়ার সামরিক বাহিনী কোণঠাসা ও কাবু। ভারতীয় বিমানবাহিনী প্রচণ্ড আঘাত করেছে পাকিস্তানের বিভিন্ন নৌ, বিমান ও সামরিক ঘাঁটির উপর। ভারতের সাথে পাকিস্তানের এ যদ্ধে বাংলাদেশ সরকার ভারতকে পূর্ণ সমর্থন জানিয়েছেন। বাংলাদেশের মুক্তিবাহিনীর পাশে এসে এবার দাঁড়িয়েছে ভারতীয় বাহিনী। দুই বাহিনীর মিলিত আক্রমণে পশ্চিম পাকিস্তান ও দখলীকৃত বাংলাদেশের চট্রগ্রাম, করাচী ও কক্সবাজারের নৌবন্দর দাউ দাউ করে জ্বলছে। ঢাকা, শিয়ালকোট, যশোহর, সারগোদা, রিসালপুর পেশোয়ার, নারায়ণগঞ্জ প্রভৃতি শহরগুলি ভারতীয় বিমানের বোমাঘাতে জর্জরিত। মুক্তিযোদ্ধা ও ভারতীয় বাহিনীর অগ্রগতি অপ্রতিহত। বাংলাদেশের সর্বত্রই মুক্তি আসন্ন। যুদ্ধবাজ উন্মাদ এহিয়ার কণ্ঠস্বর চিরতরে স্তব্ধ করে দেবে বাংলাদেশ ও ভারতের মিলিত শক্তি।

নরঘাতী যুদ্ধবাজ উন্মাদ এহিয়া ও তার সামরিক জান্তারা বাংলাদেশের লক্ষ লক্ষ নিরীহ নিরস্ত্র নরনারী শিশুসন্তানদের নির্বিচারে হত্যা করেছে। মা-বোনদের ইজ্জত নিয়েছে, সোনার বাংলার গ্রামের পর গ্রাম, শহরের পর শহর জ্বালিয়ে দিয়েছে,ধ্বংস আর লুট করেছে, ধর্মের নাম নিয়ে এক কোটি অসহায় নারনারীকে ভারতে ঠেলে দিয়েছে, পৃথিবীর শান্তিকামী মানুষের পথ প্রদর্শক, এশিয়া ভূখণ্ডের মহান নেতা, বাংলাদেশের জাতির পিতা বাঙালীর নয়নমণি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বন্দী করে রেখেছে জঙ্গীশাহী অন্ধকার কারাগারে। এই জঙ্গী সরকারকেই অস্ত্র যোগাচ্ছে সাম্রাজ্যবাদী আমেরিকা, মদত যোগাচ্ছে ঔপনিবেশিক বৃটেন। সর্বহারাদের দেশ নামধারী বিপ্লবী চীন স্বৈরাচারী সরকারকে নিয়ে মাতামাতি করছে। আর রাষ্টসংঘ এদের তল্পিবাহক হিসাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশে যে গণহত্যা অনুষ্ঠিত হয়েছে তার পরিপ্রেক্ষিতে এতদিন কি রাষ্ট্রসংঘের কিছু করণীয় ছিল না? রাষ্ট্রাসংঘের সাধারণ পরিষদে বাংলাদেশের ব্যাপারে কোন কথা তোলার মত ঘটনা কি বাংলাদেশে ঘটেনি? বাংলাদেশের নেতৃবৃন্দ আর ভারতের নেতৃবৃন্দ বাংলাদেশের হয়ে পৃথিবীর বৃহৎ রাষ্ট্রগুলির দ্বারে দ্বারে বাংলাদেশের সমস্যা নিয়ে ঘুরেছে, কেহই নির্যাতিত বাঙ্গালীদের আর্তনাদে কর্নপাত করেনি।

আজকে আর কাহারও কথা নয়। সাম্রাজ্যবাদের দালাল পাকিস্তানকে নিশ্চিহ্ন না করা পর্যন্ত ভারতের দেশপ্রিয় জওয়ান ও জননী বাংলার সংগ্রামী মুক্তিবাহিনী থামবে না। এবার জঙ্গীশাহীর সাম্রাজ্য দখলের উপযুক্ত শাস্তির সময়। পশ্চিম পাকিস্তানের বেলুচিস্তান ও পেশোয়ারে বিদ্রোহ দেখা দিয়েছে। সাবাস বেলুচি পাঠানরা সাম্রাজ্যলোভী পশ্চিম পাকিস্তানের সাম্রাজ্য দখলে রাখার চির সাধ চিরতরে মিটিয়ে দাও। এবার যুদ্ধে পাকিস্তান নিশ্চিহ্ন হবেই। বাংলাদেশের মক্তিবাহিনী আর ভারতীয় বাহিনী এবার শেষ লড়াই করেছে। বাংলাদেশ থেকে পশ্চিম পাকিস্তানী ভাড়টিয়া সৈন্যদের সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন না করা পর্যন্ত এ লড়াই চলবে। দু'দেশের মিলিত শক্তি কারও মধ্যস্থতা এখন আর বরদাশত করবে না।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
সম্পাদকীয় মার্কিন ষড়যন্ত্র ব্যর্থ	জন্মভূমি ১ম বর্ষঃ ১৬শ সংখ্যা	৬ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

মার্কিন ষড়যন্ত্র ব্যর্থ

পাকিস্তানী জঙ্গীশাহীর নির্বিচারে গণহত্যায় যখন বাংলাদেশের মানুষ দিশেহারা, তখন বিশ্বের মানবিকতা বিমথিত আমেরিকা, চীন ও বৃটেন কোথায় ছিল। পাকিস্তানের একতরফা যুদ্ধ ঘোষণার পরে ভারত যখন আত্মরক্ষার্থে, শরণার্থী ও বাংলাদেশের স্বাধীনতাপ্রিয় মুক্তিবাহিনীর স্বাধীনতার জন্য যুদ্ধবাজ উন্মাদ পাকিস্তানী জঙ্গীশাহীকে নিশ্চিহ্ন করার মত তখন চীন, বৃটেন বিশেষ করে সাম্রাজ্যবাদী মার্কিন যুক্তরাষ্ট্রের স্বস্তি পরিষদে যুদ্ধ বিরতি ও সৈন্যাপসারণের প্রস্তাবের উপর ভেটো দিয়েছে রাশিয়া। বলেছে ভারত-পাক যুদ্ধের উৎস কোথায়? বাংলাদেশে গণহত্যা কে চালিয়েছে, কে শরণার্থী সামস্যার সৃষ্টি করেছে। বাংলাদেশে সত্যিকারের প্রতিনিধিদের হাতে ক্ষমতা ছেড়ে দিলেই সব সমস্যার সমাধান হয়ে যাবে। চক্রান্তকারী মার্কিন যুক্তরাষ্ট্রের হৃৎপিণ্ডে আঘাত লেগেছে। যে মার্কিন সরকার পাকিস্তানকে গোপনে স্বাধীনতাপ্রিয় জননী বাংলার বীর সন্তানদের নিশ্চিহ্ন করার জন্য অস্ত্র দিয়েছে আজকে সেই শান্তির দূত সাজতে চায়।

আজকের এই লড়াই বাংলাদেশ ও ভারতের শান্তির লড়াই, মানবতার লড়াই, গণতন্ত্রের লড়াই, বাঁচার লড়াই। এ লড়াই বৃহৎ শক্তিগুলির তল্পিবহক রাষ্ট্রসংঘের কলমের খোঁচায় বন্ধ হয়ে যাবে না। যে পর্যন্ত না স্বৈরাচারী ঔপনিবেশিক, সম্রাজ্যবাদী পাকিস্তানের কবর হবে সে পর্যন্ত এ যুদ্ধ চলবে। চালিয়ে যাবে বাংলাদেশের মুক্তিবাহিনী ও সহযোগী ভারতীয় জওয়ানরা তাদের ভবিষ্যৎ বংশধরদের জন্য।

শিরোনাম	সংবাপত্র	তারিখ
জঙ্গীশাহীর সামরিক শক্তি কতটুকু	জন্মভূমি ১ম বর্ষঃ ১৬শ সংখ্যা	৬ ডিসেম্বর, ১৯৭১

ভারতের তুলনায়

জঙ্গীশাহীর সামরিক শক্তি কতটুকু

ভারতের বিরুদ্ধে এহিয়া খাঁ যুদ্ধ বাধিয়ে দিচ্ছে। ভারতের বিরুদ্ধে ১৯৬৫ সালে পাকিস্তান সরকার যুদ্ধ করে মজা বুঝেছিল। শুধুমাত্র ক্ষেমকারণ ও শিয়ালকোটের অদূরেই অল্পসংখ্যক ট্যাঙ্ক নিয়েই ভারত পাকিস্তান ট্যাঙ্কের গোরস্থান করেছিল।

গত ২১শে সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের যে ২৬তম অধিবেশন শুরু হয়েছে, তাতে বাংলাদেশ প্রসঙ্গ উঠবে, অথবা বাংলার বাণীর এ সংখ্যা প্রকাশের আগেই উঠে গেছে এমন সম্ভাবনা রয়েছে। সম্মেলনের সভাপতি ইন্দোনেশিয়ার সামরিক জান্তার পররাষ্ট্রমন্ত্রী ডাঃ আদম মালিক-যতই অনীহার ভাব দেখান সোভিয়েত ইউনিয়ন, কানাডা, যুগোশ্লাভিয়া প্রভৃতি দেশ দৃঢ়ভাবে বাংলাদেশ সমস্যার কথা পরিষদের অধিবেশনে বলবেন এমন একটা আস্থার ভাব পরিষদীয় লবীতেও নাকি দেখা যাচ্ছে। জাতিসংঘের সামাজিক ও অর্থনৈতিক পরিষদের বৈঠকেও বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘনের বিষয়টি উঠবে। বিশ্বময় এই ধিক্কার ধ্বনির মধ্যে ইয়াহিয়া চক্র এখন কানকাটা কুকুরের ভূমিকা গ্রহণ করেছে। জাতিসংঘের সমর্থন লাভের আশায় তারা ধর্ণা দিয়েছে রাজতন্ত্রী মরক্কো সরকারের দরবারে।

জাতিসংঘ বাংলাদেশ সমস্যায় উল্লেখযোগ্য কিছু করবেন অথবা করতে পারবেন, এমন আশা বাংলাদেশের মানুষ করেন না। ভিয়েতনাম, এঙ্গোলা, মোজাম্বিক, বায়াফ্রা সমস্যায় জাতিসংঘের নিষ্ক্রীয় ও নৈরাশ্যজনক ভূমিকা বিশ্বের মানুষ প্রত্যক্ষ করেছে। সাড়ে সাত কোটি বাঙ্গালী নর-নারী তাই মনে করে, তাদের সমস্যার ফলপ্রসূ সমাধান হবে রণাঙ্গনে জাতিসংঘের বিতর্ক সভায় নয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সশস্ত্র যুদ্ধে বাঙালীদের পাশে আসিয়া দাঁড়াইতে হইবে-আঁদ্রে মালরো	বাংলার বাণী মুজিবনগরঃ ৫ম সংখ্যা	২৮ সেপ্টেম্বর, ১৯৭১

রাসেলের শূণ্য স্থানে আঁদ্রে মালরো
সশস্ত্র যুদ্ধে বাঙালীদের পাশে আসিয়া দাঁড়াইতে হইবে

(নিজস্ব নিবন্ধকার)

বিশ্ব-বিবেকের কণ্ঠস্বর বার্ট্রাণ্ড রাসেল আজ আর নেই। কিউবা সঙ্কট, ভিয়েতনাম যুদ্ধ প্রভৃতি ঘটনার সময় এই মহামনীষী বিশ্ববিবেকের পক্ষ হইতে প্রতিবাদ জানাইয়াছিলেন। তিনি সেদিন নামিয়াছিলেন পথে। উচ্চকণ্ঠে ঘোষণা করিয়া বলিয়াছিলেন, মানুষের ভবিষ্যৎ বলিয়া যদি কিছু থাকে, তবে বিশ্বের দেশে দেশে মানবতার বিরুদ্ধে যে জঘন্য অপরাধ অনুষ্ঠিত হইতেছে তাহা বন্ধ করিতে হইবে, অপরাধীকে সমুচিত শাস্তি প্রদান করিতে হইবে।

কিন্তু আজিও পৃথিবীতে শান্তি স্থাপিত হয় নাই। অত্যাচারী হানাদার হিংস্র হায়েনারা আজো পৃথিবীর দেশে দেশে মানবতার বিরূদ্ধে নৃশংসতম ষড়যন্ত্র ও চক্রান্তে লিপ্ত রহিয়াছে। প্রতি মুহূর্তে, প্রতি ঘটনায় মানবতার চরম অপমান ঘটিতেছে। আজিকার দিনে আবার বিশ্ববাসীর সামনে একটি প্রশ্ন সবচেয়ে বড় হইয়া দেখা দিয়াছে। এই প্রশ্ন, মানবজাতির ভবিষ্যৎ কি? পৃথিবীতে কি চিরকাল সাম্রাজ্যবাদী জুলুমবাজরাই রাজত্ব করিয়া যাইবে?

ইহার একটিমাত্র উত্তর হইল, না। বিশ্বের স্বাধীনতাকামী শান্তিকামী জনতা বজ্রকঠোর স্বরে ঘোষণা করিতেছে, না, ইহা হইতে পারে না।

আজ তাই বাংলাদেশের সংগ্রামী জনগণের পাশে অস্ত্র হাতে যুদ্ধ করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছেন ফ্রান্সের বিখ্যাত লেখক মিঃ আঁদ্রে মালরো। ফ্রান্সের পৃথিবী বিখ্যাত ঔপন্যাসিক জাঁ পল সার্ত্রে মানবতার এই দুঃসহ অপমানের দিনে আগাইয়া আসেন নাই, আগাইয়া আসিয়াছেন ফরাসী প্রতিরোধ আন্দোলনের নেতা মঁশিয়ে আঁদ্রে মালরো। আগাইয়া আসিয়াছেন বিশ্বের বহু দেশের অসংখ্য সচেতন মানুষ।

বাংলাদেশের জনগণের সশস্ত্র মুক্তিসংগ্রাম আজ চরম অবস্থায় আসিয়া দাঁড়াইয়াছে, বাংলার মানুষের অপূর্ব আত্মদান আজ সমগ্র পৃথিবীতে তুলিয়াছে অভূতপূর্ব সাড়া। ফ্রান্সের প্রাক্তন সংস্কৃতিবিষয়ক মন্ত্রী মিঃ আঁদ্রে মালরো বাংলাদেশের জনগণের পাশে দাঁড়াইয়া যুদ্ধ করিবার সংকল্প প্রকাশ করিয়াছেন। আঁদ্রে মালরোর এই ঐতিহাসিক ঘোষণা পৃথিবীর মানুষকে অবাক করিয়া দিয়াছে। আঁদ্রে মালরো দ্বিতীয় মহাযুদ্ধোত্তর ফ্রান্সের অবিসংবাদিত গণনায়ক জেনারেল দ্য গলের মন্ত্রী পরিষদের সদস্য ছিলেন।

মঁশিয়ে মালরো ফ্রান্সের একজন বিখ্যাত লেখক। আর সম্ভবতঃ ফ্রান্সই একমাত্র দেশ, যেখানে এখনো বুদ্ধিজীবী, শিল্পী, সাহিত্যিক ও কবিরা চিত্রতারকাদের চাইতে অনেক অনেক বেশী জনপ্রিয়। ৬৯ বৎসর বয়স্ক ফরাসী লেখক মালরোর ঘোষণা তাই সমগ্র ফরাসী দেশে তুমুল আলোড়ন সৃষ্টি করিয়াছে। কূটনৈতিক মহল এই ঘটনার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। আঁদ্রে মালরো জীবনের বিভিন্ন সময়ে বিভিন্ন দেশে যুদ্ধে সক্রিয় অংশগ্রহণ করিয়াছেন। স্পেনে স্বৈরাচারী জেনারেল ফ্রাঙ্কোর বিরুদ্ধে তিনি আন্তর্জাতিক বাহিনীতে যোগদান করিয়াছিলেন, চীনের গৃহযুদ্ধেও তিনি যুদ্ধ করিয়াছেন। কিন্তু আঁদ্রে মালরোর কৃতিত্ব তিনি দ্বিতীয় মহাযুদ্ধের সময় ফ্যাসিষ্ট জার্মান বাহিনীর বিরুদ্ধে ফরাসী প্রতিরোধ বাহিনীর অন্যতম সংগঠক। মালরো তাঁহার জীবনের এই সব সংগ্রামী ঘটনার পটভূমিতে রচনা করিয়াছেন অসাধারণ উপন্যাস। তিনি ১৯৬৯ সালে জেনারেল দ্য গলের

পরাজয়ের পর সক্রিয় রাজনীতি হইতে অবসর গ্রহণ করিয়াছিলেন। কিন্তু দ্য গল পন্থীদের মাঝে তাঁহার প্রভাব অত্যন্ত বেশী মঁশিয়ে মালরো ফ্রান্সের রাজনৈতিক ও সামাজিক জগতের অন্যতম প্রতিভাবান প্রভাবশালী ব্যক্তিত্ব। সম্প্রতি নয়াদিল্লীতে অনুষ্ঠিত বাংলাদেশ সম্পর্কে আন্তর্জাতিক সম্মেলনের প্রধান উদ্যোক্তা সর্বোদয় নেতা শ্রী জয় প্রকাশ নারায়ণের কাছে এক চিঠিতে তিনি লিখিয়াছেন- 'পাকিস্তানী জঙ্গীচক্র যে সময়ে ট্যাঙ্ক ও সৈন্যবাহিনীর সাহায্যে বাংলাদেশের জনগণের উপর পশুসুলভ বর্বর আচরণ অব্যাহত রাখিয়াছে- তখন আবেদন-নিবেদন কিংবা সম্মেলন করিয়া কোন ফল হইবে না।'

'লা ফিগারো' পত্রিকায় প্রকাশিত এক নিবন্ধে সশস্ত্র সংগ্রামের উপর জোর দিয়া মঁশিয়ে মালরো লিখিয়াছেন- আবেদন-নিবেদনের দিন শেষ হইয়াছে। আজ ইসলামাবাদের জঙ্গীশাহীর বর্বরতার একমাত্র জবাব সশস্ত্র সংগ্রাম। বাংলার জনগণকে যদি কেউ সত্যিই সাহায্য করিতে চান- তবে তাঁহাকে সশস্ত্র যুদ্ধে বাঙালীর পাশে আসিয়া দাঁড়াইতে হইবে।'

আঁদ্রে মালরোর এই প্রত্যয় দৃঢ় ঘোষণা ফ্রান্সের রাজনৈতিক মহলে বিশেষ গুরুত্ব লাভ করিয়াছে। আন্তর্জাতিক দুনিয়ায় একই সাথে ইহা দারুণ প্রতিক্রিয়ার সৃষ্টি করিয়াছেন।

আঁদ্রে মালরো ইতিমধ্যে জানাইয়াছেন- তিনি তাঁহার ঘোষণা সম্পর্কে একটি বিবৃতি প্রদান করিবেন। বাংলাদেশের মুক্তিসংগ্রামী জনগণের সাহায্যে তাঁহার ভবিষ্যৎ কর্মপন্থা তিনি এই বিবৃতি উলেখ করিবেন বলিয়া আশা করা যাইতেছে।

সম্প্রতি মঁশিয়ে মালরো সহিত যাঁহার সাক্ষাৎ করিয়াছেন তাঁহারা বলেন, প্যারিসের বাইরে তাঁর নিজের বাড়িতে তিনি এখন অবসর জীবনযাপন করিতেছেন। কিন্তু বাংলাদেশ সম্পর্কে সর্বশেষ সংবাদটিও তাঁহার জানা এবং মঁশিয়ে মালরোর দৃঢ় ধারণা, বিশ শতকের সত্তর দশকে বাংলাদেশের সাড়ে সাত কোটি নির্যাতিত, নিপীড়িত জনতার এই নব-উত্থান পৃথিবীর ইতিহাসের এক যুগান্তকারী ঘটনা।

সত্তর বছরের এই বৃদ্ধ মানুষটি তাই বলিয়াছেন- আমি বাংলাদেশের যুদ্ধে অংশগ্রহণ করিতে চাই। মানবতার সপক্ষে নিপীড়িত জনতার এই সংগ্রাম একটি মহান সংগ্রাম। তিনি বলেন, আমি বৃদ্ধ, হয়তো পদাতিক হিসাবে যুদ্ধ করার সামর্থ্য আমার হইবে না। 'তবে ট্যাঙ্কে চড়িয়া আমি পশ্চিম পাকিস্তানী হানাদার পশুদের মোকাবিলা করিবার শক্তি রাখি।'

ভারতের স্বাধীনতা আন্দোলনের উল্লেখ করিয়া তিনি বলেন, 'দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর আন্তর্জাতিক দুনিয়ার ঘটনাবলীর পটভূমিতে বিচার করিলে বুঝা যায়- তৎকালীন সময়ে অহিংস-অসহযোগ আন্দোলনের মাধ্যমে স্বাধীনতা লাভ সম্ভবপর হইয়াছিল। কিন্তু আজ সেই সম্ভাবনা সম্পূর্ণরূপে তিরোহিত।' আমাদের চোখের সামনে রহিয়াছে ভিয়েতনামের দৃষ্টান্ত।

বাংলাদেশের মানুষকে আজ উপলব্ধি করিতে হইবে- যে জঘন্য পশুশক্তির বিরুদ্ধে বাঙালীরা রুখিয়া দাঁড়াইয়াছেন, সেই পশুশক্তি ইতিহাসের ঘৃণ্যতম নরপশু। বাঙালীকে আজ সশস্ত্র সংগ্রামের মাধ্যমেই মুক্তি সংগ্রামকে চূড়ান্ত সফলতার দিকে নিয়া যাইতে হইবে।

বাংলার সাড়ে সাত কোটি মানুষের সামনে আজ আর অন্য কোন পথ নাই।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় সর্বশেষ জল্লাদী ষড়যন্ত্র	বাংলার বাণী মুজিবনগরঃ ৬ষ্ঠ সংখ্যা	৫ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

সর্বশেষ জল্লাদী ষড়যন্ত্র

ইতিহাসের কি বিচিত্র পুনরাবৃত্তি!

দুই শত বছর আগে বৃটিশ সাম্রাজ্যবাদীরা ভারতবর্ষে ঔপনিবেশিক শাসন ও শোষণ অব্যাহত রাখার জন্য 'ডিভাইড এণ্ড রুল পলিসি' উদ্ভাবন করিয়াছিল। এই পলিসি অনুসারেই তারা সুচতুর কৌশলে হিন্দু-মুসলমানের মধ্যে বিভেদ সৃষ্টি করিয়া, 'বঙ্গভঙ্গ' করিয়া নিজেদের উদ্দেশ্য চরিতার্থ করিতে বহুলাংশে সক্ষমও হইয়াছিল। তারপর দীর্ঘদিন কাটিয়াছে। ভারতবর্ষ হইতে বৃটিশরা বিদায় নিয়াছে। কিন্তু সাম্রাজ্যবাদী বৃটিশের সেদিনের ঔপনিবেশিক স্বার্থরক্ষার তাগিদে অনুসৃত বিভেদ নীতির বিষাক্ত ছোবলের ক্ষতচিহ্ন এই উপমহাদেশের বুক হইতে আজিও নিঃশেষে মুছিয়া যায় নাই। সেই যে বৃটিশ আমলে বাংলা বিভক্ত হইয়াছে, ঘুরিয়া ফিরিয়া উহা দ্বিখণ্ডিতই রহিয়া গিয়াছে- জোড়া লাগে নাই, লাগিবেও না।

আর আশ্চর্য! দুই শত বৎসর পরে বাংলাদেশে পাঞ্জাবী উপনিবেশবাদী শাসন অব্যাহত রাখার জন্য জঙ্গীশাহী আজ সেই একই সনাতনী বৃটিশ বিভেদ নীতিকেই তুরুপের তাস হিসাবে ব্যবহার করিতে উদ্যত হইয়াছে।

পররাজ্যলোভী পশ্চিম পাকিস্তানী শাসককুলের এই জঘন্য দুরভিসন্ধিটির প্রতিফলন ঘটিয়াছে জল্লাদ ইয়াহিয়ার প্রস্তাবিত শাসনতন্ত্রের খসড়ায়। এই খসড়ায় বৃটিশ বিভেদ-নীতিরই অনুসরণে বাঙালী জাতির মধ্যে বিভেদ, বিদ্বেষ এবং শত্রুতার মনোভাব সৃষ্টির জন্য একদিকে হিন্দুদের ভোটাধিকার হরণ এবং অপরদিকে বাংলাদেশের অধিকৃত অঞ্চলকে তিনটি প্রদেশে ভাগ করার দূরভিসন্ধিমূলক সুপারিশ সন্নিবেশিত হইয়াছে।

পশ্চিম পাকিস্তানী জঙ্গী সরকারের বেসরকারী মুখপাত্র পাকিস্তান টাইমসে ইয়াহিয়া খানের প্রস্তাবিত শাসনতন্ত্রের একটি খসড়া প্রকাশিত ইহায়াছে। জঙ্গী শাসনের অধীনস্থ জনগণের উপর চাপাইয়া দিবার উদ্দেশ্যে একটি শাসনতন্ত্র রচনার জন্য ইয়াহিয়া খান কিছুদিন আগে যে কমিটি নিয়োগ করিয়াছিল সেই কমিটি খসড়া শাসনতন্ত্র রচনার অপকর্মটি সম্পন্ন করিয়াছে। পাকিস্তান টাইমসের রিপোর্ট অনুযায়ী খসড়াটিতে হিন্দুদের ভোটাধিকার হরণ করা হইয়াছে। কারণ স্বরূপ বলা হইয়াছে যে, হিন্দুদের ভোটের জোরেই আওয়ামী লীগ নির্বাচনে জিতিয়া পাকিস্তানকে ধ্বংস করিবার চেষ্টা করিয়াছে। সুতরাং হিন্দুদের ভোটাধিকার থাকা উচিত নয়। খসড়া শাসনতন্ত্রে বলা হইয়াছে, আওয়ামী লীগের কোন লোক দলের নামে বা বেনামে কোনদিন পাকিস্তানের কোন নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবে না। সব চাইতে উল্লেখযোগ্য বিষয়, জল্লাদী শাসনতন্ত্রে বাংলাদেশের অধিকৃত এলাকাকে তিনটি পৃথক প্রদেশে বিভক্ত করার পরিকল্পনা সংযোজিত হইয়াছে। এই পরিকল্পনা অনুযায়ী ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী প্রদেশ গঠিত হইবে এবং প্রত্যেক প্রদেশের পৃথক আইন পরিষদ থাকিবে।

প্রত্যেক প্রদেশে গভর্নর থাকিবে এবং গভর্নরই মন্ত্রীদের নিয়োগ করিবে।

জঙ্গীশাহীর রাজত্বে এখন কড়া প্রেস সেন্সরশীপ। তা ছাড়া পাকিস্তান টাইমস সরকার সমর্থক পত্রিকা। আর ইয়াহিয়ার নিজের নিয়োগ করা কমিটি তার হুকুম মতই শাসনতন্ত্রের খসড়া তৈরী করিয়াছে ইহাতে সন্দেহের

অবকাশ নাই। সুতরাং ধরিয়া নেওয়া যায়, পাকিস্তান টাইমসে যে খসড়া শাসনতন্ত্রের বিবরণী ছাপা হইয়াছে, উহাই প্রকৃত জল্লাদী শাসনতন্ত্র। বাংলাদেশ এখন আর ইয়াহিয়া খানদের খাস তালুক নয়। বাংলাদেশ এখন একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। তাই বাংলাদেশের ব্যাপারে জঙ্গীশাহী কোন কথা বলিলে তা একটি স্বাধীন রাষ্ট্রের অভ্যন্তরীণ ব্যাপারে নির্লজ্জ হস্তক্ষেপেরই সামিল হইবে। সে কারণেই ইয়াহিয়ার শাসনতান্ত্রিক ফর্মুলা নিয়া আমাদের কোন মাথাব্যথা নাই। কিন্তু তবু এ ব্যাপারে মন্তব্য করিতেছি আমরা শুধু এই কারণে যে, জল্লাদের এই সর্বশেষ তৎপরতার অন্তরালে রহিয়াছে এক সুগভীর চক্রান্ত। এ চক্রান্ত ভয়াবহ মারাত্মক, জঘন্য ইহার লক্ষ্য।

আমরা আগেই বলিয়াছি, উপনিবেশবাদী পশ্চিম পাকিস্তানী শাসক-শোষকদের উদ্দেশ্য হইতেছে যে কোন প্রকারে হইক বিভেধ বিদ্বেষ তিক্ততা সৃষ্টির মাধ্যমে বাঙালী জাতির মধ্যে অনৈক্য সৃষ্টি করিয়া তাদের দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ রাখিয়া বাংলাদেশকে পণ্য সামগ্রী বিক্রয়ের খোলা বাজার হিসাবে ব্যবহার করা এবং বাংলার মাটির সোনার সম্পদ ও বাঙালীর হাড়-মাংস-কলিজা হরিলুটের বাতাসার মত কামড়াইয়া ছিড়িয়া খাওয়া। আর এই বদমতলব হাছিলের জন্য গণবিরোধী পশ্চিমা শাসককুল ছল বল কল কৌশল কম প্রয়োগ করে নাই। ন্যায্য দাবী-দাওয়া প্রতিষ্ঠার জন্য বাংলাদেশে যখনই কোন গণআন্দোলন দানা বাঁধিয়া উঠিয়াছে, নির্যাতন, নিপীড়নের স্টীম রোলার চালাইবার পাশাপাশি তখনই পশ্চিমা শাসকরা হিন্দু-মুসলমান, বাঙ্গালী-অবাঙ্গালী, স্থানীয়-অস্থানীয় প্রশ্ন উস্কাইয়া দিয়া বিভিন্ন শ্রেণীর জনগণের মধ্যে বিভেদ-বিদ্বেষ, সংঘাত সৃষ্টির মাধ্যমে উহা বানচাল করিয়া দেওয়ার চেষ্টা করিয়াছে। সাম্প্রতিক অতীতকালেও দেখা গিয়াছে, ১৯৬৯ সালের গণআন্দোলন বানচালের জন্য ভাড়াটিয়া দুষ্কৃতকারীদের উস্কাইয়া দিয়া প্রথমে তোলা হয় মোহাজিরস্তান প্রদেশ গঠনের দাবী। তারপর ওঠে পৃথক উত্তরবঙ্গ প্রদেশ গঠনের দাবী। কিন্তু শুভবুদ্ধিসম্পন্ন সচেতন জনতার ঐক্যবদ্ধ প্রতিরোধের মুখে স্বার্থবাদীদের এই অপপ্রয়াস ব্যর্থ হইয়া যায়। তারপর আসে বিগত নির্বাচন। এই নির্বাচনকে কেন্দ্র করিয়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাঙালী জাতি অতুলনীয় ঐক্যবন্ধনে আবদ্ধ হয়। পাকিস্তানে বাঙ্গালীরা ছিল শতকরা ৫৬ ভাগ। এক লোক এক ভোটের ভিত্তিতে অনুষ্ঠিত নির্বাচনে জনগন আওয়ামী লীগের হাতে সমগ্র পাকিস্তানের ভাগ্য নিয়ন্ত্রণের বৈধ অধিকার তুলিয়া দেয়ায় বঙ্গবন্ধু নির্বাচিত হন সমগ্র পাকিস্তানের ভাগ্য বিধাতা হিসাবে। কিন্তু পশ্চিম পাকিস্তানী শাসক ও শোষককুল জনগণের এই রায়কে সহজভাবে গ্রহণ করিতে পারে নাই। আর তার ফলে পরবর্তীকালে কি ঘটিয়াছে, কিভাবে জঙ্গীশাহী হিংস্র বর্বরতায় বাংলার মানুষের উপর পশুর মত ঝাঁপাইয়া পড়িয়াছে, কিভাবে শ্যামল বাংলার বুকে দশ লক্ষ মানুষকে ঘরছাড়া নিঃস্ব কাঙ্গালে পরিণত করিয়াছে এবং সর্বোপরি ইয়াহিয়ার নিজের ভাষায় 'পাকিস্তানের ভবিষ্যৎ প্রধানমন্ত্রী' শেখ মুজিবুর রহমানকে কারারুদ্ধ করিয়া তাহার জীবননাশের উদ্দেশ্যে বিচার প্রহসনের ষড়যন্ত্রে মাতিয়া উঠিয়াছে, সে কাহিনী সকলেরই জানা। আর ইহাও সকলেরই জানা যে, বর্বরতার দ্বারা বাঙ্গালী স্বাধীনতার স্বপ্নকে ধূলিসাৎ করিয়া দেওয়া সম্ভব হয় নাই- সম্ভব হইবে না।

নির্মম বাস্তবের এই প্রতিকূল সূর্যরশ্মির সামনে দাঁড়াইয়া জল্লাদশাহী তাই নতুন কৌশলের আশ্রয় লইয়াছে। জনগণের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারাই শাসনতন্ত্র রচনার পূর্বপ্রতিশ্রুতি বিস্মৃত হইয়া ইয়াহিয়া খান এখন মাতিয়া উঠিয়াছে স্বকপোল কল্পিত এক শাহী ফরমানের উপর শাসনতন্ত্রের লেবেল লাগাইয়া উহাই জনগণের উপর চাপাইয়া দেওয়ার তোঘলকি খেয়ালে।

জঙ্গীশাহী জানে, স্বাধীনতার যুদ্ধ বাঙালী জাতির ঐক্যকে যেভাবে সুদৃঢ় ও সুসংহত করিয়াচে উহার কোন দ্বিতীয় নজির নাই। তারা জানে যে, এই ঐক্যে ফাটল ধরাইতে না পারিলে নিজেদের দূরভিসন্ধি হাসিলের কোন আশা নাই। তাই এই ঐক্যে ফাটল ধরাইবার সুচতুর কৌশল সংযোজিত হইয়াছে জল্লাদী শাসনতন্ত্রের খসড়ায়।

ইয়াহিয়া চক্রের ধারণা, বাংলাদেশের অধিকৃত এলাকায় তিনটি প্রদেশ গঠিত হইলে বাঙ্গালীরা আর এক কণ্ঠে এক জাতি হিসাবে কথা বলিবার সুযোগ পাইবে না। বরং উল্টো, ক্ষমতা, দাবী-দাওয়া এবং স্বার্থের প্রশ্নে

বিভিন্ন প্রদেশের জনগণের মধ্যে বিভেদ-বিদ্বেষ ও শত্রুতার মনোভাব সৃষ্টি হইবে। সেই অবস্থায় সহজেই বাংলাদেশেরই এক অঞ্চলের জনগণকে আরেক অঞ্চলের জনগণের বিরুদ্ধে ব্যবহার করা যাইবে। ফলে বাংলাদেশের মুক্তিযুদ্ধ দীর্ঘসূত্রতার চোরাবালিতে আটকাইয়া যাইবে এবং অনৈক্যের ফাটল উহাকে দুর্বল করিয়া দিবে। ইহা ছাড়া হিন্দুদের ভোটাধিকার হরণ করা হইলে হিন্দু-মুসলিম সম্প্রীতি এবং ঐক্যের ক্ষেত্রেও ফাটল ধরিবে। জঙ্গীশাহীর ধারণা, তারা যখন বাংলাদেশ ছাড়িয়া যাইতে বাধ্য হইবে, তারপরেও এই বিভেদনীতির বিষময় প্রতিক্রিয়া বাংলাদেশের এক অঞ্চলের জনগণকে আরেক অঞ্চলের জনগণের বিরুদ্ধে শত্রুমনোভাবাপন্ন করিয়া রাখিবে। একইরকম অসদ্ভাব বিরাজ করিবে হিন্দু-মুসলিম সম্পর্কের ক্ষেত্রে।

কিন্তু এখানেও ভুল করিয়াছে ইয়াহিয়া খান। তার এই দূরভিসন্ধি বাস্তবায়িত হইবার নয়। শেখ মুজিবের মুক্তিমন্ত্রে দীক্ষিত ঐক্যবদ্ধ বাঙ্গালী জাতি এই সর্বশেষ জল্লাদী ষড়যন্ত্রও চূড়ান্তভাবে ব্যর্থ করিয়া দিবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
কাহার সঙ্গে আপোষ, কিসের আপোষ?	বাংলার বাণী মুজিবনগরঃ ৫ম সংখ্যা	৫ অক্টোবর, ১৯৭১

কাহার সঙ্গে আপোষ
কিসের আপোষ?
রাজনৈতিক ভাষ্যকার

স্বাধীন বাংলার জনক বঙ্গবন্ধু শেষ মুজিবুর রহমানের নিদের্শে পরিচালিত বাংলাদেশের মুক্তিযুদ্ধের তীব্রতা যতই বৃদ্ধি পাইতেছে, ক্ষয়িষ্ণু পাঞ্জাবী উপনিবেশবাদের শেষ প্রতিভূ জল্লাদ ইয়াহিয়ার লেলাইয়া দেওয়া ভাড়াটিয়া হানাদার বাহিনীর চূড়ান্ত পরাজয় যতই প্রত্যাসন্ন হইয়া উঠিতেছে, বিশ্বের দশ দিগন্তে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের সমর্থনে জনমত যতই বলিষ্ঠতর ভাষায় সোচ্চার হইতেছে, ইহারই পাশাপাশি ততই ঘণীভূত হইয়া উঠিতেছে বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধানকে কেন্দ্র করিয়া বিভিন্ন মহলে সৃষ্ট আপোষ নামক বিভ্রান্তির ধূম্রজাল। এই বিভ্রান্তির কালো মেঘের গর্জনের জবাবে প্রলয় রাত্রির বিক্ষুব্ধ বঙ্গোপসাগরের উত্তাল তরঙ্গমালার সংক্ষুব্ধ হুঙ্কারের মতই উদ্ধত প্রশ্নের ভাষায় দিকে দিকে গর্জিয়া ফিরিতেছে দশ লক্ষ শহীদের আত্মা আর মুক্তি যুদ্ধে নিয়োজিত কোটি কোটি বাঙ্গালীর কণ্ঠস্বর, 'কিসের আপোষ, কাহার সঙ্গে আপোষ?' আর সেই সঙ্গে যেন বাতাসে বাতাসে উদ্দামবেগে ভাসিয়া বেড়াইতেছে বঙ্গবন্ধুর বজ্রকণ্ঠঃ ''লক্ষ লক্ষ বাঙ্গালীর নরমুণ্ড লইয়া গেণ্ডুয়া খেলায় লিপ্ত জল্লাদের সঙ্গে আপোষের কোন প্রশ্নই ওঠে না। প্রশ্ন ওঠে না বাংলার মানুষের রক্ত আর স্বাধীনতার সঙ্গে বেঈমানী করিয়া আমার কারামুক্তিলাভের।''

স্বাধীন বাংলার নেতা ও জনতার এই প্রত্যয়দৃপ্ত দ্ব্যর্থহীন কণ্ঠস্বরকে দুর্বিনীত নিয়তির কণ্ঠস্বর বলিয়া ধরিয়া নিয়া বিশ্ববাসী জানিয়া রাখুক, বঙ্গবন্ধুর নিদের্শে স্বাধীনতা, সার্বভৌমত্ব, গণতান্ত্রিক রাষ্ট্রকাঠামো, ধর্মনিরপেক্ষ সমাজ এবং সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠার সুমহান উদ্দেশ্যে পরিচালিত বাংলাদেশের মুক্তিযুদ্ধ লক্ষ্য অর্জিত না হওয়া পর্যন্ত থামিবে না। মহান নেতা শেখ মুজিবুর রহমানের মুক্তি, স্বাধীনতার স্বীকৃতি এবং জন্মভূমির বুক হইতে হানাদার শত্রুসৈন্য বাহিনী প্রত্যাহারের আগে এক মুহূর্তের জন্যও স্তব্ধ হইবে না বীর বাঙ্গালীর সমরাস্ত্রের ধ্বনি। দুশমনের সঙ্গে আপোষের কোন প্রশ্নই ওঠে না। বাঙ্গালী জাতির এই জীবনপণ সংগ্রামের লক্ষ্যকে সম্পূর্ণভাবে স্বীকার করিয়া নিলেই অধিকতর রক্তপাত এড়াইবার জন্য যুদ্ধবিরতি ঘটিতে পারে, হইতে পারে রাজনৈতিক সমাধানের মাধ্যমে এক রক্তাক্ত যুদ্ধের অবসান।

এখানে উল্লেখযোগ্য যে, ৭২ ঘন্টা 'ক্র্যাস বেঙ্গলী' প্রোগ্রাম অনুযায়ী মানবেতিহাসের নজিরবিহীন ভয়াবহ বর্বর গণহত্যাযজ্ঞের মাধ্যমে ইয়াহিয়া খান শেখ মুজিবের বাংলাদেশের মুক্তিযুদ্ধ দাবাইয়া দিতে চাহিয়াছিল। কিন্তু শক্তি প্রয়োগ আর হিংস্র বর্বরতার কাছে বাঙালী জাতি মাথা নত করে নাই। বরং যতই দিন গিয়াছে, ততই জোরদার হইয়াছে বাংলাদেশের মুক্তি- শত্রুমুক্ত হইয়াছে নয়া নয়া এলাকা। ফলে বেসামাল ইয়াহিয়া দশ লক্ষ বাঙালীর লাশের ওপর বঙ্গবন্ধুর বিচার প্রহসনের মঞ্চ সাজাইয়া লিপ্ত হইয়াছে তাহার জীবনকে বাজি রাখিয়া রাজনৈতিক স্বার্থোদ্ধারের তস্করসুলভ জুয়া খেলায়। কিন্তু তাতেও হতোদ্যম হয় নাই বাংলার বীর মুক্তিযোদ্ধারা।

বরং অধিকতর শক্তি ও উদ্যম লইয়া ঝাঁপাইয়া পড়িয়াছে হানাদার দুশমনের উপর। ক্রমাগত পর্যুদস্ত হইতে হইতে নিশ্চিত পরাজয়ের ভয়াল বিভীষিকায় আতঙ্কগ্রস্ত-জল্লাদ ইয়াহিয়া আপোষের চোরাবালিতে পথ হাতড়াইয়া হাতড়াইয়া খুঁজিয়া ফিরিতেছে পরিত্রাণের উপায়। মৃত পাকিস্তানে প্রাণসঞ্চার, পাঞ্জাবী উপনিবেশবাদের বিলীয়মান সৌধটিকে কোন মতে টিকাইয়া রাখা এবং নিজের জঙ্গী মসনদ খাড়া রাখার জন্য সে আপোষের আরজি লইয়া ইরান তুরানের দুয়ারে দুয়ারে ধর্ণা দিয়াছে, দূত পাঠাইয়াছে তারই ভাষায় 'দেশদ্রোহী এবং পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার দায়ে বিচারাধীন' বঙ্গবন্ধু শেখ মুজিবের কাছে। কিন্তু, পূর্ববর্তী খবরেই বলা হইয়াছে, বাংলার মুকুটহীন সম্রাট বঙ্গবন্ধু এই আপোষ প্রস্তাব ঘৃণাভরে প্রত্যাখ্যান করিয়া দিয়া বলিয়াছেন, লক্ষ লক্ষ বাঙালীর নরমুণ্ড লইয়া গেণ্ডুয়া খেলায় লিপ্ত জল্লাদের সঙ্গে আপোষের কোন প্রশ্নই ওঠে না। এ, কে, ব্রোহীর মাধ্যমে ইয়াহিয়া খান বঙ্গবন্ধুর কাছে প্রস্তাব পাঠাইয়াছিল যে স্বাধীনতা যুদ্ধের বিরতি ঘোষণা করিয়া পাকিস্তান এক রাখিতে সম্মত হইলে শেখ সাহেবকে মুক্তি দেওয়া হইবে। কিন্তু কূটনৈতিক সূত্রের উদ্ধৃতি দিয়া একটি বিদেশী বার্তা সংস্থা জানাইয়াছেন, বঙ্গবন্ধু জল্লাদী দূতের মাধ্যমে ইয়াহিয়া খানকে দ্ব্যর্থহীন ভাষায় জানাইয়া দিয়াছেন যে, 'বাঙালীর রক্ত আর স্বাধীনতার সঙ্গে বেঈমানী করিয়া আমার 'কারা-মুক্তিলাভের কোন প্রশ্নই ওঠে না।'

এখানে উল্লেখযোগ্য যে, বিগত মার্চ মাসের ১ তারিখ হইতে জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণার প্রতিবাদে আন্দোলন শুরু হইলে বাংলাদেশের বিভিন্ন স্থানে কিছুসংখ্যক ছাত্র-জনতা পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনীর গুলিতে নিহত হন। বঙ্গবন্ধু সেই সময় সর্বাত্মক অসহযোগ আন্দোলনের ডাক দেন। সমগ্র বাংলাদেশের মানুষ বঙ্গবন্ধুকেই ন্যায়তঃ আইনতঃ বাংলাদেশের রাষ্ট্রীয় ক্ষমতায় সমাসীন বলিয়া মানিয়া নিয়া প্রতিটি ব্যাপারে অক্ষরে অক্ষরে তাঁহার নির্দেশ পালন করিতে থাকে। ৬ই মার্চ ইয়াহিয়া খান এক বেতার ভাষণে ১০ই মার্চ ঢাকায় নেতৃত্ব সম্মেলন আহবান করেন। ৭ই মার্চ রেসকোর্স ময়দানের ঐতিহাসিক ভাষণে উহার জবাবে বঙ্গবন্ধু বলেন 'কার সঙ্গে বৈঠক, কিসের বৈঠকে বসিব? যে আমার মানুষের বুকে গুলি চালাইয়াছে তার সাথে?' সেই ভাষণেই বঙ্গবন্ধু বলেন, রক্ত যখন দিয়াছি রক্ত আরও দিব, কিন্তু বাংলার মানুষকে এবার মুক্ত করিয়া ছাড়িব ইনশাআল্লাহ। এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম- এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।'

তারপর বহুদিন গত হইয়াছে, পরিস্থিতি, প্রেক্ষিত সবকিছুই আমূল পাল্টাইয়া গিয়াছে। বঙ্গবন্ধুর নির্দেশে বাঙ্গালী জাতি লিপ্ত হইয়াছে মুক্তিযুদ্ধে। বাঙ্গালীর আত্মপ্রতিষ্ঠার আন্দোলন বানচালের জন্য ইয়াহিয়া খান হিংস্র বর্বরতায় হত্যা করিয়াছে দশ লক্ষ মানুষ, নিরাশ্রয় গৃহহারা দেশান্তরী করিয়াছে লক্ষ লক্ষ নরনারী-শিশুকে। এই হত্যাকাণ্ড ও রক্তপাতের তুলনায় ৭ই মার্চের পূর্ব পর্যন্ত পশ্চিমা সেনাবাহিনীর গুলিতে নিহতের সংখ্যা ছিল অতি নগণ্য। তবু সেদিনের সেই বীর শহীদের চাপ চাপ রক্তের উপর দিয়া হাঁটিয়া গিয়া বঙ্গবন্ধু জল্লাদের সঙ্গে বৈঠকে বসিতে রাজী হন নাই। সামরিক শাসন প্রত্যাহার, ক্ষমতা হস্তান্তর, সেনাবাহিনী প্রত্যাহার এবং ক্ষতিপূরণ দানের আগে জাতীয় পরিষদের অধিবেশনে যোগ দিতে সম্মত হন নাই। আজ দশ লক্ষ বাঙ্গালীর রক্তের নদী সাঁতরাইয়া বঙ্গবন্ধুরই মুক্তিমন্ত্রে দীক্ষিত বাঙ্গালী জাতি এবং তাহার অনুসারীরা জল্লাদ ইয়াহিয়ার সঙ্গে আপোষ করিতে যাইবে এমন কথা যারা চিন্তা করেন, বা এমন বিভ্রান্তিকর ধারণাকে যারা ক্ষণিকের তরেও মনে ঠাঁই দেন, তারা আহাম্মকের স্বর্গেই বাস করিতেছেন। ইয়াহিয়া খানের সঙ্গে যে কোন মতেই আপোষ হইতে পারে না, বাংলাদেশ সরকার দ্ব্যর্থহীন ভাষায় ইহা জানাইয়া দিয়াছেন। বিগত ৬ই সেপ্টেম্বর সাপ্তাহিক বাংলার বাণীর সঙ্গে এক সাক্ষাতকারে স্বাধীন বাংলার অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম তাহার পূর্ব ঘোষণার পুনরাবৃত্তি করিয়া বলেন- ইয়াহিয়া খানকে 'সর্বপ্রথম শেখ মুজিবের মুক্তি দিতে হইবে, স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দিতে হইবে, হানাদার সেনাবাহিনী প্রত্যাহার করিয়া নিতে হইবে এবং জঙ্গী বর্বরতায় ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ দিতে হইবে।' এই সব দাবী পূরণের পরই বিবেচনা করা হইবে রাজনৈতিক সমাধানের জন্য আমরা আলোচনায় বসিব কিনা! গত ২৫শে সেপ্টেম্বর মুক্তিযুদ্ধের অর্ধ বর্ষপূর্তি উপলক্ষে জাতির উদ্দেশ্যে প্রদত্ত এক বেতার ভাষণেও অস্থায়ী রাষ্ট্রপতি উল্লিখিত বক্তব্যেরই পুনরাবৃত্তি করেন। একই দিনে প্রদত্ত এক বিবৃতিতে বাংলাদেশ সরকারের

পররাষ্ট্র মন্ত্রী খোন্দকার মোস্তাক আহমদ বলেন ''আমাদের কথা অতি সুস্পষ্ট। বৃহৎ শক্তিবর্গের গোষ্ঠীগত স্বার্থরক্ষা এবং রাজনৈতিক ভারসাম্য বজায় রাখার স্বার্থে বাংলাদেশের মানুষের রক্ত স্রোতকে ব্যবহার করিতে দেওয়া হইবে না। পূর্ণ স্বাধীনতাই আমাদের লক্ষ্য।'' বাংলাদেশের স্বার্থবিরোধী মহল বিশেষের উদ্দেশ্যে তিনি বলেন ' আমাদিগকে যদি বাঁচিয়া থাকিতে কিছু দিতে না পারেন, তবে স্বাধীনতার জন্য আমাদিগকে মরিতে দিন।'

নিউইয়র্কে জাতিসঙ্ঘের চার্চ সেন্টারে এক সাংবাদিক সম্মেলনে বক্তৃতাকালে গত শুক্রবার জাতিসঙ্ঘে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা বিচারপতি জনাব আবু সাঈদ চৌধুরী বাংলাদেশের পক্ষ হইতে সমগ্র বিশ্বকে জানাইয়া দিয়াছেন বঙ্গবন্ধুর মুক্তি, বাংলাদেশের স্বীকৃতি এবং দখলদার বাহিনীর অপসারণ ছাড়া কোন রাজনৈতিক সমাধানই বাংলাদেশের জনগণের কাছে গ্রহণযোগ্য হইবে না।

এদিকে গত শনিবার সৈয়দ নজরুলের সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলাদেশ মন্ত্রী সভার এক বৈঠকের পর ঘোষণা করা হইয়াছে যে, 'পূর্ণ স্বাধীনতাই আমাদের লক্ষ্য। এই লক্ষ্য অর্জনের জন্য আমরা বিশ্ববাসীর সাহায্য ও সহযোগিতা চাই।'

সুতরাং এ ব্যাপারে কোন জল্পনা কল্পনা বা সন্দেহের অবকাশ নাই যে মৃত পাকিস্তানকে জীবিত করিয়া বাঙ্গালী জাতি কোন অবস্থাতেই ইয়াহিয়ার সঙ্গে কোনও আপোষে রাজী হইবে না। ইহার পরে আসে রাজনৈতিক সমাধানের প্রশ্ন। এ ব্যাপারেও বাঙ্গালী জাতির বক্তব্য অতি সুস্পষ্ট।

রাজনৈতিক সমাধান বলিতে তারা বোঝে অধিকতর রক্তপাত এড়াইয়া আলোচনার টেবিলে বসিয়া মুক্তিযুদ্ধের লক্ষ্য অর্জন। ইয়াহিয়া যদি রক্তপাত এড়াইতে চাহে, সৈয়দ নজরুল ইসলামের চারটি পূর্ব শর্ত পূরণের মাধ্যমে রাজনৈতিক সমাধানের দারোদঘাটিত হইতে পারে। ইহা ছাড়া রাজনৈতিক সমাধানের নামে অন্য কোন গোঁজামিল বাংলার মানুষের কাছে গ্রহণযোগ্য হইবে না।

ইহা কিসের আলামত

আর হইবে না জানিয়াই, মৃত পাকিস্তানকে কবর খুঁড়িয়া উঠাইয়া আনিয়া আবার উহাতে প্রাণসঞ্চারে বাঙ্গালী জাতি রাজী হইবে না বলিয়া স্পষ্টভাবে উপলব্ধি করিয়াই ইয়াহিয়া খান আবার বঙ্গবন্ধুর বিরুদ্ধে অস্ত্র শাণাইতে শুরু করিয়াছে। একটি বিদেশী বার্তা প্রতিষ্ঠান জানাইয়াছেন, বঙ্গবন্ধুকে বিচার প্রহসনের মাধ্যমে যে শাস্তি দেওয়া হইবে উহা যাতে বিশ্বজনমতকে বিক্ষুব্ধ করিতে না পারে তজ্জন্য প্রবল প্রচারণা চালাইবার জন্য পশ্চিম পাকিস্তানী জঙ্গীশাহী বিদেশস্থ উহার কূটনৈতিক মিশনগুলিকে নির্দেশ প্রদান করিয়াছে। এক সার্কুলারে জঙ্গীশাহী সংবাদপত্র জগতকে এ ব্যাপারে প্রভাবান্বিত করার জন্য মিশনগুলির প্রতি নির্দেশ দিয়াছে। সামরিক জান্তা বঙ্গবন্ধুর বিরুদ্ধে সাক্ষ্য দানের জন্য ঢাকা হইতে ৪ জন সাংবাদিক, বিশ্ববিদ্যালয়ের ৪ জন শিক্ষক, ২ জন ব্যাঙ্ক কর্মকর্তা এবং বিপুলসংখ্যক বাঙ্গালী সামরিক ও বেসামরিক কর্মচারীকে পশ্চিম পাকিস্তানে চালান দিয়াছে। খবরে প্রকাশ, ঢাকা ত্যাগের আগে এই সব ''সাক্ষীকে'' তালিম দেওয়া হইয়াছে। সাক্ষ্যদানকালে তাদের বলিতে হইবে যে শেখ মুজিব নিজেই অবাঙ্গালীদের হত্যা করার হুকুম দিয়াছিলেন। 'সাক্ষীদের' কেহ কেহ ইতিমধ্যেই ঢাকা ফিরিয়া আসিয়াছে, অন্যরা এখনও পশ্চিম পাকিস্তানে সুরক্ষিত বন্দীশালায় আটক রহিয়াছে। ইহারা কোথায় আছে, সে কথা তাদের পরিবার পরিজনকেও জানিতে দেওয়া হয় না।

২০ জনের সাক্ষ্য গ্রহণ

গত মঙ্গলবার জঙ্গীশাহীর এক ঘোষণায় বলা হয় যে, শেখ মুজিবের বিচার প্রহসনে এ পর্যন্ত মোট ২০ জনের সাক্ষ্য গ্রহণ করা হইয়াছে এই ঘোষণার উদ্ধৃতি দিয়া রাওয়ালপিণ্ডি হইতে এ, পি, এ, জানান যে, বঙ্গবন্ধুর বিচার প্রহসন চলিতেছে। ঘোষণায় বলা হয় যে, পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার অভিযোগ বিগত ৭ই সেপ্টেম্বর বঙ্গবন্ধু গোপন বিচার পুনরায় শুরু হইয়াছে। জঙ্গীশাহী জানায় যে, জনাব এ, কে, ব্রোহী, তিনজন

সহকারী মেসার্স গোলাম আলি, আকবর মির্জা এবং গোলাম হোসেনের সহায়তায় শেখ সাহেবের পক্ষ সমর্থন করিতেছেন। পশ্চিম পাকিস্তানী সংবাদপত্রে শেখ মুজিবের মুক্তির সম্ভাবনা সম্পর্কে জল্পনা-কল্পনা চলার পরিপ্রেক্ষিতেই এই সরকারী ঘোষণা প্রচারিত হয়। শেখ সাহেবের সঙ্গে দেখা করিয়া জনাব ব্রোহী পিণ্ডি ফিরিয়া ইয়াহিয়ার সঙ্গে দেখা করার সাতদিন পরে ৭ই সেপ্টেম্বর বিচার প্রহসন পুনরাম্ভ হয়। ঘোষণানুসারে দেখা যায় ১১ই আগষ্ট হইতে ৭ই সেপ্টেম্বর পর্যন্ত বঙ্গবন্ধুর বিচার প্রহসন মুলতবী ছিল। কিন্তু উক্ত সময়ে জাতিসংঘে জঙ্গী শাহীর প্রতিনিধি আগাশাহীসহ সরকারী কর্মকর্তারা বলিয়াছিল যে, 'বিচার চলিতেছে'। শেখ সাহেব কোথায় আছেন ঘোষণায় সে সম্পর্কে কিছু বলা হয় নাই। তবে সর্বশেষ খবর অনুয়ায়ী তিনি লায়লাপুর জেলে আটক আছেন।

গুজব

এদিকে লণ্ডন হইতে প্রাপ্ত খবরে জানা যায়, সেখানে এই মর্মে জোর গুজব চালু হইয়াছে যে, শেখ সাহেবকে শিগগিরই মুক্তি দেওয়া হইবে। এমন কি জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলাদেশ প্রশ্নে আলোচনার আগেই তাহাকে মুক্তি দেওয়া হইতে পারে। অপর এক খবরে বলা হয়, ঢাকায় হাসপাতালে চিকিৎসাধীন অশীতিপর পিতামাতাকে দেখার জন্য বঙ্গবন্ধুকে প্যারোলে মুক্তি দেওয়া হইতে পারে।

বিচার বন্ধ করো

সোভিয়েত সাংবাদিক ইউনিয়ন বঙ্গবন্ধুর বিচার প্রহসন বন্ধ করার জন্য ইয়াহিয়ার প্রতি আহবান জানাইয়াছে। সাংবাদিক ইউনিয়ন বাংলাদেশ ইস্যুর রাজনৈতিক সমাধানেরও আহবান জানান। সোভিয়েত শান্তি কমিটি এবং কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলির পক্ষ হইতেও অনুরূপ আহবান জাননো হইয়াছে।

সিংহলী এম,পি,র উদ্যোগ

কলম্বো হইতে ডি, পি, এ জানান, সিংহলের ক্ষমতাসীন বামপন্থী যুক্তফ্রন্টভুক্ত পার্লামেন্ট সদস্য মিঃ ভি, গুণবর্ধন জানাইয়াছেন যে, তিনি শেখ মুজিবের মুক্তির দাবীতে পার্লামেন্ট সদস্যদের স্বাক্ষর সংগ্রহ করিতেছেন।

বিচার প্রহসন

'প্রাভদায়' প্রকাশিত সোভিয়েত আফ্রো-এশিয়ান সংহতি কমিটির এক বিবৃতিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচারকে বিচারের নামে প্রহসন বলিয়া আখ্যায়িত করা হয়। প্রাভদায় বাংলাদেশ ইস্যুর রাজনৈতিক সমাধানও দাবী করা হয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বিশ্ববাসী রুখিয়া দাঁড়াও	বাংলার বাণী মুজিব নগরঃ ৭ম সংখ্যা	১২ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

বিশ্ববাসী রুখিয়া দাঁড়াও

মস্তিষ্ক বিকৃতি রোগীর বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে যেমন পাগলামীর তীব্রতাও বৃদ্ধি পাইতে থাকে তেমনি যতই দিন যাইতেছে মানবেতিহাসের জঘন্যতম নরঘাতক দস্যু উন্মাদ ইয়াহিয়ার রণোন্মাদনাও ততই বৃদ্ধি পাইতেছে। অগ্নিকুণ্ডে ঝাঁপাইয়া পড়ার পরিণতি আত্মঘাতী অপমৃত্যু জানিয়াও ইয়াহিয়া খান নিজের হাতে এই উপমহাদেশে একটা ভয়াল যুদ্ধের দাবানল ছড়াইয়া দিয়া একটা ভয়াবহ সর্বনাশের সূচনা না করিয়া ছাড়িবে বলিয়া মনে হইতেছে না। অবস্থাদৃষ্টে এই ধারণা পোষণ না করিয়া পারা যায় না যে, ইয়াহিয়া খান আজ যুদ্ধই চায়- 'টোটাল ওয়ার', সে চায় সর্বাত্মক যুদ্ধ। বাংলাদেশের মুক্তিযুদ্ধে ক্রমাগত মার খাইতে খাইতে দিশাহারা বেসামাল ইয়াহিয়া খান আজ চাহিতেছে আরও বড় যুদ্ধ- সর্ববিধ্বংসী পাক-ভারত যুদ্ধ।

ইসলামাবাদের জঙ্গীশাসক কুল চূড়ামণি ইয়াহিয়ার এই রণোন্মাদনা নতুন কিছু নয়। বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুরু হইবার পর উহাকে ভারতের কারসাজি বলিয়া আখ্যায়িত করিয়া সে বার বার ভারতের মুণ্ডপাত করিয়াছে, বার বার ভারতের বিরুদ্ধে রণহুঙ্কার ছাড়িয়াছে। পশ্চিম পাকিস্তানী, জঙ্গীশাহীর এই উন্মত্ত রণপাঁয়তারারই দাঁতভাঙ্গা জবাব হিসাবে মাসাধিক কাল আগে স্বাক্ষরিত হয় ভারত সোভিয়েত শান্তি মৈত্রী ও সহযোগিতার চুক্তি। রাজনৈতিক পর্যবেক্ষকরা সেদিন সংগত কারণেই প্রত্যাশা করিয়াছিলেন যে এই চুক্তি রণোন্মাদ ইয়াহিয়ার যুদ্ধের খায়েশ চিরতরে মিটাইয়া দিতে সক্ষম হইবে। কিন্তু সাগরে যে ঘর বাঁধিয়াছে শিশিরে আর তার ভয় কি? যে ডুবিতেছে, অতলান্ত সমুদ্রের গভীরে কি ভয়াবহ পরিণতি অপেক্ষা করিতেছে উহা বিবেচনার অবকাশ তাহার কোথায়। তাই প্রত্যাসন্ন ভরাডুবির মুখে হিংস্র হায়েনার শেষ মরণ কামড়ের মতই নরদস্যু ইয়াহিয়া আজ পরিত্রাণের সর্বশেষ খবর অনুযায়ী, ইয়াহিয়ার রণপ্রস্তুতি চরমে উঠিয়াছে। বাংলার বাণীর বিশেষ প্রতিনিধি জানাইয়াছেন, জঙ্গীশাহী ঢাকা, চট্টগ্রাম, খুলনা, যশোহর, রাজশাহী প্রভৃতি অধিকৃত শহরে ব্যাপক যুদ্ধ প্রস্তুতি গ্রহণ করিয়াছে। বাংলাদেশে অধিকৃত এলাকার শহরসমূহ এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ইতিমধ্যেই বিমানবিধ্বংসী কামান বসানো হইয়াছে, স্থাপিত হইয়াছে দূরপাল্লার কামান, খনন করা হইয়াছে সুগভীর পরিখা। ইহারই পাশাপাশি করোগেটেড টিন সহযোগে নির্মিত হইতেছে বাঙ্কার। চট্টগ্রাম হইতে শুরু করিয়া ফেনী, চৌদ্দগ্রাম কুমিল্লা সব খানেই পশ্চিম পাকিস্তানী সৈন্যরা নিজেরদের অবস্থান সুরক্ষিত করিতেছে। সীমান্তবর্তী এলাকায় কারফিউ জারি হইয়াছে। সীমান্তের দশ মাইল অভ্যন্তর পর্যন্ত জনপ্রাণীশূন্য করার কাজ পুরাদমে চলিতেছে। ক্যান্টনমেন্টগুলিতে বিপুল পরিমাণ সামরিক সরঞ্জাম ও অস্ত্রশস্ত্র মজুদ করা হইয়াছে।

এদিকে বিদেশী বার্তা সংস্থার খবরে জানা যায় পশ্চিম পাকিস্তানে পুরাদমে রণপাঁয়তারা চলিতেছে। শহরে বন্দরে সর্বত্র ব্লাক আউটের মহড়া চলিতেছে। বিপুল সেনা সমবেশ ঘটানো হইয়াছে ভারত সীমান্তে। শতদ্রু

নদীর তীরে ভারী সামরিক যানের চাকা আর পাক সেনাদের পদসঞ্চারে বাতাসে বাতাসে উঠিয়াছে ধুলা বালির ঘূর্ণাবর্ত। চম্ব সীমান্তে সমস্ত বেসামরিক নাগরিকদের দূরে সরাইয়া নেওয়া হইয়াছে।

কিন্তু কেন? ইহা কিসের আলামত? নিঃসন্দেহে যুদ্ধের। সন্দেহতাতীভাবেই পাকিস্তানী জঙ্গীশাহীর এই রণ পাঁয়তারার লক্ষ্য হইল ভারত। আর এখানেই আসিতেছে আসল কথা। এখানেই নিহিত জঙ্গীশাহীর জঘন্যতম দূরভিসন্ধি।

সারা দুনিয়ার মানুষ জানে, বাংলাদেশের মানুষ পাঞ্জাবী উপনিবেশবাদের শেষ প্রতিভূ ইয়াহিয়ার ভাড়াটিয়া সেনাবাহিনীর সঙ্গে জীবনপণ যুদ্ধে লিপ্ত। এই যুদ্ধে একদিকে মাতৃভূমিকে শত্রুমুক্ত করার সুমহান সংকল্পে উজ্জীবিত বাঙ্গালী জাতি, অপরদিকে রহিয়াছে হানাদার পশ্চিম পাকিস্তানী বাহিনী। কিন্তু এই বাস্তব সত্যটিকে অস্বীকার করিয়া ইয়াহিয়া খান আগা গোড়াই চেষ্টা চালাইয়াছে ইহার মধ্যে ভারতকে টানিয়া আনিতে। ভারত বার বার সুস্পষ্ট ভাষায় জানাইয়া দিয়াছে বাংলাদেশের যুদ্ধে, বাংলার মানুষেরই মুক্তিযুদ্ধ। পশ্চিম পাকিস্তান ও বাংলাদেশের মধ্যকার এই যুদ্ধে ভারতের কোন ভূমিকা নাই। বাংলাদেশের মানুষের সংগ্রাম ন্যায়ের সংগ্রাম, সত্যের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম বলিয়াই বিশ্বের বৃহত্তর গণতন্ত্রী রাষ্ট্র ভারত স্বৈরতন্ত্রী উপনিবেশবাদী শক্তির বিরুদ্ধে পরিচালিত এই সংগ্রামে বাঙ্গালী জাতির প্রতি নৈতিক সমর্থন জানাইয়াছে। ইহাতে দোষের কি আছে? চীন যদি সর্বহারা নিপীড়িত মানুষের আত্মপ্রতিষ্ঠার আন্দোলনের প্রতি বিশ্বাসঘাতকতা করিয়া উপনিবেশবাদী পশ্চিম পাকিস্তানী জঙ্গীশাহীকে অস্ত্র যোগাইতে পারে, মার্কিন যুক্তরাষ্ট্র যদি ইয়াহিয়ার হাতে অঢেল মারণস্ত্র তুলিয়া দিতে পারে, তবে ভারতই বা বাংলাদেশের মুক্তি সংগ্রামকে সমর্থন করিতে পরিবে না কেন?

কিন্তু বর্বর পশুশক্তির কাছে যুক্তির কোন মূল্য নাই। তার আজ প্রয়োজন যে কোনভাবে হউক বাংলাদেশের মুক্তিযুদ্ধকে বানচাল করিয়া দিয়া সারে সাত কোটি বাঙালীকে দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ রাখা। আর এই জঘন্য উদ্দেশ্য হাছিলের জন্যই ইয়াহিয়া আজ ভারতের বিরুদ্ধে রণপাঁয়তারা চালাইতেছে। একথা একটা বালকেরও বুঝিতে কষ্ট হইবার কথা নয় যে যুদ্ধে ভারতের বিরুদ্ধে জয়লাভ করার সাধ্য পাকিস্তানের নাই। কিন্তু তবু ইয়াহিয়া খান লাফাইতেছে কেন? কাহার ইঙ্গিতে, কিসের জোরে সে নর্তন-কুর্দন করিতেছে?

উত্তরঃ মার্কিন যুক্তরাষ্ট্র। উদ্দেশ্যঃ বাঙ্গালী জাতির স্বাধীনতার স্বপ্ন নস্যাৎ করিয়া দেওয়া। এই উদ্দেশ্যেই মার্কিন যুক্তরাষ্ট্র অস্ত্র সরবরাহের উপর নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও মার্চ মাসের পরে ইয়াহিয়ার হাতে পৌনে সাত কোটি টাকার মার্কিন অস্ত্র তুলিয়া দিয়াছে। আর এই চৌর্যবৃত্তির পাপকে ঢাকা দেওয়ার জন্য মার্কিন পররাষ্ট্র সচিব উইলিয়াম রজার্সের কণ্ঠে উচ্চারিত হইতেছে দুরভিসন্ধিমূলক 'সংযমের' ললিত বাণী।

ইয়াহিয়া খান জানে, তার ভাড়াটিয়া বাহিনী ভারত আক্রমণ করিলে ভারত উহার সমুচিত জবাব দিতে এতটুকু দ্বিরুক্তি করিবে না। এই যুদ্ধ হইবে সত্য সত্যই এক সর্বাত্মক যুদ্ধ। দাবালনের মত এই যুদ্ধ দ্রুত ছড়াইয়া পড়িলেও আশ্চর্য হওয়ার কিছু নাই। আর সে ক্ষেত্রে এই যুদ্ধবন্ধ করার জন্য সম্ভবতঃ সবার আগে মার্কিন যুক্তরাষ্ট্রই জাতিসংঘকে পাঠাইবে শান্তি ও সন্ধির প্রস্তাব লইয়া। হয়তো বা যুদ্ধ বিরতি ঘটিবে। আলোচনা বৈঠকে সামনা-সামনি বসিবে ভারত ও পাকিস্তান। দুর্ভাগা বাংলা তার স্বাধীনতার দূর্বার স্বপ্ন বুকে লইয়া অবহেলায় পড়িয়া থাকিবে একান্তে। বাংলাদেশের উপর হইতে বিশ্ববাসীর দৃষ্টি সরিয়া যাইবে পাক-ভারত সংঘর্ষের উপর। আর এই ভাবেই চাপা পড়িবে বাংলাদেশের মুক্তি সংগ্রাম। ইয়াহিয়া খান জানে তার ভাড়াটিয়া সেনাবাহিনী যুদ্ধ করিয়া বাংলাদেশ দখলে রাখিতে পারিবে না। তাই সে আজ উপরোক্ত কৌশলের মাধ্যমে বাংলাদেশকে পদানত রাখিতে চায়। আর সে জন্যই চলিতেছে ভারতের বিরুদ্ধে তার চূড়ান্ত রণসজ্জা।

কিন্তু শান্তিকামী বিবেকবান বিশ্ববাসী কি রণোন্মাদ ইয়াহিয়ার এই মানবতা-বিরোধী রণপাঁয়তারার নীরব দর্শক হইয়া থাকিবে? পাক ভারত যুদ্ধ প্রতিরোধের জন্য, বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের নেতা বঙ্গবন্ধু

শেখ মুজিবুর রহমানের মুক্তির জন্য, বাঙালী জাতির স্বাধীনতার নিশ্চিত করার জন্য তাদের কি কিছুই করণীয় নাই?

এখনও সময় আছে। বিশ্বের শান্তিকামী বিবেকবান সমস্ত মানুষকে আজ এক যোগে রণোন্মাদ বর্বর ইয়াহিয়ার বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইতে হইবে। ভারতের উপর আঘাত হানিবার আগেই সজোরে তার রক্তাক্ত হাত চাপিয়া ধরিতে হইবে- প্রচণ্ড চাপে বন্ধ করিয়া দিতে হইবে মার্কিন অস্ত্র সরবরাহ। আর শান্তি, প্রগতি, সমাজতন্ত্র স্বাধীনতা ও গণতান্ত্রিক চেতনায় বিশ্বাসী মানবসমষ্টিকে আজ সর্বশক্তি লইয়া মুক্তিযুদ্ধে নিয়োজিত বাঙালী জাতির পার্শ্বে আসিয়া দাঁড়াইতে হইবে। কারণ, ইয়াহিয়ার এই সর্বশেষ দুরভিসন্ধির বিজয়ের একমাত্র অর্থ হইবে সুসভ্য মানব জাতির চূড়ান্ত পরাজয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
স্বাধীন বাংলাই একমাত্র সমাধান	বাংলার বাণী মুজিবনগরঃ ৭ম সংখ্যা	১২ অক্টোবর, ১৯৭১

মৃত পাকিস্তানের কাঠামোর মধ্যে নয়
স্বাধীন বাংলাই একমাত্র সমাধান
(রাজনৈতিক ভাষ্যকার)

পাকিস্তানের কাঠামোর মধ্যেও বাংলাদেশ সমস্যার সমাধানের সূত্র মিলিতে পারে বলিয়া ভারতের পররাষ্ট্র মন্ত্রী শ্রী শরণ সিং যে মন্তব্য করিয়াছেন উহা বাংলাদেশের জনগণের মধ্যে যুগপৎ বিস্ময় ও ক্ষোভের সঞ্চার করিয়াছে।

তাহাদের মতে শ্রী শরণ সিংহ-এর এই বক্তব্য ভারত সরকারের পূর্ববর্তী বক্তব্যের সঙ্গে সংগতিবিহীন। এই প্রসঙ্গে তাহারা ভারতের মহান নেত্রী প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীর কিছুদিন আগেকার একটি মন্তব্যের কথা উল্লেখ করেন। গত মাসে কলিকাতায় শ্রীমতি গান্ধী সাংবাদিকদের কাছে বলিয়াছিলেন, ‘‘আমাকে বারবার স্বাধীন বাংলাদেশ সরকারের স্বীকৃতি দানের ব্যাপারে প্রশ্ন করা হয়। আমি ভারতে বাংলাদেশ মিশনকে কাজ করিতে দিতেছি। ইহা কি এক অর্থে স্বীকৃতি দেওয়া নয়? শ্রীমতি গান্ধীর এই বক্তব্যের এই কথাই সন্দেহাতীতভাবে স্পষ্ট করিয়া তুলিয়াছিল যে ভারত সরকার পাকিস্তানের কাঠামোর মধ্যে বাংলাদেশের অস্তিত্ব বিশ্বাস করেন না বরং তারা স্বীকৃতি দিতে বিলম্ব করিলেও স্বাধীন বাংলাদেশই বিশ্বাস করেন। প্রতিরক্ষা মন্ত্রী শ্রী জগজীবন রাম বলিয়াছেন, স্বাধীন বাংলাদেশই একমাত্র সমাধান। কিন্তু শ্রী শরণ সিং-এর মন্তব্যকে কোন মতেই শ্রীমতি গান্ধী ও শ্রী জগজীবন রামের বক্তব্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ বলিয়া মনে করা যায় না। তাই ভারতীয় পররাষ্ট্রমন্ত্রীর মন্তব্য বাংলাদেশের জনগণের মধ্যে বিস্ময় ও ক্ষোভের সঞ্চার করিয়াছে। এ ব্যাপারে বাংলার জনগণের বক্তব্য সুস্পষ্ট। ভারত মুক্তিযুদ্ধে নিয়োজিত বাঙ্গালী জাতির জন্য যা করিয়াছে, তার কোন তুলনা নাই, এবং এজন্য বাংলার মানুষ চিরদিন ভারতের জনগণের কাছে গভীর কৃতজ্ঞতার ঋণে আবদ্ধ হইয়া থাকিবে। কিন্তু একমাত্র সত্য যে ভারতের কোন মহল যদি মনে করিয়া থাকেন যে পাকিস্তানের কাঠামোর মধ্যেই বাংলাদেশ সমস্যার সমাধান সম্ভবপর, তবে মস্তবড় ভুল হইবে। দশ লক্ষ বাঙ্গালীর লাশের উপর দিয়া হাঁটিয়া হাঁটিয়া আবার পাকিস্তানের কাঠামো নামক উপনিবেশবাদী শাসনের নারকীয় গর্তের মধ্যে প্রবেশের কোন প্রশ্নই ওঠে না। বাংলার মানুষ চায় মাতৃভূমির পূর্ণ স্বাধীনতা।

এদিকে শ্রী শরণ সিং-এর মন্তব্য প্রসঙ্গে সরাসরি কোন বক্তব্য পেশে বিরত থাকিলেও বাংলাদেশ সরকারের পক্ষ হইতে অস্থায়ী রাষ্ট্রপ্রধান সৈয়দ নজরুল ইসলাম পাকিস্তানের কাঠামোর মধ্যে জঙ্গীশাহীর সঙ্গে যে কোন প্রকার আপোষের সম্ভাবনার উপর চূড়ান্ত যবনিকা টানিয়া দিয়া পুনরায় দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুক্তি এবং বাংলাদেশের পূর্ণ স্বাধীনতার স্বীকৃতিসহ চারি দফা পূর্বশর্ত পূরণের আগে কোন আপোষের প্রশ্নই ওঠে না। আমরা স্বাধীনতার জন্য জীবনপণ যুদ্ধে অবতীর্ণ হইয়াছি। পূর্ণ স্বাধীনাতা অর্জিত হইবার আগে আমরা ক্ষান্ত হইব না।

বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র ও পূর্ণবাসন মন্ত্রী জনাব কামরুজ্জামান ঘোষণা করিয়াছেন পাকিস্তান আজ মৃত।

যাহারা পাকিস্তানের কাঠামোর মধ্যে বাংলাদেশের সমস্যার সমাধানের কথা চিন্তা করিতেছে তাহারা প্রকারান্তরে উপনিবেশবাদ এবং শোষণের বিরুদ্ধে বাংলাদেশের জাগ্রত জনগণের স্বার্থকেই ক্ষুণ্ণ করিতেছেন। এই অঞ্চলে যদি স্থায়ী শান্তি প্রতিষ্ঠিত হয় তবে অবশ্যই বাংলাদেশের সার্বভৌমত্বকে স্বীকার করিয়া লইতে হইবে।

আমরা মনে করি স্বাধীনতার কোন বিকল্প ব্যবস্থা থাকিতে পারে না এবং যে কোন মূল্যেই তাহা আমরা অর্জন করিব।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বঙ্গবন্ধুর সঙ্গে আলোচনার মাধ্যমেই রাজনৈতিক সমাধান হতে পারে	বাংলার বাণী মুজিবনগরঃ ৭ম সংখ্যা	১২ অক্টোবর, ১৯৭১

বঙ্গবন্ধুর সঙ্গে আলোচনার মাধ্যমেই রাজনৈতিক সমাধান হতে পারে
লণ্ডনে শ্রমিকদলের সম্মেলনে শেখ মুজিবের মুক্তি দাবী
জল্লাদী বর্বরতার বিরুদ্ধে বিশ্ব বিবেকের সুতীব্র ধিক্কার
(বৈদেশিক বার্তা পরিবেশক)

বৃটেনের শ্রমিক দলীয় জাতীয় কর্ম পরিষদ বাংলাদেশের জনগণের অবর্ণনীয় দুঃখ-দুর্দশার জন্য পাকিস্তানকে দায়ী করিয়াছে এবং জাতিসংঘকে এই ব্যাপারে হস্তক্ষেপ করিবার জন্য আহবান জানাইয়াছে। বাংলাদেশের নিরস্ত্র জনসাধারণের উপর সামরিক হামলা চালাইবার জন্য পাকিস্তানকে নিন্দা করিবার জন্য শ্রমিক দল আহবান জানাইয়াছে।

জাতীয় কর্মপরিষদের নামে প্রচারিত বিবৃতিতে বাংলাদেশের জনগণের ইচ্ছা এবং গ্রহণযোগ্য রাজনৈতিক সমাধানের জন্য জাতিসংঘকে সরাসরি হস্তক্ষেপ করিবার অনুরোধ করা হইয়াছে।

বিবৃতিতে আরও বলা হইয়াছে যে এই রাজনৈতিক সমাধান আসিতে পারে বাংলাদেশের নেতা শেখ মুজিবুর রহমানের মুক্তি ও তাঁহার সহিত আলাপ-আলোচনার মাধ্যমে।

ইংল্যাণ্ডের ব্রাইটনে অনুষ্ঠিত শ্রমিক দলের বার্ষিক সম্মেলন পাকিস্তানী জঙ্গীশাহীর বিরুদ্ধে তীব্র ধিক্কারে সোচ্চার হইয়া উঠিয়াছে। সম্মেলনের প্রতিনিধিরা বাংলাদেশের মানুষের মর্মান্তিক বিপর্যয়ে গভীর উদ্বেগ প্রকাশ করিয়াছেন।

এই সম্মেলনে শ্রমিক দলের প্রাক্তন মন্ত্রী মিসেস জুডিথ হার্ট দলের জাতীয় কার্যনির্বাহক কমিটির পক্ষ হইতে যে বিবৃতি পেশ করিয়াছেন তাহাতে বাংলাদেশের জনসাধারণের দ্বারা গণতন্ত্র সম্মত ভাবে নির্বাচিত নেতাদের বিরুদ্ধে সামরিক শক্তি ব্যবহারের তীব্র নিন্দা করা হইয়াছে।

এই বিবৃতিতে বাংলাদেশ সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত বিশ্বের সকল সাহায্যদানকারী রাষ্ট্রকে মানবিক জরুরী সাহায্য দান ছাড়া অন্য সকল প্রকার সাহায্য পাঠানো বন্ধ করিতে আহবান জানানো হইয়াছে।

বিবৃতিতে বাংলাদেশে অবিলম্বে পাক-সামরিক উৎপীড়নের অবসান এবং রাজনৈতিক নেতাদের বিশেষ করিয়া শেখ মুজিবের মুক্তির দাবী জানানো হইয়াছে।

বিবৃতিটি পেশ কালে মিসেস হার্ট বলিয়াছেন যে বাংলাদেশের এই ঘটনায় সারা এশিয়া মহাদেশে ভয়ঙ্কর বিপদের সূচনা করিয়াছে।

এই সম্মেলনে সভাপতিত্ব করেন প্রাক্তন মন্ত্রী মিঃ পিটার শোর। লণ্ডনের বাংলাদেশ মিশনের প্রধান বিচারপতি জনাব আবু সাঈদ চৌধুরী সম্মেলনে বক্তৃতা করেন। সম্মেলনে মিঃ জন স্টোনহাউজ, মিঃ ব্রুস ডগলাসম্যানসহ অনেকে উপস্থিত ছিলেন।

জন হপকিনস বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক স্বাস্থ্য বিভাগের চেয়ারম্যান ডঃ কার্ল টেলর বলিয়াছেন মার্কিন সরকার পাকিস্তানকে অব্যাহত ভাবে অস্ত্রশস্ত্র দান করিয়া বাংলাদেশ সঙ্কটকে আরো ঘোলাটে করিয়া তুলিয়াছে।

ওয়াশিংটন সিনেটের বৈদেশিক সাবকমিটির বৈঠকে ডঃ টেলর বলিয়াছেন 'পাকিস্তানে অস্ত্র বোঝাই জাহাজ পাঠানোর উপর নিষেধাজ্ঞা জারী হইবার পর তুরস্কের মাধ্যমে পাকিস্তানে মার্কিন অস্ত্র সাহায্য অব্যাহত রাখিয়া মার্কিন সরকার একটি খুবই গর্হিত অপরাধ করিতেছে।'

ডঃ টেলর আশঙ্কা প্রকাশ করিয়াছেন আগামী মাসে বাংলাদেশের প্রায় আড়াই কোটি মানুষ অনাহারের কবলে পড়িবেন। এবং নতুন করিয়া শরণার্থী স্রোত আসিতে থাকিবে। তিনি বলেন শেষ পর্যন্ত শরণার্থীর সংখ্যা হয়তো দেড় কোটিতে পৌঁছাইবে। এই সংখ্যা দক্ষিণ ভিয়েতনামের মোট জনসংখ্যার প্রায় সমান।

গত বৃহস্পতিবার রাষ্ট্রসংঘে সাধারণ পরিষদের নেপালের স্থায়ী প্রতিনিধি মিঃ পদ্মবাহাদুর ক্ষেত্রী বলিয়াছেন যে নেপাল সরকার ও নেপালের অধিবাসীরা বাংলাদেশের বেদনায়ক ঘটনায় মর্মাহত হইয়াছেন। তিনি এই মর্মান্তিক ঘটনাকে তুলনাহীন বলিয়া আখ্যায়িত করিয়াছেন।

আন্তর্জাতিক ছাত্র ইউনিয়ন বাংলাদেশের ব্যাপারে গণহত্যা ও অবাধ নিপীড়নের তীব্র নিন্দা জ্ঞাপন করিয়াছেন। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রতি সমর্থন ও সৌভ্রাতৃত্ব জ্ঞাপন করিয়া আন্তর্জাতিক ছাত্র ইউনিয়ন ঘোষণা করিয়াছেন যে 'বাংলাদেশের মানুষের এই সংগ্রাম শান্তি, প্রগতি ও গণতন্ত্রের জন্য বিশ্বব্যাপী সাম্রাজ্যবাদী বিরোধী সংগ্রামের অংশ।'

বোম্বাইয়ের রান্দ্রা সেন্ট জোসেফ কনভেন্টের ছাত্রী এবং ক্রিশ্চিয়ান স্টুডেন্টস গ্রুপের সভানেত্রী কুমারী নোয়ালো গত বৃহস্পতিবার সাংবাদিকদের বলেন আগামী ৪ঠা নভেম্বর রান্দ্রা হইতে প্রায় ২ হাজার স্কুল ছাত্রী বাংলাদেশের সমর্থনে এক পদযাত্রা শুরু করিয়া দক্ষিণ বোম্বাইয়ের কুপারেজ পর্যন্ত যাইবে।

গত ৫ই অক্টোবর ব্রাইটনের এক সমাবেশে বাংলাদেশের ব্যাপারে উদাসীন থাকায় জাতিসংঘ এবং বিশ্ব সমাজকে ধিক্কার দেওয়া হয়।

গ্রেটবৃটেনের শ্রমিক দলের সম্মেলন উপলক্ষে এ্যাকশন বাংলাদেশ কর্তৃত্ব আয়োজিত এই সমাবেশে যুক্তরাজ্যের পার্লামেন্ট সদস্য মিঃ জন ষ্টোন হাউজ বলেন ইহা ভাবিতে আশ্চর্য লাগে যে জাতিসংঘ এই বৃহত্তম মানবিক দুর্যোগের প্রতি দৃষ্টি দিতে ব্যর্থ হইয়াছে। লর্ড ব্রকওয়ে, বৃটেনস্থ বাংলাদেশ সরকারের প্রতিনিধি বিচারপতি আবু সাঈদ চৌধুরী, যুক্তরাজ্য পার্লামেন্টের সদস্য ব্রস ডগরাস এবং জুলিয়াস সিলভারম্যান এই সমাবেশে বৃক্তা দান করেন। সমাবেশে সভাপতিত্ব করেন বৃটিশ পার্লামেন্টের প্রভাবশালী সদস্য মিঃ পিটার শোর। বিপুল করতালির মধ্যে শ্রমিক দলীয় নেতা মিঃ ফ্রেড ইভান্স ঘোষণা করেন বাংলাদেশকে তাহার স্বাধীনতা সংগ্রামে অস্ত্র এবং অন্যান্য জিনিস দিয়া সাহায্য করা উচিৎ।

তাঞ্জানিয়া এবং জাম্বিয়ার প্রেসিডেন্টের সঙ্গে তাহার সাম্প্রতিক সাক্ষাতের কথা উল্লেখ করিয়া জন ষ্টোন হাউজ বলেন, এই দুই দেশের প্রেসিডেন্ট বাংলাদেশের ব্যাপারে সহানুভূতিশীল। তাহারা জন ষ্টোন হাউজকে বলিয়াছেন যে কোন একটি দেশ বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দান করিতে আগাইয়া আসিলেই তাহারাও বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দিবেন। প্রেসিডেন্ট কাউণ্ডা বাংলাদেশে নির্যাতন বন্ধ করিবার জন্য ইয়াহিয়া খানের নিকট বেশ কয়েকটি চিঠি লিখিয়াছেন।

জন ষ্টোন হাউস জাতিসংঘকে ক্লান্ত, জরাজীর্ণ এবং বৃহৎ শক্তিবর্গের প্রমোদশালা বলিয়া অভিহিত করেন। তিনি অভিযোগ করেন বৃহৎ শক্তিবর্গের স্বার্থ যেখানে নাই এমন কোন বিষয় জাতিসংঘে উত্থাপিত হয় না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
নিশ্চিত পরাজয়ের সম্মুখীন জঙ্গীশাহীর ব্যর্থতা চাপা দেওয়ার নয়া কৌশল	বাংলার বাণী মুজিবনগরঃ ১০ম সংখ্যা	২ নভেম্বর, ১৯৭১

নিশ্চিত পরাজয়ের সম্মুখীন
জঙ্গীশাহীর ব্যর্থতা চাপা দেওয়ার নয়া কৌশল

(রাজনৈতিক ভাষ্যকার)

ইসলামাবাদের হানাদার জঙ্গীশাহী বাংলাদেশের দখলীকৃত এলাকা লইয়াই শুধু ফ্যাসাদে পড়ে নাই- ইসলামাবাদ সাম্রাজ্য লইয়াও মহা ফ্যাসাদে পড়িয়াছে বলিয়া নির্ভরযোগ্যসূত্রে খবর পাওয়া গিয়াছে। জঙ্গীচক্র ইসলামাবাদ সাম্রাজ্যের বিক্ষুব্ধ বেলুচিস্তান এবং মুক্তিকামী পাখতুনদের এখন আর বিশ্বাস করিতেছে না। কিংকর্তব্যবিমূঢ় জল্লাদশাহী এখন ‘‘আন্ধার ঘরে সবই সাপ’’ দেখিতে শুরু করিয়াছে।

বাংলাদেশে মুক্তিযোদ্ধাদের হাতে নিহত খান সেনাদের পরিবার পরিজন এবং আত্মীয় স্বজনগণও এখন জঙ্গীশাহীর উপর তীব্র ক্ষুব্ধ হইয়া উঠিয়াছে বলিয়া জানা গিয়াছে।

সম্প্রতি বাংলাদেশ হইতে যে এক ডিভিশন সৈন্য প্রত্যাহার করিয়া ইসলামাবাদ সাম্রাজ্যে লইয়া যাওয়া হইয়াছে ইহাদের অধিকাংশই পশ্চিম-পাঞ্জাবী এবং অবশিষ্টদের মধ্যে কিছু সিন্ধি সৈন্য রহিয়াছে। কিন্তু বালুচ এবং পাঠান সৈন্য নাই। ভারতের সহিত সম্ভাব্য যুদ্ধের সুযোগ বিক্ষুব্ধ বালুচ-পাঠানগণ বিদ্রোহ ঘোষণা করিতে পারেন এই ভয়েই ইহাদিগকে বদলী করিয়া ইসলামাবাদ সাম্রাজ্যে নেওয়া হয় নাই। উক্ত এক ডিভিশন সৈন্যের মধ্যে পাঠান বালুচ সৈন্য না থাকায় পাঠান ও বালুচ মুল্লুকে জঙ্গীচক্রের বিরুদ্ধে ক্ষোভ ধূমায়িত হইয়া উঠিয়াছে।

বাংলাদেশে যাহারা মুক্তিযোদ্ধাদের হাতে খতম হইতেছে ইসলামাবাদ সাম্রাজ্য নিবাসী তাহাদের আত্মীয়-স্বজনদের নিকট উহাদের মৃত্যুর খবর সম্পূর্ণ গোপন করিয়া রাখা হইতেছে। বাংলাদেশে ইহাদের অবস্থা সম্পর্কে যাহাতে তাহাদের আত্মীয়স্বজন কিছু জানিতে না পারে তজ্জন্য বাংলাদেশের দখলীকৃত এলাকা হইতে হানাদার সৈন্যগণকে অবাধে চিঠিপত্র লিখিতেও অনুমতি দেওয়া হয় না। চিঠিপত্র কড়া সেন্সর করার পর ইসলামাবাদ সাম্রাজ্যে প্রেরণ করা হইয়া থাকে।

প্রসঙ্গক্রমে উল্লেখযোগ্য যে, বাংলাদেশের মুক্তযুদ্ধের প্রারম্ভে হানাদার নিহত সৈনিকদের লাশ ইসলামাবাদ সাম্রাজ্যে তাহাদের নিকট প্রেরণ করা হইত। তাহাতে বিক্ষুব্ধ হইয়া লাহোর রাওয়ালপিণ্ডির রাজপথে জঙ্গীচক্রের বিরুদ্ধে পুত্রহারা, স্বামীহারা, ভ্রাতৃহারা আর পিতৃহীন নর-নারীর সরোষ বিক্ষোভ মিছিলের পর হইতে জঙ্গীশাহী বাংলাদেশ হইতে ইসলামাবাদ সাম্রাজ্যে আর সৈনিকদের লাশ প্রেরণ করে না। বাংলাদেশের নদীতে ভাসাইয়া দেয় কিংবা মাটিতে গাঁথিয়া রাখে। অবশ্য ইসলামাবাদ সাম্রাজ্যে নিহত সৈনিকদের লাশ প্রেরণ না করার আরও একটি কারণ আছে। তাহা হইতেছে- জঙ্গীশাহী এত লাশ আর বিমানে পাঠাইয়া কুলাইতে পারে না।

বাংলাদেশে নিহত সৈনিকদের মৃত্যু সংবাদ তাহাদের আত্মীয়-স্বজনদের নিকট গোপন রাখার উদ্দেশ্যে ইদানীং জঙ্গীচক্র নিহত সৈনিকদের আত্মীয়-স্বজনদের সহিত এক নিদারুন প্রতারণা করিয়া চলিয়াছে।

জানা যায়, জঙ্গীচক্র বাংলাদেশের দখলীকৃত এলাকা হইতে নিহত সৈনিকদের নামে তাহাদের আত্মীয়-স্বজনদের নিকট নিয়মিত চিঠিপত্র লিখাইয়া থাকে। শুধু তাহাই নহে, নিহত সৈনিকদের আত্মীয়-স্বজনের ঠিকানায় নিয়মিত কিছু টাকাও প্রেরণ করা হইয়া থাকে।

টাকা এবং চিঠি প্রেরণের মাধ্যমে জঙ্গীচক্র নিহত সৈনিকদের আত্মীয়-স্বজনকে বুঝাইতে প্রয়াস পাইতেছে যে, তাহারা বাঁচিয়া আছে।

নিহত সৈনিকদের বেনামীতে লিখিত এবসব পত্রে লেখা হয় যে, তাহারা (সৈনিকরা) ভাল আছে এবং 'হিন্দুস্তানের দুশমনদের' সহিত রীতিমত লড়াই করিয়া 'আল্লাহর ধর্মকে বাঁচাইতেছে।'

অপরদিকে ইসলামাবাদের হতাশাগ্রস্ত জঙ্গীচক্র বাংলাদেশের হানাদার সৈন্যদের প্রাণহানির আসল সংবাদ ইসলামাবাদ সাম্রাজ্যে চাপা দেওয়ার উদ্দেশ্যে এখন রাত দিন জোর প্রচার করিতেছে যে, ইসলামাবাদের সৈনিকরা বাংলাদেশের অমুক স্থানে অমুক দিন একজন ভারতীয় 'অনুপ্রবেশকারী'কে হত্যা কিংবা গ্রেফতার করিয়াছে।

এইসব কাল্পনিক খবর প্রচার করিয়া জঙ্গীচক্র ইসলামাবাদ সাম্রাজ্যের জনসাধারণের মনোবলকে জোরদার এবং বাংলাদেশে নিহত সৈনিকদের আত্মীয়স্বজনকে প্রতারণা করার প্রয়াস পাইতেছে। তদুপরি ভারতের সহিত যুদ্ধের জিগির তুলিয়া বাংলাদেশে নিহত সৈনিকদের আত্মীয়-স্বজন তথা ইসলামাবাদ সাম্রাজ্যের স্বজনহারা জনসাধারণের মনকে চাঙ্গা করার চেষ্টা চলাইতেছে। প্রচারের গোলক ধাঁ ধাঁ ধুম্রজাল সৃষ্টি করিয়া জঙ্গীচক্র বাংলাদেশে খান সেনাদের কচুকাটা হইয়া যাওয়ার খবরটি চাপা দিয়া চলিতেছে।

ওয়াকেবহাল মহলের মতে ভারতের সহিত যুদ্ধ বাঁধাইবার ফন্দিফিকিরের অন্তরালেও ইসলামাবাদের অসহায় জঙ্গীচক্রের বাংলাদেশে নিহত সৈনিকদের ব্যাপারটি চাপা দেওয়ার এক সূক্ষ্ম অপচেষ্টা নিহিত রহিয়াছে। বাংলাদেশে সুনিশ্চিত পরাজয়ের মুখে বৈদেশিক সাহায্য ঋণ ব্যবসা বাণিজ্য বন্ধের মাধ্যমে ইসলামাবাদ সাম্রাজ্যের কায়েমী স্বার্থ ২৩ পরিবারের তথা গোটা ইসলামাবাদ সম্রাজ্যের অর্থনীতিতে ঠুটো জগন্নাথে দাঁড় করানোর এবং বহু বৎসরের অধ্যবসায় ও মোটা অর্থ ব্যয়ে সুশিক্ষিত সৈনিকদের ক্ষয়ের কোন কৈফিয়ৎ ক্ষমতা উন্মাদ জঙ্গীচক্র ইসলামাবাদ সাম্রাজ্যের জনসাধারণের নিকট দিতে পারিবে না। তাই তাহারা যেনতেন প্রকারে ভারতের সহিত একটি যুদ্ধ বাধাইয়া এক ঢিলে দুই পাখী মারিবার ফন্দী আঁটিয়াছে। একটি হইতেছে তথাকথিত পাক ভারত বিরোধের ডামাডোলের মধ্যে বাংলাদেশ ইসলামাবাদ বিরোধকে চাপা দেওয়া এবং অপরটি হইতেছে ইসলামাবাদ সাম্রাজ্যের জনসাধারণকে বুঝানো যে, ভারতের সহিত যুদ্ধ করিতে গিয়া অর্থাৎ 'পাকিস্তানকে জিন্দা' রাখিতে গিয়া সৈন্য ক্ষয় হইয়াছে এবং অর্থনীতি পঙ্গু হইয়া পড়িয়াছে। কিন্তু শেষ পর্যন্ত জঙ্গীচক্রের কোন ভাঁওতাবাজীই চলিবে না। ইসলামাবাদ সাম্রাজ্যের জনসাধারণ গভীর আগ্রহ সহকারে জঙ্গীচক্রের সকল কারসাজী নীরবে পর্যবেক্ষণ করিয়া চলিয়াছে। যেদিন আকাশ ভাঙ্গিয়া তাহাদের মাথায় পতিত হইবে সেইদিন ইসলামাবাদ সাম্রাজ্যেও এক চরম হানাহানি শুরু হইতে বাধ্য এবং তাহা ইরাকে নূরী আস সাইদের ইতিহাসের পুনরাবৃত্তি হইলেও কেহ বিস্মিত হইবে না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় সাম্রাজ্যবাদী খেলা	বাংলার বাণী মুজিবনগরঃ ১১শ সংখ্যা	৯ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

সাম্রাজ্যবাদী খেলা

মানবতা ও মানবসভ্যতার চরমতম দুশমন মার্কিন সাম্রাজ্যাবাদের গদীনশীন কর্ণধার প্রেসিডেন্ট নিক্সন খেলাটা ভালোই জমাইয়া তুলিয়াছেন। দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারত-পাক উপমহাদেশে নিক্সন যে সাম্রাজ্যবাদী চক্রান্ত্রের খেলায় মাতিয়া উঠিয়াছে, উহা আগুন লইয়া খেলার সামিল। আর বলা বাহুল্য, বাংলাদেশের মুক্তিযুদ্ধ বানচালের উদ্দেশ্যে পাক-ভারত বিরোধ সৃষ্টির অনভিপ্রেত প্রচ্ছন্ন কারসাজি চালাইয়া, মানব ইতিহাসের ঘৃণ্যতম জল্লাদ ইয়াহিয়ার হাতে অঢেল মারণাস্ত্র তুলিয়াছেন। অথচ কি আশ্চর্য! সেই নিক্সনের মুখেই আজ সংযমের ললিত বাণী, শান্তির বাণী- সীমান্ত হইতে ভারতীয় সৈন্য প্রত্যাহারের উদ্দেশ্যমূলক প্রস্তাব। জগতের সব কিছুরই সীমা আছে। সীমা নাই সম্ভবতঃ শুধু সাম্রাজ্যবাদী দস্যুদের হঠকারিতার।

প্রেসিডেন্ট নিক্সনের সাম্রাজ্যবাদী তস্করসুলভ চরিত্রের বীভৎস চরিত্রের বীভৎস চেহারাটি আরেকবার নগ্নভাবে আত্মপ্রকাশ করিয়াছে ভারতীয় প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীর আমেরিকা সফরকালে। শ্রীমতি গান্ধীর সঙ্গে প্রেসিডেন্ট নিক্সনের বিস্তর আলাপ আলোচনা হইয়াছে। নিক্সনের মুখ দিয়া অনেক ভারী ভারী কথাও বাহির হইয়াছে। শুধু একটিবারের জন্যও কোন মন্তব্য তিনি করেন নাই বাংলাদেশ প্রশ্নে। প্রকাশিত সংবাদে জানা যায়, শ্রীমতি ইন্দিরা গান্ধী বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রতি প্রেসিডেন্ট নিক্সনের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। ইহার গুরুত্ব সম্পর্কে, পাক-ভারত উপমহাদেশে শান্তি প্রতিষ্ঠার পূর্বশর্ত হিসাবে বাংলাদেশ ইস্যুকে সুরাহার প্রয়োজনীয়তা সম্পর্কে নিক্সনকে সচেতন করিতে চেষ্টা করিয়াছেন। কিন্তু নিক্সন বাংলাদেশ ইস্যুকে পাত্তা না দিয়া, এ সম্পর্কে কোন উচ্চবাচ্যও না করিয়া বারবার বলিয়াছেন, তিনি চান যাতে পাকিস্তান ও ভারতের মধ্যে কোন সশস্ত্র সংঘর্ষ না বাধে। এই লক্ষ্য হাসিলের উদ্দেশ্যে নিক্সন ভারত পাকিস্তান সীমান্ত হইতে ভারতীয় সৈন্য প্রত্যাহারেরও সুপারিশ করিয়াছেন। সুতরাং বুঝিতে কষ্ট হইবার কথা নয়, নিক্সনের চোখে যা পড়িয়াছে উহা হইতেছে পাক-ভারত যুদ্ধের আশংকা। কারণ, এই যুদ্ধ বাঁধিবার একমাত্র অর্থ হইতেছে তার যেটু নরপিশাচ ইয়াহিয়ার বিনাশ।

আর এই স্বার্থের ঠুলি চোখে লাগানো রহিয়াছে বলিয়াই বাংলাদেশের বীরত্বপূর্ণ মুক্তিযুদ্ধ এবং বাঙ্গালী জাতির মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কারাবাস কোন গুরুত্বপূর্ণ ঘটনা হইয়া তাহার চোখে ধরা পড়ে নাই। আর সে কারণেই ইন্দিরা গান্ধীর সঙ্গে আলোচনায় বা তার পরে নিক্সনের কণ্ঠে একটিবারের জন্যও বাংলাদেশ প্রসঙ্গটি উচ্চারিত হয় নাই। এই কারণেই শ্রীমতি গান্ধী যে ক্ষেত্রে বাংলাদেশ ইস্যুর অপরিহার্য সমাধানের গুরুত্ব সম্পর্কে মার্কিন প্রেসিডেন্টকে সম্যক অবহিত করিতে চাহিয়াছেন, নিক্সন তখন দক্ষিণ ও দক্ষিণপূর্ব এশিয়ায় শান্তি প্রতিষ্ঠার ফাঁকা বুলির আবরণে নিজের সাম্রাজ্যবাদী দুরভিসন্ধি চাপা দিতে চাহিয়াছেন।

আসলে নিক্সনের এই শয়তানী চেহারাটা নতুন কিছু নয়। মার্চ মাসে বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুরু হওয়ার পর হইতে বিশ্বের বিবেকবান মানুষ মাত্রই জল্লাদ ইয়াহিয়ার নারকীয় বর্বরতার বিরুদ্ধে ধিক্কার ও প্রতিবাদ জানাইয়াছেন, পশ্চিম পাকিস্তানী উপনিবেশবাদী জঙ্গীশাহীকে সামরিক ও অর্থনৈতিক সাহায্য প্রদান বন্ধ করিয়া দেওয়ার দাবী জানাইয়াছেন।

এমন কি খোদ মার্কিন যুক্তরাষ্ট্রের শান্তি স্বাধীনতা ও মানবিক মূল্যবোধে বিশ্বাসী নেতা ও জনতাও জল্লাদী বর্বরতার প্রতিবাদে বিশ্ববিবেকের কণ্ঠে কণ্ঠ মিলাইয়াছেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুরু হওয়ার পরপরই মার্কিন কংগ্রেস পশ্চিম পাকিস্তানকে অস্ত্র সরবরাহের উপর নিষেধাজ্ঞা আরোপ করিয়াছে। কিছুদিন আগে মার্কিন সিনেটও অনুরূপ বিল পাশ করিয়াছে। উহার পাশাপাশি সিনেটর এডওয়ার্ড কেনেডী, সাবেক রাষ্ট্রদূত চেস্টার বোলস, অধ্যাপক গলব্রেথ প্রমুখ বিশিষ্ট মার্কিন নাগরিকের নেতৃত্বে মার্কিন জনমত ইয়াহিয়ার জঙ্গী বর্বরতার বিরুদ্ধে অধিকতর সুসংহত হইয়া উঠিয়াছে। কিন্তু বাংলাদেশ প্রশ্নে ইচ্ছা- অন্ধ নিক্সনের জল্লাদ প্রীতির কোন হেরফের হয় নাই। বাংলাদেশ প্রশ্ন সমগ্র বিশ্ববাসীর সামনে একটি জ্বলন্ত মানবিকক ও রাজনৈতিক ইস্যু হিসাবে দেখা দিলেও এই সাত মাসের মধ্যে একটিবারের জন্যও নিক্সনের কণ্ঠে বাংলাদেশ প্রসঙ্গে কোন মন্তব্য উচ্চারিত হয় নাই। বরং বিশ্ব জনমতকে উপেক্ষা করিয়া, নিজ দেশবাসীর মতামতকে পদদলিত করিয়া কংগ্রেস ও সিনেটর সুস্পষ্ট নির্দেশকে অমান্য করিয়া ভিয়েতনামে মার্কিন নরখাদক নিক্সন, বাংলাদেশের মাটিতে পশ্চিম পাকিস্তানী জল্লাদ ইয়াহিয়ার হাতে অঢেল অস্ত্র তুলিয়া দিয়া চলিয়াছেন। আর বলা বাহুল্য সেই অস্ত্রের জোরেই সে ভারতের বিরুদ্ধে উন্মাদসুলভ রণহুঙ্কার ছাড়িতেছে। আর প্রেসিডেন্ট নিক্সন এলাকা হইতে ভারতীয় সৈন্য প্রত্যাহারের প্রস্তাব দিয়া ইয়াহিয়া খানের মতই বাংলাদেশের মুক্তিযুদ্ধকে পাক-ভারত বিরোধের খোলস পরাইয়া উহা নস্যাৎ করিয়া দেওয়ার জঘন্য দুরভিসন্ধি চালাইতেছে।

আজ তাই সময় আসিয়াছে। আব্রাহম লিংকনের আমেরিকার যদি মৃত্যু না হইয়া থাকে, মার্কিন জাতিকে আরও বলিষ্ঠ পদক্ষেপ নিক্সন ষড়যন্ত্রের মোকাবিলায় আগাইয়া আসিতে হইবে, আগাইয়া আসিতে হইবে শান্তি স্বাধীনতা, গণতান্ত্রিক চেতনা, মানবিক মূল্যবোধ এবং সমাজতান্ত্রিক আদর্শে বিশ্বাসী সমগ্র বিশ্ববিবেক। বাংলাদেশের স্বাধীনতার স্বপ্নকে নির্মূল করিয়া দেওয়ার জন্য নিক্সন যে সাম্রাজ্যবাদী খেলায় লিপ্ত হইয়াছে, উহা ব্যর্থ করিয়া দেওয়ার জন্য সমগ্র পৃথিবীর মানুষকে একযোগে আগাইয়া আসিতে হইবে। কারণ, সাম্রাজ্যবাদী আর জল্লাদী ষড়যন্ত্রের চালে বাঙ্গালী জাতির মুক্তিযুদ্ধের পরাজয়ের অর্থ হইবে সমগ্র মানব জাতিরই চূড়ান্ত পরাজয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশের মুক্তিযুদ্ধঃ প্রতিক্রিয়া	বাংলার বাণী মুজিবনগরঃ ১১শ সংখ্যা	৯ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশের মুক্তিযুদ্ধঃ প্রতিক্রিয়া

যতই দিন যাইতেছে ইসলামাবাদের জঙ্গীশাহীর বিরুদ্ধে বিশ্ববিবেক ক্রমে ততই সোচ্চার হইয়া উঠিয়াছে। মুক্তিযোদ্ধাদের প্রচণ্ড আক্রমণের মুখে ইয়াহিয়ার লেলাইয়া দেওয়া পশুদের দিশাহারা হইয়া পড়ার খবর আর গোপন নাই। অর্থনৈতিক অবস্থা অচল হইয়া পড়িয়াছে। বাংলাদেশের সকল বন্দর অকোজো। পশ্চিম পাকিস্তানের চরম বেকার সমস্যা, ছাঁটাই বরখাস্ত ও দেদার লক আউটের খবর শুধু পশ্চিম পাকিস্তানের লৌহ যবনিকার অন্তরালেই আবদ্ধ নাই। বিভিন্ন দেশের দায়িত্বশীল পত্র পত্রিকায় প্রকাশিত হইতেছে মানব সভ্যতার ঘৃণ্যতম শত্রু খুনী ইয়াহিয়ার সকল চক্রান্তের খবর। আমরা এমনি কিছু পত্রপত্রিকার উদ্ধৃতি এখানে বাংলার বাণীর পাঠক পাঠিকাদের সামনে তুলিয়া ধরিতেছি।

ডেইলী টেলিগ্রাফ

বৃটিশ জাহাজ কোম্পানীর জনৈক মুখপাত্র বলিয়াছেন প্রায় তিন মাস যাবত আমরা বাংলাদেশের কোন নৌবন্দরে জাহাজ পাঠাই নাই। গত অক্টোবরের প্রথম সপ্তাহে ডেইলী টেলিগ্রাফের সংবাদাতার নিকট উক্ত মুখপাত্র এই তথ্য প্রকাশ করেন।

এই জাহাজ কোম্পানী পৃথিবীর প্রায় সকল দেশে মালপত্র পরিবহন করে। বাংলাদেশ হইতে অধিকাংশ পাট এবং পাটজাত দ্রব্য এই জাহাজ কোম্পানীর মারফতই রপ্তানী করা হইত।

মুখপাত্রটি বলেন, আমাদের এই সিদ্ধান্তের ফলে বাংলাদেশের অধিকৃত অঞ্চল তথা ইসলামাবাদের জঙ্গী সরকারের অর্থনীতির উপর ভীষণ চাপ পড়িবে।

আশাহি সিম্বুন

জাপান হইতে প্রকাশিত 'আশাহি সিম্বুন' পত্রিকা এক সম্পাদকীয় নিবন্ধে বলিয়াছে ভারত উপমহাদেশে উত্তেজনা হ্রাসের প্রথম পদক্ষেপ হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্রকে অবশ্যই অনতিবিলম্বে পাকিস্তানকে সকল সামরিক সাহায্যদান বন্ধ করিতে হইবে।

ইহার কারণ ব্যাখ্যা প্রসঙ্গে উক্ত পত্রিকা বলে মার্কিন যুক্তরাষ্ট্রের দেওয়া সামরিক সাহায্য পশ্চিম পাকিস্তানী সামরিক জান্তাদেরই শক্তিশালী করিয়া তুলিতেছে এবং তাহা বাংলাদেশে তাহাদের বর্বর কার্যক্রম চালাইয়া যাওয়ায় সহায়তা করিতেছে। ইহার ফলে প্রতিদিন চল্লিশ হাজার শরণার্থী বাংলাদেশ হইতে পালাইয়া ভারতে আশ্রয় গ্রহণ করিতে বাধ্য হইতেছে।

সম্পাদকীয় প্রবন্ধে এই অভিমত ব্যক্ত করা হয় যে বাংলাদেশে পশ্চিম পাকিস্তানী জঙ্গীচক্রের সামরিক কার্যক্রমের সমর্থনে যে সকল সামরিক সাহায্য বিদেশ হইতে প্রদান করা হইতেছে অনতিবিলম্বে তাহা বন্ধ করা উচিত।

ইয়োমিউরি

জাপানের আর একটি পত্রিকা 'ইয়োমিউরি' তাহার ২৪শে অক্টোবরের সম্পাদকীয় নিবন্ধে এই বলিয়া অভিযোগ করিয়াছে যে তিনটি বৃহৎ শক্তি বাংলাদেশে গণহত্যা বন্ধ করিতে ব্যর্থ হওয়ায় আজ ভারত উপমহাদেশে বিপজ্জনক পরিস্থিতির উদ্ভব হইয়াছে।

পত্রিকাটি বলে পশ্চিম পাকিস্তানের সামরিক অধিনায়কের অনুধাবন করা উচিৎ ছিল যে শক্তির জোরে বাঙ্গালীদের দমন করিবার চেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে। কিন্তু তাহা না করিয়া তাহারা 'ভারতের সহযোগিতায় বিদ্রোহীরা তৎপরতা চালাইতেছে'- এই অজুহাতে সীমান্ত বরাবর সৈন্য সমাবেশ করিয়াছেন।

গার্ডিয়ান

গেরিলা মুক্তিযোদ্ধাদের নতুন ইউনিটসমূহ গত অক্টোবর মাসে ঢাকা বিমান বন্দরে আক্রমণ পরিচালনা করিবার প্রচেষ্টা চালায়। ঢাকার শহরতলীতে অবস্থিত বন্দরে তাহারা বহু গ্যাস পাইপ উড়াইয়া দেন এবং রপ্তানীর জন্য প্রস্তুত বহু পরিমাণ পাট জ্বালাইয়া দেন।

মুক্তিযোদ্ধা কর্তৃক বিমান বন্দর আক্রমণের প্রচেষ্টা সামরিক বাহিনীর লোকদের উদ্বিগ্ন করিয়া তুলিয়াছে। বস্তুতঃ গেরিলাদের ছুড়িয়া দেওয়া তিন ইঞ্চি বোমা কলেরা ল্যাবরেটরীতে পড়ে। বিমান বন্দরের সঙ্গে ল্যাবরেটরীর সরাসরি যোগাযোগ রহিয়াছে এবং উক্ত বোমাটি বিমানবন্দর হইতে ছয়শত ফুট দূরে নিক্ষিপ্ত হয়।

লণ্ডন হইতে প্রকাশিত গার্ডিয়ান পত্রিকায় উপরোক্ত রিপোর্ট ছাপা হইয়াছে। রিপোর্টে আরো বলা হয় পশ্চিম পাকিস্তানে বেকার সমস্যা প্রকট হইয়া উঠিয়াছে। ট্রেড ইউনিয়ন সূত্রে জানা যায় পশ্চিম পাকিস্তানের সর্ববৃহৎ শিল্প এলাকা করাচীতে যেখানে চারি লক্ষ শ্রমিক কাজ রিত বর্তমানে সেখানে শতকরা পঁয়ত্রিশ জন শ্রমিককে ছাঁটাই করা হইয়াছে।

শ্রমিক নেতৃবৃন্দের মতে করাচী এবং হায়দ্রাবাদে পঁচাত্তরটি সরকারী ও বেসরকারী শিল্প সংস্থা প্রায় দশ হাজার শ্রমিককে চাকুরী হইতে বরখাস্ত করিয়াছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বঙ্গবন্ধুর মুক্তি চাইঃ পশ্চিম পাকিস্তানের ৪২ জন নাগরিকের যুক্ত বিবৃতি	বাংলার বাণী মুজিবনগরঃ ১১শ সংখ্যা	৯ নভেম্বর, ১৯৭১

বঙ্গবন্ধুর মুক্তি চাই
পশ্চিম পাকিস্তানের ৪২ জন বিশিষ্ট নাগরিকের যুক্ত বিবৃতি-

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে অবিলম্বে মুক্তি দেওয়ার জন্য পশ্চিম পাকিস্তানের ৪২ জন বিশিষ্ট ব্যক্তি জেনারেল ইয়াহিয়ার কাছে আবেদন জানাইয়াছেন। তাহারা গত ডিসেম্বর পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচনে নির্বাচিত জনপ্রতিনিধিদের লইয়া একটি গণতান্ত্রিক সরকার গঠনের অনুরোধ করিয়াছেন।

যাহারা ঐ আবেদনে স্বাক্ষর দান করিয়াছেন, তাহাদের মধ্যে রহিয়াছেন রাজনৈতিক নেতা, আইনজীবী, সাংবাদিক, ট্রেড ইউনিয়ন নেতা, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, লেখক, ছাত্রনেতা ও সমাজসেবী।

গত ৪ঠা নভেম্বর লাহোরে ঐ যুক্ত বিবৃতি প্রচার করা হয়। জেনারেল ইয়াহিয়া তিনদিনের সফরে ঐ দিনই রাওয়ালপিণ্ডি হইতে লাহোর গিয়াছিলেন।

বিবৃতিতে স্বাক্ষরকারীরা বলিয়াছেন, পাকিস্তানের রাজনৈতিক স্থায়িত্ব বিপন্ন হইবার মত সঙ্কট দেখা দিয়াছে। গণতান্ত্রিক সরকার গঠনই এই সঙ্কট দূর করিবার সবচাইতে ভাল উপায়।

তাহারা বলেন যে, শেখ মুজিবকে মুক্তি দেওয়া হইলে তাহা ন্যায় বিচারের প্রাথমিক অনুশাসনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হইবে।

যুক্ত আবেদনে স্বাক্ষরকারীদের তালিকায় উল্লেখযোগ্য নামগুলি হইল- ইশেতেকলাল পার্টির প্রধান এবং পাকিস্তানের বিমান বাহিনীর প্রাক্তন এয়ার মার্শাল আসগর খাঁ, লেনিন শান্তি পুরস্কার বিজয়ী কবি ফয়েজ আহমদ, পাকিস্তান ট্রেড ইউনিয়ন ফেডারেশনের সভাপতি মির্জা মোহাম্মদ ইব্রাহিম, পাকিস্তান সোসালিষ্ট পার্টির নেতা চৌধুরী আসলাম এবং দৈনিক পাকিস্তান টাইমস এর প্রাক্তন সম্পাদক মাজহার আলী খান।

স্বাক্ষরকারীদের অধিকাংশই বামপন্থী বলিয়া পরিচিত। লাহোরে পাক প্রেসিডেন্টের কাছে এই ধরণের আবেদন এই প্রথম। লাহোরকে পাকিস্তানের মুজিববিরোধী সবচেয়ে বড় কেন্দ্র বলিয়া মনে করা হয়।

রয়টারের খবরে প্রকাশ, সুইডেনে বিপুলসংখ্যক পরিষদ সদস্য বাংলাদেশ সমস্যা সমাধানে নিজেদের প্রভাব কার্যকরী করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের নিকট আবেদন জানাইয়াছেন। ২৮০ জন সদস্যের স্বাক্ষর যুক্ত এই আবেদন পত্রটি গত ৫ই নভেম্বর সুইডেনস্থ মার্কিন দূতাবাসে অর্পণ করা হয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
জননী বাংলার পূর্ণ স্বাধীনতার প্রশ্নে কোন আপোষ নাইঃ কনসালটেটিভ কমিটির অভিমত	বাংলার বাণী মুজিবনগরঃ ১১শ সংখ্যা	১৪ নভেম্বর, ১৯৭১

অবিলম্বে বঙ্গবন্ধুর মুক্তি চাই
জননী বাংলার পূর্ব স্বাধীনতার প্রশ্নে কোন আপোষ নাই
বাংলাদেশ কনসালটেটিভ কমিটির সুস্পষ্ট অভিমত

রাজনৈতিক সংবাদদাতা

বাংলাদেশের মুক্তিযুদ্ধ পরিস্থিতি সম্পর্কে সময়ে সময়ে আলোচনা করার উদ্দেশ্যে বাংলাদেশের বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের লইয়া গঠিত কনসালটেটিভ কমিটির দ্বিতীয় সভায় ন্যায়নীতির প্রতি নতি স্বীকার করিয়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দানের জন্য পাকিস্তান সরকারের প্রতি পুনরায় আহবান জানান হয়। সভায় ইসলামাবাদের জঙ্গীশাহী কর্তৃক সভ্যতার মাথায় পদাঘাত তথা সকল ন্যায়নীতির প্রতি বৃদ্ধাঙ্গুলী প্রদর্শন করিয়া এখনও বঙ্গবন্ধুকে আটক রাখার তীব্র নিন্দা করা হয়।

বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদের সভাপতিত্বে গত শনিবার মুজিবনগরে অনুষ্ঠিত কনসালটেটিভ কমিটির এই সভায় পররাষ্ট্রমন্ত্রী খোন্দকার মোশতাক আহমদ, অর্থমন্ত্রী জনাব মনসুর আলী, স্বরাষ্ট্রমন্ত্রী জনাব এ,এইচ,এম কামরুজ্জামান, আওয়ামী লীগের শ্রী ফণিভূষণ মজুমদার ও জনাব আবদুস সামাদ, ন্যাপের অধ্যাপক মোজাফফর আহমদ, বাংলাদেশ কংগ্রেস পার্টির শ্রী মনোরঞ্জন ধর এবং বাংলাদেশ কম্যুনিষ্ট পার্টির শ্রী মণি সিংহ উপস্থিত ছিলেন। ন্যাপের মওলানা ভাসানী অসুস্থতার দরুন সভায় উপস্থিত থাকিতে পারেন নাই।

সভায় দ্ব্যর্থহীন ভাষায় পূর্ণ স্বাধীনতার লক্ষ্য অর্জনের ব্যাপারে বাংলাদেশের সাড়ে ৭ কোটি মানুষের অটুট সংকল্পের কথা পুনরায় ঘোষণা করা হয় এবং স্বাধীনতাবিহীন অন্য যে কোন প্রকার আপোষ ফর্মুলার প্রস্তাব প্রত্যাখ্যান করা হয়।

সভায় গৃহীত এক প্রস্তাবে ইসলামাবাদের জঙ্গীশাহীর সমর প্রস্তুতি এবং ভারতের উপর নগ্ন হামলা চালাইবার সংকল্পের নিন্দা করিয়া বলা হয় যে, বাংলাদেশ সমস্যা হইতে বিশ্বের দৃষ্টি অন্যদিক ফিরাইয়া নেওয়ার জন্যই জঙ্গীশাহী পাক ভারত বিরোধের ধুম্রজাল সৃষ্টির চেষ্টা করিতেছে। প্রস্তাবে আরো বলা হয় যে, বাংলাদেশে মুক্তিযোদ্ধাদের প্রচণ্ড আক্রমণ এবং সাফল্যের বিশেষ করিয়া সকল স্তরের মুক্তিযোদ্ধাদের প্রতি জঙ্গীশাহীর এই দুর্বলতার সুযোগ গ্রহণ করিয়া এবং ঐক্যবদ্ধভাবে হানাদারদের উপর চূড়ান্ত আঘাত হানিয়া এই জঘন্য চক্রান্ত প্রতিহত করার আহবান জানান হয়। সভায় গৃহীত অপর এক প্রস্তাবে বলা হয়, ইয়াহিয়া খান তথাকথিত বেসামরিক শাসন ব্যবস্থা প্রবর্তনের নামে অবৈধ নির্বাচনের মাধ্যমে বিশ্ববাসীকে প্রতারিত করার প্রয়াস পাইতেছে। অবিলম্বে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে গঠিত বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দানের জন্য বিশ্বের বিভিন্ন সরকারের প্রতি আহবান জানাইয়া সভায় আরো একটি প্রস্তাব গ্রহণ করা হয়। একটি প্রস্তাবে বাংলাদেশের ব্যাপারে সর্বপ্রকার সাহায্যে সহযোগিতা করার জন্য ভারত সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

বিশ্বের যে সকল রাষ্ট্র বাংলাদেশে গণহত্যার ব্যাপারে ইয়াহিয়া খানকে অস্ত্রশস্ত্র দিয়া সাহায্য করিতেছে, সেইসব দেশের জনগণকে তাহাদের সরকারকে বাংলাদেশের ব্যাপারে হস্তক্ষেপ করা হইতে নিবৃত্ত করার ব্যাপারে কার্যকর ভূমিকা গ্রহণের জন্য অনুরোধ জানান হয়।

স্বাধীনতা সংগ্রামে যাহারা জীবন উৎসর্গ করিয়া চলিয়াছেন তাঁহাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করিয়া গৃহীত এক প্রস্তাবে বীর মুক্তিযোদ্ধাদের এই চরম আত্মোৎসর্গের মূল উদ্দেশ্য বাসতবায়িত করার দৃঢ়সংকল্প প্রকাশ করা হয়।

আলোচনা কমিটির সভায় গৃহীত এক প্রস্তাবে দিল্লীর পাকিস্তান হাইকমিশন অফিসে জনাব হোসেন আলী তাঁহার স্ত্রী ও দুই কন্যাকে বলপূর্বক আটক করিয়া রাখাকে জঙ্গীশাহীর বর্বরতার আরও একটি নিদর্শন বলিয়া অভিহিত করিয়া অবিলম্বে তাঁহাদিগকে মুক্তিদানের দাবী জানানো হয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
শেখ মুজিবের বাংলাদেশ ইন্দিরার ভারত একযোগে রুখিয়া দাঁড়াও	বাংলার বাণী মুজিবনগরঃ ১৫শ সংখ্যা	৭ ডিসেম্বর, ১৯৭১

শেখ মুজিবের বাংলাদেশ
ইন্দিরার ভারত একযোগে রুখিয়া দাঁড়াও
দুশমনকে খতম করো
(রাজনৈতিক সংবাদদাতা)

গান্ধী-নেহেরু-নেতাজী-ইন্দিরার মহান ভারত শেখ মুজিবের স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করিয়াছে। ভারত আর বাংলাদেশ আজ দুইটি স্বাধীন সার্বভৌম প্রতিবেশী বন্ধু রাষ্ট্র একই গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা, ধর্মনিরপেক্ষ সমাজ আর সমাজতান্ত্রিক আদর্শের যুগল পূজারী আদর্শ আর আত্মার নিবিড় ঐক্যসূত্রে গাঁথা শেখ মুজিবের বাংলাদেশ আর ইন্দিরার ভারত আজ একই পররাজ্যলোভী জল্লাদ ইয়াহিয়ার হিংস্র আক্রমণের সম্মুখীন। এই আক্রমণ বাংলাদেশ আর ভারতের ৬২ কোটি মানুষের উপর। তাই বঙ্গবন্ধুর বাংলাদেশ আর ইন্দিরার ভারতকে আজ একযোগে রুখিয়া দাঁড়াইতে হইবে। ঐক্যবদ্ধ আঘাতের নির্মম প্রচণ্ডতায় দুশমনকে চিরতরে নির্মূল করিয়া দিতে হইবে। শত্রুকে এমন শিক্ষা দিতে হইবে যেন কোনদিন আর কোন উন্মাদ জঙ্গীবাজ বাংলাদেশ বা ভারতের মাটিতে হামলা করিতে সাহস না পায়।

এতদিন যুদ্ধ চলিতেছিল বাংলাদেশ ও পশ্চিম পাকিস্তানের মধ্যে। কিন্তু বীর প্রসবিনী বাংলার দুঃসাহসী মুক্তিযোদ্ধাদের প্রচণ্ড আক্রমণে পিছু হটিতে হটিতে সুনিশ্চিত পরাজয়ের আতঙ্কগ্রস্ত বেসামাল জঙ্গীশাহী বিশ্ব জনমতকে বিভ্রান্ত করার জন্য ভারতীয় আক্রমণের ধুয়া তুলিয়া ভারতের উপর সশস্ত্র হামলা চালায়। ভারতীয় সেনাবাহিনী পিণ্ডিচক্রের এই নগ্ন হামলার জবাবে প্রচণ্ড প্রত্যাঘাত হানিয়াছেন। বাংলাদেশেও মুক্তিযোদ্ধাদের সমর্থনে ভারতীয় সেনাবাহিনী দুর্বার গতিতে শত্রুর উপর ঝাঁপাইয়া পড়িয়াছেন। ভারতীয় বিমান বাহিনী ও বাংলাদেশ বিমান বাহিনীর সম্মিলিত আক্রমণে বাংলাদেশের শত্রু অধিকৃত অঞ্চলে শত্রুর বিমান বহর বিধ্বস্ত হইয়া গিয়াছে। মুক্তিযোদ্ধারা মিত্র সেনাবাহিনীর সাথে কাঁধে কাঁধ মিলাইয়া জড়ের মত অগ্রসর হইয়া চলিয়াছেন।

পিণ্ডির জঙ্গীচক্রের যুদ্ধের খায়েশ ইতিমধ্যেই চরিতার্থ হইয়াছে কিনা জানা যায় নাই, কিন্তু দীর্ঘ আট মাস পূর্বে নিহত পাকিস্তানের লাশ বুকে জড়াইয়া জঙ্গীচক্র এখন সাম্রাজ্যবাদী দেশসমূহের দ্বারে দ্বারে পদলেহী কুকুরের মত ঘুরিয়া বেড়াইতেছে।

বিশ্বের হীনতম সাম্রাজ্যবাদ, মানবতার ঘৃণ্য শত্রু মার্কিন সাম্রাজ্যবাদ এইবার তাহার মুখোশ খুলিয়া ধরিয়া আপন মূর্তিতে নামিয়াছে। নিপীড়িত নির্যাতিত মানবতার তথাকথিত বন্ধু গণচীনও সাম্রাজ্যবাদী মার্কিনীদের এই সাপ নাচানো বাঁশীর সুরে মোহিনী সাপিনীর মত নাচিতেছে।

জাতিসংঘে মার্কিন সাম্রাজ্যবাদ ও চীন একযোগে ভারত উপমহাদেশে যুদ্ধবিরতি ঘোষণার জন্য প্রস্তাব আনিয়াছিল।

সোভিয়েত ইউনিয়ন সাম্রাজ্যবাদী প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর এই চক্রান্ত ব্যর্থ করিয়া দিয়াছে।

অপর দুই স্থায়ী সদস্য বিচক্ষণতার পরিচয় দিয়া নিরপেক্ষতা অবলম্বন করিয়াছেন। এই দুটি দেশ অর্থাৎ ফ্রান্স ও বৃটেন বর্তমান মুহূর্তে সম্ভবতঃ অত্যন্ত সাবধানতার সহিত পরিস্থিতি পর্যালোচনা করিয়া চলিয়াছে।

আমরা জানি, বিশ্বের সরকারসমূহ যতই পরিস্থিতি বিশ্লেষণ করুন না কেন, সমগ্র বিশ্বের শান্তিপ্রিয় ও গণতন্ত্রকামী জনগণ বাংলাদেশের জনগণের এই ন্যায় সংগ্রামকে অকুণ্ঠ সমর্থন জানাইয়াছেন। এই সমর্থন লাভ করিবার অধিকার বাংলার জনগণ অর্জন করিয়াছেন। বাংলাদেশের মরণজয়ী মানুষেরা চরম আত্মত্যাগ ও রক্তাক্ত সংগ্রামের মাধ্যমেই এই সমর্থন লাভ করিয়াছেন। বিশ্বের স্বীকৃতিও বাংলার জনগণ এই উপায়ে অর্জন করিবেন। আর সেই দিনটি খুব বেশী দূরেও নয়।

কিন্তু আজ এই শুভদিনেও যে কোন বাঙ্গালীর চিত্ত বেদনায় বিপন্ন। বাংলার প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজও শত্রুর কারাগারে। তার কারামুক্তি আর শত্রুমুক্ত স্বাধীন বাংলার জয়জয়ন্তী ত্বরান্বিত করার জন্যই আজ প্রচণ্ডতম শক্তিতে দুশমনের উপর ঝাঁপাইয়া পড়িতে হইবে- রুদ্ধ করিয়া দিতে হইবে শত্রুর পলায়নের সকল পথ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়ঃ ১। আমরা কৃতজ্ঞ ২। আর কোন পথ নাই	বাংলার বাণী মুজিবনগরঃ ১৫শ সংখ্যা	৭ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

১

আমরা কৃতজ্ঞ

আমরা কৃতজ্ঞ। আমরা গভীর কৃতজ্ঞ মহান জনগণ এবং মহান নেত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীর কাছে। যেভাবে সামরিক ও বৈষয়িক সাহায্য দিয়ে, স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দিয়া ভারত অকৃত্রিম আন্তরিকতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কারামুক্তি এবং জননী বাংলার শৃঙ্খল মোচনের এই জীবনপণ যুদ্ধে বাঙ্গালী জাতির পার্শ্বে আসিয়া দাঁড়াইয়াছে উহার তুলনা নাই। শেখ মুজিবের বাংলাদেশ ইন্দিরার ভারতের কাছে চিরকাল সুগভীর কৃতজ্ঞতার ঋণের বন্ধনে আবদ্ধ থাকিবে। আমরা কৃতজ্ঞ সোভিয়েট ইউনিয়নের জনগণ ও সরকারের কাছে। যেভাবে রাশিয়া নিরাপত্তা পরিষদে ভেটো প্রয়োগ করিয়া বাংলাদেশের বিরুদ্ধে পরিচালিত মার্কিন সাম্রাজ্যবাদী চক্রান্ত বানচাল করিয়া দিয়াছে, আমাদের সমর্থনে আগাইয়া আসিযাছে উহা চিরদিন স্মরণ থাকিবে।

আমরা কৃতজ্ঞতা জানাই ভারতের সেই সব মহান বন্ধুদের যাঁরা নেপথ্যে থাকিয়া আমাদের এই সংগ্রামে অংশ নিয়াছেন।

স্মরণ থাকিবে পোল্যাণ্ডের প্রশংসনীয় ভূমিকা। আর সেই সঙ্গে আমাদের শত্রু হিসাবে চিহ্নিত হইয়া থাকিবে মার্কিন যুক্তরাষ্ট্র ও চীনসহ বাংলাদেশ বিরোধী রাষ্ট্রসমূহ। তাদের এই মানবতাবিরোধী, স্বাধীনতাবিরোধী ভূমিকার বিচারের ভার আমরা ইতিহাসের উপরই ছাড়িয়া দিতেছি।

২

আর কোন পথ নেই

অবশেষে সেই ভয়াবহ আশঙ্কাই সত্যে পরিণত হইয়াছে। সমগ্র বিশ্বের বিবেকবান মানুষের শান্তির ললিত বাণীকে নিদারুণ হঠকারিতায় ব্যর্থ পরিহাসে পর্যবসিত করিয়া ইসলামাবাদের জঙ্গীশাসক চক্রের কুলচূড়ামণি জল্লাদ ইয়াহিয়া ভারতের উপর যুদ্ধ চাপাইয়া দিয়াছে । বাংলার মাটিতে বীর মুক্তি যোদ্ধাদের হাতে নাস্তানাবুদ জল্লাদবাহিনী এবার পরাজয়ের সুতীব্র গ্লানির জ্বালায় দিশেহারা হইয়া হিংস্র ছোবল হানিয়াছে ভারতের মাটিতে। আর স্বাভাবিকভাবেই শত্রুর মোকাবিলায় প্রচণ্ড শক্তিতে রুখিয়া দাঁড়াইয়াছে ভারত- আক্রমণের জবাবে সজোরে পাল্টা আঘাত হানিয়া চলিয়াছে। রণদামামা বাজিয়া উঠিয়াছে- শুরু হইয়াছে ভারত-পাকিস্তান যুদ্ধ। সে যুদ্ধ ছিল এতদিন বাংলাদেশ ও পশ্চিম পাকিস্তানের যুদ্ধ আজ সেই যুদ্ধেই ইয়াহিয়া খান জড়াইয়াছে ভারতকে। শনিবার সকালে পশ্চিম পাকিস্তানী জঙ্গীশাহী ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। আর আশ্চর্য! ভারত-পাকিস্তানের মধ্যে রণদামামা বাজিয়া উঠিতে না উঠিতেই ভিয়েতনামে গণহত্যাযজ্ঞের নায়ক মানবতার জঘন্যতম দুশমন মার্কিন যুক্তরাষ্ট্রের নিক্সন চক্র এই উপমহাদেশে 'শান্তি ভঙ্গের আশংকায়, বিশ্বশান্তির শ্লীলতাহানির দুশ্চিন্তায়' নিরাপত্তা পরিষদের বৈঠক ডাকিয়া ভারত-পাকিস্তান যুদ্ধে বিরতি এবং সেনা প্রত্যাহারের জন্য মরিয়া হইয়া ওঠে। নিরাপত্তা পরিষদের বৈঠক বসিতেও বিলম্ব হয় নাই। তবে সুখের বিষয় বাংলাদেশ এবং ভারতের মহান বন্ধুরাষ্ট্র সোভিয়েত রাশিয়ার ভেটো প্রয়োগের ফলে বাংলাদেশ ভারত বনাম পাকিস্তানের এই যুদ্ধকে আন্ত

র্জাতিকীকরণের মার্কিনী দুরভিসন্ধির প্রথম প্রয়াস ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে। কিন্তু অবস্থাদৃষ্টে মনে করার সঙ্গত কারণ আছে যে ভারতের উপর জঙ্গীশাহীর হামলা এবং নিরাপত্তা পরিষদের বৈঠক অনুষ্ঠানের মার্কিনী প্রয়াসের মধ্যে একটি নিবিড় ঐক্যসূত্র রহিয়াছে। যোগ সূত্র রহিয়াছে প্রায় একই সঙ্গে পিণ্ডি ও পিকিং হইতে ভারতকে আক্রমণকারী আখ্যাদানের মধ্যে। আজ এই উপমহাদেশে কিছু ঘটিতে না ঘটিতেই একই সঙ্গে পিকিং-ওয়াশিংটনে মরণার্তি ধ্বনিত হয়, বৈঠক বসে নিরাপত্তা পরিষদের। কারণ বিশ্বশান্তি বিপন্নের দুয়া। কারণ, বিশ্বশান্তি রক্ষার পবিত্র দায়িত্ব জাতিসংঘের।

কিন্তু কণ্ঠ যদি আকাশ স্পর্শ করিতে পারিত, আজ চীৎকার করিয়া জিজ্ঞাসা করিতাম, মানবাধিকার লংঘন আর গণহত্যা প্রতিরোধও কি জাতিসংঘের সুমহান প্রতিশ্রুতির অন্তর্ভূক্ত নয়? বিশ্বের মানুষ জানে ইঙ্গ মার্কিন সাম্রাজ্যবাদের লেজুরবৃত্তি করার জন্য বা আন্তর্জাতিক রাজনৈতিক আড্ডাখানা হিসাবে জাতিসংঘের জন্ম হয় নাই। জাতিসংগের জন্ম হইয়াছিল মানবাধিকার ও বিশ্বশান্তি রক্ষা- গণহত্যা রোধ আর মানবজাতির কল্যাণ প্রচেষ্টার সুমহান প্রতিশ্রুতিতে। কিন্তু যেদিন মানবেতিহাসের ঘৃন্যতম জল্লাদ ইয়াহিয়ার লেলাইয়া দেওয়া ভাড়াটিয়া ডালকুত্তা বাহিনী- দশ লক্ষ বাঙ্গালীকে হত্যা করিয়াছে, বাংলার শ্যামল মাটিতে রক্তের গঙ্গা বহাইয়াছে, নির্বিচারে মা-বোনের ইজ্জত লুটিয়াছে, ঘর-বাড়ী জনপদ জ্বালাইয়া পোড়াইয়া ছাই করিয়াছে, লক্ষ লক্ষ নর-নারী শিশুকে গৃহহারা সর্বহারা দেশান্তরী করিয়াছে আর- কারান্তরালে নিক্ষেপ করিয়াছে স্বাধীন বাংলার জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সেদিন জাতিসংঘ টুঁ শব্দটি করে নাই কেন? কেন সেদিন আজিকার এই যুদ্ধের উৎস জল্লাদী বর্বরতার বিরুদ্ধে একটি শব্দও উচ্চারিত হয় নাই নিরাপত্তা পরিষদ বা খুনী নিক্সনের কণ্ঠে? আজো জল্লাদ ইয়াহিয়া তারই ভাষায় 'পাকিস্তানের ভবিষ্যত প্রধানমন্ত্রী' বাংলার মুকুটহীন সম্রাট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচার প্রহসনের মঞ্চ সাজাইয়া তাহার জীবন লইয়া তস্কর সুলভ রাজনৈতিক জুয়াখেলায় লিপ্ত, কিন্তু তবু কেন নিক্সন নীরব, কেন নীরব জাতিসংঘ আর নিরাপত্তা পরিষদ? বরং উল্টা আজ যখন বাঙ্গালী জাতির মুক্তিযুদ্ধ সাফল্যের স্বর্ণতোরণের দ্বারপ্রান্তে, যখন মুক্তিযোদ্ধাদের প্রচণ্ড আক্রমণে জল্লাদ ইয়াহিয়ার ভাড়াটিয়া বাহিনীর মরণদশা, তখন টনক নড়িয়া উঠিয়াছে সাম্রাজ্যবাদী দস্যুদের। ইসলামাবাদের খুনী দোসরদের পরিত্রাণের জন্য শুরু হইয়াছে প্রাণপণ প্রচেষ্টা। বাংলাদেশে ইয়াহিয়া যা করিয়াছে, তার সেই হিংস্র বর্বরতা কারা ধৃষ্টতাপূর্ণ প্রচেষ্টারই সামিল। কারণ, বংলাদেশের জনগণের কাছে শেখ মুজিব আর বাংলাদেশের স্বাধীনতা ও গণতন্ত্রের পার্থক্য নাই। তবু কেন আজ বৃহৎ শক্তিবর্গ 'স্বাধীন দুনিয়ার নায়ক' আর সুসভ্য গণতন্ত্রী বলিয়া পরিচিত পাশ্চাত্য দেশীয় শাসককুল একটিবারও ইয়াহিয়ার এই উন্মত্ত হিংস্রতার বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইতে পারিল না? অথচ বলা হইয়া থাকে, হিটলারের বিরুদ্ধে মিত্র পক্ষের দ্বিতীয় বিশ্বযুদ্ধে অবতীর্ণ হওয়ার উদ্দেশ্য ছিল গণতন্ত্র রক্ষা।

সুতরাং এতদিন যে কথা বলিয়া আসিয়াছি উহাই আজ দিবালোকের মত সত্য হইয়া উঠিয়াছে। জঙ্গী ইয়াহিয়ার ক্ষয়িষ্ণু উপনিবেশবাদী দুঃশাসনের পতনোন্মুখ সৌধটি খাড়া রাখার উদ্দেশ্যেই মার্কিন যুক্তরাষ্ট্রসহ দেশ-দেশান্তরের গণবিরোধী শাসকচক্র চায় উপমাদেশের এই যুদ্ধকে আন্তর্জাতিককীকরণের মাধ্যমে বাংলাদেশের মুক্তিযুদ্ধকে বানচাল করিয়া দিতে। জল্লাদ ইয়াহিয়া আর তার মুরববীদের ধারণা জাতিসংঘ নিরাপত্তা পরিষদের আহবান অনুসারে ভারত ও পশ্চিম পাকিস্তানের যুদ্ধ বিরতি ঘটিলে শান্তি-আলোচনা টেবিলের দুই পার্শ্বে বসিবে ভারত ও পশ্চিম পাকিস্তান। আর শৃঙ্খলিতা দুঃখিনী বাংলা তার স্বাধীনতার স্বপ্ন, মুক্তির দুর্মর আকাঙ্ক্ষা বুকে লইয়া এক পার্শ্বে পড়িয়া থাকিবে অনাদৃত-অবহেলিত, শেখ মুজিব থাকিবেন জল্লাদের জিন্দাখানায়। আর এই ভাবেই নির্মূল হইয়া যাইবে বঙ্গবন্ধুর কারামুক্ত আর জননী বাংলার শৃঙ্খল মোচন করিয়া গণতান্ত্রিক চেতনা সমৃদ্ধ রাষ্ট্র ব্যবস্থা, ধর্মনিরপেক্ষ শোষণবিহীন সমাজ আর সমাজতান্ত্রিক অর্থনীতি কায়েমের উদ্দেশ্যে পরিচালিত বঙ্গবন্ধুর আদর্শের পতাকাধারী বাঙ্গালী জাতির জীবনপণ মুক্তি সংগ্রাম।

কিন্তু সাম্রাজ্যবাদী দস্যু আর ষড়যন্ত্রকারীর দল জানিয়া রাখুক, এ চক্রান্ত আমরা ব্যর্থ করিয়া দিবই। তারা জানিয়া রাখুক, আমরা একা নই- বাংলাদেশের সাড়ে ৭ কোটি মানুষের পার্শ্বে আছেন মহান ভারতের ৫৬ কোটি মানুষ- আর বিবেকবান বিশ্ববাসী। শেখ মুজিবের বাংলাদেশ আর গান্ধী-নেহেরু-নেতাজী-ইন্দিরার ভারত একযোগে হানাদার জল্লাদ বাহিনীর মোকাবিলা করিয়া যাইবে, দুশমনের মরণার্তির শেষ রেশটুকু নিঃশেষে বাতাসে মিলাইয়া যাওয়ার আগে আমাদের সমরাষ্ট্রের ধ্বনি এক মুহূর্তের জন্যও স্তব্ধ হইবে না। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কারামুক্তি, স্বাধীন বাংলার স্বীকৃতি আদায় আর সেই সঙ্গে মাতৃভূমির বুক হইতে শত্রুবাহিনীকে চিরতরে উৎখাতের আগে আমরা ক্ষান্ত হইব না।

যারা আজ ভারত ও পশ্চিম পাকিস্তানের কাছে যুদ্ধবিরতির আহাজারি করিয়া ছাতি ফাটাইতেছে তারা জানিয়া রাখুক, উপমহাদেশে জল্লাদ ইয়াহিয়া যে যুদ্ধের দাবানল ছড়াইয়াছে উহা যদি নির্ধারিত করিতে হয় সর্বাগ্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দিতে হইবে, স্বাধীন সার্বভৌম বাংলাদেশকে স্বীকৃতি দিতে হইবে, বাংলাদেশ হইতে সকল পশ্চিম পাকিস্তানী সৈন্য প্রত্যাহার করিতে হইবে এবং তারপর একযোগে বাংলাদেশ-ভারত ও পশ্চিম পাকিস্তানের কাছে যুদ্ধ বিরতির আহবান জানাইয়া প্রয়োজনবোধে শেখ মুজিব ইন্দিরা গান্ধী-ইয়াহিয়া খানকে আলোচনা বৈঠকে মিলিত করার উদ্যোগ নিতে হইবে। ইহা আর কোন পথ নাই।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
রাজনৈতিক দিগন্তে	বাংলার বাণী মুজিবনগরঃ ১৫শ সংখ্যা	৭ ডিসেম্বর, ১৯৭১

রাজনৈতিক দিগন্তে
যাত্রিক

আজ মৃত্যুঞ্জয়ী ৭ই ডিসেম্বর। এক বৎসর আগে ঠিক এই দিনটিতেই অনুষ্ঠিত হইয়াছিল সেদিনের পাকিস্তানের ২৩ বছরের প্রথম সাধারণ নির্বাচন। আর রাষ্ট্রীয় ভাগ্য নির্ধারণের প্রশ্নে নিজেদের অবাধ মতামত পেশের সেই প্রথম সুযোগেই শেখ মুজিবের বাংলার মানুষ দ্ব্যর্থহীন কণ্ঠে জানাইয়া দিয়াছিল চিরদিন কাহারো গোলাম হইয়া কলোনী হইয়া থাকার জন্য বাঙ্গালীর জন্ম হয় নাই। সেদিন বিশ্বের পার্লামেন্টারী রাজনীতির ইতিহাসে নজীর বিহীন নিঃশব্দ ব্যালটের বিপ্লবের মাধ্যমে শেখ মুজিবের বাংলাদেশ জানাইয়া দিয়াছিল বিদ্রোহী বঙ্গোপসাগরের প্রমত্ত হুঙ্কারে আমরাই আমাদের শাসন করিতে চাই- বাংলাকেই করিতে চাই বাংলার ভাগ্যবিধাতা। দ্ব্যর্থহীন ভাষায়, নিঃসঙ্কোচ আন্তরিকতায়, আর অন্তহীন ভালবাসা ও বিশ্বাসের সঙ্গে বাংলার মানুষ সেদিন নিজেদের ভাগ্যনিয়ন্ত্রণের ভার তুলিয়া দিয়াছিল বাংলার মুকুটহীন সম্রাট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে। এ রায় শুধুমাত্র একটি বিক্ষুব্ধ বিচ্ছিন্ন জনগোষ্ঠীর রায় ছিল না- এ রায় ছিল সাড়ে ৭ কোটি বাঙালীর বলিষ্ঠ রায়- সে দিনের পাকিস্তানের জাতীয় পরিষদের ৩১০টি আসনের মধ্যে আওয়ামী লীঘ ১৬৭টি আসনে জয়লাভ করিয়া সমগ্র পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ পার্লামেন্টারী দলের মর্যাদা এবং সমগ্র পাকিস্তান শাসনের অধিকার লাভ করে। এই নির্বাচনের মাধ্যমে সমগ্র বিশ্ববাসীর সামনে দুইটি সত্য দিবালোকের মত স্পষ্ট হইয়া যায়। প্রথমতঃ বাংলার মানুষ স্বাধিকার চায়- পশ্চিম পাকিস্তানী ঔপনিবেশিক দুঃশাসনের শৃঙ্খল চূর্ণ-বিচূর্ণ করিয়া নিজেরাই নিজেদের ভাগ্য-নিয়ন্ত্রণ করিতে চায়। আর ৭ই ডিসেম্বর এই সত্যকেই সগৌরব মহিমায় প্রতিষ্ঠিত করিয়া দেয় যে, একমাত্র শেখ মুজিবর রহমানেরই বাংলাদেশের এমনি সমগ্র পাকিস্তানের পক্ষ হইয়া কথা বলার অধিকার রহিয়াছে।

২৪ বৎসর আগে পাকিস্তান নামক রাজনৈতিক জারজ সন্তানের সৃষ্টি হইবার পর একটি দিনের জন্যও সে দেশের মানুষ স্বাধীনতার আস্বাদ লাভ করিতে পারে নাই। দুই যুগ ধরিয়া পশ্চিম পাঞ্জাবী পুঁজিপতি, শিল্পপতি, কায়েমী স্বার্থবাদী ও শোষক ষড়যন্ত্রকারীদের অদৃশ্য সূতার টানে যারাই ক্ষমতার আসনে সমাসীন হইয়াছে আবার চিৎপটাং হইয়া পড়িয়াছে, তারা সকলেই ছিল এই উপনিবেশবাদী দুঃশাসনেরই নাটবল্টু মাত্র। জনগণের সঙ্গে তাদের কোন যোগাযোগ ছিল না- জনগণকে তারা না পারিয়াছে আপন করিতে, না পারিয়াছে জনমতের কাছে মাথা নত করিয়া তাদেরকেই সকল শক্তির উৎস ধরিয়া তাদেরকেই সকল শক্তির উৎস ধরিয়া তাদের ইচ্ছানুসারে রাষ্ট্র শাসন করিতে। দুই যুগের ইতিহাস প্রমাণ করিয়াছে ১৯৪৭ সালের ১৪ই আগষ্ট আমরা যা পাইয়াছিলাম তার নাম আর যাই হউক স্বাধীনতা নয়। বরং এইদিন স্বাধীনতার নামে শুধু গোলামীর জিঞ্জির বদল হইয়াছিল- ইংরেজদের বদলে আমরা আবদ্ধ হইয়াছিলাম পাঞ্জাবী উপনিবেশবাদের নির্মম শাসন ও শোষণের নিষ্ঠুর শৃঙ্খলে। এই শৃঙ্খলে বিশেষতঃ বাঙালী জাতির জন্য ছিল বৃটিশ পরাধীনতার চাইতে ভয়াবহ। শেখ মুজিবুর রহমানই একদিন বলিয়াছিলেন, বৃটিশ সাম্রাজ্যবাদীরা ২০০ বৎসরে বাংলাদেশকে যতটা শোষণ করিয়াছে, পশ্চিম পাকিস্তানীরা ২৩ বছরে তার চাইতে অনেক বেশী শোষণ করিয়াছে। ২৩ বছর ধরিয়া পশ্চিম পাকিস্তানী শাসক ও শোষকের দল শাসনের নামে, ব্যবসায়ের নামে, বাণিজ্যের নামে বাংলার শ্যামল মাটিকে ক্ষত-বিক্ষত করিয়াছে, কামড়াইয়া ছিঁড়িয়া খাবলাইয়া খাইয়াছে বাঙ্গালীর হাড়, মাংস, কলিজা। ২৩ বছরে নির্মম দস্যুর মত বল্গাহীন শোষণ ও লুণ্ঠনে সোনার বাংলাকে পরিণত করিয়াছে শ্মশানে, অন্তহীন দুঃখের ভাগাড়ে। বাঙ্গালী জাতির দুঃখ, বঞ্চনা এবং দুর্ভোগ

যত বাড়িয়াছে ততই তীব্রতর হইয়াছে তার দুর্জয় জাতীয়তাবদী চেতনা। বাঙ্গালী জাতির এই জাতীয়তাবাদী চেতনা এবং নিজেই নিজের ভাগ্য নিয়ন্তা হওয়ার দুর্জয় বাসনা চরম রূপ লাভ করিয়াছে বিংশ শতাব্দীর অপরাজেয় জাতীয়তাবাদী গণশক্তির আত্মপ্রতিষ্ঠার দুর্বার সংগ্রামের নির্ভীক সিপাইসালার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে। ছয় দফা কর্মসূচীর মাধ্যমে তিনি বাংলাদেশের স্বাধিকার চাহিয়াছিলেন। কিন্তু এই আপাতঃ লক্ষ্য স্বাধিকারের দাবীর অন্তরালে যে চূড়ান্ত লক্ষ্য নিহিত ছিল সে সম্পর্কেও তিনি জনগণের কাছে আভাস দিতে ভুল করেন নাই। ১৯৭০ সালের ৪ঠা জানুয়ারি তারই প্রতিষ্ঠিত ছাত্রলীগের প্রতিষ্ঠা বার্ষিকীতে বাংলার ছাত্র, যুবক, শ্রমিক জনতার উদ্দেশ্যে তিনি বলিয়াছেন, ''ছয় দফা যদি মানিয়া না নেওয়া হয় তবে কয় দফা দিতে হইবে আমার জানা আছে। যখন দরকার হইবে আমিই বিপ্লবের ডাক দিব, তোমরা প্রস্তুত থাকিও।'' ষড়যন্ত্রকারী এবং শাসককূল যে সহজে জনগণকেই রাষ্ট্রীয় ব্যবস্থার সকল শক্তির উৎস বলিয়া মানিয়া নিয়া তাদের ইচ্ছার কাছে নতি স্বীকার করিবে না বঙ্গবন্ধু ইহা জানিতেন। আর জানিতেন বলিয়াই ভোট চাহিতে গিয়াও তিনি জনগণের প্রতি সর্বাত্মক সংগ্রামের প্রস্তুতি গ্রহণের নির্দেশ দিয়াছেন। বাংলার মানুষের উদ্দেশ্যে তিনি বলিয়াছেন আমি তোমাদের কাছে দুইটি জিনিষ চাইঃ একটি তোমাদের ভোট, আর একটি যখন আন্দোলনের ডাক দিব তখন সর্বশক্তি লইয়া দুশমনের মোকাবিলা করিবার ওয়াদা। প্রলয়-বিধ্বস্ত দুর্ভাগা বাংলার উপকূলীয় এলাকা পরিদর্শনে শেষে ঢাকা ফিরিয়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২৩শে নভেম্বর হোটেল শাহবাগে এক সাংবাদিক সম্মেলনে বক্তৃতা করেন। এই সম্মেলনে দেশ-বিদেশের দুইশোর ও বেশী সাংবাদিক যোগদান করেন। এই সাংবাদিক সম্মেলনে বঙ্গবন্ধু বলেন আমরা নিয়মতান্ত্রিক পথেই লক্ষ্যে পৌঁছিতে চাই। নির্বাচন যদি হয় ভাল। আর যদি নির্বাচন না হয় সংগ্রামের মাধ্যমেই আমরা অধিকার আদায় করিব। প্রচণ্ড ঘূর্ণিঝড়ে উপকূলের যে দশ লক্ষ ভাইবোন প্রাণ হারাইয়াছে তাদের কাছে আমরা ঋণী। তাদের কাছে এই আমাদের দৃঢ় অঙ্গীকারঃ প্রয়োজনবোধে আরো দশ লক্ষ বাঙ্গালী শহীদ হইব। তবু আমরাই আমাদের দেশ শাসন করিব- বাংলাকেই করিয়া তুলিব বাংলার ভাগ্যবিধাতা।

এই পটভূমিতে গত বছর ৭ই ডিসেম্বর বাংলাদেশের মানুষ ভোটকেন্দ্রে গমন করে। তাদের এই দিনের রায়-নিজেরাই নিজেদের শাসক ইহবার রায়- বাংলাকেই বাংলার ভাগ্যনিয়ন্তা করা রায়। আর এই রায় নিঃসন্দেহে দেশের রাজনীতির ইতিহাসে এক নবদিগন্তের সূচনা করিয়াছে। আজিকার মুক্তিযুদ্ধের যৌক্তিকতা এবং বৈধতা সপ্রমাণেও তাই ৭ই ডিসেম্বরের রায়ের ভূমিকা অপরিসীম, অনস্বীকার্য। ৭ই ডিসেম্বরের সেই রায় পশ্চিম পাকিস্তানের শাসক-শোষকের দল মানিয়া নেয় নাই। কিন্তু বাংলার মানুষও শক্তির দাপটের কাছে মাথা নত করে নাই- নীরবে বরদাস্ত করে নাই বাঙ্গালী জাতির আশা-আকাঙ্ক্ষার উপর জল্লাদের হামলা।

স্বাধীন সার্বভৌম বাংলাদেশের জন্ম ২৬শে মার্চ। মাত্র আট মাস আগে বাঙ্গালী জাতি বঙ্গবন্ধুর ডাকে স্বাধীনতার পতাকা আর সমরাস্ত্র হাতে পশ্চিম পাকিস্তানী শাসকচক্রের বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইয়াছে। এই আট মাসে ২৫শে মার্চের কালো রাত্রির হিংস্র জল্লদী ছোবল, মানবেতিহাসের নজিরবিহীন বীভৎস নারকীয় গণহত্যাযজ্ঞ, হানাদার বর্বর ডালকুত্তা বাহিনীর পাশবিক নারী ধর্ষণ, লুটতরাজ, অগ্নিসংযোগ আর নির্যাতনের নীল সমুদ্র পাড়ি দিয়া, আকস্মিক আঘাতের প্রাথমিক বিপর্যয় কাটাইয়া, স্বাধীনতার দুর্গম বিসর্পিল পথের প্রান্তে প্রান্তে শাঠ্য ষড়যন্ত্র বাধাবিপত্তির মরণ ফাঁদ এড়াইয়া আপোষহীন সংকল্পে সামনে আগাইয়া পাল্টা আঘাত হানিতে অনেকটা সময় কাটিয়া গিয়াছে বাঙালী জাতির। কিন্তু কর্তব্যে অবহেলা আর এতটুকু কালক্ষেপণও তারা করে নাই। হাজার প্রতিকূলতার মধ্যেও স্বাধীনতার স্বর্গতোরণের নির্দিষ্ট পথে আগাইয়া চলিয়াছে বাংলার মানুষ অপ্রতিহত বেগে। বুকে বুকে হানাদার দুশমনের উপর নির্মম প্রতিশোধ গ্রহণের লেলিহান চিতাগ্নি, অন্তরে অন্তরে স্বাধীনতার দুর্মর স্বপ্নের বন্যা, আর বাংলার মুক্তি সেনাদের চোখের সামনে উজ্জ্বল শিখায় জ্বলিয়াছে মহান নেতা বঙ্গবন্ধুর আদর্শের প্রদীপ্ত আলোকমালা। সেই আলোতেই পথ দেখিয়া তারা অবিচল দৃঢ়তায় শত্রুবাহিনীকে কচুকাটা করিতে করিতে আজ আসিয়া দাঁড়াইয়াছে সুনিশ্চিত সোনালী সূর্যের আলোর রাজত্বে। এবার চরম আঘাত হানিবার পালা। বাংলাদেশের দিকে দিকে দুঃসাহসী মুক্তিযোদ্ধারা একযোগে দুশমনের উপর

প্রচণ্ড আঘাত হানিয়া চলিয়াছে- সর্বত্রই তাদের জয় জয় কার। বাংলার দশ-দিগন্তে আজ স্বাধীন বাংলার জয় জয়ন্তীর তুর্যনাদ। এই সাফল্যের তুলনা নাই। পৃথিবীর কোন দেশেই কোন কালে মাত্র আট মাসের মধ্যে একটি জাতির মুক্তিযুদ্ধের এমন উল্লেখযোগ্য সাফল্যের আর কোন নজির নাই।

শুধু তাই নয়, নতুন ইতিহাস সৃষ্টি করিয়া চলিয়াছে বাঙ্গালী জাতি। গত বছর ডিসেম্বর মাসের নির্বাচনে নিঃশব্দ ব্যালটের বিপ্লবের মাধ্যমে বাঙ্গালী জাতি সৃষ্টি করিয়াছিল বিশ্বের পার্লামেন্টারী রাজনীতির ইতিহাসে এক নজিরবিহীন রেকর্ড। কিন্তু সেদিনের পাকিস্তানের গণবিরোধী স্বৈরাচারী রাজশক্তি বাংলার মানুষের সেই নিরস্ত্র বিল্পবের রায়কে সহজ ভাবে মানিয়া নেয় নাই। জঙ্গীচক্র যে বাঙ্গালীর আশা-আকাঙ্ক্ষার কাছে নতি স্বীকার করিবে না, একথা অজানা ছিল না বাংলার নেতা ও জনতার কাছে, তাই নীরবে নিভৃতে চলিয়াছে- শক্তি দিয়া শক্তির মোকাবিলা কারা প্রস্তুতি। যখন সময় আসিয়াছে সাড়ে ৭ কোটি বাঙ্গালীর বিক্ষুব্ধ কণ্ঠস্বরকে নিজের কণ্ঠে তুলিয়া নিয়া প্রমত্ত হুঙ্কারে গর্জিয়া উঠিয়াছেন বাংলার মুকুটহীন সম্রাট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানঃ 'বাংলাদেশ স্বাধীন। শত্রু আমাদের আক্রমণ করিয়াছে। সজোরে পাল্টা আঘাত হানো।' বঙ্গবন্ধুর বজ্রকণ্ঠ নির্দেশ বাতাসে মিলাইয়া যাওয়ার আগেই হাতে অস্ত্র তুলিয়া নিয়াছে বাংলার মানুষ। প্রচণ্ড পাল্টা আক্রমণের প্রবল তরঙ্গাঘাতে ৭২ ঘন্টায় বাঙ্গালী জাতি নির্মূল করার জল্লাদী খোয়াব ভাঙ্গিয়া খান খান করিয়া দিয়া শেখ মুজিবের অনুসারীরা মুগ্ধবিস্মিত বিশ্ববাসীকে দেখাইয়া দিয়াছে শুধু ব্যালটেরই নয়- বাঙ্গালীর বুলেটের জোরও কত বেশী। গত বছরের সাতই ডিসেম্বর আর এবারের সাতই ডিসেম্বর একই সগর্ব সগর্বে পতাকা উর্ধ্বে তুলিয়া ধরিয়াছে। একটি ঐক্যবদ্ধ জাতির ইচ্ছাকে, আশা-আকাঙ্ক্ষাকে দাবাইয়া দেওয়ার শক্তি কাহারও নাই- কেহই পারে না একটি জাতির স্বাধীনতার স্বপ্ন বানচাল করিয়া দিতে। ৭ই ডিসেম্বর তাই মৃত্যুঞ্জয়ী।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
চিঠিপত্রের জবাব	বাংলার বাণী মুজিবনগরঃ ১৫শ সংখ্যা	৭ ডিসেম্বর, ১৯৭১

চিঠিপত্রের জবাবে

আজাদ

আনোয়ারা বেগম

বনগাঁ

প্রঃ- সাত মাস হইল দেশান্তরী হইয়াছি। কবে আবার দেশে ফিরিতে পারিব।

উঃ- উতলা হইবেন না বোন। আপনাদের অগণিত সন্তান, অগণিত ভাই মাতৃভূমিকে শত্রু মুক্ত করিয়া আপনাদের ঘরে ফিরাইয়া আনার জন্য জীবনপণ যুদ্ধে নিয়োজিত। এই যুদ্ধের চূড়ান্ত বিজয় ত্বরান্বিত করার জন্য চেষ্টা ও সাধনার শেষ নাই। সুদিন যখন আসিবে, নিশ্চয়ই আপনারা ঘরে ফিরিতে পারিবেন- দুইদিন আগেই হউক আর পরেই হউক।

মাসুদ হোসেন

টাঙ্গাইল।

প্রঃ- বলিতে পারেন এই যুদ্ধ কবে থামিবে?

উঃ- যেদিন স্বধীন বাংলার জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের মধ্যে ফিরিয়া আসিবেন, যেদিন বাংলাদেশে হানাদার দুশমনের কবল মুক্ত হইবে।

অনিরুদ্ধ

বর্ধমান।

প্রঃ- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক মূলমন্ত্র এবং আদর্শ কি?

উঃ- স্বাধীনতা, গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষ শোষণবিহীন সমাজ এবং জাতীয়তাবাদী চেতনা।

সাহাদত হোসেন

কালিগঞ্জ

প্রঃ- বঙ্গবন্ধুর ডাকে আমরা স্বাধীনতার যুদ্ধ করিতেছি। স্বাধীনতা অর্জনের পর আমাদের কি কর্তব্য?

উঃ- সে দায়িত্ব আরও কঠিন। মাতৃভূমি শত্রুমুক্ত হইবার পর মুহূর্তেই অধিকতর নিষ্ঠা ও আন্তরিকতা লইয়া শান্তি শৃঙ্খলা পুনরুদ্ধার, সামাজিক পুনর্গঠন এবং বঙ্গবন্ধুর রাজনৈতিক ও অর্থনৈতিক আদর্শ বাস্তবায়নের কাজে আত্মনিয়োগ করিতে হইবে।

সালামতউল্লাহ

ফরিদপুর।

প্রঃ- যে স্বাধীনতার জন্য আমরা যুদ্ধ করিতেছি, এই স্বাধীনতা হইবে কাহার জন্য?

উঃ- সকলের জন্য। স্বাধীনতার সুবর্ণ ফসল সকলের দ্বারে পৌঁছাইয়া দেওয়ার সংগ্রামই অধিকতর কঠিন স্বাধীনতার সংগ্রাম।

আবদুল করিম

বনগাঁ।

প্রঃ- মার্কিন যুক্তরাষ্ট্র ভারতে অস্ত্র সরবরাহ বন্ধ করিয়া দিল কেন?

উঃ- নিক্সনের ল্যাঙ্গট জল্লাদ ইয়াহিয়াকে মদদ দেওয়ার উদ্দেশ্যে। যুক্তরাষ্ট্রের বিশ্বাস, ভারতের অস্ত্র সরবরাহ বন্ধ হইলে ভারত পাকিস্তানের কাছে কাবু হইয়া পড়িবে। আর এইভাবেই ভারতকে নাজেহাল করা যাইবে। ভারতের 'অপরাধ' সম্ভবতঃ এই যে, ভারত বাংলাদেশের মুক্তিযুদ্ধকে সমর্থন করে।

অঞ্জনা রায়

কলিকাতা

প্রঃ- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মার্চ মাসে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করিয়াছেন। কিন্তু এই ব্যাপারে তিনি কি আগে কোন আভাস দিয়াছিলেন।

উঃ- বাঙ্গালী জাতির দাবী আদায়ের জন্য যে সংগ্রাম করার প্রয়োজনীয়তা দেখা দিতে পারে, সে আভাস তিনি জাতিকে সব সময়েই দিয়াছেন। নির্বাচনী প্রচার সভাগুলিতেও তিনি জনগণের কাছে সমস্ত পরিস্থিতি ব্যাখ্যা করিয়া দুইটি জিনিস চাহিয়াছেন; একটি ভোট আরেকটি আপোষহীন সংগ্রামের ওয়াদা। তিনি বলিয়াছেন নির্বাচনী রায়ের মাধ্যমে বিশ্ববাসীকে দেখাইতে হইবে আমরা কি চাই। আর আমাদের আশা-আকাঙ্ক্ষা এবং আত্মপ্রতিষ্ঠার প্রচেষ্টা যদি বানচাল করিয়া দেওয়ার চেষ্টা চলে একযোগে শত্রুর বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইতে হইবে। সুতরাং আমাকে শুধু ভোট দিলেই চলিবে না। যখন সংগ্রামের ডাক দিব, তখন সর্বাত্মক সংগ্রামের জন্য প্রস্তুত থাকিতে হইবে।

১৯৭০ সালের ৪ঠা জানুয়ারী ছাত্রলীগের প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দানকালে ছাত্রলীগের প্রতিষ্ঠাতা বঙ্গবন্ধু শেখ মুজিব বলিয়াছিলেন, 'ছয়দফা' যদি মানিয়া লওয়া না হয় তখন কয় দফা দিতে হইবে সে আমি জানি। সময় যখন আসিবে, আমি বিপ্লবের ডাক দিব। প্রস্তুত থাকিও। উপকূলীয় প্রলয় বিধ্বস্ত এলাকা সফর শেষে ২৩শে নভেম্বর ঢাকার হোটেল শাহবাগে ২ শতাধিক দেশী-বিদেশী সাংবাদিকের এক সমাবেশে বঙ্গবন্ধু দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করেন নিয়মতান্ত্রিক পথে আমাদের অধিকার আদায়ের প্রয়াস যদি বানচাল করিয়া দেওয়া হয় বিশ্ববাসী আর ষড়যন্ত্রকারী শাসক-শোষকেরা জানিয়া রাখুক সংগ্রামের মাধ্যমেই আমরা উহা আদায় করিব। যে দশ লক্ষ মানুষ দুর্ভাগা বাংলার উপকূলে প্রলয় রাত্রির হিংস্র ছোবলে প্রাণ হারাইয়াছে, তাদের আত্মার প্রতি আমাদের ইহাই দৃঢ় অঙ্গীকার। প্রয়োজবোধে আরও দশ লক্ষ লোক শহীদ হইব। কিন্তু তবু আমরাই আমাদের শাসন করিব, বাংলাকেই করিয়া তুলিব বাংলার ভাগ্যবিধাতা।

তরিকুল আলম

বসিরহাট।

প্রঃ- বাংলাদেশ সম্পূর্ণভাবে শত্রুমুক্ত হইবার পর কারা স্বাধীন বাংলার শাসনতন্ত্র প্রণয়ণ করিবেন?

উঃ- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাহার যে সব অনুসারী নির্বাচিত গণপ্রতিনিধিরা মহান মর্যাদা রক্ষা করিয়া বাংলাদেশের মুক্তিযুদ্ধ চালাইয়া যাইতেছে।

শফিকুল আলম

বসিরহাট

প্রঃ- যে সামন্য কয়েকজন আওয়ামী লীগ দলীয় পরিষদ সদস্য বিশ্বাসঘাতকতা করিয়া শত্রুর সঙ্গে হাত মিলাইয়াছে স্বাধীন বাংলায় তাদের স্থান হইবে কোথায়?

উঃ- কবরে। ৩রা জানুয়ারী ঢাকার রেসকোর্স ময়দানে নির্বাচিত গণপ্রতিনিধিদের শপথ গ্রহণ অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানই জনগণের প্রতি সুস্পষ্ট নির্দেশ প্রদান করিয়াছেন। নির্বাচিত সদস্যদের যদি কেউ দেশ ও দেশবাসীর সঙ্গে বেঈমানী করে তাকে জ্যান্ত কবর দিয়া দিও।

সেলিনা আখতার

সিলেট।

প্রঃ- বিদেশে শাসন ক্ষমতায় অধিষ্ঠিত ব্যক্তিদের মধ্যে বাংলাদেশের জনগণের সব চাইতে বড় বন্ধু এবং সব চাইতে বড় দুশমন কে?

উঃ- সব চাইতে বড় বন্ধু ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী আর সব চাইতে বড় দুশমন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নিক্সন।

আতাহার আলী

কুষ্টিয়া।

প্রঃ- আমি একজন ছোট দোকানদার। বাংলাদেশ স্বাধীন হইলে কি আমার ভাগ্য পরিবর্তিত হইবে?

উঃ- বাঙ্গালী জাতির ভাগ্য তো সুখে দুঃখে একই সূত্রে গাঁথা। সুতরাং আপনার একার ভাগ্য পরিবর্তনের প্রশ্ন তো অবান্তর। সামগ্রিকভাবে জাতির ভাগ্য পরিবর্তনের জন্যই তো এত রক্তপাত, এত ত্যাগ তিতিক্ষা- এই স্বাধীনতার সংগ্রাম।

জনৈক মুক্তিযোদ্ধা

ফরিদপুর।

প্রঃ- হাজার হাজার বাঙ্গালী যখন অস্ত্র লইয়া শত্রুর সঙ্গে যুদ্ধ করিতেছে, তখন আপনারা রণাঙ্গন হইতে দূরে নিরাপদ আশ্রয়ে বসিয়া কাপুরুষের মত কলমবাজি করিতেছেন। লজ্জা করে না আপনাদের।

উঃ- না। আপনার মত আমাদের যে সব বীর ভাই বন্ধু জীবনের ঝুঁকি লইয়া রণাঙ্গনে শত্রুর মোকাবিলা করিতেছেন তাদের অবদানের কোন তুলনা নাই। তবে একটা কথা, কলমবাজি করিতেছি ব্যবসায়িক স্বার্থে নয়- দেশ ও নেতার আদর্শের বাণী প্রচারের প্রয়োজনে। মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কারামুক্তি এবং জননী বাংলার শৃঙ্খল মোচনের সাধারণ লক্ষ্য অর্জনের উদ্দেশ্যেই আপনারা যেমন সমরাস্ত্রের সাহায্যে যুদ্ধ করিতেছেন, আমরা কলমের সাহায্যে লড়াই করিতেছি। আপনারা এবং আমরা একই যুদ্ধের দুই পৃথক ফ্রন্টের সৈনিক। একই 'হাই কম্যাণ্ডের' নির্দেশ অনুযায়ী যুদ্ধের প্রয়োজনেই আপনারা রণাঙ্গনে, আমরা পত্রিকা অফিসে। একই সংগঠনের আমরা সদস্য। আমাদের মধ্যে এ ধরণের ভুল বুঝাবুঝির অবকাশ না থাকাই কি সমীচীন নয়?

শ্রীকৃষ্ণ

বাগদা।

প্রঃ- ভুট্টো এখন কি করিতেছে?

উঃ- পাকিস্তানের প্রধানমন্ত্রী হওয়ার খায়েশ তার চুরমার হইয়া গিয়াছে। তাই বাংলাদেশের আশা ছাড়িয়া 'নতুন পাকিস্তান' গঠনের চেষ্টা-তদ্বিরে ব্যস্ত। আরেকটা ডিউটি আছে তার। ইয়াহিয়ার জুতা পালিশ করা।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় এই যুক্ত কর্মদ্যোগকে সংগ্রামের সকল স্তরে ছড়াইয়া দিন	নতুন বাংলা ১ম বর্ষঃ ৫ম সংখ্যা	১৬ সেপ্টেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

এই যুক্ত কর্মদ্যোগকে

সংগ্রামের সকল স্তরে ছড়াইয়া দিন

যুদ্ধকালীন অবস্থায় বাংলাদেশ সরকারকে প্রয়োজনীয় পরামর্শ দানের জন্য বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে অংশ গ্রহণকারী দলগুলির এক বৈঠকে একটি সর্বদলীয় উপদেষ্টা কমিটি গঠন করা হইয়াছে। আওয়ামী লীগ, ন্যাপ, কমিউনিস্ট পার্টি, মওলানা ভাসানী পরিচালিত ন্যাপ, জাতীয় কংগ্রেসের এই যৌথ উদ্যোগকে বাংলাদেশের সংগ্রামী জনগণ অভিনন্দন জানাইবে। সাধারণ শত্রুর বিরুদ্ধে সংগ্রামের ঐক্যবদ্ধ ফ্রন্ট গঠন ব্যতীত সাফল্য অর্জন দুরূহ। বিশেষতঃ যেখানে আমাদের একটি সুশিক্ষিত ও আধুনিক অস্ত্র-সজ্জিত নিয়মিত সেনাবাহিনীর মোকাবেলা করিতে হইতেছে। যেখানে লক্ষ্য এক সেখানে পৃথক পৃথকভাবে শত্রুর বিরুদ্ধে লড়াই পরিচালনা সময় ও শক্তির অপচয়। শত্রুকে বিভিন্ন ফ্রন্টে পর্যুদস্ত করার জন্য সমস্ত জাতির সহযোগিতা সকল দলের ঐক্যবদ্ধ কর্মদ্যোগের মধ্যে প্রতিফলিত হইবে, স্বাভাবিকভাবেই দেশবাসী ইহা আশা করিয়াছে। বিভিন্ন দলের নেতৃবৃন্দ সমন্বেয়ে গঠিত ৮ সদস্যবিশিষ্ট উপদেষ্টা কমিটি তাহাদের সেই আশা পুরা করিতে সক্ষম হইবে বলিয়া আমরা ধরিয়া লইতে পারি।

সংগ্রামী দেশবাসী ও বিভিন্ন দলের সাধারণ কর্মীগণ এইভাবে ঐক্যবদ্ধ সংগ্রামে শামিল হইলেও প্রায় ছয় মাস যাবৎ শত্রুর বিরুদ্ধে সশস্ত্র সংগ্রামে লিপ্ত দলগুলি যার যার নিজস্ব পরিকল্পনা লইয়া শত্রুর বিরুদ্ধে সাধ্যমত লড়াই করিতেছিল। সুনিশ্চিতভাবে বলা চলে সাধারণ শত্রুর বিরুদ্ধে চূড়ান্ত সংগ্রামে আপন আপন পথে চলার নজীর দেশবাসী খুব ভাল চোখে দেখিতে পারে না। কারণ, সংগ্রামে জয়ের পথ ইহাতে অহেতুক জটিল ও দীর্ঘ হয়। পারস্পরিক সহযোগিতার স্থলে দেখা দেয় ভুল বুঝাবুঝি।

শত্রুর বিরুদ্ধে ঐক্যবদ্ধ ফ্রন্ট গঠনের কতিপয় পন্থা রহিয়াছে। দ্বিতীয় মহাযুদ্ধের সময় দেখা গিয়াছে যে, বৃটেনের রক্ষণশীল মন্ত্রীসভায় শ্রমিকদলীয় সদস্যদের গ্রহণ করা হইয়াছে। এইভাবে সরকার গঠনের ক্ষেত্রে সকল মতের প্রতিনিধিস্থানীয় দলকে গ্রহণ করিয়া সাধারণভাবে নাজীবাদের বিরুদ্ধে তাহারা ঐক্যবদ্ধ সংগ্রাম চালাইয়াছে। মন্ত্রীসভায় বিভিন্ন দলকে গ্রহণ করিয়া মুক্তফ্রন্ট গঠন করা যাইতে পারে। দ্বিতীয় পন্থা হইল ঐক্যবদ্ধ জাতীয় মুক্তিফ্রন্ট গঠন। ভিয়েতনাম, প্যালেষ্টাইন প্রভৃতি কোন সাম্রাজ্যবাদের সমর্থনপুষ্ট ও সাহায্যপ্রাপ্ত চরম প্রতিক্রিয়াশীল সরকারের বিরুদ্ধে সংগামরত বিভিন্ন দলের নেতৃবৃন্দ সমন্বয়ে এই রকম যুক্তফ্রন্ট গঠন করা হয়। এই ধরণের যুক্তফ্রন্ট শত্রুর বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা হইতে মুক্ত এলাকায় শাসন ব্যবস্থা প্রভৃতি সংগ্রামের সকল স্তরে একটি সর্বোচ্চ পরিষদ হিসাবে কাজ করে। ইহার অধীনে যুদ্ধ পরিচালনার জন্য থাকে সমর পরিষদ এবং মন্ত্রী পরিষদ।

ইহা ছাড়া তৃতীয় একটি পন্থা রহিয়াছে। বিভিন্ন দলের কর্মপন্থার মধ্যে সমন্বয় সাধন এবং কিভাবে শত্রুর বিরুদ্ধে অগ্রসর হইতে হইবে সে সম্পর্কে পরামর্শ দানের জন্য উপদেষ্টা কমিটি বা পরিষদ গঠন। উপদেষ্টা

* নতুন বাংলা। বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টির সাপ্তাহিক মুখপত্র। বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (সভাপতিঃ অধ্যাপক মোজাফফর আহমদ) কর্তৃক বাংলাদেশ হতে মুদ্রিত ও প্রকাশিত।

কমিটি গঠনের প্রকৃতি ও উদ্দেশ্য হইতে স্থির করা হয় যে উহা মন্ত্রিসভার অদীনে শুধুমাত্র সময়ে পরামর্শ দিবে, না ইহা মন্ত্রিসভার সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করিবে। কখনও কখনও এই ধরণের উপদেষ্টা কমিটি মন্ত্রিসভার অধীন হইয়া পড়ে আবার কখনও ইহা মন্ত্রিসভার সমান্তরাল ক্ষমতার অধিকারী হইয়া মন্ত্রিসভার সিদ্ধান্তকে গুরুত্বপূর্ণভাবে প্রভাবিত করে। উপরন্তু অনেক ক্ষেত্রে উপদেষ্টা কমিটি গঠন করিয়া সরকার জনসাধারণের দাবী দাওয়া বিবেচনার নামে একটি রক্ষাবর্ম সৃষ্টি করে। অতীতে আমাদের দেশে প্রশাসনিক ক্ষেত্রে এ ধরণের বহু অধ্যায় সংযোজিত হইয়াছে। কিন্তু কার্যকালে এই সব কমিটির তৎপরতা কাগজপত্রে সীমাবদ্ধ ছিল।

যুদ্ধকালীন অবস্থায় বাংলাদেশ সরকারকে পরামর্শ দানের জন্য এই সর্বদলীয় উপদেষ্টা কমিটির গুরুত্ব অনেক। প্রথমতঃ শত্রুকে আঘাত হানার ক্ষেত্রে কার্যকরভাবে সকল দলের মধ্যে সহযোগিতার পথ উন্মুক্ত হইয়াছে। দ্বিতীয়তঃ বিভিন্ন দলের কর্মপ্রচেষ্টা ক্ষুদ্র অথবা বৃহৎ যাই হউক না কেন- ভিন্ন ভিন্ন খাতে প্রবাহিত হইয়াছে। লক্ষ্য এক হওয়া সত্ত্বেও এই প্রাবহগুলিকে তুলনা করা চলে নদীর সাথে। ছোট বড় সকল নদীই সমুদ্রে মিলায়। কিন্তু প্রবাহগুলিকে একটি প্রকাণ্ড খাতে পরিচালিত করিলে উহাতে সর্বাপেক্ষা বেশী বেগের সঞ্চার হয়। বিভিন্ন দলের আওতায় মুক্তিযোদ্ধাদের বিভিন্ন সংগ্রামকে একটি সুষ্ঠু পরিকল্পনামাফিক ঐক্যবদ্ধ পথে পরিচালনা করিলে উহা হইতে সর্বাধিক ফল পাওয়া যায়। তৃতীয়তঃ এই উপদেষ্টা কমিটিতে যে নেতৃবৃন্দ রহিয়াছেন তাহাদের পশ্চাতে রহিয়াছে দীর্ঘদিনের সংগ্রামী ঐতিহ্য। পরাধীন আমলে বৃটিশ সাম্রাজ্যবাদীবিরোধী সংগ্রামে এবং পাকিস্তান প্রতিষ্ঠার পর স্বৈরাচারী সরকারের বিরোধী সংগ্রামের অগ্নিপরীক্ষায় ইহারা সকলেই উত্তীর্ণ সৈনিক। সুতরাং অতীতের প্রথম সারির সৈনিকগণ আমাদের এই মুক্তিযুদ্ধকে ঐক্যবদ্ধভাবে পরিচালনা করিলে জনগণের মনে অভূতপূর্ব উৎসাহ উদ্দীপনার সঞ্চার হইবে ইহা বলাই বাহুল্য।

এই উপদেষ্টা কমিটির নিকট হইতে আমরা এমন কর্মপন্থা আশা করিব যে, যুদ্ধ প্রচেষ্টার সমস্ত ক্ষেত্র হইতে রণক্ষেত্র পর্যন্ত এই ঐক্যের বিশাল বলিষ্ঠ কার্যকর্ম সক্রিয় থাকে।

রণক্ষেত্রে ও প্রচারণাযুদ্ধে শত্রুর মোকাবেলার জন্য এই যক্তি পদক্ষেপের ফল ইতিমধ্যেই ফলিতেছে। অধিকৃত বাংলাদশের পুতুল গভর্নর ডাঃ মালিক কর্তার ইচ্ছায় প্রতিধ্বনি করিয়া আওয়ামী লীগ নেতাদের সহিত আলোচনার ইচ্ছা প্রকাশ করিয়াছেন। শত্রু এই ঐক্যবদ্ধ শক্তির ভয়ে এমনই বেসামাল হইয়া পড়িয়াছে যে তাহারা এখন প্রলাপ বকিতেছে। শেখ মুজিবুর রহমানকে মুক্তিদানের জন্য বিশ্বব্যাপী দাবী সম্পর্কে নিশ্চুপ থাকিয়া আওয়ামী লীগের সহিত আলোচনার ইচ্ছা প্রকাশের মত নির্বোধ পুনরুক্তি করিতেছে।

শত্রুর বিরুদ্ধে আমরা সাড়ে সাত কোটি বাঙ্গালী এক সার্বিক যুদ্ধে রত। এই সার্বিক যুদ্ধে সর্বক্ষেত্রে সমন্বয় সাধনের জন্য সংগ্রামী সকল দল মতকে আরও ঘনিষ্ঠ সহযোগিতার পথে অগ্রসর হইতে হইবে। এই উপদেষ্টা কমিটি আমাদের সংগ্রামী ঐক্যের প্রতীক। ইহাকে সংগ্রামের সকল স্তরে যুক্ত কর্মদ্যোগের মধ্যে ছড়াইয়া দিতে হইবে। সংগ্রাম পরিচালনার সকল স্তরে কীভাবে সুষ্ঠু সমন্বয় সাধন করা যায় তাহা ছাড়ও ঐক্যবদ্ধ নেতৃত্বের অধীনে সকল সংগ্রামী এই শরিক দলগুলিকে আরও তৎপর করিতে হইবে, ইহাদের মধ্যেকারে সম্পর্ককে আরও ঘনিষ্ঠ করিতে হইবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
আপোষ নয়, পূর্ণ স্বাধীনতা পাঁচ পার্টির যুক্ত ঘোষণা	নতুন বাংলা মুজিবনগরঃ ৫ম সংখ্যা	১৬ সেপ্টেম্বর, ১৯৭১

আপোষ নয়, পূর্ণ স্বাধীনতা
পাঁচ পার্টির যুক্ত কমিটি গঠন ও যুক্ত ঘোষণা

(বিশেষ প্রতিনিধি)

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম পরিচালনার ব্যাপারে বাংলাদেশ সরকারকে উপদেশ প্রদানের জন্য বাংলাদেশের পাঁচটি রাজনৈতিক দলকে লইয়া একটি উপদেষ্টা (কনসালটেটিভ) পরিষদ গঠিত হইয়াছে। এই রাজনৈতিক দলগুলি হইতেছে আওয়ামী লীগ, বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি, ভাসানী পন্থী ন্যাপ, বাংলাদেশের কমিউনিষ্ট পার্টি ও বাংলাদেশ ন্যাশনাল কংগ্রেস।

গত বুধবার মুজিব নগরে অনুষ্ঠিত ঐ পাঁচটি রাজনৈতিক দলের শীর্ষ স্থানীয় নেতৃবৃন্দের এক যুক্ত বৈঠকে উপরোক্ত উপদেষ্টা পরিষদ গঠিত হয়। বৈঠকে গৃহীত এক প্রস্তাবে ঘোষণা করা হয় যে, বাংলাদেশের স্বাধীনতার প্রশ্নে কোন আপোষ হইবে না- পূর্ণ স্বাধীনতা অর্জন না হওয়া পর্যন্ত সংগ্রাম অব্যাহত থাকিবে। বৈঠকে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের পক্ষে প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ, পররাষ্ট্রমন্ত্রী জনাব খোন্দকার মোশতাক আহমদ, জনাব মনসুর আলী, জনাব কামরুজ্জামান, জনাব আবদুস সামাদ, বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টির পক্ষে অধ্যাপক মোজাফফর আহমদ, ভাসানীপন্থী ন্যাপের পক্ষে মওলানা আবদুল হামিদ খান ভাসানী, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির পক্ষে শ্রী মণি সিং এবং বাংলাদেশ ন্যাশনাল কংগ্রেসের পক্ষে শ্রী মনোরঞ্জন ধর।

যেই উপদেষ্টা পরিষদটি গঠিত হইয়াছে, উহার সদস্যসংখ্যা ৮ জন। এই সদস্যবৃন্দ হইতেছেনঃ মওলানা আবদুল হামিদ খান ভাসানী (ভাসানীপন্থী ন্যাপ), শ্রী মণি সিং (বাংলাদেশের কমিউনিস্ট পার্টি), শ্রী মনোরঞ্জন ধর (বাংলাদেশ ন্যাশনাল কংগ্রেস), অধ্যাপক মোজাফফর আহমদ (বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি) এবং বাংলাদেশ সরকারের পক্ষে প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ ও পররাষ্ট্রমন্ত্রী জনাব খোন্দকার মোশতাক আহমদ। পরিষদে আওয়ামী লীগের পক্ষে দুইজন সদস্য থাকিবেন। তাঁহাদের নাম পরে জানান হইবে।

পরিষদের বৈঠক পরিচালনা করিবেন প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ। পরবর্তী বৈঠক খুব শীঘ্রই অনুষ্ঠিত হইবে বলিয়া জানা যায়।

প্রস্তাবাবলীঃ

গত বুধবারের পাঁচ পার্টির ঐ যুক্ত বৈঠকে মোট ৭টি প্রস্তাব গ্রহণ করা হয়। প্রস্তাবাবলীর সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদত্ত হইলঃ

সভায় শেখ মুজিবের বিচার প্রহসনের গভীর ক্ষোভ প্রকাশ করা হয়। এই বিচার প্রহসন বন্ধ করার জন্য জাতিসংঘ ও বিশ্বের সকল শক্তির প্রতি আহবান জানান হয়।

সভায় বাংলাদেশ সরকারের প্রতি আন্তরিক আস্থা ও পূর্ণ সমর্থন প্রকাশ করা হয়।

এক প্রস্তাবে বাংলাদেশ সরকারকে স্বীকৃতি প্রদান ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের বাস্তবতা স্বীকার করিয়া লওয়ার জন্য ভারত ও বিশ্বের দেশগুলির প্রতি আহবান জানান হয়।

সভায় মুক্তি সেনানীদের প্রতি অভিনন্দন জানান হয়।

সভায় গৃহীত এক প্রস্তাবে ভারতে আশ্রয় গ্রহণকারী শরণার্থীদের সেবা ও যত্নের জন্য ভারত সরকার ও জনগণের প্রতি আন্তরিক অভিনন্দন জানান হয়।

এক প্রস্তাবে শোষণের শৃঙ্খল হইতে মুক্ত হইবার সংগ্রামে লিপ্ত পশ্চিম পাকিস্তানের জনগণের সংগ্রামের প্রতি সমর্থন জানান হয় এবং তাদেরকে বাংলাদেশের সংগ্রাম সমর্থন করার আহবান জানান হয়।

অপর এক প্রস্তাবে ঘোষণা করা হয় যে, রাজনৈতিক সমাধান বলিতে পূর্ণ স্বাধীনতা ছাড়া বাংলাদেশের জনগণের নিকট অন্য কিছু গ্রহণযোগ্য নহে। স্বাধীনতার মূল্য যদি রক্ত দিয়াই দিতে হয়, তাহা হইলে বাংলাদেশের জনগণ প্রতি ঘন্টায় উহা দিয়া যাইতেছে।

বিভিন্ন মহলের অভিনন্দন

বিভিন্ন মহল বাংলাদেশের মুক্তি সংগ্রাম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ সরকারকে পরামর্শ দানের জন্য এই উপদেষ্টা পরিষদ গঠনকে অভিনন্দিত করিয়াছেন। তন্মধ্যে ভারতের সরকারী মহল ও বাংলাদেশের মুক্তি সংগ্রামের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলিয়া বর্ণনা করেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ঢাকা শহর বন্দী শিবিরে পরিণত	নতুন বাংলা ১ম বর্ষঃ ৫ম সংখ্যা	১৬ সেপ্টেম্বর, ১৯৭১

ঢাকা শহর বন্দী শিবিরে পরিণত

(নিজস্ব বার্তা পরিবেশক)

ইয়াহিয়ার দস্যু বাহিনী ঢাকা শহরকে এখন কার্যতঃ বন্দী শিবিরে পরিণত করিয়াছে। উপর্যুপরি কম্যাণ্ডো ও গেরিলা আক্রমণে ভীত হইয়াই এই ব্যবস্থা লওয়া হইয়াছে। কিন্তু এতদসত্ত্বেও মুক্তিবাহিনীর তৎপরতা বন্ধ হয় নাই।

পাকিস্তানী বাহিনী শহরের নিরাপত্তা ব্যবস্থা আরও কঠোর করিতেছে। বুড়িগঙ্গা নদীতে সশস্ত্র টহলদার বাহিনী গানবোট ও লঞ্চ যোগে দিবারাত্র ঘোরাফেরা করিতেছে। শহরের সহিত অন্যান্য স্থানের যোগাযোগ একেবারেই নাই বলিলেই চলে। শহর হইতে বাহিরগামী সড়কসমূহের প্রবেশ পথে সশস্ত্র বাহিনী ও কড়া চেক পোষ্ট ব্যবস্থা মোতায়েন করা হইয়াছে।

সেনাবাহিনীর কঠোর নিয়ন্ত্রণে ঢাকা ও বরিশালের মধ্যে লঞ্চ চলাচল করিতেছে। ইহাও আবার অনিয়মিত। সন্ধ্যা হইলেই স্থল ও জলপথে যানবাহন চলাচল বন্ধ হইয়া যায়। পানির ট্যাঙ্কসমূহ ও বিদ্যুৎ কেন্দ্রগুলিতে সেনাবাহিনীর ২৪ ঘন্টা প্রহরা মোতায়েন রহিয়াছে।

সেনাবাহিনীর লোকেরা জামাতে ইসলামী ও মুসলিম লীগের রাজাকার গুণ্ডাদেরকে লইয়া বিভিন্ন রাত্রে বিভিন্ন মহল্লা ঘেরাও করে ও তল্লাশী চালায়। সাধারণত যেসব এলাকায় বোমা বিস্ফোরণ ঘটিয়া থাকে, সেই সব এলাকাতেই এই ধরনের অভিযান চালান হয়। কিন্তু ইহাতেও শহরবাসীর মনোবল দমিয়া যায় নাই। মুখ ফুটিয়া প্রকাশ্যে হয়ত তাহারা কিছু করিতে পারিতেছে না; কিন্তু শত্রুকে চরম আঘাত হানার সংকল্প তাহাদের দৃঢ়তর হইতেছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় রাজনৈতিক পরিক্রমা	নতুন বাংলা ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	১৬ সেপ্টেম্বর, ১৯৭১

রাজনৈতিক পরিক্রমা

(ভাষ্যকার)

নিক্সন সরকার জঙ্গী-ইয়াহিয়া সরকারকে অস্ত্র দিতেছে ও অর্থ সাহায্য করিতেছে। বাংলাদেশের গণহত্যার নায়ককে মার্কিন সরকারের এই খোলাখুলি সক্রিয় সমর্থনে বিশ্বের শান্তি ও স্বাধীনতাকামী জনগণ 'স্বাধীন দুনিয়া ও গণতন্ত্রের পূজারী' ও একচেটিয়া স্বত্বাধিকারী আমেরিকার নিন্দায় মুখর হইয়া উঠিয়াছে। খোদ আমেরিকায় জনসাধারণ নিক্সন সরকারের এই ভূমিকায় ক্ষুব্ধ। বাংলাদেশে যাহারা মুক্তি সংগ্রামের প্রথম দিন গুলিতে মার্কিন সমর্থনের মোহ মনে পোষণ করিয়াছিলেন, তাঁহাদের মোহভঙ্গ হইয়াছে। বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ হত্যা, নির্যাতন, লুণ্ঠনের মুখে মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকা হইতে সাম্রাজ্যবাদের আসল চেহারাটা চিনিয়াছে।

কিন্তু মার্কিন মুল্লুকে গলব্রেথ সাহেবরা নিক্সন সরকারের খোলাখুলি সমর্থনে বিব্রত বোধ করিতেছেন। সুতরাং বাংলাদেশের ব্যাপারে তাহাকে কিছু বলিতে হয়। হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক গলব্রেথ সাহেব তাই ভারতে ছুটিয়া গিয়াছেন। এক সময় তিনি ভারতে মার্কিন রাষ্ট্রদূত ছিলেন। সেই সুবাদে তিনি কলিকাতায় আসিয়া বাংলাদেশ সমস্যার একটা সমাধান বাতলাইয়াছেন। স্বায়ত্তশাসন নাকি বাংলাদেশ সমস্যার একমাত্র সমাধান। গলব্রেথ সাহেব হয়তো না জানার ভান করিয়াছেন। তাহাকে আমরা সবিনয়ে স্মরণ করাইয়া দিতেছি যে স্বায়ত্তশাসন চাহিবার অপরাধেই ইয়াহিয়া খান বাংলাদেশে নরমেধযজ্ঞ শুরু করিয়াছে। ১০ লক্ষ লোককে হত্যা করার পর, ইজ্জত নষ্ট করার পর, ৮০ লক্ষ শরণার্থীকে নিঃস্ব করিয়া ভারতে ঠেলিয়া দিবার পর পাকিস্তানের কাঠামোর মধ্যে বাংলাদেশের সমস্যার সমাধান আর সম্ভব নয়। লক্ষ লক্ষ প্রাণের বিনিময়ে রক্তের দাম দিয়া বাঙ্গালীরা পরিপূর্ণ মুক্তি কিনিয়া লইবে। সুতরাং গলব্রেথের মতে 'সকল সভ্য মানুষ ও পাকিস্তানের অধিকাংশ লোক কামনা করিলে কী হইবে।' জানিনা গলব্রেথ সভ্য মানুষ বলিতে খুনী ইয়াহিয়ার বন্ধুদের কথা বুঝাইয়াছেন কিনা এবং পাকিস্তানের অধিকাংশ লোক বলিতে কি তাহাদের প্রাণের ভুট্টো সাহেবদের কথা বুঝাইতে চাহেন কিনা। কিন্তু 'ন্যাড়া ক'বার বেলতলা যায়?' গত ২৪ বছর বাঙ্গালীরা ঠকিয়া শিখিয়াছে, মুহুর্মুহু রক্ত ঢালিয়া বুঝিয়াছে যে, স্বাধীনতা ছাড়া কোন পথ খোলা নাই। স্বাধীন বাংলাদেশ সরকারের অস্তিত্ব অস্বীকার করিয়া পাশ কাটাইয়া সমস্যা সমাধানের প্রস্তাব যে কোন মহল হইতেই আসুক না কেন বাঙ্গালীরা তাহা ঘৃণা ভরেই প্রত্যাখ্যান করিবে এবং করিয়াছেও।

আপোষের পথে টানিবার জন্য বন্দী শেখ মুজিবুর রহমানকে নাকি পরোক্ষভাবে মার্কিন সরকার টোপ ফেলিয়াছে। তাহার পাশাপাশি গলব্রেথ সাহেবদের এধরণের উক্তি উদ্দেশ্যমূলক। শেখ মুজিবুরকে একদিকে মুক্তিপণ হিসাবে ব্যবহারের চেষ্টা এবং অপরদিকে মার্কিন সরকারের সমালোচকের ভূমিকায় নামিয়া পাকিস্তানের পক্ষে ক্যানভাস করার কৌশল খাটাইয়া কোন লাভ নাই। মার্কিন ক্ষমতাশীল দল ও বিরোধীদলের এই ধরনের আপাতঃ পরস্পর বিরোধী ভূমিকাটা স্বচ্ছ একটা অভিনয়। বাংলাদেশের লোক আর সাম্রাজ্যবাদের ধোঁকায় ভুলিবে না।

ঠাকুর ঘরে কে - আমি কলা খাই নাই

অধিকৃত বাংলাদেশের পুতুল গভর্নর ডাঃ মালিক, আওয়ামী লীগ নেতাদের সহিত আলোচনা বৈঠকে বসিবার ইচ্ছা প্রকাশ করিয়া একটা ঘোষণা দিয়াছেন। পাকিস্তান সরকারের বিশ্বাসভাজন এই বনেদী মোসাহেবটি প্রভুর অনুগ্রহলাভে ধন্য মনে করিয়া মাথা ঠিক রাখিতে পারিতেছেন না। পাছে লোকে তাহাকে বলে যে, তিনি ইসলামাবাদের হিজ মাষ্টার ভয়েস। তাই সাত তাড়াতাড়ি বলিয়াছেন 'আসলে তাকে প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের অথবা অন্য কাহারও হাতের পুতুল বলিয়া মনে করার প্রশ্ন উঠে না। এ যেন ঠাকুর ঘরে কে? 'আমি কলা খাইনি' গোছের জবাব। দশ লক্ষ বাঙ্গালীর লাশের উপর দিয়া যিনি গদীতে আরোহণ করিয়াছেন, শত সহস্র মা-বোনের ইজ্জত নষ্ট করার পরও যিনি নির্বিকার থাকিতে পারেন ও নরঘাতকদের সহিত সহযোগিতা করিতে পারে তাঁহাকে বাঙ্গালী মাত্রই মীরজাফর বলিয়া মনে করে।

ইহার পরও তিনি বলিয়াছেন, ''আমি ইয়াহিয়ার হাতের পুতুল নই।'' আমাদের জিজ্ঞাসা- কুকুরে লেজ নাড়ে নাই, তবে কি লেজটি কুকুরটাকে নাড়িতেছে?

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সাম্রাজ্যবাদের ট্রয়ের ঘোড়া পাকিস্তান	নতুন বাংলা ১ম বর্ষঃ ৫ম সংখ্যা	১৬ সেপ্টেম্বর, ১৯৭১

সাম্রাজ্যবাদের ট্রয়ের ঘোড়া পাকিস্তান

আলী ইমাম

পাকিস্তান একটি অস্বাভাবিক রাষ্ট্র। আর এই অবাস্তব রাষ্ট্র টিকাইয়া রাখার জন্য চাই ফ্যাসিষ্ট সরকার। গত ২৪ বছরের ইতিহাস ইহার সাক্ষ্য। পাকিস্তান কায়েম হওয়ার পর আজ পর্যন্ত ইহার কোন শাসনতন্ত্র রচনা করা হয় নাই। কারণ পাকিস্তানের শাসকবর্গের নিকট ইহা কাম্য ছিল না। সীমাহীন অত্যাচার নিপীড়ন, জেলজুলুম আর গুলি চালাইয়া পাকিস্তানী শাসকবর্গ ইহার দ্বিজাতিতত্ত্বের মিথ (myth) কোন মতে ঠেকা দিয়া দাঁড় করাইয়া রাখিয়াছিল। আজ বাংলাদেশের মুক্তি সংগ্রাম সেই দ্বিজাতিতত্ত্বকে উপড়াইয়া ফেলিয়াছে।

ফ্যাসিষ্ট ইয়াহিয়া চক্রটি গত ২৪ বছর যাবৎ সযত্ন লালিত বিষবৃক্ষের ফল। দ্বিতীয় মহাযুদ্ধোত্তর কালে সারা পৃথিবীতে উপনিবেশ ও আধা উপনিবেশ দেশগুলিতে জাতীয় মুক্তি সংগ্রাম শুরু হয়। এই মুক্তিসংগ্রামের মুখে সাম্রাজ্যবাদ পিছু হঠিতে থাকে। কিন্তু উপনিবেশ হইতে চলিয়া যাওয়ার সময় বিভিন্নভাবে তাহাদের স্বার্থেরও খুঁটাটা শক্ত করিয়া রাখিয়া যায়।

বৃটিশ সাম্রাজ্যবাদের সুচতুর চালে এবং মুক্তি সংগ্রামের দুর্বলতার জন্য এশীয় ভূখণ্ডে পাকিস্তান রাষ্ট্রকে ট্রয়ের ঘোড়া হিসাবে ব্যবহারের পরিকল্পনা করে। ধর্ম ও ভারতদ্বেষিতাকে মূলধন করিয়া ই পাকিস্তান তাহার ঐক্য অর্থাৎ পাকিস্তানী পুঁজিপতি ও ভূ-স্বামীদের শোষণের স্বর্গ অটুট রাখিতে চাহিয়াছে। ইহাই পাকিস্তানের আভ্যন্তরীণ নীতি। বৈদেশিক ক্ষেত্রে সাম্রাজ্যবাদের সৃষ্ট এই ট্রয়ের ঘোড়া সকলদেশের মুক্তি সংগ্রামের ক্ষতি সাধনে তৎপর রহিয়াছে। মিত্রের ছদ্মবেশে এবং ধর্মীয় ভ্রাতৃত্বের ঐক্যের বুলির আড়ালে সাম্রাজ্যবাদের এই বাহনটি ব্যবহার করা হইতেছে।

১৯৫৬ সালে বৃটেন, ফ্রান্স ও ইসরাইল যখন একযোগে মিসর আক্রমণ করে তখন পাকিস্তান সরকার বৃটেনের প্রতি সমর্থন জানাইয়াছিল। ক্ষুব্ধ নাসের তৎকালীন পাকিস্তানী জৈনক মন্ত্রীকে মিসরে ঢুকিতে বারণ করিয়াছিলেন। বান্দুং সম্মেলনও পাকিস্তান ব্যর্থ করিতে চাহিয়াছিল। কিন্তু সাধ্যে কুলায় নাই। পঞ্চশীলার স্থলে পাকিস্তানের 'সপ্ত-স্তম্ভের' নীতি পাল্টা দাঁড় করাইবার প্রয়াস হইতে ইহা বুঝা যায়। হাভানায় ত্রিমহাদেশীয় সম্মেলনেও কাশ্মীর সমস্যাকে চাল হিসাবে ব্যবহার করিতে চাহিয়াছিল।

কিন্তু সাম্রাজ্যবাদের এই ট্রয়ের ঘোড়াটি মধ্যপ্রাচ্যের বিভিন্ন মুক্তি সংগ্রামে ও জাতীয় স্বাধিকার সংগ্রামের সর্বাপেক্ষা ক্ষতি করিয়াছে ও ক্ষতি সাধন করিতেছে। মুখে ইসলামী ভ্রাতৃত্বের বুলি আওড়াইয়া সাম্রাজ্যবাদের এই সেব্যদাসী ইঙ্গ-মার্কিন প্রভুর মনস্তুষ্টি সাধনে ব্যগ্র।

মধ্যপ্রাচ্যে বাগদাদ প্যাক্ট ও দক্ষিণ পূর্ব এশিয়ায় সিটো চুক্তি করিয়া পাকিস্তান সাম্রাজ্যবাদের বিশ্বস্ত সহচরদের মধ্যে স্থান করিয়া লইয়াছে। ইরাকে রাজতন্ত্র বিরোধী সফল অভ্যুত্থান বাগদাদ চুক্তির ভিত্তি কাঁপাইয়া তোলে। ইরাক বাগদাদ চুক্তি হইতে বাহির হইয়া যায়। পরবর্তী সময়ে এই প্যাক্ট সেন্টো নামে অভিহিত হয়।

সেন্টোর সদস্য হিসাবে পাকিস্তান মধ্যপ্রাচ্যে আরব জাতীয়তাবাদী আন্দোলনের পৃষ্টে ছুরিকাঘাতে করিয়া চলিয়াছে। মধ্য প্রাচ্যের প্রতিক্রিয়াশীল রাষ্ট্রগুলিকে সর্বতোভাবে পাকিস্তান সাহায্য করিতেছে।

গত ১৯৭০ সালে আগষ্ট সেপ্টেম্বরে জর্ডনে প্যালেষ্টাইন গেরিলা বাহিনী ও জর্ডানের রাজকীয় বাহিনীর মধ্যে যুদ্ধে পাকিস্তান সক্রিয় অংশ গ্রহণ করিয়াছে। মুখে ইসরাইলের বিরোধিতা করিলেও পাকিস্তান সেন্টোর অংশীদার তুরস্কের মারফৎ ইসরাইলের সহিত যোগাযোগ রাখিয়া চলিয়াছে।

প্যালেষ্টাইন গেরিলা বাহিনী নেতা ইয়াসির আরাফাত অভিযোগ করিয়াছেন যে, জর্ডনের ভক্ত রক্তক্ষয়ী সংঘর্ষের সময় বাদশাহ হোসেনের রাজকীয় বাহিনীর অভিযানের পরিকল্পনা রচয়িতা একজন পাকিস্তানী জেনারেল। পাকিস্তানী সামরিক অফিসারগণ উক্ত অভিযানে সরাসরি অংশগ্রহণ করিয়াছিল।

গত আগষ্ট মাসের মাঝামাঝি জর্ডান এশীয় সীমান্তে প্রচণ্ড ট্যাঙ্ক যুদ্ধ হয়। গেরিলাবাহিনীর পশ্চাদ্ধাবন করিয়া জর্ডানের রাজকীয় বাহিনী সিরিয়ায় প্রবেশ করে। বিমানের ছত্রছায়ায় জর্ডানী একটি ট্যাঙ্কবাহিনী সিরিয়া সীমান্তে আক্রমণ চালায়। পাকিস্তানী বিমান বহর জর্ডানকে এই সংঘর্ষে সহায়তা করিয়াছে।

মধ্যপ্রাচ্যে সাম্রাজ্যবাদের ট্রয়ের ঘোড়া পাকিস্তানের এই কীর্তিকলাপ নতুন কিছু নয়। ইহাই পাকিস্তান মার্কা 'ইসলামী আদর্শের' স্বরূপ। যাহারা সময়ে সময়ে মার্কিন সাম্রাজ্যাবদের বিরুদ্ধে কথার তুবড়ি ছুটায় তাহারা মার্কিন সাম্রাজ্যবাদের এই পদলেহী পাকিস্তান সরকারের প্রশংসায় পঞ্চমুখ হয়। পাকিস্তানের সংহতি ও অখণ্ডতা রক্ষার জন্য অস্ত্র ও সাহায্য পাঠাইতে কসুর করে না।

চান মিয়া যাকে লোকে একসময় সমীহ করে কর্তা বলতো, পাক জঙ্গী চক্রের সেই বিশ্বস্ত কর্তা আজ নেই। তার বিশাল সমস্ত কুকীর্তির সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে। অনেক ঐশ্বর্য আর আসবাবপত্র গড়ে উঠেছিলো বাড়ীটিতে, যে ঐশ্বর্যের পরতে পরতে মানুষের রক্ত, ভারী ভারী গদিজোড়া আসন, যাতে গা রাখিলে আবেশে চোখ আপনি বুজে আসে-আলমারী ভর্তি পোষাক-অগণিত ট্রাঙ্ক, সুটকেস-প্রতিটি কক্ষের একই সাজ। সবগুলো টেবিলের ওপর বিদেশী ম্যাগাজিন, অবসর বিনোদনের জন্যে বই, যেন সবাই একটুখানি বাইরে গেছে এক্ষণি এসে পড়বে।

কিন্তু তারা আর আসবে না। মুক্তিবাহিনীর ক'জন বীর জোয়ান সদর্পে টহল দিয়ে বেড়াচ্ছে বাড়ীটাতে।

কিছু রাত হতেই শোনা গেলো দূর থেকে 'জয় বাংলা' শ্লোগান। একজন শাস্ত্রী মেজরের সামনে এসে স্যালুট জানিয়ে বলল, একদল রাজাকার এসেছে। জানা গেলো, ওরা ধীতপুরে সকালের দিকে আত্মসমর্পণ করেছে। মেজর তাদেরকে নিরস্ত্র করে আনতে বললেন। ৮০টা রাইফেল, ১টা ষ্টেনগান, একখানা এল, এম, জিসহ বিপুল পরিমাণ গোলাবারুদ পাওয়া গেলো ওদের কাছে। মেজর আফসারের কাছে অবশ্য এ ঘটনা খুবই স্বাভাবিক। মাত্র ক'দিন আগে তিনি 'জাগ্রত বাংলা'র প্রতিনিধির কাছে ব্যক্ত করেছিলেন, আর তিন দিন পর আপনারা মুক্ত ভালুকায় বসে রিপোর্ট লিখবেন।

মেজর আফসারের এ-দূরদর্শিতাই তাঁর যথার্থ পরিচয়। তাঁর প্রতিটি কথার পিছনে থাকে অভিজ্ঞতা, অভিজ্ঞতার পিছনে কর্মের একটা প্রয়াস। সামরিক পরিস্থিতির সঠিক বিশ্লেষণ ভুলভ্রান্তি হয়তো তাঁর কখনও হয়েছে কিন্তু অদম্য নিষ্ঠা তাঁকে একের পর এক এনে দিয়েছে সাফল্যের বিজয় গৌরব। চারিত্রিক দৃঢ়তায় মেজর আফসারের প্রকৃত সৈনিকের ন্যায়ই অনাড়ম্বর।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
গণতন্ত্র ও সমাজতন্ত্রের মৈত্রী	জাগ্রত বাংলা ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	১৬ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

গণতন্ত্র ও সমাজতন্ত্রের মৈত্রী

মনে হইতেছে, অনেক শব্দের যথাযথ অর্থ আমাদের জানা নাই। বিশেষ করিয়া বাংলাদেশকে শত্রুমুক্ত করার উদ্দেশ্যে সশস্ত্র সংগ্রাম শুরু হওয়ার পর হইতেই যে শব্দের যে অর্থ হওয়া উচিত, কিংবা আমাদের যাহা জানা ছিল, তাহা বাস্তবের সাথে ঠিক মিলিতেছে না।

কথাটি আরও ব্যাখ্যা করিয়া বলা দরকার। বিশ্ব রাজনীতিতে বৃহৎ শক্তির বিশেষ ভূমিকা রহিয়াছে। ছোট বড় সব রাষ্ট্রেরই আইনগত অধিকার সমান হইলেও ক্ষমতা অনুযায়ী প্রভাব ইহাদের বেশী। ইহারা নিজেদের রাজনীতি তথা অর্থনীতিসমূহের একেকটি নাম দিয়াছে। কথা হইতেছিল ঐসকল নাম লইয়া।

আমেরিকা দাবী করে তাহার নীতি শুদ্ধ গণতান্ত্রিক; চীন বলে সে সমাজতান্ত্রিক; এদিকে সোভিয়েত ইউনিয়নকেও বলা হয় সমাজতান্ত্রিক দেশ। যতদূর জানি গণতন্ত্র কথাটার তাৎপর্য রাজনৈতিক; সমাজতন্ত্র মূলতঃ অর্থনীতির ক্ষেত্রে একটি আদর্শবিশেষ। গণতন্ত্রে মানুষের মৌলিক রাজনৈতিক অধিকারসমূহ-যেমন, বাকস্বাধীনতা ও ভোটাধিকার-ইত্যাদি রক্ষার প্রতিশ্রুতি দেওয়া হয়। সমাজতন্ত্র মানুষকে অর্থনৈতিক শোষণ হইতে মুক্ত করে। প্রসঙ্গত বলা যায়, মানুষের দ্বারা মানুষের উপর যতরকম রাজনৈতিক কিংবা সামাজিক অবিচার ও উৎপীড়ন, তাহা একমাত্র অর্থনৈতিক শোষণের ভিত্তি ভূমির উপরই দণ্ডায়মান। সেহেতু সত্যিকার সমাজতন্ত্রে গণতন্ত্রও নিহিত থাকে।

আমেরিকায় সমাজতন্ত্র নাই। সমাজতন্ত্রের বিরুদ্ধে আমেরিকার চিরাচরিত যুদ্ধ ঘোষণার কথা কে না জানে। তথাপি মার্কিনী অপপ্রচারের বদৌলতে অনেকের একটা ধারণা জন্মিয়াছিল, হয়ত সেই দেশে গণতন্ত্র আছে কিন্তু বাংলাদেশের মুক্তিযুদ্ধে আমেরিকার উলঙ্গ গণবিরোধী ভূমিকা দেখিয়া তাহারা নিশ্চয়ই এই সিদ্ধান্তে আসিবে যে, হয় আমেরিকা মিথ্যাবাদী, নতুবা গণতন্ত্র ইহাকেই বলে। আমরা বলিতে চাই, শেষোক্ত অনুমানটি ভুল নহে। কারণ সমাজতান্ত্রিক অর্থনীতির সহিত সংশ্লিষ্ট না থাকিলে 'নির্ভেজাল' গণতন্ত্রের ইহাই চেহারা।

গণচীনের ভিতরের খবর বাইরের পৃথিবী খুব কমই জানিতে পারে। পিকিং বেতারের যে সকল গালিগালাজ শোনা যায় এবং পিকিংয়ে প্রকাশিত যেইসব বিপ্লবী পুস্তকাদি পাওয়া যায়, তাহাতে অবশ্য না বুষিয়া উপায় নাই যে, চীন একটি বিশুদ্ধ সমাজতান্ত্রিক দেশ; শোষিত, অনুন্নত জাতি এবং সর্বহারার সংগ্রাম সর্বত্রই তাহার সমর্থন উন্মুক্ত। কিন্তু এইবার আমাদের একটু খটকা লাগিয়াছে এই জন্য যে, বাংলাদেশের ঘটনাবলীকে চীন পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার বলিয়া অভিহিত করিয়াছে, মুক্তিযোদ্ধাদেরকে বলিয়াছে দুষ্কৃতকারী, তদুপরি 'সম্প্রসারণবাদী' ভারতকে দিয়াছে হুমকী।

চীনের আভ্যন্তরীণ বিষয় যতটা জানা যায় তাহাতে দেখি, ব্যক্তিপূজাই চীনা নীতির বিশেষত্ব। ইহার বিরুদ্ধে প্রতিবাদ জানাইতে গিয়া লিও শাউচী'র ন্যায় অসংখ্য সৎ ও প্রবীণ কমিউনিষ্ট মাওসেতুংয়ের নিজস্ব বাহিনী 'লাল রক্ষীদের হাতে লাঞ্ছিত। লাল রক্ষীরা চীনের সবচেয়ে সুবিধাভোগী একটি দল। মাও ও তাহার চীনা

সমাজতন্ত্রকে টিকাইয়া রাখিবার জন্য উহারা যে কোন কাজ করিতে পারে। মাওয়ের এই বাহিনী তাঁহার দুর্বলতারই পরিচায়ক। নিশ্চয়ই চীনা অর্থনীতিতে এমন কোন ত্রুটি রহিয়াছে যাহা সমাজতান্ত্রিক দৃষ্টিকোণ হইতে কঠোর সমালোচনার যোগ্য; এবং এই সমালোচনাকে মাওসেতুং ভয় পান বলিয়াই সেইখানে গণতন্ত্র পর্যুদস্ত।

সুতরাং ইহাই প্রমাণ হয় যে, আমেরিকার সমাজতন্ত্রহীন গণতন্ত্র যেমন একটি ভাঁওতা, তেমনই চীন-এর গণতন্ত্রহীন সমাজতন্ত্রও একটি ভাঁওতা। উভয় দেশের নীতিই প্রকৃতপক্ষে ফ্যাসিবাদ। আজ গণচীন ও আমেরিকা যে বিশ্ব-রাজনীতিতে হাতে হাত মিলয়াইছে তবু নূতন হইলেও বিচিত্র কিছু নহে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
জনসভা	জাগ্রত বাংলা ১ম বর্ষঃ ৯ম সংখ্যা	১ ডিসেম্বর, ১৯৭১

জনসভা

১০ই ডিসেম্বর। সদ্যমুক্ত গফরগাঁও যাওয়ার পথে দীশা গ্রামের জনসমাবেশে মেজর আফসার এক সংক্ষিপ্ত ভাষণ দান করেন। দীঘা স্কুলে বহুসংখ্যক রাজাকার বন্দী অবস্থায় ছিল। মেজর আফসার সেখানে যেয়ে পৌছুতেই স্বতঃস্ফুর্ত জনতার ভীড় জমে যায়। স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত এ সভাটিতে 'জাগ্রত বাংলা'র সম্পাদকমণ্ডলীর সভাপতি জনাব হাফিজউদ্দীনও বক্তৃতা করেন।

অতঃপর ঐ দিনই অপরাহ্নে গফরগাঁও কলেজ প্রাঙ্গণে মেজর আফসারকে বীরোচিত সংবর্ধনা জ্ঞাপনের জন্যে জনাব আরফানের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। এতে বিপুলসংখ্যক মানুষের সমাবেশে মেজর আফসার ও জনাব হাফিজউদ্দীন বক্তৃতা করেন।

মেজর আফসার দৃপ্তকণ্ঠে ঘোষণা করেন শেখকে মুক্ত না করা পর্যন্ত আমরা থামব না; প্রয়োজনবোধে পিণ্ডি পর্যন্ত যেয়ে হলেও আমরা তাঁকে ছিনিয়ে আনব। জনাব হাফিজ স্বাধীনতা সংগ্রামের সম্পূর্ণ ইতিহাস জনগণকে অবহিত করান। আফসার সম্পর্কে তিনি বলেন, মাত্র ১টি রাইফেল নিয়ে যাত্রা শুরু করে আজ এক বিরাট বাহিনীর অধিনায়ক হিসেবে তিনি দক্ষিণে কালিয়াকৈর (ঢাকা) ও উত্তরে ত্রিশাল পর্যন্ত রণাঙ্গন পরিচালনার দুরূহ ক্ষমতা অর্জন করেছেন; এ রকম শত শত আফসারের সমষ্টিতেই সম্ভব হতে চলেছে বাংলাদেশের স্বাধীনতা।

১১ই ডিসেম্বর। ত্রিশাল থানা আওয়ামী লীগ সভাপতির সভাপতিত্বে ত্রিশাল ডাকবাংলো মাঠে এক জনসভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন মেজর আফসার।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
জনমত	জাগ্রত বাংলা ১ম বর্ষঃ ৯ম সংখ্যা	১৬ ডিসেম্বর, ১৯৭১

জনমত

অগ্রদূত

সেদিন আমাদের মুক্তিবাহিনীর জনৈক উচ্চপদস্থ মুক্তিযোদ্ধা অন্য একজন মুক্তিযোদ্ধাকে রূঢ়ভাবে ধমকাচ্ছিলেন। যাঁকে ধমকানো হচ্ছিল তিনি নাকি সেন্ট্রির দায়িত্ব ঠিকমত পালন করতে পারেননি।

ঘটনা সামান্য। কিন্তু সামান্য ঘটনার সম্বন্ধেই জন্ম নেয় বৃহৎ ঘটনা। আজকের স্বাধীনতা সংগ্রাম এমনি সব সমন্বয় ঘটনার প্রতিবাদে বিদ্রোহ সংগ্রাম ব্যাপারটাও সামান্য কিছু ঘটনারই সমাবেশ-পোস্টার বক্তৃতা একটা বুলেট, ছোট এ কথা না বোজার পিছনে 'পজিশন' ট্রিগার সামান্য চাপ-এ করেই সম্ভব। চলেছে বিরাট এক পরিবর্তন, সাড়ে সাত কোটি মানুষের চূড়ান্ত মুক্তি। কাজেই সামান্য এবং সাধারণ ঘটনাগুলোকে উড়িয়ে দেয়াটা নির্বুদ্ধিতার পরিণাম-পতন।

মুক্তিবাহিনীতে যে কোন সেনাবাহিনীর মতই যোগ্যতা অনুযায়ী পদ কিংবা পদবী থাকবে এইটেই স্বাভাবিক। কিন্তু সাধারণ সেনাবাহিনীর চেয়ে মুক্তিবাহিনীর গঠন আলাদা। তরুণরা এখানে নেহায়েত চাকুরীর জন্যে আসেনি। তবু ইয়াহিয়ার সৈন্যের মতো ভাড়ার সৈন্য নয়; তাদের অনুপ্রেরণার মূলে রয়েছে দেশাত্মবোধ। সুতরাং এখানে উচ্চপদস্থকে কর্কশ স্বরে ধমকাচ্ছে-এই যে একটা অগণতান্ত্রিক দৃশ্য, এটা একবারেই খাপ খায় না। বাংলাদেশের অর্থ পাকিস্তান থেকে আলাদা একখণ্ড জমি নয়, পাকিস্তানী আমলের কলুষিত ভাবধারা থেকে সর্বতোভাবে মুক্ত হবার জন্যেই বাংলাদেশ অগণতান্ত্রিক দেশের সামরিক আচরণগুলোও অগণতান্ত্রিক আমলাসুলভ। আপনি হয়ত কারো সাথে প্রয়োজনীয় কাজে দেখা করতে চাইলেন-তিনি আপনাকে সহজেই দেখা দিতে পারেন, কিন্তু আপনাকে 'প্রপার চ্যানেল' নামের একটা ব্যূহ পেরিয়ে আসতে হবে। মানুষে মানুষে এই যে কৃত্রিম দূরত্ব, এটা কোনমতেই স্বাধীন দেশের রীতি হতে পারে না; সমাজতান্ত্রিক দেশের তো নয়ই।

ধরা যাক সেই সেন্ট্রিটা কর্তব্য পালনে ভুল করেছিল। বাঙালী জাতির ইতিহাসে এতো স্বল্প সময়ের ফৌজী জীবনে ভুল না হওয়াই বরং অস্বাভাবিক। সেজন্যেই একজন বুদ্ধিমান যোদ্ধা তার সহযোদ্ধাকে ধমক দিয়ে অপ্রস্তুত ক'রে দেবে না, কিংবা তাকে খুব চড়া গলায় শাসিয়ে দিয়ে মজা পেতে চাইবে না, বরং তার ত্রুটিগুলো ঠাণ্ডা মাথায় শুধরে দিতে প্রয়াস পাবে। যেমন, এদিকে এসো, তোমাকে দেখিয়ে দিই কী ক'রে সেন্ট্রি দিতে হয়। এই যে আমি রাইফেল নিয়ে সোজা হয়ে দাঁড়াচ্ছি, তুমি ওদিক থেকে আসতে থাকো-হল্ট। ঠিক আছে? লোকটা একটু দূরে থাকতেই 'হল্ট' বলবে। বেশী কাছে এসে গেলে যদি ওর সাথে মারাত্মক অসুখ থাকে তবে কী দশাটা হবে নিশ্চয়ই বুঝতে পারছো। এইটেই সবচেয়ে সুন্দর ও কার্যকরী পন্থা; কারণ এরপর তার আর ভুল হ তে পারে না। এবং যা কিছু সুন্দর, তাই গণতান্ত্রিক।

মানুষের পারস্পারিক আচার-ব্যবহারের মধ্যে সামরিক অসামরিক ব'লে কিছু নেই। সেনা বিভাগ গোটা সমাজের একটি অংশ। কৃষি, শিল্প, পরিবহন ইত্যাদি বিভাগ যেমন ভিন্ন ভিন্ন ভাবে সমাজের প্রয়োজনীয়তা পূরণ করে সেনাবিভাগের বেলায়ও তাই। কিন্তু এটা অন্যান্য ক্ষেত্রের চেয়ে অনেক সময় বেশী গুরুত্বপূর্ণ এজন্যেই যে, যখন কোন পশুশক্তির আবির্ভাব ঘটে, তখন তা বল প্রয়োগে বিচ্ছেদ করার জন্যে সশস্ত্র সংগ্রাম ছাড়া পথ থাকে না। এবং ঠিক এজন্যেই সৈনিককে হতে হয় সবরকম অসুন্দর ও অন্যায়বিরোধী মানুষ। সবচেয়ে গনতান্ত্রিক মানুষ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশকে ভিয়েতনাম সৃষ্টির অপচেষ্টা প্রতিরোধ করুন	রণাঙ্গন*	৩০ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশকে ভিয়েতনাম সৃষ্টির অপচেষ্টা প্রতিরোধ করুন

কে, জি মুস্তাফা

বাংলাদেশের ঘটনাকে কেন্দ্র করে বিশ্বে দ্রুতগতিতে রাজনীতির পট-পরিবর্তন হয়ে গেছে। কম্যুনিষ্ট, সমাজের ঘোর শত্রু সাম্রাজ্যবাদী গোষ্ঠীর সঙ্গে আঁতাত হয়েছে এবং ভবিষ্যতে দুই শত্রু সমাজ একই সঙ্গে বসবাস করার রঙ্গীন স্বপ্ন দেখছে। আমেরিকা যুক্তরাষ্ট্রের সর্বাধিনায়ক নিক্সন চীন দেশ সফর করার যাবতীয় পরিকল্পনা প্রণয়ন করার জন্য তার প্রতিনিধিকে চীনে পাঠিয়েছেন এবং অদূরভবিষ্যতে তিনি চীন সফর করে তাদের দুই দেশের মধ্যে দীর্ঘস্থায়ী বন্ধুত্ব স্থাপন করার বাস্তব পদক্ষেপ গ্রহণ করবেন বলে স্পষ্ট আভাস পাওয়া গিয়াছে। এই মৈত্রী স্থাপন হলে হয়তো ভিয়েৎনামের দীর্ঘদিনের অশান্তি পরিস্তিতির অবসান ঘটবে এবং সেখানে শান্তি বিরাজ করবে।

কিন্তু একদিকে একটি দেশে শান্তি স্থাপনের ক্ষেত্রে যেখানে সুদূরপ্রসারী পরিকল্পনা গ্রহণ কর হচ্ছে, ঠিক সেই সময়ে অন্য একটি দেশের বুকে নতুন করে অশান্ত পরিস্থিতি সৃষ্টি করার যে অশুভ ইঙ্গিত প্রদান করা হচ্ছে তা প্রথিবীর যে কোন বিবেকসম্পন্ন ব্যক্তিকেই একবাক্যে প্রতিবাদে সোচ্চার হয়ে ওঠা আবশ্যক।

বিশ্বে রাজনীতির অঙ্গনে-আমেরিকা যুক্তরাষ্ট্রের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব একটি লক্ষণীয় বিষয়। কোটি কোটি ডলার খরচ করে যুক্তরাষ্ট্র যে কেন্দ্রীয় গোয়েন্দা বিভাগ স্থাপন করে বিশ্বের রাজনীতিতে নাক গলিয়ে থাকেন তা তাদের ধূর্তপনারই প্রকৃষ্ট প্রমাণ। নিজের দেশের প্রস্তুতকৃত উদবৃত্ত সামরিক সাজ-সরঞ্জাম বিক্রি করার মানসে আমেরিকা যুক্তরাষ্ট্র পৃথিবীর বুকে সব সময় অশান্ত ও উত্তেজনাপূর্ণ পরিস্থিতি বজায় রাখার জন্য সর্বদা সচেষ্ট থেকে কাজ চালিয়ে যায়। আর তাদেরই শিকারে পরিণত হয় পৃথিবীর নিরীহ নিরস্ত্র মানুষের বুকের রক্তে এই হোলিখেলায় সামিল হয়।

অথচ বিশ্বের বিবেকসম্পন্ন জাতিসমূহ আমেরিকা যুক্তরাষ্ট্রের এই গর্হিত কাজের প্রতিবাদ না করে তাদেরই খপ্পরে পড়ে অযথা হয়রানি ভোগ করে আসছেন। বাংলাদেশ ও পাকিস্তানের ঘটনায় আমেরিকা যুক্তরাষ্ট্র যে সাপ খেলায় মেতেছেন তার পরিণাম শুভ নয় তা প্রতিটি মানুষমাত্রই অনুধাবন করতে পারেন। বাংলাদেশের নীল আকাশে কালো মেঘের আবরণ ঢেকে এক অনিশ্চয়তার অতল গহবরে বাংলাদেশকে ঠেলে নিয়ে যাচ্ছে।

অপর পক্ষে কতিপয় সমাজবাদের ধারক বাহক কম্যুনিষ্ট দেশ বাংলাদেশের ঘটনাকে কেন্দ্র করে নতুন চাল চেলে যাচ্ছেন। একদিকে ভিয়েৎনামে যুদ্ধ থেমে যাবার শুভ ইঙ্গিত-অন্যদিকে বাংলাদেশে কতিপয় আন্তর্জাতিক দেশের অশুভ হস্তক্ষেপে নতুন ভিয়েতনাম সৃষ্টির অপচেষ্টা চালানো হচ্ছে এবং সঙ্গে সঙ্গে বাংলাদেশের কতিপয় রাজনৈতিক দল এই ডুগডুগির বাজনায় মেতে গিয়ে যুদ্ধ দীর্ঘায়িত করে কম্যুনিষ্ট প্রভাব বিস্তার করার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

তাই বাংলাদেশের এই যুদ্ধের ধারা যাতে অন্যদিকে প্রবাহিত না হয় তার প্রতি গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারকে সর্বদা সজাগ থাকা প্রয়োজন। কোন প্রকারেই বাংলাদেশকে দ্বিতীয় ভিয়েৎনাম সৃষ্টি করতে দেওয়া হবে না। এই শপথই হতে হবে আজকের মুক্তিপাগল মানুষের প্রধান শপথ।

* রণাঙ্গন : বাংলাদেশের মুক্তিকামী জনতার সাপ্তাহিক মুখপত্র। সম্পাদক- মুস্তফা করিম কর্তৃক বাংলাদেশের মুক্তাঞ্চল থেকে প্রকাশিত। প্রধান উপদেষ্টা মতিয়র রহমান এম,এন,এ। প্রধান পৃষ্ঠপোষক : করিমউদ্দিন আহমেদ এম,পি,এ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
প্রশাসনিক কাজ শুরুর দ্বিতীয় পদক্ষেপ	রণাঙ্গন	৩০ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশের বিস্তীর্ণ এলাকায় প্রশাসনিক কাজ শুরুর ২য় পদক্ষেপ

বাঙলাদেশের বিভিন্ন মুক্তাঞ্চলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসনিক কাজ পুরাদমে চলছে। রংপুর জেলার পাটগ্রাম ও হাতীবান্দার বিস্তীর্ণ এলাকায় তার যোগাযোগ ব্যবস্থা চালু হয়েছে এবং সরকারী কর্মচারী নিজ নিজ দায়িত্ব পালন করে চলেছেন। এই বিস্তীর্ণ এলাকায় জনসাধারণ বাংলাদেশ সরকারের কর, খাজনা ইত্যাদি পরিশোধ করছেন।

এই এলাকায় প্রশাসনিক কাজ চালুর দ্বিতীয় পদক্ষেপস্বরুপ সরকার ১টি হাই স্কুল ও ১৩টি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া শেখার জন্য স্কুলসমূহ খুলে নিয়মিত ক্লাশ পরিচালনা করছেন।। ছাত্রসংখ্যা আশাতিরিক্তভাবে নিজেদের ক্লাশে যোগদান করছে। শতকরা ৮৫ জন ছাত্র নিয়মিত ক্লাশে যোগদান করে বলে খবর পাওয়া গেছে।

সত্বর এখানে কয়েকটি ডাকঘর প্রতিষ্ঠা করা হবে বলেও খবরে প্রকাশ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সাক্ষীগোপাল মন্ত্রীদের প্রতি একটি খোলা চিঠি	রণাঙ্গন	৩০ অক্টোবর, ১৯৭১

বাংলাদেশের অধিকৃত এলাকার

সাক্ষীগোপাল মন্ত্রীদের প্রতি একটি খোলা চিঠি

মহামান্য মন্ত্রী মহোদয়গণ।

আপনারা আমাদের রক্তমাখা ছালাম গ্রহণ করবেন। বাংলাদেশের সবুজ শ্যামল প্রান্তরে গ্রাম্য-চাষীদের ঘরে পান্তাভাত খেয়ে আপনারা মানুষ হয়েছেন। জন্মের পর থেকে মাতৃভাষা বাংলার মাধ্যমে লেখাপড়া শিক্ষা করেছেন। আপনাদের মাতা অথবা পিতা কেহই পশ্চিমা বেনীয়ার ঔরষজাত নন। অথচ আপনারা বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের বিরোধিতা করে গণহত্যার নায়ক জঙ্গী ইয়াহিয়া খানের উচ্ছিষ্ট অর্থের লোভে দালাল সেজে নিজেদের বিবেককে পশুর বিবেকে পরিণত করেছেন। কিন্তু আপনারা কি কখনো ভেবেছেন আপনাদের দিয়ে শুধু বাঙালী নিধনযজ্ঞেই সহায়তা করে নেওয়া হবে? ভবিষ্যতে বাংলাদেশের মাটি থেকে যখন ইয়াহিয়া গোষ্ঠীকে পাততাড়ি গুটে নিয়ে সুদূর ১২শত মাইল দূরে পশ্চিম পাকিস্তানে হিজরত করতে হবে তখন আপনারা বাঙালী গাদ্দার বলে তাদের দয়া থেকে পরিত্যক্ত হবেন। সেই সময় আপনারা কোন দেশে রাজনৈতিক আশ্রয় গ্রহণ করবেন? পৃথিবীর কোন দেশই বাংলাদেশের গণহত্যার নায়কদের ভবিষ্যতে কোন আশ্রয় দিতে পারে না বলে ভবিষ্যত বাণী দানকারী পণ্ডিত ব্যক্তিরা মতামত ব্যক্ত করেছেন।

বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন বাংলাদেশের সাড়ে সাত কোটি অধিবাসীর আন্দোলন। পাকিস্তান প্রতিষ্ঠার ২৪ বছর পাঞ্জাবী পুঁজিপতি গোষ্ঠীর শাসন-শোষণে অতিষ্ঠ হয়ে বাংলাদেশের মানুষ তাদের নাগপাশ থেকে মুক্ত হবার সংকল্প গ্রহণ করেছিলেন। এ আন্দোলন বাংলাদেশে বসবাসকারী কোন বাঙালী অথবা অবাঙালী ব্যক্তির বিরুদ্ধে আন্দোলন নয়। কিন্তু সে সত্বেও কতিপয় ব্যক্তি ধর্মের দোহাই দিয়ে পাঞ্জাবী গোষ্ঠীর যে দালালী করে আসছেন সে সম্পর্কে আমাদের মতামত হচ্ছে ধর্ম একটি মানুষের ব্যক্তিগত ব্যাপার। ইচ্ছা করলে একটি মানুষ তার ধর্ম ত্যাগ করতে পারে কিন্তু ভাষা ত্যাগ করতে পারে না। তাই ধর্মের বড়ি দিয়ে মানুষকে বোকা বানানোর দিন অতিবাহিত হয়ে গেছে।

অধিকৃত এলাকার সাক্ষীগোপাল মন্ত্রিসভার শ্রমমন্ত্রী জনাব এ, এস,এম সুলায়মান সাহেব আপনি তো পেশাদার দালাল। আপনার দালালী করার অভ্যাস নতুন নয়, পুরাতন ? আপনি তো ঢাকায় অধুনালুপ্ত পূর্ব পাকিস্তানে একটি দালাল (বীমা) কোম্পানীর প্রধান ছিলেন। সেই সময় থেকেই আপনি দালালী ব্যবসায় পাকা হয়ে উঠেছেন। অপরপক্ষে নিজেকে শ্রমিক দরদী বলে পরিচয় দিয়ে একজন শ্রমিক নেতা রূপে বড় বড় কলকারখানার মালিকদের ও পয়সায় আপনি শান শওকতে গাড়ী-বাড়ী করে আরাম আয়াসেই বসবাস করতেন। কিসের দুঃখে আপনি ইয়াহিয়া খানের দালালীর খাতায় নতুন করে নাম লিখালেন ?

বাংলাদেশের স্বনামখ্যাত মরহুম নেতা শেরেবাংলা এ, কে, ফজলুল হক সাহেবের নাম ভাঙ্গিয়ে নেতার গড়া কৃষক-শ্রমিক পার্টির সর্বেসর্বাও বনেছিলেন এক সময় এবং বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের একজন পুরোভাগের নেতা বলে জাহির করার জন্য বাংলাদেশের মজলুম জননেতা মওলানা ভাসানীর সভায় উপস্থিত থেকে সোচ্চার কণ্ঠে নিজেকে স্বাধীনতার অগ্রনায়ক বলে দাবী করেছিলেন। কিন্তু, কোথায় আপনার সেই

মাতৃভূমির দরদ, আজ যখন লক্ষ লক্ষ কৃষক-শ্রমিক বেকার এবং নরঘাতক এহিয়ার হাত শ্রমিকের রক্তে রঞ্জিত তখন আপনি কি করে এহিয়ার সাক্ষীগোপাল মন্ত্রীসভার শ্রম মন্ত্রীর পদ অলংকৃত করলেন ?

তাই আপানাদের প্রতি আমাদের সৎ উপদেশ-আপনারা যদি নিজেদের এবং আপনাদের বংশধরদের কুখ্যাত গভর্ণর মোনেম খাঁর ন্যায় নিশ্চিহ্ন করতে না চান তবে দালালীর পথ পরিহার করে স্বাধীনতার পথে এগিয়ে আসুন। অন্যথায় ইতিহাসের লিখন আপনাদের ক্ষমা করবে না। ''জয় বাংলা''। আমাদের খেদমতে-

''বাংলাদেশের ছিন্নমূল
জনসাধারণ''

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় মুক্তি পথের যাত্রী সশস্ত্র বাঙালী	বাংলাদেশ * ১ম বর্ষ : ১ম সংখ্যা	৩১ অক্টোবর, ১৯৭১

সম্পাদকীয়

মুক্তি পথের যাত্রী সশস্ত্র বাঙালী

অত্যাচারের উদ্যত ধ্বজা রক্তে করিয়া ম্লান
আমাদের পরে বৈরী সাধিতে হয়েছে অধিষ্ঠান।
শুনিছ কি সবে কী ভীষণ রবে কাঁপে জল স্থল,
দম্ভের ভরে গর্জন করে শত্রুসৈন্য দল।
তারা যে আসিছে কেড়ে নিবে বলে তোমার সকল ধন,
গ্রাসিতে শস্যক্ষেত্র, নাশিতে পুত্র ও পরিজন।
মোদের শোণিত হবে কি সিক্ত মোদের ক্ষেত্রতল।

রুদ্যলিলের বিখ্যাত সমর গীতি দিয়ে শুরু করলাম। এ গীতি আজ বাংলা মায়ের প্রতিটি নির্ভীক সৈনিকের কণ্ঠে ধ্বনিত হচ্ছে। স্বাধীনতা প্রিয় ফরাজী জনগণ একদিন অত্যাচারের বিরুদ্ধে যুদ্ধ করে অত্যাচার আর জুলুম থেকে নিজেদের মুক্ত করেছিল। নৃপতি নিষ্পেষণ আর বর্বর শোষণ থেকে মুক্ত হওয়াই ছিল তাদের যুদ্ধের লক্ষ্য। তারা মানব জাতির বন্ধুরুপে নিজেদের জীবন বাজী রেখে নৃশংস বর্বর সামন্তবাদী শোষণ আর নিষ্পেষণের বিরুদ্ধে বিদ্রোহ করে। আজ আমাদের প্রিয় মাতৃভূমির মুক্তিপাগল জনগণের পথ প্রদর্শক ফরাসী দেশের রবিকর দীপ্ত দেশপ্রেমিকেরা। সেই একই ধারায় পাঞ্জাবী একচেটিয়া পুঁজিতান্ত্রিক ও আমলাতান্ত্রিক শোষণের বিরুদ্ধে বাংলার মাটি আজ গর্জে উঠেছে। মহাবিদ্রোহের উদ্দীপনায় উত্তপ্ত হয়ে উঠেছে বাংলার জনগণের রক্ত, শিরায় শিরায় এসেছে অগ্নিশিখার শিহরণ। বাংলার জনগণ আজ মুক্তি চায়-পরাধীনতা আর বিজাতীয় শোষণের বিষাক্ত ছোবল থেকে নিজেদের মুক্তির দুর্বার অভিযানে উন্মত্ত। বাংলা আজ বিপন্ন, শত্রুর বিষাক্ত নখরে ক্ষতবিক্ষত। এ যুগে বিশ্বের নিপীড়িত জনগণের পথের দিশারী বাংলা মায়ের নির্ভীক জনগণ আজ সশস্ত্র বিপ্লবে লিপ্ত। বিশ্বের সকল পরাধীন ও নিপীড়িত জাতিগুলিকে বাংলার জনগণ আজ নতুন পথের সন্ধান দিয়েছে। বিশ্বের জনগণের কাজে আমাদের এ বিদ্রোহ ন্যায়সঙ্গত। বাংলার জনগণ বিশ্বজনগণের বন্ধু। এক জল্লাদ রক্তপিশাচ বর্বর ঔপনিবেশিক বাহিনীর বিরুদ্ধে নির্ভীক মুক্তিযোদ্ধাদের সাফল্য বিশ্বের জঘন্যতম সাম্রাজ্যবাদের ষড়যন্ত্র ব্যর্থতায় পর্যবশিত হয়েছে।

সাম্রাজ্যবাদ আর ঔপনিবেশিকবাদের জারজ সন্তান পাকিস্তান দিশেহারা হয়ে তার ঘৃণ্য বর্বর দস্যু বাহিনীকে বাংলার নীরিহ নিরস্ত্র জনগণের উপর লেলিয়ে দিয়ে বাজীমাত করতে চেয়েছিল। কিন্তু বাংলার বিপ্লবী জনগণ ট্রাম্প করে নিজেদের সঠিক পথ বেছে নিয়েছে। এ রক্তপিছল পথের শেষ প্রান্তে আছে স্বপ্ন গড়ার সৌধ।

* বাংলাদেশ : সাপ্তাহিক। সম্পাদকঃ কীর্তি। মুদ্রণে তড়িৎ। সংগ্রাম পরিষদ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত। পত্রিকাটি শত্রুসেনা পরিবেষ্টিত বাংলাদেশের কোন স্থান হতে সাইক্লোষ্টাইলে প্রকাশিত। সম্পাদকের নাম ছদ্ম এবং মুদ্রণ ও প্রকাশনা ঠিকানা গোপন রাখা হয়েছে।

সাম্রাজ্যবাদী শক্তি যত চেষ্টা করুক না কেন জনতার এ বিদ্রোহ আর স্তব্ধ করতে পারবে না। বিদ্রোহের অগ্নিশিখা আরো প্রজ্বলিত হয়ে দিকে দিকে ছড়িয়ে পড়ছে। বাঙ্গালীর কণ্ঠে আজ মুক্তিমন্ত্র আর হৃদয়ে প্রতিরোধের দূর্জয় সাহস। বাংলার জনগণ বাঙ্গালী জাতীয়তাবাদের নির্ভীক সৈনিক বঙ্গবন্ধুর মুক্তিমন্ত্রে দীক্ষিত। প্রতিরোধ দূর্গের নির্ভীক সৈনিক বাংলার মুক্তিবাহিনী তাদের কণ্ঠে আজ ধ্বনিত হচ্ছে-জন্মভূমির নির্মল প্রেম। ওগো চিরসম্বল। তোমার শত্রুনাশে উদ্যত এ বাহুতে দেহো বল।

ওগো স্বাধীনতা ! প্রিয় স্বাধীনতা ! হও ত্বরা পরকাশ
আমাদের সাথে মিলিয়ে আপন শত্রুকরহ নাশ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
কেন আমি মুক্তিযোদ্ধা	বাংলাদেশ ১ম বর্ষঃ ১ম সংখ্যা	৩১ অক্টোবর, ১৯৭১

কেন আমি মুক্তিযোদ্ধা

বরুন

এ প্রশ্নের উত্তরে প্রথমেই আমার মানসচক্ষে ভেসে উঠে বাংলা মায়ের নির্যাতিত, নিপীড়িত নিষ্পেষিত মলিন মুখখানি। কেন আজ বঙ্গমাতার এ নিদারুন অবস্থা! কারা এ জন্য দায়ী? সুজলা সুফলা সোনার বাংলাকে শ্মশানে পরিণত করেছে কারা! গত তেইশ বছরের ইতিহাস বাংলার শুধু শাসন, শোষণ, নির্যাতন বেয়নেট আর নিপীড়নের ইতিহাস। যখনি আমরা আমাদের কোন ন্যায্য পাওনার দাবী তুলেছি, তখনি ওরা আমাদের উপর ঝাঁপিয়ে পড়েছে বুলেট আর বেয়নেট নিয়ে। কারাগারের লৌহকপাটের অন্তরালে চিরদিন ওরা আমাদের কণ্ঠকে রোধ করতে চেয়েছে। তথাকথিত পাকিস্তানের জন্মলগ্ন থেকেই ওদের এ হীনম্মন্য অভিলাষ চরিতার্থ করে এসেছে। স্বাধীনতার নামে আমরা যা পেয়েছি তা পরাধীনতারই চরম গ্লানি। বাংলাকে ওরা কোনদিন এতটুকু অনুকম্পার সহিত ভেবে দেখেনি। তথাকথিত পাকিস্তানের শাসন ব্যবস্থার সূচনাতেই আমাদের প্রাণের চেয়ে অধিক প্রিয় মাতৃভাষা বাংলাকে রাষ্ট্র ভাষার মর্যাদা দিতে অস্বীকৃতি জানিয়ে ওরা আমাদের জাতীয় জীবনে চরম অবজ্ঞা প্রদর্শন করে। জনসংখ্যার ভিত্তিতে সংখ্যাগরিষ্ঠ আমরা বঙ্গভাষী দাবী জানালাম বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দিতে। ওরা তাতে কর্ণপাত করল না। শুরু হল আমাদের দুর্বার সংগ্রাম। বজ্র শপথ নিয়ে আমরা ধ্বনি তুললাম ''রাষ্ট্রভাষা বাংলা চাই।'' ছাত্র, কিষাণ, শ্রমিক সবার মুখে একই কথা ''আমাদের দাবী মানতে হবে।'' ওরা নরখাদক পশুর মত ঝাঁপিয়ে পড়লো আমাদের উপর বুলেট আর বেয়নেট নিয়ে। (চলবে)*

* পরবর্তী সংখ্যা সংগৃহিত হয়নি বলে অসমাপ্ত।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় সাম্প্রদায়িকতা জাতীয় মুক্তিযুদ্ধের পরিপন্থী	বাংলাদেশ ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	৩ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

সাম্প্রদায়িকতা জাতীয় মুক্তিযুদ্ধের পরিপন্থী

বর্তমান বাংলাদেশের যে রক্তক্ষয়ী যুদ্ধ চলছে তা কোন শোষক শ্রেণী বা সম্প্রদায়ের জন্য নয়। এ যুদ্ধ সাড়ে সাত কোটি নির্যাতিত, শোষিত ও বঞ্চিত মানুষের মুক্তিযুদ্ধ। পাঞ্জাবী শোষকগোষ্ঠী দ্বারা পরিচালিত একচেটিয়া পুঁজিতান্ত্রিক ও আমলাতান্ত্রিক ও অর্থনৈতিক নিষ্পেষণে থেকে এ যুদ্ধের জন্ম। এ যুদ্ধ বাংলার জনগণের যুদ্ধ অর্থাৎ জাতীয় মুক্তিযুদ্ধ। তাই এই যুদ্ধ কোন বিশেষ সম্প্রদায়ের উপর প্রভাব বিস্তার করবে না বা করতে পারে না। কিন্তু দখলদার বাহিনীর সরদার ইয়াহিয়া যুদ্ধের শুরু থেকে ঘৃণ্য এক রাজনৈতিক চক্রান্তের মাধ্যমে এ যুদ্ধকে একটা সম্প্রদায়ের উপর চাপিয়ে বাংলার নিরিহ জনগণকে হত্যা করে চলেছে এবং সেই জন্য সাম্প্রদায়িকতায় বিশ্বাসী এবং সাম্প্রদায়িক শিক্ষা ও প্রচারণা দ্বারা প্রতারিত কিছুসংখ্যক মানুষ ইয়াহিয়ার চক্রান্তের শিকার হয়ে এখনো সম্প্রদায়ের বিষাক্ত বিষ ছড়াচ্ছে। আমরা জানি সাম্প্রদায়িকতায় এ জাতীয় মানুষের কোন লাভ হয় না। তবুও তারা গোপনে গোপনে এরূপ জঘন্য কাজ করে চলছে। যেমন আফিম-এর নেশায় মানুষের চিন্তাশক্তি থেকে শুরু করে সকল প্রকার শক্তিই স্তিমিত হয়ে আসে। তেমনি সাম্প্রদায়িতকাবাদীরা কুশিক্ষা আর অসৎ প্রচারণার বশবর্তী হয়ে তাদের সত্যদর্শনের ক্ষমতা লুপ্ত হয়। যাক যা বলতে যাচ্ছিলাম, এ যুদ্ধে যখন সাম্প্রদায়িকতার স্থান নেই তখন কোন একক সম্প্রদায় এরূপ মহান যুদ্ধের ঝুঁকি নিতে পারে না। এ যুদ্ধের ঝুঁকি আমাদের সকলের অর্থাৎ সমগ্র বাংলার জনগণের। তাই যারা হানাদারদের এই চক্রান্ত বুঝতে পারেননি, বাস্তব অবস্থা দিয়ে বুঝতে চেষ্টা করবেন এবং জনবিরোধী সাম্প্রদায়িকতাবাদ পরিহার করবেন। কারণ গত ২৪ বৎসর ধরে সাম্প্রদায়িকতার দ্বারা বাংলার জনগণের কোন উপকার হয়নি। সাম্প্রদায়িকতার দ্বারা কারা উপকৃত হয়েছে সে প্রশ্ন এখন থাক। আসল কথা হলো এই মুক্তিযুদ্ধে যে সমস্ত ব্যক্তি বা পরিবারকে হানাদার বাহিনী পথে বসিয়েছে সেই সমস্ত ব্যক্তি বা পরিবারের দুঃখ কষ্ট আমাদের সমানভাবে ভাগ করে নিতে হবে। একটা সম্প্রদায়ের উপর অত্যাচার চলবে আর অন্য সম্প্রদায় পর্দার আড়ালে দাঁড়িয়ে কৃত্রিম সমবেদনা জানাবে সেটা এই জাতীয় যুদ্ধের পরিপন্থী এবং বাংলার জনগণের তা কাম্য নয়।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
ঐক্যবদ্ধভাবে শত্রুর বিরুদ্ধে আঘাত হানার দৃঢ় সংকল্প	বাংলাদেশ ১ম বর্ষঃ ৬ষ্ঠ সংখ্যা	৩ ডিসেম্বর, ১৯৭১

ঐক্যবদ্ধভাবে শত্রুর বিরুদ্ধে আঘাত হানার দৃঢ় সংকল্প

মুজিবনগর, গত ৬ই এবং ৭ই নভেম্বর বাংলাদেশের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীনের সভাপতিত্বে বাংলাদেশ সরকারের উপদেষ্টা পরিষদের এক সভা অনুষ্ঠিত হয় এবং এই সভায় উপরোক্ত সঙ্কল্পের কথা পুনরায় ঘোষণা করা হয়। বৈঠক জাতীয় মুক্তি সংগ্রামের বর্তমান পরিস্থিতি পর্যালোচনা করিয়া সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত প্রস্তাব গ্রহণ করা হয়।

কমিটি মনে করে যে, ইয়াহিয়ার যুদ্ধবৎ প্রস্তুতি ও ভারত পাকিস্তান যুদ্ধ বাধানোর প্রকাশ্য পাঁয়তারা বাংলাদেশের স্বাধীনতার প্রশ্ন ও দখলদার বাহিনীর বিরুদ্ধে গণপ্রতিরোধের ক্রমবর্ধমান সাফল্য হইতে বিশ্বের দৃষ্টি অন্যত্র সরানোরই একটি কুমতলব। কমিটি শত্রুর স্পষ্টতঃ দৃশ্যমান দুর্বলতাসমূহের পূর্ণ সুযোগ গ্রহণ এবং শত্রুর পতন দ্রুততর করার উদ্দেশ্যে তাহার উপর ঐক্যবদ্ধ ও চরম আঘাত হানার জন্য সকল শ্রেণীর ও সম্প্রদায়ের মানুষ এবং সকল স্তরের মুক্তিসেনানীদের প্রতি আহবান জানাইতেছে।

কমিটি পূর্ণ স্বাধীনতার লক্ষ্যকে দ্রুত বাস্তবায়িত করার সঙ্কল্প পুনরায় ব্যক্ত করিতেছে এবং স্বাধীনতার কমে সমাধানের নিমিত্ত সকল বক্তব্য ও ফর্মুলা প্রত্যাখ্যান করিতেছি।

স্বাধীনতার জন্য যাঁহারা জীবন দিয়াছেন, তাহাদের ত্যাগ স্মরণ করার সঙ্গে সঙ্গে কমিটি ঐসব নিহত বীরদের সহিত সংহতি ঘোষণা কতিতেছে এবং শপথ গ্রহণ করিতেছি যে, যে কারণে তাঁহারা সর্বোচ্চ ত্যাগ স্বীকার করিয়াছেন, উহার সহিত কখনও বিশ্বাস ভঙ্গ করা হইবে না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বিশ্ব মানচিত্রে নতুন চিত্র বাংলাদেশ	বাংলাদেশ ১ম বর্ষঃ ৭ম সংখ্যা	১০ ডিসেম্বর, ১৯৭১

বিশ্ব মানচিত্রে নতুন চিত্র বাংলাদেশ
ভারত ও ভুটানের স্বীকৃতি দান

আমাদের মহান বন্ধুরাষ্ট্র ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী ভারতের লোকসভায় গত ৬ই ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছেন এবং বাংলাদেশ সরকারকে বৈধ সরকার বলে ঘোষণা করেছেন। ভারত সরকারের সময়োপযোগী এই সিদ্ধান্ত সমগ্র বিশ্বের নিপীড়িত জনগণের এক বিজয় ঘোষিত হল। শ্রীমতি গান্ধী বঙ্গবন্ধু শেখ মুজিবকে 'জাতির জনক' উপাধিতে ভূষিত করেছেন। ভারতের লোকসভায় বিপুল হর্ষধ্বনি ও করতালির মাধ্যমে মিসেস গান্ধীর এই ঐতিহাসিক ঘোষণাকে সংসদের অধিকাংশ সদস্যবৃন্দ সমর্থন জানান। এই ঘোষণার পর সভার সদস্যগণ আনন্দের প্লাবনে এমনভাবে আত্মহারা হয়ে পড়েন যে নির্দিষ্ট সময়ের পূর্বেই সবার কাজ স্থগিত হইয়া যায়। এরপর লোকসভার সদস্যবৃন্দ নয়াদীল্লিস্থ বাংলাদেশ মিশনে যান এবং সেখানে বাংলাদেশের প্রতিনিধির সহিত করমর্দনের মাধ্যমে বাংলার জনগণ ও তার জনক শেখ মুজিবকে অভিনন্দন জানান। ভারতের এই দৃষ্টান্ত অনুস্মরণ করে পৃথিবীর অন্যান্য স্বাধীনচেতা জাতিগুলি এগিয়ে আসছে ও আসবে। আর ভারতের এই দৃষ্টান্ত অনুস্মরণ করলো ভূটান। ভূটানের মানবপ্রেমিক রাজা মিঃ জিগনে ওয়ানচুক বাংলাদেশের বাস্তব অস্তিত্বকে স্বীকার করে নিয়ে বাংলাদেশকে স্বীকৃতি দিয়েছেন এবং বাংলাদেশ সরকারকে বৈধ বলে স্বীকার করে নিয়েছেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় মুক্তিযোদ্ধারা হুঁশিয়ার	স্বাধীন বাংলা* ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	১ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশের মুক্তিযুদ্ধের আকাশে অশুভ কালো মেঘের ছায়া! মুক্তিযোদ্ধারা হুঁশিয়ার!

বাংলাদেশের জাতীয় মুক্তি সংগ্রাম আজ এক বিশেষ ক্রান্তিলগ্নে আসিয়া দাঁড়াইয়াছে। এই সংগ্রাম যাহাতে তাহার ইপ্সিত লক্ষ্যে না পৌছাইতে পারে, তাহার জন্য দেশী-বিদেশী ষড়যন্ত্রের সীমা-পরিসীমা নাই। বাংলাদেশের মুক্তি সংগ্রামের দীর্ঘ মেয়াদী চরিত্রটি বিভিন্ন স্বার্থবাদী মহলের নিকট চক্ষুশূল হইয়া দাঁড়াইয়াছে। কারণ, লড়াই-এর মেয়াদ যতই দীর্ঘ হইয়া উঠিতেছে, ততইবাংলাদেশের মুক্তিযোদ্ধারা সম্পূর্ণ নিজের পায়ে দাঁড়াইয়া নিজের শক্তিকে সুসংহত করিয়া এবং নিজের শক্তিতে বলীয়ান হইয়াছে এই মুক্তিযুদ্ধকে সাফল্যের তোরণশীর্ষে লইয়া যাওয়ার ক্ষেত্র প্রস্তুত করিতে পারিতেছে। আমরা গত সম্পাদকীতে এই কথা উল্লেখ করিয়াছিলাম যে বহু দুর্বলতা ও সীমাবদ্ধতা সত্বেও বর্তমান সংগ্রামে জনযুদ্ধে বিপ্লবী উপাদানগুলি সঞ্চারিত হওয়ার বাস্তব ভিত্তি সৃষ্টি হইতেছে। বাংলাদেশে জনযুদ্ধের আসল চেহারা কি, তাহা আমাদের সুস্পষ্টভাবে উপলব্ধি করিতে হইবে। জনযুদ্ধের বৈশিষ্ট্য হইতেছেঃ জাতীয় স্বাধীনতার সংগ্রামের সহিত একটি জাতির বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশ মেহনতী মানুষের বিশেষ করিয়া কৃষকের শোষণ মুক্তির সংগ্রামকে যুক্ত করা। জনযুদ্ধে পরিণত করার জন্য ইহা একান্তভাবেই প্রয়োজন, কারণ তাহা না হইলে সাম্রাজ্যবাদ বিশেষ করিয়া মার্কিন সাম্রাজ্যবাদীদের ক্রমবর্ধমান সাহায্যপুষ্ট, আধুনিক অস্ত্র শস্ত্রে সুসজ্জিত একটি বিশাল সৈন্যবাহিনীর বিরুদ্ধে অপ্রস্তুত, অসংগঠিত এবং প্রায় নিরস্ত্র জনতার অসমযুদ্ধ চলিতে পারে না। বিভিন্ন দেশের মুক্তি সংগ্রামের ইতিহাস ইহা নির্ভুলভাবে প্রমাণিত করিয়াছে দীর্ঘ মেয়াদী যুদ্ধের নিরবচ্ছিন্ন প্রক্রিয়ার মধ্য দিয়া শত্রুর শক্তিকে ক্রমান্বয়ে ক্ষয় করিয়া এবং জনতার শক্তিকে ক্রমবর্ধমান হারে সংহত ও বৃদ্ধি করিয়াই মুক্তিযুদ্ধ চূড়ান্ত সাফল্য লাভ করিতে পারে। আর দীর্ঘ মেয়াদী যুদ্ধকে টিকাইয়া রাখার জন্যই প্রয়োজন শত্রুর দুর্বলতম স্থান বাংলাদেশের বিশাল বিস্তীর্ণ গ্রামঞ্চলে সশস্ত্র সংগ্রামের ঘাঁটি স্থাপন করা। এই সশস্ত্র সংগ্রামের ঘাঁট অঞ্চল প্রতিষ্ঠা এবং তাহাতে মুক্তিফৌজ এবং বিপ্লবী গেরিলা বাহিনীর অবাধ সঞ্চারণে আত্মরক্ষা এবং হানাদার বাহিনীকে আক্রমণ করার শক্তি সঞ্চয় এবং বৃদ্ধি করার জন্যই গ্রামের জনসমষ্টির বৃহত্তর অংশ কৃষকের সক্রিয় সমর্থন ও সহযোগিতা প্রয়োজন। তাহা ছাড়া, ইহা বলাই বাহুল্য যে, বাংলাদেশের মত একটি আধা ঔপনিবেশিক এবং আধা সামন্ত বাদী দেশ যেখানে কৃষকরা হইতেছে দেশের জনসমষ্টির শতকরা প্রায় ৮৬ জন, সকলে মুক্তিফৌজ এবং বিপ্লবী গেরিলাবাহিনী মূলতঃ কৃষকদের লইয়াই গঠন করিতে হইবে। কিন্তু বাংলাদেশের কৃষক সমাজ বর্তমান মুক্তিযুদ্ধকে সমর্থন করিতেছে কোন সন্দেহ নেই, কিন্তু প্রত্যক্ষভাবে এই লড়াইতে অংশগ্রহণ করিতেছে ? নিশ্চয়ই এখনও নয়। প্রশ্ন হইতেছে জাতীয় স্বাধীনতার মধ্য দিয়া কৃষকের বুক হইতে জোতদার মহাজনের প্রত্যক্ষ শাসনের জগদ্দল পাথর যে সরিয়া যাইবে, এই কর্মসূচী স্বাধীনতার কর্মসূচীর সহিত যুক্ত না হইলে তাহারা কেন এই সংগ্রামে প্রত্যক্ষভাবে ঝাঁপাইয়া পড়িবে? শুধুমাত্র, নিছক স্বাধীনতার ফাঁকা আওয়াজের আবেদন কৃষক সমাজের মধ্যে কতটুকু রহিয়াছে ? তাহার তো গত চবিবশ বছর ধরিয়া তথাকথিত 'স্বাধীনতার'

* স্বাধীন বাংলাঃ কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ববাংলা সমন্বয় কমিটির চট্টগ্রাম বিভাগের পাক্ষিক মুখপত্র।সমন্বয় কমিটির চট্টগ্রাম বিভাগ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।

বিষাক্ত আস্বাদ পাইয়াছে! আর একটি কথা শুধু কর্মসূচী গ্রহণ করিলেই চলিবে না। শুধু এই কথা বলিলেও চলিবে না যে, 'স্বাধীনতার' পর তোমাদের জীবনে আমরা সুখ সম্পদের বন্যা বহাইয়া দিব। তাই আজ বাংলাদেশের বুক হইতে পাকিস্তানের হানাদার বাহিনীকে উৎখাত করার সংগ্রাম একদিকে যেমন চলিবে আবার অন্যদিকে এই লড়াইকে জনযুদ্ধের মাধ্যমে সফল করিয়া তুলবার স্বার্থেই গ্রামাঞ্চলে জোতদার মহাজনের প্রয়োজনতিরিক্ত মওজুত খাদ্যশস্য গরীব জনসাধারণের মধ্যে স্বল্প মূল্যে বিক্রয় করা, জোতদার মহাজনের জমিতে যে সমস্ত গরীব ও ভূমিহীন কৃষক বর্গাচাষ করে, তাহাদের ফসল পূর্বের তুলনায় বেশী দেওয়া মহাজনের নির্মম শোষণ বন্ধ করা, জমির সিলিং নির্দিষ্ট করিয়া দেওয়া, জাতীয় শত্রুদের সম্পত্তি সম্পূর্ণ বাজেয়াপ্ত করিয়া গরীব ও ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করা প্রভৃতি কর্মসূচী গ্রহণ করা একান্তভাবেই প্রয়োজন। তাহা হইলেই কৃষকের মধ্যে এক প্রচণ্ড উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি হইবে এবং তাহারা বাঁধভাঙ্গা স্রোতের মত স্বাধীনতা সংগ্রামে ঝাঁপাইয়া পড়িবে।

তাই ইহা পরিস্কার যে, মুক্তিযুদ্ধকে সফল করিয়া তুলিতে হইলে ইহাকে দীর্ঘ মেয়াদী যুদ্ধে পরিণত করা আবশ্যক, আবার অন্যদিকে দীর্ঘ মেয়াদী যুদ্ধ চালাইয়া যাইতে হইলে কৃষকের শোষণ মুক্তির কর্মসূচী গ্রহণ এবং তাহাকে কার্যকরী করার প্রক্রিয়া শুরু করার মাধ্যমে কৃষকের মধ্যে জাগরণের উত্তাল জোয়ার সৃষ্টি করা প্রয়োজন। এই জন্যই দীর্ঘ মেয়াদী যুদ্ধ এবং জনযুদ্ধ একটি অপরটির সহিত নিবিড় সম্পর্কযুক্ত। এই জন্যই আমরা এই কথা বলিঃ বর্ত্তমান সংগ্রাম যতই দীর্ঘ মেয়াদী হইতেছে, ততই জনযুদ্ধের বিপ্লবী উপাদান ইহার মধ্যে ইতিহাসের স্বাভাবিক গতিধারায় সঞ্চারিত হইয়া চলিতেছে।

এই কারণেই বাংলাদেশের বর্তমান লড়াইকে মাঝপথে থামাইয়া দিয়া একটি 'রাজনৈতিক সমাধানের' গগনভেদী আওয়াজ উঠিয়াছে। ইহা অত্যন্ত সহজ কথা যে, বাংলাদেশের বর্তমান লড়াই দীর্ঘ মেয়াদী প্রক্রিয়ার মধ্য দিয়া জনযুদ্ধে পরিণত হইলে বাংলাদেশের 'স্বাধীনতাকে' প্রতিহত করার ক্ষমতা পাক হানাদার বাহিনী কেন, দুনিয়ার কোন শক্তিরই থাকিবে না। ভিয়েতনামই তাহার উজ্জ্বলতম প্রমাণ। শুধু তাই নয়, জনযুদ্ধের মাধ্যমে যে স্বাধীনতা আসিবে, সে স্বাধীনতার চেহারাই হইবে আলাদা। ইহা হইবে কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত এবং জাতীয় দেশপ্রেমিক ধনিক শ্রেণী তথা সমগ্র জনতার স্বাধীনতা, যেখানে থাকিবে প্রতিটি মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসার ন্যূনতম নিশ্চয়তা। কিন্তু বোধগম্য কারণেই মার্কিন সাম্রাজ্যবাদ আমাদের পুরাতন 'প্রভু' বৃটিশ সাম্রাজ্যবাদ এবং অন্যান্য কায়েমী স্বার্থবাদীরা তাহা পছন্দ করিতে পারে না।

সোভিয়েত রাশিয়া আমাদের সংগ্রামের প্রতি নৈতিক সমর্থন দিয়াছে। কিন্তু 'শান্তিপূর্ণভাবে সমাজতন্ত্র উত্তরণ' কিংবা 'একটি স্ফুলিঙ্গই বিশ্ব যুদ্ধের দাবানল সৃষ্টি করিয়া দিতে পারে'-এই তত্ত্বে বিশ্বাসী বলিয়া তাহারা স্বাভাবিকভাবেই আমাদের সংগ্রামের প্রতি সমর্থন প্রদান করা সত্ত্বেও ইহাকে 'রাজনৈতিক সমাধানের' পথে লইয়া যাইতে চায়। ভারতের জনগণ ও সরকার আমাদের নৈতিক ও বৈষয়িক সাহায্য প্রদান করিতেছে। কিন্তু ভারত সরকার প্রথম হইতেই এই প্রশ্ন তুলিয়া ধরিতেছে যে তাহারা এক কোটি শরণার্থীর বোঝা আর কতদিন বহন করিবে ? আর ইহা তো অনস্বীকার্য্য সত্য যে, কোন বিদেশী রাষ্ট্রের উপর সম্পূর্ণ নির্ভরশীল হইয়া একটি দেশের জাতীয় মুক্তিযুদ্ধ চলিতে পারে না। তাই বিভিন্ন মহল হইতে বাংলাদেশ প্রশ্নটির একটি 'রাজনৈতক সমাধানের' বেপরওয়া প্রচেষ্টা শুরু হইয়াছে। এখন প্রশ্ন হইতেছেঃ কোন পথে এই 'রাজনৈতিক সমাধান' কার্য্যকরী করার প্রচেষ্টা চলিতেছে ? শান্তিপূর্ণ পথে এই 'রাজনৈতিক সমাধানের' জন্য ইতিমধ্যেই ওয়াশিংটন, লণ্ডন এবং মস্কোতে ব্যাপক সূক্ষ্ম কূটনৈতিক তৎপরতা শুরু হইয়াছে। ইতিমধ্যে এই সমস্ত রাষ্ট্রের কুটনৈতিক প্রতিনিধিদের রাওয়ালপিণ্ডি, দিল্লী ও মুজিবনগরে ব্যাপক আনাগোনা চলিয়াছে বলিয়া বিদেশী সংবাদপত্রগুলিতে খবর প্রকাশিত হইতেছে। বলা বাহুল্য, শান্তিপূর্ণ 'রাজনৈতিক সমাধানের' অর্থই হইতেছে পাকিস্তানের রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে সীমাবদ্ধ স্বায়ত্তশাসনের ভিত্তিতে বাংলাদেশ প্রশ্নটির 'রাজনৈতিক সমাধান'। কিন্তু এই ধরনের রাজনৈতিক সমাধানের পথে বাধা হইতেছেঃ বাংলাদেশের স্বাধীনতাকামী জনতা, মুক্তিফৌজ এবং বিপ্লবী গেরিলা বাহিনী।

এই জন্য বিভিন্ন রাজনৈতিক ভাষ্যকারেরা এই অভিমত প্রকাশ করিতেছেন যে বিভিন্ন স্বার্থসংশ্লিষ্ট মহল পাক-ভারত যুদ্ধের মাধ্যমে রাজনৈতিক সমাধানের একটি জোর প্রচেষ্টা শুরু করিয়াছে। এই সমস্ত রাজনৈতিক ভাষ্যকারের বিশ্লেষণ হইতেছেঃ পাক ভারত যুদ্ধ সংঘটিত হওয়ার সাথে সাথে এই সমস্ত স্বার্থ সংশ্লিষ্ট মহল আন্তর্জাতিক সালিশীর নামে বাংলাদেশের ব্যাপারে প্রত্যক্ষভাবে নাক গলাইবার সুযোগ পাইবে, তাসখন্দ চুক্তির অনুরূপ যুদ্ধবিরতি চুক্তি সম্পাদন করাইতে পারিবে এবং পাকিস্তানের রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে রাখিয়াই শিথিল কনফেডারেশনের ধুয়া তুলিয়া 'রাজনৈতিক সমাধানের কুইনাইন' গিলাইতে পারিবে। তাহা ছাড়া তখন এই কথা বলা যাইবে যে, 'বাংলাদেশ ইস্যুটির মীমাংসার জন্য সকল রকম প্রচেষ্টাই চালানো হইয়াছে, এমন কি শেষ পর্যন্ত পাক ভারত যুদ্ধও হইয়া গেলো, তাই এখন 'রাজনৈতিক সমাধান' ছাড়া আর উপায়ই বা কি ? এইভাবে বাংলাদেশের জনগণকে বিভ্রান্ত করা যাইবে বলিয়া এই সমস্ত স্বার্থবাদীরা মনে করে। অন্যদিকে একই কারণে পাকিস্তানের শাসকগোষ্ঠীর পক্ষেও এই ধরনের একটি যুদ্ধ বাধাইবার প্রচেষ্টা চালানো স্বাভাবিক। পাকিস্তানের শাসকগোষ্ঠীর ক্রমাগত উস্কানীর মুখে এবং আন্তর্জাতিক ষড়যন্ত্রের প্রেক্ষিতে ভারতেরও এই ধরনের একটি যুদ্ধে জড়াইয়া পড়ার আশংকা রহিয়াছে বলিয়া এইসব রাজনৈতিক ভাষ্যকারেরা মনে করেন। এই সমস্ত রাজনৈতিক বিশেষজ্ঞদের মতামত যাহাই ইউক না কেন এবং পাক ভারত যুদ্ধ হউক বা না হউক রাজনৈতিক সমাধানের যে জোর প্রচেষ্টা চলিয়াছে ইহাতে কোন সন্দেহ নাই বলিয়া আমরা মনে করি। তাই আজ বাংলাদেশের মুক্তিযুদ্ধের আকাশে ঘনকালো মেঘের অশুভ ছায়া দেখা দিয়াছে। আগামী দুটি মাস বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে অত্যন্ত কঠিন ও জটিল সময়। এই জন্যই বাংলাদেশের সংগ্রামী জনতা সকল স্বাধীনতাকামী শক্তি, মুক্তিফৌজ এবং বিপ্লবী গেরিলা বাহিনীকে এই ষড়যন্ত্র সম্পর্কে আজ হুঁশিয়ার হওয়া ঐতিহাসিক কারণেই মহান দায়িত্ব ও কর্ত্তব্য হইয়া দাঁড়াইয়াছে।

আমরা তাই পুনরায় বাংলাদেশ সরকার ও আওয়ামী লীগসহ সকল সংগ্রামী শক্তিকে নিম্নতম কর্মসূচীর ভিত্তিতে ব্যাপক জনতার আশা-আকাঙ্ক্ষার পরিপূরক একটি ঐক্যবদ্ধ ও সুসংহত জাতীয় মুক্তিফ্রন্টের পতাকাতলে সমবেত হওয়ার উদাত্ত আহবান জানাই। আমরা সকল সংগ্রামী শক্তি, মুক্তিফৌজ, বিপ্লবী গেরিলা বাহিনীর প্রতি পারস্পারিক সংযোগ ও সমন্বয় সাধনের মাধ্যমে নিজেদের শক্তিকে সুসংহত করার আকুল আবেদন জানাই। সকল বামপন্থী শক্তির প্রতিও আমরা সংগ্রামের মধ্যদিয়া চিন্তাধারা ও কাজের ঐক্যের ভিত্তিতে শ্রমিক শ্রেণীর বিপ্লবী আদর্শে উদ্বুদ্ধ একটি সুসংহত বিপ্লবী পার্টি গড়িয়া তোলার উদাত্ত আহবান জানাই। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, সংগ্রামকে প্রকৃত জনযুদ্ধে পরিণত করিয়া বাংলাদেশের সংগ্রামী জনতাকে শক্তির মূল উৎস করিয়া আত্মনির্ভরশীল হইতে পারিলেই একামাত্র দেশী-বিদেশী এই ষড়যন্ত্র ব্যর্থ করা সম্ভব-ইহার বিকল্প অন্য কোন পথ নেই।

উপরোক্ত দৃষ্টিভঙ্গীর আলোকে বর্তমান পরিস্থিতিতে আমরা বাংলাদেশের সকল সংগ্রামী শক্তি, মুক্তিফৌজ, বামপন্থী প্রগতিশীল মহল এবং বিপ্লবী গেরিলা বাহিনীর নিকট নিম্নোক্ত আশু করণীয় কর্তব্য উপস্থিত করিতেছি ।

১। জনগণের পাশে যাইয়া দাঁড়ান

আর এক মুহূর্তেও দেরী না করিয়া আমাদের শক্তির একমাত্র উৎস বাংলাদেশের জনগণের পাশে যাইয়া দাঁড়াইতে হইবে। 'রাজনৈতিক সমাধানের' যে অশুভ তৎপরতা শুরু হইয়াছে, সে সম্পর্কে জনগণকে সচেতন করিয়া তুলিতে হইবে। রাজনৈতিক প্রচার আন্দোলন ও রাজনৈতিক সংগঠনের উপর আমাদের বিশেষ গুরুত্ব আরোপ করিতে হইবে। জনতাকে দীর্ঘমেয়াদী যুদ্ধের অবশ্যম্ভাবী প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন করিয়া তুলিতে হইবে।

২। জাতীয় সংগ্রামের সহিত কৃষকের শোষণ মুক্তির সংগ্রাম যুক্ত করুন

গ্রামে গ্রামে জনতার বিভিন্ন অংশের প্রতিনিধি লইয়া সর্বদলীয় গণমুক্তি পরিষদ গঠন করিয়া নিম্নোক্ত কর্মসূচী বাস্তবায়িত করার মাধ্যমে এই সংগ্রামে কৃষককে প্রত্যক্ষভাবে নামাইতে হইবে। ক) জাতীয় শত্রুদের সকল সম্পত্তি বাজেয়াপ্ত করিয়া গরীব ও ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করিতে হইবে। খ) যে সকল জোতদার মহাজন জাতীয় মুক্তি সংগ্রামের পক্ষে রহিয়াছে তাহাদের প্রতি নমনীয় মনোভাব গ্রহণ করিতে হইবে। কিন্তু সাথে সাথে এই সমস্ত জোতদারদের নিকট হইতে জাতীয় মুক্তির বৃহত্তর স্বার্থে কৃষকদের সুযোগ সুবিধা আদায় করিতে হইবে। এই জন্য বর্গাচাষীরা পূর্বের তুলনায় ফসলের অংশ বেশী করিয়া যাহাতে পায় তাহার ব্যবস্থা করিতে হইবে। স্থান ও অবস্থাবিশেষে এই সমস্ত জোতদারদের জমির সিলিংও নির্দিষ্ট করিয়া দিতে হইবে। মহাজনের চড়া হারে সুদ আদায় বন্ধ করিতে হইবে। মজুতদারদের প্রয়োজনরিতিক্ত খাদ্যশস্য গরীব সাধারণের মধ্যে স্বল্পমূল্যে বিক্রয়ের ব্যবস্থা করিতে হইবে। ক্ষেতমজুরদের মজুরী বৃদ্ধি করার ব্যবস্থা করিতে হইবে। যাহারা স্থাবর অস্থাবর সম্পত্তি ফেলিয়া দেশত্যাগ করিতে বাধ্য হইয়াছেন, তাহাদের সম্পত্তি গণমুক্তি পরিষদের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে আনিতে হইবে, অন্তর্বতীকালীন সময়ের জন্য ইহা কৃষকদের নিকট চাষাবাদের জন্য দিতে হইবে এবং এইভাবে গ্রামে টাউট বদমাইশদের হাত হইতে শরণার্থীদের পরিত্যক্ত সম্পত্তি রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

৩। নীচের দিক হইতে সংগ্রামী ঐক্য গড়িয়া তুলুন

সকল স্বাধীনতাকামী রাজনৈতিক দল, গণ ও শ্রেণী সংগঠন, মুক্তিফৌজ এবং বিপ্লবী গেরিলা বাহিনী তাহাদের রাজনৈতিক ও সামরিক কার্যক্রমকে সমন্বিত করুন এবং পরস্পরের মধ্যে অন্তরঙ্গ সংগ্রামী সম্পর্ক গড়িয়া তুলুন। মুক্তিফৌজ এবং বিপ্লবী গেরিলা বাহিনী পরস্পরের মধ্যে সংযোগ ও সমন্বয় সাধন করিয়া শত্রুকে আঘাত করার ঐক্যবদ্ধ কর্মসূচী গ্রহণ করুন। মুক্তিফৌজকে আশ্রয়, খাদ্য ও রসদ দিয়া সাহায্য করুন। এইভাবে সংগ্রামের ময়দানে মুক্তি সংগ্রামের সকল শক্তি নীচের দিক হইতে ঐক্য প্রতিষ্ঠা করিয়া জাতীয় মুক্তি ফ্রন্ট গড়িয়া তোলার দৃঢ় ভিত্তি প্রস্তুত করুন।

৪। পূর্ণ জাতীয় মুক্তি অর্জিত না হওয়া পর্যন্ত লড়াইকে অব্যাহত রাখুন

যতদিন পর্যন্ত পাকিস্তানের শাসকগোষ্ঠীর জল্লাদ হানাদার বাহিনীর দস্যু সৈন্য বাংলাদেশের মাটি হইতে উৎখাত না হইতেছে, যতদিন সম্পূর্ণ স্বাধীন, সার্বভৌম জনতার স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠিত না হইতেছে, ততদিন মুক্তিযুদ্ধকে যে কোন মূল্যের বিনিময়ে অব্যাহত রাখার লৌহ-কঠিন শপথ গ্রহণ করুন এবং আপোষহীন সংগ্রামের আঘাতের পর আঘাতে মুক্তিযুদ্ধকে আরও দুর্বার করিয়া তুলুন। কৃষক জনতাকে সশস্ত্র করুন, গ্রামাঞ্চলে রাজনৈতিক ও সশস্ত্র সংগ্রামের ঘাঁটি প্রস্তুত করুন, গণযুদ্ধকে ক্রমান্বয়ে বিস্তীর্ণ গ্রামাঞ্চলে এবং বিশাল জনতার মধ্যে ছড়াইয়া দিন। বাংলাদেশের অভ্যন্তরে আরও বেশী করিয়া লড়াইয়ের পশ্চাদভূমি (Rear base) এবং রাজনৈতিক ও সামরিক কার্যক্রম পরিচালনার কেন্দ্র স্থাপন করুন। হানাদার বাহিনী যে সীমান্তে সৈন্য সমাবেশ ঘটাইবে এবং সীমান্ত সংঘর্ষ যত বেশী আত্মস্থ (Absorbed) হইবে, তত বেশী করিয়া শত্রুকে পশ্চাৎদিক হইতে আক্রমণ করার সুযোগ সৃষ্টি হইবে-এই সুযোগের প্রতিটি অণু পরমাণুর সদ্ব্যবহার করুন।

৫। কৃষক-জনতার মধ্য হইতে মুক্তিফৌজের সহায়ক শক্তি হিসাবে বিপ্লবী গেরিলা বাহিনী গড়িয়া তুলুন

কৃষক জনতার মধ্য হইতে ক্ষুদ্র ক্ষুদ্র গেরিলা দল গঠনের মাধ্যমে বিভিন্ন রাজনৈতিক ও সামরিক ঘাঁটি এলাকাকে কেন্দ্র করিয়া বিপ্লবী গেরিলা বাহিনী গড়িয়া তুলুন এবং গেরিলা যুদ্ধকে ধাপে ধাপে বিকশিত করুন। গেরিলা যুদ্ধের নীতি ও কৌশলকে লড়াইয়ের বর্তমান পর্যায়ে প্রধান নীতি ও কৌশল হিসাবে গ্রহণ করুন। মুক্তিফৌজ এবং বিপ্লবী গেরিলা বাহিনী পরস্পরের পরিপূরক ও সহায়ক শক্তি হিসাবে কাজ করার কার্যকরী পন্থা গ্রহণ করুন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
দেশবাসীরা সাবধান! -ভাসানী	স্বাধীন বাংলা ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	১ নভেম্বর, ১৯৭১

মীমাংসার জন্য ষড়যন্ত্র চলিতেছে
দেশবাসীরা সাবধানঃ ভাসানী

গত মাসে বাংলাদেশের অশীতিপর বৃদ্ধ মজলুম জননেতা মওলানা ভাসানী বাংলাদেশের জাতীয় স্বাধীনতা ও মুক্তির যুদ্ধকে বানচাল করিবার জন্য দেশী-বিদেশী সকল আপোষ চক্রান্তের বিরুদ্ধে রুখিয়া দাঁড়াইবার জন্য তাঁহার প্রিয় দেশবাসীর প্রতি আহবান জানাইয়া যে বিবৃতি দিয়াছেন তাহার অংশবিশেষ আমরা গত সংখ্যা 'স্বাধীন-বাংলায়' প্রকাশ করিয়াছিলাম। নিম্নে মওলানা সাহেবের বিবৃতির অবশিষ্টাংশ দেওয়া হইলঃ ''বাংলাদেশের জনগণের লড়াইয়ের শক্তি যখন সংগঠিত এবং তাহারা যখন গৌরবজনক সংগ্রাম চালাইয়া যাইতেছেন তখন সেই জাতীয় স্বাধীনতা ও মুক্তির সংগ্রামকে ব্যাহত করিবার জন্য দেশীয় এবং আন্তর্জাতিক মহলের একটি অশুভ রাজনৈতিক চক্রান্ত শুরু হইয়াছে। এই চক্রান্ত সম্পর্কে আমার দেশবাসীকে সচেতন থাকিতে হইবে এবং সমস্ত শক্তি দিয়া ইহাকে রুখিয়া দাঁড়াইতে হইবে। কারণ আমরা আমাদের জাতীয় স্বাধীনতা ও মুক্তির লক্ষ্য হইতে বিচ্যুত হইতে পারি না। কয়েকটি বৃহৎ আন্তর্জাতিক শক্তি বাংলাদেশ সংগ্রামের মীমাংসা ও বুঝাপড়ার যে চক্রান্ত করিতেছে তাহার মধ্য দিয়া আমাদের প্রকৃত স্বাধীনতা ও মুক্তি আসিবে না। এত শহীদের রক্ত, মা-বোনের ইজ্জত ও ঘর-বাড়ী ছারখার হওয়া সবই বিফলে যাইবে। তাই পাকিস্তানের হানাদার বাহিনীর বিরুদ্ধে আমাদের বাঁচিয়া থাকিবার জন্য সশস্ত্র লড়াই চালাইতে হইবে।''

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় অনিবার্য সমাধি	দেশ বাংলা* ১ম বর্ষঃ ২য় সংখ্যা	৪ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

অনিবার্য সমাধি

ইয়াহিয়া খাঁ গভীর গাড্ডায় পড়েছেন। বলা বাহুল্য এই গাড্ডা তিনি নিজেই খুঁড়েছিলেন অবশ্য নিজের পাপ ঢাকার জন্য। বাংলাদেশের জনগণের রায়কে নস্যাৎ করতে হলে যে পাশবিকতার বহিঃপ্রকাশ ঘটাইতেই হয়, তার দায়দায়িত্ব প্রতিপক্ষের ঘাড়ে চাপাবার জন্য ফাঁদ বানিয়েছিলেন। ভেবেছিলেন তাঁর সে ফাঁদে আটকা পড়ে নিশ্চিহ্ন হয়ে যাবে বাংলার স্বাধিকারকামী নেতৃত্ব। আর তিনি তাঁর লাঠিয়ালদের নিয়ে মনের সুখে রাজত্ব চালাবেন।

কিন্তু কথায় আছে অতি চালাকের গলায় দড়ি। ইয়াহিয়াও সম্ভবতঃ একটু বেশী চালাকী করতে গিয়েছিলেন। আর তাতেই পতন-স্বখাত সলিলে।

গত তেইশ বৎসর ধরে বাংলার মানুষকে সর্বক্ষেত্রে বঞ্চিত করে পাঞ্জাবের উদরপূর্তির যে প্রচেষ্টা হয়েছে তাতে বাধ সাধতে গেলেই এই ফাঁদ অতি সন্তর্পণে গুটিয়ে আনা হয়েছে। বাংলার মানুষ সরল বিশ্বাসে হাত মেলাতে গিয়ে সে ফাঁদে আটকা পড়েছে। একবার দু'বার নয়-অসংখ্যবার। তথাকথিত পাকিস্তানের ইতিহাস ঘাঁটলেই তা চোখে পড়বে।

ফাঁদ পাতা হয়েছিল ১৯৪৬-এর নির্বাচনে। বাংলার মানুষ জেনেছিল এ নির্বাচনে জয়ী হলে তারা স্বাধীন বাংলার মালিক হবে। মুসলিম লীগের লাহোর প্রস্তাবের মর্মকথাও ছিল তা-ই। বাংলার মুসলমানরা অবিভক্ত ভারত চায়নি। কিন্তু স্বাধীন বাংলা চেয়েছিল। এর পেছনেও হয়তো বা বাংলাদেশে নিজেদের সংখ্যাগরিষ্ঠতা জাহির করার আকাঙক্ষাই প্রবল ছিল। কিন্তু তা ছিল একান্তই স্বাভাবিক এবং প্রকৃতিগত অধিকার প্রতিষ্ঠার ইচ্ছা মাত্র। ১৯৪৬ সালের নির্বাচনের ইস্যু ছিল দু'টি। সমগ্র উপমহাদেশ একটি মাত্র রাষ্ট্র হবে, না-কি একাধিক রাষ্ট্রে বিভক্ত হবে। কংগ্রেস ছিল একক জাতীয়তার ধারক, মুসলিম লীগ দ্বিজাতিতত্ত্বের। কিন্তু মুসলিম লীগের দ্বিজাতিতত্ত্বের ব্যাখ্যা বাংলার মুসলমানদের কাছে ছিল সম্পূর্ণ ভিন্ন। হিন্দু এবং মুসলমানদের জন্য দু'টি পৃথক রাষ্ট্রে উপমহাদেশকে 'ভাগ' করার কথা চিন্তা করেনি বাংলার মুসলমান। বাঙালী ফজলুল হকের মুসাবিদা করা 'লাহোর প্রস্তাব'ই তার প্রামাণ্য দলিল। সোহরাওয়ার্দীর যুক্তবাংলা গড়ার শেষ চেষ্টাও তারই বহিঃপ্রকাশ।

বাংলার মুসলমান উপমহাদেশে একাধিক রাষ্ট্রের সমন্বয় চেয়েছিল। আর বঙ্গভঙ্গ বাঙালী হিন্দুর কাছে ছিল মাতৃহত্যার তুল্য। এ জন্যই কেবিনেট মিশনের প্রস্তাব আজো বাংলার মানুষের কাছে পালিয়ে যাওয়া সোনার হরিণ।

কিন্তু '৪৬ সালের নির্বাচনের পর মুসলিম লীগের নেতৃত্ব নির্বাচনী কর্মসূচী ভুলে গিয়ে নির্বাচনের ফলাফলকে কাজে লাগিয়ে নিজেদের স্বার্থ হাসিলের দিকে মন দিয়েছিল। সে নেতৃত্বে ছিল স্পষ্টতই অবাঙালী নেতৃত্ব। বাংলাকে ভাগ করে অথর্ব করে দিতে না পারলে অবাঙালী কর্তৃত্ব চিরস্থায়ী করা যেতো না, করাচীতে বসে

* দেশবাংলাঃ সাপ্তাহিক। বাংলাদেশের জনযুদ্ধের মুখপত্র। সম্পাদকঃ ফেরদৌস আহমদ কোরেশী। দীপক সেন কর্তৃক বাংলাদেশের মুক্তাঞ্চল থেকে মুদ্রিত ও 'অগ্নিশিখা' প্রকাশনীর পক্ষে বিজয় নগর, ঢাকা থেকে প্রকাশিত।

সংখ্যালঘুরা সংখ্যাগরিষ্ঠের উপর শাসন ও শোষণ চালাতে পারতো না। '৪৬-এ মুসলিম লীগকে জয়যুক্ত করে জিন্নার নেতৃত্ব দ্বিধাহীন চিত্তে মেনে নিয়ে বাংলার মানুষ যে ফাঁদে পা দিয়েছিল তারই অবশ্যম্ভাবী পরিণতি স্বাধীন বাংলার কবর, ইউনিটারী পাকিস্তানের উদ্ভব। অবশ্য জিন্না এবং আর অবাঙালী নেতাদের বাঁচার আর কোন পথ ছিল না। ইউনিটারী পাকিস্তানে বাঙাল মারা কল বসাতে না পারলে তাঁদের সর্দারী কায়েম রাখা যেতো না কিছুতেই। সে ব্যাপারে তাদের হিসাব ছিল একেবারেই নির্ভুল।

এরপর এই তেইশ-চবিবশ বছরে বহুবার সেই একই খেলার পুনরাবৃত্তি ঘটেছে। শাসনতন্ত্র ছাড়াই দেশ চলেছে দশ বছর। 'দুই পরিষদে'র ভূত চাপাবার চেষ্টা হয়েছে। চেষ্টা হয়েছে পৃথক নির্বাচন বহাল রাখার। উর্দুকে রাষ্ট্রভাষা করে 'বাংগাল'কে পাকিস্তানী বানাবার কোশেশ হয়েছে। সে সব অবশ্য ধোপে টেকেনি। কিন্তু '৫৪ সালের নির্বাচনের পর বাংলার মানুষ আবার ফাঁদে পড়েছে। মুসলিম লীগের ভরাডুবি ঘটিয়ে জয়ী হবার অল্প দিনের মধ্যেই যুক্তফ্রন্ট ভাংগন ধরলো। আওয়ামী লীগ বের হয়ে এলো যুক্তফ্রন্ট থেকে। নৌকার মাঝি হক সাহেব মাল্লাবিহীন হয়ে সমূদ্রে ভাসলেন। মাল্লার একের হাত-পা অপরে ভাংলো 'দাঁড়া-দাঁড়ি করে। মারীতে শহীদ সোহরাওয়ার্দীর সাথে কোরান শরীফের পাতার মার্জিনে স্বাক্ষরিত হলো পাঁচদফা চুক্তি, পশ্চিমা নেতাদের সাথে। এক ইউনিট আর সাংখ্যাসাম্য মানলেন শহীদ সোহরাওয়ার্দী। আর বিনিময়ে পেলেন চাকুরী-বাকুরী, ব্যবসা-বানিজ্য, উন্নয়ন, সর্বক্ষেত্রে দুই অংশের সমান সমান বখরা কায়েম করার এবং গণতান্ত্রিক শাসনতন্ত্র চালু রাখার অঙ্গীকার। কিন্তু এটাও ছিল আরেকটি ফাঁদ। বাংলাদেশ পরিষদের অভ্যন্তরে সংখ্যাগরিষ্ঠতা হারালো, পশ্চিম পাকিস্তানের ক্ষুদ্র দেশগুলি হারালো তাদের স্বকীয়তা। সোহরাওয়ার্দী উভয়ের কাছেই অপরাধী হয়ে থাকলেন। কিন্তু বিনিময়ে পেলেন না কিছুই। পশ্চিম পাকিস্তানীরা চুক্তির আর সব ধারা বেমালুম চেপে গেল। কোরান শরীফের পাতায় লেখা ওয়াদাও তারা ভাংতে পারেন কারণ ধর্মটা শোষকের খোলস, বিশ্বাসের অঙ্গ নয়। এই বিশ্বাসঘাতকতারই চূড়ান্ত প্রকাশ ঘটেছিল বাংলার অধিকার নিয়ে চাপ সৃষ্টির পর আকস্মিকভাবে পাঞ্জাবী চক্রের সোহরাওয়ার্দী মন্ত্রসভার প্রতি সমর্থন প্রত্যাহারে। শহীদ সোহরাওয়ার্দীর মত সুচতুর ও সুদক্ষ রাজনীতিকও নাকি সেদিন অসহায় শিশুর মত বলে উঠেছিলেন, 'আমি মানবতার উপর বিশ্বাস হারিয়ে ফেলেছি।'

তারপর '৫৯ সালের অনুষ্ঠিতব্য নির্বাচনের ফলাফল পূর্বাহ্নে আঁচ করে সামরিক শাসন জারী থেকে শুরু করে, '৬২-র শাসনতন্ত্র জারী, '৬৫-র নির্বাচন, '৬৯-এর গোলটেবিল বৈঠক '৭০-এর নির্বাচন, একই কাহিনীর পুনরাবৃত্তি। প্রতিবারই বাংলার মানুষ নতুন করে বিশ্বাস স্থাপন করেছে। প্রতিবারই প্রতারিত হয়েছে।

'৬৯-র গোলটেবিল বৈঠকে নির্বাচন অনুষ্ঠান এবং পার্লামেন্টারী শাসনে প্রত্যাবর্তনের ঘোষণায় বিশ্বাস করেছে বাঙালী। সে বিশ্বাসের পরিণতি দ্বিতীয় দফা সামরিক শাসন, আয়ুবের গদীতে ইয়াহিয়ার অভিষেক। '৭০-এর নির্বাচনের জন্য ইয়াহিয়া যখন 'আইনগত কাঠামো আদেশ' জারী করে, তখন বাংলাদেশের দু'একটি দল তাতে ঘোরতর আপত্তি জানিয়েছিল। কিন্তু বৃহত্তর জনসমষ্টি তা মেনে নেয়, ইয়াহিয়ার 'সদিচ্ছায়' বিশ্বাস স্থাপন করে। ইয়াহিয়া সে বিশ্বাসের মূল্য তার স্বনিয়মেই দিয়েছে এবং এখনো দিচ্ছে।

কিন্তু কথায় আছে, সাতদিন চোরের আর একদিন গৃহস্থের। এবার সত্যই গৃহস্থের দিন এসেছে। ইয়াহিয়া এবং তার মুরববীদের সমস্ত হিসাব ভণ্ডুল করে দিয়ে বাংলার মানুষ রুখে দাঁড়িয়েছে প্রতিশোধের স্পৃহায়। ২৪ বছরের বিশ্বাসঘাতক তার জবাব সে আজ দেবেই। ইয়াহিয়ার প্রতিটি অস্ত্র ফিরে গিয়ে তার নিজেরই বুকে বিধছে। বাংলাকে এবং বাংলার মানুষকে চিরতরে স্তব্ধ করে দেবার জন্য যে চোরাবালির ফাঁদ পাতা হয়েছিল, ভাগ্যের নির্মম পরিহাসে ইয়াহিয়া এবং তার সামরিক জান্তা আজ তাতেই আটকা পড়েছে।

এ চোরাবালি থেকে তাদের নিস্তার অনিবার্য সমাধিতে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
রাজনৈতিক সমঝোতা সোনার পাথরবাটি	দেশ বাংলা ১ম বর্ষঃ ২য় সংখ্যা	৪ নভেম্বর, ১৯৭১

রাজনৈতিক সমঝোতা সোনার পাথরবাটি
(রাজনৈতিক ভাষ্যকার)

পর পর কয়েকটা আলোচনা শেষে প্রকাশিত যুক্ত ইশতেহারে, বিভিন্ন দেশের রাজনীতিবিদদের বিবৃতিতে এবং বাংলাদেশ সম্পর্কে উদাসীন এমন অনেকগুলো দেশের রাষ্ট্র প্রধানদের বিবৃতি ও সাক্ষাৎকারে বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধানের কথা বার বার উচ্চারিত হয়েছে এবং হচ্ছে। এই রাজনৈতিক সমাধানের জন্য কারো কারো মতে ভারত ও পাকিস্তানের মধ্যে আলোচনা হতে হবে। আবার কারো কারো মতে, ইদানীং সে মতটাই প্রাধান্য পাচ্ছে, '৭০-এর নির্বাচনে নির্বাচিত গণ-প্রতিনিধিগণ আর বর্তমানের একনায়কত্ববাদী সামরিক জান্তার মধ্যে আলোচনার মাধ্যমেই সে রাজনৈতিক সমাধান পেতে হবে। এ ব্যাপারে ভারতের বক্তব্য স্পষ্ট। বাংলাদেশ সমস্যা ভারত পাকিস্তান বিরোধ থেকে উদ্ভুত নয়। কাজেই ভারতের এ ব্যাপারে আলোচনায় বসার প্রশ্নই ওঠে না।

তাহলে আলোচনা যদি হতেই হয় তা হতে পারে কেবল বাংলাদেশের নির্বাচিত প্রতিনিধিদের সাথে ইয়াহিয়া চক্রের। কিন্তু লক্ষ্য করার বিষয় এই যে, রাজনৈতিক 'সমাধান'টা কি হতে পারে তা কেউই উল্লেখ করছেন না। অর্থাৎ প্রস্তাবকদের মতে কোন রকম পূর্বশর্ত ছাড়াই দু'পক্ষকে আলোচনায় বসতে হবে এবং সমাধানের সূত্র বের করতে হবে। অর্থাৎ ২৫শে মার্চের আগে ব্যর্থ দ্বি-পাক্ষিক আলোচনায় ফিরে যেতে হবে।

আমরা ধরে নিলাম রাজনৈতিক সমাধানের জন্যে নির্বাচিত প্রতিনিধিরা এবং পশ্চিম পাকিস্তানের সামরিক শাসকেরা বসলেন। তখন তাঁদের সামনে আলোচ্যসূচী কি হতে পারে এবং দু'পক্ষের দেওয়া নেওয়ার সুযোগ কতটা বিদ্যমান রয়েছে তা ভেবে দেখা যাক।

পাকিস্তান প্রতিষ্ঠার পরবর্তী পর্যায়ে শাসনতন্ত্র প্রণয়নের প্রশ্নে যে সব জটিলতা দেখা দিয়েছিল এবং পরবর্তী ২৩ বৎসরে পাকিস্তানের রাষ্ট্রীয় কাঠামোতে বারংবার যেভাবে বিপর্যয় এসেছে তার মূল কারণগুলি অনুসন্ধান করলে নিম্নলিখিত কয়েকটি সত্য পরিস্কার হয়ে ধরা পড়বে।

ক) পাকিস্তানের দুই অংশের মধ্যে পূর্বাঞ্চলের জনসংখ্যা ছিল শতকরা ৫৬জন, পশ্চিমাঞ্চলের শতকরা ৪৪জন। স্বভাবতই এ দেশে নিয়মতান্ত্রিক পার্লামেন্টারী রাজনীতি চালু থাকলে সংখ্যাগরিষ্ঠ অঞ্চলের প্রাধান্য অপ্রতিরোধ্য হয়ে পড়ে।

খ) সংখ্যালঘিষ্ঠ পশ্চিমাঞ্চল, বিশেষতঃ পাঞ্জাব, ঐতিহাসিক কারণে প্রশাসন, অর্থনীতি এবং দেশরক্ষা বিভাগে একচেটিয়া কর্তৃত্বের অধিকারী। দেশে নিয়মতান্ত্রিক পার্লামেন্টারী ব্যবস্থা চালু হতে দিলে সংখ্যালঘিষ্ঠের একচেটিয়া কর্তৃত্ব বিলুপ্ত হতে বাধ্য। এমতাবস্থায় পাঞ্জাবী নেতৃত্বের পক্ষে সম্মিলিত পাকিস্তানে গণতান্ত্রিক শাসন চালু হতে দেওয়া আত্মহত্যার শামিল।

গ) দুই অঞ্চলের জন্য ছয়দফা ভিত্তিক স্বায়ত্তশাসন কায়েম রেখে কেন্দ্রের জন্য সমতার ভিত্তিতে ফেডারেল শাসনতন্ত্র প্রণয়নের যে দাবী শেখ মুজিব ১৯৬৬ সালে পেশ করেছিলেন পশ্চিমা রাজনীতিকরা এখন পর্যন্ত তাকেই মেনে নিতে পারেন নি। এমতাবস্থায় কনফেডারেশন গঠনের প্রস্তাবে তাদের সম্মত হবার সম্ভাবনা খুবই

ক্ষীণ। কারণ তাহলে তাঁদের স্বদেশে তাঁরা এতদিনের গোয়ার্তুমীর পরিণতির জন্য ধিকৃত হবেন এবং প্রত্যেকেরই রাজনৈতিক সমাধি রচিত হবে।

ঘ) সম্মিলিত পাকিস্তানের পশ্চিমাঞ্চলে এক ইউনিট বাতিল হয়ে চারটি প্রদেশ হয়েছে। এখন বাংলাদেশ যে অধিকার ভোগ করবে, ক্ষুদ্র ক্ষুদ্র প্রদেশগুলিও তাই ভাগ করবে। কিন্তু, বাস্তব অবস্থার প্রেক্ষিতে তা সম্ভব নয়। বাংলাদেশের বিপরীতে 'পশ্চিম পাকিস্তান ' ধরনের একটি সম্মিলিত কাঠামো খাড়া না রাখলে কোন সমাধানই কার্যকর হবে না। কিন্তু তা হবে এক ইউনিট ব্যবস্থারই পুনঃপ্রবর্তন, যেটা পশ্চিম পাকিস্তানের ক্ষুদ্রতর প্রদেশগুলি মানবে না। আর এক ইউনিট পুনর্বহাল করার অর্থ হবে প্যারিটিতে ফিরে যাবার পাঁয়তারা, বাংলাদেশের মানুষ বহু পূর্বেই যা ডাষ্টবিনে ছুড়ে ফেলে দিয়েছে।

পাকিস্তান প্রতিষ্ঠার সময় যে কোনভাবেই হোক পাকিস্তানের প্রতি বাংলার মুসলমানদের পূর্ণ আনুগত্য আদায় করা সম্ভব হয়েছিল। সে আনুগত্য এমনই ছিল যে সেদিনের বাঙালী মুসলমান ফজলুল হক সোহরাওয়ার্দীর মত নিজ দেশের নেতাদের দূরে হটিয়ে দিয়ে জিন্না-লিয়াকত আলীর পায়রবি করেছে। কিন্তু সেই আনুগত্যকে বশ্যতা হিসাবে ধরে নিয়ে পাঞ্জাবী রাজনীতি যেভাবে ২৪টি বছর দেশটাকে ব্যক্তি মালিকানাধীন সম্পত্তির মত ব্যবহার করেছে তাতে করে পরিস্থিতির এখন আমূল পরিবর্তন ঘটেছে। ইতিমধ্যে পদ্মা-মেঘনা ও সিন্ধু নদীতে অনেক পানি গড়িয়ে গেছে। আর সম্ভবতঃ পাকিস্তান নামক দেশটির রাষ্ট্রীয় ভিত্তিও তাতেই ভেসে গেছে।

কিন্তু সে কথা বাদ দিলেও যেটা এখন মৌল প্রশ্ন তা হচ্ছে এই-পাকিস্তানের কাঠামোর মধ্যে বাঙালীদের অবস্থান সম্ভব করে তোলার জন্য যে নির্ভেজাল গণতান্ত্রিক শাসনতন্ত্র প্রণয়ন এবং 'বহাল রাখার নিশ্চয়তা' প্রয়োজন, পাঞ্জাবী শাসকচক্র তাতে কোন অবস্থাতেই রাজী হতে পারে না। পাঞ্জাবীরা আপাততঃ যদি অবস্থার চাপে পড়ে, কোন প্রকার নমনীয় মনোভাব প্রদর্শন করেও তবে তা বাঙালীদের নিকট বিশ্বাসযোগ্য হবে না। কারণ, পাঞ্জাবীচক্রের অতীত কার্যকলাপ এবং বর্তমানের মানসিকতা সন্দেহাতীতভাবে প্রমাণ করে যে, তারা কেবল পরবর্তী সুযোগেরই অপেক্ষায় থাকবে। এবং নিজেদের সুবিধাজনক ষ্ট্রাটেজী কাজে লাগিয়ে বাঙলাদেশের অভ্যন্তরে পা রাখার জায়গাটুকু করে নিতে পারলেই পুনরায় নগ্নরুপে ফিরে যেতে দ্বিধা করবে না।

কাজেই আন্তর্জাতিক চাপ যতই আসুক, পাকিস্তানের মধ্যে বাংলাদেশের প্রত্যাবর্তনে পাকিস্তানের রাজনৈতিক সমস্যার সমাধান মিলবে না। দু'টি পরস্পরবিরোধী স্বার্থের এবং পরস্পর বিদ্বিষ্ট মনোভাবের ধারক অঞ্চলকে এক জোয়ালে বেঁধে রাখার চেষ্টা করে লাভ নেই। এটা অবাস্তব এবং প্রকৃতির ধর্মের বিরোধী। বর্তমান যুগে রাষ্ট্রযন্ত্র হচ্ছে নির্দিষ্ট জনসমষ্টির সর্বাধিক কল্যাণের জন্য নির্মিত স্বেচ্ছামূলক সংগঠন। যে ক্ষেত্রে এক অঞ্চলের রাজনৈতিক ধ্যান-ধারণা, সামাজিক চেতনা ও সাংস্কৃতিক উত্তরাধিকার অপর অঞ্চলের চাইতে সম্পূর্ণ পৃথক, যে ক্ষেত্রে এক অঞ্চলের অর্থনৈতিক শক্তির উন্মেষ অপর অঞ্চলের উপর বেনিয়া শোষণের পথ প্রশস্ত করে, যে ক্ষেত্রে গণতন্ত্রের সহজ ও স্বাভাবিক বিকাশ অঞ্চল বিশেষের প্রাধান্য অনিবার্য করে তোলে, সে ক্ষেত্রে একই রাষ্ট্রীয়তা অবৈজ্ঞানিক। শ্যামদেশের সেই যমজ ভ্রাতৃদ্বয়ের মত একের পিঠের সাথে অপরের সংযুক্ত অবস্থান উভয়ের জন্যই ক্ষতিকর।

কাজেই অপারেশনের কাজ যত তাড়াতাড়ি শেষ হয় ততই মঙ্গল।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় সাড়ে সাত কোটি হোসেন আলী	দেশ বাংলা ১ম বর্ষঃ ৩য় সংখ্যা	১১ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

সাড়ে সাত কোটি হোসেন আলী

নয়া দিল্লীর পাকিস্তানী দূতাবাসটি এখন বাঙালীশূন্য। না, অন্ততঃ একজন বাঙালী এখনো সেখানে আছেন। তিনি জনাব হোসেন আলী, হাই কমিশনারের একান্ত সচিব।

রক্তাক্ত ক্ষতবিক্ষত দেহে দিল্লীর পাকিস্তানী হাইকমিশন ভবনের কোন একটি চোরা কুঠুরিতে তিনি অসহ্য উৎপীড়নের শিকার হয়ে রয়েছেন। দিল্লীর ছাত্ররা বিক্ষোভ দেখিয়েছেন। অবুঝ ছেলে দুটি পিতার মুক্তির জন্য ধরনা দিতে গিয়ে কেঁদে বুক ভাসাচ্ছে। অসহায় সহকর্মীরা ছুটোছুটি করছেন। কিন্তু কূটনীতির কূট প্রভূরা নীরব নিথর। আইনের দৃষ্টিতে তিনি পাকিস্তানের 'নাগরিক', যে নাগরিকত্ব তিনি ঘৃণাভরে ছুড়ে ফেলেছেন তাঁর আর আর সহকর্মীদের সাথে। কিন্তু, তথাকথিত সভ্য জগতের আন্তর্জাতিক আইনের কীটদষ্ট পুস্তকের ভাষ্য তাঁর অনুকুলে নয়। সাড়ে সাত কোটি স্বজাতির সাথে একাত্ম হয়ে যে পৃথক জাতীয় সত্তার গৌরব মাথা তুলে দাঁড়াতে চেয়েছেন তিনি, তার স্বীকৃতি মেলেনি সভ্যতার মুরববীদের কাছে। অতএব, পাকিস্তানী বন্দীশালায় নিষ্ঠুরতম মৃত্যুকেও যদি বরণ করতে হয়ে তাঁকে, কুটনীতির ঠাণ্ডা মস্তিস্কের কসাইদের কাছে তার বুঝি কোন প্রতিকারই পাওয়া যাবে না।

জনাব হোসেন আলীর অপরাধ তিনি তাঁর লক্ষ লক্ষ স্বদেশবাসীর দুঃখ যন্ত্রণার দিকে চোখ বুঁজে থাকতে পারেন নি। নয়াদিল্লীর পাকিস্তানী দূতাবাসটির অভ্যন্তরে দিনের পর দিন বাংলাদেশের মাটি ও মানুষের বিরুদ্ধে জঘন্য ষড়যন্ত্রের জাল বোনা হতে দেখে স্থির থাকতে পারেননি। চাকুরীর মায়া ত্যাগ করে অনির্দিষ্ট ভবিষ্যত মাথায় করে সর্বস্বান্ত স্বদেশবাসীর পাশে এসে দাঁড়াতে চেয়েছেন।

নয়া দিল্লীর দূতাবাসে তিনি ছিলেন গুরুত্বপূর্ণ দায়িত্বে সমাসীন। পাকিস্তানী জঙ্গী চক্রের ষড়যন্ত্রের গোপন তথ্যাবলী তাঁর জানা থাকার কথা। সম্ভবতঃ সেই কারণেই ইয়াহিয়া চক্র ক্ষেপা কুকুরের মত তাঁর উপর ঝাঁপিয়ে পড়েছে।

কিন্তু ইয়াহিয়া চক্রের জিন্দানখানায় হোসেন আলী একা নন, সাড়ে সাত কোটি বাঙালী আজ পাকিস্তান নামক বন্দীশালায় এমনিভাবে অত্যাচারের অগ্নিপরীক্ষার সম্মুখীন। তাঁদের সবার পিঠেই আঘাতের চিহ্ন, সবার বুকেই বিক্ষোভের আগুন, সবার চোখেই ঘৃণার বিচ্ছুরণ। তাদেরও অপরাধ তারা ইয়াহিয়ার পাকিস্তানের নাগরিকত্বে পদাঘাত হেনে নয়া নাগরিকত্বের সদস্য ঘোষণায় কণ্ঠ দিয়েছে।

দুনিয়ার মানুষ জেনে রাখুক, সাড়ে সাত কোটি হোসেন আলী প্রিয়তম স্বদেশের স্বাধীনতার জন্য এই মৃত্যুযন্ত্রণাকে বরণ করেই নিয়েছে। এই যন্ত্রণার এই নিপীড়নের আগুনে পুড়েই সোনার বাংলা 'সোনার চেয়েও খাটি' হয়ে উঠেছে। অত্যাচারেই বাংলার উন্মেষ। অত্যাচারই বাঙালীর ঐক্যের ভিত। অতএব, মাভৈঃ হোসেন আলীর মুক্তির আর বিলম্ব নেই!

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় হিন্দু না ওরা মুসলিম জিজ্ঞাসে কোন্ জন ?	দেশ বাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

হিন্দু না ওরা মুসলিম জিজ্ঞাসে কোন্ জন ?

পশ্চিম পাঞ্জাবী দস্যুবৃত্তির শিকার হয়ে বাংলাদেশ থেকে যাঁরা ভারতে চলে গিয়েছেন তাঁদের অধিকাংশই হিন্দু, এই ধুয়া তুলে জনৈক পশ্চিমা সাংবাদিক দিল্লীতে মিসেস গান্ধীকে প্রস্তাব দিয়েছেন, এদের সবাইকে ভারতের নাগরিক করে নিলে কেমন হয় ?

প্রস্তাবটি ওই সাংবাদিকের নিজস্ব হলে ক্ষতি ছিল না। শোনা যায়, মহল বিশেষ থেকে পরিকল্পিতভাবে এই 'ফিলার' পরিবেশন করা হচ্ছে।

বাংলাদেশের নব্বই লক্ষ মানুষ গৃহহারা, সর্বহারা হয়ে প্রাণভয়ে সীমান্ত অতিক্রম করে ভারতে চলে গেছে। তাদের অপরাধ তারা নিজ দেশে পরবাসী হয়ে থাকতে চায়নি। তাদের অপরাধ তারা তাদের স্বদেশের মাটিতে বিদেশী বেনিয়া প্রভুত্ব মেনে নিতে পারেনি। সেই অপরাধের খেসারত দিতেই তাদের আজ স্বদেশ স্বজন থেকে দূরে অপরিসীম দুঃখ-দুর্দশাকে বরণ করে নিতে হয়েছে। কিন্তু দূর-দূরান্তে বসে যারা চিরকাল এই উপমহাদেশের মানুষের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলেছে, তারা কি এই পরিস্থিতিতেও নতুন করে ঘোলাপানিতে মাছ শিকারের স্বপ্ন দেখছে ? বাংলাদেশের এক কোটি মানুষকে বিদেশী বানিয়ে, তথাকথিত পাকিস্তানের কাঠামোর মধ্যে বাঙালীদের সংখ্যালঘিষ্ঠ করে চিরদিনের মত ভারত-পাকিস্তান সংঘাত জিইয়ে রাখার নতুনতর ফন্দি আঁটা হচ্ছে কি ?

শরণার্থীরা বেশীর ভাগ হিন্দু। বিভেদকামী পশ্চিমা সামাজ্যবাদ সঠিক জায়গাতেই ঘা দিয়েছে। কিন্তু তাদের মনে রাখা উচিত আজকের বাংলাদেশ ১৯৪৬-এর বাংলাদেশ নয়। সাম্প্রদায়িতকার বিষবাষ্প থেকে মুক্ত বাঙালী জাতীয়তার মূর্ত পীঠস্থান এই বাংলাদেশ । বাংলার মুসলমান, বাংলার হিন্দু, বাংলার বৌদ্ধ, বাংলার খৃষ্টান, বাংলার আদিবাসী তাদের নিজ নিজ বিশ্বাস নিয়ে বেঁচে থাকবে সন্দেহ নেই, কিন্তু জাতীয়তা এবং রাষ্ট্রীয়তার প্রশ্নে তাদের একমাত্র পরিচয় তারা বাঙালী, বাংলাদেশের নাগরিক।

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম প্রমাণ করে দিয়েছে ধর্ম জাতীয়তার একমাত্র নিয়ামক হতে পারে না, ভাষা-সংস্কৃতি এবং অর্থনৈতিক-রাজনৈতিক একাত্মতাই জাতীয়তার মৌল ভিত্তি। এই নবলব্ধ অভিজ্ঞতা কেবল এই উপমহাদেশের জন্য নয়, গোটা পৃথিবীর জন্যই এক অভিনব শিক্ষা। বাংলাদেশের মানুষ নিজেদের জন্মগত অধিকার প্রতিষ্ঠার জন্য আপন ইচ্ছায় আপন শক্তিতে শক্তিমান হয়ে স্বাধীনতার পতাকা উর্ধ্বে তুলে ধরেছে। আজও গোটা পৃথিবীর তাবৎ বৃহৎ শক্তির ভ্রূকুটি উপেক্ষা করে বাংলার দামাল ছেলেরা শত্রুর সাথে অসমযুদ্ধে পাঞ্জা লড়ছে। এ যুদ্ধে তাদের বিজয় অবশ্যম্ভাবী জেনেই কি পশ্চিমা সাম্রাজ্যবাদীরা নতুন নতুন ফন্দি আবিষ্কারের চেষ্টায় মেতেছে ?

বাংলাদেশের সরকার ইতিমধ্যেই ঘোষণা করেছেন যে, শরণার্থীদের সকলকেই স্বাধীন বাংলাদেশে ফিরিয়ে নেওয়া হবে। শরণার্থীরাও দ্ব্যর্থহীন ভাষায় বলছেন, তাঁদের মাতৃভূমি বাংলাদেশ। ভারতে তাঁদের অবস্থান স্বাধীনতা সংগ্রামের প্রয়োজনেই। অধিকৃত বাংলা থেকে হানাদার সৈন্যরা বিতাড়িত হলে দেশে ফিরে যেতে তাঁদের এতটুকুও বিলম্ব হবে না। মনে রাখতে হবে, বাঙালী শরণার্থীদের ভারতীয় নাগরিকত্ব দেবার অধিকার ভারতেরও নেই। তারা হিন্দু, না মুসলিম, সে প্রশ্নের সমাধি রচিত হয়েছে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে। এ প্রশ্ন নতুন করে যারা তুলতে চাইবে, তাদের 'লাল মুখ' কালো করে দেবে সাড়ে সাত কোটি বাঙালীর ইস্পাত কঠিন ঐক্য। অতএব, সাধু সাবধান !

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
বাংলাদেশে পার্লামেন্টারী গণতন্ত্র চাই কি ?	দেশবাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

বাংলাদেশে পার্লামেন্টারী গণতন্ত্র চাই কি ?
আওয়ামী লীগকে মন স্থির করতে হবে
(দেশবাংলা বিশেষ নিবন্ধ)

বাংলাদেশের মুক্তাঞ্চল সম্প্রসারিত হচ্ছে এবং অধিকৃত বাংলার পরিসর সংকুচিত হয়ে আসছে। মুক্তিবাহিনীর শক্তিও সুসংহত হয়ে উঠছে। এক কথায় স্বাধীনতার চরম মুহূর্ত ঘনিয়ে আসছে।

এই ক্রান্তিলগ্নে দেশের রাজনীতিক ক্ষেত্রেও আসছে বিপুল পরিবর্তন। দক্ষিণপন্থী দলগুলি ইয়াহিয়ার সাথে হাত মিলিয়ে নিজেদের কবর নিজেরাই খুঁড়ছে। বামপন্থী ও আধাবামপন্থী দল-উপদলগুলিতেও পোলারাইজেশন শুরু হয়েছে নতুনভাবে।

বিগত নির্বাচনে বিজয়ী আওয়ামী লীগকে এখন দল না বলে 'প্লাটফর্ম' বলাই ভালো। মধ্যপন্থী আওয়ামী লীগে এখন বামপন্থী 'প্রায়-নক্সাল' চিন্তাধারা থেকে শুরু করে বুর্জোয়া উদার নৈতিকতাবাদ পর্যন্ত সব রকমের চিন্তাধারা পাশাপাশি কাজ করছে। বিভাগ পূর্বকালের ভারতীয় জাতীয় কংগ্রেসের সাথে আওয়ামী লীগের এই অবস্থার তুলনা হতে পারে।

স্বভাবতঃ বাংলাদেশের আগামী দিনের রাজনীতিতেও আওয়ামী লীগ এবং তার অনুগামীদের প্রাধান্য থাকবে। ন্যায়সংগতভাবেই আজ তাই প্রশ্ন উঠতে পারে স্বাধীনতার পর আওয়ামী লীগ দেশকে কোন পথে চালাবে?

অনেকে বলে থাকেন, আগে স্বাধীনতা আসুক, তারপর সে সব কথা চিন্তা করা যাবে। বিভাগ পূর্বকালে মুসলিম লীগ এ ধরনের কথাই বলতো। প্রকৃত সমস্যাকে পাশ কাটিয়ে সাধারণ মানুষের নাকের ডগায় মুলা বেঁধে এগিয়ে নেবার অভিসন্ধি ছাড়া এটা আর কিছুই নয়।

বস্তুতঃ যাঁরা আজ স্বাধীনতা সংগ্রামে লিপ্ত রয়েছে তাঁদের সবার সামনেই স্বাধীনতা পরবর্তীকালের একটি সুনির্দিষ্ট চিত্র থাকা অত্যাবশ্যক। পাকিস্তান প্রতিষ্ঠার মধ্য দিয়ে যে তথাকথিত 'স্বাধীনতা' অর্জিত হয়েছিল, গত ২৪ বৎসর তার বিষময় ফল ভোগ করার পর পুনরায় কোন অজানার পথে পা বাড়ানো বাঙালী জাতির জন্য নির্বুদ্ধিতারই নামান্তর হবে।

সংগ্রামের গতি প্রবাহ আজ বাংলাদেশের রাজনীতিকে এমন এক স্তরে এনে দিয়েছে যখন সংগ্রামকে সঠিকখাতে পরিচালনার খাতিরেই আজ কতগুলি বিষয়ে মনস্থির করার প্রয়োজন জরুরী হয়ে দেখা দিয়েছে। আওয়ামী লীগ নেতৃত্বকেই আজ এসব প্রশ্নের মোকাবিলায় বলিষ্ঠভাবে এগিয়ে আসতে হবে। দেশবাসীর সামনে সুস্পষ্ট ভাষায় তাঁদের বক্তব্য তুলে ধরে তদনুযায়ী সর্বশ্রেণীর মানুষের মানসিক প্রস্তুতির জন্য কাজ করে যেতে হবে।

আওয়ামী লীগকে প্রথমেই স্থির করতে হবে স্বাধীনতা বাংলাদেশে পার্লামেন্টারী রাজনীতি চালু থাকবে কি-না, না-কি সেখানে তাঁরা একদলীয় শাসন চালু করবেন।

বাংলাদেশের মানুষ নিয়মতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে তাদের অধিকার প্রতিষ্ঠা করতে চেয়েছে এবং বিগত নির্বাচনে আওয়ামী লীগকে ভোট দিয়ে শান্তিপূর্ণভাবেই ক্ষমতায় রদবদল আনতে চেয়েছে। কিন্তু শেষ পর্যন্ত ক্ষমতাসীন চক্র এই শান্তিপূর্ণ পরিবর্তনের পথ আগলে দাঁড়ায় এবং নজীরবিহীন নৃশংসতার মাধ্যমে নির্বাচনের রায় বানচাল করতে প্রয়াসী হয়। অতঃপর বাংলার ছাত্র-তরুণ ও স্বাধিকারকামী জনতা অস্ত্র ধরেছে এবং সশস্ত্র সংগ্রামের পথে পা' বাড়িয়েছে একান্ত বাধ্য হয়ে।

এ থেকে অনেকে এই সিদ্ধান্তে এসেছেন যে বাংলাদেশের ঘটনা নিয়মতান্ত্রিক পার্লামেন্টারী রাজনীতির ব্যর্থতার প্রামাণ্য উদাহরণ এবং এ থেকেই প্রামাণিত হয় যে 'সশস্ত্র' বিপ্লব ছাড়া জাতীয় মুক্তি অসম্ভব।

আওয়ামী লীগের তরুণদের একাংশ সশস্ত্র সংগ্রামের যৌক্তিকতা প্রচার করছিলেন পূর্ব থেকেই। এবার তাঁরা হাতে-কলমে তা' প্রমাণ করার সুযোগ পেয়েছেন। অতঃপর পার্লামেন্টারী রাজনীতির 'বিলাসিতা' চিরদিনের জন্য দেশ থেকে দূর করার কথা তাঁরা চিন্তা করছেন কিনা আমাদের জানা নেই।

অন্যদিকে আওয়ামী লীগের বয়োজ্যেষ্ঠ নেতৃবৃন্দ এবং নির্বাচিত প্রতিনিধিরা বর্তমান সংগ্রামকে তাঁদের নির্বাচনী বিজয়েরই চূড়ান্ত পরিণতি মনে করেছেন। তাঁদের মতে বর্তমান সংগ্রাম সশস্ত্র হলেও তা প্রকৃত প্রস্তাবে নিয়মতান্ত্রিক। কারণ, নির্বাচনের মাধ্যমে জনগণের দেওয়া রায়কে প্রতিষ্ঠা করার জন্যই সংগ্রাম চলছে। কাজেই এ সংগ্রাম অন্যান্য দেশের সশস্ত্র সংগ্রাম থেকে সম্পূর্ণ পৃথক এবং একে কোন অবস্থাতেই নিয়মতান্ত্রিক রাজনীতির অবসান বলা যেতে পারে না। তাঁরা মনে করেন, ইয়াহিয়া নিয়মতান্ত্রিকতার পথ থেকে সরে গিয়ে যে অনিয়মের পথ বেছে নিয়েছে, বাংলাদেশ সরকার সেই অনিয়মকে উৎখাত করে নিয়মতান্ত্রিকতাকেই পুনর্বহাল করতে চান। শত্রুমুক্ত বাংলাদেশে তাঁরা গণপরিষদের অধিবেশন ডাকতে মুহূর্তও বিলম্ব করবেন না এবং যথারীতি পার্লামেন্টারী রাজনীতি কায়েম করবেন, এ কথা তাঁরা বলছেন।

আওয়ামী লীগ নেতৃবৃন্দের এ ধরনের বক্তব্য যদি দলের স্থিরসিদ্ধান্তের পরিচায়ক হয়ে থাকে তবে কার্যক্ষেত্রেও তার প্রতিফলন ঘটা দরকার বলে রাজনৈতিক পর্যবেক্ষক মহল মনে করেন।

আওয়ামী লীগ পার্লামেন্টারী রাজনীতিতে বিশ্বাসী ছিল সন্দেহ নাই। বিগত নির্বাচনে আওয়ামী লীগের ঐতিহাসিক বিজয় পার্লামেন্টারী রাজনীতির প্রতি সাধারণ মানুষেয আকর্ষণ এবং আস্থা দুই-ই বাড়িয়ে দিতে সক্ষম হয়। কিন্তু পরবর্তীকালের ঘটনা প্রবাহে গণমনে বিভ্রান্তি এসেছে। সে বিভ্রান্তি এখন বাড়ছে বই কমছে না।

পাকিস্তানে কোনকালেই পার্লামেন্টারী রাজনীতি পরীক্ষিত হয়নি। শুরু থেকেই কায়েমী স্বার্থ এবং সামরিক বাহিনীর অন্যায় প্রভুত্ব দেশে পার্লামেন্টারী রাজনীতির বিকাশ স্তব্ধ করে দিয়েছিল। ১৯৫৪ সালের নির্বাচনকে নস্যাৎ করে দেওয়া, ১৯৫৯ সালের অনুষ্ঠিতব্য নির্বাচনের ভয়ে সামরিক শাসন জারী, আয়ুবের 'মৌলিক গণতন্ত্র' এবং সর্বশেষ ইয়াহিয়ার ডিগবাজী সেই অন্যায় প্রভুত্ব কায়েম রাখার অপকৌশলেরই বিচিত্র বহিঃপ্রকাশ।

স্বাধীন বাংলাদেশে পার্লামেন্টারী শাসন পুনঃপ্রতিষ্ঠিত হলে প্রথম বারের মত সেখানে গণতন্ত্রের পরীক্ষা নিরীক্ষা শুরু হবে। বলা বাহুল্য এটা একান্তভাবেই এখন আওয়ামী লীগের উপর নির্ভরশীল। সেজন্যে আওয়ামী লীগকে অবশ্যই কয়েকটি ব্যাপারে দৃঢ় পদক্ষেপ নিতে হবে।

(১) দলীয় পরিধিতে নিয়মতান্ত্রিকতা কায়েম করতে হবে এবং সংগ্রামের সর্বস্তরে নিয়মতান্ত্রিক গণপ্রতিনিধিত্বকে উর্ধ্বে তুলে রাখতে হবে। বিগত নির্বাচনে যাঁরা নির্বাচিত হয়েছেন, সরকার গঠন এবং সরকার পরিচালনায় তাঁদের সম্মিলিত ইচ্ছাকে প্রাধান্য দিতে হবে এবং বর্তমান জরুরী অবস্থাতেও পার্লামেন্টের সুপ্রিমেসীর নিশ্চয়তা বহাল রাখতে হবে।

(২) মুক্তিবাহিনীর সদস্যদের মনেও নির্বাচিত প্রতিনিধিদের প্রতি তথা, পার্লামেন্টের প্রতি আনুগত্য গড়ে তুলতে হবে এবং ভবিষ্যতে দেশের বেসামরিক নাগরিকদের অস্ত্র সমর্পনের কথা মনে রেখে তদনুযায়ী কাজ করে যেতে হবে।

(৩) বিরোধী দলের অস্তিত্ব মেনে নিতে হবে। বিশেষ করে যে সব দল ভবিষ্যত পার্লামেন্টের সুপ্রিমেসী মেনে নিয়ে নিয়মতান্ত্রিক রাজনীতিতে অংশ নেবে সে সব দলকে সাথে নিয়ে কাজ করতে হবে। দেশে শক্তিশালী ও সুসংগঠিত বিরোধী দল পার্লামেন্টারী রাজনীতির সাফল্যের জন্য অপরিহার্য। আওয়ামী লীগ যদি সত্যই ভবিষ্যতে পার্লামেন্টারী রাজনীতি কায়েমের অভিলাষী হয়ে থাকে তবে এ ধরনের বিরোধী দল গড়ে ওঠার ব্যাপারে বাধা সৃষ্টি করা তো চলবেই না, বরঞ্চ সরকারী ভাবে আনুকুল্য দেখাতে হবে।

(৪) মুক্তিবাহিনীকে একক কমাণ্ডে সংগঠিত রাখতে হবে এবং সামরিক বাহিনীকে দলীয় প্রভাবমুক্ত রাখতে হবে, যাতে প্রশাসনিক দায়িত্ব বাংলাদেশে 'পাকিস্তানী রাজনীতি'র পুনরাবৃত্তি না ঘটতে পারে।

(৫) এডমিনষ্ট্রেশনকেও দলনিরপেক্ষ ভাবে গড়ে তুলতে হবে। এমনকি রাজনৈতিক মতাবলম্বী ব্যক্তিদেরকেও প্রশাসনিক দায়িত্ব পালন দলনিরপেক্ষ থাকার অভ্যাস 'করাতে' হবে।

প্রথম দৃষ্টিতে মনে হবে এ সব পদক্ষেপ আওয়ামী লীগের জন্য 'ত্যাগ' স্বীকার। কিন্তু প্রকৃতপক্ষে আওয়ামী লীগের নেতৃত্ব, পরিষদ সদস্যবৃন্দ এবং কর্মী বাহিনীর 'নিজেদের প্রয়োজনেই' এ ব্যাপারে তাঁদের উদ্যোগী হতে হবে। কারণ, কেবলমাত্র পার্লামেন্টারী সুপ্রিমেসী বহাল রেখে বিগত নির্বাচনের রায় কার্যকরী করার মাধ্যমেই আওয়ামী লীগের হাতে আগামী দিনের বাংলাদেশের কর্তৃত্ব আসতে পারে। অন্যথা মাঝপথে নৌকার গতি পরিবর্তন এবং হাত বদলের সম্ভাবনাই যে বেশী, পৃথিবীর বিভিন্ন দেশের দিকে তাকিয়ে তা বিনা দ্বিধায় বলা যায়।

যাঁরা পার্লামেন্টারী রাজনীতিতে বিশ্বাসী নন, এতে অবশ্য তাঁদেরও হতাশ হবার কিছু নেই। আওয়ামী লীগকে আওয়ামী লীগের পথেই রাজনীতি করতে হবে অন্যদের নিজ নিজ পথে। ইতিহাস আপন নিয়মেই তার পথ করে নেবে, সে ভবিষ্যতবাণী এখনই করা যাবে না।

তবে আমাদের প্রতিবেশী ভারতে পার্লামেন্টারী পদ্ধতি রাজনীতির স্বীকৃত মাধ্যম। সেক্ষেত্রে ভারত সরকারও সম্ভবতঃ চাইবেন না তাঁদের বাড়ীর পাশে একটি সামরিক একনায়কত্ব বা ফ্যাসিবাদী একদলীয় শাসন খাড়া হোক। কারণ ভারতের রাজনীতিতে, বিশেষতঃ তার পূর্বাঞ্চলের নাজুক পটভূমিতে তার প্রতিক্রিয়া হবে মারাত্মক। বাংলাদেশে পার্লামেন্টারী রাজনীতি প্রতিষ্ঠিত হোক এবং একদলীয় কর্তৃত্বের স্থলে বহুদলীয় গণতান্ত্রিক সমঝোতা স্থাপিত হোক ভারত সরকারের পক্ষে সেটা কামনা করাই বেশী স্বাভাবিক। আওয়ামী লীগ বাংলাদেশে পার্লামেন্টারী গণতন্ত্র কায়েম করতে চাইলে এই অনুকূল পরিবেশে খুবই সহায়ক হবে সন্দেহ নেই।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
অধিকৃত বাংলায়-	দেশ বাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৮ই নভেম্বর, ১৯৭১

অধিকৃত বাংলায়
চাকমারা দমে গেছেঃ বিদ্রোহী
মিজো লালডেঙ্গা পাক
ছাউনীতে

পার্বত্য চট্টগ্রাম এলাকার উপজাতীয়দের নানাভাবে প্রলব্ধ করে বাংলাদেশের অভ্যন্তরে বিভেদ সৃষ্টির পাক চেষ্টা ফলপ্রসু হয়নি। আমাদের সংবাদদাতা চট্টগ্রাম ঘুরে এসে জানিয়েছেন যে, পার্বত্য চট্টগ্রামের চাকমা উপজাতির প্রধান রাজা ত্রিদিব রায় এবং পার্বত্য চট্টগ্রাম থেকে নির্বাচিত পরিষদ সদস্য আউংশে প্রু'র মাধ্যমে চাকমাদের অস্ত্রসজ্জিত করে মুক্তিবাহিনীর বিরুদ্ধে কাজে লাগাবার চেষ্টা হয়েছে। উপজাতীয় এলাকাকে স্বতন্ত্র মর্যাদা দেবার প্রতিশ্রুতি পেয়ে চাকমা নেতারা সে ফাঁদে পা-ও দিয়েছিলেন এবং সে অনুযায়ী কিছু সংখ্যক চাকমাকে ট্রেনিংও দেওয়া হয়।

কিন্তু কার্যক্ষেত্রে এই পরিকল্পনা একাধিক কারণে মোটেই কাজে আসেনি। প্রথমতঃ চাকমারা সংখ্যায় খুবই নগন্য। সমগ্র পার্বত্য চট্টগ্রামে উপজাতীয়দের সংখ্যা আশি হাজার। দক্ষিণের বোমং ও উত্তরে মং রাজার অনুগামীরা চাকমাদের কোনকালেই সুনজরে দেখেনি। কারণ, চাকমারা তুলনামূলকভাবে কিছুটা উন্নত এবং অন্যান্য উপজাতীয়দের ঘৃণার চোখে দেখে থাকে।

এদিকে রামগড়ের মং রাজা মুক্তিবাহিনীর পক্ষ নিয়েছেন। এপ্রিল-মে মাসে রামগড় যখন মুক্তিবাহিনীর দখলে ছিল তখন তিনি সর্বতোভাবে সহায়তা করেছেন। তাঁর ধনুকধারী টিপরা বাহিনী পাহাড়ে-জঙ্গলে পাহারাদারের কাজ করেছে। রামগড়ে পাক-বাহিনীর প্রবেশের পর তিনি সপরিবারে মুক্তাঞ্চলে চলে যান এবং তাঁর অনুগামীরা গভীরতর জঙগলে আশ্রয় নেন।

বোমং উপজাতীয়রা তুলনামূলকভাবে আরো অনুন্নত ও অসংহত।

পার্বত্য চট্টগ্রামের অবস্থানগত কারণে এবং উপজাতীয়দের সংখ্যাল্পতা ও বিচ্ছিন্ন অবস্থানের ফলে তাদের কার্যকলাপ নিজ নিজ এলাকাতেই সীমাবদ্ধ। ফলে এই মুহূর্তে তাদের নিয়ে মাথা ঘামাবার প্রয়োজন মুক্তিবাহিনীর আদৌ আছে বলে মনে হয় না। মুক্তিবাহিনীর সামগ্রিক বিজয়ের পথে উপজাতীয়দের মাধ্যমে প্রতিবন্ধকতা সৃষ্টির প্রচেষ্টা পাক-বাহিনীর নির্বুদ্ধিতার পরিচায়ক। কারণ আজ হোক কাল হোক, মুক্তিবাহিনীর সামগ্রিক বিজয়ের মুহূর্ত ঘনিয়ে আসলে অস্ত্রধারী উপজাতীয়রা তাদের অস্ত্র গুরিয়ে ধরবে নিজেদের প্রয়োজনেই। বাংলাদেশকে বাদ দিয়ে তাদের পৃথক অস্তিত্ব একেবারেই অসম্ভব। আর একমাত্র স্বাধীন বাংলাদেশেই উপজাতীয়রা তাদের পরিপূর্ণ নাগরিক অধিকার এবং উপজাতীয় স্বার্থের রক্ষা কবচ পেতে পারে, এ সত্য উপজাতীয় নেতাদের অজানা থাকার কথা নয়। এতদসত্ত্বেও যে দু'একজন উপজাতীয় নেতা বর্তমানে পাক-বাহিনীর সাথে হাত মিলিয়েছে, তারা চিরদিনই স্রোতের শেওলার মত এধার ওধার করে এসেছে। উপজাতীয় স্বাতন্ত্র্যবোধ থেকে নয়, ব্যক্তিগত লোভ লালসা থেকেই এরা পাক-সরকারের পক্ষ নিয়েছে। বলাবাহুল্য সে জন্যই এদের ভূমিকার কোন রাজনৈতিক গুরুত্ব নেই। চাকমা নেতা ত্রিদিব রায় স্বতন্ত্রপ্রার্থী হিসাবে নির্বাচিত হয়ে কনভেনশন মুসলিম লীগের মন্ত্রী হয়েছিলেন। গতবারও স্বতন্ত্র প্রার্থী হিসাবে তিনি জয়ী হয়েছেন। জয়ী হবার পর আওয়ামী লীগের দুয়ারে ধরনা

দিতে দেরী করেন নি। কিন্তু ২৫শে মার্চের পর পুনরায় ভোল পাল্টে ফজলুল কাদেরের বৈঠকাখানায় হাজিরা দিয়েছেন। সংগতভাবেই বলা যায়, পাক-বাহিনীর হাত গুটাবার লক্ষণ দেখা দিলে তিনি আবারও ডিগবাজী খেতে দেরী করবেন না।

ভারতের মিজোদের নিয়ে পাক-সরকার বেশ কিছুটা জটিলতা সৃষ্টিতে সক্ষম হয়েছিল। মিজোদের মনে স্বাতন্ত্র্যবোধ জেগে উঠেছিল বেশ কিছুকাল পূর্ব থেকে এবং তার পেছনে পাক-উস্কানীও ছিল। পার্বত্য চট্টগ্রামের সীমান্তবর্তী মিজো এলাকা থেকে বিদ্রোহীদের বাংলাদেশের ভেতরে নিয়ে যাওয়া হয়েছে এবং সেখানে তাদের সামরিক শিক্ষা দেওয়া হয়। পরে অস্ত্রশস্ত্রে সজ্জিত মিজোরা দেশে ফিরে নাশকতামূলক কাজে লিপ্ত হলে ভারত সরকার বিব্রতকর অবস্থায় পড়েন। বিদ্রোহী মিজোদের নেতা লালডেঙ্গা এখন বাংলাদেশের ভেতরে পাক-সামরিক ছাউনীতে বেশ কিছুসংখ্যক অনুগামীসহ অবস্থান করছেন। মুক্তিবাহিনীর বিরুদ্ধে পার্বত্য চট্টগ্রামে হামলা পরিচালনার সময় পাক বাহিনী কয়েকশত মিজো পরিবারকে কয়েকটি মাত্র বন্দুক হাতে নিয়ে অগ্রবর্তী বাহিনী হয়ে এগিয়ে যেতে বাধ্য করে। তাদের গুলি ছুড়তে ছুড়তে এগুতে বলা হয়, যাতে করে পাল্টা জবাব থেকে মুক্তিবাহিনীর অবস্থান নির্ণয় করা যায়। তাদের পিছু পিছু পাক-বাহিনী নিরাপদ দূরত্বে এগুতে থাকে। ফলে এই হতভাগ্যরা অধিকাংশই সপরিবারে ক্রস ফায়ারিং-এর শিকার হয়।

ভারত সরকার কর্তৃক কেন্দ্র শাসিত মিজোরাম ষ্টেট গঠনের সিদ্ধান্ত ঘোষিত হবার পর মিজোদের মধ্যে বিদ্রোহী মনোভাব দূর হতে চলেছে। বিদ্রোহীদের মধ্যে অনৈক্য দেখা দিয়েছে অনেক দিন থেকে। স্বায়ত্তশাসিত মিজো ষ্টেট পেলেই তাঁদের অনেকেই খুশী। লালডেংগার সমর্থন তাই দিন দিনই কমে আসছে এবং তাকে নাগা নেতা ডঃ ফিজোর ভাগ্যই যে বরণ করে নিতে হচ্ছে, তাতে সন্দেহ নেই। পাকিস্তানী ছাউনীতে পাক-বাহিনীর বর্বরতার নমুনা দেখে লালডেঙ্গার ঘনিষ্ঠ সহচরদের তিনজন হতাশ হয়ে স্বদেশে ফিরে গেছেন। তাঁদের মধ্যে তথাকথিত স্বাধীন মিজোরাম সরকারের 'পররাষ্ট্রমন্ত্রী' লালমিনখাংগা ও 'অর্থমন্ত্রী' লালথাওলিয়া রয়েছেন। মিজো জেলাকে 'ইউনিয়ন টেরিটরি'তে রুপান্তরিত করা এবং আসাম সরকার কর্তৃক গণ-ক্ষমা প্রদর্শনের ঘোষণায় তাঁরা সন্তুষ্ট হয়েছেন। প্রসংগত উল্লেখযোগ্য যে, মিজো জাতীয় ফ্রন্টের সহ-সভাপতি লালনুনমাউইয়ার নেতৃত্বে চরমপন্থীদের একাংশ পূর্বেই বিচ্ছিন্ন হয়ে এসেছেন।

পাক-ছাউনীতে লালডেঙ্গার অনুগামীদের মধ্যে অসন্তোষ ক্রমেই বাড়ছে। পাকবাহিনী তাদের বাংলাদেশের বিরুদ্ধে কাজ করতে বাধ্য করছে। মিজোদের 'স্বাধীনতা'র প্রশ্নটি চাপা দিয়ে, পাক-বাহিনী তাদের ভারত ও বাংলাদেশের বিরুদ্ধে গুপ্তচরবৃত্তি ও নাশকতামূলক কার্যকলাপে লিপ্ত রেখে নিজেদের স্বার্থ হাসিল করছে। এ সব ব্যাপারে মতভেদ হওয়ায় লালডেঙ্গা তাঁর আটজন কমাণ্ডারের ছয়জনকে সম্প্রতি বরখাস্ত করেছেন।

কেন্দ্রশাসিত মিজো ষ্টেটের আনুষ্ঠানিক উদ্বোধনের সাথে সাথে লালডেঙ্গার রাজনৈতিক মৃত্যু ঘটবে তা' এখন নিশ্চিতভাবে বলা যায়; সেই সাথে ঘটবে পূর্বাঞ্চলের উপজাতীয়দের নিয়ে পাক-বাহিনীর দীর্ঘ দিনের ষড়যন্ত্রেরও অবসান।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
শত্রুশিবির-	দেশ বাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

শত্রুশিবিরে
ভুট্টোর উভয় সংকটঃ ইয়াহিয়ার
'পিঠাভাগ': ষড়যন্ত্রের 'শাসনতন্ত্র'
'ডন' পত্রিকার কুম্ভীরাশ্রু
ইয়াহিয়া সরে দাঁড়াবে ?
(রাজনৈতিক ভাষ্যকার)

গত ১২ই নভেম্বর করাচীতে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে পাকিস্তান পার্টির নেতা জুলফিকার আলী ভুট্টো ইয়াহিয়া খানকে সতর্ক করে দিয়ে বলেছেন, পূর্ব পাকিস্তানের উপনির্বাচনের বিজয়ীদের নিয়ে সরকার গঠন করা হলে ৪০ দিনের মধ্যেই আমরা তা উল্টে দেবো। সংবাদটি পরিবেশন করেছেন রয়টার। পিকিং ফেরত ভুট্টোর পশ্চিম পাকিস্তানে বক্তৃতা সফরের এটি ছিল শেষ সভা।

বাংলাদেশের ৭৮ জন গণপ্রতিনিধিকে দেশদ্রোহী আখ্যা দিয়ে তাঁদের আসনের 'উপনির্বাচনের' ব্যবস্থা হয়েছে। ছয়টি দক্ষিণপন্থী দল জোট বেঁধে সব ক'টি আসন নিজেদের মধ্যে রাখার চেষ্টা করছে এবং ইয়াহিয়া সরকারের পরোক্ষ সমর্থনে তাদের সফল হবার সম্ভাবনাই বেশী। ইতিমধ্যে ৫২টি আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় এই ছয় দলের জোটের মনোনীত প্রার্থী 'নির্বাচিত' হয়েছে। ৩টি আসন পি,ডি,পি'র জনৈক নেতা ভুট্টোর কাছে 'বিক্রী' করে দিয়েছেন। বাকী ২০টি আসনের ব্যাপারেও চাপাচাপি চলছে। ইয়াহিয়ার এক নয়া নির্দেশে নির্বাচনের ৪দিন পূর্ব পর্যন্ত যে কোন প্রার্থীকে সরে দাঁড়াবার সুযোগ দেওয়া হয়েছে। অর্থাৎ প্রার্থীদের উপর সামরিক বাহিনীর কর্তাদের চাপ দেওয়ার মেয়াদ বাড়িয়ে দেওয়া হয়েছে। এতে নিশ্চিত ফলা ফলের সম্ভাবনা রয়েছে এবং শেষ পর্যন্ত যদি একটি আসনেও 'নির্বাচন' অনুষ্ঠানের প্রয়োজন না হয় তবে বিস্ময়ের কিছু থাকবে না।

ভুট্টো এক্ষেত্রে খুবই বেকায়দায় পড়েছেন। 'উপনির্বাচনে'র বিরুদ্ধে যাওয়াও তাঁর পক্ষে সম্ভব হয়নি। অথচ এই 'উপনির্বাচন' তাঁর মেজরিটি দলের নেতা হবার সুযোগ নষ্ট করে দিচ্ছে, চোখের সামনে তা' দেখেও তিনি কিছু করতে পারছেন না।

নূরুল আমীনের নেতৃত্বে ডানপন্থীরা একজোট হয়ে ভুট্টোকে কোণঠাসা করে রাখতে চাইছে। 'উপনির্বাচনে'র পর এই দক্ষিণপন্থী জোটই ইয়াহিয়ার তথাকথিত পরিষদে সংখ্যাগরিষ্ঠ হবে এবং নূরুল আমীনের সেই জোটের নেতা হিসাবে 'সরকার গঠনে আমন্ত্রিত হবার সম্ভাবনাই বেশী। ক্ষমতালিপ্সু ভুট্টো তা, মেনে নেবেন কেমন করে ?

ইয়াহিয়ার বিশেষ দূত হয়ে ভুট্টো পিকিং গমনের পাশাপাশি নূরুল আমীনের পশ্চিম পাকিস্তানে ব্যাপক সফর এবং ইয়াহিয়ার সাথে সাক্ষাৎকারদৃষ্টে একথা মনে হওয়া স্বাভাবিক যে, ইয়াহিয়া-ভুট্টো-নূরুল আমীন সমঝোতা স্থাপিত হয়েছে। কিন্তু এই তিনজনের মধ্যে ক্ষমতার ভাগ- বাটোয়ারা ছাড়া আর কোন ব্যাপারেই সমঝোতার প্রশ্ন ওঠে না। তিনজন তিনটি বিভিন্ন প্রতিক্রিয়ার প্রতিভু। কাজেই এদের মধ্যে মিল-অমিল-মিল নাটকীয়তায় অবাক হবার কিছু নেই।

* * *

নুরুল আমীনকে পাকিস্তানের প্রধানমন্ত্রী করা হলে ভুট্টো কি মেনে নেবেন ?

শেখ মুজিবের সাথে উপ-প্রধানমন্ত্রী হতে ভুট্টোর আপত্তি ছিল না। কিন্তু নুরুল আমীনকে তিনি মানবেন কেন ? সুকৌশলে কলকাঠি ঘুরিয়ে তিনি সামরিক বাহিনীর মাধ্যমে হত্যাযজ্ঞ ঘটিয়েছেন- তবে কি নূরুল আমীনকে গদিতে বসবার জন্য ইয়াহিয়ার সাথে ভুট্টোর সমঝোতা হতে পারে, নূরুল আমীনেরও। দু'জনকেই একই সাথে নাচাবার খেল ইয়াহিয়ার ভালভাবেই জানা আছে। কিন্তু নূরুল আমীন, ভুট্টো, দুজনকেই একই সাথে খুশী রাখার কোনো তেলেসমাতী দাওয়াই ইয়াহিয়ার মদের আলমারীতে লুকানো আছে কি ? আয়ুবের হাত থেকে ক্ষমতা নেবার পর ইয়াহিয়াকে বিভিন্ন দলের নেতাদের সাথে কেবল ব্যক্তিগতভাবে আলোচনায় মিলিত হতে দেখা যেতো। প্রত্যেকের সাথেই এই হুঁশের পাগল এমন একটি ভাব দেখাতো যেন অন্য নেতাদের কানাকড়িও দাম নেই, কেবল ওই নেতাটির উপরই যা কিছু ভরসা। একইভাবে ইয়াহিয়া বিভিন্ন দলকে পরস্পরের কাছ থেকে দূরে রাখতে সক্ষম হয়। এমন কি ডানপন্থী দলগুলিও ঐক্যবদ্ধ মোর্চা গঠনের চেষ্টা ব্যর্থ করে দেয়।

সুচতুর ইয়াহিয়া এবার ভুট্টো এবং নূরুল আমীনকেও কি সেই একই কায়দায় খেলাচ্ছে ?

শ্যাম্পেন পূজারী ইয়াহিয়াকে শুরুতে হাবা গোবা মনে হতো। আওয়ামী লীগেরও কেউ কেউ ইয়াহিয়াকে 'ভালো মানুষ' বলে সার্টিফিকেট দিয়েছেন। ইয়াহিয়া ক্ষমতায় থাকতে চায় না, গণতন্ত্র কায়েম করে ব্যারাকে ফিরে যেতে চায়, এ কথা অনেকেই বিশ্বাস করতেন। ইয়াহিয়া নিজেও সেরকম ভাবসাব দেখিয়ে এসেছে।

কিন্তু সময়ে প্রমাণিত হয়েছে যে, ইয়াহিয়া শেয়ানের শেয়ান। বিশ্বকে ধোঁকা দেবার জন্য তার সর্বশেষ 'পদক্ষেপ' সম্পর্কে যা কিছুটা আভাস পাওয়া যাচ্ছে, তাতে তার 'পাতায় পাতায় বেড়ানো' শয়তানী বুদ্ধির আরো কিছুটা পরিচয় পাওয়া যাবে।

শোনা যাচ্ছে, ইয়াহিয়ার শাসনতন্ত্রে সাম্প্রদায়িক নির্বাচন ব্যবস্থা থাকবে। অর্থাৎ বাংলাদেশের প্রায় ১ কোটি ১০ লক্ষ হিন্দুকে আলাদা রেখে দেখাবার চেষ্টা হবে যে, 'পাকিস্তানে' বাঙালী মুসলমানদের সংখ্যা অবাঙালীদের চাইতে বেশী নয়। আর যেহেতু পাকিস্তান 'ইসলামিক' রাষ্ট্র, সেহেতু মুসলমানদের সংখ্যা দিয়েই 'গুরুত্ব' যাচাই হবে।

বিগত সাইক্লোন, গৃহযুদ্ধ এবং বিপুলসংখ্যক আদিবাসীর দেশত্যাগের কারণ দেখিয়ে এবারকার জনগণনায় বাঙালীদের সংখ্যালঘিষ্ঠ করে দেখিয়ে আগামীতে তদনুযায়ী ভাগ বাঁটোয়ারার নীতিও তাতে লিপিবদ্ধ থাকবে।

ইয়াহিয়া তার 'শাসনতন্ত্র' পরিষদে পেশের আগে সাধারণ্যে প্রকাশ দূরের কথা এমনকি বিভিন্ন দলের নেতাদেরও দেখতে দেবে না। এ ব্যাপারে নূরুল আমীনের অনুরোধও প্রত্যাখাত হয়েছে। অর্থাৎ উপনির্বাচনের প্রহসন শেষ হবার পর 'আপনি মোড়ল'দের নিয়ে যে পরিষদ গড়া হবে তাতে এই 'শাসনতন্ত্র' কেবল পড়েই শোনানো হবে এবং তথাকথিত জনপ্রতিনিধিদের একমাত্র কর্তব্য হবে হাততালি দিয়ে তাকে অভিনন্দিত করা।

* * *

এই মেকী গণপরিষদেও যাতে বাঙালীদের কর্তৃত্ব না থাকে ইয়াহিয়া সে ব্যাপারেও সজাগ। ৮৭জন আওয়ামী লীগ নেতার সদস্যপদ বহাল রাখার পেছনেও হয়তো সেই অভিসন্ধি কাজ করেছে। কারণ, তাঁদের অনুপস্থিতিতে পরিষদে 'উপস্থিত' সদস্যদের মধ্যে পশ্চিম পাকিস্তানীদের সংখ্যা বেশী থাকছে এবং আর্ডিনান্সের

মাধ্যমে প্রয়োজনীয় আইন জারী করে এই বিপুলসংখ্যক সদস্যে অনুপস্থিতিতেই ইয়াহিয়া তার কাজ হাসিল করে নিতে পারবে।

*　　*　　*

সম্প্রতি করাচীর 'ডন' পত্রিকা এক সম্পাদকীয় নিবন্ধে এ ব্যাপারে প্রশ্ন উত্থাপন করেছে। 'ডন' এর মতে এভাবে বাঙালীদের সংখ্যালঘিষ্ঠ করে রেখে পরিষদের অধিবেশন বসানো হলে তা গণতন্ত্র সম্মত হবে না। 'ডন' পত্রিকা কি তবে গণতন্ত্রের পক্ষ নিয়ে সংগ্রামে নেমেছে ? তাও কি সম্ভব ?

আসলে 'ডন' পত্রিকার দৃষ্টি অন্যত্র নিবদ্ধ। 'ডন' এর মুরববী ইউছুফ হারুণের স্বার্থ মার্কিন জোয়ালে বাঁধা। পশ্চিম পাকিস্তানের ডানপন্থী মার্কিন কর্তাভজার দল এইভাবে পরোক্ষ চাপ দিয়ে পাকিস্তানের অন্যান্য আওয়ামী লীগ নেতার আসনগুলিও শূণ্য ঘোষণা করাতে চায়, যাতে করে সেগুলিও আবার নির্বাচন হয় এবং তাঁরা সেগুলি আপোষ ভাগ-বাটোয়ারা করে নিয়ে বগল বাজাতে পারেন। এতে তাঁতের ডবল লাভ। একদিকে শূন্য খোঁয়াড়ে আরো কিছু মেষ কিংবা মোষের আমদানী, অন্যদিকে ভুট্টোর সংখ্যাগরিষ্ঠতাকে চাপা দিয়ে পশ্চিম পাকিস্তানের মাটিতে নিজেদের হারানো সাম্রাজ্যের পুনঃপ্রতিষ্ঠার সুযোগ লাভ।

ইয়াহিয়া কি সরে দাঁড়াবে ? এ নিয়ে কিছু কিছু জল্পনা-কল্পনা দেখা যাচ্ছে। প্রধানতঃ পশ্চিমা দেশগুলিতেই এ ধরনের খবর রটছে বা রটানো হচ্ছে। শোনা যাচ্ছে, ইয়াহিয়ার স্থলে জেনারেল ওমর বা অন্য কেউ ক্ষমতা নিয়ে বাংলাদেশের নেতাদের সাথে আলোচনা শুরু করবে।

স্পষ্টতঃ এটি একটি রাজনৈতিক 'ফিলার'। ইয়াহিয়াকে সরিয়ে দিলে বাঙালীদের মনোভাব কি দাঁড়ায় পশ্চিমা শক্তিবর্গ তা বুঝে দেখতে চায়। ইতিমধ্যেই এ ব্যাপারে বাংলাদেশের নেতৃবৃন্দ এবং সাধারণ মানুষের মনোভাব প্রকাশ পেয়েছে। পাক-সামরিক বাহিনীকে বাঙালীরা এখন আর বিচ্ছিন্নভাবে দেখচে না, এ সত্য পশ্চিমারা বুঝে থাকবে। ফলে এ ব্যাপারে খুব বেশীদূর অগ্রসর হওয়ার সুযোগ তারা পাচ্ছে না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
শরণার্থী শিবিরে-	দেশ বাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

শরণার্থী শিবিরে

(শিবির প্রতিনিধ)

এখনো শরণার্থীরা আসছেনঃ ৫ লক্ষ শিশু মারা যাবে ?
শরণার্থীরা বিনিদ্র রাত কাটাচ্ছেন
ভারত সরকার 'ইসিএমে'র সাহায্য চেয়েছেন
করিমপুরে শিবিরবাসীদের জন্য হাসপাতাল

পশ্চিম বাংলার সীমান্তবর্তী জেলাসমূহের শরণার্থী শিবিরগুলিতে এখনো প্রতিদিনই হাজার হাজার নতুন শরণার্থী এসে পৌছাচ্ছেন। ওদিকে পাকিস্তানী কর্তৃপক্ষ দাবী করছে, বাংলাদেশের পরিস্থিতি 'শান্ত' এবং শরণার্থীরা ধীরে ধীরে ফিরে যাচ্ছেন। কোথাও কোথাও পৈতৃক ভিটামাটির আকর্ষণে কিছু কিছু শরণার্থী ফিরে যাবার চেষ্টা যে করছেন না, তা নয়। কিন্তু প্রায় ক্ষেত্রেই মাঝপথ থেকেই তাঁদের ফিরে আসতে হচ্ছে। যারা কোন প্রকারে নিজ নিজ গ্রামে পৌছাতে পেরেছেন তাঁদেরও অধিকাংশকে পুনরায় ভারতে চলে আসতে হচ্ছে। বিশেষ করে সীমান্তবর্তী এলাকায় এ ধরণের ঘটনা নিত্যই ঘটছে। তাছাড়া মুক্তিবাহিনীর তৎপরতা বাড়ার সাথে সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলাগুলির এবং ক্ষেত্র বিশেষে অভ্যন্তর ভাগেরও বহু থানা, ইউনিয়ন এমনকি মহকুমা এখন কার্যতঃ মুক্তাঞ্চল। কিন্তু পাক-বাহিনীর দূর পাল্লার কামান ও বিমান হামলা এ সব এলাকার সাধারণ মানুষ যারা এতদিনও কোনপ্রকারে ভিটেমাটি আঁকড়ে থেকেছে তারা এখন নিরাপদ আশ্রয়ের খোঁজে সীমান্ত পাড়ি দিয়ে ভারতে চলে আসছেন।

বাংলাদেশের ভেতর বিস্তীর্ণ অঞ্চলে চাষাবাদ বন্ধ থাকায় এবং বাড়তি এলাকা থেকে ঘাটতি এলাকায় খাদ্যশস্যাদির সরবরাহ না থাকায়, স্থানে স্থানে চরম দুর্ভিক্ষাবস্থা দেখা দিয়েছে। তাছাড়া উন্নয়নমূলক কার্যকলাপ বন্ধ থাকায় এবং ব্যবসা-বাণিজ্যে অচলবস্থা দেখা দেওয়ায় দিনমজুর ও বেসরকারী সংস্থার কর্মচারীরা অধিকাংশই এখন বেকার হয়ে পড়েছেন। এ ধরণের ব্যক্তিরা নেহাৎ পেটের তাড়ায় দেশত্যাগে বাধ্য হচ্ছেন এবং স্ত্রী-পুত্র-পরিজন নিয়ে শরণার্থী শিবিরগুলিতে আশ্রয় নিচ্ছেন।

জলপাইগুড়ি, কুচবিহার, পশ্চিম দিনাজপুর, মালদহ, নদীয়া, চবিবশপরগনা প্রত্যেক জেলায় দৈনিক কয়েক হাজার নতুন শরণার্থী আসছেন। এদের অধিকাংশই হচ্ছেন মুসলমান চাষী ও মধ্যবিত্ত শ্রেণীর। গত সপ্তাহে কেবলমাত্র নদীয়া জেলাতেই দশহাজার নতুন শরণার্থী সীমান্ত অতিক্রম করে ভারতে এসেছেন।

* * *

শরণার্থী শিবিরগুলিতে শিশুখাদ্যের অভার ক্রমেই বাড়ছে। কতিপয় বিদেশী ত্রাণসংস্থা এবং ভারতীয় রেডক্রস-এর পক্ষ থেকে মাঝে মাঝে কিছু পরিমাণ শিশুখাদ্য সরবরাহ করা হলেও, তা প্রয়োজন মেটাতে পারছে না। শিবিরবাসীরা প্রায়ই অভিযোগ করে থাকেন, তাঁদের প্রাপ্য শিশুখাদ্য সঠিকভাবে বিতরণ করা হয় না। বিভিন্ন শিবিরে অপুষ্টিজনিত কারণে শিশুমৃত্যের হার মারাত্মক রকমে বেড়েছে। কিছুদিন পূর্বে জাতিসংঘের জনৈক

বিশেষজ্ঞ শিবিরগুলি পরিদর্শন করে বলেছিলেন, যথাযথ ব্যবস্থা নিতে বিলম্ব হলে অচিরেই কমপক্ষে ৫ লক্ষ শিশুর মৃত্যুমুখে পতিত হবার সম্ভাবনা রয়েছে।

পশ্চিম বাংলার বাজারে শিশুখাদ্য এমনিতেই দুষ্প্রাপ্য। অন্যান্য উন্নয়নশীল দেশের মত এখানেও একশ্রেণীর ব্যবসায়ী শিশুর খাদ্যের কালোবাজারীতে লিপ্ত রয়েছে এবং শরণার্থী শিবিরের জন্য প্রাপ্ত শিশুর খাদ্যেও কোন কোন ক্ষেত্রে কালো গুদামে চলে যাবার অভিযোগ শোনা যাচ্ছে। ছাত্রপরিষদ এবং যুব কংগ্রেসের সাম্প্রতিক দ্রব্যমূল্যবিরোধী আন্দোলনের জের হিসাবে পরিস্থিতির কিছুটা উন্নতি ঘটেছে এবং শিশুখাদ্য বিক্রীর ব্যাপারে কিছুটা কড়াকড়ি নিয়ম প্রবর্তিত হয়েছে। এর সুফল শরণার্থী শিবিরগুলিতে পরোক্ষভাবে হলেও কিছুটা অনুভূত হতে পারে। কিন্তু তাতে পরিস্থিতির বিশেষ উন্নতি হবে বলে মনে হয় না।

শরণার্থী শিবিরগুলিতে শিশুদের প্রয়োজনের দিকে ত্রাণসংস্থাগুলির আরো কিছুটা বেশী নজর দেওয়া দরকার এবং বিভিন্ন সূত্রে প্রাপ্ত দ্রব্যাদির যথাযথ বিতরণ হচ্ছে কি-না সেদিকেও আরো বেশী দৃষ্টি রাখা আবশ্যক।

*　　*　　*

শরণার্থী শিবিরগুলি সীমান্তের খুব কাছাকাছি থাকায় এখানে মারাত্মক রকমের যুদ্ধাতংক বিরাজ করছে, এ ব্যাপারে আমরা গতবারেও আলোচনা করেছি। যুদ্ধ হোক বা না হোক, শরণার্থীরা যুদ্ধের বিভীষিকার মধ্যে ক্ষেত্রবিশেষে বিনিদ্র রাত কাটাচ্ছেন, শিবিরগুলিতে ঘুরে এলেই তা হৃদয়ঙ্গম হবে।

যে ভীতি-সন্ত্রাসের হাত থেকে রক্ষা পাবার জন্য শরণার্থীরা পিত্রপুরুষের ভিটামাটি ছেড়ে এসেছেন, সেই একই ভীতি-সন্ত্রাস এখানেও তাঁদের তাড়া করছে। 'ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলেই ভয় পায়', শরণার্থীদের অবস্থাও তথৈবচ। তা ছাড়া সীমান্ত এলাকাগুলিতে যুদ্ধ এক রকম লেগেই গেছে বলা যায় না কি?

শরণার্থী শিবিরগুলি সীমান্ত এলাকা থেকে দূরে সরিয়ে নতুন করে নির্মাণের খরচা এবং ঝক্কি বিরাট হবে, সন্দেহ নেই। কিন্তু ক্ষেত্র বিশেষে তা' করাই হয়তো বাঞ্ছনীয় হবে। সীমান্ত থেকে বেশী দূরে সরিয়ে নিলে শরণার্থীরা ভারতের জনসাধারণের সাথে মিশে গিয়ে ভারতের জনসংখ্যা বাড়িয়ে দিতে পারে, এ আশংকা কেউ কেউ করছেন। কিন্তু এভাবে ভয়-সন্ত্রাসের মধ্যে থাকতে হলে ক্রমাগত অধিকসংখ্যক শরণার্থী শিবির ছেড়ে যাবার পথ খুঁজবে এবং তার ফলে আরো মারাত্মক হতে বাধ্য।

ভারত সরকার বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের জন্য কতিপয় খাদ্যদ্রব্যাদির প্রয়োজন মেটাবার জন্য 'ইউরোপীয় কমন মার্কেটের' নিকট আবেদন জানিয়েছেন।

এ যাবৎকাল বিভিন্ন সূত্রে যে পরিমাণ সাহায্য প্রতিশ্রুত হয়েছে তা' হিসাবে ধরার পর ১৯৭১-'৭২ সালে কি পরিমাণ অতিরিক্ত সাহায্য দরকার হবে, ভারত সরকার তার একটি তালিকাও সেই সাথে পেশ করেছেন।

ভারত সরকারের হিসাবে ১৯৭১-'৭২ সালে শরণার্থীদের জন্য আরো ৩১১.০০০ টন চা'ল ১৭৫,০০০ টন গম, ৫০,০০০ টন চিনি, ১৮৭,০০০ টন ডাল, ৪০,০০০ টন লবন, ৮,৩০০ টন গুঁড়া দুধ প্রয়োজন হবে। শরণার্থীদের জন্য সর্বমোট ৪,৩৪,০০০ খানা কম্বল দরকার বলে হিসাব ধরা হয়েছে এবং ব্যাপারেও ই, সি, এম এর সাহায্য চাওয়া হয়েছে।

সম্প্রতি করিমপুরে বাংলাদেশ ভলান্টিয়ার কোরের উদ্যোগে একটি ১৫ বেডের হাসপাতাল প্রতিষ্ঠিত হয়েছে। বাংলাদেশের জনপ্রতিনিধিদের পরিচালনাধীন এই হাসপাতালটিতে ডাক্তার, নার্স ও অন্যান্য কর্মীরা সবাই বাংলাদেশের নাগরিক। এই হাসপাতাল থেকে কয়েক লক্ষ শরণার্থী উপকৃত হবেন বলে আশা করা যাচ্ছে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
মুক্ত বাংলায়-	দেশ বাংলা ১ম বর্ষঃ ৪র্থ সংখ্যা	১৮ নভেম্বর, ১৯৭১

রংপুরের মুক্ত এলাকায়
প্রাণের স্পন্দন
(নিজস্ব সংবাদদাতা)

রংপুর জেলার ৮টি থানা এখন সম্পূর্ণ মুক্ত। প্রায় ১২০০ বর্গামাইল এলাকা জুড়ে এই স্থানগুলিতে ৭ লক্ষ মানুষের বাস।

মুক্ত থানাগুলিতে এখণ বাংলাদেশ সরকার গ্রাম ও ইউনিয়ন পর্যায়ে প্রশাসন ব্যবস্থা পুনর্গঠনের কাজে হাত দিয়েছেন। উত্তরাঞ্চলীয় জোনাল কাউন্সিলের তত্বাবধানে আইন ও শৃংখলা রক্ষার জন্য পুলিশ বাহিনী যথারীতি কাজ করে যাচ্ছে, যদিও অপরাধের সংখ্যা খুবই নগন্য। প্রতি থানায় বিচার কার্যাদি পরিচালনার জন্য ম্যাজিষ্ট্রেট নিয়োগ করা হয়েছে। একটি জেলখানাও স্থাপিত হয়েছে। ডাক, তার ও টেলিফোন যোগাযোগ নিয়মিত ভাবে চলছে।

প্রাইমারী পর্যায় পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান পুরাদমে চালু রয়েছে। সাব রেজিষ্ট্রার অফিস, বিবাহ রেজিষ্ট্রেশন অফিস ও শুল্ক অফিসগুলিতে স্বাভাবিক ভাবে কাজ চলছে।

প্রত্যেক থানায় একটি করে ডিস্পেন্সারী স্থাপিত হয়েছে এবং হেলথ অফিসারদের তত্ত্বাবধানে ব্যাপকহারে কলেরা-বসন্তের টীকা দেওয়ার কাজ চলছে।

পাকিস্তানী লুণ্ঠনে হৃতসর্বস্ব এ সব অঞ্চলে তীব্র খাদ্যাভাব দেখা দিয়েছে। বাংলাদেশ সরকার এ ব্যাপারে যথাবিহীত ব্যবস্থা করেছেন এবং টেষ্ট রিলিফের জন্য কিছু অর্থ বরাদ্দ করেছেন।

সমগ্র মুক্তাঞ্চলটিতে এখন নতুন করে প্রাণের স্পন্দন জাগছে। সম্প্রতি পূর্বাঞ্চলীয় জোনাল কাউন্সিলের চেয়ারম্যান জনাব মতিউর রহমান এম, এস, এ, অন্যান্য নেতৃবৃন্দ সহকারে পাটগ্রাম, ফুলবাড়ী, সোনাহাট, হাতীবান্ধা প্রভৃতি থানা সদর সফর করেন। সর্বত্রই তাঁরা বিরাট বিরাট জনসভায় ভাষণ দেন এবং সর্বশ্রেণীর জনসাধারণ ও মুক্তিবাহিনীর সদস্যদের সাথে আলাপ আলোচনা করেন।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় কাল রাত্রির অবসান নতুন সূর্যের অভ্যুদয়	দেশ বাংলা ১ম বর্ষঃ ৬ষ্ঠ-৭ম সংখ্যা	৯ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

কাল রাত্রির অবসানঃ নতুন সূর্যের অভ্যূদয়

স্বাধীন গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশ সরকারকে আনুষ্ঠানিকভারে স্বীকৃতি দিয়েছেন ভারত সরকার। সাড়ে সাত কোটি বাঙালীর অকৃত্রিম সুহৃদ ভারত প্রতিবেশীর প্রতি, মানবতার প্রতি, সর্বোপরি গণতন্ত্রের প্রতি তার দায়িত্ব পালন করেছে পরিপূর্ণভাবে। দেশ বিভাগের ডামাডোলে বাংলার শ্যামল মাটিতে সাম্রাজ্যবাদী প্রতিক্রিয়ার যে বিষবৃক্ষটি শিকড় গেড়ে বসেছিল, দীর্ঘ চবিবশটি বছর সকল ন্যায়নীতি, সকল গণতান্ত্রিক মূল্যবোধ পদদলিত করে উপ-মহাদেশের বুকে হিংসার রাজনীতি, দস্যুতার রাষ্টনীতি এবং শোষণের অর্থনীতি কায়েম রাখার চক্রান্ত চালিয়ে এসেছে, বাংলাদেশের মুক্তিকামী জনতা এবং সংগ্রামরত মুক্তিবাহিনীর সহায়তায় এগিয়ে গিয়ে ভারতের বীর সেনাবাহিনী আজ তার গোড়া ধরে টান দিয়েছে। এই উপমহাদেশের শান্তি ও সমৃদ্ধির ক্ষেত্রে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় তাই একটি অন্ধকার যুগের অবসান, আরেকটি আলোকোজ্জ্বল নতুন যুগের উদ্বোধন।

পাকিস্তানী দস্যুবৃত্তির বিষদাঁত ভেঙ্গে ফেলার সাথে সাথে ভারত বাংলা উপমহাদেশে আগামী দিনেও শান্তি ও সমৃদ্ধির নতুন দুয়ার উন্মুক্ত হলো। গত চবিবশ বছর এই দরিদ্র উপমহাদেশের সীমিত সম্পদের বৃহত্তম অংশ যুদ্ধ প্রস্তুতি এবং পারস্পারিক হানাহানির মাশুল জোগাতেই নিঃশেষ হয়েছে।

এখন থেকে বাংলাদেশ ও ভারতের পারস্পারিক হৃদ্যতা, সহযোগিতা ও পরস্পর নির্ভরশীলতার পটভুমিতে উপমহাদেশের সকল সম্পদ শান্তিও সমৃদ্ধির কাজে লাগানো সম্ভব হবে। বহিঃশত্রুর আক্রমনের আশঙ্কামুক্ত পরিবেশে দু'দেশেই নিজ নিজ জাতীয় সম্পদের পরিপূর্ণ ব্যবহারের মাধ্যমে স্বনির্ভর অর্থনীতি গড়ে তুলতে সক্ষম হবে। ভিক্ষাপাত্র হাতে বিদেশী সাম্রাজ্যবাদের দ্বারে দ্বারে আর ঘুরে বেড়াতে হবে না।

বলা বাহুল্য কেবল ভারত-বাংলা উপমহাদেশের জন্যই নয়, বিশ্বরাজনীতির ক্ষেত্রেও উপমহাদেশের আভ্যন্তরীন সংঘাতের অবসান এবং অর্থনৈতিক স্বনির্ভরতার যুগান্তকারী তাৎপর্য রয়েছে। আগামী দিনের বিশ্বরাজনীতিতে এই উপমহাদেশ অন্যতম প্রধান 'বৃহৎশক্তি' হিসাবে গণ্য হবে,-একথা আজ নিশ্চিত রূপেই বলা চলে।

আজকের দিনে আমরা স্বরণ করি তাঁদের যাঁদের প্রাণের মূল্যে, ত্যাগ-তিতিক্ষায় অর্জিত হয়েছে স্বাধীনতার এই স্বর্ণফসল। স্মরণ করি তাঁদের যাঁরা আজো বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নভাবে স্বাধীনতাকে বাস্তবরূপ দেবার জন্য নিরলসভাবে সংগ্রাম করে চলেছেন। সর্বোপরি স্মরণ করি স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রপতি, বাংলার মানুষের প্রাণপ্রিয় নেতা, প্রেসিডেন্ট মুজিবকে, যিনি আজও স্বদেশ-স্বজন থেকে বহু দূরে দস্যুশিবিরে বন্দীদশায় রয়েছেন। তাঁর সোনার স্বদেশ মুক্ত হয়েছে। তিনিও মুক্ত হবেন। সেদিন আর দূরে নয়।

এই মহালগ্নে আমরা ভারত সরকার, ভারতের জনগণ, সোভিয়েট সরকার, সোভিয়েট জনগণ এবং বিশ্বের অন্যান্য গণতন্ত্রকামী মানুষ, যাঁরা আমাদের দুঃখদিনের সাথী হয়েছেন, সাহয্য সহানুভূতি দিয়ে আমাদের

সংগ্রামকে সাফল্যের দিকে এগিয়ে নিয়েছেন তাঁদের সবাইকে 'দেশবাংলা'র পক্ষ থেকে এবং বাংলাদেশের জনগণের পক্ষ থেকে জানাই আন্তরিক কৃতজ্ঞতা। বাংলাদেশের জনগণ স্বাধীনতার, সার্বভৌমত্ব এবং বাঙালী জাতীয়তাবাদের চূড়ান্ত উন্মেষের জন্য হাজারে হাজারে, লাখে লাখে প্রাণ দিয়েছে। আগামী দিনেও বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার জন্য তারা এমনিভাবেই চিরজাগ্রত প্রহরী হয়ে থাকবে। কিন্তু শান্তি ও সমৃদ্ধির জন্য, মানতার জন্য এবং বিশ্বের শোষিত, বঞ্চিত, সংগ্রামরত জাতিসমূহের শৃঙ্খল মুক্তির জন্য বাংলাদেশ সবার সাথে কাঁধে কাঁধ মিলিয়েই সংগ্রাম করবে। আজকের দিনে এই হোক আমাদের বজ্র কঠিন শপথ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
পাকিস্তান নামে কোন দেশ থাকবে না	দেশ বাংলা ১ম বর্ষঃ ৬ষ্ঠ-৭ম সংখ্যা	৯ নভেম্বর, ১৯৭১

ভারত-বাংলা উপমহাদেশে নতুন যুগের সূচনা
পাকিস্তান নামে কোন দেশ থাকবে না
(দেশবাংলা বিশেষ নিবন্ধ)

জাতিসংঘের মার্কিন দালালরা যে কোন সিদ্ধান্তই নিক না কেন অথবা ইয়াংকি সাম্রাজ্যবাদ এবং চৈনিক সুবিধাবাদ শেষ রক্ষার যত চেষ্টাই করুক না কেন, বাংলাদেশের স্বাধীনতা সূর্যের উদয়কে রোধ করার সময় পার হয়ে গেছে।

জাতিসংঘের নিরাপত্তা পরিষদ ও সাধারণ পরিষদের সংখ্যাগরিষ্ঠ ভোটে ভারতকে আক্রমণকারী আখ্যা দিয়ে বাংলাদেশ থেকে সৈন্য প্রত্যাহার ও যুদ্ধবিরতির প্রস্তাব পাস হয়েছে। কিন্তু বাংলার ও ভারতের মানুষ সাম্রাজ্যবাদের এই শেষ ভরসাস্থলটির উপর আস্থা হারিয়েছে অনেক আগেই। বর্তমান সংকটকে কেন্দ্র করে যদি ভারত জাতিসংঘ ত্যাগও করে তাহলে ভারতের মানুষ বিন্দুমাত্র অখুশী হবে না। চীন এতকাল জাতিসংঘে ছিল না। ইন্দোনেশিয়াও কিছুকাল আগে জাতিসংঘ ত্যাগ করেছিল। তাতে দু'দেশের অস্তিত্ব বিপন্ন হয়নি। ভারতেরও হবে না। বাংলাদেশেরও না।

তা'ছাড়া এই জাতিসংঘের তথাকথিত পুরোহিতরাই জাতিসংঘের সিদ্ধান্তে বিরুদ্ধাচরণের পথ প্রদর্শক।

দক্ষিণ আফ্রিকায়, রোডেশিয়ায় জাতিসংঘের সুস্পষ্ট নির্দেশ কি মানা হয়েছে ? রোডেশিয়ায় ৫০ লক্ষ আফ্রিকানের উপর ২ লক্ষ শ্বেতাংগের শাসন ও শোষণের পক্ষে মদত দিচ্ছে বৃটেন ও তার সহযোগীরা জাতিসংঘের বিধিনিষেধ অমান্য করেই। আর আজ যদি সাড়ে সাত কোটি বাঙালীর উপর গুটি কতক পেশাদার সৈন্যের নৃশংস অত্যাচার বন্ধ করার জন্য ভারত এগিয়ে গিয়ে থাকে, জাতিসংঘের তথাকথিত সিদ্ধান্তের বিরুদ্ধেই, তাহলেই বা দোষটা কোথায় ?

বাংলাদেশের ভেতর মুক্তিবাহিনী এবং ভারতীয় বাহিনী এখন সর্বময় কর্তৃত্বে। ঢাকার সর্বশেষ পকেটটিও শত্রুমুক্ত হবে দু''একদিনেই। তখন আর বাংলাদেশের উপর পাকিস্তানের কোন দখলই থাকবে না। এবং আন্তর্জাতিক আইন অনুযায়ী পাকিস্তান আর বাংলাদেশের উপর কোন কর্তৃত্ব দাবী করতে পারবে না। নূরুল আমীনের মত বাঙালী কুইসলিংকে প্রধানমন্ত্রী হিসাবে দাঁড় করানো সত্ত্বেও।

শুধু তাই নয়, বাংলাদেশ থেকে হাত গুটাবার পর পশ্চিম পাকিস্তানকে ঘিরে 'পাকিস্তান' নামটি টিকিয়ে রাখাও ক্রমেই দুঃসাধ্য হয়ে পড়বে। পাঠান ও বেলুচিস্তানীরা বিদ্রোহী হয়ে উঠেছে কেবল সেজন্যই নয়, নিছক নির্বুদ্ধিতা এবং গোয়ার্তৃমীর দরুন কায়েমী স্বার্থের দুধের হাঁড়িটি ভেঙ্গে ফেলার জন্য এখন পশ্চিমাদের মধ্যে মারাত্মক কলহ বেধে গেছে। বাধতে বাধ্য। পশ্চিম পাকিস্তানের প্রদেশগুলিকে একত্রে রাখার প্রধানত যোগসূত্র ছিল বাংলাদেশের উপর শোষণের সুযোগ। উপনিবেশের ফায়দা লুটবার জন্য সিন্ধু-পাঞ্জাবের ভূস্বামী এবং ধনকুবেররা নিজেদের মধ্যে আপোষ রক্ষা করে নিয়েছিল। এখণ তাদের আপোষ হবে কিসের ভিত্তিতে? তা'ছাড়া লণ্ঠিত সম্পদের ছিটে-ফোঁটা বিলিয়ে এবং বাহ্যিক উন্নয়নের শানশওকত দেখিয়ে এতকাল সেখানকার সাধারণ মানুষকেও বশে রাখা সম্ভব হয়েছে। বিরাট এক সেনাবাহিনী পোষা হয়েছে যাতে করে প্রায় প্রতিটি পরিবার থেকেই কেউ না কেউ সৈনিক হয়েছে। এখন আর তা সম্ভব হবে না। ফলে ব্যবসা-বাণিজ্য, চাকুরী-বাকুরী

সবক্ষেত্রেই ছাঁটাই এর পালা শুরু হবে। বাংলাদেশের বিরাট বাজার হারিয়ে ইতিমধ্যেই শত শত কলকারখানা বন্ধ হয়ে গেছে। আরো যাবে।

'দেশবাংলার' প্রথম সংখ্যায় আমরা পাখতুনিস্তানের স্বাধীনতা সংগ্রামের প্রস্তুতির কথা বলেছিলাম এবং এই শীতের পরেই সেখানে অভ্যুত্থানের সম্ভাবনার আভাস দিয়েছিলাম। অতি সম্প্রতি বেলুচিস্তান ও সীমান্ত প্রদেশে ন্যাশনাল আওয়ামী পার্টিকে বেআইনী ঘোষণা করা থেকে প্রমাণিত হয়েছে ঘটনাপ্রবাহ সঠিক খাতেই প্রবাহিত হচ্ছে।

সাম্প্রদায়িক ভেদ-বৈষম্যে এই উপমহাদেশের যে রাজনৈতিক হিংসা-প্রতিহিংসার উদ্ভব ঘটেছিল বাস্তবের কঠোর আঘাতে তা ধীরে ধীরে দূরীভূত হতে চলেছে। বাংলাদেশের অভ্যুদ্বয়ের পাশাপাশি পশ্চিমে পাখতুনিস্তান, সিন্ধু, এমনকি পাঞ্জাবেও কালক্রমে ধর্মনিরপেক্ষ জাতীয়তার ভিত্তিতে একাধিক 'নেশন ষ্টেট' গড়ে উঠবেই। এই উপমহাদেশের শান্তি ও সমৃদ্ধির জন্য তা' হবে যুগান্তকারী ঘটনা। এখন থেকেই সেই লক্ষ্য সামনে রেখেই বাংলাদেশ ও ভারতকে এগুতে হবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় পাকিস্তান থেকে শিক্ষা নিতে হবে	দেশ বাংলা ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	১৬ ডিসেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

পাকিস্তান থেকে শিক্ষা নিতে হবে

বাংলাদেশ তার স্বাধীন ও সার্বভৌম সত্তা নিয়ে আত্মপ্রকাশ করেছে। সাড়ে সাত কোটি মানুষের স্বপ্ন বাস্তবে রুপায়িত হয়েছে লাখো শহীদের প্রাণের মূল্যে, অযুত কর্মীর নিরলস সংগ্রামে, প্রতিটি পরিবারের সীমাহীন দূঃখভোগ এবং অবিশ্বাস ত্যাগস্বীকারে। স্বাধীনতার জন্য মূল্য দিতেই হয়, কিন্তু বাঙালী জাতি মূল্যের অধিক দিয়েছে।

পৃথিবীর বুকে একটি নতুন রাষ্ট্রের জন্ম হয়েছে। এ শিশুর তোলপাড় হয়েছে অনেক বেশী। জন্মের আনুষঙ্গিক গর্ভযন্ত্রণায় সারা বিশ্ব কেঁপে উঠেছে। জন্মকে ত্বরান্বিত করার জন্য 'অপারেশন' ও চালাতে হয়েছে। এক অর্থে বাংলাদেশ 'সিজারিয়ান বেবী'। আর সে জন্যেই সম্ভবতঃ এই শিশুর প্রতিপালনে প্রথম থেকেই খুব বেশী সতর্ক হওয়া দরকার।

ঔপনিবেশিক এবং কায়েমী স্বার্থের শোষণে বাংলাদেশে কোনকালেই সুস্থ অর্থনৈতিক কাঠামো গড়ে উঠতে পারেনি। বৃটিশ শাসনামলে আজকের বাংলাদেশ ছিল কলিকাতার ব্যবসায়ী ও শিল্পপতি মহলের শোষনের প্রশস্ত তম ক্ষেত্র। রাজধানী শহর কলিকাতাকে কেন্দ্র করে সেদিন যে পুঁজিচক্র গড়ে উঠেছিল, তাতে বাংলার মানুষের অংশীদারিত্ব ছিল না। পাকিস্তানী শাসনের চব্বিশ বছরে এই শোষনের হার আরো বহু গুণে বেড়েছে। তারপরও যা কিছু অস্থি চর্ম অবশিষ্ট ছিল, এবারকার রক্তক্ষয়ী সংগ্রাম এবং পলায়মান শত্রুসেনাদের 'পোড়ামাটি' নীতির জন্য তা'ও ধুলিস্মাৎ হয়ে গেছে।

অর্থাৎ নবজাতকের জন্ম ঘটেনি সোনার পালংকে, রূপার চামচ মুখে। ঘটেছে খোলা আকাশের নিচে, অপরিসীম দুঃখদুর্দশায়, শত-সহস্য সমস্যার বেড়াজালে।

তাই আজ যাঁরা জন্মলগ্নে এই নতুন রাষ্ট্রের কর্ণধার হয়েছেন, তাঁদের অবশ্যই নিজেদের এই গুরুদায়িত্ব সম্পর্কে সচেতন থাকতে হবে।

পাকিস্তান এ ব্যাপারে আমাদের সামনে একটি জ্বলন্ত উদাহরণ। পাকিস্তান রাষ্ট্রটির জন্ম-বৃত্তান্ত যা-ই হোক না কেন, পৃথিবীর মানচিত্রে একটি পাকা-পোক্ত আসন নিয়েই তার যাত্রা শুরু হয়েছিল। শুরুতে আভ্যন্তরীণ ঐক্যেরও অভাব ছিল না, বৈদেশিক সহায়তারও কমতি ছিল না। রাষ্ট্র হিসাবে এটি ছিল পৃথিবীর 'পঞ্চম বৃহত্তর রাষ্ট্র'। তা সত্ত্বেও মাত্র ২৪ বছরেই তার রাষ্ট্রীয় কাঠামো ভেঙ্গে চুরমার হয়ে গেল। কিন্তু কেন ?

এ প্রশ্নের জবাব পেতে হলে পাকিস্তানী রাজনীতির দিকে চোখ ফেরাতে হয়। দেশ বিভাগের পর থেকেই পাকিস্তানে অগণতান্ত্রিক গণবিরোধী কায়েমী স্বার্থ চিরস্থায়ী আসন গেড়ে বসে এবং ধাপে ধাপে তা রাজনৈতিক একনায়কত্ব থেকে, আমলাতান্ত্রিক গোষ্ঠীতন্ত্র এবং সর্বশেষ সামরিক হটকারীতায় পর্যবসিত হয়। পাকিস্তান অর্জিত হয়েছিল জনগণের নামে। কিন্তু সেই জনগণের কোন ভূমিকাই থাকেনি পাকিস্তানের রাষ্ট্রীয় জীবনে।

জনসমর্থনের বদলে বিশ্বসাম্রাজ্যবাদের লেজুড় বৃত্তিকেই রাষ্ট্র-ক্ষমতার নিয়ামক করে তোলা হয়েছে। তারই অবশ্যম্ভাবী পরিণতিতে একদিকে চলেছে সাধারণ মানুষের উপর সীমাহীন শোষণ, অন্যদিকে চলেছে জাতিগত নিপীড়ন। সেই শোষণ ও নিপীড়নের পরিণতি আজ চোখের সামনে।

স্বাধীন বাংলাদেশ অশ্রু আর রক্তের ফসল। বাংলাদেশের গণতন্ত্র, গণঅধিকার, রাজনৈতিক স্বাধীনতা এবং অর্থনৈতিক সমানাধিকারের নিশ্চয়তা থাকবে এই আশা নিয়েই বাংলার মানুষ এত ত্যাগ স্বীকারে এগিয়ে গেছে। আগামী দিনে বাংলাদেশকে সেই প্রত্যাশা অবশ্যই পূরণ করতে হবে, নতুবা বাংলাদেশ ও ইতিহাসের ব্যতিক্রম হবে না। মৃত পাকিস্তানের অভিজ্ঞতা থেকেই সে শিক্ষা দিতে হবে।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সাম্প্রদায়িক দল নিষিদ্ধ ঘোষিত	দেশ বাংলা ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	১৬ ডিসেম্বর, ১৯৭১

বাংলাদেশে সুস্থ রাজনীতির উজ্জ্বল সম্ভাবনা

সাম্প্রদায়িক দল নিষিদ্ধ ঘোষিত

(দেশবাংলা রিপোর্ট)

বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন আহমদ ঘোষনা করেছেন, বাংলাদেশে অতঃপর কোন সাম্প্রদায়িক দল থাকবে না। জামাতে ইসলামী, তিন মুসলিম লীগ, পিডিপি ও নেজামে ইসলাম দলকে বেআইনী ঘোষণা করে জনাব তাজউদ্দিন যশোরে স্বাধীন বাংলার মাটিতে প্রথম প্রকাশ্যে জনসভায় দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন, এখন থেকে আর ধর্ম নিয়ে রাজনীতি করতে দেওয়া হবে না।

বলা বাহুল্য প্রধানমন্ত্রীর এই ঘোষনা সর্বত্র অভিনন্দিত হয়েছে। বিগত বছর যাবৎ বাংলাদেশকে পদদলিত করে রাখার ব্যাপারে পশ্চিমা চক্র ধর্মের লেবাসধারী এই দলগুলিকে সর্বপ্রকারের মদত দিয়েছে এবং বাংলাদেশে একটি প্রতিক্রিয়াশীল স্বার্থ-সর্বস্ব দালাল শ্রেণী সৃষ্টি করার কাজে এই দলগুলিকে হাতিয়ার হিসাবে ব্যবহার করেছে। গণতন্ত্রের টুটি টিপে ধরে, সর্বপ্রকারের প্রগতির পথ আগলে দাঁড়াবার ব্যাপারে এই সব রাজনৈতিক ব্যবসা-প্রতিষ্ঠানগুলি যথেষ্ট 'সংগ্রাম'ও করেছে।

২৫শে মার্চ বাংলাদেশের উপর নারকীয় দুর্যোগ নেমে আসার পর এই দলগুলির গাঁয়ে মানে না আপনি মোড়ল নেতৃবৃন্দ নিজেরাই উদ্যোগী হয়ে 'শান্তি (?) কমিটি' গঠনের জন্য টিক্কা খাঁর কাছে ধর্ণা দেয়। তারপর থেকে এই সব শান্তি সৈনিকেরা ইয়াহিয়া-টিক্কা চক্রের কামানের খোরাক এবং কামনার শিকার সন্ধানের জন্য শিকারী কুকুরের ভূমিকা পালন করে এসেছে। তারই ইনাম হিসাবে তাদের ভাগ্যে জুটেছিল 'উপনির্বাচন'। কিন্তু দুর্ভাগ্যবশতঃ হাতের গ্রাস হাতেই থেকেছে, মুখে পৌছাবার আগেই কম্ম-কাবার হয়ে গেছে।

অতীতে দক্ষিণপন্থী ধ্যান ধারণা পোষণ এবং সাম্প্রদায়িক চেতনাভিত্তিক রাজনৈতিক ক্রিয়াকর্মের পিছনে অন্ততঃ এইটুকু যুক্তি ছিল যে জনগণকেই ভালোমন্দ বিচার করতে দেওয়া হোক। গণতন্ত্রে কোন মতকে জোর করে শুব্ধ করে দেওয়া চলে না। কিন্তু গত আট মাসে এই তথাকথিত দলগুলি দেশ ও জাতির সাথে যেভাবে বিশ্বাসঘাতকতা করেছে এবং দেশের মাটি রক্ত রঞ্জিত করার কাজে শত্রুকে সর্বপ্রকারের সহায়তা করেছে, তার প্রেক্ষিতে আজ সে ব্যাপারে কোন শৈথিল্য প্রদর্শনের সুযোগ নাই। পঞ্চমবাহিনীকে দেশের বুকে রাজীতি করতে দেওয়া যাবে না, এ সিদ্ধান্ত পরিপূর্ণভাবেই গণতান্ত্রিক।

এই দলগুলি বেআইনী ঘোষিত হবার পর বাংলাদেশে ছোট-বড় মিলিয়ে যে সব দল-উপদল জীবিত থাকবে বলে মনে হয়; যেগুলি কম-বেশী স্বাধীনতা সংগ্রামে অংশীদার থেকেছে, সেগুলিকে এভাবে সাজানো যেতে পারে

(১) আওয়ামী লীগঃ বৃহত্তম এবং বলতে গেলে বর্তমান পর্যায়ে একক রাজনৈতিক দল। সহযোগী ছাত্র সংগঠন, বাংলাদেশ ছাত্রগীগ, শ্রমিক সংগঠন, জাতীয় শ্রমিক লীগ।

(২)ন্যাশনাল আওয়ামী পার্টি (মোজাফফর পন্থী) ও বাংলাদেশ কম্যুনিষ্ট পার্টি। সহযোগী ছাত্র সংগঠন, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, শ্রমিক সংগঠন, ট্রেড-ইউনিয়ন সেন্টার। সংগঠনগত ও জনসমর্থনের দিক

থেকে বর্তমানে এই দলটির স্থান দ্বিতীয়। ন্যাপ ও কম্যুনিষ্ট পার্টি দু'নামে সংগঠন টিকিয়ে রাখা অসম্ভব হবে বলে মনে হয়, তবে তেমন অবস্থায় কোনটি রেখে কোনটি ভেঙ্গে দেওয়া হবে, তা সম্ভবতঃ পরিস্থিতির উপর নির্ভর করবে।

(৩) বাংলা জাতীয় লীগ (সভাপতি, আতাউর রহমান খান) সহযোগী ছাত্র সংগঠন, বাংলা ছাত্রলীগ। সংগঠনগত ও জনসমর্থনের দিক থেকে এই দলের স্থান হবে তৃতীয়; আতাউর রহমান খান সামরিক কর্তৃপক্ষের হাতে গ্রেপ্তার হয়েছিলেন, পরে তাঁকে মুক্তি দেওয়া হয় কিন্তু তিনি ঢাকাতেই থেকে যান। তাঁর দলের কর্মী মুক্তি সংগ্রামে অংশ নিয়েছেন।

(৪) ন্যাশনাল আওয়ামী পার্টি (ভাসানী পন্থী)। বেহুধা বিভক্তির পর এবং চরম বামপন্থী উপদলগুলির পৃথক পৃথক সংগঠন গড়ে তোলার ফলে মওলানা ভাসানীর নেতৃত্বাধীন এক কালের বিরাট সংগঠনটি এখন পূর্ব জৌলুষ হারিয়ে ফেললেও, মওলানার ব্যক্তিত্ব ও জনপ্রিয়তা এখনও বাংলাদেশের রাজনীতিতে বিরাট প্রভাব বিস্তারে সক্ষম। মওলানার পরবর্তী কার্যক্রমের উপর এর ভবিষ্যত নির্ভর করবে।

(৫) বাংলাদেশ জাতীয় কংগ্রেস। পূর্ব পাকিস্তানের এককালীন অর্থমন্ত্রী মনোরঞ্জন ধর এবং প্রবীণ কংগ্রেস নেতা ভবেশ নন্দীর নেতৃত্বাধীন এই দলটি এযাবৎকাল 'সংখ্যালঘু'দের দল হিসাবে বিবেচিত হয়ে আসলেও, বর্তমান সংগ্রাম এবং মনোরঞ্জন বাবুর বাংলাদেশ সরকারের কন্সালটেটিভ কমিটির সদস্য হওয়ার প্রেক্ষিতে এই দলটি এখন গুরুত্ব অর্জন করেছে। দলের ভবিষ্যত কার্যক্রম বিশেষভাবে লক্ষণীয়।

(৬) বামপন্থী কম্যুনিষ্ট উপদলসমূহ। বামপন্থী কম্যুনিষ্ট উপদলগুলির একাংশ মুক্তি সংগ্রামের অনুকুলে বক্তব্য পেশ করেছে, অপর অংশ বিরোধিতা করেছে। এ সব সংগঠনের অনেকগুলি হয়তো ভবিষ্যতেও 'আণ্ডার গ্রাউণ্ড' সংগঠন হিসাবেই কাজ চালাবে। আইনসিদ্ধ প্রকাশ্য কম্যুনিষ্ট পার্টি করারও চেষ্টা হতে পারে। এ সম্বন্ধে এখনই কিছু বলা সম্ভব নয়। পিকিং-এর সাম্প্রতিক ভূমিকা এঁদের পক্ষে খুবই অসুবিধাজনক হয়েছে।

(৭) এ ছাড়াও শ্রমিক কৃষক-সমাজবাদী দল এবং অলি আহাদের নেতৃত্বাধীন জাতীয় লীগের উপদলটিও পৃথক দলীয় অস্তিত্ব বজায় রাখবে বলে মনে হয়। উভয় দলেরই কয়েকটি শ্রমিক এলাকায় প্রভাব রয়েছে।

তাহলে দেখা যাচ্ছে, আগামী দিনের বাংলাদেশে আওয়ামী লীগ ছাড়াও আরো কয়েকটি দল মাঠে থাকছে। তন্মধ্যে ন্যাশনাল আওয়ামী পার্টি (মোজাফফর পন্থী) ছাড়া অন্য দলগুলির সাংগঠনিক অবস্থা ভালো নয়, কোন কোন ক্ষেত্রে নাম-সর্বস্ব। কিন্তু যেহেতু বাংলাদেশে নিশ্চিতভাবেই পার্লামেন্টারী রাজনীতি চালু হতে যাচ্ছে এবং যেহেতু স্বাধীনতার প্রশ্নে এসব দলেরও কমবেশী অবদান রয়েছে, সেহেতু আগামীতে এরাই হবে বিরোধী দল। পার্লামেন্টারী রাজনীতিতে বিরোধীদলের ভূমিকা থাকে মুখ্য। কাজেই কালক্রমে এসব দলও শক্তিশালী হয়ে উঠতে পারে।

তবে, আওয়ামী লীগের বিরাট শক্তির মোকাবিলায় ক্ষুদ্র দলের কাজের সুযোগ যে খুবই সীমিত তা এ সব দলের কর্মকর্তাদের না বোঝার কথা নয়। এমতাবস্থায় ক্ষুদ্রতর দলগুলির কয়েকটি একত্রিত হয়ে শক্তিশালী দলে রুপান্তরিত হবার সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যায় না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
এবার দেশ গড়ার পালা	দেশ বাংলা ১ম বর্ষঃ ৮ম সংখ্যা	১৬ ডিসেম্বর, ১৯৭১

এবার দেশ গড়ার পালা
দেশবাংলা বিশেষ নিবন্ধ

'আর কয়েক দিনের মধ্যেই ঢাকায় বাংলাদেশ সরকারের রাজধানী স্থানান্তরিত হবে। সম্প্রতি অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম এ কথা ঘোষণা করেছেন।

মুক্তিবাহিনী এবং ভারতীয় বাহিনীর সম্মিলিত অগ্রাভিযানের মুখে পাকিস্তানী জঙ্গী চক্রের পশ্চাদপসরণ এবং একের পর এক শত্রু ঘাঁটিগুলির পতন দেখে তাঁর এ আশাবাদে বিশ্বাস স্থাপন না করার কোন কারণ আমরা দেখি না। ইতিমধ্যেই মুক্ত জেলাগুলিতে পুরাদমে বেসামরিক প্রশাসন ব্যবস্থার পুনর্গঠনের কাজ শুরু হয়েছে। দেশের শতকরা ৮০ ভাগ এলাকা এখন বাংলাদেশ সরকারের নিয়ন্ত্রণে। ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, খুলনা, রংপুর প্রভৃতি কয়েকটি ক্যান্টনমেন্ট এলাকায় পাকিস্তানী বাহিনী এখন কার্যতঃ আত্মসমর্পণের দিন গুনছে।

একের পর এক বিভিন্ন এলাকা বাংলাদেশ সরকারের কর্তৃত্বে আসার সাথে সাথে এখন স্বভাবতই পুনর্গঠনের প্রশ্নটি বড় হয়ে দেখা দিয়েছে। ভাঙ্গার পর্ব শেষ হয়েছে। এবার দেশ গড়ার পালা।

চার প্রদেশ

বাংলাদেশকে চারটি প্রদেশে ভাগ করা প্রশাসন ও উন্নয়ন তৎপরতায় প্রতিটি অঞ্চলের প্রতি যথাযোগ্য গুরুত্ব আরোপের দাবী উঠেছিল ২৫শে মার্চের আগেই। এখন এ ব্যাপারে সিদ্ধান্ত নেবার সময় এসেছে। অস্থায়ী রাষ্ট্রপতি বলেছেন জাতীয় ও প্রদেশিক পরিষদের সদস্যদের সমন্বয়ে একটি 'কনষ্টিটিউয়েন্ট এসেমব্লি' গঠন করা হবে। এই এসেমব্লিকে চার প্রদেশের কাঠামো এবং কেন্দ্র ও প্রদেশের সম্পর্ক নির্ধারণের ভার দেওয়া যেতে পারে। এ সব প্রদেশ কেবলমাত্র প্রশাসনিক বিকেন্দ্রীকরণের প্রয়োজনে গড়তে হবে। এক্ষেত্রে স্বায়ত্তশাসনের প্রশ্ন ওঠার কোন কারণ নেই। আপাততঃ চারটি বিভাগকে চারটি প্রদেশের মর্যাদা দিলেই চলবে। এতে করে ঢাকা শহরের উপর মাত্রাতিরিক্ত চাপ কমবে এবং দেশে আরো কয়েকটি প্রথম শ্রেণীর শহর গড়ে তোলা সম্ভব হবে। তবে মনে রাখা দরকার, কোন অবস্থাতেই 'দুই' প্রদেশ গঠনের কথা চিন্তা করা চলবেনা। কারণ সেক্ষেত্রে আঞ্চলিক রেষারেষিতে জাতীয় ঐক্য দুর্বল হবার সম্ভাবনা রয়েছে।

গণতহ্যা ঠেকাতে হবে

শত্রুর চর এবং সহযোগীদের শাস্তি দেবার ভার জনতার উপর বা স্থানীয় নেতৃত্বের উপর ছেড়ে দেওয়া চলবে না। কারণ, তেমন অবস্থায় ব্যক্তিগত শত্রুতার জন্য অনেক নিরীহ ব্যক্তিরও লাঞ্ছিত হবার সম্ভাবনা থাকবে। তা'ছাড়া শত্রু সহযোগী অবাঙ্গালীদেরকেও 'হত্যা করার লাইসেন্স' কাউকে দেওয়া চলবে না। এ ব্যাপারে সরকারের সময়োচিত ঘোষণা সুবিবেচনার কাজ হয়েছে। বিশেষ ট্রাইব্যুনাল গঠনের মাধ্যমে যথাবিহিত বিচার করে তবেই অপরাধীকে যোগ্য শাস্তি দিতে হবে। বাংলার মাটিতে অনেক রক্ত ঝরেছে, আর এক ফোঁটা রক্তও অনাবশ্যকভাবে ঝরানো উচিত হবে না।

ঋণভিত্তিক অর্থনতি চাই না

বাংলাদেশে প্রায় সবই ধ্বংস হয়ে গেছে। অনেকেই ব্যাপকভাবে বৈদেশিক খণ নিয়ে তড়িঘড়ি 'সোনার বাংলা' বানাবার কথা বলেছেন। কিন্তু এ ব্যাপারে প্রথম থেকেই সতর্ক হওয়া দরকার। বাংলাদেশের অর্থনীতি হবে কৃষিভিত্তিক। কৃষি বিপ্লবের মাধ্যমে গ্রামবাংলার অর্থনৈতিক উন্নয়নই আমাদের লক্ষ্য হতে হবে, ঋণভিত্তিক তথাকথিত 'শিল্পপতিদের অর্থনীতি' নয়। তাই অনাবশ্যক ঋণ পরিহার করে সুস্থ ভিত্তিতে জাতীয় অর্থনীতিকে ধাপে ধাপে গড়ে তুলতে হবে। সেজন্যে দেশবাসীকে কৃচ্ছসাধনার মন্ত্রে দীক্ষিত করতে হবে এখণ থেকেই।

ঋণ করা যার অভ্যাস, তার ঋণের অভাব হয় না। বিশেষ করে বিশ্বে যখন 'মহাজনী রাজনীতি' পুরাদমে চালু রয়েছে। কিন্তু 'ঋণ করে ঘি খাওয়ার' পরিণতি পাকিস্তানে আমরা দেখেছি, দুয়িার বিভিন্ন দেশে দেখছি। বাংলাদেশেও তার পুনরাবৃত্তি ঘটতে দেওয়া যাবে না।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয় জয় আমাদের হবেই	দুর্জয় বাংলা ১ম বর্ষঃ ১ম সংখ্যা	৪ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

জয় আমাদের হবেই

সাত কোটি মানুষের আবাসভূমি বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ষষ্ঠ মাসে স্বাধীনতা সংগ্রামকে এগিয়ে নিয়ে জয়যুক্ত করার শপথ নিয়ে ''দুর্জয় বাংলা'' আত্মপ্রকাশ করলো। বাংলাদেশের পবিত্র মাটি থেকে খুনি সর্দার ইয়াহিয়ার পশু সৈন্য দলকে নিশ্চিহ্ন করে মাতৃভূমিকে মুক্ত করার মহৎ ও কঠিন কাজের ব্রত ঘোষণা করছে।

''দুর্জয় বাংলা'' মনে করে, মার্কিন সাম্রাজ্যবাদ ও চীনের সাহায্যপুষ্ট ইয়াহিয়ার বর্বর বাহিনীকে খতম করার জন্য সব চেয়ে বড় প্রয়োজন হলো বাংলাদেশের সমস্ত জনগণ এবং সংগ্রামী গণতান্ত্রিক শক্তির একতা? একতার শক্তি দিয়েই আমরা শত্রুকে নিশ্চিহ্ন করবো।

আমাদের বীর তরুণ মুক্তিযোদ্ধারা দুর্জয় সংকল্প নিয়ে শত্রুর বিরুদ্ধে লড়ে যাচ্ছেন। প্রতিবেশী ভারত ও সোভিয়েত ইউনিয়ন এবং সমাজতান্ত্রিক দেশগুলিসহ বিশ্বের প্রগতিশীল জনগণও খুনি ইয়াহিয়ার গণহত্যা ও নির্যাতনের প্রতিবাদে সোচ্চার।

এ মুহূর্তে আমাদের সুস্পষ্ট ধারণা রাখতে হবে কে আমাদের শত্রু ও কে আমাদের মিত্র। মিত্রদের এক হয়ে শত্রুদের আঘাত হানতে হবে, রুখতে হবে ইয়াহিয়ার সকল দুরভিসন্ধি ও ছলচাতুরী।

জয় আমাদের হবেই। আমরা সুনিশ্চিত।

* দুর্জয় বাংলাঃ 'সংগ্রামী বাংলার কণ্ঠস্বর'। সম্পাদকঃ তুষার কান্তি কর। সিলেট সুরমা প্রকাশনীর পক্ষ হতে তুষার কান্তি কর কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত। বিদেশস্থ যোগাযোগের ঠিকানাঃ রফিকুর রহমান, পুরাতন ষ্টেশন রোড, করিমগঞ্জ।

শিরোনাম	সংবাদপত্র	তারিখ
সম্পাদকীয়	স্বাধীন বাংলা* মুজিব নগরঃ ৮ম সংখ্যা	৬ নভেম্বর, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশের সংগ্রামী জনতার জাতীয় মুক্তি আন্দোলন সফল হবে কি-না এই সংশয় জড়ানো প্রশ্নে দ্বিধা-জড়তার মেঘ ক্রমশঃ ধীরে ধীরে কেটে যাচ্ছে, রাজনীতির আকাশ মেঘমুক্ত ও স্পষ্ট হয়ে উঠেছে।

বিষয় : ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র (১৫ খন্ড)'' পুনর্মুদ্রণের নিমিত্তে প্রচ্ছদ ও অঙ্গসজ্জার নমুনা অনুমোদন।

সূত্র : তাঁর ০৮ অক্টোবর ২০০৩ তারিখের আবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনের সাথে প্রাপ্ত নমুনা অনুযায়ী প্রচ্ছদ, প্রিন্টার্স লাইন ও অঙ্গসজ্জা মোতাবেক বিষয়োক্ত গ্রন্থাবলী চূড়ান্ত মুদ্রণের অনুমোদন প্রদান করা হলো। মন্ত্রণালয় কর্তৃক নিবার্চিত/অনুমোদিত প্রচ্ছদ নির্দেশক্রমে এতদ্সাথ ফেরত প্রদান করা হলো।

সংযুক্তি : বর্ণনা মতোবেক।

আপনার বিশ্বস্ত,

(অঞ্জলী রানী চক্রবর্তী)
সিনিয়র সহকারী সচিব (প্রেস-১)

প্রকাশকের কথা

প্রতিটি দেশ বা জাতির জন্য তার স্বাধীনতা সংগ্রামের ইতিহাস একটি অমূল্য সম্পদ। সে আলোকে বাংলাদেশের ১৯৭১ সনের স্বাধীনতা যুদ্ধ এবং তৎপূর্বের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস আমাদের কাছে এক গৌরবময় সম্পদ। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস প্রণয়নের জন্য ১৯৭৭ সনে তৎকালীন সরকার বাংলাদেশের স্বাধীতা যুদ্ধের ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্প গ্রহণ করে। নিরপেক্ষতা ও যথার্থতা বজায় রাখার জন্য স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের দলিলাদি সংগ্রহ ও যাচাইপূর্বক তা সংকলন করা হয়। তারই ফলশ্রুতি 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র' গ্রন্থাবলী। বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় ১৯৮২ সনে ১৫ খন্ডে এই গ্রন্থাবলী প্রকাশ করে। এ উদ্দেশ্যে গঠিত কমিটির সম্মানিত সদস্যগণের অক্লান্ত পরিশ্রমের ফসল এই গ্রন্থাবলী।

এই গ্রন্থাবলী প্রকাশ হওয়ার অল্প দিনের মধ্যে তার পুরো স্টক ফুরিয়ে যায়। এই গ্রন্থাবলী স্বাধীনতা যুদ্ধ-বিষয়ক সকল গবেষণা কর্মের গুরুত্বপূর্ণ রেফারেন্স হিসেবে ব্যবহৃত হচ্ছে এবং হবে। কিন্তু স্টক না থাকায় বাংলাদেশের বর্তমান জনগোষ্ঠীর একটি বৃহৎ অংশ আমাদের স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের প্রকৃত ইতিহাস জানা থেকে দীর্ঘদিন যাবৎ বঞ্চিত রয়েছে এবং এর দুষ্প্রাপ্যতা অনেক গবেষণা কর্মে ব্যাঘাত ঘটাচ্ছে।

এমতাবস্থায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় কর্তৃক **বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র** গ্রন্থাবলী পুনর্মুদ্রণের সিদ্ধান্তটি অত্যন্ত সময়োপযোগী বলে আমরা মনে করি।

বাংলাদেশ সরকার কর্তৃক এ রকম একটি জাতীয় গুরুত্বপূর্ণ কর্মকান্ডের দায়িত্ব আমাদেরকে অর্পণ করায় আমরা গৌরবান্বিত। এরই ভিত্তিতে গ্রন্থাবলীর বিষয়সূচি সম্পূর্ণ অপরিবর্তিত রেখে নতুন আঙ্গিকে নির্ভুলভাবে পুনর্মুদ্রণের আপ্রাণ চেষ্টা করেছি। আশা করি, পুনর্মুদ্রিত গ্রন্থাবলী পাঠক-গবেষকদের চাহিদা মেটাতে সক্ষম হবে।

বিশাল এই কর্মকান্ডে যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন, আমরা তাঁদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।

(গোলাম মোস্তফা)
স্বত্বাধিকারী
হাক্কানী পাবলিশার্স

০৭ ডিসেম্বর ২০০৩

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ সপ্তম খন্ড

মুখবন্ধ

বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের নয়-সদস্যবিশিষ্ট প্রামাণ্যকরণ কমিটির তরফ থেকে এই দলিল সংগ্রহের প্রকাশনা সম্পর্কে দুটি কথা নিবেদন করছি। এ প্রকল্পের উৎপত্তি ও গঠন, এর মূল উদ্দেশ্য ও কার্যপদ্ধতি সম্পর্কে ভূমিকায় বিস্তারিত বলা হয়েছে।

বিপুলায়তন ও সংগৃহীত উপাত্ত থেকে প্রকাশিতব্য দলিলসমূহ নির্বাচনে কমিটির সদস্যবৃন্দ নিরপেক্ষ ভূমিকা পালনে যথাসাধ্য চেষ্টা করছেন। তাঁরা ঘন্টার পর ঘন্টা ধরে দলিলাদির পান্ডুলিপি ধৈর্য ধরে পরীক্ষা করেছেন, বিস্তারিত আলোচনা-সমালোচনার মাধ্যমে সংযোজন ও সংশোধনের জন্য মূল্যবান উপদেশ দিয়ে প্রকল্প বাস্তবায়নে সহায়তা করেছেন। আমাদের কোন মন্তব্য ছাড়াই দলিলগুলি সরাসরি পাঠক ও গবেষকদের কাছে উপস্থিত হচ্ছে। দলিলপত্র যথাসম্ভব মূলসূত্র থেকে উদ্ধারের চেষ্টা করা হয়েছে। প্রকাশিত দলিলগুলি প্রামাণ্যকরণ কমিটি অনুমোদন করে দিয়েছেন।

প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠাব্যাপী দলিল থেকে প্রাথমিক নির্বাচনের পর গুরুদায়িত্ব পালন করেছেন প্রকল্পে নিয়োজিত বিভিন্ন গবেষকবৃন্দ। তাঁরা প্রথমে জনাব হাসান হাফিজুর রহমানের নেতৃত্বে এবং পরে প্রফেসর কে এম মহসীনের তত্ত্বাবধানে এ দায়িত্ব যথাযথ নিষ্ঠা ও আন্তরিকতার সংগে পালন করেছেন।

প্রামাণ্যকরণ কমিটির সকল সদস্যকে এবং প্রকল্পের গবেষকবৃন্দকে তাঁদের প্রশংসনীয় ভূমিকার জন্য আমি অশেষ ধন্যবাদ জানাই। সেই সঙ্গে প্রয়াত বাংলাদেশের বিশিষ্ট কবি ও সাংবাদিক জনাব হাসান হাফিজুর রহমানকে তাঁর বিশেষ অবদানের জন্য শ্রদ্ধার সঙ্গে স্মরন করি।

বিভিন্ন সূত্রে সংগৃহীত ও সুবিবেচনার সাথে নির্বাচিত দলিলগুলি থেকে আমাদের স্বাধীনতা যুদ্ধের একটি সার্বিক, প্রামাণ্য ও নিরপেক্ষ চিত্র বেরিয়ে আসবে, আমরা এ আশা পোষণ করছি। সংগৃহীত সমুদয় দলিল একটি স্থায়ী আর্কাইভস্ গঠনে সহায়তা করবে। অনুদঘাটিত ও অনাবিস্কৃত দলিলগুলি ভবিষ্যতে সংগৃহীত হলে পরিশিষ্টের মাধ্যমে সেগুলি মূল দলিলের সংগে সংযোজিত হতে পারে।

প্রকাশিত দলিলগুলি পাঠক সমাজ ও গবেষকদের কাছে সমাদৃত হলে আমাদের শ্রম সার্থক বলে মনে করব।

২৫ জুন,
১৯৮৪।

মফিজুল্লাহ কবীর
চেয়ারম্যান,
প্রামাণ্যকরণ কমিটি,
বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প।

ভূমিকা

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময়সীমা ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত। এই সময়ে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সংগে সম্পর্কিত সারা বিশ্বে যা কিছু ঘটেছে তার তথ্য ও দলিলপত্র সংগ্রহ এবং সেসবের ওপর ভিত্তি করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনা ও মুদ্রণের দায়িত্ব অর্পিত হয় মুক্তিযুদ্ধ ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্পের ওপর। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীনে এই প্রকল্পটি প্রতিষ্ঠিত হয় এবং এর কাজ শুরু হয় ১৯৭৮ সালের জানুয়ারী থেকে (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ইতিহাস রচনার দায়িত্বপ্রাপ্ত হলেও এই প্রকল্প স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত দলিল ও তথ্যসমূহ প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করে। এর কারণ, সমকালীন কোন ঘটনার বিশেষ করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের মতো একটি যুগান্তকারী ঘটনার ইতিহাস রচনার ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা রক্ষা করা এবং বিকৃতির সম্ভাবনা এড়িয়ে যাওয়া বস্তুত অত্যন্ত দুরূহ। এ জন্যই আমরা ইতিহাস রচনার পরিবর্তে দলিল ও তথ্য প্রকাশকেই অধিক গুরুত্বপূর্ণ মনে করেছি। এর ফলে দলিল ও তথ্যাদিই কথা বলবে, ঘটনার বিকাশ ও ধারাবাহিকতা রক্ষা করবে, ঘটনা পরম্পরার সংগতি রক্ষা করবে।

এই লক্ষ্য সামনে রেখেই কয়েকটি খন্ডে সংগৃহীত দলিলসমূহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এই পরিপ্রেক্ষিতে প্রকল্পের সামনে একটি বিশেষ বিবেচ্য বিষয় দেখা দেয় এই যে, দলিলপত্র সংগ্রহের সময়সীমা স্বাধীনতা যুদ্ধকেন্দ্রিক হওয়া সত্ত্বেও এ সত্যও সমান গুরুত্বপূর্ণ যে, স্বাধীনতা যুদ্ধের পশ্চাতে বিরাট পটভূমি রয়েছে। স্বাধীনতা যুদ্ধকে এই পটভূমি থেকে বিচ্ছন্ন করে দেখা যায় না। এই পটভূমির ঘটনাবলী- যাকে মুক্তিসংগ্রাম বলে অভিহিত করা যায়- তার অনিবার্য পরিণতিই স্বাধীনতা যুদ্ধকে অবশ্যম্ভাবী করে তোলে। তাই মুক্তিসংগ্রামের স্বরূপ জানা ছাড়া স্বাধীনতা যুদ্ধকে তুলে ধরা সম্ভবই নয়। এই পরিস্থিতিতে স্বাধীনতা যুদ্ধের দলিল প্রকাশের সংগে এর পটভূমি সংক্রান্ত দু'খন্ড দলিলসংগ্রহ প্রকাশের সিদ্ধান্তও প্রকল্প গ্রহণ করে। এর ফলে প্রকল্পের দলিল প্রকাশের পরিকল্পনা নিম্নরূপে দাঁড়ায় :

প্রথম খন্ড	ঃ	পটভূমি (১৯০৫-১৯৫৮)
দ্বিতীয় খন্ড	ঃ	পটভূমি (১৯৫৮-১৯৭১)
তৃতীয় খন্ড	ঃ	মুজিবনগর : প্রশাসন
চতুর্থ খন্ড	ঃ	মুজিবনগর : প্রবাসী বাঙালীদের তৎপরতা
পঞ্চম খন্ড	ঃ	মুজিবনগর : বেতারমাধ্যম
ষষ্ঠ খন্ড	ঃ	মুজিবনগর : গণমাধ্যম
সপ্তম খন্ড	ঃ	পাকিস্তানী দলিলপত্র : সরকারী ও বেসরকারী
অষ্টম খন্ড	ঃ	গণহত্যা, শরণার্থী শিবির ও প্রাসংগিক ঘটনা
নবম খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (১)
দশম খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (২)
একাদশ খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (৩)
দ্বাদশ খন্ড	ঃ	বিদেশী প্রতিক্রিয়া : ভারত
এয়োদশ খন্ড	ঃ	বিদেশী প্রতিক্রিয়া : জাতিসংঘ ও বিভিন্ন রাষ্ট্র
চর্তুদশ খন্ড	ঃ	বিশ্বজনমত
পঞ্চদশ খন্ড	ঃ	সাক্ষাৎকার
ষোড়শ খন্ড	ঃ	কালপঞ্জী, গ্রন্থপঞ্জী ও নির্ঘণ্ট

চার

মূল পরিকল্পনায় ৭২০০ পৃষ্ঠা মুদ্রণের পরিকল্পনা থাকলেও সংগ্রহের পরিমাণ বিপুল হয়ে যাওয়ায় আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়। নতুন পরিকল্পনা অনুযায়ী প্রতিটি খণ্ড প্রায় ৯০০ পৃষ্ঠা, সর্বমোট ১৫০০০ পৃষ্ঠার মধ্যে সংগ্রহগুলির মুদ্রণ সম্পন্ন করার বাজেট বরাদ্দ অনুমোদিত হয়। এই ভিত্তিতে আমাদের কাজ এগিয়ে যায়।

দলিল ও তথ্যাদি সংগ্রহের ব্যাপারে নীতিমালা আমরা ব্যাপক ও খোলামেলা রেখেছি। তবে পটভূমি সম্বন্ধে দলিল ও তথ্যাদি গ্রহণে কিছুটা সংযত দৃষ্টিভঙ্গী অবলম্বন করি। আমরা শুধু সেইসব তথ্য ও দলিলই পটভূমি খণ্ডে সন্নিবেশিত করার সিদ্ধান্ত নিই, যা বাংলাদেশের বর্তমান ভূখণ্ডের বৈশিষ্ট্য ও এখানে বসবাসকারী জনগণের আশা আকাঙ্খার সংগে প্রত্যক্ষভাবে জড়িত। অর্থাৎ যেসব ঘটনা, আন্দোলন ও কার্যকারণ, এই ভূখণ্ডের জনগণকে মুক্তিসংগ্রামের দিকে উদ্বুদ্ধ ও পরিচালিত করেছে, প্রধানত সেসব সংক্রান্ত দলিল ও তথ্যই এই খণ্ডে কালানুক্রমিকভাবে সাজানো হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে আমরা বাংলাদেশের অতীত ঘাঁটতে বহু দূর-অতীতে প্রত্যাবর্তন করিনি। ১৯০৫ সালের বংগভংগ থেকেই পটভূমি সংক্রান্ত দলিল-তথ্যাদি সন্নিবেশন শুরু করি। আমরা মনে করি, বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যাখ্যায় এই শুরুর সীমাটি বাহুল্যবর্জিত, প্রত্যক্ষ ও যুক্তিগ্রাহ্য।

১৯০৫-এর বংগভংগ এবং তা রদ-এর পর ১৯৪০ সাল পর্যন্ত মধ্যবর্তী এ দীর্ঘ সময়ের আর কোন দলিল এ খণ্ডে সন্নিবেশ করা হয়নি। কারণ ১৯১১ থেকে ১৯৪০ পর্যন্ত এই ভূখণ্ডে অনুষ্ঠিত সকল রাজনৈতিক আন্দোলন সর্বভারতীয় বৃটিশবিরোধী আন্দোলনের অন্তর্ভূক্ত ছিল। ১৯৪০ সালে গৃহীত লাহোর প্রস্তাবে স্বতন্ত্র রাষ্ট্রীয় সত্তারূপে বাংলার প্রতিষ্ঠার সম্ভাবনা নিহিত ছিল। আর তা উত্থাপন করেছিলেন বাংলাদেশেরই সংখ্যাগুরু জনগোষ্ঠীর অবিসংবাদিত নেতা এ, কে, ফজলুল হক। ১৯৪৬ সালে নিতান্ত অবৈধভাবে দিল্লী কনভেনশনে লাহোর প্রস্তাবের যে সংশোধনী করা হয়, তাতে বাংলার স্বতন্ত্র রাষ্ট্রীয়রূপের প্রশ্নকে পরিহার করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগ সম্পর্কে মাউন্টব্যাটেন পরিকল্পনা ঘোষণার পর স্বাধীন ও সার্বভৌম বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা হয়, কিন্তু সে প্রচেষ্টা ব্যর্থ হয় এবং যেভাবে পাকিস্তান প্রতিষ্ঠিত হয় তাতে স্বায়ত্তশাসনের বিষয়টি সম্পূর্ণরূপে উপেক্ষিত হয়। এরই পরিণতিতে পরবর্তীকালে বাংলাদেশের জনগণের সম্মুখে স্বায়ত্তশাসন তথা স্বাধীনতার জন্য সংগ্রাম করা ঐতিহাসিক প্রয়োজন হয়ে দেখা দেয়। এই ঐতিহাসিক প্রয়োজনকে মূর্ত করে তুলেছে এমন সমস্ত দলিলই এ খণ্ডে সন্নিবেশিত হয়েছে।

পটভূমি সংক্রান্ত দলিলপত্র দুটি খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডটি শেষ হয়েছে ১৯৫৮ সালে আইয়ুব খানের ক্ষমতা দখলের সময়সীমায়। এখানে কাল বিভাজন করা হয়েছে একান্তই খণ্ড পরিকল্পনার পৃষ্ঠাসংখ্যার সুবিধার দিকে লক্ষ্য রেখে- কোন বিশেষ ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে নয়।

পটভূমির বেলায় যে ধরনের দলিল ও তথ্যাদি আমরা গ্রহণ করেছি সেগুলি হলো গেজেট বিজ্ঞপ্তি, পার্লামেন্টের কার্যবিবরণী, কোর্টের মামলা সম্পর্কিত রিপোর্ট ও রায়, কমিশন রিপোর্ট, রাজনৈতিক দলের কর্মসূচী ও প্রস্তাব, জনসভার প্রস্তাব, আন্দোলনের রিপোর্ট, ছাত্রদলের প্রস্তাব ও আন্দোলন, গণপ্রতিক্রিয়া, সংবাদপত্রের প্রতিবেদন, বিশিষ্ট ব্যক্তিবর্গের প্রামাণ্য সমীক্ষা ও প্রবন্ধ, রাজনৈতিক পত্র, সরকারী নির্দেশ ও পদক্ষেপ ইত্যাদি। স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদির বেলায় সংগ্রহের ধরন বিস্তৃততর হয়েছে স্বাভাবিকভাবেই। কারণ এই যুদ্ধের সংগে সারা বিশ্ব জড়িত হয়ে পড়েছিল। ফলে কেবল বাংলাদেশের অভ্যন্তরে নয়, সারা বিশ্বের বিষয়াদি জোগাড় করা অপরিহার্য হয়ে দেখা দেয় এবং প্রকল্প সেভাবেই অগ্রসর হয়। এ ব্যাপারে ব্যক্তিগত ডায়েরী, চিঠিপত্র, সাক্ষাৎকার, স্মৃতিকথা, সরকারী নথিপত্র, রণকৌশল ও যুদ্ধসংক্রান্ত লিপিবদ্ধ তথ্যাদি, মুক্ত এলাকায় মুক্তিবাহিনী ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক তৎপরতা, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ, কমিটি গঠন, বিবৃতি, বিশ্বজনমত, বিভিন্ন দেশের পার্লামেন্টের কার্যবিবরণী প্রভৃতি নানা ধরনের তথ্য ও দলিল এই সংগ্রহের অন্তর্ভূক্ত করা হয়। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে নজর রেখেছি যাতে সর্বসাধারণের মনোভাব প্রতিফলনে কোন ফাঁক না থাকে। এই লক্ষ্য সামনে রেখে গণসহযোগিতার প্রতিস্তরের তথ্য সংগ্রহের চেষ্টা করা হয়েছে। প্রতিটি খণ্ডে যতদূর সম্ভব মূল দলিল সন্নিবেশিত করার দিকে বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। তবে যেসব দলিল ঐতিহাসিক গুরুত্ব অর্জন করেছে এবং যেগুলি বাদ দিলে ঘটনার ধারাবাহিকতা রক্ষিত হয় না সেগুলি আমরা প্রকাশিত সূত্র থেকে গ্রহণ করেছি।

এ কাজে একটিই আমাদের প্রধান বিবেচ্য ছিল, সঠিক ঘটনার সঠিক দলিল যেন সঠিক পরিমাণে বিন্যস্ত হয়। আমাদের কোন মন্তব্য নেই, অঙ্গুলি সংকেত নেই, নিজস্ব ব্যাখ্যা-বিশ্লেষণও নেই। আমরা বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ মনোভাব আগাগোড়া বজায় রাখার চেষ্টা করেছি। এই মূল লক্ষ্য সামনে রেখেই দলিল-তথ্যাদি বাছাই, সম্পাদনা এবং বিন্যাস করা হয়েছে। এ ক্ষেত্রে আমরা শুধু এইটুকু সতর্কতা অটুট রেখেছি যাতে কারো প্রতিনিধিত্ব ক্ষুণ্ণ না হয়। দলিলের যথার্থতাই যার যা ভূমিকা ও গুরুত্ব তা যথাযথভাবে তুলে ধরবে। বস্তুত জনসাধারণই এ ধরনের ঘটনার প্রকৃত মহানায়ক। জনসাধারণের মধ্যে অবস্থা পরিবর্তনের ইচ্ছা যখন পরিণত ও অপ্রতিরোধ হয়ে ওঠে, কেবল তখনই জনগনের মধ্য থেকে যোগ্যতম নেতৃত্বের অভ্যুদয় ঘটে। বাংলাদেশের বেলাতেও তাই ঘটেছে। আর তাই এমন সব দল বা সংগঠনের দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে, যে দল বা সংগঠন আমাদের জাতীয় রাজনীতির ক্ষেত্রে হয়তো মুখ্য ভূমিকা বা নেতৃত্ব গ্রহণ করেনি। তবু একাত্তরের অনেক আগেই বাংলাদেশের স্বাধীনতা চিন্তা একটা দেশের একটা জাতির নির্দিষ্ট লক্ষ্যাভিসারী অন্তঃস্রোতকেই সামনে তুলে ধরে। আসলে মহীরুহের চারপাশে জেগে ওঠা অজস্র গাছপালা নিয়েই বনের গঠন-কাঠামো। বনকে জানতে হলে এর সবটাই জানা দরকার।

তবে ব্যাপক প্রতিনিধিত্বের প্রশ্নে সবটুকু হয়তো প্রতিফলিত নাও হয়ে থাকতে পারে। এর দুটো কারণ, প্রথমত গ্রন্থের সীমিত পরিসরে স্থান সঙ্কুলানের প্রশ্ন, দ্বিতীয়ত অনেক তথ্য ও দলিল হাতে না আসা যা বহুক্ষেত্রে যোগাযোগ করেও পাওয়া যায়নি, কিছু ক্ষেত্রে যোগাযোগেরও সুযোগ ঘটেনি। সবাইকে আমরা জায়গা দিতে চেয়েছি এবং ভূমিকা অনুযায়ী গুরুত্ব বিধানের দিকেও লক্ষ্য রেখেছি- এইটেই মূল কথা। এই নীতি পটভূমি ও অন্যান্য খণ্ডেএকইভাবে অনুসৃত হয়েছে।

সাড়ে তিন লাখ পৃষ্ঠার মতো দলিল ও তথ্যাদি সংগ্রহসংখ্যার দিক থেকে বিপুল বলতে হবে। তবু আমাদের ধারণা এই যে, বহু দলিল ও তথ্য এখনো সংগ্রহের বাইরে রয়েছে। বাংলাদেশের প্রায় প্রতিটি লোকই কোন না কোন ভাবে স্বাধীনতা যুদ্ধের সংগে জড়িত ছিলেন। গ্রামে গ্রামে ব্যক্তিতে ব্যক্তিতে বহু ঘটনার উদ্ভব হয়েছে, বহু বীরত্বগাথা, বহু ত্যাগ, বিশ্বাসঘাতকতা, অত্যাচার, নিপীড়নের কাহিনী স্তরে স্তরে গড়ে উঠেছে। এর পরিমাণ অনুধাবন করা কঠিন। তাছাড়া সারা বিশ্ব জুড়েও ছিল এ সম্পর্কে সমর্থন ও প্রতিক্রিয়া এবং প্রবাসী বাঙালীদের ব্যাপক তৎপরতা। তাই সংগ্রহের কাজ সম্পূর্ণ হয়েছে তা বলা যায় না। দেশ ও বিদেশের তথ্য সংগ্রহের কাজ তাই কেবল বাড়তে পারে, শেষ সীমায় পৌঁছানোর ঘোষণা দেয়া এখনই সম্ভব নয়। এর জন্য দীর্ঘ পরিক্রমা ও সক্রিয়তার প্রয়োজন।

সীমিত সময়ের জন্য আমাদের প্রকল্পের আয়ু; তদুপরি আমাদের লোকবলও মাত্র চারজন। এই অবস্থায় এই বিশাল কাজের কতখানি বাস্তবায়ন সম্ভব তা ভাববার বিষয়। তবু আমরা অসাধ্য সাধনের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং যতদূর সফল হয়েছি তাতে স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত তথ্য ও দলিলের ভিত্তিভূমি রচিত হয়েছে, নির্দ্বিধায় এ কথা বলা যায়। এখন এর বিকাশ ও উন্নয়নের অপেক্ষা রাখে মাত্র। তথ্য ও দলিল সংগ্রহ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে এ কথা বলা য়ায়।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্রপত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে- কিন্তু দলগতভাবে নয়, ব্যক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানুরূপ সাড়া না পাবার কারণ হিসেবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি : প্রথমত, ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনতা, যার ফলে খুব কমসংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়ত, ভিত্তিহীন সংশয়- বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ার আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সততা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা

ছয়

যথেষ্ট সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাংগতার সম্ভাবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যোগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশাঙ্কা, তা আমাদের দলিল খণ্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাতছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিছু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরানো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি। এ ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখারও সুযোগ দিতে রাজী হননি- অর্থাৎ তাঁর হাতের দলিলটি তিনি বেরই করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি। ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ এ কথাও সত্যি যে, স্বাধীনতাসংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এই সংগে আমরা দুঃখের সংগে উল্লেখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহণের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হয়েছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্রে প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত হলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খণ্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশে-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুণ্ণ হলে এ কাজ দুরূহতর হবে, এমনকি এটা সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পার। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলর প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :

ডঃ সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়।
ডঃ সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।
ডঃ এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।
ডঃ কে, এম, করিম, পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।
ডঃ কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ শামসুল হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
জনাব হাসান হাফিজুল রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভুল ও গ্রহণযোগ্য কি না তা পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত সিদ্ধান্তানুযায়ী যে সকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গৃহীত হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদির কিছু কিছু কমিটি নাকচ করেন; কিছু নতুন দলিল ও তথ্য যা গ্রন্থের উৎকর্ষের জন্য নেহাৎ জরুরী তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা

হয়েছে। তবে এ-ক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমশিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময়ে হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে। ফলে খণ্ডবিশেষে সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খণ্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খণ্ডের জন্য আমরা প্রামাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদূর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খণ্ডটি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তূপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েছে। আনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন; তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেননি, প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খণ্ডে দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খণ্ডের দলিলের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খণ্ডেই নির্ঘন্ট ও কালপঞ্জী দেয়া হয়েছে। শেষ খণ্ডে গ্রথিত হচ্ছে সকল খণ্ডের নির্ঘন্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন খণ্ডে কী আছে তা একনজরে জানা সম্ভব হবে।

প্রামাণ্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায় আছে তাতেই ছাপা হবে; কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষায় মূল দলিলগুলি আমরা সংকলনে স্থান দিয়েছি। তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষার বেশ কিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। স্কান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী ও ইন্দোনেশীয় প্রভৃতি ভাষায় বেশ কিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জন্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোন কোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছি যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এর ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলিল ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প-প্রকাশিত খণ্ডগুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভূল ও সচ্ছল হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণার উৎস; তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যের অন্তর্ভুক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সঙ্গে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার- বিশেষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এ দেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন, যত দিন যাবে তাদের সংগে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং

জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলিল ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি, এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল-দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উল্লেখ করা খুবই সংগত মনে করছি। প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহুসংখ্যক দলিল এ, এম, এ, মুহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সংগে জড়িত অনেকে তাঁদের দলিলপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুমা রাশীদা রউফ, আজিজুল হক ভূইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহির উদ্দীন আহমদের নাম উল্লেখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইব্রাহিম মোহাম্মদ। মুজিবনগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য-সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমদ, মাঈদুল হাসান, আবদুস সামাদ, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলিল দিয়ে সাহায্য করেছেন বদরুদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলিল, ডঃ সাঈদ-উর-রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাক স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদি দিয়েছেন। উল্লিখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকাণ্ডের সংগে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলিল সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদির উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদি সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকতার সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খণ্ডগুলির প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়- স্বাধীনতা যুদ্ধের দলিলসংগ্রহ খণ্ডগুলির পেছনে রয়েছে যাঁদের অক্লান্ত শ্রম ও নিরলস সাধনা, তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক- সৈয়দ আল ঈমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়- গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরু করে দলিলসমূহের সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান-সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

সংযোজন

বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের সাবেক পরিচালক জনাব হাসান হাফিজুর রহমানের আকস্মিক মৃত্যুর পর তথ্য মন্ত্রণালয়ের দু'জন উপসচিব কিছুকাল প্রকল্পের দায়িত্বে ছিলেন এবং এরপর পরিচালকের দায়িত্ব আমার ওপর অর্পণ করা হয়। হাসান হাফিজুর রহমানের জীবদ্দশায় প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে এগিয়ে চলছিল তবে তিনি চার খন্ডের মুদ্রিত রুপ দেখে যেতে পেরেছিলেন আর ছয় খন্ড মুদ্রণের জন্য প্রেসে পাঠানো হয়েছিল। এই প্রকল্প বাস্তবায়নের জন্য তাঁর আন্তরিক উৎসাহ ও নিরলস পরিশ্রমের কথা আমরা সশ্রদ্ধচিত্তে স্মরণ করছি।

স্বাধীনতা যুদ্ধের ইতিহাসের দলিলপত্র সংকলন ও মুদ্রণের গুরু দায়িত্ব সম্পর্কে সংশ্লিষ্ট সকলে সচেতন ছিলেন। ফলে হাসান হাফিজুর রহমানের মৃত্যুর পর প্রকল্পের কাজের স্বাভাবিক গতি ব্যাহত হয়নি। প্রামাণ্যকরণ কমিটির গঠন পূর্বানুরুপ থাকে এবং এই কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্পের অন্তর্ভূক্ত কোন বিষয় পরিবর্তন করা হয়নি। পূর্বে গৃহীত নীতির ভিত্তিতে এবং কর্মরত গবেষক ও অফিস কর্মচারীদের নিয়ে প্রকল্পের অবশিষ্ট কাজ চলতে থাকে। তবে প্রকল্পের জন্য নির্ধারিত সময়ের সীমাবদ্ধতার জন্য দলিল ও তথ্যাদি সংগ্রহ এবং সেগুলির সম্পাদনা যুগপৎভাবে করতে হয়েছে বলে দলিল খন্ডসমূহের ক্রম অনুযায়ী মুদ্রণের ধারাবাহিকতা রক্ষা করা যায়নি। কোন কোন খন্ডের বিষয় সম্পর্কিত পর্যাপ্ত দলিল ও তথ্যপ্রাপ্তির বিলম্বই তার একমাত্র কারণ।

প্রামাণ্যকরণ কমিটি কর্তৃক অনুমোদিত ভূমিকাটি পরবর্তী খন্ডগুলিতেও অপরিবর্তিতভাবে সন্নিবেশ করা হয়েছে। আমাদের মূল লক্ষ্য ছিল সবগুলি দলিলখন্ডের মধ্যে গুণগত ও পদ্ধতিগত সামঞ্জস্য অক্ষুন্ন রাখা এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সকল খন্ডের মুদ্রণ ও প্রকাশনা সম্পন্ন করা। এ কাজ সুষ্ঠুভাবে করতে পারলেই দায়িত্ব পালনে আমরা সমর্থ হয়েছি বলে ভাবতে পারব।

কে এম মোহসীন

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ সপ্তম খন্ড

দলিল প্রসঙ্গঃ পাকিস্তানী দলিলপত্র

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র সংকলনে পাকিস্তান পক্ষের দলিল নিয়ে এই খন্ড প্রকাশ করা হল। স্বাধীন সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠার জন্য আমাদের যেমন সংগ্রাম ছিল, তেমনি এই সংগ্রাম নস্যাৎ করার জন্য পাকিস্তানী শাসকগোষ্ঠীও ছিল তৎপর। স্বাধীনতা যুদ্ধের পক্ষের দলিলাদি অন্যান্য খন্ডে সন্নিবেশিত হয়েছে কিন্তু স্বাধীনতা যুদ্ধকে প্রতিহত করবার এবং স্বাধীন বাংলাদেশের পরিবর্তে পুরানো পাকিস্তান রাষ্ট্রের যৌক্তিকতা অটুট রাখবার জন্য পাকিস্তানী সামরিক জান্তা ও তাদের সহযোগীরা ন'মাস ধরে যে কার্যকলাপ চালায় সে সম্পর্কিত দলিলপত্র এই খন্ডে অন্তর্ভূক্ত করা হয়েছে।

এই সব দলিল দুটি অধ্যায়ে ভাগ করা হয়েছে; যথা সরকারী ও বেসরকারী। প্রথম অধ্যায় 'কেন্দ্রীয়' ও 'প্রাদেশিক' দুটি অংশে বিভক্ত। 'সরকারী দলিলপত্র : কেন্দ্রীয়' অংশে জেনারেল ইয়াহিয়ার ভাষণসমূহ, সামরিক আদেশ জারিসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচার-প্রহসন, বাংলাদেশের প্রতি অনুগত সরকারী কর্মকর্তা ও রাজনৈতিক ব্যক্তিবর্গের প্রতি দন্ডাজ্ঞা ঘোষনা, তথাকথিত বিশেষজ্ঞদের দ্বারা প্রণীত শাসনতন্ত্র প্রদান, বাংলাদেশে পাক সামরিক জান্তার অধীন বে-সামরিক পুতুল সরকার গঠন, প্রহসনমূলক উপনির্বাচন অনুষ্ঠান; এবং যুদ্ধ ঘোষণা, পরিচালনা ও আত্মসমর্পণ ইত্যাদি বিষয় অন্তর্ভূক্ত হয়েছে। বহির্বিশ্ব ও জাতিসংঘে পাকিস্তানের পক্ষে প্রচারণা, বক্তৃতা-বিবৃতি প্রদান, আত্মপক্ষ সমর্থনের জন্য সরকারী ও রাজনৈতিক ব্যক্তিবর্গের সমন্বয়ে প্রতিনিধিদল প্রেরণ, কূটনৈতিক তৎপরতা এবং শরণার্থীদের প্রত্যাবর্তনের আহবান সম্পর্কিত দলিলপত্রও এখানে স্থান পেয়েছে। এই অংশের শেষে একটি পরিশিষ্টে, বিশেষ করে বহির্বিশ্বের দৃষ্টি আকর্ষণের জন্য, প্রচারিত 'শ্বেতপত্র' সহ পাকিস্তান সরকার প্রকাশিত কয়েকটি প্রচার-পুস্তিকাও মুদ্রিত হয়েছে।

'সরকারী দলিলপত্র : প্রাদেশিক' অংশে সামরিক গভর্নর লেঃ জেনারেল টিক্কা খান ও পূর্বাঞ্চলের জিওসি আমীর আবদুল্লাহ খান নিয়াজীর নেতৃত্বে মুক্তিযোদ্ধা ও স্বাধীনতাকামী বাঙালী জনগণের বিরুদ্ধে পরিচালিত সামরিক কার্যক্রম গ্রহণ ও আইন জারী, বিভিন্ন দন্ড ও শাস্তি বিধান, জনজীবনে 'স্বাভাবিক অবস্থা ও বিধ্বস্ত অর্থনীতির পুনঃপ্রতিষ্ঠার' চেষ্টা, শরণার্থীদের 'ফিরিয়ে আনার ব্যবস্থা, কুইসলিং সরকারের গভর্নর ও মন্ত্রীদের বক্তৃতা-বিবৃতি-তৎপরতা', 'প্রাদেশিক পরিষদের উপনির্বাচন অনুষ্ঠান' এবং শেষে 'পাক-বাহিনীর আত্মসমর্পণের পূর্বমুহূর্তে কুইসলিং সরকারের একযোগে পদত্যাগ বিষয়ক' উপাত্তসমূহ বিন্যস্ত হয়েছে।

এই খন্ডের দ্বিতীয় অধ্যায় 'বেসরকারী দলিলপত্র'। এটিও দুটি অংশে বিভক্ত: 'রাজনৈতিক বিবৃতি' এবং 'বেসামরিক সহযোগিতা'। পাকিস্তানের যে সমস্ত রাজনৈতিক দল বা নেতা জেনারেল ইয়াহিয়ার সামরিক কার্যক্রম সমর্থন করে বক্তৃতা-বিবৃতি দিয়েছে, সংগঠন ও জোটবদ্ধ হয়ে বিভিন্নভাবে স্বাধীনতা যুদ্ধের বিরুদ্ধে কাজ করেছে তাদের সেসব কর্মকান্ড এ অধ্যায়ের প্রথমাংশে বিধৃত হয়েছে।

সামরিক জান্তার অভিপ্রায় অনুযায়ী স্বাধীনতা সংগ্রামের তৎপরতা নির্মূল করে 'অখন্ড পাকিস্তান' রক্ষায় নিবেদিতপ্রাণ সংগঠন- শান্তি কমিটি এবং রাজাকার, আল-বদর ও আল-শামস প্রভৃতি বাহিনীর গঠন ও তৎপরতার দলিলাদি 'বেসামরিক সহযোগিতা' অংশে সন্নিবেশিত হয়েছে।

স্বাধীনতা যুদ্ধের দলিলসমগ্রের একটি খন্ড হিসেবে এটি পাঠের সময় অবশ্যই মনে রাখা প্রয়োজন যে, পাকিস্তানের সামরিক সরকার বা পাকিস্তানী পক্ষ কখনই বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে স্বীকার করেনি। তাই তারা 'স্বাধীনতার ঘোষণা' ও 'স্বাধীনতা সংগ্রাম'কে 'রাষ্ট্রদ্রোহিতা', 'সমাজবিরোধী ও নাশকতামূলক তৎপরতা' মুক্তিযোদ্ধাদেরকে 'দুষ্কৃতকারী' 'ভারতের চর' ও 'অনুপ্রবেশকারী' ; নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ সদস্যদেরকে 'ভারতের দালাল' ও 'বিচ্ছিন্নতাবাদী', শরণার্থীদেরকে 'উদ্বাস্তু' ; স্বাধীনতা যুদ্ধের প্রতি বিদেশী রাষ্ট্র ও সংগঠনের সমর্থনকে 'কেন্দ্রীয়' রুপে আখ্যায়িত করেছে।

আরো উল্লেখ্য যে, সামরিক জান্তা ও তাদের সহযোগীরা বাংলাদেশের ঘটনাবলীর দিক থেকে বিশ্ববাসীর দৃষ্টি ফেরানোর জন্য সরকারী বিবৃতি, লিপি, পুস্তিকা, প্রতিনিধিদল ইত্যাদির মাধ্যমে নিরবচ্ছিন্নভাবে প্রচার করেছে যে, বাংলাদেশে পাক বাহিনী গণহত্যা চালায়নি। তারা বিদেশী সাংবাদিকদের দেখাতে চেষ্টা করেছে সেখানে 'পূর্ণ স্বাভাবিক অবস্থা' বিরাজ করছে। আপাতঃদৃষ্টিতে এই খন্ডে উল্লেখিত এ ধরনের পদবাচ্য ও তথ্যসমূহ বিভ্রান্তির সৃষ্টি করতে পারে। এ ক্ষেত্রে আমাদের প্রকাশিত দলিলসমগ্রের অন্যান্য খন্ড, বিশেষ করে অষ্টম ও চতুর্দশ খন্ড ('গণহত্যা' ও 'বিশ্বজনমত') এ সময়ের ঘটনাবলীর স্বরুপ যথাযথভাবে উপলব্ধি করতে সহায়ক হবে।

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1, 1971, Page 503

Ministry of Information & Broadcasting

*** *** ***

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং-তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে-
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF INFORMATION & BROADCASTING
DACCA

No. 51/2/78-Dev/231 Dated 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members.

1.	Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University
2.	Professor Salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3.	Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies. Rajshahi.
4.	Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5.	Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University
6.	Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University
7.	Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University
8.	Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University
9.	Mr. Hasan Hafizur Rahman	O.S.D. History of Bangladesh War of Liberation Project

The following shall be the terms of reference of the Committee:

(a) To verity, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of documents are required for the purpose.

Syed Asgar Ali
Section Office.

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF INFORMATION & BROADCASTING
DACCA

No. 51/2/78-Dev/10493/(25) Dated 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Professor Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3.	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies. Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K.M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D. History of Bangladesh War of Liberation Project	Member-Secretary

2. The following shall be the terms of reference of the Committee:

a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

b) To determine validity and price of documents are required for the committee.

M.A. Salam Khan
Section Office.

পরিশিষ্ট

[তিন]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
ঢাকা

নং-তম/২/৮০/ইতিহাস (অংশ) ১২২৮৬ তাং ১১-৯-৮৩ ইং

বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ডঃ কে, এম, মোহসীনকে তাঁহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে তথ্য মন্ত্রণালয়ের অধীনস্থ "বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্পের" প্রকল্প পরিচালক পদে জনস্বার্থে ৬-৯-১৯৮৩ (পূর্বাহ্ন) তারিখ হইতে ৩০-৬-১৯৮৪ পর্যন্ত নিম্নে বর্ণিত শর্তাধীনে নিয়োগ করা হইল।

... ...

স্বাক্ষর-
মোঃ শফিকুর রহমান
উপ-সচিব।

সূচীপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
	সরকারী দলিল-পত্র **একঃ কেন্দ্রীয়**	
১।	জাতির উদ্দেশ্যে জেনারেল ইয়াহিয়ার ভাষণ	১
২।	বাংলাদেশের বিরুদ্ধে পাকিস্তানের সামরিক অভিযানের ওপর একটি প্রতিবেদন	৫
৩।	সামরিক আইনের দুটি বিধি জারী	১৯
৪।	পাকিস্তান ভারতের কাছে প্রতিবাদ করেছে	২১
৫।	পাকিস্তান ভারতের কাছে তীব্র প্রতিবাদ জানিয়েছে	২২
৬।	অস্ত্র পরিবহনের অভিযোগের জবাবে পাকিস্তানের পররাষ্ট্র বিভাগের বিজ্ঞপ্তি	২৪
৭।	রেডিও পাকিস্তানের নয়া ডিরেক্টর জেনারেল	২৫
৮।	পদগর্নির বাণীর জবাবে ইয়াহিয়া	২৬
৯।	জাতিসংঘ মহাসচিবের সঙ্গে আলোচনার পর আগা শাহীর বিবৃতি	২৯
১০।	পাকিস্তান পররাষ্ট্র দপ্তরের বিবৃতিঃ বেআইনী অনুপ্রবেশের সকল দায়িত্ব ভারতকেই বহন করতে হবে	৩০
১১।	আগা শাহীর প্রতিবাদঃ ভারত পাকিস্তানের জাতীয় সংহতি বিনষ্ট করার চক্রান্ত করছে	৩২
১২।	৭৮ নং সামরিক বিধি জারী	৩৪
১৩।	সিনেটর হ্যারিসকে লিখিত ওয়াশিংটন দূতাবাসের ফ সেক্রেটারীর চিঠি	৩৬
১৪।	পাকিস্তান সরকারের বিবৃতিঃ ভারতীয় সৈন্য অপহরণ সম্পর্কিত নোট প্রত্যাখ্যান	৪০
১৫।	পাকিস্তান স্টেট ব্যাঙ্কের কয়েকটি পদক্ষেপ	৪১
১৬।	নয়াদিল্লীর কাছে পাকিস্তানের কড়া প্রতিবাদ	৪২
১৭।	কলকাতাস্থ পাকিস্তানী দূতাবাস বন্ধের সিদ্ধান্ত	৪৩
১৮।	ইয়াহিয়ার বিশেষ দূত হিসেবে আরশাদের ইউরোপ সফর	৪৫
১৯।	নিউইয়র্কে নিযুক্ত পাকিস্তানের ভাইস কন্সাল সাসপেন্ড	৪৬
২০।	ডঃ ডরফম্যানের কাছে লিখিত ওয়াশিংটন পাকিস্তান রাষ্ট্রদূতের চিঠি	৪৭
২১।	পূর্ব পাকিস্তানে বিদেশী স্বেচ্ছাসেবী দ্বারা সাহায্য বিতরণ সম্পর্কে পররাষ্ট্র মন্ত্রণালয়ের চিঠি	৫২
২২।	জনৈক অধ্যাপকের কাছে লিখিত ওয়াশিংটনস্থ পাকিস্তানী রাষ্ট্রদূতের চিঠি	৫৪
২৩।	জেনারেল হামিদের উত্তরবঙ্গ সফর	৫৬
২৪।	জেনারেল হামিদের সিলেট সফর	৫৭
২৫।	ওয়াশিংটনস্থ পাকিস্তানী রাষ্ট্রদূত কর্তৃক সিনেটর ফুলব্রাইটকে লিখিত চিঠি	৫৮
২৬।	পাকিস্তানে সাহায্য বন্ধের উদ্যোক্তা সিনেটরদের কাছে পাক রাষ্ট্রদূত আগা হিলালীর টেলিগ্রাম	৬০
২৭।	পাকিস্তানী রাষ্ট্রদূত কর্তৃক কংগ্রেসম্যান গ্যালেঘারকে লিখিত চিঠি	৬২

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ সপ্তম খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
২৯।	করাচিতে সাংবাদিক সম্মেলনে জেনারেল ইয়াহিয়ার বক্তৃতা	৬৫
৩০।	'পূর্ব পাকিস্তান' হতে নাগরিকদের 'ইচ্ছাকৃত বহিষ্কার' সম্পর্কে ভারতীয় নোট প্রত্যাখ্যান	৭১
৩১।	দিল্লীর প্রতি পাকিস্তানের বিনা উস্কানিতে সশস্ত্র সংঘর্ষের হুমকির প্রতিবাদ	৭৩
৩২।	বিভিন্ন দেশের কাছে পাকিস্তানের নোট	৭৪
৩৩।	প্রত্যাবর্তনকারী নাগরিকদের জন্য ২০টি অভ্যর্থনা কেন্দ্র স্থাপন	৭৫
৩৪।	সিনেটর কেনেডীকে লিখিত পাক রাষ্ট্রদূত আগা হিলালীর চিঠি	৭৫
৩৫।	পাকিস্তানের ডেপুটি কমিশনার মেহদী মাসুদের স্বদেশ প্রত্যাবর্তনের ভারতীয় বাধা সম্পর্কে পররাষ্ট্র দপ্তরের একটি প্রেস রিলিজ	৮০
৩৬।	দেশত্যাগী নাগরিকদের প্রত্যাবর্তনে নিরাপত্তা বিধান সম্পর্কিত একটি সরকারী প্রেস রিলিজ	৮২
৩৭।	সংখ্যালঘু সম্প্রদায়ের শরণার্থীদের উদ্দেশ্যে নিরাপত্তার আশ্বাস	৮৩
৩৮।	জাতির উদ্দেশ্যে জেনারেল ইয়াহিয়ার ভাষন	৮৪
৩৯।	পাকিস্তানের কড়া প্রতিবাদ জ্ঞাপনঃ ভারতীয় বিমান আক্রমণ	৯৩
৪০।	কমনওয়েলথ-এর সঙ্গে পাকিস্তানের সম্পর্কচ্ছে	৯৫
৪১।	সেনাবাহিনীর হেড কোয়ার্টার্সের নির্দেশ	৯৬
৪২।	কিসিঞ্জার ও এস এম আহমদ বৈঠক	৯৭
৪৩।	উদ্বাস্তু পুনর্বাসন প্রশ্নে পাকিস্তান পররাষ্ট্র সেক্রেটারীর সঙ্গে কেলীর আলোচনা	৯৮
৪৪।	বৃহৎ শক্তির কাছে নতি স্বীকার করব নাঃ ইয়াহিয়া	৯৯
৪৫।	শেখ মুজিবের বিচার হবেঃ টেলিভিশন সাক্ষাৎকারে জেনারেল ইয়াহিয়া	১০১
৪৬।	করাচীতে টিভি সাক্ষাৎকারে জেনারেল ইয়াহিয়া	১০২
৪৭।	অভিযোগ খন্ডনের সুযোগ দেয়া হবেঃ সরকারী প্রেস নোট	১০৬
৪৮।	'পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনার জন্য' মুজিবের বিচার হবেঃ সরকারী তথ্য বিবরণী	১১০
৪৯।	জাতিসংঘ মহাসচিবের কাছে পাকিস্তানের প্রতিবাদ	১১১
৫০।	দিল্লী-মস্কো চুক্তির মর্মার্থ ও যুক্ত বিবৃতি পরীক্ষা করা হচ্ছেঃ সরকারী মুখপাত্রের ঘোষণা	১১২
৫১।	এ নির্যাতন কূটনৈতিক ক্ষেত্রে নজীরবিহীনঃ মাসুদ	১১৩
৫২।	পূর্ববাংলার নির্যাতন সম্পর্কে পাকিস্তানী দূত আগা হিলালীর বক্তব্য	১১৪
৫৩।	নিরাপত্তা পরিষদের মধ্যস্থতা কমিটি গঠনের জন্য পাকিস্তানের প্রস্তাব	১১৬
৫৪।	উদ্বাস্তুদের প্রত্যাবর্তনের জন্য আরো ব্যবস্থা গ্রহণ	১১৭
৫৫।	দুই সপ্তাহের মধ্যে মুজিবের বিচার সম্পন্ন হবেঃ নিউইয়র্কে আগাশাহীর বিবৃতি	১১৯
৫৬।	বৃটিশ সরকারের নিকট পাকিস্তানের প্রতিবাদ	১২০
৫৭।	ভারতের বিরুদ্ধে জেনারেল ইয়াহিয়ার হুঁশিয়ারী	১২১
৫৮।	জেনারেল ইয়াহিয়ার সাধারণ ক্ষমা ঘোষণা	১২২
৫৯।	আইন-কাঠামো আদেশ সংশোধন	১২৩

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
৬০।	পাকিস্তানের প্রতিরক্ষা দিবসে জেনারেল ইয়াহিয়ার বাণী	১২৪
৬১।	নয়াদিল্লীতে বাংলাদেশ মিশন : ভারত সরকারের কাছে পাকিস্তানের তীব্র প্রতিবাদ	১২৬
৬২।	সাধারণ পরিষদে পাক প্রতিনিধিদলের নাম ঘোষণা	১২৭
৬৩।	জাতিসংঘ কমিটিতে আগাশাহীঃ পূর্ব পাকিস্তান সংকট সম্পর্কে মেননের অভিযোগ খন্ডন	১২৮
৬৪।	বিশেষজ্ঞ কমিটি দ্বারা প্রণীতব্য শাসনতন্ত্রের সংশোধনী পদ্ধতি সম্পর্কে ইয়াহিয়ার বিবৃতি	১২৯
৬৫।	বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে পাকিস্তানের সুপ্রিম জুডিসিয়াল কাউন্সিলে হাজির হবার নির্দেশ	১৩০
৬৬।	উপনির্বাচনের নয়া সময়সূচী ঘোষণা	১৩৪
৬৭।	উপনির্বাচনের সংশোধিত সময়সূচী	১৩৫
৬৮।	ফরেন সার্ভিসের ৮ জন বরখাস্ত	১৩৮
৬৯।	জাতিসংঘে পাকিস্তানের প্রতিনিধি মাহমুদ আলীর বিবৃতি	১৩৯
৭০।	জাতিসংঘ সাধারণ পরিষদে পাকিস্তানী প্রতিনিধি আগা শাহীর বিবৃতি	১৪৭
৭১।	জাতিসংঘ সাধারণ পরিষদে মাহমুদ আলীর বিবৃতি	১৪৮
৭২।	প্রধান সামরিক আইন প্রশাসকের প্রেসনোটঃ কোর্টের রায় সম্পর্কে রটনার বিরুদ্ধে হুঁশিয়ারী	১৫১
৭৩।	এল এফ ও সংশোধন মন্ত্রীরা নির্বাচনে দাঁড়াতে ও পরিষদের সদস্য থাকতে পারবেন	১৫২
৭৪।	আন্তর্জাতিক সম্মেলনে গভর্নর স্টেট ব্যাঙ্ক অব পাকিস্তান, এস, ইউ, দররানীর বিবৃতি	১৫৩
৭৫।	ভারতের কাছে কড়া প্রতিবাদঃ পাকিস্তানী জাহাজ হয়রানী	১৫৭
৭৬।	হিউম-মাহামুদ আলী বৈঠক	১৫৮
৭৭।	পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের উপনির্বাচনের সময়সূচী	১৫৯
৭৮।	জাতিসংঘ সাধারণ পরিষদে মাহমুদ আলীর আরেকটি বিবৃতি	১৬১
৭৯।	রজার্স-মাহামুদ আলী বৈঠক	১৬৭
৮০।	রাজনৈতিক তৎপরতা সম্পর্কিত ৯৪ নং সামরিক বিধি জারী	১৬৮
৮১।	প্রেসিডেন্ট ইয়াহিয়ার বেতার ও টেলিভিশন বক্তৃতা	১৭০
৮২।	জাতিসংঘ সাধারণ পরিষদে আগা শাহীর বিবৃতি	১৭৬
৮৩।	ইয়াহিয়া-পদগর্ণি আলোচনা	১৮৫
৮৪।	পাকিস্তান যুদ্ধ চাহেনা তবে আক্রান্ত হলে প্রতিশোধ নেবে- ইয়াহিয়া	১৮৬
৮৫।	বিনা উস্কানিতে গোলাবর্ষণের বিরুদ্ধে পাকিস্তানের তীব্র প্রতিবাদ	১৮৯
৮৬।	জাতিসংঘ মহাসচিবের কাছে জেনারেল ইয়াহিয়ার উত্তর-পত্র	১৮৯
৮৭।	জাতীয় পরিষদের উপনির্বাচনের তথ্যাবলী	১৯০
৮৮।	জেনারেল ইয়াহিয়ার তিন দফা শান্তি প্রস্তাব	২০২
৮৯।	ভারতের আক্রমনাত্মক তৎপরতার বিরুদ্ধে কড়া হুঁশিয়ারী	২০৪

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ সপ্তম খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
৯০।	ভারতীয় শিবিরে অবস্থানকারী উদ্বাস্তুদের প্রতি জেনারেল ইয়াহিয়া	২০৬
৯১।	৪২ জন অফিসারের খেতাব বাতিল	২০৯
৯২।	জেনারেল ইয়াহিয়ার বিবৃতি	২১১
৯৩।	খেয়ালবশে মুজিবকে মুক্তি দেয়া যায়না- ইয়াহিয়া	২১২
৯৪।	পিকিংএ উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল	২১৩
৯৫।	আমার কোন বিকল্প ছিল নাঃ নিউজ উইক ম্যাগাজিনের সাক্ষাৎকারে ইয়াহিয়া	২১৬
৯৬।	পাক প্রতিনিধি দলের চীন সফরের ফলাফল বর্ণনা	২১৮
৯৭।	অঘোষিত যুদ্ধ হচ্ছেঃ ইয়াহিয়া	২১৯
৯৮।	দন্ডবিধি সংশোধন আইন জারী	২২০
৯৯।	সীমান্ত পরিস্থিতির অবনতি ঘটেছেঃ বন-এ পররাষ্ট্র সেক্রেটারী	২২১
১০০।	উপমহাদেশের পরিস্থিতিতে পাকিস্তান যে কোন বৃহৎ শক্তির উদ্যোগকে স্বাগত জানাবে	২২২
১০১।	ন্যাপের সকল গ্রুপ নিষিদ্ধ ঘোষণা	২২৩
১০২।	উপনির্বাচনঃ ভোট গ্রহণের তারিখ ঘোষণা	২২৫
১০৩।	বিচারের জন্য বিশেষ আদালত গঠিত	২২৬
১০৪।	জাতীয় পরিষদের অধিবেশনঃ সদস্যদের কাছে চিঠি পাঠানো হয়েছে	২২৭
১০৫।	ভারতে সোভিয়েত অস্ত্রঃ সরকারী মুখপাত্রের তথ্য প্রকাশ	২২৮
১০৬।	জরুরী অবস্থা ও পাকিস্তান প্রতিরক্ষা আইন জারী	২৩০
১০৭।	ভারতীয় 'অনুপ্রবেশ' সম্পর্কে সরকারী মুখপাত্রের বিবরণ	২৩১
১০৮।	পরিস্থিতির দ্রুত ক্রমাবনতির প্রতি উ-থান্টের দৃষ্টি আকর্ষণ	২৩৩
১০৯।	স্বস্তি পরিষদের বৈঠক প্রশ্নে সরকারী মুখপাত্র	২৩৪
১১০।	প্রতিরক্ষা অর্ডিন্যান্স ও প্রতিরক্ষা আইন বলবৎ	২৩৫
১১১।	ভারতীয় বিমানের আকাশ সীমা লঙ্ঘন ও চৌগাছার বিমান যুদ্ধ সম্পর্কে সরকারী মুখপাত্র	২৩৭
১১২।	যুদ্ধ পরিহার সম্পর্কে সরকারী মুখপাত্র	২৩৮
১১৩।	নিরাপত্তা পরিষদে পাকিস্তানী প্রতিনিধি আগাশাহীর বিবৃতি	২৩৯
১১৪।	জেনারেল ইয়াহিয়ার বেতার ভাষণঃ ভারতের সঙ্গে যুদ্ধ ঘোষণা	২৫৪
১১৫।	নিরাপত্তা পরিষদে আগাশাহীর বিবৃতি	২৫৫
১১৬।	পূর্ব পাকিস্তানের উপনির্বাচন স্থগিত	২৭০
১১৭।	পাক ভারত কূটনৈতিক সম্পর্ক ছিন্ন	২৭১
১১৮।	নূরুল আমিন প্রধান মন্ত্রী, ভূট্টো পররাষ্ট্র সচিব	২৭২
১১৯।	সাধারণ পরিষদের ভূট্টোর নেতৃত্বে প্রতিনিধিদল প্রেরণ	২৭৩
১২০।	জাতিসংঘ মহাসচিবের কাছে জাতিসংঘে পাকিস্তানী স্থায়ী প্রতিনিধির চিঠি	২৭৪
১২১।	প্রধানমন্ত্রী কর্তৃক সংঘবদ্ধভাবে ভারতীয় হামলা মোকাবিলার আহ্বান	২৭৬
১২২।	পাকিস্তান যুদ্ধ বিরতি ও সৈন্য প্রত্যাহারের জাতিসংঘ প্রস্তাব গ্রহণ করেছে	২৭৭
১২৩।	ইউনেস্কোর নিকট পাকিস্তানের তারঃ গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক স্থানসমূহ রক্ষার আবেদন	২৭৮

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১২৪।	মুক্তিবাহিনীর কাছে পাক সামরিক বাহিনীর আত্মসমর্পণের দলিল এবং আত্মসমর্পণের ঘটনাবলীর ওপর একটি প্রবন্ধ	২৭৯
১২৫।	আত্মসমর্পণকালে ঢাকার পাক সামরিক শক্তির একটি তালিকা	২৮৬
১২৬।	বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে পাকিস্তানের সৈন্যক্ষয়ের একটি হিসাব	২৮৮
১২৭।	জাতির উদ্দেশ্যে জেনারেল ইয়াহিয়ার অপ্রচারিত ভাষণ	২৯০

পরিশিষ্টঃ সরকারী প্রচারণা পুস্তিকা

১২৮।	একাত্তরের মার্চ মাসের ঘটনাবলী সম্পর্কে পাকিস্তান সরকারের ভাষ্য	২৯৭
১২৯।	পূর্ব পাকিস্তান সংকট সম্পর্কে পাকিস্তান সরকারের বক্তব্য	৩০৪
১৩০।	'পূর্ব পাকিস্তানে সন্ত্রাস'	৩০৯
১৩১।	পূর্ব পাকিস্তান সংকটে ভারতের ভূমিকা	৩২০
১৩২।	পূর্ব পাকিস্তান সংকটে ভারতের ভূমিকা	৩৩৩
১৩৩।	শরণার্থী সমস্যার পাকিস্তানী ব্যাখ্যা	৩৪৬
১৩৪।	পূর্ব পাকিস্তান সংকটের ওপর কিছু প্রশ্ন ও পাকিস্তান সরকারের জবার	৩৫৩
১৩৫।	প্রত্যাবর্তনকারী নাগরিকদের প্রতি পাকিস্তানের স্বাগতম	৩৬৯
১৩৬।	'পূর্ব পাকিস্তানে' সামরিক হস্তক্ষেপের পটভূমিকার ওপর পাকিস্তান সরকারের শ্বেতপত্র	৩৮১

দুইঃ প্রাদেশিক সামরিক বিধি ও কার্যক্রম

১৩৭।	ঢাকায় পাক-আর্মী অপারেশনের কয়েকটি সাংকেতিক সংবাদ	৪৪৫
১৩৮।	সামরিক আইনের কয়েকটি বিধি জারী	৪৫৬
১৩৯।	সামরিক আদেশ বলে অফিসার ও প্রশাসক নিয়োগ	৪৫৮
১৪০।	গভর্নর পদে লেঃ জেঃ টিক্কা খানের শপথ গ্রহণ	৪৫০
১৪১।	সশস্ত্র বাহিনী কর্তৃক ঠাকুরগাঁ দখল	৪৬০
১৪২।	জেনারেল টিক্কা খানের বেতার ভাষণ	৪৬১
১৪৩।	কাজে যোগদানের নির্দেশ	৪৬২
১৪৪।	সামরিক কর্তৃপক্ষের নিকট হাজির হবার নির্দেশ	৪৬৪
১৪৫।	সশস্ত্র বাহিনী কর্তৃক সীমান্ত সুরক্ষিত	৪৬৫
১৪৬।	১৪৮ নং সামরিক বিধি জারী	৪৬৬
১৪৭।	সীমান্ত এলাকার কর্তৃত্ব সুদৃঢ় করার নির্দেশ	৪৬৭
১৪৮।	পূর্ব পাক সরকারের প্রধান সচিবের কাছে রাও ফরমান আলীর চিঠি	৪৬৮
১৪৯।	কর্নেল ওসমানীকে হাজির হওয়ার নির্দেশ	৪৬৯
১৫০।	সাংবাদিক সাক্ষাৎকারে লেঃ জেঃ টিক্কা খান	৪৭০
১৫১।	সকল বিশ্ববিদ্যালয় ও কলেজ খোলার সিদ্ধান্ত	৪৭২
১৫২।	শিক্ষকদের 'দায়িত্বহীন উক্তি' সম্পর্কে সামরিক কর্তৃপক্ষের হুঁশিয়ারী	৪৭৩
১৫৩।	বিশ্ববিদ্যালয় শিক্ষার পুনর্বিন্যাস কমিটি গঠন	৪৭৪
১৫৪।	১৪৯ নং সামরিক বিধি জারী	৪৭৫

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১৫৫।	ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নিকট পূর্ব পাক সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের একটি চিঠি	৪৭৬
১৫৬।	সামরিক গভর্নরের নিকট সফর ও বক্তৃতা-বিবৃতি	৪৭৭
১৫৭।	জেনারেল নিয়াজীর সীমান্ত পরিদর্শন	৪৭৯
১৫৮।	পূর্বাঞ্চলীয় সীমান্ত সেনাবাহিনীর নিয়ন্ত্রণে	৪৮০
১৫৯।	পাকিস্তান বিষয়ক একাডেমী অর্ডিন্যান্স	৪৮১
১৬০।	কুমিল্লায় সামরিক গভর্নর	৪৮২
১৬১।	নিজ অবস্থানে ফিরে না আসলে মালিকানা বাজেয়াপ্তির হুমকি	৪৮৪
১৬২।	চাকুরীজীবীদের পরিবারের এস,এস,সি পরীক্ষার্থীদের সম্পর্কে অনুসন্ধান	৪৮৫
১৬৩।	ছাত্রদের দৈনিক উপস্থিতির হার পাঠানোর জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন বিভাগের স্মারক পত্র	৪৮৬
১৬৪।	জেনারেল নিয়াজীর বগুড়া সীমান্ত পরিদর্শন	৪৮৭
১৬৫।	পরিত্যক্ত বাড়ীঘর ও পেশায় ফিরে আসার নির্দেশ	৪৮৮
১৬৬।	ঢাকা শহরে অবস্থানরত চাকুরীজীবীদের শিক্ষার্থী সন্তানদের সম্পর্কে তথ্যানুসন্ধান	৪৮৯
১৬৭।	রংপুরে শান্তি কমিটির সদস্যদের সমাবেশে সামরিক গভর্নর	৪৯০
১৬৮।	জেলা শহরে পাকিস্তানের স্বাধীনতা দিবস পালনের একটি কর্মসূচী	৪৯২
১৬৯।	জাতীয় পতাকার যথেচ্ছ ও অসামঞ্জস্য ব্যবহার বন্ধ করার নির্দেশ	৪৯৩
১৭০।	অভিযুক্ত জাতীয় পরিষদ সদস্যদের সামরিক আদালতে হাজির হবার নির্দেশ	৪৯৪
১৭১।	যোগ্য ঘোষিত পরিষদ সদস্যদের প্রতি দায়িত্ব পালনের আহবান	৪৯৯
১৭২।	ক্ষতিগ্রস্ত লোকদের জন্য যশোর সদর মহকুমা প্রশাসনের অনুদান মঞ্জুরী সভার একটি কার্য বিবরণী	৫০০
১৭৩।	ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে সামরিক সরকারের বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা	৫০২
১৭৪।	কয়েকজন অধ্যাপক ও সিএসপি অফিসারকে হাজির হবার নির্দেশ	৫০৫
১৭৫।	অভিযুক্ত প্রাদেশিক পরিষদ সদস্যদের সামরিক কর্তৃপক্ষের নিকট হাজির হবার নির্দেশ	৫০৭
১৭৬।	অভিযুক্ত ইপিসি অফিসারদের সামরিক কর্তৃপক্ষের নিকট হাজির হবার নির্দেশ	৫২১
১৭৭।	বিধবাদের নিকট পরিত্যক্ত বাড়ীঘর বন্দোবস্ত দেয়ার সরকারী ঘোষণা	৫২৪
১৭৮।	ছাত্র উপস্থিতির দৈনিক রিপোর্ট ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন বিভাগের চিঠি	৫২৫
১৭৯।	গভর্নর হিসেবে ডাঃ এ, এম, মালিকের শপথ গ্রহণ	৫২৬
১৮০।	লেঃ জেঃ নিয়াজীর 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসকের দায়িত্ব গ্রহণ	৫২৭
১৮১।	গতিবিধি ও নিলাম সম্পর্কিত একটি সরকারী ঘোষণা	৫২৮
১৮২।	ছাত্র অনুপস্থিতি সম্পর্কিত শিক্ষা বিভাগের একটি সার্কুলার	৫২৯
১৮৩।	'চাপিয়ে দেয়া হলে আক্রমণকারী ভূখন্ডেই যুদ্ধ হবে' নিয়াজী	৫৩০
১৮৪।	সামরিক সরকারের বেসামরিক গভর্নর ডাঃ মালিকের বেতার ভাষণ	৫৩২

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১৮৫।	চট্টগ্রামে শান্তি কমিটির প্রতি জেনারেল নিয়াজী	৫৩৮
১৮৬।	প্রাদেশিক মন্ত্রিসভার শপথ গ্রহণ	৫৪০
১৮৭।	মন্ত্রিপরিষদ সদস্যদের দপ্তর বন্টন	৫৪২
১৮৮।	দিনাজপুর শহরের সকল বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে একত্রে ক্লাশ করার নির্দেশ	৫৪৩
১৮৯।	অধিকৃত বাংলাদেশে পাক সামরিক চক্রের বেসামরিক গভর্নর ডাঃ মালিকের বক্তৃতা-বিবৃতি	৫৪৪-৫২
১৯০।	অধিকৃত বাংলাদেশে ডাঃ মালিক মন্ত্রিসভার সদস্যদের বক্তৃতা-বিবৃতি	৫৫৩-৬৫
১৯১।	নিলাম, সাহায্য লাইসেন্স ও পরিচ্ছন্নতা সম্পর্কিত কয়েকটি ঘোষণা	৫৬৬
১৯২।	নিহত রাজাকার ও শান্তি কমিটির সদস্যদের পরিবারের জন্য গম বরাদ্দের বিজ্ঞপ্তি	৫৬৭
১৯৩।	৯৪ নং সামরিক বিধি জারী	৫৬৯
১৯৪।	জনসাধারণের উদ্দেশ্যে কয়েকটি সরকারী ঘোষণা	৫৭২
১৯৫।	রাজাকারদের প্রতি জেনারেল নিয়াজীর আহবান	৫৭৩
১৯৬।	ডোমারে জেনারেল নিয়াজী	৫৭৪
১৯৭।	সামরিক আদালতে বিশ্ববিদ্যালয়ের ৪ জন অধ্যাপকের দন্ড ঘোষণা	৫৭৫
১৯৮।	১৩ জন সিএসপি সহ ৫৫ জন অফিসারের দন্ড ঘোষণা	৫৭৬
১৯৯।	খুলনায় শ্রমিক সমাবেশে মেজর জেনারেল রাও ফরমান আলী	৫৭৯
২০০।	পরিখা খননের নির্দেশ	৫৮০
২০১।	ভারতের সর্বাত্মক আক্রমণ	৫৮১
২০২।	দৃস্কৃতকারী ধরে দেয়ার পুরস্কার ঘোষণা	৫৮৩
২০৩।	যশোরের জনসভায় জেনারেল নিয়াজী	৫৮৪
২০৪।	রাজাকার কম্পানী কমান্ডারদের বিদায়ী কুচকাওয়াজে জেনারেল নিয়াজী	৫৮৫
২০৫।	২২ জন পুলিশ অফিসারকে হাজির হবার নির্দেশ	৫৮৭
২০৬।	সিলেটের জনসভায় জেনারেল নিয়াজী	৫৮৯
২০৭।	প্রতিষ্ঠানসমূহে বোমা বিস্ফোরণের দায় দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের, এই মর্মে শিক্ষা বিভাগের একটি চিঠি	৫৯০
২০৮।	ময়মনসিংহ-এ জেনারেল নিয়াজী	৫৯১
২০৯।	যুদ্ধ পরিস্থিতি সম্পর্কে মেজর জেনারেল রাও ফরমান আলী	৫৯২
২১০।	শিক্ষানীতি সম্পর্কিত মন্ত্রিপরিষদের একটি সিদ্ধান্ত	৫৯৫
২১১।	বিদেশী সাংবাদিকদের সাথে জেনারেল নিয়াজী	৫৯৬
২১২।	পাকিস্তানের প্রেসিডেন্টের কাছে গভর্নর মালিক ও তাঁর মন্ত্রিসভার সদস্যদের পদত্যাগ পত্র	৫৯৭

পরিশিষ্ট-১

২১৩।	প্রেসিডেন্ট ইয়াহিয়ার তারবার্তাঃ গভর্নর ও পূর্বাঞ্চলীয় সামরিক অধিনায়কের কাছে প্রেরিত যুদ্ধবিরতির ক্ষমতা প্রদান	৫৯৮

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
	পরিশিষ্ট-২	
২১৪।	আত্মসমর্পণের আগে দখলদার বাহিনীর বেসামরিক সরকারের পদত্যাগ ও সে সময়ের পরিস্থিতি সম্পর্কে জন কেলির একটি প্রতিবেদন	৫৯৯
	বেসরকারী দলিল-পত্র **একঃ রাজনৈতিক বিবৃতি**	
২১৫।	বাংলাদেশ স্বাধীনতা আন্দোলনের প্রশ্নে বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দের বিবৃতি	৬০৪-৬৪৩
	জুলফিকার আলী ভুট্টো (পিপিপি)	৬০৪
	মাহমুদ আলী	৬০৬
	হামিদুল হক চৌধুরী	৬০৭
	ভুট্টো (পিপিপি)	৬০৮
	পীর মোহসিন উদ্দিন (জমিয়তে ওলামায়ে ইসলাম)	৬০৯
	মাওলানা মফিজুল হক (জমিয়তে ইত্তেহাদুল ওলামা)	৬১০
	কাউন্সিল মুসলিম লীগ নেতৃবৃন্দ	৬১১
	পিন্ডি বারের ৮০ জন সদস্য	৬১২
	কাজী কাদের (মুসলিম লীগ কাউয়ুম গ্রুপ)	৬১২
	ভুট্টো (পিপিপি)	৬১৪
	ফরিদ আহমদ	৬১৬
	বি, এ, সলিমী (পঃ পাকিস্তানের বে-আইনী ঘোষিত আওয়ামী লীগ নেতা)	৬১৭
	ভুট্টো (পিপিপি)	৬১৮
	আবদুল কাইয়ুম খান (মুসলিম লীগ, কাইয়ুম)	৬১৮
	শাহ আজিজুর রহমান	৬১৯
	গোলাম গাউস হাজারভী (জমিয়তে ওলামায়ে ইসলাম)	৬২০
	মুফতী মাহমুদ (জমিয়তে ওলামায়ে ইসলাম)	৬২০
	ভুট্টো (পিপিপি)	৬২১
	চৌধুরী রহমতে এলাহী (জামায়াতে ইসলামী)	৬২২
	ভুট্টো (পিপিপি)	৬২২
	মাওলানা আতাহার আলী (জমিয়তে ওলামায়ে ইসলাম ও নেজামে ইসলাম)	৬২৩
	ডাঃ সাজ্জাদ হোসেন	৬২৪
	আসগর খান (তাহরিকে ইস্তেকাল পার্টি)	৬২৪
	ফজলুল কাদের চৌধুরী (মুসলিম লীগ, কনভেনশন)	৬২৫
	নওয়াবজাদা নসরুল্লাহ (পিডিপি)	৬২৬
	মিয়া তোফায়েল আহমদ (জামায়াতে ইসলামী)	৬২৬
	নেজামে ইসলাম নেতৃবৃন্দ	৬২৭
	খান আবদুস সবুর (মুসলিম লীগ, কাইয়ুম)	৬২৭
	গোলাম আজম (জামায়াতে ইসলামী)	৬২৮
	নূরুল আমিন-মওদুদী-ভুট্টো-ফরিদ আহমদ	৬২৮

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
	নূরুল আমিন (পি ডি পি)	৬২৯
	গোলাম আজম (জামায়াতে ইসলামী)	৬৩০
	আসগর খান (তাহরিকে ইস্তেকাল পার্টি)	৬৩১
	জামাতের মজলিশে শুরা	৬৩২
	ভুট্টো (পিপিপি)	৬৩৩
	শফিকুল ইসলাম (কাউন্সিল মুসলিম লীগ)	৬৩৪
	শাহ আজিজুর রহমান	৬৩৪
	নূরুল আমিন (পি ডি পি)	৬৩৫
	চীন সফর সম্পূর্ণ সফল হয়েছে- ভুট্টো	৬৩৬
	গোলাম আজমের দাবী	৬৩৭
	দুটি সংখ্যাগরিষ্ঠ দলের ভুয়া থিওরি	৬৩৭
	দক্ষিণপন্থী সাত দলের মৈত্রী জোট	৬৩৮
	বিপ্লব অনিবার্য- ভুট্টো	৬৩৯
	দলাদলি ভুলে ঐক্যবদ্ধ হোন- গোলাম আজম	৬৪০
	তাঁবেদার সরকারে শরীক হবো না- ভু&&ট্টা	৬৪১
	আগে ক্ষমতা হস্তান্তর- নূরুল আমীন	৬৪২
	সত্যিকার অর্থেই ক্ষমতা হস্তান্তরের আহবান- গোলাম আজম	৬৪২
	আবদুল কাইয়ুম খান (মুসলিম লীগ)	৬৪৩
	পিপিপি কেন্দ্রীয় কমিটি	৬৪৩

দুইঃ বেসামরিক সহযোগিতা

২১৬	জেনারেল টিক্কাখান সকাশে নেতৃবর্গঃ সহযোগিতার আশ্বাস	৬৪৫-৬৪৭
	নূরুল আমিনসহ ১২ জন নেতা	৬৪৫
	আরো কয়েকজন নেতা	৬৪৬
	আবদুস সবুর খান	৬৪৬
	নূরুল আমীনের নেতৃত্বে প্রতিনিধিদল	৬৪৬
	জমিয়তে ওলামা ও নেজামে ইসলামের প্রতিনিধিবৃন্দ	৬৪৭
	কনভেনশন লীগ নেতৃবৃন্দ	৬৪৭
২১৭	শান্তি কমিটিঃ গঠন ও তৎপরতা	৬৪৮-৬৫৬
	শান্তি কমিটি গঠন	৬৪৮
	শান্তি ও জনকল্যাণ কমিটির বৈঠক	৬৪৯
	শান্তি ও জনকল্যাণ কমিটির বৈঠক	৬৫০
	শান্তি কমিটির নতুন নামকরণ	৬৫০
	শান্তি কমিটির সংযোগ রক্ষাকারী নিয়োগ	৬৫০
	সশস্ত্র বাহিনীকে সাহায্য করার আহবান	৬৫১
	শান্তি কমিটির প্রতিনিধিদের জেলা ও মহকুমায় পাঠানো হচ্ছে	৬৫১
	শান্তি কমিটির কর্ম তৎপরতা শুরু	৬৫২

I may add that certain guidelines with regard to the future constitution have already been spelled out in the Legal Framework order of 1970 which were generally welcomed by the people. First, the constitution of Pakistan must be based on Islamic ideology, on the basis of which Pakistan was created and on the basis of which it is still preserved. It must be the constitution of the Islamic Republic of Pakistan in a true sense. The constitution shall also provide for full social and economic justice to various sections of our society. The constitution should be a federal one and it must have all its characteristics. As stated in the Legal Framework Order the provinces shall have maximum autonomy, including legislative, administrative and financial powers, but the federal government shall also have adequate powers, including legislative, administrative and financial powers to discharge its responsibilities in relation to external and internal affairs and to preserve the independence and territorial integrity of the country.

By-elections to be held for a few seats declared vacant

I have also indicated to the committee that, in the interest of the integrity of the country, it would be a good thing, it we ban any party which is confined to a specific region, and is not national in a practical sense. Then again, we must eschew this business of having two, three or four sub parties within a party, in short it is my hope that this constitution will ensure that everything which tends to make our political life cumbersome, shaky, insecure and unpatriotic is eradicated and that it helps to infuse a

right spirit in the people and the politicians. The constitution must serve Pakistan as a whole, and not any individual or group. It must allow each province to develop itself along the right lines without detracting, in any way, from the strength of the centre and the integrity of the nation as a whole. I might clarify here that this constitution will come into force with effect from the first session of the National Assembly. By-elections to be held before this will, however, be on the same basis as the general elections already held, namely, the Legal Framework Order of 1970.

So much for the future constitution of Pakistan. Now to continue with my plan of transfer of power. As I said earlier, by-elections will be held to fill vacant seats in the National as well as in the provincial Assemblies. Considering the mood of the people. I feel sure that the campaign for these by-elections will be based on the principles contained in the Legal Framework Order. No one will tolerate propagation of views which tend to militate against the integrity of Pakistan. I also feel that the campaign should be a brief one. After these elections are completed, the National and Provincial Assemblies will be duly summoned and governments will be formed at the national as well as the provincial levels throughout the country. The National Assembly will not have to function as a constituent assembly but will become our central legislature as soon as it is sworn in.

Since the nation has recently been subjected to a very severe jolt, I have decided that the national and provincial governments will have at their disposal the cover of martial law for a period of time. In actual practice, martial law will not be operative in its present form, but we cannot allow chaos in any part of the country, and the hands of the governments need to be strengthened until things settle down.

On order to meet the requirement of this new plan, the Legal Framework Order of 1970 will be duly amended.

The time-frame of the plan

Let me now say a word about the time-frame of this plan. It is obvious that the plan, in its entirety, cannot be launched immediately because it is important that a reasonable amount of normalcy returns to the country before we think in terms of transferring power. But on the other hand, the launching of the plan must not be delayed unduly. When we speak of normal, the main considerations are restoration of law and order, rehabilitation of the administrative structure which was badly disrupted, and a degree of economic rehabilitation.

As regards law and order, I am glad to be able to tell you that the army is in full control of the situation in East Pakistan. It-has crushed the mischief mongers, saboteurs, and infiltrators. But it will take some time, before the law and order situation becomes completely normal. The process is in full swing with the active co-operation of the people and their patriotic leaders. The people of East Pakistan have manifested a great sense, of patriotism and national unity in helping the armed forces to root out miscreants and infiltrators.

As a result of the non-cooperation movement, the economy of East Pakistan had come to a standstill. Widespread arson loot and, intimidation resorted to by the Awami

League secessionists, anti-social elements and infiltrators brought untold sufferings to innocent people. A large number of them were terrorized and uprooted and their properties were mercilessly destroyed. They have my fullest sympathy as also the sympathy of the entire nation. It would be inhuman if their speedy rehabilitation is not given priority and the attention it deserves. I would like to repeat once again that all citizens of Pakistan, of any religion, caste or creed, who crossed the border and went into India, because of the panic due to false propaganda by the rebels, miscreants and others, must return to their homes and hearths. The Government of East Pakistan have made all necessary arrangements for their reception and transportation. I would ask the Indian Government not to put impediments in the way of these unfortunate people, who want to resume their normal lives in their own homes and who want to be re-united with their near and dear ones We shall gladly and gratefully accept any assistance that the United Nations can extend in facilitating the move of these displaced persons back to Pakistan.

Participation of the people

I have heard a view being expressed that power should not be transferred to elected representatives of the people until complete normally has returned in every sphere. I am afraid I do not agree with this view, because it is utterly, in realistic and impractical. It also ignores one very important aspect of national life, which is that normalcy in its accepted meaning can never return to a country without full participation of the people in its administration. The very process of bringing back

Transfer of power in about four months

I firmly believe that as soon as we have acquired a basis infrastructure of law and order and the various echelons of the administration gather full strength it will be possible for me to put my plan of transfer of power into operation. Appreciating the situation as it exists today and as it is likely to develop in the near future, it is my hope and belief that I would be able to achieve my goal in a matter of four months or so. The precise timing will naturally depend on the internal and external situation at the time. I am absolutely convinced that the country's integrity and well being lie in fulfillment of the plan that I have just outlined to you and in the achievement of the final objective.

Let me now turn to the vital subject of the economy. Recent events have cast their shadow on the general economic situation. The economy had been subjected to serious strains during a long period of political uncertainty before and after the elections. In March, the economy of East Pakistan was brought to a virtual standstill.

With the success of army action, the situations generally returning to normal and economic activity is reviving in the province. I am sure that all patriotic elements in the province would rally round the forces of law and order to achieve complete normalcy and to restart the process of building up the economy of Pakistan.

The rehabilitation of the economy will demand both short-term measures and long-term strategy to rehabilitate it and revive it to its full vigor. For this purpose, we have

taken many initiatives which will soon begin to produce the results we desire.

Our exports have sharply declined in recent months in East Pakistan, causing a drain on our foreign exchange reserves, which were already under severe strain. Collection of taxes has also suffered at a time when we need all the resources at our command, to preserve our national integrity and maintain the tempo of economic activity.

The government is taking various steps to meet the present difficult economic situation. These are not always pleasant decisions. We have to use our resources with much greater restraint. This involves hardship and sacrifices. But there is no alternative. This is the only realistic way for a nation to solve its economic problems.

Some weeks ago, I ordered a thorough revision of our import policy. All unessential items or those without which we could do for some time were banned even under the bonus scheme. Bonus vouchers thus released are to be used under the revised import policy for raw materials and other essential imports.

Maximum economy and austerity

In domestic spending also maximum economy is being exercised. For the next year we have prepared a modest development programme which would meet our immediate and unavoidable needs. The emphasis would be on rehabilitation of the economy, particularly in East Pakistan.

I want the country to make early progress towards self reliance. We must look increasingly towards our own-resources for meeting our national objectives. This requires maximum austerity in both public and private spending. The Government is making all necessary adjustments in economic policies with this objective. But these can succeed only with the enthusiastic support, of the people. Let us, as a nation, adopt a more austere way of life suited to our own stage of economic development and eschew every form of ostentatious consumption.

For many years now we have been receiving aid for our development programme from a number of aid-giving countries. This we thankfully acknowledge. I regret to have to say, however that lately there have been indications that foreign aid is, acquiring certain political overtones and the people of Pakistan are getting-the impression that strings are sought to be attached to such aid. If this be the case let me say it quite categorically that aid which seeks to make I roads into our sovereignty is not acceptable to us. We shall be fully prepared to do without it.

I am confident that the private sector would come forward to play an active role in developing Pakistan's own resources. Private investment financed from its own savings can play a major role in reviving the economy at the stage.

This is an hour of crisis for the nation. We need the same determination and resolute will which we which we showed on a number of previous occasions to safeguard the integrity of Pakistan against internal upheavals and external aggression. Each one of us has a duty to work hard and to rebuild the momentum of economic activity this is' necessary to generate resources for economic development. Each worker in a factory and

peasant on his farm can contribute to this national effort by taking part in the overall effort to maximize production and make his contribution to the integrity and solidarity of Pakistan.

Maximize production and exports

Let us resolve today, individually and collectively, to maximize production and exports. We must work hard and learn to reduce our dependence on others in every field in the shortest possible time. Any sacrifice which this will entail must be borne with patriotic fervor and national solidarity.

I appeal to both labor and management to maintain the best of relation. Let there be understanding and accommodation rather than bickering and strife. Strikes and lock-outs should be avoided at all costs. Such wastage of the country's productive capacity would be totally unpatriotic at this critical juncture in our national life. I cannot afford to let such unpatriotic activities go unchallenged. Stringent measures shall be taken to curb such tendencies.'

Our agriculturists have done a remarkable job in recent years. Food production has increased rapidly since 1965, bringing the country to the threshold for food self-sufficiency. Let them consolidate and improve on their performance in food grains and at the same time turn their attention to the production of export crops which present great opportunities for increased output. Government would be willing to provide all the necessary facilities and incentives for this purpose.

I have candidly presented before you difficulties we face today. But let this not give rise to despondency. A large part of the problem we face today is of a temporary nature. It has not affected the basic strength of the economy. We have a large potential for increasing production, both in agriculture and industry. We have today a sizable class of progressive agriculturists, industrial entrepreneurs and middle class investors. These are assets on which the foundation of a rapidly developing economy are laid. The nation has faced a difficult challenge before in its short history. I have no doubt that we would be able to overcome the present difficulties with our united efforts and resume our endeavor to build for a prosperous and just society.

Foreign reactions

Now a word about foreign reactions to our internal trouble. It is a matter of satisfaction that in the difficult situation that the country has faced in the past few months, reaction and response from an overwhelming number of countries has been one of sympathy and understanding of the problem we are facing and are trying to resolve. Our friends abroad have given complete support to action taken by the government of maintain the unity and integrity of Pakistan. They have at the same time warned those who have attempted to interfere in our internal affairs to desist from such actions. I should like to take this opportunity to express, on behalf of the government and people of Pakistan, and on my own behalf, our appreciation and gratitude to them.

We are also heartened by the favorable response of the international community, particularly the United Nations Organization and its agencies to our need for cooperative

assistance in repairing the damage to the economic life of East Pakistan. At present, we are engaged in consultations with friendly governments and with the U. N. Secretary-General for securing the necessary help for relief work in different fields.

Our plans for reconstruction of the economy and an early resumption of political activity in East Pakistan are threatened by India's continued interference in our internal affairs. Armed infiltration and open encouragement and assistance to secessionists have heightened tension between the two countries. There has also been a spate of unfriendly statements from responsible sources in India, threatening unilateral action against Pakistan if we did not yield to arbitrary demands. The need of the hour is to desist from such actions and statements as would further inflame the situation. It is through discussions and not through conflict that problems can be resolved. Statesmanship demands exercise of caution and restraint so that our problems are not further complicated.

We want to live in peace

As I have said before, armed conflict would solve nothing. On out\r part, we want to live in peace and harmony with all our neighbors. We do not interfere in the affairs of other people, and we will not allow anyone else to interfere in ours. If, however, a situation is forced upon us, we are fully prepared to defend our territorial integrity and sovereignty. Let there be no misunderstanding or miscalculation about our resolve to maintain the independence and solidarity of Pakistan.

My dear countrymen, in the end I would again like to impress upon you that this is an hour of trial for the nation. Each one of us has to do his utmost honestly and sincerely so that our homeland, which is so dear to us, continues its march on the path of progress. No sacrifice would be too great to bring back economic stability and to ensure the unity of Pakistan. What we need to meet this challenge is a revival of the sprit and enthusiasm with which we succeeded in establishing Pakistan, and firm determination and resolute will which we have on many occasions shown in defending our country from internal and external threats.

Our enemies are gloating on false hopes of disunity amongst our ranks. They have tried their level best to undo our dear country, but they forget that they are dealing with a people who have an unshakable reliance on the help of almighty God. Let us rise to the occasion, let us come up to the expectations of the Father of the Nation and once again prove it to our enemies that we are a united nation, always ready to frustrate their designs and foil their evil intention, and that any effort to harm us will spell their own disaster.

I have full faith in the patriotism of our people and I am sure that every single Pakistani will cooperate with me wholeheartedly in the achievement of our common goal, namely, the restoration of democracy in the country, preservation of its integrity and solidarity and battlement of the lot of the common man. My God grant us success in our efforts. God bless you all.

শিরোনাম	সূত্র	তারিখ
৩৯। পাকিস্তানের কড়া প্রতিবাদ জ্ঞাপনঃ ভারতীয় বিমান আক্রমণ	দৈনিক পাকিস্তান	৪ জুলাই, ১৯৭১

পাকিস্তানের কড়া প্রতিবাদ জ্ঞাপনঃ ভারতীয় বিমান আক্রমণ

ইসলামাবাদ, ৩রা জুলাই (এ পি পি)।- ভারতীয় বিমান বাহিনীর বিমান আজ পুর্ব পাকিস্তানের দিনাজপুর জেলার অমরখানায় হামলা চালায়। পাকিস্তানের পররাষ্ট্র দফতর দ্রুততার সঙ্গে ভারত সরকারের নিকট এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে।

ভারতের অস্থায়ী হাই কমিশনারকে আজ সন্ধ্যায় এখানে ডেকে পাঠানো হয় এবং তাকে জানানো হয় যে, পাকিস্তান এটাকে অত্যন্ত মারাত্মক ঘটনা বলে মনে করে এবং কোনরুপ উস্কানী ছাড়া পাকিস্তানী এলাকায় এ ধরনের হামলার পুনরাবৃত্তি বন্ধ করা না হলে তা উপমহাদেশের উত্তেজনাকর পরিস্থিতির আরো অবনতি ঘটাতে পারে।

তাঁকে আরো জানানো হয় যে, আজ দুপুর সাড়ে বারটায় ভারতীয় বিমান বাহিনীর চারটি জঙ্গী বিমান ও একটি অস্ত্র সজ্জিত হেলিকপ্টার পাকিস্তানের আকাশসীমার ৬ মাইল ভেতরে অনুপ্রবেশ করে এবং দিনাজপুর জেলার অমরখানায় বিমান থেকে মেশিনগানের গুলীবর্ষণ করে।

এছাড়া আজ বিকেলে ভারতের দিক থেকে ১২০ মিলিমিটার মর্টারের সাহায্যে অমরখানায় প্রচণ্ড গোলাবর্ষণ করা হয়।

কোনরুপ উস্কানী ছাড়াই পাকিস্তানের এলাকায় ভারতীয় বিমানের হামলার বিরুদ্ধে প্রতিবাদ করে এবং এই ঘটনায় পাকিস্তানের বিশেষ উদ্বেগের কথা জানিয়ে পররাষ্ট্র দফতরের ডিরেক্টর জেনারেল ভারতীয় দূতকে এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি বন্ধ করার উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তার সরকারের প্রতি অনুরোধ জানাতে বলেন।

সীমান্ত লঙ্ঘনের বিরুদ্ধে প্রতিবাদ

ইসলামাবাদ, ৩রা জুলাই (এ পি পি)।- ভারতীয় সশস্ত্র বাহিনী কর্তৃক বার বার সীমান্ত লঙ্ঘনের বিরুদ্ধে পাকিস্তান কড়া প্রতিবাদ জানিয়েছে এবং দুঃখ প্রকাশ করেছে যে, ভারতীয় সেনাবাহিনী ও সীমান্তরক্ষী বাহিনীর গুলীবর্ষণ ও পাকিস্তানী এলাকায় অনধিকার প্রবেশের প্রাত্যহিক ঘটনাসমূহ বন্ধ করার জন্য ভারত সরকার এ পর্যন্ত কোন ব্যবস্থাই গ্রহণ করেনি। ভারতের সামরিক হস্তক্ষেপের ফলে জানমালের যে ক্ষতি হচ্ছে পাকিস্তান সরকারের তার জন্য ক্ষতিপূরণ দাবী করার অধিকার রয়েছে।

গত ১লা জুলাই বৃহস্পতিবার এখানে ভারতীয় হাই কমিশনে প্রদত্ত এক প্রতিবাদ লিপিতে গত ২১শে জুন থেকে ২৫শে জুনের মধ্যে পাকিস্তানে ভারতের সশস্ত্র হস্তক্ষেপের ১৮টি ঘটনার উল্লেখ করা হয়ঃ

১। ১৯৭১ সালের ২১শে জুন ভারতীয় সেনাবাহিনী রাত সোয়া আটটা থেকে সাড়ে আটটা পর্যন্ত সিলেট জেলার তেলিয়া পাড়া এলাকায় (আর এম ৫৪৭৩) সীমান্তের ওপার থেকে ভারী মর্টারের সাহায্যে গোলাবর্ষণ করে।

২। ১৯৭১ সালের ২২শে জুন কোনরুপ উস্কানী ছাড়াই ভারতীয় সৈন্যরা কুষ্টিয়া জেলার মহেশখণ্ড (কিউ ও ৬২৬৫) সীমান্ত ফাঁড়ির উপর ভারী মর্টার থেকে গোলাবর্ষণ করে।

৩। ১৯৭১ সালের ২২শে জুন নোয়াখালী জেলার ফেনী এলাকায় (আর আর ৭৩৩৮) কোনরুপ উস্কানি ছাড়াই পাকিস্তানী সৈন্যদের উপর গুলীবর্ষণ করা হয়। ফলে তিন জন আহত হয়।

৪। ১৯৭১ সালের ২২শে জুন সকাল আটটায় ভারতীয় সৈন্যরা যশোর জেলার বেনাপোল এলাকায় (কিউ টি ৭৫৪১) একটি অবস্থানের উপর মেশিনগানের গুলীবর্ষণ করে এবং ভারী মর্টারের সাহায্যে ৩০ রাউণ্ড গোলা নিক্ষেপ করে। ভারতীয়রা ফিল্ড কামান থেকে পাকিস্তানী এলাকার অনেক ভেতরে ৩০০ রাউণ্ড গোলাবর্ষণ করে। এই যথেচ্ছ কার্যকলাপের ফলে উক্ত এলাকায় চারজন বেসামরিক নাগরিক নিহত ও তিনটি বাড়ী বিধ্বস্ত হয়।

৫। ১৯৭১ সালের ২২শে জুন সকাল পাঁচটার সময় প্রায় ৫০০ ভারতীয় সৈন্য বেসামরিক পোশাকে স্বয়ংক্রিয় ও ছোট অস্ত্র নিয়ে পাকিস্তানী এলাকায় অনুপ্রবেশ করে এবং কুমিল্লা জেলার রাজাপুরে (ও আর এম ২৮০৭) সীমান্ত ফাঁড়ির উপর হামলা চালায়। ভারতীয় ফিল্ড কামানের গোলাবর্ষণ করে এই হামলায় সহায়তা করা হয়। কোনরুপ উস্কানি ছাড়াই এরুপ তৎপরতা চালানোর ফলে চার ব্যক্তি নিহত হয়।

৬। ১৯৭১ সালের ২৩শে জুন কোনরুপ উস্কানি ছাড়াই ভারতীয় সৈন্যরা যশোর জেলার বেনাপোল এলাকায় (পি কিউ টি ৭৬৪৪) মেশিনগান ও ভারী মর্টারের সাহায্যে দু'বার গোলাবর্ষণ করে। এই এলাকায় প্রায় প্রত্যহই ভারতীয় গোলাগুলি বর্ষিত হয়।

(অসমাপ্ত)

শিরোনাম	সূত্র	তারিখ
৪০। কমনওয়েলথ-এর সংগে পাকিস্তানের সম্পর্কচ্ছেদ	পূর্বদেশ	৪ জুলাই, ১৯৭১

রয়েল কমনওয়েলথ সোসাইটির সাথে পাকিস্তানের সম্পর্কচ্ছেদ

ইসলামাবাদ, ৩রা জুলাই (এ পি পি)।- পাকিস্তান লণ্ডনের রয়েল কমনওয়েলথ সোসাইটির সঙ্গে সাময়িকভাবে সম্পর্কচ্ছেদ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উক্ত সোসাইটির সুযোগ-সুবিধা পাকিস্তান বিরোধী প্রচারণায় ব্যবহার করতে দেওয়ার প্রতিবাদে পাকিস্তান সরকার বৃটেনস্থ পাকিস্তানী হাই কমিশনারকে উক্ত সোসাইটির ভাইস প্রেসিডেন্টের পদ ত্যাগ করার নির্দেশ দিয়েছেন।

পররাষ্ট্র দফতরের একজন মুখপাত্র আজ এখানে বলেন যে, তথাকথিত ''বাংলাদেশ''-এর একজন প্রতিনিধি কর্তৃক পাকিস্তান বিরোধী প্রচারণার জন্য সোসাইটির প্লাটফর্ম ব্যবহারের বিরুদ্ধে উক্ত সোসাইটি এবং বৃটিশ পররাষ্ট্র দফতরের নিকট লণ্ডনস্থ পাকিস্তানী হাই কমিশনার বার বার প্রতিবাদ জানানো সত্ত্বেও সোসাইটি তা অগ্রাহ্য করে।

মুখপাত্রটি বলেন যে, শক্তি প্রয়োগের মাধ্যমে কমনওয়েলথের একটি সহযোগী সার্বভৌম রাষ্ট্রকে খণ্ড বিখণ্ড করে ফেলার পক্ষে প্রচারণার জন্য উক্ত সোসাইটির প্লাটফর্ম ব্যবহার করতে দেওয়ার বিষয়টিকে খুব কম করে বললেও একটি অবন্ধুসুলভ কার্যক্রম বলতে হবে।

পাকিস্তানের অখণ্ডতার বিরুদ্ধে প্রচারণার জন্য সোসাইটির প্লাটফর্ম ব্যবহার করতে দেওয়ার সিদ্ধান্তকে উদ্দেশ্যমূলক বলে বিবেচনা করা হচ্ছে।

রয়েল কমনওয়েলথ সোসাইটি রাণীর পৃষ্ঠপোষকতা পেয়ে থাকে। এর ভাইস প্রেসিডেন্টের মধ্যে রয়েছে বৃটেনের প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী ও কমনওয়েলথ বিষয়ক মন্ত্রী।

কাজেই সোসাইটির তৎপরতা বৃটিশ সরকারের নীতির দ্বারা সরাসরি প্রভাবান্বিত।

শিরোনাম	সূত্র	তারিখ
৪১। সেনাবাহিনীর হেড কোয়ার্টার্সের নির্দেশ	দৈনিক পাকিস্তান	৮ জুলাই, ১৯৭১

সেনাবাহিনীর জেনারেল হেড কোয়ার্টার্সের নির্দেশ

রাওয়ালপিন্ডি, ৭ই জুলাই (এপিপি)।- সরকারী বিভাগ ও কলকারখানার যেসব যোগ্য ব্যক্তি সিলেকশন বা ইন্টারভিউর জন্য ন্যাশনাল সার্ভিস ডাইরেকটরেট থেকে হাজির হওয়ার নির্দেশ পেলে তাদের সে উদ্দেশ্যে ছেড়ে দেবার জন্যে আজ সেনাবাহিনীর জেনারেল হেড কোয়ার্টার্স থেকে সকল সরকারী বিভাগ প্রধান, প্রাইভেট মিলস, ফ্যাক্টরী ও ফার্মকে নির্দেশ দেওয়া হয়েছে। আন্তঃসার্ভিস জনসংযোগ ডাইরেক্টরেটের এক প্রেস রিলিজে বলা হয়েছে যে, জাতীয় সার্ভিস প্রদানের উপযুক্ত এমন যে সব ব্যক্তি সরকারী বিভাগ, প্রাইভেট ফার্ম, ফ্যাক্টরী ও মিলে চাকুরী করছে সিলেকশনের উদ্দেশ্যে তাদের হাজির হওয়ার নোটিশ দেওয়া হলে তাদের মালিকগণ তাদের ছাড়ছেন না বলে রাওয়ালপিণ্ডির জেনারেল হেড কোয়ার্টারস্থ ন্যাশনাল সার্ভিস ডাইরেক্টরেট জানতে পেরেছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
৪২। কিসিঞ্জার ও এম এম আহমদ বৈঠকঃ পাক-ভারত পরিস্থিতি ও উদ্বাস্তু সমস্যা আলোচিত হয়েছে	দৈনিক পাকিস্তান	৯ জুলাই, ১৯৭১

কিসিঞ্জার-এম এম আহমদ বৈঠকঃ
পাক-ভারত পরিস্থিতি ও উদ্বাস্তু সমস্যা আলোচিত হয়েছে

ইসলামাবাদ, ৩রা জুলাই (এ পি পি)।- প্রেসিডেন্ট ইয়াহিয়ার অর্থনৈতিক উপদেষ্টা জনাব এম এম আহমেদ ও পররাষ্ট্র সেক্রেটারী জনাব সুলতান মোহাম্মদ খান আজ মার্কিন প্রেসিডেন্ট নিক্সনের জাতীয় নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা ডঃ হেনরী কিসিঞ্জারের সাথে ৬২ মিনিট স্থায়ী বৈঠকে মিলিত হন। তারা এই বৈঠকে উপমহাদেশের পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন বলে জানা গেছে।

পাকিস্তানের এই দু'জন উর্ধ্বতন সরকারী কর্মকর্তা আজ বিকেলে রাওয়ালপিণ্ডিতে প্রেসিডেন্টের অতিথিশালায় ডঃ কিসিঞ্জারের সাথে বৈঠকে মিলিত হন। যুক্তরাষ্ট্রের নিযুক্ত পাকিস্তানী রাষ্ট্রদূত জনাব আগা হিলালী ও মার্কিন রাষ্ট্রদূত মিঃ জোশেফ এম ফারল্যান্ড আলোচনাকালে উপস্থিত ছিলেন।

ভারতে যে সব পাকিস্তানী উদ্বাস্তু রয়েছে তাদের প্রত্যাবর্তন ও পুনর্বাসনের ব্যবস্থার জন্য পাকিস্তান সরকার নিজে এবং আন্তর্জাতিক সংস্থাগুলোর মাধ্যমে যে পদক্ষেপ নিয়েছেন বৈঠকে তারা সে বিষয় নিয়ে আলোচনা করেন বলে জানা গেছে।

সাম্প্রতিক গোলযোগের সময় যারা সীমান্ত অতিক্রম করে ভারতে চলে গেছেন তাদের মধ্যে যে সব প্রকৃত পাকিস্তানী নাগরিক তাদেরকে দেশে ফিরে আসার জন্যে প্রেসিডেন্ট ইয়াহিয়া গত ২১শে মে থেকে বারবার ব্যক্তিগতভাবে আবেদন জানিয়েছেন। পূর্ব পাকিস্তানের গভর্নর লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খান এরপর সাধারণ ক্ষমা প্রদর্শনের ঘোষণা দেন। সীমান্ত বরাবর এলাকায় চিকিৎসা ব্যবস্থাসহ অনেকগুলো অভ্যর্থনা শিবির স্থাপন করা হয়। উদ্বাস্তুদের নিজ নিজ বাড়ীতে ফেরত যাবার সুযোগ সুবিধা করে দেবার জন্যে যানবাহনের ব্যবস্থা করা হয়। যা হোক ভারত স্বীয় রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার মতলবে উদ্বাস্তু সমস্যাকে কাজে লাগাবার জন্যে উদ্বাস্তুদের পাকিস্তানে ফিরে আসতে বাধা দিচ্ছে বলে জানা গেছে। আরো জানা গেছে যে, পূর্ব পাকিস্তানের অর্থনীতির যে ক্ষতি সাধিত হয়েছে তা পূরণের প্রয়োজনীয়তার বিষয়ও পর্যালোচনা করা হয়েছে।

পাকিস্তানের সেনাবাহিনী পূর্ব পাকিস্তান থেকে দুষ্কৃতিকারী, বিদ্রোহী ও রাষ্ট্রদ্রোহীদের নির্মূল করার পর ক্রমে ক্রমে সেখানকার অর্থনৈতিক জীবনের স্বাভাবিক অবস্থা ফিরে আসছে।

দক্ষিণ-পূর্ব এশিয়া

ডঃ কিসিঞ্জারের সাথে পাকিস্তানী কর্মকর্তাদের এই বৈঠকে দক্ষিণ-পূর্ব এশিয়া পরিস্থিতিও আলোচিত হয়েছে।

ডঃ কিসিঞ্জার পাকিস্তানী কর্মকর্তাদের সাথে আলোচনার পর পাকিস্তানের সমস্যা সম্পর্কে সম্যক ধারণা গড়ে তুলতে পারবেন এবং তা প্রেসিডেন্ট নিক্সনকে জানাতে পারবেন বলে এখানকার পর্যবেক্ষক মহল আশা করছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
৪৩। উদ্বাস্তু পুনর্বাসন প্রশ্নে পাকিস্তান পররাষ্ট্র সেক্রেটারীর সংগে কেলীর আলোচনা	দৈনিক পাকিস্তান	৩০ জুলাই, ১৯৭১

উদ্বাস্তু পুনর্বাসন প্রশ্নে পাকিস্তান পররাষ্ট্র সেক্রেটারীর সংগে কেলীর আলোচনা

ইসলামাবাদ, ২৯শে জুলাই।- জাতিসংগের উদ্বাস্তু সম্পর্কিত হাই কমিশনারের বিশেষ প্রতিনিধি, মিঃ ডি আর কেলী আজ পররাষ্ট্র সেক্রেটারীর সাথে সাক্ষাৎ করেন।

তাঁদের এই বৈঠকে গৃহত্যাগীদের দেশে প্রত্যাবর্তন ও তাদের পুনর্বাসনের ব্যাপারে পাকিস্তান সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাবলী ও সুযোগ সুবিধা সম্পর্কে আলোচনা করা হয় বলে এক সরকারী হ্যাণ্ড আউটে জানানো হয়েছে।

প্রায় এক ঘন্টা স্থায়ী এই বৈঠকে মিঃ কেলীকে জানান হয় যে, গৃহত্যাগী ব্যক্তিদের পুনর্বাসনের ব্যাপারে পাকিস্তান সরকার তার দায়িত্বটুকু সম্পাদনে অত্যন্ত আগ্রহী। কিন্তু এর বিরাট একটি অংশ নির্ভর করে ভারত সরকারের মনোভাবের উপর। এবং বর্তমানে ভারত সরকার এ ব্যাপারে কোনই সহযোগিতা করছে না।

মিঃ কেলীকে এই মর্মে আশ্বাস দেয়া হয় যে, পূর্ব পাকিস্তানে তাঁর দায়িত্ব পালনে পাকিস্তান সরকার তাঁকে পূর্ণ সহযোগিতা করবে।

শিরোনাম	সূত্র	তারিখ
৪৪। বৃহৎ শক্তির কাছে নতি স্বীকার করব নাঃ ইয়াহিয়া	দৈনিক পাকিস্তান	৩ আগস্ট, ১৯৭১

বৃহৎ শক্তির কাছে নতি স্বীকার করব নাঃ ইয়াহিয়া
শর্তযুক্ত সাহায্য প্রত্যাখ্যান করব

রাওয়ালপিণ্ডি, ২রা আগষ্ট (এ পি পি)।- প্রেসিডেন্ট ইয়াহিয়া খান বলেছেন, কোন দেশ সাহায্যের সঙ্গে শর্ত জুড়ে দিলে তিনি ঐ সাহায্য সাহায্যদাতার মুখের উপর ছুড়ে ফেলবেন।

কায়হান ইন্টারন্যাশনালের প্রতিনিধি আমীর তাহেরীর সঙ্গে এক সাক্ষাৎকারে সাহায্য সমস্যা সম্পর্কে প্রেসিডেন্ট উক্ত স্পষ্ট উক্তি করেন। জনাব আমীর তাহেরী কিছুদিন আগে পাকিস্তান সফর করেন।

পাকিস্তান সফর সম্পর্কে জনাব আমীর তাহেরী তাঁর পত্রিকায় ধারাবাহিকভাবে লিখছেন। প্রথম লেখাটি গত ২৭শে জুলাই সংখ্যায় প্রকাশিত হয়েছে। তিনি বিদেশী রাষ্ট্রসমূহের 'চাপ' সম্পর্কে প্রেসিডেন্টকে প্রশ্ন করেন।

প্রেসিডেন্ট বলেন, তিনি সৈনিক। কোন চাপের কাছে তিনি নতি স্বীকার করবেন না। কোন না কোন বৃহৎ শক্তি আমাকে চাপ দিচ্ছে। এটা অসঙ্গতঃ। যারা এসব কতা বলে তারা আমাকে চিনতে পারেনি। যার গদির প্রতি লোভ আছে সেই চাপের কাছে নতি স্বীকার করতে পারে। গদির লোভ আমার নেই।

প্রেসিডেন্ট বলেন, সোভিয়েট ও মার্কিন সরকার গোড়া থেকেই পাকিস্তানের ব্যাপারে সঠিক নীতি অনুসরণ করছে। কিন্তু বৃটেনের ক্ষেত্রে এ কথা বলা চলে না। বৃটিশ সরকার প্রকাশ্যে আমাদের ব্যাপারে বৈরী ভূমিকা অনুসরণ করছে। আমাদের অভ্যন্তরীণ ব্যাপারে তারা নাক গলানোর চেষ্টা করছে। তাদের পররাষ্ট্র মন্ত্রী স্পষ্ট ভাষায় এই মনোভাব প্রকাশ করেছেন। কমনওয়েলথের সদস্য হিসেবে আমরা আশা করছিলাম, তারা অন্ততঃ পক্ষে নিরপেক্ষ থাকবে এবং এতটা খোলাখুলিভাবে ভারতকে সমর্থন করবে না।

ভারতের সমালোচনা করে প্রেসিডেন্ট বলেন, উদ্বাস্তু সমস্যার মত মানবিক সমস্যাকে ভারত পাকিস্তানের বিরুদ্ধে রাজনৈতিক অস্ত্র হিসাবে ব্যবহার করছে।

ভারত উদ্বাস্তুদের পাকিস্তান প্রত্যাবর্তনে বাধা দিচ্ছে। তারা খোলাখুলি বলছে, উদ্বাস্তুদের তারা 'ইয়াহিয়ার পাকিস্তানে' যেতে দেবেন না, যেতে দেবেন 'মুজিবের বাংলাদেশ'।

তিনি বলেন, ভারত তার ভূখণ্ডে ট্রেনিং শিবির খুলেছে। সেখানে ৩৫ হাজার বিদ্রোহীকে ট্রেনিং দেয়া হচ্ছে এবং উদ্বাস্তুদের পাকিস্তানের বিরুদ্ধে চাপ হিসাবে ব্যবহার করা হচ্ছে।

ভারত-পাকিস্তানের বৈঠকের সম্ভাবনা সম্পর্কে প্রশ্ন করা হলে প্রেসিডেন্ট বলেন, ভারতীয় নেতাদের সংগে যে কোন স্থানে যে কোন সময় আলোচনা করতে আমি প্রস্তুত। তবে উদ্বাস্তুদের প্রত্যাবর্তনের প্রশ্নে আমরা আলোচনা করব এবং তা মানবিক প্রশ্ন হিসাবে নয়, রাজনৈতিক প্রশ্ন হিসাবে।

কিন্তু আলাপ-আলোচনার জন্য আমাদের সকল প্রস্তাব তারা নাকচ করেছে এবং এ ব্যাপারে জাতিসঙ্ঘ প্রচেষ্টাকে তারা নস্যাৎ করে দিয়েছে। তারা পাকিস্তানকে খণ্ড-বিখণ্ড করতে চায়। তারা মনে করেছে আমাদের সাথে আলোচনা করার কোন প্রয়োজন নেই।

ক্ষমতা হস্তান্তর

প্রেসিডেন্টের সঙ্গে ৭৫ মিনিট ব্যাপী সাক্ষাৎকারে ক্ষমতা হস্তান্তর, আওয়ামী লীগ পূর্ব পাকিস্তানে উপনির্বাচন এবং পাকিস্তানে বেসামরিক সরকার গঠনের সম্ভাবনা সম্পর্কে প্রশ্ন করা হয়।

প্রেসিডেন্ট বলেন, বেসামরিক সরকার গঠনের সিদ্ধান্তে তিনি অটল রয়েছেন। তিন বলেন, রাষ্ট্র প্রধান থাকার কোন ইচ্ছাই আমার নেই। তিনি সেনাবাহিনীতে ফিরে যেতে আগ্রহী। সমগ্র দেশের প্রতিনিধিত্বকারী পূর্ণরুপে জাতীয় পরিষদ অনুরোধ করলেই শুধুমাত্র তিনি প্রেসিডেন্টের কার্যভার চালিয়ে যাবেন।

আমার ম্যাণ্ডেট স্পষ্ট। তা হচ্ছে দেশকে একত্রিত রাখা এবং বেসামরিক সরকার প্রতিষ্ঠা।

তাঁবেদার বেসামরিক সরকার গঠনের জন্য তাঁকে পরামর্শ দেয়া হয়েছে বলে যে, গুজব ছড়িয়েছে তার উল্লেখ করে তিনি বলেন, এটা পুরোপুরি ভুল। সৈনিক হিসাবে তিনি গুজবকে অপরাধ মনে করেন। আমি এইরুপ কৌশল অবলম্বন করি না।

পিপলস পার্টিকে নিয়ে সরকার গঠনের সম্ভাবনা সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি বলেন, জনাব ভুট্টোর দেশের এক অঞ্চলে সংখ্যাগরিষ্ঠতা আছে। কিন্তু দেশের উভয় অঞ্চলের প্রতিনিধিদের নিয়ে বেসামরিক সরকার গঠিত হওয়া উচিত। যাই হোক, কয়েক মাসের মধ্যেই বেসামরিক সরকার যখন গঠিত হচ্ছে, তখন রাজনৈতিক দলগুলো আরো কিছুদিন অপেক্ষা করতে পারে। আমি সমগ্র জাতির প্রতিনিধিত্বকারী পূর্ণাঙ্গ জাতীয় পরিষদ চাই। এইরুপ একটি পরিষদে গঠিত বেসামরিক সরকার গ্রহণ করতে আমি প্রস্তুত আছি। কিন্তু তার পূর্বে কোন ব্যক্তি বা দলের কাছে ক্ষমতা হস্তান্তর করব না।

উপনির্বাচন

আওয়ামী লীগের বিজয় এবং নতুন পরিস্থিতিতে উপনির্বাচন সম্পর্কে প্রেসিডেন্টকে কতিপয় প্রশ্ন করা হয়। প্রেসিডেন্ট আওয়ামী লীগের বিজয়কে ভীতি প্রদর্শন, ত্রাস সৃষ্টি ও দুর্নীতির ফল বলে আখ্যায়িত করেন। প্রেসিডেন্ট বলেন, সেই সময় তিনি আওয়ামী লীগের তৎপরতা সম্পর্কে তিনি সঠিক খবর পাননি। এখন আমরা বুঝতে পারছি প্রত্যেক আসনে জয়ের জন্য মুজিব কি করেছিল। তার অধিকাংশ লোক বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছে কারণ আওয়ামী লীগকে চ্যালেঞ্জ করতে জনগণ ভীত ছিল।

শিরোনাম	সূত্র	তারিখ
৪৫। শেখ মুজিবের বিচার করা হবেঃ ৩ আগষ্ট পাকিস্তান টেলিভিশন সাক্ষাৎকারে জেনারেল ইয়াহিয়া	দি ডন, করাচী	৫ আগস্ট, ১৯৭১

MUJIB WILL BE PUT ON TRIAL

President Agha Mohammad Yahya Khan has said that Sheikh Mujibur Rahman, leader of the defunct Awami League, would be put on trial.

He said Sheikh Mujib was arrested for committing acts of treason and he would be dealt with under the law of the land.

In a television interview telecast from all stations of Pakistan Television Corporation last night, the President said that being a citizen of Pakistan he should be dealt with according to the law of Pakistan.

The President, who was asked would be the fate of Sheikh Mujibur Rahman, said that the leader of the defunct Awami League and deviated from his electoral campaign in which he demanded autonomy for East Pakistan.

President Yahya said that after Sheikh Mujib got the mandate, he and a coterie of his people deviated from that aim and wanted secession. In other words, he said Sheikh Mujibur Rahman and committed "acts of treason, acts of open rebellion" and incited armed rebellion against the State.

In reply to a question, the President said that Sheikh Mujibur Rahman was not his opponent at all. The President said that he was only a caretaker and had nothing to oppose Sheikh Mujibur Rahman as a Politician.

The President made it clear that he had no political ambitions. He sad as a soldier he was in his temporary duty of restoring the authority of the people.

The President said he was sorry for what Sheikh Mujibur Rahman had done for which he would suffer like any other person committing crimes on the nation would suffer. "How would you treat your criminal", he posed a question to the foreign news media representatives present at the interview.

(The Dawn, Karachi-August 5, 1971)

শিরোনাম	সূত্র	তারিখ
৪৬। করাচীতে টিভি সাক্ষাৎকারে জেনারেল ইয়াহিয়া	দৈনিক পাকিস্তান	৫ আগষ্ট, ১৯৭১

তিন থেকে চার মাসের মধ্যে ক্ষমতা হস্তান্তরের দৃঢ় সংকল্প প্রকাশ

প্রেসিডেন্টের টিভি সাক্ষাৎকারঃ তিন সপ্তাহের মধ্যে অযোগ্য এম এন এ'দের নাম ঘোষণা

করাচী ৪ঠা আগষ্ট (এ পি পি)- প্রেসিডেন্ট জেনারেল আগা মোহাম্মদ ইয়াহিয়া খান তিন থেকে চার মাসের মধ্যে জনগণের নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের দৃঢ় সংকল্প প্রকাশ করেছেন।

গত ৩০শে জুলাই শুক্রবার করাচীতে আন্তর্জাতিক টেলিভিশন নেটওয়ার্কের প্রতিনিধিদের সঙ্গে এক সাক্ষৎকারে প্রেসিডেন্ট বলেন যে, দু' থেকে তিন সপ্তাহের মধ্যে তিনি জাতীয় পরিষদের পূর্ব পাকিস্তানী সদস্যদের মধ্যেকার আসন থাকবে এবং অপরাধমূলক ও রাষ্ট্রবিরোধী তৎপরতার জন্য কোন কোন সদস্যের আসন বাতিল হয়ে যাবে, তাদের নাম ঘোষণা করবেন।

প্রেসিডেন্টের সঙ্গে নেটওয়ার্কের সাক্ষাৎকার নামক ৮৪ মিনিট ব্যাপী সাক্ষাৎকার অনুষ্ঠানটি আজ রাতে পাকিস্তান টেলিভিশন কর্পোরেশনের চারটি কেন্দ্র থেকে প্রচারিত হয়।

জাতির উদ্দেশ্যে গত ২৮শে জুন প্রদত্ত তাঁর বেতার ভাষনের উল্লেখ করে, প্রেসিডেন্ট বলেন যে, উক্ত ভাষণে তিনি জনগণের প্রতিনিধিদের নিকট ক্ষমতা হস্তান্তরের জন্য তাঁর রাজনৈতিক পরিকল্পনা প্রকাশ করেছেন।

প্রেসিডেন্ট ইয়াহিয়া বলেন যে, পূর্ব পাকিস্তানে কি ঘটছে এবং কি ঘটতে পারে তিনি তার সঠিক বিবরণ দিয়েছেন।

প্রেসিডেন্ট ইয়াহিয়া বলেন যে, যত শীঘ্র সম্ভব সরকার পরিচালনার দায়িত্ব জনগণের নিকট হস্তান্তর করতে তিনি দৃঢ় প্রতিজ্ঞ।

তিনি বলেন যে, তার নিজেদের ধারনা অনুসারে তিনি বিষয়টি বিবেচনা করেছেন এবং তাতে তিন থেকে চার মাস সময় লাগবে বলে তিনি মনে করেন।

প্রেসিডেন্ট আশা প্রকাশ করেন যে, জাতীয় পরিষদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের আসন বহাল থাকবে এবং স্বল্পসংখ্যক সদস্য তাদের আসন হারাবেন। তিনি বলেন যে, বাতিল আসনগুলোতে স্বাভাবিক গণতান্ত্রিক পদ্ধতিতে উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

প্রেসিডেন্ট বলেন যে, রাজনৈতিক দল হিসাবে আওয়ামী লীগ নিষিদ্ধ ঘোষিত হলেও আওয়ামী লীগের সদস্যদের মধ্যে যারা জাতীয় পরিষদের আসনে নির্ধারিত হয়েছেন তাদের মধ্যে রাষ্ট্রদ্রোহীতামূলক তৎপরতায় লিপ্ত ব্যক্তিগণ ছাড়া অন্যান্যদের আসন বাতিল করা হয়নি।

তিনি বলেন যে, জাতীয় পরিষদে যে সমস্ত সদস্যকে তাদের আসন রাখতে দেওয়া হবে, তিনি তাদেরকে উদ্ধার করার চেষ্টা করছেন। তিনি বলেন যে, যাঁরা সীমান্ত পেরিয়ে গেছে এবং কোনরুপ অপরাধমূলক কাজ

করেননি তাদের মধ্যেও কিছু সংখ্যক সদস্যকে ফিরে আসার আমন্ত্রণ জানানো হবে এবং তাদের আসন বহাল রাখতে দেওয়া হবে।

প্রেসিডেন্ট বলেন যে, সীমান্ত এলাকা ব্যতীত পূর্ব-পাকিস্তানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পাকিস্তানী সেনাবাহিনীর সম্পূর্ণ নিয়ন্ত্রণাধীন রয়েছে। সীমান্তের অপর পার থেকে উক্ত এলাকাগুলোতে গোলযোগ সৃষ্টি করা হচ্ছে বলে তিনি জানান।

প্রেসিডেন্ট ইয়াহিয়া বলেন যে, সীমান্তে বরাবর দিনরাত প্রচণ্ড গোলাবর্ষণ করা হচ্ছে এবং এই সংঘর্ষের পরিণামে যুদ্ধ বেঁধে যেতে পারে।

তিনি বলেন যে, সীমান্ত বরাবর গোলযোগ থাকা সত্ত্বেও তিনি উপ-নির্বাচন অনুষ্ঠান করবেন। উপ-নির্বাচনের পর অবিলম্বে তিনি জাতীয় পরিষদের অধিবেশন আহ্বান করবেন বলে জানান।

প্রেসিডেন্ট সুস্পষ্ট ভাষায় জানান যে, পাকিস্তান যুদ্ধ চায় না। তিনি বলেন, যুদ্ধ সমস্যাদির সমাধান করতে পারে না। যুদ্ধে কেবল বিপুল ধ্বংসলীলা সংঘটিত হয় এবং মানুষের জীবনযাত্রা ও যুদ্ধরত রাষ্ট্রগুলোর অর্থনীতি ব্যাহত হয় বলে তিনি উল্লেখ করেন।

প্রেসিডেন্ট ইয়াহিয়া বলেন, তিনি একাধিকবার ঘোষণা করেছেন যে, তিনি ভারতের সঙ্গে যে কোন পর্যায়ে আলোচনা করতে রাজী আছেন। কিন্তু তিনি দুঃখ প্রকাশ করেন যে, ভারত এ ব্যাপারে কোন সাড়া দেয়নি।

অপর এক প্রশ্নের উত্তরে প্রেসিডেন্ট ইয়াহিয়া বলেন যে, পাকিস্তান ও ভারত যুদ্ধের খুবই কাছাকাছি গিয়ে পৌঁছেছে। কিন্তু তিনি যথেষ্ট ধৈর্যের সঙ্গে যুদ্ধ এড়ানোর চেষ্টা করছেন বলে জানান্

প্রেসিডেন্ট ইয়াহিয়া বলেন যে, এর চাইতেও অনেক কম গুরুতর পরিস্থিতি পৃথিবীতে যুদ্ধের কারণ হয়েছে। তিনি বলেন যে, পাক-ভারত উপমহাদেশে এখন যে পরিস্থিতি বিরাজ করছে তা অত্যন্ত পরিবর্তনশীল, বিস্ফোরন্মুখ ও বিপদজ্জনক।

তিনি বলেন, আমার সরকার ও আমি অসীম ধৈর্যের পরিচয় দিচ্ছি, মূলতঃ সে কারণে আমরা এখনো যুদ্ধে জড়িয়ে পড়িনি।

প্রেসিডেন্ট এটা সুস্পষ্ট ভাষায় জানিয়ে দেন যে, পূর্ব পাকিস্তানে কোনরুপ তৎপরতার মাধ্যমে যদি পাকিস্তানের উপর যুদ্ধ চাপিয়ে দেয়া হয় তাহলে যুদ্ধ হবে।

বাস্তুচ্যুত ব্যক্তিদের সম্পর্কে এক প্রশ্নের জবাবে ইয়াহিয়া বলেন যে, যাঁরা সীমান্ত পেরিয়ে ভারতে চলে গেছে, তাদের বাড়ীঘরে ফিরিয়ে আনার ব্যাপারে পাকিস্তান বিশেষভাবে আগ্রহী।

তিনি বলেন যে, বাস্তুত্যাগীদের সাধারণ ক্ষমা প্রদর্শন করা হয়েছে এবং তাদের ফিরে আসার সুযোগ-সুবিধা দেওয়ার জন্য পূর্ব পাকিস্তানের সীমান্ত এলাকায় অনেকগুলো অভ্যর্থনা শিবির খোলা হয়েছে।

তিনি বলেন যে, বাস্তুচ্যুতদের পুনর্বাসনে জন্য জাতিসংঘের সাহায্যকে পাকিস্তান স্বাগত জানিয়েছে এবং জাতিসঙ্ঘের সেক্রেটারী জেনারেল উ থান্টের প্রস্তাব গ্রহণ করেছে। এ প্রসঙ্গে তিনি বলেন যে, বাস্তুচ্যুতদের সাহায্য করার জন্য পাকিস্তান জাতিসঙ্ঘের উদ্বাস্তু সংক্রান্ত হাই কমিশনের পর্যবেক্ষকদের গ্রহণ করতে রাজী হয়েছে, কিন্তু অপর পক্ষের এই প্রস্তাব গ্রহণের উপরই তার বাস্তবায়ন নির্ভর করছে।

প্রেসিডেন্ট প্রশ্ন করেন যখন সশস্ত্র অনুপ্রবেশ অব্যাহত রয়েছে এবং যখন বাস্তুচ্যুতদের চারপাশে ফিল্ডগান ও মর্টার থেকে গোলাবর্ষণ চলছে তখন বাস্তুচ্যুতরা কিভাবে সীমান্ত পেরিয়ে ফিরে আসতে পারে?

এক প্রশ্নের উত্তরে প্রেসিডেন্ট বলেন যে, পাকিস্তানে যাঁরা ফিরে আসছেন, তাদের অধিকাংশই অনুমোদিত পথ দিয়ে আসতে পারছেন না, কারণ ভারত তাদের ফিরতে বাধা দিচ্ছে। তিনি বলেন যে, এ সমস্ত বাস্তুচ্যুত ব্যক্তি অনুমোদিত পথে পাকিস্তানে ফিরে আসছেন।

প্রেসিডেন্ট বলেন যে, ইতিমধ্যেই লক্ষাধিক বাস্তুচ্যুত ব্যক্তি পূর্ব পাকিস্তানের তাদের বাড়ীঘরে ফিরে এসেছেন এবং তাদের মধ্যে শতকরা ৩০ থেকে ৪০ জন হচ্ছে হিন্দু। প্রেসিডেন্ট বলেন যে, ভারত বাস্তুচ্যুতদের যে সংখ্যা দাবী করছে তা সম্পূর্ণ ভুল। তিনি বলেন যে, ভারত সীমান্ত এলাকায় যে উত্তেজনা সৃষ্টি করছে, তা বাস্তুচ্যুতদের ফিরে আসার ব্যাপারে বাধা স্বরুপ। তিনি বলেন যে, যদি ভারত পাকিস্তানের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করা থেকে বিরত থাকে তাহলে বাস্তুচ্যুতদের সমস্যা সমাধানে সহায়ক হবে এবং বাস্তুচ্যুতরা নিরাপদে তাদের বাড়ীঘরে ফিরে আসতে পারবেন। নিরাপত্তার অভাবে জনগণের এখনো পূর্ব পাকিস্তান থেকে ভারতে চলে যাওয়ার বিষয় প্রেসিডেন্ট সম্পূর্ণ অস্বীকার করেন।

প্রেসিডেন্ট ইয়াহিয়া বলেন যে, পাকিস্তান সেনাবাহিনী সশস্ত্র বিদ্রোহীদের হাত থেকে দেশের পূর্বাঞ্চলের সাত কোটি জনগণকে রক্ষা করার চেষ্টা করেছে। তিনি বলেন যে, বে-আইনী ঘোষিত আওয়ামী লীগ এই বিদ্রোহের উস্কানী দিয়েছিল।

তিনি বলেন যে, পাকিস্তান সেনাবাহিনীর হস্তক্ষেপে বিক্ষোভ ও বিচ্ছিন্নতাবাদী আন্দোলন বন্ধ হওয়ায় পূর্ব পাকিস্তানী জনগণের বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশ হাঁফ ছেড়ে বেঁচেছে।

পূর্ব পাকিস্তানে সেনাবাহিনীর কোনরুপ গণহত্যা চালানোর খবরকে প্রেসিডেন্ট সম্পূর্ণ মিথ্যা বলে বর্ণনা করেন। ভারতে পালিয়ে যাওয়া বে-আইনী ঘোষিত আওয়ামী সদস্যগণ কর্তৃক মিথ্যা কাহিনী রটনার ফলে এই ভুল ধারণার সৃষ্টি হয়েছে বলে তিনি জানান।

তিনি বলেন, প্রকৃতপক্ষে মুজিবুর রহমানের কোটারী ও বে-আইনী ঘোষিত আওয়ামী সদস্যরাই তাদের সঙ্গে ভিন্নমত পোষণকারীদের উপর গণহত্যা চালিয়েছে।

তিনি বলেন যে, সীমান্তের ও-পারের বন্ধুদের উস্কানীতে বিচ্ছিন্নতাবাদীরা তাদের রাজনৈতিক স্বার্থে হত্যা, লুণ্ঠন ও অগ্নিসংযোগ করেছে।

প্রেসিডেন্ট বলেন যে, একটি রাজনৈতিক সমাধানের আশায় তিনি ধৈর্য্যের সঙ্গে এ সমস্ত সহ্য করছিলেন। কিন্তু তিনি যখন শেখ মুজিবুর রহমানের একগুয়েমী সম্পর্কে সম্পূর্ণ নিশ্চিত হলেন, তখন সশস্ত্র বাহিনীকে সরকারের মর্যাদা পুনঃপ্রতিষ্ঠা করার এবং বিপদাপন্ন জনগণের জীবন রক্ষা করার নির্দেশ দিলেন।

পাকিস্তান সেনাবাহিনীর হস্তক্ষেপ পূর্ব পরিকল্পিত থাকার বিষয় প্রেসিডেন্ট অস্বীকার করেন। তিনি বলেন যে, যদি এই ব্যবস্থা পূর্ব পরিকল্পিত হতো তাহলে আওয়ামী লীগের এত বেশীসংখ্যক সদস্য ভারতে পালিয়ে যেতে পারতেন না।

পূর্ব পাকিস্তানে হিন্দুদের উপর নির্যাতন চলার বিষয়ও প্রেসিডেন্ট অস্বীকার করেন। তিনি বলেন যে, হিন্দুরা যদি পূর্ব পাকিস্তানে নিরাপত্তার অভাব বোধ করেই থাকে তবে সীমান্তের ওপারের চক্রান্তের ফলেই তারা এরুপ বোধ করছে।

স্বচক্ষে সবকিছু দেখার জন্য প্রেসিডেন্ট বিদেশী সাংবাদিকদের পূর্ব পাকিস্তানে সফরের আমন্ত্রণ জানান।

প্রেসিডেন্ট একজন সাংবাদিককে বলেন যে, পূর্ব পাকিস্তানে অভ্যুত্থান চলাকালে আড়াই লাখ লোককে হত্যার খবর অত্যন্ত অতিরঞ্জিত।

তিনি বলেন, প্রকৃত ঘটনা হচ্ছে এই যে, আওয়ামী লীগ বিদ্রোহীদের একটি ক্ষুদ্র অংশ সরকারের বিরুদ্ধে অস্ত্র তুলে নেয় এবং সেনাবাহিনী তাদের বিরুদ্ধে লড়াই করে।

প্রেসিডেন্ট বলেন যে, সশস্ত্র বিদ্রোহীরা হতাহত হয়েছে। জাতির প্রতি কর্তব্যবোধের তাগিদে ও জনসংখ্যার বাকী অংশকে রক্ষা করার জন্য সশস্ত্র বাহিনী বিদ্রোহীদের নিশ্চিহ্ন করতে বাধ্য হয়।

তিনি বলেন যে, বাস্তুচ্যুতদের সংখ্যার মত হতাহতের সংখ্যাকেও বিশেষভাবে অতিরঞ্জিত করা হয়েছে। প্রেসিডেন্ট উভয় সংখ্যাকে সম্পূণ ভুল বলে বর্ণনা করেন।

অসমাপ্ত

শিরোনাম	সূত্র	তারিখ
৪৭। অভিযোগ খণ্ডনের সুযোগ দেয়া হবেঃ সরকারী প্রেসনোট	দৈনিক পাকিস্তান	৮ আগষ্ট, ১৯৭১

অন্যান্যদের অভিযোগ খণ্ডনের সুযোগ দেয়া হবেঃ সরকারী প্রেসনোট-বেআইনী ঘোষিত আওয়ামী লীগের ৯৮ জন এম এন এ'র আসন থাকবে

রাওয়ালপিণ্ডি, ৭ই আগষ্ট (এ পি পি)- বে-আইনী ঘোষিত আওয়ামী লীগের ৮৮ জন জাতীয় পরিষদ-সদস্যের আসন বহাল থাকবে এবং অন্যান্যদের তাঁদের বিরুদ্ধে আনীত অভিযোগ খণ্ডনের সুযোগ দেওয়া হয়। আজ এখানে এক সরকারী প্রেসনোটে এ কথা ঘোষণা করা হয়।

প্রেসনোটে বলা হয়ঃ এখানে উল্লেখযোগ্য ১৯৭১ সালের ২৮শে জুন তারিখে প্রেসিডেন্ট তাঁর বেতার ভাষণে বলেন যে, তিনি রাজনৈতিক দল হিসাবে আওয়ামী লীগকে নিষিদ্ধ ঘোষণা করেছেন, তবে যারা অপরাধমূলক কাজ করেছেন তারা ব্যতীত এ বিলুপ্ত পার্টির নির্বাচিত অপর এম এন ও এম পি এ-গণ ব্যক্তিগতভাবে তাদের আসনে বহাল থাকবেন। সেই হেতু পাকিস্তান সরকার আজ বিলুপ্ত আওয়ামী লীগের যেসব নির্বাচিত এম এন এ জাতীয় পরিষদের নবনির্বাচিত সদস্য হিসাবে তাদের আসনে বহাল থাকবেন তাদের তালিকা ঘোষণা করেছেন। বিলুপ্ত আওয়ামী লীগের অপর সকল এম এন এ যাদের নাম এ তালিকায় উল্লিখিত হয়নি, তাদের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে তাদেরকে দণ্ডনীয় অপরাধমূলক কাজ সংক্রান্ত তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ নিজেদের খণ্ডনের সুযোগ প্রদান করা হবে। নবনির্বাচিত এম পি এদের ব্যাপারে পরে ঘোষণা করা হবে।

বিলুপ্ত আওয়ামী লীগ দলের নিম্নলিখিত নবনির্বাচিত এম এন এ গণ তাদের আসনে বহাল থাকবেনঃ

১।	এন ই ১ রংপুর-১	জনাব মজাহার হোসেন।
২।	এন ই ৩ রংপুর-৩	জনাব সাদাকাত হোসেন।
৩।	এন ই ৪ রংপুর-৪	জনাব মোঃ লুৎফর রহমান।
৪।	এন ই ৫ রংপুর-৫	শাহ আবদুল হামিদ।
৫।	এন ই ৬ রংপুর-৬	ডঃ মোঃ আবু সোলেমান মন্ডল।
৬।	এন ই ৭ রংপুর-৭	জনাব মোঃ আজিজুর রহমান।
৭।	এন ই ৮ রংপুর-৮	জনাব মোঃ নূরুল হক।
৮।	এন ই ১২ রংপুর-১২	জনাব আফসার আলী আহমদ।
৯।	এন ই ১৮ দিনাজপুর-৬	ডাঃ মোঃ ওয়াকিল উদ্দীন মন্ডল।
১০।	এন ই ২১ বগুড়া-৩	জনাব আকবর আলী খান চৌধুরী।
১১।	এন ই ২২ বগুড়া-৪	জনাব মোঃ হাবিবুর রহমান।
১২।	এন ই ২৩ বগুড়া-৫	ডাঃ মোঃ জাহিদুর রহমান।
১৩।	এন ই ২৫ পাবনা-২	মাওলানা এ, রশিদ তর্কবাগিশ।

১৪।	এন ই ২৭ পাবনা-৪	জনাব সৈয়দ হোসেন মনসুর।
১৫।	এন ই ২৯ পাবনা-৬	জনাব মোঃ আমজাদ হোসেন।
১৬।	এন ই ৩১ রাজশাহী-২	জনাব আজিজুর রহমান।
১৭।	এন ই ৩৪ রাজশাহী-৫	আলহাজ রাইসুদ্দীন আহমদ।
১৮।	এন ই ৩৭ রাজশাহী-৮	জনাব মোঃ নজমুল হক সরকার।
১৯।	এন ই ৩৮ রাজশাহী-৯	ডাঃ মোঃ শেখ মোবারক হোসেন।
২০।	এন ই ৫০ যশোর-৩	জনাব এম মশিহুর রহমান।
২১।	এন ই ৫০ খুলনা-১	জনাব এম, এ খায়ের বি,এ।
২২।	এন ই ৫২ খুলনা-৩	জনাব লুৎফর রহমান।
২৩।	এন ই ৫৫ খুলনা-৬	জনাব সালাডউদ্দীন ইউসুফ।
২৪।	এন ই ৫৬ খুলনা-৭	জনাব মোঃ আবদুল গফফার।
২৫।	এন ই ৫৭ খুলনা-৮	সৈয়দ কামার বখত।
২৬।	এন ই ৫৯ বাকেরগঞ্জ-২	জনাব সালেহ উদ্দীন আহমদ।
২৭।	এন ই ৬১ বাকেরগঞ্জ-৪	জনাব মোঃ আব্দুল বারেক।
২৮।	এন ই ৬৪ বাকেরগঞ্জ-৭	ডাঃ আজহার উদ্দীন আহমদ।
২৯।	এন ই ৬৫ বাকেরগঞ্জ-৮	জনাব এ কে ফয়জুল হক।
৩০।	এন ই ৬৭ বাকেরগঞ্জ কাম	পটুয়াখালী- জনাব এম সামসুল হক।
৩১।	এন ই ৬৮ পটুয়াখালী-১	জনাব গোলাম আহাদ চৌধুরী।
৩২।	এন ই ৬৯ পটুয়াখালী-২	আলহাজ আবদুল তালুকদার।
৩৩।	এন ই ৭০ পটুয়াখালী-৩	জনাব আসমত আলী সিকদার।
৩৪।	এন ই ৭২ টাঙ্গাইল-২	জনাব এম শওকত আলী খান।
৩৫।	এন ই ৭৪ টাঙ্গাইল-৪	জনাব হাতেম আলী তালুকদার।
৩৬।	এন ই ৭৬ ময়মনসিংহ-১	মোঃ এ, সামাদ।
৩৭।	এন ই ৭৭ ময়মনসিংহ-২	জনাব করিমুজ্জামান তালুকদার।
৩৮।	এন ই ৭৯ ময়মনসিংহ-৪	মোঃ আনিসুর রহমান।
৩৯।	এন ই ৮০ ময়মনসিংহ-৫	আবদুল হাকিম সরকার।
৪০।	এন ই ৮১ ময়মনসিংহ-৬	মোশারফ হোসেন আকন্দ।
৪১।	এন ই ৮২ ময়মনসিংহ-৭	জনাব ইব্রাহিম।
৪২।	এন ই ৮৪ ময়মনসিংহ-৯	সৈয়দ আবদুস সুলতান।
৪৩।	এন ই ৮৬ ময়মনসিংহ-১১	মোঃ সামসুল হুদা।
৪৪।	এন ই ৮৭ ময়মনসিংহ-১২	জনাব সাদিরুদ্দীন।
৪৫।	এন ই ৮৯ ময়মনসিংহ-১৪	জনাব জাবেদ আলী।
৪৬।	এন ই ৯০ ময়মনসিংহ-১৫	জনাব আসাদুজ্জামান।

৪৭।	এন ই ৯৪ ফরিদপুর-১	এ বি এম নূরুল ইসলাম।
৪৮।	এন ই ৯৫ ফরিদপুর-২	সৈয়দ কামরুল ইসরাম মোঃ সালেহউদ্দীন।
৪৯।	এন ই ৯৮ ফরিদপুর-৫	জনাব মোঃ আবুল খায়ের।
৫০।	এন ই ১০০ ফরিদপুর-৭	মাওলানা আদেলুদ্দীন আহমদ।
৫১।	এন ই ১০১ ফরিদপুর-৮	জনাব আমজাদ হোসেন খান।
৫২।	এন ই ১০২ ফরিদপুর-৯	জনাব আবিদুর রেজা খান।
৫৩।	এন ই ১০৩ ফরিদপুর-১০	ডাঃ এম এ কাসেম।
৫৪।	এন ই ১০৪ ঢাকা-১	জনাব মোঃ নূরুল ইসলাম।
৫৫।	এন ই ১০৫ ঢাকা-২	জনাব মোসলেম উদ্দীন খান।
৫৬।	এন ই ১০৬ ঢাকা-৩	খন্দকার নূরুল ইসলাম।
৫৭।	এন ই ১০৯ ঢাকা-৬	জনাব আশরাফ আলী চৌধুরী।
৫৮।	এন ই ১১০ ঢাকা-৭	জনাব জহিরুদ্দীন।
৫৯।	এন ই ১১৪ ঢাকা-১১	জনাব আফতাব উদ্দীন ভূইয়া।
৬০।	এন ই ১১৬ ঢাকা-১৩	জনাব মোঃ শাহার আলী মিয়া।
৬১।	এন ই ১১৮ ঢাকা-১৪	জনাব কফিল উদ্দীন চৌধুরী।
৬২।	এন ই ১২৪ সিলেট-৫	জনাব আবদুল মুনতাকিম চৌধুরী।
৬৩।	এন ই ১২৬ সিলেট-৭	জনাব আবদুর রহিম।
৬৪।	এন ই ১২৮ সিলেট-৯	জনাব আবদুল খালেক এডভোকেট।
৬৫।	এন ই ১৩০ সিলেট-১১	ডি এম এইচ, ওবায়েদুর রাজা চৌধুরী।
৬৬।	এন ই ১৩৩ কুমিল্লা-৩	দেওয়ান আবুল আব্বাস।
৬৭।	এন ই ১৩৪ কুমিল্লা-৪	জনাব সিরাজুল হক।
৬৮।	এন ই ১৩৭ কুমিল্লা-৭	এ, এম, আহমদ খালেক।
৬৯।	এন ই ১৩৯ কুমিল্লা-৯	হাজি আবুল হাশেম।
৭০।	এন ই ১৪০ কুমিল্লা-১০	জনাব মোঃ সুজাত আলী।
৭১।	এন ই ১৪১ কুমিল্লা-১১	জনাব আবদুল আওয়াল।
৭২।	এন ই ১৪২ কুমিল্লা-১২	হাফেজ হাবিবুর রহমান।
৭৩।	এন ই ১৪৫ নোয়াখালী-১	জনাব মোঃ ওবায়েদুল্লাহ মজুমদার।
৭৪।	এন ই ১৪৮ নোয়াখালী-৪	আবদুল মালেক উকিল।
৭৫।	এন ই ১৪৯ নোয়াখালী-৫	জনাব দেলওয়ার হোসেন।
৭৬।	এন ই ১৫২ নোয়াখালী-৮	জনাব মোঃ আবদুর রশিদ।
৭৭।	এন ই ১৫৪ চট্টগ্রাম-২	জনাব এম এ, মজিদ।
৭৮।	এন ই ১৫৬ চট্টগ্রাম-৪	সৈয়দ মোঃ ফজলুল হক বিএসসি।
৭৯।	এন ই ১৫৭ চট্টগ্রাম-৫	জনাব মোহাম্মদ খালেদ।

৮০। এন ই ১৫৯ চট্টগ্রাম-৭ জনাব আতাউর রহমান খান।
৮১। এন ই ১৬০ চট্টগ্রাম-৮ জনাব আবু সালেহ।
৮২। এন ই ১৬১ চট্টগ্রাম-৯ জনাব নূর আহমদ।
৮৩। এন ই ১৬৪ ঢাকা বিভাগের
ময়মনসিংহ জেলা ও টাঙ্গাইল জেলা -মিস রাফী আক্তার ডলী।

৮৪। এন ই ১৬৫ চট্টগ্রাম বিভাগের
চট্টগ্রাম জেলা, পার্বত্য চট্টগ্রাম জেলা ও
কুমিল্লা জেলার চাঁদপুর মহকুমা -মিসেস সাজেদা চৌধুরী।

৮৫। এন ই ১৬৬ চাঁদপুর মহকুমা বাদে
কুমিল্লা জেলা এবং চট্টগ্রাম
বিভাগের সিলেট জেলা -প্রফেসর মিসেস মমতাজ বেগম।

৮৬। এন ই ১৬৭ কুষ্টিয়া জেলা এবং
যশোর জেলার ঝিনাইদহ,
মাগুরা মহকুমা বাদে খুলনা বিভাগ -মিসেস রাজিয়া বানু।

৮৭। এন ই ১৬৮ রাজশাহী বিভাগের
রংপুর জেলা, দিনাজপুর জেলা
ও বগুড়া জেলা -মিসেস তসলিমা আবিদ।

৮৮। এন ই ১৬৯ রাজশাহী বিভাগের
রাজশাহী জেলা এবং খুলনা বিভাগের
কুষ্টিয়া জেলা ও যশোর জেলার
ঝিনাইদহ ও মাগুরা মহকুমা -মিসেস বদরুন্নেসা আহমদ।

শিরোনাম	সূত্র	তারিখ
৪৮। ''পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনার জন্য'' মুজিবের বিচার হবে- সরকারী তথ্য বিবরণী	দি ডন- করাচী	১০ আগষ্ট, ১৯৭১

TRIAL FOR "WAGING WAR AGAINST PAKISTAN"
Official Press Note
August 9, 1971

Sheikh Mujibur Rahman, President of the defunct Awami League, will be tried by a special Military Court for "waging war against Pakistan" and other offences, a Press Note issued by the Headquarters of the Chief Martial law Administrator said to day (August 9).

The trial will commence on August 11 in camera and its proceeding with be secret, the Press Note said.

The accused will be given proper opportunity to prepare his defence and will be provided with all facilities permitted in law including engaging a counsel of his own choice provided such a counsel is a citizen of Pakistan, it added.

Sheikh Mujibur Rahman was arrested from his Dhanmandi residence in the early hours of the morning of March 26 after the Pakistan Army moved in to restore the authority of the Government. Later, he was brought to West Pakistan where he is under detention.

(THE DAWN, Karachi-August 10. 1971)

শিরোনাম	সূত্র	তারিখ
৪৯। ‘‘জাতিসংঘ মহাসচিবের কাছে পাকিস্তানের প্রতিবাদ	বাংলাদেশ ডক্যুমেন্টস	১০ আগষ্ট, ১৯৭১

TEXT OF PAKISTAN PROTEST NOTE AGAINST U.N. SECRETARY-GENERAL'S STATEMENT AT SHEIKH MUJIB'S TRIAL.
August 10, 1971

The Government of Pakistan appreciates the widespread humanitarian concern evoked by the tragic developments in East Pakistan since March. It warmly responds to any expression of such concern which is not motivated by power politics and which appreciates Pakistan's difficulties. It is publicly known that Government of Pakistan has promptly accepted several suggestions made by the Secretary-General to help the return of people who have been uprooted from their homes in East Pakistan.

This understanding cannot, however, be extended to any attempt to interfere in Pakistan's internal affairs or to dictate to Pakistan the kind of political accommodation it should reach in its Eastern region. The Pakistan delegation regrets that in the statement made on August 10 by a U. N. spokesman on his behalf, the Secretary-General should have chosen to make a comment on the impending trial of Sheikh Mujibur Rahman which exceeds both the bounds of humanitarian concern and the competence of the U. N. as defined in the U. N. Charter.

Our regret is sharpened by the awareness that in numerous cases of trials, even imprisonment without trial and sentences after summary trials of political leaders in various countries, no expression of feelings about their repercussions was ever made on behalf of the U. N.

The Government of Pakistan cannot accept the proposition that any judicial decision on the individual case of Sheikh Mujibur Rahman will have any repercussions outside the borders of Pakistan.

No such repercussions are inevitable unless Pakistan's hostile neighbor, India, is encouraged to make them so.

শিরোনাম	সূত্র	তারিখ
৫০। দিল্লী-মস্কো চুক্তির মর্মার্থ ও যুক্ত বিবৃতি পরীক্ষা করা হচ্ছেঃ সরকারী মুখপাত্রের ঘোষণা	দৈনিক পাকিস্তান	১৩ আগষ্ট, ১৯৭১

দিল্লী-মস্কো চুক্তির মর্মার্থ ও যুক্ত বিবৃতি পরীক্ষা করা হচ্ছে
সরকারী মুখপাত্রের ঘোষণা
ইশতেহারে রাজনৈতিক সমাধানের উল্লেখ অপ্রয়োজনীয়।
অকারণ উপদেশ

ইসলামাবাদ, ১২ আগষ্ট (এ পি পি)। -পাকিস্তানের পররাষ্ট্র দফতর ভারত সোভিয়েট প্রতিরক্ষা চুক্তির মর্মার্থ এবং ভারতীয় নেতাদের সাথে সোভিয়েট পররাষ্ট্র মন্ত্রী গ্রোমিকোর আলোচনা শেষে প্রকাশিত ইশতেহার পরীক্ষা করে দেখছেন। আজ একজন সরকারী মুখপাত্র বলেন, আমরা এসব দলিল পরীক্ষা করে দেখছি। ভারত-সোভিয়েট যুক্ত ইশতেহারে পূর্ব পাকিস্তানে একটি রাজনৈতিক সমাধানের যে কথা বলা হয়েছে সে সম্পর্কে তার অভিমত জানতে চাওয়া হলে মুখপাত্রটি বলেন, এটা হলো অপ্রয়োজনীয় ও অকারণ উপদেশ। পাকিস্তানের কেউই পূর্ব পাকিস্তানের রাজনৈতিক সমস্যার সামরিক সমাধান চায়নি বা চাচ্ছে না।

প্রেসিডেন্ট ইয়াহিয়া খান এর মধ্যেই একটি রাজনৈতিক কর্মসূচী ঘোষণা করেছেন যা বাস্তবায়িত হচ্ছে। মুখপাত্র বলেন যে, বিচ্ছিন্নতাবাদীরা ভারতের উৎসাহ এবং সক্রিয় সাহায্য নিয়ে পাকিস্তানকে খণ্ড বিখণ্ড করার পরিকল্পনা করছে পাকিস্তান সরকার তাদের বিরুদ্ধেই ব্যবস্থা গ্রহণ করেছেন। পাকিস্তানের অধিকাংশ মানুষ সব সময়েই পাকিস্তানের ঐক্য ও অখণ্ডতা চেয়েছে এবং এখনো তাই চাচ্ছে।

১৯। ১১ই অক্টোবর রাত ৯টায় ভারতীয় বাহিনী খুলনা জেলার কাকডাঙ্গা এলাকায় ফিল্ডগান থেকে ১৫ রাউণ্ড গোলাবর্ষণ করে।

২০। ১১ই অক্টোবর সকাল ১১টার সময় ভারতীয় বাহিনী কুমিল্লা জেলার রিও এলাকায় ভারী মর্টার থেকে প্রচণ্ড গোলাবর্ষণ করে। এতে ৫ ব্যক্তি নিহত ও ৩৯ জন আহত হয়েছে।

২১। ১২ই অক্টোবর সকাল ৯টা ৪৫ মিনিটে যশোর জেলার মসলিয়া এলাকায় ভারতীয় বাহিনী বিনা উস্কানিতে ফিল্ডগান থেকে ২০ রাউণ্ড গোলাবর্ষণ করে। এতে ৩ জন নিরীহ লোক আহত হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
৯১। ভারতের শিবিরে অবস্থানকারী উদ্বাস্তুদের প্রতি ইয়াহিয়াঃ জাতি-ধর্ম নির্বিশেষে সকলকে ফেরার আহ্বান	দৈনিক পাকিস্তান	৩১ অক্টোবর, ১৯৭১

ভারতীয় শিবিরে অবস্থানকারী উদ্বাস্তুদের প্রতি প্রেসিডেন্ট জাতি-ধর্ম নির্বিশেষে সকলকে ফেরার আহ্বান

রাওয়ালপিণ্ডি, ৩০শে অক্টোবর (এপিপি/পিপিআই)। - প্রেসিডেন্ট জেনারেল এ, এম, ইয়াহিয়া খান পূর্ব পাকিস্তানের সকল বাস্তুচ্যুত ব্যক্তিকে ফিরে আসার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, প্রকৃত পাকিস্তানী নাগরিকদের প্রত্যাবর্তন যাচাই করার ব্যাপারে আমাদের কাছে যে কোন আন্তর্জাতিক সংস্থা গ্রহণযোগ্য হবে এবং আমরা এ ধরণের সংস্থার সাহায্যকে স্বাগত জানাবো।

প্রেসিডেন্ট পুনরায় ঘোষণা করেন যে, সাম্প্রতিক গোলযোগে যে সমস্ত পাকিস্তানী পূর্ব পাকিস্তান ছেড়ে গেছেন, জাতি-ধর্ম নির্বিশেষে তাদের সকলের প্রত্যাবর্তনকেই স্বাগত জানানো হবে। তিনি বলেন যে, এ ব্যাপারে হিন্দু-মুসলমান অথবা অন্য কোন সম্প্রদায়ের প্রশ্ন নেই, সকলেই ফিরে এসে স্বাভাবিক পেশাগত কাজ চালিয়ে যান, এটাই কাম্য।

প্রেসিডেন্ট বলেন যে, গত মার্চ মাসের পর বিশ লাখের কিছু বেশী লোক পূর্ব পাকিস্তানে তাদের বাড়িঘর ছেড়ে গেছে। এই সংখ্যা যে কোন নিরপেক্ষ আন্তর্জাতিক সংস্থা তদন্ত করে দেখতে পারে বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন যে, ভারত বাস্তুত্যাগীদের সংখ্যা অত্যন্ত বেশী বাড়িয়ে বলেছে।

ভারত তার প্রদত্ত সংখ্যা সম্পর্কে নিশ্চিত থাকলে নিরপেক্ষ আন্তর্জাতিক সংস্থা কর্তৃক বাস্তুত্যাগীদের সংখ্যা যাচাই করতে দিতে ভারতের কুণ্ঠাবোধ করা উচিত নয় বলে তিনি উল্লেখ করেন। ভারতীয় উদ্বাস্তু শিবিরের দুর্দশাগ্রস্ত পরিবেশে বসবাসকারী এই সমস্ত হতভাগা ব্যক্তিদের তাদের বাড়িঘরে ফিরে আসতে দেওয়া হবে বলে প্রেসিডেন্ট আশা প্রকাশ করেন। প্রত্যাবর্তনকারীদের নিরাপত্তা ও পুনর্বাসনের জন্য গৃহীত ব্যবস্থাদির উল্লেখ করে প্রেসিডেন্ট বলেন যে, তাদের মন থেকে সবরকম ভয় ও আশংকা দূর করার জন্যই সাধারণ ক্ষমা প্রদর্শন করা হয়েছে।

পাকিস্তান বাস্তুচ্যুতদের মধ্যে কেবল মুসলমানদের ফেরত নিতে চাইছে বলে ভারত যে অভিযোগ করছে, প্রেসিডেন্ট ইয়াহিয়া খান সরাসরি তার সত্যতা অস্বীকার করেন। তিনি বলেন যে, যে কোন ধর্মেরই হোক না কেন, সকল প্রকৃত পাকিস্তানীকে ফিরিয়ে আনাই পাকিস্তানের নীতি।

প্রেসিডেন্টের বিবৃতির পূর্ণ বিবরণ

রাওয়ালপিণ্ডি। -প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খান আজ নিম্নলিখিত বিবৃতি দেনঃ

পূর্ব পাকিস্তানের সাম্প্রতিক গোলযোগের পর আমাদের যে সমস্ত নাগরিক সীমান্ত পেরিয়ে ভারতে চলে গিয়েছিলেন, আমি বার বার তাদেরকে ঘরবাড়ীতে ফিরে এসে স্বাভাবিক জীবনযাত্রা পুনরায় শুরু করা আহ্বান

জানিয়েছি। তাদেরকে পূর্ণ নিরাপত্তার এবং প্রত্যাবর্তন ও পুনর্বাসন-এর ব্যাপারে প্রয়োজনীয় সবরকম সুযোগ-সুবিধা প্রদানের আশ্বাস দেয়া হয়েছে।

এছাড়া সরকারের প্রদর্শিত সাধারণ ক্ষমার উদ্দেশ্য হচ্ছে তাঁদের মন থেকে সবরকম ভয় ও আশংকা দূর করা। আমার সরকার বাস্তুচ্যুত ব্যক্তিদের পুনর্বাসনের কাজকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে আস্থা সৃষ্টির উদ্দেশ্যে পূর্ব পাকিস্তানের বেসামরিক সরকারে তাদের একজনকে মন্ত্রী নিয়োগ করা হয়েছে। পূর্ব পাকিস্তানের গভর্নর নিজে এই কাজে ব্যক্তিগতভাবে আগ্রহ দেখাচ্ছেন।

কার্যকরীভাবে রিলিফ ও পুনর্বাসনের কাজ চালানোর জন্য প্রাদেশিক কর্তৃপক্ষের হাতে প্রয়োজনীয় অর্থ দেয়া হয়েছে। পুনর্বাসনে আরো সাহায্য করার উদ্দেশ্যে বাস্তুচ্যুতদের মধ্যে যাদের প্রয়োজন তাদের সকলকেই নগদ মঞ্জুরী দেয়া হবে। যদি এজন্য অতিরিক্ত সম্পদের প্রয়োজন হয়, তবে তা দ্রুত সরবরাহ করা হবে।

আমার সরকার আন্তর্জাতিক মহলের বিভিন্ন প্রস্তাবে এমনকি সীমান্তের উভয় দিকে পর্যবেক্ষক মোতায়েন এবং এ ব্যাপারে জাতিসংঘের সেক্রেটারী জেনারেল ব্যক্তিগত প্রভাবকে কাজে লাগানোর জন্য তাঁর প্রস্তাবে সম্মত হয়েছে। স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে রিলিফ ও পুনর্বাসনের সমন্বয় সাধনের উদ্দেশ্যে জাতিসংঘের সেক্রেটারী জেনারেল ও জাতিসংঘের উদ্বাস্তু সংক্রান্ত হাইকমিশনারের প্রতিনিধিরা ইতিমধ্যেই ঢাকায় এসেছেন। জাতিসংঘের উদ্বাস্তু সংক্রান্ত হাইকমিশনারের প্রতিনিধি পূর্ব পাকিস্তানে ব্যাপকভাবে সফর করেছেন এবং বাস্তুচ্যুত ব্যক্তিদের অভ্যর্থনা জানানো এবং তাদের পুনর্বাসনের পর্যাপ্ত ব্যবস্থা নিজেই লক্ষ্য করেছেন।

এটা দুঃখজনক যে, বিশেষ পরিস্থিতিতে যারা বাড়ীঘর ছেড়ে যেতে বাধ্য হয়েছেন, সে সমস্ত হতভাগ্য ব্যক্তিদের নিরাপদ প্রত্যাবর্তন নিশ্চিত করতে পারে এরুপ কোন ব্যবস্থাই ভারত সরকার গ্রহণ করেনি। আমরা যখন আমাদের নাগরিকদের ফিরে পেতে ইচ্ছুক এবং আগ্রহী, ভারত তখন এই মানবিক সমস্যাকে নিজের স্বার্থে ব্যবহার করছে এবং তাদের প্রত্যাবর্তনে বাধা দেয়ার জন্য সবরকম বিঘ্ন সৃষ্টি করছে। এই উদ্দেশ্যে বারত ইচ্ছাকৃতভাবে সীমান্ত এলাকায় গোলযোগ বজায় রাখছে এবং নিরাপত্তাহীনতা ও অনিশ্চয়তার পরিবেশ সৃষ্টি করছে।

জাতিসংঘের সেক্রেটারী জেনারেল সম্প্রতি এই পরিস্থিতির প্রতি বিশ্বের দৃষ্টি আকর্ষণ করেছেন যে অনুপ্রবেশ এবং কামান ও মর্টারের গোলাবর্ষণের ফলে সীমান্ত এলাকায় যে উত্তেজনার সৃষ্টি হয়েছে, তা বাস্তুচ্যুত ব্যক্তিদের শীঘ্র পূর্ব পাকিস্তানে ফেরার পথে বাধার সৃষ্টি করছে।

ভারতীয় কর্তৃপক্ষ কোন কোন বিদেশী রাষ্ট্র থেকে নৈতিক ও আর্থিক সমর্থন পাওয়ার উদ্দেশ্যে বাস্তুচ্যুত ব্যক্তিদের সংখ্যা অত্যন্ত বেশী বাড়িয়ে বলছে।

যাঁরা স্থানীয় অবস্থানের কথা পুরোপুরিভাবে পরিচিত, তাঁরা ভারতীয় প্ররোচনায় বিভ্রান্ত হবেন না। কারণ এটা সবার জানা আছে যে পশ্চিম বঙ্গের অন্যান্য স্থানের বাস্তুত্যাগী শিবিরগুলো কলকাতার স্থায়ী ভবঘুরে ও বেকার লোকে ভর্তি। তাছাড়া, উদ্বাস্তু সম্পর্কে ভারতীয় হিসেবে ১৯৪৭ সালে যারা পূর্ব পাকিস্তান থেকে ভারতে চলে গেছে এবং কোন না কোন কারণে এখন পর্যন্ত পুনর্বাসিত হয়নি, তাদেরকেও ধরা হয়েছে।

একথা অবশ্যই স্মরণ রাখতে হবে যে, দেশ ভাগাভাগির সময় সীমান্তের উভয় দিক থেকে ব্যাপকহারে লোক এক দেশ থেকে অন্যদেশে চলে গেছে। ভারত কিছুতেই এসব লোককে উদ্বাস্তু হিসেবে গণ্য করতে পারে না এবং পূর্ব পাকিস্তানে সাম্প্রতিক গোলযোগের সময় যারা ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের মধ্যেও ধরতে পারে না।

আমরা বিষয়টি পুংখানুপূংখভাবে হিসেব করে দেখেছি এবং তাতে দেখা যায় যে, এ বছরের মার্চ থেকে ২০ লাখের কিছু বেশী লোক তাদের বাড়ীঘর ছেড়ে চলে গেছে। উদ্বাস্তু সংখ্যা সম্পর্কে যে কোন রকমের সন্দেহ

নিরসনের উদ্দেশ্যে জেলাওয়ারীভাবে বাস্তুত্যাগীদের সংখ্যা পূর্বেই প্রকাশ করা হয়েছে। আন্তর্জাতিক উদ্যোগে একটি নিরপেক্ষ সংস্থার মাধ্যমে ভারতীয় উদ্বাস্তু শিবিরগুলোতে একটি জরিপ কার্য চালিয়ে পূর্ব পাকিস্তান থেকে চলে যাওয়া প্রকৃত উদ্বাস্তুদের সঠিক সংখ্যা নির্ধারণের জন্যও আমরা প্রস্তাব করেছিলাম।

ভারত যদি তার প্রদত্ত হিসাব সম্পর্কে নিশ্চিতই হয়ে থাকে, তবে এই প্রস্তাব গ্রহণে ভারতের পক্ষে কুণ্ঠাবোধ করার কোন কারণ নেই।

ভারত বিশ্বকে আরও বলেছে যে, পাকিস্তান বাস্তুত্যাগী ব্যক্তিদের সংখ্যা যে ২০ লাখ বলে বর্ণনা করেছে, ভারতের মতে তার মধ্যে শুধু মুসলমানের সংখ্যাই ধরা হয়েছে এবং ভারতের বক্তব্য অনুসারেই বলা যায় বাদবাকী যারা ভারতে রয়েছে, তারা অমুসলমান।

এটা ভারতের দুরভিসন্ধিমূলক বিকৃত তথ্য এবং তাতে বাস্তুত্যাগীদের স্বদেশে ফিরিয়ে আনার ব্যাপারে পাকিস্তানের নীতি প্রতিফলিত হয় না। আমি এটা পরিষ্কারভাবে বলতে চাই যে, গত গোলযোগের সময় যারা পূর্ব পাকিস্তান থেকে চলে গেছে তাদের মধ্যে প্রত্যেকটি পাকিস্তানীকে সে মুসলমান, হিন্দু অথবা অন্য কোন সম্প্রদায়েরই হোক না কেন নিজের বাড়ীঘরে ফিরে আসার পর স্বাভাবিক কাজকর্মে আত্মনিয়োগে স্বাগত জানানো হবে।

এই ধরণের লোকের সংখ্যা যাই হোক না কেন এবং তারা যে ধর্ম, বর্ণ ও গোত্রেরই হোন না কেন সরকার জাতি, ধর্ম ও বর্ণ নির্বিশেষে তাদের পুনর্বাসন ও স্বাভাবিক জীবন-যাপন পুনর্বাসিত হওয়ার জন্য অর্থ সাহায্যসহ সম্ভাব্য সবরকমের সাহায্য প্রদান করবেন।

প্রত্যাবর্তনকারী প্রকৃত নাগরিকদের যাচাই করার ব্যাপারে যে কোন আন্তর্জাতিক সংস্থার উদ্যোগ গ্রহণ করা হবে এবং এ ব্যাপারে আমাদের সাহায্য করার জন্য তাদের প্রচেষ্টাকে অবশ্যই স্বাগত জানানো হবে।

আমি আশা করি ভারতীয় উদ্বাস্তু শিবিরগুলোতে বর্তমানে যারা অত্যন্ত করুণ অবস্থায় বসবাস করছে, সেইসব হতভাগা লোকদের এবং তাদের নিজ নিজ বাড়ীঘরে ফিরে আসতে দেয়া হবে।

শিরোনাম	সূত্র	তারিখ
৯২। ৩২ জন অফিসারের খেতাব বাতিল	দৈনিক পাকিস্তান	১ নভেম্বর, ১৯৭১

৩২ জন অফিসারের খেতাব বাতিল

ইসলামাবাদ, ৩১শে অক্টোবর (এপিপি)। - প্রেসিডেন্ট ৩ জন সাবেক কেন্দ্রীয় সেক্রেটারীসহ ৩২ জন উচ্চপদস্থ সরকারী অফিসারের খেতাব প্রত্যাহার করে নিয়েছেন। কেবিনেট সেক্রেটারিয়েট থেকে প্রকাশিত এক অতিরিক্ত গেজেট অনুসারে যে সব অফিসারের খেতাব প্রত্যাহার করা হয়েছে নিম্নে তাদের নাম ও নামের পাশে খেতাব উল্লেখসহ তালিকা প্রকাশ করা হলোঃ

১। জনাব ডব্লিউ এ শেখ, সাবেক সি এস পি, স্বাস্থ্য ও সমাজকল্যাণ দফতরের সাবেক সেক্রেটারী (সিতারা-ই-পাকিস্তান, সিতারা-ই-কায়েদে আজম)।

২। জনাব এস, এম জাফরী, সাবেক সি এস পি, সাবেক চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর পাকিস্তান ষ্টিল মিল কর্পোরেশন, ইসলামাবাদ (সিতারা-ই-পাকিস্তান, সিতারা-ই-কায়েদে আজম)।

৩। জনাব আবু নাসার, সাবেক সি এস পি, পশ্চিম পাকিস্তান রাজস্ব বোর্ডের সাবেক সদস্য (সিতারা-ই-পাকিস্তান, সিতারা-ই-কায়েদে আজম)।

৪। জনাব আলতাফ হোসেন গওহর, সাবেক সি এস পি, লাহোরস্থ ফাইনান্স সার্ভিসেস একাডেমীর সাবেক ডিরেক্টর (হিলাল-ই-কায়েদে আজম, সিতারা-ই-পাকিস্তান, সিতারা-ই-কায়েদে আজম, তমঘা-ই-পাকিস্তান)।

৫। জনাব এম এম শাহ, সাবেক সি এস পি, সাবেক ডিরেক্টর জেনারেল, কেন্দ্রীয় পরিসংখ্যান সংস্থা, করাচী (সিতারা-ই-কায়েদে আজম)।

৬। জনাব জি ইয়াজদানী মালিক, সাবেক সি এস পি, সাবেক ম্যানেজিং ডিরেক্টর, পাকিস্তান প্রিন্টিং কর্পোরেশন, ইসলামাবাদ (তমঘা-ই-পাকিস্তান)।

৭। জনাব আনোয়ার আদিল, সাবেক সি এস পি, সাবেক ডিরেক্টর, নিপা, করাচী (সিতারা-ই-কায়েদে আজম)।

৮। দরবার আলী শাহ, সাবেক সি এস পি, পেশোয়ারের সাবেক কমিশনার (সিতারা-ই-কায়েদে আজম)।

৯। জনাব এস মুনীর হোসেন, সাবেক সি এস পি, সাবেক সেনসাস কমিশনার স্বরাষ্ট্র দফতর, ইসলামাবাদ (সিতারা-ই-কায়েদে আজম, তমঘা-ই-পাকিস্তান)।

১০। মালিক আবদুল লতিফ খান, সাবেক সি এস পি, সাবেক জয়েন্ট সেক্রেটারী, খাদ্য ও কৃষি ডিভিশন, ইসলামাবাদ (তমঘা-ই-পাকিস্তান)।

১১। জনাব এস মোহাম্মদ হোসেন, সাবেক সি এস পি, খায়েরপুরের সাবেক কমিশনার (তমঘা-ই-পাকিস্তান)।

১২। জনাব হেলাল উদ্দীন আহমদ চৌধুরী, সাবেক সি এস পি, সাবেক ডেপুটি সেক্রেটারী, বাণিজ্য দফতর, ইসলামাবাদ (তমঘা-ই-পাকিস্তান)।

১৩। জনাব শাহ করিমুর রহিম, সাবেক সি এস পি, সাবেক কাষ্টমস কালেক্টর, করাচী (তমঘা-ই-পাকিস্তান)।

১৪। এস মুস্তাফা হোসেন এ জায়েদী, সাবেক সি এস পি, মৃত, পশ্চিম পাকিস্তান সরকারের মৌলিক গণতন্ত্র ও স্থানীয় স্বায়ত্তশাসিত বিভাগের সাবেক সেক্রেটারী (তমঘা-ই-পাকিস্তান)।

১৫। জনাব মোঃ পিয়ার আলী নাজির, সাবেক সি এস পি, সাবেক চেয়ারম্যান, ডিআইটি (তমঘা-ই-পাকিস্তান)।

১৬। জনাব এস ডি কোরেশী, সাবেক সি এস পি, পশ্চিম পাকিস্তান সড়ক পরিবহন সংস্থার সাবেক চেয়ারম্যান (সিতারা-ই-কায়েদে আজম, তমঘা-ই-পাকিস্তান)।

১৭। জনাব খলিলুর রহমান খান, সাবেক সি এস পি, সাবেক ডিআইজি অব পুলিশ, বাহাওয়ালপুর (সিতারা-ই-খিদমত)

১৮। জনাব আবদুল হক, সাবেক সিএসপি, সাবেক চেয়ারম্যান, ইপিআর টিসি, পূর্ব পাকিস্তান, ঢাকা (তমঘা-ই-পাকিস্তান)।

১৯। জনাব মোঃ আলী, সাবেক সি এস পি, সাবেক ডিআইজি অব পুলিশ, রেলওয়ে চট্টগ্রাম (তমঘা-ই-পাকিস্তান)।

২০। জনাব মোঃ ইদ্রিস, সাবেক সি এস পি, সাবেক আইজি অব পুলিশ এস্টাবলিসমেন্ট (সিতারা-ই-কায়েদে আজম)।

২১। জনাব আফিস মজিদ, সাবেক সি এস পি, সাবেক ডিআইজি অব পুলিশ, (সিতারা-ই-খিদমত)।

২২। আলহাজ কফিলউদ্দীন আহমদ, সাবেক চীফ ইঞ্জিনিয়ার, পাক পিডব্লিউডি, করাচী (সিতারা-ই-কায়েদে আজম)।

২৩। সৈয়দ নাসির হোসেন, সাবেক সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার সেন্ট্রাল ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সার্কেল্স, করাচী (তমঘা-ই-পাকিস্তান)।

২৪। জনাব মীর মোঃ হোসেন, সাবেক ডিরেক্টর জেনারেল, টি এন্ড টি বিভাগ, করাচী (সিতারা-ই-খিদমত)।

২৫। জনাব বি এন নাজির, সাবেক চীফ ইঞ্জিনিয়ার, ষ্টাফ এন্ড এস্টাবলিসমেন্ট উইং, টি এন্ড টি বিভাগ, করাচী (সিতারা-ই-খিদমত)।

২৬। জনাব ইয়ামীন কোরেশী, সাবেক জয়েন্ট সেক্রেটারী, কৃষি দফতর, ইসলামাবাদ (সিতারা-ই-খিদমত)।

২৭। জনাব এস আই হক, সাবেক পি আর এস, সাবেক চীফ কন্ট্রোলারাব স্টোর্স, পি ডব্লিউ আর, লাহোর (সিতারা-ই-খিদমত)।

২৮। জনাব ডব্লিউ এ শেখ, সাবেক পি আর এস, সাবেক চেয়ারম্যান, রেলওয়ে বোর্ড (সিতারা-ই-পাকিস্তান)।

শিরোনাম	সূত্র	তারিখ
৯৩। জেনারেল ইয়াহিয়ার বিবৃতি	দৈনিক পাকিস্তান	২ নভেম্বর, ১৯৭১

সীমান্তের ওপার থেকে প্রত্যেক দিন গোলাবর্ষণ করা হচ্ছেঃ ইয়াহিয়া
ভারত-পাকিস্তান যুদ্ধ আসন্ন

লন্ডন, ১লা নভেম্বর (এএফপি)। - পাকিস্তান ও ভারতের মধ্যে যুদ্ধ আসন্ন হয়ে উঠেছে। আজ ডেইলী মেইল পত্রিকার প্রতিনিধির কাছে এক সাক্ষাৎকারে প্রেসিডেন্ট জেঃ ইয়াহিয়া খান এ কথা বলেছেন। তিনি বলেন, ভারত ইতিমধ্যেই আমাদের সাথে যুদ্ধ শুরু করে দিয়েছে। কোন সার্বিক সংঘর্ষ হচ্ছে না, কারণ আমরা পাল্টা আঘাত হানছি না। ভারত পূর্ব পাকিস্তান সীমান্তের ওপারে প্রতিদিন দেড়শ থেকে তিন হাজার গোলাবর্ষণ করে চলেছে। প্রেসিডেন্ট বলেন, চীন পাকিস্তানের ওপর আক্রমণ সহ্য করবে না।

ভারতীয় প্রধানমন্ত্রী মিসেস ইন্দিরা গান্ধী সম্পর্কে তিনি বলেন, স্বাধীন বাংলাদেশ (পূর্ব পাকিস্তান) কায়েম হলে শুধু পাকিস্তানই খণ্ডিত হবে না, ভারতীয় যুক্তরাষ্ট্রের ভাঙ্গনও শুরু হবে, মহিলা এ কথাটি বুঝবেন, আল্লাহর কাছে এই কামনাই করি।

শিরোনাম	সূত্র	তারিখ
৯৪। খেয়ালবশে মুজিবকে মুক্তি দেওয়া যায় নাঃ জেনারেল ইয়াহিয়া	দৈনিক পাকিস্তান	৩ নভেম্বর, ১৯৭১

খেয়ালবশে মুজিবকে মুক্তি দেওয়া যায় নাঃ ইয়াহিয়া

নিউইয়র্ক, ২রা নভেম্বর (এএফপি)। - প্রেসিডেন্ট জেঃ এ এম ইয়াহিয়া খান বলেছেন, পাকিস্তান ও ভারতের মধ্যে যুদ্ধ আসন্ন এবং চীন তার (পাকিস্তানের) সশস্ত্র বাহিনীকে সবরকম অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ সরবরাহ করবে। তিনি বলেছেন, জাতি তার মুক্তি দাবী করলে তিনি শেখ মুজিবুর রহমানকে মুক্তি দেবেন।

নিউজউইক ম্যাগাজিনের প্রতিনিধির সাথে বিশেষ সাক্ষাৎকারে প্রেসিডেন্ট এসব কথা বলেছেন। ইয়াহিয়া বলেন, যুদ্ধ (ভারতের সাথে) যে আসন্ন আপনাকে এ কথা না বলার কোন কারণ নেই। কেননা তা আসন্ন। ভারতীয়রা আমাদের সাথে যুদ্ধ শুরুই করে দিয়েছে। সার্বিক মোকাবিলা হচ্ছে না, কারণ আমরা পাল্টা আঘাত হানছি না।

তিনি বলেন, উত্তপ্ত পরিস্থিতির আরো সম্প্রসারণ ঘটুক তা তিনি চান না। তবে একটা এলাকা দখল করে সেখানে ক্রীড়ানক বাংলাদেশ সরকারকে বসানোর জন্য ভারত যদি উত্তেজনার প্রসার ঘটায় সেটা হবে যুদ্ধ। আর অবস্থা যদি তাই দাঁড়ায় চীন পাকিস্তানের উপর আক্রমণ সহ্য করবে না। প্রত্যক্ষ হস্তক্ষেপ ছাড়া আমরা প্রয়োজনীয় সমস্ত অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ পাবো।

পূর্ব পাকিস্তানের দাবী প্রসংগে প্রেসিডেন্ট বলেন, আমাদের যে সময় নষ্ট হয়েছে- তা পূরণ করার চেষ্টা করছি। ২০শে ডিসেম্বর শাসনতন্ত্র জারী করা হবে। আর এটা খুবই স্বাভাবিক যে পূর্ব পাকিস্তান প্রতিরক্ষা, পররাষ্ট্র ও কর ধার্যের বিষয় ছাড়া আর সব ক্ষেত্রে সর্বাধিক স্বায়ত্তশাসন ভোগ করবে।

শেষ মুজিব প্রসঙ্গে প্রেসিডেন্ট বলেন, মুজিব যদি এখন পুর্ব পাকিস্তানে ফিরে যান, তার লোকেরাই তাকে মেরে ফেলবে। কেননা, তারা তাদের সকল দুর্ভোগের জন্য তাকেই দায়ী করছে। খেয়ালের বশে আমি তাকে মুক্তি দিতে পারি না। তবে জাতি যদি তার মুক্তি চায়- আমি তাকে মুক্তি দেবো।

শিরোনাম	সূত্র	তারিখ
৯৫। পিকিংএ উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল	দৈনিক পাকিস্তান	৬ নভেম্বর, ১৯৭১

পিকিং-এ উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল

প্রেসিডেন্টের প্রতিনিধি হিসেবে ভুট্টো নেতৃত্ব করছেন
উপমহাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা হবে

(সালামত আলী প্রেরিত)

ইসলামাবাদ, ৫ই নভেম্বর। - জনাব জুলফিকার আলী ভুট্টোর নেতৃত্বে আট সদস্যবিশিষ্ট একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল আজ সকালে একটি বিশেষ বিমানযোগে এখান থেকে চীন রওয়ানা হয়ে গেছেন। দু'দেশের মধ্যে অব্যাহত আলোচনার অংশ হিসেবে গণচীনের আমন্ত্রণক্রমে এই প্রতিনিধিদল চীনে গেছেন। প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের প্রতিনিধি হিসেবে জনাব ভুট্টো দলে অন্তর্ভুক্ত হয়েছেন।

কয়েকদিনব্যাপী চীনে অবস্থানকালে প্রতিনিধিদলটি প্রধানমন্ত্রী চৌ এন লাই ও অন্যান্য নেতা ও মন্ত্রীর সঙ্গে বৈঠকে মিলিত হবেন বলে জানা গেছে। পিপিপির চেয়ারম্যান জনাব জুলফিকার আলী ভুট্টো ছাড়াও প্রতিনিধিদলে রয়েছেন পাকিস্তান বিমান বাহিনীর প্রধান সেনাপতি এয়ার মার্শাল এ রহিম খান, পররাষ্ট্র সেক্রেটারী জনাব সুলতান মোহাম্মদ খান, পাকিস্তান সেনাবাহিনীর চীফ অব জেনারেল ষ্টাফ লেঃ জেনারেল গুল হাসান খান, পাকিস্তান নৌবাহিনীর চীফ অব ষ্টাফ রিয়ার এডমিরাল রশীদ, পররাষ্ট্র দফতরের দুজন ডিরেক্টর জেনারেল জনাব আফতাব আহমদ খান ও জনাব তবারক হোসেন এবং পররাষ্ট্র দফতরের ডিরেক্টর জনাব আহমদ কামাল। অতিরিক্ত পররাষ্ট্র সেক্রেটারী জনাব এম এ আলভী এখানে সংবাদিকদের উক্ত প্রতিনিধিদলের চীন রওয়ানা হওয়ার বিষয়টি জানান।

জনাব আলভী প্রতিনিধিদলটিকে অত্যন্ত উচ্চক্ষমতাসম্পন্ন বলে বর্ণনা করেন। তিনি বলেন যে, পাকিস্তান ও গণচীনের মধ্যে পারস্পরিক আলোচনার ব্যবস্থা রয়েছে এবং এই অব্যাহত রীতির ভিত্তিতেই প্রতিনিধিদলটি পিকিং রওয়ানা হয়েছেন। তিনি বলেন যে, প্রতিনিধিদলটির সঙ্গে চীনের নেতাদের উভয় দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় এবং উপমহাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা হবে ।

প্রতিনিধি দলটি যেভাবে গঠন করা হয়েছে তাতে অস্ত্র আনার জন্য সেটি যাচ্ছে এরুপ আভাস রয়েছে কিনা এই মর্মে এক প্রশ্নর জবাবে তিনি বলেন যে, চীন থেকে অস্ত্র সরবরাহ করাটা কোন নতুন কিছু হবে না । তিনি বলেন, যে ধরনের সহযোগিতা রয়েছে তা আপনাদের ভালই জানা আছে।

এই প্রতিনিধিদলের চীন যাত্রা একাধিক কারণে তাৎপর্যপূর্ণ ।

প্রথমতঃ সম্প্রতি ভারত ও সোভিয়েট ইউনিয়নের মধ্যে একটি সামরিক চুক্তি রয়েছে এবং ভারত ইতিমধ্যেই রাশিয়া থেকে আরো অস্ত্র ও সমর্থন আদায়ের জন্য চুক্তিটি কাজে লাগিয়েছে।

দ্বিতীয়তঃ দু'মাসেরও বেশি সময় যাবৎ পাকিস্তান ও ভারতের সশস্ত্র বাহিনীগুলোর প্রায় সমস্ত শক্তি সীমান্ত বরাবর মুখোমুখি দাঁড়িয়ে রয়েছে এবং যে কোন মুহূর্তে সার্বিক যুদ্ধ শুরু হয়ে যাওয়ার মারাত্মক আশংকা রয়েছে।

তৃতীয়তঃ যদিও চীন সর্বদাই পাকিস্তানের সঙ্গে সংহতি প্রকাশ করেছে তবুও সাম্প্রতিক সময়ে সোভিয়েট ইউনিয়নের বিশেষভাবে ভারত ঘেঁষা বিবৃতিগুলোর সঙ্গে তুলনীয় কোন কিছু এ যাবৎ পাওয়া যায়নি।

চতুর্থতঃ বর্তমানে ভেটো ক্ষমতাসম্পন্ন নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য গণচীন কুটনৈতিক পর্যায়ে তৎপরতা চালানোর ক্ষমতা নিয়ে আনুষ্ঠানিকভাবে একটি বৃহৎ শক্তিতে পরিণত হয়েছে। কিছুদিন যাবৎ পাকিস্তান পাক-ভারত বিরোধ নিরাপত্তা পরিষদে উত্থাপনের যথার্থতা বিবেচনা করছে এবং এ ব্যাপারে বন্ধুরাষ্ট্রগুলোর সঙ্গে আলোচনা করছে।

অতিরিক্ত পররাষ্ট্র সেক্রেটারী অবশ্য জানান যে, অবিলম্বে নিরাপত্তা পরিষদে পাক-ভারত বিরোধের প্রশ্ন উত্থাপনের কোন বিকল্প নেই। যাহোক চীন যেহেতু শীঘ্রই নিরাপত্তা পরিষদে বসবে এবং যেহেতু কোন না কোন বৃহৎ শক্তি অথবা সেক্রেটারী জেনারেল উথান্ট কর্তৃক নিরাপত্তা পরিষদে পাক-ভারত উপমহাদেশের পরিস্থিতির বিষয়টি উত্থাপনের সম্ভাবনা রয়েছে।

কাজেই প্রতিনিধিদলটি পিকিং-এ অবস্থানকালে স্বাভাবিকভাবেই এ ব্যাপারে আলোচনা করবে। প্রতিনিধিদলটির গঠন প্রকৃতি এই মর্মে আভাস বহন করছে যে, পাক-ভারত বিরোধের সামরিক ও কুটনৈতিক দিকসহ সকল বিষয়ে পুর্ণাঙ্গ আলোচনার ইচ্ছা রয়েছে।

ভারত পাকিস্তানের বিরুদ্ধে তার তিনটি সশস্ত্র বাহিনী মোতায়েন করায় প্রতিনিধিদলে পাকিস্তানের তিনটি সশস্ত্র বাহিনীর সর্বোচ্চ পর্যায়ের কমান্ডারদের অন্তর্ভুক্তি তাৎপর্যপুর্ণ বলে গণ্য হচ্ছে। এপিপি পরিবেশিত খবরে বলা হয়েছে, প্রতিনিধিদলটি চীনা নেতৃবৃন্দের সঙ্গে গুরুত্বপুর্ণ আলোচনা করবেন। পররাষ্ট্র দফতরের মুখপাত্র জানান যে, প্রতিনিধিদলটি চীনে কয়েকদিন অবস্থান করবেন।

প্রতিনিধি দলটিকে যেরুপ উচ্চক্ষমতাসম্পন্ন করে গঠন করা হয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখে সেটির প্রধানমন্ত্রী চৌ এন লাই ও চীনের অন্যান্য সংশ্লিষ্ট নেতা ও মন্ত্রীর সঙ্গে সাক্ষাতের কর্মসুচী রয়েছে। মুখপাত্রটি বলেন, গণচীন সাধারণতন্ত্রের আমন্ত্রণক্রমে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনার জন্য পাকিস্তানের প্রেসিডেন্ট একটি প্রতিনিধিদলকে পিকিং-এ প্রেরণ করেছেন।

পিকিং থেকে এএফপি পরিবেশিত খবরে বলা হয়, পর্যবেক্ষকরা মনে করেন যে, প্রতিনিধি দলটির এই আকস্মিক পিকিং সফর পাক-ভারত সীমান্তের উত্তেজনার সঙ্গে সংশ্লিষ্ট। এক বছর আগে প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের পিকিং সফরের পর এটাই গণচীন সফরকারী বৃহত্তম পাকিস্তানী প্রতিনিধি দল।

উক্ত খবরে আরো বলা হয় যে, পাকিস্তানের সাবেক পররাষ্ট্রমন্ত্রী এবং বর্তমানে রাজনৈতিক নেতা জনাব জুলফিকার আলী ভুট্টো মন্ত্রী থাকাকালে কয়েকবার পিকিং সফর করেছেন। ৬ বছর আগে চীনের সাংস্কৃতিক বিপ্লবের প্রাক্কালে তিনি শেষবারের মতো পিকিং সফর করেন।

এতে উল্লেখ করা হয় যে, পশ্চিম পাকিস্তানে সংখ্যাগরিষ্ঠ পিপল্স পার্টির নেতা জনাব ভুট্টো বর্তমানে কোন সরকারী পদে অধিষ্ঠিত নেই। এখানে পর্যবেক্ষকরা বলেন যে, পাকিস্তানের সঙ্গে ভারতের বিরোধ এবং পুর্ব পাকিস্তানে তথাকথিত বাংলাদেশ বিদ্রোহের প্রতি জনাব ভুট্টো কঠোর মনোভাবাপন্ন মহলের সমর্থক বলে মনে হয়।

উক্ত খবরে বলা হয় জনাব ভুট্টো এমনি এক সময়ে পিকিং সফর করছেন, যখন ১৯৬২ সালের সীমান্ত সংঘর্ষের পর থেকে তিক্ত চীন-ভারত সম্পর্কে উল্লেখযোগ্য উন্নতির আভাস পাওয়া যাচ্ছে। তবে চীন অথবা ভারত কোন পক্ষই সম্পর্ক স্বাভাবিক করার ব্যাপারে কোন সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করেনি।

গত সপ্তাহে ভারতীয় প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী চীনের জাতিসংঘভুক্তিতে অভিনন্দন জানিয়ে চীনের প্রধানমন্ত্রী ও অস্থায়ী পররাষ্ট্রমন্ত্রীর কাছে বার্তা পাঠিয়েছেন। চীনের প্রধানমন্ত্রী চৌ এন লাই-এর অভিনব কুটনৈতিক অস্ত্র টেবিল টেনিসকেও চীন-ভারত সম্পর্কোন্নয়নে ব্যবহার করা হয়েছে। বর্তমানে ভারতীয় টেবিল টেনিস দল পিকিং-এ আফ্রো-এশীয় বন্ধুত্বমুলক টেবিল টেনিস টুর্নামেন্টে অংশ গ্রহণ করছে।

চীনের বন্ধুরাষ্ট্রের খেলোয়াড় দলকে সাধারণতঃ যেরুপ অভ্যর্থনা জানানো হয় ভারতীয় টেবিল টেনিস দলকেও সেরুপ অভ্যর্থনা জানানো হয়েছে। পর্যবেক্ষক মহলের অবশ্য এ ব্যাপারে কোন সন্দেহ নেই যে, পাকিস্তানের প্রধান অস্ত্র সরবরাহকারী ও পাকিস্তানের বহু কারিগরি ও শিল্প প্রকল্পে সহযোগিতাকারী চীন প্রয়োজনে একনিষ্ঠতম বন্ধু হিসেবে পাকিস্তানের পাশে থাকবে।

তবে যুদ্ধ বাধলে পাকিস্তানীদের সঙ্গে একত্রে যুদ্ধ করার জন্য চীনা সৈন্য পাঠানোর সম্ভাবনা নেই বলে তারা মনে করেন।

পিকিং উপস্থিতি

পিকিং থেকে রয়টার ও এএফপি পরিবেশিত খবরে প্রকাশ, প্রতিনিধিদলটি এখানে এসে পৌঁছেছেন। বিমানবন্দরে চীনের অস্থায়ী সহকারী প্রধানমন্ত্রী মিঃ চী পেং ফি প্রতিনিধিদলকে অভ্যর্থনা জানানোর জন্য উপস্থিত ছিলেন।

জাঁকজমকপূর্ণ পোশাক পরিহিত প্রায় ২ হাজার চীনা তরুণ তরুণী প্রতিনিধিদলটিকে স্বাগত জানায়। বিমানবন্দরে ব্যানারে লেখা ছিল পাকিস্তানের বিশিষ্ট মেহমানদের স্বাগত জানাচ্ছি।

এছাড়া তারা আফ্রো-এশীয় জনগণের সংহতি প্রকাশ করে ও বিদেশী আক্রমণ ও হস্তক্ষেপের বিরুদ্ধে পাকিস্তানী জনগণের সংগ্রামের প্রতি সমর্থন জানিয়ে শ্লোগান দেয়।

জনাব ভুট্টো পরে মিঃ চী পেং ফি-এর সঙ্গে পিকিং-এর রাষ্ট্রীয় মেহমানদের বাসভবনের উদ্দেশ্যে রওয়ানা হয়ে যান।

শিরোনাম	সূত্র	তারিখ
৯৬। আমার কোন বিকল্প ছিল নাঃ নিউজউইক ম্যাগাজিনের সাক্ষাৎকারে প্রেসিডেন্ট ইয়াহিয়া	নিউজউইক ম্যাগাজিন	৮ নভেম্বর, ১৯৭১

A TALK WITH PAKISTAN'S PRESIDENT YAHYA KHAN

With his country in the midst of one crisis-the guerrilla rebellion in East Pakistan-and on the verge of another War with India-Pakistan President Mohammad Yahya Khan gave an interview last week to Newsweek Senior Editor Amaud de Borchgrave. In their conversation, President Yahya spelled out his position on some of the crucial issues facing his country and India. Below, excerpts from Yahya's remarks:

On the Likelihood of war

I have no reason to tell you war is not imminent because it is. The Indians are already at war with us, and the only reason there is no general confrontation is that we are not hitting back. We are still exercising maximum restraint despite growing provocation. The Indians are lobbing from 140 to 3,000 artillery and mortar shells across East Pakistan borders every 24 hours … [The East Pakistan guerrillas] are destroying bridges, electric pylons, even a food ship the other day. The Indians have set up 23 guerrilla training camps … Civilian populations have been evacuated from their border areas, their Defence Minister is threatening us every day … if the Indians escalate with a view to capturing territory and installing a puppet Bangladesh regime, that will be war.

On India's Military Advantages

How can [our] army fight and win against [Indian] army that is five times its size? It would be military lunacy for me to take them on. But if we're attacked we'll fight back … [Te Indians] have a big war machine that is self-sufficient in many respects. If they can lob over 3,000 shells in a day, that means they have plenty of ammunition on hand. It's a luxury our army cannot afford.

On Chinese aid to Pakistan

The Chinese will not tolerate an attack on Pakistan we will get all the weapons and ammunition we need, [every assistance] short of physical intervention. We get some things free and pay for others. But Chinese terms are so easy-25 year credit interest-free. Last year when I was in Peking I negotiated $200 million worth of economic and for our five-year-plan with no interest.

On the Future of Bangladesh

No one ever treated the Bengalis fairly. We too have made mistakes and by "we" I also mean East Pakistanis who have been our Presidents and Premiers since independence. East Pakistan was down and out, and we did not pay sufficient attention to its development.

We are now trying to make up for lost time. The new constitution will be promulgated December 20. They are 1,000 miles away so it is only normal that they enjoy maximum autonomy and handle their own affairs. That means everything except defense, foreign affairs and taxation.

On Sheikh Mujibur Rahman

Many people might not believe me, but I think if he [Mujib, the Bengali leader currently on trial for treason] went back (to East Pakistan) he would be killed by his own people who hold him responsible for all the suffering. In any case, it is an academic question. He had been discussing internal autonomy with me for two years and went back on his word. He organized and led an armed rebellion against the state … There was no alternative but to suppress the rebellion. Any other Government would have done the same thing.. How can I now call that man back and negotiate with him? He is charged with waging war against the state and subverting the loyalty of the army. He is being defended by A.K. Brohi, who is the best and most respected lawyer in the country, Brohi would not have taken the case if he thought there was going to be any hanky-panky in the military court. I did not shoot Mujib first and try him later as some governments are prone to do. What we do after sentence has been passed is the prerogative of the head of state. I cannot release him on a whim. It's one hell of a responsibility. But if the nation demands his release, I will do it.

On and Independent Bangladesh

The worst losers will be the Indians themselves. West Bengal and Assam will soon join in, and that will be the beginning of the breakup of the Indian Union itself. I hope to God this woman (Mrs. Gandhi) understands.

শিরোনাম	সূত্র	তারিখ
৯৭। পাক প্রতিনিধিদলের চীন সফরের ফলাফল বর্ণনা	দৈনিক পাকিস্তান	৯ নভেম্বর, ১৯৭১

'অস্থায়ী পররাষ্ট্রমন্ত্রী দ্ব্যর্থহীন ভাষায় চীনের মনোভাব ব্যক্ত করেছেন' আলোচনার ফল সন্তোষজনকঃ চৌ

পিকিং, ৮ই নভেম্বর (এপিপি)। - প্রধানমন্ত্রী চৌ এন লাই গতরাতে বলেন যে, চীনের নেতৃবৃন্দ ও বন্ধুত্বমুলক সফরের জন্য প্রেসিডেন্ট ইয়াহিয়া খান কর্তৃক চীনে প্রেরিত পাকিস্তানী প্রতিনিধিদলের মধ্যে আলোচনায় সন্তোষজনক ফল পাওয়া গেছে।

চীন থেকে ফিরে আসার আগে চীনা নেতাদের সম্মানে পাকিস্তানী প্রতিনিধিদলের নেতা জনাব জুলফিকার আলী ভুট্টো এক ভোজসভার আয়োজন করেন।

ভোজসভায় এক সংক্ষিপ্ত ভাষণে প্রধানমন্ত্রী চৌ এন লাই উক্ত মন্তব্য করেন। তিনি বলেন, এই আলোচনার সাফল্যে দু দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সহযোগিতা ও আন্তরিকতাপূর্ণ বন্ধুত্বেও পুরোপুরি পরিচয় রয়েছে।

তিনি বলেন, অস্থায়ী পররাষ্ট্রমন্ত্রী চী পেং ফেই তার ভাষণে চীনের ভূমিকা পরিষ্কার ভাষায় ব্যক্ত করেছেন।

তিনি পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়া সরকার ও জনগণের কাছে চীনা সরকার এবং জনগণের শ্রদ্ধা ও শুভেচ্ছা জানানোর জন্য পাকিস্তানী প্রতিনিধিদলকে অনুরোধ জানান।

হংকং থেকে রয়টার পরিবেশিত খবরে প্রকাশ, চৌ এন লাই ও ইয়াহিয়ার বিশেষ দূত জনাব ভুট্টো তাঁদের আলোচনায় সন্তোষ প্রকাশ করেছেন বলে সিনহুয়ার খবরে বলা হয়েছে। গতরাতে জনাব ভুট্টো প্রদত্ত ভোজসভায় তাঁরা ভাষণ দেন।

মিঃ চৌ এন লাই বলেন, ইয়াহিয়ার কাছ থেকে দায়িত্ব নিয়ে পাকিস্তানী প্রতিনিধিদল চীনে বন্ধুত্বমূলক সফরে এসেছেন এবং সাধারণ স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে চীন সরকারের নেতৃস্থানীয় ব্যক্তিদের সঙ্গে তাঁদের আলোচনায় সাফল্যজনক ফল পাওয়া গেছে।

গত শুক্রবার পিকিং আগমনের পর মিঃ চৌ এন লাই ও অন্য চীনা নেতাদের সঙ্গে ভুট্টোর প্রতিনিধিদলের আলোচনা হয়েছে বলে যে খবর বেরিয়েছে সে সম্পর্কে সিনহুয়া কোন বিস্তারিত বিবরণ দেয়নি।

যাই হোক, ভুট্টো গতরাতে পিকিং-এ এক সাংবাদিক সম্মেলনে বলেন যে, আলোচনার ফল এশিয়ার হামলা প্রতিরোধ করবে। চীনের অস্থায়ী পররাষ্ট্রমন্ত্রী চী পেং ফেই পাকিস্তানী প্রতিনিধিদলের জন্য প্রদত্ত ভোজসভায় অভিযোগ করেছেন যে, পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে ভারত হস্তক্ষেপ করছে।

জনাব ভুট্টো গতরাতে চীনা নেতাদের সম্মানে প্রদত্ত ভোজসভায় বলেন যে, চীনা নেতাদের সঙ্গে ফলপ্রসূ আলোচনা করে তাঁর প্রতিনিধিদল দেশে ফিরছে।

এশিয়ায় পাকিস্তানের ভূমিকা হচ্ছে শান্তি, বন্ধুত্ব, অন্যের ব্যাপারে হস্তক্ষেপ না করা ও মানবজাতির অগ্রগতি। পাকিস্তান ও চীনের জনগণ এই সাধারণ লক্ষ্য অর্জনের জন্য কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করবে।

শিরোনাম	সূত্র	তারিখ
৯৮। অঘোষিত যুদ্ধ হচ্ছেঃ ইয়াহিয়া	দৈনিক পাকিস্তান	৯ নভেম্বর, ১৯৭১

অঘোষিত যুদ্ধ হচ্ছেঃ ইয়াহিয়া
ভারত হামলা করলে চীন হস্তক্ষেপ করবে

করাচী, ৮ই নভেম্বর (পিপিআই)। - ভারত পাকিস্তানের উপর আক্রমণ চালালে গণচীন যেভাবে পারে পাকিস্তানকে সাহায্য করবে। প্রেসিডেন্ট ইয়াহিয়া খান গত শুক্রবার লাহোরে কলম্বিয়া ব্রডকাষ্টিং কর্পোরেশনের প্রতিনিধি টমাস ফেন্টনের সাথে এক সাক্ষাৎকারে এ কথা বলেছেন।

প্রেসিডেন্ট বলেন, ভারত পাকিস্তানে আক্রমণ চালালে অবশ্যই চীন হস্তক্ষেপ করবে।

পাকিস্তান ও ভারত কি যুদ্ধের কাছাকাছি এসেছে এ প্রশ্নের জবাবে প্রেসিডেন্ট বলেন, এর মধ্যেই একটা অঘোষিত যুদ্ধ শুরু হয়েছে। তিনি বলেন, পাকিস্তান ভারতের প্রতি অসাধারণ সহিষ্ণুতা দেখাচ্ছে। কিন্তু ভারত আমাদের সীমান্তে অব্যাহতভাবে গোলাবর্ষণ করে চলেছে। বেআইনী ঘোষিত আওয়ামী লীগের নেতা শেখ মুজিবুর রহমানের বিচার সম্পর্কিত প্রশ্নের উত্তরে প্রেসিডেন্ট বলেন, বিচার চলছে।

প্রেসিডেন্ট আরো বলেন, শেখ মুজিবের ভাগ্যে কি ঘটবে না ঘটবে সে সিদ্ধান্ত আদালতই গ্রহণ করবে। তবে বিচার সমাপ্ত হলেই মামলার বিবরণ প্রকাশ করা হবে। পূর্ব পাকিস্তানে রাজনৈতিক সমাধান প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে প্রেসিডেন্ট বলেন, তিনি আগেই জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তরের একটি পরিকল্পনা দিয়েছেন এবং তিনি তা বাস্তবায়িত করবেন।

পূর্ব পাকিস্তানের একটি সংখ্যাগরিষ্ঠ দল ছাড়া কিভাবে তিনি ক্ষমতা হস্তান্তর করবেন এর জবাবে প্রেসিডেন্ট বলেন, নির্বাচন শেষে একটি সংখ্যাগরিষ্ঠ দলের অভ্যুদয় ঘটবে এবং তার কাছেই ক্ষমতা হস্তান্তরিত হবে।

উদ্বাস্তুদের প্রসঙ্গে তিনি বলেন, যারা সত্যিকারভাবে তাদের ঘরবাড়ী ফেলে ভারতে চলে গেছেন সেইসব উদ্বাস্তুকে ফিরিয়ে নিতে পাকিস্তান রাজী আছে। এ ব্যাপারে আমরা জাতিসংঘের প্রস্তাব গ্রহণ করেছি।

শিরোনাম	সূত্র	তারিখ
৯৯। দন্ডবিধি সংশোধন আইন জারী	পাকিস্তান অবজারভার	১২ নভেম্বর, ১৯৭১

CRIMINAL LAW AMENDMENT ORDER ISSUED

Islamabad, November 11-The President has issued an order which provides for the setting up of a Special Court for the trial of persons accused of an offence punishable under Section 120 B (criminal conspiracy) 342 (wrongful confinement) or 435 (Mischief by fire or explosive substance with intent to cause damage) of the Pakistan Penal Code of Section 3 of the Official Secrets Act. 1923 (spying) or Section 3 of the Enemy Agents Ordinance 1943 (aiding the enemy) reports APP.

The special court to be set up by the central Government will consist of a Judge of the Supreme Court of Pakistan as its chairman and a Judge of a high court as member. The order called the Criminal Law Amendment (Special court) order 1971 (President's order No. 13 of 1971) was made by the President on November 8, 1971 and released here yesterday by the Ministry of Law and Parliamentary Affairs (Law division) for general information.

শিরোনাম	সূত্র	তারিখ
১০০। বন-এ পররাষ্ট্র সেক্রেটারী সীমান্ত পরিস্থিতির অবনতি ঘটেছে	দৈনিক পাকিস্তান	২৪ নভেম্বর, ১৯৭১

বন-এ পররাষ্ট্র সেক্রেটারী

সীমান্ত পরিস্থিতির অবনতি ঘটেছে

বন, ২৩শে নভেম্বর (রয়টার)। - পাকিস্তানের পররাষ্ট্র সেক্রেটারী জনাব সুলতান মোহাম্মদ খান গত রাতে বলেন যে, পাক-ভারত বিরোধের গতকালকের খবরে সীমান্ত এলাকায় পরিস্থিতির ব্যাপক অবনতিরই আভাস পাওয়া যায়।

পাকিস্তান পররাষ্ট্র দফতরের শীর্ষস্থানীয় কর্মচারী জনাব খান সাংবাদিক সম্মেলনে ভাষণদানকালে জনৈক সাংবাদিক পূর্ব পাকিস্তানের বিরুদ্ধে ভারতের সর্বাত্মক হামলার পাকিস্তানী খবর তাঁকে অবহিত করেন।

পরিস্থিতি পূর্বাপেক্ষা আরও অধিকতর জটিল ও বিপজ্জনক মনে হচ্ছে বলে তিনি মন্তব্য করেন। যেহেতু পকিস্তানী ভূখণ্ডেই আক্রমণ হচ্ছে তা থেকেই পরিস্কার হয়ে ওঠে কোথা থেকে হামলাটা হচ্ছে। জনাব খান আরও বলেন যে, যুদ্ধের মাধ্যমে ভারত ও পাকিস্তানের মধ্যকার কোন সমস্যারই সমাধান হবে না বরং তাতে উদ্বাস্তুদের সংখ্যাই বৃদ্ধি পাবে এবং উভয় দেশই অর্থনৈতিক বিপর্যয়ের সম্মুখীন হবে।

ভারতীয় আক্রমণের পর পাকিস্তান ভারতীয় ভূখণ্ডে পাল্টা আক্রমণ হানবে কি না জিজ্ঞাসা করা হলে জনাব খান যে কোন দেশের আত্মরক্ষা করার মৌলিক অধিকার সংক্রান্ত আন্তর্জাতিক আইন-তথা জাতিসংঘ সনদের উল্লেখ করেন।

জনাব খান আরও বলেন যে, ভারতের হামলার ফলে উভয় পক্ষেই বিপুল প্রাণহানি ঘটবে এবং শুধুমাত্র দু দেশের জন্যই নয় বরং সমগ্র এশিয়ার জন্যই তা আরও বহুবিধ সমস্যার সৃষ্টি করবে।

ওয়াশিংটন, অটোয়া, প্যারিস, বন প্রভৃতি স্থান সফর শেষে জনাব খানের আজ পাকিস্তান প্রত্যাবর্তনের কথা।

শিরোনাম	সূত্র	তারিখ
১০১। উপমহাদেশের পরিস্থিতিতে পাকিস্তান যে কোন বৃহৎ শক্তির উদ্যোগকে স্বাগত জানাবে	দৈনিক পাকিস্তান	২৬ নভেম্বর, ১৯৭১

উপমহাদেশের পরিস্থিতিতে পাকিস্তান যে কোন বৃহৎশক্তির উদ্যোগকে স্বাগত জানাবে

রাওয়ালপিণ্ডি, ২৪শে নভেম্বর (এপিপি)। - পাকিস্তান উপমহাদেশের পরিস্থিতি স্বাভাবিক ও ভারতের হামলা বন্ধ করার ক্ষেত্রে যেকোন বৃহৎশক্তির উদ্যোগকে স্বাগত জানাবে।

আজ সন্ধ্যায় একজন সরকারী মুখপাত্র এ কথা বলেছেন। মুখপাত্রটি বলেন, আজ সংবাদপত্রে প্রকাশিত খবর অনুসারে উপমহাদেশের বর্তমান সংকট পরিসমাপ্তির জন্য যদি যুক্তরাষ্ট্র ও সোভিয়েট ইউনিয়ন দ্বিপাক্ষিক উদ্যোগ গ্রহণ করে তবে আমরা এ বিষয়ে অত্যন্ত খুশী হবো।

তিনি বলেন, কিন্তু পাকিস্তান বর্তমান পর্যায়ে এ ধরণের উদ্যোগ গ্রহণের জন্যে অনুরোধ জানাতে পারে না। কারণ পাকিস্তান ভারত কর্তৃক আক্রান্ত হয়েছে এবং শান্তি প্রতিষ্ঠায় আগ্রহী সব বৃহৎশক্তিরই উচিত ভারতকে বলে তার আক্রমণ থামানো।

যুক্তরাষ্ট্র ও সোভিয়েট ইউনিয়ন উভয়ে পরস্পরের সংস্পর্শে রয়েছে এবং এই উপমহাদেশের শান্তি প্রতিষ্ঠার জন্যে বেসরকারী উদ্যোগ গ্রহণ করেছেন বলে ওয়াশিংটনে প্রকাশিত একটি সংবাদ সম্পর্কে মন্তব্য করতে বলা হয়েছিল।

বর্তমান পরিস্থিতিতে যুক্তরাষ্ট্রের আগ্রহ সম্পর্কে পাকিস্তানের মনোভাব কি হবে মুখপাত্রকে একজন সাংবাদিক এ প্রশ্নও করেন। মুখপাত্রটি বলেন, এই সমস্যা সমাধানে বিদেশী শক্তির সাহায্যকে পাকিস্তান পছন্দ করবে। তিনি বলেন, পূর্ব পাকিস্তান পরিস্থিতির একমাত্র সমস্যা হলো উদ্বাস্তু ব্যক্তিদের প্রত্যাবর্তন।

এ জন্য পাকিস্তান জাতিসংঘের সহযোগিতা ও তত্ত্বাবধানকে স্বাগত জানিয়েছে। তিনি বলেন, পাকিস্তান বাস্তুত্যাগী ব্যক্তিদের তাদের বাড়ীঘরে ফিরিয়ে আনার জন্যে নিজেই পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন, পাকিস্তান আক্রান্ত হয়েছে এবং আমরা আক্রমণকারী নই। সংঘর্ষ বন্ধ করার ক্ষেত্রে দ্বিপাক্ষিক বিদেশী শক্তির উদ্যোগে আমরা খুশী হবো।

প্রশ্ন:- আপনি বলেছেন পাকিস্তানের বিরুদ্ধে ভারত সোভিয়েট দুরপাল্লার কামান ব্যবহার করছে। এ জন্যে পাকিস্তানকে মস্কোর কোন উদ্যোগ মেনে নেয়ার সম্ভাবনাকে আপনি কি বাতিল করে দেবেন।

উত্তর:- সোভিয়েট ইউনিয়ন থেকে যদি কোন গঠনমূলক ও শান্তিপূর্ণ উদ্যোগ আসে আমরা তা পছন্দ করবো। ভারতই বিভিন্ন দেশকে পাকিস্তানে অস্ত্র সরবরাহ বন্ধ করার জন্য চাপ দিচ্ছে। যেসব দেশ ভারতকে সামরিক সাহায্য দিচ্ছে তাদের দেখা উচিত ভারত কি ভাবে এই অস্ত্রশস্ত্র ব্যবহার করে।

শিরোনাম	সূত্র	তারিখ
১০২। ন্যাপের সকল গ্রুপ নিষিদ্ধ ঘোষণা	দৈনিক পাকিস্তান	২৭ নভেম্বর, ১৯৭১

ন্যাপের সকল গ্রুপ নিষিদ্ধ ঘোষণা
কতিপয় নেতাকে আটকের আদেশ
দলের পরিষদ সদস্যদের আসন থাকবে- প্রেসিডেন্ট

রাওয়ালপিণ্ডি, ২৬শে নভেম্বর (এপিপি)। - প্রেসিডেন্ট আজ ন্যাশনাল আওয়ামী পার্টির সকল উপদল ও গ্রুপকে নিষিদ্ধ ঘোষণা করেছেন। আজ এখানে প্রদত্ত এক বিবৃতিতে প্রেসিডেন্ট বলেন যে, তিনি ইতিমধ্যে ন্যাপের কতিপয় নেতাকে আটক করার আদেশ দিয়েছেন।

বিবৃতিতে বলা হয়, তবে ন্যাপের টিকিটে জাতীয় ও প্রাদেশিক পরিষদে নির্বাচিত ব্যক্তিদের আসন বহাল থাকবে। বিবৃতিতে বলা হয়, ন্যাশনাল আওয়ামী পার্টি দীর্ঘদিন যাবৎ পাকিস্তানের স্বার্থ ও নিরাপত্তার বিরুদ্ধে কাজ করছিল। এর কতিপয় নেতা এই দেশ সৃষ্টির বিরুদ্ধে জোর তৎপরতা চালিয়েছিল এবং এর অস্তিত্ব মেনে নিতে পারেনি।

তারা এর ক্ষতি করার কোন সুযোগই নষ্ট করেননি। এখন যখন তার পূর্ব অংশে অভ্যন্তরীণ নাশকতামূলক তৎপরতার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছে এবং যখন ভারতীয় বাহিনী পাকিস্তানের এলাকা আক্রমণ করেছে এবং যখন তার (ভারতের) নেতৃবৃন্দ আমাদের এলাকা দখল ও তা নিয়ন্ত্রণে রাখার কথা বলছেন, তখন উক্ত দলের কতিপয় নেতা এ দেশের শত্রুদের সঙ্গে যোগসাজশে পাকিস্তানকে খণ্ডবিখণ্ড ও ধ্বংস করার ষড়যন্ত্র ও পরিকল্পনা করছেন। প্রেসিডেন্ট বলেন, অধ্যাপক মোজাফফর আহমদ এখন দেশের বিরুদ্ধে এক বিদ্রোহে নেতৃত্ব দিচ্ছেন। যারা প্রথমেই পূর্ব পাকিস্তানের বিচ্ছিন্নতা দাবী করেছিলেন মওলানা ভাসানী তাদের অন্যতম, এবং এখন তিনি আমাদের শত্রুদের মধ্যে বসবাস করছেন।

এছাড়া সবচেয়ে ঘোরতর পাকিস্তানবিরোধী আব্দুল গাফফার খান এই দেশের প্রতি শত্রুতায় কখনো ক্ষান্ত হননি এবং এখন তিনি এর শত্রুদের সঙ্গে প্রকাশ্যে যোগসাজশে কাজ করে যাচ্ছেন। এই দলের অন্যান্য কতিপয় নেতা পাকিস্তানের কোন কোন অংশে বিদ্রোহ শুরু করার ষড়যন্ত্র করছেন। প্রেসিডেন্ট তাঁর বিবৃতিতে বলেন, আমি ধৈর্যের সঙ্গে আশা করেছিলাম যে, এই সংকটপূর্ণ সময়ে আমরা আমাদের অস্তিত্বের জন্য সংগ্রাম করছি। তখন শুভবুদ্ধির উদয় হবে এবং এই দলের নেতৃবৃন্দের মধ্যে এখনো যারা পাকিস্তানে আছেন তারা এক সাধারণ শত্রুর মোকাবিলায় আমাদের সঙ্গে শরীক হবেন অথবা কমপক্ষে সক্রিয় শত্রুতা থেকে বিরত থাকবেন।

প্রেসিডেন্ট বলেন, কিন্তু যখন বৈদেশিক হামলা হয়েছে তখন আমরা আমাদের শত্রুদের অনুরুপ লক্ষ্যসম্পন্ন ও তাদের সঙ্গে সর্বদা যোগাযোগ রক্ষাকারী এবং উক্ত লক্ষ্যসমূহ অর্জনে তাদের (আমাদের শত্রুদের) সক্রিয়ভাবে সাহায্য করার উদ্দেশ্যে পরিকল্পনা প্রণয়নকারী একটি রাজনৈতিক দলের অব্যাহত অস্তিত্ব থাকতে দিতে পারি না। কাজেই দেশের অভ্যন্তর থেকে এই হুমকি দূর করার প্রয়োজনীয়তা রয়েছে।

প্রেসিডেন্ট ইয়াহিয়া বলেন, কাজেই আমি ন্যাশনাল আওয়ামী পার্টির সকল গ্রুপ ও উপদল নিষিদ্ধ করার সিদ্ধান্ত নিয়েছি।

আমি ইতিমধ্যেই এই দলের কিছু সংখ্যক নেতাকে আটক করার আদেশ দিয়েছি। তিনি বলেন, তবে দলের উপর নিষেধাজ্ঞা জারি করা সত্ত্বেও এই দলের টিকেটে যারা জাতীয় ও প্রাদেশিক পরিষদগুলোতে নির্বাচিত হয়েছেন, তাদের আসন বহাল থাকবে।

প্রেসিডেন্ট বলেন, আশা করা যাচ্ছে যে, তারা এবং রাষ্ট্রবিরোধী কার্যকলাপে লিপ্ত ব্যক্তিদের প্রভাবমুক্ত দলের অন্যান্য সদস্যরা প্রতিরক্ষায় এবং দেশের উন্নতির জন্য পুরোপুরিভাবে এবং অকপটে তাদের ভূমিকা পালন করবে।

শিরোনাম	সূত্র	তারিখ
১০৩। উপনির্বাচনঃ ভোট গ্রহণের তারিখ ঘোষণা	দৈনিক পাকিস্তান	২৭ নভেম্বর, ১৯৭১

উপনির্বাচনঃ
ভোট গ্রহণের তারিখ ঘোষণা

ইসলামাবাদ, ২৬শে নভেম্বর, (এপিপি)। -প্রধান নির্বাচন কমিশনার পুর্ব পাকিস্তানে জাতীয় ও প্রাদেশিক পরিষদ উপনির্বাচনের ভোট গ্রহণের তারিখ ঘোষণা করেছে। জাতীয় পরিষদের ২০টি ও প্রাদেশিক পরিষদের ৭১টি আসনে এই উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, বিভিন্ন নির্বাচনী এলাকায় ৭ই ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বর পর্যন্ত ভোট গ্রহণের তারিখ নির্ধারিত হয়েছিল।

শিরোনাম	সূত্র	তারিখ
১০৪। বিচারের জন্য বিশেষ আদালত গঠিত	দৈনিক পাকিস্তান	২৭ নভেম্বর, ১৯৭১

বিচারের জন্য বিশেষ আদালত গঠিত
ষড়যন্ত্র , গুপ্তচরবৃত্তি ও শত্রুকে সাহায্য

ইসলামাবাদ, ২৬শে নভেম্বর, (এপিপি)। -কেন্দ্রীয় সরকার আজ ষড়যন্ত্র, গুপ্তচরবৃত্তি ও শত্রুদের সাহায্য করার দায়ে অভিযুক্ত ব্যক্তিদের বিচারের জন্য দু'সদস্যের একটি বিশেষ আদালত গঠনের কথা ঘোষণা করেছেন।

সম্প্রতি জারীকৃত ফৌজদারী আইন সংশোধন (বিশেষ আদালত) আদেশ মোতাবেক এই আদালত গঠন করা হয়েছে। এই আদালতের বিচারপতিদ্বয় হচ্ছেন সুপ্রীম কোর্টের বিচারপতি জনাব মোহাম্মদ ইয়াকুব আলী (চেয়ারম্যান) এবং সিন্ধু ও বেলুচিস্তান হাইকোর্টের বিচারপতি জনাব আবদুল কাদির শেখ।

১৯৭১ সালের ফৌজদারী আইন সংশোধন (বিশেষ আদালত) নির্দেশটি (১৯৭১ সালের প্রেসিডেন্টের নির্দেশ নম্বর ১৩) ১৯৭১ সালের ১১ই নভেম্বর জারী করা হয়।

এই নির্দেশের তৃতীয় ধারায় পাকিস্তান ফৌজদারী দন্ড বিধির ১২০ (ষড়যন্ত্র), ৩৪২ (বেআইনীভাবে আটক রাখা) অথবা ৪৩৫ (ক্ষতি করার উদ্দেশ্যে বিস্ফোরকদ্রব্য ব্যবহার) অথবা ১৯২৩ সালের সরকারী গোপনীয়তা আইনের গুপ্তচরবৃত্তির তৃতীয় ধারা অথবা ১৯৪৩ সালের শত্রুর চর (শত্রুকে সাহায্য করা) অর্ডিন্যান্সের তৃতীয় ধারা মোতাবেক শাস্তি পাবার যোগ্য অপরাধীদে বিচারের জন্য দু'সদস্যের একটি বিশেষ আদালত গঠনের ব্যবস্থা করা হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
১০৫। জাতীয় পরিষদের অধিবেশনঃ সদস্যদের কাছে চিঠি পাঠানো হয়েছে	দৈনিক পাকিস্তান	১৮ নভেম্বর, ১৯৭১

জাতীয় পরিষদের অধিবেশনঃ সদস্যদের কাছে চিঠি পাঠানো হয়েছে

ইসলামাবাদ, ২৭শে নভেম্বর, (এপিপি)। -প্রেসিডেন্ট কর্তৃক পরিষদ অধিবেশনের তারিখ ২৭শে ডিসেম্বর নির্বাচিত হয়েছে। এ খবর জানিয়ে জাতীয় পরিষদ সদস্যদের সেক্রেটারিয়েট নির্বাচিত পরিষদ সদস্যের নিকট পত্র পাঠিয়েছে।

প্রেসিডেন্ট যখন পরিষদের অধিবেশন ডাকবেন তখন সদস্যদের নিকট আনুষ্ঠানিক নোটিশ ও আলোচ্যসূচী পাঠানো হবে।

পরিষদ ও অধিবেশনের স্থান এখনো ঠিক হয়নি। তবে জাতীয় পরিষদ অধিবেশন ইসলামাবাদে বসতে পারে। এখানকার স্টেট ব্যাংক ভবনে তার ব্যবস্থা সম্পন্ন হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
১০৬। ভারতে সোভিয়েট অস্ত্রঃ সরকারী মুখপাত্রের তথ্য প্রকাশ	দৈনিক পাকিস্তান	২৮ নভেম্বর, ১৯৭১

সরকারী মুখপাত্রের তথ্য প্রকাশ
ভারতে সোভিয়েট অস্ত্রঃ
পাকিস্তান সকলকে অবহিত করেছে

রাওয়ালপিণ্ডি, ২৭শে নভেম্বর, (এপিপি)। পাকিস্তান 'সকল উপযুক্ত মহলে' ভারতে সোভিয়েট ইউনিয়নের অব্যহত সামরিক সাহায্যের বিষয়টি গোচরীভূত করেছে। আজ সন্ধ্যায় একজন মুখপাত্র এ কথা জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সোভিয়েট ইউনিয়ন কয়েক বছর ধরে ভারতকে অস্ত্র সরবরাহ করছে।

এসব সরবরাহ এখন ভারতের কাছে দ্রুত গতিতে পৌঁছাচ্ছে। এগুলো পুরনো অথবা নতুন চুক্তি অনুযায়ী ভারতে আসছে কিনা তা বলা যাচ্ছে না। তিনি বলেন, আমরা সমস্ত বৃহৎ শক্তি ও অন্যান্য দেশকে বলছি, পাকিস্তান অস্ত্রশস্ত্রে স্বয়ংসম্পূর্ণ নয়। পক্ষান্তরে ভরত বিভিন্ন উৎস থেকে সামরিক সরঞ্জাম পাচ্ছে।

এমনকি পাকিস্তানে পাশ্চাত্যের অস্ত্র সরবরাহ বন্ধের পরও ভারত তা পাচ্ছে। 'আমরা আমাদের চাহিদা পূরণের জন্য যা করা সম্ভব সবই করছি। তিনি বলেন, পাকিস্তান সকল বৃহৎ ও বন্ধু দেশকে আরো জানিয়ে দিয়েছে যে, ভারতের প্রতি সোভয়েটের সামরিক সাহায্য নয়াদিল্লীকে পাকিস্তানের বিরুদ্ধে শত্রুতা করার উৎসাহ যোগাচ্ছে, তার মনোভাব কঠোর করেছে এবং পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে তাকে গভীরভাবে জড়িয়ে ফেলেছে। তিনি বলেন, মস্কোর পাকিস্তানী রাষ্ট্রদূত জনাব জামসেদ মার্কার এখন ইসলামাবাদে আছেন। তিনি পররাষ্ট্র দফতরের সাথে এই উপমহাদেশে সোভিয়েট নীতির বিষয় নিয়ে আলোচনা করতে এসেছেন।

সোভিয়েটের পত্র

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, দুই দিন আগে সোভিয়েট রাষ্ট্রদূত প্রেসিডেন্টের কাছে একটি চিঠি দিয়েছেন। সংক্ষিপ্তভাবে এতে সোভিয়েটের আগের চিঠির বক্তব্যই বলা হয়েছে, তবে ভাষায় খানিকটা বিভিন্নতা থাকতে পারে। 'এর দ্বারা আমাদের অবস্থানের পরিবর্তন বোঝায় না। সাজ্জাদ হায়দার-শরণ শিং বৈঠক সম্পর্কে মুখপাত্র বলেন, নয়াদিল্লী যে ধারণাই দিক বর্তমান উত্তপ্ত পরিস্থিতি প্রশমনের সমস্যা সমাধানের কোন গঠনমূলক প্রস্তাব দেয়া হয়নি।

তিনি বলেন, প্রেসিডেন্ট ইয়াহিয়া খান আগে উত্তেজনা হ্রাসের সুস্পষ্ট প্রস্তাবে সীমান্ত থেকে সৈন্য প্রত্যাহারের কথা বলেছেন।

প্রশ্নঃ ভারতীয় আক্রমণের বিষয়টি পাকিস্তান কর্তৃক নিরাপত্তা পরিষদে পেশ করার বাধা কোথায়?

মুখপাত্রঃ কোন বাধা নেই। তবে এটা খুব সহজ ব্যাপার নয়।

কতগুলো অবস্থার আলোকে এবং বৃহৎশক্তিগুলোর মতামতের ভিত্তিতে নিরাপত্তা পরিষদ বিষয়টি বিবেচনা করবে। এসব শক্তি সমস্যাটি সমাধানের চেষ্টা চালিয়ে যাচ্ছে। জাতিসংঘ সাধারণ পরিষদে চীনা পররাষ্ট্রমন্ত্রীর

বক্তব্য সম্পর্কে তিনি বলেন, 'গণচীন পরিস্থিতি সম্পর্কে নিজস্ব সিদ্ধান্তে পৌঁছেছে।' যখন সোভিয়েট অস্ত্র সমানে ভারতে আসছে তখন মস্কো-দিল্লী চুক্তি পাকিস্তানের বিরুদ্ধে নয়- সোভিয়েটের এই অভিমত পাকিস্তান কি করে বিশ্বাস করবে।

জবাবে মুখপাত্র বলেন, 'আমাদের আগের ধারণা' পরিস্থিতি আমাদের বিশ্লেষণভিত্তিক ছিল। কিন্তু আমাদের অভিজ্ঞতায় দেখছি চুক্তিটি ভারতকে উৎসাহ যোগাচ্ছে, তার শত্রুতা বাড়িয়েছে, তার মনোভাব কঠোরতর করছে।

বৃটিশ প্রধানমন্ত্রী হীথ পাকিস্তান ও ভারতের মধ্যে মধ্যস্থতার কোন প্রস্তাব করেছেন কিনা তার জবাবে মুখপাত্র বলেন, এরকম প্রস্তাবের কথা আমি জানি না।

শিরোনাম	সূত্র	তারিখ
১০৭। জরুরী অবস্থা ও পাকিস্তান প্রতিরক্ষা আইন জারী	মর্নিং নিউজ	২৯ নভেম্বর, ১৯৭১

DEFENCE OF PAKISTAN RULES NOTIFIED

Rawalpindi, November 28, (APP). The Defense of Pakistan Rules made by the Central government under the Defense of Pakistan Ordinance promulgated by the President have been notified along with the ordinance in the gazette of Pakistan extraordinary made available here yesterday .

The rules meant to meet the present situation of emergency in the country are 213 in total.

The gazette notification is dated November 23. 1971 when emergency was proclaimed in the country due to the threat of external aggression.

OFFICIAL ANNOUNCEMENT REGARDING DECLARATION OF EMERGENCY, BY THE PRESIDENT OF PAKISTAN November 23, 1971

Whereas the president is satisfied that a grave emergency exists in which Pakistan is threatened by external aggression.

Now, therefore, in pursuance of the proclamation of the 25th day of March, 1969, read with the Provisional Constitution Order, and in exercise of all powers enabling him in that behalf, the president is pleased hereby to issue this proclamation of emergency.

শিরোনাম	সূত্র	তারিখ
১০৮। ভারতীয় 'অনুপ্রবেশ' সম্পর্কে সরকারী মুখপাত্রের বিবরণ	দৈনিক পাকিস্তান	২৯ নভেম্বর, ১৯৭১

সরকারী মুখপাত্রের বিবরণ
পূর্ব পাকিস্তানের অভ্যন্তরে ভারতীয় অনুপ্রবেশ চেষ্টা ব্যর্থ

রাওয়ালপিণ্ডি, ২৮শে নভেম্বর, (এপিপি)। -আজ এখানে একজন সরকারী মুখাপাত্র বলেন যে, কুমিল্লা-নোয়াখালী সেক্টরে পাকিস্তানী সৈন্যদের সঙ্গে বিভিন্ন সংঘর্ষে আরো ৩০ জন ভারতীয় সৈন্য নিহত হয়েছে। গত ২৪ ঘন্টায় এসব ভারতীয় সৈন্য মারা যায়।

কুমিল্লা-নোয়াখালী সেক্টরের গুলবানিয়ায় ভারতীয়রা নতুন করে ক্ষয়ক্ষতির সম্মুখীন হয় সেখানে তাদের ১০ জন সৈন্য নিহত এবং তাদের দুটি হালকা মেশিনগান ও ৭টি রাইফেল আটক করা হয়েছে। ময়মনসিংহ সেক্টরে আরো ২০ জন ভারতীয় সৈন্য নিহত হয়েছে।

ভারতের নিয়মিত সৈন্য ও তাদের চরেরা এই সেক্টরে অনুপ্রবেশের চেষ্টা করে। কিন্তু পাকিস্তানী সেনাবাহিনী ও রাজাকারদের হাতে তারা প্রচুর ক্ষতি স্বীকার করতে বাধ্য হয়।

মুখপাত্রটি আরো বলেন যে, ভারতীয়রা দিনাজপুর জেলার পচাগড়ে প্রচন্ড গোলাবর্ষণ করে। কিন্তু পরে তাদের প্রতিহত করা হয়। এই সংঘর্ষের বিস্তারিত বিবরণ এখনো পাওয়া যায়নি। তিনি বলেন, ভারতীয়রা সারা সীমান্তে উত্তেজনা বজায় রাখে এবং ময়মনসিংহ জেলার বরমারী, আকিপাড়া ও কমলপুর, দক্ষিণ সিলেট এলাকার কেরামত নগর ও ফুলতলা, কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া এলাকায় কায়েমপুর ও যশোরের হিরণ, জীবনন্যার ও বাকশায় গোলাবর্ষণ করে। মুখপাত্রটির মতে ভারতীয় সৈন্যরা গত ২৪ ঘন্টায় পুর্ব পাকিস্তানের সীমান্তবর্তী এলাকাগুলোর উপর আক্রমণ ও প্রচন্ড গোলাবর্ষণ করে। ভারতীয়দের আক্রমণের প্রধান লক্ষ্য ছিল পুর্ব পাকিস্তানের পশ্চিম সীমান্ত যশোর। সেখানে দুই কোম্পানী ভারতীয় সৈন্য ট্যাংকের সাহায্যে চৌগাছা এলাকায় বুইন্দার দিকে আরো এগিয়ে যাবার চেষ্টা করে।

পাকিস্তানী সৈন্যরা তাদের প্রচেষ্টা ব্যর্থ করে দেয়। একই সেক্টরে ভারতীয়রা দুই কোম্পানী সৈন্য ও ট্যাংকের সাহায্যে শিমুলিয়া ও নবগ্রামে আক্রমণ চালালে আমাদের সৈন্যদের সক্রিয় ও সময় মতো কামানের গোলাবর্ষণে ভারতীয়রা পিছু হটতে বাধ্য হয়। মুখপাত্রটি বলেন, দুটি ভারতীয় কোম্পানী কুমিল্লা এলাকার চাঁদগাজীপুরে অগ্রসর হওয়ার চেষ্টা করলে পাকিস্তানী সৈন্যরা তাদেরকে প্রতিহত করে।

প্রশ্নঃ -ভারতীয়রা কোন বিমান অবতরণ কেন্দ্রে অথবা বিমান বন্দরে আক্রমণ করেছে কি?

উত্তরঃ- গত ২২শে নভেম্বর যশোরে প্রথম আক্রমণ শুরু হওয়ার পর ভারতীয় প্রচেষ্টা প্রতিহত করা হচ্ছে। কিন্তু সংঘর্ষের সাধারণ ধরন একই রুপ ছিল। সীমান্ত সংঘর্ষের তীব্রতাও একই রুপ। সীমান্ত এলাকা থেকে এই সংঘর্ষ অন্যত্র ছড়িয়ে পড়েনি। ভারতীয়দের পুর্ব পাকিস্তানের গভীর অভ্যন্তরে অনুপ্রবেশ অথবা তাদেরকে নতুন কোন এলাকা দখল করতে দেয়া হয়নি।

যশোর সেক্টরের চৌগাছা এখনো ভারতীয়দের নিয়ন্ত্রণে রয়েছে।

দৈনিক ১২ লাখ টাকার গোলাবর্ষণ

প্রশ্নঃ -ভারতীয় গোলার তীব্রতাটা কি?

উত্তরঃ -ভারত পাকিস্তানী এলাকায় প্রতিদিন ৬ হাজারেরও বেশি গোলাবর্ষণ করছে। আর প্রতিদিন বর্ষিত এই গোলার দাম হচ্ছে প্রায় ১২ লাখ টাকা।

প্রশ্নঃ -দু'সপ্তাহের আগের তুলনায় বর্তমান সংর্ঘষের মাত্রা কি?

উত্তরঃ -গোলাবর্ষণ অব্যাহত রয়েছে। পাকিস্তানের উপর ভারতীয়দের নিয়মিত আক্রমণের আগে তারা পূর্ব পাকিস্তানে প্রতিদিন ১ হাজার থেকে ৪ হাজার পর্যন্ত গোলাবর্ষণ করতো।

প্রশ্নঃ -পূর্ব পাকিস্তানের অভ্যন্তরে রাষ্ট্রবিরোধী ব্যক্তি ও চরদের তৎপরতার অবস্থাটা কি?

উত্তরঃ -বিদ্রহদদের কিছুটা তৎপরতা রয়েছে, বিক্ষিপ্ত দুর্ঘটনা ঘটেছে এবং এতে বেসামরিক নাগরিকদের কষ্ট হচ্ছে। তবে এটা কোন মতেই বলা যায় না যে, সেখানে একটি বিদ্রোহ ঘটেছে। তিনি বলেন, মুক্তিবাহিনী পূর্ব পাকিস্তানের জনগনের সমর্থন পাচ্ছেনা।

পূর্ব পাকিস্তান রাইফেলস, ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, পুলিশ ও আনসার, বাহিনীর দলত্যাগীদের নিয়েই মুক্তিবাহিনী গঠিত। তারা ভারত সরকার ও নিয়মিত ভারতীয় সৈন্যদের সক্রিয় সমর্থনে কোন কোন সংঘর্ষে লিপ্ত হচ্ছে। তারা একাকী কোন জায়গাতেই কোন আক্রমণ চালাতে পারেনি।

প্রশ্নঃ -মুক্তিবাহিনীর সংখ্যা কত?

উত্তরঃ -পূর্ব পাকিস্তান থেকে বিভিন্ন বাহিনীর দল ত্যাগীদের নিয়েই এই বাহিনী গঠিত। ভারতে গেরিলাদের ট্রেনিং দেবার জন্য ৪৮টি শিবির প্রতিষ্ঠা করেছে। তাদের কতজনকে ট্রেনিং দেয়া হচ্ছে অথবা কতদিন পর পর ট্রেনিং দেয়া হচ্ছে তা অনুমান করা সম্ভব নয়।

প্রশ্নঃ -পুর্ব পাকিস্তানের কাছে কোন বিদ্রোহী আত্মসমর্পণ করেছে?

উত্তরঃ -হ্যাঁ। কয়েকজন বিদ্রোহী আত্মসমর্পণ করেছে এবং আরো করছে।

প্রশ্নঃ -ভারত দাবী করছে, পূর্ব পাকিস্তানের উদ্বাস্তুরা সীমান্ত পার হয়ে এখনো চলে যাচ্ছে একথা ঠিক?

উত্তরঃ -না। এ দাবী সম্পূর্ণ মিথ্যা। কেউ ভারতে যাচ্ছে না।

প্রশ্নঃ -ভারতীয় বেতার দাবী করেছে যে, পূর্ব পাকিস্তানের যশোর এবং পশ্চিম পাকিস্তানের শিয়ালকোট থেকে বেসামরিক নাগরিকদের অপসারণ করা হয়েছে এটা কি সত্য?

উত্তরঃ -এসব এলাকা থেকে লোকজন অপসারণ করা হয়নি। বেসামরিক লোকদের এলাকা ছেড়ে চলে যাবার জন্য সরকারী নির্দেশ দেয়া হয়নি। তবে কোন লোক ব্যক্তিগতভাবে এলাকা ছেড়ে চলে যেতে পারে।

শিরোনাম	সূত্র	তারিখ
১০৯। পরিস্থিতির দ্রুত ক্রমাবনতির প্রতি উ থান্টের দৃষ্টি আকর্ষণ	দৈনিক পাকিস্তান	৩০ নভেম্বর, ১৯৭১

প্রেসিডেন্ট ইয়াহিয়া পরিস্থিতির দ্রুত ক্রমাবনতির প্রতি উথান্টের দৃষ্টি আকর্ষণ করেছেন
পূর্ব পাকিস্তান সীমান্তে জাতিসংঘ পর্যবেক্ষক মোতায়েনের প্রস্তাব

ইসলামাবদ, ২৯শে নভেম্বর (এপিপি)। পাকিস্তানী এলাকায় বিনা উস্কানিতে ভারতীয় বাহিনীর ব্যাপক হামলার ফলে উপমহাদেশের পরিস্থিতির দ্রুত ক্রমাবনতির প্রতি উ থান্টের দৃষ্টি আকর্ষণ করে প্রেসিডেন্ট জেনারেল এ এম ইয়াহিয়া খান তাঁর কাছে একটি লিপি পাঠিয়েছেন।

গতকাল উ থান্টের নিকট প্রেরিত লিপিতে প্রেসিডেন্ট পাকিস্তানী এলাকার সীমানা লংঘন পর্যবেক্ষণ করা ও সে সম্পর্কে রিপোর্ট দানের জন্য পূর্ব পাকিস্তান সীমান্তের পাকিস্তানী এলাকায় জাতিসংঘ পর্যবেক্ষক মোতায়েনের প্রস্তাব করেছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১১০। স্বস্তি পরিষদের বৈঠক প্রশ্নে সরকারী মুখপাত্র	দৈনিক পাকিস্তান	৩০ নভেম্বর, ১৯৭১

সরকারী মুখপাত্রঃ
স্বস্তি পরিষদের বৈঠক প্রশ্নে এখনও
পাকিস্তান চূড়ান্ত সিদ্ধান্ত নেয়নি।

রাওয়ালপিণ্ডি, ২৯শে নভেম্বর (এপিপি)। -আজ এখানে একজন সরকারী মুখপাত্র সাংবাদিকদের বলেন যে, সরকার পাকিস্তানের বিরুদ্ধে ভারতীয় হামলা বিবেচনার জন্য নিরাপত্তা পরিষদের বৈঠক অনুষ্ঠানের আহ্বান জানানোর ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত এখনো নেয়নি।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে মুখপাত্রটি বলেন যে, পাকিস্তান এ ব্যাপারে বৃহৎ শক্তিবর্গের সঙ্গে আলোচনা করছে এবং তাদের মনোভাব লক্ষ্য করছে। সরকার নিরাপত্তা পরিষদের বিতর্ক পাকিস্তানের পক্ষে আরো ক্ষতিকর হবে বলে মনে করেন কিনা, জানতে চাওয়া হরে মুখপাত্রটি বলেন যে আমরা এভাবে চিন্তা করছি না।

আমরা যা চিন্তা করছি, তাহলো নিরাপত্তা পরিষদের বৈঠকে সুনির্দিষ্ট কোন ফল পাওয়া যাবে কিনা। এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, নিরাপত্তা পরিষদের সভাপতি, জাতিসংঘের সেক্রেটারী জেনারেল, যে কোন বৃহৎ শক্তি, যে কোন সদস্য রাষ্ট্র অথবা, বিরোধ সংশ্লিষ্ট দেশের যে কেউ নিরাপত্তা পরিষদের বৈঠক অনুষ্ঠানের আহ্বান করতে পারে।

মুখপাত্রটি আরো বলেন যে পূর্ব পাকিস্তানে ভারতীয় হামলার পর পাকিস্তান এর মধ্যে কতকগুলো কূটনৈতিক উদ্যোগ নিয়েছে। প্রেসিডেন্ট বৃহৎ শক্তিবর্গের রাষ্ট্র প্রধানদের কাছে চিঠি লিখেছেন এবং বিভিন্ন দেশে পাকিস্তানের প্রতিনিধিগন প্রতিদিনের ঘটনাবলী রাখছেন।

প্রকৃতপক্ষে এ ব্যাপারে সম্ভবপর সব উদ্যোগ নেয়া হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
১১১। প্রতিরক্ষা অর্ডিন্যান্স ও প্রতিরক্ষা আইন বলবৎ	দৈনিক ইত্তেফাক	১ ডিসেম্বর, ১৯৭১

সমগ্র দেশে
প্রতিরক্ষা অর্ডিন্যান্স ও প্রতিরক্ষা আইন
একযোগে বলবৎ

রাওয়ালপিণ্ডি, ৩০শে নভেম্বর (পিপিআই)। -সারাদেশে জরুরী অবস্থা ঘোষণার সাথে সাথে ১৯৭১ সালের পাকিস্তান প্রতিরক্ষা অর্ডিন্যান্স এবং পাকিস্তান প্রতিরক্ষা আইন একযোগে বলবৎ করা হইয়াছে। উক্ত আইনের বলে জনসাধাণের নিরাপত্তার এবং দেশের প্রতিরক্ষার তাগিদে বিশেষ অপরাধের জন্য শাস্তি বিধানের ব্যবস্থা থাকিবে। উপরোক্ত আইনের আওতাভুক্ত মূল বিষয়গুলো নিম্নে প্রদত্ত হইলঃ

(ক) সশস্ত্র বাহিনীর নিরাপত্তা এবং সুযোগ সুবিধার ব্যবস্থা থাকিবে। (খ) সশস্ত্র বাহিনীর অন্তর্ভূক্ত বিভিন্ন শাখায় নিয়োজিত লোকজনদের শিক্ষা অথবা স্বাস্থ্য এবং শৃঙ্খলা রক্ষার ব্যবস্থা থাকিবে। (গ) স্টেট ব্যাংক অব পাকিস্তান সার্ভিসে নিযুক্ত অথবা এই সার্ভিসে যোগদানে ইচ্ছুক ব্যক্তিদের রাষ্ট্রানুগত্যের প্রতি বিরোধিতা করা চলিবে না। (ঘ) শত্রুদের সাহায্য করা চলিবে না, অথবা সামরিক তৎপরতা বা যুদ্ধ পরিচালনায় কোন অসুবিধা সৃষ্টি করা চলিবে না।

(ঙ) মালিকানা, ব্যবস্থাপনা বা দলীয় স্বত্ব, শত্রু সম্পত্তির বাজেয়াপ্তির পরিচালনা, রক্ষণাবেক্ষণ বা হস্তান্তর করা চলিবে না। (চ) গুজব অথবা কর্তৃপক্ষীয় সূত্রের বরাত ছাড়া যে কোন অসন্তোষ বা ভীতির সৃষ্টি করিতে পারে যে, যেগুলো বিদেশের সাথে পাকিস্তানের সম্পর্কের অবনতি ঘটাইতে পারে, যেগুলো পাকিস্তানের প্রতিরক্ষা ক্ষেত্রে নিরাপত্তা, জনগণের নিরাপত্তা অথবা সুযোগ-সুবিধা বিঘ্নিত করিতে পারে সে সকল গুজব এবং সংবাদ প্রচার করা নিষিদ্ধ থাকিবে।

(ছ) যে সকল অঞ্চলে প্রয়োজন মনে করা হইবে সরকার সেই সকল অঞ্চলের জনগণের কর্তব্যকর্ম নির্ধারণ করিতে পারিবেন।

(জ) জল-স্থল পথ অথবা বিমান পথের সকল গুরুত্বপূর্ণ স্থান যেমন বন্দর, ডকইয়ার্ড, বিমান বন্দর, রেল পথ ও নৌ পথ এবং অন্য সকল প্রকার যানবাহনের চলাচলের পথ সরকার কর্তৃক নিয়ন্ত্রিত হইবে।

(ঝ) ডাক ও তার বিভাগ সরকারী নিয়ন্ত্রণে থাকিবে।

(ঞ) এই আইনের বলে অধিকারপ্রাপ্ত ব্যক্তি যে সকল লোক বিদেশের সাথে পাকিস্তানের সম্পর্কের অবনতি ঘটাইবে, জনগণের নিরাপত্তা এবং সুখ সুবিধা বিঘ্নিত করিবে, দেশের কোন অংশে নিরাপত্তার প্রতি সন্দেহভাজন হইবে অথবা যাহারা দেশের অভ্যন্তরীণ চাকুরী বা যোগাযোগ ব্যবস্থার বিঘ্ন ঘটাইবে সেই সকল ব্যক্তিকে আটক করিতে পারিবেন।

(চ) পাকিস্তানে প্রত্যাগত বা পাকিস্তান হইতে বিদেশ গমনকারী সকল ব্যক্তি এবং যে সকল বিদেশী পাকিস্তানে বসবাস করেন অথবা পাকিস্তানে ছিলেন তাহাদের গতিবিধি নিয়ন্ত্রিত করা হইবে।

(ছ) খবর ও তথ্য পরিবেশন সরকারের নিয়ন্ত্রণে থাকিবে।

কুমিল্লা থেকে জেঃ টিক্কা খান ফেনী ও লাকসামের মধ্যবর্তী জায়গায় গুণবতী রেলসেতু দেখতে যান। ইতিপূর্বে অনুপ্রবেশকারী ভারতীয় বিশেষজ্ঞরা ডিনামাইট দিয়ে সেতুটি উড়িয়ে দেয়। সেতুটি এখন পুনর্নির্মাণের শেষ পর্যায়ে রয়েছে।

গভর্নর ফেনী ও মাইজদি কোর্টও (নোয়াখালী) সফর করেন এবং সেখানে স্থানীয় কর্মকর্তা ও শান্তি কমিটির সদস্যদের সাথে ঘরোয়া পরিবেশে আলাপ করেন এবং শান্তিপূর্ণ অবস্থা বজায় রাখা ও জনসাধারণের আস্থা ফিরিয়ে আনায় তাদের ভূমিকার প্রশংসা করেন।

তিনি স্থানীয় সরকারী কর্মকর্তাদের সাথে বিভিন্ন বিষয়ে বিশেষ করে আইন-শৃঙ্খলা, খাদ্য ও যোগাযোগ সংক্রান্ত বিষয়ে মতবিনিময় করেন।

সফরকালে জর্ডানী রাষ্ট্রদূত সৈয়দ কামাল আল শরীফও গভর্নরের সাথে ছিলেন। গভর্নর গতকাল অপরাহ্নে ঢাকা ফিরেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৬৪। আর এক দিনের মধ্যে নিজ অবস্থায় ফিরে না আসলে মালিকানা বাজেয়াপ্তির হুমকি	সরকারী দলিলপত্র জনসংযোগ বিভাগ, দিনাজপুর	২৮ জুলাই, ১৯৭১

বালুবাড়ী ও বালুয়াডাঙ্গার অধিবাসীগণকে জানানো যাইতেছে আর একদিনের মধ্যে তাহাদের নিজ নিজ বাড়িতে ফিরিয়ে আসার জন্য নির্দেশ দেওয়া যাইতেছে, অন্যথায় বালুবাড়ী ও বালুয়াডাঙ্গার সমস্ত খালি বাড়ী তালাবদ্ধ করিয়া সিল করিয়া দেওয়া হইবে।

দিনাজপুর শহরের সমস্ত দোকানের মালিকগণকে জানান যাইতেছে যে, যাহাদের দোকান বন্ধ অবস্থায় পড়িয়া আছে, তাহা ৩১ শে জুলাইয়ের মধ্যে না খুলিলে ঐ সকল দোকান তালাবদ্ধ করিয়া দেওয়া হইবে, এবং মার্শাল-ল কর্তৃক বাজেয়াপ্ত করা হইবে ও অন্য লোককে বন্দোবস্ত দেওয়া হইবে ।

পুল হাট, বালুবাড়ী, রামনগর খোয়াড় ও ফুলতলা ঘাট, কাঞ্চন ঘাট, রাজাপড়া ঘাট, বাঙ্গী বেচা পাড়া ঘাট ও কসাইখানা আগামী ৩১ শে জুলাই বেলা ১২টায় মিউনিসিপ্যাল অফিসে প্রকাশ্যে নিলাম হইবে । ডাকের সব টাকা সঙ্গে সঙ্গে জমা দিতে হইবে। ৭ দিনের মধ্যে অফিসের নির্দেশ মোতাবেক এগ্রিমেন্ট দাখিল করিতে হইবে ।

পরবর্তী কোন আদেশ না পাওয়া পর্যন্ত প্রত্যহ রাত ১০ টা হইতে সকাল ৪ টা পর্যন্ত কারফিউ বলবৎ থাকিবে । উক্ত সময়ের মধ্যে কাহাকেও ঘরের বাহিরে কিংবা রাস্তায় পাওয়া গেলে গুলি করা হইবে ।

By order
M/L. Administrator
Dinajpur.
28-7-71.

শিরোনাম	সূত্র	তারিখ
১৬৫। চাকুরীজীবিদের পরিবারের এস, এস, সি পরীক্ষার্থীদের অনুসন্ধান	সাকারি দলিলপত্র উদ্ধৃত্তঃ এন এক্সপেরিয়েন্স - প্রাগুক্ত	৩১ জুলাই, ১৯৭১

CONFIDENTIAL/URGENT

GOVERNMENT OF PAKINTAN
Services & General Administration Department
General Administration Branch
Section-1V

Dated 31-7-71

No. GA. IV/231/71-608 (50)
From : A. M. F. Rahman, Sk ,
Addl. Chief Secretary to the Government of East Pakistan
To : The Secretary to the Govt. of East Pakistan,
Education Department.

It is considered necessary to find out from all government servants and the employees of the autonomous bodies under the Govt. of East Pakistan working in Dacca city whether their wards were due to appear in S.S.C Examination, 1971 and whether those who were due to appear or not. In the cases who did not appear, reasons for their not doing so also required to be ascertained.

Sd/- A. M. F Rahaman
31.7.71
Addl. Chief Secretary

No. G/10M-53/71-754 (2) – Edn. Dated the 5th August 1971.

Copy forward to the Director Technical education / Director of public Instruction all autonomous bodies, Register, Dacca University and all Section Officer's of this Department with the request to furnish the required information by 10th August , 1971 positively.

Sd/-illegible
5.8.71
Section Officer-(G)
Educational Department

শিরোনাম	সূত্র	তারিখ
১৬৬। ছাত্রদের দৈনিক উপস্থিতির হার পাঠানোর জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন বিভাগের স্মারকপত্র	ঢাকা বিশ্ববিদ্যালয়ের দলিলপত্র উদ্ধৃতঃ এন এক্সপেরিয়েন্স - প্রাগুক্ত	৬ আগষ্ট, ১৯৭১

No. 305495-

OFFICE OF THE REGISTER
UNIVERSITY OF DACCA
DACCA-2

Dated, Dacca the 6th August ,1971
VERY URGENT/ EXPRESS
2ND Reminder

To
1. All Heads of Departments
2. The directors of Institute
Dacca University

Dear Sir,

In inviting a reference to this office letter No. C/73819 dated the 2nd June , 1971 and subseseqent reminder No. 2400-440 dated he 2nd August, 1971 on the above subject, I am to inform you that daily report of the students attendance from some of the Departments are not being received in this office even 11-00 A. M. on the following day.

I am therefore to request you to kindly send there port to this office by 11-00 A. M. positively on the following day in order to enable this to forward the consolidated report to the Government in time.

Yours faithfully,
Sd/-illegible
Register
University of Dacca.

শিরোনাম	সূত্র	তারিখ
১৬৭। জেনারেল নিয়াজীর বগুড়া সীমান্ত পরিদর্শন	দৈনিক পাকিস্তান	৭ আগষ্ট, ১৯৭১

জেনারেল নিয়াজীর বগুড়া সীমান্ত পরিদর্শন
সশস্ত্র বাহিনীর সাথে জনসাধারণ সক্রিয় সহযোগিতা করছে

পূর্বাঞ্চলীয় কমাণ্ডের অধিনায়ক ও খ এলাকার সহকারী আইন প্রশাসক লেঃ জেঃ এ, এ, কে নিয়াজী পাকিস্তানের ঐক্য-সংহতি রক্ষায় বগুড়ার জনসাধারণের একনিষ্ঠ কর্মপ্রচেষ্টার আজ উচ্চ প্রশংসা করেন।

জেনারেল নিয়াজীকে স্বাগত জানানোর জন্য তথায় সমবেত অত্র এলাকার গণ্যমান্য ব্যক্তি ও শান্তি কমিটির সদস্যদের এক যৌথ সভায় তিনি ভাষণ দিচ্ছিলেন।

জেনালেল অফিসার কমান্ডিংও জেঃ নিয়াজীর সাথে গমন করেন। পশ্চিম সীমান্ত বরাবর আত্মরক্ষামূলক কাজে সেনাবাহিনী মোতায়েন ব্যবস্থাবলী পরিদর্শনের জন্য জেঃ নিয়াজী অত্র এলাকায় একদিনের সফরে গমন করেন।

জনসাধারণের সাথে আলাপ প্রসঙ্গে জেঃ নিয়াজী বলেন যে, আপনারা জাতির জন্য এক অমূল্য সেবা করছেন। তিনি আরও বলেন যে, ইসলামী রাষ্ট্র পাকিস্তানের সেবা করার অর্থ হলো ইসলামের সেবা করা এবং আল্লাহ তাদের এ মহান কাজের জন্য অবশ্যই পুরস্কৃত করবেন।

জেনারেল নিয়াজী জনসাধারণকে মুসলমানদের অতীত গৌরবের কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন যে, ইসলামের অনুশাসন অনুসরণ করেই একদিন তারা বিরাট গৌরব অর্জন করেছিলো এবং আমরা যদি ইসলামের অনুশাসন সততার সাথে অনুসরণ করি তবে আমরাও তা অর্জন করতে পারি।

জাতীয় স্বার্থ ব্যাহত করার জন্য যে সব লোক শত্রুর ক্রীড়নক হয়ে কাজ করছে জেঃ নিয়াজী জনসাধারণকে তাদের বিরুদ্ধে হুঁশিয়ার করে দেন। উপরোক্ত ধরনের লোকেরা যে সর্বদাই মুসলমানদের ঐক্য ও সংহতির ক্ষতি সাধন করে সে সম্পর্কে জেঃ নিয়াজী ইতিহাস থেকে কতিপয় নজিরের উদ্ধৃতি দেন।

জেনারেল নিয়াজী আরও বলেন, উদ্বাস্তু শিবিরে যারা আমাদের নারী ও শিশুদের প্রতি দুর্ব্যবহার করছে ও আমাদের অর্থনীতি ধ্বংস করার জন্য আমাদের যোগাযোগ ব্যবস্থা ব্যাহত করছে তারা কখনই জনসাধারণের শুভাকাঙ্খী হতে পারে না। এ উক্তি করার সাথে সাথে সমবেত জনসাধারন পাকিস্তানের শত্রুদের নির্মূল করার জন্য তাদের দৃঢ় মনোভাব ব্যক্ত করে উচ্চ কণ্ঠে শ্লোগান প্রদান করে।

জেনারেল নিয়াজী জনসাধারণের দেশপ্রেমিক আদর্শ ও উৎসাহ উদ্দীপনার উচ্চ প্রশংসা করেন। দেশের প্রতিরক্ষার সশস্ত্র বাহিনীর সাথে জনসাধারণের সহযোগিতার ও তিনি প্রশংসা করেন।

সভা শেষে জেঃ নিয়াজী সামরিক আইন সদর দফতরে গমন করেন। তথায় তিনি আইন-শৃংখলা পরিস্থিতি তথা সমাজের সকল স্তরে স্তরে স্বাভাবিক জীবনযাত্রা পরিস্থিতি করেন। তথায় তিনি আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে অবহিত হন।

পরে জেঃ নিয়াজী সীমান্ত এলাকায় সেনাবাহিনী পরিদর্শন করেন। তিনি সৈন্যদের সাথে ঘরোয়াভাবে আলাপ করেন ও তাদের কুশলাদি জিজ্ঞাসা করেন। তিনি তাদেরকে কুশলাদি জিজ্ঞাসা করেন। তিনি তাদেরকে আস্থবান ও উৎফুল্ল দেখতে পান।

অত্র এলাকা পরিদর্শনকালে স্থানীয় কমাণ্ডার জেঃ নিয়াজীকে জানান যে, জনসাধারণের সক্রিয় সহযোগিতা অত্র এলাকায় সশস্ত্র বাহিনীর দায়িত্ব পালনের কাজে বিরাটভাবে সহায়ক হয়েছে। তিনি আরও জানান যে বিপুলসংখ্যক লোক রাজাকার হিসাবে তাদের নাম তালিকাভুক্ত করছে।

জেনারেল নিয়াজী অপরাহ্নে ঢাকা ফিরে আসেন। গতকাল শুক্রবার এপিপি ঢাকায় এ খবর পরিবেশন করে।

শিরোনাম	সূত্র	তারিখ
১৬৮। পরিত্যক্ত বাড়ীঘর ও পেশায় ফিরে আসার নির্দেশ এবং আরো কয়েকটি ঘোষণা	সরকারী দলিলপত্র জনসংযোগ বিভাগ, দিনাজপুর	৮ আগষ্ট, ১৯৭১

(১) স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আসার পরিপ্রেক্ষিতে মার্শাল ল' কর্তৃপক্ষ সকলকে তাহাদের পরিত্যক্ত বাড়ীঘরে ফিরিয়া আসার জন্য ও নিজ নিজ পেশা এবং গ্রামাঞ্চলে কৃষিকার্য আরম্ভ করার জন্য উপদেশ দিতেছেন। আগামী ১০ ই আগষ্টের মধ্যে পরিত্যক্ত বাড়ীঘরে ফিরিয়া না আসিলে তাহা অন্য লোককে ইজারা দেওয়া হইবে। প্রকাশ থাকে যে, মার্শাল ল' কর্তৃপক্ষ প্রত্যেকটি নাগরিকের জান ও মালের পূর্ণ নিরাপত্তার আশ্বাস দিতেছেন।

(২) পরিত্যক্ত দোকান, হোটেল, বাড়ীঘর ইত্যাদি বন্দোবস্ত দেওয়ার জন্য তারিখ বদলাইয়া দেওয়া হইয়াছে ও মহল্লাওয়ারী তারিখ দেওয়া হইয়াছে। দরখাস্তকারীগণ যেন নির্ধারিত তারিখে এ, ডি, সি, সাহেবের অফিসে বন্দোবস্ত নেওয়ার জন্য উপস্থিত থাকেন।

নিমতলা, মালদহপট্টি ও মাড়ওয়ারপট্টি-৯ই আগষ্ট বেলা ১০টা হইতে ৯টা পর্যন্ত।
বাসুনিয়াপট্টি, বড় বন্দর -১০ই আগষ্ট ১০টা হইতে ১টা পর্যন্ত।
গুদরি বাজার, বালুবাড়ী- ১১ই আগষ্ট বেলা ১০টা হইতে ১ টা পর্যন্ত

(৩) এতদ্বারা জানান যাইতেছে যে, মিউনিসিপালিটির পুলহাট খোড়াড়, বালু বাড়ী খোয়াড়, কাঞ্চনঘাট এবং মিউনিসিপালিটির অফিস সংলগ্ন ৮ টি নারিকেল গাছর ডাব ও নারিকেল আগামী ৯ ই আগষ্ট রোজ সোমবার বেলা বারটায় প্রকাশ্যে নিলামে বন্দোবস্ত দেওয়া এবং বিক্রয় করা হইবে। চূড়ান্ত ডাককারীকে সঙ্গে সঙ্গে সমস্ত টাকা জমা দিতে হইবে এবং ডাকের তারিখ হইতে ৭ দিনের মধ্যে অফিসের নির্দেশ মোতাবেক এগ্রিমেন্ট দাখিল করিতে হইবে।

(৪) আজ রাত ১০টা হইতে সকাল ৪টা পর্যন্ত কারফিউ বলবৎ থাকবে। উক্ত সময়ের মধ্যে কাহাকেও ঘরের বাহিরে কিংবা রাস্তায় বের হলে গুলি করা হবে ।

By order
M. L. Administrator
Dinajpur
8-8-71

শিরোনাম	সূত্র	তারিখ
১৬৯। ঢাকা শহরে অবস্থানরত চাকুরিজীবিদের শিক্ষার্থী সন্তানদের সম্পর্কে তথ্যানুসন্ধান	সরকারী দলিলপত্র: উদ্ধৃতঃ এন এক্সপেরিয়েন্স - প্রগুক্ত	১০ আগষ্ট , ১৯৭১

CONFIDENTIAL

GOVERNMENT OF PAKISTAN
Services & General Administration Department
General Administration Branch
Section 1V

Dated , Dacca the 10th August,71

No. GA 1V/246/71/663 (35)
From : A. M. F. Rahman S.K.
Addl. Chief Secretary to
The Govt. of East Pakistan.

To

It has been decided to obtain the following information Government servants and employees of autonomous bodies under the Government of East Pakistan working in Dacca city about their ward;-

a) Name and age of the ward.
b) School / College he/ she is studying in.
c) If he / she is attending class? If not , why not ?
d) place he / she is reading in?

2. The head of the Administrative Deputy may obtain the requirement information in respect of the wards of all officers and the autonomous bodies under his administrative e control. The information so obtained may be compiled by the department and a consolidated report sent to the Chief Secretary to the Govt. of East Pakistan.

3. Information in respect of the employees working in the Divisional Commissioner, Deputy Commissioner, office, Collectorate and the Sub- Divisional Officers, Offices of Dacca sadar South and sadar North Sub-divisions may be obtained by the Divisional Commissioner, Deputy Commissioner and the respective Sub-Divisional Officers who may transmit them to the Board of Revenue after compilation. The Board of Revenue may compile the information received from the Divisional Commissioner, Deputy Commissioner and the two. S. D. O. S. and send a consolidated report to the Chief Secretary.

4. This may be treated as urgent a report in the matter is required to be submitted to the HQ, M. LA. ZONE `B'

Sd/- A. M. F. Rahaman
10.8.71
Addl. Cheif Secretary

শিরোনাম	সূত্র	তারিখ
১৭০। রংপুরে শান্তি কমিটির সদস্যদের সমাবেশে সামরিক গভর্নর	দৈনিক পাকিস্তান	১২ আগষ্ট, ১৯৭১

বিদ্যুৎ ও যোগাযোগ বিনষ্টকারীরা জনগণের শুভাকাঙ্খী নয়
-গভর্ণর

পূর্ব পাকিস্তানের গভর্নর ও 'খ' অঞ্চলের সামরিক শাসনকর্তা লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খান গতকাল বুধবার বলেন যে, যারা যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন ও কলকারখানার ক্ষতিসাধন করে তারা জনগণের শুভাকাঙ্ক্ষী হতে পারে না।

জেনারেল টিক্কা খান রংপুরে শান্তি কমিটির সস্যদের উদ্দেশ্যে বক্তৃতা দিচ্ছিলেন। গভর্নরের সাথে ছিলেন প্রেসিডেন্টের বিশেষ সহকারী ডাঃ এ, এম মালিক ও জাতিসংঘের উদ্বাস্তু হাইকমিশনারের প্রতিনিধি মিঃ জন আর কেলি।

গভর্নর তার বক্তব্য বিশেষ করে বলেন যে যোগাযোগ ব্যবস্থা না হলে জনগণের কাছে খাদ্যশস্য পৌছাতে অসুবিধা হবে এবং বিদ্যুৎ সরবরাহে ব্যাঘাত ঘটালে শিল্পোৎপাদন স্বল্প হবে এবং পরিণামে বেকার হবে কলকরখানার শ্রমিকরা।

গভর্নর এসব গণবিরোধী লোকদের আলাদা করার এবং তাদের উপস্থিতির কথা কর্তৃপক্ষকে জানাবার জন্য জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন।

গোলযোগ সৃষ্টিকারীদের নির্মূল এবং শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার কাজে সহায়তা করার জন্য শান্তি কমিটি যে প্রচেষ্টা চালাচ্ছেন তিনি তার প্রশংসা করেন। গভর্নর বলেন যে শান্তি কমিটিগুলো হলো অরাজনৈতিক সংস্থা এগুলো প্রদেশে সর্বত্র শান্তি বজায় রাখার এবং জনগণের আস্থা পুনঃপ্রতিষ্ঠার কাজে সহায়তা করার জন্য ঐক্যবদ্ধভাবে প্রচেষ্টা চালাচ্ছে। তিনি আরো বলেন যে রাজাকারেরাও দুষ্কৃতিকারীদের হামলার মুখে নিজ নিজ এলাকা রক্ষা এবং সেতু এবং কালভার্ট পাহারা দিয়ে বিশেষ দরকারী দায়িত্ব পালন করছে।

ফিরে আসা উদ্বাস্তুদের প্রসঙ্গে গভর্নর বলেন যে প্রেসিডেন্ট বারংবার বলেছেন যে যোলযোগকালে যেসব প্রকৃত পাকিস্তানী সীমান্ত অতিক্রম করে গিয়েছিল তারা দেশে ফিরে আসলে তাদের স্বাগত জানানো হবে। তাদের জন্য অভ্যর্থনা শিবির খোলা হয়েছে এবং তাদের পুর্নবাসনের উদ্দেশ্যে প্রযোজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে। গভর্নর বলেন কিন্তু ভারত তাদের ফিরে আসতে দিচ্ছে না।

এই বিষয়টি খোলাসা করে বলতে গিয়ে গভর্নর বলেন আমাদের লোকদের গ্রহণ করার জন্য আমরা অভ্যর্থনা শিবির স্থাপন করেছি। তার তাদের দেশে ফেরা বন্ধ করার জন্য ভারত বসিয়েছে চেকপোস্ট। শুধু তাই নয়, ভারত নিজ এলাকায় জাতিসংঘের পর্যবেক্ষক মোতায়েনের প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। কারণ পর্যবেক্ষক মোতায়েন করা হলে ভারতের আসল উদ্দেশ্য প্রকাশ হয়ে পড়বে। উদ্বাস্তুরা যাতে বাড়ী ফিরতে না পারে সে জন্য সীমান্তে গোলযোগ সৃষ্টি করাই হলো ভারতের পুনঃ পুনঃ গোলাবর্ষণের অন্যতম প্রধান উদ্দেশ্য। এ সত্ত্বেও এ পর্যন্ত এক লক্ষ দশ হাজার লোক দেশে ফিরে এসেছে।

সরকারী কর্মচারীদের প্রতি নির্দেশঃ

জেলার সরকারী কর্মচারীদের প্রতি একটি পৃথক সমাবেশে গভর্ণর বক্তৃতা দেন। গভর্নর সাধারণ মানুষের অসুবিধার কথা জানার উদ্দেশ্যে তাদের কাছে যাওয়া এবং যতটুকু সম্ভব দ্রুতগতিতে এবং নিষ্ঠার সাথে কাজ করে সেসব অসুবিধা দূর করার জন্য সরকারী কর্মচারীদের নির্দেশ দিয়েছেন। তিনি বলেন যে, কঠোর পরিশ্রম ও নিষ্ঠাই হলো অফিসারদের দায়িত্ব পালন মূল্যায়নের মাপকাঠি।

দিনাজপুরে গভর্নরঃ

পরে গভর্নর বিমানযোগে দিনাজপুরে যান তিনি সেখানে শান্তি কমিটির সদস্যবৃন্দের ও স্থানীয় অফিসারদের সাথে বৈঠকে মিলিত হন। গত মার্চে গভর্নরের দায়িত্ব গ্রহনের পর এটাই হলো দিনাজপুরে লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খানের প্রথম সফর। সেনাবাহিনী এই জেলাটি উদ্ধারের আগে দুষ্কৃতকারীদের হাতে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে গভর্নর তাদের জানান তার সমবেদনা।

তিনি ক্ষত আরোগ্য করার এবং পাকিস্তনের নিরাপত্তা ও সমৃদ্ধি হাসিলের উদ্দেশ্যে ঐক্যবদ্ধ কঠোর পরিশ্রম করার জন্য জনগণকে উপদেশ দেন।

শান্তি কমিটির প্রেসডেন্ট গভর্নরকে জানান যে, সামরিকও বেসামরিক কর্তৃপক্ষের আন্তরিক প্রচেষ্টার সুফল পাওয়া গেছে। জীবনের প্রতি ক্ষেত্রে স্বাভাবিক কাজকর্ম শুরু হয়েছে এবং জনগণের আস্থাও পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে।

গভর্নর শান্তি কমিটির সদস্যদের সাথে তাদের কতিপয় স্থানীয় সমস্যা নিয়ে আলাচনা করেন এবং সমস্যাগুলো সমাধানের জন্য তারা যে সুপারিশ করেছেন সহানুভূতির সাথে তা বিবেচনা করেন।

গতকাল বুধবার সকালে দিনাজপুরে সংঘটিত বাস দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের উদ্দেশ্যে গভর্নর দুঃখ ও সমবেদনা প্রকাশ করেন। একটি বাস বিরোল সীমান্ত থেকে দেশে ফিরে আসা একদল পাকিস্তানীকে দিনাজপুরে অভ্যর্থণা শিবিরে নিয়ে আসছিল। ভারতীয় এজেন্টদের পুতে রাখা রাস্তার মাইনের আঘাতে বাসটি উড়ে গেছে। গভর্নর আহত বাস যাত্রীদের দেখার জন্য বেসামরিক হাসপাতালে যান। গভর্নর গতকাল বিকালে ঢাকায় ফিরে এসেছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৭১। জেলা শহরে পাকিস্তানের স্বাধীনতা দিবস পালনের একটি কর্মসূচী	সরকারী দলিলপত্র জনসংযোগ বিভাগ দিনাজপুর	১৩ আগষ্ট ১৯৭১

স্বাধীনতা দিবস পালন উপলক্ষে নূতন প্রোগ্রাম

অদ্য ১৩ ই আগষ্ট শুক্রবার বিকেল ৩-৩০ মিঃ টাউন হল হইতে এক শোভাযাত্রা বাহির হইবে এবং শহর প্রদক্ষিণ করিবে । মহল্লা শান্তি কমিটির সভ্যগণকে নিজ নিজ এলাকা হইতে লোকজনসহ ৩টার মধ্যে টাউন হলে উপস্থিত হইতে বলা হইতেছে ।

১৪ ই আগষ্ট শনিবার সকাল ৬ টায় সমস্ত সরকারি ও বেসরকারি ভবনে পাকিস্তানী পতাকা উত্তোলন ।

সকাল ৬টা হইতে দুপুর ১টা পর্যন্ত সমস্ত মসজিদে কোরান পাঠ ।

সকাল ৭টায় স্কুলের ছাত্রাছাত্রীদের দ্বারা পতাকা উত্তোলন, সমস্ত স্কুলের ছাত্র জিলা স্কুলে সমবেত হইবে এবং সমস্ত স্কুলের ছাত্রী সরকারী গার্লস স্কুলে সমবেত হইয়া জাতীয় সঙ্গীত সহকারে পতাকা উত্তোলন করিবে।

সকাল ৯টায় পুলিশ লাইনে রাজাকার ও পুলিশ বাহিনীর র‍্যালি ও পেরেড সকল সরকারী কর্মচারী ও জনসাধারণকে উক্ত স্থানে উপস্থিত হওয়ার জন্য বলা যাইতেছে ।

সাল ১০ টায় স্কুলের ছাত্র ও ছাত্রদের জন্য বিনামূল্যে সিনেমা শো । ছাত্রদের জন্য সিনেমা বোস্তান ছাত্রীদের জন্য মডার্ন সিনেমা ।

দুপুর ১-৩০ মিঃ সমস্ত মসজিদে পাকিস্তনের সমৃদ্ধি ও উন্নতি কামন করিয়া বিশেষ মোনাজাত । মন্দির ও গির্জায় অনুরূপ প্রার্থনা ।

বিকাল ২ টায় মহিলাদের মিলাদ মাহফিল, নিউ টাউনের জন্য নিউ টাউন প্রাইমারি স্কুল ও অন্য এলাকার জন্য সরকারি গার্লস স্কুল ।

বিকাল ৪ টায় টাউন হলে জনসভা ।

সন্ধ্যা ৭ টায় সমস্ত সরকারি ও বেসরকারি ভবনে আলোক সজ্জা । শ্রেষ্ঠ বিবেচিত বেসরকারি ভবনে আলোকসজ্জার জন্য পুরষ্কার দেওয়া হইবে ।

প্রথম পুরষ্কার ১০০ টাকা, দ্বিতীয় পুরষ্কার ৭৫ টাকা, ও তৃতীয় পুরস্কার ৫০ টাকা ।

আজ রাত ১০-৩০ মিঃ হইতে সকাল ৪ টা পর্যন্ত কারফিউ বলবৎ থাকিবে । উক্ত সময়ের মধ্যে কাহাকেও ঘরের বাইরে কিংবা রাস্তায় পাওয়া গেলে গুলি করা হইবে ।

By order
M. L. Administrator
Dinajpur

শিরোনাম	সূত্র	তারিখ
১৭২। জাতীয় পতাকার যথেচ্ছ ও অসামঞ্জস্য ব্যবহার বন্ধ করার নির্দেশ	সরকারী দলিলপত্র জনসংযোগ বিভাগ, দিনাজনপুর	১৯ আগষ্ট, ১৯৭১

গত ২৬শে মার্চ হইতে জাতীয় পতাকা ব্যক্তিগত বাড়ীঘর, গাড়ী,রিক্সা, সাইকেল ইত্যাদিতে যথেচ্ছভাবে উড়ান হইতেছে। ঐ সমস্ত পতাকার বেশীর ভাগ বিবর্ণ, ছেঁড়া ও উপযুক্ত মানের নহে।

মার্শাল ল অথরিটির নির্দেশে সর্বসাধারণকে জানান যাইতেছে যে তাহারা যেন নিজ নিজ বাড়ীঘর দোকান গাড়ী, রিক্সা, সাইকেল ইত্যাদি হইতে অবিলম্বে জাতীয় পতাকা নামাইয়া ফেলেন।

যে সমস্ত বিল্ডিং এর পতাকা উঠাইবার নির্দেশ আছে সেই সব বিল্ডিং এ যথারীতি পতাকা উড়িবে।

এতদ্বারা জানান যাইতেছে যে আগামীকল্য ২০শে আগষ্ট সকাল ৯ টায় এ, ডি, সি সাহেবের অফিসে নিম্নলিখিত মহল্লার পরিত্যক্ত দোকান ও বাড়ীঘরসমূহের বন্দোবস্ত দেওয়া হইবে। নির্ধারিত সময়ে দরখাস্ত কারীগণকে উপস্থিত তাকার জন্য বলা হইতেছে। প্রকাশ থাকে যে উক্ত মহল্লার জন্য আর কোন তারিখ দেওয়া হইবে না। বালূ- বাড়ী, বড় বন্দর ঘাসিপড়া।

আজ রাত ১০-৩০ মিঃ হইতে সকাল ৯ টা পর্যন্ত কারফিউ জারি থাকিবে। উক্ত সময়ের মধ্যে কাহাকেও ঘরের বাহিরে কিংবা রাস্তায় পাওয়া গেলে গুলি করা হবে।

By order
M.L Administrator
Dinajpur
19-8-71

শিরোনাম	সূত্র	তারিখ
১৭৩। অভিযুক্ত জাতীয় পরিষদ সদস্যদের সামরিক আদালতে হাজির হবার নির্দেশ	দৈনিক পাকিস্তান	২১ আগষ্ট ,১৯৭১

১৪ জন এম এন এ কে সামরিক আদালতে হাজিরের নির্দেশ

'খ' অঞ্চলের সামরিক আইন কর্তা লেঃ জেঃ টিক্কা খান সামরিক বিধি ও পাকিস্তান ও দণ্ডবিধি অনুসারে আনীত অভিযোগের জবাব দেবার উদ্দেশ্যে আগামী ২২ শে আগষ্ট সকাল ৮ টায় ২ নং সেক্টরের উপ-সামরিক শানককর্তার নাটোরস্থ আদালতে হাজির হওয়ার জন্য ১৪ জন নির্বাচিত এম এন, এ , কে নির্দেশ দিয়েছেন ।

'খ' অঞ্চলের সামরিক শাসনকর্তার সদর দফতর থেকে গতকাল সোমবার প্রকাশিত এক নোটিশে একথা জানানো হয়েছে ।

এপিপির খবরে প্রকাশ উপরোক্ত ১৪ জন নির্বাচিত এম, এন, এ যদি হাজির না হন তাহলে ৪০ নং সামরিক বিধিবলে তাদের অনুপস্থিতিতেই তাদের বিচার করা হবে ।

এমএনএগণ হলেনঃ

১। রিয়াজুদ্দিন আহমদ , পিতা -দালল উদ্দীন , গ্রাম- হিঙ্গলরায়, থানা -কুড়িগ্রাম -জেলা -রপুর

২। মোশাররফ হোসেন চৌধুরী, পিতা -হাজী মোঃ মফিজ উদ্দীন, দক্ষিণ মুন্সী পাড়া, কোতোয়ালী, জেলা-দিনাজপুর

৩। আবদুর রউফ, পিত- হাজি আজিজুল্লাহ, পোঃ বাগডোকরা,মির্জাগঞ্জ, রংপুর ।

৪। মতিউর রহমান, পিতা- ডাঃ মসিদুর রহমান, গ্রাম- বড় রিশালপুর, পোঃ বোগদনর, থানা- পীরগঞ্জ, জেলা- রংপুর ।

৫। মফিজ আলী মোহম্মদ চৌধুরী, পিতা- মরহুম আলী মোহাম্মদ চৌধুরী, গ্রাম- পেঞ্চলিয়া, পোঃ- মঙ্গলবাড়ী,জয়পুরহাট, জেলা- বগুড়া ।

৬। মোহাম্মদ আজিজুর রহমান, পিতা- মরহুম আকিম উদ্দিন, মোহাম্মদপুর ইউনিয়ন কাউন্সিল নং ২, থানা ঠাকুরগাঁও, জেলা- দিনাজপুর ।

৭। শাহ মাহতাব আহম্মদ, পিতা- হাজি সিরাজ উদ্দীন, গ্রাম- উত্তর পলাশ বাড়ী, থানা- চিরির বন্দর, জেলা- দিনাজপুর ।

৮। মজিবুর রহমান, পিতা- মিশারত উল্লাহ, গ্রাম- আলোক্তা, থানা- আদমদীঘি, জেলা- বগুড়া ।

৯। মোতাহার হোসেন তালুকদার,পিতা- নইমুদ্দীন তালুকদার, লিয়াকত আলী রোড, সিরাজগঞ্জ,পাবনা

১০। আবদুর আওয়াল, পিতা- মৌঃ আবদুল বারী, সবাই, হারাগাছা, রংপুর ।

১১। আবদুল মমিন তালুকদার , পিত- আদুল গফুর, গ্রাম- নাককতা, থানা- বেলকুচী, জেলা- পাবনা ।

১২। আবু সাঈদ, পিতা- নাসির উদ্দীন সরকার, গ্রাম- বৃষখিলা, থানা- বেড়া, জেলা- পাবনা ।

১৩। এ, বি, এম, মকসেদ আলী, পিতা- মরহুম নেয়ামত আলী সরকার, পোঃ- সেতাবগঞ্জ, থান- বোচাগঞ্জ, জেলা-দিনাজপুর ।

১৪। প্রফেসর মোঃ ইউসুফ আলী, পিতা- মোঃ গফির উদ্দীন, গ্রাম- ফারাক্কাবাদ, থানা- বিরোল । জেলা-দিনাজপুর ।

'খ' অঞ্চলের সামরিক শসনকর্তা লেঃ জেঃ টিক্কা খান এইচ কিউএ, এস পি কে, পি এস সি এই ১৪ জন এম এন এ-র প্রত্যেককে পৃথক পৃথক নোটিশে তাদের বিরুদ্ধে আনা অভিযোগের বিবরণ দিয়ে তাদেরকে সামরিক আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন।

দৈনিক পাকিস্তান
১৮ আগষ্ট

আরো ১৬ জন এম এন এ কে সামরিক কর্তৃপক্ষের নিকট হাজির হতে বলা হয়েছে

১। আতোয়ার রহমান তালুকদার, পিতা- মরহুম হাজী জসীমুদ্দীন তালুকদার, গ্রা- মথুরাপুর, থানা- বদলগাছি, জেলা- রাজশাহী ।

২। মোঃ বয়তুল্লাহ পিতা-মরহুম লাল মোহাম্মদ, গ্রাম- চক এনায়েত, পোঃ-নওগাঁ, রাজশাহী ।

৩। খালিদ আলী মিয়া, পিতা- হাজী ইউনুস আলী মিয়া, গ্রাম- সন্তোষপুর, পোঃ- আলীনগর, রাজশাহী ।

৪। শাহ মোঃ জাফরুল্লাহ, পিতা- হাকিমুদ্দীন, গ্রাম- তাহের পুর, থানা- বাগমারা, জেলা-রাজশাহী।

৫। এ এইচ এম কামরুজ্জামান, পিতা- মৌঃ আবদুল হামিদ, মালোপাড়া, রাণী বাজার, পোঃ- বোয়ালিয়া, জেলা-রাজশাহী।

৬। আমিরুল ইসলাম, পিতা- ওয়াসেল হোসেন, গ্রাম- মধুপুর, পোঃ-ইমানপুর, জেলা- কুষ্টিয়া ।

৭। আজিজুর রহমান আক্কাস,পিতা- আয়েজুদ্দীন, গ্রাম- বাহিরমোদী, থানা- দৌলতপুর, কুষ্টিয়া ।

৮। আবু আহমদ আফজালুর রশিদ, পিতা- রুস্তম আলী বিশ্বাস, গ্রাম-বান্দিয়া, থানা- আলমডাঙ্গা, কুষ্টিয়া।

৯। কামরুজ্জামান, পিতা- শামসুদ্দীন আহমেদ, গ্রাম- কাঞ্চন নগর, থানা-ঝিনাইদহ, যশোর ।

১০। ইকবাল আনোয়ারুল ইসলাম, পিতা- খোশবান, স্যার ইকবাল রোড, থানা- ঝিনাইদহ, যশোর ।

১১। সুবোধ কুমার মিত্র, পিতা-জ্ঞানেন্দ্র নাথ মিত্র, গ্রাম-বেলিয়াডাঙ্গা, থানা- কেশবপুর, যশোর ।

১২। খোন্দকার আবদুল হাফিজ, পিতা- আবদুল ওয়াদুদ খন্দকার, গ্রাম- মহিষখোলা, থানা- নড়াইল, যশোর।

১৩। সোহরাব হোসেন, পিতা- গোলাম তহুর, মাগুরা কাউন্সিল অফিস, পোঃ- মাগুরা, যশোর ।

১৪। এম, রওশন আলী, পিতা- মান্দার আলী, পোঃ- পারা, যশোর ।

১৫। মোঃ মহসীন, পিতা- মরহুম তসিমুদ্দিন,এম, টি রোড, খুলনা ।

১৬। মহিউদ্দীন, পিতা- ইয়াকুব হোসেন, ওয়ার্ড নং- ২, মেহেরপুর টাউন, কুষ্টিয়া ।

দৈনিক পাকিস্তান
২০ আগষ্ট

আরো উনত্রিশজন এম এন এ কে হাজিরের নির্দেশ

(খ অঞ্চলের সামরিক প্রশাসন কর্তা লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খান পূর্ব পাকিস্তানের বিভন্ন স্থান থেকে নির্বাচিত আরো ২৯ জন এম এন এ কে আগামী ২৪ শে ও ২৫ শে আগষ্ট সকাল ৮ টার নিজ নিজ এলাকার উপ-সামরিক শাসনকর্তার সম্মুখে হাজির হয়ে তাদের বিরুদ্ধে সামরিক বিধি ও পাকিস্তান দণ্ডবিধি বলে আনীত কতিপয় অভিযোগের জবাব দেয়ার নির্দেশ দিয়েছেন । গত মঙ্গলবার ও গত বৃহস্পতিবার 'খ' অঞ্চলের সামরিক শাসনকর্তার সদরদপ্তর থেকে প্রকাশিত নোটিশে এই নির্দেশ দেওয়া হয়েছে ।

খ অঞ্চলের সামরিক প্রশাসন কর্তা পৃথক পৃথক নোটিশে এই এন এন এ দিগকে নিজ নিজ এলাকার উপ-সামরিক শাসনকর্তার সামনে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন । নোটিশে আছে তাদের বিরুদ্ধে আনা অভিযোগের বিবরণ এবং যে যে ধারায় অভিযোগ করা হয়েছে সেই ধারাগুলোর উল্লেখ ।)

১। আবদুল মমিন, পিতা- আঃ আজিজ, গ্রাম- কাজিআটি, থানা- মোহনগঞ্জ, ময়মনসিংহ।

২। আবদুল হামিদ, পিতা তায়েবুদ্দিন হাই, গ্রাম কামালপুর, পোঃ আঃ নিখ ধামপাড়া, ময়মনসিংহ।

৩। মোঃ আঃ হাকিম, পিতা হাজি মোঃ জয়নুদ্দিন, গ্রাম পাথালিয়া, থানা জামালপুর, ময়মনসিংহ।

৪। জিল্লুর রহমান, পিতা মেহের আলী, গ্রাম ভৈরবপুর, থানা ভৈরব, ময়মনসিংহ।

৫। সৈয়দ নজরুল ইসলাম, পিতা সৈয়দ এ, রইস, গ্রাম বীরধামপুরা, থানা কিশোরগঞ্জ, ময়মনসিংহ।

৬। মওলবী হুমায়ুন খালিদ, পিতা শমসের আলী, গ্রাম দরবির ছড়ি, থানা ঘাটাইল, টাঙ্গাইল।

৭। শামসুর রহমান খান, পিতা আবদুল মালেক খান, গ্রাম বাগুনতা, থানা ঘাটাইল, টাঙ্গাইল।

৮। কে, এম, ওবায়দুর রহমান, পিতা খান আতিকুর রহমান, গ্রাম লস্করপাড়া, থানা নগরকান্দা, ফরিদপুর।

৯। মোল্লা জালাল উদ্দিন, পিতা হাতেম মোল্লা, গ্রাম বড়ফা, থানা- গোপালগঞ্জ, ফরিদপুর।

১০। শামসুদ্দিন মোল্লা, পিতা নরুদ্দিন আহমদ, গ্রাম চুমুবদি, থানা নগরকান্দা, ফরিদপুর।

দৈনিক পাকিস্তান
২১ আগষ্ট

১১। এম এ, গফুর, পিতা মৃত জনাব আলী ধর্মসভা ক্রস রোড, খুলনা শহর।

১২। শেখ আবদুল আজীজ, পিতা মৃত শেখ হাফিজুদ্দিন, গ্রাম মোহসিনাবাদ, থানা কোতয়অলী, খুলনা।

১৩। নুরুল ইসলম মঞ্জুর, পিতা মৃত হেমায়েত উদ্দীন আহমদ, বাগুরারোয়া, বরিশাল।

১৪। আবদুল মান্নান হাওলাদার, পিতা হাসেম হাওলাদার, গ্রাম দক্ষিন নারায়ণগঞ্জ, থানা বাকেরগঞ্জ, বরিশাল।

১৫। আবদুর রব সেরনিয়াবাত, পিতা আবদুল খালেক সেরনিয়াবাত, গ্রাম সেরাল, থানা গৌরনদী, বরিশাল।

১৬। এনাযেত হোসেন খাঁন, পিতা আবদুর কাদের খান, শেহানগল, বাকেরগঞ্জ।

১৭। তাহেরুদ্দীন ঠাকুর, পিতা ফিরোজ উদ্দীন ঠাকুর, গ্রাম বড় দেওয়ানপাড়া, থানা সরাইল, কুমিল্লা।

১৮। আলী আজম, পিতা মজিদ ভূইয়া, মাধরী পাড়া, ব্রক্ষণবাড়িয়া, কুমিল্লা।

১৯। আবদুস সামাদ, পিতা মৃত শরিয়ত উল্লাহ, গ্রাম ভুরাখালী, থানা জগন্নাথপুর, সিলেট।

২০। আবদুর রব, পিতা মৃত আলহাজ্জ মনোয়ার, গ্রাম আড়ানিযা, পোঃ খাগুড়া, সিলেট।

২১। মুস্তফা আলী, পিতা মৃত হাজী নাজাত আলী, শায়েস্তা নগর কোয়ার্টার, হবিগঞ্জ, সিলেট।

২২। লুৎফর রহমান চৌধুরী (মানিক), পিতা- আবদুল বশির চৌধুরী, গ্রাম কাগুড়া, হবিগঞ্জ, সিলেট।

২৩। দেওয়ান ফরিদ গাজী, পিতা হামিদ গাজী, গ্রাম কুয়াহাপাড়া, কোতয়ালী, সিলেট।

২৪। মোঃ ইলিয়াস, পিতা মোঃ দাগির, শ্রীমঙ্গল টাউন, পোঃ শ্রীমঙ্গল, সিলেট।

২৫। ফজলুর রহমান, পিতা জহির উদ্দীন ভূইয়া, গ্রাম তারাকান্দী, থানা মনোহরদী, জেলা ঢাকা।

২৬। এ, কে, শামসুজ্জোহা, পিতা হাজী ওসমান আলী, ৯৯, চাষাড়া, পোঃ নারায়নগঞ্জ, জেলা ঢাকা।

২৭। আবদুল করিম বেপারী, পিতা মৃত হাজী ফালান বেপারী, গ্রাম উত্তর রামগোপালপুর, থানা মুন্সীগঞ্জ, জেলা, ঢাকা।

২৮। আবদুর রাজ্জাক ভূইয়া, পিতা মোহাম্মদ আলী ভূঁইয়া, গ্রাম কাঞ্চন হাটাবো, থানা রূপগঞ্জ, জেলা ঢাকা।

২৯। শামসুল হক, পিতা ওসমান গণি, গ্রাম টাংরাবন্দ, থানা কালিয়াকৈর, জেলা ঢাকা।

দৈনিক পাকিস্তান
২১ আগষ্ট
আরো ১৩ জন এম এন এ'র প্রতি হাজির হবার নির্দেশ

১। মিসেস নূরজাহান মুর্শেদ, স্বামী ডঃ সারোয়ার মুর্শেদ, ডাকা বিশ্ববিদ্যালয়, ৩৭/ই বিশ্ববিদ্যালয়, আবাসিক এলাকা, ঢাকা।

২। মিজানুর রহমান চৌধুরী, পিতা মরহুম মোঃ হাফিজ চৌধুরী, ওয়ার্ড নং ৩, চাঁদপুর পৌরসভা, পোঃ পুরান বাজার, থানা চাঁদপুর।

৩। এফ, ওয়ালিউল্লাহ, পিতা ওয়াজুদ্দিন সরকার, গ্রাম চররামপুর, পোঃ রামপুর বাজার, কুমিল্লা।

৪। কাজী জহিরুল কাইয়ুম, পিতা কাজী জুলফিকার হোসেন, গ্রাম চিওড়া, থানা চৌদ্দগ্রাম, কুমিল্লা।

৫। খোন্দকার মুশতাক আহমদ, পিতা খবির উদ্দিন খোন্দকার, গ্রাম দশপাড়া, থানা দাউদকান্দি, কুমিল্লা।

৬। খুরশিদ আলম, পিতা আলহাজ্জ মইন উদ্দীন ভূঁইয়া, ঝাউতলা, কুমিল্লা পৌর এলাকা, কুমিল্লা।

৭। নূরুল ইসলাম চৌধুরী, পিতা আবদুস সালাম চৌধুরী, গ্রাম গোবিন্দের খিল, থানা পটিয়া, চট্টগ্রাম।

৮। মোহাম্মদ ইদ্রিস, পিতা মরহুম মোঃ ইসমাইল, ৮৬ টাইগারপাস, পাহাড়তলী, থানা ডবলমুরিং, চট্টগ্রাম।

৯। মুস্তাফিজুর রহমান, পিতা হাজী মোঃ হোসেন চৌধুরী, গ্রাম দক্ষিণ রহমতনগর, থান সীতাকুণ্ড, চট্টগ্রাম।

১০। খালিদ মোহাম্মদ আলী, পিতা মোঃ নাজাত উল্লাহ মিয়া, গ্রাম চরমনসা, থানা লক্ষ্মীপুর, নোয়াখালী।

১১। খাজা আহমদ, পিতা মরহুম আসলাম মিয়া মোক্তার, বাশপাড়া কোয়ার্টার, থানা ফেনী, নোয়াখালী।

১২। নুরুল হক, পিতা আবদুর মজিদ, গ্রাম হাজীপুর, থান বেগমগঞ্জ, নোয়াখালী।

১৩। মোহাম্মদ হানিফ, পিতা মরহুম মৌলবী ইব্রাহিম, গ্রাম কলিকাপুর, থানা বেগমগঞ্জ, নোয়াখালী।

শিরোনাম	সূত্র	
১৭৪। যোগ্য ঘোষিত পরিষদ সদস্যদের প্রতি দায়িত্ব পালনের আহ্বান	দৈনিক পাকিস্তান	২৪ আগষ্ট, ১৯৭১

নির্বাচকমন্ডলীর প্রতি দায়িত্ব পালনের জন্য এগিয়ে আসার আহ্বানঃ যোগ্য ঘোষিত পরিষদ সদস্যদের পূর্ণ নিরাপত্তার নিশ্চয়তা প্রদান

বেআইনী ঘোষিত আওয়ামী লীগের নব নির্বাচিত এমএনএ ও এমপিএ গণ যারা পরিষদে ব্যক্তিগতভাবে তাদের আসন বহাল রাখার সুযোগ পেয়েছেন, পূর্ব পাকিস্তান সরকার তাঁদের পুরোপুরিভাবে রক্ষা করার নিশ্চয়তা প্রদান করেছেন বলে গতকার সোমবার এপিপির খবরে বলা হয়।

প্রাদেশিক সরকারের জনৈক মুখপাত্র গতকাল সোমবার ঢাকায় বলেন যে জাতীয় ও প্রাদেশিক পরিষদের এসব সদস্য তাঁদের নির্বাচনী কেন্দ্রের নির্বাচিত প্রতিনিধি বিধায় জাতি বর্তমানে যে অসুবিধাজনক সময়ের সম্মুখীন হয়েছে, তাতে নির্বাচকমন্ডলীর প্রতি তাদের যে দায়িত্ব রয়েছে তা পালনে এগিয়ে আসতে তাঁদের দ্বিধা করা উচিত নয়।

উক্ত মুখপাত্র আরও বলেন যে, বিলুপ্ত আওয়ামী লীগের টিকেটে নির্বাচিত এমএনএ ও এমপিএ-দের কেসসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখা হয়েছে এবং ৮৮ জন নবনির্বাচিত এমএনএ ও ৯৪ জন নবনির্বাচিত এমপিএ'র বিরুদ্ধে আপত্তিকর কিছুই পাওয়া যায়নি। তাই তাদের ভীত হওয়ারও কোনই কারণ নেই এবং দায়িত্ব পালনে তাদের এগিয়ে আসা উচিত বলে তিনি মত প্রকাশ করেন।

দৈনিক পাকিস্তান
২৮ আগষ্ট
যোগ্য এমএনএ-এমপিও'দের প্রতি আহ্বান
নির্ভয়ে দেশে ফিরে আসুন

বেআইনী ঘোষিত আওয়ামী লীগের যেসব এমএনএ ও এমপিএ'র আসন ব্যক্তিগত ক্ষমতায় বহাল বলে ঘোষিত হয়েছে, তাদের মধ্যে যাঁরা এখনো ভারতে রয়ে গেছেন পাকিস্তানে ফেরার ব্যাপারে তাঁদের মনে কোনরূপ আশংকা থাকা উচিত নয়। সীমান্ত অতিক্রম করে তাঁদের ভারত গমন অপরাধ বলে গণ্য হবে না। গতকাল শুক্রবার সরকারীভাবে এ কথা ঘোষণা করা হয়েছে।

ঘোষণায় বলা হয়, যেসব নবনির্বাচিত এমএনএ ও এমপিএকে ক্লীয়ারেন্স দেওয়া হয়েছে তা সামগ্রিক ও শর্তহীন।

আরো বলা হয়েছে যে, এমএনএ এবং এমপিএ-রা যেন স্বার্থান্বেষী মহলের রটানো গুজবে কান না দেন এবং পাকিস্তানে ফিরে এসে নির্বাচকমন্ডলী এবং জাতির প্রতি তাঁদের দায়িত্ব পালন করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৭৫। ক্ষতিগ্রস্ত লোকদের জন্য যশোর সদর মহকুমা প্রশাসনের অনুদান মঞ্জুরী সভার একটি কার্যবিবরণী	সরকারী দলিলপত্র	২৭ আগষ্ট, ১৯৭

Proceedings of the meeting of the allotment committee for awarding grants to the affected persons concerned during the last disturbances held in the Office Chamber of the S. D. 0., Sadar, Jessore on 27.8.7 1 at 10 A.M. Mr. Md. Musa, Sub-divisional Officer, Sadar and Chairman Allotment Committee presided over the meeting.

Present:

1. Mr. Syed Shamsur Rahman, Chairman, Dist Peace Committee. Jessore.
2. " Amjad Hossain Sabir, Secretary, District Peace Committee, Jessore
3. " Sk. Abdullah, Magistrate, Member- Secretary.
4. " Md. Masudur Rahman, Secretary, Town Peace Committee, Jessore.
5. " Md. Qumruddin, Chairman, Town peace Committee.

The Office has so far received 864 petitions of three categories (H & B grant, vocational grant, and G. R. Cash). The Office are also receiving petitions daily. The petitions (864) were required into and damage/loss has been assessed. Having regard to the number of petitions and Govt. grants at our disposal it is decided unanimously to distribute grants to the affected persons on the basis of the following percentages & limitations of the assessed loss/damages incurred by the affected persons.

	Damage/loss Assessed	Percentage fixed.	Minimum	Maximum
A) H & B grant	(1) Upto Rs. 300/-	8%	Rs. 150/-	Rs. 240/
B) Vocational grant	(2) From Rs. 3000/- to 5000/-	6%	Rs. 246/-	Rs. 300/
	(3) FromRs. 500/- & above	5%	Rs. 310/-	Rs. 500/-
C) G.R.Cash	(1) Upto Rs. 5000/-	3%	Rs. 100/-	Rs. 150/-
	(2) Rs. 500/- and above	2%	Rs. 155/-	Rs. 500/-

D) For loss of earning members in a family- G.R. Cash amounting to ... be given to each family.

E) It is also decided that payment be made by the member- secretary to the respective awardee duly identified by a member of the peace committee of the respective Ward/Mahalla/Area.

F) Its is also decided that the Maximum of cash grant for the three purposes should not exceed Rs. 500/- per family affected by the disturbances as ordered in Govt. Memo No. Sec-111822 (10) F.R. dated 7.7.7 1 issued by the Relief & Rehabilitation Dept. Govt. of East Pakistan, Dacca.

Sd/- Md. Musa.
27.8.71
Chairman, Allotment Committee
&
S.D.O., Sadar, Jessore.

Memo. No. VI-7/71/848/6-RR Dated 28.8.71

Copy of the proceedings forwarded to: Mr. Md. Qumruddin, Chairman, Town Peace Committee & Members of the Committee for information.

Sd/- Md. Musa. 28. 8. 71
Chairman, Allotment Committee
&
S.D.O. Sadar, Jessore.

Menm. No. Dated. 28.8.7 1
Copy forwarded to

1) Asstt. Sub-Administrator, Marital Law Administration, Jessore.
2) The Deputy Commissioner, Jessore.
3) Addi. Deputy Commissioner, Jessore.

For favour of information.

শিরোনাম	সূত্র	তারিখ
১৭৬। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে সামরিক সরকারের বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা	সরকারী দলিলপত্র উদ্ধৃতঃ এক্সপেরিয়েন্স -প্রাগুক্ত	১৩ সেপ্টেম্বর ১৯৭১

Registrar.

The following orders of the Governor and Martial Law Administrator, East Pakistan, may be communicated to the Departments and Offices concerned :-

1. Martial Law Headquarters, Zone 'B' Dacca.

I, Lt. General Tikka Khan, HQA, S.PK. as Chancellor of the Dacca University,

Hereby warn you, Dr. Munir Chowdhury, Professor of Bengali, Dacca University, that you will not indulge in the anti-state activities in future.

Place: Dacca.
Dated 1 September 1971

Sd!- Tikka Khan, Lt. General
Martial Law Administrator
Zone B' and Governor of
East Pakistan

2. Martial Law Headquarters, Zdne B' Dacca.

I, Lt. General Tikka Khan, HQA, S. PK., as Chancellor of the Dacca University, hereby warn you, Dr. Nilima Ibrahim of Bengali Department, Dacca University that you will not indulge in the anti-state activities in future.

Place: Dacca
Dated. 1 September 1971

Sd/- Tikka Khan, Lt. General
Martial Law Administrator
Zone B' and Governor of
East Pakistan

3. Martial Law Headquarters, Zone 13' Dacca.

I, Lt. General Tikka Khan, HQA, SPK., as Chancellor of the Dacca University, hereby warn you, Dr. Serajul Islam Chowdhury of English Department, Dacca University that you will not indulge in the anti-state activities in future.

Place: Dacca
Dated. 1 September 1971

Sd!- Tikka Khan, Lt. General
Martial Law Administrator
Zone B' and Governor of
East Pakistan

4. Martial Law Headquarters, Zone 'B', Dacca.

In exercise of the powers conferred on me by the Chief Martial Law Administrator under MLR. 80, I, Lt. General Tikka Khan, HQA. S.PK., as Martial Law Administrator, Zone 'B' and in the capacity as Chancellor, Dacca University, hereby terminate your service, Dr. Muniruzzaman of Bengali Department of the Dacca University with immediate effect and under MLR 78 further direct that you will be detained for six months.

Place : Dacca
Dated 1 September, 1971

Sd/- Tikka Khan,
Lt. General
Martial Law administrator Zone
'B' and Governor of
East Pakistan.

5. Martial Law headquarters, Zone 'B'Dacca.

In exercise of the powers conferred on me by the Chief Martial Law Administrator under MLR 80, I, Lt. General Tikka Khan, HQA. S.PK., as Martial Law Administrator, Zone B' and in the capacity as Chancellor of Dacca University, terminate your service, Dr. Inamul Huque, as Chairman of Bengali development Board and as supernumerary Lecturer in the Bengali Department of the said University.

Place : Dacca
Dated 1 September, 1971

Sd/- Tikka Khan, Lt. General
Martial Law administrator Zone
'B' and Governor of
East Pakistan.

6. Martial Law Headquarters, Zone B'Dacca.

In exercise of the powers conferred on me by the Chief Martial Law Administrator under MLR 80, I, Lt. General Tikka Khan, HQA. S.PK., as Martial Law Administrator, Zone B' and in the capacity as Chancellor of Dacca University, hereby terminate your service, Dr. A. B M. Habibullah, Head of Islamic History Department of the Dacca University with immediate effect.

Place : Dacca
Dated 1 September, 1971

Sd/- Tikka Khan, Lt. General
Martial Law Administrator Zone
B' and Governor of
East Pakistan.
Sd/- S. Sajjad Hussain
15.9.7 1

ORDER

... And whereas Mr. Syed Akram Hossain, last employed as Temp. Lecturer in Bengali, D.U. Failed to report for duty by the aforesaid date and thus remained absent without authority and committed willful negligence of duty.

And whereas the Governor and Marital Law Administrator, Zone B' has been pleased to order that "all Officers who failed to join their duties by the afternoon of 15th June, 1971 shall stand suspended with effect from the forenoon of 16th June, 1971 until further orders.

And whereas the University has also issued Notification to all its employees to the above effect, namely, to join duty by 15-6-1971 at the latest.

Now, therefore, the said Mr. Syed Akrarn Hossain is hereby informed that in pursuance of the said order of the Governor and Martial Law Administrator, Zone B' and the Syndicate resolution thereon dated August 5, 1971 he has been placed under suspension with effect from the forenoon of 16th. June, 1971.

By Order
SdI- Nuruddin Ahmed 27.8.7 1
Registrar
University of Dacca.

Memo. No. c/5917-24 Dated, the 3-9-1971.

এই দলিলটি উদ্ধৃত হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলা বিভাগ প্রকাশিত সাহিত্য পত্রিকা, শীত সংখ্যা হতে। প্রকাশকালঃ ১৯৮২ ইং।

শিরোনাম	সূত্র	তারিখ
১৭৭। কয়েকজন অধ্যাপক ও সিএসপি অফিসারকে হাজির হওয়ার নির্দেশ	দৈনিক পাকিস্তান	২ সেপ্টেম্বর, ১৯৭১

কয়েকজন অধ্যাপক ও সিএসপি অফিসারকে হাজির হওয়ার নির্দেশ

খ. অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল টিক্কা খান গতকার বুধবার এক ইশতেহারে পাঁচ ব্যক্তিকে তাঁদের সকলের বিরুদ্ধে ২৫ নং সামরিক আইন বিধি ও সেই সঙ্গে পঠিতব্য খ, সামরিক আইন অঞ্চলের ১২০ নম্বর নির্দেশ অনুয়ায়ী ৮ই সেপ্টেম্বর সকাল ৮টায় ঢাকা এম পি হোষ্টেলে ছয় নম্বর সেক্টরের সাব মার্শাল 'ল' এডমিনিষ্ট্রেটরের সামনে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন।

নিম্নলিখিত ব্যক্তিদের হাজির হতে নির্দেশ দেয়া হয়েছেঃ

১। মোজাফফর আহমদ চৌধুরী, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

২। আবদুর রাজ্জাক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৩। সারওয়ার মুর্শেদ, ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৪। মাজহারুল ইসলাম, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

৫। আবু জাফর সামসুদ্দিন, বাংলা একাডেমী।

এরা হাজির হতে ব্যর্থ হলে ৪০ নম্বর সামরিক আইন বিধি অনুযায়ী এদের অনুপস্থিতিতে এদের বিচার করা হবে।

খ. অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল টিক্কা খান গতকাল এক পৃথক ইশতেহারে ১৩ জন অফিসারকে তাদের সকলেল বিরুদ্ধে ২৫ নং সামরিক আইন বিধি ও সেই সঙ্গে পঠিতব্য সামরিক আইন অঞ্চলের ১২০ নম্বর নির্দেশ অনুযায়ী ৮ই সেপ্টেম্বর সকাল ৮টায় ঢাকার এমপিএ হোষ্টেলে ছয় নম্বর সেক্টরের সাব মার্শাল 'ল' এডমিনিষ্ট্রেটরের কাছে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন। উক্ত ১৩ জন অফিসার হচ্ছেনঃ

১। খোন্দকার আসাদুজ্জামান, সিএসপি, জয়েন্ট সেক্রেটারী, অর্থ বিভাগ, ঢাকা।

২। এইচ টি ইমাম, সিএসপি, ডিসি, চট্টগ্রাম।

৩। জনাব আবদুস ছামাদ, সিএসপিদ, ডিসি, সিলেট।

৪। জনাব মোহাম্মদ এন কিউ খান, সিএনপি, ডিসি, পাবনা।

৫। সৈয়দ আবদুস সামাদ, সিএসপি, পুনর্বাসন অফিস, পার্বত্য চট্টগ্রাম।

৬। কুদরত এলাহী চৌধুরী, সিএসপি, অতিরিক্ত ডেপুটি কমিশনার, রাজশাহী।

৭। মোহাম্মদ খুরশেদুজ্জামান চৌধুরী, সিএসপি, এসডিও, কিশোরগঞ্জ।

৮। কাজী রাকুবদ্দিন, সিএসপি, এসডিও, ব্রাক্ষণবাড়িয়া।

৯। ওয়ালিউল ইসলাম, এসডিও মাগুরা।

১০। আকবর আলী খান, সিএসপি, এসডিও, হবিগঞ্জ।

১১। কামাল উদ্দিন সিদ্দিকী, সিএসপি, এসডিও,নড়াইল।

১২। মোহাম্মদ তৌফিক এলাহী চৌধুরী, সিএসপি, এসডিও, মেহেরপুর।

১৩। সাদাত হোসেন, সিসিপি, এসিষ্ট্যান্ট কমিশনার, যশোর।

এরা হাজির হতে ব্যর্থ হলে এদের অনুপস্থিতেতে ৪০ নম্বর সামরিক আইন বিধি অনুযায়ী এদের বিচার করা হবে।

শিরোনাম	সূত্র	তারিখ
১৭৮। অভিযুক্ত প্রাদেশিক পরিষদ সদস্যদের সামরিক কর্তৃপক্ষের নিকট হাজির হবার নির্দেশ	দৈনিক পাকিস্তান	২-৩ সেপ্টেম্বর, ১৯৭১

৪৮ জন এমপিকে সামরিক কর্তৃপক্ষের নিকট হাজির হবার নির্দেশ

''খ'' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল টিক্কা খান অধুনালুপ্ত আওয়ামী লীগের ৪৮ জন নবনির্বাচিত এম পিকে, সামরিক আইন বিধি ও পাকিস্তান দণ্ডবিধি অনুযায়ী তাদের বিরুদ্ধে কতিপয় অভিযোগের জবাবদানের জন্য ৮ই সেপ্টেম্বর সকাল ৮টায় দুই নম্বর সেক্টরের (নাটোর) সাব-মার্শাল 'ল' এডমিনিষ্ট্রেটরের কাছে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন।

এমপি পরিবেশিত এই খবরে প্রকাশ, তাদের বিরুদ্ধে অভিযোগের মধ্যে রয়েছে রাষ্ট্রদ্রোহিতা, গণহত্যা অগ্নিসংযোগ। উক্ত নির্দেশ অনুযায়ী তাঁরা হাজির হতে ব্যর্থ হলে ৪০ নম্বর সামরিক আইন বিধি মোতাবেক তাঁদের বিচার করা হবে। এমপিদের নাম ও তাঁদের বিরুদ্ধে অভিযোগ নিচে দেয়া হলোঃ

১। আবদুর রহমান চৌধুরী, পিতা-রেশাম উদ্দিন চৌধুরী, গ্রাম- নীলফামারী, ডাকঘর ও থানা: নীলফামারী, জেলা- রংপুর।

ক) ১৬ (ক) সামরিক আইন বিধি এবং ৩০২/১০৯ পাকিস্তান দণ্ডবিধি।
খ) রাষ্ট্রদ্রোহিতা- পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।
গ) সামরিক বিধি ৯।

২। আজহারুল ইসলাম, বি,এ, পিতা-মফেল উদ্দিন মিয়া, গ্রাম- উত্তর বড়ভিটা, ডাকঘর- উত্তর বড়ভিটা, থানা- কিশোরগঞ্জ, জেলা- রংপুর।

ক) সামরিক আইন বিধি ১৬ (ক), পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।
খ) রাষ্ট্রদ্রোহিতা- পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।
গ) রাষ্ট্রবিরোধী তৎপরতায় বিদ্রোহী ইপিআর কর্মচারীদের সহায়তাদান ও পরিচালনা-সামরিক আইন বিধি ৭, ৫ ও ১৬ (ক)।

৩। ডাঃ জিকরুল হক, পিতা- জিয়ার উল্লাহ আহমদ, নতুন বাবুপাড়া, ডাকঘর ও থানা সৈয়দপুর, জেলা- রংপুর।
ক) সামরিক আইন বিধি ১৬ (ক), পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।
খ) রাষ্ট্রদ্রোহিতা- পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।
গ) রাষ্ট্রবিরোধী তৎপরতায় ইপিআর কর্মচারীদের সহায়তা ও সাহায্য দান-সামরিক দণ্ডবিধি ৭ ও ১৬ (ক)।

৪। আবিদ আলী, পিতা- বশিরউদ্দিন, গ্রাম-রসুলগঞ্জ, ডাকঘর ও থানা-পাটগ্রাম, জেলা-রংপুর।
ক) রাষ্ট্রবিরোধী তৎপরতায় বিদ্রোহী ইপিআর কর্মচারীদের সাহায্যদান-৭ নম্বর সামরিক আইন বিধি।

খ) সৈন্যদের চলাচলে বাধাদানের জন্য তার এলাকায় কালভার্ট ও ভবনসমূহের ধ্বংসকার্যে সক্রিয়ভাবে অংশগ্রহণ ও সংগঠন-১৪ নম্বর সামরিক আইন বিধি।

গ) সামরিক আইন বিধি ৯/৫ পকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।

ঘ) রাষ্ট্রবিরোধী তৎপরতা- সামরিক আইন বিধি ১৬ (ক)

৫। করিম উদ্দিন আহম্মদ, পিতা- মরহুম অসিমুদ্দিন আহমদ, গ্রাম-কাশিরাম, ডাকঘর-করিমপুর, থানা-কালিগঞ্জ, জেলা- রংপুর।

ক) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।

খ) সেনাবাহিনীর সঙ্গে যুদ্ধ করেছে এইরূপ বিদ্রোহী বাহিনী সংগঠনে সক্রিয়ভাবে অংশগ্রহণ-সামরিক আইন দণ্ডবিধি ৭।

৬। এলাহী বক্স সরকার, পিতা- হাজী জহর উদ্দিন সরকার, গ্রাম- সায়ের, থানা- বদরগঞ্জ সদর, জেলা-রংপুর।

ক) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।

খ) রাষ্ট্রদ্রোহিতা- পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক) ও সামরিক আইন দণ্ডবিধি ১৬ (ক)

৭। মোঃ সিদ্দিক হোসেন, পিতা- খয়ের উদ্দিন, মৌজা-বখতারপুর, থানা- কোতয়ালী, জেলা- রংপুর।

ক) সামরিক বিধি ১৬ (ক) সামরিক আইন বিধি ৯।

খ) রাষ্ট্রবিরোধী তৎপরতায় অংশগ্রহণের জন্য গ্রামগুলোতে সংগ্রাম পরিষদ সংগঠন-সামরিক আইন বিধি ১৬ (ক) ।

গ) ১৯৭১ সালের ২৮শে মার্চ রংপুর ক্যান্টনমেন্টে হামলার সংগঠন ও নেতৃত্বদান-সামরিক আইন বিধি ১৬ (ক)।

৮। মোঃ গাজী রহমান, পিতা- গফুর সরকার, গ্রাম- পীরগঞ্জ, ডাকঘর ও থানা-পীরগঞ্জ, জেলা রংপুর।

ক) পীরগঞ্জ থানার অস্ত্রাগার লুট এবং লুট করা অস্ত্র দুস্কৃতকারীদের মধ্যে বণ্টনের জন্য দায়ী সামরিক আইন বিধি ৯ ও ১৬ (ক)।

খ) রাষ্ট্রদ্রোহিতা- পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।

গ) ১৯৭১ সালের ২৮শে মার্চ রংপুর ক্যান্টনমেন্টে হামলার সংগঠন পরিচালনা-সামরিক আইন বিধি ১৬ (ক)।

ঘ) সামরিক আইন বিধি ৯।

দৈনিক পাকিস্তান
৩সেপ্টেম্বর, ১৯৭১

৯। মোঃ সামসুল হক চৌধুরী, পিতা- কাজী শরাফুদ্দিন চৌধুরী, গ্রাম-চরবলদিয়া, থানা- ভুরুঙ্গমারী, জেলা- রংপুর।

ক) সামরিক আইন বিধি ১৬ (ক) ও ৯।

খ) রাষ্ট্রদ্রোহী- পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।

গ) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯
ঘ) সামরিক আইন বিধি ১৬ (ক)

১০। আবদুল হাকিম, বি, এড, পিতা- মফিজউদ্দিন শেখ, গ্রাম- রসনাবাদ (নাগেশ্বরী), জেলা- রংপুর।

ক) তার নিজের এলাকায় বিদ্রোহী দল সংগঠন ও পাকিস্তান সেনাবাহিনীর সাথে যুদ্ধ করা এবং এভাবে রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা-পাকিস্তান দণ্ডবিধি ১২১/০৯।
খ) সামরিক আইন বিধি ১৬ (ক)/৫।
গ) রাষ্ট্রদ্রোহিতা-পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)
ঘ) সামরিক আইন বিধি ১৬ (ক)

১১। আবুল হোসেন, পিতা- কসিম উদ্দিন মণ্ডল, গ্রাম- স্যাভানা, থানা- লালমনিরহাট, জেলা- রংপুর।

ক) সামরিক আইন বিধি ১৬ (ক) ও পাকিস্তান দণ্ডবিধি ১০৯/৩০২।
খ) সামরিক আইন বিধি-৯।

১২। আবদুল্লাহ সোহরাওয়ার্দী, পিতা- আহমদ হোসেন মণ্ডল, গ্রাম- চাকিপাশের ভালুক (উলিপুর), জেলা- রংপুর।
ক) গ্রামে গ্রামে বিদ্রোহী দল সংগঠন ও পরিশেষে সেনাবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ-সামরিক আইন বিধি ১৬ (ক) ও সামরিক আইন বিধি ৭।
খ) সামরিক আইন বিধি ৯ ও ৫।

১৩। নুরুল ইসলাম, পিতা- নায়েব উল্লা, রৌমারী ইউনিয়ন কাউন্সিল, জেলা- রংপুর।

ক) পাকিস্তান দণ্ডবিধি ৩০৯।
খ) রাষ্ট্রদ্রোহিতা পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।
গ) সামরিক বিধি ১৬ (ক)

১৪। এম, এ, তালেব মিয়া, পিতা- তাজউদ্দিন ১০নং ওয়ার্ড, রংপুর মিউনিসিপ্যালিটি, কোতয়ালী থানা, জেলা-রংপুর।

ক) সামরিক আইন বিধি ১৬ (ক)।

১৫। মোঃ ওয়ালিউর রহমান, পিতা- মোঃ আজিজুর রহমান, ১১নং ওয়ার্ড, গাইবান্ধা শহর কমিটি, জেলা- রংপুর।

ক) সামরিক আইন বিধি ৯।
খ) সামরিক আইন বিধি ১৬ (ক)।
গ) রাষ্ট্রদ্রোহিতা- পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।

১৬। আজিজুর রহমান, পিতা-সিরাজ উদ্দিন সরকার, গ্রাম ভগবানপুর, থানা- পলাশপুর, জেলা- রংপুর।
ক) সামরিক আইন বিধি ৫,৭ ও ১৬(ক)।
খ) পলাশবাড়ী থানার অস্ত্রাগার লুটে অংশগ্রহণ-সামরিক আইন বিধি ৯।
গ) সামরিক আইন বিধি ১৬ (ক)।

১৭। কমর উদ্দীন আহমদ, পিতা- মরহুম হাজী মোঃ ইব্রাহীম, গ্রাম-নতুন বস্তী, থানা- পঞ্চগড়, জেলা- দিনাজপুর।

১৮। সিরাজুল ইসলাম, এল-এল-বি,পিতা- ইমাজুদ্দীন, গ্রাম- মহাজন পাড়া, থানা- বোদা, জেলা- দিনাজপুর।

১৯। মোঃ ফজলুল করিম, পিতা- নইম উদ্দীন আহমদ, গ্রাম- হলপাড়া, ঠাকুরগাঁ টাউন, জেলা- দিনাজপুর।
ক) এদের নির্বাচনী কেন্দ্রসমূহে আনসার, ইপিআর ও পুলিশ বাহিনীর লোকদের বিপথগামী করে বিদ্রোহী সংগঠন, তৎপর উক্ত বাহিনীর সাথী হয়ে সেনাবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ-সামরিক আইন বিধি ৭ ও ১২।
খ) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।

২০। মোঃ গোলাম রহমান, পিতা- জমির উদ্দীন শাহ, গ্রাম- গোওয়াল দীঘি, থানা- খানসামা, জেলা- দিনাজপুর।

ক) সামরিক আইন বিধি ৯,৫, ও ১৬ (ক)।
খ) রাষ্ট্রদ্রোহিতা-পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।
গ) রাষ্ট্রবিরোধী কর্মতৎপরতা-সামরিক আইন বিধি ১৬ (ক)।

২১। এস, এম ইউসুফ, পিতা- মরহুম কাজিমউদ্দীন আহমদ শাহ, গ্রাম-মোখলেশপুর, থানা- সিজাল, জেলা- দিনাজপুর।

ক) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯
খ) সরকারের বিরুদ্ধে মুজাহিদ, আনসার এবং ইপিআর পুলিশ বাহিনীর লোকদের উদ্বুদ্ধ করা-পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।
গ) রাষ্ট্রবিরোধী তৎপরতা-সামরিক আইন বিধি ১৬ (ক)।
ঘ) রাষ্ট্রদ্রোহিতা-পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।

২২। এম, আবদুর রহিম, পিতা- মরহুম ইসমাইল সরকার, গ্রাম উত্তর মুন্সীপাড়া, থানা- কোতোয়ালী, জেলা- দিনাজপুর।

ক) ভারত গমন এবং ১৯৭১ সালের মার্চ এপ্রিল মাসে সরকারের বিরুদ্ধে ব্যবহারের জন্য অস্ত্রশস্ত্র ও গোলবারুদ সংগ্রহ।
খ) সামরিক আইনবিধি ১৬ (ক)
গ) রাষ্ট্রদ্রোহিতা-পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।

২৩। মোঃ খাতিবুর রহমান, পিতা- মোঃ চিনুল্লা প্রামাণিক, গ্রাম বসুপাড়া, থানা- পার্বতীপুর, জেলা- দিনাজপুর।

২৪।সরদার মোশারফ হোসেন, পিতা- শফিউদ্দীন সরদার, গ্রাম- ঈদগাবস্তী, থানা- কোতোয়ালী, জেলা- দিনাজপুর।
ক) সামরিক আইনবিধি ৯/৫ ও পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।
খ) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।
গ) পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।

২৫। সাইদুর রহমান, পিতা- আসির উদ্দিন, গ্রাম- বালিঘাটা বাজার, থানা ও ডাকঘর- পাঁচবিবি, জেলা- বগুড়া।

ক) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।
খ) সামরিক বিধি ১৬ (ক)।

২৬। কাজিম উদ্দীন আহমদ, পিতা- মোহাম্মদ আলী, শান্তাহার বাজার, ডাকঘর- শান্তাহার, থানা- আদমদিঘী, জেলা- বগুড়া।

ক) সামরিক আইনবিধি ৯।
খ) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।
গ) রাষ্ট্রদ্রোহিতা- পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।

২৭। ডাঃ মঈনুদ্দীন আহমদ, পিতা- ডাঃ কলিমুদ্দীন আহমদ, গ্রাম- মনাকষা সদরতলা, ডাকঘর- মনাকষা, জেলা- রাজশাহী।

ক) সামরিক আইন বিধি ৯ ও ১৬ (ক)।
খ) সামরিক আইন বিধি ৯ ও ১৬ (ক)।
গ) সামরিক আইন বিধি ৭ ও পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।

২৮। মোঃ ডাঃ গোলাম সরওয়ার, পিতা- মরহুম আবদুল গফুর সরকার, গ্রাম- কানোর পাড়া, পোঃ ও থানা ধনুট, জেলা- বগুড়া।
ক) সামরিক আইন বিধি ৯ ও ১৬ (ক)।
খ) সামরিক আইন বিধি ৭ও ৯।

২৯। মোজাফফর হোসেন, পিতা- হাজী রহমতুল্লা পিকে, গ্রাম- দূতগাড়ী, পোঃ ও থানা- শিবগঞ্জ, জেলা- বগুড়া।

৩০। হাছেন আলী সরকার, পিতা- হরমাসুদ আলী সরকার, গ্রাম- হালিদাভোগ, পোঃ ভালুরপাড়া, থানা- গাবতলী, জেলা- বগুড়া।

৩১। মোঃ মাহমুদুল হাসান খান, পিতা- ইদরিস খান, চক সূত্রাপুর-১, পোঃ থানা ও জেলা বগুড়া।

ক) সামরিক আইন বিধি ৯ ও ১৬ (ক)।
খ) সামরিক আইন বিধি ৯ ও ১৬ (ক)।
গ) বগুড়া থানা অস্ত্রাগার লুট ও দুষ্কৃতকারীদের লুণ্ঠিত অস্ত্রশস্ত্র সরবরাহ-সামরিক আইন বিধি ৭ ও ৯
ঘ) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।

৩২। এন, এ হামিদুর রহমান, পিতা- ফহিমদ্দিন মিঞা, গ্রাম- লক্ষ্মীনারায়ণপুর, পোঃ বোয়ালিয়া, জেলা- রাজশাহী।
ক) সামরিক আইন বিধি ৭ ও পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯ (ক)।
খ) সামরিক আইববিধি ৯।
গ) সক্রিয়ভাবে রাষ্ট্রবিরোধী কার্যকলাপ পরিচালনা- সামরিক আইন বিধি ১৬ (ক)।

৩৩। এ, এ, এম মেসবাহুল হক (বাচ্চু ডাক্তার), পিতা- হাজী মোহাম্মদ মনীর উদ্দীন, ঝিলিম রোড, পোঃ চাঁপাইনবাবগঞ্জ, জেলা- রাজশাহী।
ক) পাকিস্তান আইন বিধি ৯ ও ১৬ (ক)।

খ) সামরিক আইন বিধি ৭ ও পাকিস্তান দণ্ডবিধি
গ) সামরিক আইন বিধি ১৬ (ক) ও পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।
ঘ) রাষ্ট্রবিরোধী কার্যকলাপ-সামরিক আইন বিধি ১৬ (ক)
ঙ) রাষ্ট্রদ্রোহিতা-পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)

৩৪। মোঃ ডাঃ বশিরুল হক, পিতা-খোদা বকস, গ্রাম ও পোঃ পোরশা, জেলা রাজশাহী।

ক) সামরিক আইন বিধি ৯।
খ) সামরিক আইন বিধি ৯।
গ) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।

৩৫। ইমাজ উদ্দীন প্রামাণিক, পিতা-হজরত উল্লা প্রামাণিক, গ্রাম-কালিকাপুর, পোঃ চকশাইলা, জেলা-রাজশাহী।

ক) সামরিক আইন বিধি ৯ ও পাকিস্তান দণ্ডবিধি৩০২/১০৯।
খ) মউদা থানায় আইন প্রয়োগকারী বাহিনীর বিরুদ্ধে প্রতিরোধ সংগঠন- সামরিক আইন বিধি ১২।
গ) রাষ্ট্রবিরোধী তৎপরতা-সামরিক বিধি ১৬ (ক)।

৩৬। গিয়াস উদ্দীন সরদার, পিতা- মরহুম রহিম বকস সরদার, গ্রাম- চক এনায়েত-৩, পোঃ নওগাঁ, জেলা- রাজশাহী।

ক) নবনির্বাচিত এমপিএ (পিই-৫৪) ডাঃ আলাউদ্দীনের সাথে সারদাহ পুলিশ একাডেমীর অস্ত্রাগার লুট-সামরিক আইন বিধি ৯।
খ) লালপুর থানা থেকে রাইফেল লুট ও দুস্কৃতকারীদের নিকট সে সব হস্তান্তর-সামরিক আইন বিধি ৭ ও ৯।
গ) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।

৩৭। মোঃ আজিজুল হক খান, পিতা- জয়নুদ্দীন খান, গ্রাম- সুলতানাবাদ, পোঃ ঘোড়ামারা, জেলা-রাজশাহী।

ক) সামরিক বিধি ১৪।
খ) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯। রাষ্ট্রদ্রোহিতা- পাকিস্তান দণ্ডবিধি (ক)

৩৮। রিয়াজ উদ্দীন আহমদ, পিতা- ওসমান আলী বিশ্বাস, গ্রাম- কেরা বারুইপাড়া, থানা ও পোঃ গোদাগাড়ী, জেলা- রাজশাহী।

ক) পাকিস্তান দণ্ডবিধি ৩০২।
খ) সামরিক আইন বিধি ৯।
গ) রাষ্ট্রবিরোধী তৎপরতা- সামরিক আইন বিধি ১৬ (ক)

৩৯। আবদুল হাদি, পিতা- আবদুল গফুর, গ্রাম- রাণীনগর, থানা- বোয়ালিয়া, পোঃ ঘোড়ামারা, জেলা-রাজশাহী।

ক) সামরিক আইন বিধি ১৬ (ক) ও ১৪।
খ) সামরিক আইন বিধি ৯/৫।

গ) রাজশাহী ডেপুটি কমিশনার ও জেলা জজের অফিস হতে জাতীয় পতাকা নামিয়ে অগ্নিদগ্ধ সামরিক আইন বিধি ১৬ (ক)।
ঘ) রাষ্ট্রদ্রোহিতা পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।

৪০। সরদার আমজাদ হোসেন, পিতা- সরদার মোঃ আলী, গ্রাম- হামির কুটসা, পোঃ গোয়ালকান্দী, জেলা- রাজশাহী।

ক) বিদ্রোহী পুলিশ অফিসারদের সহযোগিতায় পুলিশ একাডেমীর অস্ত্রাগার হতে রাইফেল লুট-সামরিক দণ্ডবিধি ৭ ও ৯।
খ) পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।
গ) রাষ্ট্রবিরোধী কর্মতৎপরতা-সামরিক আইন বিধি ১৬ (ক) ।

৪১। ডাঃ মোঃ আলাউদ্দীন, পিতা- মোঃ এতিম হোসেন সরকার, গ্রাম+পোঃ ও থানা- চারঘাট, জেলা- রাজশাহী।

ক) সামরিক আইন বিধি ৯ ও ১২।
খ) নবনির্বাচিত এমপিএ (পিই-৫৩) সরদার আমজাদ হোসেনের সাথে একত্রে সারদাহ পুলিশ অস্ত্রাগার লুট সংগঠন- সামরিক আইন বিধি ৯।
গ) ভারতের আমৃত বাজার পত্রিকার সংবাদদাতা ও ফটোগ্রাফারকে তাদের রাজশাহী জেলা সফরে সার্বাধিক সাহায্য ও সহযোগিতা দান। সামরিক আইন বিধি ১৬ (ক)
ঘ) রাষ্ট্রদ্রোহিতা-পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।

৪২। শ্রী শংকর গোবিন্দ চৌধুরী, পিতা- জনন্দ গোবিন্দ চৌধুরী, গ্রাম- নিচাবাজার, থানা- নাটোর, জেলা- রাজশাহী।

ক) সামরিক আইন বিধি ৯/৫ ও পাকিস্তান দণ্ডবিধি ৩০২/১০৯।
খ) 'খ' অঞ্চলের পুনর্গঠিত ১২২ নং সামরিক আইন বিধি লঙ্গন করে ধ্বংসাত্মক কার্যকলাপ চালানোর জন্য তার বাসভবনে বিপুল পরিমাণ বিস্ফোরক দ্রব্য সঞ্চিত রাখা)- সামরিক আইন বিধি ২৫।
গ) রাষ্ট্রদ্রোহিতা-পাকিস্তান দণ্ডবিধি ১২৪ (ক)।
ঘ) রাষ্ট্রবিরোধী কর্মতৎপরতা সামরিক আইন বিধি ১৬ (ক)।

৪৩। আশরাফুল মিয়া , পিতা-গসিউল্লাহ, গ্রাম- তাজপুর, থানা- সিংড়া, জেলা- রাজশাহী।

ক) পাকিস্তান দণ্ডবিধির ৩০২ ধারা।
খ) এম, এল, আর ৭ ও ৯।
গ) রাষ্ট্ররোধী কার্যকলাপ- এম এল আর ১৬ (ক)।

৪৪। মোহাম্মদ মনসুর আলী, পিতা- মরহুম হরফ আলী সরকার, গ্রাম- ভগবপুর, পোঃ ও জেলা- পাবনা।

ক) ১৯৭১ সালের মার্চ এপ্রিলে বিদ্রোহী দুস্কৃতকারীদের প্রধান সংগঠক হিসেবে কাজ করা-এম এল আর ১৬ (ক) ও
খ) রাষ্ট্রদ্রোহিতা- ১২৪ (ক)।

৪৫। সৈয়দ হায়দার আলী, পিতা- সৈয়দ আকবার আলী, গ্রাম- আল মাহমুদ এভিনিউ, পোঃ সিরাজগঞ্জ, জেলা- পাবনা।

ক) এম এল আর ৯/৫ ও পিপিসি ৩০২/১০৯।
খ) পুলিশ, আনসার ও ইপিআর কর্মচারীদের উত্তেজিত করা ও একটি বিদ্রোহী বাহিনী সংগঠন করে উল্লাপাড়া থেকে নগরবাড়ী ঘাটের দিকে আগত পাকিস্তানী সেনাবাহিনীর সাথে যুদ্ধে তাদের লেলিয়ে দেয়া- এম এল আর ৭ ও ১২।

৪৬। রওশানুল হক, পিতা- ওবেদুল হক, গ্রাম- কৃষ্ণদিয়া, পোঃ পাঙ্গাসি, জেলা- পাবনা।

ক) এম এল আর ৭ ও ৯/৫।
খ) বগুড়ার কাছে আবিয়ামোহনে অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ লুট ও সেনাবাহিনীর বিরুদ্ধে যুদ্ধের জন্য সেগুলিকে দুষ্কৃতকারীদেরকে সরবরাহ- এম এল আর ৯ ও ১২/৫।
গ) রাষ্ট্রদ্রোহিতা- পিপিসি ১২৪ (ক)।

৪৭। গোলাম হাসনাইন, পিতা- আলহাজ আবদুল হামিদ, গ্রাম ও পোঃ উল্লাপাড়া, জেলা- পাবনা।

ক) পিপিসি ৩০২/১০৯।
খ) ৭১ সালের ২৭-২৮শে মার্চ সেনাবাহিনীর একটি কোম্পানীর বিরুদ্ধে যুদ্ধে বিদ্রোহী দৃষ্কৃতকারীদের পক্ষে অংশ গ্রহণ-এম এল আর ১২।
গ) এল এল আর ৯ ও ১৬ (ক)।
ঘ) এল এল আর ১৪ ও ১৬ (ক)।

৪৮। আবদুর রহমান, পিতা মোহাম্মদ ওয়াহেদ আলী, মনিরামপুর গোলা, শাহজাদপুর, জেলা- পাবনা।

ক) এম এল আর ৯ ও ১৬ (ক)।
খ) ৭১ সালের ২৭-২ শে মার্চ বিদ্রোহী ও দৃষ্কৃতকারীদের সাথে মিলিত হয়ে সেনাবাহিনীর একটি কোম্পানীর বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহণ-এম এল আর ১২।
গ) রাষ্ট্রদ্রোহিতা- পিপিসি ১২৪ (ক)।

দৈনিক পাকিস্তান
৩ সেপ্টেম্বর।
আরও ১৪৫ জন এমপিএ'র প্রতি হাজির হবার নির্দেশ

গতকাল বৃহস্পতিবার 'খ' অঞ্চলের সামরিক শাসনকর্তার সদর দফতর থেকে জারীকৃত এক বিজ্ঞপ্তিতে পূর্ব পাকিস্তানের বিভিন্ন নির্বাচনী এলাকায় আরও ১৪৫ জন প্রাদেশিক পরিষদের সদস্যকে তাদের বিরুদ্ধে সামরিক বিধি ও পাকিস্তান দণ্ডবিধি অনুযায়ী আনীত কতিপয় অভিযোগের জবাব দেয়অর জন্য ৯ই সেপ্টেম্বর সকাল ৮টায় তাদেরকে স্ব স্ব এলাকার সামরিক উপ-শাসনকর্তার নিকট হাজির হওয়ার নির্দেশ দেয়া হয়েছে।

তাদের বিরুদ্ধে আনীত অভিযোগের মধ্যে রয়েছে রাষ্ট্রদ্রোহিতা, অস্ত্রাগার লুণ্ঠন, দুষ্কৃকারীদের মধ্যে অননুমোদিত অস্ত্রবিতরণ, ভারত থেকে অস্ত্র চোরাচালান এবং রাষ্ট্রবিরোধী ব্যক্তিদের ট্রেনিং প্রদান। যদি তাঁরা

নির্দেশ মত হাজির হতে ব্যর্থ হয় তাহলে ৪০ নম্বর সামরিক বিধি অনুযায়ী তাদের অনুপস্থিতিতেই বিচার করা হবে।

প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য যে গতকাল ৪৮ জন এমপিএ কে আগামী ৮ই সেপ্টেম্বর সকাল ৮টায় ২ নম্বর সেক্টরের নাটোর উপ-সামরিক শাসনকর্তার সামনে হাজির হওয়ার নির্দেশ দেয়া হয়েছে। আজকের তালিকা প্রকাশের পর সামরিক বিধি ও পাকিস্তান দণ্ডবিধি অনুযায়ী অভিযোগ এমপিএ-র সংখ্যা দাড়াল ১৯৩ জন। নিচে ১৪৫ জন এমপির নাম এবং তাদেরকে যে সমস্ত সামরিক বিধি ও পাকিস্তান দণ্ডবিধির যে সমস্ত ধারা অনুযায়ী অভিযুক্ত করা হয়েছে, তার বিবরণ দেয়া হলো।

সেক্টর-১: ঢাকা

গত ১৮ই সেপ্টেম্বর পূর্ব পাকিস্তানের গভর্ণরের মন্ত্রিপরিষদের সদস্যদের দফতর বণ্টন করা হয়েছে।

জনাব আবুল কাসেমকে অর্থ দফতরের এবং জনাব আব্বাস আলী খানকে শিক্ষা দফতরের দায়িত্ব দেয়া হয়েছে।

জনাব আখতার উদ্দিন আহমদ বাণিজ্য ও শিল্প দফতরের এবং অস্থায়ীভাবে আইন ও পার্লামেণ্টারী বিষয়ক দফতরের দায়িত্ব পালন করবেন।

জনাব এ এস এম সোলায়মানকে শ্রম, সমাজ কল্যাণ ও পরিবার পরিকল্পনা দফতরে মন্ত্রী নিয়োগ করা হয়েছে।

মিঃ আউংশুপ্রুকে বন, সমবায় ও মৎস্য দফতরের দায়িত্বভার দেয়া হয়েছে। তিনি সংখ্যালঘুদের বিষয়ও দেখাশুনা করবেন।

মাওলানা এ কে এম ইউসুফকে দেয়া হয়েছে রাজস্ব দফতরের দায়িত্বভার। তিনি অস্থায়ীভাবে পূর্ত, বিদ্যুৎ ও সেচ দফতরের দায়িত্বও পালন করবেন।

মাওলানা মোহাম্মদ ইসহাক পেয়েছেন মৌলিক গণতন্ত্র ও স্থানীয় স্বায়ত্তশাসিত সংস্থা সংক্রান্ত দফতরের দায়িত্বভার।

জনাব নওয়াজিশ আহমদ খাদ্য ও কৃষি দফতরের মন্ত্রী নিযুক্ত হয়েছেন।

স্বাস্থ্য দফতরের দায়িত্ব দেওয়া হয়েছে জনার মোহাম্মদ ওবায়দুল্লাহ মজুমদারকে। তিনি সাময়িকভাবে তথ্য দফতরেরও দায়িত্ব পালন করবেন।

অধ্যাপক শামসুল হককে সাহায্য ও পুনর্বাসন দফতরের মন্ত্রী নিয়োগ করা হয়েছে। তিনি প্রত্যাগত ও গৃহত্যাগী ব্যক্তিদের পুনর্বাসনের সমস্যাবলীও দেখাশুনা করবেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৯১। দিনাজপুর শহরের সকল বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে একত্রে ক্লাশ করার নির্দেশ এবং আরো কয়েকটি ঘোষণা	সরকারী দলিল পত্র জনসংযোগ বিভাগ দিনাজপুর	২০ সেপ্টেম্বর, ১৯৭১

১০-৯-৭১ রিকসা

(১) সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, দিনাজপুর শহরে অবস্থিত বাংলা মিডিয়ামের সকল হাই স্কুলের ছাত্রীদের একত্রে কেবল মাত্র গভর্ণমেণ্ট গার্লস হাই স্কুলে ক্লাস হইবে। সুতরাং সারদেশ্বরী গার্লস স্কুল, দিনাজপুর হাই স্কুলের মহিলা বিভাগ, ঈদগাহ বস্তি গার্লস স্কুল ও কলেজিয়েট গার্লস স্কুলের ছাত্রীদের ক্লাস প্রত্যেক দিন গভর্ণমেণ্ট গার্লস হাইস্কুলে বেলা ১১টায় বসিবে।

(২) ক। রেল বাজারের হাট খোলা হইয়াছে। এখন হইতে প্রত্যেক বৃহস্পতিবার ও রবিবার রেল বাজারের হাট আগের মত স্বাভাবিকভাবে বসিবে।

খ। বিভিন্ন মহল্লায় অবস্থিত সমস্ত কসাইখানা ও তরিতরকারীর দোকান অবিলম্বে উঠাইয়া গুদরি বাজারে বসাইতে হইবে ও আগের মত সেখানে প্রত্যেক দিন বেচা-কেনা করিতে হইবে। নুরুল আমিন মার্কেট আগের মত চালু থাকিবে।

গ। কোনো ব্যক্তিকে রাস্তায় কিংবা ফুটপাতে কোন জিনিস বিক্রয় করিতে দেওয়া হইবে না। এইরূপ ব্যক্তিকে তাহার নিকটবর্তী বাজারে জিনিসপত্র বিক্রয় করিতে বলা হইতেছে।

(৩) প্রত্যেক দিন রাত ১১টা হইতে সকাল ৪টা পর্যন্ত কারফিউ বলবত থাকিবে।

বাই অর্ডার
এম এল এডমিনিষ্ট্রেটর
দিনাজপুর

শিরোনাম	সূত্র	তারিখ
১৯২। অধিকৃত বাংলাদেশের পাক-সামরিক চক্রের বেসামরিক গভর্ণর ডাঃ মালিক-এর বক্তৃতা-বিবৃতি	দৈনিক পাকিস্তান ২৭ সেপ্টেম্বর	২৭ সেপ্টেম্বর ২৭ নভেম্বর, ১৯৭১

নিজেদের উপযুক্ত করে গড়ে তুলুনঃ

ছাত্রদের প্রতি গভর্ণরের উপদেশ

পূর্ব পাকিস্তানের গভর্ণর ডাঃ এ এম মালিক ছাত্রদিগকে ক্লাসে যোগদান এবং আগামীদিনের নেতা হিসেবে জাতিগঠনমূলক কাজের দায়িত্ব পালনের উপযুক্ত করে নিজেদের ভবিষ্যৎ গড়ে তোলার জন্যে আবেদন জানিয়েছেন। এপিপি পরিবেশিত খবরে বলা হয় যে, গতকাল রোববার বিকেলে ঢাকা বেতার কেন্দ্রে কলেজ ও বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীদের জন্য এক বিশেষ অনুষ্ঠান উদ্বোধনকালে গভর্ণর ছাত্রদের এই মর্মে উপদেশ দেন যে স্ব স্ব ক্ষেত্রে পারদর্শিতা ও উত্তম দেশ সেবার উপযুক্ত করে নিজেদেরকে গড়ে তোলার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলার প্রতি অনুগত হওয়া ছাত্রদের অপরিহার্য কর্তব্য।

গভর্ণর মালিক পাকিস্তানের সেবায় নিজেদেরকে উৎসর্গ করার উদ্দেশ্যে সত্যের পতাকাকে সমুন্নত রাখা যায় এমনভাবে চরিত্র গড়ে তোলার জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষা ব্যতীত কোন লোকই কোন রকমের উন্নতিসাধন করতে পারেন না এবং সে জন্যই জাতি যাতে অগ্রগতির পথে এগিয়ে যেতে পারে, তার জন্য প্রত্যেকটি স্থানে আমাদের যথোপযুক্ত লোকের দরকার এবং এভাবে উপযুক্ত নেতৃত্বের শূন্যতা আমাদের পূরণ করতে হবে।

দেশের বর্তমান পরিস্থিতি প্রসঙ্গে ডাঃ মালিক বলেন, জাতি এক চরম সংকটের মধ্য দিয়ে অতিক্রম করে চলেছে।

তিনি বলেন, এটা আমাদের বিবেকের সংকট-বিশ্বাসের মহান গুণাবলীর দ্বারা জাতিকে প্রেরণা যোগানো, ন্যায়বিচারের আদর্শপূর্ণ বাস্তাবায়নে ব্যর্থতা এবং সমাজ জীবনে সততা, ভ্রাতৃত্ববোধ, জ্ঞাতিভাব ও সহনশীলতার অভাবেই এই সংকটের সৃষ্টি হয়েছে। গভর্ণর ছাত্রদিগকে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে তাদের ক্লাসে যোগদান থেকে অনুপস্থিত না থাকার উপদেশ দিয়েছেন, তিনি বলেন, ছাত্ররা ক্লাসে যোগদানে বিরত থাকলে তা শুধু তাদের নিজেদের জন্যই ক্ষতিকর হবে না, উপরন্তু জাতির কল্যাণ ও অগ্রগতিও তাতে বিঘ্নিত হবে। অথচ আমরা সবাই জাতির কল্যাণ ও অগ্রগতির জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

দৈনিক পাকিস্তান
২৯, সেপ্টেম্বর,

নাগরিকদের প্রতি গভর্ণর সংহতি বিনষ্টের তৎপরতার বিরুদ্ধে সর্তক থাকুন

পূর্ব পাকিস্তানের গভর্ণর ডাঃ এ, এম মালিক পাকিস্তানের ঐক্য ও সংহতি ধ্বংসের প্রয়াসে লিপ্ত শত্রুদের তৎপরতার বিরুদ্ধে সতর্ক থাকার জন্যে জনগণের প্রতি আহ্বান জানান । এপিপির খবরে প্রকাশ, গভর্ণর গতকাল মঙ্গলবার বিকেলে গভর্ণর ভবনে ঢাকার ত্রিশটি ইউনিয়ন কমিটির প্রতিনিধি ও প্রভাবশালী নাগরিকদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন ।

সভায় গভর্ণরের উপদেষ্টা মেজর জেনারেল রাও ফরমান আলী ও প্রাদেশিক মন্ত্রীগণ উপস্থিত ছিলেন । গভর্নর বলেন যে, শত্রুর এজেন্টরা তাদের হীন উদ্দেশ্য হাসিলের জন্য সমাজ জীবনকে বিপর্যস্ত ও জনগণকে বিপদগামী করার প্রয়াসে সম্ভাব্য সব রকম পদ্ধতি গ্রহণ করেছে । তিনি বলেন যে, পরিস্থিতির এখন অনেক উন্নতি হলেও আত্মপ্রসাদের কোন অবকাশ নেই বরং সদা জাগ্রত থাকতে হবে ।

ডাঃ মালিক এই নজির বিহীন সংকটের মুখে শান্তি, সম্প্রীতি ও ঐক্য বজায় রাখার জন্য সকল শ্রেনীর নাগরিকের প্রতি আবেদন জানান । তিনি দেশের সংহতি ও অখণ্ডতা রক্ষার জন্যে নতুন করে শপথ গ্রহণেরও আহ্বান জানান । তিনি বলেন যে, পাকিস্তান একটি ঐক্যবদ্ধ দেশ হিসেবে টিকে থাকবে না আমরা শেষ হয়ে যাব সেইটেই আমাদের সামনে প্রশ্ন ।

তিনি সর্বাপেক্ষা গুরুতর এই পরীক্ষায় উত্তীর্ণ হবার জন্যে জনগণের সক্রিয় সাহায্য ও সহযোগিতা কামনা করেন । অতীতে আমাদের ব্যর্থতার কারণ বর্ণনা করে গভর্নর বলেন যে, আমাদের দৈনন্দিন জীবনে ইসলামের নীতি শিক্ষাকে আমরা পুরোপুরি গ্রহণ করিনি । তিনি বলেন যে, আমাদের কথা, কাজ, চিন্তা ও অনুভূতির মধ্যে কখনো সামঞ্জস্য ছিল না । ফলে বিভ্রান্তির সৃষ্টি হয় এবং শেষ পর্যন্ত আমরা ইতিহাসের এক নজিরবিহীন সংকটের সম্মুখীন হই ।

গভর্ণর বলেন যে, তার দৃঢ় বিশ্বাস, নিয়তীর প্রতি সত্যিকার বিশ্বাস ও সমস্যা সমাধানের জন্য সঠিক দৃষ্টিভঙ্গি গ্রহণের মাধ্যমেই জাতি তার লক্ষ্য হাসিল করতে পারে । এ প্রসঙ্গে তিনি জনগনের প্রতি আদর্শকে উন্নত করার আহবান জানান । অতীতের তিক্ততা ও ভুল বুঝাবুঝি ভুলে জাতি একটি নয়া অধ্যায় শুরু করবে বলে তিনি আশা প্রকাশ করেন । গভর্ণর আইন ও শৃংখলা রক্ষা ও সর্বস্তরে কর্তৃপক্ষের সাথে সহযোগিতার ব্যাপারে ঢাকার নাগরিকগণকে তাদের বিশেষ দায়িত্বের কথা স্মরণ করিয়ে দেন ।

তিনি বলেন, বিচ্ছিন্নতাবাদী শক্তিকে নির্মূল করার জন্যে কোন ত্যাগই বিরাট বলে মনে হওয়া উচিত নয়। পরে ঢাকা শহর শান্তি কমিটির প্রেসিডেন্ট ও সাবেক এম, পি, এ জনাব সিরাজ উদ্দীন আহমদ ঢাকার নাগরিকদের পক্ষ থেকে গভর্ণরকে আশ্বাস দিয়ে বলেন যে, বলেন যে, পাকিস্তান রক্ষার জন্য যে কোন পরিস্থিতির মোকাবিলা এমন কি শেষ রক্তবিন্দু বিসর্জন দিতেও তারা সম্পূর্ণ প্রস্তুত ।

দৈনিক পাকিস্তান
৩রা অক্টোবর

খুলনায় গভর্ণর
বাস্তুত্যাগীদের প্রতি পুনরায় দেশে ফেরার আহ্বান
(নিজস্ব প্রতিনিধি প্রেরিত)

খুলনা ২রা অক্টোবর পূর্ব পাকস্তানের গভর্ণর ডাঃ এ, এম মালিক যে সব পূর্ব পাকিস্তানী ভারতীয় প্রচারণায় বিভ্রান্ত হয়ে চলে গেছে তাদের প্রতি দেশে ফিরে আসার জন্য আর একবার আহ্বান জানিয়েছেন। আজ সকালে এখানে স্থানীয় অফিসার ও শহরের বিশিষ্ট ব্যক্তিদের সমাবেশে ভাষণদানকালে গভর্ণর বলেন, সরকার বাস্তুত্যাগীদের স্বাগত জানাতে প্রস্তুত রয়েছেন এবং ইতিমধ্যেই তাদের সম্পত্তি ফিরিয়ে দেয়ার ও পুনর্বাসনের ব্যবস্থা করেছেন ।

পূর্ব পাকিস্তানের অভ্যন্তরে ভারত পরিচালিত ধ্বংসাত্মক কার্যকলাপের নিন্দা করে তিনি বলেন, এসব কার্যকলাপের দ্বারা তারা লক্ষ লক্ষ লোকের দুঃখ দুর্দশা সৃষ্টি করেছে । শিল্প কারখানার ক্ষতি সাধন করে ধ্বংসাত্মক কাজে লিপ্ত ব্যক্তিরা শ্রমিকদের বেকার করে দিয়ে এই দুর্দিনে দুঃখ-কষ্টে ফেলেছে এবং যোগাযোগ বিচ্ছিন্ন করে সাধারণ মানুষের দুর্ভোগ সৃষ্টি করেছে ।

তিনি জনসাধারণকে স্মরণ করিয়ে দেন যে, ভারতীয়দের একমাত্র লক্ষ্য হচ্ছে আমাদের ও আমাদের দেশকে ধ্বংস করা । তিনি শিক্ষিত লোকদের প্রতি গ্রামে গিয়ে জনসাধারণের মনে আস্থা ফিরিয়ে আনার আবেদন জানিয়ে বলেন, দুষ্কৃতকারীরা ও দেশের শত্রুরা জনগণের জীবনকে দুর্বিষহ করে তুলেছে।

তিনি বলেন, যে সব দুষ্কৃতকারী জনসাধারণের সম্পত্তি নষ্ট করছে এবং দেশের স্বার্থবিরোধী কাজে লিপ্ত রয়েছে তাদের কেউ কেউ আমাদের আত্মীয় স্বজন হলেও তাঁরা সবাই আমাদের শত্রু। ইতিপূর্বে স্থানীয় জেলা স্কুল মিলনায়তনে রাজাকারদের উদ্দেশে ভাষণদানকালে গভর্ণর তাদের প্রতি সমাজে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার কাজে আত্মনিয়োগ করার এবং সততা, কর্তব্যনিষ্ঠা ও পুত চরিত্রে দ্বারা জনগণের স্নেহ ও ভালবাসা লাভ করার আহ্বান জানান ।

পরে গভর্ণর ঘূর্ণিঝড় ও বৃষ্টিপাতে ক্ষতিগ্রস্ত লোকদের জন্য খোলা সাহায্য শিবিরগুলো পরিদর্শন করেন । সেখানে তিনি ক্ষতিগ্রস্ত লোকদের প্রতি সমবেদনা প্রকাশ করেন এবং জেলা কর্মকর্তাদের ক্ষয়ক্ষতির প্রয়োজনীয় সাহায্য দেয়ার নির্দেশ দেন ।

দৈনিক পাকিস্তান
১৬ অক্টোবর ।

সিলেটের সমাবেশে গভর্নর মালিকঃ
বিপথগামীদের প্রতি
শত্রুদের অভিসন্ধি
অনুধাবনের আহ্বান

সিলেট, ১৫ ই অক্টোবর (এপিপি) । আজ প্রাদেশিক গভর্নর ডাঃ এ এম মালিক পাকিস্তানকে খণ্ড- বিখণ্ড করার ভারতীয় দাবীতে বিভ্রান্ত লোকদের প্রতি এর বিপজ্জনক পরিণাম এবং শত্রুদেশের আসল অভিসন্ধি

অনুধাবনের উপদেশ দিয়েছেন। তিনি এখানে শহরের বিভিন্ন স্তরের লোকদের এক জনসমাবেশে বক্তৃতা করছিলেন। গভর্নর বলেন, নিয়মতান্ত্রিক পন্থায় ন্যায্য দাবী- দাওয়া নিয়ে আন্দোলন করা দোষের নয় কিন্তু তা কোন মতেই দেশের শান্তি, সংহতি ও অখণ্ডতার বিনিময়ে চলতে পারে না। তিনি দুঃখ করে বলেন, যখন পূর্ব পাকিস্তানের মানুষ তাদের প্রাপ্য রাজনৈতিক ও অর্থনৈতিক অধিকার লাভের আকাংখা করছিল তখন চরমপন্থী লোকেরা এমনকি দেশকে বিচ্ছিন্ন করার দাবী তুলছিল।

এই দুর্ভাগ্যজনক ঘটনার জন্য দুঃখ প্রকাশ করে গভর্নর সীমান্ত অতিক্রম করে দেশত্যাগকারী পাকিস্তানীদের শত্রুর হাতকে শক্তিশালী করে নিজেদের ভুলটাকেই চিরস্থায়ী না করার এবং হাজার হাজার লোকের দুঃখ কষ্ট আরো না বাড়ানোর আহবান জানান।

উদ্বাস্তুদের দুর্দশায় বিচলিত গভর্ণর তাদের প্রতি এই মুহূর্তের ডাকে সাড়া দিয়ে নিজেদের শুভবুদ্ধির দ্বারা পরিচালিত হওয়ার এবং তৎকালীন সমাজের শোষকদের শোষণ মুক্তির জন্য প্রতিষ্ঠিত নিজেদের বাসভূমিতে ফিরে আসার আহ্বান জানান। তিনি কোন লক্ষ্য অর্জনের জন্য ধ্বংস সাধনের পথ বেছে নেওয়ার জোর নিন্দা করেন। তিনি বলেন, যোগাযোগ ব্যবস্থায় বিঘ্ন সৃষ্টি করে এবং সরকারি সম্পত্তি ধ্বংস করে শুধু জনসাধারণের দুঃখ- কষ্টই বাড়ানো যায়।

শিক্ষা বর্জনের সর্বনাশা প্রতিক্রিয়ার কথা উল্লেখ করে গভর্নর বলেন, এই আত্মঘাতী নীতি শুধু ব্যক্তি নয় গোটা জাতির পক্ষেই ক্ষতিকর। এর ফলে যে ষূন্যতার সৃষ্টি হবে তা কখনোই পূর্ণ হবে না। মুসলমানরা এভাবে ইংরেজী শিক্ষা বর্জন করে পিছিয়ে পড়েছিল। লোকজনের প্রত্যাবর্তন সম্পর্কে জেলা কর্তৃপক্ষের উৎসাহব্যঞ্জক রিপোর্টের উল্লেখ করে গভর্নর সংশ্লিষ্ট সকলকে প্রত্যাবর্তনকারীদের প্রতি সহানুভূতি ও তাদের সদয় ব্যবহার করার জন্য আহবান জানান।

গভর্নর প্রত্যাবর্তনকারীদের দ্রুত পুনর্বাসনের নির্দেশ দিয়েছেন। সিলেট জেলার এযাবৎ প্রায় ৪৭ হাজার পাকিস্তানী, অধিকাংশই অননুমোদিত পথে ফিরে এসেছেন বলে জেলা কর্তৃপক্ষ গবর্ণরকে জানিয়েছেন। এদের মধ্যে ৩০ হাজারই সংখ্যালঘু সম্প্রদায়ের লোক। ট্রেনিংপ্রাপ্ত সশস্ত্র লোকজনসহ প্রকৃত পাকিস্তানীরা সীমান্ত অতিক্রম করে বহুস্থানে আত্মসমর্পণ করেছেন বলে গভর্নরকে জানানো হয়।

সরকারী কর্মকর্তা ও চা বাগান মালিকদের সাথে গভর্নরের আলোচনায় আরো জানা গেছে যে ১০০ চা বাগানে কাজ চলছে এবং ৮৪ টি চা বাগানে শত করা ৬০ ভাগ শ্রমিক কাজে যোগদান করেছে। চা বাগান মালিকদের একজন প্রতিনিধি গভর্নরকে বলেন, চা বাগানগুলোর উন্নতি ঘটছে।

গভর্নর জেলার ফসলের অবস্থা স্বাস্থ্যরক্ষা পরিস্থিতি এবং আইনশৃংখলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করেছেন। সভায় কয়েকজন নেতৃস্থানীয় ব্যক্তি রাজাকার বাহিনী পুনর্গঠনের এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির পর্যাপ্ত সরবরাহ অব্যহত রাখার সুপারিশ করেছেন। তারা বাইরের আক্রমণের মোকাবেলায় সর্বস্তরের লোকের পূর্ণ ঐক্য ও সম্প্রীতি রক্ষার আশ্বাস দিয়েছেন।

গভর্নর পরে স্থানীয় রাজাকার ট্রেনিং কেন্দ্র পরিদর্শন করেন। সেখানে এক সংক্ষিপ্ত ভাষণে তিনি তাদের শত্রুর মোকাবিলায় সম্পূর্ণ প্রস্তুত থাকার এবং সাহসিকতার সাথে তা প্রতিরোধ এবং জনগণের সেবায় আত্মনিয়োগ করার আহবান জানিয়েছেন।

হেলিকপ্টার যোগে গভর্নর স্থানীয় সালটিকর বিমান বন্দরে অবতরণ করলে স্থানীয় পদস্থ বেসামরিক ও সামরিক অফিসাররা গবর্ণরকে অভ্যর্থনা জানান। সেখান থেকে সোজা তিনি হযরত শাহ জালালের (রঃ) মাজারে যান এবং ফাতেহা করেন।

দৈনিক পাকিস্তান
১৮ অক্টোবর ।

ময়মনসিংহের জনসভায় গভর্নর মালিক

ভারতীয় হুমকি মোকাবিলায়
ঐক্যবদ্ধ হওয়ার আহবান

ময়মনসিংহ, ১৭ ই অক্টোবর (এপিপি) । পূর্ব পাকিস্তানের গভর্নর ডাঃ এ এম মালিক আজ জনসাধারণকে সব রাজনৈতিক ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধ হয়ে এক ও অবিভাজ্য শক্তি নিয়ে ভারতীয় আক্রমণের হুমকি মোকাবিলায় আহবান জানান । তিনি স্থানীয় সার্কিট হাউস ময়দানে এক জনসভায় বক্তৃতা করছিলেন ।

গবর্ণর বলেন, কে কতটা দোষী একথা বলার সময় এটা নয় । এখন শত্রু দেশের সংহতি বিনাশে উদ্যত। অন্য সব স্বার্থকে ভুলে এমন সব কিছুর ওপর দেশের স্বাধীনতা রক্ষার প্রশ্নকে স্থান দিতে হবে । পাকিস্তানই যদি না থাকলো তবে বাঁচবে কে এবং পাকিস্তান থাকলে কেউ মরবে না ।

ভারতের পূর্ব পাকিস্তানে আধিপত্য বিস্তারের জন্য অভিসন্ধির মুখোশ উদঘাটন করে ডাঃ মালিক বলেন, পাকিস্তানের সৃষ্টিকে স্বীকার করতে না পারার দরুনই ভারত এগুলো করছে । পশ্চিম বঙ্গে ক্ষুধা, দারিদ্য ও ভেঙ্গে পড়া অর্থনৈতিক সমস্যা সমাধানের জন্য ভারত এই অঞ্চলকে গ্রাস করার চেষ্টা করছে বলে গভর্ণর উল্লেখ করেন ।

এই প্রসঙ্গে তিনি বলেন, এমনকি এখনো পশ্চিম বঙ্গের তুলনায় পূর্ব পাকিস্তানে নিত্য প্রয়োজনীয় দ্রব্য এবং খাদ্য সস্তা দরে পাওয়া যায় ।

গবর্ণর একটি কঠোর বাস্তব দিকের প্রতি বিপথগামী লোকদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করেন । তিনি তাদের একথাটা ভেবে দেখতে বলেন যে, যখন পশ্চিম বাংলার লোকেরা দিল্লীর হাত থেকে বিচ্ছিন্ন হতে চাচ্ছে না তখান পূর্ব পাকিস্তানীদের পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হওয়ার পরামর্শ দেয়া হচ্ছে কেন? তিনি বলেন, বাংলা বলতে পশ্চিম বঙ্গ, পূর্ব বঙ্গ উভয়কেই বুঝায় ।

তাই বাংলা যদি স্বাধীন হয় তাহলে তাতে পশ্চিম বঙ্গও থাকা উচিৎ । অতএব দেখা যাচ্ছে বাঙ্গালী জাতীয়তাবাদের নামে পূর্ব বাংলাকে ভারতের সাথে যুক্ত করার জন্যই এ আন্দোলন । এই মুহূর্তে প্রত্যেক পাকিস্তানীকে তিনি যেখানেই থাকুন, ভারতের এই খেলা বুঝে নিতে হবে এবং ঐক্যবদ্ধ হয়ে এটাকে ব্যর্থ করে দিতে হবে ।

উদ্দীপ্ত জনতাকে উদ্দেশ্য করে গবর্ণর বলেন, বিশ্বসঘাতকেরা পেছন থেকে ছুরি না মারা পর্যন্ত মুসলমান কখনো কোন যুদ্ধে হারেনি। যারা কথায় এবং কাজে শত্রুর দিকে হাত বাড়িয়ে দিয়েছেন তাদের শুভবুদ্ধির উদয় হবে বলে গবর্ণর আশা প্রকাশ করেন ।

এই প্রসঙ্গে তিনি স্বাধীন বাংলার প্রবক্তাদের মীরজাফরের ভাগ্যের কথাটা একবার স্মরণ করতে বলেন । তিনি জগৎশেঠ, উমিচাঁদ, ক্লাইভ ও অন্যান্যরা তাকে বাংলার মসনদে বসানোর অঙ্গীকার করেও তা পালন করেনি । তাই তিনি তাদের এই ঐতিহাসিক সত্য অনুধাবনের এবং দেশে ফিরে আসার পরামর্শ দেন ।

রাজাকারদের উদ্দেশ্য করে গবর্ণর বলেন নিষ্ঠা ও একাগ্রতা নিয়ে তাদের কাজ করে যেতে হবে । বাইরের শত্রুদের প্রতিরোধ করা ছাড়াও তাদের সমাজ বিরোধীদের বিরুদ্ধে সংগ্রাম করতে হবে । গবর্ণর শান্তি কমিটির সদস্যদের সাথে দেখা করেন এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন । তিনি শান্তিকমিটির সদস্যদের কয়েকটি সুপরিশ আগ্রহ সহকারে শোনেন ।

দৈনিক পাকিস্তান
২৩ অক্টোবর

এ অবস্থায় নিখুঁত নির্বাচন
হতে পারে না
-মালিক

পূর্ব পাকিস্তানের আসন্ন নির্বাচন হয়ত নিখুঁত হবে না, কিন্তু এটা শাসন ব্যবস্থাকে আবার চালু করার পক্ষে সহায়ক হবে। প্রাদেশিক গভর্ণর ডাক্তার এ, এম মালিক গত মঙ্গলবার এ, এফ, পির প্রতিনিধিকে একথা বলেছেন। গতকাল শুক্রবার পিপিআই এ খবর পরিবেশন করেছে।

ডাক্তার মালিক এই সাক্ষাৎকারে বলেন, প্রদেশের এখনকার অস্বাভাবিক অবস্থায় সন্তোষজনক নির্বাচন হতে পারে না। তবে শাসন ব্যবস্থাকে আবকর চালু করা গেলে সেটাই হবে এর সাফল্য। বেআইনী ঘোষিত আওয়ামী লীগ দলের ৭৮ জন অযোগ্য ঘোষিত জাতীয় পরিষদ সদস্যের স্থলে আগামী ডিসেম্বর পূর্ব পাকিস্তানীরা নয়া সদস্য নির্বাচিত করবেন।

জানুয়ারীতে প্রাদেশিক পরিষদের ১০৫ টি আসনে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। গত নির্বাচনে পরাজিত ৬টি দক্ষিণ পন্থী এবং ধর্মীয় রাজনৈতিক দল এর মধ্যেই জাতীয় পরিষদের ৭৮ টি আসন নিজেদের মধ্যে ভাগাভাগি করে নিয়েছে এরূপ খবরের প্রতি গবর্ণরের দৃষ্টি আকর্ষণ করা হলে গবর্ণর বলেন, এ ধরনের মৈত্রী জোটকে খুব বেশী গুরুত্ব দেয়া ঠিক হবে না।

গবর্ণর বলেন, পূর্ব পাকিস্তানের সব কটি দলেরই যে আইনী ঘোষিত আওয়ামী লীগে ৬ দফার (কয়েকটি দল ছাড়া) অনুরুপ অর্থনৈতিক ও সমাজিক কর্মসূচি রয়েছে।

ডাক্তার মালিক বলেন, তাঁর কাছে অভ্যন্তরীণ ও বৈদেশিক নিরাপত্তা, প্রত্যেক জেলায় সুষ্ঠুভাবে খাদ্য পরিবহনের ব্যবস্থার করে নির্বাচনের স্থান।

দৈনিক পাকিস্তান
১ নভেম্বর ।

সাংবাদিক সাক্ষাৎকারে ডাঃ মালিক
সেনাবাহিনীর ২৫ শে মার্চের কার্যক্রমে
পাকিস্তান রক্ষা পেয়েছে

লাহোর ৩০ শে অক্টোবর (এপিপি)। পূর্ব পাকিস্তানের গবর্ণর ডাঃ এ, এম, মালিক বলেছেন, ভারত পাকিস্তানে আক্রমণ চালালে তাকে প্রচণ্ড আঘাত হানার ক্ষমতা ও যোগ্যতা পূর্ব পাকিস্তানীদের রয়েছে বলে তার দৃঢ় বিশ্বাস। স্থানীয় উর্দু মাসিক পত্রিকা উর্দু ডাইজেষ্টের সম্পাদক জনাব আলতাফ হোসেন কোরেশীর সাথে এক সাক্ষাৎকারে গবর্ণর একথা বলেছেন। গভর্ণর মালিক একটা একটা করে প্রশ্নের জবাব প্রদান করেন।

প্রশ্ন : - আওয়ামী লীগের পরিকল্পনা নেহাতই একটা সুযোগের ফলশ্রুতি অথবা বাঙ্গালী জাতীয়তাবাদের আবরণে কয়েক বছর আগে শুরু করা সুপরিকল্পিত সংগ্রামেরই পরিণতি কি না ?

উত্তর :- হ্যাঁ, আমার মনে হয় তাই।

প্রশ্ন : - বাঙ্গালী জাতীয়তাবাদকে পাকিস্তানের আদর্শের পরিপন্থী বলে আপনি মনে করেন কি?

উত্তরঃ- যেভাবে তার অভ্যুদয় দেখেছি তাতে নিশ্চিতভাবেই পাকিস্তানী আদর্শের পরিপন্থী ।

প্রশ্নঃ- সামরিক বাহিনীর তৎপরতার পর সারা পূর্বপাকিস্তানে ব্যাপক সফর করে আমার এরুপ ধারণা হয়েছে যে আওয়ামী লীগ পাকিস্তান থেকে ইসলামী জীবন ব্যবস্থাকে মুছে ফেলতে চেয়েছে । এরুপ মনোভাবের অধিকারী লোকের সাথে এখন কি একত্রে কাজ করা সম্ভব ?

উত্তরঃ- ধৈর্য, সহিষ্ণুতা ও ক্ষমার মনোভাব নিয়ে এবং যারা ইসলাম বিশ্বাসী তারা যদি ইসলামের শিক্ষাকে কাজে প্রয়োগ করেন, মহানবী (দঃ) ও তাঁর সাহাবারা যে দৃষ্টান্ত দেখিয়েছেন, তাহলে নিশ্চয়ই আমরা একসাথে থাকতে পারি ।

প্রশ্নঃ- ইসলাম ছাড়া পূর্ব ও পশ্চিম পাকিস্তানের বন্ধনের আর কোন গ্রন্থি আছে বলে আপনি মনে করেন কি না । যদি না থাকে তাহলে কোন পথে এগুলো জনগণের মধ্যে সত্যিকার ইসলামী আদর্শের উদ্বোধন ও অনুশীলন ঘটানো যাবে ?

উত্তরঃ- পাকিস্তান অর্জনে আমাদের সাফল্যের চাবিকাঠি ইসলামের আদর্শ মোতাবেকই সাধারণ লক্ষ্য, আশা আকাঙ্খা, উদ্দেশ্য ও আদর্শ বাস্তবায়নের জন্য একত্রে বসবাসের ইচ্ছাই আমাদের বন্ধন । ইসলামী জীবন ব্যবস্থা ও সাংস্কৃতিক বিকাশের ইচ্ছাও আর একটি কারণ, যখন আমর বলি, আমরা মুসলিম এবং ইসলামের অনুসারী, সাথে সাথেই ইসলামী ভ্রাতৃত্ববোধ সামনে এসে যায় । আর এজন্যই ইকবাল বলেছেন, মুসলমানের কাছে 'সারা জাহান হামারা' ।

প্রশ্নঃ- কোন কোন মহলের ধারনা যারা পাকিস্তানকে ধ্বংস করার চেষ্টা করেছে তারা এখনো অনেক গুরুত্বপূর্ণপদে বহাল রয়েছে । এরুপ ধারণাকে আপনি যুক্তিসঙ্গত মনে করেন কি?

উত্তরঃ- যে মহল এরুপ ধারণা পোষণ করেন এরুপ ব্যক্তি সম্পর্কে তাদের হাতে সুস্পষ্ট তথ্য থাকলে তাদের যুক্তি ঠিক, অন্যথায় নয় ।

প্রশ্নঃ- আপনি কিভাবে বাঙ্গালী ও অবাঙ্গালীদের সম্পর্কের উন্নতি করতে চান । অবাঙ্গালীরা নিজেদের রাষ্ট্রে সম মর্যাদার নাগরিক হিসেবে ভাবতে পারে তাদের মধ্যে এরুপ কোন মনোভাব জাগানোর কোন পরিকল্পনা আপনার আছে কি?

উত্তরঃ- এর জবাবটাও দেশের দু'অংশের বন্ধন সংক্রান্ত প্রশ্নের জবাবেরই অনুরুপ হবে।

প্রশ্নঃ-সেনাবাহিনীর তৎপরতা অপরিহার্য দায়িত্বসমূহ পালনের সকল লক্ষ্য অর্জনে সফল হয়েছে কি?

উত্তরঃ-২৫শে মার্চের রাতে সেনাবাহিনী যে কার্যক্রম নিয়েছে তাতে পাকিস্তান রক্ষা পেয়েছে ।

প্রশ্নঃ- আপনার বেসামরিক সরকার পূর্ণ স্বাধীনতা নিয়ে কাজ করছে কি?

উত্তরঃ- বর্তমান সংকট থেকে দেশকে মুক্ত করার জন্যে বেসামরিক প্রশাসন ও সেনাবাহিনীকে হাতে হাত মিলিয়ে কাজ করতে হবে । আমরা দু'পায়ে হাটি এবং আমরা তাই করছি ।

প্রশ্নঃ-আপনার মন্ত্রীরা কেউই তেমন বিশিষ্ট ব্যক্তি নন । এটা কি ইচ্ছাকৃতভাবে করা হয়েছে অথবা বিশিষ্ট ব্যক্তিরা মন্ত্রীত্ব গ্রহন করতে অস্বীকার করেছেন কি?

উত্তরঃ-আমার মন্ত্রীরা বিশিষ্ট ব্যক্তি নন একথা আমি স্বীকার করি না । তাদের মধ্য দু'জন জনাব আবুল কাসেম ও জনাব সোলায়মান সারা পাকিস্তানে পরিচিত । প্রমথজন পাকিস্তান কাউন্সিল মুসলিম লীগের সাধারণ সম্পাদক । এক সময়ে জাতীয় পরিষদে ডেপুটি স্পীকার ছিলেন এবং অতীতে গণ পরিষদের সদস্য ছিলেন ।

জনাব সোলায়মান একজন বিশিষ্ট শ্রমিক নেতা এবং পাকিস্তান কৃষক- শ্রমিক পার্টির সভাপতি । তিনি বেশ কয়েক বছর জাতীয় পরিষদের সদস্য ছিলেন ।

প্রশ্নঃ- আপনার বর্তমান মন্ত্রীদের দ্বারা বর্তমান সংকটের সমাধান হবে কি?

উত্তরঃ- আমার সেটাই বিশ্বাস ।

দৈনিক পাকিস্তান
২৬ নভেম্বর ।

করাচীতে ডাঃ মালিক
রাজাকারদের ভূমিকার প্রশংসা

করাচী, ২৫ শে নভেম্বর, (এপিপি) ।- পূর্ব পাকিস্তানের গবর্ণর ডাঃ এ, এম মালিক দুষ্কৃতিকারীদের নাশকতামূলক তৎপরতা কার্যকর ভাবে রোধ করার ব্যাপারে গতকাল পূর্ব পাকিস্তানে রাজাকরদের ভূমিকার প্রশংসা করেন ।

ঢাকা থেকে এখানে আগমনের পর বিমানবন্দরে তিনি সাংবাদিকদের সাথে আলোচনা করছিলেন ।

ডাঃ মালিক বলেন যে, রাজাকাররা চমৎকার কাজ করছে । তারা দেশ প্রেমিকদের জান মাল রক্ষা করছে এবং নিজেদের জীবনের বিনিময়ে রাষ্ট্র বিরোধী ব্যক্তিদের নাশকতামূলক তৎপরতার বিরুদ্ধে প্রহরা দিচ্ছে ।

তিনি এক প্রশ্নের জবাবে বলেন যে, পূর্ব পাকিস্তানে আইন ও শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক ।

দৈনিক পাকিস্তান
২৭ নভেম্বর ।

পিণ্ডিতে গবর্ণর মালিক
জনসাধারণ বুঝতে পেরেছে
বাংলাদেশ আন্দোলন একটা ভাওতা

রাওয়ালপিণ্ডি, ২৬ শে নভেম্বর (এপিপি)- পূর্ব পাকিস্তানের গবর্ণর ডাঃ এ, এম, মালিক আজ এখানে বলেন যে পাকিস্তানের বিরুদ্ধে ভারতের সর্বাত্মক যুদ্ধ শুরুর পর কতিপয় বিদ্রোহী ও ভারতীয় চর ছাড়া পূর্ব পাকিস্তানের জনগণ এখন বুঝতে পেরেছে যে স্বাধীন বাংলাদেশ আন্দোলনই একটা ভাওতা ।

এক বিশেষ সাক্ষাৎকারে গবর্ণর বলেন যে, এমনকি নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের কিছুসংখ্যক গুরুত্বপূর্ণ নেতা বর্তমানে যারা ভারতে রয়েছেন তারাও এ সিদ্ধান্তে পৌঁছেছেন যে তাঁরা তাদের নেতৃবৃন্দ কর্তৃক প্রতারিত হয়েছেন ।

এক প্রশ্নের জবাবে ডাঃ মালিক বলেন, তাঁর কাছে এ ধরনের সঠিক খবরও আছে যে নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের এসব নেতা ও কর্মীরা পূর্ব পাকিস্তানে ফিরে আসার জন্য খুবই আগ্রহী । কিন্তু তাদের কড়া পাহারায় রাখা হয়েছে । প্রহরী, ভারতীয় পুলিশ ও সামরিক নিরাপত্তা বাহিনীর লোকদের ছাড়া তাঁরা এক পা-ও বাড়াতে পারেন না ।

মুক্তিবাহিনীর ছদ্মবরণে ধ্বংসাত্মক কার্যকলাপ চালানোর জন্য ভারতে যথাযথ ট্রেনিং লাভের পর পূর্ব পাকিস্তানে আগত সে সব হতাশ যুবকদের বহুসংখ্যকই আত্মসমর্পণ করেছে এ ঘটনা থেকেই উপরোক্ত

বিষয়টি সুস্পষ্ট হয়ে উঠে। পূর্ব পাকিস্তানের গভর্ণর বীর সশস্ত্র বাহিনীর ভূয়সী প্রশংসা করে এ মর্মে আশা প্রকাশ করেন যে, জনসাধারণ, রাজাকার, পুলিশ ও মুজাহিদদের সক্রিয় সহযোগিতায় সশস্ত্র বাহিনী শত্রুকে চরম পরাজয় বরণে বাধ্য করবে।

পাকিস্তানীরা যথা সময়েই শত্রুচরদের উৎখাত করবে। পূর্ব পাকিস্তানকে ভারতের কুক্ষিগত করার জন্যই পাকিস্তান সীমান্তে তার আক্রমণ শুরু করেছে। এ উদ্দেশ্য সাধনে ভারতীয় বাহিনী শুধুমাত্র পাকিস্তানের অভ্যন্তরভাগে প্রবেশের চেষ্টা করছে না, অধিকন্তু ত্রাস সৃষ্টির উদ্দেশ্যে বেসামরিক নাগরিকদের ওপরও গোলাবর্ষণ করছে।

এসব সত্ত্বেও জনসাধারণের মনোবল অটুট রয়েছে বলে তিনি উল্লেখ করেন। তারাবির নামাজ কালে মসজিদে, জনসমাগমপূর্ণ বাজার এলাকা ও কিণ্ডার গার্টেন স্কুলে ভারতীয় চরদের বোমা নিক্ষিপের বিষয়ও গভর্ণর বর্ণনা করেন।

পাকিস্তানের আদর্শের প্রতি দিন দিনই জনসাধারণের আস্থা জোরদার হচ্ছে এবং জাতীয় ঐক্য ও সংহতি রক্ষায় তারা সর্বশক্তি দিয়ে শত্রুর মোকাবিলা করছে বলে গভর্ণর জানান।

	শিরোনাম	সূত্র	তারিখ
১৯৩।	অধিকৃত বাংলাদেশ ডাঃ মালিক মন্ত্রীসভার সদস্যদের বক্তৃতা-বিবৃতি	দৈনিক পাকিস্তান ও পাক সমাচার	২০ সেপ্টেম্বর ৩০ নভেম্বর, ১৯৭১

দৈনিক পাকিস্তান
২০ সেপ্টেম্বর।

শ্রমমন্ত্রী সোলায়মান -
এ সঙ্কটে ঐক্যবদ্ধ থাকুন

পূর্ব পাকিস্তানের শ্রম, সমাজ কল্যাণ ও পরিবার পরিকল্পনা দফতরের মন্ত্রী জনাব এ, এস সোলায়মান জাতির এ সংকট মুহূর্তে জনসাধারণকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান। গতকাল রোববার ঢাকা থেকে দশ মাইল দূরবর্তী মিরপুরে এক সভায় তিনি ভাষণ দিচ্ছিলেন। সভায় জনাব সোলায়মান বলেন যে, আমাদের বীর জনসাধারন শত্রুকে নির্মূল করে দিয়েছে। শত্রুরা পাকিস্তান ভাঙ্গতে চেয়েছিল।

তিনি বলেন, সাড়ে সাত কোটি মানুষের ত্যাগ স্বীকারের ফলশ্রুতি হলো পাকিস্তান। তাই বিশ্বের কোন জাতিই পাকিস্তানকে ভাঙ্গতে পারবে না। জনগণের কল্যাণ সাধনে সম্মিলিতভাবে কাজ করার জন্যে তিনি জনসাধারণের প্রতি আহ্বান জানান। কৃষক শ্রমিকের অবস্থার উন্নতি সাধনই সরকারের লক্ষ্য বলে তিনি জানান।

জনাব সোলায়মান আরো বলেন, প্রথমে আমরা মুসলমান তারপর বাঙ্গালী, পাঞ্জাবী, সিন্ধু, ও পাঠান। জনসাধারনকে সতক করে দিয়ে তিনি বলেন, আমরা যদি মুসলমান থেকে খারিজ হয়ে যাই তাহলে পাকিস্তানও থাকবে না।

বর্তমান পরিস্থিতির উল্লেখ করে মন্ত্রী বলেন যে, এক্ষণে সমগ্র বিশ্বই আমাদের প্রতিবেশী রাষ্ট্রের আসল মতলব অনুধাবন করতে পেরেছে। তাই অধিকাংশই দেশই পাকিস্তানকে জানিয়েছে দ্ব্যর্থহীন সমর্থন। আর যে শত্রুরা পাকিস্তানকে দুর্বল করতে চেয়েছিল তারা হয়েছে নির্মূল। পাকিস্তান সঠিক পথেই রয়েছে। কোন দেশই পাকিস্তানের ক্ষতি করতে পারবে না।

মন্ত্রী আরো বলেন, প্রেসিডেন্ট ইয়াহিয়া খান চান যে, দেশে গণতন্ত্র চালু থাক। তাই তিনি প্রদেশে বে-সামরিক গবর্ণর ও মন্ত্রীদের নিয়োগ করেছেন। প্রদেশের পরিস্থিতি যাতে স্বাভাবিক পর্যায়ে ফিরে যেতে পারে তজ্জন্য কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করার জন্যে তিনি জনসাধারণের প্রতি আবেদন জানান।

দৈনিক পাকিস্তান
২০ সেপ্টেম্বর।

কাসেম
জনগণের মধ্যে আস্থা সৃষ্টিই মন্ত্রীদের
প্রধান কর্তব্য

পিপিআই'র খবরে প্রকাশ, গবর্ণরের মন্ত্রী পরিষদের প্রবীনতম সদস্য জনাব আবুল কাসেম গতকাল রোববার ঢাকায় বলেন যে প্রকৃত ঘটনা সঠিকভাবে ব্যাখ্যা করে জনগণের মধ্যে আস্থা সৃষ্টি করাই হচ্ছে তাঁর ও তাঁর সহকর্মীদের প্রথম ও প্রধান কর্তব্য। জনগণের মধ্যে জন্যে তাঁর মতে কি কি উপযুক্ত ব্যবস্থা নেয়া যেতে পারে, জনাব কাসেম সে সম্পর্কে পিপিআই প্রতিনিধির সাথে আলোচনা করছিলেন।

তিনি বলেন যে, আমাদের জনগণের কাছে প্রকৃত ঘটনা ব্যাখ্যা করা হলে তারা তা অনুধাবন করতে পারবে এবং এভাবেই তাদের মধ্যে আস্থা ফিরে আসবে। তিনি বলেন যে, শান্তিপ্রিয় নাগরিকদের জান ও মাল রক্ষা এবং প্রত্যাগতদের সব রকম সাহায্য দিয়ে পুনর্বাসনের ব্যাপারে সরকারের দৃঢ় সংকল্পের কথা জনগণের কাছে বলার জন্যে মন্ত্রীরা শীঘ্রই প্রদেশে গণসংযোগ সফরে বের হবেন।

জনাব কাসেম বলেন যে, প্রযোজনের সময় জনগণের পাশে দাঁড়ানোর উদ্দেশ্য নিয়েই তিনি ও তাঁর সহকর্মীরা মন্ত্রী সভায় যোগ দিয়েছেন। তবে তিনি বলেন যে, মন্ত্রীদের প্রচেষ্টা সফল করার জন্য জনগণ এগিয়ে না আসলে তারা (মন্ত্রীরা) কিছুই করতে পারবেন না।

পাক সমাচার
১ অক্টোবর।

শিক্ষামন্ত্রী জনাব আব্বাস আলী খান-
শিক্ষা ব্যবস্থার পুনর্বিন্যাসের প্রয়োজন

পূর্ব পাকিস্তানের শিক্ষামন্ত্রী জনাব আব্বাস আলী খান দেশের বর্তমান শিক্ষা পদ্ধতিকে পুরোপুরি ঢেলে সাজাবার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

গত ২১ শে সেপ্টেম্বর শিক্ষামন্ত্রী বলেন, যুবসমাজ যাতে ইসলামের সত্যিকার শিক্ষা লাভ করতে পারে তার জন্য শিক্ষা ব্যবস্থার ব্যাপক ও পুরোপুরি পুনর্বিন্যাসের প্রয়োজন রয়েছে। তিনি বলেন, এই প্রশ্নটিকে যদি সর্বোচ্চ অগ্রাধিকার না দেয়া হয় তবে যুব সমাজ অন্ধকারাচ্ছন্নই রয়ে যাবে এবং তাদের যে লক্ষ্যস্থল সেই পাকিস্তানের আদর্শ থেকে তারা বহুদূরে সরে থাকবে।

জনাব আব্বাস আলী খান বলেন, ইসলামী অনুপ্রেরণামূলক শিক্ষা ছাড়া আমরা আমাদের ছেলে-মেয়েদেরকে পাকিস্তানের পটভূমিকা সম্পর্কে সচেতন করে তুলতে পারবো না।

মন্ত্রী বলেন, বর্তমান শিক্ষা ব্যবস্থাই আমাদের সকল ক্ষতির কারণ। বর্তমানের ধর্মনিরপেক্ষ ও অর্থহীন শিক্ষা ব্যবস্থার পরিবর্তন সাধন না করা হলে আমরা কিছুতেই আমাদের ধ্বংসকে রোধ করতে পারবো না।

শিক্ষামন্ত্রী বলেন, পরিস্থিতি পর্যালোচনা করে এই সব ক্ষতি পূরণের ব্যাপারে ব্যবস্থা গ্রহনের জন্যে তিনি খুব শিগগীরই বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলর ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রদানদের এক সম্মেলন আহ্বান করতে পারেন। তিনি বলেন দেশের সাধারন মানুষও এই চায়।

জনাব আব্বাস আলী খান বলেন, অবশ্য এই পরিবর্তন রাতারাতিই সাধিত হবে না। এই পরিবর্তন হবে পর্যায়ক্রমে এবং দ্রুততার সাথে। রাতারাতি পরিবর্তন সম্ভবপর নয় এবং তাতে করে বিরুপ প্রতিক্রিয়া দেখা দিতে পারে বলে তিনি মন্তব্য করেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের শিক্ষা ব্যবস্থা এমন হবে যাতে আমরা বিজ্ঞানী, দার্শনিক, অর্থনীতিবিদ ও ব্যাংকার গড়ে তুলতে পারবো আর সেই সাথে গড়ে তুলতে পারবো খাঁটি মুসলমান। তিনি বলেন, ধর্ম মানে শুধু আচার অনুষ্ঠানই নয়। ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনদর্শন। আমাদের রাজনীতি, শিল্প- সাহিত্য প্রভৃতি সবই অবশ্যই ইসলামের ভিত্তিতে হতে হবে বলে তিনি উল্লেখ করেন।

বর্তমানে বিভিন্ন শিক্ষায়তনে ছেলেমেয়েদের যে সহ-শিক্ষাব্যবস্থা চালু রয়েছে সে সম্পর্কে তাঁর মত জানতে চাওয়া হলে শিক্ষামন্ত্রী বলেন, এ ব্যবস্থা অত্যন্ত ক্ষতিকর। তিনি বলেন, এ ব্যবস্থা অবশ্য পরিত্যাজ্য।

পাক সমাচার
১ অক্টোবর।

বাণিজ্য মন্ত্রী জনাব আখতার উদ্দিন আহমদ-
সংহতি রক্ষার জন্য ঐক্যবদ্ধ থাকার আহ্বান

প্রাদেশিক বাণিজ্য ও শিল্প এবং আইন বিষয়ক মন্ত্রী জনাব আখতার উদ্দিন আহমদ পাকিস্তানের সংহতি, সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষার জন্য জনগণকে ঐক্য বদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন।

গত ২৬শে সেপ্টেম্বর বিকেলে মন্ত্রী ইঞ্জিনীয়ার্স ইনস্টিটিউটে তেজগাঁও ও রমনা থানা সম্বর্ধনা কমিটি কর্তৃক তাঁর সম্মানে আয়োজিত এক সম্বর্ধনা সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। পাকিস্তান আন্দোলনের পটভূমি ব্যাখ্যা করে জনাব আখতার উদ্দিন বলেন, উপমহাদেশের এই অংশের মুসলমানরা হিন্দুদের দ্বারা নিষ্ঠুরভাবে শোষিত হয়েছেন। হিন্দুদের সাথে একত্রে বসবাস করা একদম অসম্ভব জেনেই কায়েদে আজমের নেতৃত্বে স্বাধীনতা আন্দোলন শুরু হয় এরই পরিণতি স্বরুপ মুসলমানদের জন্য পৃথক আবাসভূমি পাকিস্তান প্রতিষ্ঠিত হয়।

তিনি জনসাধারণ বিশেষ করে তরুণ সমাজকে দেশের বর্তমান সংকট মুহূর্তে তাদের উপর যে গুরুদায়িত্ব অর্পিত হয়েছে, তা অনুধাবনের আহ্বান জানান।

তিনি বলেন, আল্লাহ না করুক, পাকিস্তান যদি ধ্বংস হয়ে যায় তা হলে মুসলমানরা তাদের আলাদা বৈশিষ্ট্য হারিয়ে ফেলবে এবং হিন্দুদের দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ হয়ে পড়বে।

পাকিস্তানকে সকল রকম শোষণমুক্ত একটি কল্যাণ রাষ্ট্রে পরিণত করার ব্যাপারে তিনি জনগণকে সরকারের সাথে সহযোগিতা করার আহবান জানান।

পাক সমাচার
১ অক্টোবর।

জাতিসংঘের প্রতি প্রাদেশিক তথ্যমন্ত্রী
জনাব ওবায়দুল্লাহ মজুমদার-
পাকিস্তানী উদ্বাস্তুদের প্রত্যাবর্তনের নিশ্চয়তা বিধান করুন।

ভারতের তথাকথিত আশ্রয় শিবিরে যে উদ্বাস্তু সীমাহীন দুর্দশায় তাদের দিন কাটাচ্ছে, ভারত যাতে তাদের পাকিস্তান প্রত্যাবর্তনের সুযোগ দেয় তার নিশ্চয়তা বিধান তথা এ ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য পূর্ব পাকিস্তানের তথ্যমন্ত্রী জনাব ওবায়দুল্লাহ মজুমদার ২৮ শে সেপ্টেম্বর জাতিসংঘের প্রতি আকুল আবেদন জানান।

বেআইনী ঘোষিত আওয়ামী লীগের নবনির্বাচিত এমএনএ জনাব মজুমদার দু মাস কাল ভারতীয় শিবিরে কাটিয়ে পাকিস্তান প্রত্যাবর্তন করেন। তিনি উদ্বাস্তুদের জীবন-যাত্রার এক করুণ চিত্র তুলে ধরেন। তারা দারিদ্র ও ব্যাধির কবলে পড়ে অসহায় হয়ে কাতরাচ্ছেন। মৃত্যু তাদের গ্রাস করছে।

ভারতের তথাকথিত শিবিরের জীবনযাত্রা সম্পর্কে তার তিক্ত অভিজ্ঞতা হতে জনাব মজুমদার বলেন যে, রাজনৈতিক নেতৃবৃন্দ, কর্মী, নবনির্বাচিত এমএনএ ও এমপিএ, ছাত্র ও সাধারণ মানুষসহ সকল পাকিস্তানী উদ্বাস্তুই আজ বিভ্রান্ত ও হতাশাগ্রস্ত। তারা সকলেই ক্রীড়নকে পরিণত হয়েছে। ভারত তার গোপন স্বার্থ উদ্ধারকল্পে এদের ব্যবহার করেছে।

তিনি বলেন, কতিপয় উগ্রপন্থী ছাড়া এদের সকলেই আজ অবস্থার শিকার হয়েছে। এদের সকলেই নিজের দেশে স্বাধীন ও সম্মানিত নাগরিক হিসাবে পুনরায় নতুন করে জীবন শুরুর নিমিত্ত তাদের ঘরবাড়ীতে ফিরে

আসার জন্য খুবই আগ্রহী ও মরিয়া হয়ে উঠেছে কিন্তু ভারতের প্রচারণার মাধ্যমে যে সব বিদ্বেষপূর্ণ হীন প্রচারণা চলছে। তথা আরও নানা রকম বাধা সৃষ্টির দরুন তারা তাদের বাড়ী ঘরে ফিরতে পারছে না।

মন্ত্রী বলেন, তিনি তাঁর বাস্তব অভিজ্ঞতা থেকে বলতে পারেন যে ভারত সর্বদাই উদ্বাস্তুদের সংখ্যা বাড়িয়ে বলছে। তিনি আরও জানান যে, হিন্দু ও মুসলমানদের প্রতি দু- রকম ব্যবহার করা হচ্ছে, তাও তিনি দেখেছেন। তিনি নিজে স্ত্রী পুত্রসহ প্রায় দু'মাসকাল যে ক্যাম্পে অবস্থান করছেন, সেটা ছাড়াও আগরতলা, বেলেনিয়া ও অন্যান্য স্থানের শিবির তিনি পরিদর্শন করে তা প্রত্যক্ষ করেছেন।

এসব ক্যাম্পের সাধারণ অবস্থা সম্পর্কে মন্ত্রী বলেন যে, এসব ক্যাম্পের অবস্থা খুবই অস্বাস্থ্যকর। লোকজনদের স্বল্প পরিসরে ঠাসাঠাসি করে রাখা হয়েছে। খাদ্য সরবরাহও খুবই অনিয়মিত। চিকিৎসার অভাবে পুষ্টিহীনতার দরুন আমি নিজেই প্রতিদিন শিশুদের মরতে দেখেছি। তিনি বলেন, তবে পাকিস্তানী এমএনএদের একটা মাত্র সুবিধা দেওয়া হয়, তা হলো একটা ছোট্র ঘরে তাদের দু- তিনজনকে একটা খাটিয়ার উপর একত্রে থাকতে দেয়া হয়। অন্যদের নিজেদেরই তাদের ব্যবস্থা করে নিতে হয়।

জনাব মজুমদার বলেন যে, ভারতে অবস্থানকালে কুমিল্লা, নোয়াখালী ও ঢাকা জেলার প্রায় ৩০ জন এমএনএ ও এমপিএ- এর সাথে তার সাক্ষাৎ হয়। তিনি এদের সকলকেই হতোদ্যম ও আতংকগ্রস্ত দেখতে পান। কলকাতাসহ পশ্চিম বঙ্গের অপরাপর অংশে যে সব এমএনএ ও এমপিএ অবস্থান করছেন, তাদের অবস্থাও একইরুপ। আমি সেখানে শুনেছি যে, তারাও পাকিস্তানে ফিরে আসার জন্য উদগ্রীব হয়ে আছে। ভারতীয় কর্তৃপক্ষ তাদের স্বদেশ প্রত্যাবর্তন সকল বাধা সৃষ্টি করছে বলে তিনি জানান।

জনাব মজুমদার বলেন যে, তিনি নিজে প্রথম সুযোগ গ্রহণ করেই পূর্ব পাকিস্তানে ফিরে এসেছেন। তিনি বলেন, আমি সব সময়েই পাকিস্তানী ছিলাম, সর্বদাই পাকিস্তানী এবং কখনই পাকিস্তান বিরোধী নই। তবে গোলযোগের সময় সৃষ্ট পরিস্থিতিতে তথায় আশ্রয়গ্রহণে বাধ্য হই। তবে তথায় থাকাকালে সব সময়ই আমি সীমান্ত অতিক্রমের সুযোগ খুঁজছিলাম এবং ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর তথা অপরাপর ভারতীয় কর্তৃপক্ষের দৃষ্টি এড়িয়ে পলায়নের প্রথম সুযোগই আমি গ্রহণ করি।

ছাত্রদের সম্পর্কে জনাব মজুমদার বলেন, তথায় বহুসংখ্যক ছাত্রের সাথেই তার সাক্ষাৎ হয়েছে। এদের অনেকেই তার ছাত্র। তাদের হত্যা করা হবে এ ধরনের গুজবে আতংকগ্রস্ত হয়ে তারা ভারত গমন করে। ভারতে ছাত্রদের আশ্রয় স্থানও নেই। খাবার ব্যবস্থাও নেই। কোন রকম কাজ না করে শুধু ঘুরে বেড়ানোর কোন অধিকার তাদের নেই এধরনের তিরস্কার ভারতীয় কর্তৃপক্ষ অহরহই তাদের করছে। ভারতীয় কর্তৃপক্ষ পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য তাদের সামরিক ট্রেনিং গ্রহণের নির্দেশ প্রদান করছে।

তিনি বলেন যে, খাওয়া থাকার ব্যবস্থা না থাকায় তারা তাদের ইচ্ছার বিরুদ্ধে ট্রেনিং গ্রহনের জন্য নাম লিখাচ্ছে। ট্রেনিং ক্যাম্পে তাদের মস্তিষ্ক ধোলাই করা হচ্ছে। অতঃপর তাদেরকে পূর্ব পাকিস্তানের ব্রীজ, যোগাযোগ ব্যবস্থা ও শিল্প প্রতিষ্ঠানমূহ বিনষ্ট করার কাজে নিয়োগ করা হচ্ছে। তাদের কাজের ব্যাপারে ভারতীয় কর্তৃপক্ষ কড়া নজর রাখে। মন্ত্রী বলেন, তিনি জানতে পেরেছেন যে, এদের মধ্যে অনেকেই তাদের মারাত্মক অস্ত্রশস্ত্র পুকুর ও জঙ্গলে ফেলে দিয়ে পাকিস্তান থেকে ফিরে গিয়ে ভারতীয় কর্তৃপক্ষকে তাদের সফল অভিযানের কাহিনী শুনায়। এ-ভাবেই অবস্থার শিকারে এ-সব তরুণরা নিজেদের জান বাঁচাতে চেষ্টা করে।

জনাব মজুমদার পাকিস্তানে ফিরে এসে পুনরায় পড়াশুনা শুরু করার জন্য তরুণ সমাজের প্রতি আবেদন জানায়। তিনি বলেন, এদের জন্য আমার প্রাণ কাঁদছে, কারণ শিক্ষক হিসাবে আমি বহুকাল তাদের মধ্যে অতিবাহিত করেছি। নিজের দেশের সেতু ও যোগাযোগ ব্যবস্থা ধ্বংস করে তারা শুধু ভারতের গোপন দুরভসন্ধি পূরণের পক্ষেই কাজে করছে। আমি নিশ্চিতভাবে বিশ্বাস করি যে একদিন তারা তাদের এ ধরনের কাজের জন্য অনুতপ্ত হবে।

দৈনিক পাকিস্তান
২ অক্টোবর।

আউংশুপ্রু-
প্রদেশে সংখ্যালঘু নির্যাতনের অভিযোগ মিথ্যা

পূর্ব পাকিস্তানের সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী মিঃ আউংশুপ্রু গতকাল শুক্রবার প্রদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকদের নির্যাতন ও হয়রানি সংক্রান্ত ভারতীয় অভিযোগ খণ্ডন করেন। এপিপির সাথে এক সাক্ষাৎকারে বলেন যে প্রেসিডেন্ট ও গভর্নর সংখ্যালঘু সম্প্রদায়ের লোকদের বারবার পুরোপুরি রক্ষার আশ্বাস এবং সমান অধিকার ও সুযোগ-সুবিধা দানের নিশ্চয়তা দিয়েছে।

তিনি বলেন যে, প্রাদেশিক মন্ত্রীদের প্রধান লক্ষ্য হচ্ছে প্রদেশের পূর্ণ স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার উদ্দেশ্যে জনমনে আস্থা সৃষ্টি করা। এ কাজে সরকার সংখ্যালঘু সম্প্রদায়ের ব্যাপারে আরো বেশী গুরুত্ব আরোপ করবেন। পূর্ব পাকিস্তানের বৌদ্ধ সম্প্রদায়ের লোকদের নির্যাতন সম্পর্কিত ভারতীয় প্রচারণা প্রসঙ্গে মিঃ আউংশু প্রু বলেন যে তাঁর সম্প্রদায়ের লোকেরা অনুগত, শান্তিপ্রিয় ও দেশপ্রেমিক এবং তাদের প্রতি সরকারের আচরণ খুবই চমৎকার ও উদার।

তাদের কখনো বিরক্ত করা হয়নি। সরকার ও সশস্ত্র বাহিনীর লোকেরা বরং তাদের প্রতি সহানুভূতিশীল ও সহায়ক। মন্ত্রী বলেন, ভারত পাকিস্তানের ঐক্য নষ্ট করার জন্য চেষ্টা চালাচ্ছে এবং পূর্ব পাকিস্তানের জনসাধারনের জন্য ভারতীয়দের কোন প্রীতি নেই। সে পাকিস্তানকে ধ্বংসের নীতি অনুসরণ করে চলছে। ভারতীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রীর সাথে যৌথ সম্মেলনের ব্যাপারে গভর্নর ডাঃ মালিকের প্রস্তাব সম্পর্কে তাঁর মতামত জানতে চাওয়া হলে মন্ত্রী বলেন যে এই প্রস্তাব সম্পর্কে ভারতের কাছ থেকে এখনো কোন সাড়া পাওয়া যায়নি। এ থেকেই প্রমাণিত হয় যে, সংখ্যালঘুই হোক আর যেই হোক পূর্ব পাকিস্তানের কারো জন্য ভারতের ভালবাসা নেই।

মিঃ আউংশু প্রু পূর্ব পাকিস্তানে বৌদ্ধ মন্দির ধ্বংসের ভারতীয় প্রচারণাকে ডাহা মিথ্যা বলে বর্ণনা করেন।

দৈনিক পাকিস্তান
১৩ অক্টোবর

খুলনায় রাজস্ব মন্ত্রী রাজাকারদের ভূয়সী প্রশংসা

খুলন, ১১ই অক্টোবর (এপিপি)। পূর্ব পাকিস্তানের রাজস্ব মন্ত্রী মওলানা এ,কে,এম ইউসুফ রাজাকারদের ভূয়সী প্রশংসা করেন। গতকাল এখানে জেলা স্কুল মিলনায়তনে তিনি রাজাকারদের এক সমাবেশে ভাষণ দান করছিলেন। দুষ্কৃতিকারী ও ভারতীয় সশস্ত্র অনুপ্রবেশকারীদের কার্যকলাপ দমনের জন্য রাজাকাররা যে-ভাবে কাজ করে যাচ্ছে এতে তিনি সন্তোষ প্রকাশ করেন।

তিনি বলেন, রাজাকাররা শুধু অনুপ্রবেশকারীদের হামলাই সাফল্যের সাথে প্রতিহত করেনি, তারা বেশ কিছু সংখ্যক দুষ্কৃতকারী ও ভারতীয় ছাপমারা বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র ও গোলাবারুদও উদ্ধার করতে সক্ষম হয়েছে। মওলানা এ,কে,এম ইউসুফ ভাষণ দানকালে ঘোষণা করেন যে, দেশের সার্বভৌমত্বের উপর হামলার যেকোন অপচেষ্টা নস্যাৎ করে দেওয়ার জন্য সেনাবাহিনী ও রাজাকারদের পেছনে আমাদের সাহসী জনগণ ঐক্যবদ্ধ থাকবেন।

এর পূর্বে সমাবেশে ভাষণ দানকালে খুলনায় ডেপুটি কমিশনার এবং জেলা রাজাকার কমাণ্ডার খুলনায় রাজাকারদের কার্যকলাপের ভূয়সী প্রশংসা করেন। রাজস্ব মন্ত্রী আজম খান কমার্শিয়াল কলেজ মিলনায়তনে ইসলামী ছাত্রসংঘ আয়োজিত এক সভায়ও ভাষণ দেন।

তিনি ছাত্রদের পড়াশুনায় মনোযোগ দানের আহ্বান জানান। তিনি ছাত্রদের নিকট পাকিস্তান আন্দোলন পটভূমি ব্যাখ্যা করেন। সীমান্তের অপর পারে চলে যাওয়া ছাত্রদের দেশে ফিরে এসে জাতি গঠনমূলক কাজে অংশগ্রহনেরও আহ্বান জানান।

দৈনিক পাকিস্তান
১৮ অক্টোবর।

অর্থমন্ত্রী আবুল কাসেমের বেতার ভাষণ
উদ্বাস্তুদের প্রতি স্বদেশে ফিরে আসার আহ্বান

পূর্ব পাকিস্তানের অর্থমন্ত্রী জনাব আবুল কাসেম গত শনিবার প্রদেশবাসীর উদ্দেশ্যে রেডিও পাকিস্তান ঢাকা কেন্দ্র থেকে এক ভাষণদান করেন। নিম্নে তার পূর্ণ বিবরন দেয়া হলোঃ

''জাতীয় জীবনের চরম সন্ধিক্ষণে প্রদেশে মন্ত্রীসভা গঠিত হয়েছে। এমন সংকটকালে মন্ত্রীসভায় যোগদান করে যে দায়িত্ব বরণ করে নিয়েছে তা অত্যন্ত গুরুতর ও দুর্বহ। দেশের বর্তমান পরিস্থির কথা বিবেচনা করেই এ গুরভার কাঁধে নিয়েছি। কারণ এটিকে জাতীয় ও মানবিক কর্তব্য বলেই মনে করেছি। বহিঃশত্রুর চক্রান্তে যখন দেশের স্বাধীনতা বিপন্ন, জনজীবন বিপর্যস্ত, প্রতিটি মানুষ দিশেহারা তখন শুধুমাত্র নীরব, নিষ্ক্রিয় দর্শকের ভূমিকা পালন করাকে জাতির প্রতি বিশ্বাসঘাতকতা করারই সামিল বলে গণ্য করেছি।

তাই আমাদের ক্ষুদ্র শক্তি নিয়ে আমরা এগিয়ে এসেছি। আমাদের সাফল্য নির্ভর করছে আপনাদের সক্রিয় সহযোগিতার উপর। একটি বিদেশী শক্তির চক্রান্তের ফলে প্রদেশে হত্যা, লুণ্ঠন ও সম্পদ নাশের যে নারকীয় বিভীষিকার সৃষ্টি হয়েছিল তাতে পাকিস্তানের অস্তিত্বই বিলুপ্ত হওয়ার হওয়ার উপক্রম হয় এবং পরিস্থিতি সামরিক হস্তক্ষেপকে অনিবার্য করে তোলে।

রাষ্ট্রবিরোধী শক্তিগুলোর অশুভ তৎপরতা তখন প্রদেশময় পরিব্যাপ্ত হয়ে পড়েছিল। সেগুলোকে দমন করার জন্য সৈন্যবাহিনীকে কর্তব্যভার গ্রহণ করতে হয়। রাষ্ট্রবিরোধী শক্তিগুলো তাদের কৃত পাপের দায়িত্ব নিরপরাধ মানুষের উপর চাপিয়ে দিয়ে সরে পড়লো। মানুষ তখন একান্ত অসহায়, বিমূঢ়, হতবাক ও দিশেহারা। তাদের পক্ষে কথা বলার কেউ নেই । তাদের এমন অসহায় অবস্থায় আমরা চুপ করে থাকতে পারিনি।

আমরা এগিয়ে এলাম। শান্তি প্রতিষ্ঠার কাজে আত্মনিয়োগ করলাম। শান্তি কমিটি গঠনের ব্যবস্থা করা হলো। অচিরেই তা সারা প্রদেশে সম্প্রসারিত হয়। আতংকগ্রস্ত ভেঙ্গে পড়া মানুষের মনে নিরাপত্তার ভাব ফিরে আসতে লাগলো। ছেড়ে যাওয়া বাড়িঘরে তারা ফিরে এলো। অনেকটা আস্থা ও স্বস্তির ভাব তারা ফিরে পেলো। খোদার দরবারে অশেষ শুকরিয়া, সমগ্র প্রদেশের মানুষ যখন হাহাকার করছে সেই মহাসংকটের দিনে আমরা এগিয়ে এসে অন্ততঃ কিছু জীবন ও সম্পদ রক্ষা করতে পেরেছি।

মাসুম মানুষের জীবন ও সম্পদ রক্ষার যে সংকল্প গ্রহণ করেছি আল্লাহতা'য়ালা তা রক্ষার জন্য যেন তওফিক দান করেন।

প্রিয় ভাই-বোনেরা, প্রতিবেশী রাষ্ট্রের ঘৃণ্য কারসাজিতে দেশের অস্তিত্ব আজ বিপন্ন। পাকিস্তানের ভিত্তিমূলে সে মারণ আঘাত হানতে উদ্যত। সর্বশক্তিতে এবং সর্বস্ব পণ করে প্রতিহত করতে হবে। পাকিস্তান আমাদের সে বাঁচালে আমরা বাঁচবো জাতি হিসাবে অস্তিত্ব রক্ষা করতে পারবো।

আমাদের ঈমান-আমান, সুখ-সমৃদ্ধি সবই পাকিস্তানের অস্তিত্বের উপর নির্ভরশীল । সুতরাং আজকের সংগ্রাম হবে পাকিস্তানকে রক্ষা করার সংগ্রাম, পাকিস্তানবিরোধী চক্রান্তকে বানচাল করে দেয়ার সংগ্রাম । এ কথা উপলব্ধি করতে হবে যে, এই গরীব দেশের মানুষের শ্রমে, অর্থে ও রক্তে দীর্ঘ ২৩ বছর ধরে তিল তিল করেযে সম্পদ গড়ে উঠেছে তা ধ্বংস করে দেয়ার অর্থ প্রদেশের মানুষকেই বঞ্চিত করা, তাদের এবং ভাবী বংশধরদের চরম, সর্বনাশ সাধন করা ।

পরের উস্কানীতে নিজের ঘরে কি কেউ আগুন লাগায় । নিজেদের ঘরে আগুন দেওয়ার খেলায় যারা মত্ত হয়ে উঠেছে তারা কি এর পরিণাম একবারও ভেবে দেখবে না । দেশের শিল্পবাণিজ্য, রেল, স্টীমার, বাস-ট্রাক, স্টীমার-লঞ্চ, সড়ক, সেতু ইত্যাদি সম্পদ আপনাদের অর্থে ও কল্যাণেই গড়ে উঠেছে । এগুলো যারা ধ্বংস করে দিচ্ছে তারা আপনাদেরই সর্বনাশ সাধন করছে । আবার এগুলো গড়ে তুলতে কত শ্রম, ও সময়ের দরকার হবে । আর সে অর্থ আসবেই বা কোথা থেকে । এদেশের কোটি কোটি অনাহারী-অর্ধাহারী মানুষকেই তো সে অর্থ যোগাতে হবে । চক্রান্তপরায়ণ প্রতিবেশীর প্রচারণায় ও মিথ্যা স্তোক বাক্যে বিভ্রান্ত হয়ে যারা আত্মঘাতী কার্যকলাপে লিপ্ত হয়ে পড়েছে তারা কি একবার ভেবে দেখবে না যে, এসব কার্য দ্বরা তারা কার দুরভিসন্ধি চরিতার্থ করছে আর কাদের ধ্বংস ও বিনাশের পথ উন্মুক্ত করে দিয়েছে। দেশের যোগাযোগ ব্যবস্থা বিকল করে দিয়ে প্রদেশের সর্বত্র খাদ্যশস্য পৌঁছানো ব্যাহত করার হীন প্রচেষ্টা চালাচ্ছে, সুতরাং এ কথা নিঃসন্দেহে বলা চলে যে যারা এসব নাশকতামূলক কাজে লিপ্ত রয়েছে অথবা যারা তাদের কাজে সাহায্য করেছে তারা প্রদেশের জনগণের কল্যাণকারী নয়, তারা তাদের পরম শত্রু। এরা গণদুশমন, এরা মানবতার শত্রু। দেশের অস্তিত্বের মূলে এরা আঘাত হানছে । যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হওয়ার ফলে অর্থনৈতিক ক্ষেত্রে চরম বিপর্যয় দেখা দিবে ।

প্রদেশে দারিদ্র্য ভয়াবহ আকার ধারণ করবে । তাতে প্রদেশের গোটা জনসমষ্টিই সর্বস্বান্ত হয়ে পড়বে । তাই আসুন, সর্বশক্তি প্রয়োগ করে এই সব গণদুশমনদের বিরুদ্ধে রুখে দাঁড়াই । বিভ্রান্ত হয়ে যারা এদেশ ছেড়ে শত্রু দেশে আশ্রয় নিয়েছেন তাদের প্রতি আমাদের আবেদন, আপনারা আপনাদের নিজেদের হাতে গড়া পাকিস্তানের পাক ভূমিতে নির্ভয়ে ফিরে আসব এবং পুনর্গঠনের কাজে আত্মনিয়োগ করুন ।

এদেশ আপনাদেরই এদেশ সসম্মানে বাস করার আপনাদের পূর্ণ অধিকার রয়েছে । সে অধিকার কেউ হরণ করে নিতে পারবে না । আমি নিশ্চিত আশ্বাস দান করছি । আপনাদের আশংকার কোন কারণ নেই । যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদের ক্ষতিপূরণ দেওয়া হবে । যাঁরা গৃহহীন হয়েছেন তাঁদের পুনর্বাসন করা হবে । যারা নিঃস্ব হয়ে পড়েছেন তাঁদের জীবন-ধারণের ব্যবস্থা করা হবে । পরভূমে পরপ্রত্যাশী হয়ে বহু দুঃখে, বহু বিড়ম্বনায় আপনারা দিন অতিবাহিত করেছেন । কিন্তু মন আপনাদের পড়ে আছে ফেলে যাওয়া পাকিস্তানের প্রিয়তম বাস্তুভিটার উপর । আপনাদের বাস্তুভূমি আপনাদের গৃহাঙ্গন হাতছানি দিয়ে আপনাদের ডাকছে- আপনারা ফিরে আসুন । আপনাদের নিরাপত্তার পূর্ণ দায়িত্ব আমরা গ্রহণ করেছি । আপনারা ফিরে এলে সব সমস্যার সমাধান আমরা একত্রে বসে করতে পারবো । দুষ্কৃতকারীদের রোষানলের শিকার হয়ে আপনাদের অনেকেই ক্ষতিগ্রস্ত, অনেকেই সর্বস্বান্ত হয়ে পড়েছেন । ক্ষতিগ্রস্ত নিরপরাধ ব্যক্তিদের এবং সর্বহারাদের পুনর্বাসনের নানাবিধ ব্যবস্থা ইতিমধ্যেই করা হয়েছে ।

আপনাদের স্বাভাবিক জীবনধারায় পুনঃপ্রতিষ্ঠার সংকল্প নিয়েই আমরা মন্ত্রিসভায় যোগদান করেছি । পরম নিষ্ঠার সাথে এ সংকল্প আমরা পালন করে যাব । এ ব্যাপারে আমাদের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে আপনাদে সক্রিয় সহযোগিতা একান্ত অপরিহার্য । হতাশা বর্জন করে দৃঢ় মনোবল নিয়ে আপনাদের এগিয়ে আসতে হবে । এ বিশ্বাস আপনাদের রাখতেই হবে যে, দুর্যোগের অবসান ঘটবেই জীবনে আবার প্রতিষ্ঠিত হবেন ।

সুদিন আবার আসবে । বিধ্বস্ত গৃহের আঙ্গিনা আবার আনন্দে মুখরিত হয়ে উঠবে । এ সবগুলোই নির্ভর করেছে পাকিস্তানের অখণ্ডতা ও নিরাপত্তায় । সুখি ও শক্তিশালী পাকিস্তান আপনার সুখ ও শক্তির উৎস । অখণ্ড পাকিস্তানই আপনাদের সুখ-সমৃদ্ধি ও মর্যাদাকে সুনিশ্চিত করতে পারে ।

পাকিস্তানের প্রতি আনুগত্যে আমরা সবাই যদি অবিচল থাকতে পারি তাহলে দুশমন রাষ্ট্রের শত্রু শক্তিগুলো আপনা থেকে নিষ্ক্রিয় হয়ে পড়বে। সকল দুরভিসন্ধি বানচাল হয়ে যাবে। শান্তি ও নিরাপত্তা ফিরে আসবে সকল অচলাবস্থার অবসান ঘটবে। জীবন আবার গতিময় হয়ে উঠবে। আসুন আমরা সকলে কাঁধে কাঁধ মিলিয়ে পাকিস্তানের দুশমনদের মোকাবিলা করি এবং পাকিস্তানকে উন্নতি ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাওয়ার নতুন শপথ গ্রহণ করি।

আল্লাহ আমাদের সহায়ক হবেন''।

দৈনিক পাকিস্তান
২০ অক্টোবর।

শিক্ষামন্ত্রীর বেতার ভাষণ
ছাত্রদের প্রতি ফিরে আসার আহ্বান

প্রাদেশিক শিক্ষামন্ত্রী জনাব আব্বাস আলী খান গতকাল মঙ্গলবার সীমান্তের ওপারে বা এপারে ছাত্র সমাজের প্রতি নির্ভয়ে দেশে ফিরে এসে তাদের শিক্ষা জীবন শুরুর আকুল আবেদন জানিয়েছেন। এপিপির খবরে প্রকাশ, এক বেতার ভাষণে তিনি বলেন, প্রেসিডেন্ট যে সাধারণ ক্ষমা প্রদর্শন করেছেন তা আমাদের শুভেচ্ছারই প্রমাণ বহন করছে।

তিনি বলেন যে, আমাদের মধ্যে যারা শত্রুর দ্বারা বিভ্রান্ত হয়ে অবর্ণনীয় দুঃখ-কষ্টের সম্মুখীন হয়েছে, শিক্ষা জীবনে তাদের পুনর্বাসন করাই আমাদের কর্তব্য । তিনি বলেন যে, তাঁর কাছে সব ছাত্রই নির্দোষ। তাদের সকল অপকর্মের জন্য বিপথগামী নেতৃত্ব ও ভুল শিক্ষানীতিই দায়ী।

বর্তমান সরকার এই শিক্ষানীতি পরিবর্তনে বদ্ধপরিকর বলেও তিনি উল্লেখকরেন। শিক্ষামন্ত্রী বলেন যে ছাত্রদের যাতে একটা বছর নষ্ট করতে না হয়, তার জন্য কিছু করা যায় কিনা সরকার তা বিবেচনা করে দেখছে।

দৈনিক পাকিস্তান
২২ অক্টোবর।

সিলেটের গ্রামে আইনমন্ত্রী
দেশকে বিচ্ছিন্ন করার জন্য
জনগণ ভোট দেয়নি

মৌলবী বাজার, ১৯ শে অক্টোবর।-আইন ও পার্লামেন্টারী মন্ত্রী জনাব জসীম উদ্দিন আহমেদ রাজনগর থানা ট্রেনিং ও উন্নয়ন কেন্দ্রে এক বিরাট জনসভায় ভাষণদানকালে বলেন, তাঁর দৃঢ়বিশ্বাস জনগণ বেআইনী ঘোষিত আওয়ামী লীগের ৬ দফার পক্ষে পূর্ব পাকিস্তানের প্রকৃত অধিকার প্রতিষ্ঠার জন্য ভোট দিয়েছেন। ভারতের সাহায্যে পাকিস্তানকে বিচ্ছিন্ন করার জন্য নয়।

তিনি বলেন, প্রেসিডেন্ট দেশে গণতান্ত্রিক শাসন পুনঃপ্রতিষ্ঠার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করছেন। এ সম্পর্কে তিনি নয়া শাসনতন্ত্র ও জাতীয় পরিষদের অধিবেশনের উল্লেখ করেন। মন্ত্রী বলেন নয়া শাসনতন্ত্রে জনগণের আশা-আকাংখার প্রতিফলন ঘটবে।

আঞ্চলিক স্বায়ত্বশাসন তাঁর দলেরও দাবী এবং দলীয় প্রধান জনাব নূরুল আমিন শাসনতন্ত্রে অন্তর্ভুক্তির জন্যে প্রেসিডেন্টের কাছে আট দফা দাবী পেশ করেছেন। মন্ত্রী বানারাইতে তাঁর গ্রামের বাড়ী যান এবং পারিবারিক গোরস্তানে ফাতেহা পাঠ করেন।

তিনি বলেন, আমাদের জাতীয় সেনাবাহিনীর হাত শক্তিশালী করার জন্য তাদের সমর্থন ও সহযোগিতা করা আমাদের পবিত্র দায়িত্ব ।

দৈনিক পাকিস্তান
২২ অক্টোবর ।

কুষ্টিয়া গ্রামে নওয়াজেশ আহমেদ
ভারতীয় প্রচারণায় কর্ণপাত না করার আহ্বান

আলমডাঙ্গা, (কুষ্টিয়া) ২০ শে অক্টোবর।-খাদ্য ও কৃষিমন্ত্রী জনাব নওয়াজেশ আহমেদ যে সকল উদ্বাস্তু এখনো সীমান্তের অপর পারে রয়েছেন । তাদের সত্বর ফিরে এসে পাকিস্তানের প্রকৃত নাগরিকের মতো স্বাভাবিক জীবন শুরু করার উদাত্ত আহ্বান জানিয়েছেন ।

মন্ত্রী চার দিনব্যাপী কুষ্টিয়া ও যশোর জেলা সফর উপলক্ষে ঢাকা থেকে এখানে এসে এক সভায় ভাষণ দিচ্ছিলেন । জনাব নওয়াজেশ আহমেদ বলেন যে সরকার ইতিমধ্যেই প্রত্যাবর্তনকারীদের বাড়ী-ঘরে ত্বরিত পুনর্বাসনের উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করেছেন । তিনি বলেন, তারা এখানে পুরোপুরি নিরাপদে থাকবেন । তিনি তাঁদের সীমান্তের ওপারের অসৎ উদ্দেশ্যপ্রণোদিত প্রচারণায় কর্ণপাত না করার উপদেশ দেন ।

মন্ত্রী ছাত্রদের নিয়মিত ক্লাসে যোগদান এবং পাকিস্তানের খাঁটি দেশপ্রেমিক নাগরিক হিসেবে ভবিষ্যতের দায়িত্ব গ্রহণের প্রস্তুতি নেয়ার আহ্বান জানান । তিনি বলেন, তাদের উপকারের জন্যই সরকার শিক্ষা প্রতিষ্ঠানে রমজানের ছুটি বাতিল করেছেন ।

দৈনিক পাকিস্তান
২৭ অক্টোবর ।

বুদ্ধিজীবীদের প্রতি তথ্যমন্ত্রী
মাতৃভূমি রক্ষার জন্য সেনাবাহিনীর
পেছনে ঐক্যবদ্ধ হয়ে দাঁড়ান

কুমিল্লা, ২৬ শে অক্টোবর।-পূর্ব পাকিস্তানের তথ্যমন্ত্রী জনাব মুজিবুর রহমান বুদ্ধিজীবীদের বর্তমান পরিস্থিতির গুরুত্ব উপলদ্ধি করে জনদত গঠন করে ভারতীয় হামলার মুখে মাতৃভূমিকে রক্ষার জন্য সেনাবাহিনীর পেছনে ঐক্যবদ্ধ হয়ে দাঁড়াবার আহ্বান জানিয়েছেন ।

তিনি স্থানীয় টাউন হলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষক সমাবেশে বক্তৃতা দিচ্ছিলেন । মন্ত্রী বর্তমানে সংকটের সঠিক ঐতিহাসিক পটভূমি তুলে ধরার ক্ষেত্রে শিক্ষাবীদদের দায়িত্বের কথা উল্লেখ করেন ।

জনাব রহমান আবুল কালাম আজাদ, আবদুল গাফফার খান ও গান্ধীর অভিজ্ঞতা উল্লেখ করেন । তিনি বলে ন যে ভারতের বর্তমান ভূমিকা পূর্ব পাকিস্তানিদের জনগণের প্রতি সহানুভূতি থেকে উদ্ভূত নয় বরং পাকিস্তানকে বিচ্ছিন্ন করার জন্য ।

পাক সমাচার
২৯ অক্টোবর।

শ্রমমন্ত্রী জনাব এ, এস, এম সোলায়মানের আহ্বান
দেশের অর্থনৈতিক অগ্রগতির জন্য তৎপর হতে হবে

পূর্ব পাকিস্তানের শ্রম, সমাজকল্যাণ ও পরিবার পরিকল্পনা মন্ত্রী জনাব এ, এস, এম সোলায়মান সকল রকমের ভারতীয় ঘৃণ্য ষড়যন্ত্র ও বিচ্ছিন্নতাবাদীদের তৎপরতার বিরূদ্ধে সর্বদা সতর্ক থাকার জন্য শান্তিপ্রিয় নাগরিকদের প্রতি গত ২৪ শে অক্টোবর আবেদন জানিয়েছেন।

তিনি বলেন, এসব বিচ্ছিন্নতাবাদী লোকেরা আমাদের শত্রুদের হাতের পুতুল হিসেবে কাজ করছে।

টাঙ্গাইলে সমাজের বিভিন্নস্তরের লোক ও শান্তি কমিটি কর্মীদের এক সমাবেশে তিনি ভাষণদানকালে উক্ত মন্তব্য করেন।

জনাব সোলায়মান দেশের উন্নয়নের গতি অব্যাহত রাখার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, দেশের অর্থনৈতিক অগ্রগতির জন্য সবাইকে নিজ নিজ শক্তি নিয়ে এগিয়ে আসতে হবে।

তিনি বলেন, অর্থনৈতিক তৎপরতার গতি অব্যাহত রাখার জন্য পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা যাতে বিঘ্নিত না হয় সেদিকে নজর রাখতে হবে এবং জনগনকে স্বাভাবিক কাজ কর্ম চালিয়ে যেতে দিতে হবে। তিনি বলেন, বিচ্ছিন্নতাবাদীদেরকে তাদের অন্তর্ঘাতী কার্যকলাপ চালিয়ে যেতে দেওয়া হলে তাতে শত্রুদের উদ্দেশ্যই হাসিল হবে।

মাতৃভূমি রক্ষার জন্য আত্মত্যাগের প্রয়োজন

মন্ত্রী জনাব এ, এস, এম সোলায়মান পাকিস্তানের জন্য বাঁচা ও পাকিস্তানের জন্য মরার জন্য জনগনের প্রতি আকুল আবেদন জানিয়েছে।

নারায়নগঞ্জ মহকুমার বৈদ্যের বাজারে এক বিরাট জনসভায় তিনি ভাষণ দিচ্ছিলেন। জনাব সোলায়মান তার ভাষণে বলেন, মাতৃভূমি রক্ষার জন্য আত্মত্যাগের চেয়ে বড় ত্যাগ আর কিছুই হতে পারে না। তিনি ঘোষণা করেন যে, বহু ত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতা অক্ষুণ্ণ রাখার জন্য সকল দেশপ্রেমিক নাগরিক আজ ঐক্যবদ্ধ।

জনাব সোলায়মান তার নিজ থানা সফরে গেলে তাকে বিপুলভাবে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, দেশ বিভাগের আগে কিংবা পরে জনাব সোলায়মানই হচ্ছে নারায়নগঞ্জ মহকুমা থেকে নিযুক্ত প্রথম মন্ত্রী।

পাক সমাচার
২৯ অক্টোবর।

চট্টগ্রামে অর্থমন্ত্রী জনাব আবুল কাসেমর আশ্বাস
প্রতি ইউনিয়নে প্রয়োজনীয় সংখ্যক রাজাকার থাকবে

প্রদেশে হিংসাত্মক কার্যকলাপের যে সকল বিক্ষপ্ত ঘটনা ঘটেছে তাতে আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে নিরাশ না হওয়ার জন্য প্রাদেশিক অর্থমন্ত্রী জনাব আবুল কাসেম জনগণের প্রতি আবেদন জানিয়েছেন। সরকার নাগরিকদের জানমালের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করছে বলে তিনি আশ্বাস দেন।

চট্টগ্রাম মুসলিম ইন্সটিটিউট হলে আয়োজিত বিভিন্ন স্তরের লোকের এক সমাবেশে বক্তৃতাকালে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন. বর্তমানে প্রায় ৫০ হাজার রাজাকারকে ট্রেনিং দেয়া হচ্ছে । ট্রেনিং শেষে এদেরকে অস্ত্রশস্ত্রে সজ্জিত করে প্রতি ইউনিয়নে নিয়োগ করা হবে । রাজাকারদের সংখ্যা ধীরে ধীরে বাড়িয়ে এক লাখে উন্নীত করা হবে । প্রতি ইউনিয়নে প্রয়োজনীয় সংখ্যক রাজাকার থাকবে । এ ছাড়া রয়েছে পুলিশ বাহিনী । ইতিমধ্যে আইন শৃংখলা পরিস্থিতি পুলিশ বাহিনীর নিয়ন্ত্রণে আসছে । তিনি বলেন, বেসামরিক সরকার গঠনের উদ্দেশ্যই হচ্ছে জনমনে আস্থার ভাব ফিরিয়ে আনা । ইনশা আল্লাহ শীঘ্রই অবস্থার উন্নতি হবে।

সীমান্ত অতিক্রম করে যে সকল যুবক ভারতে চলে গেছে তাদের উদ্দেশ্য করে মন্ত্রী বলেন, ভারতীয় মিথ্যে প্রচারণায় বিভ্রান্ত হয়ে অপর পারে গিয়ে তারা যে ব্যবহার পেয়েছে এবং যে অশেষ দুর্গতি পুইয়েছে তাতে তাদের ভ্রান্তি কেটে গেছে । এখন উচিত স্বদেশে তাদের প্রত্যাবর্তন করা । তারা আমাদেরই ছেলে । তারা রাগ করে পালিয়ে গেছে । আমরা তাদের মাফ করে দিয়েছি । তিনি প্রশ্ন করে বলেন, কেন আপনারা আপনাদের ভাইকে হত্যা করবেন ?

একজন মোহাজের বক্তার প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন, মোহাজেরদের প্রতি এখানে যা ঘটে গেল একজন বাঙ্গালী মুসলমান হিসেবে তিনি তার জন্য লজ্জিত ও দুঃখিত । এতিম, বিধবা ও অভিভাবকহীন মোহাজের পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা সরকার করবে বলে তিনি আশ্বাস দেন ।

এ ছাড়া গত গোলযোগে স্থানীয় যে সকল লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন সরকার তাদের পুনর্বাসন সহায়তা করবেন । মোট কথা ক্ষতিগ্রস্ত প্রতিটি লোকের পুনর্বাসনের জন্য এক ব্যাপক পরিকল্পনা তৈরি করা হচ্ছে । এ কাজ সম্পন্ন হলেই এর বাস্তবায়নে হাত দেওয়া হবে ।

মন্ত্রী বলেন, যখন কোন দুর্যোগ আসে তখন ভাল ও মন্দ সকল লোকই ক্ষতিগ্রস্ত হয় । সেরুপভাবে গত গোলযোগে পূর্ব পাকিস্তানে এমন কোন লোক নেই যিনি কোন না কোনভাবে ক্ষতিগ্রস্ত হননি । তিনি বলেন, আমরা অনেক ভুল করেছি । এর জন্য প্রায়শ্চিত্ত হয়েছে । এখান আমাদের উচিত সবকিছু ভুলে যাওয়া ।

পাক- ভারত সম্পর্কের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, ভারতীয় রণহুংকারের কাছে পাকিস্তান নতি স্বীকার করবে না । আমরা জানি কি করে যুদ্ধ করতে হয় । শত্রু নিশ্চিহ্ন করতে আল্লাহ মুসলমানদের সহায় হবেন ইসলামের ইতিহাসে এর বহু নজির রয়েছে ।

পাক সমাচার
২৯ অক্টোবর ।

সাহায্য মন্ত্রী অধ্যাপক শামসুল হকের আবেদন
দেশ সেবায় আত্মনিয়োগ করতে হবে

সাহায্য ও পুনর্বাসন মন্ত্রী অধ্যাপক শামসুল হক সম্প্রতি চট্টগ্রামে বলেন যে, রাজনৈতিক গোলযোগে ক্ষতিগ্রস্ত উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য একটি সর্বাত্মক স্কীম তৈরি করা হচ্ছে ।

জেলা কাউন্সিল হলে চট্টগ্রাম পৌরসভা ও শহর কমিটির সদস্যদের উদ্দেশ্যে ভাষণদানকালে তিনি বলেন যে, জনগণের সুখে-দুঃখে তাদের পাশে থোকে যাতে তিনি তাঁর দায়িত্ব পালন করতে পারেন সে জন্যই দেশের এই অত্যন্ত সংকটকালে তিনি তাঁর দায়িত্ব গ্রহণ করেছন ।

মন্ত্রী মানসিক পুনর্গঠনের প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে বলেন যে, অতীতের বিরোধ ভুলে গিয়ে আমাদের দেশসেবায় আত্মনিয়োগ করা উচিত । তিনি বলেন যে, বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে যে আদর্শের উপর পাকিস্তান সৃষ্টি হয়েছে তার উপর ভিত্তি করেই আমাদের সমাজব্যবস্থা পুনরায় পুনর্গঠন করা যেতে পারে ।

প্রাদেশিক রিলিফ ও পুনর্বাসন দফতরের মন্ত্রী অধ্যাপক শামসুল হক পাকিস্তানের বিরুদ্ধে ভারতের সাম্রাজ্যবাদী ষড়যন্ত্র নস্যাৎ করে দেওয়ার জন্য জনগণের প্রতি আবেদন জারিয়েছেন । অভ্যন্তরীণ ব্যাপারে অন্য রাষ্ট্রের হস্তক্ষেপ না করার ব্যাপারে জাতিসংঘের নীতি কার্যকরী করার জন্য তিনি জাতিসংঘের প্রতিও আহ্বান জানান ।

মন্ত্রী বলেন, যদি জাতিসংঘ পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে ভারতীয় হস্তক্ষেপ বন্ধ করতে ব্যর্থ হয়, তবে এর পরিণতির দায়িত্ব তাদেরও গ্রহণ করতে হবে ।

বেআইনী ঘোষিত আওয়ামী লীগ দল হতে নির্বাচিত সদস্য অধ্যাপক হক বলেন যে, জনগণ আওয়ামী লীগকে ৬ দফা অথবা স্বায়ত্তশাসনের দাবীতেই ভোট দিয়েছিল । কিন্তু দুঃখের বিষয় ষড়যন্ত্রকারীরা ভারতের দ্বারা বিভ্রান্ত হয়ে বিচ্ছিন্নতার দাবী করছে । এ প্রসঙ্গে তিনি আব্রাহাম লিঙ্কনের সময়কার আমেরিকার অবস্থার উদাহরণ দিয়ে বলেন, বিদ্রোহী কখনই সাফল্য লাভ করতে পারেনি ।

তিনি বলেন, প্রেসিডেন্ট সাধারণ ক্ষমা ঘোষণা করে দেশত্যাগকারীদের স্বদেশ প্রত্যাবর্তনের আহ্বান জানিয়েছেন । ভারত এই দেশত্যাগীর সংখ্যা অতিরঞ্জিত করে বলছে ।

মন্ত্রী উপস্থিত নেতৃস্থানীয় ব্যক্তিদের তাদের ছেলেমেয়েদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত করে তোলার আহ্বান জানান । কারণ তার মতে, জাতীয় আদর্শের প্রতি উদাসীনতাই আজকের সংকটের কারণ ।

সিটি কলেজের অধ্যক্ষ জনাব রেজাউল করিম সভায় সভাপতিত্ব করেন ।

পাক সমাচার
২৯ অক্টোবর ।

বরিশালে শান্তি কমিটির সদস্যদের উদ্দেশে শিল্পমন্ত্রী জনাব আখতারউদ্দিনের আহ্বান

প্রাদেশিক শিল্প ও বাণিজ্যমন্ত্রী জনাব আখতারউদ্দীন আহমদ পাকিস্তানের সংহতি ও অখণ্ডতার জন্যে দুষ্কৃতকারী ও ভারতীয় এজেন্টদের ঘৃণ্য তৎপরতা তৎপরতা দৃঢ়তার সাথে প্রতিহত করার জন্য জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন । তিনি তার দলীয় কর্মী ও শান্তি কমিটির সদস্যদের উদ্দেশ্যে ভাষণ দিচ্ছিলেন ।

তিনি বলেন, ইসলাম ও মুসলমানদের নিরাপত্তার জন্যই পাকিস্তানের সৃষ্টি হয়েছে ।

পরিবহনে সংকট দূরীকরণের ব্যবস্থা

প্রাদেশিক শিল্প ও বাণিজ্যমন্ত্রী জনাব আখতারউদ্দীন আহমদ বলেন যে, প্রদেশের পরিবহন সংকট দূরীকরণের জন্য শিগগিরই ট্রাক ও কোস্টারের আরো চালান এসে পৌঁছাবে।

সম্প্রতি স্থানীয় বণিক সমিতিতে ভাষণদানকালে মন্ত্রী বলেন যে, নতুন চালানে ৯০০ ট্রাকও জাপানী কোষ্টারসমূহও এসে পৌঁছাবে । আরও আমেরিকান কোষ্টার ও ক্ষুদ্র নৌযান পূর্ব পাকিস্তানে আসার পথে রয়েছে । এগুলো সরকার চার্টার করেছে বলে তিনি জানান ।

মন্ত্রী ব্যবসায়ীদের ট্রাক খরিদ করার আহ্বান জানান । এসব ট্রাক কিস্তির ভিত্তিতে খরিদ করা যাবে । ব্যবসায়ীরা কোষ্টরসমূহও খরিদ করতে পারবেন বলে মন্ত্রী জানান ।

স্থানীয়ভাবে সহজলভ্য কাঁচামালের উপর ভিত্তি করে ক্ষুদ্র শিল্পকারখানা গড়ে তোলার জন্যও জনাব আহমদ ব্যবসায়ীদের পরামর্শ দেন । এসব শিল্প প্রদেশের অর্থনৈতিক অবস্থার উন্নয়নে বিশেষ সহায়ক হবে বলেও তিনি উল্লেখ করেন ।

শিল্প বাণিজ্য খাত বর্তমানে যেসব অসুবিধার সম্মুখীন হচ্ছে, তার উল্লেখকরে মন্ত্রী এ মর্মে আশ্বাস প্রদান করেন যে, সেসব অসুবিধা দূরীকরণে সরকার ইতিমধ্যেই ব্যবস্থ গ্রহণ করেছেন ।

দৈনিক পাকিস্তান
১২ নভেম্বর ।

নান্দাইলে পূর্তমন্ত্রী
ভারতের দ্বিমুখী হামলার বিপদ
সম্পর্কে সচেতন থাকার আহ্বান

নান্দাইল (ময়মনসিংহ), ১১ই নভেম্বর, (এপিপি)।-পূর্ব পাকিস্তানের পূর্ত, বিদ্যুৎ ও সেচ মন্ত্রী জনাব এ, কে মোশাররফ হোসেন পাকিস্তানের বিরুদ্ধে ভারতের দ্বিমুখী আক্রমণের বিপদ সম্পর্কে পুরো সচেতন থেকে নিজেদের প্রস্তুত থাকার জন্য জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন । গত সোমবার এখানে তিনি তিন মাইল দূরবর্তী নান্দাইল রেলস্টেশনে এক বিরাট জনসভায় মন্ত্রী ভাষণ দিচ্ছিলেন । মন্ত্রী বলেন, ভারত পাকিস্তানের বিরুদ্ধে প্রত্যক্ষ হামলা ছাড়াও আদর্শিক ও সাংস্কৃতিক আক্রমণ চালাচ্ছে । মন্ত্রী জনসাধারণকে প্রত্যক্ষ হামলার চেয়ে বেশী শক্তিশালী সাংস্কৃতিক আক্রমণের প্রতিক্রিয়া অনুধাবন করার আহ্বান জানান ।

তিনি বলেন, বর্তমান সংকটে পাকিস্তান আরো শক্তিশালী হয়েছে ও একটি দৃঢ়ভিত্তির উপর দাঁড়িয়েছে।

দৈনিক পাকিস্তান
৩০ নভেম্বর ।

জনগণের উদ্দেশে মাওলানা ইসহাক
সশস্ত্র বাহিনীর সঙ্গে সহযোগিতার আহ্বান

শাহজাদপুর (পাবনা), ২৯ শে নভেম্বর (এপিপি)।-পূর্ব পাকিস্তানের মৌলিক গণতন্ত্র বিভাগের মন্ত্রী মওলানা মোহাম্মদ ইসহাক বিচ্ছিন্নতাবাদী ও বৈদেশিক হামলাকারীদের উৎখাতের ব্যাপারে সশস্ত্র বাহিনী ও বেসামরিক প্রশাসনিক কর্তৃপক্ষের সাথে পূর্ণ সহযোগিতা করার জন্য জনগণের প্রতি আকুল আবেদন জানান ।

গতকাল স্থানীয় থানা উন্নয়নে কেন্দ্রে সমাজের বিভিন্ন স্তরে লোক ও সরকারী অফিসারদের এক সমাবেশে ভাষণদানকালে মন্ত্রী বলেন, জনগণকে একদিকে যেমন বিচ্ছিন্নতাবাদী তৎপরতার দিকে তীব্র নজর রাখতে হবে, তেমনি আমাদের পবিত্র মাতৃভূমি থেকে শত্রুদের উৎখাতের ব্যাপারে সশস্ত্র বাহিনীর সাথে পূর্ণ সহযোগিতাও করতে হবে ।

তিনি বলেন, ইসলামের অনুশাসন মোতাবেক আমাদের জীবন ধারা গড়ে তুলতে হবে । মন্ত্রী বলেন, আমাদের মধ্যকার আঞ্চলিক সংকীর্ণ মনোভাব পরিত্যাগ ও ভাষার ভেদাভেদ ভুলে গিয়ে মুসলমান হিসেবে আমাদের সংস্কৃতি যে এক, তা অনুধাবন করতে হবে এবং আমরা একত্রে বসবাস করতে চাই-এই দৃঢ় সংকল্পে ঐক্যবদ্ধ থাকতে হবে ।

শিরোনাম	সূত্র	তারিখ
১৯৪। নিলাম সাহায্য লাইসেন্স ও পরিচ্ছন্নতা সম্পর্কিত কয়েকটি সরকারী ঘোষণা	সরকারী দলিলপত্র জনসংযোগ বিভাগ দিনাজপুর	২৪ সেপ্টেম্বর, ১৯৭১

পেট্রল ও ডিজেল তৈল ফ্রি সেল করা হইয়াছে, পেট্রল ও ডিজেল তৈল কিনতে কোন পারমিট লাগিবে না।

ঘরবাড়ি মেরামত ও ছোট ছোট ব্যবসায়ী ও বুদ্ধিজীবিদের খয়রাতি সাহায্যের ব্যবস্থা করা হইয়াছে। দরখাস্তের ফরম নিজ নিজ মহল্লার পিস কমিটির মেম্বারগণের নিকট পাওয়া যাইবে।

আগামী ২৮ শে সেপ্টেম্বর মঙ্গলবার সকাল ১০টায় সুইহারি রাইস মিলে অনুমান ২০০ মণ চাউল প্রকাশ্যে নিলাম বিক্রয় হইবে।

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, দিনাজপুর টাউনে প্রত্যেক বাড়িঘর, দোকান প্রভৃতির সম্মুখ ও আশপাশ হইতে জঙ্গল ও আর্বজনা যেন অবিলম্বে পরিষ্কার করান হয়। আগামী ২৮শে সেপ্টেম্বর মঙ্গলবার মার্শাল ল' কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষা করা হইবে। বাড়িঘর, দোকান ইত্যাদি স্থানের সম্মুখে কিংবা আশেপাশে অপরিষ্কার পাওয়া গেলে সেই স্থানের মালিককে সঙ্গে সঙ্গে মোবাইল কোর্ট কর্তৃক ১০০ শত টাকা পর্যন্ত জরিমানা করা হইবে।

এতদ্বারা জানান যাইতেছে যে, আগামী ২৮শে সেপ্টম্বর বেলা ১১ টায় কতোয়ালী থানায় মালিকবিহীন তিনটি ট্রাক, একটি বাস, একটি জিপ প্রকাশ্য নিলামে বিক্রয় হইবে।

এতদ্বারা জানান যাইতেছে যে, যাহারা গোলযোগের জন্য সময়মত মটরবাস ইত্যাদির লাইসেন্স, রুট পারমিট করিতে পারে নাই বা লাইসেন্স ও রুট পারমিট খোয়া গিয়াছে, তাদেরকে লাইসেন্স ও রুট পারমিট (এর জন্য) আগামী ৩০শে সেপ্টেম্বরের মধ্য দরখাস্ত করিতে বলা যাইতেছে।

প্রত্যহ রাত ১১ টা হইতে সকাল ৪ টা পর্যন্ত কারফিউ বলবৎ থাকিবে।

বাই অর্ডার-
এম, এল এডমিনিস্ট্রেটর
দিনাজপুর
তারিখঃ ২৪-৯-৭১

শিরোনাম	সূত্র	তারিখ
১৯৫। নিহত রাজাকার ও শান্তি কমিটির সদস্যদের পরিবারের জন্য গম বরাদ্দের বিজ্ঞপ্তি	সরকারী দলিলপত্র	২ অক্টোবর, ১৯৭১

Government of East Pakistan

Office of the Deputy Commissioner, Jessore.

Memo No. (4) Dated, Jessore Oct/71.

From : Mr. Taqul Haq,

Addl, Dy. Commissioner (G)

Jessore.

To:The Sub-Divisional Officer

Sardar /Jhenidah /Magura /Narail.

Sub: Allotment of G. R. wheat for the families of the deceased Rajakars and peace Committee members.

It has been decided that families of Razakars and members of peace Committees who were killed by miscreants should be provided with G. R. wheat as a measure of assistance to the .....families. For this purpose, a separate quota of 100 mounds of G. R. wheat are allotted to the different subdivisions as below. Distribution should be made through Master Roll at prescribed rate i. e. 3 seers per adult per week and one and a half seers per minor per week and proper account should be maintained for audit.

S. D. O...Sadar	400maunds.
S. D. O...Jhenidah	200 “
S. D. O...Magura	200 “
S. D. O.. Narail	200 “

	1000 maunds

(Tazul Haq)

Sd/Addl. Deputy Commissioner (Genl)

Jessore .

Memo No. VI/21/71/104/(4) /i(6)RR dated 2/ 10/ 71

Copy forwarded to:-

1) ASMLA. Jessore. This has reference to his discussion with the under signed the other day in presence of the President, Dist. peace Committee, Jessore in my chamber.

2) District Controller, Jessore for taking necessary action with reference to G. O. No. Sec-II\1597-FR dated 23-9-71.
3) President, District Peace Committee, Jessore with reference to his discussion with the undersigned the office day.
4) Chairman, Sub-Dibisional Peace Committee Sadar\Jhenidah Magura\ Narail for necessary action.
5) Chairman, Jessore Town Peace Committee for necessary action.
6) District Adjutant of Rajakars, Jessore for necessary action.

T. Haq
2-10- 71
Addl Deputy Commissioner (Genl)
Jessore

শিরোনাম	সূত্র	তারিখ
১৯৬। ৯৪ নং সামরিক বিধি জারি	পাকিস্তান অবজারভার	১২ অক্টোবর, ১৯৭১

TEXT OF MLR 94

The following is the text of the MLR No. 9

1. This regulation shall come into force on the 10th day of October 1971 and shall be in addition to and not in derogation of any other law for the time being in force.

2. In this regulation unless there is anything repugnant in the subject or context ``political party" includes a group or combination of persons who are operating for the purpose of propagating any political opinion of indulging in any other political activity.

3. No political party or person shall propagate any opinion or act in a manner prejudicial to the ideology or the integrity or the security of Pakistan or prejudicial to any of the principles enunciated in article 20 of the Legal Framework order.1970 (P.O No. 2 of 1970)

4. No political party or any person in the course of political activity shall:
(a) Use force, violence, intimidation, or threats of injury or offer monetary gains in propagating of for securing support for any views.
(b) In any manner cause injury or damage to any person or property.
(c) Interfere in the operation or the functioning of the public Services, corporations or institutions set up by or under any law.
(d) Seduce, or attempt to seduce from his allegiance or his duty any public servant or any person serving in any corporation or any other institution set up by r under any law.
(e) In any manner, interfere with or cause disruption in the functioning of educational institutions.
(f) Subject any unit of the news media including newspaper offices and presses to pressure of any kind direct or indirect in performance of its functions or prevent it from projecting its views.
(g) In any manner interfere with the functioning or transgress the limits of decent and fair criticism of any other political party or its members, or
(h) In any manner cause obstruction in or hinder or propagate against the holding of by-elections to the National Assembly or a provincial Assembly.

5. (1) For the purpose of enabling the Deputy Commissioner or an officer authorized by him in this behalf to take suitable steps for the avoidance of any clash of programmers of and consequent inconvenience to the different parties in the holding of public

meetings or taking out of processions of a political nature. Any person who intends to hold such a meeting or take out such a procession shall give reasonable notice of his intention in writing to the Deputy Commissioner or the officer so authorized specifying the date on which and the time and place at which such meeting is proposed to be held and the route through which such procession is proposed to be taken out.

(2) If the Deputy Commissioner or the officers authorized as aforesaid receives notices under sub- paragraph (I) of more than one such meeting or procession to be held or taken out in the same place or area on the same date he shall after such consultation with the parties concerned as he deems necessary so arrange the progrmme of the several meetings and processions as to avoid any clash or programme of and consequent in convenience to the parties.

(3) No public meeting or procession of a political nature shall be held or taken out except after giving a notice under sub- paragraph (1) and where a programme has been arranged under sub- paragraph (1) except in accordance with the programme so arranged.

6. No person shall attend a public meeting or join a procession of a political nature armed with deadly weapons or instruments which can be used as a weapon of offence or carry any article which can be used for causing injury or damage to any person or property.

7. (a) No person while speaking at a public meeting shall-

(b) Make any statement calculated to produce feelings of enmity or hatred between people of different regions, communities, races, castes, sects, tribes, or between people professing different religions or,

(c) Make any statement calculate to excite people to violence.

8. No person joining a procession of a political nature or a demonstration shall carry a placard or poster or raise a slogan:

(a) Which is calculated to create hatred against any religion, community, race class, sect or tribe or between people of different regions or,

(b) Which is calculated to incite the people to violence or cause damage to any property.

9. No person shall in any manner obstruct or disturb or cause to be obstructed or disturbed.

A Public meeting or a procession of a political nature held or taken out by any person or a political party.

10. No person shall be a member of officer bearer of a political party or hold a public meeting or take out a procession of political nature if he:

(a) has been convicted of an offence other an offence of a political nature and sentenced by any court of law to transportation or to imprisonment unless ap period of five years has elapsed since his release since his release, or

(b) has been removed or dismissed from the service of Pakistan or service of any corporation set up by or under any law unless a period of three years has elapsed from the date of his removal or dismissal from such service.

11. Martial Law Regulation No. 76 issued by the Chief Martial Law Administrator is here/by cancelled.

12. Whoever contravene any of the provisions of this regulation shall be punishable with rigorous imprisonment for a term which may extend to three years or with five or with both.

শিরোনাম	সূত্র	তারিখ
১৯৭। জনসাধারণের উদ্দেশে কয়েকটি সরকারী ঘোষণা (সাহায্য, নিলাম, উপনির্বাচন)	জনসংযোগ বিভাগ দিনাজপুর	১৪ অক্টোবর, ১৯৭১

তারিখঃ ১৪অক্টোবর, ১৯৭১

আগামী ১৮ই অক্টোবর সকাল সাড়ে ১০টায় এসডিও সাহেবের বাড়ীর নিকট রিলিফ গোডাউনের সম্মুখে অনেকগুলো জিনিস প্রকাশ্য নিলামে বিক্রয় হইবে।

জিনিসের নামঃ রেডডও, হ্যাজাক লাইট, স্টোভ, টেবিল ও দেওয়াল ঘড়ি, গ্রামোফোন, রিফ্রেজারেটর, মোটরসাইকেল ইত্যাদি। বিস্তারিত বিরণ রিলিফ অফিসে পাইবেন।

দিনাজপুর জেলায় জাতীয় পরিষদসমূহের উপনির্বাচনের জন্য প্রার্থীদের নিকট হইতে নমিনেশন পেপার রিটার্নিং অফিসারের নিকট দাখিলের তারিখ ২০ শে অক্টোবর, নমিনেশন পেপার বাছাই করার তারিখ ২২ শে অক্টোবর, নমিনেশন পেপার প্রত্যাহার করার শেষ তারিখ ২৮ অক্টোবর।

প্রদেশিক পরিষদসমূহের উপনির্বাচনের জন্য নমিনেশন পেপার গ্রহণ করা হইবে ২১ শে অক্টোবর , নমিনেশন পেপার বাছাই করা হইবে ২৩ শে অক্টোবর, নমিনেশন পেপার প্রত্যোহার করার শেষ তারিখ ২৮ অক্টোবর।

বাড়ীঘর মেরামতের খয়রাতি সাহায্য পাওয়ার দরখাস্তের ফরম যাহারা এখনও জমা দেন নাই, তাহারা যেন ১৫ অক্টোবর মধ্যে টাউন হলের পার্শব পিস কমিটির অফিসে অবিলম্বে জমা দেন।

প্রত্যক রাত ১২ টা পর্যন্ত কারফিউ বলৎ থাকিবে।

বাই অর্ডার -
এম, এল এডমিনিস্ট্রেটর
দিনাজপুর।

শিরোনাম	সূত্র	তারিখ
১২০। রাজাকারদের প্রতি জেনারেল নিয়াজীর আহ্বান	দৈনিক পাকিস্তান	২০ অক্টোবর, ১৯৭১

জেনারেল নিয়াজী -
রাজাকারদের প্রতি নিঃস্বার্থ
সেবায় আহ্বান

পূর্বাঞ্চলীয় কমাণ্ডের অধিনায়ক ও 'খ' অঞ্চলে সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এ, এ, কে নিয়াজী গতকাল মঙ্গলবার রাজাকারদের প্রতি শৃংঙ্খলা ও জাতির প্রতি নিঃস্বার্থ সেবার গুণাবলী অর্জনের আহ্বান জানান। এপিপির খবরে প্রকাশ, জেনারেল নিয়াজী পাবনায় রাজাকারদের এক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। এতে শান্তি কমিটির সদস্যরাও উপস্থিত ছিলেন। এর আগে জেনারেল নিয়াজী স্থানীয় ট্রেনিং স্কুলে ট্রেনিং গ্রহণরত রাজাকারদের পরিদর্শন করেন। জিওসি তার সাথে ছিলেন। জেনারেল রাজাকারদের বলেন যে, তাদেরক দেশ রক্ষার পবিত্র দায়িত্ব মহান সুযোগ দেওয়া হয়েছে।

তিনি বলেন যে, এই মহান দায়িত্ব পালনের জন্য গভীর শৃংঙ্খলাবোধ ও আর্দশের প্রতি নিঃস্বার্থ নিষ্ঠার প্রয়োজন। জেঃ নিয়াজী বলেন যে, পাকিস্তান রক্ষা করা প্রকৃতভাবে তাদের নিজেদের বাড়ীঘর রক্ষার সামীল। তিনি বলেন যে, মানুষের জন্য মৃত্যু অনিবার্য। তিনি যুদ্ধক্ষেত্রে মৃত্যু হচ্ছে গৌরবমণ্ডিত। তিনি বলেন, এর দ্বারা তার সমস্ত পাপ মুছে যায় এবং সে আল্লাহর রহমত প্রাপ্ত হয়। এর আগে পাবনায় পৌঁছালে এক বিরাট উৎফুল্ল জনতা জেঃ নিয়াজীকে সংবর্ধনা জানায়। পরে তিনি রাজশাহী যান। সেখানে তিনি ছাত্র ও বিশিষ্ট নাগরিকদের এক বিরাট সমাবেশে ভাষণ দেন। তিনি শান্তি কমিটির সদস্যদের সাথে দেখা করেন। রাজশাহী সমাবেশে ভাষণদানকালে জেনারেল নিয়াজী বলেন যে, অভ্যন্তরীন গোলযোগ বা দেশদ্রোহীদের চক্রান্তের দ্বারা দুর্বল হয়ে পড়া ছাড়া মুসলমানেরা ইতিহাসে আর কখনো পরাজয় বরণ করেনি।

তিনি ভাষাগত ও সংকীর্ণ সংস্কারের উস্কানি দিয়ে জনসাধারণের মধ্য বিভেদ সৃষ্টি করতে চায় এমন ব্যক্তিদের বিরুদ্ধে সতর্ক থাকার জন্য জনগণের প্রতি আহ্বান জানান। প্রেসিডেন্ট যে সাধারণ ক্ষমা প্রদর্শন করেছেন সে সম্পর্কে জেঃ নিয়াজী বলেন যে, যারা ফিরে এসেছে তাদের সবাই ক্ষমা ও পুনর্বাসন করা হয়েছে।

তিনি দেশপ্রেমিক নাগরিকদের প্রতি শত্রুর ঘৃণ্য উদ্দেশ্য নস্যাৎ করে জাতিগঠনের কাজে আত্মনিয়োগের উদ্দেশ্যে দেশে ফিরে আসার ব্যাপারে বোঝানোর আহ্বান জানান। তিনি বলেন যে, যেকোন ঘরোয়া বিরোধ থাকলে তাতে প্রতিবেশীদের অযথা হস্তক্ষেপের সুযোগ না দিয়ে ঘরের মধ্যেই তা সমাধান করা উচিত। পুল উড়িয়ে দিয়ে খাদ্যশস্য পরিবহনে বা শিল্প উৎপাদনে বাধা দিয়ে যারা সাধারণ মানুষের জন্য অর্থনৈতিকভাবে অসুবিধার সৃষ্টি করতে চাচ্ছে তাদের সনাক্ত ও নির্মূল করার জন্য তিনি জনসাধারণের আহ্বান জানান। জেঃ নিয়াজী ভাষণের পূর্ব স্থানীয় জনগণ সশস্ত্র বাহিনীর প্রতি শ্রদ্ধা বক্তৃতা ও কবিতা পাঠ করেন।

তারা মাতৃভূমির প্রতিরক্ষার জন্য তাদের শেষ রক্তবিন্দু বিসর্জনেরও শপথ গ্রহণ করে। সবার শেষে জেঃ নিয়াজী গাড়ীতে রাজশাহী বাজারের মধ্য দিয়ে স্থানীয় সেনাবাহিনীর সদর দফতরে যান। সেখানে তাকে রাজশাহী জেলার সীমান্ত এলাকা থেকে সম্প্রতি উদ্ধারকৃত বিপুল পরিমান অস্ত্র, গোলাবারুদ, ও বিস্ফোরক দ্রব্য দেখানো হয়।

স্থানীয় কমাণ্ডার জেঃ নিয়াজীকে জানান যে, বর্ষা শেষ হওয়ার সাথে সাথে দুষ্কৃতিকারীদের তৎপরতা ক্রমশঃ কমে আসছে। জেঃ নিয়াজী সৈন্যদের পরিদর্শন করেন এবং তাদের সাথে ঘরোয়াভাবে আলাপ করে। তিনি দেশ রক্ষার জন্য তাদের পুরোপুরি প্রস্তুত ও তাদের উচ্চ মনোবল লক্ষ্য করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
১৯৯। ডোমারে জেনারেল নিয়াজী	দৈনিক পাকিস্তান	৪ নভেম্বর, ১৯৭১

ডোমারে জেনারেল নিয়াজী -
ভারত প্রদেশবাসীর শুভাকাঙ্ক্ষীর
হতে পারে না

পূর্বাঞ্চল কমাণ্ডের কমাণ্ডার ও 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসন লেফটেন্যাণ্ট জেনারেল এ, এ, কে নিয়াজী বলেছেন, যে ভারত প্রতিদিন আমাদের সীমান্তবর্তী গ্রামগুলোর উপর গোলাবর্ষণ করে বহু নিরপরাধ নারী-পুরুষ ও শিশুকে হত্যা করছে সে পূর্ব পাকিস্তানের জনগণের শুভাকাঙ্ক্ষী হতে পারে না । এপিপি পরিবেশিত খবরে বলা হয়, জেনারেল নিয়াজী গতকাল রংপুর জেলার নীলফামারীর উত্তরে ডোমারে শান্তি কমিটির সদস্যদের এক সমাবেশে বক্তৃতা করছিলেন ।

তিনি ঐ এলাকায় একদিনের সফর করেন । জেনারেল নিয়াজী রংপুর এবং লালমনিরহাটও সফর করেন। উচ্চপদস্থ সামরিক অফিসারগণ তাঁর সঙ্গে ছিলেন । জেনারেল নিয়াজী স্বাধীনতা- পূর্বকালে হিন্দু শাসনাধীনে উপমহাদেশের মুসলমানদের দুর্দিনের কথা উল্লেখ করে তিনি বলেন যে, ভারত আবারও এই প্রদেশকে তার পদানত করার চেষ্টা চালাচ্ছে ।

তিনি ভারতের দুরভিসন্ধি সতর্ক থাকার জন্য জনগণকে হুঁশিয়ার করে দেন এবং মুসলিম জাতি হিসেবে স্বাধীনতার মূল্য উপলব্ধি করার আহ্বান জানান । তিনি জোর দিয়ে বলেন যে, দাসত্বের জীবনযাপনের চেয়ে মাতৃভূমির জন্য মৃত্যুবরণ অনেক সম্মানজনক । ভারতের কথা ও কাজের মধ্যে অসঙ্গতির উল্লেখ করে জেনারেল নিয়াজী বলেন, একদিকে ভারত পূর্ব পাকিস্তানের জনগণের জন্যে দরদ দেখিয়ে গর্ববোধ করছে, অপরদিকে আমাদের সীমান্তবর্তী গ্রামগুলোর উপর প্রতিদিন অবিরাম গোলাবর্ষণ করে বহু নিরপরাধ নারী-পুরুষ ও শিশুকে হত্যা করছে । তিনি আরো বলেন যে, ভারত অন্তর্ঘাতীদের ট্রেনিংদান ও অস্ত্রসজ্জিত করে পূর্ব পাকিস্তানে পাঠিয়ে জনগণের দুর্দশা বৃদ্ধি ছাড়া আর কিছুই লাভ করছে না ।

তিনি জিজ্ঞেস করেন, এই অংশের জনগণের জন্য ভারতের সমবেদনা দেখানোর কি এটাই পন্থা? জেনারেল নিয়াজী পাকিস্তানের শত্রুদের বিতাড়নে রংপুর জেলার জনগণের প্রচেষ্টার প্রশংসা করেন । এ ব্যাপারে তিনি রাজাকারদের কথা বিশেষভাবে উল্লেখকরে বলেন যে, রাজাকাররা পাকিস্তানের অখণ্ডতা ও সংহতি রক্ষার জন্য মূল্যবান সেবা করে যাচ্ছে । তিনি বলেন, প্রত্যেক মুসলমান ইসলাম ও তাঁর মাতৃভূমির জন্য একজন নিবেদিত মুজাহিদ ।

এর আগে সেখানকার স্থানীয় কমাণ্ডার রাজাকার আল-বদর ও আল-শামস বাহিনীর তৎপরতার কথা জেনারেল নিয়াজীকে জানান । এরাও স্বতন্ত্রভাবে এবং নিয়মিত সৈন্যদের সঙ্গে একযোগে বিভিন্ন দায়িত্ব সাফল্যের সঙ্গে পালন করে যাচ্ছে । স্থানীয় কমাণ্ডার জেনারেলকে জানান যে, প্রধানতঃ রাজাকারদের সদা জাগ্রত থাকার দরুনই এই এলাকায় ভারতীয় চরেরা একটিও সেতু অথবা কালভার্ট ধ্বংস করতে পারেনি । সম্প্রতি ভারতীয় চরদের সঙ্গে সৈন্য ও রাজাকারদের বিভিন্ন সংঘর্ষে যেসব অস্ত্রশস্ত্র, গোলাবারুদ ও বিস্ফোরকদ্রব্য আটক করা হয় জেনারেল নিয়াজী তাও দেখেন । জেনারেল মোটরযোগে ডোমার ও লালমনির হাটেও যান । সেখানে রাস্তার দু'পাশে সারিবদ্ধ জনতা জেনারেলকে দেশাত্ববোধক ধ্বনি দিয়ে অভিনন্দন জানায় ।

শিরোনাম	সূত্র	তারিখ
২০০। সামরিক আদালতে বিশ্ববিদ্যালয়ের ও ৪ জন অধ্যাপকের দণ্ড ঘোষণা	দৈনিক পাকিস্তান	১০ নভেম্বর, ১৯৭

চারজন প্রফেসর দণ্ডিত

ঢাকার বিশেষ সামরিক আদালতে বিশ্ববিদ্যালয়ের ৪ জন প্রফেসরকে দণ্ডিত করা হয়েছে এবং তাঁদের প্রত্যেককে ১৪ বছরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে বলে গতকাল মঙ্গলবার প্রকাশিত এক প্রেস রিলিজে উল্লেখ করা হয়েছে।

এপিপি পরিবেশিত খবরে বলা হয় যে, তাদের সম্পত্তির শতকরা ৫০ ভাগ বাজেয়াপ্ত করারও নির্দেশ দেওয়া হয়েছে।

এই চারজন অধ্যাপকের বিচার তাদের অনুপস্থিতিতেই করা হয়েছে।

২৫ নম্বর সামরিক বিধির অধীনে আনীত অভিযোগসমূহের জবাবদানের জন্য তাদেরকে গত ৮ ই সেপ্টেম্বর ঢাকার ৬ নম্বর সেক্টরের এসএমএলএ-র আদালতে হাজিরের নির্দেশ দেওয়া হয়েছিল।

দণ্ডিত প্রফেসরগণ হচ্ছেনঃ

১। প্রফেসর মোজাফফর আহমদ চৌধুরী, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। প্রফেসর আবদুর রাজ্জাক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩। প্রফেসর সারোয়ার মুরশেদ, ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪। প্রফেসর মযহারুল ইসলাম, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

শিরোনাম	সূত্র	তারিখ
২০১। ১৩ জন সি, এস, পিসহ ৫৫ জন অফিসারকে দণ্ড ঘোষণা	দৈনিক পাকিস্তান	১০ নভেম্বর, ১৯৭১

সামরিক আদালতে -
১৩ জন সিএসপিসহ ৫৫ জন
অফিসার দণ্ডিত

ঢাকার বিশেষ সামরিক আদালত পূর্ব পাকিস্তানে নিয়োজিত ১৩ জন সিএসপি অফিসারকে দণ্ডিত করেছেন। আদালতে এদের প্রত্যেককে ১৪ বছর করে সশ্রম কারাদণ্ড দিয়েছেন।

এপিপির খবরে প্রকাশ, দণ্ডিত অফিসারদের সম্পত্তির শতকরা ৫০ ভাগ বাজেয়াফত করার নির্দেশ দেয়া হয়েছে। অফিসারগণ আদালতে হাজির হতে ব্যর্থ হওয়ায় ৪০ নম্বর সামরিক আইন বিধি মোতাবেক তাঁদের অনুপস্থিতিতেই তাদের বিচার করা হয়। এসব অফিসারকে ২৫ নম্বর সামরিক আইন বিধি মোতাবেক দায়েরকৃত অভিযোগের জবাব দেবার জন্য ১৯৭১ সালের ৮ই সেপ্টেম্বর ঢাকায় ৬ নম্বর সেক্টরের সাব মার্শাল ল' এ্যাডমিনিস্ট্রেরের সামনে হাজির হতে বলা হয়েছিল।

আদালত এদের প্রত্যেককে ১৪ বছর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেছেন। এদের ৫০ ভাগ সম্পত্তি বাজেয়াফত করা হয়েছে।

শেষোক্ত অফিসারদেরও তাদের অনুপস্থিতিতে বিচার করা হয়েছে। তাদেরকে ২৫ নম্বর সামরিক আইন বিধি মোতাবেক অভিযোগের জবাব দেবার জন্য ১৯৭১ সালের ৮ ই সেপ্টেম্বর ৬ নং সেক্টরের সাব- মার্শাল ল' এ্যাডমিনিস্ট্রেটরের আদালতে হাজির হবার নির্দেশ দেওয়া হয়েছিল।

দণ্ডিত অফিসারগণ হচ্ছেনঃ

১। কে, এইচ আসাদুজ্জামান, জয়েন্ট সেক্রেটারী, ফিনান্স ডিপার্টমেন্ট, ঢাকা, সিএসপি।
২। এইচ, টি, ইমাম, ডিসি, পার্বত্য চট্টগ্রাম, সিএসপি।
৩। জনাব আবদুস সামাদ, ডিসি, সিলেট, সিএসপি।
৪। মোহাম্মদ এন কিউ খান, ডিসি, পাবনা, সিএসপি।
৫। সৈয়দ আবদুস সামাদ, রিহ্যাবিলিটেশন অফিসার, চট্টগ্রাম, সিএসপি।
৬। কুদরত- ই এলাহী চৌধুরী, এডিশনাল ডিসি, রাজশাহী, সিএসপি।
৭। মোহাম্মদ খুশরুজ্জামান চৌধুরী, এসডিও, কিশোরগঞ্জ, সিএসপি।
৮। কাজী রুকুনউদ্দীন আহমদ, এসডিও, ব্রাহ্মণবাড়িয়া, সিএসপি।
৯। ওয়ালিউল ইসলাম, এসডিও, বগুড়া, সিএসপি।
১০। আকবর আলী খান, এসডিও, হবিগঞ্জ, সিএসপি।
১১। কামাল উদ্দীন সিদ্দীক, এসডিও, নড়াইল, সিএসপি।
১২। মোহাম্মদ তৌফিক- ই ইলাহী চৌধুরী, এসডিও মেহেপুর, সিএসপি।
১৩। সাদত হোসেন, এ্যাসিসটেন্ট কমিশনার, যশোর, সিএসপি।

১৪। আলতাব হোসেন খান, ইপিসিএস, পাবনা।
১৫। যিতেন্দ্র লাল চক্রবর্তী, ইপিসিএস, ফরিদপুর।
১৬। আলতাব হোসেন, ইপিসিএস, রংপুর।
১৭। এ, কিউ, এম কামরুল হুদা, ইপিসিএস, ময়মনসিংহ।
১৮। মোঃ আবদুল মতিন সরকার, ইপিসিএস, রংপুর।
১৯। হেলাল উদ্দিন কান, ইপিসিএস, ময়মনসিংহ।
২০। আবদুল লতিফ, ইপিসিএস, রাজশাহী।
২১। আবদুল হালিশ, ইপিসিএস, টাঙ্গাইল।
২২। জিয়াউদ্দীন আহমদ, ইপিসিএস, ঢাকা।
২৩। খিতিশ চন্দ্র কুন্ডু, , ইপিসিএস, ঢাকা।
২৪। কাজী লুৎফর হক, ইপিসিএস, ঢাকা।
২৫। মাখন চন্দ্র মাঝী, ইপিসিএস, কুমিল্লা।
২৬। মোঃ মিজানুর রহমান, ইপিসিএস, নোয়াখালী।
২৭। আবদুল কাদের মুন্সি, ইপিসিএস, খুলনা।
২৮। দ্বীজেন্দ্র নাথ ব্যাপারী, ইপিসিএস, বাকেরগঞ্জ।
২৯। মানিক লাল সমাদ্দার , ইপিসিএস, ফরিদপুর।
৩০। আলতাব উদ্দীন, ইপিসিএস, সিলেট।
৩১। ক্ষান্ত মোহন দাস, ইপিসিএস, সিলেট।
৩২। আমিয়াংশু সেন, ইপিসিএস, সিলেট।
৩৩। মোঃ ইসহাক, ইপিসিএস, চট্টগ্রাম।
৩৪। মোঃ আবদুল আলী, ইপিসিএস, ফরিদপুর।
৩৫। এ কে এম রুহুল আমিন, ইপিসিএস, কুমিল্লা।
৩৬। ইয়াকুব শরিফ, ইপিসিএস, বাকেরগঞ্জ।
৩৭। প্রিয়দারঞ্জন দাস, ইপিসিএস, চট্টগ্রাম।
৩৮। জ্ঞানরঞ্জন সাহা, ইপিসিএস, বরিশাল।
৩৯। অমরেন্দ্র মজুমদার, ইপিসিএস, নোয়াখালী।
৪০। গোলাম আকবর, ইপিসিএস, ঢাকা।
৪২। অনিল চন্দ্র সাহা, ইপিসিএস, ময়মনসিংহ।
৪৩। সুবির কুমার ভট্টাচার্য, ইপিসিএস, বরিশাল।
৪৪। আবদুল লতিফ ভূঁইয়া, ইপিসিএস, কুমিল্লা।
৪৫। এ, এইচ, এম আবদুল হাই, ইপিসিএস, রাজশাহী।

৪৬। মোঃ আমানত উল্লাহ, ইপিসিএস, ঢাকা।
৪৭। রিয়াজুর রহমান, ইপিসিএস,,,,,,,,,
৪৮। এ এস এম রমিজ উদ্দীন, ইপিসিএস, (০৮) ঢাকা।
৪৯। জ্যোতিবিনোদ দাস, ইপিসিএস, (৪০৪) নোয়াখালী।
৫০। আফিযুর রহমান, ইপিসিএস, রাজশাহী।
৫১। বিভূতি ভূষণ বিশ্বাস, ইপিসিএস, (১৯৯) ফরিদপুর।
৫২। জিতেন্দ্র লাল দাস, ইপিসিএস, (১৮৩) সিলেট।
৫৩। খান আমির আলী , ইপিসিএস, বরিশাল।
৫৪। যোগেশ চন্দ্র ভৌমিক, ইপিসিএস, কুমিল্লা।
৫৫। জহিরুল হক ভূঁইয়া, ইপিসিএস, (১৪৪) ঢাকা।

শিরোনাম	সূত্র	তারিখ
২০২। খুলনায় শ্রমিক সমাবেশে মেজর জেনারেল রাও ফরমান আলী	দৈনিক পাকিস্তান	১৫ নভেম্বর, ১৯৭১

খুলনায় শ্রমিক সমাবেশে রাও ফরমান আলী
ঐক্যবদ্ধ হয়ে দেশের শিল্প উৎপাদন
বাড়ানোর আহ্বান

খুলনা, ১৪ই নভেম্বর (এপিপি) । পূর্ব পাকিস্তানের গভর্ণরের উপদেষ্টা মেজর জেনারেল রাও ফরমান আলী শিল্প শ্রমিকদের প্রতি সব ভেদাভেদ ভুলে গিয়ে ঐক্যবদ্ধ হয়ে দেশে শিল্পোন্নয়নের গতি বাড়ানোর আহ্বান জানিয়েছেন । জেনারেল ফরমান আলী আজ খালিশপুর হাউসিং স্টেট ময়দানে পূর্ব পাকিস্তান লেবার ফেডারেশন আয়োজিত এক বিরাট শ্রমিক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন ।

তিনি শ্রমিকদের প্রতি উৎপাদন বৃদ্ধির পরামর্শ দিয়েছেন । কারণ উৎপাদন বাড়লে শুধু দেশ নয় শ্রমিক-মালিক সবাই উপকৃত হবে। তিনি বলেন, বর্তমান সরকার সব সময় শ্রমিকদের কল্যাণ চেয়েছে । ১৯৬৯ সালে সরকার শ্রমিকদের বেতন ৮৫ টাকা থেকে ১২৫ টাকায় বৃদ্ধি করেছেন । জেনারেল ফরমান আলী বলেন, মিলগুলোতে উৎপাদন না বাড়লে এবং শান্তি না থাকলে মালিক পক্ষ কর্মসংস্থানও বাড়াতে পারবেন না।

শিল্পে ট্রেড ইউনিয়ন আন্দোলন প্রসঙ্গে তিনি বলেন, শ্রমিকদের রাজনৈতিক ট্রেড ইউনিয়ন তৎপরতার লিপ্ত হওয়া উচিত নয়, কারণ তাতে তাদের ভাল হবে না । তিনি বলেন, সুস্থ ট্রেড ইউনিয়ন দেশে আদর্শ শ্রমিক বাহিনী গড়ে তুলতে সাহায্য করে, যা দেশকে আর্থিক দিক দিয়ে একটি উন্নত দেশে পরিণত করার সহায়ক হবে ।

ভারতের যুদ্ধের হুমকি প্রসঙ্গে তিনি বিপুল হর্ষধ্বনির মধ্যে বলেন , আমাদের সেনাবাহিনী আত্রমণ প্রতিহত করার জন্য প্রস্তুত । বাইরের কোন শক্তি পাকিস্তানের সংহতি ও অখণ্ডতা বিনষ্ট করতে সক্ষম হবে না। জেনারেল বলেন, খুলনা, চট্টগ্রাম ও অন্যান্য স্থানের যে উন্নতি ঘটেছে, তা পাকিস্তান প্রতিষ্ঠার ফলেই সম্ভব হয়েছে । অথচ স্বাধীনতার আগে এসব এলাকা হিন্দুদের শোষণের চারণভূমি হিসেবে ব্যবহৃত হয়েছে ।

ভারতের তথাকথিত 'বাংলাদেশ' প্রচারণা সম্পর্কে জেঃ ফরমান আলী ভারতীয় কর্তৃপক্ষের প্রতি পূর্ব পাকিস্তানের ক্ষতি না করে পশ্চিমবঙ্গকে স্বাধীনতা প্রদানের আহ্বান জানান ।

শিরোনাম	সূত্র	তারিখ
২০৩। পরিখা খননের নির্দেশ	দৈনিক পাকিস্তান	১৯ নভেম্বর, ১৯৭১

প্রেস নোট
ভবন প্রাঙ্গণে অবিলম্বে পরিখা খনন
সমাপ্ত করতে হবে

প্রদেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ শহরের বিল্ডিংসমূহের মালিক তথা দখলকারীদের অবিলম্বে পরিখা খননের কাজ মসাপ্ত করার ব্যাপারে তাদের দায়িত্বের কথা পুনরায় স্মরণ করিয়ে দেয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার এক প্রেস নোটে সরকার জানানঃ এটা উল্লেখযোগ্য যে কিছুদিন আগে এক সরকারী প্রেস নোটে প্রদেশের সকল গুরুত্বপূর্ণ শহরের বিভিন্ন সুবিধাজনক জায়গায় পরিখা খননের সরকারী সিদ্ধান্তের বিষয় ঘোষণা করা হয়।

সরকারের এ ঘোষণার পরিপ্রেক্ষিতে ঢাকা ও অপর কতিপয় শহরে অবশ্য কিছু কিছু পরিখা খনন করা হয়েছে। এসব পরিখা বাজার, পার্ক ও রাস্তার পার্শ্বেই প্রধানত খনন করা হয়েছে।

তাই উপরোক্ত ধরনের বিল্ডিংসমূহের মালিক তথা দখলকারীদের এ ব্যাপারে তাদের দায়িত্বের কথা আর একবার স্মরণ করিয়ে দেয়া যাচ্ছে এবং বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে অবিলম্বে পরিখা খননের কাজ সমাপ্ত করার অনুরোধ জানান যাচ্ছে। এপিপি এ খবর পরিবেশন করে।

শিরোনাম	সূত্র	তারিখ
২০৪। ভারতের সর্বাত্মক আক্রমণ	দৈনিক পাকিস্তান	২৭ নভেম্বর , ১৯৭১

যশোর সীমান্তে সাঁজোয়া বাহিনী
জঙ্গী বিমান ও ট্যাঙ্ক ব্যবহার
১৮ টি ট্যাঙ্ক ক্ষতিগ্রস্তঃ
৬৩০ জন ভারতীয় সৈন্য হতাহত
সিলেট ও পার্বত্য চট্টগ্রাম সীমান্তে ভারতীয় হামলা
আনুষ্ঠানিক যুদ্ধ ঘোষণা ছাড়াই
পূর্ব পাকিস্তানের বিরুদ্ধে
ভারতের সর্বাত্মক আক্রমণ

আনুষ্ঠানিকভাবে যুদ্ধ ঘোষণা ছাড়াই ভারত পূর্ব পাকিস্তানের বিরুদ্ধে সর্বাত্মক আক্রমণ চালিয়েছে । কয়েক মাসব্যাপী ছোট ছোট হামলা, ছোট-বড় সংঘর্ষ এবং পূর্ব পাকিস্তানের চারদিকে সুপরিকল্পিতভাবে ১২ টি পদাতিক ডিভিশন মোতায়েনের পর এই হামলা চালানো হলো ।

গতকাল সোমবার ঢাকায় এপিপি পরিবেশিত খবরে প্রকাশ, ভারতীয়রা আন্তর্জাতিক সীমান্ত আক্রমণ করে আমাদের এলাকায় খানিকটা ঢুকে পড়তে সক্ষম হয়, কারণ কেউ এটা ভাবতে পারেননি যে, তারা সকল প্রকার আন্তর্জাতিক রীতিনীতি সম্পূর্ন আগ্রাহ্য করবে এবং হীনভাবে এক সর্বাত্মক হামলা চালাবে ।

ভারতীয় সেনাবাহিনী যশোর সেক্টরে তাদের সর্বশক্তি নিয়োগ করে । সেখানে ৯ ভারতীয় পদাতিক ডিভিশন, ৪ ভারতীয় মাউন্টেন ডিভিশন ও দুটি ভারতীয় ট্যাঙ্ক রেপিমেণ্ট আক্রমণ চালায়।

যশোরে সারা রাত এবং সকালেও প্রচণ্ড লড়াই চলতে থাকে । ভারতীয় সেনাবাহিনীর বহু সৈন্য হতাহত হয়, কিন্তু ভারী ও প্রচণ্ড গোলাবর্ষণের ফলে তারা তাদের আহত সৈন্যদের এবং অধিকাংশ মৃতদেহ সরিয়ে ফেলতে সক্ষম হয় । উক্ত এলাকায় যে কিছুসংখ্যক মৃতদেহ পড়ে থাকে তাতে দেখা যায় যে, ৪২ ভারতীয় মাউন্টেন ব্রিগেড ও ৩৫০ ভারতীয় মাউন্টেন ব্রিগেড এই আক্রমণে নেতৃত্ব দেয় । প্রাথমিক রিপোর্টে প্রকাশ, ১৩০ জন ভারতীয় সৈন্য নিহত হয়েছে । এক হিসাবে প্রকাশ, সম্ভবত ৫০০ ভারতীয় সৈন্য আহত হয়েছে ।

পাকিস্তানী সৈন্যদের মধ্যে হতাহতের সংখ্যা হচ্ছে ৭ জন নিহত ও ৪০ জন আহত । পাকিস্তানী সৈন্যরা ১৮ টি ভারতীয় ট্যাঙ্ক ক্ষতিগ্রস্ত করলে যশোরে ভারতীয় সাঁজোয়া হামলা ব্যর্থ হয়ে যায় । আরো ক্ষতিগ্রস্ত হতে পারে এই আশংকায় ভারতীয় সাঁজোয়া বাহিনী তাদের বিশ্বাসঘাতকমূলক ও কাপুরুষোচিত হামলা বন্ধ করে দেয় । পাকিস্তানী সেনাবাহিনী যশোর সীমান্তে সাফল্যজনকভাবে ভারতীয় আক্রমণ প্রতিহত করে । এখনো লড়াই চলছে ।

যশোরে ভারতীয় ন্যাট ও মিগ বিমানগুলোও হামলায় অংশগ্রহণ করে এবং পাকিস্তানী এলাকায় অনেককানি অভ্যন্তরে প্রবেশ করে নভারন, সারসা, মানুরা নামক তিনটি গ্রামের অসামরিক বাসিন্দাদের ওপর গুলিবর্ষল করে । ভারতীয় বিমান বাহিনী এভাবে ৭৯ জন অসামরিক ব্যক্তিকে নিহত ও ১৩০ জনকে আহত করে । ডিভিশন ও কতিপয় ট্যাঙ্কের সাহায্যে আক্রমণ চালানো হয় ।

দিনের শুরুতেই এই আক্রমণ চালানো হয় । সংখ্যা অনেক কম হওয়া সত্ত্বেও পাকিস্তানী সৈন্যরা সুপরিকল্পিত ও কৌশলী তৎপরতার মাধ্যমে সাফল্যজনকভাবে ভারতীয় বাহিনীর হামলা প্রতিহত করতে সক্ষম হয় । পাকিস্তান সেনাবাহিনী শত্রুর ৫৮ জন সৈনিককে হতাহত করে । আমাদের পক্ষে ১১ জন প্রাণ হারায় ।

ইতিমধ্যে পার্বত্য চট্টগ্রাম থেকে পাওয়া খবরে প্রকাশ, ২৩ মাউন্টেন ডিভিশনের দুটি ব্রিগেড চট্টগ্রাম সেক্টরের উত্তর- পূর্বে পার্বত্য চট্টগ্রামের পাকিস্তানী অবস্থানগুলো আক্রমণ করে । আশংকা করা হচ্ছে যে, ভারতীয় সেনাবাহিনী পরবর্তী ২৪ ঘন্টায় পূর্ব পাকিস্তানে আরো কয়েকটি ফ্রন্ট খুলবে । ইতিমধ্যে যশোর, সিলেট ও চট্টগ্রাম সেক্টর থেকে সংঘর্ষের আরো খবর এসে পৌঁছেছে ।

পাকিস্তানী সৈন্যরা গত রোবার যশোরের উত্তর-পশ্চিমে এক রেজিমেণ্ট ট্যাঙ্কের সমর্থনপুষ্ট নিয়মিত ভারতীয় বাহিনীর দুটো পদাতিক ব্রিগেড শক্তির এক বড় রকমের হামলা প্রতিহত করেছে । ঢাকায় প্রাপ্ত খবরে এ কথা জানা গেছে বলে এপিপির খবরে প্রকাশ ।

ইউনিটগুলো প্রথম জম্মু ও কাশ্মীর রাইফেলস ও ৩৫০ নম্বর পদাতিক ব্রিগেডের ৪ নম্বর শিখ লাইটের অন্তর্ভুক্ত । পাকিস্তানী সৈন্যরা সাফল্যের সাথে হামলাকারীদের হটিয়ে দেয় । সংঘর্ষে শত্রুদের ৯০ জন নিহত ও ১৬০ জন আহত হয় । পাকিস্তানীদের পক্ষে ৪ জন নিহত ও ৭ জন আহত হয় । এক সংঘর্ষে শত্রুদের ৭ টি ট্যাঙ্ক বিধ্বস্ত হয় । রোবারের হামলাটি ছিল পূর্ববর্তী ভারতীয় হামলাগুলোর চেয়ে বেশী মারাত্মক ।

সারা রাত ভারতীয় ফিল্ডগান এবং মাঝারী ও ভারী মর্টারের গোলাবর্ষণ করা হয় । ভোরের দিকে গোলাবর্ষণ থামলে সাঁজোয়া বাহিনীর সমর্থনপুষ্ট ভারতীয় সৈণ্য ও তাদের চররা পাকিস্তানী অবস্থানগুলির ওপর হামলা চালায় । পাকিস্তানী সৈন্যদের পাল্টা আক্রমণের মুখে ভারতীয় বাহিনী অগ্রসর হতে ব্যর্থ হয় ।

কুমিল্লা থেকে প্রাপ্ত খবরে প্রকাশ, নিয়মিত ভারতীয় সৈন্যদের সমর্থনপুষ্ট ৪ শত ভারতীয় চর কুমিল্লা জেলার লক্ষণীপুর ফাঁড়িতে হামলা চালায় । কিন্তু সে হামলা ব্যর্থ করে দেয়া হয় এবং বিপুলসংখ্যক হতাহত হওয়ার পর অনুপ্রবেশকারীরা পালিয়ে যায় । পার্বত্য চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ , ও রংপুর জেলা থেকেও হামলার অনুরুপ খবর পাওয়া গেছে । কিন্তু সদা জাগ্রত পাকিস্তানী সৈন্যরা এসব হামলা পর্যুদস্ত করে ।

অপর দিকে ভারতীয় গোলন্দাজ বাহিনী সীমান্তবর্তী বিভিন্ন গ্রামে গোলাবর্ষণ অব্যাহত রেখেছে ।

ক্ষতিগ্রস্ত গ্রামগুলো হচ্ছেঃ

সিলেট আটগ্রাম, রাধানগর, জৈন্তাপুর । কুমিল্লায় কাইয়ুমপুর, মুকন্দপুর, সালদা নদী , অরগঙ্গা, মঙ্গলপুর, হরিমঙ্গল, ও বড় জালা । ময়মনসিংহে কামালপুর ও করইতলা । যশোর চৌগাছা । কুষ্টিয়া দর্শনা । রংপুরে অমরাখানা ।

‘শিরোনাম	সূত্র	তারিখ
২০৫ । দুষ্কৃতকারী ধরে দেয়ার পুরষ্কার ঘোষণা ।	দৈনিক পাকিস্তান	২৫ নভেম্বর ১৯৭১

সরকারের সিদ্ধান্ত
দুষ্কৃতকারী গ্রেফতার বা খবরের জন্য
পুরষ্কার দেওয়া হবে

যে সব অনুগত্য ব্যক্তি দুষ্কৃতকারীদের গ্রেফতারের মত নির্ভরযোগ্য খবর দেবে বা নিজেরা দুষ্কৃতকারীদের গ্রেফতার করে আইনপ্রয়োগকারী সংস্থাসমূহের কাছে পেশ করবে সরকার তাদের যথোপযুক্ত পুরষ্কার দেবার সিদ্ধান্ত নিয়েছেন বলে গতকাল বুধবার এক প্রেসনোটে জানান হয়েছে ।

ক) দুষ্কৃতকারী গ্রেফতার অথবা দুষ্কৃতকারীদের সাথে সফল মোকাবেলার জন্য খবর দেওয়ার জন্য ৫০০ .০০টাকা ।

খ) ভারতের ট্রেনিং প্রাপ্ত দুষ্কৃতকারী গ্রেফতারের জন্য ৭৫০.০০ টাকা ।

গ) রাইফেল, বোমা, বা ডুপ্লিকেটিং মেশিন বা অপরাধ করা যায় এমন অন্য কোন আগ্নেয়াস্ত্রসহ গ্রেফতারের জন্য ১০০০.০০ টাকা ।

ঘ) দুষ্কৃতিকারী দলের নেতা গ্রেফতারের জন্য ২০০০.০০ টাকা ।

বিপুল পরিমানে অস্ত্রশস্ত্র উদ্ধার অথবা দুষ্কৃতকারীদলের নেতা গ্রেফতারের জন্য ১০ হাজার টাকা পর্যন্ত বড় অংকের পুরষ্কার দেবার বিষয় বিবেচিত হতে পারে ।

জেলা পুলিশ সুপারিনটেডেন্ট ১ হাজার টাকা পর্যন্ত পুরষ্কার মঞ্জুর করতে পারবেন ।

দুষ্কৃতিকারীদের শ্রেণীবিভাগ নিম্নরুপ হবেঃ

ক। তথাকথিত মুক্তিবাহিনীর নিয়মিত সদস্য, তথাকথিত মুক্তিবাহনী ভর্তিতে সাহায্যকারীরা ।
খ। স্বেচ্ছায় বিদ্রোহীদের খাদ্য , যানবাহন ও অন্যান্য দ্রব্য সরবরাহকারী ।
গ। স্বেচ্ছায় বিদ্রোহীদের আশ্রয়দানকারী ।
ঘ। বিদ্রোহীদের ‘ইনফরমার’ বা বার্তাবাহকরুপে যারা কাজ করে এবং
ঙ। তথাকথিত মুক্তিবাহিনী সম্পর্কিত নাশকতামূলক লিফলেট, প্যাম্পলেট, প্রভৃতির লেখক বা প্রকাশক ।

শিরোনাম	সূত্র	তারিখ
২০৬। যশোরের জনসভায় জেঃ নিয়াজী	দৈনিক পাকিস্তান	২৭ নভেম্বর, ১৯৭১

যশোরের জনসভায় জেনারেল নিয়াজী

জনগণ ভারতের হীন দুরভিসন্ধি

সফল হতে দেবে না

পূর্বাঞ্চলীয় কমাণ্ডের কমাণ্ডার ও 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ এ, এ, কে নিয়াজীর সভাপতিত্বে গতকাল শুক্রবার অনুষ্ঠিত এক বিরাট জনসভায় যশোরের জনসাধারণ ভারতীয় হামলা প্রতিহত করার ব্যাপারে সশস্ত্র বাহিনীর প্রতি তাদের পূর্ণ সমর্থন জ্ঞাপন করে ।

এপিপির খবরে প্রকাশ জনসাধারণ বিপুল সংখ্যক জাতীয় পতাকা এবং ইংরেজী, উর্দু, বাংলায় 'ভারতকে খতম কর', রক্ত দিয়ে আমরা জাতীয় সংহতি রক্ষা করব, 'আমরা আমাদের বীর সশস্ত্র বাহিনীকে সালাম জানাই' প্রভৃতি দেশাত্মবোধক শ্লোগান লিখিত বড় বড় ব্যানার বহন করে ।

তারা তাদের স্বদেশ রক্ষার কাজে আত্মনিয়োগে ও অভিপ্রায় ব্যক্ত করে । সভায় ভাষণ দানকালে জেঃ নিয়াজী যশোরের জনসাধারণের বীরত্ব পূর্ণ মনোবলের প্রশংসা করেন । যশোরের জনসাধারণকে মুজাহিদ বলে অভিহিত করে তিনি বলেন যে, যশোরের সর্বশেষ ভারতীয় হামলা জনসাধারণের দৃঢ় মনোবলকে ইস্পাততুল্য করেছে জানতে পেরে তিনি পুনরায় আশ্বস্তবোধ করেছে ।

জেনারেল নিয়াজী বলেন , পাকিস্তানের প্রতিটি নাগরিকই বিশ্বস্তভাবে নিজ নিজ দায়িত্ব পালন করে ও সশস্ত্র বাহিনীর প্রতি সহযোগিতা প্রদান করে প্রতিরক্ষার কাজে সহায়তা করতে পারে ।

তিনি বলেন, আমরা এক বিশ্বাসঘাতক শত্রুর সম্মুখীন হয়েছি । তারা অভ্যন্তরীন কোন্দল তথা সরাসরি আক্রমণের দ্বারা আমাদের পরাজিত করতে চায় । কিন্তু পাকিস্তানের জনসাধারণ তার সে হীন দুরভিসন্ধি সফল হতে দেবে না বলে তিনি ঘোষণা করেন । জেঃ নিয়াজী সংক্ষেপে উপমহাদেশের ইতিহাসের রুপরেখা বর্ণনা করে স্বাধীনতা পূর্বকালীন মুসলমানদের দুর্দশার চিত্র তুলে ধরেন ।

তিনি বলেন, ভারত মুসলমানদের তার অধীনস্থ করার জন্য পুনরায় চেষ্টা করছে, কিন্তু তাকে সে সুযোগ দেওয়া হবে না । জেঃ নিয়াজীর ভাষণের পর সশস্ত্র বাহিনীর বিজয় ও পাকিস্তানের সংহতির জন্য সভায় মোনাজাত করা হয় ।

যশোরে গিয়ে জেঃ নিয়াজী নবনির্বাচিত স্থানীয় এম,এন,এ ও শান্তি কমিটির সদস্যদের সাথে সাক্ষাৎকারে মিলিত হন । হর্ষোৎফুল্ল বিপুল সংখ্যক তরুণ ও ছাত্র বিভিন্ন ও শ্লোগান ধ্বনি দিয়ে ও ভারতীয় হামলার নিন্দাসূচক প্লাকার্ড বহন করে তাঁকে অভিনন্দন জানায় ।

পরে জেঃ নিয়াজী মোটরযোগে যশোর শহরের মধ্য দিয়ে অতিক্রম করেন এবং জনসাধারণ তাদের দৈনন্দিন কাজে ব্যস্ত রয়েছেন দেখতে পান ।

শিরোনাম	সূত্র	তারিখ
২০৭। রাজাকার কোম্পানী কমাণ্ডারদের বিদায়ী কুচকাওয়াজে জেনারেল নিয়াজী	দৈনিক পাকিস্তান	২৮ নভেম্বর, ১৯৭১

সাভারে বিদায়ী কুচকাওয়াজে জেঃ নিয়াজী রাজাকারদের উচ্চমনোবল ও আত্মপ্রত্যয়ের প্রশংসা

গতকাল শনিবার ঢাকা থেকে ১৫ মাইল দূরে সাভারে রাজাকার কোম্পানী কমাণ্ডারদের প্রথম দলের বিদায়ী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয় । এপিপি পরিবেশিত এই খবরে প্রকাশ, ইস্টার্ণ কমাণ্ডার ও 'খ' অঞ্চলের সামরিক আইন- শাসনকর্তা লেঃ জেঃ এ, এ, কে নিয়াজী কুচকাওয়াজ পরিদর্শন করেন এবং অভিবাদন গ্রহণ করেন ।

এই প্রসঙ্গে উল্লেখকরা যেতে পারে যে, কোম্পানী কমাণ্ডারের পদমর্যাদা পর্যন্ত জুনিয়র নেতৃত্ব রাজাকারদের নিজেদের উপরই ন্যস্ত করা হয়েছে । কোম্পানী কমাণ্ডারদের প্রথম দলের দু সপ্তাহ ট্রেনিং গতকাল সমাপ্ত হয় । পরবর্তী কোর্স সোমবার থেকে শুরু হবে । কুচকাওয়াজ পরিদর্শনের পর জেঃ নিয়াজী এক সংক্ষিপ্ত ভাষণে তাদের দক্ষতার প্রশংসা করেন ।

তিনি বলেন যে, রাজাকারদের প্রসন্ন বদন, আত্মপ্রত্যয় ও উচ্চমনোবল দেখে তিনি বিশেষভাবে মুগ্ধ হয়েছেন। রাজাকারদের ভূমিকা সম্পর্কে ভাষণদান প্রসঙ্গে তিনি বলেন, একদিকে তাদের ভারতীয় চরদের সকল চিহ্ন মুছে ফেলতে হবে এবং অপরদিকে বিপদগামী যুবকদের সঠিক পথে আনার চেষ্টা করতে হবে ।

জেনারেল নিয়াজী কুচকাওয়াজের পর রাজাকার কোম্পানী কমাণ্ডারদের সাথে ঘরোয়া ভাবে দেখা করেন এবং করমর্দন করেন । তারা দেশের সংহতি রক্ষার জন্য দেশপ্রেমমূলক শ্লোগান দেন ।

দৈনিক পাকিস্তান
২৮ শে নভেম্বর , ১৯৭১

জেনারেল নিয়াজীর হিলি পরিদর্শন

ইস্টার্ণ কমাণ্ডারের কমাণ্ডার ও 'খ'' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ এ এ কে নিয়াজী গতকাল শনিবার হিলি এলাকা পরিদর্শন করেন । তিনি তিন দিন যাবৎ এখানে তীব্র সংঘর্ষ হচ্ছে । এপিপি পরিবেশিত এই খবরে বলা হয়েছে যে, শুক্রবার হিলি এলাকা থেকে আক্রমণকারীদের বিতারন করা হলেও গতকাল শনিবারও সীমান্তের ওপার থেকে পাকিস্তানী অবস্থানের উপর ভারতীয় গোলন্দাজ বাহিনী গোলাবর্ষণ করে ।

জেনারেল নিয়াজী যখন সৈন্যদের দেখার জন্য অগ্রবর্তী এলাকায় যাচ্ছিল তখন ভারতীয় কামানের ছয়টি গোলা এসে পড়ে । তবে কোন ক্ষতি হয়নি । জেনারেল নিয়াজীর বিভিন্ন বাঙ্কারে সৈন্যদের সাথে দেখা করেন । তিনি তাদের সাথে ঘরোয়া ভাবে আলোচনা করেন । তিনি তাদের মধ্যে আত্মবিশ্বাস ও উচ্চমনোবল লক্ষ্য করেন । সংখ্যায় কম হলেও তাঁরা ভারতীয়দের বারংবারের হামলা প্রতিহত করে ।

হিলি এলাকা সফর করে জেঃ নিয়াজী বিদেশী সাংবাদিকদের একটি দলকে সাক্ষাৎ দান করেন । ভারতীয় হামলার স্বাক্ষর পরিদর্শনের জন্য তারা হিলি এলাকা সফরে যান । যুদ্ধে তিনটি ভারতীয় ট্যাংক অকেজো করে দেয়া হয় এবং ১৫০ ভারতীয় সৈন্য নিহত হয় । তিনি গতকাল বিকেলে ঢাকা প্রত্যাবর্তন করেন।

দৈনিক পাকিস্তান
৩০ নভেম্বর, ১৯৭১

বিদেশী সাংবাদিকদের কাছে জেনারেল নিয়াজী

ভারত ও পাকিস্তানের মধ্য যুদ্ধ শুরু হয়ে গেছে শুরু

নিউওর্য়াক, ২৯ শে নভেম্বর (এপিপি)- পূর্বাঞ্চলীয় কমাণ্ডারের লেঃ জেনারেল এ এ কে নিয়াজী গতকাল শুক্রবার ঢাকায় এক বিদেশী সাংবাদিককে বলেছেন যে, ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধ শুরু হয়ে গেছে বলেই তিনি মনে করেন । গত ২১ নভেম্বর ভারত যে আক্রমন শুরু করেছে, তার কথা তিনি উল্লেখ করে বলেন, তাদের যা কিছু আছে সব নিয়েই তারা আমাদের উপর ঝাঁপিয়ে পড়েছে । কিন্তু তারা ব্যর্থ হয়ে গেছে । জেনারেলের মন্তব্যগুলো গত শনিবারের নিউওর্য়াক টাইমস পত্রিকার প্রথম পাতায় প্রকাশ করা হয় । জেঃ নিয়াজী বলেন, তাদের সৈন্যরা শোচনীয় ভাবে ব্যর্থ হয়েছে । তারা একমাত্র যে সাফল্য অর্জন করেছে তাহল দেশের অভ্যন্তরে নিজেদের লোকজনকে সন্ত্রস্ত করা ।

জেনারেল বলেন, ভারতীয় সেনাবাহিনী নেতৃত্ব দুর্বল এবং তাদের সৈন্যরাও দুর্বল । সংখ্যায় কম হলেও পাকিস্তানী সৈন্যরা ভারতীয়দের পর্যুদস্ত করেছে । পাকিস্তানের প্রতি একজনের জায়গায় ভারতের সৈন্য তিনজনেরও বেশী । তিনি বলেন, পাকিস্তানি সৈন্যদল অদ্বিতীয় । আমরা কখনো পরাজিত হয়নি । ইতিহাস দেখুন ।

আমি চ্যালেঞ্জ করছি, ইতিহাসে আমাদের বিজয় ছাড়া আর কিছু পাবেন না । আমরা কখনো পরাজিত হইনি এবং ভারতীয়রা কখনো জিততে পারেনি । আমি অতি সহজেই প্রতি একজনে তাদের তিনজনকে ধরে নিতে পারি ।

শিরোনাম	সূত্র	তারিখ
৬০৮। ২২ জন পুলিশ অফিসারকে হাজির হওয়ার নির্দেশ	দৈনিক ইত্তেফাক	১ ডিসেম্বর, ১৯৭১

২২ জন পুলিশ অফিসারকে হাজির হওয়ার নির্দেশ

সারদা পুলিশ একাডেমীর প্রিন্সিপাল ও ভাইস প্রিন্সিপালসহ ২২ জন পুলিশ কর্মচারীকে আগামী ৭ ডিসেম্বর ঢাকায় এম,পি,এ হোষ্টেলে অবস্থিত ৬ নং সেক্টরে উপ-সামরিক আইন প্রশাসকের নিকট উপস্থিত হওয়ার নির্দেশ দেওয়া হইয়াছে বলিয়া গতকাল (মঙ্গলবার) ঢাকার এপিপি পরিবেশিত সংবাদে বলা হয়েছে।

তাহাদের বিরুদ্ধে 'খ' অঞ্চলের সামরিক আইন পরিচালকের ১২০ নং আদেশের সহিত পঠিত এন এম আর ২৫ বিধি অনুযায়ী অভিযোগ আনয়ন করা হইয়াছে।

'খ'' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ এ এ কে নিয়াজী এম এল আর ৪০ বিধি অনুযায়ী প্রাপ্ত ক্ষমতা বলে নিম্নলিখিত ২২ জন পুলিশ অফিসারকে উপরোক্ত উপ-সামরিক আইন পরিচালকের নিকট হাজির হওয়ার নির্দেশ দিয়াছেনঃ-

১। পঙ্কজ কুমার মল্লিক, ইনপেক্টর অফ পুলিশ, সারদা পুলিশ একাডেমী।
২। এস আই মোঃ বাদশা মিয়া, বরিশাল জেলা।
৩। এস, আই, সায়েদুজ্জামান, ও, সি, বেনাপোল তলল্লাশী ফাঁড়ি।
৪। এস, আই শামসুল আলম, সেকেণ্ড এস, আই, ঝিকরগাছা থানা।
৫। এস, আই, মফিজউদ্দিন আহমদ ও, সি কোটচাঁদপুর থানা।
৬। এস, আই কাঞ্চন কুমার ঘোষাল, সিনিয়র সি, এস, আই, ঝিনাইদহ কোর্ট।
৭। এস, আই আবদুল হাকিম, থার্ড এস, আই, ঝিনাইদহ থানা।
৮। এস, আই আবদুল মতিন, থার্ড এস, আই, মহেষপুর থানা।
৯। এস, আই, আবদুল লতিফ, ও, সি, কালিগঞ্জ, থানা।
১০। এস, আই চৌধুরী আবদুর রজ্জাক ডি, আই,ও ঝিনাইদহ।
১১। এ, এস, আই, আবদুল গফুর, ঝিকরগাছা থানা।
১২। এস, আই, ফজলুর রহমান, কুষ্টিয়া জেলা।
১৩। এস, আই মকবুল আহমদ, কুষ্টিয়া জেলা।
১৪। এস, আই মোঃ ইয়ার আলী, কুষ্টিয়া জেলা।
১৫। এস, আই, মফিজুল রহমান হক, কুষ্টিয়া জেলা।
১৬। আর্মড, এস, আই, নুরুল ইসলাম, কুষ্টিয়া জেলা।
১৭। সি, এস, আই আজিজুর রহমান, কুষ্টিয়া জেলা।
১৮। ইসপেক্টর ক্ষিতিশ চন্দ্র দে, কুষ্টিয়া জেলা।
১৯। শৈলেন্দ্র কিশোর চৌধুরী, ভাইস- প্রিন্সিপাল সারদা পুলিশ একাডেমী।

২০। বজলুর রহমান এস, পি, পার্বত্য চট্টগ্রাম।
২১। মোশাররফ হোসেন ডি, আই, জি, চন্দ্রঘোনা।
২২। আব্দুল খালেক পি, এস, পি। প্রিন্সিপাল সারদা পুলিশ একাডেমী।

তাহাদিগকে আগামী ৭ই ডিসেম্বর সকাল ৮ টায় তাহাদের বিরুদ্ধে আনীত উপরোক্ত অভিযোগের জবাব দানের জন্য ৬ নং সেক্টরের উপ-সামরিক আইন প্রশাসকের নিকট হাজির হওয়ার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। তাহারা যদি নির্দিষ্ট তারিখ ও সময়ে হাজির হইতে ব্যর্থ হন তাহা হইলে তাহাদের অনুপস্থিতিতে ৪০ নং সামরিক আইন বিধি অনুযায়ী তাহাদের বিচার করা হইবে।

শিরোনাম	সূত্র	তারিখ
২০৯। সিলেটের জনসভায় জেনারেল নিয়াজী	দৈনিক ইত্তেফাক	২ ডিসেম্বর, ১৯৭১

সিলেটের জনসভায় জেঃ নিয়াজী
গৌরবোজ্জ্বল ইতিহাসের পুনরাবৃত্তি করা হইবে

সিলেট , ১লা ডিসেম্বর (পিপিআই)।- এখানে অনুষ্ঠিত এক বিরাট জনসভায় এই মর্মে ঘোষণা করা হয় যে, ১৯৪৭ সালের গণভোটে সিলেটবাসী তথাকথিত বাংলাদেশের পক্ষে নহে, পাকিস্তানের পক্ষে ভোট দেয় এবং মাতৃভূমি রক্ষার জন্য সিলেটবাসী তাহাদের শেষ রক্তবিন্দু পর্যন্ত বিসর্জন দিবে ।

সিলেটে অনুষ্ঠিত উক্ত সভায় পূর্বাঞ্চলীয় কমাণ্ডের কমাণ্ডার এবং 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ এ এ কে নিয়াজী প্রধান অতিথিরুপে উপস্থিত ছিলেন । সীমান্তের অগ্রবর্তী এলাকার সেনাবাহিনী পরিদর্শনের জন্য তিনি সিলেট আগমন করেন ।

সভায় উপস্থিত জনতা ভারতীয় আক্রমণের নিন্দা করিয়া এবং সেনাবাহিনীর প্রতি তাদের সমর্থনের বিষয় উল্লেখ করিয়া বিভিন্ন শ্লোগান প্রদান করে ।

জনতা লেঃ নিয়াজী এক খণ্ড কোরআন শরীফ উপহার দেয় এবং তাহারা পবিত্র কোরানের নামে শপথ করিয়া সেনাবাহিনীর সহযোগিতায় মাতৃভূমি রক্ষার অঙ্গীকার করে ।

উক্ত সভায় সাবেক কেন্দ্রীয় মন্ত্রী জনাব আজমল আলী ভারতীয় আক্রমণ ও হস্তক্ষেপের নিন্দা করিয়া বক্তৃতা করেন ।

জনতার উদ্দেশ্যে বক্তৃতা প্রসঙ্গে জেঃ নিয়াজী বলেন যে, যে কোন মূল্যে মাতৃভূমি রক্ষায় সেনাবাহিনী যখন দৃঢ়প্রতিজ্ঞ তখন কোন এলাকা হইতে পশ্চাৎপ্রসারণের কোন প্রশ্নই উঠে না ।

তিনি বলেন যে, শত্রুর সংখ্য গরিষ্ঠতার জোরে আমাদেরকে পরাভূত করা যাইবে না । আমরা সব সময় সংখ্যায় অল্প এবং সব সময়ই বিজয়ী হইয়াছি । আমরা আমাদের সেই অতীত ইতিহাসের পুনরাবৃত্তি করিব ।

সবশেষে জেঃ নিয়াজী পথভ্রষ্ট ও ভারতীয় হাতে ক্রীড়নক ব্যক্তিদের জন্য সহানুভূতি প্রকাশ করেন । তিনি বলেন, তাহাদের হীন কার্যকলাপ বন্ধ করিয়া ক্ষমতা গ্রহণের এখনও সময় আছে । তাহারা যদি সঠিক পথ অনুসরণে ব্যর্থ হয় তবে তাহারা ধ্বংস হইবে বলিয়া তিনি উল্লেখ করেন ।

ইতিপূর্বে সীমান্ত এলাকায় সৈন্যদের পরিদর্শনকালে জেঃ নিয়াজী দারুণ প্রতিকূলতার বিরুদ্ধে তাহাদের সাহস এবং বীরত্বপূর্ণ কাজের প্রশংসা করেন । তিনি সৈন্যদেরকে বলেন যে, তাহারা তাদের গৌরবদীপ্ত ঐতিহ্যের মান বজায় রাখিয়াছেন । সৈন্যদেরকে জেঃ নিয়াজী জানান যে, তাহাদের পশ্চাতে দেশবাসীর এবং মুসলিম বিশ্বের সমর্থন এবং সহানুভূতি রহিয়াছে ।

শিরোনাম	সূত্র	তারিখ
২১০। প্রতিষ্ঠানসমূহে বোমা বিস্ফোরণের দায়দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের, এই মর্মে শিক্ষা বিভাগের একটি চিঠি	সরকারী দলিলপত্র উদ্ধৃতিঃ এক্সপেরিয়েন্স-প্রাগুক্ত	৩ ডিসেম্বও, ১৯৭১

GOVERNMENT OF EAST PAKISTAN
EDUCATION DEPARTMENT
GENERAL SECTION

No; G/1-13-71-1340(8)Edn. Dated the 3.12.71
From. Mr. Zainul Abedin, EPSS,

Section Officer , Govt. of East Pakistan.

To: 1)….
2) The Vice –Chancellor, Dacca University.

The undersigned is directed to say that it has come to the notice of Government that in spite of necessary security arrangement bomb blasts take place often in the Educational Institutions. Government take a serious view of this and have decided that all the Head of the Educational Institutions in the Province both Government and private should be intimated that they would be held personally responsible if any bomb blast takes place within their Institutions in future.

Sd/- Zainul Abedin
Section Officer- (G).

শিরোনাম	সূত্র	তারিখ
২১১। ময়মনসিংহ জেনারেল নিয়াজী	দৈনিক পাকিস্তান	৪ ডিসেম্বর, ১৯৭১

ময়মনসিংহে জেনারেল নিয়াজী

রক্ত দিয়ে প্রতিষ্ঠিত দেশ ধ্বংস হতে পারে না

গতকাল শুক্রবার ভারতীয় হামলার নিন্দা জ্ঞাপন এবং যে কোন মূল্যে সশস্ত্র বাহিনীর সহযোগিতায় আবাসভূমি রক্ষার জন্য সংকল্প প্রকাশের উদ্দেশ্যে ময়মনসিংহ এক বিরাট জনসভা অনুষ্ঠিত হয় । এপিপির খবরে প্রকাশ, ময়মনসিংহ শান্তি কমিটি আয়োজিত এই সভায় পূর্বাঞ্চলীয় কমাণ্ডের কমাণ্ডার ও 'খ' অঞ্চলের সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ এ, এ, কে, নিয়াজী প্রাদেশিক অর্থমন্ত্রী জনাব আবুল কাশেম এবং পূর্ব বিজলী ও সেচ মন্ত্রী জনাব এ, কে, মোশাররফ হোসেন ভাষণ দেন ।

সভায় ভাষণ দান প্রসঙ্গে লেঃ জেঃ এ, এ, কে, নিয়াজী জনসাধারণের তেজস্বীয়তা ও উদ্দীপনার প্রশংসা করে বলেন যে সর্বত্রই জনগণ অনুরুপ মনোভাব ব্যক্ত করছে এবং যে কোন মূল্যে তাদের আজাদী রক্ষার জন্যে পুরোপুরি সংকল্পবদ্ধ ।

তিনি বলেন, রক্ত দিয়ে যে দেশের বুনিয়াদ প্রতিষ্ঠিত তা ধ্বংস হতে পারে না । তিনি জনসাধারণকে আশ্বাস দিয়ে বলেন, ইনশাআল্লাহ জয় আমাদেরই হবে । কেননা আমরা বেঁচে থাকার জন্য লড়াই করছি ।

তিনি জনসাধারণকে সতর্ক করে দিয়ে বলেন যে ভারত তার অর্থনৈতিক চাহিদা পূরণ এবং সম্প্রসারণবাদী লিপ্সা চরিতার্থ করার উদ্দেশ্যে দেশের এই অংশকে গ্রাস করার জন্য যথাসাধ্য চেষ্টা চালাচ্ছে ।

সভাশেষে জেঃ নিয়াজী জামালপুর এলাকা পরিদর্শনে যান । সেখানে সৈনিক ও রাজাকারদের এক সমাবেশে বক্তৃতাকালে তিনি তাদের বীরত্বপূর্ণ কাজের প্রশংসা করেন এবং তাদের আশ্বাস দেন যে গোটা জাতি তাদের পেছনে রয়েছে ।

শিরোনাম	সূত্র	তারিখ
২১২। যুদ্ধ পরিস্থিতি সম্পর্কে মেজর জেনারেল রাও ফরমান আলী	দৈনিক পাকিস্তান	৭ ডিসেম্বর, ১৯৭১

যশোর, লাকসাম ও আখাউড়া
পাকিস্তানের দৃঢ় নিন্ত্রণে রয়েছে
সাপ্লাই লইন যাতে নির্বিঘ্নে থাকে
সেদিকে লক্ষ্য রাখা হচ্ছেঃ জেনারেল ফরমান আলী

পূর্ব পাকিস্তানের গভর্ণরের সামরিক উপদেষ্টা মেজর জেনারেল রাও ফরমান আলী গতকাল সোমবার ঢাকায় বলেন, বেশ দীর্ঘ সময় ধরে; ভারতের আক্রমণের বিরুদ্ধে পাকিস্তান সশস্ত্র বাহিনী আত্মরক্ষামূলক যুদ্ধ চালাতে সম্পূর্ণ সক্ষম।

এপিপির সমর বার্তা পরিবেশক ইকবাল আলী খান এ খবর প্রদান করেন । সাংবাদিকদের সাথে এক ঘরোয়া বৈঠকে জেনারেল ফরমান আলী বলেন : আক্রমণকারীকে পরাজিত করার জন্যই আমরা এখানে আছি। আমাদের লাইন যাতে বিঘ্নিত থাকে তার প্রতি লক্ষ্য রাখা হচ্ছে । বর্তমান পরিস্থিতিতে পাকিস্তান সশস্ত্র বাহিনী পূর্ব পাকিস্তানকে করতলগত রাখতে পারবেন কি না এ সম্পর্কে একজন বিদেশী সংবাদদাতা তাকে জিজ্ঞাসা করলে জেঃ তার জবাবে বলেন, কেন পারবে না ? এ সম্পর্কে আমি সম্পূর্ণ আস্থাবান । আর সে কারণেই আপনারা আমার মুখে হাসি দেখছেন । মেজর জেনারেল রাও ফরমান আলী বলেন, সাধারণ যুদ্ধ পরিস্থিতিতে সশস্ত্র বাহিনীকে আত্মরক্ষামূলক যুদ্ধ চালাতে হয় । এ ধরনের পরিস্থিতিতে অগ্রবর্তী অবস্থানের পতন ঘটলে পরবর্তী প্রতিরক্ষা ব্যবস্থা টিকিয়ে রাখা খুবই মুশকিল হয় বলে তিনি উল্লেখ করেন ।

তিনি বলেন যে, শত্রুর অগ্রাভিযান যাতে চরম ভাবে স্তব্ধ করে দেখা যায় তার জন্য আমাদের নিজেদের পছন্দমত জায়গায় শত্রুদের বাধা দান করাই হলো পূর্ব পাকিস্তানের যুদ্ধরত পাকিস্তান সৈন্য বাহিনীর প্রধান লক্ষ্য । তিনি বলেন যে, পাকিস্তানী এলাকা দখলে ভারতীয় দাবী তাৎপর্যহীন । কারণ আমাদের যুদ্ধ কৌশলেরই একটা অংশ ।

তিনি যশোর, লাকসাম ও আখাউড়া পাকিস্তানী সেনাদলের দৃঢ় নিয়ন্ত্রনে আছে বলে দ্ব্যর্থহীনভাবে উল্লেখ। করেন তিনি বলেন, যশোর কোনদিনই শত্রুর কবলিত হয়নি । 'যশোর যদি শত্রুর কবলিত হয়ই তবে তা প্রচণ্ড যুদ্ধের পরই মাত্র হবে ।'

দু'দেশেরই বিশ্ব সমরের ন্যায়
যুদ্ধ চালানোর সামর্থ্য নেই

পাকিস্তান সশস্ত্র বাহিনী যুদ্ধ চালিয়ে যাবে বলে তিনি উল্লেখ করেন । তবে তিনি বলেন যে, দ্বিতীয় বিশ্ব যুদ্ধের ন্যায় একটা যুদ্ধ চালানোর সামর্থ্য ভারত ও পাকিস্তান দুদেশেরই নেই ।

তিনি বলেন যে, পূর্ব পাকিস্তানে ভারতীয় হামলা প্রতিহত করার ক্ষেত্রে পাকিস্তানী সেনাবাহিনী তাদের মাতৃভূমির আঞ্চলিক অখণ্ডতা রক্ষা ছাড়া আর কিছু চিন্তা করে না ।

হিলির যুদ্ধ

তিনি বলেন যে, হিলিতে রেল লাইনের এ পার্শ্বে ভারতীয়দের কোন এখতিয়ার নেই । হিলিতে গত ১৪ দিন ধরে যুদ্ধ চলছে । রেলওয়ে লাইন হলো ভারত ও পাকিস্তানের মধ্যে সীমান্ত রেখা ।

ভারতীয় নৌবাহিনীর চট্টগ্রামে পৌছার চেষ্টা

জেনারেল বলেন যে, রোববার ভারতীয় নৌবাহিনী চট্টগ্রাম উপনীত হওয়ার চেষ্টা চালায়। আমাদের নৌযান তাদের উপর আক্রমণ চালিয়ে তাদের পালিয়ে যেতে বাধ্য করে । একজন প্রশ্নকারীর জবাবে তিনি বলেন যে, কুমিল্লা পাকিস্তানী সেনাবাহিনীর নিয়ন্ত্রণেই রয়েছে। অপর এক প্রশ্নের জবাবে জেনারেল বলেন, ফেনীতেও পাকিস্তান সেনাদল যুদ্ধ চালাচ্ছে।

চট্টগ্রামকে বিচ্ছিন্ন করতে চায়

তিনি জানান যে ভারতীয়রা চট্টগ্রামের সাথে আমাদের যোগাযোগ বিচ্ছিন্ন করতে চায়। কিন্তু সেখানে সেনারা বীরত্বপূর্ণ লড়াই চালিয়ে যাচ্ছে।

মেজর জেনারেল একজন বিদেশী সাংবাদিককে জানান যে বর্তমানে ঢাকায় বিপন্ন জাতিসংঘ কর্মচারীদের অপসারণের জন্য ৬ই ডিসেম্বর তারিখ ঢাকায় সামরিক তৎপরতা বন্ধ রাখার ব্যাপরে পাকিস্তান সেনাবাহিনী জাতিসংঘের অনুরোধে সম্মত হয়। কিন্তু ভারতীয় জঙ্গী বিমান ঢাকা বিমাননন্দরে আক্রমণ চালিয়ে তাদের ঢাকা ত্যাগের পরিকল্পনা ব্যর্থ করে দেয় বলে তিনি উল্লেখ করেন। তিনি স্মিতহাস্যে বলেন, ঠিক জানি না কেন ভারতীয়রা এমন কাজ করলো। জাতিসংঘ কর্মচারীর ঢাকা ত্যাগ করুক তারা হয়তো তা চায় না।

রানওয়েতে একটা গর্ত সৃষ্টি হয়েছে

এক প্রশ্নের জবাবে তিনি বলেন যে আজ ঢাকা বিমানবন্দরের রানওয়েতে একটা গর্ত সৃষ্টি করা ছাড়া হামলাকারী ভারতীয় বিমানসমূহ বিশেষ কোনই সাফল্য অর্জন করতে পারেনি। এতক্ষণে রানওয়ে হয়তো মেরামতও করা হয়ে গেছে বলে তিনি জানান। তিনি আরো বলেন যে ১৯৬৭ সালের জুন যুদ্ধে ইসরাইল যেমনটি করেছিল তেমনভাবে ভূমিতে রাখা পাকিস্তান বিমান বাহিনীর বিমানসমূহ ধ্বংস করাই ভারতীয় বিমান বাহিনীর বার বার ঢাকা বিমাননন্দরের ওপর আঘাত হানার প্রধান লক্ষ্য।

জাতিসংঘের দুটো এবং অপর একটা টুইন বিমান ছাড়া ভারতীয়রা ভূমিতে রাখা পাকিস্তান বিমান বাহিনীর আর একটা বিমানের ওপরও আঘাত হানতে পারেনি। বিমান বিধ্বংসী কামানসমূহ চবৎকার কাজ করেছে বলে তিনি উল্লেখ করেন।

মেজর জেনারেল রাও ফরমান আলী বলেন যে ৪ঠা ডিসেম্বর তারিখে ঢাকায় হামলাকারী ভারতীয় জঙ্গী বিমানসমূহের যে দুর্গতি হয়েছে তাতে অবশ্যই আক্রমণকারীর একটা উপযুক্ত শিক্ষা হয়েছে। তিনি বলেন যে গতকাল (সোমবার) বিকাল নাগাদ পূর্ব পাকিস্তনের ১৬টি ভারতীয় বিমান গুলি করে ভূপাতিত করা হয়েছে। এর মধ্যে ৬টি হাল্কা বিমান বিধ্বংসী কামান দিয়ে গুলি করে ভূপাতিত করা হয় ও অপর ১০টি পি, এ, এফ বিমান ভূপাতিত করে। ক্ষতিগ্রস্ত অপর ৫টি ভারতীয় বিমান অবশ্য ভারতে পাড়ি জমাতে সক্ষম হয়েছে। এর মধ্যে ২টি বিমান চট্টগ্রাম এলাকায় পাকিস্তান নৌবাহিনী ক্ষতিগ্রস্ত করে।

মেজর জেনারেল রাও ফরমান আলী বলেন যে ভারত কর্তৃক তিনটি মুখ্য সাফল্যকে ভারত পাকিস্তনের বিরুদ্ধে তার বড় ধরনের হামলায় বিরাট সাফল্য বলে প্রচার করছে। পাকিস্তান সেনাবাহিনী প্রয়োজনীয় সকল পাল্টা ব্যবস্থা গ্রহণ করছে বলে তিনি জানান।

উত্তর ময়মনসিংহ

উত্তর ময়মনসিংহ এলাকায় কৌশলগত যুদ্ধ চলছে বলে মেজর জেনারেল জানান। তিনি বলেন যে কামালপুর ছেড়ে যাওয়ার পূর্বে পাকিস্তান সেনাদল ভারতীয় পক্ষের ৬ থেকে ৭ গুণ অধিক লোককে হতাহত করে ঠাকুরগাঁ এলাকায় বরাবরই ভারতীয়দের মূল অভিযান চলছে বলে তিনি জানান।

ভারতীয় সেনা অতি সহজেই ঢাকায় ঢুকতে পারবে কিনা, এ মর্মে একজন বিদেশী সাংবাদিক প্রশ্ন করলে মেজর জেনারেল বলেন,' ফাজিলকা অতিক্রম করে দিল্লীর দিকে অগ্রসর হওয়ার ক্ষেত্রে শতদ্রু যেমন আমাদের জন্য বাধাস্বরুপ, তেমনি ব্রহ্মপুত্রও একটা চকৎকার বাধা।'

সিলেট এলাকা

ভারতীয়রা এ এলাকায় যে সাফল্য লাভ করেছে তা পুনর্দখল করার জন্য সিলেটে যুদ্ধ চলছে বলে তিনি জানান । এ এলাকায় ভারত ৩ ডিভিশন সৈন্য মোতায়েন করেছে। তিনি আরো জানান যে আখাউড়া ও কুমিল্লার দক্ষিণবর্তী লাকসামের বিপরীত দিকে অবস্থিত চোদ্দগ্রাম নামক এলাকায় ভারতীয় সৈন্য চাপ সৃষ্টি করছে।

দুষ্কৃতকারীদের তৎপরতা বন্ধ হয়ে গেছে

জেনারেল ফরমান আলী বলেন, পাকিস্তনের বিরুদ্ধে ভাতের সর্বাত্মক যুদ্ধের পর রাষ্ট্রবিরোধী ও দুষ্কৃতকারীদের তৎপরতা বর্তমানে প্রকতপক্ষে স্তব্ধ হয়ে গেছে। পাকিস্তান সেনাবাহিনীর সাফল্য, বিশেষ করে ঢাকার আকাশে পাকিস্তানী বৈমানিকদের বীরত্বপূর্ণ যুদ্ধে জনসাধারণ মোটামুটি উৎফুল্ল হয়ে উঠেছে।

ঢাকায় ছত্রী সৈন্য প্রেরণ সহজ নয়

পূর্ব অংশের প্রধান নগরী ঢাকা দখলের পথ সুগম করার ব্যাপারে ঢাকার ভারতীয়দের ছত্রী সৈন্য অবতরণের সম্ভাবনা সম্পর্কে জিসা করা হলে জেনারেল ফরমান আলী বলেন যে, এটা খুব সহজ নয়। তিনি এ প্রসঙ্গে উল্লেখ করেন যে, জার্মান ছত্রী সৈন্য অবতরণ করানো হলে বৃটেনকেও এমন হুমকির সম্মখীন হতে হয়েছিল। কিন্তু বৃটেন আজো টিকে আছে তিনি জানান।

তিনি বলেন, স্থায়ী হবে বলেই পাকিস্তান প্রতিষ্ঠিত হয়েছে। পাকিস্তান বিরোধীরা মনে করেছিল যে, পাকিস্তান ৬ মাসের বেশী টিকবে না।

'কিন্তু পাকিস্তান ২৫ বৎসর টিকে আছে এবং ভবিষ্যতেও টিকে থাকবে বলে তিনি মন্তব্য করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
২১৩। শিক্ষানীতি সম্পর্কিত মন্ত্রী পরিষদের একটি সিদ্ধান্ত	দৈনিক ইত্তেফাক	১০ ডিসেম্বর, ১৯৭১

কতিপয় পাঠ্যপুস্তক ঢালিয়া সাজাইবার ব্যবস্থা

১৯৭১ সনের ১৫ই মে থেকে রাজারবাগ পুলিশ লাইনে পশ্চিম পাকিস্তানী পুলিশের জমায়েত করা হয়। পাঞ্জবী পুলিশ লাইনে এসেই আমাদের সাথে যথেচ্ছা ব্যবহার আরম্ভ করে দেয়; কথায় কথায় পশ্চিম পাকিস্তানী পুলিশরা আমাদের বুটের লাথি ও বন্দুকের বাট দিয়ে পিটাতে থাকে, চোখ রাঙ্গিয়ে বলতে থাকে 'শুয়ারকা বাচ্চা, হিন্দুকা লাড়কা, বেইমান শালা লোগ, হামলোগ আদমী নাহি মাংতা, জামিন মাংতা''। আমাদেরকে হেডকোয়ার্টারের সকল কক্ষ থেকে কুকুর বিড়ালের মতো তাড়িয়ে দিয়ে সেখানে পশ্চিম পাকিস্তানী পুলিশদের জায়গা দেওযা হয়, আমাদের পোষাক পরিচ্ছদ, কাপড় আসবাবপত্র সব বাইরে ফেলে দেওয়া হয়, আমরা অসহায়ের মত আমাদের আসবাব পত্র তুলে নিয়ে আসতাবলের সামনে, ব্যারাকের বারান্দায় আশ্রয় গ্রহণ করি। পশ্চিম পাকিস্তানী পুলিশ রাজারবাগ আসার পরই বাঙ্গালীদের উপর নির্মম অত্যাচার নেমে আসে। প্রতিদিন ''ইয়ে শালা লোগ মুক্তি হায়'' বলে বহু নিরীহ বাঙ্গালী যুবককে চোখ বেঁধে মিলিটারী ট্রাক ও জীপ থেকে আমাদের চোখের সামনে নামিয়ে হেডকোয়ার্টার বিল্ডিংয়ের উপর তলায় নিয়ে রাখা হয়। সারাদিন এভাবে চোখ বেঁধে বাঙ্গালী যুবকদের রাজারবাগ এনে জমায়েত করা হয় এবং সন্ধ্যার পর এ সব অসংখ্য বাঙ্গালী যুবককে মিলিটারী ট্রাকে করে ঢাকা সেনা নিবাসে নিয়ে হত্যা করা হয়। হেডকোয়ার্টারের তেতলা ও চারতলায় বহু যুবতী মেয়েকে উলঙ্গ করে রাখা হয়-পাঞ্জাবী সেনা ও পশ্চিম পাকিস্তানী পুলিশ এসব ধরে আনা বালিকা ও মহিলাদের উপর অবিরাম ধর্ষণ চালায়। লাইনে পুলিশের কলরবের জন্য আমারা অত্যাচারিত মেয়েদের ক্রন্দন রোল শুনতে পেতাম না- লাইনের দূরে গিয়ে দাঁড়ালেই ধর্ষিতা মেয়েদের আর্তনাদ ও আহজারি শুনতে পেতাম-রাতে ধর্ষিতা মেয়েদের বুকফাটা চিৎকারে আমরা কোয়ার্টারে ঘুমাতে পারতামনা- সারারাত পরিবার পরিজন নিয়ে জেগে থাকতাম। হেড কোয়ার্টার বিল্ডিং থেকে ভেসে আসা ধর্ষিতা মেয়েদের আর্তনাদে আমরা বাঙ্গালী মেয়েদের দুর্দশা দেখে দুঃখে, ক্ষোভে, বেদনায় দিশাহারা হয়ে পড়েছিলাম। আমরা ঐ সকল অসহায় মেয়েদের উদ্ধার করার জন্য কিছুই করি নাই, করতে পারি নাই, কারণ ওদেরকে উদ্ধার করার জন্য, ওদের অত্যাচারের সহানুভূতি ও দরদ দেখানোর কোন সুযোগ আমাদের ছিল না। হেডকোয়ার্টারের তেতলা ও চারতলায় যেখানে বাঙ্গালী মেয়েদের উলঙ্গ অবস্থায় ঝুলিয়ে রেখে ধর্ষণ করা হতো সেখানে সব সময় পাঞ্জাবী সৈন্যরা প্রহরায় মোতায়েন থাকতো। সেখানে আমাদের প্রবেশ করার অনুমতি ছিল না। মিঃ বোস্তান খাঁ নামে এক পাঞ্জাবী ভদ্রলোক এ সময় রাজারবাগ পুলিশ লাইনের রিজার্ভ ইন্সপেক্টর ছিলেন। এই ভদ্রলোক আমাদের লাইনের দায়িত্বভার গ্রহন করার পর আমাদের উপর সর্বদিক দিয়ে অত্যাচার ও দমন নীতি আরম্ভ হয়ে যায়। পুলিশ লাইনে কখন আমাদের উপর মৃত্যুর করাল গ্রাস নেমে আসে, আমরা এ ভয়ে সব সময় সন্ত্রস্ত থাকতাম। ১৯৭১ সনের ৪ঠা এপ্রিল রাজারবাগ পুলিশ লাইন থেকে তৎকালীন ষ্টোর-ইন-চার্জ পুলিশ সার্জেন্ট মিঃ মুর্তজা হোসেন এবং সুবেদার আবুল হোসেন খান এবং সুবেদার মোস্তফাকে ঢাকা সেনানিবাসে নিয়ে যাওয়া হয়। সেখানে পাঞ্জাবী সেনারা এই তিনজন বাঙ্গালী পুলিশকে ওদের ক্যাম্পে নিয়ে গিয়ে নির্মম অত্যাচার চালায়-পঞ্জাবী সেনারা এই তিনজন বাঙ্গালী পুলিশকে ওদের ক্যাম্পে নিয়ে গিয়ে নির্মম অত্যাচার চালায়-পাঞ্জাবী সেনারা লাইন হয়ে ওদেরকে ঘেরাও করে দাঁড়িয়ে ফুটবলের মত বুট দিয়ে লাথি মেরে খেলতে থাকে। ওদের তিন জনের দেহ লাঠি, বেত, বুট ও বেয়নেট দিয়ে গরুর মত পিটিয়ে চুরমার করে দেওয়া হয়, সারা দেহ চাক চাক করে কেটে দেওয়া হয়। ওদের দেহ রক্তাক্ত হয়ে একেবারে অবশ ও অচল হয়ে গেলে তাদের তিনজনকে গুলি করে হত্যা করার নির্দেশ দেওয়া হয়। ওদের ক্ষতবিক্ষত দেহ দেখে যাকে তাদেরকে হত্যা করার নির্দেশ

দেওয়া হয়েছিল, সেই পাঠান তাদেরকে ছেড়ে দেন। পদস্থ পাঞ্জাবী অফিসারদের তাদের হত্যা করার জন্য তিনটি ফাকা গুলির শব্দ শুনিয়ে দেয় এবং বন্দীদের বাংলাদেশ স্বাধীন না হওয়া পর্যন্ত আত্মগোপন করে থাকার জন্য বলা হয়। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর আমি উপরোক্ত তিন সহকর্মীর নিটক উক্ত ঘটনা বিস্তারিত জানতে পেরেছি।

১৯৭১ সনের ডিসেম্বরে ঢাকা রাজধানীতে মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সম্মিলিত অভিযানের মুখে আমরা রাজারবাগ পুলিশ লাইনের পশ্চিম পাকিস্তানী পুলিশ ও পাঞ্জাবী সেনাদের বেসামাল অবস্থায় দেখতে পাই। বাংলাদেশ মুক্ত হলে মিত্রবাহিনী ও মুক্তি বাহিনী রাজারবাগ পুলিশ লাইনের সকল পশ্চিম পাকিস্তানী পুলিশ ও পাঞ্জাবী সেনাদের বন্দী করে নিয়ে যায়।

স্বাক্ষর/-
আবদুল কুদ্দুস
২৬-৩-৭৪
রিজার্ভ ইন্সপেক্টর অব পুলিশ,
বি, আর, পি,
রাজারবাগ, ঢাকা।

\ ৬ \

সুবেদার খলিলুর রহমান
আর্মস এস আই, বি, আর পি,
রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা

১৯৭১ সনের ২৯শে মার্চ সকাল দশটায় আমরা মিল ব্যারাক পুলিম লাইনে উপস্থিত হয়ে আমাদের প্রিয় পুলিশ সুপার মিঃ ই, এ, চৌধুরী, পুলিশ কমাণ্ডেন্ট মিঃ হাবিবুর রহমান, ডি, এস, পি, লোদী সাহেব, রেঞ্জ রিজার্ভ ইন্সপেক্টর মিঃ সৈয়দ বজলুল হক, ডি, এস, পি, আব্দুস সালাম, রিজাভ ইন্সপেক্টর মিঃ মতিয়ুর রহমান সবাইকে উপস্থিত দেখলাম। মিঃ ই, এ, চৌধুরী সাহেব ক্ষুধার্ত, আহত, ক্ষতবিক্ষত সিপাহীদের দেখে কান্নায় ভেঙ্গে পড়লেন। লাইনে মুহূর্তে কান্নার রোল পড়ে গেল। তিনি লাইনের মধ্যে প্রবেশ করে প্রতিটি সিপাহীর আহত, ক্ষতবিক্ষত দেহ দেখলেন, তার দু'চোখ বেয়ে অঝোরে অশ্রু পড়ছিল। তিনি অবিলম্বে আমাদের খাওয়ার ব্যবস্থা করলেন। তিনি বললেন, তোমাদের কোন অসুবিধা নাই, তোমরা নীরবে তোমাদের কাজ করে যাও।'' আমি তোমাদের নিরাপত্তার ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখবো।

আমার সাথে আমার আরও তিনজন সুবেদার, সুবেদার সফিকুর রহমানের সহকর্মীর সাথে আটজন হাবিলদার- মোঃ ফজলুল হক, আঃ ওয়াদুদ, আব্দুল কুদ্দুস ও অন্যান্য বিশজন পুলিশ কনেষ্টবল দিয়ে ঢাকা কোতোয়ালী থানার দায়িত্ব দেওয়া হয়। আমরা থানায় প্রবেশ করে দেওয়ালে, মেঝেতে চাপ চাপ রক্ত দেখতে পেলাম, দেখলাম থানার দেওয়াল গুলির আঘাতে ঝাঁজড়া হয়ে আছে, বুড়ীঙ্গার পাড়ে অসংখ্য মানুষের মৃতদেহ পেলাম, আমাদের পি, এর, এফ, এর কনেষ্টবল আবু তাহেরের (নং ৭৯৮) পোশাকপরা লাশ ভাসছে, আরও বহু সিপাহীর ক্ষত বিক্ষত লাশ দেখতে পেলাম। আমার চোখ বেয়ে অশ্রু পড়ছিল, আমি দিশাহারা হয়ে কাঁদতে কাঁদতে আমার প্রিয় সিপাহী তাহেরের লাশ ধরতে গেলে পিছন থেকে এক পাঞ্জাবী সেনা গর্জ্জন করে কর্কশ ভাবে বলতে থাকে ''শূয়র কা বাচ্চা, তোমকো ভি পাকড়াতা হায়, কুত্তাকা বাচ্চা, তোম কো ভি সাত মে 'গুলি করেগা'' আমি আর্ম সাব ইন্সপেক্টর হওয়া সত্ত্বেও একজন সাধারণ পাক সেনা আমার সাথে কুকুরের মত ব্যবহার করলো। দুঃখে, অপমানে, লজ্জায় আমি যেন অবশ হয়ে পড়লাম। প্রতিবাদ করতে চাইলাম সর্বশক্তি দিয়ে কিন্তু পারলামনা। প্রতিবাদ করার কোন উপায় ছিল না। তাই ওদের অসহ্য আপত্তিকর কার্যকলাপের প্রতিবাদ করি নাই, সবকিছু নীরবে সহ্য করেছি ওদের যথেচ্ছ কার্যকলাপের নীরব সাক্ষী হয়ে রয়েছি।

কোতোয়ালী থানার বরাবর সোজাসুজি গিয়ে বুড়ীগঙ্গার লঞ্চঘাটের পাড়ে দাঁড়িয়ে দেখলাম বুড়ীগঙ্গার পাড়ে লাশ, বিকৃত, ক্ষত-বিক্ষত, অসংখ্য মানুষের লাশ ভাসছে পুলিশের পোশাকপরা বীভৎস লাশ। দেখলাম বিভিন্ন বয়সের নারী পুরুষ, বৃদ্ধা-যুবা, যুবক-যুবতী, বালক-বালিকা, কিশোর-শিশুর অসংখ্য লাশ। যতদূর আমার দৃষ্টি যায় দেখলাম বাদামতীল ঘাট থেকে শ্যামবাজার ঘাট পর্যন্ত নদীর পাড়ে অসংখ্য মানুষের বীভৎস পচা ও বিকৃত লাশ, অনেক উলঙ্গ যুবতীর লাশ দেখলাম, এই পূত-পবিত্র বীরাঙ্গনাদের ক্ষত বিক্ষত যোনিপথ দেখে মনে হলো, পাঞ্জবী সেনারা কুকুরের মত ওদের পবিত্র দেহের উপর ঝাঁপিয়ে পড়ে ওদেরকে যথেচ্ছভাবে ধর্ষণ করে গুলিতে ঝাঁঝড়া করে নদীতে ফেলে দিয়েছে। অনেক শিশুর ও ছোট ছোট বালক-বালিকাদের থেঁতলে যাওয়া লাশ দেখলাম। ওদেরকে পা ধরে মাটিতে আছড়িয়ে মারা হয়েছে। দাঁড়িয়ে দাঁড়িয়ে অশ্রুভরা চোখে আমি লাশ দেখলাম- লাশ আর লাশ-অসংখ্যা নিরীহ বাঙ্গালীর লাশ- প্রতিটি লাশে বেয়নেট ও বেটনের আঘাত দেখলাম, দেখলাম কারও মাথা চূর্ণবিচূর্ণ হয়ে আছে, পাকস্থলি সমেত হৃৎপিণ্ড বের করা হয়েছে, পায়ের গিট হাতের কব্জা ভাঙ্গা, ঝুলছে পানিতে। সদরঘাট টার্মিনালের শেডের মধ্যে প্রবেশ করে শুধু রক্ত আর রক্ত দেখলাম- দেখলাম

মানুষের তাজা রক্ত এই বুড়ীগঙ্গা নদীর পাড়ে। এই টার্মিনাল শেড ছিল ২৫শে মার্চের কালো রাত্রিতে ওদের জল্লাদখানা। ওরা বহু মানুষকে ধরে এনে ঐ টার্মিনালে জবাইকরে বেটন ও বেয়নেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে হত্যা করে টেনে হেঁচড়ে পানিতে ফেলে দিয়েছে। অসংখ্য মানুষকে এভাবে নদীতে ফেলে দেওয়ার পরিষ্কার ছাপ দেখতে পেলাম সেই রক্তের স্রোতের মধ্যে। শেডের বাইরের প্রাঙ্গণে গিয়ে দেখলাম অসংখ্য কাক ও শকুন মানুষের সেই রক্তের লোভে ভীড় করেছে। সদরঘাট টার্মিনাল থেকে ভারাক্রান্ত হৃদয়ে বের হয়ে পূর্বদিকে পাক সেনাদের সদর আউট পোষ্টের দিকে দেখলাম নদীর পাড়ের সমস্ত বাড়িঘর ভস্ম হয়ে ওদের নৃশংসতা ও ভীবৎসতার সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে। দেখলাম রাস্তার পার্শ্বে মিউনিসিপালিটির কয়েকটি ময়লা পরিষ্কার করার ট্রাক দাঁড়িয়ে আছে, সুইপাররা হাত পা ধরে টেনে হেঁচড়ে ট্রাকে লাশ উঠাচ্ছে, প্রতিটি ঘর থেকে আমাদের চোখের সামনে বহু নারী-পুরষ, বালক-বালিক, কিশোর-শিশু ও বৃদ্ধ-বৃদ্ধার লাশ সুইপাররা টেনে টেনে ট্রাকে উঠাচ্ছিল। পাঞ্জাবী সেনারা নদীর পাড়ে দাঁড়িয়ে কুকুরের মত নির্মমভাবে প্রহরা দিচ্ছিল। ভয়ে সন্ত্রাসে আমি আর এগুতে পারলাম না। পূর্বদিকে রাস্তা দিয়ে আমি সদরঘাটের কাপড়ের বাজারের নীরব নিথর রাস্তা ধরে সদরঘাট বেপটিষ্ট মিশনের চৌরাস্তার সম্মুখ দিয়ে নওয়াবপুরের দিকে অগ্রসর হচ্ছিলাম। আমাদের কারো শরীরে পুলিশের পোশাক ছিল না- আমি এবং আমার সাথে আরও দু'জন সিপাহী সাধারণ পোশাক পরে দায়িত্ব পালন করছিলাম। কাপড়রের বাজারের চারদিকে রূপমহল সিনেমা হলের সম্মুখে সর্বত্র বিভিন্ন বয়সের অসংখ্য মানুষের ইতস্ততঃ ছড়ানো বীভৎস লাশ দেখলাম, বহু যুবতি মেয়ের ক্ষত বিক্ষত লাশ দেখলাম।

খৃষ্টান মিশনারী অফিসের সম্মুখে, সদরঘাট বাস ষ্টপেজের চারদিকে, কলেজিয়েট হাইস্কুল জগন্নাথ কলেজ, পগোজ হাইস্কুল, ঢাকা জজকোর্ট, পুরাতন ষ্টেট ব্যাংক বিল্ডিং, সদরঘাট গির্জা, নওয়াবপুর রোডের সর্বত্র, ক্যাথলিক মিশনের বাইরে এবং ভিতরে আদালত প্রাঙ্গণে বহু মানুষের মৃতদেহ দেখলাম। রাস্তায় রাস্তায় দেখলাম পুলিশের পোশাক পরা বহু মৃতদেহ, রায় সাহেব বাজার ব্রিজ পার হয়ে নওয়াবপুর রোডে পা দিয়েই দেখলাম বিহারীদের উল্লাশ ও উন্মত্ত লাফালাফি, ওরা পশুর মত অট্টহাসিতে ফেটে পড়ে অসংখ্য বাঙ্গালীর লাশ পাড়িয়ে জয়ধ্বনি করে মিছিল করে নওয়াবপুরের রাস্তায় বের হয়ে পড়ছিল। পাঞ্জাবী সেনা কতৃক নির্বিচারে বাঙ্গালী হত্যার খুশীতে দেখলাম বিহারীরা রাস্তায় পড়ে থাকা নিরীহ বাঙ্গালীদের লাশের উপর লাথি মারছে, কেউ প্রস্রাব করে দিচ্ছে, হাসতে হাসতে, রাস্তায় রাস্তায় বিহারী এলাকায় দেখলাম সরু বাঁশের মাথায় বাঙ্গালী বালক ও শিশুর লাশ বিদ্ধ করে খাড়া করে রাখ হয়েছে। দেখলাম উন্মত্ত বিহারী জনতা রাস্তায় পড়ে থাকা লাশগুলিকে দা দিয়ে কুপিয়ে কুচি কুচি করে কেটে আনন্দ করছে, উশৃঙ্খল বিহারী ছেলেরা রাস্তায় বেরিয়ে পড়ে উল্লাশ করছে, রাস্তার দুই পার্শ্বে সর্বত্র আগুন আর আগুন দেখলাম। বিহারী জনতা রাস্তার পার্শ্বের প্রতিটি বাড়িতে প্রবেশ করে আগুন লগিয়ে দিয়েছিল, জ্বলছিল বাঙ্গালীদের ঘর বাড়ি, আসবাবপত্র পন্যদ্রব্য, পোশাক পরিচ্ছদ মূল্যবান জিনিসপত্র। ঠাটারী বাজারের ট্রাফিক ক্রসিংয়ে এস দেখলাম একটি যুবক ছেলের বীভৎস লাশের উপর পেট চিড়ে বাঁশের লাঠি খাড় করে, লাঠি মাথায় স্বাধীন বাংলার একটি মলিন পতাকা ঝুলিয়ে রাখা হয়েছে। লাশের উপর জয় বাংলার পতাকা ঝুলিয়ে রেখে বিহারী জনতা চারদিকে দাঁড়িয়ে থেকে হাসছে, উল্লাস করছে। দেখলাম লাশের গুহ্যদ্বার দিয়ে লাঠি ঢুকিয়ে আনন্দ প্রকাশ করছে। বিজয় নগরের রাস্তা ধরে আমি শান্তিবাগে আমার কোয়ার্টারের আসছিলাম- দেখলাম তখনও রাস্তার চারিপার্শ্বের ঘরবাড়ি জ্বলছে।

আমি কোতোয়ালী থানায় দায়িত্ব পালন করতাম, ৩০শে মার্চ কোতোয়ালী থানর মধ্যে আমরা কামরায় কামরায় প্রবেশ করে দেওয়ালের সর্বত্র চাপ চাপ রক্ত দেখলাম, দেখলাম থানার পায়খান, প্রশ্রাবখানা ও অন্যান্য দেওয়াল গুলির আঘাতে ঝাঁঝড়া হয়ে গেছে। ১৯৭১ সনের মার্চ মাসের পর কোতোয়ালী থানার কোন বাঙ্গালী পুলিশকে বাইরে কোন টহলে পাঠানো হতো না, থানায় বসিয়ে রাখা হতো। এক পাঞ্জাবী মেজর আমাদেরকে তদারক করে যেতেন মাঝে মাঝে এসে। ৫ই এপ্রিল আমাদের সবাইকে কোতোয়ালী থানা থেকে রাজারবাগ

পুলিশ লাইনে আনা হয়। পুলিশ লাইনে এসে আমাদের ব্যারাক কেন্টিন, আসবাবপত্র, পোশাক পরিচ্ছদ সবকিছুর ভস্ম ছাই দেখলাম। তিন নম্বর ব্যারাকে প্রবেশ করে আমার দু'জন প্রিয় সিপাহীর অগ্নিদগ্ধ লাশ দেখলাম-লাশের পায়ে শুধুমাত্র বুট ছিল, তাদের পোশাক পরিচ্ছদ সারা দেহ জ্বলে শেষ হয়ে গিয়েছিল। আমার প্রিয় সিপাহী জাহাঙ্গীর ও আবদুস সালামের বীভৎস লাশ দেখে আমি কান্নায় ভেঙ্গে পড়লাম। লাশের দিকে মাথ নত করে আমার দু'জন বীর সিপাহীকে সালাম জানালাম, অশ্রুসিক্ত নয়নে। পুলিশ লাইনের উত্তর পূর্বদিকের পুকুরের উত্তর পাড়ে শহীদ সিপাহীদের যথার্থ মর্যাদার সাথে সমাহিত করলাম।

পুলিশ লাইন থেকে পাঞ্জাবীরা চলে গেলেও রাজারবাগ পুলিশ লাইনে চরম ভয় ভীতি, সন্ত্রাস ও হতাশা বিরাজ করছিল। আমরা সব সময় মৃত্যু ভয়ে ভীত ও আতঙ্কগ্রস্ত থাকতাম। ঢাকা ডিষ্ট্রিক্ট বিশেষ পুলিশ ফোর্সের রিজার্ভ ইন্সপেক্টর ছিলেন এ সময় বোস্তান খাঁ নামে এক চরম বাঙ্গালী বিদ্বেষী পাঠান ভদ্রলোক। এ ভদ্রলোক পুলিশ লাইনের দায়িত্বভার গ্রহণ করেই চরম সন্ত্রাসের রাজত্ব কায়েম করেন। তিনি ৬ই এপ্রিল লাইনে বসেই বাঙ্গালী পুলিশের সাথে কুকুরের মত যথেচ্ছ ব্যবহার আরম্ভ করে দেন। লাইনে প্রবেশ করে স্বাস্থ্যবান, শক্তি সমর্থ কনষ্টেবলদের ধরে, হাড়ের গিরায় গিরায় বেদম ভাবে পিটুনি দেন। খুঁজে খুঁজে তার পছন্দ ও ইচ্ছামত যাকে ইচ্ছা তাকেই ধরে মুক্তিবাহিনী বলে ঢাকা সেনানিবাসে ধরে নিয়ে গিয়েছিলেন তারা আর কোনদিন লাইনে ফিরে আসেনাই। সাথে সাথে ঢাকা সেনানিবাস থেকে মিলিটারী ট্রাকে করে পাঞ্জাবী সেনারা হঠাৎ পুলিশ লাইনে উপস্থিত হয়ে বাঙ্গালী পুলিশদের তদারক আরম্ভ করে দিত। পাইকারীভাবে নাম ও নাম্বার জিজ্ঞাসা করতে করতে অকস্মাৎ অনেককে ''তোম মালা মুক্তি বাহিনী হায়, চলো'' বলে গরুর মত বুটের লাথি মারতে মারতে ট্রাকে উঠিয়ে নিয়ে যেত। আমি তখন পি, আর, এফ-এর ফোর্স সুবেদার ছিলাম। মিলিটারী ট্রাক লাইনে প্রবেশ করার সাথে সাথে আমি যে কোন অজুহাতে লাইনের বাইরে চলে যেতাম। পঞ্জাবী সেনারা লাইনে প্রবেশ করলে লাইনের সর্বত্র যেন সবার মুখে মৃত্যুর কালোছায়া নেমে আসতো। বাঙ্গালী পুলিশ যার যার মত ব্যারাকে প্রবেশ করে ওদের দৃষ্টির আড়ালে থাকার চেষ্টা করতো। কারণ ওদের দৃষ্টিতে পড়ে গেলেই ওরা যে কোন অজুহাতে বাঙ্গালী পুলিশদের বিপন্ন করতো, বিপদগ্রস্ত করে তুলতো।

১৯৭১ সনের মে মাসে রাজারবাগ পুলিশ লাইনে পশ্চিম পাকিস্তানী পাঞ্জাবী পুলিশ এসে গেলে পাঠান রিজার্ভ ইন্সপেক্টর কুকুরের মত অট্টহাসীতে ফেটে পড়ে বলতে থাকে ''যাও শালা লোক শোয়ার কা বাচ্চা হামারা ব্যারাক ছোড়ো, হামারা আদমী আগিয়া, শালা লোগ, ভাগো''। একথা বলার সাথে সাথে বিহারী, পাঞ্জাবী, পাঠান পুলিশ ও পশ্চিম পাকিস্তানী পোশাক পরিচ্ছদ, আসবাপত্র সবকিছু ব্যারাকের বাইরে ফেলে দিয়ে আমাদের ঘাড়ে ধরে বের করে দেয়। আমরা বাঙ্গালী পুলিশরা অসহায় এতিমের মত আমাদের পোশাক পরিচ্ছদ কুড়িয়ে নিয়ে লাইনের আস্তাবলে বারান্দায় গাছের নিচে উন্মুক্ত প্রঙ্গণে আশ্রয় গ্রহণ করি। রাজারবাগ পুলিশ লাইনে যোগদান করার পর আমরা দেখেছি পাঞ্জাবী সেনারা মিলিটারী ট্রাকে ও জীপে করে প্রতিদিন স্কুলে, কলেজে, ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের, ঢাকার বিভিন্ন এলাকার বালিকা, যুবতী মেয়ে ও সুন্দরী রমণীদের ধরে আনতে থাকে। অধিকাংশ বালিকা, যুবতী মেয়ের হাতে বই ও খাতা দেখেছি। প্রতিটি মেয়ের মুখমণ্ডল বিষন্ন, বিমর্ষ ও বিষময় দেখেছি। মিলিটারী জীপে ও ট্রাকে যখন এভাবে যুবতী মেয়েদের রাজারবাগ পুলিশ লাইনে আনা হতো তখন পুলিশ লাইনে হৈচৈ পড়ে যেত, পাঞ্জাবী, বিহারী ও পশ্চিম পাকিস্তানী পুলিশ জীভ চাটতে চাটতে ট্রাকের সম্মুখে এসে মেয়েদের টেনে হেচড়িয়ে নামিয়ে নিয়ে তৎক্ষণাৎ দেহের পোশাক পরিচ্ছদ কাপড় চোপড় খুলে তাদেরকে সম্পূর্ণভাবে উলঙ্গ করে আমাদের চোখের সামনেই মাটিতে ফেলে কুকুরের মত ধর্ষণ করতো। রাজধানীর বিভিন্ন এলাকা ও অঞ্চল থেকে ধরে এ সকল যুবতী মেয়েদের সারাদিন নির্বিচারে ধর্ষণ করার পর বৈকালে আমাদের পুলিশ হেডকোয়ার্টার বিল্ডিং এর উপর তাদেরকে উলঙ্গ করে চুলের সাথে লম্বা লোহার রডের সাথে বেঁধে রাখা হতো। রাতের বেলায় এসব নিরীহ বাঙ্গালী নারীদের উপর অবিরাম ধর্ষণ চালানো হতো। আমরা গভীর রাতে

আমাদের কোয়ার্টারে বসে মেয়েদের আর্ত চিৎকার শুনে অকস্মাৎ সবাই ঘুম থেকে ছেলেমেয়ে সহ জেগে উঠতাম। সেই ভয়াল ও ভয়ঙ্কর চিৎকারে কান্নার রোল ভেসে আসতো ''বাঁচাও, আমাদের বাঁচাও, তোমাদের পায়ে পড়ি, আমাদের বাঁচাও, পানি দাও, এক ফোটা পানি দাও, পানি, পানি।''

মিলিটারী ট্রাক ও ভ্যানে প্রতিদিন পাঞ্জাবী সেনারা রাজধানীর বিভিন্ন জনপদ, কলেজ ও বিশ্ববিদ্যালয় এলাকা থেকে নিরীহ বাঙ্গালী যুবক ছেলেদের চোখ বেঁধে ধরে নিয়ে হেডকোয়ার্টারে অফিসের কক্ষে কক্ষেজমায়েত করে অকথ্য অত্যাচার চালাতো। হেড কোয়ার্টার অফিসের উপর তালায় আমাদের প্রবেশ করা একেবারে নিষিদ্ধ ছিল। দিনের বেলায় পুলিশ লাইনে প্যারেডের আওয়াজের জন্য উপরতলা থেকে নির্যাতিত বন্দীদের কোন আর্তনাদ আমরা শুনতে পেতাম না। সন্ধ্যার পর আমরা আমাদের নির্দিষ্ট কোয়ার্টার থেকে তাদের আর্তনাদ শুনতে পেতাম। সন্ধ্যার পর পাক সেনারা বিভিন্ন প্রকারের বন্দীদের উপর অত্যাচার চারিয়ে যেত। আর লোহার রডের উপর ঝুলন্ত বালিকা, যুবতী নারী ও রূপসী রমণীদের উপর চলতো অবিরাম ধর্ষণ, নির্মম অত্যাচার। বন্দীদের হাহাকারে আমরা অনেক সময় একবারে দিশাহারা হয়ে পড়তাম, অনেক সময় প্রতিবাদ করতে চাইতাম। কিন্তু ওদের শক্তির মোকাবিলায় আমাদের কিছুই করার ছিল না, আমরা কিছুই করি নাই, করতে পারি নাই। এভাবে প্রতিদিন 'মুক্তি হায়' বলে যে সব নিরীহ বাঙ্গালী ছেলেদের চোখ বেঁধে পুলিশ লাইনে এনে হেড কোয়ার্টার অফিসে জমায়েত করা হত রাতের শেষে পরের দিন সকালে আর এ সকল বন্দীদের দেখা যেত না এবং সে স্থানে নতুন বন্দীদের এনে রাখা হতো।

স্বাক্ষর/-
খলিলুর রহমান
২-৬-১৯৭৪

\ ৭ \

মতিউর রহমান
সাব-ইন্সপেক্টর অব পুলিশ
রমনা থানা, ঢাকা

১৯৭১ সনের ২৫শে মার্চ আমি সারাদিন থানা সংলগ্ন পুলিশের সি, আই, অফিসের কাজ করছিলাম। রাত দশটা পনের মিনিট। আমার টেবিলের উপর রাখা টেলিফোনটি বেজে উঠল। কমলাপুর পুলিশের জি, আর, পি, থেকে আমার এক বিশিষ্ট বন্ধু টেলিফোনে আমাকে জানালো যে, ঢাকা সেনানিবাস থেকে ভারী অস্ত্র ও কামান সেট করা সত্তরটি আর্মি ট্রাক ভর্তি সশস্ত্র পাক হানাদার এয়াপোর্ট রোড ধরে ঢাকা শহরে প্রবেশ করছে। রাত প্রায় এগারোটার সময় পাক হানাদাররা আমাদের থানার উপর আক্রমণ করে। ওরা এসেই ভারী মেশিনগানের সাহায্যে বৃষ্টির মত আমাদের থানায় গুলি বর্ষণ করতে থাকে। থানার সামনে নিয়োজিত আমাদের সশস্ত্র প্রহরী ও কতিপয় পুলিশ অফিসার পশুদের অবিরাম গুলিবর্ষণে বেশীক্ষণ টিকে থাকতে পারে নাই। পাক সেনারা থানায় ঢুকেই তাদের সবাইকে বন্দী করে। এরপর বহু পাক সেনা আমাদের দিকে গুলিবর্ষণ করতে করতে অগ্রসর হতে থাকলে আমরা গুলিবর্ষণ শুরু করি এবং প্রাণপণে পশুদের প্রতিরোধ করতে থাকি। এভাবে আমরা সারারাত শত্রুসেনাদের প্রতিরোধ করতে থাকি। সকালে সাড়ে পাঁচটায় ওরা থানার কলোনী সশস্ত্রভাবে ঘেরাও করে ব্যাপক তল্লাশী আরম্ভ করে এবং আমাদের সবাইকে বন্দী করে। আমরা থানায় পুলিশের সাধারণ সিপাহী, উচ্চপদস্থ পুলিশ অফিসারসহ মোট ৪৫ জন ওদের হাতে বন্দী হয়েছিলাম। আমাদের সাথে বাইরের আরও ৫০ জন পুলিশ বন্দীকে রাখা হয়েছিল। আমাদের সবাইকে থানার সম্মুখে পশ্চিম দিকের মাঠে বেদম প্রহার করতে করতে, বুটদ্বারা লাথি মারতে মারতে নিয়ে গিয়ে ''নজর নিচে দেকার মিটেট মে শো যাও'' বলে আমাদেরকে উপড় করে লাথি মেরে শুইয়ে দেয়। সকাল ছয়টা থেকে নয়টা পর্যন্ত তিন ঘন্টা আমাদেরকে বেগম পিটানো হয়। হাতের বেত, বন্দুকের নল এবং যার হাতে যা ছিল তাই দিয়ে আমাদের উপর এলোপাতাড়ি পিটুনি চলতে থাকে। ''শালা মালাউন, শোয়ার কা বাচ্চা আভী জয় বাংলা বলতা নাই, শালা কাফের, হিন্দুকা লাড়কা, তোমহারা মুজিবর বাবা আভি কাহা হায়?'' বলে অকথ্য গালাগালি করতে থাকে আর অবিরামভাবে প্রহার করতে থাকে। আমার ঘরে নৌকার সুন্দর আর্ট করা গ্রাম বাংলার একটি দেওয়াল চিত্র দেখে আমাকে আরও বেশী প্রহার করতে থাকে। আমাদের সি, আই, মিঃ মোয়াজ্জেম হোসেন, লজ্জায় এবং অপমানে বিমূঢ় হয়ে সারাদিন হাউমাউ করে পাগলের মত কাঁদতে থাকেন। তার দু'ছেলেও তার সাথে বন্দী হয়ে চরম অত্যাচারের শিকার হয়েছিল। তিন ঘন্টা থানার সামনের মাঠে বেদম পিটুনী দেওয়ার ফলে আমাদের বহু সহকর্মী জ্ঞান হারিয়ে ফেলেছিলেন। কারো মুখ দিয়ে রক্ত পড়ছিল, কারো কারো হত পা ভেঙ্গে গিয়েছিল। এরপর আমাদের প্রায় ৪০ জন কে এলোপাতাড়ি পিটাতে পিটাতে থানার একটি আট ফুট প্রশস্ত ও দশ ফুট চওড়া ছোট কামরায় ঠাসাঠাসি করে চাউলের বস্তার মত গুদামজাত করে রাখা হয়। আমরা বেগমভাবে প্রহৃত হওয়ার পর থানার সম্মুখে প্রাঙ্গণে মানুষের তাজা রক্তে ভরপুর দেখেছি। আমাদের থানা হাজতে একজন আসামী ছিল তাকেও গুলি করা হয়। কিন্তু সে মরে নাই, আধমরা ভাবে ভীষণ যন্ত্রণায় কাতরাচ্ছিল। আমরা ছোট কামরায় প্রবেশ করার সময় দেখলাম আমাদের দু'জন শহীদ সিপাহীর লাশ থানার পিছনের মাটিতে পোত হচ্ছে। সারারাত আমরা সকল সিপাহী বন্দী দাঁড়িয়ে থেকে যন্ত্রনায় কেঁদেছি, সাংঘাতিক যন্ত্রণা ভোগ করেছি। ওরা মেশিনগান নিয়ে সর্বক্ষণ প্রহরায় ছিল। পরের দিন ২৭শে মার্চ সকাল দশটার সময় সকল বন্দীকে বের করে গরুর মত পিটাতে পিটাতে থানার পূর্বদিকে নিয়ে গিয়ে ছোট হাউজের সামনে দাঁড় করিয়ে রেখে বলে, ''যাও শালা লোগ পিয়ো''। ঐ পানিতে পশুরা নেমে সকাল থেকে গোসল কারায় পানি দূষিত ও বিষাক্ত হয়ে গিয়েছিল। আমাদের বন্দীদের মধ্যে কতক সেই পচা পানি দিয়েই হাত মুখ ধুয়ে নিল, তৃষ্ণায় একেবারে দিশাহারা হয়ে অনেকে পানি খেয়ে নিল, অনেকেই সে পানি স্পর্শ করতে পারলো না। আমরা পানির হাউজের সামনে যাওয়ার সময় লক্ষ্য করলাম পূর্বের দিন যেখানে আমাদের দু'জন শহীদ সিপাহীদের লাশ পোতা হয়েছিল সেখানে তাদের

লাশ নেই, সামনেই দেখলাম সেই দু'জন শহীদ সিপাহীর রক্ত মাখা পোশাক এক জায়গায় গুটিয়ে রাখা হয়েছে। পানি খাওয়ার পর আমাদেরকে পুনরায় সেই ছোট কামরায় গাদাগাদি করে রাখা হয়। কিছুই খেতে দেওয়া হয় নাই দু'দিন। আমাদের কেউ কেউ ক্ষুধায় একেবারে কাতর হয়ে খেতে দেওয়ার জন্য প্রার্থনা জানালে ওরা অট্টহাসিতে ফেটে পড়ে বলতো, ''তোমহারা মুজিবর বাবা খানা ডেজেগো।'' ১৯৭১ সনের ২৬শে মার্চ সকাল থেকেই ওরা তিন চার জন করে কামরা থেকে নিয়ে পাশের কামরায় বেদম পিটুনি আরম্ভ করলো। এভাবে আমাদের সকল বন্দীদের উপর অসহ্য মার পিট চললো। আমি সেই কামরায় প্রবেশ করার পর পরই দেখলাম দশ বার জন জল্লাদ পশু। ওদের হাতের ছোট ছোট লাঠি। বন্দুকের বাট, বুট, যার হাতে যা ছিল তাই দিয়ে নির্মম ভাবে পিটাতে থাকে। আমি ওদের মারে জ্ঞান হারিয়ে ফেলি। এরপর আমাকে পাশের কামরায় নিয়ে পুলিশের কোথায় কি আছে, কত পুলিশ অফিসার থানায় আছে, পুলিশ কি মিটিং করেছিল ইত্যাদি সম্পর্কে জিজ্ঞাসাবাদ করে। কিন্তু অসহ্য পিটুনি সহ্য করার পরও আমি কোন ব্যাপারেই সঠিক তথ্য ওদেরকে সরবরাহ করি নাই। ১৯৭১ সনের ২৭শে মার্চ আমরা সকল বন্দীরা যন্ত্রণায় ছটফট করছিলাম। বিকাল তিনটার সময় টুকরীতে করে সামান্য ভাত এনে আমাদের জানালার সামনে ধরে রেখে অট্টহাসিতে ফেটে পড়ে বলতে থাকে, ''শালা লোগ চাউল খায়েগা, চাউল।'' সে ভাত আমাদেরকে খাওয়াবার জন্য আনা হতো না, বরং আমাদেরকে নিয়ে বিদ্রুপ করার জন্যই আমাদের জানালার সামনে ধরে রাখা হতো। ওরা জানালার সামনে সামান্য কিছু ভাত ধরে ঠাট্টা তামাশা করতে থাকলেও আমাদের কোন ক্ষুধার্ত বন্দীই ওদের বিদ্রুপের সামনে কোন কথাই বলে নাই। ওরা ভাত নিয়ে এমন উলঙ্গভাবে আমাদেরকে নিয়ে বিদ্রুপ করে চলে যাওয়ার পর বন্দীখানায় কান্নার রোল পড়ে যায়। আমরা সবাই কাঁদতে থাকি হাউমাউ করে। ওরা সেই ভাতগুলি আমাদেরকে দেখিয়ে বন্দীখানার সামনের গাছের নিচে ফেলে দেয়। সারারাত আমরা সকল বন্দী কাঁদতে কাঁদতে পার করে । পশুরা মেশিনগান নিয়ে সব সময় আমাদেরকে পাহাড়া দিচ্ছিল। পরের দিন ২৮শে মার্চ আমরা জানালা দিয়ে দেখতে পাই পশুরা থানার অস্ত্রাগার ও মালখানার সকল অস্ত্র ও মালামাল সরিয়ে নিয়ে যাচ্ছিল ওদের মটর ট্রাকে করে। হাজতে রাখা আমাদের পূর্ববর্তী আহত বন্দীকে কোথায় নিয়ে যাওয়া হয় আমরা জানতে পারি নাই। ২৯শে মার্চ পর্যন্ত আমাদেরকে সারাদিন বন্দীখানায় এভাবেই দাঁড় করিয়ে রাখা হয়। একফোটা পানিও দেওয়া হয় নাই কোন বন্দীকে, কোন খাদ্যও দেওয়া হয় নাই। ২৯শে মার্চ বিকাল ৪টায় তৎকালীন ঢাকা জেলার পুলিশ সুপার ইমাদ আহমেদ চৌধুরী রমনা থানায় আসেন এবং আমাদেরকে তার সম্মুখে হাজির করা হয়। এমন সময় আমাদের এক বৃদ্ধ সিপাহী ক্ষুধায় এবং তৃষ্ণায় একেবারে জ্ঞান হারা হয়ে মাটিতে পড়ে যান। ইমাদ আহমেদ চৌধুরী তখন অশ্রুভরা চোখে বন্দীদের দেখছিলেন। আমার সামনে এসে আমার ক্ষতবিক্ষত দেহ দেখে তিনি আমাকে ধরে হাউ মাউ করে কেঁদে ফেললেন। পশুদের বুটের লাথি, বেয়নেটের আঘাত ও লাঠি এবং বেতের এলোপাতাড়ি আঘাতে আমার সমস্ত শরীর ক্ষতবিক্ষত হয়ে রক্ত ঝরছিল। আমাদের পুলিশ সুপার কান্নায় ভেঙ্গে পড়ে আমাদেরকে বললেন যাদের নিকটবর্তী বাসা আছে তারা বাসায় চলে যান, আরা যাদের কোন বাসা নাই তারা থানার সামনে দাঁড়ানো ট্রাকে চড়ে মিল ব্যারাকে চলে যান।'' আমি থানার বাসায় গিয়ে দেখলাম, সব লুট হয়ে গেছে, পাক পশুরা সব নিয়ে গেছে। খাওয়ার কিছুই ছিল না, না খেয়ে আহত ক্ষত বিক্ষত রক্তাক্ত দেহ নিয়ে খোদাকে আমার অত্যাচারের সাক্ষী রেখে শূন্য খাটে এলিয়ে পড়লাম। পরদিন সকালে আমি রাজারবাগ পুলিশ হাসপাতলের দিকে রওয়ানা হই অনেক কষ্টে। পথে দেখলাম তখনও রাজারবাগ পুলিশ লাইনে পুলিশের ব্যারাক দাউ দাউ করে জ্বলছে, জ্বলছে পুলিশের পোশাক-পরিচ্ছদ আসবাবপত্র। ব্যারাকের পিছনেই পাকা জায়গায় দেখলাম চাপ চাপ রক্ত শুকিয়ে আছে। ব্যারাকের মাঝখানে দেখতে পেলাম পায়ে বুট দেওয়া দু'টি পুলিশের লাশ তখনও জ্বলছে। পশুদের ভয়ে আর সামনে এগোতে সাহস পেলাম না। অন্য রাস্তা ধরে তাড়াতাড়ি হাসপাতলে দিকে পা' বাড়ালাম।

স্বাক্ষর/-
মতিউর রহমান
২২-৩-১৯৭৪

\ ৮ \

মোহাম্মদ হোসেন
পুলিশের সিপাহী
রমনা থানা, ঢাকা

১৯৭১ সনের ২৫শে মার্চ রমনা থানার একজন সাধারণ সিপাহী হিসেবে থানার সম্মুখের প্রাঙ্গণে প্রহরারত ছিলাম। রাত দশটায় আমার কর্তব্য শেষ করে আমি ব্যারাকে চলে যাই। কিছুক্ষণ পরই আমি থানার চারদিকে ভীষণ হৈচৈ, দৌড়াদৌড়ি ও গোলমালের আওয়াজ শুনে থানার সামনে দাঁড়িয়ে দেখি ইট, পাথর ও গাছ দিয়ে জনতা রাস্তার উপর বেরিকেড তৈরী করছে। এ সময় আমাদের থানার তৎকালীন ভারপ্রাপ্ত পুলিশ অফিসার কাজী মহিউদ্দিন সাহেব থানার অস্ত্রাগার থেকে প্রত্যেকের প্রয়োজনমত অস্ত্র দিয়ে দেন। আমরা যার যা প্রয়োজন সে মত অস্ত্র নিয়ে পাক হানাদারদের হামলা প্রতিরোধ ও প্রতিহত করার জন্য থানার চারদিকে পজিশন নেই। আমরা সেদিন সবাই এই শপথ গ্রহণ করেছিলাম যার হাতে যা আছে তা-ই দিয়ে পাক-পশুদের মোকাবিলা করব, প্রাণ দিব কিন্তু পিছু হটবো না। থানার চার দিকে আমরা সকল পুলিশ সিপাহী ও পুলিশের সকল অফিসার সশস্ত্রভাবে পাক-পশুদের জন্য অপেক্ষা করতে থাকি। অল্পক্ষণ পরে পাক পশুরা চারদিক থেকে বৃষ্টির মত গুলি বর্ষণ করতে করতে থানায় প্রবেশ করার চেষ্টা করে। আমাদের হাতে সামান্য রাইফেল দিয়ে ওদের প্রাণপ্রণ প্রতিরোধ করতে থাকি। এভাবে পাক-পশুদের অজস্র গুলবর্ষণের মুখে আমরা সারারাত ওদের প্রতিরোধ করেছি কিন্তু আত্ম-সমর্পণ করি নাই। আর প্রতিরোধ করার সময় সহস্র গুলিবর্ষণের মুখেও আমাদের কোন সিপাহী বা অফিসার আত্মসমর্পণ করার জন্য কোন দুর্বলতাও প্রকাশ করেন নাই। মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে আমরা এই দৃঢ়তা দেখিয়েছি, ''প্রাণপণ পশুদের প্রতিহত করবো, কিন্তু পিছু হটবো না।'' অতি প্রত্যুষে পশুরা থানার পিছনে যেখানে দাঁড়িয়ে আমরা ওদের প্রতিরোধ করেছিলাম সেখানে প্রতিটি ঘরে ঘরে ব্যাপক তল্লাশী আরম্ভ করে দেয় এবং প্রত্যেক ঘর থেকে আমাদের থানার সশস্ত্র সিপাহীদের বন্দী করে গরুর মত এলোপাতাড়ি পিটাতে পিটাতে থানার পিছরের পুলিশ ব্যারাকে সামনে এনে জড়ো করে বন্দীদের অবিরামভাবে পিটাতে থাকে। ওরা আমাদেরকে উন্মত্তভাবে পিটাচ্ছিল আর বলছিল ''শালা মালাউনকা বাচ্চা, হিন্দুকা লাড়কা, শোয়ারকা বাচ্চা শালা তোমহারা মুজিব বাবা আভি কাহা হায়, শালা হারামী, আভি শাপলা জয় বাংলা বোলতা না-ই।'' ওদের এলাপাতাড়ি পিটুনিতে আমাদের সিপাহীরা অনেকে জ্ঞান হারিয়ে মাটিতে পড়ে যান, অনেকের মুখমণ্ডল রক্তাক্ত ছিল, কারো হাত পা একেবারে ভেঙ্গে গিয়েছিল, আমাদের অধিকাংশ বন্দীর শরীরে কোন কাপড় ছিল না। ওদের নির্মম মারের চোটে কখন যে পরনের বস্ত্র কোথায় পড়ে গিয়েছিল বলতে পারবো না কেউ। আমাদের সকলকে আবার পিটাতে পিটাতে বুটের লাথি মারতে মারতে আমাদের থানার সি, আই, সাহেবের কামরায় জুড়ে বসা পাঞ্জাবী ক্যাপ্টেনের সামনে আমাদের প্রায় উলঙ্গভাবে দাঁড় করানো হয়। ক্যাপ্টেন তখন কর্কশ কণ্ঠে চিৎকার করে বলছিল, ''সব শালাকো এক গুলিতে খতম কার দেও'' এমন সময় জনৈক পাঞ্জাবী মেজর সেখানে উপস্থিত হয়ে জানান যে, ''জি. ও. সি সাহেব বোলা হায় ইন লোগকে রাখ দাও, গোলি মাত করো, বাদমে দেখা যায়েগা।'' আমাদেরকে তখন গুলি করা হয় না, বুটের লাথি মারতে মারতে আমাদেরকে থানার সামনে দশ ফুট চওড়া ও আট ফুট লম্বা একটি ছোট কামরায় গরু ছাগলের মত গাদাগাদি করে এনে রাখা হয়। এ ছোট কামরায় আমরা পুলিশ ও পুলিশের উচ্চ পদস্থ অফিসার সহ মোট ৪৭ সাতচল্লিশ জন ছিলাম। আমাদের কামরার চারদিকে পশুরা মেশিনগান নিয়ে প্রহরায় মোতায়েন ছিল সবসময়। বেদম পিটুনি খাওয়ার পর বন্দীরা সবাই কান্নাকাটি করছিল, আমাদের সি, আই মোয়াজ্জেম হোসেন খান, অপমানে এবং বেদমভাবে নির্যাতিত হওয়ায় হাউমাউ করে কাঁদছিলেন। তার দুই ছেলেও নির্মমভাবে অত্যাচারিত হয়ে রক্তাক্ত আহত শরীর নিয়ে উলঙ্গভাবে দাঁড়িয়েছিল। আমরা থানার সেই ছোট কামরায় গাদাগাদি করে দাঁড়িয়ে থেকে সব সময় ভীতসন্ত্রস্তভাবে মৃত্যুর

প্রহর গুনেছি। এভাবে ২৭শে, ২৮শে ও ২৯শে মার্চ চলে যায়। আমাদেরকে তৃষ্ণা মিটানোর জন্য এক ফোঁটা পনি দেওয়া হয় নাই, আর কোন খাদ্যও দেওয়া হয় নাই। আর ২৯শে মার্চ বিকালে আমাদের তৎকালীন জেলা পুলিশ সুপার ই, এ, চৌধুরী সাহেব রমনা থানায় এসে আমাদের নাম তালিকাভূক্ত করলেন এবং আমাদের জন্য কিছু টাকা দিলেন নিজ পকেট থেকে। কিন্তু তখন বাহিরে কার্ফু থাকায় আমরা বেরুতে পারি নাই। পরের দিন ৩০শে মার্চ আমি আমার তেজগাঁওস্থিত বাড়িতে চলে যাই। এরপর আমি বাংলার মুক্তি সংগ্রামকে সাহায্য করার একমাত্র আকাঙ্খায় এবং আমার পরিবারের নিরাপত্ত ও অস্তিত্ব রক্ষার উদ্দেশ্যে আমি পুনরায় থানায় যোগাযোগ করি। আমাদের থানা তখন বিহারী রাজাকার ও পাক সেনাদের দখলে ছিল। ওরাই থানার সর্বময় প্রভু ছিল। আমাদের হাতে কোন রাইফেল দেওয়া হতো না, শুধু লাঠি দেওয়া হতো মাত্র। আমরা দেখেছি, প্রতিদিন অসংখ্য বাঙ্গালী যুবক, বৃদ্ধকে, অসহায় মানুষকে মুক্তিবাহিনীর মিথ্যা অজুহাতে ধরে থানায় আনা হতো, প্রতিদিন বিহারীরা এই নিরিহ বন্দীদের উপর অত্যাচার চালাতো। অনেক বন্দীকে সেনানিবাসে নিয়ে যাওয়া হতো। যে সকল বন্দীকে থানা থেকে নিয়ে যাওয়া হতো ওদের অধিকাংশই ফিরে আসতো না। ওদেরকে মেরে ফেলা হতো। পাক সেনা বিহারি ও বেইমান বাঙ্গালী রাজাকাররা এভাবে ১৯৭১ সনের নভেম্বর মাস পর্যন্ত অত্যাচার চালাতে থাকে। ডিসেম্বরে মুক্তি বাহিনী ও মিত্রশক্তির সম্মিলিত আগমনের মুখে পাক পশুরা রাজারবাগের দিকে পালিয়ে যায়। আমরা এ থানায় কর্তব্যরত থাকাকালে মুক্তি বাহিনীকে নিয়মিত সংবাদ দিয়েছি, বন্দীদের সাহায্য করেছি- এ ভাবে আমরা বাংলার মুক্তি সংগ্রামকে মনে-প্রাণে কার্যকলাপে সবদিক দিয়ে সর্বতোভাবে যাথাসাধ্য সাহায্য করেছি।

স্বাক্ষর/-
মোহাম্মদ হোসেন
২১-১-৭৪

\ ৯ \

মোঃ সাহেব আলী
সুইপার ইন্সপেক্টর
ঢাকা পৌরসভা, ঢাকা

আমি ১৯৭১ সন থেকে ঢাকা পৌরসভার অধীনে সুইপার ইন্সপেক্টর হিসাবে দায়িত্ব পালন করি। ১৯৭১ সনের ২৫শে মার্চ আমি আমার সুইপারের দল নিয়ে দায়িত্ব পালন করে সন্ধ্যায় ৪৫/১, প্রসন্ন পোদ্দার লেনস্থিত আমার দ্বিতীয় স্ত্রীর বাড়ীতে অবস্থান করছিলাম। রাত নয়টার দিকে আমি ঢাকা ইংলিশ রোডের দিকে বের হয়ে দেখলাম রাস্তাঘাট চারিদিকে থমথমে, সকল প্রকার যানবাহন দ্রুত গন্তব্যস্থলের দিকে যেতে দেখলাম। ছাত্র জনতাকে রাস্তায় বেরিকেড তৈরী করতে দেখলাম। প্রতিরোধ তৈরীতে ব্যস্ত ছাত্র জনতার নিকট জানতে পারলাম ঢাকা সেনা নিবাস থেকে পাক সেনারা রাজধানী ঢাকার দিকে সামরিক ট্রাক নিয়ে এগিয়ে আসছে। পাক পশুদের প্রতিরোধ করার জন্য ছাত্র জনতার এ প্রচেষ্টা ও প্রয়াস। আমি সবকিছু দেখে অত্যন্ত ভারাক্রান্ত মনে বাসায় চলে গেলাম। রাত সাড়ে এগারটার দিকে রাজারবাগ পুলিশ লাইন, পুলিশ হেডকোয়ার্টার, পুলিশ অফিস ও মালিবাগ, গোয়েন্দা অফিসের দিকে আকাশ ফাটা গোলাগুলির শব্দ শোনার সময় ঢাকা শাঁখারীবাজার প্রবেশ পথে বাবুবাজর ফাঁড়িতে ভীষণ শেলিংয়ের গর্জ্জন শুনলাম। আমি নিকটবর্তী নয়াবাজার সুইপার কলোনীর দোতলায় দাঁড়িয়ে চতুর্দিকে গোলাগুলির ভীষণ গর্জ্জন শুনলাম।

২৬শে মার্চ অতি প্রত্যুষে আমি সুইপার কলোনীর দোতলা থেকে দৌড়ে নেমে বাবুবাজার ফাঁড়িতে গিয়ে দেখলাম ফাঁড়ির প্রবেশ পথ, ভিতরে, চেয়ারে বসে, উপুড় হয়ে পড়ে থাকা দশজন পুলিশের ইউনিফরম পরা গুলির আঘাতে ঝাঁজড়া ক্ষতবিক্ষত রক্তাক্ত লাশ পড়ে আছে। আমি ফাঁড়ির ভিতরে প্রবেশ করে দেখলাম ফাঁড়ির চারিদিকে দেওয়াল হাজারো গুলির আঘাতে ঝাঁঝড়া হয়ে আছে। দেওয়ালের চারিদিকে মেঝেতে চাপ চাপ রক্ত, তাজা রক্ত জমাট হয়ে আছে, দেখলাম কেউ জিভ বের করে পড়ে আছে, কেউ হাত পা টানা দিয়ে আছে, প্রতিটি লাশের পবিত্র দেহে অসংখ্য গুলির আঘাত। মানবতার অবমাননা ও লাঞ্চনার বীভৎস দৃশ্য দেখে আমি একটি ঠেলাগাড়ীতে করে সকল লাশ ঢাকা মিটফোর্ড হাসপাতালে লাশ ঘরে রেখে আবার ঠেলাগাড়ী নিয়ে শাঁখারী বাজারে প্রবেশ করে একবারে পূর্বদিকে ঢাকা জজকোর্টের কোণে হোটেলের সংলগ্ন রাস্তায় দশটি ফকির মিসকিন ও রিকসার মেরামতকারী মিস্ত্রির উলঙ্গ ও অর্ধ উলঙ্গ লাশ উঠালাম। কোন হিন্দুর লাশ আমি রাস্তায় পাই নাই। সবকয়টি লাশ মুসলমানের ছিল। রাস্তায় পড়ে থাকা গুলিতে ঝাঁজড়া দশটি লাশ ঠেলাগাড়ীতে তুলে আমি মিটফোর্ড নিয়ে গিয়েছি। মুসলমানের লাশ এভাবে রাস্তায় পড়ে থাকতে দেওয়া যায়না। তাই আমরা স্থানীয় জনতা সবাই মিলে লাশ গুলি তুলে মিটফোর্ডে জমা করেছি। রাজধানী ঢাকার সর্বত্র কার্ফু থাকা সত্ত্বেও গণহত্যার সেই বীভৎস দৃশ্য দেখার জন্য ছাত্র জনতা রাস্তায় রাস্তায় বের হয়ে পড়লে পাকসেনারা ঘোষণা করে ঢাকায় কার্ফু বলবৎ রয়েছে কেউ রাস্তায় বের হলে গুলি করা হবে। পাকসেনাদের এ ঘোষণার পর আমরা সরে পড়লাম। দিনের শেষে বেলা পাঁচটার সময় তাঁতিবাজার, শাঁখারী বাজার এবং কোর্ট হাউস ষ্ট্রিট এলাকায় পাক সেনারা আগুন ধরিয়ে দেয়। সাথে সাথে চলতে থাকে বৃষ্টির মত অবিরাম গুলি বর্ষণ। সারারাত পাক সেনারা তাঁতিবাজার, শাখারীবাজার ও গোয়াল নগর এলাকায় অবিরাম গুলিবর্ষণ করতে থাকে। ১৯৭১ সনের ২৭শে মার্চ বেলা একটার সময় পাক সেনারা নওয়াবপুর থেকে ইংলিশ রোডের বাণিজ্য এলাকার রাস্তার দুদিকের সকল দোকানপাটে আগুন ধরিয়ে দেয়। বেলা তিনটা পর্যন্ত ইংলিশ রোডের রাস্তার দুদিকে আগুন জ্বলতে থাকে। আগুনের সেই লেলিহান শিখায় পার্শ্ববর্তী এলাকার জনতা আশ্রয়ের জন্য পালাতে থাকে। পালাতে গিয়ে

পাকসেনাদের গুলির আঘাতে অনেকে প্রাণ হারায়। বেলা তিনটায় পাক সেনারা তাঁতিবজারের বাহির পথ ও মালিবাগের পুলের পশ্চিম পার্শ্বে হিন্দু মন্দিরের উপর শেলিং করে মন্দিরটি ধ্বংশ করে দেয়। ইংলিশ রোডের আগুন বাসাবো এলাকে অতিক্রম করে সুইপার কলোনীর দিকে ধেয়ে আসতে থাকলে আমি সুইপারদের কলোনীর পানি রিজার্ভ করে রাখার নির্দেশ দেই। পাক সেনাদের ডিঙ্গিয়ে সকল সুইপার মিলে সুইপার কলোনীটি রক্ষা করার জন্য অগ্রসর হলে আমরা পাক সেনাদের গুলির মুখে চলে আসি। ১৯৭১ সনের ২৮শে মার্চ সকালে রেডিও মারফত সকল সরকারী ও বেসরকারী কর্মচারীকে অবিলম্বে কাজে যোগদান করতে হবে এ নির্দেশ পেয়ে পরদিন আমি সকাল দশটার সময় ঢাকা পৌরসভায় ডিউটি রিপোর্ট করলে ঢাকা পৌরসভার তৎকালীন কনসারভেন্সি অফিসার মিঃ ইদ্রিস আমাকে ডোম নিয়ে অবিলম্বে ঢাকার বিভিন্ন জায়গায় পড়ে থাকা লাশ তুলে ফেলতে বলেন। ইদ্রিস সাহেব অত্যন্ত ক্রুদ্ধভাবে বলতে থাকেন সাহেব আলি বের হয়ে পড়, যদি বাচঁতে চাও তবে ঢাকার রাজপথ ও বিভিন্ন এলাকা থেকে লাশ তোলার জন্য বের হয়ে পড়। কেউ বাঁচবে না কাউকে রাখা হবে না, সবাইকে পাক সেনাদের গুলিবর্ষনে মরতেহবে, সবাইকে কুকুরের মত হত্যা করা হবে। পৌসভার তৎকালী চেয়ারম্যান মেজর সালামত আলী খান শুর আমাদের সাথে কুকুরের মত উত্তেজিত হয়ে, অত্যন্ত কর্কশস্বরে ক্রুদ্ধভাবে বকাবকি করতে থাকেন। সেখানে আমি, সুইপার ইন্সপেক্টর আলাউদ্দিন, সুইপার ইন্সপেক্টর কালিচরণ, সুইপার সুপারভাইজার পাঞ্চাম, সুইপার ইন্সপেক্টর আওলাদ হোসেন আমরা পাঁচজন উপস্থিত ছিলাম। আমাকে পরদেশী ডোম, মন্টু ডোম, লেমু ডোম, ডোম গোলাপ চান, দুঘিলা ও মধু ডোমকে নিয়ে ঢাকা মিটফোর্ড হাসপাতাল থেকে লাশ তুলে স্বামীবাগ আউটকলে ফেলতে বলা হয়। ১৯৭১ সনের ২৯শে মার্চ আমার দল ঢাকা মিটফোর্ড হাসপাতালের লাশ ঘর থেকে দুট্রাক লাশ তুলেছে। আমার দল যে সকল লাশ তুলেছে আমি স্বচক্ষে তা দেখেছি। অধিকাংশই ছিল সরকারী কর্মচারী, পুলিশ, আনসার ও পাওয়ারম্যানদের খাকী পোশাক পরা বিকৃত লাশ। লাশ তুলতে তুলতে পরদেশী নামে আমার জনৈক ডোমের হাতে এক ষোড়শী রূপসীর উলঙ্গ ক্ষবিক্ষত লাশ দেখলাম, দেখলাম সেই যুবতীর পবিত্র দেহে অসংখ্য ক্ষত চিহ্ন, তার বুক থেকে স্তন সজোরে তুলে নেওয়া হয়েছে, লজ্জাস্থান ক্ষতবিক্ষত হয়ে আছে, পিছনের মাংস তুলে নেওয়া হয়েছে। হরিণের মত মায়াভরা মধুময় বড় বড় চোখ ঘুমিয়ে আছে, সারাদেহে সৃষ্টিকর্তা যেন দুধের সর দিয়ে আবৃত করে দিয়েছে, মাথায় কালো কালো চুল তার কোমর পর্যন্ত লম্বা হয়ে পড়েছিল, তার দুই গালে আঘাতের চিহ্ন দেখলাম। পরক্ষণেই দেখলাম দশ বছরের এক কিশোরীর উলঙ্গ ক্ষতবিক্ষত লাশ। অপরূপা রূপসী ফলের মত টক টকে চেহারা, সারাদেহে বুলেটের আঘাত। ১৯৭১ সনের ৩০শে মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হল থেকে ভারপ্রাপ্ত পাক সেনাদের মেজর পৌরসভায় টেলিফোনে সংবাদ দেন রোকেয়া হলের চারিদিকে মানুষের লাশের পচা গন্ধে সেখানে বসা যাচ্ছে না, অবিলম্বে ডোম পাঠিয়ে লাশ তুলে ফেলা হোক। আমি ছয়জন ডোম নিয়ে রোকেয়া হলে প্রবেশ করে রোকেয়া হলের সমস্ত কক্ষে তন্ন তন্ন করে খুঁজে কোন লাশ না পেয়ে চারতলা ছাদের উপর গিয়ে আঠার বছরের জনৈক রূপসী ছাত্রীর উলঙ্গ লাশ দেখতে পেলাম। আমার সাথে দায়িত্বরত জনৈক পাক সেনাকে জিজ্ঞাসা করলাম এ ছাত্রীর দেহে গুলির কোন আঘাত নাই, দেহের কোন স্থানে কোন ক্ষত চিহ্ন নাই অথচ মরে চিত হয়ে পড়ে আছে কেন? সে অট্টহাসিতে ফেটে পড়ে বললো আমরা সকল পাকসেনা মিলে ওকে ধর্ষণ করতে করতে মেরেছি। পচা-ফুলা সেই রূপসীর উলঙ্গ দেহ পড়ে আছে দেখলাম। ডাগর ডাগর চোখ ফুলে বের হয়ে আছে, মাথার চুল নিকটেই ছিঁড়ে ফেলা হয়েছে, লজ্জাস্থান তার পেট থেকে ফুলে অনেক উপরে উঠে আছে, যোনিপথ রক্তাক্ত। তার দুদিকে গালে পশুদের কামড়ের চিহ্ন দেখলাম, বক্ষের স্তনে মানুষের দাঁতের দংশনের চিহ্ন দেখলাম। আমি একটি চাদর দিয়ে লাশটি ঢেকে দিয়ে নামিয়ে নিয়ে আসি্ রোকেয়া হলের সার্ভেন্ট কোয়ার্টারের ভিতরে প্রবেশ করে পাঁচজন মালীদের স্ত্রী পরিজনদের পাঁচটি লাশ এবং আটটা পুরুষের লাশ (মালী) পেয়েছি। লাশ দেখে মনে হলো মৃত্যুর পূর্বক্ষণে সবাই শুয়ে ছিল। আমি ট্রাক নিয়ে ঢাক বিশ্ববিদ্যালয়ের শিব্বাড়ীর তেতলা থেকে জনৈক হিন্দু অধ্যাপক, তার স্ত্রী ও দুই ছেলের লাশ তুলেছি। স্থানীয় জনতার মুখে জানতে পারলাম তার দুই মেয়ে বুলেটবিদ্ধ হয়ে হাসপাতে আছেন। সংগৃহীত লাশ স্বামীবাগ আউটকলে ফেলে দিয়ে আমরা ট্রাক নিয়ে ঢাকা

বুড়ীগঙ্গা নদীতে ভাসমান হাত-পা, চোখ বাঁধা অসংখ্য যুবকের লাশ তুলেছি। আমরা ৩০শে মার্চ ঢাকা বুড়ীগঙ্গা নদী থেকে তিন-ট্রাক লাশ তুলে স্বামীবাগে ফেলেছি। পাকসেনারা কুলি দিয়ে পূর্বেই সেখানে বিরাট বিরাট গর্ত করে রেখেছিল। পরের দিন আমরা মোহাম্মদপুর এলাকার জয়েন্ট কলোনীর নিকট থেকে সাতটি পচা-ফুলা লাশ তুলেছি। ইকবাল হলে আমরা কোন লাশ পাই নাই। পাক সেনারা পূর্বেই ইকবাল হলের লাশ পেট্রোল দিয়ে জ্বালিয়ে ভস্ম করে দেয়। বস্তি এলাকা থেকে জগন্নাথ হলে আশ্রয়ের জন্য ছুটে আসা দশ জন নর-নারীর ক্ষত বিক্ষত লাশ তুলেছি। ফেরার পথে আমরা ঢাকা হলের ভিতর থেকে চারজন ছাত্রের উলঙ্গ লাশ তুলেছি। ১৯৭১ সনের ১লা এপ্রিল আমরা কচুক্ষেত, ড্রাম ফ্যাক্টরী, তেজগাঁও, ইন্দিরা রোড, দ্বিতীয় রাজধানী এলাকাস্থ ঢাকা বিমান বন্দরের অভ্যন্তর, ঢাকা ষ্টেডিয়ামের মসজিদের পূর্ব দক্ষিণ দিক থেকে কয়েকজন ছাত্রের পচা লাশ তুলেছি। এর পর থেকে প্রতিদিন আমরা বুড়ীগঙ্গা নদীর পাড় থেকে হাত-পা, চোখ বাঁধা অসংখ্য যুবকের লাশ তুলেছি। রায়ের বাজার ইটখোলায় আমরা কয়েক হাজার বাঙ্গালী যুবকের লাশ তুলেছি। মিরপুর এক নম্বর সেকশনের রাস্তা পার্শ্বে ছড়ানো, ছিটানো, বাঙ্গালী যুবকের লাশ তুলেছি। মোহাম্মদপুর ফিজিক্যাল কলেজের হল থেকে দশজন ছাত্রের ক্ষতবিক্ষত লাশ তুলেছি। রায়ের বাজার রাস্তা, পিলখানা, গনকটুলি, ধানমণ্ডি, কলাবাগান, কাঁঠালবাগান, এয়ারপোর্ট রোডের পার্শ্ববর্তী এলাকা, তেজগাঁও মাদ্রাসা থেকে অসংখ্য মানুষের পচা-ফুলা লাশ তুলেছি। অনেক লাশের হাত-পা পেয়েছি মাথা পাই নাই। মেয়েদের লাশ সবই উলঙ্গ ও ক্ষত বিক্ষত দেখেছি। কিছুদিন পর আমি কর্তৃপক্ষের নির্দেশ মত কারখানায় গিয়ে সাধনা ঔষধালয়ের মালিক প্রফেসর যোগেশচন্দ্র বাবুর বেয়নেটের আঘাতে ক্ষত-ক্ষিত রক্তাক্ত তাজা লাশ তুলে স্বামীবাগ ফেলেছি। পাক পশুরা যোগেশ বাবুর সর্বস্ব লুন্ঠন করে তাকে তার নিজস্ব কামড়ায় বক্ষে বেয়নেট ঢুকিয়ে দিয়ে নির্মমভাবে হত্যা করে রেখে যায়। পরে তার পবিত্র ক্ষত-বিক্ষত লাশ নীচে নামিয়ে এনে খাটের উপর রেখে দিয়েছিল। আমরা গিয়ে দেখলাম প্রফেসর যোগেশ বাবুর লাশ জীভ বের করে হা করে আছে। গায়ে ছিল ধুতি আর গেঞ্জি।

স্বাক্ষর/-
মোঃ সাহেব আলী
১৯-৫-৭৪

\ ১০ \

মোহাম্মদ সালেহুজ্জামান
সাব ইন্সপেক্টর অব পুলিশ
রমনা থানা, ঢাকা

১৯৭১ সনের ২৫মে মার্চ সন্ধ্যায় আমি এক প্লাটুন ফোর্সসহ মীরপুর এক নম্বর সেকশনে টহলে ছিলাম। সন্ধ্যার পরপরই আমি মিরপুরের সর্বত্র থমথমে ভাব লক্ষ করেছি। রাত আনুমানিক সাড়ে দশটার সময় আমার ওয়ারলেস সেটটি অকস্মাৎ সক্রিয় হয়ে ওঠে। ওয়্যারলেস সেটে এক বাঙ্গালী পুলিশ কন্ঠ অজানা স্টেশন থেকে বলছিল, ''ঢাকা সেনানিবাস থেকে ট্যাঙ্ক ও কামানবাহী সশস্ত্র পাকসেনাদের ট্রাক সারিবদ্ধভাবে রাজধানীতে সদর্পে প্রবেশ করছে, বাঙ্গালী পুলিশ তোমরা সাবধান হও।'' ইহার পর আমার ওয়্যারলেস সেটের মারফত ঢাকা পুলিশ কন্ট্রোল রুম থেকে মেসেজ দেওয়া হয়, ''পুলিশ ডিউটি উইথড্রন''। ওয়্যারলেস মারফত এসব মেসেজ আসার পরপরই আমি ঢাকা রাজধানীর আকাশে সর্বত্র আগুনের ফুলকি উঠতে দেখলাম। অকস্মাৎ রাজারবাগ পুলিশ লাইন, ইকবাল হল, ই,পি, আর হেডকোয়ার্টারে ভীষণ কামান ও ট্যাঙ্ক হামলার আকাশফাটা শব্দ শুনতে পাই। এ পরিস্থিতিতে আমি আমার টহলরত পুলিশ ফোর্সকে মিরপুরের পশ্চিম দিকে গ্রামের দিকে চলে গিয়ে প্রাণপণ প্রতিরোধ করার নির্দেশ দিয়ে আমি আমার রাইফেল ও গুলি নিয়ে থানার বাসায় চলে যাই। থানায় ফিরে এসে আমি তৎকালীন মিরপুর থানার ভারপ্রাপ্ত অফিসার মিঃ আবুল হাসেম এবং অন্যান্য সাব ইন্সপেক্টর, এ, এস, আই ও বাঙ্গালী পুলিশদের অত্যন্ত বিমর্ষ ও বিমূঢ় দেখতে পাই। থানায় বসে আমরা ওয়ারলেসে বাঙ্গালী কন্ঠের বহু বীভৎস আর্তনাদ শুনতে পাই রাত সাড়ে চারটার দিকে পাক পশুরা পুলিশ কন্ট্রোল রুম দখল করে সেখানকার ওয়ারলেসে বাইরে টহলে নিযুক্ত বাঙ্গালী পুলিশদের কর্কশ কন্ঠে বলছিল ''বাঙ্গালী শালালোগ, আভী আ-কার দেখো, তোমারা কেতনা মা বাহেন হামারা পাস হায়,.....।'' একথা শুনে আমাদের বাঙ্গালী পুলিশদের গা শিউরে ওঠে। আমি তৎক্ষণাৎ ওয়্যারলেস সেট বন্ধ করে দেই। সকাল হওয়ার পূর্বেই আমি থানা ও থানার বাসা ছেড়ে দিয়ে মিরপুরে অন্য এক বাসায় আত্মগোপন করে থাকি। সকালে আমি দেখলাম বাঙ্গালী ই, পি, আরদের মিরপুর ই, পি, আর ক্যাম্প থেকে বন্দী করে আমাদের থানার সম্মুখে এনে পাক-পশুরা নিরস্ত্র করে থানায় বন্দী করছে। আমি আরও দেখলাম মিরপুরের সকল বাঙ্গালী বাড়ীতে বিহারীরা কপালে সাদা কাপড় বেঁধে দানবের মত উল্লাসে ফেটে পড়ে আগুন লাগাচ্ছে, লুট পাট করছে। বাড়ী বাড়ী থেকে বাঙ্গালী শিশু যুবতী বৃদ্ধাদের টেনে এন রাস্তায় রাস্তায় ফেলে ছোরা দিয়ে জবাই করছে, বাঙ্গালী রমণীদের ধরে এন রাস্তায় উলঙ্গ করে ফেলে উপর্যুপরি ধর্ষণ করে তৎক্ষণাৎ ধারালো ছুরি দিয়ে স্তন ও পাছার মাংস ছলাৎ করে কেটে ফেলে নৃশংসভাবে হত্যা করছে। কাউকে কুচি কুচি করে কেটে ফেলছে, কারও যোনিতে লোহার রড ঢুকিয়ে দিচ্ছে, কারও গায়ে আগুন লাগিয়ে দিয়ে অট্টহাসিতে ফেটে পড়ছে। ভীতসন্ত্রস্ত হাজারো মানুষ তখন প্রাণভয়ে গ্রামের দিকে পালিয়ে যাচ্ছিল। যে সকল নিরীহ মানুষ পালাতে পারছিল না তাদেরকে বিহারীরা নির্মমভাবে জবাই করছিল। পাক সেনারা এ ব্যাপক বাঙ্গালী হত্যায় বিহারীদের পিছনে থেকে সাহায্য করছিল। ২৭শে মার্চ সকালে কিছুক্ষণের জন্য কার্ফু তুলে নিলে আমি আমার পরিবার পরিজন নিয়ে নিরাপদ আশ্রয়ের সন্ধানে মিরপুরের বাইরে যাত্রা করি। মিরপুর গরুর হাট অতিক্রম করার সময় আমি দেখলাম পাক সেনাদের টহল ভেদ করে একটি ট্রাকে মহিলা ও শিশু মিরপুর ব্রীজের দিকে যাচ্ছিল- পাক সেনারা ঐ ট্রাকে আগুন ধরিয়ে দেয়। আর দু'টি যুবতী মেয়েকে তাদের জীপে উঠিয়ে নিয়ে যায়। মেয়ে দু'টি পাক পশুদের হাতে পড়ে প্রানফাটা চিৎকারে আর্তনাদ করছিল। আমরা দূর থেকে গরুর হাট বরাবর বোরো ধানের ক্ষেতে আশ্রয় নিয়েছিলাম। বহু দুর্দশা ও লাঞ্চনা ভোগ করে আমি আট দিন পায়ে হেঁটে ও নৌকাযোগে দেশের বাড়ীতে পৌঁছি।

স্বাক্ষর/-
মোঃ সালেহুজ্জামান
৭-২-৭৪

\ ১১ \

রঞ্জিত (লাল বাহাদুর) ডোম
সুইপার কলোনী
নারিন্দা শাহ সাহেব লেন
থানা-সুত্রাপুর, ঢাকা

১৯৭১ সনের ২৬শে মার্চ সকাল দশটার সময় ঢাকা পৌরসভার হেলত অফিসার আনোয়ার সাহেব ঢাকা পিলখানার চোদ্দটুলি সুইপার কলোনী থেকে আমাদের সুইপার ইন্সপেক্টর পাঞ্চা, ডোম সবুজজী, দরবারী, মহাবীর ও মুসু ডোমকে নিয়ে আমাদের এই সুইপার কলোনীর দক্ষিণ দিকের প্রবেশপথের সম্মুখে দাঁড়িয়ে ''গনেশ, লাল, বদনেস, রণজিত, কানাই, ''বলে চিৎকার করে ডাকতে থাকলে আমরা সবাই যার যার ঘর থেকে বের হয়ে এসে দেখতে পেলাম ঢাকা পৌরসভার একটি জীপে ঢাকা মিউনিসিপ্যালিটির তৎকালীন চেয়ারম্যান মিঃ সালামত আলী খান শুর, প্রশাসনিক অধিকর্তা মিঃ ইদ্রিস চিৎকার করে বলছেন, ঢাকার রাজপথে, বিভিন্ন জায়গায় বহু লাশ পড়ে আছে, তোমরা বের হয়ে আস, সে সব লাশ অবিলম্বে তুলে ধলপুর ময়লা ডিপোতে ফেলে দাও। আমি, পরদেশী, গনেশ, চুন্নু, আমরা সবাই মিটফোর্ড লাশ ঘর থেকে ২৮শে মার্চ সকলে দু'ট্রাক লাশ তুলে দলপুর ময়লা ডিপোতে ফেলেছি। অধিকাংশ লাশ পচে, ফুলে বিকৃত ও বীভৎস হয়ে গিয়েছিল। ২৯শে মার্চ আমরা প্রথম মিটফোর্ড হাসপাতাল থেকে দু'ট্রাক লাশ তুলেছি। এরপর আমাদের দুদিনের ছুটি দেওয়া হয়। তিনদিন পর আমরা রমনা কালিবাড়ী থেকে পাঁচটি পচা লাশ তুলে ট্রাকে কার্জন হলের দিকে অগ্রসর হতে থাকলে পাক সেনারা আমাদের ট্রাক আটক করে আমাদের ট্রাক ড্রাইভার চান মিয়া ও সুইপার ইন্সপেক্টর পঞ্চমকে ধরে নিয়ে মারধর করে। সুপারভাইজারকে চপোটাঘাত করে রাস্তায় ফেলে দিয়ে কুকুরের মত চিৎকার করে বলতে থাকে ''লাশ খোলা কিউ লে যাতা হায়, শূয়র কা বাচ্চা, বাহেন চোত, শালা হারামী, শালা তেরপল লাগা লো।'' পরের দিন আমি, ছাখিল, পরদেশী, চুন্নু সবাই মিলে শাঁখারী বাজারে কোর্টের প্রবেশপথে অগ্রসর হতে চাইলে আমাদের সেখানে জ্বলন্ত আগুনের অদূরে প্রহরারত পাক সেনারা বাবুবাজার ফাঁড়ি দিয়ে শাঁখারী বাজারে প্রবেশ করতে বলে কর্কশভাবে। এ সময়ে আমরা দেখলাম সারা শাঁখারীবাজারে লেলিহান আগুনের শিখা জ্বলছে, সারা শাঁখারীবাজার জ্বলছে, জ্বলছে দালানকোঠা, ঘরবাড়ি, মূল্যবান আসবাবপত্র জ্বলছে। আমরা ট্রাক নিয়ে মন্দিরের ভিতর দুজন যুবকের পচাগলা লাশ তুলেছি। লাশ পচে পোক হয়ে গিয়েছিল। গলিত লাশ দেখে আমরা ভীত হয়ে পড়েছিলাম। কোন লোকজন ছিল না, চারিদিক নীরব নিস্তব্ধ, শ্মশানের হাহাকার দেখলাম। প্রতিটি ঘর থেকে আমরা শিশু কিশোর, বৃদ্ধ-যুবা, যুবক-যবতীর পচা, গলিত লাশ তুলেছি। আমাদের সাথে আরও দুই দল ডোম ঢাকা পৌরসভার দু'টি ট্রাকে লাশ তুলে ধলপুর ময়লার ডিপোতে ফেলেছি। এরপর আমরা সদরঘাট বুড়ীগঙ্গা নদীর পাড়, শ্যামবাজার ঘাট, বাদামতলী ঘাট থেকে লাশ তুলেছি। আমরা নদীর ঘাট থেকে যে সকল পচা, ফুলা, গলিত লাশ তুলেছি তার অধিকাংশ ছিল চোখ ও হাত-পা বাঁধা যুবকের লাশ। এরপর লালকুঠির ভিতর থেকে লুঙ্গি পরা দু'জন যুবকের পচা ও গলিত লাশ পেয়েছি, বাংলাবাজার, প্যারীদাস রোডের কয়েকটি বাড়ী থেকে আমরা লাশ তুলেছি। এরপর আমরা বনগ্রাম এলাকার রাস্তা থেকে কয়েকটি পচা লাশ তুলেছি। কমলাপুর থেকে আমরা ট্রেনযাত্রীদের লাশ তুলেছি, আমরা মতিঝিল বাণিজ্যিক এলাকা থেকে শ্রমিকদের বহু লাশ তুলেছি।

টিপসহি
রঞ্জিত
৮-৫-৭৪

\ ১২ \

বদলু ডোম
ওয়ারী, সুইপার কলোনী
ঢাকা

আমি ১৯৭১ সনের ২৮শে মার্চ আমাদের সুইপার সুপারভাইজার পঞ্চমের দলে মিটফোর্ড হাসপাতলের লাশ ঘর থেকে লাশ তুলেছি। কয়েক দিন পর আমি সুপারভাইজার সাহেব আলীর দলে মিলব্যারাক পুলিশ লাইনের নদীর পাড় থেকে পনের জন যুবক, একজন সাধু ও বৃদ্ধার ক্ষতবিক্ষত, ফুলা, পচা লাশ তুলেছি। প্রতিটি লাশ চোখ ও হাত-পা বাঁধা ছিল। এরপর আমরা বাবুবাজার পুলের উপর থেকে এক অন্ধ ফকিরের লাশ পেয়েছি। আমরা সেইদিন সদরঘাট নদীর পাড় থেকে পানিতে ভাসতে থাকা হাত-পা বাঁধা ফুলা লাশ তুলেছি। সদরঘাট, শ্যামবাজার. ওয়াইজঘাট, বাদামতলী এলাকায় আমরা নদীর পাড় ও পানি থেকে বৃদ্ধ, যুবা ও শিশুর লাশ তুলেছি। কয়েকদিন পর আমরা মন্দিরের সামনে থেকে দুধওয়ালা সাধুর লাশ তুলেছি, শাঁখারীবাজারে প্রবেশ করে মন্দিরের সামনের বাড়ীর ভিতর থেকে শিশু-কিশোর, বৃদ্ধ-যুবা, যুবক-যুবতীর দশটি পোকায় খাওয়া গলিত লাশ নিয়ে এসেছি। কয়েকদিন পর আমি রমনা কালীবাড়ী থেকে-মন্দিরের ভিতর থেকে পাঁচটি এবং কালীবাড়ীর প্রবেশপথে দুটি চোখ ও হাত পা বাঁধা পচা লাশ তুলেছি। গোয়ালঘরে তিনটি গরু গুলিতে ক্ষতবিক্ষত অবস্থায় পড়ে থাকতে দেখলাম। এপর পাক সেনারা আমাদের নির্মমভাবে মারপিট করায় আমরা আর লাশ তুলতে যাই নাই।

স্বাক্ষর
বদলু ডোম
১১-৫-৭৪

\ ১৩ \

চুন্নু ডোম
ঢাকা পৌরসভা
রেলওয়ে সুইপার কলোনী
২২৩ নং ব্লক, ৩নং রেল গেট
ফুলবাড়িয়া, ঢাকা

১৯৭১ সনের ২৮শে মার্চ আমাদের সুইপার ইনসপেক্টর ইদ্রিস সাহেব আমাকে লাশ উঠাবার জন্য ডেকে ঢাকা মিউনিসিপ্যালিটিতে নিয়ে যান। সেখান থেকে আমাকে, বদলু ডোম, রঞ্জিত লাল বাহাদুর, গণেশ ডোম ও কানাইকে একটি ট্রাকে করে প্রথম শাঁখারীবাজারে কোর্টের প্রবেশপথের সম্মুখে নামিয়ে দেয়। আমরা উক্ত পাঁচজন দেখলাম ঢাকা জজ কোর্টের দক্ষিণ দিকের প্রবেশপথের যে রাজপথ শাঁখারীবাজারের দিকে চলে গেছে সেই রাস্তার দু'ধারে ড্রেনের পাশে যুবক-যুবতীর, নারী-পুরুষের, কিশোর-শিশুর বহু পচা লাশ। দেখতে পেলাম, বহু লাশ পচে ফুলে বীভৎস হয়ে আছে, দেখলাম শাঁখারীবাজারের দুদিকের ঘরবড়ীতে আগুন জ্বলছে, অনেক লোকের অর্ধপোড়া লাশ পড়ে থাকতে দেখলাম, দুই পার্শ্বে অদূরে সশস্ত্র পাঞ্জাবী সৈন্যদের প্রহরায় মোতায়েন দেখলাম। প্রতিটি ঘরে দেখলাম মানুষ, আসবাবপত্র জ্বলছে। একটি ঘরে প্রবেশ করে একজন মেয়ে, একজন শিশুসহ বার জন যুবকের দগ্ধ লাশ উঠিয়েছি। শাঁখারীবাজারের প্রতিটি ঘর থেকে যুবক-যুবতী, বালক-বালিকা, কিশোর-শিশু ও বৃদ্ধের লাশ তুলেছি। পাঞ্জাবীরা প্রহরায় থাকাকালে সেই মানুষের অসংখ্য লাশের উপর বিহারীদের উচ্ছৃঙ্খল উল্লাসে ফেটে পড়ে লুট করতে দেখলাম। প্রতিটি ঘর থেকে বিহারী জনতাকে মূল্যবান সামগ্রী, দরজা, জানালা, সোনাদানা সবকিছু লুটে নিয়ে যেতে দেখলাম। লাশ উঠাতে উঠাতে এক ঘরে প্রবেশ করে এক অসহায়া বৃদ্ধাকে দেখলাম-বৃদ্ধা ভীতসন্ত্রস্ত হয়ে পানি পানি বলে চীৎকার করছিল, তাকে আমি পানি দিতে পারি নাই ভয়ে, বৃদ্ধাকে দেখে আমি আরও ভীত হয়ে পালিয়ে এসেছি। আমি পানি দিতে চেয়েছিলাম কিন্তু আমাদের পিছনে সশস্ত্র পাঞ্জাবী সেনা প্রহরায় থাকায় আমি সেই বৃদ্ধাকে পানি দিয়ে সাহায্য করতে পারি নাই। আমরা ১৯৭১ সনের ২৮শে মার্চ শাঁখারীবাজার থেকে প্রতিবারে একশত লাশ উঠিয়ে তৃতীয়বার ট্রাকে বোঝাই করে তিন শত লাশ ধলপুর ময়লা ডিপোতে ফেলেছি। ১৯৭১ সনের ২৯শে মার্চ সকাল থেকে আমরা মিটফোর্ড হাসপাতলের লাশঘর ও প্রবেশপথের দুপার্শ্ব থেকে বিশ্ববিদ্যালয় শিব্বাড়ী, রমনা কালীবাড়ী, রোকেয়া হল, মুসলিম হল, ঢাকা হল থেকে লাশ উঠিয়েছি। ২৯শে মার্চ আমাদের ট্রাক প্রথম ঢাকা মিটফোর্ড হাসপাতলের প্রবেশপথে যায়। আমরা উক্ত পাঁচজন ডোম হাসপাতালের প্রবেশপথে নেমে একটি বাঙ্গালী যুবকের পচা, ফুলা, বিকৃত লাশ দেখতে পেলাম। লাশ গলে যাওয়ায় লোহার কাঁটার সাথে গেঁথে লাশ ট্রাকে তুলেছি। আমাদের ইনসপেক্টর পঞ্চম আমাদের সাথে ছিলেন। এর পর আমরা লাশঘরে প্রবেশ করে বহু যুবক-যুবতী, বৃদ্ধ-কিশোর ও শিশুর স্তুপীকৃত লাশ দেখলাম। আমি এবং বদলু ডোম লাশ ঘর থেকে লাশের পা ধরে টেনে ট্রাকের সামনে জমা করেছি, আর গণেশ, রঞ্জিত (লাল বাহাদুর) এবং কানাই লোহার কাঁটা দিয়ে বিঁধিয়ে বিঁধিয়ে পচা, গলিত লাশ ট্রাকে তুলেছে। প্রতিটি লাশ গুলিতে ঝাঁঝরা দেখেছি, মেয়েদের লাশের কারো স্তন পাই নাই, যোনিপথ ক্ষতবিক্ষত এবং পিছনের মাংস কাটা দেখেছি। মেয়েদের লাশ দেখে মনে হয়েছে, তাদের হত্যা করার পূর্বে তাদের স্তন সজোরে টেনে ছিঁড়ে ফেলা হয়েছে, যোনিপথে লোহার রড কিংবা বন্দুকের নল ঢুকিয়ে দেওয়া হয়েছে। যুবতী মেয়েদের যোনিপথের এবং পিছনের মাংস যেন ধারাল চাকু দিয়ে কেটে এসিড দিয়ে জ্বালিয়ে দেওয়া হয়েছে। প্রতিটি যুবতী মেয়ের মাথায় খোঁপা খোঁপা চুল দেখলাম। মিটফোর্ড থেকে আমরা প্রতিবারে একশত লাশ নিয়ে ধলপুর ময়লা ডিপোতে ফেলেছি।

১৯৭১ সনের ৩০শে মার্চ আমাদের উক্ত পাঁচজনের সাথে দক্ষিণা ডোমকে সাহায্য করতে দেওয়া হয়। আমাদের ট্রাক সেদিন সাত মসজিদে যায় আমি সাত মসজিদের সম্মুখ থেকে যখন বাঙ্গালী লাশ উঠাচ্ছিলাম তখন অসংখ্য বিহারী জনতা আমাদের চারদিকে দাঁড়িয়ে হাসছিল, বাঙ্গালীদের পরিণতি দেখে উপহাস করছিল। আমরা সাত মসজিদের সম্মুখ থেকে আটটি বাঙ্গালী যুবকের লাশ তুলেছি, কতিপয় লাশ দেখলাম উপর হয়ে পড়ে আছে। সবার পিঠ গুলির অসংখ্য আঘাতে ঝাঁঝরা হয়ে আছ। পচা, ফুলা লাশ তুলতে যেয়ে দেখলাম কারও লুঙ্গি পরা, কারও পাজামা পরা। আবার কারও দেহে হাওয়াই শার্ট এবং টেট্টনের দামী প্যান্ট। পানি থেকে বারটি লাশ তুলেছি; প্রতিটি লাশের চোখ এবং হাত পিছনে দিকে বাঁধা ছিল। নদীর পাড় থেকে বারটি লাশ গুলির আঘাতে ঝাঁঝরা দেখেছি। লাশ দেখে মনে হলো, ভদ্র ঘরের অভিজাত বাঙ্গালী যুবকদের লাশ। সাত মসজিদের সকল লাশ তুলে আমরা ধলপুরের ময়লা ডিপোতে ফেলেছি। ফিরে এসে ট্রাক নিয়ে আমরা মিন্টু রোডে লাশ তুলতে গিয়েছি। মিন্টু রোডের রাস্তার পাশ থেকে প্যান্ট পরা দু'টি পচা ফুলা লাশ তুলেছি। ধলপুর যাওয়ার পথে ঢাকা ষ্টেডিয়ামের মসজিদের সম্মুখ থেকে এক বৃদ্ধ ফকিরের সদ্য গুলিবিদ্ধ লাশ তুলেছি, দেখলাম লাশের পাশেই ভিক্ষার ঝুলি, টিনের ডিবা ও লাঠি পড়ে আছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিব্বাড়ীর সম্মুখ থেকে দুজন রূপসী যুবতী মেয়ে এবং তিনজন যুবকের ক্ষতবিক্ষত লাশ তুলেছি। রোকেয়া হলে একটি অর্ধদগ্ধ যুবতীর লাশ তুলেছি, মুসলিম হলে প্রবেশ করে একটি পচা লাশ পেয়েছি, ঢাকা হলের ভিতর থেকে চারজন ছাত্রের লাশ তুলেছি। পরের দিন ৩১শে মার্চ বাসাবো খাল থেকে তিনটি পচা লাশ তুলেছি। সেদিন অসুস্থ থাকায় আমি আর লাশ তুলতে যেতে পারি নাই।

টিপসহি
চুন্নু ডোম
৭-৪-৭৪

\ ১৪ \

ছোটন ডোম
রেলওয়ে সুইপার কলোনী
২২৩ নং ব্লক, ৩নং রেল গেট
ফুলবাড়িয়া, ঢাকা

১৯৭১ সনের ২৮শে মার্চ সকাল আটটায় ঢাকা পৌরসভার সুইপার সুপারভাইজার পঞ্চম আমাদের নিতে আসেন। পাকসেনারা রাজধানী ঢাকার বহু লোককে নির্বিচারে হত্য করার ফলে বিভিন্ন এলাকায় যে সকল লাশ পচে ফুলে রাস্তায় পড়ে আছে তা তুলে ধলপুর ময়লা ডিপোতে ফেলার জন্য রেলওয়ে কলোনী থেকে আমাকে ও দুখী লালকে ডেকে নিয়ে যায়। আমরা ঢাকা পৌরসভায় গিয়ে সেখানে আমার ভাতিজা ডোম গাংওয়া, আমার মেয়ে জামাই হরি ডোম, সন্টু, ফেকু ডোম, দরবারী, গণেশ, লেমু, লালবাহাদুর, খুবী, পরদেশী অর্জুন সবাইকে হাজির দেখেছি। আমার দলে আমরা-আমি, দরবারী, মহেশ, কানাই, হরি ফেকওয়া এই ছয়জন ছিলাম। সুইপার সুপারভাইজার পঞ্চ আমাদের সাথ ছিলেন। আমাদের ট্রাক ইংলিশ রোডের মুখে রায়সাহেব বাজারের প্রবেশ পথ দিয়ে গোয়ালনগরের স্কুল ও মন্দিরের সম্মুখে যেয়ে থামানো হয়। মন্দিরের ভিতর প্রবেশ করে হাফ শার্ট ও হাফ প্যান্ট পরা এক চৌদ্দ বছরের সুন্দর ফুটফুটে ছেলের সদ্য মৃত লাশ দেওয়ালে ঠেশ দিয়ে পড়ে থাকতে দেখলাম-ছেলেটিকে রাস্তা থেকে তাড়িয়ে নিয়ে পিছন দিক থেকে হাত বেঁধে মাথার পিছন দিক থেকে গুলি করে হত্যা করা হয়েছে। মাথার পিছন দিক দিয়ে অঝোরে তাজা রক্ত ঝরতে দেখলাম- সদ্য মৃত তাজা লাশ, হাত দিয়ে বড় আদরের সাথে ট্রাকে তুলে দিলাম। কচি ছেলের তুলতুলে লাশ তুলতে গিয়ে আমার হৃদয় যেন কেঁপে উঠলো, হাহাকার করে উঠলো। হায়, না জানি কোন মায়ের আদরের দুলাল, চোখের মণিকে পশুরা তাড়িয়ে এন এভাবে হত্যা করে গেছে। লাশের ডাগর ডাগর চোখের দিকে তাকাতেই আমার চোখ বেয়ে পানি ঝরতে লাগলো অঝোরে, আমি কিছুতেই আমার চোখের পানি আটকে রাখতে পারলাম না। পশ্চিম দিকে অগ্রসর হয়ে রাস্তার উপর আরও একটি যুবকের তাজা লাশ দেখলাম- উভয়ই মুসলমান যুবকের লাশ। গোয়ালনগরের দক্ষিণ দিকের রাস্তা দিয়ে আমরা অগ্রসর হয়ে দুর্গা মায়ের মন্দিরের নিকটবর্তী বাড়ীর অভ্যন্তরে রান্নাঘরে প্রবেশ করে সেখানে এক ঘরেই এগারটি পচা ফুলা লাশ দেখলাম- তিনজন বাইরে- অবশিষ্টগুল পাল-এর নীচে। একজন অর্ধ বয়সের রূপসী মহিলা মাথায় কোমর পর্যন্ত লম্বা চুল, হরিণের মত মায়ময় চোখ, লাবণ্যময় দেহ, সারা দেহের উপর যেন ভগবান দুধের সর বিছিয়ে দিয়েছিলেন। প্রবেশপথে দুটি যুবক ও একজন কিশোরের লাশ দেখলাম-ঘরের ভিতরে পালং এর নীচে থেকে আরও ছয়জন যুবক ছেলের লাশ তুলে আনলাম। পাশের ঘরে প্রবেশ করে দু'জন যুবক ছেলে ও একজন মধ্যবয়সী লোকের পঁচা লাশ তুলেছি। উপরোক্ত সমস্ত লাশ আমি ধলপুর ময়লার ডিপোতে গিয়ে দেখলাম- বড় বড় গর্ত করে কুলিরা বসে আছে- ট্রাক থামিয়ে আমরা সব লাশ গর্তে ঢেলে দিলে কুলিরা মাটি ফেলে গর্ত বন্ধ করে দিল। লাশ উঠাবার জন্য আমাদের প্রত্যককে মাত্র তিন টাকা করে দিলে আমি সারাদিন না খেয়ে লাশ তুলতে অস্বীকার করে চলে আসি। সারাদিন লাশ তুলে আমি অসুস্থ হয়ে পড়েছিলাম। পরেরদিন থেকে আমি আর লাশ তুলতে যাই নাই।

টিপসহি
ছোটন ডোম
৭-৪-৭৪

\ ১৫ \

পঞ্চম
সুইপার সুপারভাইজার
ঢাকা পৌরসভা
সুইপার কলোনী, গণকটুলী
নবাবগঞ্জ, ঢাকা

আমি ১৯৭১ সনের ২৫শে মার্চ কালরাতে গণকটুলী পৌরসভার সুইপার কলোনীতে ছিলাম। এখানে আমাদের পরিবারের অন্যান্য সদস্যরা আমার সাথে অবস্থান করছিল। সেইদিন রাত থেকে আমাদের কলোনীর চারিদিকে সান্ধ্য আইন জারী করে বর্বর পাক সেনারা ই,পি, আর, হেড কোয়ার্টারে বাঙ্গালী জোয়ানদের নির্বিচারে হত্যা করতে থাকে। আমরা কলোনীতে সকল সুইপার দরজা-জানালা বন্ধ করে মৃত্যুর প্রহর গুনছিলাম। বাইরে চলছিল চারিদিকে বৃষ্টির মত গোলাবর্ষণ। ২৭শে মার্চ সকাল নয়টায় পাক সেনারা সান্ধ্য আইন কিছুক্ষণের জন্য উঠিয়ে নিলে সবাই সপরিবারে ঢাকার বাংলাদেশ মাঠ (পাকিস্তান মাঠ- আগা সাদেক রোড) সংলগ্ন সুইপার বস্তিতে আশ্রয় গ্রহন করি। গণকটুলীর আমাদের সুইপার কলোনীর একজন পুরুষ সুইপার মুখ ধোয়ার সময় এবং কাউসিলা দেবী নামে একজন হিন্দু সুইপারকে পাক সেনারা গুলি করে নির্মমভাবে হত্যা করে। "পৌরসভার সকল কর্মচারীকে অবিলম্বে কাজে যোগদান করতে হবে"- রেডিও মারফত আমি এ ঘোষণা শুনে চাকুরীর স্বার্থে পৌরসভায় এসে রিপোর্ট করি। অফিসে এসে দেখলাম, পৌরসভার তৎকালীন কনসারভেন্সি অফিসার ইদ্রিস সাহেব ক্রোধান্ধ হয়ে ডোমদের ডাকছেন। তার নির্দেশে আমি, সুইপার ইন্সপেক্টর রামদীন, ডোম পরদেশী, লেমু, গণেশ এবং লাল বাহাদুর -আমরা সবাই প্রথমে ঢাকা মিটফোর্ড হাসপাতালের লাশ তুলতে যাই। আমরা সেদিন মিটফোর্ড থেকে দু'ট্রাক লাশ তুলেছি- সকল লাশ আমরা ওয়ারী আউটকলে ফেলেছি। সেখানে পূর্বেই শ্রমিকদের দ্বারা বিরাট বিরাট লম্বা লম্বা গর্ত করে রাখা হয়েছিল। আমরা লাশ নিয়ে সেই সব গর্তে ফেলেছি। পরের দিন আমার দল আবার মিটফোর্ডে লাশ তুলতে যায়। আমরা ২৯শে মার্চ মিটফোর্ড লাশ ঘর থেকে দু'ট্রাক লাশ তুলেছি। পরদেশী এবং তার ভাই চুন্নু নীচে দাঁড়িয়ে পচা, ফুলা, গুলিতে ক্ষতবিক্ষত লাশ তুলে ট্রাকের সম্মুখে এনেছে- রঞ্জিত (লাল বাহাদুর) ও গণেশ দু'জন ট্রাকের উপরে ছিল। অধিকাংশ লাশ খাকী শার্ট পরা-পুলিশের ছিল। আমরা সকল লাশ ওয়ারী আউটকলে ফেলেছি। পরের দিন আমার দল বুড়ীগঙ্গা নদীর পাড় ও শ্যামবাজার থেকে লাশ তুলেছি। তিনদিন পর আমার দল রমনা কালীবাড়ীতে লাশ তুলেছে। ডোম রঞ্জিত, গণেশ ও বদলু ছয়টি গন্ধ পোড়া লাশ তুলেছে। রমনা কালী বাড়ী পুকুরের পাড় থেকে রশি দিয়ে হাত, পা ও চোখ শক্ত করে বাঁধা দুজন যুবকের লাশ তুলেছে। ইহা ছাড়া আমার দল রাজধানী ঢাকার বিভিন্ন রাস্তা থেকে বহু লাশ তুলেছে। বুড়ীগঙ্গা নদী থেকে আমার দল আমার উপস্থিতে যেসব বাঙ্গালী যুবকের লাশ তুলেছে তার প্রায় সবই চোখ হাত-পা বাঁধা ছিল। আমার দল বেশ কয়েকদিন পরে ঢাকা হলের ভিতর থেকে তিন জন যুবকের পচা লাশ তুলেছে।

স্বাক্ষর/-
পঞ্চম
১১-৫-৭৪

\ ১৬ \

পরদেশী
সুইপার সরকারী পশু হাসপাতাল
ঢাকা

১৯৭১ সনের ২৭শে মার্চ সকালে রাজধানী ঢাকায় পাকসেনাদের বীভৎস হত্যাকাণ্ডের পর ঢাকা পৌরসভার তৎকালীন চেয়ারম্যান মেজর সালামত আলি খান শূরের প্রশাসনিক অফিসার মিঃ ইদ্রিস পৌরসভার আরও কয়েকজন অফিসার সঙ্গে নিয়ে একটি মিউনিসিপ্যাল ট্রাকে পশু হাসপাতালের গেটে এসে বাঘের মত ''পরদেশী পরদেশী'' বলে গর্জন করতে থাকলে আমি ভীত-সন্ত্রস্তভাবে আমার কোয়ার্টার থেকে বের হয়ে আসি। ইদ্রিস সাহেব অত্যন্ত ক্রুদ্ধভাবে কর্কশ স্বরে বলতে থাকেন, ''তোমরা সব সুইপার ডোম বের হও, যদি বাঁচতে চাও অবিলম্বে সবাই মিলে ঢাকার বিভিন্ন এলাকায় স্তূপীকৃত লাশ উঠিয়ে ধলপুর ময়লা ডিপোতে ফেলে দাও। নইলে কাউকে বাঁচানো হবে না, কেউ বাঁচতে পারবে না।'' পৌরসভার সেই ট্রাকে নিম্নবর্ণিত সুইপাররা বসা ছিলঃ ১। ভারত ২। লাড়ু ৩। কিষণ।

আমি তার নির্দেশ অমান্য করার কোন উপায় না দেখে ট্রাকে উঠে বসলাম। সেই ট্রাকে করে ঢাকা পৌরসভা অফিসে আমাদের প্রায় আঠারজন সুইপার ও ডোমকে একত্রিত করে প্রতি ছয়জনের সাথে দুইজন করে সুইপার ইন্সপেক্টর আমাদের সুপারভাইজার নিয়োজিত করে তিন ট্রাকে তিনদলকে বাংলাবাজার, মিটফোর্ড ও বিশ্ববিদ্যালয় এলাকায় প্রেরণ করা হয়। আমি মিটফোর্ডের ট্রাকে ছিলাম। সকাল নয়টার সময় আমাদের ট্রাক মিটফোর্ড হাসপাতালের লাশঘরের সম্মুখে উপস্থিত হলে আমরা ট্রাক থেকে নেমে লাশঘরের ভিতরে প্রবেশ করে বুকে এবং পিঠে মেশিনগানের গুলিতে ঝাঁঝরা করা প্রায় একশত যুবক বাঙ্গালীর বিভৎস লাশ দেখলাম। আমি আমার সুপারভাইজারের নির্দেশে লাশঘরের ভিতরে প্রবেশ করে প্রতিটি লাশর পায়ে ধরে টেনে বের করে বাইরে দাঁড়ানো অন্যান্য সুইপারের হাতে তুলে দিয়েছি ট্রাকে উঠাবার জন্য। আমি দেখেছি প্রতিটি লাশের বুক ও পিঠ মেশিনগানের গুলিতে ঝাঁঝরা। সব লাশ তুলে দিয়ে একপাশে একটা লম্বা টেবিলের উপর চাদর দিয়ে ঢেকে দেওয়া একটি লাশের উপর থেকে চাদর টেনে উঠিয়ে দেখলাম একটি রুপসী ষোড়শী যুবতীর উলঙ্গ লাশ-লাশের বক্ষ, যোনিপথ ক্ষতবিক্ষত, কোমরের পিছনের মাংস কেটে তুলে নেওয়া হয়েছে, বুকের স্তন থেতলে গেছে, কোমর পর্যন্ত লম্বা কালো চুল, হরিণের মত মায়ময় চোখ দেখে আমার চোখ বেয়ে পানি পড়তে থাকলো, আমি কিছুতেই চোখের পানি রাখতে পারলাম না। আমি আমার সুপারভাইজারের ভয়াল এবং ভয়ঙ্কর কর্কশ গর্জনের মুখে সেই সুন্দরীর পবিত্র দেহ অত্যন্ত যত্ন সম্ভ্রমের সাথে ট্রাকে উঠিয়ে দিলাম। মিটফোর্ডের লাশঘরের সকল লাশ ট্রাকে উঠিয়ে আমরা ধলপুরের ময়লা ডিপোতে নিয়ে গিয়ে বিরাট গর্তের মধ্যে ঢেলে দিলাম। দেখলাম বিরাট গর্তের মধ্যে সুইপার ও ডোমেরা রাজধানী ঢাকার বিভিন্ন স্থান থেকে নিয়ে আসা লাশ ট্রাক থেকে গর্তের মধ্যে ফেলে দিচ্ছে। আমি অধিকাংশ লাশের দেহে কোন কাপড় দেখি নাই, যে সমস্ত যুবতী মেয়ে ও রমণীদের লাশ গর্তের মধ্যে ফেলে দেওয়া হলো তার কোন লাশের দেহেই আমি কোন আবরণ দেখি নাই। তাদের পবিত্র দেহ দেখেছি ক্ষতবিক্ষত, তাদের যোনিপথ পিছন দকিসহ আঘাতে বীভৎস হয়ে আছে। দুপুর প্রায় দু'টার সময় আমরা রমনা কালীবাড়ীতে চলে আসি পৌসভার ট্রাক নিয়ে। লাশ উঠাবার জন্য ট্রাক রমনা কালীবাড়ীর দরজায় দাঁড় করিয়ে রেখে, দুজন ট্রাকে দাঁড় করিয়ে রেখে আমরা চারজন কালিবাড়ীর ভিতরে গিয়ে দেখি সবকিছু পুড়ে ভস্ম হয়ে আছে। কালীবাড়ীর ভিতরে বিভিন্ন জায়গায় ছাড়ানো ছিটানো ৪১টি পোড়া লাশ আমি ট্রাকে তুলেছি। কালীবাড়ীর এ সকল লাশ আমরা ধলপুরের ময়লার ডিপোতে গর্তের মধ্যে ফেলেছি। লাশ তুলে তুলে মানুষের পচা চর্বির গন্ধে আমার পকস্থলী বের হতে চাচ্ছিল। পরের দিন আমি আর লাশ তুলতে যাই

নাই, যেতে পারি নাই, সারাদিন ভাত খেতে পারি নাই, ঘৃণায় কোনকিছু স্পর্শ করতে পানি নাই। পরের দিন ২৯শে মার্চ সকালে আমি আবার ঢাকা পৌরসভা অফিসে হাজির হলে আমাকে ট্রাক দিয়ে লাশ তোলার জন্য আরও কয়েকজন সুইপারের সাথে ঢাকা শাঁখারীবাজারে যেতে বলা হয়। জজ কোর্টের সম্মুখে আগুনের লেলিহান শিখা তখনও জ্বলছিল, আর পাক সেনারা টহলে মোতায়েন ছিল বলে আমরা ট্রাক নিয়ে সে পথ দিয়ে শাঁখারীবাজারে প্রবেশ করতে পারি নাই। পাটুয়াটুলি ঘুরে আমরা শাখারীবাজারের পশ্চিম দিকে প্রবেশ করে পাটুয়াটুলি ফাঁড়ি পার হয়ে আমাদের ট্রাক শাঁখারীবাজরের মধ্যে প্রবেশ করল। ট্রাক থেকে নেমে আমরা শাঁখারীবাজরের প্রতিটি ঘরে প্রবেশ করলাম- দেখলাম মানুষের লাশ নারী-পুরুষ, যুবক-যুবতী, বৃদ্ধ-বৃদ্ধা, বালক-বালিকা, কিশোর-শিশুর বীভৎস পচা লাশ, চারদিকে ইমারতসমূহ ভেঙ্গে পড়ে আছে, মেয়েদের অধিকাংশ লাশ আমি সম্পূর্ণ উলঙ্গ দেখলাম, দেখলাম তাদের বুক থেকে স্তন তুলে নেওয়া হয়েছে। কারও কারও যোনিপথে লাঠি ঢুকানো আছে। বহু পোড়া, ভস্ম লাশ দেখেছি। পাঞ্জাবী সেনারা পাষণ্ডের মত লাফাতে লাফাতে গুলবর্ষণ করছিল, বিহারী জনতা শাঁখারীবাজারের প্রতিটি ঘরে প্রবেশ করে মূল্যবান আসবাবপত্র, সোনা দানা লুণ্ঠন করে নিয়ে যাচ্ছিল, আমরা অবিরাম গুলিবর্ষণের মুখে প্রাণের ভয়ে দুই ট্রাক লাশ তুলে লাশ তোলা জন্য সেদিন আর শাঁখারীবাজরে প্রবেশ করার সাহস পাই নাই। ৩০শে মার্চ সকালে আমার দলকে মিলব্যারাক থেকে লাশ তুলতে বলা হয়। আমি মিলব্যারাক ঘাটে পৌরসভার ট্রাক নিয়ে গিয়ে দেখলাম নদীর ঘাটে অসংখ্য মানুষের লাশ ছড়িয়ে ছিটিয়ে আছে, বহু লাশ রশি দিয়ে বাঁধা দেখলাম, প্রতিটি রশির বন্ধন খুলে প্রতি দলে দশ জন পনের জনের লাশ বের করলাম, সব যুবক ছেলে ও স্বাস্থ্যবান বালকদের লাশ দেখলাম। প্রতিটি লাশের চোখ বাঁধা, হাত বাঁধা, শক্ত করে পিছন দিক থেকে। প্রতিটি লাশের মুখমণ্ডল কালো দেখলাম এসিডে জ্বলে বিকৃত ও বিকট হয়ে আছে। লাশের সামনে গিয়ে ঔষদের অসহ্য গন্ধ পেলাম। লাশের কোন দলকে দেখলাম মেশিনগানের গুলিতে বুক ও পিঠ ঝাঁঝরা হয়ে আছে, অনেক লাশ দেখলাম বেয়নেটের আঘাতে বীভৎস হয়ে আছে, কারো মাথা চূর্নবিচূর্ণ হয়ে মগজ বের হয়ে আছে, কারো কাটা হৃঃপিণ্ড বের হয়ে আছে। নদীর পাড়ে ছয়জন রূপসী যুবতীর বীভৎস ক্ষতবিক্ষত, উলঙ্গ লাশ দেখলাম। চোখ বাঁধা, হাত, পা, শক্ত করে বাঁধা প্রতিটি লাশ গুলির আঘাতে ঝাঁঝর, মুখমণ্ডল, বৃক্ষ ও যোনিপথ রক্তাক্ত ক্ষতবিক্ষত ও বীভৎস দেখলাম। দুইবারে দুই ট্রাকে আমি সত্তরটি লাশ উঠিয়ে ধলপুর ময়লা ডিপোতে ফেলেছি। এরপর আমাকে সদরঘাট, শ্যমবাজার, বাদমতীল ঘাট থেকে লাশ তুলতে বলা হয়। আমি উপরোক্ত এলাকার নদীর ঘাট থেকে পচা লাশ তুলে ধলপুর ময়লা ডিপোতে ফেলেছি। আমি যেদিন কালীবাড়ী লাশ তুলেছি সেদিন সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের পিছনে ষ্টাফ কোয়ার্টার, রোকেয়া হলের পশ্চিম দিকে জনৈক অধ্যাপকের বাসা থেকে আমি লাশ তুলেছি। রোকেয়া হলের পিছনের ষ্টাফ কোয়ার্টারের ভিতর থেকে আমি মেয়ে, পুরুষ ও শিশু সমেত নয়টি লাশ তুলেছি। আর অধ্যাপকের বাসা থেকে সিঁড়ির সামনে লেপের ভিতর পেঁচানো জনৈক অধ্যাকের লাশ আমি তুলে নিয়ে গেছি।

স্বাক্ষর/-
পরদেশী
২১-৩-৭৪

\১৭\

মিসেস রাবেয়া খাতুন
সুইপার, রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা।

১৯৭১ সনের ২৫শে মার্চ রাতে হানাদার পাঞ্জাবী সেনারা যখন রাজারবাগ পুলিশ লাইনের উপর অতর্কিতে হামলা চালায় তখন আমি রাজারবাগ পুলিশ লাইনের এস, এফ, কেন্টিনে ছিলাম। আসন্ন হামলার ভয়ে আমি সারাদিন পুলিশ লাইনের ব্যারাক ঝাড়ু দিয়ে রাতে ব্যারাকেই ছিলাম। কামান, গোলা, লাইটবোম আর ট্যাঙ্কের অবিরাম কানফাটা গর্জনে আমি ভয়ে ব্যারাকের মধ্যে কাত হয়ে পড়ে থেকে থরথরিয়ে কাঁপছিলাম। ২৬শে মার্চ সকালে ওদের কামানের সম্মুখে আমাদের বীর বাঙ্গালী পুলিশ বাহিনী বীরের মত প্রতিরোধ করতে করতে আর টিকে থাকতে পারি নাই। সকালে ওরা পুলিশ লাইনের এস, এফ, ব্যারাকের চারদিকে আগুন লাগিয়ে দেয় এবং ব্যারাকের মধ্যে প্রবেশ করে বাঙ্গালী পুলিশদের নাকে, মুখে, সারা দেহে বেয়নেট ও বেটন চার্জ করতে করতে ও বুটের লাথি মারতে মারতে বের করে নিয়ে আসছিল। ক্যান্টিনের কামরা থেকে বন্দুকের নলের মুখে আমাকেও বের করে আনা হয়, আমাকে লাথি মেরে, মাটিতে ফেলে দেওয়া হয় এবং আমার উপর প্রকাশ্যে পাশবিক অত্যাচার করছিল আর কুকুরের মত অট্টহাসিতে ফেটে পড়ছিল আমার উপর উপর্যুপরি পাশবিক অত্যাচার করতে করতে যখন আমাকে একেবারে মেরে ফেলে দেওয়ার উপক্রম হয় তখন আমার বাঁচবার আর কোন উপায় না দেখে আমি আমার প্রাণ বাঁচাবার জন্য ওদের নিকট কাতর মিনতি জানাচ্ছিলাম। আমি হাউমাউ করে কাঁদছিলাম, আর বলছিলাম আমাকে মেরোনা, আমি সুইপার, আমাকে মেরে ফেললে তোমাদের পায়খান ও নর্দমা পরিষ্কার করার আর কেউ থাকবে না, তোমাদের পায়ে পড়ি তোমরা আমাকে মেরো না, মেরো না, মেরো না, আমাকে মেরে ফেললে তোমাদের পুলিশ লাইন রক্ত ও লাশের পচা গন্ধে মানুষের বাস করার অযোগ্য হয়ে পড়বে। তখনও আমার উপর এক পাঞ্জাবী কুকুর, কুকুরের মতই আমার কোমরের উপর চড়াও হয়ে আমাকে উপর্যুপরি ধর্ষণ করছিল। আমাকে এভাবে ধর্ষণ করতে করতে মেরে ফেলে দিলে রাজারবাগ পুলিশ লাইন পরিষ্কার করার জন্য আর কেউ থাকবে না একথা ভেবে ওরা আমাকে ছেড়ে দিয়ে আমাকে এক পাঞ্জাবী ধমক দিয়ে বলতে থাকে, 'ঠিক হায়, তোমকো ছোড় দিয়া যায়েগা জারা বাদ, তোম বাহার নাহি নেকলেগা, হারওয়াকত লাই পার হাজির রাহেগা।' একথা বলে আমাকে ছেড়ে দেয়।

পাঞ্জাবী সেনারা রাজাকার ও দালালদের সাহায্যে রাজধানীর স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের এলাকা এবং অভিজাত জনপদ থেকে বহু বাঙ্গালী যুবতী মেয়ে, রূপসী মহিলা এবং সুন্দরী বালিকাদের জীপে, মিলিটারী ট্রাকে করে পুলিশ লাইনের বিভিন্ন ব্যারাকে জমায়েত করতে থাকে। আমি কেন্টিনের ড্রেন পরিষ্কার করছিলাম দেখলাম আমার সম্মুখ দিয়ে জীপ থেকে আর্মী ট্রাক থেকে লাইন করে বহু বালিকা যুবতী ও মহিলাকে এস, এফ কেন্টিনের মধ্য দিয়ে ব্যারাকে রাখা হল। বহু মেয়েকে হেডকোয়ার্টার বিল্ডিং-এ উপর তালায় রুমে নিয়ে যাওয়া হল, আর অবশিষ্ট মেয়ে যাদেরকে ব্যারাকের ভিতর জায়গা দেওয়া গেলা না তাদের বারান্দায় দাঁড় করিয়ে রাখা হল। অধিকাংশ মেয়ের হাতে বই ও খাতা দেখলাম, অনেক রূপসী যুবতীর দেহে অলঙ্কার দেখলাম, তাদের মধ্যে অধিকাংশ মেয়ের চোখ বেয়ে অঝোরে অশ্রু পড়ছিল। এরপরই আরম্ভ হয়ে গেল সেই বাঙ্গালী রানীদের উপর বীভৎস ধর্ষণ। লাইন থেকে পাঞ্জাবী সেনারা কুকুরের মত জিভ চাটতে চাটতে ব্যারাকের মধ্যে উম্মত্ত অট্টহাসিতে ফেটে পড়ে প্রবেশ করতে লাগলো। ওরা ব্যারাকে ব্যারাকে প্রবেশ করে প্রতিটি যুবতী, মহিলা ও বালিকার পরনের কাপড় খুলে একেবারে উলঙ্গ করে মাটিতে লাথি মেরে ফেলে দিয়ে বীভৎস ধর্ষণে লেগে গেল। কেউ দাঁড়িয়ে দাঁড়িয়ে সেই নিরীহ বালিকাদের উপর ধর্ষণে লেগে গেল, আমি ব্যারাকে ড্রেন পরিষ্কার করার অভিনয় করছিলাম আর ওদের বীভৎস পৈশাচিকতা দেখছিলাম। ওদের উম্মত্ত উল্লাসের সামনে কোন মেয়ে কোন শব্দ পর্যন্তও করে নাই, করতে পারে নাই। উন্মত্ত পাঞ্জাবী সেনারা এই নিরীহ বাঙ্গালী মেয়েদের শুধুমাত্র ধর্ষণ

করেই ছেড়ে দেয় নাই- আমি দেখলাম পাক সেনারা সেই মেয়েদের উপর পাগলের মত উঠে ধর্ষণ করছে আর ধারাল দাঁত বের করে বক্ষের স্তন ও গালের মাংস কামড়াতে কামড়াতে রাক্তাক্ত করে দিচ্ছে, ওদের উদ্ধত ও উন্মত্ত কামড়ে অনেক কচি মেয়ের স্তনসহ বক্ষের মাংস উঠে আসছিল, মেয়েদের গাল, পেট, ঘাড়, বক্ষ, পিঠের ও কোমরের অংশ ওদের অবিরাম দংশনে রাক্তাক্ত হয়ে গেল। যে সকল বাঙ্গালী যুবতী ওদের প্রমত্ত পাশবিকতার শিকার হতে অস্বীকার করলো দেখলাম তৎক্ষণাৎ পাঞ্জাবী সেনারা ওদেরকে চুল ধরে টেনে এনে স্তন ছোঁ মেরে টেনে ছিঁড়ে ফেলে দিয়ে ওদের যোনি ও গুহ্যদ্বারের মধ্যে বন্দুকের নল, বেয়নেট ও ধারালো ছুরি ঢুকিয়ে দিয়ে সেই বীরাঙ্গনাদের পবিত্র দেহ ছিন্নভিন্ন করে দিচ্ছিল। অনেক পশু ছোট ছোট বালিকাদের উপর পাশবিক অত্যাচার করে ওদের অসার রক্তাক্ত দেহ বাইরে এনে দুজন দু পা দুদিকে টেনে ধরে চড়চড়িয়ে ছিঁড়ে ফেলে দিল, আমি দেখলাম সেখানে বসে বসে, আর ড্রেন পরিষ্কার করছিলাম, পাঞ্জাবীরা শ্মশানের লাশ যে কোন কুকুরের মত মদ খেয়ে সব সময় সেখানকার যার যে মেয়ে ইচ্ছা তাকেই ধরে ধর্ষণ করছিল। শুধু সাধারণ পাঞ্জাবী সেনারাই এই বীভৎস পাশবিক অত্যাচারে যোগ দেয় নাই, সকল উচ্চপদস্থ পাঞ্জাবী সামরিক অফিসারই মদ খেয়ে হিংস্র বাঘের মত হয়ে দুই হাত বাঘের মত নাচাতে নাচাতে সেই উলঙ্গ বালিকা, যুবতী ও বাঙ্গালী মহিলাদের উপর সারাক্ষণ পর্যায়ক্রমে ধর্ষণ কাজে লিপ্ত থাকতো। কোন মেয়ে, মহিলা যুবককে এক মুহূর্তের জন্য অবসর দেওয়া হয় নাই, ওদের উপর্যুপরি ধর্ষণ ও অবিরাম অত্যাচারে বহু কচি বালিকা সেখানেই রক্তাক্ত দেহে কাতরাতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছে, পরের দিন এ সকল মেয়ের লাশ অন্যান্য মেয়েদের সম্মুখে ছুরি দিয়ে কেটে কুটি কুচি করে বস্তার মধ্যে ভরে বাইরে ফেলে দিত। এ সকল মহিলা, বালিকা ও যুবতীদের নির্মম পরিণতি দেখে অন্যান্য মেয়েরা আরও ভীত ও সন্ত্রস্ত হয়ে পড়তো এবং স্বেচ্ছায় পশুদের ইচ্ছার সম্মুখে আত্মসমর্পণ করতো। যে সকল মেয়ে প্রাণে বাঁচার জন্য ওদের সাথে মিল দিয়ে ওদের অতৃপ্ত যৌনক্ষুধা চারিতার্থ করার জন্য 'সর্বতোভাবে সহযোগিতা করে তাদের পিছনে ঘুরে বেড়িয়েছে তাদের হাসি তামাশায় দেহদান করেছে তাদেরকেও ছাড়া হয় নাই। পদস্থ সামরিক অফিসাররা সেই সকল মেয়েদের উপর সম্মিলিতভাবে ধর্ষণ করতে করতে হঠাৎ একদিন তাকে ধরে ছুরি দিয়ে তার স্তন কেটে, পাছার মাংস কেটে, যোনি ও গুহ্যদ্বারের মধ্যে সম্পূর্ণ ছুরি চালিয়ে দিয়ে অট্টহাসিতে ফেটে পড়ে ওরা আনন্দ উপভোগ করত।

এরপর উলঙ্গ মেয়েদেরকে গরুর মত লাথি মারতে মারতে পশুর মত পিটাতে পিটাতে উপরে হেডকোয়ার্টারে দোতলা, তেতলা ও চার তলায় উলঙ্গ অবস্থায় দাঁড় করিয়ে রাখা হয়। পাঞ্জাবী সেনারা চলে যাওয়ার সময় মেয়েদেরকে লাথি মেরে আবার কামরার ভিতর ঢুকিয়ে তালবদ্ধ করে চলে যেত। ইহার পর বহু যুবতী মেয়েকে হেডকোয়ার্টারের উপর তলায় বারান্দার মোটা লোহর তারের উপর চুলের সাথে বেঁধে ঝুলিয়ে রাখা হয়। প্রতিদিন পাঞ্জাবীরা সেখানে যাতায়াত করতো সেই ঝুলন্ত উলঙ্গ যুবতীদের কেউ এসে তাদের উলঙ্গ দেহের কোমরের মাংস বেট দিয়ে উন্মত্তভাবে আঘাত করতে থাকতো, কেউ তাদের বক্ষের স্তন কেটে নিয়ে যেত, কেউ হাসতে হাসতে তাদের যোনিপথে লাঠি ঢুকিয়ে আনন্দ করতো, কেউ উচু চেয়ারে দাঁড়িয়ে উন্মুক্তবক্ষ মেয়েদের স্তনে মুখ লাগিয়ে ধারাল দাঁত দিয়ে স্তনের মাংস তুলে নিয়ে আনন্দে অট্টহাসি করতো। কোন মেয়ে এসব অত্যাচারে কোন প্রকার চিৎকার করার চেষ্ট করলে তার যোনিপথ দিয়ে লোহার রড ঢুকিয়ে দিয়ে তাকে তৎক্ষণাৎ হত্যা করা হতো। প্রতিটি মেয়ের হাত বাঁধা ছিল পিছনের দিকে শূন্যে ঝুলিয়ে রাখা হয়েছিল। অনেক সময় পাঞ্জাবী সেনারা সেখানে এসে সেই ঝুলন্ত উলঙ্গ মেয়েদের এলাপাতাড়ি বেদম প্রহার করে যেত। প্রতিদিন এভাবে বিরামহীন প্রহারে মেয়েদের দেহের মাংস ফেটে রক্ত ঝরছিল, মেয়েদের কারো মুখের সম্মুখের দিকে দাঁত ছিল না, ঠোঁটের দু'দিকের মাংস কামড়ে, টেনে ছিঁড়ে ফেলা হয়েছিল, লাঠি ও লোহার রডের অবিরাম পিটুনিতে প্রতিটি মেয়ের আঙ্গুল, হাতের তালু ভেঙ্গে, থেঁতলে ছিন্নভিন্ন হয়ে গিয়েছিল। এসব অত্যাচারিত ও লাঞ্চিত মহিলা ও মেয়েদের প্রস্রাব ও পায়খানা করার জন্য হাতের ও চুলের বাঁধন খুলে দেওয়া হতো না এক মুহূর্তের জন্য। হেডকোয়ার্টারের উপর তলার বারান্দায় এই ঝুলন্ত উলঙ্গ মেয়েরা হাত বাঁধা অবস্থায় লোহার তারে ঝুলে থেকে সেখানে প্রস্রাব-পায়খানা করত- আমি প্রতিদিন সেখানে গিয়ে এসব প্রস্রাব-পায়খানা পরিষ্কার

করতাম। আমি স্বচক্ষে দেখেছি, অনেক মেয়ে অবিরাম ধর্ষণের ফলে নির্মমভাবে ঝুলন্ত অবস্থায়ই মৃত্যুবরণ করেছে। প্রতিদিন সকালে গিয়ে সেই বাঁধন থেকে অনেক বাঙ্গালী যুবতীর বীভৎস মৃতদেহ পাঞ্জাবী সেনাদেরকে নামাতে দেখেছি। আমি দিনের বেলাও সেখানে সেই সকল বন্দী মহিলাদের পূতগন্ধ, প্রস্রাব-পায়খান পরিষ্কার করার জন্য সারাদিন উপস্থিত থাকতাম। প্রতিদিন রাজারবাগ পুলিশ লাইনের ব্যারাক থেকে এবং হেডকোয়ার্টার অফিসের উপর তলা হতে বহু ধর্ষিতা মেয়ের ক্ষতবিক্ষত বিকৃত লাশ ওরা পায়ে রশি বেঁধে নিয়ে যায় এবং সেই জায়গায় রাজধানী থেকে ধরে আনা নতুন নতুন মেয়েদের চুলের সাথে ঝুলিয়ে বেঁধে নির্মমভাবে ধর্ষণ আরাম্ভ করে দেয়। এসব উলঙ্গ নিরীহ বাঙ্গালী যুবতীদের সারাক্ষণ সশস্ত্র পাঞ্জাবী সেনারা প্রহরা দিত। কোন বাঙ্গালীকেই সেখানে প্রবেশ করতে দেওয়া হতো না। আর আমি ছাড়া অন্য কোনা সুইপারকেও সেখানে প্রবেশ করতে দেওয়া হতো না।

মেয়েদের হাজারো কাতর আহাজারিতেও আমি ইচ্ছা থাকা সত্ত্বেও বাঙ্গালী মেয়েদের বাঁচবার জন্য কোন ভূমিকা পালন করতে পারি নাই। এপ্রিল মাসের দিকে আমি অন্ধকার পরিষ্কার হওয়ার সাথে সাথে খুব ভোরে হেডকোয়ার্টারের উপর তলায় সারারাত ঝুলন্ত মেয়েদের মলমূত্র পরিষ্কার করছিলাম। এমন সময় সিদ্ধেশ্বরীর ১৩৯ নং বাসার রানু নামে এক কলেজের ছাত্রীর কাতর প্রার্থনায় আমি অত্যন্ত ব্যথিত হয়ে পড়ি এবং মেথরের কাপড় পরিয়ে কলেজ ছাত্রী রানুকে মুক্ত করে পুলিশ লাইনের বাইরে নিরাপদে দিয়ে আসি। স্বাধীন হওয়ার পর সেই মেয়েকে আর দেখি নাই। ১৯৭১ সনের ডিসেম্বরে মুক্তিবাহিনী ও ভারতীয় মিত্রবাহিনী বাংলাদেশ মুক্ত করার পূর্ব পর্যন্ত পাঞ্জাবী সেনারা এসকল নিরীহ বাঙ্গালী মহিলা, যুবতী ও বালিকাদের উপর এভাবে নির্মম-পাশবিক অত্যাচার ও বীভৎসভাবে ধর্ষণ করে যাচ্ছিল। ডিসেম্বরের প্রথমদিকে মিত্রবাহিনী ঢাকায় বোমাবর্ষণের সাথে সাথে পাঞ্জাবী সেনারা আমাদের চোখের সামনে মেয়েদের নির্মমভাবে বেয়নেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে হত্যা করে। রাজারবাগ ডেহকোয়ার্টার অফিসের উপর তলায়, সমস্ত কক্ষে, বারান্দায় এই নিরীহ মহিলা ও বালিকাদের তাজা রক্ত জমাট হয়েছিল। ডিসেম্বরের মুক্তিবাহিনী ও মিত্র বাহিনী রাজধানীতে বীর বিক্রমে প্রবেশ করলে রাজারবাগ পুলিশ লাইনের সকল পাঞ্জাবী সেনা আত্মসমর্পণ করে।

টিপসহি
রাবেয়া খাতুন
১৮-২-৭৪

\ ৪৮ \

মোহাম্মদ আবু নূর
শিক্ষক, সিদ্ধেশ্বরী হাই স্কুল
ঢাকা

আমি সিদ্ধেশ্বরী হাই স্কুলের সহকারী শিক্ষক। একদিন ভারতে যাবার ব্যাপারে স্কুল থেকে কিছু পাওনা টাকা তুলতে গেছি। এমন সময় পাঞ্জাবী পুলিশের একটি দল আমাকে এবং আমার বন্ধু সহকর্মী নজমুল হোসেনকে ধরে নিয়ে রাজারবাগ চলে যায়। সেখানে আমাদের অনেকক্ষণ দাঁড়িয়ে থাকতে হয়। তারপর তারা আমাদের টাকা-পয়সা, ঘড়ি ইত্যাদি ছিনিয়ে নেয়। হ্যাণ্ডকাফ পরিয়ে ওপরে নিয়ে গিয়ে মাটিতে বসিয়ে রাখে এবং মাঝে মাঝে চড়থাপ্পড় দিতে থাকে। সেখান থেকে আমাদেরকে রমনা থানায় নিয়ে যাওয়া হয়। রমনা থানায় লকআপে থাকবার সময় সেখানে আরো অনেক ছেলেকে অত্যাচার-জর্জরিত অবস্থায় দেখতে পাই। ঘন্টাখানেক পর আমাদেরকে লকআপ থেকে বারান্দায় নিয়ে যাওয়া হয় এবং সেখানে প্রথমে আমার সহকর্মীর ওপর দৈহিক পীড়ন শুরু করা হয়। তাঁকে বেতের মোটা লঠি দিয়ে অমানুষিকভাবে প্রহার করা হয়। তার পা মুচড়ে ফেলা হয়। কিন্তু তিনি এরপরও কোন গুপ্ত খবর দিতে অস্বীকার করেন। তারপর শুরু হয় আমার পালা। আমাকে তারা নিদারুন লাঠিপেটা করে এবং আমার পা-ও তারা মুচড়ে ফেলে। কিন্তু আমিও কোন গোপন কথা বলতে সম্মত হইনি।

ঘন্টাখানেক পর একজন ডি,এস,পি এসে আমাদেরকে আবার রাজারবাগ পুলিশ লাইনে নিয়ে যায়। সেখানে অন্যান্য আরো অনেকের সঙ্গে আমাকে ২৪ দিনের জন্য বন্দী করে রাখা হয়। প্রথম দিন রাতে তারা কোন এক পিতা ও তাঁর পুত্রকে একই সঙ্গে উলঙ্গ করে ঐ অবস্থায় সবার সামনে সরারাত দাঁড় করিয়ে রাখে এবং মারধর করে। আমাকে এবং অন্যান্য সবাইকে তারা সকালে দুপুরে ও সন্ধ্যায় নিয়মমাফিক মারধর করত ও জোর করে জবানবন্দী আদায় করে নিত। তবে বেশীর ভাগ ক্ষেত্রেই আমরা সবাই সত্যকে গোপন করে যেতাম। পাঞ্জাবী পুলিশেরা ছাড়াও পাক সেনা বা ই,পি,সি,এ,এফ যারাই আসত তারাই একবার করে এসে আমাদের ধোলাই করে যেত। অনেকেই প্রহারের ফলে সংজ্ঞা হারিয়ে ফেলত। মাঝে মাঝে মধ্যরাতে এসে ঘুম থেকে উঠিয়ে তারা নির্যাতন চালাত। ওরা নিয়মিত আমাদেরকে কিছু খেতে দিত না। তবে মাঝে মাঝে তাদের উচ্ছিষ্ট তারা আমাদের খেতে দিত। বিশেষ করে মারধর করবার সময় পানি চাইলে তারা পানি খেতে দিত না। উল্লেখ করা যেতে পারে মাঝে মাঝে ভিখিরি ছেলেরা বিভিন্ন জায়গা থেকে খাবার ভিক্ষে করে আমাদের দিয়ে যেত।

একদিন ওরা আমার দুই হাত বেঁধে ওপরের দিকে ঐ অবস্থায় একনাগাড়ে ৪৮ ঘন্ট দাঁড় করিয়ে রাখে। বাঁধন খুলে দেবার পরপরই আমি জ্ঞান হারিয়ে ফেলি। আমার পা ভীষণ রকম ফুলে যায় এবং সাধারণভবে চলাফেরা করার ক্ষমতা হারিয়ে ফেলি।

একদিন কোন এক বন্দীকে তারা পিটিয়ে মেরে ফেলে। তারপর মৃতদেহ বস্তায় পুরে তারা নিয়ে যায়। ওখানে একটা ছেলেকে পিঠমোড়া করে সারাদিন বেঁধে রাখে ফলে তার পচনক্রিয়া আরম্ভ হয়। ঐ অবস্থার পরে তাকে ছেড়ে দেয়া হয়। একদিন সকালে পাঞ্জাবী পুলিশ এসে আমাকে বন্দুকের বাঁট দিয়ে পিটাতে শুরু করে, তখন আমার পরনে শুধু একটা জাংগিয়া ছিল এবং হাত উপরের দিকে বাঁধা অবস্থায় ছিল। সে অবস্থায় একজন মিলিটারী অফিসার, ডি,এস,পি,আর,আই এবং কয়েকজন পুলিশ এসে আমাকে ঘিরে ফেলে, তারা প্রত্যেকেই আমার উপর কিল, ঘুষি, চপেটাঘাত, লাথি এবং থাপ্পড় চালাতে থাকে। আমার বুকের উপর একজন একটা রিভলবার ধরে তাদের ইচ্ছামত স্বীকারোক্তি আদায় করার চেষ্টা করে। কিন্তু আমি কোন গোপন তথ্য প্রকাশ না করলে তারা আরো কিছুক্ষণ মারধর করে চলে যায়।

একদিন সকাল বেলায় পাঞ্জাব পুলিশের একজন ডি,এস,পি (অল্পবয়স্ক) আমাকে দেখতে আসে। তার সাথে দু-এক মিনিট কথা বলার জন্য অনুমতি চাই এবং সে এতে রাজী হয়। তাকে আমি প্রথমে বলি, ''শিক্ষার দিক থেকে তুমি আমার চাইতে বেশী নও, কিন্তু কি অবস্থায় আমাদেরকে রেখেছ, তোমরা মানুষ না অন্যকিছু, আমাদের বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকে তা তুমি তদন্ত কর এবং আদালতে বিচার দাও। তা না হলে এভাবে আমাদেরকে রাখার কোন অধিকার তোমাদের নেই।'' আমার কথা শুনে ভীষণ রেগে যায় এবং চিৎকার করতে থাকে। সে আমাকে একটা ছেলের পরিচয় জিজ্ঞাসা করে। আমি বললাম যে ছেলেটার নাম আমি শুনেছি তবে চিনি না। এরপর সে চলে যায়, ঐ দিনই সন্ধ্যার সময় আমাকে বেদমভাবে প্রহার করা হয়, যে ঘরে আমাদের উপর অত্যাচার চালানো হত সেখান থেকে পরে আমাদেরকে অন্যত্র সরিয়ে নেয়া হয়। এখানে দুইজন পাঞ্জাবী পুলিশ মাঝে মাঝে আমাদেরকে খাবার দিয়ে যেত। সিগ্রেটও কিনে এনে দিত, তারা আমাদের মারধর করত না। এদের সাহায্যেই আমি হাবিব ব্যাংকে (শান্তিনগর শাখা) এক বন্ধুর কাছে ঝাড়ুদারের মারফত একটা চিঠি পাঠাতে সক্ষম হই। আমার বন্ধু ঐ ঝাড়ুদারের কাছে আমার জন্য দশটি টাকা পাঠিয়ে দেয় এবং বন্ধু-বান্ধবদেরকে আমার খবর পৌছে দেয়। ছাড়া পাবার ৭/৮ দিন আগে থেকে আমাকে বলা হয় যে টাকা দিলে আমাকে ছেড়ে দেয়া হবে। আমার চেক বইটি (তল্লাশী করে তারা নিয়েছিল) আমার কাছে নিয়ে আসে এবং দু'হাজার টাকার চেক সই করে দিতে বলে। আমি তাদের শ পাঁচেক টাকা দিতে রাজী হই। শেষ পর্যন্ত তরা ৬০০ টাকার একখানা চেক সই করিয়ে নেয়, আমাদেরই একজন বন্দীকে নিয়ে টাকা উঠিয়ে নিয়ে আসে। সেইদিনই বিকালে আমাকে ছেড়ে দেয়া হয় এবং আরো আটশ টাকা দিতে বলে। আমি পালিয়ে যাব এ ভয়ে একজন পুলিশকে আমার পিছনে লাগিয়ে দেয়। পরের দিন আমি আমার বন্ধুদের কাছ থেকে টাকা নিয়ে তাদেরকে দিয়ে আসি।

দীর্ঘদিনে বন্দী শিবিরের অত্যাচার ও নির্যাতনের চিহ্ন বহন করে অবশেষে বাড়ী ফিরে যাই। এখনও আমি পুরোপুরি সুস্থ হয়ে উঠিনি এবং অস্বাভাবিক জীবনযাপন করছি।

স্বাক্ষর/-
মোঃ আবু নূর
৪-৪-৭৩

\ ১৮ \

মোহাম্মদ আলী নূর চৌধুরী
প্রধান শিক্ষক, ঘোড়াশাল হাই স্কুল

১লা ডিসেম্বর ১৯৭১ সকাল ৫টায় রেলগাড়ীতে করে প্রায় ৫০/৬০ জন সৈনিক সাথে একজন মেজরসহ ন্যাশনাল জুট মিল (ইজব নগর, ঘোড়াশাল, ঢাকা) ঘিরে ফেলে। তখন অনেকেই নিদ্রায় মগ্ন। মিল ছিল রমজান উপলক্ষে ছুটি। বিশেষ করে মিলের স্টাফের লোকজনই সেখানে তখন ছিলেন। ঘোড়াশাল সেতুর পশ্চিম পাশে গাড়ী থামিয়ে মিছিল সহকারে প্রথমত গুলি করতে করতে পাক বাহিনী মিলে প্রবেশ করে। গুলির শব্দ শুনে মিলের আশেপাশের লোজন দৌড়াদৌড়ি করতে থাকে। কিন্তু পাক বাহিনী ওদিকে কোন দৃষ্টিপাত করেনি। রাস্তার পাশে যে সব বাড়ীঘর ছিল সেগুলিতে অগ্নিসংযোগ করে মাত্র। গোলাগুলির শব্দ শুনে মিলের প্রত্যেকে ঘুম থেকে জাগ্রত হয়ে কিংকর্তব্যবিমূঢ় হয়ে যায়। মিলের সহকারী ম্যানেজার শহীদ আবু তালেব পাক বাহিনীর সাথে একত্র হয়ে মিলের সবাইকে সান্ত্বনা সহকারে কাছে ডেকে আনেন। অনুমান স্টাফে দেড়শত লোক ছিল এবং তাদের পরিবার পরিজনসহ ৫০০ লোক। মেজর সবাইকে ডেকে শীতলক্ষ্যা নদীর পশ্চিম পাড়ে নিয়ে যায়। চক্ষু লাল করে ম্যানেজার সাহেবকে জিজ্ঞাসাবাদ করে এখানে মুক্তিবাহিনী আছে কিনা? এবং স্টাফের সবাইকে মুক্তিবাহিনী বলে মেজর আখ্যায়িত করে। সহকারী ম্যানেজার সাহেব মেজরকে নানাভাবে তাঁর স্টাফ যে মুক্তিবাহিনী নয়, তা বুঝাতে চেষ্টা করেন এবং তার প্রমান দেন। ভোর ৬টা থেকে বেলা ২টা পর্যন্ত উভয়ের মধ্যে এসব কথা কাটাকাটি হয়। শেষ পর্যন্ত মেজর ব্যাপারটা বুঝতে সক্ষম হন। সহকারী ম্যানেজার সাহেবকে তাদের স্ব-স্ব কাজে লিপ্ত হতে আদেশ দেন। স্টাফের সবাই নিজ নিজ কাজে চলে যায়। মেজর ও তার অন্যান্য সৈন্যরা মিল প্রদক্ষিণ করতে থাকে। তাদের প্রধান উদ্দেশ্য ছিল মুক্তিবাহিনী অনুসন্ধান করা। অবশেষে আবার তারা গাড়ীর দিকে রওনা হয়। যখন তারা গাড়ীর দিকে ধাবমান ঠিক সেই মুহূর্তে কোথা হতে কে যেন একে একে দুটি গুলি করে। গুলির শব্দ শুনে মেজর ও অন্যান্য সৈনিকরা তেলে-বেগুনে জ্বলে ওঠে এবং পুনরায় মিলের দিকে রওনা হয়। আর কালবিলম্ব না করে অফিসার স্টাফের প্রত্যেকের বাসায় উঠে যাকে যেভাবে দেখেছে সেভাবেই নৃশংসভাবে হত্যা করে। উল্লেখ্য যে, মিলের গেটকিপারসহ অফিসার ও স্টাফের দু'একজন ছাড়া সবাইকে পাক বাহিনী নৃশংসভাবে হত্যা করে। ঠিক সন্ধ্যা ৬টায় তারা ট্রেনে উঠে ঢাকা অভিমুখে চলে যায়।

স্বাক্ষর/-
আলী নূর চৌধুরী
৪-১২-৭৩

\ ১৯ \

মিসেস আবু তালেব
স্বামীঃ শহীদ আবু তালেব, এম, এ
সহকারী ম্যানেজার, ন্যাশনাল জুট মিলস
ঘোড়াশাল, ঢাকা

১৯৭১ সালের ১লা ডিসেম্বর একদল খানসেনা অতর্কিতভাবে ঘোড়াশাল ন্যাশনাল জুট মিলস ঘিরে ফেলে এবং মিলের ১০৪ জন বিভিন্ন পদের নিরীহ নিরস্ত্র কর্মচারীকে নির্মমভাবে এক লাইনে দাঁড় করিয়ে এল, এম, জি'র ব্রাশফায়ারে হত্যা করে। শহীদ আবু তালেব তাঁদের মধ্যে সবচেয়ে উচ্চপদস্থ কর্মচারী ছিলেন। তিনি দিনাজপুরে ঠাকুরগাঁ মহকুমার ধাকদনপুর গ্রামের অধিবাসী ছিলেন এবং জনাব আহমদ উদ্দীন আহমদের সর্বকনিষ্ঠ পুত্র এবং ন্যাশনাল জুট মিলের সহকারী ম্যানেজার হিসেবে কর্মরত ছিলেন। তিনি পরোক্ষভাবে স্বাধীনতা যুদ্ধে সহায়তা দান করেন এবং বহু জনহিতকর কাজ সম্পাদন করেন। তিনি দিনাজপুর জেলার চিরিরবন্দর থানার নওখৈর গ্রামে ''নবোদয়'' নামে একটি পাঠাগারও প্রতিষ্ঠা করেন। তাছাড়া তাঁর বড় পরিচয় তিনি ন্যাশনাল জুট মিল প্রতিষ্ঠার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করেন এবং একজন জনপ্রিয় ও দক্ষ পরিচালক হিসেবে খ্যাতি অর্জন করেন। মাত্র ৩২ বছর বয়সে বর্বর পাক সেনাদের হাতে তাঁর প্রাণ হারাতে হয়। মৃত্যুকালে স্ত্রী ও দুই কন্যা রেখে যান। মৃত্যুর পূর্বমহূর্তে তিনি বারবার পাক সেনাদের কাছে আবেদন জানান- ''মারতে যদি হয় আমাকে মার, আমার কর্মচারীদেরকে মের না।'' যেহেতু তিনি মিলটিকে গড়ে তোলেন সেহেতু তাঁর শেষ ইচ্ছা ছিল মৃত্যুর পরে যেন তাঁকে সেখানেই কবরস্থ করা হয়। কিন্তু তাঁর শেষ ইচ্ছা পূর্ণ হয়নি।

স্বাক্ষর/-
মিসেস আবু তালেব
২০-১১-৭৩

\ ২০ \

মোহাম্মদ মাহমুদুল আশরাফ
গ্রাম ও পোঃ ঘোড়াশাল
কালীগঞ্জ, ঢাকা

নভেম্বর মাসের ১৭ তারিখ ঘোড়াশাল ষ্টেশনে মিলিটারী ক্যাম্প থেকে ৫০/৫৫ জনের একটি দল ভোর ৬টায় ষ্টেশনের দক্ষিণ দিকের দু'তিনটা পথ দিয়ে খিলপাড়া ও আটিয়া গ্রামের দিকে অগ্রসর হয়। আমি ঘাড়াশাল থেকে তার একদিন পূর্বে বৈয়ম গ্রামে চলে যাই। পাক বাহিনী প্রথমে খিলপাড়া গ্রামে প্রবেশ করে। খিলপাড়া গ্রামের জনৈক দোকানদার ইসলামের সাথে পাক বাহিনী সাক্ষাৎ করে। বিশেষ করে উল্লেখ্য যে, পাক বাহিনী পূর্বেই ইসলামকে দোকানদার হিসেবে চিনত। পাক বাহিনী ইসলামকে সাহায্য করতে বলে। উপায়ন্তর না দেখে ইসলাম বাধ্য হ'ল পাক বাহিনীর সাহায্য করতে। এরপর শুরু হয় পাক বাহিনীর ধ্বংসলীলা। একের পর এক বাড়ী ধ্বংস করতে থাকে এবং লোকজনকের এক এক করে গুলি করে হত্যা করে। প্রকাশ, ইসলাম একজন ধর্মভীরু লোক। তিনি কোরআন শরীফ পাঠ করছিলেন। হয়ত বা অনেক লোক পাক বাহিনীর ভয়ে পালাচ্ছে। সেই মুহূর্তে পাক বাহিনী গুলি কের ওখানেই তাদেরকে শেষ করেছে। এমনকি শিশু, নারী-পুরুষ কেউই তাদের নৃশংস হত্যা হতে নিস্তার পায়নি। হত্যার সাথে সাথে অগ্নিসংযোগ চালিয়ে যায়। এত মর্মান্তিক ধ্বংসলীলাকে তৈমুরের ধ্বংসলীলার সাতে তুলনা করা যায়।

এমনিভাবে দু'গ্রামের প্রায় ২০০ নারী, পুরুষ ও শিশুকে হত্যা করে। অনেক লোক রাস্তায়, কেউ ঘরে আবার কেউ সেতুর নীচে মৃত অবস্থায় পড়ে থাকে। পাক বাহিনীর এ অভিযান প্রায় ৮ ঘন্টা পর্যন্ত চলে। পাক বাহিনীর সাহায্যকারী ইসলাম তাদের এ অপকার্যে সাহায্য করেছিল। যখন পাক বাহিনী দেখল তাদের সাহায্যের আর প্রয়োজন নেই তখন পাক দস্যুরা ইসলামকেও হত্য করে। প্রায় ২০০ মৃতদেহের মধ্যে জনগণ ২ জনের মৃতদেহকে সমাহিত করেছিল।

ঘোড়াশালের রেল ষ্টেশনের পাক বাহিনীর একটা ক্যাম্প ছিল। দৈনন্দিন খাওয়ার যাবতীয় জিনিসপত্র গ্রামের নিরীহ লোকদের নিকট হ'তে জোর করে নিয়ে যেত। পাক পশুরা তাদেও পশুত্ব চরিতার্থ করার জন্য গ্রামের যুবতী মেয়েদের উপর মাঝে মাঝে পাশবিক অত্যাচার চালাত। সত্যি কথা বলতে কি পাক বাহিনী সমগ্র ঘোড়াশালে একটা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করে। ঘোড়াশাল বাজার বন্ধ হয়ে যায়, স্কুলে কোন ছাত্র আসত না। গ্রাম পায়ই জনশূন্য ছিল। যদি দু'একজন বাংগালী দেখত তাদের ধরে নিয়ে যেত কাজ করার জন্য। তখন মনে হতো আমার জীবনের মূল্য ১ পায়সাও নয়। হঠাৎ একদিন পাক বাহিনী আমাকে এবং আরও অনেক লোককে ধরে ফেলে। মুসলমান ছিলাম বলে বেঁচে যাই।

স্বাক্ষর/-
মোঃ মাহমুদুল আশরাফ

\ ২১ \

শাহ মোহাম্মদ ফরিদ
ডি, সি, টাঙ্গাইল

গোয়ালন্দের এস, ডি, ও, থাকাকালে পাকবাহিনী আমাকে গ্রেফতার করে ঢাকা সেনানিবাসে আটক রাখে। তারপর আমাকে ৩রা জুন ১৯৭১ সাল পর্যন্ত জয়দেবপুরে ভাওয়াল রাজার বাড়ীতে বন্দী রাখে। এই সময় নানা প্রকার শারীরিক অত্যাচারও করা হয়। জুনের ৪ তারিখে আবার ঢাকা ক্যান্টনমেন্টে একদিনের জন্য রাখে। সেই রাতে আমার উপর অনেক অত্যাচার করা হয়। পরদিন আমাকে সেকেণ্ড ক্যাপিটালে নিয়ে যাওয়া হয়। সেখানে ২১ শে সেপ্টেম্বর অবধি বন্দী রাখা হয়। এই সময় আমাকে নানা প্রকার শারীরিক ও মানসিক অত্যাচার এবং প্রশ্নোত্তর করা হয়। ৩রা সেপ্টেম্বর তারিখে বিভিন্ন অভিযোগ সম্বলিত চার্জশিট দেওয়া হয়। ২১শে সেপ্টেম্বর তারিখে আমাকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে পাঠান হয়। কারাগারের বাঙ্গালী কর্মচারীরা সকল প্রকার আমাকে সাহায্য করে এবং যথাসাধ্য আরাম আয়াসে রাখার চেষ্টা করে। আমার সাথে অনেক সরকারী কর্মচারীর মধ্যে ফরিদপুরের তদানীন্তন জেলা প্রশাসক (বর্তমানে রেজিস্ট্রার, কো-অপারেটিভ সোসাইটি) জনাব আ, ন, ম, ইউসুফ, মাদরীপুরের মহকুমা প্রশাসক সৈয়দ রেজাউল হায়াত (বর্তমানে ঢাকার ডি সি) বন্দী ছিলেন। আমরা সবাই বিচারাধীন আসামী ছিলাম। ১৭ই ডিসেম্বর শুক্রবার সকালে আমরা ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে মুক্ত হয়ে বেরিয়ে আসি। গোয়ালন্দে আমার হুকুমে পাক বাহিনীর সাথে যুদ্ধে কুষ্টিয়া ৩০-৩১শে মার্চ ১৯৭১ আছমত ও কুদ্দুস নামে গোয়ালন্দ মহকুমার দু'জন আনছার শহীদ হয়। গেয়ালন্দ ঘাটে ২১শে এপ্রিল পাকবাহিনীর সাথে যুদ্ধে ফকির মহীউদ্দিন নামে আর একজন আনছার শহীদ হয়। এছাড়াও তিনজন আনছার কুষ্টিয়ার যুদ্ধে আহত হয়। তাদের নাম আতিউর, রব ও জিয়াউদ্দিন। গোয়ালন্দ মহকুমার আর একজন আনছার নূরুল ইসলাম আমার সাথে বন্দী এবং দীর্ঘ যন্ত্রণাভোগের পর ১৭ই ডিসেম্বর মুক্তি পায়। আমি গ্রেফতার হবার পূর্ব পর্যন্ত গোয়ালন্দ মহকুমার দলমত নির্বিশেষে সকল জনসাধারণের এবং সর্বস্তরের সরকারী কর্মচারীদের পূর্ণ সহযোগিতা লাভ করেছিল।

স্বাক্ষর/-
শাহ মোহাম্মদ ফরিদ
২৫-৭-৭৩

\ ২২ \

শরীফ উদ্দিন আহমদ
গ্রামঃ তারটিয়া
ডাকঘরঃ তারটিয়া ভাতকুড়া
টাঙ্গাইল

১৯৭১ সনের ১০ই জুন তারিখ বিকাল ৪টায় টাঙ্গাইল শহরের সদর রাস্তা হতে ১০ জন রাজাকার ও ৫ জন কুখ্যাত পাক বাহিনীর লোকেরা আমাকে ধরে টাঙ্গাইল জেলা সদরে তাদের আড্ডায় নিয়ে যায়। আমাকে রাস্তায় কোন দিকে তাকাতে দেয় না। আমাকে প্রথমে প্রশ্ন করে ভোট কোথায় দিয়েছ। আমি বলি নৌকায়। এই কথা বলার পর দুজন রাজাকার ও দুইজন পাক সৈনিক আমার উপর হান্টার ও চাবুক দ্বারা প্রহার আরম্ভ করে। তিনটা হান্টার ভাঙ্গার পর অজ্ঞান অবস্থায় আমাকে একটা পচা গন্ধভরা কামরায় রেখে চলে যায়। তিন দিন আমাকে কিছু খেতে দেয় নাই। দৈনিক তিনবার করে আমাকে প্রহার করতো। এইভাবে ৫ দিন প্রহর করার পর আমার শরীর ফুলে পচে যায়। এরপর ৬ষ্ঠ দিনে তারা আমকে কারেন্ট মারে। ঐ কারেন্টের ধাক্কা লেগে দুইবার আমি ছিটকে পড়ে যাই। তারপর কি হয়েছে আমি জানি না। সারাদিন পর অজ্ঞান অবস্থা থেকে জেগে উঠে দেখি আমার সর্বাংগ রক্তাক্ত মেঝে রক্তে ভেসে গেছে। এপর অত্যচারের মাত্রা কমে যায়-দৈনিক একবার করে ১৯ তারিখ পর্যন্ত অত্যাচার চলে। ১৯ তারিখের পর আমি প্রায়ই অজ্ঞান অবস্থায় থেকেছি। এর মধ্যে আমি নিজ চক্ষে প্রতিদিন একদল করে লোক রাত্রি বারটার পর আড্ডার উত্তর দিকে নিয়ে যেতে দেখেছি। তাদেও আর ফিরতে দেখি নাই। নিয়ে যাওয়ার পর দূর থেকে শুধু প্রতি মুহূর্তে বিকট একটি করে আওয়াজ শুনেছি। এই অবস্থায় ১৭ দিন আমাকে রাখার পর ২৭ তারিখে মৃত মনে করে ফেলে দেয়। আমার একজন পরিচিত লোক মৃতদেহের ভান করে আমাকে রিক্সা করে বাড়ীতে পাঠিয়ে দেয়।

স্বাক্ষর/-
শরীফ উদ্দীন আহমদ

\ ২৩ \

কামিনী কুমার দাস
সার্কেল অফিসার (ডেভেলপমেন্ট)
রায়পুরা, ঢাকা

আমরা রায়পুরা থানায় তখন ২২টি ইউনিয়ন ছিল। বর্তমানে এখানে ২৮টি ইউনিয়ন। এখানে ৪ লাখ লোকের বাস। রায়পুরা থানায় ২২টি ইউনিয়নের মধ্যে মেঘনা নদীর দ্বীপ চরে ৫টি ইউনিয়ন(বর্তমানে ৬টি অবস্থিত)। এলাকা ১৫৪ বর্গমাইল। অত্র থানার পরিধির মধ্যে ৫টি রেলওয়ে ষ্টেশন আছে। আমার প্রশিক্ষণ কেন্দ্রে পাক বাহিনীর হেড কোয়ার্টার ছিল। তখন হেডকোয়ার্টর হতে হানাদারদের পৈশাচিক কার্যকলাপ পরিচালনা করত। চর এলাকার দু'টি ইউনিয়ন ও বাকি ইউনিয়নের মধ্যে ১৫টি ইউনিয়নে প্রজ্বলন কার্য চালায় হানাদাররা। যেহেতু রায়পুরা থানার মধ্যে ভাগ দিয়ে রেল রাস্তা অবস্থিত। ফলে রেল রাস্তার উভয় দিকের গ্রাম ও অভ্যন্তরেও পাক হানাদাররা বাড়ীঘর জ্বালিয়ে দেয় ও নৃশংসভাবে জনসাধারণকে হত্যা করে। অত্র থানায় বেলাব ইউনিয়নে মুক্তিযোদ্ধাদের সহিত পাক বাহিনীর প্রচণ্ড সংগ্রাম চলে। ইহা ব্যতীত মীর্জানগর ইউনিয়নের হাঁটুভাঙ্গা ও মোছাপুর ইউনিয়নের রামনগর গ্রামে কয়েকবার পাক বাহিনীর সাথে মুক্তিযোদ্ধাদের খণ্ড যুদ্ধ হয়। পাক বাহিনীকে ঘায়েল করা হয় এবং কয়েকজন পাকবাহিনী নিরস্ত্র জনতার হাতে মোছাপুর ইউনিয়ন ও মীর্জানগর ইউনিয়নে ধরা পড়ে। তাদের পরে হত্যা করা হয়। থানা প্রশিক্ষণ কেন্দ্রে পাক বাহিনীরা ছাউনী খুলে থানাব্যাপী জনসাধারণের মাঝে সন্ত্রাসের সৃষ্টি করে এবং নিরীহ জনসাধারণকে হত্যা করে প্রশিক্ষণ কেন্দ্রে কবরস্থ করে। গণকবর এখনও বিদ্যমান রয়েছে। কয়েকজন জোরপূর্বক ধর্মান্তর করে। ধর্মান্তরিত লোককেও বেদম প্রহার করে অত্যাচার করে এবং একজনকে হত্যা করে। থানার প্রত্যেকটি বাজার ওরা লুট করে। এ ছাড়াও গ্রামে গ্রামে ঢুকে হানাদাররা রাজাকারদের সহায়তায় লুটতরাজ করেছে। থানা পুলিশ ষ্টেশনও হানাদারদের প্রজ্বলন থেকে বাদ পড়েনি।

স্বাক্ষর/-
কামিনী কুমার দাস
৬/১১/৭৩

\ ২৪ \

মোঃ আবদুল হাই
সাং-শাটিয়াচড়া
ডাকঘর-জামুকী
থানা-মির্জাপুর
জেলা-টাংগাইল

আমাদের গ্রামে নিম্নলিখিত ব্যক্তিগণ শহীদ হয়েছে:-

১। মোঃ জোমারত আলী দেওয়ান।
২। মোঃ নূর বকস
৩। মোঃ শাহ আলম
৪। মোঃ জাহাঙ্গীর আলম
৫। মোঃ হাবিবুর রহমান
৬। মোঃ দুলাল মিয়া
৭। মোঃ আব্দুল হাকিম
৮। বেগম আকতারুজ্জামান
৯। মোঃ লেবু মিয়া
১০। বেগম এখলাস উদ্দিন
১১। মোঃ ইব্রাহিম
১২। আব্দুল হক
১৩। বেগম মাজেম আলী
১৪। মোঃ মোতালেব হোসেন
১৫। মোঃ দুদু মিয়া
গুড়ান গ্রামের শহীদদের নাম:-
১। মোঃ তোফাজ্জল হোসেন
২। মোঃ চেনু মিয়া
৩। মোঃ আবুল কাশেম
৪। মোঃ নূর উদ্দিন
৫। মোঃ জাহাঙ্গীর মিয়া
৬। মোঃ আবুল মাষ্টার
৭। মোঃ মজিবর রহমান
৮। মোঃ সামছুল হক
৯। বেগম নূরু ইসলাম
১০। আজমত আলী
১১। পান্না মিয়া
১২। বেগম আব্দুল বাকী মিয়া

৩রা এপ্রিল পাকবাহিনী ১৫০ খানা বাড়ীঘর সম্পূর্ন ধ্বংস করে দেয়। পাক বাহিনীর দালাল আমাদের গ্রামের দুইজন মহিলাকে ধরে পাক শিবিরে নিয়ে তাদের উপর পাশবিক অত্যাচার করে।

\ ২৫ \

আবুল কালাম আজাদ
নাগরপুর
টাংগাইল

১৬ই এপ্রিল টাঙ্গাইলে ডি,সি, জালাল আহমদ সাহেব এবং এ, পি, নূরুজ্জামান সাহেব আসেন লুঙ্গী পরা অবস্থায়। সব ঘটনা বলেন এবং ২/৩ দিন থাকেন আমার ওখানে গোপনে। ওঁদের বন্ধু ছিলেন টাঙ্গাইলের জনাব আযম খান। ওঁর সাথে আলাপ করে ঠিক করা হয় কাজে যোগ দেয়ার। আযম খান গাড়ী নিয়ে এসে নিয়ে গেলেন। এই খবর পাক গোয়েন্দা বিভাগ জেনে ফেলে আযম খানের বাড়ী ঘিরে ফেলে। ওঁদের তিন জনকে ব্যাপক মারধর করে ঢাকা পাঠিয়ে দেয়। ঢাকাতে কয়েকদিন অত্যাচার করে জবানবন্দী নিয়ে তিন জনের জবানবন্দী এক হওয়ায় তাঁরা ছাড়া পান। প্রতিটি ষ্টেটমেন্টে আমার কথা ছিল। এমনকি আযম খানকে যে চিঠি পাঠিয়েছিলাম সেটিও পাক কর্তৃপক্ষের হাতে গিয়েছিলো। আমি সবসময় মৃত্যুর জন্য প্রস্তুত ছিলাম। শেষ পর্যন্ত ওঁরা মুক্তি পেয়েছেন শুনে শান্তি পেলাম। ডি,সি ও এস,পি ৩০শে এপ্রিলের দিকে কাজে যোগ দেন।

১০ই মে ডি,সি'র ওখানে সভাতে পাক ক্যাপ্টেনের কথাগুলি বললেন। সভা শেষে ডি,সি, সাহেব গোপনে আমাকে ডেকে বললেন সাবধানে থেকো আর হিন্দুদেরকে বলো সাবধানে থাকতে, পূজাগুলো এখন বন্ধ রাখতে বলো- বাঁচলে অনেক কিছু করতে পারবে। আমি সে মোতাবেক রাত ১০টায় পৌছে সবাইকে ডেকে এ খবর দেই; তারা সেইমত সাবধানতা অবলম্বন করে।

ভোর রাতে প্রচুর গুলির শব্দে ঘুম ভেঙ্গে যায়। বাড়ীতে সবাই কান্নাকাটি শুরু করে দেয়। দেখলাম পাক সেনারা তিন দিক থেকে নাগরপুর আক্রমন করেছে-অত্যাচার চালাচ্ছে। আমরা গেলাম ক্যাপ্টেনের কাছে, ক্যাপ্টেন বললো তুমিই সেই ম্যাজিষ্ট্রেট যে জামুর্কীতে আমার বিরুদ্ধে মুক্তিযোদ্ধা পাঠিয়েছিলে। তুমিই তো গতকাল হিন্দুদেরকে পালিয়ে যেতে বলেছ। আমি চুপ থাকলাম। ক্যাপ্টেন আমাকে খুব গালাগালি করলো, সেই কিছু কিছু হিন্দু ধরে এনে বেয়োনেট চার্জ করতে লাগলো। আমার খবর শুনে রাতেই অধিকাংশ হিন্দু পালিয়ে গিয়েছিলো। ফলে বহু লোক সেদিন বেঁচে যায়।

ক্যাপ্টেন আমাকে ১ ঘন্টা সময় দেয় যে এর মধ্যে ১০০ হিন্দু এনে দিতে হবে। নইলে একটি বুলেট তোমার জন্য বলেই এক চড় মারে। আমি এ্যাডামেন্ট হয়ে বেশ কথা কাটাকাটি করলে ক্যাপ্টেন নরম হয়ে আমাকে গাড়ী করে নিয়ে যায়। থানায় গিয়ে দেখলাম ৮/১০ জন নিরীহ লোককে হত্যা করার জন্য রেখেছে। আমি ওরা ঝাড়ুদার বলে ওদেরকে বাঁচাই। ডাঃ কাশেম (ডেন্টিষ্ট) এবং ম্যারেজ রেজিষ্ট্রার আমার বিরুদ্ধে টিক্কা খাঁর কাছে দরখাস্ত করেছিলো মুক্তিযুদ্ধের সপক্ষে কাজ করায়।

ঐ দিন পাক সেনারা সামনে যাদেরকে পেয়েছে তাকেই গুলি করে হত্যা করেছে। থানায় যেতে গিয়ে রাস্তার বিভিন্ন স্থানে মৃতদেহ পড়ে থাকতে দেখলাম। বার ঘাট, বাড়ী-ঘর সব ওরা লুট করে নেয়।

আমাকে এক জায়গায় বসিয়ে রেখে ক্যাপ্টেন চলে যায়। আধ ঘন্টা পরে ডেকে পাঠায়। যাওয়ার সাথে সাথে ক্যাপ্টেন আমার বুকে রিভলবার ধরে অকথ্য ভাষায় গালাগালি করে মারধর শুরু করে। সেখানে ২০/২৫ জন হিন্দু লোককে শুইয়ে রেখেছে দেখলাম। চারদিকে সিপাইরা বেয়োনেট উচিয়ে ঘিরে ধরলো। আমার বিরুদ্ধে চার্জ দিলো আমার বাড়ী থেকে নাকি ৬ রাউণ্ড গুলি ছুড়েছে পাক সেনাদের উপর। অনেক কাকুতি করে ১ মিনিট

বলবার সুযোগ পাই। বেশ কিছুক্ষণ পাকস্তানের পক্ষে মিথ্যা-সত্য বলে ক্যাপ্টেনকে কনভিন্স করি। ক্যাপ্টেন সব শুনে দেখ আমার সাথে হ্যাণ্ডশেক করে বলে তোমার বাঙ্গালীরাই তোমার শত্রুআমরা কি করবো। তারাই তোমার বিরুদ্ধে বলেছে। থানাতে গেলে ২৫/৩০ জনকে গুলি করার আদেশ দেয়। আমি বললাম এরা সবাই কৃষক এদের মেরে কি করিবে? ক্যাপ্টেন জিজ্ঞাসাবাদ করে কিছু মার দিয়ে দুইজন বাদে সাবইকে ছেড়ে দেয়। আমার বাড়ীর সবাই বেঁচে যায়। পাক সেনারা চলে গেলে আমি অজ্ঞান হয়ে পড়ি। কয়েক ঘন্টা পর আমার জ্ঞান ফেরে। নির্ঘাত মৃত্যুর হাত থেকে সেবার বেঁচে গেলাম।

২৮শে মে মুক্তি বাহিনী নাগরপুর আক্রমন করে। আমার ওখানে ওয়্যারলেস সেট ছিল সেটি নিয়ে যায়। কাশেম ডাক্তারকে (দালাল) ধরে হত্যা করে। ম্যারেজ রেজিষ্ট্রার পালিয়ে যায়। আমি পালিয়ে টাঙ্গাইল চলে যাই পাক সেনাদের ভয়ে।

নারী ধর্ষণ, প্রজ্বলন ধ্বংস পাক সেনারা করেছে।

স্বাক্ষর/-
আবুল কালাম আজাদ
১৬/৮/৭৩

\ ২৭ \

মোঃ কাজেম উদ্দিন
গ্রাম-ফুলদহের পাড়া
ডাকঘর-পিংনা
থানা-সরিষাবাড়ী
জেলা-ময়মনসিংহ

হানাদার বাহিনী আমাদের গ্রামের ১৪ জন যুবককে নৃশংসভাবে হত্যা করে এবং ৯ জন মুক্তিফৌজকে হত্যা করে। গ্রামবাসী অনেকেই পার্শ্ববর্তী গ্রামে আশ্রয় নেয়। যুদ্ধের শেষে গ্রামে এসে দেখি রোজ কিয়ামত আর কি? দাফন কাফন করার মানুষ পাওয়া যায় না।

আমাদের গ্রামে যে কয়েকজন শহীদ হয়েছেন তাদের নাম লিপিবদ্ধ করলাম:-

মোঃ নূরুল ইসলাম, বি,এ; মোঃ আমিনুল ইসলাম; মোঃ মাতিয়ার রহমান; মোঃ কাংগালীয়া; মোঃ আবদুল হালিম; মোঃ জামাত আলী; মোঃ আনোয়ার হোসেন; মোঃ ছেকান্দর আলী; মোঃ আছমত আলী; মোঃ মোনছের আলী; মোঃ মুসলিম উদ্দিন; মোঃ বাবুল হোসেন; মোঃ আবদুস সামাদ; দুদু মিয়া।

স্বাক্ষর/-
মোঃ কাজেম উদ্দিন

\ ২৮ \

খাজা কামরুল হক
গ্রাম-নওয়া
পোঃ-কিশোরগঞ্জ
ময়মনসিংহ

সর্বপ্রথম ১৯৭১ সালের ১৮ই এপ্রিল পাক হানাদার বাহিনী কিশোরগঞ্জ মহকুমার সদর এরলাকায় প্রবেশ করে। ভৈরব হতে ট্রেনযোগে প্রায় দুই শতাধিক হানাদর সৈন্য ভারী অস্ত্র-শস্ত্রে সজ্জিত হয়ে ঐদিন বিকেল ৪ ঘটিকায় কিশোরগঞ্জ রেলওয়ে ষ্টেশনে উপস্থিত হয়। এই খবর পাওয়ার সঙ্গে সঙ্গে শহরের সমস্ত লোক তাদের বাড়িঘর ত্যাগ করে দিকবিদিক জ্ঞানশূন্য হয়ে গ্রামের দিকে পালিয়ে যায়। মুক্তি সংগ্রামীরাও তাদের হালকা অস্ত্র-শস্ত্র ফেলে দিয়ে পালিয়ে যেতে বাধ্য হয়। পাক সৈন্যরা শহরের মধ্যে প্রবেশ করে পলায়নপর লোকদের উপর নির্বিচারে গুলি চালায়। তাদের প্রথম বলি হয় জনৈক রিক্সাওয়ালা এবং একজন হিন্দু সন্ন্যাসী। সন্ধ্যার সময় তারা মাইকযোগে স্থানীয় সকল লোককে নিজ নিজ বাসভবনে ফিরে আসার জন্য আহবান জানায়; কিন্তু এত কেউ কর্ণপাত করেনা। এ সময় জনৈক ধর্মান্ধ দালালের ইশারায় তারা এখানকার পতিতালয়টি সম্পূর্ণ ভস্মীভূত করে দেয়।এরপর তারা বহু বাড়ীঘর বিশেষ করে হিন্দুদের বাড়ী সম্পূর্ণ অথবা আংশিকভাবে জ্বালিয়ে দেয়। পরদিন পাক সৈন্যরা মাইকযোগে পুনরায় লোকজনকে ফিরে আসার আহবান জানায়। যে সমস্ত দোকানপাট হিন্দুদের ছিল সেগুলির তালা ভেঙ্গে লুট করার জন্য জনসাধারণকে বাধ্য করতে থাকে। ভীতসন্ত্রস্ত জনগণ লুটের মাল মাথায় নিয়ে বেরিয়ে আসার সময় পাক সেনারা সে অবস্থায় তাদের কিছুসংখ্যকের ফটো তুলে নেয় এবং তারপর সঙ্গে সঙ্গে গুলি করে হত্যা করে।

মে মাসের প্রথম দিকে ভৈরব থেকে আরও কিছু সংখ্যক সৈন্য আসার পর তারা স্থানীয় ডাক-বাংলোয় ঘাঁটি স্থাপন করে এবং পি,ডি,পি জামাতে ইসলামী, মুসলিম লীগ, নেজামে ইসলামের লোকজনকে নিয়ে এক শান্তি কমিটি গঠন করে।

এরপর হানাদার সৈন্যরা স্থানীয় দালালদের সহায়তায় রাজাকার ও আল-বদর বাহিনী গঠন করে। এদের সহযোগে তারা বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়ে এবং কোন কোন ক্ষেত্রে নির্বিচারে ও কোথাও কোথাও বেছে বেছে লোককে হত্যা করতে থাকে।

১৮ই এপ্রিল থেকে ১৬ই ডিসেম্বর পর্যন্ত এই আট মাসে পাক হানাদাররা কিশোরগঞ্জ সদর এলাকায় ৩০০ থেকে ৪০০ লোককে হত্যা করেছে এবং ১ কোটি টাকার মত সম্পত্তির ক্ষতিসাধন করেছে। গাঙ্গাকিয়া গ্রামের বিশিষ্ট পরোপকারী জমিদার ভূপতি বাবুকে নির্মমভাবে হত্যা করে। জুন-জুলাই মাসের দিকে একদিন পাক সেনারা ভূপতি বাবুর বাড়ী ঘেরাও করে তাঁকে ধরে ফেলে। স্থানীয় জনগণকে তাঁর বাড়ী লুট করাতে বাধ্য করে। ভূপতি বাবুর অন্তিম ইচ্ছা কি পাক ক্যাপ্টেন তা জানতে চাইলে তিনি প্রথমে প্রাণের বিনিময়ে ইসলাম ধর্মে দীক্ষা নেবার কথা জানান; কিন্তু পাক ক্যাপ্টেন তা সঙ্গে সঙ্গে নাকচ করে দেয়। তখন ভূপতি বাবু জীবনের শেষবারের মত একটা গান গাইতে চান। উল্লেখযোগ্য তিনি একজন গুনী সঙ্গীত শিল্পীও ছিলেন। তার আরজি মঞ্জুর হলে তিনি যে গানটি গান তাতে উপস্থিত জনগণ কান্নায় ভেঙ্গে পড়ে। পাকহানাদাররাও সঙ্গীতের মূর্ছনায় বিগলিত হয়ে পড়ে, কিন্তু এতদসত্ত্বেও ভূপতি বাবু রক্ষা পান নাই। পরে তাঁকে অমানুষিক নির্যাতন করে হত্যা করা হয়েছে। এছাড়াও কিশোরগঞ্জ গুরুদয়াল কলেজের ছাত্র চিস্তিসহ কয়েকজন ছাত্রকে পাক ফৌজরা হত্যা করেছে।

কিশোরগঞ্জ থানার বিভিন্ন এলাকা থেকে যুবতী মেয়েদেরকে তারা ধরে এনে ধর্ষণ করতো। প্রায় শতাধিক জনের উপর তারা নির্যাতন চালিয়েছে।

স্বাক্ষর/-
খাজা কামরুল হক
৫/৪/৭৩

\ ২৯\

শ্রী জ্ঞানেন্দ্রনাথ পোদ্দার
গ্রাম-জামুর্কী
থানা- মির্জপুর
জেলা- টাংগাইল

১৯৭১ সালের ১০ই নভেম্বর পাক বাহিনী আমাদের গ্রামে আসে। আমি পালাতে চেষ্টা করছি। এমন সময় একজন পাক দস্যু আমাকে ডাকিয়ে তার সামনে হাজির করলো। আমাকে বলল, ''চল বেটা আমাদের শিবিরে''। পাক শিবিরেনিয়ে পাকবাহিনীর গাড়ীতে করে আমাকে অন্য এক শিবিরে পাঠিয়ে দিল। শিবিরে নিয়ে আমাকে নানা রকম প্রশ্ন করতে লাগলো। আমাকে বলে, ''তোদের গ্রামে কোন মুক্তি বাহিনী হ্যায়?'' তখন উত্তর দেই, আমাদের গ্রামে কোন মুক্তি বাহিনী নেই। এই কথা বলার সঙ্গে সঙ্গে আমাকে লাঠি দিয়ে বেদমভাবে প্রহার করলো। তারপর অন্য একজন রাজাকার এসে আমাকে বলে বেটা মালাউন হ্যায়। বেটাকে নৌকা মার্কায় ভোট দেওয়া দেখাচ্ছি। এই বলার সঙ্গে সঙ্গে আমাকে বেতের লাঠি দিয়ে ভীষণভাবে প্রহার করলো। আমি তখন অজ্ঞান হয়ে মাটিতে পড়ে রইলাম। তারপর আমার যখন জ্ঞান ফিরে এলো তখন আমাকে একটি নদীর ধারে নিয়ে গেল, আমি মনে করলাম আমার জীবনের শেষ লীলা এখানে বুঝি শেষ হবে। আমাকে প্রথমে মাটির উপর চিৎ করে শুইয়ে রাখল। কিছু পর একজন পাক দস্যু এসে আমাকে ভীষণভাবে লাথি মারল এবং বেয়নেট দিয়ে আমাকে পেটের উপর আঘাত করলো। এই আঘাতে আমার জীবন শেষ হয়ে যায় যায়। তখন আমি কোন রকমে জল টেনে মাটির উপর ভর করে থাকি। কোন রকমে আমি সাঁতার কেটে নদীর ওপাড়ে যেয়ে আমার আঘাত স্থানে গেঞ্জি দিয়ে বেঁধে বহু কষ্ট করে নদীর জল হতে উঠে কোন রকমে আমার বাড়ীতে চলে আসি।

বাড়ীতে ডাক্তার এসে ভালো করে ব্যাণ্ডেজ করে দিলো।

আজ পর্যন্ত আমার ক্ষতস্থানে তার চিহ্ন রয়েছে।

স্বাক্ষর/-
শ্রী জ্ঞানেন্দ্রনাথ পোদ্দার

\ ৩০ \

মাজিবর রহমান
গ্রাম-জামুর্কী
থানা- মির্জপুর
জেলা-টাংগাইল

১৯৭১ সালের ৭ই আগষ্ট পাক বাহিনী আমাদের গ্রামে আসে। আমি ঐ সময় আমাদের গ্রামে দক্ষিণ পার্শ্বে বসে ধান কাটছিলাম। এমন সময় দুইজন পাক বাহিনী এসে আমাকে ধরে নিয়ে বলল, ''তোদের গ্রাম থেকে আমাকে হাঁস-মুরগী ধরে দিতে হবে।'' আমি তখন বাধ্য হয়ে হাঁস-মুরগী ধরে পাক বাহিনীর হাতে দিলাম। তারপর আমাকে বলল তোদের গ্রাম থেকে ছাগলও দিতে হবে। ছাগল এনে হাতে দিলাম। তখন আমাকে বলল, ''ছাগল নিয়ে তোকে আমাদের ক্যাম্পে যেতে হবে।'' তখন আমি নিরুপায় হয়ে পাক শিবিরে চললাম।

পাক শিবিরে নিয়ে আমাকে ওদের রান্না করতে বলল। আমি তখন বললাম, ''না হুজুর আমি পাক করতে জানিনা।'' তখন আমাকে ঘাড় ধরে নিয়ে পনিতে ফেলে দিল। আমাকে আর পানি হতে উঠতে দেয় না। আমি জোর করে পানি হতে উঠলে আমাকে পাদুকা দিয়ে লাথি মারল এবং বেতের লাঠি দিয়ে প্রহার করতে থাকে। বেতের লাঠি দিয়ে প্রহার করলে আমি অজ্ঞান হয়ে পড়ি। তখন আমাকে রেখে পাক দস্যুর দল চলে যায়। তখন আমি কোন মতে বাড়ীর পথে রওয়ানা হই। আমি বাড়ীতে এলে আমার ছেলে রেজাউল ইসলাম ডাক্তার ডেকে এনে আমার চিকিৎসার ব্যবস্থা করে।

এই চিকিৎসা বাবদ মোট ৩০০ টাকা খরচ হয়।

টিপ সহি
মজিবর রহমান

\ ৩১ \

মোঃ ওয়াছিম উদ্দিন
গ্রাম-সরিষাবাড়ী
ডাকঘর- সরিষাবাড়ী
ময়মনসিংহ

আমার বাস হতে সরিষাবাড়ী থানার পাক বাহিনীর শ্রেষ্ঠ কসাইখানা আরামনগর মাদ্রাসা মাত্র কয়েকশ গজ দূরে অবস্থিত। আমি ছোটবেলা থেকেই অর্থাৎ আওয়ামী লীগের সৃষ্টি হতেই তার সমর্থক। ২৫শে মার্চের কালো রাতের বিভীষিকার পর থেকেই আমি সংগ্রামে ওতপ্রোতভাবে জড়িত হই। আমার ধানটা মহল্লায় গোবিন্দনগর নিবাসী অফিল উদ্দিন খান নামক একজন বাঙালী প্রাক্তন সৈনিকের দ্বারা ২৫ জন যুবকে রাইফেল ট্রেনিং-এর ব্যবস্থা করি। কিন্তু হঠাৎ টাঙ্গাইল, মধুপুর ও জামালপুর পাক বাহিনীর দখলে যাওয়ায় আমরা প্রকাশ্যে ট্রেনিং-এর ব্যবস্থা করি। সরিষাবাড়ীতে রাজাকার আল-বদরদের প্রাধান্য বাড়ে। পাক বাহিনীও যাতায়াত করতে থাকে। ২রা জুলাই ১৯৭১ইং রোজ শুক্রবার জুম্মার নামাজের পর থেকে বাসায় বসে আছি। বসেছিলাম একদম নিরিবিলি। বেতারের খবর শুনতেও মন বসছিল না। ক্রমে সন্ধ্যা পেরিয়ে রাত হল। চোখে ঘুম নেমে এলো। রাত ১০-১১ টার পূর্বে কোনদিনই নিদ্রামগ্ন হইনি। কিন্তু সেদিন রাত আটটা বাজার আগেই ঘুমিয়েছিলাম।

রাত গোটা নয়েকের সময় বেশ কয়েকজনের পদচারণায় এবং আনাগোনায় আমার নিদ্রাভঙ্গ হলো। আগন্তুকেরা পাক বাহিনীর লোক কিন্তু তারা এসেছিল মুক্তি ফৌজের বেশ ধরে। তারা আমাকে চাপা গলায় ডাকতে শুরু করল। আমি তাদেরকে অবিশ্বাস্ত করতে পারিনি। তাই দরজা খুলে ঘর থেকে বেরিয়ে এলাম। তারা আমার সাথে চুপিসারে কথা বলতে থাকল। আমার নিকট মুক্তিফৌজের জন্য কিছু চাঁদার আবদার জানালো। আমার নিকট তখন মাত্র ১৫ টাকা ছিল তাই তাদের হাতে দিলাম। এরপর তারা আমাকে বাউসার রেল সেতুটা কোন পথে গিয়ে চুরমার করা যাবে তাই দেখিয়ে দিতে বলল এবং এক প্রকার জোর করেই আমাকে নিয়ে এগিয়ে চলল রেল লাইনের দিকে। আমি কোন কিছু ভাব্বার ফুরসত পেলাম না। আমার পরনে ছিল তখন একখানা লুঙ্গি, গায়ে ছিল গেঞ্জি, পায়ে ছিল জুতা। গায়ে জামা দেবার অবকাশ ওরা আমাকে দেয়নি। রেল লাইনে গিয়েই আমি স্তম্ভিত হয়ে গেলাম। ওরা মুক্তিফৌজ নয়। ক্যাপ্টেন শামশাদের বাহিনী। স্থানীয় আলবদর বাহিনীর ক্যাপ্টেন মাওলানা আনছার আলী, আবু, মুসলিম লীগ দালাল আঃ হক ফেরদৌসি ও নূরুল ইসলাম খান ও আরো অনেকে। সবাই মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত, হঠাৎ আমার পার্শ্বেই একটা ফাঁকা গুলি হল। আমি রীতিমত হকচকিয়ে গেলাম। সাথে সাথে আমার হাতে পিঠমোড়া দিয়ে শক্ত করে বেঁধে ফেলল ওরা। আর বারবার আমার কানের কাছে জয় বাঙলা বলে উপহাস করতে লাগলো। জীবনের আশা নেই নিশ্চিত হয়ে পড়লাম। অদূরে আমার বাসা হতে পরিবার পরিজনের করুন কান্না ভেসে আসছিল। ক্যাপ্টেন শামশাদের হুকুমে ওরা আমাকে নিয়ে আরামনগর মাদ্রাসায় আলবদর ক্যাম্পে রওনা দিল। আমার পায়ের তলা হতে যেন প্রতি পলে পলে মাটি সরে যেতে লাগল। কিভাবে মাদ্রাসা ক্যাম্পে পৌছেছিলাম তা মনে নেই। ওরা আমাকে মাদ্রাসা ক্যাম্পে পাহারায় রেখে চলে গেল সাতপোয়া গ্রামের আঃ মজিদ চেয়ারম্যান সাহেবের বাড়ীতে। অল্পক্ষণের মধ্যে তাকে না পেয়ে ফিরে এলো ক্যাম্পে। এরপর আমার হাতের বাঁধন ঠিক আছে কিনা পরীক্ষা করে দেখল। আবার যাত্রা শুরু হলো রেল লাইন ধরে সোজা দক্ষিণ দিকে। এই পথে চলার সময় ওরা আমার সাথে যে ব্যবহার করেছিল তা মনে করলে আজও আমার চোখ ফেটে কান্না আসে, আমি যেন একটা বদ্ধ পাগল। কেউ পিছন থেকে দেয় ধাক্কা কেউ দেয় রাইফেলের বাঁট দিয়ে পায়ে গুঁতো। কেউ পা দিয়ে পায়ে আঘাত করে ফেলে দিতে

চায়। তাছাড়া উপহাস যা করছিল তা ভাষায় প্রকাশ করা যায় না। আমাকে শ্বশুরবাড়ী পাঠাচ্ছে ওরা। সেখানে নাকি জয় বাংলা জয়গান শুনা যাবে ইত্যাদি। মনটা তিতিয়ে উঠলো ওদের ব্যাবহারে কিন্তু করবার আমার কি আছে? ক্যাপ্টেন শামশাদের ৭৫ জন পাক বাহিনীর একটা দল সাতে স্থানীয় আল বদর বাহিনী ও তাদের তাঁবেদার দালালবৃন্দ। এই নরপিশাচদের হাত থেকে রক্ষা পাওয়া একটা বন্দী মানব সন্তানের পক্ষে সম্ভব কি না তা আপানারাই বিবেচনা করুন। কোন মুহূর্তে অবস্থার কি পরিবর্তন আসবে আমি তা ঠাওর করতে পারলাম না। ক্রমে ওরা আমাকে নিয়ে চলে চান্দ দিঘির রেল সেতুর উপর এসে পৌছল। ওরা আবার এক দফা আমার হস্তের বন্ধন পরীক্ষা করে নিল। মানুষ সাগরে ডুবতে গিয়েও তৃণখণ্ডকে আশ্রয় করে বাঁচতে চেষ্টা করে একথা পুথি পুস্তকে পড়েছিলাম। ষোল আনা বিশ্বাস করতে পারিনি। পুলের উপর এসেই আমার কেন যেন মনে হলো পুলের নীচে ঐ অতল জলে ঝাঁপিয়ে পড়ে বাঁচবার চেষ্টা করা যায় নাকি। কি করব মনস্থিও করতে পারলাম না। ক্যাপ্টেন শামশাদ আমার পার্শ্বে চলছে, পুল পার হয়ে গেলাম, পশ্চিম পার্শ্বেই মোজাম্মেল হোসেন তালুকদার সাহেবের বাড়ী। ওরা দুই ভাগে হলো, হঠাৎ পণ্ডিত বাড়ীতে একটা ফাঁকা গুলি হলো। তাদের অগ্রগামী দলটি ঐ বাড়ীতে ঢুকে পড়ল। পিছনের দলটি মাটিতে শুয়ে পড়ল রেল লাইনে। আমাকেও শুইয়ে দিল মাটিতে। কিছুক্ষণ পর ওরা ফিরে এলো তালুকদার বাড়ী হতে। মোজাম্মেল হোসেন তালুকদারকে ওরা ধরতে পারেনি। আমি নিজের অসহায় অবস্থার মধ্যেও কিছুটা তৃপ্তি পেলাম, যেহেতু তালুকদার সাহেব আমার অবস্থায় নিপতিত হননি।

আবার যাত্রা হলো শুরু দক্ষিণ দিকে। বেশী দূর নয়; পুটিয়ার পাড় গ্রামে এসে ওরা থেমে পড়ল। আবার শুয়ে পাড়ল মাটিতে। আমাকে শুইয়ে দিল মাটিতে। কয়েকজন গেল মতিলাল রায়ের বাড়ীতে। ওদের লোক মতিলাল বাবুর বাড়ী থেকে ফিরে এসে কি যেন জানাল। রেল লাইনে কয়েকজন মেশিনগান ফিট করে পাহারায় রাইল। বাদবাকি সবাই চলল মতি বাবুর বাড়ী। ক্যাপ্টেন শামশাদ আমাকে নিয়ে গেল তার সাথে, মাতি বাবুর বাড়ীর সামনে এসে সবাই আবার শুয়ে পড়ল মাটিতে, আমাকে শুইয়ে দিল। কয়েকজন চলে এলো এদিকে এবং মতিবাবুর বাড়ীর মধ্যে। মাতিবাবুর বাড়ীতে কাউকে ওরা পেল না। পাশের বাড়ী হতে ধরে নিয়ে এলো একটি যুবককে। ওকে আমি চিনতাম, ওর নাম রাধা। রাধাকে যখন নিয়ে এলো তখন ওর গলা লেপটে ধরে ছিল ওর একমাত্র মাতৃহারা শিশুকন্যাটি। স্ত্রীর মৃত্যুর পর থেকেই ও মেয়েটিকে মাতৃস্নেহে পালন করছিল। রাধার ঠাকুর মা বুড়ীর এই মর্মান্তিক ঘটনা অবলোকন করার জন্য বেঁচেছিল, বুড়ী রাধার সাথে মতিবাবুর বাহিরাঙ্গিনায় এসে হাজির হলো। ক্যাপ্টেন শামশাদ তখন রাধার নিকট গিয়ে বুকে জড়ানো শিশুটিকে রাধার ঠাকুর মাকে দিতে বলল।

রাধা প্রাণপণ চেষ্টা করেও শিশুটিকে তার ঠাকুরমার কোলে দিতে পারলো না। মাতৃস্নেহ হতে বঞ্চিত শিশুটি কিছুতেই পিতৃস্নেহ হতে যেন বঞ্চিত হতে চায় না। তাই সে কোমর বেষ্ট করে পিতার বুকে মিশিয়ে পিতৃস্নেহের অসীম ধারা যেন উজাড় করে নিচ্ছিল। কিন্তু সে মাত্র ক্ষণিকের জন্য। তারপর যে চিত্রের অবতারণা হলো তা মনে করলে আজও আমার সংজ্ঞা লোপ পেতে চায়। তখন আমি পাথরে পরিণত হয়ে যাই। আমার মুখের ভাষা বন্ধ হয়ে যায়। তবু আমাকে বলতেই হচ্ছে। দুরাচার ক্যাপটেনের ইঙ্গিতে একজন হানাদার সৈনিক রাধার শিশুটির বুকের ফাঁক দিয়ে একটা রাইফেল ঢুকিয়ে এমনভাবে ঝটকা দিল যে শিশু ৭/৮ হাত দূরে ছিটকে পড়ে পা আছড়িয়ে ডুকরে কেঁদে উঠল। আমার মনে হলো আদিমাতা বিবি হাওয়া যেমতে ছিটকে পড়ছিলেন, বুড়ীটাও হাউমাউ করে কেঁদে উঠে রাধার শরীর পিছন থেকে জড়িয়ে ধরলেন, ক্যাপ্টেন শামশাদ পিছন ফিরে তার বুকের উপর সজোরে লাথি মেরে চিৎপটাং করে ফেলে দিল। তারপর ওখানে কোন পরিবেশের সৃষ্টি হলো তা অবলোকন করার ভাগ্য আমার হয়নি। ওরা রাধাসহ আরও কয়েকজনকে পিঠমোড়া দিয়ে বেঁধে রেল লাইনে এলা, আমাকেও নিয়ে এলো। লাইনে এসে পুনরায় আমার হাতের বাঁধন পরীক্ষা করে দেখল। আমি এরপর হাত দুটি একটু জোরে অথচ ওরা যেন দেখতে না পায় এমনভাবে ঘসা দিলাম, তাতেই মনে হলো হস্তের বন্ধন

শিথিল হয়ে গেছে। আমি বুঝতে পারলাম হাত খসে গেছে; তবু তা বাঁধা আছে এমন ভাবেই রেখে দিলাম। ইতিমধ্যেই ওরা ধরে আনা লোকদের মধ্যে হতে ৪ জনকে লাইন করে বসিয়ে মেশিনগান দিয়ে দু-তিনটি গুলি করল। নিরপরাধ চাটি মানুষ হুমড়ী খেয়ে পড়ে গেল মাটির বুকে।

আমি মাত্র ৭/৮ হাত দূরে থেকে এ দৃশ্য পর্যবেক্ষণ করলাম। তখন আমি প্রকৃতস্থ ছিলাম কিনা মনে নেই। শুধু এই মনে আছে আমার মাতাপিতা, স্ত্রী-পুত্র, কন্যা, আত্মীয়-স্বজন সবাই যেন আমাকে ঘিরে দাঁড়িয়ে আছে। সবাই যেন আমাকে বিদায় দিতে এসেছে আমি যেন মহাশূন্যের অভিযাত্রী। ওরা গুলি খেয়ে ঢলে পড়ল মাটিতে আর আমি তার আওয়াজ শুনে উঠতে থাকলাম শূন্যে। এমনিভাবে কতক্ষণ গিয়েছিলাম মনে নেই পা তুলতে থাকলাম ক্রমাগত কিন্তু পায়ের নীচে মাটি আছে কিনা অনুভব করতে পারলাম না। ওরা আমাকে নিয়ে ফিরে চলল উত্তর দিকে। আমার সাথে আর একজন বাঁধা অবস্থায় এলো। ওকেও আমি চিনতাম। তার নাম কালু। আমরা উভয়ে বন্দী অবস্থায় এগুতে লাগলাম পুনরায় চান্দ দীঘির পুলের দিকে যেহেতু আমরা পূর্বপরিচিত তাই আমাদের মধ্যে পথের মাঝে কোন কথাবার্তা প্রকাশ্যে হয়নি। মনে মনে ভাবলাম মরতে তো হবেই তবু বাঁচবার একটু চেষ্টা করে দেখি না কেন? তাতে ধরা পড়ি যদি তাইে বা ক্ষতি কি? এদের হাতে গেলে জীবন যে ফিরে পাওয়া যায় না তাতে নিশ্চিত ছিলাম তাই ভিতরে ভিতরে বাঁচবার জন্য তৈরী হয়ে নিলাম। সামনেই চান্দদীঘির পুল। আমার জীবন রক্ষার সোপান।

পুলের উপর পা বাড়ালাম। হানাদারেরা আমাকে মধ্যে রেখে দুপাশ দিয়ে লাইন করে অগ্রসর হতে লাগল। আমি মিছিমিছিই টলতে লাগলাম। একবার এদিকে একবার ওদিকে পড়ে যাই যেন এমনিভাবে দেখাতে লাগলাম। পুলের দুই-তৃতীয়াংশ শেষ হয়ে গেল। আমার ইচ্ছার প্রতিফলন করতে পারলাম কই? ঘেমে উঠল সারা গা নিরাশার অমানিশায়। এমন সময় হঠাৎ পুলের পূর্ব পাশ দিয়ে চলার ফুরসত পেলাম। এক পা, দুই পা, তিন পা, আর নয়, সিঁড়িতে পা না দিয়ে শূন্যস্থানে পা দিয়ে শরীর ছেড়ে দিলাম। পড়ে গেলাম পুলের নীচে। যার হাতে আমার হাত বাঁধা রশি ছিল সে আমাকে ধরে রাখতে পারল না। ওরা উপরে কি করছিল তা আমার খেয়াল নেই। আমি ততক্ষণে পুলের নীচে পাকা খাম্বার সাথে দেহটাকে মিলিয়ে আছি। সে মাত্র ক্ষণিকের জন্য পরেই ডুব। এক ডুব, দুই ডুব, তিন ডুব দিয়ে বেশ কিছুক্ষণ গিয়ে মাথা ভাসিয়ে দেখি ওরা টর্চলাইট দিয়ে আমাকে খুঁজছে। টর্চের আলোটা তীক্ষ্ণ ছিলনা তাই রক্ষা। ওরাপ পুল পার হয়ে গেল। আমি প্রাণপণে সাঁতরাতে শুরু করলাম। কিন্তু বিপদ যখন আসে তখন একা আসে না। আমার হাত বাঁধা রশিটা এক হাতে বাঁধাই ছিল। সাঁতরাবার সময় সেটা যে বিপর্যয় আনতে পারে তা আদৌ মনে হয়নি। এক্ষণে তা ক্রমাগত আমার উরু বেষ্টন করে সন্তরণ বন্ধ করে দিতে লাগল, এক পা এবং এক হাত বন্ধ হয়ে গেল। ওটা ছাড়াবার জন্য চেষ্টা করে আরও পেরেশান হয়ে পড়লাম। তখন আমি চান্দ দিঘীর মাছখানে অতল জলে। স্রোত নেই; বাঁধা পানি গাও এলিয়ে দিলে শরীর ডুবে যায়। এক হাতে আর এক পায়ে সাঁতরে চলেছি। ওরা দেখতে পেলে যে কোন মুহূর্তে গুলি করে এই চিন্তায় আরও অস্থির হয়ে পড়লাম। পাক বাহিনীর হাত হতে নিষ্কৃতি পেয়ে এখন বুঝি সলিল সামাধি রচিত হয়। মনে হতে লাগল, মৃত্যু অবধারিত। পাক বাহিনীর গুলি হতে নিষ্কৃতি পেয়েছিলাম সত্য কিন্তু ওদের রশি থেকে বুঝি মুক্তি নেই। খোলা হাত দুটি আস্তে আস্তে নাড়াতে লাগলাম। খোদার নাম জপতে থাকলাম, নিরুপায় সেই অন্তিম মুহূর্তে। এখনি হয়ত ডুবে যাব চান্দদীঘির কাজল জলে। হঠাৎ একটা কচুরীপানার চাকা হাতে লাগল। ওরই উপর একটু ভর দিলাম। আমাকে আশ্রয় দিল না ডুবে গেল। আবার পেলাম আর একটা চাকা সেখানে ঐ অবস্থাই ঘটল। তবুও কিছু নিঃশ্বাস কাটার অবকাশ পেলাম। এমনইভাবে ক্রমাগত কচুরী পানার উপর ভর রেখে চান্দ দীঘির পশ্চিমে গিয়ে অবশের মত পড়ে রইলাম। কিন্তু আমাকে পড়ে থাকলে চলবে কেন? আমি বাঁচতে চাই। ওরা যদি আমাকে খালের ধার দিয়ে খুঁজতে আসে। আমি পাশের পাট ক্ষেতের মধ্যে গড়িয়ে পড়লাম। আমার দাঁড়াবার ক্ষমতা নেই। দু তিনবার চেষ্টা করে দেখলাম দাঁড়াতে পারিনে।

শরীর অবশ প্রায় হয়ে গেছে। দাঁড়াতে গেলেই পড়ে যাই। ওরা যে কোন মুহূর্তে আমাকে ধরতে পারে এই ভয়ে আমি আরও অস্থির হয়ে পড়লাম। শেষে হামাগুড়ি দিয়ে অগ্রসর হতে থাকলাম ক্রমাগত দক্ষিণ দিকে। রাস্তা বা ক্ষেতের আইল বাদ দিয়ে শুধু পাট ক্ষেতগুলির মধ্য দিয়ে এগোতে লাগলাম। দু-চার গজ করে যাই আর থেমে শুনি কোথাও কেউ আসছে নাকি। ভেকের ডাকে চমকে উঠি। জীবনের মায়া আর মৃত্যুভয় কতখানি সেদিন তা হাড়ে হাড়ে উপলব্ধি করেছিলাম। হামাগুড়ি দিয়ে পাটক্ষেতেগুলি মধ্য দিয়ে এঁকেবেঁকে পৌছলাম গিয়ে মূলবাড়ী গ্রামে আলহাজ মৌলভী শাহেদ আলী সাহেবের বাড়ীতে। মৌলভী সাহেব আমার ছেলেমেয়েদেরকে ডেকে এনে আমার প্রাণ রক্ষা করলেন। তারপর মৌলভী সাহেব আমাকে মুক্ত এলাকায় পাঠিয়ে দেন। এইভাবে আমি পাক সেনাদের হাত থেকে রক্ষা পেলাম।

স্বাক্ষর/-
মোঃ ওয়াছিম উদ্দিন

\ ৩২ \

শ্রী মনোরঞ্জন দত্ত
গ্রাম-সরিষাবাড়ী
ডাকঘর- সরিষাবাড়ী
থানা- সরিষাবাড়ী
ময়মনসিংহ

বর্বর পাক ফৌজের অত্যাচারের কাহিনী বাংলার জনসাধারণ চিরদিন ঘৃণার সঙ্গে স্মরণ করবে। মানুষ ক্ষমতা এবং স্বার্থের মোহে কেমন ব্যবহার করতে পারে সেই দৃষ্টান্ত সামনে রেখে- শোষিত, অত্যাচারিত, ভদ্র বাঙ্গালী উদার নৈতিক মনুষ্যত্বের পথকে খুঁজে নেবার সুযোগ পাবে এবং তারা স্বাধীনতার সুবর্ণ স্বাদকে সুমধুর করে উপভোগ করার যোগ্যতা অর্জন করবে। আমার মনে পড়ে শহীদ আবদুল হামিদ মোক্তার, শহীদ হাসান খান, শহীদ সুরেন দত্ত, শহীদ ধীরেন বাবু এবং সমাজসেবক ওয়াছিম উদ্দিন সাহেব এবং সাব-রেজিস্ট্রার আবদুল হাই সাহেব ও আমার নিজের অমানুষিক নিপীড়নের ইতিহাস। তখনও থানা পর্যায়ে পশ্চিমা অত্যাচারের কসাইখান খোলেনি। একদিন আমাদেও থানার দারোগা আমাকে এ্যারেষ্ট করে জামালপুর হাজতে চালান দিল। অপরাধ আমরা হিন্দু তার উপর ভারত বাংলাদেশের স্বাধীনতাকামীদের সহায়তা করছে- গুরুতর অপরাধ সুতরাং শাস্তি মৃত্যুদণ্ড। হাজত থেকে আমাকে মিলিটারী ক্যাম্পে চালান দেয়। আমি ভাঙ্গা উর্দু বলতে পারি। পশ্চিমা জল্লাদরা তাই আমাকে মেরে ফেলার আগে আমাকে দিয়ে কিছু কাজ করিয়ে নেবার ফন্দি আঁটল। আমার আয়ু বাড়িয়ে দিল কয়েকদিন। ওরা আমাকে দোস্ত বলে। আমি কোন ভরসা পাই না- আমার আত্মারাম তো খাঁচা ছাড়া। আমাকে বলে শুধু আল্লাহকে ডাক, ইত্যাদি আশ্বাস দিয়ে আশ্বস্ত করে এবং দোভাষীর কাজ আদায় করে। যে সমস্ত স্বাধীনতকামী বাঙ্গালীদের তারা একদিক থেকে হত্যা করার জন্যে ফন্দী করছিল তাদের জবানবন্দীকে কোন রকমে উর্দু করে বুঝিয়ে দিতে হত আমাকে। দাসত্বের এতটুক স্বাধীনতার কিছু কিছু ভালো আচার ব্যবহার পেতাম আমি। এই করে আমি সুষ্ঠভাবে ভাবনাচিন্তায় সহজ মানসিকতা খুঁজে পাই। কিভাবে মুক্তি পাওয়া যাবে এবং এই মৃত্যু থেকে রক্ষা পাওয়া যাবে সে কথা মনে মনে সারাক্ষণ ভাবি।

দিন যেতে থাকে। আমি দিনের পর দিন অত্যাচার ও অবিচারের অমানুষিকতা প্রত্যক্ষ করতে থাকি। শিক্ষিত, অশিক্ষিত, আবাল-বৃদ্ধ-বনিতা নির্বিশেষে সে কি মার, সে কি অত্যাচার- ভাষা দিয়ে সে বর্বরতা প্রকাশ সম্ভব নয়। চড়, ঘুষি, বুটের লাথি, গায়ে জ্বলন্ত সিগারেট গুঁজে দেয়া, উপরে পা বেঁধে মাথা নীচের দিকে ঝুলিয়ে রাইফেলের বাঁট দিয়ে বেদম প্রহার.. সে ইতিহাস নাকে, মুখে রক্ত ঝরার ইতিহাস, বর্বরতার ইতিহাস তার বর্ণনা হয় না। এই অবস্থা দেখে আমার কাণ্ডজ্ঞান লোপ পায়।

অবশেষে একদিন আমাকে ও আরও কয়েকজনকে বলল যে, তোমাদের ময়মনিসিংহ পাঠানো হবে। আমাদেরকে ট্রাকে উঠতে বলল। ট্রাক চলতে থাকে কিন্তু আমি তখন দেখলাম ট্রাক ময়মনসিংহের পথে না যেয়ে উপস্থিত হলো শ্মশানঘাটে। তখন আমার আত্মা উড়ে গেল। স্মৃতির পটে পৃথিবীর আলো, মা, বাবা, জন্মভূমি ভিটে, স্ত্রী, সন্তানের মুখ ছায়ার মত কাঁপতে কাঁপতে ভেসে উঠল, তারপর দুঃখের যবনিকায় হাবুডুবু খেলো সব। সবাইকে লাইনবন্দী করে দাঁড় করানো হলো- সামনে ধীরেন বাবু, তাঁর পিছনে আমি নিজে, আমার পিছনে আরও বেশ কয়েকজন। ঠিক ভরা ব্রহ্মপুত্রের তীর বেয়ে লাইনটি। ধীরেন বাবুর বুকের সাথে সংলগ্ন মেশিনগানের নাল। মেশিনগানধারী একজন পাক সৈনিক। প্রভুভক্ত মানুষ নামধারী হিসংস্র জানোয়ার। অর্ধমৃত

মানুষগুলো কিছুতেই লাইন সোজা করছে না।বারবার লাইনটি শেষ নিঃশ্বাসের মত এঁকেবেঁকে যাচ্ছে। তখন আমি হঠাৎ করে দুঃসাহসিক চিন্তা করলাম। একটা মতলব করলাম ঝাঁপ দিয়ে কি করে নদীতে পড়া যায়। সঙ্গে সঙ্গে বাঁচি কি মরি মেশিনগানের নাল ধরে ধাক্কা দিয়ে বন্দুকধারীকে উল্টিয়ে ফেলে আমি নদীতে ঝাঁপ দিলাম-বেশ কিছুক্ষণ গোলাগুলির শব্দের পর আমি তখন স্রোতের টানে অনেক দূরে চলে গেলাম- আর শব্দ শুনতে পেলাম না। নান্দিনার কাছে এক গ্রামে যেয়ে উঠলাম আমি। দিনে বাড়ীওয়ালার সহায়তায় রাখালের বেশ ধরে জামালপুর-টাঙ্গাইল রোড পার হয়ে সরিষাবাড়ীর দিকে পাড়ি জমালাম আমি। তারপর সরিষাবাড়ী থেকে মেয়ের বেশ ধরে কালীবাড়ী এবং তারপর ভারত সীমান্ত পাড়ি দিয়ে আমি মুক্তির নিঃশ্বাস ফেললাম। এই ছিল আমার জীবনের মর্মান্তিক কাহিনী।

স্বাক্ষর/-
শ্রী মনোরঞ্জন দত্ত

\ ৩৩ \

এম, এ, রশিদ
সার্কেল অফিসার, ভৈরব থানা
ভৈরব, ময়মনসিংহ

পাক বাহিনী ভৈরবে যে নৃশংস ধ্বংসযজ্ঞ চালায় তা এক কথায় অবর্ণনীয়। তারা প্রায় দু'হাজার বাড়ী ও দোকানপাট সম্পূর্ণ ভস্মীভূত করে। ভৈরব বাজারের লক্ষ লক্ষ টাকার মালামাল লুট করে বহু ব্যবসায়ীকে সর্বস্বান্ত করে। তারা ভৈরব থানার নিরীহ সর্বমোট ২৩৭ ব্যক্তিকে হত্যা করে ও ১০৭ ব্যাক্তকে মারাত্মকভাবে আহত করে। তন্মধ্যে স্থানীয় পরিবার পরিকল্পনা অফিসার জনাব কাজী আব্দুস সামাদকেও অত্যন্ত নিষ্ঠুরভাবে হত্যা করে। উক্ত অফিসার যুদ্ধ চলাকালীন সময়ে তাঁর পরিবারের খোঁজে অফিস থেকে বের হয়ে যাবার পথে পাক বাহিনীর সামনে পড়ে। সে সময় তাঁর কাছে তাঁর একটা ব্যক্তিগত টেপ রেকর্ডার ছিল। দস্যু সৈন্যরা ওটাকে একটা ওয়ারলেস সেট মনে করে অফিস সংলগ্ন বিলের পাড়ের একটা খোলা মাঠে কোন কথা জিজ্ঞেস না করে গুলি করে হত্যা করে। এমনি ধরনের আরও অজস্র বিবরণ নিরীহ গ্রামবাসীদের হত্যায়ও পাওয়া যায়। স্থানীয় পৌরসভার প্রাক্তন সহ-সভাপতি জনাব মসলন্দ আলীকে তৎকালীন সার্কেল অফিসার (ডেভ) জনাব আমিনুল হক সাহেবের মাধ্যমে লিখিত নির্ভয়ের আশ্বাস প্রেরণ করে পাক বাহিনী সম্ভবতঃ হত্যা করে। আজ পর্যন্ত তাঁর কোন খোঁজ নাই।

একই সঙ্গে আরও কয়েকজন বিশিষ্ট আওয়ামী লীগ নেতা ও কর্মী যথা- জনাব হাফিজ উদ্দিন মিয়া, জনাব মতিউর রহমান, জনাব রইস মিয়া ও আরও অনেককে হত্যা করে। এই ধরনের পৈশাচিক হত্যায় ভৈরবের নেতৃত্বের ক্ষেত্রে সৃষ্টি করেছে।

স্থানীয় নেতৃস্থানীয় লোকদের কেউ কেউ রাজনৈতিক ভিন্ন মত পোষণ করত: পাক অফিসারদের নির্দেশে বা নিজেদের স্বার্থসিদ্ধির জন্যে পাক বাহিনীর ধ্বংসমুখী ক্রিয়াকলাপে সহযোগিতা করেছে। রাজাকার নিয়োগ করার ব্যাপারেও তাদে ভূমিকা ছিল অগ্রণী। তবে এস লোকদের সংখ্যা ছিল অতি নগণ্য। বর্তমানে তাদের অনেকেই বেঁচে নেই। মুক্তিবাহিনীর হাতে তাদের অনেককেই প্রাণ হারাতে হয়েছে। বাকীরা কেউ কেউ হারাতে আছে ও কেউ বা সম্পূর্ণ মনোভাব পালটিয়ে স্থানীয় নেতৃবৃন্দের করুণায় টিকে আছে।

এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, পাক বাহিনীর ভৈরবে স্থিতিকালে স্থানীয় থানা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রস্থিত সরকারী অফিসসমূহের বহু রেকর্ড ও আসবাবপত্র নষ্ট করে এবং পৌরসভার ক্যাশ রুমের লোহার সিন্দুকটি ভেঙ্গে ১১০০০ টাকার উপরে লুট করে। ঐ সঙ্গে পৌরসভার বহু আসবাবপত্রও নষ্ট করে। ভৈরব থানার কালিকাপ্রসাদ ও শিমুলকান্দি ইউনিয়নের ইউনিয়ন পরিষদ অফিস, বীজাগার ও সংলগ্ন দাতব্য চিকিৎসালায় সম্পূর্নরূপে ধ্বংস করে।

স্বাক্ষর/-
এম, এ রশিদ
৬/১১/৭৩

হত্যা, ধ্বংস ও নির্যাতনের বিবরণ
॥ রাজশহী বিভাগ ॥

\ ৩৪ \

মোঃ আরশাদুজ্জামান (আশু)
দি ইউনিভারসাল রেডিও হাউস
ঘোড়ামারা, রাজশাহী

২৫শে মার্চ শহরে যখন মিলিটারীদের তৎপরতা বেড়ে যায় তখন আমি ভাঙপাড়া গ্রামে কোন এক বন্ধুর বাড়ীতে আশ্রয় নেই। পাকিস্তানী বেতার থেকে ঘোষণা করা হলো যে, মালিকবিহীন দোকান পেলে তারা অন্য জনকে দিয়ে দেবে। তার পরিপ্রেক্ষিতে ২১শে মে আমি রাজশাহীতে চলে আসি এবং ঘোড়ামারায় চাচাতো ভাইয়ের বাসায় উঠি। জুমআর নামাজ পড়ে আসার সময় একজন বাঙ্গালী পশ্চিমাদের দালাল আমাকে দেখে। দেখার পর জিজ্ঞাসাবাদে জানতে পারে যে, আমি বাংলদেশের পতাকা উত্তোলন করেছিলাম। এপর অকস্মাৎ দুজন বর্বর সৈন্য গাড়ীসহ দালালের বাড়ীতে যায়। ইতিপূর্বে সে ফোনে মিলিটারীদের সাথে আলাপ করেছিল। তারপরে আমার ভাইয়ের বাসায় মিলিটারীরা ঢোকে। ঢোকার পরে আমাকে নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোন একজন অধ্যাপক সাহেবের রান্নাঘরে নিয়ে যায়। সেখানে অন্য একজন কাষ্টম অফিসের আবদুল ওয়াহেদ নাম একজন লোককে দেখতে পাই নামাজ পড়া অবস্থায়। তাকে (ওয়াহেদ সাহেবকে) নানা জিজ্ঞাসাবাদ করায় বাইরে পাহারারত একজন মিলিটারী এসে আমাকে নির্মমভাবে বুটের লাথি মারে এবং জনৈক সৈন্য বলে, ''আপছমে কৈ বাত কারনে নেহী হোগা''।

তারপরে বেলা তিনটের সময় নওয়াবগঞ্জ কলেজের সহ-অধ্যক্ষ জনাব মোনামুল হক সাহেবকে মোটা শিকল দ্বারা দু'হাত বেঁধে নিয়ে আসে। তার কিছুক্ষণ পর কানে বালিওয়ালা লম্বা পাতলা মত একজন মিলিটারী আসে। হাতে কাঠের রোলার দরজা বন্ধ করে উর্দ্দুতে বলে যে, ''তুম নবাবগঞ্জ কলেজ কা ভাইস প্রিন্সিপ্যাল হ্যায়?'' বলে প্রহার আরম্ভ করে। তারপর আমাকে জিজ্ঞাসা করে যে, আমি নাকি বিহারীগণকে হত্যা করেছি, নারীর ইজ্জত নষ্ট করেছি, সেই জন্য তারা দুই হাজার মাইল দূর থেকে এসেছে। তারপর কাঠের রোলার দিয়ে প্রহার করে, লাথি মারে।

রাত আটটার পরে কাষ্টম অফিসের জনাব ওয়াহেদ সাহেবকে বের করে অন্য ঘরে নিয়ে যাওয়া হয়। তার পরে আমাকে ঐ একই ঘরে রাখে এবং জিজ্ঞাসা করে জানতে চায় ভোট কাকে দিয়েছিলাম। উত্তরে আমি বলেছিলাম যে, আওয়ামী লীগকে ভোট দিয়েছিলাম। প্রশ্ন জিজ্ঞাসা করে ক্যাপ্টেন জাফর। তারপরে হিংস্র পশুর মত আমাকে প্রহার করে। প্রহারের দরুন মাটিতে পড়ে যাই। তারপরে জিজ্ঞাসা করে যে, আমি বাংলাদেশের পতাকা উড়িয়েছিলাম কিনা। আমি সম্মতি জানাই। তারপরে উক্ত ঘরে নিয়ে রাখা হয়।

পরের দিন সকালে মাটিতে একটি রুটি ও এক কাপ চা তিনজনকে খেতে দেয়া হয় শরীরে অসুস্থতার জন্য দু'জন চা পান করছিল না বলে বর্বর সৈন্যরা দুজনকে লাথি মারে বেপরোয়াভাবে।

৯টার দিকে আমাকে দিয়ে সৈন্যদের ব্যবহৃত ড্রেন, থালা বাসন, উঠান পরিষ্কার করে নেয়। বেলা তিনটার দিকে আমাকে ও ওয়াহেদ সাহেবের পিছনে হাত বেঁধে খাড়া অবস্থায় প্রায় এক ঘন্টা সময় রাখা হয়। তার পরে ক্যাপ্টেন জাফর উপর থেকে নীচে নেমে আসে। নাম ধরে বলে ''তুমহারা নাম আশু হ্যায়, তুম রেডিও কা কাম

জানতা হ্যায়?'' উত্তরে আমি সম্মতি প্রকাশ করি। জাফর পরে হাতে খুলে দেয় এবং পরে নিয়ে যায় এবং তার একটি রেডিওগ্রাম দেখতে বলে। দেখার পর আমি বলি উক্ত রেডিওর কোন যন্ত্রপাতি না হ'লে দেখা সম্ভব নয়। পরে আমাকে নীচে নামিয়ে হাত বাঁধা অবস্থায় রাখা হয়। কিছুক্ষণ পরে আমাকে জিপে উঠান হয়। পরে জোহা হলের দিকে নিয়ে যায়। গাড়ী থেকে নামিয়ে হলের গেটেই সোজা করে দাঁড় করানো হয়। দাঁড় করানোর পর আমি অনিবার্য মৃত্যু জেনে ওয়াহেদ সাহেবের সাথে শেষ আলাপ করতে প্রয়াসী হই এবং প্রাণভরে বাংলাদেশকে দেখে নেই । ক্যাপ্টেন ইলিয়াসকে জাফর পরিচয় করিয়ে দেয় যে ওয়াহেদ সাহেবের মেয়ে জয় বাংলার গান গেয়েছে এবং আমি বাংলাদেশের পতাকা উড়িয়েছি। তখন ইলিয়াস ক্যাপ্টেন জাফরের সঙ্গে দূরে আলাপে বলে যে, বাংলাদেশের পতাকা, বাংলাদেশের সর্বত্রই উড়ানো হয়েছিল। তারপর ক্যাপ্টেন ইলিয়াস আমাকে ছেড়ে দেয় এবং ওয়াহেদ সাহেবকে উপরের তলায় নিয়ে যায়।

১৫ই আগস্ট (১৯৭১) পর্যন্ত আমি স্বগৃহে অবস্থান করি। রাত দু'টায় একটি পুলিশ জীপ এবং সঙ্গে ডি, এস, পি, নাছিম সাহেব দরজায় ধাক্কা মারে। পুলিশদেরকে নির্দেশ দেয় বাড়ীটিকে ঘেরাও করার জন্য। তারপরে দরজার কাছে আমি আসি। আমার নাম জিজ্ঞেস করে। নাম জিজ্ঞেস করায় কিছুক্ষণ মুখ চাওয়াচাওয়ি করে। তারপর ডাক নাম জিজ্ঞেস করে। উত্তরে জানাই যে, ডাক নাম ''আশু''। অতঃপর আমাকে গাড়ীতে কিছুক্ষণ রাখার পর আরও দুজন, যথাক্রমে আব্দুর রশিদ ও আব্দুর রাজ্জাক সাহেবকে গ্রেফতার করে জীপে তুলে দেয়।

থানায় কিছুক্ষণ গাড়ীতেই রাখার পর গাড়ী জোহা হলে নিয়ে যাওয়া হয়। এবং তিন তলায় নিয়ে যাওয়া হয়। সেখানে প্রায় অপরাপর ত্রিশজন বন্দীকে দেখতে পাই।

ভোরবেলা তিনজনকে নিয়ে ৩৪০ নং কোঠায় নিয়ে রাখা হয়। সেখানে ইউনুছ মিয়াকে দেখতে পাই। তিনি প্রায় সেখানে অর্ধপাগল অবস্থায় ছিলেন। আমাকে চেনার পর ইউনুছ সাহেব আমাকে পাঁচটি টাকা দিয়ে বলেছিলেন যে, সৈন্যরাতো জীবনে শেষই করবে, আপনি যদি ছাড়া পান তবে টাকাগুলি গরীবদের দিয়ে দেবেন।

পরে বেলা ৯টার দিকে মেজর সাহেবের কাছে নিয়ে যাওয়া হয় এবং জিজ্ঞাসা করে যে, আমাদের পেশা ও নাম কি? পরে ৩৪০ নং কোঠায় নিয়ে যায়। নিয়ে যাবার সময় ঘর খুলে দেখানো হয়। ঐ ঘরগুলির মধ্যে ছাত্র গোছের কতকগুলি যুবককে ঝুলন্ত অবস্থায় উলঙ্গ করে রাখা হয়েছিল। আশেপাশে ভাঙা হকিস্টিক, বাঁশের লাঠি ইত্যাদি ভাঙা অবস্থায় পড়েছিল। আমাদেরকে বলা হয়েছিল সত্য কথা না বললে আমাদের পরিণতিও ঐ একইরূপ হবে।

এক থালাতে চারজনকে এমনকি সময় সময় মেঝেতে পচা, দুর্গন্ধময়, ভাত খেতে দিত। তাও প্রায় ২৪ ঘন্টা পরে।

৩৪০ নং কোঠায় পার্শ্বে একটি সেন্ট্রী রুম ছিল। সেখানে তারা নিজেদের মধ্যে আলোচনা করত যার কিছু কিছু মাঝে মাঝে শোনা যেত।

একদিন আমাকে জোর করে বিভিন্ন রুমে বন্দীদের নাম ইংরেজীতে লেখার জন্য নিয়ে যায়। ৩৪০-এর কয়েকটি রুমের পরে একটি রুমের মাঝে কয়েকজন মুক্তিযোদ্ধাকে বিকৃত অবস্থায় দেখতে পাই। তাদের গায়ের চামরা ছিল না, মাঝে মাঝে কাটা দাগ ছিল।

২৭ শে আগষ্ট হল থেকে আমাদের থানায় পাঠানো হয়। থানায় পাঁচদিন থাকার পর ইনকোয়ারী হয়। পরে আমাকে মুক্তি দেয়।

স্বাক্ষর/-
মোঃ আরশাদুজ্জামান (আশু)
১৯/০৮/৭২

\ ৩৫ \

মোঃ আব্দুস সামাদ
গ্রাম- নওহাটা
থানা-পবা
জেলা- রাজশাহী

১৯৭১ সালে ২৬শে মে তারিখ পাকবাহিনী নওহাটা হয়ে নওগাঁ যাওয়ার পথে অপারেশন করে যায়। নওহাটা তারা তিনজন লোককে হত্যা করে অগ্নিসংযোগ করে দেয়। এই খান সেনারা নওহাটা বাজারের সমস্ত দোকান লুটপাট করে অগ্নিসংযোগ করে দেয়। তারপর যে সমস্ত স্থানীয় লোককে ধরে ছিল তাদের কে দিয়ে নদী পার হয়ে যাওয়ার জন্য নৌকা গোছিয়ে নেয় এবং যাতে গাড়ী পার করে নিয়ে যেতে পারে তার সমস্ত ব্যবস্থা করে নেয়।

এরপর প্রায় দিনই তারা রাজশাহী টাউন থেকে হঠাৎ হঠাৎ এসে বাজারে যে সমস্ত লোক পেত তাদেরকে মারপিট করে টাক-পয়সা কেড়ে নিত এবং তা দিতে অস্বীকার করলে হত্যা করত সেই সংগে নারীদেরও গ্রাম থেকে ধরে নিয়ে এসে তাদের প্রতি পাশবিক অত্যাচার করে কাউকে ছেড়ে যেত এবং যে সমস্ত নারী তাদের বেশী ভাল লাগতো তাদেরকে ক্যাম্প পর্যন্ত নিয়ে যেত।

বিভিন্ন পথযাত্রীদের কাছ থেকে তাদের নগদ টাক-পয়সা কেড়ে নিয়ে মারপিট করে পরে ছেড়ে দিত। স্থানীয় লোকেরা তাদের অত্যাচারে অতিষ্ট হলে সকলে যুক্তি করে খান সেনাদের অল্পসংখ্যক আসলে তাদের একজন ধরে মেরে মাথা ফটিয়ে দে। ইহার পর কিছদিন নওহাটা বাজারের লুটপাট বন্ধ থাকে। কিন্তু ইহার অল্পদিন পরে আবার আর এক খান সেনার দল এসে উক্ত ব্যক্তিকে এবং তার সংগে আরো কয়েকজনকে ধরে একত্রি করে বেঁধে বেদম প্রহার করার পর গুলি করে হত্যা করে।

উক্ত ঘটনারা পর লুটপাট বন্ধ থাকে কিন্তু তাদের অন্যান্য অত্যাচার বেড়ে যায়। তারা প্রায়ই মাঝে মাঝে রাতে আসতো এবং স্থানীয় লোক ধরে নিয়ে তাদের মাথায় গুলির বাক্স ও বিভিন্ন মালামাল বহন করে নিয়ে যাওয়ার জন্য ব্যবহার করত। রাতের অন্ধকারে বিভিন্ন গ্রাম ঘেরাও করে নিরীহ জনগণকে হত্যা করতে, তাদেরকে মারপিট করত এবং তাদের মালামাল লুটপাট করত।

এইভাবে তারা বিভিন্ন জায়গায় প্রায় ২০০ লোককে হত্যা করে তাদের রাজত্বকে কায়েম রেখেছিল।

স্বাক্ষর/-
মোঃ আব্দুস সামাদ

\ ৩৬ \

বীরেন্দ্র কৃষ্ণ রায়
রাণীবাজার, ঘোড়ামারা
জেলা- রাজশাহী

জুন মাসের ১৩ তারিখে পাক দালালরা ষড়যন্ত্রমূলক আমার শ্বশুরবাড়ীর একস্থানে গুলিসহ চাইনিজ রাইফেল রেখে ঐ রাতে তারা আমাদের সাথে নিয়ে নির্দিষ্ট স্থানে গিয়ে রাইফেল তোলে। তখন আমাকে আমার দুই ছেলে, আমার সম্বন্ধী ক্ষীতিশচন্দ্র রায় ও নিরোদ কুমারকে থানাতে নিয়ে যায়। ওদের ধারণা ছিল আমাদের কাছে প্রচুর টাকা-পয়সা সোনা আছে। বন্দী করে সেগুলি আদায় করার পরে হত্যা করবে। রাত ১/১-৩০ দিকে আমাদের থানাতে নিয়ে যায় ৫ জনকে ষ্টেটমেন্ট নেবে বলে। আমাদের পাঁচজনকে চালাকি করে হাজতখানায় বন্দী করে। সারারাত কিছু খেতে দেয়নি। তার পরদিনও না। বিকালে আমার বাড়ী থেকে কিছু খাবার নিয়ে আসে। ঐদিন শেষ রাতের দিকে আমার স্ত্রী দারোগাকে বহু অনুরোধ উপরোধ করে গায়ের সমস্ত গয়না খুলে দিয়ে নগদ কয়েকশত টাকা দিয়ে বলল গেন সামরিক আইনে তার ভাই, স্বামী ছেলেকে না দেয়। দারোগাকে টাকা ঘুষ দিলে আমাদের সবাইকে হাজত থেকে বাইরে এনে রাখার ব্যবস্থা করেছিল। হঠাৎ করে একদিন আবার হাজতে পুরতে বলে। আমার দুই ছেলে আমার সাথে কান কথা না বলে পাশের নদীতে ঝাঁপ দেয় বাঁচবার জন্য। পিছু পিছু পুলিশ ছুটে। ওদের চিৎকারে গ্রামের লোকজন ধরে ফেলে পুলিশের হাতে তুলে দেয়। থানায় নিয়ে এসে অকথ্য অত্যাচার চালায় আমার দুই ছেলের উপর। একজন কৃষক সে আমার ছেলেদের ধরেনি বলে পুলিশ তাকে থানায় ধরে এনে ভীষণভাবে মারধর করে। এখনই ছেলেদেরকে হত্যা করবে কিন্তু টাকার বিনিময়ে নিরস্ত হয়। চার্জশীটের মধ্যেও পালানোর কথা উল্লেখ করেনি।

১৫ই জুন আমাদের সবাইকে নাটোর চালান দেয়। হাশেম দারোগা চাইনিজ রাইফেলসহ চললো। টাকা পয়সা নেওয়া সত্ত্বেও আমাদের হাঁটিয়ে নিয়ে যায়। পথে পাক বাহিনীর সাথে দেখা হলেই সালাম আলায়কুম জানিয়ে বলে দেখিয়ে কেয়া চীজ লেআয়া হ্যায়। দারোগা বার বার আমাদের দেখিয়ে দেয় মুক্তিফৌজ হিসাবে। থানায় ও,সি, হাশেমকে নিষেধ করেছিলো অস্ত্র ঐভাবে খোলা নিয়ে যেতে কিন্তু হাশেম এ, এস, আই, তা শোনেনি।

নাটোর কোর্টে নিয়ে যাচ্ছে এমন সময় ইনসপেক্টর (পুলিশ) জাফর সাহেবের সাথে আমাদের দেখা। জাফর সাহেব আমার ছেলের এবং শালার বিশেষ বন্ধু ছিল। সে দেখে অবাক হয়ে জিজ্ঞাসা করে হাশেমকে। সামরিক কোর্টে নিয়ে যেতে বলে উনি জামাকাপড় পরে তাড়াতাড়ি কোর্টে আসেন। সামরিক কোর্টে সামনে মাঠে আমাদের বসিয়ে রাখে। পাকসেনারা আসে নাম শোনে আর সবাইকে লাথি চড় মেরে চলে যায়। সামরিক কোর্টে ক্যাপ্টেন ও মেজর আসেন। আমরা ২৫ গজ মত দূরে বসে চাইনিজ রাইফেলের কথা শোনার সাথে ক্যাপ্টেন খতম করার নির্দেশ দিলেন। কিন্তু পুলিশ ইন্সপেক্টর অনুরোধ করে একটি ইনকোয়ারী করার জন্য কারণ ওরা ভালোমানুষ। মেজর বলেন, কেমন করে চিনলে ওদের। ঐ থানাতে আমি থানা ইনচার্জ ছিলাম বহুদিন। ইনসপেক্টর বলেন, মেজর আমাদের ডাকেন আমাদের বক্তব্য আমরা বলি। মেজর সব শুনে কোর্টে পাঠাতে বলে ইনকোয়ারীর ভার দিলেন।

এস, ডি, ও জেলহাজতে পাঠিয়ে দিলেন। সামান্য একটু ঘরে আমাদের রাখলো। আমরা ৩০/৩৫ জন ছিলাম, শোয়াতো চিন্তা করা যায় না ভালো করে বসারও উপায় ছিল না। জেল ওয়ার্ডার মোজাফফর খাঁ (বিহারী) বাঁশের লাঠি দিয়ে বেদম প্রহার করে বাইরে এম,পি, (মিলিটারী পুলিশ) ছিল সেও রাইফেলের বাঁট দিয়ে মারতে লাগলো। আমাদের মধ্যে কয়েকজন কয়েদী ছিল যারা স্বাধীনতার প্রথম ক্ষণে জেল ভেঙ্গে পালিয়েছিল। তাদের উপর অমানুষিক অত্যাচার চালায়। চিৎ করে শুইয়ে দুই হাতে লাঠি তুলে শরীরে যত শক্তি

আছে তা দিয়ে ঘন ঘন আঘাত করতে থাকে। লোকজন পরে শুধু আল্লাহর নাম করতে থাকে। তারপর দিনও ঐভাবে সাবইকে মারতে থাকে।

সরারাত শুনলাম মানুষের অসহ্য যন্ত্রনার চিৎকার। আমার মত এমনি বহু অধ্যাপক, ছাত্র, এ্যাডভোকেট ইত্যাদিকে সারারাত ধরে নির্যতন চালায়। কান্না চিৎকারে জেল প্রকম্পিত হচ্ছিল। পাক সেনারা মারতো আর হাসতো। লোকজনের উপর অত্যাচারের জন্য একটি স্কোয়াড থাকত যাদের কালো ব্যাজ থাকতো। জেল ওয়ার্ডার হরমুজ আমাদের উপর অত্যাচার চালাতে থাকে। ১৬/১৭ই জুন আমাদের ১৬ জনকে একসাথ রাজশাহী সেন্ট্রাল জেলে পাঠিয়ে দেয়।

রাজশাহী জেলে বহু রকমের লোকদের দেখলাম। যাদের আনতো তাদের অধিকাংশ কারো চোখ নাই, কারো হাত-পা ভাঙা। বিশেষ করে পাক সেনারা যা পাঠাতো তারা প্রায় মৃত বা অর্ধমৃত হয়ে আসতো। জেলে যাদেরকে দেখেছি বেশীর ভাগ শান্তি কমিটির লোকেরাই ত্রাসের রাজত্ব কায়েম করেছিলো। একজন কৃষক কয়েদীর সাথে আলাপ করলাম। সে এসেছিল শহরে জমি বিক্রী করতে। মহুরীর সাথে বাজারে বেরিয়েছে এমন সময় কিছু লোক কৃষকটিকে জোর করে এক বাড়ীতে ডেকে নিয়ে গিয়ে বলে তোর ছেলে মুক্তিফৌজ, সে বলে আমার বড় ছেলেই নেই। তারপর মারধর করে জেলে পাঠিয়ে দেয়।

আমাদের কেস ইনকোয়ারীর জন্য ইনসপেক্টর গ্রামে যান এবং আমাদের পক্ষে রিপোর্ট দেন। বর্তমান বরিশাল এস,পি, গোলাম মোর্শেদ তখন রাজশাহী এস,পি, ছিলেন। তিনি আমাদের ধরিয়ে দেবার জন্য এ, এস, আই, হাশেমকে প্রমোশন দিয়ে থানার ও, সি, করে দেন। নাটোর শান্তি কমিটি জাফর ইন্সপেক্টরের বিরুদ্ধে পাক সেনাদের কাছে অভিযোগ করে। জাফর (ইন্সপেক্টর) সাহেবের চাকরী যাবার মত। আমার ছেলে আইনুদ্দিনকে (এম, এন, এ, মুসলীম লীগ) বহু টাকার বিনিমিয়ে তার তদ্বীরে আমাদের জামিন হয় ২৮শে সেপ্টেম্বর। পরে ইনসপেক্টর আবার ইনকোয়ারী করে নভেম্বর মাসে আমাদের বিরুদ্ধে কিছু না পেয়ে মুক্তি দেয়। আমরা আবার গ্রামে চলে যাই (গালিমপুর)। আমাদের বাড়ী জামাতে ইসলামীর সভাপতি দখল করে নেয়, সমস্ত কিছু লুট করে রাজাকারের ক্যাম্প করে। আর একটি কক্ষে জামাতে ইসলামের সভাপতি থাকতো। আমরা আবার গ্রাম থেকে গ্রামে পালিয়ে বেড়াতে লাগলাম।

ডিসেম্বরের প্রথম সপ্তাহে পাক সেনারা আমাদের গ্রামে আবার হামলা চালায়। সমস্ত গ্রাম লুট করে বহু জনকে ভীষণভাবে মারধর করে, কিছু লোকজনকে হত্যা করে। আমাদের সব লুট করে নেয়।

তারপর দেশ মুক্ত হয়। মালঞ্চ এবং নদীর অপর পাড়ে সকল গ্রামে তখন কোন বাড়ী ছিল না যে বাড়ীর মেয়ে ধর্ষিত না হয়েছে। পাক সেনাদের চাইতে রাজাকার, আল বদর এরাই বেশী অত্যাচার চালিয়েছে। দালালরা এবং তাদের সহযোগীরা গ্রামকে লুট করেছে, ধ্বংসযজ্ঞ চালিয়েছে।

ডিসেম্বরে যুদ্ধ বাঁধলে আমরা সবাই উল্লাসিত হয়ে উঠি। একদিন গেলাগুলির শব্দ না পেলে আমাদের মন খারাপ হয়ে যেত।

১৬ই ডিসেম্বর যখন শুনলাম পাক বর্বর বাহিনী আত্মসমর্পণ করেছে তখন সেই রাতে আমার এই বৃদ্ধ বয়সে সারা গ্রাম হেঁকে বেড়াই পাক সেনারা আত্মসমর্পণ করেছে। মানুষজন গ্রামকে মাতিয়ে তোলে। স্বাধীনতার আনন্দে সবাই ''জয় বাংলা'' ধ্বনিতে গ্রামকে মুখরিত করে তোলে।

স্বাক্ষর/-
বীরেন্দ্র কৃষ্ণ রায়
৩০/০৮/৭৩

\ ৩৭ \

সালু মিয়া
থানা-সদর
জেলা- রাজশাহী

জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহের দিকে সাহেব বাজারের নিজস্ব দোকান থেকে জনৈক বিহারীর ইঙ্গিতে আমাকে গ্রেফতার করে বোয়ালিয়া থানায় নিয়ে যাওয়া হয়। পরের দিন বিকাল পর্যন্ত থানাতেই বন্দী ছিলাম। তারপর ডিএসপি নাছিম সাহেব জিজ্ঞাসাবাদ করেন যে আপনি বিহারী কয়টা মেরেছেন; ভোট কাকে দিয়েছেন। তারপর রাত্রিতে মিলিটারী গাড়ী করে জোহা হলে নিয়ে যায়। ৭ দিন সেখানে বন্দী থাকাকালে আমাকে দিয়ে কয়েকদিন মাটি কাটিয়ে নিয়েছে এবং ত্রিপলাদি শুকিয়ে নিয়েছে। সেখানে ৭-৮ জনকে একই থালায় বসিয়ে দুর্গন্ধযুক্ত অপর্যাপ্ত ভাত দেওয়া হতো। ডাল হিসাবে শুধু পানি, লবণ, হলুদ দিয়ে সিদ্ধ করে দেওয়া হতো। আর কোন তরকারি থাকতো না।

৭-৮ দিন পরে আবার আমাকে থানায় নিয়ে আসে। সেখানে আমাকে ১৯ দিন রাখা হয়। প্রথমে ক্ষমা ঘোষণার পর থানার বন্দী সকলেই ছাড়া পেলেও আমি এবং আর একজন অধ্যাপক ছাড়া পাননি। একদিন সিকিউরিটি অফিসার আমাকে জিজ্ঞাসাবাদ করেন এবং বলেন তোমাকে ইণ্ডিয়ায় দেখেছি। না উত্তর দেওয়ায় প্রহার শুরু করে। অতঃপর ডিএসপি নাছিম সাহেব এসে সিকিউরিটি অফিসারকে জানান যে আমাকে ক্ষমা করে দেওয়া হয়েছে। অতঃপর আমাকে ছেড়ে দেয়।

এর ১৬-১৭ দিন পর এক রবিবার দিন রাত দুটার সময় আমাকে বাড়ী থেকে ধরে জোহা হলে বন্দী করে রাখে। সকালের মধ্যেই রাজশাহী ন্যাপ প্রধান আতাউর রহমানসহ বহু জনকে বন্দী করে নিয়ে যায়। সেখানে তাদের সবাইকে দিয়ে ঘাস কাটিয়ে নিয়েছে। এর মধ্যে রোজা এসে যায়। সময় মতো তাদের কোনো খাবার দেওয়া হতো না। কোন কোন দিন সেহেরীও দেওয়া হতো না।

পহেলা রমজান রাত ১১টায় আমার রুম থেকে দুজন, ন্যাপ প্রধানের রুম থেকে একজন, পাশের রুম থেকে তিনজনকে, আর এক রুম থেকে সাহেব বাজারের কেতু মিয়াকে হাত ও কালো কাপড় দিয়ে চোখ বাঁধা অবস্থায় নিয়ে যায়। পরদিন সকালে ঔৎসুক্যের বশবর্তী হয়ে জনৈক সেন্ট্রিকে জিজ্ঞাসা করি যে রাতে ছেড়ে দিলে তারা কোথায় গেছে। তখন উত্তর দেয় যে তাদেরকে বাংলাদেশে পাঠানো হয়েছে। আমি আবার জিজ্ঞাসা করি হাত, পা কেটে কষ্ট দিয়ে না মেরে গুলি করে কেন মার না। উত্তরে জানায়, গুলি করে মারা হয় না, রাম দা দিয়ে জবাই করে মারা হয়। আমি আবার জিজ্ঞাসা করি রাতে যারাই বেরুবেন তাদেরই কি মারা হবে? উত্তর পাই রাত ১১টার পর যারা বেরুবে তাদের সবাইকেই বাংলাদেশে পাঠানো হয়। এর চার-পাঁচ দিন পর থেকে প্রায় প্রত্যহ রাতে ৭-৮ জন করে লোক উধাও হয়ে যেতো।

২৬-২৭ দিন পর একদিন বেলা দেড়টার সময় আমাকে ছেড়ে দেয়। আসার আগে আমি আমার কাছের দশটি টাকা অন্যান্য বন্দিদের ইফতারি কেনার জন্য দিয়ে আসি। কারণ সেখানে কোন ইফতারি দেওয়া হতো না।

ছেড়ে দেয়ার দুই দিন পর পুলিশ আবার আমাকে খোঁজাখুঁজি করে এবং গ্রেফতার করে জোহা হলে মেজরের নিকট নিয়ে যায়। জিজ্ঞাসাবাদে মেজর আমাকে বলেন উপার যায়েগা না ঘার যায়েগা। শেষ অবধি আমাকে ছেড়ে দেওয়া হয়।

জোহা হলে বন্দী থাকা অবস্থায় সারাদিন প্রশ্রাব করতে দেওয়া হতো না। তাই বাধ্য হয়ে আমি নিজের জুতার মধ্যে প্রশ্রাব করে তিন তালা থেকে ফেলতাম। পৌর এলাকার ১ নং ওয়ার্ডের ৯৮ জন ধৃত ব্যক্তির মধ্যে আমিই শুধু বেঁচে আছি।

স্বাক্ষর/-
সালু মিয়া

\ ৩৮ \

মোঃ আবুল ওয়াহেদ
গ্রাম-সুলতানাবাদ (বেলদার পাড়া)
ঘোড়মারা,রাজশাহী

২৫শে মার্চের পরে রাজশাহী শহরকে পাক বাহিনী তাদের আয়ত্তে আনে। বাংলাদেশের স্বপক্ষের বিশেষ করে আওয়ামী লীগের কর্মী বৃন্দকে খুঁজতে থাকে এবং ধরে নির্দয়ভাবে হত্যা করে। এপ্রিলের প্রথম দিকে বেলদার পাড়ার দুজন যুবক যথাক্রমে বাদল ও অন্যজনকে প্রকাশের দিবালোকে রাস্তার উপরে গুলি করে হত্যা করে।

বর্বর সৈন্যদের এলোপাতাড়ি গোলাগুলির আওয়াজে গ্রামবাসী প্রাণের ভয়ে বাড়ী ঘর ছেড়ে অন্যত্র আশ্রয় নিতে বাধ্য হয়। আমি এপ্রিল মাসের ১২ তারিখে মা সহ ভারতে আশ্রয় নেই। এবং জুন মাসে ১লা তারিখে স্ত্রী এবং ছেলে মেয়েদেরকে নেবার জন্য বেলদার পাড়ায় আসি। ৩ দিন পরে পাক বাহিনী রাত ৯টার সময় বাড়ী ঘেরাও করে আমাকে গ্রেফতার করে। অবশ্য শান্তি কমিটির দালালদের কুপ্ররোচনায়। গ্রেফতার করার সময় বাড়ীর চারিদিকে এবং ছাদের ওপর থেকে গোলাগুলি করে এক বিভীষিকাময় পরিবেশের সৃষ্টি করে। গ্রেফতার করার পর অকথ্য ভাষায় গালিগালাজ করে। পরে গুলি করার জন্য আমাকে লাইনে দাঁড় করায়। কয়েকজন সৈন্যের উদারতার জন্য গুলি করতে বিরত হয় কিন্তু শারীরিক নির্যাতন চালায়। অতঃপর আমাকে জিপে করে হাত বাঁধা অবস্থায় স্থানীয় সার্কিট হাউজে নিয়ে যায়। সেখানে অন্ধকারময় বন্ধ ঘরে পিছনে হাত বাঁধা অবস্থায় দেয়লের দিকে মুখ করিয়ে সারারাত দাঁড় করিয়ে রাখে। এবং যাতে বসতে না পারি তার জন্য সামরিক বাহিনীর লোকেরা কড়া পাহারা দিতে থাকে। সকালের দিকে এক কাপ চা ও একখান রুটি খেতে দেয়। ঐ সার্কিট হাউজেই বিশ্ববিদ্যালয়ের দুজন ছাত্রকে বন্দী অবস্থায় দেখতে পাই। তাদের উপরে বর্ণনাতীত শারীরিক নির্যাতন চালায়।

নির্যাতনের এক পর্যায়ে জনৈক পদস্থ কর্মচারী ছাত্রদ্বয়কে চাকু লাগাতে নির্দেশ দেয়। কিন্তু কিমাকার বিশাল বপু বিশিষ্ট একজন সৈন্য অফিসারের নির্দেশের মর্মানুযায়ী তাদের পেটে কুকুরের মতো কামড়িয়ে মাংস ধরে টানাটানি করতে থাকে। ছাত্রদ্বয় আর্তচিৎকার করতে থাকে। তিনজনই পূর্ব পরিচিত হলেও কেউ কাউকে পরিচয় দেবো না বলে একমত হই।

পরের দিন আমিসহ দুজন ছাত্রকে বিশ্ববিদ্যালয়ের স্টাফ কোয়ার্টার ক্যাম্পে নিয়ে যাওয়া হয়। নিয়ে যাবার পর ক্যাম্পের খোলা আঙ্গিনায় আমাদের গায়ের জামা খোলার নির্দেশ দেওয়া হয়। জামা খোলা হলে ১০/১২ জন বর্বর সৈন্য বেত, চাবুক দ্বারা এলোপাতাড়িভাবে প্রহার শুরু করে। রক্তাক্ত অবস্থায় যতক্ষণ না তারা অজ্ঞান হয় ততক্ষণ ঐ অবস্থা চালাতে থাকে। অতঃপর পা ধরে টেনে পার্শ্বের একটি ছোট কোঠায় পাশাপাশি রেখে দেয়। কিছুক্ষণ পর ছাত্রদের মধ্যের একজনকে যিনি বেশ স্বাস্থ্যবান ছিলেন তাকে পুনরায় টেনে আঙ্গিনায় নিয়ে যায় এবং পায়ে দড়ি বেঁধে উল্টোভাবে রডের সাথে টাঙ্গিয়ে দেয়। 'তুমলোক লিডার হ্যায়' বলে চাবুক দিয়ে মারতে শুরু করে। তার শরীর দিয়ে দর বিগলিত ধারায় রক্ত গড়াতে থাকে। অত্যাচারের এক পর্যায়ে হঠাৎ ছেলেটির পায়ের দড়ি ছিঁড়ে পড়ে যায়। তখন তারা সাময়িকভাবে অত্যাচার বন্ধ করে দেয়। অজ্ঞান অবস্থাতেই পূর্বোক্ত ঘরে পূর্বোক্ত পদ্ধতিতে রেখে দেয়া হয়।

সারাদিন ও রাত অভুক্ত অবস্থায় রেখে দেয়া হয়। পরদিন সকালে শুধু এক কাপ চা পান করতে দেয়। তারপর এক এক করে পাশের ঘরে সিকিউরিটি অফিসার সেলিমের কাছে নিয়ে যাওয়া হয়। তিনি প্রথমবারের মতো বিবৃতি নিলেন। বিবৃতি নেবার মাঝে মাঝে অফিসারটি নিজেই হাতে গ্লোভস পরে এলোপাতাড়ি ঘুষি

মারতে থাকে। এর ফলে মাটিতে পড়ে গেলে বুট দিয়ে শরীরে চড়ে নির্যাতন করতে থাকে। এবং জ্বলন্ত সিগারেট শরীরের বিভিন্ন স্থানে ঠেসে ধরে। বলাবাহুল্য অত্যাচার করে তারা পাশবিক আনন্দ উপভোগ করে। এবং নিজেদের খুশিমতো বিবৃতি তৈরী করে। বিবৃতি নেবার পর পূর্বোক্ত ঘরে আবার বন্দী করে রাখে এবং দুপুরে কোন রকম তরকাররি ও প্লেট ছাড়াই মাটিতে লবন দিয়ে কিছু ভাত দেয়া হয় এবং বলা হয় 'তুমলোক বাঙ্গালী হ্যায়, চাউল খাও।'

পরের দিন সকাল আটটায় জিপে করে উক্তসিকিউরিটি অফিসারের তত্ত্বাবধানে তিন জনকেই জুবেরী হাউসের দোতলায় একটি কক্ষে রাখা হয় । এবং সেখানে কড়া সামরিক পাহারা ছিল । সেখানে পার্শ্বের কক্ষে একজন পুলিশ ইন্সপেক্টর একজন দারোগাসহ ১০/১২ জন পুলিশের লোক ইউনিফরমসহ বন্দী ছিলেন। এদের অনেকেই আমার পরিচিত ছিলেন। আমাদের কক্ষে একজন ইউসি চেয়ারম্যানসহ আরো ৬/৭ জন সাধারণ মানুষ ছিলেন সেখানে তিনদিন থাকা কালে কোন রকম শারীরিক নির্যাতন করা না হলেও অপমানজনক অশ্লীল ভাষায় গালাগালি করে। যেমনঃ-'তুমলোক গাদ্দার হ্যায়, তুমলোক বেইমান হ্যায়, তুমলোক হিন্দু হ্যায়।'

ঐ তিন দিনের এক রাতে আমাকেসহ আরো দুজনের (উপরোক্ত ছাত্রদ্বয় নন) নাম ডেকে দোতালা থেকে নামিয়ে আনে এবং সাহসে ভর করে আমি তাদের জিজ্ঞাসা করে ছিলাম, ''হাম লোগকো কাঁহা লেয়ে যায়েংগে?'' তিনি উত্তর দিয়েছিলেন, ''তুমলোক কালমা পড়নে পড়নে চলো, তুমলোগকো খতম করেগা।''

নীচে আসার পর সাথী দুজনের নাম ধাম জিজ্ঞাসাবাদের পর দুজনকে নিরুদ্ধেশের পথে নিয়ে যাওয়া হয়। এবং সম্ভবত তাদেরকে হত্যা করা হয়। পুনরায় বিবৃতি নেওয়টা হবে এই উক্তির প্রেক্ষিতে আমাকে ফিরিয়ে আনা হয়। পরের দিন বেলা তিনটায় দুজন ছাত্রসহ আমাকে এক সঙ্গে হাত ও চোখ বাঁধা অবস্থায় মিলিটারী ট্রাকে নাটোরের পথে বুট দিয়ে আমাদের উপরে সীমাহীন অত্যাচার করে। জেল গেটের খাতায় ''ফাইট এগেইনেস্ট গভর্নমেন্ট'' লিখে নেয়। জেল গেটের আঙ্গিনায় তখনই তিনজনের উপরে বেয়নেট, লাঠি, বেত বুট ইত্যাদি দ্বারা নির্যাতন করতে থাকে।

নির্যাতনের পর বিকাল পাঁচটায় আমাদেরকে গলা ধাক্কা দিয়ে একটি কুঠুরীতে বন্দী করে। সেখানে আরও দুজনকে বন্দী অবস্থায় দেখা যায়। অবশ্য জেল গেটেই তাদের হাতের বাঁধন ও চোখের পট্টি খুলে দেয়।

নাটোর জেলখানায় তিনটি কোঠায় তিনশ জনের মতো কয়েদদী ছিলেন। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সালেহ আহমদ, অধ্যাপক মুজিবর রহমানসহ অনেক বুদ্ধিজীবীও ছিলেন। বলা প্রয়োজন যে ইপিআরদের জন্য তিনটি কোঠার একটি রিজার্ভ ছিল। প্রত্যহ পানি আনা, রাস্তা মেরামত, পুকুর পরিষ্কার, মিলিটারীদের খেলার মাঠ তৈরীসহ বিভিন্ন রকমের কাজ তাদের দিয়ে করিয়ে নেওয়া হতো। এবং সে সময়ে তাদের উপর অত্যাচার করা হতো।

জেলখানায় মাস দুয়েক কাটানোর পরে আমাকে জনৈক এফআইটি অফিসারের নিকট বিবৃতি দেওয়ার জন্য নিয়ে যাওয়া হয়। এবং সেখানে বিবৃতি আদায়ের ফাঁকে ফাঁকে বৈদ্যুতিক চাবুক দ্বারা প্রহার করে। শেষ পর্যন্ত সে বিবৃতিতে তারা সই করিয়ে নেয় তাতে সত্য অপেক্ষা মিথ্যাই ছিল বেশী।

নাটোর জেলখানায় মিলিটারীদের অত্যাচরের সময় জেলখানাতেই জনৈক কয়েদী মারা যান।

স্বাক্ষর/-
মোঃ আবুল ওয়াহেদ
১৬/৮/৭২

\ ৩৯ \

মোঃ আফজাল আলী মণ্ডল
গ্রাম-পারনাথপুর
পোঃ- রাণীনগর
রাজশাহী

ভাদ্র মাসের শেষ সপ্তাহ মঙ্গলবার ভোর বেলায় গাড়ী থামিয়ে পাক সৈন্যরা চকউজির, বাহাদুরপুর, চক বিলাকী গ্রাম ঘেরাও করে। আমি সেদিন চক বিলাকী গ্রামে আত্মগোপন করেছিলাম। আমাকে এবং আরও দুজনকে ধরে বেঁধে রাখে। উল্লিখিত দুজনের একজনের চাচাকে বাড়ীতে গুলি করে হত্যা করে রেখে তাকে বেঁধে নেয়। নদীর ধারে ঢাকা থেকে আগত কামলা ৯ জন ছিল। এরা তাদেরকেও ধরে ফেলে। আমার স্বাস্থ্য ভাল বিধায় আমাকে মুক্তিবাহিনীর নেতা বলে অকথ্য শারীরিক নির্যাতন চালায় এবং জানতে চায় মুক্তিফৌজ কোথায় এবং রাইফেলাদি কোথায়?

ইতিমধ্যে আরও তিনজনকে ধরে আনে। তাদের প্রহার করে ও আমাকে মুক্তিবাহিনীর নেতা কিনা তা জানতে চায় এরপর সকলকে নদীর ধারে নিয়ে যায় গুলি করার জন্য। সে জায়গা খর স্রোতা নয়, লাশ জলে আটকে থাকবে এ জন্য স্থান পরিবর্তন করে আর এক জায়গায় নেওয়া হয়। সেখানে 'ওয়্যারলেস' মাধ্যমে কথাবার্তা হলো। তারপর আমাদের একটি আম বাগানে নেওয়া হয়। সেখানে আরও তিনজনকে গ্রেফতার করে, যারা মিলিটারীকে দেখতে এসছিল। এদের একজন অত্যাচারের অসহ্যতার জন্য বলে যে আমি আওয়ামী লীগের নেতা। যাহোক জনৈক রাজাকারের সামান্য সুপারিশে আমাকে ও উল্লিখিত দুজনকে ছেড়ে দেয়। কিছু দূর যাবার পরে আমার মনে হলো যে এ ছেড়ে দেওয়া মানে কিছু দূর যাবার পর গুলি করে হত্যা করবে। এসব ভাবতে ভাবতে আমি জ্ঞান হারিয়ে পড়ে যাই। পরবর্তীকালে জ্ঞান ফিরলে দেখতে পাই যে আমি বাড়ীতে আছি।

পাকবাহিনী ঐ দিন গ্রামগুলি ঘেরাও করে অন্যূন ২৫০/৩০০ জন লোক ধরে এবং তাদের মধ্যে থেকে সাতজনকে গুলি করার জন্য আত্রাই নিয়ে যায়। তাদের সবাই মারা গেলেও ভাগ্যক্রমে আক্কেল আলী নামে জনৈক ছেলে গুরুতর আহত অবস্থায় বেঁচে যায়।

স্বাক্ষর/-
মোঃ আফজাল আলী মণ্ডল

\ ৪০ \

মোঃ হামিদুর রহমান
গ্রাম-কুমাইল, পোঃ- কাশিমপুর
থানা- রাণীনগর, রাজশাহী

রাণীনগর থানার আতাইকুলা গ্রামে অপ্রত্যাশিতভাবে জুন মাসের ২৯ তারিখে প্রায় ৪০ জন পাক সৈন্য প্রবেশ করে। পাক বর্বরদের সাথে বিহারীরাও ছিল। সেদিন বেলা দশটার সময় উল্লেখিত পাক বর্বররা ধ্বংস বিভৎসতা চালানোর জন্য গিয়েছিল। গ্রামে প্রবেশ করার জন্য গিয়েছিল। গ্রামে প্রবেশ করার আগে গ্রামের সংলগ্ন যমুনা নদী পার হয়ে সশস্ত্রভাবে দৌড়ে গিয়ে গ্রামটিকে চারদিক থেকে ঘিরে ফেলে। অবশ্য গ্রামের পাল পাড়া ধ্বংস করাই উদ্দেশ্য ছিল বলে আমার মনে হয়। গ্রামের অন্যান্য পাড়ায় গুরুত্ব না দিয়ে উক্ত গ্রামের পাল পাড়াতেই বেশি তৎপরতা চালায়। পাল পাড়ায় সমস্ত জনগণকে একত্রিত হতে পাক হানাদাররা আদেশ করে। আদেশের পরিপ্রেক্ষিতে উক্ত পাড়ার হিন্দু জনগণ এক জায়গাতে একত্রিত হয়। পরে পাক হানাদাররা তল্লাশি করে ও জোরপূর্বক টাকা-পয়সা, সোনার গহনা, ব্যবহারিক সৌখিন জিনিস লুট করতে থাকে। অন্যূন ৬০ হাজার টাকা উক্ত গ্রাম থেকে লুট করে নিয়েছে। বেলা ১০টা থেকে ২টা পর্যন্ত লুট পর্ব শেষ করে। পরে উল্লিখিত ধৃত ব্যক্তিগণকে এক লাইনে দাঁড় করায়। লাইনে দাঁড় করানোর পরে মেশিন গানের গুলিতে ৪০ জন লোক নিহত হন।

উক্ত হত্যাকাণ্ডের আগে পাক বর্বররা গ্রামের প্রায় ৫০ জন কুলবধূকে অন্য এক জায়গায়বন্দী করে রাখে। কুলবধূগণকে গুলি করে না মারলেও তাদের অধিকাংশের শ্লীলতাহানি করে। বলা প্রয়োজন উক্ত হত্যালীলা ও ধর্ষণ চালানোর পরে উক্ত পাড়াতে ব্যাপকভাবে অগ্নিসংযোগ করে। ফলে উক্ত পাড়ায় শতকরা ৩০ ভাগ বাড়ী-ঘর সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে যায়। অবশ্য গ্রামে প্রবেশ করার পূর্বে এবং পরে মাঠের দিকে বিক্ষিপ্তভাবে গুলি চালালে ইরি ক্ষেতের মাঝে লুক্কায়িত ৬/৭ জন নিরীহ মানুষ নিহত হয়েছিলেন।

কিছুদিন পরে পশ্চিমা বর্বর বাহিনী পুনরায় উক্ত আতাইকুলা গ্রামে পাল পাড়ায় প্রবেশ করে। প্রবেশ করার আগে গ্রামের জনগণ নারী, পুরুষ নির্বিশেষে প্রাণের ভয়ে অন্যত্র আশ্রয় নিতে বাধ্য হন। পরে কোন মানুষকে না পেয়ে কয়েকটি বাড়ীতে অগ্নিসংযোগ করে পাক পশুরা তাদের নির্দিষ্ঠ স্থানে চলে যায়।

আত্রাই থানায় তখন বর্বরদের ধ্বংস ও বীভৎসতা চরম ভাবে চলেছিল। বলা প্রয়োজন আতইকুলাতে দুইবার অভিযান চলার পর পার্শ্ববর্তী গ্রামের কিছুসংখ্যক যুবক ঐ গ্রামে অভিযান হবে না ভেবে রাত্রিতে অবস্থান করতেন। কিন্তু গ্রামে স্বার্থান্বেষী পাকিস্তানী দালালদের প্ররোচনায় তাদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছিল। পরে দালালদের আমন্ত্রণে পাক র্ববররা তৃতীয় বার উক্ত আতাইকুলা গ্রামে প্রবেশ করে পাল পাড়াতেই। বলা প্রয়োজন উক্ত পাল পাড়ায় প্রাণের ভয়ে কয়েকজন যুবক আশ্রয় নিয়েছি। তখন কয়েকজন যুবক পাক দস্যুদের তৎপরতায় ধরা পড়ে। পাক বর্বররা উক্ত ধৃত যুবকদেরকে নৃশংসভাবে হত্যা করে।

স্বাক্ষর/-
মোঃ হামিদুর রহমান

\ ৪১ \

মোঃ ছালামত আলী
গ্রাম-সফিকপুর
ডাকঘর- পালসা
রাণীনগর, রাজশাহী

নভেম্বর মাসের প্রথম সপ্তাহের দিকে বর্বর নরপশুরা রাজাকারসহ সশস্ত্র অবস্থায় অকস্মাৎ গ্রামে প্রবেশ করার পূর্বেই গ্রামের জনসাধারণ স্ত্রী-পুত্র, কন্যাসহ বিক্ষিপ্তভাবে প্রাণের ভয়ে পলায়ন করতে থাকে। পরে সৈন্যরা এবং রাজাকাররা নৌকা থেকে নেমেই গ্রামের প্রত্যেকটি বাড়ী তন্ন তন্ন করে তল্লাশী চালাতে লাগলো, তাদের ধারণা ছিল হয়তো কোন আওয়ামী লীগার, মুক্তিযোদ্ধা কিংবা কোন স্বেচ্ছাসেবক গ্রামের মাঝে আত্মগোপন করে আছেন। কিন্তু তাদের প্রধান উদ্দেশ্য ছিল লুট করা। ঘরের মাঝে যে সমস্ত মূল্যবান আসবাবপত্র ছিল তা নষ্ট করে দেয়, কতকগুলি সৌখিন জিনিস নিয়েও যায়। ট্রাংক, সুটকেস, খুলে খুলে কিংবা উপর থেকে আছাড় মেরে তার ভিতরে যা পায় যেমন দামী কাপড় চোপড়, গহনা পত্র, রেডিও, ঘড়ি সমস্ত লটু করে নিয়ে যায়। পঞ্চান্ন বছর বয়স্ক মজিবর রহমান নামক এক বৃদ্ধকে বেদম প্রহার করে। সেই প্রহারের ক্ষণকাল পর আমাকে ধরে চোখ বাঁধে। চোখ বাঁধা অবস্থায়ই আমাকে নৌকায় তোলে। অনেক অবাঞ্চিত কথা বলার পর পাক বাহিনীর লোকেরা আমাকে আত্রাই স্টেশনে নিয়ে যায়। আত্রাই স্টেশনে নামিয়ে চোখের বাঁধন খুলে দেয়। স্টেশন সংলগ্ন একটি কোঠায় আমাকে বন্দী করে রাখে। সেখানে আমি নাম না জানা অপরিচিত বারজন লোককে দেখতে পাই। দুদিনে দুই খানা রুটি খেতে দিয়েছে নরপশুরা। অবশ্য কোন থালা বা প্লেটে দেয়নি। হাতে হাতে দিয়েছে।

যে বার জন লোক উল্লিখিত কুঠুরীতে ছিলেন তাদেরকে নিয়ে কয়েকজন মিলিটারী প্রায় দুইশ গজ দূরে নিয়ে যায়। তখন অন্ধকার রাত ছিল। গুঁড়ি গুঁড়ি বৃষ্টি পড়ছিল। সেই অন্ধকারের মাঝে ব্রীজের উপরে বারজন লোককে তুলে নেয়। অবশ্য ব্রীজের নীচে অথৈ পানি ছিল। এক সময় গুলী করে বারজন লোককে হত্যা করে। আমি স্পষ্ট গুলির শব্দ শুনতে পাই। পরে বর্বর সৈন্যরা নির্দিষ্ট জায়গায় চলে আসে।

উল্লেখিত ঘটনার পরে পালা এলো আমাকে হত্যা করার। আমি চাকুরিজীবী বলে পশুরা আমাকে হত্যা করে না। আর পকেটে ছিল পরিচয়পত্র। সেই পরিচয় পত্রের পরিপ্রেক্ষিতে আমাকে রাত ৯টার সময় আত্রাই স্টেশন ক্যাম্প থেকে হানাদাররা মুক্তি দেয়।

স্বাক্ষর/-
মোঃ ছালামত আলী

\ ৪২ \

আবুল হোসেন
থানা-সদর, জেলা-রাজশাহী

পাকবাহিনী রাজশাহী প্রবেশের পূর্বে বিমান মহড়া শুরু করে জনমনে ত্রাসের সঞ্চার করে। বিমান থেকে যে দিন ইঞ্জিনিয়ারিং কলেজে বোমাবর্ষণ করা হয় সেদিন আমি প্রাণের ভয়ে সপরিবারে দুর্গাপুর থানার পাঁচুবাড়িয়া স্কুলে গৃহে আশ্রয় নেই। সেখানে প্রায় মাসাধিককাল ছিলাম। ইতিমধ্যে গোটা শহর সামরিক বাহিনীর লোকেরা নিজেদের দখলে নেয়। বাজারের দোকান লুটপাট ও অগ্নিসংযোগে পুড়িয়ে দেয়। জনবসতি এলাকায় বাসা বাড়ী ও লুটপাট করে। এতে আমার বাড়ী ও দোকান লুট হয়।

সামরিক বাহিনীর লোকেরা শহর ছেড়ে গ্রামের দিকে যখন তৎপরতা শুরু করে তখন আমরা শহরে ফিরে আসি। নিজের বাড়ী বাসোপযোগী না থাকায় এক আত্মীয়ের বাসায় উঠি (বেলদার পাড়া)। এর দশ বারদিন পর হঠাৎ একদিন রাতে কারফিউ এর মধ্যে রাত দশটার সময় বাসা ঘেরাও করে আমাকে গ্রেফতার করে। পালাবার চেষ্টা করলে গুলি করে। গুলি পেটে লেগে পিছলে বেরিয়ে যায়।

গ্রেফতারের পর প্রথমে এক বাসায় নিয়ে যায়। সেখানে আকার ইঙ্গিতে কিছু শলাপরামর্শের পর আমাকে স্থানীয় সার্কিট হাউসে নিয়ে যায়। সেখানে পিছনে হাত বাঁধা অবস্থায় সারারাত অত্যাচার করে। কেউ ঘুষি মারে, কেউ চড় মারে, কেউ বা লাথি মারে।

পর দিন সকাল ৯টায় সময় জোহা হলে হাত ও চোখ বাঁধা অবস্থায় নিয়ে যায়। একটি অন্ধকার কক্ষে উলঙ্গ করে হাত বাঁধা অবস্থায় রাখে। সেখানে জিজ্ঞাসাবাদের পর হলের আঙ্গিনায় ইলেকট্রিক তার, হান্টার ও লোহার রড দ্বারা বিরামহীনভাবে ৮ ঘন্টা ধরে অত্যাচার করা হয়। এর মধ্যে আমি ৯ বার জ্ঞান হারিয়েছিলাম। পিপাশায় পানিও দেওয়া হয়নি। বিকাল বেলা আমাকে আবার ঘরে নিয়ে আসে। রাতে খিচুড়ি জাতীয় সামান্য কিছু খাবার দেওয়া হয়।

পরের দিনও আমাকে ঐ একইভাবে অত্যাচার করে ও নানা প্রশ্ন জিজ্ঞাসাবাদ করে। বিকালের দিকে এক বাঙ্গালী দালাল বাসা থেকে এক হাজার টাকা মুক্তিপণ হিসাবে নেয়। এবং পরের দিন সকালে সৈন্যরা আমাকে তা পূর্বোক্ত বাসায় রেখে যায়। ছেড়ে দেওয়ার সময় বলা হয় তোমার উপর যা ঘটলো তা যদি কাউকে বলো তাহলে তোমার গোটা পরিবারকে শেষ করে দেওয়া হবে।

জোহা হলে বন্দী অবস্থায় আমি বহু সংখ্যক নারী কণ্ঠের চিৎকার, কাকুতি মিনতি এবং করুণ কান্নার শব্দ শুনেছি। যদিও কিছুই দেখতে পারিনি তবে এটা বুঝেছি যে নরপশুদের অমানুষিক অত্যাচার চলছে।

স্বাক্ষর/-
মোঃ আবুল হোসেন

\ ৪৩ \

হরিদাসী
গ্রাম- রামজীবনপুর
থানা-পুটিয়া
জেলা-রাজশাহী

৮ই বৈশাখ বৃহস্পতিবার পাক সৈন্যরা ভোর চারটায় ৮০/৯০ জন সমস্ত রামজীবনপুর ঘিরে ফেলে। এ সময় আমার সেজ ছেলে কানাইলাল হেমন্ত ঘুমিয়ে ছিল। ওদের সাড়া পেয়েই ও চেতন পায়। ইতিমধ্যে পাক সৈন্যরা দরজায় রাইফেলের গুঁতা এবং পায়ের লাথি মারে এবং ঘর থেকে বেরোবার নির্দেশ দেয়। আমার ছেলে যখন দরজা খুলে বেরোয় তখন তাকে এবং তার ছেলে-মেয়েকেও ঘরের বারান্দায় বসায়। আমি এবং আমার স্বামী তখন পাশের ঘর থেকে বেরিয়ে কান্নাকাটি ও তাদের অনুরোধ করতে থাকি। তারা আমাকে ''আন্দর যাও'' বলে শাসাতে থাকে।

অতঃপর আমার ছেলের কাছে রাইফেল, বন্দুক, সোনা, সাইকেল, ঘড়ি, টাকা-পয়সা চাইতে থাকে।

তারপর আমার উক্ত ছেলেকে বাড়ী থেকে ডেকে নিয়ে রশি দুই দূরে জমির মধ্যে নিয়ে যায়। তারা পাশের বাড়ী থেকে আরও দুজনকেও (পিতা-পুত্র) ধরে নিয়ে যায়। এবং সেখানে তাদের গুলি করে হত্যা করে।

গুলি করে হত্যা করার পর তারা আবার আমার বাড়ী আসে এবং আমার বেটার বৌ-এর কাছে বলে যে তোমার স্বামীকে শেষ করে দিয়েছি। এখন তোমরা বাড়ী থেকে বেরোও। বাধ্য হয়ে আমরা বাড়ী থেকে বেরিয়ে গেলে তারা বাড়ীতে আগুন লাগিয়ে দেয়। তারা আগুন লাগানোর আগে আমার গরুগলি ছেড়ে দেয়। অতঃপর তারা চলে যায়। এদিন সমস্ত পাড়ায় তারা আগুন এবং অন্যূন ৮ জন লোককে হত্যা করে। এর দুই দিন পর আমি ভারতে চলে যাই। আমার চলে যাবার পর আমার বাড়ীর অবশিষ্ট সম্পদ লুণ্ঠিত হয়।

স্বাক্ষর/-
হরিদাসী

\ ৪৪ \

মোঃ আব্দুর রজ্জাক
আনছার কমাণ্ডার
গ্রাম-গৌরশহরপুর
থানা- চরঘাট, রাজশাহী

১৯৭১ সালের ১৩ই এপ্রিল পাক সৈন্যরা ৬০/৭০ খানা গাড়ীযোগে সারদা আসে। এবং অবশেষে সারদার পতন ঘটে। তারা এসেছে এ খবরে এবং তাদের দেখে সারদা এলাকার লোকজন আবাল-বৃদ্ধ-বনিতা প্রাণের ভয়ে আত্মরক্ষার্থে চরে আশ্রয় নেয়। পাক সৈন্যরা পিটিসিতে ঢুকে আগ্নেয়াস্ত্র দখল করে এবং বেপরোয়াভাবে গুলিবর্ষণ করতে থাকে। তারা চরে আশ্রয় নেওয়া লোকদের ধরে একত্রিত করে। তাদের সংখ্যা ছিল অন্যূন ১০০০/১৫০০। এদের মধ্যে আনসার-মুজাহিদ পুলিশ এবং সাধারণ মানুষ ছিল। একত্রিত করা লোকগুলিকে জমা করা হলে তারা সারি করে সকলকে গুলি করে হত্যা করে।

এক একটা দলকে ধরে এন তারা গুলি করে হত্যা করে। ইতিমধ্যে আর একটি দল জমা হয়। তাদেরকে দিয়ে মৃত লাশ গুলি জমা করে। অতঃপর তাদেরকে গুলি করে হত্যা করে। অপর ধৃত লোকগুলি দিয়ে তাদের লাশ জমা করে। শেষাবধি মৃত দেহগুলিকে পেট্রোল দিয়ে পুড়িয়ে দেয়।

আড়াইটা থেকে ৫টা পর্যন্ত তারা এই কাজ করে। অতঃপর তারা সন্ধ্যার মধ্যই এলাকা ত্যাগ করে চলে যায়। এসময় তারা বিরামহীভাবে বৃষ্টির মতো গোলাবর্ষণ করতে থাকে।

এ সময় আমি আর সকলের সাথে চরে আশ্রয় নিয়েছিলাম। কিন্তু ব্যাপার বেগতিক দেখে চর থেকে পালিয়ে গ্রামের মধ্যে ঢুকি এবং নিজেকে মুক্ত রেখে পাক সৈন্যদের কার্যকলাপ দেখছিলাম।

সন্ধ্যার মধ্যেই এখানে থাকা নিরাপদ নয় ভেবে ছেলে-মেয়েসহ অন্য গ্রামে পালিয়ে গিয়ে আশ্রয় নেই। পরদিন অত্র থানার নন্দনগাছি নিমপাড়া ইউনিয়নে আশ্রয় নেয়। কয়েকদিন সেখানে থাকার পর বুঝতে পারলাম যে সেখানে থাকা নিরাপদ নয়। পাক মেজর এবং শান্তি কমিটির লোকেরা আমাকে খুঁজছে। তাই সেখান থেকে জামনগর গ্রামে যাই। সেখানে থাকা অবস্থায় নন্দন গাছির কতিপয় লোক খবর দেয় যে চেয়ারম্যান আমাকে ডেকেছে, আমার কোন ভয় নেই। তাদের কথামতো নন্দন গাছি পৌছালে তারা আমাকে বন্দী করে এবং পরদিন সকালে জয়েন সরকারের বাড়ীতে বন্দী অবস্থায় হাজির করে। সেদিন ছিল ২৯শে মে। সেখান পৌঁছার কয়েক মিনিটের মধ্যে ক্যান্টনমেন্ট থেকে হাবিলদার মেজরসহ কতিপয় সামরিক লোক গিয়ে আমাকে বন্দী অবস্থায় ক্যান্টনমেন্ট নিয়ে আসে। নিয়ে যাবার সময় পিছনে হাত এবং ন্যাকড়া দিয়ে চোখ বেঁধে নিয়ে আসে। সেখানে মেজর শফি আহমেদের কুঠিতে বন্দী করে রেখে দেয়।

বিকেলে মেজর আমাকে জিজ্ঞাসাবাদ শুরু করে। সে জিজ্ঞেস করেছিল যে তুমি গোপালপুরে কতোজন মিলিটারী মেরেছো এবং কতো রাইফেল নিয়ে গিয়েছিলে? উত্তরে তারা সন্তুষ্ট হতে না পেরে আমার উপর শারীরিক অত্যাচার শুরু করে। বুটের লাথি, চড়, কিল, ঘুষি মারছিল। এ অবস্থায় অত্যাচার করার পর চোখ আবার বাঁধা হয়। হাত তো আগে থেকেই বাঁধা ছিল। এ অবস্থায় গেস্ট হাউসের উপর তলায় রাখে।

রাত আটার দিকে আবার নতুন করে হাত কষে বাঁধে। পায়ের গিটে বেঁধ হাঁটুর মধ্যে মাথা ঢুকিয়ে ঘাড় এবং হাঁটু পেঁচিয়ে শক্ত করে বাঁধে। অতঃপর ঐ অবস্থায় আমাকে হৃদয়হীনভাবে প্রহার শুরু করে। হাত, লাঠি, রুলার দ্বারা প্রহার করতে থাকে। রাইফেলের বাঁট দিয়ে গর্দানে এবং শরীরের বিভিন্ন স্থানে প্রহার করে। এই

প্রক্রিয়ায় পালাক্রমে সারা রাত ধরে অত্যাচার চলে। শেষ রাতের দিকে সেই পশুরা যখন অণ্ডকোষ ও বাহ্যদ্বারে লাঠি মারে সে সময় আমি চিৎকার করে জ্ঞান হারিয়ে ফেলি।

সকাল ৭/৮ টার দিকে যখন আমার জ্ঞান ফিরে তখন আমি ঐ বসা অবস্থায় কুণ্ডলী পাকিয়ে নিজকে পড়ে থাকতে দেখতে পাই। এবং ঐ অবস্থায় অভুক্তভাবে সারাদিন ঐখানেই পড়ে থাকি।

বিকেল বেলা আমার হাত এবং পায়ের বাঁধন খুলে দেয়। চোখ বাধা অবস্থাতেই গাড়িতে তুলে নিয়ে মেজর আমাকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গেস্ট হাউসে নিয়ে যায়।

সন্ধ্যার পর চোখ ও হাত পা খোলা অবস্থায় কর্নেল রেজভীর সামনে আবার পূর্বোক্ত প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে থাকে। আমি সমস্ত অভিযোগ অস্বীকার করি।

রাত ১১টার দিকে আমাকে একটি ঘরে বন্দী করে। সেখানে আমি ১০/১২ জন লোককে বন্দী অবস্থায় দেখতে পাই।

পরদিন সকালে কয়েকজন সেপাই আমাকে দেখে প্রহার শুরু করে। পালাক্রমে তারা এই কাজ করে। তাদের রীতি ছিল যে ঐ ঘরে কোনো লোক গেলে তারা বলতো ''তোম কাঁহাসে আয়া, কব আয়া ?'' আর তার সাথে প্রহার করতো। দুপুরের দিকে ২টা রুটি এবং কিছু তরকারি দেয়। পায়খানা প্রসাব অথবা গোসলদির কোন ব্যবস্থা ছিল না।

সেখানে তের দিন বন্দী অবস্থায় ছিলাম। এবং সে সময় আমি লক্ষ্য করেছি যে সারা দিন ধরে লোক জমা হতো এবং রাতে অস্ত্রশস্ত্র সহকারে একজন হাবিলদার এবং তিনজন সেপাই আসতো। তাদের সাথে মোটা দড়ি থাকতো। কাগজে নাম লিখা থাকতো। নাম ধরে ডাকত এবং বলতো ''তোম খাড়া হো যাও।'' খাড়া হয়ে গেলে পিছনে ঐ দড়ি দিয়ে কষে হাত বাঁধতো এবং টেনে মাঠের মধ্যে ১০০/১৫০ গজ দূরে নিয়ে যেত। তারপর শোনা যেত গুলির আওয়াজ। যতগুলি লোক ধরে নিয়ে যেত ঠিক ততটি গুলি করতো। প্রত্যেক রাতে ৭/৮/৯/১০টা করে লোক এমনি করে হত্যা করেছে। এ সময় প্রত্যেকদিন আমার উপর অমানুষিক অত্যাচার করেছে।

১৩ দিন পর বিকেলে নাকে লোহার পাত দিয়ে পিছনে হাত বেঁধে (ডবল হ্যাণ্ডকাফ দিয়ে) জাহাঙ্গীর পরিবহনে (রাজশাহীর একটি বাসের নাম যা এখনো আছে) করে নাটোর এম, পি, এইচ, কিউ ফুল বাগানে পাঠায়। বাসের দরজা জানালা বন্ধ অবস্থায় ছয়জনের গার্ডে নাটোর পোঁছাই। সেখানে প্রায় আধ ঘন্টা ছিলাম। সে সময়ই এমপিরা পালাক্রমে প্রহার করে এবং অকথ্য ও অশ্লীল ভাষায় গালি গালাজ করে । তারপর নাটোর জেলখানায় পাঠিয়ে দেয়।

জেলখানায় হাত খোলা অবস্থায় হাজত ঘরে বন্দী করে রাখে। সেখানে আরও ৫০/৬০ জন লোক ছিল। ৫/৭ দিন আমি সেখানে ছিলাম। সেখানে একজন এফআইটি প্রত্যহ আসত এবং পালাক্রমে সকলের জবানবন্দী নিত। জবানবন্দী নেবার আগে এক পশলা প্রহার করে নিতো। সকাল বিকেল ও দুপুরে এই কাজ করতো। জবানবন্দী হয়ে গেলে ঐ সময় আমাকে জেল ঘরে পাঠায়। সেখানে আমরা ৬২ জনের মতো লোক ছিলাম।

জেলখানায় থাকার সময় আমাকে একদিন বের করে মেজের উপর হাঁটুর মধ্যে দিয়ে মাথা ঢুকিয়ে কান ধরে রাখতে বলে এবং ঐ অবস্থায় ৫০/৬০টি বেত মারে। আমি পড়ে গেলে আমাকে আবার তুলে উপুড় করে শুইয়ে দেয়। এছাড়া কখনো হাত-পা ফাঁক করে দাঁড় করিয়ে রাখতো। কখনো বা টান উপর করে বুকডন দেওয়ার প্রক্রিয়ায় ঘন্টা খানেক করে রাখতো। তাছাড়াও উপুড় করে শুইয়ে রেখে দুজন সিপাই একই সঙ্গে পিঠের উপর খুঁচত। বেত পিটানো তো নিয়মিতই হচ্ছিল। প্রত্যেক দিন বিভিন্ন প্রক্রিয়ায় ১৬২ জন ইঞ্জিনিয়ার, ডাক্তার,

মাস্টারসহ বিভিন্ন ধরনের লোককে অত্যাচার করতো। মাঝে মধ্যে ২০/২৫ জন করে লোককে ধরে ফুল বাগানে নিয়ে গিয়ে পাথর বালি বইয়ে নিত।

এ সময় নামাজ পড়তে চাইলে তারা বলত ''তোম লোগ কাফের হ্যায়, নামাজ কিউ পড়তা হ্যায়?'' তাছাড়া নামাজ পড়তে দেখলে তারা দাঁত বের করে হাসতো।

পরবর্তীকালে এফ, আই, ও রা আবার নাটোর রিক্রিয়েশন ক্লাবে নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ করতো। সে সময় এক ধরনের কালো রাবারের পাইপ দিয়ে প্রহার করতো। ৫ই সেপ্টেম্বরের সপ্তাহখানেক আগে সামরিক আইনের ১৮ ধারা মতে (সামরিক বাহিনীর সাথে যুদ্ধ করা) চার্জশীট দাখিল করে। বিচার শুরু হবার আগেই ইয়াহিয়ার সাধারণ ক্ষমায় আমি ছাড়া পাই।

স্বাক্ষর/-
মোঃ আব্দুর রাজ্জাক

\ ৪৫ \

মোঃ ওমর আলী শেখ
গ্রাম-গৌরসহর পুর
থানা-চারঘাট
জেলা-রাজশাহী

১৯৭১ সালের জ্যৈষ্ঠ মাসে খান সেনারা গোলাগুলি করতে করতে বাড়ী ঘর জ্বালাতে জ্বালাতে আসতে লাগলো। পাক সেনাদের ভয়ে আমরা নিরাপদ জায়গায় আত্মগোপন করে তাদের গতি লক্ষ করতে থাকলাম। তারা সারদা পুলিশ ট্রেনিং একাডেমীতে যায়। প্রাণভয়ে যে সমস্ত লোক পদ্মা নদীর ধারে গিয়ে আশ্রয় নিয়েছিল তাদেরকে ঘেরাও করে ধরে প্রায় আনুমানিক ১২০০/১৩০০ লোককে গুলি করে হত্যা করে এবং পরে সকলকে একত্রিত করে পেট্রোল দিয়ে আগুন ধরিয়ে জ্বালিয়ে দেয়। ইহার দুই ঘন্টার মধ্যেই তারা রাজশাহীতে চলে যায়।

পরের দিন সিএফ পুলিশ নিয়ে এসে এখানে রাখে এই অঞ্চলকে তাদের আয়ত্বে রাখার জন্য। শুধু তাই নয় তাদের সাথে আরো কিছু মিলিশিয়া জমায়েত করে রাখলো।

ইহার ২/৩ দিন পরে ভারী ভারী অস্ত্রশস্ত্র নিয়ে এসে পুরা ক্যান্টনমেন্ট স্থায়ী করে। তারা বাজার লুট করতে লাগলো, গ্রামে গ্রামে গিয়ে যারা পালিয়ে গিয়েছে তাদের বাড়িঘর ভাঙ্গতে লাগলো এবং মালামাল লুট করতে থাকে।

খান সেনারা পূর্ণ ক্যান্টনমেন্টে স্থায়ী করার পর শান্তি কমিটির সদস্যরা তাদের স্বার্থসিদ্ধিতে অক্ষম হলে ঐ সমস্ত ব্যক্তিদেরকে ধরে মিলিটারীর হাতে দিতো। তাছাড়া পার্শ্ববর্তী গ্রাম হতে সন্দেহজনক লোককে ধরে এনে খান সেনাদের হাতে দিত। তাদেরকে বিভিন্ন দোষে দোষারোপ করে জরিমানা করা হতো, যদি জরিমানা দিতে অক্ষমহতো তাহলে তাকে জবাই করে হত্যা করা হতো। আর যারা জরিমানা দিতে পারতো তাদেরকে তখনকার মতো ছেড়ে দেওয়া হতো।

খান সৈন্যরা বিভিন্ন গ্রামে গিয়ে নারীদের উপর পাশবিক অত্যাচার করতো। এবং বিভিন্ন জায়গা থেকে বেশ কিছু নারী নিয়ে এসে তাদের যৌনক্ষুধা নিবারণ করতো। এইভাবে তারা ৮ মাসে প্রায় ২৬০০/২৭০০ লোককে হত্যা করে।

স্বাক্ষর/-
মোঃ ওমর আলী

\ ৪৬ \

মোঃ আনিসুর রহমান
গ্রাম - বাজে গোয়ালকান্দি
ডাকঘর- গোয়ালকান্দি
থানা-বাগমারা
জেলা-রাজশাহী

১৯৭১ সালের এপ্রিলের মাঝামাঝি সময়ে শান্তি কমিটির সদস্যরা গাঙ্গোপাড়া হিন্দু বর্ধিষ্ণু গ্রামে হানা দেয়। সেখানে গ্রামে মুসলিম লীগ ও জামাতে ইসলামী পন্থীদের সহায়তায় তারা হিন্দুদের বাড়িঘর লুটপাট করে। সমস্ত কাপড়-চোপড়, সোনাদানা, থালাবাসন লুটপাট করে। এমন কি ঘরের মেঝে, পুকুর ঘাটের সিঁড়ি কোদালী, পাশ দিয়ে ভেঙ্গে ফেলে। তাদের ধারণা সেখানে তাদের লুকানো সম্পদ আছে। ঘরের জানালা কপাট খুলে নিয়ে যায়। ধানচাল, গরুবাছুর ইচ্ছামত নিয়ে নেয়। তাদের অনেকে বাস্তুভিটা ত্যাগ করার আগে পাকশাক করে শেষবারের মতো সকলে মিলে চারটি খেতে চেয়েছিল। কিন্তু শান্তি কমিটির লোকেরা তাদের সে সুযোগটুকুও দেয়নি। এমন কি অনেকে যখন ভাত থালে বেড়ে নিয়ে খেতে বসেছিল ঠিক সে সময় তাদের থালাতে লাথি মেরে থালা ফেলে দিয়েছে খেতে দেয়নি। বলেছে, ''পাকিস্তানের ভাত তোদের জন্য হারাম, শীঘ্র পালা, প্রাণে মারলাম না, সেটা শুধু আমাদের দয়া।''

অনুরূপভাবে জিনিসপত্র গরুবাছুরের তালিকা করে হিন্দুদের উচ্ছেদ করা হয় সেন পাড়া, ভবানীগঞ্জ, খাজাপাড়াসহ থানার সমস্ত হিন্দু এলাকা থেকে।

২৩শে এপ্রিল, ৯ই বৈশাখ বিকাল চারটার দিকে শান্তি কমিটির আমন্ত্রণে পাক সৈন্যরা তাহিরপুরে আসে। ঐ দিন ছিল তাহিরপুরের হাটবার। সৈন্যরা হাটে এসে সমগ্র হাটে বিক্ষিপ্তভাবে পজিশন নেয় এবং ১৩ জন লোককে ধরে গুলি করে হত্যা করে। এদের অধিকাংশই হিন্দু ছিল। মিলিটারীরা দাঁড়িয়ে থেকে হাট লুট করার নির্দেশ দেয়। কেউ অস্বীকার করলে বেদম প্রহার করে। ফলে হাট যথেচ্ছভাবে লুট হয়।

যে সকল হিন্দু দেশের মায়া ত্যাগ করতে না পেরে তখনো ছিল তাদের জোরপূর্বক মুসলমান করা হয়।

মুসলমান হবার সময় দেওয়া হয় মাত্র ৪৮ ঘন্টা। এতে নিরূপায় হিন্দুরা গত্যন্তর না দেখে মুসলমান হয়। একদিনেই ৩০০/৩৫০ জন হিন্দু সপরিবারে মুসলমান হয়। একমাত্র গোয়ালকান্দি ও উর্দুপাড়া গ্রামেই ১৩০ জন হিন্দু মুসলমান হয়। ধর্মান্তরিত করার পরেও তাদের মনের ঝাল মিটেনি। হিন্দুদেরই চালডাল, গরু, ছাগল জবাই করে গোয়ালকান্দির মাদ্রাসা মাঠে ঘটা করে মজলিশ করে। উদ্দেশ্য ছিল, হিন্দুদের গোমাংশ ভক্ষণ করিয়ে চিরতরে ধর্মচ্যুত করা।

মে মাসে সেনপাড়া গ্রাম থেকে বাঙ্গাল পাড়ার ইয়াছিন আলীকে ধরে নিয়ে যাওয়া হয়। ইয়াছিন আলী সেনপাড়ায় তার শ্বশুরবাড়িতে আত্মগোপন করেছিলেন। তারপর তার আর কোনো খবর পাওয়া যায়নি। সেই এই থানার প্রথম শহীদ ব্যক্তি। বাংলা মাস আষাঢ় মাস ছিল।

শান্তিকমিটি গঠিত হবার পর পরই শান্তিকমিটির লোকেরা দৃষ্কৃতকারীর তালিকা তৈরি করে। এতে আওয়ামী লীগের নেতা ও প্রথম শ্রেণীর একনিষ্ঠ কর্মীদের নামের তালিকা তৈরী করে। তাতে জনাব সরদার আমজাদ হোসেন এমপি, বাজে গোয়াল কান্দি গ্রামের আনিসুর রহমান, খামার গ্রামের কাজী সাজেদুর রহমান, থানা আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলামসহ প্রায় ২২/২৩ জনের তালিকা তৈরী করা হয়। সরদার আমজাদ হোসেন সাহেবকে জীবন্ত অথবা মৃত ধরিয়ে দিতে পারলে ১৫ হাজার টাকা পুরষ্কার ঘোষণা করা হয়। এছাড়া আনিসুর রহমানসহ আরও কতিপয়কে ধরিয়ে দিতে পারলে ৫ হাজার টাকা পুরষ্কার ঘোষণা করা হয়।

মে মাসের মধ্যেই রাজাকার তৈরী করা হয়। এতে বহু ক্ষেত্রে জোরজবরদস্তি ও ভীতি প্রদর্শন করা হয়। প্রতিটি ইউনিয়নে রাজাকার মোতায়েন করার কথা থাকলেও তাহিরপুর এবং থানা ছাড়া কোথাও মোতায়েন করা সম্ভব হয়নি। কারণ মুক্তিযোদ্ধাদের তৎপরতায় তারা সন্ত্রস্ত হয়ে পড়ে।

৩রা আশ্বিন রাতে রায়াপুরা গ্রামে হানা দিয়ে সরদার ওসমান আলী সাহেবের বাড়ী ঘরের সমস্ত জিনিসপত্র লুটপাট করে এবং তাঁর গায়ে কেরোসিন ঢেলে দেয়। আগুন লাগিয়ে দিতে থাকাকালে অন্য আর এক রাজাকারের কৃপায় বেঁচে যান। তাঁর পাটের গুদামে আগুন লাগিয়ে দেয়। এমনিভাবে থানার বিভিন্ন স্থানে লুটপাট করে। বেউকালীতেও অপারেশন করে লুটপাট করে, বেলসিংহেও লুটপাট চালায়।

পাক মিলিটারীরা থানার বিভিন্ন স্থানে অপারেশন করে লুটপাট, অগ্নিসংযোগ নরহত্যা ও নারী নির্যাতন করে। মুক্তিবাহিনীর অবস্থানের খবর পেয়ে মিলিটারীরা ভবানীগঞ্জ অভিমুখে যাত্রা করে। আগস্ট মাসের পরে কোনো এক সময়ের ঘটনা। সমস্ত ভবানীগঞ্জ বাজার লুটপাট করে আগুন দিয়ে পুড়িয়ে দেয়। ভবানীগঞ্জ গ্রামের বেশ কিছুসংখ্যক মহিলার উপর নির্যাতন চালায়। বলা প্রয়োজন উক্ত গ্রাম ধর্মভীরু গোঁড়া মুসলমান বসতিপূর্ণ। পক্ষান্তরে তারা প্রায় সকলেই পাকিস্তানী সমর্থক ছিল। তবুও খান সেনারা তাদের পাশবিক অত্যাচার করে। তারা উত্তর একডালা গ্রামের শাহ মুহম্মদ জাফর উল্লাহ এম. এন. এ-র বাড়ী সম্পূর্ণ ভস্মীভুত করে দেয়।

খান সেনা ও রাজাকার দল হাজিরকুশলা গ্রামে সরদার আমজাদ হোসেনের বাড়ি অপারেশন করতে যাওয়ার পথে গোয়ালকান্দির নওমুসলিম পাড়া অগ্নিসংযোগ করে পুড়িয়ে দেয়।

বাগমারা থানায় রাজাকার ও আধা মিলিটারীদের ক্যাম্প ছিল তাহিরপুর, বাগমারা থানা এবং বালানগর মাদ্রাসা। উল্লিখিত স্থানে সমানে লোক করা হতো। জবাই করে, গুলি করে এবং বস্তায় পুরে পানিতে ফেলে দিয়ে লোক হত্যা করতো। বহুসংখ্যক লোক উক্ত তিন স্থানে তাদের হাতে পাশবিকভাবে মারা যায়।

স্বাক্ষর/-
মোহাম্মদ আনিসুর রহমান
১৭/০৯/৭২

\ ৪৭ \

দেলজান বিবি
সাং-বাগমারা
জেলা-রাজশাহী

রমজান মাসের রোজা ছিলাম। বহুসংখ্যক পাকিস্তানী বর্বর সৈন্য আসে এবং কোন রকম পালানোর সুযোগ না দিয়েই তারা আমার ঘরে ঢোকে এবং ধরে পাশবিক অত্যাচার শুরু করে। চিৎকার করবার অথবা সাহায্যের জন্য ডাকাডাকি শুরু করলে তারা আমাকে হস্তদ্বারা প্রহার করে এবং গুলি করে হত্যা করবে বলে ভয় দেখায়।

টিপসহি/-
দেলজান বিবি
সেপ্টেম্বর, ১৯৭২

\ ৪৮ \

সোনাভান খাতুন
সাং-বাগমারা
জেলা-রাজশাহী

রমজানের ১২/১৪ দিনের দিনে একদিন দুপুরে দুজন মিলিটারী যখন গ্রামের মধ্যে আসে তখন গ্রামের আর সকলের সাথে আমিও পালাতে চেষ্টা করি। কিন্তু বর্বর পশুরা আমাকে পথের মাঝখান থেকে তাড়িয়ে বাড়ী নিয়ে আসে এবং আমাকে ধরে। কাঁদলে অথবা চিৎকার করতে চেষ্টা করলে তারা রাইফেল উঁচিয়ে বলে চেঁচালে গুলি করে হত্যা করবো।

আমার উপর দুজন নরপশু অমানুষিক হৃদয়হীনভাবে পাশবিক নির্যাতন করে। আমি মাটির তলে লুকালে তারা সেখান থেকে আমাকে টেনে বের করে।

টিপসহি/-
সোনাভান খাতুন
সেপ্টেম্বর, ১৯৭২

\ ৪৯ \

এল, পাইনস্
বনপাড়া মিশন
থানা-বড়ইগ্রাম
জেলা-রাজশাহী

২০শে এপ্রিল ১৯৭১ সাল। মিলিটারীরা বনপাড়ার আশেপাশে আসে এবং বিক্ষিপ্তভাবে গোলাগুলি চালালে হারোয়াতে চারজন লোক মারা যায়। তারপর থেকে মাঝে মাঝে পাক নরপশুরা অপারেশন চালাতে থাকে। তার প্রতিক্রিয়া বনপাড়া এলাকার বিভিন্ন গ্রাম থেকে অমুসলমানরা পালিয়ে আসে মিশন হাসপাতালে। মিশন হাসপাতাল কর্তৃপক্ষ তাদের খাওয়া ও থাকার ব্যবস্থা যত্নসহকারে করতে থাকেন। তখন অবশ্য পাক সৈন্যরা নাটোর ও রাজশাহীতে চলে গিয়েছিল। তখন স্থানীয় দৃষ্কৃতকারীর হিন্দুদের অন্যায় ও ক্ষতিসাধন করে। তাদের পরিত্যক্ত বাড়ি-ঘর লুট করে। তখন থেকেই ২/১ জন করে অমুসলমান ওপার বাংলায় পালিয়ে যেতে থাকে।

২রা মে রাতে অমুসলমানরা ওপার বাংলায় চলে যাবে বলে স্থির করেছিল। কিন্তু অতিরিক্ত বৃষ্টিপাতের দরুন সেদিন যেতে পারেনি।

৩রা মে। বিকাল সাড়ে তিনটার সময় মিশনের ফাদার লক্ষ্য করলেন যে, মিশন হাসপাতালের চারিদিকে মিলিটারীরা ঘিরে নিয়েছে। তার কিছুক্ষণ আগে বনপাড়া সংলগ্ন অন্যান্য গ্রাম থেকে খৃস্টান পুরুষদের ধরে নিয়ে এসেছে। সে ধরার অভিযান পরিচালনা করেছিল মেজর শেরওয়ানী। পরে ফাদারের সুপারিশে সমস্ত খৃস্টনদেরকে নরপশুরা ছেড়ে দেয়।

তারপর নরপশুরা মিশনের অফিস, স্কুলঘর, মহিলা হোস্টেল তল্লাশি করে আওয়ামী লীগ সমর্থক ও হিন্দুদেরকে খুঁজতে থাকে। খোঁজাখুঁজির পর সর্বমোট ৮৬ জন মানুষকে বের করে এবং বন্দী করে। অবশ্য অল্প বয়সের ছেলেরা ও বৃদ্ধেরা রেহাই পেয়েছিল তাদের মনোভাবের উপর নির্ভর করে। তারপর বন্দী লোকদেরকে ধরে নিয়ে মোড়ে ট্রাকের অপেক্ষায় পথপানে চেয়ে থাকে। সত্যি সত্যিই যখন সামরিক ট্রাক এসে হাজির হলো তখন ট্রাকে তুলে ৮৬ জন মানুষকে নিয়ে যায় হত্যা করার জন্য। পথিমধ্যে একজন বৃদ্ধকে রেহাই দিয়ে অন্যান্য বন্দীদেরকে নির্মমভাবে প্রহার করতে করতে নিয়ে যায় তাদের নির্দিষ্ট স্থানে। ৮৫ জন লোককে নিয়ে হত্যা করা হয়। তাদের মধ্য অনিল নামক একজন ভাগ্যক্রমে বেঁচে যায়। এ ঘটনা অবশ্য ফাদারের শোনা। দোয়াদপাড়া ব্রীজে নিয়ে হত্যা করা হয়। অনিল ফাদারকে বলে যে, এখান থেকে মাইল দুই নিয়ে যেয়ে রাইফেলের গাদা দিয়ে অমানুষিকভাবে ট্রাকের উপরেই প্রহার শুরু করে। দেয়াদপাড়া ব্রীজের কাছে একটি জলাশয়ে নিয়ে যেয়ে উপরে উল্লিখিত মানুষগুলোকে ২/৩ জন করে ধরে নিয়ে গুলি করতে থাকে। অনিলকে গুলি করে কিন্তু সে আঘাতে মরেনি। নাটোরের হাফিজ আবদুর রহমান অন্যান্য অপারেশনের মত এখানেও উপস্থিত ছিল। সবশেষে আহত লোকদের উপর মেশিনগানের স্প্রে শুরু করে। অনিলের উরুতে মেশিনগানের একটি গুলি লাগে। এতেও সে খুব বেশী আহত হয় না। ফলে রাতে বর্বররা সরে গেলে সে আস্তে আস্তে স্বগ্রামে ফিরে আসে।

পাক বাহিনী যাবার আগে গ্রামবাসী মুসলমানদের ডেকে এনে এই স্তূপীকৃত মানুষগুলির উপর মাটিচাপা দিতে নির্দেশ দেয়। পরবর্তীকালে রাজাকার ও আলবদর বাহিনী অত্যাচার করতে সুযোগ পায়নি এই কারণে যে

পাক সৈন্যদের সাথে একজন খৃস্টান মেজর ছিলেন যিনি প্রায়ই আসতেন। গীর্জায় ফাদারের অনুরোধে মেজরের সক্রিয় হস্তক্ষেপ অত্র এলাকার মানুষ যথেষ্ট রক্ষা পেয়েছে। একবার ৬ জনকে এ এলাকা থেকে নাটোরে ধরে নিয়ে গিয়েছিল তারা আর ফিরে আসেনি। পরবর্তীকালে তিনজনকে ধরে নিয়ে যাবার পর ফাদারের সুপারিশে তারা রেহাই পায়। পরবর্তীকালে আবার পাঁচজনের উপরে গ্রেফতার পরওয়ানা জারী হলে ফাদারের সুপারিশে তারাও মুক্তি পায়।

স্বাক্ষর/-
এল, পাইনস
২৭/৯/৭২

\৫০\

কদভানু বেওয়া
গ্রাম-দুর্গাপুর
থানা-দুর্গাপুর
রাজশাহী

২৪ শে আষাঢ় মঙ্গলবার খুব ভোরে পাক সৈন্যরা গ্রাম ঘিরে ফেলে এবং সাথে সাথে ফাঁকা গুলি করে এবং লোক দেখেও গুলি করে।

আমার বাড়ির সামনে সামরিক গাড়ি দাঁড় করায় এবং আমার বাড়ি ঢোকে। এবং বন্ধু বন্ধু বলে ডাকে। আমাদের চেতন পাবার আগেই ঘরের দরজা ভেঙ্গে ফেলে। ইতিমধ্যে আমরা চেতন পেয়ে যাই। আমি সাড়া দিলাম এবং তারা কে জানতে চাইলাম। তারা বলে যে তারা থানার লোক। অতঃপর তারা আমার স্বামীকে ঘরের ভিতর থেকে টেনে বের করে দড়ি দিয়ে বেঁধে রাখে। দুজন আমার স্বামীকে ধরে রাখে এবং একজন আমার পিছু নেয় এবং সে বার বার আমাকে ঘরের মধ্যে যেতে বলে। আমি পায়খানায় যেতে চাই কিন্তু সে পায়খানায় যেতে হবে না বলে জানায়। কিন্তু সকাল বেলা পায়খানা প্রশ্রাব করতে দেবে না এ কেমনতর কথা বলে রেগে উঠি এবং একটি পানির বদনা নিয়ে মেয়েকে নিয়ে বাড়ির বাইরে যাই এবং অন্য এক বাড়ির গোয়াল ঘরে আশ্রয় নেই। আমি যখন যাচ্ছিলাম তখন ঐ লোকটি ‘‘কাঁহা যাতা হ্যায়’’ বলে পিছে পিছে যেতে থাকে।

বহুক্ষণ এখানে লুকিয়ে থাকার পর যখন বেরিয়ে আসি তখন আমার স্বামীকে চোখ খোলা অবস্থায় পশ্চিম দিকে মাথা পড়ে থাকতে দেখি এবং তখনই আমি অজ্ঞান হয়ে যাই। বলা বাহুল্য আমার স্বামীকে তারা গুলি করে হত্যা করে যায়।

টিপসটি/-
কদভানু বেওয়া

\৫১\

আবদুল মালেক
দুর্গাপুর
রাজশাহী

শান্তিকমিটি এবং রাজাকারদের সরবরাহকৃত তথ্যের উপর ভিত্তি করে মিলিটারীরা বিভিন্ন এলাকায় এসে অপারেশন করেছে। তারা লুটপাট করেছে, অগ্নিসংযোগ করেছে, নারী ধর্ষণ করেছে এবং মানুষ হত্যা করেছে। তাদের অপারেশন গুলির মধ্যে নিম্নোক্তগুলি প্রধান। তারা মে মাসের মাঝামাঝি যোগীদের পালশায় অপারেশন করে ৪২ জন হিন্দুকে হত্যা করে। সেখানে মেয়েদের উপর অত্যাচার করেছে।

জুন মাসে তারা দুর্গাপুরে অপারেশন করে ৮/৯ জনকে হত্যা করে। এখানেও তারা হৃদয়হীনভাবে নারী নির্যাতন করে। তাদের নির্যাতনের ফলে জনৈক অফিসারের একটি মেয়ে মারা যায় এবং অপর একজন পঙ্গু হয়ে যায়। এখানে তারা লুটপাট করে।

১লা রমজান শুক্রবার পাক সেনারা গগণবাড়িয়ায় অপারেশন করে। এখানে ত্রিমুখী অভিযান চালিয়ে ১০/১১ শত জন লোককে ধরে এনে তাদের দিয়ে গর্ত করিয়ে নিয়ে হত্যা করে মাটিচাপা দিয়ে রাখে। এখানে কচি শিশুদের বেয়োনেট দিয়ে খুঁচিয়ে হত্যা করেছে। তাদের অপরাধ তাদের মায়ের উপর যখন পশুরা অত্যাচার করছিল তখন তারা কাঁদছিল। এখানে ১০০ বছরের উপরের বয়স্ক অন্ধ একটি বৃদ্ধকে বেয়োনেট দিয়ে খুঁচিয়ে হত্যা করেছে। গ্রামে আগুন দিলে মেয়েরা যখন প্রাণভয়ে মাঠে পালায় তখন সেখানেও তাদের ধরে শ্লীলতাহানি করে। বাপের সামনে মেয়েকে, স্বামীর সামনে স্ত্রীকে নির্যাতন করেছে।

স্বাক্ষর/-
সরদার আবদুল মালেক

\৫২\

মোঃ সাজ্জাদ হোসেন
নওগাঁ
রাজশাহী

একদিন বিকেল বেলা আমি দৈনন্দিন কাজ সেরে বাসায় ফিরছিলাম। বাসায় ফিরে বিপুলসংখ্যক পাক সৈন্য ও বিহারীদেরকে দেখতে পাই। কয়েকজন বিহারী আমার বাসার গুরুত্বপূর্ণ মূল্যবান উপকরণগুলো খুলে নিচ্ছিল। আমি সরলভাবে প্রতিবাদ জানাই জনৈক পরিচিত বিহারীকে। উক্ত কুখ্যাত বিহারী আমার জীবনের ক্ষতির জন্য হুমকি প্রদান করে এবং ঘরের ভিতর অবস্থানরত কুখ্যাত মেজর বাংলাদেশের পতাকা হাতে রাখে ও আমাকে অভিযুক্ত করে কারণ আমি আওয়ামী লীগের একজন নেতা ছিলাম বলে উক্ত মেজরের ধারণা ছিল। পরে বিহারী ও পাক সৈন্যরা আমার বাসা লুট করে অনেক মালামাল নিয়ে যায়। বলা প্রয়োজন ঐ দিনই আমাকে ধরে ইপিআর ক্যাম্পে নিয়ে যায়। সেখানে আমার অফিসের একজন কর্মচারীর সুপারিশে সেবারের মত মুক্তি পাই। কিন্তু আমাকে কাজে যোগদান করতে বাধ্য করা হয়।

ঘটনা প্রবাহের অবনতির সাথে সাথে আমি জনগণের ভাগ্যের সাথে ভাগ্য মিলিয়ে আমার অফিসের কাজ করতে থাকি। কিছুদিন পর অত্র শহরের পাঞ্জাবী এসডিও দুষ্কৃতকারীদের হাতে নিহত হন। উক্ত এসডিওর হত্যার পরে বিহারী ও পাক সৈন্যদের মাঝে বিরূপ প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। পাক দস্যুরা বিহারীদের যোগসাজশে হত্যা, নারী ধর্ষণ, অগ্নি সংযোগের মাত্রা বাড়িয়ে দেয়। হঠাৎ জুলাই মাসের ১৫ তারিখে আমার বাড়ি ঘেরাও করে। ঘেরাও করার পরে কুখ্যাত মিলিটারী ও বিহারীরা তথাকথিত এসডিওর হত্যাকারী বলে বিবেচনা করে। এখানে প্রকাশ করা প্রয়োজন যে জনৈক বিহারী দৃঢ়তার সাথে বলে যে, উক্ত এসডিওকে দুটি ছোরা দিয়ে আমি নিহত করেছি এবং ছোরার সাথে তাজা রক্তের ছাপ ছিল। তার সাক্ষ্যে পরে আমার দুই হাত বেঁধে নিহত এসডিওর বাসায় নিয়ে যায়। সেখানে একজন কর্নেল, একজন মেজর ও কিছুসংখ্যক সামরিক উচ্চপদস্থ কর্মচারী ছিল। তারা আমাকে বেদম প্রহার করে। রাইফেলের বাঁট, কিল, ঘুষি, লাথি মারতে থাকে। বেশ কিছুক্ষণ প্রহার করার পর আমি অজ্ঞান হয়ে মাটিতে পড়ে যাই। পরে হাত-পা বাঁধা অবস্থায় আমাকে নওগাঁর ইপিআর ক্যাম্পে নিয়ে যায়। ক্যাম্পে যাবার পরে আমি অনেক বিহারী ও মিলিটারীদের দেখতে পাই। পুনরায় পাক কুকুরেরা আমাকে প্রহার করতে থাকে। প্রহার করার পরে আমাকে ক্যাম্পের সংলগ্ন একটি ছোট প্রকোষ্ঠে রেখে দেয়। সেখানে ৪/৫ জন লোক থাকার মত জায়গা ছিল অথচ উক্ত প্রকোষ্ঠে প্রায় ২৪/২৫ জন বাঙ্গালী নিরীহ মানুষকে আটকিয়ে রেখেছিল। সেখানে আমি আটদিন অবস্থান করেছিলাম। আটদিনের প্রায় প্রতিদিনই বেদমভাবে প্রহার করতো। পাক বর্বররা পরিমিত খাদ্যদ্রব্য ও পানীয় সরবরাহ করতো না। ২/৩ দিন পরে পরে কিছু কিছু করে খাবার দিতো কিন্তু তা খাবার অযোগ্য আহার্য ছিল।

বন্দীখানায় অবস্থান করার পর আমি প্রত্যেক দিনই ফুটো দিয়ে দেখতাম যে ২০/২৫ জন করে নিরীহ লোকজনকে মারধর করার পর হাত উল্টো দিকে বেঁধে ও চোখ বেঁধে বেয়োনেট দিয়ে বুক চিরে রাস্তায় ফেলে রাখত। পরে মৃতদেহগুলিকে নিকটস্থ নদীতে নিক্ষেপ করত। উপরে উল্লিখিত প্রক্রিয়ায় আটদিনে তারা ২৫০ জন নিরীহ বাঙ্গালীকে নির্মমভাবে হত্যা করেছে বলে আমি অনুমান করি। একমাত্র আমিই অফিসের কর্তৃপক্ষের সুপারিশে মুক্তি পাই।

স্বাক্ষর/-
মোঃ সাজ্জাদ হোসেন
এস, ডি, ও, অফিস, নওগাঁ।

\ ৫৩ \

জয় মণ্ডল
নওগাঁ
রাজশাহী

২৫শে মার্চের ঘটনাপ্রবাহ অত্র গ্রামের জনগণের জীবনে হতাশা এসে দিয়েছিল। শান্তাহারে সাম্প্রদায়িক ঘটনার ফলে অত্র গ্রামটিকে পাক বর্বররা ক্ষতি করতে দ্বিধা করেনি। ৯ই বৈশাখ রোজ শুক্রবার শান্তাহার রোড হয়ে চকরামপুর গ্রামে পাক বর্বররা প্রবেশ করে। প্রবেশ করার আগে বিক্ষিপ্তভাবে চারিদিকে গোলাগুলি চালাতে থাকে। এতে জনগণের জীবনযাত্রা ব্যাহত হয়। ফলে ধন, মাল রেখে পাইকারী হারে অত্র গ্রামের জনসাধারণ অন্যত্র পালাতে থাকে। অতঃপর পাক বর্বররা চকরামপুরের অধিকাংশ বাড়িতে অগ্নিসংযোগ করে ও লুটতরাজ চালায়। বলা প্রয়োজন, অত্র গ্রামের সংলগ্ন খৃষ্টান মিশনের সাহেবের বাড়িতে সামরিক ঘাঁটি স্থাপন করে। উক্ত ঘাঁটি থেকে পাক বর্বররা অন্য জায়গা হতে সুন্দরী মেয়েদেরকে ধরে এনে মিশনে সাহেবের বাসার উপর তলাতে আটকে রাখত। পাশবিক অত্যাচার ও ধর্ষণ করার পরে গলা কেটে হত্যা করত। হত্যার পরে তাদের রক্ত চৌবাচ্চার নল দিয়ে স্থানীয় তুলসী গঙ্গা নদীতে পড়ত। তা ছাড়া অত্র চকরামপুর গ্রামের প্রায় ৪০ জন লোককে গুলি করে হত্যা করেছে। তাদের মধ্যে কয়েক জনকে গলা কেটে হত্যা করেছে। এবং বহুসংখ্যক আহত অবস্থায় এখনও বেঁচে আছে। এক মাস অবস্থানকালে অত্র গ্রাম হতে পাক-বর্বররা গরু, খাসি, হাঁস, মুরগী, যাবতীয় তরিতরকারী লুট করে খেয়েছে।

স্বাধীনতা যুদ্ধ চলাকালে অত্র গ্রামের জনসাধারণ মুক্তিবাহিনীকে খাদ্যদ্রব্য ও সর্বতোভাবে সাহায্য করেছে।

স্বাক্ষর/-
জয় মণ্ডল
গ্রাম-চকরামপুর
নওগাঁ, রাজশাহী

\ ৫৪ \

মোঃ মোসলেম উদ্দিন
গ্রাম-দিঘাপতিয়া নতুনপাড়া
পোঃ-দিঘাপাতিয়া, নাটোর
জেলা-রাজশাহী

আমি ছিলাম বেঙ্গল রেজিমেন্টের একজন সিপাহী। চার বৎসর আমি পশ্চিম পাকিস্তানে চাকুরী করেছি। পঁচিশে মার্চের কিছুদিন আগে আমি ভলান্টারী সার্ভিসে চিটাগাংয়ে আসি। সেখান থেকে আমি ছুটিতে বাড়িতে আসি। তারপর বঙ্গবন্ধুর আহবানে চাকুরীর চট্টগ্রামে যোগ দেই। ওখান থেকে ষোল শহর, কালিঘাট, ৭নং জেটিতে পশ্চিম পাকিস্তানী বর্বরদের সাথে সাহসিকতার সঙ্গে মোকাবিলা করি এবং তাদেরকে পর্যুদস্ত করি। পরবর্তীকালে সেখানের পতন ঘটলে এপ্রিল মাসের (৭১) ৫ তারিখে অনেক সঙ্গীসহ ওপার বাংলার আগরতলায় পৌঁছি। সেখান থেকে কিছু অস্ত্রশস্ত্র সংগ্রহ করে কুমিল্লার ব্রাহ্মণবাড়িয়ায় ডিফেন্স দেই। তারপর পাক সৈন্যরা বিমান আক্রমণ চালালে সকলে ছত্রভঙ্গ হয়ে যাই। এপ্রিল মাসের ২২ তারিখে স্বগ্রাম দিঘাপাতিয়ায় পৌঁছি।

২৪শে এপ্রিল আমার বাড়ির জনৈক পাক বাহিনীর সহযোগী একদল পাক সৈন্য এসে ঘরের দরজা ভেঙ্গে আমাকে ধরে লাথি মারতে মারতে স্থানীয় কালীবাড়িতে নিয়ে যায়- বলা প্রয়োজন, এখানে অত্যাচারের কেন্দ্রভূমি ছিল। তারা সেখানে আমার হাত, পা বেঁধে পা উপরের দিকে তুলে লটকিয়ে অত্যাচার করে। সে অত্যাচারের ভিতর ছিল বেত দিয়ে প্রহার, চাকু দিয়ে শরীরের বিভিন্ন স্থান কাটা- শরীর কেটে তারা আনন্দ পেত। তারা জানতে চাচ্ছিল যে চট্টগ্রামে আমি কতজন পাঞ্জাবীকে হত্যা করেছি, কতটি রাইফেল কোথায়, কিভাবে লুকিয়ে রেখেছি, বাংলাদেশ সম্পর্কীয় কি কি তথ্য আমি জানি।

আমার কাছ থেকে কোন তথ্য উদঘাটন করতে ব্যর্থ হলে তারা আমাকে কালীবাড়ি থেকে নাটোরের ফুল বাগানে অপারেশন ক্যাম্পে নিয়ে যায়। সেখানে বৈদ্যুতিক শক আমার গলায় দেওয়া হয়। হাত-পা বেঁধে ডেকচির মধ্যে করে পানির হাউজে নিক্ষেপ করে। ১০-১২ মিনিট সেখানে রাখার পর অর্ধমৃত অবস্থায় সেখান থেকে তুলে আবার জিজ্ঞাসাবাদ শুরু করে। সেখানেও তারা ব্যর্থ হবার পর আমাকে বেয়োনেট চার্জ করতে নিয়ে যায়। এ সময় ছিল সন্ধ্যার কিছু আগে। তখন আমার হাত পিছনে বাঁধা ছিল। বলা প্রয়োজন, এর কিছু আগে আমার সাক্ষতেই চারজন লোককে গুলি করে হত্যা করে। পরে আমাকে নিয়ে যায়। বেয়োনেটের সামনে ধীরে ধীরে অগ্রসর হচ্ছিলাম আর কৌশলে হাতের বাঁধন খুলবার চেষ্টা করছিলাম। এক সময় আমি আমার হাতের বাঁধন তাদের অগোচরেই খুলতে সমর্থ হই। ফুলবাগানের মধ্যস্থ পুকুরের চারিদিকে মিলিটারীরা তখন সশস্ত্র পাহারায় ছিল। হাতের বাঁধন খুলেই ঘুরে সঙ্গীন উচানো সিপাইয়ের হাতের রাইফেল কেড়ে পুকুরে ফেলে দেই এবং বক্সিং মেরে তাকে ধরাশয়ী করি। তারপর পুকুরে ঝাঁপ দেই। ইতিমধ্যে অবশিষ্ট সৈন্যরা পুকুরের চারিদিকে সচেষ্ট হয়ে উঠে এবং আমাকে লক্ষ্য করে বেপরোয়া গুলি চালানো শুরু করে। যখন পুকুরের পাড়ে উঠছিলাম ঠিক সে সময় একটি গুলি এসে আমার ডান কানে লাগে। সাথে সাথে আর একটি গুলিও আমার বাম বাহুর নিচে লাগে। এতে আমি অবশ্য খুব বেশী আহত হই না। তাদের সকলের সব রকমের অপচেষ্টাকে ব্যর্থ করে দিয়ে বর্বরদের ব্যূহ ভেদ করে পালিয়ে আখের জমির ভিতর দিয়ে ক্রলিং করে নাটোরে পৌঁছাই। শরীর দিয়ে তখন দরবিগলিত ধারায় রক্তপাত হচ্ছিল। উলঙ্গ অবস্থায় যখন নাটোরের সিনেমা হলের মোড়ে পৌঁছাই তখন একদল বিহারী আবার আমাকে ধরে ফেলে। সেখানেও তারা বেদম প্রহার করতে শুরু করে। পূর্বোক্ত

বক্সিং প্রক্রিয়ার বদৌলতে তাদের হাত থেকেও রেহাই পাই। এবং শহরের মাঝখানে মামারবাড়িতে প্রথমে আশ্রয় নেই। কিছুক্ষণ পর আমার শ্বশুর ডাক্তার আঃ লতিফের কাছে গিয়ে প্রাথমিক চিকিৎসা নেই। সেখান থেকে ঐ রাতেই মেয়ের পোষাকে এক গ্রামে আশ্রয় নেই। তারপর পরবর্তী ১০ দিন পর ভারতে আশ্রয় নেই। এবং সেখানে সক্রিয়ভাবে স্বাধীনতা সংগ্রামে অংশ নেই।

ফুলবাগান থেকে উধাও হবার পর পাক পশুরা আমার বাড়ি ঘেরাও করে এবং আমার বৃদ্ধ বাবা এবং মাকে মারধর করে এবং বলে যে তোমার ছেলেকে বের করে দাও, তাকে চাকুরী দেব এবং তোমার মেয়েকে আমার সাথে (জনৈক সুবেদার) বিয়ে দাও। পরবর্তী সময়ে তারা আমার বাড়ি স্বেচ্ছাচারিতভাবে লুটপাট করে।

আমার মতে, ফুলবাগানে ন'মাসে অন্ততঃ ১৫-১৬ হাজার লোককে পাক পশুরা নির্মমভাবে হত্যা করেছে।

স্বাক্ষর/-
মোঃ মোসলেম উদ্দিন
গ্রামঃ দিঘাপতিয়া নতুনপাড়া
পোঃ দিঘাপতিয়া
জেলাঃ রাজশাহী

\ ৫৫ \

ডি, এম, তালেবান নবী
প্রতিনিধি, 'দৈনিক বাংলা'
চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী

৩রা আগষ্ট রাত্রি প্রায় ১১টায় পাঞ্জাবী পুলিশ স্থানীয় রাজাকার বাহিনীর প্রধান, শান্তি কমিটির সদস্য, ও ভি ডি পার্টির সভাপতিসহ আমার বাড়ি ঘেরাও করে এবং প্রবেশ করে আমাকে গ্রেফতার করে। অবশ্য গ্রেফতারের পূর্বে সমস্ত বাড়ি তছনছ করে। গ্রেফতার করে সামরিক ক্যাম্পে নিয়ে যায়। নিয়ে যাবার পর মুক্তিবাহিনীর সাথে যোগাযোগকারী ওয়্যারলেস ও 'রিভলবার' কোথায় রয়েছে তা জানাতে বলে। সদুত্তর না পেলে আমাকে পা ফাঁক করে বাঁশ দেয়। অতঃপর চাবুক দ্বারা বেদম প্রহার শুরু করে। প্রায় ঘন্টা তিনেক একের পর এক হাত বদল করে এম্নি অত্যাচার চালায়। এর মধ্যে বেশ কয়েকবার আমি জ্ঞান হারিয়ে ফেলেছি। এরপর গভীর রাতে ঐ অবস্থাতেই উঠাবসা করতে নির্দেশ দেয়। হয়তো একশো বার ঐ প্রক্রিয়া চালাতে বললে ৪০ বার করার পর বলে যে পাঁচবার হয়েছে। কিছু সময় এ অবস্থা চালিয়ে অসমর্থ হয়ে মাটিতে পড়ে গেলে আমাকে লাথি মেরে উঁচু বারান্দা থেকে নিচে ফেলে দেয়। সেখান থেকে আবার তুলে নিয়ে আসে এবং আবার উঠাবসা করায়। আবার পড়ে গেলে আবার লাথি মেরে ফেলে দেয় ও তুলে আনে। এম্নি করে সকাল হয়ে গেলে ক্যাম্পের ভিতরে প্রধান রাস্তায় হাত-পা বেঁধে ফেলে রাখে। সেখান দিয়ে যে সমস্ত সামরিক লোক চলাচল করেছে তারা সকলে আমাকে যথেচ্ছভাবে লাথি মেরে পায়ের ঝাল মিটিয়ে নেয়। সারাদিন আমি ঐ অবস্থায় ছিলাম এবং খোলা জায়গায় রোদে সমানভাবে অত্যাচারিত হয়েছি। সন্ধ্যার দিকে ঐখানেই জিজ্ঞাসা করে যেম তুমি মুসলমান না হিন্দু। মুসলমান বললে আমাকে কলেমা বলতে বলে। আমি ইচ্ছাকৃতভাবে কলেমা বলা থেকে বিরত থাকি। তখন আমাকে জিজ্ঞাসা করা হয় যে, এখানের কলেজে কলেমা পড়া হয় কি না। উত্তরে না বললে আমাকে কাপড় খুলতে নির্দেশ দেয় এবং উলঙ্গ করে। উলঙ্গ অবস্থাতেই আমাকে ঘন্টা দুই রাখা হয়। অতঃপর পূর্ব পদ্ধতিতে আবার ওঠাবসা করতে বলে। কিন্তু বসতে পারলেও কিছুতেই উঠতেই পারছিলাম না। কারণ খুব নিস্তেজ হয়ে গেছি। সে অবস্থাতেও আমাকে মারধর করা হয়। তারপর আমাকে টাঙ্গানোর নির্দেশ দেয়। তখন দু'পা উপরের দিকে বেঁধে টাঙ্গিয়ে দেয়। হাত যেনো কোন বাধার সৃষ্টি না করে সে জন্য হাত দুটিও বেধে দেওয়া হয়। এরপর একজন সিপাইকে ডেকে চাবুক মারতে নির্দেশ দেয় এবং সেরূপ চলতে থাকে। একজন ক্লান্ত হলে আর একজন চাবুক মারত। এম্নি করে তিনজন চাবুক মারার পর আমি অজ্ঞান হয়ে যাই। অত্যাচারের এক পর্যায়ে পানি পান করতে চাইলে মুখে সজোরে লাথি মারে। আমি জ্ঞান হারিয়ে ফেলি। রাতের কোন এক সময় জ্ঞান ফিরে পাই। পুনরায় পানি পান করতে চাইলে পাহারারত দুইজন সিপাহীর একজন প্যান্টের বোতাম খুলে। এবং মুখে প্রস্রাব করে দেয়। প্রস্রাব করে দিয়ে সিপাইটি তার নিজের আসনে ফিরে যায়। পরের দিন সকাল পর্যন্ত ঐ টাঙ্গানো অবস্থাতেই থাকি। এর মধ্যে মাঝে মাঝে সামান্য জ্ঞান ফিরে আসে এবং পর মুহূর্তেই আবার জ্ঞান হারিয়ে ফেলি। সকালের দিকে আমাকে নামানো হলে বলে যে তুমি লিখে দাও যে, রিভলবার ও ওয়্যারলেস কোথায় আছে, তাহলে তোমাকে ছেড়ে দেয়া হবে। নেতিবাচক উত্তর দিলে তারা আমাকে চড়-থাপ্পড় দেয়। তারপর আমাকে এক ঘরে বন্দী করে রাখা হয়। সেদিন দিবাগত রাতে একজন মাষ্টারসহ তিনজন মুক্তিফৌজকে ধরে নিয়ে আসে। রাতে তাদেরকে পিটানোর পরে তাদের কাছে স্বীকৃতি আদায় করার জন্য আমার ঘরে দেয়। রাত দুইটার দিকে জিজ্ঞাসা করলে তারা (মুক্তিযোদ্ধারা) স্বীকার করেনি বলে আমি জানাই। সারা রাত তারা আমার কাছেই থাকেন। পরের দিন রাত ১২টার দিকে সেলে ঢুকে কাপড় ও পায়ের জুতা

মুক্তিযোদ্ধাদের খুলতে বলে এবং খুলে লুঙ্গি পরা অবস্থায় বাইরে ক্যাম্পের পিছনে নিয়ে যায়। এর কিছুক্ষণ পরে বিকট আ.... চিৎকার ভেসে আসলো। এতে অনুমান করা গেল যে, বেয়নেট অথবা ছোরা দিয়ে গুঁতিয়ে তাদের হত্যা করা হয়েছে।

এভাবে পাঁচ দিন প্রায় অভুক্ত অবস্থায় থাকার পর ৭ই আগষ্ট দিবাগত রাত ৯টার সময় আমাকে শর্তসাপেক্ষে ছেড়ে দেয়। শহরের বাইরে কোথায়ও যেতে পারব না এটাই ছিল তাদের প্রধান নির্দেশ।

২৩শে এপ্রিল শুক্রবার দুপুর ১২টার দিকে গোমস্তাপুরে পাক মিলিটারীরা অপারেশন করে। থানার পার্শ্বের বাজারপাড়া হিন্দু বস্তিতে গিয়ে ৩১ জন পুরুষকে ধরে নিয়ে আসে। অতঃপর সমস্ত গ্রাম পেট্রোল দিয়ে পুড়িয়ে দেয়। ধরে আনা লোকদের থানার পিছন দিকে মহানন্দা নদীর তীরে ১৫ জনে প্রথম দলকে দাঁড় করায় এবং গুলি করে হত্যা করে। অপর দলের ১৬ জনকেও ঐ একইভাবে হত্যা করে। হত্যা করার পর লাশগুলিকে পেট্রোল দিয়ে জ্বালাবার নির্দেশ দিলে মৃত ৩১ জনের মধ্য থেকে অমিল কর্মকার নামে এক ব্যক্তি পুড়িয়ে দেয়ার ভয়ে লাফিয়ে ওঠে। তৎক্ষণাৎ তাকে গুলি করে হত্যা করে।

১৯শে অক্টোবর রবিবার দিবাগত রাত্র প্রায় তিনটার দিকে পাঞ্জাব বাহিনীর দুটি ব্যাটেলিয়ান সীমান্তবর্তী গ্রাম বোয়ালিয়া ঘেরাও করে। মেজর ইউনুসের নেতৃত্বে ব্যাটালিয়ান দুটি সকাল হওয়ার অল্প কিছু আগে মোহসীন মুন্সী আজান দেয়ার জন্য মিনারে উঠেছেন এবং আল্লাহু আকবর উচ্চারণ করেছেন ঠিক তখনই তাকে লক্ষ্য করে প্রথম গুলি চালায়। সাথে সাথে গ্রামের উপর বৃষ্টির মত গুলিবর্ষিত হতে থাকে। এ গ্রামে তিন ঘন্টার প্রায় ৬৫০ জনকে হত্যা করে। এদের মধ্যে শিশু, বৃদ্ধ, যুবক ও নারীও ছিল। ১৬৮০টি বাড়ি সম্পূর্ণ ধূলিসাৎ করে। এরপর বোয়ালিয়া গ্রামসংলগ্ন নরশিরা, শাহপুরা, পলাশবোনা, দরবারপুর, কালোপুর ও ঘাটনগর বঙ্গেশ্বর গ্রামেও হামলা চালায়। এখানেও ১২০০ লোককে হত্যা করে। এ সমস্ত গ্রামও পুড়িয়ে দেয়। পাক বাহিনী হামলা সময় অসংখ্য মহিলার উপর বলাৎকার ও লুটপাট করে।

পরবর্তীকালে নরপশুরা উপরোক্ত হত্যা চালায়। এরপরে বিধ্বস্ত এ গ্রামগুলি পাঞ্জাব বাহিনী ও তার তাঁবেদাররা সংলগ্ন থানার নিরীহ জনসাধারণকে ধরে নিয়ে এসে হত্যামঞ্চ হিসেবে ব্যবহার করে। দেশ স্বাধীন হবার পর দেখা যায় যে, সমস্ত গ্রামগুলিই বধ্যভূমিতে পরিণত হয়েছে। প্রতিটি কুয়া নরকঙ্কালে ভর্তি। অপর দিকে গ্রামগুলিতে যে সমস্ত দেওয়াল ঘর ছিল, সেসব ঘরে জনসাধারণকে হত্যা করে দেওয়াল ভেঙ্গে ঢেকে দেওয়া হয়েছিল। এসব গ্রামগুলির এমন বাড়ি খুঁজে পাওয়া যাবে না কাউকে না কাউকে সে বাড়ি থেকে হত্যা করা হয়নি। এমনও অনেক বাড়ি রয়েছে, যে বাড়ির সকলকেই পাক জল্লাদরা হত্যা করে। এমনি একটি পরিবার সেকান্দার আলী। অপর একটি পরিবার সোলেমান মিয়ার যেখানে শুধুমাত্র ছোট ছেলে বেঁচে রয়েছে। মা-বাবা, ভাইবোন সকলকে হত্যা করা হয়েছে।

স্বাক্ষর/-
ডি, এম তালেবান নবী
প্রতিনিধি, 'দৈনিক বাংলা'
চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী

\ ৫৬ \

মোহাম্মদ মোছাওয়ার হোসেন
গ্রাম-মাইজপাড়া, ডাকঘর- রাজারামপুর
চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী

'৭১ - এর ৪ঠা আগষ্টের রাত সাড়ে তিনটার সময় অকস্মাৎ শান্তি কমিটির চেয়ারম্যানের নির্দেশে প্রায় ৫০ জন শান্তি কমিটির সদস্যসহ পুলিশ বিহারীর বাড়ী ঘেরাও করে। আমি প্রাণপণ চেষ্টা করেও তাদের হাত থেকে রেহাই পেলাম না। ধৃত হওয়ার পরে আমাকে কঠোর পাহারার মাধ্যমে পথে নিয়ে এসেছে এবং থানাতে সোপর্দ করে। সেখানে আমি প্রায় ১৫ জন বন্দীকে দেখতে পাই। অবশ্য তারা অনেক আগেই ধৃত হয়েছিলেন। পরের দিন দিবাগত রাত ৭টায় উপরোক্ত ১৫ জনকে থানায় হাজির করে এবং পাঁচজন করে করে এক একটি ব্যাচ তৈরী করে। পাঁচজনকে একটি ম্যাপ তৈরীর ব্যাপারে অভিযুক্ত করে আলাদা করে রাখে এবং একমাত্র আমাকে অবাঙ্গালী হত্যার দায়ে অভিযুক্ত করে এবং যাদে কে হত্যা বকরা হয়েছে তাদের নামের তালিকা চায়। পাঁচজনের ভিতর যে দ'জন বেমী দোষী বলে বিবেচনা করেন তাদেরকে থানার মধ্যেই মেজর শেরওয়ানীর নির্দেশে নির্মমভাবে রোলার দ্বারা, বুকে লাথি মেরে প্রহার শুরু করে। ঐ সময় শেরওয়ানীর নির্দেশে অপর একজন সিপাহী আমাকে প্রহার করে। যতক্ষন পর্যন্ত আমি অজ্ঞান না হয়ে যাই ততক্ষন পর্যন্ত উপরোক্ত প্রক্রিয়ায় অত্যাচার চালাতে থাকে। জ্ঞান হবার পর পুনরায় হাজতে নিয়ে যায়। তার পরের দিন ম্যাপ তৈরীর অভিযোগে গালাগাল করে। পরের দিন সন্ধায় মেজর শেরওয়ানী ১৫ জনকে জেলখানা থেকে বের করে আনার হুকুম করে। আমার তন্দ্রার ভাব হওয়াতে আমি বের হতে পারলাম না। আমি উদ্বেগের ভিতর সময় কাটাতে থাকি। প্রকাশ থাকে যে, উল্লেখিত ১৪ জনকে গুলি করে হত্যা করে মহানন্দার নদীতে ফেলে দেয়। তারা জলে ভাসতে থাকে।

পরের দিন আমি যেখানে ছিলাম সেখানে প্রায় ১০-১২ জন আসামী এলো। তাদের কাছ থেকে বিবৃতি ও জিজ্ঞাসাবাদের পর কয়েক দিনের ভিতরেই অন্যান্য সবাইকে গুলি করে হত্যা করে। এর পরবর্তী ব্যাচে জেলখান তে উকিল, মোক্তার এবং শিক্ষিত ছাত্র সহ প্রায় ৭জন এলো, তারপর উক্ত ৭ জনসহ আমাকে আঘাত হানতে থাকে। কিছুক্ষন পরে বিবৃতি নিয়ে তাদের সবাইকে রাজশাহী জেল তে চালান করা হচ্ছে বলা হয় - অবশ্য এটা ছিল নিছক ভাঁওতা। নবাবগঞ্জস্থ নিউ মার্কেটের একটি আলো-বাতাসহীন প্রকোষ্ঠে আবদ্ধ করে রাখল। সেখানে আবদ্ধ করার পর রাত ৯টার সময় সবাইকে বাইরে নিয়ে এসে জিপে তুলে অন্যত্র নিয়ে যেতে চায় এবং কঠিনভাবে হাত বন্ধন করে। জিপে তুলে রাস্তায় নিয়ে যাবার পথে জিপ থেকে ১২ জনকে নামিয়ে য়ে এবং বেদম প্রহার করতে থাকে। পরে সারারাত ধরে নিউমার্কেটের উল্লিখিত প্রকোষ্ঠে বন্দি করে রাখে। তার আগে জিপের অন্যদেরকে মেজর শেরওয়ানী গুলি করতে নির্দেশ দেয়। তাদেরকে রেহাই ঘরের শ্মশান ঘাটে মেরে ফেলে। পরের দিন সকালে উক্ত নিউমার্কেটের আসামীগুলিকে জেলখানায় নিয়ে আসে। দুইদিন পরে মেজর শেরওয়ানী নিজেই জেলখানায় গিয়ে আমার কাছ থেকে অঙ্গীকারপত্র লিখে ণিয়ে মুক্তি দেয়। ইতিপুর্বে আমার পিতার নিকট থেকেও অনুরূপ অঙ্গীকারপত্র লিখে নেয়া হয়েছিল।

স্বাক্ষর /-
মো:মোছায়ার হোসেন

\ ৫৭ \

মোঃ আল্ এমরান
গ্রাম- আজাইরপুর, পোঃ- রাজারামপুর
নবাবগঞ্জ, রাজশাহী

১৯৭১-এর জুন মাসের ১৬ তারিখে রাত দুটোর সময় আমার বাড়ী ৫০-৬০ জন পাক দস্যু ঘেরাও করে। ঘেরাও করার পর বাড়ীর অভ্যন্তরে প্রায় ৪০ জন পাক দস্যু ঢুকে পড়েছিল। বাড়ীর সমস্ত ঘর তল্লাশী চালিয়ে আমাকে ধরে ফেলে। ধরে দু'হাত পিছনে বেধেঁ নিয়ে যায়। জেলখানায় আমি ধৃত ৩০ জনকে দেখতে পাই। সেখানে দিনভর রাখার পর থানাতে নিয়ে যায়। সেখানে কুখ্যাত মেজর শেরওয়ানী আমাকে জিজ্ঞাসাবাদ করে । বলা প্রয়োজন, সেখানে আরও অনেক মিলিটারী উপস্থিত ছিল।জিজ্ঞাসাবাদ বরার পর মোটা বেতের লাঠি দিয়ে বেদম প্রহার করে । অনেকের হাত - পা ভেঙ্গে চুরমার হয়েছিল।

আমার পা হতে রক্ত ঝরছিল। পুনরায় সবাইকে জেলখানায় নিয়ে এলো। নিয়ে আসার পর রাত ১২টার পরে গুজর ঘাটের শশ্মনপুরীতে নিয়ে যয়। নিয়ে সবাই লাইন ধরার নির্দেশ দিল। লাইনের ভিতর থেকে ১২ জনকে বেছে নিয়ে গুলি করে হত্যা করে ।বাকী লোকগুলিকে পুনরায় জেলখানায় নিয়ে সকালের দিকে মেজর শেরওয়ানী জেলখানায় আসে। অনেক জিজ্ঞাসাবাদ করার পরে বদম মারধর আরম্ভ করে জেলে যত লোক ধৃত হয়েছিল সবাইকে। শশ্মানঘাটে সন্ধ্যার সময় গুলি করার জন্য ৭ জনকে নিয়ে যায়। বধ্যভূমিতে ৭ জনকেই গুলি করে হত্যা করে। রাত ১১টার সময় উক্ত জেলখানায় দু'জন যুবতীকে ধরে নিয়ে রাখে। রাত অনুমান ৪টার সময় যে কক্ষের যুবতীদ্বয়ের করুণ কান্নার সুর শোনা যায়; অনুমতি হয় যে তাদের উপর পাশবিক অত্যাচার করা হয়েছিল।

সকাল ৮টার সময় জেলখানা থেকে কয়েকজন বর্বর সৈন্য বেরিয়ে যাবার ঘন্টাখানেক পরে মেজরসহ কয়েকজন মিলিটারী যুবতীদ্বয়কে নিয়ে বাইরে চলে যায়। শেষ পরিণতি জানা যায়নি। সন্ধ্যা ৭টার সময় বাকী সমস্ত বন্দি লোকজনকে শ্মশানঘাটে গুলি করার জন্য নিয়ে যায়। নিয়ে যাবার পর দু'জন করে লাইন করিয়ে গুলি করতে থাকে। আমাকেসহ অন্য তিনজনকে গুলি করার পরিস্থিতির সৃষ্টি হলো। তখন চারজনকে এক সাথে গুলি করার জন্য দাঁড় করালো। সেই মুহুর্তে একখানা সামরিক গাড়ী এসে শ্মশানঘাটে উপস্থিত হলো। গাড়ীর কাছে অন্যান্য মিলিটারী যারা গুলি করছিল, তাদের হাজির হওয়ার নির্দেশ দিল। সেখানে কানা-ঘুষা হল। গুলি করা থেকে সাময়িক বিরতি নিল। পরের দিন আনুমানিক ১০টার সময় তিনজনকে ছেড়ে দেয় । আমি তাদের একজন । তিনি দিনে প্রায় ৪০-৫০ জনকে গুলি করে পাক বর্বর বাহিনী হত্যা করেছিল।

স্বাক্ষর/-
মোঃ আল এমরান

\ ৫৮ \

এলাহী বক্স
ফিরোজা হাউস
শিব্বাটা, বগুড়া

এপ্রিলে পাক বাহিনী রংপুর, শান্তাহার, শেরপুর - এই তিন দিন থেকে বগুড়া শহর আক্রমণ করে । তা ছাড়া বিমান থেকেও পাক বাহিনী বগুড়া শহরের উপর আক্রমণ করে। ঐ সময় শহরের লোকজন জীবনের ভয়ে কোন দিকে দৌড়াতে না পেরে পুর্বদিকে মুক্ত দেখে নদী সাঁতরিয়ে চেলোপাড়ার দিক রওয়ানা হয়। পাক বাহিনী আক্রমণ করার সাথে সাথে সমস্ত শহর ঘোরও করে ফেল্যে। কাজেই জনসাধারণ পালানোর সযোগ পায় না। পাক বাহিনীর গুলির মুখে অসংখ্য লোকজন প্রাণ হারায়। আমি নিজের বাড়ী ছেড়ে চেলোপাড়ার দিকে রওয়ানা হই। চেলোপাড়ায় যাবার সময় আমি যে দৃশ্য দেখেছি ইতিহাসে তার নজির বিরল।চার থেকে পাঁচ শতের মত লোক মৃত অবস্থায় রক্তের মধ্যে ডুবে আছে। শহরের বিভিন্ন রাস্তায় তাদের মৃতদেহ পড়ে আছে। আর কুকুরের তাদের রক্ত পান করছে । পালিয়ে যাবার কোন উপায় ছিল না আমার। আমার মাথায় একটি টুপি ও হাতে একটি পাকিস্তানী পতাকা ছিল। আরও একজন মৌলভী এবং দুইজন লোক আমার সঙ্গে ছিল। তাদেরও মাথায় টুপি এবং হাতে পাকিস্তানী পতাকা ছিল। হঠাৎ করে একদল পাকসেনা আমাদের দেখে ঘিরে ফেলে। পাক বর্বর বাহিণী জিজ্ঞাসা করে তোমরা কে? অবশ্য উর্দূতে।

জবাবে আমি বলি যে আমরা পাকিস্তানী বাঙ্গালী মুসলমান। তখন পাকসেনা কিছু সময় পর আমাদেরকে ছেড়ে দেয় এবং বলে যে তোমরা আগামিকাল সকাল ৮টার পর আমাদের সঙ্গে দেখা করবে। কারন সন্ধ্যা ৬টা থেকে ভোর আটটা পর্যন্ত কার্ফিউ থাকবে। পাকবাহিনীর কার্ফিউ দেওয়ার প্রধান উদ্দেশ্য ছিল, সকাল ৮টর পর জনসাধারণকে একত্রে একযোগে হত্যা করা। আমি সেটা বুঝতে না পেরে পরের দিন আবার বাসাবাড়ী দেখার জন্য শহরের দিকে রওয়ানা হই। আসার সময় অন্য তিনজন লোক আমার সাথে ছিল। ঐ সময় কয়েকজন পাঞ্জাবী আমাদের ধরে ফেলে। ধরার পরপরই একত্রে লাইন করে রাইফেল দিয়ে গুলি করে। গুলি করার সাথে সাথে দুজন ঘটনাস্থলেই মারা যায়। অপর একজন বাম হাতে গুলিবিদ্ধ হওয়ার গর্তের ভিতর পড়ে যায়। একজন পাঞ্জাবী এেস বেয়োনেট দিয়ে তার বুকটা চিরে দেয়। আমি সৌভাগ্যবশত গুলি না খেয়ে ঐ রক্তের মধ্যেই হাবুডুবু খাচ্ছিলাম। একজন পাঞ্জাবী আমাকে পুনরায় দাঁড় করে পরপর দুই বার গুলি করে। প্রথম গুলিটি ফায়ার না হওয়ার জন্য দ্বিতীয়বার গুলি করে। ভাগ্যবশত গুলিটা আমার বাম পার্শ্বে দিয়ে চলে যায়। পাকসেনা কি যেন মনে করে আমাকে ছেড়ে দিয়ে বলে যে তোর হেঁয়াছে ভাগ যাও বাঙ্গালী। তখন আমি নিজের বাসার দিকে রওয়ানা হই। বাসায় আসার সময় আমি দেখতে পাই শুধু মানুষের মৃতদেহ। শহরের সমস্ত রাস্তা যেন রক্তে লাল হয়ে আছে। কুকুর তাদের মৃতদেহ নিয়ে টানাটানি করছে। আমি দেখতে পেলাম যে প্রথম দিনে খান দস্যুরা যে সমস্ত লোকজন হত্যা করেছিল সেগুলোকে শহরের রাস্তার পার্শ্বে গর্ত করে ৭-৮ জন করে পুঁতে রেখেছে। তাদের কারো হাত বা মাথা দেখা যাচ্ছে। কুকুরে এক স্থান থেকে টেনে অন্য স্থানে নিয়ে যাচ্ছে এই বীভৎস ও করুণ দৃশ্য দেখে চোখের পানি মুছতে আমার শিব্বাটী বাসভবনে উপস্থিত হই। বাসায় গিয়ে দেখতে পেলাম যে, একজন মেজর ও তিনজন বেলুচি সৈন্য আমার নিজস্ব ক্যাম্প খাটটি পেতে শুয়ে আছে। আমাকে দেখে তারা রাইফেল নিয়ে দাঁড়ায়। আমি বলি যে, আমি পাকিস্তানী বাঙ্গালী মুসলমান। এটা আমার বাসা এবং বাসাবাড়ী দেখতেই আমি এসেছি। তখন তারা আমাকে বলে যে এটা তোমার বাসা? তোমার খুব সাহস? এই বলে আমাকে বসতে বলে এবং মাংস ও রুটি খেতে দেয়। তা ছাড়া আমাকে বলে যে তোমার কোনই ভয় নাই। রাত্রিতে তুমি তোমার ঘরে শুয়ে থাকবে। আমি কোন রকমে প্রথম রাত্রি অতিবাহিত করি। এখানে উল্লেখ করা যায় যে, পাক সেনা শহরে ঢুকেই অবাঙ্গালীদেরকে ৭২ ঘণ্টা সময় দিয়েছিল; বাঙ্গালীদের

ধন-দৌলত লুট করার জন্য। পরের দিন সকালে খান সেনারা আমাকে সংগে করে শহরে চলে আসে। খানসেনারা আমাকে লুট করার কথা বলে। তখন আমি বলি যে, আমি লুট করব না বা আমার কোন প্রয়োজন নাই। এইভাবে তিন দিন কেটে গেল। খান সেনার চারজনের মধ্যে একজন ছিল মেজর জাকি। ৪র্থ দিনে তারা আমার বাসা ছেড়ে দিয়ে রংপুরে চলে যায়। পুনরায় মেজর শাকিরিয়া আমার বাসায় চলে আসে। এসে আমাকে বলে যে, তুমি এখান থেকে চলে যাও। এই বলে আমাকে সাথে করে সার্কিট হাউসে নিয়ে আসে। সেখানে গিয়ে আমি দেখতে পেলাম, রাজশাহী ভার্সিটি থেকে ধরে আনা কয়েকজন ছাত্রী। তারা বসে বসে কাঁদছে। পাক হায়েনারা তাদের উপর অমানুষিক পাশবিক অত্যাচার করে। তাদের সারা দেহে ধর্ষণের চিহ্ন বিদ্যমান। ঐ দৃশ্য দেখে আমি মর্মাহত ও অভিভুত হয়ে পড়ি। দুই ঘন্টা পর মেজর শাকিরি আমাকে নিজের বাসায় ফিরে যাবার অনুমতি দেয়। কোন রকমে আমি নিজের বাসায় ফিরে আসি।এর পরও মাঝে মাঝে খান সেনারা আমার বাসায় এসে তদন্ত চালায় এবং বলে যে, তুমি মুক্তিফৌজকা লিডার বা মুক্তিদের সর্বরকমের সাহায্য কর। আমি সম্পুর্ণ অস্বীকার করলে আমাকে দারুণ নির্যাতন ও প্রহার করে। দিনে-রাতে সব সময় আমার বাসায় এসে খান দস্যুরা অমানুষিক অত্যাচার করত। আমার দুই ছেলে মুক্তিযোদ্ধা ছিল বলে খান সেনারা সব সময় দুই ছেলেকে খুঁজে বেড়াত। এরপর আমার বাসায় একটানা এপ্রিলের ২০ তারিখ থেকে সেপ্টেম্বরের ১৩ তারিখ পর্যন্ত অতিবাহিত করি। ১৪ই সেপ্টেম্বর তারিখে নিজ ছেলে-মেয়ে এবং পরিবার বাসায় ফিরিয়ে নিয়ে আসি। এরপর মুক্তিবাহিনী ও ভারতীয় মিত্র বাহিনীর সহায়তায় বগুড়া শহর মুক্ত হয়ে যায়। বগুড়া শহর ও বাংলাদেশের জয়ের পতাকা উত্তোলিত হয়।

স্বাক্ষর/-
মোঃ এলাহী বক্স

\ ৫৯ \

শ্যামল রায়
মালতী নগর, থানা - সদর
জেলা - বগুড়া

প্রবল গুলি ও গোলাবর্ষনের ভেতর দিয়ে বর্বর পাক বাহিনী ট্যাঙ্ক সহকারে বগুড়ায় প্রবেশ করে। শুরু হলো নরপিশাচদের 'বাঙালী চোষা' বিহারী বেঈমান সহযোগে শহরের বুকে তাণ্ডব নৃত্য। লুটতরাজ, অগ্নিসংযোগ, খুন, তৎসহ ধর্মীয় স্থান কলুষিত ও বিধ্বস্ত করায় মত্ত হয় তারা।

২৫শে এপ্রিল রবিবার হঠাৎ করেই গ্রামের বাসা হতে গুলি ও ব্রাশফায়ারের শব্দ শুনে বুঝতে দেরী হয়েছিল না যে, পাকবাহিনী বগুড়া হতে বড় রাস্তা ধরে এদিকে এগিয়ে আসছে (সিরাজগঞ্জ ও উল্লাপাড়ার দিকে)। কিছুক্ষণ পর দক্ষিন-পূর্ব কোণ হতে কালো ধোয়ার কুণ্ডলী আকাশে উত্থিত হতে দেখা গেল। অনেকে বললেন কুমারেরা হাঁড়ি পোড়াচ্ছে। কিন্তু সব ধারণার অবসান হল তখনই, যখন শুধু এক জায়গাতে নয়, সমস্ত পশ্চিম দিক হতে ধোঁয়া আর আগুনের লাল আভা দেখা যেতে লাগল। যতই আধাঁর নামছিল আগুনের লেলিহান শিখা ততই প্রকট হয়ে ফুটে উঠছিল চোখের সামনে। আগুনের সঙ্গে সঙ্গে গুলির আওয়াজ ভেসে আসছিল উল্লাপাড়ার দিক হতে।

পরের দিন শুনলাম চাঁদাইকোনার প্রত্যক্ষদর্শীর এক বিবরণ। তারা লোকজন ডেকে এনে লুট করিয়েছে বাজার এলাকা। অনেকে স্বেচ্ছায় এসেছে লুট করার লোভে। লুট করার সময় তারা ছবি তুলেছে। লুটপাট হয়ে গেলে আগুন ধরানোর পালা। আগুনও দিয়েছে লোকজনের সহায়তায়। আগুন ধরানোর সময় তারা ছবি তুলেছে। আর সব কাজ হাসিল করার পর বিক্ষিপ্তভাবে গুলিবর্ষণ করে জনসাধারণকে করা হয়েছে হত্যা। এরকম আরও ঘটনা। খাওয়ানোর নাম করে ডেকে এনে লাইন করে গরীব গ্রামবাসী নিরীহ মানুষকে হত্যা করা হয়েছে।

পরের দিন শুরু হলো সিরাজগঞ্জে ঐ একই দৃশ্যের অবতারণা। ৩-৪ দিন ধরে চলে অগ্নিসংযোগ, লুটতরাজ, খুন ইত্যাদি। বাসার এত কাছে ঐ সব হচ্ছিল যে, ছাই এসে পড়ছিল বাসার মধ্যে। গ্রামের ও আশেপাশের অনেক লোক শহরে গিয়ে আর ফিরে আসতে পারেনি। এর সংগে সংগে গ্রামে গ্রামে ডাকাতি, লুটতরাজ, রাহাজানি প্রকটভাবে দেখা দেয়। দিনে মিলিটারীর ভয়, রাত্রে ডাকাতের ভয় সবসময় তটস্থ থাকতে হয়েছে। দিনে গ্রামছাড়া আর রাত্রে পাটের ক্ষেত - এভাবে প্রতিটি ক্ষন কেটেছে। দৌড়ানোর জন্য সবসময় প্রস্তুত থাকতে হয়েছে।

একদিন শুনলাম মিলিটারী আসছে। তবুও থাকলাম বাসায়। কিছুক্ষণ পর দেখলাম, কাছের এক হাট হতে আগুন আর ধোয়া। অনেকে পালিয়ে যেতে লাগল। গ্রামের কিছু দূর দিয়ে উঁচু মাটির রাস্তা। দাঁড়িয়ে ছিলাম মিলিটারীদেরকে দেখবার জন্য। দেখলামও, আমার কাছে ছোট একটা দূরবীন ছিল। তাই স্পষ্ট দেখলাম, একে একে ৭৯ জন সৈন্য পার হয়ে গেল। আমের সময় গাছে কাঁচা আম ছিল। তাই তারা খেতে খেতে চলছে। কি তাদের উল্লাস, এতটুকুও অনুশোচনা নেই মনে তাদের এই ধবংসলীলার জন্য।

অবশেষে নানান কারণে সে গ্রাম আমাদের ছাড়তে হলো ২৬ শে মে বুধবার। নৌকায় চললাম উল্লাপাড়ার অভিমুখে। দুপুর ২টার দিকে বুধগাছা নামক গ্রামে আশ্রয় নিলাম। যে বাড়ীতে ছিলাম সে বাড়ীর এক ছেলে সৈন্য

বিভাগ কাজ করত। শুনলাম সে ছুটি নিয়ে এসেছিল। মার্চের পর পাক বাহিণীর পক্ষ হতে কাজে যোগ দেবার জন্য আবেদন আসে। কিন্তু বর্বর বাহিনীর সঙ্গে সে যোগ দেয়নি। কিন্তু স্বাধীনতা সংগ্রামের ডাকে বাংলা মাকে উদ্ধার করবার জন্য সে এতটুকু দ্বিধা বোধ করেনি। মুক্তিবাহিনীর সঙ্গে সে যোগ দিয়েছিল। ঐ বাড়ীর ধারেই রাস্তা (বগুড়া- উল্লাপাড়া)। সাহস করে বসলাম এক গাছের ধারে। কিছুক্ষনের মধ্যে মোটরের শব্দ পেলাম।বুঝতে দেরী হলো না মিলিটারীদের গাড়ী আসছে। দেখলাম এক এক করে নয়াখানা গাড়ী পার হয়ে গেল। কোন গাড়ীতে শুধু দু-একটা পেট্রোলের ড্রাম। আবার কোন গাড়ীতে মিলিটারী ও গোলাগুলির বাক্স। হাটের দিন দু'একজন করে পাকা আম, কলা এসব নিয়ে যেত হাটে। ওরা জোর করে কেড়ে নিত, আম কলা ইত্যাদি, পয়সা চাইলে মারার ভয় দেখাত।

পরের দিন ২৭শে মে দুপুরের পর আর এক গ্রামে পৌঁছলাম। সেখানে গিয়ে শুনলাম, যুবক ছেলেদের জোর করে ধরে নিয়ে গিয়ে মেরে ফেলেছে। ভয় পেলাম শুনে। এ গ্রামে আসার পথে কিছুক্ষণ বড় রাস্তার উপর দিয়ে হাঁটলাম খুব ভোরের দিকে। দেখলাম জ্বালিয়ে দেওয়া বহু বাড়ী। রাস্তা থেকে নেমে আধ মাইলের মত হেঁটে এসে বর্বরেরা পুড়িয়ে দিয়েছে বহু গ্রাম। রাস্তায় শুনলাম বাড়ী জ্বালিয়ে দেওয়ার কাহিনী। প্রথমে তারা নাকি কি একটা তরল পদার্থ 'স্প্রে' করত। তারপর একটা সাদা কাঠির মত জিনিসে আগুন ধরিয়ে ফিকে মারত ঘরের মধ্যে। আগুন ধরে যেত সমস্ত ঘরে। খেয়াল-খুশী মত দু-একটা বাড়ীও তারা বাদ দিয়েছে। মনে হয় খেলেছে তারা, আগুন আগুন খেলা।

যে গ্রামে আমরা থাকতাম, তার আশপাশের গ্রাম হতে ছেলেদেরকে ধরে নিয়ে গেছে। ধরে নিয়ে গিয়ে উল্লাপাড়া বাজারে খালের মধ্যে বুকজলে দাঁড় করিয়ে হত্যা করা হযেছে তাদেরকে। ট্রেনে করে যাতে মিলিটারীরা না আসতে পারে সে জন্য গ্রামের লোকজন লাইন তুলে ফেলেছে। ফলে তাদেরকে হারাতে হয়েছে ঘরবাড়ী।

মুক্তিবাহিনীর লোকেরা মাঝে মধ্যেই রেল লাইন, ব্রীজ উড়িয়ে দিত। একদিন মোহনপুরের কাছে এক গ্রামে, রাত্রিবেলা দুজন দালালকে মুক্তিবাহিনীর লোকেরা মেরে ফেলে। পরের দিন পাক সৈন্যরা সে গ্রাম জ্বালিয়ে দেয়।

২৬ মে জুন শনিবার আমি ও একজন লোক বগুড়া বাড়ী দেখবার জন্য রওনা হই। একটা বাস রাজশাহীর ও একটা বাস বগুড়ার ছিল। বাসে একটা পাঠান ব্যক্তি বাসের সমস্ত পয়সা নিত। কণ্ডাক্টরের হাতে লাগান ছিল শান্তি কমিটির লাল ব্যাচ। পথে মিলিটারীর যাতায়াত চোখে পড়ল।

১-৪৫ মিঃ বগুড়ার পুলিশ লাইনে গাড়ী সার্চ করবার জন্য থামান হয়। অনেকের সঙ্গে আমাকেও জিজ্ঞাসা করা হয়েছিল কি করি, কোথায় থাকি ইত্যাদি। দেখলাম, পুলিশেরা রাইফেলের বাঁট (দুইজন) উপর দিকে ও নল নিচের দিকে দিয়ে পাহারা দিচ্ছে। 'বগুড়া কারিগরি মহাবিদ্যালয়কে তারা ঘাঁটি বানিয়েছিল। শহরে ১৮% জন জনসাধারণ তখন এসেছে। দোকানপাট বন্ধ। রাস্তার দু পাশের দোকান, বাড়ীঘর পোড়ানো। যারা বাইরে থেকে শহরে আসে, তখনই কিছু জিনিসপত্র কিনে নিয়ে তারা চলে যায়। বগুড়া জেলা স্কুলও হয়েছিল তাদের ঘাঁটি। ঐ স্কুলের হোষ্টেলে বারান্দায় ব্যাটারী চার্জ দেওয়া হতো। ষ্টেশনে কোন বাঙালীকে যেতে দেওয়া হতো না।

বগুড়া পিটি স্কুলের কাছে নামলাম ২-১০ মিঃ। নেমে হেঁটে বাড়ীর দিকে আসছি। বাড়ীঘর পোড়া। রাস্তা জনমানবশূন্য। প্রায় ১ মাইল রাস্তার মধ্যে মাত্র ৪জন লোকের সঙ্গে দেখা হয়। রাস্তা চলতে ভয় ভয় হচ্ছিল। যেখানে একদিন ছিল উৎফুল্ল প্রানের স্পন্দন, আজ সেখানে শুধু পোড়া মাটির স্তূপ। দেখে কান্না এসে যাচ্ছিল।

বাড়ীর কাছে আসলাম, একই অবস্থায় আমাদের বাড়ীর ও তবে সম্পূর্ণ নয়। কেননা জামায়াতে ইসলামীর এক লোক বেদখল করার জন্য বর্বরদের কাছে অনুরোধ জানালে তারা সম্পূর্ণ বাড়ী ধ্বংস করেনি। প্রতিটি মন্দির ধর্মীয় স্থান তারা হয় ধ্বংস, নয় ক্ষতিগ্রস্ত করে। আমি একটুর জন্য প্রাণে রক্ষা পাই বিহারীদের হাত হতে, এক মুসলমান ভাইয়ের সহায়তায়। প্রাণ নিয়ে ফিরি ঐ গ্রামে।

কিছুদিন পর দালালদের ভয়ে ও নানান কারণে কোন গ্রামেই থাকা সম্ভবপর না হওয়ার জন্য ২রা সেপ্টেম্বর ১৯৭১ ভারত অভিমুখে নৌকায় রওয়ানা হই। মাঝে মধ্যেই সিরাজগঞ্জ, পাবনার দিক হতে গোলাগুলির আওয়াজ ভেসে আসত।

৩রা সেপ্টেম্বর নৌকা থেকে দেখলাম কাজীপুর এলাকার অগ্নিসংযোগের দৃশ্য। ৪ দিন পর মানকর চরে (আসাম) পৌঁছাই যমুনা পথে।

স্বাক্ষর/-
শ্যামল রায়
১৬.৯.৭৩

\ ৬০ \

বাদশা মিয়া
মালতী নগর
সদর থানা, বগুড়া

পাক বাহিনী চারদিক থেকে অসংখ্য গোলাগুলি বর্ষণ করতে শহরের মধ্যে প্রবেশ করে। শহরের মধ্যে প্রবেশ করেই অগণিত লোকজন হত্যা করে। অসংখ্য দোকান পাট লুট করে। বগুড়া শহরের মালতীনগর ও চক লোকমান গ্রামে অসংখ্য বাড়ীঘরে অগ্নি সংযোগ করে ভস্মীভুত করে দেয়। আমি আড়াল থেকে সবকিছু স্বচক্ষে দেখেছি। কার্ফিউ উঠিয়ে দেবার পর জন সাধারণ যখন শহরের মধ্যে এসেছিল পাক সেনারা সেই সময় মেশিনগানের গুলিতে ৩/৪ শত লোক হত্যা করে। আমিও শহরে এসেছিলাম ঐ দৃশ্য দেখে অভিভূত হয়ে পড়ি। কোন রকমে জীবন নিয়ে পালিয়ে যেতে সক্ষম হই। ১৯৭১ সালের ৩১ শে অক্টোবর রোজ রবিবার বেলা ১১ টার সময় ১৩ জন খান সেনা ও ৫ জন রাজাকার এসে আমাদের বাড়ী ঘেরাও করে আমাকে ধরে নিয়ে যায়। ধরার সময় আমার বাড়ী থেকে হাতঘড়ি ও আমার স্ত্রীর ঝুমকা ও গলার মালা রাজাকারেরা লুট করে নিয়ে যায়। ইহাতে অনুমান করি যে, খান সেনারা আমার তিন হাজার টাকার মত সোনার গহনা ও কাঁসার থালাবাটি লুট করে নিয়ে যায়। এখানে উল্লেখ করা যেতে পারে যে পাক সেনা শহরে প্রবেশ করেই অবাঙ্গালীদের ৭২ ঘন্টা সময় দিয়েছিল। বাঙ্গালীদের ধন সম্পদ লুটতরাজ করার জন্য। প্রথমে আমাকে স্থানীয় সার্কিট হাউজে নিয়ে আসে। খান সেনার ব্রিগেডিয়ার আমাকে উর্দুতে জিজ্ঞাসা করে যে, ব্যাঙ্ক লুট করেছে কারা, মুক্তি ফেওজ কোথায়, আওয়ামী লীগের লিডার কে কে ইত্যাদি বিষয়। আমি খুব ভাল উর্দু জানতাম। তাছাড়া আমাকে দেখতে অবাঙ্গালীর মত দেখায়। তাই উর্দুতে সম্পূর্ণ অস্বীকার করি। তখন ব্রিগেডিয়ার সার্কিট হাউজ থেকে আমাকে জেল খানায় পাঠায়। জেল খানায় আমি অমানুষিক অত্যাচার সহ্য করি। সিগারেটের আগুন, লোহার রড, রাইফেলের বাঁট, বুট জুতার লাথি ইত্যাদির সাহায্যে খান পিশাচেরা নির্মম নির্যাতন চালায় আমার দেহের উপর। জ্বলন্ত সিগারেটের আগুনের চিহ্ন এখনও শরীরে বিদ্যমান। এইভাবে আমি ১৩ দিন জেল খানায় বন্দী ছিলাম। অনুমিত হয় যে, এক মাত্র ভাল উর্দু জানায় এবং দৃঢ় মনোবলের জন্য খান সেনারা আমাকে হত্যা করেনি।

স্বাক্ষর/-
মোঃ বাদশা মিয়া

\ ৬১ \

আব্দুস সামাদ
চক সুত্রাপুর, বগুড়া

১৯৭১ - এর আগষ্ট মাসের ২২ তারিখ। আমার জীবনে এক অবিস্মরণীয় ঘটনা। এই দিন আমি যখন শহরে আমার নিজের কাপড়ের দোকান থেকে ফিরছিলাম তখন ষ্টেশনের সন্নিকটে তিন চারজন খান সেনা ঘিরে ফেলে। এসময় আমাকে হিন্দু না মুসলমান জানতে চায়। আমি মুসলমান বললে আমাকে বলে যে তুমি মুক্তিফৌজ। আমি তা অস্বীকার করলে আমার গালে প্রথমবারের মত থাপ্পড় মারে। অতঃপর আমাকে গ্রেফতার করে নেবার জন্য জনৈক সৈন্য নির্দেশ দেয়। তার পর আমাকে ডানা ধরে নিয়ে যেতে থাকে। কিছুদূর নেবার পর আমাকে সোজা হয়ে দাঁড়াতে বলে। আমি তাদের নির্দেশ পালন করার পর জিজ্ঞাসা শুরু করে তুমি তো মুক্তিফৌজ এবং ধরা যখন পড়েছ তখন স্বীকার কর তোমার আর দলবল কোথায় আছে। তোমার অস্ত্রশস্ত্রই বা কোথায় আছে । স্বাভাবিকভাবে আমি অস্বীকার করি। তখন আমাকে চড় থাপ্পড় লাথি মারতে থাকে। এর সাথে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করতে থাকে। কিছুক্ষণ এমনিভাবে মারার পর কয়েক মুহূর্ত মারের বিরতি ঘটায়। এ সময় আবার জিজ্ঞাসাবাদ করতে থাকে এবং স্বীকার না করলে আমাকে হত্যা করে ফেলা হবে বলে হুমকি দেখায়। যেহেতু আমি কিছুই জানি না, সমস্তই অস্বীকার করি।

অতঃপর আমাকে অনুরূপভাবে আবার মারধোর শুরু করে। এবার রাইফেলের গাদা দিয়েও মারতে থাকে। মারের চোটে অস্থির হয়ে পড়ছিলাম। নাকমুখ দিয়ে রক্ত পড়তে থাকে। এক পর্যায়ে মাটিতে পড়ে যাই। এ সময় আমার পকেট থেকে টাকা মাটিতে পড়ে যায়। তখন আমার কাছে ৫৬৫ টাকা ছিল। উক্ত টাকাগুলো তারা তুলে নেয় এবং আমার পকেট হাতিয়ে যে টাকা পয়সা ছিল তা নিয়ে নেয়। টাকা তাদের হস্তগত হবার পর তারা নিজেদের মধ্যে কি সব আলোচনা করলো। শেষে আমাকে যেতে বলে মিলিটারীরা হাসিমুখে অন্যদিকে চলে যায়।

স্বাক্ষর/-
আব্দুস সামাদ

\ ৬২ \

আমির আলী খান
গ্রাম-তেঘর, থানা- জয়পুরহাট
জেলা -বগুড়া

তখন ৫ই এপ্রিল কিংবা ১০ই এপ্রিল হবে। চারিদিকে খান সেনারা টহল দিয়ে ঘুরে ফিরছিল আওয়ামী লীগের লোকজনকে ধরার জন্য। আমার বড় ভাই ছিল আওয়ামী লীগের ৩৬ কমিটির একজন সদস্য। আমি কৃষিকাজ করে খাই। আমার ভাই আমার থেকে পৃথক। খান সেনাদের ধরার ভয়ে বাড়ী থাকে না। কোথায় কোথায় থেকে শুধু সংগ্রাম আর সংগ্রাম নিয়ে ব্যস্ত থাকে। একদিন হঠাৎ ২৫/২৬ জন খান সেনা রাত্রিতে এসে আমার বাড়ী ও ভাইয়ের বাড়ী ঘেরাও করে। ভাইকে না পেয়ে তারা আমাকে ধরে এবং বেদম প্রহার করতে শুরু করে আর বলে তোর ভাই কাঁহা উছকো বোলাও। আরো কি কি বলে আমি বুঝতে পারি না। আমি তাদেরকে বললাম ভাইয়ের কথা বলতে পারবো না সে আমার থেকে আলাদা। আমি কৃষক মানুষ সারাদিন মাঠে পড়ে থাকি কিন্তু তারা আমাকে কিছুতে ছেড়ে দিল না। কিছু দূরে তাদের গাড়ী ছিল। ধরে নিয়ে গাড়ীতে উঠিয়ে তাদের ক্যাম্পে নিয়ে গেল। আমাকে যে ঘরে রাখলো তার পার্শ্বে আরো কয়েকটি ঘর ছিল। সেখানেও আমার সমান বয়সী এবং কমবয়সী লোক বিভিন্ন ধরনের লোক সেখানে ছিল। সেখানে তাদের বড় ক্যাপটেন আসলো, আমাকে জিজ্ঞাসা করলো আমার ভাইয়ের কথা কিন্তু তার খুশি মত জবাব না পাওয়ায় সে নিজে খুব মারলো এবং শেষ পর্যন্ত কখন তারা মার বন্ধ করেছে তা বলতে পারবো না। জ্ঞান হলে দেখি আমার শরীর থেকে রক্ত বের হচ্ছে সমস্ত শরীর কেটে ফেটে গেছে। এইভাবে দুই দিন ধরে পরপর আমাকে মারতো আর ভাইয়ের কথা জিজ্ঞাসা করতো। শেষ পর্যন্ত যখন তারা আর কিছুই আমার কাছ থেকে জানতে পারলো না তখন একদিন রাতে আমাকে ঘর থেকে ডেকে নিয়ে এক রাস্তায় নিয়ে যায়। সেখানে তারা আবার মারতে শুরু করে। তাদের মারের চোটে অজ্ঞান হয়ে যাই। জ্ঞান হলে দেখি তাদের ক্যাম্প থেকে অনেক দূরে এক গর্তের মধ্যে পড়ে আছি। অনেক কষ্টে সেখান থেকে উঠে করিম নামে এক লোকের সাহায্যে বাড়ী পৌঁছি।

স্বাক্ষর/-
আমির আলী খান

\ ৬৩ \

মোঃআব্দুল মালেক মণ্ডল
গ্রাম ও থানা- সারিয়া কান্দি
জেলা- বগুড়া

১৪ ই আগষ্টে পাক বাহিনী সারিয়া কান্দিতে চলে আসে। সারিয়া কান্দিতে কালো পতাকা ও বাংলাদেশের পতাকা দেখে অসংখ্য বাড়ীঘর ও দোকানপাটে অগ্নিসংযোগ ও লুটতরাজ আরম্ভ করে। অতঃ পর আমারা দোকানে চলে আসে। দোকানে আসার পর আমার ছেলের কথা জিজ্ঞাসা করে। তা ছাড়া মুক্তিবাহিনী কোথায় আছে এবং আওয়ামী লীগের নেতাদের কথা জিজ্ঞাস করে। উত্তরে আমি অস্বীকার করি। অতঃপর সেখান থেকে চলে গিয়ে থানায় ঘাঁটি করে। ঐ দিন বিকেলের দিক কতিপয় খান সেনা ও রাজাকারেরা পুনরায় আমার দোকানে চলে আসে। তারা সরাসরি দোকানের ভিতর ঢুকে পড়ে। খান সেনারা দোকানের বাক্সের ভিতর একটি বাংলাদেশের পতাকা পায়। পতাকা দেখে তৎখণাৎ তারা দোকানের সমস্ত মালপত্র লুটপাট করে নিয়ে যায়। আমি ঐ সময় দোকানে উপস্থিত ছিলাম না। তবে অনুমান করি যে, এক মাত্র দোকান থেকে ৭০/৭৫ হাজার টাকার মাল পত্র খান দস্যু ও রাজাকারেরা নিয়ে যায়। অতঃপর দুষ্কৃতকারীদের চক্রান্তে খান পশু ও রাজাকারেরা আমার বাড়ীর দিকে রওয়ানা হয়। সেখানে গিয়ে তারা বাড়ীতে অগ্নিসংযোগ করে ভস্মীভূত করে দেয়। ১৫ ই আগষ্ট বিকালবেলায় আমার ছেলে বিশিষ্ট আওয়ামী লীগ কর্মী আবজল হোসেনকে ধরে নেয়। তাদের ক্যাম্পে নেওয়ার পর বুট, লাথি, লোহার রড ও রাইফেলের বাঁটের সাহায্যে তার দেহে ভীষণ আঘাত করে। তাছাড়া সিগারেটের জ্বলন্ত আগুন দিয়ে তার শরীর পুড়িয়ে দেয়। শুধু তাই নয়, পায়খানার ভিতর অনাহারে তিন দিন যাবৎ তালাবদ্ধ অবস্থায় রেখে দেয়। তিন দিন পর খান সেনারা তাকে ছেড়ে দেয়। খান পশুরা যেভাবে অত্যাচার ও নির্যাতন চালিয়েছিল, ইতিহসে তার নজির নেই।

স্বাক্ষর/-
মোঃ আব্দুল মালেক মণ্ডল
১৯/৯/৭৩

\ ৬৪ \

খোন্দকার ইউনুস আলী
থানা- সারিয়া কান্দি
জেলা -বগুড়া

আগষ্টের ১৯ তারিখে সারিয়াকান্দি থেকে খান সেনারা দ্বিতীয় বার চন্দনবাইশা চলে আসে। গ্রামের জনসাধারণ একত্রে ডেকে হিন্দুর জমির লোভ দেখিয়ে এবং টাকা পয়সার লোভ দেখিয়ে রাজাকারে আসার নির্দেশ দেয়। তাছাড়া মুক্তিযোদ্ধারা কোথায় আছে এবং কে কে ইত্যাদি খোঁজখবর জানতে চায়। এরপর খান সেনারা রাজাকারে জোর করে লোক নেবার জন্য ২১ তারিখ মঙ্গলবার দিন ধার্য্য করে আসে। অতঃপর সারিয়াকান্দিতে চলে আসে। আসার পর খান সেনারা বগুড়া থেকে বহুসংখ্যক রাজাকার ও খান সেনা সারিয়া কান্দিতে সংবাদ দিয়ে নেয়ে আসে। ২১ তারিখ মঙ্গলবার ১১টার সময় প্রায় ২শত জন খান সেনা ও ৭৫ জন রাজাকার চন্দনবাইশায় চলে আসে। স্থানীয় প্রাইমারী স্কুলে ঘাঁটি করে এবং প্রয়োজনীয় বাঙ্কার তৈরী করে উক্ত স্থানে ঘাঁটি করে। খান সেনারা রাত্রিযোগে জনগণের বাড়ী থেকে হাঁস, মুরগী, গরু, খাসী ইত্যাদি নিয়ে যায়। অযথা যে কোন লোকজনকে ধরে ভীষণ নির্যাতন করত। গ্রামে ঢুকে মেয়েদের উপর পাশবিক অত্যাচার চালায়। একদিন উক্ত গ্রামে জনৈক ব্যক্তির স্ত্রীকে খান সেনারা জোর করে ধরতে যায়। ঐ সময় স্বামী তার স্ত্রীর উপর অত্যাচারের ভাব দেখে সহ্য করতে না পেরে তাকে আঘাত করে। খানসেনা তৎক্ষণাৎ তাকে গুলি করে হত্যা করে এবং মাটিতে চাপা দেয়। অতঃ পর কয়েক রাউণ্ড এদিক ওদিক ফায়ার করে। খান সেনারা চর চন্দনবাইশার আইনুল হককে নির্মমভাবে হত্যা করে । ঐ সময় কয়েকজন গ্রাম্য লোক আহত হন। এরপর খান সেনারা প্রকাশ্যে নারী নির্যাতন করতে আরম্ভ করে। অকারনে যে কোন লোক জনকে ধরে নিয়ে খান সেনারা খেত। সেই কথা বলতে গিয়ে উক্ত গ্রামের লোক শাহ্ মনসুর আলী খান সেনাদের হাতে ভীষণ নির্যাতন ভোগ করেন। ঐ সংগে তার ছেলেকে খান সেনারা ভীষণভাবে মারপিট করে। খান সেনারা তাদের দুই জনকে লাঠি, রাইফেলের বাঁট, বুট জুতার লাথি ও লোহার রড দিয়ে ভীষণভাবে নির্যাতন করে ছেড়ে দেয়। সংগে সংগে তার বাড়ীতে অগ্নীসংযোগ করে বহু টাকার ধন-সম্পদ ভস্মীভূত করে দেয়। রাজাকারেরা বহু টাকার ধন- সম্পদ লুট করে নিয়ে যায়। সেপ্টেম্বরের শেষের দিকে আমার পার্শ্ববর্তী বাড়ীর বাসিন্দা শওকৎ হোসেন মুনসীর মিথ্যা চক্রান্তে আমাকে খান সেনারা ধরে নেয়। ধরার সময় চড় ও রাইফেল দিয়ে ভীষণ আঘাত করে এবং খান সেনারা আমাকে ছেড়ে দেয়। পরের দিন আমার নিজ বাড়ী ও বড় ভাইয়ের বাড়ী খান পশুরা লুট করে যথা সর্বস্ব নিয়ে যায়। খান সেনারা আমাদের দুই ভায়ের ৪০০০ (চার হাজার) টাকার ধনসম্পদ অপহরণ করে নিয়ে যায়। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পরে যে, উক্ত এলাকার চতুর্দিকে খান সেনাদের ঘাঁটি থাকায় অসংখ্য বাড়ীঘর লুটতরাজ ও নারী নির্যাতন চালায়। আরও উল্লেখ করা যেতে পারে যে, সারিয়া কান্দি থানার মুক্তিযোদ্ধাদের একমাত্র ট্রেনিং সেন্টার এবং কেন্দ্রস্থল ছিল চন্দনবাইশা গ্রাম।

স্বক্ষর/-
খন্দকার ইউনুছ আলী
২০/৯/৭৩

\ ৬৫ \

মোঃ আজাদুর রহমান মণ্ডল
গ্রাম-হামিদপুর
থানা-গাবতলী
জেলা-বগুড়া

খান সেনারা হঠাৎ একদিন হামিদপুর গ্রামে ঢুকে পড়ে। আমি কোন উপায় না দেখে অতি চতুরতার সাথে শরীরে কাদামাটি মেখে নিজের জমিতে চাষ করতে যাই। সেখান থেকে একজন খান সেনা আমাকে আক্রমণ করে। তখন আমি হাত থেকে গুরু তাড়ানোর লাঠি মাটিতে ফেলে দুহাত তুলে খান সেনার কাছে আত্মসমর্পণ করি। অতঃপর খান সেনা আমার গ্রামের নাম, মুক্তিবাহিনী এবং নিজে মুক্তি কিনা ইত্যাদি প্রশ্ন উর্দুতে জিজ্ঞাসা করে। জিজ্ঞাসা করার পর আমি উর্দুতে সমস্ত কথা তাকে বুঝিয়ে দেই। কিন্তু খান সেনা অবিশ্বাস করে এবং আমাকে মুক্তি ধারণা করে গুলি করার প্রস্তুতি নেয়। এরপর আমি মৃত্যু নিশ্চিত ভেবে ভাল করে পাকিস্তানী জাতীয় সঙ্গীত উর্দুতে ও বাংলাতে বলি। তারপর আমি আল্লাহর নিকট পাকিস্তানের জন্য এবং পাকিস্তানী সৈন্যদের দীর্ঘায়ু কামনা করি। তখন খানসেনারা গুলি না করে আমার বাড়ীর ভিতর নিয়ে আসে। অতঃপর স্ত্রী পুত্র আছে কিনা ইত্যাদি প্রশ্ন জিজ্ঞাসা করে। স্ত্রীকে ডেকে আনে। ঐ সময় আমাকে ঘরের ভিতর একজন পাঞ্জাবী সৈন্য ডেকে নেয়। ঠিক ঐ সুযোগে ঐ খানটি আমার স্ত্রীর ৫ ভরী সোনার দুইটি বালা বাক্স খুলে নেয়। এরপর তারা ছেলের নাম জিজ্ঞাসা করে। তখন আমি পিস্তল ও জান্টার পর পর দুই ছেলের নাম বলি। তখন পিস্তলের কথা শুনে তারা পজিশন নেয়। আমি তাহা উর্দুতে বুঝিয়ে দেই। কারণ পিস্তল ও জান্টার আমার ছেলেদ্বয়ের ডাকনাম ছিল। এত বলা সত্ত্বেও খান সেনারা আমাকে ভারতের দালাল বলে বিবেচনা করে। আমি মুসলমান কিনা তা দেখার জন্য আমার লুঙ্গী খুলতে বলে। একজন বেলুচী সৈন্য তা নিষেধ করে। ঐ বেলুচী সৈন্যটি আমাকে বারবার সাহায্য করে আসছে। আমি তখন বলি যে, আপনি আমাকে গুলি করে মেরে ফেলেন। তবুও আমি নিজের ইজ্জত দেখাব না। আরও বলি যে, আমি যদি প্রকৃতই মুক্তি হয়ে থাকি, তাহলে আপনাদের ক্যাপ্টেনের কাছে নিয়ে চলুন। তিনিই বিচার করবেন। অতঃপর আমাকে ক্যাম্পে আসে।ক্যাম্পে এসে কিছু সময় পর দেখতে পাই যে হাত বেঁধে একটি ছেলেকে রাস্তার উপর নিয়ে আসছে। ব্রিগেডিয়ারের নির্দেশ মোতাবেক তাকে লাথি মেরে ক্যাম্পে নিয়ে আসে। পরপর কয়েকবার বুট জুতার লাথি মেরে তাকে নিষ্ঠুরভাবে মেরে ফেলে। এরপর আমাকে গুলি করার নির্দেশ দেয়। তখন আমি বলি খান সাহেব মৃত্যুর আগে আমি কয়েকটি কথা বলব, তখন আমাকে কথা বলার জন্য সময় দেয়। অতঃপর আমি চতুরতার সাথে পাকিস্তানী জাতীয় সংগীত গাই এবং পাকিস্তানী ফৌজ ও পাকিস্তানের দীর্গায়ু কামনা করি। এরপর ব্রিগেডিআর আমার লেখাপড়া কতটুকু জানতে চায়। আমি আরও চতুরতার সহিত বলি যে দ্বিতীয় শ্রেণীতে। ব্রিগেডিয়ার বলে যে, তা হলে তুমি এত ভাল উর্দু কেমন করে শিখলে? জবাবে আমি বলি যে, ভাষা আন্দোলনের সময় উর্দু ভাষার উপর যখন জোর দেওয়া হয়েছিল, সেই সময় আমি উর্দু ভাষা শিক্ষা করেছি। বার বার একই প্রশ্ন জিজ্ঞাসা করার পর ব্রিগেডিয়ার পুনরায় গুলির হুকুম দেয়। তখন আমি কোন উপায় না দেখে বলি যে, খান সেনা আপনার মত আমরাও একজন পাক ফৌজের ক্যাপ্টেন আছে। যার নাম কুদরতে খোদা (বাবলু)। ১৯৬৫ সনের যুদ্ধে তিনি কুদরতে খোদা খেতাব পেয়েছেন। এই কথা শুনে তিনি ওয়্যারলেসে যোগাযোগ করেন। এরপর সেখান থেকে সঠিক খবর নিয়ে আমাকে ছেড়ে দেয়। ছেড়ে দেওয়ার পর খান সেনাদের সাহায্য করার কথা, পাকিস্তানের হেফাজতের কথা এবং মুক্তিদের খোঁজ খবর দেওয়ার কথা বলে। এরপর আমি বাড়ী চলে যাই। এর কিছু দিন পর খানসেনারা নাড়ুয়া মালা হাটে জনসাধারণ নিয়ে মিটিং এর জন্য নাড়ুয়া মালা হাটে চলে যায়। আমিও ঐ দিন উক্ত হাটে যাই। মিলিটারীর কথা শুনে হাটের লোকজন দৌড়াদৌড়ি করে চলে যায়। আমি একটি গ্রেনেড নিয়ে জঙ্গলের ভিতর শুয়ে পড়ি খানসেনারা সেখান থেকে আমাকে দ্বিতীয়বার ধরে। আমাকে জিজ্ঞাসা করে যে, তুমি কেন জঙ্গলের ভিতর। নিশ্চয়ই তুমি মুক্তিফৌজ এই বলে আমাকে গাড়ীতে তুলে পুনরায় হাটে নিয়ে আসে। হাটের ভিতর

ব্রিগেডিয়ার জনসাধারণরে মধ্যে ভাষণ দিলেন এই বলে যে, তোমাদের কোন ভয় নেই, তোমরা আমাদের সাহায্য কর, মুক্তিফৌজদের খোঁজ খবর দাও এবং ভারতের দালাল ধরে দাও ইত্যাদি বিষয়। এরপর আমি ব্রিগেডিয়ারের অনুমতি নিয়ে ঐ সমস্ত কথাগুলি পুনরায় বলি। আমি আরও বলি যে, পাক ফৌজ কেন আমাদের মা বোনের ইজ্জত ধবংস করছে? তারা আমাদের হেফাজতের জন্য এসেছে। আমাদের অন্নে প্রতিপালিত হয়ে আমাদের উপর গুলি করা আল্লাহপাক বরদ্দাস্ত করবে না। মুসলমানের ধর্ম কি তাই? একজন নিরীহ লোককে হত্যা করা এটা বিধর্মীয় কাজ ইত্যাদি সম্পর্কে ভাষণ দেই। এই ভাষণ শুনে ব্রিগেডিয়ার আমাকে ডেকে ঘরের ভিতর নিয়ে যায়। ঘরের ভিতর নিয়ে জোর করে ৫০টি টাকা বকশিস দিয়ে কোরান ছুঁয়ে শপথ করায় যে, আগামী কাল আমি যেন তাদের ক্যাম্পে দেখা করি। পরের দিন সেই মোতাবেক তার কথা ও ধর্ম রক্ষার্থে ক্যাম্পে গিয়ে দেখা করি। তখন ব্রিগেডিয়ার বলে যে, তোমাকে ১০০০ (এক হাজার) করে টাকা দিতে ইচ্ছুক এবং সমস্ত বগুড়া জেলার রাজাকারের কমাণ্ডার বানিয়ে দিতে চাই, তুমি কি ইচ্ছুক? তখন আমি বলি যে, স্যার আমি রাজাকার হতে চাই না। এরপর আমাকে অনেকগুলি ৫০০ (পাঁচশত) টাকার নোট দেখায় এবং বলে যে, তুমি যদি রাজাকারের কমাণ্ডার হও তাহলে তোমাকে বহু টাকা দেওয়া হবে। আমি সমস্ত কিছু অস্বীকার করে কোন রকমে বাড়ী চলে আসি। রমজান মাসে আমি নাড়ুয়া মালা হাট থেকে আসছিলাম। তখন দেখতে পেলাম একজন খানসেনা একটি লোকের নিকট থেকে জোর করে টাকা পয়সা কেড়ে নিয়ে চলে যাচ্ছে। লোকটি তখন আমার কাছে ঐ কথা বলে দেয়। তখন আমি প্রতিবাদ করলে আমার পকেটে যত টাকা ছিল খানসেনা তা কেড়ে নেয়। গাবতলী বাজারের ভিতর এসে একখানা চাকু সংগ্রহ করি। অতঃপর বাজারের ভিতর খান সেনাকে রাইফেলসহ জড়িয়ে ধরি। অতঃপর আমি লোকজন ডাকলাম খান সেনাকে চাকু মারতে। কিন্তু কেউই আমাকে সাহায্য করতে আসল না। ১০ মিঃ আমাদের এ লড়াই চলে আমিও সুযোগ পাইনা চাকু মারতে। অতঃপর খান সেনাটি তার টাকা এবং তার সাথে আরও বিশটি (২০) টাকা দেয়। আমি খান সেনাকে ছেড়ে দিয়ে দৌড় দিয়ে প্রাণ বাঁচাই। এই রকম ভাবে আমি তিনবার খান সেনাদের হাতে নির্যাতিত হই। প্রত্যেক বারই আমি সাহস ও তীক্ষ্ম বুদ্ধির পরিচয় দিয়ে রেহাই পাই।

স্বাক্ষর/-
মোঃ আজাদুর রহমান মণ্ডল
ইং ২৪/৯/৭৩

\ ৬৬ \

মোঃ জজবর রহমান
(স্টেশন মাষ্টার)
জয়পুরহাট রেলষ্টেশন, জেলা- বগুড়া

হানাদার বাহিনী ২৪শে এপ্রিল শনিবার রাত্রিতে জয়পুরহাট চলে আসে। আসার সময় রেলষ্টেশনের অনতিদূরে একটি রেল সেতুর কাছে গুলি করে ৩ জন নিরীহ জনসাধারণকে হত্যা করে। ইতিপূর্বে আমার স্ত্রী ও ছেলেমেয়েকে জয়পুরহাট থেকে তিন মাইল দূরে এক গ্রামে রেখে আসি। প্রত্যেক দিন ঐ গ্রাম থেকে সকালে ষ্টেশনে আসতাম এবং সন্ধ্যায় ফিরে যেতাম।

খান সেনাদের আগমনের সাথে সাথে আমি জীবনের ভয়ে কাজ ফেলে দূরে গিয়ে পালাতে বাধ্য হই। আর অফিসে আসিনি। খান সেনারা এখানে এসে স্কুল কলেজ এবং সরকারী বেসরকারী অফিস আদালত খোলার ব্যবস্থা করে। ষ্টেশন মাস্টার সাহেবের খোঁজ করতে থাকে। বহু গুপ্তচরকে আমার পিছনে লাগিয়ে দেয়। স্থানীয় এক বুকিং ক্লার্ক (অবাঙ্গালী) আমার তল্লাশী চালায়। শেষ পর্যন্ত তারা আমাকে ধরতে না পেরে এই মর্মে চিঠি লিখে পাঠায় যে, যদি আমি নিজ কার্যে যোগদান না করি, তবে ছেলেমেয়ে ও স্ত্রীকে ধরে এনে হত্যা করা হবে। সত্য সত্যই কয়েকদিন পর সেই অবাঙ্গালী বুকিং ক্লার্ক এবং আরও কয়েকজন অবাঙ্গালী খোলা তলোয়ার হাতে আমার বাড়ীতে গিয়ে উপস্থিত হয়। উপায় না দেখে আমি ধরা দিতে বাধ্য হই। অতঃপর মহকুমা প্রশাসক কার্যে যোগদান করেছেন কিনা তা জানার উদ্দেশ্যে তাদের সাথে তার কাছে যাই। মহকুমা প্রশাসক আমাকে কাযে যোগদান করতে আদেশ দেন। আমি মেজরের সাথে দেখা করি। দেখা করার সময় একজন পাঞ্জাবী আমাকে অকথ্য ভাষায় গালি দেয়। মেজর কার্যে যোগদান করার জন্য আদেশ দেন। অতঃপর অফিসে চলে আসি। অফিসে আসার পথে প্লাটফরমে একজন পাক সেনা আমাকে দরে পকেট থেকে টাকা-পয়সা নিতে চেষ্ট করে। উল্লেখ করা যেতে পারে যে, অফিসের বেশকিছু টাকা খান সেনাদের ভয়ে সরিয়ে ফেলেছিলাম। খান সেনাটি আর কিছু না বলে ছেড়ে দেয়। দিনের পর দিন খান সেনারা অত্যাচার আর গণহত্যা চালাতে থাকে। পূর্ব উল্লেখিত খান সেনার সাথে আমার বেশ বন্ধুত্ব জমে উঠে। ঐ খান সেনার সহযোগিতায় আমি বহু নিরীহ লোকজনকে শত্রুর হাত থেকে রক্ষা করি। অত্র এলাকায় ঘাঁটি করে থাকাকালীন খান পশুরা অসংখ্য লোক জনকে হত্যা করে। খান সেনারা অবাঙ্গালীও ধরে আনে রেল মিস্ত্রীর সাহায্যে। রেললাইন মেরামত করে স্বাধীনতা পূর্ব পর্যন্ত শান্তাহার থেকে পার্বতীপুর পর্যন্ত রেল যোগাযোগ করে। এরপর ভারতীয় মিত্র বাহিনীর প্রবল আক্রমণে বাংলাদেশ মুক্ত হয়ে যায়। সঙ্গে সঙ্গে জয়পুরহাটও মুক্ত হয়ে যায়।

স্বাক্ষর/-
মোঃ জজবর রহমান
১১/১০/৭৩

\ ৬৭ \

মোঃ আবুল কাসেম
থানা- গাবতলী
জেলা-বগুড়া

২৬শে মার্চের পূর্বে আমি আওয়ামী লীগের কর্মী ছিলাম। ২৬শে মার্চের পর অত্র গাছিডাঙ্গা মৌজার সংগ্রাম পরিষদের আমি সদস্য ছিলাম। পাক হানাদার বাহিনী ভুরুঙ্গামারী থানা দখলের প্রায় ২ মাস পর একদিন আমাদের গ্রামে আসে। তারা সংখ্যায় ৫০ জন ছিল। হানাদার সৈন্যরা গ্রামে ঢোকার সঙ্গে সঙ্গে আমি গ্রামের মেয়েছেলেদের আমার বাড়ীর পিছনে একটি বড় বাঁশঝাড়ের জঙ্গলে আশ্রয়ের ব্যবস্থা করি। প্রাণভয়ে আমার ভ্রাতুষ্পুত্র মোঃ আব্দুর রহমান নিকটে একটি বাঁশের ঝোঁপে বাঁশের আগায় উঠে আত্মগোপন করে। হানাদাররা আব্দুর রহমানকে দেখে ফেলে এবং তাকে বাঁশ গাছ থেকে নামিয়ে এনে মারপিট শুরু করে। তাকে রাইফেলের বাঁট, কিল, ঘুষি এবং জুতা দ্বারা আঘাত ও নির্যাতন করে। অতঃপর আমার বাড়ীতে বিভিন্ন ঘর অনুসন্ধান করে মেয়েছেলেদের দেখতে না পেয়ে তারা বাড়ীর পিছনে বাঁশঝাঁড়ে আত্মগোপনকারী মেয়েছেলেদেরকে খোঁজ করতে থাকে। তাদের খোঁজ করে না পেয়ে হানাদাররা রাইফেলের ফাঁকা আওয়াজ করলে মেয়েছেলেরা চীৎকার করতে থাকে এবং বাঁশঝাড় থেকে বেরিয়ে পালাতে থাকলে পাক সৈন্যরা তাদের পিছনে ধাওয়া করে। আমি এ অবস্থায় থাকতে না পেরে পাক সৈন্যদের কাছে ছুটে যাই এবং মেয়েছেলেদের উপর নির্যাতন না করার জন্য কঠোর প্রতিবাদ করি। এসময় হানাদরদের কয়েকজন মেয়েছেলেদের পিছনে ধাওয়া করতে থাকে এবং অপর কয়েকজন আমার উপর মারপিট শুরু করে। পাক ফৌজ কর্তৃক প্রহৃত হওয়াকালীন আমার দুইজন আত্মীয়া মোছাম্মৎ আছিয়া খাতুন (চাচাতো বোন, বয়স ২৫ বৎসর) এবং মোছাম্মৎ মজিরন নেছা (ভাগনে বউ, বয়স ২৭ বৎসর) আমার দিকে ছুটেআসলে পাক হানাদাররা তাদেরকে ধাওয়া করে আমার বাড়ীতে ঢুকে পড়ে। আমিও তাদের পিছনে পিছনে বাড়ীতে ঢুকে পড়লে তারা পুনরায় আমার উপর কিল, ঘুষি, রাইফেলের বাঁট এবং জুতার আঘাত প্রভৃতি নির্যাতন করতে থাকে। আমি তখন সরাসরি তাদের সঙ্গে হাতাহাতি সংঘর্ষে অবতীর্ণ হই। এই সময় আমার চাচাতো বোন এবং ভাগনে বউ পালাতে সক্ষম হয়ে ঘরে আশ্রয় নেয়। কিছুক্ষণ ধস্তাধস্তি করার পর আমাকে মুমূর্ষূ অবস্থায় রেখে হানাদার দস্যুরা ঘরে ঢুকে। দেশ স্বাধীন হওয়ার পরও অনেক চিকিৎসা করা সত্ত্বেও বর্তমানে অত্যন্ত দুর্বল অবস্থায় দিন যাপন করছি।

স্বাক্ষর/-
মোঃ তালেব আলী মুন্সী
১৯/৪/৭৩

\ ৮৪ \

নারায়ন প্রসাদ
সৈয়দপুর বাজার
জেলা-রংপুর

২৭ শে মার্চ আমার বাবাকে বাড়ী থেকে ধরে কারফিউ চলাকালে সকাল বেলা একটি সামরিক জীপে করে ৪ জন সামরিক লোক এবং ২ জন স্থানীয় অবাঙ্গালী অস্ত্রসহ এসে নক করে। দরজা খুললে তারা বাড়ীতে ঢুকে সিন্দুক খুলে সমস্ত সোনাদানা, টাকা-পয়সা নেয় এবং বাড়ীতে অথবা দোকানে ওয়্যারলেস আছে বলে অভিযোগ করে। তাদের অভিযোগের সত্যতা প্রমাণের জন্য দোকান খুলেও দেখান হয়। পরিশেষে আমাকে একটি লাথি মেরে ফেলে দিয়ে আমার বাবাকে জীপে করে ক্যান্টনমেন্টে নিয়ে যায়।

৯ই এপ্রিল বেলা সাড়ে এগারটার দিকে জনৈক অবঙ্গালী এসে আমাকে টেলিগ্রাফ অফিসে সামরিক কর্তৃপক্ষ ডাকছে বলে জানায়। সাথে আমার ছোট ভাইকেও নেবার নির্দেশ দেয়। ধৃত অবস্থায় আমার ছোট ভাই এবং আমাদেরই ভাড়াটে একজন স্বর্ণকারকে উল্লিখিত স্থানে জনৈক মেজরের কাছে নিয়ে যাওয়া হয়। নাম-ধাম জিজ্ঞাসা করার পর মেজর আমাদেরকে বন্দি করার নির্দেশ দেয়। তারপর থানায় নেয়া হয়। সেখানে কিছুক্ষণ পর ঐ টেলিগ্রাফ অফিসের সুপারিনটেনডেন্ট (টিএণ্ডটি) হাতিম আলী খালিফাকে ধরে আনে। রেলওয়ে ওয়ার্কশপ থেকে শ্রমিক ও চার্জম্যানসহ কিছু লোককে ধরে আনে। সর্বমোট ২৪-২৫ জনকে একত্রে বন্ধ ওয়াগনে করে কড়া সমারিক পাহারায় ক্যান্টনমেন্টে নেয়া হয়। ক্যান্টনমেন্টে নামানোর সাথে সাথে সকলের এক হাত করে বেঁধে দাউন গেঁথে স্থানীয় অবাঙ্গালী ও পাক সৈন্যরা বেদম প্রহার করা শুরু করে। বেল্ট, বেত, লাথি, চড়, কিল, ঘুষি এবং রাইফেলের বাঁট, বৈদ্যুতিক তার দিয়ে প্রহার করতে থাকে এবং বলতে থাকে ''আচ্ছা চিজ মিলা''। মারের পর্ব শেষ হলে ক্যান্টনমেন্টের ভিতরে ছোট ছোট ঘরে ১০-১২ জনকে একই ঘরে ঢুকায়।

তারপর সকলকে আবার বারান্দায় বের করে দেয়ালের দিকে মুখ করে হাত দেয়ালের সাথে ফাঁক করে রেখে দাঁড় করায় এবং ঐ অবস্থায় ওয়াপদার মোটা বৈদ্যুতিক তার দিয়ে প্রহার করতে থাকে। এ অবস্থায় অত্যাচার চলার পর প্রাচীরের সাথে যে বাঁশ টাঙ্গানো ছিল সে বাঁশের সাথে কোমরে দড়ি বেঁধে উল্টো অবস্থায় টাঙ্গিয়ে দেয় এবং পিঠে প্রহার করতে থাকে। প্রহারের ফলে অজ্ঞান হলে অথবা অজ্ঞান হবার উপক্রম হলে ছেড়ে দেয়।

এ সময় টিএণ্ডটি ডিপার্টমেন্টের ঐ ভদ্রলোকে জিজ্ঞাসাবাদ করে যে, এখানে আমার কে কে আছে। আমি আত্মীয়দের সাথে আমার যুবতী মেয়ের কথাও বলি। তখন ঐ পশুরা বলে যে তোমার সেই ১৫-১৬ বছরের মেয়েকে এখনই এখানে নিয়ে আসা হচেছ এবং এদের সামনে তোমাকে তোমার মেয়ের সাথে 'সহবাস' করতে হবে। অস্বীকৃতি জানালে আমার উপর এ ব্যাপারে সবচেয়ে বেশী অত্যাচার করে। শরীরের বিভিন্ন অংশ থেকে দরবিগলিত ধারায় রক্ত ঝরতে থাকে। সন্ধ্যা পর্যন্ত ঐখানেই সকলে ছিলাম। যে আসত সে-ই মারত এবং কাফের লোক কো খতম করো বলে গাল দিত। এ সময় কয়েকজন দাড়িওয়ালাকে জিজ্ঞাসা করে যে, তোমরা মুসলমান কি না এবং নামাজ পড় কিনা? হ্যাঁ-বাচক উত্তর দিলে তাদেরকে কলেমা পড়তে বলে। কলেমা পড়তে থাকলে তাদেরকে ধমক দিয়ে থামিয়ে দেয় এবং বলে যে, 'তোম লোগ কাফের হ্যায়, তুম ঝুটা বলতা হ্যায়।'

সন্ধ্যার পর একটি ঘরে সকলকে বসায় এবং শুকনো রুটি ও ডাল এনে দেয়। খাওয়ার পর মুসলমানেরা নামাজ পড়তে চাইলে তাদেরকে মসজিদে না যেতে দিয়ে সেখানেই নামাজ পড়তে নির্দেশ দেয়। নামাজ পড়া যেই শেষ হয়েছে, অমনি জনৈক কোয়ার্টার মাষ্টার বেত হাতে এসে প্রহার শুরু করে। তোম লোগ নামাজ পড়তা হ্যায়। তোম লোগ বাঙ্গালী মুসলামান, তোম লোগ কাফের হ্যায়।

সেখান থেকে অতঃপর আর এক জায়গায় নিয়ে যাওয়া হয়। সেখানে অনেকগুলো বেঙ্গল রেজিমেন্টের লোক বন্দি অবস্থায় ছিল। সেখানে দরজা খুলে সকলকে ঢুকিয়ে দেয়। সেখানে বেঙ্গল রেজিমেন্টের লোকদের মুখে জানতে পারি যে, তারা সীমান্তবর্তী এলাকায় ছিলেন। ডিউটি অন্যত্র দেয়া হবে নিয়ে এসে বন্দি করে। তারা সংখ্যায় প্রায় ৫০-৬০ জন ছিলেন। ঘন্টাখানেক পর উল্লিখিত কোয়ার্টার মাষ্টার দরজা খুলে সিভিলিয়ানদের বেরিয়ে আসতে নির্দেশ দেয় এবং বেরিয়ে আসলে অন্য আর একটি ছোট ঘরে নিয়ে যায়। ঘরের সমস্ত দরজা জানালা বন্ধ ছিল এবং ঘরের ভিতর কোন আলো ছিল না। কেউ যেন না বসে এমন নির্দেশ দিয়ে সে চলে যায়। তার কিছুক্ষণ পর ঐ একই ব্যক্তি এক এক করে ঘরের বাইরে ডেকে নেয় এবং আমার প্রতি অকথ্য অত্যাচার করতে থাকে। যখন আমার পালা আসে তখন আমাকে জিজ্ঞাসা করা হয় যে, শহরের কে কে বাংলাদেশের পতাকা তুলেছিল, কে কে মুজিব ত্রাণ ফাণ্ডে চাঁদা দিয়েছে এবং কে কে নেতা?

পরদিন সকালে আমাদের দিয়ে একটি পুকুরের বাঁশ উঠিয়ে নেয়া হয় এবং মাঠের ঘাস পরিষ্কার করে নেয়া হয়। তারপর অপর একজন এসে আমাদেরকে বন্দি করতে নির্দেশ দেয়। তখন আমার পূর্বে ধৃত আমার বাবার খবর জানতে চাইলে তাদের সকলকে যে ঘরে আমার বাবা এবং স্থানীয় এমসিএ জিকরুল হকসহ ১৫-১৬ জন বন্দি ছিলেন সেখানে বন্দি করে রাখে।

কিছুক্ষণ পরে মেজর জাভেদ এসে সকলকে একদিক থেকে ঐ ঘরেই প্রহার করে। ডাঃ জিকরুল হককে প্রহার করার সময় সে বলে 'ডঃ জিকরুল তোম বলতা হ্যায় মিলিটারী ফাঁকা ফায়ার করতা হ্যায়। তোম হিয়াসে মব লাগাতা হ্যায় ? বানচোত, তোম সবকো গুলি কর দিয়ে গা।' তারপর ক্যাপ্টেন বখতিয়ার লাল আসে এবং একই প্রক্রিয়ায় অত্যাচার করে।

পরদিন সন্ধ্যায় ক্যাপ্টেন গুল এসে তার মাথার শিরোস্ত্রাণ খুলে তা দিয়ে সকলকে প্রহার করে। মারের চোটে কেউ চীৎকার করতে চাইলে সে বলতে চীৎকার মাৎ কারো। এদিন ডাক্তার সাহেবকে বেশী অত্যাচার করে ও অকথ্য এবং অশ্রাব্য ভাষায় গালাগালি করে। তাকে লাথি দিয়ে বাইরে ফেলে দেয় এবং সেখানে তার প্রতি গুল ও অন্যান্য মিলিটারীর হৃদয়হীনভাবে অত্যাচার করে। এতে তার চশমা ভেঙ্গে যায়; মাথা ফেটে যায় এবং শরীরের বিভিন্ন স্থান থেকে রক্ত ঝরতে থাকে। অতঃপর তার মাথা ব্যাণ্ডেজ করে লাথি মেরে ঘরে ঢুকিয়ে দেয়।

ডাক্তার সাহেব ঘরে ঢুকলে সকলে কান্নায় ভেঙ্গে পড়েন। ডাক্তার সাহেব সকলকে উদ্দেশ্য করে বলেছিলেন, ওরা অত্যাচার করুক না। আর না হয় কাল দিন আসবে, বাংলাদেশ স্বাধীন হবে।

১২ তারিখ সকালে সেন্ট্রি এসে জানায় যে, আপনাদের যা খাবার খেয়ে নেবেন, আপনাদের আজ কোথাও যেতে হবে। ১২টার দিকে দরজা খুলে বাইরে বেরোলেই উল্লিখিত কোয়ার্টার মাষ্টার সকলকে একটি দুটি করে লাথি মেরে ট্রাকে উঠতে নির্দেশ দেয়। ট্রাকে উঠলে তিনজন করে একত্রে পেছনে শক্ত করে হাত বেঁধে দেয়। তিনটি ট্রাকে বেঙ্গল রেজিমেন্টর লোকসহ প্রায় ১৫০ জনকে উঠায়। ট্রাক রংপুরের রাস্তা ধরে আস্তে আস্তে যাচ্ছিল। যাবার পথে পাহারারত সামরিক লোকেরা বেল্ট দিয়ে, রাইফেলের বাঁটি দিয়ে অথবা বুট দিয়ে খুচিঁয়ে অত্যাচার চালাতে থাকে। শেষাবধি রংপুর ক্যান্টনমেন্টে নিয়ে যায়। সেখানে পৌঁছার পরই সকলের উপর অকথ্য অত্যাচার করে। তারপর অফিসার এসে নামের তালিকা বের করে সকলের নাম মিলিয়ে নেয়। তারপর রংপুর উপশহরের দিকে অফিসাররা জীপে যাত্রা করে এবং পিছনে পিছনে ট্রাকগুলোও যেতে থাকে। উপশহরের পাশে বালি তোলা খাদের কাছে নিয়ে গিয়ে গাড়ি দাঁড় করায় এবং সেখানে প্রথমে বেঙ্গল রেজিমেন্টের লোকদের ৬ জন ৬জন করে নিয়ে গুলি করে হত্যা করে। তারপর সিভিলিয়ানদের এক একজন করে পাশাপাশি একবারে ছয়জন করে দাঁড় করায়। তাদের সামনে খুব নিকটে ছয়জন বন্দুকধারী সিপাই থাকে এবং পাশে জোড়া লাগানো কালো প্যান্ট-শার্ট পরিহিত একজন সিপাই। দাঁড় করিয়ে দেয়া হলে ঐ কালো কাপড় পরিহিত লোক বলল 'সিঙ্গল ফায়ার' বলে রাইফেল উপরে তুলে গুলি করত আর গুলি কারার সাথে বলত 'স্টার্ট ফায়ার'। সাথে সাথে উল্লিখিতি ছ'জন ছ'জনকে দাঁড় করানো হতো।

আমি ও আমার ছোট ভাই কমলাপ্রসাদ ঐরূপ তৃতীয় গ্রুপে ছিলাম। আমরা নিজেদের কিছু সলাপরামর্শ করে গুলি করার পূর্বমুহূর্তেই ইচ্ছাকৃতভাবে পড়ে যাই। ফলে গুলি লক্ষ্যভেদ হয়ে আমার হিপে (উরুর উপরে) এবং আমার ছোট ভাইয়ের হাঁটুর উপরে উরুতে লাগে। আমরা মরার ভান করে পড়ে থাকি এবং সমস্ত লক্ষ্য করতে থাকি।

এ হত্যাযজ্ঞের মাঝামাঝি সময়ে ডাঃ জিকরুল হককে একাই দাঁড় করায় এবং জিজ্ঞাসা করে যে, 'এ্যাই তোমহারা জিন্দেগী আওর মউত কো স্যোয়াল হ্যায়। হাম জানতা হ্যায় তোমস্যে মুজিবরস্য ফোন মে বাত হোয়া।' তিনি উত্তর দিলেন আমি মরার সময় মিথ্যা কথা বলে গোনাহগার হব না। আর এ কথা বলার সাথে সাথে তাকে গুলি করে। সঙ্গে সঙ্গে তিনি পড়ে যান এবং বলেন 'আল্লাহ তোমার এখানে বিচার নেই, বিচার কর।' এটাই তার শেষ কথা। শেষের দিকে স্থানীয় প্রভাবশালী ডাঃ শামশুল হককেও ঐ একা দাঁড় করিয়ে হত্যা করে।

এ অবস্থায় সকলকে হত্যা করতে প্রায় সন্ধ্যা ঘনিয়ে অন্ধকার হয়ে যায়। এবং আকাশ মেঘাচ্ছন্ন হয়ে পড়ে ও মেঘ ডাকতে থাকে। হত্যাপর্ব শেষ হলে সকল মৃত ব্যক্তিকে ৫-৭ জনে পা ধরে টেনে উল্লিখিত খাদে ফেলে দেয় এবং আর ১০-১২ জনে উপর থেকে মাটিচাপা দিচ্ছিল। সে সময় অনেকে জীবিত ছিল। তারা গগনবিদারী করুণ চীৎকার করে আর্তনাদ করছিল। কেউ বা শেষবারের মত এক গ্লাস পানি পান করতে চাইছিল। আবার কেউ বা এ যন্ত্রণা থেকে মুক্তি পাবার জন্য আর একটা গুলি ভিক্ষা করছিল।

মাটি চাপা দিতে দিতে ভীষণ বৃষ্টি শুরু হয়। ফলে তারা আমার শরীরের অর্ধাংশ মাটি চাপা দিয়েই পরবর্তী সময়ে মাটি চাপা দেয়া হবে বলে চলে যায়।

ওরা চলে যাবার পর আমি ঐ গর্ত থেকে একজনকে উঠে দৌড়ে পালাতে দেখি। সে সময় আমার ভাই উক্ত পলায়নরত ব্যাক্তিকে লক্ষ্য করে বলে যে মিঠু আমাকে বাঁচা। আমার কেউ নেই এখানে। কিন্তু ঐ ব্যাক্তি শুনতে না পেয়ে চলে যায়।

এদিকে আমি যেখানে ছিলাম সেখান থেকে উঠবার চেষ্টা করছিলাম। আমার নড়াচড়াতে আমার দেহের উপর থেকে বেশ ক'টি লাশ গড়িয়ে পড়ে যায়। সে সময় আমার পাশেই এক বেঙ্গল রেজিমেন্টের লোক জীবিত ছিলেন। তার একটি হাত ছিল না। তিনি আমাকে পালিয়ে যেতে বলেন এবং অপর হাত দিয়ে আমার হাতের বাঁধন খুলে দেয়ার শেষ চেষ্ট করেন; কিন্তু তিনি তা পারেন না। কারণ তার হাত অবশ হয়ে যাওয়ায় তা সামনে আসেনি। আমি নিজে নিজে বহু চেষ্টা করে হাতের বাঁধন খুলে ফেলি এবং আমার ভাইকে সাথে করে নিয়ে গর্তের উপরে উঠতে চেষ্ট করি। উপরে ওঠার পর হঠাৎ পা পিছলে নিচে পড়ে যাই। গর্ত থেকে আমি ভাইকে গ্রামে আশ্রয় নেবার নির্দেশ দেই।

গর্ত থেকে উঠে আমার ভাইকে আর পাই না। অতি কষ্টে কিছু দূরের গ্রাম একটি বাড়ীতে আশ্রয় নেই। সেখানে থাকা নিরাপদ নয় ভেবে আরও দূরে এক গ্রামে গিয়ে আশ্রয় নেই। উক্ত গ্রামের জনৈক মহিউদ্দিনের আন্তরিক সেবা-যত্নে কিছুটা সুস্থ হই। তারপর সেখান থেকে উক্ত ব্যাক্তির সাহায্যে প্রথমে তার এক আত্মীয়ের বাড়ী এবং পরবর্তীকালে জলঢাকা (নীলফামারী) যাই এবং সেখান থেকে মুক্তিবাহিনীর গাড়িতে করে ভারতের জলপাইগুড়ি পৌঁছি।

অপর পক্ষে আমার ভাই উক্ত ব্যাক্তির অক্লান্ত সেবা-যত্নের ফলে সুস্থ হয়ে ওঠে। রংপুর হাসপাতালে চিকিৎসার পর তাকেও ভারতে পাঠানো হয়।

এখানে উল্লেখযোগ্য যে, উক্ত গর্ত থেকে সেদিন মাত্র চার ব্যক্তি প্রাণে বেঁচে গিয়েছিল।

স্বাক্ষর/-
নারায়ণ প্রসাদ

\ ৮৫ \

মোঃ মনোয়ার হোসেন
গ্রাম- মোল্লাপাড়া
পোঃ কুড়িগ্রাম
জেলাঃ রংপুর

পাক হানাদার সৈন্যরা ১৯৭১ সনের এপ্রিল মাসের প্রথম সপ্তাহে ট্রেনযোগে কুড়িগ্রাম নতুন শহরের (খলিলগঞ্জ) ষ্টেশনে পৌঁছে। ষ্টেশনে পৌঁছেই প্রথমে তারা ষ্টেশনের পশ্চিম দিকের জনসাধারণের পরিত্যক্ত বাড়ীগুলোতে আগুন লাগিয়ে ভস্মীভূত করে। এরপর হানাদার সৈন্যরা খলিলগঞ্জ বন্দরে ঢুকে পড়ে। ঐ সময় খলিলগঞ্জের ছফর উদ্দিন (এ্যালোপ্যাথ) ডাক্তার বাসাই ছিলেন। বন্দরসংলগ্ন তার বাসগৃহ ছিল। পাক সৈন্যরা বন্দরে ঢুকে পড়ায় তিনি নিরাপত্তার জন্য বাসার পেছনে একটি খালে আত্মগোপন করেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে পাক সৈন্যরা তাকে দেখে ফেলে এবং গুলি করে হত্যা করে। এ দিন বন্দরের আরো তিনজন লোককে হানাদার সৈন্যরা গুলি করে হত্যা করে। এ ঘটনার পূর্বদিন আমি ঘোষপাড়ার চায়ের দোকানে ছিলাম। পাক সৈন্যরা খলিলগঞ্জ উক্ত চারজন লোককে হত্যা করে সেদিনই ট্রেনযোগে তিস্তা চলে যায়।

হতভাগ্য চারজনকে খান সেনারা বন্দরসংলগ্ন দিঘীর পাড়ে একত্র করে মেশিনগানের গুলিতে হত্যা করে। কয়েক দিন পর হানাদার সৈন্যরা ট্রেনযোগে কুড়িগ্রাম নতুন শহরে প্রবেশ করে এবং জেলখানায় প্রহরারত পাঁচজন পুলিশকে হত্যা করে দ্রুত চলে যায়।

বুড়ির মেলা বাজারের কাছে একটি উঁচু স্থানে খান সেনারা নিরপরাধ বাঙ্গালীদেরকে গুলি করে হত্যা করে এবং তাদেরকে শূন্যে নিক্ষেপ করে বেয়নেট দিয়ে গাঁথে।

কুড়িগ্রাম পুরাতন শহরের রিভারভিউ স্কুলের কাছ দিয়ে সন্তর্পণে হেঁটে ধরলা নদী অতিক্রমের সময় হঠাৎ হানাদার বাহিনীর মর্টারের গুলি পায়ে, হাঁটুতে এবং পিছন দিকে কোমরে লেগে আমি আহত হই। সঙ্গী সশস্ত্র তিনজন বাঙ্গালী ইপিআর আমাকে নদীর তীরে চানমারীতে অপেক্ষা করতে বলে দ্রুত শহরের ভেতরে ঢুকে পড়ে। ধরলা নদীর খেয়া তখন বন্ধ ছিল। চানমারীর কাছে একটি বাঙ্কারে আমি ঢুকে পড়ি এবং ক্রমেই আমার অবস্থার গুরুতর অবনতি ঘটে। বাঙ্গালী ইপিআর তিনটি আর পুনঃ আমাকে খোঁজ করতে আসেনি।

গুরুতর আহত অবস্থায় আমি উক্ত বাঙ্কারে ১১ দিন অনাহারে ছিলাম। হানাদার বাহিনী সমগ্র কুড়িগ্রাম দখল করে। এই এগার দিন আমি দৃঢ়তার সঙ্গে অতিবাহিত করি। কখনো জ্ঞান হারাইনি। ১২ দিন পর ৩ জন খান সেনা ৩ জন দালালসহ উক্ত স্থান অতিক্রমের সময় আমাকে দেখে ফেলে। খান সেনারা আমাকে কুড়িগ্রাম ডাক বাংলোয় নিয়ে যায়। ডাক বাংলোর দিকে যাবার পথে বর্তমান ইউনিয়ন কাউন্সিলের কাছে কুড়িগ্রাম রেলওয়ে অফিসের এক বৃদ্ধ দারোয়ানকে বিহারী নেয়ামত কসাই জবাই করছে দেখতে পাই। এ দৃশ্য আমার নিকট ছিল পৈশাচিক।

ডাক বাংলোয় পৌঁছে আমি ডাক বাংলোর কাছে স্যানিটারী অফিসের বারান্দায় ৮ জন লোককে চোখ ও পেছনে হাত বেঁধে কোমরে দড়ি লাগিয়ে বারান্দায় খামে দাঁড়ানো অবস্থায় বেঁধে রাখতে দেখি। ডাক বাংলোয় খান সেনারা অবস্থান করতো। আমি পৌঁছামাত্র আমার চোখ, পেছন দিকে হাত বেঁধে দড়ি লাগিয়ে অপর একটি খামে বাঁধা হয়। বারান্দায় বেঁধে রাখা সবাইকে মেজর গুলি করে হত্যার নির্দেশ দিয়েছিল। পরদিন ভোরে আনুমানিক সকাল আটটার দিকে নেয়ামত কসাই আসে এবং সবাইকে জবাই করবে বলে জানায়। নেয়ামত কসাই এক একটি জবাইয়ের বিনিময়ে ৬০ (ষাট) টাকা পায় বলে জানায়। বেঁধে রাখা ব্যক্তিদেরকে মেজরের নির্দেশে বিকাল পাঁচটার সময় গুলি করে হত্যা করা হবে জানলে নেয়ামত কসাই চলে যায়। বিকাল ৫ টায় ২ জন

খান সেনা সবাইকে চোখ ও হাত বাঁধা অবস্থায় ধরলা নদীর তীরে চানমারীর পেছনে আমাকেসহ হতভাগ্য ১১ জনকে নিয়ে আসে। বাঁশঝাড়ের ভিতর দিয়ে চানমারীর পেছনে যাবার সময় অসংখ্য মৃত লাশ আমার পায়ে লাগছিল। চানমারীর পেছনে সাবইকে লাইন করানো হয় এবং সাবাইকে বুকটান দিয়ে দাঁড়াতে বলা হয়। এক এবং দুই গোনার সঙ্গে সঙ্গে আমি পেছন দিকে হেলে পড়ি। সঙ্গে সঙ্গে মেশিনগানের গুলি বর্ষিত হয় আমি তৎক্ষণাৎ মাটিতে শুয়ে পড়ে নিঃশ্বাস রুদ্ধ করে মৃতবৎ পড়ে থাকি। পাঞ্জাবীরা সবাইকে মৃত ভেবে চলে যায়। আমার তন্দ্রা কেটে গেলে বুঝতে পারি সৌভাগ্যক্রমে গুলিতে আহত হইনি। তবু আমি ভয়ে ৪-৫ ঘন্টা মৃতবৎ পড়ে থাকি। চারদিকে একই সঙ্গে কুকুর এবং শৃগালের তুমুল কোলাহল চলছিল। রাত্র ১২টার দিকে হঠাৎ দড়িতে টান পড়লে আমি জ্ঞন ফিরে পেয়ে উঠে বসি, কে দড়ি টানছে। জিজ্ঞাসা করলে অপর প্রান্ত থেকে একজন জীবন্ত ব্যক্তির কণ্ঠস্বর ভেসে আসে। তার বাড়ী রংপুর জেলার গাইবান্ধা বলে জানায়। তার গায়ে গুলি লাগেনি বলে সে জানায়। অতঃপর উভয়ে হামাগুড়ি দিয়ে পরষ্পরের সম্মুখীন হই এবং পরষ্পরের হাতে বাঁধন খুলে দিতে সাহায্য করি । উভয়ে মুক্ত হবার পর চোখের বাঁধন খুলি এবং চারদিকে তাকিয়ে কমপক্ষে ৪শত লাশ দেখতে পাই শৃগালগুলো চারপাশে ছোটাছুটি করছিল। উভয়ের নদীর তীরে উপস্থিত হই। গাইবান্ধার লোকটি সাঁতার দিতে অক্ষমতা প্রকাশ করেন। অতঃপর আমি তার হাত ধরে গা ভাসিয়ে দেই। নদীতে কয়েকবার লোকটি আমার হাত থেকে বিচ্ছিন্ন হয়েছিল কিন্তু অতি কষ্টে পরস্পর পরস্পরকে ধরে রেখে নদী পার হতে সক্ষম হই। তীরে পৌঁছতেই ভোর হয়ে আসে। উভয়েই ভারতে আশ্রয় গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করি এবং ভারতের পশ্চিম বাংলার চৌধুরী হাটে প্রবেশ করি।

স্বাক্ষর/-
মোঃ মনোয়ার হোসেন
৩০/০৭/৭৩

\ ৮৬ \

ডাঃ আব্দুল করিম আহমদ
গ্রাম- সাপটানা
লালমনিরহাট, রংপুর

৪ঠা এপ্রিল ১৯৭১, হানাদার বাহিনীর লালমনিরহাট প্রবেশের পূর্ব পর্যন্ত লালমনিরহাট বাসভবনে ছিলাম। হানাদার বাহিনী প্রবেশের সঙ্গে সঙ্গে আমি পূর্বদরজা গ্রামের বাড়ীতে আশ্রয় গ্রহণ করি। কয়েক দিন পর গোপনে আমি আমার পরিত্যক্ত বাসভবন এবং ডিসপেনসারী দেখতে আসি। লালমনিরহাট শহরের পথিমধ্যে আমি অবাঙ্গালীদের বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র দল দেখতে পাই। আমার বাসভবনে ঢোকার কিছুক্ষণ পর জনৈক ব্যক্তি আমাকে জানায় যে অবাঙ্গালীদের বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র দল দেখতে পাই। আমার বাসভবনে ঢোকার কিছুক্ষণ পর জনৈক ব্যক্তি আমাকে জানায় যে অবাঙ্গালীরা আমাকে মেরে ফেলার ষড়যন্ত্র করেছে। এ খবর পেয়ে আমি পূর্বদিক দিয়ে দ্রুত বের হই। অবাঙ্গালীরা খোঁজ নিয়ে আমার পিছু নিয়েছিল। ৭ই জুলাই আমি যখন আমার পূর্বদরজা গ্রাম বাসভবনে কার্যরত ছিলাম, তখন বহু হানাদার সৈন্য বিভিন্ন দলবদ্ধভাবে তিন দিক থেকে আমার বাসভবন ঘিরে আসছে দেখতে পাই। হানাদার বাহিনী স্থানীয় অবাঙ্গালীদের নিয়ে বাড়ী ঘিরে ফেলে এবং লুটতরাজ শুরু করে। যাবতীয় মূল্যবান সামগ্রী তারা নিয়ে নেয়। ইত্যবসরে অপর একটি দল এসে পড়ে। উক্ত দলে লারমনিরহাট থানার জনৈক জমিদার ছিল। এই জমিদারটি জানায় যে, আমি কেন এখনও গ্রেফতার হইনি এবং আমাকে পাকিস্তানী পতাকা প্রজ্বলন এবং আওয়ামী লীগের একজন লীডার বলে অভিযুক্ত করে। হানাদার সৈন্যরা সঙ্গে সঙ্গে আমাকে ধরে ফেলে এবং কিল, থাপ্পড়, ঘুষি, লাথি প্রভৃতি দ্বারা অবর্ণনীয় দৈহিক পীড়ন শুরু করে। অবাঙ্গলী চরেরা আমাকে গৃহ থেকে দুটি ভারতীয় তৈরী ঔষধ বের করে আনে। সেতুর কাছে অপর একদল সৈন্যের নিকট নিয়ে আসে। এখান থেকে লালমনিরহাটে ফোন করা হয়। কিছুক্ষণ পর দুটি কামরাসহ একটি রেল ইঞ্জিন সেখানে এলে হানাদার বাহিনীর কতিপয় লোক আমাকে লালমনিরহাটে নিয়ে আসে। এখান থেকে আমার চোখ বেঁধে এরোড্রাম ঘাঁটির নিকট হানাদার বাহিনীর ঘাঁটিতে আমাকে নিয়ে যাওয়া হয়। এখান থেকে শুরু হয় আমার উপর দৈহিক নির্যাতন। এখানে আরো বহু লোককে নিয়ে আসা হয়েছিল। এই ঘাঁটিতে ১৪ দিন বন্দি জীবনযাপন করি। এই সময় আমাকে দিয়ে আবর্জনা পরিষ্কার, মাঠের কাজ, কঠোর পরিশ্রমমূলক কাজ ইত্যাদি করিয়ে নেয়া হতো। তা ছাড়া চড়, কিল, ঘুষি, লাথি প্রভৃতি অতি সাধারণ ব্যাপার ছিল।

এরপর আমাকে স্থানীয় রেলওয়ে ট্রেনিং স্কুলে আনা হয়। সেখানে কয়েকটি হাজত কামরায় আরো ধৃত বাঙ্গালীদের দেখতে পাই। এখানেও আমাকে দৈহিক পীড়ন এবং কায়িক পরিশ্রমশীল কার্যে নিয়োগ করা হয়। এখানে অবস্থানকালে আমি দেখতে পাই বিভিন্ন স্থান থেকে নিরপরাধ বাঙ্গালীদের ধরে আনা হতো। বিহারীরা এদের উপর নানা প্রকার অশ্লীল মন্তব্য করতো। কখনো কখনো বিহারীরা ধৃত বাঙ্গালীদের উপর মিথ্যা অভিযোগ আনতো। সঙ্গে সঙ্গে বাঙ্গালীদের ধরে নিয়ে গিয়ে সেনাবাহিনী হত্যা করতো। এভাবে গণহত্যা ছিল নিত্যদিনের অতি সাধারণ ঘটনা।

স্বাক্ষর/-
ডাঃ আব্দুল করিম আহমদ

\৮৭\

মোঃ লুৎফর রহমান
গ্রাম- মুন্সিপাড়া
থানা ও জেলা- দিনাজপুর

জুলাই মাসের প্রথম দিকে ভারত হতে ফিরে আসার পরে লিলি সিনেমা হলের সামনে রাত্র ৮টার সময় ২ জন অবাঙ্গালী আবার আমাকে আটক করে। তারা বলে যে, তুমি মুক্তিযোদ্ধা, তোমার কাছে বোমা আছে, তুমি কতজন অবাঙ্গালীকে মেরেছ ইত্যাদি। তারা আমাকে মারতে মারতে তদানীন্তন সার্কিট তাউসে নিয়ে যায় এবং খান সেনাদের হাতে তুলে দেয়। খান সেনারা আমাকে প্রথমে জিজ্ঞাসা করে যে তুমি কি কাজ কর? তার উত্তরে বলি যে আমি 'পটকা' আতসবাজী তৈরী করি। আমার উত্তরে খান সেনারা পুনরায় জিজ্ঞাসা করে যে, পটকা কেয়া চিজ হ্যায়? উত্তরে আমি বলি যে, পটকা বিয়ের অনুষ্ঠানে ফুটানো হয় আমোদ-প্রমোদ করবার জন্য। কিন্তু খান সেনারা বলে যে তোম জুট বলতা হ্যায়, তোম 'বোম' বানাতা হ্যায়। এই বলে তারা ভীষণ মারধর আরম্ভ করে এবং সিগারেট খেয়ে জ্বলন্ত সিগারেট আমার শরীরে চেপে ধরে। ঐ সময় ছোট চাকুর আমার হাতের তালুর উপর ঢুকিয়ে দেয়। হাত পিছনে বাঁধা অবস্থায় একটা অন্ধকার কক্ষে বন্দি করে রাখে। এ অবস্থায় দুই দিন আটক রাখে। দ্বিতীয় দিনে আমাকে কিছু রুটি খেতে দেয়।

তৃতীয় দিনে আমাকে কোমরে রশি বেঁধে জেলখানায় নিয়ে আসে। আসার সময় তারা কিল, ঘুষি, লাথি, যে, যা পারে মারতে থাকে। জেলখানায় আসার পর আমাকে দুই হাতে রশি বেঁধে একটা ভিমের সঙ্গে ঝুলিয়ে দেয়। এই সময় আমাকে উলঙ্গ অবস্থায় রাখ হয়। ঝুলানো অবস্থায় হান্টার ও রাইফেলের বাঁট দিয়ে প্রহার করতে থাকে। প্রহার করার সময় আমাকে জিজ্ঞাসা করা হয় যে, মুক্তিযোদ্ধা কাহা হ্যাঁ, হাম লোক তোমাকে বোম দেগা তোম যাকে উলোকো মার ছাকেগা। উত্তরে বলি যে আমি যেতে পারব না। এতে আমার শাস্তি আরো দ্বিগুণ বাড়িয়ে দেয়। মারধর করার পরে আমাকে জেলখানাতেই বন্দি করে রাখে।

বলা প্রয়োজন যে, এই সময় একজন খান সেনা রাইফেলের বাঁট দিয়ে আমার মুখে আঘাত করে। ফলে আমার সামনের চারটা দাঁত ভেঙ্গে যায়। এই সময় আমার শারীরিক অবস্থা আশঙ্কাজনক মনে করে চিকিৎসার ব্যবস্থা করে। এই অবস্থায় আমাকে চার মাস জেলে আটক রাখে। দেশ স্বাধীন হওয়ার পর আমি জেল হতে বের হয়ে আসি।

স্বাক্ষর/-
লুৎফর রহমান

\ ৮৮ \

নুর মোহাম্মদ
দিনাজপুর কারাগারের সিপাই

সরকারী ও বেসরকারী কর্মচারীদের কাজে যোগদানের জন্য পাক সরকার যখন নির্দেশ দেয়, তখন আমি দারুন আর্থিক কষ্টের মধ্যে অজো পাড়াগাঁয়ে অবস্থান করেছিলাম। পেটের দায় বড় দায়। কাজেই উপায়ন্তর না দেখে আমি কাজে যোগদানের জন্য শহরে আসি এবং অন্যান্য সহকারীরা যোগদান করেছে কিনা দেখার জন্য জেলখানার সামনের গেট দিয়ে আসবার চেষ্টা করি। কিন্তু সেখানে কারো পোষাক পরিহিত পাঞ্জাবী পশু ও তাদের অনুগ্রহপুষ্ট পদলেহী অবাঙ্গালীরা পাহারা দিচ্ছিল। সাহসে না কুলানোর জন্য আমি পেছনের অপ্রশস্ত রাস্তা দিয়ে ঢুকবার চেষ্ট করি। আর সে সময়ই জনৈক অবাঙ্গালী জেল হেড ওয়ার্ডার হানিফ খান আমাকে ধরে ফেলে জেল গেটে নিয়ে এসে হাত বেঁধে অমানুষিকভাবে হৃদয়হীন পদ্ধতিতে প্রহার শুরু করে। কিল, ঘুষি ও বুট দিয়ে লাথি মারে। প্রহারের চোটে আমি যখন অত্যন্ত কাতর হই, তখন আমাকে কোতোয়ালি থানায় নিয়ে যায়। যাবার পথে আমাকে সমানে প্রহার করা হয়। রাস্তার মাঝে আমার নাক ও মুখ জুড়ে এমন এক ঘুষি মারে যাতে আমার নাক ফেটে দরবিগলিত ধারায় রক্তপাত শুরু হয়। সে অবস্থায় আমাকে যখন থানায় নেয়া হয় তখন ঐ পশুরা আমি তখনও পান চিবোচ্ছি বলে রহস্য করে এবং প্রহার করতে থাকে। সেখানে ঘন্টা খানেক ঐরূপে বিরতিহীনভাবে মারধর করার পর আমাকে ক্যান্টনমেন্টে খান সেনাদের হাতে সোপর্দ করে।

ক্যান্টনমেন্টে নেবার পর জেলখানর অবাঙ্গালী সিপাই যারা মুক্তিফৌজের হাতে নিহত হয়েছে, তাদের পরিবারে মহিলারা জবানবন্দি দেয় যে "ইয়ে শালা সতরা-আঠারো আওরতকো বেওয়া কিয়া। ইয়ে হামারা শওহরকো মারা, হামারা ভাইকো মারা।"

এ বক্তব্য শোনার পর পাক সৈন্যরা আমার উপর অমানুষিকভাবে প্রহার শুরু করে। আমাকে কেটে লবণ লাগিয়ে আস্তে আস্তে কষ্ট দিয়ে হত্যা করা হবে বলে হুমকি দেয়। তারা আমাকে নিয়ে ফুটবল খেলার মত বেশ কিছুক্ষণ খেলাও করে। এ সময় আমি জ্ঞান হারিয়ে ফেলি। অত্যাচারের এ পদ্ধতিতে তারা যখন তুষ্ট হয়ে যায়, তারপর আমাকে মেজর কামরুজ্জামানের নিকট নিয়ে যায়। সে জিজ্ঞাসাবাদ শুরু করে এবং বলে যে তুমি কতজন বিহারী মেরেছ? নেতিবাচক উত্তর দিলে আমার বাঁধন খুলে দিতে বলে এবং আমাকে, একজন ডাক্তার ও আর এক ব্যক্তিকে জীপে তুলে নিয়ে মেজর নিজে গাড়ি চালিয়ে জেলখানায় আসে। আমাকে আলাদা রুমে বন্ধ করে রাখার নির্দেশ দেয়। সেখানে দু মাস বন্দি থাকার পর একদিন চা খাবার নাম করে বাইরে এসে পালিয়ে যাই।

স্বাক্ষর/-
নূর মোহাম্মদ

\ ৮৯ \

মঈনুদ্দিন আহমদ
গ্রাম- আবদুলপুর
থানা- চিরিরবন্দর
জেলা-দিনাজপুর

১৪ই আগষ্ট তারিখে আমি যখন দিনাজপুরে গিয়েছিলাম তখন মাহরাজা স্কুলের সামনে খান সেনাদের ক্যাম্পের কাছে রাস্তায় আমাকে গ্রেফতার করে। প্রথমে ক্যাম্পে নিয়ে গিয়ে পাশবিক অত্যাচার করে। সেখানে বেদম প্রহার করে। রাইফেলের নল ও গাদা দিয়ে, বেত দিয়ে অমানুষিকভাবে অত্যাচার করে। অত্যাচারের নির্মমতায় আমি জ্ঞান হারিয়ে ফেলি। উল্লিখিত পদ্ধতিতে আমাকে বহুক্ষণ ধরে অত্যাচার করে। এ সময় শরীরের বিভিন্ন স্থানে রাইফেলের বাঁট দিয়ে গুঁতাতে থাকে। রাইফেলের বাঁটের আঘাত আমার মুখের ডান দিকের দুটি দাঁত ভেঙ্গে দেয়। অত্যাচারের পর আমাকে ক্যাম্পের অদূরে জঙ্গলে গুলি করে হত্যা করবার জন্য নিয়ে যায়। জনৈক বাঙ্গলী ইপিআর সে সময় সক্রিয় সহযোগিতা করে গুলির হাত থেকে আমাকে রক্ষা করে। ক্যাম্পে সারা দিন সারা রাত অনাহারে রাখার পর আমার সাথের সমস্ত টাকা-পয়সা ও পায়ের জুতা কেড়ে নিয়ে পরদিন কোতায়ালিতে স্থানান্তরিত করে। পরে সেখান থেকে ছেড়ে দেয়।

মুক্তিযুদ্ধের নয় মাসে অবঙ্গালীরা মাঝে মাঝে গাড়ি করে বিভিন্ন এলাকায় যেত এবং গাড়ি থামিয়ে লুটপাট করত, মানুষ হত্যা করত, মেয়েদের উপর পাশবিকভাবে নির্যাতন করত এবং তাদের প্রভু খান সেনাদের জন্য উপঢৌকন হিসেবে ধরে নিয়ে যেত। তারা মেয়েদের উপর প্রথমে অত্যাচার করত, তারপর তার গুপ্তঙ্গের ভিতর রাইপেল-বন্দুকের নল ঢুকিয়ে দিত। এক একটি মেয়ের উপর ৭-৮ জন অত্যাচার করত। অত্যাচারের পর নির্যাতিতা মহিলাদের বহুজন এমনি মারা যেত। তারা প্রকাশ্যেই এ অত্যাচার করত।

রাস্তার পথিকদের ধরে ক্যাম্পে নিয়ে যেত এবং সেখানে নির্দয় অত্যাচার করত এবং গুলি করে হত্যা করত। ঝোপ-ঝাড়ে কাকেও দেখলে সেখানেই গুলি করে হত্যা করত। তারা খাসী-মুরগী-হাঁস-গরু ধরে নিয়ে যেত, ভাল ভাল কাপড়-গয়নাগাটি নিয়ে যেত।

স্বাক্ষর/-
মঈনুদ্দিন আহমদ

\ ৯০ \

মো: আছির উদ্দিন মুন্সী
গ্রাম - চিরিরবন্দর মাজাপাড়া
থানা-চিরিবন্দর, জেলা - দিনাজপুর

বৈশাখ মাসের প্রথম দিকে খান সেনারা চিরিবন্দরে ক্যাম্প করে। এখানে ক্যাম্পকরার পর স্থানীয় গ্রামবাসীরা প্রাণের ভয়ে কতক ভারতে ও কতক গ্রাম থেকে গ্রামঞ্চলে চলে যায়। এই সময়ে আমি স্ত্রী-পুত্রদের সংগে নিয়ে দুই মাইল দূরে আমার শ্বশুরবাড়ী বালুপাড়ায় চলে যাই। আমি একদিন বালুপাড়া সন্নিকটে মরা নদীর ব্রীজের কাছে এক দিকে চিরিরবন্দর হতে অপর দিকে পার্বতীপুর হতে এই দুই দিক হতে দুটি পাক সৈন্য বোঝাই গাড়ি এসে থামে। এখানে বলা প্রয়োজন যে, উক্ত ব্রীজটি এর পূর্বেই ইপিআর বাহিনী ভেংগে দেয়। উক্ত বালুপাড়া গ্রামের ২১- ২২ জন লোক ঐ গাড়ি দুটিতে বেঙ্গল রেজিমেন্ট আঁছে ভেবে তাদের অভিনন্দন জানানোর জন্য এগিয়ে যায়। কিন্তু নিকটে যাবার সংগে সংগে চারদিকে হতে খান সেনারা তাদেরকে ঘিরে ফেলে। উক্ত ২০- ২১ জনকে পরে ক্যাম্পে নিয়ে গিয়ে বিভিন্ন প্রক্রিয়ায় হত্যা করে এবং লাশগুলি কাঁকড়া নদীতে ভাসিয়ে দেয়। এই ঘটনার ৩-৪ দিন পরে বালুপাড়া গ্রামটি খান সেনারা তিন দিক হতে ঘিরে ফেলে। খান সেনাদের উপস্থিত সম্পর্কে গ্রামবাসীরা পূর্বেই টের পেয়েছিল। এবং তারা আগেই নিরাপদ আশ্রয়ে চলে যায়। ফলে খান সেনারা সেদিন গ্রাম থেকে কাউকে ও ধরতে পারে না। এদিকে গ্রামবাসীরা তাদের আর উক্তগ্রামে থাকা উচিত নয় ভেবে অন্যএ যাওয়ার সিদ্ধান্ত নেন এবং খান সেনারা গ্রাম হতে চলে যাওয়ার পর গ্রামবাসীরা তাদের পোটলা-পুটলি আনার জন্য রাতের অন্ধকারে প্রবেশ করে। আমি উক্ত বালুপাড়া গ্রামে হতে আমার নানাশ্বশুরের বাড়ী দুর্গপুর (২ মাইল) যাওয়ার জন্য তৈরী হই। এবং শেষ রাত্রের দিকে রওনা দেই। এদিকে খান সেনারা বালুপাড়া গ্রাম ও দর্গাপুর গ্রামের মাঝখানে ঐ রাত্রের অন্ধকার মিশন স্কুল পজিশন নেয়। আমি ও আমার ভাই গরু বাছুর নিয়ে যখন মিশন স্কুলের নিকটে পৌছাই তখন হঠাৎ করে ১৮ জন খান সেনা ও ৪ জন অবাঙ্গালী রাজাকার আমাদের দুজনকে ঘিরে ফেলে এবং একজন আমাকে লক্ষ্য করে এক রাউণ্ড গুলি ছোড়ে। কিন্তু খোদা মেহেরবান গুলি আমাদের দুজনের একজনকে ও না লেগে আমাদের সংগে আনা একটি গরুর পায়ে বিদ্ধ হয়।

পূর্ব হতেই আর ও দুজন দাড়িওয়ালা মুরুববী গোছের লোককে উক্ত স্কুলের সামনে বেঁধে রেখেছে। খান একজন আমাকে বলে যে,'' ইয়ে মৌলভী সাব আপ কাঁহা যাতে হেঁ। জবাবে আমি যে গরু বাছুর নিয়ে জমিনে কাজ করতে যাচ্ছি। খান সেনারা পুনরায় বলে যে,' তোম ইণ্ডিয়ামে বাগ যাতে হেঁ'' জবাবে বলি যে, না ভাই আমি ইণ্ডিয়া যাচ্ছি না। আমি জমিনে কাজ করতে যাচ্ছি। খান সেনারা পুনরায় আমাকে প্রশ্ন করে যে,'' ইয়ে মৌলভী সাব আপ ছাচ্ছা বাত বলেগা তো আপকো হাম ছোড় দেগা, আপ বলিয়ে আওয়ামী লীগকা পার্টি কাঁহা, স্কুল কলেজ কাঁহা, ছাত্র কাঁহা, মালাউন কাঁহ।'' উত্তরে আমি বলি যে, যারা আওয়ামী লীগ, ছাত্র এবং মালাউন সাবাই ভারতে পালিয়ে গেছে। যারা এখানে আছে তারা সকলেই খাঁটি পাকিস্তানী। এই সময় খান সেনাদের সাথী অবাঙ্গালী রাজাকাররা আমাকে বাংলায় বলে যে'' আপনি ভয় পাবেন না আমরা ভারতীয় সৈন্য। এখানে বিহারীরা আসবার চেষ্টা করেছে। তাদের বাধা দেওয়ার আমরা এখানে পজিশন নিয়েছি।''

আমি সরলমনে এটা বিশ্বাস করি এবং বলি যে ''ভাই আমি থাকব না আমাকে ভারতে পাঠাবার ব্যবস্থা করেন।'' উত্তরে রাজাকাররা আমাকে আশ্বাস দেয় এবং বলে যে আপনি কোন চিন্তা করবেন না, সে ব্যবস্থ আমরা করছি

ঠিক সেই মুহূর্তে আমি লক্ষ্য করি যে, পূর্বেই আনা সেই দুজন মুরুববী লোককে খান সেনারা চতুর্দিক হতে ফুটবলের মত লাথি মারছে। এভাবে মারার পর লোক দুটিকে আমার কাছে নিয়ে আসে। এবং আমার কাছ হতে গরু বান্ধারশি নিয়ে উক্ত মুরুববী দুজনকে মজবুত করে বাঁধে। অত:পর আমাকেসহ ৪জনকে কিছু দূরে ক্যাপ্টেনের কাছে নিয়ে যায়। ক্যাপ্টেন আর্মি লোকদের কাছ থেকে জানতে চান যে, ধৃত ব্যক্তিরা কারা। জবাবে তারা বাঙ্গালী জানতে পারলে উল্লিখিত দুই বৃদ্ধাকে প্রহারের নির্দেশ দেয় এবং তাদের উপর হৃদয়হীন নির্যাতন চলতে থাকে। নির্যাতন চলা অবস্থায় উক্ত ক্যাপ্টেন তাদের জয় বাংলা বলার নির্দেশ দেয়। তারা তা না বলে পাকিস্তান জিন্দাবাদ বললে তাদের উপর আরও প্রবলভাবে অত্যাচার করে। এই সময় আমাকে জয বাংলা বলতে বলা হয। আমি তা বলি, ক্যাপ্টেন আমাকে বলে ‘‘ঠিক হায় মৌলভী সাব আপকো হাম ইণ্ডিয়া ভি লিয়ে যায়েগো।‘‘

অত:পর ৪জনকেই পূর্ব দিকে নিয়ে যেতে শুরু করে। এবং একটি খালের কাছে গিয়ে থেমে যাওয়ার নির্দেশ দেয়। এ সময় একটি বেয়নেট দিয়ে উক্ত বৃদ্ধদুটির শরীরের সমস্ত কাপড় কেটে উলঙ্গ করে। এবং তাদের তলপেটে থাপড়িয়ে বলে ‘‘বাঙ্গালী আদমী খাড়া হায়, আওর ভুঢ়িনে তেল লাগাতা হায়।’’

এরপর ঐ দুজনকে গুলি করে। একজন একটু মাথা আছড়াতে থাকলে তার মাথা লক্ষ্য করে আবার গুলি করে। ফলে তার মাথার মগজ ছিটকে চলে যায়। এ সময় দক্ষিণ দিক থেকে দুজন গাড়োয়ানকে গাড়িসহ ধরে আনে এবং আমার কাছ থেকে ‘‘মোলভী সাব হামকো একটা রশি দিজিয়ে আপ’’ বলে রশি চেয়ে নেয় এবং তাদের হাত বাঁধে। অত:পর তাদের একজনকে যে ৩০-৩৫ বছর বয়সের যুবক ছিলেন তাকে মারতে থাকে। মারের চোটে সে জ্ঞান হারাবার উপক্রম হলে তাকে জোর করে তুলে ধরে উলঙ্গ করে এবং তার গুহ্যদ্বারে নড়ি ঢুকিয়ে দেয়। এ পদ্ধতিতে কিছুক্ষণ অত্যাচার চালাবার পর তার হাত বেঁধে গাড়ির পিছনে বেঁধে দেয় এবং অপর ব্যক্তিকে জোরে গাড়ি হাঁকাবার নির্দেশ দেয়। এ সময় তারা আমাকে বলে ‘‘মোলভী সব আপ চালিয়ে ইণ্ডিয়া।’’ রেল লাইনে সকলে আসা শুরু করে। রাস্তার মাঝ থেকে বেশ কয়েকটি খাসী ধরে গাড়িতে তুলে নেয়। মরা নদীর ভাঙ্গা ব্রীজের কাছে এসে জনৈক খান আমাকে তার কাছে ডেকে বসায় এবং জিজ্ঞাসা করে ‘‘মৌলভী সাব, আপ সাচ সাচ বাতলাইয়ে আওয়ামীলীগ পার্টিকো লোগ কাঁহা, স্কুল কো ছাত্রা কাঁহা, আওর মালাউন কাঁহা।’’ উত্তরে আমি জানাই যে ‘‘সব ইণ্ডিয়ামে চল গিয়ে, কোই আদমী নেহি হ্যায়।’’ জোভি হ্যায় ওভি পাকিস্তান কো নাগরিক হ্যায়। এতে আমাকে মিথ্যাবাদী বলে আখ্যায়িত করে। এ সময় আমাকে একটি সিগারেট খেতে দেয় এবং উক্ত প্রশ্ন গুলি আবার জিজ্ঞাসা করে।

অত:পর ইণ্ডিয়ায় পৌছে দেবার নাম করে আমাকে, সঙ্গীত ও গাড়ির দুজনকে এবং গাড়ির গরু দুটিসহ ক্যাম্পের দিকে আসতে থাকে। ক্যাম্পের নিকট ব্রীজের কাছে এসে হুইলের দিলে ৫০-৬০ জন খান সেনা সেখানে যায়। তারপর সকলে ষ্টেশনে আসে। ষ্টেশনে পরিচিত জনৈক অবাঙ্গালীকে দেখে আমি সুপারিশের জন্য খানদের অনুরোধ জানাই।

সেখান থেকে ধৃত সকলকে ক্যাম্পে নিয়ে যায়। গাড়োয়ান দুজনকে একটি আলাদা কুঠুরিতে বন্দিকরে রাখে। এবং আমাদের ব্রীজে যে সিপাই জিজ্ঞাসা করেছিল তার ঘরে বসতে দেয়। এবং চা খেতে দেয়, সিগারেট খেতে দেয়।

কুঠরিতে বন্দি দুজনকে পাশাবিকভাবে মারা শুরু করে। উলঙ্গ অবস্থায় লাঠি, রড, রাইফেলের গাদা দিয়ে পর্যায়ক্রমে হাত বদল করে পিটাতে থাকে এবং পরিশেষে তাদেরকে ফুটবলের মত লাথি মারতে থাকে। বেলা ৪টার দিকে লোক দুটিকে ছেড়ে দেয়।

অত:পর আমাদের দুজনকে ঐ ঘরে ঢুকায়। সেখানে একজন গুলিবিদ্ধ ভীষণভাবে আহত লোক হাত বাঁধা অবস্থায় ছিলেন। সন্ধ্যার সময় ঐ আহত লোককে ঘর থেকে বের করে পশ্চিম দিকে পুকুরের ধারে গিয়ে বেয়নেট দিয়ে খুঁচিয়ে হত্যা করে। আমি এ দৃশ্য উক্ত ঘরের জানালা খুলে দেখেছি।

এশার নামাজের জন্য অজু করে আসছিলাম, তখন ক্যাম্প ইনচার্জ আমার পড়ার খবর শুনে কেরাআত পাঠ শুনতে চায়। আমি তিন ঘন্টা ধরে কোরআন পাঠ করে শুনিয়ে সন্তুষ্ট করি এবং পরদিন বিকাল চারটায় আমাকে মুক্তি দেয়।

স্বাক্ষর /-
মো:আছির উদ্দিন মুন্সী

\৯১\

মো: সোলায়মান গণি
গ্রাম - নান্দারাই
থানা - চিরিরবন্দর
জেলা-দিনাজপুর

১৯৭১ সনের ১১ই রজমান রোজ রবিবার বেলা ১১-৩০ মিনিট খান সেনারা ও রাজাকাররা আমাকে গৃহ থেকে গ্রেপতার করে। শান্তি কমিটির সদস্যদের ইচ্ছায় আমার হাতে পিছনে দড়ি বেঁধে রাজাকার, খান সেনাও শান্তি কমিটির সদস্যরা মিছিল সহযোগে থানায় নিয়ে যায়। রাস্তায় মধ্যে রাইফেলের গাদা ও হাত দিয়ে বেদম প্রহর করে। প্রহরের সময় তারা বেয়নেট দেখাচ্ছেল এবং উল্লাস করছিল। ৪মাইল রাস্তা তারা বিরামহীমভাবে উল্লিখিত পদ্ধতিতে প্রহর করছিল। আনার সময় আমার চোখ-মুখে চুন কালি মেখে কিম্ভুতকিমাকার চেহারায় রুপান্তরিত করে এবং শরীরের সমস্ত জায়গায় ছাপ দিতে থাকে।

এখানে বলা প্রয়োজন, ওরা আমাকে গ্রেফতার করা ছাড়া ও আমার বাড়ীঘর সমস্ত লুটপাট করে এবং সবশেষে আগুন লাগিয়ে দিয়ে সমস্ত বাড়ী ভস্মীভূত করে দেয়। আমার আপরাধ, আমি আওয়ামী লীগের একজন একনিষ্ট কর্মী ছিলাম এবং অসহযোগে আন্দোলনের সময় বিশেষ কর্মতৎপরতা প্রদর্শন করেছিলাম।

থানার নেবার পর পা উপরে দিকে তুলে লটকিয়ে লোহার রড দিয়ে মারতে থাকে। এর সাথে কিল,ঘুষি ও লাথি সামনে চলতে থাকে। এ অবস্থায় ৪-৫ ঘণ্টা টাঙ্গিয়ে রেখে ও উলিখিত পদ্ধতিতে অত্যাচার করতে থাকে। চার রাথি থানার ছিলাম এবং অনুরুপ ভাবে অত্যাচার করে। রোজার দিন হওয়া সত্ত্বেও তারা সেহেরী অথবা এফতারের জন্য কোন খাবার দেয়নি। ঐ ক, দিন না খেয়েই রোজা থাকতে হয়েছে। বহুবার তাদের কাছ থেকে পানি চাওয়া হয়েছিল, তবু ও তারা দেয়নি।

চতুর্থ দিনের দিনে ৫ হাজার টাকার বিনিময়ে আমাকে ছেড়ে দেয়।

স্বাক্ষর/-
মো: সোলায়মান

\ ৯২ \

মো: হাবিল উদ্দিন আনছারী
গ্রাম- পালপাড়া
ডাকঘর -বাংলাহিলি
থানা - হাকিমপুর
জেলা- দিনাজপুর

২২শে এপ্রিল পাক বাহিনী হিলি বাজার দখল করে নেয়। হিলি দখল করার পর চারদিকে অগ্নিসংযোগ এবং ব্যাপক হারে গণহত্যা চালিয়ে যায়।

২৩ শে এপ্রিল পাক বাহিনী ও বিহারীর আমাদের পালপাড়া আক্রমণ করে তারা বাড়ীঘরে অগ্নিসংযোগ করে নিরীহ জনসাধারণকে ধরে নির্বিচারে মারধর করতে থাকে। এই সময় তারা ৭ জন লোককে হত্যাকরে। এইসব লোককে প্রথমে বেয়নেট দিয়ে খুঁচিয়ে, পরে গুলি করে হত্যা করে। আমি এবং আরও একজন গুরুতররুপে আহত হই।আমার সারা শরীর দিয়ে রক্ত ঝরতে থাকে। বহু লোককে এই সময় দেখতে পাই পাঞ্জাবীরা কিল, ঘুষি এবং ফুটবলের মত "কিক" করছে এবং নানারুপ অকথ্য ভাষায় গালাগাল দিচ্ছে। এই সময় ৩ জন ছেলে ঘরের ছাদের উপর উঠে আশ্রয় নিয়ে ছিল। তারা ৪ দিন পর্যন্ত ঐ ছাদের উপর বসে থাকে। কোনরুপ নড়াচড়া বা খাবার-দাবার নাই। ৫দিন পর আমাদের এখানে থেকে তাদের ক্যাম্প তুলে নিল তারা মাটিতে নেমে আসে।

অক্টোবর মাসের প্রথম সপ্তাহে প্রাণকৃষ্ণপুর (চার) গ্রাম বাহিনী চারদিকে থেকে ঘিরে ফেলে সমস্ত পুরুষ লোকদেরকে বেছে এক লাইন করে এবং অকথ্য নির্যাতনের পর ১৪৯ জনকে লাইন করে মেশিনগানের গুলিতে হত্যা করে। তাদের বাড়ীঘর লুটপাট এবং অগ্নিসংযোগ সম্পূর্ণ ধ্বংস করে দেয়। গ্রাম থেকে সুন্দরী মেয়েদের ধরে নিয়ে যায় এবং অনেককে সবার সামনেই ধর্ষণ করে।

স্বাক্ষর/-
মো: হাবিল উদ্দিন আনছারী
৮/১১/৭৩

\ ৯৩ \

রফিকুল ইসলাম
গ্রাম - সোনাপুর
থানা - পার্বতীপুর
জেলা- দিনাজপুর

২৫ শে মার্চের পর দিনাজপুর যখন ইপিআর কর্তৃত্বে ছিল সে সময় আমি ইপিআর বাহিনীদের গাড়ি করে স্থান থেকে স্থানান্তরে নিযে যেতাম। আর এ অপরাধের জন্য আমাকে এপ্রিলের ৬ তারিখের পাক হানাদাররা দিনাজপুর শহর থেকে গ্রেফতার করে কোতোয়ালি থানার পাশের জঙ্গলে নিয়ে যায়। উদ্দেশ্য, আমাকে সেখানে হত্যা করা হবে।আমাকে ঐ খানে নিয়ে গেয়েছিল কয়েকজন সামরিক লোকজন কতিপয় অবাঙ্গালী দালাল। সেখানে আমাকে জবাই করার জন্য ছোরা বের করে। ঠিক সে সময় শেষবারের মত পানি পান করার সুযোগ দেয়ার জন্য তাদের প্রতি অনুরোধ জানাই।অনুরোধের তাদের মধ্যের একজন দয়াপরবশ হয়ে আমাকে পানি পান করে আসার অনুমতি দেয়।থানার প্রাচীরের পাশের টিউবওয়েল পানি পান করি এবং বাঁচার শেষ অবলম্বন হিসাবে তাদের বোঝার আগেই প্রাচীর টপকে অপর দিকে চযোই। সেখানেও খান সেনারা ছিল। তারা আমাকে পুনরায গ্রেফতার করে থানায় নিয়ে যায়।সেখানে আমাকে বেদমভাবে হুইপিং করা হয় এবং মুক্তিফৌজ কোথায় , 'সুন্দরবন' গাড়ীটি কোথায়, কতজন বিহারীকে হত্যা করেছ ইত্যাদি প্রশ্ন জিজ্ঞাসা করে। কিছুক্ষণ হুইপ সহ্য করার পর আমি জ্ঞান হারিয়ে ফেলি।জ্ঞান ফেরার পর ঐ দিন বিকালে আমাকে আবার জিজ্ঞসা বাদ শুরু করে। সে সময় কিছুসংখ্যক অবাঙ্গালী মেয়ে থানার এসে জবানবন্দি দেয় যে আমি তার স্বামী, ভাই, অথবা বাবাকে হত্যা করেছি। ফলে পুনরায় আমার উপর প্রহর শুরু হয়। কিছুক্ষণ পর আমি জ্ঞান হারিয়ে ফেলি। জ্ঞান হারিয়ে ফেলার আগে আমি পানি পান করতে চাই। তখন আমাকে প্রস্রাব খেতে দেওয়া হয়।

রাত বারটায় আমি জ্ঞান ফিরে পেলাম। অত:পর আমাকে আবার জিজ্ঞাসাবাদের জন্য ওসির কক্ষে নিয়ে যায়। সেখানে জনৈক মেজরসহ একজন ক্যাপ্টেন ও ডিএসপি ছিল। সেখানে আমার নামধাম ও আত্মীয়স্বজনের খবরাখবর আদায় করে নেওয়া হয়। সেখানে অবশ্য আরও ছয়জন আসামি ছিলেন। এরপর অফিসাররা নিজেদের মধ্যে ইংরেজিতে কিছু বলাকহার পর উল্লিখিত ছ'জন কে পেছনে হাত ও চোখ বেঁধে জীপ উঠিয়ে নিরুদ্দেশেল পথে নিয়ে যায়। এরপর আবার আমাকে বন্দিশালার বন্দি করে রাখে। এ অবস্থায় আমাকে থানার আমাকে থানার রেখে দুবেলা জিজ্ঞাসাবাদ ও প্রহর করত। প্রথম সাত দিন আমাকে কিছুই খেতে দেয়নি। পানি চাইলে প্রসাব দিত। কয়েক দিন পর সামান্য পানি পান করতে দিত। তাও কর্তৃপক্ষের অগোচরে।

তেরদিন পর বেলা দশটায় জনৈক পাঞ্জাবী হাবিলদার এসে আমাকে দিনাজপুর কুঠিবাড়ী ক্যান্টনমেন্টে হাত পিছনে ও চোখ বাঁধা অবস্থায় নিয়ে যায়। সেখানে নিয়ে যাবার পর আমার দু'পায়ে এবং দু'হাতে কড়া বেঁধে হাত পা ফাঁক করে টানা দেয়। টানা দেওয়া অবস্থায় সিনার উপর বুট দিয়ে এবং কতজন লোককে মেরেছি ও গাড়ী কোথায় আছে তা জানতে চায়। দু'ঘন্টা এ অবস্থায় রেখে অত্যাচার করেছে। এর ফলে আমার নাকমুখ দিয়ে রক্ত উঠে; আমি জ্ঞান হারিয়ে ফেলেছি।

ক্যান্টনমেন্টে নির্যাতন পর্ব শেষ হলে আমাকে পুনর্বার সন্ধ্যার দিকে থানায় পূর্বোক্ত পদ্ধতিতে পাঠায়। সারারাত বন্দী অবস্থায় রেখে পরদিন বেলা এগারটার দিকে অন্য ছ'জনের সাথে আমাকে কোর্টে নিয়ে যায়।র্কোট থেকে আমাকে জেল খানার স্থানান্তরিত করা হয়

দু'দিন পর জেল খানার ভিতর একজন ক্যাপ্টেন কয়েকজন অনুচরসহ যায়। সে সময় খাবার খেতে বসেছিলাম। না খেয়েই আমি এবং অপর একজন তার কাছে চলে যাই। সেখানে আবার একই কথাগলি জিজ্ঞাসা

করে। সন্তোষজনক উওর না পেয়ে আমাকে দ'ঘণ্টা করে গাছে উল্টো দিকে করে লটকাবার নির্দেশ দেয়। নির্দেশ মোতাবেক আমাকে পা উপরে এবং মাথা নীচে করে লটকিয়ে দেওয়া হয়। ঐ অবস্থায় ওরা খুব পাশবিক উল্লাস করেছে, হাসাহাসি করেছে। শরীরের বিভিন্ন প্রক্রিয়ার গুতো দিয়ে মশকরা করেছে। দু'ঘণ্টা পর অজ্ঞান অবস্থায় আমাকে নামানো হয়।

পরদিন আবার জনৈক অফিসার এসে ডেকে চেম্বারে নিয়ে যায়। সেখানে এক বন্ধ ঘরে উলঙ্গ অবস্থায় পা ফাঁক করে দাঁড় করিয়ে রাখে এবং পুরুষাঙ্গে দুটো ইট বেঁধে দেয়। ঐ ইটের উপর আবার পানি ঢালা হয়েছিল। সামান্য নড়াচড়া করলে লাথি ঘুষি ও বেত প্রহার করত। এ প্রক্রিয়ায় আমাকে দেড় থেকে ২ঘণ্টা রাখা হয়। অবস্থায় আরও দু'জনকে এদিন শাস্তি দেয়।

এর দু'দিন পর রাত তিনটার সময় পাঁচজন সামরিক লোক এসে আমাকে সহ ২১ জনকে ডাকে। গেটে আসার পর সকালের হাত বাঁধা হয় এবং কালো কাপড় দিয়ে চোখ কান কষে বাঁধা হয়। অত:পর আমাদেরকে ট্রাকে করে কোথাও নিয়ে গিয়ে নামানো হয়।অবস্থা দৃষ্টে স্থানটিকে নরম মনে হয়েছে। দ'একটি ঘাস অথবা ছোট ঘাস জন্মেছিল। সেখানোনার পর এক একজনকে সারি থেকে খুলে নিয়ে যেতে থাকে। নিয়ে যাবার পর শুধু খাশী গরু জবাই করলে যেমন শব্দ হয় তেমনি করুন ও হৃদয়বিদারী শব্দ শোনা যেত।তারপর হাত-পা আছড়ানোর মত শব্দ কিছুটা কানে ভেসে আসত। এমনি করে ১৯জনকে সারি থেকে যাবার পর আমাকেসহ আর একজনকে জেল খানার ফিরিয়ে নিয়ে আসে। সেখানে চোখ ও হাত খুলে দেয় এবং সেখানেই জিজ্ঞাসাবাদ শুরু করে: দলে কে কে আছে তাদের নাম বল এবং 'সুন্দর বন' গাড়ী কোথায় আছে বল? সন্তোষজনক উওর না পেয়ে মাথার চুলের মধ্যে হাত ঢুকিয়ে প্রাচীর সাথে আঘাত করতে থাকে এবাং বুট দিয়ে২/৩টি লাথি বুকে মারে। আমি জ্ঞান হারিয়ে ফেলি। জ্ঞান ফিরলে আমি মুখে রক্ত দেখতে পাই। ডাক্তার এসে আমাকে ঔষধাদি খাওয়ানোর পর পুনরায় হাজত খানার পুরে রাখে ।আমার সাথে জনৈক মেকানিক সিরাজ মিয়াকে ধরে অনুরুপভাবে অত্যাচার করে। হাত-পায়ে পেরেক মেরে পাছার মাংস কেটে কুকুরকে দিয়েছে।সে অবশ্য এখনো জীবনমৃত অবস্থায় বেঁচে আছে। জেলখানার ভিতর তিনজন যুবতী মেয়েকে দেখেছি। তাদের করুন কান্না ও চিৎকার ধ্বনি শুনছি।

এ অবস্থায় ৭ মাস তিনদিন থাকার পর ১৬ ই ডিসেম্বর ভোর পাঁচটায় মুক্তি বাহিনীর জোয়ানরা জেলখানার তালা ভেঙ্গে আমাকেসহ সকল বন্দীকে ছেড়ে দেয়। বর্তমানে পঙ্গু অবস্থায় আছি। আমি কোন রকম কাজ করতে পারি না।

স্বাক্ষর /-
রফিকুল ইসলাম

\ ৯৪ \

হাসিনা বেগম
প্রযত্নে: আফছার আলী খান
গ্রাম- সাধুপাড়া, থানা ও জেলা- পাবনা

২৮ শে মার্চ ৭১ আমার স্বামী তখন বাড়ীতে। বেলা ১১/১২টায় একটি পাক সেনাদের গাড়ী এসে থামে, জোর করে তারা বাড়ীতে ঢুকে স্বামীকে যেতে বলে। তখন উনি মটরসাইকেল পরিস্কর করছিলেন। লুঙ্গি পরা অবস্থায় মটরসাইকেল নিয়ে যেতে বললেন। কিছুক্ষণ পরেই খবর পেলাম চাঁচড়ার মোড়ে আমার স্বামীকে গুলিকরে মেরেছে। লাশ আনতে গেলে পায় না, মটরসাইকেল ও তারা নিয়ে যায়। তারপর বাসায় থাকা নিরাপদ মনে করলাম না। আমার দুটি ছেলে নিয়ে পথে নামি। যশোর থানা, ইত্যাদি থানাতে তখন কাজে নামি। কাজ শুরু করি মুক্তি যুদ্ধের পক্ষে।

আমার আব্বা ডি,এস,পি, ছিলেন। সেই বরাত দিয়ে উপরিউক্ত থানাগুলিতে গেছি। পরিচয় দিয়েছি, থেকেছি এবং সেখানে থেকে থানার বর্তমান ফোর্স কত, অস্ত্র কত ইত্যাদি খবর আমি মুক্তিযোদ্ধা ক্যাম্পে পরিবেশন করতাম। তারপর মুক্তিবাহিনী ঐসব থানাগুলিতে অপরেশন চালাতো। এতে করে কাজ এগিয়ে চলছিলো। আমি বিভিন্ন থানা ঘুরে ঘুরে কাজ করতে থাকি, সাফল্য ও বেশ আসে। আমার দটি বাচ্চা নিয়ে ঐভাবে জীবনের ঝুঁকি নিয়ে কাজ করছিলাম। আমি তখন শৈলকুপা থানাতে আছি এক বাড়ীতে। লোকজন কেউ নেই আমি একাই ছিলাম বাচ্চা দুটি নিয়ে। চারদিকের ঘরবাড়ী সব বিধ্বস্ত শূন্য নি:সঙ্গ ভৌতিক একটি অবস্থা।

ভাদ্র মাস (তারিখ মনে নেই)। তখন বেলা ১০/১১টার দিকে ভাত রান্না করছিলাম। হঠাৎ করে ২জন পাক সেনা এবং ৪জন রাজাকার এসে আমাকে থানাতে যেতে বলে। তারপর জোর করে ছোট বাচ্চাটিসহ থানায় নিয়ে যায়। অপর বাচ্চাটি পাক সেনা দেখে পালিয়ে যায়। থানাতে নিয়ে গিয়ে মারধোর শুরু করে। থানাতে তখন বহু পাক সেনা এবং রাজাকার ভর্তি ছিল। তখন অন্য পাঁচটি ছেলেকে ধরে এনেছিল। তাদের সঙ্গে সঙ্গে গুলি করে না। ডানাতে এবং মাজাতে দড়ি বেঁধে শৈলকূপা ব্রীজের পানিতে ডুবিয়ে রাখে ১৪/১৫ঘণ্টা। এ অবস্থায় আমি অজ্ঞান হয়ে পড়েছিলাম। তার পরদিন পানি থেকে তুলে থানার মাঠে ফেলে রাখে। আমার তখন নড়বার মত অবস্থা ছিল না। ঐ ভাবে আছি। একজন রাজাকার এসে 'এখনো মরেনি' বলে উপর লাথি মারে। আমার জ্ঞান ছিল না। দারোগার বারবার অনুরোধে আমার প্রাণ ভিক্ষা দেয়। আমার চিকিৎসা করায় ক্রমশ: আমি সুস্থ হয়ে উঠি। আমার সেই পুরাতন বাড়ীতে ফিরে আসি।

সাক্ষর /-
হাসিনা বেগম
২৫/৭/৭৩

\ ৯৫ \

নাজির উদ্দিন মিঞা
গ্রাম - নাজিরপুর
থানা ও জেলা - পাবনা

শান্তি কমিটির লোকদের কুমন্ত্রণা ও সরবরাহকৃত তথ্যের উপর ভিত্তি করে পাকিস্তানী সৈন্যরা উল্লেখিত গ্রামটি অপারেশন করে। প্রায় ২০০/২৫০ পাক সৈন্য ও রাজাকার আল বদর ভোরের দিকে সমস্ত গ্রাম ঘিরে ফেলে। এখানে স্মরণ করা যেতে পারে ইতিপূর্বে আরও দুবার ঐ একই গ্রাম মিলিটারীরা অপারেশন করে।

লোকজন ঘুমিয়ে ছিল। এ জন্য তাদের অধিকাংশ লোকই এই ঘেরাও জানতে পারেনি। তাই পাক সৈন্যরা প্রথমে গ্রামের লোকদের ধরা শুরু করে। তারা লোকজন ধরে তাদের মধ্য থেকে যারা অপেক্ষাকৃত স্বাস্থ্যবান অর্থাৎ যাদের তারা মুক্তি বাহিনীর লোক বলে সন্দহ করেছে তাদেরকে আলাদা করে। অত:পর তাদের একটি নালার নিকট নিয়ে যায় এবং গলা কেটে উক্ত নালার মধ্যে ফেলে দেয়। এছাড়া বেয়নেট দিয়ে খুঁচিয়েও হত্যা করে। অবশ্য কিছু লোককে গুলি করেও হত্যা করে। এমনি করে তারা সেদিন ৫৭জন লোককে হত্যা করে।

ধৃত ব্যক্তিদের মধ্যে আমিও ছিলাম। কিন্তু আমার চেহারা রোগা হওয়ায় আমাকে বৃদ্ধ ও অপছন্দ লোকদের সারিতে রাখে। আমি পাক সৈন্যদের হত্যাযজ্ঞ নিজের চোখেই সংঘটিত হতে দেখেছি।

পাক সৈন্যরাঅপর একটি দল এই সময বাড়ীঘর লুটপাট করে।প্রায় ৫০০ ঘর আগুন দিয়ে পুড়িয়ে দেয়। এ পোড়া বাড়ীগুলির মধ্যে পূর্বে পোড়া বাড়ীগুলির মধ্যে পূর্বে পোড়া বাড়ীগুলির মধ্যে পূর্বে পোড়া বাড়ীও ছিল। পূর্বের পোড়া বাড়ী যেগুলি মেরামত করেছিল সেগুলিও আবার পুড়িয়ে দেয়।

তারা বহু সংখ্যক মহিলার উপর হৃদয়হীনভাবে নির্যাতন চালায়। এই নির্যাতনের শিকার পরিণত হয় ছেলেমেয়ের মা, সদ্য বিবাহিতা এবং কুমারী মেয়েরা। একাদিক পাক সৈন্য কারো উপর অত্যাচার করেছে বলে শোনা গেছে।

পাক সৈন্যরা ফেরার পথে গ্রাম লুট করে সোনা-দানা, টাকা-পয়সা, গরু, ছাগল, হাঁস মুরগী ধরে নিয়ে যায়।

এ ঘটনার কয়েকদিন পরই দেশ স্বাধীন হয়।

স্বাক্ষর /-
নাজির উদ্দিন

\ ৯৬ \

আবদুল হামিদ
গ্রাম - নাজির পুর
থানা ও জেলা- পাবনা

৪ঠা রমজান ভোর রাতে ১২৫ জনের মত পাক সৈন্য ও রাজাকার আমাদের গ্রাম ঘিরে ফেলে। শান্তি কমিটির লোকেরা তাদের খবর দিয়েছেন যে মুক্তি বাহীনীর লোক ঐ গ্রামে থাকে এবং গ্রামবাসীরা তাদের থাকা খাওয়ার ব্যবস্থা করছে। শান্তি কমিটির লোকদের দেখিয়ে দেওয়া বাড়ী ঘর প্রথমে লুটপাট করে। তারপর আগুন লাগিয়ে অন্যূন ৮/৯ টি বাড়ি পুড়িয়ে দেয়।

এ সময় দজন লোক বাড়ী থেকে পালিয়ে যাচ্ছিল।মিলিটারীরা তাদের লক্ষ্য করে গুলি করে। ফলে তারা দুজনই মারা যায়। গ্রাম থেকে অন্যান্য জিনিসপত্রের সাথে গরু, ছাগল, মুরগী ধরে নেয় তাদের উদর পুর্তির জন্য।

এই অপারেশনে আমি ধৃত হই।তারা আমাকে মুক্তিবাহিনীর লোক সনে হে গ্রেফতার করে। ধরার পর প্রথম পর্যায়ে আমাকে চড়, থাপ্পড়, কিল, ঘুষি এবং লাথি মেরে প্রহর করতে থাকে। তারপর তারা আমার দ'হাত পিছনে বেঁধে তাদের সাথে করে সার্কিট হাউস ক্যাম্পে নিয়ে আসে।

ক্যাম্পে নিয়ে আসার পর তারা আমাকে জিজ্ঞাসাবাদ শুরু করে। আমি মুক্তিবাহিনী কি না? আমি কত জনকে হত্যা করেছি এবং আমার দলে কতজন আছে? আমার সেই সমস্ত সঙ্গীরা কোথায় আছে এবং আমার অস্ত্রশস্ত্র কোথায় আছে তা জানিয়ে চায়। আমি মুক্তিবাহিনীর লোক নই এবং তাদের কোন খবর জানিনা বললে আমার উপর শাররিক নির্যাতন শুরু করে। বেতের লাঠি দিয়ে এলোপাতাড়িভাবে মারতে থাকে।পর্যায়ক্রমে ২/৩ জনে আমকে মারে। এর সাথে চড়, ঘুষি, লাথি তো আছেই।

কিছুক্ষণ পর পর ৩/৪ ঘণ্টা এমনিভাবে আমার উপর অত্যাচার চলে। অত্যাতার চলার সময় আমার হাত পিছন দড়ি দিয়ে বাঁধা ছিল। অত্যাচার চালানোর পর আমাকে একটি ঘরে তিন দিন বন্দ করে রাখে। অত্যাচারের এক পর্যায়ে আমি একবার জ্ঞান হারিয়ে ফেলি।

বন্দী অবস্থায় তারা আমাকে রুটী এবং লাবড়া জাথীয় তরকারী খেতে দিত। প্রসাব পায়খানার সময় তারা আমাকে কড়া পাহারা দিত।

তিনদিন পর আমার আত্মীয় স্বজন টাকার বিনিময়ে শান্তি কমেটির দ্বারা আমাকে মুক্ত করে নিয়ে আসে।

স্বক্ষর /-
আবদুল হামিদ

\ ৯৭ \

মো: হাসেম আলী তালুকদার
গ্রাম - রামচন্দ্রপুর
থানা ও জেলা - পাবনা

১৯৭১ সালের রমজান মাসের প্রথম দিকে পাবনা শহর থেকে বহু খান সেনারা এসে গ্রাম ঘেরাও করে রাত্রির অন্ধকারে। আমার বাড়ীতে আমি ও আমার রুগ্ন স্ত্রী ছাড়া কেউ ছিল না। খান সেনারা আমাকে গিয়া ডেকে ঘর থেকে বার করে। ধরার সঙ্গে সঙ্গে আমাদের দুইজনকে বেদম প্রহর করে আর বলে ''তুই মুক্তিবাহিনীকে খেতে দিস বল তারা কোথায়''। সেই সঙ্গে আরো আমাদের গ্রামের লোককে ঘরে নিয়ে ক্যাম্পে আসে এবং সেখানে কয়েক জনকে হত্যাও করে। স্ত্রীর পরিস্থিতি কি তা আর জানতে পারি নাই। ক্যাম্পে নিয়ে এসে আমকে এবং অন্যান্য জায়গার ৫ জনকে এক ঘরে রাখলো। দৈনিক সকাল দুপুর ও বিকাল এবং ১১/১২ টার দিকে দুই থেকে তিনজন এসে পরপর ঘর থেকে একজন পরে বার করে নিয়ে যেত এবং নানা জিজ্ঞাসাবাদ করার পর তাদের খুশীতে কাউকে মারতে আবার কাউকে না মেরেই ঘরে রেখে যেত।

আমাদের কয়েকজন কড়া পাহারাদার ছিল। রোজ তারা রাখতে দিত না বলতো রোজ আবার কি জিনিস। দৈনিক দুইবার করে আমাদের ৬জনকে একই জায়গায় কাপড়ে অথবা পাকা মেঝের উপর খাবার দিত। পুরাতন রেশন চাউলের ভাত আর খেসারী কলাইয়ের ডাল। গন্ধে আমরা কেউ খেতে পারতাম না। প্রতিদিনই বিভিন্ন জায়গা থেকে লোক ধরে আনতো এবং রাত্রি বেলা তাদের ক্যান্টমেন্ট থেকে কিছু দূরে শব্দ শুনা যেত। অনেক চেনামুখ আর দেখতে পেতাম না। ১৪দিন আমাকে তারা প্রহর করার পর ১৫ দিনের দিন তাদের অফিসার সহ ৫জন এসে ঘর থেকে আমকে বার করে নিয়ে যায় এবং আমাকে মুক্তবাহিনী সম্পকে জিজ্ঞাসাবাদ করার পর কোন সন্ধান না পাওয়ার মোটা রশি নিয়ে এসে আমার দুই হাত গাছের দুই ডালের সাথে এবং দুই পায়ে রশি লাগিয়ে মাটিতে খুঁটি পুঁতে ভীষণ প্রহর করে। তাদের প্রহর অজ্ঞান হলে তারা কি করেছে জানি না। তবে যখন আমার জ্ঞান হয় তখন দেখি আমার হাতের ও বাম উরুর চামড়া ছিলিয়ে আছে। ১৭ দিনের দিনগত রাতে আনুমানিক ২টার আমার ঘরের ও পাশ্বের ঘরে হতে ২৪/২৫ জনকে তাদের ক্যান্টনমেন্ট থেকে কিছু দূর নিয়ে যায়। সবাই লাইন করে এক সঙ্গে গুলি করে হত্যা করে। আল্লাহর ইচ্ছায় আমার গায়ে গুলি লাগে না তবু ও মরার মত পড়ে যাই। খান সেনারা চলে গেল প্রায ভোরের দিকে কোন রকমে এক লোকের বাড়ী আশ্রয় নেই এবং সেখান থেকে আমার আত্মীয়কে খবর দিই নিয়ে যাওয়ার জন্য। বাড়ী গিয়ে আমার স্ত্রীর সাথে আর সাক্ষাৎ ঘটে নাই। তখন সে মারা গিয়েছিল।

স্বাক্ষর /-
হাসেম আলী তালুকদর

\ ৯৮ \

মোসাম্মৎ মনোয়রা খাতুন
গ্রাম- সলঙ্গ মধ্যপাড়া ভরমহনী
থানা - রায়গঞ্জ
জেলা - পাবনা

১৯৭১ সালের ভাদ্রমাসের (১৫ তারিখ) মুসলীম লীগের অন্যতম দালাল দূরবতী তারাশ থানার ক্যাম্প থেকে একদল পাকিস্তনী খান সেনাদের সলঙ্গা বাজারে ক্যাম্প অপারেশন করার জন্য গোপন চারদিকে ছড়িয়ে ছিল। ঠিক ঐ তারিখেই আরও ২০/২৫ জন খান কুকুরেরা লাহড়ী মোহনপুর থেকে স্পীড বোট যোগে সলঙ্গা বাজারের দিকে চলে অসে। সলঙ্গা বাজারে এসে তারা বাজারের চর্তুদিকে প্রদক্ষিণ করে। কোন রকম দুষকৃতকারীকে না পেয়ে তারা আপন ক্যাম্পের দিকে রওয়ানা হয়।যাওযার পথে পাক সৈন্য আমাদের বাড়ীতে ঢুকেই আমাকে ও আমার শাশ্বড়ীকে দেখতে পায়। ইতিপূবেই আমার স্বামী জীবনের ভয়ে বাড়ী থেকে সরে পড়ে। ফঅখ সৈন্য আমার শাশুড়ীকে উর্দুতে বলে যে, ''ইয়ে বুড়ীমা, তোম জলদী হেঁয়াছে ভাগ যাও।'' বুড়ী জীবনের ভয়ে বাড়ীর বাইরে চলে যায়। আমি তখন পাক ফৌজের হাতের তল দিয়ে দৌড়ে পাশের বাড়ীতে আশ্রয় নেই।পাক ফৌজ তখন দৌড় দিয়ে সেই বাড়ীতে ঢুকে পড়ে। আমি তখন উক্ত বাড়ীওয়ালার যুবতী মেয়েকে জড়িয়ে ধরি।পাক ফৌজ তখন উক্ত যুবতী মেয়েকে যুবতী মেয়েকে না ধরে আমাকে জোর করে তার হাত থেকে ছিনিয়ে নেয়। আমি তখন বলি যে বাবা তুমি আমার মান হানি কোরোনা, তোমার পায়ে ধরি মিনতি করি। তখন পাক ফৌজ উর্দুতে বলে যে, তমি আমাকে বাবা বোলোনা, আমি তোমার ভাই আর তুমি আমার মায়ের পেটের বোন।এই কথা কয়টি বলে আমার হাত ধরে জোর করে পরবর্তী বাড়ী হারু কবিরাজ পাকের ঘরে ঢুকে পড়ে। তৎপর আমার উপর পাশবিক অত্যাচার আরম্ভ করে। আমার শরীরের উপর অমানুষিক উপায়ে ধর্ষণ ও মর্দন করতে আরম্ভ করে দেয়। আমি তখন অচৈতন্য অবস্থায় মাটিতে পড়ে থাকি। খান পিশাচ তার বাসনা তৃপ্তি করে অপরাপর খান সেনাদের তাদের কাম বাসনা চরিতার্থ করার জন্য হুকুম দেয়।এই সংবাদ শুনে খান কুকুরদের আর ও চারজন আমার কাছে এসে পড়ে। আমাকে তারা আরও বলে যে,তোমার স্বামী কোথায়, সে নাকি মুক্তি ফৌজ, সে নাকি লুট করেছে? অবশ্য সব কথা উর্দুতে জিজ্ঞাসা করে।

তখন আমি বলি যে, না না, সব মিথ্যা, বাবা আমার স্বামী ওসব কিছুই করে নাই বা সে কোন মুক্তি ফৌজ নয়। তখণখান দস্যুরা আমার ঘরে ঢুকে তল্লাশী চালায়। ঘরে ঢুকে কোন রকম লুটের মালপএ তারা দেখতে পায় না। তারা শুধু তামাক ও তামাকের তৈরীর মসলাদি দেখতে পায়। কারণ আমার স্বমী একজন দরিদ্র তামাক ব্যবসায়ী। খান সেনারা আমাকে জানায় যে, তুমি এখানে থাক, আমরা বাইরে থেকে এখনি আসছি। তাদের কুমতলব বুঝতে পেরে আমি দূরে একটা বাড়ীর দিকে ছুটে যাই। সেখানে গিয়ে দেখতে পাই যে আরও একদল খানসেনা একটি হিন্দু মেয়েকে জোর করে টানাটানি করছে তাদের কামবাসনা মিটানোর জন্য। ঐ দেখে আমি আরও দূরের বাড়ীতে আশ্রয় নেই। এর পরপরই তারা বাজার ছেড়ে ক্যাম্পের দিকে অগ্রসর হয়।

টিপসহি /-
মনোয়ারা খাতুন

\ ৯৯ \

শ্রীমতি সাবিত্রী দেবী
গ্রাম -সোনাপুর
থানা - পার্বতীপুর
জেলা - দিনাজপুর

চৈত্র মাসে সামরেক তৎপরতা শুরু হলে অএ গ্রামের প্রায় প্রত্যেক বাড়ীতেই আত্মরক্ষার জন্য বাঙ্কার করে। এই সময় একদিন পাক বাহিনী ও অবাঙ্গালীদের দল সৈয়দপুর থেকে দিনাজপুর পথে আমাদের গ্রামের সমস্ত বাড়ী ঘর পুড়িয়ে দেয়। প্রাণ ভয়ে যারা পালিয়ে গিছেছিল তারাই শুধু বেঁচেছে কিন্তু যারা সাহসে ভর করে জরুরী আত্মরক্ষার তাগিদে উল্লিখিত বাঙ্কারগুলির মধ্যে আত্মগোপন করে ছিল তাদের কেউই বেঁচে নেই। ঐ দিন আমাদের পাড়ায় অন্যূন ৭জন পুরুষ এবং মহিলা মারা যান।

এমনি একটি গর্ত ছিল আমাদের বাড়ীতেও। আমি এবং আমার দুই দেবর ও একজন ভাগিনেয়কে নিয়ে সেই গর্তে আত্মগোপন করি। অতি অল্প দূর থেকে খান সেনারা আমাদের লক্ষ্য করে গুলি করে। ঐ গুলিতে ঐগর্তের তিন জন মারা যায়। গুরুতর আহত অবস্থায় আমি বেচেঁ গেছি।

টিপসহি /-
সাবিত্রী দেবী

\ ১০০ \

মো: রজব আলী
গ্রাম- সোনাপুকুর
থানা -পার্বতী পুর
জেলা - দিনাজপুর

বৈশাখ মাসের মাঝামাঝি সময়ে খান সেনারা আমাদের গ্রাম ঘেরাও করে। আমাকে সহ আরও চার জনকে ধরে। খান সেনারা মুক্তি বাহিনীর খোঁজ বাহিনীর খোঁজে এই গওাম এই ঘেরা ও করে। সামরিক বাহিনী ও অবাঙ্গালীদের যৌথভাবে গঠিত এ দলটি আমাদের জিজ্ঞাসাবাদ করে যে আওয়ামী লীগ নেতা কে এবং কোথায় আমাদের টাকা দাও। সাথে ৪৫টাকা ছিল তা তারা ছিনিয়ে নেয়।

অত:পর ধৃত পাঁচ জনকে আমাদের আঙ্গিনায় প্যারেড করতে নির্দেশ দেয়। এবং ঐ অবস্থায় সামনে থেকে লাইন গুলি করে। চারজন ঘটনাস্থলেই মারা যায়। আমার বুকের উপর এবং বা হাতে গুলি লেগে হই এবং ভাগ্যক্রমে বেঁচে যাই।

পশুরা ঐ দিন মেয়েদের উপর অত্যাচার করেছে। গ্রামের বাড়ীঘর লুটপাট করে সম্পদ অপহরণ করতেও তারা কার্পণ্য করেনি।

স্বাক্ষর
মো: রজব আলী

\ ১০১ \

শ্রীমতি পদ্মমণি
গ্রাম- সোনাপুকুর
থানা - পার্বতীপুর
জেলা - দিনাজপুর

চৈত্র মাসের একটি দিনে আমি ভাতিজা সহ বাড়ীর গর্তে আশ্রয় নিয়েছিলাম। সামরিক পশুরা যখন আমাদের গ্রাম জ্বালিয়ে দিয়ে লোক খুঁজতে খুঁজতে আসছিল তখন আমাদের দেখতে পেয়েই কোন রকম সময়ক্ষেপণ না করে অথবা কোন বাক্য ব্যয় না করেই গুলি করে। পরপর চারটি গুলি করে গর্তের সকলকে হত্যা করে ভাগ্যক্রমে গর্তের আর সকলে মারা গেলেও গুরুতরভাবে আহত হয়ে বেচেঁ গেছি। পরবর্তী সময় অনেক কষ্ট করে ভারতে আশ্রয় নেই এবং দেশ স্বাধীন না হওয়া পর্যন্ত সেখানেই ছিলাম।

টিপসহি/-
শ্রীমতি পদ্মমণি

\ ১০২ \

আক্কাস আলী
গ্রাম- সাধুপাড়া
থানা- পাবনা
জেলা- পাবনা

২৫শে মার্চ রাতে আমি যখন ঘুমাচ্ছি তখন ঐ এলাকার আপামর মানুষ বড় বড় গাছ কেটে, ইট দিয়ে বেরিকেড তৈরি করে। সারা রাত ধরে তারা এই কাজ করে।

পরদিন শুক্রবার ফজরের নামাজ পড়ার জন্য আমি ঘুম থেকে উঠে মসজিদে ফজরের আজান দেই। আজান শেষে আমি যখন সুন্নত নামাজ পড়ছিলাম ঠিক সে সময় ৭ ট্রাক মিলিটারী আসে। তারা আমাকে নামাজ পাঠরত অবস্থায় গ্রেফতার করে। আমি ফরজ নামাজ পড়ার জন্য সময় প্রার্থনা করলেও পাক বর্বররা আমাকে সে সময় দেয়নি। আমাকে গ্রেফতার করে মারধর শুরু করে। তারপর বাইরে নিয়ে জিজ্ঞাসাবাদ শুরু করে। বেরিকেড কারা তৈরি করেছে এবং কোথায়? আমি জানিনা বলে অস্বীকার করলে সৈন্যরা আমার উপর বেতের লাঠি দিয়ে এলোপাতাড়ি বেদম প্রহর শুরু করে। শরীরের এমন কোন জায়গা ছিল না যেখানে তাদের প্রহরের আঘাত পৌছেনি। মারের চোটে শরীরের বিভিন্ন স্থান থেকে রক্ত ঝরতে থাকে এবং বাম হাত ভেঙ্গে যায়।

মারের চোটে আমি চিৎকার করে এক সময় বলেছিলাম যে আল্লাহ যেনো এর বিচার করেন এবং তা তিনি করবেন। একথা শুনে তারা আমাকে ছেড়ে দেয়। এই সুযোগে আমি আমার বাড়ীর ভিতর প্রবেশ করি।

বাড়ীর ভিতর প্রবেশ করে আমি দেখতে পাই যে আমাকে গুলি করার জন্য ২/৩ জন সিপাই রাইফেল নিয়ে প্রস্তত হচ্ছে। সুতারাং আমি বিলম্ব না করে প্রতিবেশী জনৈক মহিলার সাহায্য বাড়ীর পিছনে দিকে দিয়ে পালিয়ে অন্য গ্রামে আশ্রয় নেই। এবং তিন মাস বাইরে থেকে আমি আত্মরক্ষা করি।

স্বাক্ষর/-
আক্কাস আলী

\ ১০৩ \

মোছাম্মৎ এসবাহাতুন
গ্রাম- নতুন ভাঙ্গাবাড়ী
থানা ও ডাকঘর- সিরাজগঞ্জ
জেলা-পাবনা

তারপর থেকে প্রত্যহ রাত বারোটার পর ১০/১২ জন করে নিয়ে যেত আর ফিরতো না। প্রত্যেহ নতুন লোক এসে আবার ঘর ভরে যেতো।

জুলাই মাসের শেষের দিক হতে শুনলাম যাদেরকে গাড়ীতে করে নিয়ে যায় রাতে বহু দূরে নিয়ে গিয়ে বেয়োনেট দিয়ে খুচিয়ে হত্যা করতো।

অপারেশন স্পটে যাদেরকে ধরে আনতো তাদেরকে হাত-পা পিটিয়ে ভেঙ্গে ফেলতো। তারপর শরীরের বিভিন্ন অংশ কেটে দিত এবং গুলি করে হত্যা করতো।

আগষ্ট মাসের ২/৩ তারিখে আমাদের ১০/১২ জনকে সেনানিবাসের মডেল প্রাইমারীর এক ঘরে নিয়ে যায়। এখানে নিয়ে আসার পর শুনলাম এর আগে যাদেরকে হত্যা করেছে তাদের কোন তালিকা বা হিসাব নেই। অসংখ্য মানুষকে তারা হত্যা করেছে ঐ সময়। এপ্রিলে যাদেরকে ধরেছিল একমাত্র আমিই বেঁচে ছিলাম।

এখানে আসার পর খাওয়া দাওয়া একটু ভালো হলো। মারধর কর করতে থাকে।

আগষ্ট মাসের ১২/১৩ তারিখ ইনটারোগেশনের জন্য নিয়ে যেত এবং নানা কথা- যেমন বিহারী হত্যা করেছি, পাকসেনার বিরুদ্ধে যুদ্ধ করেছি, অস্ত্র যুগিয়েছি ইত্যাদির কথা লিখিয়ে আমাদের দিয়ে সই করিয়ে নেয়। চিৎ করে শুইয়ে লাঠি দিয়ে পিটিয়ে সোজা হয়ে দাঁড়িয়ে থাকতে বলতোম, একটু হেললে লাঠি দিয়ে পিটাতো। তিন দিন ঐ ভাবে অত্যাচার চালায় অমানুষিক।

সেপ্টম্বরের শেষ অথবা অক্টোবর মাসের প্রথমে আমার বিরুদ্ধে সামরিক কেসের চার্জ নিয়ে একটি কপি দেয় এবং তার পরপরই জেলখানায় পাঠিয়ে দেয়। ঢাকা থেকে আরও অতিরিক্ত কেস আমার বিরুদ্ধে আসে। আমার সাথে ডেপুটি ম্যাজিষ্ট্রেট সানাউল হক, ইন্সপেক্টর আক্তার চৌধুরী, নূর মোহাম্মদ, ডাঃ আনিসুজ্জামান এম, বি, বি, এস, অনিসুর রহমান ইত্যাদি লোকদের বিরুদ্ধে মামলা ওঠে।

অক্টোবর মাস থেকেই ম্যাজিষ্ট্রেট সানাউল হক সাহেবের কেস ওঠে। দুটো হিয়ারিং হবার পর কেস বন্ধ হয়ে যায়।

২৮শে নভেম্বর চিঠি পেলাম আমি চাকরি থেকে বরখাস্ত হয়েছি। মুক্তি পাই ২৮শে নভেম্বর।

আমি মুক্তি পেয়ে বাসাতে অসি। আমার দেশের বাড়ী সব পুড়িয়ে সম্পূর্ণ ধ্বংস করে দেয়। আমার পরিবার গ্রাম থেকে গ্রামান্তরে পালিয়ে বেরিয়েছে।

আমি শুনতাম দৈনিক বিভিন্ন স্থান থেকে মেয়েদের ধরে আনতো এবং সেনানিবাসের ২/৩টি স্থানে রেখে বিভিন্ন সময় ইচ্ছানুসারে তাদেরকে ভোগ করতো।

স্বাক্ষর/-
বি, জামান
১৪/৭/৭৩

\ ১২৫ \

শ্রী শক্তিপদ সেন
গ্রাম- কাজদিয়া, ডাকঘর- আলাইপুর
থানা ও জেলা- খুলনা

১৯৭১ সালের ১৯ শে এপ্রিল রোজ বুধবার বেলা ১১টার সময় খুলনা ট্রেজারীতে চাকরীতে কর্মরত অবস্থায় একজন পাক মিলিটারী আমাদের অফিসে আসে এবং আমাকে ডাকে। আমি তার নিকট উপস্থিত হওয়ার সাথে সাথে আমার পিছে রাইফেল ধরে সঙ্গে করে তাদের ক্যাম্প সার্কিট হাউজে নিয়ে যায়। সেখানে নিয়ে আমাকে বেশ কিছু প্রশ্ন জিজ্ঞাসাবাদ করতে থাকে। যেমনঃ- (ক) কাকে ভোট দিয়েছ? (খ) কত জন বিহারী মেরেছ? (গ) এম এম দাস কোথায়?

আমাকে নিয়ে যাওয়ার পর আমার দুহাত পিছনে দিয়ে রশি দিয়ে বেঁধে ফেলে। তারপর প্রশ্নবাদ করতে থাকে আর কাঠের রোলার, লোহার রড দিয়ে শরীরের সমস্ত জয়েন্টে প্রহার করতে থাকে। প্রহার করার মাঝে বুট দিয়ে লাথির পর লাথি মারতে থাকে। উক্ত প্রকারে প্রহার করার পর সিগারেটে আগুন ধরিয়ে আমার সমস্ত শরীর চেপে ধরে পুড়িয়ে দিতে থাকে। একটু এদিক ওদিক ব্যাথার যন্ত্রণায় ছটফট করতে লাগলে আবার মার শুরু করে দিত।এইভাবে সন্ধ্যা ৮-৩০ পর্যন্ত অত্যাচার করার পর তিন জন মিলিটারী আমাকে হাত খুলে দিয়ে বলে চল শালা তোকে বাড়ী পৌঁছে দিয়ে আসি। এই বলে আমাকে সামনে রেখে একজন পিছে আর দু'জন দুইপাশে রাইফেল ধরে ১নং ফরেষ্ট গেটে নিয়ে যায়। তার পর সেখানে নিয়ে দু'হাত পিছে দিয়ে পিঠ মোড়া করে বেঁধে ফেলে। আর দুপা একসঙ্গে করে বেঁধে ভৈরব নদীতে পিছন হতে লাথি মেরে ফেলে দেয়। ফেলে দেওয়ার পর আমি ভাসতে ভাসতে প্রায় ২০০/৩০০গজ যাবার পর আমার পায়ের রশিটা খুলে যায়। তার পর আমি পায়ের তলায় মাটি পাই। সেখানে আশ্রয় নিয়ে হাতের রশিটি খুলে ফেলি এবং সেখানে আত্মরক্ষার জন্য পানির নিচে সমস্ত শরীর ডুবিয়ে রেখে কোনরকম নাক বাঁচিয়ে প্রায় ৩/৪ ঘন্টা সেখানে কাটাই। তারপর নদী হতে উঠে পালিয়ে খুলনা টাউন মসজিদে ইমাম সাহেবের সাথে মসজিদ প্রাঙ্গণে আমার দেখা হয়। মসজিদের ইমাম সাহেব আমাকে বাড়ী পর্যন্ত পৌঁছে দেওয়ার ব্যপারে যথেষ্ট সাহায্য করেন। তারপর এর মধ্যে দিয়ে পালিয়ে পালিয়ে আমার নিজ বাড়ী গিয়ে আশ্রয় নেই এবং বাংলাদেশ স্বাধীন হবার পূর্ব পর্যন্ত আমি বাড়ীতে থেকে যাই।

স্বাক্ষর/-
শক্তিপদ সেন
১৯/৭/৭৩

\ ১২৬ \

রেবা রাণী নাথ
ডাক ও থানা- ডুমুরিয়া
জেলা- খুলনা

জুন মাসের শেষের দিকে আমরা পাথরঘাটা হয়ে ভারতে যাচ্ছিলাম। দলে ছিলাম প্রায় ৮/১০ হাজার লোক, সবাই আমরা ভারতে যাব। রাত থেকে সকালে ৮/৯টার দিকে আমরা যা হোক কিছু রান্নাবান্না করছি এমন সময় ৩/৪ গাড়ী মিলিটরী আসে। সঙ্গে সঙ্গে পাক সেনারা গুলি চালিয়ে বহু লোককে হত্যা করে। এবং বহু লোককে ধরে গাড়ীতে তোলে। প্রত্যেক গাড়ীতে ১৫/২০ জন করে মেয়েদের তুলে নেয়। ওখানেই অনেকের উপর পাশবিক অত্যাচার চালায়। পাক ঘাঁটি ঝাউডাঙ্গাতে আমাদের নিয়ে যায়। ছেলেগুলিকে এক যায়গা করে গুলি করে সবাইকে হত্যা করে শুধু আমাদেরকে নিয়ে যায়। ওখানে গিয়ে ৫০/৬০ জন মেয়েকে দেখলাম বিভিন্ন যায়গার, ঝাউডাঙ্গারও অনেক মেয়ে দেখলাম। অনেক কলেজ পড়া বিশ্ববিদ্যালয় পড়া মেয়েকে দেখলাম।

পাকসেনারা আমাদেরকে ৪/৫ দিন রাখে। ওখানে ৩/৪ টি তাবু ছিল। একটি একটি সিটের কাছে ২/৩টি মেয়ে নিয়ে এসে রাখতো। পাক সেনারা জোর করে ধরলে দুটি মেয়ে কিছুতেই তাদের শিকার হতে চায় না। তখন পাকসেনারা ভীষণভাবে দৈহিক পীড়ন করে গুলি করে হত্যা করে। পাকসেনারা একদল সবসময় ঘরে থাকতো, অপর দল আসা পর্যন্ত আমাদের উপর অত্যাচার চালাতো।

আমি যে তাঁবুতে ছিলাম সেখানে ১৫/১৬টি মেয়ে ছিল। সীট ছিল ৮/১০টি। পাকসেনারা যখন তখন অমাদের উপর দৈহিক পীড়ন চালাতো। প্রায় সবসময় বিভিন্ন স্থান থেকে পাক সেনারা আসতো আর আমাদের আমাদের উপর অত্যাচার চালাতো। পাক সেনার বলতো বাংলাদেশ হবে না, তোমাদের আমাদের সঙ্গেই থাকতে হবে, জোর করলে গুলি। আমাদের উপর একই সময় ৫/৭টি করে পাক সেনা অত্যাচার চালাতো। বিভিন্ন ভাবে তারা তাদের যৌন ক্ষুধা নিবৃত্ত করতো। আমাদের ৪ দিনের মধ্যে ১দিন ভাত দিয়েছিলো। একজনের সাথে অপরজনের কথা বলতে দিত না। আমরা ওখানে হিন্দু মেয়ে বেশী ছিলাম কিন্তু সবাই আমরা মুসলমান বলে পরিচয় দিই। আমাদের গায়ে বস্নাউজ রাখতে দিত না। সবাইকে কেবল শাড়ী পরিয়ে রাখতো।

আমরা থাকতে আরও প্রচুর মেয়েকে ধরে আনে। পাকসেনারা তখন আমাদের রাজাকারদের হাতে তুলে দেয়। প্রত্যেক রাজাকার এক একজনকে নিয়ে যায়। আমাকে এক রাজাকার তার বাড়ীতে নিয়ে যায়।

৩/৪ দিন রাজাকারটি আমার উপর অত্যাচার চালায়। রাজাকারটির বৌ ও মা নিষেধ করলে গুলি করতে যেতো। এরপর ওখান থেকে রাজাকারের মা এবং বৌয়ের সহায়তায় পালিয়ে ভারতে চলে যাই। সেখানে গোল পুকুর ক্যাম্পে থাকতাম। দেশ স্বাধীন হলে দেশে ফিরে আসতাম। আমি তখন ৭/৮ মাসের অমত্মঃসত্ত্বা ছিলাম।

আমি নারী পুর্নবাসন কেন্দ্রে আবেদন করি সমাজকল্যাণ দপ্তরের মাধ্যমে। ওরাই আমার চিকিৎসা এবং কাজের ব্যবস্থা করেন।

স্বাক্ষর/-
রেবা রাণী নাথ
২৫/৭/৭৩

\ ১৬৩ \

আখতার হোসেন চৌধুরী
ডি, এস, পি, শিল্প এলাকা
খালিশপুর
জেলা- খুলনা

ছেলেমেয়েদের নিরাপত্তার জন্য আমি সবরকম তদবীর শুরু করি এবং তদবীর করতে গিয়েই আমি ২১শে মে সকাল ৯টায় মেজর বাবরের কবলে পড়ে যাই। আর সঙ্গে সঙ্গেই পাকসেনার পাহারাধীনে আমাকে যশোর ক্যান্টনমেন্টে পাঠিয়ে দেয়।

যশোর ক্যান্টনমেন্টে এফ-আই-ইউ (ফিল্ড ইনটেলিজেন্স ইউনিট)-এর একটি ঘরে আমাকে আটক রাখা হয়। সেই ঘরে আমি ছাড়া আরও ৫০/৬০ জন বন্দী। এই এফ-আই-ইউ একটা বিভীকাময় স্থান। সবাই ঘরের মেঝেতে জুতার বালিশ মাথঅয় দিয়ে শুয়ে থাকতাম। ২৪ ঘন্টার মধ্যে মাত্র একবার সন্ধ্যায় আমাদের খেতে দিতো। পচা ভাত, ডাল, প্রায় অখাদ্য। ওরই মধ্যে আমার মন বিদ্রোহ ঘোষণা করছিল, ১২ দিন শুধু পানি খেয়েছিলাম। সারাদিন সেখান থেকে যাকে ইচ্ছা বের করে নিয়ে যেয়ে আর এক ঘরে এফ, আই, ইউ এর অফিসাররা ইন্টারোগেশন করতো এবং অমানুষিক অত্যাচার চালাতো। সন্ধ্যা আটটায় একজন জমাদার বা সুবেদার এসে একটা লিষ্ট থেকে নাম ডাকতো। এই লিষ্ট-এ ৩০ থেকে ৩৫ জনের নাম থাকতো। যাদের নাম ডাকতো তারা লাইন ধরে দাঁড়াতো, তারপর তাদের জামাকাপড় ছিলে চোখ আর পেছন দিকে হাত বেঁধে গাড়ী করে নিয়ে মেরে ফেলতো। প্রত্যেকদিন নতুন নতুন লোকদের আনা হতো। অমনি করে মেরে ফেলা হতো। একদিনের কথা আমি কোনদিন ভলবোনা। এটা ছেলে। মুক্তিবাহিনীর একজন। তাকে যখন মিলিটারী অফিসার ইংলিশে ষ্টেটমেন্ট লিখতে বলেছিল তখন সে বলেছিল-''আমি বাঙ্গালী''। বাংলায় অনার্স পড়ি। বাংলাকে শত্রুমুক্ত করতেই আজ আমার এই অবস্থা। কাজেই কিছুতেই আমি ইংলিশে লিখবোনা। তাকে যেভাবে মারা হয়েছিল সে কথা আমি লিখতে পারবো না। তারপর এফ, আই, ইউ থেকে এফফ, আই, টি (ফিল্ড ইন্টারোগেশন টিম) এর আণ্ডারে এম পি, ইউনিট-এ আমাকে আটক রাখা হয়। এই এফ, আই , টি ইউনিটে আমাকে নিজ হাতে লিখে দিতে হয় যে আমি খালিশপুর পিপলস জুটমিল ও ক্রিসেন্ট জুটমিলের ৭০০০ হাজার বিহারী হত্যা করেছি। প্রথমে ২ দিন লিখতে চাইনি। তখন আমাকে পা উঁচু আর মাথা নিচু করে ঝুলিয়ে দেবার ব্যবস্থা করা হয়। মাত্র তিন মিনিট সময় দিয়েছিল। পাশের যেখানে লেখা আছে ' প্যানিক চেম্বার' সেখানে ঝুলিয়ে রাখবার ব্যবস্থা আছে। হঠাৎ ঐ ঘরের দিকে নজর পড়তেই দেখি আরও তিনজন সেখানে ঝুলছে। তাদের নাক মুখ দিয়ে লালা ঝরছিল। সেই সময় এক অফিসার এসে বললো ''দেখো ই-লোককো হলত দেখো। মাগর তুম নেই মানগে তুমহারা হালত এ্যাইসা হোগা''।সেই মুহূর্তে আমি ঠিক করলাম ওরা যা বলেছে তাই লিখে দেবো। এখনও মনে আছে আমি 'বিছমিল্লাহ' বলে মিথ্যা লিখে দিলাম। একজন বিহারী ম্যাজিষ্ট্রেটের সামনে আমাকে স্বীকার করিয়া নেওয়া হয়। মার্শাল 'ল কোর্টে আমার বিরুদ্ধে একট কেস দায়ের করা হয়। তখনই আমি বুঝতে পরি কেন আমাকে জীবিত রেখে ছিল। আমার ষ্টেটমেন্ট পড়ে একজন মিলিটারী অফিসার আমাকে ব্যঙ্গ করে বলে- ''তুম বহুত আচ্ছা ষ্টেটমেন্ট দিয়া তোমকো জলদি ছোড় দেগা।'' আমি সাত হাজার বিহারী মারা স্বীকার করেছি তারই পরিপ্রেক্ষিতে এই উক্তি, আমার এই ষ্টেটমেন্ট ডিভিশন হেড কোয়র্টারে পাঠানো হয় এবং সেখান থেকে একজন লেঃ কর্নেল আমাকে দেখতে আসে ও নানা ধরনের প্রশ্ন করে। পরে তারই অর্ডার অনুসারে আমাকে ১লা সেপ্টেম্বর পিপলস জুটমিলে নিয়ে এসে প্রায় আড়াই হাজার বিহারী মিল-শ্রমিকদের সামনে তাদের উৎসাহ দেবার জন্য দাঁড় করানো হয়। মেজর খুরশীদ (এফ, আই, ইউ) মেজর সরহাদ (এফ,আই, টি), মেজর আখতার

হোসেন (ডিভিশন হেডকোয়ার্টার যশোর ক্যান্টমেন্ট) তখন আমার পাশে। বিহারীরা আমাকে দেখে বিচার তাদের হাতে দেবার জন্য চীৎকার করতে থাকে, হঠাৎ তাদের মধ্যে থেকে এক বুড়ো বিহারী ড্রাইভার ভীড় ঠেলে মিলিটারী অফিসারদের সামনে এসে বলতে থাকে যে, সে প্রথমে আমাকে চিনতে পারেনি। কারণ আমার মাথা ন্যাড়া ছিল এবং মুখে দাঁড়ি ছিল। তবে যাবার সময় বলেছিল, ''একে যদি তোমরা মারো তবে আল্লা বরদাস্ত করবে না।'' তাই বোধহয় আমাকে আবার ক্যান্টমেন্টে ফিরিয়ে নিয়ে গিয়েছিল।

কেস শুরু হোল। কোর্ট বসে যশোর শহরে। আমাদের নিয়ে যেতে সুবিধার জন্য সেপ্টেম্বরের শেষের দিকে আমাকে যশোর সেন্ট্রাল জেলে বন্দী করে রাখে। এই জেলখানায় এসে আবার পি, আই, টি (পুলিশ ইনভেষ্টিগেশন টিম)-এর নির্মম কবলে পড়তে হয়। জেলখানা থেকে লোকদের নিয়ে যেয়ে ক্যান্টনমেন্টে তাদের ক্যাম্পে ভীষণ অত্যাচার করে নানা ধরনের তথ্য বের করতে চেষ্টা করে। এমনিভাবে জেলখানায় দিন কাটতে থাকে। বাইরের জগতের সঙ্গে আমাদের কোন যোগাযোগ ছিল না, তবে নতুন যারা আসতো তাদের মুখে কিছু কিছু শুনতে পেতাম। প্রায় সাত মাস বন্দী অবস্থায় ছিলাম, তাই প্রত্যক্ষভাবে আমি দেশের কাজ করতে পারিনি। কিন্তু মনে প্রাণে কামনা করেছি বাংলার স্বাধীনতা, আমি বিশ্বাস করতাম যে এত অত্যাচারের পতন হবেই। হয়তো আমি দেখতে পাবো না কিন্তু বাংলার স্বাধীনতার নতুন সূর্য একদিন উঠবেই। তাই যখন ৬ই ডিসেম্বর ক্যান্টনমেন্ট ফল করে এবং ৭ই ডিসেম্বর মুক্তিবাহিনী আমাদের জেল গেট খুলে দিলে আমরা বেরিয়ে পড়ি। জেল থেকে বেরিয়ে মাটিতে প্রথম পদক্ষেপের আগেই আমার চোখ বেয়ে দু'ফোটা অশ্রু ঝরেছিল।।

স্বাক্ষর/-
আখতার হোসেন চৌধুরী
১১/৭/৭৩

\ ১৬৪ \

তাহমীনা বেগম (দিপালী)
গ্রাম-বৈতপুর
ডাকঘর ও থানা- বাগেরহাট
জেলা- খুলনা

২৪শে এপ্রিল পাকসেনারা কাড়পাড়া হয়ে বাগেরহাট আসে। এসেই কাড়াপাড়া এলাকাতেই ১০০ উপরে লোককে হত্যা করে। নাগের বাজার তেলপট্টি ইত্যাদি এলাকা আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া শুরু করে এবং বলে দেয় লুট করার জন্য, মুসলমানের অধিকাংশ ঘরবাড়ী সব লুট করা শুরু করে।

মে মাসে এখানে শান্তি কমিটি সেই সঙ্গে রাজাকার বাহিনী গঠন হয় পরবর্তীকালে রজব আলী ফকির শান্তি কমিটির চেয়ারম্যান নিযুক্ত হন। সমগ্র বাগেরহাট এলাকাতে পাকসেনার চাইতে রাজাকাররাই অত্যাচার চালিয়েছে বেশী।

শ্রাবণ মাসের শেষের দিকে বাগেরহাট শহর এলাকাতে যত হিন্দু ছিল কিছু হত্যা বাদে সবাইকে মুসলমান ধর্মে দিক্ষীত করে। এরপর গ্রামের দিকে হাত বাড়ায় গ্রামকে গ্রাম ধরে সবাইকে মুসলমান করতে থাকে।

আমি আমার স্বামী,ছেলেমেয়ে, বাবা, মা, কাকা, কাকীমা তাদের ছেলেমেয়ে সবাই ইসলাম ধম্যে দিক্ষা নিই। কিন্তু রাজাকাররা এর পরেও অত্যাচার করতে ছাড়েনি। এরপরও অসংখ্য লোককে হত্যা করেছে।

২২শে আশ্বিন রাত তিনটার দিকে ৫০/৬০ জন রাজাকার আমাদের বাড়ী ঘিরে ফেলে। প্রথমে তারা মুক্তিবাহিনী বলে পরিচয় দিয়ে থাকতে চায় রাতের মত। অনেক অনুনয়-বিনয় করে। প্রথমে আমার ভাই প্রদীপ গুহ দেখেই চিনেছিল তারা রাজাকার। তাই সে ছাদ দিয়ে গাছ বেয়ে পিছনে নামবার চেষ্টা করেছে। উপর থেকে নিচে নামলেই রাজাকাররা ধরে ফেলে। ওকে কিছু দূর নিয়ে গিয়ে বেয়োনেট দিয়ে গলা কেটে হত্যা করে। তারপর বাবা কাকা এবং পাশের বাড়ীর তিনজনকে কিছু দূর নিয়ে গিয়ে সিরাজ মাষ্টার এবং তার দল গুলি করে মাথা সব উড়িয়ে দেয়। সকালবেলা আমরা সেসব লাশ উদ্ধার করি। হত্যা করে বাড়ীঘর লুট করে সব নিয়ে চলে যায়। আমরা যারা বেঁচে ছিলাম বাগেরহাট শহরে চলে আসি। বাড়ীতে কেবল একজন কৃষাণ এবং আমার ৭০ বছরের বৃদ্ধা দিদিমাকে রেখে আসি।

কার্ত্তিক মাসের ১২/১৩ তারিখ হবে। রাজাকাররা আবার যায় আমাদের গ্রামে। দড়াটানা নদীর ওপার থেকে মুক্তিবাহিনী গোলাগুলি করতো। তাই রজব আলী অর্ডার দেয় সমস্ত এলাকা ঘরবাড়ী ভেঙে ধ্বংস করে গাছপালা পরিষ্কার করে ফেলার জন্য। ঐদিন আমাদের বাড়ীতে ঢোকে এবং দিদিমাকে লেপকাঁথা দিয়ে জড়িয়ে কেরোসিন তেল ঢেলে দিয়ে পুড়িয়ে হত্যা করে। আগুন দিলে দিদিমা আমার কাকার নাম ধরে বার বার চিৎকার করেছিলেন। শেষ পর্যন্ত সমস্ত এলাকা পুড়িয়ে ধ্বংস করে। ভোলা বোসকে নৃশংসভাবে হত্যা করে। রাধা বলস্নভ গ্রামে মেয়েদের রাজাকাররা ধরে নিয়ে আসে। রাজাকাররা সারারাত পাশবিক অত্যাচার চালিয়ে দিনের বেলা গুলি করে হত্যা করে রাস্তায় ফেলে রাখে। বলরাম সাহাকে রাজাকাররা গুলি করে হত্যা করে। তার বিরাট গদির উপরে রজব আলী বসত, চারিদিকে রাজাকার ঘিরে থাকতো। ওখানে একটি ঘরে লোকদের জবাই করতো। প্রত্যেকদিন ১০টি লোক যোগাড় করতেই হতো। আমি একদিন এক লোকের সুপারিশ করতে গিয়ে দেখলাম ঘরের ভিতর চাপ চাপ রক্ত পড়েছে। মদনের মাঠ ওয়াপদা রেষ্ট হাউসে একটি কক্ষে অসংখ্য লোককে জবাই করেছে। খাদ্দার গ্রামে এক বাড়ী থেকে সবাই ধরে এনে হত্যা করে। ডাক বাংলো ঘাটে প্রত্যেহ অসংখ্য লোককে জবাই করেছে বেয়োনেট দিয়ে।

এক বৃদ্ধ রামদা দিয়ে অসংখ্য লোককে কেটেছে। সে পিঠ সোজা হয়ে দাঁড়াতে পারতো না। লোক ধরে বলতো 'বাবা নীচু হও তা নইলে কাটতে আমার কষ্ট হয়। তাড়াতড়ি বসে পড়ে তোমাদের কষ্টও কম হবে, আমারও কষ্ট কম হবে।'

ইসহাক মিয়ার বাড়ীতে অনেক মেয়ে আশ্রয় নিয়েছিল। তা সত্ত্বেও কেউ রেহাই পায়নি। সমস্ত এলাকাতে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছিলো।

গ্রাম গ্রামান্তর থেকে ব্যাপকভাবে হিন্দু মেয়ে ধরে পাকসেনাদের হাতে তুলে দিতো রাজাকাররা। এছাড়া রাজাকাররা গ্রামে গ্রামে ঢুকে অধিকাংশ মেয়ের উপর পাশবিক অত্যাচার চালিয়েছে।

বাগেরহাট থানার মীর্জাপুর গ্রাম এবং সারাগ্রামে বহু মেয়ে অপমানিতা হয়ে অত্মহত্যা করেছে বিষপানে কেউ বা গলায় দড়ি দিয়ে।

রাজাকার, আল-বদর এদের মানুষ চরমভাবে ঘৃণা করতো। আমার মনে হয় সমস্ত বাংলাদেশে রাজাকাররা এমন ভাবে সন্ত্রাস আর নৃশংস অত্যাচার কোথাও চালায়নি। নদীর ঘাটে দড়ি বাঁধা অবস্থায় এক মাসে ৪/৫ টি লোককে গলা কাটা অবস্থায় পেয়েছি। গলা সম্পূর্ণ কাটতো না অল্প কেটে ছেড়ে দিতো, ছটফট করে শেষ হয়ে যেত। হাড়ি খালীতে (বাগেরহাট থানা) বিষ্ণু মাহশয়কে তার বৌয়ের কাছ থেকে জোর করে কেড়ে নিয়ে আরও পাঁচজনকে ধরে ওর স্ত্রীর সামনে গুলি করে হত্যা করে। অত্যাচার চালায় সারা গ্রামে। বি,এ, পাশ এক মেয়েকে ধরে অত্যাচার চালিয়ে ছুরি দিয়ে হত্যা করে। মদনের মাঠের এক ঘরে ওরা নিয়মিত মানুষ কেটেছে।

স্বাক্ষর
তাহমীনা বেগম (দিপালী)
৩/৮/৭৩

\ ১৬৫ \

মোঃ শহীদুল ইসলাম এ্যাডভোকেট
থানা- কোতোয়ালী, যশোর

এপ্রিলের ২৭ তারিখে বাসার খোঁজ নেবার জন্য শহরে চলে আসি। কিন্তু মায়ের অনুরোধে সেদিন বাসাতে রাত্রি কাটানোর জন্য থেকে যাই। কিন্তু সেই দিন রাত্রি দু'টার সময় পাকসেনারা আমাদের বাসাসহ আরও অনেকগুলো বাসা ঘেরাও করে এবং আমাদের বাসার ভিতরে যেয়ে দরজায় ধাক্কা মারতে থাকে। আমার আব্বা দরজা খুলে দেন। সঙ্গে সঙ্গে আমার আব্বাকে ধরে ফেলে এবং তাঁর চোখ বেঁধে ফেলে। তারপর লাফ দিয়ে একজন আমার নিকট চলে আসে এবং আমাকে ধরে ফেলে এবং আমারও চোখ হাত বেধেঁ ফেলে। তারপর আমাকে এবং আব্বাকে বাসার বাইরে নিয়ে যায়। আমি অনুনয়-বিনয় করে বলতে থাকি আমরা মুসলমান, আমরা মুহাজির। তারপর তারা আমাকে মুখ বন্ধ করতে বলে আমি আর কোন কথা না বলে চুপ করে থাকি। আব্বা ধরা পড়ার সাথে সাথে জোরে জোরে কালেমা পড়তে থাকেন। অব্বার কালেমা পড়ার জন্য তাঁকে জোরে জোরে বন্দুকের বাঁট দিয়ে মারতে থাকে। অব্বার বয়স প্রায় ৮০/৮৫ বছর। তারপর তিনি ধীরে ধীরে কালেমা পড়তে থাকেন। সঙ্গে সঙ্গে আমাকেও রাইফেলের বাঁট দিয়ে মারতে থাকে এবং বলতে থাকে কালেমা মাত কর। অমাদের ঐ অবস্থা দেখে আম্মা কান্নাকটি করতে থাকেন। অম্মার কান্নাকাটি করা দেখে একজন মিলিটারী বাসার মধ্যে চলে যায় এবং আম্মাকেও বন্দুক দিয়ে বাড়ি মারে তার হাতের রিঙ খুলতে চেষ্টা করলে অন্য একজন মিলিটারী গিয়ে তাঁকে বাধা দেয় এবং সেখান হতে তাকে বাসার বাইরে নিয়ে আসে। আমার হাত এবং আব্বার হাত একত্র করে বেঁধে ফেলে। তারপর আমাদেরকে চোখ বাঁধা অবস্থায় ১০/১২ গজ হাঁটিয়ে নিয়ে এসে এক জায়গায় বসতে বলে। আমরা বসে পড়ি। এর মাঝে আমি পানি চাইলে আবার এসে মারা আরম্ভ করে। তারপর আমরা সেখানে বসে থাকি। তার ৪/৫ মিনিট পর আরও ৮/১০ জন লোককে ধরে মারতে মারতে আমাদের নিকট নিয়ে এসে রাখে। তারপর তারা সবাই একত্রিত হবার পর তাদের মধ্যে থেকে একজন মিলিটারী বলে ওঠে এ তো বুড্ডা একে নিয়ে কি হবে। আমাদের মধ্যে একজন ছোট ছেলে ছিল তাকে এবং আমার অব্বাকে তারা ছেড়ে দেয়।তার প্রায় আধা ঘন্টা পর আমরা গাড়ির শব্দ পাই। একটা গাড়ি এসে আমাদের সম্মুখে থামে এবং মিলিটারীরা নিজেরাই ধরাধরি করে আমাদেরকে গাড়িতে উঠায়।তারপর গাড়ি ছেড়ে বেশ কিছু দূর গিয়ে গাড়ি থেমে পড়ে। আমাদেরকে গাড়ী হতে ধাক্কা দিয়ে নামিয়ে ফেলে। তারপর একটা ঘরের দরজার নিকট নিয়ে গিয়ে আমাদের সবার চোখ খুলে দেয় এবং ঘরের মধ্যে আমাদেরকে ঢুকিয়ে দেয়। ঘরের মধ্যে আমরা ঢুকে সবাই সবাইকে এক নজর দেখে নিলাম। তার পরপরই ভোরের আযানের শব্দ আমার কানে ভেসে আসতে লাগলো। আমরা জানালা দিয়ে তাকিয়ে দেখতে পাই প্রায় ২০/২৫ জন লোককে মারতে মারতে পায়খানায় নিয়ে যাচ্ছে আবার মারতে মারতে পায়খানা হতে নিয়ে আসে। তারপর আমাদেরকে পায়খানা করার জন্য বাইরে নিয়ে যায়। পায়খানা করা হলে সবাই অজু করে নেবার পর আবার উক্ত জায়গায় নিয়ে এসে রেখে দেয়। আমরা সবাই নামাজ পড়ে বসে আছি এমন সময় পাশের ঘর হতে মানুষের চিৎকার শুনতে পাই। তাতে আমরা ধারণা করলাম ওখানে মার আরম্ভ করে দিয়েছে। এর মধ্যে একজন মিলিটারী আমাদের রুমে চলে আসে এবং প্রত্যেকের পুরা ঠিকানা ও প্রত্যেকের পেশা একটা কাগজে লিখে নিয়ে যায়। সন্ধ্যার পর আমাদের জন্য খাবার নিয়ে আসে। আমরা খাবার পর সবাইকে ঘুমাতে বলে। আমরা কোন মতে রাত্রি কাটালাম। তারপর দিন আমাদের দলের বদরউদ্দিন নামক একজন লোককে ঘর হতে বের করে নিয়ে যায়। তার সাথে কি যেন বলাবলি করার পর আবার আমাদের রুমে তাকে নিয়ে এসে রেখে যায় এবং আমাদের সবাইকে জানিয়ে যায় তোমরা কোন লোক বদরউদ্দিন সাহেবের সাথে কথা বলবে না। যদি কোন লোককে

তার সাথে কথা বলতে দেখি তাকে আমরা গুলি করে মারবো। তারপর দিন রাজু নামক একজন লোককে নিয়ে যায়। কিছু সময় পর আবার তাকে নিয়ে এসে রেখে যায়। তার তিনদিন পর আমাদের রুমে এসে জিজ্ঞাসা করে ফকু কোন হায়? তোতা কোন হায়? তারপর আমরা দুজন উঠে দাঁড়ালাম। তারপর আমাদেরকে বের করে নিয়ে যায়। একটা মাঠের মধ্যে নিয়ে গিয়ে আমাদেরকে শুতে বললে আমরা দুজন মাঠের মধ্যে শুয়ে পড়ি। তারপর আমাকে এমন জোরে একটা বেতের লাঠি দিয়ে পিঠে আঘাত করে যে আমি সহ্য করতে না পেরে ছুটাছুটি করতে থাকি। আবার আমাকে ডেকে নিয়ে শুতে বলে, আমি মাটিতে শুয়ে পড়ি। তারপর আমাকে কতকগুলি প্রশ্ন জিজ্ঞাসা করে।
যেমনঃ-

(1) তোমার রাইফেল কোথায়।
(2) তুমি রাইফেল ধরেছ কিনা।ৎ
(3) তোমার গ্রামে যে ১৫/১৬ জন লোক রাইফেল ধরেছিল তাদের নাম বলো। তাদের নেতা কে ছিল।
(4) তোমাদের গ্রামের কারা ই,পি, আরদের খেতে দিয়েছে।
(5) তুমি ছাত্রলীগ কিম্বা আওয়ামী লীগ করো কিনা।
(6) যশোরে মুজিবের মিটিং-এ তুমি ছিলে কি না।
(7) মিটিং-এ সে কি বলেছিল।
(8) মিছিলে কি কি বলা হয়।
(9) জয় বাংলার মানে কি।
(১০) তোমার ভাই কোথায়।
(১১) তুমি কি কর।
(১২) তোমাদের গ্রামে যে মেজর যেত তাকে তোমরা কেন মেয়ে জোগাতে না।
(১৩) ভারতে কে গিয়েছে।

সুবেদার মেজর শাহজি আমাকে সবগুলি প্রশ্ন জিজ্ঞাসা করে। আমি মারের দরুন থাকতে না পেরে কিছু কিছু প্রশ্নের উত্তর স্বীকার করি আর যে গুলো বেশী জরুরী সেগুলো স্বীকার করি না। মারের নিয়মগুলো নীচে বর্ণনা করা হলো।

(1) প্রথমে মাটিতে উপুড় করে শুইয়ে দিত। তারপর বেতের লাঠি দিয়ে ঘাড়ে এবং পায়ের তালুতে মারতে থাকে। লাঠি দিয়ে মারা শেষ হলে আবার বুট দিয়ে পিঠের উপর উঠে খচতো বা পাড়াতো।

(২)দ্বিতীয় নিজ কায়দা হলো চুল ধরে ঝাঁকিয়ে ঝাঁকিয়ে ঠাশ করে ঘাড়ে একটা চড় কশিয়ে দিয়ে ছেড়ে দিত।

(৩) পা উপরে দিয়ে মাথা নিচে দিয়ে একটা ঘরের মধ্যে রশির সঙ্গে লটকিয়ে রাখতো।

(৪) বস্তার মধ্যে পুরে দিয়ে বস্তার মুখ বেঁধে পিটিয়ে মেরে ফেলতো।

(৫) প্রত্যেক গিড়ায় গিড়ায় লাঠি দিয়ে এবং বন্দুকের বাট দিয়ে মারতো।

(৬) আট দশজন করে গাড়ীতে তুলে নিয়ে ব্যায়োনেট চার্জ করে মেরে রেখে আসতো।

(৭) প্রত্যেক হাতের প্রতি আঙ্গুলে সূঁচ ঢুকিয়ে দিত।

(৮) নিল ডাউন করে রাখতো।

(৯) প্রতি ২৪ ঘন্টায় একবার খাবার দিত। আর পায়খানা প্রশ্রাব করাতে নিয়ে যাবার সময় মারতো আর নিয়ে আসার সময় মারতো। আমাদেরকে একমাস বার দিন রাখার পর আমাদের ১৭ জনের একটা দলকে সুবেদার মেজর শাহজি সবাইকে ডেকে লাইন করে তারপর একটা গাড়িতে আমাদেরকে উঠতে বলে। আমরা গাড়িতে উঠে পড়ি। তারপর আমাদের বাড়ীর নিকট গাড়ি থামিয়ে আমাদেরকে নামিয়ে দেয়। আমাকে ধরে ২৭শে এপ্রিল আর ছেড়ে দেয় জুনের ১০ তারিখে।

সাক্ষর/-
মোঃ শাহিদুল ইসলাম এ্যাডভোকেট
১৭/৩/৭৩

\ ১৬৬ \

শ্রী নরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
শষ্টিতলা, যশোর

আমার বর্তমান বয়স ৯৮ বছর। ১৯৭১ সালের ৪ঠা এপ্রিলে সকাল ৮-৩০ মিনিটে ভারত ও তথাকথিত পাকিস্তানের খবর রেডিওর মাধ্যমে শুনছি এমন সময় দু'জন বিহারী ও তিনজন পাঞ্জাবী আমার বাসায় চলে আসে। বিহারী দুজন আমার পাড়া প্রতিবেশী। তারা আসার সাথে সাথে আমি রেডিও বন্ধ করে দেই। তারা সোজাসুজি আমার নিকট চলে আসে এবং আমাকে জিজ্ঞাসা করে তোমার টাকা পয়সা কোথায় রেখেছ? আমি জবাব দেই আমার কোন গচ্ছিত টাকা পয়সা নাই। আমি আবার ত্রিশ বাছর চাঁচরা রাজ ষ্টেটের ম্যানেজার ছিলাম। তারা সেই জন্য মনে করতো আমার নিকট প্রচুর টাকা পাওয়া যাবে। তারপর তাদের মধ্যে থেকে একজন মিলিটারী আমার পাশের ঘর হতে আমার চাকর কালিপদ দাসকে আমার নিকট নিয়ে আসে। তারপর আমাকে এবং তাকে ভয় দেখায় টাকা কোথায় রেখেছ? যদি না বলে দাও তা না হলে তোমাদের দু'জনকেই গুলি করে মারা হবে। আমরা জবাব দিলাম টাকা আমরা কোথায় পাবো। তখন আমাদের দু'জনকে পাশাপাশি দাঁড় করায়। তারপর একজন মিলিটারী কালিপদকে লক্ষ্য করে গুলি করে। সঙ্গে সঙ্গে তার বুক ভেদ করে গুলি বেরিয়ে যায়। তার পরক্ষণেই সে মারা যায়। তার পর আমাকে লক্ষ্য করে দ্বিতীয় গুলি ছোড়ে, গুলিটি আমার এক হাতে লাগে। গুলি লেগে আমার বাম হাতটা প্রায় শরীর হতে বিচ্ছিন্ন হয়ে পড়ে। তারপর আবার আরেকটা গুলি আমাকে করে। কিন্তু আল্লাহর অশেষ করুণায় গুলিটি আমার ডান হাতের এক পাশে লাগে। সাথে সাথে আমাকে অমনি ফেলে রেখে চলে যায়। বাড়ী হতে বের হয়ে যাবার সময় আমার বাসা লুটপাট করে বাসার সমস্ত কিছু নিয়ে যায়। অবশ্য উক্ত জিনিষপত্রগুলো মিলিটারীদের সঙ্গে যে দু'জন বিহারী এসেছিল তারাই লুটপাট করে নিয়ে যায়। আমি ঘরের মেঝেতে পড়ে থাকি। মিলিটারী ঐ দিনই আমার বাড়ীর পাশে পাশে ১১ জনকে গুলি করে মারে তার মধ্যে আমি শুধু বেঁচে আছি। যাদের গুলি করে মারা হল তারা হল আমার বাড়ীর উত্তরে আমার বিশিষ্ট বন্ধু অবসরপ্রাপ্ত ডেপুটি ম্যাজিষ্ট্রেট রহমত উল্লাহ মণ্ডল এবং তার দুই শিক্ষিত পুত্র মোছাদ্দেক ও জিন্নাহ এবং তার বাড়ীতে তিনজন ভাড়াটিয়া, একজন প্রফেসর ও দুজন শিক্ষিত ভদ্রলোক। আমার বাড়ীর উত্তরে ডাক্তার নাছির উদ্দিন খান এবং তার স্ত্রী ও তার বাড়ীতে উপস্থিত আরও তিনজন লোক। আমার বাড়ীর পূর্বে সত্য চরণ মিত্র ইত্যাদি ১২ জনকে গুলি করে তার মধ্যে ১১ জন মারা যায়। তার মধ্যে আমি পঙ্গু এবং অন্ধ অবস্থায় বেঁচে আছি। তারা চলে যাবার পর আমি আধমরা অবস্থায় পড়ে থাকি। সেইদিন বেলা তিনটার সময় দু'জন বিহারী এসে আমার ঘর হতে কালীপদের মরা লাশ নিয়ে যায়। তারপর ৭ দিন পর্যন্ত শুধু আমি শরীরে ভীষণ জ্বর নিয়ে না খেয়ে মেঝেতে পড়ে থাকি। ৭ দিন পর ঘোপের বদরউদ্দিন সাহেবের বাড়ী হতে মহর আলী নামক একজন লোক আমার জন্য দুধ ও রুটি নিয়ে আসে। তারপর হতে তার সেবা শুশ্রুষায় আমি সুস্থ হয়ে উঠি। আমার হাতে পোকা পড়ে গিয়েছিল। তারপর আমি সুস্থ হয়ে উঠি। বর্তমানে আমি অন্ধ এবং আমার বাম হাত পঙ্গু হয়ে গেছে। আমি এখনও খোদার অশেষ কৃপায় বেঁচে আছি আর কি।

টিপ সহি/-
শ্রী নরেন্দ্র নাথ চট্টোপাধ্যায়
১৯-৩-৭৩

\ ১৬৭ \

ডাঃ এস, এম, আহাদ আলী খান
থানা- কোতোয়ালী
যশোর

এপ্রিলে পাকবাহিনী যশোর পুরোপুরি দখল করে নেয়। আমরা পালিয়ে যাই গ্রামে। সেখান থেকে ভারতে যাবার পথ না পেয়ে পুনরায় শহরে ফিরে আসি। জুলাই মাসের সতের তারিখে পাকসৈন্যরা আমার ডাক্তার খানা থেকে ধরে নিয়ে যায়। প্রথমে সার্কিট হাউসে নিয়ে গিয়ে ব্রিগেডিয়ারের সামনে হাজির করে। ব্রিগেডিয়ার আমাকে জিজ্ঞাসাবাদ করে আমাকে ক্যান্টনমেন্টে নিয়ে যায়। মেজর আনোয়ারের সামনে হাজির করাবার জন্য বসিয়ে রাখে। সেখানে সুবেদার মেজর আমীল হোসেন এবং একটি হাবিলদার ছিল নাম ইকবাল শাহ এবং আরও অনেকে ছিল। হঠাৎ করে অন্য সিপাই এসে আমাকে মারধর শুরু করে তখন সবাই মার আরম্ভ করে। আমি জ্ঞান হারিয়ে ফেলি। জ্ঞান ফিরলে আমি দেখি মেজর আনোয়ার হোসেন সামনে। মেজর আমাকে জিজ্ঞাসা করে তুমি কোন রাজনৈতিক দলে আছ? আমি উত্তর দিই ন্যাপে আছি। তারপর একটি ছোট্ট কামরাতে নিয়ে যায়, রাতে কোন খাবার এমনকি পানিও দেয়নি। প্রশ্রাব করতে চাইলেও মারধর করেছে তারপর দিন সুবেদার ইকবাল শাহ আমাকে বলে, যেহেতু মেজর খুরশীদ আনোয়ারের মেয়েকে এক সময় চিকিৎসা করে বাঁচিয়েছি সেহেতু আমকে নাকি মেরে ফেলা হবে না। ওকে আমি পানির জন্য অনুরোধ করি কিন্তু পানি দেয়নি। সন্ধ্যাবেলা আউন্স দুই পানি এবং একমুঠি পচা ভাত দেয়। জুলাই মাসের ২০ তারিখে আবার মেজর সাহেবের সামনে নিয়ে যায়। সেখানে আমকে জিজ্ঞাসা করে যখন বাঙ্গালী সৈন্যরা আমাদের সাথে যুদ্ধ করে তখন ওরা কি খেত? আমি উত্তর দেই 'ছোলা', অমনি সবাই মিলে মারধোর শুরু করে। দুধ, ডাব, ভাত পাঠিয়েছি কিনা জিজ্ঞাসা করে। আমি হ্যাঁ বলেছিলাম কারণ তখন আমি দেখলাম পাকসৈন্যরা সব খবরই সংগ্রহ করেছে। জুলাই মাসের ৩১ তারিখ পর্যন্ত সিপাইরা দুবেলা মারধর নিয়মিত করতো। পাঁচ মিনিট সময় দিত তার মধ্যে প্রশ্রাব, পায়খানা, হাতমুখ ধোওয়া সব করতে হতো, দেরী হলে বেত মারতো। সারাদিন খাবার দিত না, সন্ধ্যাবেলা কিছু পচা ভাত এবং আউন্স দুই পানি দিত। পানি চাইলে বলতো তোমরা আমাদের পানি বন্ধ করেছিলে। ১লা আগষ্ট আবার মেজর আমাকে এক প্যাকেট বিস্কুট দেয়। কোর্ট থেকে নামিয়ে নিয়ে এসে সুবেদার মেজর আমীর হোসেন আমাকে ভীষণভাবে মারধর শুরু করে। আমি জ্ঞান হারিয়ে ফেলি। আমার আর চলবার ক্ষমতা ছিল না। তখন থেকে কিছু কিছু খাবার দিত। সিপাইরা মারধর করতো নিয়মিতভাবে। মফিজ চৌধুরী, নড়াইলের অধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন, ডাঃ মাহবুবুর রহমান এবং আজিজুর হক, এ, বি, এম, বদরুল আলম এরা সবাই আমার সাথে ছিলো। পুরা আগষ্ট মাস প্রায় আমি অজ্ঞান থাকতাম। আগষ্ট মাসে আমার মেয়ে শান্তি কামিটির চেয়ারম্যান সাহেবের কাছে অনুরোধ করে আমার মুক্তির জন্য কিন্তু কোন কাজ হয়নি এবং অপমানিতা হয়েছে। উপর থেকে কি অর্ডার আসে জানিনা তারপর আমাকে মুক্তি দেয়। যখন মুক্তি দেয় তখন আমার জ্ঞান ছিল না। রাতে সাড়ে আটটার সময় প্রত্যহ ধৃত লোকদের মুখে কালো কাপড় দিয়ে বেঁধে বাইরে নিয়ে যেত। শুনতাম অবাঙ্গালীরা ছুরি দিয়ে জবেহ করেছে। ধরে নিয়ে এসে পিটিয়ে হত্যা করেছে। উপরে পা ঝুলিয়ে মাথা নিচু করে মারতে মারতে মেরে ফেলতো। গুহ্যদ্বারের ভিতর বেয়োনেট ঢুকিয়ে দিত খবরাখবর না দেওয়ার জন্য বরফ ঢুকিয়ে দিত। বাগাছাড়া হাইস্কুলের শারীরিক শিক্ষককে ধরে নিয়ে গিয়ে খবর না দেওয়ার জন্য অত্যাচার শুরু করে। বিছানার উপর শুইয়ে একটি কেমন যন্ত্র দিয়ে চাপ দিত তারপর ইলেকট্রিক শক দিত. উপরে ঝুলিয়ে মারধর করতো।

মেয়েদের ধর্ষণ করে কোন কোন ক্ষেত্রে বাচ্চা ছেলেকে বসিয়ে বাচ্চাটিকে বেয়োনেট দিয়ে হত্যা করে কিন্তু মেয়েটিকে রেখে দেয়। জোর করে পাকিস্তানের পক্ষে ভালো আছি বলে জোর করে জবানবন্দী রেকর্ড করতো টেপ রেকর্ডে। গুলি করে, ছুড়ি দিয়ে হাত পা কেটে, উপর থেকে ফেলে দিয়ে হত্যা করেছে। অনুমান ৮/১০ হাজার লোক মারা যায় এখানে। কর্নেল শামস এবং মেজর বেলায়েৎ আলী মেয়েদের উপর অকথ্য অত্যাচার করেছে। হাজার হাজার মেয়ে ধর্ষিতা হয়েছে। স্বামীকে মারধর করে জোর করে বেয়োনেট দেখিয়ে স্ত্রীকে তুলে নিয়েছে পাকসেনারা। একই মেয়ের উপর ৫/৭ জন আর্মি ধর্ষণ করেছে।

সাক্ষর/-
ডাঃ এস, এম, আহাদ আলী খান
৯/৩/৭৩

\ ১৬৮ \

সৈয়দ আলী ইমাম
এস, ডি, ও, এম, ই, এস, (আর্মি)
যশোর ক্যান্টনমেন্ট,যশোর

২০শে মে ধরা পড়ার পর আমাকে ফিল্ড ইন্টেলিজেন্সের কাছে অর্পণ করা হয়। সেখানে হাবিলদার মেজর মাসুদ প্রথম লাঠি দিয়ে বেদম প্রহার শুরু করে। পরে শরীরের সমস্ত জামা কাপড় খুলে চিৎ করে ফেলে পায়ের তলাতে লাঠি দিয়ে বেদম প্রহার শুরু করে। সারাদিন অভুক্ত অবস্থাতেই এই প্রহার চলে। এরপর আমাকে এফ, আই, এর নিকটে একট সেলের মধ্যে পুরে রাখলো। তখন আমি অজ্ঞান হয়ে পড়ি। সেখানে তখন প্রায় ৩৪ জন বন্দী অবস্থায় ছিলেন। ২০টা থালাতে এই ৬৪ জন বন্দীকে খেতে হতো। পরিষ্কার না করেই উক্ত থালাতে খেতে হতো।

সারাদিন একবার খাদ্য দিতো। নামাজের সময় অজু করার জন্য ২ মিনিট করে সময় দিতো। যদি বেশী সময় লাগতো তা হলে তার উপর মারপিট শুরু হয়ে যেত। মাঝে মাঝে বন্দীদের দিয়ে গাড়ির চাকা পরিষ্কার করাতো।

খাদ্যের দরুন প্রায় বন্দীদের পেটের অসুখ হয়। তার ফলে তারা প্রায় ঘরের মধ্যে পায়খানা করে ফেলতো। তখন তাদের প্রহার করা হতো বেদমভাবে।

একদিন চার পাঁচজন যুবকদের ধরে নিয়ে আসে তাদের পা এমনভাবে বাঁধা ছিলো যে খাড়া হয়ে তারা চলতে পারতো না। তাদের বিড়ালের মতো হাঁটু ও হাত দিয়ে হেঁটে যেতে হতো। পিছনে পাক সেনারা লাঠি দিয়ে মারতে মারতে নিয়ে যেতো। মনে হতো যেন গরুর পাল তাড়িয়ে নিয়ে যাচ্ছে।

বন্দীদের হত্যা করার সময় মেজর ওমর খুরশীদ নিজে আসতো এবং যাদের হত্যা করা হবে তাদের নামের লিষ্ট করে নিয়ে যেতো। পরে তাদের হত্যা করা হতো।

কয়েকজন মুক্তিবাহিনীর ছেলেদের উপর দিকে পা বেঁধে তাদের লাঠি দিয়ে প্রহার করতো।

একদিন সাধু প্রকৃতির একজন লোককে ধরে নিয়ে আসে। তাকে গুপ্তচর সন্দেহ করতো। দশ বার হাত দূর হতে দৌড়ে এসে উক্ত সাধু প্রকৃতির লোকের বুকে বুট সমেত লাথি মারতো আর বলতো তুমি ভারতীয় বাহিনীর গুপ্তচর। বুটের আঘাতে পড়ে গেলে তার পায়ে রাইফেলের বাঁট দিয়ে আঘাত করতো। পরে তাকে তুলে আবার বুকে বাঁট দিয়ে আঘাত করতো।

এইভাবে প্রায় আড়াই মাস ধরে অত্যাচার করে। প্রায় ৬০ জনকে এই ঘর হতে নিয়ে গিয়ে হত্যা করে।

৩১শে জুলাই ১৪ জনকে বন্দীশালা হতে ক্যান্টনমেন্টের প্রাইমারী স্কুলে নিয়ে যায়। সেখানে ৩রা সেপ্টেম্বর পর্যন্ত এই স্কুলে বন্দী করে রাখে।

কয়েকজন মুক্তিফৌজকে ধরে নিয়ে এসে একদিন বেদম প্রহার করে। প্রত্যেকদিন মুক্তিফৌজ নামে কয়েকজন যুবককে দিনের বেলায় বাইরে বের করে লাঠি দিয়ে পিটিয়ে সন্ধ্যার দিকে ঘরে নিয়ে আসতো। এই ভাবে তাদের সারা শরীর ফুলে ও পরে পচে গিয়ে পোকা হয়ে গিয়েছিলো। তাদের জিজ্ঞাসা করতো ভারতের

কোথায় কোথায় ট্রেনিং চলছে। তারা এত অত্যাচারের মুখেও গোপন তথ্য প্রকাশ করতো না। এক মাস পরে তাদের একদিন রাতে নিয়ে যায়। পরে তাদের আর কোন দিন দেখা যায়নি। সন্ধ্যার দিকে যখন বন্দীদের গুনতো তখন চামচ দিয়ে প্রত্যেকের বুকে একটা করে ভীষণ জোরে আঘাত করতো। মনে হতো যেন বুকের হাড় যেন বুঝি ভেঙ্গে গেল। এইখানে বন্দী অবস্থায় একটা ২০০ গজ ট্রেঞ্চে সবার সামনেই প্রত্যেককে পাশাপাশি বসে পায়খানা করতে হতো।

৪ঠা সেপ্টেম্বর তারিখে স্কুল হতে যশোর সেন্ট্রাল জেলে নিয়ে যায়। সেখানে কর্তৃপক্ষ বাঙ্গালী থাকায় জেল খানাতে কোন মারপিট হয়নি।

আমাদের সাথে একজন পাঠান ছিলেন বন্দী। কারণ সেই পাঠান এক গ্রামে আগুন লাগাতে অস্বীকার করায় মেজরের সাথে গোলমাল হয় এবং মেজরকে একটা চড় লাগায়। ফলে তার নয় মাস জেল হয়েছিলো।

সাক্ষর/-
সৈয়দ আলী ইমার এস,ডি,ও
২৪/৩/৭৩

\ ১৬৯ \

শ্রী গণপতি সরকার
কোতোয়ালী. যশোর

১৯৭১ সালের ২৭শে মার্চ আমি আধুনিক সেলুনে কাজ করছিলাম। বেলা ১১টার সময় ৪ জন পাক সেনা আধুনিক সেলুনে চলে আসে এবং আমাকে শ্রী অজীৎ ভবেন ও জগদীশকে কোন কথা জিজ্ঞাসা না করে ধরে ফেলে এবং সবাইকে কালেক্টরেটে নিয়ে যায়। সেখানে নিয়ে গিয়ে আমাকে ছাড়া বাকি তিনজনকে রাইফেল, বেতের লাঠি ও বুট দিয়ে গুঁতা, প্রহার আর লাথির পর লাথি মারতে থাকে। তাদের এইভাবে বেলা তিনটা পর্যন্ত মারার পর জিন্নাহ রাস্তার উপর তাদের ফেলে রেখে আমাকে আমাদের বাড়ীতে নিয়ে যায়। তারপর আমার বাড়ী গিয়ে আমার বড় ভাইকে খোঁজ করে কিন্তু তাঁকে বাড়ী না পেয়ে ঘরের মধ্যে শেখ সাহেবের যে ফোটো ছিল তা ভেঙ্গে ফেলে এবং পরে ওতে আগুন ধরিয়ে দে্য়। আমার বড় ভাই শ্রী পশুপতি সরকার আওয়ামী লীগ করতেন। তারপর আমাকে বাড়ী হতে শহরে নিয়ে আসার সময় একজন বেলুচ মিলিটারী আমাকে মুড়ি ও গুড় কিনে দেয় খাবার জন্য। আমি মুড়ি মুখে দিতেই একজন পাঞ্জাবী মিলিটারী লাথি দিয়ে তা আমার মুখ হতে ফেলে দেয় এবং অকথ্য ভাষায় আমাকে গালাগালি দেয়। তারপর আমাকে কালেক্টরেটে নিয়ে আসে। সেখান হতে তাদের গাড়ীতে করে আমাকে ক্যান্টনমেন্টে নিয়ে যায়।। সেখানে গাড়ী হতে নামিয়ে মর্শাল ল কোর্টে নিয়ে হাজির করে। তারপর কর্ণেল আমাকে জিজ্ঞেস করে তোমার নিকট নাকি ওয়ারলেস পাওয়া গেছে? আমি অস্বীকার করি। তারপর আমাকে একটা ঘরে নিয়ে যায় এবং সেখানে হাওলাদার আমাকে জিজ্ঞাসাবাদ করে তোর ভাই কোথায় আমাদেরকে বলে দিবি আর না হয় স্বীকার করবি যে আমার নিকট ওয়ারলেস পাওয়া গেছে। কিন্তু আমি কোন কথাতেই রাজি না হবার দরুন আমার পাছায় এবং পিঠে ২৫টা বেত মারে এবং আমি জ্ঞান হারিয়ে ফেলি। প্রায় ঘন্টাখানেকের মধ্যে আবার জ্ঞান ফিরে পাই। তারপর প্রায় ৪০ জনকে মারতে মারতে কোয়ার্টার গার্ডে নিয়ে যায়। সেখানে নিয়ে গিয়ে আবার বেতের ছড়ি দিয়ে মারতে মারতে গাড়ি হতে নামায়। গাড়ি হতে নামিয়ে রৌদ্রের মধ্যে চিত করে শুইয়ে রাখে। তারপর বুকের উপর উঠে বুট দিয়ে খচতে থাকে। এই ভাবে বেলা ১১টা হতে বিকাল তিনটা পর্যন্ত রৌদ্রের মধ্যে শুইয়ে রাখার পর আবার রাইফেলের গোড়া দিয়ে মারতে থাকে। মারার পর আবার গাড়ীতে করে কোয়ার্টার গার্ডে নিয়ে এসে রেখে দেয়। এই ভাবে প্রত্যেকদিন অত্যাচার করার দরুণ দ্বিতীয় দিন বুটের খচনের সঙ্গে সঙ্গে তিন জন আমির, লতিফ ও গৌর নামক তিন ব্যাক্তি মারা যায়। তিন দিন পর পর এক বেলা খাবার দিত। আর পানি চাইলে প্রস্রাব করে নিয়ে এসে দিত। পায়খানা করতে চাইলে মার আরম্ভ করে দিত। এইভাবে ৬ই এপ্রিল পর্যন্ত আমাদের উপর একই উপায়ে অত্যাচার করার পর ৭ই এপ্রিল মেজর আমাদেরকে ডাকে। আমরা ৩৫ জন মেজরের নিকট হাজির হই। মেজর সবার স্টেটমেন্ট নেবার পর আমাকে জিজ্ঞাসা করে তা হলে তোমাকে কোন অপরাধে ধরে নিয়ে আসে। আমি প্রতি উত্তরে বলি স্যার আমি একজন বারবার, আমি, ওয়ারলেস চিনি না। আমার বড় ভাই আওয়ামী লীগ করেন। তাকে বাসায় না পেয়ে আমাকে ধরে আনে। তারপর মেজর চারজনকে রেখে ৩১ জনকে ছেড়ে দেয়। যে চারজনকে রেখে দেয় তারা হলো অরুণ, অমলা সোম, কেষ্ট এবং আর একজন নাম না জানা। ওদের চার জনকে কারেন্ট চার্জের জন্য নিয়ে যায়। তারা ফিরে আসে না। তারপর আমি ৭ই এপ্রিল উক্ত ৩১ জনের সঙ্গে ক্যান্টনমেন্ট হতে মুক্তি পেয়ে বাড়ী চলে আসি।

সাক্ষর/-
শ্রী গণপতি সরকার
১৬/৩/৭৩

\ ১৭০ \

নূর জাহান
সুইপার, সি,এম,এইচ, মহিলা বিভাগ
যশোর ক্যান্টনমেন্ট

৩০শে মার্চ যখন গোলাগুলি শুরু হয় যশোর ক্যান্টনমেন্টে সেই সময় আমি হাসপাতালে ডিউটিরত ছিলাম। রাত আনুমানিক ১০টার দিকে ৬/৭ জনের এক পাঞ্জাবী দল হসপিটালে আসে এবং বলে তোমরা বন্দী।

৩০ তারিখের পর হতে প্রতি রাতে ৭/৮ বার করে হসপিটাল চেক করতো। তারা বলতো যে কোন পুরুষ মানুষ তোমরা লুকিয়ে রেখেছো। এটা একটা বাহানা ছিলো। ১১ই এপ্রিল তারিখে সামরিক হসপিটালের স্টাফ বাদে যে সমস্ত মহিলারা প্রাণ ও ইজ্জতের ভয়ে হসপিটালে আশ্রয় গ্রহণ করেন তাদের সবাইকে রাত অনুমান ১ টার দিকে নিজ নিজ ঘরে ফিরিয়ে দেবে বলে নিয়ে যায়। উক্ত মহিলারা সবাই ছিলেন ই, পি, আর ও বেঙ্গল রেজিমেন্টের ও বেসামরিক লোকদের স্ত্রী, কন্যা ও শিশু। প্রথমে তাঁদের আর্টিলারীর ঘরে নিয়ে আটকে রাখে।

উক্ত ছয় সাত ঘরে ভদ্রমহিলারা ছিলেন। উক্ত এলাকাতে যারা পাহারা দিত সেই পাকসেনারা দু'জন ঘরের দরজা জোর করে ভেঙ্গে ঢুকে পড়ে এবং দু'জন ভদ্রমহিলার উপর অত্যাচার করে। একজন ভদ্রমহিলা পেটে যে বাচ্চা ছিলো তা এই অমানুষিক অত্যাচারের ফলে নষ্ট হয়ে যায়।

এই ঘটনার পর উক্ত এলাকা হতে ৪ জন অভূক্ত রেখে বন্দী মহিলাদের সেন্ট্রাল জেলে পাঠিয়ে দেয়।

লেডী ডাক্তার এবং দু'জন সিসটার এবং আয়া ছিলো তিনজন। সবাইকে হসপিটালে বন্দী করে রাখে। দুইমাস হসপিটালে সিসটার জুজুভিনের ঘরে থাকেন বাকী স্টাফরা। একটা ঘরে সবাইকে বন্দী করে রাখে। প্রায় প্রতিরাতে পাকসেনারা উক্ত ঘরে এসে তল্লাসী চালাতো। দুই মাস পর সবাই লেডী ডাক্তারের বাড়ীতে আশ্রয় গ্রহণ করেন।

একদিন দেখি যে একজন বাঙ্গালী যুবকের দেহ হতে রক্ত বের করে নিয়ে তাকে হত্যা করে। ছেলেটির শেষ কথা ছিলো "মা, স্বাধীনতা দেখে যেতে পারলাম না।"

ক্যান্টনমেন্টের ভিতরে ১০ নং পুকুরের ধারে দুইজন অজ্ঞাত পরিচিত মহিলাকে ধর্ষণ করে হত্যা করা হয়েছে। তাদের লাশ ওখানে পড়ে ছিলো। দুজন শিশুও ছিলো।

টিপসহি
নূর জাহান (সুইপার)
২২/৩/৭৩

\ ১৭১ \

মোঃ মোহসিন উল্লাহ
গ্রাম-চৌগাছা
থানা-ঝিকরগাছা, জেলা-যশোর

১৯৭১ সালের ১৫ই অক্টোবর ২০/২৫ জন পাক মিলিটারী রাত প্রায় ১১টায় আমাদের বাড়ীতে চলে যায়। আমাদের বাড়ী ঘেরাও করে আমাকে নাম ধরে ডাকলে আমি ঘর হতে বেরিয়ে আসি। সঙ্গে সঙ্গে দুজন পাকসেনা আমার দু'হাত ধরে ফেলে এবং গামছা দিয়ে পিঠমুড়া করে দু'হাত বেঁধে ফেলে দেয়। তারপর ঘরের মধ্যে ঢুকে যায় এবং একজন চাকর ঘরের মধ্যে শুয়ে ছিলো তাকেও ধরে ফেলে এবং আমার নিকটে নিয়ে আসে। একজন সুবেদার আমাকে জিজ্ঞাসাবাদ করতে থাকে। তোমার ভাই মুক্তিবাহিনীর কমাণ্ডার? তোমার গ্রামে কয়জন মুক্তিবাহিনী আছে? তুমি মুক্তিবাহিনীকে আমাদের খবরাখবর পৌছে দাও? তাদের সবগুলো কথার জবাব আমি অস্বীকার করি। তারপর আমাকে হুমায়ূন কবির নামে একজন পাঞ্জাবী ফোন অপারেটার ৪/৫ টা ঘুষি মেরে দেয়। সঙ্গে সঙ্গে আমি প্রায় জ্ঞান হারিয়ে ফেলি। তারপর অমাকে মোটা একটা কাঠের লাঠি দিয়ে সমস্ত শরীরে আঘাত করে আর জিজ্ঞাসাবাদ করতে থাকে সত্যি করে বলো তোমার ভাই মুক্তিবাহিনীর কমাণ্ডার নয়। তারপর আরও ৮/৯ জন মিলিটারী আমার নিকটে চলে আসে এবং তারা প্রত্যেকে কোন কথা জিজ্ঞাসা না করে বুট দিয়ে লাথির পর লাথি মারতে থাকে। তাদের মধ্যে একজন ছোট ১২/১৪ বছরের বিহারী ছেলে ছিল। সে আমাকে ২/৩ হাত দূর থেকে জাম্প করে এসে আমার বুকে আঘাত করে। তারপর আমি অজ্ঞান হয়ে পড়ি।প্রায় একঘন্টা পর আবার জ্ঞান ফিরে পেলে আমাকে স্কুলের দোতালায় নিয়ে যায়। সেখানে নিয়ে গিয়ে একটা আকড়ার সাথে দু'হাত ঝুলিয়ে বেতের লাঠি দিয়ে সারা শরীরে বেদম প্রহার করার দরুন সমস্ত শরীর ফেটে রক্ত বের হতে থাকে। প্রায় ১৫/২০ মিনিট আমাকে মারার পর আমি যে কখন জ্ঞান হারিয়ে ফেলেছি তা আমি বলতে পারি না। তারপর জ্ঞান ফিরে পেলে আমি দেখতে পাই আমি একটা ঘরের মধ্যে পড়ে অছি। তারপর ৭ দিন আমাকে বিভিন্ন উপায়ে প্রহার করার পর আমি হাঁটতে চলতেও একস্থান হতে অন্যস্থানে সরে যেতে না পারার জন্য আমাকে প্রহার করা বাদ দেয়। আমি আধা মরা অবস্থায় ঘরের একটা কোণে পড়ে থাকি। আমাকে ধরার দুদিন পর আমার চাকরটাকে ছেড়ে দেয়। তারপর মেজর ২৬শে অক্টোবর আমাকে ডাকে। ৪/৫ জন মিলিটারী ধরাধরি করে আমাকে মেজরের সামনে এনে হাজির করে। মেজর আমাকে জিজ্ঞাসাবাদ করতে থাকে তুমি সত্য করে বলো মুক্তিবাহিনী তোমাদের বাড়ীতে আসি কিনা? তোমার ভাই মুক্তিবাহিনীর কমাণ্ডার কি না? তোমাদের গ্রামে কতজন ছেলে মুক্তিবাহিনী হয়েছে। সবগুলো প্রশ্নের উত্তর আমি অস্বীকার করি। তারপর মেজর একজন সুবেদার ডাকে। উক্ত সুবেদার মেজরের নিকট আসলে মেজর তাকে আদেশ করে এই লোক কোন দোষী নয়। একে গাড়িতে করে তার বাড়ীতে রেখে এসো। তারপর আমাকে গাড়িতে করে আমার বাড়ী পৌঁছে দিয়ে আসে। অর্থাৎ ২৬শে অক্টোবর আমি ছাড়া পাই। তারপর আমি বাড়ী গিয়ে তিন মাস স্থানীয় চৌগাছ বাজারের একজন ডাক্তারের নিকট চিকিৎসায় ভাল হয়ে উঠি। এখন আমি চলে ফিরে খেতে পারি। কিন্তু কাজকর্ম করে খাবার মত কোন সামর্থ্য আমার নেই। এখনও মেঘ বৃষ্টি হলে আমার শরীরের বিভিন্ন স্থানে ব্যথা বেদনা করে, আমি অসুস্থ হয়ে পড়ি।

চৌগাছা সরকারী ডাক বাংলোর পিছনে ২০/২৫ টা কবরে প্রায় ৭০/৮০ জনকে প্রত্যেক দিন প্রায় ৮/১০ জন করে লোককে ব্যায়েনেট দিয়ে খুঁচিয়ে আধা মরা করে ২/৩ জনকে একই ছালার মধ্যে ভরে ছালার মুখ বেঁধে উক্ত কপোতাক্ষ নদীতে ফেলে দিয়েছে। উক্ত নদীর উপর একটা ব্রীজ আছে, সেখানেও নিয়ে গিয়ে ব্যায়োনেট

চার্জ করে নদীতে ফেলে দিয়েছে। অনেককে উক্ত নদীরে উপর যে ব্রীজ পার হয়ে নদীর পশ্চিম পারে প্রায় ৩০/৪০ টা করে ৮০/৯০ জন লোককে মেরে পুঁতে রেখেছে। যে সমস্ত লোক পাকসেনারা চৌগাছায় মেরেছে এবং তাদের ক্যাম্পের আশপাশে পুতে রেখেছে এর মধ্যে অধিকাংশই শরণার্থী। কারণ তারা কাশিমপুর মাশিলা হিজলী ইত্যাদি বর্ডার দিয়ে ভারতে যাবার সময় পাকসেনারা তাদেরকে ধরে এবং চৌগাছায় তাদের ক্যাম্পে নিয়ে আসে। তারপর নৃশংসভাবে হত্যা করে পুঁতে রাখে। এইভাবে দীর্ঘ নয় মাসে চৌগাছাতে পাকসেনারা ১০০/১৫০ জন লোককে হত্যা করে। তাদের মধ্যে মেয়ে ও পুরুষ উভয়ই ছিল। মেয়েদেরকে ২/৩ দিন রেখে তাদের উপর পাশবিক অত্যাচার করার পর ব্যায়োনেট চার্জ করে নদীতে ফেলে দিত। আমি যে এগার দিন ছিলাম ঐ কয়দিনে প্রায় ২০/২৫ জন লোককে ডাক বাংলোর পিছনে রাত আটটার পর প্রতিদিন ৪/৫ জন করে হত্যা করে পুঁতে রাখে।

সাক্ষর/-
মোঃ মহসিন উল্লাহ
১০/৫০৭৩

\ ১৭২ \

লুৎফর রহমান মোল্লা
মিরপুর থানা, জেলা-কুষ্টিয়া

আলমডাঙ্গা থানায় কাজ করছি এমন সময় একখানা পাক মিলিটারী গাড়ি গিয়ে থানা ঘিরে নেয় এবং আমরা থানার স্টাফ ৪ জনসহ মোট ১২ জন ধরা পড়ি। আমাদের প্রত্যেককে গাছের সঙ্গে দুই হাত বেঁধে বেতের লাঠি দিয়ে ভীষন প্রহার করার পর বুট দিয়ে লাথির পর লাথি মারাতে আমার দুটা দাঁত ভেঙ্গে যায় এবং আমার সারা শরীর ফেটে রক্ত ঝরতে থাকে। তারপর একজন মিলিটারী আমার বুকের উপর উঠে বুট দিয়ে পাড়ানোর চোটে আমার বুকের হাড় ভেঙ্গে যায়। পরে আর একটা মিলিটারী আমার পায়ে ব্যায়োনেট চার্জ করে। তারপর ক্যাপ্টেন মুজাফফর হোসেন নাগভী আদেশ দেয়, ১২ জনকে ৬টা জোড়া করে দুইজন করে সামনা সামনি হাত বেঁধে হাট বোয়ালীয়া একটা নদীর ধারে নিয়ে যায় এবং সেখানে নিয়ে যায় এবং সেখানে নিয়ে গিয়ে চোখ বেঁধে হাঁটু পানির ভিতর নামিয়ে গুলি করে দেয়। এইভাবে পাঁচ জোড়া গুলি করার পর সর্বশেষ জোড়ায় ছিলাম আমি ও আলমডাঙ্গা থানার ও, সি সাহেব। যখন আমাদেরকে গুলি করতে নিয়ে যায় সেই সময় ছানাউল্লাহ নামক একজন কনস্টেবল এবং ইব্রাহিম নামক একজন কসাই ও, সি সাহেবের নিকট এসে বলেন যদি ১৫০০০ টাকা দেন আপনার জান বাঁচিয়ে দেব। সঙ্গে সঙ্গে ও, সি সাহেব সম্মতি জানানোর পর ক্যাপ্টেনের নির্দেশে তাঁর হাতের বাঁধন ছেড়ে দেয় এবং তাঁকে ক্যাপ্টেনের গাড়িতে নিয়ে উঠায়। তারপর আমাকে গুলি করার জন্য চোখ বেঁধে হাঁটু পানির মধ্যে নিয়ে দাঁড় করায়। তখন আমি ক্যাপ্টেন সাহেবকে বলি স্যার আমার একটা ফরিয়াদ আছে। আমি কোন দোষ করি নাই, বিহারীরা আমার নামে মিথ্যা বলে আপনার নিকট আমার সম্বন্ধে বলেছে। তখন ক্যাপ্টেন আমার চোখের বাঁধন খুলে দেয় এবং বলে আগামীকাল এর বিচার করা হবে, আজ একে থানায় একটা ঘরের মধ্যে নিয়ে রেখে দাও। দুইজন মিলিটারী আমাকে নিয়ে এসে একটা ঘরের মধ্যে রেখে দেয়। ঘরটার দরজা ভাঙ্গা ছিল। তারপর পাকসেনারা ৪/৫ জন মেয়েকে থানায় নিয়ে আসে এবং তাদেরকে নিয়ে তারা আনন্দ উল্লাসে মত্ত থাকে। এদিকে রাত্রিতে মুষলধারে ঝড় আর বৃষ্টি আরম্ভ হয়েছে। তখন আমি চিন্তা করি। আমাকে তো আগামীকাল গুলি করে মারবে, তাই শেষ চেষ্টা করলাম অর্থাৎ দরজাটা একটু জোরে প্রেশার দিলে দরজা খুলে যায়। আমি অমনি চোরের মতন ধীরে ধীরে ঘর হতে বেরিয়ে একটা খালের ধার দিয়ে খোলা মাঠের মধ্য দিয়ে সারা রাত্রি চলার পর ভোর হয়ে গেলে একটা বৃদ্ধ লোককে দেখতে পাই। তাকে দেখে আমি জড়িয়ে ধরি এবং বলি বাবা আমাকে কিছু খেতে দেন। লোকটি আমাকে তার বাড়ী নিয়ে যায় এবং আমাকে খেতে দেয়। তারপর আমি ভারতে আশ্রয় নেই।

এরপর যশোর ক্যান্টোনমেন্ট আমাদের দখলে এসে গেলে আমি একদিন রাত্রি বেলা বাড়ীতে যাই। গিয়ে আমার ছেলেকে ডাকি আমার স্ত্রী দরজা খুলে দেয়। তখন আমি দেখতে পাই আমার স্ত্রী বিধবার কাপড় পড়ে আছে এবং তার গায়ের অলঙ্কার বলতে কিছুই নেই। আমাকে দেখে সে কেঁদে ফেলে এবং বলে আমি যেদিন শুনতে পাই তোমাকে পাক বাহিনী মেরে ফেলেছে সেই দিন হতে আমি বিধবার কাপড় পরিধান করেছি। তারপর আমি আমার সমস্ত ঘটনা খুলে বলি।

স্বাক্ষর /-
লুৎফর রহমান মোল্লা

\ ১৭৩ \

শ্রী সংকর প্রসাদ ঘোষ
গ্রাম-আউড়িয়া, পোষ্ট-হাট বাড়ীয়া
থানা-নড়াইল, জেলা-যশোর

যশোরের চৌগাছায় পাকসেনাদের হাতে আমরা ধরা পড়ি। পাকসেনারা চৌগাছার হাইস্কুলে আমাদেরকে নিয়ে যায়। সেখানে নিয়ে আমাদের ঘড়ি টাকা পয়সা সব কিছু নিয়ে নেয়। তারপর প্রথমে আমাকে, জামা ও প্যান্ট খুলে, দু'জন পাকসেনা বাঁশের লাঠি দিয়ে সারা শরীরে প্রহার করতে থাকে। এই ভাবে প্রায় এক ঘণ্টা প্রহার করার পর আমার দুপা বেঁধে একটা আকড়ার সাথে পা উপর দিয়ে ঝুলিয়ে লাঠি দিয়ে সমস্ত শরীরে প্রহার করতে থাকে মেজর তখন চেয়ার পেতে বসে আছে। আর একদল আমাকে প্রহার করতে থাকে, আর একদল আমাকে প্রহার করা দেখে হাসতে থাকে, আর বলতে থাকে, বল মাদার চোদ টিক্কা খাঁন জিন্দাবাদ। আমার সমস্ত শরীর হতে রক্ত ঝরতে থাকে তারপর যে কি হয় আমি বলতে পারি না। প্রায় তিন ঘন্টা পর আমি জ্ঞান ফিরে পেয়ে দেখতে পাই আমার পাশে আমার দু'বন্ধু ইলিয়াছ ও সুনিল কুমার বসু পড়ে আছে। তাদের শরীর হতে আমার শরীরের ন্যায় রক্ত ঝরছে। প্রহারের দরুন তাদের ও আমার শরীর ফুলে যায়। আমরা পানি খেতে চাইলে প্রশ্রাব এনে সামনে দিত। তার গন্ধ পেয়ে আমরা মুখ বন্ধ করতে থাকলে ইট নিয়ে এসে মুখে মারতো। সন্ধ্যার পর আমাদেরকে স্কুলের পিলারের নিকট নিয়ে যায় এবং সেখানে নিয়ে গিয়ে তিনজনকে তিনটা পিলারে পিঠমুড়া করে জড়িয়ে চেপে বাঁধে। আর মাজার সাথে পিলারে বেস্টন দিয়ে বেঁধে ফেলে আবার প্রহার করতে থাকে। আমরা তৃষ্ণায় পানি পানি করে চিৎকার করতে থাকি। তখন বৃষ্টি নামে। উক্ত বৃষ্টির পানি আমাদের মাথায় পড়তে থাকে। উহা আমাদের শরীর বেয়ে পড়তে থাকে উক্ত পানি খেয়ে আমরা তৃষ্ণা নিবারণ করি। তারপর দিন, হাত পায়ের রশি খুলে দেয় এবং আবার পিটাতে থাকে। তারা জিজ্ঞাসাবাদ করতে থাকে, তোমরা মুক্তিবাহিনী কিনা? এবং ট্রেনিং জানো কি না? তখন আমরা বলি, না, আমরা ট্রেনিং জানিনা ও আমরা মুক্তিবাহিনীও নই। তারপর মারা বাদ দিয়ে পাকসেনারা ৩/৪ জন আমাদেরকে ধরাধরি করে তাদের গাড়িতে তুলে যশোর ক্যান্টনমেন্টে পাঠিয়ে দেয়। সেখানে নিয়ে আমাদেরকে একটা ঘরে বন্দি করে রাখে। তার ১০/১৫ মিনিট পর একজন হাবিলদার ও ৭/৮ জন মিলিটারী আমাদের নিকট আসে এবং আমাদেরকে জিজ্ঞাসাবাদ করতে থাকে, সত্যি করে বল, ভারতে মুক্তিবাহিনীর ট্রেনিং-এ যেতে ছিলে কিনা এবং অকথ্য ভাষায় গালি দিতে থাকে। তারপর আমরা তাদের কার কোন জবাব দেইনি। তারপর আমাদের হাত আবার পিঠমুরা করে পিলারের সাথে বেঁধে ১০/১৫ মিনিট সময় দিয়ে বলে যে এর মধ্যে যদি সত্যি কথা না বলো তা হলে গুলি করে হত্যা করবো এই বলে আমাদের দিকে বন্দুক ধরে রাখে। আমরা জবাব দেই যে আমরা সত্যি বলছি আমাদের লোক হাড়িয়ে গিয়েছে তাদের খোঁজে আমরা এখানে এসেছি। আমরা ভারতে যাবার উদ্দেশ্যে এখানে আসি নাই। তারপর আমাদের তিনজনকে একটা ঘরের মধ্যে ১৫ দিন রেখে দেয়। ঐ কয় দিনের প্রত্যেক দিনই খাবারের সময় এবং পায়খানা প্রশ্রাবের সময় কিল, ঘুষি লাথি, ইত্যাদি খেতে হতো। তারপর সেখান হতে যশোর কোতায়ালী থানায় পাঠিয়ে দেয়। ওখানে এক রাত্রি থাকার পরদিন কোর্টে ৫৪ ধারায় একটি মামলা দায়ের করে যশোর সেন্ট্রাল জেলের হাসপাতালে রেখে দেয়। সেখানে বাঙ্গালী চিকিৎসক ছিলেন তারা আমাদেরকে চিকিৎসা করে সুস্থ করে তোলেন। সেখানে ১২ দিন থাকার পর কোর্ট থেকে জামিন নিয়ে মুক্তি লাভ করি। তারপর বাড়ী এসে চিকিৎসা করে সুস্থ হয়ে উঠি। জুন মাসের ২০ তারিখে আমরা ধরা পড়ি এবং সেপ্টেম্বর মাসের ২ তারিখে যশোরের প্রথম শ্রেনীর মেজিস্ট্রেট শেখ আবদুল্লা সাহেবের কোর্ট থেকে মুক্তি পাই।

স্বাক্ষর /-
শ্রী সংকর প্রসাদ ঘোষ
৬-৬-৭৩

\ ১৭৪ \

মোঃ মানিক শিকদার
গ্রাম-চিলগাছা রোগুনাতপুর
ডাকঘর-কমলাপুর
থানা-নড়াইল
জেলা-যশোর

১৯৭১ সালের ৭ই জুন রাত্রি প্রায় ভোর চারটার সময় ২০/২৫ জন রাজাকার ও মিলিটারী আমার বাসায় যায়। এবং বাসা ঘেড়াও করে বাসার মধ্যে ঢুকে পড়ে আমাকে ধরে ফেলে। আমাকে ধরার সাথে সাথে বাঁশের লাঠি ও রাইফেলের বাট দিয়ে আমার পায়ের তালুতে, ঘারে, হাতের আঙ্গুলীতে এবং শরীরের বিভিন্ন গিড়ায় গিড়ায় প্রহার করতে থাকে আর জিজ্ঞাসাবাদ করতে থাকে যথাঃ ই, পি, আর কোথায়? তোর রাইফেল কোথায়? তোর ভাই কোথায়? তার জবাবে আমি বলি যে, আমি কিছুই জানিনা। তারপর আমার বাড়ীতে আমাকে ঘণ্টাখানেক প্রহার করার পর নড়াইল নিয়ে আসে এবং সেখানে নিয়ে এসে আবার প্রহার করতে থাকে এবং ঐ একই কথা বার বার বলতে থাকে, আমি অস্বীকার করায় প্রায় দু'ঘণ্টা আমার শরীরের বিভিন্ন জায়গায় প্রহার করার দরুন আমার শরীর হতে রক্ত ঝরতে থাকে। আমি জ্ঞান হারিয়ে ফেলি। তার আধা ঘণ্টা পর জ্ঞান ফিরে পেয়ে দেখতে পাই আমি ডাকবাংলার একটা কক্ষে এবং সেখানে আরও ১২/১৪ জন লোক আধামরা অবস্থায় মেঝেতে পড়ে আছে। তারপর ৭ দিন উক্ত ডাকবাংলায় রাখার পর আমাকে যশোর মিলিটারীদের কাছে পাঠিয়ে দেয়। যশোর পৌছার পর আমাকে সারকিট হাউসে নিয়েই ৪/৫ জন মিলিটারী বুট আর বেতের লাঠি দিয়ে এক এক করে লাথি কিল, ঘুষি, আর প্রহার করতে থাকে। একজন মিলিটারী ৪/৫ হাত দূর হতে জাম করে এসে আমার মুখে লাথি মারে উক্ত লাথিতে আমার তিনটা দাঁত পড়ে যায়। আমি অজ্ঞান হয়ে যাই, তার ঘণ্টাখানেক পর আমার জ্ঞান ফিরে পেলে আবার প্রহার করতে থাকে আর জিজ্ঞাসাবাদ করতে থাকে যথাঃ ই, পি, আর কোথায়? রাইফেল কোথায়? তোর ভাই কোথায়? আমি জবাব দেই আমি কিছুই জানি না। তারপর আবার মারা শুরু করে এই ভাবে সারকিট হাউসে দু'দিন দু'রাত ছিলাম। প্রায় সব সময়ই আমাকে প্রহার করত। উক্ত দু'দিনে আমাকে একটু পানিও পান করতে দেয় নাই। সেখান হতে আমাকে যশোর সদর সেন্ট্রাল জেলে পাঠিয়ে দেয়। সেখানে একমাস সাত দিন থাকার পর আমি জামিন নিয়ে বের হয়ে আসি। কিন্তু প্রতিদিন আমাকে কোর্টে হাজির হতে হত। এই ভাবে ৪/৫ তারিখ কোর্টে হাজির হবার পর বাংলাদেশ স্বাধীন হয়ে যায়। আমাকে ধরার প্রধান কারণ আমার বড় ভাই ছিলেন আওয়ামী লীগের একজন কর্মী। আর আমার ছেলে ছিল মুক্তিবাহিনীতে। এই দুইটা কারণে আমাকে ধরে এবং প্রহার করে। জেল থেকে বেরিয়ে এসে দু'মাস চিকিৎসা করার পর সুস্থ হয়ে উঠি। এখনও শরীরের বিভিন্ন স্থানে জ্বালা পোড়া করে।

স্বাক্ষর/-
মোঃ মানিক শিকদার
৮/৬/৭৩

\ ১৭৫ \

শ্রী বিনয় কৃষ্ণ দত্ত
মহেশপুর, যশোর

১৯৭১ সালের ১৩শে মে রোজ রবিবার সকাল ১০ ঘটিকার সময় আমি গোসল করার জন্য বাড়ী হতে বের হই। এমন সময় দেখতে পাই দু'খানা খাঁন সেনার গাড়ি এসে আমাদের মহেশপুর টাউন কমিটি ঘরের সম্মুখে থেমে যায়। আমি ঐ গাড়ী দেখার সঙ্গে সঙ্গে গোসল না করে বাড়ী ফিরে যাই। তার ১০/১৫ মিনিট পর টাউন কমিটির চেয়ারম্যান সোজাসুজি আমার বাড়ী চলে আসে এবং আমার সঙ্গে সাক্ষাত করার পর আমাকে বলে, চলো টাউন কমিটিতে, মেজর তোমাদের পরিচয় পত্র করে দিচ্ছে। তুমি উহা নিয়ে চলে আসবে। আমি সরল মনে তার সঙ্গে টাউন কমিটির সামনে চলে আসি এবং দেখতে পাই টাউন কমিটি হলের দরজা বন্ধ। তখন চেয়ারম্যান আমাকে বলে এখানে ৫ মিনিট অপেক্ষা কর, মেজর কিছুক্ষনের মধ্যে চলে আসছে । পাঁচ মিনিট যেতে না যেতেই দক্ষিণ দিক হতে দুটা পাক সেনার গাড়ি এসে আমাদের সামনে থেমে যায়। আমি গাড়ির দিকে তাকাতেই দেখতে পাই গাড়ির মধ্যে প্রায় ১০/১২ জন হিন্দু ও মুসলমান বসে আছে। তারপর চেয়ারম্যান মেজরকে আমাকে দেখিয়ে বলে, এ এক মালাউন হায়, অমনি একজন খাঁন সেনা গাড়ি হতে লাফ দিয়ে নেমে আমাকে গাড়িতে উঠতে বলে, আমি গাড়িতে ওঠার সঙ্গে সঙ্গে গাড়ি স্টার্ট করে মহেশপুর হতে আধা মাইল দূরে ভালায়পুর নামক একটা ব্রীজ আছে, তার পূর্ব দিকে আম কাঁঠালের বাগান আছে, সেখানে নিয়ে যায়। সেখানে গিয়ে আমাদেরকে গাড়ি হতে নামায়। আমি গাড়ি হতে নেমেই দেখতে পাই, ঐ খানে একটা গাছের নীচে ৪/৫টা ছাগল আর একটা কাঠাল গাছে একটা যুবক গাছ হতে ঐ ছাগলগুলোর জন্য পাতা পাড়ছে। মেজর তাকে দেখেই ডাকে। লোকটি অমনি মেজরের ডাকে তার কাছে চলে আসে। তার হাতে ছিল একটা দা। মেজর দা খানা তার হাত হতে নেয় এবং ২-৪ মিনিট চেয়ে দেখার পর তাকে জিজ্ঞেস করে ইয়ে কিয়া হায়? সে বলে দা। তারপর দা খানা তার হাতে দিয়ে বলে, এই দা দিয়ে এই লোকগুলোকে জবাই করতে পারবে? লোকটি অস্বীকার করে। সঙ্গে সঙ্গে পিছন হতে একজন পাকসেনা রাইফেল নিয়ে দৌড়ে তার কাছে চলে আসে এবং তার ঘাড়ে এবং পিঠে দু'টা আঘাত করার সঙ্গে সঙ্গে সে মাটিতে পড়ে যায়। তার ২-৪ মিনিট পর সে মাজা বাঁকা করে সেখান হতে চলে যায়। তারপর আমাদের সবাইকে লাইন করে দাঁড় করায়। ৮ জন পাকসেনার মধ্যে তিনজন রাইফেল নিয়ে তিন দিকে আমাদের থেকে প্রায় ২০/২৫ গজ দূরে চলে যায় এবং আমাদের দিকে পজিশন নিয়ে থাকে। আর বাকি ৫ জন পাকসেনা প্রত্যেক একটা মোটা লাঠি হাতে করে আমাদের সবাইকে ঘারে এক বাড়ি আর মাজায় দু'বাড়ি মারার পর শেষে আমাদের সবাইকে পায়ে দড়ি লাগিয়ে হেঁচড়ে টেনে একটা গর্তের ধারে নিয়ে সবাইকে বেয়োনেট চার্জ করে আমাদের সারা শরীর ক্ষতবিক্ষত করে। পরে আমাদেরকে একই গর্তের মধ্যে ফেলে দিয়ে বেয়োনেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে মাটিচাপা দিয়ে তারা চলে যায়। পাক সেনারা চলে যাবার প্রায় মিনিট দশেক পর আমি অতিকষ্টে ধীরে ধীরে ঐ গর্তের উপরে উঠি এবং আমার সঙ্গে আরও একজন লোক ধীরে ধীরে উপরে উঠে ক্ষতবিক্ষত দেহ নিয়েই ২০/২৫ গজ রাস্তা চলার পর মাটিতে পড়ে যায়। তার কিছু সময় পর সে সেখানে মারা যায়। আমার পেটে একটা বেয়োনেটের খোঁচা লেগে নাড়ি বের হয়ে গিয়েছিল, আমি আমার গামছা দিয়ে পেট বেঁধে ৪০/৫০ গজ পথ চলার পর একটা বাড়ী পাই এবং সেই বাড়ির মালিক আমাকে দেখে এগিয়ে আসে। আমাকে পানি খাওয়াবার পর আমি সেখানে থাকতে চাইলে বাড়িওয়ালা খান সেনাদের ভয়ে আমাকে রাখতে অস্বীকার করে। তারপর তারা আমাকে ধরাধরি করে ভৈরব নদীর পাড়ে হামাগুড়ি দিয়ে চলে যাই এবং সেখানে গিয়ে দেখতে পাই একজন লোক নৌকা নিয়ে জাল দিয়ে নদীতে মাছ

ধরছে। লোকটা আমাকে হামাগুড়ি দিয়ে আসতে দেখে নৌকা নিয়ে নদীর তীরে চলে আসে এবং আমার অনুরোধে আমাকে নদী পার করে দেয়। আমি অতিকষ্টে রামচন্দ্রপুর নামক একটা গ্রামে সন্ধ্যা ৭টার সময় একটা বাড়ীতে গিয়ে থাকার জন্য একটু জায়গা চাই কিন্তু ঐ বাড়িওয়ালা খান সেনাদের ভয়ে জায়গা দিতে অস্বিকার করে। আমি বলি আমার আর চলার শক্তি নাই তখন ঐ বাড়ীর ৪ জন লোক একটা তক্তায় করে আমাকে নিয়ে রামচন্দ্রপুর স্কুলে রেখে আসার কথা বলে সুন্দরপুর নদীর ঘাটে ফেলে রেখে আসে। আমি সেখানে আধামরা অবস্থায় পড়ে থাকি। তখন রাত্রি ১০-৩০ মিঃ। সেই সময় কোটচাঁদপুর হাট হতে জালাল নামক একটা লোক সুন্দরপুর নদীর ঘাটে আমাকে দেখে তাড়াতাড়ি করে মহেশপুর চলে এসে খবর দেয়। তৎক্ষণাৎ মহেশপুর হতে জালাল ও আরও চারজন লোক একটা বাঁশের মাচাল নিয়ে সেখানে চলে যায় এবং ঐ মাচালে করে আমাকে মহেশপুর নিয়ে আসে। আমাকে মহেশপুর নিয়ে এসে কোহিনূর বেগমের বাসায় রেখে এবং বজলু নামক একজন ডাক্তারের চিকিৎসায় ১০/১৫ দিন পর আমি সুস্থ হয়ে উঠলে ডাক্তার একটা গরুর গাড়ী ভাড়া করে আমার পরিবারের সকলকে ভারতে পাঠিয়ে দেয়। তারপর আমি ভারতে গিয়ে সিন্দ্রানী হাসপাতালে প্রায় দু'মাস চিকিৎসা করার পর সুস্থ হয়ে উঠি এবং বাংলাদেশ স্বাধিন হবার পরপরই বাংলাদেশে চলে আসি। বাংলাদেশ স্বাধীন হবার পর আমি জানতে পারি আমার সঙ্গে যাদেরকে ধরে নেওয়া হয়েছে এবং আমার সঙ্গে যাদেরকে একই গর্তে পুঁতে রাখা হয়েছিল আমি ছাড়া আর সবাই নাকি মারা গেছে।

স্বাক্ষর /-
শ্রী বিনয় কৃষ্ণ দত্ত
২৭/১/৭৩

\ ১৭৬ \

যশোর জেলার মহেশপুর থানার অধীন
মহেশপুর হাসপাতালে পাক সেনাদের কার্যাবলী

জুন মাসের ১৫ তারিখে আমি নদী পার হয়ে শহরে আসি এবং একজন লোকের সহায়তায় শান্তি কমিটির অফিসে যাই। শান্তি কমিটির সেক্রেটারী আবদুস সাত্তার মিয়া আমাকে ঘরের পিছনে দিকে এক জায়গায় বসতে দেয়। ঐ দিন শান্তি কমিটির মেম্বারদের একটা অধিবেশন ছিল। ধীরে ধীরে বহু লোক এসে কমিটির অফিসে যোগ দেয়।

শান্তি কমিটির লোকেরা যখন সবাই বসে তখন আমি ঘরের অপর একটা রুমে বসে আছি। দালাল মোসলেম খাঁ এই সময় প্রস্তাব করে যে আমরা এখন পর্যন্ত হিন্দুদেরকে প্রশ্রয় দিচ্ছি। তার প্রমাণস্বরূপ আমাকে সে দেখিয়ে দেয়। এই সময় শান্তি কমিটির চেয়ারম্যান সাহেব তার উত্তরে বলেন, যে আজ এ লোকের গায়ে, গন্ধ হয়েছে তাই না? কিন্তু আপনারা কে অস্বিকার করতে পারেন যে সে আপনাদের কাছ থেকে টাকা পাবে না? তখন সবাই চুপ মেরে যায়।

সাত্তার মোক্তার সাহেব আমাকে তার নিজের বাড়ীতে ঐ দিন রাত্রিতে লুকিয়ে রাখেন। পরের দিন ভোর হবার আগেই আমাকে নদী পার করে দেন এবং বলে দেন যে আমি পরিস্থিতি স্বাভাবিক দেখলেই আপনাকে জানাবো, আপনি তখন আমার বাসায় চলে আসবেন।

৬ দিন পর শান্তি কমিটির সেক্রেটারী ডাক্তার মিয়া আমাকে আসার জন্য চিঠি দেন। তার চিঠি পেয়ে আমি শহরে চলে আসি এবং সেক্রেটারী সাহেবের তত্ত্বাবধানে থাকি। এই সময় কতোগুলি লোকের কথার উপর ভরসা করে আমি যে লোকের কাছে আমার সমস্ত কিছু গচ্ছিত রেখে গিয়েছিলাম সেই লোকের কাছে আমি আমার দুরবস্থার কথা খুলে বলি এবং তার কাছে কিছু টাকা চাই। তার উত্তরে তিনি আমাকে ভীষণ গালাগালি করেন এবং পাক বাহিনী দিয়ে আমাকে গুলি করাবেন বলে ভয় দেখান।

২৯শে শ্রাবণ আমি রাত্রে ৮টার সময় শহরের ভিতর একটা হোটেল থেকে কিছু খেয়ে বাসায় ফিরছিলাম এমতাবস্থায় পিরোজপুর জামে মসজিদের কাছে রাজাকাররা আমাকে ধরে পাক বাহিনীর ক্যাম্পে নিয়ে যায়। এই সময় তারা আমার প্রতি নানারকম গালাগালি ও রাইফেলের বাঁট দিয়ে মারতে থাকে।

ক্যাম্পে নিয়ে যাবার পর খান সেনারা আমাকে বলে যে তুমি মুক্তিবাহিনী হ্যায়। তুমি দুশমন হ্যায়। এই বলে তারা আমার উপর অত্যাচার আরম্ভ করে। একটা মোটা বেতের লাঠি দিয়ে ভীষণভাবে প্রহার করে, বুট জুতা দিয়ে লাথি মারে এইভাবে আমার সারা শরীর রক্তাক্ত করে ফেলে।

প্রায় দুই ঘণ্টা আমার উপর অকথ্য অত্যাচার চালানোর পর আমাকে তাদের হাজত অর্থ্যাৎ সেকেণ্ড অফিসার সাহেবের বাসায় একটা রুমে বন্দী করে রাখে। আমাকে বন্দী করার সময় আমার পকেট থেকে ২৪টা টাকা তারা নিয়ে নেয়।

আমাকে যে ঘরে বন্দী করা হয় ঐ ঘরে আরও ১৮ জন বন্দী ছিল। প্রতি দুই ঘণ্টা পর ডিউটিরত সিপাই চেঞ্জ হয়ে যেত। প্রতিবারেই আমার উপর সিপাইরা লাথি ঘুষি মারতে থাকে আর জিজ্ঞাসা করে মুক্তিবাহিনী কোথায়? এনায়েত মিয়া, ডাঃ আবদুল হাই, ডাঃ ক্ষিতিশ মণ্ডল এই সব আওয়ামী লীগের নেতারা কোথায় আছে। রাইফেল কোথায় আছে? ৩ দিন পর আমার উপর এইভাবে অত্যচার চালায়। এই সময় আর কোন নতুন আসামী তারা ঢুকায় না। তবে ঘরের বাইরে যে লোক ধরে এনে ভীষনভাবে প্রহার করে এটা আমি হাজতের ভিতর থেকে টের পাই।

১০ দিন পর বিভিন্ন জায়গা থেকে আরও ১৪ জন লোককে ধরে আনে এবং তাদের সঙ্গে আমাকে এসডিও সাহেবের বাসার ভিতর একটা পায়খানার মধ্যে বন্দী করে রাখে। এদের মধ্যে আলী আশরাফ নামে একজন ছেলে। ঢাকা থেকে আসার পথে 'হুলার হাট' লঞ্চ ঘাটে পাক সেনারা তাকে আটক করে। তাকে আটক করার পর ক্যাপ্টেন একটা হোটেলের চুলার ভিতরকার আধাপোড়া কাঠ এনে তার শরীরের বিভিন্ন যায়গায় চেপে ধরে। সারা শরীরের চামড়া ও মাংস পুড়ে দুর্গন্ধ হয়ে ওঠে। এবং ছেলাটার উপর অমানুষিক নির্যাতন চালান হয়। হাজতে আনার পর নিয়মিতভাবে আমাদের উপর অত্যাচার চালাতে থাকে।

আমাকে হাজির করার পর ক্যাপ্টেন এজাজ আমাকে প্রশ্ন করে যে, তুমি মুক্তিবাহিনী, তোমার কাছে রাইফেল আছে, তোমাদের বাহিনী কোথায় আছে আমার কছে বল। আমি তার উত্তরে উর্দুতে বলি যে, আমি একজন সাধারণ ব্যবসায়ী মানুষ, ব্যবসা করে জীবিকা নির্বাহ করি, কাজেই যদি কিছু জিজ্ঞাসা করতে হয় তবে ব্যবসা সম্পর্কে করুন। প্রায় আড়াই ঘণ্টা ক্যাপ্টেন সাহেবের সঙ্গে আমার কথা কাটাকাটি হয়।

অতঃপর ক্যাপ্টেন আমাকে প্রশ্ন করে যে, তুমি এতো উর্দু কথা কেমন করে শিখেছো? তখন আমি কিছুটা ভীতু হয়ে পড়ি। কেননা আমি বৃটিশ আমলে ৭ বছর আর্মিতে চাকুরী করেছি জানতে পারলে আমাকে তখনই গুলি করে হত্যা করবে। আমি তখন বুদ্ধি খাটিয়ে বলতে লাগলাম যে, হুজুর আমি ব্যবসায়ী লোক কাজেই আমি খুলনাতে পাঞ্জাবী ব্যবসায়ীদের সঙ্গে ব্যবসা করি, তারা আমাকে খুব পেয়ার করে এবং প্রতি ৭ দিন অন্তর আমি তাদের কাছে ১ দিন থাকি- এই সব কথা সত্য মিথ্যা বলি। এবং সেই সঙ্গে কতকগুলি পাঞ্জাবী লোকের নাম একাধারে বলে যাই।

আমার কথা ক্যাপ্টেন বিশ্বাস করে এবং আমাকে বুকে জড়িয়ে ধরে বলে যে, তোম মেরা দোস্ত হ্যায়। আরও বলে যে তুমি মুক্ত। আজ শহরে কারফিউ কাজেই সকাল বেলা তুমি তোমার ঘরে ফিরে যেও। এখন আরাম কর। এই বলে আমাকে পুনরায় সেই হাজত রুমে নিয়ে আসে।

হাজত রুমে আসার পর আর যে ১৪ জন ছিল তারা আমার কাছে কাকুতি মিনতি করে নানা কথা বলতে লাগলো যে ভাই তুমি তো সকালে বাড়ী যাবে কাজেই আমাদের প্রত্যেকের বাড়ীতে তুমি সংবাদ দিবে তারা যেন টাকা পয়সা যা লাগে তাই দিয়ে আমাদের এখান থেকে বাঁচিয়ে নিয়ে যায়।

রাত্রি ১১টার সময় একটা প্লেটে করে ৪টা রুটি ও একটু মাংস নিয়ে আসে একটা সিপাই আমার জন্য। তখন আমি জোরে জোরে বলি যে ও রুটি আমি খাব না, তোমরা ফিরিয়ে নিয়ে যাও। কেননা আজ ১১ দিন হলো শুধু পানি খেয়ে আছি আর আজ শুধু আমার জন্য ৪টা রুটি এনেছো। কিন্তু এই হাজতের মধ্যে তো মোট আমরা ১৫ জন আছি, সবাই না খাওয়া, কাজেই আমি খাব না। সিপাইটি তখন ফিরে যায় এবং ক্যাপ্টেন সাহেবের কাছে সমস্ত কথা খুলে বলে।

রাত্রি ১২টার সময় একটা বড় ঝুড়িতে করে রুটি ও একটা বালতিতে করে আলু ও মাংস নিয়ে আসে এবং আমাকে সবাইকে সঙ্গে করে খেতে বলে।

রাত্রি সাড়ে ১২টার সময় ক্যাপ্টেন আমাকে পুনরায় তার চেম্বারে ডেকে পাঠায়। আমার তখন ভয় হয়ে যায় যে আমি প্রথমে একা রুটি খেতে চাইনি বলে হয়তো তার রাগ হয়েছে। কাজেই আমাকে মেরে ফেলবে। একজন সিপাই আমাকে নিয়ে ক্যাপ্টেন সাহেবের সম্মুখে হাজির করে আমাকে দেখতে পেয়ে ক্যাপ্টেন পুনরায় জিজ্ঞাসা করে তুমি খেয়েছো। আমি বলি যে হ্যাঁ আমি এই মাত্র রুটি মাংস খেয়েছি। ক্যাপ্টেন পুনরায় হেঁকে ওঠে যে না আবার তোমাকে আমার সম্মুখে খেতে হবে এই বলে ডাকাডাকি আরম্ভ করে। একজন সিপাই দুইটি পরটা ও একটা আস্ত মুরগীর রোস্ট নিয়ে আসে। ক্যাপ্টেনের হুকুমে আমি তা খেয়ে ফিলি। পরে আমাকে পুনরায় আরাম করার জন্য হাজত রুমে নিয়ে আসে।

পরের দিন সকালে আমাকে পুনরায় ক্যপ্টেনের রুমে ডেকে নিয়ে আসে এবং আমাকে কিছু খেতে দেয়। এই সময় ক্যাপ্টেন আমাকে বলে যে এখন তুমি বাড়ী যাও এবং ঠিকঠাকমত চলাফেরা করবে। আমি বাড়ীর দিকে চলে আসি এবং বাড়ীতে না গিয়ে রাত্রিতে আর সব বন্দি যে সব কথা বলে দিয়েছে তাদের প্রত্যেকের বাসায় গিয়ে আমি তা বলে আসি। এই সময় যে ছেলেটিকে হুলার হাট থেকে ক্যাপ্টেন ধরে আনে তার খালুর সঙ্গে দেখা করি বলি যে বন্দী আশরাফ আমার কাছে কাকুতি মিনতি করে বলে দিয়েছে যে তাকে যদি গুলি করে হত্যা করা হয় তবে যেন তার আত্মার সৎ গতি করা হয়।

রাত্রিতে আমার ঘুম আসছিল না কাজেই বসে নানা চিন্তা করছি এমনি সময় জেটিঘাটে দশ রাউণ্ড গুলির শব্দ পেলাম।

পরের দিন সকালে উঠে খবর নিয়ে জানতে পারি যে যাদের বন্দী করে রেখেছিল তাদের সবাইকে রাত্রিতে গুলি করে হত্যা করেছে। তখন আমার বন্দী আশরাফের করুণ স্মৃতি মনে ভেসে ওঠে এবং আমি দৌড়িয়ে জেটি ঘাটে চলে আসি। জেটি ঘাটে বেশ কয়েকটি লাশ দেখতে পাই কিন্তু আশরাফের লাশ দেখতে পাই না। একজন নৌকার মাঝির সঙ্গে আলাপ করে জানতে পারি যে নদীর ভাটিতে কিছু দূরে দুইটা লাশ ভেসে আসে। আমি জেটি ঘাটে পানিতে ঝাঁপিয়ে পড়ি এবং নদীর ভিতর দিয়ে সাঁতার কেটে লাশের কাছে আসি এবং নিজ হাতে আলী আশরাফের লাশ তুলে নিয়ে তার বাবা-মার কাছে হাজির করি এবং তার শেষ অনুরোধের কথা জানাই। লাশ দেখে তার বাবা-মা ভয় পেয়ে যান যে মিলিটারী জানতে পারলে তাদের সবাইকে মেরে ফেলবে। আমি নিজে সারাদিন গোপনে সে লাশ লুকিয়ে রেখে রাত্রিতে কয়েকজন লোক ডেকে লাশ মাটির ব্যবস্থা করি। আমি শহরে বাস করতে থাকি এবং মুক্তিবাহিনীর সঙ্গে নিয়মিত যোগাযোগ করে শহরের খবরাখবর আদান প্রদান করতে থাকি।

ক্যাপ্টেন এজাজ ছুটি নিয়ে পাকিস্তানে চলে যায় বিবাহ করতে। তখন ক্যাম্পের চার্জে সুবেদার সেলীম থাকে। এই সুবেদার তখন দালাল নিয়ে এক সন্ত্রাসের রাজত্ব কায়েম করলো। ব্যাপক হারে মেয়েদের ধরে এনে ক্যান্টনমেন্টে ধর্ষন করতে লাগলো। হিন্দু মুসলমান বলে কোনো বিচার তখন ছিল না- যেখানে যাকে পায় তাকেই ধরে আনতে থাকে। দেখতে দেখতে শহর প্রায় জনশূন্য হয়ে গেল।

আশ্বিন মাসের শেষের দিকে আমার বাসার সম্মুখে থেকে দুটি সিপাই আমাকে ডেকে নিয়ে যায় যে তোমাকে সুবেদার সাহেব বোলাতা হ্যায়। আমাকে ক্যান্টনমেন্ট নিয়ে গিয়ে সুবেদার বলে যে আমি তোমার জীবন নেব, তুমি আমাদের বঙ্গে বহুত দুশমনী করছো। এই বলে তারা আমার উপর অমানুষিক নির্যাতন চালাতে থাকে। আমাকে মারতে মারতে সারা শরীর রক্তাক্ত করে ফেলে এবং এসডিও সাহেবের পায়খানার মধ্যে আটকে রাখে। ৬ দিন আমি সেখানে বন্দী থাকি। এই সময় আমি দেখতে পাই যে খান সেনারা প্রত্যেক দিন ক্যাম্পের সম্মুখে বাঙ্গালীদেরকে কয়েকজন মিলে শূন্যে তুলে পাকা রোডের উপর আছড়িয়ে মারতো বা এইভাবে আধা মরা

হয়ে গেলে বস্তাবন্দী করে তারপর বেয়োনেট চার্জ করে নদীর ভিতর ফেলে দিত। অনেককে আবার জীপ গাড়ীর পিছনের দিকে বেধেঁ সারা শহরের মধ্যে টানতো। এর ফলে সমস্ত মাংস শরীর থেকে পড়ে যেত। আমি এ সব ঘটনা নিজ চোখে দেখেছি। প্রত্যেক দিন আমাকে হাজত থেকে বার করে ক্যান্টনমেন্টের সম্মুখে একটা বাদাম গাছের সঙ্গে
কপি কল দিয়ে পা উল্টো দিকে বেঁধে ঝুলিয়ে দিত এবং ভীসণভাবে প্রহার করতো।

মুক্তিযুদ্ধ চলাকালে আমি জেটি ঘাটে ২০০০ হাজার লাশ নিজের চোখে দেখেছি। প্রত্যেক দিন আমি ভোর বেলা ঘাটে গিয়ে যে সব লাশ পড়ে থাকতো তাদের উলটিয়ে পালটিয়ে দেখতাম এবং চেনা শোন হলে তার বাড়ীতে গিয়ে খবর দিতাম।

আমি নিজের চোখে মানুষকে কুপিয়ে, রাস্তায় টেনে, বস্তাবন্দী করে বেয়োনেট চার্জ করে এবং গুলি করে মারতে দেখেছি।

পাক বাহিনীর চেয়ে রাজাকার, শান্তি কমিটির মেম্বার এরা অত্যাচার বেশী চালিয়েছে। পাক বাহিনী যাদেরকে ছেড়ে দিতো দালালরা তাদেরকে নির্মমভাবে হত্যা করতো। পিরোজপুর জেটি ঘাটে বিভিন্ন সময়ে প্রায় ৩/৪ হাজার লোককে হত্যা করেছে। কত নারীকে যে ধর্ষণ করেছে তার কোনো হিসাব নাই।

স্বাক্ষর/-
উপেন্দ্রনাথ দত্ত
১৮/৮/৭৩

\ ১৯৯ \

আফতাব উদ্দীন আহমদ
থানা- পিরোজপুর
জেলা- বরিশাল

৪ঠা মে পিরোজপুর শহরে পাক বাহিনী প্রবেশ করে। পাক বাহিনী বরিশাল থেকে হুলার হাট হয়ে পিরোজপুর প্রবেশ করে। মিলিটারী তিন দিক থেকে পিরোজ পুর শহর আক্রমণ করে।

৫ই মে পাক বাহিনী আমার বাড়ী ধ্বংস করে। প্রথমে লুটতরাজ চালায়। তারপর অগ্নিসংযোগ বাড়ী জ্বালিয়ে দেয়। এই দিনই পাক বাহিনী পিরোজপুর সেকেণ্ড অফিসার, এসডিপিও ট্রেজারী অফিসারকে গুলি করে হত্যা করে।

পাক বাহিনী যখন ভাণ্ডারিয়া থানায় প্রবেশ করে তখন আমি আমার জীবনের নিরাপত্তার অভাব অনুভব করি। ভাণ্ডারিয়ায় আমার নিজ বাড়ী ছেড়ে আমি আমার শ্বশুরবাড়ী বরগুনা (পটুয়াখালী) চলে যাই। এখানে আমি প্রায় দেড় মাস কাল অতিবাহিত করি। তারপর আমি খুব অসুস্থ হয়ে পড়ি। শান্তি কমিটির চেয়ারম্যান সাহেবের কাছে চিঠি লিখি আমার অসুস্থতার খবর জানিয়ে। আমার অসুস্থতার খবর পেয়ে চেয়ারম্যান সাহেব আমার কাছে চিঠি দেন এবং বলেন যে আমি ক্যাপ্টেন এজাজ সাহেবের সঙ্গে আপনার ব্যাপারে আলাপ করেছি, কাজেই আপনি এখানে আসতে পারেন।

শান্তি কমিটির চেয়ারম্যান সাহেবের চিঠি পাবার পর পিরোজপুর চলে আসি এবং চেয়ারম্যান সাহেবের সঙ্গে দেখা করি। তিনি আমাকে গোপনে থাকতে বলে। তিন দিন পর চেয়ারম্যান সাহেব আমাকে ডেকে পাঠান এবং ক্যাপ্টেন এজাজের কাছে নিয়ে যান। ক্যাপ্টেন এজাজ সাহেবের কাছে আমি এই সময় একটা দরখাস্ত দেই যে আমার ছেলে ''ক্যাপ্টেন জিয়া'' আমার বাধ্য নয়, সে আমার অমতে মুক্তিযুদ্ধে যোগ দিয়েছে।

আমি শহরে আসার ৭/৮ দিন পর জানলাম পাক বাহিনীর ক্যাপ্টেন এজাজের কাছে আমার নামে বলা হয়েছে যে, তার ছেলে প্রত্যেক দিন রাত্রিতে মুক্তিবাহিনী নিয়ে এসে তার সঙ্গে দেখা করে যায়। এরপর প্রায় ১০০ মিলিটারী নিয়ে আমার বাড়ি আক্রমণ করা হয়। আমার বাড়িতে এসে পাক বাহিনী আমার বুকের উপর, আমার স্ত্রীর বুকের উপর এবং আমার ছেলের বুকের উপর রাইফেল ধরে। এই সময় পাক বাহিনী আমাদের ঘেরাও করে যে তোমার ছেলে ক্যাপ্টেন জিয়া তোমার ঘরে আছে, তুমি তাকে বের করে দাও। আমি তার উত্তরে বলি যে আমার ছেলে বাড়ীতে নাই, তোমরা ইচ্ছা করলে আমার ঘর সার্চ করে দেখতে পারো। তখন আমার ঘর সার্চ করে তারা চলে যায়।

পাক বাহিনী সব সময়ই নারী ধর্ষণ করেছে। তারা রাজাকার দিয়ে গ্রাম থেকে সুন্দরী যুবতী মেয়েদেরকে ধরে আনতো। অনেক সময় তারা নিজেরাও কোন কোন বাড়ীর উপর চড়াও হতো এবং মেয়েদেরকে ধরে নিয়ে যেত।

পাক বাহিনী বিশেষ করে আওয়ামী লীগ, মুক্তিবাহিনী ও হিন্দু এদের খোঁজ বেশী করেছে এবং যাদের সন্দেহ হয়েছে তাদেরকেই মেরে ফেলেছে। এমন কোনো রাত ছিল না যে পাক বাহিনী পিরোজপুর জেটি ঘাটে ৫০ থেকে ১০০ জন লোককে হত্যা না করতো। শেষের দিকে নদীর ভিতর শুধু মৃত লাশ ভাসতে দেখা যেত। আমার মনে হয় একমাত্র বলেশ্বর নদীর জেটি ঘাটেই ৪/৫ হাজার লোককে পাক জল্লাদরা নির্মমভাবে হত্যা করেছে। পাক ক্যাপ্টেনের একমাত্র কথাই ছিল 'জেটিমে ভেজ দেও।'

প্রথম অবস্থায় যে সব লোককে ধরেছে তাদেরকে জেটি ঘাটে গুলি করে হত্যা করেছে। কিন্তু শেষের দিকে তাদের বেয়োনেট দিয়ে জবাই করা হতো। যাকেই ধরা হতো তাকেই ভীষণভাবে প্রহার করতো।

আমি নিজের চোখে ৩ জন লোককে জীপ গাড়ির পিছনে বেঁধে রাস্তায় টেনে মেরে ফেলতে দেখেছি। তাদের সেই করুণ চিৎকারের কথা আমার এখন পর্যন্ত কানে বাজে।

শেষের দিকে নারী নির্যাতন ব্যাপকভাবে চলতে থাকে। শামসুদ্দীন তালুকদার নামে একজনকে দুইজন পাক বাহিনী দিয়ে তার দুই পা দুই দিকে টেনে ছিঁড়ে ফেলা হয়। এই সময় আবদুল গফুর মিয়া বিএ সাহেবকে সে নিজে তার মুখের মধ্যে স্প্রিট ঢেলে দিয়ে আগুন জ্বালিয়ে নির্মমভাবে তাকে হত্যা করে।

মুক্তিযুদ্ধ চলাকালে প্রথম ৩ মাস আমার ছেলের কোনো খবর পাই না। ৩ মাস পর একজন আমার বাসার মধ্য প্রবেশ করে এবং বলে যে আমাকে তাড়াতাড়ী কোন জায়গায় লুকান, আমি ক্যাপ্টেন জিয়ার কাছ থেকে খবর নিয়ে এসেছি। সে আমাদের কাছে ক্যাপ্টেন জিয়ার খবর দেয় এবং বলে যে সে ভাল আছে আপনি কোন চিন্তা করবেন না। দেশ খুব তাড়াতাড়িই স্বাধীন হবে। এর পর থেকে প্রায়ই সেই ছেলেটি এসে ক্যাপ্টেন জিয়ার খবর আমাদের কাছে দিয়ে যেত।

পাক ক্যাপ্টেন এজাজ একদিন ঘোষনা করে দেয় যে, ক্যাপ্টেন জিয়া মঠবাড়িয়া যুদ্ধে মিলিটারীর হাতে অ্যারেস্ট হয়েছে এবং তাকে বরিশাল পাঠান হয়েছে। এই খবর আবার দালাল দিয়ে আমার কাছে পৌছে দিতো যেন আমি ভেঙ্গে পড়ি। অনেক সময় দালালরা আবার এসে বলতো যে আমরা ক্যাপ্টেন জিয়ার মৃত লাশ বলেশ্বর নদীতে ভাসতে দেখেছি।

স্বাক্ষর/-
আফতাব উদ্দীন আহমদ
১৯/৮/৭৩

\ ২০০ \

খাদিজা বেগম (দুলু)
থানা- পিরোজপুর
জেলা- বরিশাল

পাক বাহিনী ব্যাপক অত্যাচার চালায় সারা শহরে। কালিবাড়ী রোডের দুইধার, মাছিমপুর, পালপাড়া, শিকারপুর, রাজারহাট, কুকারপাড়া, ডুমুরতলা, কদমতলা, নামাজপুর, আলনকাঠি, ঢুলিগাতি, রানীপুর, পারের হাট, চিংড়াখালী ইত্যাদি এলাকা পাক বাহিনী সম্পূর্ণ ধ্বংস করেছে, ঘরবাড়ী লুট করে জ্বালিয়ে ধ্বংস করেছে।

পাক বাহিনীর অসংখ্য মেয়ের উপর পাশবিক অত্যাচার চালিয়েছে। রাধারমন ঘোষ নামে এক ব্যাক্তি ও তার ছেলেকে পাক বাহিনী ধরে নিয়ে যায়। পাক বাহিনীর লেকেরা তার মেয়েদের চায়। আষাঢ় মাসের এক রাতে তিন জন মেয়েকে ধরে নিয়ে যায় পাক ছাউনীতে। পর পর তিন দিন তিন রাত অমানুষিক দৈহিক অত্যাচার চালায়। তিন দিন পর শয্যাশায়ী অবস্থায় গাড়ী করে বাড়ী দিয়ে যায়। দৈহিক অত্যাচারের ফলে মৃত অবস্থায় ছিল, পরে বহু চিকিৎসা করে বাঁচে।

সুন্দরী মেয়েকে পাকসেনারা ধরে নিয়ে যায়। বাবা, ভাই অনেক আকুতি মিনতির পর পাক সেনারা অত্যাচার চালায়। শেষ রাতে দিয়ে যায় তার পরদিন আবার ধরে নিয়ে যায়। পরপর কয়েকদিন রেখে অমানুষিক দৈহিক অত্যাচার চালিয়ে অর্ধমৃত অবস্থায় তাদের বাড়ী দিয়ে যায়।

পাকসেনারা বিভিন্ন স্থান থেকে মেয়ে ধরে পিরোজপুর সেনানিবাসে নিয়ে যেতে এবং অকথ্য অত্যাচার চালাতো। ভাগিরথী নামে এক মেয়েকে মুক্তিবাহিনীর পক্ষে গোয়েন্দাগিরি করার অপরাধে গাড়ীর পেছনে ১০/১২ হাত দড়ি দিয়ে বেঁধে সারা শহর ভীষণ বেগে গাড়ী চালিয়ে নৃশংসভাবে হত্যা করেছে।

মন্টু নামে এক ছেলেকে পাকসেনারা ভাণ্ডারিয়া থেকে ধরে এনে উপরে পা ঝুলিয়ে দিনের পর দিন বেত দিয়ে পিটিয়েছে। কোন খাবার দেয়নি। শরীর কেটে কেটে লবণ দিয়েছে। তিন রাত ঐ ভাবে ঝুলিয়ে পিটিয়েছে আর নানা খবর জিজ্ঞাসা করেছে। এত অত্যাচারের পরও কোনো কথা সে স্বীকার করেনি। তিন দিন পর অর্ধমৃত আবস্থায় বেয়োনেট দিয়ে চার্জ করে হত্যা করেছে।

স্বাক্ষর/-
খাদিজা বেগম (দুলু)
২০/৮/৭৩

\ ২০১ \

রেনুবালা বারুই
গ্রাম- বাইনকাঠি
ডাকঘর- নাজিরপুর
জেলা- বরিশাল

পাকসেনা প্রথম আমাদের গ্রামে যায় শ্রাবণ মাসে। আমি তখন গোবর্দ্ধন গ্রামে স্বামির বাড়ী ছিলাম। কাঠালিয়া গ্রাম, বাইনকাঠি, তারাবনে গ্রাম সম্পূর্ণ ধ্বংস করেছে। গ্রামকে গ্রাম লুট করে বাড়ীঘর সব ভেঙ্গে নিয়ে গেছে, জ্বালিয়ে দিয়েছে। অসংখ্য হিন্দু লোককে জোর করে মুসলমান করেছে।

অসংখ্য লোককে হত্যা করেছে। বহু মেয়েকে পাকসেনারা ধরে পাশবিক অত্যাচার চালিয়েছে। প্রায়ই ঘরের মেয়েকে পাকসেনারা ধর্ষণ করেছে। তিনজন মেয়েকে রাজাকাররা ধরে নিয়ে যায় তাদের ছাউনী নাজিরপুর থানার পাশে সাত কাছিমা নামক স্থানে মাদ্রাসাতে। ক্রমাগত সাত আট দিন অসংখ্য রাজাকার তাদের উপর অত্যাচার চালায়। দিনের পর দিন দৈহিক অত্যাচার চালায়। রাজাকাররা তাদের ছাউনীতে আরও বহু মেয়ে রাখতো এবং দিনে রাতে ভোগ করতো। দেশ মুক্ত হলে অসুস্থ অবস্থায় মুক্তি বাহিনীরা মেয়ে তিনটিকে উদ্ধার করে।

আমার স্বামী কৃষক ছিলেন, জমি চাষ করা ফসল ফলানো তার কাজ ছিল। যুদ্ধ বাঁধলে আমার খুড়তুতো শ্বশুর মুক্তিযুদ্ধে যোগ দেয়। আমার স্বামীও উৎসাহ ভরে মুক্তিবাহিনীতে নাম লেখান। তারপর থেকে বিভিন্ন জায়গায় গেছেন অপারেশনে। ২৭শে আষাঢ় গোবর্ধন স্কুলের পাশে মুক্তিসেনাদের সাথে আমার স্বামীও ছিলেন। দলে প্রায় ৫০০ মত ছিল। ঐ দিন পাকসেনা রাজাকার মিলে ৭০০/৮০০ ছিল। তুমুল যুদ্ধ হয়। মুক্তিসেনারা তাদের ভারী অস্ত্রের সামানে টিকতে ব্যর্থ হয়ে পিছু হটে। সেই সময় আমার স্বামী পাক বাহিনীর হাতে ধরা পড়েন। আমার স্বামী সহ আরও ৬ জনকে ধরে। সাত জনের উপর অমানুষিক অত্যাচার চালিয়ে অর্ধমৃত অবস্থায় সবাইকে গুলি করে হত্যা করে। এরপর রাজাকাররা আমার বাড়িঘর সম্পূর্ণ ধ্বংস করে এবং অত্যাচার চালায়। শিকদার বাড়ীর সবাইকে হত্যা করে। তারপর বাড়ী ছেড়ে পালিয়ে যাই। গ্রামের পর গ্রামে ঘুরে পালিয়ে বেড়িয়েছি। আজ আমি অসহায় নিঃস্ব সর্বহারা। যেখানে গেছি সেখানেই দেখেছি পাক বর্বর আর পশু রাজাকারদের অত্যাচারের বীভৎস রূপ। আজ দেশ স্বাধীন কিন্তু আমি কি নিয়ে বাঁচবো বলতে পারেন?

স্বাক্ষর/-
রেনুবালা বারুই
২০/৮/৭৩

\ ২০২ \

আলী হায়দার খান
পিরোজপুর
বরিশালে

কর্নেল আতিকের নেতৃত্বে পাকসেনারা হুলার হাট আসে। ঢুকেই ঘরবাড়ী জ্বালাতে থাকে। মুসলিম লীগাররা তাদেরকে স্বাগত জানায়। পাক সেনারা বলে হিন্দু বাড়ী কোথায়? এরপর থেকে হিন্দু ঘরবাড়ী জ্বালাতে থাকে। লুটপাট হত্যা অনবরত করতে থাকে। পিরোজপুর মহকুমা প্রশাসক মহিবুল্লাহ শাহ (সিন্ধী, পাকিস্তানের বিশিষ্ট ন্যাপ নেতা বাকের শাহর ভাইপো) আমাদের স্বাধীনতা যুদ্ধের সম্পূর্ণ সমর্থক ছিলেন। তিনি বলেছিলেন দোস্ত তোমরা তো স্বাধীনতা পেয়েই যাচ্ছো, আমরা পেলাম না।

৫ই মে ষড়যন্ত্র করে ওসি ভারপ্রাপ্ত এসডিও আব্দুর রাজ্জাক (২) এসডিপিও ফয়জুর রহমান আহমেদ (৩) ম্যাজিস্ট্রেট মিজানুর রহমানকে ডেকে আনিয়ে মিটিং শেষ করে তাদেরকে গুলি করে হত্যা করে। বাড়ীঘর লুট করে।

এরপর অত্যাচার শুরু করে। পিরোজপুরের চৌদ্দআনা ঘর দুয়ার ধ্বংস করেছে, লুটপাট করেছে।

পাক সেনারা হুকুম দেয় প্রতি ইউনিয়ন থেকে ২০ জন করে যুবক দিতে হবে। এই মোতাবেক গ্রাম থেকে ধরে ধরে শত শত লোককে হত্যা করেছে। ৪ হাজারের বেশী লোককে পাক সেনারা হত্যা করেছে। ভাগিরথী নামে স্পাই সন্দেহে ধরে গাড়ীর পিছনে বেঁধে সারা শহর ঘুরিয়ে নির্মম ভাবে হত্যা করেছে। সম্পূর্ণ উলঙ্গ অবস্থায় বিশিষ্ট ছাত্র ইউনিয়ন নেতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র গণপতি হালদারকে (ম্যাট্রিকে প্রথম, আইএসসি-তে প্রথম) নির্মম ভাবে হত্যা করেছে। দৈনিক হত্যা করেছে।

ঘাটের পাড়ে দাঁড় করিয়ে গুলি করে হত্যা করেছে। গাছের সাথে বেঁধে বেয়োনেট চার্জ করেছে। চিৎ করে শুইয়ে বাঁশের গোড়া দিয়ে পিটিয়ে হাড় সম্পূর্ণ ভেঙ্গে গেলে বেয়োনেট দিয়ে হত্যা করেছে, পিটিয়ে অনেককে হত্যা করেছে। বেঁধে পায়ে আগুন চেপে ধরেছে, সুঁচ ফুটিয়েছে।

এসডিওর বাংলোতে যেখানে পাক ক্যাম্প ছিল সেখানে অসংখ্য নারীকে ধর্ষণ করেছে। ফুলু রানী বিশ্বাসের (কলেজ ছাত্রী) উপর অমানুষিক দৈহিক নির্যাতনের ফলে তার মৃত্যু ঘটে। সমস্ত থানাতেই পাক সেনারা ব্যাপক নির্যাতন চালিয়েছে।

স্বাক্ষর/-
আলী হায়দার খান
১৬/৮/৭৩

\ ২০৩ \

ভারতী রাণী বসু
গ্রাম- স্বরূপকাঠি
জেলা- বরিশাল

২৭শে এপ্রিল আমি কাঠালিয়া থানার মহিষকান্দি গ্রামে যাই আত্মরক্ষার জন্য তখন চারদিকে সব বিচ্ছিন্ন অবস্থা। হিন্দু বাড়ী বিভিন্ন স্থানে লুট হচ্ছে, হত্যা চলছে। ওখানে পৌছানোর পরপরই স্থানীয় কিছু লোক হিন্দু বাড়ী লুট শুরু করে দেয়। ২০/২৫ জনের বিভিন্ন দলে বিভক্ত হয়ে সকালে, দুপুরে, রাতে, ভোরে যখন তখন বল্লম, দা এবং অন্যান্য ধারাল অস্ত্র নিয়ে হিন্দু বাড়ী আক্রমণ করে সব লুট করে ঘর বাড়ী জ্বালিয়ে দেয়। আমি স্বরূপকাঠিতে ফিরে আসি ৫ই মে। সেদিন ছিল হাটবার ঐ দিনই সমস্ত এলাকা লুট করে নেয় দুষ্কৃতকারীরা।

৬ই মে সকালে পাক সেনা প্রথম স্বরূপকাঠিতে যায়। ওখানকার পীর শর্ষিনার বাড়ীতে গিয়ে পাক বাহিনী ওঠে। ওখান থেকে থানায় আসার পথে শর্ষিনার পুল থেকে থানা পর্যন্ত (সাহাপাড়া) সমগ্র হিন্দু বাড়ী প্রথমে লুট করে জ্বালিয়ে দিয়েছে। ওখান থেকে পাক বাহিনীর একটা দল অলঘারকাঠির দিকে গিয়ে ঘর বাড়ী জ্বালানো ও সেই সাথে মানুষ হত্যাও শুরু করে। আর একটি দল স্বরূপকাঠি এসে শুধু হিন্দু বাড়ী বেছে বেছে সকল হিন্দু বাড়ি লুট করে পুড়িয়ে দেয়। কালী প্রতিমার উপর অসংখ্য গুলি চালিয়ে সম্পূর্ণ ধ্বংস করে। বহুজনকে হত্যা করে। তারপর পাক বাহিনী ফিরে যায়। তারপর থেকে ক্রমাগত সাত দিন পাক বাহিনী স্বরূপকাঠিতে যায়। গ্রামকে গ্রাম জ্বালিয়ে দিয়েছে আর লুট করেছে। স্থানীয় কিছু লোক এবং পীরের দল পাক বাহিনীর সাথে থাকতো। লুট করতে বলে তারা যখন লুট করতে আরম্ভ করে তখন পাক সেনারা ছবি তুলতো।

কুড়িয়ানা আটঘর, জলাবাড়ী, সমুদয়কাঠি, জুলুহারা, নান্দিঘর, সোহাগদল, ইন্দ্রিরহাট মণিনাল, বাটনাতলা ইত্যাদি গ্রামসহ ৯টি ইউনিয়নে পাক বাহিনীরা গ্রামের প্রতিটি কোনাতে ঘুরে সব ধ্বংস করেছে লুট করেছে।

কুড়িয়ানা আটঘরে পিয়ারার বাগানে বহুজন আশ্রয় নিয়েছিলো। পাক বাহিনী হঠাৎ করে ঘিরে ফেলে অসংখ্য লোককে হত্যা করে। এক মেয়েকে পিয়ারা বাগান থেকে ধরে এনে সবাই মিলে পাশবিক অত্যাচার চালায়। তারপর তিনদিন যাবৎ ব্লেড দিয়ে শরীর কেটে কেটে লবণ দিয়েছে। অশেষ যন্ত্রণা-লাঞ্ছনা দেওয়ার পর মেয়েটিকে গুলি করে হত্যা করে। মেয়েটি ম্যাট্রিক পাশ ছিল। অন্য একজন মহিলাকে ধরে নিয়ে অত্যাচার চালিয়ে গুলি করে হত্যা করে। এখানে অধিকাংশ লোককে গুলি এবং বেয়োনেট চার্জ করে হত্যা করেছে। শত শত লোককে এই লোককে এই এলাকাতে হত্যা করেছে।

কাউখালি স্টেশনে আমি নিজে দেখেছি একজনকে মুক্তিবাহিনী সন্দেহে রাজাকাররা কুড়াল দিয়ে কুপিয়ে হত্যা করেছে। স্বরূপকাঠিতে টিকতে না পেরে মহিষকান্দিতে যাই। ওখানে গেলে আমাকে সবাই মুক্তিবাহিনীর চর মনে করলো এবং অস্ত্র আছে বললো। আমি ওখান থেকে রাতে পালিয়ে যাই রাজাপুরে।

রাজাপুর থানাতে হামিদ জমাদার সমগ্র থানাতে সন্ত্রাস সৃষ্টি করেছিল। সমস্ত বাড়ীঘর লুট করে জ্বালিয়ে পুড়িয়ে ধ্বংস করেছে হত্যা করেছে। হিন্দু কোন বাড়ীঘর ছিল না সব ধ্বংস করেছিল। ওখানে শুক্কুর মৃধা শান্তি কমিটির সেক্রেটারী ছিল। আমি সহ আরও তিনজন তিন হাজার টাকা দিয়ে কোন রকম সেবারের মতো বাঁচি। আমি তখন কুমারী ছিলাম। সবাইকে মুসলমান হতে হবে এবং মুসলমান ছেলেকে বিয়ে করতে হবে এমনি একটি পরিস্থিতিতে সুমীল কুমার দাস নামে এক ভদ্রলোককে আমি বিয়ে করি সে সময় দুষ্কৃতকারীর হাত থেকে বাঁচবার জন্য। সময়টা ছিল জুন মাসের শেষ অথবা জুলাই প্রথম।

রাজাপুরে আছি স্বামীসহ। ভোরবেলা রাজাকার, পুলিশ মিলে প্রায় ৩০/৪০ জন আমাদের বাড়ী ঘিরে ফেলে। স্বামীকে লুকিয়ে রাখি। ওরা এসে সব কিছু লুট করে গালাগালি করে চলে যায়। কিছুক্ষন বাদে আবার এসে আর যা ছিল সব নিয়ে অত্যাচার চালায়। পাশের একটি লোককে হত্যা করলো।

নৈকাঠি রাজাপুর থানা গ্রামে শতকরা ৯৮ জনকে হত্যা করে। ওখানকার সব হিন্দু। ৯৮% মহিলা আজ বিধবা। নৈকাঠির প্রায় সব পুরুষকে নৃশংসভাবে হত্যা করে তাদের যথা সর্বস্ব আত্মসাৎ করে হামিদ জমাদার ও তার দল। ঐ বিপদের মাঝে জঙ্গলে জঙ্গলে এ বাড়ী ও বাড়ী করে পালিয়ে বেড়াচ্ছিলাম। আমার সব কিছু লুটে নেয় রাজাকার আর পাক বাহিনী। আমি কোন মতে পালিয়ে বাহিরচরে যাই জুলাই মাসের ১৭ তারিখে। আমি আমার কাজে যোগ দেই। তার পরপরই আমাকে সাসপেণ্ড করে রাখে তিন মাস। বাহিরচরে সমগ্র এলাকা খুন, ডাকাতিতে ভরা। সমগ্র এলাকায় ত্রাসের রাজত্ব কায়েম করেছিল।

অক্টোবর মাসে কুদ্দুস মোল্লাকে (মুক্তিবাহিনী) চিকিৎসা করার জন্য কর্নেল আমাদের সবাইকে ডেকে লাঞ্ছনা দেয়। যাবার পথে গানবোট থেকে আমাদের হাসপাতালে শেল ফেলে। আমরা দারোয়ান পাহারা রেখে মুক্তিবাহিনীর চিকিৎসা করেছি। আমাদের ডা. শামসুল হক মুক্তিবাহিনীর ক্যাম্পে গোপনে গিয়েও তাদের চিকিৎসা করেছেন। আমরা সবাই সব কিছু দিয়ে তাদের সাহায্য করতাম।

বাহিরচরে পাক বাহিনীরা মেয়েদের উপর চালিয়েছে অকথ্য নির্যাতন। বোয়ালিয়া, কাঁদপাশা, রাজগুরু, বাবুগঞ্জ থানা, দুয়ারিকা ইত্যাদি এলাকা থেকে বহু মেয়ে ধরে এনে ভোগ করেছে। আমার জানা এক হিন্দু মহিলাকে অন্তঃসত্ত্বা অবস্থায় ধরে নিয়ে যায়। মহিলা খুব সুন্দরী ছিল। অন্তঃসত্ত্বা অবস্থায় চারদিন ক্রমাগত অকথ্য দৈহিক নির্যাতন চালায়। অসহ্য যন্ত্রনায় মহিলা ছটফট করেছে। তার উপর চালিয়েছে নির্যাতন। চারদিন পর মহিলা ছাড়া পায়। আমরা তার চিকিৎসা করে ভাল করি।

আমি স্বামীসহ বাস করছিলাম। আমার সর্বস্ব যাওয়া সত্ত্বেও স্বামী নিয়ে কোন রকমে দিন কাটাচ্ছিলাম। আমার স্বামী স্বাধীনতা সম্পর্কে নিশ্চিত ছিলেন। আমাকে প্রায় বলতেন ডিসেম্বর মাস যদি বাঁচি জানুয়ারীর মধ্যে নিশ্চয় স্বাধীনতা পেয়ে যাবো।

৯ই ডিসেম্বর গৌরনদী থানার মাহিলারা ব্রিজের উপর দিয়ে আমার স্বামী যাচ্ছিলেন। তখন পাক বাহিনী প্রায় আত্মসমর্পণ করে এমন অবস্থায় ব্রিজে ডিনামাইট স্থাপন করে রেখেছিল। সেই সময় ডিনামাইট ফেটে ব্রিজ ধ্বংস হয়। আমার স্বামী ওখানেই নিহত হন। সব হারিয়ে একমাত্র স্বামী ছিল তাও স্বাধীনতার পূর্বমুহূর্তে হারাতে হলো।

আমি বাহিরচর থেকে নিয়মিত মুক্তিবাহিনীর জন্য খাবার পাঠিয়েছি। রাতে যখন তখন আমার ওখানে তারা এসে থাকতো, যেতো। আমার স্বামী মুক্তিবাহিনী ক্যাম্পে মাঝে মাঝে যেতেন। আমার স্বামীর বড় সাধ ছিল স্বাধীন বাংলার মাটিতে বাস করা। তার সে সাধ পূর্ণ হলো না।

স্বাক্ষর/-
ভারতী রাণী বসু
১৮/৮/৭৩

\ ২০৪ \

উষা রাণী মল্লিক
গ্রাম- জুলুঘাট, ডাকঘর- মৌশানি
থানা- স্বরূপকাঠি, জেলা- বরিশাল

২২শে বৈশাখ ঝালকাঠি থেকে রাজাকার ও মিলিটারী স্বরুপকাঠি থানাতে আসে। প্রথম দিন স্বরূপকাঠি থানাতে প্রবেশ করে ১৪ জন হিন্দু পুরুষ ছেলেকে পাক বাহিনী নৃশংসভাবে হত্যা করে। পাক বাহিনী আমাদের বাড়ীর পাশেই জুলুঘাট স্কুলে ক্যাম্প স্থাপন করে। পাক বাহিনী আসার ৩ দিন পর আমি আমার ভাইয়ের সঙ্গে গ্রাম থেকে পালিয়ে আটঘর কুড়িয়ানা চলে যাই।

প্রায় ২ মাস দেশের বিভিন্ন জায়গায় পালিয়ে থেকে শেষে বাধ্য হয়ে আমাদের গ্রামে ফিরে আসি। হিন্দু বলে লোকে আমাদের জায়গা দিতে চাইতো না। ঠিক মত খাবার মিলতো না, লোকের কাছে চেয়ে চেয়ে খেতে হতো। সব জায়গায় ঐ একই কথা, মিলিটারী আসবে পালাও। রাজাকাররা রাত্রের অন্ধকারে গ্রামে গ্রামে ঢুকে বহু যুবতী সুন্দর সুন্দর নারীকে ধর্ষণ করেছে এবং ধরে ক্যান্টনমেন্টে নিয়ে গেছে। এই সময় তারা পুরুষদেরকে ধরে নিয়ে যায় এবং সবাইকে নির্মমভাবে হত্যা করে। যাকে একবার ধরে নিয়ে যেত সে আর ফিরে আসতো না।

আষাঢ় মাসের মাঝামাঝি একদিন পাক বাহিনী ও রাজাকাররা আমাদের গ্রাম আক্রমণ করে। আমার বাড়ীর পিছনে কলাবাগানের মধ্যে লুকিয়ে থেকে সব কিছু দেখছিলাম। আমার বাড়ীর উপর দিয়ে আমার পাশের বাড়ীতে ঢুকে পাক বাহিনী দুইজন মেয়েছেলেকে ধরে ফেলে এবং ঘরের ভিতর জোর করে নিয়ে যায়। আমরা ঝোঁপের ভিতর থেকে দেখতে থাকি কিন্তু করার কিছুই থাকে না। মেয়ে দুইটাকে যখন ঘরের ভিতর নিয়ে যায় তখন তাদের কোলের ছোট ছেলেকে আছাড় মেরে বাইরে ফেলে দেয়। ঘরের ভিতর থেকে মেয়ে দুইটার করুণ চিৎকার ভেসে আসতে থাকে। দুইটা মেয়ের উপর পর পর ৪ জন মিলিটারী ধর্ষণ করে। মিলিটারী চলে যাবার পর আমরা মেয়ে দুইটার কাছে যেয়ে দেখি তারা অজ্ঞান অবস্থায় পড়ে আছে। তাদের সারা শরীরে ক্ষতের চিহ্ন। পরনের কাপড় দুরে রয়েছে। সে এক করুণ দৃশ্য। তারা ঐ দিন গ্রাম থেকে আরও কয়েকজন মেয়েকে ধরে নিয়ে যায় ক্যান্টনমেন্টে।

পাক বাহিনী থাকাকালে তারা প্রায়ই আমাদের গ্রামসহ আগে পাশের গ্রামগুলিতে আসতো। তাদের আসার খবর পেলেই সব লোক যে যেদিকে পারতো পালাতো। রাজাকাররা এই সময় সব জায়গায় খুঁজে খুঁজে লোকজনকে ধরেছে। পুরুষদের সেখানেই গুলি করে হত্যা করতো আর মেয়েদেরকে ধরে নিয়ে যেত। অনেককে আবার ধর্ষণ করার পর ফেলে রেখে যেত।

শেষের দিকে রাজাকারদের অত্যাচার চরমে ওঠে। তারা প্রত্যেক দিন গ্রামের ভিতর যেতে থাকে এবং যেখানে যাকে পায় তাকেই মারতে থাকে। তখন বাধ্য হয়ে বাড়ী ছেড়ে গ্রাম থেকে গ্রামে ঘুরে বেড়াতে থাকি।

দেশ স্বাধীন হবার পর চারিদিকে আনন্দের সাড়া পড়ে যায়। মানুষ সব কষ্ট ভুলে দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করে।

স্বাক্ষর/-
উষা রাণী মল্লিক
২০/৮/৭৩

\ ২০৫ \

যতিন্দ্র নাথ মণ্ডল
গ্রাম- শশীদ
ডাকঘর- মৌশানী
থানা- স্বরূপকাঠি
জেলা- বরিশাল

১৭ই বৈশাখ পাক বাহিনী গানবোট নিয়ে ঝালকাঠি দিয়ে কাটাখালী নদী দিয়ে শশীদের হাটে আসে। তারা এসে হাটের পাশে গানবোট রেখে গ্রামের উপর নেমে পড়ে। পাক বাহিনী গ্রামের ভিতর প্রবেশ করার সঙ্গে সঙ্গে গ্রামের নারী-পুরুষ প্রাণের ভয়ে যে যেদিকে পারে পালাতে চেষ্টা করে। পাক বাহিনী গ্রামে প্রবেশ করে প্রথমে দামী দামী জিনিসপত্র লুটতরাজ করে এবং পরে ৯খানা বাড়ী অগ্নিসংযোগে ধ্বংস করে দেয়। ঐ দিন ২ জন লোককে তারা গুলি করে। এদের একজন সঙ্গে সঙ্গে মারা যায় আর একজন গুরুতর রূপে আহত হয়।

২৬ বৈশাখ পাক বাহিনী ও রাজাকাররা পুনরায় আমাদের গ্রামে আসে। তারা গানবোট ও স্পিড বোট নিয়ে ছোট খাল দিয়ে গ্রামের ভিতর ঢুকে পড়ে। মতিলাল দেবনাথ (ব্যানার্জী) ও হিরালাল দেবনাথের কাপড়ের দোকান লুট করে স্পিড বোট বোঝাই করে কাপড় নিয়ে যায়। এই সময় মতিলাল দেব নাথ এর কাছ থেকে নগদ ১২০০০ টাকা নেয় এবং তাকে বেয়োনেট চার্জ করে পরে গুলি করে নির্মমভাবে হত্যা করে। এই দিন আমাদের গ্রামে ১৮ জন লোককে পাক বাহিনী গুলি করে বেয়োনেট চার্জ করে হত্যা করে। এর মধ্যে জিতেন নামে একজনকে পাক বর্বর বাহিনী নারিকেল গাছের সঙ্গে দড়ি দিয়ে শক্ত করে বেঁধে তার পায়ের কাছে খরকুটো দিয়ে আগুন ধরিয়ে দেয়। তার সারা শরীর আগুন ধরে গেলে সে ভীষণভাবে চিৎকার করতে থাকে তখন পাক বর্বর বাহিনী গুলি করে তার মাথার অর্ধেক অংশ উড়িয়ে দেয়।

এই ঘটনা তার স্ত্রীর সম্মুখে হয়। কেননা পাক বাহিনী তার স্ত্রীকে ধরে এনে তার সম্মুখে তাকে নৃশংসভাবে হত্যা করে। এই সময় ক্ষীরদা সুন্দরী নামে বিধবা মেয়েকে পাক বাহিনী সারা শরীর বেয়োনেট নিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে নির্মমভাবে হত্যা করে। এ সময় আর এক মহিলা পাশের জঙ্গলের ভিতর পালিয়ে ছিল তার ছোট ১ ছেলে ও ১ মেয়েকে নিয়ে। পাক বাহিনী তাদের লক্ষ্য করে গুলি ছুড়লে এক গুলিতে ছেলে, মেয়েসহ তিন জনই মারা যায়।

ঐ দিন আমাদের গ্রামের মোট চারখানা বাড়ী বাদে আর সব বাড়ী অগ্নিসংযোগ করে দেয়।

৫ই জ্যৈষ্ঠ পাক বাহিনী ঝালকাঠি থেকে গানবোট নিয়ে পুনরায় শশীদ হাটে আসে এবং হাটের উপর ক্যাম্প স্থাপন করে। ঐ দিনই পাক বাহিনী আমাদের গ্রাম থেকে ২ জন লোককে হত্যা করে। তার মধ্যে একজন ছিল স্থানীয় স্কুলের সেক্রেটারী কালী কান্তা মণ্ডল। এই সময় পাক বাহিনী স্কুলের লাইব্রেরী লুট করে এবং ভেঙ্গেচুরে সব তছনছ করে দেয়। এবং লাইব্রেরীর ভিতরে ছাত্রদের দেওয়া রিলিফের গম পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দেয়। এই গরমে আগুন নেভাতে গিয়েই সেক্রেটারী সাহেব গুলি খান।

পাক বাহিনী এই সময় ১০ দিন শশীদ হাটে ক্যাম্প করে থাকে। এই সময় তারা ব্যাপক হারে নারী ধর্ষণ করে। একমাত্র আমাদের গ্রামের অনেক মেয়েকে পাকবাহিনী ধর্ষণ করে। পাক বাহিনী রাত্রিতে গ্রামের ভিতর ঢুকে মেয়েদের উপর পাশবিক অত্যাচার করে এবং কিছু কিছু মেয়েকে তারা ধরে ক্যাম্পে নিয়ে যায় এবং এক একজনের উপর পর পর কয়েকজন পাক পশু ধর্ষণ করে। এই সময় ১০ বছরের একটা ছোট মেয়েকে পাকবাহিনী তাদের ক্যাম্পে নিয়ে যায় এবং একাধারে তার উপর চলে পাশবিক অত্যাচার। পাক বাহিনী চলে যাবার পর এই মেয়েটিকে উদ্ধার করা হয়। ৩ মাস পর্যন্ত এই ছোট মেয়েটি হাঁটতে পারতো না।

৮ মাসের গর্ভবতী একটি মেয়ের উপর পাক বাহিনী এই সময় অমানুষিক পাশবিক অত্যাচার চালায় যার দরুন সন্তান প্রসব করার পর সে ও সন্তান মারা যায়।

২৫ শে শ্রাবণ পাক বাহিনী দালালের সহযোগিতায় ঝালকাঠি থেকে গান বোট নিয়ে শঙ্কর ধবল গ্রামে আসে এবং আছমত আলী ও রহিনী মিস্ত্রিকে ধরে নিয়ে শশীদ গ্রামে আসে এবং সুনিল সরকার নামে এক ছেলেকে গুলি করে হত্যা করে। এই সময় খুব বৃষ্টি নেমে পড়ে। পাক বাহিনী তখন রহিনী কুমার মণ্ডলের ঘরে আশ্রয় নেয়। এবং হারমোনিয়াম, ঢোল, তবলা নিয়ে খুব গান বাজনা করে এবং কলা খায়। বৃষ্টি শেষে যাবার সময় গৃহকর্তা রহিনী কুমার মণ্ডলকে গুলি করে হত্যা করে যায়। যে দুইজন লোককে তারা বন্দি করে আনে তাদের একজনকে টাকার বিনিময়ে ছেড়ে দেয় এবং একজনকে শশীদ হাটে বসে গুলি করে হত্যা করে। তাকে হত্যা করার আগে খুব মারপিট করে এবং গালাগালি দেয়। যাকে এই সময় ছেড়ে দেয় তাকে বলে দেয় তোমরা জয়বাংলা বলতে পারবে না। বলবে " জয় পাকিস্তান "।

মুক্তিযুদ্ধ চলাকালে স্বরূপকাঠি থানার অশ্বথকাঠি, জিনহার, মাদ্রা, পূর্বজলা বাড়ী, মৌশানী, জুলুহার, আতা, জামুয়া, জৌসার, গণপতিকাঠি, আরামকাঠি প্রভৃতি গ্রাম জ্বালিয়ে দেয়। এই সময় বহু লোককে তারা নির্মমভাবে হত্যা করে। এই সময় মাদ্রা গ্রাম থেকে দুইজন লোককে কুঠার দিয়ে কুপিয়ে নির্মমভাবে হত্যা করে। তাদের অপরাধ ছিল পাক সৈন্য যখন একটা মেয়েকে ধর্ষণ করার জন্য যায় তখন তারা দুইজন বাধা দেয়। এই সময় তারা বহু মেয়েকে ধর্ষণ করে। একমাত্র স্বরূপকাঠি থানাতেই ১ হাজারের বেশী মেয়েকে পাক বাহিনী ধর্ষণ করেছে।

বিভিন্ন সময় আমাদের থানাতে প্রায় ২০০/৩০০ লোককে পাক বাহিনী হত্যা করে। স্বাধীনতার পর আটঘর কুড়িয়ানা স্কুল ঘরের পিছনে একটা পুকুরের ভিতর থেকে ১৫৬ টা মাথার খুলি উদ্ধার করা হয়।

পাক বাহিনী স্বরূপকাঠি দখল করার পর স্বরূপকাঠি, কুড়িয়ানা, শশীদ, বাউকাঠি জলাবাড়ী এই সব জায়গায় ক্যাম্প স্থাপন করে এবং এখান থেকেই বিভিন্ন জায়গায় অপারেশন চালায়। জলাবাড়ী ক্যাম্প অঞ্চলে ৩৩টা গ্রাম শুধু হিন্দু বসতি ছিল, পাক বাহিনী সব গ্রাম একেবারে নিশ্চিহ্ন করে দেয়।

স্বাক্ষর/-
যতিন্দ্র নাথ মণ্ডল

\ ২০৬ \

শ্রী ফনীন্দ্র ভূষণ পাল
ঝালকাঠি, বরিশাল

আমি পশ্চিম ঝালকাঠি গ্রামে গুরুচরণের পরিত্যক্ত বাড়ী হতে রাজাকার এবং পুলিশ দ্বারা ধৃত হই। পরে ঝালকাঠি থানার ওসি সেকান্দার সাহেবের সঙ্গে দেখা হয়। উক্ত গ্রাম হতে আজহার নামক অপর এক ব্যাক্তিকে ধরে আনে। তাকে বেদম প্রহার করার ফলে তাঁর গুহ্যদ্বার দিয়ে রক্ত পড়তে থাকে। আমাকে থানায় নিয়ে আসে। সেদিন থানায় প্রায় ৪০ জন বন্দি ছিল। যাদের ধরে আনতো তাদের রাইফেল দিয়ে বেদম প্রহার করতো। এর ফলে আনেকের দাঁত, হাত, পা ভেঙ্গে যেত।

প্রত্যেক দিন ভোর রাতে বন্দীদের থানা হতে কিছু দূর এক বদ্ধভূমিতে নিয়ে গিয়ে হত্যা করতো। রাতে গোপনে একটা কমিটি বসতো ধৃত ব্যাক্তিদের সম্পের্কে। যাদের ছেড়ে দেয়া প্রয়োজন বলে মনে করতো তাদের উক্ত রাতে ছেড়ে দিত, বাকীদের বদ্ধভূমিতে নিয়ে গিয়ে হত্যা করতো। আমাকে যেদিন ধরে নিয়ে যায় সেদিন আজহার ও তার পুত্র মক্তিফৌজ জনাব রশিদকে ধরে নিয়ে আসে। আজহার তাঁর পুত্রের চিন্তায় খাদ্য পরিত্যাগ করে। আমি তাকে বলি যে তোমার পুত্র দেশের জন্য শহীদ হচ্ছে এবং এটা বীরত্বের কথা, সুতরাং দুঃখ পাবার কিছুই নেই। তখন তার পুত্র রশিদ বলে যে আব্বা মরে তো যাবোই, কিন্তু যাবার পূর্বে তোমার সাথে একত্রে আহার করি। উক্ত পুত্র আমাকেও তার সাথে আহার করতে হলো এবং আমাকে তাঁকে আহার করিয়ে দিতে বলে। তখন আমরা একত্রে আহার করি। তখনকার সেই দৃশ্য সহ্য করার মতো ছিলো না। সে দৃশ্য অত্যন্ত করুণ ছিলো। সে আমাকে তার পিতাকে সাহায্য করার কথা বলে। পরে উক্ত ৪০ জনকে রাতে নিয়ে গিয়ে হত্যা করে।

এরপর আমি বাড়ী যাই। পরে পাঞ্জাবী বাহিনী এসে পুনরায় শহরে লুটপাট শুরু করে এবং নারী ধর্ষণ বেশী করে। এরা মানুষকে হত্যা করে কবর দিতো। এর পূর্বে মানুষদের হত্যা করে নদীতে ফেলতো। কিন্তু তখন বিভিন্ন মিশন ঝালকাঠিতে আসতে থাকায় তাঁরা অনেক ভাসমান লাশ দেখে এবং পাক বাহিনীর অত্যাচার সম্পর্কে সন্দেহ করে। এই জন্য তাদের হত্যা করে মাটিচাপা দিয়ে পাক বাহিনী চেষ্টা করেছে তাদের কৃতকর্মের নজির চাপা দিতে। পাক বাহিনী সেই সময় শহরে অবস্থিত বহু পরিবারের নারীদের জোরপূর্বক ধর্ষণ করে। এরপর তাদের দালাল বাহিনী ধরে নিয়ে গলা কেটে হত্যা করে।

স্বাক্ষর/-
শ্রী ফনীন্দ্র ভূষণ পাল
১৫/৮/৭৩

\ ২০৭ \

মোঃ মেমবর আলী সরদার
গ্রাম- উত্তর তালগাছিয়া
জেলা- বরিশাল

অসহযোগ আন্দোলনে জনগণ স্বতঃস্ফূর্ত সহযোগিতা দেখিয়েছে। আমরা অফিস আদালত বন্ধ করে আন্দোলনের ডাকে সাড়া দেই।

আমি গোসল করতে যাবার সময় দেখি যে দুই ব্যক্তিদের তাদের এক সঙ্গে বেঁধে গুলি করে হত্যা করে। তাদের রাস্তায় ফেলে চলে যায়।

বাগেরহাট ডাক বাংলোয় ঘাটে আমি চার/পাঁচজন মানুষকে এক সাথে হত্যা করতে দেখেছি। তার মধ্যে দুই একজন তখনো জীবিত ছিল। তারা রাস্তায় মানুষ দেখলে বাঁচাও বাঁচাও বলে চিৎকার করতো বাঁচবার আশায়। কিন্তু তাদের সাহায্য করলে পাক বাহিনী সাহায্যকরীকেও হত্যা করতো। মানুষ মুর্মূষু ব্যাক্তিকেও সাহায্য করতে পারতো না এই বর্বর পাক সেনাদের ভয়ে।

একদিন দুজন নিরীহ ব্যক্তিকে হত্যা করে তারা ডাক বাংলোয় সামনে ঝুলিয়ে রেখে পিঠে কাগজ লাগিয়ে লিখে রেখেছে উক্ত ব্যক্তিদ্বয় নক্সাল। তাদের পিঠ রাস্তার দিকে দিয়ে ঝুলিয়ে রেখেছে। এইভাবে মৃত ব্যক্তিদের দেখিয়ে অমানুষিক ও বর্বরোচিত কার্য করে মানুষকে ত্রাসের মধ্যে রাখতে চেষ্টা করেছে।

একদিন দুজন যুবককে ধরে নিয়ে আসলো। শুনলাম তাঁরা মুক্তিফৌজ। পাক বাহিনীর একটি জাহাজ মাইন দিয়ে ডুবিয়ে দিয়ে বাগেরহাটে এসে রাত কাটানোর সময় স্থানীয় দালাল দ্বারা ধৃত হয়ে পাক বাহিনীর হাতে পড়ে। তাদের ধরে নিয়ে এসে তাদের উপর অমানষিক নির্যাতন চালায়। বেদম প্রহার করে তাদের নিকট মুক্তিফৌজের বিভিন্ন গোপন সংবাদ জানার জন্য। কিন্তু স্বাধীনতা সংগ্রামীরা তাদের গোপন তথ্য ও সঙ্গীদের নাম শত অত্যাচারেও প্রকাশ করেনি। তার মৃত্যুর পূর্ব মুহূর্তেও বলেছে তোমরা আমাদের মেরে ফেলতে পারো কিন্তু আমি আমরা গোপন তথ্য ও সঙ্গিদের নাম বলবো না। পাকিস্তানী সেনারা তাদের পাকিস্তান জিন্দাবাদ বলার জন্য চাপ সৃষ্টি করলেও তারা জয়বাংলা বলে মৃত্যুর কোলে ঢলে পড়েছে।

ওয়াপদার রেস্ট হাউজ ও ব্যারাকের সমস্ত এলাকা পাক বাহিনী দখল করে সেখানে শক্তিশালী ক্যাম্প প্রতিষ্ঠা করে। আমার নিবাস ছিল উক্ত ক্যাম্পের অতি নিকটে। সুতরাং বিভিন্ন সময় বিভিন্ন অবস্থায় আমি পাক বাহিনীর ধ্বংসাত্মক ও নির্যাতনের বহু দৃশ্য দেখেছি।

রায় সাহেব কিরণ চন্দ্র দাস মহাশয়ের বাড়ীতে একটি একদল পাক বাহিনী প্রবেশ করে । তারা রায় সাহেবকে তার বাড়ির গোপন স্থান সমূহ দেখাতে বলে, তিনি তা পালন করেন। পরে তাকে বলে যে ওটা কি? যখন তিনি সেই দিকে দৃষ্টি ফিরিয়েছেন তখন গুলি করে তাকে হত্যা করা হয় এবং তার বাড়ির সমস্ত মূল্যবান জিনিস লুট করে নিয়ে যায়।

ভোলা বোস নামে এক ব্যাক্তিকে আহারের সময় গুলি করে হত্যা করে। ভোলা বোসের আহার সমাপ্ত করার অনুরোধও উপেক্ষিত হয় এই বর্বরদের কাছে।

পাক সেনারা গ্রামের বিভিন্ন অঞ্চল অপারেশন করে যুবতী মেয়েদের ধরে নিয়ে আসতো পাক বাহিনীর ক্যাম্পে। তাদের সারারাত ধরে অফিসারগণ উপভোগ করতো। সময় সময় নির্যাতিত মহিলাদের করুণ আর্তনাদ মাঝ রাতে শুনতে পেতাম। পরে তাদের হত্যা করতো বলে মনে হয়।

সাধারণ সৈন্যগণ দিনের বেলায় প্রকাশ্যে শহরের বস্তি এলাকায় গমন করতো এবং বস্তি এলাকার মহিলাদের উপর জোর করে পাশবিক অত্যাচার চালাতো। এই দৃশ্য কখনো যদি কোন পথচারীর দৃষ্টিতে পড়ে যেত তাহলে উক্ত পথচারীকে বেদম প্রহার করতো। এইভাবে তারা মহিলাদের উপর নির্যাতন চালাতো।

স্বাক্ষর/-
মোঃ মেমবর আলী সরদার
৮/৮/৭৩

\ ২০৮ \

সুধা রাণী বসু
গ্রাম- ছাচলেপুর
ডাকঘর- পিংড়ী
থানা- ঝালকাঠি
জেলা- বরিশাল

১৩৭৮ সালের ৭ই জ্যৈষ্ঠ তারিখে ঝালকাঠি থানা হতে ১৪ জন বাঙালি পুলিশ স্থানীয় শান্তি কমিটির দালালসহ ছাচলেপুর গ্রাম অপারেশনে যায়। সকাল বেলা পুলিশগণ আমার পিতার বাড়ী আক্রমণ করে এবং তা জ্বালিয়ে দেয়। আমরা সবাই নিকটস্থ জঙ্গলে পালিয়ে যাই। আমি আমার বড় মেয়ে সমবাতী বসুকে নিরাপত্তার জন্য মোতাহার গোমস্তার বাড়ীতে রেখে দেই। পুলিশেরা পরে উক্ত বাড়ীতে গিয়ে মোতাহারের সাহায্য আমার মেয়ে এবং অপর দুজন মেয়ে কমলা রানী দাস (বয়স ১৭) ও কল্পনা রাণী দাসকে (বয়স ১৮) ধরে নিয়ে যায়। পরে মেয়েদের খুঁজতে গিয়ে দেখি যে কমলা ও কল্পনাকে গুলি করে বিষখালি নদীর পারে হত্যা করেছে এবং সমাকে বেয়োনেট দিয়ে হত্যা করেছে। এছাড়াও আমার আত্মীয় দুর্গাশংকর দাসকেও গুলি করে হত্যা করে। আমরা পরে উক্ত লাশ দেখতে পাই। উক্ত মেয়েদের নৃশংসভাবে হত্যা করে এই পুলিশ বাহিনী।

তার পরের দিন পূর্বোল্লিখিত পুলিশগণ পুনরায় উক্ত গ্রামে অপারেশনে যায়। তখন আমার স্বামী নদী পার হয়ে পিংড়ি গ্রামে গিয়ে আশ্রয় নেয় এবং সেখান হতে অন্যত্র চলে যায়। বহু দিন তার কোনো সংবাদ জানতে পারিনি। পুলিশের ভয়ে আমরা জীবিত দুই মেয়ে এবং এক ছেলে নিয়ে চৌকিদার বাড়ীর জঙ্গলে আশ্রয় নেই। আমি আমার ছোট ২ পুত্র এক স্থানে গোপন করে থাকি। অন্যত্র আমার দুই মেয়ে আত্মগোপন করে থাকে। চৌকিদার তখন উক্ত পুলিশদের বলে যে এই হচ্ছে লিডার সঞ্জীবের মা, একে ধরো। তখন পুলিশরা আমাকে ধরে ফেলে এবং ওসি বলে থানায় যেতে হবে।

সেই সময় আমার সঙ্গের মেয়েটি পুলিশকে বলে আমাদের মেরো না, আমার কাছে টাকা আছে নিয়ে যাও। তখন পুলিশ তার নিকট হতে ৩০০০/০০ (তিন হাজার) টাকা ছিনিয়ে নেয় এবং আমাদের থানায় নিয়ে আসে। আমার অপর দুজন মেয়ে অসহায় হয়ে যায়। তাঁরা আশ্রয়ের জন্য ঘুরতে থাকে কিন্তু ভয়ে কেউ আশ্রয় দিতে স্বীকার হয়নি। একজন তাদের কান্না দেখে সদয় হয়ে তার বাড়ীতে আশ্রয় দেয়। যাহোক আমাকে থানায় নিয়ে এসে প্রায় দেড় মাস আটকে রাখে। তখন নিম্নে বর্ণিত দৃশ্যগুলি দেখেছি।

থানা হতে পুলিশরা বিভিন্ন গ্রামে অপারেশন চালিয়ে নিরীহ লোকদের ধরে নিয়ে গিয়েছে এবং রাত তিনটার দিকে তাদের হাত বেধেঁ দলবদ্ধ ভাবে নিয়ে গিয়ে হত্যা করেছে। ভোর চারটার দিকে সুগন্ধা নদীর তীরে এবং থানা হতে কিছুটা দূরে বদ্ধভূমিতে নিয়ে গিয়ে হত্যা করেছে। আমি থানা হতে বহু মানুষের চিৎকার ও করুণ আর্তনাদ শুনেছি। কাউকেউ রক্ষা করেনি।

অনেক মানুষকে থানা হতে ঝালকাঠি মিলিটারী ক্যাম্পে নিয়ে যেত এবং সেখান হতে যখন উক্ত ব্যক্তিদের ফিরিয়ে আনতো তখন তাদের শরীরের বিভিন্ন স্থানে পোড়া ক্ষতের চিহ্ন দেখেছি। পাক বাহিনী লোহার রড গরম করে উক্ত ব্যাক্তিদের শরীরের মধ্যে প্রবেশ করিয়ে দিতো। পরে তাদের থানাতে এনে রাতে উক্ত বদ্ধভূমিতে নিয়ে গিয়ে হত্যা করত।

একদিন প্রায় ৯৫ (পঁচানববই) জন নিরীহ মানুষকে ধরে নিয়ে এসে হত্যা করে। প্রত্যেক দিন ধৃত ব্যক্তিদের নাম জিজ্ঞাসা করতো। কিন্তু সেই দিন তাদের সবাইকে নিয়ে গিয়ে লাইন করে হত্যা করেছে। সকালে একজন

পুলিশ এসে তৎকালীন সিআই (পুলিশ) কে জানায় যে ৯৫ (পঁচানববই) জনের মধ্যে একজন জীবিত আছে। তখন উক্ত সি,আই উক্ত ব্যক্তিকে হত্যা করার জন্য নির্দেশ দেয়। প্রত্যেক দিন এই ভাবে ভোর রাতে ধৃত ব্যক্তিদের হত্যা করেছে। সিআইএর নির্দেশে এই এক মাসে প্রায় ১০০০ (এক হাজার) লোককে উক্ত বদ্ধভূমিতে হত্যা করেছে বলে আমার মনে হয়।

আমার নিকট হতে ৩৮ ভরি সোনা এবং ৫০০ টাকার বিনিময়ে আমাকে ছেড়ে দেয়। আমি তখন নিজ বাড়ীতে চলে যাই। আমি আসার পর আমার স্বামীর সাথে দেখা হয়নি। আমার পুত্র সঞ্জীব মুক্তিফৌজ হওয়ায় তার খোঁজ পাইনি। বড় ছেলে দীলিপের সংবাদও পাইনি। এইভাবে এক মর্মান্তিক ও করুণ অবস্থায় আমার দিন কেটেছে। স্বাধীনতার পর সবাই একত্রিত হই।

স্বাক্ষর/-
সুধা রাণী বসু
১৩/৮/৭৩

\ ২০৯ \

আজাহার আলী
গ্রাম- গবিন্দ ধবোল, ডাকঘর- কীর্ত্তিপাশা
থানা- ঝালকাঠি, জেলা- বরিশাল

১৯৭১ সালের ২৭শে এপ্রিল পাক বাহিনী ঝালকাঠি শহরে আসে। এসেই তারা ঝালকাঠি শহরে আগুন দিয়ে সমস্ত শহরটা পুড়িয়ে দেয় এবং গণহত্যা শুরু করে। পাক বাহিনী বিভিন্ন গ্রামে ছড়িয়ে পড়ে। ফলে আমার ছেলে মোঃ সাত্তার নিজ গ্রামে থাকা নিরাপদ নয় মনে করে ৭ই আষাঢ় বেশাই খান গ্রামে গিয়ে আশ্রয় নেয়। ঐ দিন ঝালকাঠি ও স্বরূপকাঠি থানার পাক বাহিনী বেশাই খান গ্রামে গিয়ে উক্ত গ্রামটা সম্পূর্ণ ঘিরে নিয়ে গোলাগুলি শুরু করে দেয়। তারপর পাক বাহিনী হতে আমার ছেলে সাত্তারসহ মোট ৫৫ জন যুবক ছেলেকে ধরে। এবং জিজ্ঞাসাবাদ করতে থাকে রাইফেল কোথায়? শরোজ বাবু কোথায়? এই কথা বলতে থাকে আর কিল, ঘুষি, লাথির পর লাথি, বেতের লাঠি দিয়ে প্রহার আর বন্দুকের বাঁট দিয়ে প্রহার করার পর তাদের মধ্যে হতে ১৩ জনকে একটা খালের পারে নিয়ে যায়। সেখানে নিয়ে গিয়ে এক এক করে গুলি করে হত্যা করে খালের মধ্যে ফেলে দিয়ে আসে। আর ৪২ জনকে গরুর দড়ি দিয়ে বেঁধে ঝালকাঠি নিয়ে আসার সময় গান বোটে বসে সবার সামনে সাত্তারের শরীরের বিভিন্ন স্থানে বেয়োনেট দিয়ে ফেঁড়ে ফেঁড়ে নাইট্রোজেন এসিড মাখিয়ে দেয়। তারপর তাকে জিজ্ঞাসাবাদ করতে থাকে এখনো বলো শরোজ কোথায়, তার পরিবার কোথায় এবং মুক্তিবাহিনী কোথায়? সাত্তারের শরীরের এসিড মাখিয়ে দেয় আমাদের স্থানীয় এলাকার দুইজন কুখ্যাত মুসলিম লীগের দালাল চেয়ারম্যান আজহার কারিগর ও শাহাজউদ্দিন সরদার (সাজি)। তারপর তাদেরকে থানায় নিয়ে এসে হাজত ঘরের মধ্যে রেখে দেয়। পরদিন সকাল বেলা আমি বাজারে এসে শুনতে পাই যে আমার ছেলে সাত্তারকে স্থানীয় দালালদের নির্দেশে পাক সেনারা তাকে ধরে ঝালকাঠি থানায় নিয়ে গেছে এবং ভীষণ প্রহার করেছে। তারপর আমি থানায় চলে যাই এবং আমার ছেলে সাত্তারের সাথে দেখা করি। সাত্তার তখন আমাকে বলে পাক সেনারা আমাকে গুলি করে না মারলেও দালালরা আমাকে রক্ষা করবে না। তাই আপনি তাদের কাছে আমার জীবন ভিক্ষা চেয়ে দেখেন তারা কি বলে। আমি দালালদের নিকট চলে আসি এবং তাদের পায়ের উপর কেঁদে পড়ে আমার ছেলের জীবন ভিক্ষা চাইলে তারা আমাকে লাথি দিয়ে দূরে ফেলে দেয় এবং বলে আগামীকাল সকাল বেলা এসো। তারপর আমি বাড়ী চলে যাই। ঐ দিন রাত্রিতে আমার ছেলে সাত্তারসহ ২৮ জনকে নদীর ধারে নিয়ে যায় এবং তাদেরকে লাইন করে গুলি করে হত্যা করে। পরদিন ভোরে আমি তাদের নিকট গেলে তারা আমাকে বলে তুমি গত রাত্রিতে গুলির শব্দ শোন নাই? তোমার ছেলেকে গুলি করে হত্যা করা হয়েছে। একথা শোনার সাথে সাথে আমি অজ্ঞান হয়ে সেখানে পড়ে যাই। ২০/২৫ মিনিট পর আমার জ্ঞান ফিরলে আমি সাত্তারের লাশের জন্য থানায় অনুমতির জন্য যাই। তখন থানায় পুলিশকে নির্দেশ দেয় আমাকে গুলি করতে। এবং আরও বলে সে যদি এখান হতে চলে না যায় তাকে গুলি করে হত্যা করবে। তারপর আমি সেখান হতে কাঁদতে কাঁদতে বাড়ী চলে যাই। আমার ছেলের মরা লাশ সেখানে পড়ে থাকে। আমি বাংলাদেশের একজন গরীব কৃষক। দু'টা ছেলের মধ্যে মাত্র একজন ছেলে বর্তমানে বেঁচে আছে। মাত্র দুই বিঘা জমি আমার। কিন্তু সংসারে ৭/৮ জন লোক। অতি কষ্টে ছেলেটাকে বি, এ, পর্যন্ত পড়া লিখা শিখিয়েছিলাম। সে ছেলেকেও হারালাম।

স্বাক্ষর/-
আজহার আলী
১৭/৮/৭৩

\ ২১০ \

আজহার আলী মিঞা
গ্রাম- পশ্চিম ঝালকাঠি
জেলা- বরিশাল

রশিদ ও মানিক হানাদার বাহিনীর হাতে ধরা পড়ার পর দালালরা বন্দুকের বাঁট দিয়ে তাদের সমস্ত শরীরে আঘাত করে। আঘাত করার দরুন তাদের শরীরের বিভিন্ন স্থান ফেটে রক্ত ঝরতে থাকে। তারপর তাদেরকে ঝাল কাঠি থানায় নিয়ে আসে। থানায় কিল, ঘুষি, লাথি, এবং শরীরের বিভিন্ন স্থান চাকু দিয়ে কুচা কুচা করে কেটে লবণ দিয়ে হাত-পা বাঁধা অবস্থায় হাজত ঘরের মেঝেতে ফেলে রাখে। আর ঐ দিনই ৩০/৪০ জন পুলিশ রাজাকার, মিলে মুসলীম লীগের দালালের নির্দেশে আমার বাসা ঘেরাও করে ৪/৫ রাউণ্ড গুলি করার পর বাসার মধ্যে প্রবেশ করে এবং আমাকে রোগশয্যায় শায়িত অবস্থায় ধরে ফেলে। এবং আমার বাড়ীঘর লুটপাট শুরু করে দেয়। তখন তাদের মধ্য হতে একজন হাবিলদার পুলিশ লুট করা বারণ করলে তারা লুট বন্ধ করে দেয়। তারা আমাকে কোন কথা জিজ্ঞাসা না করে এ্যারেষ্ট করে। ঝালকাঠি থানায় নিয়ে আসার সময় ঝালকাঠি খেওয়া ঘাটে তাছোনউদ্দিনের চায়ের দোকানে বসে আমার ঘাড়ে, হাঁটুতে, হাতের তালুতে ও পায়ের তালুতে এবং শরীরের প্রতিটি গাইটে রাইফেলের বাঁট দিয়ে, বেতের লাঠি দিয়ে এবং বুট দিয়ে আঘাত করে যার দরুন শরীরের বিভিন্ন জায়গা ফেটে রক্ত ঝরতে থাকে। এবং আমি জ্ঞান হারিয়ে ফেলি। তার ২০/২৫ মিনিট পর আবার জ্ঞান ফিরে পেলে একটা রিক্সায় করে আমাকে ঝালকাঠি থানায় নিয়ে আসে। যখন আমাকে প্রহার করতো তখন শুধু আমাকে বার বার বলতো এমন ছেলে জন্ম দিয়েছ যে সে আজ পাকিস্তানের শত্রু আমি থানায় এসে দেখতে পাই যে, আমার ছেলে হাত পা বাঁধা অবস্থায় হাজতের মধ্যে আধমরা অবস্থায় পড়ে আছে। আমাকে থানায় নেবার পর আমার ছেলে রশিদ ক্যাপ্টেন আজমতের সাথে কথা বলতে চায়। একজন পুলিশ রশিদকে ক্যাপ্টেন আজমতের নিকটে নিয়ে যায়। রশিদ ক্যাপ্টেনকে জানায় যে, ‘‘আমি আপনাদের বিরুদ্ধে অস্ত্র ধরেছি। কিন্তু আমার বৃদ্ধ পিতা তো আর আপনাদের সাথে যুদ্ধ করে নাই। এর জন্য তো আমার পিতা দায়ী নয়। তাকে কেন আপনারা নির্যাতন করেন’’? তারপর ক্যাপ্টেন কিছু সময় চিন্তা করে আমাকে হাজত হতে মুক্তি দেয় এবং আমার ছেলেকে হাজতে নিয়ে রেখে দেয়।

আমাকে মুক্তি দেবার পর আমি আমার ছেলের সাথে দেখা করি। তারপর চোখের জল ফেলতে সেখান হতে বের হয়ে আসি। তার দুই দিন পর অর্থ্যাৎ ১৯ তারিখে রাত্রি দুইটার সময় নদীর ধারে আরো ১২ জন সহ মানিক ও রশিদকে নিয়ে গিয়ে গুলি করে হত্যা করে। তারপর তাদেরকে একটা গর্তের মধ্যে ফেলে মাটি চাপা দিয়ে রাখে।

স্বাক্ষর/-
আজহার আলী মিঞা
১১/৮/৭৩

\ ২১১ \

শ্রী রমেন কর্মকার (রঙ্গ)
ঝালকাঠি
জেলা- বরিশাল

১৯৭১ সালের এপ্রিল মাসের মাঝামাঝি পাক বাহিনী ঝালকাঠি চলে আসে। এসেই তারা ঝালকাঠি শহরে লুটপাট শুরু করে। আগুন জ্বালিয়ে ৯০% দালান ও ঘরবাড়ী পুড়িয়ে দেয়। পাকবাহিনী ঝালকাঠি আসার একদিন পূর্বে আমরা তারপাশা গ্রামে গিয়ে আশ্রয় নেই।

এপ্রিল মাসের ২৫/২৬ তারিখে ঝালকাঠি হতে প্রায় ৭০/৮০ জন পাক সেনা তারপাশা অপারেশনে যায়। পাক সেনারা সংবাদ পেলে আমরা তারপাশার একটা জঙ্গলের মধ্যে গিয়ে আত্মগোপন করে থাকি। তারা একজন মুসলিম লীগের দালালের সহযোগিতায় উক্ত জঙ্গল ঘেরাও করে গোলাগুলি শুরু করে দেয়। ফলে আমরা প্রাণ রক্ষার জন্য ছুটাছুটি করে পালাতে চেষ্টা করলে আমাদের ১০ জন ছেলেকে তারা ধরে ফেলে। এবং আমাদেরকে জিজ্ঞাসাবাদ করতে থাকে, " তোম্ মুসলমান হ্যায় ? কালেমা বাতাও"। আমরা উত্তর করি আমরা মুসলমান কিন্তু তারা আমাদেরকে দুই হাত বেঁধে ঝালকাঠি নিয়ে আসে। এবং থানা কাউন্সিলে তাদের ক্যাম্পে নিয়ে যায়। অতঃপর হাত, পা লাইটপোষ্টের সাথে রশি দিয়ে বেঁধে পা উপর দিকে, মাথা নিচের দিকে দিয়ে ঝুলিয়ে প্রত্যেককে বালতি ভর্তি পানির মধ্যে মাথা ডুবিয়ে রাখে ও বেতের লাঠি, লোহার শিক ও বৈদ্যুতিক তার দিয়ে প্রায় আধা ঘণ্টা পর্যন্ত আমাদের সমস্ত শরীরে আঘাত করার দরুন আমাদের মধ্যে ৪/৫ জন অজ্ঞান হয়ে যায়। আঘাতের দরুন আমাদের শরীরের বিভিন্ন স্থান হতে রক্ত ঝরতে থাকে। তারপর পুলিশ দিয়ে আমাদেরকে থানায় নিয়ে যায়। পিটানোর সময় আমাদেরকে শুধু বলতে থাকে মুক্তিফৌজ কোথায়? এই বলে, আর প্রহার করে। আমাদেরকে থানায় নিয়ে এসে হাজতের মধ্যে রেখে দেয়। এবং ভোর রাত্রি চারটার সময় দু'জন করে একত্রে বেঁধে মোট ৮ জনকে গুলি করে হত্যা করে। উক্ত দলের মধ্য হতে আমাকেও নিতাইকে হাজতের মধ্যে রেখে দেয়। এই ঘটনা ঘটার দুই দিন পর আমাকে ক্যাপ্টেনের নিকট হাজির করে। এবং ক্যাপ্টেন আমাকে জিজ্ঞাসা করে তোর কোন বোন আছে? আমি উত্তর করি আমার তিনটা যুবতি বোন আছে। ক্যাপ্টেন আমাকে বলে আমি তোকে ছেড়ে দিব তুই তাদেরকে নিয়ে শহরে আসবি। আমি তোকে ঘরবাড়ী টাকা-পয়সা সব দিব। আমি তার কথায় রাজী হয়ে যাই এবং আমাকে ও আমার চাচাতো ভাই নিতাইকে ছেড়ে দেয়। তারপর আমরা ছাড়া পেয়ে চলে যাই এবং তাদের সাথে আর দেখা না করে পালিয়ে পালিয়ে দিন কাটাতে থাকি। বাংলাদেশ স্বাধীন হলে আবার আমি ঝালকাঠি চলে আসি।

স্বাক্ষর/-
রমেন কর্মকার
১৮/৮/৭৩

\ ২১২ \

সন্তষী বালা ঢালী
গ্রাম- সুবিদপুর, ডাকঘর- পাশসাতরিয়া
থানা- কাউখালী, জেলা- বরিশাল

বৈশাখ মাসের শেষের দিকে পাক সেনারা আমাদের গ্রামে গিয়ে (নিলতাগ্রাম) সমগ্র গ্রাম পুড়িয়ে দিয়েছে। প্রথমে লুট করে তারপর সমগ্র গ্রাম জ্বালিয়ে দেয়। লোক পালাতে চেষ্টা করলে গুলি করে হত্যা করেছে। ছোট ছোট বাচ্চা ধরে আগুনে ফেলে হত্যা করেছে। ১০ই জ্যৈষ্ঠ পাক সেনারা আবার আসে। গ্রামের লোকজন মনে করে যেহেতু নিলতাগ্রাম একবার পুড়িয়েছে সেহেতু সেখানে আর পাক সেনা আসবে না। তাই সমস্ত আশেপাশের লোক ঐ গ্রামে গিয়ে আশ্রয় নেয়। পাকসেনারা রাজাকার মারফত এ খবর পেয়ে যায়। পাক সেনারা সমস্ত নিলতাগ্রাম ঘিরে ফেলে লুট করার পরে জ্বালিয়ে দেয় একই সাথে ২০ জন লোককে গুলি করে হত্যা করে ও পাশবিক অত্যাচার চালায়।

ঐ তারিখে আমার স্বামী পালিয়ে এক পুকুরের ভিতর মাথা উঁচু করে ছিল। পাক সেনারা খুঁজতে খুঁজতে জল থেকে উঠিয়ে আনে এবং ঐ পুকুরের পাড়েই ভীষণভাবে মারধোর করে। হিন্দু বলে অকথ্য গালাগালি করে, অত্যাচার চালায়, পরে গুলি করে ওখানেই হত্যা করে। আমার স্বামীকে হত্যা করে পাক সেনারা আমার বাড়ী আক্রমণ করে। বাড়ীঘর সব জ্বালিয়ে আমার দু'টো শিশু সন্তানকে হত্যা করতে নিয়ে যায়। আমি পা চেপে কান্নাকাটি করলে টাকা চায়। আমার ২০০.০০ টাকা, ২ জোড়া রিং এবং একটি আংটি ছিলো (সোনার) সেগুলো সব দিলে আমার ছেলেদের ছেড়ে দেয়।

চিড়েপাড়া থেকে পাক সেনারা মেয়েদের ধরে নিয়ে যায় ভোগের জন্য। নিলতা গ্রামে পাটি তৈরী করে এমন একটি লোকের বাড়ী ঢুকে লুট করে বাড়ী জ্বালিয়ে দেয় তারপর স্বামীকে গুলি করতে গেলে স্ত্রী ছুটে গিয়ে পাক সেনাদের পা জড়িয়ে ধরে বলে আমার বাড়ীঘর সব গেছে এখন স্বামীকে মারবার আগে আমাকে মারো। সাথে সাথে পাক সেনারা মেয়েটির উপর অত্যাচার করে জ্বলন্ত আগুনের মধ্যে নিক্ষেপ করে পরে স্বামীকেও গুলি করে হত্যা করে। তারা অসংখ্য লোককে হত্যা করেছে। গন্ধর্ব গ্রামে পাক সেনারা গিয়ে গ্রাম জ্বালিয়ে বহুজনকে কুড়াল দিয়ে নৃশংসভাবে হত্যা করেছে। ধর্ষিতা হয়েছে অসংখ্য নারী। স্বামীর মৃত্যুর পর আমি গ্রামে গ্রামে পালাতে লাগলাম ছেলে দুটিকে নিয়ে। মাইলের পর মাইল না খেয়ে হেটে বহু কষ্টে শিশু সন্তান দুটি নিয়ে ৫ই শ্রাবণ ভারতে যাই। সেখানে বিলাসপুর চক্রবাটা ক্যাম্পে ছিলাম। দেশ স্বাধীন হলে আমি নিজ গ্রামে ফিরে আসি।

টিপসহি/-
সন্তষী বালা ঢালী

\ ২১৩ \

মোঃ খালেদ
নির্বাহী প্রকৌশলী
পানি উন্নয়ন, ভোলা, বরিশাল

৫ই মে পাক সেনারা ভোলাতে আসে। পাক সেনারা আমাদের ওয়াপদা কলোনীতে সেনানিবাস তৈরী করে। মেজর থাকতো ওয়াপদা রেষ্ট হাউসে। মে মাসেই শান্তি কমিটি গঠন হয়। জুন মাস থেকে রাজাকারে লোক ভর্তি শুরু হয়। ৬ই মে মেজর ইয়াহিয়া অফিসারদের নিয়ে সভা করে। সবাইকে দেশের জন্য কাজ করতে বলে এবং এও বলে হিন্দু এবং আওয়ামী লীগ এদের সব ধ্বংস করা হবে। ৭/৮ ই মে গাজীপুরের রোডে ৩/৪ জন হিন্দুকে পাক সেনারা গুলি করে হত্যা করে। এর পর পরই পাক সেনারা নিয়মিতভাবে লোক ধরে দুষ্কৃতকারী বলে হত্যা করতো। হত্যার স্থান ছিল ভোলা খেয়াঘাট, ওয়াপদা কলোনী এবং শিবপুর মেঘনায় পাড়।

মে মাসের শেষ সপ্তাহে বিশ্ব ব্যাংকের প্রতিনিধি আসে ভোলাতে। সকালে উঠে দেখলাম একটি আর্মি নেই কলোনীতে। কোথায় গেছে জানতে পারলাম না। বিশ্ব ব্যাংকের লোক সব খবর নেয়। খাদ্যের অবস্থা, পাক সেনারা কেমন অত্যাচার করেছে ইত্যাদী। তাঁরা আমাদের রেষ্ট হাউসে তিন দিনের মত ছিলেন আবহাওয়া খারাপ ছিল বলে। আমি এক ভদ্রলোককে অবস্থা বুঝিয়ে বলি। শিবপুর মেঘনার পাড়ে যে গণহত্যা শুরু হয়েছিল, এখনও ২/৪টি মৃতদেহ পড়ে ছিল, তারা তার ছবি তুলে নেয়, এবং অবস্থা মোটামুটি বুঝতে পারে। আমি পাক সেনাদের হত্যা দেখে বিচলিত ছিলাম। আমার পকেটে সব সময় রিবলভার থাকতো। যে কোন অবস্থার জন্য সর্বক্ষণ প্রস্তুত থাকতাম।

পাক সেনারা বিভিন্ন স্থান থেকে লোক ধরে আনতো তারপর এখানে তাদের গুলি করে হত্যা করতো। সেপ্টেম্বর/অক্টোবর মাস থেকে হত্যা ব্যাপকভাবে বেড়ে যায়। কারণ ঐ সময় থেকেই বিভিন্ন থানাতে মুক্তি বাহিনীর তৎপরতার শুরু হয়। জুন/জুলাই মাসে কাজের জন্য আমাকে বিভিন্ন থানাতে যেতে হতো। গাড়ী দেখে প্রথমে মানুষ পালাতো কিন্তু পরে আমাকে দেখে কাছে আসতো। অক্টোবর মাসে হত্যার সংখ্যা বেড়ে যায়। সৈন্যরা বাস থামিয়ে লোক নামিয়ে হত্যা করতো। গুজব রটলো মুক্তিবাহিনীর লোক কালো গেঞ্জি পরিধান করে। তারপর দেখা গেল খান সেনারা কালো গেঞ্জিওয়ালা লোক দেখলেই ধরতো, অত্যাচার করতো ও হত্যা করতো।

যাদেরকে ধরে আনতো তাদের খেতে দিত না, পরে হাত, পা বেঁধে গরু পিটানো পিটাতো যতক্ষন জ্ঞান থাকতো। পিটিয়ে অনেককে হত্যা করতো। শেষের দিকে খান সেনারা গুলি খরচ করতো না কলোনীর একটি ঘরে জবাই করতো। স্বাধীনতার পর ঘরটি দেখলাম চাপ চাপ রক্তে ভরা। আমি দেখেছি জবাই করে টানতে টানতে একটি গর্তে মাটিচাপা দিয়ে রাখতো। এই ভাবে আমার ধারণা, ২০০০ লোককে তারা হত্যা করেছে।

পাক সেনারা বহু মেয়ের উপরও পাশবিক অত্যাচার চালিয়েছে। অনেক সময় বলতো দুষ্কৃতকারীরা ভারতীয় সিপাইয়ের পাল্লায় পড়ে এরকম কাজ করেছে এদেরকে খতম করবোই। মুক্তি বাহিনী আমাদের শত্রু, ওদেরকে খতম করতে হবে। পাক সেনারা প্রচুর পয়সা নিয়ে অনেক লোক ছেড়ে দিয়েছিল। বোরহানউদ্দিন এবং দৌলতখান থানা দুটিতেই পাক সেনারা অত্যাচার চালিয়েছে ব্যাপক। মুক্তি এবং মিত্র বাহিনীর চাপে ৯ই ডিসেম্বর পাক সেনারা ভোলা থেকে পালিয়ে যায়। শোনা যায় চাঁদপুরের কাছে মিত্র ও মুক্তি বাহিনীর সাথে যুদ্ধে মেজরসহ সবাই নিহত হয়।

স্বাক্ষর/-
মেঃ খালেদ
১২/৯/৭৩

\ ২১৪ \

মোঃ ফরিকুর রহমান
কালীবাড়ী সড়ক
ভোলা, বরিশাল

পাক সেনারা ভোলায় আসার পরপরই মানুষ খুন করে। মেয়ে ধরে এনেও পাশবিক অত্যাচার করে।

সেপ্টেম্বর মাসের মাঝামাঝি রাত ২টায় হঠাৎ আমার বাড়ী ঘিরে ফেলে। ১০ জনের মত খান সেনা একজন রাজাকার এবং বাঙ্গালী ড্রাইভার। তারা প্রথমে আমার আব্বার সাথে কথা বলে আমার কথা জিজ্ঞাসা করলে আমি উপর থেকে নীচে নেমে আসি। সুবেদার সিদ্দীক আমাকে বন্দী করে গাড়ীতে তোলে। গাড়ীতে ডাঃ ফজলে হোসেন (এম, বি, বি, এস,) কে বন্দি অবস্থায় দেখলাম। গাড়ী মাকছুদুর রহমান এ্যাডভোকেটের বাড়ী যায় তাকে ধরার জন্য কিন্তু তাকে না পেয়ে গাড়ী চলতে থাকে। রাইফেল পড়ে গিয়ে সিদ্দীক সুবেদারের পায়ের নখ উঠে যায় এবং রক্তপাত হতে থাকে। আমি এবং ডাক্তার মিলে তাড়াতাড়ি করে জয়নাল ডাক্তারের কাছে নিয়ে ব্যাণ্ডেজ করে যত্ন করি। সুবেদার মন একটু নরম হলো বুঝলাম। গাড়ীর ড্রাইভারকে বললো গাড়ী খেয়াঘাট যাবে না, ওয়াপদা নিয়ে চলো। খেয়াঘাট মানেই মৃত্যু ছিল। বুঝলাম, আপাততঃ বেঁচে গেলাম। অতঃপর তারা আমাদের ২ জনকে ওয়াপদা কলোনীতে নিয়ে যায় এবং একটি ঘরে আটকে রাখে। বাইরে পাহারা থাকে। পরদিন চা নাস্তা খাইয়ে ক্যাপ্টেনের কাছে আমাদেরকে নিয়ে যায়। সেখানে নিয়ে যাবার পর জিজ্ঞেস করে 'মুক্তি বাহিনী কোথায়, বল।' আমরা জানি না বললে ভীষনভাবে মারধোর করে। আমরা মৃতপ্রায় হয়ে পড়ি তখন জেলে নিয়ে আটকে রাখে। আমি এবং ডাক্তার শহরে মোটামুটি পরিচিত ছিলাম। প্রতিবাদে শহরের সকল দোকান পাট বন্ধ হয়। রিক্সাসহ সমস্ত শহর অচল হয়ে যায়। ইতিমধ্যে আমার আত্মীয়স্বজন আমাদের জন্য চেষ্টা করতে থাকে। টাকা দিলে তাদের মন কিছুটা নরম হয়। শান্তি কমিটি শহরের এই অবস্থায় অধিবেশন ডাকে এবং আমাদের ছেড়ে দেবার সিদ্ধান্ত নেয়। আমাদের যেখানে রেখেছিলো সেখানে অনেক রক্ত এবং রক্তমাখা জামা দেখলাম। ২দিন রাখার পর অত্যাচার করেও কোন কথা যখন বের করতে পারেনি তখন আমাদের ২ জনকে ছেড়ে দেয়। আমি বাড়ি চলে আসি। ১০/১২ দিন পর মিলিটারীর একান্ত সহকারীর মারফত খবর পেলাম আমাকে আবার ধরার ষরযন্ত্র করছে। আয়ুবী আমলে আমি ডি পি আর এর আসামী ছিলাম ছাত্র ইউনিয়ন কর্মী বলে।

আমি গোপনে নৌকা ভারা করে বরিশাল পালিয়ে যাই এরপর আর ভোলাতে আসিনি। ভোলা শত্রুমুক্ত হলে আমি ভোলাতে ফিরে আসি।

স্বাক্ষর/-
মোঃ ফরিকুর রহমান
১৩/৯/৭৩

\ ২১৫ \

শ্রী বিমল কৃষ্ণ দাস
সরকারী স্বাস্থ্য সহকারী
ভোলা জনস্বাস্থ্য কেন্দ্র
ভোলা, বরিশাল

২৮শে মে রাজাকাররা রাত ১২টার দিকে আমাদের গ্রামের বাড়ী ঘিরে ফেলে। লোকজন দেখে ভাবলাম গ্রামে পাহারা দেয় তারাই হয়তো আসছে। দারোগা এসেই আমার নাম জিজ্ঞাসা করে। নাম বলার সাথে সাথে আমাকে আটকাতে বলে। রাজাকারদের মধ্যে একজন আমাদের পরিচিত এবং ২ জন আমার সহপাঠী ছিল। আমাদের বাড়ী ঢুকে সবাইকে গ্রেফতার করে বলে তোমাদের কাছে বন্দুক আছে তোমরা মুক্তিবাহিনীকে সাহায্য করছো। আমার দাদা বিজয় ভূষণ দাস (২) আমি (৩) ব্রজমোহন দাস (জ্যাঠা) (৪) হরিপদ দাস (কাকা) (৫) সুনীল কুমার দাস (খুড়তুতো ভাই) (৬) সহদেব হালদার (কৃষাণ বাড়ীর) (৭) যোগেন্দ্র বৈদ্য (৮) শ্যামল কৃষ্ণ দাস (৯) সেয়দ আহম্মদ (১০) রুহুল আমীন (১১) ইনা আলী। দারোগা সবাইকে থানায় নিয়ে যায়। পথে বালক বলে শ্যামল কৃষ্ণ দাস, রুহুল আমীন এবং ইনা আলীকে ছেড়ে দিয়ে আমাদের ৮ জনকে থানায় নিয়ে আসে। পথে জনৈক রাজাকার বলে তোমার জ্যাঠাতো বোনকে দিলে সবাইকে বাঁচিয়ে দেওয়া হবে। আমি অস্বীকার করলে আমার জ্যাঠাকে বলে। জ্যাঠা মহাশয় বলেন, 'আমার জীবনের বিনিময়ে হলেও মেয়ের ইজ্জত দিতে পারবো না, টাকা নিতে পারো।' রাজাকাররা ক্ষিপ্ত হয়ে সবাইকে হাজতে আটকে রাখে। ২৯শে মে সকালে রাজাকার আবার এসে আমার বোনকে চায়। আমি অস্বিকার করি। রাজাকার ফিরে যায়। আমার বৃদ্ধ আর এক জ্যাঠা দারোগাকে ছেড়ে দেবার অনুরোধ করলে সে বলে, ক্যাপ্টেন বরিশাল থেকে ফিরলে তখন দেখা যাবে। ক্যাপ্টেন ছিল কায়ানী। ২৯শে মে ভোলা ডাক বাংলাতে শান্তি কমিটির সভা বসে আমাদের নিয়ে। বরিশাল থেকেও জেলা শান্তি কমিটির লোক আসে আমাদের বিষয়ে। বরিশালে শান্তি কমিটির পুরাতন অনেকেই আমার বড় জ্যাঠাকে চিনতো। তারা এসে ছেড়ে দেবার জন্য অনুরোধ করে। আমি একটু আশ্বাস পেলাম হয়তো বাঁচবো।

৩০শে মে সকাল ১০ টার দিকে ক্যাপ্টেন নিজে ১০/১২ জন খান সেনা নিয়ে আমাদের দেখতে যায়। আমার ভাইপো ৭/৮ বছর বয়স, ক্যাপ্টেনের পা ধরে খুব কান্নাকাটি করলে ক্যাপ্টেন বলে আচ্ছা ছেড়ে দেবো। আমাদের শিবপুর ইউনিয়ন শান্তি কমিটির সেক্রেটারী ইলিয়াস মাষ্টারকে আমাদের পক্ষে সুপারিশ করতে নিষেধ করে। আমার জ্যাঠা ডাঃ শশী ভূষণ দাস দারোগাকে ৫০০০ টাকা দিতে রাজী হলে সে বলে, 'কালকে আসবেন'।

পাক কর্তৃপক্ষ একটি ব্যাজ দেন (সি, এস)। এই ব্যাজ কমন সারভেন্ট, সাধারণ কৃষক, মুচি, মেথর, নাপিত এদের দেওয়া হতো। আমাদের বাড়ীর কৃষক হিসেবে ব্রজমোহন দাস, হরিপদ কুমার দাস এবং সুনীল কৃষ্ণ দাসের নামে ব্যাজ দেবার জন্য তারা টাকা নেয়। ব্যাজ বুকে থাকলে পাক সেনারা ধরবে না বা গুলি করবে না।

৩০শে মে রাত ৮-১৫ মিঃ ক্যাপ্টেনসহ ১৪/১৫ জন খান সেনা আসে। আমাদের ৫ জন করে হাত বেঁধে ২টি দলে ১০ জনকে গাড়ীতে তোলে। আমাদের ৮ জন ছাড়া আর ২ জন ছিল বাপতা গ্রামের অনিল এবং চরফ্যাশনের আর একজন।

তারা আমাদেরকে বরিশালে নিয়ে যাবার নাম করে ভোলা খেয়াঘাটে নিয়ে যায়। আমাদের ৫ জনকে ট্রাকে বসিয়ে রেখে অপর ৫ জনকে নদীর কূলে নামিয়ে আমাদের সামনে এক এক করে গুলি করে হত্যা করে। ঐ পাঁচ

জনের দলে আমার খুড়তুতো ভাই তখনো মরেনি, 'মা' 'মা' করে কাঁদছে, আমরা শুনতে পাচ্ছি। ঐ অবস্থায় সারা রাত থেকে পরদিন আমার ভাই মারা যায়। আমাদেরকে তীরে নামিয়ে এক একজনের জন্যে ২ জন করে সেনা অস্ত্র নিয়ে প্রস্তুত হয়ে আমাদের বললো জুলে নামতে। খান সেনারা চায়না অটোমেটিক রাইফেল প্রস্তুত করতে থাকে। আমি বলি, দাদা, সময় যায় ঝাঁপ দে। দড়ি বাঁধা অবস্থায় আমরা ৫ জন নদীতে ঝাঁপ দেই। খান সেনারা গুলি চালায়। আমরা টানাটানি করে হাতের দড়ি খুলে ফেলি। আমি সাঁতার দিয়ে নদীর ওপারে চলে যাই। দাদা আর এক দিকে চলে যায়। গুলি অনবরত চলছে আর খান সেনারা গালাগালি করছে। একটি কারগো লঞ্চ দাঁড় করানো ছিলো তারা তাকে ডাকতে থাকে। আমি তীরে উঠে ক্রলিং করে ধান ক্ষেতের দিকে পালাতে থাকি। সাত মাইল দূরে টুংচর গিয়ে পৌছাই এক আত্মীয়ের বাড়ী। ওখানে ২দিন থাকি। জানাজানি হয়ে গেলে বালিয়া গ্রামে পালিয়ে যাই এক বন্ধুর বাড়ী। ওখানে কওছর হাওলাদারের (প্রাইমারী শিক্ষক) বাড়ীতে ২ মাস থাকি। পরে আমার আহত দাদার খোঁজ পেলাম। জানতে পারলাম আমাদের ৫ জনের মধ্যে ৩ জন বেঁচে গেছি, ২ জন মারা গেছে।

গ্রামে গ্রামে পালিয়ে দিনের পর দিন জলের ভিতর থেকে জুলাই মাসের শেষ সপ্তাহে ভারতে গিয়ে পৌছাই। তারা আমাদের বাড়ীঘর সব লুট করে নিয়ে যায়। আমাদের গ্রামের রাজাকারদের সহযোগিতায় তারা সমস্ত গ্রামের হিন্দু পরিবারদের ধ্বংস করে। তারপর দেশ মুক্ত হলে আমি আবার বাংলাদেশে ফিরে আসি।

স্বাক্ষর/-
শ্রী বিমল কৃষ্ণ দাস
১৩/৯/৭৩

\ ২১৬ \

আব্দুল করিম
প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
পিরোজপুর কলেজ,
পটুয়াখালী

মে মাসে পাক বাহিনী পাথরঘাটা যায়। ঐ দিনই ৯ জন হিন্দুকে গুলি করে হত্যা করে। সি, ও, (রেভ), পুলিশ জমাদার, এদেরকেও গুলি করে হত্যা করে। কনষ্টেবল পালাবার চেষ্টা করলে তাকেও হত্যা করে। আমি পরিবার নিয়ে পালিয়ে বেড়াতে থাকি। সমস্ত পটুয়াখালী জেলার বিভিন্ন গ্রামে পালিয়ে বেড়াতে লাগলাম।

জুন মাসের প্রথম সপ্তাহে পাক সেনাদের তরফ থেকে ঘোষণা করা হয়, অধ্যাপক করিমকে ধরে দিতে পারলে নগদ দশ হাজার টাকা এবং একটি রিভলবার পুরস্কার দেওয়া হবে। এ সংবাদ যখন পেলাম তখন আরও ভীত হয়ে পড়ি।

তারপর আমি পিরোজপুর পালিয়ে আসি। পাথরঘাটা থানাতে ১০০-এর বেশী লোককে পাক বাহিনী হত্যা করে। অত্যাচার চালায় ব্যাপকভাবে। চরদুয়ানী, কালিবাড়ী, কাঁঠালতলী, পাথঘাটা ইত্যাদী এলাকা পাক বাহিনী ধ্বংস করে। প্রথমে লুট করে, পরে জ্বালিয়ে দেয়।

বিভিন্ন সময় পাক বাহিনী অপারেশনে গিয়ে মেয়েদের উপর অত্যাচার চালায়। লক্ষণ চন্দ্র দাস নামে এক ব্যবসায়ী ৫ ছেলে ২ মেয়ে নিয়ে পালিয়েছিল। দালালরা সুন্দরবন এলাকা থেকে লক্ষণ দাসসহ পাঁচ ছেলেকে ধরে আনে। অকথ্য অত্যাচার চালাবার পর তাদেরকে বরগুনা মহকুমাতে পাঠায়। সেখানে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ছেলে, তারপর লক্ষণ দাস, তারপর ছোট্ট দুটি ছেলেকে লাইন দিয়ে দাঁড় করায়। পরপর তিনটি ছেলেকে গুলি করে মারলে লক্ষণ দাস হার্ট ফেল করে মারা যায়। পাক সেনারা কি মনে করে ছোট দুটি ছেলেকে বাঁচিয়ে রাখে। তারপর ওদেরকে মুসলমান করে পাথরঘাটাতে পাঠিয়ে দেয়। একটির বয়স ৭/৮ আর একটির ১০/১১ বৎসর হবে। অনেককেই এভাবে পাক সেনারা শেষ করেছে। কনক নামে এক ভদ্রলোককে তার স্ত্রীর কাছ থেকে জোর করে ছিনিয়ে তারই সামনে গুলি করে হত্যা করেছে। প্রাইমারী শিক্ষক আব্দুল মালেক ও তার ছেলে শাজাহানকে মুক্তি বাহিনীকে সহযোগিতা এবং স্পাইং করার জন্য পাক সেনারা বাপ-ছেলেকে এক সাথে গুলি করে হত্যা করে।

আমি পালিয়ে এসে পিরোজপুর তৃতীয় হাকিম আব্দুল মান্নান হাওলাদারের সাথে সব কথা বলি এবং বাঁচার উপায় বলতে বলি। পিরোজপুরের চার্জে তখন ক্যাপ্টেন এজাজ। মান্নান সাহেব বললেন, যদি এজাজকে আয়ত্তে আনতে পারো তাহলেই বাঁচা সম্ভব। এজাজের ছিল ক্লাবে যাওয়া অভ্যাস সেই সাথে জুয়ার ও আমি ক্লাবে গিয়ে তাস নিয়ে বসি। এই পাঞ্জাবী ক্যাপ্টেনের বিশ্বাস ছিল যারা তাস খেলে তারা দুষ্কৃতকারী হতে পারে না। এই বিশ্বাসের উপর হিন্দু ডাঃ ইন্দ্রভূষণ বিশ্বাস সহ আমরা অনেকে বেঁচে যাই। আমরা খেলার মারফত ক্যাপ্টেনের বেশ কাছে গিয়েছিলাম। ক্যাপ্টেন বলতো, 'বাংলাদেশ মুক্ত হবেই, আমরা আটকে রাখতে পারবো না।'

১৫ই নভেম্বর পাক সেনারা আমার ভাই (বি,এস,সি, ছাত্র) আব্দুল কাইয়ুমকে ধরে পাথরঘাটা থেকে এবং অকথ্য নির্যাতন চালায়। তার হাত পায়ের কোথাও অক্ষত ছিল না। শেষ পর্যন্ত এগার হাজার টাকা দিয়ে সে প্রাণ ভিক্ষা পায়।

স্বাক্ষর/-
আব্দুল করিম
১৮/৮/৭৩

\ ২১৭ \

মোঃ সিদ্দিকুর রহমান
থানা- বরগুনা
জেলা- পটুয়াখালী

পাক দালালরা স্থানীয় আওয়ামী লীগ ও হিন্দু সম্প্রদায়ের লোকদের উপর অকথ্য অত্যাচার চালায়। তারা সংগ্রামী মানুষদের ধরে গুলি করে হত্যা করে। বাড়ীঘর জ্বালিয়ে দেয়। মেয়েদের উপর পাশবিক অত্যাচার চালায়। মুক্তি বাহিনীর ভয়ে সাধারণত তারা গ্রাম অঞ্চলে ডুকতো না। প্রথমে বরগুনাতে শান্তি কমিটি গঠন করে উক্ত দালালরা পাক বাহিনীকে পটুয়াখালী হতে বরগুনায় পথ দেখিয়ে নিয়ে আসে। তাঁদের নির্দেশ মতো পাক বাহিনী গ্রামের বিভিন্ন অঞ্চলে অপারেশন চালিয়েছে। দালাল শ্রেণীর লোকেরা সুযোগ পেয়ে লুটপাট করে প্রচুর অর্থ উপার্জন করে। অক্টোবর মাসের শেষের দিকে শান্তি কমিটির দালালেরা নির্দেশে পাথরঘাটার কনক নামে একজন নিরীহ মুসলমানকে হত্যা করে হয়। হত্যার সময় কনকের স্ত্রীর কান্না এবং আকুল অবস্থা দেখে বহু মানুষ চোখের জল রাখতে পারেনি। এমনকি বর্বর খান সেনারা কনককে রেহাই দেবার কথা বলেছে কিন্তু নিষ্ঠুর দালালরা তাঁদের প্রতি বিন্দুমাত্র সহানুভূতি না দেখিয়ে কনককে প্রকাশ্যে গুলি করে হত্যা করে। বরগুনার শান্তি কমিটি বন্দর এলাকা হতে বহু নিরীহ মানুষদের ধরিয়ে দেয় এবং পাক বাহিনী তাঁদের হত্যা করে। তারা বহু নারীর সর্বনাশ করে।

স্বাক্ষর/-
মোঃ সিদ্দিকুর রহমান
২৭/০৮/৭৩

\ ২১৮ \

শ্রী অমল কান্তি সেন
অধ্যাপক
সাতকানিয়া কলেজ
চট্টগ্রাম

১৯৭১ সালের ২৩শে এপ্রিল পাক বাহিনী দোহাজারীতে ঘাঁটি স্থাপন করে। ২৪শে এপ্রিল পাক বর্বর বাহিনী সাতকানিয়া থানার কাঞ্চনা গ্রামে সর্বপ্রথম অগ্নিসংযোগ ও হত্যাযজ্ঞ চালায়। এই সময় তাদের সাথে তাদের পথ প্রদর্শক হিসাবে ছিল অন্যান্যদের মধ্যে সাতকানিয়া এক দুর্বৃত্ত। ১৩ই ডিসেম্বরের আগে পর্যন্ত দখলদার বাহিনী ও রাজাকারদের সাতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে এবং সাতকানিয়া থানার বিভিন্ন এলাকায় হিন্দু সম্প্রদায়ের ও মুসলিম প্রগতিবাদী শ্রেণীর লোকদের নানা ভাবে হয়রানি করেছে। সে কারও কারও কাছ থেকে বিভিন্ন পরিমাণ টাকা আদায় করেছে ঘর বাড়ী করার ওয়াদা দিয়ে বা প্রাণ রক্ষার অঙ্গীকারে।

২৪শে এপ্রিল যে দিন কাঞ্চনা গ্রামটি ভস্মীভূত করা হয়েছে সে দিন আমি সেখানে উপস্থিত ছিলাম। ঘরে মূল্যবান যে সকল জিনিস ছিল তা প্রথমে লুট করা হয়েছে। ঘর থেকে পালিয়ে লোকজন যখন এদিক সেদিক যাচ্ছিল তখন তাদের কাছে যা পাওয়া গেছে তাও লুট করে নিয়েছে। এই ভাবে বেশীর ভাগ লোককে সর্বস্বান্ত করা হয়েছে। তখন বৃষ্টির দিন, তখনও পোড়াবাড়ীতে নতুন ভাবে ঘর তৈরী করার অনুমতি দেয়নি শান্তি কমিটির লোক। কাঞ্চনাতে আক্রমণ চালাবার দিন অন্যান্য ১১ জনের মধ্যে চট্টলার সু-সন্তান সাতকানিয়ার গৌরব রায় সাহেব কামিনী কুমার ঘোষ এম, এ, বি, এল মহাশয়কে হত্যা করেছে বর্বর পাক বাহিনী ।

আমাদের চেমশা গ্রামে অগ্নিসংযোগ করা হয়েছে ২৫শে মে। এইদিন পাক বাহিনী দোহাজারী ঘাঁটি থেকে সকাল ৮টা নাগাদ সাতকানিয়ার ভূতপূর্ব এম, এন, এ, আবু সালেহর বাড়িতে আগুন দেয় এবং দোহাজারী ফেরার পথে যখন চেমশা গ্রামের কাছাকাছি তখন কয়েক জন দুর্বৃত্ত পাক বাহিনীকে চেমশা গ্রামের হিন্দুদের বাড়ীঘর জ্বালিয়ে দেবার জন্য তাদেরকে অভ্যর্থনা করে। সাথে সাথে পাক বাহিনীর জীপ দিকে পরিবর্তন করে চেমশা গ্রামে ঢুকে পড়ে। পাক বাহিনী গ্রামে ঢুকে দালালদের আগুন জ্বালাবার ভার দিয়ে যায় এবং তাদের সহায়তা করার জন্য সাতকানিয়া থানার কয়েকজন পুলিশ মোতায়েন করে। এই সুযোগ দালালরা গ্রামে প্রথমে লুটতরাজ চালায় এবং পরে গ্রামের অধিকাংশ বাড়ীতে অগ্নিসংযোগ করে। আমার প্রতিবেশী হিসাবে একজন গরীব লোক ছিল, সে রিক্সা চালক হিসাবে জীবিকা অর্জন করত। তার বাড়ীও সে দিন রেহাই পায় নাই, কিন্তু সব চেয়ে দুঃখের বিষয় এই যে, আমার প্রতিবেশী সোনা দাসকে তারা ধরে নিয়ে যায়। পরে জানতে পারি তাকে নাকি হত্যা করা হয়েছে। আজও তার কোন খবর নাই।

আমার এক ভাই বিমল কান্তি সেন সাতকানিয়া কলেজে বি, এ, ক্লাসের ছাত্র ছিল। দেশে থাকা অসম্ভব হয়ে পড়লে সে মুক্তিবাহিনীতে শিক্ষা গ্রহণ ও সক্রিয়ভাবে স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণের জন্য সীমান্ত পার হবার সময় মীরশ্বরাই থানাতে পাক বাহিনী ও রাজাকারদের হাতে ধরা পড়ে এবং ৮ দিন অকথ্য নির্যাতনের পর ২৩ শে সেপ্টেম্বর তাদের হাতে নিহত হয়।

আমাদের গ্রামের নিহত স্বপন চৌধুরী ও নিহত দীলিপ চৌধুরির কথা এখনও ভুলতে পারছি না এবং কখনও ভুলতে পারব না। তারা দু'জনই আমাকে দাদা বলে ডাকতো এবং তাদের ''অমলদা'' ডাকটি আজও আমার প্রতিনিয়ত খেয়াল হয়। অসহযোগ চলাকালে তাদের ভূমিকা ছিল খাঁটি দেশ প্রেমিকের ভূমিকা।

গ্রামে গ্রামে শান্তি কমিটি গঠন হওয়ার সাথে সাথে আমাদের গ্রামেও শান্তি কমিটি গঠিত হয়। আমাদের গ্রামে রাজাকাররা কয়েকবার অত্যাচার চালিয়েছে। সাতকানিয়া দেওয়ানী আদালতের প্রবীনতম লব্ধ প্রতিষ্ঠা ব্যবহারজীবী যতীন্দ্র মোহন চৌধুরী বি, এল, মহাশয়কে পর্যন্ত চরমভাবে অপমান করেছে। ৯ই ডিসেম্বর আমাদের গ্রামে পুনরায় এক ব্যাপক অগ্নিসংযোগ চালায় দোহাজারী ঘাঁটির রাজাকাররা।

স্বাক্ষর/-
শ্রী অমল কান্তি সেন
১৪/৪/৭৩

\ ২১৯ \

মোঃ এমদাদ মিঞা সিকদার
গ্রাম- মনেয়াবাদ
থানা- সাতকানিয়া
জেলা- চট্টগ্রাম

আমি মুক্তি সংগ্রামে সক্রিয়ভাবে অংশগ্রহণ করি। পাক হানাদার বাহিনীর হাতে কিভাবে ধৃত হয়ে গুরুতরভাবে আহত হয়েছিলাম তার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে লিপিবদ্ধ করলাম। জনসাধারণকে বিপদ হইতে রক্ষা করাই ছিল আমার মূলমন্ত্র। তাই ২৫ শে মার্চের কাল রাত্রিতে বিভীষিকার মধ্যে শপথ নিলাম সোনার বাংলাকে দস্যু কবল থেকে মুক্ত করব। এই দুঃসাহসী কাজে নেমে গেলাম, স্ত্রী, পুত্র, ঘর বাড়ী পরিবার পরিজন ত্যাগ করে। নিজ জীবন বিপন্ন করে স্বাধীনতার সংগ্রামে ঝাঁপিয়ে পড়লাম।

সর্বপ্রথম নিজ ছেলে নাজিমউদ্দিনকে মুক্তিবাহিনীতে ট্রেনিং-এ যাবার জন্য বিদায় দিলাম। সঙ্গে সঙ্গে বাজলিয়া পুরানঘর ইউনিয়নের শতাধিক ছেলেকে অনুপ্রেরণা জুগিয়ে দেশমাতৃকার সংগ্রামে বন্ধুরাষ্ট্র ভারতে মুক্তিযুদ্ধের ট্রেনিং ক্যাম্পে পাঠাতে লাগলাম। আমার নিঃস্বার্থ কর্মতৎপরতায় মুক্তিযোদ্ধাদের ভূমিকা গ্রহণে এলাকা দালালদের চরম বিপর্যয়ের হাত হতে অনেকটা রক্ষা পেয়েছিল। দেশের এই চরম মুহূর্তে নির্যাতিত লোকজনদের রক্ষা করেই ক্ষান্ত হই নাই। শেষ পর্যন্ত মুক্তিযোদ্ধাদের ট্রেনিং সমাপনান্তে দেশে এলে তাদের সর্বাধিক সাহায্য করে দুষ্কৃতকারী দালাল রাজাকার ও মুজাহিদ বাহিনীর লোকজনদের খতম করা ইত্যাদির ব্যাপারে আমার গুরুত্বপূর্ণ ভুমিকা ছিল। ধোপাদুড়ীস্থ টি, এম, আলীর গ্রুপ, কমলাছড়ীর সুলতান গ্রুপ ও চিংড়িংমানস্থ জাহেদ গ্রুপের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপন করে উক্ত গ্রুপের মুক্তি যোদ্ধাদের রসদপত্র যোগাড় করে তাঁদের সজীব রেখে তাঁদের সক্রিয় সহযোগিতায় সেখান থেকে বান্দরবন, হিলট্র্যাক্ট ও দোহাজারীস্থ পাক হানাদার দস্যুদেরকে অতর্কিত আক্রমণ চালিয়ে তাদের প্রাণ বধ করি এবং বান্দরবন রাস্তার অনেকাংশে ব্রীজ নষ্ট করে দিয়ে যাতায়াতের বিঘ্ন সৃষ্টি করি। শেষ পর্যন্ত আমার গোপন ষরযন্ত্রে পাক হানাদার দস্যুগণ অতিষ্ঠ হয়ে বান্দরবন ত্যাগ করে দোহাজারী এসে সমবেত হয়। আমার এই কার্যকলাপে দালালগণ অতিষ্ঠ হয়ে আমাকে ধরিয়ে দেবার গোপন চক্রান্ত চালাতে থাকে। আমি এতে বিন্দুমাত্র বিচলিত হই নাই ও নিজের জীবনের প্রতি লক্ষ্য রাখি নাই এবং দেশমাতৃকার মুক্তি সংগ্রামে বিন্দুমাত্র ত্রুটি করি নাই। ২৮/৯/৭১ ইং আনুমানিক ১০ টার সময় জাহেদ গ্রুপসহ চরাত ইউনিয়নের রাজাকারদের উপর আক্রমণ চালিয়ে ফিরবার পথে কুখ্যাত দালালরা ক্যাপ্টেনকে ডেকে এনে আমাকে ধরিয়ে দেয়। বাজালি হাইস্কুলে একদিন একরাত বেঁধে রেখে বাজালিয়া ইউনিয়নের চেয়ারম্যান ছিদ্দিক আহমদ এম, এ সহ একযোগে নিকটবর্তী দোহাজারী মিলিটারী ক্যাম্পে চালান দেয়। সেখানে আমাকে ৪ দিন অনবরত দৈহিক নির্যাতন চালিয়ে একেবারে অকেজো করে ফেলে। শেষ পর্যন্ত আমি যখন শব্দ করতে অক্ষম তখন আমাকে গুলি করার আদেশ দেওয়া হয়। কিন্তু পরিবারের অনেক কাকুতি মিনতির পর পাঁচ হাজার টাকা প্রদানে ১/১০/৭১ ইং তারিখে আমাকে ফেরত দেওয়া হয়। খোদাতায়ালার অশেষ করুণায় ও সুষ্ঠ চিকিৎসার ফলে কোন রকমে বেঁচে উঠি। বর্তমানে আমি জীবন্মৃত, চলাফেরা করা কঠিন। আমার সাথে বাজালিয়ার মতিলাল বিশ্বাস ও শিবুরাম সেনও ধরা পড়েন, তাঁদের আমার মত অবস্থা।

স্বাক্ষর/-
মোঃ এমদাদ মিঞা সিকদার
১৪/৮/৭৩

\ ২২০ \

মোঃ গোলাম হোসেন
গ্রম-লোহগাড়া, থানা-সাতকানিয়া
জেলা- চট্টগ্রাম

ইং ৫ জুন, ১৯৭১ রোজ শুক্রবার। তখন ভোর ৬টা। আমি ঘুম থেকে উঠে অজু করে নামাজ শেষ করে আমার বাবার মাজার জিয়ারত করার পর বাড়ীর ভিতর আসি। তখন একদল পাক বাহিনী একটি বাস ও একটি কার নিয়ে আমার বাড়ীর সম্মুখে এসে দাঁড়ায়। তারপর তারা নেমে এসে কয়েকজন আমাদের বাড়ীর উত্তর পাশ দিয়ে ও কয়েকজন বাড়ীর সামনে দিয়ে আমাদের সম্পূর্ণ বাড়িটা ঘেরাও করে। ঐ সময় আমার বড় ভাই জালাল উদ্দিনকে ধরে ফেলে। এবং তাকে বাহির বাড়িতে বেঁধে রেখে কয়েকজন বাড়ীর ভিতর ঢুকে। বাড়ীর বাহির হতে দেয় নাই। পাক দস্যু বাহিনী আমাদের বাড়ী হতে পিতলের থালা, গহনা-পত্র সোনা, রূপা, শাড়ীসহ প্রায় দুই লক্ষ টাকার জিনিসপত্র নিয়ে যায়। যাওয়ার সময় আমাকে এবং আমার আর এক ভাই মোঃ আব্দুল বারীকেও নিয়ে যায়। যাওয়ার সময় তারা আমাদের নিকট হতে টাকা দাবী করে। টাকা দিতে অস্বীকার করায় তারা আমাদের দোহাজারী ক্যাম্পে নিয়ে যায়। ক্যাম্পে নিয়ে যাওয়ার পর আমাদের তিনজনের কাছে ২০ হাজার টাকা দাবী করে আর বলে যে টাকা দিতে না পারলে তোদেরকে কেটে কেটে হত্যা করব। তখন আমি বললাম অত টাকা কোথায় হতে দেব স্যার? এই কথা বলার সাথে সাথে একজন নরপিশাচ আমাদের তিনজনের উপর বেদম প্রহার আরম্ভ করে। আমরা যখন প্রায়জ্ঞান শূণ্য হয়ে পড়েছি তখন ঔ অবস্থায় আমাদেরকে রেখে নরপিশাচরা চলে যায়।

তার কিছুক্ষন পর আমার আর কয়েক ভাই ঐ সংবাদ পেয়ে আমার মার নিকট হতে ৫ হাজার টাকা নিয়ে দোহাজারী ক্যাম্পে যায়। পাক বাহিনীর দালাল ৫ হাজার টাকা নিয়ে আমাদেরকে ছেড়ে দেবে বলে আমার ভাইদেরকে জানায়। কিন্তু সেই সময় পাক বাহিনীর দালাল ও চেয়ারম্যানের ছেলে এসে আমাদের কাছ হতে ১০ হাজার টাকা দাবী করে। তখন আমার ভাইয়েরা তা-ই স্বীকার করে এবং বলে যে এখন পাঁচ হাজার টাকা নেবেন এবং পরে পাঁচ হাজার টাকা নেবেন। এই চুক্তি করে যখন তারা আমাদের নিকট যাচ্ছিল ক্যাপ্টেন স্বয়ং তখন আমাদের প্রহারে লিপ্ত। তাদের দেখে ক্যাপ্টেন সেই দিকে এগিয়ে গিয়ে জিজ্ঞাসা করল কি জন্য এসেছ? তখন আমার ভাই রশিদ আহমদআমাদের মুক্তির কথা বলার সাথে সাথে তাকেও প্রহার আরম্ভ করল। পাক বাহিনীর দালাল যখন চুক্তির কথা বলল তখন ক্যাপ্টেনের মেজাজ একটু ঠাণ্ডা হয়ে গেল। তারপর পাঁচ হাজার টাকা নিয়ে আমাদেরকে মুক্ত করে দিল। তার তিনদিন পর দালাল এসে বাকী পাঁচ হাজার টাকা নিয়ে যায়।

স্বাক্ষর/-
মোঃ গোলাম হোসেন

\ ২২১ \

মোঃ সফিকুর রহমান
গ্রাম- কাঞ্চন নগর
থানা- ফটিকছড়ি
জেলা- চট্টগ্রাম

১৫/১১/৭১ ইং পাক বাহিনী আমাদের এলাকায় প্রবেশ করে। তারপর নির্যাতন ও লুটপাট আরম্ভ করে। তাঁদের ভয়ে যখন মেয়েরা ধান ক্ষেতের মাঝে লুকিয়ে পড়ে তখন হানাদার বাহিনী সেখানে গিয়ে তাদের উপর নির্যাতন চালায় এবং মেয়েদের গলার, হাতের সোনার, অলংকারগুলি জোরপূর্বক কেড়ে নেয়। ঐ দিন প্রায় ১৫/২০ জন পাক বাহিনী ছিল।

২১/১১/৭১ ইং প্রায় ২০০ শত জন পাক বাহিনী আমাদের এলাকায় প্রবেশ করে। তার ভিতর ১০/১৫ জন পাক বাহিনী এসে আমাকেসহ আরো ৪০০ শত লোককে ডেকে জমায়েত করে। প্রথম অবস্থায় তারা আরো কয়েকবার আমাদের এলাকায় আসে তখন তারা আমাদের কাউকে কিছু বলে নাই। সেই জন্য তাদের ডাকে সবাই জমা হয়। তারপর সেখান হতে বেছে বেছে প্রায় ২০০ শত জোয়ান ছেলেকে লাইন করে। তারপর তোমাদের ভিতর কোন মুক্তিবাহিনী বা হিন্দু আছে কি না। এই সময় আমাদের লাইন হতে একটি ছেলেকে লাইন করে। তারপর আমাদেরকে কলেমা পড়ার জন্য নির্দেশ দেওয়া হয়। তারা আমাদেরকে এই কথাই বার বার জিজ্ঞাস করেছে যে তোমাদের ভিতর কোন মুক্তিবাহিনী বা হিন্দু আছে কি না। এই সময় আমাদের লাইন হতে একটি ছেলে হিন্দু বলে স্বীকার করে। তখন তাকে ব্যায়নেট দিয়ে নানা জায়গায় কেটে কেটে হত্যা করা হয়। এমন সময় উত্তর দিক হতে পাকবাহিনী আরো ৯ জনকে ধরে আনেঃ ১। হেদায়তুল হক, ২। নুরুল ইসলাম, ৩। ফকির মুহাম্মদ, ৪। ইদ্রিছ আলম। আরো ৫ জনের নাম জানি না। তাদেরকে আমাদের পাশে ২০ গজ দূরে গুলি করে হত্যা করে। তারপর আমাদের গুলি করার জন্য প্রস্তুত হতে বলে। এমন সময় ৭ নং ইউনিয়নের রাজাকার কমাণ্ডার আবু তাহের মিঞা আমাদের ভুল প্রমান করাতে পাকবাহিনী আমাদের গুলি না করে চলে যায়। ঐ দিন পাক বাহিনী প্রায় ৫০/৬০টি বাড়ি জ্বালিয়ে দেয়। বাড়ী গুলি জ্বালাবার পূর্বে তারা লুটপাট করে নেয় ।

স্বাক্ষর /-
মোঃ সফিকুর রহমান
২২/৭/৭৩

\ ২২২ \

জোতিন্দ্র মোহন নন্দী
গ্রাম- ফতেয়া বাদ
থানা- হাটহাজারী

এপ্রিল মাসের প্রথম সপ্তাহ পাকফৌজ এই এলাকায় প্রবেশ করে। এই এলাকায় কোন প্রকার প্রতিরোধ ব্যবস্থা গ্রহন করা হয়নি। ৩০শে চৈত্র পাকফৌজ বিকাল ৪টা পরে ফতেয়াবাদ গ্রামে ঢোকে। নগেন্দ্র লালের মেয়েকে গুলি করে হত্যা করে। তার বাড়ী তখনই জ্বালিয়ে দেয়। তারপর আমার বাড়ীতে আসে এবং আমার বাড়ীঘর জ্বালিয়ে দেয় এবং লুটপাট করে নেয়। আমার ভাতিজা রণজিত লালকে গুলি করে হত্যা করে। এই গ্রামে মোট ৮টি বাড়ী জ্বালিয়ে দেয়। মন্দির ধ্বংস করে, গুলি করে হত্যা করে মোট ৭ জনকে। আগুনে জ্বালায় একটি শিশুকে গ্রামের সব ঘর বাড়ী রাজাকাররা লুটপাট করে এবং রাজাকারদের অত্যাচার এখানে খুব বেশী ছিলো।

স্বাক্ষর
জোতিন্দ্র মোহন নন্দী
১২/৭/৭৩

\ ২২৩ \
শ্রী বণিক চন্দ্র
প্রধান শিক্ষক, পটিয়া হাইস্কুল
পটিয়া, চট্টগ্রাম

১৪ই মে, শুক্রবার ১০টায় পাঞ্জাবীরা পটিয়ায় এসে স্থানীয় প্রাইমারী প্রশিক্ষণ কেন্দ্রে স্থায়ী আস্তানা গাড়ে এবং সেইদিন বিকালে পার্শ্ববর্তী দক্ষিণভূর্ষি ও কেলিশহর গ্রামে কিছু কিছু বাড়ী পুড়িয়ে দেয়, তারপর দিনও তারা ঐ সমস্ত গ্রামে অত্যাচার চালায়। ১৫ই মে শনিবার খবর পাই পরদিন রবিবার ওরা পটিয়া সংলগ্ন সুচক্রদন্ডী গ্রাম জ্বালিয়ে দেবে।

এই খবর পেয়ে ১৬ই মে, রবিবার ভোরে ছেলেটিকে নিয়ে পটিয়া থেকে রিক্সা করে আবার বাড়ীর দিকে রওনা হই। এখানে বলে রাখা ভাল একজন ডাকাত আমার স্ত্রী এবং ভাইয়ের কাছ থেকে ২০০০ টাকা আদায় করে নিয়ে যায়। বাড়ীতে কিছু ধান ছিল, এ ধান বিক্রি করে তারা ডাকাতদের টাকা দেয়।

অতি ভয়ে ভয়ে ১৬ ও ১৭ই মে গ্রামে কখনো নিজ ঘর কখনো অন্য বাড়ীতে গোপনে কাটাই। ১৮ই মে মঙ্গলবার আমার জীবনের কালো দিন। ঐ দিন স্থানীয় গুণ্ডারা, চেয়ারম্যান ও অন্যান্য দলীয় নেতাসহ পাঞ্জবীরা ছনহরা, চাটরা, ধাউরডেঙ্গা মঠপাড়া ও গুয়াতলী গ্রাম আক্রমণ করে। ছনহরা গ্রামে প্রথমে ঢুকে বাড়ীঘর জ্বালায় এবং পলায়নরত ৩ জনকে গুলি করে হত্যা করে ও কয়েকজনকে আহত করে।

আমি নিজ নিরাপত্তার জন্য একটা চামড়ার ব্যাগে নিত্যপ্রয়োজনীয় কিছু জামাকাপড় ও শ' তিনেক টাকা নিয়ে গ্রামের পূর্ব দিকে খালের নিকট ঝোপের কাছে আশ্রয় নেই। বাড়ীর স্ত্রী,পুত্র, ছেলে, মেয়ে , যে যেদিকে পেরেছে ছিটকিয়ে পড়ে।

এমতাবস্থায় সকাল আটটায় স্থানীয় ৫/৬ জন গুণ্ডা প্রকৃতির লোক আমাকে আক্রমণ করে। আমার সঙ্গে যা ছিলো টাকা পয়সা, জামা, কাপড়, ঘড়ি, কলম ইত্যাদি কেড়ে নিয়ে যায়। আমাকে হত্যা করার জন্য গ্রামের দক্ষিণ দিকে রাস্তার পার্শ্বে বসিয়ে রাখে। এরা সব আমার পার্শ্ববর্তী জালিয়া পাড়া ও সর্দার পাড়ার লোক, আমাকে হত্যা করবে এই খবর পেয়ে জালিয়া পাড়ার কতিপয় বৃদ্ধ নরনারী দৌড়ে এসে আমাকে এদের কবল দেকে রক্ষা করে। আমি মুক্তি পেয়ে আবার পূর্বোক্ত স্থানে আশ্রয় নেই। ঐ খালের ধারে গ্রামের আবাল বৃদ্ধ বনিতা প্রায় ২০০ শ নরনারী শস্য ক্ষেতে, ঝোপের আড়ালে আশ্রয় নিয়েছিল। প্রায় ১ টার সময় দেখি ছনহরা গ্রাম জ্বালিয়ে পাঞ্জাবীরা আমাদের গ্রামে ঢুকে ঘরবাড়ী পোড়ায়, জিনিসপত্র লুট করে। ৪ জন পাঞ্জাবী আমরা যেখানে ছিলাম সেখানে এসে বিভিন্ন স্থানে লুকায়িতদের তুলে নিয়ে পুকুর পাড়ে জমা করায়। এবার ধারণা হলো হয়তো আমাদেরকে এক জায়গায় এনে গুলি করে মারকে, কিন্তু সৌভাগ্যের বিষয় আমাদের বসিয়ে রেখে তারা খালের কূলে কূলে দক্ষিণ দিকে চলে যায় এবং খালের ভিতর লুকায়িত কয়েকনজনকে ছেড়ে দেয় এবং তিনজনকে তুলে নিয়ে সদর রাস্তায় গুলি করে মারে। এদের নাম সারদা চরণ দে, বয়স ৬০, যোগেন্দ্রলাল মল্লিক, বয়স ৬০ ও গৌরাঙ্গ মল্লিক, বয়স ৩০/৩৫। পাঞ্জাবীদের সঙ্গে সবসময় স্থানীয় গুণ্ডারা ছিল। তারা পার্শ্ববর্তী ধাইরডেঙ্গা গ্রামের হিন্দুদের বাড়ীরঘর পুড়িয়ে দিয়ে সেখানেও ২/৩ জনকে হত্যা করে বেলা ২টা সময় পটিয়া ফিরে আসে। মুক্তিপেয়ে বিকালে বাড়ী ফিরে দেখি বাড়ীতে পোড়া ভিটা খাঁ খাঁ করছে। সেই রাত্রিতে গ্রামের অন্য এক বাড়ীতে (যে বাড়ীটিই শুধু পোড়া যায়নি) রাত্রি কাটাই। স্ত্রী-পুত্র-কন্যা যারা দিনের বেলায় এদিক-ওদিক ছিল রাত্রে এক জায়গায় ঐ বাড়ীতে আশ্রয় নেই। অবশ্য এটাও সত্য কিছু কিছু স্থানীয় মুসলমান আমাদের নিরাপত্তার জন্য এগিয়ে এসেছিল, তাই বেঁচেছি। এতে প্রমাণ হয় দুনিয়ার সব মানুষ পশু নয়, প্রকৃত মানুষও আছে, নচেৎ ভগবানের সৃষ্টি বিফল হত।

স্বাক্ষর/-
শ্রী বণিক চন্দ্র
৯/৫/৭৩

\ ২২৪ \

মোঃ আবুল কাশেম
গ্রামঃ কচুয়াই
ডাকঘর- চক্রশালা
থানা- পটিয়া, জেলা চট্টগ্রাম

আমার বোন মোছাম্মৎ আছিয়া বেগম বি. এ. তিনি পূর্ব হইতেই একজন আওয়ামী লীগ কর্মী ছিলেন। জুন মাসের ৬ তারিখে সন্ধ্যা সাড়ে সাতটার সময় তিনজন শান্তি কমিটির লোক ও ইউনিয়ন চেয়ারম্যান এবং ক্যাপ্টেনসহ ১২ জন মিলিটারী আসিয়া আমাকে এবং আমার বোনকে তল্লাশী করে। সেই সময় আমার বোনকে চিনিতে না পারিয়া তাহাকে জিজ্ঞাসা করে আবুল কাশেম ও আছিয়া বেগম কোথায়? তখন আমার বোন অন্য ঘরে পলায়ন করে। তাহার পর পাক বাহিনী প্রতিটি ঘরে ঢুকিয়া প্রতি ঘর হইতেই অন্য মেয়েদের অলঙ্কার ছিনাইয়া লয়। পরে নুরুল আলমকে ধরে। তাহাকে বলে যে আছিয়া ও কাশেমকে বাহির করিয়া দাও নইলে তোমাকে গুলি করা হইবে। কিন্তু আমার ভাই আলম আমাদের কথা না বলাতে তাহাকে বন্দুক দিয়া বেদম প্রহার করে। তাহারা আমার চাচা ডাঃ ইব্রাহিমকে ধরিয়া আমাদের কথা জিজ্ঞাসা করে। আমার চাচা তখন বলিয়াছেন যে ওরা দুইজন আমার মেয়ের বাড়ী বাঁশখালীতে বেড়াইতে গিয়াছে। পাক বাহিনী তাহাকে মারপিট করিতে থাকে এবং বলে যে তাহারা কোথাও যায় নাই। তুই লুকাইয়া রাখিয়াছিস। তাহাকে যখন প্রহার করিতে করিতে অজ্ঞান করিয়া ফেলিল তখনো তাহারা তাহাকে মারধর করিতেছিল। এমতাবস্থায় বাড়ীর অন্যান্য সকলে আসিয়া তাহাদেরকে বলিল যে কাশেম ও আছিয়া বেড়াইতে গিয়াছে। তাঁহাকে একা না মারিয়া আমাদের দুঃখ সহ্য করিতে না পারিয়া বাহির হইয়া আসে এবং বলে যে আমি আছিয়া। তখন সবাইকে ছাড়িয়া দেয় এবং তাহাকে জিজ্ঞাসা করে যে তোমার ভাই কাশেম কোথায়? তিনি বলেন যে আমার ভাই কাশেম শহরের দোকানে থাকে, বাড়ীতে আসে নাই। তারপর তাহারা ও তাহার আব্বাকে কমল মুন্সির হাটে লইয়া আসে। সেখানে তাহাকে নানা প্রকার প্রশ্ন করে। বাজারের সকলেই যখন তাহার কথা ভাল বলে তখন পাক বাহিনী তাহাদের দুইজনকেই ছাড়িয়া দেয়। তারপর রাজাকার বাহিনী পুনরায় আমার বাড়ীতে যাইয়া আমার ভাই নুরুল আলমকে মারপিট করে এবং আমার বাড়ীর সিন্ধুক ভাঙ্গিয়া প্রায় দুই হাজার টাকা লইয়া যায়। তৃতীয়বার বাজাকার বাহিনী ও শান্তি কমিটির লোকসহ ১৫/১৬ জন গিয়া বাড়ী ঘেরাও করে। সেদিন তাহারা আমার ফুফুর নিকট হইতে ৫ ভরির অলঙ্কার ও ২৭০টি টাকা এবং আমার নুরুল আলমের নিকট হইতে ২০০টাকা কাড়িয়া লয় ও আমার বোন আছিয়াকে পুনরায় তল্লাশী করে। তারপর তাহারা আমার মামীর নিকট ও ভাবীর নিকট হইতে তিন ভরির অলঙ্কারসহ কিছু টাকা লইয়া যায়।

স্বাক্ষর/-
মোঃ আবুল কাশেম
১৫/৫/৭৩

\ ২২৫ \

শ্রী নীরদ বরণ চৌধুরী
প্রধান শিক্ষক, আজগর আলী উচ্চ বিদ্যালয়
গ্রাম- পশ্চিম শাকপুরা
থানা- বোয়ালখালী
জেলা- চট্টগ্রাম

আমি একজন স্থানীয় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক। বিগত ২০শে এপিল ১৯৭১ইং আমাদের গ্রামে পাক বাহিনী তাদের স্থানীয় দালালদের সহযোগিতায় অগ্নিসংযোগ, নারী ধর্ষণ, লুটতরাজ, গুলিবর্ষণ আরম্ভ করে। ইহাতে আমাদের গ্রামে ৫৪ জন লোক মারা যায়। সেদিন সকালে আমি কয়েকজন ছাত্র-ছাত্রী লইয়া বসিয়া দেশের এই পরিস্থিতি লইয়া আলাপ আলোচনা করিতেছিলাম। এমন সময় কয়েকজন লোক আসিয়া আমাকে বলিল যে বড়ুয়া পাড়ায় পাক সৈন্য আসিয়া ঘিরিয়া ফেলিয়াছে এবং গুলি করিয়া লোক হত্যা আরম্ভ করিয়াছে। এই কথা শুনিয়া আমি আমার পাড়ার ছেলেমেয়েকে উপদেশ দিলাম যে তোমরা কৃষক সাজিয়া মাঠে নামিয়া পড়। এই ভাবে আমার গ্রামের ছেলেমেয়েরা অন্য গ্রামে যাইতে পারিল। ইতিমধ্যে আমাদের গ্রামের দালালরা পাক বাহিনীকে লইয়া অত্র গ্রামে চলিয়া আসে এবং সমস্ত ঘরবাড়ী অগ্নিসংযোগ করিয়া ভূস্মীভূত করিয়া দেয়। আমাদের গ্রামের অধিকাংশ লোক আসিয়া আমাদের গ্রামে বালিকা বিদ্যালয়ে আশ্রয় লইয়াছিল। সেই নিরাশ্রয় নাম না জানা হতভাগ্য নিহতদের উক্ত সংখ্যার মধ্যে ধরা হয় নাই।

আমি তখন আমাদের বাড়ীর সম্মুখে পূর্বদিকে পুকুর পাড়ে দাঁড়াইয়া আশ্রয় প্রাপ্ত ছেলেদের উপদেশ দিতেছিলাম। দালালের ছেলেরা আমাদের লক্ষ্য করিয়াছিল যে আমরা কোথায় লুকাইতেছিলাম। আমরা যেখানে লুকাইয়াছিলাম সেই জঙ্গলের পশ্চিম দিক হইতে আমাদের ঘিরিয়া ফেলিয়াছে। হঠাৎ মনে হইল সকলে এক সংগে এক জায়গায় লুকানো ঠিক হইবে না। তখন আমার কথা মত যে যেখানে পারিল লুকাইয়া পড়িল। আমি ও আমার ভাই চিত্ত আচার্য্য উত্তর দিকে গিয়া ছোট্ট একটি জঙ্গলে আশ্রয় লইলাম। তখন চারিদিকে ভীষণ অগ্নিসংযোগ ও গুলিবর্ষণ করিতেছিল। তখন আমি আমার পরিবারের সংগে যোগাযোগ রক্ষা করিতে পারি নাই। পাক বাহিনী অগ্নিসংযোগ করার পূর্বে আমাদের লুন্ঠন করে। পাক বাহিনী যখন আমাদের গ্রাম ছাড়িয়া চলিয়া গেল তখন আমরা আবার গ্রামের দিকে চলিয়া আসিলাম। এমন সময় একজন পাক দালাল আসিয়া আবার প্রচার করিল যে পাক বাহিনী আবার এই গ্রামে আসিতেছে। এই কথা শুনিয়া আমরা আবার পালাইতে আরম্ভ করিলাম। এমন সময় দালালের লোকেরা আমাদের বাড়ীর পোড়া টিনগুলি লইয়া গেল। তখন আমরা বুঝিতে পারিলাম যে পাক বাহিনীর কথা বলিয়া আমাদের ধোঁকা দিতেছিল। এই ঘটনার ঠিক চারদিন পর আবার পাক বাহিনী আসিতেছে এই কথা শুনিয়া আমি এবং ভাই চিত্ত আচার্য্য আমার এক মুসলিম ছাত্রের অভিভাবকের বাড়ীতে আশ্রয় লইলাম। কিন্তু অল্পক্ষণেই বুঝিতে পারিলাম যে এখানে নিরাপদ নয়। ওখান হইতে আবার বাড়ীর দিকে চলিয়া আসিলাম এবং পরবর্তী কি কার্যক্রম হইবে তাহা চিন্তা করিতে লাগিলাম।

২০শে এপ্রিল রাত্রি ১২টা। এমন সময় আমাকে একজন কৃষক লোক আসিয়া খবর দিল আমাদের এখানে থাকা নিরাপদ নয়। সেই কৃষক লোককে লইয়া আমরা রাত্রি ১টার সময় বাহির হইলাম। ঘুরিতে ঘুরিতে যখন রাত্রি শেষ হইয়া গেল তখন কৃষক লোকটি আমাদের চরখিজিরপুর গ্রামে এক খামারের মধ্যে রাখিয়া আসিল। ঐ খানে থাকিয়া আবার শুনিতে পাইলাম আমাদের বাড়ী (২১এপ্রিল) আবার আক্রমণ করিয়াছে।

আমার ভাইয়েরা আশ্রয় লইয়াছিল আধ মাইল দূরে অন্য একটি খামারে। আমাদের সংবাদ পাইয়া ২২শে এপ্রিল রাত্রি আটটার সময় আমাদিগকে সেই খামারে লইয়া যায়। সেই খামারের পাশেই কর্ণফুলী নদী। ঐ কর্ণফুলী নদীতে পাক ফৌজ গান বোট লইয়া অনরবরত পাহারা দিতেছিল। ঐ খামারে থাকা নিরাপদ নয় বলিয়া আমরা আবার বাঁশখালী থানার কালিপুর গ্রামে চলিয়া গেলাম। ঐ কালিপুর গ্রামে ৮/১০ দিন ছিলাম। কালিপুর গ্রামে পাক বাহিনীর দালালদের অত্যাচারে অতিষ্ঠ হইয়া উঠিলাম। সেখান হইতে আবার কানুনগো পাড়ায় আশ্রয় নিলাম এবং গোপনে বাড়ীর সবাইকে ওখানে লইয়া আসিলাম।

আমার এক ভাই ইঞ্জিনিয়ার। সে আমেরিকান ফার্মে চাকরি করিত। সেই ফার্মের আমেরিকান সাহেব আমাদেরকে তাহার গাড়িতে করিয়া চট্টগ্রামের জোয়ালগঞ্জ পৌঁছাইয়া দেয়। আমরা ঐ খান দিয়া ভারত সীমান্ত পার হইয়া ত্রিপুরা শরনার্থী শিবিরে গিয়া পৌছাই।

স্বাক্ষর/=
শ্রী নীরদ বরণ চৌধুরী

\ ২২৬ \

মোঃ আমিনুল হক
গ্রাম- পূর্ব গোমদন্ডী
থানা- বোয়ালখালী
জেলা- চট্টগ্রাম

গোমদন্ডী রেলেওয়ে ষ্টেশনের উত্তর দিকে আমার বাড়ী। এক রাত্রিতে মুক্তিবাহিনী আসিয়া মাইন পুঁতিয়া গাড়ী উড়াইয়া দেয়। তার পরদিন ভোর বেলায় পাকবাহিনী আসিয়া আমাদের গ্রাম ঘেরাও করে। গ্রাম ঘেরাও করিয়া প্রায় ৭০/৮০ জন লোক গ্রেফতার করে। তার ভিতর আমি ছিলাম। আমার বয়স ৫৫ বৎসর আমি একজন বৃদ্ধ লোক। পাক বাহিনী যে আমার উপর এতটা অত্যাচার করিবে তাহা আমার বিশ্বাস ছিল না। তাই সকাল ঘুম হইতে উঠিয়া ওজু করিয়া নামাজ পড়িতে বসিয়াছি এমন সময় ১জন রাজাকার আসিয়া আমাকে ধরিয়া ফেলিল। তাহার সাথে পাক বাহিনীও ছিল। আমাকে ধরার পর আমার বাড়ী হইতে আরো চারজনকে গ্রেফতার করে। তাহারা আমাদিগকে এখান হইতে মারধোর করার পর পটিয়া ক্যাম্পে লইয়া যায়। সেখান নিয়া আমাদিগকে এমনভাবে বন্দুকের বাঁট দিয়া প্রহার করিল যে আর হাঁটিবার বা উঠিবার মত শক্তি ছিল না। তাহারা আমাদিগকে মুক্তিবাহিনী ও আওয়ামী লীগের লীডারের কথা বার বার জিজ্ঞাসা করিয়াছে, তবুও আমরা কাহারও নাম বলি নাই। তখন পাক বাহিনী আমাদিগকে সন্ধ্যার পর ছাড়িয়া দেয়। আমরা অতি কষ্টে বাড়ীতে আসি।

স্বাক্ষর/-
মোঃ আমিনুল হক
৩০/৪/৭৩

\ ২২৭ \

মোঃ অলি আহমদ
গ্রাম- পূর্ব গোমদন্ডী
থানা-বোয়ালখালী
জেলা- চট্টগ্রাম

১৩ই আগষ্ট মুক্তিবাহিনী ও গেরিলারা ১৪ই আগষ্টের পাকিস্তান দিবস বানচাল করার জন্য বালুর ঘাট দোহাজারী রেল লাইনে গোমদন্ডী রেল ষ্টেশনের কালুর ঘাটের নিকট আউট সিগন্যালের কাছে মাইন পাতিয়া রাখে রাত্রি বেলায়। রাত ৫টা সময় পাক ফৌজ পটিয়ার দিকে রেল লইয়া যাইতে ইঞ্জিন উড়িয়া যায় এবং রেল লাইন ধ্বংস হয়। ১৪ই আগষ্ট সকালে পটিয়া এবং কালুর ঘাট হইতে আরো মিলিটারী আসিয়া রাজাকারদেরসহ আমাদের গ্রাম ঘেরাও দেয়। তাহাদের তিনজন লোক আসিয়া আমাকে ধরিয়া হাড়মোড়া করিয়া হাত বাঁধিয়া রাইফেল দিয়া মারিতে মারিতে গাড়ীতে উঠায়। তখন আমি, নুর আহমদ, আব্দুল মজিদসহ মোট ৫৭ জনকে হাত ও কোমর বাঁধা অবস্থায় গাড়ীতে তোলা হইতেছে এবং গাড়ীতে তুলিয়া বেদম মার মারিয়াছে। পটিয়ায় লইয়া যাইয়াও বেদম মার- রাইফেল দিয়া মারায় আমি অজ্ঞান হইয়া পড়িয়াছিলাম। জ্ঞান হইলে দেখি সবাইকে সারিবদ্ধভাবে গুলি করিয়া মারার অবস্থা হইয়াছে। এমন সময় কালুরঘাট হইতে মেজর রশিদ আসিয়া আমার কাছ হইতে মুচলেকা লেখাইয়া লয় যে আমাদের গ্রামের পাশের রেল লাইন আমাদের পাহারা দিতে হইবে। কোন ক্ষতি হইলে আমাদের সবাইকে গুলি মারা হইবে। নিজেদের জান বাঁচানোর জন্য কাগজে সই দিয়া সন্ধ্যার একটু আগে মুক্ত হইয়া সবাই বাড়ী ফিরি। ৫মাস ভোগার পর সারিয়া উঠি কিন্তু কাজ করিয়া খাইতে পারি না।

স্বাক্ষর/-
মোঃ অলি আহমদ
২৯/৪/৭৩

\ ২২৮ \

সন্তোষ কুমার
গ্রাম- পশ্চিম শাকপুরা
থানা-বোয়ালখালী
জেলা- চট্টগ্রাম

সেদিন ছিল ২০ শে এপ্রিল। আমাদের পশ্চিম শাকপুরা গ্রামের উপর চলল পাক সেনার রক্ত নিয়ে হোলি খেলা আর নারী নির্যাতন ও অগ্নিসংযোগ। কি বীভৎস ঘটনা। আজ সেদিনের কথা মনে পড়লে আর মুক্ত বাংলার পবিত্র মাটিতে পাক সহযোগীদের এবং দালালদের বিনা বিচারে বিনা সাজায় আমাদের গ্রামের উপর দিয়ে যাতায়াত করতে দেখলে আমাদের গা ছম ছম করে উঠে। যারা আমাদের গ্রামে হত্যা করেছিল, বাড়ী পুড়িয়েছিল, সম্পদ লুন্ঠন করেছিল, নিরপরাধ গ্রামবাসীর গলায় ছুরি চালিয়েছিল, সম্পদ লুন্ঠন করেছিল, নিরপরাধ গ্রামবাসীর গলায় ছুরি চালিয়েছিল তারাই আবার বাংলার পবিত্র মাটিতে বাস করছে।

২০শে এপ্রিল সূর্য ওঠার আগে অন্যান্য দিনের মত কয়েকজনকে পাহারায় দিয়ে আমরা একটু ঘুমিয়ে পড়েছিলাম। হঠাৎ সবাই হৈ চৈ করে পালাতে লাগল। শুনতে পারলাম পাঞ্জাবীরা আসছে। তখনই তাড়াতাড়ি যে যেদিকে পারি পালাতে লাগলাম। স্থানীয় মুসলমানদের বাড়ী গেলে তারাও তাদের বাড়ী হতে নামিয়ে দিল। আমরা তখন অন্যদিকে সরে পড়লাম। পাক সেনারা তখন চারদিক দিয়ে আমাদের গ্রাম ঘিরে ফেলল। তারপর সারাদিন চলল আমাদের গ্রামের উপর অত্যাচার। প্রতি বাড়ীতে বাড়ীতে আগুন লাগিয়ে দিতে লাগল এর সোনা, রূপা, রেড়িও মূল্যবান জিনিস হস্তগত করতে লাগল এবং চলল অকথ্য নির্যাতন, ধর্ষণ হত্যা, লুন্ঠন- সবকিছু। গ্রামের যুবক বৃদ্ধ যাকে পেল তাকেই হত্যা, স্ত্রী সামনে স্বামীকে হত্যা করল, মায়ের সামনে ছেলেকে হত্যা করল। আর করল অগ্নিসংযোগ। চারদিকে শুধু গুলির আওয়াজ আর গুলি করার সাথে সাথে পাক সেনাদের পৈশাচিক হাসি। সারাদিন পর বিকাল সাড়ে চারটার দিকে তারা গ্রাম ছেড়ে দিয়ে চলে গেল। আমরা যারা দৌড়ে পলায়ন করেছিলাম তারা আসলাম গ্রামে, দেখলাম প্রায় বাড়ীতে আগুনে ভস্মীভূত দালান ঘরের টিনগুলো পড়ে গেছে। কয়েকজন সবে মাত্র গুপ্তস্থান হতে বের হয়ে আসলো, কারো মুখে কোন কথা নেই। পথ দিয়ে ঘুরতে লাগলাম। দেখলাম গুলি খেয়ে রাস্তার আশেপাশে বাড়ীর প্রাঙ্গণে নর্দমায় পড়ে আছে মৃতদেহ। কি এক হত্যাযজ্ঞ! সবাই আমার আত্মীয়-স্বজন ও গ্রামবাসী। হায় কি দোষ! কোনদিন দেখিনি এভাবে হত্যা। দেখলাম বাপ ছেলে একসাথে এক বুকে গুলি খেয়ে ঘুমিয়ে আছে।

দেখলাম কারো চোখে জল নেই, আজ সবাই পাথর হয়ে গেছে। আরো দেখলাম স্ত্রী চেয়ে রয়েছে স্বামীর দিকে, মা তাকিয়ে আছে মৃত সন্তানের দিকে। স্বামী তার স্ত্রীকে ডেকে বলার সময় পায়নি, মা সন্তানকে জাগিয়ে দেবার সময় পায়নি, বোন ভাইকে ডাক দেবার সময় পায়নি। কি পাশবিক হত্যা, নির্যাতন ও অমানুষিক অত্যাচার। আমার ভাষা নেই, আমি লেখক নই, প্রকৃত ঘটনার কিছু মাত্র লেখার চেষ্টা করছি। আর এ ঘটনাকে ভাষায় রূপ দেওয়ার ভার আপনাদের ।

তারপর গ্রামের কয়েকজন মৃত দেহের কিছু কিছু সৎকাজ করার নিস্ফল চেষ্টা করতে লাগলাম মাত্র। গ্রামে প্রায় ১৫০ জন লোক মারা গেল। যেই আমরা গর্ত খুঁড়তে লাগলাম আর অমনি প্রতিবেশী গুণ্ডারা লুট করার জন্য এগিয়ে আসতে লাগল আর বলতে লাগল পাক সৈন্য আবার আসছে। পুনরায় আমরা গ্রাম হতে বের হয়ে পড়লাম। এরই মধ্যে আমরা কোন রকমে এক গর্তের ভিতরে থেকে ১০/১২ জনকে মাটিচাপা দিলাম। আর সেই মুহূর্তে আমার মনে পড়ল হাতিয়ার ঘূর্ণিঝড়ে উপদ্রুত এলাকার কথা। সেখানে আমরা ওদের দাফনের

কাপড় দিয়ে দাফন করেছিলাম কিন্তু আজ আমাদের গ্রামে এদের হিন্দু ধর্মের রীতি অনুসারে কাপড় দেওয়া দূরে থাকুক আগুন পর্যন্ত দিতে পারছি না।

পাক সেনাদের এই অত্যাচারের পরও আমরা কোন রকমে দু' একটা বাড়ী ছিল সবাই তার মধ্যে আশ্রয় নিয়ে বেঁচে থাকার চেষ্টা করতে লাগলাম। এভাবে এগুতে লাগলাম। সেই ৪ঠা এপ্রিলের পর থেকে দিনে পাক সেনা আর রাতে মুসলিম লীগ গুণ্ডা ও প্রতিবেশীর তিন দিক থেকে আক্রমণ। রাত্রে চাল ডাল কোন রকমে দু' একটা খেয়ে সন্ধ্যা হওয়ার সাথে সাথে ঝোপে বা পানিতে ডুবে থাকা, কোন রকমে বাঁচার চেষ্টা, কিন্তু দিনের পর দিন চলল লুট ও নারী ধর্ষণ।

তারা ধর্মের নামে আমাদের গ্রামের মন্দির প্রতিমা ইত্যাদি ধ্বংস করে দিল আর যাকে পেল তাকে মুসলমান হতে বাধ্য করল। মুসলমান হলে থাকতে পারবে নতুবা কেটে ফেলব। এভাবে কয়েকজনকে কেটেও ফেলল।

এরপর ২৩শে এপ্রিল আমাদের পশ্চিম গ্রামে আবার শুরু রক্তের খেলা, আর অবশিষ্ট বাড়ীগুলোতে আগুন লাগিয়ে দিল। পাকিস্তান কায়েম রাখার জন্য। ২৩শে এপ্রিল শাকপুরা গ্রামটা সম্পূর্ন ধ্বংস করা হয়েছে। সবাই মিলে সেদিন ভারতের দিকে রওনা হলাম।

স্বাক্ষর/-
সন্তোষ কুমার

\ ২২৯ \

মোক্তার মোহাম্মদ
পোষ্ট মাষ্টার
গ্রাম- পুছড়ী
থানা- বাঁশখালী
জেলা- চট্টগ্রাম

শনিবার ৯ই অক্টোবর ১৯৭১ ইং রাত ১০টা। মুক্তিবাহিনী সহ গ্রাম পাহারায় রত ছিলাম। নাপোড়া হইতে ঘুরিয়া সেখেরখিল হইয়া জালিয়া পাড়ায় রওনা হইতেছি তখন আনুমানিক রাত বারটা। উক্ত পাড়ায় হঠাৎ অসংখ্য গোলাগুলির শব্দ শুনিয়া দ্রুত পিছন দিকে সরিয়া নাপোড়া পুকচালিয়া পাড়ায় চলিয়া আসি এবং এই পাড়ার দক্ষিণ পার্শ্বে আসিয়া দেখিতে পাইলাম জালিয়া পাড়া দাউদাউ করিয়া জ্বলিতেছে। মানুষ চিৎকার ও কান্নাকাটি করিয়া প্রাণভয়ে পাহাড়ের দিকে পালাইয়া আসিতেছে। তখন সব মুক্তি বাহিনীকে বিদায় দিয়া একা আমি গ্রামে রহিয়া গেলাম এবং ব্যাপার সম্পূর্ণ জানিয়া সকালে তাহাদের ক্যাম্পে জানাইব বলিয়া কথা দিলাম। দেখিতে দেখিতে আগুন আরও বাড়িয়া গেল এবং জনসাধারণকে পালাইয়া বাঁচিবার জন্য ইশারা করিলাম। ১০ তারিখ ভোর পাঁচটা হইতে না হইতে শুনিতে পাইলাম চতুর্দিকে অসংখ্য গোলাগুলির আওয়াজ। তখন আমি নিজে কিভাবে প্রাণ বাঁচাইব চিন্তা করিয়া দ্রুত আমার বাড়ীর পাশে পাহাড়ের জঙ্গলে আত্মগোপন করিয়া পরিস্থিতি লক্ষ্য করিতে লাগিলাম। কিছুক্ষণের মধ্যে দেখা গেল যে নাপোড়া সেখেরখিল আগুন আগুনময়। আরও দেখিলাম পাক হানাদারেরা চতুর্দিকে লোক খোঁজাখুজি করিতেছে এবং কতকগুলি লোককে বন্দী করিয়া আমার বাড়ীর দক্ষিণ পার্শ্বের রাস্তা দিয়া লইয়া যাইতেছে ও প্রতিটি বাড়ী তলাশী করিতেছে। পলায়নমান লোক দেখিয়া তাহাদিগকে গুলি করিতেছে। তখন আমি নিজেকে নিরাপদ মনে না করিয়া আরও গভীর জঙ্গলে ঢুকিয়া পড়িলাম। গোলাগুলির শব্দ বন্ধ হওয়ার পর আনুমানিক দুপুর বারটায় ধীরে ধীরে বাড়ীর দিকে চলিয়া আসিলাম। বাড়ী আসিয়া জানিতে পারিলাম পাক হানাদারেরা চলিয়া গিয়াছে এবং সাথে বন্দী করিয়া কতক লোক তাহাদের ক্যাম্পে নিয়া গিয়াছে।

১৩ই অক্টোবর বুধবার পাশ্ববর্তী মিরাপাড়া গ্রামের একজন দালাল আমার গোয়েন্দাগিরি জানিতে পারিয়া হানাদার ক্যাম্পে (চাম্বল) নালিশ করিয়া দেয়। ফলে ১৪ই অক্টোবর বৃহস্পতিবার আনুমানিক বেলা নয়টায় সতেরজন পাক বাহিনী ও ত্রিশজনের মত রাজাকার আমার পাড়া ঘেরাও করিয়া আমাকে ধরিয়া ফেলে এবং নাপোড়া বাজারে নিয়া আসে। সেখানে আমি দেখিতে পাইলাম আরও চারজন সেখেরখিল নিবাসী (১) একরাম মিঞা (২) হাজী শফর মুল্লক (৩) দানু মিয়া, পিতা- নজর আলী (৪) আহমদ হোসেন, পিতা-দানু মিঞা ও আমি সহ পাঁচজনকে একই রশিতে বাঁধিয়া তিন মাইল রাস্তা হাঁটাইয়া লয় এবং পথে পথে মারধোর করিতে থাকে। আনুমানিক বেলা এগারটায় তাহাদের ক্যাম্পে গিয়া পৌঁছার সাথে সাথে সকলের চোখ কাপড় দিয়া বাঁধিয়া ফেলে এবং একেকজন করিয়া রশি হইতে খুলিয়া নিয়া ৩/৪জন হানাদার মিলিয়া একেকজনকে বেদম প্রহার করিতে থাকে সাথে সাথে উর্দু ভাষায় কি জিজ্ঞাসা করিতেছে বা বলিতেছে তাহা কিছুই বুঝিতে পারিতেছি না। আমি শুধু চীৎকার করিয়া আল্লাহর কাছে ফরিয়াদ করিতেছি ''হে আল্লাহ আমাকে রক্ষা কর। বাবা মারিও না আমি আর সহ্য করিতে পারতেছি না।'' এই কথা বলার সাথে সাথে হাত-পা বাঁধা অবস্থায় পা উপর দিকে ও মাথা নীচের দিকে করিয়া ক্যাম্পের ছাদের সাথে লটকাইয়া ফেলে। ইহাতে কয়েক মিনিটের মধ্যে আমি জ্ঞান হারাইয়া ফেলি ফলে ইহার পর আর কি ঘটিয়াছে তাহা আমি জানি না। যখন জ্ঞান ফিরিয়া আসে তখন বুঝিতে পারিলাম ছাদের উপরিভাগে ফ্লোরের উপর রোদ্রের গরমে ঝলসিয়া যাইতেছি। তখন আমি পানির পিপসায় ও ক্ষুধায় খুব কাতর হইয়া পড়িয়াছি। নড়াচড়া করিতে পারিতেছি না। সমস্ত শরীরে ব্যথ্যা ও ফুলিয়া গিয়াছে। তখন

পানি, পানি বলিয়া চিৎকার করিয়া খাওয়ার পানি চাহিলাম। এমন সময় একজন হানাদার আসিয়া আমার চোখের বন্ধন খুলিয়া দিয়া একটি বদনায় করিয়া পানিখাওয়াইয়া দেয় ও মাথা ধরিয়া সূর্য্যের দিকে চোখ করিয়া তাকাইয়া থাকার নির্দেশ দেয়। এইভাবে কয়েক মিনিট থাকার পর যন্ত্রণায় মাথা নাড়িয়া মুখ ফিরিইলে তখন আরেক দফা মারধোর চলিল। সূর্য্যের দিকে তাকাইয়া থাকার অপারগতায় চোখে মরিচের গুড়া ছিটাইয়া দেয়। ইহাতে অসহ্য যন্ত্রণায় চীৎকার করিয়া কাঁদিয়া গড়াগড়ি করিতে থাকি। অনুরোধ করিতে থাকি যে আমাকে এইরূপ কষ্ট না দিয়া একেবারে গুলি করিয়া মারিয়া ফেল নতুবা বাঁধন খুলিয়া দাও আমি ছাদের উপর হইতে লাফাইয়া পড়িয়া আত্মহত্যা করি। কিন্তু পাক বাহিনীর দালাল হানাদারদিগকে বলিয়া দেয় যে আমি ও আমার ভাই নাকি মুক্তিবাহিনী এবং আমাদের নিকট ছয়টা রাইফেল আছে এবং আমাকে গুলি করিয়া মারার জন্য অনুরোধ করিতে লাগিল। আমরা নাকি বাঁচিয়া থাকিলে তাহার জীবনের আশঙ্কা আছে। এই বলিয়া সে চলিয়া যায়। ইহার পর আরেক দফা আমার উপর শারীরিক নির্যাতন চলিল। আমি মৃতপ্রায় অবস্থায় পড়িয়া থাকিয়া মৃত্যুক্ষণ গুনিতে লাগিলাম। খোদার কৃপায় এমন সময় স্থানীয় শান্তি কমিটির চেয়ারম্যান হানদারদের সবেদারসহ তথায় আসিয়া আমাকে সনাক্ত করিয়া নিয়া জামিন দিল এবং সাথে শর্ত দিল যে মুক্তিবাহিনীর একটি নাম তালিকা ও আমার ভাই আওরঙ্গজেবকে চারদিনের মধ্যে হাজির করিয়া দিতে হইবে নতুবা বংশের একজনও জীবিত রাখিবে না। আমি তখন বাধ্য হইয়া তাহাদের নাগপাশ হইতে মুক্তি লাভের আশায় ইহা স্বীকার করিয়া মুক্ত লাভ করি। তারপর উক্ত ক্যাম্প হইতে একখানা রিক্সায় করিয়া বাড়িতে চলিয়া আসি। শরীর ও চোখের চিকিৎসায় চারদিন কাটাইয়া একটু আরোগ্য লাভ করিয়া বাড়ী হইতে পলাইয়া গিয়া নিরাপদ জায়গায় আশ্রয় লইলাম। ইহারও দুই একদিন পর হানাদাররা চাম্বল হইতে ক্যাম্প উঠাইয়া উত্তর বাঁশখালী গুনাগরী ক্যাম্পে চলিয়া যায় এবং রাজাকার বাহিনী মোতায়ন করিয়া আমাদের গ্রামে ক্যাম্প করিয়া দেয়।

স্বাক্ষর/-
মোক্তার মোহাম্মদ

\ ২৩০ \

শ্রী বিমল কান্তি গুহ
গ্রাম- নাপোড়া
থানা-বাঁশখালী
জেলা- চট্টগ্রাম

৯ই অক্টোবর পাক হানাদার বাহিনী দ্বিতীয়বার বাঁশখালীতে আসে এবং গুনাগরীতে একটি আস্তানা করে। ঐ দিন তারা লোকজনের উপর কোন প্রকার অত্যাচার করে নাই। কিন্তু আমাদের নাপোড়া গ্রামের লোকরা পাঞ্জাবী আসার খবর পেয়ে স্ত্রী পুত্র আত্মীয় স্বজন সবাইকে নিয়ে পাহাড়ে চলে যায় এবং সন্ধ্যার পূর্বে বাড়ীতে চলে আসে।

১০ই অক্টোবর তারিখে ভোর পাঁচটার সময় পাক বাহিনী আমাদের গ্রামটার পূর্ব জংগলের দিক হতে আক্রমণ করে। আমাদের গ্রামের লোকরা আর জংগলের দিকে পালাতে পারে নাই। নিরীহ নিরস্ত্র জনসাধারণের উপর নির্বিচারে গুলি বর্ষণ করে। আমি যখন আমার পরিবার পরিজন নিয়ে জংগলের দিকে পালাচ্ছিলাম তখন একটা গুলি আমার হাতের ব্যাগের মধ্যে পড়ে এবং ব্যাগটা ছিঁড়ে হাত হতে পড়ে যায়। আমার সামনে একজন মহিলা দুগ্ধপোষ্য একজন শিশুসহ গুলিবিদ্ধ হয়, কিন্তু দূর গিয়ে দেখি আরও তিনজন গুলিবিদ্ধ হয়ে পড়ে আছে। স্ত্রী পুত্র আত্মীয়স্বজন কে কোথায় জানি না, দূর পাহাড়ে চলে যাই। গ্রাম তখন জ্বলছে, লুটপাট চলছে, ধোঁয়ার কুণ্ডলী পাহাড় থেকে দেখা যাচ্ছে। আমার মত অনেকেই পাহাড়ের মধ্যে ঘোরাফেরা করছে। সকলের মুখে হতাশার ছবি। সবাই বলাবলি করছে, মা, বাপ, ভাই, সবাই মারা গেলো, অবশিষ্ট কেউ নাই, খাওয়া দাওয়া নাই, অনেক লোক একত্রিত হয়েছি। গ্রামের খবরাখরব নেওয়ার চেষ্টা করছি। কেউ কেউ তাদের ছেলে মেয়ে স্ত্রীকে জংগলে খোঁজ করছে, আমিও আমার স্ত্রী, একজন ছেলে ও এক বৎসরের ভাগিনীকে খোঁজ করতে লাগলাম। কিন্তু কোথাও পাওয়া গেলো না। অনেকে স্বান্তনা দিচ্ছে পাহাড়ে কোনখানে আছে, তিন দিন খোঁজাখুঁজির পর রেজাকাঠা নামক স্থানে তাদের সাথে আমার স্বাক্ষাত হয়। দু'দিন ধরে তারা কিছু খায় নাই। তাদেরকে দেখে আমার ভীষণ কান্না এসে পড়লো, স্ত্রী-পুত্র নিয়ে আমি বেঁচে আছি দেখে আনন্দে কেঁদে উঠলাম, আমার ছেলেটিও কাঁদতে লাগলো। তারপর আমি ছেলেমেয়ে নিয়ে গ্রামে আসার প্রস্তুতি নিচ্ছি। গ্রামে এসে দেখি বেশ কিছু লোক আছে। বর্বর পাক বাহিনীর হাতে মারা গেছে আমার বাড়ীর পাশের ৫জন লোক। কে কোথায় কিভাবে মারা গেছে তা কেউ ঠিক করে বলতে পারছে না।

যেদিন আমরা নাপোড়া বাড়ীতে আসলাম সেদিন কয়েকজন পাঞ্জাবী সেনা বাহিনী দক্ষিণ হতে জনাব একরাম মিয়া, তার ভাই দানু মিয়া ও মোক্তার আহমদকে ধরে নিয়ে নাপোড়া বাজারে রেখে গ্রামের ভিতর ঢুকলো। আমি তখন বাইরে ছিলাম। দূর থেকে বর্বর হানাদারদের দেখেছিলাম। আমার স্ত্রীও বাইরে ছিল, তাকে ইশারা করে আমি নাপোড়া বাড়ীর পাশ দিয়ে চলে গেলাম। আমার স্ত্রী অন্য দিক দিয়ে অন্য জায়গায় চলে গেলো। পর মুহূর্তেই আমার বাড়ীতে দুর্বৃত্তরা ঢুকে পড়ে অন্যান্য যারা ছিল তাদের উপর ভীষণ মারধোর করে। আমার ভাগনী বাসন্তী রাণীর কাছে লুকায়িত বিষ ছিল। তার সতীত্ব রক্ষার জন্য কোন উপায় না দেখে সে বিষ পান করলো। দু-ঘন্টা মধ্যে সে প্রাণ ত্যাগ করে। আমার ভাগনী ২য় বিভাগে মেট্রিক পাশ করেছিল। রাত্রিতে এসে আমার বাগণীকে মৃত অবস্থায় দেখে চোখের জল রাখতে পারলাম না। রাত্রিতে গ্রামের দুই একজন লোককে ডেকে বাসন্তী রাণীকে কবর দেই।

এটা ছিল আমাদের গ্রামের কাহিনী।

স্বাক্ষর/-
শ্রী বিমল কান্তি গুহ

\ ২৩১ \

মোঃ সামসুল হক
সহকারী হিসাব রক্ষক
বাংলাদেশ রেলওয়ে
পাহাড়তলী, চট্টগ্রাম

১০ই নভেম্বর। সেদিনটি ছিল ২০শে রমজান। পাহাড়তলীতে বাঙ্গালী মা বোনদের উপর বিহারী ও পাকসেনারা যে নির্মম হত্যাযজ্ঞ চালাইয়াছিলো দুনিয়ার স্বাধীনতার ইতিহাসে তা বিরল।

১০ই নভেম্বর খুব সকাল বেলা পাহাড়তলীর পাঞ্জাবী লাইন, ওয়ারলেস কলোনী, বাহাদুর শাহ কলোনীর শিশূ, যুবক, যুবতী, নারী, পুরুষ, বৃদ্ধকে কলোনীর বাসা হইতে জোরপূর্বক ধরিয়া আনে এবং কাহাকে কাহাকে মিলিটারী অফিসার সাহেব ডাকে বলিয়া ধোঁকা দিয়া ওয়্যারলেস কলোনীর নিকটস্থ পাহাড়ে দল বাঁধিয়া নিয়া যায়। সেখানে জল্লাদেরা ধারাল অস্ত্র ও স্বয়ংক্রীয় অস্ত্র দিয়া দয়ামায়াহীন অবস্থায় হত্যাযজ্ঞ চালায়। সকাল হইতে বেলা তিনটা পর্যন্ত এই হত্যাযজ্ঞ অব্যাহত থাকে।

আমরা কয়েকজন আবছার উদ্দিন, আবদুস ছোবাহান ও মোঃ ছাবেদ মিয়া হত্যাযজ্ঞ পাহাড়ের জঙ্গল হইতে দেখিতে পাই। সাথে সাথে ডবলমুরিং থানার সহিত যোগাযোগ করি। কিন্তু তাহারা ছলচাতুরী করিয়া আমাদিগকে বিদায় করে।

ঈরে দুপুরে মুসলমি লীগ, জামাতে ইনলামী ও পি, ডি পির দালালদিগকেও এই নৃশংস হত্যাযজ্ঞের কথা বলিয়াছে। সেইদিন নর ঘাতকরা এক এক বারে আনুমানিক দুইশত লোককে হত্যা করিয়া তাহাদের শরীরের কাপড়গুলি একত্রিত করিয়া পেট্রোল দিয়া জ্বালাইয়া দিয়াছিল।

১০ই নভেম্বর তিনটার সময় একজন সামরিক অফিসারসহ অনেকে ওয়ারলেস কলোনী দেখিতে আসে। সাথে আমরা প্রায় তিনশত লোক তাহাদের সাথে উক্ত জায়গায় গিয়া পৌঁছাই। হাজার হাজার নারী পুরুষের লাশ পড়িয়া আছে। কোথাও কোথাও মৃতদেহ গুলি একত্রিত করিয়া পেট্রোল দিয়া জ্বালাইয়াছে।

এই হত্যাযজ্ঞ দেখিয়া পাঞ্জাবী সামরিক অফিসার ও তাদের দালালরাও ঠিক থাকিতে পারে নাই। নর পশুরা আত্মীয়স্বজনকে লাশ দিতে অস্বীকার করে। পাহাড়ের উপরে নির্লজ্জ অবস্থায় অনেক যুবতী ও নারীদেহ ক্ষতবিক্ষত অবস্থায় পড়িয়া আছে। এমনিভাবে মা বোন দিগকে নির্মমভাবে হত্যা করা হইয়াছে।

স্বাক্ষর/-
মোঃ সামসুল হক।
৭/৪/৭৩

\ ২৩২ \

মোঃ ইদ্রিস
গ্রামঃ জোয়ার কাছাড়
থানা- ফেনী
জেলা- নোয়াখালী

পাক বাহিনী অত্র এলাকায় প্রবেশ করিয়া দালালদের সহযোগিতায় প্রায় প্রতি গ্রামেই প্রবেশ করে এবং অকস্মাৎ আওয়ামী লীগ নেতৃবৃন্দের বাড়ী আক্রমণ করিয়া তাহাদের বন্দী করিয়া শিবিরে লইয়া আসে এবং প্রকাশ্যে রাস্তার উপর দাঁড় করাইয়া গুলি করিয়া হত্যা করে। ইহা ছাড়া তাহারা প্রতি গ্রাম হইতে দালালদের সহযোগিতায় রাজাকার তৈরী করে। পরে উক্ত রাজাকারদের সহযোগিতায় গ্রামে গ্রামে প্রবেশ করিয়া নিরীহ জনগণকে হঠাৎ আক্রমণ করিয়া গুলি, বেয়নেট চার্জ, লাঠিচার্জ বিভিন্ন উপায়ে হত্যা করে। পাক সেনারা এই এলাকায় প্রায় ৪৯ জন লোককে হত্যা করিয়াছে।

নিহতদের মাঝে কিছুসংখ্যকের নাম উল্লেখ করা যায়, যেমনঃ ১। মমিনুল হক, ২। তারিকুন নেছা বেওয়া, ৩। আমিনুল হক, ৪। আবুল খায়ের, ৫। হোসনে আরা বেগম, ৬। মোহছেরা বেগম, ৭। হাজেরা খাতুন, ৮। সুলতান আহমদ, ৯। মুজা মিঞা, ১০। মকবুল, ১১। অহিদুর রহমান, ১২। আব্দুল গফুর, ১৩। বোয়দুল হক, ১৪। আমিনুল হক, ১৫। সামসুল হক, ১৬। আব্দুস সালাম, ১৭। ইয়াকুব আলী, ১৮। আব্দুস বারিক, ১৯। জুলেখা খাতুন ইত্যাদি।

ইহা ছাড়া পাক বাহিনীরা এই এলাকায় বহু অপরিচিতি লোক বন্দী করিয়া প্রকাশ্যে তাহাদের দাঁড় করাইয়া গুলি করিয়া হত্যা করিয়াছে। মঠবাড়ীয়ার জনাব হাবিব উল্লাহ পাক বাহিনীর অত্যাচার হইতে আত্মরক্ষার জন্য তাহার নিজ বাড়িতে বাঙ্কারে স্বপরিবারে আত্মগোপন করে। কিন্তু পাক বাহিনী তাহাদের ধরিয়া ফেলে। পরে তাহাদের ব্যায়নেট চার্জ করিয়া হত্যা করে।

পাক বাহিনীরা এই ইউনিয়নে বহু নারীর ইজ্জত হরণ করিয়াছে। ধর্মপুর ইউনিয়নে পাক সেনারা এই এলাকার জনাব আহসান সাহেবের উপর পৈশাচিক ব্যবহার করিয়া তাহাকে গুলি করিয়া হত্যা করিয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ যে জনাব আহসান সাহেব মুক্তি বাহিনীদের সাহায্য করিতেন। এই জন্য স্থানীয় শান্তি কমিটির চেয়ারম্যান ও মেম্বার তাহার উপর অত্যাচার করিতে থাকে। অবশেষে দালালদ্বয় তাহার নাম পাক সেনাদের নিকট জানাইলে তিনি আত্মরক্ষার জন্য বন্ধুরাষ্ট্র ভারতে আশ্রয় গ্রহণ করেন। কিন্তু দালালরা তাহাকে সেখান হইতে রাত্রিতে গোপনে ধরিয়া আনিয়া পাক সেনাদের নিকট হস্তান্তর করে। পাক সেনারা তাহার উপর প্রায় ৫দিন ধরিয়া দৈহিক নির্যাতন চালায়। অবশেষে তিনি নিজের দোষ স্বীকার না করায় তাহাকে পাক সেনারা গুলি করিয়া হত্যা করে।

পাক সেনারা অনুরুপভাবে মজলিসপুর গ্রাম হইতে জনাব আবুল খায়ের নামক একজন মুক্তিবাহিনীর বাড়ী আকস্মাৎ আক্রমণ করিয়া তাহাকে বন্দী করিয়া পাক সেনাদের শিবিরে লইয়া আসে। পরে তাহাকে ঝুলন্ত অবস্থায় বেত্রাঘাত করিয়া তাহার নিকট হইতে মুক্তি বাহিনীদের গোপন তথ্য জানিতে চেষ্টা করে। প্রায় ৫দিন ধরিয়া তাহার উপর দৈহিক নির্যাতন চালাইবার পর পাক সেনারা তাহার নিকট হইতে কোন সংবাদ জানিতে না পারিয়া তাহাকে জ্যান্ত কবর দিয়ে হত্যা করিয়াছে।

পাক বাহিনী ধর্মপুর ইউনিয়নে রাজাকার ও দালালদের সহযোগিতায় প্রতিটি গ্রামে প্রবেশ করিয়া নিরীহ জনসাধারণের বাড়ীতে অগ্নিসংযোগ করে। তাহারা এই এলাকায় প্রায় পাঁচটি গ্রামে অগ্নিসংযোগ করিয়াছে। যেমন, ধর্মপুর, জোয়ার কাছাড়, মটবাড়ীয়া, পদুয়া, মজলিসপুর। যে সমস্ত গ্রামে প্রবেশ করে নাই সে সমস্ত গ্রামে বাস্তত্যাগী জনগণের বাড়ী ঘরের ছাদের টালি, দরজা জানালা প্রভৃতি দালাল ও রাজাকার কর্তৃক লুণ্ঠন করিয়া লইয়া গিয়াছে। ইহা ছাড়া পাক সেনারা অত্র এলাকায় বহু রমণীর শরীর হইতে সোনার গহনা ছিনাইয়া লইয়া গিয়াছে।

পাক বাহিনী এই এলাকায় গণহত্যা, নারী ধর্ষণ, অগ্নিসংযোগ ও লুটতরাজ করিয়াই ক্ষান্ত হয় নাই। তাহারা ধর্মীয় স্থানের প্রতিও কলংক লেপন করিয়াছে। পাক সেনারা এই এলাকার প্রতিটি হিন্দু মন্দির ধ্বংস করিয়া ফেলিয়াছে। জোয়ার কাছাড় গ্রামে পাক সেনারা আবদুল আলীকে মসজিদে নামাজরত অবস্থায় অকস্মাৎ আক্রমণ করিয়া গুলি করিয়া হত্যা করিয়াছে।

স্বাক্ষর /-
মো: ইদ্রিস

\ ২৩৩ \

আফিজা খাতুন
গ্রাম- দ: খানে বাড়ী
ডাকঘর- শর্শদী বাজার
জেলা- নোয়াখালী

আমি অতিশয় দরিদ্র পরিবারের অসহায় নারী। বিগত স্বাধীনতা আন্দোলনের সময় নিজ বাড়ীতে ছিলাম। সংগ্রামের প্রথম দিকে এক গ্রাম হইতে অন্য গ্রামে আত্মীয় পরিজনের বাড়ীতে আত্মগোপন করিয়া ছিলাম। আর্থিক অবস্থাহীন বলিয়া সীমান্ত অতিক্রম করিতে পারি নাই। বৃদ্ধ পিতা সম্পত্তিহীন কৃষক ছিল। অপরের সম্পত্তি চাষ করিয়া ও দৈনিক মজুরী দিয়া অতি কষ্টে দিন যাপন করিত।

সেপ্টেম্বর মাসের প্রথম দিকে পাক বাহিনী দ: খান বাড়ী গ্রামের নিকট অকাতরে রকেট শেলিং করিতেছিল। তখন আমার পিতা জুলু কামাল মিঞা মাঠে জমি চাষ করিতেছিল। অকাতরে রকেট শেলিং করিতে দেখিয়া ভয়ে জ্ঞান হারাইয়াই মাঠে শাহাদৎবরণ করেন।

পিতার অকালে মৃত্যুর পর আমার পরিবারে দুঃখের ছাপ নামিয়া আসে। অন্য দিকে ফেনী থানায় পাক বাহিনীর নৃশংস অত্যাচারে অত্যাচারিত হইয়া আমার প্রায় সকল আত্মীয়স্বজন ভারতের ত্রিপুরা রাজ্যে আশ্রয় গ্রহণ করে। আমি অর্থের অভাবে নিজ বাড়ীতে বৃদ্ধ মাতা ও ছোট ভাইকে নিয়া ছিলাম।

অক্টোবর মাসে পাক বাহিনী শর্শদী বাজারে শিবির স্থাপন করে। পাক বাহিনী, রাজাকার ও দালালরা উক্ত এলাকার গ্রামের পর গ্রাম জ্বালাইয়া দিতে থাকে। অস্থায়ী সম্পত্তি লুটতরাজ করিয়া নিয়া যায়।

নভেম্বর মাসের প্রথম দিকে স্থানীয় রাজাকারের সহযোগিতায় পাক বাহিনী আমার বাড়ী ঘেরাও করে। হঠাৎ আক্রমণের ফলে আমাদের পক্ষে আত্মগোপনের সুযোগ হয় নাই। আমি ভয়ে ঘরের গোলার নীচে পালাইয়া থাকি, কিন্তু রাজাকার ও পাক বাহিনীর পিশাচরা ঘরে ও বাহিরের সকল কিছু তন্ন তন্ন করিয়া পরীক্ষা করে করে এবং এবং আমাকে গোলার নীচ হইতে টানিয়া বাহির করে। পাক নরপশুরা আমাকে দেখিয়া আনন্দে উৎসাহিত হইয়া ওঠে ও রাজাকারকে একটি ১০ টাকার (দশ টাকা) নোট হাতে দিয়া ঘর হইতে বাহির করিয়া দেয়। আমি নরপিশাচ দিগকে দেখিয়া ভয়ে চিৎকার করিতে থাকি, কিন্তু কাহাকেও সাহায্যে আসিতে দেখিলাম না। আমার ভীষণ চিৎকার দেখিয়া তাহারা বেয়নেট বাহির করিলে আমি তাহাদের পায়ে জড়াইয়া ধরিলাম এবং বহু বিনয়ের সহিত আমার পিতার মৃত্যুর কথা বলিলাম। আমি আপনাদের বোন, আমার চরিত্রে আপনারা কলঙ্ক লেপন করিবেন না। আমি দরিদ্র মেয়ে। আমার মা বহুবার তাহাদিগকে অনুরোধ করিল। ক্রন্দন করিল তোমাদের তো মা, বোন আছে, কিন্তু নরপিশাচরা আমাকে মাকে পায়ে লাথি মারিয়া ঘর হইতে বাহির করিয়া দিল এবং ঘরের দরজা দিয়া ফেলিল। আমার ভীষণ চিৎকার আকুতি মিনুতি তাহাদের হৃদয়ে একটুও মায়ার সৃষ্টি করিল না। দুইজন পাক নরপিশাচ আমার উপর নির্মমভাবে অত্যাচার করিল। নরপিশাচদের অত্যাচারে আমি জ্ঞান হারাইয়া ফেলি। প্রায় ৬ ঘণ্টা পরে গভীর রাত্রে জ্ঞান ফিরিয়া আসিয়াছে আর পাশে দেখি আমার অসহায় মা মাথায় পানি দিতেছে। নির্মম অত্যাচারে আমার স্বাস্থ্য খারাপ হইয়া পড়ে। আমার অসুস্থ শরীরের উপর এইভাবে তিন দিন অত্যাচার করে এবং প্রতিদিন আমি জ্ঞান হারাইয়া ফেলি। রাজাকার আমাদের কড়া পাহারা দিতে থাকে। তিন দিন পর একদিন গভীর রাত্রে মা ও ছোট ভাইকে নিয়া বাড়ী হইতে অন্য গ্রামে পলায়ন করি। ডিসেম্বর মাসের প্রথম দিকে দেশ স্বাধীন হওয়ার পর দেশে ফিরিয়া আসি এবং জানিতে পারি মুক্তিযোদ্ধারা সেই রাজাকার ওসমান আলীকে হত্যা করিয়াছে।

টিপসহি/-
অফিসা খাতুন

\ ২৩৪ \

আব্দুল গোফরান
গ্রাম- পদিপাড়া
থানা- বেগমগঞ্জ
জেলা- নোয়াখালী

২২শে এপ্রিল ১৯৭১ সালে মাইজদি এবং চৌমুহনী বাজারে পাকসৈন্য প্রবেশ করে। আমি তখন হোটেল জায়েদীতে কাজ করি। পাক বাহিনী যখন প্রবল বাধা সত্ত্বেও চৌমুহনী বাজারে প্রবেশ করিল তখন আমি মনে স্থির করিলাম যে কি করিয়া এই বাজার হইতে বাহির হইয়া যাইতে পারি। যখন দেখিলাম যে পাক বাহিনী রাস্তার ভিতর নাই, তখন আল্লাহর নাম স্মরণ করিয়া এক পা দু পা করিয়া হাঁটিতে আরম্ভ করিলাম। কিছু দূর যাওয়ার পর একজন পাক দস্যু আসিয়া আমাকে বলিল হ্যাণ্ডস আপ। হ্যাণ্ডস আপ অর্থ কি আমি বুঝিতে না পারিয়া সোজা হইয়া দাঁড়াইয়া রহিলাম। পাক দস্যু আসিয়া আমাকে ভীষণভাবে চপেটাঘাত করিল। চপেটাঘাত করার পর আমি মাটিতে পড়িয়া যাই। যেখানে পড়িয়া যাই ঐখান হইতে আমাকে চৌমুহনী প্রকৌশল বিদ্যালয়ের উত্তর পাশের রোডে নিয়া আসে। এখানে আনিয়া আমাকে বার দুই প্রশ্ন করে যে মুক্তিবাহিনী কোথায়। আমি বলি মুক্তিবাহিনী দেখি নাই। আমার জবাবে আশ্চর্যান্বিত হইয়া বলে বেটা মুক্তিবাহিনীকে মাছ, ভাত দিতে পারিস আর এখন বলিস মুক্তিবাহিনী দেখি নাই। তৎক্ষণাৎ পাক নরপশু তাহার ব্যায়নেট বাহির করিয়া আমার ডান হাতের একটা আঙ্গুল তুলিয়া ফেলে এবং বলে এখন সত্যি কথা বল। আমি বলি না হুজুর আমি মুক্তিবাহিনী দেখি নাই। তখন আবার ডান হাতের তালু ছিদ্র করিয়া দিল। এমন অবস্থাতেও আমি বলি নাই মুক্তিবাহিনী কোথায়।

স্বাক্ষর / -
আব্দুল গোফরান
২১/১/৭৩

\ ২৩৫ \

জামাল মিঞা পাটওয়ারী
গ্রাম- পটিকা
থানা- বেগমগঞ্জ
জেলা- নোয়াখালী

উত্তর : এর জবাব দিতে গেলে আমাকে আরো পেছনের ইতিহাস বলতে হয়। ইতিহাস কথাটা বলছি এ জন্য যে এগুলো ইতিহাসের পাতায় লিখে রাখা উচিত। ৭ই মার্চের পর আমাদের বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের কিছু ছেলে এসে আমাকে ধরল, "স্যার আমাদের বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের যন্ত্রপাতি দিয়ে একটি অয়্যারলেস ষ্টেশন তৈরী করতে হবে আমি ওদের কথা একেবারে উড়িয়ে দিতে পারলাম না। এর পরে ওরা একদিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে কথা ঠিক করে আমাকে তার ধানমণ্ডির বাড়িতে নিয়ে গেলেন। আমাকে বঙ্গবন্ধুর বাড়ীর একেবারে ভিতরের এক প্রকোষ্ঠে নিয়ে যাওয়া হলো। আমি প্রথমে ব্যাপারটার গুরুত্ব অতটা উপলব্ধি করতে পারিনি। অনেক ভিতরের একটা কক্ষে নিয়ে যাওয়ার পরে আমি দেখলাম সেখানে সোফার উপর তিনজন বসে রয়েছেন। মাঝখানে বঙ্গবন্ধু। তার ডানে সৈয়দ নজরুল ইসলাম সাহেব ও বাঁ পাশে তাজউদ্দিন সাহেব।

আমি ঢুকে বঙ্গবন্ধুকে সালাম করলাম। ছাত্ররা আমাকে বঙ্গবন্ধুর সাথে পরিচয় করিয়ে দিল। যদিও অনেকবার তাঁর সাথে আমার সাক্ষাৎ হয়েছিল। তিনি সোফা থেকে উঠে এসে আমাকে ঘরের এক কোণে নিয়ে গেলেন। আমার কাঁধে হাত রেখে অত্যন্ত সন্তর্পণে বললেন, "নূরুল উল্লা আমাকে ট্রান্সমিটার তৈরী করে দিতে হবে। আমি যাবার বেলায় শুধু একবার আমার দেশবাসীর কাছে কিছু বলে যেতে চাই। তুমি আমায় কথা দাও, যেভাবেই হোক একটা ট্রান্সমিটার আমার জন্য তৈরী রাখবে। আমি শেষবারের ভাষণ দিয়ে যাব।" বঙ্গবন্ধুর কণ্ঠ তখন আমার কাছে বাচ্চা শিশুর আবদারের আবেগময় কণ্ঠের মত মনে হচ্ছিল। এর পরেই বিশ্ববিদ্যালয়ে এসে আমাদের তড়িৎ কৌশল বিভাগের অন্যান্য শিক্ষকদের কাছে খুলে বললাম। শুরু হল আমাদের কাজ। বিভাগীয় প্রধান ডঃ জহুরুল হকসহ প্রায় সকল শিক্ষকরাই আমাকে সহযোগিতা করতে লাগলেন ৯ দিন কাজ করার পর শেষ হল আমাদের ট্রান্সমিটার। এর ক্ষমতা বা শক্তি ছিল প্রায় সারা বাংলাদেশব্যাপী। শর্ট ওয়েভে এর শব্দ ধরা যেত। যাহোক পরবর্তী সময়ে এর ব্যবহার আসেনি। এই সাথেই আমার মাথায় ধারণা এল, যদি কোন হত্যাকাণ্ড, অগ্নিসংযোগ বা গোলাগুলি হয় তা হলে তা আমি ক্যামেরায় তুলে ফেলব। এবং সে থেকেই ক্যামেরাটি আমার সাথে রাখতাম।

প্রশ্ন : আপনি কখন ছবি তোলা শুরু করেন?

উত্তর : রাত্রে ঘুমের মাঝে হঠাৎ বিকট শব্দ শুনে আমাদের সকলের ঘুম ভেঙ্গে যায়। অবশ্য আমরা তখন অতটা গুরুত্ব দেইনি। আমি ভেবেছিলাম যে আগের মতই হয়ত ছাত্রদেরকে ভয় দেখাবার জন্য ফাঁকা গুলী করা হচ্ছে। অথবা আমাদের বিশ্ববিদ্যালয়ের ছেলেরা আমাদের নির্দেশ ও সহযোগিতায় যে সমস্ত হাত বোমা তৈরী করছিল তারই দু'একটা হয়ত বিস্ফোরিত হয়েছে। সারা রাতটা একটা আতঙ্কের মধ্যে কাটালাম। জানালা দিয়ে মাঝে মাঝে জগন্নাথ হলের দিকে তাকাতাম। কিন্তু সমগ্র এলাকাটা আগে থেকেই বিদ্যুৎ লাইন কেটে দেয়াতে অন্ধকারাচ্ছন্ন ছিল। রাতে জগন্নাথ হলের এলাকায় কি হচ্ছিল কিছুই দেখতে পারলাম না। শুধু গোলাগুলির শব্দ শুনছিলাম। কিন্তু স্পষ্ট বুঝতে পারলাম যে ওখানে দুপক্ষেই একটা ছোটখাটো লড়াই হচ্ছে। সাথে সাথে আমার ক্যামেরাটার কথা মনে পড়ে গেল। অপেক্ষা করতে লাগলাম কখন সকাল হবে আর দিবালোকে আমি ছবি তুলতে পারব।

প্রশ্ন : আপনি যে ক্যামেরা বসিয়েছিলেন তা কি বাইরে থেকে দেখা যাচ্ছিল না?

উত্তর : এমনভাবে ক্যামেরা বসান হয়েছিল যে বাইরে থেকে বোঝার কোন উপায় নেই। কারণ পর্দার আড়ালে এমন ভাবে বসান হয়েছিল যে শুধু ক্যামেরার মুখ বের করা ছিল। পুরো ক্যামেরাটা কালো কাপড় দিয়ে মোড়ান ছিল। আমাদের জানালাগুলো এমনভাবে তৈরী যে বন্ধ করার পরেও ধাক্কা দিলে কিছুটা ফাঁক থেকে যায়। ঐ ফাঁক দিয়ে ক্যামেরার মুখটা বাইরে বের করে রাখলাম।

প্রশ্ন : ক্যামেরা চালু করেন কখন?

উত্তর : সকাল ৭টা থেকে ৮টার মধ্যবর্তী সময়ে। জানালা দিয়ে লক্ষ্য করলাম যে জগন্নাথ হলের সামনের মাঠে কিছু ছেলেকে ধরে বাইরে আনা হচ্ছে এবং তাদেরকে লাইনে দাঁড় করন হয়েছে, তখনই আমার সন্দেহ জেগে যায়। এবং আমি ক্যামেরা অন করি। আমাদের ক্যামেরাটির একটা বিশেষ গুণ এই যে, এতে মাইক্রোফোন দিয়ে একই সাথে শব্দ তুলে রাখা যায়। তাই আমি টেপের সাথে মাইক্রোফোন যোগ করিয়ে ক্যামেরা চালু করলাম। কিছুক্ষণের মধ্যেই দেখলাম যে ছেলেগুলোকে এক ধারছে গুলী করা হচ্ছে ও একজন একজন করে পড়ে যাচ্ছে। পাক সেনারা আবার হলের ভিতরে চলে গেল। আমি ভাবলাম আবার বেরিয়ে আসতে হয়ত কিছু সময় লাগবে। তাই এই ফাঁকে আমি টেপটা ঘুরিয়ে আমার টেলিভিশন সেটের সাথে লাগিয়ে ছবি দেখতে লাগলাম যে ঠিকভাবে উঠেছে কিনা। এটা শেষ করতেই আবার জানালা দিয়ে তাকিয়ে দেখলাম যে, আবার কিছুসংখ্যক লোককে ধরে নিয়ে এসেছে। আবার লাইন করে দাঁড় করান হচ্ছে। আমি তখন পূর্বের তোলা টেপটা মুছে ফেলে তার উপর আবার ছবি তোলা শুরু করলাম।

প্রশ্ন : আপনি পূর্বের তোলা ছবিটার টেপ কেন মুছে ফেললেন?

উত্তর : আমার মনে হচ্ছিল আমার আগের ছবিতে সবকিছু ভালোভাবে আসেনি। আর নতুন ছবি তুলতে গিয়ে আমি হয়ত আরো হৃদয়স্পর্শী দৃশ্য ধরে রাখতে পারব। আর হাতের কাছে আমার টেপ ছিল না। মোট কথা আমি ঐ সমস্ত দৃশ্য দেখে হিতাহিত জ্ঞান হারিয়ে পাগলের মত হয়ে গেলাম। আজও দুঃখ করি যদি আমি নতুন টেপে ছবি তুলতে পারতাম তাহলে কত ভালো হতো। দুটো দৃশ্য মিলে আমার টেপের দৈর্ঘ্য বেড়ে যেত। কিন্তু তখন এত কিছু চিন্তা করার সময় ছিল না। যা হোক দ্বিতীয় বারের লাইনে দেখলাম একজন বুড়ো দাড়িওয়ালা লোক রয়েছে। সে বসে পড়ে হাত জোড় করে ক্ষমা চাইছে। আমার মনে হচ্ছিল সে তার দাড়ি দেখিয়ে বোঝাতে চেয়েছিল যে

সে মুসলমান। কিন্তু বর্বর পাক বাহিনী তার কোন কথাই শুনতে চায়নি। তাকে গুলি করে মারা হল। মাঠের অপর অর্থাৎ পূর্বপার্শ্বে পাক বাহিনী একটা তাঁবু বানিয়ে ছাউনি করেছিল। সেখানে দেখছিলাম, ওরা চেয়ারে বসে করেয়কজন চা খাচ্ছে আর হাসি তামাসা ও আনন্দ উল্লাসে ফেটে পড়ছে।

প্রশ্ন : লোকগুলোকে হলের ভিতর থেকে কিভাবে আনা হচ্ছিল?

উত্তর : যাদেরকে আমার চোখের সামনে মারা হয়েছে ও যাদের মারার ছবি আমার ক্যামেরায় রয়েছে। তাদের দিয়ে প্রথমে হলের ভিতর থেকে মৃতদেহ বের করে আনা হচ্ছিল। মৃতদেহগুলি এনে সব এক জায়গায় জমা করা হচ্ছিল। এবং ওদেরকে দিয়ে লেবারের কাজ করাবার পরে আবার ওদেরকেই লাইনে দাঁড় করিয়ে এক সারিতে গুলি করে হত্যা করা হয়েছে। মনে হচ্ছিল একটা করে পড়ে যাচ্ছে।

প্রশ্ন : জমা করা মৃতদেহের সংখ্যা দেখে আপনার ধারণায় কতগুলো হবে বলে মনে হয়েছিল?

উত্তর : আমার মনে হয় প্রায় ৭০/৮০ জনের মৃতদেহ এক জায়গায় জমা করা হয়েছিল।

প্রশ্ন : আপনার কি মনে হয় যে ওগুলো সবই ছাত্রদের মৃতদেহ?

উত্তর : আমার মনে হয় ছাত্র ছাড়াও হলের মালি, দারোয়ান, বাবুর্চি এদেরকেও একই সাথে গুলি করা হয়েছে। তবে অনেক ভালো কাপড়চোপড় পরা বয়সী দেখে আবার মনে হয় তারা ছাত্রদের গেষ্ট হিসাবে হলে থাকছিল।

প্রশ্ন : আপনি কি দেখেছেন যে কাউকে গুলী না করে ছেড়ে দেয়া হয়েছে?

উত্তর : না তবে লাইনে দাঁড় করাবার পরে যে খান সেনাটিকে গুলী করার নির্দেশ দেয়া হচ্ছিল সে তখন পিছনে তার অফিসারের দিকে মুহূর্তের জন্য তাকিয়ে ছিল এই ফাঁকে দু'জন লোক সামনে স্তুপ করা মৃতদেহ গুলীর মধ্যে শুয়ে পড়ল। আর বাকিগুলোকে গুলি করে মারা হলো। গুলী করে যখন খান সেনারা সবাই কয়েক ঘন্টার জন্য এলাকা ছেড়ে চলে গেল সেই ফাঁকে ঐ দু'জন উঠে প্রাণ ভয়ে পালাতে লাগলো। পরবর্তীকালে তাদের একজন আমার বাসায় এসে আশ্রয় নিয়েছিল। সে একজন ছাত্রের অতিথি হিসাবে হলে থাকছিল। ঢাকায় এসেছিল চাকরীর ইন্টারভিউ দিতে।

প্রশ্ন : আপনি কি আপনার ইচ্ছা মত সব ছবি তুলতে পেরেছিলেন?

উত্তর : না, আমি আগেই বলেছি যে আমি থেমে থেমে তুলছিলাম, পাছে টেপ ফুরিয়ে যায়। তাই আমি সব ছবি তুলতে পারিনি বলে আমারও ভীষণ দুঃখ হচ্ছে। কারণ পরে যখন বুলডোজার দিয়ে সব লাশগুলোকে ঠেলে গর্তে ফেলা হচ্ছিল সে ছবি আমি তুলতে পরিনি। করণ ওরা কিছুক্ষণের জন্যে চলে যাবার পরপরই আমার পরিবারের সদস্যদের জীবনের নিরাপত্তার কথা চিন্তা করে আমাকে বাসা ছেড়ে চলে যেতে হয়েছিল।

প্রশ্ন : আপনি কি টেপ সাথে করে নিয়ে গিয়েছিলেন?

উত্তর : না আমি সাথে নেয়াটা আরো বিপদের ঝুঁকি বলে মনে করে বাসায়ই যত্ন সহকারে রেখে যাই। আর এ ঘটনা আমার স্ত্রী ছাড়া আর কেউ জানত না। বাইরে নিয়ে গেলে হয়তো অনেকেই জেনে ফেলত এবং আজকে এই মূল্যবান দলিল আমি দেশবাসীর সামনে পেশ করতে পারতাম না।

প্রশ্ন : আপনি কখন এই টেপ সবার সামনে প্রকাশ করলেন?

উত্তর যুদ্ধ চলাকালীন নয় মাস প্রতিদিন প্রতিমুহূর্তে আমার আতঙ্কের মধ্যে কেটেছে। কখন কে জেনে ফেলে। কখন আমি ধরা পড়ে যাই বা কখন এটা এসে নিয়ে যায়। এমনি মানসিক যন্ত্রণায় আমি ভুগছিলাম। যাহোক দেশ স্বাধীন হবার পরে ১৭ই ডিসেম্বর-এর দিকে আমি আস্তে আস্তে প্রকাশ করলাম আমার এই গোপন দলিলের কথা এবং ২/৩ দিন পরেই এটা আমি সবাইকে জানালাম ও কয়েকদিন পরে আমাদের বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক ও অন্যান্যদের এটা দেখালাম। এ খবর শুনে অনেক বিদেশী সাংবাদিক আমার কাছে বহু টাকার বিনিময়ে এই দলিলের অরজিনাল কপি অর্থাৎ আসল টেপ চাইলেন।

প্রশ্ন : আপনি কি রাজি হলেন?

উত্তর : আমার রাজি হবার প্রশ্ন ওঠে না। অরিজিনাল কপি আমি হারালে সেটা আমার দেশের জন্য বিরাট ক্ষতি হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় : নির্যাতনের এক অধ্যায়

বাংলার মানস সন্তানকে বিনাশ করতে কুখ্যাত পাক সামরিক চক্র ও তাদের অনুগ্রহলোভী সহযোগীরা যে ব্যাপক চক্রান্তে লিপ্ত হয় তার অন্যতম নিদর্শন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নির্যাতন। ২৫শে মার্চ রাত্রির নির্বিচারে হত্যা থেকে শুরু করে কয়েক পর্যায়ে এই নির্যাতন সংঘটিত হয় এবং ক্রমেই তা এক সুসংহত রূপ লাভ করে। ফলে বিশ্ববিদ্যালয়ের স্বাধীন চিন্তার অনুসারী ও খুনি সরকারের তোষামোদবিরোধী প্রতিটি শিক্ষক তাদের রোষানলে পতিত হয় ও শেষ আঘাতে ডিসেম্বরের মাঝামাঝি তাদের সবাইকে হত্যা করার এক পরিকল্পনা করা হয়।

কিন্তু বেশ কিছুসংখ্যক শিক্ষক আগেই দেশত্যাগ করায় ও পাক বাহিনীর আকস্মিক পরাজয় বরণে এই মহা পরিকল্পনার অংশবিশেষ মাত্র কার্যকরী হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নির্যাতনের একটি চিত্র নিচে দেওয়া গেল।

মার্চ-এপ্রিলে যাদের হত্যা করা হয়। ১৯৭১ সালের ২৬শে মার্চ ও তার কাছাকাছি সময়ে যাদের হত্যা করা হয়েছিল তারা হলেন- ১। ডঃ গবিন্দ চন্দ্র দেব, (দর্শন), ২। অধ্যক্ষ এ, এন, এম মনিরুজ্জামান (সংখ্যাতত্ত্ব) ৩। ডঃ জ্যোতির্ময় গুহঠাকুরতা (ইংরেজী), ৪। ডঃ ফজলুর রহমান খান (মৃত্তিকা বিজ্ঞান), ৫। জনাব এ, মুকতাদির (ভূবিদ্যা), ৬। জনাব শরাফত আলী (অংক), ৭। জনাব এ, আর, কে, খাদেম (পদার্থ বিদ্যা), ৮। শ্রী অনুদ্বেপায়ন ভট্টাচার্য (ফলিত পদার্থ বিদ্যা), ৯। জনাব এম, সাদাত আলী (শিক্ষা গবেষণা), ১০। জনাব এম, এ, সাদেক (শিক্ষা ও গবেষণা)।

চাকুরী থেকে বরখাস্ত

পাকিস্তানী হানাদারেরা কয়েকজন শিক্ষককে চাকুরী থেকে বরখাস্ত করে। তারা হচ্ছেন- ১। ডঃ এ, বি, এম, হাবিবুল্লাহ (ইসলামে ইতিহাস) ২। ডঃ এনামুল হক (বাংলা)। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেটের সদস্যপদ থেকে বহিস্কৃত হন-১। ডঃ এনামুল হক, ও ২। ডঃ কুদরত-ই-খুদা। যাদেরকে গ্রেফতার করা হয় ও রমনা হাজতে, দ্বিতীয় রাজধানীতে অবস্থিত পিওডব্লিউ কেজ ও ঢাকা সেন্ট্রাল জেলে রাখা হয় তারা হচ্ছেন- ১। ডঃ আবুল খয়ের (ইতিহাস-), ২। জনাব রফিকুল ইসলাম (বাংলা), ৩। জনাব আহসানুল হক (ইংরেজী), ৪। জনাব সাদউদ্দিন (সমাজ বিজ্ঞান), ৫। জনাব শহিদুল্লাহ (অঙ্ক), ৬। জনাব রাশিদুল হাসান (ইংরেজী)।

যাদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করা হয় কিন্তু আত্মগোপন করে অথবা দেশ ত্যাগ করে বাঁচেন তারা হচ্ছেন ১। ডঃ আহমদ শরিফ (বাংলা), ২। ডঃ ওয়াজিউর রহমান। যাদের অর্ধেক সম্পত্তি বাজেয়াফত করণসহ ১৪ বছর সশ্রম কারাদণ্ড দেয় হয়। ১। জনাব আবদুর রাজ্জাক (রাষ্ট্র বিজ্ঞান), ২। ডঃ মোজাফফর আহমদ চৌধুরী (রাষ্ট্র বিজ্ঞান), ৩। ডঃ সারওয়ার মুরশিদ (ইংরেজী)।

চাকুরী থেকে বরখাস্ত ও আটক রাখার আদেশ প্রাপ্ত ১। ডঃ মোহাম্মদ মনিরুজ্জামান (বাংলা)।

যাদেরকে সরকারীভাবে সাবধান করে দেয়া হয়। ১। অধ্যক্ষ মুনির চৌধুরী (বাংলা), ২। ডঃ নীলিমা ইব্রাহীম (বাংলা), ৩। ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী (ইংরেজী), যে সমস্ত হাউস টিউটরকে জেরার জন্য ক্যান্টনমেন্টে নেওয়া হয় ১। জনাব গিয়াসউদ্দিন আহমদ (মহসিন হল), ২। জনাব জহুরুল হক (মহসিন হল)।

১৪ই ডিসেম্বর আল বদর কর্তৃক ধৃত হয়ে যারা নিহত হন- ১। অধ্যক্ষ মুনির চৌধুরী (বাংলা), ২। জনাব মোফাজ্জল হায়দার চৌধুরী (বাংলা), ৩। জনাব আনোয়ার পাশা ৪। ডঃ আবুল খায়ের (ইতিহাস), ৫। মিঃ সন্তোষ ভট্টাচার্য (ইতিহাস), ৬। জনাব গিয়াসউদ্দিন আহমদ (ইতিহাস), ৭। জনাব রাশিদুল হাসান (ইংরেজী), ডঃ ফয়জুল মহী (শিক্ষা ও গবেষণা)।

আল বদর যাদের খুঁজে পায়নি- ১। ডঃ নীলিমা ইব্রাহীম (বাংলা), ২। ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী (ইংরেজী), ৩। জনাব আহসানুল হক (ইংরেজী), ৪। জনাব সাদউদ্দিন (সমাজবিজ্ঞান), ৫। ডঃ মনিরুজ্জামান মিয় (ভূগোল), ৬। জনাব শহিদুল্লাহ (অংক), ৭। জনাব ওয়াকিল আহমদ (বাংলা), ৮। ডঃ আখতার আহমদ (শিক্ষা ও গবেষনা), ৯। জনাব জহুরুল হক (দর্শন), ১০। ডঃ এস ইসলাম (ইঃ ইতিহাস), ১১। ডঃ লতিফ (শিক্ষা ও গবেষণা)। এদের অনুসন্ধান করা ছাড়াও এদের উপর হামলার প্রমাণ পাওয়া যায় আল বদর সদস্য আসরাফুজ্জামান খানের ডাইরিতে। (পূর্বদেশ ১১ ই জানুয়ারী ১৯৭২)। আল-বদর আরো যাদের খোঁজ করেছিল, তারা হচ্ছেন- ১২। জনাব আবদুল হাই (দর্শন), ১৩। ডঃ এম, আর, তরফদার (ই, ইতিহাস), ১৪। জনাব রফিকুল ইসলাম (বাংলা), ১৫। ডঃ তরিমত হোসেন (ভূতত্ত্ব) ইত্যাদি।

যাঁরা দেশ ত্যাগ করেন-

১। ডঃ সরোয়ার মুরশেদ (ইংরেজী ২। ডঃ আনিসুর রহমান (অর্থনীতি), ৩। জনাব রহমান সোবহান (অর্থনীতি), ৪। ডঃ ওয়াহিদুল হক (অর্থনীতি), ৫। ডঃ মোজাফফর আহমেদ চৌধুরী (রাষ্ট্র বিজ্ঞান), ৬। ডঃ এ, বি, এম হাবিবুল্লাহ (ই, ইতিহাস), ৭। ডঃ অজয় রায় (পদার্থ বিদ্যা), ৮। জনাব নূর মোহম্মদ মিয়া (রাষ্ট্র বিজ্ঞান), ৯। ডঃ বেলায়েত হোসেন (পদার্থ বিদ্যা), ১০।। ডঃ জিল্লুর রহমান খান (রাষ্ট্র বিজ্ঞান), ১১। জনাব আবদুল মান্নান চৌধুরী (বানিজ্য), ১২। মিসেস সুলতানা সরওয়াত আরা (মনস্তত্ত্ব), ১৩। জনাব জয়নুল আবদীন (রাষ্ট্র বিজ্ঞান), ১৪। মিসেস রাজিয়া খান আমিন (ইংরেজী), ১৫। ডঃ ওয়াজিউর রহমান (শিক্ষা ও গবেষণা), ১৬। ডঃ রওনক জাহান (রাষ্ট্র বিজ্ঞান), ১৭। ডঃ জহুরুল আনোয়ার (ফলিত পদার্থ বিদ্যা), ১৮। শ্রী জয়কুমার সরোজী (পদার্থ বিদ্যা), ১৯। শ্রী দুর্গাদাস ভট্টাচার্য (বাণিজ্য) , ২০। ডঃ এ টি রফিকুর রহমান (রাষ্ট্র বিজ্ঞান), ২১। শ্রী রংগলাল সেন (সমাজ বিজ্ঞান) ও আরো অনেকে।

দৈনিক বাংলা, ৮ ফেব্রুয়ারী ১৯৭২।

পঁচিশে মার্চে জগন্নাথ হলের সেই ভয়াল রাতের স্মৃতি

\ কালী রাঞ্জন শীল \

একাত্তরের পঁচিশে মার্চ দিনটির কথা ভাবতেই আমার গায়ে কাঁটা ওঠে। প্রতি বছর মার্চ মাসে আসে আর মনে পড়ে পঁচিশে মার্চের সেই ভয়াল রাতটির কথা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের উপর পাক

বাহিনীর বর্বর হামলার আমি একজন প্রত্যক্ষ সাক্ষী। এখনও মাঝে মাঝে বিশ্বাস হয় না। একি সত্যি, না স্বপ্ন, না কোন ঘোরের মধ্যে সে সময়টা কাটিয়েছি। আমি থাকতাম জগন্নাথ হলের দক্ষিণ ভবনের দ্বিতলে, ২৩৫ নং কক্ষে। মার্চের শুরুতেই ঢাকা শহর উত্তপ্ত ছিল। ঘটনা প্রবাহ খুব দ্রুত গতিতে এগুচ্ছিল। সকালে ঘুম থেকে উঠেই মানুষ নতুন নতুন খবর শোনার জন্য উন্মুখ হয়ে থাকতো। শহরে নানা রকম জল্পনা-কল্পনার মধ্যে ঐ দিনটিও গড়িয়ে যাচ্ছিল। আমিও সমস্ত দিন মিটিং, প্যারেড মিছিল করে রাত ১১টার দিকে হলে ফিরলাম। খেয়ে ঘুমিয়ে পড়েছিলাম অল্পক্ষণের মধ্যে। হঠাৎ মাথার কাছাকাছি বোমার এক বিকট শব্দে ঘুম ভেঙে গেল। সজাগ হয়েই শুনি চতুর্দিকে শুধু গগনবিদারী টর টর পর শব্দ আর মাঝে মাঝে সে শব্দকে ছপিয়ে গুর গুর গুরুম শব্দ এবং দালান কোঠা কেঁপে কেঁপে উঠছিল। মনে হচ্ছিল হলের পুরান দালান বুঝি এক্ষুণি ভেঙে পড়বে। এমন গোলাগুলির শব্দ জীবনে শুনিনি, কল্পনাও করতে পারিনি। এই অবস্থার মধ্যে পড়ে প্রথমে একটু ঘাবড়িয়ে গেলাম। কি করা দরকার বুঝতে কষ্ট হচ্ছিল। সঠিক কিছু স্থির করতে না পেরে রুম থেকে বেরিয়ে পড়লাম। নুয়ে নুয়ে দক্ষিণ দিকের সিড়ি বেয়ে তিন তলায় উঠলাম। সেখানে সিঁড়ির কাছে আরো কয়েকজন ছাত্র জড়ো হয়েছিল আগেই। সুশীলকে খুঁজলাম। দেখলাম তিন তলার সিঁড়ির কাছে তার রুম তালা বদ্ধ। সুশীল ছিল আমাদের হলের সহ-সম্পাদক। পরে শুনেছি সে গুলাগুলির শুরুতেই মেইন বিল্ডিং (উত্তর ভবন)-এ চলে গিয়েছিল এবং সেখানে মারা গেছে। কেউ কেউ ছাদে ওঠার কথা বললো আমাকে। কিন্তু তাদের কাছ থেকে আমি তিন তলার বারান্দা দিয়ে নুয়ে নুয়ে উত্তর দিকে লেট্রিন ও বাথরুমের কাছে গেলাম। দেখি উত্তর বাড়ীর সমস্ত আলো নিভানো। মিলিটারী হলে ঢুকে টর্চের আলোতে ছাত্রদের খুঁজে খুঁজে বের করে এনে সামনের মাঠে শহীদ মিনারের কাছে গুলি করে মারছে। এক একটা ব্রাশ ফায়ার করছে আর চিৎকার করে কতগুলি তাজা প্রাণ শেষ নিশ্বাস ত্যাগ করছিল। কেউ দৌড়ে পালাতে চেষ্ট করতেই তাকে সে অবস্থায় গুলি করে মারছে। এখনও ভাবতে পারি না এ দৃশ্য এতো বাস্তব ও জীবন্ত, তবুও মনে হয় স্বপ্ন। মাঝে মাঝে দালানের উপর ভারী কামানের গোলাবর্ষণ হচ্ছে। কোন কোনো স্থানে আগুন লাগিয়ে দিচ্ছে। এক সময় এসেম্বলির সামনে ডাইনিং হলটি জ্বলতে দেখলাম। উত্তর বাড়ীর কয়েকটি বাড়ীর কয়েকটি রুমেও আগুন দেখলাম। মাঝে মাঝে উপর থেকে নীচে সবুজ ও লাল রং-এর আলোর গোলা নামতে দেখছি। তখন চতুর্দিক আলোকিত হয়ে উঠছিল। আর সেই আলোতে দেখা গেল উত্তর বাড়ীর সামনের মাঠে শত শত মিলিটারী মেশিনগান ও ভারী কামানের গোলাগুলি বর্ষণ করছে নির্বিচারে। এক সময় দেখলাম এক একটি গাড়ির বহর হেড লাইট বন্ধ করে থেকে যাচ্ছে। অনেকক্ষণ থেকে আবার চলে যাচ্ছে। সম্ভবতঃ দেখে নিচ্ছে ঠিক ঠিক গুলি হচ্ছে কিনা, মানুষ মরছে কিনা। হঠাৎ এক সময়ে দেখা গেলো সলিমুল্লাহ হলের দিক থেকে ৪০/৫০ জন মিলিটারী দক্ষিণ বাড়ীর ঘরের দিকে এলো এবং দরজা ভেঙে খাবার ঘরে ঢুকল। খাবার ঘরের আলো জলল এবং এলোপাতাড়ি জানালা কবাটের উপর গুলি ছুড়তে লাগলো। কয়েকজন চীৎকার করে মারা গেলো বুঝতে পারলাম। এক সময় দক্ষিণ বাড়ীর দারোয়ান প্রিয়নাথকে দিয়ে বেরিয়ে এলো মেশিনগানের মুখে। তাঁকে দিয়ে মেইন গেট পশ্চিমদি দিক দিয়ে খুলিয়ে ঢুকে পড়লো হলের মধ্যে। তখন আর আমি মিলিটারীদের দেখতে পাচ্ছিলাম না আমি প্রথমে লেট্রিনে ও সেখান থেকে জানালা পেরিয়ে তিন তলার কার্ণিশে গেলাম ও শুয়ে পরলাম। সেখানে কয়েকটি শাল গাছ ছিল। একটি মোটা ডাল (শাখা) কার্নিশের কাছে নুয়ে ছিল। একবার ভাবলাম গাছে উঠি। শেষ পর্যন্ত গাছে না উঠে কার্নিশেই শুয়ে থাকলাম। হলের মধ্য তখন শুধু গুলির শব্দ আর চীৎকার শোন যাচ্ছিল। একতলা, দোতলা করে এভাবে ওরা তিন তলায় উঠল বুঝলাম। এক সময় আমার কাছেই কয়েকটি গুলির শব্দ হল। আমার মাথা সোজা দেয়ালের বিপরীত দিকে একটা লোক গোঙ্গাচ্ছে শুনতে পেলাম। আমি তখন ভাবছি কখন আমাকে সেখান থেকে বের করে নিয়ে আসে। কিন্তু আমাকে ওরা দেখেনি বুঝতে পারলাম। বুঝলাম ওরা নেমে গেল। নীচ থেকে 'ফরিদ' বলে ডাক দিল। একজন সৈন্য সাড়া দিয়ে দৌড়ে নেমে গেল। যেভাবে ছিলাম সেভাবে শুয়ে থাকলাম কিছু সময় । এক সময় কার্নিশ থেকে উঠে আবার লেট্রিনে ঢুকলাম এবং সেখান থেকে উত্তর বাড়ী, তার সামনের

মাঠ ও সলিমুল্লাহ হলের যে অংশ দেখা যাচ্ছিল সেখানে তাণ্ডবলীলা দেখতে লাগলাম আর কখন এসে আমাকে ধরে নিয়ে গুলি করবে সেই মুহূর্ত গুনতে লাগলাম। এক সময় দেখা গেলো সলিমুল্লাহ হলের দিকে আগুন। সলিমুল্লাহ হলের দক্ষিণ পূর্ব কোণের বড় একটি গাছেও আগুন জ্বলতে দেখলাম। মাঝে মাঝে উত্তর বাড়ীর পশ্চিম দিকের আকাশ লাল হয়ে উঠছিল। আর বুঝতে পারছিলাম ঐ দিকের কোথাও আগুন লাগিয়েছে পাক সেনারা। বাইরের মতো হলের মধ্যেও চলল সমস্ত রাত গোলাগুলি আর আগুন।

এক সময় কোন একদিকে আজানের শব্দ শুনতে পেলাম। কিছুক্ষণের মধ্য আরো কয়েকদিকে আজান শোনা গেল। মনে হলো আজানের এমন করুণ সুর এত বিষণ্ণ সুর আর কোনো দিন শুনিনি। গোলাগুলির শব্দ হঠাৎ বন্ধ হয়ে গেলো কিন্তু বন্ধ ছিল মুহূর্তের জন্য মাত্র। আবার চলল গোলাগুলি পুরোদমে। ভোরের দিকে মাইকে কারফিউ জারির ঘোষণা শুনলাম। তখন ভাবলাম বেলা হলে বোধ হয় এমন নির্বিচারে আর মারবে না। কিন্তু একটু ফর্সা হয়ে যেতেই দেখা গেলো এখানে সেখানে পালিয়ে থাকা ছাত্রদের ধরে এনে গুলি করছে। যেন দেখতে না পায় আমাকে এভাবেই মাথা নিচু করে লেট্রিনের মধ্য বসে রইলাম।

বেলা হল। এক সময় আমার কাছাকাছি বারান্দায় অনেকের কথা শুনতে পেলাম। ছাত্ররা কথা বলছে তা নিশ্চিত হয়ে আমি লেট্রিনের দরজা খুলে বেরুলাম। বেরিয়ে দেখি সিঁড়ি মাথায় মেশিন গান তাক করে মিলিটারী দাঁড়িয়ে আছে আর কয়েকজন ছাত্র একটি লাশ ধরাধরি করে নামাবার চেষ্টা করছে। রাতে আমার মাথার কাছে দেওয়ালের ওপাশে যে গোঙ্গাচ্ছিল এটা তারই লাশ। এবং সে আর কেউ নয়, আমাদের হলের দারোয়ান, সবার প্রিয় প্রিয়নাথ দা। তাঁকে দিয়ে মেশিনগানের মুখে সব পথ দেখে নিয়ে নামার মুহূর্তে এখানে গুলি করে রেখে গেছে। আমিও আর নিষ্কৃতি পেলাম না।

আমাকেও ধরতে হলো লাশ। তিন তলা থেকে দোতলা, সেখান থেকে একতলা দক্ষিণ দিকের ভাঙা গেইট দিয়ে ব্যাংকের (এখন যেটা সুধীরের কেন্টিন ওটা ছিল ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান) উত্তর পাশে নিয়ে রাখলাম। আরো লাশ জড়ো করা হলো সেখানে। ওখানে আমাদের বসার নির্দেশ দিল একজন পাক সেনা।

তখন ছিলাম আমরা কয়েকজন ছাত্র, কয়েকজন মালী, লন্ড্রির কয়েকজন দারোয়ান গয়ানাথের দুই ছেলে শংকর ও তার বড় ভাই, আর সবাই ছিল সুইপার। লাশগুলো পাশ ঘিরে আমরা সবাই বসেছিলাম। সুইপারগুলো তাদের ভাষায় মিলিটারীদের কাছে অনুরোধ করছিল ওদের ছেড়ে দেয়ার জন্য। বলছিল ওরা বাঙালী নয়। সুতুরাং ওদের কি দোষ? একজন মিলিটারী ওদের আলাদা হয়ে বসতে বললো আমাদের কাছ থেকে। ওদের নিয়ে কয়েকজন মিলিটারী সোজা উত্তর বাড়ী মাঠে চলে গেলো। ভাবলাম ওদের ছেড়ে দেবে। আমাদের আবার ঐ লাশগুলো বহন করতে আদেশ দিল। লাশগুলি নিয়ে এ্যাসেমব্লির সামনের রাস্তা দিয়ে সোজা পূর্ব দিকের গেটের বাইরে চলে গেলাম। গেটের বাইরে দক্ষিণ পাশে একটি বড় গাছের গোড়ায় জড়ো করলাম লাশগুলো। এই সময় আমাদের সাথে প্রায় সমানসংখ্যক মিলিটারী ছিল। এবং তারা সবাই ছিল আধুনিক অস্ত্রে সজ্জিত। ওখানে যেয়ে মিলিটারীরা দাঁড়ালো অনেকক্ষণ। একজন সিগারেট বের করে দিল সবাইকে। আমাদের কেউ বসে, কেউ শুয়ে থাকলো। আমিও কাত হয়ে ছিলাম গাছের শিকড়ের উপর। এইখানে পাক সেনারা আমাদের উদ্দেশ্যে বিশ্রী ও অকথ্য ভাষায় ক্রমাগত গালাগালি করছিল। যতোটা বুঝতে পারছিলাম তাতে বুঝলাম, শালা! বাংলাদেশ স্বাধীন করিয়ে দেবো; বল শালারা জয় বাংলা। শেখ মুজিবকেও বাংলাদেশ স্বাধীন করিয়ে দেবো। আরো নানা অশ্লীল গালাগালি দিচ্ছিলো। এ সময় একটি গাড়ীর বহর রেস কোর্সের দিক থেকে এসে ওখানে থামল। আমাদের সাথের মিলিটারীর একজন সামনের একটি জীপের কাছে গেলো। তাকে কিছু নির্দেশ দেয়া হলো বুঝলাম।

সেখান থেকে আমাদের কয়েকটি ভাগে ভাগ করে বিভিন্ন দিকে নিয়ে গেলো লাশ বয়ে আনতে। আমাদের অংশটিকে নিয়ে গেলো ডঃ গুহ ঠাকুরদা যে কোয়ার্টারে থাকতেন সেই দিকে। সেই বিল্ডিং-এর সিঁড়ির কাছে অনেকগুলি লাশ পড়ে ছিল, সিঁড়ির কাছে এনে গুলি করেছে বোঝা গেল। একটি লাশ দেখলাম সাদা পাজামা পাঞ্জাবী পরা, মাথায় টুপি, পাতলা চেহারা। সেখান থেকে নিয়ে গেলো দোতলা, তিনতলা ও চারতলায় লাশ বয়ে আনতে। প্রতিটি তলায় ওরা খোঁজ নিচ্ছিল কোন জীবিত প্রাণী আছে কিনা। আর খুঁজছিল দামী মালামাল, ঘড়ি, সোনাদানা ইত্যাদি। চারতলায় একটি রুমে ঢুকতে পারছিল না। কারণ রুমের দরজা বন্ধ ছিল ভিতর থেকে। দরজা ওরা ভেঙ্গে ফেলল। ঢুকে কাউকেই পাওয়া গেল না। কতকগুলি এলোমেলো কাপড়-চোপড়, বিছানাপত্র ছাড়া কিছুই ছিল না সেখানে। একজনকে ছাদে উঠে কালো পতাকা ও স্বাধীন বাংলার পতাকা নামাতে বলল। পতাকা নামিয়ে আনলে মিলিটারীদের একজন নিয়ে নিলো সেগুলো। আমাদের নীচে নামতে বলল। নীচে নামলাম আমরা। সিঁড়ির কাছের লাশগুলি নিতে বলল। অনেক লাশ রাস্তায় আগেই জমা করা ছিল। বয়ে আনা লাশগুলিও জড়ো করলাম এগুলির পাশে। পরে নিয়া গেলো ঐ বিল্ডিং এর সামনে দোতলা বাংলো বাড়ীটিতে (তখনকার এস এম হলের প্রভোস্টের বাড়ী)। সামনে দিয়ে ঢুকতে না পেরে পিছন দিয়ে ঢুকলাম ঐ বাড়ীতে। নীচতলা, দোতলার সবগুলি রুমেই খুঁজলাম। এলোমেলো কাপড়-চোপড় সুটকেস, বাক্স, খোলা ফ্যান ছাড়া কিছুই দেখা গেল না সেখানে। মিলিটারীরা দামী জিনিসপত্র খুঁজে খুঁজে নিয়ে নিলো। কোন লাশ কিংবা রক্তের দাগ ছিল না ঐ দালানে। নেমে আসলাম আমরা সবাই এবং জড়ো হলাম আবার লাশের কাছে। মিলিটারীরা কালো পতাকা ও স্বাধীন বাংলার পতাকা পোড়ালো।

আমাদের আবার লাশ নিতে বললো। রাস্তা দিয়ে সোজা উত্তর দিকে অধ্যাপক গোবিন্দ দেবের বাসার সম্মুখ দিয়ে ইউওটিসি বিল্ডংয়ের সামনের জগন্নাথ হলের মাঠের পূর্ব দিকের ভাঙা দেওয়াল দিয়ে ঢুকতে বলল। হলের মেইন বিল্ডিংয়ের সামনে শহীদ মিনারের সংলগ্ন লাশগুলির কাছে জড়ো করতে লাগলাম লাশগুলি। লাশ যখন নিচ্ছিলাম তখন দেখলাম ডঃ দেবের বাসা থেকে বের করে নিয়ে আসছে সেলাইর মেশিন ও অন্যান্য ছোটখাটো রাস্তার তিন মাথায় অনেকগুলি মর্টার চতুর্দিকে তাক করে রেখেছিল।

দুজন তিনজন করে আমরা এক একটা লাশ বহন করছিলাম। কোন জায়গায় বসলে কিংবা ধীরে হাঁটলে গুলি করার জন্য তেড়ে আসছিল। সব সময়ই আমরা গা ঘেঁষে বসছিলাম ও চলছিলাম।

কতগুলো লাশ এভাবে বহন করেছি মনে নেই। শেষ যে লাশটা টেনে ছিলাম তা ছিল দারোয়ান সুনীলের। তার শরীর তখনও গরম ছিল। অবশ্য রৌদ্রে থাকার জন্যও হতে পারে। লাশ নিয়ে মাঠের মাঝামাঝি যেতেই হঠাৎ কতকগুলি মেয়েলোক চিৎকার করে উঠলো দেখি মাঠের দক্ষিণ দিকের বস্তিটির মেয়েছেলেরা মাঠের দিকে দাঁড় করিয়েছে গুলি করার জন্য। এই সব সুইপারদেরই ব্যাংকের কাছে আমাদের থেকে আলাদা করে মাঠে নিয়ে এসেছিলো ওরা। সুইপারদের গুলি করে মারছে আর ঐ ছেলেমেয়েরা চিৎকার করছে এবং ছুটে যেতে চাচ্ছে ওদিকে। বুঝলাম এবার আমাদের পালা। আমাদের আগে যারা লাশ নিয়ে পৌঁছেছিল তাদেরও দাঁড় করিয়েছে। । তাদের মধ্যে একজন খুব জোরে জোরে শব্দ করে কোরআনের আয়াত পড়ছিল। ব্যাংকের কাছে যখন বসে ছিলাম তখন জেনেছি এই ছেলেটি জগন্নাথ কলেজের ছাত্র। কিশোরগঞ্জে ছিলো তার বাড়ী। আগের দিন বিকালে আর এক বন্ধুসহ এসে উঠেছিল তার হলের এক বন্ধুর রুমে। গুলি করল তাদের সবাইকে। আমরা কোন রকমে দুজনে লাশটা টানতে টানতে নিয়ে এসেছি। সামনেই দেখি ডঃ গোবিন্দ দেবের মৃতদেহ। ধুতি পরা, খালি গা। ক্ষতবিক্ষত ও বিকৃত সারা শরীর। পশ্চিম দিকে মাথা দিয়ে ফেলে রাখা হয়েছে। আমার সাথে যে ছেলেটি লাশ টানছিল সে গবিন্দ দেবের লাশটি দেখে বলল 'দেবকেও মেরেছে! তবে আমাদের আর মরতে ভয় কি? কি ভেবে, আমি দেবের লাশের পশ্চিম পাশ ঘেঁষে সুনীলের লাশসহ শুয়ে পড়লাম। নিশ্চিত মৃত্যুর মুখে দাঁড়িয়ে থাকার অবস্থা থাকার অবস্থা তখন আমার ছিল না। চোখ বুজে পড়ে থেকে ভাবছিলাম এই বুঝি লাথি মেরে তুলে গুলি

করবে। এক সময় ভাবছিলাম তবে কি আমাকে গুলি করেছে, আমার তখন অনুভূতি নেই। কি হচ্ছিল বুঝতে পারছিলাম না। এই মড়ার মত অবস্থায় কতক্ষণ কেটেছে বলতে পারি না। এক সময় আমার মাথার কাছে মেয়ে-ছেলেদের ও বচ্চাদের কান্না শুনতে পেলাম। চোখ খুলে দেখি সুইপার, দারোয়ান ও মালিদের বাচ্চারা ও মেয়ে-ছেলেগুলি মৃত স্বামী কিংবা ছেলেকে জড়িয়ে ধরে কান্নাকাটি করছে। তখনও অনেকে মরেনি। কেউ পানি চাচ্ছে তাদের কেউ কেউ পানি খাওয়াচ্ছে। এই সময় দেখলাম কে একজন গুলি খেয়েও হামাগুড়ি দিয়ে শহীদ মিনারের পাশ দিয়ে এগিয়ে যাচ্ছে। মাথা তুলে দেখি যেদিকে মিলিটারীর গাড়ী ও অসংখ্য মিলিটারী ছিল সেদিকে কোন গাড়ী বা মিলিটারী নেই। চতুর্দিকে একনজর দেখে নিয়ে মেয়ে- ছেলে ও বাচ্চাদের মধ্য দিয়ে নুয়ে নুয়ে বস্তির মধ্যে গেলাম। প্রথমে গিয়ে ঢুকি চিৎবালীর ঘরে। চিৎবালী ঘরে ছিল না। এক মহিলা ভয়ে কাঁপছিল। তাঁর কাছে পানি খেতে চাইলে সে একটি ঘটি দেখিয়ে দিল। পানি খেয়ে ওর ঘরের কোণে যে ঘুঁটে ছিল তার নীচে লুকিয়ে থাকতে চাইলাম। মহিলাটি আমাকে তক্ষুনি সরে যেতে বলল। তখন আমি বস্তির পাশের লেট্রিনে ঢুকে পড়ি।

এই সময়ে রাজরবাগের দিকে গোলাগুলি হচ্ছিল। এক একটা প্রচণ্ড শব্দ। থেমে থেমে গোলাবর্ষণ হচ্ছিল। একটু বাদেই দু'টি প্লেন উড়ে গেলো বুঝতে পারলাম। এভাবে অনেক্ষণ কাটালাম সেখানে।

এক সময় একটা লোক এসে লেট্রিনের দরজা নাড়া দিল। দরজায় নাড়া শুনে ভাবলাম এইবার শেষ। মিলিটারী নিশ্চই এসেছে। খুলে দেখি একটি লোক, মিলিটারী নয়। লোকটি বলল তার নাম ঈদু। পুরনো বই বিক্রি করে রাস্তার ওপারে। বলল, হলে এসেছিল মেয়েদের মিটফোর্ড হাসপাতালে নিয়ে যেতে। আমি আছে শুনে আমাকেও নিয়ে যাবে। প্রথমে যেতে চাইনি। বুঝতে পারছিলাম না কি করব। বলল, সে সাথে যাবে। রাস্তা এখন পরিস্কার- কেনা মিলিটারী নেই। গায়ে সেই চাপ চাপ রক্ত নিয়ে ওর সাথে বেরিয়ে পড়লাম। বকসি বাজারের কাছ দিয়ে যেতে দেখি ওদিকে কোন মিলিটারী যায়নি। অনেকে অজু করছে নামাজ পড়ার জন্য। সেদিন ছিল শুক্রবার এবং জুমার নামাজের সময়।

ঈদু আমাকে জেলখানার পাশ দিয়ে বুড়িগঙ্গার পারে নিয়ে গেল। এক মাঝিকে অনুরোধ করায় নদী পার করে দিলো। নদীর ওপারে দেখা আমাদের হলের এক প্রাক্তন ছাত্র সুনির্মল চৌধুরীর সাথে। সে নিয়ে গেলো তার কর্মস্থল শিমুলিয়া। সেখান থেকে প্রথমে নবাবগঞ্জ ও পরে নিজগ্রাম বরিশালের ধামুরাতে চলে যাই।

সে ভয়াল রাতে জগন্নাথ হলে যে হত্যাযজ্ঞ হয়েছিল এখন সে দৃশ্য কল্পনা করলে আমার সমস্ত মানবিক অস্তিত্ব মুহূর্তে বিলুপ্ত হয়ে যায়। এখনও আমি নিজেকে বিশ্বাস করতে পারি না... অমি বেঁচে আছি। এ কি সত্যি! ভাবতে গেলে তখন সবকিছু যেন তছনছ হয়ে যায়। সব কিছুই স্বপ্নের মত মনে হয়। আমি কি কোন এক নেশার ঘোরে সেদিন হল জীবনের নিত্যসঙ্গী ও বন্ধু-বান্ধবের লাশ টেনে মাঠে নিয়ে গিয়েছিলাম। মার্চের শুরুতে এখনও মাঝে মাঝে ঐ দিনের কথা ভাবতে ভাবতে তন্ময় হয়ে যাই। সেই ঘোর এখনও আমার অস্তিত্বে তীব্র কশাঘাত করে।

'বাসন্তিকা'
হীরক জয়ন্তী সংখ্যা
জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয়
মে, ১৯৭১

শরোনাম	সুত্র	তারিখ
ঢাকা বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকায় পাক বাহিনীর হত্যাভিযান	দৈনিক বাংলা	১৯ জানুয়ারী, ১৯৭১

পঁচিশে মার্চ ও তার পরদিন
\ মনজুর হাসান \

ঘুমিয়ে পড়েছিলাম শহীদ মিনারের সামনে ৩৪ নম্বরের এক তলার ফ্লাট বাড়ীতে। আমাদের এ বিল্ডিং এর পশ্চিম দিকের তিনতলায় পরিসংখ্যান বিভাগের অধ্যক্ষ জনাব মনিরুজ্জামান সে রাত্রে বিছানায় যেয়েও ঘুমোতে পারেননি, একথা তাঁর স্ত্রীর কাছে শোনা। দিন কতক আগে এখানে রাস্তায় গাছ ফেলে যে ব্যারিকেড দেয়া হয়েছিল সেনাবাহিনীর একদল প্রথমে তা কেটে সরিয়ে দিতে আসে।

সেই সব ডালাপালা কাটার শব্দ হচ্ছিল। এর কিছু পরই পাক সৈন্যের বিশ্ববিদ্যালয় এলাকায় আক্রমণ শুরু হয়। ছাত্রাবাসগুলোর দিক থেকে সৈন্যদের গোলাগুলীর আওয়াজে মনিরুজ্জামান সাহেব অস্থির হয়ে ওঠেন এবং বদনায় পানি নিয়ে পরপর তিনবার ওজু করেন। এমন সময় জগন্নাথ হলের কাছে গর্জে ওঠে বর্বর পাক সৈন্যদের গোলার আওয়াজ।

চারপাশে গোলাগুলীর শব্দে আমার ঘুম ঙ্গে যায় এবং পর মহূর্তে বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারের পাশেই মনে হলো তোপধ্বনির আওয়াজ। আমি যে ঘরে ঘুমাতাম, তার পূর্বে বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টার, তার দক্ষিণে শহীদ মিনার। সেই আওয়াজের সঙ্গে সঙ্গে ঘর আলোকিত হয়ে উঠে মুহূর্তের জন্যে। আমি বিছানা থেকে মেঝেতে গড়িয়ে পড়ি।

আমার ছেলেটিকে আমি আর আমার স্ত্রী মেঝেতে শুইয়ে চেপে ধরি। ছোট ছেলে ভয়ে একবার শক্ত হয়ে যাচ্ছিল আর শুয়ে থেকে শুধু কাঁদছিল। আমি মেঝেতে পড়ে থেকে কয়েক মুহূর্তে চিন্তা করতে চেষ্টা করছিলাম, কি হলো? চারদিকে অনবরত গোলাগুলির শব্দ আর রাস্তা দিয়ে ভারী গাড়ী চলার শব্দ পাচ্ছিলাম। ঠিক এমন সময় জগণ্নাথ হলের পূর্ব দিকে আমাদের ৩৪নং বাড়ীর গেটের ভিতরে তিনটি মিলিটারী গাড়ী ঢোকে। তারপরই ভারী বুটের শব্দ এবং আমাদের দরজায় লাথি ও ধাক্কা শুরু হয়- 'দরজা খোল, দরজা খোল'।

ঠিক এর পরই সব ফ্লাটের দরজায় লাথি মারা আরম্ভ হয় গেছে এবং সব বাড়ীর কলিং বেলগুলো ওরা বাজাচ্ছে। মা, বোনেরা এবং ছোট ভাইটি অন্য ঘর থেকে ছুটে আমার ঘরে এলো। মা বললেন, 'বাবা' ও দিক দিয়ে দেখলাম, মিলিটারীরা বাড়ী ঘিরে ফেলেছে। আর বিল্ডিং-এর টেলিফোনের লাইনগুলো কেটে দিল। আমার ঘরে সকলকে মেঝেতে শুয়ে যেতে বললাম। মাকে বললাম 'ওরা যদি দরজা ভেঙ্গে আসে তাহলে আসুক, দরজা খুলব না আমরা।

বাড়ীতে আমার বয়সী এক আত্মিয় ছিলেন, উনি এই সময় বিল্ডিং এর ভিতরে বাঁচার আশা ত্যাগ করে বলতে লাগলেন, 'আমি জঙ্গলে ঝোপের মধ্যে যেয়ে লুকাবো' এবং ফ্ল্যাট ছেড়ে পিছন দিক দিয়ে বাইরে যেতে উদ্যত হলেন। আমি আর মা ওকে জাপটে ধরলাম। উনি বারান্দার নেট ছিঁড়ে ফেলতে উদ্যত হলেন। মা আর আমি ওকে জড়িয়ে ধরে বললাম, 'যদি আমরা মরে যাই সবাই এক সাথে মরে যাবো'।

এমন সময় দুটো সৈন্য আমাদের জানালার পাশ দিয়ে দৌড়ে এসে ফ্ল্যাটের পেছনের দরজায় দাঁড়িয়ে গেল। দরজাটি ছিল বাগানে যাবার জন্য খুব কম মজবুত একটা প্লাইউড দিয়ে বানানো দরজা। আমরা বারান্দা থেকে

মুহূর্তে ঘরে ঢুকলাম; কিন্তু আমার ঘরের দরজা লাগাবার সাহস হলো না যদি শব্দ হয়ে যায়। এর অল্প পরই সৈন্য দুটো চলে গেল পাশের পশ্চিম দিকে একতলার ফ্ল্যাটের পেছনে, সম্ভবতঃ ওদিককার দরজা খুলে ফেলার আওয়াজ শুনে। আমি দরজা লাগিয়ে দিয়ে মেঝেতে শুয়ে পড়লাম।

মৃত্যু আসন্ন মনে হলো, আমরা সকলে আল্লাহকে স্মরণ করতে লাগলাম। ততক্ষণে আমাদের দরজায় লাথি মারা থেমেছিল কিন্তু আবার শুরু হলো 'খোল খোল' আর লাথি। ভারী বুটের দুড়দাম করে সিঁড়ি দিয়ে ওঠা নামার শব্দের মাঝে জোরে শুনতে পেলাম মনিরুজ্জামান সাহেবের গলার আওয়াজ-লাইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসুলুল্লাহ। চার-পাঁচবার শুনতে পেলাম উনার কালেমা পড়ার শব্দ, তারপর হঠাৎ থেমে গেলেন যেন।

বাইরে চারিদিকে গোলাগুলীর আওয়াজ-এর পরই আমাদের বাইরের দরজার উপর গুলী হলো, আর কয়েকটা বুকফাটা আর্তনাদ ভেসে এলো। ১২/১৪ রাউ- গুলীর শব্দ শুনলাম। মনে হলো, মেরে ফেললো- মরে গেল মানুষ। রাত তখন দেড়টা। তারপর আমাদের বিল্ডিং-এ সব কিছু নিস্তব্ধ হয়ে গেল। মিনিট দশেক পরে শুনলাম ডঃ জ্যোতির্ময় গুহঠাকুরদার চীৎকার, 'বাসন্তী- দোলা।' তিনি স্ত্রী ও মেয়ের নাম ধরে ডেকে উঠেছিলেন। বিল্ডং-এর সামনে তাঁকে গুলি করা হয়েছিল।

উনি ঘাসের উপর পড়েছিলেন। ডঃ জ্যোতির্ময় ২৫শে মার্চের পরও কয়েকদিন জীবিত ছিলেন এবং ২৭শে মার্চের সকালে তাঁকে মেডিক্যাল কলেজে নেয় হয়। মনিরুজ্জামান সাহেবের ফ্ল্যাটের দরজা ভেঙ্গে গিয়েছিল মিলিটারীর বুটের ধাক্কায়। মনিরুজ্জামান সাহেবের স্ত্রী এবং তাঁর বোন, জ্যোতির্ময় বাবুর গলার আওয়াজ শুনে পানি নিয়ে নীচে নামছিলেন। তাঁরা তিনতলা থেকে আর্মিদের চলে যেতে দেখেছেন এবং তখনো বুঝতে পারেননি যে নীচে তাঁদের বাড়ীর লোকজনদের একতলার দরজার উপর হত্যা করা হয়েছে।

মনে করেছিলেন এরেষ্ট করে নিয়ে চলে গেল। নীচে নামতেই দেখতে পেলেন এক ভয়াবহ দৃশ্য। মনিরুজ্জামান সাহেবের ষোল বছরের ছেলের তখন অন্তিম মুহূর্ত। সে কষ্টে বলেছিল 'মা পানি দাও'। মুখে পানি দেবার পর সে এক মুখ পানি নিয়ে মৃত্যুর কোলে ঢলে পড়ে। ছেলের পাশে পড়ে ছিলেন মনিরুজ্জামান সাহেব, তাঁর প্রায় ৩০ বছর বয়স্ক ছোট ভাই এবং ১৪ বছরের ভাগ্নেটি। এই চারজন শহীদের রক্তের ওপর দিয়ে হেঁটে যেয়ে মনিরুজ্জামান সাহেবের স্ত্রী জ্যোতির্ময় বাবুর মুখে পানি দেন।

পূর্ব দিকের দোতলায় অধ্যাপক আব্দুর রাজ্জাক সাহেব দেখতে পান আর্মি চলে গেছে এবং জ্যোতির্ময় বাবুর গলার আওয়াজ শোনা গেল বিল্ডিং-এর সামনে ঘাসের ওপর থেকে। তখন রাজ্জাক সাহেব বাসা থেকে একজন লোক নীচে নামতে যেয়ে দোতলার দরজায় এই ভয়াবহ দৃশ্য দেখে ঘরে ঢুকে পড়ে। এরপর রাজ্জাক সাহেব তাঁকে নিয়ে নীচে নেমে আসেন। এ সময় জ্যোতির্ময় বাবুর স্ত্রী, সারভেন্ট কোয়ার্টার থেকে তাঁর ড্রাইভারকেও ডেকে এনেছিলেন।

তাঁরা কয়েকজন ধরাধরি করে পশ্চিম দিকের একতলায় জ্যোতির্ময় বাবুকে তাঁর ফ্ল্যাটে নিয়ে যান। ঠিক এই সময় আবার বিল্ডিং এর গেটের কাছে আর্মি এসে পড়ে। এর আগেই রাজ্জাক সাহেব দোতলায় তাঁর ঘরে ঢুকে পড়েছিলেন এবং সকলেই দরজা বন্ধ করে ফেলেন। বাড়ীর বাগানে বেরুবার পেছন দিকের দরজা দিয়ে সৈন্যরা জ্যোতির্ময় বাবুর ফ্ল্যাটে ঢোকে এবং তাঁকে ঘর থেকে বের করে নিয়ে যায়। এ কথা তাঁর কাছ থেকে শোনা। ২৭শে মার্চ জ্যোতির্ময় বাবুর স্ত্রীর সঙ্গে মেডিক্যালে দেখা হয় এবং তাঁকে সাথে করে ডঃ জ্যোতির্ময় বাবুর বেডের পাশে যেয়ে দাঁড়াই।

দেখেছিলাম তাঁর ঘাড়ের কাছে গুলি লেগে এদিক থেকে ওদিক দিয়ে বেরিয়েগেছে এবং ডান হাত ও ডান পা অবশ হয়ে গেছে। জ্ঞান সম্পূর্ণ ছিল এবং খুব ভালোভাবে তখন আমার সাথে কথা বলছিলেন। মনের জোর

তখনো অটুট ছিল। বলেছিলেন, রাইট সাইডটা পেরালাইজড কিন্তু বেশ বহাল তবিয়েতেই আছি। উনি বলেছিলেন যে নাম জিজ্ঞাসা করার পরই তাঁকে গুলী করা হয়। এরপর আরম্ভ হলো আমাদের বিল্ডিং-এর উত্তর দিকে প্রায় বিশ গজ দূরে সলিমুল্লাহ মুসলিম হলের প্রভোষ্টের বাড়ীর দরজা ভাঙ্গার চেষ্টা।

'খোল খোল, দরজা খোল'-আর দরজায় লাথি, ধাক্কা। কিছুক্ষণ চললো, তারপর থেমে গেল। তারা বাকী রাত্রিটুকুর মধ্যে ওখানে পুরনো দিনের মজবুত দরজা খোলার আরো দুবার চেষ্টা চালায়। চারদিকে অনবরত গুলীর শব্দ। ভোর হলো। থেকে থেকে আশপাশে গুলীর শব্দ হচ্ছে। সকাল ৯টার দিকে শহীদ মিনারের কাছে একটা ক্ষীণ মাইক দিয়ে এক অবাঙ্গালী বাংলাতে বললো, 'আপনারা বাড়ীর বাইরে বেরুবেন না, আপনাদের ঘেরাও করা হয়েছে।' মেঝেতে শুয়ে নিজে নিজে মনে করলাম হয়ত কারফিউ-এর বাংলা তরজমা করতে যেয়ে 'ঘেরাও' বললো। মনকে প্রবোধ দিলাম, কারফিউ-এর কথাই হয়ত বলছে। এর ঘন্টাখানেকের পর এত ঘণ্টার পরিচিত গোলাগুলির আওয়াজের ব্যাতিক্রম ঘটিয়ে শহীদ মিনারের কাছে একটা জোর শব্দ হলো। মনে হলো হাত বোমা।

অল্পক্ষণের মধ্যে ঘরে বারুদের গন্ধ ভেসে আসলো, দরজার নীচে দরজার সামান্য ফাঁক দিয়ে পোড়া কাপড়ের মত ছাই উড়ে এসে পড়তে লাগলো। এ হাত বোমার রহস্য উদঘাটন হয়েছিল পালিয়ে যে গ্রামে আশ্রয় নিয়েছিলাম, সেই ধলেশ্বরী নদীর ওপারে এক লোকের কাছ থেকে। সে আমাকে গ্রামে দেখতে পেয়ে জড়িয়ে ধরে কেঁদে ফেলে। কারণ সেও অনেকের মত শুনেছিল, 'প্রফেসর আব্দুল হাইয়ের ফ্যামিলির সকলেই ওই বিল্ডিং-এ ২৫শে মার্চের রাত্রে মারা গেছে। এই লোকটি হলো হাশেম। আমাদের ৩৪ নম্বর বিল্ডিং-এর পূর্বদিকের তিনতলার ফ্লাটে জার্মান প্রফেসর ওয়ান্টার শোয়েপ্পির সে বাবুর্চি ছিল। তার জীবনের চরম মুহূর্তে সেই ২৫শে মার্চের রাতেই কেটে গেছে। তাঁকে দাঁড় করানো হয়েছিল অধ্যাপক মনিরুজ্জামান, তার ছেলে, ভাই, ভাগ্নের সঙ্গে গুলি করে হত্যা করার জন্য। আর্মি অফিসার গুলী করার হুকুম দিতেই গুলীর পূর্বক্ষণে সে চীৎকার দিয়ে পড়ে যায়.... তার পরই কতক গুলো গুলী হয়ে গেছে- তার শরীরের ওপর লুটিয়ে পড়েছে অন্যেরা।

গুলী শেষ করে বর্বর পশুরা মৃত দেহের উপর লাথি মেরেছিল এবং হাশেমের কোমরে বুটের প্রচণ্ড বাড়ি মারে। তারপর তারা সেখান থেকে সরে যেতেই হাশেম উঠে দাঁড়ায় এবং ছুটে তিনতলায় যেয়ে দরজা বন্ধ করে। তার সমস্ত জামায় রক্ত লেগে গেছে, সে বুঝতে পারছিল না তার কোথায় গুলী লেগেছে। জামা খূলে হাশেম তার শরীরটা পরীক্ষা করে দেখে যে গুলী লাগেনি। আমি হাশেমকে জিজ্ঞাসা করায় বলেছিল যে সে ঘুমকাতুরে এবং যখন দরজায় কলিংবেল বাজায়, মাত্র তখন তাঁর ঘুম ভাঙ্গে এবং আমরা কেউ বেল বাজাচ্ছি মনে করে সে ঘুমের ঘোরে দরজা খোলে।

খুলতেই সেনাবাহিনীর লোক সাক্ষাৎ জমদূতের মতো মধ্য বয়সী গোলমাল হাশেমের জামার কলার চেপে ধরে বলে-'তোম প্রফেসর হো?' হাশেম বলে উঠে, জার্মান সাবকা নওকর হুঁ। নিমেষে তাদের কয়েকজন ফ্ল্যাটে ঢুকে পড়ে। যে তার কলার ধরেছিলো সে পকেটে হাত দিয়ে বলে, 'জয় বাংলাকা ফোটো হ্যায়?' তার পকেটে কয়েকটা বেতনের একশ' টাকার নোট ছিল। জার্মান প্রফেসর হাশেমকে তার আগামী তিন মাসের বেতন দিয়ে ব্যাঙ্কক চলে গিয়েছিল।

নোটগুলো হাতে নিয়ে ছুঁড়ে দেয় মেঝেতে। বলে শালা তোম রূপিয়ে লেকে কেয়া করোগে, আভি তোমকো গুলী করেঙ্গে'। বলেই হিড় হিড় করে ওকে নীচে নামিয়ে আনে এবং দুজন ওকে ধরে রাখে। এর পরই সে দেখতে পায় মনিরুজ্জামান সাহেব এবং তাঁর বাসার অন্যান্যদের ধরে নিয়ে আসতে। শ্মশ্রুধারী মনিরুজ্জামান সাহেব উচ্চস্বরে কলমা পড়ছিলেন-এমন সময় উনাকে চপেটাঘাত করে এক পঞ্জাবী সৈন্য। এর পর মুহূর্তে গুলী করা হয়!

সেই হাশেম যখন মৃত্যুর হাত থেকে ছুটে এসে দম ফেলেছিল তখন আবার শুনতে পায় বিল্ডিং-এ মিলিটারী আসার শব্দ। এর কিছু পরে কে যেন তার ফ্ল্যাটের দরজায় কাতরাতে থাকে। ও মনে করেছিল হয়ত এ বিল্ডিং-এর কেউ আহত অবস্থায় দরজার কাছে এসেছে। সিঁড়িতে আলো জ্বলছিল। হাশেম কাঠের দরজার ছিদ্রপথে দেখে, এক সৈন্য অস্ত্র হাতে দরজার পাশে বসে অভিনয় করছে। হাশেম ছুটে বারান্দার প্রান্তে যায় এবং শেষ পর্যন্ত পাক সেনারা ওই ফ্ল্যাটের দরজা ভাঙ্গার চেষ্টা করেনি। এ হাশেমের কাছ থেকেই তখনি শোনা, শহীদ মিনারের অভাবিত দৃশ্যের কথা।

বেলা তখন দশটার মত। হাশেম বলে চললো, আমি লুকিয়ে তিনতলা থেকে শহীদ মিনারের দিকে তাকিয়ে দেখছি-চারজন পাঞ্জাবী সৈন্য শহীদ মিনারের ওপর দাঁড়িয়ে আমাদের বিল্ডিং-এর দিকে মুখ করে আছে-এমন সময় কি হয়ে গেল সেখানে- বোমা ফেটে গেল, হাতবোমা। ধোঁয়া, আর শহীদ মিনারের পেছন দিকে দুটো লোক ছুটে পালিয়ে গেল। দেখা গেল সে মুহূর্তে দুজন সৈন্য শহীদ মিনার থেকে মেডিক্যাল কলেজের মোড়ের ট্রাফিক লাইটের দিকে দৌড়ে পালালো। কয়েক মিনিট পরেই এলো একটা গাড়ী। শহীদ মিনারের ওপর পড়েছিল দুটো মিলিটারীর লাশ। সে গাড়ীটি মরা সৈন্য দুটোর অস্ত্রগুলো নিয়ে চলে গেল। কয়েক মিনিট পর আর একটি গাড়ী এলো এবং লাশ দুটোকে নিয়ে চলে গেল। সে দিন ছিল ২৬শে মার্চ, শুক্রবার শহীদ অধ্যাপক মনিরুজ্জামান সাহেবের স্ত্রীর কাছ থেকে শুনেছি-।

যে, ২৬শে মার্চে শুক্রবার তাঁর ফ্ল্যাটে বার পাঁচেক পাক সেনারা ঢোকে এবং বলতে থাকে 'আওর এক আদমী হ্যায় ও কিধার হ্যায়?' উনারা জানান যে বড় পুরুষ মানুষ আর কেউ জীবিত নেই। তখণ তাঁরা সমস্ত ঘর তন্ন তন্ন করে খোঁজে এবং জিনিসপত্র তছনছ করে ফেলে। হয়ত এই অপর এক আদমী ছিল হাশেম। মনিরুজ্জামান সাহেবের স্ত্রী ও হাশেম এই বিল্ডিং-এর তিনতলা থেকে জগন্নাথ হলের মাঠে বুলডোজার দিয়ে গর্ত করে বহু মৃতদেহ সে গর্তে ফেলে দিতে দেখেছিলেন।

রাজ্জাক সাহেবের সঙ্গেও গ্রামে একদিন দেখা হয়, উনিও বুলডোজার দিয়ে গর্ত করে লাশ পুঁতে ফেলার কথা বলেন। মনিরুজ্জামান সাহেবের স্ত্রী ধরা গলায় বলেছিলেন, আমি বারান্দায় দাঁড়িয়ে ছিলাম। বিকেল বেলা আর্মি গেঞ্জী পরা ১২/১৪ বছরের চারটে ছেলে নিয়ে এসে মনিরুজ্জামান সাহেবের লাশ টানিয়ে নিয়ে গেল গর্তের ওখানে। তখন বোধ হয় আর লাশ মাঠে ছিল না। ছেলে চারটিকে গর্তের পাশে লাইন করে ওরা গুলী করেছিল।

শিরোনাম	সূত্র	তারিখ
গণহত্যার কিছু দলিল	দৈনিক বাংলা	১৪ ফেব্রুয়ারী, ১৯৭২

নরঘাতকদের সংলাপ: ওদের খতম কর
গণহত্যার কিছু দলিল
ড: মোজাম্মেল হোসেন

লেখক ড: মোজাম্মেল হোসেন একজন বিজ্ঞানী। ২৫শে মার্চ রাতে ঢাকায় বর্বর পাকিস্তানী সেনারা যে হত্যাকাণ্ড চালিয়েছিল তখন পাকসেনাদের বিভিন্ন ইউনিটের মধ্যে কথোপকথন তিনি রেডিওতে শোনেন ও তার অংশবিশেষ টেপ রেকর্ডের ধরে রাখেন। ঐ টেপের বিশেষ অংশ কপি করে বন্ধুর সাহায্যে কোলকাতায় প্রেরণ করেন। মে, ১৯৭১ সালের মাঝামাঝি 'আকাশবাণী' কোলকাতা থেকে 'সংবাদ বিচিত্রায়' তা শোনানো হয়।

এছাড়াও কথোপকথনের সময় পাক সেনারা যে সব সাংকেতিক শব্দ করেছিল সেগুলিও যথাসাধ্য অনুবাদ করে অপর এক ব্যক্তির মাধ্যমে প্রেরণ করেন। মে মাসে আকাশবাণী কোলকাতা থেকে 'সংবাদ পরিক্রমায়' তা শোনানো হয়। ২৩শে ডিসেম্বর 'বাংলাদেশ অভজার্ভার'এ এই বার্ত্তা ছাপা হয়েছিল।]

২৫শে মার্চ ১৯৭১ সালের কালরাত। সোয়াএকটার দিকে গোলাগুলির শব্দে ঘুম ভেঙ্গে গিয়েছিল। জেগে ওঠার প্রথম মুহূর্ত থেকেই মন বলেছিল এ আর কিছু নয় পাকিস্তানী সেনারা আমাদের উপর ঝাঁপিয়ে পড়েছে। পুরো মার্চ ধরে অপেক্ষা করেছি, কি হয় কি হয়। আমরা কি স্বায়ত্তশাসন পাবো, না দেশে নামবে রক্তপাত? বিদেশীরা যখন ঢাকা ছেড়ে যাচ্ছিল তখন মন বলেছিল, ওরা তো ওদের দেশে বিপদের সংকেত পেয়ে।

কিন্তু বিপদ এলে আমরা তো এদেশেই থাকবো, আমাদের নিজের দেশ। কি হবে সেই বিপদ, কি হবে তার রুপ-তা কল্পনা করতে পারিনি। কিন্তু সেই ভয়ংকর রাতে ঘুম ভাঙ্গতেই বুঝলাম, বিপদ এসে গেছে। শুরু হলো আমাদের ভাগ্যে অমাবস্যা। মনে প্রশ্ন জেগেছিল কবে এই অন্ধকার কাটিয়ে আসবে আলো, আসবে স্বাধীনতা । হঠাৎ ভেঙ্গে যাওয়া ঘুমের ভাব কেটে গেল। উপলব্ধি করার চেষ্টা করলাম কি হচ্ছে । মনে তখন সবার আগে একটি প্রশ্ন, বঙ্গবন্ধু নিরাপদে আছেন তো? কিন্তু কি ভাবে সে খবর? হঠাৎ মনে এলো, পাক সেনাদের বিভিন্ন ইউনিটগুলো নিশ্চয়ই একে অপরের সাথে রেডিও মারফত যোগাযোগ রাখবে।

রেডিও তুলে নিয়ে ডায়াল ঘুরাতে আরাম্ভ করলাম। ৯০ মিটার পেয়ে গেলাম যা খুঁজেছিলাম । হানাদার বাহিনীর দলগুলোর একে অপরের সাথে কথাবার্ত্তা । জোরে শোনার উপায় নেই, তাই এয়ারফোন লাগিয়ে নিলাম কানে। ভেসে আসতে লাগল বর্বর পশুদের গলা। ইতিমধ্যে রাজারবাগ পুলিশ লাইনের যুদ্ধ আরাম্ভ হয়েছে। পাক সেনাদের আগমনের গোড়াতেই কেউ সাইরেন বাজিয়ে বিপদ সংকেত জানাবার চেষ্টা করেছিল। আমাদের বাসা থেকে মাইলখানেক দূরে রাজারবাগ।

সেকি প্রচণ্ড গুলি, তালা লেগে যায়। মাঝে মাঝে পাক সেনারা আকাশে ফানুস ছোড়ে। দিনের মতো আলো হয়ে যায় চারিদিকে। তারপর আবার বৃষ্টির মতো গুলি। মাঝে মাঝে ভেসে আসে ভারী গোলার শব্দ। একটু পরে গুলির তীব্রতা কমে এলো। বুঝলাম আমাদের বীর পুলিশ জন্মভুমির জন্য চরম আত্মোৎসর্গ করে শহীদ হয়েছেন। আরো একটু পরে দেখা গেল আগুনের লেলিহান শিখা-রাজারবাগ পুলিশ লাইন পুড়ছে। সে রাত্রের কথা জীবনে ভুলবো না। কখনো ছুটে যাই জানালায় আগুন দেখার জন্য। আবার ছুটে আসি রেডিও শোনার জন্য।

ইতিমধ্যে রেডিওতে শুনেছি পাক কমাণ্ডারের গলা। জানাচ্ছে দি বিগ ফিস হ্যাজ বিন কট। কার কথা বলেছে তা বুঝতে এক মুহূর্তও দেরী হয়নি। কিন্তু মন কিছুতেই বিশ্বাস করতে চায়নি যে বঙ্গবন্ধু বন্দী হয়েছেন। রেডিও শুনে চলেছি আর ঢেকে রাখা স্তিমিত আলোতে প্রধান তথ্যগুলো টুকে রাখছি। হঠাৎ কানে এলো আবার কন্ট্রোলের গলা দেয়ার ইজ নো কোশ্চেন অব টেকিং প্রিজনার । দে আর শুটিং এ্যাট ইউ। সো ওয়াইপ দেম অফ। কাউকে বন্দী করার প্রশ্ন ওঠে না ওরা তোমাদর গুলি করেছে। সুতরাং ওদের খতম করো। কথাগুলোয় মনে প্রচণ্ড আঘাত লাগলো। তাহলে এই করছে পাক বর্বররা।

এর প্রমাণ রাখতেই হবে। সঙ্গে সঙ্গে উঠে গিয়ে টেপরেকর্ডার এনে সোজাসুজি তার দিয়ে রেডিও সাথে লাগিয়ে দিলাম। এয়ারফোনের মাধ্যমে শুনতে লাগলাম। বাবা, মা, বাড়ীর সবাই তখন চারপাশে জড়ো হয়েছেন। মাঝে মাঝে জানালায় গিয়ে বাইরের দিকে খোঁজ নেয়া হয়-কেউ ওদিকে আসছে কি না। এরপর দুদিন ধরে প্রায় সারাটা সময়ই বাড়ীর কেউ না কেউ এয়ারফোন কানে ধরে বসে রয়েছে কি শোনা যায়। সবকিছু টেপ করা সম্ভব হয়নি। টেপ আছে ২৫শের রাত ও ২৬শের সকালের পাক সেনাদের নিজেদের মধ্যে কথাবার্ত্তার অংশ।

অন্য তথ্য টেপে নেই, তবু যা আছে তা আজ এতদিন পরে শুনলেও মনে যে অনুভূতি জাগে, তা বর্ণনা করার ক্ষমতা আমার নেই। বর্বরদের সে কি উল্লাস। বাংলাদেশের পতাকা ও কালো পতাকা নামাতে হবে। রাস্তার ব্যারিকেড সরাতে হবে। এ কথা লাউড স্পীকারের মাধ্যমে প্রচার করার হুকুম দিল পাক কমাণ্ডার নেটিভ টাং এ্যাজ ওয়েল এ্যাজ ইংলিশ এণ্ড উর্দুতে। নেটিভ হচ্ছি আমরা অর্থাৎ বাঙ্গালীরা।

আদেশ না মানলে কি করতে হবে তারও বিশদ হুকুম শুনলাম। আশপাশের লোক ধরে এনে তাদের মধ্যের কয়েকজনকে পুরস্কৃত করতে হবে। (কমাণ্ডারের ভাষায়) সে পুরস্কার হবে মৃত্যুদণ্ড। অন্যদের ফিরে যেতে দেয়া হবে যাতে ব্যাপারটা সবাই ভাল করে বুঝতে পারে। তাই সেই রাতে ঐ মুহূর্তেই নামিয়ে ছিলাম স্বাধীন বাংলার পতাকা ও কালো পতাকা। নামাতে বলেছিলাম প্রতিবেশীদের। সে পতাকা ফেলে দেইনি, নষ্ট করিনি। লুকিয়ে রেখেছিলাম ঘরে।

পাক কমাণ্ডার আরো হুকুম দিল কিভাবে বাড়ীগুলির তল্লাশী করতে হবে। বাড়ীর সবাইকে বাইরে এনে দাঁড় করিয়ে ভেতরে খুঁজে দেখতে হবে ভাল করে। স্থানীয় সহযোগীদের দ্বারা সনাক্ত করতে সেসব ব্যক্তিদের যাদের আটক করার প্রয়োজন ইত্যাদি।

ধীরস্থির গলায় হুকুম দিচ্ছিল কমাণ্ডার-এতটুকু উত্তেজনা ছিল না কণ্ঠস্বরে। পরে জেনেছিলাম ঐ গলা ছিল বিগ্রেডিয়ার আরবীর খানের। ঐ গলায় আনন্দে বিভিন্ন টার্গেট দখলের খবর দিচ্ছিলেন, সবাইকে জানাচ্ছিলেন যে দৈনিক পিপল পত্রিকার অফিস উড়িয়ে দেয়া হয়েছে। কি সাংঘাতিক ক্রোধ ছিল পিপল-এর ওপর, ট্যাংকবিধ্বংসী কামান ব্যবহার করেছে পিপলস অফিসের উপর পাক সেনারা। এটি ছিল ২৬ নম্বর ইউনিট। পরে জেনেছি এর 'ইমাম' ছিল কর্ণেল তাজ। যার হেড কোয়ার্টার প্রেসিডেন্ট হাউস।

এই ২৬ নম্বর ইউনিট হত্যা করেছে লে: কমাণ্ডার মোয়াজ্জমকে। বলেছে, তাকে ধরতে যাওয়া হয়েছিল বাধা দেওয়ায় নিহত হয়েছে সে। ঠাণ্ডা মাথায় তাকে হত্যা করে জীপের পেছনে দাড়িতে বেঁধে রাস্তায় টেনে নিয়ে যাওয়া হয়েছে তার মৃতদেহ। এই ২৬ নম্বর ইউনিট আক্রমণ করেছে রাজারবাগ পুলিশ লাইন। সবচেয়ে উল্লাস ছিল এই ২৬ নং ইউনিটেরই। তার বীরত্বের পুরস্কার হিসেবে কর্ণেল তাজকে করা হয়েছিল- ডি,এস, এ,এম,এল-ডেপুটি অব এ্যাডমিনিষ্ট্রেটর মার্শাল ল। মাঝে মাঝেই শোনা যাচ্ছিল। কন্ট্রোল বলছে 'দ্যাট ইজ জলি গুড। দ্যাট ইজ একসেলেন্ট। বা হি ইজ ইউজিং এভরিথিং হি হ্যাজ গট'।

সেই এভরিথিং এ ছিল ট্যাংক, রিকয়েললেস রাইফেল, রকেট লান্সার ইত্যাদি। বিশ্ববিদ্যালয় এলাকা ঘিরে ছিল পশ্চিম দিক থেকে রেল লাইন জুড়ে ৮১ নং ইউনিট। দক্ষিণ দিক থেকে ৮৮ নং ইউনিট ও উত্তর দিক থেকে

২৬ নং ইউনিট। বাধা এসেছিল জগন্নাথ হল, ইকবাল হল ও লিয়াকত হল থেকে। সবচেয়ে বেশী বাধা এসেছিল জগন্নাথ হল থেকে। ২৬শে মার্চ সকালের দিকে কন্ট্রোল ও ৮৮ নং ইউনিটের মধ্যে যে কথোপকথন হল তা মোটামুটি এইরুপ।

কন্ট্রোল : বিশ্ববিদ্যালয় এলাকায় আনুমানিক কতজন হতাহত হয়েছে। আমাকে মোটামুটি সংখ্যাটা বললেই হবে। উত্তর এলো তিনশয়ের মতো।

কন্ট্রোল : চমৎকার। তিনশই মারা গেছে না কেউ আহত বা বন্দী হয়েছে।

উত্তর : আমি একটাই পছন্দ করি। তিনশ মারা গেছে। কন্ট্রোল : ৮৮। আমিও তোমার একমত। ওই কাজটিই সহজ । কিছু জানতে চাইবে না। আবার বলছি চমৎকার।

ব্যাখ্যা করার প্রয়োজন নেই উপরের কথাগুলোর । ওরা যে কোনও 'বন্দী' নেয়নি, সবাইকে হত্যা করেছে সে কথা এর চেয়ে স্পষ্টভাবে জানাতে পারতো না। শুনতে পেয়েছিলাম শহীদ মিনারের কথা: ঐ রাতেই ডিনামাইট দিয়ে বিস্ফোরণ ঘটানো হয়েছে। মিনারের নীচের ঘরে ওদের কথায় চারজন ছাত্র লুকিয়ে ছিল, তিনজনকে হত্যা করা হয়েছে। একজন পালিয়ে গেছে। ২৭শে মার্চ সকালে দেখতে গিয়েছিলাম শহীদ মিনার। মাঝখানের মিনারটি সামান্য ক্ষতি হয়েছে।

শুনলাম মিনারের নীচের ঘরে যারা আশ্রয় নিয়েছিল তারা ছাত্র ছিল না। কিন্তু ছিল তো আমাদের দেশেরই মানুষ। দেখলাম ভাঙ্গা কাঁচ, দেয়ালে রক্ত। শনিবার রাতে প্রচণ্ড বিস্ফোরণ ঘটিয়ে অবশেষে শহীদ মিনার ধবংস করেছিল পাক বর্বরেরা। ২৫শে মার্চের সেই কালোরাত্রি যখন শেষ হয়ে আসছিল, হুকুম এলো কন্ট্রেলের যেখানে যত মৃতদেহ আছে সব সরিয়ে ফেলতে। সরিয়ে ফেলতে হবে দিন শুরু হওয়ার আগে। লোকচক্ষুর অন্তরালে। মৃতদেহ সরাতে ব্যবহার করা হয়েছিলো বাঙ্গালীদের। যে হতভাগ্যদের ব্যবহার করা হয়েছিল এই কাজে, কাজ শেষে তাদেরও হত্যা করেছিল ঐ নরপশুরা। মৃতদেহের হিসাব রেখেছিল ২৬ নং ইউনিট।

কন্ট্রোল জিজ্ঞেস করেছিল ২৬ নং ইউনিটকে, রাজারবাগে পুলিশের মৃতদেহের সংখ্যা। উত্তর এসেছিল গোনা শেষ হয়নি। কিন্তু সংখ্যায় অনেক। ক্যাম্পাসের মৃতদেহ কিন্তু ঐ সময়ে সরানো হয়নি। ২৬শে মার্চ সারাদিন রেখে দেয়া হয়েছে। রেডিওতে শুনেছি, কমাণ্ডার গিয়ে দেখবেন ছাত্রনেতা কেউ আছেন কিনা। সেটা দেখার পরই সরানো হবে। তাই হয়েছিল।

২৭শে মার্চ সকালে দেখছিলাম ইকবাল হলের পেছনের পুকুর পাড়ে সারি দিয়ে রাখা দশটি মৃতদেহ। ইচ্ছে করেই সবাইকে দেখানোর জন্য ওভাবে রাখা হয়েছিল কিছু মৃতদেহ। যাতে বাঙ্গালীরা ভয় পায়, নতি স্বীকার করে। দেখেছিলাম জগন্নাথ হলের সামনের মাঠে বুলডোজার দিয়ে তৈরী গর্ত করে দেয়া গণকবর। মাসখানেক পরে যখন দু'একজন বিদেশী বাংবাদিককে আসার অনুমতি দিয়েছিল পাক সরকার, তখন একদিন রাতে সেই গলিত দেহের অবশিষ্টও তুলে নিয়ে যায় পাক সেনারা।

জিঞ্জিরায় যে হত্যাকাণ্ড চালায় পাক সেনারা কদিন পরে তার পুর্বাভাসও পেয়েছিলাম ঔ রাতে। কন্ট্রোল বলেছিল ৮৮ নং ইউনিটকে যে ওখানে অস্ত্র জমা করা হয়েছে, তাই ঐ জায়গায় সেনাদের যেতে হবে আস্তে আস্তে। রাত ফুরিয়ে এলো দিনের আলো জেগে উঠলো। সারারাত ধরে যা দেখেছি যা শুনেছি কোন কিছূই যেন বিশ্বাস করতে মন চাইছিলো না।

মন চাইছিলো না স্বীকার করতে যে এত বড় বিপদ নেমে এসেছে। মনে হয়েছিল, কবে এই অমাবশ্যা কাটবে কবে আবার সম্মানের সাথে মানুষের মত বাঁচার সুযোগ পাব? সেদিন একদিন আসবেই, কিন্তু ২৫ শের সেই রাতে একথাও মনে জেগেছিলো, যখন সেদিন আসবে আমিও যেন থাকি তখন।

শিরোনাম	সূত্র	তারিখ
পাক সেনাদের হাতে লেফটেন্যান্ট কমাণ্ডার মোয়াজ্জেম হোসেন-এর বিয়োগান্ত বিবরণ	দৈনিক বাংলা	১৮ ফেব্রয়ারী, ১৯৭২

চিরঞ্জীব শহীদের স্মৃতি
লেফটেন্যান্ট কমাণ্ডার মোয়াজ্জেম হোসেন

(লেফটেন্যান্ট কমাণ্ডার মোয়াজ্জেম হোসেন, তথাকথিত আগরতলা মামলার দুই নম্বর আসামী যার চোখে দেখেছি বাংলার ছবি, যার মুখে শুনেছি, প্রথম একদফা-বাংলার মুক্তির কথা, তিনি আজ কোথায়? ২৫শে মার্চের কালো রাত্রে কেড়ে নিয়ে গেল তাঁকে শূন্য করে আমার এ ঘর।

আগরতলা মামলা থেকে ছাড়া পাওয়ার পর হতেই শুরু হয়েছিল তার অক্লান্ত পশ্রিম। অবশ্য তার পরিশ্রম অনেক দিনের। ছেলেবেলা হতেই জীবন যুদ্ধে নেমেছেন তিনি । আই,এস সি পাশ করেই তিনি ঘর ছেড়েছিলেন। সাগর পাড়ি দিয়েছিলেন তিনি। বিলেতে কেটে গেলো জীবনের ৯টি বৎসর। সেখান হতেই ইঞ্জিনিয়ারিং পাশ করেন তিনি। তারপর ছিলেন পাকিস্তানী নৌ-বাহিনীতে।)

১লা মার্চ হতেই দেখলাম তাঁর মাঝে চঞ্চলতা, কর্মব্যস্ততা। ২রা মার্চ কয়েকজন সহকর্মীসহ তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে এক বৈঠকে যোগ দেন। বৈঠকে অনেক গুরুত্বপূর্ণ আলোচনা হয়। ওদিকে কেন জানি না আমার মন একটা অজানা আশংকায় কাঁপছিল বারবার। উনিও খবর পেয়েছিলেন দুর্দিন আসছে। তাই কিছুটা গোপনীয়তা অবলম্বন করতেই হলো। শুরু হলো লুকিয়ে কাজকারবার করার দিন। ১৫ই মার্চ তিনি ফিরলেন। ২৭শে মার্চ পল্টনে এক জনসভায় আয়োজন করা হচ্ছিল। ২৮শে মার্চ তার আর জীবনে আসেনি।

২৫শে মার্চ এলো সেই ভয়ংকর কালরাত্রি। কে জানত আমার এ জীবনের হাসি গান সবকিছু মুছে নিয়ে যাবে সেই রাত। অকালে আমার ঘর ভেঙ্গে যাবে''। ঘর ভাঙ্গবে এদেশের লক্ষ লক্ষ মানুষের । ২৫শে মার্চ সন্ধ্যা হতেই তিনি খুব ব্যস্ত। কিন্তু এত ব্যস্ততার মাঝেও মনে হচ্ছিল, উনি যেনো বড় ক্লান্ত, পরিশ্রান্ত। রাত প্রায় ১১টায় ফোন বেজে উঠলো। আমার দুলাভাই ফোন করে ওকে সরে যেতে বলছিলেন। এমন সময় দুটো ছেলে সবাইকে ধাক্কা দিয়ে হুড়মুড়িয়ে ঘরে ঢুকে কাঁপতে লাগলো। তারা বললো মিলিটারী ওদের জীপের ওপর গুলীবর্ষণ করেছে। ওদের একজনের গায়ে জ্বর ছিল। আমরা সেবা যত্ন করলাম। পরে জেনেছিলাম আমরা সেই অজানা ভাইদের মধ্যে একজন জালেমদের গুলিতে শহীদ হয়েছেন। সে রাত্রে আমরা উপর তলায় আমার এক বোনঝির ওখানে থাকি। নিস্তব্ধ রাত্রিকে সচকিত করে দিয়ে অবিশ্রান্ত ভাবে গোলাগুলি চলতে লাগলো।

উনি একটা প্যাসেজে দাঁড়িয়েছেলেন। সারাটা রাত এমনিভাবে ঠায় দাঁড়িয়ে রইলেন। কে জানতো সে রাত্রের সেই দাঁড়ানোই হবে মৃত্যুকে বরণ করার প্রতীক্ষা। ভোর হয়ে এলো। নীল আকাশের শুকতারাটি বিদায় ব্যথিত চোখে বুঝি বা শেষবারের মত মাটির পৃথিবীকে দেখে নিচ্ছিলো। এক সময় উনি এসে জানালায় মাথা দিয়ে ক্লান্ত অলসভাবে দাঁড়ালেন। আমি তাকে অনেকবার বলেছিলাম পিছনের পাঁচিল টপকে পালাতে। বললেন, কোথায় যাব। তাছাড়া যোগাযোগ রাখা সম্ভব হবে না।

তিনি বুঝেছিলেন জালিমরা তাঁকে না পেলে অবুঝ অসহায় শিশুদের উপর অত্যাচার করতে পাবে। তিনি পালালেন না। তাঁর ক্লান্ত ভাব দেখে তাঁকে শুতে বললাম। জবাবে উনি বললেন, অনেক কাজ, শোবার সময়

নেই। বরঞ্চ বড্ড ক্ষিধে পেয়েছে কিছু খাবার ব্যবস্থা কর। টেবিলে খাবার লাগানোও হলো, কিন্তু খাওয়া তাঁর হলো না। মনে হলো বাসার চারিদিকে অনেকগুলো গাড়ী দাড়িয়ে গেল।

বুটের দুপদাপ আওয়াজ শোনা গেল। জানালার ফাঁক দিয়ে চকিতে দেখলাম একজন উপরের দিকে আঙ্গুল দিয়ে দেখাচ্ছে। ভয়ে হিম হয়ে বললাম, 'তুমি পালাও'। উনি ভেতরের দিকে চলে গেলেন। জালিমরা হুড়মুড়িয়ে উপরে উঠে এসে দরজা ধাক্কা দিয়ে ভেঙ্গে ফেললো। পিশাচরা আমাদের সামন এসে বললো- 'কমাণ্ডার মোয়াজ্জেম কাঁহা, উসকা বিবি কাঁহা। আচ্ছা করকে উনকো বাঙ্গাল নাদেগা'। দেখে মনে হচ্ছিল সামনে পেলে যেন ছিঁড়ে খাবে।

আমার ভাগ্নী বুদ্ধি করে বললো' ওরা নীচে থাকেন। কিন্তু ওরা কোন কথা শুনলো না। কজন আমার ভাগ্নী জামাইকে নীচে নিয়ে গেল। জালিমরা তন্নতন্ন করে খুঁজে ফিরতে লাগলো সমস্ত ঘর। খুঁজতে নীচে চলে গেলো, আশ্বস্ত হবার আগেই ফিরে এলো আবার । কি হচ্ছে কিছুই বুঝতে পাচ্ছি না। আবারও চলে গেল ফায়ার করতে করতে নীচের দিকে। কিছুক্ষণ পর ফায়ারিং থেমে গেল। শোকরগোজারী করলাম আল্লার কাছে। না পেয়ে হয়তো ওরা চলে গেল। বাইরে পর্দ সরিয়ে দেখতে গেলাম।

কিন্তু উ: একি দেখলাম! খোদা, এর আগে যদি চোখ অন্ধও হয়ে যেতো! দু'পা দু'হাত ধরে ঝোলাতে ঝোলাতে গাড়ীতে তুলছে ওকে। মাথাটা ঝুলে পড়েছে। রক্তে ভেসে যাচ্ছে ডান পাশটা। আছড়ে পড়লাম মাটিতে। চীৎকার করে উঠতে গেলাম। কিন্তু তার আগেই ভাগ্নী মুখ চেপে ধরল, 'খালাম্মা চীৎকার করবেন না। ওরা আবার এসে যদি বাচ্চাদের মেরে ফেলে। আপনাকে যদি ধরে নিয়ে যায় টের পেয়ে'।

চমকে থমকে গেলাম। পোড়া চোখ জ্বলে ছাই হলো। বুকের ভেতরটা এক শূন্য বেদনায় হাহাকার করে উঠলো। জ্বলে গেলাম-হায়, একটি মানুষ বিহিন সর্বহারা হলাম আজ। পরে জানতে পারলাম, উনি বাথরুমের দরজার এক পাশে উপায়হীন হয়ে লুকিয়ে ছিলেন। কিন্তু দ্বিতীয় বারে ওরা আবার ওর নাম ধরে জিজ্ঞাসা করে বললো, 'তোমহারা নাম কিয়া'? উনি নির্ভিক চিত্তে বললেন, কম্যাণ্ডার মোয়াজ্জেম হোসেন।

আবার ওরা বললো- 'বলো পাকিস্তান জিন্দাবাদ'। কিন্তু একটা আঙ্গুল তুলে উনি তাঁর শেষ বাণী উচ্চারণ করলেন 'একদফা জিন্দবাদ'। সাথে সাথে গুলি করলো পিশাচ জালিমরা, উনি পড়ে গেলেন। জীবনের অস্তাচলে দাঁড়িয়ে শেষ বারের মত আবার এক আঙ্গুল উঁচুতে তুলে ধরলেন। পরপর গুলি হলো, দ'টো তাঁর মাথায় বিঁধল। আর দু'টো ফসকে গেল। মনে হলো, বুকের রক্ত দিয়ে উনি ধুয়ে দিয়ে গেলেন পরাধীন বাংলার যত কলংক আর মলিনতা-আর রক্তকণিকাগুলো।

কিন্তু মাঝে মাঝে ক্ষীণ আশা জন্মায়, তাঁকে তো মৃত দেখিনি-শুধু গুলি লাগা অবস্থায় তুলে নিয়ে যেতেই দেখেছি। তবে কি তিনি বেঁচে থাকতে পারেন না? নীচে দেখলাম রক্তের বন্যা মাটিতে, শুধু ভোরের আকাশ বাতাস, হাহাকার করি উঠলো নেই-নেই-নেই। কোথা দিয়ে সারা বেলা কেটে গেল, রাত এলো শূন্যতার হাহাকার নিয়ে, তারও শেষ হলো। সকাল হলো, কারফিউ ভাঙ্গল কিছুক্ষণের জন্যে । কত মানুষ ছুটে এলো চেনা-অচেনা। চেয়ে দেখলাম কত মানুষ অশ্রুসজল নেত্রে রক্ত ছুঁয়ে শপথ নিল।

বোবা কান্নায় অসহায় হয়ে ছোট তিনটি শিশু বুকে নিয়ে দুলাভাই ডা: কাজী আব্দুল খালেকের বাসায় ছুটে গেলাম। তাঁরা ঘূণাক্ষরেও জানতে পারেননি যে আমার এত বড় সর্বনাশ হয়ে গেছে। আবার হাহাকার আর্তনাদ উঠল। কিন্তু কান্নার সময় কোথায়, সান্তনার অবকাশ নেই। পালাতে হবে, যদি আবার জালিমেরা আসে। তাই পাড়ি দিলাম অদৃষ্টের হাতে নিজেকে সঁপে দিয়ে অনিশ্চয়তার পথে। জিঞ্জিরা গেলাম। নৌকা পার হবার সময় গোলাগুলি আরম্ভ হলো।

মানুষের মৃত্যু ভয়াল আর্তনাদের মধ্য দিয়ে ওপারে গিয়ে পৌঁছলাম। ওখানে কেটে গেলো তিনটি দিন। তারপর ফিরে এলাম আবার ঢাকায়। আমার বড় ভাই ডা: আমজাদ খবর পেয়ে ছুটে এসে নিয়ে গেলেন আমাদের। জালিমরা তারও সবকিছু পুড়িয়ে জ্বালিয়ে নি:স্ব করে দিয়েছে। তিনিও রাজবাড়ী ফরিদপুরের মুক্তি ফৌজের কমাণ্ডার ছিলেন এবং কয়েকটা অপারেশন করেছেন। এই হলো তাঁর অপরাধ। তাঁকেও পালিয়ে ফেরতে হচ্ছিল।

অথচ আমাদের ফেলে তিনি, আমার অনুরোধ সত্ত্বেও, ওপারে যেতে পারেননি শেষ পর্যন্ত। আমাদের জন্যই তাঁকে কিছুদিন আগে গ্রহণ করতে হলো একটা ছোট্ট চাকুরী, যাতে সরকার তার পরিচয় না পায়। নানা দুর্যোগ আর ব্যথার মধ্য দিয়ে কেটে গেল দীর্ঘ ৯টা মাস। পথ চেয়ে বসে থেকেছি মিছে আশা বুকে বেঁধে যদি আসেন তিনি। কিন্তু কই আজো তো এলেন না তিনি। বুকে আশা নিয়ে ছুটে এসেছি এই কর্মকোলাহলপূর্ণ নগরীতে যদি কেউ বলে আছেন তিনি।

দেশ স্বাধীন হলো। খুশীর বন্যায় প্লাবিত হলো চারিদিক। শুকরিয়া করলাম খোদার দরগায়। তাঁর আদরের সাত বছরের শিশুকন্যা শিপু ফুঁপিয়ে শুধালো'' মাগো সবাই আজ এতো খুশী, কিন্তু আমার খুশী লাগছে না কেন? আমার যে খালি বাপির কথা মনে হচ্ছে। কেন আজও তিনে এলেন না। কেন আমার বাপি নেই মা?'' শিশুর মনের এই আকুল করা প্রশ্নের জবাব কে দেবে?

-মিসেস কোহিনুর মোয়াজ্জেম হোসেন

শিরোনাম	সূত্র	তারিখ
ঢাকা প্রেসক্লাবের উপর ট্যাঙ্কের বোমাবর্ষণ	বাংলাদেশে গণহত্যা বাংলার বাণী	১৯৭২

প্রেসক্লাবের সম্মুখ দিয়ে যে রাজপথ গেছে সেটা ছিল
ঢাকার সেকেণ্ড আপারেশনাল সড়ক অভিযান
জল্লাদ বাহিনীর দ্বিতীয় রুট

-ফয়েজ আহমদ

বড় বড় সাহেবকেও জবাই করেছে- গুলি করেছে।'' পাশে পার্ক-রোডের একটি ড্রেন দেখিয়ে বলল, ''এখানে তিনটা, ওখানে ১টা, এই রকম অনেক সাহেবের লাশ এই ড্রেনেই আছে হুজুর। ওরা ভালভাবে পুঁতে রাখতেও আমাকে দেয়নি। আমাকে সন্দেহ করে খুব মারতো, তার উপর আমার চাকুরী নষ্ট করে দিল সাহেব। কয়েক মাস ধরে না খেয়ে আছি।'' ঝাড়ুদার দাশীন পাক বর্বরদের বুলেটের সামনে না খেয়েই দীন কাটিয়েছে। চাকুরীতে পূর্নবহালের কথা সেদিন সে মুখে আনতে পারি নাই। তার দৃঢ় বিশ্বাস ছিল, যারা এমনিভাবে শত শত মানুষকে হত্যা করতে পারে তাদের এক মুঠো ভাতের অভাবে এক গরীবের জন্য চিন্তা করার সময় কোথায়? বগুড়া রেল এস ডি-ও বাংলোর পূর্বদিকের মাঠটা এখন কবরস্থানে পরিণত হয়েছে। বগুড়া শত্রুমুক্ত হওয়ার পূর্ব মুহুর্ত পর্যন্ত এই বাংলোতে কেন বাঙালী আসতে পারেনি। বগুড়া শহর শত্রুমুক্ত হয়েছে ঠিকই, কিন্তু এই বাংলোর প্রতি ঘরের মেঝে আর দেয়ালে মানুষের রক্তে ভেজা বহু কাপড়-জামা ইত্যাদি রক্তাক্ত অবস্থায় পড়েছিল। বাংলোর উপর তলার হাউজে বর্বরতার সবচেয়ে বড় প্রমাণ পাওয়া যায়। এই হাউজটি ছিল সম্পূর্ণ মানুষের রক্তে ভরা। রক্তগুলো জমা হয়ে ক্রমশঃ জমাট বেধে যায়। কোদাল দিয়ে মাটি কাটার মত জমাট বাঁধা রক্ত কেটে এই হাউজ পরিষ্কার করা হয়েছে। জবাই করা মানুষের রক্তে স্রোত দেখার জন্যই বোধ হয় হাউজে রক্ত জমা করতো। রক্ত দেখেই হয়তো রক্তপানের তৃষ্ণা জল্লাদদের বাড়তো বেশী । বগুড়া রেলষ্টেশন আর ষ্টেশন সংলগ্ন রেললাইনের আশেপাশে কত নিরীহ বাঙালীকে যে পাকসেনা আর তার সহযোগীরা হত্যা করেছে তার হিসেব নেই। কত নিরীহ মানূষ যে এই দুস্যদের হাতে প্রাণ দিয়েছেন আর একান্ত অসহায়ভাবে মৃত্যুকে মেনে নেয়েছেন কেউ বলতে পারেনা। বগুড়ায় পাক দস্যুরা বাঙ্গালীদের ধরে বলত, 'ইছিকো খরচা খাতা মে (মৃত্যু খাতা) উঠা দেও।' ---বোধ করি রেলষ্টেশনের ও তার আশপাশের নিষ্টুর বর্বরতা আর হত্যাযজ্ঞের দ্বারাই তাদের খরচের খাতা পূর্ণ হয়ে গেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
খুলনার নরমেধযজ্ঞ	দৈনিক বাংলা	১২ ফেব্রুয়ারী, ১৯৭২

খুলনায় পাকবাহিনীর নরমেধযজ্ঞ

\ নিজস্ব প্রতিনিধি প্রেরিত \

খুলনা: খুলনা শহরের হেলিপোর্টে ও ফরেষ্ট ঘাটে বাঙ্গালীদের যে নৃশংভাবে হত্যা করা হতো, তা দেখে খুলনার তৎকালীন জেলা জজ হার্টফেল করে মারা যান। বর্তমানে হেলিপোর্ট ফরেষ্ট ঘাটের কথা বলা যাক। হেলিপোর্ট জজকোর্টের সামনে এবং সার্কিট হাউস সংলগ্ন। যেসব বাঙ্গালীদের উপর তাদের অত্যাধিক রাগ ছিল জল্লাদরা তাদের প্রকাশ্য দিবালোকে হেলিপোর্টের প্রবেশ পথে ছাগল ঝোলা করে পা উপরে মাথা নীচে দিয়ে ঝুলিয়ে রাখতো।

আর ঐ অবস্থায় চলতো অত্যাচার-চড় ঘুষি ও চাবুকের আঘাত। কোন কোন ক্ষেত্রে ঐ অবস্থার উপর বেয়োনেট দিয়ে খোঁচানো হতো । যতক্ষণ না সে মারা যায় ততক্ষণ চলতো এই নির্যাতন । যার কাছ থেকে কোন স্বীকারোক্তি আদায়ের চেষ্টা করা হতো ঐভাবে অত্যাচার করার পর অজ্ঞান হয়ে পড়লে তাকে নামানো হতো, জ্ঞান ফিরলে আবার ঝোলানো হতো পূর্ববৎ।

একদিন আমার নিজের দেখা একটি মৃত্যুর কথা উল্লেখ করছি। সকাল ১০টা হবে। হেলিপোর্টে লুঙ্গি ও গেঞ্জী পরা দীর্ঘ সবলদেহী একজন বাঙ্গালীর পায়ে, হাঁটুতে ও অন্যান্য গিরায় কাঠের রোলার দিয়ে দু'জন সেনা পিটাচ্ছে আর দু'জন সেনা তা উপভোগ করছে। যার উপর অত্যাচার চলছে তিনি বার বার বাধা দিচ্ছেন আর যন্ত্রণায় কাতরাচ্ছেন। তারপর তার দু'পায়ে দাড়ি বেঁধে পা উপরে মাথা নীচে দিয়ে ঝুলানো হলো।

পরনে থাকলো জাঙ্গিয়া ও গায়ে গেঞ্জী। পরে খালি গা করে গেঞ্জীটিও অপসারণ করা হলো। আর চললো চাবুকের বাড়ি। প্রতিটি বাড়ির সাথে সাথে তার দেহটি মুচড়ে উঠতে লাগলো। ঐ ঝুলন্ত অবস্থাতেই তিনি হাত দিয়ে বাধা দিচ্ছেলেন। কিন্তু পরে আর তার হাতে সে জোর রইল না। কিন্তু চাবুকের বাড়ি চললো অব্যাহতভাবে। আর এইভাবেই সমাপ্তি হলো একটি বাঙ্গালী জীবন। পরে তার সেই ঠাণ্ডা শীতল দেহটাকে নামিয়ে অবজ্ঞায় তারা দূরে ফেলে দিল-আবার অপর একজনকে। আমি সরে পড়লাম।

রাতের বেলায় জজকোর্টের পিছনে ফরেষ্ট ঘাটে বাঙ্গালীদের এনে জবাই করে হত্যা করা হতো এবং দেহগুলোর পেট চিরে নদীতে ফেলা হতো। ঘাটটি আবার জজ সাহেবের বাসার ঠিক পেছনেই। রাতের নিস্তব্ধতা ভেদ করে সেইসব মৃত্যুপথযাত্রী বাঙ্গালীদের করুণ আর্তনাদ জজ সাহেবের কানে পৌঁছতো। দিনে হেলিপোর্টে ও রাতে ফরেষ্ট ঘাটের এইসব হত্যাযজ্ঞ সহ্য করতে না পেরে জজ সাহেব তৎকালীন ভারপ্রাপ্ত সামরিক অফিসারকে অনুরোধ করেছিলেন যে বিচারালয়ের সামনে যেন এ ধরনের কাজ না করা হয়। তার উত্তরে তিনি পেয়েছিলেন মৃত্যুর শাসানি। কিন্তু তাদের সাধ মেটেনি। তিনি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে একরাতে মারা গেলেন।

আর একটি বধ্যভূমি চিল গল্লামারী। খুলনা শহরের কেন্দ্রস্থল থেকে মাত্র দেড় মাইল। হেলিপোর্ট ও ফরেষ্ট ঘাট, কাষ্টমস ঘাট প্রভৃতি জায়গায় প্রথমে বাঙ্গালীদের হত্যার জন্য বেছে নিলেও পরে বর্বর পাক বাহিনীর গল্লামারীকেই তাদের নৃশংসতার উপযুক্ত স্থান বলে বেছে নিয়েছিল।

সারাদিন ধরে শহরে ও গ্রাম থেকে বাঙ্গালীদের ধরে এনে জেলকানা হেলিপোর্ট ও ইউ, এফ, ডি ক্লাবে জমায়েত করা হত। তারপর মধ্য রাত হলে সেই সব হতভাগ্য নিরীহ নিরস্ত্র বাঙ্গালীদের পেছনে হাত বেঁধে

বেতার কেন্দ্রের সামনে দাঁড় করিয়ে স্বয়ংক্রিয় অস্ত্র দ্বারা তারা 'ব্রাস' মারতো, রক্তাপ্লুত দেহে লুটিয়ে পড়তো হতভাগ্যরা। হত্যার আগে ট্রাক ভরে যখন তাদের নিয়ে যাওয়া হতো তখন সেই সব নিরুপায় মানুষের আর্তনাদ রাস্তার আশপাশের সবাই শুনতো। কিন্তু তাদের তো বাড়ীর বাইরে যাওয়ার উপায় নেই কারফিউ রয়েছে।

সেই আর্তনাদ সহ্য করতে না পেরে শেরে বাংলা রেডের এক ব্যক্তি জানালা খুলে মুখ বাড়িয়েছিল মাত্র। ব্যাস, অমনি তাকে লক্ষ্য করে হানাদার বাহিনী গুলি ছুড়লো আর বুলেট বিদ্ধ হয়ে সে লুটিয়ে পড়লো। হানাদার বাহিনী প্রতিরাতে কম করেও শতাধিক ব্যক্তিকে হত্যা করতো। দিনের বেলায় তাদের লাশ জোয়ারের পানিতে ভেসে আসতো। কিন্তু কারও সাহস হতো না তাদের দাফন করার।

অনেকে তাদের আপনজনের লাশকে সনাক্ত করলেও সেখান থেকে তাকে উঠিয়ে নিতে পারেনি। কেননা বর্বরেরা জানতে পারলে তাকেও হত্যা করবে। কিছুদিন জল্লাদরা ঠিক করলো গুলি করে আর হত্যা নয়। অন্য পন্থা। এবার থেকে শুরু হলো জবাই, কিন্তু সংখ্যায় কমলো না-সেই শতাধিক প্রতিরাতে। এরপরের ঘটনা চরম নিষ্ঠুরতার । রাত্রের বদলে হত্যার জন্য দিনের বেলাকে বেছে নিল।

সকলের চোখের সামনে দিনে পিঠ মোড়া দেওয়া ট্রাক ভর্তি বাঙ্গালী নিয়ে যাওয়া হতো আর ঘন্টাখানেক পর শূন্য ট্রাক ফিরে আসতো-গল্লামারীতে পড়ে রইতো কিছুক্ষণ আগের যাওয়া সেইসব মানুষের শীতল দেহগুলে। খুলনা শহর মুক্ত হওয়ার পর গল্লামারী খাল থেকে দুই ট্রাক মাথার খুলি পাওয়া গিয়েছিল।

ছবি তুলবার জন্য গল্লামারীর অভ্যন্তরের ধানক্ষেতে ঢুকে দেখলাম এক নৃশংস দৃশ্য। একাধিক লাশ পড়ে আছে, সেদিকে একটি কুকুর খাচ্ছে আর দূর অপর একটি লাশের পাশে আর একটি কুকুর বসে হাঁপাচ্ছে। মনে হয় মানুষ খেয়ে তার উদর অতিমাত্রায় পরিপূর্ণ।

ভাবতেও অবাক লাগে সৃষ্টির শ্রেষ্ঠ জীব বলে খ্যাত মানুষকে কুকুরে টেনে ছিঁড়ে খাচ্ছে।

শিরোনাম	সূত্র	তারিখ
চট্টগ্রামে বধ্যভূমির সন্ধান	পূর্বদেশ	১৩ই ফেব্রুয়ারী, ১৯৭২

চট্টগ্রামের ২০টি বধ্যভূততে বাঙ্গালী নিধনযজ্ঞ চলেছে

\ পূর্বদেশ প্রতিনিধি \

চট্টগ্রাম, ১২ই ফেব্রুয়ারী। -চট্টগ্রাম শহর ও শহরতলী এলাকা সমেত জেলার আরো ৯টি থানাতে হানাদার খান সেনারা সর্বমোট ২০টি বধ্যভূমিতে বাঙ্গালী নিধনযজ্ঞ অনুষ্ঠান চালিয়েছে। শহর ও শহরতলী এলাকার ১০টি বধ্যভূমির মধ্যে আটটিতে গড়ে পাঁচ হাজার করে বাঙ্গালীকে হত্যা করা হয়েছে বলে অনুমিত হচ্ছে।

এ ছাড়া পোর্ট এলাকা এবং নেভীব্যারাক এলাকাতে সুদীর্ঘ ৯ মাসব্যাপী মানুষকে হত্যা করে কি হারে কর্ণফুলি নদীতে ভাসিয়ে দেয়া হয়েছে, তার কোন হদিসও খুঁজে বের করা সম্ভব নয়। চট্টগ্রাম শহর ও শহরতলী এলাকার ১০টি এবং গ্রাম অঞ্চলের গোটা পাঁচেক বধ্যভূমি ইতিমধ্যে আমি ঘুরে দেখেছি।

এসব বধ্যভূমি বাঙ্গালী হত্যার সঠিক সংখ্যা হয়তো পাওয়া যাবে না, কিন্তু এখনো সরকার যদি ব্যাপক অনুসন্ধান ও তথ্য সংগ্রহের জন্য এগিয়ে আসেন তবে হত্যাযজ্ঞের ব্যাপকতাসহ একটা আনুমানিক সংখ্যাও নির্ণয় করতে পারবেন বলে বিশ্বাস। কোন কোন মহল চট্টগ্রামে নিহত লোকের সংখ্যা ১ লাখ হবে বলে অনুমান করছেন।

কিন্তু আমার মনে হয়, বিভিন্ন থানাসহ এ সংখ্যা অন্তত: তিন লাখে দঁড়াবে । শহর ও শহরতলীর আম বাগান, ওয়ারলেস কলোনী, শেরশাহ কলোনী ও ফয়েজ লেকসহ গোটা পাহাড়তলী এলাকাতে এখনো ২০ থেকে ২৫ হাজার বাঙ্গালীর মাথার খুলি পাওয়া যাবে। এছাড়াও রয়েছে চাঁদগাও, লালখান বাজার, হালিশহর, কালুরঘাট, ও পোর্ট কলোনী ইত্যাদি বধ্যভূমি। চট্টগ্রাম ক্যান্টনমেন্ট ও সার্কিট হাউসেও হাজার হাজার লোককে ধরে নিয়ে হত্যা করা হয়েছে।

গ্রামাঞ্চলে মিরেশ্বরাই ও সীতাকুণ্ডের পাহাড়, রাউজান, পটিয়া, সাতকানিয়া এবং বাঁশখালীর বনাঞ্চলেও হাজার হাজার বাঙ্গালীকে হত্যা করা হয়েছে। বেসরকারী উদ্যোগে সমস্ত এলাকায় রিপোর্ট সংগ্রহ অনেকটা কঠিন কাজ। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা অনুযায়ী সারা চট্টগ্রাম জেলাতে তিন লাখ বাঙ্গালীকে হত্যা করা হয়েছে।

বিভিন্ন বধ্যভূমিতে আজো বহু নরকংকাল ইতস্তত: বিক্ষিপ্ত অবস্থায় পাওয়া যাচ্ছে। শহরের ওয়ারলেস কলোনী ঝাউতলা ও নাছিরাবাদের পাহাড়ী এলাকাগুলোতে লুকায়িত বহু নরকংকালের অস্তিত্ব আজো পাওয়া যাবে। ইতিমধ্যে ঝাউতলা এলাকার বিভিন্ন সেপটিক ট্যাঙ্ক, পাহাড়ী ঝোপ ঝাড়ের মধ্যে অনেকগুলো কংকাল দেখতে পেয়েছি।

সীতাকুণ্ডের শিবনাথ পাহাড়ে কয়েক হাজার বাঙ্গালীকে হত্যা করা হয়েছে। মিরেশ্বরাইয়ের জোরারগঞ্জ এবং ওয়ারলেস এলাকাতে মানুষ জবেহ করার স্থায়ীকেন্দ্র স্থাপন করা হয়েছিল। রাস্তার ট্রাক, বাস এবং ট্রেন থেকে হাজার হাজার লোককে ধরে এনে আটক করে রাখা হতো এবং প্রতিদনি ৫০ জন অথবা ১০০ জন করে হত্যা করা হতো।

এ সমস্ত এলাকাতে অসংখ্য কবর আজো দেখতে পাওয়া যায়। মানুষের পরিহিত কাপড়-চোপড়, জুতা, স্যাণ্ডেল ইত্যাদি এখানে সেখানে পড়ে আছে। স্থানীয় জনসাধারণের ধারনা মতে শুধু মিরেশ্বরাই ও সীতাকুণ্ডের বধ্যভূমিগুলোতে ১৫ থেকে ২৫ হাজার লোককে হত্যা করা হয়েছে।

এ ছাড়া রাউজান, পটিয়া ও বাঁশখালী ইত্যাদি থানাতেও প্রায় অনুরুপহারে গণহত্যা চালানো হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
চাঁদপুরে পাকবাহিনীর হত্যা লীলার আরো কাহিনী	পূর্বদেশ	১৩ ফেব্রুয়রী, ১৯৭২

চাঁদপুরে পাকবাহিনী ও তাদের
হত্যালীলার চাঞ্চল্যকর কাহিনী
\ পূর্বদেশ সংবাদদাতা \

কুমিল্লা. ১০ই ফেব্রুয়ারী। -কুমিল্লা জেলার নদীবন্দর চাঁদপুর ও তার আশপাশের বর্বর বাহিনীর নৃশংসতার বহু তথ্য ধীরে ধীরে প্রকাশ পাচ্ছে। কেবল মাত্র চাঁদপুরেই দখলদার বাহিনী ও তাদের সহযোগী রাজাকার, মোজাহিদ বাহিনীর হায়েনাগুলো প্রায় ৫ হাজার নিরীহ বাঙ্গালীকে হত্যা করে নদীতে ফেলে দিয়েছে বলে আশংকা করা হচ্ছে।

উপরন্তু এই ছোট বন্দর শহরটিতে আল-বদর দখলদার বাহিনীর আত্মসমর্পণের অনতিপূর্বে (৭-১২-৭১ইং) সুপরিকল্পিত উপায়ে বহু বুদ্ধিজীবী, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র হত্যা করার চাঞ্চল্যকর খবর পাওয়া যাচ্ছে।

জনাব মিজানুর রহমান চৌধুরীর বড় ভাই ডাঃ মজিবুর রহমান চৌধুরী এক সংবাদদাতাকে বলেন, চাঁদপুর পুরান বাজারস্থিত নূরীয়া হাইস্কুলে আল-বদর বাহিনী ক্যাম্প স্থাপন করে তাদের প্রধান-এর নির্দেশে অত্র এলাকায় এক ত্রাসের রাজত্ব কায়েম করে। লুটতরাজ ও নির্বিচারে হত্যা তখন নিত্যনৈমিত্তিক হয়ে দাঁড়ায় বলে তিনি জানান। একদিন আল-বদর বাহিনীর কয়েকটি হায়েনা গ্রাম অঞ্চল থেকে আগত চারজন নিরীহ বাঙ্গালীকে অচেনার অজুহাতে প্রকাশ্য বাজারে গুলি করে হত্যা করে। কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র পেলেই তারা ধরে নিয়ে যেত এবং এদের কাউকেই ফিরতে দেখা যায়নি বলে জানা যায়। একদিন তার অনুপস্থিতিতে তার ছেলে বাবুলকেও বদর বাহিনীর কয়েকটি হায়েনা বড় ষ্টেশন ও তাদের নির্যাতন কক্ষে নিয়ে আরো প্রায় ২০-২৫টি ছেলের সাথে অকথ্য নির্যাতন করে।

বহু চেষ্টা তদবীরের পর জৈনিক আর্মি অফিসারের মারফতে বাবুলকে তিনি ফিরিয়ে আনলেন সত্য কিন্তু তারপর সে প্রায় এক মাস অচল হয়ে পড়েছিল। তার সঙ্গের হতভাগ্যদের কি হয়েছিল তা তিনি বলতে পারেন নি।

দখলদার বাহিনীর অত্মসমর্পণের পূর্ব মুহূর্তে ফ্যাসিষ্ট আল-বদর বাহিনী সুপরিকল্পিত উপায়ে বুদ্ধিজীবী নিধন শুরু করে। চাঁদপুর টেলিফোনের সহকারী ইঞ্জিনিয়ার জনাব সায়েদুল হক আল-বদর বাহিনীর তৎপরতার কথা বলতে গিয়ে তারা কি করে তার দু'জন কর্মীকে হত্যা করেছে এবং তিনি কেমন করে তাদের মৃত্যু ফাঁদ থেকে বেঁচে গেছেন তা এই সাংবাদদাতাকে জনান।

৭ই ডিসেম্বর তার একজন সুপারভাইজার জনাব আব্দুল খালেক ও অপারেটর জনাব মোরশেদুর রহমান শহরের উপকণ্ঠের এক গ্রাম থেকে ফেরার পথে বদর-বাহিনী তাদের ধরে নিয়ে যায়। এর নূরীয়া হাইস্কুলস্থিত ক্যাম্পে আটকিয়ে রাখে। উক্ত খবর পাওয়ার পর তিনি বদর বাহিনীর সাথে টেলিফোনে যোগযোগ করলে উল্লিখিত ব্যক্তিদেরকে সকালে মুক্তি দেয়া হবে বলে আশ্বাস দেয়া হয়।

সান্ধ্য আইন থাকায় নিজে গিয়ে তাদের খবর নেয়া নিরাপদ কিংবা সম্ভবও ছিল না। সকাল বেলা এক বেনামী টেলিফোন থেকে জানতে পেরে তাদের খোঁজ করতে গিয়ে নূরীয়া স্কুলের নিকটবর্তী রাস্তায় তাদের মৃত অবস্থায় পাওয়া যায়। সেদিনই কিছু একটা বিপদের আশংকা মনে জাগলে জনাব সায়েদুল হক শহর ছেড়ে

পালাতে সচেষ্ট হয়ে ওঠেন। এবং ঝুঁকি নিয়ে সপরিবারে নৌকা করে সরে পড়তে সক্ষম হন। পরে তিনি জানতে পারেন যে, তিনি বাসা ত্যাগ করার মাত্র কয়েক মিনিট পরেই আল-বদর বাহিনীর হায়েনাগুলো তার বাসায় পৌঁছে হতাশ হয়। সেই মানবতার শত্রুহয়েনাগুলো অনেক বুদ্ধিজীবীকে তাদের নিজ নিজ বাসা থেকে ধরে এনে হত্যা করে।

নিহতদের মধ্যে রয়েছেন ম্যালেরিয়া উচ্ছেদ বিভাগের এসিষ্ট্যান্ট ম্যালেরিয়া সুপারিনটেনডেন্ট জনাব জোয়রদার মতিউর রহমান, ষ্টোরকিপার জনাব মাকসুদুর রহমান, মেকানিক জনাব কবীর আহমদ, ম্যালেরিয়া ইন্সপেক্টর জনাব সফিউদ্দীন আহমেদ, ও দু'জন সুপারভাইজার বজলুর রহমান ও ইদ্রিস মিয়া। কৃষি বিভাগের একজন প্রোজেক্ট অফিসার জনাব ফয়েজ আহমেদও আল-বদর বাহিনী কর্তৃক নিহত হন। নিহতদের মধ্যে ওয়াপদার দু'জন মেকানিক ছিলেন, তারা হচ্ছেন নাজিমুদ্দীন ও মাহফুজুল হক।

দখলদার বাহিনী ও তাদের সহযোগী এদেশের জারজ সন্তানগুলো নারকীয় হত্যাকাণ্ড চালায় তার চাক্ষুস সাক্ষী রেলওয়ে হাসপাতালের সেনিটারী এসিষ্ট্যেন্ট জনাব ফজলুল বারী। এপ্রিল মাসে চাঁদপুর দখলদার বাহিনীর কবলে পতিত হওয়ার পরও তিনি হাসপাতালের কাজে নিযুক্ত থাকায় বর্বর বাহিনীর নৃশংসতার সাক্ষী হয়ে আছেন তিনি এবং তার ডোম বাহিনীর অনেকেই। রেলষ্টেশনের অফিস সমূহে রেষ্টহাউসে দখলদার ও রাজাকার বাহিনীর ক্যাম্প করা হয়।

শান্তি বাহিনীর সহযোগিতায় এই সমস্ত নরপশু চাঁদপুর পুরান বাজার ও পাশ্ববর্তী এলাকা সমূহে হত্যা, লুট, নারী নির্যাতন, ও অগ্নিসংয়োগে এক নারকীয় ত্রাসের রাজত্ব কায়েম করে। নির্বিচারে গণহত্যা ও বহু নারীর সতিত্ব নষ্ট করার বিবৃতি দান করেন জনাব ফজলুল বারী। রেল, লঞ্চ,রাস্তা-ঘাট, নৌকা সমূহ ও বিভিন্ন গ্রামাঞ্চলে হানা দিয়ে নিরীহ নিরপরাধ বাঙ্গালীদের ধরে এনে তাদের ক্যাম্প সংলগ্ন নির্যাতনকক্ষে অমানুষিক নির্যাতন করে হত্যা করা হতো।

একটি আম গাছ নির্দেশ করে তিনি বল্লেন এই আম গাছটি হাজারো নরহত্যার নীরব দর্শক। আম গাছটির নীচে ফিশিং কর্পোরেশনের গুদামের পিছনেই দুর্ভাগাদের হত্যা করে ২০-২৫ জনকে একই তারে গ্রথিত করে নদীতে ফেলে দিত। যেদিন মৃত্যুর সংখ্যা বেশী হত সেদিন ডোমদের তলব করা হতো।

দুজন ডোমের বর্ণনা

রেলের ডোম ছুনুয়া ও গয়া প্রসাদ এই সংবাদাতাকে বলে যে, গভীর রাত্রে এসে পাকবাহিনীর লোক তাদের কোয়ার্টার থেকে ধরে নিয়ে যেত। ষ্টেশনের ওয়েটিং রুমে জিঃ আরঃ পিঃ হাজতে অথবা আক্কাস আলী হাইস্কুলে রক্তাক্ত মৃতের স্তুপ দেখিয়ে বলতো, ভাঙ্গী ইয়ে জলদী সাফ করো।

মৃত দেহ বয়ে নদীতে ফেলতে হতো এবং ভোর না হতে উল্লিখিত নির্যাতন কক্ষের স্থান পরিস্কার করে ফেলতে হতো।

"কত আদমীকে যে এই লোক মেরেছে, কত মা বোহিনের ইজ্জত নষ্ট করেছে তা বলতে পারুম না বাবু।" আক্ষেপের সাথে বলে ছুনুয়া। অনেক সময় দু'এক কথা বলতে গিয়ে নরপশুদের হাতে ওরা মারও খেয়েছে বলে জানায়।

শিরোনাম	সূত্র	তারিখ
সৈয়দপুরে বাঙ্গালী নিধন অভিযানের একটি প্রত্যক্ষ বিবরণ	সংবাদ	১৪ ফেব্রুয়ারী, ১৯৭২

সৈয়দপুরে বাঙ্গালী নিধন অভিযানের একজন দুঃখিনী সাক্ষী সুরাইয়া বেগম

দু'সন্তানের জননী বেগম সুরাইয়া রহমান। বেগম সুরাইয়া রহমান হচ্ছেন সৈয়দপুরের তদানীন্তন হাউসিং এবং সেটেলমেন্ট বিভাগের মহকূমা ইঞ্জিনিয়ার শহীদ ফজলুল রহমানের পত্নী। অশ্রুসজল চোখে বেগম সুরাইয়া রহমান সেদিন আমার কাছে তাঁর স্বামী, দেবর ও ভাগ্নের শহীদ হবার কাহিনী বলেছিলেন।

তিনি বললেন, ১৯৭১ সালের ১লা এপ্রিল আমার জীবনে সেই ভয়াবহ পরিণতি ডেকে আনলো। আমার ব্যক্তিগত জীবনে ঐদিনই হলো শহীদ দিবস। তিনি বলেছেন, ১লা এপ্রিল বিকেলের দিকে প্রায় ২০ জন হানাদার পাকিস্তানী সৈন্য আমাদের বাঙ্গালীপুরস্থ বাসভবনে আসে। তারা সবাই আমাদের লাইন করালো।

আমার সাড়ে তিন বছরের শাহনাজ পারভীন (রুমা) তখন কোলে। হানাদার বাহিনীর ভয়ে সে তাকে চেপে ধরে রয়েছে। আমার স্বামীর গলায় পবিত্র কোরান শরীফ ঝোলানো।

বাচ্চাটি কোলে। কোরান শরীফ ছুড়ে ফেলে তারা বলল, কেয়া তুম জয় বাংলা বোলতা? তোম আওয়ামী লীগকে সাথ হ্যায়? এই বলে তারা আমার স্বামী, তার ভাই ১ম বর্ষ এম, বি, এস-এর ছাত্র রফিকুল ইসলাম, তার ভাগ্নে এস, এস, সি পরীক্ষার্থী আনোয়ার হোসেন, বাসার মালী রুহুল আমীনকে ধরে নিয়ে যায়। ছোট মেয়েটি তখন তার আববুর গায়ের সাথে মিশে ছিল। নামতে চায় না। কিছুতেই সে তার আববুকে ছাড়বে না। আমি তাকে জোর করে নামালাম তার আববুর কোল থেকে।

হাউসিং এ- সেটেলমেন্ট বিভাগের ড্রাইভার অবাঙ্গালী আবিদ হোসেন সৈন্যদের সাথে এসেছিল। সে বাসায় ঢোকেনি, বাইরে ছিল। সে-ই হানাদারদের সব খবর দিত। তার এক ভাই নাজিরও হানাদার বাহিনীর দালালী করতো। বেগম সুরাইয়া তাঁর সুখের নীড় ভাঙ্গার কাহিনী বলতে গিয়ে কান্নায় ভেঙ্গে পড়েছিলেন। অনেক কিছু বলতে চেয়েও তিনি বলতে পারেননি।

তিনি বললেন, বাসা থেকে ওদেরকে নিয়ে বেরুবার পাঁচ মিনিট পর আমি কয়েকটা গুলির শব্দ শুনেছি। হয়তো এই গুলিতে ওদের সবাইকে এক সাথে হত্যা করা হলো। আমরা সবাই তাদের চারজনের আগমনের প্রতিজ্ঞা করছিলাম। আমার শাহনাজ তার পিতা, চাচা ও ভাইয়ের প্রত্যাবর্তনের জন্যে উন্মুখ হয়ে প্রহর গুনছিল।

দিন গড়িয়ে সন্ধ্যা হলো। আসলেন মেজর গুল, মেজর জাভেদ, ক্যাপ্টেন বখতিয়ার, কর্নেল শফি। তারা আমাদের ছাদের উপর কামান বসালেন। দারুণ উত্তেজনা, অশান্তি ও দুশ্চিন্তার মধ্য দিয়ে রাত্রি কাটালাম।

২রা এপ্রিল। ১৯৭১ সাল। আমার স্বামীকে ধরে নিয়ে যাবার দ্বিতীয় দিন। ড্রাইভার আবিদ জানতো আমার স্বামী, দেবর, ভাগ্নে প্রমুখের ভাগ্যে কি ঘটেছিল। সে জানতো তারা তখন কোথায়। তার তখন অবাধ সুযোগ-সুবিধা।

সে ঐ দিন কয়েকজন অবাঙ্গালীকে নিয়ে এসে আমাদের বাসা লুট কর নিয়ে গেলো। আমাদের পরিবারটা ছোট। বেশ সুখে স্বাচ্ছন্দ্যে ছিলাম। বাসায় প্রায় ৫০/৬০ হাজার টাকার বিভিন্ন জিনিসপত্র ছিল। সেসব কিছু নিয়ে গেল। হানাদার সৈন্য বাহিনী ঐদিনই আমাদের সৈয়দপুর টেকনিক্যাল স্কুলে নিয়ে গেলো।

সেখানে শুধু মহিলা আর মহিলা। কমপক্ষে ৬০০ থেকে ৭০০। সবাই এক একটা সকরুণ কাহিনীর প্রতিকৃতি, জীবন্ত সাক্ষী। সেখানে আমরা হানাদার সৈন্যদের পৈচাশিকতা দেখেছি, শুনেছি তাদের বিদ্রুপপূর্ণ টিটকারী। এরপর আমাদেরকে দারুল উলুম মাদ্রাসায় সরিয়ে নেয়া হয়। তারপর দু'মাস পর আমরা ঢাকায় চলে আসি।

শিরোনাম	সূত্র	তারিখ
‘‘জল্লাদেরা আছড়েও মানুষ মেরেছে।’’	দৈনিক বাংলা	১৫ ফেব্রুয়ারী, ১৯৭২

জল্লাদেরা আছড়েও মানুষ মেরেছে
\ বিশেষ প্রতিনিধি প্রেরিত \

গাইবান্ধাঃ ‘‘বাবা, মা নেই। কাকা খোঁড়া। চলতে পারেন না। জ্যাঠা পাগল। বোন বিধবা। বচ্চাও আছে একটি। মোট ১০ জনের পরিবার। আমি এদের নিয়ে কি করব বলতে পারেন?’’

অটো প্রমোশনে প্রদীপ এখন নবম শ্রেণীর ছাত্র। কিন্তু বেতন দেবে কোত্থেকে। ‘‘না। কোথাও যাইনি। যাদের উপার্জনে সংসারের চাকাটা ঘুরতো খান সেনারা তাদের একদিন ধরে নিয়ে গেল। ধরে নিয়ে গেল, চলতি বাংলা সনের জৈষ্ঠ মাসের ১৭ তারিখে। নিয়ে গেল আমার ভগ্নিপতি অমল লাল চাকী এবং পরিবারের অপর তিনজন ননী গোপাল দেব, নিরোদ বিহারী দেব, আর নিরঞ্জন দেবকে। ওরা তো আর ফিরে আসেনি।’’

হয়ত হেলাল পার্কের বধ্যভূমিতে তাদেরও হত্যা করা হয়েছে। তারপর পলিয়ে পালিয়ে বেড়িয়েছি। আজ এ গ্রাম কাল সে গ্রাম এমনি করে। বাড়ী লুট হয়েছে। কিছু নেই। স্কুলের বেতন দেবে তেমন কিছুও আর অবশিষ্ট নেই। প্রদীপের বোনের বিয়ে হয়েছে মাত্র দু’বছর। এখন বয়স বড়জোর আঠারো উনিশ, সে্ এখন অর্ধ উন্মাদিনী। ‘‘সরাকারের দয়ায় মানুষের সহায়তায় হয়ত একদিন আবার আমরা দাঁড়াতে চলতে পারবো, কিন্তু আমার বোনের স্বামীকে ফিরিয়ে দেবে কে? ছোট ভাগ্নে যখন বড় হয়ে জিজ্ঞেস করবে মামা আমার বাবা কোথায় তখন আমি তাকে কি করে বোঝাবো? কোত্থেকে এনে দেব তার বাবাবে? ‘‘নাম রাখা সার্থক হেয়েছে। প্রদীপ পড়তে চায়। পড়া ছাড়া আর কোন উপায় নেই। যে করেই হোক তাকে পড়তেই হবে। অশিক্ষিত ছেলেকে চাকুরী দেবে না কেউ। সামান্য কিছু জমি আছে তার।

গাইবান্ধা এমারজেন্সী ফোর্স-এ কর্মরত সুবেদার আবদুর রাজ্জাক। তিনি খান সেনাদের বিচারের মহড়া দেখেছেন। একাত্তরের মে মাসের মাঝামাঝি। রান্নার খড়িতে ঘাটতি পড়েছে। মেজর আফজাল ডেকে পাঠাল।জ্বালানী কাঠের ব্যবস্থা করতে হবে।

গেলেন রাজ্জাক সাহেব। তার তখন ৮টা। রাজ্জাক সাহেব বললেন, সুবেদারের নাম এখন মনে নেই। সে মেজর আফজালের ঘর থেকে দুজন লোককে বের করে নিয়ে এল। সুবেদারকে সুধোলাম, কেয়া ভাইয়া ইন দোনোকা বিচার হো গিয়া। খান সুবেদার জবাব, তোমহারে সামনে হোগা দেখো। ওদের দুজনকে মাঠে খাড়া করলো। সিপাইকে হুকুম দিল, ইন লোগকো খরচা কর দো।

লোক দু’টোকে পিছন ফিরতে ও চোখ বন্ধ করতে বলা হলো। তারপর এক, দুই, তিন, চার। পরপর চারটে গুলি। কাটা মুরগীর মতো ছটফট করতে করতে ওরা মরে গেল। তারপর তাদের কফিল শাহর গুদামের মাঠে যেখানে রয়েছে আরো শত শত মানুষের সমাধি সেখানে গর্তে ফেলে মাটি দেয় হলো। হেলাল পার্কে এবং এখানে যাদের হত্যা করা হয়েছে এই প্রাঙ্গণেই তারা শুয়ে আছে। শুয়ে আছে দশ, বিশ জনে গাদাগাদি হয়ে।

আমার যে বোনের সর্বস্ব কেড়ে নিয়ে হত্যা করা হয়েছে পড়ে রয়েছে তাদের পরনের শাড়ীর ছিন্ন অংশ। মাথার চুল। চোখে বাঁধা রয়েছে তার রুমাল। গুদামের কক্ষগুলোতে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে ইট। তাতে রক্তের দাগ। অনেককে গুলি খরচ না করে ইটের উপর আছড়ে মারা হয়েছে। চিৎকার করতো বলে আর আশপাশের

পাড়ার লোকেরা গুলির শব্দ শুনে শুনে গুণে রাখতো তাই পরের দিকে পশুরা ইলেকট্রিক শক দিয়ে মেরে ফেলতো।

হেলাল পার্কের সংলগ্ন ওয়াপদা রোড পাড়ার আবদুল ওয়াদুদ খান শহীদ। কলেজের ছাত্র। মুক্তিবাহিনীর পক্ষে সে গুপ্তচরবৃত্তি করছে বলে তাকে একবার নয় দু-দুবার ধরা হয়েছিল। শেষ বার ৬ই অক্টোবর প্রথমে তার বন্ধু মকসুদার রহমান মুকুল এবং পরে শাহীনকে ধরা হয়। শাহীন আমাকে জানালো, ''ওরা প্রথমে আমাকে সিকিউরিটি অফিসারের কাছে নিয়ে গেল। আমি মুক্ত এলাকায় যাতায়াত করার কথা স্বীকার করি। স্বীকার করার উপায় ছিল না। ওদের লোকেরা আমার যাতায়াতের সঠিক খবর রাখতো। মেজর ছিল না তাই আমাকে এক ঘন্টার জন্য ছেড়ে দেয় হলো বলা হল, যদিনা ফিরে তবে আমার বংশে বাতি দেওয়ার মতও কাউকে রাখা হবে না। অগত্যা এক ঘন্টা পর ফিরতে হলো। মেজরের জিজ্ঞাসাবাদের পর কফিল শাহর গুদাম ঘরে হাত আর চোখ বেঁধে শুরু হলো নির্যাতন। সেই ঘরে বিমান বাহিনী থেকে আগত একজন মুক্তি সেনাকে রক্তাপ্লুত ও উলঙ্গ অবস্থায় তিনি দেখতে পেয়েছেন।'' শাহীন জানাল আমার সামনেই দলে দলে লোক ধরে আনছে আর চালাচ্ছে অকথ্য অত্যাচার।

শাহীন বললো পাঞ্জাব রেজিমেন্টের মেজর মাহমুদ, বালুচ রেজিমেন্টের মেজর আফজালম লেফটেন্যান্ট নেওয়াজ রিজভী, ২৯ ক্যাভালরীর মেজর তহসীন মির্জা এবং মেজর শের খান ও ক্যাপ্টেন খককর গাইবান্ধার হেলাল পার্কের সকল হত্যাকাণ্ড ও ধর্ষণের জন্য দায়ী। মেজর শের আলী তহসীন মীর্জা কত মেয়ের যে সতিত্ব হরণ করেছে তার কোন হিসাব নেই।

ভরতখালিতে পুরাতন ফুলছড়ি ঘাট ও নয়া ঘাটের লাইনের মধ্যবর্তী স্থানে বহু লোককে খান সেনারা হত্যা করেছে। বগুড়া জেলার শরিয়াকান্দী থানার লোকদেরও ধরে এনে এখানে হত্যা করা হয়েছে। নলডাঙ্গায় আওয়ামী লীগ নেতা একরাম উদ্দীনম, রংপুরের বিশিষ্ট আইনজীবী শ্রী বিজয়চন্দ্র মৈত্র (পাখীদা); তার দু'ছেলে এবং গফুর নামক এক ব্যক্তিকে হত্যা করা হয়েছে।

সুন্দরগঞ্জে একদিন সভার কথা বলে ডেকে এনে চেয়ারম্যানসহ ১৩ জনকে হত্যা করা হয়। সাইমাগঞ্জের একটি বর্ধিষ্ণু পরিবারের তিনজনকে খাওয়ার দাওয়াত দিয়ে ক্যাম্পে ডেকে এনে হত্যা করা হয়েছে। তারা নাকি মুক্তি সেনাদের সহায়তা করতো।

শিরোনাম	সূত্র	তারিখ
খুলনায় পাক বাহিনীর নরমেধযজ্ঞ	দৈনিক বাংলা	১৫ ফেব্রুয়ারী, ১৯৭২

খুলনায় পাক বহিনীর নরধেমযজ্ঞ

\ নিজস্ব প্রতিনিধি প্রেরিত \

খুলনাঃ খুলনা শহরের কেন্দ্রস্থলে রেল ষ্টেশন ও রেল লাইনের বিস্তীর্ণ এলাকা জুড়ে ছিল বাঙ্গালী নিধনের আর একটি ঘাঁটি। এপ্রিল মে মাসে জল্লাদ সৈন্যরা খুলনা রেলষ্টেশন এলাকাতে বহু বাঙ্গালীকে হত্যা করেছে। এদের মধ্যে ছিল প্রদেশের অন্যত্র থেকে আসা ট্রেনের যাত্রীরা। প্রথমে তাদের সর্বস্ব লুট করা হতো। তারপর হত্যা করা হতো এবং সেই সব মৃত দেহগুলির পেট চিরে নদীতে ফেলে দেয়া হতো যাতে করে লাশ নদীর গভীরে তলিয়ে যায়।

রেলষ্টেশন ও ষ্টীমার ঘাটগুলির শক্ত সবল মুটে শ্রমিকেরাই তাদের হাতে মারা গিয়েছে সর্বাধিক। রেল কলোনী এলাকাতে প্রাধান্য ছিল পাকসেনাদের সহযোগী একদল অবাঙ্গালীদের। ঐ সময়ে রেল কলোনী এলাকাতে দিনে বা রাতে যখনই কোন বাঙ্গালী গিয়েছে, সে আর ফেরেনি কোন দিনও। তাকে হত্যা করে পুঁতে রাখা হতো। বহিরাগত লঞ্চ-ষ্টীমারের যাত্রীরাই হয়েছে তাদের প্রধান শিকার।

ঐ সব কলোনীতে বসবাসকারী অনেক বাঙ্গালী রেলকর্মচারীও হয়েছে তাদের শিকার। লুণ্ঠিত হয়েছে তাদের গৃহসামগ্রী। এই এলাকা থেকে অন্যান্য গলিত দেহের সঙ্গে উদ্ধার করা হয়েছিল খুলনা থানার দারোগা জনাব কাশেমের মৃতদেহটি। ডিউটি করে বাড়ী ফেরার পথে তিনি নিখোঁজ হয়েছিলেন। এই এলাকায় আশিয়ানী হোটেলের সামনে বিরাট একটা ডোবা আছে। এই ডোবার ভেতরেও নিক্ষিপ্ত হয়েছে বহু বাঙ্গালীর মৃতদেহ।

গত ডিসেম্বরের কথা। যুদ্ধ চলছে একদিকেআর বাঙ্গালীকে হত্যা করে ভর্তি করা হচ্ছে রেল রোডের একটি গুদাম। খুলনায় বিমান হামলা চলাকালীন পথের লোকজন রেল রোডে বা রেল কলোনীতে আশ্রয় নিলেই সেখান থেকে তাদের ধরে নিয়ে হত্যা করে ঐ গুদামে ফেলে দেয়া হত। ঐ সময়ে খুলনায় কেউ ভাবতে পারতো না যে রেল রোডের মত ব্যস্ত সড়কে এই ধরনের একটি গুদাম রয়েছে যেখানে বাঙ্গালীদের লাশ রোজই বেড়ে উঠেছে। ষ্টেশনরোডে ঐ সময়ে কেরোসিন বিক্রি হতো। কেরোসিন তখন ছিল আক্রা। তাই সুদুর গ্রামাঞ্চল থেকে ক্রেতারা এসে ভোর থেকে লাইন দিত। কিন্তু বিমান হামলার সাইরেন বাজলেই তারা আত্মরক্ষার্থে আশপাশে আশ্রয় নিত। তারা জানতো না যে যেখানে তারা আশ্রয় নিয়েছে, সেখানে রয়েছে বাঙ্গালীদের মরণফাঁদ। তাদের পাহারাদারদের সহায়তায়ও বর্বর সেনারা বাঙ্গালীদের অর্থ লুণ্ঠন ও হত্যা করতো।

পাহারাদার খানরা পথেঘাটে, বাজারে ব্যাংকে সন্ধানী দৃষ্টি নিয়ে ঘুরে বেড়াতো। ঐ সব জায়গায় কোন বাঙ্গালীর কাছে বেশী টাকা দেখলেই তাকে মুক্তিবাহিনী বলে ধরে আনতো হেলিপোর্টে অবস্থানরত জল্লাদ সেনাদের কাছে। সেখানে তার সর্বস্ব লূট করে তারপর তাকে মেরে ফেলা হত। এ ধরনের হত্যা অনেক ঘটেছে। নিহতদের মধ্যে রয়েছে ম্যাটার্নিটি রোডের ননী, স্যার ইকবাল রোডের সিমেণ্ট ব্যবসায়ী কাঞ্চন মিয়া, আরও অনেকে।

এখানে শুধু ননীর মর্মান্তিক মৃত্যু ঘটনার কথা বলছি। ননীদের কণ্ট্রাক্টরী ও নৌপরিবহন ব্যবসা আছে খুলনাতে। ঘটনার দিন সে ব্যাংকে গিয়েছিল ব্যবসার জন্য কয়েক হাজার টাকা তুলতে। ননী টাকাটা তুলে তার

সাথীকে নিয়ে ঢুকল পিকচার প্যালেসের কাছে এক রেষ্টুরেণ্টে চা খেতে। তখন সে বুঝতেও পারেনি এটাই হল তার জীবনের শেষ চায়ের কাপ। বাইরে অপেক্ষা করছিল দুজন খান। যেই মুহূর্তে ননী বেরিয়েছে অমনি তাকে পাকড়াও করে তুলল রিকশাতে। রিকশা ছুটল বধ্যঘাঁটি হেলিপোর্টে, যেখানে অপেক্ষা করছিল বর্বর পাকসেনারা।

১৭/১৮ বছর বয়সের ননী ছিল নির্ভীক ও তেজোদ্দীপ্ত। মৃত্যু অবধারিত জেনেও বাঙ্গালী তরুণ ননী খানসেনাদেরকে রেখে কথা বলেনি। কঠিন ভাষায় সে প্রতিবাদ করেছিল- যার প্রতিশোধে তাকে তারা হত্যা করেছিল নির্মমভাবে। বর্বররা তার পায়ে দড়ি বেঁধে হেলিপোর্টের সিলিং-এ পা উপরে মাথা নীচে দিয়ে ঝুলিয়েছিল।

তারপর চালালো তার দেহে চাবুক। চাবুকের প্রতিটি বাড়ি তার দেহে কেটে বসে যাচ্ছিল। আর সে অর্তনাদ করছিল। সময়টা ছিল দুপুর। তার সাথীরা ছিল নির্বাক পথযাত্রী কয়েকজন বাঙ্গালী। চাবুকের বাড়িতে যন্ত্রণায় তার মুখম-ল থেকে চোখ দুটো বেরিয়ে গিয়েছিল।

শিরোনাম	সূত্র	তারিখ
নওগাঁয় পাকিস্তানীদের হত্যাযজ্ঞের আরেক অধ্যায়	পূর্বদেশ	১৫ ফেব্রুয়ারী, ১৯৭২

নওগাঁয় পাকিস্তানীদের হত্যাযজ্ঞের
আরেক অধ্যায়ঃ কূপে পানি নেই
আছে শুধু গলিত লাশ
\ পূর্বদেশ প্রতিনিধি \

যে কেউ নওগাঁ শহরে ঢুকলেই দেখতে পাবেন শহরের মধ্যবর্তী যমুনা নদীর যমুনা ওপর নির্মিত পুরানো অথচ অতি সুন্দর সেতুটির পাশেই বিধ্বস্ত তাজ সিনেমা হলটি। এর দক্ষিণে দেখা যাবে অসংখ্য বাঙ্গালী বিকৃত মৃতদেহ স্তুপাকৃত অবস্থায় পড়ে আছে। এরই আর মাত্র সমান্য দূরে একটি পুরানো পাকা কূপ।

সুস্বাদু পানীয় জলের এবং অন্যান্য কাজে ব্যবহারের জন্য কূপটি এলাকার মানুষের প্রভূত উপকারে আসতো। আর এক্ষণে এই কূপটির তিন হাত নীচে থেকে শেষ পর্যন্ত কেবল গলিত ও বিকৃত লাশ আর লাশই দেখা যাচ্ছে। একদা সুপেয় ছিল যার পানি সেখানে পনির চিহ্ন মাত্রও আর নেই। শবদেহ রক্তের ধারার সাথে মিশে একাকার হয়ে গেছে।

আর একটু এগিয়ে গেলেই দেখা যাবে দু'টি বড় ঢেউ টিনের ঘর। ঘরের ভেতর ঝুলে আছে বহু দড়ি। নীচে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে জুতো, জামা, প্যাণ্ট ও অন্যান্য পোশাক পরিচ্ছেদ। এক নজরেই মনে হবে, এগুলো এক বা একধিক লোকের নয়, শত শত মানুষের ব্যবহৃত কাপড়। আর মেঝেতে চাপ চাপ রক্ত এবং সে রক্তের বিস্তৃতি কূপ পর্যন্ত লক্ষ্য করা যায়।

কূপটির ভেতরে প্রথমেই যে মৃত দেহটি চোখে পড়ে তা কোন উচ্চপদস্থ লোকের বলেই মনে হয়। এরই চারপাশে দেখা যায় বহু নিহত ব্যাক্তির মাথা মাত্র। শরীরগুলো নীচের বহু লাশের ভেতর অন্তর্হিত বলেই মনে হয়। সনাক্ত করার কোনই উপায় নেই। এবার তাজ সিনেমার নিকটবর্তী পুরোনো পশু হাসপাতালটি অতিক্রম করে উত্তর দিকে কিছুদূর গেলেই দেখা যাবে বাঁয়ে ছোট্ট একটি মসজিদ।

তার পাশেই রয়েছে দালান বাড়ীটি। বসাবাস করত তথাকথিত কামিজ বিহারী ব্যবসায়ী। নাম ইদ্রীস। প্রতি বৎসর খাজা মঈনউদ্দীন চিশতীর মৃত্যু বার্ষিকী পালনের নাম করে তিনদিন ধরে ওরস হতো এই বিহারীর বাড়ীতে। কিন্তু তার বাসার ভেতরে যেতেই যে কেউ চমকে উঠবেন। দেখতে পাবেন দুই ঘরের ভেতরে নির্মম হত্যার প্রমাণ চিহ্ন। একটি ঘরে অনেক দড়ি ঝুলে আছে। আর অপরটিতে রয়েছে অসংখ্য বাঙ্গালীর রক্তের ছাপ।

নরপশুরা বাঙ্গালীর রক্তে
দরজায় আলপনা আঁকত

জানালা, দেওয়ালে সর্বত্র রক্ত ছড়িয়ে আছে, সর্বত্র ঘরের দেওয়ালে এবং চতুর্পাশ্বে। জানা গেছে, উক্ত বিহারী ব্যবসায়ী খানসেনাদের সহযোগিতায় যেসব বাঙ্গালীকে ধরে এনে জবাই করতো তাদের রক্তে তার

অপবিত্র হস্ত রঞ্জিত করে তার ঘরের দরজা ও জানালা রাঙ্গিয়ে নিত। যেনো আলতা দিয়ে সাজানো হয়েছে। এ নারকীয় দৃশ্য চোখে না দেখলে বিশ্বাস করা যায় না।

আর খান সেনারা তখন উল্লাসে মেতে উঠতো। শুধু কি তা-ই। ইদ্রিসের বাড়ীর ভেতর কাঁচা কূপটি মাটি দিয়ে ভরাট করা হয়েছে। এখনও সে কূপের ভেতর দড়ি দেখা যায়। কূপটিতে বহু অচেনা বাঙ্গালীর লাশ চাপা রয়েছে। আর এর পাশেই দেখা যায়। প্রচুর রক্তের দাগ। স্থানীয় বিহারীদের সহযোগিতায় পশু সেনারা কত বাঙ্গালীর জীবন প্রদীপ নির্মমভাবে নির্বাপিত করেছে, এই ক্ষুদ্র নওগাঁ শহরে তারই একটি ক্ষুদ্র প্রামাণ্য তুলে ধরা হলো।

গত ১৯শে ডিসেম্বর এই পশুসেনারা এখানে আত্মসমর্পণ করে।

শিরোনাম	সূত্র	তারিখ
''অমানুষিক নির্যাতনেও তার মনের বলিষ্ঠতা কমেনি''	দৈনিক বাংলা	১৬ ফেব্রুয়ারী, ১৯৭২

''অমানুষিক নির্যাতনেও তার মনের বলিষ্ঠতা কমেনি''
\ ষ্টাফ রিপোর্টার \

''আমার আব্বাকে কি মৃত্যুর হাত থেকে ছিনিয়ে আনা যেত না?'' সাক্ষাৎকারের শুরুতেই প্রশ্নটি কেরছিলেন বাবুল। বাবুল আওয়ামী লীগ নেতা এবং জাতীয় পরিষদ সদস্য, যশোরের গৌরব, মরহুম মশিহুর রহমানের বড় ছেলে। তাঁর আম্মা এবং অন্য তিন ভাইবোন সহ কলকাতা থেকে ঢাকায় এসেছেন। স্বাধীন বাংলার অঙ্গনে দাঁড়িয়ে আজ বাবুল অসংখ্য প্রশ্নের আঘাতে প্রতিনিয়ত বিধ্বস্ত হচ্ছেন। বোনের বাসা ধানমন্ডিতেই তিনি উঠেছেন।

আলাপের প্রথম দিকে স্তব্ধভাবে পাথরের মুর্তির মত বসেছিলেন তিনি। হয়ত শুনেছিলেন তার আত্মজের কণ্ঠের অশ্রান্ত অর্তনাদ-এত লোক থাকতে কেন আমার আব্বা বাঁচলো না? কেন আন্তর্জাতিক পর্যায়ে কোন আবেদন পৌছালো না আব্বার অমূল্য জীবনের জন্য। একান্ত ধীরস্থির কণ্ঠে বেগম রহমান বললেন তাঁর মহান স্বামী মরহুম মশিহুর রহমানের সাথে তার সেই অবিস্মরণীয় দিনগুলোর কথা।

তিনি বলেছিলেন কিভাবে ২৫শে মার্চের কালো রাতটাকে স্ত্রী পুত্র এবং বন্ধু-বান্ধবের অসংখ্য অনুরোধ সত্ত্বেও তিনি পালিয়ে যাননি। সকলের অনুরোধের উত্তরে একবার শুধু তিনি বলেছিলেন- নির্দয় এই সেনাবাহিনীর হাতে এ দেশের সরল জনগণকে ছেড়ে দিয়ে কি ভাবে আমি শুধু নিজের জীবন রক্ষা করবো। আপন আদর্শে বিশ্বাসী জনাব মশিহুর রহমান নিজস্ব নীতি থেকে কখনো বিচ্যুত হননি।

ভীষণ যন্ত্রণা দিয়ে পাকহানাদার বাহিনী তিল তিল করে তাঁকে সংহার করেছে। বিশ্বস্ত সূত্রে জেনেছি এই ঘৃণিত পশুর দল প্রথমে তাকে নীতিচ্যুত করার জন্য নানা ধরনের অত্যাচার চালায়। শরীরের নানা স্থানে অগুনে পোড়ানো, দেহকে বেত্রাঘাতে রক্তাক্ত করে তাতে লবণ মাখানো থেকে আরম্ভ করে ইলেকট্রিক শক পর্যন্ত লাগানো হয়েছে। অত্যাচারে যখন তার বলিষ্ঠ দেহটা ক্রমে ক্রমে নিস্তেজ হয়ে পড়ছিল তখনও তার মনের বলিষ্ঠতা একটুও কমেনি। সব সময় তিনি একই কথা বলেছেন, ''আমি আমার জনগণের বিরুদ্ধে কিছু বলতে বা লিখতে পারবো না।''

সত্যিই তিনি তা পারেননি। হানাদার বাহিনী যখন তার বাম হাত কেটে ফেলে ডান হাতে লেখার জন্য হুকুম চালায় তখন যন্ত্রণায় শুধু কেঁপেছেন তিনি। কিন্তু তার বলিষ্ঠ ঠোট দুটো একটুও কাঁপেনি। প্রতি দিনে একে একে হানাদার পশুরা তাঁর দুই পা, দুই হাত কেটে বিকলাঙ্গ দেহের, পরে অমানুষিক নির্যাতন চালিয়েছে তখনও একটু কেঁপে ওঠেনি তাঁর দৃঢ়ভাবে বন্ধ ঠোট দুটো।

বেগম রহমান জানেন তাঁর স্বামীর সেই নৃশংস মৃত্যুর কথা। তিনি সহ্য করতে পারেন না নিষ্ঠুর সেই ঘটনার কোন বর্ণনা। তবুও মাঝে মাঝে তাঁর অবুঝ মন জানতে চায়- কিভাবে স্বাধীন বাংলার মাটি গ্রহণ করবে তাঁর স্বামীর মত মহান প্রেমিকের বিদেহী আত্মাকে।

শিরোনাম	সূত্র	তারিখ
মানিকগঞ্জের একটি বধ্যভুমি সাটুরিয়া হাট	দৈনিক বাংলা	১৬ ফেব্রুয়ারী, ১৯৭২

মানিকগঞ্জের বধ্যভুমি
সাটুরিয়া হাট
\ সংবাদদাতা প্রেরিত \

মানিকগঞ্জঃ ১২ই ফেব্রুয়ারী। -মানিকগঞ্জ মহকুমার সাটুরিয়া থানায় একটা বধ্যভূমির সন্ধান পাওয়া গেছে। সাটুরিয়া হাটের নিকট মোঃ মনোয়ার হোসেন নামক জনৈক ব্যক্তির পরিত্যক্ত বাড়ীর ভিটা খনন করে বহু লাশ উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত লাশগুলো থেকে পাক পশুসৈন্যদের মর্মান্তিক নৃশংসতার স্বাক্ষর পাওয়া গেছে।

লাশগুলোর হাত-পা দড়ি দিয়ে বাঁধা। চোখ মুখ কাপড় দিয়ে জড়ানো। মুখের ভিতর কাপড় দেয়া হয়েছে। প্রত্যেকটি লাশ গলা কাটা অবস্থায় পাওয়া গেছে। এ ছাড়া অনেকগুলো মাথার খুলি ও হাড় পাওয়া গেছে। স্থানীয় দালালদের সহযোগিতায় পাক সৈন্য শত শত মানুষকে হত্যা করেছে। মেয়েদের ধর্ষণ করেছে এবং লাখো লাখো টাকা লুট করে নিয়েছে।

গত নয় মাসে এখানে বানিয়াটি গ্রাম থেকে হরিদাস সাহা ৫৫, অতুল সাহা ৪৫, নিতাই চন্দ্র সাহা ৩০, রাধুঘোষ, আওলাদ হোসেন, গাঙ্গুটিয়া গ্রাম থেকে সুধির রায়, কালু রায়, ডাঃ বিজয় সাহা, মৃণালকান্তি রায়, কমলপুর থেকে মুক্তার আলী, পারাগ্রাম থেকে কালু মিয়া, কাউননারা থেকে হালিম ফকির, আমতা থেকে যথীন্দ্র কর্মকার, নয়াপাড়া থেকে শ্যাম সাহা, হাজিপুর থেকে হযরতকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। হানাদারদের হাতে সরকারী ডাক্তার নরেন্দ্র ঘোষও রেহাই পাননি। চর সাটুরিয়ার নারায়নবাবুর স্ত্রী আভারাণী ভট্টাচার্য ৩৫-কে পশুরা ধর্ষন করে হত্যা করে। যতীন কর্মকারের ১৫ বৎসরের নাতীকে চোখ উপড়ে ফেলে হত্যা করে।

এমনি করে ওরা কতগুলো হতভাগ্য মানুষকে এখানে নির্মমভাবে হত্যা করেছে। তার সঠিক পরিসংখ্যান হয়তো কোনদিনও পাওয়া যাবে না। তবে ঐ হানাদার পশুদের অত্যাচারের এক রাশ বিভীষিকাময় স্মৃতি মানব সভ্যতার দূরপনেয় কলংক হয়ে থাকবে।

শিরোনাম	সূত্র	তারিখ
মরণপুরী ভোলা ওয়াপদা কলোনী	পূর্বদেশ	১৭ ফেব্রুয়ারী, ১৯৭২

মরণপুরী ভোলা ওয়াপদা করোনী
\ হাবিবুর রহমান \

ভোলায় বর্বর হানাদার বাহিনী নৃশংসতার দ্বিতীয় পর্যায়ের হত্যাকাণ্ডের অধিনায়ক নরপশু ক্যাম্পেন মুনির হোসেন ও সুবেদার সিদ্দিক। এদের গণহত্যা ও জঘন্য পাশবিকতা যে বিভীষিকা ও সন্ত্রাস সৃষ্টি করেছিল তা অবর্ণনীয়। গত জুন মাসের প্রথম দিকে এই নরপশু আর তার দোসর সুবেদার ভোলাতে আসে। সে এখানে এসে প্রথম অতি স্বাভাবিকতা দেখাতে আরম্ভ করে।

মাইক্রোফোনে শান্তি কমিটির মাধ্যমে কেবলই ঘোষণা করতো যে, আপনাদের কোন ভয় নেই। অকুতোভয়ে প্রত্যেকে কাজ কর্ম করে যান। আর হিন্দুদের উদ্দেশ্যে বলা হতো আপনারা গ্রাম ও চরাঞ্চল হতে শহরে প্রত্যেকে নিজ বাড়ী ঘরে ফিরে আসুন প্রেসিডেন্ট আপনাদেরকেও সাধারণ ক্ষমা করেছেন। নির্দেশিত সময়ের মধ্যে ফিরে না এলে অতঃপর বিনা বিচারে গুলি করে হত্যা করা হবে।

এ আহবান আর জল্লাদ ইয়াহিয়ার সাধারণ ক্ষমার অন্তরালে ছিল নারী ধর্ষণ, অর্থ সংগ্রহ ও লুটতরাজ এবং নরহত্যার পরিকল্পনা। এ ফাঁদের মাধ্যমেই তাদের ঘৃণ্য কামনা, বাসনা ও উদ্দেশ্য চরিতার্থ করেছিল। প্রথমতঃ যে পরিবারে সুন্দরী মেয়ে ছিল তার অভিভাবককে শান্তি কমিটির পাণ্ডা বা রাজাকার দিয়ে সামরিক বাহিনীর দফতর ওয়াপদা কলোনীতে ডাকা হতো। ডাকার পূর্বেই তার বাড়িঘরের চারদিকের পলায়ন পথে রাজাকার আর দালালরা সাধারণ ভাবে ঘোরাফেরা করত যেনো কোথাও পালিয়ে যেতে না পারে।

অতঃপর উপায়ান্তর না দেখে দালালদের সহায়তায় মরণপুরী ওয়াপদা কলোনীতে যেতে হতো। সেখানে নরপ্রকৃতি পশু মুনির আর সুবেদার বুকের কাছে বন্দুক আর বেয়োনেট ধরে জিজ্ঞাসা করতো-''ভারত মে তোমহাত্যারা লাড়কা গিয়া, আওর মুক্তিবাহিনীকো হামারা খবর পৌছাতা''। এমনি করে দু'এক ঘন্টা আটকিয়ে রেখে দালালদের মাধ্যমে প্রথমতঃ টাকা, তারপর মেয়ে দাবী করত।এদু'টির একটিকে পুরণ করতেই হতো। তা না হলে রাতের অন্ধকারে নরপশুদের বেয়নেটের আঘাতে মরতে হতো। এ পরিকল্পণার শিকারে যে পড়তো কেবল সেই জানতো। এ হত্যাকাণ্ড ও পাশবিকতার নীরব প্রত্যক্ষদর্শী ওয়াপদার এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার মোহাম্মদ খালেদ, টেকনিক্যাল অফিসার জনাব সিরাজুল ইসলাম, সাবডিভিশনাল ইঞ্জিনিয়ার জনাব আবু তাহের ও মনসুর আলী এবং সহকারী ইঞ্জিনিয়ার ওয়াহিদ উদ্দিন।

সাহেদ ও আবদুর রব খাঁন। তাঁরা গত ৪ঠা মে হতে চার দেয়ালে ঘেরা ও ওয়াপদা কলোনীর একটি দালানে বলতে গেলে অন্তরীণ অবস্থায় ছিলেন। নিতান্ত প্রয়োজনে বাইরে যেতে হলে অনুমতি নিতে হতো এবং তাদের গতিবিধির প্রতি প্রখর দৃষ্টি রাখা হতো। এ কলোনীতে নরপিচাশ ইয়াহিয়ার জল্লাদ বাহিনীর আর পদলেহী দালালেরা পাশবিকতা ও নরহত্যার কাহিনী এমন কোন ভাষা নেই যে পুরোপুরিভাবে রূপ দেয়া যেতে পারে। আমরা কলোনীর বাইরে বাসা নিয়ে থাকবো এবং সেখান হতে এসে অফিস করার অনুমতি চেয়েছিলাম।

কিন্তু পিশাচরা এতে আমাদের উপর বিক্ষুব্ধভাবে পোষণ করল। তারপর প্রতি মুহূর্তে মৃত্যুর দিন গুনছিলাম। এ ঘটনার কয়েকদিন পর আমাদের স্পীডবোট ড্রাইভার আতাহারকে ধরে নিয়ে অপর দিকের দালানে ৭দিন পর্যন্ত আটকিয়ে রাখে। আতাহারের নারকীয় মৃত্যু কাহিনী বলতে গিয়ে এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার জনাব খালেদ অশ্রু সজল বাকরুদ্ধ কণ্ঠে বললেন-আমি ওকে বাঁচাতে পারলাম না। আমি জানতাম হয়তো আমরা কেউ বাঁচবো না। ভাবলাম অনুরোধ করলে হয়ত সাধারণ কর্মচারী হিসেবে ছেড়ে দিতে পারে।

এ বিশ্বাস নিয়ে মেজর জেহানজেব খানকে অনুরোধ করলে এ কলোনীর গোপন তথ্য ফাঁস করেছে তাদের কেউ বাদ যাবে না বলে দৃঢ়কণ্ঠে জানায় এবং সে রাতেই ওকে মেরে ফেলে। তখন আমাদের নিশ্চিত মৃত্যুই ভেবেছিলাম। এমন কোন রাত ছিল না যে নরপশুরা দশ-বারোজনকে হত্যা না করেছে। বেয়নেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে মারতো আর উল্লাসে ফেটে পড়তো।

কলোনীর রেস্ট হাউস ছিলো পাশবিকতার কেন্দ্রস্থল। রাতের পর রাত দোসর সুবেদার কত মেয়ের যে সর্বনাশ করেছে, কত নারী যে নিধন করেছে, কত হতভাগিনীকে উন্মাদে পর্যবসিত করেছে তার সীমা নেই। মনির হোসেন লুণ্ঠন চালিয়েছে নির্বিচারে। নিজে গ্রহণ করেছে স্বর্ণ, নগদ টাকা প্রভৃতি মূল্যবান জিনিস, আর তার অনুচরদের দিয়েছে বাকী মালামাল।

এ ছাড়াও শান্তি কমিটির যোগসাজশে যাকে তাকে ধরে আটক করে, শান্তি কমিটির মাধ্যমে মোটা অঙ্কের নগদ অর্থের বিনিময়ে দু'একজনকে ছেড়ে দিয়েছে। অনেক টাকা গ্রহণ করেও তাকে হত্যা করা হয়েছে। দুলারহাটের মোহাম্মদ উল্লাহ কণ্ট্রাক্টর তাদের একজন। চরফ্যাশনের শান্তি কমিটির পাণ্ডা রাজাকার ও পুলিশ দিয়ে ওকে ধরিয়ে দেয়। এমনি করে সমগ্র মহকুমায় হিংস্র নখর বিস্তার করে পাশবিকতা আর হত্যাযজ্ঞ চালিয়েছিলো।

শিরোনাম	সূত্র	তারিখ
পটুয়াখালীর জেলখানায় বধ্যভূমি	দৈনিক বাংলা	১৬ ফেব্রুয়ারী, ১৯৭২

পটুয়াখালীর জেলখানায় বধ্যভূমি

\ নিজস্ব সংবাদদাতা প্রেরিত \

পটুয়াখালী, ১৫ই ফেব্রুয়ারী। -বর্বর পাকবাহিনী গত বছরের ২৬শে এপ্রিল পটুয়াখালী শহর কব্জা করার পর গত ৮ মাসে ঠাণ্ডা মাথায় তাদের দালালদের সহযোগিতায় হাজার হাজার বাঙ্গালীকে হত্যা করেছে। প্রকাশ, নিহত ব্যক্তিদের কাউকে নদীর জলে ফেলে দিয়েছে কাউকে বা বিভিন্ন স্থানে গর্ত খুঁড়ে মাটিচাপা দিয়ে রেখেছে। এই পাষ-রা। সম্প্রতি পটুয়াখালীর জেলার অভ্যন্তরে একটি বধ্যভূমি আবিষ্কৃত হয়েছে।

এখানে বহু কবর রয়েছে। কয়েকটি কবরের মাটি খুঁড়ে কংকালের সন্ধান পাওয়া গিয়েছে। একটি গর্তের মধ্যে ৩ থেকে ৪ জন, কোথাও বা বেশী মানুষকে হত্যা করা হয়েছে। অনুমান করা হচ্ছে এখানে (জেলের অভ্যন্তরে) ৫০০ শত লোককে গুলি করে হত্যা করা হয়েছে। মৃত ব্যাক্তিদের অনেকেই যে গুলি করে হত্যা করা হয়েছে তা কংকাল দেখে বুঝতে কষ্ট হয় না। কংকালে বুলেটের ছিদ্র স্পষ্ট দেখে যায়।

মৃত ব্যাক্তিদের মধ্যে পুলিশের লোক রয়েছে, কবরের মধ্যে পোশাক দেখে বুঝা গিয়েছে। এখানেই ঘুমিয়ে রয়েছেন শ্রদ্ধেয় কম্যুনিষ্ট নেতা হিরালাল দাসগুপ্ত, পাথরঘাটার সি, ও, তরুণ ব্যবসায়ী নিরঞ্জন বিশ্বাস সহ নাম না জানা দেশমাতৃকার সন্তানেরা। জানা গিয়েছে এদের লাইন করে দাঁড় করিয়ে গুলি করে হত্যা করা হতো। জানা গিয়েছে যে এসকল মানুষকে যখন লাইন করে দাঁড় করিয়ে গুলি করা হতো তখন বুলেট মানুষের শরীর ভেদ কর দেওয়ালে এসে আঘাত করতো। জেল খানার অদূরে বসবাসকারী ব্যক্তিরা আমাকে জানিয়েছেন যে, যখন মানুষ গুলিকে গুলী করা হতো তখন মৃত্যুযন্ত্রনায় কাতর বহু লোকের করুণ আর্তনাদ তারা শুনতে পেতেন।

তারা আরো জানিয়েছেন যে দুপুর ২টা থেকে ৫টার মধ্যে কাজ হতো। জানা গিয়েছে যে বরিশাল জেলার আটঘর কুড়িয়ানায় পৈচাশিক হত্যাকাণ্ড চালিয়ে সৈন্যরা পটুয়াখালীতে ফিরে এসেই তৎকালীন মেজর নাদির পারভেজের নির্দেশে ৬০/৭০ জন লোককে জেলের মধ্যে গুলি করে হত্যা করেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
ময়মনসিংহে খান সেনাদের বর্বরতা	দৈনিক বাংলা	১৬ ফেব্রুয়ারী, ১৯৭২

ময়মনসিংহে খান সেনাদের বর্বরতা
বাক্সভর্তি নরকংকাল
কুয়োভর্তি নরমুণ্ড
\ নিজস্ব সাংবাদদাতা \

ময়মনসিংহ, ১৫ই ফেব্রুয়ারী। - ময়মনসিংহ শহর ও শহরতলী এলাকা সমেত জেলার ৭টি থানাতে পাক-হানাদার বাহিনী সর্বমোট ১২টি বধ্যভূমিতে বাঙ্গালী নিধনযজ্ঞ চালিয়েছে। শহর ও শহরতলী এলাকার ৫টি বধ্যভুমির মধ্যে বহু নরকংকাল পাওয়া গেছে। তার মধ্যে ডাকবাংলো, কেওয়াটখালী, বড় বাজার, নিউমার্কেট ও কালীবাড়ীর বধ্যভূমিতে সহস্রাধিক নরকংকালের সন্ধান পাওয়া গেছে।

গত এক সপ্তাহ পূর্বে ময়মনসিংহ শহরের সাহেব আলী রোডের একটি পুকুরে বাক্সভর্তি নরকংকাল পাওয়া গেছে। অনুমান করা হচ্ছে পাকসেনারা ময়মনসিংহ শহর থেকে পালিয়ে যাওয়ার আগে লাশগুলোকে টুকরো টুকরো করে বাক্সভর্তি করে পুকুরে ডুবিয়ে রাখে। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে যে ময়মনসিংহ শহর শত্রুমুক্ত হবার অব্যহতি পর শহরের বাসিন্দারা কালীবাড়ী, বড় বাজার, নিউমার্কেটের অন্ধকার গলিতে দুটি কয়োভর্তি নরকংকাল, নরমু- উদ্ধার করে।

ময়মনসিংহ মধ্য দিয়ে প্রবাহিত ব্রহ্মপুত্র নদের এপার ওপারে অসংখ্য গর্ত ও অসংখ্য নরকংকাল বিক্ষিপ্ত অবস্থায় পড়ে থাকতে দেখা যাচ্ছে। নরকংকাল গুলোর উপরে ও পাশে পড়ে রয়েছে চট ও কাপড়ের টুকরো টুকরো অংশ। জানা গেছে বিভিন্ন এলাকা থেকে লোকজন ধরে নিয়ে নদী তীরে গুলী করে হত্যা করা হতো। পরে ঐ সব লাশের কতক এখানেই মাটিচাপা দিয়ে ফেলতো আর কতক লাশ নদীতে ভাসিয়ে দেয়া হতো।

রাম অমৃতগঞ্জের ফজর ও চর আলমগীরের মফির নামক চর এলাকার দু'জন বাসিন্দা জানায়, ৮মাসব্যাপী তারা ব্রহ্মপুত্র নদে গলাকাটা ও হাত পা বাঁধা অবস্থায় অসংখ্য লাশ ভেসে যেতে দেখেছে। এছাড়া পাকসেনারা ময়মনসিংহের সরচা, ক্ষীরা ও সুতুয়া নদীতে কত অসংখ্য বাঙ্গালীকে হত্যা করে যে ভাসিয়ে দিয়েছে তার হদিস হয়তো বা কোন কালেই পাওয়া যাবে না।

শিরোনাম	সূত্র	তারিখ
অগ্নিদগ্ধ, লুণ্ঠিত ধর্ষিত কাশিয়াবাড়ী	পূর্বদেশ	২৩ ফেব্রুয়ারী, ১৯৭২

অগ্নিদগ্ধ, লুণ্ঠিত ধর্ষিত কাশিয়াবাড়ী

।। গবিন্দলাল দাস।।

অজপাড়া গাঁ হলেও কাশিয়াবাড়ী একেবারে ছোট্ট গাঁ নয়। গাইবান্ধা মহকুমার পলাশবাড়ী থানার এই গাঁটাতে ছিলো সাতশো গৃহস্থবাড়ী। হিন্দু-মুসলমানের বাসস্থান। মিলেমিশে ছিলো তারা এই গাঁয়ের মাটিতে। এক সম্প্রদায়ের সাথে ছিলো আরেক সম্প্রদায়ের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। পার্শ্ববর্তী গাঁয়ের অবাঙ্গালীরা কত সময় কতবার চেষ্টা করেছে এখানে দাঙ্গা বাঁধাবার কিন্তু কোনবারই তাদের সে চেষ্টা সফল হতে পারেনি। এ গাঁয়ের সাতশো হিন্দু-মুসলিম গৃহস্থ এক পরিবারের ছেলে মেয়ে, ভাই-বোন মা, বাবা।

স্বাধীনতা আন্দোলনের এক পর্যায়ে বর্বর পাকবাহিনী অত্যাচারের তান্ডব লীলা চালিয়ে পার্শ্ববর্তী থানা ঘোড়াঘাটে এসে আস্তানা গেড়ে বসে। এখান থেকে মাইল চারেকের পথ ঘোড়াঘাট। একদিন এ গাঁয়ের লোক জানতে পারলো শীঘ্রই ওই পশুগুলো আশ-পাশের গাঁগুলোতে অত্যাচারের বিভিষীকার রাজত্বের সৃষ্টি করবে। কথাটা ঠিকই ফললো। কদিনের মধ্যেই ঘোড়াঘাট সংলগ্ন বিভিন্ন গ্রামে অত্যাচারের তান্ডবলীলা শুরু হলো।

ঘর-বাড়ী পুড়িয়ে ছাই করতে লাগলো। মা, বোনদের ইজ্জত নষ্ট করতে লাগলো। মানুষ ধরে ধরে গুলী করে পাখি শিকারের মতো মারতে লাগলো। ঘরের জিনিসপত্র লুটতরাজ করে নিয়ে যেতে লাগলো। লোকগুলো দিশেহারা হয়ে পড়লো। অত্যাচারের বীভৎস হাওয়া কাশিয়াবাড়ীতেও একদিন এসে ধাক্কা দিলো। ঘোড়াঘাটে ছিলো অবাঙ্গালীদের এক কলোনী। ওই অবাঙ্গালী কলোনীর দুষ্কৃতকারী পাকবাহিনীর সাহায্য সমর্থন পেয়ে রাইফেল এবং অন্যান্য অস্ত্রশস্ত্র নিয়ে হানা দিতে লাগলো কাশিয়াবাড়ীর শ্যামল মাটির বুকে।

কিন্তু হারেস মিয়া বাড়ী থেকে পালায়নি। তার বিশ্বাস ছিলো পাক বাহিনী কাউকে মারবে না শান্তি কমিটির সেদিনের সভাতে সে আশ্বাসই তো বক্তারা দিয়েছিলো। কিন্তু হারেস মিয়া জানতো না ওদের কথার উপর বিশ্বাস করে বাঁচবার কারো উপায় নেই। তাই হারেস মিয়া বাঁচেনি। কাশিয়াবাড়ী উচ্চ বিদ্যালয়ের সেক্রেটারী হারেস মিয়াকে ছোরা দিয়ে জবেহ করেছে।

জবেহ করেছে স্কুলের শিক্ষক গোলজার মিয়াকে এবং আরো অনেককে। ধর্ষণ করেছে ফুলবানু, গিরিবালাকে। সাত মাসের গর্ভবতী ফুলবানুর উপর এক এক করে ওই পশুগুলো ধর্ষণ চালালে ফুলবানু অতিরিক্ত স্রাবে সেদিনই মারা যায়। পেট থেকে গড়িয়ে পড়ে একটি ছোট্ট মৃত শিশু। আর গিরিবালাকে ধর্ষণ করার পর হাত উঁচু করে খুঁটির সাথে বেঁধে বেয়োনেট দিয়ে বুক চিরে মেরে ফেলে। গ্রামটা আগুন লাগিয়ে মাটির সাথে মিশিয়ে দিয়েছে নরপশুরা।

তখনো যারা পালাতে পারেনি তাদের চারদিক থেকে ঘিরে ধরে ফেলে। প্রায় ৭ শত লোককে স্কুলের মাঠে নিয়ে এসে বেদম প্রহার শুরু করে। তোমহারা গাঁওমে মুক্তি ফৌজ হ্যায়। নেই স্যার। ঝুট বোলতো। তোমহারে গাঁওছে গোলিকা আওয়াজ শোনাথা। আওর হামারা পাছ ইনফরমেশন হ্যায়। এর কদিন বাদেই এ গাঁয়ে তথাকথিত শান্তি কমিটির তরফ থেকে মিটিং করতে এলো জামাতে ইসলাম আর মুসলিম লীগের লোকেরা। তারা আশ্বাস দিয়ে গেলো এ গাঁয়ের লোকদের। আপনারা পালাবেন না, কোথাও। পাকিস্তানী সেনাবাহিনী

আপনাদের ধ্বংস করতে আসেনি। আপনাদের খুশী করাই তাদের কাম্য। গাঁয়ের সরল নিরীহ লোকগুলো ভাবলো কথাটা হয়তো ঠিকই বলেছে।

এবার থেকে হয়তো অত্যাচারের পালা শেষ হবে। দেশে শান্তি আসবে। কিন্তু কি যে শান্তির দিন তাদের সামনে অপেক্ষা করছিল- একদিন আগেও তারা তা বুঝতে পারেনি। কিন্তু যেদিন তারা বুঝলো সেদিন আর আত্মরক্ষার কোন পথই তাদের সামনে থাকলো না। ১১ই জুন ক্যাশিয়াবাড়ীর সরল লোকগুলো দেখলো পিল পিল করে পায়ে হেঁটে কয়েকশ পাক সৈন্য দ্রুত তাদের গাঁয়ের দিকে ছুটে আসছে।

পালাও, পালাও, যে যেখানে পারো পালাও। ওই যে দূরে দস্যু পাক বাহিনী ছুটে আসছে। আতঙ্ক ছড়িয়ে পড়ে সারা গ্রামটায়। মেয়ে পুরুষ বুড়ো জোয়ান যে যেদিকে পারছে পালাচ্ছে। তাড়া খাওয়া হরিণের মতো, অন্য কোন দিকে না তাকিয়ে সবাই গাঁয়ের পার্শ্ববর্তী ক্ষুদ্র নদীর মধ্যে ঝাঁপিয়ে পড়ে সাঁতরে ওপারে পালাতে থাকে। আবার অনেকে ধান আর পাটের ক্ষেতে শুয়ে লুকিয়ে পড়ে। শিশুরা কান্না থামাতে মাকে পাগল হতে হয়। সবাই আত্মগোপনে ব্যস্ত।

বাড়ী বাড়ী ঢুকে গরু-ছাগল চাল-ডাল থেকে শুরু করে সামনে যা পেত তাই ছিনিয়ে নিয়ে চলে যেতো। প্রতিরোধের সর্বপ্রকার উদ্যোগ নেয়া সত্ত্বেও এই হিংস্র পশুগুলোকে কোন বাধা দেয়ার সাহস পায়নি কাশিয়াবাড়ীর অসহায় লোকগুলো। অবাঙ্গালীদের এই ধরনের অত্যাচারে ভীত হয়ে পড়লো গাঁয়ের হিন্দুরা। তারা গাঁ ছেড়ে পালিয়ে ভারতে আশ্রয় নেয়ার পরিকল্পনা করতে লাগলো। কারণ তাদের উপরেই ওই দস্যুদের অত্যাচারের মাত্রাটা ছিলো বেশী। ঠিক এমনি সময় সামনে এসে দাঁড়ালেন দারাজ কবিরাজ এবং গাঁয়ের অন্যান্য মাতববর। তোমরা যাবে না এখান থেকে। আমাদের ত্যাগ করে চলে যেয়ো না তোমরা। আমাদের জান দিয়ে হলেও তোমাদের আমরা রক্ষা করবো।

থমকে দাঁড়িয়েছিলো হিন্দুরা। তাই তো, এদের ছেড়ে আমরা কেমন করে যাই। এরা কোন দিন তো তাদের ত্যাগ করেনি। কোন দিন তো বেঈমানী করেনি। তবে কেনো এই দুর্দিনে তাদের ছেড়ে তারা পালাবে। যাওয়া বন্ধ করে দিয়েছিলো হিন্দুরা। গাঁয়ের মাতব্বরদের সিদ্ধান্ত মতে হিন্দুদের মূল্যবান জিনিসপত্র মুসলমানদের ঘরে ঘরে এনে জমা রাখা হলো যাতে অবাঙ্গালীদের কোপদৃষ্টি থেকে জিনিসপত্রগুলোকে বাঁচানো যায়। সবাই মিলে অবাঙ্গালী কলোনীর সেই দুষ্কৃতকারীদের হামলাকে প্রতিরোধ করবার জন্য প্রতিরোধ গড়ে তুললো।

অতঃপর আরেক দিন সেই দুষ্কৃতকারীরা এ-গাঁয়ে হামলা চালাতে আসতেই চারদিক থেকে তাদের ঘিরে ফেললো গাঁয়ের লোকেরা। তোমরা আর এভাবে আমাদের জান-মাল লুটতরাজ করতে পারবে না। আমরা তোমাদের ক্ষতি করিনি। আমাদের তোমরা বাঁচতে দাও। ফুঁসে উঠেছিলো সেই অবাঙ্গালী দুষ্কৃতকারীরা। কিন্তু সেদিন কিছু একটা করবার সাহস তারা পায়নি। কারণ সেদিন যার যা ছিলো তা-ই নিয়েই তৈরী হয়েছিলো গাঁয়ের লোকগুলো। কিন্তু সেদিন এ-গাঁয়ের লোকরা ভাবতেও পারেনি যে, ওই দুষ্কৃতিকারীরা তাদের জীবনের সর্বনাশ ঘটাবার জন্য কি জঘন্য ষড়যন্ত্র করে বসেছে।------(অসম্পূর্ণ)

শিরোনাম	সূত্র	তারিখ
ভৈরবের হত্যাকাণ্ড	দৈনিক বাংলা	২৪ ফেব্রুয়ারী, ১৯৭২

ভৈরবে একদিনেই ৪শ' লোককে গুলি করা হয়েছে

\ নিজস্ব সংবাদদাতা প্রেরিত \

ভৈরব, ১৯শে ফেব্রুয়ারী- ১৯৭১ সালের এপ্রিল থেকে ১৫ই ডিসেম্বর পর্যন্ত এ ৯ মাসে বর্বর পাকবাহিনীর দস্যুরা বাংলাদেশের অন্যতম নদী বন্দর ভৈরবে ত্রাস এবং বিভিষীকার রাজত্ব চালিয়েছিল। হানাদাররা হত্যাযজ্ঞ চালিয়েছে, ভৈরব এবং আশুগঞ্জ এলাকার শত শত মাকে করেছে বিধবা, সন্তানহারা অনাথ, আবার অনেক পিতাকে করেছে স্ত্রীহারা, সন্তানহারা।

গত ১৫ই এপ্রিল পাকবাহিনীর ছত্রী সেনারা ভৈরবের বিভিন্ন এলাকায় প্রায় চারশত নিরপরাধ লোককে গুলি করে হত্যা করেছে। ঐ দিন ইব্রাহিমপুরের আলগড়ার মাঠেই ২৫০ জন লোককে হত্যা করেছে।

এছাড়া ভৈরব ব্রীজের কাছে রেললাইনের উপর দাঁড় করিয়ে পঁচিশ জনকে গুলি করে মেরেছে। মেজর ইফতেখার ধরে নিয়েছে ভৈরবের ব্যবসায়ী, শহর আওয়ামী লীগের সভাপতি জনাব মতিউর রহমানকে, ধরে নিয়েছে ভৈরব পৌরসভার সহসভাপতি মসলন্দ আলীকে এবং ভৈরব ইউনিয়ন কমিটির সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব হাফিজউদ্দিন মিয়াকে।

বাঁচাতে পারেনি প্রাইমারী স্কুলের শিক্ষক শ্রীমহোনবাঁশি, কলেজের ছাত্র লোকমান, স্কুলের ছাত্র সেলিম, নীরব সমাজকর্মী সাত্তার, পথের ভিখারী আওয়াল, এবং মুজিব বাহিনীর তরুণ যোদ্ধা ফরহাদ আলী, আখতার মিয়াকে দস্যু জল্লাদ বাহিনীর হাত থেকে। জল্লাদ ইয়াহিয়ার খান সেনারা ভৈরব ব্রীজের নিকট চলন্ত রেলগাড়ী থামিয়ে যাত্রীদের ধরে নিয়ে যায় নিকটস্থ রেল কলোনীতে। সেখানে যাত্রীদের সর্বস্ব লুট করে বেয়নেটের আঘাতে তাদের বুক চিরে হত্যা করে মেঘনার প্রবল স্রোতে ভাসিয়ে দেয়।

গত মে মাসের দ্বিতীয় সপ্তাহের দিকে বর্বর মেজর ইফতেখার বাজিতপুর এবং নিকলী থাকার প্রায় দেড়শত লোককে ধরে এনে তাদের মধ্য থেকে প্রায় ৩৫ জন স্ত্রীলোকের উপর পাশবিক অত্যাচার চালায় এবং বাকী লোকদের আশুগঞ্জের মেঘনার চরে গুলি করে হত্যা করে। গত ১৫ই এপ্রিল থেকে ২২শে এপ্রিল পর্যন্ত একটানা সাতদিন ধরে বর্বর পাক বাহিনীর দস্যুরা ভৈরবের রাণীর বাজার, চক বাজার, মরিচ পট্টি, কলেজ রোড, মসজিদ রোড, মিউনিসিপ্যাল অফিস রোড, রসুন বাজার, মুড়ি পট্টি, মিষ্টি পট্টি, বাতাসা পট্টি, সিনেমা রোড বলতে গেলে বন্দরের সর্বত্র আগুন ধরিয়ে দেয়। ফলে কোটি কোটি টাকার মালসহ শত শত গোলা-গুদাম এবং দালানকোঠা পুড়ে ছাই হয়ে যায়। ভৈরব বাজার এখন সম্পূর্ণ ধ্বংস্তূপে পরিণত হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
ফেনীতে পাক বাহিনীর নৃশংসতার কাহিনী	দৈনিক আজাদ	২৪ ফেব্রুয়ারী, ১৯৭২

নরহত্যা, অগ্নিকাণ্ড ও ধ্বংসযজ্ঞই ওদের কাজ ছিল

ফেনীতে হানাদার বাহিনীর নৃশংসতার কাহিনী

(নিজস্ব সংবাদদাতা)

ফেনী, ২২শে ফেব্রুয়ারী- লক্ষাধিক শরণার্থীর স্বদেশ প্রত্যাবর্তন ও তথায় কর্মচাঞ্চল্য শুরু হওয়ার পর জেলার ক্ষয়ক্ষতি ও গণহত্যার আরও চাঞ্চল্যকর বিবরণ পাওয়া যাচ্ছে।

প্রকাশ, ফেনী মহকুমার ১ লক্ষ ২০ হাজার শরণার্থীর মধ্যে ইতিমধ্যে প্রায় ১ লক্ষ ১৮ হাজার ফিরে এসেছে। এদের লুণ্ঠিত দ্রব্যাদি পুনরুদ্ধার ও দখলকৃত সম্পদ দেয়ার জন্য গণপরিষদ সদস্যের নেতৃত্বে গঠিত কমিটিগুলো দ্রুত কাজ করে যাচ্ছে। জানা গেছে যে, গত ২৩শে এপ্রিল পাক হানাদাররা ফেনী মহকুমায় প্রবেশকালে সর্বপ্রথম দরবেশ আব্দুল কাদেরকে গুলী করে হত্যা করে। তারা ফেনী শহরের প্রবেশকালে দেওয়ানগঞ্জ, আমতলী ও শহরতলীতে কয়েকশত লোককে হত্যা করেছিল। দীর্ঘদিন পর্যন্ত দেওয়ানগঞ্জের ট্রাঙ্করোডের পার্শ্বে বহু নরকঙ্কাল পড়ে থাকতে দেয়া যায়। শহর উপকণ্ঠে একটি সরকারী ভবন সংলগ্ন বধ্যভূমিতে শতশত দেশপ্রেমিককে ধরে এনে হত্যা করা হয়।

একই সময়ে বর্বরেরা মার্চেন্ট সমিতির কর্মকর্তা আব্দুস সাত্তারকে অপর ৮ জনের সঙ্গে বেঁধে গুলী করে হত্যা করে। ফেণী কলেজের পার্শ্ববর্তী একটি গোপন বধ্যভূমিতে বাহির থেকে বহু লোক ধরে এনে হত্যা করা হয়েছে। এ দৃশ্যের প্রত্যক্ষদর্শী একজন রেলকর্মীর কাছ থেকে এ সংবাদ জানা গেছে। এছাড়া ধুমঘাট রেলওয়ে পুলের পার্শ্বে বৃদ্ধ যুবক ও অগণিত বালককে হত্যা করে নদীতে ফেলে দেয়া হয়েছে। জনৈক উর্দুভাষী ষ্টেশনের অদূরে এক বাঙ্গালী ভদ্রলোকের বাড়ীতে তিনটি বয়স্কা মেয়েসহ আশ্রয় নিয়েছেল। হানাদারেরা তাকেও রেহাই দেয়নি। পরিবারের সকলকে হত্যা করে আর মেয়ে তিনটিকে নিয়ে যায়। পরে তাদের লাশ পাওয়া যায়। পাক বর্বরেরা ধুম এলাকার বিশিষ্ট ব্যক্তিসহ ৩ শতাধিক লোককে হত্যা করে আর ১০২ টি ঘর ভস্মীভূত করে। মে মাসে ফেনী রেলষ্টেশনের পিছনের ডোবায় বহু অফিসারকে হত্যা করে নিক্ষেপ করা হয়েছে।

পাক হানাদারদের সহায়তায় এগিয়ে এসেছিল কুখ্যাত মহকুমা প্রশাসক বেলাল আহমদ খান। ফেনীতে ধ্বংসযজ্ঞ পরিচালনায় ও লুণ্ঠনকাজে নেতৃত্ব দিয়েছিল সে। ব্যক্তিগত শত্রুতার বশবর্তী হয়ে সে বহু বিশিষ্ট লোককে হত্যা আর তাদের বাড়ীঘর বিধ্বস্ত করতে সহায়তা করেছে। রাজাকার ও বদর বাহিনীর শয়তানেরাও বহু বিশিষ্ট লোককে হত্যা করেছে। ফেনী এলাকার খালবিলে আর নদীতে মাছ ধরার সময় এখনও বহু নরকঙ্কাল পাওয়া যাচ্ছে বলে জানা গেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
বগুড়ার 'মান্নান ভাই' এবং আরো কয়েকজন তরুণের বিবরণ	সংবাদ	২৬ ফেব্রুয়ারী, ১৯৭২

বগুড়ার পরিচিত মুখ 'মান্নান ভাই'

আজ একুশের রক্তপলাশে আরেক পুষ্পস্তবক

মান্নান ভাই কোথায়? বগুড়ার সবার মনেই একটি প্রশ্ন। বগুড়ার আনাচে-কানাচে সবাই জানেন এই ভাইটিকে। বয়স বেশী নয়। খুব বেশী হলে বিশ-বাইশ বছর হয়েছে। মান্নান ভাই ছিলেন খুবই ব্যস্ত, ঘুরতেন কাজের নেশায়। তাঁর কাজ ছিল ছাত্রদের সঙ্গে যোগাযোগ রাখা। শ্রমিক আর কৃষকদের মাঝে নিবিড় করে সম্পর্ক স্থাপন করা। বগুড়া জেলার পূর্বে চন্দনবাইসা আর পশ্চিমে শান্তাহার, পাঁচবিবির প্রায় প্রতিটি ছাত্রই তাঁর পরিচিত। অপরদিকে শেরপুর থেকে বগুড়ায় ঐতিহাসিক মহাস্থান আর গোবিন্দগঞ্জ পর্যন্ত তাঁর নাম ছাত্রদের মাঝে নিবিড় হয়ে ছড়িয়ে আছে। স্কুল জীবনেই তিনি ছাত্র আন্দোলনের সঙ্গে জড়িত ছিলেন। বগুড়া সেন্ট্রাল হাইস্কুল থেকে এস,এস,সি পাশ করার পর তিনি বগুড়া আযিযুল হক কলেজে ভর্তি হন। তিনি বিজ্ঞান বিভাগ থেকে এইচএসসি পাশ করে একই কলেজেই বি,এসসিতে ভর্তি হন। জনাব আব্দুল মান্নান প্রথমে ছিলেন বাংলাদেশ ছাত্র ইউনিয়ন বগুড়া জেলা শাখার সাংগঠনিক সম্পাদক। পরে মৃত্যুর পূর্ব পর্যন্ত ছিলেন সংগঠনের সভাপতি। মান্নান ভাই-এর মৃত্যু স্বাভাবিক মৃত্যু নয়। বর্বর পাক দস্যুরা নির্মমভাবে হত্যা করেছে তাঁকে। ১১ই নভেম্বর তারিখে পাক দস্যুরা তাঁকে হাত বেঁধে ধরে নিয়ে যায়। শুধু তাঁকেই নয়, বগুড়া শহরের সুতরাপুর থেকে আরো তিরজনকে ঘেরাও করে পাক বাহিনী ধরে ফেলে। মান্নান ভাই সেদিন তাঁর ভাইয়ের সঙ্গেই ঘুমিয়েছিলেন। কিন্তু তিনি জানতেন না যে নিষ্ঠুর আল-বদর বাহিনী পাক দস্যুদের সঙ্গে ইতিমধ্যেই ষড়যন্ত্রের জাল বুনেছে। সেদিনের সূর্য ওঠার বহু পূর্বেই রাতের অন্ধকারে জল্লাদরা তাঁর বাড়ী ঘিরে ফেলে। এরপরই মান্নান ভাইয়ের সামনে হাজির হয়েছিল একজন নরঘাতক। হাত বেঁধে ফেলল মান্নান ভাইয়ের। ছোট ভাই হান্নানও রেহাই পেল না। তার হাতও বাঁধা হলো। ট্রাক বোঝাই করে একসঙ্গে চৌদ্দজন বাংলার দামাল ছেলেকে ছিনিয়ে নিল ওরা। মায়ের বুক খালি করে মানুষ বোঝাই ট্রাকটি চলে গেল বহুদূরে। তখনো সান্ত্বনা ছিল হয়তো তারা ফিরে আসবে। কিন্তু মিথ্যে সান্ত্বনায় কি আর মনকে প্রবোধ দেয়া যায়। খবর এলো শহর থেকে দূরে 'রাণীর হাট' নামক জায়গার কাছে চৌদ্দ জনকেই এক লাইন করে হাত চোখ বেঁধে গুলী করে হত্যা করা হয়েছে। খবর শুনে ছুটে গিয়েছিলেন মান্নান ভাইয়ের আত্মীয়স্বজন। তাঁরা সবাই সেদিন জল্লাদদের নিষ্ঠুরতা অবাক হয়ে স্বচক্ষে দেখেছেন। একটি দেহের উপর আর একটি দেহ জড়িয়ে ঠিক একটি লাইন হয়েই পড়ে আছে। পড়েছিল মান্নান আর হান্নান। দুই ভাই যেন গলাগলি ধরে শুয়ে আছেন আর বারটি ভাইয়ের সঙ্গে। পাক দস্যুরা একটি লাশও আত্মীয়-স্বজনদের পছন্দমত জায়গায় কবর দিতে দেয় নাই। বাধ্য হয়েই একসঙ্গে একস্থানে সকলকে কবর দেয়া হয়েছে।

বগুড়া জেলার এই ছাত্র সংগঠক আইয়ুব আমলের কালো দশকে ছাত্র আন্দেলনের নেতৃত্ব দেয়ায় কারাগারে গিয়েছেন। তিনি ছাত্র আন্দেলনে জড়িত থাকায় বহুবার 'ওয়ারেন্ট' মাথায় নিয়ে আত্মগোপন করেছেন। এবারের স্বাধীনতা আন্দোলনের সঙ্গে জড়িত থাকায় তার উপর নেমে এসেছিল মৃত্যুর পরোয়ানা। আত্মগোপন করে তিনি এবার অক্টোবর মাস পর্যন্ত বেঁচে ছিলেন। কিন্তু ১১ই নভেম্বর দালালদের সহযোগিতার ধরা পড়লেন। তাঁর সঙ্গে ধরা পড়েছিল প্রতিবেশী মুক্তিযোদ্ধা সাইফুল ইসলাম। সবার সঙ্গে মান্নান ভাই চিরতরে ঘুমিয়ে আছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
মনুব্রীজে প্রকাশ্য গণহত্যা	দৈনিক আজাদ	২৬ ফেব্রুয়ারী, ১৯৭২

মৌলভীবাজার মনুব্রীজে প্রকাশ্যে গণহত্যা
জল্লাদরা **শেরপুর জেটিতে দুই হাজার**
লোককে মেরেছে

মৌলভীবাজার, ২৪শে ফেব্রুয়ারী। পাকিস্তানী হানাদার বাহিনী মৌলভীবাজার মহকুমার বিভিন্নস্থানে যে হত্যাকাণ্ড চালিয়েছে সেসব বধ্যভুমি ক্রমে আবিষ্কার করা হচ্ছে।

এ ধরনের একটি বধ্যভূমি শেরপুর জেটি থেকে আবিষ্কৃত হয়। তথায় প্রায় দুই হাজার লোককে হত্যা করা হয় এবং তাদের লাশ কুশিয়ারা নদীতে নিক্ষেপ করা হয়।

শেরপুরে হানাদার বাহিনীর একটি সরবরাহ কেন্দ্র ছিলো। সেখান থেকে তারা নৌ ও সড়ক পথে সমগ্র জেলায় হামলা চালিয়েছে। শেরপুরে তিন-তিনবার মুক্তিযুদ্ধ সংঘটিত হয়। ফলে পার্শ্ববর্তী গ্রাম হালোরখুনা, শেরপুর, ব্রাÞণগ্রাম, কলরগাঁও, আয়েনপুর, নতুনবস্তি, মোবারকপুর ও কাসুরপুর জনশূন্য হয়ে পড়ে।

শেরপুরে পাক বাহিনীর সুন্দর ঘাঁটি ছিলো।এমনকি তথায় নৌবাহিনীও ছিলো। এখান থেকে তারা নরহত্যাসহ যাবতীয় ধ্বংসযজ্ঞ চালাতো। তারা নৌ জাহাজ ও গানবোট ব্যবহার করতো এবং তা থেকে কূলবর্তী গ্রামে গোলাবর্ষণ করতো। তারা বিভিন্ন স্থানে হামলা চালিয়ে বিশেষতঃ মহিলাদের ধরে তাদের অন্যান্য ক্যাম্পে নিয়ে যেতো।

প্রকাশ্য হত্যা

এছাড়া গত ১৪ই মে হানাদার সৈন্যরা মৌলবীবাজারে মনুব্রীজের উপর বিভিন্ন লোককে ধরে এনে প্রকাশ্যে গুলী করে হত্যা করে। প্রত্যক্ষদর্শী স্থানীয় অধিবাসীরা এ হত্যাকাণ্ডের নারকীয়তা এখনো ভুলতে পারছে না। হানাদার জল্লাদ বাহিনী উল্লেখিত দিনে সমস্ত থানাবাসীকে উক্ত ব্রীজে সতবেত হবার নির্দেশ দেয়।

ভয়ে আতঙ্কিত প্রায় এক হাজার লোক তথায় উপস্থিত হলে তাদের সামনে হিলারপুরবাসী ময়না মিয়া, কলমদার মিয়া ও উস্তার হাজীকে আনা হয় এবং ব্রীজের উপর শুইয়ে গুলী করে হত্যা করা হয় এবং পরে তাদের পানিতে ফেলে দেয়া হয়। ময়না মিয়া প্রাণে বেঁচে গেলে তাকে ক্যাম্পে নিয়ে তথায় হত্যা করা হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
মৌলভীবাজারে আরো বধ্যভূমির সন্ধান	সংবাদ	২৬ ফেব্রুয়ারী, ১৯৭২

মৌলভীবাজারে আরো অনেক বধ্যভূমির সন্ধান পাওয়া যাচ্ছে

মৌলভীবাজার, ২৫শে ফেব্রুয়ারী (এনা)- শেরপুর জেটিতে হানাদার বাহিনীর বর্বরতার সাক্ষী এমন একটি বধ্যভূমি আবিষ্কৃত হয়েছে। এখানে প্রায় ১ হাজার ব্যক্তিকে হত্যা করা হয়। তারপর মৃতদেহগুলো কুশিয়ারা নদীতে ছুড়ে ফেলা হয়।

বরুরা চা বাগানের পশ্চিমে আচেরাতে আর একটি বধ্যভূমির খবর পাওয়া গেছে। জনসাধারণের সহায়তায় পুলিশ এটি আবিষ্কার করেছে। শ্রীমঙ্গল কলেজের পূর্বদিকে এই বধ্যভূমিটি ছিল। এখানে ৪৩ জন চা বাগান শ্রমিককে হত্যা করা হয়। মৃতদেহগুলো একসাথে একটি গর্তে কবর দেয়া হয়।

সাধুবাবাতেও তাঁরা আর একটি বধ্যভূমি আবিষ্কার করেছেন। এখানে জল্লাদরা ৫০ জন হতভাগ্যকে হত্যা করে। ভাগ্যগুণে চারজন রক্ষা পায়। তারা মরেনি কিন্তু আহত হয়েছিল। এই মর্মান্তিক ঘটনা তাঁরাই বর্ণনা করেন।

আর একটি বধ্যভূমি আবিষ্কৃত হয়েছে কুলাউড়া রেল ক্রসিংএ। এখানে একটি কবরে চল্লিশটি কংকাল পাওয়া গেছে। জল্লাদদের আর একটি বধ্যভূমি ছিল মৌলভীবাজার কোর্ট। এখানে ৩৫ জনকে হত্যা করে জল্লাদরা। তারপর মৃতদেহগুলো গর্তে কবর দেয়া হয়। বারবাড়ীতে আর একটি বধ্যভূমি আবিষ্কৃত হয়েছে। মৌলভীবাজার শহর থেকে দুরত্ব আধা মাইল। এখানে যে কত লোককে হত্যা করা হয়েছে তার সঠিক সংখ্যা এখনো জানা যায়নি।

শিরোনাম	সূত্র	তারিখ
গোপালপুর সুগার মিলে গণহত্যা	দৈনিক বাংলা	২৬ ফেব্রুয়ারী, ১৯৭২

গোপালপুর সুগার মিলে গণহত্যাঃ আজিম সাহেব বাঁচেননি
তিনশ কর্মচারীকেও বাঁচাতে পারেননি
**\ সাখাওয়াত আলী খান প্রদত্ত **

''আগে আমাকে গুলি কর। আমাকে গুলি না করে আমার লোকদের তোমরা গুলি করতে পারবে না।'' বর্বর হানাদার পাক বাহিনীর সামনে দাঁড়িয়ে কোন জননেতার উক্তি নয় এটা। এই উক্তি একজন দেশপ্রেমিক নির্ভীক বাঙ্গালী মিল প্রশাসকের। এই প্রশাসক ছিলেন একজন লেফটেন্যান্ট আনোয়ারুল আজিম। নাটোরের গোপালপুর সুগার মিলে আরো প্রায় তিন শতাধিক হতভাগ্য মানুয়ের সঙ্গে নির্দয় হানাদার বাহিনী গুলিবিদ্ধ করেছিল এঁকেও।

কথা বলছিলাম মিসেস আজিমের সঙ্গে। সুরুচিশীলা, তিন সন্তানের জননী মিসেস আজিমকে খুব রোগা দেখাচ্ছিল। তিনি বললেন, প্রায় দশ মাস হয়ে গেছে সে নেই- এখন স্বপ্নের মতো মনে হয় সব। দুঃখ করবো কি বলুন শুধু ওকেই তো মারেনি।''

তিনশত মানুষকে- নিরপরাধ নিরস্ত্র তিনশত মানুষকে ঠিক পাশের কলোনীতে যাদের স্ত্রী-সন্তান আর আত্মীয়স্বজন রয়েছে কেউ কেউ হয়তো দাঁড়িয়ে দেখেছেও- এক সময়ে লাইনে দাঁড় করিয়ে গুলী করে মেরেছে। তারপর তাদের লাশ ফেলে দিয়েছে পাশের পুকুরে।

মিসেস আজিম আরো জানালেন, হানাদার বাহিনী দুটি দলে বিভক্ত হয়ে ঢুকেছিল গোপালপুরে নর্থ বেঙ্গল সুগার মিলে। তাদের দোসর ছিল স্থানীয় অবাঙ্গালীরা। প্রথম দলটি ঢুকেছিল মূল মিলের অভ্যন্তরে, অপর দলটি একই সঙ্গে প্রবেশ করে মিলের পাশের কলোনীতে। প্রথম দলটি মিলে ঢুকে মিলের প্রশাসক জনাব আজিম, প্রশাসনিক অফিসার জনাব শহিদুল্লা, একাউন্ট্যান্ট জনাব সাইফুদ্দীন আহমদ, ইক্ষু সুপারিনটেনডেন্ট জনাব গুলজার হোসেন তালুকদার,সহকারী একাউন্ট্যান্ট জনাব মান্নান ভূঁইয়া, কৃষি অফিসার জনাব কিবরিয়া, সহকারী ইক্ষু উন্নয়ন অফিসার জনাব হাসেম ও ষ্টেনোগ্রাফার জনাব রউফ সহ তিনশরও বেশী কর্মচারী ও শ্রমিককে মিলের পুকুরের পাশে লাইন করে দাঁড় করায়। তারপর তাদের গুলী করে হত্যা করে। মিসেস আজিম জানালেন, গোপালপুরে এই হত্যালীলার সঙ্গে যে সমস্ত পাক সামরিক অফিসার প্রত্যক্ষভাবে জড়িত ছিল তারা হচ্ছে, মেজর শেরওয়ানী, ক্যাপ্টেন মোখতার ও মেজর ইউলিয়াম।

এদের মধ্যে প্রথমোক্ত দু'জন থাকতো নাটোরে আর তৃতীয়জন থাকতো ঈশ্বরদীতে। মিলের অবাঙ্গালী কর্মবারীদের যোগসাজশের কথা বলতে গিয়ে মিসেস আজিম জানালেন, ২৫শে মার্চের কালো রাতের পর থেকেই এখানে অবাঙ্গালীদের উৎপাত বেড়ে গিয়েছিল। তাঁরা হিন্দুদের আর দেশপ্রেমিক অধিকার সচেতন মানুষের বাড়ীঘর দখল করতো, লুটপাট করতো বিষয় সম্পত্তি, কিন্তু কিছু বলার উপায় ছিল না, কারণ তখন তারাই সর্বেসর্বা। কিছু বলতে গেলে বলতো ''ইয়েচীজ কো উপর হামলোগকা হক হ্যায়।''

মিসেস আজিম বলেন, এসমস্ত যোগসাজশকারী যা করেছে তা ভাষায় বর্ণনা করা যায় না। হানাদার সৈন্যরা গুলী করে তিনশ' বাঙ্গালীকে হত্যা করার পর মিল ছেড়ে চলে গিয়েছিল। কিন্তু এসব দালাল মৃত জনদের আত্মীয় স্বজনদের লাশের কাছে যেতে দেয়নি। পুকুরে এসব হতভাগ্যের লাশ পচে যখন দুর্গন্ধ ছুটছিল তখন

তারা গর্ত করে সেগুলোকে মাটিচাপা দিয়ে রাখে। এর আগে লাশের মধ্যে থেকেও ঘড়ি, আংটি, কলম ও অন্যান্য মূল্যবান দ্রব্য লুটপাট করে।

এছাড়া এই পশুরা বাঙ্গালীদের 'মিলিটারী ফের আয়েগা' বলে বার বার ভয় দেখায়। ফলে মিল অঞ্চলের বাঙ্গালীরা সবকিছুর মায়া ত্যাগ করে কেবল প্রাণ হাতে করে যেতে বাধ্য হয়। মিসেস আজিমও তার এক ছোট ভাই ও সন্তানদের সঙ্গে করে মিল এলাকা ছেড়ে চলে গিয়েছিলেন গ্রামে। মিসেস আজিম জানালেন, আজিম সাহেব গোপনে মুক্তিযোদ্ধাদের মিলের গাড়ী ব্যবহার করতে দিয়েছেন, সাহায্য করতে চেষ্টা করেছেন নানাভাবে। এছাড়া মুক্তিযুদ্ধের প্রথম অবস্থায় হানাদার বাহিনীর মেজর আসলাম গোপালপুরে নিহত হয়েছিলেন মুক্তিযোদ্ধাদের আক্রমণে।

তাই মিলে হত্যাকান্ড চালাবার আগে হানাদাররা জানতে চেয়েছিল মেজর আসলামকে কে মেরেছে। মিলের নিরীহ কর্মচারীদের বাঁচাবার আশায় রিজার্ভ বাহিনীর সাবেক লেফটেন্যান্ট আজিম বলেছিলেন, আমি মেরেছি, আমাকে ধরে নিয়ে চল তোমরা, কিন্তু মিলের নিরীহ কর্মচারীদের মেরো না। কিন্তু দয়া বলে কোন বস্তু ছিল না পশুদের অন্তরে। তাই মেশিনগান চালিয়ে পাইকারী হত্যা করে পৈশাচিকতার দৃষ্টান্ত রেখে গেছে তারা গোপালপুরের বুকে। যে পুকুরটিতে নরপশুরা ফেলে দিয়েছিল হতভাগ্য মানুষের লাশ, গোপালপুরের সহানুভূতিশীল জনগণ সে পুকুরটির নাম দিয়েছিল 'শহীদ সাগর'।

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীনতার বেদীমূলে পিতা-পুত্র	সংবাদ	২ মার্চ, ১৯৭২

স্বাধীনতার বেদীমূলে পিতা-পুত্র
।। আবুল কাসেম ।।

পিতার বহু স্বপ্ন লুকায়িত ছিল তার তৃতীয় পুত্র আয়নাল হককে কেন্দ্র করে। শৈশব থেকে মায়ের মায়া মমতা থেকে ছিল সে পুরোপুরি বঞ্চিত। তাই বাবাকে সেই স্নেহ পূরণের জন্য এই মাতৃহীন সন্তানের সব আব্দারই নীরবে সহ্য করতে হয়েছে। এমনি করে ক্রমশঃ কেটে যায় আয়নালের ছাত্র জীবন। বিশ্ববিদ্যালয়ের থেকে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করে।

পিতার মা মরা ছেলের শেষ আব্দারে তার বিয়ে হলো ফেব্রুয়ারীতে। পাবনা দখলের পর পাকসেনারা অগ্রসর হলো দাসুড়িয়ার দিকে। সেটা কুষ্টিয়া, ঈশ্বরদী ও রাজশাহীর রাস্তায় সংযোগস্থল। কয়েকজন ছেলের সাথে আয়নালও অস্ত্র নিয়ে লুকিয়ে ছিল দাসুড়িয়াতে এক গোপন জায়গায় সেই সময়। ওদের মধ্যে একজন হানাদারদের হত্যা করার আক্রোশ সম্বরণ না করতে পেরে গুলী ছুঁড়লো ভুল করে। নিমেষেই বিরাট বহর দেখে তারা ভীত সন্ত্রস্ত হলো। যেদিকে তারা পা বাড়ায় সেদিকেই গুলী। সমস্ত দাসুড়িয়া ঘিরে ফেললো সেনারা। বের করলো লুকায়িত মুক্তি সংগ্রামীদের।

৯ই এপ্রিলের ঘটনা। এ অমানুষিক অত্যাচারের ইতিহাস প্রকাশ করা যায় না। এসিড ঢেলে দিল তাদের চোখে মুখে তারপর বেয়োনেটের অত্যাচারে জীবন প্রদীপ নিভিয়ে দিল তাদের। দস্যুদের কার্যকলাপ দেখলেন অদূরে দাঁড়িয়ে এক বুড়ি- যার থাকবার শেষ সম্বল কুঁড়ে ঘরখানা জ্বালিয়েছে, কিন্তু তাকে হয়ত মারেনি খুবই বৃদ্ধা বলে।

পিতা পরের দিন দেখতে পেলেন তাঁর আশা-আকাঙ্ক্ষার মানিক আয়নালের দেহ যা কোন রকমে পরের ভোররাতে চুরি করে সরিয়ে আনা হয়েছিল। এত বড় আঘাত পিতা সইবেন কেমন করে। তিনি হতবাক হয়ে পড়লেন, আল্লাহর কাছে প্রার্থনা করলেন ''তুমিই এর বিচার করো''। খোদাপাক বোধহয় নিজ কানে শুনেছিলেন তাঁর এই আকুল আর্তনাদ। তাঁদের আশা পূর্ণ হয়েছে। এরূপ লাখো শহীদের রক্তের বিনিময়ে দেশ আজ স্বাধীন, কিন্তু দুঃখ হয় এই বুড়ো বাবাও দেখে যেতে পারেননি তাঁর সাধের স্বপ্ন।

জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহ। ইতিমধ্যেই তফিজউদ্দীন আহমদের ছোট ভাই মহিউদ্দীন, ঈশ্বরদী আওয়ামী লীগের সেক্রেটারী ও তাঁর ছেলে পরিবার পরিজন ছেড়ে বন্ধুরাষ্ট্র ভারতে পাড়ি দিয়েছেন। সেখানে গিয়ে প্রস্তুতি ও প্রশিক্ষণ নিয়ে আবার শত্রুউৎখাতের সংগ্রাম শুরু করার জন্য।

প্রায় সাড়ে চারমাস এখানে-ওখানে লুকিয়ে থাকার পর তাঁর পক্ষে আর আত্মগোপন করে থাকা সম্ভব হচ্ছে না। ভাইদের পরিবার-পরিজন নিজের ছেলে মেয়ে, জামাই ইত্যাদি নিয়ে প্রায় ৪০ জনের খোরাকের চিন্তায় তিনি শহরের দিকে ছুটলেন। ইতিমধ্যে কুচক্রী ইয়াহিয়া জোর গলায় সাধারণ ক্ষমা ঘোষণা করেছে জেনে শহীদ আয়নালের বাবা মনের মধ্যে কিছুটা আশার সঞ্চারও পেয়েছেন। শহরেও দু'এক বার গেলেন। ঈশ্বরদীর অবাঙ্গালী ও দালালরা দেখে ফেললো তাঁকে। এই সময় রাত কাটাতেন তিনি তার দাসুড়িয়াতে অবস্থিত ফার্মের মধ্যকার চাকরের একটি কুটিরে। এটাকেই তিনি সব থেকে নিরাপদস্থান ভেবেছিলেন। কিন্তু তাঁবেদার ও অবাঙ্গালীরা মিলে ঘিরে ফেললো তাঁর এই আশ্রয় তাদের আশা-আকাঙ্ক্ষার বড় শিকার দাসুড়িয়া আওয়ামী লীগের প্রবীণ নেতা ও কর্মীকে শেষ করতে। ১৪ই জুনের মাঝরাতে তাদের অজস্র গুলীর আঘাতে তিনি শাহাদাত বরণ করলেন। বিলীন হয়ে গেল একটি সুখী বাঙ্গালী পরিবার।

শিরোনাম	সূত্র	তারিখ
কেউ পাশবিকতা থেকে অব্যাহতি পায়নি	দৈনিক আজাদ	৮ মার্চ, ১৯৭২

বারো বছরের কচি কিশোরী কিংবা পঞ্চাশের বৃদ্ধা
কেউ পাশবিকতা থেকে অব্যাহতি পায়নি
\ আবুল হোসেন মীর \

'উধার আটঠো লাশ হ্যায়। কুত্তাছে খিলানা হ্যায়, খিলাদো। আউর না কিসিকো দেনা হ্যায় দে দো। যাও, যো তোমহারা মর্জি করো।''

পাক জল্লাদদের কথাগুলো অবিকল মনে রেখেছেন আমির হোসেন। ঠিক তেমনি মুখ বিকৃত করে শব্দগুলো শোনালেন আমাদের। ক্যান্টনমেন্ট এলাকা ছেড়ে আমরা পশ্চিম দিকের মনোহরপুর গ্রামে গিয়ে উঠতেই দেখা হয়েছিল। আমির হোসেনের সাথে। আমির হোসেন মুক্তি বাহিনীকে গোপনে তথ্য সরবরাহের কাজে নিয়োজিত ছিলেন। পাক বাহিনীর হাতে ধরাও পড়েন। দীর্ঘ চারমাস হানাদারদের নরকে কাটাবার পর সৌভাগ্যক্রমে ছাড়া পেয়ে যান। ছাড়া পেয়ে বাড়ী ফেরার পথে গাঁয়ের বিসু মণ্ডলের বাড়ীর কাছে দেখা হয় একদল দস্যুর সাথে। সেই দস্যুদের একজন আমির হোসেনকে শোনায় উপরোক্ত কথাগুলো। তিনি ক পা এগুতেই সত্যি সত্যিই দেখতে পান হাত পা বাঁধা উলঙ্গ অবস্থায় আটটি মরদেহ। তাদের কারো কারো শরীরের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গ বিচ্ছিন্ন করা। বিমূঢ় আমির হোসেন দেয়ালটা ভেঙ্গে লাশগুলো মাটিচাপা দিয়ে চলে যান আপন ঘরের দিকে। নীল বেদনার্ত হৃদয়ে।

আমির হোসেনের কাছ থেকে জানা গেল ক্যান্টনমেন্টের অসংখ্য হত্যাযজ্ঞের কাহিনী। তিনি বললেন, সেভেন ফিল্ড এ্যাম্বুলেন্সের ও, সি লেঃ কর্নেল আব্দুল হাইয়ের লাশ হত্যার দু'দিন পর আনা হয় সি,এম,এইচ-এ। তাঁর লাশ পাওয়া যায় গ্যারিশন সিনেমা হল সংলগ্ন পশ্চিম দিকের তালতলায়। তাঁর তলপেটে সতেরটি বুলেটের চিহ্ন ছিল। এই কোম্পানীর কোয়ার্টার মাষ্টার ক্যাপ্টেন শেখের ভাগ্যেও একই পরিণতি ঘটেছিল।

আমির হোসেন তাঁর অভিজ্ঞতা থেকে আরো জানালেন, সি,এম,এইচ-এর নার্সিং ষ্টাফ হাবিলদার আব্দুল খালেক এবং তার সঙ্গী ফজর আলী ও একজন সুবেদার এম, আই রুমে ঔষধ আনতে যাওয়ার পথে রানওয়ের নিকটবর্তী দরজার কাছে ফিল্ড এ্যাম্বুলেন্সের সিপাইরা তাদেরকে গুলী করে হত্যা করে। এছাড়া সি,এম,এইচ-এর মসজিদের ইমামকেও তারা গুলী করে হত্যা করে। হত্যা করার আগে দস্যুরা ইমাম সাহেবকে কলেমা পড় বললে তিনি শ্রদ্ধার সাথে পবিত্র কলেমা আবৃত্তি করে শোনান। কিন্তু জনৈক দস্যু মুখ বিকৃত করে বলে, শালা গাদ্দার এক মাওলানা কলেমা ভী পড়নে নেহী স্যাকতা।

আমির হোসেন জল্লাদদের নরহত্যার পরিকল্পনা সম্পর্কে বললেন, বাঙ্গালীদের ধরে এনে প্রথমে আই, এস, আই, অতঃপর সেখান থেকে ৬১৪ এম, আই, ইউ এবং পরে ৪০৯ জি, এইচ, কিউ-এ পাঠিয়ে দেয়া হতো। ৬১৪ এফ, আই, ইউতেই নাকি জিজ্ঞাসাবাদের জন্যে কঠোর নির্যাতন চালানো হতো। এম, ই, এসের জনৈক কর্মচারী হারেছ উদ্দীন জানান যে, ৩০শে মার্চ তিনি গ্রেফতার হন। ১৪ দিন ধরে ক্যান্টনমেন্টের ভেতর পাক সেনাবাহিনীর জল্লাদেরা তার উপর অমানুষিক অত্যাচার চালায়

হারেছ উদ্দীনের কাছ থেকে ক্যান্টনমেন্টে অবস্থানরত তৎকালীন সামরিক বাহিনীর বাঙ্গালী কর্মচারীদের পরিবারের মহিলাদের একটি বন্দী শিবিরের সন্ধান পাওয়া গেছে। সে জানিয়েছে যে, ৫৫ নং ফিল্ড রেজিমেন্ট

আর্টিলারীর ফ্যামিলী কোয়ার্টারের বারো থেকে পঞ্চাশ বছর বয়সের দু'শ পঁচানব্বই জন মেয়েকে ঐ সময় আটক করে রেখে প্রতিদিন রাতে তাদের উপর পাশবিক অত্যাচার চালানো হতো। তিনি আরো জানান যে, তাদের সেলটি কিছুটা দূরে হলেও প্রতিদিন রাতেই ভেসে আসতো মেয়েদের করুণ আর্তনাদ। সেই সাথে বর্বর পাক সেনাদের পৈশাচিক উল্লাসধ্বনি বাতাসের সঙ্গে মিশে এক মর্মবিদারী দৃশ্যের সৃষ্টি করতো।

প্রতিদিন বিকেলে জনৈক সুবেদার এসে এইসব মেয়েরা কে কোথায় যাবে তারই একটি তালিকা প্রস্তুত করে যেতো। অতঃপর সন্ধ্যা হলেই উক্ত লিষ্ট মোতাবেক নির্ধারিত মেয়েটিকে পাঠানো হতো নির্ধারিত স্থানে। কখনো কখনো আপন খেয়াল খুশীতে বাইরে নিয়ে এসে পাহারারত কুকুরের দল উপর্যুপরি নারী ধর্ষণে লিপ্ত হতো। একদিন একটি মেয়েকে এইভাবে পরপর চৌদ্দজন নির্যাতন চালালে মেয়েটি সংজ্ঞা হারিয়ে ফেলে। কিন্তু তবুও দুর্বৃত্তরা তাকে রেহাই দেয়নি। অচৈতন্য অবস্থায়ই নিজেদের লালসা চরিতার্থ করেছে। মেয়েটির পুনরায় জ্ঞান ফিরে আসতে নাকি ৩৬ ঘন্টা সময় লেগেছিল। জনাব হারেছ বলেন, চৌদ্দ দিন পর তাকে কেন্দ্রীয় কারাগারে পাঠিয়ে দেয়া হয়। তারপর ঐ মহিলা বন্দী শিবিরের বাসিন্দাদের পরিণতি সম্পর্কে তিনি কিছুই বলতে পারেন না।

অপর একটি মহিলা শিবিরের কথাও তিনি উল্লেখ করেন। ২৫শে সেপ্টেম্বর জেলখানা থেকে পুনরায় তাকে ক্যান্টনমেন্ট নিয়ে আসা হলে সেথায় এফ, আই, ইউ-এ তার উপর নতুনভাবে নির্যাতন করা হয়। সেখানে তিনি ১২ নং এফ, আই, ইউ ব্যারাকের ১০ নং রুমে বহু মহিলাকে বন্দী অবস্থায় দেখতে পান। প্রতিরাতে ঐ ঘর থেকে তাদের চিৎকার শুনা যেতো। এবং একই উপায়ে তারা পাশবিক নির্যাতন চালাতো। এইসব মেয়েদের যৌবন সাধারণতঃ অফিসাররাই উপভোগ করতো। এ সম্বন্ধে হারেছ উদ্দীন আরো বলেন বন্দীশিবিরের মহিলাদের সাধারণতঃ তিন ভাগে ভাগ করে রাখা হতো। প্রথম ভাগে ছিল যুবতী, দ্বিতীয় ভাগে ছিল মধ্যবয়সী এবং তৃতীয় ভাগে কয়েক সন্তানের মাতা। তিনি স্কুল কলেজের সুন্দরী মেয়েদের প্লেনে করে ঢাকা পাঠাতেও দেখেছেন।

হারেছ উদ্দীনের বর্ণনা থেকে আরো অনেক তথ্য জানা যায়। দখলদাররা ক্যান্টনমেন্টের ভিতরে আন্ডার গ্রাউন্ড সেল তৈরী করেছিল। যশোর পতনের পর ঠিক এমনি একটি সেল থেকে ১১৩ জনকে উদ্ধার করা হয়েছিল। সবাই জীবিত অবস্থায় থাকলেও তাদের মধ্যে প্রাণ ছিলো না বললেই চলে। আলো বাতাস ও খাদ্যের অভাবে মাংসহীন হয়ে তাদের শরীর একেবারেই ভেঙ্গে পড়েছিল। হাড্ডি কংকালসার দেহগুলি অসহ্য নির্যাতনের জ্বালা বহন করে এনেছিল।

শিরোনাম	সূত্র	তারিখ
পীর-দরবেশরাও রেহাই পায়নি	দৈনিক আজাদ	১১ মার্চ, ১৯৭২

পীর-দরবেশরাও কসাইদের হাত থেকে রেহাই পায়নি

কইবুল্লা। উত্তর বাংলার আনাচে-কানাচে তার হাজার হাজার মুরীদ সাগরেদ। এঁর ছোট আরও ৩ ভাই। পীর এঁরাও। মাঝারি ধরনের বাড়ীটায় সর্বদা গমগম করতো শত শত দর্শণার্থী। কোরান পাঠ, মৌলুদ পাঠ, ওয়াজ নসিহত আর ওয়াক্তে ওয়াক্তে নামাজ-এক স্বর্গীয় পবিত্রতায় ভরে থাকতো এ পীর বাড়ী সারাক্ষণ।

পীর হলে হবে কি। সবাই 'প্রোগ্রেসিভ মাইনগেড'। একদিকে সামরিক জান্তা যখন ধর্মের দোহাই দিচ্ছে এবং অন্যদিকে লাখে লাখে মানুষ খুন করেছে, ইজ্জত লুট করেছে, মনে প্রাণে ঘৃণা করতেন পীরবাবা। মুখ ফুটে কিছু বলতেন না, শুধু ডাকতেন আল্লাহকে... কাঁদতেন আর করুণা ভিক্ষা করতেন... আল্লাহ তুমি এই নিরপরাধী মানুষদের বাঁচাও... বাঁচাও সতী মা-বোনদের। ... আল্লাহ মুখ তুলে চেয়েছেন। বাঙ্গালী জাতিকে সর্বগ্রাসী ধ্বংসের হাত থেকে বাঁচিয়েছেন তিনি... জয় ঘোষণা করেছেন মানবতার। কিন্তু পীরবাবা, তাঁর ভাই আর অন্যান্য কয়েকজন পারলেন না সে স্বাধীনতার স্বাদ উপভোগ করতে... দেখতে পেলেননা বাঙ্গালী আজ কতো খুশী। কসাই খানসেনাদের হাতে মর্মান্তিকভাবে প্রাণ দিতে হলো তাঁদের।

পীর পবিবারের এক যুবক বিশ্ববিদ্যালয়ের ছাত্র। পঁচিশে মার্চের পর সে পালিয়ে যায় ও ট্রেনিং নিয়ে মুক্তিবাহিনীর কমাণ্ডার নিযুক্ত হয়। খবর পায় মিলিটারীরা। তারা হঠাৎ গ্রাম ঘেরাও করে। তখন শেষ রাত। রমজান মাস। সেহরী সেরে এবাদতে মগ্ন হয়েছেন পীরবাবা। এক ভাই দুধ ভাত খেতে বসেছেন। একজন কাছের মসজিদে গিয়ে কোরান তেলাওয়াৎ করছিলেন... হঠাৎ বাড়ী ঘিরে ফেললো সামরিক জান্তারা, তারপর হঠাৎ গুলী। একে একে চার ভাইকে মাথায় গুলী করে নিষ্ঠুরভাবে মারলো ওরা। সেই সাথে আরও ১১ জন সাগরিদ।

বড় হুজুর ঢলে পড়লেন, ত্যাগ করলেন শেষ নিঃশ্বাস। হাতে তার তসবীহ ধরা। অন্য এক ভাইয়ের সামনে দুধভাতের থালা। হাতের ভাত হাতেই রয়ে গেল। একজন গড়িয়ে পড়েছেন ওজুর ঘটির উপরই... সে এক মর্মান্তিক দৃশ্য।

... পরদিন সকালের দৃশ্য আরও মর্মান্তিক, আরও হৃদয়বিদারক। পীর বাড়ীতে যেনো সৃষ্টি হলো কারবালা। শত শত ভক্তের ভিড়... লুটিয়ে পড়েছে ভক্তরা আঙ্গিনায়... চীৎকার করে কাঁদছে... গড়াগড়ি যাচ্ছে... বুক চাপড়াচ্ছে কেউ কেউ মৃতদেহের চারপাশের রক্তরঞ্জিত মাটি তুলে মাথায় মাখছে। দেখলে যে কোন লোকের চোখে জল আসে। ভক্তরা ওঁদের সৎকার করে। তারপর পীরবাড়ীর মুঠো মুঠো ধুলো মাটি নিয়ে যায়। এই পবিত্র মাটি ওরা সযত্নে তুলে রাখবে।

এখানে কসাইরা একটি শিশুকেও নির্মমভাবে মেরেছে। সে পীর বংশেরই আগামী দিনের নাগরিক। দোলনায় ঘুমিয়ে ছিলো বাচ্চাটা। খান সেনা কয়েকবার গুলী চালায় ঘুমন্ত বাচ্চাটার উপর। হায়, ইশ্বর!

গোকুল গ্রামের তসিম পাড়ের জনৈক এই হত্যাকাণ্ডের নেপথ্য নায়ক। কালো বোরখা পরে মেয়ের সাজ নিয়ে সে মিলিটারীদের সাথে এখানে আসে ও পীরবাড়ী সনাক্ত করিয়ে দেয়। দাঁড়িয়ে দাঁড়িয়ে হাত নেড়ে সে আদেশ নির্দেশও দিচ্ছিলো বলে জানা গেছে। মীরজাফরের বিশ্বাসঘাতকতাও এখানে তুচ্ছ।

শিরোনাম	সূত্র	তারিখ
নারকীয় তাণ্ডবের আরেক লীলাভূমি	দৈনিক বাংলা	২৮ মার্চ, ১৯৭২

নারকীয় তাণ্ডবের আরেক লীলাভূমি
গোপালগঞ্জ ডেভেলপমেন্ট সেন্টারে আজো
ছড়িয়ে আছে চুড়ি, শাড়ী আর অসংখ্য কংকাল
**\ সংবাদদাতা প্রেরিত **

গোপালগঞ্জ, ১৬ই মার্চ। - গোপালগঞ্জ সিও ডেভেলপমেন্ট অফিস। পাকিস্তানী সেনাদের একটা শক্ত ঘাঁটি। এ ঘাঁটির নায়ক ক্যাপ্টেন ফয়েজ মোহাম্মদ কালান্তরে অন্যতম নায়ক ক্যাপ্টেন সেলিম। বাঙ্গালীর সংগ্রামী লহুতে হাত রঞ্জিত করেছে এরা।

পাক জল্লাদেরা গোপালগঞ্জের এইস্থানে কসাইখানা তৈরী করেছিল। কসাইয়ের অঙ্গনে মাহবুব-উর-রহমান চৌধুরী, গোলজার চৌধুরী প্রাণ দিয়েছে ওদের হাতে। কত যে মাহবুব-উর-রহমান চৌধুরী এখানে দেশমাতৃকার মুক্তিসংগ্রামে প্রাণ দিয়েছে তার হিসেব নেই।

জল্লাদেরা কাকে কোথায় হত্যা করেছে সব ঘটনা মানুষ জানতে পারেনি। ৬ই ডিসেম্বর, ১৯৭১ সাল। রাতের অন্ধকারে যেমন পাক জল্লাদেরা ২৫শে মার্চ ১৯৭১ সালে হায়েনার মত ঝাঁপিয়ে পড়েছিল ঠিক তেমনি এ রাতে মুক্তি বাহিনী ও মিত্র বাহিনীর যৌথ আঘাতে দিশেহারা হয়ে গোপালগঞ্জের ক্যাম্প ছেড়ে লোক চক্ষুর অন্তরালে সরে পড়ে। অসংখ্য মানুষের মৃত্যুকেন্দ্র মিলিটারী ক্যাম্পে মানুষ যাত্রা করেছে।

কেউ গিয়েছে প্রিয়জনদের স্মৃতি চিহ্নের অন্বেষণে, কেউ গিয়েছে শহীদ সংখ্যা নিরূপণ করতে। স্মৃতিচিহ্ন অনেকে পেয়েছেন। ক্যাপ্টেন ফয়েজ ও সেলিমের কক্ষে মেয়েদের হাতের চুড়ির স্তূপ, চেনা শাড়ী অথবা ব্লাউজ অনেকেই চোখের পানি মুছতে মুছতে নিয়ে এসেছেন। কিন্তু শহীদের সংখ্যা কেউ নিরূপণ করতে পারেননি। ক্যাম্পের সামনে ইটের স্তূপে খুলি, হাড়, ক্যাম্পের সামনে খোলা জায়গায়ও খুলি হাড়ের মেলা এবং ক্যাম্পের সামনে নদীর ভিতর জেলেদের জালে এখনও জড়িয়ে পড়ে মানুষের মাথার খুলি অথবা মৃত মানুষের কংকাল। কি করে এর হিসেব মিলবে ?

শিরোনাম	সূত্র	তারিখ
একটি হালকা মেশিনগানের জন্য বত্রিশটি জীবনের পরিসমাপ্তি	পূর্বদেশ	৮ এপ্রিল, ১৯৭২

একটি হালকা মেশিনগানের জন্য
বত্রিশটি জীবনের সমাপ্তি ঘটেছে
\ নজরুল ইসলাম চৌধুরী \

একটি মাত্র এল, এম, জির জন্য গঙ্গাসাগর সেদিন রক্তসাগর হয়েছিল, বলছিলেন ডাঃ মোস্তাক চৌধুরী। গঙ্গাসাগর দীঘির পশ্চিম পাড়ের বধ্যভূমিতে দাঁড়িয়ে তিনটি গণকবর খুঁড়ে ইয়াহিয়ার বর্বর কর্তৃক নিহত কিছু মানুষের লাশ উঠাবার সময় ওদের না ছিল হৃদয় না ছিল কাণ্ডজ্ঞান। এ দু'টোর একটা থাকলেও এ মানুষগুলোকে মারতে পারতো না। বস্তুতঃ একটি এল, এম, জির জন্যই বত্রিশজন লোক প্রাণ হারিয়েছিল ইয়াহিয়া-ভুট্টোর জল্লাদ বাহিনীর হাতে। সম্প্রতি আখাউড়া রেলওয়ে জংশনের অনধিক পাঁচমাইল দক্ষিণে গঙ্গাসাগর রেলষ্টেশনের পাশে তিনটি গণকবর খুঁড়ে ২৬টি লাশ উঠান হয়।

ঘটনার বিবরণে জানা যায় যে, গত জুন মাসের মাঝামাঝি এক সময় দু'জন মুক্তিযোদ্ধা রেকি করার উদ্দেশ্য নিয়ে গঙ্গাসাগর এলাকায় আসেন এবং তানমান্দাইল নামক গ্রামে আশ্রয় গ্রহণ করেন। আত্মরক্ষার জন্য তাদের হাতে ছিল একটি মাত্র হালকা মেশিনগান। জানা যায় যে প্রাথমিক রেকির পর মুক্তাঞ্চলে তাঁদের কেন্দ্রে চলে যাবার পরিবর্তে তাঁরা একটি মাত্র হালকা মেশিনগান নিয়ে শতাধিক পাঞ্জাবী সেনার ছাউনি সরাসরি আক্রমণের সিদ্ধান্ত নেন এবং সেই অনুযায়ী রাতের অন্ধকারের সুযোগে তাঁরা ছাউনি এলাকার অভ্যন্তরে প্রবেশ করেন। ইত্যবসরে জনৈক স্থানীয় দালাল মুক্তিযোদ্ধাদের অবস্থান সম্বন্ধে তার সামরিক প্রভুদের সংবাদ দেয়। খান সেনারা তৎক্ষণাৎ আত্মরক্ষার ব্যবস্থা নেয়। এবং মুক্তিযোদ্ধা দু'জনকে চতুর্দিক থেকে ঘিরে ফেলে। বেষ্টনীতে পড়ে অস্ত্র নিয়ে পালানো অসুবিধাজনক মনে করে তারা এল, এম, জি, টি গঙ্গাসাগরের জলে ফেলে খান পশুদের চোখে ধুলা দিয়ে বেষ্টনীভেদ করে বাইরে বেরিয়ে আসেন। কিন্তু এল, এম, জি, টি কোথায় ফেলা হয়েছিল শত্রুরা সে স্থান চিনে রাখতে পেরেছিল। এদিকে সেই রাতেরই শেষের দিকে অকুতোভয় বীর মুক্তিযোদ্ধা দু'জন আবার পাঞ্জাবীদের ছাউনি এলাকায় প্রবেশ করেন এবং সন্তর্পণে তাঁদের এল, এম, জি, টি উঠিয়ে নিয়ে আসেন। পরদিন পাঞ্জাবী পশুরা পরিত্যক্ত অস্ত্র উঠানোর উদ্দেশ্যে পানিতে নেমে অবাক হল। সে সময় পুর্বোক্ত স্থানীয় দালালটি সংবাদ দিল যে মুক্তিযোদ্ধা দু'জনই অস্ত্র উঠিয়ে নিয়ে পার্শ্ববর্তী তানমান্দাইল অথবা ডাঙ্গাইলে কারো ঘরে সেটা রেখে পালিয়ে গেছেন। এল, এম, জি, উদ্ধারের জন্য শুরু হল পাকজল্লাদদের তানমান্দাইল ও ডাঙ্গাইল গ্রামদ্বয় অপারেশন। পাক বর্বররা মুক্তিযোদ্ধা কিংবা অস্ত্র কিছুরই সন্ধান পেলনা বটে, তবে তাদের অমানুষিকতা থেকে রেহাই পেল না এই দুই গ্রামের সরল নিরপরাধ মানুষ। শিশু, বৃদ্ধ, নারী পুরুষ সবাই হল ইয়াহিয়ার জল্লাদদের উন্মত্ততার শিকার। অকথ্য নির্যাতনের পর তারা উভয় গ্রামের প্রায় সব পুরুষ মানুষ ধরে নিয়ে আসে এবং মামুলি জিজ্ঞাসাবাদের পর বত্রিশজনকে রেখে অন্যান্যদের ছেড়ে দেয়। পরে এই বত্রিশজনকে তারা হত্যা করে গঙ্গাসাগরের পশ্চিম পাড়ের তিনটি গণকবর পুঁতে রাখে।

হত্যাকারী জল্লাদ বাহিনী ও তাদের পোষ্য দালালদের বিরুদ্ধে আনীত এক মামলার ব্যাপারে এই লাশগুলো উঠানো হয়। নিহতদের আত্মীয় স্বজনেরা যে তেরটি মৃতদেহ সনাক্ত করতে পেরেছে তারা হলেনঃ-

(১) আব্দুল গনি (২) রিয়াজ উদ্দীন (৩) সাধন মিয়া (৪) মুসলিম মিয়া (৫) কমল মিয়া (৬) আবুল বাসার (৭) আব্দুল খালেক (৮) তারা মিয়া (৯) আবুল ফয়েজ (১০) আবুল হাসেম (১১) ওমর আলী (১২) সালু মিয়া এবং (১৩) গোলাম কাদের।

শিরোনাম	সূত্র	তারিখ
আরেক শহীদ গণপরিষদ সদস্য নজমুল হক সরকার	দৈনিক বাংলা	১০ এপ্রিল, ১৯৭২

আর এক শহীদ গণপরিষদ সদস্য
নজমুল হক সরকার

৩৪ বছর বয়স্ক নজমুল হক সরকার ২৫শে মার্চের কালরাতে রাজশাহী শহরের এক গোপন স্থানে আশ্রয় নিয়েছিলেন। ঐ রাতেই দেড়টার দিকে হানাদার বাহিনী জনাব সরকারের রাজশাহী শহরের রাণীবাজারস্থ বাসভবন ঘেরাও করে। সেই সময় বাড়ীতে কয়েকজন দূরসম্পর্কীয় আত্মীয় ছাড়া কেউই ছিল না।

বিপদের আভাস পেয়ে জনাব সরকার সন্ধ্যায় তাঁর পরিজনদের বাড়ী ছেড়ে অন্যত্র আশ্রয় নিতে নির্দেশ দেন। এবং নিজেও আত্মগোপন করেন। কিন্তু বিবেকের দারুণ দংশন সহ্য করতে না পেরে এবং কর্তব্যের আহবানে রাত আড়াইটার দিকে রিক্সা করে আওয়ামী লীগ অফিসের দিকে যাত্রা করেন মূল্যবান কাগজপত্র সরানোর উদ্দেশ্যে।

পথিমধ্যে তিনি হানাদার বাহিনীর একটি জীপের সম্মুখে পড়ে যান। সেখানেই জল্লাদের গুলিতে তিনি শহীদ হন। গুলি করার পর হানাদাররা তাঁর লাশ ট্রাকে করে উঠিয়ে নিয়ে যায়। জনাব সরকার গত সাধারণ নির্বাচনে রাজশাহী ৮ (এনই-৩৭) থেকে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে ছয়জন প্রার্থীর বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করেন এবং রাজশাহী জেলার মধ্যে সর্বাধিক ভোট পেয়ে জাতীয় পরিষদে সদস্য নির্বাচিত হন। রাজনৈতিক জীবনের শুরু থেকেই জনাব সরকার আওয়ামী লীগের সঙ্গে জড়িত। ১৯৬২ সালের গণআন্দোলন থেকে শুরু করে তিনি সব সময়ই বাঙ্গালীর অধিকারের জন্য সংগ্রাম করে গেছে।

রাজশাহী কোর্টের এই তরুণ এ্যাডভোকেট অতি অল্প সময়ের মধ্যেই সবার দৃষ্টি আকর্ষণ করেছিলেন। তিনি পরপর দু'বার রাজশাহী উকিল সমিতির সেক্রেটারী নির্বাচিত হন। মিষ্টিভাষী, সুবক্তা, সাহসী, নজমুল হক আওয়ামী লীগের কর্মী মহলে নজমুল ভাই নামে পরিচিত ছিলেন।

শিরোনাম	সূত্র	তারিখ
দানবীর নূতনচন্দ্র সিংহও বাঁচতে পারেননি	দৈনিক বাংলা	১৩ এপ্রিল, ১৯৭২

দানবীর নূতনচন্দ্র সিংহ

গত বছর এই দিনে খান সেনারা
তাঁকে নিষ্ঠুরভাবে হত্যা করেছিল

তাঁর একমাত্র ইচ্ছে ছিল তিনি যেনো দেশের মাটিতে শেষ নিঃশ্বাস ত্যাগ করতে পারেন। সে ইচ্ছা তার পূরণ হয়েছে। দেশের মাটিতে তিনি মরতে পেরেছেন। তবে বড় নিষ্ঠুরভাবে প্রাণ দিতে হয়েছে তাঁকে- কখনো কেউ যা কল্পনাও করেনি।

গত বছর এই ১৩ই এপ্রিল চট্টগ্রামের অদূরে নিজের হাতে গড়া কুণ্ডেশ্বরী ভবনে তাঁকে হত্যা করা হয়। কুণ্ডেশ্বরী বিদ্যাপীঠের প্রতিষ্ঠাতা বাবু নূতন সিংহের কথা বলছি। এপ্রিলের প্রথম দিকে চট্টগ্রাম শহরের পতন হয়েছিল। ১৩ তারিখে পাক বাহিনী কুণ্ডেশ্বরী আক্রমণ করে। বাবু নূতন সিংহ তখন মন্দিরে প্রার্থনা করছিলেন। স্বাধীনতা ঘোষণার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রায় ৪৭ জন অধ্যাপক সস্ত্রীক আশ্রয় নিয়েছিলেন সেখানে। সৈয়দ আলী আহসান, ডঃ এ, আর, মল্লিক, ডঃ আনিসুজ্জামান, ডঃ কোরাইশী প্রমুখের নাম উল্লেখযোগ্য। চট্টগ্রাম থেকে আগরতলা যাওয়ার পথে জনাব এম, আর, সিদ্দিকীও কুণ্ডেশ্বরীতে আশ্রয় নিয়েছিলেন।

পাক বাহিনীর অগ্রগতির খবর শুনে সবাই কুণ্ডেশ্বরী ছেড়ে ভারতের উদ্দেশ্যে রওনা হয়ে যায়। বাবু নূতন সিংহকে যাওয়ার কথা বললে তিনি রাজী হননি। বলেছিলেন, যদি মরতে হয় দেশের মাটিতেই মরব। অনেক পীড়াপীড়ির পরও তাকে রাজী করান গেল না। এদিকে পাকবাহিনী দ্রুত এগিয়ে আসছিল। ১৩ই এপ্রিল পাকবাহিনী কুণ্ডেশ্বরী ভবনে প্রবেশ করে।

ছেলেরা আগেই পালিয়ে গিয়েছিল। বাবু নূতন সিংহ তখন মন্দিরে প্রার্থনা করছিলেন। জনৈক সালাউদ্দীন তাঁকে সেখান থেকে টেনেহিঁচড়ে বাইরে নিয়ে এসেছিল। তাঁর চোখের সামনে মন্দির উড়িয়ে দিয়েছিল। তারপর তাঁকে হত্যা করা হয়েছিল নৃশংসভাবে। মেজর তিনটি গুলি করার পরও সালাহউদ্দীন রিভলবারের গুলি ছুড়েছিল নূতন বাবুর দিকে। তিনি লুটিয়ে পড়েছিলেন। তেমনি মুখ থুবড়ে পড়ে ছিলেন তিন দিন।

সংক্ষিপ্ত জীবনী

নূতন বাবুর জন্ম ১৯০১ সালে। শৈশবেই তিনি মাতৃ-পিতৃহারা হন। আট বছর বয়সে গৃহত্যাগ করেন। তিনি নয় বছরে বার্মা যান। সেখানে মুদির দোকানে চাকুরী করেন। ১৯২২ সালে চট্টগ্রাম ফেরেন এবং বিয়ে করেন। তারপর কলকাতা যান। ১৯৪৬ সালে ঔষধালয় প্রতিষ্ঠা করেন। বিহারের বৈদ্যনাথ ধামে গিয়ে কুণ্ডেশ্বরী মায়ের কবচ গ্রহণ করেন। ১৯৪৭ সালে আবার চট্টগ্রামে ফিরে আসেন।

কুণ্ডেশ্বরী বিদ্যাপীঠ

নিজের মেয়েকে লেখাপড়া শেখাতে পারেননি তিনি। সে জন্য একটা ক্ষোভ ছিল মনে। তখন রাউজান থানায় কোন বিদ্যালয় ছিল না। রাউজান থানার মেয়েদের লেখাপড়ার সুযোগের জন্য তিনি গড়ে তুলেছিলেন কুণ্ডেশ্বরী বালিকা মন্দির। পূর্ণাঙ্গ আবাসিক বিদ্যালয় ছিল এটি। শুধু রাউজান থানা নয়, দেশের সব এলাকা থেকেই ছাত্রীরা যায় সেখানে লেখাপড়া করার জন্য। বিদ্যালয়ের নিজস্ব ডাকঘর, সরাসরি টেলিফোন যোগাযোগ, পানির পাম্প, জেনারেটর, বাস ইত্যাদি ছিল। মোট প্রায় ২ লাখ টাকার সম্পত্তি নষ্ট হয়েছে সেখানে।

শিরোনাম	সূত্র	তারিখ
রংপুরের দু'টি গণসমাধি	পূর্বদেশ	৩০ এপ্রিল, ১৯৭২

রংপুরে দুটি গণসমাধির সন্ধান লাভ

রংপুর, ২৬শে এপ্রিল (বাসস)- এখানে দু'টি গণসমাধির সন্ধান পাওয়া গেছে। একটি রংপুর ক্যান্টনমেন্টের কাছে, আর একটি শহর থেকে চারমাইল দূরে সাহেবগঞ্জ গ্রামে। একটি বিশেষ গণহত্যা অনুসন্ধানকারী দল এ গণসমাধিগুলোর সন্ধান দেন।

ক্যান্টনমেন্টের কাছের গণসমাধিটিতে প্রায় দু'শ ব্যক্তিকে হত্যা করা হয়। ডাঃ জিকরুল হক এমসিএকেও এখানে হত্যা করা হয়েছে। সৈয়দপুরের ক'জন মাড়োয়ারীকেও এখানে হত্যা করা হয়েছে বলে জানা গেছে। টেলিফোন ও টেলিগ্রাফ বিভাগের সুপারিনটেনডেন্ট সেখান থেকে পালিয়ে আসতে সক্ষম হয়েছিল।

সাহেবগঞ্জ গণসমাধি হত্যাকাণ্ডের আর একটি লীলাক্ষেত্র। এখানে ১৯ জন বাঙ্গালী সামরিক অফিসার ও সৈনিককে নির্মমভাবে হত্যা করা হয়। একজন অফিসারের পকেট থেকে একটি ফটো ও চিঠি পাওয়া গেছে। অনুমান করা হচ্ছে সে অফিসারটি একজন ক্যাপ্টেন ছিলেন। তাঁর স্ত্রীর লেখা পত্রে তাঁকে চাকরি ছেড়ে পালিয়ে যাবার অনুরোধ ছিল।

হত্যাকাণ্ডের শিকার সামরিক অফিসার ও জোয়ানদের হাত বাঁধা ও চোখ তুলে ফেলা হয়েছিল বলে অনুমান করা হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
অধ্যাপক মুজিবুর রহমান আজ দেবদাস হয়ে বেঁচে আছেন	পূর্বদেশ	৯ মে, ১৯৭২

হানাদারদের নির্যাতনের লক্ষ্য শিকারের অন্যতম
অধ্যাপক মুজিবুর রহমান আজ
দেবদাস হয়ে বেঁচে আছেন
\ নজরুল ইসলাম বুলবুল \

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অঙ্ক বিভাগের অধ্যাপক জনাব মুজিবুর রহমান পাক বাহিনীর অসহ্য নির্যাতনের সাক্ষী হয়ে আজও বেঁচে আছেন। প্রতিদিনের মত ২৫-এর রাত্রিতেও বিশ্ববিদ্যালয় ক্লাবে বসে গল্প করছিলেন তিনি। রাত্রি গভীর হয়ে গেছে, কিন্তু সেদিকে লক্ষ্য নেই কারো।

যাঁদের সঙ্গে গল্প করছিলেন তাঁদের মধ্যে অনেকেই ছিলেন হিন্দু অধ্যাপক। দেশে যে সামরিক নির্যাতন শুরু হয়ে গেছে তা কারো জানা ছিল না। গভীর রাত। একদল লোকের বুটের শব্দ শুনে সবাই আঁৎকে উঠলেন। ইতিমধ্যে কয়েকজন পাক সৈন্য ঢুকে পড়েছে বিশ্ববিদ্যালয় ক্লাবে। অধ্যাপকবৃন্দ তখনও বসে আছেন। সৈন্যরা কাছে এসে তাদের জিজ্ঞেস করতে লাগলো। হিন্দু অধ্যাপকগণ নিজেদেরকে মুসলমান নামে পরিচয় দিলেন। কিন্তু মুশকিলে পড়েছিলেন অধ্যাপক মুজিবুর রহমান।

তিনি নিজেকে সে নামে পরিচয় দেবার সাথে সাথে সৈন্যরা তাঁর উপর নির্যাতন চালায়। বেশ কিছুক্ষণ মারধর করে তাঁরা চলে যায়। অধ্যাপক রহমানের একমাত্র দোষ বঙ্গবন্ধুর নামের সাথে তা নামের মিল ছিল। এরপর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপর দিয়ে অনেক ঝড় বয়ে গেছে। ৪ঠা এপ্রিল মুক্তিবাহিনী রাজশাহী শহর ও বিশ্ববিদ্যালয় এলাকা পাঞ্জাবীদের হাত থেকে মুক্ত করে।

১৩ই এপ্রিল পাকবাহিনীর প্রচণ্ড আক্রমণে মুক্তিযোদ্ধারা শহরের কর্তৃত্ব হারায়। এরপর শুরু হয় গণহত্যা ও নির্যাতন। ১৪ই এপ্রিল ভাষা বিভাগের একমাত্র হিন্দু অধ্যাপক শ্রী সুখরঞ্জন সমদ্দারকে এবং ১৫ই এপ্রিল অঙ্ক বিভাগের অধ্যাপক জনাব হাবিবুর রহমানকে পাক সেনারা ধরে নিয়ে নির্মমভাবে হত্যা করে।

শহীদ সমদ্দার বাবুর মরদেহের অংশবিশেষ কাজলাগ্রাম থেকে উদ্ধার করা গেছে, কিন্তু শহীদ হাবিবুর রহমানের কোন খবর আজ পর্যন্ত পাওয়া যায়নি। অধ্যাপক মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয় অতিথি ভবনে থাকতেন। ২৫শে মার্চের দুঃসহ বেদনা সহ্য করে তিনি নিজেকে অত্যন্ত অসহায় বোধ করছিলেন।

জনাব রহমানের বন্ধুবর্গ, যাঁরা ছিলেন হিন্দু, তারা সবাই সীমান্ত অতিক্রম করেছেন। এসব কথা চিন্তা করে জনাব রহমান ক্রমেই মানসিক যন্ত্রণা ভোগ করতে লাগলেন। ইসলাম রক্ষার জন্য পাকবাহিনী যে পন্থা অবলম্বন করেছিল তা দেখে মুজিবুর রহমান সাহেব ধর্মের উপর আস্থা হারাতে বসেছিলেন। যদিও ২৫শে মার্চের পূর্ব পর্যন্ত তিনি একজন খাঁটি ইসলামপন্থী মুসলমান হিসাবে পরিচিত ছিলেন।

ইয়াহিয়া এবং তার লেলায়িত সেনাবাহিনী বাংলাদেশের নিরীহ জনগণের উপর ইসলাম রক্ষার অজুহাতে যে অত্যাচার, গণহত্যা আর নির্যাতন চালিয়েছিল তা দেখে অধ্যাপক মুজিবুর রহমান ধর্মের উপর আস্থা হারিয়ে ফেললেন।

এই কারণে তিনি ১৯৭১ সালে ১০ই মে তারিখে নিজেকে মুজিবুর রহমানের পরিবর্তে 'দেবদাস' নামে পরিচিত হন। তাঁর এই নাম পরিবর্তনের কথা লিখিতভাবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জানিয়ে দেন এবং এর পর থেকে তার সাথে দেবদাস নামে যোগাযোগ করার অনুরোধ জানান। ১০ই মে তারিখে অধ্যাপক রহমান নিজেকে 'দেবদাস' নামে পরিচিত করেন।

পাক সামরিক বাহিনী ঘটনাটি জানতে পায়। ১২ই মে তারিখে সামরিক কর্তৃপক্ষ অধ্যাপক 'দেবদাসকে' গ্রেফতার করে। রাজশাহী বিশ্ববিদ্যালয় অতিথি ভবনের দোতলায় একটি ছোট্র রুমে তাঁকে রাখা হয়। এক সাক্ষাৎকারে অধ্যাপক 'দেবদাস' আমাকে জানালেন যে, এখানে থাকা অবস্থায় সাধারণ সৈন্যরা তাকে অকথ্য নির্যাতন করেছে।

তাঁর শরীরে, মাথায় বুটের লাথি মারা হতো। ১১ দিন ধরে অতিথি ভবনে তাঁকে নির্যাতন চালানো হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের কোন সহকর্মী বন্ধুই তাঁর সাহায্যে এগিয়ে যাননি বলে তিনি আমাকে জানালেন।

ঐ সময় অতিথি ভবনে সামরিক অফিসারদের অফিস ছিল। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের পাকবাহিনীর সহযোগী অধ্যাপক ডঃ বারী, ডঃ মকবুল হোসেন ও ডঃ মতিউর রহমানকে তিনি সামরিক অফিসারদের কাছে যাতায়াত করতে দেখতে পেয়েছিলেন। বিশ্ববিদ্যালয়ে বন্দী থাককালীন সামরিক অফিসাররা মোটামুটি ভালই ব্যবহার দেখাতো, কিন্তু সাধারণ সৈন্যরা অকথ্য অত্যাচার চালাতো বলে অধ্যাপক 'দেবদাস' জানালেন।

বিশ্ববিদ্যালয়ে ১১ দিন বন্দী রাখবার পর একটি গাড়ীতে করে সামরিক কর্তৃপক্ষ অধ্যাপক 'দেবদাসকে পাবনা নিয়ে যায়। পাবনায় তাঁকে ৩/৪ দিন রাখা হয়। এই সময় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ডঃ কাজী সালেহ আহমদকেও তাঁর সাথে নিয়ে যাওয়া হয়।

পাবনায় সামরিক অফিসাররা অধ্যাপক 'দেবদাস'কে নানা রকম প্রশ্ন করেন। কিন্তু তিনি তাদের অন্যায় অত্যাচারকে মাথা পেতে নিতে অসম্মতি জানান। যার ফলে তাঁকে সামরিক প্রহরায় নাটোরে পাঠানো হয়। নাটোরে তাঁকে পুলিশ লাইনে রাখা হয়। এখানে তাঁকে দীর্ঘদিন ধরে অত্যাচার চালানো হয়।

কিন্তু নিজের অত্যাচারের কথা অধ্যাপক দেবদাস কিছুতেই বলতে রাজী নন। শেষে কিছুটা মৃদু হেসে তিনি বললেন, ওরা আমার উপর যে অত্যাচার করেছে, তা বলে আর কি লাভ হবে। ওরা আমার সাথে বেশ ভাল ব্যবহার দেখিয়েছে, এই বলে তিনি চুপ করে রইলেন। বুঝতে পারলাম, অত্যধিক নির্যাতনের ফলে তিনি কথার খেই মাঝে মাঝে হারিয়ে ফেলেন। ঠিকমত খেয়াল করতে পারছেন না পূর্বের সব ঘটনা।

নাটোরে অধ্যাপক দেবদাসকে তিন মাস একটি ছোট্ট কামরায় বন্দী অবস্থায় রাখা হয়। তিনি বুঝতে পেরেছিলেন যে তাঁর অপরাধের শাস্তিস্বরূপ নাটোর জেলখানায় তাকে আটক রাখা হচ্ছে। নাটোরে বন্দী থাকাকালীন সময়ে পাকসামরিক অফিসাররা অধ্যাপক দেবদাসকে কয়েকটি প্রশ্ন করে।

সবগুলো প্রশ্নের কথা তিনি বর্তমানে মনে করতে পারছেন না। কিন্তু কয়েকটি প্রশ্নের কথা তাঁর আজও মনে আছে। তাঁকে প্রশ্ন করা হয়েছিল ''আপনাকে ছেড়ে দিলে আপনি কাজে যোগদান করবেন কি না''? উত্তরে অধ্যাপক দেবদাস বলিষ্ঠ কণ্ঠে জানান, ''তোমাদের স্বৈরাচারী সরকারের অধীনে আমি কাজে যোগ দিতে রাজী নই ?''

দ্বিতীয় প্রশ্ন, আওয়ামী লীগকে বাতিল করা সম্পর্কে তোমার মতামত কি? উত্তরে তিনি জানান, ''আওয়ামী লীগ ৬ দফার ভিত্তিতে নির্বাচনে অংশ নিয়েছিল এবং বিপুল ভোটে জয়লাভ করেছিল। সুতরাং আওয়ামী লীগকে বাতিল ঘোষণা করতে হলে নির্বাচনের পূর্বেই তা করা উচিত ছিল। নির্বাচনের পরে তাকে বাতিল ঘোষণা করবার অধিকার জনতা তোমাদের দেয়নি- তাই এটা করা মোটেই যুক্তিসঙ্গত হয়নি।''

তৃতীয় প্রশ্ন ছিল, পূর্ব পাকিস্তান স্বাধীন হলে ভারত একে দখল করে নেবে কিনা? উত্তরে জনাব দেবদাস জানান, "ভারতের পাশে আফগানিস্তান, কাশ্মীর ও বার্মার মতো ছোট ছোট রাষ্ট্র রয়েছে স্বাধীনভাবে। সুতরাং ভারত তাদের যদি দখল না করে থাকে বাংলাদেশ স্বাধীন হলেও তাকে দখল করবে না।"

নাটোরে বন্দী থাকবার সময় যে বাবুর্চি তাকে খাবার দিয়ে যেতো সে ছিল বাঙ্গালী। ঐ বাবুর্চিটি মাঝে মাঝে বাইরের জগতের খোঁজখবর ও সিগারেট এনে দিত বলে অধ্যাপক দেবদাস আমাকে জানালেন। এছাড়া নাটোরের ছোট দারোগা ছিল বাঙ্গালী। সেও মাঝে মাঝে গোপনে দেখা করতো।

নাটোর জেলে বন্দী থাকাকালে অধ্যাপক দেবদাস মিলিটারীর সরাসরি হাত থেকে কিছুটা মুক্তি পেয়েছিলেন। জেলখানার পার্শ্বের একটি বাসার আনোয়ার নামে একজন ছাত্র তাঁর পরিচিত ছিল। আনোয়ার তাঁর পরিচিত অধ্যাপককে বন্দী দেখতে পেয়ে গোপনে তাঁর সাথে সাক্ষাৎ করে এবং তাঁর বন্দী থাকার সংবাদটা বিশ্ববিদ্যালয়ে এবং গ্রামের বাড়ীতে পৌঁছে দেয়।

নাটোরে দীর্ঘ তিন মাস বন্দী থাকবার পর ১৯৭১ সালের ৫ই সেপ্টেম্বর তাকে মুক্ত করে দেয়া হয়। অধ্যাপক দেবদাস মুক্তি পেয়ে জয়পুরহাট চলে যান এবং দেশ স্বাধীন হওয়া পর্যন্ত জয়পুরহাটে বোনের কাছে থাকেন। দেশ স্বাধীন হওয়ার পর ফেব্রুয়ারী মাসে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় অঙ্গনে ফিরে এসেছেন। কিন্তু আজ পর্যন্ত তিনি কাজে যোগ দেননি। কাজে যোগদানের ব্যাপারে তাঁকে প্রশ্ন করলে তিনি হেসে উত্তর দেন, কি হবে কাজে যোগ দিয়ে। বিগত ন'মাসের বেতনও তিনি এ পর্যন্ত নেননি।

অত্যধিক নির্যাতনের ফলে অধ্যাপক দেবদাস বর্তমানে গুরুতররূপে অসুস্থ হয়ে পড়েছেন। মাঝে মাঝে তিনি জ্বরে ভুগছেন। মাথায় মিলিটারীর বুটের আঘাতের ফলে তার মস্তিষ্কের গোলযোগ দেখা দিয়েছে।

পূর্বের কোন স্মৃতিকে তিনি ভালভাবে স্মরণ করতে পারছেন না। এছাড়া বেশীক্ষণ কথা বলতেও তার পক্ষে কষ্ট হয়। এ অবস্থায় তিনি পুনরায় অধ্যাপনা কাজে অংশ নিতে পারবেন কিনা সে বিষয়ে সন্দেহ রয়েছে। অধ্যাপক মুজিবুর রহমান দেবদাস নামে এখনও নিজের পরিচয় দিচ্ছেন।

জনাব মুজিবুর রহমান ১৯৫২ সনে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অঙ্ক শাস্ত্রে এম, এ পাস করেন। ১৯৬৪ সনে তিনি মেলবোর্ণ বিশ্ববিদ্যালয় থেকে অঙ্ক শাস্ত্রে এম, এ ডিগ্রী লাভ করেন। করাচী ও সিলেট সরকারী কলেজে অধ্যাপনা করেন। ১৯৬৭ সনে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
গাজীপুর অস্ত্র কারখানায় কয়েকজন কর্মচারীর হত্যাকাণ্ড	পূর্বদেশ	১০ মে, ১৯৭২

অস্ত্র কারখানার কর্মচারীদের এম, এন, এ হোষ্টেলে এনে হত্যা করা হতো

গাজীপুর অস্ত্রাগার লুণ্ঠনের পর থেকে পাক বাহিনী বাঙ্গালী অফিসারদের সন্দেহের চোখে দেখতে থাকে। তাই প্রথমে অফিসারদের হত্যা করার উদ্দেশ্যে মেশিনগানের সামনে সারিবদ্ধভাবে দাঁড় করানো হয়। কিন্তু এই সমস্ত অফিসারদের পরিবারের লোকজনদের কান্নাকাটি ও অনুরোধে তাদের সেই সময়ের জন্য ক্ষমা করে দেয়া হয়।

এই সময় গাজীপুর অস্ত্রাগারের আবাসিক পরিচালক ব্রিগেডিয়ার করিমুল্লাহ কুর্মিটোলা ক্যান্টনমেন্ট থেকে হেলিকপ্টার যোগে সেখানে আসে এবং পাক বাহিনীর সেনাদের সাথে গোপন আলোচনা করে। সেই সময় বাঙ্গালী অফিসারদের নিজ নিজ কোয়ার্টারে চলে যেতে নির্দেশ দেয়া হয়। পরের দিন ৩০শে মার্চ (১৯৭১) পাক বাহিনী বাঙ্গালী অফিসাদের কোয়ার্টারে খানাতল্লাশি করার অজুহাতে তাদের মালপত্র লুট করে নেয়। পরে ২রা এপ্রিল পর্যন্ত প্রত্যেক দিন সিপাহীরা বাঙ্গালী অফিসারদের কোয়ার্টারগুলিতে হানা দিয়ে নানারূপ অত্যাচার করতো।

হানাদার পাকবাহিনীর অত্যাচারে অতিষ্ঠ হয়ে অনেক বাঙ্গালী অফিসার তাদের পরিবারসহ গাজীপুর ছেড়ে নানাদিকে পালিয়ে যেতে থাকেন। ৩রা এপ্রিল মধ্যাহ্নে ব্রিগেডিয়ার করিমুল্লাহ ৬ জন অফিসারকে পাকবাহিনীর তত্ত্বাবধানে ঢাকা চলে যাবার নির্দেশ দেয়। এই ৬ জন অফিসার ছিলেন ওয়ার্কস ম্যানেজার জনাব এ, কে মাহবুব চৌধুরী, ডাঃ মেজর নঈমুল ইসলাম, হেডমাষ্টার কুদ্দুস সাহেব, ওয়েলফেয়ার অফিসার মাহবুবর রহমান, ও আরো দু'জন অফিসার।

এই সমস্ত অফিসার ও তাঁদের পরিবারদের একটি বাসে করে এবং দু'টি গাড়ীতে করে নিয়ে আসা হয়। বাসে বিহারী এবং পাঞ্জাবীদের সাথে পাকবাহিনী বাঙ্গালীদের পাহারা দিচ্ছিল। গাড়ীগুলো যখন কুর্মিটোলা ক্যান্টনমেন্টে পৌঁছে তখন ব্রিগেডিয়ার কুরিমুল্লাহ, ওয়াহেদ নামক একটি পাঞ্জাবী অফিসারকে বাস থেকে নামিয়ে নিজের গাড়ীতে তুলে নেয়।

জনাব মাহবুব চৌধুরী তখন ব্রিগেডিয়ারকে বাঙ্গালী অফিসারদের হোটেল ইন্টারকন্টিনেন্টালে নামিয়ে দেবার অনুরোধ করেন। কিন্তু ব্রিগেডিয়ার কোন জবাব না দিয়ে গাড়ী নিয়ে ক্যান্টনমেন্ট কোয়ার্টারের দিকে চলে যায়। আর বাসটি তখন পাক বাহিনীর তত্ত্বাবধানে আবার ঢাকার দিকে চলতে থাকে।

বাস ঢাকার এম, এন, এ হোষ্টেলে এসে থামলে পাকবাহিনী সকলকে নিচে নামবার আদেশ দেয়। বাসের বিহারীরা মোহাম্মদপুর চলে যায়। অন্য অবাঙ্গালীরা পাকিস্তানে যাওয়ার জন্য একটি ট্রাকে চড়ে বিমানবন্দরের দিকে যায়। নিরুপায় হয়ে বাঙ্গালী অফিসারগণ নিজ নিজ গন্তব্যস্থলে যাবার জন্য রিকশা ডাকবার উদ্যোগ নিলে বর্বর সেনারা অফিসারদের হোষ্টেলের ভেতর যেতে নির্দেশ দেয়।

এই সব অফিসারের পরিবারবর্গ তখন হোষ্টেলের বাহিরে দাঁড়িয়ে থাকে। একটি নির্জন কক্ষে অফিসাদের নিয়ে আসা হলো। জোহরের নামাজের সময় শেষ হয়ে আসছে দেখে তারা পানির অভাবে বিনা অজুতেই হেডমাষ্টারের ইমামতিতে নামাজ আদায় করে নেন। নামাজ শেষ হতেই একজন সিপাই হেডমাষ্টার সাহেবের পেন দিয়ে প্রত্যেক অফিসারের পরিচয় লিখে নেয়।

দেরী হচ্ছে দেখে অফিসারগণ উদ্বিগ্ন হয়ে ওঠেন। সিপাইকে তাঁদের পরিবারের লোকেরা বাইরে অপেক্ষা করছেন- এ কথা জানালে পরিবারবর্গকে ভেতরে নিয়ে আসার জন্য আদেশ দেয়। কিন্তু কেউ রাজী হলেন না এ প্রস্তাবে। তখন সকলে হেডমাষ্টার সাহেবকে বাইরে গিয়ে অপেক্ষারত পরিবারের লোকজনদের সান্ত্বনা দেবার জন্য পাঠালেন।

হেডমাষ্টার সাহেব সিপাইর সাথে তখন বাইরে এলেন। সকলকে সান্ত্বনা দিয়ে তিনি আবার চলে গেলেন। কতক্ষণ পরে বর্বর সেনারা শুধু হেডমাষ্টার সাহেবকে বাইরে চলে যেতে অনুমতি দেয়। মাষ্টার সাহেব যখন চলে আসছিলেন, তিনি দেখতে পান যে সিপাহীরা বাঙ্গালী অফিসারদের কাছে থেকে সমস্ত জুতা, মোজা, ঘড়ি ও টাকা-পয়সা কেড়ে নিচ্ছে। তারপর হায়েনার দল বাঙ্গালী অফিসারদের উপর পরপর চারটি গুলি করে।

একই সময়ে বাইরে অপেক্ষারত বাঙ্গালী অফিসারদের পরিবারের লোকজনও এই গুলির শব্দ শুনতে পান। কিন্তু তখনও তারা জানতেন না যে তাদের আপন জনদের পৃথিবীর মায়া ছেড়ে বাঙ্গালী হয়ে জন্মলাভ করার অপরাধে বর্বর পশুশক্তি গুলি করে হত্যা করেছে। এম, এন, এ হোষ্টেলে গুলির শব্দের পরেই মেজর মাহবুব চৌধুরী এবং মেজর নঈমুল ইসলাম তাদের ছেলেমেয়ে নিয়ে হেডমাষ্টারের পরিবারবর্গের সাথে চলে যান।

শিরোনাম	সূত্র	তারিখ
নির্মম অত্যাচারে নিহত ও, সি	পূর্বদেশ	২০ মে, ১৯৭২

নরপশুদের নির্মম অত্যাচারে তিলে তিলে ও,সি খালেক মৃত্যুর কোলে ঢলে পড়েছেন

\ নুরুল ইসলাম \

গত বছর ১৬ই এপ্রিল শুক্রবার বিকেলে চট্টগ্রাম শহরের কোন প্রত্যক্ষদর্শী যদি শহরের রাজপথে খোলা এক খানি জীপ গাড়ীর সামনে দু'হাত দু'দিকে দিয়ে বিধ্বস্ত একটা লোককে বাঁধা অবস্থায় হানাদার দস্যুদের গাড়ীতে ঘোরাতে দেখে থাকেন- তবে তিনি নিশ্চয়ই বিবস্ত্র লোকটার ওপর খড়িমাটি দিয়ে সাদা অক্ষরে লেখা ক'টিও পড়ে থাকবেন, ''কোতোয়ালির ওসি খালেক এরেষ্টেড''।

সম্ভবতঃ দস্যুরা গ্রেফতারের পর এভাবে আর কোন বাঙ্গালীকে প্রকাশ্য রাজপথে প্রদর্শনী সহকারে পাশবিক অত্যাচার করেনি- কিন্তু কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত অফিসার জনাব আব্দুল খালেককে নিয়ে তারা তাই করেছে। শুধু তাই নয়, চলন্ত গাড়ীতে পশুর দল রাস্তার মানুষকে সাক্ষী করে ওসি খালেকের গায়ে জুতা, লাঠি, কিল, ঘুষি মারতো।

এভাবে সারা বিকেল তারা শহর প্রদক্ষিণ করিয়ে তাঁকে কোতোয়ালিতে এনে হাজির করে সন্ধ্যায়। তারপর সারারাত বিরামহীনভাবে খালেক সাহেবের উপর চালায় অমানুষিক অত্যাচার। এরপর পাঠানো হয় তাকে ক্যান্টনমেন্টের জল্লাদখানাতে। ১৮ই এপ্রিল বিকেল বেলা জল্লাদখানা থেকে এক ফাঁকে জনাব খালেক তাঁর কাকার বাসায় টেলিফোন করে জানান যে, কাকা যেন তার মুক্তির তদ্বির করেন।

খবর পেয়ে তিনি ক্যান্টনমেন্টে যান- খালেক সাহেবের সাথে দেখা করার জন্য। কিন্তু তিনি অনুমতি তো পান। ই-নি, বরং খান সেনাদের অশ্রাব্য গালিগালাজ শুনে বাসায় ফিরে আসেন। ২২শে এপ্রিল সকালের দিকে তিনি আবার তাঁর কাকার বাসায় টেলিফোন করলেন, জানতে চাইলেন কাকা তাঁর জন্য কিছু করতে পেরেছেন কিনা । জনাব খালেকের কাকা করম আলী সাহেব আমাকে জানালেন, ২২ তারিখে সকালে সে টেলিফোন করেছিল এবং বিকাল বেলায় আর তাকে জীবিত রাখা হয়নি।

প্রথমে হাতের আঙ্গুল ও হাত, এরপর পায়ের আঙ্গুল ও পা কেটে এবং শেষে দু'চোখ উপড়ে ফেলে দেওয়ার পর খালেক আর বেশীক্ষণ বেঁচে থাকেননি। অশ্রুসিক্ত নয়নে বাষ্পরুদ্ধ কণ্ঠে জনাব আলী বললেন, খালেক পশ্চিম মাদার বাড়িতে আমার বাসায় আশ্রয় নিয়েছিল- সেখান থেকে বাড়ী ঘেরাও করে তাঁকে ধরে নিয়ে আসে এবং আমার টাকা-পয়সা, স্বর্ণালঙ্কার, রেডিও, সেলাই মেশিন, কাপড়-চোপড়, ট্রাঙ্ক, স্যুটকেস, দলিলপত্র এবং আমাদের যাবতীয় সার্টিফিকেট তারা নিয়ে যায়।

জনাব আলী জানান যে, তিনি খালেককে ছোট বেলা থেকে লালন-পালন করে মানুষ করেছেন- কারণ তিনি ছিলেন নিঃসন্তান। খালেক সাহেব চট্টগ্রামের কলেজিয়েট স্কুলে লেখাপড়া করে, চাটগাঁ কলেজ থেকে বিএসসি পাস করেছিলেন। যদিও তার বাড়ী ছিল ঢাকা জেলার অন্তর্গত বৈদ্যেরবাজার থানার মুচার চর গ্রামে, তথাপি তিনি তার এ চাচার লালন-পালনে চাটগাঁতেই ছিলেন আশৈশব।

জনাব আলী জানান যে, খালেক সাহেব আওয়ামী লীগ রাজনীতির সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ছাত্রজীবন থেকেই জড়িত ছিলেন। তখনকার অসহযোগ আন্দেলন-পর্ব থেকে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত খালেকের রাজনৈতিক সমর্থন ও কার্যকলাপের ব্যাখ্যাদান বাতুলতা হবে মাত্র। তিনি বললেন, ২৫শে মার্চের পর ২৬, ২৭ এবং ২৮শে মার্চ পর্যন্ত দক্ষিণে বার্মা সীমান্তের টেকনাফ থেকে আরম্ভ করে বাঙ্গামাটি, রামগড় ইত্যাদি প্রত্যন্ত এলাকা থেকে অসহযোগ আন্দোলনকারীদের জন্য বিপুল পরিমাণে অস্ত্র এবং গোলাবারুদ সংগ্রহের কাজে খালেক সাহেব অত্যন্ত সক্রিয় সহযোগিতা দিয়ে এসেছেন।

শহীদ খালেক তার বিধবা স্ত্রী এবং তিনটি শিশুসন্তান রেখে গেছেন। এরা সবাই করম আলী সাহেবেরই পোষ্য হিসেবে চট্টগ্রামে বসবাস করছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
রাজশাহীতে পাক বাহিনীর বর্বরতার প্রাথমিক জরীপ	পূর্বদেশ	২২ মে, ১৯৭২

রাজশাহীতে দস্যুবাহিনীর বর্বরতার প্রাথমিক জরীপ রিপোর্ট প্রকাশ

রাজশাহী, ২১শে মে (এনা)। -ইয়াহিয়ার হানাদার দস্যুবাহিনী রাজশাহীতে যে গণহত্যা, নির্যাতন, ধর্ষণ, ধ্বংসযজ্ঞ চালিয়ে গেছে তার একটি প্রাথমিক জরীপ রিপোর্ট বের হয়েছে। সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমজকল্যাণ বিভাগের ছাত্রছাত্রী ও শিক্ষকগণ সপ্তাহব্যাপী এক জরীপের মাধ্যমে বহু ঘটনা উদঘাটন করেছেন।

তারা পঁচিশটি গ্রাম থেকে এ ব্যাপারে বহু তথ্য সংগ্রহ করেছেন। গগণবাড়িয়ার জনৈক জেলে প্রত্যক্ষদর্শীর বিবরণে জানান, পবিত্র রমজান মাসের এক কালো রাতে হানাদার বাহিনী গ্রামে ঢুকে মেশিনগানের সাহায্যে পঁচিশ জনকে গুলি করে হত্যা করে। জেলেটি গুলিবিদ্ধ হওয়া সত্ত্বেও অলৌকিকভাবে বেঁচে যায়। ১৯৭১ সালের মে মাসে জুগিসশো গ্রামে হানাদার বাহিনী শান্তি কমিটি গঠনের নামে ১৭ জন গ্রামবাসীকে একত্রিত করে সারিবদ্ধভাবে দাঁড় করায়। তারপর পেছন থেকে মেশিনগানের গুলিতে সকলকে হত্যা করা হয়। এখানে ইয়াহিয়ার বর্বর সৈন্যরা ২১৪ জনের উপর নির্যাতন চালায়। এর মধ্যে ১৪৫ জনকে মারধর করা হয় এবং অবশিষ্টদের গ্রেফতার, ধর্ষণ ও নানাভাবে নির্যাতন চালানো হয়। অত্যাচারিতদের মধ্যে ১৫৯ জন পুরুষ ও ৫৫ জন মহিলা ছিলেন।

এছাড়া হানাদার বাহিনীর দালালদের হাতে ৫০ জন নির্যাতিত হয়েছে। এসব গ্রামের ৩০৯টি ঘর আংশিকভাবে পুড়িয়ে দেয়া হয়েছে এবং মোট ৭০৭টি বাড়ী ক্ষতিগ্রস্থ হয়েছে। পাক বাহিনী যেসব ঘর পুড়িয়ে দিয়েছে তাতে ৫ লাখ ৬৯ হাজার ২০০ টাকার মতো সম্পত্তি নষ্ট হয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
রাজশাহী মেডিক্যাল কলেজের ক'জন শহীদ	পূর্বদেশ	১১ জুন, ১৯৭২

রাজশাহী মেডিক্যাল কলেজের ক'জন শহীদ

মরণের দামে জীবনকে যাঁরা কিনলেন-
শহীদদের নামে নামকরণ করা হয়েছে
ক'টি ছাত্রাবাসের

ইয়াহিয়ার জল্লাদ বাহিনী অন্যান্য জায়গার মত রাজশাহী জেলার অসংখ্য মানুষকে খুন করেছে। খুন করেছে রাজশাহী মেডিক্যাল কলেজ অঙ্গনের কাজী নুরুন্নবী, আবুল আমজাদ, আলমগীর, কাজল কুমার ভদ্র, সাইফুল, কাইয়ুম, মান্নান, মোস্তফা, মনসুর, সিরাজ ও শামসুলকে।

কাজী নুরুন্নবী। অত্যন্ত চেনা একটি মুখ। একজন সংগ্রামী ছাত্রনেতা। ছাত্রদের অধিকার আদায়ের অগ্রনায়ক। ভয় কি জিনিস তিনি জানতেন না। ১ম বর্ষ থেকে ৫ম বর্ষ পর্যন্ত তিনি অধিকার আদায়ের বিপ্লবী যোদ্ধা।

কাজী নুরুন্নবীর বাড়ী রাজশাহী জেলার নওগাঁ মহকুমার কাজীপাড়ায়। জল্লাদ ইয়াহিয়ার পাকবাহিনী অধিকৃত আমলে তিনি (কাজী) সম্পূর্ণভাবে অসহযোগিতা করেন। এমনি সময়ে ৫ম বর্ষের পরীক্ষা শুরু হলো। তিনি পরীক্ষা দানে বিরত রইলেন। শোনা যায় সেই মুহূর্তে তিনি গোপনে রাজশাহীতে কিছু অনুসন্ধান চালান। অনুসন্ধানকালে পাকবাহিনীর একজন দালাল রাস্তায় তাঁকে দেখা মাত্র ক্যান্টনমেন্টে গার্ড দিয়ে নিয়ে যায়। তারপর আর তাঁর কোন সন্ধান পাওয়া যায়নি। পাকিস্তানী পতাকা পোড়ানো অভিযোগ তার বিরুদ্ধে আনা হয়। সম্প্রতি শহীদের মহীয়সী মা, মেডিক্যাল কলেজ প্রধান ছাত্রাবাসের 'শহীদ কাজী নুরুন্নবী ছাত্রাবাস' নামকরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন।

অধিকার আদায়ের আরেক সংগ্রামী নায়ক ছিলেন ৫ম বর্ষের (নতুন) শহীদ আবুল আমজাদ। অত্যন্ত মিষ্টিভাষী, মিশুক ছিলেন। ডাক নাম 'পেয়ারা' নামে বন্ধুদের নিকট তিনি প্রিয় ছিলেন। ছাত্র হিসেবে ছিলেন খুবই মেধাবী। রাজশাহীস্থ আন্তর্জাতিক হেরিকেন মিউজিক পার্টির অন্যতম সদস্য ছিলেন। তিনি ভাল গিটার বাজাতেন। পেয়ারার বাবা কুষ্টিয়ার মেহেরপুর কলেজের ভূতপূর্ব অধ্যাপক ছিলেন। এরপর তিনি কুমিল্লা ক্যান্টনমেন্ট স্কুলের সহকারী অধ্যক্ষ ছিলেন। ইয়াহিয়ার আমলের দুর্যোগপূর্ণ দিনগুলোতে তিনি, পেয়ারা ও পেয়ারার ছোট ভাইকে নিয়ে আশঙ্কায় কাল যাপন করছিলেন। কিন্তু একদিন পর নরপশুরা এসে বাসা থেকে পেয়ারা ও তার বাবাকে ধরে নিয়ে গেল। আর ফিরে এলো না।

নাটকীয়ভাবে বেঁচে গেলো তার ছোট ভাই। আর তাই পেয়ারার দেশের বাড়ীতে মা, ভাই-বোনদের সব ভার এসে পড়লো ঐ ছোট ভাইটির ঘাড়ে। শহীদের নামে শহীদ আবুল আমজাদ ছাত্রাবাস নামকরণ করা হয়েছে।

সুন্দর, সুশ্রী, এক কথায় স্মার্ট বলতে যা বোঝায় সবগুলি গুণ ছিল কাজল কুমার ভদ্রের। রাজশাহী মেডিক্যাল কলেজের সবচেয়ে চেনা মুখ। কাজল- কাজলদা একগাল হেসে কথা বলতেন। তিনি তখন তৃতীয়

বর্ষের ছাত্র। দেশের গোলযোগকালে কুমিল্লায় তার বাপের বাড়ী চলে যান। কুমিল্লার প্রখ্যাত ব্যারিষ্টারের একমাত্র ছেলে কাজল গোলযোগের প্রথমভাগেই জল্লাদদের শিকার হলেন। কাজলের বোনদের উপর অনেক অত্যাচার চলে। পরে আর তাদের কোন সংবাদ আমরা পাইনি।

রাজনীতির পোকা ছিলেন যিনি, তিনি হলেন আলমগীল। অসুস্থ শরীর নিয়েই তিনি রাজনীতি করতেন। তিনি ছিলেন ১ম বর্ষের ছাত্র। তাঁর বাপ, মা থাকতেন বরিশালে। দুর্যোগকালে তিনি রাজশাহীতে ছিলেন। পাকবাহিনী তাঁকে পাকড়াও করলো। অনেক জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দেয়া হল।

পরীক্ষা দিতে বাধ্য করা হলো। তিনি পরীক্ষা দিলেন। পাস করলেন। তারপর ক্যান্টনমেন্টে ডেকে আনা হলো। গুলি করে মারা হল। উদ্ভট উপায়ে পাকবাহিনী ঘৃণ্য ইচ্ছা চরিতার্থ করলো। মহাবিদ্যালয়ের ছাত্ররা একজন রাজনৈতিক নেতাকে হারালো।

শহীদের নামে আল হেলাল ছাত্রাবাসের ‘‘শহীদ আলমগীর ছাত্রাবাস’’ নামকরণ করা হয়েছে।

হানাদার আমলে গোপনে মুক্তিবাহিনীর সঙ্গে যোগাযোগ স্থাপন করেছিলেন যে দু’জন কর্মরত কর্মচারী, তাঁরা হলেন কাইয়ুম ও সাইদুল। কাইয়ুম ছাত্রাবাসের কেরানী। আর সাইদুল টাইপিষ্ট। জীবনের প্রতি ঝুঁকি নিয়ে কাইয়ুম, সাইদুল অনেক দুঃসাহসিক কাজ করেছিলেন। কিন্তু তাদের এই কাজের একটি দুর্বল অংশ বুঝতে পারে স্থানীয় অবাঙ্গালী ছাত্রদল। তারপর আর বিলম্ব হয়নি। একদিন দু’জনেই একসঙ্গে শেষ হয়ে গেলেন। তাই ছাত্রদের মাঝে কাইয়ুম, সাইদুল স্মৃতি হয়ে থাকবেন চিরকাল।

নগরবাড়ীর পথ দিয়ে আগত হিংস্র পাকবাহিনীর হাত থেকে পরিত্রাণ পাবার জন্য বর্ডার-এর দিকে দ্রুত এগিয়ে যাচ্ছিল বাবুর্চি মান্নান ও বয় মন্টু, সিরাজ, শামসুল এবং মনসুরেরা। বিধির ইচ্ছায় পদ্মার পাড়ে বড়কুঠির সামনেই বাঘের সম্মুখে পড়ে সেইসব হতভাগার দল। তারপর এক লাইনে মেশিনগানের গুলিতে লুটিয়ে পড়ল এতগুলো প্রাণ।

শিরোনাম	সূত্র	তারিখ
পাক হানাদারদের ধ্বংসযজ্ঞের কবলে কয়েকটি ঐতিহাসিক স্মৃতিচিহ্ন	পূর্বদেশ	২৩ জুন, ১৯৭২

পাক হানাদারদের ধ্বংসযজ্ঞের কবলে
কয়েকটি ঐতিহাসিক স্মৃতিচিহ্ন
\ মাজেদুর রহমান \

পাকিস্তানী হায়েনার দল ১৯৭১ সালের ১৪ই এপ্রিল মঙ্গলবার বিকেলে সৈয়দপুর থেকে (রংপুর) বৃষ্টির মতো বুলেট ছুড়তে ছুড়তে দিনাজপুর শহর যখন পুনর্দখল করলো তখন অনেকেই ধারণা করতে পারেনি যে, তারা শুধু এ দেশের মানুষেরই রক্ত নিয়ে হোলি খেলবে না, সব রকম ঐতিহাসিক স্মৃতিচিহ্নগুলোর ধ্বংস সাধন করবে।

দিনাজপুর শহর পুনর্দখল করবার পর সম্ভবত ১৭ই এপ্রিল রোজ শুক্রবার বেলা ৯/১০ টার দিকে পাঞ্জাবী হায়েনারা কয়েকটি সাঁজোয়া গাড়ী নিয়ে শহর থেকে এলোপাতাড়ি গুলী করতে করতে দক্ষিণের পাকা রাস্তা ধরে ভারত সীমান্তের দিকে এগিয়ে যেতে থাকে। কিন্তু চেরাডাঙ্গীর নিকট ''লক্ষ্মী জলের সাঁকো'' বলতে একটি রাস্তার সংযোগস্থলে ঐ পল্লী এলাকার সংগ্রামী ছাত্র-জনতার নির্মিত আমগাছের একটি ব্যারিকেডে বাধা পেল।

রাস্তার উপর ব্যারিকেড দেখতে পেয়ে পাক দস্যুরা ক্ষীপ্ত হয়ে উঠলো। এরই প্রতিশোধ হিসেবে তারা ব্যারিকেডের স্থান থেকে দূরপাল্লার শক্তিশালী রকেটের দ্বারা একের পর এক মহরমপুর, পাইকপাড়া, তাজপুর ও মহব্বতপুরের কিয়দংশ জ্বালিয়ে পুড়িয়ে ছারখার করেছিল। সেদিনের সবচাইতে বেদনাদায়ক ও হৃদয়বিদারী ঘটনা হলো যে পাঞ্জাবী নরাধমরা পাইকপাড়া নিবাসী স্থানীয় একটি প্রাথমিক বিদ্যালয়ের তরুণ শিক্ষক জনাব মোহাম্মদ রোস্তম আলীকে ধরে নিয়ে আসে। বয়সে তরুণ ও বলিষ্ঠ চেহারার অধিকারী যুবক রোস্তম তার পরিবারের জ্যেষ্ঠ পুত্র এবং একমাত্র উপার্জনক্ষম সন্তান ছিলেন। তাকে তারা কি বলেছিল এবং তিনি নিজে কি বলতে চেয়েছিলেন তা আজও জানা যায়নি। পাক সেনারা ঐ স্থান ত্যাগ করে চলে যাবার পর দেখা গেল রোস্তম আলী আর বাড়ী ফিরছে না।

তার উদ্বেগাকুল পরিবার খোঁজাখুঁজি শুরু করলে বিকেল বেলা দেখা গেল রোস্তমের তাজা লাশ লক্ষ্মীজল সাঁকোর ধারে কয়েক রাউন্ড গুলিবিদ্ধ অবস্থায় পড়ে রয়েছে। স্বাভাবতই আঁচ করা গেছে যে গাছ কেটে ব্যারিকেড নির্মাণের অভিযোগে রোস্তম দেশের জন্য ঐ এলাকার বাঙ্গালীদের মধ্যে প্রথম শহীদ হন। শহীদ রোস্তম কোনকালেই রাজনীতির সাথে নিজেকে জড়িত করেননি।

হায়েনার দল যখন বেলা ১/২ টার দিকে শহরে ফিরে আসছিল তখন পথে জেলার প্রাচীনতম (১৯৩২ সন) হাইস্কুল চেরাডাঙ্গীপাড়ায় তারা সাঁজোয়া বাহিনী নিয়ে ঢুকে পড়ে। চেরাডাঙ্গী হলো উক্ত ইউনিয়নের বোর্ড কার্যালয় ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রাণকেন্দ্র। বোর্ড কার্যালয় ভবনটি প্রধান মিলনায়তনসহ কয়েকটি ছোট ছোট কক্ষে বিভক্ত ছিল।

এসব কক্ষে জেলার বৃহত্তম চেরাডাঙ্গী জেলার কার্যালয়, চেরাডাঙ্গী ডাকঘর, চেরাডাঙ্গী দাতব্য চিকিৎসালয় ও ইউনিয়ন কনজুমার্স ষ্টোর্সের অফিসগুলো বিদ্যামান ছিল। এ ছাড়াও ঐ একই এলাকায় জেলার বৃহত্তম বেসরকারী ১৯৩২ সালে নির্মিত চেরাডাঙ্গী উচ্চবিদ্যালয়ের এক বিরাট হোষ্টেলসহ চেরাডাঙ্গী নবীন মজলিস ও পাবলিক লাইব্রেরী নামে একটি ক্লাবও রয়েছে। হানাদার বাহিনী প্রথমে চেরাডাঙ্গীতে ঢুকে বেদম এলোপাতাড়ি গুলি করে স্কুলের বিজ্ঞান ভবন ও অফিস ঘরটিতে ঢুকে পড়ে।

এর পরপরই নাকি একদল সেনা ছুটে আসে চেরাডাঙ্গীর বোর্ড কার্যালয়টিতে। প্রথমে ভালভাবে পেট্রোল ভবনটির বিভিন্ন কক্ষে ছিটিয়ে দেয় এবং একসঙ্গে কয়েক স্থানে আগুন ধরিয়ে দেয়। মাত্র এক ঘন্টার মধ্যে প্রাচীনকালের এ বোর্ড ভবনটি দেখতে দেখতে পুড়ে ছাই হয়ে যায়। ফলে বোর্ড ভবনে রক্ষিত ইউনিয়নের ২২ হাজার অধিবাসীর যাবতীয় রেকর্ড ও আনুষঙ্গিক দলিলপত্র পুড়ে যায়।

বোর্ডের প্রায় ১৫ হাজার টাকার আসবাবপত্রসহ বিভিন্ন মালামাল নিশ্চিহ্ন হয়েছে। চেরাডাঙ্গীর পশু মেলার একটি বিরাট লোহার সিন্দুকসহ চেয়ার টেবিল আলমারী এবং বিগত ২৫ বছরের সবরকম কাগজপত্র পুড়ে গেছে। চেরাডাঙ্গী ডাকঘরটিও সেখানে তার নিজের অস্তিত্বকে টিকিয়ে রাখতে পারেনি।

শিরোনাম	সূত্র	তারিখ
'ওরা ডাক্তার মেরেছে'	'বাংলাদেশে গণহত্যা' বাংলার বাণী, বিশেষ সংখ্যা	১৯৭২

ওরা ডাক্তার মেরেছে

''শুধু শ্লোগান আর মিছিলের সংগ্রাম নয়। যত সত্বর পার ইমার্জেন্সী মেডিক্যাল ফার্ষ্ট এইড স্কোয়াড তৈরী কর। ব্যাপক রক্তক্ষয়ের জন্য প্রস্তুত থাক।'' ১৯৭১ সালের ২১শে মার্চ যখন বাংলাদেশের পথে-প্রান্তরে স্বাধীনতা যুদ্ধ শুরু হয়েছে তখন সিলেট চিকিৎসা মহাবিদ্যালয়ের ছাত্রদের উদ্দেশ্য করে যে কথাগুলো বলেছিলেন মানবতার সেবায় আত্মোৎস্বর্গকৃত নির্ভীক মহৎপ্রাণ সিলেট চিকিৎসা মহাবিদ্যালয়ের প্রধান শল্য চিকিৎসক অধ্যাপক ডাঃ শামসুদ্দিন আহমদ।

বাংলাদেশে গণহত্যার বর্বরোচিত ও নৃশংসতম উদাহরণ বিশ্বে তুলনাহীন। কয়েক মিনিটের ঘটনা কিন্তু কত ব্যাপ্ত, কত বিস্তৃত, কত মর্মান্তিক, কত দুর্ঘটনা, কত মর্মস্পর্শী দৃশ্য, কত পৈশাচিকতা ছিল এ হত্যাকাণ্ডে। শতাব্দীর পর শতাব্দী বিশ্বে যে ইতিহাস সৃষ্টি হয়েছে, বাংলাদেশে গণহত্যার কাছে সবকিছু ম্লান হয়ে গেছে। এত বড় হত্যাকাণ্ড কোন ভাষায় লিখব, কেমন করে লিখব, কি লিখব, কে লিখতে পারবে? বাংলাদেশের এক কোটি পরিবারের ঘটনা লিপিবদ্ধ করতে হলে এক কোটি ইতিহাস লিখতে হবে। তা না হলে এ নৃশংসতার বহু অধ্যায় বাদ পড়ে যাবে। কিন্তু তা কি সম্ভব? না সম্ভব নয়। সুতরাং এ ইতিহাস অলিখিত থাকবে। এ ইতিহাস লেখা যায় না। এ ইতিহাস লেখা যাবে না। এখানে ঐতিহাসিক ব্যর্থ, এখানের ইতিহাস ব্যর্থ।

এ ব্যর্থ ইতিহাসে শহীদ ডাঃ শামসুদ্দিন আহমদকে প্রকাশ করাও এক ব্যর্থ প্রয়াস। কেন তাকে হত্যা করা হলো? কেমন করে তাকে হত্যা করা হলো? সৌম্য দর্শন দেবতুল্য লোকটিকে পাক বর্বর পশুরা কি করে গুলী করলো? এতো মানুষকে হত্যা করা নয়, মানবতাকে হত্যা করা হয়েছে।

মার্চের অসহযোগ আন্দোলন শুরু হতেই অধ্যাপক শামসুদ্দিন আহমদ নতুন এক কার্যক্রমের অবতারণা করলেন।। অসহযোগের ফলে অন্যান্যদের কাজ কমে গেলেও তাঁর নতুন আরও কাজ বেড়ে গেল। সামনে কি ঘটতে যাচ্ছে তা তিনি যেন চোখের সামনে স্পষ্ট দেখতে পেলেন। ছাত্রছাত্রী সেবক-সেবিকাদের ডেকে ফার্ষ্ট এইড স্কোয়াড গঠনে প্রবৃত্ত হলেন। প্রয়োজনীয় দ্রব্যাদি নিয়ে অনেকগুলো প্যাকেট তৈরী করে বিভিন্ন স্থানে মওজুত করে রাখলেন। তিনি যেন দেখতে পারছিলেন ঐ যে কয়েক গজ দূরে হানাদার বাহিনী তেড়ে আসছে, এতেই আঘাত করবে, এক্ষুনি ফার্ষ্ট এইডের প্রয়োজন হবে।

হ্যাঁ, সত্যি সত্যিই নরপশুরা এসে বর্বরোচিত আক্রমণ করেছে, অসংখ্যা লোককে হত্যা করেছে, অগণিত লোককে আহত করেছে আর শল্যবিদ সামসুদ্দিন আহমদ তড়িৎ গতিতে চিকিৎসা শুরু করেছেন। কিন্তু মানুষ শাসমুদ্দিনকে যখন হিংস্র দস্যুরা গুলী করেছে, গুলী করে ধরাশায়ী করেছে, হত্যা করেছে, তখন তাঁকে কেউ ফার্ষ্ট এইড দিতে আসেনি। কেউ দাফন করতে আসেনি। কারণ তিনিই ছিলেন শেষ মানুষ, তিনিই ছিলেন শেষ সেবক, তিনিই ছিলেন সে ইতিহাসের শেষ নায়ক।

১লা এপ্রিল, ১৯৭১ সাল। সূর্য সারা প্রকৃতিকে ছেয়ে রেখেছে। রক্তিম রশ্মি বিচ্ছুরিত হচ্ছে চারিদিকে। সিলেট শহর আবার শত্রুদের কবলিত। ২৫শে মার্চের কাল রাতের পর হতেই স্বতঃস্ফূর্তভাবে বেঙ্গল রেজিমেন্ট, তখনকার ই, পি, আর, আনসার, মোজাহিদ, ইউওটিসি, ক্যাডেট, জেসিসি, ক্যাডেট, পুলিশ, ছাত্র ও যুবকরা

মুহূর্ত মাত্র দেরী না করেই তারা ঝাঁপিয়ে পড়েছিল গাড়ীটার উপর। একটানা গুলিবর্ষণে তারা ঝাঁঝরা করে দিয়েছিল গাড়ীকে। জর্জরিত করে তুলেছিল গাড়ীর আরোহীদের। গুলির আঘাতে ডাঃ আয়েশা ঘটনাস্থলেই নিহত হন। আর নিহত হন গাড়ীর চালক মনির আহমদ। জনাব হাতেম আলী খানের পায়ে এসে গুলি লাগে। বেগম খানের লাগে হাতে। তাদের পুত্রবধূর মাথার তালু ছুঁয়ে গুলি চলে যায়। অল্পের জন্য রক্ষা পান তিনি। বুলেট বিদ্ধ গুরুতরভাবে আহত জনাব ও বেগম খান এবং তাদের পুত্রবধূ কোনমতে গিয়ে আশ্রয় নিয়েছিলেন পাশের একটি বাড়ীতে। পরে সেখান থেকে তাঁদেরকে পাঠানো হয় হাসপাতালে।

মাত্র কয়েকটি ঘন্টা পরেই যারা হাতের অস্ত্র ফেলে দিয়ে দু'হাত তুলে আত্মসমর্পণে বাধ্য হয়েছিল সামান্য সময় আগেই তাদের নিষ্ঠুর হত্যাযজ্ঞের শিকারে পরিণত হয়ে অকালে মৃত্যুবরণ করতে হলো দু'টি শিশু সন্তানের জননী ডাঃ আয়েশা বেদোরা চৌধুরীকে।

শিরোনাম	সূত্র	তারিখ
হানাদার বাহিনীর সহযোগী আল-বদরদের হত্যার শিকার কয়েকজন	সাপ্তাহিক বিচিত্রা জাতীয় দিবসের বিশেষ সংখ্যা	১৯৭৩

শেষ দিন শেষ কথা

অধ্যাপক মুনীর চৌধুরী

চৌদ্দই ডিসেম্বর খুব ভোরে ঘুম ভাঙ্গলো মুনীর চৌধুরীর। হাতমুখ ধুয়ে ধীরে সুস্থে নাস্তা করলেন। তারপর আবার বিছানায়। রেডিও ছেড়ে শুয়ে শুয়ে খবর শুনতে লাগলেন। সমস্ত বিশ্ববিদ্যালয় পাড়া নিঃঝুম। মাঝে মাঝে ভারতীয় বিমানের হামলা। দু একটা গাড়ী ভর্তি পাকিস্তানী সেনা মাঝে মাঝে ছুটে চলছে।

বিশ্ববিদ্যালয় পাড়ায় মুনীর চৌধুরীর ফ্লাট যদিও দোতলায়, যুদ্ধের সময় তিনি নীচের একটা ফ্লাটে থাকতেন। শুয়ে শুয়ে রেডিও শুনতে শুনতে এক সময় স্ত্রীকে ডেকে বললেন, শোন, আর মাত্র আটচল্লিশ ঘন্টা বাকী আছে দেশ স্বাধীন হতে। সে সময় গলার স্বরে তার স্থির বিশ্বাস ফুটে উঠেছিল।

এরই মাঝে স্ত্রী এসে একবার জিজ্ঞেস করলেন তিনি আর এক কাপ চা খাবেন কিনা। সম্মতি জানালেন। তারপর চা খেয়ে বিছানা ছেড়ে উঠলেন।

বিছানা ছেড়ে ওঠার পর মুনীর চৌধুরী গোসল করতে ওপরে চলে গেলেন। ময়লা কাপড়-চোপড়ও কিছু ধুলেন। কারণ পরিবারের সবাই তখন ভাগাভাগি করে সংসারে কাজকর্ম সারেন। স্নান সেরে এসে স্ত্রীকে বললেন, যাও তোমার জন্য পানি গরম করে রেখেছি। তুমি গোসল করতে যাও। বলে তিনি নিজের ঘরে গিয়ে চুল আঁচড়াতে লাগলেন। অসুস্থ স্ত্রীও গোসল করতে যাবার জন্য পা বাড়ালেন।

নিশ্চিন্ত মনে চুল আঁচড়াচ্ছেন মুনীর চৌধুরী। বেলা তখন বারো কি এক। এমন সময় নীচে লোহার গেটে শব্দ শোনা গেল। কে যেন দরজা ধাক্কাচ্ছে। মুনীর চৌধুরীর স্ত্রী উঁকি দিয়ে দেখলেন কম বয়সী কয়েকটি বাঙ্গালী ছেলে দরজা ধাক্কাচ্ছে। মুনীর চৌধুরী সে সময় স্ত্রীকে বললেন, থাক দেখার দরকার নেই। সরে এসো। বলে তিনি আবার চুল আঁচড়াতে লাগলেন। স্ত্রীর সাথে মুনীর চৌধুরীর ঐ ছিল শেষ কথা।

এমন সময় নীচে থেকে তাঁর ভাই ওপরে এসে বললেন, মুনীর ভাই আপনাকে নীচে ডাকছে।

মুনীর চৌধুরী জিজ্ঞেস করলেন, আমার নাম করে বলেছে?

হ্যাঁ।

পাঞ্জাবী পরে তিনি আস্তে আস্তে নীচে নেমে গেলেন। মুনীর চৌধুরীর স্ত্রী লিলি চৌধুরী কিন্তু তখনও আতংকিত হননি। তাঁর স্বামীকে কেউ যে ধরে নিয়ে যেতে পারে একথাও তার মনে হয়নি। কারণ যারা তাকে ডাকতে এসেছে সবাই কম বয়সী, বাঙ্গালী।

---

* একাত্তরে হানাদার বাহিনী ও তাদের সহযোগীদের দ্বারা সংঘটিত নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের লক্ষ লক্ষ নাগরিকের হত্যা ও নির্যাতনের বিবরণ দানের প্রয়াস বোধ হয় সাধ্য ও সামর্থ্যের অতীত। বাংলাদেশের অনেক বুদ্ধিজীবী এই নিষ্ঠুর হত্যাযজ্ঞের শিকার হয়েছেন। আমরা কেবল তার কতিপয় উদাহরণ উপস্থাপন করছি। ১৯৭৩ জাতীয় দিবস, বিশেষ সংখ্যায় মুদ্রিত সাপ্তাহিক বিচিত্রার এই নিবন্ধটি ১৪ ডিসেম্বর '৭১ তারিখে 'আল-বদর'দের হাতে নৃশংসভাবে নিহত বুদ্ধিজীবীদের স্ত্রীদের সাক্ষাৎকারের ভিত্তিতে রচিত।

তবুও লিলি চৌধুরী সিঁড়ি ধরে নীচে নামলেন। দেখলেন মুনীর চৌধুরী দাঁড়িয়ে আছেন নীচে। আশেপাশে বন্দুক নিয়ে আরেকটি অল্প বয়সী ছেলে। তিনি শুনলেন, মুনীর চৌধুরী তাদের একজনকে জিজ্ঞেস করলেন, তোমাদের অফিসার কোথায়?

একথা বলার সাথে সাথে একটি ছেলে তাঁর পিঠের কাছে বন্দুক উঁচিয়ে বললো, আছে, আপনি চলুন। মুনীর চৌধুরী আস্তে আস্তে হেঁটে তাদের সাথে চলে গেলেন।

অধ্যাপক মোফাজ্জল হায়দার চৌধুরী

যুদ্ধ যখন পুরোদমে চলছে তখন মোফাজ্জল হায়দার চৌধুরী সস্ত্রীক চলে গিয়েছিলেন ফয়জুল হকের বাসায়। শেরে বাংলার পরিবারের সাথে তার আত্মীয়তার সম্পর্ক ছিল। কিন্তু নিরিবিলি মানুষ মোফাজ্জল হায়দার ঐ বিরাট বাড়ীর হট্টগোলে থাকতে চাননি। আত্মীয়-স্বজন এমনকি স্ত্রীর অনুরোধ উপেক্ষা করে তিনি স্ত্রীকে নিয়ে চলে গেলেন মালিবাগে ছোট ভাই লুৎফুল হায়দার চৌধুরীর বাসায়।

আল-বদর এবং রাজাকারেরা চৌদ্দই ডিসেম্বর বিশ্ববিদ্যালয় ফ্লাটে তাঁর খোঁজ করলো। পেল না। পরে তাঁর তবলীগ পন্থী চাকরের কাছ থেকে মালিবাগের ঠিকানা জেনে সেখানে গিয়ে উপস্থিত হলো।

চৌদ্দই ডিসেম্বর দুপুরের দিকে আল-বদররা এসে হাজির হলো লুৎফুল হায়দার চৌধুরীর বাসায়। দরজায় কড়া নাড়ার পর লুৎফুল হায়দার দরজা খুলে দিলেন।

'মোফাজ্জল হায়দার চৌধুরী কোথায়?'

'এখানেই আছেন।'

'আমাদের অফিসার তাঁর সাথে কথা বলবেন, তাঁকে একটু ডেকে দিন।'

লুৎফুল হায়দার ডেকে দিলেন। মোফাজ্জল হায়দার চৌধুরীর সাথে তাঁর স্ত্রীও এলেন বাইরের ঘরে। স্ত্রী জিজ্ঞেস করলেন, 'আপনাদের অফিসার কোথায়?'

'গাড়ীতে আছেন।'

আপনারা যে তাঁকে নিতে এসেছেন, ওয়ারেন্ট আছে আপনাদের সাথে? মোফাজ্জল সাহেবের স্ত্রী জিজ্ঞেস করলেন।

'আছে।'

'আপনারা কোথায় নিয়ে যাচ্ছেন ওকে?' ফের তার স্ত্রী জিজ্ঞেস করলেন। 'জানি না।'

'বাঃ, এটা কেমন কথা।' স্ত্রী অবাক হলেন, ভয় পেলেন। মোফাজ্জল হায়দার চৌধুরী তখন বললেন, 'ঠিক আছে আমি কাপড় পরে নেই।'

বাথরুমে তাঁর গোসলের জন্য তখন গরম পানি তৈরী। কিন্তু তিনি আর গোসল করলেন না। স্ত্রী স্যুট বের করে দিলেন। তিনি স্যুট পরে আবার বাইরের ঘরে এলেন। তাঁর স্ত্রী তখন বললেন, 'আমি ওর সঙ্গে যাবো।'

একজন আল-বদর জওয়াব দিল, 'আপনি তো আমাদের মায়ের মতো। আপনি আর কই যাবেন। আর উনি তো আমাদের স্যার। আমরা এখনই ওকে ফেরত দিয়ে যাবো।'

মোফাজ্জল হায়দার চৌধুরী তখন হঠাৎ বললেন, 'আমি চাট্টি খেয়ে নিতে পারি?'

'আমাদের ওখানে সব ব্যবস্থা আছে। আপনি চলুন।'

তিনি তখন আবার হঠাৎ বললেন, 'ঘড়িটা পরে নেই?'

'না, না, দরকার নেই। আপনি তো এখনই আবার চলে আসবেন।'

মোফাজ্জল হায়দার চৌধুরী শেষ যাত্রার জন্য পা বাড়ালেন। পা বাড়াবার আগে স্ত্রীর দিকে তাকিয়ে বললেন, 'আমি তো অন্যায় কিছু করিনি, তুমি ঘাবড়াচ্ছো কেন? আমি এখনই চলে আসবো।'

অধ্যাপক আনোয়ার পাশা ও
অধ্যাপক রাশীদুল হাসান

একসাথে আজীবন থাকতে চেয়েছেন। দু'জনেই পশ্চিমবঙ্গ থেকে প্রায় এক সাথে চলে এসেছিলেন। একজন চাকুরী নিয়েছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে, অপরজন ইংরেজী বিভাগে। আমি অধ্যাপক আনোয়ার পাশা এবং অধ্যাপক রাশীদুল হাসানের কথা বলছিলাম।

যুদ্ধের সময় রাশীদুল হাসান নিজের বাসা ছেড়ে বন্ধু আনোয়ার পাশার বাসায় চলে আসেন। দু'বন্ধু এক সাথে থাকলে বুকে আশা থাকে, সাহস থাকে।

চৌদ্দই ডিসেম্বর সকাল সাতটায় আনোয়ার পাশার ঘুম ভেঙ্গেছে। গড়িমসি করে বিছানা ছেড়েছেন আরো পরে। তারপর দু'বন্ধু মিলে ন'টার দিকে নাস্তা করেছেন, রেডিও শুনেছেন। ন'টার খানিক পরে আনোয়ার পাশার স্ত্রী পিছনের বারান্দা দিয়ে দেখলেন একটি লাল গাড়ী এসে থামলো বিশ্ববিদ্যালয়ের আবাসিক এলাকার চত্বরে। কয়েকজন রাজাকার নামলো।

আনোয়ার পাশা এরই মধ্যে স্ত্রীর সাথে দু'একটা খুচরো সাংসারিক আলাপ সেরেছেন। রাশীদুল হাসানের সাথে গল্পে বসার আগে হাসতে হাসতে স্ত্রীকে বললেন, কাসুটা উঠুক তারপর তোমার জন্য ভালো করে বাজার টাজার করে দেব। রাশীদুল হাসানের স্ত্রী তখন সংসারের অন্যান্য কাজে ব্যস্ত।

কিছুক্ষণ পর দরজায় নক। দরজা খুললেন আনোয়ার পাশার ছোট ভাই। তারা দরজার মুখে দাঁড়িয়ে। আনোয়ার পাশা আর রাশীদুল হাসান তখন ড্রইংরুমে। একজন আনোয়ার পাশাকে দেখে জিজ্ঞেস করলো, 'আপনার নাম আনোয়ার পাশা।'

'হ্যাঁ।'

'আপনি বাইরে আসুন।'

এমন সময় তাদের চোখ পড়লো রাশীদুল হাসানের দিকে। জিজ্ঞেস করলো, 'আপনার নাম?'

'রাশীদুল হাসান।'

'আপনিও চলুন।'

সেই সময় রাশীদুল হাসানের স্ত্রী এসে দরজার মুখে দাঁড়ালেন। এ দৃশ্য দেখে তিনি বিমূঢ় হয়ে দাঁড়িয়ে রইলেন। আনোয়ার পাশা এবং রাশীদুল হাসান একবার তার দিকে তাকালেন। চোখ তাঁদের ছলো ছলো। কিন্তু একেবারে নিশ্চুপ তারা। ছলো ছলো চোখে দুজনে আরেকবার তাঁর দিকে (রাশীদুল হাসানের স্ত্রী) তাকিয়ে আস্তে আস্তে আল-বদরদের সাথে পা বাড়ালেন। আনোয়ার পাশার স্ত্রী জানালা দিয়ে শুধু দেখলেন তাদের গায়ের চাদরে তাদের চোখ বেঁধে নিয়ে যাওয়া হচ্ছে।

ডঃ সিরাজুল হক খান

যুদ্ধ যখন চরম পর্যায়ে তখন ডঃ সিরাজুল হক খান পরিবারের সবাইকে নিয়ে রাতের বেলা ফ্লাটের নীচের তলায় থাকতেন। সকালে আবার দোতলায় নিজের ফ্লাটে চলে যেতেন। ১৪ই ডিসেম্বর খুব ভোরে তিনি ঘুম থেকে উঠে নামাজ পড়লেন। একবার ওপরে নিজের ফ্লাটে গেলেন তারপর আবার নীচে নেমে এলেন। এবং সে সময় তার নজরে পড়লো, একটু দূরে আল-বদর বাহিনীর কিছু লোক রুমাল দিয়ে এক ভদ্রলোকের চোখ বাঁধছে। সাথে সাথে তিনি ওপরে উঠে গেলেন। সবাইকে বললেন, 'ওরা আমাদের এলাকায় ঢুকেছে। তোমরা সাবধানে থাকো।' তাঁর স্ত্রী তখন তাঁর জন্য নিজের হাতে ঔষধ তৈরী করছেন। তিনি ডঃ খানকে ঔষধ খেতে ডাকলেন। জবাবে ডঃ খান 'এসে খাবো' বলে নীচের তলায় বোটানীর অধ্যাপক জনাব ইসমাইলের ড্রইংরুমে যেয়ে বসলেন। গল্প-গুজব করতে লাগলেন। এদিকে আল-বদর বাহিনী ওপর তলায় তাঁর ফ্লাটে এসে ঢুকে জিজ্ঞেস করলো, 'এটা ডঃ সিরাজুল হকের বাসা?'

'হ্যাঁ।'

'তিনি কোথায়?'

'নীচে গেছেন।'

'কোন বিভাগের অধ্যাপক তিনি।'

'শিক্ষা-গবেষণা কেন্দ্র।'

'হ্যাঁ, আমরা তাকেই খুঁজছি।'

এই বলে তারা ডঃ খানের ভাইকে নিয়ে ইসমাইল সাহেবের ড্রইংরুমে উপস্থিত হলো। ডঃ খানকে তাঁর নাম জিজ্ঞেস করলো। তারপর তাঁকে ঘর থেকে বাইরে এনে, তাঁরই পকেটের রুমাল দিয়ে তাঁর চোখ বেঁধে অচেনা গন্তব্যের দিকে নিয়ে চললো। পরিবারের সবাই তাকিয়ে রইলো বিমূঢ় হয়ে।

ডঃ খান স্ত্রীকে বলে গিয়েছিলেন, নীচে থেকে এসে ঔষধ খাবেন। স্ত্রীর সাথে ঐ ছিলো তাঁর শেষ কথা। কিন্তু ঔষধ খেতে তিনি আর ফিরে আসেননি।

ডঃ আবুল খায়ের

ডঃ আবুল খায়ের সম্পর্কে একটি গল্প প্রচলিত ছিল। একদিন রাস্তা দিয়ে গাড়ী চালিয়ে যাচ্ছেন। হঠাৎ লাল বাতি। গাড়ী থামালেন। এদিকে লাল বাতি সবুজ হয়ে আবার লাল হয়ে গেছে, কিন্তু তিনি চুপচাপ গাড়ী নিয়ে বসে আছেন। এমন আপন-ভোলা লোককেও আল-বদররা চৌদ্দই ডিসেম্বর তুলে নিতে ভুলে যায়নি।

ডঃ খায়েরের ফ্লাট নীচের তলায়। চৌদ্দই ডিসেম্বর সকাল আটটায় পায়জামা এবং শার্ট পরে, স্ত্রীর গরম চাদর গায়ে সিঁড়ির সামনে তিনি পায়চারী করছিলেন। ভাবছিলেন, কার্ফু উঠলেই পরিবারের সবাইকে নিয়ে নিরাপদে কোন জায়গায় চলে যাবেন। এমনি সময় আল-বদরের লোকেরা এসে হাজির। তারা তাঁকে ঐ পায়চারি করা অবস্থায় ধরে নিয়ে চলে গেল।

ডঃ খায়ের তাঁর স্ত্রীকে কিছু বলে যেতে পারেননি। আল-বদরের লোকের সঙ্গে কি কথা হচ্ছিল তাও কেউ শোনেনি।

সন্তোষ চন্দ্র ভট্টাচার্য

সন্তোষ চন্দ্র ভট্টাচার্যের অনুরাগীরা তাঁকে বারবার অনুরোধ করেছিলেন। দেশ ছেড়ে চলে যেতে। কিন্তু তিনি যাননি স্বাধীনতা দেখে যেতে চেয়েছেন এখানে থেকে।

জীবনের শেষ দিন সন্তোষ চন্দ্র ভট্টাচার্য বেশ ভোরেই ঘুম থেকে উঠেছিলেন। যথারীতি নাস্তা করে রেডিও শুনেছেন। তারপর আহ্নিক করতে বসেছেন। সকাল তখন সাড়ে আট কি নয়। আহ্নিকে বসবার আগে মেয়ে স্বপ্নাকে ডেকে বলেছিলেন, দেশ স্বাধীন হয়ে যাচ্ছেরে মা, খুব শীঘ্রই তোর দাদাকে দেখতে পারবি। স্বপ্নার দাদা অর্থাৎ সন্তোষ বাবুর বড় ছেলে কলকাতায় থাকতেন।

সন্তোষ ভট্টাচার্য আহ্নিকে ব্যস্ত এমন সময় দরজায় ধাক্কা। দরজা খুলে দিলে ভিতরে ঢুকলো এক বাঙ্গালী যুবক। কাঁধে ষ্টেন।

উর্দুতে জিজ্ঞেস করলো 'কই হ্যায়?'

এমন সময় সন্তোষ বাবু বেরিয়ে এলেন। যুবকটি তাঁর নাম জিজ্ঞেস করে তাঁকে নিয়ে যেতে চাইলো। সন্তোষ বাবু জিজ্ঞেস করলেন, 'আমার কি অপরাধ?'

'চুপ, বেশী কথা বলবেন না।'

'কোথায় নিয়ে যাচ্ছেন?'

'যেখানে খুশী।'

তারা তাকে বাসা থেকে টেনে বাইরে নিয়ে গেল। চোখ বাঁধলো এবং সেই শেষ বাসে নিয়ে তুললো।

ডাক্তার আলীম চৌধুরী

২৯ নম্বর পুরানা পল্টনের দোতলায় থাকতেন মিটফোর্ড হাসপাতালের ডাক্তার আলীম চৌধুরী। তার নীচের তলায় থাকতেন মওলানা আব্দুল মান্নান, নীচের তলায় আগে ডাক্তার আলীমের ক্লিনিক ছিল। কিন্তু মাওলানা সাহেব একবার বিপদে পড়ে প্রাক্তন স্পীকার এ,টি, এম, মতিনকে ধরে বসেন আশ্রয়ের জন্যে। মতিন সাহেব আলীম সাহেবকে বললেন, ডাক্তার চৌধুরী, ক্লিনিক উঠিয়ে মওলানাকে আশ্রয় দিন।

১৫ ডিসেম্বর ঢাকায় তখন ভারতীয় বিমান হরোদমে বোমা বর্ষণ করছে। কার্ফ্যুও চলছে। শুধু সকাল আটটা থেকে দুপুর বারোটা পর্যন্ত কার্ফু উঠান হল।

আলীম চৌধুরী ভাবছিলেন, এ ফাঁকে একবার অন্য কোন জায়গায় আশ্রয় নেয়া যায় কিনা দেখে আসবেন এবং একবার হাসপাতালটা ঘুরে আসবেন।

তাঁর স্ত্রীর ইচ্ছা ছিল না তখন তিনি বের হন। আলীম চৌধুরী বেরুবেনই। স্ত্রীকে বললেন, আমাকে তো একবার হাসপাতালে যেতেই হবে। ডাক্তার মানুষ আমি যদি না যাই তো কে যাবে? তারপর বললেন, আমি যতো তাড়াতাড়ি পারি ফিরবো। তুমি তৈরী থেকো। আমি ফিরলে সবাইকে নিয়ে অন্য কোথাও চলে যাবো। আলীম চৌধুরীর স্ত্রী বললেন, তুমি ঠিক মতো ফিরবে- তাহলেই হয়েছে। তুমিও কার্ফ্যুর সময় পার করে দিয়ে আসবে আর আমাদেরও যাওয়া হবে।

আলীম চৌধুরী স্ত্রীকে বারবার কথা দিলেন যে কার্ফুর অনেক আগেই তিনি ফিরবেন। তারপর কেরোসিনের একটি টিন নিয়ে গাড়ীতে গিয়ে উঠলেন। বাসায় তখন কেরোসিনের অভাব।

গাড়ী করে হাসপাতালে গেলেন ডাঃ চৌধুরী। হাসপাতালে তার সহকর্মীরা তো তাঁকে দেখে অবাক। এই দুর্যোগ আর উনি কিনা এসেছেন হাসপাতালে। তাঁরা বললেন, ডাক্তার সাহেব, আপনি যখন এসেই পড়েছেন তখন আর বাড়ী ফিরতে পারবেন না। এখানেই থেকে যান। ডাক্তার আলীম বললেন, 'না, না, বাসায় সবাইকে রেখে এসেছি। বাড়ী ফিরে ওদেরকে নিয়ে আবার বেরুতে হবে।'

এরপর ডাঃ চৌধুরী গেলেন মিটফোর্ড হাসপাতালের প্রিন্সিপাল ডাক্তার লতিফের সাথে দেখা করতে। উদ্দেশ্য তিনি যদি সাময়িক একটা আশ্রয়ের বন্দোবস্ত করে দেন, কারণ তখন অনেক ডাক্তার সপরিবারে হাসপাতালের কেবিনগুলোতে আশ্রয় নিয়েছিলেন। তখন ডাঃ চৌধুরীও সেরকম একটা আশ্রয় চাচ্ছিলেন। কিন্তু ডাঃ লতিফ আলীম চৌধুরীকে সেরকম কোন আশ্রয় দিতে সম্মত হলেন না।

অতঃপর ডাঃ চৌধুরী বিমর্ষ মনে হাসপাতাল ছেড়ে বেরুলেন। ভাইপোর বাসায় যাবেন কেরোসিন আনতে। কেরোসিন নিলেন। ভাইপোকে তেলের দাম দিলেন। ভাইপো তো হেসে অস্থির। ডাঃ চৌধুরী তখন বললেন, 'দেখ, মানুষের মরার কথা তো বলা যায় না। এই এখন আমাকে দেখছিস কিন্তু কিছুক্ষণ পর আমি তো নাও বেঁচে থাকতে পারি।'

ডাঃ চৌধুরী বাড়ী ফেরার জন্য গাড়ীতে উঠবেন ঠিক এমন সময় কার্ফুর সাইরেন বেজে উঠলো। ভাইপো তাঁর হাত ধরে তাঁকে থেকে যেতে অনুরোধ করলেন। কিন্তু তিনি বাসায় যাবেনই। তাঁকে বললেন, 'আমার গাড়ীতে রেডক্রস চিহ্ন আছে। কিছু ভেবোনা। আমি ঠিক ঠিক বাসায় পৌঁছে যাবো।'

বাসায় ফিরলেন। স্ত্রী সাথে সাথে ঝংকার দিয়ে বলে উঠলেন, 'কি বলেছিলাম, সেই কার্ফু পার করে দিয়েই তো ফিরলে।'

তিনি বললেন, 'ঠিক আছে ঠিক আছে। কাল একেবারে সক্কালেই চলে যাবো।'

বেলা দুটো থেকে আবার বোমা বর্ষণ শুরু হলো। দোতলার বারান্দায় বসে সেই বোমা বর্ষণ দেখছিলেন ডাঃ চৌধুরী। বিকেল সাড়ে চার। একটা মাইক্রোবাস এসে থামলো বাসার নীচে। কয়েকজন আলবদর নামলো। ডাক্তার চৌধুরীর স্ত্রী একটু উঁকি দিয়ে দিয়ে তাদের দেখছিলেন তখন তিনি বললেন, অতো উঁকিঝুঁকি দিয়ো না। বোধহয় আর্মি এসেছে। বলে তিনি বাথরুমে গেলেন। ব্যাপারটার তেমন গুরুত্ব দেননি স্বামী-স্ত্রী। কারণ মওলানা মান্নানের বাসায় হরদম এ ধরনের লোকজন আসা-যাওয়া করতো।

বাথরুম থেকে তিনি বেরিয়েছেন, এমন সময় কলিং বেল বেজে উঠলো।

স্ত্রী বললেন, 'বোধহয় আমাদের বাসায়ই আর্মি এসেছে। কি করবো এখন?'

ডাঃ চৌধুরী হঠাৎ বিমূঢ় হয়ে গেলেন। কি করবেন বুঝে উঠতে পারছিলেন না। এলোমেলোভাবে বললেন, ও, এসেছে, তা দরজা খুলে দাও।

একথা বলেই তিনি নীচে নামার উদ্যোগ নিলেন। ডাঃ চৌধুরীর মা তখন বলে উঠলেন, 'আরে কোথায় যাচ্ছো?'

তিনি বললেন, 'নীচে, মওলানার কাছে, কারণ মওলানা বলেছিল, এ ধরণের কোন ব্যাপার ঘটলে যেন তাকে খবর দেয়া হয়।

নীচে নেমে তিনি মওলানার দরজা ধাক্কা দিতে লাগলেন। এমনিতে মওলানার দরজা সব সময় খোলা থাকতো কিন্তু সেদিন দরজা বন্ধ। এদিকে ডাঃ চৌধুরী দরজা ধাক্কাচ্ছেন, চীৎকার করে মওলানাকে দরজা

খুলতে বলছেন। কিন্তু মওলানার কোন সাড়াশব্দ নেই। খানিক পর মওলানা ভিতর থেকে বললেন, ভয় পাবেন না। আপনি যান। আমি আছি।

তিনি ফের উপরে ওঠার জন্য পা বাড়ালেন। এমন সময় আল-বদরের আদেশ 'হ্যাণ্ডস আপ, আমাদের সাথে এবার চলুন।'

'কি ব্যাপার কোথায় যাবো?'

প্রশ্ন করলেন ডাঃ চৌধুরী।

'আমাদের সাথে চলুন।'

'প্যান্টটা পরে আসি।

'কোন দরকার নেই।'

আলবদররা তাঁকে ঘিরে ধরলো। আস্তে আস্তে তিনি মাইক্রোবাসের দিকে অগ্রসর হলেন।

শহীদুল্লাহ কায়সার

এমনিতে শহীদুল্লাহ কায়সার খুব কথা বলতেন। কিন্তু যেদিন যুদ্ধ শুরু হলো সেদিন থেকে তিনি চুপ। সারাদিন টেনশনে থাকেন। যুদ্ধের আগে তাঁকে অনেকে বাড়ী ছেড়ে চলে যেতে অনুরোধ করেছেন। কিন্তু তিনি রাজী হননি। কারণ তিনি ব্যস্ত ছিলেন একটি উপন্যাস রচনায়। তাই তিনি বলতেন, 'যুদ্ধ আমাকে দেখতে হবে। কারণ তথ্যগুলো আমার উপন্যাসে লাগবে।''

চৌদ্দই ডিসেম্বর। সকাল বেলায় দেখা গেল বিদেশী দূতাবাসের নম্বর প্লেট লাগানো একটি গাড়ী এসে শহীদুল্লাহ কায়সারের বাড়ী থেকে একটু দূরে দাঁড়ালো। অনেকক্ষণ গাড়ীটা সেখানে দাঁড়িয়ে থেকে তারপর এক সময় চলে গেল।

সকাল ন'টা-দশটার দিকে সদরী ইস্পাহানীর টেলিফোন।

'কি করবো কায়সার সাহেব?'

কায়সার সাহেব তাকে অভয় দিলেন।

বেলা তখন তিনটা। বারান্দায় স্ত্রীর সাথে বসে আছেন তিনি। এমন সময় দেখলেন টুপি মাথায় একটি লোক এক দৃষ্টে তাদের দিকে তাকিয়ে আছে। এ দেখে তাঁর স্ত্রী বললেন, 'তুমি ভিতরে যাও, দেখনা লোকটা কিভাবে তাকিয়ে আছে।'

সন্ধ্যে ছ'টা। শহীদুল্লাহ কায়সার বসে বসে খবর শুনলেন। এক সময় চাকরকে ডেকে বললেন, আমার জন্য দু'টো রুটি বানিয়ো।

শহীদুল্লাহ কায়সার প্রায়ই স্ত্রীকে বলতেন, দেখো, আমাকে যে কোন সময় নিয়ে যেতে পারে। সুতরাং সব সময় আমার জন্য কিছু কাগজ-কলম আর সিগারেট রেখে দেবে। আর কিছু টাকা। শহীদুল্লাহ কায়সার আরো বলতেন, 'আমি একজন সাংবাদিক। তারা আমাকে যাই করুক মারবার সাহস পাবে না।'

চাকরকে তিনি রুটি বানাবার কথা বলেছেন এমন সময় দরোজায় ধাক্কা। মিলিটারী এসেছে।

মিলিটারী এসেছে এ সংবাদ পেয়েই তিনি ইস্পাহানীকে টেলিফোন করলেন। কি কথা হয়েছে কেউ জানে না। শুধু দেখা গেল সংক্ষিপ্ত কথা শেষ হওয়ার পর তিনি চুপচাপ টেলিফোন রেখে দিচ্ছেন।

আলবদররা এদিকে দরজা ধাক্কাচ্ছে। তিনি বললেন দরজা খুলে দাও। একথা বলে উপরে বেডরুমে গেলেন; স্ত্রীকে বললেন, শিগগির আমাকে কিছু টাকা দাও।' বলে তিনি প্যান্ট পরতে লাগলেন। তাঁর স্ত্রী তখন বললেন, 'টাকা দিতে বলে তুমি যাচ্ছো কই?' শহীদুল্লাহ কায়সার বললেন, 'না একটু ভালো পোষাক পরে নেই।'

স্ত্রী তাঁকে ঘরের বাইরে যেতে দেবেন না। কিন্তু তিনি যাবেনই। স্ত্রীকে বললেন, 'আমাকে না পেলে ওরা বাসার সবাইকে মারবে।'

ইতিমধ্যে যিনি দরজা খুলে দিয়েছেন, তাঁকে আলবদররা সিঁড়ির কাছে বেঁধে রেখে সোজা দোতলায় উঠে তাঁর বেডরুমে ঢুকে পড়লো।

বেডরুমটা বেশ বড়। অন্য এক দরজার কাছে শহীদুল্লাহ কায়সার দাঁড়িয়ে। ঘরের মাঝামাঝি তাঁর স্ত্রী। আলবদররা ঘরে ঢুকে শহীদুল্লাহ সাহেবকে দেখতে পেলো না। তাঁর স্ত্রীকে একলা ঘরে দেখে তারা বেরিয়ে যাবার উদ্যোগ করলো। এমন সময় পর্দার কাছ থেকে শহীদুল্লাহ কায়সার সামনে এসে দাঁড়ালেন। জিজ্ঞেস করলেন, 'আপনারা কাকে চান?'

'আপনার নাম কি?' তারা পাল্টা জিজ্ঞেস করলো।

'শহীদুল্লাহ কায়সার।'

সঙ্গে সঙ্গে তাঁর হাত ধরলো। 'আপনার সাথে কথা আছে।' বলে তারা তাঁকে বারান্দায় নিয়ে এলো।

এদিকে বাসা জুড়ে হৈচৈ চীৎকার। আলবদররা তাঁকে টেনে-হিঁচড়ে নিয়ে যাচ্ছে।

এমন সময় শহীদুল্লাহ কায়সার কঠিন কণ্ঠে বললেন, 'আমি তো যাচ্ছিই। আপনারা আমার হাত ধরবেন না।' এ বলে তিনি একবার পিছন ফিরে সবাইকে দেখতে চাইলেন। কিন্তু আলবদররা তাঁকে সেই সুযোগ দেয়নি।

সিরাজউদ্দিন হোসেন

[দৈনিক ইত্তেফাকের কার্যনির্বাহী সম্পাদক জনাব সিরাজউদ্দিন হোসেনের স্ত্রী বেগম নূরজাহান সিরাজের বিবৃতির উপর ভিত্তি করে এটি লেখা হয়েছে। (ইংরেজী থেকে অনুবাদ)]

সিরাজউদ্দিন হোসেন ছিলেন বাংলাদেশের একজন খ্যাতনামা সাংবাদিক। ইত্তেফাকের 'মঞ্চে নেপথ্যে' কলামটি তিনিই লিখতেন।

১৯৭১ সনের ১১ই ডিসেম্বর ভোর ২-৪৫ মিনিটে পাকিস্তানী সৈন্যদের নির্দেশে একদল উর্দুভাষী লোক তাঁকে তাঁর বাসা থেকে অপহরণ করে হত্যা করে। সিরাজউদ্দিন হোসেনের মৃতদেহের কোন খোঁজ পাওয়া যায়নি।

জনাব হোসেন সপরিবারে ৫ নম্বর চামেলীবাগে থাকতেন। জনৈক ডাক্তার ছিলেন এ বাসার মালিক। অন্তিম দিনে দুষ্কৃতকারীরা সেই ডাক্তারকে সঙ্গে করে তার বাসায় প্রবেশ করে। জনাব হোসেনের দ্বিতীয় ছেলে দরজা খুলে দিলে দুষ্কৃতকারীরা বন্দুক উঁচিয়ে তাকে তার বাবার ঘর দেখিয়ে দিতে বলে। ঠিক এই সময় বেগম হোসেন বেডরুমের দরজা খুলে বের হন। সিরাজউদ্দিন হোসেনের উপর তখন একজন দুষ্কৃতকারীর নজর

পড়লে সে জনাব হোসেনের নাম এবং পেশা জানতে চায়। সিরাজ সাহেব জানান যে তিনি পত্রিকায় চাকরি করেন। তখন তারা তাকে বেডরুম থেকে বারান্দায় নিয়ে আসে। এরপর দুষ্কৃতকারীরা জনাব হোসেনের ছেলেকে একটি ন্যাপকিন আনতে বলে, পরিবারের সবাইকে ভিতরের বেডরুমে চলে যেতে নির্দেশ দেয়। তারপর সিরাজউদ্দিন হোসেনকে একটি গাড়ীতে করে নিয়ে যাওয়া হয়। কোথায় কেউ জানে না।

গিয়াস উদ্দিন আহমেদ

১৪ ডিসেম্বর, মঙ্গলবার। ঢাকা শহরে তখন চলছে একটানা কারফিউ। সকাল সাড়ে সাতটা। একটা মাইক্রোবাস এসে দাঁড়াল হলের হাউস টিউটরদের বাসার সামনে। বাস থেকে সশস্ত্র ৩/৪ জন লোক নেমে দাঁড়াল। তারা ছিল ইউনিফর্ম পরা। তাদের দুইজন এসে প্রথমে নীচতলায় পরিসংখ্যান বিভাগের বজলুল হক সাহেবের বাসায় তল্লাশী চালায়। এরপর তারা উপর তলায় আমাদের দরজায় আঘাত করতে থাকে আমার স্বামী (জনাব নুরুল হক সরকারী চাকুরে) দরজা খুলে দেন। একজন বন্দুক হাতে কাল মুখোশ পরা তাঁর বুকের সাথে বন্দুক লাগিয়ে জিজ্ঞেস করল, গিয়াস উদ্দিন কে? উনি বল্লেন, বাসায় নেই, হলের কাজে গেছেন। লোক দুটো তখন বলে, আপনি চলুন। আমাদের সাথে, তাঁকে খুজে বের করে দেবেন। আমরা থাকতাম আজিমপুর কলোনীতে। কলোনীতে মিলিটারী আসায় ভাই -এর বাসায় আমরা চলে আসি। আমার স্বামী তাদের বলল, আমরা এখানে নতুন এসেছি, হলের কোন কিছু জানি না। তারা বলল ভিতরে চলুন, এখানে গিয়াস উদ্দীন সাহেব থাকতেন। ভাই এর কামরায় এসে ওরা সমস্ত রুম তছনছ করে দিয়ে গেল। ঘরে আমার এক মামাতো ভাই ছিল, প্রকৌশল বিশ্ববিদ্যালয় পড়ে, ওকে নিয়ে চলল- হলে ভাইকে খুঁজে দিতে। হলে গিয়ে তারা দারোয়ানকে জিজ্ঞেস করলো, গিয়াস সাহেব কোথায়? তারা বল্লো, হলের পেছনে পানির পাম্প ঠিক করছেন। তাড়াতাড়ি সেখানে গিয়ে ভাইকে ঘরে নিয়ে এল। সামনে পড়া একজন দারোয়ানের কাছ থেকে একটা গামছা ছিনিয়ে নিয়ে চোখ বেঁধে তাঁকে নিয়ে চলল। বাসে উঠার আগে ভাই মামাতো ভাইটিকে বললেন, 'নূরুলকে বলিস টেলিফোন করতে।'' স্মৃতিচারণ করতে গিয়ে কান্নাভেজা কণ্ঠে কথাগুলো বলছিলেন অধ্যাপক গিয়াস উদ্দিন সাহেবের বোন।

এ ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের অতি পরিচিত মুখ ইতিহাস বিভাগের পরম শ্রদ্ধেয় শিক্ষক এবং মহনিস হলের ছাত্রদের অত্যন্ত আপন জন হাউজ টিউটর অধ্যাপক গিয়াসউদ্দিন সাহেবের বদর বাহিনীর হাতে মর্মান্তিক ভাবে হত্যার পূর্বকাহিনী। এর আগেও ২৭শে রমজান তারিখে গিয়াস উদ্দিন সাহেবকে, মহসিন হলের প্রভোষ্ট ওদুদুর রহমান এবং আর একজন হাউজ টিউটর জনাব জহুরুল হক সাহেবকে মিলিটারীরা এসে ধরে নিয়ে দুদিন কড়া জিজ্ঞাসাবাদ করেছিল। এর কারণ যা পরে জানা গেছে হলের ইসলামী ছাত্র সংঘের ছাত্রদের যা ইচ্ছে তা করার প্রতিবাদে হল প্রশাসন নাকি তাদের সাথে সহযোগিতা করেননি। তারও আগে সেপ্টেম্বর মাসে গিয়াসউদ্দিন সাহেব যমদূত শিরোনামায় লিখিত একটি চরমপত্র পেয়েছিলেন। কিন্তু তা তিনি তখন ততটা আমল দেননি।

মীর শাহাবুদ্দীন মাহমুদ
দৈনিক বাংলা, ৬ জানুয়ারী, ১৯৭২

ডঃ আবুল কালাম আজাদ

কুষ্টিয়া জেলার ভেড়ামারা থানার রামকৃষ্ণপুর গ্রামের ছেলে আজাদ ছাত্রজীবনে বরাবরই অত্যন্ত মেধাবী ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ফলিতগণিতে রেকর্ড ভাঙ্গা নম্বর নিয়ে স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হয়ে স্বর্ণপদক পান। বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়ে আজাদ ফ্লাইং অফিসারের পদমর্যাদা নিয়ে অধ্যাপক হিসেবে তৎকালীন পাকিস্তান বিমান বাহিনী একাডেমীতে যোগ দেন।

সেখান থেকে প্রশিক্ষণের জন্য তাকে যুক্তরাজ্যে পাঠানো হয়। বিমান বাহিনীতে তার মেধা এবং কৃতিত্ব অবাঙ্গালীরা ভালো চোখে দেখেনি। এজন্যে তার চাকুরীর মেয়াদ তারা হঠাৎ শেষ করে দেয়। নিরুপায় হয়ে

তিনি তখন ঢাকায় পাবলিক সার্ভিস কমিশনের সভাপতির কাছে চাকুরীর সন্ধান চেয়ে চিঠি লেখেন। চিঠির উত্তরে তিনি সাক্ষাৎকারের সুযোগ পান এবং পরে বাংলাদেশের বিভিন্ন সরকারী মহাবিদ্যালয়ে অধ্যাপনা করেন।

একসময় তিনি জগন্নাথ মহাবিদ্যালয়ে গণিত বিভাগের অধ্যক্ষ ছিলেন। সেখান থেকে তিনি গণিত শাস্ত্রের বিশেষজ্ঞ হিসেবে উন্নয়ন বিজ্ঞান ও কারিগরি বিদ্যা শিক্ষণ কেন্দ্রে (আই, এ, এস, টি,টি) যান। সেখানে তিনি বৎসরখানেক ছিলেন। অধ্যাপনা জীবনে আজাদ বৃত্তি নিয়ে আর একবার যুক্তরাজ্যে যান। এবার তিনি ম্যানচেষ্টার বিশ্ববিদ্যালয় থেকে গণিতশাস্ত্রে স্নাতকোত্তর ডিগ্রী, মেঘবিজ্ঞানে ডক্টরেট এবং তরল পদার্থ সম্পর্কিত বলবিজ্ঞানে ডিপ্লোমা নেন।

এছাড়া গণিতশাস্ত্রে পাণ্ডিত্যের জন্যে তিনি লন্ডনের রাজকীয় আবহাওয়া বিজ্ঞান সমিতি, যুক্তরাজ্যের ফলিত গণিত সমিতি এবং বোষ্টনের আবহাওয়া বিজ্ঞান সমিতির ফেলো নির্বাচিত হন। ম্যানচেষ্টারে তিনি কিছু দিন সার্বক্ষণিক অধ্যাপক ছিলেন। সার্বক্ষণিক এবং স্থায়ী অধ্যাপকের পদও তাকে দেয়া হয়। কিন্তু মা, ভাইবোনদের কথা ভেবে তিনি ফিরে আসেন।

অস্বাভাবিক পরিস্থিতির দরুন যুদ্ধের আগে কয়েকদিন আজাদের সাথে আমি যোগাযোগ রক্ষা করতে পারিনি। হঠাৎ তাকে ধরে নিয়ে যাওয়ার খবর পেলাম ১৭ই ডিসেম্বর। আমি সেদিন পাড়ার মুক্তি যোদ্ধাদের সম্বর্ধনার আয়োজনে ব্যস্ত।

কাজের চাপে সেদিন আজাদের বাসায় যেতে পারিনি, শুধু মুক্তিবাহিনীর কাছে আজাদের সন্ধানের জন্যে অনুরোধ জানিয়েছি। পরদিন তার বাসায় যাওয়ার উপক্রম করছি, তখনই এলো সেই শেষ খবর। আজাদ ফিরেছেন। কিন্তু নিষ্প্রাণ, ক্ষতবিক্ষত দেহে, রায়েরবাজারের বধ্যভূমি থেকে। খবরটি শোনামাত্র আমার স্ত্রী কাঁদতে শুরু করেছিলেন।

তাঁকে নিয়ে কোনক্রমে আজিমপুরের দায়রা শরীফের দিকে ছুটছিলাম। আজাদের বাসা দরগার ভেতরে। সেই দরগার মর্যাদাহানি করে বদর বাহিনীর পাঁচটি খুনী ১৫ই ডিসেম্বর সকালে তাদের বাসায় ঢুকে পড়ে। প্রথমে তারা আজাদের সামনে রিভালবার ধরে তাঁকে নিয়ে ঘুরে ঘুরে অকারন তল্লাসী চালায়।

তারপর নিরপরাধ আজাদকে বাসি মুখে ধরে নিয়ে যায়। ছোট বোনটি তখন তাদের পায়ে ধরেছিল। মা, বার বার তাদের বুকে জড়িয়ে ধরে বলেন, বাবা তোমরা বাঙ্গালী, তোমরাও আমার ছেলে, ওকে তোমরা ছেড়ে দাও। কিন্তু কেউ তাঁর কথা শোনেনি, নরপশুরা এই নারীকে প্রতিবারই প্রচণ্ড ধাক্কা মেরে ফেলে দিয়েছে।

সেদিন তিন ঘন্টার জন্যে সান্ধ্য আইন উঠে যায়। তখন আজাদের ছোট ভাই 'ইভনিং পোষ্ট'-এর সম্পাদক হাবিবুল বাশার, বড় ভগ্নিপতি ইষ্টার্ন নিউজ এজেন্সির মালিক গোলাম রসুল আজাদের সন্ধান নেওয়ার জন্যে নানাভাবে চেষ্টা করেন। কিন্তু কোন ফল হয়নি। শেষ পর্যন্ত তাকে পাওয়া গেল ১৭ই ডিসেম্বর বিকেলে, ডঃ রাবিবসহ আরো কয়েকজন জ্ঞানীগুণীর লাশের পাশে।

আতোয়ার রহমান
দৈনিক বাংলা, ৭ জানুয়ারী, ১৯৭২

আ, ন, ম, গোলাম মোস্তাফা

আ,ন,ম গোলাম মোস্তফাকে আলবদরের জল্লাদরা ১১ই ডিসেম্বর সকাল ন'টায় তাঁর গোপীবাগের বাসা থেকে ধরে নিয়ে যায়। বদর বাহিনীর তিনজন জল্লাদ বাসায় এসেছিল। বলেছিল, আপনার সাথে কিছু কথা আছে, বাইরে আসুন।

মোস্তফা তখন তাঁর নয় মাসের শিশুসন্তান অভীকে কোলে নিয়ে পায়চারী করছিলেন। বাচ্চাকে নামিয়ে রেখে তিনি ওই জল্লাদদের সাথে বেরিয়ে যান।

বেরিয়ে যাবার পরমুহূর্ত থেকে ওর খোঁজখবর শুরু হয়। আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব সবাই তার খোঁজে বেরিয়ে পড়েন। কিন্তু আকস্মিকভাবে কারফিউ জারী করায় সেদিনের মত অনুসন্ধান কাজ বন্ধ হয়ে যায়। এবং একটানা কারফিউ চলতে থাকায় এই অনুসন্ধান কাজ আর শুরু করা যায়নি। ইতিমধ্যে জামাতে ইসলামীর সদস্য বলে পরিচিত পূর্বদেশের ষ্টাফ রিপোর্টার চৌধুরী মঈনুদ্দীনের শরণাপন্ন হয়েছিলো অনুসন্ধানকারীরা। হায়, তখনও কে জানতো এই চৌধুরী মঈনুদ্দীনই ছিল আলবদর বাহিনীর অপারেশনাল ইনচার্জ।

মোস্তফার খোঁজে বেরিয়েই জানা গেলো বদর জল্লাদদের আগ্রাসী ক্ষুধার কথা। জানা গেল এই দিনই ভোরে ইত্তেফাকের কার্যনির্বাহী সম্পাদক জনাব সিরাজউদ্দীন হোসেনের গ্রেফতারের কথা। আরো অনেকের বাড়ীতে তাদের হানা দেবার কথা।

তার ভাইয়েরা, আত্মীয়স্বজনেরা, বন্ধুবান্ধবরা, রায়ের বাজারের বিলের বধ্যভূমিতে পাগলের মত খুঁজে ফিরেছে তাঁর লাশ। কিন্তু না, কোন সন্ধান তাঁর মেলেনি।

মনজুর আহমদ
দৈনিক বাংলা, ২৪ ডিসেম্বর, ১৯৭১

ডাক্তার মোহাম্মদ মোর্তজা

তাঁর সঙ্গে শেষবার কথা হয়েছিল একাত্তুরের মার্চ মাসের সম্ভবতঃ বাইশ তারিখে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে, উত্তেজনাপূর্ণ পরিবেশে, কাগজ পড়ছিলেন; টুকরো টুকরো কিছু আলাপঃ অসহযোগ আন্দোলনের সম্ভাবনা, পরিণাম ইত্যাদি। তারপর ২৭শে মার্চ কার্ফিউ বিরতির সময় মোটরসাইকেলে তাঁকে ছুটে যেতে দেখেছিলাম। আমি ছিলাম সপরিবারের সশঙ্ক, আশ্রয়সন্ধানী। কথা হয়নি, পরে আর দেখাও হয়নি।

স্বাধীনতার পর বিশ্ববিদ্যালয় এলাকায় ফিরে জানলাম, যে সমস্ত প্রিয় পরিচিত ঘনিষ্ঠ মুখ চিরতরে হারিয়ে গেছে, তিনি আছেন তাঁদের মধ্যে।

কেননা মোহাম্মদ মোর্তজা শুধু ডাক্তার ছিলেন না, ছিলেন সমাজ সচেতন, রাজনীতি সচেতন ব্যক্তি, ছিলেন লেখক।

মোহাম্মদ মোর্তজা চব্বিশ পরগনার বাদুরিয়া থানার চন্ডীপুর গ্রামে ১৯৩১ সালেন ১লা এপ্রিল জন্মগ্রহণ করেন। ১৯৪৬ সালে তিনি ম্যাট্রিক পাশ করেন কলকাতা বালিগঞ্জ সরকারী হাই স্কুল থেকে। তারপর কলকাতার প্রেসিডেন্সি কলেজ থেকে ১৯৪৮ সালে আই,এস,সি,পাশ করে ঢাকায় চলে আসেন এবং ১৯৫৪ সালে ঢাকা মেডিক্যাল কলেজ থেকে এম,বি,বি,এস ডিগ্রী লাভ করেন। ডাঃ মোহাম্মদ মোর্তজা ১৯৫৫ সালের ১৯শে নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী মেডিক্যাল অফিসার পদে যোগদান করেন এবং নিহত হওয়ার পূর্ব পর্যন্ত ঐ পদেই অধিষ্ঠিত ছিলেন।

শুনেছি, ডাঃ মোর্তজা কিছুকাল যাবৎ ঘনিষ্ঠভাবে রাজনীতির সঙ্গে যুক্ত হয়ে পড়েছিলেন। তাঁর কিছুটা পরিচয় মেলে 'কপোত' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত তাঁর রাজনীতির পরিচয় প্রবন্ধে। এছাড়া অধুনালুপ্ত 'গণশক্তি' পত্রিকায় তিনি বেনামে প্রবন্ধ লিখতেন বলে শুনেছি। তিনি ইচ্ছা প্রকাশ করেছিলেনঃ সমাজতন্ত্র নামে একটা বই লিখবেন। সে ইচ্ছা পূর্ণ হয়নি।

স্বাধীনতার পূর্ব মুহূর্তে ১৯৭১ সালের ১৪ ই ডিসেম্বর সকাল ৮-৩০ মিনিটে তাঁর বিশ্ববিদ্যালয় বাসভবন থেকে আল-বদর বাহিনীর লোকেরা তাঁকে চোখ বেঁধে নিয়ে যায়। অন্যান্য শহীদ বুদ্ধিজীবীর সঙ্গে মীরপুর মাজারের কাছে তাঁর মৃতদেহ পাওয়া যায় ৪ঠা জানুয়ারী, ১৯৭২ তারিখে। ৫ই জানুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদের পাশে তাঁর মরদেহ দাফন করা হয়।

ডঃ মোহাম্মদ মনিরুজ্জামান
শহীদ বুদ্ধিজীবী স্মরণে
বাংলা একাডেমী, ১৯৭৩

ডঃ ফয়জুল মহী

পাক হানাদার বাহিনী ও বদর বাহিনীর হাতে শাহাদাতবরণ করেছেন খ্যাতনামা শিক্ষাবিদ ও গবেষণা ইনষ্টিটিউটের অধ্যাপক ডঃ ফয়জুল মহী।

আমাদের দুর্ভাগ্য তাঁর সেবার ও তাঁর পাণ্ডিত্যের প্রয়োজন যখন দেশের সবচেয়ে বেশী- তখনই আমরা তাকে হারালাম। পাক হানাদার সেনারা নিশ্চিত পরাজয়ের সম্মুখীন হয়ে স্থানীয় নরপশুদের সাহায্যে আরো অসংখ্য বুদ্ধিজীবীর মত ডঃ ফয়জুল মহী সাহেবকে হত্যা করে স্বাধীনতা লাভের দুই দিন পূর্বে।

১৯৬৪ সনে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সাথে এম,এ পাশ করেন। সঙ্গে সঙ্গে আমেরিকার কলরেডো ষ্টেট কলেজে অধ্যয়ন করার জন্য একটি বৃত্তি লাভ করেন। সাফল্যের সাথে ১৯৬৭ ও ৬৮ সনে সেখান থেকে যথাক্রমে এম,এ ও ডক্টর অব এডুকেশন ডিগ্রী লাভ করেন এবং দেশে ফিরে তখন ঢাকা বিশ্ববিদ্যালয় অধীনস্থ আই,ই,আর-এ ইণ্ডাষ্ট্রিয়েল আর্টস বিভাগে অধ্যাপনা শুরু করেন।

তিনি ন্যাশনাল এডুকেশন এসোসিয়েশন, আমেরিকান ইণ্ডাষ্ট্রিয়েল আর্টস এসোসিয়েশন, আমেরিকান ভোকেশনাল এসোসিয়েশন এবং আমেরিকান এসোসিয়েশন ফর হায়ার এডুকেশন এই চারটি সংস্থার প্রফেশনাল মেম্বার ছিলেন।

সেদিন ছিল ১৪ই ডিসেম্বর। বদর বাহিনীর ৬টি খুনী সকাল ৮-৩০ মিনিটে ৩৫/জি বিশ্ববিদ্যালয় কোয়ার্টারে আসে এবং মহী সাহেবকে ডাকে। ডাকার সঙ্গে সঙ্গে তিনি ঘরের দরজা খুলে বের হন এবং অতি বিনয়ের সাথে বলেন আপনারা বসুন। বসতে তারা রাজী না হয়ে তাকে সাথে করে নিয়ে যায় এক অজানা জায়গায় চোখ বাঁধা অবস্থায়।

বাংলাদেশের স্বাধীনতা দেখবার সাধ ছিল ডঃ মহীর। মুক্তি সংগ্রামে তিনি নানাভাবে সহায়তা করেছিলেন, কিন্তু স্বাধীনতা দেখে যেতে পারেননি। পেয়েছেন কেবল স্বাধীন সোনার বাংলার স্বাধীন মাটি। আজ স্বাধীন বাংলার মাটিকে জড়িয়ে ধরেই তিনি চিরকালের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদের পাশে ঘুমিয়ে আছেন।

মোঃ আমিনুল ইসলাম
পূর্বদেশ, ৬ই ফেব্রুয়ারী, ১৯৭২

এ, কে, এম, সিদ্দিক

যে সব বুদ্ধিজীবী একাত্তুরের ডিসেম্বরে শহীদ ও নিখোঁজ হয়েছেন জনাব এ, কে, এম, সিদ্দিক (হেনা মিয়া) তাঁদের অন্যতম। তিনি ছিলেন ঢাকার হাইকোর্ট ও জজকোর্টের একজন বিশিষ্ট আইনবিদ এবং প্রখ্যাত আইনজীবী ও রাজনীতিবিদ জনাব আব্দুল লতিফ বিশ্বাসের জ্যেষ্ঠ পুত্র। তিনি ছিলেন সত্য ও ন্যায়নীতির প্রতীক।

১৯৭১ সালের ২রা এপ্রিল কতিপয় অবাঙ্গালী তাঁর ওয়ারীস্থ বাসভবনের সামনে একজন বাঙ্গালী যুবককে ধারালো অস্ত্র দ্বারা হত্যার আয়োজন করলে জনাব সিদ্দিক তার প্রতিবাদ জানান এবং যুবকটিকে সেদিন অনিবার্য মৃত্যুর হাত থেকে রক্ষা করেন। এতে করে পাকবাহিনীর সহযোগিতায় সেই দালালেরা কিছুক্ষণের মধ্যেই তাঁর বাসভবন ঘেরাও করে ৭০/৮০ রাউণ্ড গুলি ছোঁড়ে। পরে বাড়ির ভেতরে প্রবেশ করে লুটতরাজ করে এবং বাড়ির ছোট থেকে শুরু করে সকলকে বন্দুকের নলের সামনে দাঁড় করায়। ভাগ্যক্রমে সে যাত্রা জনাব সিদ্দিক এবং তাঁর পরিবারের সদস্যরা রক্ষা পান।

এ ঘটনার পর থেকেই তাঁকে বাড়ি ছেড়ে চলে যেতে বলেন। কিন্তু উত্তরে তিনি বলেছিলেন, 'সমস্ত বাঙ্গালী যেখানে দুর্ভাগ্যের কবলে পতিত সেখানে আমি বৃথা আত্মরক্ষার চেষ্টা করবো কিভাবে?'

আত্মরক্ষা তিনি করেননি। নিয়তি তাঁকে টেনে নিয়ে গেছে। ডিসেম্বরের মাঝামাঝি সময়ে। আমরা সবাই যখন জল্লাদবাহিনীর আত্মসমর্পণের সংবাদ শোনার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছিলাম ঠিক এমনি সময়ে, ১৪ই ডিসেম্বরের সন্ধ্যায় তাঁর বাড়ির সামনে এসে দাঁড়ালো আল-বদরের একটি মাইক্রোবাস। যাবার সময় তিনি বললেন, 'এপ্রিলের দুই তারিখে যখন ফিরে এসেছি ইনশাআল্লাহ্ এবারও ফিরে আসবো।' জনাব সিদ্দিকের পরিবারবর্গ ও আত্মীয়স্বজন এখনো তাঁর ফিরে আসার পথের দিকে অধীর আগ্রহে চেয়ে আছেন।

সদালাপী, মিষ্টিভাষী ও পরোপকারী জনাব সিদ্দিকের বয়স হয়েছিল মাত্র ৪৬ বৎসর। তাঁর পৈতৃক নিবাস ঢাকা জেলার মানিকগঞ্জে।

নার্গিস মজিদ
শহীদ বুদ্ধিজীবী স্মরণে
বাংলা একাডেমী, ১৯৭৩

শিরোনাম	সূত্র	তারিখ
বেগম মুজিব কিভাবে কাটিয়েছেন মুক্তিযুদ্ধের দিনগুলি	দৈনিক বাংলা	৪ জানুয়ারী, ১৯৭২

বেগম মুজিবের বিষাদঘন
দিনগুলোর কয়েকটি কথা

নববর্ষের দিন সূর্যের আলোয় পথ চিনে এগিয়ে গেলাম, আঠার নং রোডের দুর্গসদৃশ সেই বাড়ীটার দিকে। বাইরের ঘরেই বসেছিলেন বেগম শেখ মুজিব। হাসিমুখেই আহবান জানালেন আমাকে। বাড়ীটার উল্লেখ করতেই হেসে বললেন- এটাতো তবুও একটা মাথা গুজবার ঠাঁই, কিন্তু ২৫শে মার্চের পর পুরো দেড় মাস তাও কোথাও পাইনি। আজ এখানে কাল সেখানে, এমনি করে সেই মাসে কম করে হলেও চৌদ্দ পনেরটা বাসা বদল করেছি।

হাসছিলেন বেগম মুজিব, কিন্তু দেখলাম হাসি মাঝে কেমন জানি অস্পষ্ট এক বিষণ্ণতার ছোঁয়ায় করুণ হয়ে উঠেছে তাঁর চোখের দৃষ্টি।

২৫শে মার্চের সেই ভয়াবহ রাত। অন্ধকার শোবার ঘরটাতে বিছানায় শুয়ে শেখ সাহেব শুনছিলেন বাইরে বোমায় বিধ্বস্ত ঢাকার আর্তনাদ। উত্তেজনায় এক এক সময় উঠে বসছিলেন তিনি।

ঠিক এমনি এক মুহূর্তে গুলির একটি টুকরো জানালা ভেদ করে ছোট ছেলে রাসেলের পায়ে আস্তে করে লাগে। অন্ধকারে হাতড়ে গুলিটা কুড়িয়ে নিয়েছিলেন শেখ সাহেব। আর সেই দুঃসহ রাতেই নরপিশাচরা তাকে বন্দী করে নিয়ে গিয়েছিল। বাড়ীতে তখন ছিলেন বেগম মুজিব, আর তার দু'ছেলে।

২৬শে মার্চ- সমস্ত দিন ছিল কারফিউ। গোলাগুলির শব্দ তখনও থামেনি। নিস্তব্ধ বাড়ীটা জুড়ে যেনো এক ভৌতিক বিভীষিকা মাথা খাড়া করে উঠেছে। সামনে ধানমণ্ডি বালিকা বিদ্যালয়ে তাক করে রাখা বড় বড় কামানের মুখগুলো আমার বাসার দিকে। ভয়ে জানালাগুলো পর্যন্ত বন্ধ করে দিতে পারিনি। দুপুরে কারফিউর মধ্যেই এ বাসা ও বাসা করে বড় ছেলে কামাল এসে পৌঁছালো।

রাত এলো। সেই আঁধার কাল রাত। ইয়াহিয়া খানের হিংস্রভাবে চিবিয়ে চিবিয়ে বলা বিবৃতি শুনেই নিজেদের অবস্থা বুঝতে পারলেন বেগম মুজিব। তাই কালবিলম্ব না করে ছোট ছেলে আর মেঝ ছেলেকে নিয়ে পাঁচিল টপকে প্রতিবেশী ডাক্তার সাহেবের বাড়ীতে আশ্রয় নিলেন। অন্যদিকে বড় ছেলে কামাল এবং মহিউদ্দীন সাহেব পালালেন অন্যদিকের পাঁচিল ডিঙ্গিয়ে। রাত ১১টা থেকেই তোপদাগার শব্দে কানে তালা লাগার জোগাড়। কতকটা চেতন কতকটা অচেতন অবস্থায় বেগম মুজিব ২৬শে মার্চের সেই ভয়াবহ রাতে শুনলেন তাঁর আদরের বাড়ীতে গোলাগুলির শব্দ। রাত ১১টা থেকে ভোর ৫টা পর্যন্ত। সে রাতে এভাবে না পালালে তাঁর এবং তাঁর সন্তানদের ভাগ্যে কি যে ঘটতো আজও তিনি তা ভাবতে পারেন না।

২৭শে তারিখ সকালে বাচ্চা দু'টো সাথে নিয়ে তিনি আবার পালালেন। পুরো দেড় মাস এ বাসা ও বাসা করেন। শেষে মগবাজারের এক বাসা থেকে পাক বাহিনী তাঁকে আঠারো নং রোডের এই বাসায় নিয়ে আসে।

১৮নং রোডে আসবার পূর্বকার মুহূর্তটি স্মরণ করে গম্ভীর হয়ে গেলেন বেগম মুজিব। বললেন- 'আমি তখন মগবাজারে একটা বাসায় থাকি। আমার বড় মেয়ে হাসিনা তখন অন্তঃসত্ত্বা। সে, জামাই, আমার দেওর, জা, মেয়ে রেহানা, পুত্র রাসেলসহ বেশ কয়েকজন একসাথে ছিলাম মগবাজারের বাসাটাতে। হঠাৎ একদিন

পাকবাহিনী ঘেরাও করে ফেললো বাসাটা। একজন অফিসার আমাকে জানালো যে আমাকে তাদের তত্ত্বাবধানে অন্যত্র যেতে হবে। জানি না কি হবে। ঠিক সেই মুহূর্তটাতে ভীষণ সাহসী হয়েছিলাম আমি। কড়াভাবেই সেই অফিসারকে বললাম, লিখিত কোন আদেশপত্র না দেখালো আমি এক পা-ও বাড়াব না। উত্তরে সে উদ্ধতভাবে জানালো যে ভালোভাবে তাদের সাথে না গেলে তারা অন্য পন্থা গ্রহণ করবে। তখন বাধ্য হয়ে আমি বললাম যে, আমার মগবাজার বাসায় যারা আছেন তাদের প্রত্যেককে আমার সাথে থাকতে দিতে হবে। আমার কথায় তারা নিজেরা কি যেনো আলোচনা করলো, পরে তারা রাজী হয়ে নিয়ে এলো আমাদেরকে ১৮ নং রোডের এই বাসাটাতে।

১৮ নং রোডে আসার প্রথম দিনের কথা বলতে গিয়ে আবার হেসে ফেললেন বেগম মুজিব। ময়লা আবর্জনা পূণ এই বাড়ীটাতে তখন বসবার মতো কোন আসবাবপত্র দূরে থাক, একটা মাদুর পর্যন্ত ছিল না। জানালার পাশ ঘেঁষা ৩/৪ ইঞ্চি প্রশস্ত একফালি জায়গায় ঘেঁষাঘেঁষি করে বসেছিলেন তিনি এবং পরিবারের সমস্ত সদস্যরা।

অন্তঃসত্ত্বা মেয়েকে এইভাবে কষ্ট করে বসে থাকতে দেখে সেদিন বুক ফেটে যাচ্ছিল তাঁর। মুখ ফুটে কিছু বলতে পারেননি, শুধু অসহায়ভাবে তাকাচ্ছিলেন চারিদিক। হয়তো অসহায়ের করুণ ডাক আল্লাহতায়ালা সেদিন শুনেছিলেন। প্রহরী পাক-বাহিনীর এক পাঠান অফিসার অনুভব করেছিল তাঁর অসহায় অবস্থাকে। সেই অফিসার একজন ঝাড়ুদার সংগ্রহ করে পরিস্কার করে দেয় ঘর দয়ার- সংগ্রহ করে দিয়েছিল কয়েকটি চেয়ার এবং একটি কম্বল।

বন্দী জীবনের নৃশংস পাক-পাহারাদার বাহিনীর মধ্যে এই অফিসারটিই ছিল কিছুটা ব্যতিক্রম।

ধানমণ্ডির এই বাড়ীটার মাঝে অনেক দুঃখ দৈন্যের স্মৃতি চিরদিনের মতো বেগম মুজিবের বুকে আঁকা হয়ে গেছে তবুও এই বাসাতেই তিনি তার প্রথম আদরের নাতীকে বুকে নিতে পেরেছিলেন- এ স্মৃতি তাঁর কাছে কম উজ্জল নয়।

-দৈনিক বাংলা

বেগম মুজিবের সঙ্গে বিশেষ সাক্ষাতকার

ডিসেম্বরের দুপুর। বঙ্গবন্ধুর ৩২ নং রোডের বাড়ীর দ্বিতলেন বসবার ঘরে বসে কথা বলছিলেন বেগম মুজিবের সাথে। গত বছরের বন্দী জীবনের দুর্বিষহ ও ভয়ঙ্কর মুহূর্তগুলোর কথা। বর্ণনা করছিলেন তিনি...

২৬শে মার্চের পরপরই বড় ছেলে কামাল চলে গেছে ওপারে। হাসিনার শরীর খারাপ। তবুও অসুস্থ শরীরে সেই ছিল আমার সবচেয়ে ভরসা।

মে মাসের ১২ তারিখ। ১৮ নং রোডের সেই একতলা করা গৃহে আমাদের নেয়া হয়। হানাদারদের পাহারাতে জীবন কাটাচ্ছিলাম আমি। বাসার যে সব প্রহরী ছিল, তাদের মধ্যে দু'জন সাদা পোষাকধারী সিভিল আর্মড ফোর্সের লোকও ছিল। এরা কার্যত আর্মির প্রহরীদের ঠিক রাখতো।

একদিনের ঘটনা। আমার শোবার ঘরে জামাল আর রেহানা ঝগড়া করছিল। বন্দী জীবন জামালের মত ছেলে সহ্য করতে পারছিল না। কেমন যেনো ক্ষিপ্ত হয়ে গিয়েছিল।

সেদিন তাই ওদের দু'ভাই বোনের ঝগড়াটা একটু বেশী রকমে শুরু হয়েছিল। ওদের ঝগড়ার মাঝেই হুট করে ঘরের মধ্যে সিভিল আর্মড ফোর্সের একজন অফিসার ঢুকলো। চোখ লাল করে হিংস্রভাবে সে জামালকে বললো, তুমি আজকাল বেশী বাড়াবাড়ী করছ। এভাবে গোলমাল করলে আমরা তোমাকে আর্মি ক্যাম্পে নিয়ে

যাব। পা দু'টো উল্টো করে বেঁধে তোমাকে চাবুক মারা হবে। জীবনে আর যাতে কারো মুখ দেখতে না পাও সে ব্যবস্থাও করা হবে। বেশ চিৎকার করেই অফিসারটি কথাগুলি বলেছিল। আমি প্রথমে পাথর হয়ে গিয়েছিলাম। কিন্তু পরক্ষণেই সামলে নিয়ে বেরিয়ে যেতে বললাম ঘর থেকে। একটা হিংস্র দৃষ্টি সে আমাদের ওপর নিক্ষেপ করে বেরিয়ে গেল ঘর থেকে।

অফিসারটি চলে যাবার পর বেগম মুজিব তার ভবিষ্যত কর্মপন্থা স্থির করে নিলেন। সে দিনই তিনি অফিসারটির জঘন্য আচরণের সমস্ত ঘটনা প্রেসিডেন্ট থেকে শুরু করে সমস্ত উপর মহলেই লিখে জানালেন।

কিন্তু এ ঘটনার পর থেকেই জামাল যেনো আরও অশান্ত হয়ে উঠলো। পালাবার জন্য সমস্ত সময় সে সুযোগ খুঁজতো। ২৭শে জুলাই মেডিক্যাল কলেজ হাসপাতালে হাসিনার সন্তান হলো। আমাদের জীবনে এলো প্রথম নাতী। অথচ তাঁকে দেখবার জন্য আমাদের কাউকেই অনুমতি দেয়া হল না। ঘরের মধ্যে অসহ্য যন্ত্রণায় ছটফট করেছিলাম সেদিন। কেঁদেছিলাম পাক করুণাময় আল্লাহতায়ালার দরগায়।

৫ই আগষ্ট জামাল পালিয়ে গেল বাসা থেকে। কয়েকদিন আগে থেকেই পালিয়ে যাবার জন্য সে চেষ্টা চালাচ্ছিল। আমাকে বলছিল আমি যদি পালাতে পারি তাহলে ৩/৪ ঘন্টা ওদেরকে কোন খবর দিও না। জামাল পালাবার পর বুঝতে পারলাম যে ও পালিয়েছে। মন আবার অশান্ত হলো। যদি ধরা পড়ে শেষ হয়ে যায়, আবার সান্ত্বনা পেলাম বাঁচলে এবার ও বাঁচার মতো বাঁচবে। বেলা দু'টায় খাবারের সময় ওর খোঁজ পড়লো। খোঁজ খোঁজ, চারিদকে খোঁজ। কিন্তু জামাল কোথায়? সন্তানের খোঁজে আমি তখন দিশেহারা হবার ভান করলাম।

সরাসরি চিঠি পাঠালাম ওপর মহলে। আমার ছেলেকে তোমরা ধরেছ। এবার ফিরিয়ে দাও। হানাদারদের তরফ থেকে কিছুই বলার ছিল না। কেননা আগেই আমি এ সম্পর্কে সজাগ হবার জন্য চিঠি লিখেছিলাম সর্বত্র। তদন্তের জন্য যে কর্নেলকে পাঠানো হয় সে মনে মনে শংকিত হলো। হয়তো সত্যিই ওদের বাহিনীর কেউ জামালকে গুম করেছে। আমাকে সান্ত্বনা দিয়ে কর্নেল ফিরে গেলেন। কিন্তু আমাদের ওপর কড়াকড়ির মাত্রা আরেক দফা বাড়লো।

আগষ্ট মাসের শেষের দিকে জামালের চিঠি পেলাম। এ সময় আমার শাশুড়ীর শরীর বেশী খারাপ থাকায় তাকে হাসপাতালে ভর্তি করা হলো। প্রতিদিন দু'ঘন্টার জন্য আমাকে হাসপাতালে যাবার অনুমতি দেয়া হলো। রোগী দেখার ভান করে ওপার থেকেও অনেকেই আসতো। ওদের মাথায় হাত রেখে হানাদার প্রহরীদের দেখিয়ে উপদেশ দিতাম ঠিকমতো ঘরে থেকে লেখাপড়া করার জন্য। এক ফাঁকে চিঠিটা হস্তগত করে নিজে সাথে করে নীচ পর্যন্ত পৌঁছে দিতাম ওদেরকে। ভীষণ ভয় লাগতো ওদের জন্য। কিন্তু আল্লাহকে ডাকা ছাড়া কিইবা আমি করতে পারতাম তখন।

ঠিক এভাবেই কেটে গেছে আমার দিন। সামান্য যা কিছু সঞ্চয় ছিল, তা দিয়েই চলতো আমার ছোট সংসার। দুঃখ-দৈন্য যন্ত্রণা দেহমনে সব কিছুই যেনো আটকে গিয়েছিল। প্রতি মুহূর্তে একটি সন্দেহ দিয়ে ঘেরা মৃত্যুর রাজত্বে ধুঁকে ধুঁকে দিন কাটতো আমাদের।

প্রিয়জনরা ছড়িয়ে আছে চারিদিকে। জানতাম না কেমন আছে ওরা। স্বামীর জন্য আর চিন্তা করতাম না। কেননা আল্লাহ ছাড়া তাঁকে বাঁচাবার সাধ্য যে আর কারো নেই।

একথা নিজের অভিজ্ঞতা থেকেই বুঝতে পেরেছিলাম। তবু মাঝে মাঝে শিরা উপশিরাগুলো অবশ হয়ে আসতো। কোথায় আমার বুকের সন্তানেরা আর এই কারাগৃহে আবদ্ধ আমাদের জীবনের স্থায়ীত্বই বা কোথায়?

নভেম্বরের শেষের দিকেই বুঝতে পেরেছিলাম ডিসেম্বরে কিছু একটা ঘটতে যাচ্ছে। আমার বন্দী জীবনে বাইরের সংবাদ আসার কোন উপায় ছিল না। কিন্তু ট্রানজিস্টার সেটটা ছিল। আমরা শুনেছিলাম ভারত

বাংলাদেশকে যেদিন স্বীকৃতি দেবে সেই দিনই বঙ্গবন্ধুকে হত্যা করা হবে। দিন তারিখের কলকাতার ঐতিহাসিক জনসভা শোনার জন্য তাই আমাদের প্রতীক্ষা ছিল একটা ভিন্নতর। ইন্দিরাজীর ভাষণ শেষ হলো। খুবই বিস্ময় লেগেছিল। কেন জানি ট্রানজিস্টারের সামনে থেকে নড়তে ইচ্ছা করছিল না। রাত বাড়ল আকাশ বাণীর সংবাদ শেষ হলো। হঠাৎ ঘোষণা করা হলো শীঘ্রই বিশেষ ঘোষণা প্রচার করা হবে। সমস্ত দিনের ক্লান্ত দেহমন। পরিবারের সকলেই ঘিরে বসলাম ট্রানজিস্টারের চারিদিক। কিন্তু কোথায় সে ঘোষণা। সময় কেটে যাচ্ছিল। একে একে বাচ্চারা ঘুমুতে চলে গেল। মাথার কাছে ট্রানজিস্টারটা খোলা রেখে প্রতীক্ষা করতে করতে কখন যেনো ঘুমিয়ে পড়েছি। ঘুম ভাঙ্গলো বিমানবিধ্বংসী কামানের কটকট শব্দে। বুঝলাম যুদ্ধ বেঁধে গেছে।

৬ই ডিসেম্বর ভারত স্বীকৃতি দিল স্বাধীন বাংলাদেশকে। সে এক অনন্য অনুভূতি। স্বাধীন বাংলাদেশের স্বীকৃতির সংবাদ এলোমেলো করে দিচ্ছিল আমার দেহ মনকে। বাচ্চারা কাঁদছিল ওদের আব্বার জন্য। আমি চেষ্টা করছিলাম ওদেরকে সান্ত্বনা দিতে, কিন্তু স্বাধীনতার স্বীকৃতি আর অতি প্রিয়জনের মৃত্যুর আশঙ্কা আমার আত্মাকে যেনো অসার করে তুলেছিল।

ডিসেম্বরের দিন গুলো প্রতিদিন যেনো নতুন নতুন বিভীষিকা হয়ে দাঁড়াতো। ১৭ তারিখ সকালে যখন পাক আর্মিকে সরিয়ে নেয়া হচ্ছিল তখন শেখ মুজিবের বাসা থেকে শুধু মাত্র সিভিল আর্মড অফিসার দুজনকে সরিয়ে নেয়া হয়। প্রধানতঃ আর্মিকে শৃঙ্খলায় রাখার জন্য সিভিল আর্মড অফিসার নিয়োগ করা হয়। এক্ষেত্রে সিভিল আর্মড অফিসার দু'জনকে ফিরিয়ে নেয়ার সাথে সাথে আর্মি প্রহরীরা উচ্ছৃঙ্খল হয়ে পড়েছিল। প্রথম দিকে ওরা আশা করেছিল যে, ওদেরও নিয়ে যাবার ব্যবস্থা নেয়া হবে। কিন্তু দুপুর পর্যন্ত যখন চারিদিক থেকে ''জয় বাংলা'' ধ্বনি ভেসে আসতে লাগল তখন ভীষণ রকম ক্ষেপে গেল ওরা।

আমাদের ঘরের মধ্যে কাপড় শুকোবার জন্য তার বাঁধা ছিল। রাতে তারটা ঝনঝন করে বেজে উঠতেই সবাই দাঁড়িয়ে পড়লাম। রক্তের মত লাল দু'টো চোখ। প্রহরী দলের অধিনায়ক সুবেদার রিয়াজ দাঁড়িয়ে ছিল বারান্দায়। কঠোর ভাবে সে বললো খোকাকে ডাকো। ঠাণ্ডা হয়ে বললাম খোকা ঘুমিয়ে পড়েছে। কোন কথা থাকলে আমাকে বলতে পার। আমার মুখের দিকে কঠোর ভাবে তাকিয়ে সে বলল সাবধানে থাকো।

মেজর তারা সিং এলেন বেলা ন'টার সময়। তারা সিং সাধারণ বেশে এসেছিলেন কিন্তু পেছনে তিনি একদল সৈন্যকে পজিশন নেয়া অবস্থাতে রেখে দিয়েছিলেন চারিদিকে। খালি হাতে শুধু ওয়ারলেস সেট সাথে নিয়ে তিনি গেটের সামনে দাঁড়িয়ে ওদেরকে বুঝাচ্ছিলেন। প্রথমে ওরা সারেনডার করতে চায়নি। শেষে দু'ঘন্টা সময় চেয়েছিল। গেটের সামনে থেকে ওদের কথা শুনে মেজর তারা সিং যেই পা বাড়ালেন অমনি ভেতর থেকে চিৎকার করে উঠলো বাচ্চারা আপনি যাবেন না মেজর। যাবেন না। সময় পেলেই ওরা আমাদেরকে মেরে ফেলবে। সত্যিই সময় পেলে ওরা আমাদেরকে মেরে ফেলতো। কিন্তু মেজর তারা সিং তাদের আর সে সময় দেননি। ঢুকে পড়েছিলেন গেটের মধ্যে।

পাশের বাঙ্কার থেকে কাঁপতে কাঁপতে হানাদাররা তখন বের হয়ে আসছে আত্মসমর্পণের জন্য।

দৈনিক বাংলা
১৫ ও ১৬ ডিসেম্বর, ১৯৭২

শিরোনাম	সূত্র	তারিখ
শহীদ শামসুল হক ও নূরুল হক	স্বাধীনতা স্মারকসংখ্যা বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বার্তা	১৯৭২

শহীদ শামসুল হক তালুকদার

জীবনের উজ্জ্বলতা নিয়ে কুমিল্লা জেলার ছোট সুন্দর গ্রাম থেকে এসেছিল সে এ বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করতে।

শামসুল হককে সকল ছেলেই 'শামসু ভাই' বলে ডাকত। তিনি ছিলেন বিশ্ববিদ্যালয়ের একজন বিশিষ্ট ছাত্রনেতা, ছাত্র সংসদের সাবেক সম্পাদক এবং ময়মনসিংহের ছাত্র নেতৃবৃন্দের অন্যতম।

বিশ্ববিদ্যালয় অঙ্গনে তাঁর নেতৃত্বে পরিচালিত হয় স্বাধীনতা আন্দোলন মার্চের প্রথম দিন থেকেই। প্রত্যক্ষ সংগ্রামের জন্য ২৫শে মার্চের (১৯৭১) পর শামসুল তাঁর নিজের গ্রাম ছোট সুন্দরে চলে যান। মুক্তিযুদ্ধে সহায়তার জন্য দিনরাত তিনি পরিশ্রম করে যুবকদের মুক্তিযুদ্ধে যোগদান করতে উদ্বুদ্ধ করেন এবং অনেক তরুণ ছেলেকে ভারতে পাঠাতে সাহায্য করেন।

প্রায় ৪ মাস তিনি এ ভাবে কাজ করে যাচ্ছিলেন। কিন্তু রাজাকার ও বর্বর পাকসেনাদের চোখ এড়িয়ে ভারতে যাওয়া যখন কঠিন হয়ে ওঠে তখন তিনি তার এক আত্মীয়ের সহযোগিতায় তথাকথিত শান্তি কমিটির কার্ড প্রত্যেক মুক্তিযোদ্ধার জন্য জোগাড় করতে সক্ষম হন এবং এভাবে পাক সামরিক এলাকার মধ্যে দিয়ে নিয়মিত তাঁর ভর্তি করা যুবকগণ ভারতে যেতে সক্ষম হতো। কিন্তু এক পর্যায়ে এ-বিষয়টি নিকটবর্তী স্থান হাজীগঞ্জের রাজাকার ও দালালগণ জানতে পারে। শামসুল হক নিজেও বিপদের কথা বুঝতে পেরে কুমিল্লা চলে যান।

অবস্থা যখন খুব অসুবিধাজনক হয়ে পড়ে তখন তিনি নিজেই ভারতে চলে যাওয়ার মনস্থ করেন এবং যাবার সময় মাকে দেখতে বাড়ী আসেন। সেদিন ছিল আগষ্ট মাসের ১০ তারিখ। মার কাছে বিদায় নিয়ে চলে যাবেন এমন সময় বাড়ীর চারদিক দুশমন রাজাকার ও শত্রুসৈন্য ঘিরে ফেলে। শামসু বের হতে পারেননি। তাঁকে দুশমনরা বাড়ীর সিঁড়ির আড়াল থেকে ধরে নিয়ে আসে। তাঁর মত আরও ১৬ জনকে অন্যান্য বাড়ী থেকে ধরে নিকটবর্তী বাজারে এনে প্রত্যেককে খুঁটির সঙ্গে হাত-পা বেঁধে একে একে গুলি করে হত্যা করে। ছোট সুন্দর গ্রামের মাটি রঞ্জিত হয় দেশ-প্রেমিকদের রক্তে।

দেশ গড়ার যে স্বপ্ন দেখেছিলেন শামসুল হক শত কোটি শামসুল হক তাঁর ও স্বপ্ন সফল করবার জন্য এগিয়ে আসবে। শহীদের মৃত্যু নেই, নেই মৃত্যু তাঁর আদর্শের।

শহীদ নূরুল হক

ছাত্রদের অতি প্রিয় একটি নাম নুরু। মে মাসের ২০ তারিখে (১৯৭১) বিশ্ববিদ্যালয়ে এসে ডঃ আমির হুসেন তালুকদারের সঙ্গে দেখা করেছিলেন তিনি। ডঃ তালুকদারের পরামর্শ নিয়ে চলে যান তিনি নিজ গ্রাম ছোট সুন্দরে। শহীদ শামসুল হক তালুকদারের সঙ্গে ছায়ার মত থেকে মুক্তিযোদ্ধাদের জন্য কাজ করে যাচ্ছিলেন নূরু।

জুন মাসে নূরু এসেছিলেন বিশ্ববিদ্যালয়ে ৩ জন মুক্তিযোদ্ধা (গেরিলা) নিয়ে। পাক সামরিক অবস্থান দেখে আবার চলে যান ছোট সুন্দর। জুলাই মাসের ২৪ তারিখে আবার তিনি আসেন গ্রেনেড ইত্যাদি নিয়ে ৩/৪ জন মুক্তিযোদ্ধাসহ। ছাত্রাবাসের বাবুর্চিখানায় অবস্থান করেন দুই রাত। বিশ্ববিদ্যালয় এলাকায় স্ত্রী, পুত্র, কন্যাসহ অবস্থানরত শিক্ষক ও কর্মচারীদের অবস্থার কথা চিন্তা করে তিনি বিশ্ববিদ্যালয়ে কোন ছোট আক্রমণ করা যুক্তিসঙ্গত হবে বলে মনে করেননি, তাই পরবর্তী বড় আক্রমণের সকল তথ্য যোগাড় করে আগষ্ট মাসের (১৯৭১) ২ তারিখে ছোট সুন্দর (কুমিল্লা) চলে যান। কিন্তু, তাঁদের সকল খবর পাকসেনা দালাল মারফত জানতে পারে। পাক হায়েনার দল আগষ্ট মাসের ১০ তারিখে তাঁকে এবং শামসুল হক তালুকদারসহ অনেক লোককে খুঁটির সঙ্গে বেঁধে ছোট সুন্দর বাজারে হত্যা করে।

শিরোনাম	সূত্র	তারিখ
শহীদ চার ভাই	সচিত্র স্বদেশ বিজয় দিবস সংখ্যা	১৮ ডিসেম্বর, ১৯৭২

শহীদ চার ভাই

মুক্তিযুদ্ধে শহীদ চার ভাইয়ের স্মৃতিচারণ করতে গিয়ে ক্যাপ্টেন মোজাম্মেল হোসেন বললেন, ''১৯৭১ সালের ২৫শে মার্চ। দেশ রক্ষার দায়িত্বে নিয়োজিত সশস্ত্র বাহিনী পরিণত হলো ঘাতক বাহিনীতে। ওরা পশুশক্তি নিয়ে ঝাঁপিয়ে পড়লো নিরস্ত্র জনগণের উপর। আমাদের তখন বাসা ছিলো মগবাজারের মধুবাগে। রাজারবাগের পুলিশ বাহিনীর উপর খান সেনাদের আক্রমণ শুরু হলো। আমরা ক'ভাই আমাদের এম এল, রাইফেল, দোনালা বন্দুক এবং হাতে বানানো গ্রেনেড নিয়ে এগুলাম। পজিশন নিলাম মালিবাগ মোড়ে। প্রথম কাউন্টার হতেই দেখলাম দ্রুত বেগে ট্রুপ ছুটে আসছে রাজারবাগ থেকে। পিছু হটে আসা পুলিশ সদস্যদের ফেলে যাওয়া কয়েকটা রাইফেল নিয়ে আমরা মগবাজারে ফিরে এলাম।

পরবর্তী দিনগুলো কাটলো অবর্ণনীয় ভীতির মধ্য দিয়ে। ঢাকা প্রায় জনশূন্য হয়ে আসছে। সবাই পালাচ্ছে। এমন এক সময় রেডিওতে মেজর জিয়ার ভাষণ শুনে ভরসা পেলাম। এদিকে পাবনা (আমাদের দেশের বাড়ী) থেকে খবর এলো, পাবনা তখনও মুক্ত। ২৬ পাঞ্জাব রেজিমেন্টের একটা কোম্পানী পাবনা অপারেশনে গিয়ে ব্যর্থ হয়েছে। সেখানে আমার দুই ভাই এমনকি বৃদ্ধ বাবাও যোগ দিয়েছেন প্রতিরোধ যুদ্ধে।

ঢাকায়ও প্রতিরোধ সংগ্রাম শুরু হয়েছে। মে মাসের প্রথম দিকে বিচ্ছিন্নভাবে হলেও বিস্ফোরণ এবং গুলী বিনিময় চলছে এখানে, ওখানে। ইতিমধ্যে বেশ কয়েকটি গ্রুপ ২ নং সেক্টর থেকে ঢাকায় এসে গেছে। এর মধ্যে জয়নালের গ্রুপের সঙ্গে বাড্ডায় গিয়ে দেখা হয়। এক বাড়ীতে অস্ত্রশস্ত্রের সন্ধান পেলামঃ ওদের কিছু অস্ত্র আমাদের বাসায় নিয়ে আশা হলো । এবং তখন থেকেই সক্রিয়ভাবে কাজ শুরু হলো। আমরা বেশ কয়েকটা অপারেশন চালিয়েছি। এগুলোর মধ্যে রয়েছে রামপুরা পাওয়ার স্টেশন এবং খিলগাঁও জেনারেটরে গ্রেনেড নিক্ষেপ প্রভৃতি। ইতিমধ্যে নিউমার্কেট, দিলকুশা ও জিপিও'র সামনে বেশ কয়েকটা বিস্ফোরণ ঘটে। আশ্বস্ত হলাম যে, যাক আমরা শুধু একা নই। অন্যত্রও চলছে প্রতিরোধের তৎপরতা। এদিকে আমাদের কথা ততদিনে জানাজানি হয়ে গেছে। খবর পেলাম যে-কোনদিন বাসা 'রেইড' হতে পারে। ঐ রাতেই আমরা বাড়ী ছেড়ে চলে গেলাম। স্ত্রী-পুত্র-কন্যাদের অন্যত্র রেখে এসে কুমিল্লা হয়ে সীমান্ত পেরোবার চেষ্টা করেও ব্যর্থ হলাম। খবর পেলাম পাবনার বাড়ীও লুট হয়ে গেছে। আবার ঢাকা হয়ে আরিচা-নগরবাড়ীর পথ ধরে পাবনা হয়ে সীমান্ত পেরোবার সিদ্ধান্ত নিলাম। নগরবাড়ী ঘাটে নামার সাথে সাথে খান সেনাদের হাতে ধরা পড়ে গেলাম। নিয়ে যাওয়া হলো স্থানীয় ক্যাম্পে। সেখানে কয়েকটা দিন কাটলো প্রতি মুহূর্তে মৃত্যুর আশংকায়। ক্যাম্পের অনেককেই পালাক্রমে ফায়ারিং স্কোয়াডে তোলা হলো। চতুর্থ দিনে আমাদের বধ্যভূমির দিকে নিতে এসেছে। আমাদের তোলা হলো একটা ট্রাকে। এ সময় আমাদের সব ধৈর্যের বাঁধ ভেঙ্গে গেলো। মরতে যখন হবেই তখন শেষ চেষ্টা করে দেখা যাক। সমস্ত শক্তি আর সাহস নিয়ে মুহূর্তের মধ্যে Revolt করে বসলাম। সিগারেট ধরাবার নাম করে এক সেন্ট্রির থুতনিতে মারলাম ঘুষি। চারদিনের ক্ষুৎপিপাসা ও মৃত্যুর ভয়ে জর্জরিত দেহে জানি না অত শক্তি সেদিন কোত্থেকে পেলাম। ততক্ষণে আমার অন্যান্য সহযাত্রীরা অন্যান্য সেন্ট্রি ও চালককে ঘায়েল করে ফেলেছে। হাইওয়ে ফেলে গ্রামের রাস্তা ধরে আমরা প্রাণ নিয়ে পালালাম।

ওপারে গিয়ে দেখলাম স্বাধীনতা যুদ্ধের আর এক চিত্র। দেখা করলাম যুদ্ধকালীন প্রধানমন্ত্রী মরহুম তাজউদ্দিন সাহেবের সাথে। তাঁকে আগে থেকে চিনতাম। গ্রুপ ক্যাপ্টেন এ, কে, খন্দকারের সাথে দেখা করে অকপটে জানালাম, ''এখানে আমার দম বন্ধ হয়ে আসছে। আমি একা সৈনিক। আমি যুদ্ধ করতে এসেছি আরাম

করতে আসিনি। আমাকে যুদ্ধে পাঠান। আমার ক্ষোভের কারণ বুঝতে পারলেন এবং ৭নং সেক্টরে সেক্টর কমাণ্ডার কর্নেল নুরুজ্জামানের অধীনে কাজ করার সব ব্যবস্থা করে দিলেন। মুক্তিযুদ্ধের অগ্নিঝরা দিনগুলো কেটেছে আমার ঐ ৭নং সেক্টরেই।

এদিকে মুক্তিযুদ্ধের অগ্নিঝরা দিনগুলো দ্রুত এগিয়ে চলছে। প্রতিদিন চলছে সংঘর্ষ। প্রতিদিনই কিছু না কিছু এলাকা মুক্ত হচ্ছে। এরকম সময় (অক্টোবরের ২০ কি ২২ তারিখে) ছোট ভাই মোস্তাকের চিঠি পেলাম-ওরা গ্রুপ নিয়ে দেরাদূনে ট্রেনিং এ যাচ্ছে। শিয়ালদা রেল স্টেশনে ওর সাথে দেখা। মুখে খোচা খোচা দাড়ি, বিধ্বস্ত শরীর। ওই ওর সাথে শেষ দেখা।

আর এক ভাই (রঞ্জু) তখন লড়াই করছে ২ নং সেক্টরে। মঞ্জু ঢাকা কেন্দ্রীয় কারাগারে (পরে সে সাধারণ ক্ষমার সুযোগে মুক্তি পায়।) মুকুল লড়াই করছে পাবনার রণাঙ্গনে। একদিন যুদ্ধের শেষ হলো। থেমে এলো রণদামামা। সব পথ তখন এসে মিলেছে ঢাকায়। ঢাকার পতন তখন দিন কয়েকের ব্যবধানে। আমি কিন্তু ৭নং সেক্টরের দায়িত্ব তখনো শেষ করতে পারিনি। দেশে ফেরার পথে পাবনায় ভাইদের মর্মান্তিক মৃত্যুর কথা শুনলাম। দেশ সম্পূর্ণ স্বাধীন হবার দিন কয়েক আগে রঞ্জুকে শেষ দেখা গেছে ঢাকার রূপগঞ্জে।

এদিকে ১০ই ডিসেম্বর অন্যান্য ভাইরা মগবাজারের বাসায় এসে পৌঁছেছে। তাদেরকে দেখতে এসেছে ভগ্নিপতি ইউসুফ। রাতে বাসা রেইড হলো। বাবা-মায়ের অনুরোধে ওরা ফায়ার এক্সচেঞ্জ করা থেকে বিরত থাকলো এবং আত্মসমর্পণ করলো খান সেনাদের কাছে। গাড়ীতে ওদের তোলার সময় সর্বকনিষ্ঠ ভাইটিকে (৭/৮ বছর যার বয়স) মাত্র ওরা ক্ষমা করে ছেড়ে দিলো। কোথায় নিয়ে যাওয়া হলো ওদের কেউ জানে না, কোথায় ওদের কবর তাও কেউ জানে না। বহু লাশ ঘেটে দেখেছি, ওদের চিহ্ন খুঁজে পাইনি কোথাও। পারিনি আমার সহোদরদের লাশ সনাক্ত করতে। দুঃখ শুধু এই যে ওরা আমৃত্যু লড়াই করেও প্রাণে বেঁচেছিলো। কিন্তু বিজয়ের সূর্য ওঠার পূর্বক্ষণে ওরা হানাদারদের হাতে শহীদ হয়েছে।

গণহত্যা ও নির্যাতনের বিবরণ

বিদেশী পত্র-পত্রিকা

THE TIMES

MARCH 30, 1971

'At Dacca University the Burning Bodies of Students Still Lay in Their Dormitory Beds… A Mass Grave Had Been Hastily Covered…'

From Michel Laurent

(An Associated Press photographer who evaded the Army in Dacca and toured the devastated areas.)

Dacca, March 29. In two days and nights of shelling by the Pakistani Army perhaps 7,000 Pakistanis died in Dacca alone.

The Army, which attacked without warning on Thursday night with American supplied M24 tanks, artillery and infantry, destroyed large parts of the city.

Its attack was aimed at the university, the populous Old City where Sheikh Mujibur, the Awami League leader, has his strongest following and the industrial areas on the outskirts of this city of 1,500,000 people.

Touring the still-burning areas of fighting on Saturday and Sunday it was obvious that the city had been taken without warning. At the university burning bodies of some, students still lay in their dormitory beds. The dormitories had been hit by direct tank fire.

A mass grave had been hastily covered at the Jagannath Hall and 200 students were reported killed in Iqbal hall. About 20 bodies were still lying in the grounds and the dormitories. Troops are reported to have fired bazookas into the medical college hospital, but the casualty toll was not known.

Despite claims by the central Government in West Pakistan that life is returning to normal in Dacca, thousands are fleeing the city with only the belongings they could carry. Some pushed carts loaded with food and clothes. Only a few persons have returned to Government jobs, despite the order of the military regime.

Resistance to the Army has been negligible. Pakistanis are obeying military orders to turn in weapons.

The Pakistan national flag is again flying from most Government buildings. It had been replaced in the past 10 days by the green red and yellow "Bangladesh" (Bengal Nation) flag of independence.

In the old City, large parts of which were destroyed, elderly men and women poked among the smouldering ruins of their homes.

Army lorries and armoured cars patrolled the almost deserted streets. Cars were pasted with Pakistan flags to avoid drawing fire from Army patrols.

Bodies still lay sprawled in the streets where they had been caught in the Army cross-fire. Shanty towns by the railway had been burnt down.

The people still appeared stunned by the shooting and deaths.

The Government went to extreme lengths to prevent a large contingent of foreign journalists from witnessing the Army's intervention and the subsequent violence.

Thirty-five foreign correspondents were detained in the Dacca Intercontinental Hotel and only this reporter and a British correspondent evaded the Army cordon and subsequent deportation of newsmen to Bombay. Later the Army at Dacca airport frisked me and seized film and notes on Dacca.

At Karachi, the police forced me to strip, my luggage was searched again, and film was seized.-A.P.

THE TIMES (LONDON)
APRIL 2, 1971

Political and Intellectual Leaders Being Wiped Out in War of Genocide
By Louis Heren

২৭শে মার্চ, সকাল সাড়ে সাতটায় আমি অফিসে গেলে দেখতে পাই যে, তিনটা ই-পি-আর ট্রাক অসংখ্য রাইফেল ও অস্ত্রশস্ত্র (অস্ত্রগুলোতে অনেক লাল রক্ত লাগানো দেখতে পাই) নিয়ে ক্যান্টনমেন্ট এলাকায় ঢুকছে। আমার অফিসের অনেক বাঙ্গালী সিপাই আমাকে জানায় যে, ই-পি-আর ক্যাম্প এবং রাজারবাগ পুলিশ ক্যাম্পে পাঞ্জাবীরা নিষ্ঠুরভাবে আক্রমণ করে এবং বহু ই-পি-আর ও পুলিশকে নির্মমভাবে হত্যা করেছে। এ সময় আমি আমার শহরের আত্মীয়স্বজনের কোন খবরা খবর না পেয়ে খুবই চিন্তায় পড়ি এবং আমি মেজর মনোয়ার হোসেনকে কঠোরভাবে জানাই যে, যে কোন প্রকারে হোক আমাকে অন্তত আধ ঘন্টার জন্য শহরে যেতে হবে। পরে মেজর মনোয়ার হোসেন আমাকে শহরে যাবার অনুমতি দেন। অনুমতি পাওয়ার পর আমি সকাল দশটার সময় মেজর এম, এম, দৌল্লাহ ইঞ্জিনিয়ারকে (জি-২ ইনটেলিজেন্স হেড কোয়ার্টার, ইস্টার্ন কমান্ড) সঙ্গে নিয়ে জীপে শহরে চলে যাই।

সেদিন সকাল দশটা থেকে বিকাল ৬টা পর্যন্ত কোনো কারফিউ ছিল না। আমরা যাবার পথেই দেখলাম অসংখ্য নরনারী শহর ছেড়ে বাইরে চলে যাচ্ছে। এয়ারপোর্ট এলাকা পার হবার পর আমরা স্বচক্ষে যা দেখলাম তা হলোঃ

ফার্মগেটের পরে আওলাদ হোসেন মার্কেটের সমস্ত কাঁচা ঘরবাড়ি এবং দোকানপাট (কমপক্ষে ৬০/৭০ টি) জ্বালিয়ে দিয়েছে।

ইস্কাটন রোডে আমার ভগ্নিপতি জনাব এস, আর, খান (সেকশন আফিসার, মিনিস্ট্রি অব ইনফরমেশন)-বাসায় যাই। সেখানে তাদের মুখে শুনতে পাই যে ঐ এলাকায় পাঞ্জাবীরা ২৫শে ও ২৬শে মার্চ রাস্তায় বাঙালী যাদেরকেই পেয়েছে তাদের সবাইকে জঘন্যভাবে হত্যা করে রাস্তার আশেপাশে মাটিতে চাপা দিয়েছে। ইস্কাটন রোড থেকে বের হয়ে যখন আমরা হোটেল ইন্টারকন্টিনেন্টালের কাছে পৌঁছলাম তখন ডানদিকে দি পিপল পত্রিকার অফিসে দাউ দাউ করে আগুন জ্বলছে এবং অসংখ্য মৃত লাশ পড়ে রয়েছে এবং অনেক লাশ আগুনে জ্বলছে। ঐ রাস্তা দিয়ে রাতে ট্যাংক চালানো হয়েছে। ট্যাংকের চেইন-এর ছক তখনো রাস্তায় ছিল।

সেখান থেকে আমরা হাতিরপুলে মেজর দৌল্লাহ সাহেবের বাসায় যাই। সেখানে মেজর দৌল্লাহ সাহেবের ছোট ভাই জনাব আসফউদ্দৌলাহ (বর্তমান জয়েন্ট সেক্রেটারী, ওয়ার্কস) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইকবাল হল, জগন্নাথ হল ও স্টাফ কোয়ার্টারে ঢুকে পাঞ্জাবীরা কিভাবে জঘন্যভাবে ছাত্র ও শিক্ষকদের হত্যা করেছে তার

বিবরণ দেন (২৫শে ও ২৬শে মার্চ জনাব আসফউদ্দৌলাহ ঢাকা বিশ্ববিদ্যালয় স্টাফ কোয়ার্টারে তার শ্বশুর ভূগোল বিভাগের অধ্যক্ষ ডঃ নফিজ আহমদের বাসায় ছিলেন)। জনাব আসফাউদ্দৌলাহকেও পাঞ্জাবীরা হত্যা করার চেষ্টা করে কিন্তু ডঃ নফিস তাঁকে রক্ষা করেন। হাতিরপুল এলাকায়ও আমরা কিছু কিছু বাড়িঘর ভস্মীভূত দেখি এবং কয়েকটি লাশ রাস্তায় দেখতে পাই।

হাতিরপুল থেকে আমরা ধানমন্ডি ১৪ নং সড়কে আমার মামা এডভোকেট জনাব আবু তাহের চৌধুরীর বাসায় যাই। মামার মুখে শুনতে পাই যে সেখানেও পাকিস্তানী বর্বর সেনাবহিনীর সৈন্যরা বহু লোককে গুলি করে হত্যা করেছে এবং নারী ধর্ষণ করে, কতিপয় মেয়েকে গাড়ীতে তুলে ক্যান্টনমেন্টে নিয়ে গেছে।

মামার কাছে থেকে বিদায় নিয়ে আমরা নিউ মার্কেট হয়ে ইকবাল হলে রওনা হই। নিউ মার্কেটে বাজার সম্পূর্ণ ভস্মীভূত অবস্থায় দেখি। আজিমপুর হয়ে যখন আমরা রেল ক্রসিং-এ পৌঁছি তখন সেখানে বেশ কিছু সংখ্যক লাশ দেখতে পাই। ইকবাল হলের গেটে ঢোকার পর মাঠের মধ্যে আমরা ১১ জনের মৃতদেহ একই লাইনে পড়ে রয়েছে দেখতে পাই। প্রত্যেকের চেহারাই ছাত্র বলে ধারণা হলো। হলের সমস্ত দরজা জানালার কাঁচ ভাঙ্গা অবস্থায় দেখি এবং দেয়ালে ট্যাংকের গোলা দাগ ও গর্ত দেখা যাচ্ছিল। হলের মধ্যে ঢুকে কয়েকটি কক্ষে তাজা লাশ পড়ে থাকতে দেখি।

এ সময় বহু লোক হলের ভেতর ঢুকে মৃত লাশগুলি দেখছিল। হল থেকে বের হবার সময় মাঠের মধ্যে কয়েকটি বিরাট গর্ত দেখতে পাই। জনসাধারণের মুখে শুনতে পাই যে, বহু ছাত্রকে হত্যা করে ঐ সমস্ত গর্তে কবর দেয়া হয়েছে। ইকবাল হল থেকে বের হয়ে রাস্তা দিয়ে যাবার সময় এস এম হলের দেয়ালেও ট্যাংকের অনেক গোলার দাগ দেখতে পাই। এরপর আমরা জগন্নাথ হলের ভিতরে প্রবেশ করি। সেখানেও ইকবাল হলের মত একইভাবে মৃত লাশ ও গর্ত করা কবর দেখতে পাই। সেখানে কয়েকজন ছাত্র ও লোকের মুখে ডঃ জি সি দেবসহ শিক্ষক, ছাত্র ও রোকেয়া হলে নারী ধর্ষণের করুণ কাহিনী শুনতে পাই।

জগন্নাথ হল থেকে বের হয়ে রোকেয়া হলের পাশ দিয়ে রেসকোর্স অতিক্রম করার সময় রেসকোর্সের মাঝেখানে অবস্থিত হিন্দু মন্দিরটি সম্পর্ণ ধ্বংস অবস্থায় দেখি। হিন্দু মন্দিরে যে সমস্ত হিন্দু নরনারী ছিল তাদেরকে হত্যা করা হয় এবং তাদের কয়েকটি মৃতদেহ আমরা রাস্তা থেকেই দেখতে পাই।

রেসকোর্স থেকে হাইকোর্ট হয়ে গুলিস্তান এলাকায় যাই। গুলিস্তান থেকে নওয়াবপুর রোডে অনেক বাড়িঘরে আগুন জ্বলতে দেখি। আমরা গভর্নর হাউস (বর্তমান বঙ্গভবন) দিয়ে দৌল্লাহ সাহেবের এক ভাইয়ের বাসায় (উয়ারী) যাই। সেখানেও তার নিকট পাক হানাদার বাহিনী কর্তৃক নিরীহ জনসাধারণের উপর অত্যাচার ও গণহত্যার কাহিনী শুনি। সেখান থেকে ইত্তেফাক অফিসে আগুন জ্বলতে দেখি। তারপর আমরা পুরানা পল্টনে আওয়ামী লীগ অফিসের সম্মুখে অফিসের সমস্ত কগজপত্র রাস্তায় পড়ে থাকতে দেখি এবং কিছু কিছু কাগজ বা অন্য কিছু পোড়া দেখতে পাই। আওয়ামী লীগ অফিস থেকে মতিঝিল হয়ে আমরা রাজারবাগ পুলিশ ক্যাম্পের সম্মুখে যাই। তখন প্রায় বিকেল তিনটা বাজে। সেখানে ইঞ্জিনিয়ার্স-এর মেজর এনামের মুখে আমরা রাজারবাগ পুলিশ ক্যাম্পের যে বিস্তারিত ঘটনা জানতে পারি তা হলোঃ

২৫শে মার্চ রাত বারোটার সময় বর্বর পাক হানাদার বাহিনীর সৈন্যরা পুরা যুদ্ধের অস্ত্রশস্ত্র নিয়ে রাজারবাগ পুলিশ ক্যাম্পের চতুর্দিক থেকে অতর্কিত হামলা করে এবং গুলি চালায়। পুলিশরাও বীরত্বের সাথে নিজেদের আত্মরক্ষার্থে পাল্টা গুলি চালায়। এভাবে সারা রাত উভয় পক্ষ যুদ্ধ চালায়। এবং যুদ্ধে যখন পাক বাহিনী কোনক্রমেই পুলিশ দলের সঙ্গে জয়লাভ করতে পারছিল না তখন ভোর চারটার সময় পাক হানাদার বাহিনী ট্যাংক নিয়ে আক্রমণ চালায়। ট্যাংকের আক্রমণও বীর পুলিশ ভাইয়েরা প্রতিহত করে। ২৫শে মার্চ সারারাত ২৬শে মার্চ বিকাল ৪টা পর্যন্ত এক নাগাড়ে পাক হানাদার বাহিনীর সঙ্গে পুলিশ ভাইয়েরা প্রচন্ড যুদ্ধ করে।

বিকাল চারটার পর পুলিশ বাহিনীর গোলাবারুদ প্রায় শেষ হয়ে যায় এবং প্রায় সাতশ পুলিশ ভাই শহীদ হন। প্রায় সাড়ে তিনশ আত্মসমর্পণ করেন। বাকী সবাই পালিয়ে যেতে সক্ষম হন। যে সমস্ত পুলিশ ভাই শহীদ হন তাদের লাশ পাঞ্জাবীরা পুলিশ ক্যাম্পের মাঠে একটা বিরাট গর্ত করে কবর দেয়। মেজর এনামের মুখে বিস্তারিত খবর নিয়ে আমরা পিলখানা ইপিআর ক্যাম্পে যাই। সেখানে পাক হানাদার বাহিনী পিলখানার চতুর্দিকে ব্যারিকেড সৃষ্টি করে রাখায় আমরা কিছুই দেখতে পারিনি। সেখান থেকে আমরা বিকাল চারটার সময় ক্যান্টনমেন্টে ফিরে আসি।

ক্যান্টনমেন্টে পৌঁছে আমি গোছল করি। বিকাল ৫টার সময় আমার নায়েক সুবেদার ফজলুল করিম আমাকে জানায় যে, সেক্রেটারিয়েট অফিসের কয়েকজন পদস্থ কর্মচারী ৩টা বাসে পরিবারসহ ময়মনসিংহ সড়ক দিয়ে ময়মনসিংহ যাবার সময় (তাদের অধিকাংশই ময়মনসিংহ ও টাঙ্গাইলের অধিবাসী) পাঞ্জাবী ১৩-এফ-এ রেজিমেন্টে সৈন্যরা কুর্মিটোলা রেল স্টেশনের সম্মুখে যেখানে আর্মি ব্যারিকেড সৃষ্টি করেছিল সেখানে উক্ত ৩টা বাস থামিয়ে বিবাহিত ও অবিবাহিত যুবতী মেয়েদেরকে এক জায়গায় দাঁড় করিয়ে রাখে এবং যুবক ও বয়স্ক স্ত্রী-পুরুষদের মারধর করে তাদের বাস ছেড়ে দেয়। পরে যুবতী মেয়েদেরকে ক্যান্টমেন্টে ১৯-সিগনাল ব্যাটালিয়নে নিয়ে যায়। এবং পরস্পর শোনা যায় যে সেখানে মেয়েদেরকে ধর্ষণ ও অত্যাচার করছিল। এ খবর পাবার পর আমি লেঃ কর্নেল তাজ মোহাম্মদকে জানাতে যাই। লেঃ কর্নেল তাজকে না পেয়ে লেঃ কর্নেল সিনওয়ারীর (জিএসও-১ ইনটেলিজেন্স, জেড কোয়র্টার, ইস্টার্ন কমান্ড) নিকট যাই। তাকে না পেয়ে ১৪ ডিভিশন হেড কোয়ার্টার অফিসার মেসে যাই। সেখান থেকে টেলিফোনে মেজর হাজী মোঃ কেয়ানীকে (জি-২ ইনটেলিজেন্স ১৪ ডিভিশন) নারী ধর্ষণ ও অত্যাচারের কথা জানাই। আমার কথা শুনে মেজর হাজী কেয়ানী সাহেব অত্যন্ত দুঃখ প্রকাশ করে বলেন যে তার করার কিছু নেই। কেননা ইতিপূর্বেও তিনি অনুরূপ কয়েকটি ঘটনার কথা শুনেছেন। তিনি বলেন, এ সমস্ত জঘন্য কার্যকলাপের জন্য কয়েকজন অফিসারই দায়ী। এবং বর্তমানে পরিস্থিতি এমন এক পর্যায়ে গিয়েছে যা তাঁর পক্ষে বা অন্য কোনো অফিসারের পক্ষেও আয়ত্তে নেওয়া সম্ভব নয়। কেননা কতিপয় অফিসারের দোষেই সৈন্যরা বেশী প্রশ্রয় পেয়েছে। তিনি আমার কঠোর মনোভাব বুঝতে পেরে আমার নিকট তাঁর অক্ষমতা প্রকাশ করে ক্ষমা চান এবং আরও বলেন যে, আমি যেন লজ্জাজনক কথা বলে তাঁকে গুনাহগার না করি। মেজর হাজী মোঃ কেয়ানী সাহেবের সঙ্গে টেলিফোনে কথা শেষ করে আমার মেসে ফেরার পথে শহীদ আনোয়ার বালিকা বিদ্যালয় প্রাঙ্গণের এক ব্যাটালিয়ন কমান্ডোর উপস্থিতিতে লেঃ জেঃ টিক্কা খানের ভাষণ শুনতে পাই। তখন বিকাল সাড়ে ছটা। সন্ধ্যা সাড়ে সাতটার সময় আমার নায়েক সুবেদার ফজলুল করিম দুজন পাঞ্জাবীসহ জীপে আমার মেসে আসে। ফজলুল করিম আমাকে জানায় যে পরিস্থিতি খুবই ভয়াবহ। তাকে নির্দেশ দিয়েছে সার্ভে অব পাকিস্তান-এ (বর্তমান সার্ভে অব বাংলাদেশ) গিয়ে চট্টগ্রামের মানচিত্র আনতে। আমি তাক চুপে চুপে বললাম আমার ইউনিটে যে সমস্ত বাঙালী রয়েছে তাদের সবাইকে পালিয়ে যেতে। এবং ফজলুল করিম আমাকে জানাল যে তার সাথে দুইজন পাঞ্জাবী রয়েছে কাজেই সে কি করে পালাবে! আমি তাকে মানচিত্র নিয়ে আসার পর সুযোগ মত দেখা করতে বললাম। ফজলুল করিম চলে যাবার পর আমি চিন্তা করতে লাগলাম যে হঠাৎ এক ব্যাটালিয়ন কমান্ডোর একত্রে উপস্থিত হওয়ার কারণ কি থাকতে পারে এবং শেষ পর্যন্ত এই ধারনা হলো যে, তাদেরকে হয়তো বা কোথাও পাঠানো হচ্ছে এবং সেভাবে প্রস্তুতি নিচ্ছে। তারপর চট্টগ্রামের মানচিত্র সংগ্রহের কথা শুনে পুরোপুরি বিশ্বাস হলো যে, চট্টগ্রামের যুদ্ধে পাকিস্তানী সৈন্যরা বোধহয় আমাদের বাঙ্গালীদের নিকট পরাজিত হয়েছে এবং সে জন্যই মানচিত্রের সাহায্যে রাতে প্যারাসুটে তাদেরকে চট্টগ্রাম পৌঁছাবে। ইতিপূর্বে সন্ধ্যা সাতটার সময় ক্যাপ্টেন এনামের কক্ষে রেডিওতে আমরা চট্টগ্রাম বেতার কেন্দ্রে মেজর জিয়াউর রহমান (বর্তমান ব্রিগেডিয়ার)-এর ভাষণ শুনতে পাই। বেতারে মেজর জিয়াউর রহমান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর পক্ষ থেকে বাংলার স্বাধীনতা ঘোষণা করেন এবং সমস্ত বাঙ্গালী সেনাবাহিনীর সদস্য, ইপিআর, বিমান বাহিনী, পুলিশ বাহিনী ও জনসাধারণকে পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করে তাদেরকে চিরতরে এদেশ থেকে নির্মূল ও খতম করার আহবান জানান। এবং তিনি নিজেকে মুক্তিযুদ্ধের সিইনসি ঘোষণা করেন। এ খবর শোনার পর আমরা কয়েকজন অত্যন্ত আনন্দিত হই এবং অনেক

মনোবল ফিরে পাই। আমরা বুঝতে পারলাম যে চট্টগ্রামে পাক বাহিনী পরাজিত হয়েছে এবং আমাদের পুরোপুরি দখলে রয়েছে। এর পর থেকে আমি কিভাবে যুদ্ধে অংশগ্রহণ করব এবং কিভাবে ক্যান্টমেন্ট থেকে বের হয়ে গিয়ে যুদ্ধ করব সে চিন্তাই করতে লাগলাম। রাত ৯টার সময় ক্যাপ্টেন এনামের মারফত একটি ভীতিজনক খবর শুনতে পাই। সেটা হচ্ছে : ৭ই ডিসেম্বর '৭০ আমি এবং ফ্লাইট লেফটেন্যান্ট মুস্তাফিজ আমাদের মেসে পাঞ্জাবী অফিসারদের উপস্থিতিতে টেলিভিশনে দেশের সাধারণ নির্বাচনের ফলাফল দেখছিলাম। আওয়ামী লীগের পক্ষে সন্তোষজনক ফলাফলে পাঞ্জাবী অফিসাররা সকলেই কক্ষ থেকে কেটে পড়তে থাকে। ক্রমে ক্রমে সবাই কক্ষ ত্যাগ করলেও আমি এবং মুস্তাফিজ শুধু কক্ষে থাকি। রাত বারোটার সময় নায়েক পয়া খান (পাঠান) আমাদেরকে জানায় যে, মেস কমিটির সভাপতি মেজর রানার (পাঞ্জাবী) নির্দেশমত রাত বারোটার পর টেলিভিশন অনুষ্ঠান দেখা বন্ধ করতে হবে। আমরা তাকে বুঝিয়ে বললাম যে, সারা দেশের লোক টেলিভিশন দেখছে এমন কি প্রেসিডেন্ট স্বয়ং টেলিভিশনে নির্বাচনের খবরা খবর নিচ্ছেন সেখানে আমরা রাত বারোটার পর খবর শুনলে তেমন কোনো অসুবিধা হবে না। তাকে আরও বললাম যে, তার যদি কোনো অসুবিধা হয় তবে আমরা অন্য বেয়ারা রেখে তাকে তার কর্তব্যের অতিরিক্ত পয়সা দিয়ে দেব। কিন্তু আমাদের কথায় কর্ণপাত না করে উক্ত নায়েক পয়া খান নিজেই টেলিভিশন বন্ধ করে দেয়। কিন্তু পরক্ষণই লেফটেন্যান্ট মুস্তাফিজ টেলিভিশন অন করে। নায়েক পয়া খান দ্বিতীয়বার টেলিভিশন বন্ধ করলে লেফটেন্যান্ট মুস্তাফিজ পুনরায় অন করে। কিন্তু পয়া খান আমাদের তোয়াক্কা না করে তৃতীয়বারও টেলিভিশন বন্ধ করে। এবারেও মুস্তাফিজ টেলিভিশন অন করতে উদ্যত হলে পয়া খান মুস্তাফিজের হাত ধরে ফেলে। তখন আমি রাগান্বিত হয়ে পয়া খানের জামার কলার চেপে ধরে উত্তম-মাধ্যম দিয়ে কক্ষ থেকে বের করে দিলে সে দৌড়ে গিয়ে একটা ছোড়া নিয়ে এসে আমাদের গালাগালি করতে থাকে যে 'শালা বাঙ্গাল লোককো খতম করেঙ্গে।' এ সময় সেন্ট্রি দৌড়ে এসে তাকে ধরে সরিয়ে নিয়ে যায়। পরদিন আমি আমার অফিসার কমান্ডিং মেজর মনোয়ার হোসেনকে লিখিতভাবে এবং মেজর রানাকে মৌখিকভাবে জানাই। পরে ঘটনার তদন্ত চলে। লেঃ কঃ শরিফের সভাপতিত্বে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটির বিস্তারিত বিবৃতিতে আমাকে এবং মুস্তাফিজকেই দোষী করা হয় এবং আমাদের বিরুদ্ধে কোর্ট মার্শাল হওয়ার কথা প্রাকাশ করে।

দ্বিতীয়ত, দেশের পরিস্থিতির অবনতি ঘটলে আমাদেরকে হত্যা করার হুমকি দেখায়। মেজর রানা ক্যাপ্টেন এনামকে আরও বলেছিলেন যে, যেহেতু আমার আত্মীয়স্বজনের অনেকে এমএনএ ও এমপিএ এবং অনেকেই আওয়ামী লীগ সমর্থক সেহেতু আমি এবং মুস্তাফিজ দুজনই আওয়ামী লীগের সমর্থক সুতরাং আমাদের দুজনকে দৃষ্টান্তমূলক শাস্তি ভোগ করতে হবে। রাত ৯টার সময় (২৭শে মার্চ ১৯৭১) ক্যাপ্টেন এনামের মুখে উপরোক্ত কথা শুনে আমি খুবই ঘাবড়ে যাই। কিছুক্ষণ পর আমি ক্যান্টমেন্ট থেকে পালানোর সিদ্ধান্ত নেই এবং ক্যাপ্টেন এনামকেও আমার সঙ্গে পালানোর ইঙ্গিত দেই। কিন্তু সে নেতিবাচক জবাব দেয় এবং আমার কক্ষ থেকে তার নিজ কক্ষে চলে যায়। আমি চুপ করে মুস্তাফিজের কক্ষে গিয়ে তাকে আমার সঙ্গে পালানোর কথা বলি। সে পালানোর কোনো সিদ্ধান্ত রাতে নিতে পারলো না।

ঢাকা সেনানিবাসের অভ্যন্তরের কিছু কথা

সাক্ষাৎকারঃ এয়ার কমোডোর এম, কে, বাশার

২৫শে মার্চ বিকেল চারটার সময় বিশেষ বোয়িং তাঁর নিজস্ব নিরাপত্তা প্রহরী নিয়ে বিমান বন্দরে অবতরণ করে। বিমান বাহিনীর দুইজন অফিসার (তন্মধ্যে একজন আমিও ছিলাম) এবং একজন টেকনিশিয়ানকে বোয়িংটির কাছে যেতে দেয়া হয়। সন্ধ্যা সাড়ে সাতটায় সেনানিবাস থেকে টেলিফোনে নির্দেশ দেয়া হয় বোয়িং স্টার্ট করার জন্য। রাত আটটায় একটা প্রাইভেট গাড়ীতে করে প্রেসিডেন্ট ইয়াহিয়া খান (এ গাড়ির ড্রাইভার ছিল একজন কর্ণেল) ঢাকা সেনানিবাস থেকে সোজা বোয়িং-এ উঠে যান এবং সঙ্গে সঙ্গে বিমান চলে যায়। ঐ

বিমানে প্রেসিডেন্ট একা যান। প্রেসিডেন্টের এভাবে চলে যাওয়াতে আমার ধারনা হল যে, হয়তো জেনারেল হামিদ খান ক্ষমতা দখল করেছেন এবং ইয়াহিয়া খানকে বোয়িং-এ করে পশ্চিম পাকিস্তানে পাঠিয়ে দিয়েছেন। এখানে উল্লেখযোগ্য যে জেনারেল হামিদ তখন ঢাকায় ছিলেন।

২৫শে মার্চ রাতে আমি বনানীতে আমার বাসায় ছিলাম। রাত বারটার পরে ভীষণ গোলাগুলির আওয়াজ শুনতে পেলাম। ভোর রাত থেকে জনসাধারণ বনানীর ঐ পথ দিয়ে গ্রামের দিকে পালাচ্ছে।

২৭শে মার্চ আমি অফিসে আসি। সেই সময়কার বেস কমান্ডার ছিলেন এয়ার কমোডোর জাফর মাসুদ, যিনি মিঠঠি মাসুদ হিসাবে বিমান বাহিনীতে পরিচিত ছিলেন। আমরা বাঙ্গালী অফিসাররা তাঁর সাথে দেখা করলাম এবং দেশের এই পরিস্থিতিতে আমাদের নিরাপত্তার ব্যাপারে তাঁর সাথে আলাপ করলাম। তিনি বললেন, নো ওয়ান উইল টাচ মাই মেন অর অফিসারস বিফোর দে কিল মি'। আমরা তাঁকে অনুরোধ করলাম তিনি যেন সবাইকে ডেকে সান্তনা দেন। এর মধ্যে ২৯শে মার্চ সেনাবাহিনী বিমান বাহিনীর কাছে বিমান সাহায্য চেয়ে পাঠায়। তিনি সে সাহায্য দিতে অস্বীকার করেন।

৩০শে মার্চ তিনি বেসের সাবাইকে ডেকে ভাষণ দেন। তিনি বললেন, "তোমরা সবাই জান যে সেনাবাহিনী তৎপরতা চালাচ্ছে। আমি বিমান সাহায্য দিতে অস্বীকার করেছি। কিন্তু আমি কতদিন এটা ঠেকিয়ে রাখতে পারব বলতে পারছি না। সমস্ত বাঙ্গালী পাইলটকে এসব মিশনে যাওয়া থেকে অব্যাহতি দিচ্ছি এবং যে সমস্ত বাঙ্গালী টেকনিশিয়ানরা এ সমস্ত বিমানে কাজ করতে চায় না তারা অনির্দিষ্ট কালের জন্য ছুটিতে যেতে পারে।''

এপ্রিল মাসের ৩/৪ তারিখে প্রথম বিমান হামলা চালানো হয় পাবনার আশেপাশে। এয়ার কমোডোরের নির্দেশ ছিল যদি কোথাও লোক জমায়েত দেখা যায় প্রথমে যেন ওয়ার্নিং শট করা হয় যাতে করে জনতা ছত্রভঙ্গ হয়ে যায়। অপরদিকে সেনাবাহিনীর নির্দেশ ছিল ম্যাসাকার করার জন্য। এ জন্য এয়ার কমোডোর জাফর মাসুদকে বদলি করে পশ্চিম পাকিস্তানে পাঠিয়ে দেওয়া হয় এবং পরে চাকরি থেকে বরখাস্ত করা হয়।

এর মধ্যে সমস্ত বঙ্গালী অফিসারকে পশ্চিম পাকিস্তানে বদলি করা হয়। আমরা ছুটি নিলাম। আমরা কারো সাথে যোগাযোগ করতে পারছিলাম না। জিয়াউর রহমানের ভাষণ আমরা শুনেছিলাম। লোকমুখে শুনলাম যে, ময়মনসিংহ এলাকায় প্রতিরোধ চলছে। তখন ফ্লাইট লেফটেন্যান্ট মির্জাকে খবর আনার জন্য পাঠানো হয়। সেও ঠিকমত কারো সাথে যোগাযোগ করতে পারেনি-তবে একটা থমথমে পরিবেশ সে লক্ষ্য করেছিল। ফ্লাইট লেফটেন্যান্ট কাদেরকে আগরতলাতে পাঠানো হয়। সে ভারতে গিয়েছিল এবং খালেদ মোশারফের বাহিনীর সাথে যোগাযোগ করতে সক্ষম হয়েছিল। যখন সে ফিরে কুমিল্লা আসে তখন পাক বাহিনীর হাতে ধরা পড়ে। পরে তাকে ছেড়ে দেওয়া হয়।

১২ই মে আমরা ঢাকা ত্যাগ করলাম। নরসিংদী হয়ে লঞ্চে রওনা হলাম। লঞ্চ থেকে আমরা দেখলাম যে পাকবাহিনী একটা গ্রাম জ্বালিয়ে দিয়েছে। পথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রের সাথে আমাদের দেখা হয়। সে তার গ্রামের বাড়িতে আমাদের আশ্রয় দিয়েছিল।

ঢাকা সেনানিবাসের অভ্যন্তরের আরও কিছু কথা

সাক্ষাতকারঃ আবদুল করিম খন্দকার
ডেপুটি চীফ অফ স্টাফ বাংলাদেশ ফোর্সেস
(জুন ৭১- ডিসেম্বর ৭১)

২৩শে মার্চ ১৯৭১-এ পাকিস্তান দিবস উপলক্ষে ঢাকাতে এক আন্তঃসার্ভিসেস কুচকাওয়াজের আয়োজন করার কথা হয়েছিল। আমাকে সেনাবাহিনী, বিমান বাহিনী ও নৌ বাহিনীর ঐ প্যারেডের প্যারেড কমান্ডার-এর

দায়িত্ব দেওয়া হয়। জাকজমকের সঙ্গে এই প্যারেড অনুষ্ঠানের কথা ছিল। ফেব্রুয়ারী মাসের ২৬ তারিখে হঠাৎ খবর পেলাম যে প্যারেড বাতিল করা হয়েছে। আমি একটু আশ্চর্য হলাম। আমি আর্মি ডিভ হেডকোয়াটারে এসে কর্ণেল গীলের সাথে দেখা করলাম। সেখানে আরও কয়েকজন উচ্চ পদস্ত অফিসার ছিলেন, সবাইকে কেমন যেন এক অস্বস্তিকর আবস্থায় দেখলাম।

২৮শে ফেব্রুয়ারী পশ্চিম পাকিস্তান থেকে একটা বোয়িং ঢাকা বিমান বন্দরে অবতরন করে। সেটাতে বেসামরিক পোশাকে সেনাবাহিনীর লোকজন ছিল।

১লা মার্চ জাতীয় পরিষদের বৈঠক স্থগিত ঘোষণা করা হয়। তখন থেকে প্রত্যেক দিন পশ্চিম পাকিস্তান থেকে সেনাবাহিনীর লোকজন আসতে থাকে এবং প্রত্যহ এর সংখ্যা বাড়তে থাকে।

ঢাকা বিমান বন্দরে যেদিন থেকে বাঙ্গালী কর্মচারীরা কাজে যোগ দিতে বিরত থাকে সেদিন থেকে পাক সেনাবাহিনী বিমানবন্দরের নিয়ন্ত্রন নিজেদের কাছে রাখে এবং বিমানবন্দরে পজিশন নিয়ে থাকে।

৭ই মার্চ বঙ্গবন্ধুর ভাষণ দেওয়ার কথা শুনে পশ্চিম পাকিস্তানি সৈন্যরা এক উদ্দ্বেগজনক অবস্থায় ছিল-তিনি কি বলবেন, কি করবেন। মিটিংয়ের পরে কোন গন্ডগোল সৃষ্টি না হওয়ায় তারা একটু আশ্বস্ত হয়। সেদিন সমস্ত সেনাবহিনীর লোকজনকে জরুরী অবস্থা মোকবেলার জন্য সজাগ বা সতর্ক রাখা হয়েছিল। অসহযোগ আন্দোলন শুরু হবার পর তারা তাদের সৈন্য সংখ্যা বৃদ্ধি করতে লাগলো এবং বিমানবন্দর ও সেনানিবাসের চারদিকে এনট্রেন্সড পজিশন নিতে শুরু করে। এবং বাঙ্গালী ও পশ্চিম পাকিস্তানী সৈন্যদের মধ্যে সন্দেহ, অবিশ্বাস সৃষ্টি হতে শুরু হলো।

বিমান বাহিনীতেও শেষের দিকে পশ্চিম পাকিস্তান থেকে কমান্ডোদের আনা হচ্ছিল। এয়ারফিল্ডের বিভিন্ন জায়গায় বাঙ্গালীদের সরিয়ে পশ্চিম পাকিস্তানীদের নিয়োগ করা হয়।

২৮শে মার্চ আমি এমওডিসি কমান্ডারকে ডেকে যদি পারে ছুটি নিয়ে এবং অস্ত্র নিয়ে পালিয়ে যেতে বললাম। বেশ কয়েকজন এমওডিসি অস্ত্র নিয়ে পালিয়ে গিয়েছিল।

২৮/২৯শে মার্চে বিমান বাহিনীর স্যাবর জেটগুলোতে রকেট লাগানো শুরু হয়- কুমিল্লা, চট্টগ্রাম এবং যে সমস্ত জায়গায় প্রতিরোধ চলছে ঐ সমস্ত এলাকায় বোমা বর্ষণ করার জন্য। রকেট গান ফিট করার কাজে সে সময় বাঙ্গালীরা ছিল। কিন্তু ঐ দিন ঐ কাজে পশ্চিম পাকিস্তানীদের নিয়োগ করা হয়। ২৯/৩০শে মার্চ বিমান বাহিনীর চট্টগ্রাম বেতার কেন্দ্রে বোমা বর্ষণের জন্য যায়। সেখান থেকে মেজর জিয়াউর রহমান স্বাধীনতা ঘোষণা করেছিলেন।

২৫শে মার্চের ক্র্যাক ডাউন- এর পর আমি নিজেকে পাকিস্তান বিমান বাহিনীর সদস্য বলে মেনে নিতে পারছিলাম না।

আমি ২৯শে মার্চ ছুটির জন্য দরখাস্ত করলাম। দুই সপ্তাহের ছুটি দেয়া হয়েছিল। আমি ফ্লাইট লেফটেন্যান্ট মারগুবের সঙ্গে যোগাযোগ করলাম এবং ৩রা এপ্রিল স্বাধীনতার যুদ্ধে অংশগ্রহণের জন্য ভারতে যাবার চেষ্টা করলাম। কিন্তু যোগাযোগ ব্যাবস্থার দরুন যেতে পারিনি।

১২ই মে তারিখে আমি, উইং কমান্ডার বাশার, ফ্লাইট লেফটেন্যান্ট রেজা (অবসরপ্রাপ্ত ফ্লাইং অফিসার -বদরুল আলম আগরতলাতে পৌঁছি।)

ঢাকার পিলখানার কথা

সাক্ষাৎকারঃ মেজর দেলোয়ার হোসেন

১৯-১১-৭৩

মার্চ মাসের প্রথম সপ্তাহের দিকে ২২ বেলুচকে পিলখানাতে আনা হয়েছিল। তাদেরকে এখানে থাকার জায়গা দেয়া হয়েছিল। এবং পিলখানার ইপিআর-এর সাথে ঢাকার বিভিন্ন জায়গায় ইন্টারনাল সিকিউরিটি ডিউটি করার জন্য ভার দেয়া হয়েছিল। ওরা ওখানে আসাতে ইপিআরদের মাঝে সন্দেহ ও অবিশ্বাস আরো ঘনীভূত হয়। ওদের এখানে আসাতে আমরা বুঝতে পারলাম যে হয়তো কিছু একটা ঘটতে পারে । ক্যাপ্টেন গিয়াসের সাথেও আমার এব্যাপারে কথাবার্তা হয়েছিল।

২৫শে মার্চ বেলা একটার সময় মেজর জামিল (পশ্চিম পাকিস্তানী), জেনারেল স্টাফ অফিসার, হেড কোয়ার্টার ইপিআর আমাকে তাঁর অফিসে ডেকে পাঠান। তিন ঘন্টা পর্যন্ত আমি তাঁর অফিসে বসে অফিশিয়াল কথাবার্তা বলেছি। তারপর তিনি আমাকে বললেন যে, তোমাকে গ্রেফতার করা হয়েছে। প্রহরী এসে আমাকে নিয়ে যায়।

রাত আনুমানিক বারোটার দিকে চারিদিকে থেকে গোলাগুলি শুরু হয়ে যায়। আমি অনুমান করেছি যে, ২২ বেলুচ বাঙ্গালী ইপিআরদের উপর আক্রমণ করেছে। আমাকে ঘরে বন্দী করে রাখা হয়েছিল সেদিকেও গুলি এসে পড়ছিল। রাত তিন-চারটার দিকে গোলাগুলি একটু কমে যায়। আমাদের যে সমস্ত বাঙ্গালী ইপিআর পালিয়ে যেতে সক্ষম হয়েছিল তারা নিরাপদ জায়গায় গিয়ে গুলি ছুঁড়ছিল। জানালা দিয়ে দেখতে পেলাম তারা অনেককে বন্দী করে নিয়ে যাচ্ছে। ২৬শে মার্চ ঠুসঠাস গুলির আওয়াজ শুনতে পেলাম।

২৭শে মার্চ সকালে ক্যাপ্টেন আরেফ (পাঞ্জাবী), যে এই হেডকোয়ার্টারে কাজ করতো, আমাকে এসে বলল, "ইউ আর এ গাদ্দার, ইউর আংকেল ক্যাপ্টেন রফিক ইজ অলসো এ গাদ্দার। উই আর গোইং টু শট ইউ আউট বোথ।"

১৭ই এপ্রিল পর্যন্ত আমাকে এখানে বন্দী অবস্থায় রাখা হয়। বন্দী অবস্থায় আমাকে অনেক জিজ্ঞাসাবাদ করা হয়েছিল। কিন্তু কোন নির্যাতন চালানো হয়নি। পরে আমাকে পাকিস্তানে পাঠিয়ে দেয়া হয়। ঐ রাতে বহু বাঙ্গালী ইপিআরকে হত্যা করা হয়। বন্দী অবস্থাতে অনেককে হত্যা করা হয়।

মার্চ মাসের তৃতীয় সপ্তাহে পিলখানার বাঙ্গালী ইপিআররা বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেছিল প্যারেড গ্রাউন্ডের মাঝখানে দন্ডায়মান বটবৃক্ষের শীর্ষে। বাংলাদেশের সেনানিবাস সমূহের মধ্যে প্রথম জাতীয় পতাকা এখানে উত্তোলন করা হয়েছিল। ল্যান্স নায়েক বাশার এ পতাকা উত্তোলন করেছিলেন। পরে তাকে নৃশংস ভাবে হত্যা করা হয়। পিলখানায় অবস্থিত প্রায় ২৫০০ বাঙ্গালী সৈন্যের ৬ শতাধিক রাতের অন্ধকারে পালাতে সক্ষম হয়েছিল। বাকি সবাই বন্দী হয়। আর তাদের পাঠানো হয় নৃশংস অত্যাচার ও হত্যার বধ্যভূমি মোহাম্মদপুর বন্দী শিবিরে। পরবর্তী কালে জিসিও/এস সি ও এবং সুশিক্ষিত প্রায় ৭ শতাধিক বাঙ্গালী সৈনিককে হত্যা করা হয়েছিল বুলেট বেয়নেটের নির্মম আঘাতে। ঐ রাতে যারা পালাতে পেরেছিল তাদের অনেকে স্বাধীনতা সংগ্রামে যোগ দিয়েছিল। তারা প্রতি এলাকায় অমিতবিক্রমে পর্যুদস্ত করেছিল পাকিস্তানীদের প্রত্যক্ষ সম্মুখ যুদ্ধে।

বাংলাদেশের দীর্ঘ নয় মাসের স্বাধীনতা সংগ্রামের এই বাহিনীর ১০০০-এর মত মুল্যবান জীবন স্বাধীনতার জন্য আত্মোৎসর্গ করেছিল। অনেকে পঙ্গু অবস্থায় দিন যাপন করছেন।

স্বাক্ষরঃ দেলোয়ার হোসেন

১৯-১১-৭৩

পিলখানার আরও কথা

সাক্ষাতকারঃ মোঃ আশরাফ আলী সরদার

১২-৪-১৯৭৪

২৩শে মার্চ পাকিস্তান দিবস ছিল। ঐ দিন আমরা প্রস্তুত ছিলাম কোন একটা নির্দেশ পাবার অপেক্ষায়। কিন্তু দুর্ভাগ্যবশত কোন নির্দেশ পাইনি। তারপর ২৪শে মার্চ আমাদের নিজস্ব সিদ্ধান্তে পিলখানার প্যারেড গ্রাউন্ডের বটবৃক্ষের শীর্ষে বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়। এবং সে পতাকার উর্দুতে লেখা ছিল, "পশ্চিমারা আবি বাংলা ছোড়কে ভাগ যাও, নেহি ত এধারই তোম লোগ কো কবর বানায়েগা।"

পশ্চিম পাকিস্তানীরা এ পতাকা দেখে উত্তেজিত হয়ে ওঠে এবং ঐ পতাকা নামিয়ে ঢাকা সেনানিবাসে পাঠিয়ে দেয়। এই পতাকা উত্তোলনের সংবাদ সিগনাল-এর বেতার মারফত সমস্ত সেক্টর, উইং এবং চৌকিতে পাঠিয়ে দেয়া হয়। এবং তারাও বিকেলে খবর দিল যে তারাও পতাকা উত্তোলন করেছে। যশোর থেকে বেতারে খবর আসল যে সেখানকার বাঙ্গালী ইপিআররা যথাযোগ্য মর্যাদার সঙ্গে সামরিক সালাম (গার্ড অব অনার) দিয়ে পতাকা উত্তোলন করেছে।

২৪শে মার্চ রাতে পিলখানায় অবস্থিত সমস্ত বাঙ্গালী ইপিআরকে নিরস্ত্র করা হয়। পশ্চিম পাকিস্তানীরা আমাদেরকে বলে যে, শেখ সাহেবের ৭ই মার্চের ঘোষিত চার দফা ইয়হিয়া খান মেনেছে এবং শিগগিরই ক্ষমতা হস্তান্তর করা হবে। দেশে এখন শান্তি বিরাজ করছে। সুতরাং সবাই অস্ত্র জমা দিয়ে বিশ্রাম করুন।

২৫শে মার্চ বৃহস্পতিবার বিকেল পর্যন্ত আমরা পশ্চিম পাকিস্তানীদের উপরোক্ত ভূয়া আশ্বাসে বিশ্বাস করেছিলাম। কিন্তু যখন শুনতে পারলাম যে নরঘাতক ইয়াহিয়া তার দলবল নিয়ে কোনো সিদ্ধান্ত ছাড়াই ঢাকা ত্যাগ করেছে তখন আমি নায়েক সুবেদার শহীদ শমসুল হক সাহেবের সঙ্গে যোগাযোগ করি। তিনি সেদিন কোয়ার্টার গার্ড ডিউটি অফিসার ছিলেন। তিনি আমাকে বাইরে গিয়ে সংবাদ নিতে নির্দেশ দিলেন। তখন রাত প্রায় আটটা। আমি সরাসরি ইকবাল হলে যাই। কিন্তু সেখানে কোনো ছাত্রনেতাকে পেলাম না। আমি সেখান থেকে সুবেদার শহীদ জহীরউদ্দিন মুন্সীর বাড়িতে যাই। তাঁকে সমস্ত বিষয় অবগত করাই। তিনি আমার কথা পুরোপুরি বিশ্বাস না করে নায়েক নূর হোসেনের সঙ্গে শেখ সাহেবের বাড়ির দিকে রওনা হন। তিনি আমাকে কি করতে হবে না হবে পরে জানাবেন বলে বললেন। আমি এবং হাবিলদার শহীদ বেলায়েত হোসেন রাত এগারোটা পর্যন্ত তাঁদের অপেক্ষায় সিগনাল ওয়র্কশপে বসে থাকি। আমরা দুজন আমাদের সিগনাল-এর লোকজনকে কিছু একটা খবর আসবে বলে সতর্ক করে দিয়েছিলাম। এবং ১৫ শাখার জনৈক সিপাহীকে এ সংবাদ পৌঁছে দেই। এছাড়া আমরা উভয়ে আমাদের অস্ত্রাগারের ভারপ্রাপ্ত এনসিও শহীদ নায়েক হাসেমকে জিজ্ঞাসা করি যে, অস্ত্রাগারের কোনো ডুবলিকেট চাবি তৈরি হয়েছে কিনা যা আগে আপনাকে বলা হয়েছিল। তিনি বললেন যে, তার কাছে ডুপলিকেট চাবি আছে। এই সংবাদ আমরা শহীদ নায়েক সুবেদার শামসুল হক সাহেবকে কোয়ার্টার গার্ডে গিয়ে জানাই। তিনি আমাদেরকে নির্দেশ দিলেন যে কোন রকম হামলা হলে প্রত্যেকে অনতিবিলম্বে অস্ত্রাগারে চলে আসবে। এখানে আমি উপস্থিত থাকব, তোমরা লাইনে গিয়ে বিশ্রাম নাও এবং দুজন প্রহরী নিয়োগ কর। কিন্তু দুর্ভাগ্যবশত আমাদের সে সুযোগ আসেনি।

২৫শে মার্চ দিনগত রাত ১টা পাঁচ মিনিটে প্রথম গুলির আওয়াজ হয়। আমরা প্রত্যেকেই সামরিক পোশাকে ব্যারাকে বিশ্রাম নিচ্ছিলাম। আমাদের প্রহরী আমাদেরকে সতর্ক করে দিয়ে বলে যে পশ্চিমারা আমাদেরকে আক্রমণ করেছে। তখন আমরা সবাই পূর্ব নির্দেশ মতো অস্ত্রাগারে যাবার জন্য বের হয়ে পড়ি। কিন্তু দেখতে পেলাম গুলির আগেই তারা সমস্ত পিলখানাকে অস্ত্রাগারসহ দখলে নিয়ে নিয়েছে। আমরা যখন বাইরে আসলাম তখন চারিদিক থেকে এলএমজি/ এসএমজি ব্রাশ ফায়ার আমাদের উপর আসতে থাকে। তখন আমরা

অনন্যোপায় হয়ে এদিক-সেদিক দৌড়াদৌড়ি করতে থাকি। অল্প সংখ্যক পালিয়ে যেতে সক্ষম হয়। বাকি সবাই বন্দী হয়ে যায়। রাত ৪টার সময় আমাদেরকে আত্মসমর্পণ করায়।

৩ নং গেটে কর্তব্যরত কয়েকজন বাঙ্গালী ইপিআর পশ্চিমাদের বিরুদ্ধে যুদ্ধ করে। একজন লেফটেন্যান্ট সহ ৬ জন পশ্চিম পাকিস্তানী বেলুচ রেজিমেন্টের লোক নিহত হয়। এই খন্ড যুদ্ধে বাঙ্গালীদের সঙ্গে কর্তব্যরত একজন পাঞ্জাবী ইপিআর মোহাম্মদ খানকেও হত্যা করা হয়। এই খন্ড যুদ্ধের নেতৃত্ব দিয়েছিল গার্ড কমান্ডার নায়েক জহিরুল হক। সে তার সহকর্মীদের নিয়ে বেরিয়ে যেতে সক্ষম হয়। ঢাকায় অবস্থিত সিগনাল- এর প্রধান বেতার কেন্দ্রে খবর পৌঁছে দেয়া হয় যে, উইং কমান্ডার লেফটেন্যান্ট কর্ণেল আবদুর রহমান আওয়ান আমাদেরকে নির্দেশ দিচ্ছে সমস্ত বেতার যোগাযোগ বন্ধ রাখার জন্য। আমাদের কর্তব্যরত অপারেটররা সংকেতের সাহায্যে এক ভয়াবহ পরিস্থিতির কথা বাইরে কর্তব্যরত সেক্টর/উইং/বিওপি পর্যন্ত সমস্ত ইপিআরকে জানিয়ে দেন। ২৬ শে মার্চ সকাল দশটা পর্যন্ত আমাদের এইচ-এফ (হাই ফ্রিকোয়েন্সি সেট) চালু থাকে যার মাধ্যমে ২৬শে মার্চের ঘটনা নায়েক শহীদ বাশার বাইরের সবাইকে জানিয়ে দিয়েছিলেন। তিনি তার শেষ সংবাদে চট্টগ্রামকে বলেছিলেন যে, আমাদের সবাই বন্দী হয়ে গেছে। হয়তো কিছুক্ষণ পর আমিও বন্দী হয়ে যাব এবং আর নির্দেশ দেবার সময় পাবনা। তোমরা সমস্ত পশ্চিমাদের খতম কর। চট্টগ্রাম থেকে হাবিলদার বাহার উক্ত সংবাদ সীমান্তের চৌকি পর্যন্ত পৌঁছে দেয় এবং আমাদের লোকজনকে অনুপ্রাণিত করার জন্য সে বলেছে যে, আমি ঢাকা থেকে বলছি। সম্পূর্ণ ঢাকা আমাদের নিয়ন্ত্রণাধীন চলে এসেছে এবং ইপিআর- এর ডাইরেক্টর জেনারেল ব্রিগেডিয়ার নেসার আহমদ বন্দী হয়েছেন। তোমরা স্বাধীনতা সংগ্রামে ঝাঁপিয়ে পড়। এবং সমস্ত পশ্চিম পাকিস্তানীদের বন্দী করে আমাকে রিপোর্ট দাও।

প্রতিরোধ যুদ্ধে রাজারবাগ পুলিশ বাহিনী

সাক্ষাৎকারঃ মোঃ আসমত আলী আকন্দ*
এস, আই অব পুলিশ, রমনা থানা, ঢাকা
১০-১-৭৪

১৯৭১ সালের ২৫শে মার্চ সন্ধ্যায় আমি রাজারবাগ রিজার্ভ অফিসে কাজ করছিলাম। আমাদের রিজার্ভ অফিসের বাইরে সহস্র বিক্ষুব্ধ জনতা বড় বড় গাছ ও ইট পাটকেল দিয়ে ব্যারিকেড তৈরী করেছিলো। সন্ধ্যার সময় এ সংবাদ চারিদিকে ছড়িয়ে পড়েছিল যে, পাক হানাদার বাহিনী রাজারবাগ পুলিশের রিজার্ভ অফিস আক্রমণ করবে। এ সংবাদ শোনার পর আমি রাত সাড়ে ন'টার সময় তেজগাঁও থানায় কর্তব্যরত পুলিশ কর্মকর্তাকে ঢাকা সেনানিবাসে পাক হানাদারদের মনোভাব কি তা জানাবার জন্য টেলিফোনে অনুরোধ করি। তিনিও পাক হানাদার কর্তৃক রাজারবাগ রিজার্ভ অফিস আক্রান্ত হওয়ার সম্ভাবানার কথা শুনেছেন বলে জানান। এরপর আমি তেজগাঁও আবার টেলিফোন করে জানতে পারি যে তখন পাক হানাদারদের প্রায় ৮০/৯০টি সশস্ত্র ট্রাক ও জীপ তাদের থানার রাস্তা ধরে রাজধানীতে প্রবেশ করতে তারা দেখেছেন। রাজারবাগ রিজার্ভ পুলিশের ওপর পাক হানাদারদের এমন উলঙ্গ হামলার সংবাদ শুনে আমাদের আরআই একেবারে হতবাক হয়ে যান। এরপর আমরা পুলিশ রিজার্ভের অস্ত্রাগার থেকে প্রয়োজন মতো অস্ত্র নিয়ে হানাদারদের শেষ রক্তবিন্দু পর্যন্ত প্রতিরোধ এবং প্রতিহত করার জন্য রাজারবাগ পুলিশ রিজার্ভ অফিসের চারিদিকে পজিশন নিয়ে শত্রুর অপেক্ষা করতে থাকি। আমরা পুলিশ লাইনের সমস্ত বাতি নিভিয়ে দিয়ে সমস্ত পরিবেশ একেবারে অন্ধকারাচ্ছন্ন করে ফেলি। আমরা বাইরে অনেক দূর থেকে পাক হানাদারদের বিক্ষিপ্ত গুলিবর্ষণের শব্দ শুনছিলাম। আমরা শুধু পজিশন নিয়ে শত্রুর অপেক্ষা করছিলাম। অয়ারলেস ও টেলিফোনের সমস্ত যোগাযোগ বন্ধ হয়ে গিয়েছিলো।

* ১৯৭১ সালের পূর্বে রাজারবাগ পুলিশ রিজার্ভ অফিসের প্রোসিডিং সেকশনে এ-এস-আই হিসাবে কর্মরত ছিলেন।

সারা শহর অন্ধকার, নীরব, নিথর ও নিস্তব্ধ। আনুমানিক মধ্যরাতে পাক হানাদাররা প্রথম রাজারবাগ পুলিশ লাইনের হাসপাতালের গেট (দক্ষিন দিক) থেকে গোলাবর্ষণ শুরু হয়। আমরা তার পাল্টা জবাব দেই। এবং পাক পশুদের প্রাণপণ প্রতিহত করার চেষ্টা করি। ওরা আমাদের লৌহকঠিন মনোবল ভেঙ্গে দেয়ার জন্য ভারী অস্ত্র, শেল, কামান ও ট্যাংক ব্যবহার করে। আমাদের ওপর সাংঘাতিকভাবে বৃষ্টির মতো গোলাবর্ষণ হতে থাকে। আমরা প্রথমে আত্মসমর্পণ করিনি এবং আত্মসমর্পণ করার মতো কোনো দুর্বলতাও আমরা দেখাইনি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের উদাত্ত আহবান অনুযায়ী আমরা আমাদের যার হাতে যে অস্ত্র ছিল তা দিয়ে সমস্ত পাক হানাদারদের প্রাণপণ প্রতিহত করার চেষ্টা করি। এবং এভাবে আমাদের সামান্য অস্ত্র নিয়ে পাক হানাদারদের প্রাণপণ প্রতিরোধ ও প্রতিহত করতে করতে আমরা জীবনদান করার দৃঢ় প্রতিজ্ঞা নিয়ে তখন পাক পশুদের মোকাবেলা করছিলাম। আমাদের মনোবল ভেঙ্গে দেয়ার জন্য ওরা গভীর রাতে রিজার্ভ অফিসের উত্তর দিকে টিনশেড ব্যারাকে লাইট বোম ও পেট্রোল দিয়ে আগুন ধরিয়ে দেয়। সেখানে পাক সেনাদের বিরুদ্ধে প্রতিরোধ সৃষ্টি করেছিল আমাদের এমন কতিপয় বীর সিপাহী নিদারুন ভাবে দগ্ধীভূত হয়ে শহীদ হন। অনেকে সাংঘাতিক ভাবে আহত হয়ে সেখানেই মৃতবৎ পড়ে থাকেন। আগুনের লেলিহান শিখা ক্রমেই প্রসারিত হতে থাকে এবং সমস্ত ব্যারাক পুড়ে ভস্ম হয়ে যায়। আমরা উপায়ান্তর না দেখে ছাদের উপর গিয়ে অত্মরক্ষা করতে থাকি। এবং পাক হানাদারদের প্রাণপণ প্রতিরোধ করতে থাকি। আমরা ব্যারাকের চারিদিকে লেলিহান আগুনের শিখায় কিছুমাত্র দমে যাইনি। আর আমাদের মনোবল কোনো সময়ই দুর্বল হয়ে পড়েনি। ওদিকে কামান, শেল আর ট্যাংকের গর্জন ও বৃষ্টির মত গোলাবর্ষণ চলছিল। কামান ও শেলের প্রচন্ড আঘাতে আমাদের কয়েকটি পাকা ব্যারাকের প্রাচীরঘেরা মটর ওয়ার্কশপ মাটিতে ধসে পড়ে। ফলে আমাদের বীর সিপাহীরা চারদিকে ছড়িয়ে পড়ে নিজ নিজ সুবিধামত স্থান গ্রহণ করে চারদিকে জ্বলন্ত আগুন, অবিরাম শেলিং ও কামানের গর্জনের মধ্যে প্রাণপণ প্রতিরোধ করছিল পাক পশুদের। আমাদের অনেক বীর সিপাহীকে প্রতিরোধ করতে করতে শহীদ হতে আমি দেখেছি স্বচক্ষে। এমনি ভাবে পাক হানাদারদের প্রতিহত করতে করতে রাতের অন্ধকার কেটে যায়। ভোর হয়ে যায় এবং বেলা উঠে যায়। এরপর আমাদের গুলি প্রায় নিঃশেষ হয়ে যায় দেখে আমরা আর কোন উপায়ান্তর পাই না। ইতিমধ্যে পাক হানাদারদের হাজারো হুমকির মুখেও আমাদের মনোবল এতটুকু দুর্বল হয়ে পড়েনি। তারা ব্যারাকে ঢুকে আমাদেরকে বন্দী করে এবং ছাদের উপর থেকে আমাদেরকে নিচে নামিয়ে এনে বুটের লাথি এবং বন্দুকের বাঁট দিয়ে সজোরে এলোপাতারি আঘাত করতে শুরু করে। আকস্মকৎ এক হানাদার পাক পশু হাতের বন্দুক দ্বারা আমার মাথায় সজোরে আঘাত করলে আমার মাথা ফেটে ফিনকি দিয়ে রক্ত পড়তে থাকে এবং তৎক্ষণাৎ অজ্ঞান হয়ে পড়ে যাই। তিন ঘন্টা পড় আমি জ্ঞান ফিরে পাই। উর্ধ্বতন কর্মকর্তা, এমআই, এএসআই, হাবিলদার, সুবেদার, নায়েক, সিপাহীসহ আমরা প্রায় দেড়শত বীর যোদ্ধা পাক হানাদারদের হাতে বন্দী অবস্থায় কাটাতে হয়। ২৯শে মার্চ বিকাল সাড়ে চারটায় ঢাকার তৎকালীন পুলিশ সুপার জনাব ই,এ, চৌধুরী রাজারবাগে আমাদের পুলিশ লাইনে আসেন এবং পাক হানাদারদের মেজরের সাথে কথোপকথনের পর আমাদেরকে নির্দেশ দেয়া হয়- "আব তুমলোগ চালা যাও, আয়েন্দা কাল ভোর ছয় বাজে মিল ব্যারাকমে তোমলোগ রিপোর্ট করেগা, আওর উহাই তোমলোগ রাহেগা- ইদার হামলোগকা জোয়ান রাহেগা।"

সাক্ষাৎকারঃ আঃ গণি তালুকদার *

অফিস সহকারী (পুলিশ), রমনা থানা, ঢাকা (সদর)

৯-১-৭৪

সিপাহী আবদুল খালেক, মোজাম্মেল হক, মুখলেসুর রহমান, মির্জা মহিউদ্দীন এবং আরও অন্যান্য বন্ধু ও সহকর্মীসহ আমরা ২৫শে মার্চ রাত দশটার সময় খাওয়া- দাওয়া করে ১৪ নং ব্যারাকে বসেছিলাম। রাত পৌনে

* ১৯৭১সালের ২৫শে মার্চের স্বাধীনতা সংগ্রামের সময় রাজারবাগ (রিজার্ভ) পুলিশ লাইনে ওয়ারলেস অপারেটর ছিলেন।

এগারোটার সময় ঢাকা পিলখানা ইপিআর হেড কোয়ার্টার থেকে টেলিফোনে পাক হানাদার কর্তৃক রাজারবাগ পুলিশ রিজার্ভ ও ইপিআর হেড কোয়ার্টার আক্রমণের সংবাদ পাই। টেলিফোনে ইপিআর হেড কোয়ার্টার থেকে আমাদেরকে সশস্ত্রভাবে পাক হানাদারদের মোকাবেলা করার জন্য তৈরী থাকতে বলা হয়। আমরা আমাদের ১৪নং ব্যারাকে মোট পঞ্চাশজন সিপাহী এএসআই, হাবিলদার ও সাধারণ সিপাহী উপস্থিত ছিলাম। এ সংবাদ দ্রুত রাজারবাগ রিজার্ভ পুলিশের আরআই ও এসপি হেডকোয়ার্টারকে জানানো হয়। এ সংবাদ পেয়ে রিজার্ভ পুলিশের সকল অফিসার ও উচ্চপদস্থ কর্মকর্তা সবাই ডিউটিতে এসে সকল সিপাহী, সুবেদার, এএসআই, এসআই, হাবিলদার সবাইকে অস্ত্রশস্ত্রে সুসজ্জিত করে পাক হানাদারদের মোকাবেলা করার জন্য তৈরী করেন এবং প্রত্যেককে ডিউটিতে মোতায়েন করেন। তৎকালীন রাজারবাগ পুলিশ লাইনের পুলিশ সুপার মিঃ শাহজাহান ও আরআই মিঃ মফিজউদ্দিন আমাদের এই সশস্ত্র প্রস্তুতিতে নেতৃত্ব দান করেন।

পুলিশ সুপার ও আরআই উভয়েই শেষ রক্তবিন্দু পর্যন্ত পাক হানাদারদের বিরুদ্ধে লড়ে যাওয়ার জন্য জ্বালাময়ী ভাষায় সংক্ষিপ্ত নির্দেশ দান করে নিজ নিজ দায়িত্বে চলে যান। এরপর রাজারবাগ পুলিশ লাইনের সমস্ত বাতি নিভিয়ে দেয়া হয়। আমরা সকল সিপাহী, হাবিলদার, সুবেদার, এএসআই, এসআই সবাই সশস্ত্রভাবে পজিশন নিয়ে হানাদার পাক বাহিনীর অপেক্ষা করতে থাকি। এসময় অয়ারলেস এবং টেলিফোন সব কিছু অচল করে দেয়া হয়েছিল। রাজারবাগ পুলিশ লাইনের বাইরে সহস্র ছাত্র-জনতা বড় বড় গাছ, লইটপোস্ট, ইট- পাটকেল ফেলে ব্যারিকেড তৈরী করে। রাজারবাগে প্রবেশ করার পথে পথে বহু প্রশস্ত ড্রেন কাটা হয় হানাদার বাহিনীর অগ্রগতি প্রতিরোধ করার জন্য। এভাবে প্রস্তুতি ও প্রতিরোধ তৈরী করার মধ্য দিয়ে সাড়ে এগারোটা বেজে যায়। পাক হানাদাররা রাত সাড়ে এগারটার সময় রাজারবাগ পুলিশ লাইনে চারিদিক থেকে লাইট বোম মারতে মারতে অগ্রসর হয়। এর মধ্যে চলছিল বৃষ্টির মতো গুলিবর্ষণ, কামান ও ট্যাংকের গর্জন। পাক হানাদারদের হামলার সাথে সাথে আমরা সবাই আমাদের সামান্য রাইফেল বন্দুক নিয়ে ওদের হামালার প্রাণপণ জবাব দিতে থাকি। ওরা আমাদের দৃঢ় মনোবল দেখে এরপর যুগপৎ কামান ও ট্যাংক ব্যবহার করে। আমরা টিকতে না পেরে ক্রমে পিছু হটতে থাকি। আমাদের আধিকাংশ বীর যোদ্ধা লড়তে লড়তে শহীদ হন। অনেকে দারুণভাবে আহত হয়ে মৃতবৎ সেখানেই পড়ে থাকেন। আর অনেকে আহত দেহ নিয়ে প্রাণরক্ষা করতে সমর্থ হন। পাক হানাদার পশুরা আমাদের লৌহকঠিন মনোবল ভেঙ্গে দেয়ার জন্য এরপর রাজারবাগ পুলিশ লাইনের সকল ব্যারাকে লাইট বোমা ও প্রেট্রোল দ্বারা আগুন লাগিয়ে দেয়। আমাদের বহু আহত যোদ্ধা ঐ সকল ব্যারাকে আটকা পড়ে জ্বলন্ত আগুনে দগ্ধীভূত হয়ে শাহাদাৎ বরণ করেন। আনুমানিক রাত তিনটার সময় অবিরাম গোলাবর্ষণের মধ্য দিয়ে আমি আমার অস্ত্র ফেলে দিয়ে আত্মরক্ষা করার জন্য ঢাকা শহরের বাইরে চলে যাই।

সাক্ষৎকারঃ শরীফ খান মোহাম্মদ আলী *

আর্মড সাব-ইন্সপেক্টর অব পুলিশ
বিআরপি, রাজশাহী
৩-২৭৪

১৯৭১সালের ২৫শে মার্চ সকাল থেকে আমাদের পুলিশ লাইনে নীরব, নিস্তব্ধ ও থমথমে ভাব বিরাজ করছিলো। স্পেশাল আর্ম ফোর্স-এ আমার লাইনে রাত আটটার বাইরের কর্তব্যরত সিপাহী বাদে আমি নাম ডাকার সময় মাত্র ত্রিশজন বাঙ্গালী সিপাহীকে উপস্থিত পেয়েছি। আমি কোন অবাঙ্গালী সিপাহীকেই লাইনে উপস্থিত পাইনি। ওরা সন্ধ্যার পরপরই আমার লাইন থেকে ডিউটি ত্যাগ করে কোথায় উধাও হয়ে গিয়েছিল তার কোনো হদিস পাইনি। নাম ডাকার সময় বিপুলসংখ্যক সিপাহীর এভাবে উধাও হয়ে যাওয়ার ঘটনা রাজারবাগ পুলিশ লাইনের ইতিহাসে আর ঘটেনি। ঢাকা জেলা রিজার্ভ লাইনের এ অবস্থা ছাড়া কেন্দ্রীয় লাইন থেকেও

* ১৯৭১ সালের ২৫শে মার্চ রাজারবাগ পুলিশ লাইনে হাবিলার মেজর হিসেবে কর্মরত ছিল।

সেদিন সকল অবাঙ্গালী সিপাহী তাদের পদস্থ অফিসারদের নির্দেশ ও মর্যাদা একেবারে উলঙ্গভাবে, পুলিশের ইতিহাসে এই প্রথম, অবজ্ঞা ও উপেক্ষা করে সম্মিলিতভাবে একযোগে উধাও হয়ে গিয়েছিলো। অবাঙ্গালী সিপাহীদের রাজারবাগ পুলিশ লাইন থেকে এভাবে উধাও হয়ে যাওয়ার পর আমরা আসন্ন বিপদের কথা বুঝতে পারি এবং আমার অধীন বাঙ্গালী সিপাহীদের হাতে অস্ত্র দিয়ে পুলিশ লাইনের সকল প্রবেশপথে তাদেরকে কড়া প্রহরায় নিযুক্ত করি। পুলিশ লাইনের চারটি প্রবেশপথে চারজন হবিলদারের সাথে ছয়জন করে সশস্ত্র সিপাহী মোতায়েন রাখি। আমি খুব চিন্তাযুক্তভাবে পুলিশ লাইনে টহলরত ছিলাম। আমি এক সময় দোতলা থেকে অস্ত্রাগারের সিঁড়ি বেয়ে নীচে নামছিলাম। এমন সময় অস্ত্রাগারের ভিতরের টেলিফোনটি বেজে উঠলে আমার কর্তব্যরত নায়েক চীৎকার করে আমাকে টেলিফোন ধরতে বলে। আমি দৌড়ে গিয়ে টেলিফোন ধরলাম। অস্ত্রাগারের সেই টেলিফোনে এব ভীতসন্ত্রস্ত কাঁদো কাঁদো কম্পিত কন্ঠ চাপাচাপা অস্ফুট কন্ঠে বলছিল "মিলিটারী হেডকোয়ার্টারে বহু সশস্ত্র আর্মি ট্রাক লাইন হয়ে দাড়িয়ে আছে। ওরা এক্ষুনি রাজধানী আক্রমণ করতে যাচ্ছে''। সেই ভীত কন্ঠ আরো বলছিলো- "ওদের আক্রমণের লক্ষ্যবস্ত রাজারবাগ পুলিশ লাইন, ই-পি-আর হেডকোয়ার্টার ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হল।'' এ কথা বলেই সেই কন্ঠ স্তব্ধ হয়ে গেলো। "কে বলছেন? কোথা থেকে বলছেন''? আমি চীৎকার করে এসব প্রশ্ন করার সাথে সাথে টেলিফোনের লাইন বিচ্ছিন্ন হয়ে গেলো। সিপাহীরা টেলিফোনের এ মারাত্মক সংবাদ লাইনের সর্বত্র চীৎকার করে ছড়িয়ে দিচ্ছিলো। এ সংবাদে সকল সিপাহী অস্ত্রাগারের দিকে ছুটে এসে টেলিফোনের সংবাদ সম্পর্কে নানা প্রশ্ন করতে থাকে। এ সময় আমি লাইনে বসে রাজারবাগ পুলিশ লাইনের তৎকালীন আর-আই মিঃ মফিজউদ্দীনের সাথে তার বাসায় টেলিফোনে যোগাযোগ করে ঢাকা সেনানিবাস থেকে বাঙ্গালী কন্ঠ ভেসে আসা পাক সেনাদের রাজারবাগ পুলিশ লাইনের দিকে সদম্ভে ধেয়ে আসার সংবাদ বিস্তারিত জানালে তিনি তৎকালীন পুলিশ সুপার ই,এ, চৌধুরী সাহেবকে সব কিছু জানাচ্ছেন বলে টেলিফোন ছেড়ে দেন। এদিকে আমার সিপাহীরা এবং রাজারবাগ পুলিশ লাইনের চারশত বাঙ্গালী সিপাহী বলছিলো "অস্ত্র দাও, অস্ত্র দাও । আমাদের হাতে অস্ত্র তুলে দাও, আমরা ওদের প্রতিরোধ করবো, প্রতিহত করবো।'' শেষ পর্যন্ত অস্ত্রাগারের সামনে দাঁড়িয়ে আমার হাবিলদার সহকর্মীরা বুকফাটা চীৎকারে রাজারবাগ কাঁপিয়ে তুলে বলছিলো "আমাদের হাতে অস্ত্র দাও, আমরা লড়বো, লড়তে লড়তে মরবো, শেষ রক্তবিন্দু পর্যন্ত লড়াই করবো ঐ বেঈমানদের বিরুদ্ধে কিন্তু পিছু হটবো না, হটবো না।'' এরপর আমি রিজার্ভ ইন্সপেক্টর সাহেবের বাসায় গিয়ে তাকে না পেয়ে আমাদের ফোর্সের সুবেদার আবুল কাসেমকে এ সংবাদ জানালে তিনি লাইনে ছুটে আসেন। এর পরপরই আমাদের আর-আই সাহেব পুলিশ সুপার ই,এ চৌধুরীর সাথে আলাপ- আলোচনা করে লাইনে এসে বলেন, "তোমরা ওদের রুখতে পারবে না কোন প্রকারেই, দেখ আমাদের নীরব থাকাই ভালো-।'' কিন্তু তখন নীরব থেকে প্রাণ বাঁচাবার কোনো উপায় ছিল না। পুলিশ লাইনের সকল বাঙ্গালী সিপাহীই তখন অস্ত্র নিয়ে ওদেরকে প্রাণপণ প্রতিরোধ করার জন্য ব্যাকুল ও ব্যস্ত হয়ে পড়েছিলো। সিপাহীরা বলছিলো, "আর-আই সাহেব আপনি অস্ত্রাগার খুলে দিন, আমাদের হাতে অস্ত্র তুলে দিন, আমরা ওদের প্রতিরোধ করবো।'' এরপর আর-আই সাহেব অস্ত্রাগারের চাবি দিয়ে দিলে বাঙ্গালী সিপাহীরা সবাই পাগলের মতো অস্ত্রাগারে প্রবেশ করে যার যার প্রয়োজন মতো রাইফেল ও গুলি হাতে তুলে নেয়। এ সময় চারিদিক থেকে হাজারো জনতা রাজারবাগ পুলিশ লাইনে প্রবেশ করে আমাদের অস্ত্রাগার থেকে বিনা বাধায় অস্ত্র নিয়ে যায়। এসময় আমাদের অফিসাররা বাইরে কর্তব্যরত ছিলেন। এ সময় সুবেদার ফোর্স আবুল কাসেম, আর-ও হাফিজুর রহমান, সার্জেন্ট মুর্তজা হোসেন, সুবেদার আবুল হাসেম, নায়েক মোহাম্মদ আলী (ফুটবল খেলোয়াড়) সবাই সশস্ত্রভাবে আমাদের সিপাহীদের সাথে মরণের মুখোমুখি দাঁড়িয়ে নেতৃত্ব দেয়ার জন্য তৈরী ছিলেন। রাজারবাগ পুলিশ লাইনের সমস্ত বাতি নিভিয়ে দিয়ে সমস্ত সিপাহী লাইনের চারিদিকে মাটিতে শুয়ে, ছাদের উপর বসে থেকে, দাঁড়িয়ে থেকে, গাছের আড়ালে থেকে পজিশন নিয়ে পাক পশুদের অপেক্ষায় ছিলো। সেদিন হাবিলদার তাজু আহমেদ, হাবিলদার আবুল হোসেন, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ফুটবল খেলোয়াড় নায়েক মোহাম্মদ আলী, হাবিলদার আতাউর রহমান, সিপাহী মোহাম্মদ আলী, আরও কতিপয় হাবিলদার, নায়েক ও

সিপাহী এবং কেন্দ্রীয় পুলিশ ফোর্সের সুবেদার খলিলুর রহমান মৃত্যুকে তোয়াক্কা না করে সবার সামনে দাঁড়িয়ে পুলিশ লাইনের সবাইকে এ প্রতিরোধে বীরের মতো নেতৃত্ব দিয়েছেন। ওদের সকলকে সালাম।

আমরা চারিদিকে ছড়িয়ে পজিশন নিচ্ছিলাম ওদের প্রতিরোধ করার জন্য। হঠাৎ টেলিফোন বেজে উঠলো। টেলিফোনে এক ভীতসন্ত্রস্ত কম্পিত বাঙ্গালী সিপাহী কন্ঠ বলছিলো, "ঢাকা ক্যান্টনমেন্ট ফাঁড়ি থেকে বলছি একশত সশস্ত্র পাক আর্মির ট্রাক সেনানিবাস ছেড়ে সদর্পে রাজধানীর দিকে এগোচ্ছে-''। এরপরই আরেক বাঙ্গালী পুলিশের কন্ঠ টেলিফোন থেকে ভেসে আসলো, সেই মার্জিত কন্ঠ বলছিলো, "তেজগাঁ থানার সামনে দিয়ে সশস্ত্র আর্মি ট্রাক রাজধানীর দিকে এগোচ্ছে।'' এরপর আমাদের ওয়ারলেসে এক পুলিশ কন্ঠ বলে উঠলো, "ময়মনসিংহ রোড থেকে টহলরত অফিসার বলছি, পাক আর্মির বহু ট্রাক রমনা রেসকোর্স মাঠে এসে জড়ো হয়েছে।'' কিছুক্ষণ পরই দেখলাম পাক পশুর একটি দল হাতে স্বয়ংক্রিয় মেশিনগান নিয়ে সশস্ত্রভাবে চোরের মতো টিপে টিপে পা ফেলে আমাদের পুলিশের লাইনের উত্তর দিকের ব্যারাকের রাস্তা ধরে কিছুদুর এসেই আমাদের ব্যারাকের দিকে গুলি বর্ষণ করে। সাথে আমাদের রাইফেল গর্জে ওঠে। ওদের গুলিবর্ষণের জবাব দেই আমরা সম্মিলিতভাবে। পাক পশুদের প্রথম অগ্রগামী দলের কিছু সেনা মারা যায়। রাস্তায় ওদের লাশগুলো পড়ে থাকে। অবশিষ্ট পাক পশু বিপদ বুঝতে পেরে সেই অন্ধকারে আবার চোরের মতো পিছু হটে যায়। এ ঘটনা ঘটে যাওয়ার কিছুক্ষণ পরেই রাজারবাগ পুলিশ লাইনের দক্ষিন- পূর্ব কোনে হাসপাতালের দিক থেকে অবিরাম শেলিং করতে থাকে পাক পশুরা । এরপর তারা উন্মত্তের মতো শেলিং করতে থাকে আমাদের পুলিশ লাইনের বিল্ডিং-এর উপর, উত্তর-পূর্ব কোণ থেকে । এভাবে তারা অবিরাম শেলিং করতে করতে পুলিশ লাইনের পূর্ব দিক থেকে ঢুকে পড়ে আমাদের এলাকার অভ্যন্তরে। আমাদের রাইফেলধারী বাঙ্গালী পুলিশ প্রহরী তখন প্রাণপণ প্রতিরোধ করে যাচ্ছিল পাক পশুদের অবিরাম শেলিং- এর মুখোমুখি দাঁড়িয়ে। আমাদের বহু সিপাহী পুলিশ লাইনের পূর্ব দিকে ওদের প্রাণপণ প্রতিরোধ করতে করতে শহীদ হন। অবশিষ্ট সিপাহীরা রাইফেল নিয়ে পিছু হটে আমাদের ব্যারাকের বিভিন্ন নিরাপদ জায়গায় পজিশন নিয়ে ওদের প্রতিরোধ করতে থাকে। আমাদের সিপাহীদের প্রতিরোধ ও দৃঢ় মনোবলের সম্মুখে ওরা আরও ক্ষিপ্ত হয়ে আমাদের পুলিশ লাইনের পূর্ব দিকের ব্যারাকে লাইট- বোম বৃষ্টির মত বর্ষণ করতে করতে ভিতরে প্রবেশ করছিল। ওদের অবিরাম গোলাবর্ষণে আমাদের ব্যারাকের চারিদিকে আগুন ধরে যায়, অস্ত্রাগারের দেয়াল ভেঙ্গে পড়ে যায়। দোতলার দেওয়ালগুলো ভেঙ্গে পড়তে থাকে আস্তে আস্তে। ওরা আমাদের আওতার বাইরে থেকে শেলিং করছিল, আর লাইট- বোম মারছিল আমাদের পুলিশ লাইনের একেবারে অভ্যন্তরে প্রবেশ করতে ওরা তখনও সাহস পায়নি। রাত আনুমানিক আড়াইটার সময় ওরা মরিয়া হয়ে আমাদের ব্যারাকের অভ্যন্তরে প্রবেশ করার চেষ্টা করেছিল। অবিরাম শেলিং হচ্ছিল, আগুনের ভয়ংকর ফুলকি নিয়ে লাইট- বোমগুলি একের পর এক পড়ছিল আমাদের দিকে। চারিদিকে আমরা ট্যাংক ও কামানের কান ফাটা ভীষণ গর্জন শুনছিলাম। পাক পশুরা এভাবে অজস্র শেলিং ও কামানের গোলাবর্ষণ করতে করতে আমাদের আওতার ভিতর এসে গেলে আমাদের সিপাহীদের রাইফেলগুলো আবার গর্জে ওঠে। পশুদের কতিপয় আমাদের বীর নায়েক বিখ্যাত ফুটবল খেলোয়ারের নেতৃত্বে, আমাদের সিপাহী কায়েস, সাত্তার, হাফিজ, নায়েক আঃ সুবহানের রাইফেলের গুলিতে মাটিতে পড়ে যায়। আর অবশিষ্ট পশুর দল পিছু হটে যায়। আমাদের বীর সিপাহীরা অবিরাম প্রতিরোধ করে যাচ্ছিল, প্রাণপণে ব্যারাকের সেই জ্বলন্ত আগুনের পাশে দাঁড়িয়ে আমাদের বীর সিপাহীরা বীরবিক্রমে প্রতিহত করছিল। উন্মত্ত সেনাদের অগ্রগতিকে রুখে দিচ্ছিল নির্ভিক ভাবে। আগুন ক্রমে ক্রমে রাজারবাগ পুলিশ লাইনের উত্তর দিকের ব্যারাকে ছড়িয়ে পড়ছিল। আগুনের লেলিহান শিখায় সেই ধেয়ে আসা ভস্মের মধ্যে আমাদের কতিপয় বীর সিপাহী প্রতিরোধ সৃষ্টি করার সময় অকস্মাৎ আটকা পড়ে নিদারুন ভাবে শহীদ হন। আর অবশিষ্ট সিপাহী আগুন ও শেলিং- এর মুখে আস্তে আস্তে পিছু হটতে হটতে আমাদের প্রধান বিল্ডিং-এর দিকে আসতে থাকে- আমাদের বীর সিপাহীরা তখনও প্রতিরোধ করে যাচ্ছিল বীর বিক্রমে। মাইক্রোফোনে ওদের উন্মাত্ত গর্জন শুনছিলাম, "তোমলোগ সারেন্ডার করো, হাতিয়ার দে দাও, নাই তো খাতাম কার দিওঙ্গা, তামা হো যায়েগা।''

আমাদের বীর সিপাহীরা ওদের মিথ্যা ভাঁওতায় কান না দিয়ে প্রাণপণ প্রতিরোধ করছিলো ওদের। কিন্তু আমাদের বীর সিপাহীরা ও আমাদের সকলের গুলি শেষ হয়ে গিয়েছিলো। আমাদের অস্ত্রাগারেও তখন প্রবেশ করার কোন উপায় ছিলো না। সেখানে ওরা গোলাবর্ষণ করছিলো উন্মত্তভাবে। আমি উপায়ান্তর না দেখে পিছু হটতে হটতে পুলিশ লাইনের দক্ষিন দিকে অবস্থিত ঘোড়ার আস্তাবলের পিছনের রাস্তা দিয়ে আমিনবাগের মধ্যে দিয়ে চলে এসে প্রাণ বাচাই। এরপর আমি গ্রামের দিকে গিয়ে বাংলার মুক্তি সংগ্রামে ঝাঁপিয়ে পড়ি।

ঢাকার মিরপুরে প্রতিরোধ

সাক্ষাৎকারঃ মোহম্মদ আঃ সোবহান*
ইন্সপেক্টর অব রিজার্ভ পুলিশ
বি-আর-পি, রাজশাহী
২৯-১-৭৪

আমার ওয়ারলেস সেটটি কিছুক্ষণ নীরব থাকার পর রাজারবাগ অয়ারলেস কন্ট্রোল রুম থেকে আর এক বাঙ্গালী পুলিশের কন্ঠ ঘোষণা করলো, "অল অফিসার্স অফ এন্ড অ্যাবভ র‍্যাংক অফ ইন্সপেক্টরস উইল প্রোসিড টু দেয়ার কোয়ার্টার্স।'' হোটেল ইন্টার-কন্টিনেন্টালের পশ্চিমের গেটে প্রহরারত বাঙ্গালী পুলিশের ভীতসন্ত্রস্ত কন্ঠ আমার অয়ারলেস সেটে বেজে ওঠার পর এবং রাজারবাগ পুলিশ লাইনের কন্ট্রোল রুমের অয়ারলেস থেকে সতর্কবাণী পাওয়ার পর আমরা সন্ত্রস্ত হয়ে পরেছিলাম। এরপর বিএসপি, ইন্সপেক্টর সহ সকল পদস্থ বাঙ্গালী পুলিশ অফিসার যারা মিরপুর ও অন্যান্য স্থানে বিভিন্ন সেকশন ও সেক্টরের দায়িত্বে ছিলেন, অয়ারলেস মারফৎ রাজারবাগ কন্ট্রোল রুম থেকে উপরোক্ত নির্দেশ পাওয়ার পর সবাই হেড কোয়ার্টারে চলে গেলে আমি আমার এক প্লাটুন (৩৭জন পুলিশ) নিয়ে মিরপুর থানায় গিয়ে উঠি। সেখানে আমি মিরপুরের বিভিন্ন সেকশনে কর্তব্যরত সকল ফোর্সকেই জমায়েত দেখতে পাই। সারা মিরপুরে এ সময় থমথমে ভাব বিরাজ করছিলো। হঠাৎ পুলিশ (কমিশনার বিল্ডিং) কন্ট্রোল রুম থেকে আবার অয়ারলেস সেটে বাঙ্গালী পুলিশের কম্পিত কন্ঠ বেজে উঠলো। সেই কন্ঠ বলেছিলো- "পাক আর্মি ভারি কামান, ট্যাংক ও মেশিনগান নিয়ে আমাদের কন্ট্রোল রুম ঘেরাও করে ফেলেছে। ওরা গোলাবর্ষণ করতে করতে সিঁড়ি বেয়ে উপরে উঠে আসছে আমাদিগকে নিশ্চিহ্ন করে দেওয়ার জন্য- ওরা ভীষণভাবে ধেয়ে আসছে- তোমরা যে যেখানে থাক এগিয়ে এসো, আমাদের রক্ষা করো, বাঁচাও, আমাদের বাঁচাও।'' সেই কন্ঠ বলে যাচ্ছিল- "রাজারবাগ পুলিশ লাইনে পাকপশুদের হামলা হয়েছে, সেখানেই গোলাগুলি চলছে, আমাদের বীর পুলিশরা লড়ছে, সেখানকার অয়ারলেস বেইচ থেকে আমরা কোন শব্দ পাচ্ছি না, সব নীরব নিস্তব্ধ হয়ে গেছে।'' পরক্ষণেই আমরা ঢাকার আকাশের দিকে তাকিয়ে দেখলাম আকাশে বৃষ্টির মতো লাইট-বোম উড়ছে। কামান, ট্যাঙ্ক আর গোলাবর্ষণের ভীষণ গর্জন শুনছিলাম, অসংখ্য মানুষের বুকফাটা অসহায় কান্নার রোল ভেসে আসছিলো। অস্থির অধীর ছাত্র জনতা যেন ঝাঁপিয়ে পড়ছে সেই অসংখ্য কামান, ট্যাংক ও গোলাবর্ষণের আগুনের মধ্যে। চোখের সামনে দেখলাম আগুন আর আগুন, জ্বলন্ত আগুনের লেলিহান শিখা জ্বলছে, রাজধানী ঢাকা জ্বলছে। চোখ ফিরিয়ে মোহাম্মদপুরের আসাদ গেটের দিকে তাকিয়ে দেখলাম সেখানেও ভীষণ গুলি আরম্ভ হয়ে গেছে, বাড়ি ঘর জ্বলছে। সেই ভয়াল ও ভয়ংকর গোলাবর্ষণও আগুনের লেলিহান শিখা আস্তে আস্তে আমাদের দিকে এগিয়ে আসছিলো, আমাদের ফোর্স সবই মিরপুর থানায় জমায়েত হয়েছিল। অর্ধেকের হাতে ছিল লাঠি আর অর্ধেকের হাতে ছিল সাধারণ রাইফেল আর বিশ রাউন্ড গুলি। মিরপুর থানায় এভাবে বসে থাকলে সব এক সাথে ওদের ঘেরাওর মধ্যে পড়ে কুকুর-বিড়ালের মতো মরতে হবে ভেবে আমরা আমাদের ফোর্সকে বিভিন্ন জায়গায় ছড়িয়ে পজিশন নিতে বলি আর আমার সিপাহীদের যাদের হাতে শুধু

*মোহাম্মদ আবদুস সোবহান ১৯৭১ সালের ২৫শে মার্চ রাজারবাগ পুলিশ লাইনে আর্মড সাব-ইন্সপেক্টর অব পুলিশ হিসেবে কর্মরত থাকাকালে মিরপুর দশ নম্বর সেকশনে জরুরী টহলে গিয়েছিলেন।

লাঠি ছিল তাদের চলে যেতে বলি আত্মরক্ষার জন্য। আমি আমার ফোর্স নিয়ে মিরপুর ইটখোলার ভিতরে পজিশন নিয়ে পাক পশুদের অপেক্ষা করতে থাকি। আমরা পালাই-নাই। কারণ পালাবার ইচ্ছা আমাদের ছিল না। আমরা মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে দৃঢ় শপথ নিয়েছিলাম। সামান্য রাইফেল নিয়েই আমরা পশুদের প্রতিরোধ করবো। প্রতিহত করবো, লড়বো কিন্তু পিছু হটবো না। সারারাত আমি আমার সশস্ত্র ফোর্স নিয়ে সেই ইটখোলার বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়ে পজিশন নিয়ে বসেছিলাম। আর ঢাকার আকাশে দেখছিলাম আগুনের লেলিহান শিখা, সকল নিরীহ নিরস্ত্র ছাত্র-জনতার সহিত পাক পশুদের কামান ও ট্যাংক যুদ্ধের তান্ডবলীলা। রাত তিনটার সময় আমরা দেখছিলাম আমাদের চোখের সম্মুখে চারটি সশস্ত্র পাক সেনাদের ট্রাক চলে গেল। ট্রাকের পিছনে পিছনে যাচ্ছিল কামান বসানো 'ডজ'। মিরপুর ইপিআর বাহিনীর সাথে আমরা পাক আর্মিদের এক ঘন্টা তুমুল সংঘর্ষ দেখলাম। কামান ও ট্যাংকের কানফাটা গর্জনে আমরা সবাই বিমূঢ় হয়ে পড়ছিলাম। কিছুক্ষণ পর দেখলাম পাক আর্মি সেই সশস্ত্র ট্রাকগুলো নিয়ে ফিরছে তার পিছনে আরও তিনটি ট্রাক আসছিল। ঐ অতিরিক্ত ট্রাকে ছিল সংঘর্ষে পর্যুদস্ত বাঙ্গালী ইপিআর বন্দীরা। আমাদের সম্মুখ দিয়েই পাক পশুদের সশস্ত্র ট্রাকগুলি ইপিআর বন্দীদের নিয়ে সদর্পে এগোচ্ছিল। আমি আমার সিপাহীদের ওদের ওপর গুলি বর্ষণ করতে নিষেধ করেছিলাম। ওদের গাড়ীগুলো এগোচ্ছিল-সবাই চলে গেল। পিছনে দুটি গাড়ী থাকতেই আমার এক সিপাহী হঠাৎ ওদের প্রতি গুলিবর্ষণ করতেই ওরা সবাই ট্রাক থামিয়ে নেমে পড়ে কুকুরের মতো। ভীষণ ব্রাশ ফায়ার শুরু হয়ে যায় আমার সিপাহীদের উপর। আমাদের উপর পড়ছিল অসংখ্য গ্রেনেড, আরোও পড়েছে স্বয়ংক্রিয় মেশিনগান থেকে বৃষ্টির মতো অসংখ্য গুলি। আমরা আমাদের সামান্য রাইফেল নিয়েই পশুদের প্রাণপণ প্রতিরোধ করতে থাকি। কিছুক্ষণ পর আমাদের গুলি শেষ হয়ে গেলে আমরা গুলিবর্ষণ করতে করতে আস্তে আস্তে পিছু হটতে থাকি-আমাদের হাতে সামান্য রাইফেল থাকলেও ওরা রাতের কালো অন্ধকারে সেই ভারী কামান, ট্যাংক বহর ও অসংখ্য মেশিনগান, গ্রেনেড ও সশস্ত্র সৈন্য নিয়েও আমাদের সামনে সদম্ভে এগিয়ে আসতে সাহস পায় নাই। আমাদের দুর্জয় মানসিক শক্তির সামনে ওরা প্রথমত আসতে সাহস পায় নাই। সামান্য রাইফেল দিয়েই ওদেরকে প্রায় এক ঘন্টা প্রতিরোধের পর আমি আমার ফোর্স নিয়ে পিছু হটছিলাম। আমার ফোর্স সব পিছনে চলে গিয়েছিলো। আমি আমার দুর্জয় সিপাহী নিয়ে একাই ওদের বিরুদ্ধে ফাইট দিচ্ছিলাম। হঠাৎ দেখলাম ওরা নীরব-ওদের নীরবতা দেখে আমি ওদের ঘেরাওয়ের মাঝে পড়ে যাওয়ার ভয়ে পিছু হটে চলে আসি। পিছনে এসে দেখলাম এক প্রাসাদের ছাদের উপর এক বিদেশী দাঁড়িয়ে আছেন। আমি তার গেটের সামনে যাওয়ার সাথে সাথে সেই বিদেশী ভদ্রলোক এসে আমাকে ভিতরে নিয়ে গিয়ে বিল্ডিংয়ের পিছনে নিরাপদ স্থানে আশ্রয় দিলেন। কিন্তু সে জায়গা নিরাপদ মনে না করায় আমরা সেই ভদ্রলোকের পরামর্শ অনুযায়ী তার বিল্ডিংয়ের পিছনের রাস্তা দিয়ে বেরিয়ে পড়লাম। আমার এক সিপাহীর কথামত আমরা সবাই নিকটবর্তী অবসরপ্রাপ্ত পুলিশ সুপার মান্নান সাহেবের বাসায় গিয়ে আশ্রয় নেই। তিনি আমাদিগকে যথেষ্ট যত্ন করেন। আমরা তার বাড়িতে চা-নাস্তা খেয়ে তার ছাদের উপর গিয়ে দেখলাম পাক আর্মিরা ইটখোলার ভিতর ঢুকে আমাদিগকে সার্চ করছে,- তখন ভোর হয়ে গিয়েছিল। অবসরপ্রাপ্ত পুলিশ সুপার তার বাসা থেকেই ধেয়ে আসতে থাকা পাক আর্মিদের বিরুদ্ধে ফাইট দিতে বলেন কিন্তু আমার সিপাহীদের গুলি শেষ হয়ে যাওয়ায় এবং আমরা রাতের ফাইটে সাংঘাতিকভাবে ক্লান্ত হয়ে যাওয়ায় কল্যাণপুরের বাঙ্গালী এলাকায় চলে গিয়ে পুলিশের পোশাক ফেলে দিয়ে কলোনীর বাঙ্গালী ভাইদের দেওয়া ছেঁড়া লুঙ্গি গেঞ্জি পরে কল্যাণপুর কলোনীর ছাত্র-জনতার সাথে মিশে গিয়ে সেখানকার বাঙ্গালী জনতাকে সর্বতোভাবে সাহস দিতে থাকি। সকাল তখন দশটা বেজে গিয়েছিল। আমি আমার হাতে রাখা অচল অয়ারলেস সেটটা মেরামত করে সচল করে দিয়ে ঢাকার সব পুলিশ সেক্টর ডেড দেখলাম। মিরপুর থানার সহিত লাইন দিলাম, সেখান থেকে এক বাঙ্গালী কন্ঠ ভেসে আসছিল- জোর করে স্বাভাবিক করা সেই কন্ঠ বলছিলো, "মিরপুর থানা," পরক্ষণেই এক অবাঙ্গালী পাকসেনা অয়ারলেস সেটে বলে ওঠে-কোন শালা কাহা তোম বোলতা হায়।" আমি বেশ বুঝতে পারি অয়ারলেসে বাঙ্গালী কন্ঠ শোনা গেলেও

সেখানে পাক সেনাদের প্রভুত্ব বহাল রয়েছে। আমি এরপর আমার অয়ারলেস সেটটি অচল করে কল্যাণপুর কলোনীর এক বাঙ্গালীর বাসায় রেখে পার্শ্ববর্তী মসজিদে জুমার নামাজ পড়তে গিয়েছিলাম। মসজিদে জনতার ব্যাকুল চাহনী কিছুতেই এড়াতে পারলাম না। নামাজ শেষে বের হয়ে এসে পাশের এক ছোট ঘরে বসে আছি এমন সময় দেখলাম অসংখ্য দাঙ্গাবাজ বিহারী লাফিয়ে লাফিয়ে আসছে, পিছনে পাকসেনাদের গাড়ী। বিহারীরা সেখানে এসেই বাঙ্গালী কলোনীতে আগুন লাগিয়ে দিয়ে লুটপাট শুরু করে দিল। ইতিমধ্যে পাক সেনাদের গাড়ী দুটো বিহারীদের বাঙ্গালী কলোনীতে লুন্ঠনে লাগিয়ে দিয়ে চলে গেলো। আমরা বিহারীদের তান্ডবলীলা আর সইতে পারলাম না- আমি আমার সিপাহীদের পজিশন নিয়ে বিহারীদের উপর ফায়ার করার নির্দেশ দিলে দুজন বিহারী গুলি খেয়ে পড়ে যায়- আর সব বিহারী দৌড়ে পালিয়ে যায়। তখনকার মত কল্যাণপুর বাঙ্গালী কলোনী বেঁচে যায় বিহারী লুন্ঠন থেকে। আমাদের গুলিবর্ষণে বাঙ্গালী কলোনীতে আসন্ন পাক ও বিহারীদের হামলা ও লুন্ঠনের আশংকায় সবাই ভীত- সন্ত্রস্ত হয়ে পাগলের মতো পালাতে থাকে চারিদিকে। এরপর আমি মিরপুরের রাস্তার সামনে নদী পার হয়ে গ্রামের দীর্ঘ রাস্তা ধরে আমাদের সিপাহীদের নিয়ে অজানার পথে অদৃশ্য হয়ে যাই।

ঢাকা শহরে সশস্ত্র প্রতিরোধ

সাক্ষাৎকারঃ লেঃ (অবঃ) আনোয়ার হোসেন

অসহযোগ আন্দোলনে আমার পূর্ণ সমর্থন ছিল। আমি ঢাকা সেনানিবাসে দ্বিতীয় বেঙ্গলে ছিলাম।

২৫শে মার্চের ঘটনায় বিক্ষুব্ধ হয়ে উঠি। আমার বাঙ্গালী অফিসারদের সাথে কথা বললে তারা আমাকে নিরুৎসাহিত করেন। তারপর আমরা ১৬জন যুবক আলাপ-অলোচনা করে ২৭শে মার্চ সেনানিবাস থেকে পালিয়ে যাই। তেজগাঁ ড্রাম ফ্যাক্টরীর কাছে এসে দেখি মুক্তিবাহিনী গঠন হয়েছে। সেখানে ইপিআর, আনসার, মুজাহিদ, ছাত্র, কৃষক, শ্রমিক সবাই ছিল। আমি দলের নেতৃত্ব হাতে নেই। আমরা ৩৫০ জনের উপরে ছিলাম। তেজগাঁ রেল লাইনের অপরদিকে ডিফেন্স নিয়ে ২৯শে মার্চ পাকসেনাদের সাথে যুদ্ধে লিপ্ত হই। ১২৬ জন পাক সেনা হতাহত, ৩টি গাড়ী ধ্বংস এবং অনেক আহত হয়। বহু অস্ত্রও আমরা উদ্ধার করি। অস্ত্র দ্বারা আমরা পুনর্গঠিত ও নববলে বলীয়ান হই। ৩০শে মার্চ ঢাকার মহাখালীতে আমরা ১০জন রেকি করতে বের হই। আগে থেকে আমরা বুঝতে পারিনি যে পাকসেনারা এ্যামবুশ করে আছে। আমরা এ্যামবুশে পড়ে যাই। শামসুল আলম নামক একজন ইপিআর ওখানে শহীদ হন। বাকী নয়জন কোন রকমে বেঁচে আসি। সময় ছিল রাত সাড়ে দশটা। ৩১শে মার্চ সেকেন্ড ক্যাপিটালে আসাদ গেটের নিকটে হাসপাতালের কাছে পাক সেনাদের অবস্থান ছিল। আমরা রাত ৩টায় আক্রমণ চালাই। এতে ৫জন পাক সেনা খতম হয়। আমাদের কোনো ক্ষয়ক্ষতি হয়নি।

ভোর পাঁচটায় পাকসেনারা ব্যাপক সেনা ও অস্ত্র নিয়ে আমাদের উপর আক্রমণ চালায়। ওদের সামনে টিকতে না পেরে পালাবার চেষ্টা করি। সবাই বিচ্ছিন্ন হয়ে যায়, বেশ কিছু শহীদ হন। আমিসহ সাতজন পাক সেনাদের হতে ধরা পড়ি। তারিখ ছিল ১লা এপ্রিল।

বংশাল ফাঁড়ির প্রতিরোধ*

১৯৭১সালের পঁচিশে মার্চের সেই ভয়ংকরী রাত্রি, যার কথা বাংলাদেশের মানুষেরা কোনো দিনই ভুলতে পারবে না। ওরা ঢাকা শহরকে রক্তবন্যায় ভাসিয়ে দেবার জন্য অতর্কিতে নেমে এলো। ওরা জানতো, এদেশে ওদের পক্ষে কেউ নেই। সরকারী কর্মচারী থেকে রাস্তার পুলিশ পর্যন্ত, শিক্ষিত বুদ্ধিজীবী থেকে শহরের

*শারদীয় কালান্তর, সেপ্টেম্বও ১৯৭১ সংখ্যায় প্রকাশিত সত্যেন সেন রচিত "নাদির গুন্ডা" শীর্ষক প্রতিবেদন থেকে সংকলিত।

মেহনতী মানুষ আর গ্রামের কৃষক পর্যন্ত জনসাধারণের সমস্ত স্তর থেকে ওরা সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন। তাই পশ্চিমী শাসক চক্রের জঙ্গী বাহিনী কোন রকম বাছ-বিচার না করে সর্বগ্রাসী আক্রমণ নিয়ে নেমে এসেছিল।

রাত বারোটার পর ঘড়ি দেখে কাঁটায় কাঁটায় একই সঙ্গে ওরা বিশ্ববিদ্যালয় অঞ্চল, লালবাগ, পিলখানায় ইপিআর ব্যারাকে, পুলিশ ব্যারাকে এমনকি থানায় থানায় ফাঁড়িতে ফাঁড়িতে আক্রমণ করে বসলো। সবাই জানে, একমাত্র বাজারবাগ পুলিশ লাইন ছাড়া আর কোন জায়গা থেকে তারা কোনো প্রতিরোধ পায়নি, যেখানে গেছে সেখানেই অবাধে ধ্বংসলীলা চালিয়ে গেছে। কিন্তু এর ছোট্ট একটা ব্যতিক্রমও আছে। এই খবরটা কিন্তু খুব কম লোকই জানে।

নবাবপুর থেকে বংশালের রাস্তায় ঢুকলে বাঁয়ে নিশাত সিনেমা হল, ডাইনে দৈনিক সংবাদ অফিস, সেখান থেকে একটুখানি এগিয়ে গেলে বাংশাল ফাঁড়ি। কিছুসংখ্যক সৈন্য মেশিনগান-রাইফেল নিয়ে এই ফাঁড়ি আক্রমণ করতে গিয়েছিল। তারা নিশ্চিন্ত মনে রাত্রির নিঃশব্দতার বুকে আর্মি বুটের খট খট শব্দ হেনে ফাঁড়িটার দিকে এগিয়ে চলেছিল। এখানে কারু কাছ থেকে যে প্রতিরোধ আসতে পারে এমন কথা তারা কল্পনাও করতে পারেনি। ভেবেছিল, অবাধে ও স্বচ্ছন্দে তাদের হত্যালীলা চালিয়ে যাবে, একটা প্রাণীকেও রেহাই দেবে না। কিন্তু ফাঁড়িটার কাছে যেতেই এক পশলা বৃষ্টিধারার মতো মেশিনগানের গুলি তাদের অভ্যর্থনা জানাল। ওরা ভীষণ চমকে উঠে পিছিয়ে গেল। এটা কি একটা বিশ্বাস করবার মতো কথা। এক সামান্য ফাঁড়ির জনকয়েক পুলিশ, তাদের এত বড় সাহস হবে! কিন্তু বিশ্বাস না করে উপায় ছিল না, ওদের মধ্যে কয়েকজন সেই গুলিতে আহত হয়েছে। এরপর ফাঁড়ির ভেতর থেকে পরপর কয়েকবার রাইফেলের শব্দ শোনা গেল।

এবার দু'পক্ষে যুদ্ধ শুরু হয়ে গেল। বংশালের পথে একটিও জনপ্রাণী নেই। ঘরে ঘরে দরজা-জানালা বন্ধ। কারো কোন সাড়া-শব্দ নেই, শুধু ঘন ঘন মেশিনগান আর রাইফেলের শব্দে বংশালের পথ আর দুই ধারের বাড়িগুলি থেকে থেকে কেঁপে উঠছিল। সৈন্যরা বেশ একটু বেকায়দায় পড়ে গিয়েছিলো।

ফাঁড়ির ভেতরে কে কোথায় আছে, কারা কি করছে- কিছুই তারা দেখতে পাচ্ছিল না। অপর পক্ষে অন্ধকার ফাঁড়িটার মধ্যে উপযুক্ত জায়গায় পজিশন নিয়ে প্রতিরোধকারীরা তাদের লক্ষ্য করে গুলি ছুঁড়ছিল। রাস্তার আলোয় সৈন্যদের তারা ভালো করেই দেখতে পাচ্ছিল। ফলে এইবার ওরা বেশিক্ষণ লড়াই চালিয়ে যেতে পারলো না, তখনকার মতো সেখান থেকে পৃষ্ঠভঙ্গ দিল।

ফাঁড়ির মধ্যে প্রতিরোধকারীরা উল্লাসে 'জয় বাংলা' ধ্বনি তুলল। আক্রমণকারীদের মধ্যে জনকয়েক সম্ভবত হতাহত হয়েছিল। কিন্তু পশ্চাদপসরণকারী সৈন্যদের তাদের কোনো চিহ্ন রেখে যায়নি।

ফাঁড়ির পুলিশরা এভাবে একদল সশস্ত্র সৈন্যকে হটিয়ে দেবে, এটা সত্য সত্যই অভাবনীয়। আরও আশ্চর্যের কথা, তারা ফাঁড়ির মধ্যে থেকে মেশিনগান চালিয়েছিল। থানা বা ফাঁড়ির পুলিশদের হাতে কখনো মেশিনগান দেওয়া হয় না। একমাত্র বন্দুক ও রাইফেল তাদের সম্বল। এই সংকট মুহূর্তে এই মেশিনগান কেমন করে তাদের হাতে এলো?

বংশাল মহল্লার লোকের মুখে এর উত্তরটা আমি পেয়েছি। এটা শুধু ফাঁড়ির পুলিশদের কাজ নয়। তাদের সঙ্গে যোগ দিয়েছিল এই মহল্লারই সুপরিচিত নাদির গুন্ডা তার কয়েকটি সাগরেদ। যোগ দিয়েছিল বললে কথাটা সঠিকভাবে বলা হবে না। কার্যত এই নাদিরের নেতৃত্বেই নাকি এই প্রতিরোধকে সংঘটিত করে সৈন্যদের হটিয়ে দেওয়া সম্ভব হয়েছিল।

নাদিরের সঙ্গে যোগাযোগ না থাকলে ফাঁড়ির পুলিশেরা এ কাজ হাত দিতে সাহস করত না। আর মেশিনগানে? শুধু বংশাল মহল্লা নয়, পাশাপাশি মহল্লার অনেকেই এ কথা শুনেছিল যে সারা শহরের মধ্যে

একটিমাত্র লোক আছে যার হাতে একটি মেশিনগান আছে। সেই লোকটি হচ্ছে নাদির গুন্ডা নামে পরিচিত নাদির মিঞা। কি করে সে এই মেশিনগান সংগ্রহ করেছিল, একমাত্র সে-ই জানে।

প্রাক-স্বাধীনতার যুগে বিখ্যাত উর্দু লেখক কিষণচন্দর 'তিন গুন্ডা' নামে এক অপূর্ব কাহিনী লিখেছিলেন। কাহিনীর সেই তথাকথিত গুন্ডারা স্বাধীনতা আন্দোলন উপলক্ষে গুলিতে প্রাণ দিয়েছিল। কিন্তু সত্য সত্যই এরা কেউ গুন্ডা ছিল না। সরকারী প্রচারণায় স্বাধীনতা আন্দোলনের এই শহীদদের গুন্ডা বলে আখ্যা দেওয়া হয়েছিল।

নাদির গুন্ডার ব্যাপারটা কিন্তু সে রকম নয়। সত্য সত্যই সে গুন্ডামি করত। যেই পরিবেশে জন্মেছিল, বড় হয়েছিল, সেই পরিবেশই তাকে এই পথে টেনে আনে। বয়স আর কত? ত্রিশের কোঠার নিচেই ছিল। এই বয়সেই সে গুন্ডা নামে কুখ্যাত হয়ে উঠেছিল। তবু সাধারণ গুন্ডাদের চেয়ে সে স্বতন্ত্র ছিল। তার পরিচিত যারা, এর কথাটা তাদের জানা ছিল যে, অনেকে বিপদে-আপদে নাদির গুন্ডার কাছ থেকে নানাভাবে সাহায্য পেয়েছে, ভালোবাসাও পেয়েছে।

এই সংসারে এমন অনেক ঘটনা ঘটে যা বিশ্বাস করা কঠিন অথচ সত্য। নাদির গুন্ডার জীবনে এমনি এক ঘটনা ঘটল। স্বাধীন বাংলা আন্দোলনের সংস্পর্শে এসে লোকটা কেমন করে যেন সম্পূর্ণ বদলে গেল। আর সব কথা যেন ভুলে গেল সে। কেমন করে বাংলাদেশকে পশ্চিম পাকিস্তানের শাসকচক্রের হাত থেকে মুক্ত করা যাবে- এটাই তার ধ্যান, জ্ঞান, জপমন্ত্র হয়ে দাঁড়াল। কোনো বিশেষ রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত না হলেও সে বিভিন্ন মহল্লায় রাজনৈতিক কর্মীদের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলত।

একটা বিষয়ে সে নিঃসন্দেহে ছিল যে, সত্য সত্যই ওদের হাত থেকে দেশকে মুক্ত করতে হলে সশস্ত্র সংগ্রামে নামতে হবে। সেই উদ্দেশ্যকে সামনে রেখে সে এই মেশিনগান আর অন্যান্য অস্ত্রশস্ত্র সংগ্রহ করে নিয়েছিল। আর এই নাদির গুন্ডার প্রভাবে একই পথের পথিক আরও কয়েকটি ছেলে তাকে ঘিরে দাঁড়িয়েছিল।

পঁচিশে মার্চের সেই বিভীষিকা নাদিরের মনকে বিন্দুমাত্র দমিয়ে দিতে পারেনি। ওদের সেই পৈশাচিক হত্যা আর ধ্বংসলীলা তাকে প্রতিহিংসায় উন্মত্ত করে তুলেছিল। সারা শহরে হতাশা আর আতঙ্কের আবহাওয়া। তার মধ্যে দুর্জয় সাহস বুকে নিয়ে মহল্লায় মহল্লায় ঘুরে সে প্রতিরোধের কৌশল ও সংগঠন গড়ে তুলেছিল। তার এই সাহস আর নিষ্ঠার পরিচয় পেয়ে মাত্র কয়েকদিনের মধ্যে মহল্লার লোকেরা তাকে আপন মানুষ বলে চিনে নিল।

তারা বলাবলি করত, এই শহরে নাদিরের মতো আরও গোটা কয়েক মানুষ যদি থাকত, তবে আমরা ওদের নাভিশ্বাস তুলে দিতে পারতাম। নাদিরের নামটা মিলিটারি গোয়েন্দাদের কাছে পৌঁছতে দেরি হয়নি। তারা তন্নতন্ন করে তার সন্ধান করে ফিরছিল।

পঁচিশে মার্চের পর থেকেই লুণ্ঠনরত সৈন্যের দল ঘরবাড়ি-দোকানপাট ভেঙ্গেচুরে ইচ্ছামতো লুঠপাট করে চলেছে। এপ্রিলের প্রথম সপ্তাহে শহরের গোটা কয়েক রেশনের দোকান লুট হয়ে গেল। শহরের মানুষ ভয়ে আঁতকে উঠল। এভাবে রেশনের দোকান যদি লুট হয়ে যায়, তবে খাবে কি তারা? শেষকালে কি না খেয়েই মরতে হবে? ভয়ে দিশেহারা মানুষ কি করবে পথ খুঁজে পায় না।

রেশন দোকানের মালিকেরা ভয়ে দোকান খুলতে চায় না। এই দুর্দিনে সর্বসাধারণের অবস্থা চিন্তা করে অস্থির হয়ে উঠল নাদির। কিছু একটা করতেই হয়। ঐ শয়তানেরা এসে রেশনের চাল লুট করে নিয়ে যাবে আর তারা অসহায়ের মতো হাত গুটিয়ে বসে বসে দেখবে, এ কিছুতেই চলবে না। কিন্তু কি করতে পারে সে?

একদিন মহল্লার লোকেরা অবাক হয়ে দেখল নাদির আর তার দলবল তাদের রেশনের দোকান ভেঙ্গে বস্তা বস্তা চাল বের করে নিয়ে যাচ্ছে। শেষকালে নাদিরের এই কাজ! তারা হতবুদ্ধি হয়ে গেল। কিন্তু একটু পরেই তাদের আসল ব্যাপারটা বুঝতে বাকি রইল না। নাদির তাদের মুখের দিকে চেয়েই এই দুঃসাহসের কাজে হাত দিয়েছে। নাদির আর তার সঙ্গীরা অত্যন্ত দ্রুততার সঙ্গে সেই চাল মহল্লার ঘরে ঘরে ভাগ করে দিল। পাড়ার লোকে তখনকার মত কিছুটা চাল পেয়ে স্বস্তির নিঃশ্বাস ফেলল। হাতের কাজটা সেরে ফেলে অদৃশ্য হয়ে গেল নাদির। তার মাথার উপর মৃত্যুর পরোয়ানা ঝুলছে। খবরটা ইতিমধ্যে ছড়িয়ে পড়েছে। মিলিটারির জীপ তার সন্ধান নিয়ে ফিরছে।

এরপর দুঃসাহসী নাদির আর বেশীদিন কাজ করার সুযোগ পায়নি। এপ্রিলের মধ্যভাগে গ্যাদা নামে এক কুখ্যাত গুন্ডা তাকে মিলিটারির হাতে ধরিয়ে দিল। গ্যাদা ইতিমধ্যেই মিলিটারীর দালালি করে আরো কয়েকজনকে ধরিয়ে দিয়েছে। তাছাড়া নাদিরের বিরুদ্ধে তার ব্যক্তিগত আক্রোশ ছিল। একবার নাদিরের গুলিতে জখম হয়ে তাকে বেশ কিছুদিন শয্যাশায়ী থাকতে হয়েছিল। তখন রাত অনেক হয়েছে। নাদির একটি জীপে করে আসছিল। আর্মানিটোলা ময়দানের কাছে এসে তার জীপটা একটা বাড়ির পাশে দাঁড়াল। ওরা আগে থেকেই তৈরী হয়ে ছিল। একটা সঙ্কেত পেয়ে মিলিটারীর লোকের বিদ্যুতগতিতে এসে তার জীপটাকে ঘিরে ফেলল। তারপর তারা তাকে ধরে নিয়ে তাদের আস্তানায় চলে গেল। নাদির সেই যে গেল, তারপর আর ফিরে আসেনি। ফিরে আসবে না কোনদিন।

নরসিংদীতে সশস্ত্র প্রতিরোধ*

এপ্রিল মাসের তৃতীয় সপ্তাহ।

ভারতীয় বেতার মারফৎ একটি সংবাদ প্রচারিত হলো- ঢাকা শহর থেকে কুড়ি কিলোমিটার দূরে কোন এক জায়গায় পাকিস্তানী সৈন্যদের সঙ্গে মুক্তিযোদ্ধাদের যুদ্ধ চলছে। খবরটা চাঞ্চল্যকর, বিশেষ করে ঢাকা জেলার লোকদের কাছে। দিনের পর দিন বাংলাদেশের নানা জায়গা থেকে মুক্তিবাহিনীর সক্রিয়তার সংবাদ পাওয়া যাচ্ছে। কিন্তু ঢাকা জেলায় তাদের প্রতিরোধের চিহ্নমাত্র নেই। অবশ্য ২৫শে মার্চ তারিখে সামরিক হামলার প্রথম রাত্রিতে রাজারবাগের পুলিশ ভাইয়েরা বীরত্বপূর্ণ প্রতিরোধ দিয়েছিল। বাংলাদেশের মুক্তিসংগ্রামের ইতিহাসে এই কাহিনী অবিস্মরণীয়। তার দুই দিন বাদে নারায়ণগঞ্জ শহরের সংগ্রামী ভাইয়েরা শুধুমাত্র গোটা কয়েক রাইফেলের উপর নির্ভর করে আধুনিক যুদ্ধবিদ্যায় সুশিক্ষিত সৈন্যদলকে দুই দিন পর্যন্ত আটকে রেখেছিল শহরে ঢুকতে দেয়নি। তাদের মধ্যে যারা সবচেয়ে উদ্যোগী ভূমিক গ্রহণ করেছিল তারা সবাই তরুণ ও কিশোর; অভিজ্ঞতার দিক দিয়ে একেবারেই কাঁচা। আমাদের এই সংগ্রামী ভাইদের জন্য ঢাকা জেলার মানুষ সঙ্গতভাবে গর্ববোধ করতে পারে। কিন্তু তারপর?

তারপর থেকে সারা ঢাকা জেলায় মুক্তিসংগ্রামীদের কোন সাড়া শব্দ নেই। ঢাকা জেলার মানুষ দুঃখ করে বলে, সবাই এগিয়ে যাচ্ছে, আমরাই শুধু পেছনে পড়ে আছি।

কুড়ি কিলোমিটার দূরের সেই জায়গাটা কোথায় তাই নিয়ে বিতর্ক ও বাদানুবাদ চলে। দূরত্ব সম্পর্কে অনেকের সঠিক ধারণা নেই। কেউ বলে সাভার,

কেউ বলে নরসিংদী, আবার কেউ বলে জয়দেবপুর। আবার এমন লোকও আছে যারা এই ভারতীয় প্রচারণাকে একদম গাঁজাখোরি বলে উড়িয়ে দেয়, কিন্তু অধিকাংশ মানুষ একে সত্যি বলে বিশ্বস করে। শুধু যে

*সত্যেন সেন রচিত 'প্রতিরোধ সংগ্রামে বাংলাদেশ' (আগষ্ট ১৯৭১) নামক গ্রন্থের "ওরা বারো জন" শীর্ষক প্রতিবেদন থেকে সংকলিত।

বিশ্বাস করে তাই নয়, নিজেদের কল্পনার সাহায্যে তাদের আরো দ্বিগুণ করে ফুলিয়ে ফাঁপিয়ে তোলে। ইতিপূর্বে নরসিংদীর উপর পাকিস্তানী বোমারু বিমান বোমা ফেলেছে। এটা ভারতীয় বেতারের প্রচার নয়, প্রত্যক্ষদর্শীরা বোমাবিধ্বস্ত নরসিংদীর সেই ভয়াবহ দৃশ্য দেখে এসেছে।

বাইরের লোকে এটুকুই শুধু জানল, কিন্তু ঠিক কোন জায়গায় যুদ্ধ বেধেছিল এবং যুদ্ধের ফলাফল কি সেই সম্পর্কে কারো মনে কোন স্পষ্ট ধারণা ছিল না। তাছাড়া নিত্যনতুন এমন সব চমকপ্রদ ঘটনা ঘটছে যে শহর থেকে কুড়ি কিলোমিটার দুরের সেই সংঘর্ষ সম্পর্কে কে আর মাথা ঘামায়।

যারা বাইরের লোক তাদের কাছে ঘটনাটা ছোট হতে পারে। কিন্তু স্থানীয়ভাবে ঘটনাটা দারুণ উত্তেজনা ও উৎসাহের সৃষ্টি করেছে। আমার এক বন্ধু তার নিজস্ব কাজে ঘটনাস্থলে গিয়েছিলেন। ভাগ্যক্রমে তার সঙ্গে আমার দেখা হয়ে গিয়েছিল, সেইজন্যই এই উল্লেযোগ্য ঘটনাটা সম্পর্কে কিছুটা আলোকপাত করতে পারছি। আজ সারা বাংলাদেশ জুড়ে এই ধরনের যে সমস্ত ঘটে চলেছে, তার কতটুকু খবরই বা আমরা রাখি।

পাকিস্তানের বোমারু বিমান ৪ঠা এপ্রিল ও ৫ই এপ্রিল পরপর দুই দিন নরসিংদীর উপর বোমা ফেলেছিল। তারপর দিন সাতেক কেটে গেল, ইতিমধ্যে পাকিস্তানী সৈন্য বা মুক্তিবাহিনী কেউ নরসিংদীতে প্রবেশ করেনি। তারপর হঠাৎ একদিন শোনা গেল পাকিস্তানী সৈন্যরা নরসিংদী দখল করবার জন্য ছুটে আসছে। গুজব নয়, প্রত্যক্ষদর্শীরা তাদের দেখে এসেছে।

তাঁতের কাপড়ের হাট হিসেবে বিখ্যাত বাবুরহাট থেকে জিনারদী পর্যন্ত একটি রাস্তা চলে এসেছে। মাইল সাতেকের পথ, জিনারদী থেকে নরসিংদী তিন মাইল। সৈন্যরা এই পথ ধরে এগিয়ে আসছিল। তাদের দলে কয়েকশ' সৈন্য। সৈন্যবাহিনীর ট্রাকগুলি একের পর এক মিছিল করে আসছিল। তাদের সঙ্গে মর্টার, রকেট, মেশিনগান- কোন কিছুরই আভাব নেই। মুক্তিবাহিনীর 'দুষ্কৃতকারী' লোকগুলিকে তারা নিঃশেষে খতম করবে, চূর্ণ করে ধুলোয় মিশিয়ে দেবে।

বাবুরহাট থেকে জিনারদী, মাঝখানে পাঁচদোনা গ্রাম। এই পাঁচদোনা গ্রামের কাছে সংঘর্ষটা ঘটেছিল, সেইদিন ১৩ই এপ্রিল। প্রথমে গোটা পাঁচেক সৈন্যবাহী ট্রাক। এই ট্রাকের কনভয় থেকে সৈন্যরা কিছুটা সামনে এগিয়ে এসেছে। পথ জনশূন্য। তবে মাঝে মাঝে দুটি-একটি অতি সাহসী কৌতূহলী লোক ঝোপ-ঝাড়ের আড়াল থেকে উঁকিঝুঁকি মারছে। সৈন্যরা নিশ্চিন্ত মনে এগিয়ে চলেছিল। হঠাৎ এক সময় শান্ত পল্লী- প্রকৃতিকে চমকে দিয়ে গুড়ুম গুড়ুম-পরপর তিনবার কামানের গর্জন শোনা গেল। অতি পরিচিত মর্টারের আওয়াজ। শুধু আওয়াজই নয়, একটা গোলার টুকরো ছিটকে এসে একটা ট্রাকের উপর পড়ল। ট্রাকের উপর সৈন্যদের মধ্যে হুড়োহড়ি পড়ে গেল। এমন অপ্রত্যাশিতভাবে আক্রান্ত হতে হবে এটা ওরা ভাবতে পারেনি। ওরা কি তার শত্রুপক্ষের কব্জির মধ্যে এসে পড়েছে? এই অচেনা-অজানা নির্বান্ধব দেশে তারা কি করে আত্মরক্ষা করবে? প্রতিপক্ষ সহজ নয়, ওরা মর্টার নিয়ে আক্রমণ করতে এসেছে। ওদের সঙ্গে কত লোক আছে কে বলবে? এরা সংখ্যায় বড় কম হবে না তা না হলে এরা এভাবে আক্রমণ করতে সাহস করত না। যারা আক্রমণ করছে, তারা ঝোপঝাড়ের আড়ালে এমন সুকৌশলে অত্মগোপন করে আছে যে, রাস্তা থেকে তাদের কোন মতেই দেখা যায় না। ট্রাক নিয়ে সেই দিকে এগোবার উপায় নেই, যেতে হলে পায়ে হেঁটে যেতে হয়। কিন্তু সেটা কোনমতেই নিরাপদ নয়। ওদের সঙ্গে শুধু মর্টার নয়, মেশিনগানও আছে। একপশলা বৃষ্টির মত কয়েক ঝাঁক মেশিনগানের গুলি ট্রাকের উপর এসে পড়েছে। প্রথম পর্যায়েই সৈন্যদের কয়েকজন মারাত্মকভাবে জখম হয়ে পড়েছে। সৈন্যরা আর দেরী না করে আনুমানের উপর নির্ভর করে মর্টারের গোলাবর্ষণ করতে লাগল। তাদের মেশিনগানও অবিরাম কাজ করে চলেছে।

এইভাবে কয়েক ঘন্টা ধরে দুই পক্ষের গোলাগুলির বর্ষণ চলল, একে রীতিমতো যুদ্ধ ছাড়া আর কি বলা যেতে পারে। এই কয়েক ঘন্টার যুদ্ধে পাক সৈন্যদের নিদারুণ ক্ষয়ক্ষতি হয়েছে। মর্টার আর মেশিনগানের

গোলাগুলিতে তাদের তিন ট্রাক সৈন্য হতাহত হয়েছে। এদের সংখ্যা প্রায় একশো, অপরপক্ষে অদৃশ্য গেরিলা বাহিনীর কি পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছে তা বুঝে ওঠা সম্ভব ছিল না। তবে এই বিষয়ে কোন সন্দেহ নেই যে, গেরিলা বাহিনীর লোকেরা বড় কম নয়। অস্ত্রশস্ত্রের দিক দিয়ে ওরা যথেষ্ট শক্তিশালী । এরপর আরও কিছুদূর এগোতে গেলে ওদের ফাঁদের মধ্যে সবশুদ্ধু আটকে পড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। এই অবস্থায় বাবুরহাটের দিকে ফিরে যাওয়াটাই ওরা সঙ্গত বলে মনে করল।

অদৃশ্য মুক্তিবাহিনী গোলাগুলি বর্ষণ করে নিঃশব্দ হয়ে গেছে। খুব সম্ভবত এটা ওদের চাল। ওরা প্রলোভন দেখিয়ে আরও দুরে সম্পূর্ণ ওদের আয়ত্তের মধ্যে টেনে নিতে চাইছে। পাক-সৈন্যরা আপাতত বাবুরহাটে ফিরে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করল। প্রথম তিনটা ট্রাক একেবারে অচল হয়ে গেছে। নিহত ও জখমী সৈন্যদের দেহ অন্যান্য ট্রাকে বোঝাই করা হলো। এবার ওদের এই শোকের মিছিল ফিরে চলল বাবুরহাটের দিকে। অচল ট্রাক তিনটি এই যুদ্ধের স্মৃতিচিহ্ন হিসাবে রাস্তার উপর পড়ে রইল। বেশ কিছুদিন সেগুলি ঐভাবে পড়ে ছিল।

বেলা বেশী নেই, এই অবস্থায় আর বেশী দুর এগোনো বুদ্ধিমানের কাজ হবে না। ওরা স্থির করল কাল বাবুরহাট থেকে আবার নতুন করে অভিযান শুরু করতে হবে। প্রতিপক্ষ যথেষ্ট শক্তিশালী সেই বিষয়ে সন্দেহ নেই। অবস্থা সুবিধাজনক বলে মনে হলে ঢাকা থেকে আরও বেশী সৈন্য আনাবার প্রয়োজন হতে পারে।

এবার মুক্তিবাহিনীর কথায় আসা যাক। যাদের তীব্র আক্রমণে আধুনিক যুদ্ধবিদ্যায় সুশিক্ষিত পাক-সৈন্যদল নিদারুন ক্ষয়ক্ষতি বরণ করে পিছিয়ে যেতে বাধ্য হয়েছিল, বিশ্বাস করুন আর নাই করুন তারা সংখ্যায় ছিল মাত্র বারো জন। তাদের অস্ত্রের মধ্যে ছিল শুধুমাত্র একটি মর্টার আর একটি মেশিনগান। এদের মধ্যে কেউ মারা যায়নি, শুধু দু'জন জখম হয়েছিল।

ওদের ঘাঁটি থেকে কয়েক মাইল দূরে। কোথায় সেই ঘাঁটি এই কথাটা একমাত্র তারাই জানে। ওরা সেই ঘাঁটি থেকে জোয়ান ছেলেদের নিয়ে বসল। আর তাদের পরিকল্পনাটা ওদের কাছে খুলে বলল। ছেলেরা শুনে উল্লাসে আত্মহারা হয়ে বলল- আমরাও থাকব আপনাদের সঙ্গে। আমরাও এখানে মুক্তিবাহিনী গড়ে তোলার কথা ভাবছিলাম। আপনাদের কয়জন লোক চাই বলুন।

না, না আমাদের যা প্ল্যান তাতে এই বারোজনই যথেষ্ট। তার বেশী লোক নিতে গেলে সবকিছু ভন্ডুল হয়ে যাবে। আপনারা শুধু চারদিক লক্ষ্য রাখবেন। দেখবেন ওরা যেন হঠাৎ আমাদের চমকে দিতে না পারে। এমন আরও অনেক কাজ আছে, যা আপনারা করতে পারেন। করতে পারেন নয়, করতেই হবে আপনাদের। আপনারা না করলে কে করবে!

ওরা বলল, আপনারা যা বলবেন আমরা তাই করতে রাজী আছি।''

কিন্তু বুড়োদের মনে একটা খটকা লেগেছে। একজন প্রশ্ন তুলল, এরা যদি আপনাদের এখানে এসে এই সমস্ত গোলমাল বাধিয়ে বসে, তাহলে ওরা আমাদের উপর বদলা নেবে। আমাদের ঝাড়ে-গুষ্টিতে শেষ করবে।

"এই অবস্থায় কি করতে বলেন আপনি'' একজন প্রশ্ন করল।

বুড়ো আসল শয়তান! প্রথমেই মুখ খুলতে চায় না, পরে সবার চাপাচাপিতে বলে ফেলল। কথাটা ভাল শোনায় না। তাহলেও অনুপায় হয়ে বলতে হচ্ছে।

আমরা বাধা দিলে ওরা তা মানবে না, ওদের যা করাবার তা করবেই। এই অবস্থায় এদের ধরিয়ে দেওয়া ছাড়া নিজেদের বাঁচাবার আর কোন পথ দেখছি না। শুধু আমার জন্য বলছি না। আমি এই অঞ্চলের সবাইর কথা ভেবেই বলছি। এমন একটা কথা কেউ মেনে নিতে পারে না। হাজার হোক, এরা তাদেরই দেশের ছেলে,

তাদের স্বাধীনতার জন্য লড়াই করে চলেছে। এদের কি ধরিয়ে দেওয়া যায়! এদের কি শত্রুর হাতে তুলে দেওয়া যায়!

ইতিমধ্যে খবরটা ছেলেদের কাছে পৌঁছে গেছে। ওরা দল বেঁধে বুড়োদের সামনে এসে চড়াও করল, কোনরকম ভূমিকা না করে উত্তেজিত কণ্ঠে বলে উঠল, যদি কোন বেঈমান ধরিয়ে দিতে চেষ্টা করে, তাহলে আমরা তাকে কেটে কুচোকুচো করে ফেলব। বুড়োরা সবাই চুপ। এবার আর কারো মুখে কোন কথা শোনা গেল না। মুক্তিবাহিনীর লোকেরা ছেলেদের সাহায্য নিয়ে সমস্ত অঞ্চলটা ঘুরে ঘুরে পরীক্ষা করে দেখল। তার পরের দিন তাদের পরিকল্পনানুযায়ী তারা সেই দুঃসাহসিক কাজে ঝাঁপিয়ে পড়ল।

এই বারোজন বীর দেশপ্রেমিকের নাম আমরা জানি না। কিন্তু এই বারোজনের বীরত্বপূর্ণ সংগ্রামের কাহিনী মুখে মুখে ছড়িয়ে পড়েছে। সেখানকার মানুষ এদের কথা ভুলতে পারবে না।

পরদিন পাক-সৈন্যদল তাদের পথের বাধা দূর করার জন্য বাবুরহাট থেকে দূরপাল্লার কামান দেগে এই গ্রামের পর গ্রাম অগ্নিবর্ষণ করে চলল, কয়েক ঘন্টা ধরে এই গোলা বর্ষণ চলল। কিন্তু যাদের লক্ষ্য করে তারা গোলা ছুঁড়ছিল, তারা তখন থেকে বহু দূরে, তাদের ধরাছোঁয়ার নাগালের বাইরে নতুন অঞ্চলে নতুন খেলায় মেতে উঠেছে।

সশস্ত্র প্রতিরোধঃ চট্টগ্রাম

শিরোনাম	সূত্র	তারিখ
২। চট্টগ্রামের সশস্ত্র প্রতিরোধের বিররণ	.....	...১৯৭১

সেদিন চট্টগ্রামে যেমন করে স্বাধীনতা লড়াই শুরু হয়েছিল

সাক্ষাৎকারঃ লেঃ কর্নেল জিয়াউর রহমান

৩রা মার্চ, ১৯৭১ সাল। সময় সকাল সাড়ে নয়টা। এই প্রথম পাকিস্তানীদের বিরুদ্ধে রুখে দাঁড়াবার তথা বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে সশস্ত্রভাবে ঝাঁপিয়ে পড়ার ব্যাপারে প্রথম প্রকাশ্য আলোচনা। এদিকে ঢাকা ও চট্টগ্রামের পরিস্থিতি দ্রুত অবনতি ঘটছিল। সামরিক বাহিনীর অন্যান্য বাঙ্গালী অফিসাররা অস্থির হয়ে উঠেছিলেন। তাঁদের সবার মনেই একটি চিন্তাই পাক খেয়ে ফিরছিল- কি করা যায়? কি করবো? বিভিন্ন খবরাখবর নিয়ে তাঁরা বার-বার ছুটে আসছিলেন মেজর জিয়ার কাছে। মেজর জিয়া তখন ছিলেন ৮ম ইস্ট বেঙ্গল ব্যাটালিয়নের বাঙ্গালী অফিসারদের মধ্যে সর্বোচ্চ পদে অধিষ্ঠিত।

এরপর এলো ৭ই মার্চ। বঙ্গবন্ধু স্বাধীনতার ডাক দিলেন। বল্লেন, যার যা কিছু আছে তাই নিয়ে প্রস্তুত হও। ঘরে ঘরে দূর্গ গড়ে তোল।

৮ম ইস্ট বেঙ্গল ব্যাটালিয়নের অফিসাররা একে অস্ত্র তুলে নেবার অহবান বলেই মনে করলেন।

পরদিন ৮ই মার্চ। আবার সেই সকাল। ওরা দুজন সবার অলক্ষ্যে আবার উঠে এলেন ছাদে। মেজর জিয়াউর রহমান আর ক্যাপ্টেন অলি আহমদ। বিদ্রোহ ঘোষণা সম্পর্কে একটি সুস্পষ্ট পরিকল্পনা নিয়ে দুজনে আলোচনা করলেন। ঠিক হলো বিদ্রোহ ঘোষণার জন্যে উপযুক্ত মুহূর্তটির জন্য অপেক্ষা করতে হবে।

কিন্তু কখন আসবে সেই উপযুক্ত মুহুর্ত? কখন? কবে? ওঁরা জানতেন এই বিশেষ মুহুর্তটি আসবে তখনই যখন তাদের বিদ্রোহের সমর্থনে পূর্ন আন্তরিকতা নিয়ে এগিয়ে আসবে জনসাধারণ। এই মুহুর্তটি আসবে তখনই যখন শত্রুর বর্বরতা সম্পর্কে সুস্পষ্ট প্রমান সবার সামনে তুলে ধরা যাবে। এদিকে ইয়াহিয়া বসলো মুজিবের আলোচনায় । ৮ম ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের বাংঙ্গালী অফিসাররা রুদ্ধশাসে অপেক্ষা করতে লাগলেন আলোচনার ফল কি হয়? আলোচনার অন্তরালে পাকিস্তানী কর্তৃপক্ষের এক জঘন্যতম চক্রান্ত। সে চক্রান্ত বাঙ্গালীদের উপর হামলার। সে চক্রান্ত বাংলাদেশের উপর বর্বর অভিযানের।

আলোচনা চলছিল। আর এদিকে আসছিল জাহাজ বোঝাই সৈন্য। বিপুল পরিমান অস্ত্রশস্ত্র, গোলাবারুদ। জাহাজ বোঝাই যে সব সৈন্য আসছিল তাদেরকে দ্রুত বিভিন্ন স্থানে নিয়োগ করে পাঠানো হচ্ছিল।

এমনি সময় ডাক এলো লেঃ কর্নেল এম, আর, চৌধুরীর কাছ থেকে ১৭ই মার্চ রাত সাড়ে নয়টায় চট্রগ্রাম স্টেডিয়ামে সামরিক আইন সদর দপ্তরে তার ডাকে প্রথম গুপ্ত বৈঠক অনুষ্ঠিত হইল- চারজন সামরিক বাহিনীর

* ১৯৭১ সালের মার্চ মাসের ৮ বেঙ্গলের সেকেন্ড-ইন-কমান্ড হিসাবে মেজর পদে কর্মরত ছিলেন, পরবর্তীকালে লেঃ জেনারেল এবং রাষ্ট্রপতি। লেখাটি ২৬শে মার্চ, ১৯৭২ সংখ্যার 'দৈনিক বাংলা' থেকে সংকলিত।

বাঙালী অফিসারের মধ্যে। এরা চারজন হচ্ছেন লেঃ কর্নেল এম, আর, চৌধুরী, মেজর জিয়াউর রহমান, নোয়াখালীর মেজর আমীন আহমদ চৌধুরী ও ক্যাপ্টেন অলি আহমেদ।

ঃ কি মনে করছো? বৈঠকের শুরুতেই কর্নেল চৌধুরী পরিস্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলেন মেজর জিয়াকে।

ঃ ওদের ভাবগতি দেখে পরিস্কার মনে হচ্ছে ওরা হামলা চালাবে।

কর্নেল বললেন তাঁরও তাই ধারনা। কিন্তু কি করা যায়? সবারই মনে এই প্রশ্ন। এক- বিদ্রোহ। কর্নেল চৌধুরী সুস্পষ্ট ভাবে বল্লেন, সশস্ত্র অভ্যুত্থানই একমাত্র পথ। তিনি প্রথম বাঙ্গালী সামরিক অফিসার যিনি সশস্ত্র অভ্যুত্থানের আহবান জানালেন।

সশস্ত্র অভ্যুত্থান। পাকিস্তানি কর্তৃপক্ষের বিরুদ্ধে সশস্ত্র বিদ্রোহ। ইংরেজ শাসনের বিরুদ্ধে প্রথম স্বাধীনতা সংগ্রাম 'সিপাহী বিদ্রহের' পর আর এক নতুনতর সিপাহী বিদ্রোহ। এ বিদ্রোহ অবশ্যম্ভাবী। সশস্ত্র অভ্যুত্থান ছাড়া বিকল্প কিছু আর নেই।

ওরা চারজন বাঙালী অফিসার বসলেন বিদ্রোহের পরিকল্পনা প্রণয়নে। ঠিক হলো ক্যান্টনমেন্টের স্টেশন কমান্ডার একমাত্র বাঙ্গালী ব্রিগ্রেডিয়ার এম, আর, মজুমদারকে এ পরিকল্পনা থেকে বাইরে রাখতে হবে। ঠিক হলো। লেঃ কর্নেল এম, আর, চৌধুরীর নেতৃত্বেই তারা বিদ্রোহের প্রস্তুতি চালিয়ে যাবেন।

এদিকে পাকিস্তানি হামলার প্রস্তুতি চলছিল পুরোদমে। বাঙালী অফিসারদের উপর তাদের সজাগ দৃষ্টি হয়ে উঠছিল আরও প্রখর। আর এরাও পাল্টা গোয়েন্দা বৃত্তি চালিয়ে সংগ্রহ করছিলেন পাক সেনাদের তৎপরতা। এরই মধ্যে কুমিল্লা থেকে বিস্তারিত খবর আসতে লাগল।

কমান্ড ব্যাটালিয়ানকে আনা হল চট্টগ্রামে। তাদেরকে রাখা হতে লাগল শহরের অবাঙ্গালীদের বাড়ি বাড়ি। চট্টগ্রামের ২০তম বালুচ রেজিমেন্টের সৈন্যরাও প্রতি রাতে সাদা পোষাকে অসামরিক ট্রাকে করে বেরিয়ে যেত শহরে। তাদের কাজ ছিল অবাঙালীদের সাথে মিলে লুটপাট করা।

বাংলাদেশের উপর বর্বর হামলার প্রস্তুতি দেখতে এলেন পাক সেনাবাহিনীর জেনারেল হামিদ খান ২১শে মার্চ চট্টগ্রাম ক্যান্টনমেন্টে তাকে আপ্যায়িত করা হলো মধ্যাহ্ন ভোজের। এই মধ্যাহ্ন ভোজেই পশ্চিমা সামরিক অফিসারদের কানাঘুষা আর জেনারেল হামিদের একটি ছোট্ট উক্তিতে বাঙালী অফিসাররা স্পষ্ট বুঝতে পারলেন দিন ঘনিয়ে এসেছে। হামলা অত্যাসন্ন।

মধ্যাহ্ন ভোজে জেনারেল হামিদ বাঙালী অফিসারদের যেন চিনতেই পারেননি। তার যত কানাঘুষা আর কথাবার্তা চলছিল পশ্চিমা অফিসারদের সাথে।

কি এত কানাঘুষা? কিসের এত ফিসফাস? সন্দিগ্ধ হয়ে উঠেছিল মেজর জিয়ার মন। কৌশলে একজনের সাথে কথা বলতে বলতে গিয়ে দাঁড়ালেন জেনারেল হামিদের ঠিক পিছনে। দাঁড়ালেন পেছন ফিরে। কথা বলতে লাগলেন সংগীটির সাথে আর দু'কান সজাগ রাখলেন জেনারেল হামিদের কথার দিকে।

জেনারেল হামিদ তখন কথা বলছিলেন ২০তম বালুচ রেজিমেন্টের কমান্ডিং অফিসার লেঃ কর্নেল ফাতমীর সাথে। অনেক কথার মধ্যে অকেটা যেন সামরিক নির্দেশের মতই কর্নেল ফাতমীকে বলে উঠলেন জেনারেল হামিদ- দেখ ফাতমী, অভিযান (এ্যাকশন) খুব দ্রুত ও কম সময়ের মধ্যে হতে হবে। আমাদের পক্ষে কেউ যেন হতাহত না হয়।

আঁতকে উঠলেন মেজর জিয়া। একি? কি হতে যাচ্ছে? ঐ দিনই বিকেলে তিনি সস্ত্রীক এক সৌজন্য সাক্ষাতে গেলেন ব্রিগেডিয়ার মজুমদারের বাসায়। কথায় কথায় তিনি জানতে চাইলেন জেনারেল হামিদের সফরের উদ্দেশ্য। কিন্তু ব্রিগেডিয়ার মজুমদারের সে তথ্য ছিল অজানা তিনি শুধু বল্লেন, ওরা আমাকে বিশ্বাস করে না। তিনি জানালেন, জেনারেল হামিদ যখন অপারেশন রুমে ছিলেন তখন তাঁকে সে ঘরে ঢুকতেই দেয়া হয়নি।

ঃ কি বুঝলেন ? জানতে চাইলেন মেজর জিয়া।

ঃ মনে হচ্ছে সামথিং ফিশি।

জিয়া বল্লেন, ফিশি নয়- বিরাট কিছু। বিরাট এক চক্রান্তে মেতেছে ওরা। ব্রিগেডিয়ার মজুমদার মেনে নিলেন সে কথা। পরদিন ২২শে মার্চ। রাত ১১টায় চট্টগ্রাম ই-পি-আর সেক্টর দফতরের এডজুট্যান্ট ক্যাপ্টেন রফিক এসে দেখা করলেন মেজর জিয়ার সাথে তিনি সরাসরি বল্লেন, সময় খুব দ্রুত এগিয়ে আসছে। আমাদের বিদ্রোহ ঘোষণা করতেই হবে। আপনার প্রতি আমাদের আস্থা আছে। আপনি বিদ্রোহ ঘোষণা করুন। ই-পি-আরদের সাহায্য পাবেন। মেজর জিয়া তাঁকে তাঁদের পরিকল্পনার কথা জানান। ই-পি-আর এর সাহায্য সম্পর্কে আলোচনা করেন। ২৫শে মার্চে ব্যাপক রদবদল ঘটে গেল ক্যান্টনমেন্টের প্রশাসণ ব্যাবস্থায়।

ঢাকা থেকে হেলিকপ্টারে উড়ে এলেন জেনারেল খাদেম হোসেন রাজা, জেনারেল আনসারি, মেজর জেনারেল মিঠা খান, লেঃ জেনারেল খোদাদাদ খান প্রমুখ। ব্রিগেডিয়ার মজুমদারকে তারা জোর করে ধরে নিয়ে গেলেন ঢাকায়। সেই সাথে নিয়ে গেলেন মেজর আমিন আহমদ চৌধুরীকেও। ব্রিগেডিয়ার মজুমদারের স্থানে আনসারী নিযুক্ত হলেন ষ্টেশন কমান্ডার। কর্নেল শিগারী দায়িত্ব নেন ই-পি-আর এর সেক্টর কমাণ্ডার হিসেবে।

এই রদবদলে আশংকিত হয়ে ওঠেন বাঙালী সৈনিক ও অফিসাররা। এই দিনই গুরুতর ভাবে অসুস্থ হয়ে শয্যাশায়ী হয়ে পড়েন লেঃ কর্নেল চৌধুরী।

এদিকে চট্টগ্রাম শহরে উত্তেজনা ক্রমেই বেড়ে চলছিল। অস্ত্র বোঝাই জাহাজ সোয়াতের বিরুদ্ধে গড়ে তোলা হচ্ছিল প্রবল প্রতিরোধ। অস্ত্র খালাস করে যাতে পশ্চিমা সৈন্যদের হাতে পৌঁছতে না পারে তার জন্য রাস্তায় রাস্তায় তৈরী করা হচ্ছিল ব্যারিকেড। এই ব্যারিকেড সরিয়ে রাস্তা পরিস্কারের কাজে লাগানো হল। বাঙালী সৈন্যদের। রাত ১০টা পর্যন্ত চলল এই ব্যারিকেড সরাবার কাজ। রাত ১১টায় অফিসার কমান্ডিং জানজুয়া আকষ্মিকভাবে মেজর জিয়ার কাছে নির্দেশ পাঠালেন এক কোম্পানী সৈন্য নিয়ে বন্দরে যাওয়ার জন্য। এই আকষ্মিক ও রহস্য জনক নির্দেশের অর্থ তাঁর কাছে বোধগম্য হলনা। রাত প্রায় সাড়ে এগারোটায় জানজুয়া নিজে এসে তাকে নৌবাহিনীর একটি ট্রাকে তুলে ষোল শহর ক্যান্টনমেন্ট থেকে বন্দরের দিকে রওয়ানা করে দেন কিন্তু রাস্তার ব্যারিকেড সরিয়ে সরিয়ে যেতে তার দেরি হচ্ছিল। আগ্রাবাদে যখন একটা বড় ব্যারিকেডের সামনে বাধা পেয়ে তার ট্রাক দাঁড়িয়ে পড়ে তখনই পেছন থেকে ছুটে আসে একটি ডজ গাড়ী ক্যাপ্টেন খালেকুজ্জামান গাড়ী থেকে নেমেই আসেন মেজর জিয়ার কাছে হাত ধরে তাকে টানতে টানতে নিয়ে যান রাস্তার ধারে।

ঃ পশ্চিমারা গোলাগুলি শুরু করেছে। শহরের বহু লোক হতাহত হয়েছে। খালেকুজ্জামানের উত্তেজিত কণ্ঠস্বর থেকে কথা কয়টি ঝরে পরে। কি করবেন জিয়া ভাই, এখন? মাত্র আধ মিনিট। গভীর চিন্তায় তলিয়ে যান মেজর জিয়া তারপর বজ্যনির্ঘোষে বলেন উঠেন- উই রিভোল্ট।

সাথে সাথে তিনি খালেকুজ্জামানকে তিনি ফিরে যেতে বলেন। বললেন, ব্যাটালিয়নকে তৈরি করার জন্য অলি আহমেদকে নির্দেশ দিতে। আর সেই সাথে নির্দেশ পাঠান ব্যাটালিয়নের সমস্ত পশ্চিমা অফিসারকে গ্রেফতারের।

খালেকুজ্জামান দ্রুত ফিরে গেলেন ষোল শহরের দিকে। আর মেজর জিয়া ফিরে এলেন ট্রাকে। যে পশ্চিমা সামরিক অফিসারকে তার সাথে দেওয়া হয়েছিল, তাকে বললেন, হুকুম বদলে গেছে। বন্দতে যেতে হবে না।

আমাদের এখন ফিরে যেতে হবে ক্যান্টনমেন্টে। বাঙালী সৈন্য যারা তার সাথে যাচ্ছিলেন তাঁদেরকে ইশারায় বললেন। রাইফেল লোড করে রাখতে প্রয়োজন হতে পারে।

তাঁরা ফিরে আসেন ব্যাটালিয়নে। এসেই তিনি সাথের পশ্চিমা অফিসারকে অস্ত্র সমর্পণের নির্দেশ দিয়ে বলেন, তুমি এখন আমাদের হাতে বন্দী। অফিসারটি আত্মসমর্পণ করলে তিনি ট্রাক থেকে নেমে ট্রাকের পশ্চিমা নৌ-সেনাদের দিকে রাইফেল তাক করে তাদেরকেও অস্ত্র ছেড়ে আত্মসমর্পণ করতে বলেন। হকচকিত পশ্চিমা সেনারা সবাই অত্মসমর্পণ করে।

এরপর তিনি একাই গাড়ি নিয়ে ছুটে যান অফিসার কমান্ডিং জানজুয়ার বাড়ি। কলিং বেল টিপতেই ঘুম ভেঙ্গে উঠে আসেন জানজুয়া। আর সামনেই মেজর জিয়াকে দেখে ভূত দেখার মত চমকে ওঠেন। তার ধারণা ছিল পরিকল্পনা অনুযায়ী মেজর জিয়া বন্দরে বন্দী রয়েছে। জানজুয়াকে গ্রেফতার করে নিয়ে ষোলশহরে ফিরে আসেন মেজর জিয়া। পথে অফিসার্স মেসে মেজর শওকতকে তিনি সব কথা বলতেই মেজর শওকত উৎফুল্ল হয়ে উঠেন এবং বিদ্রোহে তাঁর সাথে যোগ দেয়ার কথা ঘোষণা করে দ্রুত ব্যাটালিয়নে চলে আসেন।

এরপরই মেজর জিয়া টেলিফোনে স্থানীয় জননেতা ও বেসামরিক অফিসারদের সাথে যোগাযোগ চেষ্টা করেন। কিন্তু কাউকেই পান না। তখন টেলিফোন এক্সচেঞ্জের অপারেটরকে জানালেন সবাইকে টেলিফোন করে ৮ম ইস্ট বেঙ্গল ব্যাটালিয়নের বিদ্রোহ ঘোষণার কথা জানাতে। অপারেটর সানন্দে তাঁর সে নির্দেশ জানাতে রাজী হন।

তিনি লেঃ কর্নেল এম, আর, চৌধুরীকেও টেলিফোনে যোগাযোগের চেষ্টা করেন। কিন্তু তাঁকেও পাননি। পরে শুনেছিলেন এই রাতেই পাকিস্তানী সৈন্যরা গুরুতর অসুস্থ এম, আর, চৌধুরীকে হত্যা করেছিলো।

শুরু হয়ে গেল বিদ্রোহ । রাত তখন দুটো। ব্যাটালিয়নের আড়াইশোর মত বাঙ্গালী সৈন্যকে একত্রিত করে তাঁদেরকে সব কথা বলেন মেজর জিয়া। সবাই একবাক্যে এই বিদ্রোহের প্রতি তাঁদের পূর্ণ সমর্থনের কথা ঘোষণা করেন। তাঁরা জানান, দেশের স্বাধীনতার জন্য তাঁরা জান দিতে প্রস্তুত। কিছু সৈন্য ষোলশহরে রেখে বাকী সবাইকে নিয়ে মেজর জিয়া বেরিয়ে পড়েন কালুরঘাটের পথে। এদিকে ই-পি-আর এর জোয়ানরাও লড়াই শুরু করেছিলেন। কালুরঘাটে পরদিন তাঁদের সাথে বেশকিছু পুলিশও যোগ দেন।

২৬শে মার্চ সকাল। আগের রাতে ঢাকা শহরে ব্যাপক হত্যাযজ্ঞ চালিয়ে রাজধানীর পূর্ণ কর্তৃত্ব স্থাপন করেছিল পাকিস্তানী বাহিনী। আর সেই আনন্দে সকাল হতেই পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দফতরে চলছিল মিষ্টি বিতরণ আর অভিনন্দন বিনিময়ের পালা। কিন্তু মুহূর্ত কয়েক পরেই তাদের মুখের হাসি ম্লান হয়ে যায়। মিষ্টি হয়ে যায় বিস্বাদ। চট্টগ্রামের যুদ্ধের খবর যখন তাদের কাছে পৌঁছলো তখন এক দারুন সন্ত্রাসে আঁতকে উঠলেন তারা।

চট্টগ্রাম। পাকিস্তানীদের লক্ষ্য হয়ে দাঁড়ালো চট্টগ্রাম। ২৭শে মার্চ সকালেই বিমান বোঝাই হয়ে পশ্চিম পাকিস্তান থেকে এসে গেল পুরো দ্বিতীয় কমান্ডো ব্যাটালিয়ন। চট্টগ্রামে যুদ্ধের পরিকল্পনা তৈরীর জন্য মিঠা খানকে হেলিকপ্টারে পাঠানো হয় চট্টগ্রামে। বাঙ্গালী সৈন্যরা গুলি করে, সে হেলিকপ্টারটি ফুটো করে দেয়। একই সাথে বিমানে করে নামানো হতে লাগলো দ্বিতীয় কমান্ডো ব্যাটালিয়নকে। নৌবাহিনীর যুদ্ধজাহাজ বাবরকে নিয়ে আসা হয় বন্দরে। এতে ছিল দুই ব্যাটালিয়ন সৈন্য। ডেস্ট্রয়ার, এক স্কোয়াড্রন ট্যাঙ্কও লাগানো হয় এই যুদ্ধে । জাহাজের গান থেকেও গোলা নিক্ষেপ হতে থাকে শহরের দিকে।

এই বিরাট শক্তির মোকাবিলায় বেশিক্ষণ টিকে থাকা সম্ভব হবে না একথা বাঙ্গালী সৈন্যরা বুঝেছিলেন। তাই শহর ছেড়ে যাবার আগেই বিশ্ববাসীর কথা জানিয়ে যাবার জন্য মেজর জিয়া ২৭শে মার্চ সন্ধ্যায় চট্টগ্রাম বেতার কেন্দ্রে যান। বেতার কেন্দ্রের কর্মীরা মেজর জিয়াকে পেয়ে উৎফুল্ল হয়ে ওঠেন। কিন্তু কি বলবেন

তিনি? একটি করে বিবৃতি লেখেন আবার তা ছিঁড়ে ফেলেন। কি জানাবেন তিনি বিশ্ববাসী এবং দেশবাসীকে বেতার মারফৎ? এদিকে বেতার কর্মীরা বারবার ঘোষণা করছিলেন- আর পনের মিনিটের মধ্যে মেজর জিয়া ভাষণ দেবেন। কিন্তু পনের মিনিট পার হয়ে গেল। মেজর জিয়া মাত্র তিন লাইন লিখতে পেরেছেন। তখন তার মানসিক অবস্থা বুঝাবার নয়। বিবৃতি লেখার ঝুঁকিও ছিল অনেক। ভাবতে হচ্ছিল শব্দচয়ন, বক্তব্য পেশ প্রভৃতি নিয়ে।

প্রায় দেড় ঘন্টা মোসাবিদার পর তিনি তৈরী করেন তাঁর সেই ঐতিহাসিক ভাষণটি। নিজেই সেটা তিনি বাংলা এবং ইংরেজীতে পাঠ করেন।

১১ই এপ্রিল পর্যন্ত কালুরঘাটে থেকে তাঁরা চট্টগ্রামের যুদ্ধ চালিয়ে যান। তাঁদের সাথে যুদ্ধে নিশ্চিহ্ন হয়ে গিয়েছিলো ২০তম বালুচ রেজিমেন্ট, কুমিল্লা থেকে নিয়ে যাওয়া ৫৩-ব্রিগেড। আর নিশ্চিহ্ন হয়েছিলো কমান্ডো, যারা অবাঙ্গালীদের ঘরে ঘরে ঘাঁটি গেড়েছিল।

এদেরকে ছাড়াও চট্টগ্রামের এই যুদ্ধে বাঙ্গালীদের বিরুদ্ধে লাগানো হয়েছিলো কোয়েটা থেকে নিয়ে আসা ১৬শ ডিভিশন ও প্রথম কমান্ডো ব্যাটালিয়নকে।

৩০শে মার্চ সকালে মেজর জিয়া স্বাধীন বাংলা বেতার কেন্দ্র (চট্টগ্রাম বেতার কেন্দ্র) থেকে আর এক ঐতিহাসিক ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রপ্রধান ও সেনাবাহিনীর সর্বোচ্চ কমান্ডার ঘোষণা করেন।

এই দিনই দুটি পাকিস্তানী বিমান থেকে গোলাবর্ষণ করে বেতার কেন্দ্রটিকে ধ্বংস করে দেওয়া হয়।

১১ই এপ্রিল কলুরঘাট এলাকা থেকে অবস্থান সরিয়ে নেয়ার পর যুদ্ধ ছড়িয়ে পড়ে আশেপাশের বিস্তীর্ণ এলাকায়। এ যুদ্ধ চলে রামগড়, রাঙ্গামাটি এলাকায়। যুদ্ধ চলে কক্সবাজারের পথে, শুভপুরে। যুদ্ধ শুরু হবার পর থেকেই দলে দলে জনসাধারণ বিশেষ করে ছাত্ররা এসে যোগ দিয়েছে বাহিনীতে। অস্ত্র ধরেছে, ট্রেনিং নিয়েছে, বীরত্বের সাথে লড়াই করেছে।

৩০শে মার্চ চট্টগ্রাম বেতার কেন্দ্র ধ্বংস হয়ে যাবার পর ৩রা এপ্রিল রাত সাড়ে ন'টায় পার্বত্য চট্টগ্রামের কোন একটি গোপন এলাকা থেকে চালু করা হয় আর একটি বেতার কেন্দ্র। 'আমার সোনার বাংলা' দিয়ে করা হয় এই কেন্দের উদ্বোধন। এই গানটি গাইবার জন্যে সে রাতে সেখানে এসেছিল পার্বত্য চট্টগ্রামের তদানীন্তন পুলিশ সুপার জনাব রহমানের তিন মেয়ে।

ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টারের ঘটনা ও প্রতিরোধ

সাক্ষাৎকারঃ মেজর এনামুল হক চৌধুরী*

৭-১১-১৯৭৩

২৪শে মার্চ ব্রিগেডিয়ার মজুমদার, কর্নেল হামিদ হোসেন শিগরী, ক্যাপ্টেন মোহসিন (এডজুট্যান্ট) চট্টগ্রাম বন্দরে 'এম, ভি, সোয়াত' জাহাজের অস্ত্রশস্ত্র-গোলাবারুদ খালাসের ব্যাপারে আলোচনা করার জন্য এক উচ্চ পর্যায়ের সম্মেলনে যোগ দিতে চলে যান। আমাকে নির্দেশ দিয়ে যান ব্রিগেডিয়ার আনসারী, হেলিকপ্টারযোগে ঢাকা থেকে আসার পর তাঁকে জীপযোগে চট্টগ্রাম বন্দরে পাঠিয়ে দিতে।

*১৯৭১ সালের মার্চে ক্যাপ্টেন পদে কর্মরত ছিলেন। সাক্ষাৎকারটি বাংলা একাডেমীর দলিলপত্র থেকে সংকলিত।

হেলিকপ্টার যখন চট্টগ্রাম সেনানিবাসে অবতরণ করে তখন আশ্চর্যের সাথে দেখতে পাই লেফট্যানেন্ট জেনারেল আবদুল হামিদ খান (সি-ও-এস, পাকিস্তান আর্মি), জেনারেল নওয়াজেশ, জেনারেল খাদিম হোসেন রাজা (জি-ও-সি, ১৪-ডিভিশন, ঢাকা) এবং ব্রিগেডিয়ার আনসারী এরা সবাই হেলিকপ্টারে ঢাকা থেকে এসেছেন। কিন্তু ব্রিগেডিয়ার আনসার সেই হেলিকপ্টারে চট্টগ্রাম বন্দরে চলে যান। তাদেরকে দেখার সাথে সাথে আমরা সবাই আশ্চর্যান্বিত হয়ে গেলাম কারণ তাদের আগমন অপ্রত্যাশিত ছিল।

জেনারেলদের আগমনের সাথে সাথে ২০-বালুচের সি-ও লেফটেন্যান্ট কর্নেল ফাতমী ই-বি-আর-সি 'তে আসেন। চা পানের পর জেনারেল খাদেম হোসেন রাজা ২০-বেলুচের সি-ওর সাথে ২০- বালুচ অফিসে চলে যান। কিন্তু আমরা আশ্চর্য হয়ে যাই যে, স্টার-প্লেট ছাড়াই তিনি গাড়িতে করে ছদ্মবেশে ২০- বালুচের অফিসে চলে যান। ই-বি-আর-সি অফিসার মেস-এ আমরা লাঞ্চ পার্টির ব্যাবস্থা করি। সেখানে প্রায় ৩০/৪০ জন অফিসার উপস্থিত ছিলেন। ব্রিগেডিয়ার মজুমদার ও ব্রিগেডিয়ার আনসারির জন্য আমরা প্রায় ১ ঘন্টা পর্যন্ত অপেক্ষা করেছিলাম। ব্রিগেডিয়ার মজুমদার তিনটার সময় পোর্ট থেকে আমাকে টেলিফোনে পার্টি শুরু করার নির্দেশ দিলেন।

পার্টি হৈ-হুল্লোড় এবং আনন্দের সাথে শুরু হয়ে যায়। কথা প্রসংগে জেনারেল খাদেম হোসেন রাজা মেজর মং কেও (এস-এস-ও) কে জিজ্ঞেস করেন যে অবসর জীবনে তিনি কি করবেন। তিনি বললেন, দেশের এই অনিশ্চিত পরিস্থিতিতে বাইরের কিছু চিন্তা করা সম্ভব নয়। খাদেম হোসেন রাজা বললেন, থিংস আর গোইং টু বি নরমালাইজড ভেরী সুন। ডু-নট অরি। প্লান ফর ইওর ফিউচার।

খাদেম হোসেন রাজা আমাদেরকে বললেন। দিস আনসারটেইনটি ইজ গোইং টু বি ওভার ভেরী সুন। ওয়ার্ক হার্ড। ডিভোট ইওর টাইম ফর ট্রেনিং।

ব্রিগেডিয়ার মজুমদারও বেলা পৌনে চারটার দিকে হেলিকপ্টার যোগে ব্রিগেডিয়ার আনসারী, ক্যাপ্টেন মোহসিনসহ ই-বি-আর-সিতে আসেন। খাওয়া শেষ করার পর ব্রিগেডিয়ার মজুমদার আমাকে বলেন যে বিশেষ কারণে তিনি ঢাকা চলে যাচ্ছেন। তিনি আরো বলেন, "লুক আফটার ইওরসেল্ফ"

তার সাথে ক্যাপ্টেন আমিন আহমদ চৌধুরী (এ-আর-ও-পি) মেডিক্যাল চেক আপ-এর জন্য ঢাকা আসেন। সব জেনারেল একই হেলিকপ্টারে ঢাকা রওনা হয়ে যান।

২৪শে মার্চ বিকেলে ই-বি-আর-সি তে থমথমে ভাব লক্ষ্য করা যাচ্ছিলো। আমাদের পেরিমিটার গার্ড এর সংখ্যা বাড়িয়ে দেয়া হয়।

২৫শে মার্চ সকালে কর্নেল এম, আর, চৌধুরী (চীফ ইন্সট্রাক্টর, ই-বি-আর-সি) আমাকে সমস্ত অস্ত্রশস্ত্র জোয়ানদেরকে দিয়ে দিতে বললেন। সমস্ত জোয়ানদের বিভিন্নভাবে অরগানাইজ করা হয়।

এখানে উল্লেখ করা দরকার যে, ষোলশহরে অবস্থিত অষ্টম বেঙ্গল রেজিমেন্টের বিশেষ কোন অস্ত্রশস্ত্র ছিল না। ই-বি-সি থেকে দেড়শত রাইফেল তারা ধার চেয়েছিল। আমরা ঢাকা থেকে স্যাংশন পেয়ে তাদেরকে নিয়ে যেতে নির্দেশ দেই। অষ্টম বেঙ্গলের কোয়ার্টার মাষ্টার ক্যাপ্টেন অলি আহমদ আজ নেবেন কাল নেবেন বলে আর নেন নাই। অষ্টম বেঙ্গলের কিছু সৈন্য এ্যাডভান্স পার্টি হিসেবে পাকিস্তানে চলে যায়। যাবার প্রস্তুতি হিসেবে সমস্ত অস্ত্রশস্ত্র, গাড়ী জমা দিতে হয়েছিল। খুব কম অস্ত্রশস্ত্র, গাড়ি বাকি সৈন্যদের কাছে ছিল।

২৫শে মার্চ সকাল থেকেই চট্টগ্রাম শহরের বিভিন্ন জায়গায় জনসাধারণ ব্যারিকেড সৃষ্টি করতে শুরু করে। বায়েজীদ বোস্তাম থেকে ব্যারিকেড পরিস্কার করার জন্য ই-বিআর-সিকে নির্দেশ দেয়া হয়। সাথে বেলুচ রেজিমেন্টের একটি কোম্পানীও ছিল।

লেফটেন্যান্ট কর্নেল এম,আর, চৌধুরীকে ব্যারিকেড পরিস্কার করার দায়িত্ব দেয়া হয়। তার সাথে ক্যাপ্টেন আজিজ ব্যারিকেড পরিস্কারের কাজ তদারক করছিলো।

সকাল ১১টা থেকে চারটে পর্যন্ত সকল সৈন্যসামন্ত নিয়ে মাত্র ২০০ গজ রাস্তা পরিস্কার করা হয়। বহু কষ্টে বায়েজিদ বোস্তামীর রাস্তার মোড় পর্যন্ত যান। সৈন্যদেরকে সেখানেই দুপুরের খাবার দেয়া হয়।

বেলা সাড়ে তিনটার দিকে বেসামরিক ট্রাক যেগুলো আমাদের সৈন্য নিয়ে ব্যারিকেড পরিস্কারের কাজে যাচ্ছিল সমস্ত ড্রাইভার ট্রাক ফেলে পলায়ন করেন।

বায়েজীদ বোস্তামের মোড়ে বিপুল জনসমাবেশ হয়েছিলো। তারা ড্রাম দিয়ে ব্যারিকেড তৈরি করেছিল। এবং সেখানে দাড়িয়ে বক্তৃতা করছিল। শ্লোগানে শ্লোগানে সে এলাকাকে তারা মুখরিত করে তুলেছিল।

জনতাকে ছত্রভঙ্গ করার জন্য বাধ্য হয়ে কর্নেল এম,আর, চৌধুরী নির্দেশে এক রাউন্ড গুলি ছোড়া হয়। এতে তিনজন লোক আহত হয় একজনের অবস্থা খুব শোচনীয় ছিল। পরে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। আর সামনের দিকে অগ্রসর না হয়ে এম, আর,চৌধুরী সৈন্যসামন্ত নিয়ে সেনানিবাসে ফিরে আসেন।

এরপর কর্নেল এম, আর, চৌধুরীর সাথে আমার দেখা হয়। তিনি অত্যান্ত দুঃখের সাথে বলেন যে, এই গুলিটি শুধু পাকিস্তানীদের দেখাবার জন্য নির্দেশ দিয়েছিলাম।

সন্ধ্যা ৭টার দিকে আমাদের এক কোম্পানীকে জেটি এলাকায় যেতে নির্দেশ দেয়া হয়। মেজর কামাল মেহের (পাঞ্জাবী) ক্যাপ্টেন আজিজ কোম্পানীকে নিয়ে জেটিতে রওনা হয়ে যান।

২১শে মার্চ ব্রিগেডিয়ার মজুমদার ই-বি-আর সির বাঙ্গালী অফিসারদেরকে ডেকে চট্টগ্রাম শহরকে পুরো নিয়ন্ত্রনে আনা এবং বাঙ্গালীদের যেন অযথা হয়রানি, দুঃখ-দুর্দশার সম্মুখীন হতে না হয়। সেদিকে লক্ষ্য রাখার নির্দেশ দিলেন। তদানুসারে আমরা সমস্ত অফিসার সৈন্যদের নিয়ে শহরে যাই। আমি নিজে অয়ারলেস কলোনীতে যাই। সেখানে ক্যাপ্টেন রফিকের (এডজুট্যান্টট, ই-পি-আর) সাথে দেখা হয়। তার সাথে চট্টগ্রামের ডি-সি এবং এস-পিও ছিলেন। রাত আটটার দিকে অয়ারলেস কলোনীতে আগুন লাগিয়ে দেয়া হয়। বহু কষ্টে ই-পি-আর ও বেঙ্গল রেজিমেন্ট পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। তার জন্য ডি-সি, এস পি খুব আনন্দিত হন এবং বলেন, যে পশ্চিম পাকিস্তানী সৈন্যরা থাকলে পরিস্থিতি আরো মারাত্মক আকার ধারন করত।

পথে আমি নৌবাহিনীর পশ্চিম পাকিস্তানী জোয়ানদেরকে হাতে অস্ত্রশস্ত্রসহ দেখতে পাই। অয়ারলেস কলোনীতেও তাদেরকে দেখা গিয়েছিল। তা আমি ব্রিগেডিয়ার মজুমদারকে বলি। তিনি বললেন যে এরপর নৌবাহিনীর কোন লোককে শহরে দেখা যাবে না।

কর্নেল এম, আর, চৌধুরী সেদিন বড় অসুস্থ ছিলেন। তার দুদিন আগে হাতে ব্যাথা পেয়েছিলেন। তিনি বলেন, পরিস্থিতি বড় খারাপ আমাদেরকে সাবধানে থাকতে হবে। এই সময় ঢাকা থেকে ক্যপ্টেন আমিন আহমদ চৌধুরী টেলিফোনে চারদিকে খেয়াল রাখতে বলেন। টেলিফোনটি এম,আর, চৌধুরীকে দিতে বলেন। এম, আর, চৌধুরী টেলিফোনে কথোপকথনের পর আমাকে বলেন পরিস্থিতি বড় খারাপ, আমাদেরকে অত্যন্ত সতর্কের সাথে থাকতে হবে।

২৫শে মার্চ রাতে মেসে যাবার পর কর্তব্যরত অবস্থায় ক্যাপ্টেন মোহসিন আমাকে বললেন, তার মেয়ে বড় অসুস্থ। আমি যদি তার জায়গায় ডিউটি করি তাহলে রাতে তিনি বাসায় থাকতে পারেন। আমি তাতে সম্মত হলাম।

অফিসে আসার পর ক্যাপ্টেন মোহসীন সব বুঝিয়ে দেন। এই সময় মেজর বেগ আসেন, তিনি কড়া নির্দেশ দিয়ে যান যে আজকের পরিস্থিতি খুব খারাপ। যদি প্রয়োজন হয় তাহলে সারারাত ডিউটি করতে হবে।

কর্নেল এম, আর, চৌধুরীর সাথেও আমার দেখা হয়। তিনি বললেন আমি খাবার জন্য মেসে যাচ্ছি, এবং আমার কক্ষে থাকব। প্রয়োজন হলে আমার সাথে টেলিফোনে যোগাযোগ করবে। তবে পরিস্থিতি খারাপ।

রাতে শহর থেকে অনেক টেলিফোন পাই। বন্ধুবান্ধবরা পরিস্থিতি কেমন জিজ্ঞেস করছিলো। তাদেরকে বললাম যে, তারা যদি কিছু জানে তাহলে আমাকে যেন জানায়।

রাত সাড়ে এগারটার দিকে অষ্টম বেঙ্গল থেকে মেজর মীর শওকত আলী টেলিফোনে বললেন, ই-বি-আর সি-ও যত গাড়ি আছে সবগুলোই যেন তাদের জন্য সত্বর পাঠিয়ে দেয়া হয়। কারণ তাকে নির্দেশ দেয়া হয়েছে এমভি-সোয়াত থেকে সত্বর অস্ত্রশস্ত্র আনলোড করতে। কিছুক্ষন পর তিনি টেলিফোনে বললেন। তার অধিনস্থ সকলে গাড়ির জন্য প্রস্তুত হয়ে আছে।

আমি বললাম, গাড়ির জন্য খবর দেয়া হয়েছে। দু'তিন মিনিট তিনি আবার টেলিফোনে বললেন। ব্রিগেডিয়ার আনসারী তার সৈন্যসামন্ত নিয়ে যেতে নির্দেশ দিয়েছেন। যদি পাঠাতে আমি দেরি করি তাহলে আমার অসুবিধা হবে।

আমি জবাব দিলাম। গাড়ি যাচ্ছে। এই সময় চট্টগ্রাম শহর থেকে স্ট্যান্ডার্ড ব্যাঙ্ক-এর ভাইস চেয়ারম্যান এম, এ, কাদের আমাকে টেলিফোনে বললেন। ঢাকার কোন খবর পেয়েছেন। আমি বললাম না তিনি বললেন ঢাকায় পুলিশ ই-পি-আর এর উপর পশ্চিম পাকিস্তানীরা হামলা চালিয়েছে। তারা বিদ্রোহ ঘোষণা করেছে। ঢাকার বাঙ্গালী সামরিক বাহিনীর লোকেরাও বিদ্রোহ ঘোষণা করেছে।

টেলিফোন এক্সচেঞ্জ অপারেটর সে সময়ে বাঙ্গালী ছিল, তাই কোন অসুবিধা হয়নি। আমি তাদের সবাইকে বললাম। আপনি কর্নেল এম,আর, চৌধুরীর সাথে কথা বলূন। কাদের সাহেব ও এম, আর, চৌধুরী যখন কথা বলছিলেন তখন আমি অপারেটর কে বলি তাদের কথোপকথন আমাকে মনিটর করতে।

কথা শেষ আমি বললাম, স্যার আমি সব শুনেছি। তিনি বললেন, বাকি যতসব অস্ত্রশস্ত্র আছে সমস্ত জোয়ানদেরকে দিয়ে দিতে। তিনি সত্বর অফিসে আসছেন বলে জানালেন। আমি সুবেদার মেজর, নায়েক সুবেদার, কোয়ার্টার মাস্টার ও অন্যান্যদেরকেও ডেকে অস্ত্রশস্ত্র কোটে থেকে নিয়ে নিতে নির্দেশ দেই। তারা নির্দেশ নিয়ে বাইরে যাবার সাথে সাথে দেখতে পাই ২০-বালুচ থেকে অনেক গুলো গাড়ি আসছে। গাড়িগুলো আমাদের সামনের রাস্তা দিয়ে শহরের দিকে যেতে দেখতে পাই। কিন্তু কিছুক্ষনের মধ্যে সব গাড়ি থেমে যায়। আমি বাইরে এসে দেখতে পাই গাড়ি থেকে সেনাবাহিনীর লোকজন নিচে নামছে। কোয়ার্টার গার্ড থেকে গার্ড কমান্ডার থেকে দৌড়ে এসে আমাকে বলে যে, ২০ বেলুচের সমস্ত লোক অস্ত্রশস্ত্র নিয়ে গাড়ি থেকে নামছে। আমি তাকে বললাম তুমি চলে যাও। সে যাওয়ার সাথে সাথে কোয়ার্টার গার্ডের লোকজনকে স্ট্যান্ড টু সতর্ক করা হয়।

অল্পক্ষণের মধ্যে ২০-বালুচের লোকেরা কোয়ার্টার গার্ড-এর রক্ষীদের উপর হামলা চালায়। মুহুর্তের মধ্যে চারদিক থেকে গোলাগুলি শুরু হয়ে যায়।

তখন হামিদ হোসেন শিগরী আমাকে টেলিফোন করে জানতে চান কোথা থেকে এ গোলাগুলি হচ্ছে বা কেন হচ্ছে। আমি বললাম, আমি কিছু জানি না। তবে বেলুচ রেজিমেন্টের লোকেরা আমাদের লোকদের উপর গোলাগুলি ছুড়ছে। তিনি বললেন, "ডু-নট ওরি। আই উইল ট্রাই টু কনট্রোল দি সিচুয়েশন ইফ নিডেড। আই

উইল শেড মাই ফর বেঙ্গল রেজিমেন্ট। দেয়ার ইজ নো ডিফারেন্স বিটুইন মাই সন এ্যান্ড ইউ ক্যাপ্টেন এনাম। আই উইল বি দি ফার্স্ট ম্যান টু টেক ইউ আউট ফ্রম দি ডিউটি রুম।

চারিদিক থেকে রাইফেল, এল-এম, জি, ২" মর্টারের আওয়াজ ছাড়া আর কিছুই শোনা যাচ্ছিল না। এ পরিস্থিতি চলতে থাকে দু-ঘন্টার মত। তারপর গর্জে ওঠে ৩" মর্টারের আওয়াজ।

কর্নেল শিগরীর আবার টেলিফোন পাই। তিনি বললেন, কে যে আমার বাসার চতুর্দিকে গুলি ছুড়ছে কিছুক্ষণ পর দু-তিন মিনিটের বিরতি হয়।

তিনি পুনরায় টেলিফোনে বললেন, "ইজ ইট এডভাইজ্যাবল ফর মি টু কাম টু অফিস এন্ড টেক ইউ আউট? আমি জবাব দিলাম গোলাগুলি বন্ধ না হওয়া পর্যন্ত আসা উচিৎ নয়।" তার সাথে সাথে পুনরায় সবরকমের গোলাগুলির আওয়াজ শোনা গেল। সাথে সাথে ট্যাংকের গর্জনও শোনা গেল। আমি যে ডিউটি রুমে ছিলাম, পাশে ৩" মর্টারের গোলা পড়ে। দরজা-জানালার চতুর্দিক দিয়ে অনবরত গোলাবর্ষণ হচ্ছিল। আমি বাধ্য হয়ে টেলিফোনটি নিয়ে জমিনের উপর অবস্থান নিয়ে শুয়ে থাকি। কর্নেল শিগরী আবার টেলিফোনে বললেন যদি কোন অফিসার আসে তাহলে তাকে কর্নেল শিগরীর সাথে কথা বলতে দেয়ার জন্য। আমাকে বললেন, তোমার কোন অসুবিধা হবে না। আমি সত্বর আসব। কিন্তু তারপর তার নিকট থেকে কোন সাড়া পাওয়া গেল না।

কিছুক্ষণ পর গোলাগুলি কিছুটা কমে যায়। বাহির থেকে কে যেন বলছিল আমার রুমে বহু লোক আছে সাথে সাথে আমি পাঞ্জাবী ক্যাপ্টেন আনোয়ারের কণ্ঠস্বর শুনতে পেয়ে উচ্চকণ্ঠে বললাম আমার কাছে আসতে। আমাকে বলা হল বাইরে আসার সাথে সাথে হ্যান্ডস আপ করিয়ে তার নিকট যেতে বলা হয়। দেখা হওয়ার সাথে সাথে ক্যাপ্টেন আনোয়ার বলে, ডু-নট ওরি। ইউ আর নট এ প্রিজনার অব ওয়ার। ফ্যাক্ট ইজ দ্যাট ইউ আর আনডার মাই কমান্ড।

আমি তাকে কর্নেল শিগরীর সাথে কথা বলতে বলি। সে আমার কথামত কর্নেল শিগরীর সাথে আমার ডিউটি রুম থেকে কথা বলে। সে আমাকে সাথে করে ডিউটি রুম থেকে কথা বলে। সে আমাকে সাথে করে ডিউটি রুম থেকে কোট এ নিয়ে যায় আর বলে, ভাগতে চেষ্টা করলে বিপদ হবে সাথে সাথে তিনজন প্রহরী আমার জন্য মোতায়েন করা হয়।

সেখানে দেখতে পাই বাঙ্গালী সৈনিকদের মৃত্যুর আর্তনাদ। কেউ বাবারে মারে বলে চিৎকার করছে। কেউ পানির জন্য কাতরাচ্ছে। কেউ যন্ত্রনায় ছটফট করছে। আর সাথে সাথে দেখতে পাই পশ্চিম পাকিস্তানী সৈন্যরা ঐ সমস্ত লোকদেরকেও বেয়নেটের গুতো দিচ্ছে আর বলছে। বাংগালীকা জান বহুত ছখত হায়। আর ইয়ে শালা মরতা ভি নেহি হায়। মূমুর্ষ বাঙ্গালী সৈন্যদের উপর পশ্চিম পাকিস্তানী সৈন্যদের নির্যাতন যথেচ্ছ চলছিল। যারা মূমূর্ষ অবস্থায় ছটফট করছিল পশ্চিম পাকিস্তানী সৈন্যরা তাদের গলার উপর বুট দিয়ে চেপে ধরেছে, যাতে তাড়াতাড়ি তারা মারা যায়।

আমাকে প্রহরারত এক প্রহরী বলে আপ আগার অর্ডার দেতে হাম ভি ইয়ে করনে ছাকতা। লেকিন ইয়ে আচ্ছা নেহী হায়। এক মুসলমান দুসরা মুসলমানকো খামাখা মার রাহা হায়। খোদা কি কসম হাম অভিতক এক গুলি ভী নেহী মারা।" সাথে সাথে আমাকে বলে "লেফটেন্যান্ট আবু তালেব (বাঙ্গালী-আর্মি এডুকেশন কোর) সাব জিন্দা হায়। উসকো যব বেয়নেট কররা থা উস টাইম পর হাম উনকো বাচা দিয়া। উস দিন এমতেহানমে সাব নে হামে পাশ করায়া। ইস লিয়ে হামনে ইয়ে কিয়া। আখের হাম কমান্ডো হায়। সাব নয়া নয়া সাদী কিয়া। হামনে উনকো বিবি পড় বড়া এহসান কিয়া।" এই সৈন্যটি আমার সাথে খুব ভাল ব্যবহার করেছিল। আমিও তাকে অনুরোধ করেছি আমার কাছে থাকতে। সে বলে, "ছোবাহ তক হাম জিন্দা রাহেগা তো আপ ভী জিন্দা রাহেগা।"

ভোর হওয়ার সাথে সাথে ট্যাঙ্কের গর্জন বেশী বাড়তে থাকে। ব্যারাকের উপর ট্যাঙ্কের গোলাবর্ষণ চলতে থাকে। চারিদিকে পাহাড়ের উপর তিন ইঞ্চি মর্টারের গোলা পড়তে থাকে আর চতুর্দিকে বাঙ্গালী আহত সৈন্যদের গোংড়ানি ও আর্তনাদ পুরো এলাকায় এক বিভীষিকা এবং বীভৎসতা সৃষ্টি করেছিলো। তারপর দেখা গেল বহু বাঙ্গালী সৈন্যকে চতুর্দিক থেকে বেয়নেটের মুখে ধরে আনা হচ্ছে আর তাদেরকে ই-বি-আর-সি স্কুল কক্ষে ঢুকানো হচ্ছে। একদল ভেতরে ঢোকার সাথে সাথে আর কয়েকজন পশ্চিম পাকিস্তানী সৈন্যকে বড় লাঠি নিয়ে ঢুকতে দেখি। আর সাথে সাথে তাদের বেদম মারপিট শুরু হয়ে যায়। তারা যখন ভীষণ আর্তনাদ শুরু করে তখন পশ্চিম পাকিস্তানী সৈন্যরা বাইরে আসে। বাহির থেকে ভেতরে দু-তিন রাউন্ড গুলি ছোড়ার সাথে সাথে আর্তনাদ বন্ধ হয়ে যায়।

আমার সামনে যে সব সিপাহীকে গ্রেফতার করে আনা হয়েছিলো। তাদেরকে বাঁধা হয়। ভোর সাতটার দিকে একজন সুবেদার এসে আমাকে জিজ্ঞেস করে "খাজানা (ট্রেজারী) কিধার হায়।" আমি আঙ্গুল দিয়ে দেখাবার সাথে সাথে সুবেদার আমার উপর স্টেনগান উঠিয়ে বলে, ছহি ছহি বাতাও কিধার হায়। কারন দুদিন আগে দেড় লাখ টাকা সিপাহীদের বেতন বাবদ ঢাকা থেকে ই-বি-আর সিতে পাঠানো হয়েছিল।

কিছুক্ষণের মধ্যে সুবেদার একটি হাবিলদারকে নির্দেশ করে বলে, সাব কো ভী বাঁধো। হাবিলদার একটা রশি নিয়ে আসে। আমি দুই হাত পিছু করার সাথে সাথে সে আমাকে বেশ শক্তভাবে বেঁধে ফেলে। আমি বলি, ওস্তাদ বহুত জেয়াদা টাইট হায়, সে বলে সাব আপকা বাজু বহুত মোটা হায়। আমি হাসতে হাসতে বলি, হামতো গামা নেহী হায়। যাক সে আমার বাঁধন একটু শিথিল করে, কিছুক্ষণ পর আমার কমান্ডো প্রহরীটি বাঁধন খুলে নামেমাত্র বেঁধে দেয়।

এই সময় আমাদের সুবেদার মেজর রুহুল আমিন, নায়ক সুবেদার কোয়ার্টার মাস্টার লুৎফুলকেও বেঁধে আনা হয়।

কিছুক্ষণ পরে সুবেদার রহমানকে বেঁধে আনা হয়। তাকে আমি গুলিবিদ্ধ অবস্থায় দেখলাম। একটা গুলি তার পেটে ঢুকে অপর দিকে বের হয়ে যায়। রক্ত পড়ছিল। তাকেও বেঁধে রাখা হয়। পশ্চিম পাকিস্তানী সৈন্যরা আমাদেরকে দেখিয়ে দেখিয়ে চা, পরাটা, হালুয়া, খাচ্ছিল। কমান্ডো প্রহরীটি আমার জন্য চা আনতে যাওয়াতে তাকে অপমান করা হয়। সে এসে বলে সময় সবকিছু করে।

আমার সামনের লোকদেরকে খালি চা দেওয়া হয়। তার বিষ মনে করে ক্ষেতে ইতস্তত: করে। আমি একটু মুখে নিয়ে বলি, খেয়ে ফেল, কোন অসুবিধে হবে না। কিন্তু সুবেদার মেজর ও নায়েক সুবেদার লুৎফর রহমান তাতেও চা স্পর্শ করলেন না।

পঁশ্চিম পাকিস্তানী সৈন্যরা ই-বি-আর-সি পাহাড়ের নিচে কেরোসিন ঢেলে আগুন ধরিয়ে দেয় আর পাহাড়ের উপর ৩" মর্টার আর ট্যাংক দিয়ে অনবরত গোলাবর্ষন করতে থাকে। উপর থেকে প্রত্যুত্তরে দু-চারটি গুলিও আসতে থাকে।

২৬শে মার্চ বেলা এগারটার দিকে আমাদের কোয়ার্টার গার্ড থেকে পলাতক একটি বাঙ্গালী সৈন্য ই-বি-আর সি ফুটবল মাঠের ড্রেন থেকে অকস্মাৎ তিনটি গুলি ছুড়লে প্রায় ৬ জন পাকিস্তানী সৈন্য মৃত্যুবরণ করে। প্রায় ১২/১৩ জন মারাত্মকভাবে আহত হয়। তারপর সে পালাতে শুরু করে। পশ্চিম পাকিস্তানী সৈন্যরা তাকে লক্ষ্য করে গুলি ছুড়তে থাকে। শেষ পর্যন্ত সৈন্যটি তাদের গুলিতে মৃত্যুবরণ করে।

২৬শে মার্চ ভোর ৭টার দিকে পাক সৈন্যরা যেসব লোকদেরকে রাত্রে নির্দয়ভাবে হত্যা করেছিলো তাদেরকে একটি ট্রাকে ভর্তি করতে দেখতে পাই। আমার সামনে দিয়েও শ'খানেকেরও উপর লাশ নিয়ে যেতে দেখতে

পাই। প্রত্যেক লাশকে চারজন সৈন্য হাত পা ধরে মরা কুকুরের মত নিয়ে যাচ্ছিল। মাঝে মাঝে সৈন্যকে কয়েকটি লাশ মাটিতে ছেঁচড়িয়ে নিয়ে যেতে দেখতে পাই।

এই সময় কয়েকজন পশ্চিম পাকিস্তানী জুনিয়র অফিসারকে দেখতে পাই। তারা আমাকে বাঁধা অবস্থায় দেখে দুঃখ প্রকাশ করে। একজন ২০-বেলুচের লেফটেন্যান্ট কোয়ার্টার মাস্টার কেঁদে ফেলেছিল।

বেলা তিনটার দিকে কর্নেল ফাতমী (২০ বেলুচের কমান্ডিং অফিসার) ই-বি-আর-সি এলাকাতে আসেন এবং আমাকে বাঁধা অবস্থায় দেখতে পেয়ে মনঃক্ষুন্ন হন। তিনি এক হাবিলদারকে আমার বাঁধন খুলে দিতে নির্দেশ দিলেন। আমি লেফটেন্যান্ট আবু তালেবের কথা বলাতেও তিনি তার বাঁধন খুলে দিতে নির্দেশ দেন। অনুরোধ করাতে সুবেদার মেজর রুহুল আমীন ও নায়েক সুবেদার কোয়ার্টার মাস্টার লুৎফর রমানের বাঁধন খুলে দেয়া হয়। আর লুৎফর রহমানকে বলেন। তুমি একটি মেগাফোন নিয়ে যে সমস্ত লোক পাহাড়ের উপর বা অন্যান্য জায়গায় আছে তাদেরকে আত্নসমর্পন করতে আহবান জানাও। তারা যদি খালি হাতে হাত উঁচু করে আসে তাহলে তাদেরকে কেউ মারবে না। পরক্ষনে তিনি সমস্ত বাঙ্গালী সৈন্যের হাতের বাঁধন খুলে এক জায়গায় একত্রিত করতে নির্দেশ দেন। তাই করা হল। আমাকে বলেন যে তুমি গিয়ে তাদের সাথে কথা বলতে পার। তবে তাদের উপর আর কোন অত্যাচার করা হবে না।

আমি গিয়ে সকলকে একত্র করে তাই বললাম। ৫০০/৬০০ জন বাঁধা অবস্থায় ছিল। পুনরায় কর্নেল ফাতমীর সাথে দেখা করলে তিনি আমাকে বলেন, "এ্যানি হয়ার ইউ ওয়ান্ট টু গো ইউ ক্যান গো। ইফ ইউ ওয়ান্ট টু স্টে ইন অফিসার মেস, গো এহেড। বেটার গো হোম।"

আমি অন্যদের কথা জিজ্ঞেস করলে তিনি বলেন, ঢাকা থেকে নির্দেশ পেলে তাদরকেও ছেড়ে দেয়া হবে।

আমি দুজন সিপাহী নিয়ে মেসে টাকা আনতে যাই। ওখানে প্রহরারত হাবিলদার পাঞ্জাবী ভাষায় আমার প্রহরারত সিপাহীদের বলল, সাহেব যখন ভেতরে যাবে তখন তাকে হত্যা কর । আমি শুনতে পেয়ে একটু সামনে যেয়ে আবার ফিরে এসে বললাম। ওস্তাদ আব লোগ কোকাকোলা ফান্টা পিয়া। হামারা নাম পর পিলে। হামে এক বাদ ইয়াদ আয়া, কর্নেল সাব নে বাতায়া সি-এম-এইচ ছে ডাক্তার লে কর জখমী কো পহেলা দেখনে কি লিয়ে। হাম ফের থোর বাদমে আয়েঙ্গে। এ যাত্রা মৃত্যুর হাত থেকে বেঁচে যাই।

তারপর আবার কর্নেল ফাতমীর সাথে দেখা হয়। আমি তাকে বলি, আমার লোকজনের খাবারের কোন ব্যবস্থা আছে ? তিনি বলেন। আমাদের লোক নিয়ে তাদের খাবারের ব্যবস্থা করুন। না হয় তারা কষ্ট পাবে।

তিনি আরো বলেন ই-বি-সি-র সামনে কোন পশ্চিম পাকিস্তানী থাকবে না। রাত্রে তাদের কোন অসুবিধা হবে না। এখানে বলা যেতে পারে ই-বি-আর-সির সামনের জায়গাটা হল বায়েজিদ বোস্তাম ও বেসামরিক লোকদের বাড়িঘর। লোকজনকে একত্র করে পুনরায় আমি তাদের খাবারের ব্যবস্থার জন্য বলি। আর বলি, আমাকে, লেফটেন্যান্ট তালেব, সুবেদার মেজর রুহুল আমীন ও নায়েব সুবেদার কোয়ার্টার মাস্টার লুৎফর রহমানকে ছেড়ে দেয়া হয়েছে। আমরা বাইরে যাচ্ছি। বাকিদেরকে ঢাকা থেকে ক্লিয়ারেন্স পেলে ছেড়ে দেয়া হবে। তবে ই-বি-আর-সির সামনে রাত্রে কোন পশ্চিম পাকিস্তানী সৈন্য থাকবে না।

ই-বি-আর-সি থেকে বের হওয়া কষ্টকর ছিল। চারদিক থেকে এখনো এলোপাতাড়ি গোলাগুলি চলছিল। মৃত্যুকে হাতে নিয়ে বহু কষ্টে ই-বি-আর-সি এলাকা থেকে বের হতে সক্ষম হই।

ই-বি-আর-সির বাইরে একটি ফ্লাটে আমাদের চারজন অফিসার ছিলেন। আসার পথে তাদেরকে বাইরে নিয়ে আসতে যাই। আমাকে দেখে তারা যেন আকাশ থেকে পড়ছেন বলে মনে হল। দেখার সাথে সাথে তারা

ই-বি-আর-সির ভেতরের অবস্থা জানতে চান। আমি উপরে বর্ণিত দু-একটি কথা বলার সাথে সাথে তাদেরকে আমার সাথে আসতে বলি। সেখানে ছিলেন মেজর রেজাউল রহমান (মেডিক্যাল স্পেশালিষ্ট) মেজর আশরাফ (রেডিওলজিষ্ট), ক্যাপ্টেন বাশার (আর্মি সাপ্লাই কোর) ও ক্যাপ্টেন মোহসীন (এডজুটট্যান্ট, ইস্ট বেঙ্গল রেজিমেন্ট)।

তাদের মধ্যে একজন বলেন, আমরা তো মনে করছিলাম। ই-বি-আর-সিতে পশ্চিম পাকিস্তানীরা ফাকা আওয়াজ করেছে। জবাবে আমি বলি, এক হাজারেরও অধিক লোককে তারা বেয়নেট বুলেট ও অন্যান্য মরনাস্ত্র দিয়ে নৃশংসভাবে হত্যা করেছে।

এ কথা শোনা মাত্রই মেজর রেজাউল রহমান সকলকে তৎক্ষণাৎ আমার সাথে শহরের দিকে চলে যেতে বলেন। পরিবারের সকলকে নিয়ে আমরা যাযাবারের মত শহরের দিকে রওনা হই।

চট্টগ্রাম শহরে আসার পর দেখি শহরবাসীরা ছোট ছোট অস্ত্রশস্ত্র নিয়ে মারমুখী হয়ে এদিক ওদিক ছোটাছুটি করছে। আমি আমার এক আত্মীয় বাড়িতে রাত দশটায় যাই এবং সেখানে রাতযাপন করি।

সকালে আওয়ামী লীগ অফিস থেকে জনাব এম, আর সিদ্দীকির সাথে কথা হয়। তিনি আমাকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কর্মরত ই-পি-আর এর কমান্ড নিতে বলেন।

আমি কয়েকজন ছাত্রের সাথে বিশ্ববিদ্যালয়ের দিকে রওনা হই এবং স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে (চট্টগ্রাম বেতার কেন্দ্র) যাই। সেখানে ক্যাপ্টেন সুবেদ আলী ভূইয়া ই-বি-আর সি ছেড়ে চলে আসলে। সে জবাবে বলে, কোন উপায় না দেখে আত্নগোপন করছি। বেশী কিছু না বলে তাকে বিশ্ববিদ্যালয়ে যাবার কথা বললাম। সে আমাকে যাওয়ার জন্য বলল। আমি বললাম, আমি কোরবানির বকরা তাই যাচ্ছি। ছাত্রদের সাথে গাড়িতে করে বিশ্ববিদ্যালয়ে যাই। সেখানে ইপিআরদেরকে সংগঠিত করি।

আমি ইপিআরএর লোকদেরকে যুদ্ধ করার জন্য এক জ্বালাময়ী বক্তৃতায় ইবিআরসির ঘটনাবলীর কথা বলাতে তারা একযোগে পশ্চিম পাকিস্তানীদের বিরুদ্ধে যুদ্ধ করতে তাদের দৃঢ় শপথ ঘোষণা করল।

ই-পি-আর'দের নিয়ে কোথায় কি করতে হবে পরিকল্পনা করার পর আমি পুনরায় স্বাধীন বাংলা বেতার কেন্দ্র হয়ে মেজর জিয়াউর রহমানের সাথে যোগাযোগ করতে চেষ্টা করি। দেখা না পেয়ে বেতার কেন্দ্রে একদিনের মত কাজ করি। বাইরে যাবার পর দেখি চারদিকে লুটপাট, মারামারি চলছে। একজন ছদ্মবেশী ভূয়া ক্যাপ্টেন তার নাম নাসির। তার সাথে কোতয়ালী থানা থেকে অস্ত্রশস্ত্র বাহির করতে যাই। সেখানে প্রহরারত প্রহরীদের দেখি। নাসিরের হাবভাবে মনে হল যে সেনাবাহিনীর লোক নয়। তদুপরি থানা থেকে ১০/১৫ হাজার টাকা চাওয়াতে মনে আরো সন্দেহ হয়। চট্টগ্রামে আরো দুদিন ছোটখাটো অপারেশন করার পর আমি ফেনীর পথে রওনা হই এবং ফেনী, নোয়াখালী, মাইজদী, লাকসাম, কুমিল্লার মিয়ার বাজার, চৌদ্দগ্রাম এলাকার সেক্টর কমান্ডারের দায়িত্ব নেই । ফেনীতে হেডকোয়ার্টার ছিল। পুলিশ ইপিআর, আর্মি মুজাহিদ ইউ-ওটি সি ও ছাত্রদেরকে নিয়ে পশ্চিম পাকিস্তানীদের বিরুদ্ধে এক শক্তিশালী মুক্তিবাহিনী গঠন করতে সক্ষম হই। সেখানে জনাব খাজা আহমদ, জনাব জরুহুল কাইয়ূম এম-সি-এ কে ভারত থেকে আমাদের জন্য অস্ত্রশস্ত্র সংগ্রহ করতে অনুরোধ করি। তারা তাদের চেষ্টা চালান। দুদিন পর বেলুনিয়ার এসডিও ও বি-এস-এফ কমান্ডারের সাথে আমাদের এক উচ্চ পর্যায়ের বৈঠক হয়। সেখানে জনাব খাজা আহমদ, জনাব জহুরুল কাইয়ূম, জনাব আবুদর রশিদ, এম সি এ উপস্থিত ছিলেন। আমাদের অস্ত্রশস্ত্রের প্রয়োজন তাদেরকে জানাই এবং বিএসএফ কমান্ডার সবকিছু দিতে স্বীকার করেন।

আমরা বাংলাদেশ থেকে ভারত সীমান্ত রসদপত্র রাখার ব্যবস্থা করাই। সেদিন সব ব্যবস্থা করা হয়। তার সাথে সাথে বার্টার সিস্টেমে আমাদের প্রয়োজনীয় জিনিস তারা দেবেন বলেও স্বীকার করেন।

আমরা আমাদের এলাকাটাকে পশ্চিম পাকিস্তানী হানাদার বাহিনী থেকে মুক্ত রাখার জন্য চতুর্দিকে শক্তিশালী প্রতিরক্ষা ঘাঁটি তৈরী করি। যে সব রাস্তা দিয়ে হানাদার বাহিনীর চলাচল করার সম্ভাবনা ছিল সেসব রাস্তার গুরত্বপূর্ণ সেতুগুলো ডিনামাইট দিয়ে উড়িয়ে দেয়া হয়। যেমন, চৌদ্দগ্রাম-লাকসাম রাস্তার ডাকাতিয়া নদীর উপর বড় সেতু হরিকোট পুল, ফেনী-লাকসাম রেলওয়ে রাস্তার বড় সেতু পরিকোট ব্রীজ। নোয়াখালীরও অনেক গুরুত্বপূর্ন ব্রীজ উড়িয়ে দেয়া হয়েছিল। পরিকোট ব্রীজের সত্বর মেরামতের কাজ দেখার জন্য কুখ্যাত টিক্কা খান পরিদর্শনে এসেছিল।

লাকসামে আমাদের অবরোধ প্রতিহত করতে পশ্চিম পাকিস্তানীরা মারমুখি হয়ে পড়ে। বিভিন্ন জায়গায় চারদিন অনবরত যুদ্ধের পর আমাদেরকে লাকসাম ছাড়তে হয়।

লাকসাম-নোয়াখালীর প্রবেশপথে খন্ড খন্ড বহু যুদ্ধ হয়। যার নেতৃত্ব করার জন্য সুবেদার লুৎফরকে ভার দেয়া হয়েছিল। বহুদিন খন্ডযুদ্ধ চলার পর ভারী আধুনিক অস্ত্রের অভাবে পিছু হটতে বাধ্য হই।

সামান্য কিছূ অস্ত্র নিয়ে ভারত থেকে মাঝে মাঝে এম সি এ নুরুল হক যুদ্ধক্ষেত্রে আসতেন। তাকে দেখে আমাদের লোকজন দ্বিগুণ উৎসাহ উদ্দীপনা নিয়ে যুদ্ধ করার মনোবল পেতে।

সমুদ্রপথে পশ্চিম পাকিস্তানীদের আক্রমন প্রতিহত করতে চারদিক দিয়ে বহু বাঙ্কার তৈরী করা হয়। কিন্তু পশ্চিম পাকিস্তানীরা আমাদের শক্তিশালী অবরোধ দেখে নোয়াখালী থেকে ফেনী না এসে লাকসাম থেকে ফেনীর পথে রেল পথে ভারি অস্ত্রশস্ত্র নিয়ে অগ্রসর হয়। পরিকোট পুলের নিকটে প্রায় একদিন যুদ্ধ চলে। তাদের ত্রিমুখি আক্রমণের মুখে টিকতে না পেরে আমাদের লোকজন পিছু হটতে আসে। আমাদের অনেক ক্ষয়ক্ষতি হয়েছিল। ঐ দিনই পাকিস্তানী সেনাদেরকে তিন দিকে আটক করে রাখে- নোয়াখালীর পশ্চিম দিকে, ফেনীর উত্তর দিকে ও বুরবুরিয়া ঘাট এলাকায়।

পশ্চিম পাকিস্তানীরা একদিন গুণবতীতে অপেক্ষা করার পর অতর্কিতে ফেনীর তিন দিক ঘিরে ফেলে। আমাদের লোক মারমুখি হয়ে বার ঘণ্টার মত তাদেরকে বহু কষ্টে ঠেকিয়ে রাখে। কিন্তু তাদের ভারি আধুনিক অস্ত্রের মুখে টিকতে না পেরে ফেনী ছাড়তে বাধ্য হয় এবং ভারতের সীমান্তে গিয়ে একত্রিত হয়। তখন ছিল মে মাস।

২৮ শে মার্চ সকালে ময়মনসিংহ থেকে মেজর নুরুল ইসলাম আমাকে খবর পাঠায় যে ২৭/২৮ শে মার্চ রাতে তার সেনাবাহিনীর উপর পাকিস্তানী ইপিআররা হামলা চালিয়েছে। লড়াই এখনো চলছে। এর পরিপ্রেক্ষিতে আমি ব্যাটালিয়ন কমাণ্ডারকে বললাম যে, আমাদের শিগগিরই ময়মনসিংহ রিইনফোর্সমেন্ট পাঠানো দরকার। আমরা শেষ পর্যন্ত এই সিদ্ধান্ত নেই যে, যেহেতু ঢাকার সাথে আমাদের যোগাযোগ বিছিন্ন এবং ময়মনসিংহে আমাদের সৈন্যরা আক্রান্ত হয়েছে, সেহেতু আমাদের এখন তাদের সাহায্যে যাওয়া উচিত। ময়মনসিংহে যে আমাদের সৈন্যরা পশ্চিম পাকিস্তানীদের দ্বারা আক্রান্ত হয়েছে একথা আমরা কাউকে বলিনি। আমাদের একথা গোপন রাখার একমাত্র উদ্দেশ্যে ছিল যে জয়দেবপুর থেকে সবাইকে এক সাথে নিয়ে যাওয়া এবং পথিমধ্যে পশ্চিম পাকিস্তানী অফিসার ও সৈনিকদের নিরস্ত্র করা। এ ব্যাপারে আমরা এক পরিকল্পনা তৈরী করি। রাতে যাবার পরিকল্পনা এ জন্য করা হয়েছিল যে গাজীপুর এবং রাজেন্দ্রপুরে আমাদের যে সব সৈনিকরা আছে তাদেরকেও যদি সাথে নিয়ে না যাই তাহলে তারা হয়ত আটকা পড়বে। যেহেতু দিনের বেলায় তাদের সরাতে গেলে অসুবিধা হতে পারে সেহেতু রাতে তাদেরকে সরানোর সময় বেছে নেয়া হয়। কেননা, গাজীপুর এবং রাজেন্দ্রপুরে যে সমস্ত বাঙ্গালী সৈন্য আছে তাদেরকে গোপনে সংবাদ দিতে হবে। আমরা যে জয়দেবপুর থেকে যাচ্ছি এটা সবাই জানত। কিন্তু গাজীপুর এবং রাজেন্দ্রপুর সৈন্য সরাতে গেলে সন্দেহের সৃষ্টি হতে পারে এ জন্য রাতে যেন বাঙ্গালী সৈন্যরা গোপনে বের হয়ে আসতে পারে তার পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। আরো পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল যে, আমি সারপ্লাস অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ এবং কিছুসংখ্যক সৈনিক নিয়ে সকাল দশটার দিকে ময়মনসিংহে যাত্রা করব। এবং লেঃ কর্নেল রকিব বাকী লোকদের নিয়ে সন্ধ্যা সাড়ে ৭টায় রওনা হবেন। এই সময়টা যেন গাজীপুর এবং রাজেন্দ্রপুরকে জানিয়ে দেওয়া হয়, যাতে তারা যেন ঠিক ঐ সময় বেরিয়ে আসতে পারে। ওয়াপদার সাথে এটাও ঠিক হয়েছিল যে, ঐ সময় গাজীপুর, রাজেন্দ্রপুর ও জয়দেবপুরে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেবে- যাতে এ সমস্ত জায়গা থেকে আমাদের বের হতে কোন অসুবিধা না হয়। গাজীপুর এবং রাজেন্দ্রপুরে লোক পাঠিয়ে ওদেরকে ঐ সময়ের মধ্যে বের হবার খবর দেওয়া হয়েছিল।

২৮ শে মার্চ সকাল দশটায় সমস্ত উদ্বৃত্ত অস্ত্রশস্ত্র এবং যানবাহন নিয়ে আমি ময়মনসিংহ অভিমুখে যাত্রা করি। যাবার সময় লেঃ কর্নেল রকিব এই আশ্বাস দিয়েছিলেন যে, ব্যাটালিয়নের বাকী লোকদের নিয়ে তিনি সন্ধ্যার সময় রওনা হবেন। আমি জয়দেবপুর থেকে বের হবার পর চৌরাস্তা থেকে সমস্ত বাড়িতে বাংলাদেশের পতাকা উড্ডয়ন করি। সাথে সাথে সমস্ত জোয়ানদের মাঝে এক অভূতপূর্ব আনন্দের হিল্লোল সৃষ্টি হয় এবং সবাই উল্লাসে ''জয় বাংলা'' শ্লোগান দিতে থাকে। আমার কনভয় জয়দেবপুর থেকে বের হবার সাথে সাথে জনতা উল্লাসে ফেটে পড়ে এবং আমাদেরকে ''জয় বাংলা'' শ্লোগান দিয়ে অনুপ্রাণিত করে। তাদের মধ্যে কিছু লোক জানত আমরা কি করছি। যে সমস্ত নেতৃস্থানীয় লোক আমাদের পরিকল্পনার কিছুটা আভাস পেয়েছিলেন, তাঁদের মধ্যে অন্যতম ছিলেন জনাব আবদুল মোতালেব। তিনি একজন শ্রমিক নেতা ছিলেন এবং আমাদের ব্যাটালিয়নের বাকী লোকদের যাবার জন্য বেসামরিক ট্রাক, বাস, গাড়ির ব্যবস্থা করেছিলেন।

টাঙ্গাইলের কাছাকাছি যাবার পর দেখতে পেলাম অপরদিক থেকে অস্ত্রশস্ত্র সজ্জিত একটা জীপ গাড়ী আসছে। ঐ গাড়ীটা আমাদের কনভয়-এর কাছে এসে দাঁড়ায় এবং আমাদের গাড়ীতে বাংলাদেশের পতাকা দেখে খুশী হয়। তারা বলে যে, আপনারা একটু অপেক্ষা করুন। আমাদের লোকজন পজিশন নিয়ে আছে। আমরা তাদেরকে খবর দিয়ে আসি, যেন কোন অঘটন না ঘটে। কিছুক্ষণ পর আমরা টাঙ্গাইল শহরে প্রবেশ করি। সেখানে ব্যাণ্ডপার্টিসহ এক উৎফুল্ল জনতা আমাদের অভ্যর্থনা করে। জনতার এই উৎসাহ উদ্দীপনা দেখে

আমি খুবই অনুপ্রাণিত হই। কিন্তু মনে মনে শুধু একটা চিন্তা করছিলাম যে, আমি যা করতে চলেছি এ কাজে আমি কি শুধু একা? না আরো কেউ আছে? যদিও একদিকে খুশী ছিলাম, অপরদিকে ভাবনাও কম ছিল না। কারণ আমি জানি আমি যা করতে চলেছি তা যদি ব্যর্থতায় পর্যবসিত হয়, তাহলে মৃত্যুদণ্ডই সাজা। কিন্তু তবু জনতার উৎফুল্লতা দেখে মনে উৎসাহের সঞ্চার হতো। টাঙ্গাইলে যাবার পর কে একজন আমাকে বললেন যে মেজর জিয়া নামে একজন চট্টগ্রাম থেকে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেছেন। এ কথা শুনে আমার সাহস দ্বিগুণ, ত্রিগুণ বেড়ে যায়। কারণ, তখন আমার মনে এ ধারণার সৃষ্টি হয় যে, এ কাজে আমি একা নই।

টাঙ্গাইলের জনগণ আমাদেরকে যেভাবে সাহায্য করেছিল তা ভাষায় প্রকাশ করা সম্ভব নয়। এ্যামুনিশেন বোঝাই একটা গাড়ীর অ্যাক্সেল ভেঙ্গে যাবার সাথে সাথেই সে অ্যাক্সেল তারা বদলিয়ে দেয়। আমি আমার সমস্ত সৈন্য এবং যানবাহন নিয়ে টাঙ্গাইল সার্কিট হাউসে পৌঁছে যাই।

টাঙ্গাইলে আমাদের এক কোম্পানী সৈন্য ছিল, তার কমাণ্ডার ছিল একজন পাঞ্জাবী অফিসার। টাঙ্গাইল কোম্পানী হেডকোয়ার্টারে পৌছার সাথে সাথেই কোম্পানীর জেসিও আমাকে বলে যে, সে গত রাতে কোম্পানী কমাণ্ডারকে নিরস্ত্র করে রেখেছে। আমি তখন সমস্ত কোম্পানীকে একত্রিত করে লেঃ মোরশেদকে তাদের কোম্পানী কমাণ্ডার নিয়োগ করি। আর সমস্ত কোম্পানীকে এই বলি যে তোমরা সবাই ময়মনসিংহে চলে আস এবং ময়মনসিংহ পৌঁছার পর তোমাদের বাকী নির্দেশ দেব। এখন থেকে লেঃ মোরশেদ (বর্তমানে ক্যাপ্টেন) তোমাদের কোম্পানী কমাণ্ডার আর তোমাদের কাছ থেকে এ ওয়াদা চাই যে তোমাদের কাছে আমি তোমাদের পুরাতন কোম্পানী কমাণ্ডারকে আমানত হিসেবে রেখে যাচ্ছি! তোমরা তাকে তোমাদের সাথে নিয়ে আসবে। এবং আমার কাছে ময়মনসিংহ পৌঁছাবে। যেহেতু আমি ময়মনসিংহ যাবার জন্য তাড়াহুড়াতে ছিলাম সেহেতু বেলা দুটোর দিকে আমি ময়মনসিংহ অভিমুখে রওনা হই। তাদেরকে এই নির্দেশ দিয়ে আসি যে, জয়দেবপুর থেকে লোক না আসার আগে তারা যেন টাঙ্গাইল ত্যাগ না করে।

টাঙ্গাইল থেকে কয়েক মাইল যাবার পর প্রথম প্রতিবন্ধকতার সম্মুখীন হই। এখানে বলে রাখা দরকার, ঢাকার খবর পাবার পরপরই জনসাধারণ টাঙ্গাইল থেকে ময়মনসিংহ পর্যন্ত রাস্তার মাঝে মাঝে প্রতিবন্ধকতা সৃষ্টি করে রাখে। প্রথম যে প্রতিবন্ধকতা আমি দেখতে পাই সেটা ছিল একটা কাঠের পুল। জনসাধারণ সেটাতে আগুন ধরিয়ে দিয়েছিল। এবং আগুন তখনও জ্বলছিল। পুলটা একেবারে নষ্ট হয়ে গিয়েছিল। তাই আমার কনভয়কে অনেক দূর ঘুরে কোন কোন জায়গাতে নতুন রাস্তা করে যেতে হয়েছিল। রাস্তায় রাস্তায় প্রতিবন্ধকতা খুলে অগ্রসর হতে আমার বেশ সময় লেগে যায় এবং রাত প্রায় তিনটায় আমি মুক্তাগাছা পৌঁছি। মুক্তাগাছায়ও টাঙ্গাইলের মত কিছু লোক অস্ত্রশস্ত্র নিয়ে পাহারা দিচ্ছিল। তারা আমাদের উপর গুলি করার আগেই আমরা তাদেরকে বুঝাতে সক্ষম হই আমরা তাদের শত্রু নই। আমরা বাংলাদেশের সৈনিক। তখন বহু লোক বেরিয়ে আসে এবং রাস্তা দেখিয়ে দেয়। ঐ রাত আমরা মুক্তাগাছা কলেজে কাটাই। আমাদের সাথে খাবার ছিল না। জনসাধারণ আমাদের খাবার ব্যবস্থা করে।

ভোর হবার আগেই জয়দেবপুর এবং টাঙ্গাইলের লোকজন মুক্তাগাছায় পৌঁছে। মেজর মইন (বর্তমানে লেঃ কর্নেল) আমাকে বলে যে সবাই এসে গেছে। আমি তখন জিজ্ঞেস করলাম ব্যাটালিয়ন কমাণ্ডার কোথায়। উত্তরে বলল সে আসে নাই। আমি জয়দেবপুর থেকে আসার পূর্বোল্লিখিত পরিকল্পনার কিছুটা রদবদল হয়েছিল। তা নিম্নরূপ আমাদের লোকদের জয়দেবপুর থেকে সরিয়ে আনার কথা ছিল সন্ধ্যা সাড়ে সাতটায়। কিন্তু ব্যাটালিয়ন কমাণ্ডার পরে মেজর মইনকে বলেছিলেন এ সময় বদলী করে ৮ টা করার জন্য। সময় ছিল বলে ঐ পরিবর্তিত সময় সবাইকে জানানো সম্ভব হয়েছিল। কিন্তু ব্যাটালিয়ন কমাণ্ডার মত ঠিক করতে পারছিলেন না। সন্ধ্যে সাতটায় মেজর মইনকে আবার বললেন যে সময়টা পরিবর্তন করে সাড়ে সাতটা করে দাও। মেজর মইন তাকে বলেছিলেন যে, এখন আর সবাইকে এই সময় সম্বন্ধে বলার সুযোগ হলো না, তাই এই সময়টা

অপরিবর্তিত থেকে যায়। রাত ঘন অন্ধকারাচ্ছন্ন ছিল। বিদ্যুৎ বন্ধ ছিল। কেমন যেন একটা থমথমে ভাব বিরাজ করছিল। রাত ঠিক ৮টায় অয়ারলেস, যেটা অফিসার্স-মেস-এর পূর্বাংশে ছিল, সেখান থেকে একজন পাঞ্জাবী সৈনিক আমাদের একজন সিপাইকে লক্ষ্য করে গুলি করে। এই গুলির আওয়াজের সাথে সাথে চারিদিকে গোলাগুলি শুরু হয়ে যায়। যেহেতু আমাদের লোক একজন অপরজনের উপর মোতায়েন করা হয়েছিল এবং তারা সজাগ ছিল সেহেতু আমাদের লোকের বিশেষ ক্ষয়ক্ষতি হয়নি। এই গোলাগুলিতে কিছুসংখ্যক পশ্চিম পাকিস্তানী সৈনিক মারা যায়। কথামত পৌনে ৮টায় প্যালেসের বাইরে যে জীপ গাড়ী দাঁড়ানো ছিল সে জীপে করে ব্যাটালিয়ন কমাণ্ডারের যাবার কথা ছিল। কিন্তু সে সময় তিনি গাড়ীর কাছে না গিয়ে একজন পাঞ্জাবী অফিসারের সাথে অফিসার্স মেস-এর দ্বিতলে ব্যলকনিতে দাঁড়িয়ে গল্প করছিলেন। তাই হয়ত তিনি ঐ অফিসারের হাত থেকে সরে আসতে পারেননি। অথবা নিজে ইচ্ছে করে আসেন নি। কারণ ঐ সময় তাঁর ঐ জায়গাতে থাকার কথা ছিল না।

গোলাগুলির পর ব্যাটালিয়ন-এর লোকজন সময়মত বেরিয়ে আসতে পেরেছিল। গাজীপুর থেকে যখন লোক বেরিয়ে আসে তখন পাঞ্জাবী অফিসার বাধা দেওয়াতে তারা তাঁকে হত্যা করতে বাধ্য হয়। জয়দেবপুরের লোক টাঙ্গাইল পৌঁছার সঙ্গে সঙ্গে এক গোলযোগের সৃষ্টি হয়। গোলযোগের সূত্রপাত এভাবে হয়েছিল যে, জয়দেবপুর থেকে যখন বাঙ্গালী সৈন্যরা বেরিয়ে আসছিল তখন পশ্চিম পাকিস্তানী সৈন্যরা আমাদের উপর আক্রমণ চালায়। এ কথা বলার সাথে সাথে আমি যে অফিসারকে আমানত রেখে গিয়েছিলাম তার উপরে আক্রোশে গুলি চালানো হয় এবং সে মারা যায়।

এ সমস্ত ঘটনার পর আমি দৃঢ়সংকল্প গ্রহণ করলাম যে আমাদেরকে এখন মৃত্যু পর্যন্ত সংগ্রাম চালিয়ে যেতে হবে।

২৯ শে মার্চ সকালে মুক্তাগাছা থেকে ময়মনসিংহ যাত্রা করি। যদিও দূরত্ব ছিল মাত্র ১০ মাইল তবুও এই পথ অতিক্রম করতে আমাদের প্রায় তিন ঘন্টা লেগেছিল। ময়মনসিংহ পৌঁছার সাথে সাথে মেজর নুরুল ইসলাম (বর্তমান লেঃ কর্নেল) বলল যে, গতকাল আড়াইটা পর্যন্ত পশ্চিম পাকিস্তানী ইপিআরদের সাথে লড়াই করতে হয়েছে। এ লড়াইয়ে সবাই মারা গেছে, শুধু ছয়জন ছাড়া। আমাদের কোন ক্ষয়ক্ষতি হয়নি।

মেজর নুরুল ইসলাম আমাকে ময়মনসিংহের ঘটনার যে বর্ণনা দেন তা উল্লেখ করছি। ২৬ শে মার্চ ময়মনসিংহে ইস্ট বেঙ্গল রেজিমেন্ট-এর কোম্পানী ও ইপিআর-এর লোক জনসাধারণ কর্তৃক ঘেরাও হয়েছিল। তখন ইপিআর হেডকোয়ার্টার পেরিমিটারের বাইরে বাঙ্গালী সৈন্যরা পাহারা দিচ্ছিল। তারা জনসাধারণকে সরে যেতে বাধ্য করতে সক্ষম হয়েছিল। এতে উইং কমাণ্ডার (পশ্চিম পাকিস্তানী অফিসার) চালাকি করে বাঙ্গালী ইপিআর লোকদের বলে যে গতকাল তোমরা অনেক কষ্ট করেছ। আজ তোমরা রেস্ট কর। আজকের ডিউটি দেবে অন্য কোম্পানী (সে কোম্পানীটা ছিল সমস্ত পাঞ্জাবীদের)। আজ রাতে তোমাদের আর কোন ডিউটি হবে না। তোমরা হাতিয়ার জমা দিয়ে রেস্ট কর। যেহেতু চারিদিকে একটা থমথমে পরিবেশ ছিল সে কারণে কেউ হাতিয়ার জমা দেয়নি। সবাই অস্ত্রশস্ত্র নিয়ে যার যার বিছানায় শুয়ে পড়ে। রাত প্রায় ১২টার মধ্যেই পাকিস্তানী ইপিআর-এর সৈনিকরা ইপিআর-এর যত অস্ত্রশস্ত্র, গোলাবারুদ ছিল তা তারা ছাদের উপর নিয়ে যায় এবং সমস্ত যানবাহন সারিবদ্ধভাবে দাঁড় করায় যাতে যখন সমস্ত গাড়ী স্টার্ট করতে হেড লাইট অন করে তখন যেন সমস্ত আলো ইপিআর-এর বাঙ্গালীর যে ব্যারাকে ঘুমাচ্ছে সে ব্যারাকের উপর পড়ে এবং ইস্ট বেঙ্গল রেজিমেন্টের কোম্পানীর তাঁবুতে পড়ে। রাত প্রায় সাড়ে বারোটায় তারা টেলিফোন যোগাযোগ বিছিন্ন করে দেয়। মেজর নুরুল ইসলাম ও লেঃ মান্নান ইপিআর হেডকোয়ার্টার থেকে প্রায় আধ মাইল দূরে সি-এণ্ড-বি রেস্ট হাউসে ঘুমাচ্ছিলেন। রাত সাড়ে বারটায় রেস্ট হাউস-এর উপর তাদের কামরা লক্ষ্য করে অটোমেটিক গুলি ছোড়া হয়। প্রথমে তিনি টেলিফোনে কোম্পানীর সাথে কথা বলতে চেষ্টা করেন। ব্যর্থ হয়ে তিনি এবং লেঃ মান্নান পেছনের দরজা দিয়ে বেরিয়ে নদীর দিকে চলে যান। এবং সেখান থেকে ময়মনসিংহ শহরে যান। সকাল

না হওয়া পর্যন্ত তিনি কোম্পানীর সঙ্গে কোন যোগাযোগ করতে পারেননি। ভোরে যখন যোগাযোগ হয় তখন ভীষণভাবে দুই দলের মধ্যে গোলাগুলি চলছিল। এই গোলাগুলি বেলা দুইটা-আড়াইটা পর্যন্ত অব্যাহত থাকে। এই গোলাগুলিতে ৬ জন পাকিস্তানী ছাড়া আর সবাই মারা যায়। অবশিষ্ট ৬ জন পাকিস্তানী সৈন্যকে ময়মনসিংহ জেলে রাখা হয়। আমি ময়মনসিংহ পৌঁছার সাথে সাথে এ সমস্ত ঘটনা শুনতে পাই।

২৯ শে মার্চ বিকেল চারটা পর্যন্ত ব্যাটালিয়ন-এর সমস্ত লোক কনসেনট্রেট হয়। রাজেন্দ্রপুর কন্টিনজেন্ট রাত্রে পৌঁছে। আমি ময়মনসিংহে পৌঁছে আমার পরবর্তী কর্মপন্থা নির্ধারণের জন্য সীমান্ত থেকে সমস্ত ইপিআরকে ময়মনসিংহে এসে কনসেনট্রেট হতে অর্ডার দিলাম। তারপর আমি ময়মনসিংহ পুলিশ অয়ারলেসে গিয়ে বাংলাদেশের যত জায়গাতে পুলিশ অয়ারলেস কমিউনিকেশন আছে সবাইকে লক্ষ্য করে এই নির্দেশ দিলাম যে, আমি মেজর সফিউল্লাহ (বর্তমানে বিগ্রেডিয়ার) দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্ট নিয়ে পাকিস্তানীদের বিরুদ্ধে অস্ত্র ধারণ করেছি। বর্তমানে ময়মনসিংহ এবং টাঙ্গাইল জেলা আমার নিয়ন্ত্রণাধীন আছে। আপনারা যে যেখানে আছেন, যদি বাঙ্গালী হন, যার কাছে যে অস্ত্র আছে তাই নিয়ে পাকিস্তানীদের বিরুদ্ধে রুখে দাঁড়ান এবং দেশকে পাকিস্তানীদের কবল থেকে স্বাধীন করতে সশস্ত্র সংগ্রাম শুরু করুন। প্রায় এক ঘন্টার মধ্যে আমি বেশ উৎসাহব্যঞ্জক সাড়া পেলাম। যে সমস্ত জায়গা থেকে আমি কনফারমেশন পেয়েছি যে তারা অস্ত্র নিয়ে পাকিস্তানীদের বিরুদ্ধে লড়াই করেছে, সেসব জায়গা হল- দিনাজপুর, রাজশাহী, পাবনা, খুলনা, বগুড়া, কুষ্টিয়া, ব্রাহ্মণবাড়িয়া, হবিগঞ্জ, ফেনী এবং চট্টগ্রাম।

২৯ শে মার্চ বিকেলে জেলা এডমিনিস্ট্রেশন-এর সমস্ত অফিসারবৃন্দ, জাতীয় এবং প্রাদেশিক পরিষদের নির্বাচিত এম-এন এ এবং এম-পি এদেরকে নিয়ে এক বৈঠক করি। সেই বৈঠকে কিভাবে যুদ্ধ পরিচালনা করতে হবে তার পরিকল্পনা নিই। জেলার আইন-শৃঙ্খলা রক্ষা এবং সামরিক বাহিনীকে খাদ্যদ্রব্য সরবরাহ করার ভার বেসামরিক প্রশাসন এবং এম-এন ও এম-পি দের উপর ন্যস্ত করা হল। তাঁরা বেশ আগ্রহের সাথে এ দায়িত্বভার গ্রহণ করেছেন। যুদ্ধ পরিচালনার ভার আমার হাতে রাখি। এই বৈঠকে এও সিদ্ধান্ত নেয়া হল যে, যুদ্ধ পরিচালনা করতে হলে অস্ত্রশস্ত্রের প্রয়োজন। এবং সেটা পাবার জন্য আমাদের প্রতিবেশী রাষ্ট্র ভারতের কাছে আমাদের প্রস্তাব পেশ করা দরকার। তাই এই সিদ্ধান্ত নেয়া হল যে, আমাদের একজন এম-এন-একে দিল্লী পাঠানো হবে আমাদের প্রস্তাব দিয়ে। আমরা এম-এন এ জনাব সৈয়দ আবদুস সুলতানকে বাংলাদেশের দূত হিসেবে দিল্লীতে আমাদের এ প্রস্তাব কর্তৃপক্ষের কাছে পেশ করার জন্য পাঠাবার সিদ্ধান্ত নিই। এ সিদ্ধান্তও নেয়া হল যে তাকে সীমান্তের বাইরে পাঠাবার পূর্বে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনীর সাথে যোগাযোগ করা দরকার যে তারা আমাদের গ্রহণ করবে কিনা। এই মর্মে আমি একজন অফিসারকে (ক্যাপ্টেন আজিজুর রহমান, বর্তমানে মেজর) হালুয়াঘটে বিএসএফ-এর সাথে যোগাযোগ করতে পাঠাই। সে ওখানে পৌঁছার পর বি-এস-এফ-এর একজন অফিসার ক্যাপ্টেন বালজিতের সাথে দেখা করে। সেখানে ক্যাপ্টেন ছাড়াও আরো দু'জন অফিসার ছিলেন। একজন লেঃ কর্নেল সিনহা। তিনি ছিলেন ইন্টেলিজেন্স-এর লোক এবং আর একজন ছিলেন সেখানকার বিএসএফ কমান্ড্যান্ট। তাদের কাছ থেকে আশাব্যঞ্জক সাড়া মেলে। তাঁরা আমাদের সব কিছু দিয়ে সাহায্য করবেন বলে প্রতিশ্রুতি দেন। এই প্রতিশ্রুতি পেয়ে আমি সামরিক প্রস্তুতি জোরদার করি।

৩০ শে মার্চ সকাল পর্যন্ত ইপিআর, পুলিশ ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট এবং কিছু আংশিক ট্রেনিংপ্রাপ্ত বেসামরিক লোকদের নিয়ে একটি বাহিনী গড়ে তুলি। যার লোকসংখ্যা ছিল তিন থেকে সাড়ে তিন হাজার। ময়মনসিংহে যখন পৌঁছি তখন আমার সাথে অনেক জেসিও এবং নিম্নলিখিত অফিসার ছিলেন : ১। মেজর নুরুল ইসলাম (বর্তমান লেঃ কর্নেল)। ২। মেজর মইনুল হোসেন চৌধুরি (বর্তমানে লেঃ কর্নেল)। ৩। মেজর নাসিম (বর্তমানে লেঃ কর্নেল)। ৪। ক্যাপ্টেন আজিজুর রহমান (বর্তমানে মেজর)। ৫। ক্যাপ্টেন এজাজ আহমদ চৌধুরী। ৬। লেঃ গোলাম হেলাল মুরশেদ (বর্তমানে ক্যাপ্টেন)। ৭। লেঃ ইবরাহীম। এছাড়া ক্যাপ্টেন মতিউর রহমান (বর্তমানে মেজর) যিনি ময়মনসিংহে ছুটিতে ছিলেন তাকে আমি সাথে নিয়ে নিই। তাকে বলার সাথে সাথে সে আমার ব্যাটালিয়নে যোগ দেয়। এছাড়া অবসরপ্রাপ্ত কাজী নুরুজ্জামান ঢাকা থেকে ময়মনসিংহে যোগ

দেন। ময়মনসিংহ থেকে যাবার পথে দুইজন মেডিকেল কলেজের ডাক্তার নিয়ে নিই। তারা হচ্ছে ডাঃ আবদুর রহমান এবং ডাঃ আহমদ আলী।

ময়মনসিংহ পৌঁছে আমি পাকিস্তান সেনাবাহিনী কোথায় কি করছ সে খবর নেওয়ার জন্য আমার অয়ারলেস দিয়ে মনিটরিং করি। এবং যে সমস্ত খবর পাই তন্মধ্যে ২৯শে মার্চের বিকেলের খবর বিশেষভাবে উল্লেখযোগ্য। ঐ দিন ১৪ ডিভেশন-এর হেডকোয়ার্টারের কর্নেল সাদুল্লাহ এবং যশোর বিগ্রেডের বিগ্রেড মেজরের মধ্যে যে কথাবার্তা হয় তার মধ্যে নিন্মলিখিত উক্তি বিশেষ তাৎপর্যপূর্ণ। কর্নেল স্টাফ রীতিমত বিগ্রেড মেজরকে গালিগালাজ করে বলছিলেন, "You have been routed by rag-tags. You people have no shame, How could you be routed by unarmed people? You need kick. However, tell your commander, if he needs any help, we will send air sorties. We are in any way sending two air-sorties to Kushtia circuit house. We have been able to tackle Dacca which did not bother us much. We are really concerned about Kushtia now. We have captured 8.E.B.Hq. We are now proceeding towards Radio Station.In the process we have suffered a lot of casualties. Send a c-130 (Transport Aircraft) tomorrow to Chittagong, so that the dead and the wounded can be sent Dacca. If it cannot come then send an "Allwate" (Heliopter) to naval base at 10-30. If c-130 can come then. "Allwate" is not required." এবং তারা এখন হয়ত ঢাকা থেকে এসব জায়গায় রি-ইনফোর্সমেন্ট পাঠাবে। আমার আরো চিন্তার কারণ হয়ে পড়ে যখন জিওসিএর মেসেজ শুনলাম যে ৮ ইস্ট বেঙ্গল হেডকোয়ার্টার দখল করা হয়েছে তখন সাথে সাথে আমি খুবই চিন্তিত হয়ে পড়ি যে মেজর জিয়া (বর্তমানে বিগ্রেডিয়ার) তার দলবল নিয়ে হয়ত ধরা পড়ে গেছে। এমতাবস্থায় সেখানে এমন কোন অফিসার জানামত ছিল না যে নেতৃত্ব দিতে পারবে। আমি তখন এই সিদ্ধান্ত নিলাম যে অতিশীঘ্র ঢাকা আক্রমণ করা উচিৎ যেন ঢাকা থেকে কোন রি-ইনফোর্সমেন্ট বাইরে না যেতে পারে।

এই সিদ্ধান্তকে বাস্তবে রূপায়িত করার জন্য নিন্মলিখিত পরিকল্পনা নিলাম- নর্থ বেঙ্গল থেকে যাতে পাকবাহিনী ময়মনসিংহের দিকে না আসতে পারে সেই জন্য পুলিশ এবং ট্রেনিংপ্রাপ্ত বেসামরিক সৈনিকদের নিয়ে গঠিত এক কোম্পানী সৈন্য বাহাদুরবাদ ঘাটে পাঠাই। আর কোম্পানী ই-পিআর সিরাজগঞ্জ ঘাটে পাঠাই।এক কোম্পানী ইপিআর এবং আংশিক ট্রেনিংপ্রাপ্ত বেসামরিক কোম্পানী গফরগাঁওয়ে পাঠাই। এক কোম্পানী ইপিআর পাঠাই টাঙ্গাইলে। ৩১ শে মার্চের মধ্যেই এরা এ সমস্ত জায়গায় পৌঁছে যায়। এ ছাড়া আরো দুই কোম্পানী লোক (ইপিআর) ঢাকার পশ্চিমাংশ মীরপুর, মোম্মদপুর এবং ঢাকা বিমানবন্দর এলাকায় পাকিস্তান সেনাবাহিনীকে ১লা এপ্রিলের মধ্যে আক্রমণ করার নির্দেশ দিয়ে পাঠাই। আমি আমার ব্যাটালিয়ান এবং ইপিআর-এর একটি কোম্পানী নিয়ে ঢাকার পূর্বদিক থেকে আক্রমণের পরিকল্পনা নিই। এ পরিকল্পনা আমি এ জন্য নিই যে, পাকবাহিনী প্রত্যাশা করছিল যে আমরা যদি তাদেরকে আক্রমণ করি তাহলে পশ্চিমাংশ দিয়ে করব। তাই তাদেরকে ধোঁকা দেয়ার জন্য পূর্বাংশ দিয়ে আক্রমণের পরিকল্পনা করি। এদিক দিয়ে আসার জন্য আমি যে রাস্তা ব্যবহার করেছিলাম তা ছিলো ময়মনসিংহ থেকে কিশোরগঞ্জ-ভৈরব-নরসিংদী ট্রেনে। তারপর নরসিংদী থেকে পায়ে হেঁটে ভাংগা দিয়ে শীতলক্ষ্যা পার হয়ে ঢাকায় পূর্বাংশ দিয়ে আক্রমণ করব। এই পরিকল্পনাও যেন ১লা এপ্রিলে বাস্তবায়িত হয় তারও ব্যবস্থা করি।

৩০ শে মার্চ আমি যখন জায়গায় জায়গায় নির্দেশ দিয়ে লোকজন পাঠাচ্ছিলাম তখন গাজীপুর রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার সকাল সাড়ে এগারোটায় টেলিফোনে আমার সাথে কথা বলেন এবং বলেন যে দু'খানা জেট জঙ্গী বিমান জয়দেবপুরের প্যালেস ভীষণভাবে আক্রমণ করেছে এবং স্ট্রাফিং করছে। তার প্রায় ১৫ মিনিট পর আবার টেলিফোনে বললেন যে আর একখানা জঙ্গী বিমান জয়দেবপুর প্যালেসে বড় বড় বোমা ফেলছে। তাতে বিকট আওয়াজ হচ্ছে এবং প্রাসাদে আগুন লেগে গেছে। এ সংবাদ শুনে আমি স্বস্তির নিশ্বাস ফেললাম এই

ভেবে যে আমরা ঠিক সময় বেরিয়ে পড়তে পেরেছি। আমাদের মনে কোন দ্বিধা রইল না যে আমরা কোন ভুল করিনি। বরং ঠিকই করেছি।

আমরা পূর্বপরিকল্পনা মত লোকজন জায়গায় জায়গায় পাঠিয়ে দিই। আমি আমার বাহিনী নিয়ে ৩০ শে মার্চ ট্রেনযোগে নরসিংদীর দিকে রওয়ানা হই। অল্পসংখ্যক কম্পার্টমেন্টে আমরা এক সাথে সবাই যেতে পারছিলাম না। তাই অল্প অল্প করে গন্তব্যস্থানে পাঠাচ্ছিলাম।

ময়মনসিংহ থেকে চলে আসার পূর্বে আমি জনগণকে আশ্বাস দিলাম যে আমি আমার ব্যাটালিয়ন নিয়ে শত্রুবাহিনীর বিরুদ্ধে আক্রমণ করতে যাচ্ছি। ৩০ শে মার্চ আমি আমার হেডকোয়ার্টার ময়মনসিংহ থেকে কিশোরগঞ্জ স্থানান্তরিত করি। কিশোরগঞ্জে ক্যাপ্টেন মতিন (বর্তমান মেজর) নামে আর একজন অফিসারের সাথে দেখা হয়। সে তখন বাড়িতে ছিল। তাকে বলার সাথে সাথে সেও আমাদের সাথে যোগ দেয়।

৩১ শে মার্চ পর্যন্ত আমাদের লোক গন্তব্য স্থানের দিকে অগ্রসর হচ্ছিল। যারা সর্বপ্রথম রওয়ানা হয়েছিলো ১লা এপ্রিল বিকেল পর্যন্ত ঢাকার পূর্বাঞ্চল বাসাবো, ডেমরা এ সমস্ত স্থানে গিয়ে অবস্থা পর্যবেক্ষণ করছিল। সেদিন আমি কিশোরগঞ্জে অবস্থান করছিলাম। তখন ব্রাহ্মণবাড়িয়া থেকে একটি খবর আসলো যে মেজর খালেদ মোশাররফ (বর্তমান কর্নেল) ব্রাহ্মণবাড়িয়া সাবডিভিশন তাঁর নিয়ন্ত্রণাধীন রেখেছেন এবং তিনি আমার সাথে কথা বলতে চান। আমি যখন তাঁকে আমার পরিকল্পনার কথা বললাম তখন তিনি আমাকে অনুরোধ করলেন যে আমি যেন ঢাকা অভিমুখে অগ্রসর না হয়ে তার সাথে যোগাযোগ করি। ঐ দিনই আমি ব্রাহ্মণবাড়িয়াতে চলে যাই। আমার সৈনিকরা যারা ঢাকার অভিমুখে অগ্রসর হচ্ছিল আমি তাঁদের আর বাধা দিইনি। মেজর খালেদ মোশাররফ কি বলতে চান তা জানার জন্য ব্রাহ্মণবাড়িয়ায় তাঁর সাথে দেখা করতে চাই। আমি যখন ব্রাহ্মণবাড়িয়ায় পৌঁছি তখন খালেদ সেখানে ছিলেন না। তিনি তার সেকেণ্ড-ইন-কমাণ্ড মেজর শাফায়াত জামিল (বর্তমানে লেঃ কর্নেল)-কে মেসেজ দিয়ে পাঠান। এরপর আমি ফিরে আসি। আমি যেদিন ব্রাহ্মণবাড়িয়া যাই সেদিন ব্রাহ্মণবাড়িয়া থেকে ফেরার পথে দু'খানা জঙ্গী বিমান আমাদের তাড়া করে। বেশ কিছুক্ষণ ব্রাহ্মণবাড়িয়াতে স্ট্রাফিং-এর পরে তিতাস গ্যাস ওয়েল ট্যাঙ্কার-এর উপর বোমাবর্ষণ করে এবং এতে আগুন ধরে যায়। আমাদের সৈনিকরা যারা ভৈরবে ছিল তাদেরকেও জঙ্গী বিমান দুটো খুঁজে বের করার চেষ্টা করে। কিন্তু না পেয়ে তারা নরসিংদীতেও খোঁজাখুঁজি করে। আমাদের সন্ধান কোথাও পায়নি। দিনটি ছিল ১লা এপ্রিল।

মেজর খালেদ মোশাররফ মেজর শাফায়াত জামিল মারফত আমার নিকট যে মেসেজ পাঠান তা ছিল নিম্নরূপঃ "Do not go towards Dacca. You will be banging your head against wall. We have liberated an area whole of Brahmanbaria Subdivision and a part of Sylhet. Before taking any further action on Dacca, we should jointly liberate this whole area and then go for Dacca. I had already contacted Indian BSF officers and they have agreed to help us. I could not come and meet you today because I am going to meet Brigadier B. C. Panda of BSF who promised me to help us. "

তার পরিকল্পনা আমার মোটামুটি পছন্দ হলো। কারণ, আমি জানি যে তখন ঢাকাতে পাকিস্তানের যে সমস্ত সৈনিক এবং ভারী অস্ত্রশস্ত্র আছে আমাদের তার ১০ ভাগের এক ভাগও নেই। তাই যাতে আমরা যুক্তভাবে একটা পরিকল্পনা নিতে পারি সেই চিন্তা আমি করছিলাম। এবং আমি এই সিদ্ধান্তে আসি যে, আমাদের এভাবে তাড়াহুড়া করে ঢাকা আক্রমণ করা ঠিক হবে না। আমি তখন আমার অফিসারদের নির্দেশ দেই যে যারা ঢাকা অভিমুখে অগ্রসর হয়েছে তারা যেন নিম্নরূপ মোতায়েন হয়ঃ এক কোম্পানী যেন ঢাকা-নরসিংদী রাস্তা পাহারা দেয়। এক কোম্পানী আশুগঞ্জ আর বাকী লোক যেন ব্রাহ্মণবাড়িয়াতে চলে আসে। ঢাকার পূর্বাংশ ও পশ্চিমাঞ্চলে যে সমস্ত সৈনিক গিয়েছিল তাদের সাথে পাকবাহিনীর ছোট ছোট সংঘর্ষ হয়। আমার সাথে পর্যাপ্ত অয়ারলেস

সেট না থাকায় সবার সাথে যোগাযোগ রাখতে কষ্ট হয়েছিল। বিশেষ করে পশ্চিমাঞ্চলে যারা ছিল তাদের সাথে একমাত্র দূত (রানার) ছাড়া আর কোন যোগাযোগের ব্যবস্থা ছিল না।

খালেদ মোশাররফের সাথে আমার যখন দেখা হয় তখন পরিকল্পনা নেয়া হয় যে আমরা যুক্তভাবে ব্রাহ্মণবাড়িয়া এবং সিলেট এই বিস্তীর্ণ অঞ্চল মুক্ত করব। এই পরিকল্পনাকে আমি বাস্তবায়িত করার জন্য আমার হেডকোয়ার্টার কিশোরগঞ্জ থেকে সিলেটের তেলিয়াপাড়া টি, গার্ডেনে ৩রা এপ্রিল স্থানান্তরিত করি। এখানে উল্লেখ করা দরকার যে, ময়মনসিংহ থেকে কিশোরগঞ্জ বা ভৈরববাজার যাবার সময় আমাদের যানবাহনগুলি নেবার জন্য মালগাড়ীর ওয়াগনকে ওয়েল্ডিং মেশিন দিয়ে কেটে জায়গা করা হয় এবং গাড়ি পার করার ব্যবস্থা করা হয়। ময়মনসিংহ পুলিশ লাইন থেকে সবাইকে অস্ত্রশস্ত্র দেওয়ার পর ১৫০০ রাইফেল, প্রায় ২০টা এল-এমজি, কিছুসংখ্যক স্টেনগান আর ৩ লক্ষ এ্যামুনিশন আমি আমার সাথে নিয়ে আসি। আমাদের ব্যক্তিগত অস্ত্রশস্ত্র ছাড়া এই আর্মস এ্যামুনিশন ছিল আমাদের একমাত্র সম্বল।

১লা এপ্রিল আমাদের নিয়ন্ত্রণে যে এলাকা ছিল তা এরূপঃ মেঘনার পশ্চিম পাড়ে নরসিংদী-তারাবো-ঢাকা রাস্তা আমাদের সম্পূর্ণ নিয়ন্ত্রণাধীনে ছিল। ব্রাহ্মমবাড়িয়া সাবডিভিশন মেঘনার পূর্বপারে যেখানে আমি আমার সৈনিকদের মোতায়েন করেছিলাম সে জায়গাগুলো হল উত্তরে আজবপুর, তারপর আশুগঞ্জ এবং সবচেয়ে দক্ষিণে লালপুর, উত্তরে সিলেটের শেরপুর, শাদীপুর এবং শেওলা করিমগঞ্জও আমার নিয়ন্ত্রণাধীন ছিল। ব্রাহ্মণবাড়িয়ায় পূর্ব এবং দক্ষিণাংশে মেজর (বর্তমান কর্নেল) খালেদ মোশাররফের সৈন্যরা ছিল। যে সব এলাকা তাদের নিয়ন্ত্রণাধীনে ছিল তা ছিল ব্রাহ্মণবাড়িয়া শহর, গোকর্ণঘাট, উজানিসার পুল এবং গঙ্গাসাগর। তৎকালীন পূর্ব পাকিস্তান রেডিওর ঘোষণা অনুযায়ী ঢাকার রেসকোর্স (সোহরাওয়ার্দী উদ্যান) বেসামরিক যানবাহন, ট্রাক, বাস একত্রিত হয়। এই ট্রাক বাস দ্বারা দুই কলাম ফোর্স তৈরী করা হয় যার এক কলাম ২রা এপ্রিল টাঙ্গাইলের দিকে রওনা হয় এবং আর এক কলাম নরসিংদীর দিকে রওয়ানা হয়। যে কলামে টাঙ্গাইলের দিকে রওয়ানা হয়েছিল আমার টাঙ্গাইলে প্রেরিত কোম্পানী তাদেরকে রাস্তায় এ্যামবুশ করে। এই কলামে প্রায় ১০০টির বেশী গাড়ী ছিল। এ এ্যামবুশ এত সুন্দর হয়েছিল যে পাকিস্তানী সেনাবাহিনীর বেশকিছু লোক হতাহত হয়। হতাহতের সংখ্যা বলা যাবে না। তবে লোকমুখে শোনা যায় যে আহতদের নিয়ে যাবার জন্য ছয়খানা গাড়ি ব্যবহার করা হয়েছিল। এই অপারেশনে আমাদেরও কিছু লোক মারা যায়। এই খবর পাই মেসেজের মাধ্যমে। এই পশ্চিমাংশের লোকদের খবরাখবর ততদিন পর্যন্ত পাই, যতদিন তারা মধুপুর জঙ্গল থেকে যুদ্ধ চালাচ্ছিল।

যে কলাম সৈন্য ঢাকা থেকে নরসিংদী রওয়ানা হয়েছিল তারা আমাদের কোম্পানীর দ্বারা নরসিংদী এবং পাঁচদোনার মাঝামাঝি জায়গায় আক্রান্ত হয়। এই আক্রমণে পাকিস্তানের সৈন্যদের বহু ক্ষয়ক্ষতি হয় এবং তারা পিছে হটে যেতে বাধ্য হয়। এ ঘটনা ঘটে ২রা এপ্রিল। তারা ঢাকা থেকে বিমান বাহিনীর সাহায্য চায়। যেহেতু বিমান বাহিনী অন্যান্য জায়গায় ব্যস্ত ছিল সেহেতু বিমান বাহিনী সেদিন তাদের সাহায্যে আসতে পারেনি। কিন্তু পরদিন তাদের আর্টিলারি বেশ সক্রিয় হয়ে ওঠে। আমাদের সৈনিকরা যে জায়গাতে ছিল সেই জায়গাতে পাঁচদোনা-নরসিংদীতে ভীষণভাবে আর্টিলারী গোলাবর্ষণ শুরু হয়। আমাদের নিকট দূরপাল্লার কোন অস্ত্রই ছিল না, রাইফেল এবং লাইট মেশিনগান ব্যতীত। তাই আমরা তাদের পাল্টা জবাব দিতে পারিনি। এভাবে তারা ৪৮ ঘন্টা যাবৎ আমাদের উপর ব্যাপক গোলাবর্ষণ করে। ৩রা এপ্রিল আর্টিলারী গোলাবর্ষণ ছাড়াও জঙ্গী বিমান ও আমাদের উপর ব্যাপকভাবে স্ট্রাফিং করে। শত্রুর সাথে মুখোমুখি যুদ্ধ এই ছিল আমাদের প্রথম। সৈনিকরা এ রকম গোলাবর্ষণের সম্মুখীন আর কখনো হয়নি। তাই তারা ছত্রভঙ্গ হয়ে পেছনে সরে আসে। আমরা বেশকিছু সংখ্যক সৈনিককে ভৈরবে একত্রিত করতে সক্ষম হই এবং পূর্বপরিকল্পনা মোতাবেক ভৈরবের পূর্বাংশে রামপুরা ব্রীজের কাছে মোতায়েন করি-যাতে পাকিস্তানী সৈনিকরা বিনা বাধায় ভৈরব পৌঁছতে না পারে।

৩রা এপ্রিল এই পরিকল্পনা নিই যে, যেহেতু আমাদের সৈন্যদের কম সেহেতু পাকিস্তানী সেনাদের প্রতিরোধ করার জন্য ডিনায়াল প্লান গ্রহণ করি। এর উদ্দেশ্য, রাস্তাঘাট, রেলওয়ে ব্রীজ, রোড ব্রীজ ভেঙ্গে দেয়া যাতে শত্রুরা অতি সহজে সম্মুখে আসতে না পারে। ডিনায়াল প্লান-এর প্রথম আমরা ভৈরবের কাছে রামপুরের ব্রীজ ভেঙ্গে ফেলি। আর কিশোরগঞ্জের কাছে রোড এবং রেলব্রীজ দুটোই ভেঙ্গে দিই। ভৈরবের ব্রীজ ভাঙ্গারও পরিকল্পনা নিই।

৪ঠা এপ্রিল দেখা হয়ে গেল কর্নেল ওসমানী (বর্তমানে জেনারেল)-এর সাথে আমারই হেডকোয়ার্টারে তেলিয়াপাড়াতে। তিনি আগরতলা থেকে তেলিয়াপাড়াতে আসেন। আমি প্রথমে বিশ্বাস করতে পারিনি যে তিনিই সেই ওসমানী যাকে আমি ভালোভাবে চিনতাম। আমি তাকে চিনতে পারিনি এই জন্যে যে আত্মগোপন করার জন্য গোঁফ কেটে রেখেছিলেন। ঐ দিনই আমি খবর পেলাম যে জিয়াউর রহমান (বর্তমানে বিগ্রেডিয়ার) চট্টগ্রাম থেকে আমার সাথে সাক্ষাৎ করার জন্য আমার কাছে আসছেন।

একটা কথা বলা দরকার, ৪ঠা এপ্রিল স্বাধীনতা সংগ্রামের এক মস্ত বড় দিন। সেদিন আমার হেডকোয়ার্টারে অনেক সিনিয়র অফিসার একত্রিত হয়েছিলেন। যাঁরা ছিলেন তাঁরা হলেনঃ ১। কর্নেল ওসমানী (বর্তমানে জেনারেল, বিমান ও নৌযান মন্ত্রী), ২। মেজর জিয়াউর রহমান (বিগ্রেডিয়ার), ৩। মেজর খালেদ মোশাররফ (কর্নেল), ৪। লেঃ কর্নেল সালাউদ্দিন মোঃ রাজা (রিটায়ার্ড কর্নেল), ৫। মেজর কাজী নুরুজ্জমান (রিটায়ার্ড লেঃ কর্নেল), ৬। মেজর নুরুল ইসলাম (লেঃ কর্নেল), ৭। মেজর মইনুল হোসেন চৌধুরী (লেঃ কর্নেল), ৮। লেঃ কর্নেল আবদুর রব (রিটায়ার্ড মেজর জেনারেল, বর্তমানে এম-পি) এবং অনেকে উপস্থিত ছিলেন। ঐ দিন আমরা কর্নেল ওসমানীকে বাংলাদেশ সামরিক বাহিনীর সর্বাধিনায়কের দায়িত্বভার গ্রহণ করতে অনুরোধ করি। তিনি সে দায়িত্বভার গ্রহণ করেন। It was decided that day, that the operation for liberation war to be conducted under one command and the commander being colonel M.A.G. Osmany (now rtd. General osmany).

ঐ দিন আমরা কর্নেল ওসমানীকে এই অনুরোধ করি যে যত শীঘ্র হোক রাজনৈতিক নেতাদের দ্বারা যেন সরকার গঠন করা হয়। যতক্ষণ পর্যন্ত সরকার গঠিত না হচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা কোন বৈদেশিক সাহায্য পাব না। ঐ দিন অন্যান্য সিদ্ধান্তের মধ্যে এটাও সাব্যস্ত হল যে ব্রাহ্মণবাড়িয়া-সিলেট এলাকার যুদ্ধ পরিচালনার ভার আমার উপর ন্যস্ত থাকবে। কুমিল্লা-নোয়াখালী এলাকার যুদ্ধ পরিচালনার যুদ্ধ পরিচালনার ভার মেজর (বর্তমানে কর্নেল) খালেদ মোশাররফের উপর ন্যস্ত করা হয়। চট্টগ্রাম এবং পার্বত্য চট্টগ্রামের যুদ্ধ পরিচালনার ভার ছিল মেজর (বর্তমানে বিগ্রেডিয়ার) জিয়াউর রহমানের উপর। এই সিদ্ধান্তের পর আমরা যার যার এলাকার সৈন্য মোতায়েন করি।

৪ঠা এপ্রিল আমার বাহিনী নিম্নলিখিত এলাকায় নিযুক্ত থাকেঃ প্রায় দুই কোম্পানী সৈন্য নরসিংদীতে, এক কোম্পানী আজবপুরে, এক কোম্পানী আশুগঞ্জে, এক কোম্পানী লালপুরে, এক কোম্পানী সিলেটের শেরপুরে ও শাদিপুরে, এক কোম্পানী সরাইলে (এই কোম্পানী আমার রিজার্ভ কোম্পানী ছিল)। তাদের উপর দুটো টাস্ক দেয়া হয়েছিল। প্রথম টাস্ক হল, যদি দরকার হয় ঢাকার দিক থেকে পাকসৈন্যরা আক্রমণ বৃদ্ধি পেলে লালপুর এবং আশুগঞ্জে যেসব সৈনিক আছে তাদের সাহায্যার্থে তালশহর এবং গোকনঘাট এলাকায় সৈন্য মোতায়েন করবে। দ্বিতীয় টাস্ক হল, যদি সিলেটের দিকে পাক সেনাবাহিনীর আক্রমণ বৃদ্ধি পায় তাহলে শেরপুরে সৈন্যদের সাহায্যার্থে যেন মৌলভীবাজারে সৈন্য মোতায়েন রাখা হয়। এসব কোম্পানী ছাড়াও মেজর (বর্তমানে বিগ্রেডিয়ার) জিয়াউর রহমানের অনুরোধে চট্টগ্রামের সৈনিকদের রি-ইনফোর্সমেন্ট-এর জন্য আমাকে এক কোম্পানী সৈন্য তাকে দিতে হয়। ৫ই এপ্রিল তারা আমার কাছ থেকে চট্টগ্রাম অভিমুখে রওয়ানা হয়ে যায়। এবং সে কোম্পানীর অধিনায়ক ছিলেন ক্যাপ্টেন এজাজ চৌধুরী।

ব্রাহ্মণবাড়িয়া থেকে যে রাস্তা কুমিল্লার দিকে চলে গেছে সে রাস্তার উপর নজর রাখার ভার ছিল মেজর (বর্তমানে কর্নেল) খালেদ মোশারফের উপর। তিনি সে দায়িত্ব পালন করার জন্য উজানিসা পুলের নিকট এক কোম্পানী, গংগা সাগরে এক কোম্পানী এবং গোকনঘাটে এক কোম্পানী সৈন্য মোতায়েন করেন।

যেহেতু আমার সুদক্ষ সৈনিকের অভাব ছিল সেহেতু ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, প্রাক্তন ইপিআর, পুলিশ এবং আংশিক ট্রেনিংপ্রাপ্ত বেসামরিক লোক নিয়ে এই সমস্ত কোম্পানী পুনর্গঠন করা হয়।

সৈন্যসংখ্যা আমাদের কম থাকায় ৪ঠা এপ্রিল থেকেই আমি আমার হেডকোয়ার্টার তেলিয়াপাড়াতে একটি ট্রেনিং ক্যাম্প খুলি। ঐ ট্রেনিং ক্যাম্পে প্রায় ৭০০ থেকে ৮০০ যুবক ট্রেনিং নিচ্ছিল। অল্প সংখ্যক অফিসার এবং ইনস্ট্রাকটর নিয়ে আমি এই ট্রেনিং শুরু করি। আমার যে সমস্ত অফিসার ছিল তাঁরা তাঁদের স্ব স্ব কোম্পানী নিয়ে ৪ঠা এপ্রিল নিম্নলিখিত জায়গাতে মোতায়েন ছিলঃ ক্যাপ্টেন মতিউর রহমান নরসিংদীতে, ক্যাপ্টেন নাসিম আশুগঞ্জে, লেঃ মুরশেদ লালপুরে, ক্যাপ্টেন মতিন সরাইলে, ক্যাপ্টেন আজিজ শেরপুর কাদিপুরে, ক্যাপ্টেন এজাজ চৌধুরী চট্টগ্রাম অভিমুখে, মেজর মইন তেলিয়াপাড়াতে তার কোম্পানীর সাথে, মেজর নুরুল ইসলাম ট্রেনিং দেওয়ার জন্য এবং লেঃ ইব্রাহীম আমার হেডকোয়ার্টারে স্টাফ অফিসার হিসেবে। ৫ ই এপ্রিল ক্যাপ্টেন নুরুজ্জামান আমার সাথে যোগ দেয়। (নুরুজ্জামান যোগ দিয়ে তার পরিবারকে আনার জন্য রায়পুরাতে চলে যায় এবং ২৬শে জুন পুনরায় যোগদান করে।)

আমাকে সিলেট থেকে ভৈরব এবং নরসিংদী পর্যন্ত সৈনিকদের তত্ত্বাবধান করতে হত। এখানে একটা কথা বলে রাখা দরকার যে, জয়দেবপুর থেকে যেদিন আমরা বেরিয়ে এসেছি ঐদিন থেকে আমাদের খাওয়া-দাওয়ার ব্যাপারে কোন চিন্তা করতে হয়নি। কারণ, আমরা যখন যেখানেই ছিলাম ঐ জায়গার জনসাধারণ আমাদের খাবার ব্যবস্থা করত। তাই খাওয়া-দাওয়ার ব্যাপারে কোন চিন্তা করতে হয়নি। যাঁরা আমাদের খাওয়া দাওয়ার ব্যাপারে সাহায্য করেছিলেন তাদের মধ্যে কয়েকজনের নাম বিশেষভাবে উল্লেখযোগ্যঃ নরসিংদীতে মিজানুর রহমান (একজন স'মিল ম্যানেজার), আশুগঞ্জে মোঃ শফিউদ্দীন, ব্রাহ্মণবাড়িয়াতে প্রাক্তন এমপিএ সাচ্চু মিঞা, এবং সিলেটের সাবু চৌধুরী ও মোহাম্মদ আলকাস মিঞা।

৪ঠা এপ্রিল আমি সিলেট অভিমুখে যাত্রা করি আমার যে কোম্পানী সৈন্য শেরপুর, শাদিপুরে পাঠিয়েছি তাদের যুদ্ধের পরিকল্পনা দেবার জন্য। মৌলভীবাজার গিয়ে মেজর (বর্তমানে কর্নেল) চিত্তরঞ্জন দত্তের সাথে আমার সাক্ষাৎ হয়। সেখানে মেজর দত্ত এমএনএ মানিক চৌধুরী, কিছুসংখ্যক প্রাক্তন ইপিআর এবং আংশিক শিক্ষাপ্রাপ্ত বেসামরিক লোকজনকে নিয়ে এক বাহিনী গঠন করেন। আমি মৌলভীবাজারে গিয়ে তাদের কাছে আমার মনের উদ্দেশ্য ব্যক্ত করি। আমার সৈনিক এবং তাদের গঠিত বাহিনী নিয়ে সিলেট জেলাকে শত্রুমুক্ত করার জন্য এক পরিকল্পনা গ্রহণ করি। সিলেটে তখন এক ব্যাটালিয়নেরও বেশী সৈন্য ছিল। আমার কাছে তখন আমার নিজস্ব এক কোম্পানী সৈনিক এবং কর্নেল দত্তের দ্বারা গঠিত আরো প্রায় দুই কোম্পানী সৈনিক ছিল। আমরা সিদ্ধান্ত নিলাম যে, আমাদের নিকট যে সৈন্য রয়েছে তাদের দ্বারা সিলেট শত্রুমুক্ত করতে হলে আমাদের দুই পর্যায়ে এই আক্রমণ চালাতে হবে। প্রথম পর্যায়ে সুরমা নদীর দক্ষিণাঞ্চলকে মুক্ত করা এবং দ্বিতীয় পর্যায়ে সুরমা নদীর উত্তরাঞ্চল মুক্ত করা।

এই প্রথম পর্যায় সম্পন্ন করার জন্য পাকিস্তানী যত সৈনিক সুরমা নদীর দক্ষিণাঞ্চলে ছিল তাদের পরাজিত করতে তিনদিক থেকে আক্রমণ শুরু করি। এক কোম্পানী শেরপুর থেকে সিলেটের দিকে প্রধান সড়ক দিয়ে সিলেট অভিমুখে অগ্রসর হয়। এক কোম্পানী ফেঞ্চুগঞ্জ হয়ে রেললাইন ধরে অগ্রসর হয়, আর এক কোম্পানী শেওলা করিমগঞ্জের দিক থেকে সুরমা নদীর দক্ষিণ পার হয়ে সিলেটের দিকে অগ্রসর হয়।

এপ্রিল মাসের পাঁচ তারিখে সুরমা নদীর দক্ষিণ পারে এক খণ্ডযুদ্ধে পাকবাহিনী পরাজিত হয় এবং তারা পলায়ন করে শালুটিকার বিমান ঘাঁটিতে একত্রিত হয়। ৫ই এপ্রিল সুরমা নদীর সমগ্র দক্ষিণাঞ্চল এবং সুরমা

নদীর উত্তরে সিলেট শহর শত্রুমুক্ত হয়ে আমাদের হস্তগত হয়। প্রাক্তন ইপিআর-এর কিছুসংখ্যক লোক যারা সুনামগঞ্জে ছিলেন তারাও উত্তর-পশ্চিম দিক থেকে সিলেটের দিকে অগ্রসর হয়। ঐ দিন পর্যন্ত আমাদের আয়ত্তাধীনে যে সমস্ত এলাকা ছিল তা হল : সমস্ত সুরমা নদীর দক্ষিণে এবং পশ্চিমে সমস্ত অঞ্চল, সিলেট শহর এবং খাদিমনগর। আমাদের কাছে সৈন্য ছিল মাত্র ইস্ট বেঙ্গল রেজিমেন্টের এক কোম্পানী এবং প্রাক্তন ইপিআর-এর তিন কোম্পানী, যারা সমস্ত এলাকাকে ঘিরে রাখে। পাকিস্তানের যে সৈনিক ছিল তারা এক ব্যাটালিয়নেরও বেশী। তারা শালুটিকার বিমান ঘাঁটিতে একত্রিত হয়েছিল। পাকিস্তানীদের কাছে আধুনিক, মারাত্মক এবং ভারী অস্ত্রশস্ত্র ছিল। যে ব্যাটালিয়ন সেখানে ছিল সেটা হল ৩১ পাঞ্জাব রেজিমেন্ট।

প্রথম পর্যায় শেষ করার পর আমি আমার সৈনিকদের নির্দেশ দিই, যে-এলাকা এখন আমাদের নিয়ন্ত্রণে রয়েছে সেখানে যেন শত্রুরা ব্যুহ ভেদ না করতে পারে। সে জন্য সজাগ দৃষ্টি রেখে সে এলাকাকে সুরক্ষিত রাখতে বলি। দ্বিতীয় পর্যায় অপারেশন আমি সাথে সাথে শুরু করতে পারছিলাম না, এজন্য যে, শত্রুসৈন্যের সংখ্যা আমাদের চেয়ে অনেক বেশী ছিল। তাই সবাইকে পরিখা খনন করে র্বূহ প্রস্তুত করতে বলি।

পাক সৈনিকরাও তখন বেশ অস্বস্তিকর পরিস্থিতিতে ছিল। তাদের মনোবলও লোপ পেয়েছিল। আত্মসমর্পণের ইচ্ছা থাকলেও তাদের মনে আশংকা ছিল যে, আত্মসমর্পণ করলে তাদের সবাইকে মেরে ফেলা হবে। তাই আত্মরক্ষার জন্য তারাও চারিপার্শ্বে পরিখা খনন করে ব্যুহ তৈরী করল। আমি তখন চিন্তা করছিলাম যে অন্য কোথাও থেকে এখানে সৈন্য আনা যায় কিনা। আমি ব্রাহ্মণবাড়িয়া এবং আশুগঞ্জ থেকে কোন সৈন্য সরাতে পারছিলাম না এইজন্য যে তখন নরসিংদীতে লড়াই চলছিল। পাকিস্তানীরাও তখন নীরব থাকেনি। তারা পিআইএ ফোকার ফ্রেণ্ডশীপ এবং সি-১৩০ বিমানের সাহায্যে সিলেটে রি-ইনপোর্সমেন্ট শুরু করে। আমাদের শুধু সৈন্যই কম ছিল না, অস্ত্রশস্ত্রেরও অভাব ছিল যথেষ্ট। আরো অধিক সৈন্য কিভাবে যোগাড় করা যায় সে ব্যাপারে আলোচনার জন্য মৌলভীবাজারে মেজর দত্ত (বর্তমানে কর্নেল দত্ত) এবং এমএনএ মানিক চৌধুরীর সংগে মিলিত হই। এই সাক্ষাৎকার ঘটে ৮ই এপ্রিল। ঐ দিন শেষ পর্যন্ত এই সিদ্ধান্ত নেওয়া হয় যে শত্রুকে ধোঁকা দেওয়ার জন্য বেশকিছুসংখ্যক বেসামরিক লোককে একত্রিত করে পাকিস্তানীদের ব্যূহের পশ্চিমাংশ দিয়ে মহড়া দেখানো বা শো করানো যেন এই সুযোগে খাদিমনগরের দিক থেকে (পূর্ব দিক থেকে) জঙ্গলের ভিতর দিয়ে শালুটিকার বিমান ঘাঁটির উপর আক্রমণ চালাতে পারি। এ সমস্ত লোক একত্রিত করার দায়িত্ব নেন এমএনএ মানিক চৌধুরী। ৯ই এপ্রিল পর্যন্ত লোক যোগাড় করা সম্ভব হয়নি। কিন্তু অন্যদিকে পাকিস্তানী রি-ইনফোর্সমেন্ট বেশ হয়ে যায় এবং ৯ই এপ্রিল দিবাগত রাত্রে পাকিস্তনীরা আমাদের উপর আক্রমণ চালায়। এই আক্রমণে সারারাত লড়াই চলে এবং অবশেষে আমরা পিছনে হটতে বাধ্য হই। এ লড়াইয়ে আমাদের দুজন সৈনিক শহীদ হন এবং পাঁচজন আহত হন। যারা শহীদ হয়েছেন তারা হলেন হাওলাদার কাজী মোসলেহউদ্দীন ও ল্যান্সনায়েক আবদুর রহমান। শত্রুপক্ষেরও বেশ হতাহত হয়। তাদের দূরপাল্লার কামানের গোলার মুখে আমরা টিকতে পারছিলাম না। শুধু তাই নয়, পাকিস্তানী জঙ্গী বিমানও আমাদের উপর আক্রমণ চালায়।

সেখান থেকে আমরা পিছু হটে আবার শেরপুরে ব্যূহ নির্মান করি এবং ভবিষ্যতে যুদ্ধ পরিচালনার পরিকল্পনার জন্য আবার মৌলভীবাজারে মিলিত হই। ঐদিন কর্নেল ওসমানী (বর্তমানে অবসরপ্রাপ্ত জেনারেল), মেজর কাজী নূরুজ্জামানও (অবসরপ্রাপ্ত লেঃ কর্নেল) মৌলভীবাজারে উপস্থিত হন। যেহেতু আমাকে সিলেট ও নরসিংদীতে যুদ্ধের পরিকল্পনা তত্ত্বাবধান করতে হয়েছিল এবং নরসিংদীতে যুদ্ধ চলছিল সেহেতু মেজন কাজী নূরুজ্জামান এবং মেজর চিত্তরঞ্জন দত্তকে সিলেটের যুদ্ধের পরিচালনার ভার অর্পণ করা হয়। মেজর নূরুজ্জামান সিনিয়র হওয়াতে তাকে অধিনায়ক করা হয়। যে সমস্ত সৈন্য যুদ্ধের জন্য আমি সিলেট নিয়েছিলাম তাদেরকে রেখে আসি। ১১ই এপ্রিল পর্যন্ত ২য় ইস্ট বেঙ্গল রেজিমেন্ট থেকে এক কোম্পানী সৈন্য সিলেট এবং এক কোম্পানী সৈন্য চিটাগাং পাঠাবার পর আমার নিকট মাত্র ইস্ট বেঙ্গল রেজিমেন্টের দুই কোম্পানী সৈন্য থেকে যায়। তাদের দ্বারা আমাদের ঢাকা থেকে অগ্রসরমান এক ব্রিগেড পাকিস্তানী সৈন্যের মোকাবিলা করতে হচ্ছিল।

আমি এই দুই কোম্পানী সৈন্য প্রাক্তন ইপিআর এবং আংশিক শিক্ষাপ্রাপ্ত বেসামরিক জনগণ দ্বারা এক ব্যাটালিয়নের মত সৈন্য আবার তৈরি করি। তাদের দ্বারাই আমি পাকিস্তানী সৈনিকদের মোকাবেলা করতে দৃঢ়প্রতিজ্ঞ হই। এবং আজবপুর, ভৈরব. আশুগঞ্জ. লালপুর এবং গোকনঘাটে এক ব্যূহ তৈরি এবং শত্রুদের অপেক্ষায় ওঁৎ পেতে থাকি।

১১ই এপ্রিল থেকে ব্রাহ্মণবাড়িয়া এবং ভৈরব এলাকায় পাকবাহিনী হেলিকপ্টার এবং জঙ্গী বিমানের সাহায্যে আমাদের অবস্থান সম্পর্কে ব্যাপকভাবে তথ্য সংগ্রহ করতে থাকে। আমাদের নিকট কোন বিমানবিধ্বংসী কামান ছিল না বলে এর বিরুদ্ধে কিছুই করতে পারিনি। পাকসেনাদের তৎপরতা বেড়ে যাওয়াতে ১৩ই এপ্রিল আমি কিছুসংখ্যক যুবককে ট্রেনিং দিয়ে ভৈরব, আশুগঞ্জের দিকে পাঠাই যেন মেঘনা নদীর পূর্বপারের এলাকাগুলোতে আমরা বেশ শক্তিশালী থাকতে পারি। ঐ সমস্ত ছেলেরা ব্রাহ্মণবাড়িয়া রেলওয়ে স্টেশনের কাছে পাক বাহিনীর জংগী বিমান দ্বারা আক্রান্ত হয়। ফলে দুজন তরুণ শহীদ হয়। এর মধ্যে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের একজন সৈনিক ছিলেন। তার নাম সিপাই মোহাম্মদ মোহসীন। ট্রেনিং প্রাপ্ত যে ছেলেটি শহীদ হয় তার নাম জানা নেই। ঐ দিন আমাদের অপারেশনাল কো-অর্ডিনেশনের জন্য মৌলভীবাজার যেতে হয়। আক্রমণের কথা শুনে আমি মৌলভীবাজার থেকে ১৩/১৪ই এপ্রিল রাত দু'টার সময় ব্রাহ্মণবাড়িয়ার দিকে রওয়ানা হয়ে ভোরে প্রায় ৫টায় ব্রাহ্মণবাড়িয়া পৌঁছি। ব্রাহ্মণবাড়িয়াতে সেদিন কর্নেল রেজা ছিলেন। পাকবাহিনীর আক্রমণাত্মক কার্যকলাপ বেড়ে যাওয়াতে আমি সরাইলে যে রিজার্ভ কোম্পানীকে রেখেছিলাম তিনি সেই কোম্পানীকে লালপুরে আমাদের লোকদের সাহায্যার্থে পাঠান। আমি ব্রাহ্মণবাড়িয়াতে পৌঁছে এ খবর পাই যে সরাইলে আমার যে রিজার্ভ কোম্পানী ছিল, তারা লালপুর অভিমুখে রওয়ানা হয়ে গেছে। অয়ারলেস সেট না থাকাতে যোগাযোগ রক্ষা করা আমার পক্ষে বেশ কষ্টকর হচ্ছিল। কারণ, করো সাথে কিছু বলতে হলে আমাকে রানার দ্বারা অথবা নিজে গিয়ে যোগাযোগ করতে হত। এই পরিপ্রেক্ষিতে আমি এই রিজার্ভ কোম্পানীকে ইচ্ছা থাকলেও ফিরিয়ে আনতে পারিনি। সরাইলে তাদের রাখার প্রধান উদ্দেশ্য ছিল যে, যুদ্ধ যদি ব্যাপক আকার ধারণ করে তাহলে তারা যেন তালশহর ও গোকনঘাট এলাকায় ব্যূহ রচনা করতে পারে। এর প্রধান উদ্দেশ্য ছিল শত্রুযদি মেঘনা নদীর পূর্বপারে আমরা যে ব্যূহ তৈরী করেছি সেটা ভেদ করে তা হলে ব্রাহ্মণবাড়িয়া পৌঁছার পূর্বে তাদের যেন বাধা দিতে পারি। তাছাড়া মেঘনা নদীর পুর্বপারে আমার যেসব সৈন্য মোতায়েন আছে তাদের সাহায্যে যেন তারা আসতে পারে। এই রিজার্ভ কোম্পানী লালপুরে চলে যাওয়াতে আমার পরিকল্পনা বাস্তবায়িত হতে পারেনি।

১৪ই এপ্রিল সকালে ব্রাহ্মণবাড়িয়া রেলষ্টেশনে গিয়ে কিভাবে তাঁদের ফিরিয়ে আনা যায় সেই পরিকল্পনা করছিলাম। এমন সময় প্রায় সকাল সাড়ে পাঁচটায় পাক সেনাবাহিনী আমার বাহিনীর উপর ভীষণভাবে আক্রমণ করে। এই আক্রমণে পাকিস্তান সেনাবাহিনীর প্রায় এক ব্যাটালিয়ন সৈনিক রেল লাইন ঘেঁষে ভৈরবের দিকে অগ্রসর হয়। এক ব্যাটালিয়ন সৈনিক আইডব্লিটিএ'এলসিটি এবং মোটর লঞ্চের সাহায্যে মেঘনা নদী দিয়ে লালপুরের দিকে অগ্রসর হয়। ঠিক এই সময় নরসিংদীর নিকটবর্তী কোন এক জায়গা থেকে দূরপাল্লার কামান দ্বারা লালপুর, আশুগঞ্জ এবং ভৈরবে ভীষণভাবে গোলাবর্ষণ হচ্ছিল। শুধু তাই নয়, ছয়খানা এফ-৮৬ জঙ্গী বিমান ব্রাহ্মণবাড়িয়া, আশুগঞ্জ, ভৈরব এবং লালপুর প্রভৃতি জায়গাগুলোতে ভীষণভাবে আক্রমণ করে এবং সকাল সাড়ে পাঁচটা থেকে দুপুর সাড়ে ১১টা পর্যন্ত ক্রমাগত ছয় ঘণ্টা আমাদের উপর আক্রমণ চালায়। যখন জংগী বিমানের আক্রমণ চলছিল তখন ছয়খানা হেলিকপ্টার দ্বারা কয়েকবার তারা নরসিংদী থেকে প্রায় দুই কোম্পানী কমাণ্ডার আমাদের পিছনে মেঘনার পূর্ব পারে অবতরণ করায়। যুদ্ধ তখন তুমুলভাবে বেধে যায়। এই যুদ্ধে আমাদের নিকট কোন দূরপাল্লার কামান বা ভারী অস্ত্রশস্ত্র এবং বিমানবিধ্বংসী কামান না থাকায় আমাদের সৈনিকদের মনোবল বেশ ভেংগে যায়। কারণ আমরা চতুর্দিক থেকে আক্রান্ত হই। এভাবে বেলা প্রায় ১২টা পর্যন্ত যুদ্ধ চলে। এই যুদ্ধে উভয় পক্ষের বেশ ক্ষয়ক্ষতি হয়। এবং আমার সৈনিকগণ ছত্রভঙ্গ হয়ে যায়। তাদের একত্রিত করতে আমার বেশ বেগ পেতে হয়েছিল। যেহেতু আমার নিকট কোন রিজার্ভ ফোর্স ছিল না, তাই ব্রাহ্মণবাড়িয়ার

নিকটবর্তী শাহবাজপুরে একত্রিত করি। শাহবাজপুর এলাকাটা প্রতিরক্ষার জন্য উপযোগী না হওয়ায় আমি সিলেটের মাধবপুরে আমার প্রতিরক্ষা ব্যূহ নির্মাণ করতে শুরু করি। আশুগঞ্জের যুদ্ধে যারা শহীদ হয়েছিলেন তাঁরা হলেনঃ সুবেদার সিরাজুল ইসলাম, ল্যান্স-নায়েক আব্দুল হাই, সিপাহী কফিলউদ্দীন, সিপাহী আব্দুর রহমান সরকার।

১৪/১৫ই এপ্রিল রাত প্রায় দুটায় শাহবাজপুরে তিতাস নদীর উপরে যে পুল ছিল তা ভেংগে দিই এবং তিতাস নদীর পূর্ব পারে শাহবাজপুরের কাছে একটা ব্যূহ নির্মাণ করি। যদিও ১৪ই এপ্রিল আমাদের ব্রাহ্মণবাড়িয়া ছেড়ে দিতে হয়েছিল কিন্তু তবুও পাকিস্তানী সৈনিকরা দুই দিন পর্যন্ত ব্রাহ্মণবাড়িয়া শহরে ঢোকেনি। এ দুদিন তারা অনবরত ব্রাহ্মণবাড়িয়াতে গোলাবর্ষণ করেছে। তারপর তারা আস্তে আস্তে শাহবাজপুরের দিকে অগ্রসর হয়। শাহবাজপুর দখল করার জন্য তারা স্থল এবং জল উভয় পথে আসে। ২১শে এপ্রিল তারা শাহবাজপুর দখল করে। যেদিন তারা শাহবাজপুর দখল করে সেদিন তারা আমাদের অবস্থানের উপর বেপরোয়াভাবে দূরপাল্লার কামার দিয়ে এবং জঙ্গী বিমান দিয়ে গোলাগুলি করে। আমাদের কাছে বিমান আক্রমণ প্রতিহত করার কোন অস্ত্র না থাকায় এবং পাকিস্তানী জঙ্গী বিমানের আক্রমণে আমাদের সৈনিকরা এতই আতংকিত হয়েছিল যে তারা বিমান দেখলেই ভয় পেয়ে যেত।

পাক সৈন্যের শাহবাজপুর দখল করার সাথে সাথে আমি শাহবাজপুর থেকে তেলিয়াপাড়া পর্যন্ত প্রতিবন্ধকতা সৃষ্টি করার জন্য বেশ কিছুসংখ্যক পুল ভেংগে ফেলি। আমরা মাধবপুর বেশ বড় রকমের ব্যূহ তৈরী করি। মাধবপুর দখল করার জন্য পাকবাহিনী আমাদের উপর কয়েকবার আক্রমণ করে এবং শেষ পর্যন্ত ২৮শে এপ্রিল বেলা পাঁচটায় মাধবপুর দখল করে নেয়। এই আক্রমণ পাকিস্তানী সেনাবাহিনী প্রায় দুই ব্যাটালিয়ন সৈন্য মোতায়েন করে। লড়াই সকাল ৮টা থেকে শুরু হয়। পাক সেনাবাহিনী মাধবপুর আক্রমণের জন্য দূরপাল্লার ভারী অস্ত্র ব্যবহার করে এবং যে গোলাবারুদ তারা ব্যবহার করে, তা ছিল হাই এক্সপ্লোসিভ এবং আগ্নেয় ধরনের। কাজেই সেখানে তাদের গোলা এসে পড়ত সেখানেই আগুন লেগে যেত। পরিখা এবং বাংকার তৈরী করে আমরা যে ব্যূহ তৈরী করেছিলাম সেটাও ছিল বেশ মজবুত। কিন্তু আমাদের সাথে রাইফেল, এলএমজি এবং মেশিনগান ছাড়া আর কোন ভারী অস্ত্র ছিল না। বেলা প্রায় ১২টার মধ্যে আমাদের অবস্থানের চার দিকে শুধু আগুন জ্বলছিল। তবুও আমাদের জোয়ানরা কেউই তাদের ট্রেঞ্চ এবং বাংকার ছেড়ে যায়নি। বাংকার এবং ট্রেঞ্চে বসে শত্রু নিপাত করছিল। বেলা প্রায় সাড়ে বারটায় পাকিস্তানী সৈনিকরা মাধবপুর দখল করার জন্য আমাদের অবস্থানের দিকে দলে দলে অগ্রসর হয় এবং ভীষণ যুদ্ধ বেধে যায়। আমাদের মেশিনগান, এলএমজি, রাইফেল তাদের অগ্রসর হতে দিচ্ছিল না। তাদের যে দলই সামনে অগ্রসর হচ্ছিল সে দলটিকেই গুলি করে ভূলুণ্ঠিত করা হচ্ছিল। মাধবপুরে যখন এভাবে মুখোমুখি যুদ্ধ চলছিল তখন আমি মাধবপুরে পশ্চিম পার্শ্ব দিয়ে অপর একটি ছোট সৈনিক দলকে লেঃ মুরশেদের নেতৃত্বে পাঠাই যাতে সে তাদের পিছন দিয়ে আক্রমণ করতে পারে। তার আক্রমণও বেশ ফলপ্রসূ হয়। সারাদিন যুদ্ধ করার পর আমাদের গোলাবারুদ প্রায় ফুরিয়ে যায়। এবং দক্ষিণ-পশ্চিমাংশের এক অংশের সৈনিকদের গোলাবারুদ এবেবারেই ফুরিয়ে যায়। অয়ারলেস যোগাযোগের ব্যবস্থা না থাকায় তাদেরকে গোলাবারুদ পাঠানো সম্ভব হয় নাই, এমনকি তারাও কোন খবর দিতে পারেনি। এখানে একটা বেশ মজার ঘটনা ঘটেছিল। যখন আমাদের সৈনিকদের গোলাবারুদ ফুরিয়ে যায়, ঐ মুহূর্তে পাকিস্তান সেনাবাহিনীর যারা ঐদিকে অগ্রসর হচ্ছিল তাদেরও গোলাবারুদ ফুরিয়ে যায় । কারণ আমাদের সৈনিকদের যখন গোলাবারুদ ফুরিয়ে যায় তখন তারা অবস্থান ছেড়ে পিছিয়ে আসে। অনুরূপ পাকবাহিনীও যারা আমাদের বাহিনীর দিকে অগ্রসর হচ্ছিল তারাও গোলাগুলি না করে পিছনের দিকে চলে যায়।

এই অবস্থান সুরক্ষিত না থাকায় পরমুহূর্তে পাকবাহিনীর কিছু সৈনিক আমাদের ব্যূহের ভিতর ঢুকে পড়ে। এতে আমাদের অবস্থান রক্ষা করা আমাদের জন্যে বেশ কষ্টকর হয়ে পড়ে। এখানে রীতিমতো হাতাহাতি যুদ্ধ হয়। অবশেষে আমি তাদের হুকুম দিতে বাধ্য হই কারা যেন পেছনে চলে আসে। এই যুদ্বে যারা অসীম সাহসের

পরিচয় দিয়েছে তাদের মধ্যে নিম্নলিখিত কয়েকজনের নাম বিশেষভাবে উল্লেখযোগ্যঃ ১। ক্যাপ্টেন নাসিম (বর্তমানে লেঃ কর্নেল), ২। ক্যাপ্টেন মতিন (বর্তমানে মেজর). ৩। সুবেদার করিম (বর্তমানে সুবেদার মেজর), ৪। হাবিলদার এরশাদ, ৫। সিপাহী সোলেমান, ৬। সিপাহী মান্নান, ৭। সিপাহী খায়ের (শহীদ)।

এই যুদ্ধে আমার অনুমান পাকিস্তানী সৈনিক খুব কম হলেও ২৭০ থেকে ৩০০ জন হতাহত হয়েছিল। মাধবপুরের যুদ্ধে সিপাহী খারে এবং সিপাহী শাহজাহান শাহাদত বরণ করেন। তাছাড়া বেশ কিছুসংখ্যক আহত হয়। মাধবপুর থেকে সরিয়ে আমি তাদের সিলেটের মনতলাতে নিয়ে আসি এবং নতুন করে আবার ব্যূহ তৈরী করার নির্দেশ দিই।

মাধবপুরের যুদ্ধের পর যেসব এলাকা আমার নিয়ন্ত্রণাধীনে ছিল সেগুলো হল, উত্তরে শ্রীমঙ্গল, শায়েস্তাগঞ্জ এবং দক্ষিণে তেলিয়াপাড়া, মুকুন্দপুর, সিঙ্গারবিল । পাকিস্তান সেনাবাহিনী ঢাকার দিক থেকে শাহবাজপুর এবং মাধবপুরের দিকে আসছিল । তাদের লক্ষ্য চিল যত শীঘ্র হোক সিলেটের সৈন্যদের সাথে যোগাযোগ করা। তাই তারা মরিয়া হয়ে সিলেট হাইওয়ে ও ব্রাহ্মবাড়িয়া-সিলেট হাইওয়ে তাদের নিয়ান্ত্রণে আনার জন্য আপ্রাণ চেষ্টা করছিল।

আমাদেরও চেষ্টা ছিল যাতে করে তারা এ যোগাযোগ প্রতিষ্ঠা করতে না পারে। তাই সিঙ্গারবিল থেকে শাহজিবাজার পর্যন্ত এক প্রতিরক্ষাব্যূহ নির্মাণ করি। পাকিস্তানীরা কেবলমাত্র ঢাকা থেকে সৈন্য এনে সিলেটের সাথে যোগাযোগ করার চেষ্টা করছিল না, তারা কুমিল্লার দিক থেকেও ব্রাহ্মণবাড়িয়া ও সিলেটের সাথে যোগাযোগের চেষ্টা করে । কুমিল্লার দিক থেকে যে সমস্ত সৈন্য অগ্রসর হচ্ছিল তাদের বাধা দেওয়ার জন্য মেজর খালেদ মোশাররফ কুমিল্লা-ব্রাহ্মণবাড়িয়া হাইওয়ে এবং কুমিল্লা-ব্রাহ্মণবাড়িয়া রেলওয়ে লাইনের উপর নিম্নলিখিত জায়গায় পুল ভেঙ্গে দিয়ে সৈন্য মোতায়েন করে, যাতে পাকিস্তানী সৈনিকরা বিনা বাধায় অগ্রসর হতে না পারে। যে সব পুল ভেঙ্গে দেওয়া হয়েছিল সেগুলো হলঃ উজানিসার হাইওয়ে ব্রীজ, গঙ্গাসাগর এবং আখাউড়া রেলওয়ে ব্রীজ।

আমরা নিম্নলিখিত কারণে পাকিস্তানী সৈনিকদের অগ্রগতি রোধ করতে পারছিলাম না : আমাদের সৈন্যসংখ্যা ছিল কম। তাছাড়া আমাদেরকে এই স্বল্পসংখ্যাক সৈন্য নিয়ে বিভিন্ন এলাকায় প্রতিবক্ষাব্যূহ তৈরী করে পাকিস্তানী সৈনিকদের বাধা দিতে হচ্ছিল। অপরদিকে পাকিস্তানী সৈনিকরা এক জায়গায় কনসেনট্রেট্ ছিল এবং তাদের সৈন্যসংখ্যাও বেশী ছিল। ফলে আমাদের পক্ষেও অল্পসংখ্যক সৈন্য নিয়ে তাদের অগ্রগতিকে ঠেকিয়ে রাখা সম্ভব হয়নি।শুধু তাদের সৈন্যসংখ্যাই বেশী ছিল না, তাদের বিপুল পরিমান অস্ত্রশস্ত্রও ছিল। যেহেতু আমরা সিলেট হাইওয়ের উপর তেলিয়াপাড়াতে প্রতিরক্ষাব্যূহ তৈরী করে রেখেছিলাম সেহেতু পাকিস্তানী সৈন্যরা ঐ ব্যূহ ভেদ করে অগ্রসর হবার জন্য মরিয়া হয়ে চেষ্টা করছিল । কারণ সিলেটে অগ্রসর হতে হলে ঐ প্রতিরক্ষাব্যূহ ভেদ করা একন্ত প্রয়োজন ছিল।

শেরপুর এবং শাদিপুর আমাদের যে ব্যূহ ছিল সেগুলোর পতন হয় ২৪শে এপ্রিল তারিখে । এই যুদ্ধে পাকিস্তানীরা প্রায় দুই ব্যাটালিয়ন সৈন্যসিলেটের রি দিক থেকে মোতায়েন করে।এই যুদ্ধে পাকবাহিনীর দুই ব্যাটালিয়ন সৈন্য ছাড়াও তাদের জঙ্গী বিমানও বেপরোয়াভাবে আক্রমণ চালায়। এই যুদ্ধে পাকিস্তানীদের বেশসংখ্যক সৈন্য হতাহত হয়। এই যুদ্ধে নেতৃত্ব দিয়েছিল ক্যাপ্টেন আজিজ (বর্তমানে মেজর)। যুদ্ধ চলাকালে ক্যাপ্টেন আজিজ জেট জঙ্গী বিমানের গুলিতে আহত হয়। আমাদের যারা শহীদ হয়েছিলেন, তারা ল্যান্স নায়েক আবদুল হাই, সিপাহী মোহসীন, সিপাহী শাহাদত হোসেন, নায়েক সুরত আলী, সিপাহী রহিসউদ্দিন মোল্লা, মোজাহিদ সুরদন নমসুদ্র।

শেরপুর-শাদিপুর পতনের পর পাকিস্তান সেনাবাহিনীকে প্রতিহত করার জন্য সিলেটে আমাদের সৈন্যসংখ্যা পর্যাপ্ত ছিল না। তাই তারা অতি সহজে এবং শীঘ্রই সিলেটের দিক থেকে ঢাকার দিকে অগ্রসর হতে শুরু করে।

তেলিয়াপাড়া তখনও আমাদের অধীন ছিল। পাকবাহিনী তেলিয়াপাড়াকে বাইপাস করে শাহজিবাজারের শায়েস্তাগঞ্জের দিকে চলে যায় এবং সিলেট থেকে আরো অগ্রসরমান পাকসেনাদের শ্রীমংগলে এসে যোগাযোগ করে। তখন থেকে ঢাকা-সিলেট থেকে আরো অগ্রসরমান পাকসেনাদের শ্রীমংগলে এসে যোগাযোগ হয়। তখন থেকে ঢাকা-সিলেট রাস্তা তাদের নিয়ন্ত্রণধীনে চলে যায়। কিন্তু তেলিয়াপাড়া আমাদের নিয়ন্ত্রণধীনে থাকায় পাকবাহিনী সহজে চলাফেরা করতে পারত না। কেননা তেলিয়াপাড়া থেকে চুনারুঘাট পর্যন্ত চা বাগানের ভিতর দিয়ে যে হাইওয়েটা চলে গিয়েছিল সেটা তাদের মরণ ফাঁদ ছিল। প্রায় প্রত্যেক দিনই পাকিস্তানী সেনারা এ্যামবুশের সম্মুখীন হতো এবং তারা বেশ হতাহত হতো।

সিলেট হাইওয়ে আমাদের নিয়ন্ত্রণধীনে থাকা পর্যন্ত আমরা যেভাবে যুদ্ধ করেছিলাম সেটা ছিল প্রথাগত যুদ্ধ। কিন্তু সিলেট হাইওয়ে পতনের পর আমাদের যুদ্ধের পদ্ধতি বদলিয়ে ফেলে গেরিলা ওয়ারফেয়ার শুরু করি। কিন্তু কনভেনশনাল ওয়ারফেয়ার একবারে বাদ দিয়ে দিইনি। তবে এখন থেকে আমাদের যুদ্ধের প্রধান পদ্ধতি ছিল গেরিলা ওয়ারফেয়ার। আমরা যে সমস্ত ক্যাম্প খুলেছিলাম তা ছিল প্রধানত গেরিলা পদ্ধতিতে যুদ্ধ করার জন্য। তাছাড়া কিছুসংখ্যক ট্রেনিং ক্যাম্প কনভেনশনাল পদ্ধতিতে যুদ্ধ করার প্রশিক্ষণ দেয়া হতো। গেরিলা যুদ্ধের প্রশিক্ষণ দেয়ার জন্য যে সমস্ত ক্যাম্প খোলা হয়েছিল সেগুলোতে আমাদের ইন্সট্রাক্টর ছাড়াও বন্ধুরাষ্ট্র ভারত থেকে আমরা বেশকিছুসংখ্যক ইন্সট্রাক্টর পেয়েছিলাম। কিন্তু যে সমস্ত ট্রেনিং ক্যাম্পে কনভেনশনাল যুদ্ধের প্রশিক্ষণ দেয়া হতো সে ক্যাম্পগুলোর ইন্সট্রাক্টর সমস্ত আমাদেরই ছিল।

গেরিলা বাহিনী সমন্ধে এখানে দু-চারটা কথা বলা দরকার। বাংলাদেশের স্বাধীনতার বা মুক্তির জন্য সমস্ত জনগণ (নিয়মিত ও গেরিলা বাহিনী) মুক্তিবাহিনী হিসেবে পরিচিত ছিল। এই মুক্তি বাহিনীর দুটি অংশ ছিল। একটিকে নিয়মিত বাহিনী বলা হত। অপরটি গেরিলা-তাকে গণবাহিনী বলা হত। এ নামগুলো বাংলাদেশ সরকার দিয়েছিলেন। কিন্তু আমাদের বন্ধুরাষ্ট্র ভারতের কাছে আমাদের নিয়মিত বাহিনী'' ''মুক্তি ফৌজ'' নামে পরিচিত ছিল। এবং গণবাহিনী ফ্রিডম ফাইটার (এফ, এফ) হিসেবে পরিচিত ছিলেন।

এটা আমাদের জানা ছিল যে, গেরিলা যুদ্ধের মাধ্যমে দেশ জয় করা সম্ভব নয়। দেশ জয় করতে হলে আমাদোর নিয়মিত বাহিনীর দরকার। আমদের বন্ধুরাষ্ট্র কিন্তু এ ব্যাপারে একমত ছিল না। যদিও এটা তাদের অজানা নয় যে দেশ জয় করতে হলে রেগুলার ফোর্স-এর দরকার, শুধু গেরিলা যুদ্ধের মাধ্যমে দেশ জয় করা যায় না। আমাদের বন্ধুরাষ্ট্র ভারত রেগুলার ফোর্স বা নিয়মিত বাহিনী গঠন করার বিরুদ্ধে এই জন্য ছিল যে তারা হয়ত মনে করত যদি পাকিস্তান-ভারত যুদ্ধ বেধে যায় তাহলে তৎকালীন পূর্বপাকিস্তান দখল করার সম্পূর্ণ সুনাম যেন তারা নিতে পারে। কিন্তু আমরাও পেশাদার সৈনিক ছিলাম। তাই তাদের এসব পরামর্শে আমরা কখনও কর্ণপাত করিনি এবং আমরা গেরিলা বাহিনীর সাথে সাথে নিয়মিত বাহিনীও গড়ে তুলি।

তেলিয়াপাড়া-চুনারুঘাটের মরণফাঁদ থেকে বাঁচার জন্য পাকবাহিনী মরিয়া হয়ে ওঠে। আমি তখন তেলিয়াপাড়ার ব্যূহকে আরও সুদৃঢ় করার জন্য বিশেষ পরিকল্পনার ব্যস্ত থাকি। কারণ এটা শুধু আমার ডিফেন্সই ছিল না এটা ছিল আমার হেডকোয়ার্টার।

পাকবাহিনী তেলিয়াপাড়া তাদের আয়ত্তে আনার জন্য ক্রমাগত ২১ দিন পর্যন্ত যুদ্ধ চালিয়ে যায়। এই যুদ্ধ যখন চলছিল তখন আর একজন অফিসার আমার সাথে যোগ দেয়। তার নাম ক্যাপ্টেন সুবেদ আলী ভুঁইয়া (বর্তমানে মেজর)। যেসব অফিসারের উপর তেলিয়াপাড়া রক্ষা করার ভার দিই তারা ছিলঃ ক্যাপ্টেন মতিন (বর্তমানে মেজর), ক্যাপ্টেন সুবেদ আলী ভুঁইয়া, (বর্তমানে মেজর), লেঃ মোরশেদ (বর্তমানে ক্যাপ্টেন)। এ ছাড়াও আরো কিছুসংখ্যক কলেজের ছাত্রও ছিলেন। তাঁরা হলেন শহীদ সেলিম আহসান, আনিসুল হাসান, ফজল হোসেন, আনিসুর রহমান (পরবর্তীকালে এঁরা সবাই বাংলাদেশ সেনাবাহিনীর কমিশন পান এবং অফিসার হন)। এদের মধ্যে সেলিম মিরপুর অপারেশনে শহীদ হন এবং আনিস তাঁর কলেজ জীবনে ফিরে যান।

তেলিয়াপাড়া ব্যূহ রক্ষা করার জন্য যে ২১ দিন হয়েছিল সেই যুদ্ধে এই সমস্ত অফিসার এবং সৈনিকরা মনোবল ও সাহসিকতার যে পরিচয় দিয়েছেন তা বিশেষভাবে উল্লেখযোগ্য। এই ২১ দিন লড়াইয়ে মধ্যে পাকবাহিনী তেলিয়াপাড়ার উপর প্রায় দুই ব্যাটালিয়ন সৈন্য দিয়ে পাঁচবার আক্রমণ চালায়। এই আক্রমণে তাঁরা তিনবার আমাদের কাছ থেকে তেলিয়াপাড়া দখন করে। আমরা দুবার তাদের কাছ থেকে পুনরুদ্ধার করতে সক্ষম হই। কিন্তু তৃতীয় বারে তাদের সৈন্যসংখ্যা ও অস্ত্রশস্ত্র এত বেশি ছিল যে তেলিয়াপাড়া ঐবার আর দখল করা যায়নি। ১৯ শে মে শেষ পর্যন্ত তেলিয়াপাড়ার পতন হয়। তেলিয়াপাড়ার যুদ্ধে যারা শাহাদত বরণ করেন তারা হলেনঃ সিপাই মোবারক আলী, সিপাই রংগু মিয়া, নায়েক নিজাম উদ্দীন, ল্যান্স নায়েক আসলাম মিয়া, সিপাই আব্দুল গফুর মিয়া, সিপাই আলী আজম ভুঁইয়া, সিপাই জামাল উদ্দীন, সিপাই আবু মিয়া, মোজাহিদ গিয়াস উদ্দীন, মোজাহিদ আলকাস মিয়া।

এই পর্যায়ে নিম্মলিখিত গেরিলা অপারেশনগুলি বিশেষ উল্লেখযোগ্যঃ

মাধবপুর এ্যামবুশ, ১৪মেঃ মাধবপুরের পতনের পর পাক সেনাবাহিনী ব্রাহ্মণবাড়িয়া-সিলেট সড়ক ব্যবহার করতে শুরু করে। যদিও ঐ সড়কের স্থানে স্থানে আমরা পুল ভেঙ্গে দিয়েছিলাম তবুও তারা বিকল্প পথ তৈরী করে যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠা করে। তাদের যাতায়াতে বাধা দেবার জন্য মাধবপুরের কাছে ঐ এক বিকল্প সড়কের উপর পাকবাহিনীকে এ্যামবুশ করার জন্য ১৪ই মে তারিখে লেঃ মোরশেদের নেতৃত্বে ১২ জন সৈনিকসহ একটি দল পাঠাই। এ দল ঐ জায়গাতে রাত প্রায় দুটায় পৌঁছে এবং বিকল্প সড়কের উপর দু'খানা ট্যাংকবিধ্বংসী মাইন পেতে তারই পাশে ওত পেতে বসে তাকে। সারারাত বৃষ্টি হয়েছিল এবং সকাল প্রায় ৮টা পর্যন্ত এ সড়কে পাক সেনাবাহিনীর কোন গাড়ী না চলাতে তাদের এমনিই বসে থাকতে হয়। বৃষ্টিতে তারা সবাই ভিজে যাওয়াতে নিকটবর্তী এক গ্রামে আশ্রয় নেয়। গ্রামে এক নির্জন বাড়ীতে যখন তারা বিশ্রাম নিচ্ছিল তখন সিলেটের দিক থেকে প্রায় এক ব্যাটালিয়ন পাকবাহিনী ঢাকার দিকে যাচ্ছিল। এই কনভয়ের সবচেয়ে প্রথম গাড়ীটি ছিল একটি জীপ গাড়ী। ঐ জীপ গাড়ীটি বিকল্প পথের দিয়ে যাবার সময় ট্যাংকবিধ্বংসী মাইনের উপর গিয়ে পড়ে এবং সাথে সাথে বিধ্বস্ত হয়ে যায়। এই গাড়ীটি ধ্বংস হবার পর আমাদের সৈনিকরা সেখানে (ঐ বাড়ীতে) নীরবে বসে থাকে এবং অবস্থা পর্যবেক্ষণ করতে থাকে। প্রথম গাড়ীটি বিধ্বস্ত হবার পর তার পেছনের গাড়ীটি দ্রুত এগুবার চেষ্টা করে। ফলে সেটিও মাইনের উপর গিয়ে পড়ে এবং বিধ্বস্ত হবার সাথে সাথে পাক সৈনিকরা বিপদ দেখে গাড়ী থেকে দ্রুত নেমে পড়ে এবং ঔ পুরো গ্রামখানি ঘিরে ফেলার চেষ্টা করে। আমাদের এ্যামবুশ দলটিতে মোট ১২ জন লোক ছিল। আর শত্রুপক্ষের খুব কম হলেও প্রায় ৪০০ লোক ছিল। আমাদের লোকজন যখন দেখল যে তারা প্রায় ঘেরাও হয়ে যাচ্ছে, তখন তারা শত্রুদের উপর গুলি ছুড়ে ট্যাকটিক্যাল উইথড্র করে আসতে বাধ্য হয়। পাকিস্তান সেনাবাহিনী তাদের পেছনে প্রায় তিন মাইল পর্যন্ত ধাওয়া করে। বাংলাদেশের মুক্তিযুদ্ধের এখানেই সর্বপ্রথম ট্যাংকবিধ্বংসী মাইন ব্যবহৃত হয়েছিল। এই এ্যামবুশে দু'খানা যানবাহন একেবারে বিধ্বস্ত হয়ে যায় এবং ঐসব গাড়ীতে যারা ছিল তাদের অধিকাংশ হতাহত হয়। এই এ্যামবুশে যারা অসীম সাহসের পরিচয় দিয়েছিলেন তাঁদের মধ্যে নিম্মলিখিত কয়েকজনের নাম বিশেষভাবে উল্লেখযোগ্যঃ ১। লেঃ মোরশেদ (বর্তমানে ক্যাপ্টেন) ২। সেলিম (ছাত্র) পরবর্তীকালে লেঃ (শহীদ) ৩। আনিস (বর্তমানে লেফনেটনেন্ট)।

নালুয়া চা বাগানের এ্যামবুশঃ ১৫/১৬ই মে, ১৯৭১ সন-১৫/১৬ই ক্যাপ্টেন মতিউর রহমান ১২/১৩ জন সৈনিক নিয়ে নালুয়া চা বাগানে সিলেট সড়কের উপর এক এ্যামবুশ তৈরী করে। ঐ দিন প্রায় এক কোম্পানী পাকসেনা সিলেট থেকে ব্রাহ্মণবাড়িয়ার দিকে যাচ্ছিল। বিকেল প্রায় দুটায় দিকে তারা ঐ এ্যামবুশের ভেতরে চলে আসে এবং চারিদিক থেকে আমাদের সৈনিকরা তাদের উপর গোলাবর্ষণ করতে শুরু করে। ঐ এ্যামবুশে ট্যাংকবিধ্বংসী মাইন ব্যবহৃত হয়। এ এ্যামবুশ এত কার্যকরী ছিল যে পাকসেনা বাহিনীর এক কোম্পানী সৈনিকের মধ্যে অধিকাংশই নিহত হয়। তিনখানা গাড়ী সম্পূর্নরূপে ধ্বংস হয় এবং দু'খানা গাড়ী বিকল হয়ে যায়। আমাদের সৈন্য সংখ্যা বেশী না থাকাতে সে স্থান ত্যাগ করে পিছে চলে আসতে বাধ্য হয়। পরে চা

বাগানের শ্রমিকদের কাছ থেকে জানতে পারা যায় প্রায় ৬৫ জনের মত পাকসেনা নিহত হয়েছিল। এই এ্যামবুশে যাঁরা বীরত্বের পরিচয় দিয়েছিল তাদের মধ্যে উল্লেখযোগ্য হলঃ ১। ক্যাপ্টেন মতিউর রহমান (বর্তমানে মেজর) ২। হাওয়ালদার আবুল কালাম (বর্তমানে সুবেদার)।

তেলিয়াপাড়া এ্যামবুশ ১৬ই মে, ১৯৭১ সন- মতিন তখন তেলিয়াপাড়ায় নিযুক্ত ছিলেন। নালুয়া চা বাগানে এক কোম্পানী পাকসেনা এ্যামবুশ হবার পর তাদের বেশকিছুসংখ্যক হতাহত হয়। তাদের সাহয্যার্থে চুনারুঘাট থেকে আরো কিছুসংখ্যক সৈন্য একত্রিত হয়ে ব্রাহ্মণবাড়িয়ার দিকে অগ্রসর হচ্ছিল। তেলিয়াপাড়ার নিকট তারা পুনরায় এ্যামবুশ হয়। এই এ্যামবুশ-এর নেতৃত্ব দিচ্ছিল ক্যাপ্টেন মতিন। এ এ্যামবুশেও ট্যাংকবিধ্বংসী মাইন ব্যবহৃত হয়। পাকসেনাদের একখানি গাড়ী ধ্বংস হয় এবং বেশকিছুসংখ্যক সৈনিক হতাহত হয়।

যেহেতু আমাদের গেরিলা যুদ্ধের কৌশল ছিল ''হি এণ্ড রান''-শত্রুনিপাত এবং নিজের কম ক্ষতি। তাই আমাদের সৈন্যরা যুদ্ধে লিপ্ত না হয়ে শত্রুর উপর আঘাত হেনে পিছনে চলে আসত। কিছুদিন পর জানা গিয়েছে যে ঐ এ্যামবুশে প্রায় ৪০/৫০ জন পাকসেনা হতাহত হয়েছিল। তেলিয়াপাড়া এ্যামবুশঃ ১৯শে মে ১৯৭১ সন-তেলিয়াপাড়ার এই দিন পতন ঘটে। মুর্শেদ ছিলেন এর প্রতিরক্ষায় নিযুক্ত। পাকসেনারা যখন সিলেট সড়কের উপর বার বার এ্যামবুশ হচ্ছিল এবং ১৬ তারিখের এ্যামবুশে যখন তাদের বিশেষ ক্ষয়ক্ষতি হয় তখন বোধহয় তাদের সাহায্যার্থে পাকসেনাদের প্রায় দুই কোম্পানী সৈন্য ব্যাহ্মণবাড়িয়া থেকে সিলেট অভিমুখে আসে। সেদিন রাতেই তেলিয়াপাড়ার চা বাগানের নিকটবর্তী এলাকার চারখানা ট্যাংকবিধ্বংসী মাইন পুঁতে আমাদের সৈনিকেরা সিলেট সড়কের উপর ওত পেতে বসে থাকে। এই এ্যামবুশের নেতৃত্ব দিচ্ছিল লেঃ মোর্শেদ। দলে তার লোক ছিল ১৫ জন। কনভয়-এর প্রথম গাড়িটি মাইনের উপর দিয়ে চলে যায় কিন্তু মাইন ফাটেনি। যখন দ্বিতীয়, তৃতীয় গাড়ী মাইন অতিক্রম করছিল সাথে সাথে দুখানি গাড়ীই একত্রে বিধ্বস্ত হয়। পেছনের গাড়ীতে যে সমস্ত পাকসেনা ছিল তারা গাড়ী থেকে পিছনে বেশ কিছু দূরে এক খোলা ময়দানে একত্রিত হয়। পাকসেনাদের দুর্ভাগ্যবমতঃ ঐ খোলা মাঠের নিকটবর্তী এলাকায় আমাদের একদল লোক মেশিনগান নিয়ে ওত পেতে বসেছিল। এবং পাকসেনাদের যারা এখানে একত্রিত হয়েছিল তাদের প্রায় সবাই মেশিনগানের গুলিতে হতাহত হয়। ব্রাহ্মণবাড়িয়া থেকে সৈন্য এসে সে সব মৃতদেহ ও আহত ব্যক্তিদের নিয়ে যায়। এই যুদ্ধে আমাদের একজন মোজাহেদ পাকসেনাদের হাতে ধরা পড়ে। পরে সে পালিয়ে আসতে সক্ষম হয়। এ এ্যামবুশে পাকসেনাদের বিপুল পরিমান অস্ত্রমস্ত্র এবং একখানা গাড়ী আমাদের হস্তগত হয়। এছাড়া তাদের তিনখানা গাড়ী বিধ্বস্ত হয়। পাকসেনাদের হতাহতের সংখ্যা ১৩০ থেকে ১৫০ জনের মত ছিল।

লেঃ কর্নেল (অবঃ) কাজী আবদুর রকীবের প্রতিবেদন

'বিচিত্রা'

১৩ মে ১৯৮৩

২৫শে মার্চ ১৯৭১। সকাল ৯টা কি ১০টার দিকে ব্রিগেডিয়ার জাহানজেব আরবার আমাকে আমার অফিস থেকে (আমি তখন ঢাকাতে ৩২ নং ব্যাটালিয়ন পাঞ্জাব রেজিমেন্টের সি-ও ছিলাম) ডেকে হুকুম করলেন যে তোমাকে সেকেণ্ড ইস্ট বেঙ্গলের সি-ও নিযুক্ত করা হল, কর্নেল মাসুদকে অপসারণ করা হয়েছে। ব্যাটালিয়নের দায়িত্বভার গ্রহণের সময় ব্রিগেডিয়ার মজুমদার (তদানীন্তন ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টার কমাণ্ডার, যাকে আগের দিন অর্থ্যাৎ ২৪ শে মার্চ চিটাগাং থেকে আনা হয়েছিল) তোমাকে ব্যাটালিয়নের সাথে পরিচয় করিয়ে দিবেন। কর্নেল মাসুদ দায়িত্ব বুঝিয়ে দিতে যাবেন না।

ঐ হুকুম অনুযায়ী আনুমানিক বিকাল ৩টা থেকে ৪টার কোন সময় ব্রিগেডিয়ার মজুমদারের সংগে জয়দেবপুরে যাই এবং ব্যাটালিয়নের সংগে পরিচিত হই এবং দায়িত্বভার গ্রহণ করি। ঐসময় ব্যাটালিয়নের বিভিন্ন কোম্পানী এবং প্লাটুনের অবস্থান নিম্নরূপ ছিলঃ

(১) এক কোম্পানী ময়মনসিংহে-কোম্পানী কমাণ্ডার মেজর নুরুল ইসলাম (পরে মেজর জেনারেল এবং অবসরপ্রাপ্ত)।

(২) এক কোম্পানী টাঙ্গাইলে-কোম্পানী কমাণ্ডার মেজর কাজেম কামাল, অবাঙ্গালী।

(৩) এক প্লাটুন রাজেন্দ্রপুর এমুনিশন ডিপোতে-গার্ড হিসাবে।

(৪) এক প্লাটুন গাজীপুরে অর্ডন্যান্স ফ্যাক্টরীতে-গার্ড বা প্রহরী হিসাবে।

(৫) ব্যাটালিয়নের অবশিষ্টাংশ জয়দেবপুরে। ঐ সময় জয়দেবপুরে নিম্মোক্ত অফিসারদেরকে পাইঃ

(ক) মেজর (বর্তমানে মেজর জেনারেল অবসরপ্রাপ্ত) শফিউল্লাহ, সেকেণ্ড ইন কমাণ্ড।

(খ) মেজর (বর্তমানে মৃত) আসজাদ লতিফ, কোম্পানী কমাণ্ডার-অবাঙ্গালী।

(গ) মেজর (বর্তমানে মেজর জেনারেল অবসরপ্রাপ্ত) মইনুল হাসান, কোম্পানী কমাণ্ডার।

(ঘ) ক্যাপ্টেন (বর্তমানে ব্রিগেডিয়ার) আজিজুল রহমান, এ্যাডজুট্যান্ট।

(ঙ) ক্যাপ্টেন (বর্তমানে কর্নেল) এজাজ আহমদ, কিউ, এম।

(চ) ক্যাপ্টেন (বর্তমানে ব্রিগেডিয়ার) মোহাম্মদ নাসিম, কোম্পানী অফিসার।

(ছ) ক্যাপ্টেন (বর্তমানে মৃত) মোহাম্মদ রিয়াজ, কোম্পানী অফিসার-অবাঙ্গালী।

(জ) ক্যাপ্টেন (বর্তমানে বোধ হয় পাকিস্তানে) নকভী, কোম্পানী অফিসার-অবাঙ্গালী।

(ঝ) সেঃ লেঃ (বর্তমানে কর্নেল) মোরশেদ, কোম্পানী অফিসার।

(ঞ) সেঃ লেঃ (বর্তমানে কর্নেল) ইব্রাহিম, কোম্পানী অফিসার, সিগন্যাল অফিসার।

(ট) একজন ডাক্তার-বাঙ্গালী।

(৬) এই ব্যাটালিয়ানের সাথে জড়িত ২০/২৫ জন অবাঙ্গালী ছিল। এই প্রসঙ্গে আমি একটু বলতে চাই, ১৯৫১সালে কমিশন পাওয়ার পরে পাঞ্জাব রেজিমেন্টে পোস্টিং পাই, এবং তার পর থেকে পাঞ্জাব রেজিমেন্টের বিভিন্ন ব্যাটালিয়নে কয়েক বৎসর তদানীন্তন ইপিআর-এ এবং অন্যান্য স্টপ জবে চাকুরী করি। বেঙ্গল রেজিমেন্টের সঙ্গে চাকুরীর অভিজ্ঞতা বা সম্যক পরিচয় ছিল না। ব্যাটালিয়নের লোকজনদের ভিতর আমার কিছুমাত্র পূর্ব পরিচয় ছিল মেজর শফিউল্লাহ এবং মেজর কাজেম কামালের (অবাঙালী অফিসার) সঙ্গে। আর আমি যখন ব্যাটালিয়ানের দায়িত্বভার গ্রহণ করতে যাই তখন আমার পাক সামরিক বাহিনীর প্ল্যান সম্বন্ধে কোন ধারনা ছিল না। ঐ দিন গভীর রাত্রে তদানীন্তন ইস্টার্ন কমাণ্ডের কমাণ্ডার জেঃ টিক্কা খান আমার সঙ্গে টেলিফোনে কথা বলেন। তিনি প্রথমে আমাকে জিজ্ঞাসা করেন ঐ অঞ্চলের বিশেষ করে গাজীপুরের খবরাখবর কি। আমি উত্তরে জানাই যে অস্বাভাবিক কিছু পরিলক্ষিত হয় নাই। তিনি হুকুম করলেন গাজীপুরে ফ্যাক্টরীতে আমাদের সৈন্যসংখ্যা পুরো কোম্পানীতে উন্নীত করতে এবং অন্য কোম্পানীতে তৈরী অবস্থায় থাকতে। তদনুযায়ী, যেহেতু মেজর আসজাদ লতিফের কোম্পানীর এক প্লাটুন গাজীপুরে ছিল, তাকে তার কোম্পানীর অবশিষ্টাংশ অর্থাৎ, দুই প্লাটুন গাজীপুরে পাঠিয়ে দিই এবং মেজর মইনের কোম্পানীকে জন্য কোন হুকুমের জন্য তৈরী থাকতে বলে দিই। অবশ্য পরে তাদের সম্বন্ধে আর কোন হুকুম আসে নাই। এ সময় আমার বা আমাদের কোন ধারণা ছিল না ঢাকা শহরে কি হচ্ছে। অবশ্য সন্ধ্যার দিকে

আমার বাসা থেকে (আমার ফ্যামিলির সবই তখন ঢাকা ক্যান্টনমেন্টে ২৬/২ নং তোফায়েল কলোনী, বর্তমানে আজিজ পল্লীতে) কয়েকবার টেলিফোনে কোন অজানা লোক তাদেরকে বিরক্তিপূর্ণ টেলিফোন করে উত্ত্যক্ত করছে বলে খবর আসে।

২৬শে মার্চ ১৯৭১ঃ ঐ দিন সকালে রেডিও'র খবর জানতে পারি যে, ঢাকা শহরে ''অনির্ধারিত সময়ের জন্যে'' কারফিউ দেওয়া হয়েছে, এবং বিভিন্ন মার্শাল ল' নির্দেশবলী রেডিও মারফত শুনলাম। ঐ সব খবরে আমদের নিজেদের মধ্যে ব্যক্তিগত পর্যায়ে প্রতিক্রিয়া হলেও সমষ্টিগতভাবে প্রকাশ পাওয়া সম্ভব ছিল না, কেননা তখনও আমরা নিয়মতান্ত্রিক সৈনিক হিসাবে কাজ করে যাচ্ছিলাম। আমি অয়ারলেস সেট-এর কাছে গিয়ে দেখি যে, আমাদের সেটের ফ্রিকুয়েন্সীতে শুধুমাত্র ঢাকা কন্ট্রোল জয়দেবপুর, টাঙ্গাইল এবং ময়মনসিংহ আছে। আমাদের প্রশ্নের কোন সদুত্তর অবাঙ্গালী অপারেটর দেয় না। ঐ সময় আমি ব্রিগেড কমাণ্ডারের সঙ্গে অয়ারলেস-এ কথা বলে অবস্থা আঁচ করতে চাই, কিন্তু তিনি কোন মন্তব্য না করে এড়িয়ে গেলেন এবং বললেন যে, যখন দরকার হবে তখন তোমাদেরকে কাজের জন্যে ডাকা হবে। ঐ দিন ইয়াহিয়া খানের বেতার ভাষণ সবার মনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে, সমষ্টিগতভাবে কিছু প্রকাশ পায় না। যাহোক, ঐ দিন সকালে এবং বিকালে জয়দেবপুস্থ সমস্ত অফিসার, জেসিও, এনসিও এবং সৈনিকদেরকে একত্রীভূত করে তাদেরকে সামরিক শৃঙ্খলা রাখার উপর গুরুত্ব দিই এবং বলি যে, অনেক সময় নিজেদের ব্যক্তিগত অনুভূতির ঊর্ধ্বে উঠে সামরিক ডিউটি পালন করতে হয়। ঐ দিন দুপুরের পর থেকে লোক মারফত ঢাকার ঘটনার কিছু কিছু আমাদের কানে এসে পৌঁছায়। তাছাড়া, বিবিসি এবং আকাশবাণীর খবরে আমাদের ভিতরে কিছু চাঞ্চল্য সৃষ্টি করে এবং সেই সময় আমরা হতভম্ব হয়ে যাই। এক কথায় যাকে বলে কিংকর্তব্যবিমূঢ়। ঐ দিন বিকালে কিছু অফিসার জেসিওদের সঙ্গে কথা বলার সময়-বিশেষ করে সুবেদার নূরুল হক (তৎকালীন ভারপ্রাপ্ত সুবেদার মেজর- পরে অনারারী ক্যাপ্টেন হিসাবে অবসর গ্রহণ করেন-স্বাধীনতা যুদ্ধে তিনি বীরপ্রতীক পদক পান) সংশয় প্রকাশ করেন যে, আমাদের ব্যাটালিয়নকে নিরস্ত্র করার চেষ্টা হতে পারে। আমি এ ব্যাপারে আশ্বস্ত করার চেষ্টা করি এবং ঐ দিনই সন্ধ্যায় অতর্কিত হামলার মোকাবেলা করার মত প্রয়োজনীয় ব্যবস্থা, অর্থাৎ অবস্থান সুদৃঢ় করা, অধিকসংখ্যক প্রহরী নিয়োগ ইত্যাদি বন্দোবস্ত করি। সন্ধ্যার দিকে আমরা অয়ারলেসে খবর পাই যে, ময়মনসিংহ এবং টাঙ্গাইলে গণ্ডগোল শুরু হয়েছে এবং আরও সৈন্য পাঠিয়ে তাদের শক্তি বৃদ্ধি করতে হবে। এই অবস্থায় আমাদের দিন কাটে।

২৭শে মার্চ ১৯৭১ঃ ঐ দিন শেষ রাত্রে আনুমানিক ভোর তিনটা সাড়ে তিনটার দিকে মেজর শফিউল্লাহ আমার কামরায় একজন এনসিও এবং একজন সিপাহীকে নিয়ে আসে, বলে যে, তারা আমাদের যে প্লাটুন রাজেন্দ্রপুর এম্যুনিশন ডিপোতে ডিউটিতে আছে সেই প্লাটুনের লোক। তাদের ভাষ্যমতে, পাকিস্তানীরা অতর্কিতভাবে আমাদের প্লাটুনের উপর ঘুমন্ত অবস্থায় গুলি চালিয়ে মেরে ফেলেছে, এবং শুধুমাত্র তার দুজনই জীবন নিয়ে পালিয়ে এসেছে। তাদেরকে বেশ কিছুক্ষণ জিজ্ঞাসাবাদ করার পরও তাদের বক্তব্য সম্বন্ধে আমি সন্দিহান হয়ে উঠেলাম। আমি স্থির করলাম যে, ঐ ঘটনা সরেজমিনে তদন্ত করা প্রয়োজন। আমি সেকেণ্ড-ইন-কমাণ্ডকে বললাম ক্যাপ্টেন রিয়াজের নেতৃত্বে একটি প্লাটুন পাঠিয়ে ঐ ঘটনার তদন্ত করতে এবং সঙ্গে ঐ লোক দুটোকে পাঠাতে। তখন উপস্থিত সকলের একটু ইতস্ততঃ ভাব দেখলাম। এবং মেজর শফিউল্লাহ আমাকে বললেন যে, আমরা হয়ত পর্যবেক্ষণের ভিতরে আছি, রাত্রে বেশ প্লেন চলাচল করেছে। দিনের আলো না বেরোন পর্যন্ত কিছু 'মুভ' করলে দুর্ঘটনা হতে পারে । তখন আমি নির্দেশ দিলাম যে, ক্যাপ্টেন রিয়াজের নেতৃত্বের প্লাটুন একটু পরে রওনা হয়ে টঙ্গী-জয়দেবপুর রাজেন্দ্রপুর চৌরাস্তায় গিয়ে আমার জন্যে অপেক্ষা করবে । আমি নিজে ফজরের নামাজের পর ঐ জায়গায় গিয়ে প্লাটুনের সঙ্গে মিলিত হবো এবং ঘটনার তদন্তে উপস্থিত থাকব। ঐ মত আমি প্লাটুন নিয়ে রাজেন্দ্রপুরে সকাল ৭.৮টার দিকে পৌঁছাই। রীতি পালন করে ভিতরে গিয়ে দেখি আমাদের প্লাটুন বহাল তবিয়তে আছে এবং শুধু ঐ দুজনই কোন ভয়ে পালিয়ে গেছে। ঐখানে পাক বাহিনীর আরও দুটি প্লাটুন ডিউতে আছে । যাহোক, ওখানে যাওয়ার পরেই ঢাকার আর্মি এ্যাকশনের হিংস্রতা এবং নগ্নতা কিছু

আন্দাজ করতে পারলাম। প্লাটুন কমাণ্ডার আমাকে জানালেন, গত দুই রাত এবং দিনে সমানভাবে হেলিকপ্টারযোগে গোলাবারুদ, এমনকি ১০৬ মিঃ মিঃ এন্টিট্যাঙ্ক গান এবং আর্টিলারীর গোলাবারুদ গেছে। আমরা ঐ অঞ্চলে উপস্থিত থাকতেই দেখলাম যে, একটি হেলিকপ্টার এতে নামল এবং তাতে গোলাবারুদ উঠানো হচ্ছে। ঐ ঘটনা আমার মনে চরম প্রতিক্রিয়া সৃষ্টি করল। আমার মনে হল, পাকিস্তানীরা মিলিটারী এ্যাকশনে অবস্থা আয়ত্তাধীনে আনছে না বরং মারণযজ্ঞে নেমেছে, কারণ আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় যুদ্ধক্ষেত্র ছাড়া অতিরিক্ত গোলাবারুদ সৈন্যদের প্রয়োজনে আসে না বা আসার কথা না। ১৯৫৩ সালে লাহোরের মার্শাল ল'এ আমাদের ''ফার্স্ট লাইন'' বা ''পাউচ এম্যুনিশনই'' খরচ হয়েছিল না। মনের ভাব মনে চেপে রেখেই সঙ্গে নেওয়া প্লাটুন সমেত ওখান থেকে চলে আসলাম। ফেরার পথে ক্যাপ্টেন রিয়াজের নেতৃত্বে প্লাটুনকে জয়দেবপুর চলে যাওয়ার নির্দেশ দিলাম এবং আমি গাজীপুর অর্ডন্যান্স ডিপোতে আমার কোম্পানীকে দেখতে গেলাম। সেখানে যেয়ে দেখলাম যে ঐ কোম্পানীও বেশ কিছু শংকাজনিত চিত্তে আছে। ওখানে আরও দেখলাম যে, আমার কোম্পানী ছাড়াও দুই কোম্পানী মত এমওডিসি'র লোক রয়েছে। এদের কাছে অস্ত্র আছে এবং দুই-তিন সপ্তাহের স্বল্প সামরিক শিক্ষা এরা পেয়েছে। এরা সবাই বাঙালী। ওখানে সবাইকে দেখে, কিছু অবস্থা পর্যবেক্ষণ করে, কিছু গতানুগতিক ভাষণ দিয়ে বেলা এগার সাড়ে এগারটার দিকে জয়দেবপুরে ভারাক্রান্ত মন নিয়ে ফিরে আসলাম। রাস্তাঘাট, বাজার প্রায় জনশূন্য ছিল এবং সকলের ভিতরে একটা ভীতিজনক ভাব ছিল।

হেডকোয়ার্টারে ফিরে এসে টাঙ্গাইল এবং ময়মনসিংহের অবস্থার আরও অবনতির কথা জানতে পারলাম। এ ছাড়াও বিভিন্ন রকমের কথাবার্তাও কানে আসতে থাকল। যেহেতু তখন পর্যন্ত ঐ এলাকার কোন অঘটনা বা দুর্ঘটনা ঘটে নাই, আমি অফিসে এসে বসলাম। অফিসে বসার পর সুবেদার নূরুল হক প্রথামত ওখানকার সৈন্যদের সম্বন্ধে সমস্ত খবর দিলেন এবং অন্য দুই জায়গায় খবর আমাকে দিলেন। সকলের কিংকর্তব্যবিমূঢ় ভাবও আমাকে জানালেন। তারা চলে যাওয়ার কিছুক্ষণ পর ক্যাপ্টেন আজিজ আমার অফিসে এসে বললেন, ''আমাদের নিরস্ত্র ভাইয়েরা গুলি খেয়ে শেয়াল-কুকুরের মত মরবে আর আমরা হাতিয়ার হাতে থাকা সত্ত্বেও নীরব দর্শক হয়ে থাকবো?'' আমি তাকে আশ্বস্ত করার চেষ্ট করলাম এই যে, ধৈর্যহীন হয়ো না, সময়মত সব কিছুই করা হবে। তারা চলে যাওয়ার কিছুক্ষণ পরে মেজর মইন আমার অফিস কামরায় ঢুকে একই ধরনের অভিব্যক্তি করলে আমি তাকে একই ধরনের কথা বলি। এর কিছুক্ষণ পরে মেজর শফিউল্লাহকে আমার অফিস কামরায় ডাকি এবং একথা সেকথার পরে তাকে বলি যে-আমদের 'ইয়ং ব্লাড' বেশ উত্তেজিত হয়ে পড়েছে এবং এ অবস্থায় কি করা যেতে পারে। তিনি আমাকে বললেন যে আমাদের উত্তেজিত হওয়া শোভা পায় না; সবকিছু একটু ভেবেচিন্তে করতে হবে। (প্রসঙ্গত এটুকু বলছি যে, আমাদের উপরোক্ত কথোপকথন প্রচলিত ইংরাজী এবং বাংলা দুই ভাষাতে হয়েছে। কথোপকথনের বাংলা অনুবাদ যা দাঁড়ায় তা লিখেছি)।ঐ অবস্থায় দুপুর গড়িয়ে গেল। ঢাকার সঙ্গে কোন সংযোগ নাই বললেই চলে। আনুমানিক তিনটা সাড়ে-তিনটার সময় অয়ারলেসে ব্রিগেড কমাণ্ডার আমার সাথে কথা বললেন। প্রথমে জানতে চাইলেন যে আমদের এদিকের অবস্থা কি। আমি উত্তরে জানালাম যে আমার নিকটবর্তী এলাকায় কোন অঘটন ঘটে নাই। তবে টাঙ্গাইল এবং ময়মনসিংহে অবস্থার যথেষ্ট অবনতির খবর পাচ্ছি এবং সেখানকার কোম্পানী কমাণ্ডাররা আরও সৈন্য চাচ্ছেন তাদের শক্তি বৃদ্ধির জন্যে। তিনি বললেন যে ওখানে সৈন্য পাঠানোর দরকার নাই, তারা ঐদিকটা দেখবেন। তিনি আরও বললেন যে, ''দুষ্কৃতকারীদের শায়েস্তা করা হচ্ছে''-টঙ্গী ব্রিজ বিনষ্ট করে ফেলেছে। ঐ দিন সন্ধ্যায় টঙ্গী এলাকা আর্মি অপারেশন করবে; এক কোম্পানী প্রস্তুত থাকবে, যদি প্রয়োজন হয় তাহলে উত্তর দিক থেকে এসে অপারেশনে সহায়তা করবে। এই খবর দেওয়ার পর যথেষ্ট সংশয় এবং শঙ্কার সৃষ্টি হয়। উদ্বেগাকুল চিত্তে আমরা সন্ধ্যার অপেক্ষায় থাকি।

ঐ দিন সন্ধ্যায় দূর থেকে অর্থাৎ জয়দেবপুর থেকে টঙ্গীতে আর্মি এ্যাকশনের প্রচণ্ডতায় আমি ক্ষুব্ধ হয়ে পড়ি। গুলি এবং তোপের আওয়াজ এবং গোলাগুলির শলাকা দেখে আমার মনে হয় পাক আর্মি আইন-শৃঙ্খলা উন্নতির জন্য সরকারকে সাহায্য করছে না, বরং পুরোপুরি বাঙালী হত্যাযজ্ঞে মেতে উঠেছে। সারাদিনে বিভিন্ন

সূত্র থেকে পাওয়া খবর মিলিয়ে দেখলাম একই দিক নির্ণয় করছে। মনে হল আমরা বোধ হয় হব পরবর্তী টার্গেট, এবং এ অবস্থায় নিয়মতান্ত্রিক আনুগত্য নিরর্থক। টঙ্গীর গোলাগুলির আওয়াজ থেমে যাওয়ার পর আমি মেজর শফিউল্লাহ, মেজর মইন, ক্যাপ্টেন আজিজ এবং সবেদার নূরুল হককে পরিস্থিতি পর্যালোচনা করার জন্যে আমার নিজের কামরায় ডেকে পাঠালাম। (এই সঙ্গে জয়দেবপুরের অবস্থান সম্বন্ধে একটু বলা দরকার যাতে সবাই জিনিসটা ভালভাবে বুঝতে পারেন। পুরো ব্যাটালিয়নের অবস্থান ছিল জয়দেবপুরের জমিদার বা রাজবাড়ীতে। প্রকাণ্ড চত্বরের ভিতরে অনেকগুলো বড় বড় দোতলা বিল্ডিং-এর সমষ্টি। বর্তমানে এগুলো মহকুমা প্রশাসক এবং মহকুমা পর্যায়ের বিভিন্ন অফিসের কাজে ব্যবহৃত হচ্ছে। দক্ষিণে স্বল্প উঁচু পাঁচিল ও গেট। এই গেট দিয়ে ঢুকলে গোটা দুয়েক বাস্কেট বল/ভলিবল গ্রাউণ্ড সাইজের মাঠ। মাঠের পরেই বড় উঁচু দোতলা পুরানো কালের বিল্ডিং, নীচে অফিসার মেস এবং জুনিয়র অফিসারদের থাকার জায়গা। দোতলা মেসের ড্রয়িংরুম। পুবের দিকে টু-আই-সি এবং অন্য একজন মেজর থাকতেন। পশ্চিমের দিকে কামরা ছিল সিও'র জন্য। এ বিল্ডিং সংলগ্ন পশ্চিম এবং উত্তর কোনা থেকে শুরু করে উত্তর দিকে বিস্তৃত আর একটি বড় দোতলা বিল্ডিং 'এল'- এর মত দেখতে। ব্যাটালিয়নের সমস্ত অফিস এই বিল্ডিং-এ ছিল। প্রথম বিল্ডিং-এর সঙ্গে দ্বিতীয় বিল্ডিং এর সরাসরি যোগাযোগ ছিল না। নীচে নেমে বাইরে থেকে ঘুরে আসতে হত। ঐ দ্বিতীয় বিল্ডিং-এর উত্তরে আরও একটি বড় দোতলা বিল্ডিং পুবের দিকে বিস্তৃত ছিল। সেটা চিল ট্রুপস-এর বসবাসস্থান। পুবের দিকেও দেওয়াল এবং কিছু বিল্ডিং দিয়ে ঘেরা ছিল।) তারা এসে পৌঁছতেই আমি বললাম যে, পরিস্থিতি এখন অসহ্য, আমাদের এখান থেকে বেরিয়ে যেতে হবে। আপনাদের মতামত কি ? কেউ কোন উত্তর দিলেন না। আমি ধরে নিলাম মৌনতাই সম্মতির লক্ষণ। আমার মনে চিন্তা খেলে গেল যে আমাদের ক্ষুদ্র এবং বিভক্ত শক্তি নিয়ে ঢাকার দিকে এগিয়ে যাওয়া আত্মহত্যার শামিল, এবং আমাদের প্রয়োজন সমস্ত ব্যাটালিয়নকে এক জায়গায় একত্রীভূত করা এবং সেটা ময়মনসিংহেই সম্ভব। এ ছাড়া জয়দেবপুর রাজবাড়ীর পিছনে কিছু সরকারী কোয়ার্টারে আমাদের কিছুসংখ্যক জেসিও এবং এনসিও এবং সেপাইদের ফ্যামিলি আছে এবং আমার মনে হল যে, আমরা চলে যাওয়ার পর পাক বাহিনীর প্রথম আক্রোশ ঐসব পরিবারবর্গের উপর পরবে। সেইজন্যে আমি সুবেদার নূরুল হককে জিজ্ঞাসা করলাম, ''এইসব ফ্যামিলির কি হবে ?'' তিনি তার উত্তরে বললেন যে, তাদের জন্যে আপনি চিন্তা করবেন না, আমরা তাদেরকে আশেপাশের গ্রামে পাঠিয়ে দেব, এবং সেখানকার পাবলিক তাদের দেখাশুনা করবে। তখন আমি তাকে বললাম যে, পরের দিনের ভিতরেই যেন এ বন্দোস্ত হয়ে যায় । তারপর আমি ক্যাপ্টেন আজিজকে (এ্যাডজুটেন্ট) গাড়ীর 'এভাইলিবিলিটি' অর্থাৎ কয়টা জীপ, ডজ, লরী চালু অবস্থায় আছে জানতে চাইলাম। তিনি যে পরিসংখ্যান দিলেন, তাতে আমি আন্দাজ করতে পারলাম মর্টার প্লাটুন এবং কিছু সৈন্য-আন্দাজ এক রাইফেল প্লাটুন (২৫/৩০)নিজেদের হাতিয়ার এবং গোলা-বারুদসহ উঠানো সম্ভব হবে। তখন একটা প্রশ্ন থেকে গেল যে, অবশিষ্ট লোকজন এবং গাজীপুরে যারা আছেন তাদেরকে কি করে নেওয়া যাবে। তখন মেজর মইন স্বেচ্ছাকৃতভাবে বললেন যে, যদি প্রয়োজন হয় তাহলে তিনি নিজে 'ক্রস-কান্ট্রি' পায়ে হেঁটে গফরগাঁও হয়ে ময়মনসিংহে নিয়ে যাওয়ার নেতৃত্ব দেবেন। তখন আমি প্লান করে ফেললাম, আগামীকাল সকালে এক পার্টি গাড়ীতে টাঙ্গাইলে হয়ে ময়মনসিংহ যাবে এবং বাকীরা আগামীকাল সন্ধ্যায় রওনা হবে। গাড়ীর জন্য চেষ্টা করা হবে এবং যদি সম্ভব না হয় তাহলে পায়ে হেঁটে রওনা হবে। এটা স্থির করার পর, আমি তদানীন্তন মেজর শফিউল্লাহকে এই নির্দেশ দিই, যেহেতু তোমার ফ্যামিলি এখন ঢাকাতে নাই (তারা তখন কুমিল্লাতে তার শ্বশুরালয়ে ছিল), তোমার সমস্যা একটু কম। আগামীকাল সকালে অর্থাৎ ২৮শে মার্চে মর্টার প্লাটুন এবং এক রাইফেল প্লাটুন নিয়ে টাঙ্গাইল রওনা হয়ে যাবে। রাস্তায় যদি কোন রোড ব্লক পাও সেগুলো সাফ করবে। সেখানকার স্থানীয় লোকদের সঙ্গে 'কনট্যাক্ট' করে বলে যাবে ঐগুলো খোলা রাখতে এবং রাত্রে আমাদের অবশিষ্ট লোক চলে যাওয়ার পর ঐগুলো বন্ধ করে দিতে। টাঙ্গাইল পৌছে সেখানকার কোম্পানীর দায়িত্বভার বা অধিনায়কত্ব নিয়ে নিবে এবং ঐ কোম্পানী সমেত ময়মনসিংহে একত্রীভূত হবে। আমরা সবাই আগামীকাল, অর্থাৎ ২৮শে মার্চ '৭১, সন্ধ্যার পর এখান থেকে রওনা হব।''

মেজর মঈন, ক্যাপ্টেন আজিজ এবং সুবেদার নূরুল হককে স্ব স্ব দায়িত্বের কাজের নির্দেশ দিয়ে দিলাম। তাদের সবাইকে বলা হল যে আমাদের এই প্লানের গোপনীয়তা যেন বজায় থাকে, নেহাৎ প্রয়োজনীয় এবং নূন্যতম লোককে বলবে। কোনক্রমেই যেন অবাঙালীরা (২০/২৫ জন, যারা তখনও আমাদের সঙ্গে ছিল) যেন জানতে না পারে, কারণ যোগপনীয়তাই হবে আমাদের আপাতত কার্যসিদ্ধির একমাত্র পথ। এবং তাদেরকে ধোঁকা দেওয়ার জন্যে আগামীকাল ২৮শে মার্চ সকালে সব ট্রুপসকে একত্রীভূত করবে যেকানে আমি সমস্ত্র পরিস্থিতি আয়ত্তে আনার জন্যে আমি আমার 'টু-আই-সি' মেজর শফিউল্লাহকে মর্টার প্লাটুন এবং একটি রাইফেল প্লাটুন দিয়ে সেখানে পাঠাচ্ছি।

এইসব করার পরে আমার নিজের ফ্যামিলির সম্বন্ধ্যে একটু চিন্তা হল। তারা ঢাকা ক্যান্টনমেন্ট। তাদের সঙ্গে কোন যোগাযোগ ছিল না। চিন্তা করলাম যে কোনরকমভাবে ঢাকাতে গিয়ে তাদেরকে এদিকে নিয়ে আসা বা ছাউনী থেকে সরিয়ে দেওয়া যায় কিনা। সেইজন্যে পরের দিন অর্থাৎ ২৮শে মার্চ স্বল্পক্ষণের জন্যে ঢাকাতে যাওয়ার অনুমতি চেয়ে এবং টঙ্গী ব্রিজে একটা জীপ রাখতে অণুরোধ করে অয়ারলেস সেটে একটা মেসেজ পাঠালাম। শেষক্ষণ পর্যন্ত আর কোন উত্তর আসে নাই।

ঐ রাত্রে নতুন আর কোন ঘটনা ঐ অঞ্চলে গটে নাই। অবশ্য দেশের বিশেষ করে ঢাকার ঘটনাবলীর বিভিন্ন বিবরণ বিভিন্ন সূত্রে আমাদের কাছে এসে পৌছাতে থাকায় সৈনিকদের মানসিক উত্তেজনা বেড়ে যাচ্ছিল। বিশেষ করে ঐ দিন আমাদের ব্যাটালিয়নের একটা গাড়ীর ড্রাইভারের (গাড়ীটা কছিুদিন আগে মেরামতের জন্যে ঢাকা ওয়ার্কশপে ছিল, এবং সে ঢাকাতে আটকা পড়েছিল। ২৭ মে মার্চে স্বল্পকালীন কারফিউ বিরতির সময় তাকে ওয়ার্কশপের কেউ হুকুম দেয় গাড়ীটা নিয়ে ইউনিটে চলে যেতে। গাড়ী নিয়ে আসার সময় টঙ্গী ব্রিজের ব্লকের জন্যে আটকে যায় এবং সেখানে আর্মি এ্যাকশন শুরু হয়ে যাওয়াতে গাড়ী ফেলে পায়ে হেঁটে জয়দেবপুরে এসে পৌছাই।) আর্মি এ্যাকশনের প্রাথমিক বিবরণে যথেষ্ট প্রতিক্রিয়ার সৃষ্টি হতে থাকে।

২৮ শে মার্চ ১৯৭১ঃ পূর্বপরিকল্পনা অনুযায়ী আমি আনুমানিক সকাল সাড়ে আট বা নয়টার সময় জয়দেবপুরের সমস্ত্ র‍্যাংকের ট্রুপসকে (বাঙালী, অবাঙালী সব) এক জায়গায় করে পরিস্থিতি বিশ্লেষণ করি, এবং জানাই যে মেজর শফিউল্লহ সাহেবকে মর্টার এবং একটি রাইফেল প্লাটুন দিয়ে টাঙ্গাইলে অবস্থার উন্নতির জন্যে পাঠাচ্ছি।

আনুমানিক সকাল ১০ টার দিকে যখন মেজর শফিউল্লাহ প্রায় তৈরী হয়ে গিয়েছেন রওনা হবার জন্যে, আমার মনে হল যে গাড়ীর বনোদবস্ত্র না হলে রাত্রে সি-ও হিসাবে ট্রুপসের সঙ্গে পায়ে হেঁটে রওনা হতে হবে, এবং সেই পরিপ্রেক্ষিতে আমার পক্ষে অতিরিক্ত ইউনিফর্ম নেওয়া সম্ভব নাও হতে পারে। তাই মেজর শফিউল্লাহকে ডেকে তার স্যুটকেসে আমার দুই সেট ইউনিফর্ম দিয়ে দিই। ঐ সময় সেঃ লেঃ মোর্শেদ উপস্থিত ছিলেন। ঐ সময় অন্যান্য কাজের ভিতরেও টাঙ্গাইল এবং ময়মনসিংহের খবরের জন্যে যথেষ্ট উৎকণ্ঠিত ছিলাম। সকাল থেকেই ময়মনসিংহের সঙ্গে অয়ারলেস যোগাযোগ বিচ্ছিন্ন ছিল।

প্রায় সাড়ে দশটার দিকে মেজর শফিউল্লাহ তার পার্টি নিয়ে রওনা হয়ে গেলেন। ওদের যাওয়ার সময় স্থানীয় লোকজন 'জয় বাংলা' ইত্যাদি ধ্বনি দিয়ে তাদের উৎসাহিত করছিল। আমার ধারণ হল যে, আমাদের প্ল্যান স্থানীয় লোকেরা জেনেছে এবং এই অবস্থায় আমাদের ট্রুপস গেলে অবাঙালীরা যারা তখনও আমাদের সঙ্গে আছে, মনে করবে যে, আমাদের টাঙ্গাইল রি-ইনফোর্সমেন্ট পাঠানো একটা ভাঁওতামাত্র। সেইজন্য সাধারণ পাবলিককে ধমক দিয়ে সরিয়ে দেওয়া এবং ভয় দেখানেরা একটা নাটকের অভিনয় মত করতে হল। ওদের রওনা হয়ে যাওয়ার কিছু পরে সরকারীভাবে আমি ব্রিগেডে লিখিত মেসেজ পাঠিয়ে দিলাম এই বলে যে, টাঙ্গাইলের অবস্থার উন্নতি সাধনকল্পে আমি মেজর শফিউল্লাহকে উপরোল্লিখিত সৈন্যসহ পাঠিয়েছি। এইজন্য করলাম যে, কোন সন্দেহ যাতে আমাদের উপর না আসে।

এরপর আমার চিন্তা হল গাজীপুরের কোম্পানীর সঙ্গে কিভাবে ''কো-অর্ডিনেন্ট'' করা যায়। আনুমানিক সাড়ে এগারটা-বারটার দিকে ঐ কোম্পানী সুবেদার চাঁদ মিয়া একটা গাড়ী নিয়ে আসলেন-দুই রাত্রি আগে যে দুই পলাটুন জয়দেবপুর থেকে ওখানে যায় তাদের বিচানা নিয়ে যেতে। ক্যাপ্টেন আজিজ এবং সুবেদার নূরুল হত তাকে আমার কাছে নিয়ে আসলেন। আমি তাদেরকে বললাম যে, ওকে (চাঁদ মিয়াকে) প্লান বলে দিন। তাদের কিছুক্ষণ কথা বলার পর আমি সুবেদার চাঁদ মিয়াকে নির্দেশের সারাংশ এইভাবে বলিঃ

(1) সন্ধ্যার সময় থেকে তার কাছে ব্যাটালিয়ন হেডকোয়ার্টারের সঙ্গে যে অয়ারলেস সেটের সংযোগ আসে সেটা খুলে রাখতে। যখন সংকেত যাবে ''এখন সাড়ে সাতটা বাজে'' তখন থেকে তোমরা রওনা হবার এ্যাকশন শুরু করবে।

(2) এ্যাকশন শুরুর প্রথম কাজ হবে অর্ডন্যান্স ডিপোতে যে অয়ারলেস সেটের ঢাকার সঙ্গে সরাসরি যোগ আছে তাকে নষ্ট করে দেওয়া যাতে আমাদের খবর ঢাকা অথরিটি সঙ্গে সঙ্গে না পায়।

(3) অর্ডন্যান্স ফ্যাক্টরীতে যত গাড়ী আছে এবং আশেপাশে যতটা সম্ভব গাড়ী দখল করে নিতে এবং ঐ গাড়ীসমূহ নিয়ে ময়মনসিংহের দিকে 'মুভ' করতে।

(4) 'মুভের' সময় অর্ডন্যান্স ডিপোতে রক্ষিত ব্যাটালিয়নের পুরানো হাতিয়ারসমূহ এবং গোলাবারুদ যতটা সম্ভব নিয়ে যেতে।

(5) এম, ও, ডি, সি'র লোক যতটা সম্ভব সংগে নিয়ে যেতে এবং যারা যেতে পারবে না তাদেরকে নির্দেশ দিতে যে ঐ ডিপো থেকে দূরে সরে যেতে, কারণ পরে তারা আর্মি এ্যাকশেনের শিকার হবে।

সুবেদার চাঁদ মিয়া চলে যাওয়ার পর আমার খেয়াল হল যে মেজর আসজাদ লতিফ তার অবাঙালী কোম্পানী কামাণ্ডরকে ওখানে থেকে সরিয়ে আনার দরকার যাতে চাঁদ মিয়া নিরূপদ্রবে তৈরী হতে পারেন। তাই আমি তাকে আমার সঙ্গে ব্যাটালিয়ন হেডকোয়ার্টারে লাঞ্চ করার জন্যে ডেকে পাঠালাম। জয়দেবপুরস্থ সমস্থ বাঙালী অফিসার এবং জেসিওরা যে যার দায়িত্বমত প্রস্তুতি নিয়ে যাচ্ছিল, এবং আইরের ভাবখানা ছিল যে সবকিছুই নর্মাল বা সাধারণভাবে চলছে। আমি মোটামুটিভাবে অবাঙালী অফিসারদেরকে গল্পচ্ছালে আমার আশেপাশে রাখছিলাম, যাতে তারা এ ব্যাপারে আঁচ করতে না পারে। আমি অবশ্য মাঝে মাঝে এদিকে-ওদিকে যেয়ে ছোটখাট নির্দেশ দিয়ে যাচ্ছিলাম, যাকে বলে সামরিক ভাষায় ''টাইং আপ''। আমার নিজস্ব যথেষ্ট চিন্তা ছিল-অন্য জায়গায় কি হচ্ছে বা না হচ্ছে তা সঠিক জানা ছিল না- এই বিদ্রোহের পরিণতি কি হবে কে জানে, যদি সফল না হয় তাহলে নিজের ক্যামিলি এবং ছেলেরা ঢাকা ক্যান্টনমেন্টে, তাদের পরিণতি কি হবে, ইত্যাদি।

(আজ ১২/১৩ বৎসর পরে ঐ দিনের কথা চিন্তা করলেও যথেষ্ট আতংকিত হয়ে পড়ি। ঐ দিনে ভবিষ্যৎ ছিল অজনা-দেশাত্মবোধই ছিল একমাত্র প্রেরণা।)

এসব ছাড়াও আমার জানা প্রয়োজন ছিল যে, গতকাল রাত্রে টঙ্গীতে 'আর্মি এ্যাকশনের' পর কত সৈন্য আছে, কারা আছে, পজিশন তারা কতদূর পর্যন্ত নিয়েছে এবং আমাদে 'মুভ'-এর সময় তাদের বাধা দেওয়ার ক্ষমতা কতদূর আছে। দুপুরে খাওয়ার পরে আমি নিজেই যাবার মনস্থ করছিলাম, কিন্তু ক্যাপ্টেন আজিজের ইশারায় এবং পরামর্শে মেজর আসজাদ লতিফকে কিছু সৈন্য 'এসকর্ট' দিয়ে পাঠিয়ে দেওয়া হল। তাকে বলে দেওয়া হল যে, টঙ্গীতে যেসব সৈন্য পৌছে গিয়েছে তারে সঙ্গে 'মিলাপ' করে এসো এবং বিশেষ আগের রাতে আমাদের ব্যাটালিয়নের একখানা ডজ গাড়ী যেটা টঙ্গী ব্রিজের কাছে ড্রাইভার ফেলে রেখে আসতে বাধ্য হয়েছিল, সেটা কি অবস্থায় আছে দেখবার জন্যে এবং সম্ভব হলে 'রিকভার' করার ব্যবস্থা করে আসতে। এই ব্যবস্থায় আমাদের দুইটা সুবিধা হল। প্রতমত ., এই অবাঙালী অফিসারকে তার কোম্পানী থেকে অধিক সময় সরিয়ে রাখা এবং টঙ্গীতে যদি কোন অঘটন ঘটে তা হলে প্রথম চোটটা অবাঙ্গী অফিসাররের উপর দিয়ে যাবে। এ অফিসার

বেলা দুটো-আড়াইটার দিকে এবং সন্ধ্যার দিকে ফিরে আসে। সে জানায় যে, টঙ্গীতে পাক আর্মি তাকে বিশ্বাসই করতে চায় না, তাকে এবং তার সঙ্গের সবাইকে 'ডিস আর্ম' করে জিজ্ঞাসাবাদ করে, এমনকি তার পাঞ্জাবীতে কথা বলার উপরে সন্দেহ প্রকাশ করে।

যাই হোক, ঐ অফিসার জায়দেবপুর থেকে টঙ্গী রওনা হয়ে যাওয়ার পর কিছুক্ষণের জন্য বিশ্রাম নিতে উপরে নিজের কামরায় গেলাম। কিছু সময় পরে মেজর মইন আমার কামরায় এসে বেলন যে, আমাদের প্ল্যান নাকি পাঞ্জাবী এবং অবাঙালীদের কাছে ফাঁস হয়ে গিয়েছে, অথবা তারা আঁচ পেয়ে গিয়েছে। কারণ হিসেবে বলল যে, আমাদের কোন সেপাই ক্যান্টিনের কিছু পাঠান সিভিলিয়ানকে প্রকারান্তরে বলে ফেলেছে ঐ রাত্রে সাবধান থাকতে, এবং সে কথা তাদের ভিতরে ছড়িয়ে পড়েছে। আমি তাকে আশ্বস্ত করে বললাম আরও সাবধান হয়ে যেতে এবং আমি ভাবছি এ ব্যপারে কি করা যায়। এর কিছুক্ষণ পরে ক্যাপ্টেন আজিজ আমাকে এসে বললেন যে, একজন স্থানীয় ছাত্রনেতা আমার সঙ্গে টেলিফেনে কথা বলতে চায় এবং দেখা করতে চায়। আমি অল্পক্ষণ পরেই আসছি বলে দিতে বললাম (প্রসঙ্গত বলা যেতে পারে যে, যদিও ঢাকার সঙ্গে আমাদের টেলিফোন যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল তবুও জয়দেবপুরে স্থানীয় এক্সচেঞ্জ কাজ করছিল এবং গাজীপুর ফ্যাক্টরী পর্যন্ত আমাদের যোগাযোগ ছিল) এই মনে করে যে ছাত্রনেতার সঙ্গে 'ইউনিফর্ম পরিহিত অবস্থায় দেখা করা হয়ত ঠিক হবে না এবং আমাদের ভিতরকার অবাঙালীদেরকে প্রকারন্তরে ভাব দেখানো যে কোন কিছু অঘটন ঘটতে যাচ্ছে না, আমি 'ইউনিফর্ম' না পরে একটা প্রাইভেট শার্ট এবং প্যান্ট পরে নীচে নেমে আসলাম। ঐ ছাত্রনেতার (তার নাম আমার এখন মনে নাই) সঙ্গে টেলিফোনে কথা বলে সন্ধ্যার সময় গেটের সামনে দেখা করার সময় দিলাম। নীচে নেমে আসার পর থেকে প্রাইভেট পোশাকেই সুবেদার নূরুল হক এবং অন্যান্য সকলের সঙ্গে 'ডিটেলস টাই আপ' অর্থাৎ খুঁটনাটি বিষয়ে নির্দেশাদি দিতে ব্যস্ত ছিলাম। এ সময় আমি যথেষ্ট চিন্তকুল এবং উদ্বিগ্ন ছিলাম। কারণসমূহ ছিল (১) মেজর শফিউল্লাহ টাঙ্গাইল পৌঁছেছেন কিনা এবং আগে কি করেছেন তার তখন পর্যন্ত পাই নাই, (২) ময়মনসিংহ কোম্পানীর সঙ্গে সকাল থেকে যোগাযোগ বিছিন্ন, (৩ আমাদের প্ল্যান যদি খোদা-না-খাস্তা সফল না হয়ে তাহলে পরিণতি কি, (৪) বিদ্রোহহের ভবিষ্যৎ কি, এবং (৫) আমার ফ্যামিলি এবং ছেলেরা যারা ক্যান্টনমেন্ট আছে তাদের ভাগ্যে আগামীকাল থেকে কি পরিণতি ইত্যাদি। আমার এই চিন্তাযুক্ত ভাব দেখে হয়ত কেউ সন্দেহ প্রকাশ করলেন আমি তাদের সঙ্গে যাব কিনা। আমি তাদেরকে উত্তরে বললাম যে, সব কিছু প্ল্যান করে তো পিছনে থাকা যায় না, কারণ পরিত্রাণ পাওয়া যাবে না । যাক, বেলা প্রায় ৪টার দিকে খবর পাওয়া গেল যে, মেজর শফিউল্লাহ টাঙ্গাইল অতিক্রম করে ওখানকার কোম্পানী সমেত ময়মনসিংহের পথে রয়েছেন। কিছু আশ্বস্ত হওয়া গেল।

এখন আমাদের খেয়াল 'লাষ্ট মিনিট কো-অর্ডিনেশন', বিশেষ করে রাজেন্দ্রপুরের প্লাটুন এবং গাজীপুরের কোম্পানীর সঙ্গে। ক্যাপ্টেন আজিজ যথেষ্ট জীবনের ঝুঁকি নিয়ে রাজেন্দ্রপুরের প্লাটুনকে বলে আসলেন সন্ধ্যার সময় তোকে তাদের অয়ারলেস খুলে রাখতে এবং 'সাংকেতিক বাক্য' পাওয়ার সঙ্গে সঙ্গে যেন তারা সেখানকার তার ডিঙ্গিয়ে নিজের বন্দোবস্তে বেরিয়ে পড়েন। এম্যুনিশন ডিপোতে ঢোকার উপর সব সময় কড়াকড়ি, এবং ঐ সময়ে খুব বেশী ছিল। ঐ জায়গার ও-সি বা অধিনায়ক ছিলেন এক অবাঙালী। ক্যাপ্টেন আজিজ তাকে যেয়ে বললেন যে, তিনি এসেছেন 'সামারী অব এভিডেন্স' রেকর্ড করতে। দুই রাত আগে যে দুইজন লোক আমাদের প্লাটুন থেকে পালিয়ে ছিল , তাদেরকে এ্যারেস্ট করে রাখা হয়েছে এবং সি-ও সাহেব আগামীকাল তাদের 'সামারী কোর্ট মার্শাল' করবেন। ভিতরে ঢুকবার অনুমতি পাওয়া পর্যন্ত ক্যাপ্টেন আজিজের উপর স্টেনগান তাক কার ছিল। এইসব ঘটনাপ্রবাহে ঐ দিন গড়িয়ে সন্ধ্যা হয়ে যায়। সন্ধ্যার সঙ্গে সঙ্গে ওখানকার অফিসাররা উতলা হয়ে ওঠেন যাওয়ার সময় সংকেত দেওয়ার জন্যে। সন্ধ্যার সময় বা কিছু আগে খবর পেলাম আমাদের ময়মনসিংহ কোম্পানীর সঙ্গে অয়ারলেসে সংযোগ স্থাপন হয়েছে। ঐ কোম্পানী কমাণ্ডারকে নিজে সাংকেতিকভাবে জানিয়ে দিলাম যে মেজর শফিউল্লাহ তাদের সঙ্গে মিলিত হওয়ার জন্যে টাঙ্গাইল ছেড়ে আরও এগিয়ে গেছেন, এবং আমরাও রওনা হচ্ছি। আমি সন্ধ্যাটা একটু গাঢ় হওয়ার অপেক্ষায় ছিলাম। ঐ দিন সন্ধ্যা থেকে ঐ অঞ্চলে

কারেন্ট ছিল না, অতএব ছিল গাঢ় অন্ধকার। (পরে জেনেছিলাম যে, টঙ্গী থেকে আর্মি ইলেকট্রিক কানেকশন অফ করে দিয়েছিল-বোধ হয় পরের দিন আমাদের উপর অপারেশন চালানেরা জন্যে, এবং অবশ্য আমরাও লাইন কেটে দিয়েছিলাম।) দিনের ভিতর মেজর মইন, অন্যান্য অফিসার এবং জেসিও'রা মিলে স্থানীয় লোকজনের সহায়তায় আমাদের সকলের উঠানোর জন্যে গাড়ী বন্দোবস্ত করে ফেলেছিলেন। যাই হোক, রাত্রি আটটার সময় প্রয়োজনীয় লোকদেরকে আমার অফিসে একত্রিভূত করি-মিলিটারী ভাষায় যাকে বলে 'ও' গ্রুপ। আমি রাত ৮-৩০ মিঃ সময় নির্দেশ করি অর্থাৎ ঐ সময় থেকে আমাদের 'মুভ'-এর কার্যাবলী শুরু হবে। কিন্তু ঐ সময় আমাদের কোন একজন বলে উঠলেন সময়টা একটু পিছিয়ে দিতে, কেননা তার উপর যে একটা দায়িত্ব অর্পিত ছিল তার প্রস্তুতির জন্যে আর একটু সময়ের প্রয়োজন। আমি তখন রাত ৮টা ৪৫ মিঃ সময় নির্ধারণ করে দিলাম।

এর আগে ক্যাপ্টেন আজিজকে একটা নির্দেশ দেওয়া ছিল যে, আমি আমাদের 'মুভ'-এর অর্থাৎ যাত্রা শুরুর সময় দেওয়ার পর পরই তিনি এক সেকশন (দুটি) মেশিনগান এবং এক সেকশন (দুটি) রিকয়েললেস এ্যান্টি- ট্যাংক গান নিয়ে জয়দেবপুরের চৌরাস্তায় গিয়ে টঙ্গীর দিকে তাক রেখে রোড ব্লক সৃষ্টি করেন, যাতে আমাদের মুভের সময় টঙ্গীর দিক থেকে পাক আর্মি কোন গণ্ডগোল করতে না পারে এবং বাধা পায়। আমার 'অর্ডার' শেষ হওয়ার পর ক্যাপ্টেন আজিজ আমার সঙ্গে হাত মিলিয়ে তার নিজের কাজে চলে গেলেন।

বলাবাহুল্য যে, ঐ সময় পর্যন্ত দুপুরে ঘর থেকে বেরিয়ে আসার সময়কার প্রাইভেট জামাকাপড় পরিহিত অবস্থায় ছিলাম। অর্ডার শেষ কারার পর নীচের মেসে এসে দেখি যে, অবাঙালী দু'জন অফিসার-ক্যাপ্টেন রিয়াজ এবং নকভী খাওয়ার টেবিলে বসে রাত্রের খাবার খাচ্ছেন। আমিও তাদের সঙ্গে বসে রাত্রের খাবার খেলাম এবং তাদেরকে কিছু কথাবার্তায় ব্যস্ত রাখলাম। বুঝলাম যে, আমাদের প্ল্যান সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞাত এবং আমাকে সিভিল কাপড়ে দেখে উৎকণ্ঠ। যদিও কিছু হয়েও থাকে-সরে গেল।

৮টা ৪০ মিঃ কি ৮টা ৪২ মিঃ-এর দিকে আমি উপরে নিজের কামরায় উঠে গেলাম পেশাক পরে তৈরি হবার জন্যে । উপরে অন্ধকার ছিল। নীচে মেসের গ্যাসের আলো থেকে উপরে উঠে অন্ধকারটা আরও বেশী লাগছিল। আমি মনে করলাম যে, একটু অপেক্ষা করি। কেননা একটু পরেই 'এ্যাকশন' শুরু হবে এবং অবাঙালীদের নিরস্ত্র বা কিছু করার পর আমার কাছে কেউ নিশ্চয় আসবে। তখন আমি তৈরী হয়ে নেব। আমাদের প্লান ছিল যে সঙ্গেকার পাকিস্তানীদেরকে নিরস্ত্র কবর, এবং যদি তারা বাধা দেয় তখন গুলি চালাতে হবে, তবে গুলি চালানো হবে যথাসম্ভব স্বল্প এবং ক্ষিপ্ত-ভবিষ্যতের জন্য গোলাগুলি বাঁচাতে হবে।

নির্দিষ্ট সময়ে বা ঐ সময়ের ৫-১০ সেকেণ্ড আগে নীচে গুলি বিনিময় শুরু হয়ে গেল। কিছুক্ষণের মধ্যে এবং প্রচণ্ডতা বেশ বেড়ে গেল। আমি তখন উপরের তলায় একটু একটু সতর্ক হয়ে উঠলাম। আমার কাছে তখন কোন হাতিয়ার ছিল না। অল্প কিছুক্ষণ পরেই বুঝতে পারলাম যে কোন লোক সন্ত্রস্ত্রভাবে অথচ তাড়াতাড়ি পা টিপে সিঁড়ি বেয়ে উপরের তলায় উঠে আসল। আমি একটু আশান্বিত হলাম আমাদের কেউ হবে। কিন্তু সিঁড়ি শেষ হওয়ায় তার পায়ের আওয়াজ বন্ধ হয়ে গেল। সংশয় বেড়ে গেল। কিছুক্ষণ পরে আওয়ার পেলাম আর একজন লোকের জোর কদমে উপরে উঠে আসার। শেষোক্ত লোকটা যখন মাঝসিঁড়িতে তখন প্রথমোক্ত লোকটা তার উপর টর্চলাইটের আলো ফেলে। নীচের লোকটি তখন জিজ্ঞোস করে ওঠে ''কৌন হ্যায়''। উপরের লোকটি বলে, ''আমি ক্যাপ্টেন নকভী, কেন?'' নীচের লোকটি বলে ওঠে, এ্যা, নকভী বেঁচে, তারপরই সে সিঁড়ি বেয়ে তরতর করে নীচে নেমে গেল। আমি অনুভব করলাম যে, আগের লোকটা, অর্থাৎ যে উপরের তলাল রয়ে গিয়েছে, সে হল ক্যাপ্টেন নকভী-অবাঙালী এবং সশস্ত্র। এত কিছু করার পরেও নিজের জন্যে ভরাডুবি। পরিণতি কি আল্লাহ জানে। হঠাৎ খেয়াল হল, এমনিও শেষ, ওমনিও শেষ, ঘটনা অজানার একটু ভান করে দেখা যাক না। একটু সতর্ক থেকে, পিলারের আড়াল থেকে নকভীর সঙ্গে কথা বলে জিজ্ঞাসা করলাম ''ব্যাপার কি, নীচে গোলাগুলি চলছে কেন?'' সে বলল, ''জানি না স্যার, ওরা আমাদের উপর গুলি করছে, দেখেন আপনি টেলিফোনে

এ্যাডজুটেন্টকে পান কিনা।'' বুঝলাম যে, তার বিশ্বাস যে সমস্ত ঘটনা আমার অজ্ঞাতে। তার বিশ্বাসটা আর একটু পাকা করার জন্যে আমার নিজের কামরায় রাখা পল্টনের এক্সচেঞ্জের টেলিফোন ঘোরালাম। জানতাম কেউ জবাব দেবে না। কিছুক্ষণ পর বুঝতে পারলাম যে, নীচের থেকে সবাই চলে যাচ্ছে কিন্তু আমি যেতে পারছি না, আটকা পড়ে গেছি ক্যাপ্টেন নকভীর হাতে। ঐ অবস্থায় রাত কাটল।

২৯শে মার্চ ১৯৭১ঃ সকালে দেখলাম বহু লোকজন বিভিন্ন ধরনের হাতিয়ার নিয়ে রাজবাড়ী ঘিরে রেখেছে। আমাদের উপর কড়া প্রহরা। লোকজনও বদলী হতে থাকল, আমিও চিন্তা করতে থাকলাম কিভাবে ফন্দি বের করা যায় এখান থেকে বেরিয়ে যাওয়ার। কিন্তু বাস্তবে রূপ দেওয়া সম্ভব হচ্ছিল না। দিন বেড়ে চলছিল। প্রায় সাড়ে এগারটার দিকে প্লেনের আওয়াজ পেলাম। কিছুক্ষণ পড়ে দেখলাম যে, দু'টো এফ-৮৬ প্লেন রাজবাড়ীর যে অংশে সৈন্যরা থাকত এবং আমাদের গাড়ীসমূহ থাকত, সেই অঞ্চলে স্ট্রাফিং করছে। বুঝলাম ঢাকায় সব খবর হয়ে গিয়েছে এবং আর্মি শিগগিরই আসছে। বেলা দুটা- আড়াইটার দিকে দেখলাম রাজবাড়ীর সম্মুখ অংশ সৈন্যরা ঘিরে ফেলেছে এবং পোর্টেবল মাইকে ঘোষণা করা হচ্ছে, ''সেকেণ্ড বেঙ্গলের যারা যারা আছো, সারেণ্ডার কর।'' আমার নাম ধরেও একই ঘোষণা ব্রিগেডিয়ার মজুমদারের মুখ দিয়ে শুনলাম। তখন ক্যাপ্টেন নকভী আগে এবং আমি পিছনে সারেণ্ডার করতে বাধ্য হলাম। ব্রিগেডিয়ার জাহানজেব, ব্রিগেডিয়ার হাসানের সঙ্গে ৮-বেলুচ রেজিমেন্ট ছিল। ব্রিগেডিয়ার মজুমদাকেও সঙ্গে নিয়ে গিয়েছিলাম।

আমি কোন বিদ্বেষ নিয়ে লিখি নাই। আমার বর্ণিত কোন ঘটনা কেও যদি অসত্য বলে প্রমাণ করতে পারেন তাহলে আমি মিথ্যাচারীর কালিমা নেব।

-
আবদুর রকীব
লেঃ কর্ণেল(অবঃ)

মেজর জেনারেল (অবঃ কে, এম, শাফিউল্লাহর প্রতিবাদ

'বিচিত্রা' ১৯৮৩

১৩ মে ১৯৮৩ সংখ্যা বিচিত্রায় 'স্বাধীনতা যুদ্ধের সূচনা পর্ব' এই শিরোনামে লেঃ কর্ণেল (অবঃ) কাজী আবদুল রকীবের লেখা একটি নিবন্ধ আমার দৃষ্টিগোচর হয়েছে। তিনি তার নিবন্ধের মধ্যেমে স্বাধীনতা যুদ্ধকালীন সময় তাঁর নিজস্ব ভূমিকার ওপর আলোকপাত করতে গিয়ে সব অবান্তর বক্তব্যের অবতারণা করেছেন। এই নিবন্ধে বর্ণিত অনেককেই আমার মত আশ্চার্যান্বিত না করে পারে না। সম্পূর্ণ নিবন্ধটিতেই তিনি তার মনগড়া কাহিনী ও বিভ্রান্তিকর তথ্যে ভরে রেখেছেন। তারা পুরা নিবন্ধটির ওপর আলোচনা করার আমার কোন ইচ্ছা নেই। শুধু দু-একটি উল্লেখযোগ্য ঘটনার সত্যতা সম্পর্কে তথ্য প্রকাশ করতে বাধ্য হচ্ছি।

স্বাধীনতা-উত্তরকালে কিছু কিছু পত্র-পত্রিকায় আমার সাক্ষাৎকার প্রকাশিত হয়েছিল। কিন্তু সাক্ষাৎকার কখনও কাউকে হীন করে তোলার বা নিজের কৃতিত্বকে প্রকাশ কারার অভিপ্রায় ছিল না। সাধারণভাবে যা ঘটেছে তাই তুলে ধরতে চেষ্ট করেছি মাত্র।

লেঃ কঃ রকীব দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের দায়িত্বভার গ্রহণ করার তিনদিন পর এই ব্যাটালিয়ন জয়দেবপুর ছেড়ে ময়মনসিংহ চলে যায়। তার বক্তব্যানুযায়ী এই ব্যাটালিয়ন জয়দেবপুর থেকে ময়মনসিংহ যাওয়ার ব্যাপারে সম্পূর্ণ পরিকল্পনা তিনি একাই করেছেন এবং আমরা শুধু তার নির্দেশ অনুসারেই কাজ করে গিয়েছি। এর পূর্ব মূহূর্ত পর্যন্ত এই ব্যাপারে নিজস্ব কোন উদ্যোগ বা পরিকল্পনাই ছিল না। তিনি ২৬শে

মার্চের উদ্ধৃতি দিতে গিয়ে লিখেছেনঃ ঐদিন বিকালে কিছু অফিসার,জেসিওদেও সঙ্গে কথা বলার সময়-বিশেষ করে সুবেদার নূরুল হক সংশয় প্রকাশ করেন যে, আমাদের ব্যাটালিয়নকে নিরস্ত্র করার চেষ্টা করতে পারে।আমি এ ব্যাপরে আশ্বস্ত করার চেষ্টা করি এবং ঐদিনই সন্ধায় অতর্কিত হামলার মোকাবেলার মত প্রয়োজনীয় ব্যবস্থা অথাৎ অবস্থান সুদৃঢ় করা, অধিকসংখ্যক প্রহরী নিযোগ ইত্যাদি বন্দোবস্ত করি।

রকীব সাহেবের এই বক্তব্যে অবাক না হয়ে পারছি না , কারণ তার এই মন্তব্য আমাদেও অদূরদর্শিতা ও সমরপ্রস্তুতির শৈথিল্যেরও ইঙ্গিত বহন করে বলে আমার মনে হয়। এই ব্যাটালিয়নকে যে নিরস্ত্র করার চেষ্টা হতে পারে তা জয়দেবপুর ও তার পার্শ্ববতী এলাকাবাসীদেও আলোচনা ও উদ্বেগের বিষয় ছিল।তাই ১৭ মার্চ এলাকাবাসীরা জয়দেবপুর থেকে টঙ্গির রাস্তার উপর ৩০ থেকে ৪০টিরও বেশী ব্যরিকেড তৈরি করে রেখেছিল ।যেখানে ঐ এলাকার জনসাধারণ আমাদের নিরস্ত্র করা হবে ভেবে উদ্বিগ্ন হয়ে তাদের প্রস্তুতি হিসেবে ব্যারিকেড তৈরি করেছিল সেখানে আমরা কোন বিশেষ প্রস্তুতি ছাড়া ২৬ মার্চ বিকাল পর্যন্ত নীরব, নিশ্চেষ্ট ছিলাম এটা তিনি কিভাবে চিন্তা করতে পারলেন।

জয়দেবপুরের জনগন এর ব্যাটালিয়ন সমরপ্রস্তুতির কথা কখনও ভুলবে না । এমন কি রকীব সাহেবের ও ভোলার কথা নয় । কিন্তু আশ্চর্যের বিষয় এই যে তিনি ২৬ মার্চ বিকেলেই প্রথম শুনতে পান যে এই ব্যাটালিয়নকে নিরস্ত্র করার চেষ্টা হতে পারে আর তাই তিনি ঐদিনই তা প্রতিহত করার সমস্ত ব্যবস্থা গ্রহন করেন ।

রকীব সাহেবের অবগতির জন্য লিখছি যে, ১৯ মার্চ ১৯৭১ শুক্রবার বিগ্রেডিয়ার জাহানজেব আরবার স্বয়ংক্রিয় অস্ত্র সজ্জিত ১৮ পাঞ্জাব রেজিমেন্টের এক কোম্পানী সৈন্য নিয়ে এই ব্যাটালিয়নকে নিরস্ত্র করার অভিপ্রায় ঢাকা থেকে জয়দেবপুর এসেছেলিন। সেদিন যদি এই ব্যটালিয়ন সমরপ্রস্তুতিতে কোন ত্রুটি বা শৈথিল্য থাকত তা হলে ঐদিনই এই ব্যাটালিয়ন নিরস্ত্র করা হত। সেদিন বিগ্রেডিয়ার জাহানবেজ আরবাব রাজবাড়ীতে ঢুকেই ব্যাটালিনের সুদৃঢ় প্রতিরক্ষা প্রস্তুতি দেখে আমাদেরও নিরস্ত্র করার চেষ্টা থেকে বিরত থাকে। লেঃ কর্নেল মাসুদুল হাসান (তৎকালীন ব্যাটালিয়ন কমাণ্ডার) বস্তুতঃ সেদিনই তার ব্যাটালিয়নের কমাণ্ড হারিয়েছিলেন।

২৭ মার্চ উদ্ধৃতি দিতে গিয়ে লেখক এক জায়গায় লিখেছেন, টঙ্গীর গোলাগুলি আওয়াজ থেমে যাওয়ার পর আমি মেজর শফিউল্লাহ, মেজর মইন, ক্যাপ্টেন আজিজ ও সুবেদার নূরুল হককে পরিস্থিতি পর্যালোচনা করার জন্য আমার নিজের কামরায় ডেকে পাঠালাম। তারা এসে পৌঁছাতেই আমি বললাম যে পরিস্থিত এখন অসহ্য, আমাদের এখান থেকে বেরিয়ে যেতে হবে। আপনাদের মতামত কি? কেউ উওর দিলেন না। আমি ধরে নিলাম মৌনতাই সম্মতির লক্ষণ।'

রকীব সাহেবের নিবন্ধের এইটুকুই সবছেয়ে বড় অসত্য উদ্ধৃতি। সঠিক কথা হল সন্ধ্যায় আমি তাকে প্রথমবার সরাসরি বলি যে আমাদের আর জয়দেবপুর থাকা উচিত নয়। তাকে আরও বলি যে ব্যাটালিয়কে ময়মনসিংহে একত্রিত করার সমস্ত পরিকল্পনা করে ফেলেছি। আপনিও আমাদের সঙ্গে চলুন। আমার কথায় তাকে চিন্তিত ও উদ্বিগ্ন হতে দেখি। যদিও এটা উদ্বিগ্ন হওয়ার মত কথাই ছিল, কারণ আমরা যা করতে যাচ্ছি তা সহজ ভাষায় হচ্ছে বিদ্রোহ এবং তার পরিণতি কি হতে পারে তাও কোন সৈনিকের অজানা থাকার কথা নয়।

২৫শে মার্চ বিকালে যখন তিনি এই ব্যাটালিয়নের কর্তৃত্বভার গ্রহন করেন তখন থেকেই আমি তার সঙ্গে সঙ্গে ছিলাম এবং ব্যাটালিয়নের বিস্ফোরণোন্মুখ পরিস্থিতি সম্পর্কে অর্থাৎ ব্যাটালিয়নের সৈনিকরা যে পাকিস্থানী কর্তৃপক্ষের বিরুদ্ধে রুখে দাড়াঁবার জন্য সম্পূর্নভাবে মানসিক ও সামরিকভাবে তৈরি আছে তা তাকে আভাসে ও ইঙ্গিতে বোঝোতে চেষ্টা করেছি।

২৭শে মার্চেই আমরা চুড়ান্ত সিদ্ধান্ত নিই যে জযদেবপুরে বসে থাকা আমাদের পক্ষে সম্ভব নয় এবং সেদিনই রকীব সাহেবকেও আমাদের পরিবল্পনা সর্ম্পকে বিস্তারিতভাবে বলি। এ পরিকল্পনা আমাদের অনেক আগেই করা ছিল এবং তা বাস্তবে পরিণত করার সিদ্ধান্ত সেদিনই নিই। এই সিদ্ধান্ত নেয়ার পূর্ব মুহুর্ত পর্যন্ত আমি তাকে খোলাখুলিভাবে কিছু বলেত পারিনি, কারন রকীব সাহেব এমন এক সময় এবং এমন এক পরিস্থিতিতে আমাদের ব্যাটালিয়নে এসেছিলেন যে তখন তাকে সম্পূর্ন বিশ্বাস করা আমাদের পক্ষে সম্ভব ছিল না। এবং তার পক্ষেও হয়ত এত অল্প সময়ের মধ্যে আমাদের মনোভাব বোঝা সম্ভব ছিল না। তাই ২৭শে মার্চ যখন আমরা চূড়ান্ত সিদ্ধান্ত নিই তখনই আমি তাকে খোলাখুলিভাবে বলতে সাহস পেয়েছি। তার সঙ্গে খোলাখুলিভাবে এই ব্যাটালিয়নের পরিস্থিতি ও আমাদের পরিকল্পনা সম্পের্ক আলোচনা না করার কতকগুলি কারনও ছিল।

(ক) লেঃ কর্নেল মাসুদ অপসারণ করে,২৫শে মার্চ বেলা ৪টায় লেঃ কর্নেল রকীবকে এই ব্যাটালিয়নের দায়িত্বভার গ্রহনের জন্য পাঠান হয়। লেঃ কর্নেল মাসুদকে আমরা যেভাবেই বিশ্বাস করতে পারতাম সেভাবে লেঃ কর্নেল রকীবকে বিশ্বাস করতে পারি নাই,কারন লেঃ কর্নেল মাসুদ এই ব্যাটালিয়নে প্রথম থেকেই আমাদের সঙ্গে যুক্ত ছিলেন এবং তার মনোভাবও আমাদের সবার জানা ছিল। কিন্তু লেঃ কর্নেল রকীব কমিশন পাওয়ার পর থেকেই পাঞ্জাব রেজিমেন্ট চাকুরিরত ছিলেন এবং ব্যাটালিয়নের প্রত্যেকের নিকট তিনি ছিলেন সম্পূর্ন অপরিচিত। এই অল্প সময়ের মধ্যে পরিস্থিতি সম্পূর্ন তার মনোভাব বুঝবার অবকাশ বা সুযোগ আমার হয়নি এবং তিনিও তার মনোভাব আমার নিকট প্রকাশ করেননি।

(খ) ১ মার্চ কারফিউ জারি করে পাকিস্তানী কর্তৃপক্ষ ঢাকার নিরীহ জনগনের উপর যে হত্যাযজ্ঞ চালিয়েছিল তাতে পাকিস্তানী যেসব ব্যাটালিয়ন অংশগ্রহন করে তার মধ্যে লেঃ কর্নেল রকীব সাহেবের ব্যাটালিয়ন ৩২ পাঞ্জাবও ছিল। ২৫ মার্চ যখন তিনি আমাদের ব্যাটালিয়নে আসেন আমি তাকে ১ মার্চের ঐ হত্যাযজ্ঞের কথা জিজ্ঞাসা করেছিলাম। তখন তিনি আমাকে বলেছিলেন এমন কিছু হয়নি; ব্যাটালিয়নের লোকজন দু'একটি ফাঁকা আওয়াজ করেছে মাত্র। এতে তার প্রতি আমার সন্দেহের সৃষ্টি হয়। তাই তার সঙ্গে মন খুলে কথা বলতে পারছিলাম না। ঐদিন ঢাকা শহরে যে কি ঘটেছিল তা নিশ্চয়ই আজও কেউ ভোলেনি।

রকীর সাহেব লিখেছেন ২৭ মার্চে সন্ধ্যায় তিনি উপলিব্ধ করেন যে আর এখানে থাকা সম্ভব নয়। তাই তিনি পাকিস্তানীদের পক্ষ ত্যাগ করার সিদ্ধান্ত নেন এবং এ ব্যাপারে পরিকল্পনা গ্রহন করেন। তার বর্ণনা অনুসারে তার পরিকল্পার কার্যকারিতা শুরু হয় পরদিন সকাল ১০টা থেকে অথাৎ ২৮ মার্চ সকাল ১০টা থেকে।

তিনি নিজেই লিখছেন এই ব্যাটালিয়নের একজন অবাঙ্গালী অফিসার কাজেম কামাল ও আমি ছাড়া বাকি সবাই ছিল তার কাছে অপরিচিতি। আশ্চার্যের বিষয় এই যে এমন একটি সম্পূর্ন অজানা ও অচেনা পরিবেশে কি করে তিনি এত বড় পরিকল্পনা একাই করে ফেললেন! আর ২৭ মার্চ সন্ধ্যায় তিনি আমাদের ডেকে বললেন-'পরিস্থিতি এখন অসহ্য, আমাদের এখান থেকে বেরিয়ে যেতে হবে।' আর আমরাও তার কথা মেনে নিয়ে ময়মনসিংহের দিকে রওয়ানা দিলাম।

২৮ মার্চের যে বর্ণনা তিনি দিয়েছেন তার উপর মন্তব্য করা আমার পক্ষে ঠিক হবে না, কারণ ঐদিন সকাল ১০টায় আমি জয়দেবপুর থেকে ময়মনসিংহের দিকে রওয়ানা হয়ে যাই। সেদিনের ঘটনাবলীর সঠিক বিবরণ তারাই দিতে পারবে যারা ঐদিন তার সঙ্গে ছিল। যেমন মেজর মইন, ক্যাপ্টেন নাসিম,ক্যাপ্টেন আজিজ,ক্যাপ্টেন এজাজ এবং সেকেণ্ড লেফটেন্যান্ট ইব্রাহিম প্রমুখ।

তিনি তার নিবন্ধের এক জায়গায় লিখেছেন-' এ সময় আমি যথেষ্ট চিন্তিত ও উদ্বিগ্ন ছিলাম। কারনসমূহ ছিল (১) মেজর শফিউল্লাহ টাঙ্গাইল পৌঁছালেন কিনা এবং আগে কি করছেন তার খবর তখন পর্যন্ত পাই নাই।...।'এ অংশের উপর আলোচনা করতে গিয়ে লিখতে হয় যে, ঐ সময় দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্ট জয়দেবপুর,গাজীপুর,রাজেন্দ্রপুর, টাঙ্গাইল ও ময়মনসিংহে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে ছিল। আমাদের শক্তি বৃদ্ধির

জন্য আমরা চাচ্ছিলাম ছড়িয়ে থাকা অংশগুলিকে সরিয়ে নিয়ে জায়গায় সংঘবদ্ধ হতে। ময়মনসিংহকেই সবাই একত্রিত হওয়ার উপযুক্ত জায়গা হিসেবে বেছে নিয়েছিলাম এবং সেখানে ব্যাটালিয়নের অন্যান্য অংশ কখন কিভাবে পৌঁছাবে তার একটা পরিকল্পনা গ্রহন করি এবং এই পরিকল্পনা অনুযায়ী ব্যাটালিয়নের কিছু অংশ নিয়ে আমি জয়দেবপুর থেকে সকাল ১০টায় ময়মনসিংহের দিকে রওয়ানা হয়ে যাই। আর বাকী অংশ ঐদিনই সন্ধ্যা সাড়ে সাতটায় জয়দেবপুর থেকে রওয়ানা হওয়ার কথা ছিল। আমি বুঝতে পারছি না, চলে আসার পর রকীব সাহেব আমার জন্য কেন এত উদ্বিগ্ন ছিলেন। ময়মনসিংহে আমি তো শত্রুও মোকাবেলা করতে যাইনি যে আমার জন্য তিনি উদ্বিগ্ন থাকবেন। উদ্বিগ্ন আমি ছিলাম যে ব্যাটালিয়নের অন্যান্যরা নিরাপদে বেরিয়ে আসতে পারল কিনা। তার উদ্বেগের প্রধান কারণ হওয়া উচিত ছিল কিভাবে ব্যাটালিয়নের বাকী সবাইকে নিয়ে নিরাপদে ময়মনসিংহে পৌছানো যায়।

২৯ মার্চ ভোরে যখন ব্যাটালিয়নের সবাই আমার সঙ্গে মুক্তাগাছায় মিলিত হয়, তখন আমি তাদের জিজ্ঞাসা করি কমান্ডিং অফিসার সাহেব কোথায়? তখন অনেকে আমাকে এই কথাই বলেছে যে তারা রাজবাড়ি থেকে বেরিয়ে আসার সময় অফিসার্স মেসের ব্যালকনিতে সি-ও সাহেব ও ক্যাপ্টেন নকভীকে (একজন অবাঙ্গালী অফিসার) দাঁড়িয়ে থাকতে দেখেছে। কি পরিস্থিতিতে রকীব সাহেব ঐ জায়গায় রয়ে গেলেন সে ব্যাপারে তিনি যে বিশ্লেষণ দিয়েছেন সেটা কি সত্যের অপলাপ নয়? আমাদের পূর্ব পরিকল্পনামত ২৮ মার্চ সন্ধ্যা সাড়ে সাতটায় জয়দেবপুর, গাজীপুর ও রাজেন্দ্রেপুর থেকে একই সময় সবাইকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ করে ময়মনসিংহের দিকে রওয়ানা হওয়ার কথা ছিল। রকীব সাহেব এই সময়সূচী পরিবর্তন করে সাড়ে আটটা কেন করেছিলেন তা তিনি লেখেননি।

তার নিজের কথা অনুযায়ী সাড়ে আটটায় রাজবাড়ী থেকে বেরিয়ে যাওয়ার কথা তখন পর্যন্তও তিনি যেখান থেকে বেরিয়ে যাওয়ার জন্য প্রস্তুত ছিলেন না এবং ৮ টা ৪২ মিনিটে তিনি তার কামরায় চলে যান এবং সেখানে গিয়ে অপেক্ষা করতে থাকেন, যে কেউ এসে সঙ্গে করে নিয়ে যাবে। যেখানে তার ৮টা ৩০ মিনিটে জয়দেবপুর ছেড়ে চলে যাওয়ার কথা সেখানে তিনি ৮টা ৪২ মিনিটে তার কামরায় ফিরে গেলেন কেন? এটাই কি তার ব্যাটালিয়নের সঙ্গে যাওয়ার লক্ষণ ছিল?

ক্যাপ্টেন নকভীর হাতে সারা রাত আটকে থাকার যে বর্ণনা তিনি দিয়েছেন সেটাও কি গ্রহণযোগ্য? তার নিশ্চয়ই মনে থাকার কথা যে সেই অনিশ্চিত দিনগুলিতে আমরা সর্বক্ষণই সশস্ত্র থেকেছি, কখনও নিরস্ত্র অবস্থায় থাকিনি। সেদিনের সে অনিশ্চয়তা ও সঙ্কটময় সময়ে তার সঙ্গে অস্ত্র না থাকাই কি অস্বাভাবিক ছিল না?

তার নিকট আমার আরও জিজ্ঞাস্য যে, গোলাগুলির মুখে যখন এই ব্যাটালিয়নের সবাই চলে আসতে পারল তখন কেন চলে আসতে পারলেন না ব্যাটালিয়ন কমাণ্ডার? পাকিস্তানীরা তো জয়দেবপুর রাজবাড়ি ঘেরাও করেছিল ২৯ মার্চ দুপুরের পর। আমাদের সঙ্গে মিলিত হওয়ার ঐকান্তিকতা যদি সেদিন সত্যি তার থাকত তাহলে ২৮ মার্চের সারারাত ও ২৯ মার্চের দুপুর পর্যন্ত সময়টুকু কি যথেষ্ট ছিল না? ২৯ মার্চের ভোরে যখন রাজবাড়ীতে পাকিস্তানী বিমান বাহিনী স্ট্রাফিং ও বোমাবর্ষণ করছিল তখনও কি তিনি পারলেন না এই পরিস্থিতির সুযোগ নিতে?

২৯ মার্চ দুপুরের পর ঢাকা থেকে সেনাবাহিনী এসে জয়দেবপুর রাজবাড়ী ঘেরাও করে ও রকীব সাহেবকে বন্দী করে নিয়ে যায় এবং তৎকালীন পশ্চিম পাকিস্তানে পাঠিয়ে দেয়ার পূর্ব পর্যন্ত অন্যান্য বাঙ্গালী অফিসারদের ন্যায় তাকেও সেলে রাখা হয়। ঐ সময় সেলে থাকাকালীন সময়ে অন্যান্য বাঙ্গালী অফিসারদের ভাগ্যে যখন নানা প্রকার লাঞ্ছনার শেষ ছিল না তখন তার প্রতি কর্তৃপক্ষের সদয় ব্যবহারের কারণ কি ছিল? অন্যান্য বাঙ্গালী অফিসারদের যখন পশুর মত ছোট একটি সেলে গাদাগাদি করে রাখা হয়েছিল তখন তার থাকার জন্য কেন বিশেষ ব্যবস্থা করা হয়েছিল? এসবের জবাব কি তিনি দিতে পারবেন?

রকীব সাহেব তো তার দীর্ঘ নিবন্ধে কোথাও এ কথা লেখেননি যে তৎকালীন পশ্চিম পাকিস্তানে তাকে নিয়ে যাওয়ার পর পাকিস্তানীরা কি ব্যবস্থা নিয়েছিল? তিনি তো একথা লেখেননি যে তৎকালীন পশ্চিম পাকিস্তানে নিয়ে যাওয়ার পর তাকে আবার পাঞ্জাব ব্যাটালিয়নের কমাণ্ড দেয়া হয়েছিল।ব্রিগেডিয়ার মজুমদার, লেঃ কর্নেল মাসুদ,লেঃ কর্নেল জলিল, লেঃ কর্নেল ইয়াসিন আরও অনেককেই তো কমাণ্ড থেকে অপসারিত করে তৎকালীন পশ্চিম পাকিস্তানে নিয়ে যাওয়া হয়েছিল। তারা তো কেউ তাদের কমাণ্ড আর ফিরে পাননি। উপরন্তু যাদের উপর যে অমানুষিক ও পৈশাচিক অত্যাচার চালান হয়েছিল তার চিহ্ন তো আজও তাদের অনেকের শরীরে রয়ে গেছে।

লেঃ কর্নেল রকীবের উপর আমার ব্যক্তিগত কোন ক্ষোভ বা বিদ্বেষ নেই। কিন্তু তার নিবন্ধের উপর কিছু আলোকপাত করতে গিয়ে আমাকে যেসব কথা লিখতে হল সেজন্য আমি দুঃখিত। একবার ভেবেছিলাম যে এ নিবন্ধের উপর কোন মন্তব্য করব না, করা উচিত নয় কিন্তু পরে ভেবে দেখলাম যে প্রতিবাদ না করলে অসত্য সত্য হয়ে থাকবে। তাই আমাকে লিখতে হল।

জয়দেবপুর-তেলিয়াপাড়ার প্রতিরোধ যুদ্ধ

সাক্ষাৎকারঃ **ক্যাপ্টেন গোলাম হেলাল মোরশেদ খান***

২৫ শে মার্চ সকালে ঢাকা ক্যান্টমেন্ট এবং টঙ্গী টেলিফোনে এক্সচেঞ্জের সঙ্গে যোগাযোগ করি এবং খবরাখবর নিই। জয়দেবপুরের জনসাধারন তখন দারুণভাবে উত্তেজিত। তারা টেলিফোনে আমাদের যুদ্ধে অংশগ্রহন করার জন্য দারুণভাবে চাপ দিতে থাকে। দুপুর বারটার সময় টঙ্গী টেলিফোনে এক্সচেঞ্জের মাধ্যমে জানতে পারি যে, পাঞ্জাবী কমাণ্ডো ব্যাটালিয়নের কিছু সাধারণ পোশাকধারী সৈন্য টঙ্গী ব্রীজ দখল করে জনসাধারণের উপর গোলাগুলি চালাচ্ছে। তখন আমরা বুঝতে পারি এবং দখল করে জনসাধারণের উপর গোলাগুলি চালাচ্ছে। তখন আমরা বুঝতে পারি এবং ধারণা করি যে পরবর্তী আক্রমণ হয়তবা আমাদের উপর করবে।

রাত্রে আমরা পাঞ্জাবীদের দ্বারা আক্রান্ত হবো মনে করে জয়দেবপুর প্যালেসের চতুর্দিক পরিখা খনন করে পাহারা দিই। আমি কর্তব্যরত থাকাবস্থায় রাত প্রায় সাড়ে বারোটার সময় ঢাকা থেকে টেলিফোন গেল এবং সে টেলিফোন করেছিলেন লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খান স্বয়ং। তিনি আমার অফিসার কমান্ডিং লেঃ কঃ রকীবকে ডাকতে বলেন। আমি লেঃ কঃ রকীবের সঙ্গে টেলিফোনে আলাপ করি এবং লেঃ জেঃ টিক্কা খানের টেলিফোনের কথা জানাই। লেঃ কর্নেল রকীব অফিসে আসবার পূর্বেই পুনরায় টিক্কা খানের এডিসি টেলিফোনে করেন। তিনি আমার কাছে জয়দেবপুর অর্ডন্যান্স ফ্যাক্টরীর খবর জানতে চান। অর্থাৎ জয়দেবপুর অর্ডন্যান্স ফ্যাক্টরী জনসাধারণ আক্রমণ করে অস্ত্রশস্ত্র নিতে পারে। কাজেই তাকে রক্ষা করার জন্য আমরা কিরূপ ব্যবস্থা গ্রহণ করেছি সে কথা জানতে চান। তার জবাবে আমি বললাম যে জয়দেবপুর অর্ডন্যান্স ফ্যাক্টরীর খবর পুরাপুরি জানি না। তবে আমাদের সঙ্গে দু'টি অয়ারলেস সেট আছে। তাদের সঙ্গে যোগাযোগ করে পরিস্থিতির কথা জানাব। এমন সময় লেঃ কর্নেল রকীব আমার অফিসে চলে আসেন এবং আমি তাঁকে টিক্কা খান ও তার এডিসির টেলিফোনের কথা জানালাম। তিনি তখন আমাকে একজন অফিসারের নেতৃত্বে এক প্লাটুন সৈন্য জয়দেবপুর অর্ডন্যান্স ফ্যাক্টরীতে পাঠাতে বলেন এবং অর্ডন্যান্স ফ্যাক্টরীতে খবর দিতে বলেন। আমি তার নির্দেশমত কাজ করলাম। কিছুক্ষণ পর কয়েকজন অফিসার আমার ডিউটি কক্ষে আসলেন। তাঁদের সঙ্গে সারারাত পরিস্থিতির উপর আলোচনা হয়।

২৫শে মার্চ সকাল আটটায় রেডিওতে সামরিক আইনের ঘোষণা শুনি। এর পর থেকে আমরা সবাই অত্যন্ত চিন্তিত হয়ে পড়ি এবং কি করতে পারি সে বিষয়ে আলোচনা করি। এবং শেষ পর্যন্ত সিদ্ধান্তে পৌঁছলাম যে

*১৯৭১ সালের মার্চে ২য় বেঙ্গল রেজিমেন্টে লেফটেন্যান্ট হিসাবে কর্মরত ছিলেন। বাংলা একাডেমী দলিলপত্র থেকে সংকলিত সাক্ষাৎকারটি ১৯৭৩ সালে গৃহীত।

আমরা জয়দেবপুর থেকে বেরিয়ে পড়ব। কিন্তু বেরিয়ে যাওয়ার পূর্বে আমরা অর্ডন্যান্স ফ্যাক্টরীতে দুই প্লাটুন সৈন্য এবং রাজেন্দ্রপুর এম্যুনিশন ডিপোতে এক প্লাটুন সৈন্যের কথা চিন্তা করি এবং তাদেরকে কিভাবে আমাদের মাঝে আনতে পারি সে বিষয়ে চিন্তা করি। এভাবে ২৬শে মার্চ জয়দেবপুর কাটাই।

২৭শে মার্চ সকালে আমরা সবাই মিলে লেঃ কর্নেল রকীবকে কিছুটা জোর করে অয়ারলেসে ময়মনসিংহে অবস্থিত কোম্পানীকে জানাতে বললাম যে, তারা জনসাধারণের সঙ্গে যোগ দেয় এবং সম্মিলিতভাবে কাজ করে। লেঃ কর্নেল রকীব তখন অয়ারলেসে ময়মনসিংহে মেজর (বর্তমানে লেঃ কর্নেল) নূরুল ইসলামকে আমাদের কথা জানাতে বাধ্য হলেন এবং তাদেরকে জনসাধারণের সঙ্গে মিশতে বলেন।

২৮শে মার্চ ক্যাপ্টেন (বর্তমান মেজর) আজিজকে সকালে পাঠানো হল রাজেন্দ্রপুর ''এম্যুনিশন ডিপোতে'' এবং সেখানে তিনি গিয়ে আমাদের বাঙ্গালী কোম্পানীকে খবর দেবেন কিভাবে তারা বের হয় এবং আমাদের পাওয়া মাত্র যেন বের হয়। এ খবর নিয়ে ক্যাপ্টেন আজিজ চলে গেলেন।

সকাল দশটার সময় ৪টা ট্রাক ও ৩টা জীপ নিয়ে আমরা এক কোম্পানী অগ্রসর হলাম ময়মনসিংহের দিকে। আমি টাঙ্গাইল থেকে গেলাম। পুরা কোম্পানী নিয়ে মেজর শফিউল্লাহ ময়মনসিংহ চলে যান। যাবার পথে বহু লোক পথের মধ্যে হাত তুলে ও 'জয় বাংলা' ধ্বনি দিয়ে আমাদেরকে স্বগত জানায়।

আমি টাঙ্গাইল পৌঁছেই জানতে পারলাম যে টাঙ্গাইলে অবস্থিত বাঙ্গালী কোম্পানী পূর্বেই জনসাধারণের সঙ্গে যোগ দিয়ে কাজ শুরু করেছে। তখন আমার সঙ্গে কাদের সিদ্দিকী আলাপ করতে আসেন। কাদের সিদ্দিকীর সঙ্গে কিছুক্ষণ আলাপ করার পর কয়েকটি গাড়ী সংগ্রহ করার প্রতিশ্রুতি দিল।

আমি আমার কোম্পানীর সৈন্যদের নিকট গিয়ে তাদেরকে আমার আয়ত্তে নিলাম। উক্ত কোম্পানীর কোম্পানী কমাণ্ডার ছিলেন মেজর কাজেম কামাল (পাঞ্জাবী)। তাঁকে আশ্বাস দিয়ে বললাম ভয় না করার জন্য। সন্ধ্যায় ডাকবাংলোতে কাজেম কামালের সঙ্গে কিছুক্ষণ আলাপ করি। পরে আমি আমার ড্রাইভার ও গার্ডকে নিয়ে জীপে রাস্তায় বেরুলাম জয়দেবপুর থেকে আমাদের কোম্পানী আসছে কিনা দেখবার জন্য। কিছুদূর যাবার পর অনেক দূরে একটি গাড়ীর আলো দেখতে পাই। মনে হল আমাদের সৈন্যরা জয়দেবপুর থেকে আসছে। আমি ডাকবাংলোতে ফিরে আসছি এমন সময় ডাকবাংলোতে গোলাগুলির শব্দ শোনা গেল। সোজা ডাকবাংলোতে না পৌঁছে আমি আমার সুবেদারকে ডেকে ব্যাপারটি জিজ্ঞেস করলাম। সুবেদার বললো, স্যার কিছু না, সব ঠিক আছে। গোলাগুলি শেষ হবার পর ডাকবাংলোয় গিয়ে দেখি মেজর কাজেম কামাল ও তার সাথে আরও ৫/৭ জন পাঞ্জাবী সৈন্য আহত ও নিহত অবস্থায় পড়ে রয়েছে। প্রকৃতপক্ষে মেজর কাজেম কামাল ও তার পাঞ্জাবী সৈন্যরা আমার অনুপস্থিতিতে পালানোর চেষ্টা করে এবং গুলি শুরু করে। আমাদের সৈন্যরা পাল্টা গুলি করলে তারা আহত ও নিহত হয়। এমন সময় আমাদের জয়দেবপুরের সৈন্যরা টাঙ্গইল পৌঁছে।

জয়দেবপুরের সৈন্যরা টাঙ্গাইল পৌঁছলে তারা আমাকে আমার কোম্পানীসহ ময়মনসিংহের দিকে অগ্রসর হতে বলে এবং তারাও মযমনসিংহের দিকে রওনা দেয়। আমি তখন নিহত পাঞ্জাবী সৈন্যদের সরিয়ে ফেলার জন্য জনসাধারণকে অনুরোধ করি। আমার গাড়ী তখনও সংগ্রহ না হওয়ায় আমি নিজেই কয়েকটি গাড়ী তাড়াতাড়ি সংগ্রহ করি। তখন রাত প্রায় তিনটা। আমি আমার সৈন্যদের নিয়ে ময়মনসিংহের দিকে অগ্রসর হই। রাস্তায় অনেক ব্যারিকেড থাকায় বেশী দূর অগ্রসর হতে পারলাম না।

২৯শে মার্চ ভোরে আমরা মুক্তাগাছার কাছাকাছি পৌঁছলাম। আমাদের পূর্বে জয়দেবপুর থেকে যে সেনাদলটি ময়মনসিংহ রওনা দিয়েছিল তারাও মুক্তাগাছায় পৌঁছেছিল। তারা ময়মনসিংহের দিকে রওনা দেয়। আমি মুক্তাগাছাই রয়ে গেলাম। মধুপুরেও কিছু সৈন্য ছিল। সকাল দশটার দিকে মেজর নূরুল ইসলাম ময়মনসিংহ

থেকে টেলিফোনে বললেন....আমাদের পিছনে ফেলে যাওয়া কালিহাতী ব্রীজ উড়িয়ে দিতে। আমি মেজর নূরুল ইসলামকে বললাম ব্রীজ উড়ানোর মত তেমন কোন এক্সপ্লোসিভ নেই। কেননা তখন আমার নিকট আশি পাউণ্ড এক্সপ্লোসিভ ছিল। তা দিয়ে সম্ভব হলে আমি চেষ্টা করবো। আমি কালিহাতী ব্রীজ উড়িয়ে দেওয়ার জন্য পিছনে ফিরলাম। কালিহাতী ব্রীজ উড়ানোর জন্য পরিকল্পনা নিচ্ছিলাম। এমন সময় কাদের সিদ্দিকী সেখানে পৌঁছেন এবং তাঁকে আমরা টাঙ্গাইলে ফেলে আসাতে দুঃখ প্রকাশ করি। গ্রামের ও আশেপাশের লোকজন তখন অনেক জমা হয়েছে। তারা আমার ব্রীজ উড়ানোর কথা শুনে আপত্তি করেন। কেননা চতুর্দিকে গ্রাম ছিল। পাঞ্জাবীরা তাদের অত্যাচার করবে, এ জন্য গ্রামবাসী ব্রীজ উড়ানোর পক্ষে মত দেন নাই। আমার নিকটও অল্প এক্সপ্লোসিভ থাকায় ব্রীজ উড়ানো সম্ভব হল না, কাদের সিদ্দিকী আমার কাছে একটা পিস্তল চাইলেন। কিন্তু পিস্তল না থাকায় তাকে দিতে পারলাম না। তারপর সেখান থেকে সোজা ময়মনসিংহ রওনা দিই। বিকেল ৩টা থেকে ৪টার মধ্যে ময়মনসিংহে পৌঁছলাম। ময়মনসিংহে চতুর্দিকে বাংলাদেশের পতাকা উড়ছিল। আমরা পাঁচটা কোম্পানী তখন ময়মনসিংহে একত্রিত হয়েছি। সেখান থেকে আমাদের অপারেশন পরিকল্পনা শুরু করি। মেজর শফিউল্লাহ তখন আমাদের কমান্ডিং অফিসার। সেখানে জনসাধারণ ও নেতৃবৃন্দ উচ্চপদস্থ সরকারী কর্মচারীদের সঙ্গে আমরা আলোচনা করি।

৩০শে মার্চ ২য় বেঙ্গল রেজিমেন্টের অফিসার ও সৈন্যরা ময়মনসিংহে ছিলাম। এই সময়ের মধ্যে বিভিন্ন জায়গায় খবর পাঠাই ও যোগাযোগ করি। সীমান্ত এলাকার সমস্ত ইপিআরদের খবর দিই সীমান্ত এলাকা ছেড়ে ময়মনসিংহে পৌঁছার জন্য। ২য় বেঙ্গল রেজিমেন্ট ময়মনসিংহ থেকে পাকিস্তানী সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহণ করেছে এ খবর বিভিন্ন জায়গায় পাঠাই। অয়ারলেসের মাধ্যমে চট্টগ্রামের খবর পাই। চট্টগ্রামের ৮ম বেঙ্গল রেজিমেন্ট ও ইপিআর-এর সঙ্গে পাকিস্তনী সৈন্যদের যুদ্ধ চলছে, সে সমস্ত খবর আমরা পাই। রাজশাহী, পাবনা, বগুড়ার সঙ্গে আমরা যোগাযোগ করি। এবং জানতে পারি যে রাজশাহী, পাবনা, বগুড়ায় পাঞ্জাবী সৈন্যরা দারুণভাবে মার খেয়েছে। এ সময়ের মধ্যে বহু ইপিআর ও সাবেক সৈন্য আমাদের সঙ্গে যোগ দেয়। একজন সুবেদারের কমাণ্ডে এক কোম্পানী সৈন্য পাঠানো হল মধুপুর গড়ে-পাকিস্তানী সৈন্যরা ময়মনসিংহের দিকে অগ্রসর হচ্ছে কিনা তার খোঁজখবর নিতে এবং অবলম্বন করতে। তারপর আমরা সিদ্ধান্ত নিলাম ২য় বেঙ্গল রেজিমেন্টের সমস্ত সৈন্য নিয়ে ট্রেনে নরসিংদী হয়ে ঢাকার দিকে অগ্রসর হবো। এমন সময় খবর পেলাম কুমিল্লার ৪র্থ বেঙ্গল রেজিমেন্ট কুমিল্লা থেকে ব্রাহ্মণবাড়িয়া পৌঁছেছে। তখন আমরা দুটি বেঙ্গল রেজিমেন্ট একত্র হওয়ার সিদ্ধান্ত নিই এবং ঢাকার দিকে অগ্রসর না হয়ে ময়মনসিংহ থেকে ট্রেনে ভৈরব রওনা হলাম ৩১শে মার্চ রাতে। পুরা ২য় বেঙ্গল রেজিমেন্ট ভৈরব ও কিশোরগঞ্জ পৌঁছলাম ১লা এপ্রিল।

ক্যাপ্টেন (বর্তমানে মেজর) মতিয়ূর রহমানের কমাণ্ডে ইপিআর-এর একটা কোম্পানী পাঠান হলো নরসিংদীতে। মেজর (বর্তমানে কর্নেল) খালেদ মোশররফ ব্রাহ্মণবাড়িয়া থেকে একজন অফিসার পাঠালেন ভৈরবে। ভৈরব থেকে তিনি কিশোরগঞ্জ চলে গেলেন মেজর শফিউল্লাহর সঙ্গে কথা বলতে। সিদ্ধান্ত হলো আমাদের ব্রাহ্মণবাড়িয়া যাওয়ার। আমরা ব্রাহ্মণবাড়িয়া পৌঁছালাম। চট্টগ্রাম থেকে মেজর (বর্তমানে ব্রিগেডিয়ার এবং ডেপুটি চীফ অব স্টাফ, বাংলাদেশ আর্মি) জিয়াউর রহমানকে সিলেটের তেলিয়াপাড়া পৌঁছার কথা বলা হলো। এবং আমরা ২য় এবং ৪র্থ বেঙ্গল রেজিমেন্টের সমস্ত সৈন্য তেলিয়াপাড়ার দিকে অগ্রসর হবার কথা জানালাম।

আমরা ২য় বেঙ্গল এবং ৪র্থ বেঙ্গল তেলিয়াপাড়া পৌঁছলাম। ২য় বেঙ্গল রেজিমেন্টের এক কোম্পানী আশুগঞ্জ পাঠান হয়। অন্য আর এক কোম্পানী সিলেট চলে যায়। আমি আলফা কোম্পানী অর্থাৎ আশুগঞ্জে পৌঁছি ৩রা এপ্রিল। আমার সঙ্গে অফিসার ছিলেন ক্যাপ্টেন নাসিম। ক্যাপ্টেন নাসিম ছিলেন কোম্পানী কমাণ্ডার,আর আমি ছিলাম সেকেণ্ড-ইন-কমাণ্ড। এখানে আমরা প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলি। জনসাধারণ আমাদেরকে যথাসাধ্য সাহায্য করেন। কিছু আনসার ও মোজাহিদ রিক্রুট করি। কিছু নিয়মিত সৈন্যসহ এক প্লাটুন সৈন্য পাঠাই লালপুরে (আশুগঞ্জ থেকে দেড় মাইল দক্ষিণ দিকে)।

আনুমানিক ৮ই অথবা ৯ই এপ্রিল পাকিস্তান সেনাবাহিনী নরসিংদী দখল করে নেয়। ১৬ই এপ্রিল ভোরে ৫টার সময় পাকিস্তানী বিমান বাহিনী হঠাৎ আশুগঞ্জে আমাদের উপর বোমাবর্ষণ শুরু করে ৬টা স্যাবর জেট দ্বারা। সৈন্য বাহিনীর সঙ্গে আমাদের তখন তুমুল যুদ্ধ চলছে। পাকিস্তানী সৈন্য ভৈরব ব্রীজের পশ্চিম দিকে ছিল এক ব্যাটালিয়ান। এক কোম্পানী প্যারাস্যুটে নামিয়ে দেয় আশুগঞ্জ শহরে। অন্য একটি ব্যাটালিয়ন পাঠায় লালপুর। সকাল আটটার সময় আমরা তিনদিক থেকে পাকিস্তানী সৈন্যদের দ্বারা আক্রান্ত হই। তখন তুমুল যুদ্ধ শুরু হয়েছে। বেলা তিনটে পর্যন্ত যুদ্ধ অনবরত চলতে থাকে। আমাদের ১০/১২ জন সৈন্য ঐ যুদ্ধে শহীদ হন। ১৫/১৬ জন আহত হন। আমি এবং মেজর নাসিমও সামান্য আহত হই। অন্যপক্ষে পাকিস্তানী এক প্লাটুন সৈন্য যুদ্ধে নিহত হয়।

মেজর কে এম শফিউল্লাহকে জানালাম আমাদের পরিস্থিতি। তিনি আমাদেরকে সৈন্য তুলে নেওয়ার কথা বললেন। আমরা সৈন্য তুলে নিয়ে তালশহরে যাই। তালশহরে পৌঁছবার পর ব্রাহ্মণবাড়ীয়ায় মেজর শফিউল্লাহর সঙ্গে যোগাযোগ করি। এমন সময় একজন মুক্তিবাহিনীর ছেলে একটা হোণ্ডা নিয়ে আমাদের কাছে আসে। আমি উক্ত হোণ্ডায় ব্রাহ্মণবাড়ীয়ার মেজর শফিউল্লাহর সঙ্গে সাক্ষাৎ করার জন্য যাই। কেননা আমি তখন আহত। মেজর শফিউল্লাহর সঙ্গে সাক্ষাৎ করি। তিনি আমাকে তেলিয়াপাড়া যাবার পরামর্শ দেন। আমি ঐদিন সন্ধ্যায় তেলিয়াপাড়া হেডকোয়ার্টারে পৌঁছি।

তেলিয়াপাড়ায় আমাকে জানানো হলো মাধবপুরে ডিফেন্স দেওয়ার জন্য। ব্রাহ্মণবাড়িয়া ও তেলিয়াপাড়ার মাঝখানে মাধবপুর। মাধবপুরে ২৫শে এপ্রিল আমরা আবার ডিফেন্স তৈরি করি। এবং শাহবাজপুর ব্রীজ ভেঙ্গে দিই। আমি অত্যন্ত অসুস্থ হওয়ায় আগরতলা হসপিটালে চলে যাই। হসপিটালে দু'সপ্তাহ থাকতে হয়। ১লা মে আমি আবার তেলিয়াপাড়া পৌঁছি। তখনও মাধবপুরে আমাদের ডিফেন্স ছিল। পাকিস্তানী সেনাবাহিনী তখন শাহবাজপুর পর্যন্ত পৌঁছেছে। তেলিয়াপাড়ায় মেজর শফিউল্লাহ আমাকে এক প্লাটুন সৈন্য নিয়ে শাহবাজপুর পাঠান পাকিস্তানী সৈন্যদের রেইড করার জন্য। তেলিয়াপাড়া থেকে মাধবপুর হয়ে শাহবাজপুর পৌঁছতে আমার এক রাত দুই দিন লেগে যায়।

ময়মনসিংহ-ঢাকা সিলেটের সশস্ত্র প্রতিরোধ যুদ্ধ

সাক্ষাৎকারঃ **মেজর এম, এ, মতিন***

১২-৪-৭৩

২৯শে মার্চ ২য় বেঙ্গল জয়দেবপুর থেকে ময়মনসিংহ হয়ে মেজর শফিউল্লাহর নেতৃত্বে কিশোরগঞ্জে আসে। মেজর মইনুল হাসান, মেজর নূরুল ইসলামও ছিলেন। আমি তাদের সাথে দেখা করে আলোচনা করে সিদ্ধান্ত নিই স্বাধীনতা যুদ্ধে যোগ দেবার জন্যে। তখনই বাড়ি গিয়ে মা-বাবা কে বলে চলে আসি। পাকবাহিনী কি করে আমাদের সবার খবর পেয়েছিল। বিকাল সাড়ে পাঁচটার দিকে পাক বিমান এসে ভৈরবের ওখানে বোমা ফেলে এবং কিশোরগঞ্জের উপর দিয়ে উড়ে যায়।

রাত ১টার দিকে ব্রাহ্মণবাড়িয়ার দিকে রওনা হই। আমরা সংখ্যায় ৮০০'র উপরে ছিলাম। সেকেণ্ডে বেঙ্গলের পুরা ব্যাটালিয়নসহ বিস্তর অস্ত্রশস্ত্র নিয়ে যাত্রা করি।

৩০শে মার্চ ভোরে ব্রাহ্মণবাড়িয়া পৌঁছাই। ওখান থেকে তেলিয়াপাড়া চা বাগানে (সিলেট) যাই সকাল ৮টার দিকে। ওখানে মেজর খালেদ মোশাররফ আগে থেকেই ছিলেন। মেজর মোশাররফ চতুর্থ বেঙ্গল রেজিমেন্ট নিয়ে ছিলেন। ৩১শে মার্চ পর্যন্ত ওখানে ছিলাম। দুটি বেঙ্গল রেজিমেন্টের হেডকোয়ার্টার ওখানে করি। দুটি

*১৯৭১ সালে ক্যাপ্টেন হিসাবে কর্মরত ছিলেন। সাক্ষাৎকারটি বাংলা একাডেমীর দলিলপত্র থেকে সংগৃহীত।

বাহিনী মিলে আলাপ আলোচনা করে কাজ করার সিদ্ধান্ত নেওয়া হয়। ঐ তারিখে বিএসএফ-এর অফিসারবৃন্দ আমাদের হেডকোয়ার্টারে আসে এবং আশা-ভরসা দেয় সম্ভাব্য সব কিছু সাহায্য দেবার জন্য। কর্ণেল শফিউল্লাহ মেজর জিয়াউর রহমানের সাথে আলাপ করেন এবং ক্যাপ্টেন এজাজের নেতৃত্বে দ্বিতীয় বেঙ্গলের একটি কোম্পানীকে জিয়াউর রহমানের সাহায্যার্থে পাঠানো হয় চট্টগ্রামের দিকে। অপরদিকে ক্যাপ্টেন আজিজুর রহমানের নেতৃত্বে সেকেণ্ড বেঙ্গলের অপর একটি কোম্পানীকে সিলেট পাঠানো হয়।

এপ্রিল মাসের ১/২তারিখে কর্নেল শফিউল্লাহর নির্দেশ অনুযায়ী মেজর মতিউর রহমানের নেতৃত্বে তৎকালীন ইপিআর বাহিনী নিয়ে নরসিংদী পাকবাহিনীর মুখোমুখি হয়। ব্যাপক যুদ্ধ হয়। পাক বাহিনীর বহু লোক মারা যায়। অপরদিকে মুক্তিবাহিনীও কিছু লোক হারায়।

ক্যাপ্টেন এ,এস,এম নাসিমের আর একটি দলকে কর্নেল শফিউল্লাহ আশুগঞ্জে (কুমিল্লা) পাঠান পাকবাহিনীকে প্রতিরোধ করার জন্যে ১লা এপ্রিলের দিকে। ইপিআর বাহিনী ১০০ মত এবং বেঙ্গল রেজিমেন্টের ২৫/৩০ জন লোক নিয়ে একটি কোম্পানী গঠন করে ব্রাহ্মণবাড়িয়া মহকুমার সরাইলে পাঠানো হয় রিজার্ভ হিসাবে। সরাইলে গিয়ে আধুনিক অস্ত্রশস্ত্র শিক্ষা দেবার জন্যে একটি ট্রেনিং সেন্টার খুলি।

১৩ই এপ্রিল আমার উপর হুকুম হলো আশুগঞ্জের সংলগ্ন লালপুরে যাবার জন্যে শত্রুর মোকাবিলা করতে। ব্রাহ্মণবাড়িয়া স্টেশনে পৌঁছে আমার বাহিনী নিয়ে আমরা আলোচনা করছি এমন সময় পাক বাহিনীর ৪টি স্যাবর জেট দেড় ঘন্টা যাবৎ আক্রমণ চালায়। আমার বাহিনীর অনেকে মেশিনগান নিয়ে বাড়ির ছাদে গিয়ে আক্রমণ চালায়। বিমান স্টেশন থেকে চলে যায়। ওখানে আমরা মহসিন নামে একজন সিপাইকে হারাই। রাতে আমরা রওনা হয়ে আশুগঞ্জ পৌঁছাই। মেজর নাসিমের সাথে আলাপ করে লালপুরে যাই। রাত ৪টার দিকে লালপুরে পৌঁছাই।

১৪ই এপ্রিল পাক বিমান আশুগঞ্জ ও লালপুরে গোলাবর্ষণ করে। সকাল সাড়ে নয়টার দিকে পাক বাহিনী জলযানে করে গুলি করতে করতে আসে।ভারী অস্ত্র ব্যবহারের দরুন আমাদের বেশ কিছু লোক হারাতে হলো।পাক বাহিনী তীরে উঠে পড়লে আমরা পিছু হটতে থাকি। ঐদিন আশুগঞ্জ ও লালপুরে পাক বিমান ব্যাপকভাবে বোমাবর্ষণ করে। আমরা পিছু হটি, সেখানেও টিকতে পারিনি। ইতিমধ্যে আমাদের পেছনে হেলিকপ্টারে করে পাক বাহিনী সৈন্য নামায়। সামনে পিছনে বিমান আক্রমণে টিকতে না পেরে পিছু হটি। ওখানে বেশ কিছু লোক হারাই। ১৫ই এপ্রিল কুমিল্লা জেলার শাহবাজপুরে পৌঁছাই। আমাদের দুটো বাহিনীর প্রায় ৪০ জনের মত মারা যায়। আশুগঞ্জ ও লালপুরে অধিকাংশ বাড়িঘর পুড়িয়ে সম্পূর্ণ ধ্বংস করে দেয়। লোকজনকে হত্যা করে মেয়েদের জোর করে ধরে নিয়ে যেতে থাকে। শাহবাজপুরে তিতাস নদীর উপরে ব্রীজ ভেঙ্গে ওখানে আমি অবস্থান করতে থাকি কর্নেল শফিউল্লাহর নির্দেশক্রমে। রাস্তাটি ব্রাহ্মণবাড়িয়া এবং সিলেটের মধ্যে যোগ ছিল।

১৭ই এপ্রিল সন্ধ্যা ৭/৮টার দিকে পাক বাহিনী এক ব্যাটালিয়ন আর্টিলারী ও অন্যান্য সব কিছু নিয়ে আক্রমণ চালায়, গানবোটও তাদের ছিল। সামনে আমাদের উপর তারা আক্রমণ চালায়। অপর পাক দল অন্য দিক থেকে নদীর পার হয়ে আক্রমণ করে। সারারাত যুদ্ধ হয়। আমার ৫ জন মারা যায়। পাক বাহিনীর বেশ ক্ষয়ক্ষতি হয়। আমরা পিছু হটে মাধবপুরে গিয়ে ঘাঁটি গড়ি। সেখানে ক্যাপ্টেন নাসিম তার দল নিয়ে ছিলেন। আমাদের ঘাঁটি দৃঢ় করি। কর্নেল শফিউল্লাহ দেখাশোনা করেন।

২১/২২ এপ্রিল পাক বাহিনী এক ব্রিগেড সৈন্য নিয়ে আমাদের উপর আক্রমণ চালায় বেলা ১২টার দিকে। তুমুল যুদ্ধ শুরু হয়। আর্টিলারী মর্টার নিয়ে আক্রমণ চালায়। আমাদের ২৫০ মত ছিল। এক পর্যায়ে হাতাহাতি যুদ্ধ হয়। পাক বাহিনীর ৪০০/৫০০ জন মারা যায় এবং ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। প্রধানতঃ যোগাযোগের অভাবে আমরা পিছু হটি সন্ধ্যা ৭টার দিকে। আমাদের ২০/২৫ জন মারা যায় ঐ যুদ্ধে। শেষ পর্যন্ত দুই কোম্পানীসহ তেলিয়াপাড়া পৌঁছাই। আমরা সিলেট হারালাম।

ময়মনসিংহ ও অন্যান্য এলাকার সশস্ত্র প্রতিরোধ

সাক্ষাৎকারঃ ***সিপাই আফতাব হোসেন**

২৪-৭-১৯৭৪

ময়মনসিংহে খাকডোরে ইপিআর-এর ২ নং শাখা ছিল। উইং কমাণ্ডার ছিল ক্যাপ্টেন কমর আব্বাস (পঃ পাকিস্তানী), সুবেদার মেজর জিন্নত গুল (পাঠান), নায়েব সুবেদার খান বাহদুর, নায়েব সুবেদার হজরত খান, নায়েব সুবেদার রাজা বেলাল (পঃ পাকিস্তানী)।

২৬শে মার্চ ইপিআরকে আর্মস-এম্যুনিশন দেয়া হয় অনির্দিষ্টকালের জন্য। এবং উইং হেডকোয়ার্টারের চারিদিকে পরিখা-মরিচা খনন করার নির্দেশ দেয়া হয়। ঐদিনই দুপুরের পর হাজার হাজার স্থানীয় ছাত্র-জনতা দা, লাঠি, বল্লম প্রভৃতি নিয়ে ময়মনসিংহ ইপিআর হেডকোয়ার্টার ঘেরাও করার চেষ্টা করে। বাঙ্গালী সুবেদার সি-কোম্পানী কমাণ্ডার ফরিদ আহমদ ছাত্র-জনতাকে উদ্দেশ্য করে মেগাফোনে বলেন যে, আপনারা চলে যান। উল্লেখ করা যেতে পারে যে ২য় বেঙ্গল রেজিমেন্টের সি কোম্পানী কমাণ্ডার মেজর নূরুল ইসলামের কোম্পানীও উইং হেডকোয়ার্টারের গ্রাউণ্ডে তাঁবুর মধ্যে ছিল। মেজর নুরুল ইসলামও মাইকে জনতাকে চলে যেতে বলেছিলেন। কিছুক্ষণ পর জনতা চলে যায়।

২৭শে মার্চ দুপুরের পর আমাদের উইং কমাণ্ডার কমর আব্বাস সমস্ত ইপিআরকে অফিসের সামনে মাঠের মধ্যে একত্রিত করেন। তারপর সমস্ত ইপিআর-এর উদ্দেশে ভাষণ দেন। সামরিক আইনের কয়েকটি বিধিনিষেধ তিনি আমাদেরকে পড়ে শোনালেন এবং বলেন, এখন থেকে দুইজনের মধ্যে কোন আলাপ-আলোচনা করা চলবে না, যদি কেউ করে আমি নিজে গুলি করে তাকে মেরে ফেলব। কোন বাঙ্গালী যদি কোন অপপ্রচারে লিপ্ত হয় তাহলে ' মেরা পহেলা গুলি উসকা সিনাকে সিনাছে নিকাল যায়েগি।'

২৭শে মার্চ বিকেল বেলায় আমি, সিপাই ইদ্রিস রেডিওতে খবর শুনলাম যে ঢাকাতে পিলখানা, রাজারবাগ পাকিস্তানী সৈন্যদের নিয়ন্ত্রণে। তখন আমি সিপাই নান্নুকে (১৪৩৬৮) বললাম যে ঢাকাতে পাকিস্তানী সৈন্যরা বাঙ্গালীদের উপর আক্রমণ চালিয়েছে। আমাদের নিকট থেকে হয়ত অস্ত্রশস্ত্র জমা নিয়ে নিতে পারে। এক বিন্দু রক্ত থাকতে অস্ত্রসমর্পণ করব না বলে নান্নুকে বললাম। তার কিছুক্ষণ পর নায়েক সুবেদার খান বাহদুর (পাঠান) এবং পাকিস্তানী হাবিলদার আজিম আমাদের ৭নং প্লাটুনে আসলেন এবং স্বয়ংক্রিয় সমস্ত অস্ত্রশস্ত্র জমা দেবার নির্দেশ দেন এবং এরিয়ার বাইরে ডিউটিতে যেতে বলে। তখন আমি আর নান্নু বললাম, দস্তখত করে হাতিয়ার এবং এম্যুনিশন নিয়েছি। এক বিন্দু রক্ত থাকতে তা জমা দেব না। তারপর তারা চলে যায়। সন্ধ্যর সময় খানা খাবার জন্য সবাইকে ৫ মিনিট সময় দেয়া হয়। কিন্তু আমি হালকা মেশিনগান নিয়ে বসে রইলাম এবং নান্নু ও অন্যান্য সবাই খানা খেতে চলে যায়। হাবিলদার আজিমের সাথে আমার কথা কাটাকাটি হয়। আজিম আমাকে '' তোম তো আজকাল সাচ্চা কমাণ্ডার বন গায়া।'' বলে ঠাট্টা-পরিহাস করে। তখন আমি আজিমকে বলি যে, আমি বাঙ্গালী ছেলে। এটা বাংলাদেশ। আমার হাতে হালকা মেশিনগান আছে। এক্ষুনি এক ব্রাশ মেরে দেব। তখন খান বাহাদুর আমাকে অজুহাতে বন্দী করার চেষ্টা করে। তারপর সিপাহী নান্নু খানা খেয়ে চলে আসে। দুইজন একত্রে হবার দরুন আমাকে বন্দী করতে পারে নাই। তারপর সন্ধ্যা থেকে রাত ৮/৯ টা পর্যন্ত পাকিস্তানীরা আমাদেরকে উইং হেডকোয়ার্টারের পেট্রল ডিউটি করায়। ডিউটি শেষে সমস্ত ইপিআরকে এক জায়গায় জমা করে। উইং কমাণ্ডার কমর আব্বাস এবং সুবেদার মেজর জিন্নাত গুল আমাদেরকে উদ্দেশ্য করে বলে, 'জোয়ান লোগ রাত কো ডিউটি কাজ জরুরত নেহি হায়। তুম লোগ নিন্দ যাও।' তারপর সবাই ব্যারাকে চলে যায়।

* বাংলা একাডেমীর দলিলপত্র থেকে সংগৃহীত।

রাত প্রায় ১০ ঘটিকার সময় আমার ওস্তাদ লোকাস কুইয়া (খ্রীষ্টান) আমাদের ৭নং প্লাটুনকে উদ্দেশ্য করে যার যার সেন্ট্রি ডিউটি আছে তাদেরকে দাঁড়াবার জন্য বলে। কিন্তু কেউ ডিউটিতে দাঁড়ালেন না। তখন আমি লোকাস কুইয়াকে বললাম আজ রাতে আমি ও নান্নু ডিউটি করব হালকা মেশিনগান নিয়ে। আমি আর নান্নু দুইজন দুই দরজায় ডিউটির জন্য দুইটা হলকা মেশিনগান নিয়ে দাঁড়ালাম। তর কিছুক্ষণ পর পাকিস্তানী হাবিলদার সিকিউরিটি নজির বাদশাহ এবং এম,টি, প্লাটুনের হাবিলদার গোলাম হায়দার (পাকিস্তানী) দুইটা চীনা স্টেনগান নিয়ে আমার প্লাটুন হাবিলদার আজিমকে গোপনে কি যেন নির্দেশ দিয়ে যায়।

আমাদের ব্যারাকের সামনে পাঞ্জাব রেজিমেন্টের ১৪ নং ডিভিশনের (যারা ইলেকশন ডিউটিতে ময়মনসিংহ এসেছিল) এক প্লাটুন সৈন্য তাঁবুর মধ্যে ছিল। রাত প্রায় সাড়ে বারটার সময় হটাৎ একটা গুলির আওয়াজ শোনা গেল। তখন লাইনের ভেতরে যে কয়েকজন অবাঙ্গালী ইপিআর ছিল তাদেরকে গুলি করে মেরে ফেলা হয়। নান্নু তখন সাথে সাথে তার হালকা মেশিনগান দিয়ে বারান্দা থেকে পাঞ্জাব রেজিমেন্টের প্লাটুনের উপর ফায়ার আরম্ভ করে দেয়। বিহারী সিপাহী মমতাজের নিকট থেকে আমি একটি হালকা মেশিনগান উদ্ধার করি। এই গান বাঙ্গালী সিপাহী (১৫২৭৯) হারুনকে দিই। হারুনকে পাঞ্জাব রেজিমেন্টের প্লাটুনের উপর ফায়ার করার জন্য নির্দেশ দিই। সিপাই মোস্তফা (১২৫২৭)-কে একটি হালকা মেশিনগান দিই দোতলা-তেতলা থেকে সিড়িঁর পথ বন্ধ করার জন্য। তখন আমি উপরতলায় যত বাঙ্গালী ইপিআর ছিল সবাইকে উদ্দেশ্য করে বললাম, রাত্রি বেলায় বাঙ্গালী হোক বা অবাঙ্গালী হোক কেউ যেন নীচে নামার চেষ্টা না করে। যদি কেউ চেষ্টা করে তাকে গুলি করা হবে। তারপর পাঞ্জাব রেজিমেন্টের প্লাটুনের সাথে আমাদের সারারাত গুলি বিনিময় হয়। ভোর পর্যন্ত (২৮ শে মার্চ) পাঞ্জাব রেজিমেন্টের সমস্ত প্লাটুনকে ধ্বংস করা হয়।

২৮ মার্চ সকালবেলা আমি হারুনকে নির্দেশ দিলাম মেগাফোন দিয়ে শ্লোগান দেয়ার জন্যঃ নারায়ে তকবির-আল্লাহু আকবর, জয় বাঙ্গালীর জয়। আরো বললাম সবাই এখন উপরতলা থেকে নিচে নামতে পারে।

তারপর আমি সিপাই নান্নু, সিপাই মোস্তফা, সিপাই হারুন এবং আরো কয়েকজন সিপাই নিয়ে সুবেদার মেজর জিন্নাত গুলের কোয়ার্টার আক্রমণ করি । সেই কোয়ার্টারে দু'জন হাবিলদারসহ চারজন পাকিস্তানী জেসিও ছিল। আমরা বাঙ্গালীরা সবাই মিলে তাদের উপর ফায়ার করছিলাম। এমন সময় উইং কমাণ্ডার তার পার্টি নিয়ে পেছন দিক থেকে আমাদের উপর আক্রমণ করতে চেষ্টা করে। কিন্তু আমরা দেখে ফেলি। উইং কমাণ্ডার-এর পার্টির সাথে আমাদের গুলি বিনিময় হয়। তার পরই উইং কমাণ্ডার তার পার্টিসহ মুক্তাগাছার দিকে পালাতে চেষ্টা করে।

ময়মনসিংহ এবং টাঙ্গাইলের বাস রোড রেল লাইনের ক্রসিংয়ে উইং কমাণ্ডারের পার্টি পজিশন নেয়। তখন সিপাই নান্নু মিয়া ক্রলিং করে ক্যাপ্টেন কমর আব্বাসের নিকট চলে যায়। কমর আব্বাস নান্নুকে দেখে ফেলে এবং চীনা স্টেনগান নিয়ে নান্নুর উপর ব্রাশ ফায়ার করে। নান্নু পজিশন নেয়াতে তার গায়ে গুলি লাগে নাই। ক্যাপ্টেন কমর আব্বাস আবার অন্য ম্যাগাজিন গানের মধ্যে লাগাবার চেষ্টা করে। তার আগেই নান্নু ক্যাপ্টেন কমর আব্বাসকে গুলি করে মেরে ফেলে। এইভাবে তার সাথের সবাইকে গুলি করে মেরে ফেলা হয়। তার সাথে সাথেই চারদিক থেকে জনতা এসে তাদের মৃতদেহ নিয়ে যায় এবং মৃতদেহ টুকরো টুকরো করে প্রদর্শন করে ঘুরে বেড়ায়। তারপর আমরা আবার সুবেদার মেজরের পার্টিকে আক্রমণ করি। ২৮শে মার্চ বিকেল পাঁচটার সময় তারা আমাদের কাছে আত্মসমর্পণ করে। তারপর আমরা বাঙ্গালী ইপিআররা সুবেদার মেজরের পার্টিকে ময়মনসিংহ জেলে পাঠাই।

এখানে উল্লেখ করা যেতে পারে যে বেঙ্গল রেজিমেন্টের সি-কোম্পানী (২য় বেঙ্গল) অধিনায়ক মেজর নূরুল ইসলাম ও লেফটেন্যান্ট মান্নান রাত্রিবেলায় ব্রহ্মপুত্র নদের কিনারে সিএণ্ডবি'র ডাকবাংলোতে ছিলেন। যখন গোলাগুলি আরম্ভ হয় তখন আমাদের উইং কমাণ্ডার কমর আব্বাসের পার্টি মেজর নূরুল ইসলামের উপর ফায়ার

আরম্ভ করে দেয়। তখন তারা সেখান থেকে নদী সাঁতরিয়ে ওপারে চলে যান । বেঙ্গল রেজিমেন্টের কোম্পানী গোলাগুলির সময় ছত্রভঙ্গ হয়ে যায় এবং অনেকে শহরে চলে যায়। সামান্য কয়েকজন লোক ময়মনসিংহে আমাদের এরিয়ার মধ্যে পজিশনে থাকে এবং সকাল বেলায় আমাদেরকে সাহায্য করে।

সমস্ত পশ্চিম পাকিস্তানী ইপিআরদেরকে নিয়ন্ত্রণে আনার পর স্থানীয় জনসাধারণ আমাদের গোলাবারুদ, অস্ত্রশস্ত্র, জিনিসপত্র ময়মনসিংহ শহরের রাবেয়া স্কুলে নিয়ে যায় এবং আমাদের খাবার-দাবারের ব্যবস্থা করে। ২৯শে মার্চ আমরা ময়মনসিংহ ডিফেন্স নিয়ে থাকি। ইতিমধ্যে মেজর শফিউল্লাহ (সি-ইন-সি,বর্তমানে) জয়দেবপুর থেকে তাঁর লোকজন নিয়ে টাঙ্গাইল হয়ে ময়মনসিংহ আসেন। ৩০শে মার্চ সমস্ত ইপিআর এবং বেঙ্গল রেজিমেন্টের লোকজন নিয়ে মেজর শফিউল্লাহ, ক্যাপ্টেন মতিউর রহমান (ঢাকার রুপগঞ্জ থেকে এসে যোগ দিয়ে ইপিআর-এর চার্জ নেন) বাংলাদেশের পতাকা উত্তোলন করেন। মেজর শফিউল্লাহর নির্দেশে ক্যাপ্টেন মতিউর রহমানের নেতৃত্বে ট্রেনযোগে আমরা ঢাকার দিকে রওনা হই।

৩১শে মার্চ আমাদের দল ঢাকার নরসিংদী পৌঁছায়। নরসিংদী থেকে ক্যাপ্টেন মতিউর রহমান কয়েকশত ইপিআর নিয়ে ঢাকা জেলার ভাঙ্গা বাজারের নিকটে শতিলক্ষ্যা নদীর তীরে ডিফেন্স নেয় (১লা এপ্রিল); ২রা এপ্রিল আমাদের এক সেকশন (মুক্তিযুদ্ধের প্রথম গেরিলা পার্টি, ইপিআর-এর) নং ৩১৫৭ হাবিলদার আবদুল হাকিম, ১৪৩৬৮ সিপাহী নান্নু মিয়া, ১৫২৬৯ মোহাম্মদ আফতাব হোসেন, ১৫২৭৯ হারুনুর রশীদ, ১২৫২৭ নওয়াজ, ১৫৪৯২ মোহাম্মদ আনিসুর রহমান, ১৭৩০৮ আবদুর রাজ্জাক, মোহাম্মদ মফিজউদ্দিন, সাইদুর রহমান, আবদুল সাত্তার প্রমুখ ক্যাপ্টেন মতিয়ুর রহমানের নির্দেশে ঢাকা পৌঁছে। শার্ট-লুঙ্গি পরে আমরা একটা চীনা স্টেনগান, হালকা মেশিনগান পাঁচটা, বাকি ৩০৩ রাইফেল, অনেক গ্রেনেড ও এম্যুনিশনের বাক্স নিয়ে ২রা এপ্রিল রাত্রের বেলা ঢাকা শহরের নিকটে আমুলিয়া গ্রামে আসি।

যাত্রাবাড়ি প্রতিরোধঃ ৫ই এপ্রিল রাত আটটার সময় যাত্রাবাড়ি রোডে পাকসেনা বোঝাই একটা গাড়ীর উপর আক্রমণ চালাই। পুরো গাড়ী সম্পূর্ণরুপে ধ্বংস হয়ে যায়। সাথে সাথে ঢাকা এবং ডেমরার দিক থেকে পাকসেনারা অনেকগুলি গাড়ী নিয়ে ঘটনাস্থলের দিকে অগ্রসর হতে থাকে। সাথে প্লেন আসে এবং গোলাবর্ষণ করতে থাকে। আমরা আক্রমণ চালিয়েই সাথে সাথে আবার গ্রামে চলে যাই।

পাঁচদোনাতে প্রতিরোধঃ এপ্রিল মাসের ১১ তারিখ ঢাকার পাঁচদোনাতে আমাদের হেডকোয়ার্টার ডিফেন্স পাকিস্তানী সৈন্যরা আক্রমণ চালায়। এখানে তুমুল লড়াই চলে। এই লড়াই দু'দিন চলে। ক্যাপ্টেন মতিয়ার রহমান ও সুবেদার ফরিদের নেতৃত্বে যুদ্ধ চলে। এই যুদ্ধে ৪০০/৫০০ পাকসেনা হতাহত হয়। ২০/২৫টা গাড়ী সম্পূর্নরুপে ধ্বংস হয়ে যায়। তার পরদিন ঢাকা সেনানিবাস থেকে বিপুল সৈন্য পাঁচদোনাতে আবার আমাদের উপর হামলা চালায় এবং তিন দিক থেকে ঘেরাও করে ফেলে। হেলিকপ্টার দিয়ে পেছনে ছত্রীসৈন্য নামাতে থাকে। পাকসেনাদের প্রচণ্ড আক্রমণে টিকতে না পেরে বাঙ্গালী মুক্তিযোদ্ধা ও ইপিআররা ছত্রভঙ্গ হয়ে যায়। ছত্রভঙ্গ হয়ে তারা ভারতের আগরতলাতে চলে যায়। সেখানে তারা ৩নং সেক্টরে যোগদান করে।

মনোহরদীতে গেরিলা অপারেশনঃ আমাদের উপরে উল্লিখিত গেরিলা পার্টি ঢাকার মনোহরদী থানা এলাকায় যায়। প্রায় এক মাস মনোহরদীতে গেরিলা অপারেশন চালাবার পর এপ্রিল মাসের শেষ সপ্তাহে ঢাকা জেলার পাটুলী গ্রামে সিরাজ মিয়ার বাড়িতে হঠাৎ করে আমাদের পার্টির দু'জনের পায়ে গুলি লাগে (দুর্ঘটনায়) । এতে পুলিশের মোহাম্মদ আবদুল হক (গ্রাম-নিলক্ষীয়া, ডাকয়র-দুলালকান্দী থানা-রায়পুর ঢাকা) ও মুজাহিদ আবদূল সালাম (গ্রাম-দুলালকান্দি থানা রায়পুর) মরে যান।

কাটিয়াদী থানা অপরেশনঃ ১৯৭১ সনের মে মাসে আমার দল নিয়ে ময়মনসিংহ জেলার কাটিয়াদী থানা অপারেশন করি। এর আগের দিন সেনারা কাটিয়াদী থানার আশেপাশে ঘরবাড়ি জ্বালিয়েছিল এবং গ্রামের

বেশ কয়েকজন নিরীহ লোককে হত্যা করেছিল। তারা গ্রামে ঢুকে লুটতরাজ, অগ্নিসংযোগে লিপ্ত হয়েছিল। থানার বাঙ্গালী পুলিশদের কেউ কেউ খানসেনাদের সাথে সহযোগিতা করেছিল। তারও লুটতরাজে লিপ্ত ছিল। সিপাহী হারুনকে আমি রেকি করতে পাঠিয়েছিলাম। হারুন গিয়ে দেখে খানসেনারা লুটতরাজ-অগ্নিসংযোগ করে চলে গেছে। বাঙ্গালী পুলিশ ও অফিসাররা লুটতরাজ করে এক ধনী হিন্দুবাড়ি থেকে টাকা-স্বর্ণ নিয়ে যাচ্ছে। সিপাহী হারুন তাদেরকে বাধা দেয় এবং বলে যে আপনারা বাঙ্গালী হয়ে বাঙ্গালীর উপর অত্যাচার করছেন। তখন হারুনের উপর তারা ওসি'র নির্দেশে ৭ রাউণ্ড ফায়ার করে। সে কোনরকমে তার সাইকেল ফেলে চলে আসে। তখন ঐ দিন রাতেই আমরা কাটিয়াদী থানার উপর আক্রমণ করি। ভোরবেলায় বাঙ্গালী ও-সি' কে গুলি করে হত্যা করা হয়। ঘাতক পুলিশ পালিয়ে যায়। এখানে থেকে ১৭টি রাইফেল ও প্রচুর গোলাবারুদ উদ্ধার করি।

সিপাই মোঃ আফতাব হোসেন, নং ১৫২৬৯
বাংলাদেশের রাইফেলস, সেক্টর হেডকোয়ার্টার
কুটিবাড়ি, দিনাজপুর।

শত্রুর প্রচণ্ড চাপে মনতলার পতন*
মেজর এম, এস, এ ভূঁইয়া

মে মাসের শেষের দিক। তেলিয়াপাড়া পতনের পর ক্যাপ্টেন নাসিম (বর্তমানে মেজর) সিলেটের পাকিস্তানী এলাকা মনতলায় প্রতিরক্ষা ব্যূহ রচনা করেন। মেজর মঈন প্রতিরক্ষা অবস্থান গ্রহণ করেন হরশপুর এবং মুকুন্দপুরে। ঐ দিক থেকে শত্রুর প্রবল হামলার আশংকা থাকায় আমাদের দু'ধারের পজিশন মধ্যবর্তী স্থানে প্রতিরক্ষ ব্যবস্থা সুদৃঢ় করার জন্য পাঠানো হলো। আমার সাথে দেয়া হলো ৫০ জন জোয়ান। সঙ্গে অস্ত্র দেওয়া হলো একটি ভারী মেশিনগান, ৭টি হালকা মেশিণগান এবং বাকীগুলি রাইফেল। জায়গার তুলনায় আমার সাথে লোকসংখ্যা এবং অস্ত্রের পরিমাণ ছিল নগণ্য। এত অল্পসংখ্যক লোক দিয়ে আমাকে প্রায় আড়াই মাইল ফরোয়ার্ড লাইন কভার করতে হয়েছিল। আমাদের মিলিটারী ট্রেনিং অনুযায়ী এত বিরাট এলাকা কভার করা ছিল অকল্পনীয়।

যা হোক, এই অল্পসংখ্যক লোক নিয়েই আমি মনতলা থেকে গিলাতলী এবং তারপর ইখতেয়ারপুর গ্রাম পর্যন্ত কভার করলাম। অবশ্য আমার অসুবিধা টের পেয়ে আমাকে আরও ২০ জন লোক দেওয়া হয়। এই ২০ জনের মধ্যে অনেকেই ছিলেন বিমান বাহিনীর লোক। সুতরাং পদাতিক বাহিনীর ধ্যান-ধারণা সম্পর্কে তাদের ধারণা খুব স্পষ্ট ছিল না। আমি যাওয়ার আগেই শত্রুরা সেখানে আক্রমণ চালিয়েছিল। কিন্তু তাদের আক্রমণ কার্যকর হয়নি। প্রত্যেক বারই তাদের আক্রমণ ব্যাহত হতে লাগল। বাধ্য হয়ে শত্রুরা তাদের সংখ্যাবৃদ্ধিতে ব্যাপৃত হল। শত্রুবাহিনী দিনের বেলা কয়েকবারই আমাদের উপর আক্রমণ চালালো। প্রথমে তারা আমাদের প্রতিরক্ষা ব্যূহের ডাক দিয়ে আক্রমণ চালায়। আমি এবং মেজর নাসিম প্রতিরক্ষা ব্যূহের ডান দিকে দুটি ভারী মেশিনগান রেখেছিলাম। ফলে শত্রুর পক্ষের আমাদের অবস্থান ভেদ করে ভেতরে প্রবেশ করা সম্ভব হল না। একদিন দিনের বেলায় আক্রমণের সময় শত্রুবাহিনীর প্রচুর ক্ষয়ক্ষতি সাধিত হলো। শত্রুঅনেক মৃতদেহ পিছনে ফেলে রেখে হটে যেতে বাধ্য হলো।

আরেকদিন শত্রুবাহিনীর সাথে আমাদের লড়াই হলো মুখোমুখি। এ সময়ে শত্রুর সৈন্যসংখ্যা ছিল বিপুল। শত্রুবাহিনীর সংখ্যাধিক্যে আমাদের জোয়ানরা কিছুটা ভড়কে গিয়েছিল। তাদের কেউ কেউ আমাদের কোম্পানী

*'মুক্তিযুদ্ধে নয় মাস' ১৯৭৪ গ্রন্থ থেকে সংকলিত।

তুলে নেওয়ার জন্যে পর্যন্ত পীড়াপীড়ি করেছিল। মনতলা পতনের শেষ দিন সন্ধ্যায় শত্রুবাহিনী এক ব্রিগেড এবং এক ব্যাটালিয়ন সৈন্য নিয়ে মেজর নাসিম, লেফটেন্যান্ট মোর্শেদ এবং আমার পজিশনের উপর ত্রিমুখী আক্রমণ চালাল। আমি সে সময়ে ছিলাম আমার কোম্পানী হেডকোয়ার্টারে। আমি যাচ্ছিলাম মনতলা রেলওয়ে লাইনের ডান পার্শ্বে যে দুটো সেকশন ছিল সেগুলো চেক করার জন্যে। পথে জনৈক বে-সামরিক ব্যক্তির কাছে জানতে পারলাম মনতলা রেলওয়ে স্টেশনে আমাদের কোন লোক নেই। তার কথা আমার বিশ্বাস হল না, বরং পাল্টা তার প্রতি আমার বিশেষ সন্দেহের উদ্রেক হল। আমি ঐ লোকটির সঙ্গে আমার দু'জন দেহরক্ষীকে দিয়ে মনতলার পজিশন চেক করার জন্য পাঠিয়ে দিলাম। ওদিকে শত্রুবাহিনী ছয়টি কামানের সাহায্যে আমাদের অবস্থানের উপর অনবরত গোলাবর্ষণ শুরু করে দিয়েছে। আমার পাঠানো দেহরক্ষী দু'জন ফিরে এসে জানালো, সত্যি সত্যিই ঐ পজিশনে আমাদের কোন লোক নেই। রাত তখন ৮টা বাজে।

সেদিনকার ঘটনার একটি সংক্ষিপ্ত বিবরণী দিচ্ছিঃ মেজর নাসিমের অবস্থানের উপর শত্রুবাহিনীর প্রায় এক ব্যাটালিয়ন সৈন্য আক্রমণ চালায়। এক ব্যাটালিয়নের সৈন্যসংখ্যা প্রায় ৮০০ শত। এই বিপুল সৈন্যের আক্রমণের মুখে মেজর নাসিম ও তাঁর সৈন্যদের অবস্থানে থাকা অসম্ভব হয়ে দাঁড়ায়। ফলে তিনি তাঁর কোম্পানী নিয়ে অবস্থান ছেড়ে চলে যেতে বাধ্য হন। মেজর নাসিম মেজর মঈনের কোম্পানীকে (পরে লেফটেন্যান্ট মোর্শেদের দ্বারা পরিচালিত) ফরোয়ার্ড লাইনে টেলিফোনের মাধ্যমে এই সৈন্য উঠিয়ে নেওয়ার সংবাদ জানান। আমার সাথে মেজর নাসিম এবং লেফ্টেন্যান্ট মোর্শেদ উভয়ের সাথেই কোন টেলিফোনে যোগাযোগ ছিল না। বাধ্য হয়ে মেজর নাসিম দুজন জওয়ান মারফত আমাকে এই সংবাদ পাঠান যে, শত্রুবাহিনীর আক্রমণ মারাত্মকভাবে বৃদ্ধি পেয়েছে। খবরে আরো বললেন যে, শত্রুত্রিমুখী আক্রমণ চালিয়েছে। মেজর নাসিম এবং লেফটেন্যান্ট মোর্শেদের সৈন্যদের পজিশন ছিল আমার উভয় পার্শ্বে। তাদের পজিশনে শত্রুপ্রচণ্ড আক্রমণ চালিয়েছিল। মেজর নাসিমের সৈন্যরা তুমূল লড়াই করে শত্রুর অগ্রগতিকে ব্যাহত কারার জন্য প্রাণপণ চেষ্টা করলেন। অবশেষে মেজর নাসিম নিজের ট্রুপস এবং আমার কোম্পানীর ২১ জন লোক ও সুবেদার মান্নানকে নিয়ে পঞ্চবটিতে অর্থাৎ কয়েক মাইল পেছনে সরে গেলেন। ওদিকে লেফটেন্যান্ট মোর্শেদও প্রাণপণ লড়াই করার পর তাঁর সৈন্যদের নিয়ে সরে পড়তে শুরু করেছেন। আমি এসবের কোন খবরই পাইনি। তদুপরি আমার প্রতিরক্ষা লাইন ছিল কোম্পানী হেডকোয়ার্টার থেকে আড়াই মাইল আগে।

আমার সে সময়কার মনের অবস্থা সহজেই অনুমেয়। আমি তখন বলতে গেলে কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েছি। রাত দশটার দিকে আমার হেডকোয়ার্টারের উপর প্রায় দশটা কামানের গোলা এসে পড়ল। আমাদের সংগ্রামী সৈনিকরা অনেকেই একেবারে নতুন। মাতৃভূমির স্বাধীনতার জন্যে তারা সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছে। তাদের অনেকেই জীবনে এই প্রথম কামানের গোলার আওয়াজ শুনলো। শত্রুডান দিক দিয়ে আমাদের উপর প্রচণ্ড চাপ দিয়ে যাচ্ছে। অধিকন্তু ফরোয়ার্ড ডিফেন্স লাইনে যারা ছিল তাদের উপর প্রচণ্ড চাপ এল। আমি হেডকোয়ার্টারে থেকে কারও সাথে যোগাযোগ করতে পারছি না। ফলে ফরোয়ার্ড ডিফেন্স লাইনে অর্থাৎ ইখতেয়ারপুর ও গিলাতলীতে যারা ছিল তাদের খবরও জানা সম্ভব হল না। কাসিমপুর রেলওয়ে স্টেশনের ওখানে আমার একটি অবস্থান ছিল। সেখানকার জেয়ানদের সংখ্যা ছিল প্রায় ১৫ জন। আমি তাদের ওখানে দু'জন রানার পাঠিয়ে দিলাম। কিন্তু শত্রুদের কামান থেকে তখন এমন অবিরামভাবে গোলা বর্ষিত হচ্ছিল যে কিছুদূর এগিয়ে যাওয়ার পর তারা থেমে যেতে বাধ্য হল।

রাত তখন দশটা বাজে। আমিও অবস্থান ত্যাগ করাই মনস্থ করলাম। সব জায়গায় লোক পাঠিয়ে তাদের জানিয়ে দিলাম, পরবর্তী অবস্থান এবং প্রতিরক্ষাব্যূহ রচিত হবে চৌমুহনীতে।

শত্রু তখন তিন দিক থেকে আমাদের উপর আক্রমণ চালিয়ে যাচ্ছে। আমি হেডকোয়ার্টার নিয়ে চৌমুহনীর দিকে রওনা হলাম। আমরা সবাই নিজ নজি অস্ত্রশস্ত্র এবং গোলাবারুদ সঙ্গে নিলাম। বাধ্য হয়ে আমরা সে সময়ে অনেক বেসামরিক লোককেও আমাদের অস্ত্রে বোঝা বহন কারার জন্যে সঙ্গে নিয়েছিলাম।

আমার বহিনীকে সরিয়ে নেওয়ার সময় অন্যান্য কয়েকটি দলও এস আমার দলের সঙ্গে যোগ দিল। শত্রুর অগ্রগতিকে বিলম্বিত করার জন্য হালকা মেশিনগানের সাহায্যে আমরা গুলি করতে থাকলাম। রাত দুটোয় এসে আমরা পৌঁছলাম চৌমুহনীতে। আল্লাহর রহমতে আমরা সবাই সেখানে এসে একত্রিত হলাম। আমাদের কোম্পানীর সমস্ত সৈন্যই ছড়িয়ে পড়াতে আমি ভীষণ উদ্বিগ্ন হয়ে পড়েছিলাম। সত্যি বলতে কি- আমার অবস্থা ছিল ঝড়ের সমুদ্রের ছিন্নপাল নৌকার মাঝির মত। এখন সবাইকে এক স্থানে পেয়ে আমি খোদার কাছে অশেষ কৃতজ্ঞতা প্রকাশ করলাম।

চৌমুহনীতে এসে আমি কোম্পানীর সবাইকে পেলাম সত্য, কিন্তু আবার নতুন বিপদের সম্মুখীন হলাম। হালকা মেশিনগান সজ্জিত আমার কয়েকটি সৈন্যদল গুলিবর্ষণ করে শত্রুসৈন্যদের অগ্রগতিকে বিলম্বিত করতে সক্ষম হলেও, শত্রুর পার্শ্ববর্তী অগ্রগতিকে বাধা দিতে সক্ষম হল না। আর শত্রুর সবদিকের অগ্রগতিকে ঠেকিয়ে রাখাও ছিল অসম্ভব-কারণ আমাদের সংখ্যাল্পতা। সংখ্যায় শত্রুসৈন্য ছিল আমাদের তুলনায় দশগুণ। ভারতীয় সীমানা থেকে চৌমুহনীর দূরত্ব মাত্র দুই মাইল। কিন্তু এই দুই মাইল রাস্তা সেদিন রাতে আমাদের কাছে অন্তহীন বলে মনে হয়েছিল।

রাতের শেষের দিক তখন। তখন ভোর চারটা। শত্রুরা শুধু গুলি করতেই এগিয়ে আসছিল না, তারা এগিয়ে আসছিল ঘরবাড়ি, গাছপালা জ্বালিয়ে জ্বালিয়ে।

ভোর সাড়ে চারটার দিকে তারা ভারতীয় সীমান্তের কাছাকাছি পৌঁছে গিয়েছিল। শত্রুবাহিনী তখন আমাদের পশ্চাদ্ভাগের ব্যূহ প্রায় ভেদ করে ফেলেছে। আমাদের বাহিনীর তিন দিক বেষ্টন করেছে তারা। সামনে, দক্ষিণে এবং বামে। তখন ঐ নিতান্ত ফাঁদে পড়া অবস্থার মধ্যেও আমরা মনোবল না হারিয়ে তিনদিকে হালকা মেশিনগানের সাহায্যে অবিরাম গুলি চালাতে লাগলাম। আমাদের প্রতিজ্ঞাঃ আমরা শত্রুদের কিছুতেই আমাদরকে ঘেরাও করতে দেব না। আমাদের হাতে তখন ছিল মর্টার আর ৫৬টা গোলা। নিরুপায় হয়ে শত্রুসৈন্যের উপর আমি মর্টার থেকে গোলাবর্ষণ শুরু করলাম। গোলার সংখ্যা কম হওয়াতে প্রতি দু-তিন মিনিট অন্তর শত্রুর অবস্থানের উপর গোলাবর্ষণ করছিলাম। সেদিন মর্টারটি আমাদের অবস্থান থেকে সরে আসতে বিধাতার আর্শীবাদের মত সাহায্য করছিল।

সূর্য ওঠার পর দেখতে পেলাম শত্রুরা আমাদেরকে সম্পূর্নভাবে ঘিরে ফেলার জন্য প্রাণপণ চেষ্টা করছে। প্রায় ১৪ ঘন্টা ধরে আমাদের সঙ্গে তাদের গোলাগুলি বিনিময় চলল। অবশেষে সকাল ৯টার দিকে আমরা সিদাই থানায় পৌঁছাতে সক্ষম হলাম।

নরসিংদী-আশুগঞ্জ সশস্ত্র প্রতিরোধ
ব্রিগেডিয়ার মোঃ মতিউর রহমান বীর প্রতীক*

সুবেদার মেজর সুলতানের আমলে আমার পরিচয় হয় ১৯৭১ সালের ১লা এপ্রিল নরসিংদীতে। আমি ২৫শে মার্চ ১৯৭১ সালে যশের সেনানিবাসের ২৫ বেলুচ রেজিমেন্ট ছেড়ে ২৭শে মার্চ ময়মনসিংহ পৌঁছি। ময়মনসিংহে ইপিআর-এর এক কোম্পানী নিয়ে নরসিংদী হয়ে ঢাকার দিকে অগ্রসর হই যুদ্ধ করার জন্য। ৩১শে মার্চ নরসিংদী পৌঁছি। সুবেদার মেজর সুলতান তখন ঢাকা থেকে সামান্য কয়েকজন লোকসহ নরসিংদী পৌঁছে এবং ১লা এপ্রিল আমার সাথে যোগ দেয়। ঢাকার লোকজন যখন মার খেয়ে দিশাহারা হয়ে শহর ছেড়ে পালাইতেছিল, তখন সুলতান সাহেব

* ১৯৭১ সালের মার্চে ক্যাপ্টেন পদে কর্মরত ছিলেন। বিবরণটি দৈনিক 'সংবাদ' ৩ মার্চ ১৯৮৩-এ প্রকাশিত 'সুবেদার মেজর সুলতান আহমদ বীরবিক্রম' শিরোনামে তাঁর রচিত প্রতিবেদন থেকে সংকলিত।

আমার সাথে কয়েকজন ইপিআর-এর লোকজন এবং ছাত্র ও জনতার সাথে যোগ দিয়ে ঢাকার পার্শ্ববর্তী এলাকায় ঢাকা-নরসিংদী সড়কের বিভিন্ন এলাকায় সম্মুখ-সংঘর্ষে দুর্ধর্ষ সাহস এবং শক্তিতে যুদ্ধ করেন। এরপর থেকে পুরো নয়টি মাস তিনি আমার সাথে সক্রিয়ভাবে যুদ্ধ করে যান। নয় মাসের তার এবং বাকী সহকর্মীদের ইতিহাস অনেক দীর্ঘ। সব লিখতে গেলে অনেক দীর্ঘ এক ইতিহাস হবে। আজকের এই লেখায়, আমি বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস লিখব না। শুধু বাংলাদেশ রাইফেলস-এর একটি বীরযোদ্ধার সামান্য একটু বলছি, তাতেই বুঝা যাবে বাংলাদেশ রাইফেলস-এর সংগঠন কত তীক্ষ্ণ এবং জাগ্রত।

ঢাকা-নরসিংদী সড়কে করইতলী, বাবুরহাট, পাঁচদোনা এবং অন্যান্য স্থানে সম্মুখ যুদ্ধের পর আমাদের নরসিংদী ত্যাগ করতে হয়।

১৩ই এপ্রিল সকালে আমরা আশুগঞ্জে পৌঁছানোর পর ২য় ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের এক কোম্পনীর ওখানে যাই। বিগ্রেডিয়ার নাসিম (তখন ক্যাপ্টেন) কোম্পানী কমাণ্ডার। তিনি আশুগঞ্জে প্রতিরক্ষা ব্যূহ রচনা করেছেন। আমার সাথে তখন ৪০/৫০ জন লোকে এবং সাথে শুধু ব্যক্তিগত অস্ত্রশস্ত্র আছে। তিনি আমাকে বললেন, আপনি ভৈরবের সামনে নরসিংদীর দিকে রামনগর রেলওয়ে ব্রীজের ওখানে যেয়ে প্রতিরক্ষা ব্যূহ রচনা করুন। পাকিস্তান আর্মির অগ্রগতিকে ওখানে রোধ করতে হবে। যতক্ষণ সম্ভব রুখতে হবে। অসম্ভব হয়ে পড়লে এখানে আসবেন, একসাথে মিলে যুদ্ধ করব।

আমরা ১৩ই এপ্রিল বেলা ৯টার দিকে রামনগর পুলের নিকট পৌঁছি। এলাকায় পৌঁছে লোকজনকে স্থান নির্ধারিত করার পূর্বেই দেখতে পেলাম রেল লাইন দরে পাকিস্তান আর্মি অগ্রসর হচ্ছে। বেলা ১০/১১টার দিকে তাদের সাথে আমাদের যুদ্ধ শুরু হয় । তারা সমস্ত দিন চেষ্টা করল, কিন্তু আর অগ্রসর হতে পারল না। পুরা রাত গোলাগুলি চলে। পরদিন সকাল ৬টা ৩০মিনিটের সময় ৬টা পাকিস্তানী স্যাবর জেট প্রথমে একবার উপর দিয়ে ঘরে গেল। ফেরত আসার পথে আমাদের এলাকাসহ আশুগঞ্জ ও ভৈরব বোমা ফেলে এবং স্ট্রাফিং শুরু করে। আমার সামনে তেকে যে পদাতিক বাহিনী এসেছিল তারা আরও একটু এগিয়ে এসে আমাদের উপর গুলিগোলা শুরু করে ব্যতিব্যস্ত রাখে। বাম দিকে মেঘনা নদীতে নৌবাহিনীর গানবোট থেকে নদীর পূর্বপার্শ্বে লালপুরে ব্রিগেডিয়ার আঃ মতিন (তখন ক্যাপ্টেন) ২য় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ১ প্লাটুন নিয়ে অবস্থান করছিল। আমাদের ওখানে আমাদের অবস্থানের উপর গোলাবর্ষণ শুরু করা হয়। তার সাতে ৬/৭টা হেলিকপ্টার দিয়ে সেনাবাহিনীর লোকজন আমাদের পিছনে ভৈরব, আশুগঞ্জের পিছনে এবং আমাদের ডান পার্শ্বের বিভিন্ন এলাকায় নামানো আরম্ভ করে। আমরা সম্মুখসমরে ব্যস্ত । তার সাথে দেখছি কি সুন্দর শক্তির প্রদর্শন। জলে, স্থলে এবং আকাশ থেকে আমাদের উপর আক্রমণ। দেখছি লোকজন বিমান বাহিনীর এবং সেনাবাহিনীর আক্রমণে ঘর ছেড়ে জীবন নিয়ে দিকশূন্য হয়ে পালাচ্ছে আর দাউ দাউ করে জ্বলছে বাড়ীঘর। আমরা সামান্য কিছু স্বাধীনতা সংগ্রামী চারদিক থেকে শত্রুদ্বারা বেষ্টিত।

পাকিস্তান বিমান বাহিনীর আক্রমণ ১১টা ৩০ মিনিট পর্যন্ত চলতে তকে। সাথে অন্যান্য বাহিনীর আক্রমণও চলতেই থাকে। আমাদের সাথে যা গোলাবারুদ ছিল তা দুই দিনের অনবরত যুদ্ধে শেষ হয়ে গেছে। ১৪ই এপ্রিল বিকেল ৩টার সময় ভাবছি কোন মতে ভৈরব পার হয়ে আশুগঞ্জে যেয়ে ২য় ইস্ট বেঙ্গল-এর কোম্পানীর সাথে মিশতে পারব কিনা । নিজেদের অবস্থান ঘুরে দেখলাম। কারো নিকট ২/৪ রাউণ্ড গুলি আছে। কেউ বা খালি হাতে বসা। কারণ যা কাঁধে করে আগের দিন নিয়ে এসেছিলাম তাই তো সম্বল ছিল, আর তো কেউ কিছুই দিয়ে যায়নি। বেলা ৩টা ৩০ মিনিটের সময় দেখতে পেলাম ইউনিফর্ম পরা একজন লোক পিছন থেকে আমার খুবই নিকট চলে এসেছে। তাকে মারতে মানা করলাম। উদ্দেশ্য, তাকে আত্মসমর্পণ করাবো। সে আত্মসমর্পণ করার পর দেখতে পেলাম সে আমাদের ২য় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের একজন জওয়ান। আশুগঞ্জের পিছনে হেলিকপ্টারে পাকিস্তান সেনাবাহিনীর লোক নামার পর এবং বিমান বাহিনীর আক্রমণে ক্ষয়ক্ষতি হওয়ার পর কোম্পানী নিজেদের স্থান ছাড়তে বাধ্য হয় । সে রাস্তা না পেয়ে এই দিকে এসেছে। মনে করেছে এই দিক দিয়ে

বিপদের আশংকা কম। ভাবলাম ওদের সাথে মিলে যুদ্ধ করার কথা ছিল, তা আর হলো না। এখন আমরা শেষ মুহূর্ত গুনছি। চারদিক থেকে পাকিস্তানী বাহিনী জাল গুটিয়ে আনবে আর আমাদের জীবিত ধরবে।

আরো যুদ্ধ চালিয়ে যাবার মত গুলিগোলা বলতে কিছুই নেই। লোক ক্ষুধায় কাতর। ১১ই এপ্রিল নরসিংদীর পতনের পূর্ব থেকে ১৪ই এপ্রিলের মধ্যে অনেকের বেলা সামান্য আহার জুটেছে। মানুষের জীবন তার অনুভূতির নিকট কত করুণ এবং কঠোর অনুভব হয় তখন হয়ত বুঝতে পেরেছি। আমি কমাণ্ডার হিসেবে তাদেরকে গুলিগোলা দিতে পারছি না যুদ্ধ চালিয়ে যেতে। খানা দিতে পারছি না ক্ষুধার জ্বালা মিটাতে। কেউ আমাদের সাহায্য করবে যুদ্ধ চালিয়ে যেতে এ রকম আশ্বাসও দিতে পারছি না। কারণ, তখনও জানি না কোথাও থেকে কেউ সাহায্য করবে কিনা, কে কোথায় যুদ্ধ করছে বা লোকজন যুদ্ধ করছে কিনা তাও জানি না।

বিকেল ৩টা ৩০ মিনিটে আমি মনস্থির করেছি এই স্থান আমাদের ছড়াতে হবে। খালি হাতে এখানে বসে মরার কোন অর্থ নেই। সুবেদার মেজর সুলতান (তখন নায়েক সুবেদার) সহ দু'জন আমার প্লাটুন কমাণ্ডার ছিলেন। আমি ব্রহ্মপুত্র নদের রামনগর ব্রীজের পার্শ্বে যেখানে আমার অবস্থান ছিল আসতে বললাম। প্লাটুন কমাণ্ডার আসার পর জিজ্ঞেস করলাম কি অবস্থা। তারা বলল, স্যার আপনি তো ঘুরে দেখে এলেন। জওয়ানরা প্রায় শূন্য হাতে বসা।

আমি বললাম, সুলতান সাহেব, মালেক সাহেব আমাদের এলাকা ছাড়তে হবে। খালি হাতে এখানে বসে মরার কোন অর্থ নেই । আমি কথাটা বলার সাথে সাথে দু'জনেই হাউমাউ করে শিশুর মত চীৎকার করে কেঁদে উঠল। বলল, স্যার কাপুরুষের মত পালিয়ে কোথায় যাব, দেশ কি স্বাধীন হবে না ? তাদের কান্নায় আমারও দুচোখে অশ্রু নেমে এলো। তাদের কান্নায় এবং আবেগে প্রায় ১৫/২০ সেকেণ্ডের মত মনে হল আমি আমার চিন্তাশক্তি হারিয়ে ফেলছি। মানুষের জীবনে অনেক স্মরণীয় মুহূর্ত থাকে। এই মুহূর্তটা আমার জীবনে কিভাবে মূল্যায়ন করব জানি না। অনেক সময় মৃত্যু বাঞ্ছনীয় হয়ে দাঁড়ায় কিন্তু তখন জীবন মনে হয় রাবার ইলাস্টিকের মত দীর্ঘই হয়।

একটু সুস্থির হয়ে বললাম, এখান থেকে চলে যাওয়ার অর্থ এই নয় আমরা আর যুদ্ধ করব না। আজকে যদি এই হত যে আমাদের ৪০/৫০ জনকে গুলি করে মারলে তারা আমাদের স্বাধীনতা দিবে তাহলে আমি আপনাদের কমাণ্ডার হিসেবে কথা দিচ্ছি আমিই প্রথম মরতাম। যুদ্ধ আমাদের চালিয়ে যেতে হবে যতদিন বেঁচে থাকব, যতদিন দেশ স্বাধীন না হবে। এখান থেকে চলে যেয়ে আমরা গোলাগুলি সংগ্রহ করব, আবার যুদ্ধ করব। এখন এখানে খালি হাতে বসে থাকলে আস্তে আস্তে জাল গুটিয়ে আনবে এবং আমাদের জীবিত ধরবে আর গুলি করে মেরে ফেলবে। বুঝিয়ে বলার পর মেনে নিল। বলল, স্যার আপনি আমাদের কমাণ্ডার, আপনি যা ভাল বোঝেন তা আমরা নিশ্চয় মেনে চলব। তবে স্যার, আপনি ছেলেদের বুঝায়ে বলেন কারণ তারা মানসিকভাবে অতি জেদি হয়ে আছে। প্রত্যেকটা অবস্থানে যেয়ে জওয়ানদের বুঝিয়ে বলে ছোট ছোট গ্রুপে বিভিন্নভাবে অবস্থান ত্যাগ করতে বললাম। বলে দিলাম ব্রাহ্মণবাড়িয়াতে যাও, শুনেছি ওখানে ২য় ইস্ট বেঙ্গল এবং ৪র্থ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট আছে। ওখানে যেয়ে যোগ দাও। আল্লাহ বাঁচিয়ে রাখলে আবার দেখা হবে। সুলতান সাহেব এবং মালেক সাহেবকেও তাদের লোকজনের পিছনে যাওয়ার হুকুম দিলাম। দু'জন আমার দু'কাঁধে মাথা রেখে শিশুর মত হাউ মাউ করে কাঁদল। একটা সৈনিকের এমনি এক পরিস্থিতির কান্না অনুভব করা যে কত হৃদয় বিদীর্ণকারী সে আমি বুঝেছি। যদিও এটা অতি ক্ষুদ্র ঘটনা, তবু আমার জীবনের একটা বিশেষ ক্ষণ। দু'জন বলল, 'স্যার, আপনি যাবেন না? ''আপনারা গেলে''।

ওরা চলে গেলে সমস্ত এলাকাটা ঘুরে দেখলাম এখনও কেউ বাকী আছে কিনা। সুলতান সাহেব যাওয়ার সময় বলে গেল, 'স্যার আপনার জন্য অপেক্ষা করব।''

সবাই চলে গেলে নিঃসঙ্গতা আর অবসাদ মনটাকে ছেয়ে ফেলল। জীবনটা মনে হচ্ছিল সত্যি খুব দীর্ঘায়িত হচ্ছে। এত গোলাগুলি হল, মরে গেলে তো রক্ষাই পেয়ে যেতাম। যাক আমি আমার কাহিনী লিখছি না, যাদের জন্য লিখছি ওখানেই ফিরে যাই। ১৪ই এপ্রিল রাতে যেয়ে কুলিয়ারচরে সুলতান সাহেব এবং তার সঙ্গী ১০/১৫ জন জওয়ানের সাথে দেখা। দেখে তাঁর কি আনন্দ। আমাকে বুকে জড়িয়ে ধরে হৈচৈ করে কিভাবে যে তিনি আনন্দ প্রকাশ করেছেন তা ঠিক বলতে পাবর না।

তারপর থেকে কোনদিন সুলতান সাহেব আমার থেকে আর বিচ্ছিন্ন হননি। প্রতিটি অপারেশনে তিনি আমার সাথে ছিলেন। সিলেটের নলুয়া চা বাগানে দিনের বেলায় আমরা যে এ্যামবুশ করি তার উপর সুলতান বীরবিক্রমে পদক পান। আখাউড়া আক্রমণের সাথে ছিলেন। তিনি বিভিন্ন স্থানে বিভিন্ন যুদ্ধে আমার সাথে ছিলেন।

সাটিয়াচড়ার যুদ্ধ*

টাঙ্গাইল শহর তখনও মুক্ত অঞ্চল। পশ্চিম পাকিস্তানের সৈন্যদের বর্বর আক্রমণের বিরুদ্ধে পূর্ববঙ্গের জেলায় জেলায়, শহরে ও গ্রামাঞ্চলে প্রতিরোধের সংগ্রাম শুরু হয়ে গিয়েছে। ভারতীয় বেতার মারফত রক্তপিপাসু পাক-সৈন্যদের হিংস্র আক্রমণ আর বাংলাদেশের সংগ্রামী মানুষদের গৌরবময় প্রতিরোধের কাহিনী প্রচারিত চয়ে চলেছে।

হামলাকারীদের দল তখনও টাঙ্গাইল জেলায় এসে পৌঁছাতে পারেনি। টাঙ্গাইল শহরে মুক্তির উৎসব চলেছে। রাজপথের দু'ধারে প্রতিটি ভবনে স্বাধীন বাংলাদেশের পতাকা উড়ছে। 'জয় বাংলা' সংগীতে সারা শহর মুখরিত। কিন্তু সমস্ত আনন্দ -উৎসবের পেছনে আসন্ন বিপদের কালো ছায়া। শহরের মানুষ হাসতে গিয়েও প্রাণখোলা হাসি হাসতে পারে না। আকাশবাণী নিত্য নতুন দুঃসংবাদ বহন করে নিয়ে আসছে, মুক্ত শহরগুলি একের পর এক পাক-সৈন্যদের অধিকারে চলে যাচ্ছে। তারপর সেই হিংস্র জল্লাদের দল সেই সমস্ত শহরের অধিবাসীদের নির্মমভাবে হত্যা করে চলেছে। এখনও ওরা ময়মনসিংহ জেলা ও টাঙ্গাইল জেলা থেকে দূরে আছে কিন্তু কতদিন তারা এভাবে থাকতে পারবে। দু'দিন আগেই হোক আর পরেই হোক ওরা এখানে এসে হামলা করবেই। সেদিন? সেদিন টাঙ্গাইলের মানুষ কেমন করে ওদের প্রতিরোধ করবে? কেমন করে নিজেদের স্বাধীনতা রক্ষা করবে?

আজ সারা বাংলাদেশের মানুষের মন স্বাধীনতার মন্ত্রে উদ্দীপ্ত। সারা প্রদেশের মানুষ কখনও এভাবে একতাবদ্ধ হয়ে ওঠেনি। টাঙ্গাইলের মানুষ-অতি সাধারণ মানুষও তাদের বাইরে নয়, তারাও তাদের সঙ্গে একতালে পা মিলিয়ে চলবার জন্য উন্মুক্ত। কিন্তু সেই সংগ্রামের প্রস্তুতি কোথায়? কোথায় অস্ত্র, কোথায় চালনার শিক্ষা ব্যবস্থা? কামান বন্দুকের বিরুদ্ধে তো আর লাঠি-সোঁটা বা বর্শা বল্লম নিয়ে যুদ্ধ করা যায় না। প্রতিরোধের দায়িত্ব সামনে আসতেই এই প্রশ্নটা সবাইকে ভাবিয়ে তুলেছে।

তবু তাদের যেটুকু সম্বল তাই নিয়ে তারা প্রতিরোধের জন্য তৈরী হচ্ছে। তাদের সামনের সারিতে আছে কিছুসংখ্যক ইপিআর বাহিনীর যোদ্ধা। স্থানীয় ছাত্র ও যুবকের তাদের কাছ থেকে রাইফেল চালানোর ট্রেনিং নিচ্ছে। অস্ত্রশস্ত্র বলতে ই,পি,আর বাহিনীর সৈন্যদের হাতে কিছু রাইফেল আছে। আর আছে গুটিকয়েক পুরানো ধরনের মেশিনগান। এই নিয়েই তারা আধুনিক মারণাস্ত্রে সুসজ্জিত, সুশিক্ষিত পাক-সৈন্যদের সাথে লড়াই করবে। এই দুই অসব শক্তি-সংর্ঘের পরিণতি কি হতে পারে, সেটা কি তারা অনুমান করতে পারে না? পারে বই কি। কিন্তু তার পরিণতি যাই হোক না কেন, প্রতিরোধে তারা তাদের

*সত্যেন সেন রচিত 'প্রতিরোধ সংগ্রামে বাংলাদেশ' আগস্ট ১৯৭১, কলিকাতা থেকে সংকলিত। জায়গাটি আসলে নাটিয়াপাড়া। ভূলক্রমে সাটিয়াচড়া বলে উল্লেখিত হয়েছে।

মাতৃভূমিকে শত্রুর হাতে তুলে দিতে পারবে না। সারা বাংলাদেশ জুড়ে যে প্রতিরোধের সংগ্রাম চলছে তারাও তার সঙ্গে সামিল থাকবে।

অবশেষে সেই আশঙ্কা একদিন সত্যসত্যই প্রত্যক্ষ সত্য হয়ে দেখা দিল। নিছক জনরব নয়, প্রত্যক্ষদর্শীদের মুখে শোনা গেল পাক-সৈন্যদল ট্রাকের পর ট্রাক বোঝাই করে টাঙ্গাইলের দিকে এগিয়ে আসছে। ঢাকা টাঙ্গাইল সড়কের দু'ধারে গ্রামগুলি তাদের হামলার ফলে বিপন্ন ও ব্যতিব্যস্ত। পাকসৈন্যরা এই সমস্ত গ্রামের নিরীহ অধিবাসীদের ঘরে ঘরে গিয়ে হানা দিচ্ছে, তাদের গরু-বাছুর কেড়ে নিয়ে এসে নিজেদের ভোজের উৎসব চালাচ্ছে। খাদ্যশস্য ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র লুটপাট করে নিয়ে আসছে। ঘরের মেয়েরাও তাদের লুণ্ঠনরত হাত থেকে অব্যাহতি পাচ্ছে না।

গ্রামের মানুষ প্রাণের ভয়ে আর মান-ইজ্জতের ভয়ে যে যেদিকে পারে পালাচ্ছে।

এইভাবে মানুষ নামধারী, এই হিংস্র পশুগুলি বিভীষিকা ছড়াতে চলে আসছে। ওরা ওদের রক্তাক্ত থাবা উদ্যত করে ছুটে আসছে টাঙ্গাইলের দিকে। টাঙ্গাইলের মানুষ হুঁশিয়ার। দেশপ্রেমিক সন্তানগণ, শত্রুর বিরুদ্ধে প্রতিরোধের জন্য তৈরী হও-সংগ্রাম পরিষদের প্রচার-ভ্যান ঘুরে ঘুরে মাইকযোগে উদ্দীপনাময়ী বাণী ছড়াতে লাগল। আক্রমণকারী পাক-সৈন্যবাহিনী প্রথম বাধা পেল সাটিয়াচড়া গ্রামে।

ইপিআর বাহিনীর সৈন্যরা পাঁচটি ট্রেঞ্চ কেটে তার মধ্যে আশ্রয় নিয়েছিল। পথের দু'ধারে ঝোপঝাড়ের আড়ালে রাইফেলধারী ছাত্র ও যুবকেরা পজিশন নিয়ে দাঁড়িয়েছিল। পাকসৈন্যরা এর আভাসটুকুও পায়নি। তারা নিশ্চিন্ত মনে এগিয়ে আসছিল। এখানে যে কোন ভয়ের কারণ আছে তা তারা ভাবতেও পারেনি। হঠাৎ তাদের চমকে দিয়ে কতকগুলি মেশিনগান ও রাইফেল গর্জে উঠল। বৃষ্টির মত ঝাঁকে ঝাঁকে গুলির ঘায়ে অপ্রস্তুত পাক-সৈন্যরা ধরাশায়ী হয়ে পড়তে লাগল। নির্জন ও শান্ত পল্লীপথ এক মুহূর্তে রক্তাক্ত রণক্ষেত্রে পরিণত হয়ে গেল।

প্রতিরোধকারী দেশভক্তরা বিপুলসংখ্যক শত্রুসৈন্যের বিরুদ্ধে একটানা লড়াই করে চলেছে। বেশ কিছুকাল এই লড়াই চলেছিল।

হামলাকারী পাক-সৈন্যরা মুক্তিযোদ্ধাদের কাছ থেকে কঠিন প্রতিরোধ পেয়ে একটু পেছনে হটে গেল। ইতিমধ্যেই তাদের শক্তি বৃদ্ধি করার পেছনে থেকে আরও অনেক সৈন্য পৌঁছে গেছে। এবার কামান-মর্টারের সজ্জিত ছাবিবশটি ট্রাক-বোঝাই সৈন্য সামনে এগিয়ে এল। মুক্তিযোদ্ধাদের দিকে লক্ষ্য করে তারা অবিরল ধারায় গোলাবর্ষণ করে চলল। তারা ভাবতেও পারেনি যে, মাত্র তেইশ জন ইপিআর-এর যোদ্ধা ট্রেঞ্চের ভিতরে থেকে তাদেরকে প্রতিরোধ করে চলেছে। তাদের সম্বল ছিল মাত্র দুটি হালকা মেশিনগান, আর কিছু রাইফেল। তাই দিয়েই তারা কামান আর মর্টারের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছিল।

জীবন পণ করে তারা শেষ পর্যন্ত যুদ্ধ করেছিল। কিন্তু এই প্রবল গোলাবর্ষণের মুখে এরা তাদের কতক্ষণ ঠেকিয়ে রাখবে। প্রতিরোধ যখন চুরমার হয়ে ভেঙ্গে গেল, তখন ট্রেঞ্চের এই তেইশ জন যোদ্ধার মধ্যে একুশ জন নিহত হয়েছে। কোথায় ছিল এদের বাড়িঘর কে জানে। কোথায় ছিল এদের বাপ-মা, ভাই-বোন, স্ত্রী আর ছেলেমেয়েরা! এরা কোথায় কিভাবে প্রাণ দিল, সেই বীরত্বপূর্ণ কাহিনী কোন দিন এদের কাছে পৌঁছাবে কিনা, তাই বা কে জানে!

লড়াই থেমে গেছে। এদের কামানগুলি কিন্তু তখনও গোলাবর্ষণ করেই চলেছে। এবার এদের আক্রমণের লক্ষ্য সাটিয়াচড়, গোড়াই আর তার আশেপাশের গ্রামগুলি। তাদের রকেটের আগুনে সেইসব গ্রামের ঘরবাড়ি পুড়ে ছাই হতে লাগল। এরপর গোলাবর্ষণ থামিয়ে ওরা ঘরে ঘরে চড়াও হয়ে হত্যালীলা চালিয়ে যেতে লাগল।

সামনে যাদের পেল তাদের কাউাকে রেহাই দিল না। তাদের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য গ্রামের লোকেরা যে যেদিকে পারল প্রাণ নিয়ে ছুটে পালাল।

সাটিয়াচড় গ্রামটি আমার কাছ অপরিচিত নয়। এই গ্রামেই আমার সহকর্মী ও বন্ধু বাকী সাহেবের (কৃষক নেতা খন্দকার আবদুল বাকী) বাড়ি। এই সাটিয়াচড়ে যাঁরা সেদিন পাকসৈন্যদের আক্রমণের বিরুদ্ধে এই প্রতিরোধ গড়ে তুলেছিলেন বাকী সাহেব তাঁদের অন্যতম। হামলাকারীরা বাকী সাহেবের বাড়িতে ঢুকে তাঁর আশি বছর বয়সের বৃদ্ধ পিতাকে বন্দুকের কুঁদা দিয়ে এমন আঘাত করল যে, তিনি জ্ঞান হারিয়ে মাটিতে লুটিয়ে পড়লেন।

বাড়িতে আর যারা যারা ছিল, এরা তাদের সবাইকে হত্যা করল।

সশস্ত্র প্রতিরোধঃ ময়মনসিংহ

শিরোনাম	সূত্র	তারিখ
৫। ময়মনসিংহ ও অন্যান্য এলাকার সশস্ত্র প্রতিরোধের বিবরণ	বাংলা একাডেমীর দলিলপত্র	..... ১৯৭১

ময়মনসিংহ শহর ও অন্যান্য স্থানের প্রতিরোধ

সাক্ষাৎকারঃ সুবেদার এ,কে,এম ফরিদউদ্দিন
১০-১-১৯৭৫

বিগত ১৯৭১ সালের প্রথম দিকে আমি আমার ইপিআর-এর 'সি' কোম্পানীসহ ২নং উইং হেডকোয়ার্টার ময়মনসিংহে ছিলাম।

২৫শে মার্চ তারিখে তৎকালীন প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের ঢাকা ত্যাগ, টিক্কা খানের রেডিও ভাষন ও আদেশ এবং পাক সামরিক বাহিনীর পিলখানা, রাজারবাগ আক্রমনের খবর ময়মনসিংহে পৌছার সাথে সাথে ময়মনসিংহের ইপিআর-এর বাঙ্গালী যুবকরা তাদের ভবিষ্যৎ বুঝিতে পারে। অন্য দিকে তৎকালীন ২নং ইপিআর উইং-এর কমাণ্ডার ক্যাপ্টেন কমর আব্বাসের জোয়ানদিগকে আরাম করার আদেশ হইতে পরিস্থিতি আরও পরিস্কার হইয়া উঠে যে বাঙ্গালীদের ভাগ্যকাশে ঘনঘটার ছায়া জুরিয়া বসিয়াছে।

২৭-৩-৭১ তারিখে সকাল বেলা ক্যাপ্টেন কমর আব্বাস আমাকে অফিসে ডাকাইয়া আদেশ দেন যে,আপনারা প্রায় এক মাস যাবৎ স্ট্যাণ্ডবাই ডিউটি করিতেছেন, এখন স্ট্যাণ্ডডাউন করিয়া আরাম করেন। তাহাতে আমি তার সাথে একমত না হওয়ায় দুজনের মধ্যে কথা কাটাকাটি হয়। ঐ সময় একটি জীপে করিয়া বেশ কিছু এম্যুনিশন ক্যাপ্টেন সাহেবের বাসায় নিয়া যাওয়ার সময় আমার মনের সন্দেহ আরও ঘনীভূত হয় যে, আমাদের উপর হামলা হইবে। তারপর আমি উইং হেডকোয়ার্টারের কয়েকজন বাঙ্গালী এনসিও, যথা হাবিলদার আরিফ, হাবিলদার সিরাজ, হাবিলদার আহাম্মদ মিয়া ও হাবিলদার আঃ হাকিমকে নিয়া একটি গোপন বৈঠক করিয়া সিদ্ধান্ত নিই যে, হাতিয়ার দেব না। এবং তার পরিপ্রেক্ষিতে কোত হইতে হাতিয়ার এম্যুনিশন আরও যাহা ছিল বাহির করিয়া জোয়ানদের মধ্যে বিতরন করিয়া দেই এবং যে কোন পরিস্থিতির মোকাবেলার জন্য হুকুম দিই। সমস্ত বাঙ্গালী জোয়ানরা নতুন করিয়া শপথ নিয়া মরণ পর্যন্ত হাতিয়ার দিবে না বলিয়া আমাকে আশ্বাস দেয়।

সারা দিন দুই পক্ষের লোকদের মধ্যে একটা অবর্ণনীয় পরিস্থিতি বিরাজ করে। ইতিমধ্যে অবাঙ্গালী ফোর্স, যাহাদের মধ্যে ইপিআর, এয়ার ফোর্স, জিডি ট্রুপস, আর্মি সিগন্যাল, মুজাহিদ ইন্সট্রাক্টর এবং আর্মি সিকিউরিটি মিলিয়া প্রায় ১৩৮জন ছিল। তাহারা একটা গোপন বৈঠক করে। ইহার খবর পাইয়া বিকাল অনুমান ৪টার দিকে আমি দ্বিতীয় বেঙ্গল রেজিমেন্টের 'সি' কোম্পানী, যাহা খাগডহর ইপিআর ক্যাম্পে ছিল, তাহার কমাণ্ডার তৎকালীন মেজর নূরুল ইসলাম সাহেবের সঙ্গে পরিস্থিতি সম্বন্ধে আলোচনা করি। সমস্ত গোপনীয় সংবাদ, যাহা আমার জানা ছিল,তাহাকে অবগত করাই এবং আগে আমাদের এ্যাকশনের জন্য পরামর্শ করি এবং তাঁহার সহযোগীতা কামনা করি। তারপর অনুমান সাড়ে ছয়টার সময় ক্যাপ্টেন কমর আব্বাসকে সাথে নিয়া আসিয়া আমার বাঙ্গালীদিগকে ফল-ইন করিতে হুকুম দেন, কিন্তু আমি অল্প কিছু লোক যাহারা সামনে ছিল তাহাদেরকে একত্র করিয়া মেজর সাহেবকে আলাপ করিতে দেই। মেজর সাহেব বলেন যে একটি কোম্পানী বা একটি উইং কি করিয়া পাক আর্মির বিরুদ্ধে সন্দেহ প্রকাশ করিতে পারে বা বাঁচার জন্য তৈরী হইতে পারে? যাহোক, মেজর সাহেব আমাদেরকে অভয় দেন যে কোন বিপদ হবে না, ভুল চিন্তা করিবেন না। কিন্তু ঐ সময় আমি দেখিতে

পাই যে, অবাঙ্গালী ২০/২৫ জন মুজাহিদ কোতে ঢুকিয়া ডিউটি শুরু করিয়াছে। অন্য দিকে, তাহাদের কিছু জেসিও মেসে, কিছু অফিসের ভিতর, কিছু ক্যাপ্টেন সাহেবের বাসায় এবং অন্যদিকে ২৫/৩০ জনের একটি গ্রুপ পেট্রোল ডিউটি আরম্ভ করিয়াছে। তখন কয়েকজন বাঙ্গালী জোয়ান দৌড়াইয়া আমার নিকট আসিয়া বলে যে, আমরা কি করিব। অবস্থা খুবই খারাপ দেখিয়া আমি ওদেরকে নিজের জায়গায় থাকিতে আদেশ দেই এবং যে কোন মূল্যে কোর্য়াটার গাঁড নিজেদের আয়ত্বে রাখিতে আদেশ দেই।

অন্যদিকে বেঙ্গল রেজিমেন্টের কোম্পানী যাহা পুকুর পারে ছিল তাহাদের মধ্যে নায়েক সুবেদার বড়ুয়া এবং নায়েক সুবেদার মোশাররফ হোসেনকে (দুই জনই বাঙ্গালী) ডাকাইয়া অবস্থা তাহাদেরকে জানাই এবং তাহাদের মনোভাব অতি সর্তকতার সহিত অনুভব করি,যেহুতু তাহারাও আর্মি। এই ভাবে রাত্রি সাড়ে নয়টার সময় আমি পরিষ্কার বুঝিতে পারি যে আমাদের উপর হামলা হইবে। তাই আমি পরিস্থিতি সম্বন্ধে মেজর নূরুল ইসলামকে ডাক বাংলোয় খবর পাঠাই। কিন্তু কোন উত্তর পাওয়ার আগেই রাত্রি প্রায়সাড়ে এগারটার সময় অবাঙ্গালীদের তরফ হইতে প্রথম ফায়ার আসে যাহাতে বাঙ্গালী একজন জোয়ান আহত হয়। অমনি দুই দিক হইতে তুমুলভাবে আগ্নেয়াস্ত্রের গর্জন শুরু হয়। এই যুদ্ধে ২৭ তারিখ রাত্রি সাড়ে এগারটা হইতে পরদিন বিকাল সাড়ে পাঁচ ঘটিকা পর্যন্ত ছিল। ইপিআর হেডকোয়ার্টারের দুই দিকের আগ্নেয়াস্ত্রের গর্জনে সারা ময়মনসিংহ কাপিয়া উঠে। এই দীর্ঘ আঠার ঘন্টার যুদ্ধে বাঙ্গালীরা সংখ্যায় ছিল প্রায় ২২০ জন আর অবাঙ্গালীরা ছিল ১৩৮ জন। সারারাত যুদ্ধ চলে। সকালের দিকে শহর ও গ্রাম হইতে প্রায় ১০/১৫ হাজার বাঙ্গালী সিভিল লোক বাঙ্গালীদেরকে খাবার, পানীয় ও অন্যান্য যথাসম্ভব সাহায্য করে। অবাঙ্গালীদের মধ্য হইতে ১২১ জন মারা যায় এবং বাকী সতের জন আমার নিকট আত্নসমর্পণ করিতে বাধ্য হয়। যাহারা আত্নসমর্পণ করিয়াছিল তাহাদের মধ্যে সুবেদার মেজর জিন্নত খাঁ, নায়েক সুবেদার বোস্তান খাঁ, নায়েক সুবেদার খান বাহাদুর, হাবিলদার গোলাম হায়দার, হাবিলদার নাজির বাদশাহ প্রমুখ ছিল। যাহারা মারা যায় তাহাদের মধ্যে ক্যাপ্টেন কমর আব্বাস, একজন এয়ারফোর্সের অফিসারও ছিল।

প্রকাশ থাকে যে, আমি সকাল সাড়ে আটটার দিকে উক্ত উইং- এর অধীনে বর্ডারে থাকা কোম্পানীগুলিকে একটি অয়ারলেস মেসেজ দ্বারা হেডকোয়ার্টারের পরিস্থিতি জানাই। (১) কোম্পানীগুলি ছিল সুবেদার হাকিম সাহেবের সাথে নকশী, (২) সুবেদার জিয়াউল হক সাহেবের সাথে করইতলী এবং (৩) সুবেদার আজিজুল হকের সাথে লেংগুরায়। আমি মেসেজে তাহাদেরকেও জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার অনুরোধ জানাই, যাহা তাহারা করেন।

এই যুদ্ধের পর আমি মোজাহিদ অস্ত্রাগার দখল করি এবং কোতে থাকা ১৪৭২টা রাইফেল, ২৮টি এলএমজি, বেশ কিছু স্টেনগান, এক লক্ষ পঁয়ত্রিশ হাজার ৩০৩ গুলি, প্রায় ছত্রিশ হাজার ৯ এমএম গুলি এবং আরও যুদ্ধসরঞ্জাম দখল করি, যাহা পরে তৎকালীন মেজর বর্তমানে মেজর জেনারেল কে,এম,শফিউল্লাহ সাহেবকে দেই।

এখানে উল্লেখযোগ্য যে বেঙ্গল রেজিমেন্টের সি-কোম্পানীর সাহায্য আমি চাহিলে সিনিয়র জেসিও বড়ুয়া বলেন যে মেজর সাহেবের বিনা হুকুমে সে আমাকে সাহায্য করিতে পারিবেনা। তারপর নায়েক সুবেদার মোশাররফ হোসেন সকাল প্রায় নয়টার দিকে কিছু লোক নিয়া আমার সাথে যোগ দেয়, কিন্তু ঘন্টাখানেক পর আবার বিরত হইয়া যায়। অন্যদিকে মেজর নূরুল ইসলাম, তার সঙ্গী লেফটেন্যান্ট মান্নান সাহেবের কোন খোজ পাওয়া যায় নাই। সন্ধ্যা প্রায় সাড়ে ছয়টার দিকে যখন আমি উইং-এর লোকেশন বদলী করার জন্য পুলিশ লাইনের ভিতর দিয়া যাইতে ছিলাম তখন আমার ৪/৫ জন লোক মেজর সাহেবকে আমার সঙ্গে ঐ জায়গায় দেখা করাইলে জানিতে পারি যে মেজর সাহেব ব্রহ্মপুত্র নদের ওপারে চলিয়া গিয়াছিলেন। আমি মেজর সাহেবকে

ঘটনা পুরাপুরি বলিলে তিনি আমাকে বলেন যে, তাহার ব্যাটালিয়ান হেডকোয়ার্টার জয়দেবপুরে অয়ারলেসে আলাপ করার পর আবার আমার সঙ্গে দেখা করিবেন।

রাত্রিতেই আমি পুলিশ, সিভিল ও আওয়ামী লীগের লোকজনের সাহায্যে আমার উইং-এর লোকেশন বদলী করিয়া রাবেয়া হাই স্কুলে নিয়া যাই, কারন আমি অনুমান করি যে পরের দিন পাক বাহিনী খবর পাইলে হয়তো কোন এয়ার এ্যাকশন নিতে পারে। সিভিল লোকদের মধ্যে যাহারা অগ্রভাগে কাজ করিয়া আমাকে সাহায্য করেন তাহাদের মধ্যে ছিলেন তৎকালীন এম-এন-এ (বর্তমান আওয়ামীলীগের ভাইস প্রেসিডেন্ট) জনাব রফিক উদ্দিন ভূইয়া, বর্তমানে লণ্ডনে এ্যাম্বাসেডর জনাব সৈয়দ সুলতান সাহেব, বর্তমান এমপি হাতেম আলী তালুকদার সাহেব প্রমুখ।

পরের দিন ২৯-৩-৭১ তারিখে সকাল বেলা আমি রাবেয়া হাইস্কুলে ইপিআর-এর লোক সহ বাংলাদেশ পতাকাকে গার্ড অব অনারের সাথে সালাম দিয়া পতাকা ছুঁইয়া নতুন করিয়া শপথ নিই যে আমরণ যুদ্ধ করিব। উল্লেখযোগ্য যে, পতাকা তুলিয়াছিল হাবিলদার নিয়াজ। কারণ এখন আর গত্যন্তর নাই। অনুমান বেলা ১১টার দিকে যখন আমি খাগডহর-এর দিকে যাচ্ছিলাম নতুন বাজারের মোড়ে একজন লোক সাদা পোশাকে আমাকে পরিচয় দেয় যে তিনি বেলুচ রেজিমেন্টের একজন বাঙ্গালী ক্যাপ্টেন এবং আমার সঙ্গে যোগ দিতে চান। কিন্তু আমি তাকে বিশ্বাস করিতে না পারায় পরে দেখা করিতে বলি, কারন আমি খুব ব্যস্ত ছিলাম। একটু পরেই মেজর নূরুল ইসলাম সাহেবের সঙ্গে আমার দেখা হয়। তিনি বলেন যে দ্বিতীয় বেঙ্গল রেজিমেন্ট ময়মনসিংহের ইপিআর-এর যুদ্ধের কথা শুনিয়াছি। তাহারা বৈকালের দিকে ময়মনসিংহে পৌঁছাইতেছে যাহাতে কয়েকজন বাঙ্গালী অফিসার রহিয়াছেন।

সন্ধ্যার পর ২য় বেঙ্গল রেজিমেন্ট ময়মনসিংহের রাজবাড়িতে একত্রিত হয়। এবং স্থানীয় আওয়ামী লীগ লিডারসহ একটি গোপন বৈঠক করিয়া ময়মনসিংহের প্রতিরক্ষা এবং ঢাকা আক্রমণ করার সিদ্ধান্ত নেওয়া হয়। এই বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক আমি নকশী কোম্পানীকে জামালপুরের দায়িত্বে, করইতলা কোম্পানীকে সদর পশ্চিম দিকের দায়িত্বে এবং লেংগুরা কোম্পানীকে সদর দক্ষিণ দিকের দায়িত্বে দিয়া আমার হেডকোয়ার্টার কোম্পানী ও উইং হেডকোয়ার্টারসহ নরসিংদী হইয়া ঢাকার পূর্বদিক দিয়া আক্রমণ চালাইবার সিদ্ধান্ত নিই।

৩০-৩-৭১ তারিখে মেজর শফিউল্লাহ সকাল ৮ ঘটিকার সময় আমার ইপিআর ফোর্সের সাথে রাবেয়া হাইস্কুলে আলাপ করেন এবং তাহাদেরকে ঢাকার দিকে রওনা হওয়ার জন্য বলেন। ঐ দিন ঐ সময়ই আমি আমার নিকট ক্যাপচার করা ১৪৭০টি রাইফেল, ২৮টি এলএমজি, বহু স্টেনগান, এক লক্ষ পয়ঁত্রিশ হাজার ৩০৩ গুলি, ছত্রিশ হাজার ৯ এমএম গুলি ইত্যাদি তাহার নিকট হস্তান্তর করি। অন্যদিকে, বেঙ্গল রেজিমেন্টের একটি কোম্পানীর তৎকালীন ক্যাপ্টেন (বর্তমান লেঃ কর্ণেল) নাসিম সাহেবের নেতৃত্বে ট্রেনে ভৈরব হইয়া ঢাকার পথে রওনা দিই। বেলা সাড়ে বারটার সময় এই স্পেশাল ট্রেন ময়মনসিংহ স্টেশন ত্যাগ করে। ক্যাপ্টেন মতিউর রহমান আমাদের দলে যোগ দেন। রাত্রি প্রায় ১১টার দিকে ভৈরব পৌঁছালে ক্যাপ্টেন নাসিম সাহেব তাহার কোম্পানী সহ ভৈরব স্টেশনে নামিয়া যাইতে থাকিলে আমি তাকে বলি যে, ঢাকা যাইবেন না? তিনি উত্তরে বলেন যে, সকালবেলা একটা কোম্পানী আপনি নরসিংদীতে পাবেন। আপনি গিয়া আগের দিকে ব্যবস্থা করেন।

আমরা সকালের দিকে নরসিংদীতে পৌঁছাইয়া সড়ক পথে ঢাকার দিকে রওনা হই। কিন্তু ডেমরা ঘাট পাক ফোর্সের দখলে জানিতে পারিয়া পাঁচ দোনা বাজার হইতে আমরা ঢাকা শহরের প্রায় ১২ মাইল দূরে ভাঙ্গা নামক স্থানে জঙ্গলে শীতালক্ষ্যা নদীর পূর্বতীরে সন্ধ্যার পর অবস্থান নিই। এই ঘটনা ৩১-৩-৭১ তারিখের। এখানে আলীজান জুট মিলের ম্যানেজার জনাব মিজানুর রহমান সাহেবের নিকট হইতে আমরা খুব সাহায্য পাই।

এদিকে বেঙ্গল রেজিমেন্টের একটি কোম্পানী ক্যাপ্টেন সাইগলের নেতৃত্বে আমাদের সঙ্গে নরসিংদীতে ৩১-৩-৭১ তারিখে বেলা প্রায় দুইটার দিকে যোগ দেয়। ডেমরায় পাক ফোর্স যাহতে আমাদের ক্ষতি না করিতে

পারে তার দায়িত্ব বেঙ্গল রেজিমেন্টের কোম্পানীকে দেওয়া হয়। এবং সিদ্ধান্ত হয় যে, তাহার ঢাকা-নরসিংদী পাকা রাস্তায় ফোর্সের যে কোন অগ্রাভিযান প্রতিরোধ করিবে। আমরা ঢাকার পূর্ব দিকে আক্রমন করিব। সেই ভাবে ১-৪-৭১ তারিখ রাত্রিতে আমি ক্যাপ্টেন মতিউর রহমান সহ ৩'' মর্টার দ্বারা ঢাকায় ক্যান্টনমেন্ট এরিয়াতে ইপিআর-এর ৬০ জন লোক মিলিয়া আক্রমণ করি যাহাতে পাক ফোর্সের গাড়ী ও অন্যান্য যুদ্ধসরঞ্জাম ধ্বংস করি। এই যুদ্ধ চালাইতে আমাদের সাহায্য করেন আওয়ামী লীগ নেতা জনাব লাল মিয়া সাহেব। তাহারই পরিপ্রেক্ষিতে পাক ফোর্স তাহাদের ক্ষতিপূরণ করিবার জন্য ৩-৪-৭১ তারিখে রেডিওতে হুকুম জারি করে ঢাকার সমস্ত বাস ও ট্রাক রমনা মাঠে ড্রাইভার সহ রিপোর্ট করিতে। এর আগে আকাশবাণী কলিকাতা হইতে এই খবর প্রচার হইয়াছিল যে, একটি বিরাট মুক্তিবাহিনী দল নরসিংদী হইয়া ঢাকার দিকে অগ্রসর হইতেছে। আমরা ভাঙ্গা হইতে পরপর দুইদিন ও রাত্রিতে আক্রমণাত্মক এ্যাকশন চালাইলে পাক ফোর্স তাহার ডেমরা ঘাঁটির শক্তি বৃদ্ধি করিতে থাকে বলিয়া সংবাদ পাই। আরও জানিতে পারি যে, আমাদের বেইসের উপর আক্রমণ করিবে। কিন্তু আমাদের ২২ জন লোকের একটি দল গেরিলা পদ্ধতিতে ঢাকার তৎকালীন পাক মোটর বর্তমান বাংলা মোটরে ৪-৪-৭১ তারিখের রাত্রিতে এবং ঢাকা-ডেমরা রোডে ৫-৪-৭১ এ রাত্রিতে দুই জায়গায় সরকারী গাড়ী সহ বেশ কিছু পাক ফোর্সকে মারে। এই দুইটা সফল অপারেশনে অংশ গ্রহন করিয়াছিল হাবিলদার হাকিম, সিপাই নান্নু মিয়া সিপাই আফতার, সিপাই ক্লার্ক মান্নান।

৩-৪-৭১ তারিখে বেলা অনুমান ১১/১২ টার সময় আমি একজন সিপাই-এর মারফত সংবাদ পাই যে, ঢাকায় বহু ইপিআর মারা পড়িয়াছে। এবং প্রায় ১০০ লোক ঢাকার জিঞ্জিরায় সুবেদার গণি সাহেবের সাথে আছে। আমি একজন লোক মারফত চিঠি দিয়া গনি সাহেবকে আমার সহিত যোগদানের অনুরোধ জানাই। ৬-৪-৭১তারিখে আমি নায়েক সুবেদার সুলতান- এর মারফত জানিতে পারি যে, সুবেদার গনি সাহেব নরসিংদীতে লোক নিয়া পৌঁছিলে ঐ জায়গায় বিমান আক্রমণ হয়। এবং তাহারা আবার ছত্রভঙ্গ হইয়া গিয়াছে। এবং অন্য দিকে বেঙ্গল রেজিমেন্টের কোম্পানী নয়া ক্যাপ্টেন সাইগল ঢাকা-নরসিংদী রাস্তার প্রতিরোধ ব্যবস্থা ছাড়িয়া দিয়া নরসিংদী পার হইয়া পূর্ব দিকে চলিয়া গিয়াছেন। এই সংবাদ শুনিয়া আমার লোক জনের মনোবল কমিয়া যায়। আমার ২০/২২ জন লোক তখনও ভাঙ্গা বেইস হইতে ঢাকায় আপারেশনে ছিল। অন্যদিকে ২-৪-৭১ তারিখে আমি নায়েক সুবেদার সিরাজ-এর নেতৃত্বে ৪০ জন লোকের একটি প্লাটুন ঘোড়াশাল রেল স্টেশন এরিয়া প্রতিরক্ষার জন্য পাঠাই। ৬-৪-৭১ তারিখে বেঙ্গল রেজিমেন্ট চলিয়া যাওয়ার সংবাদ পাইয়া আমি তাহাদেরকে আমার সঙ্গে পাঁচদোনায় ফেরত ডাকিয়া পাঠাইয়া নিজে ভাঙ্গার লোকজন সহ পাঁচদোনার শীলমন্দির নামক গ্রামে প্রতিরোধ ব্যবস্থা করি, অর্থাৎ ডিফেন্স লাগাই। অন্য দিকে খবর পাই যে, পাক ফোর্স ডেমরায় জমা হইয়া আমাদের উপর আক্রমণ করার জন্য প্রস্তুতি নিতেছে।

৭-৪-৭১ তারিখে রাত্রে জানিতে পারি যে, পাক ফোর্স সকাল বেলা আমাদের উপর হামলা করিবে। তাই পাঁচদোনার আগে ১২-১৪ জন লোক দিয়া একটি এ্যামবুশ পার্টি লাগাই যাহাতে সিপাই ন্নানু, মান্নান, হাকিম ছিল। ঠিক ৮-৪-৭১ তারিখ সকাল আনুমানিক সাড়ে সাড়ে ছয়টায় পাক ফোর্স অগ্রসর হইতে থাকিলে এ্যামবুশ পার্টি একযোগে ৪ টি এলএমজি দ্বারা আক্রমণ চালায় যাহাতে পাক ফোর্সের প্রায় ১৫৫ জনের মতলোক হতাহত হয় এবং কয়েকটি গাড়ীও নষ্ট হয়। পাক ফোর্স ঐ দিন আর অগ্রসর হয় নাই।

৯-৪-৭১ তারিখ অনুমান নয়টার সময় পাক ফোর্স এয়ার ও আর্টিলারী সমর্থনপুষ্ট হইয়া আমাদের ওপর হামলা চালায়। অনুমান এক হইতে সোয়া ঘন্টা যুদ্ধের পর পাক ফোর্স-যাহাতে ৩১ বেলুচ রেজিমেন্ট ছিল-আক্রমণ ছাড়িয়া দিয়া পাঁচ হইতে পিছে চলিয়া যায়। যুদ্ধ কিছুটা স্তিমিত হইয়া পড়ে কিন্তু আর্টিলারী ফায়ার চলিতে থাকে। আমাদের তরফ হইতে চলিতে থাকে তিন ইঞ্চি মর্টার। বেলা অনুমান ৫ ঘটিকার সময় পাক ফোর্স আবার আমাদের উপরে এয়ার ও আর্টিলারী দ্বারা সমর্থন পুষ্ট হইয়া দ্বিতীয়বার হামলা চালায়।এই যুদ্ধে পাক ফোর্সের যথেষ্ট ক্ষতি হয়। আমাদের দুটি মেশিনগান খারাপ হইয়া যায়। পাক ফোর্স এইবারও যথেষ্ট ক্ষতি স্বীকার করিয়া আক্রমণ ছাড়িয়া দিয়া সন্ধ্যার সময় গোপালদী বাজারে চলিয়া যায়। এদিকে দুইবারের

আক্রমণে আমাদের কিছু হাতিয়ার খারাপ হইয়া যায়। যাহা হউক, সন্ধ্যার পর আমরা সিদ্ধান্ত নিই যে আমরা এই আবস্থায় ছাড়িয়া ভৈরবের দিকে যাইয়া বেঙ্গল রেজিমেন্টের সাথে মিলিব। আশুগঞ্জে গিয়া বেঙ্গল রেজিমেন্টকে পাওযা যায়। এবং সেখানে হইতে কিছু বেঙ্গল রেজিমেন্টসহ ১৩-৪-৭১ তারিখে রামনগর পুলের নিকট আর একটি প্রতিরোধ ব্যবস্থা গড়িয়া তোলা হয়। কিন্তু ১৪-৪-৭১ তারিখে সূর্যাস্তের আগে হইতেই এয়ার ও আর্টিলারী সমর্থনপুষ্ট হইয়া পাক ফোর্স হামলা চালায় এবংর্ দুপুর ১২ টার আগেই ঐ ডিফেন্স নষ্ট হইয়া যায় এবং এখানকার লোকজন ছত্রভঙ্গ হইয়া যায়। কিছু লোক মেঘনা পার হইয়া সিলেট জেলার ভিতর চলিয়া যায়।

আমি কিছু সংখ্যক লোকসহ কিশোরগঞ্জ হইয়া ময়মনসিংহে যাই, কারণ আমার ছেলেপেলে ঐখানে ছিল। তারপর ১৫-৪-৭১ তারিখ বিকালবেলা আমি মুক্তাগাছা হইয়া ময়মনসিংহ জেলার মধুপুরে জিয়াউল হক সাহেবের সঙ্গে দেখা করিলে জানিতে পারি যে, টাঙ্গাইলের আগে জামুর্কী এলাকায় নায়েক সুবেদার হারিসের নেতৃত্বে ইপিআর দলের সঙ্গে পাক ফোর্সের তুমুল যুদ্ধ হয় এবং দুই দিকের ভীষণ ক্ষতি হয়। তাহাতে ২০/৩০ জন ইপিআর মারা যায়।

পরদিন ১৭-৪-৭১ তারিখে খুব সকাল হইতে পাকিস্তান এয়ার ফোর্সের ৪টি জঙ্গী বিমান ভীষণভাবে ময়মনসিংহ শহর ও অন্যান্য এলাকায় আক্রমণ চালায় যাহাতে কিছু সিভিল লোক শম্ভুগঞ্জ ঘাটে মারা যায় এবং কয়েকটি বাস ও দোকানঘর পুড়িয়া যায়। অন্যদিকে গফরগাঁওয়ে বেশ কিছু সিভিল লোক মারা যায় এবং অনেক জায়গা পুড়িয়া যায়। তাহা ছাড়া মধুপুর ও জামালপুরেও বিমান আক্রমণ হইয়াছে বলিয়া সংবাদ পাই।

তারপর আমরা আমাদের অবস্থানে যে কয়েকজন লোক ছিল তাহাদের নিয়া বর্ডারে করইতলী হেডকোয়ার্টারে ফুলপুর ও হালুয়াঘাটের মাঝামাঝি সায়চাপুরঘাটে ডিফেন্স তৈয়ার করি। কিন্তু ২২-২৩ তারিখে পাক ফোর্স আবার এয়ার ও আর্টিলারী দ্বারা সমর্থনপুষ্ট হইয়া আক্রমণ চালায় সকালের দিকে। সেখানে আমরা অতি অল্প সময় টিকিতে পারি। ২৩-৭-৭১ তারিখে আমি আমার সঙ্গী লোকসহ করইতলী ক্যাম্পে থাকাকালীন সুবেদার হাকিম সাহেব আসিলে তাঁহাকে উইং-এর ভার দিয়া আমি আমর ফ্যামেলিসহ হিন্দুস্থানের ভিতর দিয়া গাছুয়াপাড়া হইতে ডালু হইয়া আমার বাংলাশে ঢুকিয়া বহু কষ্টে আমার ফ্যামেলি বাড়ী পৌঁছাইয়া দিয়া আগরতলা কোনাবন বর্ডার দিয়া ঢুকিয়া পুরানো ফোর্সের সাথে ৩ সেকটরের অধীনে বেলচরা সাবসেকটরে যাইয়া যোগদান করি। সেখানে ক্যাপ্টেন মতিউর রহমান সাহেব ছিলেন। তারপর ঐ সব সেক্টরের ১৬-৫-৭১ হইতে যুদ্ধে লিপ্ত থাকি।

সশস্ত্র প্রতিরোধে ময়মনসিংহ

সাক্ষাৎকার : সুবেদার মেজর জিয়াউল হক

৮-৬-৭১

২৬শে মার্চ বেলা একটার সময় ঢাকা ইপিআর হেডকোয়ার্টার থেকে কমর আব্বাসকে অয়ারলেস সেটে এ কথা বলার জন্য ডাকা হয়। তখন ডিউটি অপারেটর ছিল নায়েক ফরহাদ হোসেন (বাঙ্গালী)। ঢাকা থেকে বলা হল, অয়ারলেস সেট অন করার পর সেখানে যেন কেউ না থাকে। তাই নায়েক ফরহাদ হোসেন ঝুঁকি নিয়ে পাশের ঘরে একটা জায়গা চুপি চুপি দাঁড়িয়ে থাকে। সৌভাগ্যবশত সে পাঞ্জাবী ভাষা বুঝত। ঢাকা থেকে উইং কমাণ্ডারকে বলা হচ্ছিল সমস্ত বাঙ্গালী ইপিআরকে নিরস্ত্র করার জন্য এবং কোতে, ম্যাগজিন ও অন্যান্য গুরুত্বপূর্ণ জায়গায় চাবি নিয়ে নিতে এবং বাঙ্গালীদের কোন ডিউটি না দেয়ার জন্য। ঢাকা থেকে ইপিআর-এর স্টাফ কর্নেল সিকান্দার খান তাকে আরো বলে যে, আজ রাতের মধ্যে মসস্ত বাঙ্গালী ইপিআরকে খতম করতে হবে এবং সীমান্তবর্তী এলাকায় ইপিআরদের সমন্ধে তোমাকে পরে নির্দেশ দেয়া হবে।

নায়েক ফরহাদ হোসেন অয়ারলেস সেট-এর পেছনে চুপি চুপি এই কথাগুলো শোনে এবং সমস্ত বাঙ্গালী ইপিআরকে তা জানিয়ে দেয়। নায়েক ফরহাদ অয়ারলেস সেটে ২৭শে মার্চ আমাকে ভোর ছয়টার সময় উক্ত মেসেজ জানায় এবং বলে যে, আপনি আপনার বন্দোবস্ত করেন যদি বাঙ্গালী জোয়ানদেরকে বাঁচাতে চান।

সেই নির্দেশ অনুযায়ী সবাইকে নিরস্ত্র করা হয়। একমাত্র সি-কোম্পানীর এক প্লাটুন ইপিআর অস্ত্র সমর্পণ করতে অস্বীকার করে। নিরস্ত্রকরণের মধ্যে সীমান্ত এলাকায় ইপিআর'রা অন্তর্ভুক্ত ছিল না। ঐ প্লাটুন-এর নেতা ছিল সুবেদার ফরিদউদ্দিন আহমদ।

এই ঘটনার পর থেকে স্থানীয় স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজের নেতৃস্থানীয় ছাত্রবৃন্দ ও আওয়ামী লীগ নেতৃবৃন্দ, আমাদের সঙ্গে যোগাযোগ করেন। তাঁরা আমাদেরকে যে কোন পরিস্থিতি মোকাবেলা করতে সাহায্য ও সহযোগিতার আশ্বাস দেন। ছাত্রদের মধ্যে ছিলেন ডাক্তার আবদুল্লা-আল-মাহমুদ ও তার সহকর্মীবৃন্দ, আর ছিলেন এডভোকেট সৈয়দ আহমদ এবং তাঁর সহকর্মীবৃন্দ, অধ্যক্ষ মতিয়ুর রহমান (আলমগীর মিন্টু কলেজ) সৈয়দ আবদুস সুলতান (বর্তমানে ইংল্যাণ্ডে হাই কমিশনার), জনাব রফিকউদ্দিন ভুইয়া, এডভোকেট মোশাররফ আকন্দ, সৈয়দ নজরুল ইসলাম এবং অন্যান্য স্থানীয় আওয়ামী লীগ নেতৃবৃন্দ। মোজাফফর ন্যাপের অধ্যাপক আবদুল হান্নান ও অধ্যাপক দেওয়ান এবং ভাসানী সমর্থক ছাত্রনেতা আবদুল হামিদও ছিলেন।

২৭শে মার্চ ক্যাপ্টেন কমর আব্বাস ঢাকায় নির্দেশ অনুসারে সমস্ত পশ্চিম পাকিস্তানী জেসিও-এনসিওদেরকে বাঙ্গালী ইপিআরদের খতম করার নির্দেশ দেন রাত এগারটার সময়। ট্রুপস ব্যারাক,উইং কমাণ্ডারের বাংলো এবং কোয়াটার গার্ড কোতে এবং ম্যাগজিনের সমস্ত এলাকায় পশ্চিম পাকিস্তানী ইপিআরদের অস্ত্রশস্ত্র এবং গোলাবারুদসহ মোতায়েন করা হয়। উইং কমাণ্ডার-এর বাংলোতে সি-কোম্পানী এক প্লাটুনকে ডিউটির জন্য মোতায়েন করা হয়। গার্ড কমাণ্ডার শফি এবং অন্য দুই জনের কাছে করে ৩০৩ রাইফেল ছিল। বাকিদের কাছে কোন অস্ত্রশস্ত্র ছিল না।

রাত এগারটার সময় হেডকোয়ার্টারের তিনতলা থেকে হাবিলদার মেজর হাসিব উল্লাহ এক রাউণ্ড গুলি ফায়ার করে। সঙ্গে সঙ্গে প্রত্যেক জায়গা থেকে ফায়ারিং শুরু হয়ে যায়। হেডকোয়ার্টারে তখন ২য় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের একটা কোম্পানী আবস্থান করছিল। গোলাগুলি শুরু হবার পর বাঙ্গালী ইপিআররা ওদের সাথে মিশে যায়। ইস্ট বেঙ্গল রেজিমেন্টের নায়েক সুবেদার বড়ুয়া এবং সুলতান আমাদের জোয়ানদের সঙ্গে যোগ দেয় এবং তাদের অস্ত্রশস্ত্র বাঙ্গালী ইপিআরদের দিয়ে দেয়। গোলাগুলি চলতে থাকে। ইতিমধ্যে ইপিআর-এর কিছু সাহসী বাঙ্গালী জোয়ান স্থানীয় কয়েকজন ছাত্রের সহযোগিতায় কোতে এবং ম্যাগ্যাজিন-এর ভেন্টিলেশন ভেঙ্গে ভেতরে ঢুকে পড়ে অস্ত্রশস্ত্র বের করতে সমর্থ হয়। ২৮শে মার্চ ভোরবেলায় জনাব রফিকউদ্দিন ভূইয়া, শামসুল হক এমপিএ, ছাত্রনেতা আবুল হাশেম ও হামিদের সহযোগিতায় ময়মনসিংহ জেল এবং পুলিশ লাইনের অস্ত্রশস্ত্র, গোলাবারুদ এনে বাঙ্গালী ইপিআরদের দেয়া হয়।

২৮শে মার্চ বেলা ৮টা পর্যন্ত দুই পক্ষে তুমুল লড়াই চলে। পশ্চিম পাকিস্তানীদের সংখ্যা ছিল প্রায় ৯৩/৯৪ জন। ১১ জন জেসিও-এসসিও জেসিও মেসে সারারাত ফায়ার করার পর ১৭ থেকে ১৯ বাক্স গুলিসহ আত্মসমর্পণ করে সুবেদার ফরিদের কাছে। ক্যাপ্টেন কমর আব্বাস সকালবেলা সিপাই নান্নু মিয়া এবং আফতাব হোসেনের সাথে সংঘর্ষে নিহত হয়। উল্লেখযোগ্য যে, সিপাই নান্নু এবং আফতাব স্বাধীনতা সংগ্রামে কর্ণেল নুরুজ্জামানের অধীনে এবং ডালু সেক্টরে অত্যন্ত সাহস ও বীরত্বের সাথে যুদ্ধ করেছে।

১১জন জেসিও এনসিওকে সুবেদার ফরিদউদ্দিন ও অন্যান্যদের সহযোগিতায় ময়মনসিংহ জেলে বন্দী করা হয়। অতঃপর ময়মনসিংহের সকল বাঙ্গালী জোয়ান এনসিও মেজর শফিউল্লাহর নেতৃত্বে সংগঠিত হয়ে ৪/৬ কোম্পানী গঠন করে জয়দেবপুর ও টুঙ্গী অভিমুখে যাত্রা করে।

এদিকে রংপুর সীমান্ত এলাকার মাদারচর বিওপি থেকে সিলেট সীমন্তের মহেশখোলা বিওপি পর্যন্ত ২৪টা বিওপি'র সমস্ত বাঙ্গালী ইপিআরকে (প্রত্যেক বিওপিতে তিনজন করে রেখে) দুই কোম্পানীতে সংগঠিত করে সুবেদার মেজর আবদুল হাকিম এবং আমার নেতৃত্বে মুক্তাগাছা, রসুলপুর, মধুপুর, জামালপুর, ঘাটাইল এলাকা পর্যন্ত মোতায়েন করা হয়। তখন আমাদের সঙ্গে ময়মনসিংহ শহরের শামসুল হক এম-পি, মুক্তাগাছার শহীদুল্লাহ এম-পি, রফিকউদ্দিন ভুইয়া, নাগরপুর কলেজের অধ্যক্ষ হুমায়ন খালিদ, লতিফ সিদ্দিকী এম-পি এবং কাদের সিদ্দিকী আমাদের সঙ্গে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সাহায্য এবং সহযোগিতা করেন। এই সময় ময়মনসিংহ সদরের এসডিও, মেজর শফিউল্লাহর প্রতিনিধি ক্যাপ্টেন মতিয়ুর রহমান এবং জনাব রফিকউদ্দিন ভূইয়া ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনীর ক্যাপ্টেন বালজিৎ সিং ত্যাগী ও কর্নেল রাংগাজান (৮৩ বিএসএফ ব্যাটালিয়ন কমণ্ডার)- এর সাথে যোগাযোগ করেন। সঙ্গে সঙ্গে কোন সাহায্য না দিলেও ভবিষ্যতে কর্নেল রাংগাজান আমাদেরকে সাহায্যের আশ্বাস দেন। তিনি আমাদের সামনে দিল্লীতে এ ব্যাপারে মেসেজ পাঠান। সৈয়দ নজরুল ইসলাম, রফিকউদ্দিন ভুইয়া, আবদুল মান্নান (বর্তমানে পরিবার পরিকল্পানা মন্ত্রী) ও অন্যান্য নেতৃবৃন্দ আমার কোম্পানী হেডকোয়ার্টার করইতলীতে (হালুয়াঘাটে) অবস্থান করছিলেন। সৈয়দ নজরুল ইসলাম সাহেবকে তাঁর বাড়ি থেকে জনাব আবুল হাশেম গাইড করে নিয়ে আসেন এবং আমাদের প্রতিনিধিদের মাধ্যমে তাঁকে নেতা বানানো হয়। তাদেরকে কর্নেল রাংগাজানের সাথে পরিচয় করিয়ে দেয়া হয় ভারতের গাচুয়াপাড়া রেস্ট হাউস ইন্সপেকশন বাংলাতে।

সৈয়দ নজরুল ইসলামের নেতৃত্বে একদল প্রতিনিধি কলকাতাতে পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থ শংকর রায়ের সঙ্গে যোগাযোগ করতে চলে যান। সীমান্ত এলাকায় বিভিন্ন ব্যাপারে সাহায্য ও সহযোগিতার ভার রফিকউদ্দিন ভুইয়ার উপর অর্পণ করা হয়। অন্য কোন অস্ত্রশস্ত্র না পেলেও আমরা যথেষ্ট পরিমাণ হ্যাণ্ড গ্রেনেড এবং ২৭টি এলএমজি বিএসএফ ক্যাপ্টেন ত্যাগীর নিকট থেকে পাই। তিনি ছদ্মবেশে রসুলপুর এলাকাতে আমার সাথে কাজ করতে থাকেন। এছাড়াও প্রত্যেক রাত ভারত থেকে (ডালু এবং মহেন্দ্রগঞ্জ থেকে) ইণ্ডিয়ান আর্মি ইঞ্জিনিয়ার টিম পুল এবং রাস্তা ধ্বংস করার জন্য আসতেন এবং কাজ সমাধা করে রাত্রেই চলে যেতেন। ২৭শে মার্চ ময়মনসিহের উইং হেডকোয়ার্টারে পশ্চিম পাকিস্তানীদের খতম করার পর সীমান্তের সমস্ত পশ্চিম পাকিস্তানী ইপিআরদেরও খতম করা হয়।

এপ্রিল মাসের দ্বিতীয় কি তৃতীয় সপ্তাহে আমাদের উপর কালিহাতী, রসুলপুর, মধুপুর, জামালপুর, মুক্তাগাছা, শম্ভুগঞ্জ, গৌরিপুর ইত্যদি স্থানে পাকিস্তনী বিমান বাহিনী পর্যায়ক্রমে বিমান হামলা চালায়। তাদের সৈন্যসংখ্যা ক্রমেই বেড়ে যেতে থাকে এবং ক্রমশ আমাদের বাঙ্গালীদের মনোবল ভেঙ্গে যেতে থাকে বলে আমরা অনুমান করি। বিমান হামলার ফলে মেজর শফিউল্লার তাঁর সৈন্যসামন্ত নিয়ে ব্রাহ্মণবাড়িয়ার দিকে চলে যান।

মধুপুরগড়ের যুদ্ধ*

বিক্রমপুরের সুদুর গ্রামাঞ্চলে বসে ভারতীয় বেতারের প্রচারিত সংবাদ শুনছিলাম। বাংলাদেশের মুক্তিযুদ্ধের অগ্রগতি সম্পর্কে আকাশবাণী ঘোষণা করছে, ময়মনসিংহ জেলার মধুপুরগড়ে পাক সৈন্যদলের আর মুক্তিবাহিনীর মধ্যে তুমুল যুদ্ধ চলছে।

শতাধিক বছর আগে এই মধুপুর গড় আমাদের দেশের রাজনৈতিক আবর্তনের ইতিহাসের পাতায় একটু স্থান করে নিয়েছিল। আজকের দিনে আমাদের কাছে সেই ঐতিহ্য হয়তো তুচ্ছ বলে মনে হতে পারে, কিন্তু সেদিন এই মধুপুর গড়ে একদল বিদ্রোহীর অভ্যুত্থান সারা বাংলার মানুষের মনে আলোড়ন জাগিয়ে তুলেছিল। সেই বিদ্রোহ আকারে ছোট হলেও তখনকার দিনের বৃটিশ রাজপুরুষরা তাই নিয়ে কিছুটা উদ্বিগ্ন হয়ে উঠেছিল।

* 'প্রতিরোধ সংগ্রামে বাংলাদেশ' গ্রন্থ থেকে সংকলিত।

ময়মনসিংহ শহর তথা ময়মনসিংহ জেলা তখনও মুক্ত অঞ্চল। কিন্তু তার উপর রাহুগ্রাসের ভয়াল ছায়া নেমে আসছে। দুর্দিন আসন্ন। হামলাকরী পাক-বাহিনী টাঙ্গাইল শহর হস্তগত করে ময়মনসিংহ শহর দখল করবার জন্য দ্রুতবেগে ছটে আসছে। তাদের এই অভিসন্ধিকে ব্যর্থ করতে হলে পথের মাঝখানেই তাদের প্রতিরোধ করতে হবে। এই প্রতিরোধের ঘাঁটি গড়ে তোলার পক্ষে মধুপুর গড়ই সবচেয়ে উপযুক্ত স্থান। মুক্তিবাহিনী স্থির করেছিল এইখানেই তাদের পথ রোধ করে দাঁড়তে হবে। কিন্তু প্রতিরোধ করবে কারা? প্রতিরোধের মূল শক্তি ইপিআর-এর যোদ্ধারা এক গুরুত্বপূর্ণ কাজে অন্য সেক্টরে চলে গেছে। তারা আসতে আসতে এই দুশমনরা মধুপুর গড় ছাড়িয়ে চলে যাবে। অতএব অবিলম্বে তাদের বাধা দেওয়া দরকার। এই অল্প সময়ের মধ্যেই যেটুকু শক্তি আছে তাই নিয়ে তাদের প্রতিরোধ দিতে হবে।

মুক্তিবাহিনীর সংগঠকরা বিভিন্ন অঞ্চলের ছাত্রদের কাছে জরুরী ডাক পাঠালেন। সেই আহববানে সাড়া দিয়ে নান জায়গা থেকে ২২ জন ছাত্র মধুপুর গড়ে এসে পৌঁছল। এরা যুদ্ধ করবার জন্য তৈরী হয়ে এল বটে, কিন্তু এদের মধ্যে কেউ আগে থেকে অস্ত্র চালনায় অভ্যস্ত ছিল না। মাত্র দিনসাতেক আগে থেকে তারা ইপিআর-এর লোক বা প্রাক্তন সৈন্যদের কাছ থেকে রাইফেল চালনা শিখছিল। এইটুকু শিক্ষাই ছিল তাদের সম্ভল। আর সম্ভল ছিল অনির্বাণ দেশপ্রেম ও দুর্জয় সাহস। একথা শুনলে কি কেউ বিশ্বাস করতে পারবে যে মাত্র ২২ জন অস্ত্র চালনায় অনভ্যস্ত ছাত্র সেদিন সেই দুর্ধর্ষ পাক-বাহিনীকে মোকাবিলা করতে দাঁড়িয়েছিল? একথা সত্য সত্যই বিশ্বাস করা কঠিন। তাহলেও এটাই ছিল বাস্তব ঘটনা।

১৩ই এপ্রিল তারিখে প্রথম সংঘর্ষ ঘটল। দ'পক্ষের মধ্যে গুলিবর্ষণ চলল। ২২টি রাইফেল শত্রুপক্ষের মেশিনগানের জবাব চলেছে। ছাত্ররা বনের আড়ালে আত্মগোপন করে যুদ্ধ করছিল। শত্রুপক্ষের প্রবল গুলিবর্ষণ সত্বেও তাদের মধ্যে একজনও নিহত বা আহত হয়নি। পরে জানা গিয়েছিল, এই দিনের যুদ্ধে ছাত্রদের গুলিতে প্রতিপক্ষের একজন ট্রাক-ড্রাইভার ও একজন জীপ ড্রাইভার মারা গিয়েছিল। বেশ কিছুটা দূর থেকে গুলি বিনিময় চলছিল। এইভাবে বাধা পেয়ে পাক-সৈন্যরা অবস্থা পর্যবেক্ষণের জন্য থমকে দাঁড়িয়ে পড়ল। তাদের অগ্রগতি সেদিনের মত স্থগিত হয়ে গেল। প্রতিরোধকারীদের পক্ষে এটা একটা বিরাট সাফল্য। মাত্র ২২ জন ছাত্রের এই বাহিনী শক্তিশালী শত্রুদের হাত থেকে এই সাফল্যকে ছিনিয়ে নিয়ে এল। এসব ক্ষেত্রে প্রতিটি দিন, প্রতিটি ঘণ্টা অত্যন্ত মূল্যবান। পরদিন ১৪ই এপ্রিল তারিখে এখান থেকে জরুরী ডাক দুই ট্রাকবোঝাই ৫০/৬০ জন মুক্তিদ্ধো ঘটনাস্থলে এসে পৌঁছে গেল। এদের মধ্যে অস্ত্র চালনায় শিক্ষিত ও অভ্যস্ত যোদ্ধারা ছিল। তাদের সঙ্গে রাইফেল ও হালকা মেশিনগানও ছিল। এদের পেয়ে এখানকার প্রতিরোধ বাহিনী এবার এক শক্তিশালী বাহিনী হয়ে দাঁড়াল।

১৪ই এপ্রিল সারাদিন ধরে দু'পক্ষের পচণ্ড যুদ্ধ চলল। শেষ পর্যন্ত এদের প্রতি-আক্রমণ সহ্য করতে না পেরে সুশিক্ষিত ও আধুনিক মারণাস্ত্রে সুসজ্জিত পাক-সৈন্যরা প্রাণ বাঁচাবার জন্য ঊর্ধ্বশ্বাসে পেছন দিকে ছুটল। ছুটতে ছুটতে তারা পেছনে ফেলে আসা কালিহাতী, ঘাটাইল অঞ্চলে গিয়ে থামল। প্রতিরোধকারী মুক্তিযোদ্ধারা অগ্রসর হয়ে পাক-সৈন্যদের পরিত্যক্ত ঘাঁটিতে গিয়ে দেখল যে, সেখানে শত্রুপক্ষের সৈন্যদের মৃতদেহগুলি ইতস্তত ছড়িয়ে পড়ে আছে। শত্রুরা প্রাণভয়ে পালাবার সময় কতকগুলি শস্ত্রশস্ত্র ফেলেই চলে গেছে। ফলে তাদের পরিত্যক্ত একটি ট্রাক, একটি জীব, ৪০টি স্বয়ংক্রিয় রাইফেল, ১৫০ বাক্স মেশিনগানের, গুলি, কতকগুলি মর্টার শেল এবং কয়েক গ্যালন তেল মুক্তিবাহিনীর হাতে এসে গেল।

মুক্তিযোদ্ধাদের কাছ থেকে এভাবে তাড়া খেয়ে পালিয়ে এসে পাক-সৈন্যদলের পরিচালকরা নতুনভাবে চিন্তা করতে লাগল। তারা ভয় পেয়ে গিয়েছিল। প্রতিপক্ষ তাদের চোখের আড়ালে। আক্রমণের প্রবলতা দেখে তারা মনে করেছিল এক বিরাট সৈন্যদল তাদের পথ রোধ করে দাঁড়িয়ে রয়েছে, কিন্তু কার্যত মুক্তিযোদ্ধাদের মোট সংখ্যা ১০০ জনও হবে না।

বেতার সংবাদ গিয়ে পৌঁছল ঢাকায়। সঙ্গে সঙ্গে একটি বামারু বিমান এসে বনের মধ্যে আত্মগোপনকারী মুক্তিযোদ্ধাদের উদ্দেশ্যে বোমা ফেলতে লাগল। বোমারু আত্রমণের গর্জনে আর বিস্ফোরণের শব্দে রণক্ষেত্র ধ্বনিত-প্রতিধ্বনিত হয়ে উঠল। কিন্তু তাতেও ভয় পেল না মুক্তিযোদ্ধারা। ভয় পেল না সেই সমস্ত সহায়তাকারী সাধারণ মানুষেরা যারা পিছনে থেকে মুক্তিযোদ্ধাদের রসদ যুগিয়ে চলেছিল। শত্রুপক্ষও অনেক চেষ্টা করেও প্রতিরোধ ব্যূহে ভাঙন ধরাতে পারল না। মুক্তিযোদ্ধারা জীবন পণ করে সঙ্কল্প নিয়েছিল যে তারা কিছুতেই ওদের পথ ছেড়ে দেবে না। তাদের এই সঙ্কল্প শেষ পর্যন্ত অটুট ছিল। তারা পথ ছেড়ে দেয়নি। পাক-সৈন্যরা বেগতিক দেখে এ পথ ছেড়ে দিয়ে অন্য পথ ধরতে বাধ্য হয়েছিল।

এই মধুপুর গড়ের যুদ্ধের শেষ পরিণতি ঘটল।

সশস্ত্র প্রতিরোধঃ সিলেট

শিরোনাম	সূত্র	তারিখ
৬। সিলেট অঞ্চলে সংঘটিত সশস্ত্র প্রতিরোধ যুদ্ধের বিবরণ	বাংলা একাডেমি দলিলপত্র	..... ১৯৭১

সিলেটের প্রতিরোধ যুদ্ধ

সাক্ষাৎকারঃ ব্রিগেডিয়ার চিত্তরঞ্জন দত্ত *

২৪-৩-৭৩

২৫শে মার্চ বড় বড় শহরে পাকিস্তানীরা যে তাণ্ডবলীলা চালিয়েছিল সে খবর আমরা জানতে পারলাম ২৬শে মার্চ। সঙ্গে সঙ্গে হবিগঞ্জের আবালবৃদ্ধবনিতা প্রতিরোধ দুর্গ তৈরি করতে আরম্ভ করল। প্রতিটি হবিগঞ্জবাসী যেন তখন এক-একটা বহ্নিশিখা।

২৭শে মার্চ ১৯৭১ সন আমার বাড়ীতে বসে বাংলাদেশের ভবিষ্যৎ নিয়ে কয়েকজন মিলে নানা আলাপ আলোচনা চলছে। তখন কয়েকজন ছাত্র এসে আমাকে বলল, ''দাদা, পাকিস্তানীদের বিরুদ্ধে আমাদের সাহায্য করুন।'' আমি বললাম, ''আমিও তা চাই।'' অপ্রাপ্তবয়স্ক ছাত্রদের মতানুযায়ী চলা ঠিক নয়। তাই আমি ওদেরকে বল্লাম কর্নেল রব (এমসিএ)- এর কথা, যিনি বর্তমানে জেনারেল রব। কিছুদিন আগে তিনি ঢাকাতে আওয়ামী লীগের সম্মেলনে যোগদান করে এসেছেন। তাঁর কাছ থেকে ভবিষ্যৎ কর্মপন্থা জানা যাবে, এই ভেবে বললাম, কর্ণেল রব যদি আমাকে বলেন তাহলে আমি এই মুহূর্তে প্রস্তত।

২৭শে মার্চ শনিবার ১৯৭১ সন। বেলা প্রায় দু'টায় জেনারেল রব তার বাড়ীতে আমাকে যাবার জন্য খবর পাঠালেন। গিয়ে দেখলাম কামরার ভেতরে বসে আছে আনসার মুজাহিদের কয়েকজন, সামরিক বাহিনীর কয়েকজন যারা ছুটি কাটাতে এসেছিলেন এবং কিছু সংখ্যক ছাত্র। বাড়ির বাইরের খোলা জায়গায় বিরাট ভীড়। আমাকে দেখেই সকলে ''জয় বাংলা'' ''জয় বাংলা'' বলে আনন্দে চীৎকার করে উঠল। দেখলাম হাতিয়ার নিয়ে প্রায় ১৫০ জনের মত লোক যাবার জন্য তৈরী। কয়েকটি বাস ও ট্রাক একপাশে দাঁড়িয়ে আছে। চারধারে শুধু ধ্বনিত হতে লাগল ''জয় বাংলা''। আমি হাত উঠিয়ে সকলকে অভিবাদন করলাম।

ঘরের ভেতরে ঢুকতেই জেনারেল রব সকলের সঙ্গে পরিচয় করিয়ে দিয়ে বললেন, আজই পাঁচটায় যে লোকবল আছে তাদের নিয়ে সিলেটকে মুক্ত করবার জন্য যাত্রা করব। যুদ্ধ পরিচালনার ভার আমাকে দেয়া হল। আমি হাসিমুখে আমার সম্মতি জানিয়ে সকলকে অভিবাদন জানালাম এবং যাত্রাপথে গাড়ীতে আমাকে উঠিয়ে নিতে অনুরোধ করলাম।

জেনারেল রবের বাড়ী থেকে বেরিয়ে আসা মাত্র চারিদিকে ''জয় বাংলা'' জয়ধ্বনি উঠতে লাগল। মনটা আনন্দে ভরে উঠল। হাতজোড় করে ভগবানের কাছে প্রার্থনা করলাম, শক্তি দিও যেন বাংলাদেশকে স্বাধীন করতে পারি।

২৭শে মার্চ বেলা পাঁচটায় একটা জীপ ও পাঁচটা বাস ও ট্রাক আমার বাসার সামনে এসে দাঁড়াল। চারিদিকে শুধু '' জয় বাংলা'' ধ্বনি। লোকে লোকারণ্য। আমি আমার স্ত্রী ও ছেলেমেয়েদের বললাম, স্বাধীনতার ডাক এসেছে। আমাকে এখনি যেতে হবে। ''জয় বাংলা'' বলে সকালের কাছ থেকে বিদায় নিলাম।

*১৯৭১ সালের মার্চে মেজর পদে কর্মরত ছিলেন।

হবিগঞ্জ শহরটি যেন আনন্দে মেতে উঠেছে।

আমি, মানিক চৌধুরী ও জেনারেল রব একই গাড়ীতে বসেছিলাম। সবাই আমাদের হাত নেড়ে বিদায় সম্বর্ধনা জানাল। গাড়ী ধীরে ধীরে এগিয়ে চলেছে শায়েস্তাগঞ্জের দিকে। সেদিন আমাদের গন্তব্যস্থান ছিল রশীদপুর চা-বাগান। কারণ, খবর পেয়েছিলাম পাকিস্তানীরা শ্রীমঙ্গলের ওপারে আছে। ভেবেছিলাম ঘণ্টা দুয়েকের মধ্যে রশীধপুর পৌঁছে যাব এবং পরদিনের কর্মসূচী তৈরী করতে পারব, কিন্তু পথে চলতে গিয়ে আমাদের অনেক বাধাবিঘ্নের সম্মুখীন হতে হলো। কিছুক্ষণ পর পরই রাস্তার উপরে বড় বড় গাছ, পাথর ইত্যাদি রেখে ব্যারিকেড তৈরি করা ছিল। বালা বাহুল্য, জেনারেল রব ও মানিক চৌধুরীর আদেশক্রমেই ওগুলি তৈরি করা হয়েছিল। কিন্তু এত তাড়াতাড়ি যে সম্পন্ন হবে তা কেউই ভাবেনি। স্বাধীনতকামী প্রত্যেকটি বাঙ্গালীর মন আজ জেগে উঠেছে। যাহোক, আমি বললাম অন্য আদেশ না পাওয়া পর্যন্ত রাস্তাঘাট খোলা রাখতে। কারণ আমাদের নিজেদের প্রয়োজনে যোগাযোগ রক্ষা করতে হবে।

রশীদপুরে পৌঁছতে পৌঁছতে প্রায় রাত ১১টা বেজেছিল। আমি জেনারেল রবকে বললাম, আজ রাত এখানেই থাকব এবং আগামীকাল ভোরে যারা আমাদের সংগে এসেছে তাদেরকে এবং তারা সংগে কি কি অস্ত্র ও হাতিয়ার এনেছে তা দেখে পরবর্তী কর্মপন্থা গ্রহন করব। রশীদপুর চা-বাগানের ম্যানেজার মোস্তাফা সাহেবকে বললাম, ''আজ রাতের জন্য ওদের শ্রমিকদের সাহায্য যেন চা-বাগানটি সুরক্ষিত রাখার ব্যাবস্থা করা হয়। এবং পাকিস্তানীরা কোথায় ঘাঁটি বানিয়ে বসেছে এ খরবটি জানাবার জন্য দু-চারজন বিশ্বস্ত লোক পাঠানো হয়। এ খরবটি আমাকে কাল দুপুরের মধ্যেই দিতে হবে।''

আমাদের সবারই আহারের ব্যবস্থা রশীদপুরেই হয়েছিল। এখানে একটা কথা বলতে চাই যে সিলেটের শমশেরনগরে বেঙ্গল রেজিমেন্টের একটা কোম্পানী ছিল। সেটার কমাণ্ডার ছিল মেজর খালেদ মোশাররফ (বর্তমানে কর্ণেল)। হবিগঞ্জ থেকে রওনা হয়ে যখন আমরা পাইকপাড়া আসলাম তখন জানতে পারলাম মেজর খালেদ মোশাররফ শমশেরনগর থেকে রওনা হয়ে কুমিল্লা সেনানিবাসের দিকে যাচ্ছে। সিলেট ছেড়ে এভাবে যাবার উদ্দেশ্যটা বোঝা যাচ্ছিল না । জনারেল রবকে বললাম, আমাদের গিয়ে ওকে ধরতে হবে এবং সম্মিলিত চেষ্টায় সিলেট মুক্ত করতে হবে।

আমরা তাড়াতাড়ি যেতে অনেক চেষ্টা করলাম, কিন্তু পথঘাটে বাধাবিঘ্ন পেরিয়ে যখন মীরপুরের পুলে এসে পৌঁছলাম তখন আমি মনে মনে চিন্তা করেছিলাম যে খালেদ মোশাররফ ও তার সৈন্যসামন্ত এবং আমার সৈন্যসামন্ত নিয়ে সিলেটকে মুক্ত করব এবং সিলেটে বাংলাদেশের পতাকা উড়িয়ে সেখানে আমাদের প্রধান হেডকোয়ার্টার তৈরি করব। সিলেট থেকে সারা বাংলাদেশকে মুক্ত করার জন্য মুক্তিযুদ্ধ পরিচালনা করতে সুবিধা হতো। সেদিন যদি কর্নেল খালেদ মোশাররফ আমার কথা মেনে নিতেন তাহলে আমাদের বাংলাদেশের ইতিহাস অন্যরমকভাবে লেখা হতো।

জানতে পারলাম গত রাতেই মেজর খালেদ মোশাররফ তার সৈন্যসামন্ত নিয়ে মীরপুর অতিক্রম করে চলে গেছে। মেজর খালেদ মোশাররফ ও সৈন্যসামন্তদের পেলে সিলেটকে মুক্ত করে তারপর আমরা কুমিল্লার পথে গেলে সুবিধা হত। যাইহোক ওকে যখন পেলাম না তখন আমার নিজেকেই করতে হবে।

রাতে ঘুম হল না। চিন্তা করতে লাগলাম এ সামান্য অর্ধশিক্ষিত সৈন্য নিয়ে কিভাবে কি করব। পরদিন ভোরে বেলা প্রায় সাড়ে সাতটার সময় আমি আমার স্বাধীনতাকামী সংগ্রামী ছেলেদের দেখতে গেলাম। কারণ আমাকে জানতে হবে এদের কতখানি যুদ্ধ করবার ক্ষমতা আছে এবং ওদের সঙ্গে হাতিয়ার -গোলাবারুদ কি কি আছে। আনসার, মুজাহিদ, পুলিশ ও বাংলাদেশ সেনাবাহিনীর সৈনিকরা যারা ছুটিতে ছিল সব মিলিয়ে মোট ১৫০ জন মাত্র ছিল। তাদের কাছে আছে কেবল ৩০৩ রাইফেল এবং দশ রাউণ্ড করে গুলি। এই সামান্য সৈন্য ও হাতিয়ার নিয়ে পাকিস্তানীদের বিরুদ্ধে যুদ্ধ করা নিতান্তই বোকামি।

যাইহোক, আমি সিলেটকে মুক্ত করবার যে দায়িত্ব গ্রহণ করেছি তা আমাকে যে ভাবেই হোক পালন করতেই হবে। মনে বিশ্বাস ও স্বস্তি পেলাম যখন সবাই বলল, স্যার আমরা তৈরী। যা আছে তাই নিয়ে নরপিশাচদের বধ করব এবং সিলেটকে মুক্ত করব। মনে মনে চিন্তা করতে লাগলাম এই সামান্য হাতিয়ার ও সৈন্য নিয়ে কিভাবে কি করে পাকিস্তানীদের শায়েস্তা করব। ঠিক করে ফেললাম জনগনের শক্তিই হল বড় শক্তি এবং তার জন্য স্থানীয় গ্রামবাসীদের সাহায্য আমাকে নিতে হবে। স্থানীয় গ্রামবাসীদের কাছে যা যা আছে এবং আমার কাছে যা সৈন্য আছে তাই নিয়ে আমাকে সিলেট মুক্ত করতে হবে। তাই স্থানীয় গ্রামবাসীদের ডেকে বললাম, তোমরা আমার সৈন্যদের সঙ্গে সঙ্গে থাকবে এবং ''জয় বাংলা'' ধ্বনি উঠিয়ে চারিদিকের আকাশবাতাস কাঁপিয়ে তুলবে। এই আওয়াজ শুনে শত্রুরা মনে করে যেন অনেক সৈন্য নিয়ে আমরা এদের বিরুদ্ধে লড়তে এসেছি। মানিক চৌধুরীকে আমি বললাম যেভাবে হোক অস্ত্রশস্ত্র এবং গোলাবারুদের ব্যবস্থা করতেই হবে।

২৮/২৯শে মার্চ আমার সৈন্যদের সংঘবদ্ধ করলাম। দুই প্লাটুন সাতগাঁ পাহাড়ের মধ্যে প্রতিরোধ গড়ে তোলার জন্য পাঠিয়ে দিলাম। শ্রীমঙ্গল থেকে হবিগঞ্জ ও চুনারুঘাটে যদি শত্রুর আসতে হয় তাহলে সাতগাঁ পাহাড়ের মধ্য দিয়েই আসতে হবে। করণ, রেললাইন ও বড় রাস্তা সাতগাঁ পাহাড়ের মধ্যে দিয়েই গেছে।

শত্রুরা কোথায় আছে সঠিক খবর পাচ্ছিলাম না। ভাসা খবর এসে পৌঁছাচ্ছিল। শ্রীমঙ্গল থেকে লোকজন আসা প্রায় বন্ধ ছিল। সঠিক খবর পাবর জন্য কয়েকজনকে শ্রীমঙ্গলের আশেপাশে পাঠালাম।

এদিকে রশীদপুর আমাদের প্রথম ক্যাম্প বানালাম। রশীদপুরের আশেপাশে চ-বাগান ছিল, সব বাঙ্গালী ম্যানেজাররা খুব সাহায্য করেছেন। সৈন্যদের খাওয়া-দাওয়া, থাকার ব্যবস্থা এবং ট্রেনিংয়ের জায়গা সবই তাঁরা ব্যবস্থা করেছেন। চ-বাগানের ম্যানেজার মোস্তফা, আজিজ এদের নাম করতেই হয়। মানিক চৌধুরী অস্ত্রশস্ত্র গোলাবরুদ বন্দোবস্ত করতে লাগল। বাস, ট্রাক যা পাচ্ছে আমাদের সাহায্যের জন্য এক জায়গায় করছে। আমরা আছি এ খবর জেনে নানা জায়গা থেকে যাদের একটু সামরিক প্রশিক্ষণ ছিল আমাদের সৈন্য দলে যোগ দিতে লাগল।

এদিকে খবর পেলাম আমরুল চ-বাগানের দিকে পাকিস্তানীরা আসছে চুনারুঘাটে যাবার জন্য। ম্যাপে দেখলাম রাস্তাও একটা আছে এবং লোকজনের কাছ থেকে জানলাম এ রাস্তা দিয়ে শুধু মানুষই চলতে পারে, গাড়ী চলতে পারে না। যা কিছু সৈন্য ছিল, প্রায় দুই প্লাটুনের মত, পাঠিয়ে দিলাম আমরুল চা-বাগানের দিকে। ওরা পৌঁছার পর খরব পাঠাল যে পাকিস্তানীরা এসেছিল, আবার শ্রীমঙ্গলের দিকে চলে গেছে। আমি ওদের ফিরে আসকে বললাম, কারণ আমার উদ্দেশ্য হল যত তাড়াতাড়ি সিলেট অভিমুখে যাওয়া।

৩০শে মার্চ খবর পেলাম পাকিস্তানীরা শ্রীমঙ্গলে এসে অত্যাচার আরম্ভ করেছে। ৩০/৩১শে মার্চ রাতে শ্রীমঙ্গলের প্রায় দুই মাইল দূরে প্রতিরোধ গড়ে তুললাম এই উদ্দেশ্যে যে ৩১শে মার্চ সকালে আমি শ্রীমঙ্গল আক্রমণ করব।

৩০শে মার্চ সকালে আমি আমার চার প্লাটুনকে নিয়ে চারিদিকে শ্রীমঙ্গলে আক্রমণ করলাম। ভোর আটটায় শ্রীমঙ্গলে পৌঁছলাম। খবর পেলাম পাকিস্তনীরা শ্রীমঙ্গলে ছেড়ে মৌলভী বাজারের দিকে চলে গেছে। সময় নষ্ট না করে মৌলভীবাজার দখল করা শ্রেয় বলে মনে করলাম। চারধারে সৈন্য ছড়িয়ে পড়েছিল। ওদেরকে আবার একত্রিত করে মৌলভীবাজারের দিকে রওনা হলাম। রাস্তায় লোকজনের চলাচল এক রকম বন্ধ বললেই চলে। সৈন্যদের নিয়ে যখন মৌলভীবাজারের দিকে যাচ্ছিলাম জানতে পারলাম নয়নপুর চা-বাগানে পাকিস্তানীরা আছে। পেছনে দুটো প্লাটুনকে বললাম সোজা মৌলভীবাজার রাস্তায় না এসে নয়নপুর চা-বাগান শত্রুমুক্ত করে মৌলভীবাজার আসতে। নয়নপুর চা-বাগানটা শ্রীমঙ্গল থেকে ৭/৮ মাইল দূরে। নয়নপুরের কাছে আসতেই গোলাগুলির আওয়াজ শুনলাম। দেখতে পাচ্ছিলাম আমার সৈন্যরা নয়নপুরের দিকে এগুচ্ছে। কিছুক্ষণ পর দুদিকের গোলাগুলির আওয়াজ শুনলাম। বেলা প্রায় আড়াইটা হবে। ''জয় বাংলা'' আওয়াজে পুরো নয়নপুর যেন

মুখরিত হয়ে উঠল। বুঝলাম নয়নপুর আমাদের দখলে এসেছে। সংযোগের অভাবে কিছুই ঠিক বোঝা যাচ্ছিল না। বাকি সৈন্যদের বললাম মৌলভীবাজরের দিকে অগ্রসর হতে। বিকেল হয়ে গেছে। পৌঁছলাম মৌলভীবাজারে। মনে হচ্ছিল মৌলভীবাজারে যেন শ্মশান হয়ে গেছে। লোকজন প্রায় নেই বললেই চলে। সার্কিট হাউসে এসে উঠলাম। আমার সৈন্যরাও আসতে লাগল। জয় বাংলা ধ্বনিতে সারা শহরটা মুখরিত হয়ে উঠল। লোকজন মনোবল না পেয়ে আমাদের কাছে আসতে লাগল।

রশীদপুর থেকে ক্যাম্প উঠিয়ে মৌলভীবাজারে ক্যাম্প করলাম। কারণ ওখান থেকে আমার সিলেট আক্রমণ করা সুবিধা হবে। জেনারেল রবকে একথা বলতে তিনি আমার কথা মেনে নিলেন। মৌলভীবাজারের অবস্থানটি এমনি জায়গায় যেখান থেকে দুটো প্রধান সড়ক, সিলেট থেকে একটা কুলাউড়া হয়ে, অন্যটি শেরপুর শাহীদপুর হয়ে মৌলভীবাজারে আসা যায়। যদি শত্রুরা স্থলপথে কুমিল্লা অথবা ব্রাহ্মণবাড়িয়া যেতে চায় তাহলে মৌলভীবাজারে ওদের আসতে হবে। একথা ভেবে মৌলভীবাজারকে প্রাধান ঘাঁটি করে রাখলাম। খবর নিতে আরম্ভ করলাম শত্রুরা কোথায় এবং খবর পেলাম কুলাউড়ার দিকে শত্রুরা নেই। স্থলপথ সিলেট থেকে মৌলভীবাজার রাস্তাটা অনেক দীর্ঘ। তাই শত্রুরা শেরপুর-শাদীপুরের রাস্তাই বেছে নেবে। শত্রুরা এ রাস্তা বেছে নোবার আর একটা কারণ আমার সৈন্যদের সিলেটে যেতে হলে দুটো বড় বড় নদী পার হতে হবে। এই চিন্তা করে আমার কাছে যা সৈন্য ছিল তা নিয়ে শেরপুর-শাদীপুরের রাস্তায় সিলেট যাবার জন্য মনস্থ করলাম।

মৌলভীবাজারকে শক্ত ঘাঁটি হিসাবে ব্যবহার করার জন্য জেনারেল রব এবং মানিক চৌধুরীকে বললাম যে আমার আরো অস্ত্রশস্ত্র এবং সৈন্যের প্রয়োজন। শেরপুর-শাদীপুরের রাস্তায় সিলেট যেতে হলে দুটো বড় বড় নদী আমাকে পার হতে হবে। যে সৈন্য আমার কাছে এখন আছে তা দিয়ে দুটো নদী পার হয়ে শত্রুর মোকাবিলা করে সিলেট পৌঁছানো কষ্টসাধ্য ব্যাপার। জেনারেল রব এবং মানিক চৌধুরীকে এ কথা বলতে তারা আমাকে আশ্বাস দিলেন যে কিছু দিনের মধ্যে সৈন্য- গোলাবারুদ এসে যাবে।

পাকিস্তনীদের যুদ্ধের হাবভাব দেখে বুঝতে পারলাম ওরা বড় রকমের কোন যুদ্ধ করবে না যতক্ষণ পর্যন্ত না ওরা সিলেটে একত্রিত হচ্ছে। তবে শেরপুর-শাদীপুরে দুটো নদীতে ওরা ভালভাবে বাধা দেবে সেটা বুঝতে পারলাম এবং সেজন্য তৈরি হতে লাগলাম।

আস্তে আস্তে অস্ত্রশস্ত্র ও সৈন্য বাড়তে লাগল। জেনারেল রব সীমান্তে গিয়ে বিডিআর-এর বাঙ্গালী ছেলেদের একত্রিত করে মৌলভীবাজরে পাঠাতে লাগলেন। মানিক চৌধুরী অস্ত্রশস্ত্র সংগ্রহ করতে লাগলেন। আমার সৈন্য তখন প্রায় ৪৫০ জনের মত হয়ে গেল।

মৌলভীবাজার ও শ্রীমঙ্গলের জনগন আমাকে অনেক সাহায্য করেছেন। গিয়াসুদ্দিন সাহেব, তোয়াবুর রহীম, আজিজ, ডক্টর আলী, আলতাফ, ইলিয়াস এবং স্কুল-কলেজের ছাত্রদের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করি। সৈন্যদের দেখাশুনা, খাওয়া-দাওয়ার সবরকমের ব্যবস্থা যদি মৌলভীবাজার ও সিলেটের জনগন না করতো তাহলে সিলেটকে শত্রুমুক্ত করা সম্ভব হত না।

ইতিমধ্যে খবর পেলাম প্রায় দুই প্লাটুন পাকিস্তানী সৈন্য শেরপুরে প্রতিরোধ গড়ে তুলেছে এবং এক প্লাটুন-এর বেশী সৈন্য শাদীপুর রক্ষা করছে। সৈন্যদের সমাবেশ দেখে বুঝলাম এরা বড় রকমের যুদ্ধ করবে না। আরো খবর পেলাম, পাকিস্তানীদের কাছে স্বয়ংক্রিয় মেশিনগান, তিন ইঞ্চি মর্টার, দুই ইঞ্চি মর্টার ইত্যাদি আধুনিক অস্ত্রশস্ত্র আছে। লোকের আসা-যাওয়া বন্ধ করে দিয়েছে। শেরপুর-শাহীদপুরের দুটো ফেরী ওদের কছে আছে। কোন নৌকা এদিকে চলাচল করতে পারছে না। ওদের সঙ্গে একজন অফিসারও আছে জানতে পারলাম। যেভাবে হোক সিলেট আমাকে জয় করতেই হবে।

৪ঠা এপ্রিল রাত আটটায় শেরপুরের কাছাকাছি প্রতিরক্ষারব্যূহ তৈরী করলাম। পরদিন আক্রমণ করব স্থির করলাম।

শেরপুরের প্রায় দেড় মাইল ডানে ও দেড় মাইল বাঁয়ে দুটো করে প্লাটুন পাঠান স্থির করলাম।গ্রাম গ্রামবাসীদের বললাম যেন নৌকাগুলো ঠিক থাকে। রাতের অন্ধকারে সৈন্যরা চলল তাদের গন্তব্যস্থানে। বাকি সৈন্য নিয়ে মুখোমুখি আক্রমণ চালাব এই স্থির করলাম। রাত প্রায় দশটায় আমরা কিভাবে শেরপুর-শাদীপুর আক্রমণ চালাব তা সবাইকে বুঝিয়ে দিলাম-ডানে ও বাঁয়ের সৈন্যরা নদী পার হয়ে শত্রুদের ঘিরে ফেলবে এবং বাকি সৈন্যরা সম্মুখযুদ্ধে শত্রুদের ব্যস্ত রাখবে।

সকাল পাঁচটায় শেরপুরের সামনে আসতেই শত্রুরা গোলাগুলি ছুঁড়তে আরম্ভ করল। পাল্টা জবাব আমরাও দিতে লাগলাম।

৫ই এপ্রিল। যতই বেলা বাড়তে লাগল গোলাগুলির আওয়াজ ততই বাড়তে লাগল। শত্রুরা তিন ইঞ্চি ও দুই ইঞ্চি মর্টার ও মেশিনগানের সাহায্যে আমাদের সৈন্যদের ব্যতিব্যস্ত করে তুলল। আমাদের দিকে দু-একটা বাড়ীতে আগুন ধরে গেল। গ্রামবাসীরা পালাতে আরম্ভ করল। সৈন্যদের বলেছিলাম, শত্রুরা যেন কিছুতেই নদী পার হয়ে এদিকে আসতে না পারে। বেলা প্রায় বারোটার সময় ওপারে দু'দিক থেকেই "জয় বাংলা" ধ্বনি শুনতে পেলাম। বুঝতে পারলাম আমার সৈন্যরা শত্রুর কাছাকাছি চলে এসেছে। মাঝে মাঝে "ইয়া আলী" আওয়াজও শোনা যাচ্ছিল। তাতে বোঝা যাচ্ছিল হাতাহাতি যুদ্ধ শুরু হয়ে গেছে। এই আওয়াজ আসার সঙ্গে সঙ্গে এপার থেকে গোলাগুলি ছোড়া বন্ধ করে দেয়া হল। কিছুক্ষণ পরে দেখলাম আমার সৈন্যরা পৌঁছে গেছে এবং আমাদের হাতের ইশারায় ডাকছে। "জয় বাংলা" ধ্বনিতে পুরো শেরপুর গ্রাম মুখরিত হয়ে উঠল।

ফেরীটা ভালই ছিল, তাড়াহুড়ার মধ্যে নৌকা এবং ফেরীগুলো নষ্ট করার সময় এবং সুযোগ শত্রুরা পায়নি। আমরা সবাই ওখানে গেলাম, সমস্ত সৈন্যকে আবার সংঘবদ্ধ করলাম এবং বললাম শেরপুর যেভাবে আমাদের দখলে এসেছে ঠিক সেভাবে শাদীপুরও দখল করতে হবে।

শত্রুদের গোলাগুলি আমাদের উপর আসতে শুরু হল। সময় নষ্ট না করে শাদীপুর দখলের জন্য হুকুম দিলাম। কাজ আরম্ভ হয়ে গেল।এদিকে পাকিস্তানীদের ১২টি মৃতদেহ এদিক-ওদিক থেকে পাওয়া গিয়েছিল এবং এদের সেখানই কবর দেয়া হয়েছিল। এই যুদ্ধে আমাদের তিনজন দেশের জন্য প্রাণ দিল। মৃতদেহগুলো মৌলভীবাজারে পাঠিয়ে দেয়া হল।

এদিকে খবর পেলাম তিন চারটা ট্রাক শাদীপুরে এসেছে। এটার দুটো কারণ থাকতে পারে। এটার দুটো কারণ আরো পাকিস্তানী সৈন্য সিলেট থেকে এসেছে। দ্বিতীয় কারণ সিলেটে পালাবার বন্দোবস্ত করছে। যা টুকরো টুকরো খবর আসছিল তাতে সিলেটে পালাবার বন্দোবস্ত করছে বলেই মনে হচ্ছিল। যাহোক, মানিক চৌধুরীকে তখনই খবর পাঠালাম মনুর দিক দিয়ে একটি কোম্পানীকে মৌলভীবাজার থেকে ট্রাকে করে শাদীপুরে পাঠিয়ে দিতে। যদি সিলেট থেকে শত্রুদের আরো সৈন্য এসে থাকে তাহলে আমার সৈন্যরা ঠিকমত যাতে মোকাবিলা করতে পারে এই ভেবে আমি মানিক চৌধুরীকে খবরটা পাঠালাম। এতে আমার দুটো লাভ হয়- আমার সৈন্যসংখ্যা বাড়বে, দ্বিতীয়তঃ যদি শত্রুরা সিলেট থেকে সৈন্য পাঠায় তবে আমারও সৈন্যসংখ্যা এত বেশী হবে যাতে বরাবর যুদ্ধ চালিয়ে যেতে পারব।

বেলা বাড়তে লাগল। শত্রুদের গোলাগুলির আওয়াজও বাড়তে লাগলো। অন্ধকার হয়ে আসল। দু'পক্ষে গোলাগুলি চলতে লাগল। কিছুক্ষণ পর শুনলাম "জয় বাংলা" বাংলা ধ্বনি। বুঝলাম আমার সৈন্যরা শত্রুর কাছে এসে গেছে। গাড়ীর আওয়াজ পেলাম। এত জয়ধ্বনি হচ্ছিল যে কিছুই বুঝা যাচ্ছিল না কি হচ্ছে। গোলাগুলির আওয়াজ একেবারে বন্ধ হয়ে গিয়েছিল। এবারও শত্রুরা ফেরী এবং নৌকাগুলো নষ্ট করার সময় পায়নি।

নৌকা করে লোক যাওয়া-আসা করতে আরম্ভ করল। শাদীপুর দখলে আসল। আনন্দে মনটা ভরে উঠল। খবরটা পাঠালাম মৌলভীবাজারে।

শত্রুদের পিছু ধাওয়া করা সমীচীন মনে করলাম না, কারণ ওরা ট্রাকে করে পালিয়েছে। পায়ে হেঁটে তাদেরকে ধরা সম্ভব নয়। তাই আমার সৈন্যদেরকে সংঘবদ্ধ করতে আরম্ভ করলাম। যে যেখানে আছে ওখানেই প্রতিরোধ গড়ে রাতের জন্য বিশ্রাম করতে হুকুম দিলাম। সুবেদার ফজলুল হককে ওর কোম্পানী নিয়ে শাদীপুরের প্রায় দুই মাইল আগে প্রতিরোধ গড়ে তুলতে বললাম। শত্রুরা কোথায় আছে খবর দিতে আরম্ভ করলাম।

এদিকে মৌলভীবাজারে মেজর শফিউল্লাহর সঙ্গে দেখা হয়। আমি তাকে বললাম যদি পারে একটা কোম্পানী পাঠিয়ে দিতে। বেঙ্গল রেজিমেন্টের একটা কোম্পানী আমার কাছে পৌঁছল-সিলেটের মেজর আজিজ। তাকে আমি পাঠিয়ে দিলাম কুলাউড়া-শেওলা-সাঁতারকান্দী-গোলাপগঞ্জ হয়ে সিলেটের সুরমা নদীর দক্ষিণ পারে প্রতিরোধ গড়ে তুলতে। এদিকে আমি শাদীপুর-সিলেটের রাস্তা শত্রুমুক্ত করে তার সঙ্গে সুরমা নদীর পারে মিলিত হব।

ক্যাপ্টেন আজিজের সৈন্য রাস্তায় বিনা বাধায় গোলাপগঞ্জ পর্যন্ত পৌঁছল। কিন্তু কদমতলীর (সিলেট থেকে প্রায় তিন মাইল দূরে) কাছে যখন আসল তখন শত্রুরা তার উপর গোলাগুলি ছুঁড়তে শুরু করল। যাই হোক, তার সমস্ত শক্তি দিয়ে পাল্টা আক্রমণ করাতে শত্রুরা কদমতলী ছেড়ে সিলেটের দিকে পালিয়ে গেল।

এদিকে খবর পেলাম বিশ্বনাথ এলাকায় রাস্তার দুপাশে শত্রুরা প্রতিরোধ গড়ে তুলেছে। বিশ্বনাথ দখল করার প্রস্তুতি নিলাম। টুকরো টুকরো খবরে জানতে পারলাম বিশ্বনাথে শত্রুরা মাইন লাগিয়েছে এবং দু-একটা গরুও নাকি মারা গিয়েছে। এ খবরটা আমি আমার সৈন্যদের জানালাম না। যাই হোক সমস্ত শক্তি দিয়ে বিশ্বনাথের উপর আক্রমণ করলাম। এই যুদ্ধেও শত্রুরা সমস্ত শক্তি ব্যবহার করেছিল। তবে তাদের মনোবল ভেঙ্গে গিয়েছিল। রাতের অন্ধকারে আমাদের আক্রমণে ওরা টিকতে পারল না এবং বিশ্বনাথ ছেড়ে পালিয়ে একেবারে সিলেটে চলে গেল।

এদিকে ক্যাপ্টেন আজিজের সৈন্য শত্রুসৈন্যকে কদমতলী থেকে তাড়িয়ে সুরমা নদীর দক্ষিণ পারে প্রতিরক্ষাব্যূহ তৈরী করল।

৭ই এপ্রিল ১৯৭১ সন। সমস্ত সিলেট জেলা আমাদের দখলে আসল।

শত্রুরা এক জায়গায় একত্রিত হল। সিলেট বিমানবন্দর এবং লাক্কাতুরা চা-বাগানের আশেপাশে একত্রিত হয়। বুঝলাম এখন আমার কাছে যা সৈন্য আছে তা দিয়ে শত্রুদের উপর হামলা করা ঠিক হবে না, তাই জেনারেল রব ও মানিক চৌধুরীর কাছে আরো সৈন্য এবং অস্ত্রশস্ত্র চাইলাম।

৮ই এপ্রিল সকালে বসে আমি ও ক্যাপ্টেন আজিজ জল্পনা-কল্পনা করতে লাগলাম কি করে সিলেটকে মুক্ত করা যায়। এমন সময় ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনীর একজন লেঃ কর্নেল লিমাইয়া আসলেন এবং আমাকে বললেন শিলচরে যেতে। আমি বললাম, এক শর্তে আমি যাব যদি তিনি আমাকে সৈন্য দিয়ে সাহায্য করেন। তিনি বললেন, তাই হবে। আমি তখনই তাঁর সঙ্গে শিলচর রওনা হয়ে গেলাম। রাত বারটা পর্যন্ত কি কর্মপন্থা আমরা অবলম্বন করব তা ঠিকঠাক করা হল, কিন্তু সেটা কার্যকরী হবার আগেই পাকিস্তানী সৈন্যরা আমাদের উপর আক্রমণ করল। ভারতীয় সৈন্য আসার সৌভাগ্য হয়নি।

৯ই এপ্রিল পর্যন্ত পুরো সিলেট আমাদের দখলে রইল। আমার পরিকল্পনা ছিল বিমানবন্দর এবং লাক্কাতুরা চা-বাগান দখল করা। রাত প্রায় এগারটার সময় এক কোম্পানীকে পাঠিয়ে দিলাম খান চা-বাগানের দিকে। আর একটা কোম্পানীকে পাঠানো হল আখালিয়ার দিকে। আর দুই কোম্পানীকে নিয়ে লাক্কাতুরা চা-বাগান দিয়ে শালুটিকর বিমানবন্দর দখলের জন্য রওনা হলাম। ক্যাপ্টেন আজিজের উপর ভার দেয়া হল সুরমা নদীর দক্ষিণ পার অবরোধ করে রাখার।

১০ই এপ্রিল আমাদের উপর শত্রুরা প্রচন্ড হামলা করল। শত্রুরা ইতিমধ্যে অনেক সৈন্য যোগাড় করেছিল। পুরোদিন যুদ্ধ চলল। আমাদের সৈন্যরা পাকিস্তানীদের আক্রমণের মুখে টিকতে পারল না। শত্রুরা সব রকম অস্ত্র ব্যবহার করল। আস্তে আস্তে আমার সৈন্যরা পিছু হটতে আরম্ভ করল এবং নদীর দক্ষিণ পাড়ে আসল। খাদিমনগরের কোম্পানী আসতে পারলে না। ওরা তামাবিলের (শিলং) দিকে চলে গেল। ওদেরকে আগেই বলা ছিল যদি আক্রমণ কৃতকার্য না হয় তাহলে ওরা যেন ক্যাপ্টেন মুতালিবের সঙ্গে (সে তামাবিলের দিকে যুদ্ধ করছিল) মিলে যায়।

এসব যখন হচ্ছিল তখন আমি শিলচর থেকে অয়ারলেস যন্ত্রপাতি নিয়ে আসছিলাম। তখন এক দুর্ঘটনায় আমার গাড়ী উল্টে গিয়েছিল। সেদিন খুব সম্ভব ছিল ৮ই এপ্রিল। খুব বৃষ্টি হচ্ছিল। আমি গাড়ী চালাচ্ছিলাম। আমার সঙ্গে একজন সিগন্যালম্যান ছিল। যখন কুলাউড়ার কাছে আসি তখন দুটো লোক আমার দিকে লক্ষ্য করে অস্ত্র ধরে এবং গুলি করার চেষ্টা করে। আমি তখন গাড়ীর স্পীড বাড়িয়ে দিলাম। কিন্তু রাস্তা খুব পিচ্ছিল ছিল এবং গাড়ীতে স্পীডও বেশী ছিল। একটা আওয়োজ কানে আসায় পেছন দিকে তাকাতেই গাড়ীর নিয়ন্ত্রণ হারিয়ে ফেলি। গাড়ী উল্টে গেল। আমার পায়ে-বুকে খুব আঘাত লেগেছিল। পরে জানা গিয়েছিল দুর্বৃত্তরা মুসলিম লীগের লোক ছিল।

যাই হোক, খোঁড়া পা নিয়ে যুদ্ধ পরিচালনা করতে আরম্ভ করলাম। তখনই একদিন জেনারেল ওসমানী এবং ব্রিগেডিয়ার পান্ডের সঙ্গে আমার মৌলভীবাজারে দেখা হয়। আমার এ অবস্থা দেখে লেঃ কর্নেল জামানকে সিলেট সেক্টরের ভার দেয়া হয় এবং আমাকে কিছু দিনের জন্য শেওলা-সুতারকান্দী-সিলেট এলাকার দায়িত্ব দেয়া হয়। পরবর্তীকালে যখন সবাই ভারতে চলে গেলাম তখন আবার সিলেট সেক্টরের পুরো দায়িত্ব আমাকে দেয়া হল। কর্নেল জামানকে উত্তর বঙ্গের একটা সেক্টরের কমান্ডার করে পাঠিয়ে দেয়া হল।

যাই হোক নদীর দক্ষিণ পাড়ে ভীষণ যুদ্ধ হল। দ্বিতীয় বেঙ্গল রেজিমেন্ট ক্যাপ্টেন আজিজের নেতৃত্বে আপ্রাণ যুদ্ধ করে যেতে লাগল। এদের উপর বিমান হামলা পর্যন্ত হয়েছিল। শত্রুদের এই আক্রমণের মুখে টিকতে পারল না। সৈন্যরা, ছত্রভঙ্গ হয়ে গেল। ক্যাপ্টেন আজিজ পায়ে গুলি লেগে আহত হল। এবং আস্তে আস্তে ওরা মৌলভীবাজারের দিকে পিছু হটতে বাধ্য হল। বাকি সৈন্যরা গোলাপগঞ্জ-ঢাকা দক্ষিণের দিকে পিছু হটতে লাগল।

ইয়াকিনগঞ্জ-গোলাপগঞ্জে যা সৈন্য ছিল আমি প্রতিরক্ষাব্যূহ তৈরী করলাম। এপ্রিল মাসের মাঝামাঝি এখানে ভীষণ যুদ্ধ হয়। ইয়াকিনগঞ্জের যুদ্ধে সিলেটের বাঙ্গালী এস-পি, যিনি পাকিস্তানীদের হয়ে কাজ করতেন, আমাদের হাতে ধরা পড়েন।পাকিস্তানীদের বাঙ্গালীদের প্রতি দরদটা এই দৃষ্টান্ত দিয়ে বোঝা যাবে। পাকিস্তানীরা জানত না আমরা কত সৈন্য নিয়ে ইয়াকিনগঞ্জে প্রতিরোধ গড়ে তুলেছি। আমাদের স্ট্যান্ডিং পেট্রল ইয়াকিনগঞ্জের প্রায় মাইলখানেক আগে ছিল। পাকিস্তানীরা সিলেটের বাঙ্গালী এসপি সাহেবকে গোলাপগঞ্জে একটা অজুহাতে পাঠিয়েছিলেন। ইয়াকিনগঞ্জ-সিলেট সড়কে লোক চলাচল একেবারে বন্ধ ছিল। শত্রুরা জানত যে সিলেট থেকে যদি কেউ গোলাপগঞ্জের দিকে যায় তাহলে তার রক্ষা নেই। ফায়ার খুললে একটি বাঙ্গালী মরলে ওদের কিছু যায় আসে না। ওদের যা জানার দরকার তা জানতে পারলেই হল। এসপি সাহেব স্ট্যান্ডিং পেট্রল পার হয়ে যখন মূল ডিফেন্সের মধ্যে আসল আমাদের ফায়ার খোলা হল চারিদিক থেকে। তার জীপ দাঁড়িয়ে গেল। দেখালেন রুমাল। ফায়ার বন্ধ করে আমরা কয়েকজন গেলাম, ভাবলাম বড় শিকার পাব। কিন্তু আশ্চর্য! বাঙ্গালী এসপি, কি করব, গুলি করে মারতে মনটা চাইল না। নিয়ে আসলাম ধরে। কত কাকুতি-মিনতি করে বললাম, মশাই, পাকিস্তানীদের পা চাটছেন। ধরা পড়েছেন। তবে প্রাণে মারব না, কারণে আপনি বাঙ্গালী। হুকুম দিলাম ওকে আমার হেডকোয়ার্টারে নিয়ে যেতে। ওকে জেনারেল ওসমানী সাহেবের কাছে জিজ্ঞাসাবাদের জন্য পাঠিয়ে দিই। ওর গাড়ীটা অবশ্য আমাদের লেগেছিল। আশ্চর্য, পরের দিনই রাতে শত্রুরা আমাদের উপর আক্রমণ করল।

প্রচন্ড আক্রমণের মুখে টিকেতে না পেরে পিছু হটকে বাধ্য হলাম। এমনকিভাবে গোলাপগঞ্জ-শেওলা-সুতারকান্দী যুদ্ধ করতে করতে এপ্রিলের শেষের দিকে ভারতের করিমগঞ্জ এলাকায় এসে ট্রেনিং ক্যাম্প খুললাম। এদিকে দ্বিতীয় বেঙ্গল ও বাকি সৈন্যরা শত্রুর আক্রমণ প্রতিহত করতে না পেরে আস্তে আস্তে মৌলভীবাজার-শ্রীমঙ্গল হয়ে ভারতের সীমান্তে জমা হতে লাগল।

সিলেটে সশস্ত্র প্রতিরোধ যুদ্ধের ডায়েরী

লেঃ কর্নেল আবদুর রব*

WAR DIARY OF SECTOR 4 BDF

Date	Time	Place	Remarks
1	2	3	4
02 Apr 71		Sheola ghat	C/9 pl of 3 wing EPR which was deployed in area Baragram/Gazukati BOP having direction from Teliapara HQ come at sheola Ghat.
05 Apr 71		-do-	Capt Aziz of EBR arrived and took over comd of C/9 pl.
05 Apr 71	2100 hrs	-do-	pl moved at Ranaping and joined EBR coy under comd of Capt Aziz. Tps adv towards Sylhet. Mr. Taymur, MPA met tps in area before between Golapgonj and Ranaping. He took over driving of veh of C/9 pl and met an accident on the way which caused minor injuries to 3 pers. Immediately after the accident Mr. Taymur left the place. EBR coy proceeded Ranaping and EPR stayed at the place of accident for the night.
06 Apr 71	0930 hrs	Ranakheli	EPR pl moved in a base sent by Capt Aziz and joined EBR Coy at Ranakheli. Tps sheltered there till next evening.
07 Apr 71		-do-	EBR Coy moved to Daka Dhakin and EPR PI took def posn in area Fullbari/Bhaitiker.
08 APr 71		-do-	In the night EBR Coy advanced towards Sylhet.
09 APr 71		Fulbari	N/Sub Motiur Rahman of C/8 pl of 3 Wing EPR took over C/9 PI at Fulbari as per order received from Teliapara.
10 Apr 71		Kadamtali	C/9 PI moved to Kadamtali bus-stand and on reaching there at about 1200 hrs took def

* ১৯৭১-এর মার্চে ক্যাপ্টেন পদে কর্মরত ছিলেন

			posn. At 1300 hrs enemy aircraft (ac) raided EBR Coy posn in Kin bridge area and EPR PI in Kadamtali. En inf tps also started firing with small arms/3 inch morter/6 pdr. Exchange of fire continued for about 21hrs. En tried to cross Kin Bridge but could not do so and suffered heavy casualties.
11 Apr 71	1000 hrs	-do-	EPR PI when digging in area Kadamtali its str was 14 only. At about 1000 hrs en started interm ttant fire on EPR PI. After few minutes en was seen to adv through area KIN Bridge/Bhartakhola, where EBR Coy was deployed. This led the EPR PI to know that EBR Coy has withdrawn. En adv was obstructed by EPR PI till it was again fired upon with small arms/3 inch morter 6 pdr, supported by air raid. EPR PI withdrew from def posn and reached Fulbari in a civil bus in the evening and halted there for the night.
12 Apr 71	0700 hrs	Sheolaghat	Moved to Sheolaghat and took def posn.
-do-	-do-	-do-	Maj C R Dutta arrived and took over Comd. 11 Mjd/Ansr joined at Sheolaghat, advanced and took def in area Ranaping when PI str was twenty five only. Again more 29 Mjd/Ansar joined the PI. Brig Panday and others arrived and carried out reccee in area Golapgonj and Fulbari/Bhaitiker. BSF unit under Brig panday arrived and dug def in the same area. EPR PI laid musk posn in Hatimgonj area and fired on a jeep which was advancing towards Hatimgonj carrying 3/4 uniformed persons. The jeep stopped and the uniformed pers including SP, sylhet, surrendered pers raising their hands. They were arrested and brought to def area.
20 Apr 71		Sheolghat	A party of 1/10 was sent to destroy the sheolaghat ferry. They Destroyed the ferry at night of 20 Apr 71 and killed 8 en by 2″ Mor/LMG fire. N/Sub Motiur Rahman was left to destroy the ferry of, Kharglighat Baraigram in the night with a civilian by boat. Ferry of above ghats was destroyed by axe.
21 Apr 71		Sutarkandi	Capt A Rab joined.

সিলেটে সশস্ত্র প্রতিরোধ

সাক্ষাৎকারঃ ল্যান্সনায়েক সোনা মিয়া
৬-১১-১৯৭৪

২৫শে মার্চ আমি সিলেটের ১২নং শাখা খাদিমনগরে ছিলাম। আমি ইনটেলিজেন্স ইনচার্জ ছিলাম। ১৮ই মার্চ আমাদের উইং ব্যারাকের ভিতর পাকিস্তানীরা বাংকার করে। এই নিয়ে পাকিস্তানীদের সাথে আমার বচসা হয় এবং আমার বিরুদ্ধে কেস দাঁড় করায়। ২২শে মার্চ আমাদের সম্পূর্ণ হাতিয়ার জমা নিয়ে নেয়। উইং কমান্ডার ছিল মেজর শওকত খান। সেকেন্ড ইন কমান্ড ছিল দু'জন পাঞ্জাবী ক্যাপ্টন। হবিগঞ্জে একজন কোম্পানী কমান্ডার ছিল সুবেদার বি, আর, চৌধুরী। তামাবিলে একজন কমান্ডার ছিল সুবেদার মজিবুর রহমান। সুনামগঞ্জে কমান্ডার ছিল সুবেদার নাজিবুর রহমান এবং উইং হেডকোয়ার্টারে একটি করে কোম্পানী ছিল কমান্ডার ছিল একজন পাঞ্জাবী সুবেদার। হেডকোয়ার্টারে একটি সাপোর্ট প্লাটুনও ছিল। কমান্ডার ছিল আবুল ফজল মিয়া।

২২শে মার্চ তারিখে সকল অবাঙ্গালী ইপিআরকে হেডকোয়ার্টারে নিয়ে আসা হয়। আমাদের কাছ থেকে অস্ত্র নিয়ে নিলেও অবাঙ্গালীদের চাইনীজ অস্ত্র ইস্যু করে পাকিস্তানীরা গোপন বৈঠক করতো। এই অবস্থা দেখে আমরা ডাইরি ফার্মে গোপন আলোচনা করি। উপস্থিত ছিল উইং হাবিলদার মেজর ওয়াহিদুল ইসলাম, নায়েক হাফিজুল্লাহ চৌধুরী এবং আমি। আমরা সিলেট ডিসি এবং এসপি'র সাথে যোগাযোগ করি। ৩নং শাখার সাথেও যোগাযোগ করি। সমস্ত বিষয় অবগত করাই। সেক্টরে গিয়ে ক্যাপ্টেন আলাউদ্দিনের সাথে যোগাযোগ করি।

৩০শে মার্চ সকাল অনুমান ৬টার সময় ১১পাঞ্জাবী আমাদের উইং ঘিরে ফেলে আক্রমণ করে। আমরা উইং থেকে পালিয়ে গিয়ে বিভিন্ন স্থানে আশ্রয় নিলাম। আক্রমণে হাবিলদার শরাফত ঘটনাস্থলেই নিহত হয়। কোয়ার্টার গার্ড হাবিলদার মজিবুর রহমান শহীদ হন।

গায়াইন ঘাটে আমাদের ৬০/৭০ জন ইপিআর আশ্রয় নেয়। কিছু জনতা এবং কিছু মুজাহিদ আমাদের সাথে আসে। হাবিলদার মেজর ওয়াহিদুল ইসলামের নেতৃত্বে একটি প্লাটুন, একটি নায়েক হাফিজুল্লার এবং আরেকটি প্লাটুনের নেতৃত্ব আমার ছিল। সার্বিক দায়িত্ব ছিল ওয়াহিদুল ইসলামের উপর। এই ৩ প্লাটুন নিয়ে আমরা সবাই জাফলং টি গার্ডেনের ম্যানেজার কায়েস চৌধুরীর কাছে যাই। কায়েস চৌধুরীর কাছে ৩১শে মার্চ পৌঁছাই। ওখানে গিয়ে বিএসএফ ক্যাপ্টেন রাওয়ের সাধে যোগাযোগ করা হয়। তারা আমাদেরকে কিছু অস্ত্র সাহায্য করে। আমরা সিলেটের পথে অগ্রসর হই। পথে সুবেদার মজিবুর রহমান তাঁর কেম্পানী নিয়ে আমাদের সাথে মিলিত হয়। সুবেদার মজিবুর রহমান গোয়াইন ঘাটে থকলেন আহার, বস্ত্র ইত্যাদির জন্য। আমরা ১৭৫ জনের মত ইপিআর ছিলাম এবং কিছু কিছু আনসার, মুজাহিদ ও ছাত্র ছিল।

আমরা খাদিমনগরে পৌঁছলাম ২রা এপ্রিল। ৩রা এপ্রিল আমরা সিলেটের দিকে অগ্রসর হই। সিলেট বেতার কেন্দ্রের কাছে পাক বাহিনী আমাদের উপর গুলি ছোড়ে। আমরা ওখানে ডিফেন্স নিই। পাক বাহিনীর সাথে আমাদের সংঘর্ষ হয়। আমরা সিলেট শহর দখল করে নিই। কর্নেল চিত্তরঞ্জন দত্ত জকিগঞ্জ বাস স্ট্যান্ডের কাছে ডিফেন্স নিলেন। আমরা শহরের ভিতর, কর্নেল দত্ত শহরের বাইরে অবস্থান করছিলেন। সুবেদার বি, আর চৌধুরী ইপিআর, বাহিনী নিয়ে কর্নেল দত্তের সঙ্গে থাকেন। সুবেদার নজিবুর রহমান ইপিআর ফোর্স নিয়ে সুনামগঞ্জ থেকে সুবোধ বাজারে ডিফেন্স নেন।

এপ্রিলের ৮/৯তারিখে পাক বাহিনী আমাদের উপর কাউন্টার এটাক চালায়। কর্নেল দত্ত এবং সুবেদার নজিবুর রহমান তার কোম্পানী নিয়ে আমাদের সাহায্য করতে পারেননি। পাকসেনা স্থল ও বিমান হামলা করে। আমরা টিকতে ব্যর্থ হই ! পিছু হটে খাদিমনগর চলে যাই। ৯ তারিখেই রাতে সুবেদার বি, আর, চৌধুরী তাঁর কোম্পানী নিয়ে আমাদের সাথে মিলিত হন। সুবেদার নজিবুর রহমান সুবোধ বাজার থেকে টুকুর বাজারে ডিফেন্স স্থানান্তর করে। এখবর আমরা পেলাম ১১ই এপ্রিল

খাদিমনগরে পাক বাহিনী বিমান এবং স্থল আক্রমণ করে। পাক বাহিনীর ব্যাপক আক্রমনে আমরা টিকতে ব্যর্থ হই। সব বিচ্ছিন্ন হয়ে যাই। চিকনাগুলে আমরা আবার ডিফেন্স নিলাম। এখানে আবার বিএসএফ ক্যাপ্টেনের সাথে যোগাযোগ করি। বিএসএফ ক্যাপ্টেন রাও-এর অনুরোধে ৫২৫ জনের মত বিএসএফ সাহায্যে এগিয়ে আসে। তামাবিল সিএন্ড-বি রোডের (যেটি সিলেট থেকে শিলং গেছে) ডান দিকে ইপিআর, বাম দিকে বিএসএফ পজিশন নেয় এপ্রিলের ২০ তারিখে।

২৪ তারিখে বিএসএফ বাহিনী ডিফেন্স ছেড়ে ভারত চলে যায়। আমরা তা জানতে পারি না। ২৫ তারিখে ভোরে পাক বাহিনীর ব্যাপক আক্রমণে আমরা টিকতে ব্যর্থ হই। ২৫/৩০ জনের মত শহীদ হন বাংকারে।আমরা পিছু হটি। পালাবার পথে ট্রাকে রিক্সায় পলায়নরত ৭৫ জন ইপিআর এবং বেঙ্গল রেজিমেন্টের অবসরপ্রাপ্ত সুবেদার শহীদ হন।

আমরা বাকী সব মিলে ১২৫ জনের মত জৈন্তিয়াতে আশ্রয় নিই। ২৫শে এপ্রিল পাক বাহিনী এখানে পৌঁছায়। আমরা পিছু হটি এবং ভারতীয় সীমান্ত তামাবিলে আশ্রয় নিই। পাকসেনা সীমান্ত তামাবিলে পৌঁছায়। আমরা ভরতীয় বিএসএফ ক্যাম্প লাতাং-এ আশ্রয় নিই। আমাদের যাবতীয় অস্ত্র জমা দিই। এরপরই আমরা বিএসএফ-এর আওতায় যাই। তারা আহার ও আশ্রয় দেয় এবং আমরা ছোট ছোট দলে বিভক্ত হয়ে বাংলাদেশের মধ্যে খন্ডযুদ্ধ করি। কিছু দিন পর বিএসএফ-এর উর্ধ্বতন অফিসারের সাথে কথা বলি এবং আমরা অনুমতি নিয়ে বাংলাদেশ সীমান্ত তামাবিল এবং মুক্তাপুরে ডিফেন্স করি। তামাবিলের দায়িত্ব নেন ক্যাপ্টেন মুতালিব (অবসরপ্রাপ্ত) এবং সুবেদার বি, আর, চৌধুরী। সার্বিক দায়িত্ব ক্যাপ্টেন মুতালিবের উপর থাকে। দল পুনর্গঠন করে যুদ্ধ শুরু করি।

সশস্ত্র প্রতিরোধে সিলেট

সাক্ষাৎকারঃ সিপাই শফিক আহমেদ

৮-১১-১৯৭৪

আমি ২৫শে মার্চের পূর্ব থেকেই সেক্টর হেডকোয়ার্টার সিলেটে ছিলাম। সিলেটের অধীন তখন ৩টি উইং ছিল-১নং, ৩নং এবং ১২নং উইং। ১নং উইং কুমিল্লার কোটবাড়ীতে ছিল। ৩নং উইং এবং ১২নং উইং ছিল সিলেট শহরে। সেক্টর কমান্ডার ছিলেন লেঃ কঃ সেকান্দার খান (অবাঙ্গালী), সেকেন্ড-ইন-কমান্ড ছিলেন মেজর করিম (অবাঙ্গালী), এ্যাডজুটেন্ট ছিল ক্যাপ্টেন নসির নাজির (পাঞ্জাবী)। কোয়ার্টার মাস্টার ছিল একমাত্র বাঙ্গালী অফিসার-ক্যাপ্টেন আলাউদ্দিন। মেজর এম, এ, কুদ্দুস সেই সময় এ, এম, সি ছিলেন। সিগনাল অফিসার ছিল আহসান কাদির ফয়েজ। উল্লেখ্য যে, ভারতীয় বিমান হাইজ্যাকের পর থেকেই সিলেটের খাদিমনগরে একটি রেজিমেন্ট থাকতো। এখানে ৩১ পাঞ্জাব এবং এফ-এর একটি কোম্পানী থাকতো।

সেক্টর হেডকোয়ার্টারে ইপিআর প্রায় ছিল না। সিগনালের একটি এবং সহকারী (কেরানী) সহ আমরা ৫০/৬০ জন ছিলাম। ১৯/২০ মার্চ থেকে ৩১ পাঞ্জাব-এর ১টি প্লাটুন ইপিআর সেক্টর হেডকোয়ার্টারে থাকা শুরু করে। ১২নং শাখার ১টি প্লাটুন ২৪শে মার্চ তারিখে সেক্টর হেডকোয়ার্টারে আসে। সেখানে মাত্র ৪/৫ জন বাঙ্গালা ছিল, বাকী সবাই ছিল অবাঙ্গালী।

২৬শে মার্চ বিভিন্ন গ্রাম থেকে ঢাল, সড়কি, বল্লম নিয়ে হাজার হাজার জনতা সিলেট শহরে আসতে থাকে। পাক সেনারা তাদের উপর গুলি চালায়, বহু বেসামরিক নিরীহ লোক নিহত হয়। শহরে তখন কারফিউ চলছিল। ২৬ তারিখে যে সকল ইপিআর অফিসে অনুপস্থিত ছিল তাদেরকে কর্তৃপক্ষ ডেকে আনতে বললেন। ২৬শে মার্চ আমাদেরকে একটি করে লাঠি দেয় আকস্মিক আক্রমণের হাত থেকে রক্ষা পাবার জন্য।

২৮শে মার্চ কিছু বাঙ্গালী ইপিআর অফিসে আসে। আমরা ঐ দিন অফিসে আসিনি। পরে আমাদের গাড়ীতে করে নিয়ে আসা হয়। ২৮ তারিখেই আলমারীর এবং অন্যান্য চাবি নিয়ে নেয় হয় এবং বলা হয় 'তোমরা অফিসে এসো না, দরকার হলে আসতে বলবো'। ক্যাপ্টেন নসির নাজির এটা বলেন।

৩রা এপ্রিল ৩১ পাঞ্জাব ১২নং উইং আক্রমণ করে সকালে। এই খবর এখানকার ইপিআররা আগে থেকেই জানতে পেরে ঐ দিন অস্ত্রশস্ত্রসহ পাহাড়ে গিয়ে আশ্রয় নেয়। ঐ দিন ঐ উইংয়ে পাঞ্জাবীদের আক্রমণে ৩জন ইপিআর গার্ড শহীদ হন। আখালিয়াতে সেক্টর হেডকোয়ার্টারের একটি ৬ পাউন্ডের প্লাটুন থাকতো ট্রেনিং-এর জন্য। ৩নং শাখার একটি কোম্পানী আখালিয়াতে থাকতো।

৪ঠা এপ্রিল ভোরের দিকে ৩১ পাঞ্জাব আখালিয়া আক্রমণ করে। ১২নং শাখার হেডকোয়ার্টার এভাবে পাকবাহিনীর হাতে চলে যায়। আখালিয়াও পাক সেনার হতে চলে যায়। ৪ঠা এপ্রিল সিলেট সেক্টর থেকে অবাঙ্গালী ইপিআররা চলে যায়। পাক সেনারা ঐ তারিখের পর থেকে খাদিমপুরে থাকা শুরু করে।

উল্লেখ্য যে, ২৭শে মার্চ ক্যাপ্টেন গোলাম রসুল (১২নং শাখার সহকারী উইং কমান্ডার) বাঙ্গালী মিশিয়ে একটি প্লাটুন শমসেরনগর বিমান ঘাঁটিতে নিয়ে যায়। এই প্লাটুনের অগ্রবর্তী দলটি ১০/১২ জন ডজ গাড়ীতে করে শমসেরনগর ডাকবাংলোতে আসে। এই দলের ড্রাইভার অগ্রণী হয়ে বলে, দ্বিতীয় দলে ক্যাপ্টেন সাহেব আসলে আমাদের বন্দী করতে পারে। অতএব, এখনই ক্যাপ্টেনকে খতম করে দিই। সাথে সাথে বাঙ্গালী ইপিআররা ডাকবাংলোর ছাদের উপর উঠে যায় এবং লাইট মেশিনগান নিয়ে পজিশন নেয়। সাথের দু'জন পাঞ্জাবী সিপাই পালিয়ে যায়। কিছুক্ষণের মধ্যে ক্যাপ্টেন গোলাম রসুল দ্বিতীয় গাড়ীতে আসে। ইপিআর দলটি উপর থেকে ফায়ার ওপেন করে। সাথে সাথে ক্যাপ্টেনসহ প্রায় সবাই নিহত হয়। ২/১ জন আহত অবস্থায় পালিয়ে যায়।

৩নং শাখা কমান্ডার জাবেদ বরকত চৌধুরী ঐ তারিখে একটি ইপিআর-এর দল নিয়ে শমসেরনগর রওয়ানা হয়েছিল। পথে ক্যাপ্টেন গোলাম রসুলের মৃত্যুখবর শুনে ফিরে আসে। ৪ঠা এপ্রিলের পর থেকেই পাকসেনারা গাড়ী করে শহরে মাঝে মাঝে টহল দিতে থাকে।

অসহযোগ আন্দোলনের সময়েই সামরিক অফিসারের পরিবারদের পশ্চিম পাকিস্তানে পাঠিয়ে দেয়া হয়েছিল। কেবল জেসিও-এনসিওদের পরিবার ছিল।

৭ই এপ্রিল সকল পাকসেনা সিলেট শহরের খাদিমপুর ছেড়ে সালুটিকর বিমান বন্দরে ঘাঁটি গাড়ে। ঐ রাতে ন্যাশনাল ব্যাঙ্কের ১১ জন পুলিশকে পাকসেনারা হত্যা করে। সিলেট শহরে কিছু আনসার, মুজাহিদ, ইপিআর প্রবেশ করে।

পাকসেনারা সালুটিকর বিমান বন্দর থেকে গাড়ী করে সিলেট শহরে পেট্রোলিং করতে আসতো। ৯ই এপ্রিল থেকে ১২ই এপ্রিলের মধ্যে পাকসেনারা সিলেট শহরে প্রবেশ করে। মুক্তিবাহিনীর সাথে খন্ড যুদ্ধ হয়। পাকসেনারা শহর দখল করে নেয়।

সুরমা নদীর দক্ষিণ পাড়ে বেঙ্গল রেজিমেন্টের একটি কোম্পানী ছিল। ইপিআর, আনসার, মুজাহিদ মিলে একটি কোম্পানীও ওখানে ছিল। পাকসেনারা উত্তর দিক থেকে মুক্তিবাহিনীর উপর আক্রমণ চালায় ঐ তারিখে।

১২/১৩ এপ্রিল পাকসেনারা বিমান হামলাও চালায়। মুক্তিবাহিনী সব ছত্রভঙ্গ হয়ে যায় পাকবাহিনীর প্রবল আক্রমণে। কিছু ইপিআর শেওরা নামক স্থানে আসে, সেখানে মেজর সি, আর দত্ত ছিলেন।

২৩শে এপ্রিল তারিখে ইপিআর-আনসার মিলে ৩০০ এবং ভারতীয় বিএসএফ বাহিনীর ৩০০ মত সৈন্য মিলিত হয়ে গোলাপগঞ্জ নামক স্থানে ডিফেন্স নেয়। ২৪শে এপ্রিল পাকসেনারা গোলাপগঞ্জের মুক্তিবাহিনীর

অবস্থানের উপর আক্রমণ চালায় সকাল ৯/১০টার সময়। আমাদের পার্টি পাল্টা আক্রমণ চালায়। যুদ্ধ আধঘন্টা স্থায়ী হয়। পাকসেনারা পিছু হটে যায়। এরপর ভারতীয় বিএসএফ ভারতে চলে যায়। আমরা ইপিআর-রা শেওলাতে গেলাম।

২৭/২৮ এপ্রিল আমরা মাত্র একটি প্লাটুন ইপিআর ছিলাম শেওলাতে। আনসার ৪/৫ জন ছিল। পাকসেনারা আবার আমাদের দিকে অগ্রসর হচ্ছে শুনে আমরা টিকতে পারব না ভেবে বড়গ্রাম বিওপিতে চলে গেলাম। মেজর দত্ত ও ক্যাপ্টেন রব আমাদের ঐ ক্যাম্পে যান। আমাদের হেডকোয়ার্টার করলেন বাংলাদেশ চেকপোস্ট সুতারকান্দি চেকপোস্টে। আমরা তখন ৫০ জনের মত ইপিআর হলাম। আমরা ডিফেন্স নিলাম বড়গ্রাম, মনিরং, কোনাগ্রাম এবং সুতারকান্দি চেকপোস্টে। পাক বাহিনী ইতিমধ্যে শেওলা দখল করে নেয়।

মে মাসের প্রথম থেকে ক্যাপ্টেন রব থাকতেন সুতারকান্দি চেকপোস্টে। ক্যাপ্টেন রব আমাদের নির্দেশ দিলে 'হিট এন্ড রান' পদ্ধতিতে যুদ্ধ করতে। আমরা হঠাৎ করে পাক আর্মির উপর আক্রমণ করে আবার ঘাঁটিতে ফিরে আসি।

মে মাসের ২৩ তারিখে সব অবস্থান থেকে কিছু কিছু করে ইপিআর নিয়ে একটি প্লাটুন তৈরী করে হাবিলদার শামসুল হকের নেতৃত্বে লাতু নামক স্থানে যাই পাকসেনাদের আক্রমণ করতে। ঐ তারিখ রাতে আমরা পাক ঘাঁটির উপর ৩" মর্টার দিয়ে আক্রমণ করি। কিছু লোক ওখানে থাকে সকালে পর্যন্ত আক্রমণের ফলাফল দেখবার জন্য। আমরা ১৪ জনের মত রাতেই ফিরে আসি।

এভাবে সকাল আটটা থেকে দুপুর দু'টা পর্যন্ত পাঞ্জাবীরা আমাদের উপর বার বার আক্রমণ করে, কিন্তু প্রত্যেকবারই আমরা তাদের আক্রমণকে প্রতিহত করি এবং তাদের আক্রমণকে ব্যর্থ করতে সক্ষম হই। পাকিস্তানীরা পূর্ব থেকেই আমাদের উপর আক্রমণাত্মক প্রস্তুতি ও পরিকল্পনা নিয়েছিল, কেননা তারা মর্টার আক্রমণ করে এবং তা আমাদের ব্যাটালিয়নের উপরই করে। যেহেতু, পূর্বপরিকল্পনা নিয়ে পাকিস্তানীরা আমাদের উপর আক্রমণ করে, সেহেতু তাদের সঙ্গে আমরা বেশীক্ষণ যুদ্ধ চালাতে পারব না মনে করে আমি আমার ব্যাটালিয়ন নিয়ে ক্যান্টনমেন্ট থেকে বেরিয়ে পড়ার সিদ্ধান্ত নিলাম।

পাকিস্তানী সৈন্যরা আমাদেরকে উত্তর, পূর্ব ও দক্ষিণ দিক দিয়ে আক্রমণ করেছিল। পশ্চিম দিক দিয়ে আক্রমণ না করলেও পশ্চিমের খোলা মাঠে মাঝে মাঝে অবিরাম বৃষ্টির মত গুলি করছিল। আমরা পশ্চিম দিক দিয়েই কভারিং ফাইটের সাহায্যে বের হবার সিদ্ধান্ত নিলাম। পশ্চিম দিক দিয়ে কভারিং ফাইটের সাহায্যে বের হবার সময় ছোট ছোট দলে বিভক্ত হই। (চৌগাছা যশোর ক্যান্টনমেন্ট থেকে ১০ মাইল দক্ষিণ-পশ্চিমে) ক্যান্টনমেন্ট থেকে বের হবার সময় আমি আমার কমান্ডিং অফিসার লেঃ কর্নেল জলিলকে আমাদের সঙ্গে বিদ্রোহ করার জন্য অনুরোধ করি। কিন্তু তিনি মোটেই রাজী হননি।

যশোর ক্যান্টনমেন্টে যুদ্ধের সময় সেকেন্ড অফিসার লেফেটেন্যান্ট আনোয়ার হোসেন শহীদ হন। তিনি অত্যন্ত সাহসিকতার সাথে যুদ্ধ করেন। তার সাহসিকতার জন্য বাংলাদেশ সরকার তাঁকে ''বীর উত্তম'' উপাধিতে ভূষিত করেন। সেকেন্ড লেফেটেন্যান্ট আনোয়ারই প্রথম অফিসার যিনি যুদ্ধে শহীদ হন। তাছাড়া এ যুদ্ধে আমার ৪০ জন সৈন্য শহীদ হন। পাকিস্তানী সৈন্যও প্রায় ৪০ জন শহীদ হন।

চৌগাছায় একত্রিত হবার পর আমরা প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তুলি। এসময় আমি একমাত্র অফিসার ছিলাম। দশজন জুনিয়র কমিশন অফিসারও আমার সাথে প্রায় ২২৫ জন সৈন্য ছিল।

৩০শে মার্চ, ১৯৭১ঃ এইদিন রাত্রে জনসাধারণের মারফতই প্রথম জানতে পারলাম যে, মেজর জিয়াউর রহমান সাহেব চট্টগ্রাম থেকে বিদ্রোহ ঘোষণা করেছেন এবং যুদ্ধের জন্য সমস্ত বাঙ্গালী সৈন্যদের আহবান করেছেন। কয়েকজন সাংবাদিকও সেখানে উপস্থিত ছিলেন। তাদের নিকট জানতে পারলাম সারা বাংলাদেশে স্বাধীনতা যুদ্ধ শুরু হয়েছে এবং ইস্ট বেঙ্গল রেজিমেন্ট ও ইপিআর বাহিনীর সৈন্য ও অফিসাররা পাকিস্তানী সামরিক বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহণ করেছে। এ খবর পাবার পর আমার এবং আমার সৈন্যদের মধ্যে বিপুল উৎসাহ দেখা দেয় এবং মনোবল অত্যন্ত দৃঢ় হয়।

৩০শে মার্চ, ১৯৭১ঃ এই দিন আমার ব্যাটালিয়নে সমস্ত সৈন্যদের একত্রিত করে রাজনৈতিক পরিস্থিতি এবং মুক্তি সংগ্রাম সম্পর্কে তাদের অবহিত করলাম। তাদের উদ্দেশ্য করে সংক্ষিপ্ত ভাষণে জানালাম যে, বাংলাদেশের স্বাধীনতার জন্য স্বাধীনতা সংগ্রাম শুরু হয়েছে। স্ব-ইচ্ছায় যে বা যারা দেশের স্বাধীনতার জন্য আত্মবিসর্জন দিতে প্রস্তুত শুধু তারাই আমার ব্যাটালিয়নে থাকতে পারবে। এবং আরও বললাম, যদি কারো যুদ্ধ

করার ইচ্ছা না থাকে তবে সে কেটে পড়তে পারে। আমার বক্তব্য শুনে প্রত্যেক জোয়ানের মুখে নতুন করে উদ্দীপনা দেখা দেয়। তারা সবাই দেশের জন্য আত্মবিসর্জন দিতে প্রতিজ্ঞাবদ্ধ হয় এবং শপথ গ্রহণ করে।

চৌগাছায় আমার ও আমার ব্যাটালিয়নের যুদ্ধ করার মত কোন গোলাবারুদ ছিল না। আমাদের সঙ্গে যে সমস্ত গোলাবারুদ ছিল তা যশোর ক্যান্টনমেন্টের যুদ্ধেই প্রায় শেষ হয়ে গিয়েছিল। তাছারা সকলেরই একটা করে পোশাক ছিল। খাওয়া-দাওয়ার অসুবিধা দেখা দেয়। মোটকথা, বিভিন্ন সমস্যর সম্মুখীন হই। কিন্তু ছাত্র ও জনসাধারণের সাক্রিয় সাহায্যে আমাদের খাওয়া-দাওয়ার ব্যাবস্থা হয়।

২রা এপ্রিলঃ চৌগাছা থেকে সলুয়া নামক গ্রামে নায়েক সুবেদার এ বি সিদ্দিকের কমান্ডে এক কোম্পানী সৈন্য পাঠাই প্রতিরক্ষা ব্যবস্থার জন্য। (সলুয়া গ্রাম যশোর ক্যান্টনমেন্ট থেকে ৫ মাইল পশ্চিম দিকে)। চৌগাছা তখন আমার হেড কোয়ার্টার। এখান থেকে যশোর ক্যান্টনমেন্টের পশ্চিম ও উত্তর দিকের গ্রামগুলোতে পেট্রোলিং শুরু করি। হাবিলদার আবুল কাশেম (টি-জে) এবং হাবিলদার মোহাম্মদ ইব্রাহীমদের নেতৃত্বে যশোর ক্যান্টনমেন্ট থেকে প্রায় ১ মাইল পশ্চিমে খিতিবদিয়া নামক গ্রামে এ্যামবুশ পার্টি পাঠাই। হাবিলদার আবুল কাশেম এবং হাবিলদার ইব্রাহীম একটি পাকিস্তানী পেট্রোল পার্টিকে এ্যামবুশ করে। এতে ৬ জন পাকিস্তানী নিহত হয় এবং ৮ জন গুরুতরভাবে আহত হয়।

ইতিমধ্যে ৭ই এপ্রিল খবর পেলাম যে, মেজর ওসমান চৌধুরী (বর্তমান লেঃ কর্নেল) চুয়াডাঙ্গায় তার ইপিআর বাহিনী নিয়ে মুক্তিসংগ্রামে যোগদান করেছেন। ঐদিন আমি একটা জীপ নিয়ে চুয়াডাঙ্গায় মেজর ওসমান চৌধুরীর সঙ্গে দেখা করতে যাই। তার সঙ্গে সাক্ষাৎ করে তার নিকট থেকে কিছু চাইনিজ এম্যুনিশন, এক্সপ্লোসিভ, কয়েকটি জীপ এবং কয়েকটি রিকয়েললেস রাইফেল নিয়ে চৌগাছায় ফিরে আসি।

১০ই এপ্রিল, ১৯৭১ঃ নায়েক সুবেদার আহমেদউল্লাহর নেতৃত্বে কয়েকজন সৈন্যকে পাঠালাম ছোট হায়বতপুর গ্রামের ব্রীজ ধ্বংস করার জন্য। ব্রীজটি যশোর-ঝিনাইদহ বড় রাস্তায় যশোর ক্যান্টনমেন্ট থেকে ৫ মাইল দূরে অবস্থিত ছিল। ভোর তিনটের সময় নায়েক সুবেদার আহমেদউল্লাহ উক্ত ব্রীজ উড়িয়ে দেন। ব্রীজটি ভাঙ্গার ফলে এবং ক্যান্টনমেন্টের চতুর্দিকে আমার ব্যাটালিয়ন সৈন্যদের পেট্রোলিং-এর দরুণ পাকিস্তনী সেনাবাহিনীর সৈন্যরা ক্যান্টনমেন্ট এলাকা থেকে কিছুদিনের জন্য ভয়ে বের হতে পারেনি।

১১ই এপ্রিল, ১৯৭১ঃ সিপাই ড্রাইভার কালা মিয়াকে পাঠাই কোটচাঁদপুর থানায় কয়েকটি জীপ ও ট্রাক সংগ্রহ করে আনতে। কালা মিয়া কোটচাঁদপুর যাবার পথে খবর পায় যে, পাকিস্তান সেনাবাহিনীর একটা কনভয় কালিগঞ্জের দিকে অগ্রসর হচ্ছে। উক্ত খবর পাবার পর কালা মিয়া আশেপাশের গ্রাম থেকে কয়েকজন (দশজন) মুজাহিদকে নিয়ে কালিগঞ্জের দিকে এক মাইল দূরে এ্যামবুশ করে। উক্ত এ্যামবুশে ৩টা গাড়ি বিনষ্ট হয় এবং দশজন পাকিস্তানী সৈন্যও নিহত হয়। কালা মিয়া একটা হ্যান্ড গ্রেনেড নিয়ে যখন একটা গাড়ির দিকে ছুড়তে যায় তখন তার বুকে পাঞ্জাবদদের বুলেট বিদ্ধ হয় এবং সে সঙ্গে সঙ্গে শহীদ হয়।

১৪ই এপ্রিল, ১৯৭১ : ইতিমধ্যে পাকিস্তান সেনাবাহিনীর সৈন্যরা বেনাপোলের দিকে অগ্রসর হচ্ছে, এ খবর পেয়ে ১৪ই এপ্রিল আমি আমার ব্যাটালিয়ন চৌগাছা থেকে তুলে নিয়ে বেনাপোলের ৩ মাইল পূর্বে কাগজপুকুর গ্রামে হেডকোয়ার্টার স্থাপন করি এবং যশোর-বেনাপোল রাস্তার দুধারে প্রতিরক্ষা ব্যাবস্থা নিই। এই সময় ইপিআর বাহিনীর দু'টো কোম্পানী যোগদান করে। আমার সৈন্যসংখ্য প্রায় ৫৫০ জনে দাঁড়ায়। এ সময় শত্রুর শক্ত ঘাঁটি ছিল নাভারনে। (নাভারন বেনাপোল থেকে ১২/১৩ মাইল পূর্ব দিকে)। আমি শত্রুর গতিবিধি লক্ষ্য করার জন্য নাভারন এলাকায় পেট্রলিং শুরু করি।

২১শে এপ্রিল, ১৯৭১ : ঐ দিন ভোর আড়াইটার সময় আমি নিজে ২০ জন সৈন্য নিয়ে নাভারন মূল ঘাঁটিতে পাকিস্তানী সৈন্যদের উপর রেইড করি। আমার রেইডে ১০ জন পাকিস্তানী সৈন্য নিহত হয় এবং ১৫ জন আহত

হয়। উক্ত রেইডে আমরা মর্টার ব্যবহার করি। আমার ৪ জন সৈন্য আহত হয়। উক্ত রেইডে যথেষ্ট কষ্ট সহ্য করতে হয় আমাদেরকে, কেননা কাঁদামাটি এবং খালবিল পেরিয়ে আমাদের রেইড করতে হয়েছিল।

২৩শে এপ্রিল, ১৯৭১ (কাগজপুকুরের যুদ্ধ) : ২৩শে এপ্রিল পাকিস্তান সেনাবাহিনীর দুই ব্যাটালিয়ন সৈন্য কাগজপুকুর গ্রামে আমাদের মূল ঘাঁটির উপর আক্রমণ করে। তারা আর্টিলারীর সাহায্য নেয়। এখানে দীর্ঘ ছয় ঘন্টা তুমুল যুদ্ধ চলে। আমি আমার সৈন্যদেরকে নিয়ে পরে বেনাপোল কাস্টম কলোনী ও চেকপোষ্ট এলাকায় বিকল্প প্রতিরক্ষা ব্যাবস্থা নিতে বলি। কাগজপুকুরের এ যুদ্ধে পাকিস্তান সেনাবাহিনীর প্রায় ৫০ জন সৈন্য নিহত হয় ও অনেক আহত হয়। আমার ২৫ জন সৈন্য শহীদ হয়। অনেক বীরত্বের সাথে যুদ্ধ করায় বাংলাদেশ সরকার তাকে 'বীরবিক্রম' উপাধি প্রদান করেন।

এর পরবর্তী পনের দিন ধরে শত্রুপক্ষ বেনাপোল কলোনী ও চেকপোস্ট এলাকা দখল করার জন্য বহুবার আক্রমণ করে। কিন্তু প্রত্যেকবারই তাদের আক্রমণের পাল্টা জবাব দিই এবং প্রতিহত করি। উক্ত পনের দিনের বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধে পাকিস্তান সেনাবাহিনীর প্রায় ১০০ জন সৈন্য নিহত হয়। এই আক্রমণের প্রধান উদ্দেশ্য ছিল বেনাপোল তারা দখল করে সেখানে পাকিস্তানী পতাকা উত্তোলন করবে। কিন্তু তাদের সে চেষ্টা ব্যর্থ হয়। এবং বাংলাদেশের পতাকাই উড়তে থাকে। উপরন্তু এ এলাকা তারা কখনও দখল করতে পারেনি। বেনাপোলের যুদ্ধে আমার দশ জন সৈন্য শহীদ হন এ সংঘর্ষে হাবিলদার আবদুল হাই, হাবিলদার আবুল হাশেম (টি-জে), হাবিলদার মোহাম্মদ ইব্রাহীম, ল্যান্স নায়েক ইউসুফ আলী, ল্যান্স নায়েক মুজিবুর রহমান, সিপাই আবদুল মান্নান অভূতপূর্ব দক্ষতা ও সাহসিকতার সঙ্গে যুদ্ধ করে অসীম বীরত্বের পরিচয় দেয়। বড়আঁচড়া গ্রামে এ্যামবুশ করে হাবিলদার ফয়েজ আহমদ পাকিস্তান সেনাবাহিনীর ১৫ জন সৈন্যকে নিহত করে।

প্রতিরোধ যুদ্ধে যশোর ও অন্যান্য এলাকা

যশোর রণাঙ্গণে

২৩ মার্চ তারিখে ইপি-আর বাহিনীর জওয়ানরা তাদের ক্যাম্পে স্বাধীন বাংলার পতাকা তুলল, আর সেই পতাকার সামনে শ্রেণীবদ্ধভাবে দাঁড়িয়ে 'গার্ড অব অনার' দিল। অবাঙ্গালীরা প্রতিবাদ তুলেছিল, কিন্তু তাদের সেই আপত্তি টিকল না। ২৫শে মার্চ তারিখে ঢাকা শহরে ইয়াহিয়ার জঙ্গী-বাহিনীর বর্বর আক্রমণের খবর যখন এসে পৌঁছল, যশোরের মানুষ তাতে ভয় পাওয়া দূরে থাক, বিক্ষোভে ফেটে পড়ল, ক্রোধে গর্জন করে উঠল-এর উপযুক্ত প্রতিশোধ চাই। যশোর ক্যান্টনমেন্টে কামান, মর্টার আর মেশিনগানে সজ্জিত হাজার হাজার পাক সৈন্য মোতায়েন হয়ে আছে, যে- কোন সময় তারা অগ্নিস্রাবী প্লাবন নিয়ে নেমে আসতে পারে, এ কথা চিন্তা করেও তারা ভয়ে পিছিয়ে গেল। ২৬, ২৭ ও ২৮শে মার্চ, এই তিন দিনে ইপি-আর-এর চারটি ক্যাম্পে জওয়ানরা প্রতিরোধের জন্য দৃঢ়সঙ্কল্প নিল।

প্রথমম সংঘর্ষ ঘটল ২৯শে মার্চ তারিখে- শহরের উপর নয়, শহর থেকে বাইরে যশোর ক্যান্টনমেন্টের ভেতরে। সেদিন ক্যান্টনমেন্টের ভেতরে বেঙ্গল রেজিমেন্টের এক ব্যাটালিয়ন সৈন্যকে নিরস্ত্র করা হয়েছিল। দিনের অবস্থা বদলে গেছে, মুক্তি আন্দোলনের হাওয়া ক্যান্টনমেন্টের ভেতরেও এসে ঢুকেছে - নিরস্ত্র বাঙ্গালী সৈন্যরা বিদ্রোহ ঘোষণা করল। এর পরিণাম কি হবে, তা তারা ভাল করেই জানত, তা সত্ত্বেও এই লাঞ্ছনাকে তারা নিঃশব্দে মাথা পেতে মেনে নেয়নি।

সতর্কতামূলক ব্যাবস্থা হিসেবে ওরা আগেই বেঙ্গল রেজিমেন্টের ম্যাগাজিনের চাবিটা কেড়ে নিয়েছিল। বিদ্রোহীরা তাতেও দমল না, তারা ম্যাগাজিন ভেঙ্গে কিছু অস্ত্র বার করে নিয়ে এল। তার ক্যান্টনমেন্টের

* 'প্রতিরোধ সংগ্রামে বাংলাদেশ' গ্রন্থ থেকে সংকলিত।

ভেতরেই দু'পক্ষে শুরু হয়ে গেল তুমুল যুদ্ধ। একদিকে কামান, মর্টার, মেশিনগান প্রভৃতি ভারী অস্ত্রশস্ত্রে সুসজ্জিত হাজার হাজার পশ্চিম পাকিস্তানী সৈন্য অপর দিকে হালকা হাতিয়ার সম্বল করে এক ব্যাটালিয়ন বাঙ্গালী সৈন্য। এই যুদ্ধ কতক্ষণ চলতে পারে! স্বাভাবিকভাবেই এই সংঘর্ষে বহু বাঙ্গালী সৈন্য মারা গেল। বাকী সৈন্যরা যুদ্ধ করতে করতে ক্যান্টনমেন্টের বন্ধ দরওয়াজা ভেঙ্গে বাইরে পালিয়ে গেল।

এই সংবাদ দেখতে দেখতে শুধু যশোর শহর নয়, সারা জেলায় ছড়িয়ে পড়ল। সবাই বুঝল, এবার মুক্তিসংগ্রাম শুরু হয়ে গিয়েছে, আর বসে থাকার সময় নেই। ইপি-আর বাহিনী আগে থেকেই পরিকল্পনা নিয়ে তৈরী হয়েছিল। এবার শহরের পুলিশ বাহিনী যুদ্ধ ঘোষণা করল। এই পুলিশ-বিদ্রোহে যারা নেতৃত্ব নিয়েছিলেন, তাঁদের মধ্যে তিনটি নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এরা হচ্ছেন হিমাংশু ব্যানার্জী, আকমল হোসেন আর পীযুষ। শহরের বিশিষ্ট ফুটবল খেলোয়ার হিসেবে হিমাংশু ব্যানার্জী পুলিশদের মধ্যে নয়, শহরের সাধারণ লোকের মধ্যেও জনপ্রিয়। সেই জনপ্রিয় খেলোয়ারটি এবার এক নতুন খেলায় নেতৃত্ব দিতে এগিয়ে এলেন।

পুলিশ ম্যাগাজিনের চাবি ছিল অবাঙ্গালী জমাদারের হাতে। হিমাংশু, আকমল আর পীযুষ তাকে বন্দী করে তার হাত থেকে চাবি কেড়ে নিয়ে ম্যাগাজিন খুলে ফেললেন। সেখান থেকে তারা সাত'শ রাইফেল, ছয়'শ শটগান, কিছুসংখ্যক ব্রেনগান এবং যথেষ্ট পরিমাণে কার্তুজ উদ্ধার করলেন। তারপর এই অস্ত্রগুলিকে বিদ্রোহী পুলিশ আর বিদ্রোহী জনতার মধ্যে বিলি করে দেওয়া হল। স্থির হোল, এদের এখনই অস্ত্রচালনা শিক্ষা দিতে হবে। মুক্তি সংগ্রামে ঝাপিয়ে পড়বার জন্য ব্যাগ্র পুলিশ আর জনতা নিউ টাউনের নোয়াপাড়ার আমবাগানে ঘাঁটি করে বসেছিল। এখানে জনতার মধ্যে থেকে তিন'শ জনকে বাছাই করে নিয়ে ষাটজন পুলিশ তাদের রাইফেল চালনা শিক্ষা দিল। মাত্র এক ঘন্টার মত সময় পেয়েছিল তারা। এইটুকু সময়ের মধ্যেই তারা রাইফেল চালনার অ, আ, ক , খ- টুকু আয়ত্ত করে নিল।

সেদিন সেই আমবাগানেই এই নবদীক্ষিত শত শত মুক্তিযোদ্ধাদের জন্য খাওয়া-দাওয়ার আয়োজন করা হয়েছিল। জনসাধারণ স্বতঃপ্রবৃত্ত হয়ে তাদের আহার্য-দ্রব্য যোগাবার দায়িত্ব নিয়েছিল। সে এক অপূর্ব দৃশ্য! ঘরের মেয়েরা ঘর থেকে বেরিয়ে এসে এই স্মরণীয় আমবাগানের মধ্যে তাঁদের এই মুক্তিসংগ্রমী ভাইদের জন্য রান্না করছিলেন। এই স্বেচ্ছাসেবিকা নারী বাহিনীকে পরিচালনা করছিলেন হিমাংশু ব্যানার্জীর স্ত্রী।

সেই দিনই ইপি-আর বাহিনী, ক্যান্টনমেন্ট থেকে পালিয়ে আসা বেঙ্গল রেজিমেন্টের দু'শ'র উপরে সৈন্য, পুলিশ, আনসার, মুজাহিদ এবং ছাত্র-যুবকদের নিয়ে মুক্তিবাহিনীর গড়ে তোলা হোল।

ক্যান্টনমেন্ট থেকে চারটি সৈন্যবাহী জীপ সম্ভবত শহরের অবস্থা পর্যবেক্ষণ করতে বেরিয়েছে। মুক্তিবাহিনী তাদের মধ্যে তিনটি জীপকে খতম করে দিল। এখান থেকে মুক্তিবাহিনীর সংগ্রাম শুরু। সেদিন রাত দ'টার পর থেকে ভোর পর্যন্ত ক্যান্টনমেন্টের শালতলা এলাকায় পাক-সৈন্য ও মুক্তিবাহিনীর মধ্যে প্রচুর গুলি বিনিময় হয়।

সেই রাত্রিতেই যশোর জেলের কয়েদীরা বাইরের খবর শুনে চঞ্চল হয়ে উঠে। তারা জোর করে জেল থেকে বেরিয়ে আসতে চায় এবং তাই নিয়ে জেল প্রহরীদের সঙ্গে দাঙ্গা-হাঙ্গামা হয় এবং গুলি চলে। শেষ পর্যন্ত তার পরদিন রাত্রিতে সেখানকার ১৩৭৫ জন বন্দী জেলের দরজা ভেঙ্গে বেরিয়ে আসে। তাদের মধ্যে সতেরো জন ছিলেন নিরাপত্তা বন্দী। এটা ৩০ তারিখ রাতের ঘটনা।

৩০শে মার্চ ভোরবেলা দু'দল পাক-সৈন্য ক্যান্টনমেন্ট থেকে বেরিয়ে এসে জীপে করে দু'দিকে যাত্রা করল। একদল এখানকার চাঁচড়ার দিকে, আর একদল খুলনার দিকে। মুক্তিবাহিনীও দু'দলে ভাগ হয়ে তাদের প্রতিরোধ করবার জন্য ঝাঁপিয়ে পড়ল। পাক-সৈন্যদের মধ্যে যে-দলটি খুলনার দিকে যাত্রা করেছিল, পুরাতন কসবার পুলের কাছে তাদের সঙ্গে মুক্তিবাহিনীর সংঘর্ষ ঘটল। এই সংঘর্ষে পুলিশদের নেতা হিমাংশু ব্যানার্জী নিহত হলেন। চাঁচড়ার যুদ্ধে মুক্তিবাহিনীর হাতে আচ্ছামত ঘা খেয়ে পাক-সৈন্যরা ভীতসন্ত্রস্ত হয়ে ক্যান্টনমেন্টের ভেতরে ঢুকে পড়ল। মুক্তিবাহিনী ক্যান্টনমেন্ট অবরোধ করে রইল।

৩১শে মার্চ তারিখে শহর থেকে চার মাইল দূরে যশোর-মাগুরা রোডের ধারে হালিমপুর গ্রমে মুক্তিবাহিনীর ট্রেনিং সেন্টার খোলা হয়। ইপি-আর বাহিনীর জওয়ানদের নেতৃত্বে এই ট্রেনিংদানের কাজ চলবে। শোনা যায়, জেল ভেঙ্গে বেরিয়ে আসা প্রায় পাঁচশ কয়েদী স্বেচ্ছায় এই ট্রেনিং সেন্টারে যোগ দিয়েছিল।

কিন্তু প্রতিরোধ সংগ্রামের সমরসজ্জা শুধু যশোর শহরেই সীমাবদ্ধ ছিল না প্রায় একই সাথে মহকুমা শহরগুলিতেও প্রতিরোধের প্রস্তুতি চলছিল। নড়াইলের এসডিও এবং সেখানকার বিশিষ্ট নাগরিকদের উদ্যোগে এক শক্তিশালী মুক্তিবাহিনী গড়ে তোলা হয়েছিল। যশোর শহরে সংগ্রাম শুরু হয়ে গেছে, এই খবর পেয়ে তারা শত্রুদের আক্রমণ করার জন্য যশোর শহরের দিকে মার্চ করে এগিয়ে চলল। নড়াইল মহকুমার হাজার হাজার লোক যার হাতে যা ছিল তাই নিয়ে এই যুদ্ধ মিছিলে যোগ দেয়। যশোর-নড়াইল রোডের দু'ধারের গ্রামগুলি তাদের ঘন ঘন জয়ধ্বনিতে প্রকম্পিত হয়ে উঠতে লাগল।

নড়াইল মহকুমার লোহাগড়া অঞ্চলেও একটি শক্তিআলী মুক্তিবাহিনীর প্রতিরোধর জন্য প্রস্তুতি নিচ্ছিল। নৌ-বিভাগের প্রাক্তন অফিসার শামসুল আলমের উদ্যোগে এই শাক্তশালী মুক্তিবাহিনীটি গড়ে উঠেছিল। শামসুল আলম সামরিক চাকরি থেকে অবসর গ্রহণের পর একটা ব্যাঙ্কে চাকরি নিয়ে আর দশজনের মতই সংসার জীবনযাপন করে চলছিলেন। কিন্তু স্বাধীনতার আহবানে উদ্দীপ্ত হয়ে তিনি তার চাকরির মায়া ছেড়ে দিয়ে প্রতিরোধ সংগ্রামে ঝাঁপিয়ে পড়লেন। দেখতে দেখতে তার নেতৃত্বে প্রায় পাঁচশত যোদ্ধার এক মুক্তিবাহিনী গড়ে উঠল। এই মুক্তিবাহিনীর জন্য থানা থেকে ও বিভন্ন লোকের কাছে থেকে দু'শর উপরে রাইফেল ও বন্দুক সংগ্রহ করা হয়েছিল।

যশোর শহরের সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে লোহাগড়ার এই মুক্তিবাহিনীও যশোরের দিকে দ্রুত মার্চ করে চলল। শামসুল আলম নিজ হাতে ট্রেনিং দিয়ে মুক্তিযোদ্ধাদের তৈরী করে তুলেছিলেন। এখানেও হাজার হাজার লোক তাদের যুদ্ধ-যাত্রার সাথী হয়েছিল। তারা তাদের ভীমগর্জনে পথঘাট মুখরিত করতে করতে যুদ্ধের উন্মাদনায় উন্মুক্ত হয়ে ছুটে চলেছিল।

এই যুদ্ধ-মিছিল সম্পর্কে একটা কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। এগারজন মেয়ে নিয়ে গঠিত একটি নারীবাহিনী মুক্তিবাহিনীর অংশ হিসেবে এই যুদ্ধ-মিছিলে অংশগ্রহণ করেছিল। এরা সবাই কলেজ ও স্কুলের ছাত্রী। মুক্তিবাহিনীর যোদ্ধাদের জন্য রান্না করা এবং যুদ্ধের সময় আহতদের সেবা শুশ্রুষা করা, এটাই ছিল তাদের কাজ। এই এগারটি বীরকন্যা মৃত্যুভয়কে তুচ্ছ করে মুক্তিবাহিনীর সঙ্গে দীর্ঘপথ অতিক্রম করে যশোরে গিয়েছিল।

মাগুরা ও ঝিনাইদহ মহকুমায় যাঁরা মুক্তিবাহিনী গড়ে তুলেছিলেন এবং মুক্তি সংগ্রাম পরিচালিত করেছিলেন, তাঁদের মধ্যে একটি লোকের নাম বিশেষভাবে উল্লেখ করতে হয়। তিনি হচ্ছেন মাগুরার তরুণ এসডিও ওয়ালীউল ইসলাম। এই ব্যাপক অঞ্চলের প্রতিরোধ সংগ্রাম কার্যকরভাবে অংশগ্রহণ করে তিনি যথেষ্ট কৃতিত্বের পরিচয় দিয়েছেন।

১লা এপ্রিল থেকে ৩রা এপ্রিল, এই তিনটা দিন হাজার হাজার পাকসৈন্য খাঁচার পাখির মত ক্যান্টনমেন্টের মধ্যে অরুদ্ধ হয়ে রইল। ইতিপূর্বে মুক্তিযোদ্ধাদের সঙ্গে বারকয়েক রক্তক্ষয়ী সংঘর্ষের পর ওরা একেবারে ঘর নিয়েছে, বেরোবার নামটি করে না।

সৈন্যসংখ্যার দিক দিয়ে এবং আধুনিক অস্ত্রসজ্জার দিক দিয়ে শক্তি ওদের প্রচন্ড। তাহলেও মুক্তিযোদ্ধাদের মরিয়া আক্রমণে, আর তাদের চেয়েও বেশী হাজার হাজার ক্ষিপ্ত জনতার ভীমগর্জনে ওরা যেন স্তম্ভিত হয়ে গিয়ে ওদের মনোবল হারিয়ে ফেলেছে।

যশোর শহর মুক্তিবাহিনীর হাতে। এই তিনটি দিন শহরের মানুষ এক অদ্ভুত দৃশ্য দেখেছে। এ এক বিচিত্র অভিজ্ঞতা। গ্রামাঞ্চল থেকে হাজার হাজার মানুষ, কখনও দলে দলে, কখনও বা বিচ্ছিন্নভাবে যে যার হাতিয়ার উঁচিয়ে নিয়ে শহরের দিকে ছুটে আসছে। আওয়ামী লীগ আর ন্যাশনাল আওয়ামী পার্টির কর্মীরা গ্রামে গ্রামে ঘুরে প্রতিরোধের বাণী ছড়িয়ে বেড়াচ্ছিল। তাদের সেই সংগ্রামী অহবান ব্যর্থ হয়নি। সেই ডাকে সাড়া দিয়ে দলে দলে ছুটে আসছে মানুষ। তারা এই বর্বর হামলাকারীদের নিশ্চিহ্ন করে দিয়ে তাদের এই সোনার দেশকে মুক্ত করবে, স্বাধীন করবে।

ঘরের মেয়েরাও এগিয়ে আসতে চাইছে। এই মুক্তিসংগ্রামকে সফল করে তুলবার জন্য তারাও কিছু করতে চায়। তাই মুক্তিযোদ্ধাদের জন্য ঘরে ঘরে রান্নাবান্নার আয়োজন চলছে। কেউ তাদের বলুক আর নাই বলুক, তারা মুক্তিযোদ্ধাদের জন্য ঘরে খাবার তৈরী করে চলেছে। যে যা পারছে সে তাই দিয়ে চলেছে। নিজেরা এগিয়ে গিয়ে খাবার পাঠিয়ে দিচ্ছে । এই সুযোগ থেকে কেউ বঞ্চিত হতে চায় না।

পর পর তিন দিন ধরে অবরোধ চলছে। হাজার হাজার লোক ঘিরে আছে ক্যান্টনমেন্টকে। দিন-রাত্রি অষ্টপ্রহর ধরে তারা পাহাড়া দিয়ে চলেছে। ক্যান্টনমেন্টের পেছন দিকে বিল অঞ্চল। সেখানেও পাহাড়া চলেছে, যাতে এরা কোন দিক দিয়ে বেরোবার পথ না পায়। রাইফেল বা বন্দুক ক'জনের হাতেই বা আছে। গ্রামের মানুষ হাতিয়ার বলতে যার যা সম্বল তাহা নিয়ে ছুটে এসেছে। বর্শা, বল্লম, রামদা, লেজা থেকে লাঠিসোঁটা পর্যন্ত। শুধু তাই নয়, পথের মোড়ে মোড়ে গাছের উপর অনেকে তীর-ধনুক নিয়ে বসে আছে। দুশমনরা একবার ওদের কোট ছেড়ে বাইরে বেরিয়ে এলেই হয়। একটাকেও জ্যান্ত ফিরে যেতে হবে না।

যশোর ক্যান্টনমেন্ট এক বিরাট ঘাঁটি। এখানে প্রায় সতের হাজার সৈন্য থাকার ব্যাবস্থা আছে। তাছাড়া এরা ট্যাঙ্ক ও ভারী অস্ত্রশস্ত্রে সুসজ্জিত। কয়েক'শ রাইফেল, কয়েকটা লাইট মেশিনগান আর কেবলমাত্র একটা পাঁচ পাউণ্ড গোলা কামান দিয়ে এদের প্রতিরোধ করা সম্ভব নয়। যুদ্ধের ব্যাপারে সাহস অত্যন্ত প্রয়োজন, সে বিষয়ে সন্দেহ নেই, কিন্তু এ যুগে শুধু সাহস দিয়েই যুদ্ধ জয় করা চলে না। এই প্রতিরোধ সংগ্রামে যাঁরা নেতৃত্ব দিয়েছিলেন, তাঁরা হয়তো এ বিষয়ে পুরোপুরি সজাগ ছিলেন না।

তাছাড়া মুক্তিবাহিনীর আরেকটা দুর্বলতা ছিল তাদের যোগাযোগ ব্যবস্থার অভাব। বীর জনতা তিন দিন ধরে যশোর ক্যান্টনমেন্টে হাজার হাজার পাক-সৈন্যকে অবরোধ করে রাখল, অথচ সেই খবরটা সময় মত তাদের সদর দফতর চুয়াডাঙ্গায় গিয়ে পৌঁছল না। আর যদি পৌঁছেও থাকে, তবে মূল নেতৃত্ব সাড়া দেয়নি। সে গুরুত্বপূর্ণ সঙ্কট-মুহূর্তে তাদের শক্তি সম্পদ যশোরে এনে সমাবেশ করার প্রয়োজন ছিল। তাহলে যুদ্ধপরিচালনার ব্যাপারে অভিজ্ঞ যোদ্ধারা থাকতেন এবং আরও কিছু ভারী অস্ত্রশস্ত্রও ব্যবহার করা যেত। অবশ্য তাহলেই যে তারা যুদ্ধ জয় করতে পারতেন, এমন কথা বলছি না। তবে এ বিষয়ে কোন সন্দেহ নেই যে, তার ফলে সেইদিন যশোর শহর একটা প্রচন্ড যুদ্ধক্ষেত্রে পরিণত হতে পারত এবং তারা বহু শত্রুসৈন্যকে খতম করতে পারত।

অবরোধের তৃতীয় দিনে অবরোধকারীদের সংখ্যা কমতে কমতে অবরোধের বেষ্টনীটা একটু পাতলা হয়ে এসেছিল। উপযুক্ত সময় বুঝে অবরুদ্ধ পাক-সৈন্যরা কামানের গোলায় পথ করতে করতে ক্যান্টনমেন্ট থেকে বাইরে বেরিয়ে এল। তারপর দু'পক্ষে চলল যুদ্ধ। কামান, মর্টার আর মেশিনগানের বিরুদ্ধে রাইফেলের লড়াই, এ এক দুঃসাহসিক অথচ মর্মান্তিক দৃশ্য। এই যুদ্ধে দেশপ্রেমে উদ্বুদ্ধ মুক্তিযোদ্ধারা অদ্ভুত বীরত্বের পরিচয় দিয়েছিলেন। কিন্তু এসবই অগ্নিস্রাবী কামান আর ভারী মেশিন গানের সামনে এই প্রতিরোধ কতক্ষণ টিকে থাকতে পারে! যশোরের রাজপথ রক্তে লাল হয়ে গেল, কত দেশপ্রেমিক এই যুদ্ধে প্রাণ দিয়েছিলেন তার হিসেব কেউ দিতে পারবে না। যুদ্ধ সমস্ত শহরময় ছড়িয়ে পড়েছিল, শহরের পথগুলি অসংখ্য দেশভক্তের মৃতদেহে বিকীর্ণ হয়ে গিয়েছিল। সেই যুদ্ধে মুক্তিযোদ্ধঅদের মধ্যে যারা বেঁচেছিল, তারা মুক্তিযুদ্ধকে পুর্নগঠন করবার সঙ্কল্প নিয়ে শহর ছেড়ে বাইরে চলে গেল। এইভাবে যশোরে মুক্তিযুদ্ধের প্রথম পর্বের পরিসমাপ্তি ঘটল।

এপ্রিলের মধ্যভাগ। ইতিমধ্যে পাকসৈন্যরা যশোরের গ্রামাঞ্চলে ছড়িয়ে পড়েছে। মুক্তিযোদ্ধারা বিভিন্ন অঞ্চলে আত্মগোপন করে হামলাকারীদের উপর চোরা-গোপ্তা আক্রমণ চালিয়ে যাচ্ছে। যশোর শহর থেকে দশ-বারো মাইল দূরে মুরাদপুর গ্রাম। বারো বাজারের পাশেই মুরাদগড়। এখানে মুক্তিবাহিনীর একটি গোপন ঘাঁটি ছিল। খবর পাওয়া গেল যশোর ক্যান্টনমেন্ট থেকে কিছু সৈন্য মুরাদগড়ের দিকে আসছে। সুখবর। এই শিকারটা যেন ফসকে না যায়। স্থির হলো এদের উপর অতর্কিত হানা দিতে হবে। ভাগ্যক্রমে এদের হাতে একটি লাইট মেশিনগান ছিল। এমন সুযোগ কি সবসময় মেলে! কিন্তু মুক্তিযোদ্ধারা সংখ্যায় মাত্র তিনজন একজন ক্যাপ্টেন আর দু'জন তার সহকারী। খবর পাওয়া গেছে ওদের সঙ্গে আছে পাঁচখানা জীপ, আর একখানা ট্রাক। সৈন্যসংখ্যা সবসুদ্ধ শ'খানেক হবে। একশ জনের বিরুদ্ধে তিনজন। হোক তিনজন, এই নিয়েই তারা ওদের প্রতিরোধ দেবে।

যথাসময়ে ওদের সেই 'কনভয়' মুরাদগড়ে এসে পৌঁছলে ওরা কালীগঞ্জের দিকে চলেছিল। মুরাদগড়ের পুলটা যেখানে তারই একপাশে ঘন ঝোপ-ঝাড়ের আড়ালে সেই তিনজন মুক্তিযোদ্ধা পজিশন নিয়ে বসেছিল। পাক সৈন্যরা নিশ্চিন্ত মনে এগিয়ে চলেছিল। তাদের বাধা দেবার দুঃসাহস যে কারও থাকতে পারে এটা তারা ভাবতে পারেনি। তাদের দুটো জীপ সবেমাত্র পুলটা পেরিয়ে ওপারে গেছে, এমন সময় মুক্তিযোদ্ধাদের মেশিনগানটি তাদের লক্ষ্য করে গর্জন করে উঠল।

এ অতর্কিতভাবে আক্রান্ত হয়ে পাক-সৈন্যরা হতভম্ব হয়ে গিয়েছিল। এদিকে ওদের মেশিনগান অবিরল ধারায় গুলিবর্ষণ করে চলেছে। ফলে তারা আতঙ্কগ্রস্ত হয়ে প্রাণ বাঁচানোর জন্য যেদিক থেকে এসেছিল, সেদিকে ছুটল।

একটু বাদেই এই ভগ্নদূতের দল হাঁপাতে হাঁপাতে ক্যান্টনমেন্টে গিয়ে এই সংবাদ পৌঁছল। দেখতে দেখতে এক বিপুল বাহিনী বেরিয়ে এলে ক্যান্টনমেন্ট থেকে। ট্রাক-বোঝাই সৈন্যদল বিদ্যুৎ বেগে ছুটে গিয়ে মুরাদগড়কে কেন্দ্র করে একটা বিরাট অঞ্চল ঘেরাও করে ফেলল। মুক্তিযোদ্ধারা ওদের সেই ঘেরাও-এর মধ্যে আটকে পড়ে গিয়েছিল। বেরিয়ে যাওয়ার কোন পথ ছিল না। সেই তিনজন বীরযোদ্ধা শেষ পর্যন্ত যুদ্ধ করতে করতে শহীদ হলো।

মুক্তিযোদ্ধা আবদুর রউফ

বাংলাদেশের স্বাধীনতা আন্দোলণ শুরু হবার ঠিক অল্প কিছু কাল আগেই কর্তৃপক্ষ আবদুর রউফকে পাকিস্তান থেকে তাঁর স্বদেশে নিয়ে আসেন। তারপর থেকে যশোর ক্যান্টনমেন্টে বেঙ্গল রেজিমেন্টের দলভুক্ত হয়েছিলেন। ইতিমধ্যে সারা বাংলাদেশে স্বাধীনতা আন্দোলন উত্তাল তরঙ্গ নিয়ে গর্জন করে উঠেছে। স্বাধীনতার এই দুর্বার কামনাকে দমন করবার জন্য সামরিক সরকার ২৫-এ মার্চ রাত্রিতে ঢাকা শহরের বুকে হত্যা ও ধ্বংসের তান্ডব নিয়ে ঝাঁপিয়ে পড়ল। সঙ্গে সঙ্গে সারা প্রদেশময় তার প্রতিক্রিয়া দেখা দিল। ক্ষিপ্ত হয়ে উঠল জনতা, দিতে দিকে বিক্ষোভের আগুন জ্বলে উঠতে লাগল।

যশোর ক্যান্টনমেন্টে তখন বেঙ্গল রেজিমেন্টের এক ব্যাটালিয়ন বাঙ্গালী সৈন্য। পশ্চিম পাকিস্তানের ফ্রন্টিয়ার ও বেলুচ বাহিনীর হাজার হাজার সৈন্যের মধ্যে তারা একেবারেই সংখ্যালঘু। তাই ভেতরে ভেতরে বিক্ষোভে ফেটে পড়লেও তারা প্রথম দিকে কোন অসন্তোষ বা বিদ্রোহের ভাব প্রকাশ করেনি।

কিন্তু পশ্চিম পাকিস্তানী সামরিক অফিসাররা তাদের বিশ্বাস করতে পারেনি। ২৯-এ মার্চ পর্যন্ত মানুষের মনের অবস্থা যা'ই থাক না কেন যশোরে নাগরিক জীবন স্বাভাবিকভাবেই বয়ে চলেছিল। কিন্তু ৩০-এ মার্চ তারিখে যশোর ক্যান্টনমেন্টের ভেতরে অবাঙ্গালী ও বাঙ্গালী সৈন্যদের মধ্যে এক প্রচন্ড সংঘর্ষ ঘটল। পশ্চিম পাকিস্তানী সামরিক অফিসাররা বেঙ্গল রেজিমেন্টের অস্ত্রাগারের চাবি কেড়ে নিয়ে সমস্ত বাঙ্গালী সৈন্যদের নিরস্ত্র

করে ফেলল। তার মিনিট কয়েক পরেই বিক্ষুদ্ধ বাঙ্গালী সৈন্যরা মরিয়া হয়ে বিদ্রোহ ঘোষণা করল এবং জোর করে তাদের নিজেদের অস্ত্রাগার দখল করে নিল।

এবার দু'পক্ষে তুমুল যুদ্ধ শুরু হয়ে গেল। পশ্চিম পাকিস্তান সৈন্যদের সংখ্যা বাঙ্গালীদের চেয়ে বহুগুণে বেশি। তাছাড়া কামান, মর্টার ইত্যাদি ভারী অস্ত্রশস্ত্র, সবকিছুই তাদের হাতে, ফলে এই যুদ্ধের পরিণতি যা ঘটা স্বাভাবিক তা'ই ঘটল। ঘন্টাকয়েক ধরে এই যুদ্ধ চলেছিল। এই সংঘর্ষের ফলে ক্যান্টনমেন্টের দু-তিন শ বাঙ্গালী সৈন্য মারা গেল। অবশিষ্ট বাঙ্গালী সৈন্যরা ছত্রভঙ্গ হয়ে ক্যান্টনমেন্ট ছেড়ে পালিয়ে গেল। যশোর জেলার মুক্তিসংগ্রামের এটাই হলো সূচনা।

এই পালিয়ে আসা বাঙ্গালী সৈন্যদের মধ্যে কোন শৃঙ্খলা ছিল না, যে যেদিকে পারল সে সেই দিকে পালাল। আবদুর রউফ আর তাঁর সাথী দুইজন সৈন্য তাদের সবার মধ্য থেকে বিচিছন্ন হয়ে পড়েছিলেন। কিন্তু এই বিচিছন্ন অবস্থাতেও তাঁরা তাঁদের মনোবল হারাননি। তাঁর এই তিনজনে মিলে নিজেদের একটা ইউনিট গঠন করলেন এবং শপথ নিলেন যে, তাঁরা বাংলাদেশের স্বাধীনতার জন্য শেষ পর্যন্ত সংগ্রাম করে যাবেন।এই সঙ্কল্প নিয়ে তাঁরা যশোর শহরে ফিরে মুক্তিবাহিনীতে যোগদান করলেন। তখন যশোর শহর মুক্তিবাহিনীর অধিকারে এসে গেছে। মুক্তিবাহিনীতে যোগদানের পর থেকে আবদুর রউফ ও তাঁর দুইজন সাথী একই সঙ্গে লড়াই করে এসেছেন এবং আবদুর রউফ আহত হয়ে রণক্ষেত্র ছেড়ে চলে আসার আগ পর্যন্ত তাঁরা এক সঙ্গেই ছিলেন।

৩রা এপ্রিল তারিখে এক রক্তাক্ত যুদ্ধের মধ্য দিয়ে পাক-সৈন্যরা যশোর শহর পুনর্দখল করে নিল। মুক্তিবাহিনী শহর ত্যাগ করে নড়াইল গিয়ে তাদের ঘাঁটি স্থাপন করল। কিন্তু যশোর শহর ছেড়ে গেলেও মুক্তিবাহিনীর একটা অংশ শহর থেকে মাত্র মাইল দেড়েক দূরে দুই তালা ফতেহপুরে পাক-সৈন্যদের প্রতিরোধ দেবার জন্য তৈরী হয়ে অপেক্ষা করতে লাগল। তাদের সঙ্গে ছিল তিনটা মেশিনগান। এই তিনটা মেশিনগানের মধ্যে একটা ছিল আবদুর রউফ আর তাঁর দুইজন সাথীর হাতে। ই, পি, আর বাহিনির ৮/১০ জন যোদ্ধা বাকী দুইটি পরিচালনার দায়িত্বে ছিলেন। এদের সাহায্য করবার জন্য পঞ্চাশেক ছাত্রও সঙ্গে ছিল। এই প্রতিরোধের দলটি দুইতালার যেখানে ঘাঁটি করেছিল, সেখানে অপেক্ষা করতে লাগল।

আবদুর রউফ বলেছিলেন: ১১ই এপ্রিল পর্যন্ত শত্রুপক্ষের কারও সঙ্গে আমাদের দেখা হয়নি। ১২ই এপ্রিল তারিখে বেলা ১টার সময় আমরা যখন খেতে বসেছি, এমন সময় লক্ষ্য করলাম শহরের দিক থেকে একটা কাল রং এর জীপ আমাদের দিকে এগিয়ে আসছে। একটু দূরে থেকতেই জীপটা থেমে গেল। মনে হলো, জীপের আরোহীরা আমাদের দেখতে পেয়েছে, তাই ওখানে থেমে গিয়েছে। আমরা দেখা মাত্রই খাওয়া ছেড়ে লাফিয়ে উঠলাম। সাথে সাথে আমাদের তিনটা মেশিনগান একই সঙ্গে গর্জন করে উঠল। কিন্তু ওরা আগে থেকেই হুঁশিয়ার হয়ে জীপটাকে একটা গাছের আড়ালে নিয়ে দাঁড় করিয়েছিল। তাই আমাদের গুলি ওদের স্পর্শ করতে পারল না। জীপটা ঐভাবেই কিছুক্ষণ দাঁড়িয়ে রইল। বোধ হয় আমাদের অবস্থানটা পর্যক্ষেণ করে নিচিছল। তারপর গাড়িটা যেদিকে থেকে এসেছিল, সেই দিকে দ্রুতবেগে ছুটে চলে গেল।

জীপটা চলে যাবার মিনটি কয়েক বাদেই ক্যান্টনমেন্ট থেকে কামানের গোলাবর্ষণ শুরু হলো। গোলাগুলি আমাদের সামনে এসে পড়েছিল। আমরা উপযুক্ত জায়গা খুঁজে নিয়ে আত্মরক্ষার জন্য আশ্রয় নিলাম। ঘণ্টাখানেক ধরে এইভাবে গোলাবর্ষণ চলল। ওরা মনে করল, এই গোলাবর্ষণের পরে পথ নিশ্চয়ই পরিষ্কার হয়ে গেছে, তাদের প্রতিরোদ করবার মত কেউ নেই। তাই ওদের একটা পদাতিক দল নিশ্চিন্ত মনে যশোর নড়াইল সড়ক দিয়ে আসতে লাগল। আমরা ধৈর্য্য ধরে অপেক্ষা করেছিলাম, আসুক, ওরা আরও কাছে এগিয়ে আসুক, তারপর ওদের একবার দেখে নেওয়া যাবে। উপযুক্ত সময় আসতেই আমরা মুহুর্তের মধ্যেই পজিশন নিয়ে দাঁড়িয়ে মেশিনগান চালাতে শুরু করলাম। ওরা এ জন্য একেবারেই প্রস্তুত ছিল না, তাই আমাদের তিনটা

মেশিনগানের অবিরল গুলিবর্ষনের ফলে ওদের মধ্যে প্রচুর লোক মারা গেল। বাকী সবাই ঊর্ধ্বশ্বাসে প্রাণ নিয়ে পালাল ।

ওরা পালিয়ে গেল বটে, কিন্ত আমাদের নিশ্চিন্ত মনে বিশ্রাম নেবার সময় দিল না। একটু বাদেই ওদের একটা বড় দল আমাদের উপর এসে হামলা করল। ওরা অস্ত্রে-শস্ত্রে সুসজ্জিত হয়েই এসেছিল, সঙ্গে মেশিনগান ও ছিল, কিন্তু ওরা এবার বরাবর সোজা পথ ধরে আসেনি। আমরা প্রথমে বুঝতে পারিনি, পরে হঠাৎ এক সময় উঠে দেখলাম, ওরা দুটো দলে ভাগ হয়ে দু'দিক থেকে সাঁড়াশীর মত আক্রমণ করেছে এবং আমরা প্রায় ঘেরাও হয়ে যেতে বসেছি।

আমাদের উপর দুদিক থেকে গুলিবর্ষণ চলেছে আমরা যেন গুলির বেড়া জালের মধ্যে আটকে পড়তে যাচিছ। আমাদের সঙ্গে সাহায্য করার মত যারা ছিল তারা সবাই ছত্রভঙ্গ হয়ে পালিয়ে গিয়েছে। আমাদের মধ্যে একে একে পাঁচজন যোদ্ধা শহীদ হলেন। কিন্ত তবু আমরা আমাদের মনোবল হারাইনি। আমাদের তিনটি মেশিন গান অত্যন্ত ক্ষিপ্রতার সঙ্গে গুলি করতে করতে পিছিয়ে যাচিছল। শেষ পর্যন্ত আমরা যথেষ্ট কৌশলের পরিচয় দিয়ে সেই মৃত্যু-ফাঁদ থেকে বেরিয়ে এলাম।

শত্রুপক্ষ বুঝল, লড়াইয়ের পথ এখনও তাদের জন্য কণ্টকমুক্ত নয়। তাই তারা আর বেশী দূরে না গিয়ে যশোর শহরে ফিরে এল। ইতিমধ্যে নড়াইল এই গুজব ছড়িয়ে পড়েছে যে, পাক সৈনদের এক বিরাট বাহিনী নড়াইল আক্রমণ করতে রওয়ানা হয়ে গিয়েছে। নড়াইল শহরের মানুষ আতঙ্কিত হয়ে ঘরবাড়ি ছেড়ে পালাতে লাগল। আবার সেই রাত্রিতেই ওরা নড়াইল শহরের উপর মারাত্মক রকম বোমাবর্ষণ করল। বিস্ফোরণের আগুনে জ্বলতে লাগল নড়াইল শহর। অবস্থা গুরুতর মনে করে মুক্তিবাহিনীর যোদ্ধারা নড়াইল শহর ছেড়ে লোহাগড়ার দিকে চলে গেল।

পরদিন যশোর থেকে এক বিরাট মিলিটারি বাহিনি নড়াইল এসে হামলা করল। তাদের সঙ্গে ছিল তাদের বিহারী ও বাঙ্গালী দালালরা। ওরা লুটের লোভে উন্মত্ত হয়ে ছুটে এসেছে। ওদের বাধা দেওয়ার মত কেউ ছিল না। ওরা নিশ্চিন্ত মনে নড়াইল শহরের ঘরে ঘরে মনের সাধ মিটিয়ে লুটপাট করে শেষ ফিরে গেল যশোর শহরে। তখন নড়াইল শহরে বেসামরিক বা সামরিক কোন শাসনই রইল না। কুখ্যাত গুণ্ডা টগর সেই সুযোগে সারা শহরের উপর তার আধিপত্য প্রতিষ্ঠিত করে যা খুশি তা'ই করে চলল।

মূল মুক্তিবাহিনী চলে গেছে লোহাগড়া। আমাদের সঙ্গে যারা ছিল তারাও ছত্রভঙ্গ হয়ে কে কোথায় চলে গেছে। এবার আমরা তিনজন মুক্তিবাহিনী থেকে বিচিছন্ন হয়ে পড়লাম। আমরা স্থির করলাম আমদের নিজেদের এবার নিজেদের পথ বেছে নিতে হবে, নিজেদের উদ্যোগেই মুক্তিসংগ্রাম চালিয়ে যেতে হবে। শত্রুপক্ষ যতই প্রবল হোক না কেন এবং আমাদের অবস্তা যতই প্রতিকূল হোক না কেন আমরা কিছুতেই এই সংগ্রাম ছেড়ে পেছনে হটে যাব না। আমরা তিনজন আর আমাদের মেশিনগানটি, এই আমাদের শক্তি, এই আমাদের সম্বল। এই নিয়ে আমরা আমাদের নতুন পথে যাত্রা করলাম।

আমাদের প্রথম কাজ হোল নড়াইল গিয়ে টগর গুণ্ডাকে উচিত মত শিক্ষা দেওয়া। আমরা সোজাগিয়ে তার সঙ্গে মোকাবিলা করলাম। টগর তার দলবল নিয়ে অবাধে লুটপাট চালিয়ে যাচিছল। তাদের সঙ্গে বাক্য বিনিময়ের ইচছা বা সুযোগ আমাদের ছিল না, দেখা হওয়া মাত্রই আমাদের গুলিবিনিময় চলল। কিন্ত আমাদের মেশিনগানের সামনে ওরা কি করে দাঁড়াবে! টগর প্রাণের ভয়ে আত্মসমর্পণ করল। আমরা দেশের শত্রুসেই শয়তান মৃত্যুদণ্ডের ব্যবস্থা করলাম। তরপর পরপর তারই মত আরও কয়েকজন দেশদ্রোহীকে হত্যা করা হলো।

এবার আমরা নড়াইল শহর ছেড়ে লোহাগড়ার কাছে দীঘলিয়া গ্রামে চলে গেলাম। আমরা স্থির করেছিলাম, এবার আমরা নিজেদের উদ্যোগে একটি নতুন মুক্তিবাহিনী গড়ে তুলব। এই অঞ্চলে মুক্তিবাহিনীতে যোগ দিতে ইচ্ছুক ছাত্র ও যুবকদের অভাব ছিল ন। সামরিক ট্রেনিং পাওয়ার জন্য তারা অধীর হয়ে উঠেছিল। আমার ডাকে দেখতে দেখতে অনেক ছাত্র ও যুবক এসে জুটল। আমি দীঘলিয়াতে ট্রেনিং সেন্টার স্থাপন করে এই সমস্ত শিক্ষার্থীদের ট্রেনিং দিয়ে চললাম। শিক্ষার্থীদের সংখ্যা শেষ পর্যন্ত চল্লিশ-পঞ্চাশ জনে দাঁড়াল।

এদিকে পাক সৈন্যদের জয়লাভের ফলে স্থানীয় দালালরা মাথা চাড়া দিয়ে উঠছিল। তাদের সঙ্গে যোগ দিয়েছিল চোর, ডাকাত, লুটেরা আর গুণ্ডা বদমাসের দল। ওরা এই সুযোগে নিজেদের ফায়দা উসুল করে নিচ্ছিল। ওদের পেছনে সামরিক সরকার সমর্থন রয়েছে, তাই তারা নিশ্চিন্ত ছিল যে, তারা যা-ই করুক না কেন, কেউ তাদের বাধা দিতে সাহস করবে না। দীঘলিয়ার কুখ্যাত চেয়ারম্যান নওশের আলী ছিল এমনি একজন নামকরা দালাল। আমাদের মুক্তিবাহিনীর খবর শুনে তার টনক নড়ল। সে টাকা পয়সা ছড়িয়ে চারদিক থেকে হাজার দুই গুন্ডা জাতীয় লোক এনে জড় করে আমাকে ধরতে এল। আমাকে ধরাটা সহজ নয়, এটা সে, আগেই বুঝতে পেরেছিল। তার জন্যই তার এত তোড়জোড়া। আমি খবরটা পেয়েই দীঘলিয়া বাজার 'কারফিউ' জারী করে দিয়েছিলাম। আমাদের মুক্তিবাহিনীর ছোট একটা গ্রুপ নিয়ে ওদের সঙ্গে মোকাবিলা করলাম। কিন্তু যুদ্ধ করার প্রয়োজন হলো না, আমাদের মেশিনগানের আওয়াজ শুনে দালাল নওশের আলীর ভাড়াটে গুণ্ডাগুলি দেখতে দেখতে ছত্রভঙ্গ হয়ে পালিয়ে গেল।

কিন্ত বুঝতে পারছিলাম, জায়গাটা আমাদের পক্ষে নিরাপদ নয়। আমাদের অন্যত্র সরে যাওয়াটাই বুদ্ধিমানের কাজ হবে। কিন্ত যাবার আগে দালাল নওশের আলীর লীলাখেলা শেষ করে দিয়ে যাব। এই সঙ্কল্প নিয়ে আমি তখনকার মত আমাদের এই মুক্তিবাহিনীকে ভেঙ্গে দিলাম। তারপর সে অঞ্চলে পনের-ষোল দিন আত্মগোপন করে ছিলাম। একদিন উপযুক্ত সুযোগে শয়তান নওশের আলীকে হত্যা করা হয়। তারপর আমি আর আমার দুই সাথী সেই অঞ্চল ছেড়ে এলাম ফরিদপুরের গোপালগঞ্জে।

আমরা গোপালগঞ্জ মহকুমার চন্দ্রদীঘলিয়া গ্রামে এসে আশ্রয় নিলাম। দেখতে দেখতে এখানেও এক মুক্তিবাহিনী গড়ে উঠল। আমাদের দৃষ্টি রইল গোপালগঞ্জ শহরের দিকে। সেখানে তখন মুসলিম-লীগ পন্থী, জামাত পন্থী প্রভৃতি প্রতিক্রিয়াশীল দেশদ্রোহীদের অপ্রতিহত রাজত্ব চলছে। পুরানো এসডিওকে সরিয়ে দিয়ে তার জায়গায় একজন অবাঙ্গালীকে নিয়োগ করা হয়েছে। গোপালগঞ্জ শহর তখন শত্রুপক্ষের দূর্ভেদ্য দুর্গস্বরুপ। পরিকল্পনা নিলাম, ওদের সেই দুর্গের ভেতর ঢুকে পড়ে ওদের উপর হামলা চালাব। এই পরিকল্পনা যদি সফল হয়, তবে সমস্ত মহকুমা জুড়ে মুক্তিবাহিনীর প্রভাব ও মর্যাদা বহু গুনে বেড়ে যাবে।

কিন্ত আমরা তিনজনই শুধুই সেখানে যাব, যা করবার আমরা তিনজনেই করব, মুক্তিবাহিনীর আর কউকে সঙ্গে নেব না। এ কাজ করতে হবে অত্যন্ত কৌশলে। ওরা যদি আগে থেকে টের পেয়ে যায়, তাহলে একজনকেও সেখান থেকে প্রাণ নিয়ে ফিরে আসতে হবে না। আমার প্যারাট্রুপারের ট্রেনিং এর অভিজ্ঞতাটাকে এবার ভাল করে কাজে লাগাতে হবে। খুবই দুঃসাহসের কাজ। আমরা তিনজন সেই বিপজ্জনক পথে পা বাড়ালাম।

গভীর রাত্রিতে অতি সন্তর্পণে আমরা তিনজন গোপালগঞ্জ শহরে গিয়ে ঢুকে পড়লাম। শান্ত শহর ঘুমিয়ে আছে, কোথাও কোন সাড়াশব্দ নেই। আমাদের ভাগ্য ভাল, আমরা কোথাও কোন পাহারাদারের নজরে পড়ে যাইনি। কি করে অত্যন্ত দ্রুত ও অত্যন্ত সতর্কতার সঙ্গে শত্রুপক্ষের যোগাযোগ ব্যবস্থাকে বিচ্ছিন্ন করে দিতে হয়, সেই শিক্ষা আমার ভাল করে জানা ছিল। এবার তা কাজে লেগেগেল। আমরা যন্ত্রের মত কাজ করে চলেছিলাম। দেখতে দেখতে ওদের-বেতার প্রেরণ ব্যবস্থাকে নষ্ট করে দিলাম। কেটে ফেললাম টেলিগ্রাম আর টেলিফোনের তার। গোপালগঞ্জ শহরের যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে গেল। কিন্ত এমন সতর্কতার সঙ্গে এই

কাজগুলি করেছিলাম যে, একটি জন-প্রাণীও তা টের পায়নি। এইভাবে আমাদের প্রাথমিক কাজ সমাপ্ত করে নিয়ে আমরা তিনটি নিশাচর প্রাণী দিবালোকের প্রতিক্ষায় রইলাম।

অবশেষে রাত্রির অন্ধকার কেটে দিনের আলো দেখা দিল। ক্রমে বেড়ে উঠল বেলা। আমরা আমাদের গোপন আশ্রয় ছেড়ে প্রকাশ্যভাবে বেরিয়ে এলাম পথে। পথের মানুষ আমাদের দেখে চমকে উঠল। ভয় পেয়ে দু'ধারে সরে গিয়ে আমাদের পথ করে দিল। আমরা আমাদের মিলিটারি বুটের খট খট শব্দে রাজপথ ধ্বনিত করে সোজা পুলিশ ব্যারাকে গিয়ে উঠলাম। ব্যারাকে ঢুকেই চমকে উঠলাম আমি। আমরা সংবাদ পেয়েছিলাম, ব্যারাকে মাত্র জনকয়েক পুলিশ আছে। কিন্তু আমরা এক অগ্নিপরীক্ষার সামনে দাঁড়িয়ে, আমাদের ভয় করলে চলবে না। এখন যা হবার তা হোক।

আমাদের দেখে ওরা সসম্ভ্রমে উঠে দাঁড়িয়ে স্যালুট দিল। ওরা আমাকে পাঞ্জাবী অফিসার বলে মনে করেছিল। এমন ভুল অনেকেই করে থাকে। এরই উপর ভরসা করে আমি এই দুঃসাহসিক পরিকল্পনা নিয়ে গোপালগঞ্জ শহরে এসেছি। বলতে গেলে জেনেশুনেই বাঘের মুখের সামনে এসে দাঁড়িয়েছি। আমি মিলিটারি অফিসারের গাম্ভীর্য নিয়ে পরিষ্কার উর্দু ভাষায় বললাম, আমি সামরিক হেডকোয়াটার থেকে এসেছি। তোমাদের উপর নির্দেশ, তোমরা এখনই তোমদের অস্ত্র আমার সামনে এনে জমা করবে।

ওরা আমার নির্দেশ শুনে অবাক হয়ে একে অপরের মুখের দিকে তাকাল। তারা এই অর্ডারেরমানে কিছুই বুঝে উঠতে পারছিল না। তারা তো বাঙ্গালী পুলিশ নয়, তবে তাদের এভাবে নিরস্ত্র করা হচ্ছে কেন? আমি তাদের আর বেশী ভাববার সময় না দিয়ে বজ্রগর্জনে সেই নির্দেশের পুনরাবৃত্তি করলাম। এবার ওরা ঘাবড়ে গিয়ে একে একে সবাই সুড়সুড় করে আমার নির্দেশ পালন করল। পাশেই ছোট একটা ঘর। সেখানে রাইফেলগুলি স্তূপীকৃত হয়ে উঠল। এবার আমরা ওদের একটা হলঘরেরমধ্যে ঢুকিয়ে দরজায় তালা বন্ধ করে গট গট করে চলে এলাম বাইরে। এইখানে প্রথম দৃশ্যের শেষ।

এবার দ্বিতীয় দৃশ্য। আমরা যে পরিকল্পনা নিয়ে এসেছিলাম, তার মধ্যে ট্রেজারি আর ব্যাঙ্ক লুট করার কথাও ছিল। কিন্ত এখন বুঝলাম অবস্থা গুরুতর। আপাতত আমাদের পরিকল্পনা থেকে সে দুটো ছাঁটাই করেই দিতে হবে। এবার পুলিশ ব্যারাক পেছনে ফেলে নবনিযুক্ত এসডিওর কুঠিতে গিয়ে উঠলাম। খবর পাঠাবার একটু বাদেই সেই অবাঙ্গালী এসডিও হাঁপাতে হাঁপাতে আমাদের সামনে চলে এল। আমার দিকে চোখ পড়তেই সে সসম্মানে আমাকে স্যালুট দিল। আমি তাকে উর্দু ভাষায় বললাম আমি সামরিক কতৃপক্ষের কাছ থেকে জরুরী নির্দেশ নিয়ে এসেছি। এক্ষুণি মুসলিম লীগের আফসার উদ্দিন মোল্লা ও সিদ্দিক সিকদারকে ডেকে পাঠান। একটা বিষয় নিয়ে ওদের সঙ্গে পরামর্শ করতে হবে। এসডিও অতি সমাদরে আমাদেরকে একটা ঘরে নিয়ে বসালেন। একটু বাদেই যাদের ডাকানো হয়েছিল তারা এসে উপস্থিত হলো। ওরা ঘরে এসে ঢুকবার সাথে সাথেই আমরা তিনজন উঠে দাঁড়িয়ে ওদের দিকে রাইফেল উঁচিয়ে ধরলাম। একই সঙ্গে তিনটি রাইফেল গর্জে উঠল। ওদের কথা বলবার সময়টুকু পর্যন্ত ছিল না। তিনটি দেহ একই সঙ্গে ভূমিশয্যায় লুটিয়ে পড়ল। এমনি করে পর পর তিন বার গুলি ছুড়লাম, তারপর কাজ শেষ করে দ্রুত ঘর ছেড়ে বেরিয়ে পড়লাম।

পেছনে লোকজনের কোলাহল আর হট্টগোল শোনা যাচ্ছে। কিন্তু পেছনে ফিরে তাকাবার সময় নেই আমাদের। আমরা যেন ঝড়ের বেগে ছুটে চলেছি। এতক্ষণে মনে পড়েছে, একটা কাজ বাকি রয়ে গেছে; সেটিকে শেষ করে যেতে হবে। আমরা ছুটতে ছুটতে গিয়ে মুসলিম লীগের নেতা ওয়াহিদুজ্জামানের বাড়ির মধ্যে ঢুকে পড়লাম। সামরিক সরকারের বড় দালাল ওয়াহিদুজ্জামান। কিন্তু সেখানে গিয়ে হতাশ হতে হলো। খবর নিয়ে জানলাম ওয়াহিদুজ্জামান বর্তমানে গোপালগঞ্জে নেই। না-ই বা থাকল ওয়াহিদুজ্জামান, তার ভাই ফায়েকুজ্জামান তো আছে। সেও তো এই অপকর্মে তার ভাইয়ের সাথী। আপাতত তাকে দিয়ে আমাদের কাজ

চলবে। কিন্তু কি আশ্চর্য এই ফায়েকুজ্জামান বন্ধ দরজাটা খুলে বাইরে এসে দাঁড়াল সে। কিন্ত আমাদের মুখের দিকে তাকাতেই, কে জানে কি করে আমার আসল রুপ আর আসল উদ্দেশ্যটা ধরে ফেলল। এতগুলি লোককে ঘোল খাইয়ে এলাম, কিন্ত তার সাবধানী চোখ দু'টিকে ফাঁকি দিতে পারিনি। আতঙ্কিত দৃষ্টি নিয়ে এক লাফে ঘরে ঢুকে পড়ল সে, তারপর দরজার পাট দুটো আমাদের মুখের সামনে দড়াম করে বন্ধ করে দিল।

ইতিমধ্যে ঘরের ভিতর থেকে গুলিবর্ষণ শুরু হয়ে গেছে। আমাদেরও কেমন জিদ চেপে গেছে, আমরা বাইরে থেকে পাল্টা গুলি চালিয়ে যাচ্ছি। কিন্তু একটু বাদেই নিজেদের ভুলটা বুঝতে পারলাম। ইতিমধ্যে সারা শহর চঞ্চল হয়ে উঠেছে। পথের মোড়ে মোড়ে ভীড় জমে যাচ্ছে। এর পর আর শহর ছেড়ে বেরিয়ে যাবার উপায় থাকবে না। অবস্থার গুরুত্বটা বুঝতে পেরে কাজটা অসামপ্ত রেখেই আমর ছুটে বেরিয়ে পড়লাম। আমরা ছুটছি, আর ফাঁকা আওয়াজ করে চলেছি, সঙ্গে রাস্তা সাফ যাচ্ছে।

নিরাপদে, সম্পূর্ণ অক্ষত দেহে শহরের বাহিরে বেরিয়ে এলাম মৃত্যুর গহবর থেকে।

প্রকাশ্য দিবালোকে গোপালগঞ্জ শহরের বুকের উপর এই সমস্ত ঘটনা ঘটে যাবার পর অবস্থা গরম হয়ে উঠল। সামরিক বাহিনী আর তাদের দালালরা মুক্তিবাহিন কে নির্মূল করার জন্য উঠে পড়ে লাগল। আমরা যে অঞ্চলে ছিলাম সেখানকার জনসাধারণের উপর নানারকম জুলুম আর অত্যাচার চলল। শেষ পর্যন্ত আমরা তিনজন ঐ অঞ্চল ছেড়ে মাণিকহার গ্রামে চলে এলাম। আমরা যেখানেই যাই সেখানেই স্থানীয়ভাবে মুক্তিবাহিনী গড়ে উঠে। তাছাড়া দীর্ঘলিয়া আর চন্দ্রদীঘলিয়ার মুক্তিযোদ্ধারাও সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলছিল।

মাণিকহারে এসে একটা মস্ত বড় খবর পেয়ে গেলাম। নারায়ণগঞ্জ থেকে আটটা ফ্ল্যাট প্রায় দেড় লক্ষ মণ পাট বোঝাই হয়ে খুলনার দিকে যাচ্ছে। আমাদের শত্রুরা আমাদের এই পাট বিদেশে রফদানি করে মুনাফা লুটবে, আর হয়তো বা সেই টাকা দিয়ে আমাদের মারবার জন্য অস্ত্র আমদানী করবে। ফ্ল্যাটগুলি এই মধুমতি নদীর তীর ঘেঁষেই চলে যাবে।

এই খবর পেয়ে আমরা একদল মুক্তিযোদ্ধা এই ফ্ল্যাটগুলিকে অভ্যর্থনা করবার জন্য মাণিকদা গ্রামে গিয়ে অপেক্ষা করতে থাকি। অবশেষে যথাসময়ে ফ্ল্যাটগুলি মানিকদার কাছে তালাঘাটে এসে ভিড়ল। আমরা আগে থেকেই ফ্ল্যাটগুলির উপর হামলা করবার জন্য তেরী হয়ে ছিলাম। ওরা পালিয়ে যাবার জন্য চেষ্টা করেছিল, কিন্তু পারল না। আমরা ওদের সব পাট পুড়িয়ে ছাই করে দিলাম।

১০ই মে তারিখ নারায়ণগঞ্জ থেকে রকেট স্টীমারটি সৈন্যদের রসদে বোঝাই হয়ে খুলনার দিকে যাচ্ছিল। তাছাড়া এই স্টীমারে একজন মেজর নেতৃত্বে ৫০জনের মত সৈন্যও যাচ্ছিল। এই সৈন্যদের সঙ্গে অস্ত্রশস্ত্র ছিল না এবং তারা সাদা পোশাকেই চলেছিল। রকেট স্টীমারটি তালাঘাটে এসে ভিড়ল। আমরা তখনও মাণিকদাতেই ছিলাম। এই খবরটা আমাদের কাছে এসে গিয়েছিল। স্টীমারটা ঘাটে ভিড়বার সাথে সাথেই আমাদের মুক্তিবাহিনী তাকে ঘেরাও করে ফেলল। ওদের আত্মসমর্পণ করা ছাড়া আর কোন উপায় ছিল না। আরোহীদের নদীর তীরে নামিয়ে দিয়ে আমরা স্টীমারটিকে ডুবিয়ে দিলাম। তারপর মেজরসহ সৈন্যদের খতম করে দেওয়া হলো।

সেই দিনই রাত্রিতে খুলনা থেকে একটা রসদ-বোঝাই লঞ্চ এবং বরিশাল থেকে একটা সৈন্যবাহী লঞ্চ গোপালগঞ্জের দিকে যাচ্ছিল। আমরা খাদ্যবাহী লঞ্চটিকে ডুবিয়ে দিলাম। আমাদের প্রবল গুলিবর্ষণের ফলে রাত্রির অন্ধকারে সৈন্যবাহী লঞ্চটিও ডুবে যায়। এই অঞ্চলের মুক্তিবাহিনীর উৎপাতে সামরিক কর্তৃপক্ষ অতিষ্ঠ হয়ে উঠেছিলো। গোপালগঞ্জের এসডিও হত্যা, দেড় লক্ষমন পাট পুড়িয়ে দেওয়া, সৈন্যবাহী লঞ্চ ডোবান-পর পর এই সমস্ত ঘটনা মুক্তিবাহিনীর প্রভাব বাড়িয়ে চলেছিল; অপরপক্ষে সামরিক কর্তৃপক্ষের মর্যাদার হানি ঘটছিল। তাই আমাদের নির্মূল করে দেবার জন্য তারা উঠে পড়ে লাগল।

সেই দিনটা ছিল ১১ই মে। এই তারিখটা আমার পক্ষে ভূলে যাওয়া সম্ভব নয়। ওদের গুপ্তচরের মুখে ওরা আমাদের অবস্থানটা জানতে পেরেছিল। সেদিন আমাদের জায়গা থেকে বেশ অনেকটা দূরে ওরা লঞ্চ বোঝাই সৈন্য নামাল। ব্যাপারটা আমরা একেবারেই টের পাইনি। যখন টের পেলাম, তখন আমরা প্রায় ঘেরাও হয়ে এসেছি। সেই ঘেরাও থেকে বেরিয়ে আসা সহজ কথা নয়। আমার কথা বলি, আমি ওদের একদল সৈন্যর একবারে কাছাকাছি গিয়ে পড়েছিলাম। আমার ভাগ্য ভাল, ওরা আমাকে ওদের একজন বলে ভুল করে বসেছিল। তাই আমার কাছ থেকে ওরা আক্রমণ আশঙ্কা করেনি। আর আমিও ওদের অপ্রস্তুত অবস্থায় মেশিনগান দিয়ে এক পশলা গুলিবর্ষনের সুযোগ পেয়ে গেলাম। ফলে ওদের মধ্যে অনেক সৈন্য হতাহত হলো। সেদিন আমরা গুলি চালাতে চালাতে বহু কষ্টে ওদের সেই ফাঁদ থেকে বেরিয়ে আসতে পেরেছিলাম। কিন্তু আমি নিজে একবারে অক্ষত অবস্থায় চলে আসতে পারিনি। এতদিন এত সমস্ত সংঘর্ষের মধ্যেও আমার গায়ে এতটুকু আঁচড় লাগেনি। কতবার কত গুলি আমার কানের পাশ ঘেঁষে চলে গেছে, কতবার কত গুলিবৃষ্টির মধ্য দিয়ে অক্ষত দেহে বেরিয়ে এসেছি। ফলে আমার মনে মনে কেমন একটা বিশ্বাস জন্মে গিয়েছিল যে, ওদের গুলি আমাকে স্পর্শ করতে পারে না। কিন্তু আজ শত্রুরা আমার দেহে ওদের দাঁত বসিয়ে দিয়েছি। বইরে বেরিয়ে এসে দেখি আমার এই হাত থেকে অবিরাম ধারার রক্ত ঝরে চলেছে। আমার হাতে একই সঙ্গে তিনটি গুলি এসে বিদ্ধ হয়েছে।

বলতে বলতে মুক্তিযোদ্ধা আবদুর রউফ তাঁর ব্যান্ডেজ বাঁধা বাঁ হাতখানি আমার সামনে তুলে ধরলেন।

কি করেলেন তারপর? জখম হাতটার কি ব্যবস্থা করলেন? প্রশ্ন করলাম আমি।

আমি যে জখম হয়েছি, ওরা এই খবরটা জানতে পেরেছিল এবং আমি কে সেটাও ওদের অজানা ছিল না। ইতিমধ্যে এখানকার মুক্তিযুদ্ধের নেতা হিসাবে আমার নামটা এখানকার সর্বত্র প্রচারিত হয়ে গিয়েছিল। ওরা মনে করেছিল, আমি নিশ্চয়ই আমার এই জখমটার চিকিৎসার জন্য কাছাকাছি কোন ডাক্তারখানায় বা কোনও ডাক্তারের কাছে যাব। তাই ওরা আমাকে ধরবার জন্য সেই সব জায়গায় হামলা করেছে। কাজেই আমার পক্ষে সেইসব জায়গায় যাওয়ার পথ বন্ধ হয়ে গিয়েছিল। আট-দশ দিন বিনা চিকিৎসাতেই কাটল। ফলে সেপটিক হয়ে আমার হাতটা পেকে উঠল। ঐ অবস্থায় আর কিছুদিন থাকলে নির্ঘাত মারা যেতাম। তখন বন্ধুরা সিদ্ধান্ত নিলেন জখম চিকিৎসার জন্য বর্ডারের ওপারে চলে যেতে হবে। আমার অবস্থা যে রকম দাঁড়িয়েছিল, তাতে এ ছাড়া আমার বাঁচার আর কোন উপায় ছিল না।

সশস্ত্র প্রতিরোদ : রংপুর দিনাজপুর

শিরোনাম	সূত্র	তারিখ
৯। রংপুর দিনাজপুর জেলায় প্রতিরোধের বিবরণ	বাংলা একাডেমীর দলিলপএ	১৯৭১

সশস্ত্র প্রতিরোধে ৩য় বেঙ্গল *

সাক্ষাৎকার : মেজর মো: আনোয়ার হোসেন

.....১৯৭২

১৯৭১ সাল ২৫শে মার্চ আমি সৈয়দপুর সেনানিবাস ৩য় বেঙ্গল রেজিমেন্টের কোয়াটার মাষ্টার হিসাবে নিযুক্ত ছিলাম। ১লা মার্চ ইয়াহিয়া খানের জাতীয় পরিষদ অধিবেশন অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণার পরিপ্রেক্ষিতে সৈয়দপুরে বাঙ্গালী ও অবাঙ্গালীদের ভিতর প্রথমে তীব্র অসন্তোষ দেখা দেয় ও পরে অবাঙ্গালীরা বাঙ্গালীদের উপর হত্যাযজ্ঞ চালায়। এই পরিপ্রেক্ষিতে ব্যাটালিয়নের জোয়ান ও অফিসারদের মধ্যে অস্ত্র ও গোলাবারুদ সব সময়ের জন্য দিয়ে দেওয়া হয়। কারণ, যে কোন সময়ে দেশের আইন শৃঙ্খলা রক্ষা করতে হবে।

সেই সময় আমাদের কমান্ডিং অফিসার লে: কর্নেল ফজল করিম (পাঞ্জাবী), ২য় অধিনায়ক মেজর আকতার (পাঞ্জাবী) ও ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার আবদুল্লাহ খান মালিক (পাঞ্জাবী) আমাদের ব্যাটালিয়ন ছত্রভঙ্গ করার উদ্দেশ্য বাঙ্গালী অফিসার দ্বারা বিভিন্ন কোম্পানীকে অসহযোগ আন্দোলনের সময় বিভিন্ন জায়গায় দেশের আইন-শৃঙ্খলা বজায় রাখবার জন্য পাঠায় : ১। মেজর নিজাম, লে: মোখলেস ও ২য় লে: রফিকসহ বি ও ডি কোম্পানীকে রংপুর জেলার ঘোড়াঘাটে পাঠানো হয়; ২। ক্যাপ্টেন আশরাফকে সৈয়দপুর ও দিনাজপুর রোড়ের মধ্যবর্ত্তী মগুলপাড়া নামক স্থানে বৈদ্যুতিক সংযোগস্থল পাহারার জন্য ৪০ জন জোয়ান দিয়ে পাঠানো হয়; ৩। সুবেদার রহমতুল্লাহ ও আবঙ্গালী মেজর শাফায়াৎ হোসে কে সঙ্গে দিয়ে ১প্লাটুন পার্বতীপুর পাঠানো হয়; ৪। মর্টার প্লাটুনের জোয়ানদিগকে মর্টার রেখে দিয়ে শুধু রাইফেল দিয়ে শহরের অনতিদূরে পাওয়ার হাউস পাহারার জন্য পাঠানো হয়। ১৭ মার্চ অয়ারলেস সেট ও ভারী হাতিয়ারগুলি ব্যাটালিয়ন হেডকোর্টার থেকে ব্রিগেড হেডকোর্টারের নিয়ন্ত্রণে নিয়ে আসা হয়।

আমি কোয়ার্টার মাস্টারের দায়িত্বে থাকায় ব্যাটালিয়ন হেড কোয়াটারের কাছে নিয়োজিত ছিলাম। সেই সময় দেশের পরিস্থিতি খুবই ভয়ানক ছিল। ২৪ শে মার্চ আমাকে এবং আমাদের ব্যাটালিয়নের সুবেদার মেজর হারি কে ব্রিগেডিয়ারের অফিসে ডাকা হয়। ব্রিগেডিয়ার আমাকে ও সুবেদার মেজর সাহেবকে বাইরের গুজব না শুনে শৃঙ্খলার সাথে দয়িত্ব পালনের নির্দেশ দেন, কিন্তু আমাদের ২য় অধিনায়ক মেজর আকতারের সাথে রুদ্ধদ্বার কক্ষে বহু সময় আলাপ আলোচনা করেন। এতে আমাদের মনে আরো সন্দেহের ভাব উদয় হল।

২৮শে মার্চ মগুলপাড়া থেকে ক্যাপ্টেন আশরাফ অফিসে আসে এবং দেশের বর্তমান পরিস্থিতি সম্বন্ধে জানায়। তখন ২৩ ফিল্ড রেজিমেন্টের ১ জন বাঙ্গালী অফিসার লে: সালামকেও ডাকা হয়। আমরা তিনজন রুদ্ধদ্বার কক্ষে ভবিষ্যতে কি কর্মপন্থা অবলম্বন করতে হবে তা নিয়ে আলোচনা করি। সৈয়দপুর সেনানিবাসে অপর যে দুইটি ব্যাটালিয়ন ছিল ঐ ব্যাটালিয়ন দুইটির ৩১শে মার্চ রাত্রে বগুড়ায়ে চলে যাওয়ার কথা ছিল। আমরা ঐ সময়ে সৈয়দপুর সেনানিবাস দখল করার সিদ্ধন্ত নিই। সেই অনুযায়ী ক্যাপ্টেন আশরাফকে এক ট্রাক গোলা বারুদ মগুলপাড়া নিয়ে যাওয়ার জন্য দিয়ে দিই।

* ১৯৭১ সালে ক্যাপ্টেন হিসাবে কর্মরত ছিলেন।

৩১শে মার্চ রাত্রি আড়াই ঘটিকার সময় ২৬এফ-এফ ব্যাটালিয়ন ও ২৩ ফিল্ড রেজিমেন্ট গোলন্দাজ বাহিনী আমাদের ব্যারাকের উপর অতর্কিতভাবে আক্রমণ চালায় কিন্তু আমরা সতর্ক থাকায় সকাল ১০টা পর্যন্ত উভয় পক্ষে গুলি বিনিময় হয়, এবং তারা আমাদের ব্যারাকে প্রবেশ করতে ব্যর্থ হয়। পাক বাহিনী মাইক দ্বারা প্রচার করতে থাকে, তোমরা আত্মসমর্পণ কর, তোমাদিগকে কিছু করা হবে না। সেই সময় আমাদের অবস্থানের চারিপাশ তারা ঘিরে ফেলার চেষ্টা করে। আমরা তখন বাধ্য হয়ে সেনানিবাস ছেড়ে ফুলবাড়ী নামক স্থানে ডিফেন্স নিই। সাথে সাথে আমাদের বাইরে অবস্থানরত অন্য সকল কোম্পানীকে এই ঘটনা অবগত করি।

১লা এপ্রিল সুবেদার রহমতুল্লাহ তার অবাঙ্গালীর মেজর সাফায়েৎ হোসেনকে হত্যা করে এবং সমস্ত জোয়ান নিয়ে ফুলবাড়ীতে চলে আসে।

৩রা এপ্রিল ঘোড়াঘাটেট অবস্থানরত বি ও ডি কোম্পানী ফুলবাড়ী এসে পৌঁছে। সেই সময় আমাদের মোট শক্তি ছিল ৪৫০ জনের মত। ৪/৫ তারিখে ব্যাটালিয়নকে পুনর্গঠন করা হয় ও তিনটি কোম্পানীতে ভাগ করা হয়।

ব্যাটালিয়নের অধিনায়ক নিযুক্ত করা হয় মেজর নিজাম সাহেবকে। ১টি কোম্পানীর দায়িত্ব দেওয়া হয় ক্যাপ্টেন আশরাফকে। লেঃ মোখলেসকে দেওয়া হয় ১ টি কোম্পানীর দায়িত্ব। আপর কোম্পানীর দায়িত্ব ন্যস্ত হয় আমার উপর। ক্যাম্পে আশরাফ তার কোম্পানী নিয়ে দিনাজপুরে পথ দিয়ে সৈয়দপুর আসবে স্থির হয়। সৈয়দপুর থেকে তিন মাইল দূরে ৮ই এপ্রিল পাক বাহিনীর সাথে তার কোম্পানীর ভীষণ যুদ্ধ বাধে। এখানে পাকবাহিনীর তিনটি গাড়িসহ বহু পাকসেনা হতাহত হয়। লেঃ মোখলেস তার কোম্পানী নিয়ে নীলফামারী হয়ে সৈয়দপুর আসবে ঠিক হয়। আমার কোম্পানী এবং হেডকোয়ার্টার কোম্পানী নিয়ে আমি ফুলবাড়ী থেকে খোলাহাটিতে শিবির স্থাপন করি।

৭ই এপ্রিল সুবেদার রহমতুল্লাহ ১টি প্লাটুন নিয়ে পার্বতীপুর চলে যায়। আমি সেই দিনই আমার কোম্পানী নিয়ে বদরগঞ্জে ডিফেন্স করি।

৯ই এপ্রিল পাকবাহিনী বদরগঞ্জে আমাদের ডিফেন্সের উপর আক্রমণ করে। এই যুদ্ধে পাকবাহিনীর পক্ষে ব্রিগেডিয়ার আব্দুল্লাহ খান মালেক যুদ্ধ পরিচালনা করে। সকাল ৯ ঘটিকা থেকে বিকাল ৪ ঘটিকা পর্যন্ত যুদ্ধ চলে। শেষে পাক বাহিনীর তীব্র আক্রমণের মুখে টিকতে না পেরে আমাদের জোয়নরা পিছন হটতে থাকে। এই সময় আমি এক ডিফেন্স থেকে অন্য ডিফেন্সে যাওয়ার সময় বদরগঞ্জ বাজারে পাক বাহিনীর ঘেরাওয়ে পড়ে যাই। তখন তারা আমাদেরকে লক্ষ্য করে গুলি ছুড়লে আমার গাড়ির ড্রাইভার মারা যায়। আমি তখন গাড়ি থেকে লাফিয়ে পড়ে অন্য দিকে বদরগঞ্জ বাজারের ভিতর ঢুকে পড়ি। সেখান থেকে বহু কষ্টে বের হয়ে বদরগঞ্জ রেল স্টেশন হয়ে আড়াই মাইল গ্রামের ভিতর চলে যাই। সেখানে গিয়ে আমার জোয়ানদিগকে দেখতে পাই। তখন আমার শরীর রক্তাক্ত ছিল এবং পা গুলিবিদ্ধ ছিল। সেখান থেকে আমাকে ফুলবাড়ী পাঠিয়ে দিয়ে আমার কোম্পানী খোলাহাটিতে চলে যায়।

১০ই এপ্রিল সকালে পাক বাহিনী খোলাহাটি আক্রমণ করে। সেখানে পাক বাহিনীর সাথে আমার কোম্পানী টিকতে না পেরে ফুলবাড়ীতে চলে যায়। এদিকে ক্যাপ্টেন আশরাফ ও লেঃ মোখলেসের কোম্পানীও ফুলবাড়ীতে চলে আসে।

১১ই এপ্রিল পাকবাহিনী ফুলবাড়ী আক্রমণ করে। ফুলবাড়ীতে পাকবাহিনীর সাথে আমাদের ব্যাটালিয়নের ভীষণ যুদ্ধ হয়। কিন্তু পাকবাহিনীর তীব্র আক্রমণের মুখে টিকতে না পেরে আমাদের পুরা ব্যাটালিয়ন চরখাইয়ে চলে যায়। চরখাইয়ে ডিফেন্স করে কোম্পানীগুলিকে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ পথে ডিফেন্সে বসানো হয় যাতে পাকবাহিনী চরখাই আক্রমণ করতে না পারেঃ (১) ক্যাপ্টেন আশরাফের কোম্পানীকে ফুলবাড়ী-চরখাই রোডে

বসানো হয়; (২) আমি আমার কোম্পানী নিয়ে ঘোড়াঘাট-চরখাই রোডে ডিফেন্স নিই; (৩) লেঃ মোখলেসের কোম্পানীকে ডেপথ কোম্পানী হিসাবে রাখা হয়।

১৩ই এপ্রিল সংবাদ পাওয়া গেল পাকবাহিনী বগুড়া দখল করে নিয়েছে। তাই পাকবাহিনী বগুড়া জয়পুরহাট ও পাঁচবিবি রোড হয়ে হিলি দখল করে নিতে পারে ভেবে ১৪ই এপ্রিল আমি আমার কোম্পানী নিয়ে পাঁচবিবি-হিলি রোডে ডিফেন্স নিই। অপর ২ কোম্পানী চরখাইতেই ডিফেন্স নিয়ে থাকে।

১৯শে এপ্রিল পাকবাহিনী পাঁচবিবির দিক থেকে হিলি আক্রমণ করে। সেই দিন পাকবাহিনীর সাথে আমাদের চার ঘন্টা যুদ্ধ চলে। এই যুদ্ধে পাকবাহিনীর অনেক সৈন্য নিহত হয় ও আমাদের তীব্র আক্রমণের মুখে তারা পিছন হটতে বাধ্য হয়। সেই দিন চরখাই থেকে ২ কোম্পানীকে হিলি চলে আসার নির্দেশ দিই। সেই সময় ক্যাপ্টেন আশরাফ ও লেঃ মোখলেস তাদের জোয়ানদের ফেলে চলে যায়।

২০শে এপ্রিল সুবেদার হাফিজ, নায়েক সুবেদার করম আলী, নায়েক সুবেদার শহীদুল্লাহ দুই কোম্পানীসহ হিলিতে আমার নিকট পৌঁছে। সেই দিন খুব ভোরে পাকবাহিনী আমাদের উপর আক্রমণ করে। সকাল থেকে সন্ধা পর্যন্ত পাকবাহিনীর সাথে আমাদের তীব্র যুদ্ধ চলে। অবশেষে পাকবাহিনী পিছন হটতে বাধ্য হয়। এদিকে পাকবাহিনীর মর্টার ও শেলিং-এ ভারতীয় সীমান্তের কয়েকজন ভারতীয় নাগরিক নিহত হয়। ফলে, ভারতীয় বি-এস-এফ কর্নেল মুখার্জী, পশ্চিম দিনাজপুরের ডি-এম ও পুলিশ সুপারের অনুরোধে ২০ তারিখ গভীর রাতে আমাদের ডিফেন্স ভেঙ্গে দিয়ে হিলি থেকে ১৩ মাইল দূরে ভারতের কামালপাড়া নামক স্থানে কুরমাইল বেসিক ট্রেনিং ইনষ্টিটিউটে ২৫০ জনের মত জে, সি, ও, ও জোয়ান আশ্রয় নিই। এই যুদ্ধে ৬ জন জোয়ান শাহদাৎ বরণ করে। সীমান্ত অতিক্রম করার পূর্বে চরখাই ও হিলি সরকারী গুদাম থেকে ৪শত বস্তা চাউল নিয়ে যাই। ২১শে এপ্রিল পাকবাহিনী হিলি দখল করে নেয়।

ভারতে অবস্থানকালে এপ্রিল মাসের শেষ সপ্তাহে কামারপাড়া, সোবরা এবং আঙ্গিনাবাদে তিনটি অপারেশন ক্যাম্প স্থাপন করি। সুবেদার রহাফিজকে আঙ্গিনাবাদ ক্যাম্প কমান্ডার, সুবেদার আলী নেওয়াজকে কামারপাড়া ক্যাম্প ও জয়পুরহাট চিনি মিলের একজন সিভিল ইঞ্জিনিয়ারকে সোবরার ক্যাম্প কমাণ্ডার হিসাবে নিযুক্ত করে আমি উক্ত তিনটি শিবির পরিচালনা করি।

সেই সময় বাংলাদেশের কমান্ডার-ইন-চীপ কর্নেল এম, এ, জি, ওসমানী বালুরঘাট আসেন এবং আমাকে হিলি সেক্টর কমান্ডার হিসাবে নিযুক্ত করেন। ১৩ই মে পর্যন্ত আমি হিলি সেক্টর কমান্ডারের দায়িত্ব পালন করি। আমি সেক্টর কমান্ডার থাকাকালে আরো তিনটি ক্যাম্প স্থাপন করি- মালন ক্যাম্প, তরঙ্গপুর ক্যাম্প ও তপন ক্যাম্প। মেজর নাজমূল হক আমার নিকট থেকে দায়িত্বভার বুঝে নেন এবং তৎকালীন মেজর বর্তমান কর্নেল শাফায়েৎ জামিল ৩য় বেঙ্গল রেজিমেন্টের অধিনায়ক নির্বাচিত হন। আমি আঙ্গিনাবাদ ক্যাম্প কমান্ডার হিসাবে দায়িত্বভার গ্রহণ করি।

এপ্রিল মাসের শেষ সপ্তাহ থেকে মে মাসের ২য় সপ্তাহ পর্যন্ত গেরিলা পদ্ধতি গ্রহণ করা হয় ও পাকবাহিনীর চলাচলের পথে এ্যাম্বুশ করে পাকবাহিনীকে নাজেহাল ও তাদের ক্ষতি সাধন করা হয়। তার মধ্যে উল্লেখযোগ্য, জয়পুরহাট রেলওয়ে স্টেশন অপারেশন করে পাকবাহিনীকে সেখান থেকে প্রতিহত করে ২ ট্রাক ঔষধ, ৬০ বস্তা চিনি ও কিছু কাপড় নিয়ে আসা হয়।

২৯শে মে গোপন সূত্রে খবর পেয়ে এক কোম্পানী বেঙ্গল রেজিমেন্ট ও ইপিআর-এর জোয়ান নিয়ে হরতকিডাঙ্গা নামক স্থানে পাকবাহিনীর গতিপথের উপর এ্যাম্বুশ করি। সেই সময় পাকবাহিনীর এক কনভয় উক্ত পথ দিয়ে যাচ্ছিল। আমাদের অতর্কিত আক্রমণে পাকবাহিনীর এজন অফিসারসহ আনুমানিক ৩০ জন নিহত হয় ও একখানা জীপ ধ্বংস হয়। আমাদের পক্ষে ইপিআর-এর জলিল শাহাদাৎ বরণ করে। সেখানে একটি পিআরসি-১০ অয়ারলেস সেট ও একটি এস-এম-জি উদ্ধার করি।

২৮শে মে দিনাজপুর-ফুলবাড়ী রোডে মোহনপুর ব্রীজ এক্সপ্লোসিভ দ্বারা উড়িয়ে দেওয়া হয় এবং সেখানেই এ্যাম্বুশ বসান হয়। ২৯শে মে ১০-১০ মিনিটে পাকবাহিনীর এক কোম্পানী ঐ পথে অগ্রসর হওয়ার সময় আমরা অতর্কিত আক্রমণ করি। সেখানে পাকবাহিনীর সহিত আমাদের চার ঘন্টা গুলি বিনিময় হয়। এখানে পাকবাহিনীর ১১ জন নিহত হয় ও ২০ জন আহত হয়। আমাদের পক্ষে ২ জন শহীদ হয় ও একজন আহত হয়। তাছাড়া জুন মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত রামগতি, ফুলবাড়ী, চরখাই, রামনগর, জলপাইতলী, বাজাই, আমবাড়ী, গৌরীপুর, মন্মথপুর রেলওয়ে স্টেশনে রেইড, কমান্ডো ও এ্যাম্বুশ করে পাকবাহিনীর বহু ক্ষতি সাধন করি।

সশস্ত্র প্রতিরোধে রংপুর

সাক্ষাৎকার : লেঃ মোঃ আবদুস সালাম

৭-৬-১৯৭৩

২৬শে মার্চ সকাল বেলা রেডিওতে ইয়াহিয়া খানের মার্শাল ল' জারী করার কথা শুনতে পাই। এই সময় হাজার হাজার ক্রুদ্ধ জনতা শ্লোগান দিতে দিতে টোগরাই হাট রেল স্টেশনে আসে এবং ৩ মাইল পর্যন্ত রেল লাইন তুলে ফেলে এবং যোগাযোগ বিচ্ছিন্ন করে ফেলে।

২৭শে মার্চ রংপুর থেকে একজন আর্মি ক্যাপ্টেন (নওয়াজেশ) আমাদের এখানে পালিয়ে এসে মহকুমা আওয়ামী লীগের সভাপতি মোক্তার আহম্মদ হোসেন সরকার সাহেবের বাড়িতে আশ্রয় নেন। ক্যাপ্টেনের কাছে জানতে পারি যে, ঢাকা থেকে একটা টেলিফোন আসে, তাতে ক্যাপ্টেন নওয়াজেশকে মেরে ফেলতে বলা হয়। ঘটনা চক্রে সেই সময় টেলিফোনের সামনে ক্যাপ্টেন নওয়াজেশ নিজেই উপস্থিত ছিলেন। তিনি টেলিফোনে উত্তরে বলেন যে, এখনই ক্যাপ্টেন নওয়াজেশকে হত্যা করছি।

ক্যাপ্টেন নওয়াজেশ বিভিন্ন জায়গা থেকে পলায়নরত বাঙ্গালী পুলিশ, ইপি-আর ও বেঙ্গল রেজিমেন্টসহ ছাত্র-জনতাকে নিয়ে একটা বাহিনী গঠন করেন এবং ট্রেনিং-এর ব্যবস্থা করেন। ক্যাপ্টেন নওয়াজেশ সাহেবের সঙ্গে আমি থানাতে গিয়ে ও, সি, কে কিছু রাইফেল দেবার জন্য বলি। কিন্তু ও,সি, রাইফেল দিতে অসম্মত হলে পরে তাকে রাইফেল দিতে বাধ্য করা হয়। থানা থেকে আমরা ২৫০টি রাইফেল যোগাড় করি।

ক্যাপ্টেন নওয়াজেশের নেতৃত্বে আমরা তিস্তা নদীর পারে ডিফেন্স নিই। নদীর অপর পারে অবস্থানরত খান সেনারা রাত্রিতে আমাদের উপর শেলিং আরম্ভ করে। বলা প্রয়োজন যে, ঐ দিন সকাল ১০ টার দিকে যখন আমরা চুপচাপ ডিফেন্স নিয়েছিলাম তখন খান সেনারা আমাদের অবস্থান জানতে না পেরে তিস্তা রেল ব্রিজের উপর দিয়ে কিছু খান সেনা এপার আসে। সঙ্গে সঙ্গে আমরা তাদের উাপর আক্রমণ চালাই। ঘটনাস্থলেই একজন মেজরসহ ৮ জনকে হত্যা করতে সক্ষম হই। এই মেজরটির নাম ছিল মেজর এজাজ। পরবর্তীকালে তিস্তা ব্রিজের নাম পালটিয়ে খান সেনারা মেজর এজাজের নাম অনুসারে "এজাজ ব্রিজ" রাখে।

এখানে পাক বাহিনীর শেলিং-এর মুখে টিকতে না পেরে আমরা সেখান থেকে পিছু হটে কুড়িগ্রামে ডিফেন্স নিই। ৮ই এপ্রিল খান সেনারা কুড়িগ্রাম আক্রমণ করে। কুড়িগ্রামে ডিফেন্স নিই। ৮ই এপ্রিল খান সেনারা কুড়িগ্রাম আক্রমণ করে। কুড়িগ্রামের ৩ মাইল বাইরে আমরা টিকতে না পেরে ছত্রভঙ্গ হয়ে পড়ি। ৮ তারিখে খান সেনারা কুড়িগ্রাম দখল করে এবং ব্যাপক গণহত্যা করে এবং বাড়ি-ঘর আগুন দিয়ে জ্বালিয়ে দেয়। তারা পরে সোনালী ব্যাঙ্কও লুট করে। ৯ তারিখে ছাত্র এবং গ্রামবাসী মিলে টোগরাইহাট থেকে তিস্তার প্রায় দশ মাইল রেল লাইন তুলে দিই যাতে কারে খান সেনারা আমাদের এলাকায় তাড়াতাড়ি প্রবেশ করতে না পারে।

টোগরাইহাটের যুদ্ধঃ আমরা পুনরায় প্রায় ১৫০ জন মুক্তিযোদ্ধা একত্রিত হই এবং ১৫ তারিখে আমরা টোগরইহাটে ডিফেন্স নিই। খান সেনারা কুড়িগ্রাম থেকে একটা ট্রেন নিয়ে লাইন সারতে সারতে তিস্তার দিকে

যাচ্ছিল। ট্রেনটা যখন টোগরাইহাটের নিকট আসে তখন আমরা পূর্বপরিকল্পনা অনুসারে খুব দূরে থেকে কয়েক রাউন্ড গুলি ছুড়ি। এই গুলির আওয়াজে খান সেনারা গাড়ি থেকে নেমে পজিশন নেয়। পুনরায় আরও কয়েক রাউন্ড গুলি ছুড়লে খান সেনারা গুলির শব্দ যেদিক থেকে আসছিল সেই দিকে ধাওয়া করে। তারা যখন আমাদের নিকটবর্তী হয় তখন আমরা তাদের উপর আক্রমণ করি। উভয় পক্ষ থেকে সমান তালে যুদ্ধ চলতে থাকে। এই যুদ্ধ ১৪ ঘন্টা স্থায়ী হয়। এই যুদ্ধে বহু খান সেনা নিহত হয় বলে আমরা খবর পাই, আর বাদ বাকী সৈন্য পালিয়ে যেতে সক্ষম হয়।

যুদ্ধ শেষে আমরা যখন তিস্তা ব্রিজের দিকে যাচ্ছিলাম তখন রাস্তায় খান সেনাদের তিনটা দালালকে ধরতে সক্ষম হই। এরা ঐ অঞ্চলে লুটতরাজ, ডাকাতি, নারী ধর্ষণ, হত্যা ইত্যাদির সঙ্গে জড়িত ছিল। ঘটনাস্থলেই তাদের পিটিয়ে হত্যা করা হয়।

সৈয়দপুর-রংপুর প্রতিরোধে ৩য় বেঙ্গল রেজিমেন্ট

সাক্ষাৎকারঃ সুবেদার মোহাম্মদ আবদুল খালেক

১১-১০-১৯৭৩

৩য় বেঙ্গল রেজিমেন্টকে বিচ্ছিন্ন করার উদ্দেশ্যে দুটো কোম্পানী লেফটেন্যান্ট কর্নেল ফজল করিমের নেতৃত্বে (যিনি ৩য় বেঙ্গলের কমান্ডিং অফিসার ছিলেন) বগুড়াতে চলে যায়। দুটো কোম্পানী মেজর নিজামউদ্দীনের নেতৃত্বে ঘোড়াঘাটে (দিনাজপুর) পাঠানো হয় অনির্ধারিত সাঁতার প্রশিক্ষণের জন্য। দু'জন জুনিয়র অফিসার এবং কয়েকজন জেসিও-ও সাথে ছিল। হেডকোয়ার্টার কোম্পানী ইউনিট লাইনকে রক্ষা করার জন্য সৈয়দপুরে থেকে যায়।

২১শে ফেব্রুয়ারী থেকে মার্চ মাসের প্রথম সপ্তাহের দিনগুলোতে প্রতিবেশী ইউনিট ২৬ ফ্রন্টিয়ার ফোর্স রেজিমেন্ট এবং ২৩ ফিল্ড গোলন্দাজ বাহিনীর কোন নির্ধারিত প্রশিক্ষণ সূচী ছিল না। ২৩ ফ্রন্টিয়ার ফোর্সের কমান্ডিং অফিসার লেফটেন্যান্ট কর্নেল আরশাদ কোরেশীকে সৈয়দপুরে গ্যারিসন কমান্ডার নিযুক্ত করা হয়। সুতরাং হেডকোয়ার্টার কোম্পানীর সবাইকে নিজেদের কাজকর্ম ছাড়াও তার নির্দেশমত কাজ করতে হত। ২৬ ফ্রন্টিয়ার কোর্স-এর কিছু লোক আমাদের কার্যকলাপ লক্ষ্য করার জন্য অস্ত্রশস্ত্র এবং অয়ারলেস সেটসহ পানির ট্যাঙ্ক পাহারা দেওয়ার ভান করে ইউনিটে থাকতে আরম্ভ করে। অপরপক্ষে ২৩ গোলন্দাজ বাহিনী তাদের কিছুসংখ্যক মেশিনগানকে আমাদের ইউনিটের অস্ত্রাগার, খাদ্য গুদাম, গ্যারেজ প্রভৃতি লক্ষ্য করে তাক করে রাখে। এর কারণ জিজ্ঞেস করলে তারা বলে যে, আমরা এই এলাকা রক্ষণাবেক্ষণের জন্য এগুলো লাগিয়েছি।

এ ছাড়াও তারা স্থানীয় জনসাধারণের উপর নানা রকম নির্যাতন চালাচ্ছিল। অসহযোগ আন্দোলনের সময় জনসাধারণ সেনানিবাসে সৈনিকদের রসদপত্র সরবরাহ বন্ধ করে দিয়েছিল। তাই পশ্চিম পাকিস্তানী সৈন্যরা গ্রামে গিয়ে জোর করে গ্রামবাসীদের কাছ থোকে হাঁস মুরগী, ডিম, তরকারী নিয়ে আসত। কিন্তু বাঙ্গালী সৈন্যরা গ্রামে গেলে জনগণ তাদেরকে সবকিছু দিয়ে সাহায্য করত।

এই সময় বগুড়ার ছাত্ররা বগুড়াতে যেখানে আমাদের কমান্ডিং অফিসার অবস্থান করছিলেন সেই ভবনের উপর বাংলাদেশের পতাকা উত্তোলন করে। তারা সি-ওকে ঘেরাও করে রেখেছিল। কমান্ডিং অফিসার বগুড়া থেকে ঘোড়াঘাটে চলে যান। সেখানে আরো দুটো কোম্পানী ছিল।

১৫ই মার্চ আর্টিলারী রেজিমেন্ট আমাদের ইউনিটের চারিদিকে পরিখা খনন করতে শুরু করে। আমরা ঘোড়াঘাটে আমাদের সি-ওকে এ খবর জানালাম। কমান্ডিং অফিসার কর্নেল শফি (২৩ আর্টিলারী রেজিমেন্ট) কে এগুলো বন্ধ করতে অনুরোধ জানালেন। তাঁর অনুরোধে এ সমস্ত কাজ বন্ধ করা হয়েছিল।

মেজর আখতার রিয়ারে ও-সি হিসাবে রিয়ারে রয়ে গিয়েছিলেন। সে তার বাসায় টেলিফোন বসিয়েছিল। এমনকি গোপন অয়ারলেস-এর সাহায্যে ঢাকা ও পার্শ্ববর্তী ইউনিট-এর খবরাখবর এবং যোগাযোগ রাখত। সে অনেক সময় কমান্ডিং অফিসারের নির্দেশ পালন করত না। আমরা এ সমস্ত খবরাখবর মেজর আখতারের উপস্থিতিতে আমাদের সি-ওকে জানালাম। এ সমস্ত কার্যকলাপের কথা শুনে সি-ও-আর ঘোড়াঘাটে গেলেন না। তিনি ইউনিটে রয়ে গেলেন। তিনি আমাদেরকে সব সময় সাত্বনা দিতেন এবং আমাদের উপর কোন হামলা হবে না আশ্বাস দিতেন।

রংপুরের ব্রিগেড কমাণ্ডার আমাদের সি-ওকে ঠাকুরগাঁ, বগুড়া, দিনাজপুর এবং পার্বতীপুরে যে সমস্ত সৈন্য আটকা পড়ে আছে তাদেরকে উদ্ধার করার জন্য বলেন।

৩১শে মার্চ বেলা সাড়ে বারটার দিকে রংপুর থেকে ব্রিগেড কমাণ্ডার সি-ওকে টেলিফোনে ডাকেন। তিনি ব্রিগেড কমান্ডারের সাথে কথা বলেন এবং দু'টার সময় অফিসে আসেন। সুবেদার মেজর হারিস মিয়াকে তিনি ডেকে পাঠান এবং তাঁরা রুদ্ধদ্বার কক্ষে আলোচনা করেন। বের হয়ে সকলের উদ্দেশ্যে তিনি এক ভাষণ দেন, 'হাজেরানে অফিসার, সরদার আওর জোয়ানো, আপ সবকে লিয়ে ম্যায় এক খোশখবর লে আয়া হুঁ। ওয়হ ইয়ে হ্যায় কে কোর কমাণ্ডার, জিওসি আওর ব্রিগেড কমাণ্ডার কি তরফছে আপ সবকো মোবারকবাদ হায়। ইস লিয়ে কে ইস ওয়াকত তক কিছি পলিটিকাল পার্টিও নে হিসসা নিহি লিয়ে, আওর ম্যায় দাওয়া কে সাথ কাহ সেকতা কে থার্ড ব্যাটালিয়ন হর তরফছে পাকিস্তান সরকারকে ওফাদার রহেগী। ম্যায় আপসে ওয়াদা করতে হুঁ আপ বরদাস্ত করে আওর মুঝ পর ভরোসা রাক্ষে- উছ ওয়াকত তক আপকো কুয়ি কুছ নেহি বোলেগা যব তক মুঝ পর কুইভি কুছ না বোলে। তারপর তিনি এ্যাডজুট্যান্ট লেফটেন্যান্ট সিরাজুল ইসলাম এবং তিনজন এনসিও ও ৩০ জন সিপাই সাথে নিয়ে রংপুর রওনা হয়ে যান, এবং সেখান থেকে তিনি বগুড়া যান ২৬ এফ এফ এবং ২৩ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারী সৈন্যদের ফিরিয়ে আনার জন্য-যারা বগুড়াতে ইপিআরদের বিরুদ্ধে আক্রমণ চালিয়েছিল।

সেদিনই বেলা সাড়ে চারটার সময় ২৬ এফ-এফ এবং ফিল্ড রেজিমেন্ট (আর্টিলার) ৬৪টা কনভয় নিয়ে ঘোড়াঘাটের দিকে যায়। সেখানে ৩য় বেঙ্গলের দুটো কোম্পানী ছিল। তারা তাদের উপর অতর্কিতে ভীষণভাবে গোলাগুলি ছুড়তে থাকে। অনন্যোপায় হয়ে বেঙ্গল রেজিমেন্টের লোকেরা ছোট অস্ত্র দিয়ে প্রত্যুত্তর দেয়। ঘটনাস্থলে ওদের ১৩ জন নিহত হয়। গ্যারিসন কমাণ্ডার লেফটেন্যান্ট কর্নেল কোরেশী এবং আরো কয়েকজন সাদা পতাকা উত্তোলন করে বরং অস্ত্র সমর্পণ করে এবং বলে যে তারা মনে করেছিল এখানে ইপিআর-এর লোকজন আছে। তারা মেজর নিজামের সাথে আলাপ করল। মেজর নিজাম তাদেরকে চা পানে আপ্যায়িত করেন। লেফটেন্যান্ট রফিক তাদেরকে এগিয়ে দিয়ে যায়। যখন লেঃ রফিক কোরেশীর সাথে করমর্দন করছিল তখন কোরেশী তাকে তাঁর জীপে উঠিয়ে নেয় এবং দ্রুত চলে যায়। সাথে সাথে এলএমজি থেকে কয়েক রাউণ্ড গোলা বর্ষণ করা হয় এবং আমাদের তিজন খেলোয়াড় ঘটনাস্থলে মারা যায়।

আমাদের কমান্ডিং অফিসার যখন রংপুর থেকে ৩০ মাইল দূরে পলাশবাড়ীর নিকটে আসেন তখন তিনি কোরেশীর কনভয়গুলো দেখতে পান। তারা সি-ওর জীপ এবং অন্য দুটো ডজ গাড়ী থামায় এবং কমান্ডিং অফিসারসহ সমস্ত বাঙ্গালী সৈনিককে গাড়ী থেকে নামানো হয় এবং নিরস্ত্র করা হয়। বংগশার্দুলদের তিনটা গাড়ী তাদের কনভয়-এর মাঝখানে রেখে তারা রংপুরের দিকে চলে যান। এই সময় লেঃ রফিক লেঃ সিরাজুল ইসলামের সাথে আলাপ করতে সর্মথ হয়। লেঃ রফিক লেঃ সিরাজুল ইসলামকে কানে কানে ঘোড়াঘাটের ঘটনা বলে।

কনভয়গুলো রংপুরে ব্রিগেড হেডকোয়ার্টারে রাত ৮টার সময় পৌঁছে এবং কর্নেল কোরেশী ব্রিগেড কমান্ডারের সাথে আলাপ করে। কিছুক্ষণ পর আবার কনভয়গুলো সৈয়দপুরের দিকে রওয়ানা হয়। সৈয়দপুরের

দু'মাইল নিকট চেকপোস্ট তৈরী করা হয়। সেখানে বংগশার্দুলদের (৩৩ জন ছিল) সবাইকে একটা অন্ধকার দালানে তালা বন্ধ করে রাখা হয়। লেঃ সিরাজুল ইসলাম এবং রফিককে অন্য কোন জায়গায় নিয়ে যাওয়া হয়।

আমাদের কাছে কোন অয়ারলেস সেট না থাকাতে বাইরের কোন খবর পাচ্ছিলাম না। ঢাকা থেকেও কোন খবর পাই নাই। কিন্তু সৈয়দপুরে আমরা মোট ১২০ জন ছিলাম। আমরা সব সময় সতর্ক ছিলাম। আমাদের অনেকেই পরিবার নিয়ে সেখানে ছিল।

২০শে মার্চ থেকে ৩১শে মার্চ পর্যন্ত আমরা কোন চিঠিপত্র পাচ্ছিলাম না। ৩১শে মার্চ প্রচুর চিঠিপত্র আসল। আমি ওগুলো দেখতে পারলাম না, কেননা মেজর আখতার, ক্যাপ্টেন মালিক এবং আরো অনেকে আমার কোয়ার্টারে এসেছিল।

তারা বেলা ১টার সময় আমার বাসা থেকে চলে যায়। তারপর আমি অফিসে গেলাম। মেইল দেখে বাসায় ফিরছিলাম। মেজর আখতারকে আমাদের কমান্ডিং অফিসারের গাড়ীতে করে ঘুরতে দেখলাম।

আমি বাড়ীতে পৌঁছলাম এবং খেতে বসলাম। তখনও আমি জীপের আওয়াজ শুনছিলাম। আগে থেকেই মেজর আখতারের কার্যকালাপ সন্দেহজনক ছিল। তাই খাওয়া ছেড়ে আমি বেরিয়ে আসলাম। সুবেদার আলী আহম্মদকে জীপটা সম্বন্ধে জিজ্ঞেস করলাম। সে বলল যে, মেজর আখতার সুবেদার মেজর হারিস মিয়াকে ২৬এফএফ-এর কমান্ডিং অফিসারের কাছে নিয়ে গিয়েছে। আমি তাড়াতাড়ি সেখানে গেলাম এবং সুবেদার-মেজর এবং ক্যাপ্টেন আনোয়ার হোসেনকে সেখানে দেখলাম। আমাদের কমান্ডিং অফিসার ২২৬-এফ, এফ রেজিমেন্ট অফিস থেকে ক্যাপ্টেন আনোয়ার ও সুবেদার-মেজর হারিস মিয়াকে উপস্থিতির জন্য আদেশ দিয়েছিলেন। সে সংবাদ আমাকেও তারা জানান। ওখানে বসা অবস্থায় আবারও কমান্ডিং অফিসারের টেলিফোন আসে না। তিনি ক্যাপ্টেন আনোয়ারকে ২৬এফ-এফ-এর অফিসে সুবেদার-মেজরসহ যাওয়ার জন্য পীড়াপীড় করছিলেন। কিন্তু ক্যাপ্টেন আনোয়ার তাতে সায় দেন নাই। বরং তিনি সি-ওকে নিজেদের অফিসে আসার জন্য অনুরোধ করছিলেন। কমান্ডিং অফিসারের নির্দেশ অমান্য করার প্রধান কারণ হল মেজর আখতারের সন্দেহজনক কার্যকালাপ-যেহেতু তিনি নিজ অফিস সত্ত্বেও এক মুহূর্তের জন্যও তাঁর জীপ অফিসের সামনে দাঁড় করান নাই। কামন্ডিং অফিসার আবার ক্যাপ্টেন আনোয়ারকে টেলিফোনে বলেন, 'আনোয়ার, অনুগ্রহ করে তুমি তাড়াতাড়ি চলে আস-ম্যায় তোমহারা ভালাই কা লিয়ে বোলা রাহা হোঁ।'' আমি ক্যাপ্টেন আনোয়ারের টেলিফোন হ্যাণ্ড সেটের সংলগ্ন থাকায় কমান্ডিং অফিসারের কণ্ঠস্বর শুনতে পাই। সে কণ্ঠস্বর কাঁপছিল বলে মনে হচ্ছিল। সুতরাং আমি তাদের যাবার জন্য সায় দিলাম না। তৎক্ষণাৎ সেখানে নায়েক সুবেদার (এ্যাডজুট্যান্ট) শহীদউল্লা ভূইঞা (শহীদ) উপস্থিত হন। আমরা সবাইকে সতর্ক থাকতে উপদেশ দিয়েছিলাম। আনুমানিক ১৫/২০মিনিটের মধ্যে সমস্ত পরিবারবর্গ আমার বাসায় সমবেত হয়।

ঠিক ১লা এপ্রিল রাত ২-৪৫ মিনিটের সময় গোলন্দাজ বাহিনীর শেল বা গোলা আমাদের মোটর ট্রান্সপোট গ্যারেজ ও পেট্রল ডাম্পে এসে পড়ে। সেখানে সমস্ত যানবাহন আগুন লেগে ভস্মীভূত হয়। এত ভীষণভাবে গোলা বর্ষণ হচ্ছিল যার দরুন রাস্তার উপর বৈদ্যুতিক তারসমূহ ছিঁড়ে টুকরো টুকরো হয়ে যায়। কয়েকটা দালান, অস্ত্রাগার, খাদ্যদ্রব্য সরবরাহ গুদাম ধসে পড়ে যায়। তবুও অসমসাহসী ১২০ জন বংগশার্দুল সকাল ৮-৩০-মিনিট পর্যন্ত বীর বিক্রমে তাদের ওপর এই কাপুরুষোচিত আক্রমণকে প্রতিহত করে। জনশক্তি কম থাকায় এবং অস্ত্রশস্ত্র গোলাবারুদ না থাকায় তারা পশ্চাদপসরণ করতে বাধ্য হয়। শত্রুর সংখ্যা ১৬০০ ছিল এবং তারা আধুনিক ভারী এবং স্বয়ংক্রিয় অস্ত্রশস্ত্রে সজ্জিত ছিল।

১লা এপ্রিল ভোর ৫-৩০ টা নাগাদ আমি সমস্ত পরিবার-পরিজনকে (তারা প্রায় ৩০০ ছিল) নিকটবর্তী গ্রামের দিকে পাঠিয়ে দিতে সক্ষম হই।

এরপর আমি আমার বাসার নিকটবর্তী পরিখায় ১টা ষ্টেনগান, একটা এলএমজি এবং কিছু গোলাবারুদসহ অপেক্ষা করছিলাম। কিন্তু সকাল ৮-৩০টার সময় আমার সামনে একটা মর্টারের গোলা এসে পড়ে। সুতরাং আমি পরিখা ত্যাগ করে গ্রামের দিকে অন্যান্য সঙ্গীদের খোঁজে চলে যাই।

আনুমানিক ১২-৩০টার সময় সেনানিবাস থেকে প্রায় ৫/৬ মাইল দূরে ক্যাপ্টেন আনোয়ার সাহেবের সঙ্গে আমার দেখা হয়। তিনি তখন আমার যুদ্ধক্ষেত্রের নিয়ম অনুসারে আমার সুবেদারের পদবী কাঁধ থেকে অপসারিত করেন এবং সান্ত্বনা দেন। আমরা আমাদের সৈন্যসংখ্যা গণনা করে মাত্র ৫০ জন দেখতে পেলাম। তারপর আমরা অন্যান্যদের খোঁজে বেরুলাম। কিছুসংখ্যক গুলীবিদ্ধ সৈন্যকে নিকটবর্তী বদরগঞ্জ বেসামরিক হাসপাতালে পাঠানো হয়। পাঁচজন বংগশার্দুল শহীদ হয়। বাকি সবাইকে দূরদূরান্ত থেকে একত্রিত করা হয়।

পূর্বে রাত্রে প্রায় ৪-৪৫টার সময় আমি সুবেদার রহমতউল্লার কাছে একটি চিরকুট পার্বতীপুর পাঠাই। সেখানে মেজর শাফায়াত হোসেনের (পশ্চিম পাকিস্তানী) অধীনে প্রায় ৫০ জন বংগশার্দুল ছিলেন। উক্ত চিরকুট তার কাছে বেলা ৮ ঘটিকায় পৌঁছে এবং তার মর্মানুসারে তিনি মেজর শাফায়াতকে হত্যা করে আমাদের সাহায্যের জন্য গ্রামের পথে অগ্রসর হন। সৌভাগ্যবশতঃ তার সাথে পথিমধ্যে আমাদের দেখা হয়। অনুরুপ সংবাদ ঘোড়াঘাটে মেজর নিজামউদ্দিন আহম্মদের কাছেও পাঠানো হয়। কিন্তু মেজর নিজামুদ্দীন উক্ত সংবাদ পাওয়া সত্ত্বেও কমান্ডিং অফিসারের বিনা অনুমতিতে সেখান থেকে আসতে অস্বীকার করেন।

ঘোড়াঘাটের সংঘর্ষে যে তিনজন বংগশার্দুল শাহাদৎবরণ করেন তাদের দাফনের জন্য সুবেদার আওয়াল খান (পাঠান)-কে দায়িত্ব দেয়া হয়। তার সাথে ১২ জন প্রহরী দেয়া হয়েছিল। সে তখন মৃতদেহ নিয়ে কারমাইকেল কলেজের (রংপুর) সামনে আসে ও রাস্তা অতিক্রম করতে থাকে তখন পথিমধ্যে বাধাপ্রাপ্ত হয়। সে গাড়ী থেকে নামার সাথে সাথে পাক সেনারা গুলী ছুড়তে শুরু করে। গুলীতে ১১ জন বংগশার্দুল নিহত হয়। আওয়াল খান গ্রামের দিকে পালিয়ে যায়। তাকে ছাত্ররা ধরে পিটিয়ে হত্যা করে।

খান সৈন্যদের হত্যাযজ্ঞঃ যাদেরকে (৩৩ জন) সৈয়দপুরের দু'মাইল দূরবর্তী অন্ধকার দালানে তালাবদ্ধ অবস্থায় রাখা হয়েছিল তাদের সবাইকে রাত দু'টা ৪৫ মিনিটে গুলী করে হত্যা করা হয়। সেখানে আব্দুল কাদের নামক একজন সিপাহী মৃতদেহের স্তূপের মধ্য থেকে পালিয়ে আসতে সক্ষম হয়েছিল। আমাদের ব্যাটালিয়নের প্রায় শতকরা ৭৫ ভাগ সৈন্য বদরগঞ্জের নিকটবর্তী খোলাহাটী নামক জায়গায় একত্রিত হয়।

আমরা ২/৩ রা এপ্রিল পার্বতীপুর আক্রমণ করি এবং পাক বাহিনীকে প্রতিহত করা হয়। কিন্তু পার্বতীপুর শহর দখল করতে ব্যর্থ হই।

১২ এপ্রিল বদরগঞ্জে পাক বাহিনীর সাথে (১৫ টি ট্রাক বোঝাই) আমাদের সংঘর্ষ হয়। পাক বাহিনীকে পর্যদস্ত করা হয়। আমি এবং সুবেদার শহীদুল্লাহ এই যুদ্ধের কমাণ্ড করেছিলাম।

১৩ই এপ্রিল পাক বাহিনী ট্যাংক নিয়ে আমাদের উপর আক্রমণ চালায়। তীব্র আক্রমণের মুখে টিকতে না পেরে আমরা পশ্চাদপসরণ করতে বাধ্য হই। বদরগঞ্জ সংঘর্ষ শুরু হওয়ার প্রায় দু'ঘন্টা আগে রংপুর থেকে রংপুরের তৎকালীন এস-পি বদরগঞ্জ থানা পরিদর্শনের উদ্দেশ্যে ২৯ ক্যাভলরির একজন মেজরকে পাঠান ড্রাইভারের বেশে বদরগঞ্জে নিয়ে আসে। এস-পির সাথে কথোপকথনের পর উক্ত ড্রাইভারের পরিচয় জানতে চাওয়ায় তাকে অবসরপ্রাপ্ত পুলিশের ড্রাইভারের পরিচয় দেয়া হয়। কিন্তু উক্ত মেজর (ড্রাইভার) আমার আগের পরিচিত ছিল। আমি তাকে চ্যালেঞ্জ করায় সে স্বীকার করে। পরে তাকে আমাদের ক্যাম্পে পাঠানো হয় ও হত্যা করা হয়। এস-পিকেও গ্রেফতার করা হয়েছিল। কিন্তু সে পালিয়ে যেতে সক্ষম হয়।

তারপর আমরা ফুলবাড়িতে এসে ক্যাম্প করলাম। কিন্তু মুসলিম লীগাররা আমাদের অবস্থান পাক বাহিনীর গোচরীভূত করে। সেখানেও তারা ট্যাংক নিয়ে আমাদের উপর আক্রমণ চালায়। তারপর আমরা চরকাই (হিলির সীমান্তের কাছাকাছি) তে স্থানান্তরিত করি এবং আমাদের কন্ট্রোল রুমসহ হেডকোয়ার্টার তৎকালীন পাকিস্তানের হিলিতে স্থাপন করি।

২২শে এপ্রিল ১৯৭১ পাক বাহিনী আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে বর্ডার বেল্টের ভেতরে আমাদের উপর প্রচণ্ড আক্রমণ চালিয়ে যেতে থাকি।

২৪এপ্রিল ১৯৭১ তারা ভারতের হিলির উপরও আক্রমণ করতে দ্বিধাবোধ করে নাই। ঐ দিন অত্যন্ত ঝড় বৃষ্টি ছিল এবং আমাদের সৈন্যরা তাদের সঙ্গে টিকতে না পেরে এদিক সেদিক ছত্রভঙ্গ হয়ে পড়ে।

২৫শে এপ্রিল ৩য় বেঙ্গলের শার্দুলগণ পশ্চিম-দিনাজপুরের কামাপাড়া স্কুলে ক্যাম্প স্থাপন করেন। এরা ৪র্থ এবং ৫ম সেক্টর স্বাধীনতা যুদ্ধে অংশ গ্রহণ করে।

সশস্ত্র প্রতিরোধে রংপুর

সাক্ষাৎকারঃ হাবিলদার জয়নাল আবেদীন

৫-১১-১৯৭৪

২৫শে মার্চ আমি ১০ নং শাখার রংপুর ডবল সুতি বিত্তপিতে হাবিলদার পদে বহাল ছিলাম। ৭ ই মার্চের পর পাঞ্জাবী অফিসাররা ক'দিন পরপর গোপনে মিটিং করত, সেখানে বাঙ্গালীদের ডাকতো না। এইসব দেখে আমাদের ধারণা হয়েছিল একটা কিছু হতে পারে।

১০ নং শাখার কমাণ্ডার ছিল একজন ইউপি। সহকারী ক্যাপ্টেন ২জন ছিল। (১) ক্যাপ্টেন ভুট্টো খান ছিল (পাঞ্জাবী) এবং অপরজন বাঙ্গালী নওয়াজেশউদ্দিনের ৫টি কোম্পানী ছিল এই শাখাতে। একটি সাপোর্ট প্লাটুনও ছিল। কোম্পানগুলো ছিলঃ চিলমারী, কমাণ্ডার ছিল সুবেদার আবদুল মান্নান, অপরটি বাগভান্ডারে যার কমাণ্ডার ছিল বিহারী। মোগলহাটে অপর আরেকেটি কোম্পানী ছিল যার কমাণ্ডার ছিল সুবেদার আরব আলী। পাটগ্রামে একটি কোম্পানী ছিল, কমাণ্ডার ছিল সুবেদার বোরহান উদ্দিন। উইং হেডকোয়ার্টারে কোম্পানী কমাণ্ডার ছিল এতয়ার খান। সাপোর্ট প্লাটুন কমাণ্ডার ছিল নায়েক সুবেদার নূর মোহাম্মদ।

২৬শে মার্চ বিকালে ঢাকার পিলখানার হত্যাযজ্ঞের খবর পেলাম। ঠাকুরগাঁওয়ে ৯নং শাখা ছিল। তারা ২৬ শে মার্চ বিদ্রোহ করে। এ খবর আমরা পেলাম।

২৭শে মার্চ সেক্টর কমাণ্ডার তারিখ রসুল ১০নং শাখাতে টেলিফোন করেন। সেই টেলিফোন ক্যাপ্টেন নওয়াজেশ ধরেন। সেক্টর কমাণ্ডার জিজ্ঞাসা করেন, তুমি কে? নওয়াজেশ বল্লেন 'আমি ভুট্টো'-এখনই ক্যাপ্টেন নওয়াজেশকে হত্যা কর'।

ক্যাপ্টেন নওয়াজেশ পাকিস্তানীদের মতলব বুঝে জীপ নিয়ে সীমান্তের দিকে চলে যান। নায়েক সুবেদার নূর মোহম্মদও (সাপোর্ট প্লাটুন কমাণ্ডার) গাড়ী নিয়ে সীমান্তে যায়। গাড়ীতে বাংলাদেশের পতাকা নিয়ে সকল কোম্পানীকে তিস্তা ব্রিজে ক্লোজ হতে বলেন।

মোগলহাট কোম্পানী লালমনিরহাট আসলো। পাটগ্রাম কোম্পানী তিস্তা চলে আসে। চিলমারী কোম্পানীর কিছু তিস্তার পারে চলে আসে। আমরা তিস্তার পারে ৪০০/৫০০ জনের মত ইপিআর ডিফেন্স নিই ব্রিজ পর্যন্ত। নেতৃত্বে ছিলেন ক্যাপ্টেন নওয়াজেশ। ৩০শে মার্চ থেকে ৪ঠা এপ্রিল পর্যন্ত এখানেই পাকবাহিনীর সাথে প্রায় রোজ যুদ্ধ হয়েছে। পাকবাহিনী ব্রিজ অতিক্রম করে এপারে আসতে পারেনি। ৫ই এপ্রিল পাকবাহিনীর ব্যাপক

আক্রমণে আমরা পিছু হটি। আমরা ফুলবাড়ী থানাতে ডিফেন্স নিই ছোট্ট একটি নদীর পারে। তিস্তা থেকে কুড়িগ্রাম রোড আমরা অবরোধ করে থাকি। ১৩/১৪ এপ্রিল আমরা ৩টি কোম্পানী নিয়ে লালমনিরহাটে আসি পাক ঘাঁটি আক্রমণের জন্য। আমরা ঐ যুদ্ধে টিকতে ব্যর্থ হই। আমাদের ৬/৭ জন শহীদ হন। আমরা আবার ফুলবাড়ী চলে আসি।

এপ্রিলের ২৫ তারিখে ১০নং শাখার সকল ফোর্স পাটেশ্বরীতে নিয়ে আসেন ক্যাপ্টেন নওয়াজেশ। নাগেশ্বরী থানাতে হেডকোয়ার্টার করা হয়। এখানে আমরা পাক্কা ডিফেন্স করি। আনসার-মুজাহিদসহ ১২০০ জনের মত ফোর্স ছিল। ২৫ এপ্রিল থেকে ২৬শে জুন পর্যন্ত বিভিন্ন সময় পাকবাহিনী সাথে খণ্ড যুদ্ধ হয়।

২৪শে জুন থেকে পাকবাহিনীর ব্যাপকবাবে চারিদিক থেকে শেলিং ও বিমান হামলা করে। ২৬শে জুন আমাদের সকল ডিফেন্স থেকে মুক্তি বাহিনী পিছু হটতে থাকে এবং পাকবাহিনীর ব্যাপক আক্রমণে দিশেহারা হয়ে পড়ে। এখানে কিছু শহীদ হন। এখান থেকে সুবেদার বোরহান উদ্দিনের সাথে আমাদের কোম্পানী সোনারহাট সেক্টরে চলে যায়। সুবেদার আরব আলী এবং অন্যান্যরা ভারতের শ্যামগঞ্জ পৌঁছায়। আমরা সোনারহাটে নদীর পারে ডিফেন্স নিই ৩০শে জুন। আগস্টের ২২ তারিখ পর্যন্ত এখানে আমরা ডিফেন্স করে থাকি। এই সময়ের মধ্যে সোনারহাট ব্রিজে কয়েকদিন পর পর পাকবাহিনীর সাথে সংঘর্ষ বাধতো।

সশস্ত্র প্রতিরোধে রংপুর

সাক্ষাৎকারঃ মোঃ নুরুজ্জামান

১৫-৭-১৯৭৮

২৭শে মার্চ রাত ৮ ঘটিকার দিকে আমরা প্রায় ২০/২৫ জন বাঙ্গালী ইপিআর সমবেত হয়ে পরামর্শ সভা করি। নায়েক সুবেদার নূর মোহম্মদ এই পরামর্শ সভায় উপস্থিত ছিলেন। তিনি সবাইকে সাহস দিয়ে বলেন যে, যেহেতু তিনি সবারই সিনিয়র, যেহেতু কোন ক্ষতি হলে আগে তারই হবে। কিন্তু আমি ভিন্নমত পোষণ করি ও জানাই যে, অস্বস্তিকর অবস্থায় আর বসে থাকা সম্ভব নয়। এখন আমরা নিরস্ত্র। যে কোন সময় আমাদের বিপদ হতে পারে। কাজেই হয় ব্যারাক থেকে আমাদের বেরিয়ে গিয়ে অস্ত্র সংগ্রহের চেষ্টা করতে হবে, নতুবা এখানকার অস্ত্রাগার ভেঙ্গে অস্ত্রসজ্জিত হয়ে আমাদের পাল্টা ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই পরামর্শ সভায় আমরা সবাই বিপদ বুঝতে পারি, কিন্তু তৎক্ষণাৎ কোন ব্যবস্থা গ্রহণ করতে পারি নাই।

আমরা জানতে পেলাম যে, সাবেক বাঙ্গালী ইপিআর ক্যাপ্টেন নওয়াজেশ সাহেব নিখোঁজ হয়েছেন। এই সংবাদের পরিপ্রেক্ষিতে আমাদের পূনরায় পরামর্শ সভা হয়। অস্ত্রসজ্জিত হয়ে পাঞ্জাবী সৈন্যদেরকে আঘাত হানার স্বপক্ষে আমি উক্ত সভায় সোচ্চার হই। আমাদের পরামর্শ সভা যখন চলছিল তখন শহরের সেনাবাহিনীর গ্যারিসনের সৈন্যরা উত্তর দিকের একটি পুলের নিকটবর্তী গৃহস্থ বাড়ীতে অগ্নিসংযোগ করছিল। আমরা আগুন দেখার সাথে সাথে সৈন্যদের মেশিনগানের গুলির শব্দও শুনতে পাই। হঠাৎ দেখতে পাই পাঞ্জাবী সৈন্যদের জীপগুলো আমাদের ব্যারাকের দিকে এগিয়ে আসছে। সবাইকে গ্রামের দিকে ঢুকে পড়তে বলা হয়। আমি নিজেও নূরুল হক নামে একজন অসুস্থ বাঙ্গালী ইপিআরকে নিয়ে নিকটবর্তী গ্রামে ঢুকে পড়ি। ব্যারাক থেকে উত্তরে প্রায় ৫ মাইল দূরে জনৈক হিন্দু গৃহস্থ বাড়ীতে প্রথমে আশ্রয় নিই।

২৮শে মার্চ ভোর বেলা কালীগঞ্জ থানার এম-সি-এ করিম উদ্দিন সাহেবের নিকট উপস্থিত হই। তাঁর সাথে পরামর্শ করে প্রায় ৩০ জন ছাত্রকে জোগাড় করা হয়। সীমান্তবর্তী ভারতীয় ফাঁড়ি থেকে কিংবা ভারতের স্থানীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে মাইন ও এক্সপ্লোসিভ আনার জন্য ছাত্রদেরকে পাঠানো হয়। এরপর তাড়াহুড়ো করে স্থানীয় আসসার-মুজাহিদ ও ছাত্রদের সমন্বয়ে প্রায় ৩০০ জন মুক্তিযোদ্ধা সংগ্রহ করে আমরা তাদেরকে

* স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প কর্তৃক সংগৃহীত।

প্রশিক্ষণ দানের কাজ শুরু করি। এম-সি-এ করিম উদ্দিন সাহেব মুক্তিযোদ্ধাদের খাবার সরবরাহের দায়িত্ব গ্রহণ করেছিলেন। ঐ দিনই রংপুর জেলার ভারত সীমান্তবর্তী পাটগ্রাম, লালমনিরহাট, হাতিবান্ধা, কালীগঞ্জ, থানার সমস্ত ইপিআর ফাঁড়িগুলোতে সংবাদ পাঠানো হয়। এই সংবাদে সাবেক ইপিআরদেরকে সশস্ত্র অভিযানের জন্য সংগঠিত হয়ে একযোগে রংপুর শহরে অবস্থিত সামরিক গ্যারিসনের দিকে অগ্রসর হবার জন্য আবেদন জানানো হয়েছিল।

১লা এপ্রিল সাবেক ইপিআর কোম্পানী প্রধান সুবেদার বোরহান উদ্দীন বাঙ্গালী ইপিআরদেরকে সংঘবদ্ধ করে পাকিস্তানী সৈন্যদের অগ্রাভিযান প্রতিরোধের জন্য কাকিনা রেলওয়ে স্টেশনের কাছে ডিফেন্স দেন। এদিকে আমি দ্রুত মুক্তিযোদ্ধাদের দু'টি কোম্পানী গড়ে তুলি। এই কোম্পানী দু'টির কমাণ্ডার ছিলেন যথাক্রমে মুজাহিদ তমিজ উদ্দিন এবং আনসার কমাণ্ডার রিয়াজ উদ্দিন। মুজাহিদ ক্যাপ্টেন তমিজ উদ্দিন পরে পাকিস্তানী সৈন্যদের সাথে সংঘর্ষে নিহত হন। মুজাহিদ ক্যাপ্টেন তমিজ উদ্দিন তার কোম্পানীসহ সুবেদার বোরহানের কোম্পানীর অন্তর্ভুক্ত করা হয়েছিল। কমাণ্ডার রিয়াজউদ্দিনকে তার কোম্পানীসহ গঙ্গাচড়া ও কালীগঞ্জ থানার তিস্তা নদীর তিনটি ঘাট পাহারায় নিয়োজিত করা হয়েছিল।

৮ই এপ্রিল রাত ১টার দিকে সুবেদার বোরহানের নেতৃত্বে মুক্তিযোদ্ধাদের একটি কোম্পানী লালমনিরহাট থানা হেডকোয়ার্টারে অবস্থানরত পাকিস্তানী সৈন্যদের উপর অতর্কিতে আক্রমণ চালায়। এই আক্রমণের পরপরই সুবেদার বোরহান তার কোম্পানীকে সরিয়ে কুড়িগ্রাম মহকুমা শহরের দিকে নিয়ে যান।

৯ই এপ্রিল পাকিস্তানী সৈন্যরা কালী বাজারের কাছাকাছি এসে পড়লে আমরা সবাই সরে পড়ি। ১৪ই এপ্রিল ফুলবাড়ী থানায় উপস্থিত হই। এই ফুলবাড়ী থানাতেই সাবেক ইপিআর ক্যাপ্টেন নওয়াজেশ সাহেবের সাথে আমাদের দেখা হয়। ক্যাপ্টেন নওয়াজেশের সাথে ঐসময় দ্বিতীয় কোন অফিসার ছিল না তিনি আমাকে ভারত সীমান্তবর্তী থানা ভূরুঙ্গামারীতে নিয়ে যান। আমি নওয়াজেশ সাহেবের সহকারী হিসাবে কার্যভার গ্রহণ করি। প্রকৃতপক্ষে ভূরুঙ্গামারী থানা হেডকোয়ার্টার ঐ সময় মুক্তিযোদ্ধাদের একটি পুরো সেক্টরে পরিণত হয়েছিল। রংপুর জেলার বিভিন্ন স্থানে থেকে সাবেক ইপিআর মুজাহিদ-আনসার এবং স্কুল-কলেজের ছাত্রবৃন্দ দলে দলে ভূরুঙ্গামারী থানায় আসতে থাকে। আমরা তাদেরকে নিয়ে ছয়টি কোম্পানী গঠন করি। প্রাথমিক প্রশিক্ষণ ভুরুঙ্গামারী থানা সদরেই দেয়া শুরু হয়। সুবেদার বোরহান পাঁচগাছি থেকে কাউয়াহাগা পর্যন্ত ধরলা নদীর বিস্তৃত নদী তীর এলাকা জুড়ে মুক্তিযোদ্ধাদের তিনটি কোম্পানী মোতায়েন করেন। অপরদিকে সাবেক ইপিআর সুবেদার আরব আলী কাউয়াহাগা থেকে গোরল মঞ্জিল পর্যন্ত অঞ্চল জুড়ে দুটি কোম্পানী মোতায়েন করেন।

কুড়িগ্রাম মহকুমা শহরে পাকিস্তানী সৈন্যরা অবস্থান গ্রহণ করার পর ভূরুঙ্গামারী থানার ট্রেনিংপ্রাপ্ত গেরিলা যোদ্ধাদের পাঠানো হয়। তারা অধিকৃত কুড়িগ্রাম ও পার্শ্ববর্তী উলিপুরে সাফল্যের সাথে গেরিলা আক্রমণ চালায়। এই আক্রমণে বেশ কিছুসংখ্যক পাকিস্তানী সৈন্য হতাহত হয়।

নবগঠিত বাংলাদেশ বাহিনীর সি-ইন-সি কর্নেল ওসমানী ২৪শে মে ভূরুঙ্গামারী থানা হেডকোয়ার্টার পরিদর্শনে আসেন। পাকিস্তানী সৈন্যদের সাথে প্রতিরোধ যুদ্ধের জন্য এবং কুড়িগ্রাম শহরের সাথেই প্রবাহিত ধরলা নদীর উত্তর তীরস্থ আমাদের প্রতিরোধ ঘাঁটি মজবুত করার জন্য পর্যন্ত ও ভারী অস্ত্র প্রদানের আহবান আমরা জানাই। এর ফলে আমরা ভারত থেকে দুটি এসএমজি ও দুটি ৮১ এম-এম মর্টার পাই। এই অস্ত্র দুটো ধরলা নদীর উত্তর তীরস্থ পাটেশ্বরী ডিফেন্স ও কাউয়াহাগা ডিফেন্স ব্যবহার করা হয়। হানাদার বাহিনী প্রতিরোধে এই অস্ত্র খুবই ফলপ্রসূ হয়েছিল। কিন্তু হঠাৎ করে ভারতীয় সামরিক কর্তৃপক্ষ প্রদত্ত উক্ত এসএমজি দুটো ফেরত প্রদানের নির্দেশ দেয়া হয়। ফলে এসএমজি দুটো তাড়াহুড়ো করে ফেরত দেয়া হয়।

এদিকে ২৬শে মে পাকিস্তানী সৈন্যরা ভারী কামানের সাহায্যে পাটেশ্বরী প্রতিরোধ ঘাঁটিতে তীব্র আক্রমণ চালায়। পাকিস্তানী সৈন্যরা ধরলা তিস্তা নদীর তীর থেকে শেল বর্ষণ শুরু করে। মুক্তিযোদ্ধরা ভারী অস্ত্রের অভাবে বাংকার থেকে উঠে ভূরঙ্গামারীর দিকে ফিরে আসতে থাকে। মূলতঃ ঐ দিনই পাটেশ্বরী প্রতিরোধ ঘাঁটি ভেঙ্গে যায়।

সশস্ত্র প্রতিরোধঃ ঠাকুরগাঁ-দিনাজপুর

শিরোনাম	সূত্র	তারিখ
১০। দিনাজপুর-ঠাকুরগাঁ অঞ্চলে সংঘটিত সশস্ত্র প্রতিরোধ	বাংলা একাডেমীর দলিলপত্র	১৯৭১

সশস্ত্র প্রতিরোধে ঠাকুরগাঁ-দিনাজপুর
সাক্ষাৎকারঃ সুবেদার মেজর কাজিম উদ্দিন
১২-৬-১৯৭৪

২৫শে মার্চের বিকালে প্রদত্ত বঙ্গবন্ধুর ঘোষণা, পিলখানা হইতে প্রেরিত বেতার সংকেত কিছুই আমাদের কানে পৌঁছে নাই। হঠাৎ মাঝরাতে কি এক জরুরী ডাকে আমাদের নবম শাখার ছোট কর্তা ক্যাপ্টেন নাবিদ আলম এক প্লাটুন লোক নিয়ে দিনাজপুর গেলেন। সেক্টর কমাণ্ডার লেঃ কর্নেল তারেক রসুল কোরেশীর সঙ্গে কি যেন আলোচনা হইল। ভোর রাত্রে সদলবলে তিনি ফিরিয়া আসিলেন। ২৬শে মার্চের ভোর। আসিয়াই ক্যাপ্টেন ঠাকুরগাঁ হেডকোয়ার্টারে উপস্থিত তামাম জুনিয়র কমাণ্ডারগণকে অফিসে ডাকিয়া পাঠাইলেন। জরুরী সভা করিয়া সরকারের আদেশ সবাইকে জানাইয়া দিয়া হাজির রিজার্ভ কোম্পানীসহ বাকী সবাইকে অতি অল্প সময়ের মধ্যে পূর্ণ সামরিক সাজে সজ্জিত হইতে আদেশ দিলেন। উপস্থিত সকলেই ''বহুত আচ্ছা সব'' বলিয়া যে যার কাজে লাগিয়া পড়িল।

এদিকে উইং অধিনায়ক মেজর মোহাম্মদ হুসেন সীমান্ত পরিদর্শনে পঞ্চগড়ের দিকে বাহিরে ছিলেন। তাহাকে বিশেষ করিয়া ডাকিয়া পাঠান হইল। সকলেই রণ সাজে সজ্জিত হইয়া গভীর আগ্রহে বসিয়া আছে। ঠাকুরগাঁ টাউন ততক্ষণে ফাটিয়া পড়িয়াছে, জনতার বান ডাকিয়াছে, রাস্তাঘাটে ব্যারিকেড তৈরী করা হইতেছে ইট পাথর ও অন্যান্য জিনিস দিয়া শত শত গাছ কাটিয়া। উইং হেডকোয়ার্টারে আত্মরক্ষামূলক সামরিক ব্যূহ রচনা করিয়া পাহারার বন্দোবস্ত করা হইল। এমন সময় প্রায় ৯ টার দিকে মেজর আসিলেন, আবার জরুরী সভা বসিল। খামাখাই ছুতানাতায় নেহাৎ ভাল মানুষ বলিয়া সুপরিছিত মেজর বিষম রাগত হইয়া উঠিলেন সবার প্রতি, আর রিজার্ভ কোম্পানীর অধিনায়ক সুবেদার হাফিজকে তো একেবারে হাজতে দিবেন বলিয়া শাসাইলেন। তাহার অপরাধ কোম্পানী রণপ্রস্তুতি নিতে একটু দেরী করিয়া ফেলিয়াছে। মওকা বুঝিয়া ক্যাপ্টেনও এক ধাপ আগ বাড়িলেন-বলিলেন, ''ও দিন ভুল যাও -আওয়ামী লীগ-মীগ নেহী চলে গা।'' তাহাদের মনের খবর পাওয়া গেল। আমরা চুপচাপ শুধু নীরব শ্রোতা। দীর্ঘশ্বাসটি পর্যন্ত না ফেলিয়া কাজ করিয়া যাইতে লাগিল আমাদের লোক। তবে বাঙ্গালী সৈনিকের অবস্থাটা বেশ গভীরভাবে আঁচ করিতে পারিল। ডাক-তার না থারিলেও বাতাস যেন কানে কানে চুপে চুপে সব খবর দিয়া যাইতে লাগিল। এমনিভাবে সমুদয় বাঙ্গালী সৈনিকের মন পুরাদস্তুর বারুদের ঘর হইয়া উঠিল। অপেক্ষা একটু মাত্র ইঙ্গিতের কিন্তু আমি লোকদিগকে সান্ত্বনা দিতে লাগিলাম।

এদিকে কালবিলম্ব না করিয়াই বড় কর্তার আদেশে টাউনে পেট্রল পাঠানো হইল, আর কারফিউ জারী থাকিল দিন-রাত। কিন্তু হাজার হাজার বিক্ষুদ্ধ জনতা সকল আদেশ অমান্য করিয়া শোভাযাত্রা বাহির করে এবং নানা জায়গায় বেরিকেড স্থাপন করিয়া চলিল। মেজর ও ক্যাপ্টেন আমাকে সঙ্গে নিয়া শহরে গেলেন এবং পরিস্থিতি আয়ত্তে আনিবার চেষ্টা নেন। সেইদিন বেলা দশ ঘটিকার সময় মিছিলের উপর গুলি চালানো হয়। ফলে রিকশাওয়ালা মোহাম্মদ আলী ঘটনাস্থলেই নিহত হয়। আমাদের লোক আরও খাপ্পা হইল; আমি তাহাদিগকে সান্ত্বনা দিয়া আমার কয়েকজন সহকর্মীসহ পরিস্থিতি সম্পর্কে পরামর্শ করিলাম এবং সকল আলোচনা গোপন রাখা হইল।

আবার সেই দিনই (২৬শে মার্চ) দিবাগত রাত্রে বাঙ্গালী ক্যাপ্টেন নজির আহমেদ সুবেদার আতাউল হকসহ ৩০ জনের একটি প্লাটুন সেক্টর সদর দিনাজপুর হইতে আমাদের সাহায্যার্থে ঠাকুরগাঁ আসিয়া হাজির হইলেন। এই দলে পশ্চিমারা ছিল প্রায় ডজন খানেক। আমাদের হেডকোয়ার্টার সংরক্ষণ ও টাউন পেট্রল ডিউটি সমানে চলিতে লাগিল। প্রায় এক কোম্পানী লোক ইহাতে নিয়োজিত রহিল। ২৭তারিখ আবার ঠাকুরগাঁ টাউন রক্তে রঞ্জিত হইল আমাদের নির্মম গুলির আঘাতে। এই একটি নিষ্পাপ শিশু নিহত হইল। আমাদের ডিউটি চলিতে লাগিল। ইতিমধ্যে জনসাধারণের মনোবল ভাঙ্গিয়া পড়িয়াছে, তাহারা ততক্ষণে টাউন ছাড়িয়া পলাইতে শুরু করিয়াছে।

আমি সেই দিনই সুবেদার হাফিজ, সুবেদার আতাউল হক, নায়েক সুবেদার মতিউর রহমান, হাবিলদার আবু তালেব ও নায়েক আব্দুল হাকিমকে নিয়া এক গোপন আলোচনা সভায় বসিয়া সিদ্ধান্ত নিলাম পরদিন ভোর ৬টায় পশ্চিমাদের উপর আমাদের তরফ হইতে আক্রমণ চালানো হইবে। কিন্তু হায়, পরিকল্পনা অনুসারে সুবেদার হাফিজ যখন পশ্চিমানিধনে উদ্যত হইলেন তখন জনৈক বাঙ্গালী হাবিলদারের অসহযোগিতার দরুন তাহা বাধাপ্রাপ্ত হইয়া সেই দিনকার মহত আক্রমণ স্থগিত রহিল। আমরা বিশেষ চিন্তিত হইলাম, কারণ, একেত শুরুতেই বাধা আসিল, দ্বিতীয়তঃ যদি আমাদের উদ্দেশ্য ফাঁস হইয়া যায় তবে আর রক্ষা থাকিবে না।

খোদার উপর ভরসা করিয়া সেই দিন চুপ থাকিলাম। কিন্তু সহকর্মীদেরকে নির্দেশ দিলাম সকলেই যেন জরুরী নির্দেশের অপেক্ষায় সব সময় সজাগ থাকে। এই সময় স্থানীয় আওয়ামী লীগ আমাদের কর্মসূচী জানিবার জন্য বার বার আমাদের সঙ্গে যোগাযোগ করে, কিন্তু তাহাদেরকে বলি যে সুযোগ আসিলেই তাহা করা হইবে এবং আপনারা সজাগ থাকিয়া আমাদের সঙ্গে যোগাযোগ রাখিবেন।

২৮শে মার্চ ভোরেও বিশেষ কারণে পরিকল্পনামাফিক আমাদের পশ্চিমাদের উপর আক্রমণ চালানো সম্ভব হইল না। মনটা একেবারে বিগড়াইয়া গেল। খোদা না করুন আমাদের পরিকল্পনা ফাঁস হইয়া গেলে এর পরিণাম কি হইবে! আবার ঐদিকে আমাদের পাঞ্জাবী মেজর ও ক্যাপ্টেনসহ পশ্চিমাদের তৎপরতা বেশ বাড়িয়া উঠিল। আমরা সরকারী কার্যের মধ্য দিয়া খুব সতর্ক থাকিলাম। সেই দিন রিজার্ভ কোম্পানী কমাণ্ডার সুবেদার হাফিজ সেইদনকার মত টাউন ডিউটি শেষ করিয়া ভারাক্রান্ত হৃদয়ে নিজ বিছানায় শুইয়া নানা চিন্তায় মগ্ন। প্রোগ্রাম মাফিক তার পরবর্তী ডিউটি ছিল পরদিন অর্থাৎ ২৯শে মার্চ সকাল পৌনে সাতটায়, কিন্তু সেই দিন হঠাৎ করিয়া বিকাল পৌনে চারটায় তাহাকে জরুরী পেট্রলে পাঠানো হয় ঠাকুরগাঁও-দিনাজপুর হাইরোড পর্যবেক্ষণ ও পরিষ্কার করার উদ্দেশ্যে। মেজর হুসেন নিজে তাহাকে পেট্রল সম্বন্ধে বিস্তারিত বুঝাইয়া দিয়াছিলেন। সুবেদার হাফিজ প্রভুর ইশারায় বলিতে গেলে আদেশ বর্হিভূত কাজ করিয়া অনেক দূর পথ অগ্রসর হইলেন। ফলে পথিমধ্যে দিনাজপুর হইতে পলায়নপর বাঙ্গালী ইপিআর জোয়ানদের নিকট জানিতে পারেন সেই দিন দুপুরেই দিনাজপুর সেক্টর হেডকোয়ার্টার কুটিবাড়ীতে বাঙ্গালী ইপিআর লোকদের সঙ্গে আর্মি ও ইপিআরের পশ্চিমাদের তুমুল সংঘর্ষ শুরু হইয়া গিয়াছে। এক নিমেষে মনে মনে তিনি নিজ কর্তব্য স্থির করিয়া সাত তাড়াতাড়ি উইং সদরে ফিরিয়া আসেন। তখন সন্ধ্যা সমাগত প্রায়। আসিয়াই তিন মাগরেবের নামাজের জন্য আমাকে মসজিদে উপস্থিত পান এবং উপরোক্ত বিষয় অবহিত করেন। অপরদিকে কিছুক্ষণের মধ্যেই বিশ্বস্তসূত্রে জানিতে পারিলাম রাত্রি পৌনে ১১টায় উইং-এর শেষ পেট্রল লাইনে ফিরে আসার পরপরই বাঙ্গালীদের উপর হামলা শুরু করার নির্দেশ এবং আমাকে গ্রেফতার করার আদেশ সৈয়দপুর আর্মি হেডকোয়ার্টার দিয়া দিয়াছে। অতএব আমার বাসায় সুবেদার হাফিজ, ৮উইং-এর সুবেদার আতাউল হক, নায়েক সুবেদার মতিয়ুর রহমান ও আরও জন তিনেক জোয়ন একত্রিত হইয়া মিনিট কয়েকের মধ্যেই সিদ্ধান্ত নিলাম বিপ্লব ঘটাইবার এবং সেই রাতেই। এমন সময় উইং কমাণ্ডার হইতে আদেশ আসিল সব হাতিয়ার ম্যাগাজিনে জমা দিতে হইবে। মুহূর্তে খানদের চক্রান্ত সম্বন্ধে আমার দ্বিধা দূর হইল। আমি আরও শক্ত হইয়া বাঙ্গালী সহকর্মীদিগকে অস্ত্র জমা না দিবার নির্দেশ দিলাম। পরম পরিতোষের বিষয় কসলেই একবাক্যে আমার আদেশ মান্য করিল এবং হাতিয়ার জমা দেওয়া হইল না একটিও। বিপ্লব করিতেই হইবে, অথচ এদিকে অসুবিধা ছিল ঢের। গোটা এক প্লাটুন টাউনে গিয়াছে পেট্রলে, বাকী সব

লোক উইং সদরের চতুর্দিকস্থ পরিখা-বিবর ঘাঁটিতে ডিউটিরত। লাইনে হাজির লোক খুব কম, আবার ওদের সঙ্গে উঠাবসা-শোয়ার ব্যবস্থা। তথাপি কমাণ্ডারগণ নির্দেশ মাফিক আপন-আপন গ্রুপের লোকজনদের গোপনে ইশারায় সব বলিয়া দিলেন। অতি সতর্কতার সহিত প্রস্তুতি চলিল। প্রচুর উৎসাজ-উদ্দীপনা থাকা সত্ত্বেও অনেককেই এই সময় কিংকর্তব্যবিমূঢ় হইয়া পড়িতে দেখা গেল। তবে মঙ্গলময়ের আশীর্বাদপুষ্ট হইয়া সুবেদার হাফিজ খুবই সক্রিয় ছিলেন। তিনি উইং-এর পুরা রক্ষাব্যূহ ঘুরিয়া প্রতিটি মরিচায় যাইয়া প্রতিটি বাঙ্গালীর কাছে পৌঁছাইয়া দিলেন অপারেশনের নির্দেশ এবং বাহিরে পেট্রল পার্টির সাথে যোগাযোগ রাখা হইল। খোদাকে ধন্যবাদ কেহ সেই দিন না বলে নাই, যদিও মনে মনে ঘাবড়াইয়া গিয়াছিল অনেকেই।

রাত ১০টা ১৮ মিনিট। চারিদিকে অন্ধকার, থমথমে ভাব। সুবেদার হাফিজের হস্তস্থিত ঠোট্ট স্টেনগানটা হঠাৎ গর্জিয়া উঠিল। মেজর আর ক্যাপ্টেনের দেহরক্ষীদলের অধিনায়ক হাবিলদার মোহাম্মদ জামান বুকে গুলিবিদ্ধ হইয়া পরকালের যাত্রী হইল তাহারই গার্ড-রুমের বিছানায়। ইশারা বুঝিয়া পর মুহূর্তে আরও অনেক ক্ষধার্ত হাতিয়ার গর্জিয়া উঠিল একসঙ্গে। বেশ কয়জন পশ্চিমা পরপারর যাত্রী হইল। আমাদের লোক 'জয় বাংলা' ধ্বনি দিয়া বিজয়বার্তা ঘোষণা করিল। থামিয়া সারা রাত ধরিয়া ফায়ার চলিল, যদিও আমার মতে আদৌ এর দরকার ছিল না। ঐদিকে গোলাগুলির ফাঁকে এক সময়ে বর্ডার কোম্পানীগুলিকে নির্দেশ দেওয়া হইল সব পশ্চিমা খতম করতঃ সামান্যসংখ্যক লোক পিছনে রাখিয়া অধিকাংশকে ঠাকুরগাঁ পাঠাইয়া দিতে। রাতের অন্ধকারে তেতলা দালান, বাসাবাড়ী ইত্যাদি বিভিন্ন স্থানে চতুর্দিকে লোক ছড়াইয়া ছিল, তাই একেবারে পশ্চিমা নিধন পর্ব শেষ হইল না। অধিকন্তু নানা সুযোগে নানা জায়গায় কিছুসংখ্যক পশ্চিমা হাতে অস্ত্র তুলিয়া নেয়। তাই আরও কিছুটা সময় লাগিল আমাদের। এই এলোপাতাড়ি পাতলা ফায়ারের ভিতর দিয়া আমাদের বাঙ্গালী পরিবারগুলিকে শহরে স্থানান্তরিত করিয়া দিলাম। শহরবাসীরা প্রথমে গোলাগুলির শব্দে ভীতসন্ত্রস্ত হইয়া পড়িয়া পড়িলেও অনতিবিলম্বে আমাদের বিজয় সংবাদ শ্রবণে হাজার হাজার মুক্তিপাগল মানুষ সমবেত কণ্ঠে 'জয় বাংলা' ধ্বনিসহ বিভিন্ন শ্লোগানে আকাশ-বাতাস মুখরিত করিয়া তুলিল এবং তাহারা বিভিন্ন প্রকারে আমাদের সাহায্য করিতে লাগিল। সেই দিন ভোররাত্রে বাঙ্গালী ক্যাপ্টেন নজীর আহমদ অন্ধকারে গা ঢাকা দিয়া ক্যাপ্টেন নাবিদ আলম ও তাহার স্ত্রীকে নিয়া ছদ্মবেশে পলায়ন করিতে থাকেন সম্ভবতঃ সৈয়দপুর যাওয়ার উদ্দেশ্যে। কিন্তু পদব্রজে সামান্য কিছু দূর যাওয়ার পরই ক্ষীপ্ত জনসাধারণের হাতে মারা পড়েন। ওদিকে সেইদিন ভোররাত্রেই ৮-উইং হইতে আসা সুবেদার আতাউল হক শহীদ হন। এই বিপ্লবে তাহার ভূমিকা অতি প্রশংসনীয়। তাঁহারই যোগসূত্র ক্রমে সেই রাত্রে ই হাজার হাজার লোক টাউনে বাহির হইয়া পড়ে এবং তাহারা আমাদের সহযোগিতা পাইয়া আবার শতগুণ উৎসাহে মাতিয়া উঠে এবং আমাদের সাহায্যার্থে আগাইয়া আসে।

২৯শে মার্চ সকালবেলা সামান্য গোলাগুলি চলিতে লাগিল। অবশিষ্ট খানরা দালানকোঠায় থাকিয়া ফায়ার করাতে তাহাদিগকে কাবু করা গেল না। আমরা ছাত্র, জনসাধারণ ও স্থানীয় বিভিন্ন বিভাগের নিম্নপদস্থ কর্মচারী বিশেষ করিয়া ওয়াপদা বিভাগের লোকদের সহায়তায় ছাউনি হইতে আমাদের প্রয়োজনীয় সব হাতিয়ার, গোলাগুলি ও অন্যান্য বহু জিনিসপত্র অন্যত্র সরাইয়া নিলাম।

২৯শে পার হইয়া ৩০শে মার্চের সকাল। আমি সুবেদার মতিউর রহমানকে এক প্লাটুন লোকসহ ঠাকুরগাঁ হেডকোয়ার্টারকে শত্রুমুক্ত করার নির্দেশ দিলাম। তিনি সঙ্গে সঙ্গে তাঁহার দলবল নিয়া অগ্রসর হইলেন কিন্তু অনেকক্ষণ চেষ্টার পর খানদের ব্যূহ ভেদ করিতে না পারিয়া ফেরত চলিয়া আসিলেন। তখন সুবেদার হাফিজ তাহার কোম্পানীর কিঞ্চিদধিক এক প্লাটুন লোক নিয়া ঝাঁপাইয়া পড়েন এবং বিকাল প্রায় তিনটা নাগাদ তেতালা দালানের শেষ দুশমনটি পর্যন্ত খতম করিয়া তাহা পরিষ্কার করেন। তাহারই আদেশে প্লাটুন কমাণ্ডার বজল আহমদ চৌধুরী একদল লোক নিয়া উইং অধিনায়কের বাসভবন মুক্ত করেন। মেজর হোসেন এই সময়ই নিজ বাসভবনে নিহত হন। একই সময় যুগপৎ আক্রমণ করিয়া নায়েক সুবেদার মতিউর রহমান পাক আর্মির গেরিলা সুবেদার ও তাহার সঙ্গীদের খতম করিয়া জেসিও মেস পরিষ্কার করেন। পাবলিকের সহায়তায়

অল্প সময়ের মধ্যে সমস্ত মৃতদেহ অন্যত্র সরাইয়া দাফন করিয়া ফেলা হয়। আর এদিকে দ্রুতগতিতে লাইনের ভিতরকার সবকিছু যথাসম্ভব গোছগাছ করিয়া নিয়া হেডকোয়ার্টারের চতুর্দিকে দৃঢ় প্রতিরক্ষাব্যূহ রচনা করা হইল। সুবেদার হাফিজের নেতৃত্বে তাঁহার নিজস্ব ডি কোম্পানী ব্যতীত আরও কিছু আসার-মুজাহিদ এই প্রতিরক্ষা ঘাঁটিতে মোতায়েন রহিল।

ওদিকে স্থানীয় এম-সি-এ জনাব ফজলুল করিমের নেতৃত্বে ঠাকুরগাঁ শহরে স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করা হইল। আমাদের দ্বিতীয় পর্যায়ের কাজ স্বেচ্ছায়ই তাহারা গ্রহণ করিলেন। তাহাদের কর্তব্য ঠিছল শহরের শান্তি-শৃঙ্খলা ও নিরাপত্তা বজায় রাখা এবং প্রয়োজনমত যুদ্ধরত লোদের নানা কাজে সাহায্য করা। ছাত্র-জনতা আমাদের পার্শ্বে থাকিয়া যে সাহায্য করিয়াছে তাহা ভাষায় প্রকাশ করা যায় না। স্থানীয় নারী সমাজ পর্যন্ত এই সংগ্রামে প্রচুর সাহায্য ও সমর্থন দিয়াছে। ঐ দিন (৩০শে মার্চ) সন্ধ্যা পর্যন্ত সীমান্তস্থ কোম্পানীসমূহের লোকজন ঠাকুরগাঁয় আসিয়া সমবেত হয়। আমাদের জোয়ানরা ও স্থানীয় জনসাধারণ আমাকে মেজর পদে বরিত করিয়া যুদ্ধের পূর্ণ দায়িত্ব আমার উপর অর্পণ করিলেন। বৃদ্ধ বয়সে ঘোর দুর্যোগের সময় এত বড় দায়িত্ব আমাকে বহন করিতে হইল। পরম করুণাময় আল্লাহতায়ালার নাম স্মরণ করিয়া জনসাধারণের শুভাশীষ নিয়া আমি আমার ব্যাটালিয়নকে পুনর্গঠন করিয়া আগামী দিনের জন্য সকলকে তৈয়ার করিতে লাগিলাম এবং সামান্য ভাষণের মাধ্যমে আমরা সমবেতভাবে শপথ নিলাম।

এই দিন বিকালেই সুবেদার আবদুল খালেকের নেতৃত্বে আমাদের দুই কোম্পানী এবং এক কোম্পানী মুজাহিদকে সাধ্যানুযায়ী সুসজ্জিত করিয়া ঠাকুরগাঁর ২৩ মাইল আগে ভাতগাঁও পুল প্রতিরক্ষার্থে পাঠানো হয়। নায়েক সুবেদার বদিউজ্জামানের অধীনে আমাদের সি কোম্পানীকে এক কোম্পানী মুজাহিদসহ দেবীগঞ্জে পাঠানো হইল। হাবিলদার নুর মোহাম্মদের অধীনে এক প্লাটুন ইপিআর এবং এক প্লাটুন মুজাহিদ শিবগঞ্জ বিমান বন্দর প্রতিরক্ষার জন্য পাঠানো গেল। বাকী সদর কার্যালয়ের সঙ্গে এক কোম্পানী অতিরিক্ত হিসাবে রাখা হইল। সে রাতেই আনসার-মুজাহিদ ভাইয়েরাও অধিক মাত্রায় আসিয়া একত্রিত হইতে লাগিল। সহকারী আনসার এ্যাডজুটেন্ট (মহকুমা) জনাব কবির তাহাদিগকে পুনর্গঠন করিয়া আমার পার্শ্বে থাকিয়া অনেক সাহায্য করিতে লাগিলেন। আমরা সীমান্ত এলাকাকে দুইটি সাব সেক্টরে ভাগ করিয়া সুবেদার আবুল হাশেম ও নায়েক সুবেদার হাজী মুরাদ আলীকে যথাক্রমে পঞ্চগড় সাবসেক্টর ও রুহিয়া সাবসেক্টরের দায়িত্বভার অর্পণ করি এবং নিম্নোক্ত বিষয়গুলি তাহাদের দায়িত্বের অন্তর্গত করিয়া দিইঃ (১) সীমান্ত রক্ষণাবেক্ষণ করা আঞ্চলিক আনসার-মুজাহিদদের সহযোগিতায়; (২) এলাকায় জনসাধারণের এবং সরকারী বেসরকারী সম্পত্তির নিরাপত্তা বিদান করা; (৩) আনসার মুজাহিদদের পুনর্গঠন, স্বেচ্ছাসেবক বাহিনী এবং ছাত্রদের সামরিক শিক্ষার ব্যবস্থা করা; (৪) বন্ধুরাষ্ট্রের সঙ্গে যোগাযোগ রক্ষা করা এবং প্রয়োজনীয় বিষয়াদি সদর কার্যালয়ে অবহিত করা; (৫) বন্ধুরাষ্ট্রের যে কোন সাহায্যের জিনিসপত্র সমিতির মাধ্যমে সুষ্ঠুভাবে বন্টনের তদারক করা; (৬) রণাঙ্গনের খবর কতিপয় নির্দিষ্ট লোককে জ্ঞাত করানো । এমনিভাবে সবরকম আদেশ উপদেশ দিয়া তাহাদেরকে নিজ নিজ জিম্মাদারী এলাকায় মোতায়েন করা হইল।

ইতিমধ্যে হেডকোয়ার্টার এবং বর্ডারের বিভিন্ন স্থানে সংগঠিত বিপ্লব অপারেশনের বিস্তারিত খবর আমাদের নিকট আসিয়া পৌঁছিল। হিসাবে দেখা গেল, এই অপারেশনে বর্ডারে আমাদের একজন মাত্র লোক আহত হইয়াছে। সে হাবিলদার আব্দুল আজিজ। হেডকোয়ার্টারে চারজন ঘোরতর জখম ও দুই জন শহীদ। জখমী (১) হাবিলদার দীন মোহাম্মদ (২) সিপাহী ওলিউল্লাহ ভূঞা (৩ সিপাহী আবু তাহের (৪) একজন মুজাহিদ কমাণ্ডার এবং শহীদ (৫) সুবেদার আতাউল হক (৬) ল্যান্স নায়েক জয়নাল আবেদীন। এই সামান্য ক্ষতির বিনিময়ে আমরা এক মেজর ও এক ক্যাপ্টেনসহ প্রায় ১১৫ জন খান সেনাকে খতম করি-যাহাদের অধিকাংশই ছিল কমিশনড, জুনিয়র কমিশনড ও নন কমিশনড অফিসার এবং বয়সে প্রবীণ, অভিজ্ঞতায় পরিপক্ব ও সামরিক প্রশিক্ষণে নিপুণ আর সর্বোপরি এই এলাকার রাস্তাঘাট ও অবস্থান এবং আমাদের বৈশিষ্ট্য সমন্ধে ছিল বিশেষ

ওয়াকিফহাল। তাই সার্বিক ঘটনার পরিপ্রেক্ষিতে ইহা আমাদের পক্ষে ছিল এক বিরাট সাফাল্য। পশ্চিমা হতাহতদের মধ্যে ছিল ইপিআর-এর ১০৪, আর্মির ৮ এবং বিমান বাহিনীর ৩ জন।

৩০শে মার্চ হইতেই সকল গ্রামেগঞ্জে, স্কুল কলেজে যুবকদের সামরিক শিক্ষা চলিতে লাগিল। আমার ব্যাটালিয়ন ছাড়া একদিনের মধ্যেই এক ব্যাটিলিয়ন আনসার ও এক ব্যাটালিয়ন মুজাহিদ পুনর্গঠিত হইল। এক ব্রিগেডের মত শক্তি নিয়া (অবশ্যই শুধু সংখ্যানুপাতিক) আমরা বিখ্যাত সৈয়দপুর শত্রু ছাউনি আক্রমণ করিবার পরিকল্পনা গ্রহণ করিলাম। এই দিকে দিনাজপুর হইতেও সাহায্য পাইবার আশ্বাস পাইলাম। পরিকল্পনা অনুসারে ইপিআর, আনসার ও মুজাহিদদের মিলিত বাহিনীকে প্রয়োজনভিত্তিক প্লাটুন ও কোম্পানী পর্যায়ে বিভিন্ন স্থানে মোতায়েন করা হইল বিশেষ করিয়া সৈয়দপুর- ঠাকুরগাঁর মধ্যে যোগাযোগকারী বিভিন্ন রাস্তার উপর অবস্থিত গুরুত্বপূর্ণ স্থানসমূহে। এইভাবে ক্রমে ক্রমে ডাইনে বীরগঞ্জ, শালবাগান, ভাতগাঁ এবং বাঁয়ে খানসামা, দেবীগঞ্জ, জয়গঞ্জ, ঝারবাড়ী প্রভৃতি স্থানে অনেকগুলি রক্ষাব্যূহ তৈয়ার করিয়া আরও অগ্রসর হইবার প্রয়াস পাইলাম। অবশ্য স্থানগুলি ছিল একে অন্য হইতে বহু দূরে এবং যোগাযোগের দিক দিয়া একেবারেই বিচ্ছিন্ন। না ছিল কোন পজিশন অন্য পজিশনের বদলী বা অবস্থান- প্রস্থানের কিছুই জানিত না। অথচ আধূনিক সমরে এ রীতি সম্পূর্ণ অচল। খাদ্য এবং অন্যান্য সামরিক সরবরাহের ব্যাপারও ছিল সম্পূর্ণভাবে জনসাধারণের উপর নির্ভরশীল। কাজেই অনাহার- অর্ধাহার ছিল নিত্যসঙ্গী।

ইতিমধ্যে সৈয়দপুরে ৩নং বেঙ্গল রেজিমেন্টের লোকদের সঙ্গে যোগাযোগ করিলাম, তবে মাত্র তাহাদের সি কোম্পানীর লোকজন সেখানে ছিল। তাঁহারাও ততক্ষণে খানদের দ্বারা একবার আক্রান্ত হইয়া বিধ্বস্ত অবস্থায় সেখান হইতে বাহির হইয়া আসিয়াছে ।তাহাদের কোম্পানীর লোকজন পুরা ছিল না এবং তাহার নেতৃত্ব দিতেছিলেন ক্যাপ্টেন আশরাফ। যাহাই হউক, তাহাদের সহযোগিতায় সৈয়দপুরের দিকে অগ্রাভিযানের প্রস্তুতি চলিতে লাগিল। পিছনের দিকে পূর্বে কথিক হাবিলদার নূর মোহম্মদের নেতৃত্বাধীন প্লাটুনদ্বয় ঠাকুরগাঁ বিমানবন্দরের হেফাজত করিতে লাগিল এবং তথাকার ম্যানেজার আতাউর রহমান ও স্থানীয় জনগণের সহায়তায় বিমানবন্দরকে নানা উপায়ে শত্রুর ব্যবহারের অনুপযুক্ত করিয়া ফেলা হইল।

৩১শে মার্চ। বন্ধুরাষ্ট্রের ৭৫ নং বিএসএফ ব্যাটালিয়নের কমাণ্ডার কর্নেল ব্যানার্জী সাহেবের সঙ্গে যোগাযোগ করিলাম। তিনি সব রকম সাহায্য দানের প্রতিশ্রুতি দিলেন। পহেলা এপ্রিল রাত্রে কর্নেল ব্যানার্জী সাহেবকে আমাদের অগ্রবর্তী ঘাঁটিগুলি পরিদর্শন করাইলাম, তিনি আমাদের কাজের বিশেষ প্রশংসা করতঃ তাঁহার নিজের কিছু পরিকল্পনা ব্যক্ত করিলেন। আমরা তাঁহার উপদেশ মত নিজ বাহিনীকে সৈয়দপুরের আরও কাছাকাছি নিয়া যাইবার পরিকল্পনা নিলাম। ২রা এপ্রিল হঠাৎ আমরা পুরানো কমান্ডিং অডফিসার পাক আর্মির অবসরপ্রাপ্ত মেজর এম, টি হুসেন আমার সহিত দেখা করিয়া আলাপচারী হইলেন। তাঁহার প্রাথমিক আলাপের অবিকল উদ্ধৃতি নিম্নে দেওয়া হইলঃ ‘‘সুবেদার মেজর সাহেব, আপনি আপনার লোকজনসহ দেশের মুক্তি আন্দোলনে ঝাঁপ দিয়াছেন তাহা সত্যি অদ্ভুত। আপনি আমাকে আপনার সঙ্গে কাজ করিবার সুযোগ দিবেন কি।’’ আমি আনন্দের সঙ্গে তাহাকে গ্রহণ করিলাম ও আমাদের কমান্ডিং হিসাবে নিযুক্ত করিলাম।

এক্ষণে আমরা আরও নতুন উদ্যম নিয়া কাজ করিতে লাগিলাম। পরদিন ৩রা এপ্রিল আমরা দিনাজপুর গেলাম এবং সেখানকার সরকারী ও বেসরকারী নেতা ও কর্মচারীবৃন্দকে নিয়া একটি সভা করিয়া আগামী দিনের পরিকল্পনা নিয়া আলোচনা করিলাম। পরিকল্পনা মাফিক ঐদিন ৩রা এপ্রিল ঠাকুরগাঁর রক্ষাবূহ্য উঠাইয়া ফেলা হয় আর সুবেদার হাফিজকে তাহার ডি কোম্পানীসহ সবার আগে দশ মাইল তে-রাস্তার মোড়ের প্রায় দেড় মাইল পূর্বে দিনাজপুর- সৈয়দপুর প্রধান সড়কের উপর করা হইল। সেখানে গিয়া তাঁহারা ক্যাপ্টেন আশরাফের ৩ বেঙ্গল রেজিমেন্টের সি কোম্পানী সহিত মিলিত হন। তাহারা মিলিভাবে সৈয়দপুরগামী সড়কে

অক্ষরেখা ধরিয়া সৈয়দপুরের দিকে অগ্রসর হইতে থাকে। ৪ঠা এপ্রিল তাহারা ভূষির বন্দরে প্রতিরক্ষা ঘাঁটি নির্মাণ করে। আবার ঐ দিন দিনাজপুর ও ঠাকুরগাঁ ইপিআর, আর্মি, আনসার ও মুজাহিদ বাহিনী নিয়া একটা যৌথ কমাণ্ড গঠিত হইল। আর ভাতগাঁও পুলের নিকট একটি জরুরি সভা ডাকিয়া তাহাতে যৌথ কমান্ডের অধীনে সৈয়দপুর আক্রমণের পরিকল্পনা গ্রহণ করা হইল।

৫ই এপ্রিল ৮ উইং দিনাজপুরের সুবেদার আবদুল মজিদের নেতৃত্বে এক কোম্পানী ইপিআর ৯ উইং-এর একটি ইপিআর প্লাটুনসহ সৈয়দপুর- নীলফামারী সদর রাস্তায় সৈয়দপুরের অদূরে দারোয়ানির নিকট প্রতিরক্ষা ঘাঁটি নির্মাণ করে। উক্ত তারিখে ভূষির বন্দরে আমাদের সঙ্গে শত্রুদের সংঘর্ষ হয় এবং তাহারা পালাইয়া যায়। সেইদিনই আমাদের বাহিনী একনাগাড়ে প্রায় ১০ মাইল আগাইয়া চম্পাতলী নামক স্থানে গিয়া পৌঁছে। তখন রাত্রি ১১টা। একেত অপরিচিত স্থান, তদুপরি গাঢ় অন্ধকার ও মুষলধারে বৃষ্টি। যাহা হউক ভোর পর্যন্ত প্রতিরক্ষার অনেকটা ব্যবস্থা হইয়া গেল। কিন্তু ৬ই এপ্রিলের সূর্য উঠিতে না উঠিতেই দুশমনরা গোলন্দাজ বাহিনীর সাহায্যে আমাদের উপর তীব্র আক্রমণ চালায়। তারপর 'ইয়া আলী' হুঙ্কার সঙ্গে সঙ্গে আমাদের ইপিআর ও রেজিমেন্টের জোয়নরা মিলিতভাবে পাল্টা 'ইয়া আলী' বলিয়া সিংহনাদে দুশমনের উপর ঝাঁপাইয়া পড়ে। বঙ্গশার্দুলের থাবায় নয়জন খানসেনা প্রাণ হারায়, বাকী ক্ষত-বিক্ষত অবস্থায় প্রাণ নিয়া পলাইয়া যায়। খানিক পরে ক্যাপ্টেন আশরাফ পরামর্শ সভা ডাকিলেন, জানা গেল তার কাছে গোলাবারুদ একেবারেই কম, কোনমতে সেদিনকার মত চলিতে পারে। তিনি সেইদিনই সন্ধ্যা পর্যন্ত পশ্চাদপসরণ করার ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু ততক্ষণ আর অপেক্ষা করিতে হইল না। হঠাৎ করে শুরু হইল শত্রুর গোলন্দাজ বাহিনীল অজস্র শেলিং, পিছনে আসিল কয়েকটি ট্যাঙ্ক, সঙ্গে ৮১ মিলিমিটার মর্টার। অনেকক্ষণ সংঘর্ষ চলিল। উভয় পক্ষেই হতাহত হইল এবং ছত্রভঙ্গ হইয়া অনেক লোক দলত্যাগী হইবার সুযোগ পাইল। আমরা ভূষির বন্দর প্রতিরক্ষা ঘাঁটিতে পজিশন নিলাম। পরদিন সেখানে তুমুল যুদ্ধ হইল। আমাদের নিকট ভারী এবং প্রতিরোধক অস্ত্র না থাকায় আবার পশ্চাতে আসিতে বাধ্য হইলাম।

এই সময় সুবেদার হাফিজ কোম্পানীর অধিকাংশ দেবীগঞ্জ হইয়া খানসামায় প্রতিরক্ষাব্যূহ রচনা করে। ওদিকে নীলফামারী রাস্তায় মজিদ কোম্পানীর সঙ্গে ৭ এবং ৮ এপ্রিল দুশমনদের তুমুল সংঘর্ষ হয় । সেখানে আমাদের তিনজন শহীদ কয়েকজন আহত ও বহু হাতিয়ারপত্র খোয়া গেলেও দুশমনরাও বিশ-পঁচিশ জন হতাহত নিয়া অনেক ক্ষতিগ্রস্ত হয়। এইখানেও ট্যাঙ্ক এবং গোলন্দাজ হামলার মোকাবিলা করিতে না পারিয়া ক্যাপ্টেন আশরাফ, সুবেদার মেজর আব্দুর রব, ক্যাপ্টেন নজরুল হক এবং আমার উপস্থিতিতে ৪ঠা এপ্রিল ভাতগাঁয়ে অনুষ্ঠিত কনফারেন্সের সিদ্ধান্ত অনুযায়ী আমরা আমাদের কাজ চালাইয়া যাইতে লাগিলাম এবং পিছনে হাটিয়া দশ মাইল স্ট্যান্ডে শক্ত করিয়া ঘাঁটি গাড়িলাম।

১০ই এপ্রিল সকাল ৯ ঘটিকায় শত্রুরা ট্যাঙ্ক ও গোলন্দাজ বহর নিয়া আমাদের উপর ভীষণ আক্রমণ চালাইল। প্রথম বার আমরা তাহাদের আক্রমণ প্রতিহত করিলাম। দ্বিতীয় বার বেলা ২ ঘটিকার সময় আক্রমণ চালায়। শত্রুপক্ষের গোলার আঘাতে আমাদের দুইটি ছয় পাউন্ডার গান-ই নষ্ট হইয়া যায়। তুমুল যুদ্ধের পর এখানে আমাদের চারজন লোক শহীদ হয় এবং কিছু লোক আহত হয়। ফলে আমাদের লোক দুই ভাগে বিভক্ত হইয়া দিনাজপুরের লোক দিনাজপুরের দিকে ঘাঁটি পরিবর্তন করে ও ঠাকুরগাঁয়ের লোক ভাতগাঁও পুলের নিকট দৃঢ় অবস্থান নেয়। দশ মাইল স্ট্যান্ডের যুদ্ধে আমাদের ভীষণ ক্ষতি হইল, কেননা বাহির হইতে অনেক গোলাবারুদ আমরা এখানে আনিয়া জমা করিয়াছিলাম এবং আমাদের কাছে থাকা কয়েক শত রাইফেল বন্দুকও সেখানে রাখা ছিল। সকলেরই ধারণা ছিল আমাদের এই স্থান ছাড়িতে হইবে না কিন্তু ট্যাঙ্ক বহরের আক্রমণের

চাপে ঐ স্থানও ছাড়িতে হইল। লোকের মনোবল যথেষ্ট ছিল কিন্তু ভারী অস্ত্র না থাকায় আবার সরিয়া আসিতে হইল।

আমরা আবার ভাতগাঁয়ের পুলের নিকট শক্তিশালী ঘাঁটি স্থাপন করিলাম। মেজর এম, টি, হোসেনসহ কর্নেল কোন কাজে আসিল না। আমি ব্যানার্জী সাহেবকে বলিয়াছিলাম যে, ভাতগাঁয়ের পতন হইলে আমাদের লোকজনের মনোবল নষ্ট হইবে এবং ঠাকুরগাঁ শহরকে রক্ষা করা সম্ভব হইবে না। তাই যেভাবেই হউক ভাতগাঁওকে রক্ষা করিতে হইবে। আমরা দুইজনে ভারী অস্ত্র সংগ্রহ করিবার জন্য অনেক টেষ্টা নিলাম কিন্তু কিছুই হইল না। বিহারের প্রধানমন্ত্রী কর্পূরী ঠাকুর আমাদিগকে যে কোন সাহায্য দিতে আশ্বাস দিয়াছিলেন। কিন্তু তাহা পাইতে অনেক দেরী হইয়া গেল।

১৩ই এপ্রিল ভাতগাঁয়ে সম্মুখ সমরে না আসিয়া খান সেনারা রাস্তা ধরিয়া পিছন দিক হইতে আক্রমণ করিবার পরিকল্পনা নিল। শত্রুদের পরিকল্পনা আমরা অনেকটা বুঝিতে পারিলাম। খানসামায় তখন আমাদের কোন লোক ছিল না। তাই আমরা তাড়াহুড়ো করিয়া গোপনে সুবেদার হাফিজের নেতৃত্বে এক কোম্পানী সেখানে পাঠাইলাম। ১৩ তারিখ সন্ধ্যায় তাহার কোম্পানী বীরগঞ্জ হইতে পদব্রজে অগ্রসর হইয়া খানসামায় পৌঁছে। শত্রুসেনারা দুইটি কোম্পানী যখন নদী পার হইতেছিল তখন তাহারা সুযোগ বুঝিয়া তাহাদের উপর অতর্কিতে আক্রমণ চালাইয়া তাহাদের ৮ বালুচ ডি কোম্পানীকে সম্পূর্ন রুপে পর্যদুস্ত করিয়া দেয়। প্রচুর হতাহত করা ছাড়াও তাহারা দুশমনের নিকট হইতে ১০ গাড়ী মালামাল হস্তগত করে যাগার মধ্যে অনেক গোলাবারুদ, ৭৫টি বিছানা, প্রচুর রেশন, পাকের সরঞ্জাম, একটি অয়ারলেস সেট, একটি মোটর সাইকেল ও আরও বিবিধ দ্রব্যাদি ছিল। সুবেদার হাফিজের বলিষ্ঠ নেতৃত্বই ছিল এই কোম্পানীর সাফল্যের কারণ। শত্রুর এই আক্রমণ প্রতিহত করিয়া পাল্টা তাঁহাদের যে ক্ষতি সাধন করা হইয়াছিল তাহাতে শত্রুর মনোবল যথেষ্ট ক্ষুন্ন হইয়া যায়, ফলে তিনদিন পর্যন্ত শত্রুদের তরফ হইতে আর কোন সাড়াশব্দ ছিল না এবং পশ্চাৎ আক্রমণ হইতেও আমাদের ঘাঁটি মুক্ত রহিল।

১৭ই এপ্রিল আমি বন্ধুরাষ্ট্র ভারতের তিন সদস্যের একটি দলকে নিয়া ভোর পাঁচটায় রওয়ানা হই সীমান্তের দিকে তাহাদিগকে গন্তব্য স্থানে পৌঁছাইয়া দিতে। মেজর এম, টি, হোসেন সাহেব থাকিলে রণাঙ্গনের দায়িত্ব নিয়া। আমি প্রায় দুপুর তিনটায় রুহিয়া পৌঁছি এবং ঠাকুরগাঁও কমাণ্ড পোস্টের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করিবার চেষ্টা করি কিন্তু কোন সাড়া না পাইয়া আমার মনে সন্দেহ জাগে এবং আমি তাড়াতাড়ি পঞ্চগড় কোম্পানী হেডকোয়ার্টারে চলিয়া আসি। এখানে আমাদের অল্পসংখ্যক লোককে দেখিতে পাইয়া জিজ্ঞেসাবাদে জানিতে পারি ভাতগাঁও ঘাঁটিতে প্রচণ্ড সংঘর্ষের ফলে আমাদের লোকজন ছত্রভঙ্গ হইয়া পড়িয়াছে। মেজর এমটি হোসেনের কোন খবর নাই, তবে শুনিলাম, তিনি একটি বড় বাস ও একটি জীপ নিয়া অর্ধ লক্ষ টাকাসহ ভারতে চলিয়া গিয়াছেন হাতিয়ার ও গোলাবারুদ আনার জন্য। কিন্তু এখানে উল্লেখ্য যে, দেশ স্বাধীন হওয়া পর্যন্ত তিনি আর দেশে ফিরিয়া আসেন নাই। যাহাই হউক ভাতগাঁও ঘাঁটির নেতৃত্বে ছিল নায়েক সুবেদার আব্দুল খালেকের উপর। তাহার নিকট সমস্ত ঘটনা জানতে পারিলাম। তিনি জানাইলেন শত্রুরা সকাল আটটার সময় প্রচণ্ড বেগে আক্রমণ চালায় ট্যাঙ্ক সাঁজোয়া ও গোলন্দাজ বাহিনীর সাহায্যে। তাহারা প্রথমে কান্ত মন্দিরের পাশ দিয়া ঢুকিয়া সোজা বীরগঞ্জ দখল করিতে চেষ্টা করে কিন্তু আমাদের জোয়ানদের প্রবল প্রতিরোধের মুখে তাহা ভঙ্গুল হইয়া যায়। এরপর শত্রুরা শক্তি বৃদ্ধি করতঃ দ্বিতীয় দফা আক্রমণ করে। আমাদের বাহিনীও অসীম সাহসিকতার সঙ্গে বাধা দেয় এবং প্রায় ৫ ঘন্টা ধরিয়া তুমুল সংঘর্ষের পর আমাদের লোকজন ছত্রভঙ্গ হইয়া অনেকে দলত্যাগী হইয়া ভারতের দিকে চলিয়া যায় এবং অনেকে পিছনে পচাঁগড় হইয়া জমায়েত হইতে থাকে। এখানে আমাদের ৩ জন শহীদ হন। তাহারা বীরবিক্রমে লড়াই করিয়া শত্রুপক্ষের অন্ততঃ ২৫/৩০ জনকে নিহত ও ১৫/২০ জনকে আহত করেন। সিপাহী আবদুল মান্নান, সিপাহী গুল মোহাম্মদ ভূঞা ও হাফিজ আবদুর রহমান এই যুদ্ধে অসীম সাহসীকতার পরিচয় দিয়েছেন। আহতদের মধ্যে সিপাহী আবদুল মন্নান আহত অবস্থায় শত্রুর হস্তে বন্দী হয়-

বর্বর পশুরা তাহাকে গুলি করিয়া মৃত মনে করিয়া পুকুরে ফেলিয়া দেয়। স্থানীয় জনসাধারণের সহযোগিতায় এবং তাহাদের প্রাণভরা সেবা ও দয়া ময়ের কৃপায় সে সুস্থ হইয়া উঠে ও অক্টোবর মাসের মাঝামাঝি তেতুঁলিয়াতে আমাদের সাথে যোগদান করে। বাকী দুইজন শাহাদৎ বরণ করিয়া অমর হইয়া আছেন।

অন্যদিকে খানসামাতে ১৩/১৪ তারিখের সংঘর্ষে হাফিজ কোম্পানী পাক আর্মিকে তিনদিন পর্যন্ত জব্দ করিয়া রাখিলেও আমাদের ভাগ্যলক্ষ্মী প্রসন্ন ছিল না। একেত খানরা মার খাইয়া ততক্ষণে ভারী মর্টার ও গোলন্দাজ বাহিনী নিয়া আসিল, তদুপরি সেইদিন একই সময়ে খবর পাওয়া গেল ভাতগাঁয়ের প্রধান প্রতিরক্ষা ঘাঁটি ভাঙ্গিয়া পড়িয়াছে। তাই ডি কোম্পানীও খানসামা ছাড়িয়া চলিয়া আসিল। তবে এই কোম্পানী ঐ স্থানে মোতায়েন থাকায় ভাতগাঁও শত্রুর পাশ অথবা পশ্চাৎ আক্রমণ হইতে নিশ্চিতভাবে রক্ষা পাইয়াছিল।

এই কোম্পানীর পশ্চাদপসরণের সঙ্গে সঙ্গে জয়গঞ্জ, ঝারবাড়ী, দেবীগঞ্জ প্রভৃতি স্থানের ছোট ছোট রক্ষাব্যূহগুলিরও পিছু হটিতে বাধ্য হইল। এইভাবে শত্রুসেনার অগ্রাভিযান আর আমাদের পশ্চাদপসরণের পালা চলিতে থাকিল। তবে সাতুনা এই হতাহতের দিক দিয়া শত্রুসংখ্যা বরাবরই ভারী ছিল। আমরা দিনব দিন হাতিয়ার আর গোলাবারুদ হারাইয়া দুর্বল হইতে থাকিলাম- স্বাধীন এলাকার পরিধিও কমিয়া আসিতে লাগিল, জনসাধারণের মনোবল ভাঙ্গিয়া পড়িল- খাদ্য সরবরাহও আমাদের প্রায় বন্ধ হইয়া আসিল। আমরা প্রমাদ শুনিলাম এবং আরও পিছে হটিয়া আসিলাম।

প্রায় ২০/২১ দিন মুক্ত থাকার পর ঠাকুরগাঁয়ের পতন হইল। স্থানীয় জনসাধারণ শহর ছাড়িয়া গ্রামে ও ভারতে আশ্রয় নিতে লাগিল। সামরিক নিয়মে সামরিক বাহিনী কোন স্থান ছাড়িয়া দেয় আবার কোন স্থান দখল করে এবং তাহা পরিকল্পনা মাফিক হইয়া থাকে। আমাদেরও তেমন পরিকল্পনা ছিল কিন্তু আমার অনুপস্থিতিতে সেই পরিকল্পনা বাস্তবায়িত হইতে পারে নাই। যাহা হউক, যতদূর সম্ভব গোলাবারুদ, রেশনপত্র সঙ্গে নিয়া গিয়াছি কিন্তু আরও সরকারী বেসরকারী জিনিস নেওয়ার ব্যবস্থা করা উচিৎ ছিল। মেজর এম, টি হোসেনের অনুপস্থিতিতে আবার আমাকেই দায়িত্বভার নিতে হইল। আমি সুবেদার হাশেম, নায়েক সুবেদার মতিউর রহমানকে আরও ২২ জন লোকসহ মেশিনগান ও অন্যান্য অস্ত্রশস্ত্র দিয়া ঠাকুরগাঁ পাঠাইলাম ব্যাঙ্কের টাকা পয়সা ও মূল্যবান গহনাপত্র যাহা পাওয়া যায় তাহা নিয়া আসার জন্য। তাহারা ঠাকুরগাঁ আসিয়া স্টেট ব্যাঙ্কের সীলমোহর যুক্ত একত্রিশ বাক্স টাকা লইয়া পঁচাগড়ে ফিরিয়া আসিয়া একটি গাড়ীতে বোঝাই অবস্থায় আমার কাছে অর্পণ করে। আমি ১২ জন লোকের একটি গার্ড দিয়া রেশনের গাড়ীতে ঐ গাড়ীটিও রাখিয়া দিই। কিছু দিন পরে এই টাকা ক্যাপ্টেন নজরুল, জনাব সিরাজুল ইসলাম এমসিএ, জনাব আবদুর রউফ এমসিএ-দের উপস্থিতিতে কর্নেল ব্যানার্জীর হেফাজতে রাখি এবং পরে অর্থমন্ত্রী জনাব মনসুর আলী সাহেব স্বয়ং আসিয়া ঐ টাকা মুজিবনগরে নিয়া যান। আমিও তাঁহার সঙ্গে যাই টাকা জমা দিতে। সেখানে প্রায় ১ কোটির মত টাকা ছিল যাহার হিসাব অর্থমন্ত্রীর কাছে দেওয়া হয়।

১৭ই এপ্রিল নাগাদ আমাদের কোম্পানীগুলি বিভিন্ন প্রতিরক্ষা ঘাঁটি হইতে পঞ্চগড়ে আসিয়া পৌঁছিল। তাহারা পরস্পরের সহযোগিতায় সেখানে প্রতিরক্ষা ঘাঁটি নির্মাণ করিতে শুরু করিল। ১৭ এবং ১৮ তারিখ বিভিন্ন কোম্পানীর বেশ কিছু লোক যাহারা নানাস্থানে নানাভাবে বিচ্ছিন্ন হইয়াছিল অথবা আটকা পড়িয়াছিল পঞ্চগড় আসিয়া উপস্থিত হইল। আমাদের লোক নতুন উৎসাহ নিয়া কাঞ্চন নদীর তীরে দৃঢ় প্রতিরক্ষা ঘাঁটি নির্মাণে তৎপর হইল। ১৮ তারিখ ছোট ছোট কয়েকটি দল আগে পাঠাইলাম, অনেক দূর আগাইয়াও শত্রুর কোন আনাগোনা দেখা গেল না। আমাদের প্রায় ১০৬ টি পরিবার ছেলেমেয়েসহ ছিল। এই সুযোগে তাহাদিগকে সরাইয়া নিরাপদ স্থানে নিবার ব্যবস্থা করিলাম। চিকিৎসাধীন কিছু রোগী এবং আহতকেও হাসপাতালে স্থানান্তরিত করা হইল। এই সময় আমাদের কাছে কোন ডাক্তার ছিল না। একমাত্র কম্পাউন্ডার মনসুরই ছিল আমাদের প্রধান অবলম্বরন এবং তাহার সঙ্গে কয়েকজন নার্স ছিল। কম্পাউন্ডার মনসুর বিপদের সময় যে কাজ করিয়াছেন, যেভাবে রোগীদের সেবাযত্ন নিয়াছেন তাহা সত্যিই প্রশংসনীয়।

পরের দিন ২৯শে এপ্রিলের দুপুর। আমার সহকর্মী কমাণ্ডারদের নিয়া নতুন পরিকল্পনা সম্বন্ধে আলোচনার্থ সবেমাত্র ডাকবাংলায় বসিয়াছি এমন সময় হঠাৎ কয়েকটি গোলার শব্দ শোনা গেল। আমার আলোচনা স্থগিত করতঃ বাহির হইয়া পড়িলাম। অবস্থা আঁচ করিতে না করিতেই আরও কয়েকটা শেল আমাদের ডাইনে- বাঁয়ে- পিছনে আসিয়া পড়িল, বুঝিতে বাকী রহিল না দুশমনের প্রত্যক্ষ আক্রমণ অত্যাসন্ন। কমাণ্ডাররা যে যার স্থানে চলিয়া গেলেন। ইতিমধ্যে দুশমনের একটি গোলা আমাদের একটি গাড়ীর উপর আঘাত করিল এবং তাহাতে আগুন ধরিয়া গেল। গাড়ীটিতে খানসামায় দুশমনদের নিকট হইতে আটককৃত গোলাবারুদ রক্ষিত ছিল, উহার পাশ্বেই আমার জীপগাড়ীটিও ছিল, কোনমতে তাহা সরাইয়া নিতে সক্ষম হইলাম। আমরা শত্রুর আক্রমণের জবাব দিতে লাগিলাম। চার ঘন্টা ঘন্টা ধরিয়া চলিল, সুবেদার আবুল হামেশসহ কয়েকজন আহত হন। ইহাদেরকে পরে হাসপাতালে পাঠানো হয়। অবশেষে ট্যাঙ্কসহ শত্রুবাহিনী আমাদের উপর ঝাঁপাইয়া পড়ে এবং আমরা পশ্চাদপসরণ করিতে বাধ্য হই। এইবার আরও হাতিয়ার গেল, গোলাবারুদ গেল, বাহিনীর বহু লোক পালাইয়া গেল। নায়েক সুবেদার খালেক ও সুবেদার হাফেজ সাহসে ভর করিয়া ঐ দিন সন্ধ্যায়ই কিছু লোকজনসহ ভজনপুর গিয়া পৌঁছিলেন। এপ্রিলের ২০ তারিখের ভোর হইতে না হইতে তাহারা ভজনপুরে ঘাঁটি নির্মাণের কাজ শুরু করিয়া দিলেন। আমি তাহাদেরকে যথারীতি উপদেশ দিয়া নানা জরুরী কাজে ও বিচ্ছিন্ন লোকদেরকে জড় করার উদ্দেশ্যে পিছনে গেলাম। এই দিকে দুশমনরাও অতি তাড়াতাড়ি জগদল এবং ওমরখানায় তাহাদের শক্ত ঘাঁটি গাড়িয়া বসিল। ওমরখানা পর্যন্তই শেষ ঘাঁটি ছিল। দেশ স্বাধীন হওয়া পর্যন্ত এই অবস্থা বিদ্যমান ছিল।

তারপর ঐ মাসের অর্থাৎ এপ্রিল মাসের এক শুভক্ষণে জানিতে পারিলাম যে স্বাধীন বাংলার সরকার গঠিত হইয়াছে। এমতাবস্থায় মে মাসের ৮ তারিখ আমাদের মুক্তিবাহিনী প্রধান তদানীন্তন কর্নেল এম এ জি ওসমানী আমাদেরকে ভারতের কদমতলায় ডাকিয়া পাঠান। সেখানে এক জরুরী সভা হইল। তাহাতে যোগ দিলেন ক্যাপ্টেন নজরুল হক, ক্যাপ্টেন নওয়াজেশ এবং কয়েকজন ভারতীয় অফিসার। মুক্তিবাহিনী প্রধান বাংলাদেশ সরকারের পক্ষ হইতে যুদ্ধের পরিকল্পনা ব্যাখ্যা করিলেন। এরপর তিনি তার পরিকল্পনা অনুসারে আমাদিগকে নির্দেশ দান করিলেন। আমরাও আমাদের অভাব অভিযোগ জ্ঞাপন করিলাম, তিনি যথাসাধ্য পূরণ করিবার আশ্বাস দিলেন। উক্ত সভায় তিনি ক্যাপ্টেন নজরুল হক সাহেবকে আমার ব্যাটালিয়নের দায়িত্বভার অর্পণ করিলেন। তরপর ঐ দিনই সন্ধ্যায় তিনি আমাদের ভজনপুর ঘাঁটিতে আগমন করিলেন। তাহার দর্শন লাভে উৎসাহ ও উদ্দীপনায় আমরা আরো সতেজ হইলাম, তার উপদেশের মাধ্যমে পথের দিশা পাইলাম। অধিকন্তু তিনি ক্যাপ্টেন নজরুল সাহেবকে আমাদের অধিনায়ক রুপে নিয়োগ করায় আমরা আরো উৎসাহিত হইলাম। এর কিছুদিন পর প্রধান সেনাপতি আবার ভজনপুর আসিলেন, সঙ্গে বাংলার প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদ। ইহাতে জোয়ানরা খুব খুশী হইল, তাহাদের মনোবল দৃঢ়তর হইল। ততক্ষণে ভারত হইতে অপ্রচুর হইলেও বিভিন্ন রকম সাহায্য আসিতে আরম্ভ করিয়াছে। অতএব মুক্তি সংগ্রামীদের মনোবল ঊর্ধ্বমুখী হইয়া উঠিল।

শহর থেকে শত্রুসৈন্যরা নিহত ও বিতাড়িত হলেও শহর বিপদমুক্ত নয় । শহর থেকে মাইল চারেক দূরেই ইপসিক-এর অফিস বাড়িতে শত্রুসেনারা মূল বাহিনীর অধিকাংশ ঘাটি করে বসে আছে । তাদের সংখ্যা দেড়শতের মত। সংখ্যার দিক দিয়ে যাই হোক না কেন অস্ত্রশস্ত্রের দিক দিয়ে যথেষ্ট শক্তিশালী । শহরকে বাঁচাতে হলে তাদের রাহুগ্রাস থেকে শহরকে মুক্ত করতে হবে । একট কথা মনে রাখতে হবে, যে বাংলাদেশে স্বাধীনতা সংগ্রামের প্রথম পর্যায়ে যারা উজ্জ্বল ভূমিকা গ্রহণ করে আসছে, পাবনা জেলায় সেই ইপিআর বাহিনীর কোন অস্তিত্ব ছিল না। পুলিশ ভাইয়েরাই এখানকার একমাত্র সশস্ত্র যোদ্ধা কিন্তু অস্ত্রশস্ত্রের দিক দিয়ে তারা খুবই দুর্বল । হামলাকারী পাক সৈন্যদের মূল ঘাঁটি থেকে হটিয়ে দেয়া তাদের পক্ষে দুঃসাধ্য । এক্ষেত্রেও জনতাই সামনে এগিয়ে এল।

পাবনা শহরের লড়াইয়ের খবরটা শহরের বাইরে বহুদূর পর্যন্ত ছড়িয়ে পড়েছিল । বাইরে গ্রামাঞ্চল থেকে বিভিন্ন কৃষক সমিতির লোকেরা শহরকে শত্রুদের হাত থেকে মুক্ত করবার জন্য সুসংগঠিতভাবে এগিয়ে আসছিল । তারা দলে দলে এসে শত্রুপক্ষের মূল ঘাঁটিকে ঘেরাও করে ফেলল। রাত্রির অন্ধকারে ঘটনাটা এমন দ্রুতভাবে ঘটে গিয়েছিল যে, ওরা কৃষক- জনতার এই অবরোধ থেকে বেরিয়ে পড়বার মত সময় বা সুযোগ পায়নি। পুলিশ ভাইয়েরাও এ আক্রমণে কৃষকদের সঙ্গে এসে যোগ দিয়েছিল । তারা শত্রুপক্ষের মেশিনগানের পাল্লার বাইরে দাঁড়িয়ে প্রতিরোধ দিয়ে চলেছিল ।

অবরোধকারীদের প্ল্যান ছিল এই যে, তারা এইভাবে দিনের পর দিন বাইরের সঙ্গে যোগাযোগের পথ বন্ধ করে দিয়ে ওদের না খাইয়ে মারবে। কৃষক জনতার সংখ্যা বাড়তে বাড়তে প্রায় কুড়ি হাজারে এসে দাঁড়াল। মুক্তিবাহিনীর এই বিরাট সমাবেশের দিকে তাকিয়ে এবং তাদের উম্মাত্ত গর্জন শুনে অবরুদ্ধ পাক সৈন্যরা এগিয়ে এসে আক্রমণ করতে সাহস পাচ্ছিল না । দু'পক্ষ পরস্পরের সঙ্গে কিছুটা দূরত্ব রক্ষা করে গুলি বিনিময় করে চলেছিল।

সময়ের সাথে সাথে অবরোধকারীদের সংখ্যা বেড়ে চলেছিল। ওদের দিকে তাকিয়ে পাক সৈন্যরা এটা নিশ্চতভাবে বুঝে নিয়েছিল যে এই সুদৃঢ় প্রতিরোধ ব্যূহ ভেঙ্গে বাইরে বেরিয়ে যাওয়া তাদের পক্ষে সম্ভব হবে না। তাই তারা বেতারযোগে ঢাকায় সামরিক কর্তৃপক্ষের কাছে সমস্ত অবস্থাটা খুলে জানাল। জানাল । জানার যে, তাদের জীবন বিপন্ন, অবিলম্বে সাহায্য দরকার।

খবর পাঠাবার কিছুকাল বাদেই আকাশে জেট বিমানের ঘোর গর্জন শোনা গেল। শব্দ শুনে চমকে উঠে সবাই উপরের দিকে তাকিয়ে দেখল, সেই বিমান সমস্ত অঞ্চলটা প্রদক্ষিণ করে অবস্থা পর্যবেক্ষণ করছে । একটু বাদেই প্রচন্ড বিস্ফোরন শব্দ । সেই হিংস্র যন্ত্র-দানবটা জনতার ভীর লক্ষ্য করে একর পর এক বোমা ফেলে চলেছে । সঙ্গে সঙ্গে ভয়ার্ত চীৎকার আর ছুটোছুটি শুরু হয়ে গেল । শুধু বোমা ফেলা নয়, প্লেনটা মাঝে মাঝে বাজপাখির মত ছোঁ মেরে নীচে নেমে আসছে, আর এক এক পশলা মেশিনগানের গুলিবর্ষণ করে চলে যাচ্ছে । বোমারু বিমানের এই অতর্কিত আক্রমণে কিছুসংখ্যাক লোক হতাহত হোল, জনত ইতস্তত ছত্রভঙ্গ হয়ে যেতে লাগল । অবরুদ্ধ পাক-সৈন্যরা এই সুযোগে অবরোধের বেড়া ভেঙে ঊর্ধ্বশ্বাসে প্রান নিয়ে পালিয়ে গেল। কিন্তু তাদের সঙ্গী সবাই পালিয়ে যেতে পারেনি। অবরোধ ভেঙে গেলেও মুক্তিবাহিনীর একদল সশস্ত্র যোদ্ধা তখনও তাদের সঙ্গে লড়াই চালিয়ে যাচ্ছিল। কিছুসংখ্যাক সৈন্যকে হতাহত অবস্থায় রণক্ষেত্রে ফেলে রেখে অবশিষ্ট পাক বাহিনী এই মৃত্যুর ফাঁদ থেকে পালিয়ে বাঁচল।

এইভাবে শত্রুসৈন্যদের বিতাড়িত করে জয়োন্মত্ত কৃষক-জনতা উল্লাসধ্বনি করতে ফিরে এল। মুক্ত নগরী পাবনা উৎসবমুখর হয়ে উঠল। কিন্তু পরদিন এই উৎসবের আনন্দ-কোলাহলের মধ্যে বিষাদের এক কালো ছায়া নেমে এল। এই মুক্তিযুদ্ধের অন্যতম নায়ক আওয়ামী লীগ নেতা আমজাদ সাহেব ২৯শে মার্চ তারিখে হঠাৎ করোনারী থ্রম্বসিস রোগে মারা গেলেন। এ সম্বন্ধে কোনই সন্দেহ নেই যে, যুদ্ধাবস্থায় কঠিন পরিশ্রম ও দারুন উত্তেজনাই তাঁর এই অকালমৃত্যুকে ডেকে এনেছিল । একথা বললে ভুল হবে না যে, পাবনা শহরের মুক্তিযুদ্ধে যাঁরা প্রাণ দিয়ে শহীদ হয়ে গেছেন, আমজাদ সাহেব তাঁদের মধ্যে অন্যতম।

কিন্তু এই মুক্তিযুদ্ধের এইখানেই ইতি নয়। বিতাড়িত পাক-সৈন্যরা তাদের ইপসিকের ঘাঁটি ছেড়ে প্রাণ নিয়ে পালল বটে, কিন্তু শেষরক্ষা হলো না। উদভ্রান্ত ও দিশেহারা পলাতক সৈন্যদের পালাবার পথে পর পর দু'বার -প্রথম দাশুরিয়া পরে মুলাডুলিতে স্থানীয় মুক্তিযোদ্ধাদের আক্রমণের মুখে পড়তে হয়েছিল । এই দুই জায়গাতেই প্রচন্ড সংঘর্ষ ঘটেছিল । দুই সংঘর্ষের ফলে অবশিষ্ট পাকবাহিনীর প্রায় সবাইকেই প্রাণ দিতে হলো, কেবলমাত্র চারজন প্রাণ নিয়ে পালিয়ে যেতে পেরেছিল।

সিরাজগঞ্জ এলাকার সশস্ত্র প্রতিরোধ

সাক্ষাৎকারঃ মোজাফফর হোসেন
২৫-০৮-১৯৭৩

২৫শে মার্চের ঘটনা। রাত একটার দিকে মহকুমা প্রশাসক জনাব শামসুদ্দিন সিএসপি (শহীদ) আমাকে সংগ্রাম পরিষদে জানালেন, পুলিশ, আনসার বাহিনীর যত অস্ত্র আছে সব তোমাদের জন্য দেব প্রতিরোধের জন্য ।

২৬শে মার্চ বিভিন্ন স্থানে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলা হয় । ছুটি ভোগরত পাক বাহিনীর সেনা আনসার, পুলিশ, ছাত্র, সাধারন লোক, অবসরপ্রাপ্ত সৈনিক সব মিলে মুক্তিবাহিনী গড়ে তোলা হয়। প্রাথমিক অবস্থায় অস্ত্র রাইফেল, বন্দুক টু-টুবোর রাইফেল নিয়ে যুদ্ধে নামা হয়।

বগুড়ার আড়িয়ার বাজারে আগে থেকে পাক ঘাঁটি ছিল। মার্চে মাসের শেষের দিকে সাধারণ লোক সামান্য অস্ত্র নিয়ে পাক-বাহিনীর উপর ঝাঁপিয়ে পড়ে । ৩০ জনের মত পাকসেনা ছিল। আকাশে থেকে বিমান আক্রমন চালায় পাকবাহিনী। ওদের গুলী এসে লাগে । গোলার ডাম্পে তাতে আগুন লেগে বিমান বাহিনীর গুলীতেই বেশ পাকসেনা খতম হয় । তারপর জনসাধারন ঢুকে পড়ে অনেককে আত্মসমর্পন করায়, অনেককে হত্যা করে পিটিয়ে।

আমি এবং এসডিও শামসুদ্দিন সাহেব এদিন বগুড়া গিয়ে সেখানকার মুক্তিবহিনীর মধ্যে সমঝোতা করে কিছু অস্ত্র এবং বেঙ্গল রেজিমেন্টের প্রায় ২০ জন এবং ইপিআর-এর প্রায় ৩০ জন নিয়ে সিরাজগঞ্জ চলে আসি । তখন আমাদের কাছে ছিল চাইনিজ রাইফেল ৭টি, মার্ক-৪৬টি, রাইফেল ৫/৬টি।

২৬শে মার্চ আওয়ামী লীগের নেতৃত্বে সংগ্রাম পরিষদ গঠন করা হয়। তখন আমাদের খাওয়া, থাকা, বেতন, দেওয়া যাবতীয় ব্যবস্থা আওয়ামী লীগ করতে থাকে।

সিরাজগঞ্জ যমুনার পড়ে আমরা ৬/৭টি ছোট ধরনের কামান পেতে রাখি, যার দূরত্ব এক মাইলের মত । এই কমানগুলি তৈরি করেছিল আমাদের স্থানীয় লোক আবুল মিস্ত্রী।

এপ্রিল মাসের প্রথম সপ্তাহে খবর পেলাম টাঙ্গাইলের ঘাটে ৭টি লঞ্চ গেছে পাক বাহিনীকে নিয়ে যাবার জন্য । আমি তিনজন ছেলে এবং কিছু অস্ত্রসহ স্পীডবোট নিয়ে টাঙ্গাইল ঘাটে পৌঁছে ফাঁকা আওয়াজ করে সারেংদের আটকিয়ে ১১টি লঞ্চসহ সিরাজগঞ্জ ফিরে আসি ।

বাঘাবাড়িতে প্রতিরোধঃ এপ্রিল মাসের মাঝামাঝি প্রায় ১৫০ জন ছেলেসহ আমি বাঘাবাড়ী ঘাটে ডিফেন্স দিই । আমার সাথে লতিফ মীর্জা, গোলাম কবরিয়া, সোহরাব হোসেনও ছিল। পরদিন ইপিআর, আনসার, পুলিশ বেঙ্গল রেজিমেন্ট নিয়ে প্রায় ১০০ জন যোদ্ধা আমার ওখানে পাঠিয়ে দেন এসডিও সাহেব।

বাঘাবাড়ীতে নদীর পাড়ে ২ মাইলব্যাপী ২০০ গজ পরপর পাকা মরিচা খনন করে সেখানে ডিফেন্স নিয়ে থাকি। তার পরদিন এসডিও সাহেব নিজে আমাদের ডিফেন্স আসলেন প্রায় ৫০ জন ইপিআর, বেঙ্গল রেজিমেন্ট এবং অবসরপ্রাপ্ত সৈনিক নিয়ে।

আরিচা ঘাট রক্ষা করার জন্য প্রায় ১০০ জন বেঙ্গল রেজিমেন্ট এবং ইপিআর বাহিনীর লোক নিয়ে আমি এবং এসডিও সাহেব অগ্রসর হই । কাশিনাথপুর পৌঁছালে শুনলাম আরিচার পতন ঘটেছে । তখন আমরা কাশীনাথপুরে জঙ্গলের ভিতর আমাদের ঘাঁটি স্থাপন করি। ওখান থেকে ১০ মাইলের মধ্যে পাক ঘাঁটি আছে।

---

* বাংলা একাডেমির দলিলপত্র থেকে সংগৃহীত।

শুনলাম (গ্রামের নাম মনে নেই)। এসডিও শামসুদ্দিন সাহেবের কমান্ডে আমরা ১০০ জন তিন ভাগে ভাগ হয়ে পাক ঘাঁটি আক্রমণ করার সিদ্ধান্ত নিই। একদল আক্রমণ চালাবে, একদল গাড়ী ধ্বংস করবে এবং একদল ব্রিজ ধ্বংস করবে একই সময়ে। আমরা আক্রমন করি রাত ২ টার দিকে । একই সাথে ব্রিজ ধ্বংস, ৫টি ট্রাক ক্ষতিগ্রস্ত এবং ১৯ জন পাকসেনা খতম হয়েছে শুনলাম। পরদিন ভোর বেলা আমরা ফিরে আসি। আমাদের একজন ইপিআর জোয়ান গুলিবিদ্ধ হয়ে আহত হয়। তাকে সিরাজগঞ্জ হাসপাতালে পাঠিয়ে দিই।

এপ্রিল মাসের ২৫তারিখের দিকে এসডিও সাহেব ফিরে আসলেন বাঘাবাড়ী ঘাট থেকে । তিনি আবার গেলেন বাঘাবাড়ী ঘাটে। আমিও গেলাম এসডিও সাহেবের সাথে। তার পরদিন পাকবাহিনী দুপুর ১টার দিকে হঠাৎ করে কাশীনাথপুর ক্যাম্প আক্রমণ করে। একজন হাবিলদারকে দায়িত্ব দেওয়া হয়েছিল ক্যাম্পের। আমাদের জোয়ানরা বিশ্রাম করছিলো, ঠিক এসই সময় শত্রুরা মর্টার আক্রমণ চালায় চারদিক থেকে । ৩০/৪০ জন মুক্তিযোদ্ধা ওখানে শহীদ হয় বাকিরা পালিয়ে যায় অস্ত্র ফেলে। পাকসেনারা আমাদের প্রচুর অস্ত্র উদ্ধার করে । আমি ১৫ জন উদ্ধার কর্মী নিয়ে পরদিন চারদিকে খুঁজতে লাগলাম আমাদের বাহিনীর লোকদের। ২ জন আহত বেঙ্গল রেজিমেন্ট এবং ৮/১০ জন অন্যান্য জোয়ান নিয়ে বাঘাবাড়ী ঘাটে চলে আসি। আমাদের ডিফেন্স আরও জোরদার করি।

মে মাসের প্রথম সপ্তাহে লতিফ মীর্জাকে বাঘাবাড়ী ঘাটের দায়িত্ব দিয়ে আমি এবং এসডিও সাহেব অস্ত্র সংগ্রহের জন্য ভারতে যাই। সিদ্ধান্ত হয় ৪ কোটি টাকার অস্ত্র কেনা হবে। পশ্চিম দিনাজপুরে ভারতীয় কর্নেলের সাথে দেখা করেন আমাদের এসডিও সাহেব । যাবার পথে হিলি সীমান্তে ক্যাপ্টেন আনোয়ার আমাদেরকে খুব বেশী অস্ত্র দিয়ে সাহায্য করতে পাবেন না জানান। তারপরই আমরা দৃঢ়প্রতিজ্ঞ হয়ে দিনাজপুর যাই । এসডিও সাহেব অস্ত্র কিনতে চান। কর্নেল সাহেব জানান, এভাবে অস্ত্র বিক্রী করা যায় না। এসডিও সাহেবের না-খাওয়া, নাম্লান অবস্থা অহোরাত্র চিন্তায় মাথা প্রায় খারাপ ছিল। তাই কর্নেল সাহেব অস্বীকার করলে এসডিও সাহেব খুব রাগারাগি করেন । বাকবিতন্ডা হয় । কর্নেল সাহেব পাক স্পাই মনে করে আমাদের দু'জনকে বন্দী করেন । আমি কোনরকমে খবর পাঠিয়ে কংগ্রেসনেতা এবং ছাত্রনেতার কাছে আমাদের অবস্থা জানাই। ছাত্রনেতা এবং কংগ্রেস এমপিদের প্রচেষ্টায় আমরা মুক্তি পাই। তারপর ফিরে আসি বাঘাবাড়ী ঘাটে।

ফিরে শুনলাম সিরাজগঞ্জ বাঙ্গালী-বিহারী মারামারি হয়েছে। বিহারীদের নিরাপত্তার জন্য এসডি সাহেব সকল বিহারীকে গ্রেফতার করে জেলখানাতে নিয়ে আসেন। এসডিও সাহেব ও আমি বাঘাবাড়ী ঘাটে ফিরে যাই আবার।

মে মাসের ২০তারিখের দিকে বাঘাবাড়ী নদীর অপর পারে পাক বাহিনী বাংকার করা শুরু করে। আমরা আক্রমন করি। ক্রমাগত চারদিন পর তারা বিমান হামলা চালায় আমাদের উপর।

২৩/২৪ তারিখের দিকে আমরা পিছু হটে উল্লাপাড়া চলে আসি। আমরা প্রায় ১৫০ জন ছিলাম তখন। বাকি বাহিনীকে সিরাজগঞ্জে পাঠানো হয় । আমরা মোট প্রায় ৪০০ জন ছিলাম।

আমরা উল্লাপাড়া থেকে ২/৩ দিন রাতে অকস্মাৎ বাঘাবাড়ী ঘাটে পাক বাহিনীর উপর হামলা চালিয়ে পালিয়ে যেতাম।

ঘটনা প্রতিরোধঃ মে'র ২৫ তারিখে পাক বাহিনী উল্লাপাড়া আক্রমণ করলে আমরা ঘটনা (সলপ) ব্রিজে আসি। আমরা সলপ স্কুলে আশ্রয় নিই। এসডিও সাহেব এবং লতিফ মীর্জা আমাদের সাথে। ওখান থেকে ইপিআর ও বেঙ্গল রেজিমেন্টের লোকেরা বলে, ''আমরা শেষ পর্যন্ত মারা যাবো, শেষবারের মত স্ত্রী-ছেলেমেয়েদের দেখতে দিন।'' এসডিও সাহেব প্রত্যেককে ২০০/৩০০/১০০ টাকা দিয়ে পাঠিয়ে দিলেন। বেঙ্গল রেজিমেন্টের নায়েক মহিউদ্দীন আমাদের ছেড়ে গেলেন না।

শেষ সময় আমরা ১০০ কজন ছিলাম ঘাটনাতে। এসডিও শামসুদ্দিন সাহেব নিজে কমান্ডিং অফিসার। ৪/৫ দিন আমরা না খেয়ে।

সিদ্ধান্ত হয়, এসডিও সাহেব ৪০ জন ছেলে নিয়ে অস্ত্রসহ সিরাজগঞ্জ যাবেন সিরাজগঞ্জ রক্ষার জন্য। এখানে ২০০ মুক্তিযোদ্ধা ছিল। আমরা ৫০/৬০ জন থাকবো ঘাটনাতে । পাক বাহিনীকে বাধা দিতে দিতে শেষ পর্যন্ত সিরাজগঞ্জ এসে শেষযুদ্ধ হবে। সেই মত এসডিও সাহেব চলে যান। আমি, লতিফ মীর্জা, রাজশাহী বিশ্বদ্যিালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদেও সাধারণ সম্পাদক সামাদ থাকলো ঘাটনাতে । আমি এবং লতিফ মীর্জা ১০ জনের খাবার যোগাড় করে ঘাটনা ব্রীজে রওনা হই । কারণ ওখানে সামাদের নেতৃত্বে ১০ জন যোদ্ধা ছিল পাহারায়। আমরা খাবার পৌঁছলে দেখতে পেলাম একটি ট্রেন আসছে ঈশ্বরদী থেকে। আমাদের খাওয়া হলো না। খাবার পাঠিয়ে দিয়ে আমরা ১২ জন দু'দিকে ডিফেন্স নিই। আমাদের ২টি এলএমজি এবং ১০টি চাইনিজ রাইফেল ছিল। ট্রেন ব্রিজের কাছে আসলে দেখলাম গাড়ীটি পাকসেনাতে ভর্তি । ওর মইন সরাচ্ছে আর অগ্রসর হচ্ছে। পাক-সেনারা নেমে এখানে-ওখানে ঘোরাফিরা করছে। মিস্ত্রীরা লাইন সারছে। ক্রমশ ৪০/৫০ জন পাকসেনা ব্রিজের এক স্থানে একত্রিত হতে থাকে। পাকসেনাদের সাথে বেসামরিক পোশাকে অনেক বিহারীকে দেখলাম। ৪০/৫০ জন একস্থানে হলে আমি ফায়ার ওপেন করতে বলি; সাতে সাথে ১০টি চাইনিজ রাইফেল ও ২টি এলএমজি গর্জে ওঠে। ক্রস ফায়ারের সাথে সাথে সবকটি সৈনিক মাটিতে লুটিয়ে পড়ে। বাকিরা সব ট্রেনে উঠে ট্রেনটি পিছনে নিয়ে গিয়ে অনবরত মেশিনগান এবং মর্টার দিয়ে বৃষ্টির মত গোলা ছুড়তে থাকে। ৩ ঘন্টা গুলি ছোড়ার পর আমরা জঙ্গল থেকে বের হই। আমরা ক্লোজ রেঞ্জে থাকায় আমাদের কোন ক্ষতি হয়নি। কিন্তু ১ মাইল দূরে যে আমাদের ক্যাম্প ছিল সেখানে গোলা পড়ায় আমাদের ছেলেরা সব পালিয়ে যায়-মনে করে আমরা সব মারা গেছি। রাতে কিছুদূর এসে দেখলাম যে বাইনোকুলার ফেলে এসেছি। ১০ জনকে রেখে আমি এবং বেঙ্গল রেজিমেন্টের মহিউদ্দীনকে নিয়ে ঘাটনা ব্রিজে যাই বাইনোকুলার খুঁজতে। সেখানে পৌঁছে দেখলাম একটি নৌকা করে কিছু পাকসেনা পার হচ্ছে। কৌতূহল বশে বাইনোকুলার খোঁজা বাদ দিয় পজিশন নিয়ে অপেক্ষা করতে লাগলাম কি হয় দেখার জন্য। দেখলাম ৪ জন পারে নামলো। অকস্মাৎ অন্ধকারে তারা হারিয়ে যায়। আমরা চিন্তাগ্রস্ত হয়ে পড়লাম। কিছুক্ষণ পর পাতার মচমচ শব্দ শুনতে পেলাম এবং ছায়ার মত আমাদের দিকে আসছে দেখলাম। আমাদের হাতের দুটি চইনিজ এসএমজি একসাথে গর্জে ওঠে। পতনের শব্দ পেলাম। পাল্টা কোন গুলি হয় না, বুঝলাম সব খতম। তার পরপরই নদীর অপর পার থেকে ঝাঁক ঝাঁক গুলি আসতে লাগলো। আধ ঘন্টা পর গুলি বন্ধ হলে ক্রলিং করে পালিয়ে নির্দিষ্ট স্থানে এসে আর সব সাথীদের সাথে মিলিত হই। ক্যাম্পে এসে শুনি আমাদের ছেলেরা সব পালিয়েছে। লোকজন অস্ত্র কেড়ে নিয়েছে, জিনিসপত্র লুট করেছে। নাম সংগ্রহ করে চারজনকে ধরে গুলি করে হত্যা করা হয়। পাক বাহিনী ব্যাপকভাবে আক্রমণ চালায়-দু ঘন্টা ধরে বৃষ্টির মত মর্টার ও অন্যান্য অস্ত্রের সাহায্যে গুলি চালায়। গুলি বন্ধ হলে আমরা পালিয়ে সিরাজগঞ্জের দিকে রওনা হই।

শাহজাদপুরসহ অন্যান্য স্থানের সশস্ত্র প্রতিরোধ

সাক্ষাৎকারঃ আবদুর রহমান, প্রাক্তন গণপরিষদ সদস্য

১২-১১-১৯৭৩

২৫মে মার্চ দিনগত রাত দুটোর সময় শাহজাদপুর থানার ওসি আমার কাছে একজন পুলিশ পাঠিয়ে সংবাদ দেন যে, ''ঢাকায় সামরিক বাহিনীর বিদ্রোহ হয়েছে এবং ইয়াহিয়া কানকে বন্দী করে রাওয়ালপিন্ডি পাঠিয়েছে। আপনি অবিলম্বে থানায় এসে সকলের সঙ্গে আলোচনা করে কর্তব্য নির্ধারণ করুন।'' আমি ভেবে দেখলাম এ সংগ্রামের কেবল শুরু-অনেকদিন চলবে। কাজেই উত্তেজিত না হয়ে সিদ্ধান্ত নিতে হবে। থানায় গিয়ে দেখি

*বাংলা একাডেমীর দলিলপত্র থেকে সংগৃহীত

অনেক আওয়ামী লীগ কর্মীও এস গেছেন। সকলের সঙ্গে পরামর্শ করে ঠিক হোল, আমাদের প্রথম কাজ যোগাযোগের ব্যবস্থা বন্ধ করা । সেই অনুযায়ী বাঘাবাড়ীর ফেরী বন্ধ করার দায়িত্ব দিয়ে আবুল হোসেন চৌধুরীকে পাঠানো হোল। আমি উল্লাপাড়া ও তার পরবর্তী এলাকার কাজকর্ম তদারক করার জন্য মোটর সাইকেলযোগে সেদিকে রওনা দিলাম। উল্লাপাড়ার জনপ্রতিনিধি (এম-পি-এ) এলাকায় অনুপস্থিত থাকেন এবং রায়গঞ্জ থানার প্রতিনিধিও তাড়াশে থাকেন বিধায় ঐ এলাকার জরুরী দায়িত্ব পালক কর্তব্য মনে করে আমি ঐদিকে রওনা দিই। প্রথমে আমি সরাসরি রায়গঞ্জ থানায় যেতে চাই। কিন্তু ঐ এলাকার রাস্তার বড় বড় গাছ থাকায় রায়গঞ্জ থানা পর্যন্ত পৌঁছানো সম্ভব না হওয়ার জন্য কিছু আওয়ামী লীগ কর্মীর সঙ্গে সমস্ত বিষয় আলোচনা করে কর্তব্য নির্ধারণ করে ফিরে আসি। উল্লাপাড়া থানার এসে সেখানকার কর্মচারীদের সঙ্গে আলোচনা করে তাদের কর্তব্য নির্ধারণ করে ফিরে আসি । আমার এই কয়েক ঘন্টার সফরে জনসাধারণের যে আন্তরিকতা দেখেছি তার তুলনা হয় না।

সম্ভব ২৯/৩০ মার্চ আমি বঙ্গবন্ধুর শেষ পর্যন্ত সংগ্রাম চালিয়ে যাওয়ার নির্দেশনামা পাই। আমি এটি অনুবাদ করার ও ছাপানোর ব্যবস্থা করি। ছাপানোর দায়িত্ব এককালীন কনভেনশন লীগ নেতা ও পার্লামেন্টারী সেক্রেটারী ও পরবর্তী কালের জেলা শান্তি কমিটির প্রধান মৌলানা সাইফউদ্দিন ইয়াহিয়া সাগ্রহেই নিয়ে ছিলেন ও দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করেছিলেন।

এই সময়ে 'শাহজাদপুর স্বাধীনতা সংগ্রাম পরিষদ' গঠন করা হয়। শাহদাজপুরের আওয়ামী লীগ, ছাত্রলীগ, শ্রমিক লীগ কর্মীদের ও সরকারী কর্মচারীদের মিলিত সভায় সাতজন সদস্য সমবায়ে এই কমিটি গঠন করা হয়। আমি ঐ সভায় সভাপতিত্ব করি এবং স্বাধীনতা সংগ্রাম পরিষদেরও সভাপতি নির্বাচিত হই। এই কমিটির সদস্যগণ ছিলেনঃ (১) জনাব আবদুর রহমান (এম,পি,এ)-সভাপতি (২) জনাব আবদুল লতিফ খান (৩) জনাব আবুল হোসেন চৌধুরী (৪) তাহাজ্জাদ হোসেন (অধ্যক্ষ) (৫) বাবু ননী-গোপাল সাহা (৬) সি-আই, পুলিশ স্টেশন, (৭) ও-সি, পুলিশ স্টেশন।

শাহজাদপুরে স্বাধীনতা যুদ্ধের যাবতীয় কাজের দায়িত্ব এই কমিটির উপর থাকলেও অন্যান্য অত্যন্ত জরুরী কাজের জন্য কয়েকটি উপ-কমিটিও গঠন করা হয়। খাদ্য সবরাহের দায়িত্ব দেওয়া ছিল ১৯৫৪ সালে আওয়ামী লীগ দলীয় এম,এল,এ জনাব আবু মোহম্মদ ইউনুস সাহেবের উপর। টাকা-পয়সা সংগ্রহের দায়িত্ব ছিল বাবু বিনোদবিহারী জোয়ারদারের উপর। প্রচারের দায়িত্ব ছিল জনাব আব্দুল গফুর সবরতের উপর।

আমরা প্রথম থেকেই আমাদের অস্ত্রের অপ্রতুলতার কথা জানতাম। ইতিমধ্যে সংবাদ পেলাম যে বগুড়ার নির্মীয়মাণ ক্যান্টমমেন্ট ওখানকার মুক্তিযোদ্ধারা দখল করেছে। আমি রেড়ার জনপ্রতিনিধি এম-এন-এ জনাব আবু সাইদের সঙ্গে যোগাযোগ করে উভয়ে কয়েকজন কর্মীসহ বগুড়া গেলাম। এটা এপ্রিলের ৪ তারিখ। ওখানে গিয়ে ঐদিন লোক ও অস্ত্র না পেয়ে আমাদের কর্মীদের চান্দাইকোনা রেখে আমি ও আবুল চৌধুরী ফিরে এলাম। এলাকার কাজের জন্য আমাকে ফিরে আসতে হোল। আমি ফিরে এসে নগরবাড়ী এলাকার প্রতিরক্ষার ব্যবস্থা দেখতে গেলাম। কারণ ঐ সময় নগরবাড়ী রক্ষা করা না গেলে আমাদের বাঘাড়াবীতে রক্ষার প্রচেষ্টার কোন মানেই থাকবে না। নগরবাড়ীতে কোন জনপ্রতিনিধি না থাকায় আমার পক্ষে ঔ স্থানের কাজকর্ম বাদ দিয়ে আসা সম্ভব হোল না।

নগরবাড়ীতে আমি নিয়োজিত থাকায় বগুড়াতে আমি না যেতে পেরে আবুল চেধৌরীকে দায়িত্ব দিয়ে পাঠালাম। সেখান থেকে আমাদের খুব সামান্য অস্ত্রই দেয়া হয়েছিল। যাই হোক নগরবাড়ীতে আমাকে এবং ক্যাপ্টেন (বর্তমানে মেজর) নজমুল হুদাকে সব সময় একসঙ্গে পরামর্শ করেই কাজ করতে হোত। পাবনা থেকে বেশ কিছু মুক্তিযোদ্ধা এসেছিল। আমি ও ক্যাপ্টেন হুদা প্রথমেই স্পীডবোট নিয়ে সমস্ত নদী এলাকা ঘুরে দেখলাম। দেখলাম যে, পাক-বাহিনী নগরবাড়ীতে সরাসরি না এসে নগরবাড়ীর ৮/৯ মাইল দক্ষিণ দিক দিয়েও

পার হয়ে নগরবাড়ী-পাবনার পাকা রাস্তায় উঠতে পারে। আমরা সেজন্য ঐ সমস্ত এলাকায় গিয়ে জনসাধারণকে প্রয়োজনীয় উপদেশ দিয়ে আসি।

৯ই এপ্রিল বেলা ৪টার দিকে পাক-বাহিনী বিমান আক্রমণ করে আমাদের ছত্রভঙ্গ করে দেয় ।কয়েকজন আহত হয় । বিমান আক্রমণের কথা আমরা এতটা ভাবি নাই । সতর্কতার কোন উপায়ও ছিল না। কারণ, পাবনা গিয়ে আমি ও ক্যাপ্টেন হুদা মেশিনগান নিয়ে আসি। পরে দেখা গেল তার পিন ভাঙ্গা। এর দুই দিন আগে ঈশ্বরদী থেকে একটা হাত-সাইরেন আনা হয়েছিল। সন্ধ্যার পর দেখা গেল তার এমন একটা পার্টস কেউ ভেঙ্গে রেখেছে যে বাজানো যায় না।

ক্যাপ্টেন হুদা বারে বারেই অস্ত্রের কথা বলছিলেন, কিন্তু পাবনা ও বগুড়া ছাড়া কোথাও আমার চেষ্টা করার জায়গা ছিল না। তৎকালীন ডি-সি জনাব নুরুল কাদের খানের মাধ্যমে চেষ্টা করে কুষ্টিয়া থেকে কিছু আনসার আনা হয়েছিল। কিন্তু প্রথম দিনের বিমান আক্রমণের পরই তারা চলে যায়।

পরদিন ১০ই এপ্রিল সকালে আবার বিমান আক্রমণ হয়। ঐদিন আমাদের কেহ হতাহত হয়নি। কয়েকজন গ্রামের লোক মারা গিয়েছিল কিন্তু আমাদের সমস্ত বাহিনী বিশৃঙ্খল হয়ে যায়।

বাঘাবাড়ী প্রতিরোধঃ শাহজাদপুর এসে আমি বাঘাবাড়ীতে প্রতিরক্ষা গড়ার চেষ্টা নেই। এই সময় সিরাজগঞ্জে তৎকালীন এস-ডি-ও জনাব জনাব শামসুদ্দিন আসেন এবং যুদ্ধের প্রদান কাজকর্ম তিনি উপস্থিত থেকে করান। তিনি অবশ্য পরে শাহজাদপুরে ছিলেন না, মাঝে মাঝে আসতেন।

নগরবাড়ী থেকে আসার পর আমি বগুড়ার সাথে যোগাযোগ করি। সেখান থেকে বেশ কিছুসংখ্যক ইপিআর আসে। তাদের নিয়ে প্রথমে বেড়া যাই। পরবর্তী সময়ে জনাব শামসুদ্দিনের সঙ্গে পরামর্শ করে একদিন রাতে আমরা নগরবাড়ীতে অবস্থানরত পাক বাহিনীকে আক্রমণ করার প্রোগ্রাম করি। কিন্তু অনেকের, বিশেষ করে ট্রাক ড্রাইভারের অসহযোগিতার জন্য ঐ আক্রমণ সফল হয় নাই। আমরা নিজেরা প্রায় দুই ঘন্ট ধাক্কিয়েও ট্রাক সচল করতে পারি না। অতঃপর ভীষণ বৃষ্টি ও বাতাসে খেজুরপাতার পাটিতে খোলা ঘরে মাটিতে শুয়ে থেকে ঠান্ডায় যখন হাত-পা হিম হয়ে এসেছিল তখন আমরা কোনক্রমে রাত ৪টায় বেড়া সিএন্ডবি ডাকবাংলোয় চলে আসি। ঘন্টাখানেক পর সমস্ত বাহিনীও বৃষ্টিতে ভিজে ফিরে আসে। আরও কয়েকটি আক্রমণের চেষ্টা আমরা করলেও নানা ত্রুটির জন্য তা সফল হয় নাই।

অবশেষে ১৯শে এপ্রিল পাক বাহিনীই বেড়ার ডাব-বাগানে অবস্থানরত আমাদের বাহিনীর উপর আক্রমণ করে। উভয় পক্ষেই প্রচুর ক্ষতি হয়। পরের দিনই বাঘাবাড়ীতে অবস্থানরত আমাদের সংগৃহীত ও সিরাজগঞ্জের সশস্ত্র বাহিনী ঐ স্থান ত্যাগ করে। তার পরদিন আমার কাছে খবর আসে যে, ডাব-বাগানে আমার পক্ষে যারা শহীদ হয়েছেন, তাদের কবরও দেওয়া হয় নাই। আমি দুজন কর্মী নিয়ে অমনি রওনা দিই । কিন্তু বেড়া পৌঁছার পর ঐ স্থানের কর্মীরা আর আমাদের অগ্রসর হতে দেয় নাই।

২২শে এপ্রিল পাক বাহিনী বাঘাবাড়ীতে এসে শাহজাদপুরকে লক্ষ্য করে শেল মারতে থাকে এবং বাঘাবাড়ী ও শাহজাদপুরের পতন হয়।

মুক্তিপাগল এক সরকারী অফিসার*

তিনি শুধু একজন মহকুমা প্রশাসক বা সিএসপি অফিসারই ছিলেন না, তিনি ছিলেন বাংলাদেশের মুক্তিযুদ্ধের একজন অগ্রসেনা, এক নির্ভীক যোদ্ধা। মুক্তি সংগ্রাম শুরুর সেই প্রথম ক্ষণেই সিরাজগঞ্জে সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলার নেতৃত্ব দিয়েছেলেন মুক্তিপাগল এই বীর সেনানী। শুধু সিরাজগঞ্জেই নয়, সারা উত্তরবঙ্গই উত্তাল হয়ে

* দৈনিক বাংলা, ১৫ জানুয়ারী ১৯৭২-এ মনজুর আহমদ প্রদত্ত প্রতিবেদন ।

উঠেছিল তাঁর সেই বলিষ্ঠ সংগ্রামী ভূমিকায়। সবাই তাঁকে ভূষিত করেছিল কর্নেল উপাধিতে । সবাই তাঁকে ডাকতো কর্নেল শামসুদ্দিন বলে। নাম ছিল তাঁর এ, কে, শামসুদ্দিন।

শামসুদ্দিন তখন ছিলেন সিরাজগঞ্জের এসডিও। গণতন্ত্র ফিরিয়ে দেয়ার মিথ্যা প্রলোভনে এদেশের মানুষকে মাসের পর মাস সন্দিগ্ধ রেখে সেই পঁচিশে মার্চের যে ভয়াল রাতে পাকিস্তানী হানাদাররা তাদের হিংস্র বিষাক্ত থাবা মেলে ঝাঁপিয়ে পড়েছিল গ্রামবাংলার সাড় সাত কোটি মানুষের ওপর, সেই ঝঞ্ঝা-বিক্ষুব্ধ দিনে এদেশের অসহায় মানুষের পক্ষে হানাদারদের বিরুদ্ধে প্রথম যারা রুখে দাঁড়িয়েছিলেন জনাব শামসুদ্দিন তাদের অন্যতম।

শুধু রুখে দাঁড়িয়েই তিনি ক্ষান্ত থাকেননি-তিনি রীতিমত গড়ে তুলেছিলেন এক বিরাট সংগঠন। সামান্য মাত্র অস্ত্র সম্বল করে তিনি ঝাঁপিয়ে পড়েছিলেন সম্মুখযুদ্ধে। বাংকারে বাংকারে নিপুণ যোদ্ধার মত অস্ত্র হাতে নিয়ে চালিয়েছিলেন লড়াই, শত্রুর সাথে মোকাবিলায় দেখিয়েছেন চমৎকার নৈপুণ্য, দিখিয়েছেন পারদর্শিতা।

বাঘাবাড়ীর প্রতিরোধঃ শত্রুবাহিনীর অগ্রাভিযানের বিরুদ্ধে বাঘাবাড়ীতে যে প্রচন্ড প্রতিরোধ তিনি গড়ে তুলেছিলেন তা এক অস্মিরনীয় ঘটনা। হানাদাররা ৯ই এপ্রিল নদী পার হয়ে চারদিকে যখন হত্যা ও ধ্বংসের হাহাকার তুলে এগিয়ে চলছিল উত্তরবঙ্গের শহর-বন্দরের দিকে তখন এই বাঘাবাড়ীতেই তাদেরকে বাধা দেন জনাব শামসুদ্দিন তাঁর সামান্য সামর্থ্য, সামান্য শক্তি নিয়ে। একদিন দুইদিন এভাবে একটানা পাঁচদিন তিনি এই প্রতিরোধ এড়াবার জন্য হানাদার বাহিনী গতি পরিবর্তন করতে বাধ্য হয়েছিল।

সোজা পথে সিরাজগঞ্জে ঢুকতে ব্যর্থ হয়ে তারা শুরু করেছিল বোমাবর্ষণ। ২৬মে এপ্রিল সিরাজগঞ্জবাসীদের ওপর নেমে আসে হানাদারদের এই বর্বর অভিশাপ। আর এই বিমান হামলারই আবরণে সুযোগ বুঝে ২৭মে এপ্রিল তারা ঢুকে পড়ে শহরে।

জনাব শামসুদ্দিন এই সময়ে চলে যান চর এলাকায়। চর এলাকার অধিবাসীদের নিয়েই তিনি চেষ্টা করতে থাকেন একটি সশস্ত্র দল গঠনের। চেষ্টা করতে থাকেন অস্ত্র সংগ্রহের । এই অস্ত্র সংগ্রহের জন্যেই তিনি ঘুরতে থাকেন এখানে-ওখানে। তিনি যান টাঙ্গাইলে। যোগাযোগ স্থাপন করেন সেখানকার মুক্তিযোদ্ধাদের সাথে।

আর এই ঘোরাঘুরিই তাঁর কাল হোল। সর্বনাশা মৃত্যু যেন দুই ব্যাগ্র হাত মেলে বসেছিল তাঁকে ছিনিয়ে নিবার জন্য। আর সেই কঠিন মৃত্যুর হাতে নিজেকে সঁপে দেবার জন্যেই বুঝি তিনি ঢাকায় এসেছিলেন মে মাসের গোড়ার দিকে। এসেছিলেন তিনি গোপনে। এসেছিলেন কর্তব্যের ডাকে। এ কর্তব্য ছিল তার পরিবারের।

কিন্তু গোপনে এলেও গোপন তিনি থাকতে পারেননি। ১৭ই মে তিনি ধরা পড়ে যান খানসেনাদের হাতে। তার পরের ইতিহাস বর্বর খানসেনাদের নারকীয় নির্যাতনের ইতিহাস। তার পরের ইতিহাস ক্যান্টনমেন্টের একটি ছোট্ট সেলে অমানুষিক নির্যাতনে তাঁর মৃত্যুবরণের ইতিহাস। বাঘাবাড়ী-সিরাজগঞ্জে যিনি ছিলেন খানসেনাদের ত্রাস সেই প্রতিভাধর তরুণ বাঙ্গালী অফিসারকে হাতের মুঠোয় পেয়ে বুঝি উল্লাসে নেচে উঠেছিল হানাদারদের চোখ।

অত্যাচার-নিয়াতনে অর্ধমৃত জনাব শামুদ্দিনের ওপর শেষবারের মতই তাদের আক্রোশ মিটিয়ে নেবার জন্যেই বোধ হয় ২৯শে মে বিকেলে সেলের ভেতরে তার ওপর লেলিয়ে দেয়া হয়েছেল মেজর সরফরাজের জল্লাদ দল-ক্র্যাক পার্টিকে। নিষ্ঠুর এক পৈশাচিকতা নিয়ে তারা ঝাঁপিয়ে পড়েছিল জনাব শামসুদ্দিনের ওপর। মৃত্যুপথযাত্রী এই অসহায় মানবসন্তানের ওপর তারা তাদের আক্রোশ মিটিয়েছিল সর্বশক্তি দিয়ে।

এ অত্যাচার আর তিনি সইতে পারেননি। মৃত্যুর প্রান্তে পৌছে সেলের মধ্যে তাঁরই সাথে আটক সিলেটের এক ভদ্রলোকের কোলে মাথা রেখে তিনি খেতে চেয়েছিলেন এক ফোঁটা পানি।

সশস্ত্র প্রতিরোধঃ বরিশাল-খুলনা-ফরিদপুর

শিরোনাম	সূত্র	তারিখ
১৪। বরিশাল-খুলনা-ফরিদপুর জেলায় সংঘটিত সশস্ত্র প্রতিরোধ যুদ্ধের বিবরণ	বাংলা একাডেমীর দলিলপত্র	---------- ১৯৭১

সশস্ত্র প্রতিরোধে বরিশাল

সাক্ষাৎকারঃ মেজর মেহেদী আলী ইমাম*

অসহযোগ আন্দোলন চলাকালে আমি আমার বাড়ী মঠবাড়িয়ার দাউদখালীতে ছিলাম। অসহযোগ আন্দোলনের সমস্ত পরিস্থিতি আমি রেডিও থেকে শুনতাম। সব সময় আশংকার মধ্যে ছিলাম পাকসেনারা কখন আমাদের উপর ঝাঁপিয়ে পড়ে। এভাবে চলে এল ২৫শে মার্চের কালরাত্রি। রেডিও ও অন্যান্য খবর মারফত বুঝতে পারলাম ঢাকায় এবং অন্যান্য জায়গায় পাক মিলিটারীরা নিরীহ জনগণের উপর ঝাঁপিয়ে পড়েছে। আমি এসব খবর শোনার পর ২৬শে মার্চ সন্ধ্যায় মঠবাড়িয়া থেকে লঞ্চযোগে বরিশালের পথে রওয়ানা হলাম।

২৭শে মার্চ সকাল ১০-১১টায় বরিশাল শহরে পৌঁছলাম। বরিশাল শহর তখন গরম। শহরের ছেলেরা রাইফেল, লাঠি, বল্লম এবং অন্যান্য অস্ত্রের সাহায্যে বরিশাল শহর পাহারা দিচ্ছিল। লোকের মুখে জানতে পারলাম একজন মেজর জলিল এখানে এসেছেন এবং স্থানীয় এম-সি-এ নূরুল ইসলাম মঞ্জুরের বাসায় কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে এবং সেখানেই মেজর জলিল আছেন। আমি এ খবর পেয়ে বেলা ১২টার সময় নূরুল ইসলাম মঞ্জুরের বাসায় গেলাম। সেখানে অত্যন্ত ভীড়। ভীড় ঠেলে ভেতরে গেলাম। সেখানে মঞ্জুর ভাই, মেজর জলিল, স্থানীয় এম-সি-এ আমু ভাই, শামসু মিয়া, মহিউদ্দিন ভাই, বারেক (এঁরা সবাই এম-সি-এ ছিলেন) এবং আরো অনেক স্থানীয় ছাত্রনেতা ও রাজনৈতিক নেতারা ছিলেন। সবাই দেশের পরিস্থিতি নিয়ে আলোচনা করছিলেন এবং এ পরিস্থিতিতে কি করা যায় তা ভাবছিলেন। আমি মেজর জলিল, মঞ্জুর ভাই এবং অন্যান্যের সাথে দেখা করলাম । মেজর জলিলের সঙ্গে আমার আগে আলাপ ছিল না। তিনি আমার সম্পর্কে প্রথমে খোঁজখবর নিলেন। তারপর তিনি সিদ্ধান্ত নিলেন থানা দখল করে নেবার জন্য।

২৭শে মার্চ রাতে আমরা প্রতিটি থানাতে অয়ারলেসের মাধ্যমে খবর পাঠালাম যেসব বাঙ্গালী সৈনিকরা ছুটিতে আছেন তাদের পাঠিয়ে দেবার জন্য এবং মুজাহিদ, আনসার, উৎসাহী যুবক, অবসরপ্রাপ্ত ব্যক্তিদের বরিশালে পাঠিয়ে দিতে নির্দেশ দিলাম এবং আসতে না পারলে সেখানেই ট্রেনিং-এর ব্যবস্থা করতে বলা হল। সমস্ত অস্ত্রশস্ত্র ট্রেনিং-এর জন্য দিতে বলা হল। প্রতিটি থানা আমাদের নির্দেশ জেনে নিয়ে কাজ শুরু করে দিল। আমরা মেজর জলিলের নির্দেশে জায়গায় জায়গায় যুবকদের ট্রেনিং-এর ব্যবস্থা করলাম।

২৭মে মার্চের রাতে নূরুল ইসলাম মঞ্জুরের বাড়ীতে সব আওয়ামী লীগ নেতা ও অন্যান্য দলের নেতাদের নিয়ে একটি সর্বদলীয় সংগ্রাম পরিষদ গঠন করা হয়। মেজর জলিলকে দক্ষিণাঞ্চলের সর্বাধিনায়ক করে কাজ শুরু করে দিলাম। দক্ষিণাঞ্চলের এলাকা বরিশাল, পটুয়াখালী, খুলনা নিয়ে গঠিত ছিল। এস-পিদের নির্দেশ দেয়া হল সমস্ত অস্ত্রশস্ত্র আমাদের হাতে দিয়ে দেবার জন্য। এস-পি'রা নির্দেশ মেনে নিয়ে সমস্ত অস্ত্র আমাদের হাতে তুলে দেন।

সংগ্রাম পরিষদের বিভিন্ন গ্রুপ গঠন করা হয়। খাদ্য সরবরাহের জন্য একটি গ্রুপ গঠন করা হয়- যাদের কাজ ছিল সব মুক্তিযোদ্ধার জন্য খাবার যোগাড় করে দেয়া। ট্রান্সপোর্টগুলি আমাদের কাজের জন্য নিয়ন্ত্রণে

---

* ১৯৭১ সালে ক্যাপ্টেন হিসাবে কর্মরত ছিলেন।

আনা হয়। বেসামরিক শাসনকার্য পরিচালনার জন্য ও একটি পরিষদ গঠন করা হয়। ডেপুটি কমিশনার, নূরুল ইসলাম মঞ্জুর ও অন্যদের নিয়ে এ কমিটি গঠিত হয়েছিল। এছাড়া বরিশাল শহরের কাছাকাছি বেশ কয়েকটি ট্রেনিং কেন্দ্র খোলা হয়। এগুলি ছিল বেলস পার্ক, সদর গার্লস হাইস্কুল, লাকুটিয়া জমিদার বাড়ী (কমান্ডো ট্রেনিং-এর জন্য), মাধবপাশা ও প্রতাপপুর। অন্যান্য থানাগুলিতেও এরূপ অনেক ট্রেনিং কেন্দ্র খোলা হয়। এসব কেন্দ্রে হাজার হাজার যুবক দেশকে মুক্ত করার জন্য ট্রেনিং নিতে শুরু করে। বেলস পার্কে সর্ববৃহৎ ট্রেনিং কেন্দ্র ছিল। এখানে হাজার হাজার যুবক ট্রেনিং নিতে থাকে এবং এদের অনেককে অস্ত্রশস্ত্র দেয়া হয়। আমি সমস্ত ট্রেনিং কেন্দ্রের উপর নজর রাখতাম। ক্যাপ্টেন হুদা মেজর জলিলের সাথে থাকতেন এবং অন্যান্য দিকগুলির উপর নজর রাখতেন।

অয়ারলেসের মাধ্যমে আমরা পূর্বেই চাঁদপুর, পিরোজপুর, বাগেরহাট ইত্যাদি স্থানে যোগাযোগ স্থাপন করেছিলাম। চাঁদপুর থেকে মিজানুর রহমান চৌধুরী অয়ারলেসের মাধ্যমে খবর পাঠালেন পাকসেনা যে কো মুহুর্তে চাঁদপুর আক্রমণ করতে পারে। তিনি আমাদের কিছু লোক পাঠাতে বললেন। মেজর জলিলের নির্দেশে আমি প্রায় ১০০ জন যুবককে অস্ত্রশস্ত্র ও গোলাবারুদসহ চাঁদপুরে পাঠিয়ে দিলাম। ফরিদপুর, পটুয়াখালী বাগেরহাট, খুলনা পিরোজপুর ইত্যাদি গুরুত্বপূর্ণ স্থানেও আমি প্রায় এক হাজার জনকে অস্ত্রশস্ত্র, গোলাবারুদ নিয়ে শত্রুর আক্রমণকে রুখবার জন্য পাঠিয়ে দিলাম। এছাড়াও বিভিন্ন থানা এবং গুরুত্বপূর্ণ স্থানে আরো ৫০০ জনকে অস্ত্রশস্ত্র, গোলাবারুদসহ শত্রুদের রুখবার জন্য পাঠিয়ে দিই। ব্রজমোহন কলেজের কেমিস্ট্রির একজন অধ্যাপক এবং বিজ্ঞান বিভাগ ও মেডিক্যাল কলেজের ছাত্রদের সহায়তায় আমরা হ্যান্ড গ্রেনেড, মলোটভ ককটেল ইত্যাদি হাতবোমা তৈরী করতে শুরু করে দিলাম এবং এগুলি বিভিন্ন স্থানে পাঠিয়ে দিলাম। বরিশাল-পটুয়াখালী যেহেতু নদী প্রধান ছিল, সেহেতু শত্রুরা গানবোট নিয়ে আমাদের আক্রমণ করবে এ সম্বন্ধে আমরা নিশ্চিত ছিলাম। তাই গানবোট ধ্বংস করার জন্য 'রকেট' ধরনের বোমা তৈরী করার চেষ্টা করি। এতে কিছুটা সফল হলেও আমরা তা কার্যকর করতে পারিনি।

ইতিমধ্যে বাংলাদেশের অন্যান্য স্থানে মুক্তিযোদ্ধারা পাকসেনাদের প্রবল চাপের মুখে টিকতে না পেরে পিছু হটতে শুরু করেছে। পাকসেনাদের তুলনায় আমাদের অস্ত্রশস্ত্র ছিল খুবই কম। সেজন্য অন্য কোথাও থেকে অস্ত্র যোগাড় করা যায় কিনা চিন্তা করতে থাকি। বন্ধুদেশ ভারত থেকে অস্ত্র যোগাড় করার জন্য দক্ষিণাঞ্চল কমান্ডের প্রধান মেজর জলিল আওয়ামী লীগ নেতা নুরুল ইসলাম মঞ্জুরকে ভারতে পাঠান। অস্ত্রশস্ত্র যোগার করা ছাড়াও অন্যান্য নেতাদের সাথে যোগাযোগ করাও প্রয়োজন ছিল। আমরা চিন্তা করে দেখলাম পাকিস্তানীদের সাথে এ অবস্থাতে পেরে ওঠা সম্ভব হবে না। তবুও বরিশালের সামরিক দিক দিয়ে গুরুত্ব ছিল। আমরা বরিশালকে রক্ষা করার সিদ্ধান্ত নিই। সেজন্য ঢাকা থেকে বরিশাল আসার পথের উপর ২টি সড়কসেতু ধ্বংস করে দিই। ঢাকা থেকে বরিশালের সরাসরি রাস্তাযোগে কোন যোগাযোগ না থাকলে এই সড়কসেতু ২টি উড়িয়ে দেয়াতে শত্রুদের বরিশাল যাবার পথে বাধার সৃষ্টি হয়। ফেরীগুলি নষ্ট করে দেয়া হয় । পাকসেনারা যাতে বিমানে করে নামতে না পারে তার জন্য রহমতপুর এয়ার বেইসে শক্তিশালী পাহারার ব্যবস্থা করা হয়। কালিজিরা নদীতে শত্রুদের বাধা দেবার জন্য শক্তিশালী পাহারার ব্যবস্থা করা হয়। শত্রুরা যাতে নদীপথে আসতে না পারে তার জন্য বরিশাল থেকে ৫/৭ মাইল দূর পর্যন্ত জায়গায় জায়গায় বাংকার খুঁড়ে নদীপথের উভয় দিকে শত্রুদের অগ্রগতিকে বাধা দেবার জন্য বেশ কয়েকটি অবস্থান গড়ে তুলি।

অন্যদিকে, খুলনা হয়ে শত্রুরা যাতে বরিশালে ঢুকতে না পারে তার জন্যও ঝালকাঠিতে শক্তিশালী পাহারার ব্যবস্থা করার জন্য আমি সেখানে যাই। খুলনা থেকে বরিশালে নদীপথ আসতে হলে গাবখান চ্যানেল হয়ে আসতে হবে। তাই গাবখানের উভয় পাশে শক্তিশালী পাহারার ব্যবস্থা করি এবং মধ্যে একটি 'ফ্ল্যাট' রেখে দিই যাতে শত্রুদের গানবোট না আসতে পারে। শত্রুরা নদীপথে পার না হতে পারলে নদীর এক পাড়ে নামবে, তখন আমরা আক্রমণ চালাব। এটা ছিল পরিকল্পনা।

এরপর যাই পিরোজপুর। পিরোজপুরে লেঃ জিয়ার সঙ্গে আমার দেখা হয়। মেজর জলিল তাকে পিরোজপুরের ভার দিয়ে আমাকে নিয়ে বাগেরহাটে যান। বাগেরহাটের অবস্থান শক্তিশালী করে তুলি এবং পরিকল্পনা নিই খুলনা বেতার কেন্দ্র দখল করে নেয়ার জন্য। পরিকল্পনা মোতাবেক ৩/৪ এপ্রিল রাতে বেতার কেন্দ্রে অবস্থানরত পাকসেনাদের উপর আক্রমণ চালাই এবং ২৪ ঘন্টার জন্য খুলনা বেতার কেন্দ্র মুক্ত রাখতে সক্ষম হই। কিন্তু পাকসেনাদের প্রবল চাপে খুলনা বেতার কেন্দ্র বেশীক্ষণ নিয়ন্ত্রণে রাখতে পারিনি। খুলনা বেতার কেন্দ্রের যুদ্ধে আমাদের তিনজন শহীদ হন। পাকসেনাদের ৩৫ জনের মত হতাহত হয়। আমরা বাগেরহাটে ফিরে আসলাম।

বাগেরহাটে এসে প্রথতে খুলনার এম-সি-এ জনাব রহমান, ছাত্রনেতা টুকু এবং অন্যান্যদের সাথে যোগাযোগ করা হয়। যোগাযোগ করে আমরা রূপসা নদী পার হয়ে রাতের আঁধারে খুলনা শহরের পিছন দিক দিয়ে গিয়ে গোল্লামারীতে অবস্থিত খুলনা বেতার কেন্দ্রের নিকটে কলাবাগানে ২টি প্লাটুনকে অবস্থান নিতে বলি। খুলনা থেকে গোল্লামারী আসার পথে একটি ব্রিজ ছিল। সেই ব্রিজের নিচে এ্যামবুশ নেয়ার জন্য আর একটি ছোট গ্রুপকে নিযুক্ত করি। বয়রাতে কিছু ইপিআর ছিল। তাদের বলা হয় আমরা যখন গোল্লামারী বেতার কেন্দ্রে শত্রুদের উপর ঝাঁপিয়ে পড়ব তখন তারা যেন সার্কিট হাউসে অবস্থানরত পাকসেনাদের উপর ঝাঁপিয়ে পড়ে। এদিকে খুলনা শহরের নিকটস্থ গ্রামের দেশপ্রেমিক যুবকদের (নক্সালদের) সাথে যোগাযোগ করা হয়। তারা আমাদের আক্রমণে সাহায্য করার জন্য একসাথে শত্রুর বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়বে এই পরিকল্পনা নেয়া হয়। আমাদের পরিকল্পনা ছিল একসাতে পাকসেনাদের উপর ঝাঁপিয়ে পড়ে খুলনা শহর শত্রুমুক্ত করব।

পরিকল্পনামত ৩/৪ এপ্রিলের রাত ৯টার সময় গোল্লামারীতে অবস্থিত বেতার কেন্দ্রে শত্রুদের উপর ঝাঁপিয়ে পড়ি। গোল্লামারীতে অবস্থিত পাকসেনাদের সাহায্য করার জন্য সার্কিট হাউস থেকে আরও সৈন্য ১টা জীপ ও ২টা ডজে করে গোল্লামারীর দিকে এগিয়ে আসতে থাকে। আগে থেকেই গোল্লামারী-খুলনার মধ্যে আবস্থানরত এ্যামবুশ পার্টি পাকনেসাদের গাড়ীর উপর গ্রেনেড, হাতবোমা নিক্ষেপ করতে থাকে। জীপ এবং ডজ দুটি ক্ষতিগ্রস্ত হয়। পাক-সেনারা টিকতে না পেরে ব্রীজ এবং বেতার কেন্দ্র ছেড়ে শহরে পালিয়ে যায়।

বয়রাতে অবস্থানরত ইপিআররা শত্রুদের উপর কোন কারণে ঝাঁপিয়ে পড়তে পারেনি। সেজন্য আমরা খুলনা শহর দখল করতে পারিনি। বেতার কেন্দ্র চালু করার চেষ্টা করে ব্যর্থ হই। এ আক্রমণে শত্রুদের ৭৯ জন হতাহত হয়। এদের মধ্যে একজন মেজর ছিলেন। আমাদের পক্ষে তিনজন মুক্তিযোদ্ধা শহীদ হন। হাবিব নামে জনৈক তরুণ ছাত্র ছিল, সে আক্রমণের পূর্বে তার পিতার রিভলবার চুরি করে এই আক্রমণে অংশগ্রহণ করে। তার বয়স কম দেখে আমি তাকে আক্রমণে অংশগ্রহন করতে নিষেধ করেছিলাম। কিন্তু সে আমার চোখে ফাঁকি দিয়ে আক্রমণে ঝাঁপিয়ে পড়ে। যুদ্ধের পরে তাকে মৃত অবস্থায় দেখি। শহীদদের মধ্যে জনৈক অবসরপ্রাপ্ত ই-এম-ই'র সৈনিকও ছিলেন।

পরদিন শত্রুরা খুলনা শহর থেকে মর্টারের প্রচন্ড গোলাবর্ষণ করতে থাকে এবং ৩০-এম-এম-জি থেকে আমাদের উপর মুষলধারে গুলি চালাতে থাকে। আমরা চিন্তা করে দেখলাম শত্রুদের বিরাট শক্তির সাথে পেরে ওঠা সম্ভব হবে না । সেজন্য কৌশলগত কারণে ৫ই এপ্রিল রাতে শত্রুসৈন্যের প্রচন্ড চাপের মুখে টিকতে না পেরে ফিরে বাগেরহাটে চলে আসি। আমাদের আক্রমণের মূল লক্ষ্য ছিল জনগণকে আমাদের কার্যকলাপ সম্বন্ধে জ্ঞাত করা এবং শত্রুকে পর্যুদস্ত করা । সেটা আমরা করতে পেরেছিলাম।

বাগেরহাটের তৎকালীন এস-ডি-ও পরিস্থিতির জন্য ভীত ছিলেন। তিনি আমাদের ঠিকমত সাহায্য দিতে পারছিলেন না। বাগেরহাট শহরে অবস্থান নিয়ে থাকা ঠিক হবে না, কেননা শত্রুরা আমাদের অবস্থানের কথা জেনে ফেলেছিল। তাই বাগেরহাটের ছেলেরা বলে খান জাহান আলী সাহেবের দরগার পাশে অবস্থান নিলে ভাল হবে। তাদের একটা বিশ্বাস ছিল দরগার কাছাকাছি অবস্থান নিলে শত্রুরা আক্রমণ করতে পারবে না। সেজন্য

আমি বাগেরহাটে দরগার পাশে অবস্থান নিই। বাগেরহাটের এম-সি-এ আবদুর রহমান অনেক সময় আমাদের কোন নির্দেশ না নিয়ে অনেক কাজ করে ফেলতেন। আমি খবর পাই খুলনার এম-সি-এ শেখ আবদুল আজিজ সাহেব বাগেরহাটে এসেছেন। তার সাথে অনেক কষ্টে যোগাযোগ করি। তিনি আমাদের অনেক সাহায্য করেছেন।

একদিন খবর পাই একটা জাহাজে কিছু হাতিয়ার আছে-যার কথা পাকসেনারাও জানেনা এবং জাহাজটা পরিত্যক্ত হয়ে পড়ে আছে। এ খবর আমাকে দেন মংলা পোর্টের একজন কাস্টম অফিসার। সে হাতিয়ার যোগাড় করার জন্য আমি দুটি স্পীডবোট নিয়ে সুন্দরবন হয়ে ঘুরে মংলা পোর্টে যাই । পোর্টে গিয়ে একটা স্পীডবোট পরিত্যক্ত জাহাজটির কাছে যায়। আমি অন্য স্পীডবোটটি থেকে শত্রুদের উপর নজর রাখি। আগের স্পীডবোটটি যখন কয়েক বাক্স মাল নামিয়েছে, হঠাৎ করে গানবোট থেকে পাকসেনারা গোলা ছুঁড়তে থাকে আমরা কোনরকমে দ্রুত সেখান থেকে পালিয়ে আসি। পরে বাক্স খুলে দেখতে পাই, সেগুলি বন্দুকের গুলি বাগেরহাট থেকে আসার পথে দেখতে পাই চার নৌকা বোঝাই চাল চুরি হয়ে গেছে। আমরা তার অধিকাংশই উদ্ধার করে বাগেরহাটে নিয়ে আসি। গুলি নিয়ে স্পীডবোটে করে পালিয়ে আসার সময় বৈঠাঘাটা থানাতে আশ্রয় নিই। এখানে শুনতে পাই, পাকসেনারা নদীপথে গানবোটের সাহয্যে পাহারা দিচ্ছে। আমি এখানে মুক্তিযোদ্ধাদের ট্রেনিং-এর ব্যবস্থা করে বাগেরহাটে ফিরে আসি। একদিন রাতে দালাল রজব আলী ও তার সঙ্গীরা আমাদের বাগেরহাট দরগা অবস্থানে রাতের অন্ধকারে হামলা চালায়। আমরা হামলা প্রতিহত করি। রজব আলী ও তার দলবল রাতের অন্ধকারে আমাদের কাছে মাঝে মাঝেই বিভিন্ন উপায়ে বাধার সৃষ্টি করত।

নানারকম সুবিধা অচলাবস্থা ও সাময়িক হতাশার জন্য বাগেরহাটে মুক্তিযোদ্ধাদের মধ্যে এক হতাশার সৃষ্টি হয়। আমি তাদের মধ্যে হতাশার ভাব দূর করে মুক্তিবহিনীকে সংগঠিত করে তুলি। তারপর মেজর জলিল আমাকে পিরোজপুর ও বাগেরহাটের ভার দেয়া হয় এবং আমাকে বরিশালে প্রতিরক্ষা ব্যবস্থা সুদৃঢ় করার জন্য সেখানে যেতে নির্দেশ দেয়া হয়। তারপর আমি বরিশালে এসে আগেকার তৈরী বাংকার এবং অন্যান্য স্থানে অবস্থান নিই এবং বরিশাল শহর ও অন্যান্য এলাকায় যাতে শত্রুরা প্রবেশ করতে না পারে তার জন্য শক্তিশালী ব্যূহ তৈরী করতে থাকি। বরিশাল থেকে বেশ কিছুদূরে জুনাহারে কীর্তনখোলা নদীর দুই পারে বাংকার খুঁড়ে শত্রুর অগ্রগতি ঠেকানোর জন্য শক্তিশালী অবস্থান গড়ে তুলতে থাকি। ঢাকা এবং ভোলা থেকে রাত্রে পাকসেনারা আসতে না পারে তার জন্য জুনাহারে অবস্থান নিই। পূর্বেই বলেছি বরিশাল হল নদীপ্রধান। স্থলপথে পাকসেনাদের বরিশাল আসা অসম্ভব ছিল। যেদিক দিয়েই শত্রুসেনারা বরিশালের দিকে আসুক না কেন তাদের নদীপথ হয়েই আসতে হবে। পটুয়াখালী তখন আমাদের নিয়ন্ত্রণেই ছিল। সেদিক দিয়ে পাকসেনাদের আসার কোন সম্ভাবনা ছিল না, খুলনা হয়ে এতদূর ঘুরে পাকসেনারা আসবে সেটাও সম্ভব নয়। তবুও বরিশাল থেকে কিছু দূরে আমরা বাংকার খুঁড়েছিলাম পাছে খুলনার দিক থেকে কোন আক্রমণ পরিচালনা করা হয়। তবে অস্ত্রের অভাবে সেখানে কোন অবস্থান নেওয়া হয়নি। জুনাহারে কীর্তনখোলা নদীর দুই পারে অবস্থান নেওয়ার পর শত্রুরা যাতে অতি সহজে নদীপথে বড় স্টীমারে না আসতে পারে তার জন্য ২টা স্টীমার ব্যারিকেড করে নদীর মধ্যে আড়াআড়িভাবে রেখে দেয়া হয়। আমি জুনাহারে প্রথমে ৯০জনকে ৯০টি রাইফেল দিই। এর মধ্যে ৫০টি ৩০৩ রাইফেল ছিল, বাকি ৪০টি ছিল মান্ধাতা আমলের। মেজর জলিল ইতিপূর্বে জাতীয় সংসদ সদস্য নূরুল ইসলাম মঞ্জুরকে অস্ত্রের জন্য ভারত থেকে ৫০টি এস-এম-জি, ২০০টা ৩০৩ রাইফেল, ১৫টি এস-এল-আর, ৩০০টা ৩৬-হ্যান্ড গ্রেনেড ও কিছু এনারগা গ্রেনেড ও লাঞ্চার নিয়ে আসেন। তবে এসব অস্ত্রের কোন শক্তি ছিল না পাকসেনদের গানবোট ধ্বংস করার। এসব অস্ত্র নূরুল ইসলাম মঞ্জুর মেজর জলিলের হাতে তুলে দেন। মেজর জলিল এসব অস্ত্রের মধ্যে আমাকে ২টা এস-এল-আর, ৪টা এনারগা গ্রেনেড ও ৩০টি মান্ধাতা আমলের রাইফেলের পরিবর্তে ৩০৩ রাইফেল ৩০টি দেন। ইতিপূর্বেই

পাক বিমান বাহিনী বরিশাল শহরে এসে ২টা স্যাবর জেটের সাহয্যে স্ট্র্যাফিং করে। বিমান বাহিনীর বুলেটবৃষ্টির ফলে একটি যাত্রীবাহী লঞ্চ ক্ষতিগ্রস্ত হয়। এত ৩০/৪০ জন নিরীহ লোক মারা যায়।

এ বিমান আক্রমণের ফলে জনসাধারণ ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে এবং প্রাণভয়ে অধিকাংশ লোকই শহর ছেড়ে পালিয়ে যায়। বরিশাল একরকম জনশূন্য হয়ে পড়ে। বিমান হামলার বেলস পার্কে অল্পের জন্য মেজর জলিল রক্ষা পান।

বিমান হামলার পর প্রয়োজনীয় মজুত রিজার্ভ অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ লাকুটিয়া জমিদার বাড়ী ও অন্যান্য স্থানে সরিয়ে নেয়া হয়। বরিশাল শহরের উপর আক্রমণ অত্যাসন্ন ভেবে আমরা এই ব্যবস্থা নিয়েছিলাম। পেট্রোল যোগাড় করার জন্য ২৪শে এপ্রিল সন্ধ্যায় স্পীডবোটে করে ভোলায় যাই। বহুকষ্টে সামান্য পেট্রোল সংগ্রহ করে পরদিন সকালে ফিরে আসি।

আমি যখন কন্ট্রোল রুমে বসে আছি তখন হঠাৎ বরিশালের ২০ মাইল দুরে নান্দিনাবাজারে অবস্থানরত আমাদের পার্টি খবর জানায় ৪টি গানবোট ও অন্য দুটি বোটে করে পাকসেনারা যতদূর সম্ভব বরিশালের দিকে অগ্রসর হচ্ছে এবং তারা বরিশাল আক্রমণ করতে পারে। আমি তৎক্ষনাৎ জুনাহারে আমাদের অবস্থানের দিকে চলে যাই। জুনাহারে পৌঁছতে পৌঁছতে দেখি পাকসেনারা আমাদের উপর হামলা শুরু করে দিয়েছে। আমি জুনাহারের তালতলী নদীর পারে আমার অবস্থানে গিয়ে দেখি সেখানে অবস্থানরত সেনারা ভয় পেয়ে গেছে। আমি তাদের সাহস দিয়ে সংগঠিত করি। শত্রুসেনারা বাধা পেয়ে দিক-বিদিক জ্ঞানশূন্য হয়ে নদীর উপর ব্যারিকেড সৃষ্টি করে রাখা ২টি স্টীমারের উপর হামলা চালায়। ১টি স্টীমার গোলা মেরে পুড়িয়ে এবং অন্যটি ডুবিয়ে দিয়ে তারা তালতলী নদীর ভেতরে ঢুকে পড়ে।

আমাদের হাতে ভারী অস্ত্র না থাকার ফলে আমরা গানবোটগুলি ধ্বংস করে দিতে পারিনি। আমি দ্রুত ১টি নৌকায় করে তালতলী নদী পার হবার চেষ্টা করি। এ সময় শত্রুসেনারা আমার নৌকার উপর হামলা চালায়। এতে নৌকার মাঝি আহত হয়। আমি দ্রুত নদীতে ঝাঁপিয়ে পড়ি এবং পার হতে সক্ষম হই।

শত্রুসেনারা সে সময় আমার উপর মেশিনগানের গুলি চালাতে থাকে। আমি চরে ধানক্ষেতে প্রায় ১ ঘন্টা পড়ে থাকি। তারপর আস্তে আস্তে ক্রলিং করে মূল অবস্থানে ফিরে আসি।

শত্রুদের গানবোট ধ্বংস করার জন্য আমার বাহিনীর ইপিআর-এর হাবিলদার আবদুল মান্নান অতি সাহসিকতার সাথে খুব নিকট থেকে ১টি গানবোটের উপর হামলা চালায়। এতে গানবোটের যথেষ্ট ক্ষতি হয়। ১২টা পর্যন্ত মুষলধারে উভয় পক্ষে গোলাগুলি চলতে থাকে। ইতিমধ্যে হেলিকপ্টারে আরও ১০০-এর মত খানসেনা তালতলী পাড়ে নামানো হয়। সন্ধ্যার দিকে আমরা অবস্থান তুলে নিই। পাকসেনারা আশেপাশের গ্রামগুলি উপর অবিরাম গোলাবর্ষণ করতে থাকে। পরদিন ২৬শে এপ্রিল পাকসেনারা বরিশাল শহরে প্রবেশ করে এবং যুদ্ধের সময় যথেষ্ট গোলাগুলি ক্ষয়ের ফলে পাক সেনারা বরিশাল শহরে ক্ষতি করতে পারেনি। ইতিমধ্যে সংঘর্ষের সময় বরিশাল শহরের লোকেরা নিরাপদ স্থানে পালিয়ে যায়। এ সংঘর্ষে পাকসেনাদের ২৫ জন মারা যায়। আমাদের কেউ মারা যায়নি।

বরিশালে প্রতিরোধের বিবরণ

সাক্ষাৎকারঃ মহিউদ্দীন আহমদ, প্রাক্তন এম-টি

২৮-০৮-১৯৭৩

২৫মে মার্চের ঘটনা আমি জানতে পারি টেলিফোনযোগে রাত সাড়ে নটা-দশটার দিকে। আমরা মঞ্জুর ভাই সহ বসলাম আলাপ-আলোচনার জন্য। অয়ারলেস মারফত আমরা বিভিন্ন স্থানে যোগাযোগ করে ঢাকার পুরা

খবর পেলাম। রাতে আমরা সিদ্ধান্ত নিই পাকসেনা আসার আগেই আমরা সমগ্র প্রশাসনযন্ত্র তথা অস্ত্র আমাদের হাতে নিয়ে আসবে।

মার্চ মাসের শুরু থেকেই আমিসহ আমার দলের লোকজন বিভিন্ন স্থানে জনসভা করে জনমত গঠন করে। পাক-আক্রমণ ঘটলে যেকোন জবাবের জন্য সবাইকে প্রস্তুত থাকতে হবে। সমগ্র বরিশাল জেলার বিভিন্ন থানা, উইনিয়ন, গ্রামে সভা করে বেড়াই। মানুষ প্রস্তুত ছিল যেকোন অবস্থার জন্য।

২৬শে মার্চ আমি এবং নূরুল ইসলাম মঞ্জুর মিলে পুলিশ লাইনে পুলিম রিজার্ভ ফোর্সের সামনে বক্তৃতা করি। তারা সবাই হাত উঠিয়ে স্বাধীনতা যুদ্ধে অংশ নিতে প্রস্তুত বলে জানায়। এস-পি'র সাথে আলাপ-আলোচনা করি। আমরা সমস্ত জেলার দায়িত্ব নিই। পাকসেনা ওয়াপদা কলোনীতে কিছু ছিল, তারা আমাদের ফোন পেয়ে পালিয়ে যায়।

২৭শে মার্চ আমরা এসপি'র কাছে থেকে চাবি নিয়ে ট্রাকে করে প্রচুর অস্ত্র উদ্ধার করে নিয়ে যাই। লাকুটিয়া জমিদার বাড়ী কাশীপুর, মঞ্জুর সাহেবের বাসাতে অস্ত্রশস্ত্র রাখি এবং ছাত্র, পুলিশ, আনসার, সাধারণ লোক, ছাত্রলীগ কর্মী, আওয়ামী স্বেচ্ছাসেবক বাহিনী, শ্রমিক সব মিলে ৪/৫ হাজার মুক্তিযোদ্ধা তৈরী করি। ২৭/২৮শে মার্চ থেকে পুলিশ লাইনে এবং বেলস পার্কে (বঙ্গবন্ধু পার্ক) আর্মস ট্রেনিং-এর ব্যবস্থা করা হয়। উজিরপুর থানাতে মেজর জলিলের বাড়ী। জনসভা করে বের হওয়ার সময় মেজর জলিলের সাথে আমাদের পরিচয় হয়। সে আমাদের বক্তৃতায় মুগ্ধ হয়ে বলে, ''আমি ছুটিতে আছি, যদি কোন কাজে লাগে ডাকবেন।'' ২৮শে মার্চ আমরা চিঠি পাঠিয়ে মেজর জলিলকে নিয়ে আসি এবং কাজে লাগাই। আমরা ডিসির বাংলোতে আলাপ-আলোচনা করে সংগ্রাম পরিষদ গঠন করি নূরুল ইসলাম মঞ্জুর, এম-পি-সিভিল প্রধান; মহিউদ্দীন আহমদ এম-পি খাদ্য এবং যোগাযোগ; আমির হোসেন আমু, এম-পি-সাহায্য; আমিনুল হক চৌধুরী-বিচার বিভাগ; এম-পি সার্জেন্ট ফজলুল হক, মেজর জলিল ও এস-পি-ডিফেন্স; আবদুল মালেক খান, আওয়ামী লীগ সভাপতি-অর্থ বিভাগ; সর্দার জালাল, এডভোকেট ইউসুফ, হুমায়ুন এমপি-প্রচার বিভাগ; কাজী মহিউদ্দিন-নদীপথ যোগাযোগ; হেমায়েত উদ্দীন এডভোকেট-সমন্বয় বিভাগ। প্রত্যক বিভাগের সাথে ডিসি, এসপি, এডিসি, যাবতীয় বিভাগীয় প্রধানরা সম্পাদক হিসাবে কাজ শুরু করেন। ডিসি ছিলেন হাবিবুর রহমান, এমপি ফখরুদ্দিন আহমেদ, এডিসি কাজী আজিজুল ইসলাম (শহীদ), অতিরিক্ত জেলা পুলিশ প্রধান গোলাম আহমদ (শহীদ), জেলা খাদ্য নিয়ন্ত্রক আসমত আলী, আনসার এ্যাডজুটেন্টরাও আমাদের সহযোগী ছিলেন। তালতলী, সাগরদি, কাশীপুর এলাকা, লাকুটিয়া ইত্যাদি স্থানে ডিফেন্স দেওয়া হয়। শহরের ভিতরেও আমাদের গোপন সেল ছিল।

ইতিমধ্যে ঢাকা, খুলনার বিভিন্ন স্থান থেকে হাজার হাজার শরণার্থী তথা আহত লোক আসা শুরু করে। তাদেরকে কলেজসহ বিভিন্নস্থানে রাখার ব্যবস্থা করি এবং পরে তাদেরকে পৌঁছানোর ব্যবস্থা আমি নিজে করি। ফোন মারফত আমাদের বাগেরহাট, ফরিদপুর, মাদারীপুর, পটুয়াখালী, ফেনী, চাঁদপুর ইত্যাদি স্থানের সাথে আমাদের যোগাযোগ ছিল।

এপ্রিল মাসের প্রথম সপ্তাহে মঞ্জুর সাহেব (এমপি) আগরতলা যান। তিনি আগরতলা থেকে ফিরে আবার কলকাতা যান অস্ত্রের জন্য। তাঁর অনুপস্থিতিতে আমার ওপর দায়িত্ব পড়ে ডিফেন্সের। আমি ১৫০ জনের মত যোদ্ধাকে অস্ত্র, খাদ্য, ওষুধ সহ লঞ্চযোগে চাঁদপুর পৌঁছি মিজানুর রহমান চৌধুরীর অনুরোধে। এই বাহিনী কুমিল্লা সেনানিবাস আক্রমণ করে এপ্রিলের প্রথম সপ্তাহে। আমাদের বাহনীর ৩০ জনের মত শহীদ হয় ওখানে।

বাগেরহাটেও আমরা পাঠিয়েছিলাম ৬০ জনের মত যোদ্ধাকে। খুলনার যুদ্ধে আমাদের ৩/৪ জন শহীদ হন। আমাদের একটি পেট্রোল পার্টি ছিল যারা মোটরসাকেল এবং মোটর সহযোগে যোগাযোগ রাখতো। প্রতি থানাতে সংগ্রাম পরিষদ গঠন করে ট্রেনিং-এর ব্যবস্থা করা হয়। থানার সাথে আমাদের সব সময় যোগাযোগ থাকতো। বরিশালের সকল মহকুমায় আমরা নির্দেশ এবং যোগাযোগ রাখতাম।

২৬শে এপ্রিল বরিশালের পতন ঘটে পাক বহিনীর হাতে। ইতিমধ্যে এপ্রিল মাসের ১০/১২ তারিখে এবং ১৯/২০ তারিখে পাক বিমান দু'বার হামলা চালিয়ে আমাদের একটি লঞ্চ ডুবিয়ে দেয় এবং বোমার আঘাতে ২০ জনের মত লোক মারা যায়। বহু আহত হয়। পথিমধ্যেও বহু লোক মারার যায়। মঞ্জুর সাহেবের কথা মত মেজর জলিল এবং ক্যাপ্টেন হুদাকে অস্ত্রের জন্য ভারতে পাঠানো হয়। মঞ্জুর ভাই ইতিমধ্যে ২২ এপ্রিল কিছু অস্ত্র নিয়ে বরিশাল আসেন।

২৫শে এপ্রিল ভোরবেলা থেকে পাকসেনারা শেলিং করতে করতে আসে মুলাদির দিক থেকে। খুলনার দিক থেকেও আসতে থাকে। ফরিদপুর থেকেও স্থলবাহিনী মার্চ করে আসতে থাকে। ৪টি জেট অনবরত বোমা ফেলা শুরু করে। পর মুহুর্তে ৬টি হেলিকপ্টারযোগে অসংখ্য ছত্রীসেনা নামিয়ে দেয়। মঞ্জুর তখন তালতলী (উত্তর দিকে) ও আমি দক্ষিণ দিকে যুদ্ধ পরিচালনা করি। পরবর্তীকালে ক্যাপ্টেন ফিরুর গুলি লাগে। পাশাপাশি মঞ্জুরও ছিল। মঞ্জুর আমাকে মেসেজ দেন ফোর্স নিয়ে লাকুটিয়া রওয়ানা হবার জন্য। আমি নিজে বাহিনীর ডাক্তারসহ লাকুটিয়া রওনা হই। কিন্তু অনবরত বোমা ফেলার জন্য লাকুটিয়া না যেতে পেরে সরদার জালাল, আমিনুল হক চৌধুরী এবং কিছু ছেলে নিয়ে কাশীপুর ক্যাম্পে চলে যাই। এর আগেই অবস্থা বুঝতে পেরে শহর থেকে বেসামরিক লোকদের সরে যেতে বলি। আওয়ামী লীগের কিছু নেতাকেও চলে যেতে বলি। সরদার জালালকে রুহাতে (গ্রাম) রেখে একটি জীপ নিয়ে দুজন মুক্তিযোদ্ধাসহ বিকাল ৫টার দিকে শহরে চলে আসি অবস্থা দেখার জন্য। শহরে ঢোকার সময় গ্রামসংলগ্ন রাস্তার দু'পাশে বেশকিছু মুক্তিযোদ্ধাকে পজিশন নিয়ে থাকতে দেখি। আমি কিছু মুক্তিবাহিনীকে নদীর ওপারে (কীর্তনখোলার ওপারে পজিশন নিয়ে গানবোটে সুযোগ বুঝে আক্রমণ করতে বলি।

শহর তখন শূন্য। কিছুক্ষণ পরপরই আবার ব্যাপকভাবে বোমা ফেলা শুরু হয়। আমি ও ড্রাইভার দু'জন বাংকারে আধ ঘন্টা বসে থাকি। বোমা ফেলা একটু কমলে গাড়ী নিয়ে রুহা গ্রামে রওনা হই। ছত্রীসেনা নেমে গিয়েছিল। তারা আমার গাড়ী লক্ষ্য করে গুলি ছোড়ে। আমরা অল্পের জন্য বেঁচে যাই। রুহা গ্রামে পৌঁছালে মঞ্জুরের মেসেজ পেলাম যে আমাদের লাকুটিয়া ঘাঁটির পতন ঘটেছে। তিনি স্বরূপকাঠির দিকে যোদ্ধা নিয়ে রওনা হয়েছেন। আমাকে রাতেই তার সাথে দেখা করতে বলেন। রাতেই কিছু যোদ্ধা, জালাল আহমেদসহ রওনা হয়ে পরদিন ভোরবেলা স্বরুপকাঠি (থানা) গিয়ে পৌঁছাই। ২৬ তারিখে রাত ৩টার দিকে কাউখালীতে মঞ্জুরের সাথ আলাপ করি। আমরা ওখান থেকে গানবোটের শেলিং শুনতে পাচ্ছিলাম।

২৭শে এপ্রিল রওনা হয়ে আমরা ৩টি বড় লঞ্চে বহু পরিবারসহ (২০০/৩০০) সুন্দরবন হয়ে হাসনাবাদ পৌঁছাই ২৯শে এপ্রিল। বিশ্রাম সিংহ তখন সীমান্ত রক্ষী বাহিনী প্রধান ছিলেন। তিনি আমাদের সাদরে গ্রহণ করেন। কলকাতার বালিগঞ্জে মঞ্জুরসহ মন্ত্রী পরিষদের সাথে দেখা করে আলাপ-আলোচনা করি বরিশালের সব কথা বলি। জেনারেল ওসমানীর সাথেও ওখানে সাক্ষাৎ হয়। বিশ্রাম সিংহ মিঃ মুখার্জী, নেভাল কমান্ডার কে,বি, সিংহ- এদের সাথে আমাদের ঘনিষ্ঠ বন্ধুত্ব হয়। এদের আন্তরিকতা ও সাহায্য-সহানুভূতি ভোলা যায় না।

১লা মে থেকে ৭ই মে পর্যন্ত হাসনাবাদ, ব্যারাকপুর পাগলের মত আমি এবং মঞ্জুর ঘোরাঘুরি করে দুই লঞ্চ আধুনিক অস্ত্র, ওষুধ, ড্রাই ফুডসহ কয়েক লক্ষ টাকার জিনিস সরকারী চুক্তি ছাড়াই কামান্ডার মুখার্জী, কে,বি, সিংহ, বিশ্রাম সিংহ গোপনে আমাদের হাতে তুলে দেন। ৬/৭ দিন আমাদের ছেলেদের কয়েকটি গ্রুপে ভাগ করে প্রতি গ্রুপকে বিভিন্ন অস্ত্রে বিশেষ শিক্ষা দিই। আমরা নিজেরাও শিক্ষা নিই। আমি, মঞ্জুর, সরদার জালাল, প্রায় ৮০ জন যোদ্ধা, মেজর জলিল, ক্যাপ্টেন রহমান, লেঃ নাসের সহ ২টি লঞ্চ ভর্তি অস্ত্র ও অন্যান্য জিনিস নিয়ে বরিশালের দিকে রওনা হই। ৪০ হর্স-পাওয়ারের স্পীডবোটও ছিল আমাদের সাথে।

দুপুর ২টার দিকে আমরা হাসনাবাদ থেকে রওনা হই। ২টি ভারতীয় নেভাল শীপ আমাদের পৌঁছে দিয়ে সালাম করে চলে য়ায়। একটি লঞ্চে মেজর জলিল, ক্যাপ্টেন রহমান এবং অন্যটিতে আমি, মঞ্জুর, লেঃ ময়নুল ছিলাম। আমরা সন্ধ্যা ৬টার দিকে বাংলাদেশে পুনঃপ্রবেশ করি।

খুলনা জেলার সুন্দরবন এলাকায় গাবুরিয়া ইউনিয়নের বুড়িগোয়ালিনীর নিকটে তিনটি পাক গানবোট আমাদের আক্রমণ করে। আমরাও পাল্টা আক্রমণ করি। এক ঘন্টা যাবৎ দু'পক্ষে গোলাগুলি হয়। আমাদের আক্রমণে একটি গানবোট ক্ষতিগ্রস্ত হয়। তখন ওরা দূরে চলে গিয়ে কামান ছুড়তে থাকে। রাত ১১টা থেকে ১টা পর্যন্ত যুদ্ধ চলে। আমাদের দু'টি লঞ্চে পিছনে যে পেট্রোল ছিল তাতে শেল পড়ে আগুন লেগে যায়। ওখানে আমাদের কয়েকজন যোদ্ধা শহীদ হয়। আমরা পানিতে ঝাঁপ দিই। আমরা কিছু সাঁতরিয়ে পাড়ে উঠি। ওয়াপদা বাঁধে উঠে পজিশন নিই। কিছু মুক্তিযোদ্ধাসহ আমি এবং মঞ্জুর পিছু হঠতে থাকি। পাকসেনারা অনবরত শেল ফেলতে থাকে গ্রামের দিকে। আমরা যে কোন স্থানে তার কিছুই বুঝছিলাম না।

গাবুরিয়া ইউনিয়নের ঐখানে শান্তি কমিটির চেয়ারম্যান সোহরাব হোসেন খবর দিয়ে পাক গানবোট নিয়ে আসে। তখন ভীষণ ঝড়-বৃষ্টি হচ্ছিল। মাঠের ভিতর আমি নূরুল ইসলাম মঞ্জুরকে হারিয়ে ফেলি। আমি এবং আবুল হোসেন নামে একজন মুক্তিযোদ্ধা বিচ্ছিন্নভাবে একদিকে এগোতে থাকি। ভোরবেলা সর্দার জালাল, কানু, মকসেদ আলী, বাদল, ফিরোজসহ কিছু লোককে মাঠের মধ্যে দেখতে পাই এবং তাদের সাথে মিলিত হই। আমরা ১৭ জন লোক। আর কারো কোন খোঁজ পাইনি। একদিকে বিদ্যুৎ, সার্চ লাইটের আলো, অন্যদিকে ঝড়-বৃষ্টির মধ্যে ক্রলিং করে এগোচ্ছিলাম। আমরা ১৭ জনই কমবেশী আহত ছিলাম। আমরা ১৭ জন গ্রামের দিকে রওনা হচ্ছিলাম। বৃষ্টি তখন সমানে হচ্ছে। আমরা পাইকগাছা থানার ভিতরে মদিনাবাদ গ্রামে কয়রা ইউনিয়নে পৌঁছাই। আমরা আমাদের পরস্পরের নাম বদল করি। গ্রামের অবস্থাও বুঝি যে তা আমাদের পক্ষে হবেনা। মওলানা সালাম ওখানে শান্তি কমিটির চেয়ারম্যান ছিল। মওলানা আবদুস সালাম তার দলবল এবং অস্ত্রশস্ত্র নিয়ে আমাদের ঘেরাও করে বন্দী করে ফেলে।

প্রতিরোধ-বরিশাল

সাক্ষাৎকারঃ আবদুল করিম সরদার, প্রাক্তন এম-পি

২২-১০-১৯৭২

২৬শে মার্চ কটকস্থল নামক স্থানে পাক-বাহিনীর সাথে মুক্তিবাহিনীর এক প্রচণ্ড যুদ্ধে পাক-বাহিনীর ৭ জন নিহত ও বহু আহত হয়। অপরপক্ষে মুক্তিবাহিনীর ৩ জন (পরিমল, আবুল হাশিম ও মোশাররফ) শহীদ হয়। জুলাই মাসের শেষের দিকে কোদালদহে এক যুদ্ধে ৬ জন পাকসেনা নিহত হয়।

প্রতিরোধ-বরিশাল

সাক্ষাৎকারঃ ডাঃ মোহাম্মদ শাহজাহান

.....১৯৭২

মার্চ মাসে আমি বরিশাল মেডিক্যাল কলেজ হাসপাতালে কর্তব্যরত অবস্থায় ছিলাম। ২৫শে এপ্রিল, ১৯৭১-এ পাকিস্তান সেনবাহিনী বরিশাল দখল করে নেয়। বরিশাল শহরের ৪ মাইল দূরে লাকুটিয়া জমিদার বাড়িতে মুক্তিযোদ্ধাদের ঘাঁটি স্থানান্তর করা হয়। ২৫শে এপ্রিল পাকসেনা বাহিনীর গুলিতে কামাল নামে একজন ছাত্র আহত হয়। আমাকে এসে খবর দেয়া হল। তখন সেখানকার হাসপাতালের সমস্ত ডাক্তার ভয়ে পালিয়ে যায়। আহত ছাত্রটিকে লাকুটিয়ায় নিয়ে যাওয়া হয়। জনাব নূরুল ইসলাম মঞ্জুর, আমি এবং আরো কয়েকজন মুক্তিযোদ্ধা লাকুটিয়া ঘাঁটিতে গেলাম।

বরিশাল শহরের পতনের পূর্বে মেজর জলিল সেখানে মুক্তিযোদ্ধাদের সংগঠিত করছিলেন। তিনি, লেফটেন্যান্ট হুদা এবং আরো কয়েকজন তদানীন্তন পাকিস্তান সেনাবহিনীর লোক ভারতে অস্ত্র সংগ্রহের জন্য

গিয়েছিলেন। মেজর জলিল তখন বাড়িতে ছুটি কাটাচ্ছিলেন। এর আগে জনাব নূরুল ইসলাম মঞ্জুর ভারতে অস্ত্র সংগ্রহের জন্য গিয়েছিলেন। তিনিও স্বাধীনতা সংগ্রামকে ত্বরান্বিত করার জন্য মুক্তিযোদ্ধাদের সংগঠিত করছিলেন।

লাকুটিয়াতে থাকা নিরাপদ নয় মনে করে আমরা সেখান থেকে মাধবপাশা চলে গেলাম। আমরা প্রায় ৩০ জন লোক ছিলাম। তাদের মধ্যে জনাব নূরুল ইসলাম মঞ্জুর, লেঃ নাসিরও ছিলেন। মাধবপাশা থেকে আমরা মামুদকাঠিতে জনাব নূরুল ইসলাম মঞ্জুরের এক আত্মীয়ের বাড়িতে গেলাম। এখানে আমরা শপথ গ্রহণ করি যে, আমরা সবাই বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে প্রয়োজন হলে প্রাণ দেব। এখানে বসে আমরা ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করি। দুটো ছেলেকে খবর আনার জন্য বরিশাল শহরে পাঠানো হয়।

আমরা পুলিশের এস-পি'র লঞ্চে করে সুন্দরবনের দিকে রওনা হলাম। ২৭শে এপ্রিল দুপুরের দিকে সুন্দরবনে ঢুকলাম। ৩০শে এপ্রিল পর্যন্ত সুন্দরবনের মধ্যে ছিলাম। সুন্দরবন, শরণখোলা, বুড়িগোয়ালিনী হয়ে ১লা মে ভারতীয় সীমান্ত হিংগলগঞ্জে পৌঁছালাম। সেদিনই ভারতের হানসাবাদে চলে গেলাম কালিন্দী নদীর মধ্য দিয়ে।

এখানে এসে মেজর জলিল, লেঃ হুদা এবং আরো কয়েকজন মুক্তিযোদ্ধার সাথে দেখা হয়। বরিশাল শহরের পতনের ৪/৫ দিন পূর্বে অস্ত্র সংগ্রহের জন্য তাঁরা ভারতে গিয়েছিলেন। তারা ভারতের কাছ থেকে বেশ অস্ত্র সংগ্রহ করতে সক্ষম হয়েছিলেন। সেখানে দিদ্ধান্ত নেয়া হল যে, এ সমস্ত অস্ত্রশস্ত্র নিয়ে সুন্দরবনের কোন এক জায়গায় ঘাঁটি স্থাপন করা হবে।

৬ই মে দুটো লঞ্চে সমস্ত অস্ত্রশস্ত্র বোঝাই করা হল। আহত কামাল এবং লেঃ হুদাকে হাসনাবাদে আরো অস্ত্র সংগ্রহের জন্য রেখে আসা হল। আমরা দুপুরের দিকে রওনা হলাম। আমরা হিংগলগঞ্জে এসে সন্ধ্যা পর্যন্ত অপেক্ষা করলাম। সন্ধ্যার দিকে কৈখালীর সীমান্ত ঘাঁটির কাছে একটা খালের মধ্য দিয়ে ঢুকে পড়লাম। আমাদের বড় লঞ্চটা আগে ছিল এবং মেজর জলিলের লঞ্চটা ২৫/৩০ গজ পিছনে ছিল। লঞ্চ-এর সমস্ত বাতি নিভিয়ে দেয়া হয়েছিল। বড় লঞ্চে আমি, নূরুল ইসলাম মঞ্জুর, এমপি মহিউদ্দিন, সেকেন্ড লেঃ নাসির এবং আরো অনেকে ছিল। আকাশ মেঘাচ্ছন্ন ছিল এবং বৃষ্টি হচ্ছিল। বুড়িগোয়ালিনীর কাছে কপোতাক্ষ নদীতে পাকিস্তানীদের দুটো গানবোট ছিল। আমরা গানবোটগুলো প্রায় ৫০ গজের মধ্যে চলে গিয়েছিলাম। তখন গানবোট থেকে আমাদের লঞ্চের উপর সার্চলাইট ফেলা হল এবং ১টা সিগন্যাল ফায়ারও করা হল। লঞ্চটাকে নদীর পারে লাগিয়ে আমরা ছোট-খাট অস্ত্র এবং কিছু গুলির বাক্স নিয়ে নদীর পাড়ে লাফিয়ে পড়লাম। পিছনের লঞ্চ থেকে গুলিবর্ষণ করা হয়। তখন গানবোটগুলো আমাদের উপর গুলি ছুঁড়তে শুরু করে। আমরা বাঁধের অপরদিকে গিয়ে বসে পড়লাম। এখান থেকে আমরা কিছুক্ষণ গুলিবর্ষণ করি এবং পেছনের লঞ্চের কাছে যাবার চেষ্টা করি। রাত তিনটা পর্যন্ত গানবোটের সাথে আমাদের গোলাগুলি বিনিময় হয়। আমরা লঞ্চ থেকে নামার ঘন্টাখানেক পরে লঞ্চে আগুন ধরে যায় এবং সম্পূর্ণরুপে ভস্মীভূত হয়ে যায়।

আমরা ১৪/১৫ জন পেছনের লঞ্চের দিকে এগুতে লাগলাম, কিছুদূর গিয়ে আমি এবং আর একজন মেডিক্যাল কলেজের ছাত্র মইনুল পথ হারিয়ে ফেলি। পথ হারিয়ে আমরা আবার পেছনের দিকে যেতে শুরু করি। কিছুদূর গিয়ে একটা ডিংগী নৌকা দেখতে পেলাম। আমরা নৌকায় উঠলাম। কিন্তু নদীর মধ্যে যাওয়ার সাথে সাথে আমাদের উপর গানবোট থেকে সার্চলাইটের আলো এসে পড়ল। আমরা নদীতে লাফিয়ে পড়লাম এবং সাঁতরে নদীর অপর পাড়ে পৌঁছলাম। সেখান থেকে একজন লোকের বাড়িতে আশ্রয় নিলাম। তখন ভোর হয়ে গিয়েছিল। সে এলাকাটি ছিল মুসলিম লীগের সমর্থকদের। পথে আমরা কয়েকবার মুসলিম লীগের দালালদের হাতে ধরা পড়েছি। কিন্তু সৌভাগ্যক্রমে বেঁচে গেছি। অবশেষে আমরা আবার ভারতে চলে যেতে সমর্থ হই।

বরিশাল রণাঙ্গনে*

পাকসৈন্যরা এপ্রিল মাসের মাঝামাঝি মাদারীপুর শহর দখল করে নিয়েছিল। এপ্রিল মাসের শেষের দিকে ওরা মিলিটারী ভ্যান নিয়ে বরিশাল জেলার সীমানায় এসে প্রবেশ করল। খবর পেয়ে তাদের প্রতিরোধ করার জন্য মুক্তিবাহিনী গৌরনদী থেকে মার্চ করে এগিয়ে চলল। এদের মধ্যে যুদ্ধ-বিদ্যায় অভিজ্ঞ কেউ ছিল না- সকলেই কাঁচা, সকলেই অনভিজ্ঞ। মাস খানেকের রাইফেল ট্রেনিং আর নির্ভীক দেশ প্রেম, এই টুকু কেউ সম্বল করে তারা এই দুর্ধর্ষ শত্রুদের মোকাবিলা করতে চলেছে।

বরিশাল আর ফরিদপুর জেলার সীমান্তরেখায় ভুরপাটা গ্রাম। পাক-সৈন্যবাহিনী বেলা এগারোটার সময় এই ভুরপাটার সেতু পেরিয়ে ইল্লা গ্রামের দিকে চলে এসেছে। দু'পাশের গ্রামবাসীদের মনেও আতঙ্কের সঞ্চার করে ভ্যানগুলি গর্জন করে ছুটে আসছে। রাইফেল, মেশিনগান, মর্টার সবকিছুই আছে তাদের সঙ্গে। কুড়ি-পঁচিশটা রাইফেল আর বন্দুক নিয়ে যুদ্ধ-বিদ্যায় অশিক্ষিত একদল তরুণ তাদের প্রতিরোধ করতে চলেছে।

গত সপ্তাহে মুক্তিফৌজের কমাণ্ডো আক্রমণে ফেনী এলাকায় চারজন অফিসারসহ শতাধিক পাকসৈন্য নিহত হয়েছে। কুমিল্লার চৌদ্দগ্রাম ও জগন্নাথদিঘীর মধ্যবর্তী কোন একস্থানে সোমবার মুক্তিফৌজ পাকসৈন্যের একটি জীপের ওপর আক্রমণ চালান। বিধস্ত জীপের ৪জন আরোহী নিহত হয়। পয়লা জুন কসবা ও আখাউড়ার মধ্যবর্তী গঙ্গাসাগরের কাছে মুক্তিফৌজের আক্রমণে কয়েকজন পাকসৈন্য হতাহত হয়েছে। ত্রিপুরার সাব্রুমের বিপরীত দিকে অবস্থিত চট্টগ্রামের রামগড় এলাকায়ও কয়েকটি সংঘর্ষ হয়েছে।

-আনন্দবাজার পত্রিকা, ৪জুন, ১৯৭১

GUERILLA TACTICS OF MUKTI FOUJ
PAYING DIVIDENDS

AGARTALA, JUNE – 4 By ther use of guerilla tactics, the Mukti Fouj commando, who engaged the Pak army in several places in Chittgong hill tracts, Noakhali, Comill, Saldanadi, Gangasagar and Akhaura sectors at Saldanadi. Among those Pak troops killed, one was a Major Doorani who took active part in mass killing in Comilla town in the months of Margh and April.

Other reports available from across the border say, Pak trops are gradually losing confidence in the so-called peace commitees fromed earlier by it in various parts of Bangladesh. Pak troops have killed at least five peace committee members at Laksham and Feni.

On June 2. the Army is also reported to have killed a foreigner Mr. P. J. Chalmers, who was looking after Nalua tea estate in sylhet Earlier, Pak troops killed 20 labourers of the labourers of the garden. The Pak army officials demanded tea, ration and fuel for the troops from Mr.Chalmers who was running short of finance and faced serious economic crisis in the present doldrums in the country, expressed his inability to meet the demands.

Agenceies add : Four Pakistanis, including an officer, were killed and severel others injured by the Mukti Fouj in an exchange of fire yesterday near lchakhali village off Meherpore town in south-western Bangladesh.

The Mukti Fouj are laying mines near culverts, bridges and on metalled roads in this sector. In Faridpur, the liberation forces damaged a bridge and destryed an army post.

The freedom fighters are in full control of villages in the Rangamati area, six miles north of Patnitola. an army patrol was also fired upon by the freedom fighters yesterday.

In Sylhet sector, the libaration forces are reported to have demaged two bridges and attacked an army position at Sarlbagh. They also opened fire on a Pakistani army position near thge border in Shamshernagar area.

In Rangpur sector, the freedom fighters destroyed two army gunboard and demaged a railway bridge in Sirjagnj area.

In Comilla sector, the freedom fighters attacked in army position near colonel Bazar and killed 25 solders.

Our Cooch Behar Correspodent says that the Pak army started firing on the Gitaldaha border outpost in India from the Moghalhat border. The Border security Force returned the fire and the exchange continued for an hour.

A few Pakistani morter shekks landed on Indian treeitory at Lalgola in Murshidabad district tody as fighting broke out between the Mukti Fauj and the Pakistani army at Kanthalbarti area of Bangladesh. It is oficially learnt at Baharampur.

- Hindusthan Standard, 5 June, 1971

পাকসৈন্যরা মুজিবনগর দখলে ব্যর্থ

কৃষ্ণনগর, ৫ই জুন- সীমান্তের ওপার থেকে পাওয়া সংবাদে জানা গেছে যে, পাকিস্তানী সৈন্যরা মুজিবনগর দখল করতে এলে গত দু'দিনে মুক্তিফৌজের হাতে ৩৫জন পাকসৈন্য নিহত হয় এবং বেশ কয়েকজন পাকসেনা আহত হয়। মুজিবনগর দখলের এই লড়াইয়ে পাকসেনা নাজেহাল হয়ে এবং শেষ পর্যন্ত তারা তাদের ঘাঁটিতে ফিরে যেতে বাধ্য হয়। যাবার সময় তারা তাদের হতাহত সহকর্মীদের নিজেদের ঘাঁটিতে নিয়ে চলে যায়। যাবার সময় তারা তাদের হতাহত সহকর্মীদের নিজেদের ঘাঁটিতে নিয়ে চলে যায়। মুক্তিফৌজের কেউ হতাহত হয়নি।

কার্ফু করে গ্রেফতার ও হত্যাঃ এদিকে পাকসৈন্যরা শহর ও তার পাশ্ববর্তী এলাকায় খণ্ড খণ্ড এলাকা ধরে কার্ফু জারী করে দিচ্ছে। এবং তারপর বাড়ী বাড়ী তল্লাশী চালিয়ে যুবকদের ধরে এনে ফায়ারিং স্কোয়াডে দাড় করিয়ে গুলি করে হত্যা করেছে। এ খবরটি দিয়েছেন আওয়ামী লীগের একজন মুখপাত্র।

-যুগান্তর, ৬ জুন, ১৯৭১

মুক্তিযুদ্ধ চলছে

রায়গঞ্জ, ৬ই জুন (পি টি আই)- দিনাজপুরের পাক হিলি এলাকায় মুক্তিফৌজের গেরিলারা সম্প্রতি বিজুল শিবির আক্রমন করেন। ৫ জন পাকসৈন্য নিহত এবং অন্য দু'জন আহত হয়। দিনাজপুর অঞ্চলে মুক্তিফৌজ বাগজানা পাক সামরিক ঘাঁটিতে তৎপরতা চালিয়ে ৬০ জন পাকসৈন্য খতম করেন। ৪ জনকে বন্দী করা হয়েছে। প্রচুর অস্ত্রশস্ত্র মুক্তিফৌজের হাতে এসেছে।

কুষ্টিয়ায গত কয়েকদিনের কলেরায় প্রায় ২০ জন পাকসৈন্য খতম হয়েছে। কলেরা মহামারী জেলার পাকসৈন্যদের মনে প্রবল ভীতির সঞ্চার করেছে।

শরণার্থী সেবাদলঃ বিভিন্ন শরণার্থী শিবির থেকে ৬০ জন শরণার্থী যুবক কলকাতায় সমাজসেবা সম্পর্কে ট্রেনিং লাভ করছেন। গান্ধী শান্তি সংস্থা ঐ শরণার্থী যুবকদের প্রাথমিক চিকিৎসা, নাসিং, আহার তৈরী ও বন্টন এবং স্বাস্থ্য সম্পর্ক ট্রেনিং দিচ্ছেন। এই যুবকরা বিভিন্ন শিবির খোলা হবে বলে শান্তি সংস্থার জনৈক মুখপাত্র জানান। পুর্বাঞ্চলে শরণার্থী যুবকদের জন্য ছয়টি ট্রেনিং কেন্দ্র খোলা হবে বলে শান্তি সংস্থার জনৈক মুখপাত্র জানান। পুর্বাঞ্চলে শরণার্থী যুবকদের জন্য ছয়টি ট্রেনিং কেন্দ্র খোলা হবে আশা করা যায়।

নৌকার মধ্যে ৩ হাজার শরণার্থীঃ ২৪ পরগনা জেলার হাসনাবাদ সীমান্তে ইছামতী নদীর ওপর দেশী নৌকার মধ্যে প্রায় তিন হাজার শরণার্থী বাসকরছেন।

-যুগান্তর, ৭ জুন ১৯৭১

মুক্তিফৌজের ব্যাপক ও প্রচণ্ড আক্রমণে বহু পাকসৈন্য খতম

আগরতলা, ৮ই জুন (পি টি আই)- বাংলাদেশের পুর্বাঞ্চলে কুমিল্লা জেলার সামরিক গুরুত্বপূর্ণ কসবা এলাকায় মুক্তিফৌজ আবার নতুন করে আক্রমণ শুরু করেছে। আজ এখানে প্রাপ্ত সংবাদে জানা গেছে যে, গতকাল মুক্তিফৌজ মর্টার ও মেশিনগান নিয়ে প্রচণ্ড আক্রমণ চালালে তেত্রিশজন পাকসৈন্য নিহত হয় এবং পাকসৈন্যরা কসবা থেকে প্রায় ৬ কিলোমিটার দূরে সরে যেতে বাধ্য হয়। পাকসৈন্যদের জন্য যুবতী নারী সংগ্রহ করে দেওয়ার অপরাধে মুক্তিফৌজ ৬জন পাক দালালকেও গুলি করে হত্যা করেছে।

মুক্তিফৌজ গেরিলাবাহিনীও গতকাল কসবার নিকটবর্তী গঙ্গাসাগরে ত্রিমুখী আক্রমণ চালিয়ে ২৮ জন পাকসৈন্য খতম করে।

আরও দক্ষিণে মুক্তিফৌজ গতকাল নোয়াখালী জেলার চাঁদগাজী, ছাগলনাইয়া, বান্ধুরা, আমতলী ও জগন্নাথদিঘী এলাকায় তাদের তৎপরতা বিস্তৃত করে এবং পাকসৈন্যদের পশ্চাদপসরণ করে ফেনী শহরে সরে যেতে বাধ্য করে।

রিপোর্টে বলা হয়েছে যে, এই সকল অঞ্চলে মুক্তিফৌজ কমাণ্ডোবাহিনীর সঙ্গে দু'দিনব্যাপী প্রচণ্ড যুদ্ধে বহু পাকসৈন্য হতাহত হয়েছে। ফেনী শহরের উপকণ্ঠে মুক্তিফৌজের গেরিলা দল লুকিয়ে থেকে অতর্কিত সাফল্যের সঙ্গে এক প্লাটুন পাকসৈন্যকে আক্রমণ করে। পাকসৈন্যরা ঐ সময় একটা ছোট নদী পার হচ্ছিল গেরিলাদের আক্রমণে সাতজন পাকসৈন্য এবং অপর কয়েকজন আহত হয়।

রংপুর জেলায়ও তৎপরতাঃ কোচবিহার থেকে পিটিআই জানাচ্ছেন যে মুক্তিফৌজ গতকাল রাতে বাংলাদেশের রংপুর জেলার নাগেশ্বরী থানার এলাকাধীন মুকসী গ্রামে অতর্কিত আক্রমন চালিয়ে অন্যূন বারজন পাকিস্তানী সৈন্য খতম করেছে। আজ এখানে সংবাদ পাওয়া গেছে যে, ঐ অঞ্চলের গ্রামে গ্রামে অগ্নিসংযোগরত একটি পাকিস্তানী সেন্য খতম করেছে। আজ এখানে সংবাদ যে, ঐ অঞ্চলের গ্রামে গামে অগ্নিসংযোগরত একটি পকিস্তানী টহলদার বাহিনীর সৈন্যদের ওপরই মুক্তিফৌজ এই আক্রমণ চালায়। মুক্তিফৌজ ভূরুঙ্গামারীতে একটি পাকঘাঁটির ওপর হানা দিয়ে দুজন পাকসৈন্যকে গুরুতরভাবে জখম করেছে। মুক্তিফৌজ পাকসৈন্যদের সঙ্গে গুলী বিনিময় করে এবং তাহাতে কয়েকজন পাকসৈন্য নিহত হয়। এই সকল অভিযানে মুক্তিফৌজের মাত্র দু'জন আহত হয়েছে।

মুজিবনগর থেকে প্রাপ্ত খবরে বলা হয়েছে যে, রবিবার রাতে রাজশাহী খণ্ডে মুক্তিফৌজ অতর্কিত আক্রমণ চালিয়ে জনৈক মেজরসহ ৪৯ জন পাকিস্তানী সেনাকে বন্দী করেছে।

-যুগান্তর, ৯ জুন, ১৯৭১

MUKTI FOUJ INTENSIFIES
GUERILLA ATTACKS

MUJIBNAGAR, JUNE 9- Freedom fighters have intensified their guerilla attacks on the West Pakistani army detachments and patrol and on bridhes in Bangladesh, says UNI.

In the Jessore sector an army lieutenant was mobbed and killed a few dys ago near Faridpur. The freedom fighter ambushe an army contingent near chuadnga on June 6. One jinior commissioned officer was killed and eight soldiers were injured in this engagement. Guerillas also fired upon some Pakistani troops near Jessore on June 7.

Freedom fighters destroyed two bridges between Panchgarfh and Ruheal and inflicted heavy casualities on the army in Rangpur sector. Army also suffered casualties in an attack by the freedom fighters with mortars and small arms about 15 miles of Patnitala.

The guerillas have also been active in the areas north-west of river Dharala. They shot dead two Pakistani agenst in the Tetulya area.

Heavy rains hane rendered the unmetalled roads and tracts unit for vehicular traffic in several areas of Est Bengal. There was an exchange of fire between Punjabi and Pathan soldiers in the Comilla area.

PTI says : Several west Pakistani solders were killed in a bitter clash between the Mukti Fouj and the Army personnel in Bhurungamari in Rangpur area yesterday.

In Khul the liberation force destroyed nine enemy bankers at Kaliganj and killed eight sokders entrenched there the reports said.

In Mymensingh, the Mukti Fouj raided Sibpore village on receipt of information about the prsence of Pakistani army supporters and killed six of them in a sudden swoop yesterday. A Pakistani post at Barengapara was attacked by the liberation force and in the resultant clash the army suffered heavy casulties.

The Mukti Fouj raded a Pakisni position at Jayantiapur. A Pakitani offcer was blown to pieces in a mine explosion there. Five Pak army personnel were killed at Chhotolekhan, when the Mukti Fouj commandos attacked them.

Hindusthan Standard, 10 June, 1971

মুক্তিযোদ্ধারা দেশের মাটি থেকে পাক হানাদারদের
উৎখাত করতে বদ্ধপরিকর

কলকাতা, ১০ জুন- গণপ্রজাতন্ত্রী স্বাধীন বাংলাদেশ সরকারের মন্ত্রী জনাব এম মনসুর আলী বাংলাদেশের পুর্বাঞ্চলে চার দিনব্যাপী সফরের পর আজ মুজিবনগরে প্রত্যাবর্তন করে বলেছেন, “বাংলাদেশের মুক্তিযোদ্ধারা দেশের মাটি থেকে পাক হানাদারদের উৎখাত করতে বদ্ধপরিকর।”

ঐ সফরের সময় তিনি মুক্তিফৌজ নিয়ন্ত্রিত কতিপয় শিবির পরিদর্শন করেন। তিনি জানান, ঐ শিবিরসমূহে তিনি ''তরুণ মুক্তিযোদ্ধেদের মধ্যে অদম্য মনোবল ও। নমনীয় দৃঢ়তা'' পরিলক্ষিত করেছেন। এই খবর স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচার করেছে।

পাক' স্বাগত কেন্দ্র গুলি বন্দী শিবিরের সঙ্গে তুলনীয়ঃ আকাশবাণী'র খবরে প্রকাশ, বাংলাদেশ সরকারের জনৈক মুখপাত্র বাংলাদেশের পাক সামরিক কর্তৃপক্ষ কর্তৃক (শরণার্থীদের ফিরিয়ে নেওয়ার জন্য) প্রতিষ্ঠিত তথাকথিত 'স্বাগত কেন্দ্র'গুলিকে বন্দী শিবিরের সঙ্গে তুলনা করেছেন।

তিনি জানান, সম্প্রতি ভারতের পথে আসার সময় বহুসংখ্যক শরণার্থীকে পাক সামরিক কর্তৃপক্ষ জোর করে ঐ স্বাগত কেন্দ্র গুলিতে ধরে নিয়ে গেছে ।

ঢাকা থেকে প্রকাশিত দৈনিকের অধিকাংশ বাঙালী কর্মচারী ছাঁটাইঃ ঢাকা থেকে পাকসামরিক কর্তৃপক্ষের তত্বাবধানে প্রকাশিত ইংরাজী দৈনিক মর্নিং নিউজ' পত্রিকার অধিকাংশ বাঙালী কর্মচারীকে কর্মচ্যুত করা হয়েছে বলে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে সংবাদ প্রচার করেছে। পাক অধিকৃত বাংলাদেশে সামরিক কর্তৃপক্ষের তত্ত্বাবধানে প্রকাশিত ঐ সকল পত্রিকার কোন গ্রাহক নেই। সামরিক কর্তারা পত্রিকার ২০০০ কপি কিনে নেন, মাঝে মাঝে সেনাদের মধ্যে বিমান থেকে ওগুলো ফেলে দিওয়া হয়। কিন্তু সাধারণ নিরপেক্ষ কোন বেসামরিক পাঠক নেই।

পাক নৃশংসতার বিরুদ্ধে ডন পত্রিকার প্রাক্তন সম্পাদকের কণ্ঠস্বর করাচীর ডন পত্রিকার প্রাক্তন সম্পাদক জনাব আলী জাফরী আজ লণ্ডনে বাংলাদেশে সংঘটিত পাক নৃশংসতার বিরুদ্ধে দৃপ্ত প্রতিবাদ জানিয়ে জনসাধারণের কাছে এই মর্মে আবেদন জানিয়েছেন যে, তাঁরা যেন ইংল্যাণ্ড ও পাকিস্তানের মধ্যে অনুষ্ঠিতব্য পরবর্তী টেষ্ট ম্যাচগুলি বয়কট করেন।

জনাব আলী জাফরী ইতিপুর্বে পাকিস্তানে ব্যক্তি স্বাধীনতা অপহরণের প্রতিবাদে পাক নাগরিত্ব বর্জন করেছিলেন।

চুয়াডাঙ্গায় পাকসেনাদের মধ্যে ''সেম সাইড'' কলকাতা, ১০ জুন বাংলাদেশের গেরিলাবাহিনীর তৎপরতা আরো তীব্র হয়ে উঠেছে। গেরিলাদের হাতে মার খেয়ে পাক হানাদাররা নিজেদের মধ্যে সেম সাইড করে বসছে। চুয়াডাঙ্গার কাছে দুই দল পা সৈন্যের পরস্পর সংঘর্ষে ১৩ জন নিহত হয়েছে। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র আজ সন্ধ্যায় ঐ সংবাদের কথা উল্লেখ করে চুয়াডাঙ্গার শেয়ালমারীতে গেরিলা বাহিনীর একটি উল্লেখযোগ্য সাফল্যের সংবাদ দিয়েছে।

প্রকাশ, গত ৫ জুন শেয়ালমারীতে মাইন বিস্ফোরণে ২ টি সামরিক ট্রাক ধ্বংস হয়ে ২৯ জন পাকহানাদার নিহত এবং ৪ জন আহত হয়। হানাদাররা জীবননগরের দিকে যাচ্ছিল। ঐ মাইন বিস্ফোরণের শব্দে ভীত পাক হানাদাররা জীবননগর দর্শনা থেকে ঘটনাস্থলে দিক আসে। দুই পক্ষেই পরস্পর মুক্তিসেনা বলে ভুল করে এবং পরস্পরের উপর গুলি চালাতে থাকে। ফলে ১৩ জন পাকহানাদার নিজেদের গুলিতেই আহত হয়।

-কালান্তর,১১ জুন,১৯৭১

পাক হানাদারদের উপর মুক্তিফৌজের আক্রমণ

কলকাতা, ১১ জুন- মুক্তিফৌজের গেরিলা তৎপরতায় চট্টগ্রাম শহর এবং পার্শ্ববর্তী এলাকায় পাক সেনারা প্রতিদিনই নাজেহাল হচ্ছে। আজ সন্ধায় স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রচারিত সংবাদে বলা হয়েছে যে সম্প্রতি গেরিলা বাহিনী চট্টগ্রাম শহরের নিউ সার্কেট, খাতুনগঞ্জ, চট্টেশ্বরী রোড, চকবাজার, লারদেঘীর মাঠে প্রভৃতি স্থানে গ্রনেডে ও হাতবোমা সহ আক্রমণ চালায়। চকবাজারে ২ জন পাক হানাদার নিহত হয়েছে।

সংবাদে বলা হয়েছে, চট্টগ্রাম এখন পরিত্যক্ত নগরী। দোকানপাট বন্ধ। শতকরা মাত্র ১৫ জন লোক দৈনন্দিন কাজে যোগ দেওয়ার জন্য পথে বেরুচ্ছেন। বেলা ৩টার পর রাস্তায় কাউকে খুব কম দেখা যায়। বন্দর এলাকায় মাত্র ৫০ জন কাজ করছে। চট্টগ্রামের হাজী এলাকায় দ্বিতীয় ক্যান্টনমেন্টে স্থাপন করা হয়েছে। বাগানাবাজার ও আঁধারমানিক অঞ্চলে ২ টি পৃথক আক্রমনে গেরিলারা ৪০ জন পাকসৈন্যকে খতম করেছে। শ্যামপুরে ৮ জন দৌলতপুর-চাঁদিরহাটে ৪০ জন কুমিল্লার হরনপুর , হৃদয়পুরে ১৩ জন এবং যশোহর রণাঙ্গনে ১৫ জন পাক হানাদার গেরিলাদের হাতে নিহত হয়েছে। রামগড় থেকে গড়েরহাটের পথে ৩ জন পাক সামরিক অফিসার নিহত হয়েছে।

গেরিলা বাহিনী মুসলিম লীগের দালালসহ পাক দালালদেরও বিভিন্ন স্থানে খতম করে চলছেন। জাকিগঞ্জে ৪ জন দালাল নিহত এবং ১জন গ্রেফাতার হয়েছে। মুক্তিসেনারা জাকিগঞ্জের পুলিশ স্টেশন দখল করেছেন এবং জাকিগঞ্জে পূর্ণ কর্তৃত্ব স্থাপন করেছেন। কালিগঞ্জের মুসলিম লীগ চেয়ারম্যান অলি মণ্ডলকে মুক্তিসেনারা খতম করে দিয়েছেন। ছাগলগঞ্জ বাজারে ১ দালালকে বন্দী করা হয়েছে এবং যুবতীকে উদ্ধার করা হয়েছে। সিলেট সেক্টরে মুক্তিফৌজের হাতে একটি রেলসেতু ধ্বংস হওয়ার সংবাদ পাওয়া গেছে।

আগরতলা থেকে ইউ-এন আই জানাচ্ছেনঃ সম্প্রতি একদল সাংবাদিক বাংলাদেশের দক্ষিণ রনাঙ্গনে সফরে গিয়েছিলেন। মুক্তিফৌজের জনৈক মেজর সাংবাদিকদের জানিয়েছেন যে, মুক্তিফৌজে বর্তমান পাক-হানাদারদের উপর পাল্টা আক্রমন শুরু করেছে এবং সর্বত্র পাকসেনাদের প্রচুর ক্ষয়ক্ষতি হচ্ছে।

উক্ত মেজর সাংবাদিকদের আরো জানিয়েছেন যে দক্ষিণ রণাঙ্গনে পাঠন ও বালুচ সেনারা নিরস্ত্র বাংলাদেশ নাগরিকদের উপর গুলি করতে অস্বীকার করায় তাঁদের অন্যত্র বদলী করা হচ্ছে । সম্প্রতি প্রায় ৪০০ জন বালুচ সেনাকে জাহাজে পশ্চিম পকিস্তানে ফেরত পাঠানো হয়েছে ।

পাঞ্জাবী ও পাঠান সেনাদের মধ্যে সংঘর্ষঃ গত ৪ জুন কুমিল্লা সেক্টরে পাক সেনাবাহিনীর পাঞ্জাবী ও পাঠানদের মধ্যে এক সংঘর্ষে ৩৫ জন নিহত হয়েছে।

-কালান্তর, ১২ জুন, ১৯৭১

কুমিল্লা শহরে স্বাধীন বাংলাদেশের পতাকা

আগরতলা, ১১ই জুন (পি, টি, আই) বাংলাদেশের মুক্তিফৌজ কুমিল্লা শহরটি গতকাল দখল করে। আবার স্বাধীন বাংলার পতাকা উড়িয়েছে। এই সঙ্গে নানা অঞ্চলে গেরিলা তৎপরতা ও তীব্রতর হয়ে উঠছে। ইউএন আই জানাচ্ছেন সারা বাংলাদেশ জুড়ে শেখ মুজিবের মুক্তিফৌজ গেরিলা তৎপরতা বৃদ্ধি করেছে বলে সীমান্তের ওপারে মুক্তিবাহিনীর কেন্দ্রীয় কার্যালয় থেকে খবর এসেছে। পাক সামরিক প্রশাসন শহরে ৭১ ঘন্টার সামরিক আইন জারী করে নির্বিচারে অধিবাসীদের বন্দী করেছে।

সীমান্তের ওপার থেকে জানা গেছে , মুক্তিফৌজ পাকিস্তান ন্যাশনাল ব্যাঙ্ক, হাবিব ব্যাঙ্ক লিমিটেড, মুসলিম কমার্শিয়াল ব্যাঙ্ক, জজ কোর্ট এবং টাউন হল ভবনে গ্রেনেড আক্রমণ চালায়। গেরিলা বাহিনী কুমিল্লা শহরের দক্ষিণাঞ্চলে একটি রেল ইঞ্জিন উড়িয়ে দিয়েছে। ব্রাহ্মণবাড়িয়া বিদ্যুৎ কেন্দ্রটি ও ক্ষতিগ্রস্থ হয়েছে।

মুক্তিবাহিনীর সূত্র থেকে জানা যায় যে গত ৬ ই জুন মুক্তিফৌজ চট্টগ্রাম জেলায় সৌলাৎপুরে পাকসেনা সমাবেশের ওপর আক্রমণ চালিয়ে ৩৬ জন শত্রুসেনাকে খতম করে। ৫ ই জুন শ্রীহট্টের তেলিপাড়া খণ্ডে মুক্তিফৌজের সঙ্গে পাক- বাহিনীর প্রত্যক্ষ সংঘর্ষে পাকবাহিনী আক্রমণের চাপে ব্রাহ্মণবাড়িয়ার দিকে পশ্চাদপসারণ করে, তবে পালাবার সময় তারা জীবন ও সম্পত্তির বেশ ক্ষতি করে যায়। গত ৩রা জুন লাকসাম অঞ্চলে মুক্তিবাহিনী হঠাৎ একটি আক্রমণ চালিয়ে পাকবাহিনীর অনেককে খতম করেছে। শত্রুপক্ষের বেশকিছু মিজো

এবং চাকমা সেনাও নিহত হয়। মুক্তিবাহিনী তবলছড়িতে বেশকিছু অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ ছিনিয়ে নেয়। এই অঞ্চলে পাকসেনাদের অমানুষিক অত্যাচার সত্বেও বাঙ্গালী অধিবাসীরা দৃড় মনোবল নিয়ে তাদের মোকাবেলা করছেন, মহিলা এবং কিশোরীরাও মুক্তিবাহিনীর সাহায্যে এগিয়ে এসেছেন।

কুমিল্লা জেলার ননীপুর ও ফকিরহাটে গুপ্তস্থান হঠাৎ আক্রমণ চালিয়ে মুক্তিফৌজের গেরিলা দল ২০ জন পাকসেনাকে খতম করে। মিয়ার বাজারে ও মুক্তিফৌজের হাতে পাক হানাদার বাহিনীর আটজন মারা পড়ে। এখানে তিন ঘন্টা লড়াই চলে। পাকসেনারা মর্টার ও মেশিনগানে চালিয়ে মুক্তিফৌজের পাঁচজন যোদ্ধাকে আহত করে। শ্রীহট্ট জেলার মির্জাপুরে মুক্তিবাহিনী মেশিনগান ও মর্টার চালিয়ে পাকসেনাদলের একজন অফিসার ও দশজন সৈন্যকে হত্যা করে।

দিনাজপুরেও গেরিলা তৎপরতাঃ রায়হগঞ্জ, ১০ জুন গেরিলা ইউনিট দিনাজপুরে জেলার বিভিন্ন অঞ্চলে তৎপর হয়ে উঠছে। ছোট ছোট দল গেরিলা আক্রমণ চালিয়ে মুক্তিফৌজ পাক দখলদার বাহিনীকে যথেষ্ট বিব্রত করে তুলেছে। কয়েকদিন আগে ঠাকুরগাঁও মহকুমা এলাকায় রুহিয়া রেল স্টেশন থেকে ১ ফার্লং দক্ষিনে ৫০ ফুট দীর্ঘ রেল লাইন মুক্তিফৌজ ডিনামাইট দয়ে উড়িয়ে দেয়। পাক সেনবাহিনীর লোকেরা গুলি চালাতে থাকে। মুক্তিফৌজ গেরিলারা পিছন থেকে পাক সৈন্যদের আক্রমণ করে ৭ জনকে হত্যা করে। ওই এলাকার মঙ্গলপুর ও বাজানহারের মধ্যবর্তী একটি রেলওয়ে ব্রিজ উড়িয়ে দেয় এবং রুহিয়া থেকে ৪/৫ মাইল দূরে একটি গুরুত্বপূর্ণ সড়ক সেতুও তারা উড়িয়ে দেয়। বোচাগঞ্জ, পীরগঞ্জ ও রাণীশংকৈলে গেরিলা বাহিনী বেশ কয়েকজন পাক সেনাদের তাঁবেদার গুপ্তচরকে খতম করে।

-যুগান্তর, ১২ জুন, ১৯৭১

গেরিলা আক্রমণে বাংলা বাহিনীর অপূর্ব সাফল্য

বর্তমানে মুক্তিফৌজ তাদের গেরিলা আক্রমণে বাংলাদেশের সর্বত্র পর্যুদস্ত করেন। গত সপ্তাহে বাংলার বিভিন্ন রণাঙ্গনে মুক্তিবাহিনী বহু পাকসৈন্যকে হতাহত করেন। গত ৬ই জুন মেহেরপুরের নিকটে ইছাখালিতে এক গেরিলা যুদ্ধ মুক্তিবাহিনী পাকসেনাদের একজন অফিসারসহ চারজনকে খতম করেন। যশোহর এলাকায় মুক্তিবাহিনী মেশিনগান ও মর্টারের সাহায্যে পাকবাহিনীর ১ টি শিবির অতর্কিতে আক্রমণ করে কমপক্ষে ২০ জন পাকসৈন্যকে হত্যা ও অনেককে হতাহত করেন-তাদের ক'খানা গাড়ী ও বহু সংখ্যক ভারী ও হালকা অস্ত্রশস্ত্র হস্তগত করেন। কালাচাঁদপুরের দিকে পাকসেনার অগ্রতির এক খণ্ড যুদ্ধে মুক্তিফৌজ তাদের ১ জন লেঃ কর্নেলকে আহত করেন। এই যদ্ধে বাংলা বাহিনী ১টি সেতু ও পাকসেনার ১টি ঘাঁটি ধ্বংস করেন।

বগুড়া জেলার রাঙ্গামাটি এলাকা এখন সম্পূর্ণ মুক্তিবাহিনীর নিয়ন্ত্রনাধীন। সিলেটের সরলবাগে বাংলাবাহিনী পাকসেনার ১ টি ঘাঁটি দখল করে ও এর সন্নিকটে ২ টি গানবোট বিনষ্ট করেন। সিরাজগঞ্জে তারা একটি রেল সেতু সম্পূর্ণরুপে নিশ্চিহ্ন করতে সক্ষম হন। দিনাজপুর রণাঙ্গনে মুক্তিফৌজ ৭৫ জন পাকসেনাকে হত্যা, বহু জনকে আহত ও ১৪ জনকে বন্দী করে। উত্তরাঞ্চলে উলিপুরে মুক্তিযোদ্ধারা এক ঝটিকা আক্রমণে ৪০ জন পাকসৈন্য কে হত্যা করেন। এছাড়া খুলনা, রংপুর, ময়মনসিংহ ও কুমিল্লাতে কদিনের যুদ্ধে তারা প্রায় দুশো-এর অধিক পাকসৈন্য হত্যা করেছেন।

-বাঙ্গবাণী,১ম বর্ষ ৪র্থ সংখ্যা, ১৩ জুন, ১৯৭১

মেহেরপুরের পাকবাহিনীর এক সৈন্য খতম

কৃষ্ণনগর ১৩ জুন (পি, টি, আই) মুক্তিফৌজ গতকাল বাংলাদেশের দক্ষিণ পশ্চিম খণ্ডে বিভিন্ন এলাকায় পাকিস্তানী ফৌজের ওপর ব্যাপক আক্রমণ চালায়। মেহেরপুরের অদূরে তারা পাক ফৌজের এক প্লাটুন সৈন্য

খতম করে দিয়েছে। সীমান্তের অপর পর থেকে এখনে প্রাপ্ত খবরে প্রকাশ, ভারতের গোদাডাঙ্গার বিপরীত দিকে ভোমরার নিকটে এবং পেট্রাপোলের বিপরীত দিকে বেনাপোলের নিকটে গত অব্যাহত আছে। তুমুল যুদ্ধের পর মুক্তিফৌজ মেহেরপুর শহর থেকে তিন কিলোমিটার দূরে কামদেবপুর গ্রামে ইছাখালি সীমান্ত চৌকি দখল করে নিয়েছে। ঐ অঞ্চলে মর্টার থেকে গুলিবর্ষণ করে তারা পাকফৌজের এক প্লাটুন সৈন্য খতম করে দিয়েছে। আহত কয়েকজন পাকিস্তানী সৈন্যকে তাদের সাথীরা সরিয়ে নিয়ে গেছে। খবরে প্রকাশ, পাক সৈন্যরা এখান থেকে প্রায় একশো কিলোমিটার দূরে দক্ষিণ- পশ্চিম বাংলাদেশের প্রাগপুর এলাকায় ২৫টি বাড়ীতে। আগুন লাগিয়ে দিয়েছে এবং পাঁচজনকে হত্যা করেছে।

যুগান্তর. ১৪ জুন ১৯৭১

MUKTI FOUJ ACTIVE ON WIDE FRONT IN BANGLADEHSH

MUJIBNAGAR, JUNE 15- The Mukti Fouj gurikkas have active on a wide front in Bangladesh since June 10 as the Pakistani troops continued their atrocities on unarmed civilians, according to authoritative reports reaching here tonight say agencies.

The guerillas have occupied the border outpost at Baragapara, Mymenshingh district after an encounter with the troops. The also exploded a bomb in a hotel in Dacca city, causing injuries to some collaborators of the Pakistani army.

A Pakistani border outpost in the district of Rajshahi was attacked by the freedom fighters on June10. The next day the liberation forces fired upon an army contingent near Thakurgaon, and also in the Rangpur and Gaibandha.

In the Chilmari area the guerillas destroyed an Army jeep killed the solders travelling in it. They uprooted the railway track in the Hitibandha area and damaged telephone lines between Rangpur and Gaibandha.

In the Sylhet sector, the guerillas shelled an Army position in the Baragram area, inflicting several casualties on the Pakistani troops.

-Hindusthan Standard, 19 June, 1971

চট্টগ্রাম এলাকায় মুক্তিফৌজের তৎপরতা

আগরতলা, ১৯ জুন (পিটিআই)- সীমান্তের অপর পার থেকে পাওয়া সংবাদে জানা যায় যে, বাংলাদেশের মুক্তিফৌজের গেরিলা বাহিনী চট্টগ্রামের পশ্চিমাঞ্চল বিভিন্ন স্থানে গেরিলা আক্রমণ চালিয়ে যাচ্ছে। সংবাদে জানা যায় যে জুয়ালগঞ্জে গেরিলাদের আক্রমণে পাকিস্তানী সেনাদলের একজন মেজর নিহত হয়েছেন।

মুক্তিফৌজের গেরিলা বাহিনী নোয়াখালী- চট্টগ্রামে খণ্ড শুভপুর এলাকায় শত্রুসৈন্যর অবস্থানস্থলের উপর প্রচণ্ড আক্রমণ করে। এর ফলে অনেক পাকিস্তানী সৈন্য আহত হয়েছে।

-আনন্দবাজার পত্রিকা, ২০ জুন ১৯৭১

মুক্তিফৌজের ভয়ে পাকসৈন্য সদা-সন্ত্রস্ত

মুজিবনগর ২২ জুন (পিটিআই)- বাংলাদেশর বিভিন্ন খণ্ডে মুক্তিফৌজের গেরিলা বাহিনীর ক্রমবর্ধমান তৎপরতায় পশ্চিম পাকিস্তানী সৈন্যবাহিনীর টহলদার দলগুলি আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছ। মুক্তিফৌজ কমাণ্ডার জনৈক উচ্চপদস্থ অফিসার বলেছেন যে মুক্তিফৌজ যে মুহূর্তে আচমকা আক্রমণ চালাতে পারে মনে করে

পকিস্তানী সৈন্যরা আজকাল যতদুর সম্ভব সর্তক হয়ে চলাফেরা করেছে। মুক্তিফৌজ যাতে চিনতে না পারে সেজন্য পাকসৈন্যরা সময় সময় অসামরিক ব্যক্তির ছদ্মবেশে চলাফেরা করে থাকে। সৈন্যবাহিনী যখন সৈন্য ও সরবরাহ নিয়ে নদী পারাপারের জন্য বোট ব্যবহার করে তখন গেরিলাদের আক্রমন রক্ষা পাওয়ার জন্য সর্তকতামূলক ব্যবস্থা হিসেবে নদী ও খালের উভয় তীরের রক্ষী মোতায়েনের ব্যবস্থা করে।

ভেড়ামারায় ২০ জন পাকসৈন্য নিহতঃ কৃষ্ণনগর ২২ শে জুন কুষ্টিয়া জেলার ভেড়ামারা থানার মহিষকুণ্ডি অঞ্চলে এক কোম্পানী পাকসৈন্যর ওপর আক্রমন চালিয়ে মুক্তিফৌজ অন্ততঃ ২০ জন পাকসৈন্যকে হত্যা ও বেশ কিছুকে জখম করেছে বলে আজ সংবাদ পাওয়া গেছে। স্থানটি কৃষ্ণনগর থেকে ১৫০ কিলোমিটার দূরে ভারত মেঘনা সীমান্তের বিপরীত দিকে। সীমান্তের ওপার থেকে পাওয়া সংবাদ জানা যায় যে, পাকসৈন্যরা আক্রান্ত হয়ে বাংলাদেশের অভ্যন্তরভাগে পালিয়ে যায়।

মুক্তিফৌজ গত রবিবার মেহেরপুরের কছে একটি সৈন্যবাহী ট্রাকের উপর গোলাবর্ষণ করে এবং উহার ফলে প্রায় ২৪ জন পাকসৈন্য নিহত অথবা আহত হয়। ঐ দিনই মেহেরপুরের প্রায় ১৫ মাইল উত্তর-পূর্বে একটি অঞ্চলে মুক্তিফৌজ একটি সৈন্যঘাঁটির ওপর গুলিবর্ষণ করে । এই আক্রমণে ১১ জন পাকসৈন্য খতম হয়।

রংপুরে লালমনিরহাট খণ্ডে মুক্তিফৌজ একটি সৈন্য শিবিরের ওপর আচমকা আক্রমন চালিয়ে কিছু অস্ত্রশস্ত্র গেলাবারুদসহ একটি ট্রাক দখল করে। এই আক্রমণে যে সকল পাকসৈন্য আহত হয় তাদের মধ্যে একজন আফিসারও আছেন।

-যুগান্তর, ২৩ জুন, ১৯৭১

খান সেনাদের ওপর মুক্তিবাহিনীর আক্রমন তীব্রতর হয়েছেঃ
আরও সাত শতাধিক সৈন্য খতম

স্বাধীন বাংলাদেশ বেতারের খবরে প্রকাশ, হানাদারবাহিনী বাংলাদেশে যে বর্বরোচিত ও সুপরিকল্পিত গণহত্যা চালিয়েছে তারই অংশ হিসাবে আওয়ামী লীগ নেতৃবৃন্দ ও তাঁদের সমর্থকদের উপর অকথ্য নির্যাতন চালিয়ে যাচ্ছে। এই নির্মম অত্যাচারের হাত থেকে আমাদের প্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবরের বয়োবৃদ্ধ অসুস্থ পিতামাতাও রেহাই পাননি। গত সাতদিন চট্টগ্রাম রণাঙ্গনে প্রায় একশত ৫০ জন পাক হানাদার মুক্তিবাহিনীর গেরিলাদের হাতে নিহত হয়েছে এবং বহু স্থান থেকে পাকসেনা প্রত্যাহার করে নেওয়া হয়েছে বলে স্বাধীন বাংলা বেতারকেন্দ্র জানিয়েছে। সমগ্র পূর্ব রণাঙ্গনে গেরিলাদের তৎপরতা বৃদ্ধি পেয়েছে। কক্সবাজারে বহু পাকসেনা হতাহত হয়েছে। এদিকে মর্টার ও মেশিনগানসহ আক্রমন চালিয়ে মুক্তিযোদ্ধারা ফেনীর উত্তর- পূর্ব অঞ্চলে ২০০ জন পাকসেনাকে হত্যা করেছেন।

স্বাধীনতাকামী তরুণ যোদ্ধারা গত ১৯শে জুন সিলেট সেক্টরে একটি এলাকায় পাক-হানাদারদের সঙ্গে এক সংঘর্ষে ১৩ জন পাকসেনাকে খতম করেন এবং প্রচুর অস্ত্রশস্ত্র ও গোলাবারুদসহ ৩ জন পাকসেনাকে আটক করেছেন। এর আগেরদিন এক প্রচণ্ড সংঘর্ষে মুক্তিবাহিনী সিলেটের কয়েকটি স্থানে আক্রমণ চালিয়ে ২২তম রেজিমেন্টের একজন সৈন্যকেও আটক করেছেন।

মুক্তিবাহিনী রংপুরের বজরাপাড়ায় পাকসেনাদের ওপর অতর্কিত গেরিলা আক্রমন চালিয়ে পাকসেনাদের নাজেহাল করে ছেড়েছেন। এই আক্রমণে অনেক খানসেনা হতাহত হয়েছে। সেই দিনই পাকসেনারা মৃত সৈন্যদের লাশ ও আহত সৈন্যদের নওগাঁয় নিয়ে যায়। এই আক্রমণে একজন অফিসারসহ দু'জন পাকসেনাকে মুক্তিবাহিনীর গেরিলা যোদ্ধার গ্রেফতার করেছেন। কয়েকদিন আগে মুক্তিবাহিনীর বীর যোদ্ধারা ঠাকুরগাঁয়ের কাছে মর্টার ও মেশিনগান থেকে মুক্তি ছাউনির উপর আচমকা গুলি চালায়। চট্টগ্রামের মুক্তিযোদ্ধাদের গেরিলা তৎপরতা বৃদ্ধি পয়েছে। গত দু'সপ্তাহ ধরে চট্টগ্রামে অধিকসংখ্যক গাড়ী ও সৈন্য নিয়ে পাকসেনাদের চলাফেরা

করতে দেখা যাচ্ছে। কুষ্টিয়া রণাঙ্গনে মেহেরপুর এলাকায় এক দুঃসাহসিক আক্রমণ চালিয়ে মুক্তিবাহিনী কমপক্ষে ৩০ জন পাকসেনাকে খতম করেছেন, সেখানকার কুতুবপুরে মুক্তিবাহিনী খানসেনাদের ওপর আকস্মিকভাবে ঝাঁপিয়ে পড়ে ১০ জন খানসেনাকে হত্যা করেন। গত ১৫ই জুন নাজিরাকোনায় এক প্লাটুন পাকসৈন্যকে আক্রমন করে মুক্তিবাহিনীর অসমবাহিনীর যোদ্ধারা ২০ জন দুশমন সৈন্যকে খতম করেছেন।

স্বাধীন বাংলা বেতারের খবরে প্রকাশ, সাতক্ষীরার নিকট দুশমন সৈন্যদের ঘাঁটির ওপর মুক্তিযোদ্ধারা আক্রমন চালিয়েছেন। এ এলাকায় কয়েকটি আউটপোষ্টেও আমাদের মুক্তিবাহিনী প্রচণ্ড আক্রমন চালিয়ে দস্যু সৈন্যদের আনেককেই হতাহত হরেছেন।

গত ১২ই জুন ভোমরা সেক্টরের কলারোয়ায় মুক্তিবাহিনী প্রচণ্ড আক্রমন চালিয়ে খানসেনাকে খতম করেছেন। মুক্তিবাহিনী ঐ দিন রাতে আরেক অভিযানে ৬০ জন খানসেনাকে হত্যা করেছেন। কলারোয়া ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান ও তথাকথিত শান্তি কমিটির প্রেসিডেন্ট ওয়াজেদ আলী চৌধুরীকে মুক্তিবাহিনীর গেরিলা যোদ্ধারা খতম করেছেন।

মুক্তিবাহিনী বাংলাদেশ দক্ষিণ-পশ্চিম খণ্ডে খানসেনার উপর ব্যাপক আক্রমণ চালিয়ে মেহেরপুরের নিকটে এক প্লাটুন খানসেনাকে খতম করেছেন। মুক্তিবাহিনী মেহেরপুর শহর থেকে প্রায় দু'মাইল দূরে কামদেবপুর গ্রামে ইছাখালী সীমান্ত চৌকি দখল করে নিয়েছেন। এতদাঞ্চলে মর্টার থেকে গুলিবর্ষণ করে মুক্তিবাহিনী শত্রুসেনাদের এক প্লাটুন সৈন্য খতম করে নিয়েছেন। নিহতদের মধ্যে কয়েকজন পদস্থ অফিসারও রয়েছে।

-জয়বাংলা ১ম বর্ষ, ৭ম সংখ্যা, ২৫ জুন,
১৯৭১

MUKTIFIUJ KILLS 60 PAK SOLDIERS IN TWO DAYS

JUNE,-27- The Mukti fouj which has recently intensified its guerilla activities throughout the eastern sector have killed at least 60 Pak soldiers and captured some arms during the past two days, according to reports received from across the border, with their active and surprise attacks, the commandos are harassing the Pak troops and their agents everywhere in the eastern sector, the guerillas are now the headache of islamabad's army and have foiled the latter's plan to set up rail communication between Dacca and Chittagong.

Whatever the Pakistani president, General Yahya Khan, might say to the world about the return of refugees, his armed forces in Bangladesh have been keeping the people there terrorised by killing, burning houses and harassing women folk as before to maintain the rate of exodus of Bengalis, The Pak Army's attitude only suggests that islamabad's plan of driving out hindus and progressive muslims remains unchanged which is evident from the uninterrupted heavy influx of evacuees in to Tripura.

Meanwhile, reports PTI the Mukti Fouj gurillas had killed five Pak soldiers including an officer when they ambushed a jeep carrying the Pakistani personnel to Chuadanga town in Kushtia district in the south- western sector of Bangladesh yesterday. The army jeep was badly damaged.

-Hindesthan Standard, 28 June, 1971

সশস্ত্র সংগ্রামের গেরিলা বাহিনী

শিরোনাম	সূত্র	তারিখ
১৬। বাংলাদেশের সশস্ত্র স্বাধীনতা সংগ্রামে গেরিলা বাহিনীর গঠন ও যুদ্ধ তৎপরতার বিবরণ	'দৈনিক পূর্বদেশ ' ৮ জানুয়ারী, ১৯৭২	এপ্রিল- ডিসেম্বর ১৯৭১

কাদের বাহিনীর গঠন ও যুদ্ধ তৎপরতা-১

সাক্ষাৎকারঃ কাদের সিদ্দিকী

১৯৭২

প্রশ্নঃ স্যার, কি করে আপনি এই বিরাট সংগঠন গড়ে তুললেন, একটু বলবেন কি?

উঃ ৩রা এপ্রিল নাটিয়াপাড়া যুদ্ধের পর আমরা ছত্রভঙ্গ হয়ে যাই। পাক বাহিনী টাঙ্গাইলে আসে। ১৯শে এপ্রিল ময়মনসিংহের দিকে অগ্রসরমান পাকবাহিনীকে কালিহাতীতে বাধা দিই। নেতৃত্বে ছিল ই,পি আর-এর। এখানেই আমি প্রথম গুলিছুড়ি। পাকবাহিনীর একজন মেজরসহ অসংখ্য লোক মারা যায়। আমরা ডিফেন্স উঠিয়ে ছত্রভঙ্গ হই। গ্রাম গ্রামান্তরেও ঘোরাঘুরির পর সংবাদ পাই, পাহাড়ে একটি ই, পি, আর-এর প্লাটুন আছে। এই প্লাটুনকে খুঁজতে থাকি। আমার সঙ্গে এগারোজন ছিল মনি, খোরশেদ আলম ও শাহজাহান। এক রাতে ৪১ মাইল পথ হেঁটে আড়াইপাড়া মাদ্রাসায় আস্তানা গাড়ি । এই সময় পাহাড়ের হামিদুল হকের সঙ্গে দেখা। ই, পি, আরদের রেখে যাওয়া কিছু অস্ত্রশস্ত্র হস্তগত হয়। এই পর্যায়ে আমার সংগঠনের সদস্যসংখ্যা একশতে দাঁড়ায়। এখান থেকেই সত্যিকারের সূত্রপাত।

প্রশ্নঃ স্যার, আপনার নেতৃত্বে কখন কোথায় প্রথম যুদ্ধ হয়?

উঃ কলিহাতী থেকে তিন মাইল দূরে চারান নামক গ্রামে। তারিখটা ২২শে মে। এখানে আমি এলএমজি ব্যবহার করি।

প্রশ্নঃ জনসাধারণ মুক্তিযুদ্ধে আপনার সঙ্গে কি ধরনের সহযোগিতা করতো?

উঃ প্রথম দিকে তারা পাক বাহিনীর ভয়ে ছিল। অচিরেই এই ভয় কেটে যায় এবং তারা সর্বাত্মক সহযোগিতা শুরু করে।

প্রশ্নঃ আপনি কোথা থেকে হাতিয়ার পেতেন? আপনাকে কারা হাতিয়ার সরবরাহ করতো?

উঃ কেন, চীন ও আমেরিকা। অবাক হচ্ছেন বুঝি? অবাক হওয়ার কিছু নেই। কেননা তারা পাক বাহিনীকে হাতিয়ার দিতো, আমরা পাক বাহিনীর কাছ থেকে কেড়ে নিতাম।

প্রশ্নঃ স্যার আপনার জওয়ানদের কতটুকু প্রশিক্ষণ দিয়ে যুদ্ধে পাঠাতেন?

উঃ যারা দেশমাতৃকার যোগ্য সন্তান তারা নিজের মাকে রক্ষা করার জন্য খালি হাতেও লড়তে পারে। ট্রেনিং এর চেয়ে আদর্শেও চেতনাই বড়। ট্রেনিং দিয়ে তাদের যুদ্ধ শেখাতে হয়নি, শত্রুর মোকাবিলা করেই তারা যুদ্ধ করতে শিখছে।

* দৈনিক পূর্বদেশ' (৮ জানুয়ারি ১৯৭২)-এ প্রকাশিত 'বঙ্গবীর সিদ্দিকীর সঙ্গে সাক্ষাৎকার' থেকে সংকলিত। সাক্ষাৎকারটি যৌথভাবে গ্রহণ করেছিলেন কাদেও বাহিনীর সদস্য রফিক আজাদ ও মাহবুব সাদিক।

প্রশ্নঃ আপনার পরিচালিত অধিকাংশ যুদ্ধগুলো চোরাগোপ্তা, না সম্মুখসমর ?

উঃ অধিকাংশ সম্মুখসমর। ব্যতিক্রম কেবল মাকড়াই-এর যুদ্ধ।

প্রশ্নঃ যুদ্ধক্ষেত্রে ধৃত শত্রুদের ব্যাপারে আপনি সাধারণক কি ব্যবস্থা গ্রহণ করতেন?

উঃ যতক্ষণ হাতিয়ার থাকতো শত্রুর হাতে ততক্ষণই সে আমার বাধ্য। কিন্তু বন্দী ও আত্নসমর্পিত শত্রুর প্রতি আমার কোন দ্বেষ ছিলো না। তাদের সঙ্গে ভালো ব্যবহার করা হতো।

প্রশ্নঃ স্যার, আপনি নিজে যে সমস্ত যুদ্ধ করেছেন তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ কোনটি এবং কেন?

উঃ ধলাপাড়ার কাছে মাকড়াই-এর যুদ্ধ, ২১শে নভেম্বর বাঁশাইলের কামুটিয়ার নদীর ধারে সংঘটিত যুদ্ধ। মাকড়াই-এর দশ মিনিটের এই যুদ্ধ ৩৮ জন খান সেনাকে হত্যা করি। কামুটিয়ার খান সেনাদেরও পাকা বাংকার ধূলিসাৎ করে তাদের তিন মাইল দূরে তাড়িয়ে দিই।

প্রশ্নঃ স্যার, যুদ্ধক্ষেত্রে শত্রুর প্রতি আপনার কখনো অনুকম্পা হতো?

উঃ হ্যাঁ, মাঝে-মধ্যে কখনো হতো বৈকি।

প্রশ্নঃ নয়মাসে আপনার জীবনের প্রতি কোন যুদ্ধে সবচেয়ে বড় ঝুঁকি এসেছিল, কেমন ভাবে এবং কেন?

উঃ নাগরপুরের। আকস্মিকভাবে একটি চরম অসুবিধাজনক অবস্থান থেকে শত্রুর উপর গুলি চালাচ্ছিলাম। তিন দিকেই আমাদের সবার রাস্তা বন্ধ ছিল। চতুর্থ দিকে কেবল পানি আর পানি। ইতিমধ্যে আমার দিকে অগ্রসরমান শত্রুর কমাণ্ডারকে নিজের দলের ছেলে মনে করে তাকে অনেক কছে এগুতে দিই। ৪০ গজ দূরে থাকতে তাকে শত্রু বলে চিনতে পেরে গুলি ছুড়তে থাকি। পরে তিন দিকের শত্রুবেষ্টনী ভেদ করে নিরাপদ আশ্রয়ে যাই।

প্রশ্নঃ স্যার মুজিবনগর থেকে আপনি কখন সক্রিয় সাহায্য পেয়েছেন?

উঃ আগষ্ট মাসের পূর্ব পর্যন্ত মুজিবনগর থেকে কোন সাহায্য পাইনি। পরে অবশ্য পেয়েছি।

প্রশ্নঃ আপনার অধীনে যে সব জওয়ান আছে তাদের মধ্যে কে কে আপনাকে প্রায় অধিকাংশ যুদ্ধে ছায়ার মতো অনুসরণ করতো?

উঃ সবু, খোকা, হালিম, ফজলুল হক, আবদুল্লা, ফজলু , আজাহার, লতিফ, দুলাল, মাসুদ, বেনু, শামসু, সাখাওয়াত এবং আরো কয়েকজন।

প্রশ্নঃ মুক্তিযুদ্ধে আপনাকে কে প্রেরণা জোগাতেন।

উঃ বাঙ্গালী জাতির পিতা শেখ মুজিবুর রহমান।

কাদের বাহানীর গঠন ও যুদ্ধ তৎপরতা-২

\ কাদের বাহিনী সাড়ে তিনশো লড়াই-এ অংশ নিয়েছে \

কাদের বাহিনীর মুক্তিযোদ্ধা সংখ্যা ছিল ১৭ হাজার। এদের সহায়ক স্বেচ্ছোসেবকদের সংখ্যা ছিল ৭২ হাজারেরও বেশী। একটি সেনাবাহিনীরমতো সুশৃঙ্খল প্রশাসন ব্যবস্থা। সমগ্র টাঙ্গাইল জেলা এবং ঢাকা,

* কাদের সিদ্দিকীর সঙ্গে বিশেষ সাক্ষাৎকারের ওপর ভিত্তি করে রচিত প্রতিবেদন থেকে সংকলিত। প্রতিবেদনটি 'দৈনিক বাংলা' ৮-১৩ ডিসেম্বর ' ৭২-এ বিভিন্ন শিরোনামে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল। সাক্ষাৎকারটি গ্রহন করেছিলেন হেদায়েত হোসাইন মোরশেদ।

ময়মনসিংহ ও পাবনার কিছু অংশ ছিল কর্মক্ষেত্র, ৫টি সেক্টরে বিভক্ত ছিল সমগ্র এলাকা। মুক্তিযোদ্ধারা বিভক্ত ছিল ৯৭ কোম্পানীতে। ৫টি সেক্টরে ছিল পাঁচটি সদর দফতর। কোম্পানীগুলোরও ছিল পৃথক সদর দফতর। এসব সদর দফতর ছিল ভ্রাম্যমাণ। এছাড়া সবার ছিল একটি উর্ধ্বতন স্থায়ী সদর দফতর যেখানে হানাদার পাকিস্তানীরা কোনদিনই পা ফেলতে পারেনি। মুক্তিযোদ্ধাদের বাহিনীতে ছিল সিগন্যালার-হারিয়ে যাওয়া ইতিহাসের পাতায় যুদ্ধ বর্ণনায় যে ধরনের সিগন্যালার বা খবর সরবরাহকারীর সন্ধান মেলে তেমনি। আবার এর সাথে সাথে ছিল বেতার যোগাযোগ ব্যবস্থা।

এই বাহিনীর কোন যোদ্ধা অধিকৃত বাংলাদেশর বাইরের কোন জায়গা থেকে ট্রেনিং নিয়ে আসেননি। অধিকৃত এলাকেতেই তারা পেয়েছেন প্রশিক্ষণ, আঘাত হেনেছেন শত্রুর উপরে , ধ্বংস করেছেন শত্রুর হানাদারদের আর একের পর এক মুক্ত করেছেন অধিতকৃত অঞ্চল। মুক্ত এলাকায় চালু করেছেন বেসামরিক শাসন ব্যবস্থা ১৬ই ডিসেম্বর অনেক আগেই। একটি সেনাবাহিনীতে যে সব উপকরণ থাকা প্রয়োজন তার প্রায় সব কিছুই এদের ছিল। হাসপাতাল ছিল, যোদ্ধাদের উদ্দীপনা জাগানোর জন্য ছিল সাংস্কৃতি দল। রণাঙ্গন নামে একটি সাপ্তাহিক মুখপত্র তারা প্রকাশ করতেন। ছিল সুষ্ঠ গণসংযোগ ব্যবস্থা। আরেকটি কথা- শুধু বিমান ছাড়া একটি সশস্ত্র বাহিনীর যে সব অস্ত্র ও গোলাবারুদ থাকা প্রয়োজন পরিমাণে সামান্য হলেও তার অনেকগুলোই তাদের কাছে ছিল। শত্রুর কাছ থেকে ছিনিয়ে তারা এসব অস্ত্র ও গোলাবারুদ সংগ্রহ করেছিলেন। ব্যাপক সম্মুখসমর, খণ্ড যুদ্ধ ও ছোটখাটো সংঘর্ষসহ বাহিনীর মোট লড়াইয়ের সংখ্যা সাড়ে তিনশোরও বেশি। তাদের হতে নিহত হয়েছে সহস্রাধিক খানসেনা ও রাজাকার। আর এই বাহিনীর শহীদ মুক্তিযোদ্ধা সংখ্যা হলো একত্রিশ জন ।

তাদের নিজস্ব যুদ্ধপদ্ধতি ও কৌশল ছিল, গেরিলা যুদ্ধ তারা করেছেন। ঝাঁপিয়ে পড়েছেন অনেক সম্মুখ সমরে। গেরিলা পদ্ধতির যুদ্ধের একটি রীতি হলো 'হিট অ্যাণ্ড রান' অর্থাৎ আঘাত হেনে পালিয়ে যাও। কিন্তু এই বাহিনী গেরিলা যুদ্ধে একটি নবতর রীতি সংযোজন করেছিল। তা হলো 'সাডেন হিট, স্টে অ্যাণ্ড অ্যাডভান্স' আতর্কিতে এসে আঘাত হনো, অবস্থান করো ও এগিয়ে যাও।

বাহিনীর নাম কাদের বাহিনী আর অধিনায়কের নাম কাদের সিদ্দিকী। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে এই বাহিনী আর অধিনায়কের নাম চিরদিন ভাস্বর হয়ে থাকবে। কাদের বাহিনীর নাম শুনলে হানাদার পাকিস্তানীও তাদের সহযোগীদের বুকের পাঁজরে ত্রাসের কাঁপন জাগতো। আর কাদের সিদ্দিকী রুপকার নায়কের মতো একটি নাম, অধিকৃত বাংলাদেশ একটি অঞ্চলের মুক্তিপাগল বাঙ্গালীর কাছে যে নাম ছিল আস্থা, প্রত্যয়, সাহস, সংগ্রাম ও বিজয়ের বরাভয় আর হানাদারদের কাছে ছিল ভীতি আর বিলুপ্তির পরোয়ানা।

... . .. দলগত বা বাহিনীগতভাব 'কাদের বাহিনী' প্রথম যুদ্ধ সংঘটিত হয় একাত্তর সালের ২২শে মে চারানে। এই সংঘর্ষ চল্লিশ মিনিট স্থায়ী হয়েছিল। যুদ্ধে ১৫ জন খান সেনা নিহত হয়। আহত হয় আর বেশী। মুক্তিযোদ্ধারা কেউই হতাহত হয়নি। দুজন গ্রামবাসী শহীদ হন। এরপর থেকে চলেছে খান সেনাদের উপরে অব্যাহত আক্রমন। খান সেনাদের অস্ত্রবাহী জাহাজের উপর হামলা চালিয়ে এক কিস্তিতেই দখল করেছে একুশ কোটি টাকার গোলাবারুদ। ২৩ ঘণ্টা সময়ের মধ্যে টাঙ্গাইল থেকে কড্ডা পর্যন্ত রাস্তায় ১৭টি গুরুত্বপূর্ণ সেতু ধ্বংস করেছে তারা। একাত্তরের নভেম্বর নাগাদ কয়েকটি গুরুত্বপূর্ণ থানা মুক্ত করেন তারা এবং অমনি কয়েকশ অপারেশন। ১২ই ডিসেম্বর মুক্ত হয় টাঙ্গাইল। মেজর জেনারেল নাগরা, ব্রিগডিয়ার ক্লেয়ার ও ব্রিগেডিয়ার সানত সিং-এর ভারতীয় বাহিনীর সাথে সম্মিলিতভাবে কাদের বাহিনী অগ্রাভিযান করে ১২ই ডিসেম্বর পরবর্তী কয়েকটি দিন। ১৬ ডিসেম্বর মেজর জেনারেল নাগরার বাহিনী যখন সবার আগে ঢাকা প্রবেশ করে তখন তাঁর সাথে ছিল কাদের বাহিনী ও কাদের সিদ্দিকী।

বাঘা সিদ্দিকীর সাথে এক বিশেষ সাক্ষাৎকারে আমি মিলিত হয়েছিলাম। আমার টেপ রেকর্ডারে তিনি একনাগাড়ে প্রায় আড়াই ঘণ্টা তাঁর বক্তব্য রাখেন। ২৫শে মার্চের পরবর্তী পর্যায়ে যুদ্ধে অংশগ্রহণ ও বাহিনী সংগঠন থেকে শুরু করে ১৬ই ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন ঘটনা ও বিষয়ের কথা বলেন।

কাদের সিদ্দিকী বলেন যে, কোন বাহিনী গঠনের মানসিকতা নিয়ে অন্তত প্রথম অবস্থায় তিনি যুদ্ধে নামেননি। তিনি বললেন, যখন ২৫শে মার্চ ইয়াহিয়া আমাদের উপর তার বাহিনী নিয়ে ঝাঁপিয়ে পড়ে তখন আমরা প্রস্তুতি নিচ্ছিলাম। আমি আগে ভাবতাম কোন কিছুর সমাধান হিংসাত্মক উপায়ে হয় না। ২৩শে মার্চ আমরা অধিকার আদায়ের শপথ নিলাম। এবং সেদিন প্রথম সবক নিলাম প্রয়োজন হলে অস্ত্রের মাধ্যমেও রাজনীতি করতে হতে পারে। ২৫শে মার্চের পর টাঙ্গাইলে সংগ্রাম পরিষদ গঠিত হয়। সেখানে আমার কোন যোগ্যতা নেই। তার জন্যে কোন দায়িত্ব না পেলেও নিজে একজন কর্মী হিসাবে থাকার চেষ্টা করলাম। আমি আগে থেকেই জানতাম রাজনীতির মঞ্চের নেতৃত্ব আর যুদ্ধের নেতৃত্ব এক জিনিস নয়।

৩রা এপ্রিল, ১৯৭১ সাল। হানাদার পাক বাহিনী এগিয়ে এলো টাঙ্গাইলের পথে। তাদেরকে সাটিয়াচড়ায় বাধা দেয়া হয়, বললেন কাদের সিদ্দিকী। সেই যুদ্ধ প্রাক্তন ই,পি আররাই করেছিল। মাত্র ২ প্লাটুন ইপিআর সেদিন বাধা দেয় হানাদার খান সেনাদের একটি ব্যাটালিয়নকে। যুদ্ধে আমাদের হার হয়। ভাবলাম পাহাড়ে পালিয়ে চলে যাবো। কিন্তু দেশ ছেড়ে যাবো না। যা হয় দেশেই হবে।

\ শত্রুর মোকাবিলা করেই কাদের বাহিনী যুদ্ধ শিখছে \

১৯শে এপ্রিল। ময়মনসিংহের পথে রওনা হয় পাকবাহিনী। পথে কালিহাতীতে তাদের বাধা দেয়া হয়। নেতৃত্বে ছিল ইপিআর-এর। কাদের সিদ্দিকীও এদের সঙ্গে অংশগ্রহন করেন। শত্রুপক্ষের মেজর কামালসহ বহু খান সেনা এই যুদ্ধে হতাহত হয়। মুক্তিযোদ্ধারা ডিফেন্স উঠিয়ে ছত্রভঙ্গ হয়ে য়ায়। এদিকে গ্রাম-গ্রামান্তরে ঘুরে বেড়াচ্ছেন কাদের সিদ্দিকী। সঙ্গে রয়েছেন কয়েকজন মুক্তিপাগল যুবক। কাদের সিদ্দিকী বলছিলেন, আমার আয়ত্তে কুড়ি পঁচিশটি বন্দুক ছিল। এগুলো নিয়ে পাহাড়ে চলে গেলাম। লুকিয়ে রাখলাম। কয়েকদিন পর শুনতে পেলাম কাদের বাহিনীর মাথা কেউ এনে দিতে পারে তাকে লাখ টাকা পুরস্কার দেয়া হবে। ভয় পেলাম প্রথমে। আমাদের দেশে হাজার টাকার জন্য মানুষ মানুষকে খুন করে। আমাকে তো ধরিয়েও দিতে পারে। অনেকগুলো যুবক ও তরুণ আমার সাথে গিয়েছিল। তাদের কয়েকজনকে ফিরিয়ে দিলাম। আমি তখন কিছুটা ফ্রাস্ট্রেটেড। আমি পারবো কিনা সন্দেহ ঢুকছে মনে। আমি যে যুদ্ধের নেতৃত্ব দিতে পারবো তা তখন আমার জানা নেই। সহগামী বন্ধুদের বললাম, তোমরা চলে যাও। তোমরা এখনো দোষী সাব্যস্ত হওনি। আমি মনস্থির করলাম এমনিভাবে পালিয়ে পালিয়ে থাকবো। যদি কোনদিন সুযোগ পাই এবং একজন পাসসেনাকেও হত্যা করতে পারি তাহলে মনে সান্ত্বনা পাবো তবু তো একটাকে মারলাম।

কাদের সিদ্দিকী বললেন, কিন্তু পরে দেখলাম আমাকে জঙ্গলে কাটাতে হলো না। মুক্তি পাওয়ার জন্য মানুষ পাগল। সংগ্রামের জন্য তাদের দারুণ আগ্রহ। লাখ টাকার বিনিময়েও তারা ধরিয়ে দিতে রাজী নয়। এভাবে কয়েকদিন কেটে গেলো। বিভিন্ন জায়গা থেকে ছেলেরা এসে আমাকে জিজ্ঞাসা করে, কাদের ভাই, কোথায় ট্রেনিং হচ্ছে? আপনি কোথায় ট্রেনিং দিচ্ছেন, বলুন। বুকে অনেক ভরসা পেলাম। রিক্রুট শুরু করলাম। ৬ই মে নাগাদ আমার দলের লোকসংখ্যা দাঁড়ালো ৪০০ জন। ১৪ই মে বহেরাতৈলে পবিত্র কোরআন হতে নিয়ে আমার জওয়ানদের শপথ করালাম যতদিন বাংলাদেশ স্বাধীন না হবে, বঙ্গবন্ধু ফেরত না আসবেন, ততদিন আমাদের যেই জীবিত থাকি যুদ্ধ করবো। সেই থেকে আমাদের সুপরিকল্পিত যুদ্ধ শুরু হলো।

কাদের সিদ্দিকী বললেন, অক্টোবর মাস পর্যন্ত আমি চেষ্টা করেছি আমাকে ছায়া দেয়ার মতো এবং নেতৃত্ব দেয়ার মতো কাউকে যদি পেতাম। আমরা তার হুকুম মেনে কাজ করতাম। অনেকে এসেই আমার সাথে যোগদান করেছে। প্রথমে ভেবেছি এই বোধ হয় কোন নেতা পাবো। কিন্তু পরে দেখেছি তারা আমাকে নেতৃত্ব

দেয়ার চেষ্টা করেননি বরং আমার কাছ থেকে নেতৃত্ব আদায়ের চেষ্টা করেছে। তাদের জোরেই আমি নেতা হয়েছিলাম।

কাদের সিদ্দিকী বলেন, কাদের বাহিনী নাম আমি দিইনি। স্বাধীন বাংলা বেতার থেকেই প্রথম আমাদের যুদ্ধকে কাদেরিয়া মার বলে বর্ণনা করে। আমার বাহিনীর নাম দেয় কাদের বাহিনী। পরে আমার ছেলেরাও এই নাম গ্রহন করে। বঙ্গবন্ধুও পাকিস্তানি কারাগার থেকে বেরিয়ে এসে আমাদেরকে কাদের বাহিনী নামে অভিহিত করেন। কিন্তু আমি আগেও ভাবতাম এবং আজো ভাবি স্বাধীনতার জন্যে আমরা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলাম। আমরা মুক্তিবাহিনী। মুক্তিযোদ্ধা।

৩রা জুন কাদের বাহিনীর সাথে সংঘর্ষ হয় গোপালপুর, মধুপুর ও টাঙ্গাইল থানার সম্মিলিত পুলিশ বাহিনীর সাথে। খণ্ডযুদ্ধ হয় বইলামপুরে। হেরে পুলিশ বাহিনী পালিয়ে যায়। সাতজন পুলিশ কাদের বাহিনীর হতে গ্রেফতার হয়। ১২ই জুন হলো বল্লার যুদ্ধ। পাঁচ ঘণ্টা চলে এই যুদ্ধ। কাদের সিদ্দেকীর ভাষায় জনগণের মনোবল বৃদ্ধির জন্য প্রথম পর্যায়ের এই যুদ্ধ অত্যন্ত গুরুত্বের সঙ্গে আমাদের কাছে আর্বিভূত হয়েছিল। দল সংগঠনের পর খানসেনাদের সাথে এটা ছিল আমাদের প্রথম সম্মুখযুদ্ধ। আমরা ছিলাম প্রায় ১৫০জন। কিন্তু পজিশন নিয়েছিলাম কৌশলগত কারণে মাত্র ১৩ জন। সেই যুদ্ধে ১৬ জন পাকসেনা নিহত হয়। আহত কত হয়েছিল বলতে পারবো না। যুদ্ধে ওরা হেরে গিয়ে পিছিয়ে গেলো। কিন্তু লাশগুলো নিয়ে যাওয়ার জন্য তারা তখনো গুলি চালিয়ে একটি কভার সৃষ্টির চেষ্টা করেছিল। আমি তখন ভাবছি, খান সেনাদের অন্তত কয়েকটি লাশ আমাদের নিয়ে যেতেই হবে। তাহলে মানুষ বিশ্বাস করবে যে আমরাও লড়তে পারবো। আপ্রাণ চেষ্টা করে পাঁচটি লাশ নিয়ে এলাম। একটি লাইট মেশিন গানসহ ৯টি রাইফেলও হস্তগত করলাম। কিন্তু সেদিন মেশিনগান রাইফেলের চেয়েও বড় কাজ এসেছিল ওই লাশগুলো। ৫টি লাশ দেখার জন্য কুড়ি হাজারের মতো লোক জমায়েত হয়েছিল। এমন কোন লোক ছিল না যে লাশগুলোকে সেদিন ঘৃণাভরে লাথি মারেনি। পরে লাশগুলোকে আমরা নদীতে ভাসিয়ে দিই। এরপর জনগনের মনে এক অদ্ভুত উদ্দীপনার সৃষ্টি হয়েছিল।

আগষ্ট মাসে কাদের সিদ্দিকীর হাতে গুলি লাগে। টাঙ্গাইল থেকে ১২৮ মাইল পথ পাড়ি দিয়ে তিন দিনে তিনি সীমান্তের ওপারে গিয়ে পৌঁছেন। ২৩শে আগষ্ট তিনি চলে যান। বাংলাদেশ আবার ফিরে আসেন ১৩ই সেপ্টেম্বর। ভারত আবস্থানকালীন অভিজ্ঞতা সম্পর্কে কাদের সিদ্দিকী বলেন যে, 'ভারতীয় বাহিনী আমার সাথে খুব ভাল ব্যবহার করেছে। আমার যদ্দুর জ্ঞানবুদ্ধি আছে তাতে মনে করি ভারতীয় বাহিনীর লোকেরা খুব ভালো করেই অনুভব করেছে যে আমাদের স্বাধীন করা উচিত।'

কাদের বাহিনীর সংগঠনগত ব্যাপারে কয়েকটি প্রশ্নও আমি কদের সিদ্দিকীর কাছে রেখেছিলাম। তিনি জানান, মুক্তিযোদ্ধাদের সহায়ক হিসাবে ছিল স্বেচ্ছাসেবক বাহিনী। প্রত্যেক ইউনিয়ন, গ্রাম এবং ওয়ার্ডে এই বাহিনী ছিল। মুক্তিযোদ্ধারা জনগনের সাথে সরাসরি যোগাযোগ রাখতো না। মুক্তিফৌজ কোথাও অপারেশনে গেলে বা ঘাঁটি গেড়ে অবস্থান করলে তাদের খরবদারির ভার থাকতো স্বেচ্ছাসেবক বাহিনীর হাতে। মুক্তিযোদ্ধাদের মধ্যেও কয়েকটি দল ছিল। এগুলো হলো হেলথ কোর, যোগাযোগ দল ও যুদ্ধের দায়িত্বপ্রাপ্ত যোদ্ধাদল। এই শেষোক্ত শ্রেণীই ছিল সর্বাধিক সম্মানের অধিকারী। যোদ্ধাদের প্রশিক্ষণের জন্য কোন ক্ষেত্রের অভাব ছিল না। যুদ্ধক্ষেত্রেই তারা প্রশিক্ষণ পেয়েছে। বিশেষ কোন ট্রেনিং দিয়ে তাদের যুদ্ধ শেখাতে হয়নি। শত্রুর মোকাবেলা করেই তারা যুদ্ধ শিখেছে। টাঙ্গাইল জেলায় কাদের বাহিনী তাদের তৎপরতা সর্বাধিক কেন্দ্রিভূত করেছিল। পাঁচটি সেক্টরে জেলাটি বিভক্ত ছিল। কোম্পানীর অধিনায়ক হিসেবে কাউকে কখনো বিশেষ দায়িত্ব দেয়া হয়নি। একজন সিনিয়র কোম্পানী কমাণ্ডারের উপর তার নিজস্ব কোম্পানী ছাড়াও সেক্টরের দায়িত্ব দেয়া হতো।

বাহিনীর উর্ধ্বতন সদর দফতর 'মহানন্দপুরে' অবস্থিত ছিল। বাহিনীর একজন প্রশাসনিক প্রধান ছিলেন। একাত্তর সালের জুলাই মাস থেকে বাংলাদেশে সরকারের অনুমতিক্রমে কাদের বাহিনীর জনগনের দৈনন্দিন জীবনের সকল দুঃখ-দুর্দশা মোচনের জন্যে সামগ্রিক ব্যবস্থা গ্রহন শুরু করেন।

কাদের বাহিনীর একটি সিকিউরিটি বা ইনটেলিজেন্স বিভাগ এবং সাথে সাথে কাউন্টার ইনটেলিজেন্স ব্যবস্থা চালু ছিল। বাহিনীর লোকজন সম্পর্কে খবরাখবর সংগ্রহ করে রিপোর্ট করা ছিল এদের কাজ। মুক্তিযোদ্ধাদের গতিবিধি ছিল কাঠোরভাবে নিয়ন্ত্রিত। কাদের বাহিনীর সিগন্যাল বা কুরিয়ার সার্ভিসের ব্যবস্থা ছিল অদ্ভুত। সর্বক্ষণ বিভিন্ন এলাকায় রুটিনমাফিক সিগন্যালম্যানের কাছে দ্রুত দৌড়ে গিয়ে খবর পৌঁছে দিতো। সে পৌঁছে দিতো পরের পয়েন্টে। এমনি করে করা হতো খবর এবং তা সব সময়ই (বিশেষ করে যা জরুরী গোপন আশু নির্দেশ) থাকতো লিখিত। বিভিন্ন পয়েন্টের সিগন্যালম্যানের নাম তাতে স্বাক্ষরিত থাকতো। কাদের সিদ্দিকী জানান যে, এভাবে ১০ মাইল দূরবর্তী কোন স্থান খবর পাঠাতে তাদের সময় লাগতো বড়জোর ২৫ মিনিট। নভেম্বর মাস থেকে কাদের বাহিনীর শক্তিসম্পন্ন বেতার যোগাযোগ ব্যবস্থা চালু করে।

\ যুদ্ধে কখনো হারিনী-কিন্তু নাগপুরের কোন যুদ্ধে আমি জিতিনিঃ কাদের সিদ্দিকী \

কাদের বাহিনীর মোট লড়াইয়ের সংখ্যা তিনশরও বেশী। প্রত্যেকটি যুদ্ধ হামলা কিংবা স্যাবোটাজ অপারেশনই ছিল কোন না কোন দিক থেকে গুরুত্বপূর্ণ। তবুও এর মধ্যে কয়েকটি লড়াই-এর স্মৃতি মনে দাগ কেটে রয়েছে। সে কথাই বলছিলেন কাদের সিদ্দিকী। ১১ই আগষ্ট কমাণ্ডার হাবিবেব নেতৃত্বে কাদের বাহিনী একটি দল ভূয়াপুরের কাছে মাটিকাটায় ধলেশ্বরীতে পাকবাহিনীর অস্ত্রবাহী জাহাজের ওপর হামলা চালাল। জাহাজটির নাম আর এস ইউ ইঞ্জিনিয়ার্স, এলসি-৩। ঢাকা থেকে রংপুরের সেনানিবাসে যাচ্ছিল ২১ কোটি টাকার অস্ত্র নিয়ে। সঙ্গে আরও কয়েকটি জাহাজ ছিল। কিন্তু কাদের বাহিনীর যোদ্ধারা সিরাজকান্দির উত্তরে মাটিকাটা চরে নদী তীরবর্তী দুটি বাড়ি থেকে স্টেনগান, এলএমজি আর মর্টার দিয়ে হামলা চালিয়েছিল সঠিক লক্ষ্যবস্তুর উপর। ঘায়েল হলো জাহাজ, কুপোকাত হলো জাহাজের অধিনায়ক আমানুল্লাহ খান, খতম হলো শতাধিক খান সেনা । কাদের বাহিনী ছিনিয়ে নিল ২১ কোটি টাকার অস্ত্র ও গোলাবারুদ যার মধ্যে ছিল ১২০ এম এম ২ ইঞ্চি ও ৩ ইঞ্চি মর্টার, ৮৩ এম এম ক্যালেণ্ডার সাইজ ভারী কামান ও প্রচুর রাইফেল। এরপর পাক বাহিনী প্রচণ্ড আক্রোশে পাল্টা হামলা চালিয়েছিল। দুটো এফ-৮৬ স্যাবর জেট তাদেরকে কভার দিকে এগিয়ে এসেছে। কিন্তু কিছুই হয়নি। ২১ কোটি টাকার অস্ত্র কাদের বাহিনী তাদের সদর দফতর নিয়ে চলে গেল। এই যুদ্ধের শেষ পর্যায়ে কাদের সিদ্দিকীও মাটিকাটায় ছিলেন।

ব্যক্তিগতভাবে যে সব যুদ্ধ করেছেন তার মধ্যে মনে দাগ কাটবার মতো কয়েকটি যুদ্ধের কথা কাদের সিদ্দিকী বললেন। একটি যুদ্ধ হল আগষ্টে ধলাপাড়ার যুদ্ধ। এই যুদ্ধে কাদের সিদ্দিকী আহত হন। ২০শে নভেম্বর আড়াই হাজার পাকসেনা অর্থ্যাৎ পুরো একটি বিগ্রেডকে ঢাকা-টাঙ্গাইল রোড থেকে হাটিয়ে দিয়ে করটিয়া পর্যন্ত এলাকা কজায় রেখে ২৩ ঘণ্টায় ১৭টি সেতু ধ্বংস করে দেয় কাদের বাহিনী। পাক বাহিনী পাল্টা বিমান আক্রমণ চালায় কাদের সিদ্দিকী জানান, এত সামনাসামনি যুদ্ধ এর আগে আমি কোনদিন করিনি। ওরা একবার এগিয়ে আসছে, আমরা পিছিয়ে যাচ্ছি। আবার আমরা এগিয়ে যাচ্ছি ওরা পিছু হটছে। এভাবে পাঁচ ঘণ্টা যুদ্ধ চলার পর পাক সেনারা হেরে যায়। কাদের বাহিনী পাকসেনাদের কয়েক মাইল পিছু হটিয়ে দিয়ে আসে।

কাদের সিদ্দিকীর ব্যক্তিগত অংশগ্রহন-সমৃদ্ধ যুদ্ধের মধ্যে সবচেয়ে ধকল গেছে নাগপুরের যুদ্ধে। কাদের সিদ্দিকী আমাকে বললেন, আমার জন্য টাঙ্গাইল জেলায় একটি দুর্ভাগ্যজনক থানা ছিল নাগরপুর। আমি

জীবনে কোন যুদ্ধেই হারিনি। কিন্তু নাগরপুর থানায় কোন যুদ্ধেই জিতিনি। ১৭ই অক্টোবর আমি নাগরপুর অভিযান করেছিলাম। সেদিন আমার মারা যাওয়ার মতো অবস্থা। কোন রকমে বেঁচে যাই। তারপরও আমি অভিযান চালাই। সেখানেও আমি হেরে যাই। ৩০শে নভেম্বর বেলা প্রায় সাড়ে ১২টায় নাগরপুর থানা দফতরের উপর হামলা করি। আমাদের মনে ছিল প্রচণ্ড উৎসাহ। নাগরপুর থানায় ৬৫জন সৈন্য রয়েছে-তাও মিলিশিয়া। আর আমাদের হল ২৫০ জন যোদ্ধা। ভাবলাম, আজ হাঁটতে হাঁটতে গিয়ে খানায় উঠবো। কিন্তু পারলাম না। ২টা তিন ইঞ্চি মর্টার, ২টা আড়াই ইঞ্চি মর্টার, ৭/৮টি ২ই ঞ্চি মর্টার, ৪টা গ্রেনেড নিক্ষেপকারী রাইফেল আমাদের সাথে। এ ছাড়া রয়েছে ১৯টি লাইট মেশিনগান। জীবনে এত এলএমজি আর কোথাও ব্যবহার করিনী। এছাড়া স্বয়ংক্রিয় অস্ত্র ছাড়া কোন সিংগলশট অস্ত্রও আমরা ব্যবহার করিনি। কিন্তু থানাটির অবস্থান ছিল ভারী বিদঘুটে। সম্মুখে ফাঁকা জায়গা। কবার নেয়ার মতো কোন স্থান নেই। ফলে এগোনো যায় না। আর শত্রুরা মরিচা থেকে ফায়ার করছে। আমি ১৫৮ রাউণ্ড ৩ ইঞ্চি মর্টারের গোলাবর্ষণ করি। কিন্তু একটি গোলাও থানার ওপরে ফেলতে পারলাম না । আমি এমন ব্যর্থ আর কোথাও হয়নি। একশ গজ দূর থেকে ৫৪ রাইণ্ড দুই ইঞ্চি মর্টারের ফায়ারও করেছি। কিন্তু একটাও লক্ষ্যস্থলে পড়েনি। ২রা ডিসেম্বর পর্যন্ত হামলা চালালাম। কিন্তু পাক সেনাদের মরিচা থেকে ডিবপার্জ করতে পারলাম না। এত প্রস্তুতির পরও সবচেয়ে বেশি ধকল আমার এখানে গেছে। আসল চাইনিজ ৮৩ ব্লেন্ডিণ্ডিসাইড কিন্তু তার ফ্লাশ প্রোটেক্ট করার জন্য যে কভার থাকে তা নেই। রাউণ্ড ভরলাম ফায়ার করলাম। থানায় শত্রুদের একটা মরিচা ছিটকে উড়ে গেল। কিন্তু আমাকেও ধাক্কা মেরে হাত তিনেক পেছনে ফেলে দিল। আমার মাথার টুপি উড়িয়ে নিয়ে ফেলল প্রায় পনের হাত পেছনে।

৩রা ডিসেম্বর পাক বাহিনীর রিইনফোর্সমেন্ট কন্টিনজেন্ট এগিয়ে এলো ময়মনসিংহ থেকে টাঙ্গাইল। কাদের সিদ্দিকী এগিয়ে গেলেন এলাসিন গুদারা ঘাটে পাক বাহিনীকে বাধা দিতে। কিন্তু সময়ের সামান্য হেরফের তিনি গুদারা ঘাটের ওপারে পাক বাহিনীকে বাধা দিতে পারলেন না। পাক বাহিনী এপারে চলে এলো। কাদের বাহিনী সুবিধামত পজিশন নিতে পারলেন না। কাদের সিদ্দিকী বিচ্ছিন্ন হয়ে পড়লেন। কিন্তু মাত্র কয়েক ঘণ্টার জন্য। আবার সবকিছু ঐ এলাকায় সুসংগঠিত হয়ে গেল। ৩রা ডিসেম্বর মধ্য রাতে কাদের সিদ্দিকী ছিলেন কেদারপুরে। শেষ রাতে গোলা আর বোমাবর্ষণের শব্দ শুনতে পেলেন। খানিক পরই মাথার উপর দিয়ে উড়ে গেল বিমান। সঙ্গীদের বললেন কাদের সিদ্দিকী, কাল থেকে নতুন সুখবর হবে। সঙ্গীরা এ কথার অর্থ জানতে চাইলেন। কাদের সিদ্দিকী বললেন, এই যে দেখলে না আমাদের বিমান শত্রুদের উপর আক্রমণ হেনে চলে গেলো। এরকম আঘাত হানলেই কাজ হবে। বাদবাকি আমরা পারব। পরের দিন কাদের সিদ্দিকী নবতর পরিস্থিতিতে সবাইকে সংগঠিত করলেন।

কাদের সিদ্দিকী নতুন পরিকল্পনা নিলেন ঢাকা-টাঙ্গাইল সড়কে যে সেতুগুলো বিস্ফোরণ ঘটিয়ে ভেঙে ফেলা হয়েছে তার নিচু দিয়ে যে রাস্তা হয়েছে তাতেও প্রতিবন্ধকতার সৃষ্টি করা হবে। সেখানে এন্টি ট্যাংক মাইন বসানো হবে এবং এই মাইন প্রতিরক্ষার জন্য এর চারপাশে বসানো হবে একাধিক এন্টি পারসোনেল মাইন। প্রতি রাতে এই মাইন বসানোর নির্দেশ দেয়া হল। কাদের বাহিনীর যোদ্ধারা জালের মতো মাইন বিছিয়ে ফেললো। সঙ্গে সঙ্গে কাদের সিদ্দিকী আরেকটি পরিকল্পনা নিলেন, আগামী দুই দিনের মধ্যে টাঙ্গাইল-ময়মনসিংহ সড়কের সেতুগুলো ভেঙ্গে ফেলতে হবে। তারপর টাঙ্গাইল দখল করতে হবে। উল্লেখ্য, ২০শে নভেম্বর টাঙ্গাইল দখলের পরিকল্পনা কাদের সিদ্দিকী ছিল। ঢাকা-টাঙ্গাইল এবং টাঙ্গাইল-ময়মনসিংহের সড়কের সেতুগুলো একযোগে ভেঙ্গে ফেলা হবে- মধুপুর থেকে শুরু করে ৯টা সেতু ধ্বংস করার পরিকল্পনা নেয়া হয়েছিল। কিন্তু ওপাশের দায়িত্ব যারা ছিলেন তারা আর পরিকল্পনা বাস্তবায়নের কাজে হাত দিতে পারেনি।

যাহোক, এবার কাদের সিদ্দিকী সেতু ভাঙ্গার জন্যে নতুন করে পরিকল্পনা নিলেন। তিনি ভাবলেন, ঢাকায় এখন শত্রুদের ওপর বিমান আঘাত হানা হবে; সীমান্ত ছেড়ে পাকবাহিনী আসবে না এবং এই সড়কটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সেতু ভেঙ্গে পাকবাহিনী যোগাযোগের পথ বিচ্ছিন্ন করে টাঙ্গাইল তিনি দখল করবেন। ৪ঠা

ডিসেম্বর কাদের সিদ্দিকী মার্চ শুরু করলেন। তখন কামালপুরে সম্মিলিত বাহিনীর সাথে পাকবাহিনীর যুদ্ধ চলছে। কাদের সিদ্দিকী স্থির করলেন তিনি মধুপুর দখল করে পুংলী সেতু পর্যন্ত আসবেন।

কাদের সিদ্দিকী বললেন, ৭ই ডিসেম্বর আমি নিকরাইল থেকে কোথায় কি করা হবে তার পরিকল্পনা করলাম। স্থির করলাম আমার ৫হাজার যোদ্ধাকে নিয়ে এবারকার পরবর্তী পর্যায়ের অপারেশন চালাবো। আর সব যোদ্ধা থাকবে ডিফেন্সে এবং এই ৫হাজার করবে এ্যাকশন। এর আগে ৬ই ডিসেম্বর ভারত বাংলাদেশকে স্বীকৃত দিয়েছে। ৭ই ডিসেম্বর আমি নিকরাইলে জনসভা করলাম। কুড়ি থেকে ত্রিশ হাজার লোক হল। সভায় জনগণকে বললাম, আপনাদের সাথে আর দেখা হবে কিনা জানি না। বাংলাদেশ আজ স্বীকৃতি পেয়েছে। কাদের সিদ্দিকী বললেন, ৭ই ডিসেম্বর রাতে সম্মিলিত বাহিনীতে ভারতীয় বাহিনীর ব্রিগেডিয়ার সানত সিং আমাকে অয়ারলেসে যোগাযোগ করে জানালেন, আমরা জামালপুর পর্যন্ত এসে গেছি, ব্রহ্মপুত্র নদী আমরা পার হতে পারছি না। আপনি জামালপুরের দক্ষিণ দিক থেকে পাকবাহিনীর উপর হামলা করুন আর আমরা উত্তর দিকে থেকে হামলা করছি। আমি তাই জামালপুর রওয়ানা হলাম। কিন্তু ধনবাড়ী পর্যন্ত গিয়ে মত পরিবর্তন করলাম। আমি ঘুরে পথ পরিবর্তন করলাম। ৯ই ডিসেম্বর ব্রিগেডিয়ার সানত সিংকে অয়ারলেসে জানালামঃ আমি আপনার প্রস্তাবে মানতে পারলাম না। কিন্তু ঢাকা থেকে পাকবাহিনী যেন ফোর্স পাঠাতে না পারে আমি সেই চেষ্টা করছি। আমি কথা দিলাম, পাক বাহিনীর একটি সৈন্যও যদি এই পথে এইদিকে আসতে পারে তবে আমি আইনত দণ্ড নেবো। আপনি আমাদের একটু উপকার করুন- গোপালপুরে আমাদের একটু এয়ার কভার দিন।

কাদের সিদ্দিকী বললেন, তাঁরা আমাদের কথায় রাজী হলেন। ১০ই ডিসেম্বর সকাল বেলা আমরা ঘাটাইল থানার হামলা করলাম। বিকেল সাড়ে চারটায় থানা ঘাঁটির উপর হামলা করলাম। সেদিনই ঘাটাইলের পতন হলো। এদিকে সকাল ১০টা-১১টায় গোপালপুরে এয়ার কভার দেওয়ার কথা, আমার বাহিনীর যোদ্ধারা সেখানে অপেক্ষা করছে। কিন্তু বিমানের দেখা নেই। আমাদের কোন কনফার্মও করেনি। আমার ছেলেরা গোপালপুর ঘাঁটিতে আক্রমন চালিয়ে কব্জা করে নিতে পারে। কিন্তু তারা বিমান হামলার জন্য অপেক্ষা করছে। পরে ধৈর্যের বাঁধ ভেঙ্গ গেল। বেলা সাড়ে তিনটার দিকে আমার ছেলেরা শত্রুরা ঘাঁটির উপর আক্রমন করলো। পতন হলো গোপালপুরের।

বলছিলেন কাদের সিদ্দিকীঃ এদিকে জামালপুরে আর আমাদের সাহায্যের দরকার হয়নি সম্মিলিত বাহিনীর। জামালপুরে শত্রু অবস্থানের উপর সম্মিলিত বাহিনীর বিমান এক হাজার পাউণ্ডের দুটি বোমাবর্ষণ করে। এতে ব্রহ্মপুত্র নদীর তীরে শত্রুদের প্রায় ৩৮টি মরিচা ধসে একেবারে পুকুরের মতো হয়ে যায়। এরপর পাকবাহিনী পালাতে শুরু করে। এদিকে রাস্তাটি এলাংগা পর্যন্ত আমাদের দখলে এসেছে। টাঙ্গাইলে পাকবাহিনীর রয়েছে। পলাতক পাকবাহিনীর কনভয়ের উপর সম্মিলিত বাহিনীর বিমান স্ট্রাফিং করে গেল। ১১ ডিসেম্বর ভোর বেলায় আমরা পরিকল্পনা নিলাম আজ টাঙ্গাইল দখল করতেই হবে। কমাণ্ডার হাবিবের নেতৃত্বে একটি বাহিনীকে পাঠানো হলো ময়মনসিংহ থেকে পাকবাহিনী আগমনকে ঠেকিয়ে রাখার জন্য। আগের রাতেই খবর পেয়েছি পাকবাহিনীর কনভয় যেতে পারছেনা। টাঙ্গাইল-ঢাকা রোডে পাতা আমাদের মাইনের জালের ফাঁদে তারা আটকা পড়েছে। প্রত্যেকটি সেতুর নিচের ডাইভারসন রোডে রয়েছে মাইন। ভাতকুড়া ব্রীজের নীচে একটি মাইনের ঘায়েই পড়ে গেলো এগারোটি গাড়ি। রোড় ক্লিয়ার নেই। টাঙ্গাইল থেকে ভাতকুড়া হয়ে কালিহাতি পর্যন্ত লাইনআপ হয়ে রয়েছে শত্রুদের কনভয়ের গাড়ী। কালিহাতী থানা আমাদের ছেলেদের দখলে। আমরা এগিয়ে এলাম। আমি ১১ই ডিসেম্বর আবার সম্মিলিত বাহিনীর বিমানকে টাঙ্গাইল থেকে এলাঙ্গা পর্যন্ত বিমান হামলা ও এয়ার কভারের কথা বলেছি। তারা জানিয়েছেন, দিচ্ছেন। এদিকে কমাণ্ডার সবুরকে রেকি পার্টি নিয়ে পাঠিয়েছি। কিন্তু তারা এগিয়ে গেছে। ভয় হলো বিমান হামলা না আবার ভুলে তার উপর হয়। আল্লাহর রহমত, এলাঙ্গা থেকে অল্প একটু এ পাশে সবুর হল্ট হরেছে। হল্ট এ জন্য করেছে যে ওপাশে পাকবাহিনী রয়েছে এক ব্যাটালিয়ন। আটকা পড়েছে। সবুরকে নির্দেশ দিলাম একটু পিছিয়ে আসার জন্য। এর পাঁচ মিনিটের মধ্যেই বিমান হামলা হলো। সে কি মার! পাকবাহিনীর সেখানে পালিয়েছে সেখানেই তার ওপর হামলা। শত্রুরা দিশেহারা

আমাদের ঢাকার গেরিলা দল তাদের কার্যকলাপ চালিয়ে যাচ্ছিল। বৃটিশ সরকারের একটি পার্লামেন্টারী দল বাংলাদেশের সে সময়ের পরিস্থিতি সরেজমিনে জানার জন্য ঢাকায় আসে। এই দলটি ঢাকা ইন্টারকন্টিনেন্টাল হোটেলে অবস্থান করছিল। ২৪শে জুন সকাল সাড়ে সাতটায় হোটেলের ভিতরে লবীতে বসে বিমান বন্দরে যাবার অপেক্ষা করছিল। ঠিক সে সময় আমাদের ৩জন গেরিলা হোটেলের সামনে বারান্দায় দুটি গ্রেনেড বিস্ফোরণ ঘটায় এবং পরিষদীয় দলটিকে ঢাকার পরিস্থিতি সম্পর্কে অবহিত করায়। এর ক'দিন পর আমাদের গেরিলারা জানতে পারে যে নারিন্দার 'গৌরিমা মন্দিরে' পাকিস্তানীদের অনেক দালাল সমবেত হয়ে আলোচনার আয়োজন করছে। দালালেরা যখন আলোচনায় ব্যাস্ত, ঠিক সেইসময় আমাদের গেরিলারা আলোচনা সভায় একটি বিস্ফোরণ ঘটায়। এতে প্রায় ২০/২৫ জন পাক দালাল হতাহত হয়। ঢাকার গেরিলা দল টিএন্ডটি বিভাগের একজন পাকিস্তানী উর্ধ্বতন কর্মচারীর গাড়ীত এম-১৪ মাইন দিয়ে বুবিট্র্যাপ লাগিয়ে রাখে। ফলে পাকিস্তানী অফিসারটি গাড়ীসুদ্ধ শেষ হয়ে যায়। পাকিস্তানী অফিসাররা মাঝে মাঝে ধানমন্ডির 'সাংহাই' চাইনিজ রেষ্টুরেন্টে সন্ধ্যাভোজে আসত। এ সংবাদ পাবার পর আমাদের ১টি গেরিলা দল ৮ই জুলাই রাত ৯টায় পাকিস্তানী অফিসাররা সেখানে আসলে তাদের উপর গ্রেনেড ছোড়ে। ফলে২/৩ জন পাকিস্তানী অফিসার নিহত হয়। পাকিস্তানী পুলিশরা এ সময়ে রাতে ট্যাক্সিতে কিংবা জীপে ঢাকার বিভিন্ন রাস্তায় পেট্রোলিং করত। এসব টহলদার পাকিস্তানী পুলিশদের এ্যামবুশ করার জন্য ঢাকার গেরিলদল একটি পরিকল্পনা নেয়। তাদের গতিবিধি সম্বন্ধে সম্পুর্ণ খবরাখবর নেয়া হয়। ১০ই জুলাই ১টি পাকিস্তানী টহলদার পুলিশ পার্টি ধানমন্ডি রাস্তা নং ২-এর দিক যাচ্ছিল। গেরিলাদের একটি পার্টি তাদের পিছু নেয়। পুলিশদের পেট্রোলটি ২ নং রাস্তার মোড়ে যখন তাদের গতি কমিয়ে দেয়, ঠিক সে সময় গেরিলারা পুলিশের গাড়ীতে একটি গ্রেনেড নিক্ষেপ করে। সঙ্গে সঙ্গে গাড়িটি ধ্বংস হয়ে যায়। এতে একজন অফিসারসহ ৫ জন পাকিস্তানী পুলিশ নিহত হয়। আমাদের গেরিলা দলটি নিরাপদে সে স্থান পরিত্যাগ করে। এর কদিন পর আমাদের আর একটি গেরিলা দল নিউ বেইলী রোডে পাক বাহিনীর একটি জীপের উপর আক্রমণ চালায়। এই আক্রমণে ৩/৪ জন পাক সেনা নিহত হয় এবং জীপটি ক্ষতিগ্রস্ত হয়।

নারায়ণগঞ্জে অবস্থিত আমাদের গেরিলা দলটি পোস্ট অফিসের ভিতর বিস্ফোরণ ঘটায় এবং মণ্ডলপাড়া ও চৌধুরীবাড়ী ইলেক্ট্রিক সাবস্টেশনটি ১২ই জুলাই রাত সাড়ে ১০ টার সময় ধ্বংস হয়। এ ছাড়া সিদ্ধিরনগর ও আশুগঞ্জের সাথে একটি বৈদ্যুতিক পাইলন উড়িয়ে দেয়। সিদ্ধিরগঞ্জ এবং নরসিংদীর মাঝে দুটি বৈদ্যুতিক পাইলন ধ্বংস করে দেয়। এর ফলে কাঞ্চন এবং কালীগঞ্জের বেশ কয়েকটি শিল্প কারখানা বিদ্যুতের অভাবে বন্ধ হয়ে যায়। এর কিছুদিন পর ফতুল্লা এবং ঢাকার মাঝে পাগলা রেলওয়ে সেতুটি উড়িয়ে দেয়। ফলে নারায়নগঞ্জ এবং ঢাকার মাঝে ট্রেন যোগাযোগ বন্ধ হয়ে যায়। এ সময়ে আমার হেডকোয়ার্টারে খবর আসে যে, পাক সরকার পাকবাহিনীর তত্ত্বাবধানে উচ্চমাধ্যমিক পরীক্ষা নেয়ার প্রস্তুতি নিচ্ছে। এই পরীক্ষাকে বানচাল করে দেয়ার জন্য আমরাও একটা পরিকল্পনা নিই।এই পরিকল্পনানুযায়ী আমার হেডকোয়ার্টার থেকে ঢাকার গেরিলা

দলগুলিকে নির্দেশ পাঠিয়ে দেয়া হয়। এই নির্দেশ অনুযায়ী পরীক্ষার দিন সিদ্ধেশ্বরী স্কুল এবং আরো অন্যান্য স্কুলে পরীক্ষার ঠিক পুর্ব মুহূর্তে গ্রেনেড বিস্ফোরণ করানো হয়। ফলে খুব কমসংখ্যক ছেলেমেয়ে পরীক্ষা দেয়ার জন্য পরীক্ষা হলে আসে। ১৫ই জুলাই রাতে একটি গেরিলা দল বকশীবাজারে অবস্থিত বোর্ড অফিস আক্রমণ করে। ডিমোলিশন দিয়ে বোর্ড ভবনের বেশ কিছু অংশ দেয়া হয়। তার ফলে বোর্ড বেশকিছু দলিল এবং কাগজপত্র ধ্বংস হয়ে যায়। এর ফলে এই পরীক্ষা প্রহসনে পরিণত হয় এবং অনেক ছাত্রছাত্রী ইচ্ছাকৃতভাবেই পরীক্ষা বর্জন করে।

হাবিলদার গিয়াসের নেতৃত্বে আমাদের মুরাদনগরের দলটি ১৬ই জুলাই রাত ১টার সময় ইলিয়টগঞ্জের দেড় মাইল পশ্চিমে পুটিয়া গ্রামের সামনে কুমিল্লা-দাউদকান্দি সড়কের উপর কয়েকটি এন্টি-ট্যাংক মাইন পুঁতে রাখে। পরদিন সকালে পাকবাহিনীর নিয়ন্ত্রনাধীনে একটি ওয়াপদা ট্রাক মাইনের উপর বিস্ফোরিত হয়। ফলে ট্রাকটি ধ্বংস হয়ে যায়। ট্রাকে অবস্থানরত একজন পাকসেনা, দুজন রাজাকার ও ড্রাইভারসহ সবাই নিহত হয়। ফলে ৫ জন পাকসেনা,১ জন পাক মেজর ও ৬জন রাজাকার নিহত হয়। এই সংবাদ পেয়ে কুমিল্লা থেকে পাকসেনারা ৩০টি গাড়ীতে ঘটনাস্থলে উপস্থিত হয়। পাকসেনাদের গাড়ীগুলি ঘটনাস্থল থেকে অনেক দূরে এসে দাঁড়ায়।

সামনের গাড়ী থেকে বেশ কিছুসংখ্যক পাকসেনা নেমে আস্তে আস্তে ঘটনাস্থলের দিকে অগ্রসর হয়। তারা রাস্তার পাশ দিয়ে অগ্রসর হচ্ছিল। অগ্রসর হবার সময় আমাদের পুঁতে রাখা এন্টি-পার্সোনাল মপাইনের বিস্ফোরণে তাদের ৬/৭ জন নিহত হয় এবং আরও অনেক আহত হয়। এরপর পাকসেনারা আর সম্মুখে অগ্রসর হয়নি। সমস্ত দিন পাকসেনারা মাইন ডিটেকটরের সাহায্যে ঘটনাস্থলের চতুর্দিকে তন্ন তন্ন করে তল্লাশী চালায়। সমস্ত বেসামরিক যাতায়াতও বন্ধ হয়ে যায়। এরপর পাকসেনারা পাশ্ববর্তী গ্রামগুলিতে মুক্তিবাহিনীর সন্ধানে যথেষ্ট তল্লাসী শুরু করে। হাবিলদার গিয়াসের দলের একজন নায়েক মোস্তফা কাপমাল স্থানীয় লোকদের সাথে মিশে পাকসেনাদের দুরবস্থা দেখে। দাউদকান্দি থেকে পশ্চিমে নারায়নগঞ্জে এবং দাউদকান্দি সড়কের উপর বাউসিয়ায় একটি গুরুত্বপুর্ণ সেতু ছিল। এই সেতুটি সম্পুর্ণ কংক্রিটের তৈরী এবং বেশ মজবুত। এই সেতুটি ধ্বংস করার জন্য জুলাই মাসের প্রথমে আমি মোঃ রফিক নামে একজন বিশেষ ট্রেনিংপ্রাপ্ত গেরিলাকে মনোণিত করি। তার সঙ্গে আরেকটি গেরিলাকে দিয়ে এই সেতুররেকি করার জন্য পাঠাই। মোঃ রফিক সেতুটি পুঙ্খানুপুঙ্করুপে রেকি করে এবং একটি নকশা বানিয়ে নিয়ে আসে। এরপর অধ্যাপক মুনির চৌধুরীর ছেলে ভাষণের নেতৃত্বে ১০জনের একটি ডিমোলিশন পার্টিকে রফিককে সঙ্গে দিয়ে বাউসিয়া সেতুটি ধ্বংস করার জন্য পাঠিয়ে দেই। এই দলটি প্রথম মুরাদনগরে গিয়ে তাদের স্থায়ী ঘাঁটি করে। এর পরপর তারা গোমতী নদী পার হয়ে বাউসিয়াতে পৌঁছে। সেখানে একদিন থাকার পর স্থানীয় গেরিলাদের সাহায্যে নিয়ে ১২ই জুলাই রাতে বাউসিয়া সেতুতে ডেমোলিশন লাগায় কিন্তু ডেমোলিশন বিস্ফোরণের সময় 'ইগনিশ' ঠিকমত কাজ করে না। ইত্যবসরে স্থানীয় দালাল চেয়ারম্যান এবং রাজাকার পাক বাহিনীদের খবর। পাকবাহিনী এবং রাজাকার অকস্মাৎ ভাষণের ডিমোলিশন পার্টির উপর আক্রমণ চালায়। আক্রমণে ভাষণের দলের ৩জন গেরিলা গুরুতর ভাবে আহত হয়। এই ৩ জনের মধ্যে ১জন স্থানীয় মুক্তিযোদ্ধা আবদুর রাজ্জাক কোরাইশীও ছিল। গেরিলা দলটি ইগনিশনকাজ না করার দরুন সেতু উড়িয়ে দিতে ব্যর্থ হয়ে পাক বাহিনীর আক্রমণের চাপে অবস্থান পরিত্যাগ করতে বাধ্য হয়। এর ফলে আমাদের যথেষ্ট ক্ষতি হয়। যদিও আহত গেরিলাদের সঙ্গে আনতে সক্ষম হয় কিন্তু যেসব বিস্ফোরক সেতুটি লাগানো হয়েছিল সেগুলি উঠিয়ে আনা তাদের পক্ষে সম্ভব হয়না এবং তারা ২৬০ পাউণ্ড আই-এন-টি সেখানেই ফেলে রেখে হেডকোয়ার্টারে ফেরত আসে। এত বিরাট পরিমাণ আই এনটির শত্রুর হাতে পড়া ও নষ্ট হয়ে যাওয়া আমাদের পক্ষে একটা বিরাট ক্ষতির কারণ। ঐ সময়ে বিস্ফোরক দ্রব্যাদি আমাদের খুব কম ছিল। অনেক চেষ্টার পর হয়ত কিছু কিছু আমা যোগাড় করতে সক্ষম হতাম। ঢাকা-কুমিল্লা রাস্তা বন্ধ করে দেয়া আমার লক্ষ ছিল। সেই লক্ষে এইভাবে ব্যর্থতায় পর্যবসিত হওয়ায় আমি যথেষ্ট চিন্তিত হয়ে পড়ি এবং পরপরই আবার বিস্ফোক যোগাড়ের চেষ্টায় থাকি। ২/৩ সপ্তাহ পরে অনেক

কষ্টে আবার কিছু পরিমাণ আই-এন-টি সংগ্রহ করতে সক্ষম হই। আই-এন-টি যোগাড়ের পর আমি মোঃ রফিককে ডেকে পাঠাই। শেষ পর্যন্ত আমরা বাউসিয়ার যোগাযোগ বিচ্ছিন্ন করতে সমর্থ হয়েছিলাম। লাটুমুড়াতে লেঃ হুমায়নের নেতৃত্বে যে কোম্পানী অবস্থান নিয়েছিল, সেই অবস্থানের উপর পাক বাহিনী তাদের চাপ অব্যাহত রাখে। লাটুমুড়ার অবস্থান থেকে আমাদেরকে বিতাড়িত করার চেষ্টা করে। লেঃ হুমায়নের কোম্পানীটি পাক বাহিনীর প্রচন্ড চাপের মুখেও তাদের অবস্থানটি সাহসের সঙ্গে ধরে রাখে। মুক্তিযোদ্ধারা এই অবস্থান থেকে প্রায়ই পাকসেনাদের উপর অতর্কিত আক্রমণ চালাতে থাকে। ১৭ই জুলাই বিকেল ৪টায় আমাদের ও-পি দেখতে পায় যে, লাটুমুড়া থেকে একটি শত্রুদল চন্দ্রপুর শত্রুঅবস্থানের দিকে এগিয়ে আসছে। লেঃ হুমায়ুন কবির তৎক্ষণাৎ একটি প্লাটুন চন্দ্রপুরের রাস্তায় পাকসেনাদের এ্যামবুশ করার জন্য পাঠিয়ে দেয়। প্লাটুনটি চন্দ্রপুর থেকে একটি দূরে অবস্থান নিয়ে পাকসেনাদের জন্য অপেক্ষা করতে থাকে। পাকসেনারা যখনই সেই অবস্থানে পৌঁছে, ঠিক তখনই তাদের উপর অতর্কিত আক্রমণ চালানো হয়। ফলে৪জন পাকসেনা নিহত এবং আহত হয়। পাকসেনারা এ্যামবুশ থেকে বাঁচার জন্য লাটুমুড়ায় পলায়ন করে।

২০শে জুলাই সকাল ৯টার সময় ১টি প্লাটুন পাকসেনাদের ইয়াকুবপুর, চন্দ্রপুর এবং বাগানবাড়ী অবস্থানের উপর অতর্কিত আক্রমণ করার জন্য পাঠানো হয়। এই প্লাটুনটি গোপন পথে গ্রামের ভিতর দিয়ে পাকসেনাদের অবস্থানের অতি নিকটে যেতে সমর্থ হয়। রেকি করার পর তারা দেখতে পায় যে, পাকসেনাদের কিছু লোক বিভিন্ন বাঙ্কারের উপর বসে চা পান করছে, এবং তাদের প্রহরার ব্যবস্থা বেশ শিথিল। এছাড়াও আরও ৩/৪টি দল বাঙ্কারের উপর দাড়িয়ে ছিল। তাদের একজন ও-পি গাছের উপর বসা ছিল। আমাদের প্লাটুনটি জঙ্গলের ভিতর দিয়ে অগ্রসর হয়ে তাদের বাঙ্কারগুলির উপর আক্রমণ চালায়। গোলাগুলিতে যেসব পাকসেনা বাঙ্কারের উপর বসে চা পানে ব্যস্ত ছিল এবং দাড়িয়েছিল. তারা সঙ্গে সঙ্গে আহত ও নিহত হল। নিকটবর্তী একটি ঘর থেকে কিছু পাকসেনা বেরিয়ে আসে এবং বাঙ্কারের দিকে যাওয়ার চেষ্টা করে তারাও আহত ও নিহত হয়। এরপর পাকসেনাদের প্রতি আক্রমণ করারা আগেই আমাদের প্লাটুনটি অবস্থান ত্যাগ করে নিজেদের এলাকায় নিরাপদে ফিরে আসে। এই সংঘর্ষের ফলে ১৩ জন পাকসেনা নিহত ও ১০ জন আহত হয়। আমাদের একজন গুরুতর ভাবে আহত হয়।

শালদা নদীতে পাকসেনাদের বিরুদ্ধে ৪র্থ বেঙ্গলের 'এ' কোম্পানী এবং'সি' কোম্পানী তাদের তৎপরতা চালিয়ে যাচ্ছে। পাকসেনারা শালদা নদী রেলওয়ে স্টেশন থেকে নয়ানপুরের দিকে অগ্রসর হবার চেষ্টা করছিল। ১৭ ই জুলাই তাদের একটি দল রেলওয়ে স্টেশনের প্রায় এক হাজার গজ দক্ষিনে মনোরা রেলওয়ে ব্রীজ পর্যন্ত অগ্রসর হয়। ব্রীজের কাছে এসে পাকসেনাদের দলটি ব্রীজের চতুর্দিকে বাঙ্কার তৈরীর প্রস্তুতি নেয়। বেলা সাড়ে ১২ টার সময় 'এ' কোম্পানীর একটা প্লাটুন মর্টারসহ পাকসেনাদের এই দলটির উপর অতর্কিত আক্রমণ চালায়। এ আক্রমণের ফলে পাকসেনারা সম্পুর্ণ ছত্রভঙ্গ হয়ে যায় এবং তাদের বেশকিছু লোক আহত ও নিহত হয়। পাকসেনারা উপায়ন্তর না দেখে আবার শালদা নদীতে পিছু হটে যায়। পরদিন সকাল ৯টার সময় শালদা নদী থেকে পাকসেনারা আবার মনোরা ব্রীজের দিকে অগ্রসর হয়। সকাল ৯টায় আমাদের সৈনিকরা আবার তাদের বাধা দেয় এবং পাকসেনাদের উপর মর্টার এবং কামানের গোলা নিক্ষেপ করে। ফলে পাকসেনাদের ৪ জন লোক নিহত এবং ১০ জন আহত হয়। পাকসেনারা আর অগ্রসর না হয়ে পিছু হটে মনোরা ব্রীজের উত্তরে অবস্থান নেয়। ১৯শে জুলাই পাকসেনারা ব্রীজের দক্ষিণে আবার অবস্থান নেয় বাঙ্কার খোঁড়ার চেষ্টা করে। এবারও পাকিস্তানীরা আমাদের মর্টার, কামান এবং মেশিনগানের গোলাগুলিতে অনেক হতাহত হয়ে পিছু হটতে বাধ্য হয়। পরে স্থানীয় লোকের কাছে জানা যায় যে, পাকসেনারা আহত ও নিহত সঙ্গীদের নৌকায় করে পিছনে নিয়ে যায়। এদের সঠিক সংখ্যা সম্বন্ধে তাৎক্ষনিকভাবে সংবাদ জানা না গেলেও পরে জানা যায় ৮ জন নিহত এবং ১৪ জন আহত হয়। ২১শে জুলাই সন্ধ্যায় ৪র্থ বেঙ্গলের 'এ' কোম্পানীল একটা প্লাটুন শালদা

নদীর অবস্থানের ভিতর অতর্কিত আক্রমণ চালায়। আক্রমনের ফলে ৮ জন পাকসেনা নিহত ও ৭ জন আহত হয়। দেড় ঘন্টা যুদ্ধের পর আমাদের দলটি শত্রুঅবস্থান পরিত্যাগ করে নিরাপদে ঘাঁটিতে ফিরে আসে। এই আক্রমনের সাথে আমাদের ফার্স্ট ফিল্ড রেজিমেন্ট পাকসেনাদের উপর আক্রমণ চালিয়ে বহু পাকসেনাকে হতাহত করে। জুলাই মাসে কুমিল্লায় পাকসেনারা স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য যথেষ্ট চেষ্টা চালিয়ে যাচ্ছিল এবং কিছুটা সফলও হয়েছিল। এ সময় কুমিল্লা শহরের বিভিন্ন স্থানে পাকসেনারা তাদের ক্যাম্প গড়ে তুলেছিল। এসব ক্যাম্প থেকে তারা ঘন ঘন টহল চালাত। কুমিল্লায় পাকসেনাদের এই তৎপরতা খর্ব করার জন্য আমাদের গেরিলাদের ২০ জনের একটি দল একটি ৩ ইঞ্চি মর্টারসহ কুমিল্লার উত্তরে অনুপ্রবেশ করে। ২০শে জুলাই সকাল সাড়ে ১০ টার সময় গেরিলাদের এই দলটি কুমিল্লা শহরে পাকসেনাদের বিভিন্ন অবস্থানের উপর মর্টারের সাহায্যে গোলা নিক্ষেপ করে। একটি গোলা আজাদ স্কুলে, একটি গোলা সাধনা ঔষধালয়ের নিকটে, একটি গোলা গোয়ালপট্রিতে, একটি গোলা কালিবাড়ির নিকটে এং একটি গোলা এস-ডি-ওর অফিসের নিকটে বিস্ফোরিত হয়। গোলাগুলি বিস্ফোরণের ফলে পাকসেনাদের মনোবল ভেঙ্গে যায় এবং ভীতসন্ত্রস্ত হয়ে কুমিল্লা সেনানিবাসের দিকে ছোটাছুটি করতে থাকে। বিশেষ করে পশ্চিম পাকিস্তান থেকে সদ্য আগত সেনারা মনোবল হারিয়ে ফেলে। অনেক পাকসেনা স্থানীয় লোকদের সেনানিবাসের রাস্তা জানতে চায়। আবার অনেকে ভয়ে ব্রীজের তলায় লুকিয়ে পড়ে। আবার কুমিল্লাতে যখন গেরিলারা তাদের তৎপরতা চালাচ্ছিল ঠিক সে সময়ে গেরিলাদের আর একটি দল চাঁদপুরেও তাদের তৎপরতা বাড়িয়ে দেয়। ১৭ই জুলাই রাত ১০টায় বাবুরহাটের পুর্বে কুমিল্লা-চাঁদপুর রাস্তায় আশিকাটি গ্রামের নিকট পাকসেনাদের একটি কনভয় যখন যাচ্ছিল তখন আমাদে গেরিলারা গাড়িতে গ্রেনেড নিক্ষেপ করল। ফলে ৮ জন পাকসেনা নিহত ও আরও অনেক আহত হয়। ১০শে জুলাই দুপুর ১টার সময় বাবুরহাটে পাকসেনাদের একটি গাড়ির উপর গেরিলারা গ্রেনেড নিক্ষেপ করে। এর ফলে ৫ জন পাকসেনা নিহত ও ৭ জন আহত হয়।

১১ই জুলাই বিকেল সাড়ে ৬টায় ২ জন গেরিলা চাঁদপুর পাওয়ার স্টেশনের সামনে পাহারারত ২ জন পাকসেনা ও ২ জন পাকিস্তানি পুলিশের উপর গ্রেনেড নিক্ষেপ করে তাদের হত্যা করে।

চাঁদপুরে শান্তি কমিটির দালালদের একটি আলোচনা সভায় গ্রেনেড নিক্ষেপ করার পর ৭ জন দালাল আহত হয়। এ ছাড়াও ইলিয়টগঞ্জে পাকসেনাদের স্থানীয় এক দালালের লঞ্চে আগুন দিয়ে জ্বালিয়ে দেয়া হয়। এ সমস্ত কার্যকলাপের ফলে স্থানীয় লোকদের মনোবল আরো বেড়ে যায়। তাদের মুক্তিবাহিনীর উপর আস্থা আবার ফিরে আসে।

কসবার উত্তরে কাসিমনগর রেলওয়ে সেতুর নিকট পাকিস্তানীদের দুটি প্লাটুন অবস্থান নিয়ে সেতুটি প্রহরার কাজে নিযুক্ত ছিল। এই সেতুটিকে ধ্বংস করার জন্য আমি ক্যাপ্টেন আইনউদ্দিনকে নির্দেশ দেই। নির্দেশ পেয়ে ক্যাপ্টেন আইনউদ্দিন সেতুটি রেকি করার জন্য ডিমোলিশন এক্সপার্টসহ একটি রেকি পাঠায়। এই রেকি পার্টি শত্রুঅবস্থান সম্বন্ধে এবং সেতুটি সম্বন্ধে বিস্তারিত খবর দিয়ে আসে। এরপর ১৮ই জুলাই রাত ২টায় একটি রেইডিং প্লাটুন ক্যাপ্টেন আইনউদ্দিনের নেতৃত্বে কাশিমপুর সেতুর উদ্দেশ্যে রওনা দেয়। রাত ৮টার সময় সেতুটির নিকটবর্তী পাক অবস্থানের উপর প্লাটুনটিআক্রমণ চালায়। আক্রমণের ফলে ১৭ জন পাকসেনা নিহত হয় এবং যারা বেঁচেছিল তারা অবস্থানটি পরিত্যাগ করে খাইরাতুল্লাতে পালিয়ে যায়। আমাদের রেইডিং পার্টি সেতুটিকে বিস্ফোরন লাগিয়ে ধ্বং করে দেয়। মুক্তিযোদ্ধারা পাকসেনাদের অবস্থান থেকে অনেক অস্ত্র উদ্ধার করে। আমি যখন কুমিল্লা ও নোয়াখালী এলাকায় যুদ্ধে ব্যস্ত ছিলাম, সে সময় শত্রুদের খবরাখবর নেবার জন্য একটি ৬ ইন্টেলিজেন্স নেট স্থাপন করি। এদের দায়িত্ব ছিল শত্রুদের সম্বন্ধে বিস্তারিত খবর আমাদের নিকট প্রেরণ করা। বিশেষ করে এইসব ইন্টেলিজেন্স এ এমন কতগুলো লোক কাজ করত যাদের সম্বন্ধে কিছু কথা বলার দরকার। যেমন লাতু মিয়া। সে কুমিল্লা সেনানিবাস হাসপাতালে মালীর কাজ করত। সে আমাদের খবর পাঠায় সেনানিবাসে পাকসেনাদের দুটি ব্রিগড আছে এবং সেখানে একটি ডীপ হেডকোয়ার্টার স্থাপন করা

হয়েছে। এ ছাড়াও ৫০০-৬০০ রাজাকার এবং ৫০০ রেঞ্জার মোতায়েন করা হয়েছে। সে আরও খবর পাঠায় কুমিল্লা সেনানিবাসের প্রতিরক্ষা ব্যাবস্থা খুবই উত্তম এবং মজবুত করা হয়েছে এবং এই প্রতিরক্ষাব্যুহ বাইরে উত্তরে গোরা কবরস্থান পর্যন্ত তৈরী করা হয়েছে।

কুমিল্লা বিমানবন্দরেও একটি ব্যাটালিয়ান শক্তিশালী প্রতিরক্ষা অবস্থান তৈরী করা হয়েছে।

কুমিল্লা এবং নোয়াখালী এলাকায় পাকসেনাদের শক্তি এক ডিভিশনেরও বেশি। কিন্তু পাকসেনাদের এত শক্তি থাকা সত্তেও তাদের মনোবল বেশ কমে গেছে। সাধারন সিপাইরা এই যুদ্ধের নৈরাশ্যজনক ফলাফল সম্বন্ধে মন্তব্য করত। তাদেরকে জোর করে যুদ্ধে ব্যবহার করা হচ্ছে। সে জন্য তারা যথেষ্ট অসন্তোস প্রকাশ করত। তাদে মধ্যে পলায়নপর মনোভাব খুবই প্রবল। তারা যুদ্ধ এলাকা ছেড়ে নিরাপদ স্থানে পালিয়ে যেতে খুবই ইচ্ছুক। আমাদেরকে আরও খবর পাঠায় যে, পাকসেনাদের হতাহতের সংখ্যা খুবই বেশী। শুধু সেনানিবাস হাসপাতালেই প্রায় ৫০০-৬০০ জন আহত সৈনিক চিকিৎসাধীন আছে। হাসপাতালে স্থানের অভাবে তাঁবুর ভিতরে অনেক আহত সৈনিককে রাখা হয়েছে এবং গুরুতর আহত সৈনিকদের পশ্চিম পাকিস্তানে পাঠিয়ে দেয়া হয়েছে। আহতের সংখ্যা এত বেশি হওয়ার জন্য সাধারন মনোবল ভেঙ্গে পড়েছিল। কুমিল্লা শহরে আমাদের এবং পাকিস্তানীদের তৎপরতার ফলে লোকজন শহর ছেড়ে গ্রামের দিকে পালিয়ে যাচ্ছে। প্রত্যেক শহরবাসী পরিচয়পত্র ছাড়া শহরে বের হতে পারছেনা। কুমিল্লার উত্তরে পাকসেনারা আমাদের কোটেশ্বর অবস্থান পুনর্দখলের জন্য চেষ্টা চালায়। ২৪শে জুলাই পাকসেনাদের একটি কোম্পানীগোঞ্জ পার হয়ে কোটেশ্বরের দিকে অগ্রসর হতে থাকে। সকাল ১০টায় পাকসেনাদের কোম্পানীটি যখন আমাদের অগ্রসর অবস্থানের সামনে পৌঁছে যায়, তখন আমাদের মুক্তিবাহিনী সৈনিকরা তাদের উপর মর্টার এবং হালকা মেশিনগানের সাহায্য তাদের অগ্রসরে বাধা দেয়। আমাদের গোলাগুলিতে পাকসেনারা প্রচুর ক্ষতিগ্রস্ত হয়। তবুও পাকসেনারা তাদের আক্রমণের চাপ অব্যাহত রাখে। আমাদের মুক্তিযোদ্ধারাও সাহসের সাথে তাদের আক্রমণ পরিত্যাগ করে ২ ঘন্টা পরে পিছু হটতে বাধ্য হয়। এই সংঘর্ষের ফলে পাকসেনাদের ১৫ জন হতাহত হয়। পাকসেনারা সমস্ত দিন আমাদের অবস্থানের উপর কামানের গোলা নিক্ষেপ করে।

ঐ দিনই কোটেশ্বর এং কসবা অবস্থান থেকে দুই দল গেরিলা বুড়িচং থানার নিকট একটি সড়কসেতু, তিনটি বিদ্যুৎ পাইলন এবং কসবা এবং কসবার নিকট একটি রেলসেতু উড়িয়ে দেয়। বেলুনিয়াতে আমাদের সৈন্যরা যখন পাকিস্তানীদের সঙ্গে সম্মুখসমরে লিপ্ত এবং পাকিস্তানীরা ফেনীর দিক থেকে বেলুনিয়া ব্রীজে প্রবেশ করার চেষ্টা করছিল ঠিক সেই সময় পাকসেনারাও আমাদের পেছনে ধ্বংসাত্মক চেষ্টা চালায়। তারা কিছু সংখ্যক দালালকে এই কাজে নিয়োগ করে। এইসব দালালকে মাইনসহ আমদের অবস্থানের পিছনে পাঠায়। দালালরা আমাদের লাইনের পিছনে রাস্তায় ৬টা এন্টিপার্সোনাল এবং ৯টা এন্টি-ট্যাঙ্ক মাইন লাগায়। কিন্তু স্থানীয় জনসাধারনের সতর্কতার জন্যই এন্টি-ট্যাঙ্ক মাইনগুলিতে আমাদের কোন ক্ষতি হয়নি। মাইন পোঁতার খবরটি একজন স্থানীয় লোক আমাদের বেলুনিয়া হেডকোয়ার্টারে পাঠায়। খবর পাওয়ামাত্র হেডকোয়ার্টার থেকে আমাদের ডিমোলিশন বিশেষজ্ঞ দল গাইডের সঙ্গে ঘটনাস্থলে উপস্থিত হয়ে তৎক্ষনাৎ মাইনগুলি নিস্ক্রিয় করে দেয়। আমরা স্থানীয় লোকদের পাকিস্তানী ধ্বংসাত্মক তৎপরতা সম্বন্ধে সজাগ থাকতে বলি। এরপর যখনই পাকিস্তানী দালালরা এরকম ধ্বংসাত্মক কাজের জন্য আমাদের অবস্থানের পিছনে আসার চেষ্টা করেছে স্থানীয় জনগণ তাদের প্রচেষ্টাকে ব্যর্থ করে দিয়েছে। জুলাই মাসের শেষের দিকে লেৎ মাহবুব মিয়াবাজার, চাঁদপুর, হাজীগঞ্জ ইত্যাদি এলাকাতে পাকবাহিনীর বিরুদ্ধে তৎপরতা জোরদার করে। পাকসেনারা মিয়াবাজারে যে ক্যাম্প করেছিল সেখান থেকে চট্রগ্রাম-কুমিল্লা রাস্তা আবার খোলার চেষ্টা করে। লেঃ মাহবুব মিয়াবাজার শত্রুক্যাম্পটি ‘রেইড’ করার সিদ্ধান্ত নেয়। ২৩শে জুলাই লেঃ মাহবুব ১৫ জনের একটি কমাণ্ডো প্লাটুনকে মিয়াবাজারে পাকসেনাদের ক্যাম্প ‘রেইড’ করার জন্য পাঠিয়ে দেয়। এই দলটি সন্ধ্যায় মিয়াবাজারের নিকট পৌঁছে যায়। সেখান থেকে তাদের একটি ছোট রেকি দল পাকসেনাদের অবস্থান সম্পর্কে পুঙ্খানুপুঙ্খ খবর

সংগ্রহ করে। রাত ১২ টায় কমাণ্ডো দলটি গোপন পথে অগ্রসর হয়ে শত্রু অবস্থানের উপর অতর্কিত হামলা চালায়। এই অতর্কিত হামলার জন্য পাকিস্তানীরা মোটেই প্রস্তুত ছিলনা। তারা দিগ্বিদিকজ্ঞানশূন্য হয়ে যায়। আমাদের কমাণ্ডো দলটি এই অবস্থার সুযোগ নিয়ে পাকসেনাদের বেশ কয়েকটি বাঙ্কার গ্রেনেড ছুড়ে উড়িয়ে দেয়। পাকসেনারা আক্রান্ত হয়ে ছোটাছুটি করতে থাকে এবং আমাদের সৈনিকদের গুলিতে প্রায় ২০ জ নিহত এবং ১০ জন আহত হয়। এক ঘন্টা যুদ্ধ চলার পর আমাদের কমাণ্ডো দলটি পাকসেনাদের প্রচুর ক্ষতিসাধন করে। শত্রুসেনাদের অবস্থান পরিত্যাগ করে মুক্তিযোদ্ধারা নিরাপদে চলে আসে। চাঁদপুরে পাকিস্তানীরা তাদের ঘাঁটি আরও শক্তিশালী করে তোলে। চাঁদপুরের এই ঘাঁটি থেকে তারা বিভিন্ন জায়গায় গাড়ীতে পেট্রোলিং করত। এইসব পেট্রোলিংয়ের জন ২-৩টি এবং ২-৩টি ৩ টনের ট্রাক কনভয়-এর আকারে ব্যবহার করত। এইসব পেট্রোলিং ভোরে. দুপুরে, সন্ধ্যায় এবং রাত ১২ টার পর পাকসেনারা চালাত। এবং প্রত্যেক গাড়ীর ব্যবধান ৫০ থেকে ১০০ গজের মধ্যে। এই সংবাদ স্থানীয় গেরিলারা লেঃ মাহবুবের কাছে পৌঁছে দেয়। খবর পেয়ে লেঃ মাহবুব দুটি প্লাটুন ২০শে জুলাই চাঁদপুরের পূর্বে পাঠিয়ে দেয়। প্লাটুন দুটি চাঁদপুর থানার আশিকাটির নিকট এ্যামবুশ পাতে। পরদিন ভোর ৫টায় চাঁদপুর থেকে একটি পেট্রোলকনভয় আশিকাটির দিকে অগ্রসর হয়। কনভয়টি যখন এ্যামবুশ অবস্থানের মাঝে পৌঁছে যায় ঠিক তখনই আমাদের এ্যামবুশ পার্টি মেশিনগান এবং হালকা মেশিনগানের সাহায্যে গুলি চালায়। এর ফলে কনভয়-এর প্রথম তিনটি জিপ ক্ষতিগ্রস্ত হয়ে রাস্তা থেকে পড়ে যায় এবং অবশিষ্ট গাড়িগুলিরও যথেষ্ট ক্ষতিসাধন হয়। পাকসেনারা গাড়ি থেকে নেমে পাল্টা আক্রমণের চেষ্টা করে। কিন্তু আমাদের এ্যামবুশ পার্টির গুলিতে তাদের অন্তত ১০ জন নিহত এবং ২৫ জন আহত হয়। পাকসেনারা গুলির মুখে টিকতে না পেরে পালিয়ে যায়। ঐ দিন আশিকাটির ৩ মাইল পশ্চিমে সন্ধ্যায় আমাদের আর একটি এ্যামবুশ পার্টি পাকসেনাদের আর একটি কনভয়কে এ্যামবুশ করে। ফলে পাকসেনাদের ৩ জন নিহত এবং ৫ জন আহত ও একটি ট্রাক ক্ষতিগ্রস্ত হয়। প্রচুর অস্ত্র ও গোলাবারুদ আমাদের এ্যামবুশ পার্টির হস্তগত হয়। এছাড়া একটি মটর সাইকেলও দখলে নেয়। এ্যামবুশের খবর পেয়ে পাকসেনারা তাদের হাজীগঞ্জ ক্যাম্প থেকে একটি শক্তিশালী কোম্পানী আমাদর এ্যামবুশ পার্টিকে আক্রমণ করার জন্য পাঠিয়ে দেয়। এই কোম্পানীটি ১ ঘন্টা পর ঘটনাস্থলে উপস্থিত হয়। ততক্ষনে আমাদের এ্যামবুশ পার্টি সংঘর্ষ শেষে মোটামুটি প্রস্তুত হয়েই অপেক্ষা করছিল। পাকসেনারা ঘটনাস্থলে উপস্থিত হবার সঙ্গে সঙ্গে আমাদের এ্যামবুশ পার্টি আবার তাদের উপর অতর্কিত হামলা চালায়। এর ফলে পাকসেনাদের ১২ জন নিহত ও ১০ জন আহত হয়। এরপর আমাদের দলটি অবস্থান পরিত্যাগ করে নিরাপদে নিজ ঘাঁটিতে ফিরে আসে। পাকসেনাদের একটি শক্তিশালী দল হাজীগঞ্জের নিকট নরসিংপুরে তাদের ঘাঁটি স্থাপন করে। এই ঘাঁটি থেকে পাকসেনারা ঐ এলাকার চতুর্দিকে ত্রাসের সৃষ্টি করে। এই ঘাঁটিকে আক্রমণ করার জন্য লেফটেন্যান্ট মাহবুব নিয়মিত ও গণবাহিনীর একটি সম্মিলিত কোম্পানী পাঠিয়ে দেয়। এই কোম্পানীটি ১৭ ই জুলাই তারিখে হাজীগঞ্জের দক্ষিণে তাদের অস্থায়ী গোপন অবস্থান তৈরী করে। এরপর পেট্রোল পাঠিয়ে পাকসেনাদের অবস্থান সম্বন্ধে তথ্য যোগাড় করে। ১৭ই জুলাই সন্ধ্যায় আমাদের কোম্পানীটি অতর্কিত পাকসেনাদের ঘাঁটির উপর আক্রমণ করে। আক্রমণের ফলে পাকসেনাদের ১৩ জন নিহত ও অনেক আহত হয়। এরপর আমাদের কোম্পানীটি নিরাপদে নিজ অবস্থান ফিরে আসে।

ফরিদপুরে আমাদের গেরিলা দল তাদের কার্যকলাপ জুন মাস থেকে চালিয়ে যাচ্ছিল। তাদেরকে নির্দেশ দেয়া হয়েছিল যে, তারা যেন বেসামরিক শাসন ব্যবস্থ কে সম্পুর্ণ অচল করে দেয়। এই পরিপ্রেক্ষিতে ১২ই জুন গেরিলারা চিকা নদী তহশীল এবং মুন্সেফ অফিস ধ্বংস করে সমস্ত অফিসিয়াল কাগজপত্র জ্বালিয়ে দেয়। ১৮ই জুলাই একটি দল গোসাইরহাট থার দামুদিয়া পুলিশ ফাঁড়ির উপর আক্রমণ চালিয়ে ফাঁড়ির উপর আক্রমণ চালিয়ে ফাঁড়ি ধ্বংস করে দেয়। ফাঁড়ি থেকে ৫টি রাইফেল, প্রচুর গুলি এবং একটি অয়্যারলেস সেট দখল করে নেয়। গেরিলা দল দামুদিয়া তহশিল অফিস ও সার্কেল অফিস জ্বালিয়ে দেয়। এই ঘটনার দুদিন পর আরও একটি গেরিলা দল ভেদরগঞ্জ থানা আক্রমণ করে দুজন পশ্চিম পাকিস্তানী পুলিশকে আহত করে এবং একটি অয়ারলেস সেট

হস্তগত করে। সঙ্গে সঙ্গে তহশীল অফিস ও পালং থানার আঙ্গালিয়া বাজারে জুট গোজাউনে আগুনে লাগিয়ে ২৫হাজার মণ পাট জ্বালিয়ে দেয়া হয়।গেরিলারা আঙ্গালিয়া তহশীল অফিসও জ্বালিয়ে দেয়।এসব কার্যকলাপের ফলে মাদারীপুরের শাসনব্যবস্থা অচল হয়ে যায়।

শালদা নদীতে এবং মন্দভাগে ক্যাপ্টেন গাফফার এবং মেজর সালেক পাকবাহিনীকে বার বার আঘাত করতে থাকে। আমাদের রেকি পার্টি খবর নিয়ে আসে যে, ২৪শে জুলাই বিকেল ৩টার সময় পাকসেনারা নওগাঁও স্কুলে স্থানীয় দালালদের নিয়ে একটি আলোচনা সভার আয়োজন কেরছে। এই সংবাদ পেয়ে ক্যাপ্টেন গাফফার একটি প্লাটুন মর্টারসহ নওগাঁর নিকট পাঠিয়ে দেয়।বিকেল ৫টায় পাকসেনাদের ৫০-৬০জন লোক ও স্থানীয় দালালরা স্কুল প্রাঙ্গণে সমবেত হয়ে তাদের আলোচনা সভা শুরু করে। সভা শুরু হওয়ার কিছুক্ষণ পরই আমাদের প্লাটুনটি মর্টারের সাহয্যে পাকসেনাদের এই সমাবেশের উপর অতর্কিত আক্রমণ চালায়।ফলে আলোচনা সভা ভেঙ্গে যায় এবং পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে যায়।পাকসেনাদের ৩০জন লোক ৭জন দালালসহ নিহত হয়।আমাদের প্লাটুনটি নিরাপদে ফিরে আসে। পাকসেনারা শালদা নদীর দক্ষিণে মনোরা ভাঙ্গা রেলওয়ে সেতুটি মেরামত করার জন্যে আবার চেষ্টা চালায়।২৬শে জুলাই সকাল ১০টায় পাকসেনাদের একটি শক্তিশালী দল তাদের শালদা নদী অবস্থান থেকে মনোরা সেতুর নিকট সমবেত হয়।এরপর সেতুর চতুর্দিকে তারা বাঙ্কার তৈরীর প্রস্তুতি নেয়।সংবাদ পেয়ে মেজর সালেক মর্টারসহ একটি প্লাটুন পাকসেনাদের মনোরা সেতু থেকে তাড়িয়ে দেওয়ার জন্যে পাঠিয়ে দেয়।বিকেল ৪টায় আমাদের দলটি আগরতলার নিকট অবস্থান নেয় এবং পাকসেনাদের উপর মর্টার এবং মেশিনগানের সাহায্যে অতর্কিত আক্রমণ চালায়। আমাদের গোলাগুলিতে পাকসেনারা ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে এবং তাদের অনেক হতাহত হয়। মনোরা সেতু থেকে তারা পালিয়ে যায়। পরে বিশ্বস্ত সূত্রে আমরা জানতে পারলাম যে, পাকসেনাদের কমপক্ষে ৪ জন নিহত এবং অনেক আহত হয়েছে।

২৬শে জুলাই ক্যাপ্টেন আইনউদ্দিন একটা এ্যামবুশ পার্টি নওগাঁ এবং আকসিনার মাঝামাঝি রাস্তায় এ্যামবুশ পাতে। পাকসেনাদের একটি দল নওগাঁর পথে সেই এ্যামবুশে পড়ে যায়। ফলে ৭ জন পাকসেনা নিহত ও ৪ জন আহত হয়। আমাদের একজন গুরুতরভাবে আহত হয়। প্লাটুনটি ফেরার পথে কল্যাণসাগরে আবার একটি এ্যামবুশ পেতে বসে থাকে। পাকসেনাদের একটি কোম্পানী সাইদাবাদ থেকে কসবার পথে সেই এ্যামবুশ-এ পড়ে যায়। ফলে ২১ জন পাকসেনা ও ১ জন দালাল নিহত হয় এবং ৯ জন আহত হয়। পাক পেট্রোল পার্টির একটি ট্রাকও ধ্বংস হয়। ঐ দিন ক্যাপ্টেন আউনউদ্দিনের একটি কমান্ডো দল বগাবাড়িতে একটি রেলওয়ে ব্রীজ ও ২-৩টি টেলিফোন পাইলন উড়িয়ে দেয়। আমরা যেসব গেরিলাদের ঢাকা এবং কুমিল্লার পশ্চিম ও ভৈরববাজারে এলাকায় পাঠাতাম, তারা কসবার উত্তর দিক দিয়ে ছাতুরা ও নবীনগর হয়ে বাংলাদেশের বিভিন্ন জায়গায় কার্যকলাপ সম্বন্ধে খবরাখবর নেয়ার জন্য পাকসেনারা দালালদের নিযুক্ত করে এবং আমাদের অনুপ্রবেশের রাস্তাকে বন্ধ করার জন্য রাজাকারদের রাস্তায় এবং নদীপথে পাহারায় মোতায়েন করে। এই সব দালাল এবং রাজাকাররা আমার অপরেশনের জন্য অসুবিধার সৃষ্টি করে। দালালদের ধরার জন্য এবং রাজাকারদের সমুচিত শাস্তি দেবার জন্য ক্যাপ্টেন আউনউদ্দিন ও লেঃ হারুনকে আমি নির্দেশ দিই। নির্দেশ অনুযায়ী ক্যাপ্টেন আউনউদ্দিন এবং লেঃ হারুন বিভিন্ন স্থানে তাদের লোকজনকে দালালদের বিরুদ্ধে সতর্ক করে দেয় এবং এ্যামবুশ পেতে রাখে। ২৫শে জুলাই সন্ধ্যায় নরসিংহের নিকট লেঃ হারুনের লোক পাকসেনাদের ৬ জন দালালকে এ্যামবুশ করে বন্দি করে। এদের নিকট ১৪ পাউন্ড বিস্ফোরক, তিনটি গ্রেনেড পাওয়া যায়। এর পরদিন আরও ৭ জন দালাল আমাদের এ্যামবশে ধরা পড়ে এবং তাদের কাছ থেকে দুটি রাইফেল, ৪টি হ্যান্ড গ্রেনেড, ১টি অয়্যারলেসে সেট এবং ১২০ রাউন্ড গুলি পাওয়া যায়। এর পর থেকে দালালরা আমাদের এলাকাতে আর আসার সাহস পায়নি। বন্দি দালালদের কাছ থেকে জানা যায় যে, তাদেরকে পাকিস্তানী অফিসাররা প্রশিক্ষণ দিয়েছে এবং সঙ্গে করে এনে মুক্তিবাহিনীর অবস্থানের নিকট ছেড়ে দেয়। তাদের উপর নির্দেশ ছিল মুক্তিবাহিনীর বিরুদ্ধে ধ্বংসত্মক কার্যকলাপ চালিয়ে যাওয়ার জন্য, অন্যথায় তাদের পরিবারবর্গের উপর কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। এরপর রাজাকারদের শায়েস্তা করার জন্য ক্যাপ্টেন আইনউদ্দিন একটি

কোম্পানী পাঠিয়ে দেয়। এই কমাণ্ডো কোম্পানীটি ছাতুরার নিকট রাজাকার ক্যাম্পের উপর ২৫শে জুলাই অতর্কিতে হামলা চালায়। হামলার ফলে ১৬ জন রাজাকার নিহত এবং ৬ জন আহত হয়। ঐ এলাকার রাজাকাররা ভীত হয়ে সম্পূর্ণভাবে আমাদের নিকট আত্মসমর্পণ করে। তারা পরদিন তাদের নেতাকে আমাদের ক্যাম্পে পাঠিয়ে দেয় এবং মুক্তিবাহিনীর সাথে সহায়তা করার অঙ্গীকার করে। এ ছাড়া অনেক রাজাকার মুক্তিবাহিনীর পক্ষে যুদ্ধ করার ইচ্ছা প্রকাশ করে। এরপর থেকে যুদ্ধ শেষ হওয়া পর্যন্ত এই এলাকার রাজাকারদের সক্রিয় সহায়তা মুক্তিবাহিনী সব সময় পেয়েছে। অনেক সময় রাজাকাররাই আমাদের গেরিলাদেরকে নিরাপদ রাস্তায় তাদের গন্তব্যস্থলে পৌঁছিয়েছে। সি-এন্ড-বি রাস্তায় যে সেতুর নিচ দিয়ে আমাদের গেরিলারা নৌকায় যাতায়াত করত রাজাকাররা সেই সেতুর উপর পাকবাহিনীর গতিবিধি সম্বন্ধে সংকেত দিত। কোন সময় যদি পাকসেনারা ঐ জায়গায় টহলে আসত তবে আগে থেকে হারিকেনের লাল আলো বা টর্চের সাহায্যে সংকেত দিয়ে আমাদের জানাতো। এর ফলে এই রাস্তাটি আমাদের জন্য সম্পূর্ণ নিরাপদ হয়ে যায়।

মেজর সালেক একচি ডিমোলিশন পার্টি ও একটি কমান্ডো প্লাটুনকে ২৮শে জুলাই রাত ২টার সময় হরিমঙ্গলে পাঠিয়ে দেয়। এই দলটি হরিমঙ্গলের নিকটে রেলওয়ে সেতুটির রেকি করে এবং সকাল সাড়ে ৬টা পর্যন্ত ডিমোলিশন বানিয়ে সেতুটিকে উড়িয়ে দেয়। বিস্ফোরণের ফলে সেতুটির মাঝখানে ৪০ ফুটের একটি গ্যাপ সৃষ্টি হয়। এ ছাড়া সেতুটি দক্ষিণ পাশে ২৭০ ফুট রেলওয়ে লাইন বারুদ লাগিয়ে নষ্ট করে দেয়া হয়। এর পরদিন এই ডিমোলিশন পার্টি বিজনা রেলওয়ে সেতুটি বারুদ লাগিয়ে উড়িয়ে দেয়। ২৮শে জুলাই সকাল ৮টায় পাকসেনাদের একটি শক্তিশালী দল বিজনা ব্রীজের নিকটে পরিদর্শনে আসে। ঠিক সেই সময় আমাদের কামান তাদের উপর গোলাগুলি করে। ফলে পাকসেনাদের ৩ জন নিহত ও ৭ জন আহত হয়। পাকসেনারা সেই অবস্থান পরিত্যাগ করে কায়েক গ্রামের দিকে পলায়ন করে। এরপর ১লা আগস্ট পাকসেনাদের একটি শক্তিশালী কোম্পানী হরিমঙ্গল সেতুর নিকট অগ্রসর হয় এবং সেখানে তাদের ঘাঁটি করার চেষ্টা করে। এবারও আমাদের সৈন্যরা তাদের অগ্রসরে বাধা দেয়। আমাদের সৈন্যদের গোলাগুলিতে পাকসেনাদের ৩০ জন হতাহত হয়। ফলে পাকসেনারা পিছু হটতে বাধ্য হয়।

কসবার টি, আলীর বাড়ীতে পাকসেনাদের যে অবস্থান ছিল, সে অবস্থান থেকে পাকসেনারা চাল পর্যন্ত প্রায়ই যাতায়াত করত। এই সংবাদ লাটুমুড়ার নিকট লেঃ হুমায়ুন কবির সংগ্রহ করে। সে আরও জানতে পারে যে কাঁচা রাস্তায় পাকসেনাদের কমপক্ষে একটি কোম্পানী যাতায়াত করে। পাকসেনাদের এই দলকে আক্রমণ করার জন্য লেঃ কবির একটি প্লাটুন পাঠিয়ে দেয়। এই প্লাটুনটি কল্যাণসাগরের নিকট ২৩শে জুলাই ভোর সোয়া ৪টায় এ্যামবুশ পড়ে যায়। আমাদের যোদ্ধাদের অতর্কিত গুলির আঘাতে পাকসেনাদের ২০ জন নিহত ও ৮ জন আহত হয়। ১ জন স্থানীয় দালাল, যে পাকসেনাদের পথনির্দেশক ছিল, সেও মারা যায়। ২-৩ ঘণ্টা যুদ্ধের পর পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে যায় এবং আমাদের লোকেরা অবস্থান তুলে নিজ ঘাঁটিতে ফেরত আসে।

কসবার উত্তরে পাকসেনাদের গোসাই স্থানে একটি শক্ত ঘাঁটি ছিল। এই ঘাঁটিতে অন্তত ৪০-৫০ জন পাকসেনা অবস্থান করছিলো। আমাদের যেসব গেরিলা ঢাকার পথে যাতায়াত করতো, এই অবস্থান থাকাতে তাদের যাতায়াতের গোপন পথ বিপজ্জনক হয়ে দাঁড়ায়। এই ঘাঁটিটি ধ্বংস করে দিয়ে যাতায়াতের গোপন পথ নিরাপদ করার জন্য আইনউদ্দিন ৪র্থ বেঙ্গলের 'ডি' কোম্পানীকে পাঠায়। 'ডি' কোম্পানী ৩১শে জুলাই রাত ১০টার সময় দক্ষিণ থেকে অগ্রসর হয়ে গোসাই স্থান অবস্থানের নিকটে পৌঁছে। এই অবস্থানটিচ রেকি পূর্বেই করা ছিল। পাক সেনাদের অবস্থানটির দক্ষিণ হতে 'ডি' কোম্পানী অতর্কিত আক্রমণ চালায়। আক্রমণের ফলে পাকসেনারা ভীতসন্ত্রস্ত হয়ে যায়। আক্রমণ ২-৩ ঘণ্টা চলে। 'ডি' কোম্পানীর সৈন্যরা বেশ কয়েকটি বাঙ্কার ধ্বংস করে দেয় এবং অন্তত ২০ জন পাকসেনাকে হতাহত করে। আক্রমণের প্রবল চাপে টিকতে না পেরে পাকসেনারা গোসাই স্থান পরিত্যাগ করে পিছনে পলায়ন করে।

শালদা নদীতে আমাদের সঙ্গে পাকসেনাদের সংঘর্ষ পুরা জুলাই মাস চলতে থাকে। ক্যাপ্টেন গাফফারের নেতৃত্বে শালদা নদীর শত্রুঅবস্থানটির উত্তর দিকে ৪র্থ বেঙ্গলের 'সি' কোম্পানী মোটামুটি ঘিরে ফেলেছিল। এদিকে দক্ষিণ দিকে আগরতলা ও কাটামোড়ায় মেজর সালেক ৪র্থ বেঙ্গলের 'এ' কোম্পানী দিয়ে পাকসেনাদের শালদা নদী অবস্থানের উপর চাপ দিয়ে যাচ্ছিল। পাকসেনাদের পিছন থেকে সরবরাহের রাস্তা একমাত্র নদী ছাড়া সবই প্রায় বন্ধ হয়ে গেছিল। নদীপথেই লুকিয়ে মাঝে মাঝে পাকসেনাদের অবস্থানে রসদপত্র সরবরাহ করা হতো। এই সরবরাহ পথে পাকসেনাদের এ্যামবুশ পেতে বসে থাকে। রাত ১টার সময় ৭-৮টি নৌকায় প্রায় ১৫০ জন সৈন্য ও অন্যান্য সরবরাহসহ পাকসেনারা তাদের শালদা নদী অবস্থানের দিকে অগ্রসর হয়। নৌকাগুলি যখন এ্যামবুশ অবস্থানের ভিতরে আসে আমাদের প্লাটুনটি মেশিনগানের সাহায্যে গুলি চালাতে থাকে। সঙ্গে সঙ্গে চার-পাঁচটি নৌকা ডুবে যায়। পাকসেনারাও পিছন হতে পাল্টা গোলাগুলি শুরু করে। সংঘর্ষ প্রায় অর্ধ ঘণ্টা স্থায়ী থাকে। এরপর পাকসেনাদের পিছনের নৌকাগুলি ফেরত চলে যায়। এই সংঘর্ষে পাকসেনাদের প্রায় ৬০-৭০ জন হতাহত হয়, ৪-৫টি নৌকা ডুবে যায় এবং অনেক রসদ নষ্ট হয়। নৌকার আরোহী পাকসেনারা ডুবে যায়। পাকসেনাদের গুলিতে আমাদের ৪ জন নিহত ও একজন আহত হয়।

কুমিল্লার উত্তরে কালামছড়ি চা বাগানের নিকট পাকসেনাদের একটি ঘাঁটি ছিল। এখানে মাসধিককাল ধরে পাকসেনা ও মুক্তিবাহিনীর মধ্যে সংঘর্ষ চলে আসছিল। মুক্তিবাহিনীর আক্রমণে অতিষ্ঠ হয়ে পাকসেনারা কালামছড়ি চা বাগান অবস্থানে বাঙ্কার তৈরী করে। ২রা আগস্ট রাত ১২টার সময় লেঃ হারুনের নেতৃত্বে মুক্তিবাহিনীর একাটি ক্ষুদ্র দল শত্রুঅবস্থানের উপর হামলা চালায়। পাকসেনাদের এক কোম্পানী সৈন্য কামান এবং মর্টারের সহায়তায় শক্তিশালী অবস্থান গড়ে তুলেছিল। ২রা আগস্ট মুক্তিবাহিনীর অমর সাহসী ক্ষুদ্র দলটি হ্যান্ড গ্রেনেড ও ৩০৩ রাইফেলের সাহায্যে আক্রমণ চালায়। গ্রেনেড বিস্ফেরেণ ঘটিয়ে শত্রুদের ১০টি বাঙ্কার ধ্বংস করে দেয়। পাকসেনারা ভীতসন্ত্রস্ত হয়ে ৫০ জন নিহত সঙ্গীকে ফেলে পিছনে গ্রামের দিকে পালিয়ে যায়। সেখানেও গ্রামের লোক দ্বারা আক্রান্ত হয়ে অনেক পাকসেনা নিহত হয়। দুজন পাকসেনা আমাদের হাতের বন্দি হয়। এমজিআইএ ও মেশিনগানসহ অনেক অস্ত্রশস্ত্র এবং ২০-২৫ হাজার গুলি আমাদের হস্তগত হয়। এ ছাড়া অনেক খাদ্যসামগ্রী ও কাপড় আমাদের হস্তগত হয়। আমাদের পক্ষে দুজন মুক্তিসেনা নিহত হয়। জুলাই মাসে নোয়াখালীতে অপারেশনের জন্য ১৪ জন গণবাহিনীর গেরিলা গোপনপথে চৌদ্দগ্রামের আলকরা বাজার হয়ে দক্ষিণ দিকে যাচ্ছিল। রাত ১টার সময় বাজারের নিকটে শত্রুদের একটি দল অতর্কিতে গেরিলাদের উপর আক্রিমণ চালায়। আমাদের গেরিলারা সাহসের সঙ্গে আক্রমণের মোকাবিলা করে; কিন্তু শত্রুদের আক্রমণের মুখে টিকতে না পেরে ছত্রভঙ্গ হয়ে টিছু হটতে বাধ্য হয়। সংঘর্ষে আমাদের একজন গেরিলা নিহত ও কয়েকজন আহত হয় এবং বেশকিছু অস্ত্রশস্ত্র ফেলে তারা পালিয়ে আসে। হাবিলদার গিয়াসের নেতৃত্বে যে দলটি হোমনা থানায় অবস্থান করছিল, সেই দলটি ২৮শে জুলাই রাতে হোমনা থানার সাঘুটিয়া (হোমনা, বাঞ্ছারামপুর, রামচন্দ্রপুরের সঙ্গমস্থল) লঞ্চঘাটে পাকবাহিনীর টহলদার একটি লঞ্চের উপর এ্যামবুশ ফাঁদে আটকা পড়ে। পূর্বপরিকল্পনা অনুযায়ী সুবেদার গিয়াসের দল আকস্মিকভাবে শত্রুদের উপর হামলা চালায়। ঘটনার আকস্মিকতায় প্রায় ১৫-২০ মিনিট পর্যন্ত পাকসেনারা কোন জবাব দেয় না। দুর্ভাগ্যবশত রকেট লাঞ্চার কাজ না করায় সুবেদার গিয়াসের দল লঞ্চটাকে ডুবাতে সক্ষম হয়নি। ১ ঘণ্টা ধরে উভয়পক্ষে প্রচন্ড সংঘর্ষ চলে। পাকসেনারা বিক্ষিপ্তভাবে মর্টারের গোলা ছুড়তে থাকে। সুবেদার গিয়াসের দলের এত কোন ক্ষতি হয়নি। ১ ঘণ্টা সংঘর্ষের পর পাকসেনাদের লঞ্চটি পালিয়ে যায়। আমাদের মুক্তিযোদ্ধারা তাদের পিছে ধাওয়া করে। পাকসেনাদের হতাহতরে সংবাদ সম্পর্কে সঠিক তথ্যজানা না গেলেও প্রত্যক্ষদর্শীর বিবরণে প্রকাশ, ক্ষতবিক্ষত লঞ্চটি দেড় ঘন্টা হোমনা থানার ঘাটে নোঙর করে থাকে। সেখানে বেশকিছু আহতকে প্রাথমিক চিকিৎসা দেয় এবং অবশেষে অনেক মৃতদেহসহ লঞ্চটি ঢাকা অভিমুখে যাত্রা করে। জুলাই মাসে পাকসেনারা চট্টগ্রাম-কুমিল্লা

রোড খুলতে চেষ্টা করে। এই সময় মাঝে মাঝে পাকসেনাদের শক্তিশালী দল এই রাস্তায় টহল দেয়ার জন্যে আসত। চৌদ্দগ্রামের উত্তরে ও দক্ষিণে ইমামুজ্জামান এইসব পাকসেনাদের টহলদারী দলগুলোকে তাড়িয়ে দিত।

৩০শে জুলাই সকাল ৭টায় ইমামুজ্জামানের একটা প্লাটুন চৌদ্দগ্রামের ৪ মাইল দক্ষিণে নানকারা নামক স্থানে এ্যামবুশ পাতে। এ্যামবুশ পার্টি সারা দিন অপেক্ষা করার পর জানতে পারে যে, জগন্নাথদিঘীর নিকট একটি জীপ টহলে বেরোবার জন্যে তৈরী হচ্ছে। এই জীপকে এ্যামবুশ করার জন্য এ্যামবুশ পার্টি তখনই তৈরী হয়ে যায়। সন্ধ্যা সাড়ে ৬টার সময় পাকবাহিনীর এই জীপটি চৌদ্দগ্রামের দিকে অগ্রসর হয় এবং মুক্তিযোদ্ধাদের এ্যামবুশ অবস্থানে পৌঁছে। পৌঁছার সঙ্গে সঙ্গে এ্যামবুশ পার্টি জীপটির উপর মেশিনগান এবং হালকা মেশিনগান থেকে গুলি চালায়। গুলিতে ড্রাইভার আহত হয়। ৬ জন পাকসেনা জীপ থেকে লাফিয়ে নিচে নামে; কিন্তু তারাও আমাদের এ্যামবুশ পার্টির গুলিতে নিহত হয়। পরে এ্যামবুশ পার্টি একটি মৃত পাকসেনার পকেটে একটি চিঠি পায়। তা থেকে জানা যায় যে এই পাকসেনারা ২৯তম বেলুচ রেজিমেন্টের 'সি' কোম্পানীর লোক। নিহত পাকসেনাদের নিকট হতে রাইফেল এবং যথেষ্ট গোলাবারুদ উদ্ধার করা হয়। একজন আহত পাকসেনা আমাদের হাতে বন্দি হয়। এই এ্যামবুশের পর পাকসেনারা কুমল্লা থেকে আরও সৈন্য চৌদ্দগ্রামে নিয়ে আসে এবং সারা রাত ধরে আমাদের অবস্থানের উপর মর্টার এবং কামানের গোলা নিক্ষেপ করে। আমাদের লোকেরাও শত্রুঅবস্থানের উপর মর্টারের গোলা নিক্ষেপ করে। পরদিন ৩১শে জুলাই সকালে পাকিস্তানীদের একটি কোম্পানী চৌদ্দগ্রাম থেকে ও আর একটি কোম্পানী জগন্নাথদিঘী থেকে ট্রাঙ্ক রোড হয়ে আমাদের অবস্থানের দিকে অগ্রসর হতে থাকে। পাকসেনারা যখন আমাদের অবস্থানের ২০০ গজের মধ্যে পৌঁছে, তখনই আমাদের এ্যামবুশ অবস্থান থেকে তাদের উপর অতর্কিত গুলি চালান হয়। গুলির আঘাতে ২০ জন পাকসেনা রাস্তার উত্তরে এবং ৬ জন দক্ষিণে আহত ও নিহত হয়। পাকসেনারা কামানের গোলার সহায়তায় পিছনে সরে যেতে থাকে। এই সময়েও আমাদের গুলির আঘাতে আরও কিছু সৈন্য হতাহত হয়। এরপর আমাদের এ্যামবুশ পার্টি সেই অবস্থান পরিত্যাগ করে হরিশ্বরদার হাটের নিকট নতুন অবস্থান নেয়। এর দুদিন পর ২রা আগস্ট সকাল ৭টায় পাকসেনাদের একটি ব্যাটালিয়ন উত্তর, দক্ষিণ, পশ্চিম হতে হরিশ্বরদার হাটের দিকে অগ্রসর হয়। এই সময়ে আমদের অবস্থানে লেঃ ইমামুজ্জামান আরও দুটি প্লাটুন পাঠিয়ে অবস্থানটি শক্তিশালী করে। পাকসেনারা হরিদশ্বর হাটের নিকট অবস্থিত তিনটি ভাঙ্গা সে পর্যন্ত অগ্রসর হয় এবং সেখানে পিছন থেকে গোলাগুলি চালায়। আমাদের কোম্পানীটিও সাহসের সঙ্গে পাকসেনাদের আক্রমণকে প্রতিহত করতে থাকে। সমস্ত দিনের যুদ্ধ পাকসেনাদের ২৫ জন হতাহত হয়। পাকসেনারা ২রা আগস্ট রাতে প্রধান সড়কের উপর তাদের প্রতিরক্ষাব্রু তৈরী করে। এর পরদিন ৩রা আগস্ট সমস্ত দিন ধরে পাকসেনাদের সাথে সংঘর্ষ চলে। ঐ দিনসন্ধ্যায় আমাদের কোম্পানীটি অবস্থান পরিত্যাগ করে তাদের ঘাটিতে ফিরে আসে।

পাকসেনাদের একটি শক্তিশালি দল নয়ানপুর রেলওয়ে স্টেশন এলাকায় সুদৃঢ় ঘাঁটি করে অবস্থান করছিল। অনেক সময় এই অবস্থানের সঙ্গে অতীতে আমাদের যথেষ্ট সংঘর্ষ হয়। পাকসেনারা এই ঘাঁটিতে আরও বাড়িয়ে শালদা নদীর অবস্থান পর্যন্ত যোগাযোগ স্থাপন করার চেষ্টা করছিল। মেজর সালেক পাকসেনাদের নয়ানপুর ঘাঁটি আক্রমণ করার সিদ্ধান্ত নেয়। এই ঘাঁটিতে পাকসেনাদের অন্তত এক কোম্পানীর চেয়ে বেশি সৈন্য ছিল। পাকসেনারা স্টেশন ও নিকটবর্তী রেলওয়ে গুদাম এলাকায় তাদের সুদৃঢ় বাঙ্কার তৈরী করে। মেজর সালেক পাকসেনাদের এই অবস্থানটি সম্বন্ধে বিস্তারিত খবরাখবর সংগ্রহ করে। এরপর ৪র্থ বেঙ্গলের 'এ' কোম্পানী এবং কিছুসংখ্যক গণবাহিনী নিয়ে রাত সাড়ে ১২টার সময় পাকসেনাদের অবস্থানের নিকট জমায়েত হতে থাকে। পূর্বপরিকল্পনা অনুযায়ী রাত আড়াইটার সময় স্টেশনের ২০০ গজ উত্তরে রেললাইন পর্যন্ত প্রথম পর্যায়ে দখল করে নিতে সক্ষম হয়। এই সময়ে পাকসেনাদের গোলাগুলি ভীষণ তীব্র হতে শুরু করে এবং আমাদের সেনাদের আক্রমণ

কিছুটা দুর্বল হয়ে পড়ে। মেজর সালেক অন্য প্লাটুন অর্থাৎ যারা স্টেশনের দিকে ছিল তাদের আক্রমণ আরও তীব্র করার নির্দেশ দেয়। এই প্লাটুনটি পাকসেনাদের প্রবল গুলিবৃষ্টির মধ্যে রেললাইনের পাশ দিয়ে আস্তে আস্তে অগ্রসর হতে থাকে। এই প্লাটুনের লোকেরা রেল স্টেশনের ২৫ গজের মধ্যে পৌঁছতে সক্ষম হয় এবং পাকসেনাদের প্রায় ৬-৭টি বাঙ্কার উড়িয়ে দেয়। এই সময় স্টেশনের নিকটস্থ গুদাম এলাকা তেকে আমাদের লোকদের উপর তীব্র আক্রমণ শুরু হয়। অতর্কিত এই আক্রমণে আমাদের অনেক লোক হতাহত হয়। অবস্থার দ্রুত অবনতি ঘটে। মেজর সালেকের পক্ষে আক্রমণ চালিয়ে যাওয়া আর সম্ভব হয় না। নিরুপায় হয়ে মেজর সালেক তাঁর আহত ও নিহত সৈনিকদের নিয়ে পশ্চাতে হটে আসতে বাধ্য হয়। এই যুদ্ধে আমাদের যথেষ্ট ক্ষয়ক্ষতি হয়। 'এ' কোম্পানির ৭ জন নিহত ও ৯ জন গুরুতর আহত হয়। এ ছাড়াও সৈনিকদের মনোবল কিছুটা দমে যায়। পাকসেনারা তাদের অবস্থান অক্ষত রাখতে সক্ষম হয়। আমার সেক্টরে এটাই ছিল প্রথম এবং সবচেয়ে মারাত্মক বিপর্যয়- যাতে এতজন এক সাথে নিহত ও আহত হলো।

ঢাকা এবং ঢাকার চারপাশে গেরিলারা তাদের কার্যকলাপ চালিয়ে যাচ্ছিল। ২৫শে জুলাই সকাল ৬টা পূবাইলের নিকট কালসজা স্থানে রেলওয়ে লাইনের উপর বৈদ্যুতিক পদ্ধতিতে বিস্ফোরণ ঘটিয়ে একটি ট্রেন উড়িয়ে দেয়া হয়। ইঞ্জিনসহ তিনটি রেলওয়ে বগি লাইনচ্যুত হয় এবং ইঞ্জিনে আগুন লেগে বিধ্বস্ত হয়। ট্রেনের আরোহী ৩০-৩৫ জন পশ্চিম পাকিস্তানী পুলিশ সেই সাথে নিহত হয়। বগিগুলি লাইনচ্যুত হয়ে পানিতে পড়ে যায়। গেরিলাদের আর একটি দল ৪ঠা আগস্ট আড়াইহাজার থানার নিকট পাঞ্চকাপি সড়কসেতু এবং দরগাঁও সড়কসেতু উড়িয়ে দেয়। এর ফলে নরসিংদী-ডেমরার মধ্যে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এদিকে ২৭শে জুলাই ৪ জনের একটি গেরিলা দল মতিঝিলের (পীরজঙ্গী মাজার) নিকট বিদ্যুৎ সরবরাহ সাবস্টেশনের উপর আক্রমণ চালায়। পশ্চিম পাকিস্তানী পুলিশ এই সাবস্টেশনটিকে পাহারা দিচ্ছিলো। গেরিলারা দুজন পশ্চিম পাকিস্তানী পুলিশকে নিহত এবং বাকিদের নিরস্ত্র করে। তারা তালা ভেঙ্গে সাবস্টেশনে প্রবেশ করে ও সাবস্টেশনটি এক্সপ্লোসিভ লাগিয়ে ধ্বংস করে দেয়। ফলে মতিঝিল, কমলাপুর স্টেশন, শাহজাহানপুর, গোপিবাগে বিদ্যুৎ সরবরাহ সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। গেরিলা দলটি এরপর ফেরার পথে শাহজাহানপুরে রাজাকারদের দ্বারা আক্রান্ত হয়; কিন্তু সাহসের সঙ্গে পাল্টা আক্রমণ চালিয়ে ৮-১০ জন রাজারকারকে নিহত করে নিরাপদে নিজ ঘাঁটিতে ফিরে আসে। জুলাই মাসে শেষ সপ্তাহে আর একটি গেরিলা দল সিদ্ধিরগঞ্জ এবং খিলগাঁও ও কমলাপুরের মাঝে বেশ কয়েকটি বিদ্যুৎ সরবরাহ লাইনের পাইলন উড়িয়ে দেয়। ফলে টঙ্গী, কালীগঞ্জ প্রভৃতি শিল্প এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়। ১৫ই জুলাই পাগলা এলাকার গেরিলা দল ফতুল্লা এবং ঢাকার মাঝে একটি রেলওয়ে সেতু এক্সপ্লোসিভ লাগিয়ে উড়িয়ে দেয়। ফলে ঢাকা-নারায়ণগঞ্জ রেল যোগাযোগ সাময়িকভাবে বন্ধ হয়ে যায়। ফার্মগেটের নিকট পাকিস্তানীদের একটি চেকপোস্ট আক্রমণ করার সিদ্ধান্ত নেয়। কয়েক দিন গাড়িতে রেকি করার পর তারা দেখতে পায় যে, পাহারারত মিলিটারী পুলিশ সবসময় মোটেই সতর্ক থাকে না। একদিন সন্ধ্যায় আলম, কাজী, গাজী এবং স্বপন নামে চারজন ঢাকার গেরিলা একটি গাড়িতে ফার্মগেটে আসে। মিলিটারী চেকপোস্টের নিকটে পৌঁছার সময় তাদেরকে পাকসেনারা আসতে নির্দেশ দেয়। তারা তাদের গাড়িটি নির্দেশ অনুযায়ী দ্বিতীয় রাজধানীর দিকে মুখ করে রাস্তার পাশে দাঁড় করায়। চারজন পাকসেনা গাড়ির দিকে তল্লাশির জন্য অগ্রসর হয়। সঙ্গে সঙ্গে গাড়ি থেকে গেরিলারা তিনটি চায়নিজ স্টেনগান থেকে গুলি চালাতে থাকে। পাকসেনাদের অন্যান্য লোকও গাড়ির দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করে। গেরিলা দল তাদের লক্ষ্য করে গ্রেনেড ছোড়ে এবং তীব্র গতিতে গাড়ি চালিয়ে অবস্থান পরিত্যাগ করে। এ সংঘর্ষের ফলে পাকসেনাদের পাঁচজন মিলিটারী পুলিশ আহত ও ৪ জন নিহত হয়। সঙ্গে সঙ্গে সমস্ত ফার্মগেট এবং কাওরান বাজার এলাকায় আতঙ্কের সৃষ্টি হয়। ২রা আগস্ট ঢাকার গেরিলাদের আর একটি দল 'গ্যানিস' এবং 'ভোগ' নামক দুটি বড় দোকানে গ্রেনেড ছুড়ে দোকান দুটির ক্ষতি সাধন করে।

লেঃ ইমামুজ্জামানের 'রেকি' পার্টি সংবাদ নিয়ে আসে যে, পাকসেনাদের দুটি জীপকে রেশন এবং গোলাবারুদ সরবরাহের জন্য বালিয়াজুরি ভাঙ্গা ব্রীজের নিকট শত্রু অবস্থানের দিকে যেতে দেখা গেছে। লেঃ ইমামুজ্জামান তৎক্ষণাৎ একটি প্লাটুন জীপ দুটিকে এ্যামবুশ করার জন্য হরিসর্দার বালিয়াজুরি ব্রীজের নিকট পাঠিয়ে দেয়। লেঃ ইমামুজ্জামান প্লাটুনটি সঙ্গে সঙ্গে অবস্থান নিয়ে জীপের উপর রাইফেলের সাহায্যে গুলি চালাতে থাকে। সঙ্গে সঙ্গে পাকসেনাদের দুজন নিহত হয়। একটি জীপ মৃত সঙ্গীদের নিয়ে দ্রুত ঘুরে পালিয়ে যায়। অন্য জীপটির উপর প্লাটুনটি গুলি চালাতে থাকে। পাকসেনাদের রাস্তার পশ্চিম পার্শ্বে অবস্থান নিয়ে আমাদের প্লাটুনটির উপর গুলি চালাতে থাকে। তাদের গুলি ফুরিয়ে এলে তারা গাড়ি থেকে গুলি নেবার চেষ্টা করে -কিন্তু তাদের সে চেষ্টা ব্যর্থ হয়। এ আক্রমণে তাদের ৬ জন মারা যায়। পরে পাকসেনারা আমাদের এ্যামবুশ অবস্থানের উপর প্রচন্ড গোলা ছুড়তে থাকে। বাধ্য হয়ে আমাদের প্লাটুনটি অবস্থান পরিত্যাগ করে। শত্রুদের গাড়িটি বিধ্বস্ত হয়ে যায়। এরপর পাকসেনাদের একটি শক্তিশালী দর দুপুর দেড়টার সময় আমাদের অবস্থানের দিকে অগ্রসর হয়। এই দলটি যখন আমাদের অগ্রবর্তী অবস্থানের নিকট পৌঁছে, তখন আমাদের সৈন্যরা পাকসেনাদের উপর আক্রমণ চালায়। প্রচণ্ড সংঘর্ষে ১০ জন পাকসেনা নিহত এবং আরও কয়েকজন আহত হয়। পাকসেনারা বাধ্য হয়ে তাদের আক্রমণ পরিত্যাগ করে ফেরত চলে যায়।

মেজর সালেক ১০ই আগস্ট একটি প্লাটুন নিয়ে শালদা নদীর পশ্চিমে ব্রাহ্মণবাড়িয়া -কুমিল্লা সি-এন্ড-বি রাস্তার নিকট শিলদাই গ্রামে তাঁর গোপন ঘাঁটি স্থাপন করে। পরদিন স্থানীয় লোকের নিকট খবর পায় যে, সি-এন্ড-বি রাস্তার উপর দিয়ে প্রতিদিন কুমিল্লা থেকে উজানিরশার পাক অবস্থানে ৩-৪টি জীপ যাতায়াত করে। এই সংবাদ পেয়ে মেজর সালেক পাকসেনাদের জন্য সি-এন্ড-বি রাস্তায় একটা এ্যামবুশ পাতে। সমস্ত দিন ও রাত অপেক্ষা করার পরেও পাকসেনারা সেদিন আর আসেনি। বোঝা গেল যে, হয়তো বা তাদের কোন দালাল বা রাজাকার আগে থেকেই এ্যামবুশ সম্বন্ধে সতর্ক করে দিয়েছিল। অনেক অপেক্ষা করার পর রাস্তার মাইন লাগিয়ে মেজর সালেকের দলটি তার ঘাঁটিতে রওয়ানা হয়। পথে রসুল গ্রামের নিকট একটি রাজাকার ক্যাম্পে আক্রমণ চালায়। আক্রমণের সময় ক্যাম্প ভবনের ভিতর বেশ কয়েকটি গ্রেনেড নিক্ষেপ করা হয়। এই আক্রমনের ফলে ২০ জন রাজাকার নিহত ও ৩০ জন বন্দি হয়। এরপর দলটি নিজেদের অবস্থান নিরাপদে ফিরে আসে।

শালদা নদী, মন্দভাগ এবং এর চতুর্দিকে আমাদের সৈন্যরা পাকিস্তানীদের ওপর প্রায়ই আক্রমণ চালিয়ে যাচ্ছিল। পাকসেনাদের হতাহতের সংখ্যাও দিন দিন আরো বেড়ে যাচ্ছিল। আমাদের আক্রমণের ফলাফল সম্বন্ধে দুটি সঠিক বিবরণ গ্রামবাসী মারফত জানতে পাই। শালদা নদীর শত্রু অবস্থানের উপর আমরা গোলন্দাজ বাহিনীর সহায়তায় গোলার আক্রমণ চালানোর ফলে আগস্টের দ্বিতীয় সপ্তাহে শত্রুপক্ষের অন্তত ৬০ জন নিহত হয়।বাধ্য হয়ে শত্রুরা স্টেশন ছেড়ে নয়ানপুর গ্রাম, শালদা নদী গোডাউন ইত্যাদি এলাকায় অবস্থান তৈরী করে। মন্দভাগেও শত্রু অবস্থানের ওপর আমাদের গোলার আক্রমণের ফলে পাকসেনাদের প্রায় ১৫০ জন হতাহত হয়। পাকসেনাদের একটি ১২০ এমএম মর্টারের মারাত্মক ক্ষতিসাধন করা হয়। সন্ত্রস্ত পাকসেনারা বাধ্য হয়ে তাদের কামানের অবস্থানের পিছু হটিয়ে ব্রাহ্মণপাড়া নিয়ে যায়। আমাদের এ্যামবুশের ফলে শালদা নদীর রাস্তা পরিত্যাগ করা নাগাইশ হয়ে ব্রাহ্মণপাড়া থেকে একটি নতুন রাস্তা খোলার চেষ্টা করে। ১১ই আগস্ট পাকসেনাদের একটি কোম্পানী এই নতুন রাস্তায় আসে। আসার পথে নাগাইশ গ্রাম থেকে একজন স্থানীয় লোককে পথপ্রদর্শক হিসেবে নিয়ে আসে। এই লোকটি পরে আমাদের জানায় যে, পাকসেনাদের মনোবল একেবারেই ভেঙ্গে গেছে। নৌকাতে আসার সময় অনেক সৈন্যই সামনে অগ্রসরে অনিচ্ছা প্রকাশ করে। তাদের কমাণ্ডারা অনেকভাবে তাদের উৎসাহিত করার চেষ্টা চালায়। এ ছাড়াও তাদের অনেককে চিন্তিত ও বিমর্ষ দেখাচ্ছিল। তারা তাদের পুরনো দাম্ভিক স্বভাব অনেকটা পরিত্যাগ করেছে। পাকসেনারা গ্রামবাসীদের সাথে মিশবার চেষ্টাও করছিল। শত্রুদের এই নতুন রাস্তার খবর পেয়ে মেজর সালেক একটি প্লাটুন পাঠিয়ে দেয়। প্লাটুনটি নাগাইশ গ্রামে পাকসেনাদের দুটি রসদ বোঝাই নৌকা ব্রাহ্মণপাড়া থেকে নয়ানপুরের দিকে যাচ্ছিল।

আমাদের প্লাটুনটি তাদের উপর অতর্কিত আক্রমণ করে এবং ১১ জন পাকসেনাকে নিহত করে নৌকাগুলি ডুবিয়ে দেয়।

কিছুক্ষণ পরে পাকসেনাদের আরও তিনটি নৌকা শালদা নদী থেকে ব্রাহ্মণপাড়া দিকে যাচ্ছিল। এই নৌকাগুলিকেও আমাদের এ্যামবুশ পার্টি শশিদল গ্রামের নিকট এ্যামবুশ করে এবং এতে ১০ জন পাকসেনা নিহত হয়। পরদিন পাকসেনাদের দুটি শক্তিশালী প্লাটুন আমাদের মুক্তিযোদ্ধাদের দমনে নাগাইশের দিকে অগ্রসর হয়। আমাদের প্লাটুনটি সংবাদ পেয়ে সুবেদার নজরুল ও নায়েব সুবেদার মুনিরের নেতৃত্বে পাকসেনাদের এই দলটিকে নাগাইশ পৌঁছার আগেই অতর্কিত আক্রমণ করে ২৫ জন পাকসেনাকে নিহত করে। পাকসেনারা পিছু হটে যায়। ১৭ই আগস্ট ব্রাহ্মণপাড়া এই নদীপথ খোলার জন্য পাকসেনাদের একটি বিরাট দল নদীর পাড় দিয়ে অগ্রসর হয়। এবং সঙ্গে সৈন্য বোঝাই তিনটি নৌকাও অগ্রসর হয়। পাকসেনাদের এই দলটিকে আমাদের সৈন্যরা আবার এ্যামবুশ করে। এ্যামবুশের ফলে নৌকার আরোহী ১৮ জন পাকসেনা নিহত হয়। পাকসেনাদের যে দলটি পাড় দিয়ে আসছিল, তাদের প্রবল চাপে বাধ্য হয়ে আমাদের সৈন্যরা পিছু হটে আসে। পাকসেনারা দুই-তিনবার এ্যামবুশে পড়ার পরও শালদা নদীর নাগাইশ-ব্রাহ্মণপাড়া যোগাযোগপথ খোলার চেষ্টা চালিয়ে যেতে থাকে। এই খাল ছাড়া পিছন থেকে শালদা নদীতে সরবরাহের আর কোন রাস্তা ছিল না।

১৯শে আগস্ট দুপুর ১২টার সময় পাকসেনাদের তিনটি নৌকা শালদা নদী থেকে ব্রাহ্মণপাড়া দিকে অগ্রসর হচ্ছিল। এই নৌকাগুলি যখন ছোট নাগাইশের নিকট পৌঁছে তখন আমাদের সৈন্যরা নৌকাগুলির উপর আক্রমণ চালায়। পাকসেনারা পাল্টা গুলি চালিয়ে আমাদের আক্রমণ প্রতিহত করা চেষ্টা করে; কিন্তু আমাদের সৈন্যদের তীব্র আক্রমণের মুখে তাদের দুটি নৌকা ডুবে যায় এবং ২০ জন নিহত হয়। পিছনের নৌকাটি দ্রুত পিছনে ফিরে পাড়ে পৌঁছায়। পাকসেনারা নৌকা থেকে নেমেই আমাদের সৈন্যদের ওপর আক্রমণের চেষ্টা করে। প্রায় চার ঘণ্টা উভয় পক্ষে গোলাগুলি চলার পর পাকসেনারা পিছু হটে যায়। ঐদিনই বেলা ১টার সময় আমাদের কামানের গোলায় শালদা নদী গুদামে অবস্থিত পাকসেনাদের একটি বাঙ্কার ধ্বংস হয়। ফলে আটজন পাকসেনা ঘটনাস্থলেই নিহত হয়।

মন্দভাগেও ৪র্থ বেঙ্গলের 'সি' কোম্পানী অতর্কিত আক্রমণ চালিয়ে পাকসেনাদের চারটি বাঙ্কার ধ্বংস করে দেয়। ফলে ১১ জন নিহত ও তিনজন আহত হয়। লেঃ ইমামুজ্জামান পাকবাহিনীর হরিসর্দার হাটের অবস্থানের উপর তাঁর চাপ রেখে যাচ্ছিল। এই চাপের ফলে পাকসেনাদের মনোনল দ্রুত ভেঙ্গে পড়ছিল। এই অবস্থানটিতে বারবার অতর্কিত আক্রমণ এবং এ্যামবুশ চালানোর ফলে পাকসেনারা আমাদের মুক্তিযোদ্ধাদের ভয়ে সবসময় সজাগ থাকত।

শত্রুদের এই অবস্থানটি মুক্ত করার জন্য একটি পরিকল্পনা নেওয়া হয়। ভীতসন্ত্রস্ত পাকসেনাদের মনোবল সম্পূর্ণ ভেঙ্গে দেয়ার জন্য অবস্থানটির নিকটবর্তী এলাকায় গুজব ছড়িয়ে দেওয়া হয় যে, পাকসেনাদের এই অবস্থানটির ওপর মুক্তিবাহিনীর আক্রমণ অবশ্যম্ভাবী। ৪র্থ বেঙ্গল রেজিমেন্ট আক্রমণ করার জন্য অতিসত্বর হরিসর্দার হাটের দিকে উত্তর থেকে অগ্রসর হচ্ছে এবং তাদের সঙ্গে বন্ধুরাষ্ট্রের দেয়া অনেক কামানও আছে। এ ছাড়াও অনেক মুক্তিযোদ্ধা এ আক্রমণের জন্য একত্রিত হচ্ছে। এই ধরনের গুজব প্রায়ই পাকসেনাদের আমানগোণ্ডা অবস্থানের এলাকায় প্রচার করা হচ্ছিল। এর ফলে পাকসেনাদের মনেবলে আরও ভাঙ্গন ধরে। ১৪ই আগস্ট আরও গুজব ছড়িয়ে দেয়া হয় যে, পাকিস্তানের স্বাধীনতা দিবসেই এই আক্রমণ চালানো হবে। ১৪ই আগস্ট রাত ১০টার সময় লেঃ ইমামুজ্জামান কয়েকজন সিপাই আমানগোন্ডার নিকটে গিয়ে লাইন পিস্তল এবং ২ ইঞ্চি মর্টারের সাহায্যে ইল্যুমিনেটিং প্যারাচ্যুট বোমা ছোড়া হয় এবং কয়েক রাউন্ড গুলি চালানো হয়। এর পরদিন আমানগোণ্ডা অবস্থানের নিকট পৌঁছে দেখা গেল যে, পাকসেনারা সমস্ত প্রতিরক্ষা অবস্থান ছেড়ে রাতে ভয়ে পালিয়ে গেছে এবং এলাকাবাসী পাকসেনাদের পরিত্যক্ত জিনিসপত্র সংগ্রহ করছে।

এ ছাড়াও পরে আমরা আরো অনেক সূত্রে জানতে পারি যে, মুক্তিবাহিনীর সম্ভাব্য আক্রমণ সম্বন্ধে পাকিস্তানীরা এত বেশী সন্দিহান এবং চিন্তিত হয়ে পড়েছিল যে, ১৩ই আগস্ট ঢাকা থেকে এক ব্যাটালিয়ন সৈন্য এবং চারটি লাইট ট্যাঙ্ক কুমিল্লাতে আনা হয়। এই ব্যাটালিয়নটি বানাসিয়া থেকে গাজীপুর পর্যন্ত রেললাইনের পাশে প্রতিরক্ষা অবস্থান তৈরী করে, দুটি ট্যাঙ্ক কুমিল্লা বিমানবন্দরের নিকট মোতায়েন করে এবং বাকিগুলি কুমিল্লা ক্যান্টনমেন্টে রাখা হয়। কুমিল্লার সামরিক প্রশাসক ব্রিগেডিয়ার মাসুদ ঘোষণা করেন যে, যদি কোন বাঙালী সামরিক কর্তৃপক্ষের কাছে অভিযোগ করে যে, মুক্তিবাহিনী তার বাড়ি জ্বালিয়ে দিয়েছে তবে তাকে সম্পূর্ণ ক্ষতিপূরণ দেয়া হবে। এইভাবে পাকবাহিনী তাদের দোষ মুক্তিবাহিনীর ওপর চাপাবার প্রচেষ্টা চালায় এবং এইসব অভিযোগকে তাদের প্রচার কাজের ব্যবহার করার চেষ্টা করে।

পাকসেনারা হোমনা থানায় একবার আক্রান্ত হবার পর এই থানাটিতে আবার পশ্চিম পাকিস্তানী পুলিশ এবং কিছুসংখ্যক পাকসেনা মোতায়েন করে শক্তিশালী করে তোলে। থানাটিতে পাকসেনাদের অবস্থান শক্তিশালী হবার পর হোমনা এলাকায় মুক্তিবাহিনীর পক্ষে তাদের কার্যকলাপ চালিয়ে যাওয়াতে বাধার সৃষ্টি হয়। এই এলাকা আবার মুক্ত করার জন্য হাবিলদার গিয়াস থানাটিকে আক্রমণ করার সিদ্ধান্ত নেয়। প্রথমে থানাটির প্রতিরক্ষা ব্যবস্থা সম্বন্ধে সম্পূর্ণ খবর সংগ্রহ করে। স্থানীয় গেরিলাদেরকেও তার প্লাটুনের সঙ্গে একত্রিত করে। ১৫ই আগস্ট রাত ১২টার সময় আমাদের সম্মিলিত দলটি হোমনা থানার উপর অতর্কিত আক্রমণ করে। কিন্তু ২ ঘণ্টা তুমুল যুদ্ধের পর তারা আত্মসমর্পণ করতে বাধ্য হয়। যুদ্ধে তাদের ১০ জন নিহত ও ১৪ জন বন্দি হয়।

আমাদের দলটির দুজন আহত হয়। থানাতে ২৪টি রাইফেল, দুটি বন্দুক, ১৬টি বেয়োনেট, একটি অয়্যারলেস সেট, দুটি টেলিফোন সেট, ১০টি গ্রেনেড ও দেড় হাজার গুলি আমাদের হস্তগত হয়। বন্দিদের থানা হেডকোয়ার্টারে পাঠিয়ে দেয়া হয়। হোমনা থানার বিস্তৃত এলাকা আমাদের নিয়ন্ত্রণে আসে। এর দুদিন পর হোমনা পতনের খবর পেয়ে পাকসেনাদের ৩টি দল মুরাদনগর থেকে হোমনার দিকে নৌকয় অগ্রসর হয়। মুরাদনগরে অবস্থিত আমাদের গেরিলারা এই সংবাদ পেয়ে যায়। স্থানীয় গেরিলা কমাণ্ডার মুসলেউদ্দিনের নেতৃত্বে দুপুর ২টার সময় নদীর পাড়ে অগ্রসরমান পাকসেনাদের জন্য এ্যামবুশ পাতে।

মুরাদনগর থেকে ৮ মাইল দূরে সন্ধ্যা ৬টার সময় পাকসেনাদের নৌকাগুলি এ্যামবুশে পড়ে যায়। আমাদের গেরিলাদের গুলিতে দুটি নৌকা ডুবে যায়। গোলাগুলিতে ১ জন ক্যাপ্টেনসহ ২৯ জন পাকসেনা এবং পাঁচজন রাজাকার নিহত হয়। আমাদের গেরিলারা ৩টি এমজি-৪২ এবং দুটি বেল্ট বক্স (৫০০ গুলিসহ), ৫০০ চাইনিজ রাইফেলের গুলি এবং ১টি ৩০৩-রাইফেল হস্তগত করে। অবশিষ্ট অস্ত্রশস্ত্র পানিতে ডুবে যাওয়ায় উদ্ধার করা সম্ভব হয়নি। কুমিল্লা থেকে তিন মাইল উত্তর-পূর্বে কংসতলাতে পাকসেনারা আগস্ট মাসে তাদের একটি ঘাঁটি স্থাপন করে। এই ঘাঁটিতে পাকসেনাদের অন্তত এক কোম্পানী শক্তি ছিল। পাকসেনাদের এই ঘাঁটির সংবাদ ক্যাপ্টেন মাহবুবের নিকট পৌঁছে। তিনি একটি পেট্রোল পার্টি পাঠিয়ে এই ঘাঁটি সম্বন্ধে বিস্তারিত খবর সংগ্রহ করেন। ১৬ই আগস্ট সন্ধ্যা ৭টায় ক্যাপ্টেন মাহবুবের নেতৃত্বে দুটি প্লাটুন শত্রুঘাঁটির দিকে অগ্রসর হয়। রাত ২টার ক্যাপ্টেন মাহবুবের দলটি পাকসেনাদের ঘাঁটির উপর অতর্কিত আক্রমণ চালায়। মুক্তিবাহিনীর সৈনিকরা পাক-ঘাঁটির ভিতরে অনুপ্রবেশ করে পাকসেনাদের হকচকিত করে দেয়। তুমুল সংঘর্ষে কিংকর্তব্যবিমূঢ় পাকসেনাদের প্রচুর ক্ষয়ক্ষতি হয়। পাকসেনারা পর্যুদস্ত হয়ে তাদের ঘাঁটি ছেড়ে পালিয়ে যায়। আমাদের দলটি পলায়মান পাকসেনাদের খায়েশ বাজার এবং লক্ষ্মীপুর ঘাঁটি থেকেও হটে বাধ্য করে। সমস্ত রাতের সংঘর্ষে পাকসেনাদের একজন অফিসারসহ ৩০ জন হতাহত হয়। এরপর আমাদের দলটি নিরাপদে তাদের কেন্দ্রে ফিরে আসে।

এর তিনদিন পর কুমিল্লার ১ মাইল উত্তরে আমাদের আরও একটি দল পাকসেনাদের জন্য একটি এ্যামবুশ পেতে বসে থাকে। ২০শে আগস্ট রাত ৮টায় পাকসেনাদের একটি টহলদার প্লাটুন এই এ্যামবুশের আওতায়

পড়ে যায়। পাকসেনাদের প্লাটুনটি যখন পুরোপুরি আমাদের এ্যামবুশ পার্টির সম্মুখে এসে যায় তখন আমাদের দলটি হালকা মেশিনগান এবং অন্যান্য অস্ত্রের সাহায্যে তাদের উপর গুলিবর্ষণ করে। পাকসেনারা অতর্কিত এই আক্রমণে হকচকিত হয়ে ছত্রভঙ্গ হয়ে পলায়ন করে। এই এ্যামবুশে ১১ জন পাকসেনা নিহত এবং তিনজন আহত হয়। আমাদের দলটি পাকসেনাদের একটি এমজিআইএ মেশিনগান ও কয়েকটি জি-৩ রাইফেল দখল করে।

পাকসেনাদের একটি শক্তিশালী দল জগন্নাথ দিঘীতে ঘাঁটি করেছিল। এই দলটি মাঝে মাঝে নিকটবর্তী চিয়ারা গ্রামে রাত্রিতে তাদের অবস্থান পরিবর্তন করতো। এই খবর আমরা পেয়ে যাই। ২৩শে আগস্ট মেজর জাফর ইমাম এই দলটিকে আক্রমণ করার জন্য দুটি প্লাটুন নিয়ে চিয়ারা গ্রামের নিকট পাকসেনাদের অপেক্ষায় অবস্থান করে। রাত সাড়ে ১২টায় জগন্নাথ দিঘী পাক অবস্থানের উপর মুক্তিযোদ্ধা একটি দল আক্রমণ চালায়। একই সঙ্গে চিয়ারা গ্রামে অবস্থিত পাকসেনাদের উপর মেজর জাফর ইমামের নেতৃত্বে আক্রমণ চালানো হয়। এই আক্রমণের ফলে চিয়ারা গ্রামে অবস্থিত পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে যায় এবং ২৪ জন পাকসেনা আমাদের মুক্তিবাহিনীর হাতে নিহত হয়। কিছু শত্রুসেনা আহত অবস্থায় পালিয়ে যেতে সক্ষম হয়। জগন্নাথ দিঘীতেও চারটি বাঙ্কার আমাদের মুক্তিবাহিনী ধ্বংস করতে সক্ষম হয়। নয়ানপুর রেল স্টেশনে পাকসেনাদের উপর ৪র্থ বেঙ্গলের 'এ' কোম্পানী এবং 'সি' কোম্পানী তাদের চাপ আরো জোরদার করে। ২৩শে আগস্ট সকাল ১১টায় উক্ত কোম্পানী দুটি মিলিতভাবে স্টেশনের উত্তর এবং দক্ষিণ দিক থেকে মর্টার ও ১০৬-রিকয়েললেস রাইফেল নিয়ে পাক অবস্থানের উপ সাঁড়াশি আক্রমণ চালায়। ১০৬-রিকয়েললেস রাইফেলের আঘাতে পাকিস্তানীদের বেশ কটি শক্ত বাঙ্কার বিধ্বস্ত হয়। স্টেশনের কিছু দূরে একটি গুদাম ছিল। তার ভিতরেও পাকসেনারা বাঙ্কার বানিয়েছিল। গুদামটিতেও রকেট মারা হয়। ফলে গুদামে আগুন ধরে যায়। রকেটিং-এর পর মর্টার এবং মেশিনগানের সাহায্যে শত্রু অবস্থানের উপর প্রচন্ড গোলাবর্ষণ করা হয়। এই আক্রমণ এত সফল হয়েছিল যে, শত্রু অবস্থান থেকে ভীতসন্ত্রস্ত আর্তনাদ এবং চিৎকার শোনা যাচ্ছিল। পাকিস্তানীরা আমাদের আক্রমণের জবাব দেবার সুযোগ পায়নি। শত্রুদের প্রকৃত হতাহতের সংখ্যা সে সময়ে জানা যায়নি। পরে আমরা গ্রামবানী সূত্রে খবর পেয়েছি যে, আক্রমণে পাকসেনাদের যথেষ্ট হতাহত হয়েছে।

কুমিল্লার দক্ষিণে এবং নোয়াখালী এলাকাতেও আমাদের মুক্তিযোদ্ধারা তাদের তৎপরতা আরো জোরদার করে তোলে। ৩০শে আগষ্ট সকাল ১০টায় লাকসাম থেকে পাকসেনাদের একটি শক্তিশালী দল চৌদ্দগামের দিকে অগ্রসর হয়। এই দলটি আমাদের অবস্থানের ২০০ গজের মধ্যে পৌঁছালে আমাদের মুক্তিযোদ্ধারা তাদের ওপর আক্রমণ চালায়। উভয় পক্ষের মধ্যে সমস্ত দিন ধরে গোলাগুলি চলতে থাকে। পাকসেনারা আক্রোশে রাস্তার চতুর্দিকের সমস্ত গ্রাম জ্বালিয়ে দেয়। প্রচন্ড আক্রমণ সত্ত্বেও আমাদের সৈনিকরা নিজেদের অবস্থানে অটল থাকে। সমস্ত দিনের যুদ্ধে তাদের প্রায় ২০ জন সৈন্য নিহত এবং অনেক আহত হয়। তারা অগ্রসর হতে সক্ষম না হয়ে পিচু হটে যেতে বাধ্য হয়। পরদিন ল্যান্স নায়েক লোকমান আলী ও ল্যান্স নায়েক আহসানউল্লাহর নেতৃত্বে একটি ডিমোলিশন পার্টিকে চৌদ্দগ্রাম-বাংগোড়া-লাকসাম রাস্তা দিয়ে শত্রুসৈন্যদের চলাচলে বিঘ্ন ঘটাবার জন্য রাস্তায় মাঝে মাঝে ডিমোলিশন দিয়ে ভেঙ্গে দেওয়ার জন্য পাঠানো হয়। দলটি নির্দিষ্ট স্থানে পৌঁছানোর পর তাদের ডিমোলিশন কাজ শুরু হয়। কিন্তু স্থানীয় শান্তি কমিটি ও তাদের লোকেরা পাকসেনা কর্তৃক প্রতিশোধের ভয়ে রাস্তায় ডিমোলিশন লাগাতে বাধা দেয়। ল্যান্স নায়েক স্থানীয় লোকদেরকে দেশের বৃহত্তর স্বার্থের কথা বুঝিয়ে বলেন। বোঝানোর পর শান্তি কমিটির লোকেরা তাদের সঙ্গে সক্রিয়ভাবে সহযোগিতা করে। তারা নিজেরাই রাস্তা খুঁড়ে তিন জায়গাতে ৫০ পাউণ্ডে জিলেটিন এক্সপ্লোসিভ-এর ব্যাগ লাগায় এবং ৮০ ফুট রাস্তা উড়িয়ে দেয়। এতে পার্শ্ববর্তী রাস্তার দু'পাশের পানি রাস্তার খাদে প্রবেশ করে। ফলে চৌদ্দগ্রাম-লাকসাম যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়ে। ঐদিন রাতে আমাদের আরেকটি টহলদার দল কুমিল্লার দক্ষিণ-পূর্বে আর একটি দল লাঙ্গলকোট ও লাকসামের মাঝামাঝি রেললাইনের উপর মাইন পুঁতে একটি ইঞ্জিনসহ তিনটি রেলওয়ে বগী ধ্বংস করে দেয়। কাজলপুরের নিকট আরেকটি মালবাহী ট্রেন আমাদের পোঁতা মাইনের আঘাতে লাইনচ্যুত হয়। ফেনী ও লাকসামের মাঝে নাওতি স্টেশনের নিকট ডিমোলিশন লাগিয়ে রেললাইনের ১৪ ফুট রাস্তা ধ্বংস করে দেয়া হয়। মুক্তিযোদ্ধারা কুমিল্লা-ফেনী রেললাইনের পাশে টেলিফোনের তার কয়েক জায়গায় কেটে দেয়। ৩রা সেপ্টেম্বর আমাদের আর একটি ডিমোলিশন পার্টি লালমাই ও জাঙ্গালিয়া স্টেশনের মাঝে রেলওয়ে রাস্তার উপর ডিমোলিশন লাগিয়ে রেললাইনের খানিকটা উড়িয়ে দেয় এবং জমুয়া ও বেতুরার রেভিনিউ অফিস পুড়িয়ে দেয়।

সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে বেলুনিয়াতে পাকসেনারা তাদের তৎতপরতা আরো বাড়িয়ে তোলে। ৬ই সেপ্টেম্বর পাক সামরিক জান্তা নয়ানপুরের নিকট বিপুল পরিমাণ সৈন্য সমাবেশ করতে থাকে। ঐ দিন রাত প্রায় ৩টার সময় পাকসেনাদের দুটি প্লাটুন সেলোনিয়া নদী অতিক্রম করে। আমাদের অবস্থানের দিকে অগ্রসর হবার চেষ্টা করে। পাকসেনাদের দলটি নৌকাযোগে যখন নদী পার হওয়ার চেষ্টা করে তখন আমাদের অগ্রবর্তী দল তাদের ওপর আক্রমণ চালায়। আক্রমণের ফলে ১৫ জন পাকসেনা নিহত এবং বেশ কিছুসংখ্যক আহত হয়।অবশিষ্ট সৈন্যরা মর্টারের গোলার সহায়তায় পশ্চাদপসরণ করে। পরদিন বিকেল ৪টায় পাকসেনাদের আরেকটি শক্তিশালী দল আরো পশ্চিমে মহুরীনদী অতিক্রম করার চেষ্টা করে। এখানেও আমাদের অগ্রবর্তী অবস্থান থেকে তাদের ওপর আক্রমণ চালানো হয়। গোলাগুলিতে পাকসেনাদের একজন অফিসারসহ ১৫ জন নিহত এবং প্রায় ২০ জন আহত হয়। পাকসেনারা তাদের আক্রমণ অব্যাহত রাখে এবং আমাদের অবস্থানগুলোর ওপর প্রচণ্ডভাবে কামানের গোলাবর্ষণ করতে থাকে। আমাদের সৈনিকরা টিকতে না পেরে অগ্রবর্তী অবস্থান পরিত্যাগ করে স্থায়ী অবস্থানে ফিরে আসে। পাকবাহিনী তাদের আক্রমণের চাপ অব্যাহত রাখে। সন্ধ্যা ছটা পর্যন্ত এই আক্রমণ চলতে থাকে। আমাদের বীর সৈনিকরা তাদের অবস্থান থেকে গোলন্দাজ বাহিনীর সহায়তায় পাকসেনাদের আক্রমণকে দেড় ঘন্টার যুদ্ধে প্রতিহত করতে সক্ষম হয়। পাকসেনাদের অনেক হতাহত হয় ও পরে আমাদের পাল্টা আক্রমণের মুখে টিকতে না পেরে পিছু হটে ছাত্রভঙ্গ হয়ে যায়। এরপর পাকসেনারা পরশুরামের নিকট সৈন্য সমাবেশ করতে থাকে। প্রায় এক ব্যাটালিয়ন সৈন্য পরশুরামে মোতায়েন করে। ৯ই সেপ্টেম্বর আমাদের খবর সংগ্রহকারী লোকেরা জানতে পারে যে পাকসেনারা বেশ কয়েকটি ১০৫ এর এমএম কামানসহ সালিয়ার নিকট অবস্থান নিচ্ছে। পাকসেনাদের তৎপরতা দেখে আমরা বুঝতে পারি যে মুহুরী নদীর পূর্ব পাড়ে তাদের অবস্থান পাকা করে নদী পার হওয়ার প্রস্তুতি নিচ্ছে। এছাড়া বিশ্বস্ত সূত্রে আমরা আরো জানতে পারি, যে কোন উপায়ে বেলুনিয়া এলাকা নিজেদের দখলে আনার জন্য তারা বদ্ধপরিকর। ১০ই সেপ্টেম্বর সকাল ৯টা থেকে পাকসেনারা মহুরী নদী পার হয়ে প্রচণ্ড কামানের গোলার সহায়তায় আমাদের অবস্থানের ওপর আক্রমণ চালায়। সমস্ত দিন যুদ্ধের পর পাকসেনাদের এই আক্রমণকে আমাদের যোদ্ধারা প্রতিহত করে। বিপুল ক্ষয়ক্ষতির পর আমাদের সৈনিকরা পাকসেনাদের আবার পশ্চিম তীরে পশ্চাদপসরণে বাধ্য করে। আমাদের সেনারা যখন পাকসেনাদের ওপর সম্মুখসমরে প্রতি আক্রমণ চালিয়ে যাচ্ছিল সে সময়ে গেরিলাদের বেশ কয়েকটি দল পাকবাহিনীর পিছনে আঘাত হেনে তাদেরকে বিপর্যস্ত করে তোলে।

মতিগঞ্জে গেরিলারা পাকসেনাদের একটি ক্যাম্পে অতর্কিতে আক্রমণ করে একজন অফিসারসহ ১১ জন পাকসেনাকে নিহত এবং ২০ জনকে আহত করে। পাকসেনাদের ক্যাম্প থেকে প্রচুর পরিমাণ অস্ত্রশস্ত্র দুটি মোটরসাইকেল, তিনটি রেডিও এবং তিনটি বাক্স ঔষধ দখল করে নেয়। আমাদের একজন মুক্তিযোদ্ধা এই সংঘর্ষে শহীদ হয়। আরেকটি দল ১০ই সেপ্টেম্বর রাত ১০টায় নয়াপাড়ার শত্রুঘাঁটি আক্রমণ করে তাদেরকে সেখান থেকে বিতাড়িত করে। এখানেও আমাদের গেরিলার বেশকিছু অস্ত্রশস্ত্র দখল করে নেয়।অপর আরেকটি গেরিলা দল ফেনীর নিকট ফতেপুর রেলসেতু ডিমোলিশন লাগিয়ে উড়িয়ে দেয়। ফলে পঞ্চাশ ফুটের একটি খাদের সৃষ্টি হয় এবং এর ফলে লাকসাম-ফেনীর মধ্যে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। এছাড়া ফেনী শহরে ও আমাদের গেরিলারা গ্রেনেড নিক্ষেপ করে পাকসেনাদের মনে আতঙ্কের সৃষ্টি করে। গেরিলারা ফেনী থেকে ফুলগাজী পর্যন্ত পাকসেনাদের টেলিফোন লাইন কেটে তাদের টেলিফোন যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করে দেয়। পাকসেনারা তাদের অগ্রবর্তী অবস্থানগুলোতে ফেনী থেকে ট্রলির সাহায্যে রসদ সরবরাহ করতো। তাদের এই সরবরাহ বন্ধ করার জন্য চিতলিয়ার নিকট ঘানিমোড় রেলসেতুটি উড়িয়ে দেয়ার জন্য আমাদের পাইওনীয়ার প্লাটুন পাঠানো হয়। এই প্লাটুনটি বিপদের ঝুঁকি নিয়ে রাতে পাকসেনাদের অবস্থানের পিছনে অনুপ্রবেশ করে। পরদিন সকালে তারা সেতুটি সম্পর্কে তথ্যানুসন্ধান চালিয়ে জানতে পারে পাকসেনারা সেতুটিকে কড়া প্রহরার ব্যবস্থা করেছে। অতিকষ্টে তারা মহুরী নদী সাঁতরিয়ে রাতের অন্ধকারে সেতুটির নীচে ডিমোলিশন লাগিয়ে এই গুরুত্বপূর্ণ সেতুটি উড়িয়ে দেয়। এর ফলে ফেনী এবং বেলুনিয়াতে পাকসেনাদের ট্রলির সাহায্যে সরবরাহ সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায়।

শত্রুদের উপর আমাদের আক্রমণের চাপ অব্যাহত রাখা হচ্ছিল। ১১ই সেপ্টেম্বর আমাদের একটি শক্তিশালী দল কামানের সহায়তায় সন্ধ্যা সাতটায় পরশুরামের নিকট পাকঘাঁটির উপর অতর্কিত আক্রমণ করে সাতজন পাকসেনাকে নিহত এবং পনেরজনকে আহত করে। এ পরদিন আমাদের দুটি শক্তিশালী দল সালদার এবং জগন্নাথ দীঘির শত্রুঘাঁটির উপর অতর্কিতে আক্রমণ চালিয়ে চারজন পাকসেনাকে নিহত এবং অনেককে আহত করে। আমাদের এই পুনঃ পুনঃ আঘাতের ফলে পাকসেনারা বিপর্যস্ত হয়ে পড়ে এবং ফেনীর দক্ষিণে তাদের কামানের অবস্থান গড়ে তোলে। সেখান থেকে আমাদের অবস্থানের উপর প্রচণ্ড কামানের আক্রমণ চালায়। এই আক্রমণের ফলে আমাদের অবস্থান বেশ কিছুটা বিপর্যয়ের মুখে পড়ে যায়। পাকসেনারা তাদের কামানের আক্রমণ অব্যাহত রাখে। তাদের এই কামানের ঘাঁটিগুলোকে ধ্বংস করে দেবার জন্য ১৪ই সেপ্টেম্বর তারিখের সকালে আমাদের একটি কোম্পানীকে তিনটি মর্টারসহ পাকসেনাদের অবস্থানের পেছনে পাঠানো হয়। গোপন পথে অনুপ্রবেশ করে এই দলটি ফেনী বিমান বন্দরের পশ্চিমে বিকেলে পৌঁছে এবং পাকসেনাদের ব্রিঞ্চিতে অবস্থিত কামানঘাঁটি সম্বন্ধে বিস্তারিত খবর সংগহ করে রাত ১-৩০টায় পাক অবস্থানের উপর মর্টারের সাহায্যে অতর্কিতে আক্রমণ চালায়। পাকসেনারা এই ধরনের আক্রমণের জন্য মোটেই প্রস্তুত ছিল না। আক্রমণের চাপে উপায়ান্তর না দেখে তারা ফেনীতে অবস্থিত তাদের অন্য গোলন্দাজ বাহিনীর সাহায্যের আহবান জানায়। ফেনী থেকে পাকসেনাদের কামানগুলি আমাদের অবস্থানের উপর প্রচণ্ড আক্রমণ চালায়। আমাদের দুর্ধর্ষ গোলন্দাজ বাহিনী পাকসেনাদের ফেনী অবস্থানের ওপর পাল্টা আক্রমণ চালায়। দু ঘন্টা যুদ্ধের পর আমাদের রেইডিং পার্টি পাকসেনাদের দশজনকে নিহত, ১৬ জনকে আহত এবং তাদের আরো বহু ক্ষতিসাধন করে নিরাপদে নিজেদের অবস্থানে ফিরে আসে। আমাদের কামানের আক্রমণ পাকসেনাদের ঘাঁটি যতেষ্ট ক্ষতিসাধন করে এবং তারা তাদের গোলাবর্ষণ বন্ধ করতে বাধ্য হয়। পরে আমরা জানতে পারি যে, আমাদের এই আক্রমণের ফলে পাকসেনাদের গোলন্দাজ ঘাঁটিতে ১১ জন পাকসেনা নিহত এবং ২৩ জন আহত হয়। ব্রিঞ্চিতে তিনটি জীপ ধ্বংস হয়ে যায়। একটি কামানেরও মারাত্মক ক্ষতি হয়। ফেনীতে পাকসেনাদের মনোবল অনেকটা ভেঙ্গে পড়ে। বিশেষ করে পাকসেনাদের সহকারী শান্তি কমিটির সদস্য দালালরা ভয়ে ফেনী শহর পরিত্যাগ করে অন্যত্র চলে যায়। অপরদিকে এই আক্রমনের ফলে আমাদের মুক্তিবাহিনী ও স্বাধীনতাপ্রিয় জনগণের মনোবল অরো বৃদ্ধি পায়। এর পরদিন আমাদের একটি কোম্পানী সালদার শত্রুঘাঁটি রেইডিং করার জন্য পাঠানো হয়। সমস্তদিন রেকি করার পর রাত ৮-৩০-মিনিটে আমাদের কোম্পানীটি গোলন্দাজ বাহিনী এবং ৪ মর্টারের সহায়তায় পাকসেনাদের ওপর অতর্কিত আক্রমণ চালায় এবং প্রায় এক ঘন্টা যুদ্ধের পর আমাদের সৈন্যরা পাকসেনাদের অগ্রবর্তী অবস্থানগুলো দখল করে নেয়। পাকসেনারাও তাদের গোলন্দাজ বাহিনীর সাহায্যে আমাদের অগ্রসর পথে বাধা দেবার চেষ্টা করে। কিন্তু আমাদের সৈনিকরা ক্ষিপ্রতা ও বীরত্বের সঙ্গে পাকসেনাদের অবস্থানের উপর তাদের হামলা অব্যাহত রাখে। পাকসেনাদের গোলন্দাজ বাহিনীর আক্রমনের ফলে আমাদের অগ্রসর পথে কিছুটা বাধা আসে। কিন্তু তবুও আমাদের সৈনিকরা ডানদিক থেকে তাদের অগ্রযাত্রা অব্যাহত রাখে। সকাল পর্যন্ত সংঘর্ষে পাকসেনারা তাদের অবস্থান থেকে কিছুটা পিছু হটে যেতে বাধ্য হয়। আমাদের সৈনিকরা এই অবস্থানের পেছনে অবস্থিত একটি পেট্রোল ডাম্পও ধ্ববংস করে দিতে সক্ষম হয়। এতে প্রায় ২০/২৫ জন পাকসেনা হতাহত হয়। শালদার অবস্থান থেকে পাকসেনাদের বিতাড়িত করার পর আমারা পরশুরামের নিকট অনন্তপুর গ্রামে পাকসেনাদের অবস্থানের উপর চাপ বাড়িয়ে তুলি। প্রথমদিন এই অবস্থানে আমাদের গোলন্দাজ বাহিনী আক্রমণ চালায়। ফলে ১০ জন পাকসেনা নিহত এবং আরো বিশকিছু আহত হয়। এর একদিন পর আবার অনন্তপুর গ্রামের অবস্থানের ওপর আমাদের গোলন্দাজ বাহিনী আক্রমণ চালায়। ফলে ১৩ জন পাকসেনা নিহত ও ২ জন আহত হয়।

২৯শে সেপ্টেম্বর সন্ধ্যা ৭টার সময় ৪র্থ বেঙ্গলের 'বি' কোম্পানী পাকসেনাদের নয়ানপুর অবস্থানের উপর অতর্কিতে আক্রমণ চালায়। এই আক্রমণে আমাদের গোলন্দাজ বাহিনীও সহায়তা করে। যুদ্ধ প্রায় ৩০ তারিখ রাত দুটো পর্যন্ত চলতে থাকে। ছয় ঘন্টার যুদ্ধে আমাদের সৈনিকরা ১০ জন পাকসেনা নিহত, ১৫ জন আহত ও ৬ জনকে বন্দী করে। তাছাড়া অনেক অস্ত্রশস্ত্রও দখল করে নেয়। পাকসেনারা মাসীরহাট থেকে আরো সৈন্য এনে

শক্তি বৃদ্ধি করে আমাদের উপর পাল্টা আক্রমণ চালায়। আমাদের সৈনিকরা সাহসিকতার সাথে পরে আক্রমণের মোকাবিলা করে। কিন্তু শেষ পর্যন্ত আমাদের বাহিনী গোলাবারুদ ফুরিয়ে এলে অবস্থান পরিত্যাগ করে নিরাপদে মূল অবস্থানে ফিরে আসে। এই সংঘর্ষে আমাদের পক্ষে একজন শহীদ ও ১১ জন আহত হয়। আমাদের যুদ্ধচলাকালীন সময়ে পাকসেনাদের একটি সরবরাহবাহী ট্রলী মুন্সীরহাট থেকে বেলুনিয়ার দিকে যাওয়ার পথে আমাদের নৈসিকদের পুঁতে রাখা মাইনের আঘাতে ধ্বংস হয়। এতে তিনজন পাকসেনা নিহত ও ৬ জন আহত হয়। ট্রলিতে বোঝাই গোলাবারুদ এবং রেশনও ধ্বংস হয়ে যায়।

এই ঘটনার দু'দিন পর ১লা অক্টোবর রাত ১১টার সময় আমাদের একটি শক্তিশালী দল পাকসেনাদের মুন্সীরহাট অবস্থানের ওপর প্রচণ্ড আক্রমণ চালায়। মুন্সীরহাট পাকসেনাদের জন্য বেলুনিয়া সেক্টরে অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘাঁটি ছিল। কারণ এই ঘাঁটির মাধ্যমে বেলুনিয়ার পশ্চিম দিকে তাদের অবস্থানগুলোতে সরবরাহ অব্যাহত রেখেছিল। বস্তুত সেই জন্যই আমাদের আক্রমণকে প্রতিহত করার জন্য আপ্রাণ চেষ্টা করে। কিন্তু আমাদের প্রচন্ড আক্রমণের মুখে টিকতে না পেরে তাদের অবস্থান পরিত্যাগ করে পালিয়ে যায়। এর পরদিন ২রা অক্টোবর পরশুরাম শত্রুঘাঁটির উপর আমাদের সৈনিকরা আক্রমণের চাপ বাড়াতে শুরু করে। পাকসেনারা বিপুলসংখ্যক সমাবেশ করে তাদের এই অবস্থানকে রক্ষা করার জন্য আমাদের উপরও পাল্টা আক্রমণ চালায়। আমাদের সৈনিকরা পাকসেনাদের পরশুরামের দিক থেকে এই পাল্টা আক্রমণ দৃঢ়তার সঙ্গে প্রতিহতকরে। এতে পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে যায়। পাকসেনাদের আক্রমণ প্রতিহত হওয়ার সঙ্গে সঙ্গে আমাদের অন্যান্য অবস্থান থেকে প্রায় ২/৩ কোম্পানী সৈন্য একত্রিত করে ছত্রভঙ্গ হয়ে যাওয়া পাকসেনাদের উপর পুনরায় পাল্টা আক্রমণ চালাবার জন্য নির্দেশ দেই । আমাদের সৈন্যরা পাকসেনাদেরও উপর আক্রমণ চালিয়ে তাদেরকে পিছু হটিয়ে দেয় এবং মহুরী নদী অতিক্রম করে পরশুরামের পাকসেনাদের অনেকগুলো অবস্থান দখল করে নেয়। পাকসেনারা তাদের অবস্থানের উপর অক্রমণ হওয়াতে নিজেদের গোলন্দাজ বাহিনীরক সাহয্যের জন্য অনুরোধ জানায়। আমজাদ নগরে অবস্থিত পাক গোলন্দাজ বাহিনী পরশুরামের উপর গোলাবর্ষণ শুরু করে। কিন্তু সৌভাগ্যবশত আমাদের আক্রমণের চাপ শত্রুঘাঁটির অতি নিকটবর্তী থাকা সে গোলাগুলি বেশীরভাগই তাদের নিজেদের অবস্থানের উপর আঘাত হানতে থাকে। আমাদের আক্রমণের চাপ ও তাদের নিজেদের গোলার আঘাতে পাকসেনাদের অবস্থানটি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয। প্রায় ৩০/৪০ জন পাকসেনা নিহত ও প্রচুরসংখ্যক সৈন্য আহত হয়। তারা উপায়ান্তর না দেখে তাদের পরশুরামের অবস্থানটি পরিত্যাগ করে আসেন পেছনে নতুন করে অবস্থান নেয় । কয়েকদিনের যুদ্ধে বিভিন্ন জায়গায় আমাদের সৈনিকদের কাছে বিপর্যস্ত হয়ে অনেক ক্ষয়ক্ষতি স্বীকার কের বেলুনিয়া ও পরমুরামের পাকসেনাদের মনোবল সম্পূর্ণরূপে ভেঙ্গে যায়। পাকসেনাদের এহেন মোচনীয় অবস্থা দেখে আমরা তাদের উপর আমাদের চাপ অব্যাহত রাখি। ২রা অক্টোবর সন্ধ্যায় আমাদের একটি দল পাকসেনাদের শালদার অবস্থানের উপর আক্রমণ চালিয়ে ৯জন পাকসেনা নিহত করে এবং তাদের অকেনক রসদ বিনষ্ট করি দেয়। পাকসেনারা তাদের অবস্থানগুলোকে রক্ষা করার জন্য ২রা ও ৩রা অক্টোরের মধ্যবর্তী রাতে ফেনী থেকে মুন্সীরহাট ও চিতলিয়াতে আরো এক ব্যাটালিয়ন সৈন্য সমাবেশ করে। ৩ তারিখ সকাল ছয় টার সময় তাদের একটি শক্তিশালী দল আমাদের অনন্তপুর ও ধানীকুন্ডার অগ্রবর্তী অবস্থানের দিকে অগ্রসর হয়। ভারী কামান ও মর্টাররের সাহয্যে তারা আমাদের অবস্থানগুরোতে প্রচন্ড গোলাবর্ণণ করে এবং সেই সঙ্গে তাদের পদাতিক বাহিনীও আক্রমণ চালায়। পাকসেনারা যখন অবস্থানের ৪০/৫০ গজের মধ্যে পৌঁছে, তখন আমাদের সৈনিকরা তাদের উপর প্রচণ্ড গুলি চালিয়ে প্রায় ২৫/৩০ জন পাকসেনাকে নিহত করে। পাকসেনারা হামলা চালিয়ে আমাদের অনন্তপুরের অবস্থানের দক্ষিণাংশের ট্রেঞ্চগুলো দখল করে নেয়। দক্ষিণাংশে একটি হালকা মেশিনগান বাংকারের উপর কামানের গুলি লেগে ধ্বংস হয়। এই আঘাতে আমাদের কয়েকজন সৈনিক শহীদ হয়। পাকসেনাদের এই প্রবল চাপ ও প্রচন্ড কামানের গুলির মুখে প্রয়োজনীয় গোলাবারুদ ও অস্ত্রের অভাবে টিকতে না পেরে আমাদের অগ্রবর্তী ঘাঁটির সৈনিকরা পিছু হটে মুখ্য অবস্থানে আসে। পাকসেনারা তাদের আক্রমণ আমাদের মুখ্য অবস্থানের উপরও চালাতে থাকে। এই সময় আমাদের গোলন্দাজ বাহিনী এবং মর্টারের গোলাতে তাদের আক্রমণ প্রতিহত হয়ে যায়। মুখ্য অবস্থানের সামনে টিকতে

না পেরে তারা ধীরে ধীরে পিচু হটতে চেষ্টা করে। আমাদের মুখ্য অবস্থান থেকে একটি শক্তিশালী দল তাদের উপর পাল্টা আক্রমণ চালায়। এই আক্রমণে টিকতে না পেরে পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যায়। আমাদের পাল্টা আক্রমণকারী দলটি আরো অগ্রসর হয়ে অনন্তপুর এবং ধানীকুন্ডা পুনর্দখল করে। পাকসেনাদের প্রায় ৪০/৫০ জন অতাহত হয়। আমাদের একজন শহীদ ও ৫ জন আহত হয়। পাকসেনারা মজুমদারহাট ও চিতলিয়াতে তাদের অবস্থানগুলোতে আরো সৈন্য সমাবেশ করতে থাকে। আমরাও আমাদের চাপ অব্যাহত রাখি। ৪ঠা অক্টোবর তারিখ রাতে আমাদের একটি শক্তিশালী রেইডিং পার্টি পাকসেনাদের অবস্থানে অনুপ্রবেশ করে সকাল ছ'টা পর্যন্ত চিতলিয়ার নিকট পৌঁছে। সকাল ছ'টায় ৩'' মর্টারের সহায়তায় চিতলিয়ায় পাকসেনাদের অবস্থানের দক্ষিণে অতর্কিত আক্রমণ চালায়। আধঘন্টা পর্যন্ত আক্রমণের ফলে প্রায় ৩০ জন পাকসেনা হতাহত করে এবং একটি আর আর ধ্বংস করে দেয়। এরপর পাক অবস্থান থেকে সরে পড়ে নিরাপদে ফিরে আসে। ৬ থেকে ১০ তারিখ পর্যন্ত আমাদের গোলন্দাজ বাহিনী পরশুরাম, মজুমদারহাট, চিতলিয়া এবং নোয়াপড়ার উপর বিভিন্ন সময়ে আক্রমণ চালিয়ে প্রায় ১০ জন পাকসেনা হতাহত করে। ১১ তারিখ সন্ধ্যা ৭টায় ফাকসেনারা পরশুরাম ও মজুমদারহাটের দিকে থেকে এক ব্যাটালিয়ন শক্তিসহ গোলানন্দাজ বাহিনী ও ৩'' মর্টারের সহায়ংতায় আমাদের অননতপুর অবস্থানের উপর পুনরায় আক্রমণ চালায়। পাকসেনারা আমাদের অবস্থানের অতি নিকটে পৌঁছাতে সমর্থ হয়। কিন্তু আমাদের সৈনিকরা বীরবিক্রমে তাদের আক্রমণকে প্রতিহত করে। সমস্ত রাত আক্রমণ চালাবার পর পাকসেনাদের প্রায় ৩৫জন সৈনিক নিহত হয়। শক্তি প্রতিরোধ ব্যর্থ হয়ে এবং প্রচুর ক্ষয়ক্ষতির জন্য পাকসেনারা তাদের মৃতদেহ ফেলে বোরে ছত্রভঙ্গ হয়ে পিছু হটে যায়। এই সাফল্যের ফলে আমাদের সৈনিকদের মনোবল আরো বৃদ্ধি পায়। ১৩ই এবং ১৪ই অক্টোবর পাকসেনারা আমাদের অবস্থানের সামনের এলাকায় তাদের তৎপরতা বাড়িয়ে চলে। ১৪ই অক্টোবর সালদরের নিকট পাকসেনাদের দু'টি প্লাটুন আমাদের প্রতিরক্ষা মাইনের শিকার হয়। ফলে ১৮ জন পাকসেনা নিহত হয়। ১৩ তারিখ সকাল ১০টার সময় আমাদের গোলন্দাজ বাহিনী পাকসেনাদের পরশুরাম অবস্থানের উপর গোলাবর্ষণ করে একটি মেশিনগানসহ পাঁচজন পাকসেনাকে ধ্বংস করে দেয়। পাকসেনারা ২/৩ দিন নীরব থাকার পর আবার তাদের তৎপরতা বাড়িয়ে দেয়। ১৬ই অক্টোবর আমাদের দু'টি পলাটুন বিকেল ৩-৩০ টায় পাকসেনাদের শালদার অবস্থানের উপর আবর অতর্কিত আক্রমণ চালায়। ২০ মিনিটের এই আক্রমণে মুক্তযোদ্ধারা পাঁচজন পাকসেনাকে নিহত ও ১০ জনকে আহত করে নিরাপদে ফিরে আসে। ওই দিনই সাড়ে চারটায় সময় আমারে গোলন্দাজ বাহিনী পাকসেনাদের পরশুরাম অবস্থানে হামলা চালিয়ে ১০ জনকে আহত করে এবং একটি বাঙ্কার উড়িয়ে দেয়। পাকসেনারা ১৫ তারিখ সন্ধ্যা ৭টায় প্রায় এক ব্যাটালিয়ন সৈন্যশক্তি নিয়ে গোলন্দাজ বাহিনীর সহায়তায় আমাদের সাহেবনগর, চন্দনা এবং জঙ্গলখোলা অবস্থানগুলো উপর প্রচণ্ড আক্রমণ চালায়। আমাদের গোলন্দাজ বাহিনী এই অবস্থান গুলোর সাহায্যার্থে পাকসেনাদের উপর আক্রমণ চালায়। প্রায় তিন ঘন্টা যুদ্ধে আমাদের প্রচণ্ড আক্রমণের মুখে টিকতে না পেরে পাকসেনারা পিছু হটে যায়। তাদের হতাহতের সংখ্যা জানা যায়নি।

কুমিল্লা দক্ষিণে জুলাই মাসের শেষের দিকে আমরা শত শত গেরিলাকে ট্রেনিং দিয়ে ভিতরে পাঠিয়ে দিই। এইসব গেরিলা কুমিল্লা, চৌদ্দগ্রাম, লাকসাম, হাজীগঞ্জ, বতরা, চাঁদপুর, ফরিদপুর প্রভৃতি জায়গাতে প্রবেশ করে নিজ নিজ জায়গায় বেইস তৈরী করে তোলে। আগস্ট মাসের প্রথম সপ্তাহে ফরিদগঞ্জে অবস্থিত আমাদের গেরিলাদের একটি প্লাটুন পাকসেনাদের একটি টহলদারী দলকে বোয়াল নামক স্থানে এ্যামবুশ করে। এক ঘন্টা যুদ্ধের পর ১২ জন পাকসেনা নিহত ও ১৫ জন আহত হয়। বেশকিছু অস্ত্রশস্ত্র আমাদের গেরিলারা দখল করে নেয়। লাকসাম থানার সাহাপুর গ্রামে পাকসসেনাদের একটি ছোট ঘাঁটি ছিল। লাকসামের গেরিলারা ৫ই আগস্ট সন্ধ্যা ৭টার সময় এ ই ঘাঁটির উপর অতর্কিতে আক্রমণ চালায়। আক্রমণে ১০ জন পাকসেনা নিহত ও ২ জন আহত হয়। আমাদের আরেকটি গেরিলা দলের দুটি প্লাটুন মিয়াবাজারের নিকট পাকসেনাদের একটি ঘাঁটির বিস্তারিত সংবাদ পায়। তিনটি পাল্টুন- এর এই দলটি ৭ তারিখ রাত পৌনে তিনটার সময় সেই ঘাঁটিতে অতর্কিতে আক্রমণ চালায়। প্রায় আধঘন্টা যুদ্ধের ফলে ২৮ জন পাকসেনা নিহত এবং একজন অফিসরা ও জেসিওসহ ১২ জন আহত হয়। বেশ কিছুসংখ্যক বাঙ্কার উড়িয়ে দেয়।

সেপ্টেম্বরের দ্বিতীয় সপ্তাহে চৌদ্দগ্রামের দক্ষিণে এবং কুমিল্লার দক্ষিণে কৃষ্ণনগর, কলাতলা, আমজাদহাট প্রভৃতি জায়গায় আমাদের গেরিলারা পাকসেনাদের উপর বিভিন্ন সময়ে আঘাত হেনে প্রায় ২০ জনকে নিহত ও ১৬ জনকে আহত কেরে। এসব সংঘর্ষে আমাদের ৩৪ জন মুক্তিযোদ্ধা শহীদ এবং ৩ জন আহত হয়। সেপেটম্বরের ২০ তারিখে আমাদের একটি গেরিলা দল চট্টগ্রাম-কুমিল্লার রাস্তায় জগন্নাথ দীঘির নিকট বাজানকারা সেতুটি উড়িয়ে দিয়ে সেতু থেকে কিছু উত্তরে ১০ জন গেরিলা ও একটি নিয়মিত বাহিনীর পাকসেনাদের অপেক্ষায় এ্যামবুশ পেতে বসে। সেতুটি ধ্বংসের সংবাদ পেয়ে ফেনী থেকে পাকবাহিনীর একটি শক্তিশালী দল সেতুর দিকে অগ্রসর হয়। সেতুতে পৌঁছার আগেই পাকসেনারা আমাদের মুক্তিযোদ্ধাদের এ্যামবুশে পড়ে যায়। আমাদের মুক্তিযোদ্ধারা তাদের উপর প্রচণ্ড আক্রমণ চালিয়ে একজন অফিসারসহ ২৫ জন পাকসেনাকে নিহত করে। পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে ফেনীর দিকে পালিয়ে যায়।

পাকসেনারা লাকসামের নিকট হাসনাবাদ নামক এক জায়গায় তাদের একটি ঘাঁটি তৈরী করে। তাদের সঙ্গে বেশ কিছুসংখ্যক রাজাকারও ছিল। এই ক্যাম্প থেকে তারা চাঁদপুর-লাকসাম-কুমিল্লা রাস্তায় অনবরত টহল দিয়ে বেড়াতো। ফলে চাঁদপুরে এবং দক্ষিণ ঢাকা ও ফরিদপুরে অনুপ্রবেশকারী আমাদের গেরিলাদের জন্য মারাত্মক প্রতিবন্ধকতার দৃষ্টি হয়। এই ঘাঁটিটি ধ্বংস করে দেবার জন্য ক্যাপ্টেন মহবুবকে নির্দেশ দেয়া হয়। ক্যাপ্টেন মাহবুব এই ঘাঁটিটি সম্পর্কে পুরোপুরি সংবাদ সংগ্রহ করে। সেপ্টেম্বর মাসের প্রথম দিকে ৪র্থ বেঙ্গলের 'বি' কোম্পানী ও গেরিলা সমন্বিত একটি শক্তিশালী দল লাকসাম এলাকায় অনুপ্রবেশ করে এবং পরদিন পাকসেনদের হাসনাবাদ ঘাঁটির উপর অতর্কিতে আক্রমণ করে। ফলে প্রায় ২৫ জন পাকসেনা ও ৩০ জন রাজাকার নিহত হয়। পাকসেনারা ক্যাম্প ছেড়ে কুমিল্লার দিকে পালিয়ে যায়। হাসনাবাদ অবস্থান থেকে অনেক অস্ত্রশস্ত্র আমাদের দখলে আসে। এই সংঘর্ষের একদিন পর আমাদের দলটি হাজীগঞ্জে অবস্থিত রাজাকারদের একটি বিরাট ট্রেনিং ক্যাম্পে আক্রমণ চালিয়ে ৩০ জন রাজকারকে নিহত করে। এর ফলে আমাদের গুরুত্বপূর্ন অনুপ্রবেশ পথটি আবার বিপদমুক্ত হয়। পাকসেনারা এ ই অঞ্চলে আমাদের ধ্বংস করার জন্য আরো সৈন্য সমাবেশ ঘটায়। তাদের একটি ব্যাটালিয়ন চৌদ্দগ্রামে মোতায়েন হয়। পাকসেনাদের ব্যাটালিয়ন হেডকোয়ার্টার একটি মাদ্রাসা বিল্ডিং-এ স্থাপন করে । এইসব সংবাদ আমাদের কাছে স্থানীয় গেরিলাদের মারফতে পৌছে। পাকসেনাদের এই নতুন ব্যাটালিয়নটিকে আসার সাথে সাথেই ব্যতিব্যস্ত করে তোলার জন্য লেঃ ইমামুজ্জামান সেপ্টেম্বর মাসের ১০ তারিখে আমাদের মর্টার পল টুন ও একটি গেরিলা দলকে চৌদ্দগ্রামে পাঠায়। আমাদের দলটি বিকেল পাঁচটায় চৌদ্ধগ্রামের নিকট উপস্থিত হয়ে পাকসেনাদের হেডকোয়ার্টাররের উপর মর্টারের গোলাবর্ষণ শুরু করে। বেশ ক'টি গোলা মাদ্রাসা ঘরের মধ্যে পড়ে। এর ফলে পাকসেনাদের প্রায় ৩০/৪০ জন হতাহত হয়। আমাদের একজন প্রত্যক্ষদর্শী স্থানীয় গেরিলা আহত দের লাকসামের দিকে নিয়ে যেতে দেখে। পাকসেনারা কামানের সাহায্যে আমাদের অবস্থানের উপর গোলাগুলি চালায়। এতে কিছু বেসামনিক লোক নিহত হয়। এর দু'দিন পর পাকসেনাদের একটি দল হরিসর্দার বাজারের নিকট স্থানীয় দালাল, শান্তি কমিটির লোকদের নিয়ে এক সভায় মিলিত হয়। এই সভা পন্ড করে দেয়ার জন্য আমাদের একটি টহলদার দল পাকসেনাদের উপর অতর্কিতে আক্রমণ চালায়। ফলে একজন জে-সি-ওসহ তিনজন পাকসেনা নিহত হয়। শান্তি কমিটির লোকেরা ভয়ে পালিয়ে যায়। পাকসেনারা সেপ্টেম্বর মাসেই চৌদ্দগ্রামের উত্তরে হরিসর্দার বাজারের নিকট পুনরায় নতুন করে তাদের ঘাঁটি তৈরী করার চেষ্টা চালায়। এই সংবাদ পেয়ে লেঃ ইমামুজ্জামান পাকনেসাদের সম্বন্ধে সম্পূর্ণ খবর সংগ্রহ করার জন্য রেকি দল পাঠায়। রেকি দলটি রাত ৯টার সময় খবর সংগ্রহ করে ফেরত আসে। তারা দেখতে পায়, পাকসেনাদের প্রায় এক কোম্পানী শক্তি হরিসর্দার বাজারের উত্তরে ঘাঁটি তৈরী করার জন্য ট্রেঞ্চ খোঁড়ায় ব্যস্ত। সংবাদ পেয়ে লেঃ ইমামুজ্জামানের ৪র্থ বেঙ্গলের ''বি' কোম্পানী এবং দু'টি গেরিলা কোম্পানী নেয়ে মর্টারের সহায়তায় রাত সাড়ে ৪টার সময় পাকসেনাদের অবস্থানের উপর অতর্কিত আক্রমণ চালায়। আমাদের তীব্র আক্রমণের ফলে পাকসেনাদের দুটি হালকা মেশিনগান পোস্ট ছাড়া সম্পূর্ণ অবস্থানগুলি পর্যুদস্ত হয়ে যায়। পাকসেনারা তাদের বাঙ্কার থেকে আক্রমণেরে চাপে পালাবার চেষ্টা করলে আমাদের সৈনিকরা তাদের নিহত করে। প্রায় ২৫ জন পাকসেনা রেঞ্জারসহ নিহত হয় ও অনেকে আহত হয়। দু'ঘন্টা আক্রমণ চালাবার পর

আমাদের সৈনিকরা নিরাপদে তাদের অবস্থানে ফিরে আসে। পরে পাকসেনারা তাদের আহত সৈনিক ও নিহতদের নিয়ে জীপে করে লাকসামের দিকে পালিয়ে যায়। প্রায় ৮টার সময় পাঁটটি হেলিকপ্টারে করে পাকসেনাদের আরেকটি দল সেই অবস্থানের শক্তি বৃদ্ধি করার জন্য আসে। শক্তি বৃদ্ধির পর পাকসেনারা প্রায় ১০টার দিকে আমাদের অবস্থানের আক্রমণের জন্য আগ্রসর হয়। আমাদের অবস্থানটি পাকসেনাদের এই আক্রমণের জন্য প্রস্তুত ছিল। লেঃ ইমামুজ্জামানের নেতৃত্বে পাকসেনাদের আক্রমণকে আমাদের সৈনিকরা প্রতিহত করতে থাকে। আমাদের প্রচন্ড গোলাগুলির মধ্যেও পাকসেনারা আমাদের অগ্রবর্তী অবস্থানের নিকট পর্যন্ত অগ্রসর হতে সমর্থ হয়। এ সময় আমাদের ৬'' মর্টার ও ২'' মর্টার তাদের উপর মারাত্মক আঘাত হানলে পাকসেনাদের আক্রমণ ছত্রভঙ্গ হয়ে যায়। শুধুমাত্র ক্ষুদ্র একটি পাকসেনা দল আমাদের ডানদিক দিয়ে যেতে সক্ষম হয়। কিন্তু লেঃ ইমামুজ্জামান সময়মত পাল্টা আক্রমণের ফলে তারাও নিহত হয়্ ৫/৬ ঘন্টা যুদ্ধের পর আমাদের বীর সৈনিকরা সাফল্যের সঙ্গে তাদের আক্রমণ প্রতিহত করতে সক্ষম হয। এই যুদ্ধে একজন মেজরসহ ৩৮ জন পাকসেনা নিহত হয। মর্টারের গোলার আঘাতে পাকসেনাদের অফিসার নিহত হবার পর পাকসেনারা মনোবল হারিয়ে পশ্চিমদিকে পিছু হটে যায়। এর দু'দিন পর ১৩ই সেপ্টেম্বর সন্ধ্যা সাড়ে ৭টার সময় আমাদের একটি গেরিলা দল ফতেপুরের নিকট একটি রেলসেতু উড়িয়ে দেয়। এত ৫০ ফুট গ্যাপ সৃষ্টি হয়। ফলে লাকসমা-ফেনীর মধ্যে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। বাডিসা এবং গোবিন্দমানিক্যর দীঘিতে পাকসেনাদের দু'টি ঘাঁটি ছিল। লেঃ ইমামুজ্জামান ১৯শে সেপ্টেম্বর সকাল সাড়ে পাঁচটার সময় এ ই দু'টি পাক অবস্থানের উপর একযোগে অতর্কিতে আক্রমণ চালায়। এই আক্রমণে ৮১ এম এম মর্টার, ১৫ এম আর আর এবং মেশিনগান ব্যবহার করা হয়। মানিক্যর দীঘিতে অবস্থিত পাকসেনারা আমাদের আক্রমাণের পূর্বাবাস পেয়ে সতর্ক হয়ে ছিল। ফলে সাতসা অবস্থানের শুধু দুটি বাঙ্কার ধ্বংস ও ৬ জন পাকসেনা আমাদের আক্রমণে নিহত হয়। আমাদের দু'জন সৈনিক আহত হয়। বাডিসা ঘাঁটির উপর আমাদের আক্রমণ সম্পূর্ণ সফল হয। আরআর- এর গুলির আঘাতে প্রায় ছ'টি বাঙ্কার ধ্বংস হয়। পাকসেনাদের ২০- জন নিহত ও ১২ জন আহত হয়। আমাদের আক্রমণকারী দলটি দু'ঘন্টা পর নিরাপদে নিজেদের অবস্থানে ফিরে আসে। এই সংঘর্ষের চারদিন পর ২৩শে সেপ্টেম্বর ভোর পাঁচটার সময় একটি প্লাটুন ও ১৬ জন গেরিলা লেঃ ইমামুজাজামানের নেতৃত্বে মর্টার এবং আরআর -এর সাহায্যে আবার গোবিন্দমানিক্য দীঘিতে অতর্কিত আক্রমণ চালায়। এই আক্রমণের সময় আমাদের সৈনিকরা শত্রুর বেশকিছু বাঙ্কার আরআর-এর সাহায্যে ধ্বংস করে দিতে সক্ষম হয়। ফলে প্রায় ১৫ জন পাকসেনা নিহত ও ১০ জন আহত হয়। এক ঘন্টা যুদ্ধের পর আমাদের সৈনিকরা তাদের অবস্থানে নিরাপদে ফিরে আসে।

পাকসেনাদের একটি শক্তিশালী দল কুমিল্লার দক্ষিণে পায়েলগাছা থেকে নারায়ণপুরের দিকে অগ্রসর হয় এবং নারায়ণপুরের অনেকগুলো বাড়িঘর জ্বালিয়ে দেয় এবং নারী ধর্ষণ করে। ২/৩ ঘন্টা যাবৎ তাদের অত্যাচার চলে। নারায়নপুরের নিকট অবস্থিত আমাদের মাত্র ১৩ সদস্যের ছোট একটি গেরিলা দল পাকসেনাদের পাকসেনাদের নারায়ণপুরের দিকে অগ্রসর হতে দেখে। পরে এই দল পায়েলগাছায় রাস্তায় এ্যামবুশ পাতে। পাকসেনারা নারায়ণপুরে অত্যাচার চালাবার পর ফেরার পথে তাদের এ্যামবুমের আওতায় পড়লে গেরিলারা আক্রমণ চালায়। আক্রমণে ১৪ জন পাকসেনা ও ২৮ জন রাজাকার নিহত এবং ১৩ জন পাকসেনা ও ১৬ জন রাজাকার আহত হয়। আমাদের বীর যোদ্ধারা তাদের গুলি শেষ না হওয়া পর্যন্ত প্রাণপণে আক্রমণ চালিয়ে যায়। এই এ্যামবুশে শেষ পর্যন্ত পাঁচজন গেরিলা শহীদ হয় এবং বাকী ৮ জন ফিরে আসতে সমর্থ হয়। শক্তিশালী পাকবাহিনীর দলের সঙ্গে ক্ষুদ্র এই গেরিলা বাহিনীর প্রচণ্ড আক্রমণ এবং আত্মত্যাগ কোনদিন ভুলে যাবার নয়।

চাঁদপুরের নিকট আকন্দহাট বাজারের নিকট আমাদের একটি কোম্পানী তাদের বেইস স্থাপন করে। স্থানীয় দালাল এবং রাজাকাররা পাকসেনাদেরকে এই বেইস সম্বন্ধে খবর দেয়। এই বাজারটির তিনদিকে পানি থাকায় আমার সৈনিকরা বেইসটিকে যথেষ্ট নিরাপদ মনে করতো। ৬ই সেপ্টেম্বর সকাল ৬টার সময় পাকসেনাদের একটি শক্তিশালী দল স্থানীয় দালালের সহযোগিতায় আমাদের এই বেইসটি আক্রমণের জন্য আসে। আক্রমণের জন্য আসে। আক্রমণের

সময় তারা নৌকার সাহয্যে খাল পার হয়ে বেইস-এ দিকে অগ্রসর হবার চেষ্টা করে। পাকসেনারা নিকটে পৌঁছলে আমাদের সৈনিকরা তাদের উপর আক্রমণ চালায়। দু'ঘন্টার যুদ্ধে ১জন মেজরসহ ৩৭ জন পাকসেনা নিহত হয। খাল পার হতে না পেরে এবং অনেক হতাহতের ফলে তারা ছত্রভঙ্গ হয়ে যায়। আমাদের কোম্পানীটা পরে সেখান থেকে নিরাপদে অন্য বেইস-এ চলে আসে।

কুমিল্লার দক্ষিণে পাকসেনাদের কংসতলা ঘাঁটিটি আমাদের গেরিলা বাহিনীর যাতায়াতে বিশেষ অসুবিধার সৃষ্টি করছিল। এই ঘাঁটি থেকে পাকসেনাদের টহলদার দল আমাদের যাতায়াত পথে বিশেষ তৎপরতা চালাতো। এই ঘাঁটিটিকে ধ্বংস করে দেবার জন্য ক্যাপ্টেন মাহবুবকে নির্দেশ দেয়া হয়। বিশেষ তথ্য অনুসন্ধান করে ৫০ জনের একটি দল ক্যাপ্টেন মাহবুবের নেতৃত্বে ৩০ শে সেপ্টেম্বর রাত একটায় এই ঘাঁটিতে অনুপ্রবেশ করে আক্রমণ চালায়। তিন ঘন্টা যুদ্ধের পর সুবেদার শাহজামান সহ ১৬ জন পাকসেনা নিহত এবং ৮ জন আহত হয়। পাকসেনারা এই আক্রমণের ফলে এতই বিপর্যস্ত হয়ে পড়ে যে, সেখান থেকে তারা তাদের অবস্থান পরিত্যাগ করে কুমিল্লায় চলে যেতে বাধ্য হয। এর দু'দিন পর আমাদের ডিমোলিশন পার্টি পেপুলিয়া বাজারের নিকট লালমাই-সোনাজাজী সড়কের একটি সেতু বিস্ফোরক গিয়ে উড়িয়ে দেয়। পাকসেনারা এই রাস্তাটিকে ট্যাঙ্ক এবং বারী গাড়ী চলাচলের জন্য পুনঃনির্মাণের চেষ্টা করছিল। সেতুটি ধ্বংস করে দেবার পর তারা রাস্তা মেরামতের কাজ বন্ধ করে দেয়। আমাদের আরেকটি গেরিলা দল চান্দিনার নিকটে দোতুলাতে রাস্তায় মাইন পুঁতে পাকসেনাদের একটি গাড়ী ধ্বংস করে দেয়। এছাড়াও কুমিল্লার দক্ষিণে ও উত্তরে ১লা অক্টোবর থেকে ৩রা অক্টোবর আমাদের সঙ্গে বিভিন্ন সংঘর্ষে প্রাণছড়া, কোটেশ্বর, আজনাপুর, বিবিরবাজার, আম্রতলী প্রভৃতি জায়গায় ২৫ জন পাকসেনা নিহত এবং ৮ জন আহত হয়।

আমাদের ৪১ জনের একটি গেরিলা দল ১লা অক্টোবর তাদের ট্রেনিং শেষ করে রাত ৮টায় ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হয়। কসবার দক্ষিণ দিক দিয়ে এই দুটি নৌকায় উজানের শাহ সেতুর নিকট পৌছে। পাকসেনাদের একটি টহলদারী দল রাত ১১টায় আমাদের দ্বিতীয় নৌকাটিকে দেখতে পায় এবং আক্রমণ চালায়। আক্রমণের ফলে আমাদের পাঁচজন গেরিলা শহীদ ও তিনজন আহত হয়। ১৫টি রাইফেল ও ৫টি স্টেসগান পানিতে পড়ে হারিয়ে যায়। বাকী গেরিলারা অতিকষ্টে শত্রুদের নাগালের বাইরে চলে আসতে সক্ষম হয়। এই ঘটনার তিনদিন পর লেঃ ইমামুজ্জামনের ৪ঠা অক্টোবর সকাল পাঁচটায় চৌদ্দগ্রামের ৫ মাইল উত্তরে হরিসর্দার বাজারে পাক অবস্থানের উপর ১০৬ এম এম আর আর ও ৮১ এম এম মর্টারের সাহায্যে আক্রমণ চালিয়ে শত্রুর ৭টি বাঙ্কার ধ্বংস করে ২৫ জন পাকসেনা ও ৭ জন রাজাকারকে হতাহত করে। মুক্তিযোদ্ধারা চৌদ্দগ্রামের তিন মাইল দক্ষিণে একটি সেতুও ধ্বংস করে দেয়। ৪ঠা ও ৫ই অক্টোবর কুমিল্লার উত্তরে আজনাপুর ও জামবাড়ি এলাকায় আমাদের গেরিলারা পাকসেনাদের বেশ কটি টহলদারী দলকে আক্রমণ করে ১৫ জনকে নিহত ও ২০ জনকে আহত করে। আমাদের ১ জন শহীদ ও ১ জন আহত হয় কুমিল্লাতে গোমতী বাঁধে মাইন পুঁতে পাকসেনাদের ১টি জীপ ধ্বংস করে দেয়া হয়। সেই সঙ্গে একজন অফিসারসহ তিনজন পাকসেনা নিহত হয়। এছাড়া রামচন্দ্রপুর এবং বাংগুরা ডাকঘর জ্বলিয়ে দেয়া হয়। হোমনা থাকায় অবস্থিত পাকসেনাদের একটি দলে সঙ্গে তিন তারিখ রাত সাড়ে তিনটার সময় আমাদের একটি গেরিলা দলের সংঘর্ষ হয়। ৬ ঘন্টার যুদ্ধে পাকসেনারা সম্পূর্ণরূপে পর্যুদস্ত হয়ে পালিয়ে যায়। আমাদের গেরিলারা পাকসেনাদের দ্বারা বন্দী ১৯ জন ব্যক্তিকে মুক্ত করে দেয় এবং ৯টি রাইফেল দখল করে। এরপর হোমনা এলাকা সম্পূর্ণরুপে আমাদের কর্তৃত্বে আসে। ৬ই অক্টোবর রাত ৩টার সময় পাকসেনাদের একটি দল দুর্লভপুরের নিকট আমাদের এ্যামবুশে পড়ে যায়। এই এ্যামবুশে একজন ইঞ্জিনিয়ার কোর-এর অফিসারসহ ১২ জন পাকসেনা নিহত হয়। পাকসেনারা গোমতীর উত্তরে আবার তাদের আধিপত্য পুনরুদ্ধারের জন্য তৎপরতা বাড়িয়ে দেয়। পাকসেনাদের এই তৎপরতাকে বাধা দেবার জন্য ক্যাপ্টেন দিদারুল আলম দু'টি প্লাটুন পানছাড়ার এবং মোহনপুরে পাঠায়। এই প্লাটুনগুলো পাকসেনাদের চলাচলের রাস্তায় এ্যামবুশ পেতে অপেক্ষা করতে থাকে। ৮ তারিখ রাতে পাকসেনাদের একটি শক্তিশালী দল গোমতী পার হয়ে পানছাড়ার দিকে অগ্রসর হয়। সকাল ছ'টার সময় এই দলটি আমাদের এ্যামবুশের আওতায় আসে।

ফলে ২০ জন পাকসেনা নিহত ও ১০ জন আহত হয়। পরদিন পাকসেনাদের আরেকটি ছোট দল মনোহরপুরে আমাদের এ্যামবুশের আওতায় আসে এবং এ্যামবুশে ৬জন পাকসেনা নিহত হয়। ঐদিনই আমাদের মুক্তিযোদ্ধারা পাকসেনাদের আরেকটি দলকে বুড়ীচং-এর নিকট সাদেকপুরে জেরুইনে এ্যামবুশ করে। এ্যামবুশে ১জন মেজর ও ১জন ক্যাপ্টেনসহ ২০ জন পাকসেনা নহত ও ৭ জন ইপিসিএএফ নিহত হয়। নিহত একজন ক্যাপ্টেনের নাম সৈয়দ জাভেদ শাহ বলে পরে আমরা জানতে পারি। একজন পাকসেনা আমাদের হাতে বন্দীও হয়। এই সংঘর্ষে আমাদের একজন শহীদ এবং তিনজন তিনজন আহত হয়। ৭টি রাইফেল আমরা দখল করে নেই। এর দু'দিন পর ১১ই অক্টোবর সকল সাড়ে ১১টার সময় আমাদের মুক্তিযোদ্ধারা কুমিল্লার সার্কিট হাউস এবং গোমতীর চাঁদপুর ফেরীতে মর্টারের গোলাবর্ষণ করে। কুমিল্লা সার্কিট হাউসে পাকসেনাদের মার্শাল ল' হেডকোয়ার্টার ছিল। এর গোলাবর্ষণের ফলে প্রায় ৩৯ জন পাকসেনা ও রাজাকার হতাহত হয়। শহরের ভিতরে বসে মর্টারের গোলাবর্ষণ করাতে পাকসেনাদের মধ্যে আতঙ্কের সুষ্টি হয়। পরে আমরা জানতে পারি যে, শহরে অবস্থিত অনেক টহলদার পাকসেনা ভীতসন্ত্রস্ত হয়ে তাদের অস্ত্রশস্ত্র ফেলে ময়নামতি ক্যান্টনমেন্টের দিকে পালিয়ে যায়। আমরা আরো জানতে পারি যে, সার্কিট হাউসে গোলাবর্ষণের সময় সেখানে পাকিস্তানী ৯ম পদাতিক ডিভিশনের জেনারেল অফিসার কমান্ডিং উপস্থিত ছিলেন। অল্পের জন্য তিনি আমাদের আক্রমণ থেকে রক্ষা পান । পাকসেনারা কুমিল্লা শহরে প্রকাশ্য দিবালোকে মুক্তিযোদ্ধাদের দ্বারা এই আক্রমণের খবর পাকিস্তানী রেডিও থেকেও প্রচার কররে। তারা পাঁচজন সৈনিক নিহত ও ৩৯ জন আহত হওয়ার কথা স্বীকার করে। আমাদের গেরিলারা কালিরবাজার গ্রামে পাকসেনাদের একটি হেডকোয়ার্টারের সন্ধান পায়। এই সংবাদ পেয়ে লেঃ ইমামুজ্জামান একটি ৭৫-এম এম আর আর, মেশিনগান ও হালকা মেশিনগানসহ একটি প্লাটুন পাঠিয়ে দেয়। এই প্লাটুনটি পথ প্রদর্শকের সহায়তায় পাকসেনাদের হেডকোয়াটারের নিকটে রাতে পৌঁছতে সক্ষম হয়। ১২ ই অক্টোবর ভোর পাঁচটায় আমাদের এই দলটি রকেট এবং মেশিনগানের সাহায্যে পাকসেনাদের এই হেডকোয়ার্টারে আক্রমণ করে একটি বিল্ডিং -এ অবস্থিত দু'টি বাঙ্কার সম্পূর্ণভাবে উড়িয়ে দেয়। ঐ অবস্থানের আরো পাকসেনারা রকেট হামলায় ইতস্তত পালাবার চেষ্টা করে। এমতাবস্থায় তাদের প্রতি মেশিনগানের সাহায্যে গুলিবর্ষণ করে তাদের ১২ জনকে নিহত ও ৪ জনকে আহত করে। এরপর আমাদের দলটি নিরাপদে আমাদের অবস্থানে ফিরে আসে। এই ঘটনার একদিন পর বগাবাড়ী ও জাজিশ্বরে আরেকটা আক্রমণে ৭ জন পকসেনা ও ৫ জন রাজাকার নিহত হয়।

বুড়ীচং থানার রামনগর গ্রামে আমাদের গেরিলাদের একটি অবস্থান ছিল। পাকসেনারা স্থানীয় দালালদের নিকট সংবাদ পেয়ে ৮ই অক্টোবর দুপুরে একটি শক্তিশালী দল নিয়ে সেই অবস্থানের উপর আক্রমণ চালায়। আমাদের মুক্তিযোদ্ধারা বীরত্বের সঙ্গে সেই আক্রমণের মোকাবেলা করে। দুপুর একটা থেকে রাত ৮টা পর্যন্ত যুদ্ধ চলে । যুদ্ধে পাকসেনাদের প্রায় ১৬ জন সৈনিক ও ১৪ জন রাজারকার নিহত হয। পাক আক্রমণের চাপ বাড়তে থাকলে আমাদের মুক্তিযোদ্ধারা তাদের অবস্থান পরিত্যাগ করে জাগলপুরে নতুন করে অবস্থান নেয়। পরদিন পাকসেনাদের আরেকটি শক্তিশালী দল সেই অবস্থানের উপরও আক্রমণ চালায়। প্রায় ৪ ঘন্টা যুদ্ধ করে আমাদের যোদ্ধারা ৩৫ তদজন পাকসেনাকে হতাহত করে। এরপর সেই অবস্থান পরিত্যাগ করে প্রধান ঘাঁটিতে আসে। আসার পথে পাঁচজন পাকসেনা আমাদের হাতে বন্দী হয়। আমাদের একজন শহীদ, দু'জন আহত এবং ১ জন বন্দী হয়।

আমাদের একটি প্লাটুন ১৫ তারিখ সকাল ৮টায় কুমিল্লার দক্ষিণে পাকসেনাদের একটি অবস্থানের আধমাইল দূরে বারচর গ্রামে এ্যামবুশ পাতে। এক ঘন্টা অবস্থানের পর পাকসেনাদের একটি দল তাদের ঘাঁটিতে ফেরার পথে এই এ্যামবুশের আওয়ায় পড়ে। এ্যামবুশে ১২ জন নিহত ও ৩ জন আহত হয়। ঐ দিনই বিকেলে মনোহরের নিকট পাকসেনাদের আরেকটি দলের উপর আমাদের সৈনিকরা আক্রমণ করে। পাকসেনাদের এই দলটি নিকবর্তী একটি গ্রাম জ্বালিয়ে তাদের ঘাঁটিতে ফেরত যাচ্ছিলো। দুদিন পর ১৮ ই অক্টোবর রমজানপুরে আমাদের মুক্তিযোদ্ধারা একটি এ্যামবুশ পাতে। রাত প্রায় সাড়ে তিনটার সময় একটি টহলদারী দল এই এ্যামবুশে পড়ে যায়। উভয় পক্ষে প্রায় আধঘন্টা গোলাগুলি বিনিময় হয়। এতে ১০ জন পাকসেনা ও ১৮ জন

রাজাকার হতাহত হয়। আমাদের একজন আহত হয়। পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে মৃতদেহ ফেলে রেখে পালিয়ে যায়।

পাকসেনারা অক্টোবর মাসের দ্বিতীয় সপ্তাহে মিয়াবাজারের নিকট তাদের একটি ঘাঁটি স্থাপন কের। আগস্ট মাসে এই অবস্থান থেকে আমরা পাকসেনাদের তাড়িয়ে দিতে সক্ষম হয়েছিলাম। পুনরায় এই ঘাঁটি স্থাপন করায় আমরা বুঝতে পারি যে পাকসেনারা আবার চট্টগ্রাম-কুমিল্লা রাস্তা খুঁড়বার প্রস্তুতি নিচ্ছে। তাদের এই পরিকল্পনা ব্যর্থ করার জন্য প্রথম অবস্থাতেই মিয়াবাজারের শত্রঘাঁটিটি ধ্বংস করে দেবার জন্য ক্যাপ্টেন মাহবুব একটি কোম্পানী পাকসেনাদের ঘাঁটি রেইড করার উদ্দেশ্যে তাদের নিজেরদের বেইস থেকে রওনা হয়। রাত প্রায় ১১টার সময় শত্রঘাটির নিকট পৌঁছে অতর্কিতে আক্রমণ চালায়। প্রায় দেড় ঘন্টা যুদ্ধের পর দু'জন পাকসেনা নিহত ও পাঁচজনকে আহত করে আমাদের দলটি অবস্থান পরিত্যাগ করে। এর তিন দিন পর ২০ শে অক্টোবর ভোর চারটার সময় মিয়াবাজারের আরেকটি শত্রঘাঁটির উপর আমাদের সৈন্যরা আক্রমণ চালায়। এই অকস্মাৎ আক্রমণে পাকসেনারা বিপর্যস্ত হয়ে পড়ে। দু'ঘন্টা যুদ্ধের ফলে প্রায় ২১ জন পাকসেনা নিহত এবং আহত হয়। পাকসেনাদের নিহত ও আহত সৈনিকদে কে পরের দিন গাড়ীতে কুমিল্লার দিকে নিয়ে যেতে দেখা যায়। আমাদের দলটি যে রাস্তায় ফিরে আসে পাকসেনাদের ঘাঁটির কিছু দূরে সেই রাস্তার উপর মাইনের সাহয্যে এফ বুবি ট্র্যাপ লাগিয়ে আসে। পরদিন সকালে পাকসেনাদের একটি শক্তিশালী দল সেই রাস্তায় খবরাখবর নেয়ার জন্য অগ্রসর হবার পথে বুবীট্র্যাপ -এর কাছে পড়ে যায় এবং মাইন বিস্ফোরণের ফলে ১৬ জন পাকসেনা নিহত ও ৫ জন আহত হয়।

আমাদের আরেকটি দল ইমামুজ্জামানের নেতৃত্বে ২২শে অক্টোবর ভোর চারটার সময় মর্টার এবং ১০৬ আরআরএর সহায়তায় হরিসর্দার রাজাপুরের পর পাকসেনাদের আরে কটি নতুন ঘাঁটির উপর আক্রমন চালায়। প্রায় ১২ ঘন্টা যুদ্ধে আমাদের মর্টার, মেশিনগান এবং আর আর-এর রকেট পাকসেনাদের প্রচুর ক্ষয়ক্ষতি করে। আর আর-এর সাহায্যে বেশ ক'টি বাঙ্কার আমাদের সৈন্যরা উড়িয়ে দিতে সমর্থ হয়। তাদের প্রায় ৩৫ জন হতাহত হয়। পাকসেনারা কুমিল বিমান বন্দরে অবস্থিত কামানের সাহায্যে আমাদের আক্রমণকে প্রতিহত করে। প্রচণ্ড কামানের আক্রমণের ফলে সন্ধা ছয়টার সময় আমাদের সৈনিকরা গোলার অভাবে পিছু হটে আসতে বাধ্য হয়। আসার সময় পাকসেনারদের অবস্থানের নিকট রাস্তায় মাইন লাগিয়ে আসে। পরদিন সকালে মাইন বিস্ফোরণের ফল ৭/৮ জন পাকসেনা আহত হয়। এর একদিন পর আমাদের আরেকটি দল সকাল সাতটার সময় চৌদ্দগ্রামের এক মাইল উত্তরে পাকসেনাদের কালিরবাজার ঘাঁটির উপর মর্টার এবং আরাল-এর সহায়তায় আক্রমণ চালায়। এ আক্রমণে প্রায় ১২ জন পাকসেনা হতাহত হয়। পাকসেনারা তাদের গোলন্দাজ বাহিনীর সহায়তায় আক্রমণরকে প্রতিহত করতে সক্ষম হয়। এর কয়েকদিন পর পাকসেনাদের একটি টললদারী দল চৌদ্দগ্রাম থেকে সাড়ে চার মাইল। দক্ষিণে আমাদের বাজারের নিকট আমাদের সৈন্যদের এ্যামবুমে পড়ে যায়। ফলে ৮ জন পাকসেনা নিহত হয়। ১৮ ই অক্টোবর সন্ধ্যা ৫-৩০ এর সময় আমাদের একটি শক্তিলালী দল মর্টার এবং আর আর -এরস সহায়তায় পাকসেনাদের বডিসা ঘাঁটির উপর আক্রমণ চালায়। প্রায় দেড় ঘন্টার এই যুদ্ধে ২০ জন পাকসেনা হতাহত হয়। বাডিসা ঘাটের আক্রমণের সঙ্গে সঙ্গে পাকসেনাদের রাজাসার দীঘির অবস্থানের উপরও আক্রমণ চালানো হয়। এই আক্রমণের ফলে প্রায় ৬ জন নিহত এবং বেশ কা'টি বাঙ্কার আমাদের সৈন্যরা ধ্বংস করে দিতে সমর্থ হয়। আমাদের একটি ছোট দল আরিউরার নিকটি রাস্তায় মাইন পুঁতে রাখে। পাকসেনারা বাডিসা এবং রাজাসার দীঘি আক্রমণের সংবাদ পেয়ে ৪/৫ গাড়ী ভর্তি সৈন্য নিয়ে সাহায্যের জন্য সেদিকে অগ্রসর হয়। পথে পুঁতে রাখা মাইন বিস্ফোরণে একটি ট্রাক ও একটি জীপ সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে যায়। ফলে ১৮ জন পাকসেনা নিহত এবং ২ জন অফিসার সহ ৫ জন আহত হয়। এই এলাকাতে সর্বত্র আমাদের আক্রমণের তীব্রতার দরুন পাকসেনারা নাজেহাল হয়ে যায়। ফলে এই লোকায় পুনঃ প্রাধান্য ফিরে পাবার আশায় ২০ শে অক্টোবর বিকেল চারটার সময় তাদের একটি শক্তিশালী দল হরিসর্দার ঘাঁটি থেকে

আমাদের অবস্থানের দিকে অগ্রসর হয়। এই দলটি কামানের প্রায় দুই ঘন্টা ধরে অমাদের অবস্থানের উপর আক্রমণ চালায়। আমাদের সৈনিকরা ৩ মর্টার এবং হালকা মেশিনগানের সাহায্যে পাকসেনাদের প্রচণ্ড আক্রমনে প্রতিহত করে।আমাদের গোলাগুলিতে অনেক পাকসেনা হতাহত হয়। পাকসেনারা ছত্রভঙ্গ হয়ে পিছু হটে যেতে বাধ্য হয়। এই এলাকা থেকে আমাদের বিতাড়িত করার উদ্দেশে সেই সাথে বিফল হয়ে য়ায়।

আগস্ট মাসের প্রথম দিকে নোয়াখালী এলাকায় আমাদের গেরিলাদেও শক্তি বৃদ্ধি পায়। অনেক গেরিলাকে প্রশিক্ষণ দিয়ে নিজ নিজ এলাকাতে পাঠানো হয়। সুষ্ঠু নিয়ন্ত্রনের জন্য নোয়াখালী জেলাকে চারটি ভাগে বিভক্ত করে বেঙ্গল রেজিমেন্টের চারজন সুবেদারকে এইসব এলাকায় গেরিলা এবং নিয়মিত বাহীনির সৈনিকদের তত্ত্বাবধানের ভার দেয়া হয়। সোনাইমুড়ি, ফরিদগঞ্জ এলাকার ভার সুবেদার আলী আকবর পাটোয়ারী, নোয়াখালী সদরের ভার সুবেদার লুৎফর রহমান, দক্ষিণ ফেনীর ভার সুবেদার জববার এবং লক্ষ্মীপুর ও রামগতির ভার অন্য আরেকজন সুবেদার প্রতি আরোপিত হয়। এলাকা বিভক্তে ও পর স্থানীয় কমাণ্ডাররা পর সম্মিলিত গেরিলা ও নিয়মিত বাহিনীর পূর্ণ সহযোগীতায় তাদের তৎপরতা বৃদ্ধি করে। সুবেদার আলী আকবর পাটোয়ারীর নেতৃত্বে আগস্ট মাসের শেষের দিকে ফরিদগঞ্জ থানার রাওয়াল নামক গ্রামে পাকসেনাদের একটি দলকে অতর্কিত আক্রমন করে ১২জন পাকসেনাকে নিহত এবং ১০ জনকে আহত করে। আমাদের একজন মুক্তিযোদ্ধাও শহীদ হয়। সুবেদার লুৎফর রহমানের নেতৃত্বে আমাদের আরেকটি গেরিলা দল গুনবতী ও সরিষাদী রেলস্টেশনে আক্রমন চালিয়ে প্রায় ৩২জন পাকসেনা ও রাজাকারকে হতাহত করে। সোনাইমুড়ির উত্তরে কাদের বাজারের নিকট পাকসেনাদের ১০টি দলকে এ্যামবুশ করে ৩ জনকে নিহত ও ১০জনকে আহত করে নেয়। পাকিস্তানী রেঞ্জার ও রাজাকাররা রায়পুরের নিকট এলএম হাইস্কুলে একটি শিবির স্থাপন করে। ৬ই আগস্ট সন্ধ্যার সময় আমাদের একটি গেরিলা দল শত্রুদের এই ঘাঁটির উপর অতর্কিত আক্রমন করে। ফলে ৯জন রেঞ্জার হতাহত হয়। আমাদের এক জন আহত হয়। এর দুদিন পর আমাদের আরেকটি গেরিলা দল পাকসেনা ও রাজাকারদের একটি দলকে লক্ষ্মীপুর থানার দালাল বাজারে এ্যামবুশ করে ১৫ জন শত্রুসেনাকে হতাহত করে। ১৪ই আগস্ট কোম্পানীগঞ্জ থানায় বসুরহাটের নিকট পাক মিলিশিয়াদের এ্যামবুশ করে প্রায় ৩০জনকে হতাহত করে। তারা একটি টয়োটা জীপও ধ্বংস করে দেয়। সংঘর্ষে আমাদের একজন সিপাই নুরুন্নবী মারাত্নকভাবে আহত হয়। পাকসেনারা ৩০টি অটোমেটিক এমজি এর সাহায্যে গোলাগুলি চালায়। ১৮ই আগস্ট রামগঞ্জ থানার সেকেন্ড অফিসার এবং কয়েকজন দালালকে পাকসেনাদের ক্যাম্পে যাবার পথে নিহত করে।

পাক পুলিশ এবং রাজাকাররা লক্ষ্মীপুর থানার চন্দ্রগঞ্জ প্রতাপ হাইস্কুলে একটি ঘাঁটি তৈরি করে। ১৫ তারিখ রাত ১১টার সময় আমাদের সৈনিকরা এই ঘাঁটি আক্রমণ করে প্রায় ৪০জন পাকসেনাকে হতাহত করে। এবং সেখান হতে তাদের তাড়িয়ে দেয়। ১৬ই আগস্ট সোনাইমুড়ি রেলস্টেশনে নিকট বগাদিয়া রেলসেতু গেরিলারা উড়িয়ে দেয়। আমাদের গেরিলাদের এইসব তৎপরতায় পাকসেনারা আরো ব্যতিব্যস্ত হয়ে ওঠে। পাকসেনাদের একটি শক্তিশালী দল বেগমগঞ্জ থানার সোনাপুর ও গোপালপুরের নিকট দালালদের কাছে আমাদের ঘাটির খবর জেনে ৩০শে আগস্ট সকালে আক্রমণের জন্য অগ্রসর হয়। পাকসেনাদের এই আক্রমণকে আমাদের মুক্তিযোদ্ধারা বীরত্বের সাথে প্রতিহত করে। প্রায় ৩/৪ ঘন্টা যুদ্ধের পর পাকসেনাদের ৪০ জন নিহত হয়। আমাদের সেনাদের প্রচণ্ড পাল্টা আক্রমনের মুখে টিকতে না পেরে তারা তাদের মৃতদেহগুলো ফেলেই পালিয়ে যেতে বাধ্য হয়। এই যুদ্ধে আমাদের সৈনিকরা ২০টি অস্ত্র দখল করে। আমাদের একজন সিপাহী শহীদ হয়। এই ঘটনার দু দিন পর আমাদের সৈনিকরা মাইন পুঁতে সোনাইমুড়ির নিকট বানোয়াইতে পাকসেনাদের একটি গাড়ী ধ্বংস করে। ফলে ১ জন পাকসেনা নিহত ও ৮ জন মারাত্মকভাবে আহত হয়।

সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে পাকসেনা ও রাজাকারদের একটি দল রামগঞ্জে নিকট তাদের ঘাঁটি স্থাপন করে। সুবেদার আলী আকবর পাটোয়ারীর নেতৃত্বাধীনে ২০শে সেম্পেম্বর আমাদের একটি মুক্তিযোদ্ধা দল এই ঘাঁটির উপর আক্রমন চালায়। প্রায় দু ঘন্টা যুদ্ধে ১৪ জন পাকসেনা নিহত ও ১৭ জন আহত হয়। এর ৩ দিন পর ২৬শে সেপ্টেম্বর সকালে ২৫০ সদস্যবিশিষ্ট পাকসেনা ও রাজাকারদের একটি দল রামগঞ্জ বাজারের দিকে

অগ্রসর হচ্ছিল। আমাদের মুক্তিযোদ্ধাদের ৫০ সদস্যের একটি দল এই খবর পেয়ে রাজগঞ্জ বাজারের পূর্ব দিকে পাকসেনাদের জন্য একটি এ্যামবুশ পেতে রাখে। পাকসেনারা অগ্রসর হবার পথে এই এ্যামবুশে পড়ে য়ায়। ফলে ২০জন পাকসেনা ও রাজাকার নিহত ও ২৭ জন আহত হয়। আহত পাকসেনা ও রাজাকারদের মাইজদী বেসামরিক হাসপাতালে ভর্তি করে। ২৫শে সেম্পেম্বর আরো দুজন আহত পাকসেনা হাসপাতালে মারা যায়।

আমাদের অপর একটি গেরিলা দল লৌহজং থানার নিকট পদ্মানদীতে ১৮ হাজার মণ পাটসহ কয়েকটি নৌকা ডুবিয়ে দেয়। এই পাটগুলো নারায়ণগঞ্জের বিভিন্ন পাট কলে ব্যবহারের জন্য নিয়ে যাওয়া হচ্ছিল। ফেনীর নিকট বারদিন সেতুটি ধ্বংস করে দেয়া হয়। ফলে ফেনী ও কুমিল্লার মাঝে রাস্তার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে।

রাজাকারসহ পাকসেনাদের একটি দল রামগঞ্জ থেকে লক্ষ্মীপুরের রাস্তায় ১০টি গাড়ীতে ১৯শে সেপ্টেম্বর অগ্রসর হচ্ছিল। এই সংবাদ পেয়ে আমাদের মুক্তিযোদ্ধারা সুবেদার আলী আকবর পাটোয়ারীর নেতৃত্বে মীরগঞ্জ এবং ফজলচাঁদ হাটের নিকট পাকসেনাদের কনভয়টিকে অর্তকিত আক্রমন চালায়। এই আকস্মিক আক্রমণের ফলে পাকসেনারা মারাত্বকভাবে ভীতসন্তস্ত হয়ে ওঠে। পাকসেনারাও গাড়ী থেকে নীচে নেমে আক্রমণ প্রতিহত করার চেষ্টা করে। উভয় পক্ষের মধ্যে সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত প্রচণ্ড যুদ্ধ চলতে থাকে। এই প্রচণ্ড যুদ্ধের ফলে আমাদের মুক্তিযোদ্ধাদের এবং স্থানীয় জনসাধারনের মনোবল আরো সুদৃঢ় হয়। অপর পক্ষে পাকসেনাদের মনে আতঙ্কের সৃষ্টি হয়। আমাদের ৬০ সদস্যর একটি গেরিলা দল ১লা অক্টোবর রায়পুরে অবস্থিত রাজাকার প্রশিক্ষণ কেন্দ্রের উপর আক্রমণ চালিয়ে ৪০জন রাজাকারকে নিহত করে। ১০ই অক্টোবর পাকিস্তানীদের একটি রেঞ্জার দলের লক্ষ্মীপুর থেকে রামগঞ্জ যাবার পথে আমাদের গেরিলারা অর্তকিত আক্রমণ চালিয়ে রেঞ্জারদের একটি গাড়ী সম্পূর্ণ ধ্বংস করে। এতে একজন রেঞ্জার নিহত হয়। এর একদিন পর পাকিস্তানীদের একটি দল সোনাইমুড়িতে তাদের গাড়ীতে আরোহণ করার সময় সুবেদার লুৎফর রহমানের নেতৃত্বে আমাদের একটি গেরিলা দল তাদের উপর আক্রমণ চালায়। প্রায় দেড়ঘন্টা গোলাগুলির পর ৬ জন পাক সেনা নিহত হয় ও ৩ জন আহত হয়। অবশিষ্ট পাকসেনারা সোনাইমুড়ি থেকে পালিয়ে যায়। ১২ই অক্টোম্বর আমাদের গেরিলারা ফেনী থানার অন্তর্গত লেমুয়ার একজন কুখ্যাত দালালকে হত্যা করে। এই সংবাদ পেয়ে পরদিন সকালে পাকিস্তানীদের একটি শক্তিশালী দল ওই এলাকায় আসে। এবং স্থানীয় জনসাধারণের উপর নৃশংস অত্যাচার শুরু করে। আমাদের ঐ এলাকার গেরিলারা পাকসেনাদের এই অত্যাচার বন্ধ করার জন্য প্রায় ৫০জন একত্রিত হয়ে পাকসেনাদের উপর আক্রমণ চালায়। চারঘন্টা যুদ্ধের পর পাকসেনারা পলায়ন করে আত্নরক্ষা করে। প্রায় ৭জন পাকসেনা ঐ যুদ্ধে গুরুতররুপে আহত হয়। বেশকিছু অস্ত্রশস্ত্র আমাদের দখলে আসে।

জুলাই এবং আগস্ট মাসে আমাদের হেডকোয়ার্টার থেকে কয়েকশ গেরিলা ট্রেনিংপ্রাপ্ত হয়ে অপারেশনের জন্য তৈরী হয়। এইসব গেরিলাদের বিভিন্ন দলে বিভক্ত করে ফরিদপুর সদর এবং মাদারীপুর মহকুমার বিভিন্ন থানায় অপারেশনের দায়িত্ব অর্পণ করা হয়। এইসব দল গুলোকে নবীনগর, দাউদকান্দি হয়ে নদী পথে তাদের নিজস্ব জায়গাতে পাঠানো হয়। ৩/৪ হাজার গেরিলা ছোটছোট দলে গ্রাম্যপথে এবং নদী পথে পাকসেনাদের প্রতিরক্ষা ব্যূহে অনুপ্রবেশ করে তাদের নিজ নিজ গন্তব্যস্থলে পৌছাতে সক্ষম হয়। শুধু একটি দল যাওয়ার পথে হোমনার নিকট পাকসেনাদের দ্বারা আক্তান্ত হয়। পাকসেনাদের গুলিতে একটি নৌকা ডুবে যায়। ফলে ৪ জন গেরিলা শহীদ হয় এবং ৪জন আহত হয়। ৩টি স্টেনগান ও ৫টি রাইফেল পানিতে পড়ে ডুবে যায়। নিজ নিজ জায়গায় পৌছে গেরিলা দলগুলো তাদের তৎপরতা বাড়িয়ে দেয়। এই সময় পাকসেনারা ফরিদপুর হয়ে বরিশালের রাস্তায় যাতায়াত করতো। সেপ্টেম্বরে মাদারীপুরের একটি গেরিলা দল ভুরঘাটার নিকট একটি সড়ক সেতুতে আক্রমণ চালিয়ে সেতুটি উড়িয়ে দেয়। ফলে পাকসেনাদের বরিশাল যাতায়াতের রাস্তায় অসুবিধা সৃষ্টি হয়। এরপর গেরিলাদের আরেকটি দল নড়িয়া থানা আক্রমণ করে। সেই সঙ্গে ডাকঘর ও রেজিস্ট্রি অফিস জ্বালিয়ে দেয়। ১,৫০০মণ পাটও তারা পুড়িয়ে দেয়। সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে গেরিলারা ভেদরগঞ্জ থানা

আক্রমণ করে সকল পশ্চিম পাক পুলিশকে নিহত করে। সেখানকার রেজিস্ট্রি অফিস, পোস্ট অফিস, কালেক্টরেট অফিস ইত্যাদি বন্ধ করে দেয়। এর পর কিছুদিনের মধ্যেই গেরিলারা পালং থানার রাজগঞ্জ এবং কোটালীপাড়ায় আক্রমণ চালিয়ে সমস্ত সরকারী অফিস ধ্বংস করে দেয় এবং সংগে সংগে প্রায় ৪ হাজার মণ পাট জ্বালিয়ে দেয়। পরের সপ্তাহে গেরিলাদের একটি শক্তিশালী দল জাজিরা থানার রাজস্ব অফিস এবং রেজিস্ট্রি অফিস বন্ধ করে দেয় মাদারীপুরের অন্যান্য থানা আক্রমণ হওয়ার ফলে পাকসেনারা নড়িয়া থানাতে তাদের শক্তি বৃদ্ধি করে। এই থানার পাকসেনা ও পুলিশরা নিকটস্থ গ্রামে তাদের অকথ্য অত্যাচার চালায়। স্থানীয় গেরিলারা এই থানাটির শক্তি সম্বন্ধে সম্পূর্ণ খবরাখবর সংগ্রহ করে। ৬ই নসেপ্টেম্বর ৫০জনের একটি গেরিলা দল রাত ৮টার সময় এই থানার উপর অতর্কিত আক্রমণ চালায়। পাকসেনা ও পুলিশরা সব শক্তি দিয়ে থানাকে রক্ষা করার আপ্রাণ চেষ্টা করে। প্রায় তিন ঘন্টা যুদ্ধের পর আমাদের গেরিলারা থানাটি দখল করে নিতে সমর্থ হয়। প্রায় ১৭ জন পাকসেনা ও পুলিশ নিহত হয় এবং বাকীরা পালিয়ে আত্মরক্ষা করে। থানার দারোগাও এতে নিহত হয়। থানা থেকে ৩০টি রাইফেল এবং একটি বেতারযন্ত গেরিলাদের হস্তগত হয়। গেরিলারা থানাটিকে ধ্বংস করে দেয়। গেরিলাদের আরেকটি দল ঝিকরকাঠির নিকট বরিশাল- ফরিদপুর টেলিফোন লাইনের ৬শ' গজ তার নষ্ট করে দেয়। টেলিগ্রাফ বিভাগের টেকনিশিয়ানরা পাকসেনাদের পাহাড়ায় টেলিফোন লাইনটি মেরামত করতে আসার পথে গেরিলাদের বসানো মাইন বিস্ফোরনে তাদের জীপটি ধ্বংস হয়ে যায়। পাকসেনাদের আরেকটি টহলদার দল মাদারীপুরের হাওলাদার জুট মিলের নিকট গেরিলাদের দ্বারা আক্রান্ত হওয়ার চারজন পাকসেনা নিহত হয়। গেরিলারা মাদারীপুরের নিকট ঘাটমাঝিতে প্রায় ৩০/৪০ গজ রাস্তা কেঠে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন করে দেয়। মাদারীপুরের চরমুগরিয়ায় সরকারী পাটগুদামে আগুন লাগিয়ে প্রায় ৫০ হাজার মণ জ্বালিয়ে দেয়া হয়। মাদারীপুর-ফরিদপুর রাস্তায় সমাদ্দার ফেরীঘাটে একটি ফেরী অগ্নিসংযোগে জ্বালিয়ে দেয়া হয়। একটি মটর লঞ্চও ধ্বংস করা হয়। এই মটর লঞ্চটি পাকসেনারা টহল দেয়ার কাজে ব্যবহার করতো। আমাদের গেরিলাদের এইসব ব্যাপক তৎপরতায় পাকসেনারা অতিষ্ঠ হয়ে ওঠে। ৬ই সেপ্টেম্বর পাকসেনাদের একটি শক্তিশালী দল লঞ্চে মাদারীপুরের দিকে তৎপরতা আরো জোরদার করার জন্য অগ্রসর হয়। এই খবর আমাদের গেরিলারা আগেই পেয়ে যায়। ২০জনের একটি নগেরিরা দল পলং থানার রাজগঞ্জে নিকট নদীর তীরে পাকসেনাদের জন্য এম্যাবুশ পেতে বসে থাকে। সকাল ১০টার সময় লঞ্চটি আমাদের গেরিলা দলের এ্যামবুশর আওতায় এলে তৎক্ষণাৎ গেরিলারা তাদের উপর আক্রমণ চালায়। ফলে১০/১২ জন পাকসেনা নিহত এবং বেশকিছু আহত হয়। উপায়ান্তর না দেখে পাক সেনাদের লঞ্চটি শেষ পর্যন্ত পালিয়ে যায়। এর কয়েকদিন পর পাকসেনারা আরো অধিক সৈন্য ফরিদপুর থেকে পালং থানায় মোতায়েন করে। ঐ এলাকার গেরিলারা পাকসেনাদের পালং থানার ঘাঁটির পুনদর্খলের পরিকল্পনা নেয়। গেরিলারা সঠিক সংবাদ নেয়ার পর জানতে পায় যে, থানাতে প্রায় এক প্লাটুন পাকসেনা ও ৫০/৬০ জন পাকপুলিশ এবং রাজাকার রয়েছে। প্রায় ২/৩ শ' গেরিলা একত্রিত হয়ে পূর্ব পরিকল্পনা অনুযায়ী ২১শে সেপ্টেম্বর রাত ১১টায় পলিং থানার উপর অতর্কিত আক্রমণ চালায়। প্রায় চারঘন্টা সম্মুখযুদ্ধের পর ওই ঘাঁটি থেকে অনেকসংখ্যক পাকসেনা উপায়ন্তর না দেখে পালিয়ে যায়। গেরিলারা যুদ্ধে ৫০ জন পাকসেনা, রাজাকার ও পাকপুলিশকে নিহত করে। এর পর সম্পূর্ণ এরাকাটি আমাদের গেরিলদের নিয়ন্ত্রণে চলে আসে।

কুমিল্লার উত্তরে ৪র্থ বেঙ্গলের 'সি' কোম্পানী ক্যাপ্টেন গাফফারের নেতৃত্বে এবং 'এ' কোম্পানী মেজর সালেক ও মেজর আইনউদ্দিনের নেতৃত্বে মন্দভাগ ও শালদানদী এলাকার পাকসেনাদের উপর তাদের চাপ অব্যাহত রাখে। ফলে পাকসেনারা মন্দভাগ বাজার, লক্ষ্মীপুর ও সাইতসালা প্রভৃতি জায়গা সম্পূন রুপে পরিত্যগ করে চান্দলা, পানছড়া ও সেনেরহাট ইত্যাদি জায়গায় তাদের ঘাঁটি পিছিয়ে নিতে বাধ্য হয়। পাকসেনারা পুনরায় তাদের পূর্বোক্ত অবস্থানগুলি দখল করার আপ্রাণ চেষ্টা করে। কিন্তু আমাদের সৈনিকদের সুদৃঢ় প্রতিরক্ষার সামনে তাদের চেষ্টা সম্পূর্ণ ব্যর্থ হয়। তাদের সঙ্গে যখন আমাদের সৈনিকদের সম্মুখযুদ্ধ তীব্রভাবে চলছিল সেই সময় আমাদের গেরিলারাও পাকসেনাদের পশ্চাদে তৎপরতা চালিয়ে যাচ্ছিল। ব্রাহ্মণবাড়িয়ার নিকট বিদ্যাকোটে আমাদের গেরিলাদের একটি দল পাকসেনাদের একটি টহলদার কোম্পানীকে এ্যামবুশ করে একজন

অফিসারসহ ৫০ জন পাকসেনাকে নিহত করে। তাদের চারটি নৌকাও ডুবিয়ে দেয়। গোসাইরহাট রেলস্টেশনের নিকট একটি রেলইঞ্জিন মাইন দিয়ে উড়িয়ে দেয়। এসব সংঘর্ষে আমাদের গেরিলারা অনেক অস্ত্রশসন্ত্র দখল করে। অক্টোবর মাসেন প্রথম সপ্তাহে পাকসেনারা কসবার পশ্চিমে প্রায় দুই কোম্পানী সৈন্য সমাবেশ করে। পাক সমাবেশ আমরা বুঝতে পারি যে, কসবাকে পুর্ণদখল করার জন্য তারা পরিকল্পনা নিয়েছে।আমরা তাদের সম্ভাব্য আক্রমণের মোকাবিলা করার জন্য প্রস্তুতি নেই। আমি আমাদের কসবা অবস্থানের সাহায্যর্থে আমাদের প্রথম গোলন্দাজ ব্যটারীকে অনুরুপভাবে মোতায়েন করি।

১৩ ই অক্টোবর সন্ধ্যা ৫-৩০ টায় পাকসেনারা গোলমদাজ বাহিনীর সহায়তায় আমাদের অবস্থানের উপর প্রচণ্ড আক্রমণ চালায়। ৪র্থ বেঙ্গলের 'ডি' কোম্পানী বিপুল সাহস ও দৃঢ় আস্থার সঙ্গে এই আক্রমণের মোকাবিলা করে।প্রায় একঘন্টা যুদ্ধের পর গোলন্দাজ বাহিনীর সহায়তায় তীব্র পাল্টা আক্রমণের মুখে পাকসেনারা টিকতে না পেরে পিছু হটে যেতে বাধ্য হয়। যুদ্ধে প্রায় ৪৫ জন পাকসেনা হতাহত হয়। ১৫টি জি ও রাইফেল, একটি ৩'' মর্টার এবং ৩৫০০টি ৭.৬২ গুলি ও ৮টি ৩'' মর্টারের গোলা আমাদের হস্তগত হয়। এছাড়াও ন'টি বাঙ্কার ধ্বংস করা হয়। এই প্রচণ্ড সংঘর্ষে আমাদের দু'জন শহীদ হয় এবং একজন আহত হয়। পরে জানা যায় যে, পাকসেনারা এই আক্রমণে পঞ্চম পাঞ্জাব রেজিমেন্টের সৈন্য নিয়োগ করেছিল। পরদিন পাকসেনারা যখন কসবার পশ্চিম দিক থেকে আরো পিছু হটে যাচ্ছিল ঠিক সেই সময় আমাদের একটি প্লাটুন তাদের একটি দলকে এ্যামবুশ করে। এ্যামবুশে প্রায় ১৫ জন পাকসেনা এবং ১৫জন রাজাকার নিহত হয়। আমাদের দু'জন সৈনিক শহীদ এবং একজন আহত হয়। আমাদের একটি হালকা মেশিনগান বিনষ্ট হয়।

এই সময় পাকসেনারা তাদের অগ্রবর্তী ঘাঁটগুলিতে লঞ্চ ও নৌকার সাহায্যে রসদ সরবরাহ করতো। নদীপথে জলযান বন্ধ করে দেয়ার জন্য আমি একটি গেরিলা দলকে বাঞ্ছারাম থানার উজানচরের নিকট বিদ্যুৎ সরবরাহকারী পাইলনগুলো কেটে নদীতে ফেলে নদীপথে বাধা সৃষ্টি করার নির্দেশমত আমাদের গেরিলা দল বৈদ্যুতিক পাইলনগুলি কেটে নদীতে ফেলে দিয়ে একটু দুরে এ্যামবুশ পেতে অপেক্ষা করতে থাকে। পাইলন কাটার সংবাদ পেয়ে ৩/৪টি লঞ্চভর্তি পাকসেনা, মুজাহিদ ও রাজাকার নদীপথের এই বাধাগুলো পরিস্কার করার জন্য আসে। পাকসেনারা যখন কজে লেগে যায় ঠিক এমন অদুরেই এ্যামবুশ পেতে অবস্থানরত আমাদের গেরিলারা তাদের উপর অতর্কিত আক্রমণ চালায়। ফলে প্রায় ৭০/৮০ জন পাকসেনা, মুজাহিদ এবং রাজাকার নিহত হয়। গেরিলাদের প্রচণ্ড গোলার মুখে অবশিষ্ট পাকসেনা লঞ্চ নিয়ে পালিয়ে আত্যরক্ষা করে।এই বিপর্যয়ের কয়েকদিন পর পাকসেনারা প্রতিশোধ নেয়ার জন্য ৫/৬ টি লঞ্চে বিপুলসংখ্যক সৈন্য বিমান বাহিনীর সহায়তায় আমাদের উজানচরের ঘাঁটির উপর আক্রমণ চালায়। আমাদের সৈনিকরা শুধু হালকা মেশিনগান, রাইফেল ও এস এল আর নিয়ে পাকসেনাদের এই বিপুল শক্তির বিরুদ্ধে সাহসিকতার সঙ্গে যুদ্ধ চালায়। কিন্তু বিমান হামলার বিরুদ্ধে টিকতে না পেরে অবশেষে অবস্থানটি পরিত্যাগ করতে বাধ্য হয়। এর তিনদিন পর ১১ই অক্টোবর বিকাল চারটায় আমাদের এই দলটি জানতে পারে যে, পাকসেনাদের একটি প্লাটুন লঞ্চযোগে বাঞ্ছারাম থানার আসাদনগর এলাকা লুট করার জন্য অগ্রসর হচ্ছে। এই খবর পেয়ে আমাদের গেরিলা দলটি পাকসেনাদের লঞ্চটিকে আসাদনগরে এ্যমবুশ করে। এ্যামবুশে ৮জন পাকসেনা নিহত হয় এবং অন্যরা পলায়ন করে প্রাণ বাচায়। আমাদের আরেকটি দল হোমনায় তাদের ওবেইস তৈরী করে। এই সময় হোমনা থানাতে পাকসেনারা পশ্চিম পাক পুলিশ মোতায়েন করে। আমাদের গেরিলা দলটি হোমনা থানাতে অতর্কিত আক্রমণ চালায়ে ৭জন পাকপুলিশকে নিহত করে এবং রাইফেল ও কয়েকশ রাউন্ড গুলি দখল করে নেয়।

পাকসেনারা কসবাতে বিপর্যস্ত হওয়ার পর কুমিল্লা থেকে চান্দলার নিকট সৈন্য সমাবেশ করে। পাকসেনাদের এই সমাবেশের মুল কারণ ছিল মন্দভাগকে পুনর্দখল করা। ৪র্থ বেঙ্গলের 'সি' কোম্পানী এই সময় মন্দভাগের প্রতিরক্ষায় নিয়োজিত ছিল। ১৮ তারিখ রাত সাড়ে তিনটায় পাকসেনারা প্রায় এক কোম্পানী

সে তার হালকা মেশিন গান অনবরত গুলি ছুড়ে যাচ্ছিল এবং শত্রুর অগ্রগতিকে সারারাত ব্যাহত করে রেখেছিল। নিঃশঙ্কচিত্তে অপারবিক্রমে সে এক ভয়াবহ শত্রুর বিরুদ্ধে লড়ে যাচ্ছিল। অবস্থা প্রতিকূল দেখে যখন তার সংগীরা আত্মরক্ষা করতে পিছু হটছিল তখন দুলা সেই পশ্চাদপসরণে অংশগ্রহণ না করে নির্ভয়ে তার হালকা মেশিন গান থেকে অবিরাম গুলি ছুড়ে যাচ্ছিল। তারই অসীম সাহসিকতা ও গুলি ছোড়ার ফলে দলের অন্যান্যরা পিছু হটার সুযোগ পেয়েছিল। কিন্তু দুলার বড়ই দুর্ভাগ্য, সে অন্যকে বাঁচাতে গিয়ে নিজে এক মহা বিপদে আটকে পড়ে। শত্রুপক্ষের মেশিনগানের এক ঝাঁক গুলি এসে দুলাকে বিদ্ধ করে। দুলার পক্ষে একমাত্র দুলার মেশিনগানই সক্রিয় ছিল এবং শত্রুদের আক্রমণের তীব্রতাকে তারই মেশিনগানটি কিছুটা বাধা দিচ্ছিল। ফলে শত্রুর একমাত্র লক্ষ্যবস্তু হয়ে উঠেছিল দুলা। অবশেষে শত্রুরা দুলাকে আহত করতে সক্ষম হয়ে কিছুটা স্বস্তির নিঃশ্বাস ফেলল। কিন্তু নিদারুণ আহত অবস্থায় দুলা সংজ্ঞা হারায়নি এবং শেষ কর্তব্য স্থির করে সে তার হালকা মেশিনগান থেকে অন্তিম মুহূর্ত পর্যন্ত শত্রুকে বাধা দিয়ে যাবে বলে স্থির করল। সে সিদ্ধান্ত নিয়েছিল যে সে জান দেবে কিন্তু জীবিত অবস্থায় তার শরীরকে শত্রুহস্তে কলুষিত হতে দেবে না।

আমি যখন মনতলা থেকে সরে এসে ভারতের সিদাই থানায় (আগরতলার উত্তরে) তখন লে. কর্নেল শফিউল্লাহ আমার এখানে উস্থিত হলেন। কিছুক্ষণ আলাপের পর তিনি আমাকে মোর্শেদের অবস্থানের কথা জানালেন এবং তারাতাড়ি কলকলিয়া চলে যেতে আমাকে নির্দেশ দিলেন। তিনি আরো বললেন, ''মোর্শেদের সৈন্যরা দারুণ বিপদে আছে। তারা সবাই শত্রু দ্বারা পরিবেষ্টিত। তুমি তাড়াতাড়ি গিয়ে তাদের বিপদমুক্ত করতে সাহায্য কর।''

এই কথা বলে তিনি কলকলিয়া চলে গেলেন এবং তাঁর পিছু পিছু আমিও কলকলিয়া পৌঁছুলাম। আমরা যাওয়ার পর দেখতে পেলাম আল্লাহর মেহেরবানীতে ক্যাপ্টেন মোর্শেদসহ তার কোম্পানীর সবাই নিরাপদ স্থানে পৌঁছে গেছে। তাদের সবাইকে দেখে আমরা আল্লাহর কাছে হাজার হাজার শুকরিয়া আদায় করলাম।

সবাই এল কিন্তু তখনো পর্যন্ত দুলা এলো না। তখন বেলা ১১টা খবর এলো দুলার পেটে এবং ডান পায়ে কয়েকটি গুলি লেগেছে। সে কাদা পানির মধ্যে অসহায় পড়ে আছে। ছোট্র একটা সৈন্যবাহিনী গিয়ে তাকে উদ্ধার করতে না পেরে ফিরে এসেছে। শত্রু তখন মেশিনগান বসিয়ে পজিশন নিয়ে আছে এবং কাউকে নড়তে দেখলেই গুলি ছুড়ছে। শত্রুমেশিনগান বাসিয়েছিল ছোট্র একটি টিলার উপর।

আমরা সবাই উদ্বিগ্ন হয়ে পড়লাম। ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্সের কাছ থেকে দূরবীন নিয়ে দেখলাম শত্রুর কিছু সৈন্য পজিশন নিয়ে আছে এবং অন্যান্যরা পরিখা খনন করছে। আমরা সবাই চিন্তা করছি দুলাকে কিভাবে শত্রুদের ঐ বেড়াজাল থেকে উদ্ধার করব। কোন একটা ফন্দি উদ্ভাবনে আমরা যখন চিন্তিত তখনই একটি ছেলে দৌড়ে এসে খবর দিল যে দুলাকে নিয়ে আসা হচ্ছে। আহত দুলা গুলি ছুড়তে ছুড়তে সম্পূর্ণ নিস্তেজ এবং নিশ্চুপ হয়ে গেলে শত্রুরা তাকে মৃত মনে করেছিল এবং তার দিকে আর গুলি ছোঁড়া প্রয়োজন নেই মনে করে তারাও গুলি ছোড়া বন্ধ করেছিল। এই রকম একটা সুযোগ পেয়ে আমাদের দুই সাহসী ছেলে সন্তর্পণে নালার ফাঁকে ফাঁকে গিয়ে দুলাকে উদ্ধার করতে সক্ষম হয়েছিল।

দুলাকে যখন আমাদের সামনে আনা হলো তখনকার দৃশ্য এত করুণ এবং বেদনাদায়ক যে তা ভাষায় ব্যক্ত করা সম্ভব নয়। মুহূর্ষ দুলা বাম হাত দিয়ে তার গুলিবিদ্ধ পেট চেপে ধরে আছে। কেননা ক্ষতস্থান থেকে তার নাড়িভুড়ি বের হয়ে আসার উপক্রম করছিল। ডান পায়ে গুলি লেগে ছিন্নভিন্ন মাংসগুলি কোনক্রমে পায়ের হাড়ের সংগে লেগেছিল। আর তার সমস্ত শরীর রক্তরঞ্জিত।

একটা গুলিবিদ্ধ বাঘের মত ছটফট করছিল। তখনও সে বাকশক্তি হারায়নি। আমাদের চোখের দিকে চোখ রেখে সে বলল, স্যার, আমি আর বাঁচব না, এক্ষুনি মারা যাব। আমার আফসোস রয়ে গেল স্বাধীন বাংলার মাটিতে আমি মরতে পারলাম না। স্বাধীন বাংলা দেখা আমার ভাগ্যে হয়ে উঠল না। স্যার আমাকে কথা দিন

যেভাবেই হোক স্বাধীন বাংলার মাটিতে আমাকে করব দেবেন। আজ হোক কাল হোক বাংলাদেশ স্বাধীন হবেই। তাই আমার লাশ বাংলাদেশের মাটিতে করব দেবেন।

সে আরো বললো, স্যার গুলির আঘাতে আমার পেটের নাড়িভূড়ি বের হয়ে গেছে। আমার বাঁচার কোনই সুযোগ নেই।

মুমুর্ষ দুলার করুণ কণ্ঠ শুনে সেদিন আমরা সাবই গভীর শোকে মূহ্যমান হয়ে পড়েছিলাম। সমস্ত হৃদয় আমাদের বিষাদে ভরে গিয়েছিল। আমরা আবেগ সংযত কণ্ঠে তাকে যতই সান্ত্বনা দেওয়ার চেষ্ঠা করি সে তাতে শান্ত হয় না, সে তার অন্তিম মুহূর্তের আভাস পেয়ে শেষ মনের কথাটি আমাদের জানিয়ে যাওয়ার চেষ্টা করে। সে বলতে থাকে, স্যার পাঞ্জাবী দস্যুরা যখন আমাদের বাঙ্গালীদের নির্মমভাবে, নির্বিচারে হত্যা শুরু করে তখন আমার ৮ বছরের মেয়েটি আমাকে কি বলেছিল জানেন? বলেছিল, আব্বা তুমিও মুক্তি ফৌজে যোগ দাও, পাঞ্জাবীদের বিরুদ্ধে লড়াই কর, দেশকে স্বাধীন কর। আব্বা তুমি বাড়ি থেকে কি করবে? যদি দেশ স্বাধীন না হয় আমাদের অবস্থা কি হবে? তারা ত যাকেই সামনে পাচ্ছে তাকেই গুলি করে মারছে।

আমার হাত ধরে দুলা বলল, ‘‘স্যার আপনার বাড়ি কুমিল্লা, আপনি নিশ্চয় শালদা নদী চেনেন। সেখানে আমার বাড়ি। আমার এলাকার সবাই আমাকে চেনে। দয়া করে আমার মেয়েকে এবং সেই এলাকার কাউকে আমার মৃত্যুর খবরটা দেবেন না। আমার মৃত্যুর খবর পেলে আমার মেয়েটি বাঁচবে না। সে আমার জান। দয়া করে তার কাছে, স্যার আমার মৃত্যুর খবরটা গোপন রাখবেন। তবে আমার একটা দাবী, আমার হতভাগী মেয়েটিকে আপনি দেখবেন। স্যার আমার এই একটি কথা ভুলে যাবেন না।’’ কথা বলার মাঝে মাঝে একটা কথা সে ঘুরেফিরে বারবার বলছিল, ‘‘ জয় বাংলা দেখে যেতে পারলাম না।’’

দুলার এই মুমূর্ষ অবস্থায় এ্যাম্বুলেন্স আসতে কিছুটা দেরী হবে মনে করে লে. কর্নেল শফিউল্লাহ তাকে নিজের জীপে করে আগরতলা পিজি হাসপাতালে নিয়ে গেলেন। আমাদের মুক্তিফৌজের ডাক্তার আবুল হোসেনও দুলার সাথে হাসপাতালে গেলেন যাতে দুলা তার মনের ভরসা না হারায়। হাসপাতালে যাওয়ার পর দুলার অপারেশন করা হয় এবং যখন ডাক্তার জানালেন যে দুলার সঙ্কটাবস্থা কেটে গেছে তখন লেঃ কর্নেল শফিউল্লাহ হাসপাতাল ত্যাগ করেন।

সেদিন দুলার সাথে আরো কয়েকজন আহত হয়েছিল। তাদেরকেও পাঠানো হলো।

দুলার অবস্থা দেখে সেদিন আমার মত অনেকেই ধারণা করেছিল দুলা আর বাঁচবে না। কিন্তু আল্লার অসীম ক্ষমতা আমাদের মত ক্ষুদ্র ব্যক্তির পক্ষে নিরুপণ করা অত্যন্ত কঠিন। তাঁরই অশেষ কৃপায় এবং অত্যন্ত করুণায় দুলা দেড় মাস পর আরোগ্য লাভ করল এবং পুনরায় ক্যাপ্টেন মোর্শেদের কোম্পানীতে যোগদান করল। পরবর্তীকালে অসীম বীরত্বের সংগে দুলা অনেক রণক্ষেত্রে পাকবাহিনীর সাথে যুদ্ধ করে বাঙালীর বীর্যবত্তার ইতিহাস সমুজ্জ্বল করে তুলেছে।

এবার বলছি আহাদের কথা। আহাদের বয়স মাত্র ১৫বছর। অতুলনীয় সাহসী ছিল এই বীর মুজাহিদ কিশোর । মুজাহিদ হিসেবে তেলিয়াপাড়া যুদ্ধে তার বীরত্ব প্রদর্শণ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাসে একটি নক্ষত্রোজ্জ্বল ঘটনা। দুলা ও আহাদের বীরত্বের সম্মানস্বরুপ লেফটেন্যান্ট কর্নেল শফিউল্লাহ তাদেরকে ২৫০০ টাকা করে পুরস্কার প্রদান করেন।

এর পড়ে আসে পুলিশ প্রসঙ্গ। আমার সঙ্গে যে ৫জন পুলিশ ছিলেন তারা হলেন মিজান, সুরুয মিয়া, খোরশেদ মিয়া, তাহের এবং কানু মিয়া। আমার কোম্পানীকে এরা মর্টার ছুড়তেন। মাত্র সামান্য কয়েকদিনের শিক্ষায় এরা মর্টার চালনায় প্রায় পেশাদার সৈনিকের মত দক্ষতা অর্জন করেছিলেন। স্বাধীনতা যুদ্ধে এই ৫জন পুলিশ সৈনিকের দান সামান্য নয়। অসীম বীরত্বের সঙ্গে এঁরা শত্রুসৈনিকের সাথে বারবার লড়াই করেছেন।

মেজর মতিনের কোম্পানীটি ছিল পুরোপুরি প্রাক্তন পূর্ব পাকিস্তান রাইফেলের বাহিনী দ্বারা সংগঠিত। আমি এবং মেজর মতিন যখন তেলিয়াড়ায় লড়াই করেছি তখন কি রকম নিস্কম্প হৃদয়ে ঐ পূর্ব পাকিস্তান রাইফেলের জোয়ানরা লড়াই করেছে। মেজর মতিনের ই-পি-আর কোম্পানী পরবর্তীকালেও বিভিন্ন ফ্রন্টে খুব সাহসের সঙ্গে লড়েছিল। তাদের এই বীরত্বপূর্ণ যুদ্ধের প্রশংসা না করে আমি পারি না।

\ চুড়ান্ত লড়াই ও আখাউড়ার যুদ্ধ \

নভেম্বরের ২০ তারিখের পরে যুদ্ধের তীব্রতা বেড়ে গেল। যশোরের কাছে পাকিস্তানের স্যাবর জেটগুলো ভারতীয় সীমানা অতিক্রম করায় আকাশযুদ্ধে ভারতীয় বিমান বাহিনীর বিমান আক্রমণে ৩টি পাকিস্তানী স্যাবর জেট ভূপাতিত হয়। এতে যুদ্ধের তীব্রতা মারাত্মক আকার ধারণ করে। মুক্তিবাহিনীর প্রচণ্ড আক্রমণে এ সময় যশোরের চৌগাছা পতন হয়। এবং তারা যশোর ক্যান্টনমেন্ট দখল করার জন্য পাকিস্তানী সৈন্যের সঙ্গে মরণপণ সংগ্রামে অবতীর্ণ হয়।

নভেম্বরের এই সময়টাতে আমরা আখাউড়ার শত্রুসৈন্যের সঙ্গে যুদ্ধে অবতীর্ণ হই। শত্রুর বিরুদ্ধে এবার আমরা পুরোপুরি আক্রমণাত্মক ভূমিকা গ্রহণ করি। আমাদের আক্রমণও একই রকম তীব্র এবং প্রচণ্ড। এ সময় 'এস' ফোর্সের অধিনায়ক লেঃ কর্নেল শফিউল্লাহর অধীনে ছিল পুরো দুই ব্যাটালিয়ন পদাতিক সৈন্য। এই দুই ব্যাটালিয়নই ছিল যাবতীয় সমরাস্ত্রে সুসজ্জিত। এ-ছাড়াও ছিল কয়েকটা কোম্পানী যাকে আমরা সেক্টর ট্রুপস বলতাম।

কর্নেল শফিউল্লাহ 'এস' ফোর্সের ২নং ইস্ট বেঙ্গল রেজিমেন্টের কমান্ডিং অফিসার মেজর মঈন এবং ১১নং বেঙ্গল রেজিমেন্টের কমান্ডিং অফিসার মেজর নাসিমকে এই মর্মে নির্দেশ দিলেন যে মেজর মঈনের ব্যাটালিয়ন আখাউড়ার দিকে আক্রমণাত্মক অভিযান চালাবে এবং তাদের সাথে থাকবে সেক্টর ট্রুপস, আর মেজর নাসিমের ব্যাটালিয়ন (১১ নং বেঙ্গল রেজিমেন্ট) আগরতলা উত্তর দিকে ধর্মঘরের ওখানে প্রতিরক্ষামূলক ব্যবস্থা নেবে যাতে করে সিলেট থেকে মনতলা হয়ে পাকবাহিনী পেছন থেকে আমাদের বাহিনীর উপর আক্রমণ করতে না পারে। লেঃ কর্নেল শফিউল্লাহর নির্দেশ অনুযায়ী আমরা ধর্মঘরের সামনে রেখে মোহনপুর-আগরতলা রোডে প্রতিরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করি। এ সময় আমি একটি কোম্পানীর নেতৃত্বের ভার নেই। শত্রু যাতে মোহনপুর-আগরতলা রোড ধরে অগ্রসর হতে না পারে সে উদ্দেশ্যই আমরা আখাউড়া যুদ্ধের আগেই প্রতিরক্ষামূলক ব্যবস্থা নিয়েছিলাম। উল্লেখ করা যেতে পারে যে, সে সময় আমি যে কাম্পানীর পরিচালনার নেতৃত্ব নিয়েছিলাম সেটি বি-কোম্পানী।

ওদিক তখন আখাউড়ায় কি ঘটেছিল তার কিছুটা বিবরণ, আমি যা সংগ্রহ করতে পেরেছি, দেওয়া যাক। ২৭শে নভেম্বর কর্নেল শফিউল্লাহ মেজর মঈনকে মেরাসানী, নিরানসানী, সিঙ্গারবিল রেলওয়ে স্টেশনে, সিঙ্গারবিল ঘাঁটি, রাজাপুর, আজমপুর ইত্যাদি এলাকা দখল করার নির্দেশ দেন। উল্লেখযোগ্য যে, এই সব এলাকা আখাউড়া রেলওয়ে জংশনের কাছাকাছি। কর্ণেল শফিউল্লাহ মেজর মঈনকে ৩০শে নভেম্বর এবং ১লা ডিসেম্বর তারিখ রাতে এই সব এলাকায় আক্রমণ চালাবার আদেশ দিয়েছিলেন।

মেজর মঈন দ্বি-ধারা আক্রমণ চালালেন। প্রথম আঘাত হানলেন নভেম্বর-ডিসেম্বর ৩০/১ তারিখ রাত ১টার সময়। প্রথম পর্যায়েই দখল করলেন সিঙ্গারবিল রেলওয়ে স্টেশন ও সিঙ্গারবিল ঘাঁটি। শুনেছি, সে রাতে লড়াই চলেছিল ভোর পাঁচটা পর্যন্ত।

এই অভিযান আমাদের পক্ষ থেকে অংশ নিয়েছিল মুক্তিফৌজের প্রায় এক ব্যাটালিয়ন। শত্রুপক্ষের সৈন্য সংখ্যা ছিল প্রায় এক ব্যাটালিয়নেরও বেশী। এই যুদ্ধে শত্রুসেনারা আর্টিলারী, মর্টার, মেশিনগান ইত্যাদি ছোটবড় সব অস্ত্রশস্ত্রই ব্যবহার করে। আমাদের পক্ষেও সেদিনকার লড়াইয়ে আর্টিলারী এবং মর্টারের সাপোর্ট ছিল। সেক্টর ট্রুপসের কাছেও ছিল মেশিনগান।

এখানে উল্লেখযোগ্য যে, লড়াইয়ের সে রাতগুলো ছিল খুবই অন্ধকার এবং ডিসেম্বর শীত-রাত্রির কুয়াশায় আচ্ছন্ন। কিন্তু এই অন্ধকার ও কুয়াশার বাধা আমাদের জওয়ানদের পারেনি বিন্দুমাত্র হতোদ্যম করতে। একটার পর একটা স্থান দখলে আসাতে তারা ক্রমেই মানসিক দিক থেকে আরো শক্তিশালী হয়ে উঠেছিল এবং নব উন্মাদনায় দ্বিগুন শক্তিতে শত্রুদের আগাত হেনে পর্যুদস্ত করছিল। আখাউড়ার এক যুদ্ধে হতোদ্যম পাকিস্তানী সেনারা পশ্চাদপসরণে বাধ্য হয় এবং তাদের প্রচুর লোকসান স্বীকার করতে হয়। একজন শত্রুসেনা জীবিত অবস্থায় বন্দী হয় এবং ২০ জন হয় নিহত। এছাড়া মুক্তিফৌজের হস্তগত হয় হানাদার প্রচুর পরিমাণ অস্ত্রশস্ত্র, রেশন, পোশাক-পরিচ্ছদ, ডিফেন্স স্টোর (প্রতিরক্ষা সামান্য)। আমাদের পক্ষ থেকে পাকবাহিনীর হাতে এই যুদ্ধে ইয়াসিন খাঁ নামে মুক্তিফৌজের একজন সিপাহী শহীদ হয়। তাকে সমাহিত করা হয় সিঙ্গারবিলে। তাছাড়া এই লড়াইয়ে মুক্তিফৌজের সিপাহী আবু জাফর, সিপাহী হুমায়ন, সিপাহী আবদুল লতিফ, হাবিলদার আকতার হোসেন, হাবিলদার মুফাজ্জল হোসেন চৌধুরী, হাবিলদার নবীউল্লা এবং অপর একজন আহত হয়। পর্যুদস্ত শত্রুবাহিনী সাময়িকভাবে পিছু হটলেও ২রা ডিসেম্বরের সকালে আমাদের বাহিনীর উপর পাল্টা আক্রমণ শুরু করে এবং সারাদিন ধরে খণ্ডযুদ্ধ চলতে থাকে। শত্রুবাহিনীর প্রবল আক্রমণের মুখে আমাদের বাহিনী পিছু হটে যেতে বাধ্য হয়। আর্টিলারীর সহায়তায় মারাত্মক আক্রমণ চালিয়ে এই এলাকা শত্রুবাহিনী পুনর্দখল করে। প্রচুর ক্ষয়ক্ষতির পর আমাদের বাহিনী সিঙ্গারবিলে গিয়ে জমায়েত হয়। এই যুদ্ধে শত্রুবাহিনীরও অসম্ভব ক্ষতি সাধিত হয়। মুক্তিফৌজের নায়েক সুবেদার আশরাফ আলী শত্রুর হাতে শাহাদাৎ বরণ করেন। অন্যান্য যারা আহত হন তারা হলেন সিপাহী আবদুল আউয়াল, হাবিলদার মাজু মিয়া, নায়েক নাসিরুজ্জামান, নায়েক আবদুস সালাম, সিপাহী মিজানুর রহমান।

৩রা ডিসেম্বর আমাদের বাহিনী নিজেদেরকে পুর্নগঠিত করে পাক বাহিনীর উপর পুনরায় আক্রমন চালায় এবং আজমপুর স্টেশন ও তার এক হাজার গজ অগ্রবর্তী স্থান দখল করে। এই আক্রমণে শত্রুপক্ষের এগারজন সৈন্য নিহত হয়। আমদের পক্ষে দু'জন সিপাহী ও একজন নায়েক সুবেদার শহীদ হন। আমাদের বাহিনীর যখন যুদ্ধে লিপ্ত এমনি সময়ে আমরা খবর পেলাম পাকিস্তান ভারতের পশ্চিমাঞ্চলে বিমান হামলা চালিয়ে সর্বাত্মক যুদ্ধ শুরু করেছে। এবার আর যুদ্ধ কেবল বাংলাদেশ বাহিনী ও পাকবাহিনীর মধ্যে সীমাবদ্ধ থাকল না। পাকিস্তানী বাহিনীর সঙ্গে সংযুক্ত ভারত-বাংলাদেশ বাহিনীর যুদ্ধ শুরু হয়ে গেল। ডিসেম্বরের ৩/৪ তারিখ রাতে আমাদের বাহিনী পুনর্দখলকৃত এলাকাকে সুরক্ষিত করল। বলা বহুল্য, মুক্তিফৌজের অবিরাম আঘাতের পর আঘাত, দেশের অভ্যন্তরে গেরিলা মুক্তিবাহিনীর চাতুর্যপূর্ণ আতর্কিত আক্রমণে পাকিস্তান সেনাবাহিনী তখন বেসামাল হয়ে পড়েছিল। এবার তারা সমস্ত দোষ ভারতের উপর চাপিয়ে ভরত আক্রমণ করে বসল।

৩রা ডিসেম্বর যেদিন পাকিস্তান ভারত আক্রমণ করে সেদিন অপরাহ্নে শ্রীমতি ইন্দিরা গান্ধী কলকাতার এক বিশাল জনসমাবেশে বক্তৃতা দিচ্ছিলেন। ঐ দিন রাত্রি দ্বিপ্রহরে তিনিও ভারতের জওয়ানদের পাকিস্তানী হামলা প্রতিহত করার জন্য হুকুম দেন।

অতএব মুক্তিবাহিনীর সঙ্গে যুক্ত হল ভারতীয় সোনাবাহিনীর হাত। সম্মিলিত বাহিনী ভীমবেগে ঝাঁপিয়ে পড়ল বাংলাদেশের মুক্তিযুদ্ধে, প্রচণ্ড গতিতে আক্রমণ করল অন্যায় যুদ্ধে লিপ্ত পাকিস্তানী সেনাবাহিনীকে । বাংলাদেশের সীমানার চতুর্দিক দিয়ে যৌথ কমাণ্ডের অধীনস্থ সৈন্যদল ঢুকে পড়ল বাংলাদেশের অভ্যন্তরে।

এদিকে সামরিক সরকার ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলে ৪ঠা ডিসেম্বর থেকে ভারতীয় সৈন্য মিত্রবাহিনীর নাম নিয়ে আখাউড়া যুদ্ধে নেমে পড়ে। আক্রমণ চালানো হয়েছিল অতি প্রত্যুষে। উল্লেখযোগ্য যে, এই সময় আমাদের বাহিনীর পক্ষে খুব বেশি আর্টিলারী সাপোর্ট (কমানের সহায়তা) দেওয়া হয়েছিল। সেই সঙ্গে ছিল মর্টারের প্রচুর সহায়তা। এই আক্রমণ শুরু করার আগে মেজর মতিনের নেতৃত্বে সেক্টর ট্রুপসের দুই কোম্পানী দিয়ে পাশ থেকে প্রতিরক্ষামূলক ব্যবস্থা নেওয়া হয়। মেজর মতিনের ই-পি-আর কোম্পানী মারাত্মক

প্রতিকূল অবস্থার সম্মুখীন হয়েও নিজের অবস্থান থেকে বিন্দুমাত্র নড়েনি। আমাদের সেক্টরে ৪ঠা ডিসেম্বর যুদ্ধে মুক্তিফৌজের যে বীর সৈন্যরা শাহাদত বরণ করেন তাঁরা হচ্ছেন- লেঃ বদিউজ্জামান, সিপাহী রুহুল আমিন, সিপাহী সিদ্দিকুর রহমান। যাঁরা আহত হন তাঁরা হচ্ছেন-সুবেদার চান মিয়া, হাবিলদার কামরুজ্জামান, কোম্পানী হাবিলদার মেজর নূরুজ্জামান এবং আরো ১৫ জন। এই লড়াইয়ে শত্রুপক্ষের বিপুল ক্ষয়ক্ষতি হয়। মুক্তিফৌজ ১৩ জন শত্রুসেনাকে হত্যা করে এবং ৪ জন শত্রুসেনা তাদের হাতে বন্দী হয়। মুক্তিফৌজ ছোটবড় হাতিয়ারসহ শত্রুবাহিনীর ৩২ টি রাইফেল কবজা করে।

ডিসেম্বরের ৫ তারিখে পাকিস্তান বাহিনী আমাদের বাহিনীর উপর পাল্টা আক্রমণ চালায়। কিন্তু আমাদের তীব্র-প্রতি-আক্রমণের মুখে তারা পিছু হটে যেতে বাধ্য হয়। আখাউড়ায় তুমুল লড়াই। এই লড়াইয়ে মুক্তিবাহিনী ও সংযুক্ত মিত্রবাহিনী অপরিসীম বীরত্ব ও সাহসিকতার সঙ্গে যুদ্ধ করে। অবশেষে ৫ই ডিসেম্বর মুক্তি বাহিনী ও মিত্রবাহিনী আখাউড়া দখল করে। ৪/৫ ডিসেম্বরের যুদ্ধে এই এলাকায় শত্রুবাহিনীর প্রায় ১৬০ জন সৈন্য মারা যায়।

আখাউড়া রেলওয়ে স্টেশন শত্রুর অবস্থান ছিল খুবই সুদৃঢ়। ফলে এখানকার যুদ্ধ হয় ব্যাপক এবং মারাত্মক। বাংলাদের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে আখাউড়ার লড়াইয়ের গুরুত্ব ছিল অপরিসীম। এখানকার যুদ্ধে উভয় পক্ষই সর্বাধিকসংখ্যক আর্টিলারী ব্যবহার করে। কয়েকটি আক্রমণ চালিয়ে ২নং ইস্ট বেঙ্গল রেজিমেন্টের প্লাটা অক্রমণের মুখে পাঞ্জাবী সৈন্যরা তাদের মনোবল হারিয়ে ফেলে। এমতাবস্থায় মিত্রবাহিনী আমাদের বাহিনীর সাথে যোগ দেবার পর সম্মিলিত আক্রমণের মুখে তারা আর দাঁড়াতে পারেনি। বলাবহুল্য, আখাউড়ার পতনের পর শত্রুবাহিনী আর কোথাও ভালোভাবে অবস্থান নিতে পারেনি।

আখাউড়ার যুদ্ধে কোম্পানী কমাণ্ডার হিসাবে যেসব অফিসার অংশগ্রহণ করেন তাঁরা হলেনঃ মেজর মতিউর রহমান, ক্যাপ্টেন মোরশেদ, লেফটেন্যান্ট ইব্রাহিম, লেফটেন্যান্ট বদিউজ্জামান ও লেফটেন্যান্ট সলিম (কোম্পানী অফিসার)।

এখানে আমি ২নং ইস্ট বেঙ্গল রেজিমেন্ট সম্পর্কে সামান্য কিছু আলোকপাত করতে চাই। পাকিস্তান সেনাবাহিনীতে ২নং ইস্ট বেঙ্গল রেজিমেণ্ট ছিল বেঙ্গল রেজিমেণ্টের অন্যতম পুরনো ব্যাটালিয়ন। হানাদার পাক বাহিনী বাংলাদেশে হত্যাযজ্ঞ শুরু করার পর এই ব্যাটালিয়ন তখনকার সেকেন্ড-ইন-কমাণ্ড মেজর শফিউল্লাহর (বর্তমানে কর্নেল এবং বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান) অধীনে পাকবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। মুক্তি সংগ্রামে এই ব্যাটালিয়নের অবদান অতুলনীয়।

এখানে আখাউড়ার যুদ্ধে শাহাদাৎপ্রাপ্ত বীর সৈনিক লেফটেন্যান্ট বদিউজ্জামান সম্পর্কে কিছু আলোকপাত করে তাঁর শহীদী আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করতে চাই।

লেফটেন্যান্ট বদিউজ্জামান রংপুর মিলিটারী কাস্টোডি থেকে পালিয়ে এসে ১৬ ই আগস্ট মনতলায় আমার সাথে যোগ দেন। আমি ১১ নং বেঙ্গল রেজিমেণ্টএ যোগদানের আগ পর্যন্ত তিনি আমার অন্যতম প্লাটুন কমাণ্ডার হিসাবে আমার সাথেই ছিলেন। তিনি আমার সাথে বহু অভিযানে অংশ গ্রহণ করেন।

লেফটেন্যান্ট বদিউজ্জামান ছিলেন একজন নিবেদিতপ্রাণ সাহসী সৈনিক। সদা হাসিমুখে এই অসম সাহসী যোদ্ধা যদিও মূলত ছিলেন একজন ক্যাভালরী অফিসার, তবু একজন ইনফ্যানট্রি অফিসারের চেয়ে কোন অংশেই কম ছিলেন না। যুদ্ধ চলাকালে শত্রুবাহিনীর একটি শেল তাঁকে আঘাত করে এবং সেই আঘাতে তিনি শহীদ হন। তাঁর মরদেহ আজমপুর রেলওয়ে স্টেশনে একটি মাজারের কাছে সমাহিত করা হয়। সিপাহী রুহুল আমিনের মরদেহও এরই কাছে সমাহিত করা হয়।

২১ বছরের যুবক লেফটেন্যান্ট বদিউজ্জামান ফরিদপুর জেলার গোপালগঞ্জে জন্মগ্রহণ করেন। সদা প্রফুল্লচিত্ত নিরহংকারী বীর সৈনিক মাতৃভুমির স্বধীনতা সংগ্রামে হাসিমুখে আত্মোৎসর্গ করেন। তাই দেশবাসী কৃতজ্ঞতার সঙ্গে চিরদিন তাঁর কথা স্মরণ করবে। আল্লাহ তাঁর আত্মাকে শান্তি দিন।

\ আশুগঞ্জের লড়াই এবং ঢাকার পথে 'এস' ফোর্স \

এদিকে লেঃ কর্নেল শফিউল্লাহ তাঁর 'এস' ফোর্স নিয়ে কোন পথে অগ্রসর হচ্ছেন তার বিবরণ সংক্ষেপে দিচ্ছি। ৬ই ডিসেম্বর বিকালে লেঃ কর্নেল শফিউল্লাহ ইসলামপুর ব্রীজের কাছে এক দুর্ঘটনার সম্মুখীন হন এবং নিশ্চত মৃত্যুর হাত থেকে রক্ষা পান। তারপর এখান থেকে 'এস'-ফোর্স ৭ই ডিসেম্বর ঢাকার পথে রওনা হয়। এবং এইদিন শাহবাজপুরে তাদের সাথে আর একটি খণ্ডযুদ্ধ হয় ও পরে শত্রুরা ভেগে যায়। তারপর 'এস' ফোর্স ও মিত্রবাহিনী সরাইল পৌঁছে। আশুগঞ্জে আমরা আবার শত্রুসৈন্যের সম্মুখীন হলাম ৮ই ডিসেম্বর। আশুগঞ্জে শত্রুবাহিনী প্রতিরক্ষামূলক অবস্থান গড়েছিল। সেটা ছিল যুদ্ধকৌশল সমৃদ্ধ এবং তার ঘাঁটিগুলি ছিল অত্যন্ত মজবুত। আমাদের 'এস'-ফোর্স ও মিত্রবাহিনী প্রথম আক্রমণ চালায় ৯ই ডিসেম্বর বেলা ৩টার সময়। এই আক্রমণে আমাদের পক্ষে ছিল, তবুও তার সেই ভয়াবহ রুপ চোখে না দেখলে বিশ্বাস করাও কঠিন। সম্মিলিতভবে 'এস'-ফোর্স ও মিত্রবাহিনীর প্রচণ্ড আক্রমণের মুখে শত্রুবাহিনীও ভীষণভাবে মারমুখী হয়ে ওঠে। একদিকে যখন আমাদের পদাতিক বাহিনী বিনা বাধায় শত্রুর উপর বোমা নিক্ষেপ করে যাচ্ছে। এমতাবস্থায় শত্রুপক্ষ তাদের ভারী মেশিনগান ও বিমানবিধ্বংসী কামান দিয়ে অবিরামভাবে গুলি ছুড়ে যাচ্ছে। তাদের আর-আর (রিকয়েললেস রাইফেল) গুলোও তখন নিরস্ত ছিল না। তারাও তখন আমাদের পক্ষের ট্যাঙ্কগুলোকে লক্ষ্য করে গোলা নিক্ষেপ করে যাচ্ছিল। আমাদের পক্ষের গোলন্দাজ বাহিনীর মিডিয়াম গানগুলো শত্রুপক্ষের উপর অবিশ্রান্তভাবে গোলা নিক্ষেপ করছিল, ঠিক তার পাল্টা জবাবে শত্রুপক্ষও তখন সমভাবে আমাদের উপর গোলা নিক্ষেপ করছিল। তুমুল লড়াইয়ের পর শত্রুবাহিনীর প্রচণ্ড পাল্টা আক্রমণের মুখে 'এস'-ফোর্স ও মিত্রবাহিনীকে সাময়িকভাবে সেদিন পিছু হটতে হয়। যুদ্ধে উভয় পক্ষেরই প্রচুর ক্ষয়ক্ষতি হয়। কিন্তু তুলনামূলকভাবে তাদের ক্ষয়ক্ষতি আমাদের থেকে অনেক বেশী ছিল। ঐ দিনকার যুদ্ধে মিত্রবাহিনীর চারখানা ট্যাঙ্ক ধ্বংস হয় এবং প্রায় ৪০/৫০ জন বীর যোদ্ধা মারা যান। যুদ্ধক্ষেত্রে শত্রুপক্ষের প্রায় দেড় শতাধিক লোক নিহত হয়।

দ্বিতীয়বার আক্রমণের পর অবশেষে শত্রুসৈন্য ১০ই ডিসেম্বর আশুগঞ্জ থেকে পিছু হটতে বাধ্য হয় এবং ভৈরববাজারে গিয়ে আশ্রয় নেয়। এখানে উল্লেখযোগ্য যে, শত্রুপক্ষ আশুগঞ্জ থেকে ভৈরববাজারে যাবার পূর্বে ভৈরব ব্রীজের তিনটি স্প্যান ধ্বংস করে দিয়ে যায়। যুদ্ধের গতিবেগ রক্ষা করার জন্য কোন সময় নষ্ট না করে লেঃ কর্নেল শফিউল্লাহ একাদশ বেঙ্গল রেজিমেন্টকে ভৈরববাজার ঘিরে থাকার জন্য নির্দেশ দেন এবং তিনি নিজে দ্বিতীয় ইস্ট বেঙ্গল সেক্টর ট্রুপস নিয়ে পদব্রজ নরসিংদীর দিকে রওনা হন।

তিনি নরসিংদী পৌঁছানোর পূর্বেই মিত্রবাহিনীর একটি ব্যাটালিয়ন হেলিকপ্টারযোগে সেখানে পৌঁছে গেছে। কিন্তু শত্রুপক্ষ সেখান থেকে পালিয়ে গেছে। ১২ই ডিসেম্বর তিনি শীতলক্ষ্যা পার হন। ইতিমধ্যে তিনি দুটি ছোটখাটো সংঘর্ষে লিপ্ত হন। এছাড়া তিনি দুটি দলকে ঢাকার দিকে পাঠিয়ে দেন। তার একটি ছিল বাসাবো এলাকার জন্য ও অপরটি ছিল ঢাকা সেনানিবাসের জন্য। ১৬ই ডিসেম্বর শত্রুপক্ষের ৩০০ জনের একটি দল ডেমরাতে তাঁর নিকট আত্মসমর্পণ করে।

১৩ই হইতে ১৬ ডিসেম্বর বিকাল ৪টা পর্যন্ত 'এস'- ফোর্স ডেমরা ও শহরের বিভিন্ন উপকণ্ঠে লড়াই করে। এরপর তারা ডেমরার পরবর্তী এলাকা মাতুয়াইলে একবার বাধাপ্রাপ্ত হয়েছিল। পরে লেঃ কর্নেল শফিউল্লাহ জোনারেল অরোরার সাথে ডিসেম্বর বেলা ৪টা ৩১ মিনিটে রেসকোর্স ময়দানে আত্মসমর্পণ অনুষ্ঠানে যোগদান করেন। ইতিমধ্যে দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেণ্ট ও সেক্টর ট্রুপস ঢাকা স্টেডিয়াম পৌঁছে যায়।

শিরোনাম	সূত্র	তারিখ
৭। ৪নং সেক্টর সংঘটিত যুদ্ধের বিবরণ	বাংলা একাডেমীর দলিলপত্র	মে-ডিসেম্বর' ১৯৭১

সাক্ষাৎকারঃ ব্রিগেডিয়ার চিত্তরঞ্জন দত্ত*

মে, ১৯৭১ সন। ভারতীয় বিভিন্ন এলাকায় খোলা হল নানা ট্রেনিং ক্যাম্প। পুরো সিলেট সেক্টরের ভার আমার উপর দেয়া হল। মোট দুটি সাব-সেক্টর খোলা হল। আমার সৈন্যদের মনোবল ভাঙ্গল না। বিপুল উৎসাহ ও উদ্দীপনা নিয়ে তারা কাজ করতে আরম্ভ করল। সিলেটের সব থানা থেকে লোক ভর্তি করা শুরু হল এবং প্রশিক্ষণের কাজ পুরোদমে এগিয়ে চলে। বি-ডি-আর, আনসার, মুজাহিদ ও পুলিশকে নিয়ে গড়ে উঠল 'সেক্টর ট্রুপস', আর স্কুল-কলেজের ছাত্রদের নিয়ে গড়ে উঠল 'গণবাহিনী'। সিলেট মোট ৬টি সাব-সেক্টর ছিল।

১। জামালপুর সাব-সেক্টরঃ গণবাহিনীর মাহমুদূর রব সাদী এই সাব-সেক্টর কমাণ্ড করত। অল্পবয়স্ক সুন্দর ছেলেটি বাংলাদেশকে স্বাধীন করার জন্য যে স্পৃহা নিয়ে কাজ করত, তা দেখলে সত্যি আশ্চর্য লাগত। যেখানেই তাকে পাঠানো হয়েছিল, প্রত্যেকটি অপারেশনে সে কৃতকার্য হয়েছে। এই সাব-সেক্টর থেকে অপারেশন চালানো হয়েছে-আটগ্রাম, জাকীগঞ্জ, লুবাছড়া ও কানাইঘাটি এলাকায়। নভেম্বরের শেষের দিকে সাদীকে সিলেটের ভেতরে নবীগঞ্জ এলাকায় প্রায় ৫০জন বিশ্বস্ত গণবাহিনী ছেলে দিয়ে নবীগঞ্জ এলাকা মুক্ত হরতে পাঠানো হয়েছিল।

২। বারাপুঞ্জী সাব-সেক্টরঃ এটা কমাণ্ড করত ক্যাপ্টেন রব। সাপ্লাই কোর-এর অফিসার হয়ে পদাতিক সৈন্য পরিচালনায় সে অশেষ দক্ষতার পরিচয় দিয়েছে এবং সাব-সেক্টর লাটু, বিয়ানীবাজার, শারোপার, বরোগ্রাম, জাকীগঞ্জ, আটগ্রাম, কানাইঘাট, চিকনাগুল এলাকায় অসীম সাহসের সাথে যুদ্ধ পরিচালনা করেছে।

৩। আমলসিদ সাব-সেক্টরঃ বাংলাদেশ সোনাবাহিনীর লেঃ জহীর এই সাব-সেক্টর কমাণ্ডার ছিল। এই তরুণ অফিসারটি বাংলাদেশের মুক্তিযুদ্ধে খুবই সাহস ও বীরত্বের পরিচয় দিয়েছে। কানাইঘাট অপারেশনে তার দক্ষতার প্রশংসা না করে পারা যায় না। ডিসেম্বর প্রথম সপ্তাহে এই সাব-সেক্টরটি 'জেড'- ফোর্সের প্রথম বেঙ্গল রেজিমেণ্টর সঙ্গে সম্মিলিতভাবে কাজ করেছে।

৪। কুকিতল সাব-সেক্টরঃ এটার কমাণ্ডার ছিল ফ্লাইট লেফটেন্যাণ্ট কাদের। বিমান বাহিনীর অফিসার হয়ে এত সুষ্ঠভাবে পদাতিক বাহিনী পরিচালনা করায় তাকে প্রশংসা না করে পারা যায় না। মাঝে মাঝে সে প্রায়ই বলত, স্যার আমাকে একটা জঙ্গী বিমান এনে দেয়, আমি পাকিস্তানীদের খতম করব। আপনাদের যুদ্ধ খুব মন্থর গতিতে চলছে। আমি চাই তাড়াতাড়ি পাকিস্তানীদের শেষ করে বাংলাদেশ মুক্ত করতে।' আমি তাকে সান্তনা দিতাম 'স্লো এ্যাণ্ড স্টীডি ইউনস দি রেস'। এই সাব-সেক্টর দিলখুশ চা বাগান, কুলাউড়া, জুরী চা বাগান এলাকায় অপারেশন চালিয়ে শত্রুকে নাস্তানাবুদ করেছে। পরে এই সাব-সেক্টর ক্যাপ্টেন শরিফুল হক যোগ দিয়েছিল। এই নির্ভীক যুবক পশ্চিম পাকিস্তান থেকে পালিয়ে এসে মুক্তিযুদ্ধে অংশগ্রহন হরে। এর কৃতিত্বের কথা পরে আসবে।

৫। কৈলাশশহর সাব-সেক্টরঃ লেঃ ওয়াকিউজ্জামান এই সাব-সেক্টর কমাণ্ডার ছিল। নয় মৌজায় বাংলাদেশ পতাকা উত্তোলন ও শুরু থেকে শেষ পর্যন্ত এত বড় এলাকাকে মুক্ত রাখার জন্য এই তরুণ

* ১৯৭১ সালে মার্চে মেজর পদে কর্মরত ছিলেন। বর্তমানে মেজর -জেনারেল। সাক্ষাৎকারটি ২৪-৩-১৯৭৪ তারিখে গৃহীত হয়।

অফিসারকে প্রশংসা না করে পারা যায় না। এই সাব-সেক্টর ডিসেম্বরের দিকে ফেঞ্চুগঞ্জ মুক্ত করে সিলেটের দিকে গিয়েছিল। এবং ভারত যখন যুদ্ধ ঘোষণা করল তখন এই সাব-সেক্টর ভারতের ৫৯ ভারতীয় ব্রিগেডের সাঙ্গে সিলেটের প্রবেশ করেছিল।

৭। কমলাপুর সাব-সেক্টরঃ এটার কমাণ্ডার ছিল ক্যাপ্টেন এনাম। এই তরুণ অফিসার পশ্চিম পাকিস্তান থেকে পালিয়ে এসে মুক্তিযুদ্ধে যোগ দেয় এবং এই সেক্টরের সাব-সেক্টর কমাণ্ডার হয়ে অনেক কৃতিত্বের পরিচয় দিয়েছে। ধলাই চা বাগান এবং পার্শ্ববর্তী চা বাগানগুলো ক্ষতিগ্রস্ত করার জন্য এই সাব-সেক্টরকে কৃতিত্ব দেয়া যায়। ভারত যুদ্ধ ঘোষণার পর এই সাব-সেক্টর ৮১ ভারতীয় ব্রিগেডের সঙ্গে মিলিত হয়ে মৌলভীবাজারে প্রবেশ করেছিল।

লোহারবন্দ নামে এক জায়গায় সমস্ত ছেলেদের প্রশিক্ষণ দেয়া হত। রিলিফ ক্যাম্প, শরণার্থী শিবির এবং নানা জায়গা থেকে স্কুল-কলেজের ছেলেদের এবং বাংলাদেশের কর্মক্ষম নাগরিকদের প্রশিক্ষণ কেন্দ্রে পাঠিয়ে দেওয়া হত। প্রশিক্ষণ দেবার পর ছেলেদের পাঠিয়ে দেয়া হত বিভিন্ন সাব-সেক্টর। এই কাজের জন্য সিলেটের ফরিদ গাজী, নূরুল ইসলাম, আজিজ, তোয়াবুর রহীম, ডক্টর আলী, হাবীব রহমান, ডক্টর মালেক, লতিফ প্রমুখ লোকের নাম না করলে তাঁদের প্রতি অবিচার করা হবে। রাত-দিন কাজ করে নানা জায়গা থেকে লোক সংগ্রহ করে তাঁরা প্রশিক্ষণ কেন্দ্রে পাঠিয়ে দিতেন, আমার সৈন্যদের সাব-সেক্টর খাওয়া-দাওয়া এবং থাকার ব্যবস্থা করতেন, তার জন্য আমি তাঁদেরকে জানাচ্ছি আমার আন্তরিক ধন্যবাদ।

সেক্টর ট্রুপস -এর কাজ শত্রুদের ধ্বংস করা, এ্যামবুশ করা, এবং গণবাহিনীর কাজ ছিল পুল ধ্বংস করা, বিদ্যুৎ সরবারাহ বিপর্যস্ত করা, মাইন পোঁতা ও ছোটখাটো শত্রুঘাটি ধ্বংস করা। বাংলাদেশ সেনাবাহিনীর সর্বাধিনায়ক থেকে আমাকে দেয়া হয়েছিল যত চা-বাগান আমার এলাকায় আছে তাদের অকেজো করে দেওয়া। কাজ পুরোদমে চলতে লাগল। এদিকে একদিন সুরঞ্জিত সেনগুপ্ত, বিধু দাশগুপ্ত আমার কাছে এসে বলল যে, শিলং দিয়ে সুনামগঞ্জ এলাকায় অপারেশন করা উচিত। আমি তাদেরকে সব সাহায্য দিলাম। পরে এই দুই নির্ভীক যুবক তাদের নিজ নিজ এলাকার ভিতর ঢুকে পাকিস্তানী সৈন্যদের বিপুল ক্ষতিসাধন করেছে। সুরঞ্জিত সেনগুপ্তের দিরাই অপারেশন এবং বিধু দাশগুপ্তের মাঘালকান্দী এবং আজমিরীগঞ্জ আপারেশন এলাকার সকলেরই সুবিদিত। এরা সত্যই প্রশংসার যোগ্য।

মে-জুন সেক্টর ট্রুপস এবং গণবাহিনী তাদের নিজ নিজ কাজ পুরোদমে চালিয়ে যেতে থাকে। শেওলা-সাদা খাল, বারইগ্রাম এবং কাংলী ফেরীর উপর এরা আক্রমন চালিয়ে পাকিস্তানীদের বিপর্যস্ত করতে লাগল। অনেক দালালকে মেরে ফেলা হলো। ছোট ছোট দলে সেক্টর ট্রুপস ও বাহিনীকে পাঠানো হত ফেরীগুলোকে নষ্ট করতে। এক একটা নৌকাকে নষ্ট করতে বেশ সময় এবং পরিশ্রমের দরকার। এখনও মনে পড়ে নায়েব কুতুবের কথা। আজ সে আমাদের মাঝে নেই। সাদা খাল ফেরী নষ্ট করতে হবে। সংগে আরো দুজন সিপাহী ও দুজন ছত্র। সাদাখাল তখন পানিতে ভর্তি। বেশ স্রোত। কচুরিপানা ভেসে যাচ্ছিল এখানে-ওখানে, খেয়া ছিল নদীর ওপারে, যেদিকে শত্রু ছিল। সবাই ওরা নদীতে নেমেছে খেয়াগুলিকে নষ্ট করতে। নদীর মধ্যখানে যাওয়ার সঙ্গে সঙ্গে বৃষ্টির মত গুলি আসতে শুরু করল। নায়েক কুতুব ডুব দিয়ে প্রায় নৌকার কাছে চলে এসেছিল। সামনে ছিল কচুরিপানা। ওগুলো মাথায় দিয়ে স্রোতের দিকে ভেসে গেল। দু দিন পর এসে আমার পায়ে প্রণাম করে বলল, বড় বেচেঁ গেছি স্যার। আমি তাকে বুকে জড়িয়ে ধরলাম। চোখ দিয়ে আনন্দে জল গড়িয়ে পড়ল, কেবল বললাম, বেঁচে থাক-জয় বাংলা' চারজন ফিরে এসে যখন অবস্থার বর্ণনা দিয়েছিল তখন ভেবেছিলাম ওকে বোধ হয় আর ফিরে পাব না। যাই হোক ওকে আমার কাছে পেয়ে স্বস্তির নিঃশ্বাস ফেললাম।

পুরো জুন-জুলাই আমাদের কাজ অব্যহত থাকে। হিট এণ্ড রান কায়দায় শত্রুদের বিপর্যস্ত করাই আমাদের মুখ্য উদ্দেশ্য ছিল। শত্রুদের ঘাঁটি লাটু, বড়লেখা, ফুলতলা, আটগ্রামের উপর হানা দিলাম। চা-বাগানগুলো অকেজো করতে আরম্ভ করলাম। রাজকী, ফুলতলা, শেওলা, পৃথিমপাশা, সমনভাগ, সোনারুপা,

হাসনাবাদ, চূড়ামনি, গাহেরা, সাগরনাল চা-বাগানগুলো অকেজো করা হল। বিস্ফোরক দ্রব্য বেশী ছিল না। তবুও তাই দিয়ে চা-বাগানের বড় বড় মেশিনের যন্ত্রপাতি অকেজো করা হল।

জুনের প্রথম সপ্তাহে লাঠিটিলা চা-বাগানের উপর মস্তবড় হামলা চালানো হল। জানতে পারলাম লাঠিটিলাতে শত্রুদের এক প্লাটুন সৈন্য পরিখা খনন করে আছে। এই আক্রমণে আমাকে ভারতীয় গোলন্দাজ এবং মেশিনগানের সাহায্য নিতে হয়েছিল। শত্রুদের শক্তিশালী ঘাঁটি ছিল। আমাদের কাছে যে সৈন্য এবং অস্ত্রশস্ত্র চিল তা দিয়ে শত্রুদের মোকাবেলা করা সম্ভব ছিল না বলে আমাকে ভারতীয়দের সাহায্য নিতে হয়েছিল। এই আক্রমণ ক্যাপ্টেন রবের নেতৃত্বে হয়েছিল। খুব ভোরে চারটা থেকে ভরতীয় গোলন্দাজ বাহিনী গোলাগুলি শুরু করল এবং মেশিনগান থেকে গুলি ছুড়তে শুরু করল। আর সঙ্গে সঙ্গে আমাদের সৈন্যরা শত্রুর দিকে অগ্রসর হতে আরম্ভ করল। বেলা প্রায় ১১টার সময় শত্রুরা আমাদের সম্মিলিত আক্রমণের মুখে টিকতে না পেরে পিছু হটে যায়। আমার সৈন্যরা তার উপর হামলা করে অনেক গোলাবারুদ এবং অস্ত্র উদ্ধার হয়েছিল। দুটো পাকিস্তানী সৈনিক আহত অবস্থায় ধরে নিয়ে আসা হয়েছিল। একদিন পর আরেকজন পাঞ্জাবী ল্যান্স নায়েককে পাতনী চা বাগানে পাওয়া গিয়েছিল।

এই যুদ্ধে নায়েক শফিকউদ্দিন আহমদেকে বীরপ্রতিক উপাধিতে ভূষিত করার জন্য সুপারিশ করা হয়েছিল। নায়েক শফিকই হাতাহাতি যুদ্ধে নিজের জীবন বিপন্ন করে গ্রেনেড ছুড়ে আহত সিপাহীটিকে ধরে আনতে সক্ষম হয়েছিল। জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত 'হিট এণ্ড রান' কৌশল অব্যাহত থাকে। বেশীরভাগ চা-বাগানগুলো অকেজো করে দেয়া হলো। এবং স্থির হলো যে গণবাহিনীর ছেলেদের সিলেটের ভেতরে ঢুকানো হবে। এদেরকে বলা হল, সিলেটের ভেতরে গিয়ে ডাকঘর, পুলিশ স্টেশন, বাণিজ্য কেন্দ্রে ইত্যাদিতে গ্রেনেড নিক্ষেপ করে স্বাভাবিক কাজকর্ম ব্যাহত করতে হবে। এদিকে ক্যাপ্টেন শরিফুল হক জুলাই মাসের মাঝামাঝি দিলখুশ ও জুবীতে অনেক অপারেশন করল এবং খরব পাওয়া গেল দিলখুশ চা বাগানে পাকিস্তানীরা পরিখা খনন করেছে এবং আমাদের জুবী যাবার রাস্তা বন্ধ করে দেবার চেষ্টা করছে। ক্যাপ্টেন শরিফুল হককে বলা হল দিলখুশে পাকিস্তানী ঘাঁটি ধ্বংস করতে। এই ঘাঁটি ধ্বংস করার জন্য আমাকে ভারতীয় গোলন্দাজ বাহিনীর সাহায্য নিতে হয়েছিল। ক্যাপ্টেন হক একজন আর্টিলারী অফিসার। টার্গেট নির্দেশ করার প্রশিক্ষণ তার ছিল। দিলখুশ আক্রমণের জন্য কি কি কাজ করতে হবে তা সৈন্যদেরকে বুঝিয়ে দেয় হল। দিলখুশ থেকে প্রায় এক মাইল দূরের একটা উঁচু লম্বা গাছ থেকে পুরো দিলখুশ এলাকাটা দেখা যায়। আক্রমণ শুরু হল। ক্যাপ্টন হক গাছে চড়ে অয়ারলেস- এর সাহায্য টার্গেট সঠিকভাবে নির্দেশ করতে আরম্ভ করলেন। আমাদের গোলাগুলি পাকিস্তানীদের উপরে পড়তে লাগল। তারা দৌড়াদৌড়া আরম্ভ করল, বুঝা গেল তারা ছত্রভঙ্গ হয়ে গেছে। যুদ্ধ যখন শেষ অবস্থায় এসে পৌঁছল তখন শত্রুদের একটা ৩" মর্টরের গুলি এসে হক যে গাছে ছিল তার নিচে এসে পড়ল এবং হক আহত হয়ে পড়ে গেল। আমাদের পক্ষের গোলাগুলি এর পর থেকে ঠিক লক্ষ্যস্থানে পড়েছিল না-এমনি আমাদের উপরেই পড়তে আরম্ভ করল। আমাদের সৈন্যরা তখন পিছু হটতে বাধ্য হল। হককে উদ্ধার করে হাসপাতালে পাঠিয়ে দেয়া হল। যদিও এ আক্রমণ সফল হয়নি, তবুও পাকিস্তানীদের মনোবল অনেক ভেঙ্গে গিয়েছিল এবং বেশকিছু হতাহত হয়েছে বলে খবর পাওয়া গেছে। এই এ্যাকশনের পর পাকিস্তানীরা দিলখুশে আর তাদের ঘাঁটি বানায়নি। এই যুদ্ধের জন্য ক্যাপ্টেন হককে বীর উত্তম উপাধির সুপারিশ করা হয়েছিল। আগস্ট মাসে লুবাছড়া, কাড়াবালা, মোকাটিলা, আমলসিদ, ন' মৌজা আমাদের মুক্ত এলাকা বলে ঘোষিত হল। পাকিস্তানীরা এই মুক্ত এলাকা দখল করার জন্য বার বার আক্রমণ চালিয়েছে কিন্তু সফল হতে পারেনি।

খবর পাওয়া গেল লাটুতে শত্রুসৈন্য (প্রায় এক কোম্পানী) পরিখা খনন করেছে এবং বড়লেখা পর্যন্ত তারা প্রতিরোধ গড়ে তুলেছে। লাটু এমন একটা জায়গা যেটা দখল করা আমাদের পক্ষে খুবই দরকার ছিল। কারণ লাটু দখল করলে শত্রুদের কুলাউড়া-শ্রীহট্ট রাস্তায় চলাচলে অনেক অসুবিধা হবে। মেজর রবের অধীনে প্রায় ৩০০ মুক্তিযোদ্ধা নিয়ে লাটু দখলের পরিকল্পনা নিলাম। আমার পরিকল্পনা ছিল লাটু রেলওয়ে স্টেশনে

কিছুসংখ্যক সৈন্য দিয়ে আক্রমণ চালানো আর বাকি সৈন্য দ্বারা লাটুর বাঁয়ে পাহাড়ের গা ঘেঁষে লাটুর উপর পুরোপুরি আক্রমণ চালিয়ে দখল করা। লাটু- বড়লেখা রাস্তায় মাইন পুঁতে রাখার নির্দেশ দেয়া হয়েছিল, যাতে পাকসেনারা বড়লেখা হতে অগ্রসর হতে না পারে এবং বাধাপ্রাপ্ত হয়। আমাদের কাছে কোন অয়ারলেস সাজসরঞ্জাম ছিল না। তাই একদলের সাথে অন্যদের যোগাযোগ ছিল না। আগস্টের শেষের দিকে ভোর চারটায় আক্রমণ শুরু হল। বেলা সাড়ে এগারটায় লাটু-বড়লেখা রাস্তায় মাইন পোঁতার জন্য যাদেরকে পাঠানো হয়েছিল তারা সাড়ে এগারটায় ফিরে আসে। দুইজন গুরুতরভাবে আহত হয়েছিল মাইন পোঁতার সময়। তাদের সবাইকে মেজর রবের কাছে পাঠিয়ে দিলাম। পাকসেনাদের উপর আক্রমণ চলতে থাকে। বেলা প্রায় দুটোর সময় দেখা গেল যে পাক সেনারা বাঙ্কার ছেড়ে পেছনে চলে যাচ্ছে। পরক্ষণেই আরম্ভ হল শত্রুসৈন্যর লাটুর উপর গোলাগুলি নিক্ষেপ। বোঝা গেল বড়লেখা থেকে শত্রুসৈন্য লাটুতে এসে যোগ দিয়েছে। শত্রুদের কাছ থেকে ৩ ইঞ্চি এমজি'র গোলাগুলি আসতে লাগল। বেলা প্রায় সাড়ে পাঁচটা। শত্রুদের প্রচণ্ড আক্রমণের মুখে মুক্তিযোদ্ধারা টিকতে না পেরে পিছনে চলে আসতে শুরু করে। মনটা খারাপ হয়ে গেল। এই যুদ্ধে তিনজন মুক্তিযোদ্ধা শহীদ হয়েছিল।

সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে আবার আক্রমণ চালানো হল। সারোপার এবং লাটু এ দুটো জায়গা আবার দখল করার প্রচেষ্টা চালানো হয়। তুমুল যুদ্ধের পর সারোপার আমাদের হস্তগত হয়। সারোপার দখলে একটা সুবিধা হল যে শত্রুসৈন্যর এখন কুলাউড়া থেকে সিলেটে সরাসরি আসা বন্ধ হয়ে গেল। পুরো সেপ্টেম্বর মাসটা লাটু, বড়লেখা এমনি ফেঞ্চুগঞ্জ পর্যন্ত আমাদের আক্রমণ চলতে লাগল। ইতিমধ্যে মুক্তিযোদ্ধা কমাণ্ডার সাদী তার সৈন্যদের নিয়ে চা-বাগানে আক্রমণ চালায় এবং দুদিন তুমুল যুদ্ধের পর পুরো লুবাছড়া-কাড়াবালা আমাদের হস্তগত হয়। লুবাছড়া মুক্ত হবার পর পাকিস্তানীরা বার বার চেষ্টা চালিয়েছে লুবাছড়া দখল করার জন্য, কিন্তু লুবাছড়া পুনরায় দখল করতে তারা সমর্থ হয়নি। লুবাছড়া স্বাধীনতা লাভ পর্যন্ত মুক্ত ছিল। আমাদের আক্রমণের ভবিষ্যৎ কর্মসূচী লুবাছড়া থেকে নির্ধারিত হয়েছিল। এই যুদ্ধে মুক্তিযোদ্ধা খাজা নিজাম উদ্দীনসহ নিম্নলিখিত মুক্তিযোদ্ধারা শহীদ হয়েছিল এবং তাদের বীরত্বের জন্য লুবাছড়া আমাদের হস্তগত হয়েছিল। তাদেরকে এ ওয়ার্ড দেয়ার জন্য আমি সি-ইন-সি'র কাছে অনুরোধ করেছিলাম।

নিহতারা হলোঃ ১। খাজা নিজাম্মুদ্দীন বীর শ্রেষ্ঠ। ২। রফিক উদ্দীন বীরোত্তম। ৩। মোহাম্মদ বশির আহম্মদ বীরপ্রতীক। ৪। মোহাম্মদ মইজুল ইসলাম বীর প্রতীক। ৫। মোহাম্মদ শাহাবউদ্দীন বীরশ্রেষ্ট। ৬। মোহাম্মদ হোসেন। ৭। আতিকুল ইসলাম বীরপ্রতিক। ৮। আশরাফুল হক বীরোত্তম। ৯। মাহমুদূর রব বীরোত্তম।

নয়টা গ্রাম নিয়ে গঠিত একটি মৌজা-নাম ন' মৌজা। এটি ভারতের কৈলাশশহের বিপরীতে অবস্থিত ছিল। লেঃ ওয়াকিউজ্জামানের নেতৃত্বে ন' মৌজায় পাকিস্তানী ঘাঁটির উপর আঘাত হানা হল এবং ন' মৌজাকে শত্রুমুক্ত হরা হল। এমনিভাবে লুবাছড়া, কাড়াবালা, মোকামটিলা, আমলসিদ, ন' মৌজা আমাদের দখলে আসে এবং পরবর্তী পর্যায়ে পাকিস্তানীদের উপর আঘাত করা হল এই সমস্ত ঘাঁটি হতে।

অক্টোবরের মাঝামাঝি মেজর জিয়া (বর্তমানে মেজর জেনারেল) ১ম এবং ৮ম বেঙ্গল রেজিমেণ্ট নিয়ে আমার সেক্টরে যোগ দেন। তাতে আমার শক্তি অনেক বেড়ে যায়। ১ম বেঙ্গল রেজিমেণ্ট জিয়াউদ্দিনের নেতৃত্বে এবং ৮ম বেঙ্গল রেজিমেণ্ট মেজর আমিনের নেতৃত্বে (বর্তমানে দুজনই লেফটেন্যাণ্ট কর্নেল) সিলেটের চা বাগানগুলোর উপরে আক্রমণ চালানো হয়। পরিকল্পনা ছিল চা বাগানগুলো শত্রুমুক্ত করে আমরা সবাই মিলে সিলেটের দিকে অগ্রসর হব। ১ম বেঙ্গল রেজিমেণ্ট প্রথমে আঘাত হানল কেজুরীছড়া চা বাগানের উপর। সঙ্গে সঙ্গে ৮ম বেঙ্গল রেজিমেণ্ট আঘাত হানল ফুলতলা- সাগরনাথ চা বাগানের উপর। এমনিভাবে সেক্টর ট্রুপস এবং 'জেড' ফোর্স পুরো সিলেট জেলার উপর একটার পর একটা আঘাত হানতে শুরু করল এবং পাকিস্তানীদের পর্যুদস্ত করতে শুরু করল। ৮ম বেঙ্গল রেজিমেণ্ট দক্ষিণগুলো চা বাগানের উপর আক্রমণ চালালো। শত্রুদের ২২

বেলুচ রেজিমেন্ট ওখানে ছিল। পাকিস্তানীরা আনেকবার দক্ষিণগুলের উপর আক্রমণ চালিয়েছে। কিন্তু ৮ম বেঙ্গল রেজিমেন্ট দক্ষিণগুল হাতছাড়া করেনি। আমার মনে হয়, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে এবং বাংলাদেশের ইতিহাসে এই সর্বপ্রথম দক্ষিণগুলে ১০৫ মিলিমিটার আর্টিলারী দক্ষতার সাথে এবং কার্যকরীভাবে শত্রুর বিরুদ্ধে ব্যবহার করা হয়েছিল। দক্ষিণগুল জয়ের অন্যতম কারণগুলোর মধ্যে ১০৫ আর্টিলারীর সাফল্যজনক ব্যবহার অনেকাংশ সাহায্য করেছিল। ১০৫ মিলিমিটার আর্টিলারী ব্যবহারের প্রশিক্ষণ সিলেট সেক্টর আমারই তত্ত্বাবধানে ক্যাপ্টেন রশীদের পরিচালনায় সর্বপ্রথম হয়েছিল। আমার যতদূর মনে হয়, ১০৫ মিলিমিটার আর্টিলারীকে পরবর্তীকালে মুজিব ব্যাটারী বলে আখ্যায়িত করা হয়েছিল।

নভেম্বরের শেষ সপ্তাহে আট-গ্রাম-জাকীগঞ্জ দখল করা অত্যন্ত প্রয়োজনীয় হয়ে পড়ল। কারণ জাকীগঞ্জ সিলেটের এক কোণে অবস্থিত। ভারতের করিমগঞ্জ শহরটি ঘেঁষে জাকীগঞ্জের অবস্থিতি। মাছখানে ছোট্র একটি নদীর ব্যবধান। জাকীগঞ্জ থেকে পাকিস্তানীরা শিলচর-করিমগঞ্জ রেলওয়ে লাইনের উপর রাতের অন্ধকারে মাইন পুঁতে রাখত। তার ফলে দু'দুবার মালবাহী ট্রেন দুর্ঘটনার সম্মুখীন হয়েছিল। এতে আমরা অত্যন্ত লজ্জাবোধ করতাম, কারণ বাংলাদেশ থেকে পাকিস্তানীরা এসে বন্ধুরাষ্ট্রের ক্ষাতিসাধন করছে। তাই জাকীগঞ্জ দখল করা অত্যন্ত প্রয়োজনীয় হয়ে পড়ল। সেক্টর ট্রুপস এবং বেঙ্গল রেজিমেন্টকে নিয়ে হামলা চালানো হল। জাকীগঞ্জের এই যুদ্ধে ভারতের সাহায্য-সহযোগিতা কোনদিন ভুলবার নয়। তাদের সাহায্য না পেলে হয়ত জাকীগঞ্জ আটগ্রাম শত্রুমুক্ত করা সহজ বা সম্ভব হত না। প্রচণ্ড যুদ্ধের পর জাকীগঞ্জ আটগ্রাম আমাদের দখলে আসে। দখলের পর ১ম বেঙ্গল রেজিমেন্ট আটগ্রামে অবস্থান করছিল। ভরতের ৯৯তম মাউন্টেন রেজিমেন্টকে জানাই আমার সালাম।

খবর আসতে লাগল শত্রুসৈন্য সমস্ত সিলেট জেলায় আমাদের আক্রমণ প্রতিহত করতে না পেরে বিপর্যস্ত হয়ে পিছু হটতে শুরু করেছে। তারা রাতে ভয়ে কোথাও বের হত না, পাকিস্তানীদের একা একা কোথাও দেখা যেত না। গেরিলা অপারেশন অত্যন্ত সাফল্যজনকভাবে পরিচালিত হচ্ছিল। পাকিস্তান সোনাবাহিনী গেরিলা অপারেশনের সফলতায় ভীতসন্ত্রস্ত হয়ে পড়েছিল। তারা তাদের ঘাঁটি থেকে বের হতে সাহস করত না। তাদের চলাফেরা সীমাবদ্ধ হয়ে পড়েছিল।

সিলেট জয় করতে হলে কানাইঘাট দখল করা সবর্প্রথম প্রয়োজন। আমি সেক্টর ট্রুপস নিয়ে কানাইঘাট জয়ের জন্য লুবাছড়ার দিকে অগ্রসর হয়ে ওদিক থেকে আক্রমণের পরিকল্পনা নিলাম। আমার সঙ্গে ছিল বাংলাদেশের রাইফেলের ছেলেরা, আনসার, মোজাহিদ. পুলিশ ও স্কুল-কলেজের ছাত্ররা। সব মিলিয়ে প্রায় ৪০০ জন। লুবাছড়া পৌঁছতে পৌঁছতে বিকেল হয়ে আসল। চিন্তা করতে লাগলাম কিভাবে কানাইঘাট দখল করা যায়। আমাকে হুকুম দেয়া হয়েছিল যেভাবে হোক কানাইঘাট দখল করতে হবে।

সিলেট সেক্টর ট্রুপস কানাইঘাটের যুদ্ধ একটি অবিস্মরণীয় ঘটনা। ১৯৭১ সালের ৩রা ডিসেম্বর সেক্টর ট্রুপস অগ্রসর হল। সৈন্যসংখ্যা চারশোজনকে নিয়ে চারটি কোম্পানী গঠন করা হল। একটা কোম্পানীকে লেফটেন্যান্ট গিয়াসের নেতৃত্বে দরবস্ত -কানাইঘাট রাস্তার মধ্যে 'কাট অফ কোম্পানী' হিসেবে কাজ করার দায়িত্ব দেয়া হল। ওর কাজ ছিল শত্রুসৈন্য দরবস্ত হতে কানাইঘাট যুদ্ধে যেন কোন সাহায্য করতে না পারে। লেফটেন্যন্ট জহীরকে আর একটি কোম্পানীর দায়িত্ব হতে কানাইঘাট-চোরঘাই রাস্তায় 'কাট অফ কোম্পানী' হিসেবে কাজ করার দায়িত্ব দেয়া হল। ওকে এই দায়িত্ব দেয়ার কারণ হল চোরঘাই থেকে যেন শত্রুসৈন্য কানাইঘাটে সাহায্যে এগিয়ে আসতে না পারে এবং কানাইঘাট থেকে শত্রুসৈন্য পালিয়ে চোরঘাইর দিকে না যেতে পারে। আর দুটো কোম্পানী মেজর রব (বর্তমানে লেফটেন্যান্ট কর্নেল)-এর অধিনায়কত্বে নদীর পাড় ও মধ্য দিয়ে শত্রুর উপর হামলা চালিয়ে কানাইঘাট দখলের দায়িত্ব দেয়া হল। রাতের অন্ধকারে কানাইঘাট যুদ্ধ জয়ের অভিযান শুরু হল। রাত দেড়টায় গোলাগুলির আওয়াজ শোনা যায়। লেফটেন্যান্ট গিয়াসের সঙ্গে শত্রুসৈন্যর গুলি বিনিময় হচ্ছে। লেফটেন্যান্ট গিয়াসের কোম্পানী জায়গায় পৌঁছতে পারছে না। ইতিমধ্যে তার

একজন সৈন্য আহত হয়। আমি তাকে বললাম যেভাবে হোক তোমার গন্তব্যস্থলে পৌঁছতে হবে। লেফটেন্যান্ট জহীরের কাছ থেকে খবর আসল সে বিনা বাধায় কানাইঘাট-দরবস্ত রাস্তা পার হয়ে গন্তব্যস্থলের দিকে এগিয়ে যাচ্ছে। রাত যত বাড়তে লাগল ততই গোলাগুলির আওয়াজ বাড়তে লাগল। রাত প্রায় দুটোর সময় লেফটেন্যান্ট গিয়াসের কাছ থেকে খবর পেলাম ওরা শত্রুসৈন্যকে ঘিরে ফেলেছে, তবে তার একটি ছেলে শহীদ হয়েছে এবং সে শত্রুদের উপর শেষ হামলা চালাবার প্রস্তুতি নিচ্ছে। এদিকে জহীরের কাছ থেকে খবর পেলাম তার গন্তব্যস্থল প্রায় ৭০০/৮০০ গজ দূরে, তার উপর ভীষণভাবে মর্টারের গোলাবর্ষণ হচ্ছে এবং সে এগুতে পারছে না। মেজর রবের কাছ থেকে খবর পেলাম তার দুটো কোম্পানী ধীরগতিতে গন্তব্যস্থলের দিকে এগিয়ে যাচ্ছে। তবে সে এখনও মুখোমুখি সংঘর্ষের সম্মুখীন হয়নি। লেফটেন্যন্ট গিয়াসের কাছ থেকে ৪ঠা ডিসেম্বর রাত তিনটার সময় খবর আসল শত্রুদের একটি পুলের চার কোনায় চারটি বাংকার। এবং তার ভেতর থেকে প্রচণ্ড গোলাগুলি আসছে। লেফটেন্যান্ট গিয়াসের সৈন্যরা বাংকারের উপর গ্রেনেডের সাহায্যে শত্রুদের উপর ঝাঁপিয়ে পড়ল। ভেতর থেকে বাংলায় চীৎকার করে বলল, ''আমরা বাঙ্গালী, আমাদের মারবে না। দুটো পশ্চিম পাকিস্তানী রাস্তার উপর দিয়ে পালিয়ে যাচ্ছে। আমরা আপনাদের সাহায্য করব।'' রাত প্রায় সাড়ে তিনটে-চারটে হবে। লেফট্যানেন্ট গিয়াসের কাছ থেকে খবর পেলাম ওরা ওদের দায়িত্ব সঠিকভাবে পালন করেছে। বাংকারের ভেতরে ওরা যেতে পারেনি। কারণ বাংকারে অনেক মৃতদেহ পড়ে আছে। এবং ৭ জন রাজাকার বাইরে চলে এসে আত্মসমর্পণ করেছে। নয়জন পশ্চিম পাকিস্তানী গ্রেনেড ছোড়ার ফলে মারা যায়। দু'জন পশ্চিম পাকিস্তানী পালাবার সময় মুক্তিযোদ্ধারা মেরে ফেলে। ৭ জন বাঙালী রাজাকার আত্মসমর্পণ করে। লেফটেন্যান্ট গিয়াসকে পুরো এলাকায় প্রতিরোধ গড়ে তুলতে হলো যাতে দরবস্ত থেকে শত্রুরা কানাইঘাটের দিকে আসতে না পারে। রাত বাড়তে লাগল, লেফটেন্যান্ট জহীরের কাছ থেকে খবর পেলাম সে এগুতে পারছে না। এদিকে মেজর রব শত্রুসৈন্যর মুখোমুখি প্রায় এসে পড়েছে। তার উপর প্রচণ্ড গোলাবর্ষণ হচ্ছে। বেলা বাড়তে লাগল-মেজর রব শত্রুসৈন্যকে নদীর তীর দিয়ে প্রায় ঘিরে ফেলেছে। সে ওদের কাছ থেকে দুশো গজ দূরে আছে। তার দুটো ছেলে গুরুতরভাবে আহত হয়েছে। তার গোলাবারুদ দরকার বলে সে জানাল। ৪ঠা ডিসেম্বর সকাল ৬টায় জহীরের কাছ থেকে খবর পেলাম এম-জি এবং মর্টারের গোলাগুলিতে সে এগুতে পারছে না। তিনজন গুরুত্বরভাবে আহত হয়েছে। আরো সৈন্য এবং গোলাবারুদ চেয়ে সে অনুরোধ জানাল। আমি বললাম, সৈন্য আর পাঠাতে পারব না, তবে গোলাবারুদ পাঠিয়ে দিচ্ছি। সকাল ৭টায় মেজর রবেব কাছ থেকে খবর পেলাম নদীর ওপার থেকে ওদের উপর গোলাগুলি আসছে। আমি জানতাম আটগ্রামে ১ম বেঙ্গল রেজিমেণ্ট আছে এবং এটাও জানতাম নদীর ওপারে শত্রুসৈন্য আছে। ১ম বেঙ্গলকে দায়িত্ব দেয়া হয়েছিল নদীর ওপার থেকে শত্রুসৈন্যদের সরিয়ে দিতে। আমার সঙ্গে ১ম বেঙ্গল রেজিমেণ্ট এবং 'জেড'-ফোর্স- এর বেতার যোগাযোগ ছিল না। মেজর রবের উপর নদীর ওপার থেকে গোলাগুলি আসতে লাগল। মেজর রবকে বললাম, ভারতের সাথে বেতার যোগযোগ করে ভারতীয় গোলন্দাজ বাহিনীর সাহায্য আমি নিচ্ছি। তুমি তোমার দায়িত্ব পালন করে যাও। ভারতের সাথে যোগাযোগ করি এবং গোলন্দাজ বাহিনীর সাহায্য পাবো বলে তারা আশ্বাস দেয়। এদিকে, যেহেতু মেজর রবের আরো সৈন্যর দারকার ছিল সেইহেতু জহীরকে মেজর ববের সাহায্য পাঠানো হল। লেফটেন্যান্ট গিয়াসের কাজ থেকে খবর পেলাম দরবস্ত থেকে পাকিস্তানীদের কানাইঘাটের দিকে আসার কোন পরিকল্পনা আছে বলে তার মনে হচ্ছে না। গিয়াসকে লেফটেন্যান্ট জহীরকে সাহায্যের জন্য পাঠানো হল। মেজর রব এবং লেফটেন্যান্ট জহীরের দলের উপর শত্রুর ভীষণ গোলাগুলি হচ্ছিল। আস্তে আস্তে ওরা এগুতে লাগল। বেলা প্রায় দশটায় খবর পেলাম নদীর ওপার থেকে পাকিস্তানীরা পেছনে পালাচ্ছে। এদিকে কানাইঘাট থেকেও পাকিস্তানীরা বাংকার থেকে উঠে পড়েছে। কানাইঘাটে শত্রুদের উপর মুক্তিযোদ্ধারা ঝাঁপিয়ে পড়ল। বেলা প্রায় সাড়ে দশটায় মেজর রব, লেফটেন্যান্ট গিয়াস ও লেফটেন্যান্ট জহীরের সৈন্যরা সম্মিলিতভাবে কানাইঘাটে শত্রুসৈন্যদের উপর ঝাঁপিয়ে পড়ল। এবং হাতাহাতি যুদ্ধ শুরু হয়ে গেল। পাকিস্তানীরা রাস্তা না পেয়ে নদীতে ঝাঁপ দিতে আরম্ভ করল এবং নিজেদের পোঁতা মাইন বিস্ফোরণে নিজেরাই মরতে আরম্ভ করল। যারা নদীতে ঝাঁপ দিয়েছিল ওরাও মুক্তিযোদ্ধাদের গুলিতে প্রাণ হারায়। নদীর পানি লাল হয়ে গিয়েছিল। অনেকে পানিতে

ডুবেও মারা যায়। ভীষণ শব্দে মাইনগুলো ফাটছিল। যারা চুরবাইর দিকে পালাতে চেষ্টা করেছিল তারাও মুক্তিযোদ্ধাদের গুলিতে প্রাণ হারায়। বেলা প্রায় এগারটায় কানাইঘাট আমাদের দখলে আসল। কানাইঘাটে শত্রুসৈন্যেও অনেক লাশ ছিল। লাশগুলোর সৎকারের ব্যবস্থা করা হয়েছিল। চারধারে 'জয় বাংলা ধ্বনি, ছেলেদের মুখে হাসি। মনটা গর্বে ভরে উঠল। কানাইঘাট জয়ের কথা জানানো হল। নানা জায়গা থেকে আমাদেরকে অভিনন্দন জানানো হল। জেনারেল ওসমানীর কাছ থেকেও অভিনন্দন বার্তা পেলাম। কানাইধাট যুদ্ধে পাকিস্তানীদের মৃতের সংখ্যা ছিল ৫০ জন, আহত ছিল ২০ জন। বাঙ্গালী রাজাকার ছিল বিশজন। তারা পায়ে ধরে ক্ষমা চাওয়াতে ওদেরকে মুটে-মজুরের কাজ দেয়া হয়েছিল। এই যুদ্ধে আমাদের পক্ষে শহীদ হয়েছে এগারজন। এবং আহত হয়েছিল ১৫ জন। আমার ডাক্তার ছিল সিলেট মেডিক্যাল কলেজের ছাত্র নজরুল। যেভাবে সে আহতদের চিকিৎসা করেছে তাকে ধন্যবাদ না দিয়ে পারছি না। অবাক হয়ে চেয়ে থাকতাম কখনো ব্লেড গরম করে, কখনো বেয়নেট গরম করে কাটাছেঁড়া করছে। অক্লান্ত পরিশ্রম করেছে সে।

এত বড় দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পেরেছি বলে যারা ভাল কাজ করেছে তাদেরকে উপাধিতে ভূষিত করার জন্য সর্বাধিনায়কের কাছে নাম পাছিয়েছিলাম। তারা হলঃ ১। মেজর রব বীরোত্তম। ২। লেফটেন্যান্ট জহিরুল হক বীরপ্রতীক। ৩। সুবেদার মতিন বীরোত্তম। ৪। সুবেদার বাছর আলী বীরোত্তম। ৫। নায়েক সুবেদার শামসুল হক বীরোত্তম। ৬। হাবিলদার মোহাম্মদ শাহ আলম (শহীদ) বীরশ্রেষ্ঠ। ৭। হাবিলদার আবদুল জব্বার বীর প্রতীক। ৮। সিপাহী কামাল উদ্দীন বীর প্রতীক। ৯। নায়েক আলি আকবর বীর প্রতীক। ১০। এফ, এফ, নূরউদ্দীন আহমদ বীরোত্তম। ১১। এফ, এফ, নীলমণি সরকার।

কানাইঘাট জয়ের পর খবর আসল আমাকে দরবস্ত হয়ে সিলেট যেতে হবে। দরবস্ত জায়গাটা হল তামাবিল এবং সিলেটের মধ্যে। খবর পেলাম দরবস্তে এক কোম্পানী পাকিস্তানী সৈন্য আছে। যদি দরবস্ত শত্রুমুক্ত করা না যায় তাহলে সিলেটে আমাদের পাওয়া যাবে না এবং তামাবিল ও গোয়াইনঘাট হতে আমদের যে সৈন্য আসছে ওরাও সিলেট যেতে পারবে না। তাই যেভাবে হোক দরবস্ত শত্রুমুক্ত করতে হবে। আমার এই অভিযান শুরু করার কিছুক্ষণ আগে সর্বাধিনায়কের কাছ থেকে খবর পেলাম জেড-ফোর্সকে আমার এক কোম্পানী দিতে হবে, কারণ ওর সৈন্যসংখ্যা কম। লেফটেন্যান্ট জহীরকে জেড-ফোর্সের ১ম বেঙ্গল রেজিমেন্টকে সাহায্য করার জন্য দিলাম। যতটুকু আমি জানি মেজর জিয়া ১ম বেঙ্গল রেজিমেন্ট নিয়ে এবং সেক্টর ট্রুপসের একটা কোম্পানী নিয়ে শালুটিকর বিমান ঘাঁটির দিকে যাবেন। ওদিকে ভারতের একটা ব্যাটালিয়ন সিলেটের দক্ষিণ দিকে হেলিকপ্টারে ছত্রীসেনা নামিয়ে দেবে। ভারতের ছত্রীসৈন্যের সংগে মিলিত হয়ে মেজর জিয়া তার সৈন্য নিয়ে সিলেট আক্রমণ করবে। আমার সৈন্য দরবস্ত জয় করে খাদিমনগর হয়ে সিলেটের উপর আক্রমণ করবে। ভারতের আর একটি গুর্খা ব্যাটালিয়ন মুক্তাপুরের ৫নং সেক্টরে একটা কোম্পানী নিয়ে খাদিমনগর হয়ে সিলেটের উপর আক্রমন করবে। মেজর শওকত (বর্তমানে ব্রিগেডিয়ার)-এর সৈন্যদল ও ৩য় বেঙ্গল রেজিমেন্ট গোয়াইনঘাট-ছাতক হয়ে সিলেটের পেছন দিক থেকে আক্রমণ করবে। আর একটা বাহিনী ভারতের সাহায্যে মেজর এনামের দায়িত্বে মৌলভীবাজার হয়ে সিলেট আক্রমণ করবে। আর একটা বাহিনী ভারতের সাহায্যে লেফটেন্যান্ট ওয়াকিউজ্জামান এবং ফ্লাইট লেফটেন্যান্ট কাদেরর সেক্টর ট্রুপস নিয়ে ফেঞ্চুগঞ্জ হয়ে সিলেট আক্রমণ করবে। এই ছিল সিলেট যুদ্ধের পরিকল্পনা, যতটুকু আমি জানতে পেরেছিলাম।

শুরু হল দরবস্তের পথে যাত্রা। প্রায় ১৫ মাইল হাঁটতে হয়েছিল। এফ-এফ রবকে দিয়ে একটা কোম্পানী তৈরী করলাম এবং অগ্রবাহিনী হিসেবে কাজ করার নির্দেশ দিলাম। এফ এফ শুকুরের কোম্পানী রইল তার পিছনে। আমার পেছনে রইল মেজর রব ও সুবেদার ফজলুল হকের কোম্পানী। পেছনে ধরা পড়া রাজাকাররা আনল গোলাবারুদ ও খাদ্য সরঞ্জাম।

৬ই ডিসেম্বর বিকেল প্রায় পাঁচটা। সবাইকে এক জায়গায় জড় করলাম। বললাম, যেভাবে হোক দরবস্ত দখলে আনতে হবে। দরবস্তে পাকিস্তানীদের একটা কোম্পানী আছে। দরবস্ত দখল না করলে সিলেট জয় করা

খুবই মশকিল হবে। কারণ ভারত থেকে ইতিমধ্যে গুর্খা ব্যাটালিয়ন এবং এফ-এফ-দের একটা কোম্পানী নিয়ে তামাবিল দখল করে দরবস্তে আমাদের সংগে মিলে সিলেটে একসঙ্গে যাব। যদি দরবস্ত দখল করতে না পারি তাহলে তাদের পক্ষে সিলেট থাকা মুশকিল হবে। তাই আজ রাতের মধ্যেই দরবস্ত দখল করতে হবে। শুরু হল আমাদের অভিযান। গ্রামের নামটা মনে নেই, প্রায় দেড় মাইল দূরে এসেছি। বাঁয়ে সদ্য ফেলা মাটির একটা উঁচু টিলা। মনটা ভাল লাগল না। পাশেই বেশ কয়েকটা বাড়ি ছিল। একজন বুড়ো ভদ্রলোককে ডাকলাম। সে আমাকে দেখে কেঁদে উঠল। কিছুদিন আগের একটা ঘটনা। ৭/৮টা পাকিস্তানী এসেছিল ওদের গ্রামে, সঙ্গে ছিল বাঙ্গালী রাজাকার। সমস্ত গ্রামটা তছনছ করে দিয়েছিল। ওদেরকে খাবার দিতে হবে। যা অল্পবিস্তর খাবার ছিল দেয়া হয়। হালের গরুটাকেও ওরা ছাড়েনি। ওদেরই বাড়িতে রান্নাবান্না হল। খাওয়া শেষ হল। রাত ঘনিয়ে আসতে লাগল। চারিদিক অন্ধকার। ঘরের ভেতরে মেয়েছেলেরা ভয়ে ভীতসন্ত্রস্ত। হঠাৎ ২/৩টা সৈন্য ভেতরে ঢুকতে চেষ্টা করল। ওরা সবাই নিষেধ করল। শুরু হল অমানুষিক মারধর। এমনিভাবে চার-পাঁচটা বাড়িতে হামলা করলো। মেয়েদের উপর অকথ্য নির্যাতন করলো। চারপাশের বেশ কয়েকজন জোয়ান ছেলেকে উঁচু জায়গায় নিয়ে গেল। ওদেরকে দিয়ে মাটি কাটানো হল। তারপর শোনা গেল বেশ কয়েকটা গুলির আওয়াজ এবং সাথে সাথে আর্তনাদ। সবশেষে ডাকা হল বাকি যারা ছিল ওদেরকে-মাটি দিয়ে গর্ত ভরতে। যারা বুড়ো ছিল চোখের পানিতে নিজের ছেলের কবর দিতে লাগল। এই হল রাস্তার পাশে ছোটটিলার ইতিহাস। চোখ ভরে পানি এল। প্রতিহিংসার তীব্র জ্বালা মনে এল। প্রতিশোধ নিতেই হবে।

দরবস্ত এখনো অনেক দূরে। দূরে গোলাগুলির আওয়াজ শুনতে পেলাম। বুঝতে পারলাম না এই গোলাগুলির আওয়াজ কিসের। আন্দাজ করলাম ভারতীয় সৈন্যদের সাথে পাকিস্তানীদের কাছাকাছি কোথাও যুদ্ধ চলছে। দেরী করলে চলবে না, আজকে রাতের মধ্যেই আমাকে দরবস্ত দখল করতে হবে। রাত প্রায় বারটা হবে। এফ-এফ রবের কাছ থেকে খরব পেলাম ওদের উপর গোলাগুলি আসছে। রবের সৈন্যদের দরবস্তকে চারদিক দিয়ে ঘিরে ফেলতে এবং এফ-এফ শুকুরকে দরবস্তের বাঁ দিকে ঘিরে ফেলতে নির্দেশ দেয়া হল। মেজর রবের কোম্পানী রাস্তার ঠিক বাঁয়ে এবং সুবেদার ফজলুল হকের কোম্পানী রাস্তার ডানদিক দিয়ে সোজা দরবস্তের উপর আক্রমণ করবে। দরবস্ত তখন প্রায় তিন মাইল দূরে। বেশ কিছুক্ষণ গোলাগুলির আওয়াজ শোনা গেল। রব এবং শুকুরের সঙ্গে আমার বেতার যোগাযোগ ছিল না। মেজর রব এবং ফজলুল হকের কাছ থেকে খবর পেলাম যে রব এবং শুকুরের সাথে তাদের কোন যোগযোগ নেই, তবে তারা দরবস্তের কাছে পৌঁছে গেছে।

৭ই ডিসেম্বর সকাল চারটা। মেজর রব এবং ফজলুল হক খবর দিল যে দরবস্ত দখল হয়ে গেছে। মেজর রব এবং সুবেদার ফজলুল হকের সৈন্যদের বিশ্রাম নিতে বললাম। যখন একটু বেলা হয়ে যাবে তখন যেন ওরা এক-একটা করে প্লাটুন পাঠিয়ে দেয় রব এবং শুকুরের সৈন্যদের খুঁজে বের করতে। সকাল প্রায় ৭টা। দেখছি, দু'ধার থেকে এফ-এফ রব এবং এফ-এফ শুকুরের সৈন্যরা এসে আমদের সাথে একত্রিত হচ্ছে। এফ-এফ রবের কাছ থেকে জানলাম ওরা যখন পাকিস্তানীদের পেছনে ধাওয়া করছিল তখন ওরা দিক হারিয়ে অনেক ডানে চলে গিয়েছিল, এবং পরে একটা গ্রামে আশ্রয় নিয়েছিল তবে কোন পাকিস্তানীকে পায়নি। এফ-এফ শুকুরের খবরে জানলাম পাকিস্তানীরা রাতের অন্ধকারে হরিপুরের দিকে দৌড়ে পালাচ্ছিল। ওদেরকে পিছু ধাওয়া করতেই ওরা অন্য পথে চলে গিয়েছিল। তারাও একটা গ্রামে আস্তানা গেড়েছিল। ওখানেও গ্রামের বাড়িতে একটা পাকিস্তানী সৈন্য লুকিয়েছিল, তাকেও শেষ করা হয়েছে। ইতিমধ্যে ভারতের গুর্খা সৈন্যরা ৫নং সেক্টরের একটি কোম্পানী নিয়ে দরবস্ত পৌঁছেছে।

৮ই ডিসেম্বর, বেলা প্রায় দশটা হবে। একদিনের জন্য দরবস্তে আমার আস্তানা গেড়েছি। ব্রিগেডিয়ার ওয়াদকে এবং ব্রিগেডিয়ার বার্নে এসে দরবস্তে পৌঁছলেন। ঠিক হল গুর্খা রেজিমেন্ট রাস্তার ডান পাশ হয়ে দরবস্ত-সিলেট যাবে এবং আমার সৈন্যরা রাস্তার বাঁদিক দিয়ে খাদেমনগর হয়ে সিলেট যাবে।

১০ই ডিসেম্বর পৌঁছলাম লামা নামক একটা গ্রামে। ব্রিগেডিয়ার ওয়াদকের সঙ্গে দেখা হল। উনি বললেন, হিমু চা বাগানের কাছে পাকিস্তানীরা শক্ত ব্যূহ রচনা করছে। একটা পুল আছে হিমুর কাছে। তার নিচে দিয়ে

একটি নদী চলে গেছে। এবং হিমুর আগে বেশকিছু উচু জায়গা আছে। আমাদের পক্ষে এগোনো অসম্ভব হয়ে পড়েছে। তাছাড়া হিমু যাবার পুলটা পাকিস্তানীরা উড়িয়ে দিয়েছে। আমাকে বলা হল হিমুর পেছন দিক থেকে শত্রুসৈন্যকে আক্রমণ করতে এবং যেভাবে হোক হিমু শত্রুমুক্ত করে হরিপুরের উপর আক্রমণ চালাতে।

খাওয়া-দাওয়া করে গ্রাম থেকে দ'জন গাইড নিয়ে চললাম হিমুর উদ্দেশ্যে। সারারাত নদী-খাল-বিল পার হয়ে পৌঁছলাম আটগ্রাম বলে একটি গ্রামে। সেখান থেকে হিমুর দূরত্ব প্রায় দু'মাইল। আটগ্রাম পৌঁছলাম ভোর চারটায়। গ্রামের পাশে নদী পার হতে হবে অনেক কষ্টে। দুটো নৌকা যোগাড় করা গেল। ওপারে সবাই পৌঁছলাম। ওপারে প্রায় ৭০০/৮০০ গজ দূরে খোলা মাঠ, তার উপরে অনেকগুলো উঁচু টিলা, যা পুরো আটগ্রাম গ্রামকে ঘিরে রেখেছে। সকাল হতে চলেছে। দেখলাম হিমু পর্যন্ত পুরো খোলা মাঠ। চিন্তা করলাম দিনের বেলা এই খোলা মাঠের ভেতর দিয়ে যাওয়া সমীচীন হবে না। তাই সবাইকে বললাম আজকের দিনটা আটগ্রামে কাটিয়ে দিই। সন্ধ্যার সময় হিমুর পথে যাত্রা করা যাবে। ভারতীয় গুর্খা সৈন্যদের সংগে বেতার যোগাযোগ করতে পারলাম না। যাই হোক আবার সবাই মিলে নদী পার হয়ে আটগ্রামে ফিরে আসলাম। আমার সৈন্যদের কে কোথায় জায়গা নেবে পুরো হুকুম দেবার সময় পেলাম না। বেলা প্রায় আটটা হবে। পাকিস্তানীদের দিক থেকে শুরু হল আমাদে উপর ৩ ইঞ্চি মর্টারের গোলাবর্ষণ। সঙ্গে আরম্ভ হল আমাদের উপর মেশিনগান এবং এল-এম-জি'র গোলাবর্ষণ। সৈন্যরা নিজের নিজের জায়গায় অবস্থান নিল। কিছুই করার নেই একবারে শত্রুর মুখে পড়ে গেছে। কিন্তু বুঝলাম একেবারে আচানক শত্রুর গোলাগুলিতে আমার সৈন্যরা একেবারে ছত্রভঙ্গ হয়ে পড়েছে।

আটগ্রাম ছোট গ্রাম। বৃষ্টির মত গোলাগুলি হচ্ছিল। আমাদের এমন কিছুই করবার নেই। চিন্তা করলাম যদি আটগ্রাম থাকি তাহলে আমরা সবাই মারা যাব। কারণ পাকিস্তানীরা আমাদের জায়গা জেনে ফেলেছে। তাই সবাইকে বললাম যে বেভাবে পারে পেছনে দু'তিন মাইল দূরে অন্য আর এক গ্রামে চলে যেতে। যাবার সময় আহতদের নিয়ে যাবার জন্য বলা হল। ডাক্তার নজরুলকে বললাম যারা শহীদ হয়েছে তাদের কবরের ব্যবস্থা করার জন্য। আমরা সবাই চললাম গ্রামের দিকে। সৃষ্টিকর্তার অশেষ দয়া ছিল। যখন আমরা আটগ্রাম ছেড়ে পেছনের গ্রামে যাচ্ছিলাম তখন আমাদের কেউ শহীদ বা আহত হয়নি। যদিও আমাদের উপর গোলাগুলি হচ্ছিল। একটি গুলিও আমাদের উপর লাগেনি। যখন সবাই এসে পৌঁছলাম তখন দেখলাম আমার ১১ জন ছেলে শহীদ হয়েছে এবং পাঁচজন গুরুতরভাবে আহত হয়েছে। সবার সাথে আলাপ করে বুঝলাম সবাই ঘাবড়ে গেছে। ভাবলাম একটা দিন পুরো বিশ্রাম নেয়া উচিত। গ্রামের লোকেরা আমাদের যথেষ্ট খাতির করেছে।

১২ই ডিসেম্বরে বিকেল বেলা হিমু থেকে খবর পেলাম পাকিস্তানীরা চলে গেছে চিকনাগুল চা বাগানের দিকে। সোজা চিকনাগুল চা বাগানের দিকে যাবার পরিকল্পনা নেয়া হল। চারধার থেকে গোলাগুলির আওয়াজ আসতে লাগল। বিনা বাধায় চিকনাগুলে পোঁছলাম। ভারতের গুর্খা ব্যাটালিয়নের সঙ্গে তখন পর্যন্ত আমাদের যোগাযোগ সম্ভব হয়ে ওঠেনি। পরের দিন রাস্তায় দেখা হল গুর্খা ব্যাটালিয়নের সি-ও'র এর সঙ্গে, ঠিক হল রাস্তার ডানদিক দিয়ে খাদেমনগরের উপর আক্রমণ চালাবে গুর্খা ব্যাটালিয়ন। বাঁয়ে আক্রমণ করবে আমাদের সৈন্যরা। খাদেমনগর পাকিস্তানীদের বিরাট এবং শেষ ঘাঁটি।

১৫ই ডিসেম্বর, ১৯৭১ সন। চারধারে পাকিস্তানীরা মজবুত ব্যুহ রচনা করেছে। যতবড় ব্যুহই রচনা করুক বাংলাদেশের দামাল ছেলেরা শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করছে। সিলেট আর বেশী দূর নয়। তারা এগিয়ে যাবেই। পেছনে যাবার কোন প্রশ্নই ওঠে না। ভারতের গুর্খা ব্যাটালিয়ন রাস্তার ডানে এবং আমাদের সৈন্যরা রাস্তার বাঁয়ে এগিয়ে চলেছে খাদেমনগর দখলের চেষ্টা। কিছুদূর এগিয়েছি। সামনে ইদগা এবং উঁচু টিলা থেকে মর্টার ও মেশিনগানের গোলাগুলি আসতে লাগল। কিছুক্ষণ বিরতির পর আবার শুরু হয় গোলাগুলির আওয়াজ। বেলা বাড়তে লাগল। রাস্তার ডানে এবং বাঁয়ে গোলাগুলি শুরু হয়ে গেল। ইতিমধ্যে আমার এক কোম্পানী ঈদগার প্রায় কাছাকাছি পৌঁছে গেছে। একেবারে খোলা জায়গা। তবে দু-একটা টিলা ছিল। বেলা প্রায় পাঁচটা।

হাবিলদার গোলাম রসুল ছেলেটি ছিল বেশ নির্ভীক। ঈদগার উপর একা আক্রমণ করতে গিয়ে শহীদ হল। বৃষ্টির মত গোলাগুলি চলছিল। তবু সে এগিয়ে গিয়েছিল। রাত হয় হয়। ঈদগা আমাদের দখলে আসল। ই পি আর-এর এই নির্ভীক ছেলেটি ঈদগার দখল দেখে যেতে পারল না। তারই বীরত্বে ঈদগা দখল সম্ভব হয়েছিল। তাকে বীরশ্রেষ্ঠ উপাধি দেয়ার জন্য আমাদের সর্বাধিনায়কের কাছে নাম পাঠিয়েছি। সেদিন রাতে চিকনাগুলের কাছে তাকে কবর দেয়া হয়। এই যুদ্ধে একজন শহীদ ও তিনজন গুরুতররূপে আহত হয়েছিল।

পরদিন খাদেমনগরের কাছে এসে পৌঁছলাম এবং খাদেমনগর আক্রমণ করার পরিকল্পনা নিলাম। আমাদের উপর ভীষণভাবে গোলাগুলি আসছিল। আমাদের পক্ষ থেকেও ভীষণ গোলাগুলি খাদেমনগরের উপর পড়ছিল। গ্রামের লোকেরা খুব সাহায্য করেছে। ১৬ই ডিসেম্বর, ১৯৭১ সন। সবাইর মনে আনন্দ। যারা আনন্দের দিনে আমাদের সঙ্গে নেই, যাদের রক্তের বিনিময়ে আজ আমরা স্বাধীনতা পেলাম-পরমেশ্বরের কাছে হাতজোড় করে জানালাম অজস্র প্রণাম। তাদের আত্মার সদগতি হোক। জয় বাংলা।

সিলেটের স্বাধীনতা এসেছিল ১৭ই ডিসেম্বর।

স্বাক্ষরঃ চিত্তরঞ্জন দত্ত,
ব্রিগেডিয়ার
২৪-৩-৭৪

শিরোনাম	সূত্র	তারিখ
৮। ৪নং সেক্টরের যুদ্ধ সম্পর্কে অন্যান্যের প্রদত্ত বিবরণ	সাক্ষাৎকারঃ লেঃ কর্নেল মোহাম্মদ আবদূর রব*১৭-১২-৭৯	মে-ডিসেম্বর ১৯৭১

উঃ অক্টোবর-নভেম্বরের দিকে। একটা সময় খুব খারাপ এসেছিল জুন-জুলাই মাসে। তখন অনেকে হতাশাগ্রস্ত হয়ে পড়েছিলেন। এমনকি আমাদের এমএনএগণ পর্যন্ত বলতে শুরু করেছিলেনঃ 'ভাই আর কি দেশে ফিরে যাওয়া যাবে?' কিন্তু আমরা হতাশায় ছিলাম না। আমরা সব সময় আশাবাদী ছিলাম। কারণ, এতে জড়িত ছিল বাঁচামরার প্রশ্ন। হয় দেশ উদ্ধার করতে হবে, নইলে দেশ-জাতি সবই গেল। তবে সেপ্টেম্বর-অক্টোবরের দিকে আমরা বুঝতে পেরেছিলাম যে আমরা জয়ের দিকে যাচ্ছি এবং আমরা জিতবই- দু'মাস লাগতে পারে, ছয়মাস লাগতে পারে, আমরা আমাদের নিজেদের শক্তিতে জিতব। এজন্য ভারতীয় সৈন্যের প্রয়োজন হবে না।

প্রঃ পাকিস্তানী বাহিনীর তুলনায় আপনাদের সৈন্যবল তো খুব কম ছিল, অস্ত্রও ছিল খুবই সীমিত। আপনাদের প্রধান রণকৌশল সর্ম্পকে কিছু বলুন।

উঃ রণকৌশল যা সাধারণ হওয়া উচিত, তাই ছিল। শুরুর দিকে যেহেতু আমরা ছোট ছোট দলে গিয়েছিলাম, তাই তখন গেরিলা রণকৌশলকে আমরা প্রধান অবলম্বন হিসাবে বেছে নিয়েছিলাম। কারণ যুদ্ধের নিয়মই হলো যখন কোন বড় শত্রুর সাথে আপনি যুদ্ধে জড়িয়ে পড়তে চান, তখন আপনি যদি চিরাচরিত যুদ্ধনীতি ভঙ্গ করে যুদ্ধ করতে হবে, অর্থাৎ গেরিলা যুদ্ধ করতে হবে। এই পদ্ধতিতে আমরা শত্রুদের বড় বড় বাহিনীর ওপর আচমকিতে গুলি চালিয়ে পালিয়ে যেতাম। তাতে শত্রুপক্ষের হতাহতের সংখ্যা অনেক বেশী হতো, অপরপক্ষে আমাদের কিছু হতো না। আমাদের মূল রণকৌশলই ছিল, এই গেরিলা পদ্ধতিতে পাকিস্তান বাহিনীকে রোজ একটু একটু আঘাত করে ওদের শক্তি কমিয়ে দেয়া এবং ওদের অসংগঠিত করে দেয়া, ওদের রসদপত্র নষ্ট করে দেয়া ইত্যাদি। আমরা জানতাম যে একটা সময় আসবে যখন আমরা নিয়মিত বাহিনী গঠন করে ওদের আক্রমণ করে আমাদের দেশ পুনরুদ্ধার করতে পারব।

প্রঃ শত্রুবাহিনী থেকে আপনারা কি পরিমান অস্ত্রশস্ত্র ছিনিয়ে নিয়েছিলেন?

উঃ প্রচুর। শুরুর দিকে আমাদের যা কিছু অস্ত্রশস্ত্র ছিল তাই দিয়ে যুদ্ধ করতাম। পরের দিকে বেশীর ভাগ ক্ষেত্রে আমরা অনেক অস্ত্রশস্ত্র এবং গোলাবারুদ ছিনিয়ে আনতে সক্ষম হয়েছিলাম। যখন আমরা আকস্মিক আক্রমণ চালাতাম কখন তারা পালিয়ে যেতো। তারা পালিয়ে যাওয়ার পর যা অস্ত্রশস্ত্র পড়ে থাকতো সব আমরা নিয়ে নিতাম।

প্রঃ ৩রা ডিসেম্বর '৭১ পাকিস্তান এবং হিন্দুস্তানের সাথে আনুষ্ঠানিক যুদ্ধ ঘোষণার পর আপনার রণকৌশলের কোনও পরিবর্তন হয়েছিল কি?

উঃ হ্যাঁ। তখন আমরা চিরাচরিত যুদ্ধে (কনভেনশনাল ওয়ার) লিপ্ত হয়ে গেলাম। ৩রা ডিসেম্বরের পর প্রথম আমরা দখল করলাম টেংরা টিলা। তারপর দখল করলাম ছাতক, তারপর সুনামগঞ্জ। তারপর আমরা

সমস্ত বাহিনী সুরমা নদীর এপারে পার করে সোজা সিলেটের দিকে ধাবিত হলাম। আমরা লামাকাজি পর্যন্ত দখল করলাম। তখনই পাকিস্তান বাহিনীর আত্মসমর্পণের কথা ঘোষিত হয়ে গেল।

প্রঃ জেনারেল জগজিৎ সিং অরোরাকে ইস্টার্ন কমাণ্ডের প্রধান সেনাপতি নিযুক্ত করার পর মুক্তিবাহিনীর প্রদান সেনাপতি জেনারেল ওসমানীর ভূমিকা কি হয়েছিল?

উঃ জেনারেল জগজিৎ সিং অরোরাকে কমাণ্ডে দেয়ার পর জেনারেল ওসমানীই আমাদের জানালেন যে এখন জেনারেল আরোরার নেতৃত্বে যৌথ কমাণ্ড হচ্ছে। কাজেই আমাদের এলাকায় নিযুক্ত ভারতীয় জেনারেলগণের সাথে ঔ সময় থেকে সংযোগ রক্ষা করে যুদ্ধ করার জন্য তিনি আমাদের পরামর্শ দিলেন।

প্রঃ জেনারেল ওসমানী সাহেব আর কমাণ্ড করতেন না?

উঃ করতেন। তবে সরাসরিভাবে আমাদের এমন কোনও বেতারযন্ত্র ছিল না সব সময় যোগযোগ রক্ষা করে চলার জন্য।

প্রঃ সম্মিলিত মিত্র ও মুক্তিবাহিনী মিলে ৩রা ডিসেম্বর থেকে ১৬ই ডিসেম্বর অর্থাৎ বিজয়ের পূর্ব মুহূর্ত পর্যন্ত আপনারা কিভাবে যুদ্ধ করলেন এবং কিভাবে ঢাকা প্রবেশ করলেন?

উঃ যুদ্ধনীতির কথা তো ইতিমধ্যেই বল্লাম। ঢাকার এলাকায় প্রবেশকালে কোন কোন এলাকায় মুক্তিবাহিনী ছিলেন। আবার অনেকগুলো জায়গায় ছিল যেখানে ভারতীয় বাহিনী ছিলেন না, শুধু মুক্তিবাহিনীই ছিলেন। আমার সেক্টরের একমাত্র ডাউকি সাব- সেক্টরে ভারতীয় বাহিনীর একটি ব্যাটালিয়ন গিয়েছিলেন। এছাড়া মূল সিলেট এলাকায় ভারতীয় বাহিনী তাদের ব্যাটালিয়ন নিয়োগ করেছিলেন। কিন্তু সুনামগঞ্জ, টেংরাটিলা, ছাতক এসব এলাকাতে একমাত্র মুক্তিবাহিনীই এককভাবে প্রবেশ নিয়েছিলেন।

প্রঃ ঢাকার দিকে কারা এগিয়েছিলেন ?

উঃ ঢাকার দিকে মেজর হায়দার ছিলেন। যেহেতু আমি সিলেট সেক্টরে ছিলাম কাজেই এ ব্যাপারে বিস্তারিত জানা নেই।

প্রঃ আপনার বিহিনীতে মোট মুক্তিযোদ্ধার সংখ্যা কত ছিল?

উঃ শেষের দিকে ১৬ই ডিসেম্বর ১৯৭১ পর্যন্ত বিশ-পঁচিশ হাজার হয়েছিল।

প্রঃ তালিকাভুক্ত মুক্তিযোদ্ধা কতজন ছিল বলে অপনার ধারণা?

উঃ দশ-বার হাজার, বাকী দশ-বারো হাজার ছিল তালিকার বাইরে।

প্রঃ ভারতের মাটিতে আপনি জেনারেল (তৎকালীন মেজর) জিয়াসহ এক সাথে কতদিন যুদ্ধ পরিচালনা করেছেন?

উঃ প্রায় মাসাধিক কাল। ২রা মে থেকে জুনের মাঝামাঝি সময় পর্যন্ত।

প্রঃ মেজর জিয়া কোথায় গেলেন?

উঃ জেনারেল ওসমানী সাহেব তাকে 'জেড' ফোর্স সংগঠনের ভার দিলেন। জিয়া সাহেব ময়মনসিংহের উত্তরে তুরা নামক স্থানে স্থাপন করেছিলেন তার জেড ফোর্স-এর প্রধান কেন্দ্রস্থল।

প্রঃ এবার রণাঙ্গনের দু'একটি অভিজ্ঞতা সম্পর্কে জানতে চাই। আপনারা ঘুমাতেন কি করে?

উঃ মাটিতে। কখনো গাছতলায়, কখনো বাঁশের খাঁচায়, এমনি মাচাং বানিয়ে ওপরে খড় দিয়ে ঢেকে দিতাম। সাধারণত রাতে ঘুমানো সম্ভব হতো না। বেশীর ভাগ ক্ষেত্রে দু'টি অপারেশন-এর ফাঁকে দিনের বেলায় কিছু সময় ঘুমিয়ে নিতাম। সাধরণতঃ সৈনিকের পোশাকেই ঘুমিয়ে পড়তাম। সৈনিকের পোশাক বলতে একটি খাঁকি হাফপ্যান্ট এবং একজোড়া বুটই আমার পরনে থাকত। এ প্রসঙ্গে আপনাকে একটি ঘটনা বলি। আমি রামগড় থেকে সীমান্ত অতিক্রম করার পর (২রা মে, '৭১ থেকে জুন, ৭১-এর মাঝামাঝি সময়ে) জেনারেল ওসমানী সাহেব ওখানে গিয়েছিলেন আমাদের দেখতে। আমি তখন অপারেশনে ব্যস্ত। আমার পরনে শুধু একটি খাঁকি হাফপ্যান্ট এবং পায়ে একজোড়া বুট ছিল। গায়ে কোন গেঞ্জি পর্যন্ত ছিল না। মাথা থেকে সমস্ত শরীর ছিল ধুলাময়। খবর পেয়ে ঐ অবস্থায়ই জেনারেল সাহেবের সাথে সাক্ষাৎ করেছিলাম। এই একটি মাত্র ঘটনা থেকেই অনুমান করতে পারেন কি অবস্থায় আমরা যুদ্ধ করেছি।

প্রঃ রণাঙ্গনে একনাগাড়ে কত সময় পর্যন্ত না ঘুমিয়ে কাটিয়েছিলেন?

উঃ তিনদিন তিনরাত।

প্রঃ কোথায় ?

উঃ রামগড়ের উল্টা দিকে সাবরুম নামক স্থানে। মে,'৭১ থেকে জুন '৭১-এর মাঝামাঝি সময়ে।

প্রঃ সবচাইতে ভয়াবহ যুদ্ধ আপনি কোথায় করেছেন?

উঃ সবগুলিই ভয়াবহ, সবগুলিই লোমহর্ষক।

প্রঃ আপনি অত্যন্ত কঠিন বিপদের সম্মুখীন হয়েছিলেন এবং আশ্চর্যজনকভাবে বেঁচে গিয়েছেন, এমন দু'একটি ঘটনা জানতে চাই।

উঃ এটা একবার হয়নি। বহুবার হয়েছে। এটা বলে শেষ করা যাবে না। বহুবার পাকিস্তানী সৈন্যরা আমার নাকের ডগা দিয়ে অতিক্রম করে গিয়েছে, ধানক্ষেতে আমি শুয়ে রয়েছি, হামাগুড়ি দিয়ে কিংবা বুকে ভর দিয়ে আমাকে বের হয়ে আসতে হয়েছে। বহুবার ঘেরাওর ভিতর পড়ে গিয়েছিলাম, আবার বের হয়ে গিয়েছি। এই যুদ্ধে একটা বিরাট প্রমাণ, বিরাট বিশ্বাস আল্লাহর ওপর আমার বেড়ে গিয়েছে; আমি দেখলাম যে যার মৃত্যু নেই, সে মরতে পারে না- সে যেমন অবস্থায় থাকুক না কেন বেঁচে আসবে। অনেক সময় দেখা গিয়েছে সম্মুখের লোক মারা যায়নি, অথচ পেছনের লোক বেশী মারা গিয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
১০। ৫নং সেক্টরে সংঘটিত যুদ্ধ সম্পর্কে অন্যান্যের বিবরণ	.....	মে-ডিসেম্বর ১৯৭১

সাক্ষাৎকারঃ মেজর তাহেরউদ্দিন আখঞ্জি*

১৯৭১-এর ৯ই অক্টোবরে আমি কমিশন পেলাম। ৯ই অক্টোবরে কমিশন পাওয়ার পরে সেখান খেকে আমাদেরকে পোস্টিং করা হলো বিভিন্ন সেক্টর, সাব-সেক্টর এবং ব্যাটালিয়নে এবং সে অনুসারে আমাকেও পোস্টিং করা হলো ৫ নম্বর সেক্টরে। আমার সাথে ছিলেন মেজর খালেদ, তখন ছিলেন লেফটেন্যান্ট আমরা দু'জন ৫ নম্বর সেক্টরে আসার জন্য আমাদেরকে মুভমেন্ট অর্ডার দেওয়া হলো। আর বলা হলো আমাদের ১১ তারিখ চলে যেতে।

৫নং সেক্টর বলতে ছিল একটি রেস্ট হাউস। ওটার সামনে আমদেরকে নামিয়ে দিয়ে বলা হলো যে, এটা আপনাদের ৫নং সেক্টর। আমরা সেখানে গেলাম। একটা দরজায় নক করলাম। এক ভদ্রলোক দরজা খুলে দিলেন। তার সাথে পরিচয় হলো। তিনি বাংলাদেশের একজন এমপি- নামটা ভুলে গেছি। তিনি সিলেট এলাকার একজন এমপি। ঐ রুমের মধ্যে আরো তিনজন এমপি ছিলেন। তাদের সাথে পরিচয় হলো। আমাদের পরিচয় দেওয়ার পরে তারা আঙ্গুল দিয়ে পাশের রুম দেখিয়ে দিলেন। পাশের রুমে দরজায় নক করার পরে এক ভদ্রমহিলা বের হলো এবং পরিচয় দিলেন যে, উনি মীসেস শওকত। আমরা আমাদের পরিচয় দিলাম। ৫নং সেক্টর কমাণ্ডার তখন অবশ্য ছিলেন না। ছাতকে একটি অপারেশনে গিয়েছেন। মিসেস শওকত আমাদেরকে রিসিভ করলেন। এবং সেখানে আমাদের থাকা-খাওয়ার ব্যবস্থা হলো। প্রায় ৫ দিন থাকার পরে আমরা রাতের বেলা দেখলাম জেনারেল (তখন লেফটেন্যান্ট কর্নেল) শওকত আসছেন। তার পরনে একটি হাফপ্যান্ট আর জীনসের কালো একটা হাফশার্ট। মুখে বেশ লম্বা দাড়ি হয়ে গেছে। যাই হোক, তার সাথে মিসেস শওকত আমাদেরকে পরিচয় করিয়ে দিলেন। পরের দিন সকালে তিনি একটা গাড়ীতে করে আমাদের দু'জনকে একটা সাবসেক্টরে নিয়ে গেলেন। ঐ সাব-সেক্টরের নাম ছিল শেলা সাব-সেক্টর। শেলা সাব-সেক্টর পর্যন্ত গাড়ী যেতো। সেখানে থেকে আমাদেরকে পদব্রজে তিনি নিয়ে আসলেন ভোলাগঞ্জ সাব-সেক্টরে। আসার পর বললেন, এটা তোমাদের সাব-সেক্টর। এখানে তোমরা দু'জন থাকবে। এই সাব-সেক্টরে দেখলাম প্রায় দেড় হাজারছেলে। এবং এই দেড় হাজার ছেলের তখন কোন কাজ নাই। একটা কোম্পানী ছিল প্রায় ১০০ জন লোকের। আর বাকী সব ছিল এফ-এফ, একজন সিভিল অফিসারের অধীনে, নাম আলমগীর। তিনি সিএণ্ডবি'র একজন ইঞ্জিনিয়ার। তার কাছ থেকে আমাকে চার্জ বুঝে নেয়ার জন্য বলা হলো। নাম্বারে আমি সিনিয়র ছিলাম মেজর খালেদের (তখন লেফটেন্যান্ট) চেয়ে। তাই সাব-সেক্টর কমাণ্ডার হিসেবে চার্জ দেওয়া হয়। আমি আমগীরের কাছ থেকে সাব-সেক্টর কমাণ্ডার হিসাবে চার্জ নিলাম। চার্জ নিয়ে অরগানাইজ করলাম। অরগানাইজ করার পর জেনারেল শওকত আমাদের এই সাব-সেক্টরে তিন দিন ছিলেন। এখানে হলো পাঁচটি কোম্পানী আলফা কোম্পানী, গ্রেকো কোম্পানী, চার্লি কোম্পানী, ডেলটা কোম্পানী, ইকো কোম্পানী। আর একটা কোম্পানী ছিল এল এফ কোম্পানী মোট ছয়টি কোম্পানীর চার্জ নিলাম আমি। অপারেশন এরিয়া সম্বন্ধে জেনারেল শওকত আমাকে ব্রিফ করে দিলেন। অপারেশন এরিয়াটা ছিল বিরাট, যার জন্য উনি একটা সাব জোন ভাগ করলেন। সাব জোন এর মধ্যে তিনি তিনটা কোম্পানী দিয়ে মেজর খালেদকে ইনচার্জ করে তার দায়িত্ব দিলেন। আর বাকী কোম্পানীগুলোর দায়িত্ব আমাকে দিলেন। রেশন, সাপ্লাই ইত্যাদি কাজের জন্য রইলেন আলমগীর আগে যিনি সাব সেক্টর কমাণ্ডার হিসাবে কাজ করতেন। এরপর জেনারেল শওকত চলে

* ১৯৭১ সালের অক্টোবরে বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশনপ্রাপ্ত। সাক্ষাৎকারটি ১০-১-৮০ তারিখে প্রকল্প কর্তৃক গৃহীত।

আসলেন এবং আমরা সপ্তাহখানেক পর্যন্ত ট্রেনিং পরিচালনা করলাম। আর পুরো এলাকাটা যতটুকু সম্ভব 'রেকি' করলাম। আমাদের ক্যাম্পটি ছিল ভোলাগঞ্জ সাব-সেক্টরে। এটা বাংলাদেশের ভেতরেই ছিল ইণ্ডিয়ার বর্ডার থেকে প্রায় ৭ মাইল ভিতরে। ঐ এলাকাটাতে পাকিস্তান আর্মি তখনো আসে নাই।

গৌরী নগর গ্রামে অবস্থান নেওয়ার উদ্দেশ্যে ১৮ই অক্টোবর রাতে দুই কোম্পানী সৈন্য নিয়ে ২৫টি দেশী নৌকাযোগে গৌরীনগরের উদ্দেশ্যে রওয়ানা হলাম। আগের দিনই ঐ গ্রাম রেকি করে এসেছিলাম। কিন্তু রেকি করে আসার পরই পাকসেনারা যে ঐ গ্রামে অবস্থান নিয়েছিল, সে খবর জানা ছিল না।

১৮ই অক্টোবর নৌকাযোগে গৌরীনগরের কাছাকাছি হতেই পাকসেনারা বেপরোয়াভাবে গৌরীনগর থেকে আমাদের লক্ষ্য করে গুলি চালাতে থাকে। অকস্মাৎ এই আক্রমণের জন্য আমরা আদৌ প্রস্তুত ছিলাম না। ২৫টি নৌকাভর্তি আমাদের বাহিনী নদীপথে রাতের দিক হারিয়ে ফেললো। এ অবস্থায় অনেক চেষ্টার পর আমি আমার বাহিনী নিয়ে সরে এসে বর্নি নামক স্থানে অবস্থান নিলাম। গৌরী নগর গ্রামে পাকিস্তানীদের প্রচণ্ড গোলার মুখে একজন মুক্তিযোদ্ধা শহীদ এবং ৬ জন গুরুতররূপে আহত হয়।

বর্নিতে সুবেদার মোশাররফ এবং এফ-এফ মাহবুবের কমাণ্ডে কোম্পানী দু'টি রেখে আমি হেডকোয়ার্টারে ফিরে গেলাম। বর্নিতে অবস্থানরত মুক্তিবাহিনীর উপর আক্রমণের মুখে সুবেদার মোশাররফ এবং এফ-এফ মাহবুব তার বাহিনী নিয়ে টিকে থাকার চেষ্টা করে ব্যর্থ হলেন। শেষ পর্যন্ত মুক্তিবাহিনী পিছু সরে ডাকাতের বাড়ি এবং দলিরগাঁও-এ পুনরায় প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলে। বর্নির সংঘর্ষে পাকসেনাদের হাতে বন্দী এবং বেশকিছুসংখ্যক যোদ্ধা আহত হয়। মুক্তিবাহিনীর এই বিপর্যয়ে ২২/২৩শে অক্টোবর আমি সেক্টর কমাণ্ডার শওকতের নির্দেশে ২০০ জনের মত মুক্তিযোদ্ধা নিয়ে ভোর পাঁচটায় বর্নিতে পাক অবস্থানের ওপর আক্রমণ চালাই। বাঁদিক থেকে আমার বাহিনী এবং ডানদিক থেকে সুবেদার মোশাররফের বাহিনী তীব্রভাবে আক্রমণ করে। আমাদের বাহিনী বর্নিতে ঢুকে পড়ে। পাকসেনারা ফ্রন্ট লাইন ছেড়ে পিছনে সরে পাল্টা আক্রমণের প্রস্তুতি নেয়। কিছুক্ষণের মধ্যেই পাকিস্তানীরা বিপর্যয় অবস্থা কাটিয়ে পাল্টা আক্রমণ করে। তাদের তীব্র আক্রমণের মুখে আমাদের বাহিনী পিছু হটতে শুরু করে। এই সময় আমি সেক্টর কমাণ্ডারের কাছে অয়ারলেসযোগে বার বার সাহায্য প্রার্থনা করি। এই বার্তা পেয়ে সেক্টর কমাণ্ডার শওকত মুক্তিবাহিনীর একটি প্লাটুনকে অস্ত্র, গোলাবারুদ দিয়ে পাঠালেন। এই প্লাটুনটি পৌছানোর ফলে আমাদের মনোবল অনেক বেড়ে যায় এবং পাকিস্তানীদের উপর তীব্রভবে আক্রমণ চালাতে থাকি। বেলা ৪টা পর্যন্ত রক্তক্ষয়ী সংঘর্ষে শেষ পর্যন্ত পাকসেনারা চরম ক্ষতি স্বীকার করে বর্নি ছেড়ে গৌরীনগরে পালিয়ে যায়। আমাদের বাহিনী বর্নিতে দৃঢ় প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলে।

এরপর মুক্তিবাহিনী বর্নি থেকে আমার কমাণ্ডে অগ্রসর হয়ে ৩০শে অক্টেবর পাক ঘাঁটি গৌরীনগর আক্রমণ করে। এফ-এফ মাহবুবও তার বাহিনী নিয়ে এলেন। সংঘর্ষে ১৭৫ জন মুক্তিযোদ্ধা অংশ নিলো। সেক্টর কমাণ্ডার মীর শওকত স্বয়ং ১২০ মিলিমিটার মর্টার দ্বারা সাহায্য করলেন। আমাদের বাহিনীর প্রচণ্ড আক্রমণের মুখে পাকবাহিনীর প্লাটুনটি এবং রাজাকার বাহিনীর একটি কোম্পানী পেছনে সরে যেতে বাধ্য হয়। মুক্তিবাহিনী গৌরীনগর পৌছে যায়। গোলাগুলির শব্দে সালুটিকার থেকে পাকিস্তানীদের একটি সাহায্যকারী শক্তিশালী দল চলে আসে এবং আমাদের উপর প্রচণ্ডভাবে পাল্টা আক্রমণে আমাদের গৌরীনগর ছেড়ে দিতে হয়। এই ব্যাপক রক্তক্ষয়ী সংঘর্ষে ২ জন আহত হয়। অপরদিকে পাকসেনাদের ১১ জন হতাহত হয় বলে জানা যায়।

নভেম্বরের শেষের দিকে লামনিগাঁও-এর সংঘর্ষে লেঃ হোসেন ৩য় বেঙ্গলের একটি প্লাটুন নিয়ে বেশ বিপদে পড়ে যান। পাকিস্তানীরা লামনিগাঁও-এ লেঃ হোসেনকে চারদিক থেকে ঘিরে ফেলার চেষ্টা করছিল। এই সংবাদ পৌছলে আমি তৎক্ষণাৎ আমার বাহিনী নিয়ে লামনিগাঁও-এর দিকে অগ্রসর হই। পথে পাকিস্তানীরা এ্যামবুশ করে। কিছুক্ষণের সংঘর্ষে পাকিস্তানীদের পক্ষে ২ রাজাকার বন্দী এবং কয়েকজন হতাহত হয় এবং বাকী

সৈন্যরা পালিয়ে যায়। আমি দ্রুত লামনিগাঁও পৌছে পাকিস্তানীদের উপর আক্রমণ করি। এই আক্রমণে পাকিস্তানীরা লামনিগাঁও ছাড়তে বাধ্য হয়। লেঃ হোসেন এবং এলাকায় আমাদের কতৃত্ব বজায় রেখেছিলাম।

এরপর আমার বাহিনী নিয়ে গোরীনগর দখল করে বিমান বন্দরের দিকে অগ্রসর হতে আরম্ভ করি। শেলা সাব-সেক্টর ট্রুপসও ছাতকের উপর আক্রমণ শুরু করে। বালাঠ সাব-সেক্টর বাহিনী সুনামগঞ্জ শহরের উপর চাপ সৃষ্টি করে চলে। বড়ছড়া সাব-সেক্টর বাহিনীও ইতিমধ্যে সাচনা থেকে ধীরাই পর্যন্ত মুক্ত করে ফেলে।

৪ঠা ডিসেম্বর মিত্রবাহিনীর এক ডিভিশন সৈন্য সক্রিয়ভাবে অংশ নিয়ে করিমগঞ্জ থেকে মৌলভীবাজার হয়ে পূর্বদিক থেকে সিলেটের পথে অগ্রসর হতে থাকে। অপরদিকে উত্তর এবং পশ্চিম দিক থেকে ৫নং সেক্টর ট্রুপস সিলেটের পথে অগ্রসর হতে থাকে। বালাট সাব-সেক্টর ট্রুপস ৬ই ডিসেম্বর সুনামগঞ্জ শহর দখল করে নেয়। ঐ দিন মুক্তিবাহিনী ছাতকের উপরও তীব্রভাবে আক্রমণ চালায়। সেক্টর কমাণ্ডার লেঃ কর্নেল শওকত ৩য় বেঙ্গলের ২টি কোম্পানী এবং শেলা সাব-সেক্টর ট্রুপস নিয়ে ছাতক আক্রমণ করেন। ৭ই ডিসেম্বর ৮টায় ছাতক শহর মুক্ত হয়। পাকসেনারা পালিয়ে গোবিন্দগঞ্জে আশ্রয় নেয়। অন্যদিকে মেজর সাফায়াত জামিল ৩য় বেঙ্গলের ২টি কোম্পানী নিয়ে ডাউকি সাব-সেক্টর ট্রুপস সহ রাধানগর নিয়ন্ত্রণে এনে গোয়াইনঘাট হয়ে সা লুটিকর বিমান বন্দরের দিকে অগ্রসর হতে থাকেন।

৯ই ডিসেম্বর সেক্টর কমাণ্ডার লেঃ কর্নেল শওকত গোবিন্দগঞ্জ আক্রমণ করলেন। পাকসেনারা গোবিন্দগঞ্জ ছেড়ে নদী পেরিয়ে লামাকাজীতে প্রতিরক্ষাবূহ্য গড়ে তোলে। কর্নেল শওকত মিত্রবাহিনীর জেনারেল গিলের কাছে বিমান সাহায্য চান। ১২ই ডিসেম্বর ভারতীয় ৪টি মিগ বিমান লামাকাজীতে পাক অবস্থানের উপর বোমাবর্ষণ করে। এর কয়েকদিন পরই সিলেটে পাকসেনারা যৌথ কমাণ্ডের কাছে আত্মসমর্পণ করে।

সাক্ষাৎকারঃ মেজর এস এম খালেদ

১০ই অক্টোবর তারিখ থেকে বিভিন্ন সেক্টরে আমাদের ডেসপ্যাচ করা শুরু হয়। আমাকে দেয়া হলো সেক্টর নং পাঁচ-এ। কমাণ্ডার ছিলেন তৎকারীন কর্নেল মীর শওকত আলী- এখন মেজর জেনারেল মীর শওকত আলী বীরোত্তম পিএসসি। অক্টোবরের চৌদ্দ কি পনেরো তারিখ আমি পাঁচ নং সেক্টরে হাজির হলাম। ছাতক আগেই দখল করা হয়েছিল, তৃতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের নেতৃত্বে দুটো ফ্রিডম ফাইটার ও রেগুলার ফাইটার কোম্পানী নিয়ে সম্ভবত। পাকিস্তানী সৈন্য এক ব্রিগেড গিয়ে ঘেরাও করে ফেলায় ছাতক থেকে উইথড্র করতে হয়েছে। ঠিক সেই সময়টায় আমি সাব-সেক্টরে জয়েন করি। আমার সঙ্গে আরও কয়েকজন অফিসার ছিলেন- লেঃ রউফ ও লেঃ মাহবুব। আমরা এই তিনজন একত্রেই সম্ভবত শিলংয়ে গিয়েছিলাম। শিলং থেকে জেনারেল শওকত আমাদের রিসিভ করে নিয়ে গেলেন পাথরঘাটা। সেখানে তৃতীয় ইস্ট বেঙ্গল কোম্পানী তখন একটা অপারেশন করছিল। এরপর আমাকে পাঠিয়ে দেয়া হয় সাব-সেক্টর ভোলাগঞ্জে সেখানে তখন ছিলেন অনারারি লেফটেন্যান্ট এম এ এম আলমগীর। তিনি একজন ইঞ্জিনিয়ার। সাব-সেক্টরের এডমিনিস্ট্রেশন দেখার দায়িত্ব দেয়া হয়েছিল তাকে। আমি আলমগীর সাহেবের কাছ থেকে অপারেশন কমাণ্ড নিয়ে নিলাম। পরবর্তী পর্যায়ে ৩১ তারিখে তাহেরউদ্দিন আখঞ্জি এলেন। সাব-সেক্টরকে তখন দু'ভাগে ভাগ করা হয়-ইস্টার্ন এবং ওয়েস্টার্ন। বাউণ্ডারী রাখা হয়েছিল গৌরীনগর রোডটাকে-সেটার পূর্বদিক আমার নেতৃত্বে ও পশ্চিমদিক তাহেরউদ্দিন আখঞ্জির। তখন পূর্বদিকটায় ডিসকিবাড়ি বলে জায়গায় একটা প্লাটুন ছিল, সেখানে জয়েন করে প্লাটুনটাকে আরো পূর্বে ভেদেরগাঁও-এ নিয়ে গেলাম। ওখানে বসে ছোট ছোট অপারেশনের কাজ করতাম, যেমন রাজাকারদের আক্রমণ করা ও পাকসেনাদের যাতায়াত পথে এামবুশ করা। স্বল্পসংখ্যক সৈন্যের জন্যে আমার অপারেশন ছিল সীমাবদ্ধ।

---

* ১৯৭১ সালের অক্টোবরে বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশনপ্রাপ্ত। সাক্ষাৎকারটি ১৪-১-৮০ তারিখে প্রকল্প কর্তৃক গৃহীত।

নভেম্বরের দিকে আমার স্ট্রেনথ আরো বেড়ে গেলো। চার্লি ও ডেল্টা নামক দুটো কোম্পানী এসে মিলিত হওয়ায় তখন আমি শওকত সাহেবের নির্দেশে চার্লি এবং ডেল্টা কোম্পানী নিয়ে আদারপাড়ে চলে গেলাম। ওদের নেতৃত্বের অভাব ছিল। এলাকায় আমি যাওয়ার আগে কোন প্রতিরোধব্যুহ ছিল না। আমি গিয়ে পাটনিগাঙ পর্যন্ত প্রতিরোধব্যুহ রচনা করলাম। সে সময় আমার সামনে ছিল ২৫ বালুচের একটি কোম্পানী, একটি স্কাউট ও আজাদ কাশ্মীর ট্রুপস।

নভেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত এ্যামবুশ, রেইড করেছি-পাকিস্তান রাজাকারদের বিভিন্নাবস্থানের উপর, বিভিন্ন পেট্রোল পার্টির উপর। নভেম্বরের শেষ সপ্তাহ পর্যন্ত অপারেশনে ৩৪ জন নিয়মিত পাকসেনা, প্রায় এক কোম্পানী রাজাকার নিহত এবং আহত হয়। আমার পক্ষের দু'জন শহীদ এবং ৮ জন আহত হয়।

খাইরাই স্কুলে শত্রুর হেডকোয়ার্টার ছিল। ৫ই ডিসেম্বর নোয়া পাড়ায় সর্বপ্রথম এনেমি ডিলেইন ফেইস করি। সেখানে শত্রুরা এল-এমজি ফায়ার করে। এল-এমজি ফায়ারের সঙ্গে সঙ্গে আমার ছেলেরা বসে গেল। রেগুলার ট্রেইণ্ড ছেলে ছিল না কেউ, কাজেই এদের বোঝাতে আমার বহু সময় লাগলো যে এটা পাকিস্তান আর্মির ডেলিইন পজিশন। ওরা ভেবেছিল পাকিস্তান আর্মি এসে গেছে। তারপর যখন আমি ডেলিইন পজিশনের ওপর বিশজন ছেলে নিয়ে চার্জ করি, তখন পকিস্তান সেনাবাহিনী উইথড্র করে চলে গেছে। তারপর আমার কথা ওদের কাছে সত্য মনে হলো এবং মনোবল ফিরে এলো। যখন দেখলো আমি চার্জ করে উঠে দাড়িয়েছি এবং কোন কিছু হচ্ছে না তখন তারা বুঝতে পারলো যে পাকিস্তান আর্মি ডিফেন্সে নেই। তারা ব্যাক করছে, পালাচ্ছে।

তারপর ওখানে রিঅরগানাইজ করে এগুতে শুরু করলাম। শেষ পর্যন্ত খাইরাই পৌছে গেলাম। শত্রুর হেডকোয়ার্টারের পাঁচশ গজ দূরে একটা এলাকায় পৌছলাম। এবং ডিগিং শুরু করে সামনের দিকে যখন রেকি করতে শুরু করলাম তখন পাকসেনা সন্ধ্যায় আবছা আঁধারে আমাদের ওপর মর্টার দিয়ে ফায়ার করলো-কিন্তু আমাদের পজিশন ঠিক বুঝতে না পারায় আমাদের ঠিক লাগছিল না। আমার ছেলেরা অত্যন্ত ক্লান্ত ছিল বলে তখন আক্রমণ করে খাইরাই দখল করা সম্ভব ছিলনা। তাই ডিশকিবাড়ি ভেদেরগাঁও এলাকায় আমার একটা কোম্পানী ছিল, রাতে তাদের মুভ করিয়ে দিলাম, ওরা রাতারাতি খাইরাইর পেছনে এসে গেল। তখন রাত সাড়ে চারটা (৬ তারিখ)- খাইরাইর ওপর ফায়ার করলো। এটা ঠিক আক্রমণ নয়, এটা হচ্ছে পলায়নপর সৈনিকদের মনোবল ভেঙ্গে দেবার এক কৌশল।

পাকসেনারা তখন সালুটিকর থেকে আর্টিলারী সাপোর্ট চাইলো, প্রায় পাঁচটার দিকে আর্টিলারী শেল এসে পড়তে শুরু করলো, খাইরাইর আগে এবং চারদিক সার্কেল করে। এই সেলের কভারে পাকিস্তান সেনাবাহিনী উইথড্র করতে শুরু করলো। আমাদের সামনের ও পেছনের গোলাগুলিতে ওদের সর্বমোট পঁচিশজন মারা গিয়েছিল। আমরা কয়েকটা লাশ পেয়েছিলাম। ভোর ছ'টায় আমি খাইরাইর পাকসেনাদের ডিফেন্সে উঠে যাই। আমার আটটা ক্যাজুয়েলিটি হয়-দু'জন সিভিলিয়ানও মারা যায়। পাকসেনাদের ডিফেন্সে প্রায় ছ'হাজার এম্যুনিশন, ছ'টা রাইফেল, ফিল্ড টেলিফোন এবং প্রচুর পরিমাণ মেশিন ও আর কিছু মর্টারের রাউণ্ড পেলাম।

সকাল আটটায় রওনা হলাম। তোয়াকিবাজারে কোম্পানী হেডকোয়ার্টার স্থাপন করে এডভান্স করলাম পাইকরাজ, জাঙ্গাইলের দিকে। পাইকরাজ ও জাঙ্গাইলের মাঝামাঝি জায়গা থেকে শত্রুরা আমাদের ওপর গুলি চালালো। আমরা তৎক্ষণাৎ ওখানে হল্ট করে গেলাম- শত্রুকে সামনাসামনি রেখে জমির নালায় পজিশন নিয়ে গুলি বিনিময় শুরু করলাম বিকেল প্রায় ৪টা পর্যন্ত। সাড়ে চারটার দিকে আমরা চার্জ করে শত্রুর বাঙ্কারে উঠে গেলাম। সেখানে রাজাকারও ছিল। যারা বেঁচে ছিল তাদের ধরা হল এবং ওরা মারা যাবার আগে ওদের খবর পেলাম ওদের তেরোজন ও রাজাকার দশজন মারা গেছে।

সামনে এগোনো শুরু হলো আবার। দশই ডিসেম্বরের মধ্যে পুনাছাগাঁও, বীরকুলি এবং নোয়াগাঁওয়ের শত্রুর অবস্থান মুক্ত করে আঙ্গারজোরে আমার হেডকোয়ার্টার করলাম। বি-এস-এফের মেজর রাও এলেন আমার

সহযোগিতার জন্য। ১১ তারিখ থেকে ১৪ তারিখ পর্যন্ত আঙ্গারগাঁও থেকে সালুটিকর বাজার মুক্ত করলাম। ১৫ তারিখ মেসেজ পেলাম যে, কোন অবস্থাতেই যেন শত্রুর ওপরে যেন ফায়ার না করি, যদি তারা ফায়ার না করে। এটা সম্ভবত সারেণ্ডারের ব্যাপারে করা হয়েছিল। এই মেসেজ নিয়ে মতানৈক্য দেখা দিয়েছিল। পাকিস্তানের অবস্থা তখন শেষ ধাপে। আমাদের সম্মিলিত বাহিনী তখন ঢাকার কাছে বিভিন্ন জায়গায় পৌছে গেছে। পাকিস্তান সেনাবাহিনী তখন নির্জীব, তবুও আমাদের ওপর ফায়ার করছে এবং করলে পাল্টা আমরাও করছি।

সতেরো কি আঠারো ডিসেম্বর। সালুটিকর নদীর অপর পারে পাকসেনা ছিল, তারা খবর দিলো তারা সারেণ্ডার করবে, তাদের ওপর যেন ফায়ার না করা হয়।

সে সময় আমি চলে গিয়েছিলাম পশ্চিম দিকে, যেখানে তাহেরউদ্দিন আখঞ্জি গোবিন্দগঞ্জ পর্যন্ত পৌছে গেছে সিলেট শহরে ঢোকার চেষ্টা চালাতে। সেখান থেকে আমি ওয়াকিটকিতে মেসেজটা পাই এবং গিয়ে হাজির হই। আমাদের সালুটিকর নদীর ও পারে যেতে দেয়া হয়নি সারেণ্ডার অনুষ্ঠানে আমার সঙ্গের ছেলেরা গণ্ডগোল করতে পারে এই আশংকায়। আমিই শুধু গিয়েছিলাম।

আমি সেক্টর হেডকোয়ার্টারে নির্দেশ পেলাম আমার ছেলেরা ভেতরে যাতে ঢুকতে না পারে। কারণ তখন সম্ভবনা ছিল আত্মসমর্পিত পাকসেনাকে পেলে ছেলেরা হয়তো মেরেই ফেলবে। আমি তখন আমার তিনটা কোম্পানীকে আঙ্গারজোরে ক্লোজডোর করে রাখলাম।

তার সাতদিন পর গোটা ট্রুপস নিয়ে আমি সিলেট শহরে ঢুকি।

সাক্ষাৎকারঃ মোঃ রফিকুল আলম

২রা সেপ্টেম্বর শিলং থেকে আমাদেরকে ট্রেনিং সেন্টারে পাঠানো হয়। শিলং থেকে ৮২ কিলোমিটার দূরে খাসিয়া জয়ন্তিকা হিলে পৌছার পর। এরপর আমরা ই-২ সেক্টরের ফরম পূরণ করি। তার পরই শুরু হয় ট্রেনিং। ৯ই সেপ্টেম্বর ট্রেনিং মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য তামাবিল চেকপোষ্টে (সিলেট জেলায়) আমার পোস্টিং হয়। ঐ দিনই আমি তামাবিল পৌছি এবং একটি প্লাটুনের দায়িত্ব গ্রহণ করি।

আমি ছিলাম জুনিয়র কমিশন অফিসার- সেনাবাহিনীর সুবেদার র‍্যাঙ্ক-এর সমতুল্য। তামাবিলে অবস্থানকালেই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ মুজিবনগর সরকার আমাকে একটি বিশেষ দায়িত্ব দেন। কিন্তু সরাসরি মুক্তিযুদ্ধে লিপ্ত থাকায় তামাবিল সাব-সেক্টর থেকে আমাকে রিলিজ সার্টিফিকেট দেয়া হয়নি। ফলে ঐ সময় আমি স্টাফ ইন্টেলিজেন্স পোস্টে যোগদান করতে পারিনি।

১১ই সেপ্টেম্বর রাতে একদল মুক্তিফৌজ নিয়ে পাকিস্তানী সৈন্যদের অবস্থানের উপর আমরা আক্রমণ চালাই। এই আক্রমণে গুলি বিনিময়ের সময় সাবেক সেনাবাহিনীর সিপাহী অফিসার বুলেটবিদ্ধ হন। পাকিস্তানী সৈন্যদের চারজন নিহত ও ছয়জন রাজাকার আহত হয়। সংঘর্ষের পর স্টেনগান, একটি ৩০৩ রাইফেল ও ঝুড়িভর্তি মাছ উদ্ধার করা হয়।

১৮ই সেপ্টেম্বর জৈন্তাপুর পাকসৈন্যদের অবস্থানের উপর আক্রমণ চালানো হয়। ক্যাপ্টেন ফারুক ও সুবেদার খোরশেদ আলম এই অভিযানে আমাদের সাথে ছিলেন। তীব্র সংঘর্ষের মধ্যে একটি অয়ারলেস সেট ফেলেই আমরা চলে আসি।

---

* সাক্ষাৎকারটি ২২-৭-৭৮ তারিখে প্রকল্প কর্তৃক গৃহীত

১৯শে সেপ্টেম্বর ক্যাপ্টেন ফারুকের নেতৃত্বে রাধানগরে পাকসেনাদের অবস্থানে আক্রমণ চালানো হয়। ২০শে সেপ্টেম্বর পাকসেনাদের উক্ত অবস্থানে এক কোম্পানী মুক্তিযোদ্ধা নিয়ে আমরা পুনরায় আক্রমণ চালাই।

২৩শে সেপ্টেম্বর আমরা নয়াবস্তি নামক স্থানে ডিফেন্স দেই। ২৫শে সেপ্টেম্বর আমাকে তামাবিল সাব-সেক্টরে ডেকে পাঠানো হয় এবং ব্রেভো কোম্পানীর কমাণ্ডার নিযুক্ত করা হয়। ২৬শে সেপ্টেম্বর আমি কোম্পানীর দায়িত্ব গ্রহণ করি।

১লা অক্টোবর ২০/২২ জন গেরিলা মুক্তিযোদ্ধা নিয়ে মুবাবস্তি নামক স্থানে পাকিস্তানী সৈন্যদের বাঙ্কার আক্রমণ করি। এই আক্রমণে বেশ কয়েকজন সৈন্য হতাহত হয়। আমাদের পক্ষে আহত হয়েছিল দু'জন। আমাদের অয়ারলেস সেটটি খারাপ হয়ে যাওয়ার ফলে আমরা দ্রুত সরে আসি।

২রা অক্টোবর ভারতীয় মেজর মিত্র সস্ত্রীক আমাদের ক্যাম্পে আসেন (বাউরভাগ ক্যাম্প)। উক্ত ক্যাম্পে অবস্থানকালে আমরা পাঞ্জাবী সৈন্যদের প্রবল চাপের সম্মুখীন হয়েছিলাম। যার ফলে রাতে আমরা কেউ ঘুমাতে পারতাম না। মুক্তারপুর ক্যাম্প থেকে আরও ৭৫ জন মুক্তিযোদ্ধা পাঠিয়ে আমাদের শক্তি বৃদ্ধি করা হয়েছিল। ঐদিনই ভারতীয় বার্মাশেল ও ই-এস এস-ওর কিছু অফিসার এবং পাংতুং থেকে মিস লিণ্ডা নামে একজন লেডী ডাক্তার আমাদের ক্যাম্পে এসে খোঁজখবর নিয়ে যান।

৭ই অক্টোবর ইয়োথ ক্যাম্প থেকে জনৈক মিঃ ঘোষ ক্যাপ্টেন বি, এস রাওয়ের সাথে আমাদের ক্যাম্পে আসেন।

৮ই অক্টোবর পাকিস্তানী সৈন্যরা ৪নং ব্রীজের পাশ থেকে আমাদের উপর প্রবল গুলিবর্ষণ শুরু করে। সারারাত আমরা জেগে থাকি।

১১ই অক্টোবর মাত্র পনেরজন গেরিলা মুক্তিযোদ্ধা নিয়ে আমি কাপুরা নামক স্থানে পাকসৈন্যদের অবস্থানের উপর আক্রমণ চালাই। এই সংঘর্ষের পর বিএসএফ-এর একজন লেঃ কর্নেল এবং স্টেটসম্যান পত্রিকার একজন সাংবাদিক আমার সাক্ষাৎকার গ্রহণ করেন।

১৮ই অক্টোবর আমি লামহাদার পাড়ায় যাই। টুনু মিয়া চেয়ারম্যানের বাড়ি আক্রমণ করার সিদ্ধান্ত নেয়া হয়। তখন তার বাড়িতে পঁয়ত্রিশজন থেকে চল্লিশজন রাজাকারসহ ৫ জন পাঞ্জাবী অয়ারলেস সেট ও মেশিনগানে সজ্জিত হয়ে পাহারা দিচ্ছিল। যাই হোক পরে টুনু মিয়া চেয়ারম্যানের বাড়ি অপারেশন করা হয়নি।

২০শে অক্টোবর খবর পাই ১০/১২ জন পাঞ্জাবী সৈন্য গোরকচি গ্রামে এসে জনসভা করার পর বেশ কিছুসংখ্যক গ্রামবাসীকে বাঙ্কার খননের জন্য রাধানগর নিয়ে গেছে। ঐদিন আমরা মুক্তিযোদ্ধারা রাজাকার সন্দেহে ৪ ব্যক্তিকে ধরে নিয় এসে, তাদেরকে স্থানীয় লিবারেশন কমিটির চেয়ারম্যান বশির সাহেবের নিকট সোপর্দ করা হয়।

২৫শে অক্টোবর সারিগোয়াইন রাস্তার উপর নির্মিত সেতু (১নং ব্রীজ নামে অভিহিত) উড়িয়ে দেবার জন্য নির্দেশ পাই। এই কাজের জন্য আমাকে এক প্লাটুন গেরিলা যোদ্ধা দেয়া হয়। ইতিপূর্বে সেতুটি উড়িয়ে দেবার জন্য গেরিলা যোদ্ধারা তিনবার চেষ্টা চালিয়ে ব্যর্থ হয়। ২জন পুলিশ, ২১ জন রাজাকার ও অপর ১৬ জন বেসামরিক ব্যক্তি সেতুটির পাহারায় নিয়োজিত ছিল। পুরা প্লাটুন আমরা তাদের অবস্থানের উপর আক্রমণ চালাই। ৫ জন রাজাকার সংঘর্ষ স্থানেই নিহত হয়। অন্যান্য রক্ষীরা ১টি ৩০৩ রাইফেল, ইউনিফরম, ব্যাজ, বেল্ট ও তাদের কাপড়-চোপড় রেখেই পালিয়ে যায়। আমরা সাফল্যের সাথে সেতুটি উড়িয়ে দিতে সক্ষম হই।

১লা নভেম্বর আমরা পাকিস্তানী সৈন্যদের অবস্থান কাপুরা আক্রমণ করি।

২রা নভেম্বর ঐ একই অবস্থানে আমরা আক্রমণ চালাই। ঐদিন পাকিস্তানী সৈন্যদের অবস্থানে আক্রমণকালে সুবেদার সালাম ও তার পার্টি, এ এস আই হাবিবুর রহমান, ইণ্ডিয়ান বিএসএফ-এর খড়ক বাহাদূর থাপা (হাবিলদার) ও ক্যাপ্টেন ফারুক আমাদের সাথে ছিলেন।

৩রা নভেম্বর বারোপনে নামক গ্রাম অপারেশন করি। সে স্থানে পাক সৈন্যদের সাথে গোলাগুলি বিনিময় হয়। ইণ্ডিয়ান মেজর সৎপতি আমাদের দেখে প্রয়োজনীয় নির্দেশ দিয়ে যান।

২০শে নভেম্বর বড়হাট নামক স্থানে সারিগোয়াইন রাস্তার উপর, ২৪শে নভেম্বর আটলু নামক স্থানে সারিগোয়াইন রাস্তার উপর এবং ২৬শে নভেম্বর মুকাম নামক স্থানে সারিগোয়াইন রাস্তার উপর মাইন বসাই। ঐ রাস্তাটি তখন পাকসেনাদের দখলে ছিল। রাস্তাটির বিভিন্ন স্থানে সৈন্য ও রাজাকার পাহারা থাকত। বড়হাট নামক স্থানে বসানো মাইনের বিস্ফোরণে শত্রুসৈন্যের একটি জীপ বিধ্বস্ত হয়। ফলে ২জন নিয়মিত পাকসৈন্য নিহত হয়। মুকাম নামক স্থানে বসানো মাইনের বিস্ফোরণে শত্রুসমর্থিত একজন বেসামরিক ব্যক্তি নিহত এবং অপর দুই ব্যক্তি আহত হয়। পর পর এই ঘটনার পর শত্রুসৈন্যরা রাস্তাটির ব্যবহার বন্ধ করে দিতে বাধ্য হয়।

২৮শে নভেম্বর দুই প্লাটুন গেরিলা মুক্তিযোদ্ধা, ভারতীয় বি এস এফ-এর একটি সেকশনসহ আমি সারিগোয়াইন রাস্তার নিকটবর্তী গুয়াখারা নামক স্থানে শত্রুসৈন্যদের প্রত্যাশায় এ্যামবুশ করি। ২৯শে নভেম্বর ১-৪৫ ঘটিকায় সারিগোয়াইন রাস্তার উপর টুকেরবাজার ব্রীজটি আমরা উড়িয়ে দিই। এই স্থানে প্রহরারত রক্ষীদের সাথে সংঘর্ষে একটি ৩০৩ রাইফেলসহ চারজন রাজাকার আটক করি। কিন্তু ফেরার পথে আমাদের দলটি পাকিস্তানী সৈন্যদের এ্যামবুশ-এর আওতায় পড়ে যায়। পাকিস্তানী সৈন্যদের মধ্যে আজাদ কাশ্মীর রিজার্ভ ফোর্স ছিল। এরা আমাদের দলটির উপর এইচ-এম-জি ও অন্যান্য স্বয়ংক্রিয় অস্ত্রশস্ত্র দিয়ে আক্রমণ চালায়। শত্রুসৈন্যরা চারদিকে ঘিরে ফেলেছিল। এই অবরুদ্ধ এবং পচণ্ড গোলাগুলির মাঝেও অসীম সাহস, উন্নত কৌশল ও উপস্থিত বুদ্ধির জোরে শত্রুবেষ্টনী ভেদ করে বেরিয়ে আসতে সক্ষম হই। আজাদ কাশ্মীর রিজার্ভ ফোর্সের মোট ১১ জন আমাদের হাতে নিহত এবং ৪ জন রাজাকার আহত হয়। আমাদেরও খুব ক্ষতি হয়। ইণ্ডিয়ান বিএসএফ-এর একজন সুবেদারসহ তিনজন, একজন পুলিশের এএসআই ও কয়েকজন মুক্তিযোদ্ধা মারা যান।

১৬ই ডিসেম্বর যুদ্ধবিরতি ঘোষণার প্রাক্কালে আমরা সালুটিকর বিমান বন্দর (সিলেট) পর্যন্ত পৌছি। ঐদিন দুইজন রাজাকার আমাদের কাছে অস্ত্রসহ আত্মসমর্পণ করে। তারা হলো: (১) মোঃ আলী- খাস মৌজা বারহলি, ৩০৩ রাইফেল মার্ক নং ৩, নং ৪৯৬২। (২) মনোহর আলী- ফুডপুর, কুপনাখাই, রাইফেল নং পি এফ ১৬১২৮৫ নং ৪,মার্ক-১।

সাক্ষর : মোঃ রফিকুল আলম
২২-৭-৭৮

\ একটি অপারেশন-এর রিপোর্ট \

To
The sub-Sector Commander,
Tamabil M. F. (Dawki)

Sub : **Report on the occurance of 28th Nov. `71 night.**

Sir,
I beg to report that on 25.11.71 at about 15.00 hrs (3.00 p.m) I met with Major B. S Rao and I was ordered to (a) deny Sari-Goain road completely to enemy (b) lay mines (c)

lay ambushes and (d) dig down near the road and not to leave until or unless we were attacked by pak army. Prior to this, I was given a B.S.F section and I was ordered that wherever I will go for task the BSF boys will accompany me. I talked with him regarding my plan for destroying a bridge on Sari-Goain road. Earlier the lace has been receed and it was ascertained that there is no enemy nearby. The nearest enemy position was at Sarighat ($2\frac{1}{4}$ miles on the east from the P. O) Lapnaout ($1\frac{1}{4}$ mile on the west from P.O.) However, on returning tom my base HQ. the place has been recceed again. There worked with us for the last 7/8 month and as such I had confidence on them. Before going to the task I call my commanders including the BSF, SI, and discussed all points and left for the place of occurrence about 1915 hrs(7-15p.m) on 28.11.71.On reaching village 'Guakhoa' we laid and ambush by the side of Sari-Goain road' about 250 yds away on the north. We waited there up to 01:30 hrs dated 29.11.71 but during that period nothing came to our notice. Then I along with all my forces left for destroying one bridge known as Tukoir Bazar Bridge I briefed the commanders properly and the setting of platoons were as follows. B/3 platoon under the command of A. SI. Habibur Rahman was given the task to clear the bridge, D/I platoon under the command of Have. Soab Ali was given the task to the 'Sari-Goain road' facing west (towards Goainghat) and tackle the enemies if any one dared to approach through that side. BSF section was given the task to search the bridge after it was cleared completely. I along with Hav. KB Thapa and Nk. Sharma of BSF went with B/3 platoon. We charged and cleared t he bridge in about 15 minute's time and got one enemy Rifle. Then the bridge was blown up very nicely. It was broken into pieces. It was a pucca bridge measuring 60 X 12 feet approximately.

After that I ordered all of my men to follow me and we headed for collecting D/I platoon. There I found that Hav. Soab Ali arrested 4 Rajakars. They were properly tied and ordered my men including BSF boys to leave hurriedly to reach the R. V. at village Rajbari Kandi. We were then guided by Tunu Mia. We were marching on single file. The guide led us on different route and assured us that the route is safe and shorter. There was no reason to disbelieve him. So we marched on. But when we have crossed about ¾ furlongs from P.O. then we heard some enemy firing from behind. Soon after that we heard shots from front. There was no way out to go back. So we decided to charge the enemy's position. There was exchanges of fire. The BSF boys gave nice performance, but very soon we were gheraoed by the enemies. They were all in ambush. Nk. Sukur Ali of D/I platoon fought courageously and he doing so he caught hold of the barrel of one of the LMG of enemies and faced a brush and lost at least 2 fingers. By this time guide Tunu Mia fled away and then after much difficulty we managed to come out from the enemies ambush position.

Then I came back to my R. V. at village Rajbari Kandi. I counted my men and BSF boys, and found 4 BSF boys and 10 of my boys including 2 guides are missing. I personally went out with a search party and ultimately found one injured BSF boy and two of the MF boys. These two boys were caught by the enemies but some how manage to escape. I learnt from them that the lost men are being killed. I made all possible

attempts to take back the dead bodies. But found it impossible to the reach the P. O. The dead bodies have been removed earlier and the enemies by then made a pucca defence there.

I reported all these facts to Major BS. Rao on 29.11.71 at about 15.00 hrs (3.p.m) the total loss of men was 3 boys of BSF including one S.I of BSF and 6 M.F. boys including one A. S.I. and 2 guides. All of them were supposed to be killed by the enemies.

At least 10/11 regulars were killed and 4 Rajakars and 6 public (enemies) from our shots.

This is for favour of your kind information and necessary action.

Y.O.S
(Md. Rafiqul Alam)
Lieutenant
30.11.71

সাক্ষাৎকারঃ নাজমুল আহসান মহিউদ্দিন আলমগীর*

ভারতের বিহার রাজ্যের চাকুলিয়ায় তিন সপ্তাহের প্রশিক্ষণ হয়। সি-কিউ-বি অস্ত্র পাতি এবং স্মল আর্মস-এর ব্যবহার ও বিস্ফোরোকের ব্যবহার, বিভিন্ন ক্যালিবারের মর্টার ও রকেট লাঞ্চারের ব্যাবহার, বিভিন্ন ফর্মেশান, ম্যাপ রিডিং ও সেনাবাহিনী ফিল্ড সেটআপ ও ম্যানেজমেন্টের উপর প্রমিক্ষণ হয়। ৭ই সেপ্টেম্বর ৫নং সেক্টরে তৎকালীন কমাণ্ডার মীর শওকত আলীর নিকট তিনটি এফ এফ কোম্পানীসহ ভোলাগঞ্জ সাব-সেক্টরের সাব-সেক্টর কমাণ্ডার হিসেবে দায়িত্ব গ্রহণ করি এবং ৭১ সালের ডিসেম্বর মাসের আগেই সিঙ্গার খালের উত্তর উপকূল পর্যন্ত মুক্ত করি।

ঘটনাবলীর বিবরণঃ-

(1) বাংলাদেশের মাটিতে ভোলাগঞ্জ রেলওয়ে টারমিনালে হেডকোয়ার্টার স্থানান্তর। কোনরুপ প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয়নি, ধল্লা নদীর এই চরটিতে তখন কোন লোকজন ছিল না। তবে টারমিনালটি অত্যন্ত বিধ্বস্তাবস্থায় ছিল। যন্ত্রপাতি, ঘরের দরজা-জানালা এমনকি জায়গায় জায়গায় টিনের চালও ছিল না।

(2) পাড়ুয়ায় বর্ডার আউটপোস্ট দখল, সামান্য প্রতিরোধ ছিল। পাকিস্তানী বাহিনীর লোকজন ৫টি ৩০৩ রাইফেল ফেলে রেখে চলে যায়।

(3) টোকের বাজারে এডভান্স পোস্ট বসাতে কোন প্রতিরোধ পাইনি।

(4) কোম্পানীগঞ্জে এডভান্স পোস্ট বসাতে গিয়ে মাঝারি ধরণের প্রতিরোধ সম্মুখীন হই। প্রথম দিন আমাদের একটি ছেলে শহীদ হয় এবং আমাদের একটি ২ মর্টার ছেড়ে আসতে হয়। পরদিন আমরা চৌকি দখল করতে সক্ষম হই। বিপক্ষের ফেলে যাওয়া অস্ত্রপাতির সঙ্গে আমাদের হারানো ২ মর্টারটি ফেরত পাই। শত্রুপক্ষ দুটি মৃতদেহ ছেড়ে যায়।

---

* গণপূর্ত বিভাগে নির্বাহী প্রকৌশলী থাকাকালে স্বাধীনতা যুদ্ধে যোগ দেন। সাক্ষাৎকারটি ১৪-৩-৮৩ তারিখে প্রকল্প কর্তৃক গৃহীত।

(৫) পরপর তিনদিন ক্রমাগত আক্রমণ করে তেলিখাল চৌকি দখল করি। কাটাখাল এলাকায় আমাদের কাট-অফ ছিল। তেলিখাল চৌকিতে বিপক্ষের ফেলে যাওয়া দুটি ৩০৩ রাইফেল ও ১টি ২'' মর্টার হাতে আসে। এই পর্যায়ে পূর্ব কুরাখোলা, কান্দিগাঁও এবং গোরকি আর পশ্চিমে পারকুল ও শিবপুর বেইস স্থাপন করি। পিয়াইন গাংয়ের উত্তর পাড় পর্যন্ত সম্পূর্ণ আমাদের দখলে আসে এবং সদস্য জনাব নুরুল হক টোকের বাজারে জনসভা করেন।

(৬) অপারেশন জ্যাকপটঃ পর পর তিনদিন ক্রমাগত যুদ্ধ করে বিলাজুর ও বার্নি দখল করি। এতে আমার সঙ্গে তিনটি এফএফ কোম্পানী অংশ নেয় ও আমাদের ৩ জন ছেলে শহীদ হয়।

(৭) অপারেশন স্লেজ হ্যামারঃ সেক্টর কমাণ্ডার মীর শওকত আলী শেলা সাব-সেক্টর কমাণ্ডার ক্যাপ্টেন হেলালকে নিয়ে ছাতক আক্রমণ করেন। আমার আর ক্যাপ্টেন নূরনবরি উপর ছাতক গোবিন্দগঞ্জ সড়কে রিইনফোর্সিং কলাম কাট-অফ করার দায়িত্ব ছিল। আমরা সন্ধ্যা ৭ টা পর্যন্ত সফলতার সঙ্গে সমস্ত যোগাযোগ বিচ্ছিন্ন রাখি এবং আমাদের হাতে বিপক্ষের একজন মেজর নিহত হয়।

(৮) অপারেশন লোনরেঞ্জারঃ নভেম্বরের প্রথম ভাগে সেক্টর কমাণ্ডার নিজে গৌরীনগর চৌকি আক্রমণ করেন। পশ্চিমের ফ্ল্যাঙ্কে একটি এফ এফ কোম্পানীসহ বার্নিতে ছিলাম আমি, পূর্বের ফ্ল্যাঙ্কে তিনটি এফ-এফ কোম্পানীসহ ছিলেন লেফটেন্যান্ট সাইফুদ্দিন খালেদ ও লেফটেন্যান্ট তাহেরউদ্দিন আখঞ্জি। দুইটি কোম্পানীসহ কোম্পানী কমাণ্ডার কাজী আবদুল কাদের ও কোম্পানী কমাণ্ডার ফকরুদ্দিন চৌধুরী কাগাইল ও গৌরীনগরের মাঝামাঝি জায়গায় কাট-অফ লে করেন। সকাল ৪ টায় আক্রমণ শুরু হয়। এই যুদ্ধে আমার সঙ্গের ৫ জন ছেলে শহীদ হয়। আমরা একটি ৮১ মিঃ মিঃ মর্টার ও কিছু গোলাবারুদ ও অস্ত্রপাতি দখল করি।

(৯) এই পর্যায়ে সামান্য প্রতিবন্ধকতা অতিক্রম করে আমরা ১০ই ডিসেম্বর নাগাদ সিংগারখালের উত্তর পার বরাবর কুরিরগাঁও, বাদাঘাট, মিতিমহল, নোয়াগাঁও, চালতাবাড়ি প্রভৃতি অঞ্চল মুক্ত করি। (৭ই ডিসেম্বর ভারতীয় বাহিনীর কর্নেল রাজ সিং এই সাব -সেক্টরের মধ্য দিয়ে সিঙ্গারখাল পার হয়ে আরও দক্ষিণে অগ্রসর হন) বিভিন্ন সময়ের বেইস স্থাপন ও চৌকি দখলকালে মোট ৬১ জন রাজাকার আমাদের হাতে বন্দী হয়, যারা পরবর্তী পর্যায়ে সিলেট জেলা কর্তৃপক্ষের হাতে সমর্পিত হয়।

(১০) দেশ স্বাধীন হওয়ার পর আমরা দশটি এফ-এফ কোম্পানী ও ৩টি এম-এফ কোম্পানীসহ সিলেট মাদ্রাসায় ক্যাম্প স্থাপন করি।

আমাদের সঙ্গের ১৭ জন শহীদ সহযোদ্ধাকে টোকেরবাজারে কবর দেওয়া হয়। প্রথম পর্যায়ে আমাদের গোলাবারুদ ও অস্ত্রশস্ত্রের অত্যন্ত অভাব ছিল।

পরে প্রতিপক্ষের চৌকিগুলো দখলের ফলে আমাদের গোলাবারুদের অভাব কিছুটা পূর্ণ হয়। আমাদের সমস্ত রেশন, অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ আসত শেলা হয়ে আসত ভারতের ১০১ কমাণ্ড এরিয়া থেকে। সব সময়ই খাদ্যদ্রব্য, শীতবস্ত্র, ঔষধপত্র ইত্যাদির প্রচণ্ড অভাব ছিল। আমরা যে সমস্ত অস্ত্রপাতি ব্যাবহার করতাম তা হলোঃ ৩০৩ রাইফেল, ৩০৩ এল-এমজি, ৭.৬২ সি সি এস এল আর, ৯ মিঃ মিঃ এস এম সি। পরবর্তীতে পাকিস্তানীদের হাত থেকে চীনা রাইফেল, চীনা স্টেন, ৭২ মিঃ মিঃ মর্টার ও তিনটি ৩০৩ মেশিনগান ও বেশকিছু জি-২ রাইফেল আমাদের হস্তগত হয়।

স্বাক্ষরঃ ন, আ, ম আলমগীর
ই-এস-এস,৪০৭৫
১৪-৩-৮৩

শিরোনাম	সূত্র	তারিখ
১১। ৬নং সেক্টরের যুদ্ধ বর্ণনা ও অন্যান্য প্রাসঙ্গিক কথা	বাংলা একাডেমীর দলিলপত্র	জুন-ডিসেম্বর ১৯৭১

সাক্ষাৎকারঃ এয়ার ভাইস মার্শাল এম কে বাশার*
১৫-৫-১৯৭৩

১৪ই মে আমরা কুমিল্লা হয়ে সোনামুড়ার নিকটবর্তী শিবেরবাজারে রাত্রিযাপন করি। স্থানীয় জনসাধারণ আমাদের যথেষ্ট আদর-যত্ন করে এবং তারাই পরের দিন আমাদেরকে সোনামুড়ায় পৌছায়। সোনামুড়া বি-এস-এফ ক্যাম্পে আমরা নিজেদেরকে ব্যাসায়ী বলে পরিচয় দেই। সেখানে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের একজন অফিসার মুক্তিযোদ্ধাদের রিক্রুট করছিলেন। আমরা তার কাছে গিয়ে নিজেদের পরিচয় দেই। আমার সাথে ছিলেন তৎকালীন গ্রুপ ক্যাপ্টেন খোন্দকার, স্কোয়াড্রন লিডার সদরুদ্দীন, ফ্লাইট লেঃ বদরুল আলম, ফ্লাইট লেঃ কাদের, এক্স ফ্লাইট লেঃ রেজা। এখান থেকে আমাদেরকে মুজিবনগরে নিয়ে যাওয়া হয়। সেখানে জেনারেল ওসমানী আমাদের সাক্ষাৎকার গ্রহণ করেন। আমরা ওনাকে বিমান বাহিনী হঠন করার প্রস্তাব করেছিলাম। কিন্তু সে সময় এটা সম্ভব ছিল না। তারপর আমরা স্থলযুদ্ধে অংশগ্রহণ করার সংকল্প জানালাম। সেখানে আমাকে ৬নং সেক্টর কমাণ্ডারের দায়িত্ব দিয়ে পাঠিয়ে দেয়া হয়।

৬নং সেক্টরে রংপুরে একটা মুক্তিবাহিনী মেজর নওয়াজেশের অধীনে ভূরুঙ্গামারীর কাছে সংঙ্গবদ্ধ হয়েছিল এবং আর একটা বাহিনী দিনাজপুর-ঠাকুরগাঁও হয়ে মেজর নজমুলের অধীনে ভজনপুরে নদীর উপরে একটা পুল উড়িয়ে নদীর উত্তর পারে প্রতিরক্ষাবুহ্য তৈরী করে। দুটো জায়গাই বাংলাদেশের ভিতরে ছিল এবং এখান থেকে কখনো আমরা পিছু হটিনি, বরং এগিয়ে গিয়েছিলাম। মেজর নওয়াজেশের একটা দল সুবেদার বোরহান উদ্দীনের (ই-পি-আর) নেতৃত্বে রংপুরের রুহুমারী এলাকায় প্রতিরক্ষা বুহ্য তৈরি করে এবং এ জায়গা বাংলাদেশের স্বাধীনতাপ্রাপ্তি পর্যন্ত মুক্ত ছিল। এলাকা পরবর্তীকালে ১১নং সেক্টরকে দিয়ে দেয়া হয়।

রংপুরে পাটগ্রাম থানাও মুক্ত এলাকা ছিল। এখানেও মেজর নওয়াজেশের একটা দল প্রতিরক্ষা বুহ্য তৈরি করেছিল। মেজর নওয়াজেশের এবং মেজর নজমুলের দুটো বাহিনী (ই-পি-আর আনসার, মোজাহেদ, পুলিশ, ছাত্র, শ্রমিক, ড্রাইভার) মিলিয়ে ৭০০ জন ছিল। অস্ত্র বলতে ছিল শুধুমাত্র রাইফেল সামান্য ক'টা, এল-এম জি, মর্টার এবং একটা মেশিনগান। গোলাবারুদও খুব কম ছিল।

আমার দুটো সমস্যা ছিল। প্রথমত আমি বাহিনীর অফিসার-ঐ এলাকায় সৈনিক, অফিসার এবং জনগণ আমাকে ঠিকভাবে গ্রহণ করবে কিনা সে প্রশ্ন, এবং দ্বিতীয়তঃ সৈনিকদের সংঘবদ্ধ করা এবং সংগঠিত করা। আমাদের অস্ত্রশস্ত্র গোলাবারুদও কম ছিল। কিভাবে আরও বেশী অস্ত্র সংগ্রহ করতে হবে সেটাও একটা প্রধান সমস্যা ছিল। ভারত থেকে কিভাবে অস্ত্রশস্ত্র-গোলাবারুদ সংগ্রহ করতে হবে সেটাও একটা সমস্যা। রিক্রুটমেন্ট এবং ট্রেনিং সমস্যা ছিল। তাছাড়া হাসপাতালও ছিল না, ঔষধপত্র ও ডাক্তারের অভাব ছিল। রেশন আমরা ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনী থেকে পেতাম কিন্তু খাদ্য সরবরাহ নিয়মিত ছিল না। যে সমস্ত মুক্তিযোদ্ধা তাদের পরিবার নিয়ে এসেছিল তাদেরকে রেশন সরবরাহ করা কষ্টকর ছিল। মুক্তিযোদ্ধাদের কোন পোশাক ছিল না। লুঙ্গী এবং গেঞ্জী পরেই তারা যুদ্ধ করছিল। তাদের কোন বিছানাপত্র ছিল না। তাদেরকে খোলা মাঠে থাকতে হত। টাকা-পয়সারও যথেষ্ট অভাব ছিল।

* ১৯৭১ সালে উইং কমাণ্ডার হিসেবে কর্মরত ছিলেন।

এখানে বলে রাখা ভাল যে, যে সমস্ত টাকা-পয়সা কুড়িগ্রাম এবং ঠাকুরগাঁও ব্যাঙ্ক থেকে মুক্তিযোদ্ধারা নিয়ে এসেছিল সে সমস্ত টাকা সীলমোহর করা বাক্সে মুজিবনগরে বাংলাদেশের সরকারের কাছে অর্পণ করা হয়েছিল। সে টাকা কিভাবে খরচ করা হয়েছে তা বলতে পারছি না। তখন পর্যন্ত ভারতীয় সেনাবাহিনী মুক্তিবাহিনীতে শরনার্থী শিবির থেকে নিয়োগ করত এবং ট্রেনিং দিচ্ছিল। শরনার্থী শিবিরগুলোতে অধিকাংশ হিন্দু ছিল। তারা তাদেরকে অস্ত্রশস্ত্র দিয়ে ট্রেনিং-এর জন্য পাঠাত। এ ব্যাপারে আমাদের কোন কর্তৃত্ব ছিল না। কিন্তু সেক্টর কমাণ্ডারের দায়িত্ব গ্রহণ করার পর আমি এ ব্যাপারে ওদের সাথে আলাপ-আলোচ না করি এবং তাদেরকে বলি যে রিক্রুটমেন্ট আমরা করব। আপনারা আমাদেরকে অস্ত্রশস্ত্র এবং ট্রেনিং এর ব্যাবস্থা করবেন। অপারেশনে পাঠানোর দায়িত্ব আমাদের থাকবে। অনেক বাকবিতণ্ডার পর ভারতীয় সেনাবাহিনীকে সম্মত করানো হয়। সৌভাগ্যবশত ভারতে আমাদের যে ট্রেনিং ক্যাম্প ছিল (মূর্তি টি এস্টেট) সেখানকার কমাণ্ডার লেঃ কর্নেল সেনগুপ্ত ছিলেন একজন বাঙ্গালী হিন্দু। তিনি আমাদেরকে যথেষ্ট সাহায্য করেছেন। ব্রিগেডিয়ার জোসীও আমাদেরকে যথেষ্ট সাহায্য এবং সহানুভূতি দেখিয়েছেন।

সেনগুপ্ত ট্রেনিং-এর চার্জে ছিলেন। সীমান্ত এলাকায়, যারা বাংলাদেশের ভেতর থেকে ট্রেনিং-এর জন্য আসত তাদেরকে প্রথমে হোল্ডিং ক্যাম্পে রাখা হত, তারপর কেন্দ্রীয় একটা ক্যাম্পে নিয়ে গিয়ে ৩ সপ্তাহের গেরিলা ট্রেনিং দেয়া হতো। পরে এদেরকে আমার কাছে পাঠানো হত বিভিন্ন অপারেশনে পাঠানোর জন্য। এবং আমার মনে হয় সমস্ত সেক্টরে এ নিয়ম অনুসরণ করা হয়েছিল।

তিন সপ্তাহের ট্রেনিং যথেষ্ট ছিল না। তাই ঠিক করা হল গেরিলাদের নিয়মিত বাহিনীর সাথে আরো ১৫ দিন রাখার এবং যুদ্ধের কলাকৌশল সম্পর্কে ট্রেনিং দেয়ার। এ সময়ের মধ্যে আমরা কাকে কোন দলের নেতৃত্ব দেয়া যায় তা ঠিক করতে পারতাম। তারপর বিভিন্ন এলাকার স্থানীয় ছেলেদের বিভিন্ন দলে ভাগ করে ভিতরে পাঠিয়ে দেয়া হত শত্রুর অবস্তানের কাছে গিয়ে রেকি করার জন্য। তারপর তাদেরকে অপারেশন চালানোর নির্দেশ দেয়া হত।

শত্রুর অবস্থানের আশেপাশে আমাদের গেরিলা বেইসগুলো ছিল। আমার সেক্টরে প্রায় ১২০টার মতো গেরিলা বেইস ছিল। প্রত্যেকটি গেরিলা বেইস থেকে কুরিয়াররা প্রতি সপ্তাহে এসে আমাদের কাছে অপারেশন-এর খবর এবং পাকিস্তান সেনাবাহিনীর বিভিন্ন খবরাখবর দিয়ে যেত। কোন কোন সময় নিয়মিত বাহিনী নিয়েও শত্রুর অবস্থানগুলোতে আক্রমণ চালাতে হত। ভারতীয় সেনাবাহিনী থেকে আমরা গোলন্দাজ বাহিনীর সাহায্য নিতাম।

মেজর নওয়াজেশ সাব-সেক্টর কমাণ্ডার (রংপুর) ছিলেন-ভূরুঙ্গামারী থেকে পাটগ্রাম পর্যন্ত। ক্যাপ্টেন দেলোয়ার ছিলেন মোগলহাটে। ক্যাপ্টেন মতিউর ছিলেন বাউরাতে। চিলাহাটিতে ছিলেন ফ্লাইট লেঃ ইকবাল। ক্যাপ্টেন নজরুল ছিলেন হলদীবাড়িতে। সুবেদার মেজর ওসমান গনি (ই-পি-আর), স্কোয়াড্রন লিডার সদরুদ্দীন-ইনডাকশন ট্রেনিং শেষ হবার পর বিভিন্ন অপারেশনে পাঠানো এদের দায়িত্ব ছিল।

দিনাজপুর জেলার ঠাকুরগাঁও মহকুমার অমরখান নামক জায়গায় আমাদের প্রতিরক্ষা বুহ্য ছিল। রংপুর জেলার বড়খাতায় আমাদের প্রতিরক্ষা বুহ্য ছিল। ভূরুঙ্গামারীর নিকটে আমাদের আর একটা প্রতিরক্ষা বুহ্য ছিল। এখানে মেজর নওয়াজেশ ছিলেন। বড়খাতায় ছিলেন ক্যাপ্টেন মতিউর রহমান। অমরখানে ছিলেন ক্যাপ্টেন শাহরিয়ার। আমাদের সেক্টর হেডকোয়ার্টার ছিল পাটগ্রামের কাছে বুড়িমারী নামক জায়গায় (বাংলাদেশের অভ্যন্তরে)। আমাদের নিয়মিত বাহিনী নিতান্ত নগণ্য ছিল, সুতরাং আমাদেরকে হ্যারাসিং ফায়ার, রেইড, এ্যামবুশ, মাইন পুঁতে রাখা এগুলোর উপর জোর দিতে হয়েছিল।

প্রধান আক্রমণ যে সমস্ত জায়গায় চালানো হয়েছিল সেগুলো হলঃ ভূরুঙ্গামারী (রংপুর), মোগলহাট (রংপুর), অমরখান (দিনাজপুর), বড়খাতা (তেঁতুলিয়া), এবং পাটগ্রাম। আমাদের মুক্তিযোদ্ধাদের পরিবারবর্গের থাকার জন্য দুটো ক্যাম্প তৈরি করা হয়েছিল। আমাদের পুরো সেক্টরের জন্য দুজন এমবিবিএস ডাক্তার ছিলেন। তেঁতুলিয়াতে ৫০ বেডের একটা হাসপাতাল স্থাপন করা হয়েছিল। ডাক্তার আতিয়ার রহমান (পঁচাগড় চিনিকলের ডাক্তার) তেঁতুলিয়া হাসপাতালের দায়িত্বে ছিলেন। বুড়িমারীতে ২৫ বেডের একটা হাসপাতাল স্থাপন করা হয়েছিল। ক্যাপ্টেন হোসেন এখানে ছিলেন। দুজন ছাত্র ফ্রন্টে ছিল। আহত মুক্তিযোদ্ধাদের প্রথম এদের কাছে পাঠানো হত। এরা ছোটখাট অস্ত্রোপচার করত এবং প্রাথমিক চিকিৎসার পর হাসপাতালে পাঠিয়ে দেয়া হত। রংপুর কলেজের কয়েকজন ছাত্রী হাসপাতালে নার্সিং ডিউটি করার জন্য তাদের ভলান্টিয়ার করে। মারাত্মকভাবে আহত মুক্তিযোদ্ধাদের বাগডোগরা কম্বাইণ্ড মিলিটারী হাসপাতালে এবং জলপাইগুড়ি বেসামরিক হাসপাতালে পাঠানো হত। ঔষধপত্র যন্ত্রপাতি ভারতীয় সামরিক বাহিনী থেকে পাওয়া গিয়েছিল। বাংলাদেশ সরকার বিভিন্ন সূত্রে যোগাড় করেছিলেন। স্থানীয় ভারতীয়রাও সাহায্য করেছিলেন। জুলাই-আগষ্ট থেকে খাদ্যদ্রব্য, কাপড়চোপড়, ঔষধপত্র, অস্ত্রশস্ত্র সরবরাহ আগের থেকে নিয়মিত ছিল। যদিও পর্যাপ্ত পরিমাণে ছিল না, তবুও মুক্তিযুদ্ধের গতি বৃদ্ধি পেতে থাকল। ট্রেনিং ক্যাম্প থেকেও ট্রেনিং প্রাপ্ত মুক্তিযোদ্ধারা নিয়মিতভাবে আসতে থাকল। এই সময় বিভিন্ন সেক্টরে অফিসারদের স্বল্পতা দেখা দিয়েছিল। বাংলাদেশ সরকার মূর্তিতে অফিসারদের ট্রেনিংয়ের জন্য ক্যাম্প স্থাপন করেন। এখানে প্রথম ব্যাচে প্রায় ৬৪ জন অফিসার ট্রেনিংপ্রাপ্ত হন। এখানে পাসিং আউট প্যারেডে সালাম গ্রহণ করেছিলেন তৎকালীন অস্থায়ী প্রেসিডেন্ট জনাব সৈয়দ নজরুল ইসলাম। অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন কর্নেল ওসমানী, প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ। এই পাসিং আউট প্যারেড-এর খবর পাকিস্তানে গোয়েন্দা বাহিনীর মাধ্যমে চলে গিয়েছিল।

এই সময় বাংলাদেশের তদানীন্তন প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ আমার সেক্টরে পরিদর্শনে গিয়েছিলেন, এবং চারদিন পর্যন্ত বাংলাদেশের অভ্যন্তরে আমাদের বিভিন্ন অবস্থান ঘুরে ঘুরে দেখেন। তিনি তেঁতুলিয়া, ভজনপুর, পাটগ্রামে জনসভায়ও ভাষণ দিয়েছিলেন এবং বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করেন। জনাব কামরুজ্জামান যখন আমাদের সেক্টর পরিদর্শনে আসেন তখন তিনি তার মন্ত্রণালয় পাটগ্রামে স্থানান্তরিত করার সিধান্ত নিয়েছিলেন। সমস্ত সেক্টরে নিয়মিত বাহিনীর লোকেরা ৭৫ টাকা করে মাসিক পকেট খরচ এবং খাদ্য, কাপড়-চোপড় পেতো। অফিসাররা ২০০ টাকা করে পেতো এবং গেরিলারা পেত ৫০ টাকা করে পকেট খরচ এবং ফ্রি রেশন এবং অথবা দু'টাকা করে প্রত্যহ রেশন মানি।

অমরখানাতে পাকিস্তান সেনাবাহিনীর শক্তিশালী ঘাঁটি ছিল- তাদের ফ্রণ্টিয়ার ফোর্স এবং মিলিশিয়া বাহিনী মিলে প্রায় দুই কোম্পানী সৈন্য ছিল। জুলাই মাসে টাস্ক ফোর্স দুই কোম্পানী এবং এক কোম্পানী ফ্রিডম ফাইটার নিয়ে শত্রুঘাঁটি আক্রমণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়। শত্রুবাহিনীর পেছনে গেরিলাদের অনুপ্রবেশ করানো হয় ক্যাপ্টেন শাহরিয়ারের নেতৃত্বে । দুই কোম্পানী ই-পি-আর সৈনিকদের সাহায্যে প্রধান আক্রমণ চালানো হয়। এই আক্রমণে ভারতীয় গোলন্দাজ বাহিনীরও সাহায্য নেয়া হয়েছিল। যদিও শত্রুঘাঁটি আমরা দখল করতে সক্ষম হয়েছিলাম কিন্তু পাকিস্তান গোলন্দাজ বাহিনীর আক্রমণের ফলে আমাদেরকে ঐ স্থান ত্যাগ করতে হয়।

এই ব্যর্থতা থেকে আমরা কতগুলো শিক্ষা গ্রহণ করেছিলাম। আক্রমণের পূর্বে শত্রুবাহিনীর শক্তি সম্পর্কে জানতে হবে। রেডিও বা অয়ারলেসে যোগাযোগের মাধ্যমে আমাদের মধ্যে যোগাযোগ রক্ষা করতে হবে। সৈনিকদেরকেও ভালভাবে প্রশিক্ষণ দিতে হবে। আর যদি পূর্বাহ্নেই পাকিস্তান গোলন্দাজ বাহিনীর অবস্থান জানতে পারতাম তাহলে ঐ অবস্থানের উপর শেলিং করা যেত।

ক্যাপ্টেন মতিউর রহমানের নেতৃত্বে ই-পি-আর এবং আনসার, মুজাহিদ, ছাত্র নিয়ে বড়খাতায় (রংপুর) জুলাই মাসে অপারেশন চালানো হয়। এখানে ভারতীয় গোলন্দাজ বাহিনীর সাহায্য নেয়া হয়েছিল। অবশ্য এই আক্রমণে আমরা সফলতা অর্জন করতে পারিনি। আমাদের পক্ষে অনেকেই হতাহত হয়। আমাদের সৈন্যদের ভাল প্রশিক্ষণ ছিল না। ভারী অস্ত্রশস্ত্র ছিল না। এই সমস্ত প্রতিকূল অবস্থার মধ্যে আমাদের সৈন্যদের সুশিক্ষত এবং সুসজ্জিত সেনাবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করতে হয়েছে।

প্রাথমিক পর্যায়ে বিভিন্ন অপারেশনে আমাদের ব্যর্থতা আমাদেরকে অনেক শিক্ষা দিয়েছিল। আমাদের নিজেদের দোষত্রুটি শোধরাতে পেরেছিলাম। যার ফলে বিভিন্ন আক্রমণে আমরা সফলতা অর্জন করতে পেরেছিলাম।

অক্টোবর মাস থেকেই আমাদের বিজয় শুরু হয়। অক্টোবর মাসে বড়খাতা, ভুরুঙ্গামারী অমরখানা দখল করতে সমর্থ হই।

মেজর নওয়াজেশের নেতৃত্বে তিন কোম্পানীর সৈন্য ভূরুঙ্গামারীতে পাকিস্তান সেনাবাহিনীর ঘাঁটি আক্রমণ করা হয় (জুলাই-আগষ্ট মাসে)। এর আগে ভূরুঙ্গামারীতে রেইড, এ্যামবুশ ইত্যাদি চালিয়ে যাওয়া হচ্ছিল। কিন্তু এই আক্রমণে আমরা সফলতা অর্জন করতে পারিনি।

এই তিনটি বৃহৎ আক্রমণের ফলে শত্রুবাহিনী বুঝতে পারে যে মুক্তিযোদ্ধারা যে কোন বড় আক্রমণ করতে পারে। তাই তারা আরও সৈন্য এবং অস্ত্রশস্ত্র আনতে শুরু করে। এ্যামবুশ রেইড এতে আরো বেড়ে যায়। এইসব আক্রমণের ফলে আমরা বুঝতে পারি সৈন্যসংখ্যা বৃদ্ধি করতে হবে। অস্ত্রশস্ত্র, গোলাবারুদ সংগ্রহ করতে হবে।

অক্টোবরের মাঝামাঝি ভূরুঙ্গামারীর উপর আবার আক্রমণ চালানো হয় মেজর নওয়াজেশের নেতৃত্বে। তিন কোম্পানী সৈন্য দিয়ে এই আক্রমণ চালানো হয়েছিল। ১৮ ঘন্টা প্রচণ্ড যুদ্ধের পর পাকিস্তানী সেনাবাহিনী ভূরুঙ্গামারী ছেড়ে যেতে বাধ্য হয়। এই আক্রমণে ভারতীয় গোলন্দাজ বাহিনীর সাহায্য নেয়া হয়েছিল। এই যুদ্ধে আমাদের পক্ষে অনেকেই হতাহত হয়। শত্রুবাহিনীকে আমরা পিছু ধাওয়া করি। শত্রুবাহিনীর সাথে আবার যুদ্ধ হয়। এই যুদ্ধে লেফটেন্যান্ট সামাদসহ অনেকেই শহীদ হন। লেফটেন্যান্ট সামাদের মৃতদেহ উদ্ধার করা হয়। জয়মনিরহাটে মসজিদের সামনে তাকে সমাহিত করা হয়। জয়মনিরহাটকে সামাদনগর নামকরণ করা হয়। সামাদের মৃতদেহ উদ্ধার করতে গিয়ে মুক্তিযোদ্ধা দু'ভাই মৃত্যুবরণ করেন। এদেরকেও সামাদের সাথে সমাহিত করা হয়।

ভূরুঙ্গামারীতে পাকিস্তান সেনাবাহিনীর কোম্পানী-হেডকোয়ার্টার ছিল। ঐ বিল্ডিংয়ের এক কক্ষে ১৫ জন যুবতীকে বন্দী অবস্থায় পাওয়া যায়। কাছাকাছি এক স্কুলের বিল্ডিংয়ে নারী, পুরুষ এবং ছেলেমেয়ে প্রায় ২০০ জনকে বন্দী অবস্থায় পাওয়া যায়। পাকিস্তান সেনাবাহিনী তাদের জোর করে খাটিয়ে নিত। অনেককে ভোগের সামগ্রী হিসেবে ব্যবহার করা হয়েছিল।

পাকিস্তান সেনাবাহিনীর অনেকের মৃতদেহ বিক্ষিপ্ত অবস্থায় পাওয়া যায়। ভূরুঙ্গামারীর আশেপাশের সমস্ত বাড়িঘর সম্পূর্ণরূপে জ্বালিয়ে দেয়া হয়েছিল। চাষাবাদ সম্পূর্ণরূপে বন্ধ ছিল। জনমানবের কোন চিহ্নই পাওয়া যায় নাই। চারিদিকে শুধু ধ্বংসের চিহ্ন। সমস্ত এলাকাকে একটা ভুতুরে বাড়ির মত মনে হচ্ছিল। ভূরুঙ্গামারীতে বাঙ্কারের মধ্যে অনেক যুবতীর লাশ পাওয়া যায়। পাকিস্তান সেনাবাহিনী বাঙ্কারের মধ্যে এসব মেয়েদের উপর পাশবিক অত্যাচার চালিয়েছিল।

এর পরপরই অমরখানা এবং বড়খাতাতে আক্রমণ চালানো হয়। দুই জায়গা থেকেই পাকিস্তান সেনাবাহিনী পালিয়ে যেতে বাধ্য হয়। বড়খাতার পতনের পর পাক সেনাবাহিনীর মনোবল একেবারে ভেঙ্গে যায়। তাদের বিভিন্ন ঘাঁটির দ্রুত পতন ঘটতে থাকে। পাকিস্তান সেনাবাহিনীর মনোবল পুরোপুরি ভেঙ্গে গিয়েছিল। অমরখানা থেকে মুক্তিযোদ্ধারা পঁচাগড়, বোদা দখল করে ঠাকুরগাঁর দিকে অগ্রসর হয়। এ দলটার নেতৃত্ব দেন ক্যাপ্টেন শাহরিয়ার ও স্কোয়াড্রন লিডার সদরুদ্দীন। দলটি হাতিবান্ধা আক্রমণ করছিল। হাতিবান্ধা পতনের পর তারা ক্যাপ্টেন মতিউর রহমানের নেতৃত্বে লালমনিরহাটের দিকে অগ্রসর হয়।

ভূরুঙ্গামারী পতনের পর মেজর নওয়াজেশের এই বাহিনীটি নাগেশ্বরী দখল করে এবং ধরলা নদীর উত্তর পাশে পৌঁছায়।

এ ছাড়াও আরও দুটি গেরিলা বাহিনীর দুটো কলাম ফ্লাইট লেঃ ইকবালের নেতৃত্ব চিলাহাটি দিয়ে ডোমার, ডিমলা এগুলো দখল করে নিলফামারীর দিকে অগ্রসর হয়। মোগণহাট থেকে আর একটি কলাম ক্যাপ্টেন দেলোয়ারের নেতৃত্বে লালমনিরহাটের দিকে অগ্রসর হয়।

রংপুর, সৈয়দপুর সেনানিবাস ছাড়াও ৬নং সেক্টরের সমস্ত এলাকা ১৬ই ডিসেম্বরের আগে মুক্ত হয়।

স্বাঃ খাদেমুল বাশার
১৫-৫-১৯৭৩

শিরোনাম	সূত্র	তারিখ
১২। ৬নং সেক্টরের যুদ্ধ সম্পর্কে অন্যান্যের প্রদত্ত বিবরণ ও তথ্যাদি	বাংলা একাডেমীর দলিলপত্র	..... ১৯৭১

সাক্ষাৎকারঃ লেঃ কর্নেল দেলোয়ার হোসেন*
১৬-১০-১৯৭৪

২২মে আগষ্ট আমাকে ৬নং সেক্টরে (রংপুর-দিনাজপুর), ক্যাপ্টেন আজিজ পাশাকে ২নং সেক্টরে এবং ক্যাপ্টেন শাহজাহানকে ৯নং সেক্টরে পোস্টিং দেয়া হয়। ২৩শে আগস্ট রাতে আমি শিলিগুড়ি পৌঁছি এবং প্রথমে ৬নং সেক্টরে কর্তব্যরত ক্যাপ্টেন নজমুল হকের (বর্তমান মেজর) সাথে দেখা করি।

বাংলাদেশের মুক্ত এলাকায় এসে নিজেকে গৌরবান্বিত করি। আমার এত আনন্দ হয়েছিল যা আজ আমি আর প্রকাশ করতে পারব না। শীঘ্রই আমি ৬নং সেক্টরে কর্তব্যরত স্কোয়াড্রন লিডার সদরুদ্দীনের সাথে দেখা করি। এরপর আমি আমাদের সাহায্যে নিয়োজিত ভারতীয় সেনাবাহিনীর অফিসারদের সাথে সাক্ষাৎ করি। আমি অধীর আগ্রহে অপেক্ষা করছিলাম-কবে আমি অর্গবর্তী ঘাঁটিতে যাব এবং শত্রুদের বিরুদ্ধে আক্রমণ চালাব। যদিও আমার রংপুর ও দিনাজপুর এলাকা সম্বন্ধে ধারণা খুব কম ছিল, তবুও দেশকে শত্রুমুক্ত করার জন্য যুদ্ধক্ষেত্রে যাবার জন্য প্রস্তুত ছিলাম। এই সময় আমি শত্রুদের বিরুদ্ধে প্রথম অপারেশন শুরু করি। আমি শত্রুদের বিরুদ্ধে আক্রমণ চালিয়ে তাদের ৫ জনকে নিহত ও ১২ জনকে আহত করি । আমার সাথে যারা ছিল তারা সবাই নতুন শিক্ষাপ্রাপ্ত মুক্তিযোদ্ধা। আমাদের ১ জন সামান্য আহত হয়। আমরা হালকা মেশিনগান, এসএমজি, ৩০৩ রাইফেল ও ২ ইঞ্চি মর্টারের সাহায্যে শত্রুদের বিরুদ্ধে আক্রমণ চালিয়েছিলাম। আমাদের ডিফেন্স পজিশন থেকে ৩ ইঞ্চি মর্টারের সাহায্য দেয়া হয়।

অমরখানা সাব-সেক্টর কমাণ্ডার ক্যাপ্টেন শাহরিয়ারের শত্রুদের বিরুদ্ধে লড়াই করার কথা আমি জীবনে কোনদিন ভুলতে পারব না। তার মত সাহসী যোদ্ধার কথা ইতিহাসে লেখা থাকবে বলে আমি মনে করি। ক্যাপ্টেন শাহরিয়ার শত্রুদের যথেষ্ট ক্ষতিসাধন করেছিল। পাকসেনাদের কাছ থেকে সে ভীতির কারণ হয়ে দাঁড়িয়েছিল। তাকে একটানা কয়েকদিন ও রাত না ঘুমিয়ে থাকতে দেখেছি। ৬নং সেক্টরের অন্যান্য অফিসারদের তার মত এত কৃতিত্বের দাবীদার আর কেউ নয়। আমি ক্যাপ্টেন শাহরিয়ারকে কোন সময়ে বিমর্ষ দেখিনি। দেশপ্রেমিক ও প্রকৃত যোদ্ধার মত তিনি শত্রুদের মোকাবিলা করেছিলেন।

৬নং সেক্টরের উইং কমাণ্ডার মিঃ বাশারের (বর্তমান গ্রুপ ক্যাপ্টেন) সাথে আমার তখনও পরিচয় হয়নি। একদিন তিনি আমাকে তাঁর সাথে দেখা করার জন্য বলে পাঠালেন। আমি তাঁর নির্দেশ মত দেখা করি। একজন এয়ার ফোর্সের অফিসার হওয়া সত্ত্বেও তিনি ৬নং সেক্টরের যুদ্ধ পরিচালনা করেছেন তা যে কোন দক্ষ পদাতিক অফিসারের সাথে তুলনা করা চলে। তিনি নিপুণতার সাথে ৬নং সেক্টর পরিচালনা করেন। দীর্ঘ ৯ মাস তিনি সুদক্ষভাবে ৬নং সেক্টরে শত্রুদের বিরুদ্ধে লড়াই চালিয়েছেন। ৬নং সেক্টর রংপুর-দিনাজপুর জেলা নিয়ে গঠিত হয়েছিল। অনেক সময় তিনি আমাকে যথাযথ নির্দেশ দিয়ে অপারেশনে বহু সাহায্য করেছেন।

আমাদের সেক্টর ৬-এর সদর দফতর বুড়িমারীতে স্থাপন করা হয়। বাংলাদেশের অন্যান্য সেক্টরগুলির তুলনায় একমাত্র আমাদের সেক্টরেই বহু মুক্ত এলাকা ছিল। আমাদের সেক্টর সদর দপ্তর ও সাব সেক্টর দপ্তর

* ১৯৭১ সালে ক্যাপ্টেন পদে কর্মরত ছিলেন।

বাংলাদেশের অভ্যন্তরেই স্থাপন করা হয়েছিল। ক্যাপ্টেন নওয়াজেশের (বর্তমান মেজর) উপর ন্যস্ত ছিল সাহেবগঞ্জ সাব-সেক্টর। তাঁর নিয়ন্ত্রণে কিছু নিয়মিত ও ই পি আর বাহিনীর সৈন্য ছিল। সাহেবগঞ্জের বিস্তীর্ণ এলাকা ক্যাপ্টেন নওয়াজেশ অনেক আগেই শত্রুদের হাত থেকে মুক্ত করেছিলেন। পাটগ্রাম সাব-সেক্টর পরিচালনার ভার ছিল ক্যাপ্টেন মতিউর রহমানের উপর। তিনি অনেক স্থান শত্রুমুক্ত করে রেখেছিলেন। দিনাজপুরের তেঁতুলিয়া সাব-সেক্টর পরিচালনার ভার ছিল স্কোয়াড্রন লীডার সদরুদ্দীনের (বর্তমান উইং কমাণ্ডার) উপর। এখানেও অনেক এলাকা মুক্ত ছিল।

মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য সেক্টর ৬-এর বিভিন্ন স্থানে ক্যাম্প করা হয়েছিল। ঠাকুরবাড়ি, কোটগাছ, হিমকুমারী শীতলকুচি, গিতলদহ, সোনাহাট প্রভৃতি স্থানে মুক্তিযোদ্ধাদের ক্যাম্প ছিল। সেই সময়ে সামরিক অফিসারের অভাবে ঠাকুরবাড়ি এবং কোটগাছ ক্যাম্পে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ দেওয়া যাচ্ছিল না। সেক্টর কমাণ্ডার বাশার আমাকে মুক্তিযোদ্ধাদের ঠাকুরবাড়ি এবং কোডগাছ ক্যাম্প পরিচালনার ভার দেন এবং মুক্তিযোদ্ধাদের ট্রেনিং দিতে নির্দেশ দেন। তাঁর নির্দেশমত ঠাকুরবাড়ি ও কোটগাছ ক্যাম্পে মুক্তিযোদ্ধাদের ট্রেনিং দিতে থাকি। শত শত শিক্ষিত ও অশিক্ষত যুবককে সামরিক ট্রেনিং দিতে থাকি। এরা প্রায় সকলেই সামরিক ট্রেনিং-এ অনভিজ্ঞ ছিল। সহযেই বুঝতে পারা যায় যে অনভিজ্ঞ যুবকদের কত কষ্টে সামরিক শিক্ষা দিতে হয়েছে। কিন্তু আমার অধীনে শিক্ষা প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সামরিক ট্রেনিং ও জ্ঞান অর্জনে যথেষ্ট উৎসাহ ছিল। তারা কোনদিন কোন অসুবিধার কথা আমাকে জানায়নি। তাদের যাকে যা কাজ দেওয়া হত তারা তা ভালভাবেই সম্পন্ন বা কর্তব্য পালন করার চেষ্টা করত। মুক্তিযোদ্ধাদের বাংলাদেশের অভ্যন্তরে পাঠিয়ে দেয়া হত। সেই জন্য মুক্তিযোদ্ধাদের কোম্পানী, প্লাটুন ও সেকশনে ভাগ করা হয়। মুক্তিযোদ্ধাদের ভিতরে পাঠাবার পূর্বে সেই স্থান ভালভাবে রেকী করা হত এবং আমি নিজেই অনেক স্থান রেকী করে তাদের পাঠিয়েছি।

প্রথমে আমি যেসব এলাকায় মুক্তিযোদ্ধাদের অনুপ্রবেশ করাই সে এলাকাগুলো হল দিনাজপুর জেলার বালিয়াডাঙ্গি, রুহিয়া, লেহেরী এবং আটাওয়ারী। এসব এলাকায আমিই রেকী পরিচালনা করেছিলাম। রেকী করা কালে অনেক সময় ইপিকাফ, রাজাকার এবং পাকিস্তানী রেঞ্জারদের দ্বারা আক্রান্ত হয়েছিলাম। এই রকম একটি ঘটনা ঘটে ৫ই সেপ্টেম্বরে। রেকী করার জন্য যাই। আমার সাথে ১২/১৩ জন মুক্তিযোদ্ধা ছিল, আর সঙ্গে ২টা এল এম জি, একটি ২ ইঞ্চি মর্টার, স্টেনগান ও ৩০৩ রাইফেল ছিল। একটি স্কুলে পাকসেনাদের শক্তিশালী প্রতিরক্ষা অবস্থান ছিল। সেখানে পাকসেনাদের ২টা প্লাটুন ছাড়াও ইপিকাফ ও বিহারী রাজাকারও ছিল। আমাদের রেকী করার খবর কিছু দালাল পাকসেনাদের জানায়। আমি সাধারণত গেরিলা যুদ্ধ চালাতাম। শত্রুদের অকস্মাৎ আক্রমণ করে দ্রুত সরে পড়াই আমাদের লক্ষ্য ছিল। শত্রুরা আমাদের উপর আক্রমণ শুরু করে দেয়। তিন ঘন্টা ধরে যুদ্ধ চলার পর আমি আমার দল নিয়ে পালিয়ে আসতে সক্ষম হই। এ যুদ্ধে আমার ২ জন মুক্তিযোদ্ধা আহত হয়। এই ঘটনার পর আমি মুক্তিযোদ্ধাদের বাংলাদেশের ভিতরে অনুপ্রবেশ করানোর জন্য সীমান্তের নিকটবর্তী কয়েক স্থানে বেইস স্থাপন করি। পরে এই স্থানগুলি দিয়ে মুক্তিযোদ্ধাদের অনুপ্রবেশ করানো হয়। ৫০০ মুক্তিযোদ্ধাকে প্রতিষ্ঠিত বেইস দিয়ে ঠাকুরগাঁও, রানীসংকৈল, বোদা, পঁচাগড় ইত্যাদি স্থানে পাঠানো হয়। এইভাবে মুক্তিযোদ্ধাদের ভিতরে অনুপ্রবেশের ব্যবস্থা সম্পন্ন হলে সেক্টর কমাণ্ডার উইং কমাণ্ডার বাশার আমাকে রংপুরের গীতলদহ ও শীতলকুচিতে মুক্তিযোদ্ধাদের ক্যাম্প পরিচালনার ভার নিতে নির্দেশ দেন। তখন পর্যন্ত এই এলাকার মুক্তিযোদ্ধারা বিশেষ কোন কৃতিত্ব দেখাতে পারেনি। গীতলদহ ক্যাম্পে ২ হাজার এবং শীতলকুচি ক্যাম্পে ৫০০ মুক্তিযোদ্ধা ট্রেনিং নিচ্ছিল। আমার দায়িত্ব ছিল নিম্নরূপঃ

(ক) ট্রেনিং থেকে প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের গ্রহণ করা।

(খ) মুক্তিযোদ্ধাদের বিভিন্ন অপারেশনে পাঠাবার ব্যবস্থা করা। তাদের এ্যামবুশ, রেইড, আক্রমণ, রেল ও সড়ক সেতু (যেগুলি শত্রুদের যাতায়াতে সাহায্য করত) উড়িয়ে দেয়া ইত্যাদি কাজ সম্পন্ন করার নির্দেশ প্রদান।

(গ) মুক্তিযোদ্ধাদের ঐ এলাকার রাস্তাঘাট ও অন্যান্য বিষয়ে জানানো।

(ঘ) মুক্তিযোদ্ধাদের ঐ এলাকার জনগণের সাথে মিশে বাংলাদেশের স্বাধীনতা সম্বন্ধে জানানোর ব্যবস্থা করা,

(ঙ) সর্বোপরি পাকসেনাদের অধিকৃত এলাকার ভিতরে মুক্তিযোদ্ধাদের অনুপ্রবেশের ব্যবস্থা করা।

আমি এই দুইটি গুরুত্বপূর্ণ মুক্তিযোদ্ধাদের ক্যাম্প পরিচালনার ভার নিয়ে প্রথমে তাদের পরীক্ষা করে দেখি। তাদের বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ব্যাপারে কিছু জানা নাই এবং সামরিক কৌশল সম্বন্ধে ধারণা নাই। সামরিক অফিসারের অভাব থাকার জন্যই তাদের পক্ষে সামরিক কৌশল জানা সম্ভব হয়নি। সেই জন্য ক্যাম্প দুটির মুক্তিযোদ্ধাদের ঠিকমত পরিচালনা করা সম্ভব হয়নি। আমি তাদের সুস্পষ্টভাবে সামরিক কৌশল শিখিয়ে অপারেশনে পাঠানোর জন্য তৈরী করি। তাদেরকে নিয়ন্ত্রণে রাখার জন্য কোম্পানী, প্লাটুন ও সেকশনে বিভক্ত করি। তাদের সংগঠিত করে পাকসেনাদের উপর দিনে কমপক্ষে পাঁচবার হামলা করতে থাকি। এর ফলে তারা এত ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে যে পাকসেনারা দিনেও বাংকার থেকে বেরিয়ে আসতে সাহস করত না। আমি অনেক অপারেশনে মুক্তিযোদ্ধাদের সাথে যেতাম এবং এইভাবে মুক্তিযোদ্ধাদের মনোবল বাড়িয়ে তুলি। আমার ব্যক্তিগত অংশগ্রহণের ফলে মুক্তিযোদ্ধারা আমার নির্দেশ মেনে চলার চেষ্টা চালায়। আমি মুক্তিযোদ্ধাদের পাকসেনাদের এ্যামবুশ ও রেইড করা এবং রেল ও সড়কসেতু ধ্বংস করে দেয়ার নির্দেশ দেই। তাদেরকে অধিকৃত অঞ্চলে বেইস গড়ে তোলার জন্য নির্দেশ দেই। অনেককে ভেতরে পাঠিয়ে দেই পাকসেনাদের এ্যামবুশ ও রেইড করে পর্যুদস্ত করার জন্য।

যেসব মুক্তিযোদ্ধা নতুন ট্রেনিং নিয়ে আসত, তাদেরকে প্রথমে শত্রুদের বিরুদ্ধে এ্যামবুশ ও রেইড করার নির্দেশ দিতাম। রেল ও সড়কসেতু ধ্বংস করে পাকসেনাদের যাতায়াতে বাধার সৃষ্টি করার জন্য পাঠাতাম। ছোটখাটো অপারেশনের দায়িত্ব দিয়ে তাদেরকে যুদ্ধকৌশলে পারদর্শী করে তোলা হত।

একটি অপারেশনের কথা আমার মনে পড়ছে। লালমনিরহাট থেকে মোগলহাটে অবস্থানরত পাকসেনাদের জন্য প্রতিদিন সকালে ট্রেনে করে রসদ ও সৈন্য আসত। এই সাব সেক্টরের দায়িত্ব ছিল অসমসাহসী যোদ্ধা ক্যাপ্টেন নওয়াজেশের উপর। তিনি আমাকে এই অপারেশন পরিচালনার ব্যাপারে যথেষ্ট সাহায্য করেন। তিনি পিছনে অবস্থানরত প্লাটুনের সাহায্যে শত্রুট্রেনের উপর মর্টার চালাবার নির্দেশ দেন। দিনটি ছিল যতদূর সম্ভব ৬ই সেপ্টেম্বর। ভোর ৫টার সময় ৩০ জন মুক্তিযোদ্ধাকে নিয়ে মোগলহাট রেললাইনের নিকট অবস্থান নেই। রেললাইনের উপর এ্যান্টি ট্যাংক মাইন বসানো হয়। গ্যালাটিন ও পি-ই-কে ঠিকমত বসিয়ে দূরে সুইচ লাগিয়ে শত্রুট্রেন আসার অপেক্ষায় অবস্থান নিয়ে অপেক্ষা করতে থাকি। ঠিক সময়মত ট্রেনটি সামনের কয়েকটি বগীতে বালি এবং অন্যান্য জিনিস ভর্তি করে পিছনের বগীগুলিতে আসে। আমাদের এ্যান্টি-ট্রাঙ্ক মাইনের আঘাতে ইঞ্জিনসহ সামনের কয়েকটি বগী বিধ্বস্ত হয়। পাক-সেনারা সঙ্গে সঙ্গে তাদের অস্ত্রশস্ত্র নিয়ে আমাদের গোলাগুলির জবাব দিতে শুরু করে। তারা ট্রেন থেকে নেমে তিনদিক থেকে আমাদের ঘিরে ফেলে। অবস্থা বেগতিক দেখে মুক্তিযোদ্ধাদের আমি পেছনে সরে যেতে নির্দেশ দেই। আমার কাছে ১টা হালকা মেশিনগান ছিল। সেই মারণাস্ত্র দিয়ে আমি শত্রুসেনাদের উপর আক্রমণ চালিয়ে যাই এবং এর মধ্যে মুক্তিযোদ্ধারা নিরাপদে পিছনে সরে যেতে সক্ষম হয়। এই অপারেশনে ২ জন সাহসী মুক্তিযোদ্ধা নিহত ও ৪ জন আহত হয়। আমিও বাঁ হাতে সামান্য আঘাত পাই। শত্রুদের ৫ জন নিহত ও অনেক আহত হয়। এই অপারেশন পরিচালনার জন্য পরবর্তীকালে বাংলাদেশ সরকার আমাকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করেন। এই অপারেশনের খবরটি স্বাধীন বাংলা বেতার থেকে প্রচারিত হয়। এ ছাড়া আমি যেসব অপারেশনে অংশগ্রহণ করি সেগুলো হলঃ মোগলহাট পাক অবস্থানের উপর অকস্মাৎ আক্রমণ, নাগেশ্বরী পাক-কোম্পানী হেডকোয়ার্টার আক্রমণ, কম্বলপুর ব্রীজ অপারেশন, কুলাঘাট শত্রু অবস্থানের উপর হামলা, দোরাকুটি পাক অবস্থানের উপর হামলা, নুমেরী পাক

অবস্থানে আক্রমণ, পাটেশ্বরী শত্রু গোলন্দাজ অবস্থানের উপর হামলা, ভাতমারী শত্রু কোম্পানী অবস্থানের উপর হামলা, কালীগঞ্জ পাক-অবস্তান আক্রমণ, তুষভাণ্ডা শত্রু প্লাটুনের উপর অকস্মাৎ আক্রমণ, হাতিবান্ধা শত্রুকোম্পানীর উপর আক্রমণ ইত্যাদি।

বাংলাদেশের অভ্যন্তরে সীমান্তবর্তী থানাগুলিতে আক্রমণ চালানোর জন্য আমি কয়েকটা বেইস গড়ে তুলি। ফুলবাড়িতে ঘাঁটি স্থাপন করা হয় । লালমনিরহাট থানার ইমানগঞ্জ হাট ও কর্নারহাট এলাকায় আমাদের ঘাঁটি স্থাপন করা হয়। কালীগঞ্জ থানায় দাইখোয়া ও চালতায় বেইস গড়ে তোলা হয়। এসব স্থান তেকে মুক্তিবাহিনীর ছেলেরা বিভিন্ন পাক অবস্তানের উাপর এ্যামবুশ ও রেইড করত। তারা রেল ও সড়কসেতু উড়িয়ে দিয়ে পাকসেনাদের যাতায়াতে বাধার সৃষ্টি করত।

এসব সীমান্ত এলাকায় ঘাঁটি স্থাপন করার পর রংপুর জেলার ভিতরে মুক্তিযোদ্ধাদের কিভাবে অনুপ্রবেশ করানো যায়, সে চিন্তা করতে থাকি। সীমান্তবর্তী এলাকায় অবস্থানরত মুক্তিযোদ্ধারা ইতিমধ্যে পাকসেনাদের উপর আক্রমণ চালিয়ে ক্ষতিসাধন করতে থাকে। পাকসেনারা ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে, এমনকি দিনের বেলাতেও পাকসেনারা বাঙ্কার থেকে বেরিয়ে আসতে সাহস করত না। পাক-সেনাদের গতিবিধি অনেক কমে যায়। আমাদের কার্যকলাপ বৃদ্ধি পাবার ফলে পাকসেনারা গ্রামে যাওয়া বন্ধ করে দেয়। এর পূর্বে পাকসেনারা গ্রামে গ্রামে গিয়ে লুটতরাজ, নারীধর্ষণ, বাড়িঘর পুড়িয়ে দেয়া এবং গ্রামবাসীদের উাপর অত্যাচার চালাত। আমাদের কার্যকলাপের ফলে গ্রামবাসীরা অনেক স্বস্তির নিঃশ্বাস ফেলে। তারা আমাদের শত্রুপক্ষের অনেক গোপন তথ্য জানিয়ে সাহায্য করত। আমার পক্ষে সব বেইস এলাকায় থাকা সম্ভব ছিল না। তাই মাঝে-মধ্যে প্রায় সব ক'টি বেইস এলাকায় গিয়ে মুক্তিযোদ্ধাদের সাথে শত্রুদের বিরুদ্ধে অনেক অপারেশনে অংশগ্রহন করতাম। এতে মুক্তিযোদ্ধাদের মনোবল অনেক বেড়ে যায়। আমি ভিতরে অনেক লোককে নিয়োগ করি শত্রুপক্ষের গোপন তথ্যাদি ও গতিবিধি সম্বন্ধে খবর দেবার জন্য। তারা আমাকে ঠিকমত খবরাখবর দিয়ে অপারেশনে সাহায্য করত।

মুক্তিযোদ্ধারা প্রতি রাতেই তাদের অবস্থান বদল করত। এক স্থানে অবস্থান নিয়ে বসে থাকত না। আমি নিম্নলিখিত এলাকায় বেইস তৈরী করি। এগুলো হলঃ লালমনিরহাট থানার কস্তুরীহাট, কাউনিয়া থানার তেপাহাটা, গংগাচরা থানার গংগাচরা, লালমনিরহাট থানার শিবরাম ও পাঁচ গ্রাম কাউনিয়া থানার সারাই ও নাজিরদহ, পীরগাছা থানার জিগাবড়ি ও বাজে মশকুর, কাউনিয়া থানার তেপামধুপুর, মিঠাপুকুর থানার রাজপুকুর, জলঢাকা থানার খৈলমারী ইত্যাদি।

এসব এলাকায় বেইস তৈরী করার পর আমি প্রতি এলাকর জন্য ১০ থেকে ২০ জন মুক্তিযোদ্ধার পার্টি নিয়োগ করি শত্রুদের বিরুদ্ধে অপারেশন চালানোর জন্য। তিনদিন অন্তর তাদের প্রত্যেক পার্টিকে ভাগাভাগি করে অপারেশনের দায়িত্ব দিতাম। সেপ্টেম্বর মাসের শেষের দিকে প্রায় সব কটি বেইস এলাকায় তারা যথাযথ দায়িত্ব পালন করতে সক্ষম হয়। অক্টোবর মাসের শেষদিকে প্রায় প্রতি বেইসে ১৫০ জন প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে নিয়োগ করতে সক্ষম হই। ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৭০ মাইল ভিতরেও বেইস তৈরী করতে সক্ষম হই। এক বেইস এলাকার সাথে অন্য বেইস এলাকার যোগাযোগ রাখা হত। এইভাবে তারা এক অন্যের সাহায্য করে এবং আমার সাথে চেইন হিসেবে যোগাযোগ রাখে। প্রতি বেইস এলাকা থেকেই তারা সিচুয়েশন রিপোর্ট পাঠাত। আমি কোম্পানী কমাণ্ডারদের কাছে নির্দেশ পাঠাতাম এবং সপ্তাহ অন্তর কোম্পানী কমাণ্ডাররা তাদের রিপোর্ট পাঠাত। দূরবর্তী কোম্পানী কমাণ্ডারদের এক সপ্তাহের কাজ দিতাম। তাদের প্রতি নির্দেশ ছিল শত্রুদের সামনে থেকে আক্রমণ না করে এ্যামবুশ ও রেইড করে ব্যতিব্যস্ত রাখার জন্য এবং যোগাযোগ ও যাতায়াত বন্ধ করে দেয়ার জন্য, সড়ক ও রেলসেতু ধ্বংস ও উড়িয়ে দেওয়ার জন্য। মুক্তিযোদ্ধাদের উপর আরও নির্দেশ ছিল গ্রামবাসী ও এলাকাবাসীদের সাথে মিশে তাদের সাহায্য নিয়ে অপারেশন করার জন্য। কিন্তু আবার এই সময় রাজকার, আলবদর, আল-শামস, মুসলীম লীগ ও জামায়াতে

ইসলামীর দালালরা ও বিহারীরা আমাদের মুক্তিযোদ্ধাদের কার্যকলাপে বাধা সৃষ্টি করত। কিন্তু আবার অনেক রাজাকার এমনকি শান্তি কমিটির অনেক সদস্য গোপনে শত্রুদের অনেক খবর আমাদেরকে দিত। লালমনিরহাট থানার বাবোবাড়ি ইউনিয়ন শান্তি কমিটির সদস্য আবুল কাসেমের বাড়িতে মুক্তিবাহিনীর ক্যাম্প প্রতিষ্ঠিত দেখতে পাওয়ায় পাকসেনারা নির্মমভাবে আবুল কাসেমকে হত্যা করে। আবুল কাসেমের স্বাধীনতা সংগামে অবদান কম নয়।

নভেম্বর মাসের প্রথম সপ্তাহে পাকসেনারা কোণঠাসা হয়ে পড়ে। প্রতি রাতেই তাদের উপর হামলা চালান হত। রংপুরের সিনেমা হলে গ্রেনেড বিস্ফোরণ ঘটানো হয়। ১০ জনের মুক্তিবাহিনীর একটা পার্টিকে এ কাজের জন্য পাঠানো হয়েছিল। লালমনিরহাট, কালীগঞ্জ, ভোতমারী, নাগেশ্বরী, কুড়িগ্রাম, তিস্তাঘাট, কাউনিয়া, পীরগাছা , গঙ্গাচরা, মিঠাপুকুর ইত্যাদি গুরুত্বপূর্ণ পাক অবস্থানে গ্রেনেড বিস্ফোরণ ঘটানো হয়। এমনকি রংপুর শহরেও আমাদের কার্যকলাপ শুরু হয় যায়। এর মধ্যে আমাদের কার্যকলাপ গ্রাম ছাড়িয়ে শহর ও সামরিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ স্থানে শুরু হয়। পাকসেনারা এরপর আরও কোণঠাসা হয়ে পড়ে। তারা প্রায়ই সবসময় বাঙ্কার আর ছাউনি ছেড়ে বাইরে যেত না। কোন অপারেশনে গেলে তারা রাজাকারদের সামনে এগিয়ে দিত এবং নিজেরা ডিফেন্স পজিশনে থাকত।

ডিসেম্বরের প্রথম সপ্তাহে আমরা অনেক এলাকা পাকসেনাদের হাত থেকে মুক্ত করে ফেলি। পীরগাছা, মিঠাপুকুর, গঙ্গাচরা ও কাউনিয় থানা এলাকা আমাদের নিয়ন্ত্রণে চলে আসে। ২রা ডিসেম্বরে সেক্টর কমাণ্ডার বাশার আমাকে মুক্তিযোদ্ধাদের নিয়ে ১টা ব্যাটালিয়ন তৈরী করে লালমনিরহাট ও তিস্তাঘাট হয়ে রংপুরের দিকে অগ্রসর হবার নির্দেশ দেন। তাঁর নির্দেশসহ আমি মুক্তিযোদ্ধাদের সংগঠিত করে লালমনিরহাটের দিকে অগ্রসর হই। পাটগ্রাম সাব সেক্টরের কমাণ্ডার ক্যাপ্টেন মতিউর রহমান বারখাতা, হাতিবান্ধা কালিগঞ্জ হয়ে লালমনিরহাটের দিকে এগিয়ে আসেন। অন্যদিকে সাহেবগঞ্জ সাব-সেক্টরের কমাণ্ডার ক্যাপ্টেন নওয়াজেশ ভূরুঙ্গামারী, নাগেশ্বরী, পাটেশ্বরী, কুড়িগ্রাম হয়ে রংপুরের দিকে অগ্রসর হন। নীলফামারী মুক্ত করে আমরা তিস্তা ঘাটে একত্রিত হয়ে রংপুর শহরের দিকে অগ্রসর হই। ১৫ই ডিসেম্বর অনেক বাধাবিপত্তির পর রংপুর শহরে পৌছাতে সক্ষম হই। আমরা তাদের উপর ক্রমাগত চাপ দিয়ে শহর থেকে সরে ক্যান্টনমেন্ট এলাকায় যেতে বাধ্য করি। ১৬ই ডিসেম্বর পাকসেনারা মিত্রবাহনী ও আমাদের কাছে আত্মসমর্পণ করে।

পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার ১০০ জন মুক্তিযোদ্ধা আমার কাছে প্রশিক্ষণ নিয়ে অভ্যন্তরে চলে যায়। এসব মুক্তিযোদ্ধারা অসমসাহসী ছিল। তারা পাকসেনাদের বারবার আচমকা আক্রমণ চালিয়ে নাস্তানাবুদ করে ছেড়েছিল। আগস্টের শেয়ে প্রাক্তন এমসি-এ কে, বি, এম, আবু হেনা এদেরকে নিয়ে সিরাজগঞ্জে চলে যান। জনাব হেনা স্বাধীনতা সংগ্রামে নিজেকে আত্মোৎসর্গ করেছিলেন। তার মত সাহসী এম সি এ ও মুক্তিযোদ্ধা আমি খুব কমই দেখেছি। দেশকে মুক্ত করার জন্যে তিনি নিজের জীবন বিসর্জন দিতে পর্যন্ত প্রস্তুত ছিলেন। সিরাজগঞ্জের ১০০ জন মুক্তিযোদ্ধার মধ্যে আবু হেনাকে কোম্পানী কমাণ্ডার, মিঃ সাইদুর রহমানকে সেকেণ্ড-ইন-কমাণ্ড, মিঃ আমির হোসেন, বেলায়েত হোসেন ও বজলুর রহমানকে প্লাটুন কমাণ্ডার করে আবু হেনার নেতৃত্বাধীনে সিরাজগঞ্জ এলাকায় পাঠিয়ে দেই।

মুক্তিযোদ্ধাদের নিয়ন্ত্রণ ও সুশৃংখলা বজায় রাখার জন্য তাদের মধ্য থেকে কোম্পানী কমাণ্ডার, প্লাটুন কমাণ্ডার ও সেকশন কমাণ্ডার নিয়োগ করি। মুক্তিবাহিনীকে কোম্পানী, প্লাটুন ও সেকশনে ভাগ করি শত্রুদের উপর সুষ্ঠুভাবে আক্রমণ পরিচালনার জন্য। আমার কয়েকজন সাহসী শিক্ষিত ও বুদ্ধিমান মুক্তিযোদ্ধার নাম নিম্নে প্রদান করছিঃ

১। বদরুজ্জামান, কোম্পানী কমাণ্ডার; ২। সিরাজুল ইসলাম, কোম্পানী সেকেণ্ড-ইন কমাণ্ড; ৩। মজাহার আলী, প্লাটুন কমাণ্ডার সেকেণ্ড-ইন-কমাণ্ড, ৪। একরামুল হক, প্লাটুন সেকেণ্ড-ইন কমাণ্ড; ৫। নূরুল আলম

খোকন, প্লাটুন কমাণ্ডার; ৬। শহীদুর রহমান প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৭। ওয়াদুর রহমান, প্লাটুন কমাণ্ডার; ৮। আব্দুল করিম, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড, ৯। মোঃ তাজিব উদ্দিন, কোম্পানী কমাণ্ডার; ১০। গোলজার হোসেন, কোম্পানী সেকেণ্ড-ইন-কমাণ্ড; ১১। ইমান-আলী, প্লাটুন কমাণ্ডার; ১২। রবিউল আলম, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড, ১৩। শফিকুল ইসলাম, প্লাটুন কমাণ্ডার; ১৪। আব্দুস সালাম, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ১৫। মোজাফফর হোসেন, প্লাটুন কমাণ্ডার; ১৬। খোরশেদ আলম, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ১৭। মাহতাব আলী সরকার, কোম্পানী কমাণ্ডার; ১৮। নুরুল আজিজ, কোম্পানী সেকেণ্ড-ইন-কমাণ্ড; ১৯। শামসুল আলম, প্লাটুন কমাণ্ডার; ২০। আবুদর রশিদ, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ২১। আশরাফ আলী, প্লাটুন কমাণ্ডার; ২২। জমির আলী আহমেদ, সেকেণ্ড-ইন-কমাণ্ড; ২৩। ওয়ারেশ আলী, প্লাটুন কমাণ্ডার; ২৪। আতিয়ার রহমান, সেকেণ্ড-ইন-কমাণ্ড; ২৫। আবদুর রউফ, কোম্পানী কমাণ্ডার; ২৬। মোঃ ইলিয়াস, কোম্পানী সেকেণ্ড-ইন-কমাণ্ড; ২৭। জয়দেব রায়, প্লাটুন কমাণ্ডার; ২৮। দীনেশ রায়, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ২৯। নুরুদ্দিন, প্লাটুন কমাণ্ডার; ৩০। যোগেশ সরকার, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৩১। মজিবর রহমান, প্লাটুন কমাণ্ডার; ৩২। মোঃ আজাদ, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৩৩। সিরাজুল হক, কোম্পানী কমাণ্ডার; ৩৪। লুৎফর রহমান, কোম্পানী সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৩৫। কলিমমুদ্দিন, প্লাটুন কমাণ্ডার, ৩৬। ওসমান গনি, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৩৭। মোস্তাফিজুর রহমান, প্লাটুন কমাণ্ডার; ৩৮। খাইরুজ্জামান, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৩৯। ফরিদ হোসেন, প্লাটুন কমাণ্ডার; ৪০। জুলহাস হোসেন, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৪১। মোখলেসুর রহমান, কোম্পানী কমাণ্ডার; ৪২। কফিলউদ্দীন, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৪৩। আবুল হোসেন, প্লাটুন কমাণ্ডার; ৪৪। মোহাম্মদ আলী, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৪৫। আবদুস সামাদ, প্লাটুন কমাণ্ডার; ৪৬। আবদুস সামাদ (২), প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৪৭। এ, কে, এম, আবদুর রশিদ, প্লাটুন কমাণ্ডার, ৪৮। বেলাল হোসেন, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড, ৪৯। মফিজুল হক, কোম্পানী কমাণ্ডার; ৫০। সাবের আল, কোম্পানী সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৫১। আয়ুব আলী, প্লাটুন কমাণ্ডার; ৫২। মোঃ আবু সিদ্দিক, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৫৩। মজিবর রহমান, প্লাটুন কমাণ্ডার; ৫৪। আজিজুল হক, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৫৫। জহুরুল হক প্রধান, প্লাটুন কমাণ্ডার; ৫৬। আবুদর রাজ্জাক, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৫৭। আজহারুল ইসলাম, কোম্পানী কমাণ্ডার; ৫৮। বেলায়েত হোসেন, কোম্পানী সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৫৯। মোঃ শাজাহান, প্লাটুন কমাণ্ডার; ৬০। আনিসুর রহমান, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৬১। মুসলিম উদ্দিন, প্লাটুন কমাণ্ডার; ৬২। ওয়াজেদ আলী, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৬৩। সিরাজুল ইসলাম, প্লাটুন কমাণ্ডার; ৬৪। দেলোয়ার হোসেন, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৬৫। খাইরুজ্জামান, কোম্পানী কমাণ্ডার; ৬৬। মোঃ শামসুল- আলম, কোম্পানী সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৬৭। এম আর প্রধান, প্লাটুন কমাণ্ডার; ৬৮। রফিউল আলম, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৬৯। আকবর আলী, প্লাটুন কমাণ্ডার; ৭০। খুরশিদ আলম, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৭১। মেসবাহউদ্দিন, প্লাটুন কমাণ্ডার; ৭২। আতিয়ার রহমান, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড; ৭৩। শমসের আলী, প্লাটুন কমাণ্ডার এবং ৭৪। শামসুল হক, প্লাটুন সেকেণ্ড-ইন-কমাণ্ড।

এ ছাড়া আমি কতকগুলো গুরুত্বপূর্ণ অপারেশন পরিচালনা করি। নীচে সেসব অপারেশনের সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলঃ

প্রথম অপারেশনঃ লালমনিরহাট এবং মোগলহাটের মধ্যবর্তী রেললাইন ও ইঞ্জিনসহ উড়িয়ে দেওয়া হয়। প্রকাশ যে, মোগলহাটে পাকবহিনীর একটি শক্ত ঘাঁটি ছিল। এই ঘাঁটিতে প্রত্যেক দিন সকাল সন্ধ্যায় পাকসেনারা একদলকে রেখে ডিউটিরত দলকে অন্যত্র নিয়ে যেতো। ১৫ই সেপ্টেম্বর ভোর রাতে দুরাকুটি নামক জায়গাতে মাইন এবং বিস্ফোরক পদার্থ সহযোগে পাক-সেনাবাহিনীর রেলগাড়ী উড়িয়ে দেওয়া হয়। এই অপারেশনে অন্ততপক্ষে ২৭ জন পাকসেনার মৃত্যু ঘটে এবং ১০/১২ জন মারাত্মকভাবে আহত হয়। এই অপারেশনের খবর স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকেও প্রচার করা হয়। এই অপারেশনে মুক্তিযোদ্ধারা অংশগ্রহণ করে। এই অপারেশনে আমি নিজে আহত হই এবং আমাদের মুক্তিযোদ্ধা একজন শহীদ হন এবং ৪ জন মারাত্মকভাবে আহত হয়।

দ্বিতীয় অপারেশনঃ রংপুরের ভূরুঙ্গামারী জয়মনিরহাট রায়গঞ্জ অপারেশন। যুদ্ধকালীন সময়ে যাতে করে পাকবহিনী কুড়িগ্রাম থেকে ধবলানদী অতিক্রম করে রসদ, গোলাবরুদ এবং সৈন্য পাটেশ্বরী, নাগেশ্বরী এবং ভুরুঙ্গামারীর দিকে সরবরাহ না করতে পারে সে জন্য এই অপারেশন চালানো হয়। এই অপারেশনে ভুরুঙ্গামারীতে মেজর নওয়াজেশ তার দল নিয়ে আক্রমণ করেন আর আমার দলের দুটো গ্রুপের একটা ছিল পাটেশ্বরী এবং অপরটি ছিল নাগেশ্বরীতে। নভেম্বরের প্রথম সপ্তাহে ঈদের রাতে এই অপারেশন চলে। এই অপারেশনে আমাদের মুক্তিযোদ্ধাদের প্রায় ১০/১২ জন সদস্য শহীদ হন, অপরদিকে পাকসেনাদের কমপক্ষে সোয়শ' সেনা নিহত হয়। এই অপারেশনেও আমরা সাফল্য অর্জন করি। এই অপারেশনে ১ জন অফিসারসহ ১০ থেকে ১৫ জন পাকসেনা ধরা পড়ে এবং ২ জন অফিসার নিহত হয়।

৩য় অপারেশনঃ লালমনিরহাট এবং তিস্তাঘাটের মধ্যবর্তী বড়বাড়ি ইউনিয়নে পাকবাহিনীর আরেকটি ঘাঁটি ছিল। নভেম্বরের ১০ তারিখের সন্ধ্যায় এই ঘাঁটি আক্রমণ করা হয়। আমার বাহিনীর মাত্র ৬০ জন সদস্য নিয়ে আমি নিজে এই ঘাঁটি আক্রমণ করি। আমাদের তীব্র আক্রমণের ফলে ৫ জন পাকসেনা নিহত এবং বাকীরা পালিয়ে যায়। আমরা ওদের রান্নার কাজে সহযোগিতাসহ আমাদের খবর সরবরাহকারী তাদের পাচক এবং সেই ক্যাম্পে যে মহিলাকে নিয়ে পাকসেনারা রাত কাটাতো তাকেও ধরে নিয়ে আসি। এই অপারেশনে আমাদের ৪/৫ জন মুক্তিযোদ্ধা মারাত্মক ভাবে আহত হয়। পূর্বোল্লিখিত আমার বাহিনীর ২-এম দল তিস্তাঘাট এবং তার আশেপাশে ডিসেম্বরের প্রথম দিকেই পাক-সেনাদের অবস্থানগুলোয় আক্রমন চালায় এবং তাদের সফল আক্রমণের মুখে হানাদার বাহিনী টিকতে না পেরে তারা রংপুর হেডকোয়ার্টারে কেন্দ্রীভূত হয়। এছাড়া ২-এম দলও পীরগাছা থানা এবং তার পার্শ্ববর্তী এলাকায় পাকবাহিনীর অবস্থানগুলোর উর চোরাগোপ্তা আক্রমণ চালায়। তাদের সে আক্রমণের মুখে পাকবাহিনী কুলাতে না পেরে পীরগাছা ছেড়ে রংপুরে গিয়ে আশ্রয় নেয়। প্রসঙ্গত উল্লেখ্য যে, এইসব আক্রমণে প্রচুর পরিমাণ অস্ত্রশস্ত্র পাকবাহিনী এবং রাজাকারদের কাছ থেকে উদ্ধার করতে আমরা সক্ষম হই। এসব আক্রমণে বিপুলসংখ্যক রাজাকারও নিহত হয়। প্রসঙ্গতক্রমে আরো উল্লেখ্য যে, এরা ছিল পাকবাহিনী অধিকৃত বাংলাদেশের অভ্যন্তরস্থ এলাকার আক্রমণকারী।

সীমান্ত এলাকা থেকে দীর্ঘ ৬৫ মাইল ভিতরে আমার বাহিনীর ১-পি দল মিঠাপুকুর থানার রানীপুকুরে শত্রবাহিনীর উপর সফল আক্রমণ পরিচালনা করে। তারাও ডিসেম্বরের প্রথম থেকেই শত্রবাহিনীকে সন্ত্রস্ত করে তোলে এবং তাদের বিপুল ক্ষয়ক্ষতি সাধন করে প্রচুর অস্ত্রশস্ত্র উদ্ধার করে। তাদের হাতেও অনেক রাজাকার নিহত হয় এবং আত্মসমর্পণ করে। এর ফলে ১০ই ডিসেম্বরের মধ্যে এই সমস্ত এলাকা শত্রুমুক্ত হয়। এরপরে ক্যাপ্টেন মতিউর রহামন পাটগ্রাম থেকে রংপুরের দিকে অগ্রসর হতে থাকেন এবং নওয়াজেশ ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম হয়ে রংপুরের দিকে অগ্রসর হন এবং আমি আমার বাহিনী নিয়ে লালমনিরহাট হয়ে রংপুরের দিকে অগ্রসর হতে থাকি। ডিসেম্বরের ১১/১২ তারিখের দিকে আমরা তিনজন নিজ নিজ দলসহ লালমনিরহাটে মিলিত হয়ে সম্মিলিতভাবে রংপুরের দিকে অগ্রসর হতে থাকি এবং ১৪ই ডিসেম্বরে রংপুর শহরে পৌঁছে রংপুর ক্যান্টনমেন্ট আক্রমণের প্রস্তুতি নিতে থাকি। বিকেলে মিত্রবহিনীও রংপুর পৌঁছে এবং তারা আমাদেরকে ক্যান্টনমেন্টে আক্রমণ স্থগিত রাখার অনুরোধ জানান। তাঁরা ইতিমধ্যে মেসেজ পেয়েছিলেন যে রংপুরস্থ পাকবাহিনী আত্মসমর্পণ করবে এবং সেজন্য তারা প্রস্তুতি নিচ্ছে। এ সংবাদ পেয়ে আমরা তাদেরকে আক্রমণ থেকে বিরত হই। আমাদের রংপুর পৌঁছার খবর পেয়ে সেখানকার জনগণ ও আশেপাশের গ্রাম-গ্রামান্তর থেকে আগত সাধারণ মানুষ আমাদেরকে এবং মিত্রবাহিনীকে বীরোচিত সংবর্ধনা দেন। তাদের বিজয়োল্লাস এবং আমাদের প্রতি তাঁদের অকৃত্রিম ও প্রাণবন্ত সংবর্ধনায় আমরা মুগ্ধ হয়ে পড়ি।

স্বাক্ষরঃ এম, দেলোয়ার হোসেন
১৬-১০-৭৪

সাক্ষাৎকারঃ মেজর সুলতান শাহরিয়ার রশীদ

আমাকে দেওয়া হয় ৬নং সেক্টরের ১নং সাব-সেক্টর কমাণ্ডারের দায়িত্ব। ১৩ই জুলাই বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান কার্যালয় থেকে পরিচয়পত্র নিয়ে ৬নং সেক্টরের নিয়ন্ত্রণাধীনে দিনাজপুর জেলার তেতুলিয়া নামক স্থানে ১৭ই জুলাই দায়িত্বভার গ্রহণ করি।

প্রথম সপ্তাহে আমার সাব-সেক্টরের মুক্ত এলাকা রেকি করা হয় ও পরিচয় হই। সেই সময় উক্ত এলাকায় মুক্তিযোদ্ধারা ছত্রভঙ্গ অবস্থায় ছিল। জুলাই মাসের ২৯ তারিখে তেঁতুলিয়া থানা উন্নয়ন কেন্দ্রে সকল মুক্তিযোদ্ধাদেরকে একত্রিত করার চেষ্টা করি। সেখানে তৎকালীন ই-পি-আর, আনসার মুজাহিদ ও ইস্ট বেঙ্গল রেজিমেন্টের জোয়ানরা একত্রিত হই। তার মধ্যে তৎকালীন ৯নং ই-পি-আর উইং-এর জোনের সংখ্যাই বেশী ছিল। এখানে তিনটি কোম্পানী গঠন করা হয়-।

'এ' কোম্পানী কমাণ্ডার সুবেদার আহমেদ হোসেন, প্রাক্তন ই-পি-আর,

'বি' কোম্পানী কমাণ্ডার সুবেদার খালেক, প্রাক্তন ই-পি, আর;

'সি' কোম্পানী কমাণ্ডার সুবেদার আবুল হোসেন, প্রাক্তন ই-পি-আর।

আগষ্ট মাসের ২ তারিখে ভজনপুরে ব্যাটালিয়ন হেডকোয়ার্টার স্থাপন করা হয়। ৪ঠা আগষ্ট ভজনপুর থেকে কোম্পানী দেবনগরে ডিফেন্স নেয়। সেখানে অবস্থানকালে ময়নাগুড়ি, কামারপাড়া, বিলখাঁজুদ, ফকিরপাড়া, নয়াপাড়া গ্রামসহ সাত-আট মাইল জায়গা দখল করে নেয়া হয়। সেখানে পাকবাহিনীর পোস্ট হিসাবে ছিল। এইসব এলাকা আগস্ট মাসের প্রথম সপ্তাহের ভিতরেই আমাদের দখলে চলে আসে। আগস্ট মাসের ২য় সপ্তাহের মধ্যে সম্মুখের দিকে ১ মাইল জায়গা আমরা দখল করে নেই। প্রশস্ত ছিল ৭ মাইল। সেখানে জাবরী দেয়ার, গোয়ালঝার, বানিয়াপাড়া, ডাঙ্গাপাড়া, বামনগাঁও, কামাদা ও ভেলুকা পাড়া গ্রাম দখল করে নেই। সেখানে পাক বাহিনীর প্রতিরক্ষা বূহ্য ছিল। এই সময় পাকবাহিনী আমাদের উপর ভেলূকাপাড়া, গোয়ালঝাড় ও জারীদোয়ার গ্রামে আক্রমণ করে। এই আক্রমণে প্রথমে আমাদের কোম্পানী ছত্রভঙ্গ হয়ে যায়। সেই সময় আমার অনুরোধে ভারতীয় আর্টিলারী রেজিমেন্ট পাকবাহিনীর উপর শেলিং করে। এই সুযোগে আমরাও তাদের ওপর পাল্টা আক্রমণ চালাই, ফলে পাকবাহনী উক্ত গ্রামগুলি ছেড়ে পিছনে চলে যায়। এই যুদ্ধে আমাদের ২৭ জন বীর মুক্তিযোদ্ধা বীরত্বের সঙ্গে যুদ্ধ করে শাহাদৎবরণ করে ও কয়েকজন আহত হয়। আগস্ট মাসের শেষের দিকে আর এক কোম্পানী গঠন করা হয় ছাত্র, যুবক ও কিছু সামরিক জোয়ান দিয়ে। এই কোম্পানী কমাণ্ডার নিযুক্ত হয় সুবেদার আবুল হোসেন। সে সময় আমাদের মোট শক্তি চার কোম্পানীর মত। সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহের মধ্যে চুই নদীর পশ্চিম পাড়ে চকরমারী গ্রাম, ফকিরপাড়া, খইপাড়, ডাঙ্গাপাড়া, পাথিলগাঁও, জুতরারপাড়া, খাসপাড়া, বালিয়াপাড়া ও প্রধানপাড়া আমরা দখল করে নেই। এই এলাকা দখলে আনতে আমাদের সঙ্গে পাকবাহিনীর সঙ্গে কয়েকবার সম্মুখ যুদ্ধ সংঘটিত হয় এবং সমস্ত চুই নদীর পশ্চিম পারে পাক-বাহিনীর মুখোমুখি ডিফেন্স নেওয়া হয়। সেই সময় ভারতীয় বি-এস-এফ বাহিনীর দ্বারা আক্রান্ত হওয়ার সময় সাহায্য করে। চুই নদীর পশিম পারে চার কোম্পানী মুক্তিযোদ্ধা ডিফেন্স লাগিয়েছিল। সে সময় আমাদের অপর কোম্পানী ও আমাদের ব্যাটালিয়ন হেডকোয়ার্টারের সঙ্গে টেলিফোন যোগাযোগ স্থাপন করা হয়।

সেপ্টেম্বর মাসের ৩য় সপ্তাহে পাকবাহিনীর পাক্কা ঘাঁটি অমরখানা তিন কোম্পানী নিয়ে আক্রমণ করি। অমরখাণায় পাকবাহিনীর সঙ্গে আমাদের মুক্তিযোদ্ধাদের প্রচণ্ড যুদ্ধ হয় কিন্তু পাকবাহিনীর তীব্র আক্রমণের মুখে টিকতে না পেরে আমরা পুনরায় চুই নদীর পশ্চিম পারে আমাদের ডিফেন্সে চলে আসি। সেপ্টেম্বর মাসের শেষের

দিকে জগদলহাটে পাকবাহিনীর ঘাঁটির উপরে আক্রমণ চালাই। জগদলহাটেও পাকবাহিনীর সঙ্গে আমাদের ভীষণ যুদ্ধ হয় কিন্তু তাদের তীব্র আক্রমণের মুখে টিকতে না পেরে চুইনদীর পশ্চিম পারে চলে আসি।

অক্টোবর মাসের প্রথম সপ্তাহে অমরখানা ও জগদলহাটে পুনরায় আক্রমণ করা হয়। কিন্তু পাক-বাহিনীকে প্রতিহত করা যায় নাই। অক্টোবর মাসের ২য় সপ্তাহে বাংলাদেশের প্রথম কমিশনপ্রাপ্ত ২য় লেঃ এ, মতিন চৌধুরী ও ২য় লেঃ মাসুদুর রহমান আমার সাব-সেক্টরে যোগদান করে। ইতিমধ্যে বাংলাদেশের ভিতরে পচাগড়, পুটিমারী, বোদা, ঠাকুরগাঁও ও বীরগঞ্জে এবং দিনাজপরের এফ এফ বাহিনীকে হালকা অস্ত্র ও গ্রেনেড দিয়ে পাঠান হয়। সেই সময় পাকবাহিনী-রাজাকারদের ডিফেন্সের উপর আমাদের কোম্পানী মুক্তিযোদ্ধাগণ সেকশন ভিত্তিতে ভাগ হয়ে পাকবাহিনীর গতিপথে রেইড ও এ্যামবুশ করে। আমাদের এ্যামবুশে পাকবাহিনীর বহু সৈন্য হতাহত হয়। এইভাবে নভেম্বর মাসের ২য় সপ্তাহ পর্যন্ত পাকবাহিনীর উপর হামলা, রেইড ও এ্যামবুশ চলতে থাকে।

২২শে নভেম্বর রাতে আমার তিন কোম্পানী নিয়ে পুনরায় অমরখানা আক্রমণ করি। এই যুদ্ধে ভারতীয় আর্টিলারী পাকবাহিনীর ঘাঁটির উপরে খুব শেলিং করে। তীব্র আক্রমণের মুখে পাকবাহিনী হটে যায়। আমরা অমরখানা দখল করি। এই যুদ্ধে বি-এস-এফ বাহিনী আমাদেরকে কভারিং ফায়ার দিয়ে যথেষ্ট সাহায্য করে। সেই দিনই ভারতীয় ১২-রাজপুতানা রাইফেলস রেজিমেন্ট অমরখানার সম্মুখে অবস্থান নেয়। নভেম্বর মাসের ২৩ তারিখে চুই নদীর পশ্চিম পারে আমদের ডিফেন্সের পিছনে ভারতীয় ৭নং মারাঠা রেজিমেন্ট অবস্থান নেয়। মুক্তিযুদ্ধের মোড় পরিবর্তন হয়ে যায়।

২৩শে নভেম্বর রাতে ভারতীয় বাহিনীর সহযোগিতায় আমরা জগদলহাট আক্রমণ করি। উভয়পক্ষে ভীষণ গুলি বিনিময় ও আর্টিলারী শেলিং হয় কিন্তু সেদিন জগদলহাটে আমাদের সাফল্য লাভ হলো না। আমাদের পক্ষে সেই যুদ্ধে ৩০ জন মুক্তিযোদ্ধা হতাহত হয় । ২৪শে নভেম্বর পুনরায় জগদলহাট আক্রমণ করি। আমাদের আক্রমণে পাক বাহিনী জগদলহাট ডিফেন্স ছেড়ে দিয়ে পচাগড় অভিমুখে পশ্চাদপসরণ করে। জগদলহাট আক্রমণে ভারতীয় ১২-রাজপুতানা রাইফেলস রেজিমেন্টের 'এ' কোম্পানী আমাদের মুক্তিযোদ্ধাদের সঙ্গে সম্মিলিত হয়ে যুদ্ধ করে। জগদলহাট দখলে আমাদের ২ জন মুক্তিযোদ্ধা শাহাদাৎবরণ করে। তার মধ্যে হাওলাদার সকিমউদ্দিন বীরত্বের সঙ্গে যুদ্ধ করে শাহাদাৎবরণ করে। কয়েকজন আহত হয়।

এই সময়ে চুই নদীর পশ্চিম পারে অমরখানা ও জগদলহাটে বরাবর ভারতীয় সেনাবাহিনীর সৈন্যগণ পজিশন নেয়। ২৪শে নভেম্বর সম্মিলিত বাহিনী জগদলহাট থেকে পচাগড় অভিমুখে রওনা হয় । পথে পচাগড় থেকে ১ মাইল দূরে থাকতে পাকবাহিনী আমাদের উপর বিক্ষিপ্তভাবে শেলিং ও গুলি করতে থাকে। ফলে সেখানে ডিফেন্স নিতে হয়। উক্ত জায়গায় আমাদের তিনজন মুক্তিযোদ্ধা শাহাদাৎবরণ করে ও সাতজন আহত হয়। তার মধ্যে ২য় লেঃ এম, মতিন চৌধুরীও গুরুতরভাবে আহত হয়।

পঁচাগড়ে পাকবাহিনীর খুব মজবুত ঘাঁটি ছিল। এখানে পাকবাহিনীর প্রায় তিন ব্যাটালিয়ন সৈন্য নিয়োজিত ছিল। পাকবাহিনীর পচাগড়ের চতুর্দিকে পাক্কা বাংকার ও মজবুত ট্রেঞ্চ ছিল।

২৬ শে নভেম্বর রাতে আমাদের মুক্তিবাহিনীর ১ ব্যাটালিয়ন ও ভারতীয় সেনাবাহিনীর ২ ব্যাটালিয়ন যৌথভাবে পাক-বাহিনীর পাকা ঘাঁটি পচাগড় আক্রমণ করে। সারারাত যুদ্ধ চলে কিন্তু পাকবাহিনী পচাগড় ডিফেন্সে থাকতে সমর্থ হয়। এই রাতে ভারতীয় বাহিনীর ১০০ জনের মতো জোয়ান ও ২২ জন মুক্তিবহিনী হতাহত হয়। ২৭ তারিখ সারা দিনরাত যুদ্ধ চলে। সেদিন ভারতীয় বিমান বাহিনী পঁচাগড়ে পাকবাহিনীর উপর বিমান হামলা চালায় এবং ২৮ তারিখ দিনেও আক্রমণ অব্যাহত থাকে। ২৮ তারিখ রাতে পুনরায় ভারতীয় বাহিনীর তিন ব্যাটালিয়ন ও মুক্তিযোদ্ধা ১ ব্যাটালিয়ন ও ৩ শত এফএফ তাদের উপর আক্রমণ চালায়। সেই রাতে ভারতীয় আর্টিলারী রেজিমেন্ট ৬০টি গান থেকে একসাথে শেলিং করে। উক্ত রাতে ৬ হাজার গোলা পাক

ডিফেন্সের উপর নিক্ষিপ্ত হয়। পাক-বাহিনী ২৮ তারিখ রাতে পঁচাগড় ছেড়ে ময়দান দিঘীতে ডিফেন্স নেয়। ঐ রাতের যুদ্ধে আমাদের সম্মিলিত বাহিনীর ২৫০ জনের মত হতাহত হয়। এখানে পাক বাহিনীর ২শত জনের মত হতাহত হয়। ২৭ জন পাক-সেনাকে জীবন্ত ধরে ফেলা হয়। প্রচুর অস্ত্র, গোলাবারুদ ও ৮টি গাড়ী উদ্ধার করা হয়। পঁচাগড় যুদ্ধ মিত্রবাহিনী ও মুক্তিবহিনীর বাংলাদেশের ভিতরে বৃহৎ যুদ্ধগুলির মধ্যে অন্যতম।

৩০ তারিখ দিনের বেলায় বোদা থানার উদ্দেশ্যে রওনা হই। বেলা তিনটার সময় পুটিমারী নামক স্থানে দুশমন আমাদের অগ্রগতি প্রতিহত করে। ফলে আমরা সেখানে ডিফেন্স নিতে বাধ্য হই।

৩১ তারিখ ১২টায় আমরা পাকবাহিনীর উপর আক্রমন চালাই। এই আক্রমণে মুক্তিবাহিনীর ৫ জন ও ভারতীয় বাহিনীর ৫৫ জন হতাহত হয়। পরে আমরা ময়দানদীঘি দখল করে ফেলি। বিকালে আমরা বোদার উদ্দেশ্যে রওনা হই। পাকবাহিনী বোদাতে আমাদের উপর আক্রমণ চালায়। আমরা বাধ্য হয়ে বোদা থানার ১ মাইল দূরে ডিফেন্স নেই। বিকালে বোদা হেডকোয়ার্টার আক্রমণ করি। এখানে পাকবাহিনীর সহিত আমাদের ভীষণ যুদ্ধ হয়। এখানে ভারতীয় আর্টিলারীর ক্যাপ্টেন সুধীর নিহত হয়। সন্ধ্যায় বোদা থানা আমাদের দখলে আসে। পাকবাহিনীর ৬০/৭০ জন হতাহত হয়। ভারতীয় বাহিনী বোদাতে এসে বিশাম নেয় কিন্তু মুক্তিবাহিনী বোদা থেকে তিন মাইল সম্মুখে ঠাকুরগাঁয়ের পথে ডিফেন্স নেয়। সেদিন রাতে ভুলে মিস ফায়ার হয়। তাতে ভারতীয় ২০/২৫ জন জোয়ান হতাহত হয় এবং আমাদের খাদ্য ও রান্না বহনকারী পার্টির ৪/৫ জন নিহত হয়। এ রাতেই ভারতীয় কোম্পানীর সহিত মুক্তিবাহিনীর ৪০ জন জোয়ানকে পাঠাই। তারা ভুলিরপুলের নিকটে গেলে পাকবাহিনী তাদের উপর আক্রমণ চালায়। তখন ভারতীয় বাহিনীও তাদের পাল্টা জবাব দেয়। পাক সৈন্যরা ভারতীয় বাহিনীর আক্রমণে টিকতে না পেরে তাহারা ভুলির ব্রীজ নষ্ট করে পিছনে হটে। ১লা ডিসেম্বর আমরা ব্রীজ থেকে ২ মাইল দূরে অগ্রসর হয়ে ডিফেন্স নিয়ে থাকি। ভারতীয় বাহিনী তখন ব্রীজ মেরামত করে।

৩রা ডিসেম্বর আমরা সম্মিলিত বাহিনী ঠাকুরগাঁও দিকে অগ্রসর হই। এই সময় পাকবাহিনী ঠাকুরগাঁ ত্যাগ করে। ঠাকুরগাঁতে পাকবাহিনীর সহিত আমাদের কোন সংঘর্ষ হয় নাই। ঐ দিনই আমরা ঠাকুরগাঁও দখল করে ঠাকুরগাঁও থেকে আরো তিন মাইল সম্মুখে অগ্রসর হই। ৪ তারিখে আমরা বটতলী নামক স্থানে ডিফেন্স করি। ৫ তারিখ সারাদিন পাকবাহিনীর পুতে রাখা মাইন উঠাই। ৬ তারিখে আমরা বীরগঞ্জ আক্রমণ করি। পাকবাহিনীর সহিত আমাদের বহু সময় যুদ্ধ চলে। শেষে পাকবাহিনী বীরগঞ্জ ছেড়ে পিছনে হটে। এখানে ভারতীয় বাহিনীর ১০/১২ জন জোয়ান নিহত হয়। ৭ তারিখে আমরা সম্মিলিত বাহিনী ভাতগাঁও ব্রীজের দিকে রওনা হই। পাকবাহিনী তখন ভাতগাঁও ব্রীজ নষ্ট করে রাস্তার দু পাশে মাইন পুঁতে রেখে পিছনের দিকে অগ্রসর হয়। আমরা তখন ভাতগাঁও ব্রীজের চারপাশ থেকে মাইন তুলতে শুরু করি।

৯ তারিখে আমাদের দুটি কোম্পানী ও ভারতীয় দুটি ব্যাটালিয়ন দিনাজপুর আক্রমণ করতে অগ্রসর হয়। দিনাজপুরের নিকটে গিয়ে কাঞ্চন নদী পাড় হয়ে আমরাও দিনাজপুর আক্রমণ করি। এখানে পাকবাহিনীর সহিত আমাদের অনেকক্ষন যুদ্ধ চলে। এই যুদ্ধে আমাদের সম্মিলিত বাহিনীর ৩০/৩৫ জন নিহত ও ১০/১২ জন নিখোঁজ হয়। পরে আমরা সেখান থেকে পিছনে হটি। ফেরার পথে দশ মাঙ্গল নামক স্থানে পাকবাহিনীর আর একটি ডিফেন্সের উপর আক্রমণ করি। এখানে আমরা ২৩ জন পাকসৈন্যকে জীবন্ত ধরে ফেলি এবং প্রচুর অস্ত্র উদ্ধার করে তাড়াতাড়ি সরে পড়ি। কারণ পাকবাহিনীর কয়েকটি ট্যাংক পিছন থেকে আসছিল।

১০ তারিখে ভারতীয় দুটি ব্যাটালিয়ন সৈন্য পাকবাহিনীকে আক্রমণ করে, কিন্তু এখানে পাকবাহিনীর তীব্র আক্রমণে তারা আর সামনের দিকে অগ্রসর হতে পারেনি। এই যুদ্ধে ভারতীয় বাহিনীর প্রায় ১৫০ জন জোয়ান মারা যায়। পরে পাকবাহিনী পিছনে হটে। তখনও আমাদের হেডকোয়ার্টার বীরগঞ্জেই ছিল। ইতিমধ্যেই হিলি থেকে আমাদের বাহিনী ও ভারতীয় বাহিনী হিলি দখল করে দিনাজপুরের নিকট এসে পড়ে।

১২ই ডিসেম্বর আমরা দিনের বেলায় খানসামা আক্রমণ করি। আমাদের সঙ্গে ভারতীয় বাহিনীও ছিল। এই আক্রমণে ভারতীয় বাহিনীর ১৫ জনের মত ক্ষয়ক্ষতি হয়। এবং আমাদের ৭ জন মারা যায় । এখানে আমরা মেজর খুরশিদসহ ১৯ জনকে জীবন্ত ধরে ফেলি। ঐ দিনই আমরা সামনের দিকে অগ্রসর হই এবং নীলফামারী দখল করে ফেলি।

১৩ তারিখে আমরা সৈয়দপুরের দিকে অগ্রসর হই। সৈয়দপুর থেকে ৫ মাইল দূরে পাক ট্যাঙ্কের সহিত আমাদের ট্যাঙ্কের সংঘর্ষ হয়। তাতে ভারতীয় বাহিনীর দুটি ট্যাঙ্ক ও পাকবাহিনীর তিনটি ট্যাঙ্ক সম্পূর্ণভাবে নষ্ট হয়ে যায়। ১৩ তারিখ বিকালে ৪৮ পাঞ্জাব রেজিমেন্টের অধিনায়ক ও একজন অফিসারসহ প্রায় ১০৭ জন পাকসৈন্য আমাদের সম্মিলিত বাহিনীর নিকট আত্মসমর্পণ করে।

১৫ই ডিসেম্বর রাতে পাক ব্রিগেড কমাণ্ডার সাইফুল্লাহ যুদ্ধ স্থগিত রাখবার জন্য অনুরোধ করেন। কিছুক্ষন পর তিনি কয়েজন গার্ডসহ আমাদের সম্মিলিত ক্যাম্পে আসেন। তার সঙ্গে আমাদের অনেক সময় ধরে আলাপ-আলোচনা হয়। পরে পাক ব্রিগেড কমাণ্ডার চলে যান।

১৭ তারিখ সকালে সেখানে অবস্থানরত সকল পাকসৈন্য মিত্রবাহিনীর নিকট আত্মসমর্পণ করে।

স্বাক্ষরঃ মেজর সুলতান শাহরিয়ার রশীদ
কুমিল্লা সেনানিবাস
১৪-১০-৭৩

সাক্ষাৎকারঃ সৈয়দ মনসুর আলী

১৯৭১-এর ২রা নভেম্বর ক্যাপ্টেন নওয়াজেশ সাহেব আমাকে মুক্তিবাহনীর দুটি এলাকার (বুড়াবুড়ি এবং যাত্রাপুর) কোম্পানী কমাণ্ডার করে পাঠান। প্রথমে নগেশ্বরী থানার মাদারগঞ্জে করা হয় ক্যাম্প এবং সেখান থেকে যাত্রাপুর অপারেশন করা হয়। একদিন যাত্রাপুর বাজারে তিনজন পাকসেনা এবং ৯ জন রাজাকার আসলে তাদের আক্রমণ করি এবং ৩ জন পাকসেনা এবং ৯ জন রাজাকার সংঘর্ষে নিহত হয়। জনগণের সহায়তায় ১৫০ জন রাজাকারকে আত্মসমর্পণ করাতে বাধ্য করা হয় (৯ই নভেম্বর, ১৯৭১)। ৯ই নভেম্বর স্বাধীন বাংলায় প্রথম পতাকা উত্তোলন করা হয়। এ সংঘর্ষের খবর পেয়ে কুড়িগ্রাম থানায় ঘোগাদেহ ইউনিয়নের ৩০০ রাজাকার স্বেচ্ছায় তাদের হাতিয়ারসহ যাত্রাপুরে আমার নিকট আত্মসমর্পণ করে। এই আত্মসমর্পণের খবর বিভিন্ন স্থানের রাজাকরাদের মনে বিরাট প্রতিক্রিয়া সৃষ্টি করে। তারা কুড়িগ্রাম মহকুমার বিভিন্ন স্থান থেকে যেমন নুনখাওয়া বুড়াবুড়ি, মোগলবাছা ইত্যাদি ইউনিয়ন থেকে স্বেচ্ছায় মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করতে থাকে। কুড়িগ্রাম শহরের পাকসৈন্যের ঘাঁটি থেকে বহু রাজাকার তাদের হাতিয়ারসহ পালিয়ে গিয়ে বিভিন্ন স্থানে মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করে।

কুড়িগ্রাম শহরের নিকটবর্তী মোগলবাছা ইউনিয়নে হানাদার বাহিনীর ঘাঁটি ছিল আমি মুক্তিযোদ্ধাদের নিয়ে তিনবার পাক ঘাঁটি আক্রমণ করি। তৃতীয়বারের সংঘর্ষে উনিপুরগামী ট্রেনের দুটি বগী বিচ্ছিন্ন করি ডিনামাইট দিয়ে। এত প্রায় ৩৫ জন পাকসৈন্য হতাহত হয়। মোগলবাছা ইউনিয়নের অর্জুনমালায় রেলসেতুর লাইনের নীচে ডিনামাইট রাখা হয়েছিল। পাকবাহিনীর ট্রেন অতিক্রমের সময় ডিনামাইটটি বিস্ফোরিত হয়। কার্যরত সময়ে বিস্ফোরণে মীর নামে একজন মুক্তিযোদ্ধা নিহত হয়।

৭ই ডিসেম্বর ভারতীয় সেনাবাহিনীর ব্রিগেডিয়ার যোশীর নির্দেশে মুক্তিবাহিনী এবং ভারতীয় মিত্র বহিনী যৌথভাবে কুড়িগ্রাম শহরে বর্বর পাক বাহিনীর অবস্থানে ভারী ও দূরপাল্লার কামান দিয়ে আক্রমণ করে। পাক বাহিনী তেমন মোকাবিলা না করেই কুড়িগ্রাম থেকে সরে পড়ে।

মিত্র ও মুক্তিবাহিনী ১০ই ডিসেম্বর কুড়িগ্রাম শহরে প্রবেশ করে। মুক্তিযোদ্ধারা কুড়িগ্রাম নতুন শহরে উঁচু পানির ট্যাংকে প্রথম স্বাধীন বাংলার পতাকা উত্তোলন করে। পাকবাহিনীর অবস্থান ঘাঁটিসমূহ ছিলঃ (১) রিভারভিই হাইস্কুল (ইঞ্জিনিয়ারিং গ্রুপ এবং গোলন্দাজ গ্রুপ) (২) কুড়িগ্রাম ধরলা নদীর ঘাট; (৩)কুড়িগ্রাম সি-এণ্ড-বি অফিস গোডাউন; (৪) নূতন টাউন কোর্ট বিল্ডিং; (৫) শান্তি কমিটি ও রাজাকার ট্রেনিং কেন্দ্র (সঞ্জীব করঞ্জাইয়ের গোডাউন ও কুড়িগ্রাম কলেজ)।

স্বাক্ষরঃ সৈয়দ মনসুর আলী টিংকু
২৭-৭-৭৩

সাক্ষাৎকারঃ সুবেদার মেজর মোঃ কাজিমউদ্দীন

জুন মাসের শেষের দিকে উইং কমাণ্ডার মোহাম্মদ খাদেমুল বাশার আমাদের সেক্টরের অধিনায়ক নিযুক্ত হইয়া আসিলেন এবং তেঁতুলিয়ায় তাঁহার দপ্তর স্থাপন করিলেন। তিনি পাক বিমান বাহিনীর অফিসার। সদ্য মুক্তিবাহিনীতে যোগ দিয়েছেন। স্থলযুদ্ধের অভিজ্ঞতা তাঁহার সীমাবদ্ধ বৈকি! তবু তাহাকে পাইয়া আমরা আরও উৎসাহিত হই এবং আমাদের মনোবল বাড়িয়া যায়। তিনিও অল্পদিনের মধ্যে বিশেষ নিপুণতার পরিচয় দিয়া আমাদেরকে চমৎকৃত করিলেন। রংপুর ও ঠাকুরগাঁও এলাকা নিয়া সেক্টর গঠিত ছিল। তেতুলিয়ায় থাকিয়া কিছুদিন পর্যন্ত কাজ করার পর স্কোয়াড্রন লীডার সদরউদ্দিন সাহেব আসিলেন। ৬নং সেক্টরকে ২টি সাব সেক্টরে ভাগ করা হইল। ঠকুরগাঁ এলাকা নিয়া সাব সেক্টর ৬-এ এবং রংপুর এলাকা নিয়া সাব সেক্টর ৬-বি। সদরউদ্দিন সাহেব ৬-এ সাব সেক্টর কমাণ্ডার এবং ক্যাপ্টেন নওয়াজেশ সাহেব সাব সেক্টর ৬-বি এর কমাণ্ডার নিযুক্ত হইলেন। তখন ক্যাপ্টেন নজরুল হক সহ-সেক্টর কমাণ্ডার নিযুক্ত হইলেন। জুলাই মাসের প্রথম দিকে নজরুল হক সাহেব অসুস্থ হওয়ায় আমাকেই পুনরায় কমাণ্ড নিতে হইল, কেনন সদরউদ্দিন সাহেবও উপস্থিত ছিলেন না। আমাদের কাজ চলিতে থাকে। প্রারম্ভ হইতে এই সময় পর্যন্ত আমরা স্বাধীন এলাকার জনসাধারণের সাহায্য-সহানুভূতি পাইয়াছি প্রচুর। সমর্থন ও ভালবাসা পাইয়াঠি অফুরন্ত। এই দুর্দিনে এদের মধ্যে এককভাবে যিনি আগাগোড়া আমাদের সাহায্যে এগিয়ে আসিতেন, এমনকি অনেক সময় সামরিক অফিসারের ভূমিকা নিয়া কাজ করিতেন তিনি হইলেন পঞ্চগড় ময়দানদীঘির স্বনামধন্য এডভোকেট জনাব সিরাজুল ইসলাম এম-সি-এ।

যাই হউক, ইতিমধ্যে আমরা নূতন সেক্টর কমাণ্ডারের নির্দেশ ও প্রেরণায় এবং পূর্বপরিকল্পনা অনুযায়ী কিছুদূর অগ্রসর হওয়ার প্রয়াস পাইতেছি। দুশমনকে অনেকটা ঘেরাও করিয়া তাহার নিকটবর্তী হওয়ার চেষ্টায় আছি। ভজনপুর ডিফেন্স হইতে কোম্পানীগুলিকে উঠাইয়া এলাকার পরিপ্রেক্ষিতে ৩-৬ মাইল আগে বাড়াইয়া অগ্রবর্তী ঘাঁটিতে লাগানো হইল। কাজেই দুশমনের সঙ্গে ছোটখাটো সংঘর্ষ আমাদের নিত্যনৈমিত্তিক ব্যাপার হইয়া দাঁড়াইল। বন্ধুরাষ্ট্রের সাহায্যে আমরাও দুশমনকে ব্যতিব্যস্ত করিয়া তুলিলাম। দিনে দিনে নূতন মুক্তিসেনার দল ট্রেনিং শেষে বাহিনীতে আসিয়া যোগ দিতে লাগিল, আর পরিকল্পনা অনুসারে আমরা তাহাদিগকে দখলকৃত এলাকায় পাঠাইতে আরম্ভ করিলাম। এই সময় আমরা ফিল্ড হেডকোয়ার্টার ভজনপুর হইতে ৫ মাইল সামনে দেবনগর নামক স্থানে স্থাপন করিলাম এবং সাব-সেক্টর হেডকোয়ার্টার তেঁতুলিয়া হইতে ভজনপুর নিয়ে আসা হইল। তখন কোম্পানীগুলোর পজিশন ছিল-সুবেদার হাফিজের 'এ' কোম্পানী পঞ্চগড়ের পিছনে কাগপাড়া-ওমরখানা, নায়েক সুবেদার আবদুল খালেকের 'বি' কোম্পানী সাহেবজুত-বেরাজুত এবং নায়েক সুবেদার মুরাদ আলীর 'সি' কোম্পানী নছুয়াপাড়া এলাকা। সন্দেহ নাই, পূর্বের বিধ্বস্ত অবস্থা কাটাইয়া আমরা তখন অনেকটা সংগঠিত ও সুবিন্যস্ত। তবু যেন একটা বিরাট শূন্যতা সব সময় আমরা অনুভব করিতে লাগিলাম। মঙ্গলময়ের ইচ্ছায় এমনি সময় জুলাই মাসের ১৫ তারিখে আঞ্চলিক অধিনায়ক উইং কমাণ্ডার বাশার একজন নূতন অফিসার নিয় দেবনগর আসিলেন কনফারেন্স করিতে। তথায় উপস্থিতদের মধ্যে সুবেদার মেজর

কাজিমউদ্দিন, সুবেদার মুহাম্মদ আবদুল হাফিজ, নায়েক সুবেদার হাজী মুরাদ আলী এবং নয়িক সুবেদার আব্দুল খালেকের নাম উল্লেখযোগ্য। সি-ও সাহেব বলিলেন, "আমাদের মুক্তিবাহিনী পুরোপুরি সংগঠিত হইতে যাইতেছে এবং ভবিষ্যতে আমাদেরে যুদ্ধের অসুবিধা অনেক ক্ষেত্রেই লাঘব হইবে।" তারপর তিনি সঙ্গে আসা সেই নতুন অফিসারকে পরিচয় করাইয়া দিলেন এবং তাহাকে আমাদের সাব-সেক্টরের ফিল্ড অফিসার হিসাবে নিযুক্ত দিলেন। অন্যান্য অফিসারের অনুপস্থিতিতে সাময়িকভাবে তিনি সাব-সেক্টর কমাণ্ডার পদেও অধিষ্ঠিত হইলেন। আমি আবার সহকারী হিসেবে কাজ করিতে লাগিলাম।

নূতন ফিল্ড অফিসার পাইয়া আমরা ভারী খুশী। তাহার সঙ্গে অনেক কথাবার্তা হইল। খুব হাসিখুশী, চটপটে আর ছোট্ট গড়নের মানুষটি তিনি, কিন্তু তেজোদিপ্ত চেহারা। পাক পদাতিক বাহিনীর ক্যাপ্টেন তিনি। নাম সুলতান শাহরিয়ার রশীদ খান। কুমিল্লার অধিবাসী। বর্তমান বসতি চাটগাঁ। '৬৮তে কমিশন পাইয়াছেন- শুরুতে ১১-বালুচ ও পরে ৩১-এফ-এফ রেজিমেন্টে চাকুরী করিয়াছেন। সেখান হইতে ন্যাশনাল সার্ভিস ক্যাডেট কোরে চলিয়া যান এবং পলায়ন পূর্বপর্যন্ত লাহোর রৈস্যাবারে পি-টি-এস-ও এবং প্রশিক্ষণদাতার পদে বহাল ছিলেন। কার্য উপলক্ষে আজাদ কাশ্মীর, ঝিলাম, মংলা, শিয়ালকোট প্রভৃতি স্থান ঘুরিয়া অনেক অভিজ্ঞতা অর্জন করেন তিনি। '৭১ সালের ৩রা জুলাই কোন এক সুযোগে (পশ্চিম) পাকিস্তান হইতে পালাইয়া আসেন তিনি মুক্তিবাহিনীতে যোগদান করিতে। শুধু নিজেই আসেন নাই সঙ্গে নিয়া আসিয়াছেন আরও তিনজন অফিসার। যাই হউক, অতঃপর কনফারেন্স শেষে অফিসাররা চলিয়া গেলেন সেদিনকার মত।

১৮ই জুলাই ক্যাপ্টেন শাহরিয়ার আমাদের অধিনায়ক পদে যোগদান করিলেন দেবনগরে। দেখিলাম আমাদের প্রথম দর্শনের অনুমান মিথ্যা নয়। তাহার উপস্থিতিতে আমাদের মুক্তিসংগ্রাম অভূতপূর্ব এক নিহত মোড় নিল। তাহার যাদুস্পর্শে যেন সঞ্জীবিত হইয়া উঠিল সুপ্ত সাব-সেক্টর, অকুতোভয় অপারাজেয় মনোবলের অধিকারী আর নিবেদিতপ্রাণ খাঁটি বাংলা মায়ের সন্তান তিনি। নিমেষে খাপ খাওয়াইয়া নিলেন নিজেকে বাংলার কাদামাটির সঙ্গে। নিখুঁত বীর, মর্দে মোজাহিদ তিনি। মুক্ত এলাকার জনসাধারণ এবং আমরা তাহার কাজে মুগ্ধ হইয়া আদর করিয়া তাহাকে বাংলার বিচ্ছু বলিয়া ডাকিতাম। অনেকের মত নাক সিটকাইয়া ভ্রু কুচকাইয়া ভড়ং দেখান না। তিনি আসিয়াই সমস্ত ডিফেন্স এরিয়া ঘুরিয়া প্রত্যেকটি সৈনিকের সঙ্গে দেখা করিলেন এবং তাহাদিগকে বিভিন্নভাবে সান্ত্বনা ও উৎসাহ দান করিলেন। সৈনিকেরা তাঁহার পরশে আবার যেন নতুন করিয়া আশার আলো দেখিতে পাইল। তাহাদের এতদিনের শূন্যতা ঘুচিয়া একটা মুখ্য অভাব পূরণ হইল। কারণ ক্যাপ্টেন ছিলেন পদাতিক বাহিনীর লোক। তাই নবম শাখার অভাব-অসুবিধা সম্বন্ধে অবগত হইতে এবং খুটিনাটি খুঁজিয়া বাহির করিতে তাঁহার বেশী সময়ের প্রয়োজন হয় নাই। অবশ্য মানসিক ও দৈহিক পরিশ্রম করিতে হইয়াছিল যথেষ্ট। সবচেয়ে বড় অসুবিধা ছিল রেশন ও গোলাবারুদ সরবরাহ ও সংগ্রহ নিয়া। এক সপ্তাহের মধ্যে বিভিন্ন কর্তৃপক্ষ ও এজেন্সীর সাথে যোগাযোগ করিয়া আন্তরিক সম্পর্কের মাধ্যম সংগ্রহ ও সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক করিয়া আনিলেন তিনি। তারপর ডিফেনসিভ পজিশন ও যুদ্ধের অন্যান্য জরুরী ব্যাপারগুলির খুটিনাটি খুঁজিয়া বাহির করিয়া কিছুটা ঠিক করিলেন। যে সমস্ত সৈন্য নানাভাবে বিভিন্ন সময়ে ছত্রভঙ্গ হইয়া বিভিন্ন জায়গায় আশ্রয় নিয়াছিল তাহাদিগকে খবর পাঠানো হইল। কোন কোন স্থানে লোকও পাঠানো হইল যাহাতে তাহারা নিজেদের ইউনিটে যোগদান করে। ক্রমে সৈন্যসংখ্যা বাড়িতে লাগিল এবং তাহারা মাসিক ভাতা ও অন্যান্য সুবিধা পাইতে শুরু করিল। সৈন্যদের মনোবল ক্রমাগত দৃঢ় হইতে লাগিল এবং সঙ্গে সঙ্গে পাকবাহিনী বিভিন্ন অপারেশনের মাধ্যমে বুঝিতে পারিল এই এলাকায় মুক্তিবাহিনীর শক্তি ও রণনৈপুণ্য দিন দিন বাড়িয়া চলিয়াছে। তাই তাহারাও তাহাদের শক্তি ও সংখ্যা বাড়াইতে লাগিল। এইদিকে নবম শাখার কিছু লোক, পুলিশ ও আনসার তেঁতুলিয়া, বাংলাবান্ধা ও অন্যান্য স্থানে বিশ্রামে রত ছিল। ক্যাপ্টেন শাহরিয়ার সেই দিকেও খেয়াল করিলেন। ইতিমধ্যে আমাদের পুরাতন তিনটি কোম্পানী পঞ্চগড়ের দিকে আরও দুই মাইল অগ্রসর হইয়া পজিশন নিল। পাকিস্তানীদের শক্তি এবং সংখ্যাও দিন দিন বাড়িতে লাগিল। তাই তেঁতুলিয়া ও অন্যান্য স্থানের বিশ্রামরত লোকদেরকে ক্যাপ্টেন নিজে গিয়া যুদ্ধক্ষেত্রে নিয়া আসিলেন এবং তাহাদিগকে নিয়া নতুন কোম্পানী খাড়া

করিলেন । কোম্পানীর নাম দেওয়া হইল 'ডি' এবং সুবেদার আবুল হাশেমকে সেই কোম্পানীর অধিনায়ক নিযুক্ত করা হইল। নূতন কোম্পানীর কিছু প্রশিক্ষণের প্রয়োজন ছিল, তাই কয়েকদিন তাহারা ডিফেন্সের পিছনে থাকিয়া তা সমাপ্ত করিল। ইতিমধ্যে পাকবাহিনীর কর্মতৎপরতা বাড়িয়া উঠিল। তাহাদের সাথে আমাদের ছোটখাটে সংঘর্ষ হইল। এরপর প্রধানপাড়া, ডাঙ্গাপাড়া ও নুনিয়াপাড়া নামক গ্রামে তাহারা হঠাৎ আমাদের উপর বড় রকমের আক্রমণ চালায়। ইহাতে আমাদের কিছু লোক আহত ও শহীদ হইলেন। 'এ' কোম্পানী যেটা উক্ত এলাকায় ছিল প্রায় ছত্রভঙ্গ হইয়া পড়িল। কিন্তু তাহার সুযোগ্য অধিনায়ক সুবেদার হাফিজ একদিনের মধ্যেই সমস্ত কোম্পানীকে একত্র করতঃ আরও শক্ত করিয়া ডিফেন্স নিলেন। তারিখটি ছিল ২৮শে জুলাই। দিন কয়েক পর পাকিস্তানীদের কয়েকটি অগ্রবর্তী ঘাঁটি- যাহা চাওই নদীর তীরে ছিল- তাহাতে আমরা প্রচণ্ড আঘাত হানি। তাহাদের অনেক হতাহত হয়। আমরা কিছু হাতিয়ার ও গোলাবারুদ কব্জা করি। এরপর ঘন ঘন ছোটখাটো আক্রমণ-প্রতিআক্রমণ বেশ কয়েক দফা হইয়া গেল। আমাদের নিয়মিত ফাইটিং পেট্রল পাকসেনাদের উপর আক্রমণ চালাইয়া বহু হতাহত করিতে লাগিল। এমন একটি দিন ও রাত বাকী থাকিত না যে, পাকিস্তানীরা আহত ও মৃত সৈন্য নিবার জন্য পাল্টা আক্রমণ ও কভারিং ফায়ার না করিত। এইদিকে আমাদের নবগঠিত 'ডি' কোম্পানীও পজিশনে আসিল এবং সবাই মিলে আরও এক মাইল অগ্রসর হইয়া পজিশন নিল। পাকিস্তানীদের বিতৃষ্ণার সীমা রহিল না কিন্তু সংখ্যা তাহাদের পূরণ হইতে থাকিত পিছনে হইতে নিয়মিত সৈন্য আমদানী করিয়া। এই পর্যায়ে একদিন প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দীন আহমদ দ্বিতীয়বারের মত আমাদের সাব সেক্টরে যান এবং ফিল্ড হেডকোয়ার্টার দেবনগরে শুভাগমন করতঃ বিভিন্ন অগ্রবর্তী ঘাঁটি পরিদর্শন করিয়া আমাদের জোয়ানদেরকে উৎসাহিত করেন।

আমাদের কর্মতৎপরতা দেখিয়া কর্তারা খুশী হইলেন এবং গোলাবরুদ ও গোলন্দাজ সাহায্য নিয়মিতভাবে দিতে লাগিলেন। এইদিকে আমাদের মর্টার প্লাটুনও গোলাবারুদ পাইয়া গুরুত্বপূর্ণ পাকিস্তানী অবস্থানসমূহের উপর সুযোগমত বার বার গোলাবর্ষণ করিয়া তাহাদের মনে ভীতির সঞ্চার করিয়া দিল। আমাদের সাব-সেক্টরের সৈন্যসংখ্যা বাড়িল, হাতিয়ার বাড়িল, গোলাবরুদ বাড়িল, শক্তি এবং মনোবল আরও দৃঢ় হইল, কর্মতৎপরতা এবং রণনৈপুণ্যে পাকিস্তানীরা পরাজিত হইতে লাগিল, কিন্তু পূর্ণতার জন্য আরো কিছু প্রয়োজন ছিল, আরও প্রশিক্ষণ ও কলাকৌশল দরকার ছিল। তাই ক্যাপ্টেন শাহরিয়ার একখানা ছোট বই ছাপাইয়া তাহার কপি সবাইকে দিলেন। তাহাতে সব নূতন-পুরাতন হাতিয়ারের যাবতীয় বিবরণ ও ব্যবহার পদ্ধতি সুন্দরভাবে লিখা ছিল। তাহাতে আরও ছিল বিভিন্ন ধরনের খবরাখবর ও উৎসাহের কথা, যাহা যুদ্ধের প্রয়োজনে জানা নেহায়েত দরকার। এইভাবে কাজের ও যুদ্ধের ফাঁকে অসুবিধা সত্ত্বেও চারিদিকে প্রশিক্ষণ চলিতে লাগিল। আমাদের ক্যাপ্টেন শ-খানেক উৎসাহী গ্রাম্য ছেলে ভর্তি করিলেন, যারা ছিল অত্র এলাকার বাসিন্দা। তাহাদের একমাস প্রশিক্ষণ দিবার পর চারটি কোম্পানীতে ভাগ করিয়া দেওয়া হইল, যাহাতে রাজাকার ও অন্যান্য দালাল ধরিয়া দিতে অসুবিধা না হয়। অধিকিন্তু এলাকা ও দুশমন সম্বন্ধে যেন সঠিক খবর পাওয়া যায়। এইসব নতুন লোক ভর্তি ও বিভিন্ন প্রশিক্ষণের বদৌলতে ইতিমধ্যে সাব-সেক্টরে একটি সুসংগঠিত পদাতিক ব্যাটালিয়নে পরিণত হইল।

সেপ্টেম্বর মাসের ৭ তারিখ একবার জগদলহাট অধিকার করা হইল কিন্তু পাকসেনাদের গোলন্দাজ ও জীপে বসানো মেশিনগানের গোলাগুলিতে টিকিয়া থাকা মুশকিল হইল। তাহারা পাল্টা আক্রমণ করে। আমাদের বাহিনী পশ্চাদপসরণে বাধ্য হয়। ঐ মাসের দ্বিতীয় সপ্তাহ হইতে পাকিস্তানীরা রীতিমত ভড়কাইয়া গেল, কারণ, তখন হইতে হাতেকলমে সামরিক শিক্ষা ও অভিজ্ঞতা লাভের জন্য সদ্য ও স্বল্প প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধা প্রতি সপ্তাহে গড়ে ২/৩ শত করিয়া আমাদের কাছে আসিতে লাগিল। তাহারা সপ্তাহ দুই-একের জন্য আসিত এবং অভিজ্ঞতা অর্জনের পর নিজ নিজ অঞ্চলে গেরিলা যুদ্ধের জন্য চলিয়া যাইত। ইহাতে আমাদের সরবরাহ ও ব্যবস্থাপনার অনেক অসুবিধা হইত বটে কিন্তু যুদ্ধের ব্যাপারে সুবিধও ছিল অনেক। আমাদের ক্লান্ত সৈন্যরা মাঝে মাঝে স্বস্তিতে বিশ্রাম করিতে পারিত।

জগদলহাটের আক্রমণটা কিন্তু আমাদের চূড়ান্ত যুদ্ধের মহড়া ছিল। এ ধরনের মহড়া আমরা প্রায়ই করিতাম। ভীত ও নিরাশ পাকিস্তানীরা বহু হতাহতের দরুন হাঁপাইয়া উঠিল। সুযোগ বুঝিয়া আমরা আরও দুই মাইল অগ্রসর হইলাম এবং চাওই নদী আমাদের নিয়ন্ত্রণে নিয়া আসিলাম। তাহাতে অবশ্য আমাদেরও কিছু হতাহত হইল। এ পর্যায়ে ৯ই অক্টোবর স্বাধীন বাংলার কমিশন প্রাপ্ত প্রথম ক্যাডেট দলের সদ্য পাশ করা তরুণ সেঃ লেফটেন্যান্ট আব্দল মতিন চৌধুরী ও সেঃ লেফটেন্যান্ট মাসুদুর রহমান আমাদের সাব-সেক্টরে যোগদান করিলেন। অফিসারের নিতান্তই অভাব ছিল, তাই নতুন হইলেও এতে আমরা যথেষ্ট উপকৃত হইলাম।

এরপর পাকিস্তানীদের চলাচল একেবারে সীমাবদ্ধ হইয়া পড়িল, কারণ আমরা অগ্রসর হওয়াতে অমরখানা-পঞ্চগড় রাস্তা আমাদের পেট্রল ও প্রতিরক্ষা হাতিয়ারের আঘাত ক্ষমতার আওতায় আসিয়া গেল। আমরা তাহাদের পক্ষে সম্পূর্ণভাবে ক্ষতিকর রক্ষাব্যূহ রচনা শুরু করিলাম। গড়ে বিভিন্ন অপারেশনে প্রতিদিন পাকিস্তানীদের পাঁচ/ছয়জন করিয়া হতাহত হইতে লাগিল। ২০/২৫ দিন এমনতর চলিল। পাকিস্তানীরা সৈন্য পরিবর্তন ও পরিপূরণ করিতে লাগিল।

তারপর আমরা দুশমনদের সুদূরবিস্তৃত ঘাঁটিগুলি এমনভাবে ঘেরাও করিয়া বিভিন্ন হাতিয়ারের সাহায্যে আক্রমণ চালাইতে লাগিলাম যাহাতে তাহারা অগ্রবর্তী ঘাঁটিগুলি ছাড়িয়া পিছে হটিতে শুরু করিল। এই সূত্র ধরিয়া ২১শে নভেম্বর বিকাল ৪ ঘটিকায় আমাদের প্রথম অগ্রভিযান শুরু হয় তেঁতুলিয়া-ঠাকুরগাঁ-সৈয়দপুর পাকা রাস্তাকে অক্ষরেখা ধরিয়া। দুশমন পালাইতেছে আর আমরা পিছনে ধাওয়া করিয়া চলিয়াছি। ২২ তারিখ অমরখানা দখল করিয়া জগদলের দিকে অগ্রসর হইতে লাগিলাম। লাল স্কুলের কিছু আগে দুশমনের আভাস পাওয়া গেল। রাত তখন ১১টা। পিছনে বহু কিছু বাকী ভাবিয়া ক্যাপ্টেন শাহরিয়ার অগ্রগমন বন্ধ করিয়া আত্মরক্ষামূলক পজিশন নিতে বলিলেন। অগ্রাভিযানের অক্ষে ছিল 'বি' ও 'সি' কোম্পানী। 'বি' কোম্পানীর অধিনায়ক ছিলেন সুবেদার আব্দুল খালেক আর 'সি' কোম্পানীতে ছিলেন লেফটেন্যান্ট আব্দুল মতিন এবং সুবেদার হাজী মুরাদ আলী। আবার তাহাদের ডাইনে-বামে ছিল যথাক্রমে সুবেদার আহমদ হোসেনের 'এ' কোম্পানী ও সুবেদার আবু হাশেমের 'ডি' কোম্পানী। তাহারা সকলে নিজ নিজ কোম্পানীর জিম্মাদারী এলাকা বুঝিয়া নিলেন ক্যাপ্টেনের কাছ হইতে।

পরদিন সকাল হইতে শুরু হইল আমাদের অগ্রাভিযান। আমরা এখন দলে ভারী। আমাদের চার কোম্পানী ছাড়াও ৫/৭ শত মুক্তিযোদ্ধা আমাদের সাথে যোগ দিয়েছে। গোলাবারুদ সাজসরঞ্জামেরও কমতি নাই। কাজেই দুশমনের উপর দিলাম ভীষণ চাপ। দুশমনদের পা এখন শূন্যে। তাহারা বহুদিনের পুরাতন রক্ষাব্যূহসমূহ ছাড়িয়া দিয়া আর পা মাটিতে লাগাইতে পারিতেছে না। তাহাদের ভাব এখন পালাই পালাই, প্রাণ বাঁচাই। আমাদের ভাব মার-মার। তাহারা ভীতসন্ত্রস্ত সদাচকিত পলায়নপর। আর আমরা মহাপ্রাপ্তির বিজয়ের নেশায় আরও শতগুণে উৎসাহিত ও মাতোয়ারা দিগ্বিজয়ী বীরের বেশে অগ্রসরমান। এ যেন অনেকটা নেকড়ে আর মেষের মোকাবিলা। তবু জগদলের নিকট বেশ কয়েকজন আহত ছাড়াও আমার সাব-সেক্টরের সর্বশ্রেষ্ঠ বীর বেঙ্গল রেজিমেন্টের লেঃ নায়েক শকিলউদ্দিন শহীদ হন। আমাদের আগে বাড়ার পালা চলিতে লাগিল। কোথাও তুমুল সংঘর্ষ, কোথাও মামুলি, আবার কোথাও একবারে না।

২৭শে নভেম্বর। পঞ্চগড় শহর মুক্ত হইল। আগাইয়া চলিলাম। বোদা পৌঁছিলাম। যুদ্ধের সাধারণ বাধাবিপত্তি কাটাইয়া (কোথাও দুশমন কর্তৃক পুল উড়াইয়া দেওয়া, কোথাও বা মাইন পুঁতিয়া রাখা) অগ্রাভিযান জারি থাকিল। ৩রা ডিসেম্বর ঠাকুরগাঁ শহর কব্জা হইল। ৪ঠা ডিসেম্বর সমাগত। এক্ষণে মিত্রবাহিনী সাঁজোয়া ও গোলন্দাজ ইউনিটসহ আমাদের সঙ্গে আসিয়া যোগ দিলেন। কেননা পকিস্তান ততক্ষণে যুদ্ধ ঘোষণা করিয়াছে এবং মহান ভারতও তাহার চ্যালেঞ্জ গ্রহন করিয়া প্রত্যক্ষ সমরে নামিয়াছে। বাস। আমাদের পায়াভারী। আরও নির্ভয় ও বেপরোয়া হইয়া উঠিলাম- আগে বাড়িয়া চলিলাম। বিরাম নাই। আগে বাড়িতে বাড়িতে একেবারে বীরগঞ্জ-ভাতগাঁও ব্রীজ। এ অগ্রভিযানে ইতিমধ্যে বোদা, বীরগঞ্জ ও অন্যান্য স্থানে বহু দুশমন হইয়াছে আহত

আর বন্দী। প্রচুর হাতিয়ার ও গোলাবারুদ, রেশন ও অন্যান্য সরঞ্জাম হইয়াছে আমাদের হস্তগত। রাজাকার এবং দালালের তো কথাই নাই। কুড়ি-কুড়ি শ-শ প্রতিদিন আত্মসমর্পণ করিতেছে আর অজস্র হাতিয়ার-গোলাবারুদ দিয়া যাইতেছে জমা।

৯ অথবা ১০ই ডিসেম্বর। স্থান ভাতগাঁও ব্রীজ আর তার আশপাশ এলাকা। দুশমনদের নিকট হইতে আসিল ভীষণ বাধা। দুইটি ট্যাঙ্ক ধ্বংসসহ বহু মিত্র সৈন্য হতাহত হইল, যাহা এই এলাকায় এর আগে হয় নাই কখনো। অগত্যা একনাগাড়ে কয়েকদিন ওখানে থাকিতে হইল, মিত্রবাহিনীর শক্তি বৃদ্ধি করা হইল। সম্মুখের দিকে একেবারে চুপ থাকিয়া বাম হাতে খানসামা হইয়া হঠাৎ প্রবল আক্রমণ চালান হইল- যাহাতে অংশ নিল মিত্রবাহিনীর ছয়টি মাঝারিসহ ৬০টি কামান, একখানা হেলিকপ্টার, দুইটি ফাইটার ও একটি ট্যাঙ্ক বহর। মূহুর্তে বহু দুশমন সেনা হতাহত হইল, ধ্বংস হইল ৬ খানা ট্যাঙ্ক, বাকী দুশমন সৈন্য ঘাঁটি ছাড়িয়া লেজ গুটাইয়া নীলফামারীর দিকে দিল ছুট। ফলে প্রধান অংশ হইতে বিচ্ছিন্ন হইয়া অবরুদ্ধ হওয়ার নিশ্চিত আশঙ্কায় দুশমনরা ভাঙ্গিয়া পড়িল। তাহারা ভাতগাঁওয়ের বিখাত ও গুরুত্বপূর্ণ মজবুত পুলটিকে একবারে ধ্বংস করিয়া আমাদের জন্য একটি বিরাট বাধা সৃষ্টি করতঃ সে এলাকায় হইতেও পাততাড়ি গুটাইল একেবারে সৈয়দপুরে। আমাদের তরফ হইতেও দুইমুখী পশ্চাদ্ধাবন চলিতে লাগিল নাছোড়বান্দা হইয়া। সৈয়দপুর প্রায় ঘেরাও। হঠাৎ দেখা গেল পাকবাহিনীর হাতে সাদা নিশান-শান্তির প্রতীক-আত্মসমর্পণের চিহ্ন। জেনেভা কনভেশন- নমস্য। তাই আমাদের অস্ত্র সংবরণ করিতে হইল- লড়াইয়ে দিতে হইল ইতি। দিনটি ছিল ১৬ই ডিসেম্বর।

স্বাক্ষরঃ মোঃ কাজিমউদ্দিন
ডি-এ-ডি
১২-৬-১৯৭৪

সাক্ষাৎকারঃ মোঃ নূরুজ্জামান*

২৭শে মে ভোরবেলা সেক্টর কমান্ডিং প্রধান ক্যাপ্টেন নওয়াজেশ সাহেব, সুবেদার গোলাম মোস্তফা এবং আমি থানা হেডকোয়ার্টারে বসে ছিলাম। এমন সময় উলিপুর (থানা) নিবাসী বলে পরিচয়দানকারী দু'জন মৌলভী সাহেব পাকিস্তানী সৈন্যরা ধরলা নদী অতিক্রম করে নাই বলে জানায় এবং মুক্তিযোদ্ধাদেরকে পুনরায় পাটেশ্বরী ডিফেন্সে পাঠাতে অনুরোধ করে। হানাদার সৈন্যরা ধরলা নদী অতিক্রম করে নাই এই মর্মে তারা শপথ করে। উক্ত শপথের উপর ভিত্তি করে একটি ট্রাক, একটি পিকআপ গাড়ী ও একটি জীপগাড়ী বোঝাই প্রায় ১০০জন গেরিলাকে ঐ দিনই পুনরায় পাটেশ্বরী ডিফেন্সে পাঠানো হয়। গেরিলদের বহনকারী গাড়ী তিনটি পাটেশ্বরী ডিফেন্সের কাছাকাছি পৌছাতেই এ্যামবুশরত পাকিস্তানী সৈন্যরা তাদের ঘিরে ফেলে। ফলে গেরিলারা দিশেহারা হয়ে লাফিয়ে নিচে নেমে হানাদার সৈন্যদের সাথে খণ্ডযুদ্ধে লিপ্ত হয়। কিছুক্ষণের মধ্যেই গেরিলারা ছত্রভঙ্গ হয়ে পড়ে এবং বেশ কিছুসংখ্যক মুক্তিযোদ্ধা হানাদার সৈন্যদের গুলিতে নিহত হন। গেরিলা যোদ্ধাদের অন্যতম প্রধান কমাণ্ডার মোজাহিদ ক্যাপ্টেন শত্রুসৈন্যদের অজস্র গুলির মুখেও সংঘর্ষস্থল পরিত্যাগ করে নাই। বেশ কিছুসংখ্যক হানাদার সৈন্যকে খতম করে তিনি বীরের ন্যায় মৃত্যুবরণ করেন। এই সংঘর্ষে নিহত মুক্তিযোদ্ধারা হলেনঃ ১। সিপাহী আবুল কালাম, সাবেক ই-পি-আর নং ১৯৩৭৭; ২। সিপাহী আবুল কাশেম, সাবেক ই-পি-আর নং- ৫৫৩৪; ৩। সিপাহী সেকেন্দার আলী, সাবেক ই-পি-আর নং- ১৪২৮০; ৪। এম এপ, দেলওয়ার হোসেন; ৫। এম, এফ ড্রাইভার আফজাল হোসেন; ৬। এম, এফ ড্রাইভার গোলাম রব্বানী; ৭। আতিকুর রহমান (কুক); ৮। সিপাহী আবুদল আলী, সাবেক ই-পি-আর; ৯। মোজাম্মেল হক (কুক); ১০। এম, এফ রবীজউদ্দিন ভুইয়া (ছাত্র); ১১। এম, এফ, আবুল কাশেম (ছাত্র); ১২।এম, এফ, আসাদুল্লা (ছাত্র); ১৩। এফ, এম, আব্দুল ওহাব (ছাত্র)।

* সাক্ষাৎকারটি প্রকল্প কর্তৃক ১৫-৭-৭৮ তারিখে গৃহীত।

এই ঘটনার পর পাটেশ্বরী প্রতিরোধ ঘাঁটি ভেঙ্গে যায়। পাকিস্তানী সৈন্যরা নাগেশ্বরী থানা বাজারে ঢুকে সমগ্র বাজারে আগুন ধরিয়ে দেয়। বাজারে অবস্থানরত একজন পাগলকে দেখামাত্র সৈন্যরা তাকে গুলিবিদ্ধ করে হত্যা করে। হানাদার সৈন্যরা নাগেশ্বরী বাজারে প্রবেশের পরপরই রায়গঞ্জ সেতুর নিকট ডিফেন্সরত মুক্তিযোদ্ধাদেরকে সরিয়ে নেয়া হয়। ভূরুঙ্গামারী থানার সাথে যোগাযোগ রক্ষাকারী রায়গঞ্জ বাজার সংলগ্ন বৃহৎ সেতুটি মুক্তিযোদ্ধারা ডিনামাইট দিয়ে উড়িয়ে দেয়।

নাগেশ্বরী থানায় অবস্থান পাকাপোক্ত করার পর হানাদার সৈন্যরা ভূরুঙ্গামারী থানার দিকে অগ্রসর হতে শুরু করে। ইতিমধ্যে ভূরুঙ্গামারী থানা সদরে অবস্থিত গেরিলা প্রশিক্ষণ কেন্দ্র বন্ধ করে দেয়া হয় এবং গেরিলা দফতর সীমান্তের ওপারে পশ্চিম বাংলার কুচবিহার জেলার সাহেবগঞ্জ বাজারে সরিয়ে নেয়া হয়। সেখানেই দ্রুত কয়েকটি অস্থায়ী গেরিলা ঘাঁটি গড়ে তোলা হয়। পরে গেরিলা যোদ্ধারা এই অস্থায়ী ঘাঁটিগুলো থেকে ভূরুঙ্গামারী থানা সদরে পার্শ্ববর্তী স্থানে অবস্থানরত হানাদার সৈন্যদের উপর অতর্কিত আক্রমণ শুরু করে।

সুবেদার বোরহান তাঁর অধীনস্থ মুক্তিযোদ্ধাদের নিয়ে ভূরুঙ্গামারী থানার অন্তর্গত সাবেক রেলওয়ে স্টেশন সোনাহাটে চলে যান। পাকিস্তানী সৈন্যরা ভূরুঙ্গামারী থেকে সাবেক পাটেশ্বরী রেলওয়ে স্টেশনের নিকটবর্তী দুধকুমার নদীর উপর অবস্থিত পাটেশ্বরী রেলওয়ে ব্রীজ অতিক্রম করে সোনাহাটে যাতে পৌছতে না পারে সেজন্য পাটেশ্বরী ব্রীজের পূর্বতীরে মুক্তিযোদ্ধাদেরকে মোতায়েন করা হয়।

১৫ই জুন সাহেবগঞ্জ অস্থায়ী ঘাঁটির গেরিলারা ভূরুঙ্গামারীর অদূরে বাংলাদেশ সীমান্তে অবস্থিত ই-পি-আর ফাঁড়িতে অবস্থানরত পাকসৈন্যদের উপর আক্রমণ চালায়। এই আক্রমণে বেশ কয়েকজন পাকসৈন্য নিহত হয়। গেরিলাদের পক্ষে মোট তিনজন নিহত হন। নিহত গেরিলারা হলেনঃ (১) সিপাহী আব্দুস সোবহান, ই-পি-আর নং-১৬০৭৪; (২) সিপাহী মনসুর আহমদ, ই-পি-আর নং-৫৮০৪; (৩) কুক আবু কালাম (ই-পি-আর)।

২৯শে জুন মুক্তিযোদ্ধাদের একটি দল মোগলহাটে অবস্থানরত পাকসৈন্যদের উপর হঠাৎ হামলা চালিয়ে বেশ কয়েকজনকে হতাহত করে। এখানে মুক্তিযোদ্ধা আব্দুল বারী নিহত হন। মুক্তিযোদ্ধারা হানাদার সৈন্যদের বেশ কিছু অস্ত্র দখল করতে সক্ষম হন।

১৪ই জুলাই বড়খাতায় অবস্থানরত পাকসৈন্যদের উপর অতর্কিত আক্রমণ চালিয়ে গেরিলারা ব্যাপক ক্ষতি সাধন করে। মুক্তিযোদ্ধা সিপাহী মুহাম্মদ আলী (ই-পি-আর নং ৭২৯৬) হানাদার সৈন্যদের গুলিতে নিহত হন। বড়খাতায় হানাদার সৈন্যদের অবস্থানে মুক্তিযোদ্ধাদের অপর আর একটি দল আক্রমণ চালায় ২৩শে জুলাই। সিপাহী আনোয়ার হোসেন, ই-পি-আর এই সংঘর্ষে নিহত হন।

ভূরুঙ্গামারী থানা সদরে প্রবেশের পর পাকসৈন্যরা বাজার সংলগ্ন ভূরুঙ্গামারী কলেজে তাদের অবস্থান সুদৃঢ় করেছিল। মুক্তিযোদ্ধাদের একটি বিরাট দল ভারী অস্ত্রে সজ্জিত হয়ে ২রা আগস্ট হানাদার সৈন্যদের উক্ত অবস্থানের উপর প্রচণ্ড আঘাত হানে। এই সংঘর্ষে উভয় পক্ষই মেশিনগান ও কামান ব্যবহার করে। মুহুর্মুহু প্রচণ্ড কামানের শব্দে চারদিক প্রকম্পিত হতে থাকে। হানাদার সৈন্যরা তাদের অবস্থান থেকে সরে না গেলেও বহু হতাহত হয়। এই প্রচণ্ড যুদ্ধে মুক্তিযোদ্ধা আনসার আলী নিহত এবং বেশকিছুসংখ্যক আহত হন। মুক্তিযোদ্ধারা পাকিস্তানী সৈন্যদের উপর চাপ অব্যাহত রাখেন। ১৩ই আগস্ট পুনরায় বুরুঙ্গামারী বাজারের সন্নিকট থেকে হানাদার সৈন্যদের উপর আক্রমণ চালানো হয়। এই আক্রমণ অল্প সময়ের মধ্যেই প্রচণ্ড সংঘর্ষের রূপ নেয়। সৈন্যরা ব্যাপক ক্ষয়ক্ষতি স্বীকার করে। মুক্তিযোদ্ধা সিপাহী কবির আহমদ, ই-পি-আর নিহত হন। এর পর থেকে আমাদের গেরিলা যোদ্ধাদের আক্রমণ ক্ষমতা বেড়ে যায়। ভারত থেকে আমরা পর্যাপ্ত গোলাবারুদ পাচ্ছিলাম। ভারী অস্ত্র চালনায় গেরিলা যোদ্ধারা বেশ দক্ষ হয়ে উঠছিল।

২৫শে আগস্ট কুড়িগ্রাম শহরে অবস্থানরত পাকিস্তানী সৈন্যদের প্রেরিত গেরিলা লীডার সিপাহী মকবুল হোসেনকে (ইপকাপ নং ২৯১২৭) কুড়িগ্রাম থেকে ৫ কিলোমিটার দূরে প্রতাপ গ্রামে ছদ্মবেশে তৎপর থাকাকালীন আমাদের গেরিলারা গ্রেফতার করতে সক্ষম হয়। পাকিস্তানী সৈন্যদের প্রেরিত গেরিলা লীডার মকবুল নারীর ছদ্মবেশে উক্ত গ্রামে খবর সংগ্রহের জন্য ঘোরাফেরা করছিল।

৬ই নভেম্বর প্রত্যুষে প্রায় আড়াই হাজার মুক্তিযোদ্ধা এম-এফ/এফ-এফ ৪ থেকে ৫ ব্যাটেলিয়ান ভারতীয় সৈন্যদের সহযোগিতায় ভূরুঙ্গামারী থানার জয়মনিরহাটে (মহাযুদ্ধকালীন বৃটিশরাজ নির্মিত রেলওয়ে স্টেশন) পাকিস্তানী সৈন্যদের শক্তিশালী অবস্থান ঘাঁটির উপর প্রচণ্ড আঘাত হেনে দখল করে নেয়। এই প্রচণ্ড সংঘর্ষে বহুসংখ্যক পাকিস্তানী সৈন্য হতাহত হয়। পাকিস্তানীদের বিপুলসংখ্যক আধুনিক মারণাস্ত্র মুক্তিযোদ্ধা ও ভারতীয় বাহিনী হস্তগত করে। ভারতীয় বাহিনীর কিছুসংখ্যক জোয়ান সংঘর্ষকালীন নিহত হয়। অথচ মুক্তিযোদ্ধাদের এম-এফ/এফ-এফ'দের মধ্যে মাত্র কয়েকজন নিহত হন।

১৩ই নভেম্বর ভূরুঙ্গামারী থানার ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ দিন। এইদিন মুক্তিযোদ্ধা ও ভারতীয় সহায়ক সৈন্যদের সম্মিলিত বিরাট বাহিনীর বীরযোদ্ধারা হানাদার সৈন্যদের দখল থেকে ভূরুঙ্গামারী মুক্তি করেন। এই অভিযানে ভারতীয় সহায়ক বাহিনীর নেতৃত্ব দেন ব্রিগেডিয়ার যোশী এবং মুক্তিযোদ্ধাদেরকে পরিচালনা করেন সাবেক বিমান বাহিনীর উইং কমাণ্ডার ও যুদ্ধকালীন সেক্টর কমাণ্ডার কে, এম, বাশার ও সাব-সেক্টর কমাণ্ডার মেজর নওয়াজেশ। ১৩ই নভেম্বরের এই সম্মিলিত আক্রমণে ৩ জন পাঞ্জাবী সৈন্যকে জীবন্ত ধরা হয়। কোন পথেই পাকিস্তানীরা পালাতে না পেরে বহু মারা পড়ে। সৈন্যদের পরিত্যক্ত বিপুল সমরসম্ভার সম্মিলিত বাহিনীর হস্তগত হয়। ভূরুঙ্গামারী দখলের পরপরই বেশ কিছুসংখ্যক বাঙ্গালী শিক্ষিতা মহিলাকে স্থানীয় সার্কেল অফিসার উন্নয়ন অফিসে বন্দী অবস্থায় উদ্ধার করা হয়। মহিলাদের মধ্যে বেশ কয়েকজন বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ছিলেন। বর্বর সৈন্যরা এদেরকে বিভিন্ন স্থান থেকে অপহরণ করে এখানে এনে রেখেছিল।

২২শে নভেম্বর রংপুর জেলার অন্তর্গত বড়খাতায় হানাদার বাহিনীদের সাথে মুক্তিযোদ্ধাদের এক প্রচণ্ড সংঘর্ষে কোম্পানী কমাণ্ডার মুক্তিযোদ্ধা ফজলুর রহমান (নং ০৫৯৩) শহীদ হন। এছাড়া আরো দুজন মুক্তিযোদ্ধা সংঘর্ষকালে শহীদ হন। সংঘর্ষে পাকিস্তানীরা গোলন্দাজ বাহিনী ব্যবহার করে। শহীদ মুক্তিযোদ্ধারা হলেনঃ হাবিলদার রঙ্গু মিয়া (নং ৭০২১২৪৭) ও এম-এফ নাসির আহমেদ। (এম-এফ নাসির আহমদ ঐ সময় মেজর পদে উন্নীত হয়েছিলেন)।

২০শে নভেম্বর বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশনপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের তরুণ ছাত্র লেঃ সামাদ কুড়িগ্রাম মহকুমার অন্তর্গত রায়গঞ্জ সি এণ্ড বি পুলের দুই পার্শ্বে অবস্থানরত হানাদার বাহিনীর শক্তিশালী ঘাঁটির উপর আক্রমণ চালান। তাঁকে ভারতীয় সহায়ক বাহিনী দিয়ে সাহায্য করে ভারতীয় ব্রিগেডিয়ার যোশী। প্রচণ্ড সংঘর্ষে এক পর্যায়ে যখন হানাদার সৈন্যদের সাথে মুক্তিযোদ্ধাদের হাতাহাতি সংঘর্ষ শুরু হয় তখন দুঃসাহসী সামাদ মুক্তিযোদ্ধাদেরকে পরিচালনা করছিলেন বীরবিক্রমে। হঠাৎ হানাদার বাহিনীর গুলির আঘাতে তিনি আহত হয়ে সংঘর্ষে ক্ষেত্রেই মৃত্যুবরণ করেন। এই ভয়াবহ সংঘর্ষে নিহত অপর মুক্তিযোদ্ধা হলেন ই-পি-আর সিপাহী কবীর আহমদ (৫০১৬৫) এবং আবদুল আজিজ। তীব্র মুখোমুখি যুদ্ধের পর মুক্তিযোদ্ধাগণ শত্রুদের রায়গঞ্জ ও আন্ধারীঝাড় অবস্থান দখল করেন। বহুসংখ্যক পাকিস্থানী সৈন্য হতাহত হয় এবং বিপুল পরিমাণ সমরাস্ত্র সম্মিলিত বাহিনীর হাতে আসে।

২৪শে নভেম্বর মুক্তিবাহিনীর যোদ্ধারা নাগেশ্বরী থানাও পাটেশ্বরীতে অবস্থানরত সৈন্যদের ঘেরাও করে। ঐ দিনের সংঘর্ষে সাইদুর রহমান এফ-এফ ৯০/৩৫, সেরাজুল হক এফ-এফ ১১৮/২০ এবং সোহরাব আলী এফ-এফ ১১৮/৩৬ নিহত হন।

২৮শে নভেম্বর সম্মিলিত বাহিনী নাগেশ্বরী ও বেপারীহাট মুক্ত করে। বেপারীহাট সংঘর্ষে সিপাহী এম-এফ আলী আকবর (৫০৭১২) এবং সিপাহী এম-এফ আবুল হোসেন (৫০৮৫৩) নিহত হন। এর পর পরই ধরলা নদীর উত্তর তীরের বিস্তীর্ণ অঞ্চল হানাদার বাহিনীর কবলমুক্ত হয়।

মোঃ নূরুজ্জামান
বাংলাদেশ রাইফেলস
১০ম শাখা, রংপুর
১৫-৭-৭৮

সাক্ষাৎকারঃ লেঃ কর্নেল মতিউর রহমান*

আমরা দিল্লী থেকে কলকাতাতে ফ্লাই করি মে মাসে। তারপর আমরা বাংলাদেশের ফোর্সেস হেডকোয়ার্টারে আসি। সেখানে নুরকে নিযুক্ত করা হলো এ-ডি-সি টু সি-ইন-সি। আমি এবং ডালিম-দু'জনকেই সি-ইন-সি'র গেরিলা এডভাইজার হিসাবে এ্যাপয়েন্টমেন্ট দেয়া হয়। আমি ছিলাম ৬নং সেক্টরের জন্য ডালিম ছিল যশোর এরিয়ার অর্থাৎ ৮নং সেক্টরের জন্য। আমরা জেনারেল ওসমানীর সাথে দিল্লী থেকে কলকাতা এলাম। যদিও আমি আমার ইউনিটে অর্থাৎ ৩য় ইস্ট বেঙ্গলে যোগদান করতে চেয়েছিলাম কিন্তু জেনারেল ওসমানী তাতে মত দিলেন না। তিনি আমাকে নিয়ে এলেন ৬নং সেক্টর এলাকায়। তখনও ৬নং সেক্টর হয়নি। ওখানে তখন ক্যাপ্টেন নওয়াজেশ ছিলেন। তাঁর কাছে আমাকে রেখে দেন। আমাকে ইনস্ট্রাকশন দেয়া হয় আমি যেন বাংলাদেশের ভেতরে না ঢুকি। কেন আমাকে এই ইনস্ট্রাকশন দেয়া হলো আমি বুঝতে পারিনি। ইন্ডিয়ানদেরকেও বলে দেয়া হয় আমাকে যেন বাংলাদেশের ভিতরে ঢোকার অনুমতি দেয়া না হয়। আমি কর্নেল নওয়াজেশের সাথে থাকতে থাকতে বোর ফিল করি। কোন কাজ নেই একমাত্র এ্যাসেসমেন্ট ছাড়া। আমি আস্তে আস্তে বি-ডি-আর ট্রুপস নিয়ে ছোটখাটো রেইড, এ্যামবুশ করতে থাকি। কর্নেল নওয়াজেশ ভুরুঙ্গামারী এলাকায় থাকতেন।

একবার মনে আছে, ইন্ডিয়ানরা খবর দেয় যে ভূরুঙ্গামারীতে ৩০/৩৫ জন পাকসেনা আছে। ৩৫ জন লোক খুব কমই। তখন আমি একটা প্লাটুন এবং কর্নেল নওয়াজেশ একটা প্লাটুন নিয়ে ভূরুঙ্গামারী রেইড করতে যাই। ম্যাপ অনুযায়ী আমাকে শুধু একটা নদী পার হতে হবে। আমার কাছে পাকিস্তানী সৈন্যের বুলেটকে যত না ভয় ছিল তার থেকে পানি পার হওয়া বেশী ভয়ের ব্যাপার ছিল। যাই হোক, তারা আমাকে দুটো কলাগাছ একসাথে করে ভেলা বনিয়ে তার উপর শুইয়ে টেনেটেনে পার করায়। এই নদীই রাতে আমাকে চারবার পার হতে হয়েছে। আমাকে ফাঁকি দেয়ার জন্য তারা একবার এপারে আবার ঘুরিয়ে-ফিরিয়ে ওপারে এভাবে চারবার পার করিয়েছে। যে সময়ের মধ্যে আমাদের ভূরুঙ্গামারী যাবার কথা সেই সময় পার হয়ে যায়। ম্যাপ অনুযায়ী আমি বুঝতে পারছিলাম না কোথায় যাচ্ছি, কেননা পানিতে আমি পুরোপুরি অন্য লোকের উপর নির্ভর করতাম। যখন ভোর হয়ে আসে তখন আমি ওদের চালাকি বুঝতে পারি। আমরা ফেরত আসি। তখন ইন্ডিয়ান যে ব্রিগেডিয়ার ছিলেন তিনি খুব তচ্ছিল্যের সাথে আমাকে বলেছিলেন যে আমার জন্যই রেইডটা সফল হয়নি, আমার সাহস নেই এইসব। এতে আমার খুব রাগ ধরে। ব্রিগেডিয়ার সাহেবকে দেখাবার জন্যে, সম্ভবতঃ জুলাই মাস হবে, পরের রাতে আমিও আমার ব্যাটম্যান এবং আরেকটা লোক আমরা তিনজনে ভূরুঙ্গামারী যাই। সেখানে আসলে একটা কোম্পানী ছিল। এই কোম্পানীর ৪ মাইল দূরে আরেকটা প্লাটুন ছিল। কোম্পানী কমাণ্ডার সন্ধ্যার সময় প্রায়ই বলতে গেলে রোজই, ঐ প্লাটুন থেকে মূল কোম্পানীতে চলে যেতো। আমরা প্ল্যান করি পথের মধ্যে ঐ কোম্পানী কমাণ্ডারকে এ্যামবুশ করবো। আমরা দুপুরে খাওয়ার পরে রওনা হলাম। আমরা বর্ডার ক্রস করে ভিতরে ঢুকি। জায়গায় পৌছে রাস্তা থেকে ৩০০/৪০০ গজ দূরে থাকতে কোম্পানী কমাণ্ডারের জীপ আমাদেরকে

* সাক্ষাৎকারটি প্রকল্প কর্তৃক ১৮-১-১৯৮০ তারিখে গৃহীত।

ক্রস করে চলে যায়। ফলে তাকে এ্যামবুশ করা সেদিনের মত হয়নি। কিন্তু তাকে ধরবার জন্য খোলা মাঠের উপর দিয়ে আমরা পিছনে পিছনে দৌড়ে যাই, হঠাৎ দেখি সামনে সাদা বিল্ডিং। আমি শুনেছিলাম যে, ভূরুঙ্গামারী কলেজে পাকিস্তান আর্মি থাকে। ভূরুঙ্গামারীর একমাত্র সাদা বিল্ডিং হচ্ছে ঐ ভুরুঙ্গামারী কলেজ। আমরা দৌড়াতে দৌড়াতে ঐ সাদা বিল্ডিং-এর প্রায় ৩০ গজ দূরে চলে গিয়েছিলাম। যখন বাঁশঝাড় থেকে বের হই তখনই দেখি সাদা বিল্ডিং এবং সঙ্গে সঙ্গে আমরা থেমে যাই। আবার বাঁশ ঝাড়ের ভিতর চলে যাই। কেননা, এখানেই পাকিস্তান আর্মি থাকে। আমরা তখন ওদের কথাবার্তা শুনছি। বাঁশঝাড় থেকে কলেজ খুব বেশী হলে ৫০ গজ। সামনে ছোট ছোট পাটগাছ। সন্ধ্যা হয়ে গেছে, চাঁদ ছিল, তাই পরিষ্কার সবকিছু দেখা যায়। কলেজের পাশ দিয়ে পাকিস্তানী সেন্ট্রীগুলো হাঁটছে, আমরা স্পষ্ট দেখতে পাচ্ছিলাম। ইন্ডিয়ান ব্রিগেডিয়ার যে কমেন্ট করেছিলো সেটা আমার মাথায় ঘুরপাক খাচ্ছিলো। আমার মাথায় চিন্তা ছিল কিছু একটা করতে হবে। সেজন্য আমি অপেক্ষা করতে থাকি। আমি আল্লাহর কাছে প্রার্থনা করছি যেন বৃষ্টি আসে। অন্ততঃ মেঘ আসুক যাতে চাঁদ না থাকে, অন্ধকার হয়ে যায়। এ রকম অপেক্ষা করতে করতে রাত যখন দেড়টা-দুইটা তখন ঠিকই মেঘ আসলো এবং ঝির ঝির করে বৃষ্টি পড়তে শুরু করলো। রাত সাড়ে দশটার দিকে পাকিস্তানী আর্মি দিনের ডিউটি শেষ করে ঘুমাতে যায়, সেন্ট্রী বাদে। আমরা সেন্ট্রীদের দেখতে পাচ্ছিলাম। হাঁটাচলা করছে। আমি এবং আমার ব্যাটম্যানের হাতে দুটা করে গ্রেনেড। আমাদের সাথে যে আরেকটি লোক ছিল ও হাতে এল-এম-জি ছিল। তাকে আমরা পাশে রেখেছিলাম। তাকে অর্ডার দিয়েছিলাম যে, গ্রেনেডের চারটা এক্সপ্লোশন হওয়ার পরে সে ফায়ার করতে থাকবে যেন আমরা উইথড্র করতে পারি। বৃষ্টির ভিতর আমরা পাটক্ষেতের মধ্য দিয়ে ক্রস করতে করতে বিল্ডিং-এর কাছে পৌছাই এবং আমরা দেখতে পাচ্ছি বিল্ডিং-এর বারান্দায় চৌকীর উপরে পাকিস্তানী আর্মিরা শুয়ে আছে। পাকিস্তানী সেন্ট্রীটা যখন হেঁটে আমাদের ক্রস করে চলে যায় তখন আমরা দুজন দৌড়ে আমাদের গ্রেনেড ফেলে দিয়ে ফেরত চলে আসি। তখনও আমরা জানতাম না পাকিস্তানীদের কি ক্ষয়ক্ষতি হলো। আমরা দৌড়ে ফেরত আসছি, ততক্ষণে পাকিস্তানীরা গুলি করতে শুরু করেছে। হঠাৎ আমি আছাড় খেয়ে পড়ে যাই। মনে হলো আমার পায়ে কিছু একটা লেগেছে। পরে দেখি আমার ডান পাটা অবশ হয়ে গেছে, আমি আর উঠতে পারছি না। আমার ব্যাটম্যান এবং আমার সাথের লোকটি দু'জনে ধরে আমাকে উঠায়। তখন দেখি যে আমার পায়ে একটা গুলি লেগেছে। গুলিটা বেশী ভেদ করে যেতে পারেনি, কেননা আমরা বেশ দূরে ছিলাম ওরা তাড়াতাড়ি ঘাড়ে করে আমাকে নিয়ে আসে। এবং আমরা আবার ইন্ডিয়াতে ফেরত আসি। সেখানে আমাদের ডাক্তার ছিল, সে গুলি বের করে ব্যান্ডেজ করে দেয়। আমি সতিদিন পরেই ঠিক হয়ে যাই। পরে আমরা জানতে পারি যে, সেদিনের গ্রেনেড বিস্ফোরণের ফলে ৭ জন পাক আর্মি নিহত এবং ১৫ জন আহত হয়েছে।

কয়েকদিন পর ভূরুঙ্গামারীতে দুই কোম্পানী নিয়ে আক্রমণ করার প্ল্যান করা হয়। খুব সম্ভব জুলাই/আগস্টের দিকে। সেখানে পাকিস্তানীদের এক কোম্পানী ছিল। ঐ জায়গাটা দখল করার জন্য আক্রমণের প্ল্যান করা হয়। ইন্ডিয়ানরা আমাদের আর্টিলারী সাপোর্ট দেবে। আমরা দুই কোম্পানী সারারাত হাঁটার পরে ভোরবেলা ঐ কলেজের কাছে পৌছাই। ভোর হচ্ছে হচ্ছে এমন সময় জয়বাংলা বলে আক্রমণ করি। মোট দুটি কোম্পানী ছিল। দুটিরই ফিল্ড কমাণ্ডার আমি ছিলাম। কর্নেল নওয়াজেশ অবশ্য কোম্পানী কমাণ্ডারের কাজ করেননি, তিনি ব্যাটালিয়ান কমাণ্ডারের কাজ করেছেন। তিনি যুদ্ধকে ডাইরেকক্ট করছিলেন পিছন থেকে। এছাড়াও আরো ৮০জন গিয়েছিল, সেটা লেঃ ফারুকের অধীনে ছিল। তাদের কাজ ছিল নাগেশ্বরী থেকে যে রোড এসেছে ভূরুঙ্গামারীতে সেই রোডের উপর এ্যামবুশ করা, যাতে পাকিস্তানীরা রিইনফোর্সমেন্ট না আনতে পারে। এজন্য সে প্রায় সাড়ে তিন মাইল দূরে জয়মনিরহাট রেলওয়ে স্টেশনের কাছে এ্যামবুশ পাতে এবং আমরা ৫০ গজ দূর থেকে জয়বাংলা বলে আক্রমণ শুরু করি। পাকিস্তানীরা প্রথমেই গুলি করে। তাদের সম্মুখে যে বাঙ্কারগুলো ছিল সেগুলো থেকে উইথড্র করে তারা পিছনে সরে যায়। আমাদের লোকেরা সবাই পাকিস্তানীদের গুলি আসার সাথে সাথে মাটিতে শুয়ে পড়ে। আমি অনেক চেষ্টা করেও তাদের মাটি থেকে উঠাতে পারিনি। তবে আমি কিছু লোক নিয়ে কলেজ বিল্ডিং-এর দিকে এগিয়ে যাই। ইতিমধ্যে ইন্ডিয়ানরা যে আমাদের আর্টিলারী সাপোর্ট দিচ্ছিলো সেটা ভুল হওয়াতে আমাদের গোলাই আমাদের উপর এসে পড়তে শুরু করে, যার ফলে আমাদের ৪/৫ জন মারা

যায়। আমরা দেখছিলাম যে পাকিস্তানীরা পালিয়ে যাচ্ছিলো। আমরা তাদের উপর গুলি করছিলাম। এবং কলেজ বিল্ডিং-এ তাদের যা কিছু ছিল তাতে আমরা আগেই আগুন ধরিয়ে দিয়েছিলাম। এভাবে প্রায় সাড়ে আটটা বেজে যায়। ইতিমধ্যে পেছন দিক থেকে লেঃ ফারুক যে রোডের উপর এ্যামবুশ করেছিল শত্রুরা সেই এ্যামবুশের উপর দিয়ে তাদেরকে ক্রস করে আমাদের পিছনের দিকে চলে আসে। সুতরাং আমাদের সামনেও পাকিস্তানীরা ছিল, পিছন দিকেও পাকিস্তানীরা ছিল। যদিও কর্নেল নওয়াজেশ আমাকে আক্রমণ চালিয়ে যাবার জন্য উৎসাহ দিচ্ছিলেন কিন্তু আমি বুঝতে পারছিলাম যে আক্রমণ চালিয়ে যাওয়া মানে আমার দলের অনেক লোক হতাহত হওয়া। কারণ আমার দলের লোকদের ভাল ট্রেনিং নেই। পাকিস্তানীরা মর্টার ছোড়া শুরু করেছিল। ওখানে থাকা মানে আমাদের প্রচুর ক্ষয়ক্ষতি হওয়া। এই জন্য আমি ওখান থেকে আমার লোকজন নিয়ে উইথড্র করে আবার ইন্ডিয়াতে ফেরত চলে আসি। এই ব্যাপারটা নিয়ে কর্নেল নওয়াজেশের সাথে আমার বেশ গণ্ডগোল হয়, যার ফলে তখন আমাদের সেক্টর কমাণ্ডার নিযুক্ত হয়েছিলেন এম, কে, বাশার। তিনি সিদ্ধান্ত নিলেন যে, আমাকে একটা আলাদা সাব-সেক্টর দেয়া হবে। সেটা হচ্ছে পাটগ্রাম। পাকিস্তান আর্মি তখনও পাটগ্রামে আসেনি।

পাটগ্রাম এমন একটা জায়গা যেটা লম্বায় প্রায় ২২ মাইল, চওড়ায় দু'পাশে ইন্ডিয়া, অনেকটা লাউয়ের মত। লাউয়ের গলাটা আড়াই মাইল। আড়াই মাইল জমি বাংলাদেশের, দু'পাশে ইন্ডিয়া। মধ্যখান দিয়ে একটা রেলওয়ে লাইন চলে গেছে। এজন্যই হয়তো সেই এলাকায় পাকিস্তান আর্মি আসেনি বা আসতে সাহস করেনি। আমাকে বি-ডি-আর মুক্তিফৌজের একটা কোম্পানী দিয়ে বলা হলো যে পাটগ্রাম এলাকাকে যে কোভাবে মুক্ত রাখতে হবে। আমি ঐ এক কোম্পানী নিয়ে সোজা চলে যাই পাটগ্রাম এলাকাতে। এবং লাউয়ের গলার মাঝখানটা অর্থাৎ যেখানটায় সবচেয়ে কম জায়গা সেখানে একটা ডেফেন্স নেই এবং এক কোম্পানী দিয়ে পাটগ্রামের ডিফেন্সের আয়োজন করি। এটা খব সম্ভব আগস্টের শেষের দিকে হবে। পরে অবশ্য আমাকে পাটগ্রাম ডিফেন্সের জন্য ৫টা কোম্পানী দেয়া হয় ৫টা মুক্তিফৌজ কোম্পানী। বাওরা বলে একটা জায়গা আছে, সেখানে আমরা ডিফেন্স নেই। ইতিমধ্যে, খুব মজার ব্যাপার, পাকিস্তানীরা হাতীবান্ধায় চলে এসেছে। হাতীবান্ধা ও বাওরার মধ্যে পার্থক্য তিন থেকে সাড়ে তিন মাইল। পাকিস্তানীরা হাতীবান্ধায় এসে ডিফেন্স নিয়েছে আর আমি বাওরায় একটা ডিফেন্স খুলেছি। তখন বর্ষাকাল ছিল বলে রেললাইনের উপর ছাড়া কোন যানবাহন চলতে পারতো না। আমি চিন্তা করলাম রেলাইনটা যদি কাট করা যায় তাহলে পাকিস্থানীরা আর আসতে পারবে না। আমার সাথে ৯০ জন লোক, হাতে কোন মেশিনগান ছিল না। কিন্তু আমি তখনকার ইপিআরদের দেখে বুঝতে পারছিলাম যে তাদের পক্ষে পাকিস্তানীদের আক্রমণের মুখে সবসময় একজায়গা ধরে রাখা সম্ভব নয়। সেজন্য আমি রেলওয়ে লাইনের আশে-পাশে যে সকল গ্রাম ছিল প্রত্যেক গ্রামে ডিফেন্স করে রেখেছিলাম। আমি ভাবছিলাম যদি পাকিস্তানীরা একটা গ্রামে আক্রমণ চালায় তাহলে তারা যেন সেই জায়গা ছেড়ে পরবর্তী গ্রামে গিয়ে বসতে পারে। পাকস্তানীরা সাধারণতঃ এক এক রাতে এক এক গ্রামে আক্রমণ চালাতো। আমাদের লোকেরা পরবর্তী গ্রামে গিয়ে ডিফেন্স নিতো। ডিফেন্স খোলা ছিল। পাকিস্তানীরা আমাদের জায়গায় এসে কিছুক্ষণ থাকার পরে ভোর হওয়ার আগেই তাদের মেইন ডিফেন্স হাতীবান্ধায় চলে যেতো। আমরা আবার সকালবেলায় আমাদের পুরনো জায়গায় গিয়ে বসতাম। এ রকম খেলা চলতে লাগলো প্রায় এক মাসের মত। পাকিস্তানীদের এক কোম্পানী ছিল হাতীবান্ধায়। এভাবে আগস্ট মাস পার হয়ে যায়। এর মধ্যে আমি আরেকটা কোম্পানী পাই। তখন রেললাইনের দু'পাশে দুটো কোম্পানী লাগিয়ে একটা পার্মানেন্ট ডিফেন্স নিযুক্ত করি। পাকিস্তানীদেরও তখন শক্তি বেড়েছে। সেপ্টেম্বর পর্যন্ত আমার ৫টা কোম্পানী গড়ে ওঠে। আমাদের উপর বার বার আক্রমণ হওয়ার ফলে আমাদের বেশ ক্যাজুয়েলটি হতো। ফলে আমাদের সেক্টর কমাণ্ডার মনে করলেন যে জায়গাটা ধরে রাখতে হবে, জায়গাটা গুরুত্বপূর্ণ। সেজন্য তিনি আমাকে আরো ৫টা কোম্পানী পরে দেন। আমার পিছনে বি-এস-এফ-এর এটা ব্যাটালিয়ন ছিল, তার পরে ইন্ডিয়ান আর্মির একটা ব্যাটালিয়ন ছিল। আমাদের সাপোর্টে তিনটা ট্যাঙ্ক ছিল এবং ইন্ডিয়ান আর্টিলারীর ব্যাটারী ছিল। আমাদের ডিফেন্স খুব শক্তিসম্পন্ন হয়ে গেছে। পাকিস্তানীদেরও আর্টিলারী ব্যাটারী ছিল। মোট কথা, ডিফেন্সিভ যুদ্ধ দুই পাশ থেকেই চলতে থাকে। কিন্তু আমাদের ইচ্ছা ছিল আমরা ক্রমাগত আস্তে আস্তে সামনের দিকে এগিয়ে যাবো। কেননা আমাদের সামনের

গ্রামে যদি আর্মিরা না থাকতো তখন আমরা ঐ গ্রামে গিয়ে বসে থাকতাম। এভাবে এগোতে এগোতে আমরা সেপ্টেম্বর মাসে পাকিস্তানীদের থেকে ৪০০ গজ দূরে এসে ডিফেন্স নিলাম। মধ্যখানে ধানক্ষেত। এপাশে আমরা, ওপাশে ওরা। সে সময় আমাদের মরাল খুবই ডাউন ছিল। কেননা এ পর্যন্ত আমরা কোন কিছুতেই তেমন সফলকাম হতে পারিনি। পাকিস্তানী ডিফেন্সের বিপরীতেও আমরা আক্রমণ চালাই কিন্তু তাদের ডিফেন্স এত শক্ত ছিল যে, আমার লোকজনের তেমন ভাল ট্রেনিং না থাকায় অনেক সময় আমরা তাদের বাঙ্কারের উপর উঠে বসে থাকতাম। তারা বাঙ্কারের ভিতরে কিন্তু আমরা তাদেরকে মারতে পারতাম না। ফলে আমরা হতাহত হয়ে পিছনে হটতাম। এবং তারা যে মাইন বসাতো তাতে আমাদের অনেক লোক হতাহত হতো। সুতরাং আমি দেখলাম যে এভাবে আমাদের কোন সাকসেস হবে না, অন্যভাবে হয়তো হবে। আমার ডানপাশে ছিল তিস্তা নদী। তিস্তা নদীর ওপাশে পাকিস্তানীদের অবাধ গতি। রৌমারী থানার অন্তর্গত সুঠিবাড়ী এলাকা বলে একটা জায়গা ছিল। আমরা খবর পেতাম সেখানে পাকিস্তানীদের একটা প্লাটুন আছে এবং সাথে ইপিকাফের আরো একটি প্লাটুন। আমি সিদ্ধান্ত নিলাম মুক্তিযোদ্ধাদের কোম্পানী নিয়ে ঐ জায়গাটি রেইড করবো। আমার বিশ্বাস ছিল সাফল্য আমাদের আসবে। এবং এ সাফল্যে আমার ট্রুপসের মনোবল বেড়ে যাবে।

আমি এক কোম্পানী নিয়ে বাওরা থোকে দুটি নৌকাযোগে তিস্তা নদী পার হই। সে রাতে প্রচুর ঝড়বৃষ্টি হচ্ছিল। নদীর মাঝখানে পৌছে মনে হয়েছিল আমারে নৌকা বুঝি ডুবে যাবে এবং আমরা সবাই ডুবে মারা যাব কারণ নদীতে ছিল প্রচণ্ড স্রোত। নদী পার হয়ে গাইডের সাহায্যে আমরা সুঠিবাড়ী- যেখানে একটা বিল্ডিং ছিল, সম্ভবতঃ কৃষি দফতরের ভবন- প্রায় পৌছে যাই। বিল্ডিং-এর সামনে প্রায় ৫০ গজ চওড়া একটা ছোট ক্যানেল ছিল। আমাদের আক্রমণ করতে হলে ক্যানেলটি পার হতে হবে। তখন প্রায় ভোর হয় হয়। আমি আমার কোম্পানীকে দু'ভাগে ভাগ করলাম। একটি দল ইতিমধ্যে ক্যানেল ক্রস করে রৌমারীর দিকের যে রাস্তা সেই রাস্তায় এ্যামবুশ করে বসেছে। প্ল্যান ছিল আমি আক্রমণ চালালে পাক ফৌজ পালিয়ে যেন রৌমারীর পথে যেতে না পারে। অপরদিকে রৌমারী থেকেও যেন পাকসেনারা সাহায্যে এখানে আসতে না পারে। আমি ক্যানেলটির পার থেকে পাকসেনাদের মুভমেন্ট দেখতে পাচ্ছিলাম। কিন্তু আমি নিজে ক্যানেল ক্রস করতে পারছিলাম না। দ্রুত সময় পার হচ্ছিলো। ক্রমশঃ আমার মনে দ্বিধা জন্মাচ্ছিলো আক্রমণ করবো কিনা। সিদ্ধান্ত নিলাম আক্রমণ করবোই। আমি আমার মর্টার দিয়ে প্রথম ফায়ার ওপেন করলাম। পাকসেনারা কিছুক্ষণ বিচলিত হয়ে পরক্ষণেই পাল্টা আক্রমণ চালায়। আমি একসময় নদীতে ঝাঁপিয়ে পড়ি। আমার কোমরে দড়ি বাঁধা থাকতো। আমার ঝাঁপ দেয়ার সঙ্গে সঙ্গে আমার ব্যাটম্যানও নদীতে ঝাঁপ দেয়। দড়ির বাকি অংশ তার হাতেই ছিল। ব্যাটম্যান টেনে আমাকে ক্যানেলের অপর পাড়ে নিয়ে যায়। আমার সঙ্গের সবাই ক্যানেল পার হয়ে বিল্ডিং-এর উপর চড়াও হয়। পাকিস্তানীরা তখন পালাবার চেষ্টা করতে থাকে। এই আক্রমণে ১৫ জন পাকিস্তানী সেনা নিহত হয়। ১৫ জনের ৭ জন ছিল পাক সেনাবাহিনীর এবং ৮ জন ছিল ইপিকাফ। আহত হয় প্রচুর। ঐ সংঘর্ষ আগস্টের শেষের দিকে অথবা সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে ঘটে। ঠিক তারিখ আজ আর মনে নেই। ভারতীয়রা বলতো প্রমাণ স্বরূপ যুদ্ধে নিহত পাকসেনাদের মাথা কেটে নিয়ে আসতে হবে। আমরা ১৫টি মাথা কেটে এবং তাদের ইউনিফর্ম নিয়ে আমাদের গন্তব্যে রওয়ানা হই। এই সংঘর্ষে আমাদের একজন মুক্তিযোদ্ধা শহীদ হন এবং তিনজন গুরুতররূপে আহত হন। এই আক্রমণের জন্যেই পরবর্তীতে আমাকে বীরবিক্রম উপাধি দেয়া হয়। সংঘর্ষে আমার ছেলেদের মনোবল সাংঘাতিকভাবে বেড়ে যায়। পাকসেনারা যখন অস্ত্র ফেলে পালাচ্ছিলো, তখন আমার ছেলেরা পিছু ধাওয়া করে তাদের হত্যা করছিলো। আমার ছেলেদের সাহসিকতা দেখে বিস্মিত হয়েছিলাম আমি সেদিন। এই অপারেশনে আমার সাব-সেক্টরে ভীষণ মরাল ইফেক্ট হয়েছিল- যার ফলে আমার রেইডিং পার্টি পরবর্তীতে সৈয়দপুর পর্যন্ত অগ্রসর হয়ে রেইড করতো। এবং প্রতিটি রেইডই সাকসেসফুল হয়েছে।

বয়রাতে আমাদের ডিফেন্স ছিল। আমরা লম্বালম্বি নিয়েছিলাম। আমাদের সামনে ৪০০/৫০০ গজ দূরে পাকসেনারা ডিফেন্সে ছিল। পাকিস্তানীরা প্রায়ই আমাদের উপর আক্রমণ চালিয়ে আমাদের ডিফেন্স দখল করার

চেষ্টা করতো কিন্তু আমাদের ডিফেন্স এত মজবুত ছিল যে তারা বারবারই পিছু হটতে বাধ্য হয়েছে। আমরাও চেষ্টা করতাম তাদেরকে পিছু হটাতে।

একটি অপারেশনের কথা আমার মনে আছে। পাকিস্তানীদের ডিফেন্সের সামনে মাইনফিল্ড ছিল। আমাদের এ্যাটাকিং ফোর্স লেঃ ফারুকের কমান্ডে মাইন ফিল্ড অতিক্রম করে পাকসেনাদের বাঙ্কারের উপর চলে গিয়েছিল-কিন্তু আমাদের ছেলেরা যুদ্ধের সকল বিষয় ওয়াকিবহাল না হওয়ায় যথাযথ আক্রমণে ব্যর্থ হয় এবং মাইনে আমাদের বেশ হতাহত হয়।

পাটগ্রাম থানা স্বাধীন বাংলাদেশ সরকারের নির্দেশেই চলতো আমাদের প্রশাসন ছিল এবং আমরা পুরো থানা নিয়ন্ত্রণ করতাম। পাটগ্রামের পিছনে বুড়িগ্রামে আমাদের সেক্টর হেডকোয়ার্টার ছিল। হেডকোয়ার্টারে আমাদের সেক্টর কমাণ্ডার এম, কে, বাশার থাকতেন। তিনি দিনাজপুর থেকে রংপুর পর্যন্ত কমাণ্ড করতেন। তাঁর সম্পর্কে দু'একটি কথা বলতে হয়। যদিও তিনি বিমান বাহিনীর অফিসার ছিলেন তথাপি তিনি অতি সাফল্যের সঙ্গে আমাদের প্রায় ৩০০ মাইল সেক্টর এরিয়া দেখতেন। তাঁকে কোন সময় রাতে বিছানায় শুতে দেখিনি। জীপে জীপেই একটু-আদটু ঘুমাতেন। কারণ সারারাতই তাঁকে এক সাব-সেক্টর থেকে অন্য সাব-সেক্টরে ঘুরতে হতো। তাঁর প্রেরণা ছিল অফুরন্ত- আমাদের পাথেয়।

আমাদের হাতীবান্ধা অপারেশন ছিল ভয়াবহ। হাতীবান্ধাতে পাকিস্তানীদের একটি কোম্পানী ছিল। আমি ইতিপূর্বে কয়েকবার চেষ্টা করেছি- হাতীবান্ধা দাখল করতে ব্যর্থ হয়েছি। নভেম্বর ২০/২১ হবে। ঈদের দিন ছিল। আমরা ঈদের সুযোগ নিয়ে ঠিক সকাল ৮টায় হাতীবান্ধা আক্রমণ করি যদিও দিনের আলোতে ঐ সময় আক্রমণের উপযোগী ছিল না। আমরা অবশ্য ভেবেছিলাম ঈদের দিন পাকসেনারা হয়তো একটু রিলাক্স করবে এবং ঐ সময় অন্যান্য কাজে ব্যস্ত থাকবে। আমরা চারটি কোম্পানী নিয়ে দুদিক থেকে আক্রমণ করি। আমাদের সৌভাগ্য ছিল বলতে হবে। কারণ পাকসেনাদের একটি কোম্পানী বদলী হচ্ছিলো এবং নতুন দল সে স্থান দখল করছিল, কিছু সৈন্য রওয়ানা হয়েছে, কিছু হচ্ছে- কিছু নতুন সৈন্য পজিশনে গেছে, ঠিক এমনি সময়ে আমরা আক্রমণ করে বসি। আমাদের প্রথম আক্রমণেই পাক অফিসার কোম্পানী কমাণ্ডার নিহত হয়। কমাণ্ডার নিহত হওয়ায় পাকসেনারা পিছু পালাতে থাকে। তারা প্রায় ১০০০ গজের মত পিছু হটে একটি গ্রামে পৌছে ডিফেন্স নেয়। সেখানে তাদের আর্টিলারী পজিশন ছিল। আমরা সামনে অগ্রসর হয়ে ডিফেন্স নেই। এই আক্রমণে ভারতীয় আর্টিলারী অবশ্য খুব সাহায্য করে। পরবর্তীতে সকল আক্রমণেই ভারতীয় বাহিনীর আর্টিলারী প্রভূত সাহায্য করে। আমরা ক্রমশঃ আঘাত হেনে পাকিস্তানীদের পিছু হটিয়ে অগ্রসর হতে থাকি। আমার সাব-সেক্টর ট্রুপস নিয়ে ১০ই ডিসেম্বর লাঙ্গলেরহাটে পৌঁছাই। ইতিপূর্বে হাতীবান্ধা ছাড়া এমন কোন গুরুত্বপূর্ণ যুদ্ধ আর হয়নি। পাকসেনারা লাঙ্গলহাটি ব্রিজ উড়িয়ে দিয়ে তিস্তার অপর পারে চলে যায়। আমরা ১৩ই ডিসেম্বর হারাগাছা এলাকা দিয়ে তিস্তা নদী অতিক্রম করি। সেখানে কোন পাকসেনা ছিল না। হারাগাছার এই স্থান থেকে রংপুরের দূরত্ব ৮ মাইল হওয়া সত্ত্বেও রংপুর পৌছাতে আমাদের সময় লাগে তিনদিন। কারণ পথে অনেক জায়গায়ই পাকসেনা ছিল। রংপুর এলাকাতে পৌছাই ১৫ই ডিসেম্বর। ১৬ই ডিসেম্বর ঢাকায় পাকসেনারা আত্মসমর্পণ করলেও রংপুরে পাকসেনারা আমাদের কাছে আত্মসমর্পণ করেনি। হিলির দিক থেকে আগত ভারতীয় সেনাবহিনীর কাছে আত্মসমর্পণ করে। ইতিমধ্যে কর্নেল নওয়াজেশের সাব-সেক্টর ট্রুপসও চলে আসে। আমাদের দুই সাব-সেক্টর ট্রুপস এক হয়ে গিয়েছিল। আমরা আমাদের ট্রুপস নিয়ে রংপুরে থাকি। ভারতীয় বাহিনী রংপুর সেনানিবাসে অবস্থান নেয়।

প্রশ্নঃ সমগ্র যুদ্ধকালীন সময়ে আপনার এমন একজন সহকর্মীর কথা বলুন যিনি যুদ্ধক্ষেত্রে সাহসিকতা দেখিয়েছেন।

উত্তরঃ আমি ফারুকের কথা বলবো। ফারুককে লেফটেন্যান্ট বলা হলেও যে কারণেই হোক পাকিস্তানে সে কমিশন পায়নি। বাংলাদেশের মুক্তিযুদ্ধে অংশ নেয়ার জন্যে সে আমার সাব-সেক্টরে যোগদার করে। সে সময়

আমার সাব-সেক্টরে আমিই একমাত্র অফিসার ছিলাম। আর একজন অফিসারের অভাব আমি বিশেষভাবে উপলব্ধি করছিলাম। ফারুককে পেয়ে আমি ভীষণভাবে খুশী হই। বস্তুতঃ তাঁর মত সাহসী ছেলে আমি খুব কম দেখেছি। হাতীবান্ধা আক্রমণের পর আমি একটি বি-ও-পি থেকে অয়ারলেসযোগে পাকিস্তানীদের উপর আঘাত হানার জন্যে আর্টিলারী ডাইরেক্ট করছিলাম। সেক্টর কমাণ্ডার বাশার আমার প্রায় ৬০০ গজ পিছনে ছিলেন। আমি আর ফারুক পাশাপাশি দাঁড়িয়ে। পাকিস্তানীরা আমাদের উপর আর্টিলারীর গোলা ছুড়ছিলো। গোলা যখন পড়ে তখন লক্ষ্যবস্তুর আশেপাশে পড়ার পরই লক্ষ্যবস্তুর উপর ফেলা হয়। আমাদের আশেপাশে গোলা পড়ছিলো এবং বুঝতে পারছিলাম এখনই আমরা যেখানে দাঁড়িয়ে আছি সেখানে পড়বে। ফারুককে বললাম কভার নিতে কিন্তু সে কভার না নিয়ে আমার কাছে সরে আসে। পাকিস্তানী কামানের গোলা তখন ১৫/১৬ গজ দূরে এস পড়ে। সৌভাগ্যই বলতে হবে, ডিপ্রেসন থাকায় গোলা তেমন কাজে আসে না। আমি গ্রাউন্ডে গেলাম। আমি উঠেই তার খোঁজ করলাম, দেখি সে হাসছে। আমি বললাম চলো কভারে যাই। সে বললো, স্যার এখানে আর শেল পড়বে না। আমরা দু'জন যেখানে গোলা পড়েছিল সেই গর্তে গিয়ে দাঁড়ালাম। তেমনি ছোট ছোট অনেক ঘটনার মধ্যদিয়েই লেঃ ফারুকের সাহসিকতার পরিচয় পেয়েছি।

আমি সেক্টর কমাণ্ডারের কথা বলবো। তাঁর সকল অপারেশনে যাওয়ার কথা নয়- কিন্তু তিনি মেজর অপারেশনের প্রতিটিতেই স্বয়ং থাকতেন, তদারক করতেন। এতে ট্রুপস- এর মনোবল বৃদ্ধি পেত।

আর একজন বি-ডি-আর হাবিলদার রাঙ্গু মিয়ার কথা বলবে। তার চেহারা দেখতে মনে হতো যেন সে একটা ডাকাত। হাতীবান্ধা অপারেশনে রাঙ্গু মিয়া (শহীদ) বীরবিক্রম এবং নায়েব সুবেদার সম্ভবতঃ লুৎফর (শহীদ) বীরবিক্রমের কথা না বললেই নয়। তখন বেলা সাড়ে আটটা। পাকিস্তানীদের ডানদিকের পজিশন ফল করছে। কিন্তু বামদিকের অবস্থান চিল একটি বি-ও-পিতে। বেশ উঁচুতে। আমাদের উচিত ছিল আগে বামদিকের পজিশন দখল করা। পরে ডানদিকের পজিশনে আঘাত হানা। আমার প্ল্যানিং-এ ভুল হওয়ায় আমি প্রথমে ডান ও পরে বামদিকে আক্রমণ চালাই। কিন্তু ডানদিকে আক্রমণ চালিয়েই আমি আমার ভুল বুঝতে পারি এবং বামদিকে দখল না করতে পারলে যে আমরা এখানে থাকতে পারবো না তাও বুঝতে পারলাম। দুটি কোম্পানীর একটির কমাণ্ডার ছিলেন বি-ডি-আর নায়েক সুবেদার লুৎফর আর তাঁরাই সঙ্গে ছিল হাবিলদার রাঙ্গু মিয়া। আমরা এ্যাটাকিং পজিশন থেকে ৩০০/৪০০ গজ দূরে একটা বাঁশছাড় থেকে এগুচ্ছি বামদিকে। সময় তখন বেলা সাড়ে দশটা। আমরা অগ্রসর হওয়ার সাথে সাথে পাক আর্টিলারী গোলা (এয়ার ব্রাস্ট) এসে পড়তে লাগলো। এই গোলা শূন্যেই ফাটে এবং এত ক্ষয়ক্ষতি হয় বেশী। এরই মধ্য দিয়ে এই দু'জন বিডিআর সৈনিক নির্ভয়ে পাকিস্তানীদের বাঙ্কার চার্জ করে এবং দখল করে। এদের সাহস ও আত্মত্যাগ তুলনাহীন। জাতির দুর্ভাগ্য, দু'জনই সংঘর্ষে পাকিস্তানী বাঙ্কার চার্জ করতে গিয়ে শহীদ হন।

প্রায় বাইশ মাইল লম্বা এবং চওড়া ন্যূনতম ৩ মাইল, কোথাও ১৮ মাইল আমার সাব-সেক্টর মুক্ত ছিল। বলতে গেলে পুরো পাটগ্রাম থানাটাই আমরা মুক্ত রেখেছিলাম আমার সাব-সেক্টরে প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ একবার আসেন। স্থানীয় এম-পি মতিউর রহমান মাঝে মাঝে আসতেন অন্য আর কেউ তেমন আসতেন না। সি-ইন-সি কোনদিন আসেননি। বিদেশী সাংবাদিক আসেননি, তবে ভারতীয় সাংবাদিকরা আসতেন।

সাক্ষাৎকারঃ মেজর মোঃ আবদুস সালাম*

জুন মাসের প্রথম সপ্তাহে আমি ফুলবাড়িতে যে ক্যাম্প দেখে এসেছিলাম সেখানে যোগদান করি। শুরু থেকে আমার গেরিলা জীবনের শেষ পর্যন্ত এখানেই ছিলাম, অর্থাৎ নভেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত এখান থেকেই

* সাক্ষাৎকারটি প্রকল্প কর্তৃক ২২-১-১৯৮৯০ তারিখে গৃহীত।

ছোটখাটো অনেক অপারেশনে গিয়েছি। এর মধ্যে উল্লেখযোগ্য ছিল বোয়ালিয়া ব্রীজ অপারেশন। আমরা বড় পুল বলতাম। এখানে রাজাকাররা পাহারায় ছিল। আমাদের পরিকল্পনা ছিল এই ব্রীজে গ্রেনেড নিক্ষেপ করা। আমরা এ পরিকল্পনায় বেরিয়েছিলাম। ঔদিনই সম্ভবতঃ কুড়িগ্রাম থেকে একটা দল ট্রেনে করে তিস্তার দিকে যাচ্ছিলো। এই ব্রীজের আরেকটু দূরে আরেকটা দল বি-ডি-আর এর নায়েক সুবেদার ওহাবের নেতৃত্বে তাদের উপর আক্রমণ শুরু করে। পরে আমরাও যোগ দেই সেই আক্রমণে, এবং আশেপাশের অনেক লোক, আনসারদের মধ্যে যারা ছিল তারা সবাই যোগ দেয়। পরবর্তী পর্যায়ে হানাদারদেরকে ওখান থেকে পালিয়ে যেতে বাধ্য করা হয়। আমরা সেখানে গিয়ে অনেক রক্তের দাগ দেখতে পাই এবং পরে জেনেছিলাম তাদের অনেক হতাহত হয়েছে। তারপর রেললাইনের নীচু দিয়ে অপর পাশের কভার দিয়ে পালিয়ে যেতে বাধ্য হয়। এই ঘটনাটা একটা পত্রিকায় ছাপা হয়েছিল।

প্রঃ কোন পত্রিকায় ছাপা হয়েছিল?

উত্তরঃ এটা 'আনন্দবাজার' পত্রিকায় ছাপা হয়। ঐ সময়ে প্রাথমিক পর্যায়ে গেরিলা তৎপরতার একটা উল্লেখযোগ্য সাফল্যের খবর ছিল এটা।

দ্বিতীয় ঘটনাটা তবে সম্ভবতঃ জুলাইয়ের শেষের দিকে বা আগস্টের প্রথম দিকে। আমি এই ঘটনায় প্রথমে ছিলাম না, পরে জড়িয়ে পড়ি। ঘটনাটা আমাদেরই এলাকায়। পাকিস্তানী সেনাবাহিনীর একজন সদস্য মেয়েলোকের পোশকে ঐ এলাকায় আসে। মকবুল খান তার নাম ছিল। মহিলা সেজে অন্য মেয়েলোক ধরতে অসুবিধা হবে না এই রকম একটা মোটিভ নিয়ে সে এসেছিল। আমরা গ্রামের মধ্যে 'আর্লি ওয়ানিং' সিস্টেম রেখেছিলাম। গ্রামের কোণে কোণে আমাদের যুবকরা পাহারা দিত। গ্রামের মধ্যে কেউ ঢুকলে ওরা তাড়াতাড়ি খবর দিত। একজন এসে বললো যে একটা মেয়েলোক গ্রামের দিকে আসছে, সে দেখতে অস্বাভাবিক। আমাদের দেশের মেয়েলোক সাধারণতঃ এই রকম দীর্ঘকায় মোটাসোটা হয়না। তাই সবার মনেই একটা সন্দেহ হলো। সে গ্রামে ঢুকেছে, মেয়েলোকদের ধরার চেষ্টা করেছে, পারেনি এবং এক জায়গায় একটা মেয়েকে ধরেছিল, সে চীৎকার করে পালিয়ে গেছে। এই খবরটা কিছুদূর পর্যন্ত পৌছে যায়। এক পর্যায়ে যুবক দলের মধ্যে আবদুর রহমান নামে একটি সাহসী ছেলে লোকটিকে ধরে ফেলে। লোকটির কাছে বোধহয় একটা হুইসেল ছিল অথবা তার ঠোঁট দিয়ে সে খুব জোরে একটা হুইসেল দেয়। হুইসেল দেয়ার ফলে সেই বোয়ালিয় ব্রীজ থেকে গুলি গুরু হয়। সেখানে পোস্ট ছিল। সেখানকার লোক এসে তাকে উদ্ধার করতে পারেনি। ছেলেদের সেই দল মকবুল খানকে ধরে নিয়ে ধরলা নদী পার হয়ে ফুলবাড়িতে চলে আসে। সেদিনই আমরা যাচ্ছিলাম একটা অপারেশনে। ধরলার পারে ওদের দেখা পেলাম। মকবুল খানকে ফুলবাড়ি ক্যাম্পে নিয়ে আসি। পরে তাকে সাহেবগঞ্জে নিয়ে যাওয়া হয়। সেখানে আমাদের সাব-সেক্টর হেডকোয়ার্টার ছিল ক্যাপ্টেন নওয়াজেশের নেতৃত্বে। তার কাছ থেকে অনেক কথা জানা যায় । সে ছিল পাঞ্জাবী। তার উদ্দেশ্য ছিল ঐ একটাই- গ্রামে এসে মেয়ে ধরে নিয়ে যাওয়া। এটা একটা চমকপ্রদ ঘটনা বলতে হবে।

তারপর ডাইরেক্ট কোন সংঘর্ষ আর হয়নি। তবে একটা ঘটনার কথা মনে পড়ে। তখন আমরা ফুলবাড়ি ডিফেন্সে ছিলাম। লালমনিরহাট থেকে ফুলবাড়ির দিকে একটা রাস্তা গেছে। লালমনিরহাট এবং ফুলবাড়ি মধ্যে ধরলা নদী। ফেরীর ওপারে অর্থাৎ ফুলবাড়ির দিকে আমাদের এফ-এফ কোম্পানী ডিফেন্স ছিল এবং ডানদিকে এম-এফ কোম্পানীর ডিফেন্স ছিল। এম-এফ কোম্পানী ছিল মোবাইল। তারা ঐ এলাকায় যেতো, পেট্রোলিং করে আবার ফিরে আসতো। কিন্তু এফ-এফ কোম্পানী পার্মানেন্টলি ওখানে থাকতো। একবার আমরা ওখানে গিয়েছিলাম। সারারাত ওখানে পেট্রোলিং করেছি। আমার জীবনে এই প্রথম সেদিন গুলি ছুড়ি। আমাকে সেখানে শিক্ষা দেয়া হয় কিভাবে গুলি ছড়তে হয়। সারারাত খাওয়া হয়নি। দুপুরবেলা খাবার কিছু পাইনি। স্থানীয় এক বাড়িতে বসে আমরা জাউ খাচ্ছিলাম। এমন সময় আমাদের উপর মেশিনগানের ফায়ার। নাদীর এপার ওপার। মাঝখানে নদীর দূরত্ব ৫০০/৬০০ গজ। আমরা যে বাড়িতে খাচ্ছিলাম সে বাড়ির কলাগাছে এবং টিনের চালে খুব গুলি পড়ছে। আমরা তাড়াতাড়ি করে দৌড়ে গিয়ে পজিশন নিলাম। প্রশিক্ষণ তখনও কিছু নেই। তবে একটা

রাইফেল হাতে কেবল নিয়েছি, দৌড়ে কিভাবে গুলি করতে হয় সেটা শিখেছিলাম। ওরা সবাই দৌড়ে গিয়ে রাইফেল হাতে তাড়াতাড়ি পজিশন নিয়েছে। আমিও নিয়েছি, তবে তত তাড়াতাড়ি না পারায় ১০/১৫ হাত পিছনে পজিশন নিয়েছি। ওরা সেখান থেকে ফায়ার করছে, পাল্টা জবাব দিচ্ছে। আমিও অনুমান ১০/১৫ হাত পিছনে একপাশ থেকে পাল্টা জবাব দিচ্ছি। আনসারের একজন লোক ছিল, সে আমাকে যেভাবে গালি দিচ্ছিলো, সে গালির কথা আমি কখনও ভুলবোনা। খুব মজার গালি- 'সামনে, সামনে এসে ফায়ার কর, নইলে তোকে মেরে ফেলবে।' ও শেখাচ্ছিলো যেন আমি আমার নিজের জীবন বাঁচাতে পারি। এবং একই সময় আমি আমার বন্ধুর জীবনকেও যেন রক্ষা করতে পারি। তারপর সামনে গিয়ে বেশ কিছুক্ষণ ফায়ার করলাম। ২" মর্টার ছিল আমাদের কাছে। এক সময় ফায়ার বন্ধ করি। পরে জানতে পেরেছিলাম ওদের উদ্দেশ্য ছিল নদী পার হয়ে আসা। কলাগাছ দিয়ে ভেলা তৈরী করেছিল তারা। পাকসেনারা লং- রেঞ্জে ফায়ার করে দেখতে চেয়েছিল আমরা এপারে কেউ আছি কিনা। পরে আমাদের পাল্টা জবাব পেয়ে তারা আর নদী পার হবার সাহস পায়নি। এটা আগস্টের ঘটনা হবে। তারপর সেখান থেকে আমরা চলে যাই বাগভাণ্ডার বি-ও-পি তে। বাগভাণ্ডারে বি-ডি-আর' এর সুবেদার মেজর আরব আলী ছিল। তার একটি কোম্পানী ছিল এবং আমি সেই কোম্পানীর একজন সাধারণ সৈনিক ছিলাম। সুবেদার আরব আলীই সেই কোম্পানীর কমাণ্ডার ছিলেন। সাহেবগঞ্জ সাব-সেক্টর অধীন বাগভাণ্ডার ডিফেন্সই আমি বেশ কিছুদিন ছিলাম ওখানে থাকাকালীন আমাদের কটা উল্লেখযোগ্য অপারেশন হয়েছিল অক্টোবরের শেষের দিকে। লেঃ সামাদ, যিনি শহীদ হয়েছেন জয়মনিরহাটে এবং লেঃ আবদুল্লাহ এরা কেবল কমিশন পেয়ে এসেছেন আর আমরা সেকেণ্ড ব্যাচের জন্য সিলেক্ট হয়েছি যাবো। এরা যখন প্রথম আসলো তখন এদেরকে নিয়ে একটা অপারেশন করা হলো, জয়মনিরহাটে। পাকিস্তান সেনাবাহিনীর একটা কোম্পানী সেখানে ছিল। আমরা তা জানতে পেরেছিলাম। এই রেইডের পরিকল্পনা করেন ক্যাপ্টেন নওয়াজেশ, আমি সেদিন তাঁর সাথেই ছিলাম। আমি ছিলাম তাঁর সিগনাল অপারেটর, অয়ারলেস সেট নিয়ে একটা তেঁতুল গাছের উপরে মাচা তৈরী করে উনি ছিলেন আর আমি তেঁতুল গাছের নীচে অয়ারলেস সেট নিয়ে ছিলাম। সেখান থেকে তিনি পাক ক্যাম্পের উপর ডাইরেক্ট করছিলেন আক্রমণ। আমার কোম্পানী, অর্থাৎ যেটা সুবেদার আরব আলীর কোম্পানী এবং ডানদিকে একটা এফ-এফ কোম্পানী ছিল সুবেদার শামসুল হকের নেতৃত্বে- এই দুটো কোম্পানীর একটি দেওয়া হল লেঃ সামাদের নেতৃত্বে এবং অপরটা লেঃ আবদুল্লাহর নেতৃত্বে। এই দুটো কোম্পানী নিয়ে ভূরুঙ্গামারী আক্রমণ করি, সন্ধ্যের পর। পরিকল্পনা মোতাবেক দুটি কোম্পানী প্রায় ভূরুঙ্গামারীর কাছে পৌছে যায়। বাঁ দিকে সোনারহাটে যে কোম্পানী ছিল তাদেরকে রাস্তার উপর ব্লক করতে বলা হলো যাতে পাকিস্তান সেনাবাহিনী ঐ দিকে পালিয়ে যেতে না পারে। তাদের একটাই পথ খোলা রাখা হয়েছিল, সেটা হলো নাগেশ্বরীর দিকে। কিন্তু ঐ কোম্পানী ঠিকমত এ্যাকশন নিতে পারেনি, ফলে পাকস্তানীরা ভুরুঙ্গামারী ছেড়ে সোনাহাটা দিয়ে ভিতরে ঢোকে এবং উল্টা দিক দিয়ে আমাদের দিকে ফায়ার করতে শুরু করে। আমরা জানতে পাই যে ওটা আমাদের এফ-এফ কোম্পানীর দল না। ওটা পাকিস্তানীরা বিতাড়িত হয়ে উল্টা দিক দিয়ে ভিতরে এসে আমাদের ওপর আঘাত হানছে, এজন্যে সেখানে বেশীক্ষণ থাকা সম্ভব হয়নি। সব কিছু তছনছ করে, বাঙ্কার ভেঙ্গে দিয়ে আমরা রাতের অন্ধকারেই ওখান থেকে ফিরে আসি। রেইড হিসাবে এটিকে আমরা সফল রেইড বলতে পারি, তবে আক্রমণ হিসাবে এটা সফল ছিল না। কেননা, পরবর্তীতে পাকিস্তানীরা আবার সেখানে ডিফেন্স গড়ে তুলেছিল।

মুক্তিযুদ্ধের স্মৃতি*

\ রায়গঞ্জ দখলের লড়াই \

লেঃ সামাদ আর লেঃ আবদুল্লাহ ২৫ মাইল রেঞ্জের অয়ারলেস হাতে দুই গ্রুপ কমান্ডো নিয়ে বেরিয়ে পড়েছিলো ১৯শে নভেম্বর পাকিস্তানীদের শক্ত ঘাঁটি রায়গঞ্জ দখলের জন্যে। সবার হাতে একটা করে স্টেন আর

* দৈনিক 'সংবাদ'- এর ১৫ ও ১৬ ডিসেম্বর, ১৯৮১ সংখ্যায় প্রকাশিত মুসা সাদিক রচিত প্রতিবেদন থেকে সংকলিত।

কিছু গ্রেনেড। প্রতিজ্ঞা নিয়ে তারা বেরুলো রায়গঞ্জ দখলের। লেঃ সামাদের গ্রুপে ছিলো কমান্ডো মাহবুব, কাসেম ও অন্যরা এবং লেঃ আবদুল্লাহর গ্রুপে ছিল ১৫জন শক্তিশালী কমান্ডো। দুই গ্রুপ রায়গঞ্জে অবস্থিত ২৫- পাঞ্জাব রেজিমেন্টকে লক্ষ্য করে দুই দিক থেকে যাত্রা শুরু করে। ঠিক হয় ৫০০ গজের মধ্যে গিয়ে অয়ারলেসে সামাদ ও আবদুল্লাহ দু'জনের পজিশন জানিয়ে দেবে। জাঙ্গল-শু পরে, চাদর গায়ে জড়িয়ে মুক্তিযোদ্ধারা রাত ন'টায় নিঃশব্দে বেরিয়ে পড়ে ৬নং সাবসেক্টর ভুরুঙ্গামারী থেকে ঈদের আগের রাতে। সোয়া ঘন্টা যাত্রার পর রায়গঞ্জ ব্রীজের সন্নিকটে পৌছে লেঃ সামাদ সহসা দেখলেন তার গ্রুপের সবাই ২৫-পাঞ্জাব রেজিমেন্টের ট্র্যাপে পড়ে গেছেন। তিনি বুঝলেন ভুল রেকি হয়েছে। রায়গঞ্জ ব্রীজের নিচে ২৫ পাঞ্জাবের এল-এম-জিসহ বাঙ্কার রয়েছে এ খবর তিনি পাননি। ছোট শিস-এর সংকেতে তিনি সবাইকে শুয়ে পড়তে বললেন। অয়ারলেস সেট ওপেন করে 'হ্যালো আবদুল্লাহ' বলতেই শুরু হয়ে গেল ক্রস ফায়ারিং- সেই সাথে পাকিস্তানীরা তাদের ওপর আর্টিলারী গান ও ৩" ইঞ্চি মর্টার চালাতে লাগলো। বীর সামাদ বললেনঃ "কেউ এক ইঞ্চি পিছু হটবে না, মরলে সবাই মরবো, বাঁচলে একসাথেই বাঁচবো।" শুরু হয়ে গেল মুক্তিযোদ্ধাদের জীবনমৃত্যু পাঞ্জা লড়াই। অনেক শক্তিশালী ও দক্ষ এবং অনেকগুণ ভারী অস্ত্রে সজ্জিত ২৫-পাঞ্জাব বাহিনীর ঘেরাও এর মধ্যে পড়ে বাংলার তরুন বীরেরা সেদিন ফুলের মত ঝরে ঝরে পড়তে লাগলো। কিন্তু কেউ সামাদের আদেশ অমান্য করেনি। নিশ্চিত মৃত্যুমুখে থেকে, মুহুর্মুহু মর্টার শেল ও বুলেটের মুখে পড়ে মুক্তিযোদ্ধারা কেউ এতটুকু দমেনি। নিজের শেষ বুলেটটি শত্রুর প্রতি নিক্ষেপ করেছে, তারপর নিজে শহীদ হয়েছে। আমাদের ১৫/২০ জন বীর মুক্তিযোদ্ধা সেদিন এক ব্যাটালিয়ন ২৫-পাঞ্জাবের বিরুদ্দে যে অসম সাহস ও বীরত্ব নিয়ে লড়াই করেছে পৃথিবীর যে কোন বীরত্বব্যঞ্জক লড়াই-এ সাথে তার তুলনা হতে পারে।

অপরদিকে লেঃ আবদুল্লাহ হেডকোয়ার্টারকে ডেভলপমেন্ট জানিয়ে দিল। ৬নং সেক্টর কমাণ্ডার উইং কমাণ্ডার বাশারের নেতৃত্বে মূল বাহিনী এগিয়ে এলো। ১৯ তারিখ ভোর থেকে ২০ তারিখ সন্ধ্যা পর্যন্ত কামান ও আর্টিলারী দিয়ে তিনি আঘাত হানলেন ২৫-পাঞ্জাব রেজিমেন্টের উপর। গ্রাম থেকে লোক এসে বললো খান সেনারা ভেগে যাচ্ছে। ২১শে নভেম্বর সকালে সেই শক্তিশালী ট্রেইণ্ড ২৫-পাঞ্জাব রেজিমেন্ট বিধ্বস্ত হয়ে রিট্রিট করলো ৫ মাইল দূরে নাগেশ্বরীতে।

এই যুদ্ধে ২৫-পাঞ্জাবের কমপক্ষে সাড়ে তিনশ থেকে পাঁচশ জন নিহত অথবা আহত হয়েছে। রণাঙ্গনেই পড়ে ছিল ৩০/৩৫ জনের মৃতদেহ। লেঃ সামাদের গ্রুপে মাহবুব ও কাশেম (অন্য রণাঙ্গনে তিনি পরে শহীদ হন) ফিরে আসতে পেরেছিল। এই যুদ্ধ ছিল আমাদের একটা বড় বিজয় এবং পাকিস্তানী ফোর্সের জন্য একটি আঘাত। কেননা ২৫-পাঞ্জাব রেজিমেন্ট ছিল তাদের গর্ব। কিন্তু এই যুদ্ধে যেসব মুক্তিযোদ্ধাকে আমরা হারিয়েছিলাম তাদের প্রত্যেকেই ছিলেন বীর। এবং সেই যুদ্ধে প্রত্যেকেই বীরের মৃত্যুবরণ করেছিলেন। আমরা তাদের সবাইকে সালাম জানাই। সালাম জানাই সেই নির্ভীক যোদ্ধা লেঃ সামাদকে। ২১ তারিখ ভোরে রায়গঞ্জ ব্রীজের কাছে খোঁচা খোঁচা দাড়ি মুখে, প্যান্টের ভিতর হাফশার্ট ঢোকানো, মাটির উপর মুখ থুবড়ে পড়ে থাকা অবস্থায় লেঃ সামাদকে সবাই দেখলো- জীবনে যেমন সে বীরবিক্রমে লড়াই করেছে, মরণেও তেমনি বীরবিক্রমে মাতৃভূমিকে আলিঙ্গন করে শুয়ে রয়েছে। উইং কমাণ্ডার বাশার সামরিক কায়দায় ডান হাত কপালে তুলে সেল্যুট করলেন তাকে। সেল্যুট করলো সবাই। জয়মনিরহাট মসজিদের পাশে তাকে কবর দেয়ার ব্যবস্থা করা হলো। কিন্তু জানাজা পড়ার জন্য মৌলভী পাওয়া গেল না। সীমান্তের ওপার থেকে এক মসজিদের ইমামকে আনা হলো জানাজার জন্য । ৪১ বার গান সেল্যুটের সাথে সাথে রণাঙ্গনে বেজে উঠল লাস্ট পোস্ট। সব শহীদের জানাজা ও দাফন সম্পন্ন করে সবাই চললো ফ্রন্টের দিকে, হাতে ইস্পাতের চকচকে অস্ত্র, চোখে পানি। উইং কমাণ্ডার বাশার অন্যদের চোখ মুছিয়ে দিচ্ছিলেন। নিজে কাঁদছিলেন। ফ্রন্টে ফ্রন্টে বিজয় হয়েছে, সেই সাথে বেদনার সুর বেজেছে। অশ্রুজলে সবাই সিক্ত হয়েছে।

॥ বড়খাতা ব্রীজঃ ব্রীজ অন রিভার তিস্তা ॥

রাজধানী ঢাকার প্রেক্ষাগৃহে বসে যারা 'ব্রীজ অন রিবার কাউয়াই' দেখে আতংকে ভয়ে শিউরে ওঠেন, তাদের কেউ জানলেন না কোনদিন যে, একাত্তরে সারা বাংলার বুক জুড়ে 'ব্রীজ কাউয়াই' এর চেয়ে লোমহর্ষক বহু অপারেশন করেছিল আমাদের বীর মুক্তিযোদ্ধারা।

'বড়খাতা ব্রীজ' অপারেশন তার একটি । এই ব্রীজটি উড়ানোর জন্য মুক্তিযোদ্ধারা প্ল্যান করে মে মাসে। এই ব্রীজটি পাক হানাদারদের জন্য ছিল অপরিসীম গুরুত্বপূর্ণ। কেনন, এই ব্রীজের ওপর দিয়ে চলে গেছে রেললাইন। যার সাথে রংপুরের সমগ্র এলাকা যুক্ত রেখে পাকবাহিনী ভারী রসদ ও সমরাস্ত্র সরবরাহ অটুট রেখেছে। এই ব্রীজ খতম করতে পারলে সরাসরি রংপুরের যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করা যায় এবং পুরোপুরি মুক্ত হতে পারে হাতীবান্দা, বড়খাতাসহ ২২ মাইল এলাকা।

৬নং সেক্টর কমাণ্ডার উইং কমাণ্ডার খাদেমুল বাদশার সিদ্ধান্ত নিলেন হানাদারদের রেললাইন বিচ্ছিন্ন করে ওদের কাবু করতে হবে এবং এই বড়খাতা ব্রীজ উড়িয়ে দিতে হবে। মে মাসের শেষ সপ্তাহে একটা কমান্ডো গ্রুপ পাঠালেন তিনি। বড়খাতা ব্রীজের ওপর পাক-পাঞ্জাবীর বাহিনী ছিল প্রস্তুত। কোন সুযোগই ছিল না মুক্তিবাহিনীর কমান্ডো গ্রুপটাকে কাছে ভিড়বার। ফিরে এলো তারা।

জুলাই মাসের মাঝামাঝি আরেক কমান্ডো গ্রুপকে পাঠালেন। দুর্ভেদ্য সে অঞ্চল। পিঁপড়ের মত ছেয়ে আছে পাকফৌজ ব্রীজের ওপরে। নীচে। ডাইনে ও বামে। ব্যর্থ হয়ে ফিরে এলো তারা।

আগস্ট মাসের ৪ তারিখ। তৃতীয়বারের মত একটা গ্রুপ গেল সাথে প্রাক্তন ই-টি-আর বাহিনী বাঙ্গালী জোয়ান। ব্রীজের কাছাকাছি প্রায় পৌঁছেছিল তারা। কিন্তু না। হানাদার বাহিনী শকুনের চোখ মেলে প্রস্তুত ছিল। ফায়ার ওপেন করে দিল আমাদের কমান্ডো গ্রুপটার ওপর। ক্যাজুয়েলটিসহ ব্যর্থ হয়ে ফিরে এলো তারা।

বসলেন কমাণ্ডার খাদেমুল বাশার। হেডেকোয়ার্টারে ডাকলেন ঐ এলাকার সাব-সেক্টর কমাণ্ডার ক্যাপ্টেন মতিউর রহমানকে (বীরবিক্রম), ডাকলেন কোম্পানী কমাণ্ডার হারেসউদ্দিন সরকারকে (বীরপ্রতীক)। চুলচেরা বিশ্লেষণ হয়ে গেল হাতীবান্দার ম্যাপ নিয়ে। পথঘাট এঁকে দিয়ে দিলেন তিনি ক্যাপ্টেন মতিউর ও হারেসউদ্দিনের কাছে।

পাকিস্তানের পাঞ্জাব রেজিমেন্টের ১ কোম্পানী ফোর্স ছিল এই ব্রীজ রক্ষায়। এতেই অনুমান কারা যায় এই ব্রীজের গুরুত্ব তাদের জন্য কত অপরিসীম ছিল। পাকিস্তানীদের পজিশন ছিল বড়খাতা ২ নং ব্রীজের ওপর ও দুই সাইড। রেলওয়ে স্টেশন ও গড্ডিমারির সংযোগ এই ব্রীজটি ছিল তিস্তা নদীর ওপর।

তিন-তিনবার ব্যর্থ হয়ে ফিরে আসার পর এই গুরুত্বপূর্ণ 'এ্যাসাইনমেন্ট' ঘাড়ে তুলে নিলেন বাংলার দুই বীর মুক্তিযোদ্ধা মতিউর ও হারেস। তৃতীয় ব্যর্থতার ৮ দিন পর ১২ই আগস্ট, রাত ৮ টা। এক কোম্পানী শক্তিশালী পাঞ্জাবী আর্মির সামনে কতজন বাঙ্গালী বীর গেলেন? ১২ জন। হ্যাঁ, মাত্র ১২ জন বাঙ্গালী বুকে দেশপ্রেমের মন্ত্র নিয়ে, মুখে কলেমা শাহাদাত 'লাইলাহা ইল্লাল্লাহু' পড়তে পড়তে বাউরা রেলস্টেশন থেকে যাত্রা করলো ক্যাপ্টেন মতিউর রহমান (বীরবিক্রম), কোম্পানী কমাণ্ডার হারেসউদ্দিন সরকার (বীরপ্রতীক), মুক্তিযোদ্ধা আফজাল হোসেন (পরে যিনি পাটগ্রামে হানাদারদের হাতে শহীদ হন), নজরুল ইসলাম, মনসুর আলী, শওকত আলী প্রমুখ। হাতে তাদের এক্সপ্লোসিভস, ডেটনেট, এল-এম-জি, স্টেনগান ও ৩ ইঞ্চি মর্টার। তাদের পেছনে প্রয়োজনমত কভারিং দেয়ার জন্য লেঃ মেজবাহউদ্দিনের (বীরবিক্রম) ও সুবেদার আবদুল মালেকের নেতৃত্বে ২টা এফ-এফ কোম্পানী থাকলো। মুক্তিযোদ্ধারা যখন বাউড়া থেকে জীপে যাত্রা শুরু করে তখন পাক-পজিশন ছিল ৫ মাইল দূরে 'বড়খাতা ব্রীজ'। পাকবাহিনীর পজিশনে দুই মাইল দূরে গিয়ে জীপ যখন থামলো রাত তখন পৌনে বারোটা। জীপ থেকে সবাই নামলো। এবার হাঁটার পালা। পায়ের তলায় শুকনো পাতা ও যেন না পড়ে এমন

সতর্কতায় পা ফেলে চলেছে ১২ জন বঙ্গ-জননীর বীর সন্তান। সামনে লক্ষ্য শুধু ব্রীজ বড়খাতা। তিন-তিনবার ফিরে গেছে মুক্তিবাহিনী। এবার তারা জীবন দেবে, তবু ব্রীজ অক্ষত রেখে যাবে না। কদম কদম পা ফেলে যখন তারা এগুচ্ছে, এলো আল্লাহর আর্শীবাদ, মূষলধারে বৃষ্টি। সেই বৃষ্টিকে সাথী করে গায়ের জামা খুলে 'এক্সপ্লোসিভ' গুলোকে জড়িয়ে নিয়ে এগিয়ে চললো ব্রীজ 'বড়খাতার' দিকে। আকাশ ঘনিয়ে এলা অন্ধকারে। বৃষ্টির গতি গেল বেড়ে। ব্রীজ বড়খাতার ওপর চোখ পড়লো মুক্তিবাহিনীর। বৃষ্টিতে মুখ বুজে আছে পাকিস্তানীদের বাঙ্কারগুলো। ব্রীজের দুই মুখে পৌছে গেল হারেসউদ্দিন, মতিউর রহমান ও অন্য সাথীরা। রাত তখন দেড়টা হবে। পাঞ্জাবীরা বৃষ্টির মুখে বাঙ্কারে ঢুকে বসে আছে। তলায় ততক্ষণে ত্রস্ত হাতে ক্ষিপ্রগতিতে এগিয়ে চলেছে মুক্তিবাহিনী অপারেশন। ব্রীজের তিন জায়গায় এক্সপ্লোসিভ বাঁধা হলো। মূল প্লানে ছিল দুই জায়গায়। কিন্তু বৃষ্টির জন্য পাক-হানাদাররা যখন "ওয়াচ" করতে পারছে না কিছুই তখন মতিউর রহমান সেই সুযোগটা কাজে লাগালেন। মাত্র ২৫ মিনিটে 'এক্সপ্লোসিভস' লাগানোর কাজ শেষ হয়, যেটার জন্য সময় দেয়া ছিল ৩০ মিনিট। এটা সম্ভব হলো কেননা মুক্তিবাহিনীর যেসব ছেলেদের তিস্তার পাড়ে গার্ড থাকার কথা ছিল তারা বরং ব্রীজের তলায় কাজ করে। বৃষ্টির সুবিধাটার জন্য সিদ্ধান্তটা অন দি স্পট চেঞ্জ করা হয়। এক কোম্পানী পাঞ্জাবী হানাদার ব্রীজের ওপর, ডানে-বামে দুর্ভেদ্য বাঙ্কারে বসে বসে যখন বৃষ্টির শব্দ শুনেছে, ততক্ষণে তাদের মৃত্যুঘন্টা বেজে গেছে তিস্তা নদীর স্রোতের ওপর।

অত্যন্ত সন্তর্পণে ধীরে ধীরে ক্যাপ্টেন মতিউর তিস্তার ওপর থেকে তুলে আনলেন তাঁর বারজন সাথীকে। গুনে গুনে নিলেন তিনি। হ্যাঁ, এবার পেছনে চলো সবাই। ৬০০ গজ দূরে এসে থামলেন তারা। সেই মুষলধারে বৃষ্টির মধ্যে রাত পৌনে দুটার দিকে ডেটনেটে আগুন ধরালেন তারা। প্রচণ্ড শব্দে, সেই বৃষ্টিপাতের মধ্যে মনে হলো আকাশ ভেঙ্গে রাশি রাশি বজ্রপাত হচ্ছে "ব্রীজ বড়খাতার" ওপর। তিস্তার বুকে গুঁড়ো গুঁড়ো হয়ে ভেঙ্গে পড়ছে হানাদারদের বাঙ্কার, ভেঙ্গে পড়ছে হানাদারদের শরীর। 'জয় বাংলা' ধ্বনি দিয়ে এল-এম-জি'র ফায়ার ওপেন করে দিল মতিউর হারেসরা। পেছন থেকে কভারিং ফায়ার এলো লেঃ মেজবাহউদ্দীনের কাছ থেকে। ছুটছে হানাদাররা, ব্রীজের চারপাশের বাঙ্কার ছেড়ে ভাগছে প্রাণভয়ে, ঊর্ধ্বশ্বাসে ছুটে যাচ্ছে পেছন পানে। আক্রমণের আকস্মিকতায় ভীতসন্ত্রস্ত হানাদারদের ওপর বৃষ্টির ধারার মত গুলিবর্ষণ করে চলেছে বীর মতিউর, বীর হারেসরা। বাংলার দুশমনরা পেছনে ১৫টি ডেডবডি ফেলে রিট্রিট করলো। ব্রীজ বড়খাতার ওপারে উড়লো মুক্তির পতাকা। তিস্তার ওপাশ মুক্ত হয়ে গেল চিরতরে। যে ব্রীজের জন্য পাঞ্জাবীরা গর্ব করে বেড়াত, তাদের দালালরা যে ''বড়খাতা ব্রীজের'' কথা বলে মুক্তিবাহিনীর পরাজয়ের প্রমাণ খাড়া করতো সেই বড়খাতা ব্রীজের বিজয় যখন সম্পন্ন হলো আনন্দে আবেগে কাঁদলো ক্যাপ্টেন মতিউর, কাঁদলো হারেসরা। এক অপরকে জড়িয়ে ধরলো বুকে।

যুদ্ধের ইতিহাসে "ব্রীজ রিভার অন কাউয়াই" এর নাম যদি থাকে, থাকবে আমাদের মুক্তিযোদ্ধাদের বীরত্বের গাঁথা নিয়ে ''ব্রীজ রিভার অন তিস্তা''র নাম।

॥ চার রাত্রির কাহিনী ॥

ক'জন জানেন যে, আমাদের ৩১৫ জন মুক্তিযোদ্ধা ৪ দিন আটকা পড়ে শুধু বিস্কিট আর পানি খেয়ে বেঁচে ছিল? ৬নং এইচ-কিউ-তে বসে সেক্টর কমাণ্ডার খাদেমুল বাশার সাহেব পর্যন্ত প্রায় ধরে নিয়েছিলেন তারা মারা গেছে।

সেই 'দুঃখের চার রাত' ছিল ৩রা সেপ্টেম্বর থেকে ৭ই সেপ্টেম্বরের রাত। এই রাতের শুরু হয়েছিল আরো আগে তিস্তার গা বেয়ে শঠিবাড়ি বন্দরের বুকে।

মুক্তিবাহিনীর পজিশন ছিল শঠিবাড়ির উত্তর ও পূর্ব দিকে। তাদের এক মাইল পেছনে তিস্তা নদী বয়ে চলেছে। তিস্তা নদীর অপর পাড়ে পশ্চিম ও দক্ষিণ দিকে এফ-এফ কোম্পানী নং ৭-এর কমাণ্ডার হারেসউদ্দিন

সরকার ৩৫০ জন এফ-এফ নিয়ে প্রস্তুত হচ্ছেন। হানাদার পাকিস্তানীদের ডিফেন্স হচ্ছে শঠিবাড়ি বন্দরের দক্ষিণ এবং পশ্চিম সাইডে। এক কোম্পানী ফোর্স নিয়ে সিমেন্টের মজবুত বাঙ্কারে মেজর হায়াত শক্তিশালী ডিফেন্স নিয়ে দীর্ঘ ছয় মাস বসে আছে। তাদের সাথে আছে ই-পি-কাফ (ই-পি-আর-এর ধরনে সে সময় পাক ফোর্সদের গঠিত একটি বাহিনী) এর ১ কোম্পানী, রাজাকার ছিল শ'তিনেক। তার ওপর পেছনে ছিল আর্টিলারী। হেভি মেশিনগান, ছয় ইঞ্চি মর্টার, এল-এম-জি, ১টা তিন ইঞ্চি মর্টার, কিছু স্টেনগান আর বাকী সব থ্রি-নট-থ্রি।

সেক্টর কমাণ্ডার খাদেমুল বাশার সাহেবের নিকট থেকে ৭নং কোম্পানী কমাণ্ডার নির্দেশ পান শঠিবাড়ির হানাদারদের ওপর চাপ সৃষ্টি করার জন্য । প্রথম দিকে মুক্তিযোদ্ধারা ''হিট এণ্ড রান'' পদ্ধতি অনুসরণ করে পুরা আগষ্ট মাস। সেপ্টেম্বর মাসের ২ তারিখ পর্যন্ত তাদেরকে ব্যস্ত রাখে। ইতিমধ্যে মুক্তিযোদ্ধারা গড়ে তোলে পাকা বাঙ্কার। শঠিবাড়ি বন্দরের পূর্ব ও উত্তর দিকে পাক হানাদারদের এক হাজার গজ দূরে এই সব বাঙ্কার তৈরী করে মুক্তিযোদ্ধারা মনোবল বাড়িয়ে তোলে। এবং এই সময় মুক্তিযোদ্ধা ও পাক হানাদারা যার যার পজিশন থেকে গোলাগুলি বিনিময় করতো।

সেপ্টেম্বরের ২ তারিখ। কোম্পানী কমাণ্ডার হারেসউদ্দিন সরকারের নেতৃত্বে মুক্তিযোদ্ধারা পাক হানাদারদের ৬০০ গজ দূরত্বের মধ্যে চলে আসে। ২রা সেপ্টেম্বর রাত ৩টায় কমাণ্ডার নিজে এস-এল-আর নিয়ে হানাদার পজিশনে ফায়ার ওপেন করে দেন। শুরু হয় মরণযুদ্ধ। হারেসের ছেলেরা প্রতিজ্ঞা করে শঠিবাড়ি বন্দর দখল না করে তারা পিছু ফিরবে না।

শঠিবাড়ি হাইস্কুলের ভেতরে নির্মিত দুর্ভেদ্য ঘাঁটি থেকে শেল বর্ষণ করে খান সেনারা। শুরু হলো তুমুল যুদ্ধ। খান সৈন্যদের মুহুর্মুহু শেল ও রকেটের আঘাত এস পড়ছে মুক্তিবাহিনীর ওপর। ভাঙ্গছে বাঙ্কার, আহত হচ্ছে মুক্তিসেনা। ধরাধরি করে নিয়ে যাওয়া হচ্ছে তাকে পিছনে। সামনে এগুচ্ছে আরেকজন মুক্তিসেনানী, করছে আঘাত শত্রুর বাঙ্কারে, পজিশনে গোলা-গুলি আর আর্তনাদে ভরে উঠলো ডিমলা থানার শঠিবাড়ি বন্দর। সমান গতিতে যুদ্ধ চলছে। ঘন্টার পর ঘন্টা। কেউ এক ইঞ্চি পিছু হটছে না। সমানে সমানে যুজে যাচ্ছে একে অপরকে একদিকে কমাণ্ড করছেন হানাদার বাহিনীর দুর্ধর্ষ মেজর হায়াত, অন্যদিকে শ্যামল বাংলার এক তরুণ বীর হারেসউদ্দিন সরকার। এক বাহিনী ছুড়ছে কামানের গোলা, রকেট ও শেল। অন্য বাহিনী দুয়েকটি এল-এম-জি আর থ্রি-নট-থ্রি দিয়ে তার জবাব দিচ্ছে।

ঘন্টার পর ঘন্টা হয়ে যাচ্ছে। ৪ তারিখ সকাল থেকে যুদ্ধের তীব্রতা বেড়ে গেল। হারেস উদ্দিন সরকার কয়েকজন সাহসী সাথীকে নিয়ে পর পর কয়েকটি সম্মুখের বাঙ্কার পার হায়ে এ্যডভান্স করে গেল সম্মুখপানে। হানলো এ-এম-জি'র নিখুঁত আঘাত হানাদার বাহিনীর মেইন পজিশন শাঠিবাড়ি স্কুলের ভেতরের বাঙ্কারে। দুপুর বারোটার দিকে চাঞ্চল্য দেখা গেল হানাদারদের বাঙ্কারে ও ডিফেন্স পজিশনে। দ্বিগুণ শক্তিতে হারেসের নেতৃত্বে মুক্তিযোদ্ধারা ছুটে যেতে লাগলো সম্মুখপানে। সে এক ঐতিহাসিক মুহূর্ত। শঠিবাড়ি বন্দর আর কয়েক মিনিটের মধ্যে মুক্তিযোদ্ধাদের করায়ত্ত হবে। প্রতিটি বাঙ্কারের মুক্তিযোদ্ধারা বৃষ্টির ঝাঁকের মত গুলি ছুড়ছে। হানাদার বাহিনী তাদের ডিফেন্স লাইন ছেড়ে পিছনে হটে যাচ্ছে বীর হারেস, বীর তার বাহিনী, বুকে থ্রি-নট-থ্রি চেপে ধরে সম্মুখপানে গড়িয়ে গড়িয়ে দখল করছে সামনের ভুমি। মরিয়া হয়ে টিপে যাচ্ছে থ্রি-নট-থ্রি ট্রিগার। জয় তারা ছিনিয়ে আনবেই। হানাদারকে পালাতে হবে শঠিবাড়ি থেকে। ট্রেণ্ড পাকিস্তানী বাহিনী তাজ্জব বনে গেল। এক তরুণ মুক্তিযোদ্ধার কমান্ডে এগিয়ে আসছে থ্রি-নট-থ্রি হাতে বাঙালী তরুণ বালক। অব্যর্থ গুলি ছুড়ছে তাদের বাঙ্কারে। ছেড়ে যেতে হচ্ছে তাদের ডিফেন্স পজিশন।

কোম্পানী কমাণ্ডার হারেসউদ্দিন ঘোষণা কর দিল ৪ঠা সেপ্টেম্বর সূর্য ডোবার আগেই শঠিবাড়ি বন্দর মুক্ত হয়ে যাবে। তিনশ' মুক্তিযোদ্ধা দম ধরে গুলি চালিয়ে যাচ্ছে হানাদারদের প্রত্যেকটা বাঙ্কারে। শঠিবাড়ি বন্দরের জয় অত্যাসন্ন। আক্রমণের মুখে আর দাঁড়াতে পারছে না হানাদাররা। আর কয়েক মিনিটের মধ্যে পতন হয়ে যাবে। মুক্তিযোদ্ধারা পতাকা তুলে ধরে 'জয় বাংলা' বলে চীৎকার করছে। এমন সময় হানাদার এলো আকাশ

পথে। ৪ঠা সেপ্টেম্বরের শঠিবাড়ি বন্দরে যখন মুক্তিযোদ্ধারা স্বাধীনতা পতাকা উত্তোলনের জন্য উদ্যোগ নিচ্ছে, পশ্চিম গগনে সূর্য যখন ঢলে পড়েছে, ঠিক তেমন সময় গর্জন করতে করতে এলো দুটি হেলিকপ্টার। হারেসউদ্দিন ও তার বাহিনীর বাঙ্কারের পজিশনে বৃষ্টির মত বোমা ফেলল তারা। আক্রোশে ক্ষোভে মুক্তিযোদ্ধারা এল-এম-জি'র ফায়ার করলো। হেলিকপ্টার দুটো চলে গেল প্রায় বিশ মিনিট ধরে মুক্তিযোদ্ধারা বিভিন্ন পজিশনে বোমা বর্ষণ করে। ডান পায়ে, ডান হাতে এবং কপালে বোমার আঘাতে আহত হলেন সেই বীর তরুণ, যিনি ছিলেন সেই তিনশ' মুক্তিযোদ্ধার বীর নায়ক। আহত হলো আরো অনেকে। এক নিমিষেই নিভে গেল সেই মুক্তিযোদ্ধাদের জয়ের আশা। রক্তাক্ত ক্ষতবিক্ষত আহতদের ব্যান্ডেজ ও ফার্স্ট এইড শুরু হলো। বিচ্ছিন্ন হয়ে গেল ৬নং এইচ-কিউ'এর সাথে সকল যোগাযোগ। খাবার ও অন্যান্য সামগ্রীর উপর বোমা পড়ায় সবকিছু ধ্বংস হয়ে গেল যদিও অস্ত্র ও গোলাবারুদের তেমন কোন ক্ষতি হয়নি মুক্তিযোদ্ধাদের বাঙ্কার এবং ডিফেন্স থেকে গুলি বন্ধ হওয়ায় হানাদার বাহিনী শুরু করলো নতুন উদ্যমে গুলি-গোলা বর্ষণ।

সেই অসহায় অবস্থায় ৪ঠা সেপ্টেম্বর রাত্রে অনেক মুক্তিযোদ্ধা যখন হতাশ হয়ে পড়েছিল তখন রক্তাপ্লুত কোম্পানী কমাণ্ডার চীৎকার করে বললেনঃ "যুদ্ধ চলবে, মৃত্যু পর্যন্ত যুদ্ধ চলবে, কেউ এক ইঞ্চি পিছু হটবে না। কাউকে যদি পিছনে তাকাতে দেখি, এই আহত অবস্থায় তার উপরে আমি গুলি চালাব। জন্মভূমির বুকে বীরের মত লড়ে প্রাণ দাও সবাই। হেডকোয়ার্টার থেকে আমরা তিনশ' জন বিচ্ছিন্ন, বিশ্ব থেকে বিচ্ছিন্ন। ধরে নাও আমরা সবাই মরে গেছি।" তিনি সবাইকে অনুরোধ করে বললেন, "মৃত্যুর আগে একবার শেষ লড়াই লড়ে যাও।"

মুক্তিযোদ্ধারা প্রাণ ফিরে পেল। আবার ফিরে গেল বাঙ্কারে। হাতে তুলে নিল থ্রি-নট-থ্রি। এমনভাবে পার হয়ে গেল ৪ তারিখ রাত। পাঁচ তারিখ সারাদিন যুদ্ধ চললো-সন্ধ্যায় দু'পক্ষেই ফায়ার বন্ধ হলো। সারারাত আহতদের সেবা শুশ্রূষা হলো। ছয় তারিখ ভোরে হানাদার বাহিনী ছয় ইঞ্চি মর্টার ও রকেট লাঞ্চার দিয়ে তুমুল আক্রমণ শুরু করলো।

একদিকে খাবার নেই। আড়াই দিন পার হয়ে যাচ্ছে। বিস্কুট এবং পানি খেয়ে বেঁচে আছে তিনশ' মুক্তিযোদ্ধা। শুধু ব্যান্ডেজ বেঁধে আহতরা পড়ে আছে বাঙ্কারে। সামনের দিক থেকে ছুটে আসছে পাকিস্তানী কামানের গোলা, মেশিনগানের গুলি। সবকিছু অনিশ্চিত। সবদিক দিয়ে বিচ্ছিন্ন। তবু মুক্তিযোদ্ধারা লড়াই চালিয়ে গেল। সবকিছু অনিশ্চিত জেনেও দাঁতে দাঁতে কামড়ে জীবন বাজি ধরে লড়ে গেল শঠিবাড়ি বন্দরে। ছয় তারিখ রাত আটটায় শঠিবাড়ির ডানদিকে মুক্তিযোদ্ধারা আকস্মিকভাববে তিনশ' গজ ছুটে গিয়ে হানাদারদের কয়েকটি ডিফেন্স পজিশন দখল করে নেয়। এটা ছিল একটি আত্মঘাতী পদক্ষেপ। সেই ডিফেন্স লাইনে ছিল প্রায় দেড়শ' রাজাকার। তারা অস্ত্রসহ আত্মসমর্পণ করে। আহত কোম্পানী কমাণ্ডারের নির্দেশ মোতাবেক মুক্তিযোদ্ধাদের ফ্রন্ট লাইনে বসিয়ে হানাদারদের বিরুদ্ধে গুলি চালাবার আদেশ দেয়া হয়। ধৃত রাজাকাররা সে আদেশ পালন করে। এর ফলে মুক্তিযোদ্ধাদের মনোবল বেড়ে যায় । চাঙ্গা হয়ে ওঠে তারা। ৬ই সেপ্টেম্বর সারারাত গুলি আর পাল্টা গুলি চলতে থাকে। ৭ই সেপ্টেম্বর ভোর বেলা পাকবাহিনী অবস্থান ত্যাগ করে নীলফামারীর দিকে পালিয়ে যায়। ৭ই সেপ্টেম্বর সকাল ৭টা ২০ মিনিটে শঠিবাড়ি বন্দরের বুকে উড়লো মুক্তির পতাকা।

শিরোনাম	সুত্র	তারিখ
১৩। ৭নং সেক্টরে সংগটিত যুদ্ধের বিবরণ	.....	মে-ডিসেম্বর ১৯৭১

যুদ্ধের ঘটনাপঞ্জীঃ ব্রিগেডিয়ার গিয়াসউদ্দীন চৌধুরী*

৩০-১০-১৯৭৯

Date	Events	Casualties
1. 04-05-71	Own FF consists of 4 pers launched at Rajshahi for a special mission.	One peace committee chairman injured.
2. 10-5-71	N/Sub Mubsharul Islalm along with party raided Charghat PS.	10 Militia/Pak Army killed & 7 injured.
3. 13-5-71	Hav Kh a Matin along with one section raided PTC Sardah.	6 Pak Army killed
4. 14-5-71	Own party raided Mirgonj BOP.	7 Pak Army killed & 7 injured.
5. 14-5-71	L/Nk Shariqur Rahman along-with party raided Mukhtarpur.	3 Pak agent killed.
6. 14-5-71	Own FF launched at Rajshahi.	6 Pak agent killed.
7. 14-5-71	Own FF raided the house of Nakimuddin, member of the Peace committee of Mirgonj.	1 Peace Committee member killed.
8. 15-5-71	Hav Kawsaruddin alongwith party raided the house of Chairman, Muslim League of Alatali.	Chairman ML Killed.
9. 15-5-71	Hav Amiruzzaman alongwith 10 OR launched at Sardah PTC.	Electric Pylon of Bheramara blown off.
10. 16-5-71	N/Sub Mohd Ismail along with one section raided Godagari en posn.	3 non-Bengali guard killed.
11. 16-5-71	Hav Amiruzzaman alongwith 5 OR raided the house of Peace Committee of Alaipur.	1 Peace Committee member killed.
12. 16-5-71	Own Mor sec shelled at Rajshahi Police line.	17 Pak Army killed and 25 wounded.

* ১৯৭১ সালের মার্চে ক্যাপ্টেন পদে কর্মরত ছিলেন। বিবরণটি প্রকল্প সংগৃহীত দলিলপত্র থেকে সংকলিত।

13. 16-5-71	Have Majibur Rahman alongwith 12 OR sent to blow off the Bidipur Rd bridge.	Bidipur Rd bridge blown off.
14. 17-5-71	Mjd Minurul Islam alongwith party raided the house of one Pak agent at Bagdani.	One Pak agent killed.
15. 18-5-71	Nk Ekrm Ali with 5 OR raided the house of Pak agent Abdus Sattar of Kharchakka.	One Pak agent killed.
16. 24-5-71	Hav Azizur Rahman along with 15 OR raided the village Basudebpur.	25 Pak agent killed. Our one MF killed.
17. 04-6-71	En attacked our liberation area Poladanga.	Our tps fought with en and en fled away leaving several dead bodies. 17 Pak army killed, 25 injured & 25 Pak agent killed. Our Hav Matin and one const. injured.
18. 19-6-71	Hav/CIK M Humayun Kabir alongwith 10 OR raided the house of Pak agent Malek Sarnakar of Premtali.	Malek Sarnakar killed and Tel line between Godagari Nawabgonj disrupted.
19. 21-6-71	Own party raided the house of Chairman Peace Committee.	Chairman killed.
20. 24-6-71	Own MF raided the house of Meser Biswas a Pak agent of Godagari.	Meser Biswas killed.
21. 24-6-71	Hav Kawasaruddin with 5 OR raided the house of Peace Committee of Basudebpur.	Peace Committee member killed.
জুন, জুলাই ও আগস্ট মাসে মুক্তিযোদ্ধারা দর্শনা, জীবননগর, হাঁসদহ, খালিশপুর, কোটচাঁদপুর, কাপাশডাঙ্গা, দত্তনগর, কালিগঞ্জ ইত্যাদি স্থানে সড়ক ও রেলব্রীজের উপর এত বেশী মাইন পাতে যে, শেষ পর্যন্ত পাকবাহিনী ট্রেনের ইঞ্জিনের সামনে বালির গাড়ী লাগিয়ে চলাচল করত, যাতে মাইনের আঘাতে ইঞ্জিন নষ্ট না হয়। এমনকি তারা গ্রামের লোকদের হাতে লণ্ঠন দিয়ে রাত্রে পাহারা দেয়ার ব্যবস্থা করে, যাতে মুক্তিযোদ্ধারা মাইন লাগাতে না পারে। কিন্তু এত বাধাবিপত্তির ভিতরও মুক্তিযোদ্ধারা মাইন লাগাত। সেপ্টেম্বর-অক্টোবর মাসগুলিতে যে সমস্ত মুক্তিযোদ্ধা ভারতে ট্রেনিং নিয়ে আমার ক্যাম্পে আসত, তাদেরকে ভিতরে বেইস গড়ার জন্য পাঠাতে থাকি। এ বেইসগুলির মধ্যে উল্লেখযোগ্য হল, ক্যাপ্টেন ওহাব সাহেবের নেতৃত্বে যশোর জেলার মাগুরাতে এবং কুষ্টিয়া জেলার হরিণাকুন্ডুতে আবদুর রহমান নামে একজন প্রাক্তণ সৈনিকের নেতৃত্বে ক্যাম্প খোলা হয়। ক্যাপ্টেন ওহাবের সাথে ছিলেন সহকারী লেঃ মোস্তফা এবং ৭০ জন নিয়মিত বাহিনীর লোক। ক্যাপ্টেন ওহাব মাত্র ৭০ জন সৈনিক নিয়ে মাগুরাতে যান। এ সংবাদ পাকসেনারা জানতে পায়। কিন্তু গুজব রটে যে একজন ক্যাপ্টেনের নেতৃত্বে ৭/৮ হাজার মুক্তিযোদ্ধা মাগুরাতে অপারেশন করতে আসছে। এ সংবাদ জেনে পাকবাহিনীর সৈন্যরা মনোবল হারিয়ে ফেলে। শেষ পর্যন্ত পাক বাহিনী ডিসেম্বর মাসে যুদ্ধের সময় মাগুরা থেকে ফরিদপুর চলে যায়। ক্যাপ্টেন ওহাব একটি গোপন সংবাদ যৌথ সেনাবাহিনীর কাছে পৌঁছায় যে, মাগুরাতে পাকসেনাদের পেট্রোল ডিপো আছে। ডিসেম্বর মাসে ভারতীয় বিমান বাহিনীর আক্রমণে পেট্রোল ডিপোটি ধ্বংস হয়ে যায়। অক্টোবর মাসের শেষ সপ্তাহে হরিণাকুন্ডু ক্যাম্পের আবদুর রহমানের দল হরিণাকুন্ডু থানা আক্রমণ করে। এর ফলে একজন পাকিস্তানী ডিএসপি মারা যায় এবং ডিএসপি'র পোশাক হেড অফিসে পাঠিয়ে দেয়া হয় এবং ঐ থানা আক্রমণে কয়েকজন পুলিশ মারা যায়।

নভেম্বর মাসের প্রথম সপ্তাহ থেকে ভারতীয় সৈন্যরা তৎকালীন পূর্বপাকিস্তানের ভিতরে প্রবেশ করতে থাকে। দর্শনা সীমান্তের বাঁ দিকে মদনাতে ভারতীয় বাহিনীর ৪১ পার্বত্য ব্রিগেডের কিছু অংশ ঐ সমস্ত স্থানে মুক্তিবাহিনীকে সঙ্গে করে ডিফেন্স নিতে আরম্ভ করে। ভারতীয় বাহিনীর উপর একটি ব্রিগেড দর্শনার ডানদিকে (ভারত থেকে ডান দিকে) জীবননগর, দত্তনগর কৃষিখামার, ধোপাখালি এলাকায় রেকি করতে থাকে। ১২ই নভেম্বর রাত্রিতে একটি ভারতীয় প্লাটুন মুক্তিবাহিনীর সাথে মেজর ভার্মার নেতৃত্বে এবং ২ জন ভারতীয় ক্যাপ্টেনের সাথে আমি ধোপাখালী বিওপি রেইড করতে যাই। এই রেইড করার ফলে পাকসেনাদের ১৫/২০ জন

সৈন্য নিহত হয়। এ যুদ্ধে আমার পেটে গুলি লাগে। অয়ারলেস অপারেটর নায়েক মোহাববতের সহায়তায় ক্যাম্পে ফিরে যেতে সক্ষম হই। ঐ গুলি লাগে ২টার সময় এবং মেজর ভার্মা পায়ে ও হাতে আঘাত পান। আমাকে চিকিৎসার কোর ফিল্ড হাসপাতালে পাঠান হয়।

পাকিস্তানী সৈন্যরা বিগত কয়েক মাস যাবৎ যুদ্ধে কোনদিন আর্টিলারী ব্যবহার করেনি। কিন্তু ঐ দিনের অপারেশনে পাকিস্তানীরা তাদের সব রকম অস্ত্র ব্যবহার করে। কিন্তু এ সমস্ত অস্ত্র ব্যবহার না করার ফলে মুক্তিযোদ্ধারা ও ভারতীয় বাহিনী জানতো না যে পাকিস্তানীদের কি কি অস্ত্র এবং কোন কোন স্থানে আছে। পাকবাহিনী তা ব্যবহারের পরে সমস্ত কিছু জানা গেল। মুক্তিবাহিনী ও ভারতীয় বাহিনী ধোপাখালী (কুষ্টিয়া) বিওপি ব্যাপকভাবে আক্রমণ করে যার ফলে পাকবাহিনী আর্টিলার ব্যবহার করতে বাধ্য হয়। এই অপারেশনে মুক্তিবাহিনী ও ভারতীয় বাহিনীর কোন ক্ষতি হয়নি।

সাক্ষাৎকারঃ তৌফিক-ই -এলাহী চৌধুরী*

শেষবারের মত এপ্রিলের শেষে যশোরের বেনাপোল থেকে ভারতে পশ্চাদপসরণ করার সময় আমাদের দুঃখ-কষ্ট সীমাহীন ছিল। বর্ষার আগমনে প্রচুর বৃষ্টি হচ্ছিল এবং আমাদের সঙ্গীদের শোয়া দূরে থাক, মাথা গোঁজার ঠাঁইটুকুও ছিল না। অবিরাম বৃষ্টি, অর্ধাহার, অনাহার, তার উপর আপাতদৃষ্টিতে পরাজয়ের গ্লানি, সব মিলিয়ে আমরা অনেকটা দিশেহারা হয়ে পড়েছিলাম। এই রকম অবস্থায় বাংলার মাটিকে ছেড়ে বিদেশে বিতাড়িত হওয়া যে কি মানসিক যন্ত্রণা-সেটা যারা কোনদিন এ রকম অবস্থায় পড়েনি তাদের পক্ষে বোঝা সম্ভব নয়। প্রতিটি মুক্তিযোদ্ধা ভাইয়ের মানসপটে ভেসে উঠেছিল তাদের ফেলে আসা গ্রাম, ঘরবাড়ি, বাবা মা-স্ত্রী-পুত্র পরিজন। তাদের কাছ থেকে কতদিনের বিদায় নিয়ে যাচ্ছিল তারা জানত না। এই বেদনাবিধূর বিদায়লগ্ন আমাদের কেউ কোন দিন ভুলাতে পারবে না।

এই সময়ে ভারতীয় সামরিক কর্তৃপক্ষের সঙ্গে আমাদের কথাবার্তা শুরু হয়। আমাদের ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে তাদের সিদ্ধান্ত অনুযায়ী প্রাথমিকভাবে কিছুদিন বিএসএফ এবং তারপর ভারতীয় সেনাবাহিনী আমাদের রেশন, গোলাবারুদ এবং সরবরাহের দায়িত্ব নেন। খুব সম্ভবতঃ ১৮ বিএসএফ-এর ব্যাটালিয়ন কমাণ্ডার লেফটেন্যান্ট কর্নেল মেঈ সিং-এর অবদান বিশেষভাবে স্মরণীয়। ১৯৬৫ সনের ভারত-পাকিস্তান যুদ্ধে 'বীরচক্র' পাওয়া এই সামরিক অফিসারটি আমাদের এই চরম দুর্দিনে বাণী শুনিয়েছিলেন। এই সময় আমরা পরিবর্তিত পরিস্থিতিতে নতুনভাবে সংগঠন শুরু করি এবং সময়সূচি গ্রহণ করি। আমাদের সমস্ত ইপিআর, আনসার, মুজাহিদ এবং অন্যান্য মুক্তিযোদ্ধাদের এবং প্রথম বেঙ্গল রেজিমেন্টের সৈন্যদের কয়েকটি কোম্পানীতে ভাগ করে দেয়া হয়। প্রায় ৩৫০ মাইল সীমান্তে (কুষ্টিয়ার উত্তর থেকে খুলনার দক্ষিণাংশে পর্যন্ত) আমাদের স্ট্রাটেজিক দায়িত্ব ছিল কয়েকটিঃ

১। শত্রুর প্রতিরক্ষা বূহ্যগুলিতে শত্রুকে হয়রানি করা। ২। শত্রুর উপর অতর্কিত রেইড চালিয়ে কুষ্টিয়া জেলার উত্তর মাথা থেকে দক্ষিণে খুলনার সাতক্ষীরা-কলারোয়া রাস্তা অবধি কতগুলো বিশেষ সামরিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ এলাকায় মুক্তিযোদ্ধাদের মোতায়েন করা। এফ কোম্পানী কুষ্টিয়ার প্রাগপুর বিওপি'র বিপরীতে কমাণ্ডার প্রথমে ছিলেন লেফটেনেন্ট জাহাঙ্গীর এবং আমি। ৩। শত্রুদের যোগাযোগ ব্যবস্থায় বিঘ্ন সৃষ্টি করা, ব্যাহত করা এবং সম্ভব হলে বিচ্ছিন্ন করে দেয়া ৪। শত্রুদের ছোট ছোট দলগুলোর পেট্রল পার্টির উপর এ্যামবুশ করা ইত্যাদি। মোটামুটিভাবে শত্রুর দুর্বল জায়গাগুলোতে অতর্কিত হামলা চালিয়ে সরে পড়াই আমাদের দায়িত্ব ছিল। যেসব জায়গায় সম্ভব হচ্ছিল আমরা বাংলাদেশের কিছু ভিতরে সামরিক প্রতিরক্ষা বূহ্যও গড়ে তুলছিলাম।

সি কোম্পানীঃ মেহেরপুর শহরের বিপরীতে কমাণ্ডার ছিলেন ক্যাপ্টেন আজম চৌধুরী।

---

* কুষ্টিয়ার মেহেরপুরে এসডিও থাকাকালীন অবস্থায় মুক্তিযুদ্ধে যোগ দেন।

বি কোম্পানীঃ দর্শনার বিপরীতে, কমাণ্ডার ছিলেন তদানীন্তন ক্যাপ্টেন মুস্তাফিজুর রহমান।

ডি কোম্পানীঃ চৌগাছার বিপরীতে, কমাণ্ডার ছিলেন ক্যাপ্টেন হুদা।

এ কোম্পানী ছিল খুলনার ভোমরা বিওপি'র বিপরীতে, কমাণ্ডার ছিলেন প্রথমে ক্যাপ্টেন সালাউদ্দিন এবং পরে ক্যাপ্টেন মাহবুবউদ্দিন আহমদ।

এইচ কোম্পানী ছিল বেনাপোলের বিপরীতে, প্রথমে ক্যাপ্টেন হাফিজের নেতৃত্বে আর কমাণ্ডার ছিলাম আমি নিজে। সর্বদক্ষিণে জি কোম্পানী। সাতক্ষীরা-কলারোয়া রাস্তার বিপরীতে এই কোম্পানী মোতায়েন ছিল। কমাণ্ডার ছিলেন ক্যাপ্টেন শফিউল্লাহ। এই সময় আমাদের হেডকোয়ার্টারে মুন্সিগঞ্জের এসিএ ফ্লাইট লেঃ জামাল যোগ দেন।

এইরকম একটা সামরিক প্রতিরক্ষা বূহ্য, যেটা এ কোম্পানী ভোমরা বিওপি'র আশেপাশে গড়ে তুলেছিল, তার উপর পাকিস্তান সেনাবাহিনী আক্রমণ চালিয়েছিল ৩০শে মে তারিখে। প্রায় ১৭ঘন্টা যুদ্ধ চলে। এই যুদ্ধে পাকিস্তান সেনাবাহিনী তাদের গোলন্দাজ বাহিনীকে ব্যবহার করে। মুক্তিযোদ্ধারা এই দৃষ্টান্তমূলক সাহস ও সংকল্পের পরিচয় দেয়। ক্যাপ্টেন সালাউদ্দিন এবং ক্যাপ্টেন মাহবুব এই যুদ্ধ দক্ষতার সাথে পরিচালনা করেন। প্রায় তিন শতাধিক শত্রুসৈন্য একজন অফিসারসহ এই যুদ্ধে হতাহত হয়। ক্যাপ্টেন সালাউদ্দিন শত্রুর কয়েকটি মৃতদেহ আমাদের কৃষ্ণনগর হেডকোয়ার্টারে পাঠিয়ে দিতে সক্ষম হন। সেদিন কৃষ্ণনগরের জনসাধারণ এই লাশ দেখার জন্য হেডকোয়ার্টারে ভেঙ্গে পড়েছিল এবং ভারতীয় সংবাদপত্রের প্রতিনিধিরা মৃতদেহ দেখতে এসেছিল।

এই সময় আমাদের মূল সাংগঠনিক কাজ চলতে থাকে। আর্মি হেডকোয়ার্টার থেকে সিদ্ধান্ত নেয়া হয় প্রথম বেঙ্গল রেজিমেন্টকে পূর্ণ শক্তিতে বলীয়ান করে তোলার। সমস্ত মুক্তিবাহিনীকে ২টা ক্যাটিগরিতে ভাগ করা হয়। ১। নিয়মিত বাহিনী (ক) সেক্টর ট্রুপস (খ) রেগুলার ট্রুপস ২। অনিয়মিত বাহিনী-গণবাহিনী।

\ বেনাপোল পতাকা \

পশ্চিম রণাঙ্গনে আমাদের সংগ্রাম এবং গৌরবের প্রতীক হিসেবে মুক্তিযুদ্ধের পুরো নয় মাস পর্যন্ত বেনাপোল চেকপোস্টে বাংলাদেশের পতাকা উড্ডীয়মান ছিল। এই পতাকার পেছনে ছোট ইতিহাস আছে।

এপ্রিলের শেষের দিকে যখন আমাদের জনশক্তি সীমান্তের অপর চলে যায় তখনো বেনাপোল সীমান্ত উড্ডীয়মান পতাকাকে আমরা অসহায়ভাবে ফেলে যাইনি। মে মাসের প্রথমার্ধে যখন মুক্তিবাহিনীর সংগঠন এবং পুনর্বিন্যাস চলছিল তখন এই পতাকার সংরক্ষণের ভার নিয়েছিলেন ১৮-বিএসএফ-এর কমাণ্ডার লেঃ কর্নেল মেঈ সিং (বীরচক্র)। বাংলাদেশের পতাকার প্রতি এতদূর শ্রদ্ধা এবং সম্মান ও অনুরাগ আমি আর কোন ভারতীয়দের মধ্যে দেখিনি। এই রাজপুত অফিসারটি আমাদের পতাকাকে সম্মান দিয়ে সমস্ত বাংলাদেশের মুক্তিসংগ্রামের প্রতি তাঁর শ্রদ্ধা প্রকাশ করেছিলেন এবং তিনি বার বার এই কথাই বলতেন। ১৮-বিএসএফ তাদের মেশিনগান দিয়ে এই পতাকাকে কভার করে রেখেছিল। মনে হয় একটা কাকপক্ষীও তার পাশে ভিড়তে পারেনি। সকাল, দুপুর, সন্ধ্যা বা গভীর রাতে মেশিনগান গর্জে উঠত, যদি তার আশেপাশে সামান্যতম গতিবিধি পরিলক্ষিত হত। মেশিনগানের আওয়াজ শুনলে আমরা বুঝতে পারতাম মেঈ সিং-এর লোকজন তৎপর হয়ে উঠেছে। বাংলাদেশের এই পতাকার আশপাশ দিয়ে না জানি কত হাজার হাজার গোলাবর্ষণ হয়েছে। পতাকাকে ধ্বংস করার জন্য পাকিস্তানীদের সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। পাকিস্তানীদের এই অপচেষ্টাকে কেন্দ্র করে কতজন যে হতাহত হয়েছে তা সঠিক বলা মুশকিল। এই পতাকা নিয়ে সীমান্ত সব সময় সরগরম থাকত। এ ছিল আমাদের অনাগত দিনের বিজয়ের প্রতীক। প্রসংগত উল্লেযোগ্য যে যশোর সেনানিবাসে যখন প্রথমে বেঙ্গল রেজিমেন্ট আক্রান্ত হয় (আনুমানিক এপ্রিলের প্রথমার্ধে) মেঈ সিং তার ১৮-বিএসএফ ব্যাটালিয়নকে নিয়ে

বাংলাদেশের ভিতরে স্বীয় অনুপ্রেরণায় ঢুকে পড়েন এবং ঝিকরগাছার কাছে তার বাহিনীর সাথে পাকিস্তান সেনাবাহিনীর সংঘর্ষ হয়। এই সংঘর্ষে বিএসএফ-এর কিছুসংখ্যক হতাহত হয় এবং কিছুসংখ্যক পাকিস্তান সেনাবাহিনীর হাতে ধরা পড়ে। মেঈ সিং বাংলাদেশের অভ্যন্তরে ঢোকার এই সিদ্ধান্ত নিজে নিয়েছিলেন বিধায় ভারত সরকারের হাতে তাকে নাজেহাল হতে হয়েছিল। শুধু তাই নয়, এই সময় তিনি একবার গোপনীয়ভাবে ক্যাপ্টেন হাফিজের সাথে আমাদের চুয়াডাঙ্গা সদর দফতরও দেখতে আসেন। মেঈ সিং-এর এই একগুঁয়েমি বেনাপোল চেকপোস্টে পরে মোতায়েনরত ভারতীয় সেনাবাহিনীর ৭-পাঞ্জাব ব্যাটালিয়ন সহ্য করতে পারত না। তারা কয়েকবার প্রস্তাবও করেছিল যে বাংলাদেশের পতাকা নিয়ে গোলাগুলি বিনিময় বন্ধ করা হোক। কিন্তু মেঈ সিং এই প্রস্তাব কোনদিন মেনে নেননি। পরে তাঁর ব্যাটালিয়নকে এখান থেকে অন্যত্র সরিয়ে নেয়া হয়। কর্নেল মেঈ-এর পরে প্রথম বেঙ্গল রেজিমেন্ট এই পতাকা সংরক্ষণের দায়িত্ব নেন।

জুন-জুলাই মাসে প্রথম বেঙ্গল রেজিমেন্ট বেনাপোল সীমান্ত থেকে 'জেড' ফোর্সে যোগদান করার জন্য বাংলাদেশের উত্তর সীমান্তে চলে যায়। এই সময় বাংলাদেশের পতাকাটি বেনাপোলে সীমান্তে একটা স্বীকৃত সত্য হয়ে গিয়েছিল। এরপর ভারতীয় সেনাবাহিনী এবং আমার কোম্পানী মিলে এইচ কোম্পানী যৌথভাবে এই পতাকা সংরক্ষণের দায়িত্ব নেই। এবং বেনাপোল সীমান্ত থেকে প্রায় ৭০০/৮০০ গজ জায়গা 'নো-মানস্ ল্যাণ্ড'-এ পরিণত হয়। আমার মনে আছে 'ওমেগা' রিলিফ দল যেদিন এই সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করে তখন আমিও ২/৩ জন মুক্তিযোদ্ধা নিয়ে রাস্তার পাশ দিয়ে বড় গাছগুলোর আড়াল নিয়ে ক্রল করে এগুচ্ছিলাম। চার/পাঁচ গজ দূরে পাকিস্তান সেনাবাহিনীর লোকজন এদের জন্য অপেক্ষা করছিল। রাস্তার পাশ থেকে এদেরকে আমাদের পতাকা দেখাই এবং বলি যে আমরা এই এলাকা দখল করে আছি। 'ওমেগা' দল ভয়ে ডান, বাঁয়ে তাকাতে সাহস পায়নি। এইভাবে দীর্ঘ নয় মাস আমরা বেনাপোলের পতাকাকে রক্ষা করেছিলাম এবং পাকিস্তান সেনাবাহিনীর শত প্রচেষ্টা সত্ত্বেও কোনদিন এই পতাকা ধ্বংস করা সম্ভব হয়নি। পতাকা যেখানে উড্ডীয়মান ছিল তার আশেপাশে পেট্রল পার্টি পাঠানো হত এবং তাদের সাথে পাক-বাহিনীর প্রতিদিন গোলাগুলি বিনিময় হত। মে মাসে এই পতাকাকে সামনে রেখে বিবিসি'র প্রতিনিধিরা ক্যাপ্টেন হাফিজ এবং মেজর ওসমানের সাক্ষাৎকার গ্রহণ করেন।

স্বাক্ষরঃ তৌফিক-ই-এলাহী চৌধুরী
১৪-১০-৭৩

সাক্ষাৎকারঃ মেজর আব্দুল হালিম
২২-১১-১৯৭৩

মুক্তিযুদ্ধকে অব্যাহত রাখার জন্য মে মাসের শেষদিকে ভারতীয় সীমান্তের বিভিন্ন স্থানে শিবির স্থাপন করা হয়। আমাকে ৩রা জুন ১৯৭১ সালে দক্ষিণ পশ্চিম সেক্টরের কমাণ্ডার হিসাবে নিযুক্ত করেন। শিকারপুর সাবসেক্টর কমাণ্ডার নিযুক্ত হওয়ার পর আমাকে ১ কোম্পানী ইপিআর ও মুজাহিদ দেওয়া হয়। আমার সহ-অধিনায়ক হিসাবে কাজ করেন ইপিআর বাহিনীর সুবেদার মজিদ।

(১) শিকারপুর সীমান্ত দিয়ে প্রথম অপারেশন করা হয় বাংলাদেশের ভিতরে সাহেবনগর নামক স্থানে। সেখানে পাক-বাহিনী ও রাজাকাররা স্থানীয় মানুষের ঘরবাড়িতে অগ্নিসংযোগ ও পাশবিক অত্যাচার করছিল। এই সংবাদ পেয়ে গভীর রাতে ২ প্লাটুন নিয়ে তাদের উপর আক্রমণ করি। আমাদের আক্রমণে পাক বাহিনীর রাজাকারসহ ২৬ জন নিহত হয়। সেখান থেকে কিছু গোলাবারুদ নিয়ে রাত্রেই সীমান্ত অতিক্রম করে শিকারপুর চলে যাই।

(২) কাজীপুরে পাকবাহিনী কর্তৃক আমাদের ডিফেন্স আক্রমণঃ কাজীপুরে সুবেদার মজিদের নেতৃত্বে আমাদের যে এক প্লাটুন ইপিআর ছিল পাকবাহিনী তাদেরকে চতুর্দিক থেকে ঘিরে ফেলে। এই সংবাদ পেয়ে আমরা আরও ২ প্লাটুন নিয়ে তাদেরকে সাহায্য করার জন্য যাই। সেখানে আমাদের পরবর্তী ২ প্লাটুন পাকবাহিনীর অবস্থানের উল্টা দিক থেকে তাদের উপর তীব্র আক্রমণ করে। পাক-বাহিনীর সাথে এই যুদ্ধে রাজাকার বাহিনীও অংশগ্রহণ করে, কিন্তু আমাদের চতুর্দিক থেকে আক্রমণের মুখেও রাজাকার বাহিনী ও পাকবাহিনী মর্টার থেকে অনবরত গোলা নিক্ষেপ করে। আমাদের সাথে পাকবাহিনীর সারারাত যুদ্ধ হয়। পাকবাহিনী কাজীপুর ছেড়ে দিতে বাধ্য হয়। বহু খানসেনা নিহত হয়। বহু অস্ত্র ও গোলাবারুদ আমরা দখল করি। তাছাড়া বাংলাদেশের ভিতরে বিভিন্ন গুরুত্বপূর্ণ পথে সেতু ও কাঠের পুল নষ্ট করে দেই ও রাজাকারদের পেট্রোলিং পার্টির উপর রেইড করি।

জুলাই মাসের শেষ সপ্তাহে আমাকে শিকারপুর সাবসেক্টর থেকে বনগাঁও সাবসেক্টর কমাণ্ডার নিযুক্ত করা হয়। শিকারপুরের কমাণ্ডার নিযুক্ত হন লেঃ জাহাঙ্গীর সাহেব।

বনগাঁও সাব-সেক্টরে আমার থাকাকালীন সময়ে প্রথম অপারেশন হয় রঘুনাথপুরে। পাকবাহিনীর পেট্রোলিং পার্টির উপর এ্যামবুশ করে ২৫ জন খানসেনাকে হত্যা করা হয় ও তাদের হাতিয়ার নিয়ে আসা হয়। সেই সময়ে এই সংবাদ বাংলাদেশ রেডিও হতে প্রচার করা হয়।

১২শে আগস্ট ধোপাখালী বিওপি'তে পাক বাহিনীর ঘাঁটি আক্রমণ করা হয়। উক্ত আক্রমণে পাকবাহিনী বিওপি ছেড়ে পালিয়ে যায়। আমরা সেখানে ডিফেন্স স্থাপন করি এবং শেষ পর্যন্ত পোটখালী বিওপি আমাদের দখলে থাকে।

৩১শে আগস্ট ধোপাখালী বিওপি থেকে কয়েক মাইল ভিতরে বাঘছড়া থানা হেড কোয়ার্টারে রাজাকার বাহিনীর ডিফেন্স আক্রমণ করি। কিন্তু রাজাকাররা আমাদের সংবাদ পূর্বেই পেয়ে পালিয়ে যায়। আমরা তাদের মালপত্র ও রেশনে অগ্নিসংযোগ করি। তাছাড়া ৪টি সরকারি পাটগুদামেও অগ্নিসংযোগ করি। পথে একজন শান্তি কমিটির সদস্যের বাড়ি থেকে ৪ টি বন্দুকসহ চারজন রাজাকারকে ধরে নিয়ে আসি।

সাক্ষাৎকারঃ মেজর অলীক কুমার গুপ্ত*

কর্নেল মঞ্জুর সাহেব ১১ই অক্টোবর তারিখে বাংলাদেশের ম্যাপ দেখালেন এবং কোথায় কোথায় অপারেশন করতে হবে তা নির্দেশ দিলেন। ১৪ই অক্টোবর কর্নেল মঞ্জুর সাহেব অপারেশনের জন্য ৩৮৫ জন গণবাহিনীর যুবককে তাঁদের সেক্টরে পৌঁছে দেয়ার ভার দিলেন আমার উপরে। এদের নিয়ে বয়রা সাবসেক্টরে এসে মেজর নজমুল হুদার নিকট রিপোর্ট করি। ১৫ই অক্টোবর বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে মুক্তিবাহিনীর অবস্থান ও পাক বাহিনীর অবস্থান পর্যবেক্ষণ করি এবং সিদ্ধান্ত নিই যে, ভারতের মধ্যে না থেকে বাংলাদেশের অভ্যন্তরে থাকাই শ্রেয়। আমি কাশীপুরে হেডকোয়ার্টার স্থাপন করি এবং আমার এলাকা ছিল দক্ষিণ বেনাপোল রোড, বামে মহেশপুর থানা, জীবননগর থানা। ঝিকরগাছা থেকে বামে রাধানগরে আমার মেইন বেইস ছিল। ভারতীয় সীমান্ত থেকে চার মাইল দীর্ঘ পথ গণবাহিনীর সাহায্যে মুক্ত করি এবং সেখানে জার্মান রাষ্ট্রদূত আসেন এবং বাংলাদেশের মন্ত্রী মহোদয়গণও এসে দেখে যেতেন। অক্টোবর মাসের তৃতীয় সপ্তাহে মধুখালী গ্রামের নিকট এই দলটি পাক বাহিনীর এ্যামবুশে পড়ে যায়। সেখানে ৩ জন আহত হয়। গুলি ছুঁড়তে ছুঁড়তে পিছনে চলে গিয়ে কোন রকমে জীবন রক্ষা করি। অক্টোবর মাসের শেষের দিকে পাক বাহিনীর ডিফেন্স দোষদিনাতে সন্ধ্যার দিকে আক্রমণ করি। এই যুদ্ধে গণবাহিনীর ১৫ জন গেরিলা অংশগ্রহণ করেন। এই আক্রমণে ৫টা চাইনিজ রাইফেল ও কিছু হেলমেট এবং খাদ্য দখলে আসে। জনসাধারণের মুখে পরে জানা যায় যে, প্রায় ১০

* ১৯৭১-এর অক্টোবর মাসে বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশনপ্রাপ্ত।

জন খানসেনা নিহত হয়েছিল। মুক্তিযোদ্ধাদের পক্ষে ১ জন গেরিলা আহত হন। এই যুদ্ধে সেকেণ্ড কমাণ্ডার ছিলেন আবদুল জলিল (সাবেক ইপিআর)।

অক্টোবরের শেষে ঝিকরগাছার ২ মাইল দূরে শিমুলিয়া সাহেববাড়িতে পাক বাহিনীসহ ২০ জন রাজাকার ঘাঁটি করে অবস্থান করছিল। সেই ঘাঁটি থেকে পেট্রোল ডিউটিতে আসে ১০ জন পাকসেনাসহ রাজাকার। এই দলের উপর আমরা আক্রমণ চালাই এবং ৩ জন খানসেনা, ১ জন বিহারী রাজাকার নিহত হয় এবং একজন রাজাকার আহত ও তিনজন জীবন্ত অবস্থায় ধরা পড়ে। পরে উক্ত তিনজন রাজাকার মুক্তিবাহিনীর সাথে কাজ করে। এই আক্রমণের ফলে পাকসেনারা ঐ মিশন ছেড়ে পালিয়ে যায়। পরে নভেম্বর মাসের দিকে পাকসেনারা ভারী অস্ত্রশস্ত্র পুনরায় ঐ গ্রামে আক্রমণ করে এবং তিন ব্যক্তিকে হত্যা করে ও বাড়ি ঘরে আগুন লাগিয়ে দেয়। পাক সেনারা সাবেক ইপিআর আবদুল জলিল ভ্রমে উক্ত তিনজনেক হত্যা করেছিল। তার পূর্বে উক্ত এলাকা থেকে আমাদের দল চলে যায়।

৩রা নভেম্বর ১২ জন গণবাহিনী ও সাবেকে ইপিআর ৩০ জনকে নিয়ে ভোরের দিকে চৌগাছার বিওপির সামনে এ্যামবুশ পেতে রাখি। সেই সময় উক্ত বিওপি পাকসেনাদের দখলে ছিল। পাকসেনাদের একটা পেট্রোল পার্টির সাথে সংঘর্ষ শুরু হয় সকাল ৯টা থেকে। যখন পেট্রোল পার্টি ধ্বংস হয়ে যায়, তখন তাদের সাহায্যের জন্য উক্ত বি-ওপি ক্যাম্প থেকে বহু পাকসেনা এসে আমাদের দলটিকে ঘিরে ফেলে এবং যুদ্ধ চলতে থাকে। নিরুপায় হয়ে তখন আমি ও আমার দলবল বীরত্বের সাথে যুদ্ধ করতে থাকি। এই সংবাদ পেয়ে সাবেক মেজর নজমুল হুদা মুক্তিফৌজ ক্যাম্প থেকে যুবকদের নিয়ে যুদ্ধক্ষেত্রে আসেন এবং আমাদের সাহায্য করেন। ভারতীয় সৈন্যরা দূর থেকে ৩ ইঞ্চি মর্টার দিয়ে মুক্তিফৌজকে সাহায্য করে। যদিও এ্যামবুশ করে আমাদের ফিরে যাবার ইচ্ছা ছিলো কিন্তু তা সম্ভব না হওয়াতে যুদ্ধ শুরু হয়ে যায়। এর ফলে পাকসেনারা উক্ত বিওপি ছেড়ে পালিয়ে যায়। এই যুদ্ধে প্রায় ১৮/১৯ জন মৃত পাকসেনার লাশ নিয়ে যেতে সক্ষম হই। পরে জনসাধারণের আরো প্রায় ২০ জন পাকসেনারা লাশ বিভিন্ন এলাকা থেকে উদ্ধার করে। স্টেনগান, চায়নিজ রাইফেল, এলএমজি ও একটা ছোট অয়ারলেসও উদ্ধার করি। এই যুদ্ধে একজন সাবেক ইপিআর ল্যান্স নায়েক আহত হন। পরে হাত কেটে ফেলে তাকে বাঁচানো হয়।

১২ই নভেম্বর সন্ধ্যার সময় চৌহগাছা চোরামনকাটির মাঝামাঝি রোডে একটি গাড়ীসহ রোডের ব্রীজ উড়িয়ে দিই আমি ও আমার তিনসঙ্গী।

গুলবাগপুর গোয়ালহাট নামক স্থানে পাকসেনারা আমার দলের উপর ঈদের দিন আক্রমণ করে তা দখল করে নেয়। এই যুদ্ধে ৯ জন মুক্তিযোদ্ধা আহত হন এবং ৩ জন গণবাহিনীসহ ৩ জন সাধারণ মানুষও শহীদ হন। জনসাধারণ আহত মুক্তিযোদ্ধাদের নিরাপদ স্থানে নিয়ে যায়। জনসাধারণ সেই সময় এই এলাকাতে সব সময় কাজ করেন মুক্তিবাহিনীর পক্ষে। সেই দিন কর্নেল মঞ্জুর ৬/৭ ঘন্টার মধ্যে উক্ত হৃত এলাকা পুনরুদ্ধার করার হুকুম দেন। আমার আক্রমণকালে পাক বিমান আক্রমণ করে। পরে ভারতীয় সৈনিকের সাহায্যে উক্ত এলাকা পুনরায় দখল করি। এরপর আমি মিত্রবাহিনীর সাথে কাজ করতে থাকি। ভারতীয় বাহিনীর আগে এবং পাক বাহিনীর সামনে থেকে মিত্র বাহিনীকে সাহায্য করি।

২৪শে নভেম্বর গরীবপুর গ্রামে মিত্রবাহিনীর সাথে ট্যাংকযুদ্ধ হয়। সেই সময় পাকিস্তানী ১৪টি ট্যাংক ছিল। এই যুদ্ধে ৫টি ভারতীয় ট্যাংক নষ্ট হয়ে যায়। পাকিস্তানী সমস্ত ট্যাংক নষ্ট হয়ে যায়। ১৪টি ট্যাংকের মধ্যে ৮টিকে ভারতে নিয়ে গিয়ে ছবি তোলা হয়। ২৬শে নভেম্বর চৌগাছা মুক্তিবাহিনীর দখলে আসে।

৩রা ডিসেম্বর আমি কামাল ও তৌফিক সাহেব মিলে নাভারন ও ঝিকরগাছা রোডের মধ্যবর্তী স্থানে একটি জীপগাড়ী উড়িয়ে দিই। ২ জন খানসেনা নিহত হয়।

৭ই ডিসেম্বর যশোর মুক্ত হয়। ৩ ইঞ্চি মর্টার বাহিনী নিয়ে আমি নড়াইল যাই। সেখানে ১৫০ জন পাকসেনা আত্মসমর্পণ করে।

স্বাক্ষরঃ অলীক কুমার গুপ্ত
যশোর সেনানিবাস
২৮-৩-৭৩

সাক্ষাৎকারঃ সুবেদার মেজর তবারক উল্লাহ
২৮-৬-১৯৭৪

সেপ্টেম্বর মাসের ১৬ তারিখ রাত বারটার সময় আমি এবং ক্যাপ্টেন শফিক উল্লাহ এক কোম্পানী মুক্তিযোদ্ধা নিয়ে বোয়ালিয়া বাজারের কাছে বেলেডাঙ্গার পশ্চিম দিকে পাকবাহিনীর একটি প্রতিরক্ষাব্যুহে আক্রমণ চালাই। চারদিন পর্যন্ত তুমুল লড়াই চলে। এই যুদ্ধে আমাদের পক্ষে সিপাহী মতিয়ুর রহমান, ল্যান্স নায়েক আবুল হাশেম, ল্যান্স নায়েক শফিকউদ্দিন চৌধুরী, শাহাদাতবরণ করেন। কয়েকজন বেসামরিক ব্যক্তিও শাহাদাতবরণ করেন। পাকিস্তানীদের পক্ষেও অনেকে হতাহত হয়। আমাদের একটি কোম্পানীর উপর শত্রুদের ৪টি কোম্পানী আক্রমণ চালায়। ক্যাপ্টেন শফিকউল্লাহ এই যুদ্ধে আহত হন।

সাক্ষাৎকারঃ নায়েক সুবেদার আবদুল মতিন পাটোয়ারী

মুজিবনগর গার্ড অব অনার দেওয়ার পর আমার ক্যাম্পে ফিরে যাই এবং সেখান থেকে আবার যুদ্ধে অংশ নেই। ২০শে মে তারিখে আমি আমার পেট্রোল নিয়ে মুজিবনগরে ছিলাম। খবর পেলাম পাকসেনাদের একটি প্লাটুন বল্লভপুর মিশনারী চার্চে এসেছে লুটতরাজ করতে। আমি আমার প্লাটুনকে ২টি ভাগে ভাগ করে একটিকে নিয়ে আমি নিজে বাগুয়ানে এ্যামবুশ করে থাকি, অপর দলটিকে বল্লভপুর রোড জংশনে বসিয়ে রাখি। বেলা দেড়টার সময় পাকসেনারা ফিরছিল। আমি আক্রমণ করে বসি। প্রায় একঘন্টা যুদ্ধ হয়। পাকবাহিনীর ১৭ জন নিহত ও ৫ জন আহত হয় এবং ১টি গাড়িসহ বহু অস্ত্র উদ্ধার করি।

আমি মুজিবনগরে পাক্কা ঘাঁটি করে থাকতাম। ৩রা জুন তারিখে পাকবাহিনীর ৫০০/৬০০ সৈন্য ভারী অস্ত্রশস্ত্র নিয়ে ব্যাপকভাবে আক্রমণ করে বেলা ৪টার সময়। আমাদের মোট সৈন্য সংখ্য ছিল মাত্র ৪০ জন। একটি দল ছিল আমার নেতৃত্বে। অপরটি ছিল নায়েক সুবেদার তফাজ্জল হোসেনের নেতৃত্বে। পাকসেনারা সারিবদ্ধভাবে বাগুয়ানে কিছু প্রস্তুতি রেখে আমাদের দিকে অগ্রসর হতে থাকে। পাকসেনাদের আক্রমণে আমরা টিকতে ব্যর্থ হই। পিছু হটতে থাকি। এক সময় পাকসেনারা আমাদের ঘাঁটি দখল করে নেয়। আমাদের ঘাঁটি দখলের পর পাকসেনারা ইতস্ততঃ বিক্ষিপ্তভাবে আমাদের ঘরদুয়ারে আগুন লাগিয়ে দেয় আমরা তা দেখতে পাচ্ছিলাম। আমি পুনরায় কিছু জওয়ান নিয়ে পিছন দিক থেকে আখক্ষেতে বসে সামরিক কায়দায় বড় রকমের আক্রমণের কমাণ্ড দেই। উদ্দেশ্য ছিল এটা বোঝানো যে আমরা বহু সৈন্য আছি। সাথে সাথে এলএমজি ব্রাশ চালাতে থাকি। এতে বহু পাকসেনা খতম হয়। বাকিরা সব পালাতে থাকে। পাকসেনারা পজিশন নেবার সুযোগ পায় না। আমরা আবার ঘাঁটি দখল করে নেই। পাকসেনা খতম হয় ২৮ জন, ২০ জন আহত হয়। আমার পক্ষের কেউ হতাহত হয়নি। তারপর ১৪ই জুন, ২০শে জুন ও ২১শে জুন তারিখে পাকবাহিনীর সাথে আমাদের সম্মুখযুদ্ধ হয়। একদিনের যুদ্ধে আমাদের কোন হতাহত হয়নি। পাকবাহিনী বেশকিছু ক্ষয়ক্ষতি স্বীকার করে।

১৭ই জুলাই তারিখের ঘটনা। আমাদের ইনফরমার ছিল ভাদু মণ্ডল। গোপাল নগরে সে পাকসেনাদের সাথে থাকতো। তারা যখন যা চাইতো সব দিতে হতো। ভাদুমণ্ডল লোক মারফত খবর পাঠায় যে, ২৭শে জুলাই

তারিখে ১০/১৫ জন পাকসেনা তার গরুরগাড়ী করে রেশন নিয়ে মানিকনগরে যাবে নাটোদা থেকে। ভাদুমণ্ডল বলে পাঠায় তার গাড়োয়ান যেন না মরে। আমি ১৫ জন নিয়ে একজন সিভিল গাইডের সহায়তায় অগ্রসর হয়ে বাগুয়ান এবং রতনপুর ঘাটের নিকটে এ্যামবুশ করে বসে থাকি। গাইডও আমাদের সাথে ছিল। ভোর ৬টায় আমরা রেশন নিয়ে যাওয়া পার্টির উপর আক্রমণ করি। যুদ্ধ ১ ঘন্টা স্থায়ী হয়। মানিকনগরে ও নাটোদা হাইস্কুলে পাকবাহিনীর ঘাঁটি ছিল। গোলাগুলির শব্দে দুইদিক থেকে পাকবাহিনীর দুটি পার্টি এসে আমাকে ঘিরে ফেলে। মানিকনগরে অবস্থিত পাকবাহিনীর উপর অপর দল আক্রমণ চালিয়ে পাকবাহিনীকে ব্যস্ত রাখে। আমাদেরকে হ্যাণ্ডস-আপ করতে বলে। আমি বলি, ক্ষমতা থাকে তো এসে ধর। সামনাসামনি গোলাগালি চলছে, ফায়ার করছি আর পিছু হাটছি। আমাদের গাইড পিছনে পড়ে যায় এবং তাকে ধরে ফেলে। ঐ দিন বিকেলে ঐ অঞ্চলের সব লোকজন ডেকে নাটোদা স্কুলে দুহাত বেঁধে সবার সামনে বেয়োনেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে তাকে অত্যন্ত নৃশংসভাবে হত্যা করে। পাকবাহিনীরা ঘোষণা করে মুক্তিবাহিনীকে সাহায্য করলে এমনিভাবে শাস্তি দেওয়া হবে। আমরা সবাই মূল ঘাঁটিতে আসতে সমর্থ হই।

২০শে জুলাই থেকে ৩০শে জুলাই পর্যন্ত আমি দল নিয়ে মানিকনগরে পাকবাহিনীর ঘাঁটি আক্রমণ করি। রাতে এই অপারেশনগুলোতে বেসামরিক লোক যারা ছিল তাদের সাহসিকতায় আমি ও আমার অফিসাররা চমকিত হয়েছিলাম। দিনের বেলায় মেহেরপুরে ঢুকে বিভিন্ন লক্ষ্যবস্তুর উপর সার্থক অপারেশন চালিয়ে তারা ভরানদী সাঁতরে ফিরে এসেছে, পাক আর্মির বাঙ্কারে ঢুকে বিভিন্ন গ্রেনেড ছুঁড়ছে। এদের ত্যাগ-সাহসিকতা মনে রাখার মতো। লোকগুলো ছিলঃ (১) মোঃ সারি (২) রবীমণ্ডল, (৩) মফিজ উদ্দিন (৪) রওশন আলী (৫) বরকত আলী (৬) জামান আলী (৭) নায়েক আলী। আরও অনেকের নাম এই মুহূর্তে মনে পড়ছে না। একেক রাতে ৩/৪ বার করে অপারেশন করেছি। এই কয়েকদিনের অপারেশনে ৭০ পাকসেনা খতম হয়।

৩রা আগস্ট তারিখে পাকসেনারা মানিকগঞ্জ ঘাঁটি ছেড়ে চলে যেতে বাধ্য হয়। পাকসেনারা মোনাখালী ঘাটে এসে আবার ঘাঁটি গাড়ে। আমরা মানিকগঞ্জ ঘাঁটি দখল করি। বহু মাইন ও অন্যান্য গোলাবারুদ উদ্ধার করি।

১৩রা আগস্ট তারিখে পাকবাহিনীর একটি দল তাদের প্রতিরক্ষা মজবুত করা এবং গ্রেনেডের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য কাঁটাতার নিয়ে যাচ্ছিল। আমি আমার পার্টি নিয়ে আক্রমণ করে বেশ কিছু হতাহত করি।

২৪শে আগস্ট তারিখে পাকবাহিনীর একটি কোম্পানী নাটোদা থেকে মুজিবনগরের পথে অগ্রসর হয়। আমি একটি পার্টি নিয়ে বাগুয়ানে এবং অপরটি মানিকনগরে। সকাল দশটার সময় ওরা আমাদের আওতায় চলে আসে। আমরা ফায়ার ওপেন করি। যুদ্ধ প্রায় আড়াই ঘন্টা হয় পাকসেনারা ৯ জন নিহত ও বেশ কিছু আহত হয়ে পিছু হটে। আমাদের একজন এলএমজি ম্যান আহত হয়। যুদ্ধ চলা অবস্থায় ওখানকার ছোট ছোট ছেলেরা গোলাবারুদ মাথায় করে আমাদের সাপ্লাই দিত। অঞ্জলি নামে একজন খৃষ্টান নার্স সব সময় আমাদের সেবা শুশ্রুষা করতো। সে আগে গ্রাম রেকি করে আমাদের খবর দিত। সব সময় প্রথম সারিতে থাকতো।

এরপর ৯নং সেক্টরকে সাহায্য করার জন্য ক্যাপ্টেন এ আর আযম চৌধুরীর নেতৃত্বে একটি কোম্পানী নিয়ে সেপ্টেম্বর মাসে খুলনা যাই। ওখানে ৮/১০ দিন বিভিন্ন অপারেশনে অংশ নেই। সেপ্টেম্বর মাসেই আমি মুজিব নগরে ফিরে আসি। তারপর ৩রা নভেম্বর মানিকনগর, ৬ই নভেম্বর রশিপুর ঘাট, ১২ নভেম্বর মোনাখালী ঘাট, ১৮ই নভেম্বর রশিপুর ঘাটে, ১৯শে নভেম্বর মানিকনগর ঘাটে, ২৬শে নভেম্বর রশিপুর ঘাট, ৩০ নভেম্বর রাজাপুর ঘাট, ১লা ডিসেম্বর রাজাপুর, ৩রা ডিসেম্বর রাজাপুর প্রভৃতি স্থানে আমার নিজের কমান্ডে যুদ্ধ করেছি। তারপর যৌথ অপারেশনে অংশ নেই।

স্বাক্ষারঃ আবঃ মতিন পাটোয়ারী

২১-১০-৭৪

সাক্ষাৎকারঃ ক্যাপ্টেন আবদুল গনি*
৮-১০-৭৯

একটি রেইডঃ ৪ঠা ডিসেম্বর হরিণাকুণ্ড থানার উপর তারা যখন রেইড করে তখন তাদের সাথে আমি ছিলাম। রেইড করার পর তারা যখন সেখানে বসে যায় তখন আমাকে তারা বাড়ি পৌঁছে দিয়ে আসে।

প্রশ্নঃ সেখানে কি নিয়মিত বাহিনী ছিল, না রাজাকার ছিল? কি জন্য রেইড করেছিল?

উত্তরঃ সেখানে কোন নিয়মিত বাহিনী ছিল না। সেখানে ২০/৩০ জন রাজাকার এবং কিছু পুলিশ ছিল। এদের মধ্যে কয়েকজন রাজাকার ধরা পড়েছিল। পুলিশদের ধরা যায়নি, তারা পালিয়ে গিয়েছিল এবং যে কজন রাজাকার ধরা পড়েছে তাদের ফায়ারিং স্কোয়াডে গুলি করে মেরে ফেলা হয়।

প্রশ্নঃ কতক্ষণ গুলি বিনিময় হয়?

উত্তরঃ সেদিন হাটবার ছিল। সন্ধ্যার পর যখন ভেঙ্গে গেছে তখন সাধারণ লোকের মাঝে মিশে গিয়ে পুরো থানাকে ঘিরে ফেলি। কমাণ্ডার প্রাক্তন হাবিলদার আবদুর রহমানের নির্দেশ ছিল তিনি প্রথমে গুলি করলে তারপর চারদিক থেকে গুলি করা শুরু হবে। রাত ৯টার সময় সাধারণ লোকজনও বাইরে ছিল না। তখন আমরা পজিশন নিয়ে ফেলেছিলাম। আমরা সেখানে ৭০ জন ছিলাম। রাত ৯টার সময় কমাণ্ডার প্রথম ফায়ার করেন, তারপর আমরা চারদিক থেকে ফায়ার শুরু করি। প্রায় আধা ঘন্টা এই ফায়ার চলতে থাকে। তারপর আমাদের পক্ষ থেকে যখন অটোমেটিক গান চালানো শুরু হয় তখন তারা আর না পেরে ফায়ার বন্ধ করে যে যেদিকে পেরেছে পালিয়ে গেছে। কিন্তু চারজন রাজাকার আর পালাতে না পেরে আমাদের কাছে ধরা দিয়েছে।

প্রশ্নঃ অটোমেটিক আর্মসের মধ্যে কি কি ছিল আপনাদের কাছে?

উত্তরঃ অটোমেটিক আর্মসের মধ্যে একটা লাইট মেশিনগান এবং কয়েকটা ইন্ডিয়ান এলএমজি ছিল, সেমি অটোমেটিক ছিল, এসএলআর ছিল। রাজাকারদের কাছে শুধু রাইফেল ছিল, অটোমেটিক কিছু পাওয়া যায় নাই।

প্রশ্নঃ থানা কি ক্যাপচার করে ফেলেন?

উত্তরঃ জ্বী হ্যাঁ, পুরো থানাটা ক্যাপচার করে ফেলি। ওদের অস্ত্রাগারে যাই। ভেঙ্গে সব আর্মস এম্যুনিশন আমাদের ওখানে নিয়ে আসা হয়।

প্রশ্নঃ গ্রামের লোকজন আপনাদেরকে খুব সহযোগিতা করেছে?

উত্তরঃ আমাদেরকে পুরো থানার লোকজন খুব সহযোগিতা করেছে। তারা নানা ধরনের তথ্য সংগ্রহ করে- যেমন আর্মিরা কোথায় আছে, রাজাকাররা আর্মিদের সাথে কোথায় যাচ্ছে এই খবর সংগ্রহ করে আমাদের কমাণ্ডার আবদুর রহমানের কাছে গিয়ে জানাতো। কমাণ্ডার সেই মত কাজ করতেন- কবে, কিভাবে, কোথায় রেইড করতে হবে।

---

* প্রকল্প-গৃহীত সাক্ষাৎকার থেকে সংকলিত।

শিরোনাম	সূত্র	তারিখ
১৭। ৯নং সেক্টরে সংঘটিত যুদ্ধের বিবরণ	মেজর (অবঃ) এম এ জলিল রচিত 'সীমাহীন সমর' (১৯৭৪)	১৯৭১

বরিশালের রণাঙ্গন

১০ই এপ্রিল স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে বরিশাল, পটুয়াখালি, ফরিদপুর ও খুলনা এই চারটি জেলার জন্য আনুষ্ঠানিকভাবে আমাকে সেক্টর কমাণ্ডার ঘোষণা করা হয়। ঘোষণায় আরও উল্লেখ করা হয় যে, যুদ্ধ পরিচালনার জন্য বাংলাদেশ সশস্ত্র বাহিনীর কমাণ্ডার-ইন-চীফ কর্নেল এম এ জি ওসমানীর তত্ত্বাবধানে বাংলাদেশকে ৬ টি সেক্টরে ভাগ করা হয়েছে। মিঃ তাজউদ্দিন আহমদকে প্রধানমন্ত্রী ও সৈয়দ নজরুল ইসলামকে অস্থায়ী প্রেসিডেন্ট করে চার সদস্যের একটি অস্থায়ী সরকার 'মুজিব নগরে' গঠন করার কথাও স্বাধীন বাংলা বেতার থেকে ঘোষণা করা হয়। ব্যাপার যাই হোক না কেন, এই ঘোষণার ফলে বাংলার জনগণ ও মুক্তিযোদ্ধারা সংগ্রাম চালিয়ে যাবার জন্য অন্ততঃ একটা ভিত খুঁজে পেল। শুরু হলো পাকিস্তানী নির্যাতনের বিরুদ্ধে প্রবল প্রতিরোধ। ইতিমধ্যে ১৭ই এপ্রিল একজন পাকিস্তানী গোয়েন্দা বরিশালে গ্রেফতার হয়। আমাদের অবস্থানগুলো ও প্রস্তুতির খবরাখবর সংগ্রহ করার জন্য পাক-সামরিক বাহিনীর লেঃ কর্নেল শামস উক্ত গোয়েন্দাকে খুলনা থেকে বরিশালে পাঠায়। উক্ত গোয়েন্দাকে যে পুরস্কার দিতে পেরেছিলাম সেটা হলো কঠিন মৃত্যু। বরিশাল স্টেডিয়ামে জনতার সামনে প্রকাশ্যে তাকে গুলি করে হত্যা করা হল। তার অপরাধ ছিল ক্ষমার অযোগ্য।

বোধ হয় ১৭ই এপ্রিলের ঘটনার ফলশ্রুতিস্বরুপ পাক-বিমান বাহিনীর দু'খানা স্যাবর-জেট ফাইটারকে বরিশালের আকাশ দেখা গেল। এই প্রথমবারের মতো হিংস্র সামরিক জান্তা আমাদের যুদ্ধ প্রস্তুতির উপর আঘাত হানার সাহস পেল। ওই জঙ্গী বিমানগুলোকে ঠেকাবার মতো আমাদের হাতে কিছু ছিল না। তবুও আমাদের সাহসী মুক্তিযোদ্ধারা সামান্য রাইফেল দিয়ে গুলি করার অনেক চেষ্টা করলো। শহরের বিভিন্ন বেসামরিক অবস্থানের ওপর নির্বিচারে গোলাবর্ষণ করলো। বেলস পার্কের উত্তর দিকে ইংরেজ আমলের একটি উঁচু কাঠের ঘরে হেডকোয়ার্টার। এই ঘর ও বেলস পার্কের উপর প্রচণ্ড গোলা এসে পড়তে লাগলো। এই পার্কের মধ্যেই ছেলেরা ট্রেনিং নিত। ছেলেরা ট্রেঞ্চের ভিতরে ঢুকে আত্মরক্ষা করলো। দু'একটি ছোটখাট আঘাত ছাড়া আমাদের তেমন বিশেষ কোন ক্ষতি হয়নি। জঙ্গী বিমান দুটো যখন ঘুরপাক খেয়ে গুলিবর্ষণ করার জন্য নিচে নেমে আসে তখন বেসামরিক লোকজন বাইরে লাফিয়ে এসে মজা দেখতে থাকে। এই সরল মানুষগুলো এর আগে কখনও ভাবতে পারেনি যে, ওই সুন্দর সুন্দর বিমানগুলো এমন নির্মমভাবে দংশন করতে পারে। অজ্ঞতা ও সরলতার জন্য ওরা অনেক ভুগছে। বেসামরিক ডাক্তাররা ভয়ে এদিক ওদিক ছুটাছুটি করতে লাগলো। মুহূর্তের ভেতরে গ্রামের দিকে ছুটে চললো মানুষের কাফেলা। ভয়ে সব ফেলে শহর খালি করে উন্মাদের মত দৌড়াতে লাগলো শহরতলীর দিকে। কি মর্মান্তিক দৃশ্য।

১৮ই এপ্রিল রাত্রে বিষাদের কালোছায়া শহরের সারা আকাশটা গুমোট করে ফেললো। শহরের রাস্তাগুলো জনমানবশূন্য। ভীষণ নীরব। কোথাও জীবনের স্পন্দন নেই। যেন ঘুমন্ত প্রেতপুরী। রাতে ভয়ানক অস্বস্তিবোধ করলাম। মুক্তিযোদ্ধাদের নিয়ে একটা বেশ বড় বাহিনী তৈরী করলাম। কিন্তু সামান্য কিছু রাইফেল ছাড়া আমার কোন ভারী অস্ত্রপাতি ছিল না। প্রথমাবস্থায় বরিশালের পুলিশ অস্ত্রাগার ভেঙ্গে কিছু রাইফেল জোগাড় করেছিলাম। এসব হালকা অস্ত্র দিয়ে শুধু আত্মরক্ষা করা চলে। যা হোক, এপ্রিল মাসের ২২ তারিখে মিঃ মঞ্জু সুন্দরবনের গোপন পথ দিয়ে অত্যন্ত সতর্কতার সাথে ভারত হতে কিছু অস্ত্রপাতি নিয়ে এলেন। তিনি জানালেন যে, আরো ব্যবস্থা করা হয়েছে। আমাকে গিয়ে ভারতীয় সেনাবাহিনীর কাছ থেকে ওগুলো নিয়ে

আসতে হবে। সংবাদটা শুনে খুবই উত্তেজিত হয়ে উঠলাম। এই সুযোগে সুন্দরবন, বঙ্গোপসাগর হয়ে ভারত থেকে অস্ত্র নিয়ে আসা সম্ভব হবে। এই দুর্যোগময় মুহূর্তেও আমার ছোট্ট মনটি অপার উৎসাহে চোখ ফাঁকি দিয়ে অস্ত্র নিয়ে আসবো। লেফটেন্যান্ট মেহেদী, লেঃ জিয়া এবং লেঃ নাসেরকে যথাক্রমে পটুয়াখালী, বরিশাল ও খুলনায় যুদ্ধ চালিয়ে যাবার নির্দেশ দিয়ে ক্যাপ্টেন হুদাকে সাথে নিয়ে ভারত রওনা হলাম।

গুপ্ত পথে যাত্রা

সুন্দরবন বাংলাদেশের বিখ্যাত অরণ্যানি। এই সুন্দরবনের গোপন পথ ধরেই আমার ভারত যাত্রা শুরু হলো। রয়েল বেঙ্গল টাইগার, চিতাবাঘ, হরিণ ও অজগরে সুন্দরবন ভরপুর। জানা-অজানা অনেক শংকা ও বিপদের ঝুঁকি দিয়ে ছোট একটি লঞ্চ, পথের জন্য সপ্তাহের কিছু রেশন ও অন্যান্য জিনিসপত্র আমরা যাত্রা শুরু করলাম। সবাই মিলে লঞ্চে আমরা বিশজন নাবিক ছিলাম। এদের মধ্যে দু'জন প্রকৃত যুদ্ধ করার মত। পনের থেকে বিশের মধ্যে এদের বয়স। আগে সেনাবাহিনীতে ছিল। নাম সিদ্দিক ও জববার। আমাদের বলা হয়েছিল সুন্দরবনের চারপাশে পাকিস্তানী হানাদাররা 'গানবোট' নিয়ে পাহারা দিচ্ছে। আর বাংলাদেশের নিরীহ গ্রামবাসীদের উপর বর্বরের মতো নির্বিচারে গোলাবর্ষণ করে ভয়ানক সন্ত্রাসের সৃষ্টি করছে। সন্ধ্যার দিকে অনেক দূরে 'পশুর' ও শিপ্সা' নদীর মোহনায় হঠাৎ করে একটা গানবোট চোখে পড়লো। এই বিরাট নদী দুটো অতিক্রম করে আমাদের নিরাপদ জায়গায় যেতে হবে। সামনেই দিগন্তবিস্তৃত বঙ্গোপসাগর। 'পশুর ও 'শিপ্সা' এই বঙ্গোপসাগরে গিয়ে পড়েছে। অন্ধকারে বিশাল জলরাশির দৃশ্য ভয়ংকর ও ভীতিপ্রদ। একটা প্রেতপুরীর মতো। দলের অধিনায়ক হিসেবে আসন্ন বিপদের ভয়কে চেপে গিয়ে আত্মবিশ্বাসকে ঘা দিয়ে চাংগা করে তুললাম। আমাদের লঞ্চের প্রধান পাইলট কিছুদিন আগেও একজন কুখ্যাত চোরাচালানী ছিল। জংগলের সব গোপন রাস্তা তার নখদর্পণে। তাকে বললাম যদি কোন বিকল্প পথ থেকে থাকে তাহলে লঞ্চের গতি সেই দিকেই ঘোরাতে। সে আমার আদেশ মানলো। আমি আত্মবিশ্বাস ফিরে পেলাম। পরদিন ভারতের সীমান্তবর্তী চৌকি 'পারগোমতী' এসে পৌঁছলাম। ভারতের সীমান্তরক্ষীরা আগেই আমাদের আসার খবর পেয়েছিল। তারা আমাদের আসার বৈধতা পরীক্ষা করে সামনে এগুবার অনুমতি দিল।

২৪শে এপ্রিল ভোরে 'পারগোমতি'র একটা জায়গায় ভারতীয় সীমান্ত নিরাপত্তা বাহিনীর ইন্সপেক্টর মিঃ পি কে ঘোষ আমাদেরকে বিদায় সম্ভাষণ জানালেন এবং অগ্রবর্তী ঘাঁটিতে যোগাযোগের পর ভারতীয় নিরাপত্তা বাহিনীর সতর্ক পাহারায় ক্যাপ্টেন হুদা ও আমাকে সামনে এগুবার অনুমতি দিলেন। এই সময় আমরা 'হিংগুলগঞ্জ' নামক অপর একটি ভারতীয় সীমান্ত চৌকির দিকে অগ্রসর হচ্ছিলাম। সিদ্দিকসহ লঞ্চের অন্যান্য সাথীদের লঞ্চসহ এখানেই ভারতীয় নিরাপত্তা বাহিনীর তত্ত্বাবধানে রেখে গেলাম।

নিরাপদ স্থানে পৌঁছার জন্য ভারতের সীমান্ত ধরে আমরা এগুতে লাগলাম। কারণ, নদীর ওপারেই পাকিস্তানী হানাদাররা ওঁৎ পেতে বসেছিল। ওপারের দূরত্ব এক হাজার গজের বেশী নয়। বর্বর পাকিস্তানী হানাদারদের মেশিনগানগুলো যে কোন সময় গর্জে উঠতে পারে। এই ভয়ে আমরা সতর্ক ও সচেতন ছিলাম। দেখতে পেলাম ওপারে পাকিস্তানী সৈন্যরা ট্রিগারে হাত দিয়ে আমাদের উপর ঝাঁপিয়ে পড়ার জন্য প্রস্তুত হয়ে আছে। আমরা সামনের দিকে এগিয়ে যাচ্ছিলাম। নদীর ঢেউগুলো স্পীডবোটের কাঠের দেহটাকে হাপরের মতে পিটাচ্ছিল। ভয় হলো ওর দেহটা না টুকরো টুকরো হয়ে যায়।

ঢেউয়ের বুক চিরে ক্ষুদে দৈত্যের মতো স্পীডবোটটা আমাদের নিয়ে দ্রুতগতিতে ছুটে চললো গন্তব্যস্থানের দিকে। মুখ ঘুরাতেই সামনে দেখতে পেলাম নদীর তীর বরাবর ভারতীয় সীমান্তে বেশ বড় বড় কতকগুলো বাড়ি। উপর দিকটা লাল, এমন কতকগুলো সেনানিবাস এই বাড়িগুলো চারদিক দিয়ে ঘিরে রেখেছে। বহু আকাংক্ষিত স্থানে নিরাপদে পৌঁছাতে পেরে স্বস্তির নিঃশ্বাস ছাড়লাম। নতুন করে ইস্পাত কঠিন সংকল্প ও শক্তি সঞ্চয়

করলাম। ওই দিনই অস্ত্রশস্ত্র নিয়ে ফিরে পাকিস্তানী পশুগুলোর উপর বর্বরতার সমুচিত জবাব দেবার জন্য মনটা আমার কঠিন হয়ে উঠলো। হাজার হাজার মুক্তিযোদ্ধা আমার নিরাপদ প্রত্যাবর্তনের জন্য অধীর আগ্রহে প্রতীক্ষা করছিল। যাতে করে সাড়ে সাত কোটি অগ্নিদগ্ধ আত্মার শান্তির জন্য হিংস্র জানোয়ারদের উপর চরম আঘাত হানা যায়।

আমরা হিংগুলগঞ্জে নামলাম এবং সীমান্ত নিরাপত্তা বাহিনীর অধিনায়ক ক্যাপ্টেন পান্ডের অফিসে হেঁটে গেলাম। তিনি তাঁর অফিসে আমাদের স্বাগত জানাবার জন্য প্রতীক্ষা করছিলেন। ক্যাপ্টেন পান্ডে সুঠামদেহী, সুন্দর ও বেশ লম্বা। অত্যন্ত আন্তরিকতার সাথে স্বাগত জানালেন। আমি যা আশা করেছিলাম তার চাইতে বেশী।

এক কাপ গরম কফির পর আমাকে আবার এখনই ছুটতে হবে প্রথমে হাসনাবাদ, পরে ব্যারাকপুর। প্রথম ব্যাটালিয়নের অধিনায়ক মিঃ মুখার্জী সেখানে আমাদের জন্য অপেক্ষায় ছিলেন। ১৯৭৪ সালের দেশ ভাগের সময় ক্যাপ্টেন পান্ডে শরণার্থী হয়ে ভারত চলে আসেন। আমাকে স্বাগত জানাতে পেরে তিনি খুব আনন্দবোধ করলেন। তার চোখের কোণে আশা ও প্রত্যয়ের ছাপ দেখলাম।

আমাদের অনেক রাস্তা যেতে হবে। সুতরাং সময় নষ্ট না করে ওদের সেনাবাহিনীর পাহারায় আমরা তিনচাকার একটা গাড়ীতে চেপে পড়লাম। এই গাড়ীটির বন্দোবস্ত করেছিলেন মিঃ পান্ডে। তিনি হাসনাবাদে আমাদের আগমন বার্তা অনেক আগেই জানিয়ে দিয়েছিলেন। সহকারী অধিনায়ক ক্যাপ্টেন বিশ্রাম সিং সেখানে আমাদের জন্য অপেক্ষায় ছিলেন।

হিংগুলগঞ্জ থেকে হাসনাবাদের দূরত্ব ১২ মাইল। কিন্তু মাঝপথে আমাদের দুটো খেয়া পার হতে হবে। এই তিনচাকা গাড়ীটা দেখতে বেশ অদ্ভুত লাগে। এটার নাম টেম্পো।

বেশ কষ্টকর ভ্রমণের পর আমরা হাসনাবাদ পৌঁছে গেলাম। গণপরিষদ সদস্য মিঃ নূরুল ইসলাম মঞ্জুর কাছ থেকে ক্যাপ্টেন বিশ্রাম সিং আমার সম্বন্ধে অনেক কথা আগেই শুনেছেন। মিঃ মঞ্জুর সাথে আগে থেকেই এদের জানাশুনা হয়েছিল। ক্যাপ্টেন সিং কোমল হৃদয়ের অধিকারী, সুন্দর ব্যক্তিত্বসপন্ন মানুষ। আমাদের সবার কাছেই খুব প্রাণখোলা মনে হলো। সামনে এসে মিসেস সিংও আমাদের খোশ আমদেদ জানালেন। এই ভদ্রমহিলা আর এক মধুর ব্যক্তিত্ব। দীর্ঘাংগী, সুন্দরী। তারা আমাদের সাথে অতি পরিচিত বন্ধুর মত ব্যবহার করলেন। বেশ কয়েক রকম সুস্বাদু খাবার খাওয়ার পর আমরা ব্যারাকপুর যাত্রা করলাম। এখান থেকে ব্যরারাকপুর প্রায় সত্তর মাইল সামনে। এবার স্বয়ং ক্যাপ্টেন ক্যাপ্টেন বিশ্রাম সিং-এর পাহারায় রওনা হলাম। হঠাৎ করে ঝড় ও অবিরাম বর্ষণ শুরু হলো। কিন্তু সামরিক গাড়ীগুলোর আশ্রয় পেয়ে কতটা নিরাপদ হলাম। দীর্ঘ দু'ঘন্টা ভ্রমণের পর গাড়ীটা একটা দালানের কাছে থামলো। ওর গায়ে লেখা ছিল 'অফিসার মেস', ৭২নং বিএসএফ (বর্ডার সিকিউরিটি ফোর্সে)। এটাই আমাদের সামরিক গন্তব্য স্থান। বৃষ্টি থেমে গিয়ে আকাশে তারাগুলো উঁকি মারলো। বাইরে কিছুক্ষণ কাটানোর পর আমাদের নিয়ে যাওয়া হলো ওদের অফিসার মেসে। আমাদের ৭২ নং বিএসএফ অফিসার মেসে। পথের ক্লান্তিতে বিশ্রাম নিতে ইচ্ছা করলাম। সুতরাং শিগগিরই পানীয় এলো। সঙ্গে সঙ্গে উল্লাসের ধ্বনি ছড়িয়ে এক ঝলক হাসি মুখে নিয়ে উপস্থিত হলেন একজন নতুন যুবক। ইনি হচ্ছেন ক্যাপ্টেন সরকার। ভাই ও বন্ধুর চেয়েও বেশী অমায়িক ব্যবহার পেয়েছিলাম এই ভদ্রলোক ও তার স্ত্রীর কাছ থেকে। পরে আমরা আত্মীয়র চাইতে বেশী আপন হয়েছিলাম। এই ৭২ বিএসএফ বাহিনীর এডজুট্যান্ট ছিলেন তিনি। মিত্রবাহিনীর বন্ধুদের উল্লাসের ধ্বনিতে আমি স্বস্তি অনুভব করতে লাগলাম। বাস্তবিক পক্ষে আমরা খুব সুখে ছিলাম। এই সময় অধিনায়ক মিঃ মুখার্জী এসে পৌঁছালেন। অধিনায়কের সাথে আমার পরিচয় করিয়ে দেয়া হলো। বয়সী লোক। ধূসর চুল, মুখাবয়বে অভিজ্ঞতার ছাপ। আমরা খুব আস্তে আস্তে কথা বললাম।

ভেতরটা তার বড্ড নরম, বড্ড কোমল। পরবর্তি পর্যায়ে মুক্তিযুদ্ধে যে সফলতা এসেছে সেটা সম্ভব হয়েছিল তার সুষ্ঠ নির্দেশনা ও ব্যক্তিত্বের জন্য। তাকে ভুলব না।

সুন্দরবনে প্রেতাত্মা

কোন কোন লোকের কতকগুলো চারিত্রিক বৈশিষ্ট্য আছে। যেমন আমি দেখেছি যখনই তারা তাদের ইপ্সিত কোন কিছু সমাধা করতে ব্যর্থ হয়েছে, তখনই বশ্যতা স্বীকার বা মাথা নোয়াবার পরিবর্তে ওই কাজটাকে সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য দ্বিগুন উৎসাহে বার বার চেষ্টা করেছে। নিরাশ হয়নি বা আশা ছেড়ে দেয়নি। এইসব লোকদের আমি ঈর্ষা করতাম, তাদের পদাংক অনুসরণ করার জন্য স্থিরপ্রতিজ্ঞ হতাম। একবার দৃঢ় আত্মপ্রত্যায়ে বলীয়ান হলে পরাজয়ের গ্লানিটুকু অকিঞ্চিতকর মনে হয়। বাংলাদেশের সীমান্ত অতিক্রম করে যখন আমি ভারতে আসি, তখন মুক্তিসংগ্রাম চলাকালে এ রকম একটা অবস্থার সম্মুখীন হয়েছিলাম। শেষবারের মতো আমি ৭২নং ভারতীয় নিরাপত্তা বাহিনীর অধিনায়ক মিঃ মুখার্জীর বাসভবনে থামলাম। অস্ত্রশস্ত্র যোগাতে তিনি আমাকে যথেষ্ট সাহায্য করেছিলেন। শৈভোজের পর তিনি আমাদের গাড়ীতে করে কোলকাতায় নিয়ে গিয়ে তাঁর উর্ধ্বতন কর্মকর্তা নিরাপত্তা বাহিনীর ডেপুটি ইন্সপেক্টর জেনারেল মিঃ মজুমদারের সাথে পরিচয় করিয়ে দিয়ে তাঁকে জানালেন যে, অধিনায়ক হিসেবে মুক্তি সংগ্রামে অংশগ্রহণ করে দেশের জন্য আমি অনেক কাজ করতে পারবো। আমার কি কি অস্ত্রশস্ত্র প্রয়োজন মিঃ মজুমদারকে জানালাম। তিনি বেশ ধৈর্যের সাথে কথাগুলো শুনে আমাকে আশ্বাস দিয়ে ভদ্রভাবে বললেন যে, তার সামর্থ্যমত প্রয়োজনীয় অস্ত্রশস্ত্র যুগিয়ে দিতে চেষ্টার ত্রুটি করবেন না। মিঃ মজুমদারের ব্যবহারে মুগ্ধ হলাম। বেশী আশ্চর্য হলাম তার সুন্দর ভদ্রতাবোধ দেখে এবং আশ্বাস বাণী শুনে।

ওই দিনই সন্ধ্যায় কোলকাতার আসাম হাউজে নিরাপত্তা বাহিনীর সর্বাধিনায়ক মিঃ রুস্তমজীর সাথে সাক্ষাৎ করতে হলো। মিঃ মুখার্জীকে নিয়ে তাঁর সাথে দেখা করলাম। আমার প্রতি যে আন্তরিকতা ও ভদ্রতা দেখিয়ে তিনি আমাকে সাদরে গ্রহন করেছিলেন তাতে সত্যিই মুগ্ধ হয়েছিলাম। বেশ আকর্ষণীয় চেহারার অধিকারী সিনিয়র অফিসার। তার সাথে কথাবার্তায় আমার দৃঢ় বিশ্বাস হলো যে, বেশ অল্পদিনের ভেতরেই আমরা অস্ত্রশস্ত্র পেয়ে যাব। অস্ত্র যোগাড় করাটাই আমার আসল উদ্দেশ্য। আমার চলাফেরার সময় মিঃ মুখার্জী ও তার অফিসের কর্মচারীরা আমাকে যথেষ্ট সাহায্য করেছিলেন। তাদের ব্যবহার অত্যন্ত অমায়িক ও বন্ধুসুলভ।

১৯৭১ সালের ২৪শে এপ্রিল মিঃ মুখার্জির গাড়ীতে করে আমাকে মেজর উসমানের কাছে নিয়ে গেলেন। তিনি মুক্তিসংগ্রামের আর একজন অধিনায়ক। পাক দখলদার বাহিনীর সাথে তাঁর ক্ষুদ্র শক্তি নিয়ে পর পর কয়েকটা যুদ্ধ করে উত্তর বাংলার পট্রাপোলে তিনি ঘাঁটি গেড়েছেন। মেজর উসমান পাক আমলে ইপিআর-এ চাকরি করতেন। তিনি অনেক হালকা অস্ত্রশস্ত্র যোগাড় করে রেখেছিলেন তার ঘাঁটিতে। প্রচুর অস্ত্রশস্ত্র জমা দেখে আমার লোভ হলো। কারণ, পৃথিবীর যে কোন জিনিসের চাইতে এই প্রয়োজনের সময় যুদ্ধক্ষেত্রে একজন সৈনিকের কাছে একটি মাত্র রাইফেল সবচেয়ে বেশী মূল্যবান। কেননা, অস্ত্র ছাড়া একজন সৈনিকের গর্ব ভূলুণ্ঠিত হতে বাধ্য। যাহোক অনেক কষ্টে অনেক বলা-কওয়ার পর মেজর উসমানকে বুঝতে সক্ষম হলাম যে আমিও তাঁর মত দেশের জন্য যুদ্ধ করতে যাচ্ছি। কিছুটা অনিচ্ছা সত্ত্বেও মেজর উসমান রাজী হলেন। অন্ধকারের ভিতর আশার আলো দেখতে পেলাম। সমস্ত কৃতিত্বই অধিনায়ক মিঃ মুখার্জীর। তিনি নিজে মেজর উসমানকে ব্যাপারটা গুরুত্ব বুঝিয়ে রাজী করিয়েছিলেন। সুতরাং এক ট্রাক বোঝাই হালকা অস্ত্রপাতি ও সরঞ্জাম নিয়ে আমি হাসনাবাদ ফিরে এলাম। এখানে এগুলো লঞ্চে বোঝাই করার বন্দোবস্ত করতে হবে। মেজর উসমানের সাথে আলাপ-আলোচনার সময় আমার সহকারী ক্যাপ্টেন হুদা বেশ ধৈর্য ও বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছেল। তার উপরে প্রশাসনিক দায়িত্ব ছেড়ে দিয়ে আমি মিঃ মুখার্জীর সাথে ফোর্ট উইলিয়াম ও পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দপ্তরে রওয়ানা হয়ে গেলাম।

প্রথমে ইস্টার্ন কমান্ডের ইনটেলিজেন্স অফিসার কর্নেল খেরার সঙ্গে সাক্ষাৎ করলাম। তিনি আমাকে অনেক প্রশ্ন করলেনঃ পাকিস্তান সামরিক বাহিনীতে থাকাকালীন আমি কোথায় কোথায় ছিলাম। কি কি করেছি ইত্যাদি। তিনি যা প্রশ্ন করলেন সবগুলোরই উত্তর দিতে হলো আমাকে। একটা লোক তাঁর কানে কানে কি বলতেই আমাকে পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দপ্তরে নিয়ে যাওয়া হলো। সেখানে পূর্বাঞ্চলীয় কমান্ডের সর্বাধিনায়ক লেঃ জেনারেল জগজিৎ সিং অরোরার সাক্ষাৎ পেলাম। তাঁর স্মিত হাসি ও আন্তরিক ভদ্রতা আমাদের ভেতর 'পদের' বাধা মুছে ফেললো। আমার মনে ভরসা এলো। তাই কোন সংশয় না করে বা কোন কথা গোপন না করে তার কাছে মনের কথা সব কিছু খুলে বললাম। এর ফলে আমার উদ্দেশ্য পুরোপুরি সফল হলো। একটা মানচিত্র তুলে ধরে বাংলাদেশের কোথায় আমার গেরিলা ঘাঁটি আছে তাঁকে দেখালাম। দেখে মৃদু হাসলেন এবং বললেন, খুব ভাল। সাথে কর্নেল খেরাকে নির্দেশ দিলেন আমাকে প্রয়োজনীয় সব রকম সাহায্য করতে। এখানে কর্নেল খেরার সাথে আমাকে পুরো তিনটা দিন থাকতে হয়। সামরিক বাহিনীতে অন্যান্য গোয়েন্দা অফিসারের মত তাঁর অনুসন্ধিৎসু মনটা আমার সম্বন্ধে খুব উৎসুক হয়ে উঠলো। বিশেষ গোয়েন্দা বিভাগের লোক হিসেবে খুব সতর্কতার সাথে কথা বললেন, নানা রকম প্রশ্ন করে নিশ্চিত হতে চাইলেন যে, আমি সত্যিকারের মুক্তিযোদ্ধা কিনা। আমার পরিকল্পিত কাজের বিলম্ব হওয়াতে এই কয়টা দিন আমি ভয়ানক অস্থিরতার ভেতর কটিয়েছিলাম। যাহোক, আমর বিরক্তি সত্ত্বেও তাঁর ধৈর্য, বুদ্ধিমত্তা ও দেশের জন্য নিরাপত্তা বোধের আন্তরিক প্রশংসা না করে পারছি না। এখানেই তার কাছে প্রথম শুনলাম, ২৫শে এপ্রিল পাকিস্তানী দস্যুদের হাতে বরিশাল-ফরিদপুরের পতন হয়েছে। হতাশায় মনটা ভেঙ্গে পড়লো। এই জিলাগুলিকে রক্ষা করার পূর্ব পরিকল্পনা আমার সাময়িকভাবে ব্যাহত হওয়া সত্ত্বেও কঠিন সংকল্প নিলাম যে, যেভাবেই হোক এইসব অস্ত্রশস্ত্র নিয়ে বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করতেই হবে। অস্ত্র তুলে দিতে হবে মুক্তিসংগ্রামীদের হাতে। আমার আশায় অধীর আগ্রহে অপেক্ষা করছে ওরা। আমার বিলম্ব হবার আরও একটা কারণ হলোঃ সীমান্ত নিরাপত্তা বাহিনীর ঊর্ধ্বতন কতৃপক্ষের কাছ থেকে খবর পেয়েছিলাম যে, কর্নেল এম এ জি ওসমানী যেভাবেই হোক আমার সাথে কোলকাতায় সাক্ষাৎ করতে চান।

৫ই মে পর্যন্ত আমি তাঁর অপেক্ষায় ছিলাম। কিন্তু তাঁর ফিরে আসার কোন লক্ষণই দেখলাম না। কেউ বলতে পারলো না কখন তিনি ফিরে আসবেন। তিনি তখন সীমান্তবর্তী অন্যান্য সেক্টর কমাণ্ডারদের সাথে যোগাযোগ করার জন্য কঠোর চেষ্টা করছিলেন। এই বিলম্বে ভয়ানক চিন্তান্বিত হয়ে স্থির করলাম আরদ্ধ কাজ সমাধা করার জন্য আমাকে এখনই রওয়ানা হয়ে যেতে হবে। ঠিক এই সময় মিঃ নূরুল ইসলাম মঞ্জু, লেঃ নাসের ও ক্যাপ্টেন হুদা পরিবার-পরিজন নিয়ে হাসনাবাদে পৌছলো। বরিশালের পতন হওয়াতে তারা চলে এসেছে।

ক্যাপ্টেন হুদাকে নির্দেশ দিলাম যে, যখন আমি বাংলাদেশের অভ্যন্তরে থাকবো, তখন যেন বাহকেরমাধ্যমে আমার সঙ্গে যোগাযোগ করা হয়। পরিস্থিতি অনুকূল মনে হলে সরবরাহ ব্যবস্থা যেন অব্যাহত রাখে। আমাদের ক্যাম্পের দিকেও লক্ষ্য রাখতে বললাম। এই ক্যাম্পে মিঃ মঞ্জু, লেঃ নাসের ও ক্যাপ্টেন হুদার পরিবার-পরিজনও থাকতো।

সবাই মিলে মোট চল্লিশজন লোক দুটো লঞ্চে করে যাত্রা করলাম। আমাদের ভেতর চারজন নিয়মিত সেনাবাহিনীর লোক ছিল। বাকী সব ছাত্র। আমাদের গন্তব্যস্থানের রাস্তাঘাট আমার নিজেরও জানা ছিল না। লঞ্চে এরকম একটা দুঃসাহসিক যাত্রায় মোটেই ভরসা পাচ্ছিলাম না। যে কোন সময় বিপর্যয় আসতে পারে। যেহেতু যাওয়ার পথে শত্রুরা চারদিকে ওঁৎ পেতে বসেছিল, আমরা সবাই লঞ্চের পাইলটের উপর নির্ভর করলাম। পাইলটরা তাদের অনেক বছরে অভিজ্ঞতার বড়াই করে আশ্বাস দিল যে, তারা আমাদের নিরাপদে পৌছে দেবে। ওদের দুঃসাহসিক কথাবার্তা ও আত্মবিশ্বাসের জোর দেখে স্বভাবতই আমি আদেশ করা থেকে বিরত রইলাম, যেহেতু যাওয়ার প্রকৃত রাস্তাঘাট সম্বন্ধে আমি সম্পূর্ণ অপরিচিত। রাস্তা সম্পর্কে আমার ম্যাপ দেখা অস্পষ্ট ধারণা ছিল মাত্র। তৎসত্ত্বেও একটা সংক্ষিপ্ত 'অপারেশন প্ল্যান' তৈরী' করলাম। প্রাথমিক পর্যায়ে

বুঝিয়ে বললাম কিভাবে দুটো লঞ্চে অস্ত্রশস্ত্র ভাগাভাগি করে নিতে হবে এবং শত্রুর সাক্ষাৎ পেলে নাগরিকরা কি করবে।

যাত্র শুরু করার হুকুম দিলাম। একটা লঞ্চে মিঃ মঞ্জু, লেঃ নাসের এবং আরও কয়েকজন লোক আগে আগে চললো। আমার লঞ্চটা আগেরটার পিছু পিছু রওয়ানা হলো। কারণ, আমার লঞ্চে প্রয়োজনীয় জিনিসপত্র ও অনেক অস্ত্রশস্ত্র বোঝাই ছিল। সামনের লঞ্চটায় মিঃ মঞ্জু ও লেঃ নাসেরকে অধিনায়কের দায়িত্ব পালন করার ভারদিলাম। পথের নিরাপত্তা সম্বন্ধে তাঁরা দু'জনেই বেশ আশ্বস্ত ছিলেন। কারণ মাত্র দু'দিন আগেই তাঁরা এই পথে হাসনাবাদ এসেছেন। ভারতের সীমান্ত নিরাপত্তা বাহিনীর পেট্রোল বোট 'চিত্রাঙ্গদা' আমাদেরকে শামশেরনগর পর্যন্ত এগিয়ে দিয়ে গেল। এখান থেকেই আমরা যাত্রা শুরু করবো। শামশেরনগর ভারতের শেষ সীমান্ত ঘাঁটি। রাত ৯টা। শুরু হলো যাত্রা। আশা-নিরাশার দোদুল দোলায় সারা দেহ-মনে চাপা উত্তেজনা। যাত্রার লগ্নে দূরে বহু দূরে দেখতে পেলাম গুঁড়ি গুঁড়ি বৃষ্টি ছাড়াও রাত্রের গুমোট অন্ধকার। গত কয়েক দিনের ক্লান্তিতে আমার চোখ দুটো জড়িয়ে এলো। ঘুম পেল আমার। ইঞ্জিনের কর্কশ শব্দের মাঝেও আমি গভীর ঘুমে গা এলিয়েদিলাম। হঠাৎ একটা ধাক্কা খেয়ে ঘুম থেকে লাফিয়ে উঠে দেখি কে যেন চাপা গলায় ডাকছেঃ 'গানবোট, গানবোট স্যার'।

হ্যাঁ, সত্যিই তো গানবেট। ভূত দেখার মত উপরতলার ক্যাবিন থেকে ঝড়ের বেগে চীনা 'কার্বাইন'টা' হাতে নিয়ে বেরিয়ে এলাম। ইঞ্জিন কক্ষে ঢোকা মাত্রই দু'দিক থেকে প্রচণ্ড সার্চলাইটের আলো আর মেশিনগানের গুলি আসতে লাগলো। ভেতরটা আমার অসম্ভব রকমের ঝাঁকুনি দিয়ে উঠলো। বুঝতে পারলাম, পাকিস্তানী গানবোট ওঁৎ পেতে আমাদের ঘিরে ফেলেছে। রাতটা ভয়ানক বিক্ষুব্ধ। ঝড়ের দাপাদাপি। তার উপর চারদিক সূচীভেদ্য অন্ধকার আর মেশিনগানের অবিরাম গুলিবর্ষণ। সার্চলাইট দিয়ে এই বৃষ্টির মধ্যে হানাদাররা তন্নতন্ন করে আমাদেরকে খোঁজ করতে লাগলো। একটা গুলি এসে লঞ্চের পিছন দিকটায় আঘাত করলো। শত্রুপক্ষকে বিভ্রান্ত করার জন্য আমার সাথের চার জন্য সৈনিক সিদ্দিক, হাবিলদার জববার মোখছেদ ও ইউসুফকে প্রথমে রাইফেলের গুলি করতে বললাম। যেন শত্রুপক্ষ মনে করে আমাদের শক্তি খুব কম। আশ্চর্যজনকভাবে আমার এই পরিকল্পনাটা কাজে এলো। দেখতে পেলাম আমাদের বাঁ দিকের গানবোটটা পুরো সার্চলাইট জ্বালিয়ে বৃষ্টি ও বিক্ষিপ্ত ঢেউগুলোর ভেতর দিয়ে এগিয়ে আসছে। আমাদের লঞ্চটার পিছন দিকটায় আরও কয়েকটি গুলি এসে লাগলো। বাইরে প্রবল বৃষ্টিপাত ও বাতাসের শোঁ শোঁ শব্দে গুলির আওয়াজ অস্পষ্টভাবে আসছিল। সার্চলাইটের আলোকিত পথটুকুই শুধু চোখে পড়লো। পৃথিবীর আর সব কিছুই দৃষ্টির বাইরে। কোন পথই খুঁজে পাচ্ছিলাম না। সমস্ত ব্যাপারটা এলোমেলো হওয়া সত্ত্বেও অল্প সময়ের ভেতর পাল্টা আক্রমণ করার প্রস্তুতি নিলাম। ইতিমধ্যে যে গানবোট আমাদের দিকে এগিয়ে আসছিল। সেটা প্রায় লঞ্চের কাছাকাছি এসে গেল। বলতে ভুলে গিয়েছি যে, আমাদের লঞ্চটা স্থির হয়ে দাঁড়িয়ে ছিল। কিন্তু এটা নদীর তীরে, না মাঝখানে অন্ধকারে ঠিক বুঝে উঠতে পারলাম না।

দু'জনকে মেশিনগান, দু'জনকে 'এনারগা গ্রেনেড' সজ্জিত রাইফেল দিয়ে বাম দিকে বসিয়ে দিলাম। আমি নিজে একটা মেশিনগান ডানদিকের গানবোটটাকে লক্ষ্য করে প্রস্তুত হয়ে রইলাম। নির্দেশ দেয়ার সাথে সাথেই চারজনে ওই গানবোটটাকে লক্ষ্য করে প্রচণ্ডভাবে গোলাবর্ষণ শুরু করলো। এই সময় গানবোটটা আমাদের বেশ আওতার মধ্যে এসে গিয়েছিল। এই অতর্কিত আক্রমণে শত্রুরা ভয়ানক ঘাবড়ে গেল এবং ওদের প্রচুর ক্ষয়ক্ষতি হলো। ওদের হৈ চৈ শুরু হলে এব গানবোট থেকে বিরাট একটা আগুনের গোলা ছিটকে পড়লে বুঝতে পারলাম, আমাদের নিক্ষিপ্ত রকেট ঠিক জায়গায় আঘাত করেছে। বামদিকের গানবোটটাকে চিরদিনের জন্য নিস্তব্ধ করে দিয়ে ডানদিকের গানবোটটাকে আক্রমণের উদ্দেশ্য ঘুরে বসলাম। কিন্তু ওটা বিপদের আশংকা করে মেশিনগানের আওতার বাইরে পালিয়ে গেল। যাহোক, শত্রুপক্ষকে ভীতসন্ত্রস্ত রাখার জন্য গুলিবর্ষণ অব্যাহত রইলো। এই সুযোগ অন্য দু'জন লোককে আমাদের আগের লঞ্চটার খোঁজ নিতে বললাম। কিন্তু মনটা

ভীষনভাবে দমে গেল যখন দেখলাম আগের লঞ্চটা ঠিক আমাদের বামদিকে চড়ার উপর বিধ্বস্ত অবস্থায় পড়ে আছে এবং ওর ভেতরের লোকজন আগেই পালিয়ে গিয়েছে।

সাথের বেশীর ভাগ লোকজন পালিয়ে গিয়েছে দেখে মনটা ভয়ানক দুর্বল হয়ে পড়লো। এমন সময় পালিয়ে গেল যখন তাদের প্রয়োজন ছিল সবচেয়ে বেশী। অযথা চিন্তায় সময় নষ্ট না করে আমাদের সাথের চারজনের প্রত্যেককে এক-একটা ডাল, আমরা তীরের কাছাকাছি ছিলাম। অনিশ্চয়তা, নিরাশা ও ভয়ের আশংকা। আমরা তাড়াতাড়ি লঞ্চ থেকে লাফিয়ে পড়লাম। পায়ের নিচে আঠালো কাদা। কোমর পরিমাণ জলের ভেতর দিয়ে অনেক কষ্টে নদীর তীরে পৌছালাম। তীরটা আমার কাছে উঁচু বাঁধের মত লাগলো। নদী থেকে অনেক উঁচুতে বাঁধের উপর তাড়াতাড়ী ঘাঁটি গেড়ে বসলাম। সামনে থেকে যত আক্রমণই করা হোক না কেন আমরা এখানে পুরোপুরি নিরাপদ। স্বস্তির নিঃশ্বাস ফেললাম। অচেনা, অজানা পথ। জীবনে কোনদিন এখানে আসিনি। এসব চিন্তা করে নিজেকে বড় অসহায় মনে হলো। শত্রুর উপস্থিতি, ঝড়ের বিলাপ, কুচকুচে কালো আঁধার-সব মিলে রাতটাকে একটা প্রেতাত্মার ছায়ার মত মনে হলো। হঠাৎ দেখতে পেলাম বাঁধের পিছন দিকে মানুষের একটা অস্পষ্ট ছায়া মুখ থুবড়ে পড়ে আছে। শংকিত পদে ভয়ে ভয়ে কাছে গিয়ে দেখলাম একটা লোক পালাবার জন্য প্রানপণ চেষ্টা করছে। এত ভীত যে মনে হলো পৃথিবীটা খুঁড়ে তার ভেতরে গিয়ে লুকাবে। মৃদুভাবে তাকে স্পর্শ করতেই এমন জোরে চিৎকার করতেই জোরে চিৎকার শুরু করলো যে, ভয়ে আমার শরীর কাঁপতে লাগলো। তাকে সান্ত্বনা দেয়া সত্ত্বেও সে এমন বিলাপ করে চিৎকার আরম্ভ করলো যে, উপর দিকে একবার চাইবারও সাহস পেল না। গরীব বেচারা। প্রায় বিকারগ্রস্ত। অনেক চেষ্টার পর সে শান্ত হলো। এই লোকটা হচ্ছে সেইসব পাইলটদের একজন যারা লম্বা লম্বা গালভরা কথা বলেছিল। অবশ্য তার কোন দোষ নেই। কারণ সে কোনদিন গুলির শব্দ শোনেনি। যাহোক এই লোকটা আমার অনেক উপকার এ্যলো। আমি কোন জায়গায় আছি এটা সে নির্ভুলভাবে বলে দিল। এসব ব্যাপার এই ক্ষুদে 'সাহসী' লোকটির স্মৃতিশক্তির বেশ জোর আছে। এই জায়গাটার নাম 'গাবুরা'। জায়গাটার পরিবেশ ও অবস্থানের কথা চিন্তা করে সংশয় জাগলো যে, ভোর হওয়া পর্যন্ত যদি আমরা এখানে থাকি তাহলে শত্রুপক্ষ হয়তো বা আমাদের মত লোভনীয় বস্তুগুলোর উপর হাওয়াই হামলা চালিয়ে ওদের করেই বসে তাহলে কিছুতেই রুখতে পারবো না। এই অত্যাসন্ন মৃত্যুর হাত থেকে রক্ষা পাবার একমাত্র উপায় হচ্ছে, কোন রকমে 'ক্রলিং' করে গ্রামের অভ্যন্তরে চলে যাওয়া।

আমাদের পিছন দিকে এই গ্রামগুলো প্রায় এক মাইল দূরে। ইতিমধ্যে শত্রুপক্ষের গানবোটটা অনেক দূরে পিছিয়ে গিয়ে বাঁধের উপর আমাদের অবস্থান ও নদীর তীরে পরিত্যক্ত লঞ্চ দুটোকে লক্ষ্য করে ভীষণভাবে মেশিনগান ও রকেটের গোলাবর্ষণ শুরু করলো। ওদের অবিরাম গোলাবর্ষণে আমাদের দুটো লঞ্চেই আগুন ধরে গেল। বর্তমান অবস্থানে থাকাটা অযৌক্তিক ভেবে আমরা ক্রলিং করে কোন রকমে বাঁধের নিচের দিকে চলে গেলাম আর খোদাকে স্মরণ করতে লাগলাম। কারণ এ দুঃসময়ে এক খোদা ছাড়া আর কেউ শত্রুর হাত থেকে আমাদের বাঁচাতে পারবে না। কারণ আমাদের কাছে পর্যাপ্ত গোলাবারুদ ছিল না। ঠিক এই সময় আমার সঙ্গের চারজন সৈনিক এদিক-ওদিক সরে পড়লো। সম্ভবত তারা গ্রামের দিকে পালিয়ে যাচ্ছিল। পাইলট ছাড়া আর কাউকে আমার চারপাশে দেখলাম না। মেশিনগানের গর্জন আর রকেটের প্রচণ্ড আওয়াজ শুনে পাইলট আধমরার মতো আমার কাছে পড়ে রইল। গোলার ভয়ংকর আগুন আমাদের লঞ্চ দুটোকে নির্দয়ভাবে গ্রাস করলো। পরাজিত মন ও ক্লান্ত দেহটা বাঁধের পিছন দিকে এলিয়ে দিয়ে হতাশার গ্লানি নিয়ে চেয়ে রইলাম লেলিহান বহ্নিশিখার দিকে। গোলার প্রচণ্ড শব্দ, রকেট বিস্ফোরণের বিকট আওয়াজ। উৎকট গন্ধে ভরপুর সমস্ত আকাশটা ধোঁয়ায় আচ্ছন্ন- পরাজয়ের কালিমায় কিছুটা মলিন। পূর্ব দিকটা সামান্য হালকা হতেই পাইলটকে টেনে নিয়ে কোন রকমে গ্রামের ভেতরে ঢুকে সাহস করে সেখানে এক হাজী সাহেবের বাড়িতে আশ্রয় নিলাম। আমাদের প্রতি সহৃদয় হবার জন্য ইঙ্গিতে তাকে অনুরোধ জানালাম। যখন তাকে খোদার চাইতেও জেনারেল ইয়াহিয়ার উপর বেশী অনুগত দেখলাম তখন যুগপৎ ভয় ও বিস্ময়ে মনটা বিচলিত হলো। গ্রামের অধিকাংশ লোককেই

দেখলাম বর্বর ইয়াহিয়ার প্রতি অনুগত ও ভক্ত। আমাদের প্রতি ভয়ানক বিরূপ মনোভাবাপন্ন মনে হলো। প্রকৃতপক্ষে এখানকার স্থানীয় লোকজনই আমাদের সাথের লেঃ নাসের, গণপরিষদ সদস্য মিঃ মহিউদ্দিন ও আরো ছাবিবশজন লোককে ধরে তাদের উপর অকথ্য অত্যাচার চালায় এবং সর্বস্ব কেড়ে নিয়ে পাকিস্তান সামরিক বাহিনীর হাতে তুলে দেয়। আমিও এই রকম একটা গন্ধ পেলাম যে হাজী সাহেব আমাদেরকে পাকিস্তানী হানাদারদের হাতে তুলে দেবার জন্য গোপনে প্রস্তুতি নিচ্ছে। আমাদের চারদিকে অনেক লোকের ভীর। তারা আমাদেরকে উৎসুক দৃষ্টিতে দেখছে। আমরা দু'টি যেন অদ্ভুত জীব। আমাদের এরকম দুরবস্থা দেখে ওদের মধ্যে কেউ কেউ দুঃখও প্রকাশ করলো। এ অবস্থা দেখে হাজী সাহেবেরও বোধ হয় দয়া হলো। তিনি আমাদের কিছু ভাত ও মধু দিলেন। এটা সুন্দর বনাঞ্চলের লোকদের একটা বিশেষ খাদ্য। খাবার দেখা মাত্র আমার চোখ দুটো বড় হতে লাগলো। কেননা আমি ও আমার সঙ্গের পাইলট উভয়েই ভয়ানক ক্ষুধার্ত ও ক্লান্ত ছিলাম। গত রাতের ভয়ংকর পরিবেশ আমি ওর সাথে বড্ড একাত্ম ও আপন হয়ে গিয়েছিলাম। যখনই এই অনির্ধারিত খাবার শেষ করে ফেলেছি, ঠিক সেই সময় হাজী সাহেব হাতে করে রাইফেলের 'ছেরেফ' একটা 'বোল্ট' নিয়ে হাজির হলেন এবং জিজ্ঞেস করলেন যে, এটা কি? কেননা তার ধারণা ছিলো এটা কোন কাজে আসে না। তার চোখের কোণে ভীতির চিহ্ন।

এই দালাল শিরোমণিকে নিয়ে কিছু মজা করবো স্থির করলাম। তার হাতে বোল্টটা দেখেই ভীতিজড়িত কণ্ঠে চিৎকার দিয়ে উঠলাম এবং হাজী সাহেবকে বললাম যে, তাঁর হাতের জিনিসটা খুব মারাত্মক ডিনামইট। মাটিতে যেন কোনরকমে না পড়ে তাহলে সবাই মারা যাবে। শুনে হাজী সাহেব ভয়ে ফ্যাকাশে হয়ে গেলেন। এইবার হাজী সাহেবকে হাতের মুঠোয় পেলাম। আমার কথায় তার কাঁপন শুরু হলো। তার চক্ষু স্থির, রক্তহীনের মত বিবর্ণ। আপাদমস্তক ভয়ে কাঁপতে লাগলো। আমার হুঁশিয়ারী স্মরণ করে তিনি বোল্টটাকে ছুঁড়ে ফেলে দেওয়ার মত সৎ সাহসও দেখাতে পারছিলেন না। তাঁর শোচনীয় অবস্থা দেখে আমি বললাম যে, ডিনামাইডটের হাত থেকে রক্ষা পাবার একমাত্র উপায় হচ্ছে, ওটাকে পানির মধ্যে ফেলে দেয়া। সবচেয়ে মজার ব্যাপার হলো আমার কথা খুব আস্তে আস্তে আঙ্গুল টিপে টিপে বোল্টটার দিকে অপলক দৃষ্টি মেলে হাজী সাহেব পুকুরের দিকে রওনা হলেন। এই দুরবস্থার মধ্যেও আমার ভয়ানক হাসি পেল। যখনই এই মজার ব্যাপারটা ঘটছিল তখন হঠাৎ গানবোট থেকে হাজী সাহেবের বাড়ির দিকে আবার গোলাবর্ষন শুরু হলো। হাজী সাহেবের বাড়ীটা বড় একটা দালান। বহু দূর থেকে দেখা যায়। এই আকস্মিক ঘটনায় গ্রামের লোকজন যে যেদিকে পারল ছিটকে পড়লো। এটা আমাদের পালানোর জন্য আশীর্বাদস্বরুপ দেখা দিল। আমার সাথের পাইলটটি মাত্র নদীর পথ সম্বন্ধে ওয়াকিবহাল ছিল। সে সাহচর্য ছাড়া আর কোন প্রয়োজন আসলো না। যাহোক, একটা গর্তের মধ্যে লুকিয়ে থেকে দিনটা কোন রকমে কাটিয়ে দিলাম। সন্ধ্যার সাথে সাথে আরম্ভ হলো গুঁড়ি গুঁড়ি বৃষ্টি এবং সেই সঙ্গে সঙ্গে বাতাসের শোঁ শোঁ শব্দ। হাজী সাহেবের ছেলে আমাদের প্রতি খুব সদয় ছিল। হাজী সাহেবের ব্যবহারে আশ্বাস ও স্বস্তির রেশটুকু খুঁজে না পেলেও আমাদের প্রতি তার ছেলের মমত্ববোধ দেখে এই দুঃসময়েও বাঁচার ক্ষীণ আশায় বুক বাঁধলাম। হাজী সাহেবের ছেলে আমাদের খুঁজে বের করলো। তাকে দেখে ভরসা পেলাম। সে আমাদের আশ্বাস দিল যে, খুব ভোরে একটা নিরাপদ জায়গায় পৌছে দেবে। তার সহানুভুতিশীল মনের পরিচয় পেয়ে যেখান থেকে পালিয়ে এসেছিলাম- আবার সেখানে ফিরেগিয়ে সযত্নে প্রহরায় নির্বিঘ্নে রাত কাটিয়ে দিলাম। প্রতিশ্রুতিমত হাজী সাহেবের ছেলে রাস্তার সব খবরাখবর আমাদেরকে খুলে বললো এবং খুব ভোরে একটা নিরাপদ জায়গায় পৌছিয়ে দিয়ে গেল। খেয়া পার হবার জন্য সে আমাদের কিছু টাকা-পয়সাও দিল। কেননা রাস্তায় অনেক নদী ও খাল পার হতে হবে। পথটা অত্যন্ত বিপদসংকুল। তাছারা সমস্ত অঞ্চলটা পাক দালালে ভর্তি। প্রাণটা হাতে নিয়ে অনেক কষ্টে আমরা প্রায় আধ মাইল পথ অতিক্রম করলাম। কখনো হেঁটে, কখনো নৌকায় এইভাবে ভারতে সীমান্তবর্তী ঘাঁটি হিংগলগঞ্জ এসে পৌছালাম। হিংগলগঞ্জের ঠিক উল্টোদিকে পাকিস্তানী সীমান্ত ঘাঁটি বসন্তপুর। পাকিস্তানী সৈন্যরা আমাদের ফেরার খবর আগে থেকেই পেয়ে ওঁৎ পেতে আমাদের ধরার জন্য প্রস্তুত হয়েছিল। কিন্তু ওদের চোখে ধুলো দিয়ে আমরা নিরাপদ জায়গায় পৌছে গেলাম। ২৬ জন ছাড়া সঙ্গের অন্যান্য সবাইও পৌঁছে গেল।

আমরা যে বেঁচে গিয়েছিলাম এটা ভাগ্য নয়। এটা একটা চরম পরাজয়। আর এজন্য আমি দায়ী। কেননা অধিনায়ক হিসেবে রাস্তাঘাটের সাথে পরিচিত ছিলাম না। তারপর অধীনস্থ লোকদের উপর নির্ভরশীল হয়ে নিজের বিবেককে করেছিলাম খর্ব, তাই হারিয়ে ফেলেছিলাম নির্দেশ দেয়ার শক্তি। কিন্তু এক অর্থে এই পরাজয়ের গ্লানি একটা বিরাট বিজয়। কেননা, এটা একটা সাহসী পদক্ষেপ মাত্র। ভবিষ্যত যাতে চরমভাবে আঘাত হানতে পারি তার জন্য নতুন করে শপথ নিলাম।

সর্বাধিনায়কের দরবার

জুলাই মাসের মাঝামাঝি কোন এক সময়ে আমাদের সর্বাধিনায়ক সব আঞ্চলিক অধিনায়কদের নিয়ে প্রথমবারের মত একট বৈঠক বসেন এবং উপরোক্ত ৬টি অঞ্চলকে নয়টি উপ-অঞ্চলে বিভক্ত করেন। কিন্তু সত্য কথা বলতে কি, এর আগ পর্যন্ত মুক্তিযুদ্ধের ইতিহাস ছিল নিষ্প্রভ। এটা অবশ্য ভাল পদক্ষেপ। কিন্তু বেতারযন্ত্রের অভাবে নদীবহুল বাংলাদেশের এই বিস্তীর্ণ অঞ্চলের উপর সুষ্ঠভাবে নিয়ন্ত্রণ বজায় রাখা অত্যন্ত কষ্টসাধ্য ছিল। এক-একটা অঞ্চলের অন্তর্ভুক্ত ছিল কমপক্ষে দু' থেকে তিনটি জেলা। অন্যান্য সেক্টর কমাণ্ডারদের কার্যকলাপ সম্বন্ধে আমি কোন মতামত প্রকাশ করব না। তারা হয়তো তাদের অধীনস্থ নিয়মিত সেনাবাহিনী নিয়ে ভিন্ন রকম অবস্থার মোকাবেলা করেছিলেন। কিন্তু আমার ব্যাপারটা ছিল সম্পূর্ণ ভিন্ন। আমার শক্তির প্রধান উৎস মুক্তিযোদ্ধা এবং নগণ্য সংখ্যক সশস্ত্রবাহিনী ও পুলিশ বাহিনীর লোক। যাহোক এই সময় আমার অবস্থা ছিল খুব নাজুক ও অস্বস্তিকর। কেনা সৈন্যবাহিনী বা অস্ত্রশস্ত্র ছাড়াই আমি অধিনায়ক হয়েছিলাম। সর্বাধিনায়ক কর্নেল ওসমানী সাহেব পরিস্কারভাবে জবাব দিলেন যে, আমাকে কোন অস্ত্রশস্ত্র দেয়া হবে না। এমন কি যে অস্ত্রশস্ত্রগুলো পাক হানাদারদের সাথে মোকাবেলার সময় সুন্দরবনে খোয়া গিয়েছিল সেগুলো উদ্ধার করার জন্য আমাকে চেষ্টা করার উপদেশ দিলেন। আমি তার কথাগুলো সন্তুষ্ট চিত্তে হজম করিনি এবং এটাকে আমি একটা চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করলাম। মেজর ওসমানীকে অনেক বুঝিয়ে-সুঝিয়ে কিছু হালকা অস্ত্রপাতি দেয়ার জন্য তাকে রাজী করালাম। এইভাবে কাছ থেকে কিছু অস্ত্রশস্ত্র এবং অধিনায়ক মুখার্জীর বদান্যতায় আরও কিছু অস্ত্রপাতি যোগাড় করে পাকবাহিনীর ঘাঁটি বসন্তপুরের ঠিক অপর দিকে হিংগলগঞ্জে ক্যাপ্টেন হুদার নেতৃত্বে একটা আক্রমণ পরিচালনার ঘাঁটি স্থাপন করবো বলে সিদ্ধান্ত নিলাম। এবং বাংলাদেশের অভ্যন্তরে ক্যাপ্টেন মেহদী ও লেঃ জিয়ার সাথে যোগাযোগ স্থাপন করার জন্য চিন্তা করতে লাগলাম। কোন সহ-অধিনায়কের সাথে আমার কোন যোগাযোগের ব্যবস্থা না থাকায় আমার অধীনস্ত অঞ্চল থেকে অস্পষ্ট ও অতিরঞ্জিত খবর আমার কানে এসে পৌঁছতে লাগলো। যাহোক নির্ভরযোগ্য সূত্রে খবর পেলাম যে, বরিশালে হাবিলদার হেমায়েত, পটুয়াখালীতে ক্যাপ্টেন মেহদী এবং সুন্দরবন এলাকায় লেঃ জিয় হানাদার বাহিনীর সাথে প্রচণ্ড যুদ্ধ করছে, কিন্তু অস্ত্রশস্ত্র ও গোলাগুলির অপ্রতুলতা একটা বিরাট বাধা হয়ে দাঁড়িয়েছে।

এই সময় ভারতের সীমান্ত নিরাপত্তা বাহিনীর লোকেরাই মুক্তিযুদ্ধে প্রধান সহায়ক শক্তি হিসাবে কাজ করছিলেন। সর্বশেষ পরিস্থিতি জানাবার জন্য আমি অধিনায়ক মুখার্জীর কাছে ছুটে গেলাম। তিনি তার স্বভাবসিদ্ধ নম্র ব্যবহারে আমাকে মুগ্ধ করলেন এবং সর্বরকমের সাহায্যের আশ্বাস দিলেন। একবার যদি বাংলদেশের অভ্যন্তরে কমাণ্ডারদের সাথে যোগাযোগ স্থাপন করে গোলাবারুদ ও অস্ত্রশস্ত্র সরবরাহ করা যায়, তাহলে আমার অধীনস্থ সেক্টরের ভবিষ্যৎ কি হবে আমে যেন দিব্যদৃষ্টিতে দেখতে পেলাম। সমস্ত আগ্রহ ও ঔৎসুক্য নিয়ে ক্যাপ্টেন হুদাকে সাথে করে বিভিন্ন ঘাঁটি পরিদর্শন ও প্রয়োজনীয় জিনিসপত্র সংগ্রহের আশায় দিনরাত অবিশ্রান্ত ভাবে ছুটতে লাগলাম। করণ প্রথম ব্যর্থতার বেঝাটা আমি যেখানেই যেতাম সেখানেই আমাকে ধাওয়া করতো। যতক্ষণ না বর্বর পশুগুলোর উপর একটার পর একটার পর একটা প্রতিহিংসা নিতে পারলাম ততক্ষণ পর্যন্ত ওই ব্যর্থতার গ্লানিকর ছায়াটা ভয়ানক দুঃস্বপ্ন হয়ে আমার কাঁধ চেপে রইল। সর্বক্ষণ আমি চলার উপর ছিলাম। জুন মাসের আগ পর্যন্ত আমার কোন সদর দপ্তর ছিল না।

মৃত্যুঞ্জয়ী কাফেলা

যদিও কোন করুন দৃশ্য আমি খুবই বিচলিত হয়ে পড়তাম এবং আমার উপরে এর প্রভাব ছিল ভয়ানক প্রবল, তবুও নৃশংস পাক-হানাদার বাহিনীর অত্যাচার আমার মনে জমা হতে লাগলো চরম প্রতিহিংসা ও জিয়াংসার আগুন। বর্বর পশুগুলো হাজার হাজার নিরীহ নিরপরাধ বাঙ্গালীকে গরু-ছাগলের মত ঘরছাড়া করে নিক্ষেপ করেছে দুঃখের অথৈ সাগরে। এক মুহূর্ত সময় নষ্ট না করে আমাদের যা কিছু সৈন্য ও অস্ত্রশস্ত্র ছিল, তাই নিয়ে ক্যাপ্টেন হুদাকে হিংগলগঞ্জে একটা আক্রমণ ঘাঁটি স্থাপন করার জন্য নির্দেশ দিলাম।

হিংগলগঞ্জ হাসনাবাদ থেকে বারো মাইল দক্ষিণে। পথের মাঝখানে দুটো নদী। ১৯৭১ সালের জুন মাসের প্রথম সপ্তাহে ক্যাপ্টেন হুদা ৩৫ জন মুক্তিযোদ্ধা ও ২০টি রাইফেল নিয়ে হিংগলগঞ্জের উদ্দেশ্যে যাত্রা করেন। হাসনাবাদ ও হিংগলগঞ্জ মধ্যে যাতায়াতের ব্যবস্থা ছিল তিন চাকা বিশিষ্ট টেম্পো নামে এক প্রকার গাড়ী আর নৌকা। ইছামতী নদী নৌকায় করে পার হতে হতো। কিন্তু এই নদীটা পার হওয়া খুব একটা নিরাপদ ছিল না। কারণ ওপারে নদীর তীর বরাবর পাকবাহিনী অসংখ্য বাঙ্কার ও ট্রেঞ্চ খনন করে ওদের ঘাঁটি সুদৃঢ় করে নিয়েছিল। এই ঘাঁটিগুলো ভারতের সীমান্তবর্তী অঞ্চল থেকে একজন পথিকেরও চোখে পড়তো। হিংগলগঞ্জে ভারতের ৭২নং সীমান্ত নিরাপত্তা বাহিনীর একটা স্থায়ী ফাঁড়ি আছে। ক্যাপ্টেন পান্ডে এর অধিনায়ক। তিনি তার ফাঁড়ির এক মাইল দক্ষিণে একটি ঘাঁটি বানাতে ক্যাপ্টেন হুদাকে সবরকম সাহায্য করলেন। এ ঘাঁটিটা ইছামতী নদীর তীর থেকে আধ মাইল ভিতরে। এর ঠিক উল্টো পারে পাক-হানাদারের সুদৃঢ় পর্যবেক্ষণ ফাঁড়ি। এখানে ঘাঁটি স্থাপন করা কত কষ্টসাধ্য ক্যাপ্টেন হুদার তা ভালভাবেই জানা ছিল। আমারও ভাবনার অন্ত ছিল না। কেননা, অধিনায়ক হিসাবে তার চাহিদা মত তাঁবু, খাদ্য, অস্ত্রশস্ত্র, গোলাবারুদ, টাকা-পয়সা এবং যুদ্ধে অংশগ্রহণকারী সৈন্যবাহিনীর মঙ্গলামঙ্গল ও অগ্রগতির জন্য অত্যাবশ্যকীয় জিনিসপত্র পাঠাতে ব্যর্থ হয়েছিলাম। কারণ তাদের জন্য গভীর সহানুভূতি ছাড়া আমার কাছে তহবিল ছিল না। এর জন্য দুয়ারে দুয়ারে আমি পাগলের মত ঘুরেছি। শীগগীরই আমরা জীবনকে কঠিনভাবে উপলব্ধি করতে শিখলাম এবং গভীর পারস্পরি সমঝোতার মাধ্যমে সব বিপদ, সব প্রতিকূল অবস্থাকে রুখে দাঁড়াবার নতুন শক্তিতে উদ্বুদ্ধ হলাম।

বসন্তপুর ইছামতী নদীর পূর্ব তীরে। কেউ শুনে বা বইয়ে পড়ে দুঃখের কাহিনী হৃদয়ঙ্গম করতে পারবে না। ভারতের সীমান্তে হিংগলগঞ্জে দাঁড়িয়ে দৃষ্টি মেলে দিলে দেখা যাবে ওপারে বসন্তপুর। মাঝখানে ছোট্ট ইছামতী। দুর্নিবার ইচ্ছা, ভাবাসা ও আসক্তি সত্ত্বেও ওই রূপসী বাংলার কোলে ফিরে যাওয়া আমার পক্ষে ভয়ানক কষ্টসাধ্য। কেননা, ওপারে মারণাস্ত্র নিয়ে অপেক্ষা করছিল মানবতার জঘন্যতম শত্রু। আমি আর স্থির থাকতে পারলাম না। ওই অসভ্য বর্বরদের হাত থেকে আমার মা-বোনদের বাঁচিয়ে আনার উদগ্র বাসনায় উত্তেজিত হয়ে উঠলাম। ছটফট করতে লাগলাম। কিন্তু কি দিয়ে আমি তাদের বাঁচাবো? মাত্র ৩৫ জন মুক্তিযোদ্ধা আর ২০টা রাইফেল নিয়ে? হ্যাঁ, এই অসম্ভব কাজেও আমরা জীবনকে বাজী রেখে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং সফল হয়েছিলাম।

১৯৭১ সালের জুন মাসের ১২ তারিখ। সকাল থেকে ভয়ানক ঝড়। ভিতরে আমার ভয়ানক অস্বস্তি। কারণ, আমি জানতাম যে, ক্যাপ্টেন হুদার সাথের ছেলেরা এই ঝড়ের মধ্যে ছেঁড়া তাঁবুতে বসে বৃষ্টির জলে অসহায়ের মত ভিজছে। তা ছাড়াও আমি ভাবলাম শত্রুর উপর অতর্কিত আঘাত আনার এটাই সবচেয়ে উপযুক্ত সময়। ভাবনাটা মাথায় আসতেই আমি উত্তেজিত হয়ে উঠলাম। বলিষ্ঠ যুবক ডাক্তার শাহজাহানকে তাড়াতাড়ি তৈরী হয়ে আমার সাথে আসতে বললাম। প্রাণ-প্রাচুর্যের জীবন্ত এই ডাক্তার সাহেব। সকাল ৮টায় আমরা দু'জনে দুটো ওভারকোট নিয়ে হাসনাবাদ থেকে বেরিয়ে পড়লাম। ইছামতী পার হতে পুরো এক ঘণ্টা সময় লাগলো। হিংলগঞ্জে যাওয়ার পথে এটাই প্রথম নদী। বাত্যাবিক্ষুব্ধ ছোট্ট ইছামতী আজ ভয়ংকর রূপ ধারণ করেছে। এছাড়া খেয়ার মাঝি এই দুর্যোগময় মুহূর্তে খেয়া ছাড়তেও অস্বিকার করলো। টাকায় সবকিছু সম্ভব। তাই সেই হাড্ডিসার রোগা খেয়াঘাটের মাঝি টাকার লোভ সংবরণ করে আমাদের প্রস্তাব উপেক্ষা করতে পারলো না। খুব

কষ্টে নদী পার হলাম। কিন্তু বড় বিপদে পড়লাম। কেননা, কোনো টেম্পো গাড়ীওয়ালা এই দুর্যোগ ঝড়ের মধ্যে গাড়ী ছারতে সাহস পেল না। এই দুঃসাহসিক কাজে ওদের রাজী করাবার জন্য বেশ খানিকটা সময় কেটে গেল। শেষ পর্যন্ত তিনগুণ ভাড়ায় পৌছে দিতে ওরা সম্মত হলো। বৃষ্টিতে ভিজতে ভিজতে আমরা বরুনহাট নামক একটা জায়গায় নদীর পাড়ে পৌছলাম। খুলনা জেলার সাতক্ষীরা মহকুমার সাথে দুটো প্রধান স্থলপথে বসন্তপুরের যোগাযোগ ব্যবস্থা- একটা পারুলিয়া হতে কালিগঞ্জ ও নাজিমগঞ্জ হয়ে, অন্যটা সাতক্ষীরা- শ্যামনগর রোড। পারুলিয়া থেকে যে রাস্তাটা গিয়েছে সেটা বেশ প্রশস্ত। সিএণ্ডবি'র রাস্তা। ভারী সামরিক যানবাহন এর উপর দিয়ে অনায়াসে যাতায়াত করতে পারে। কিন্তু পরেরটা বিশেষ সুবিধাজনক নয়। তবুও পাকিস্তানী শত্রবাহিনী প্রায়ই এই রাস্তায় চলাফেরা করতো। তাই সৈন্য চলাচল ও আক্রমণ পরিচালনার জন্য সামরিক দিক দিয়ে বসন্তপুর ভয়ানক গুরুত্বপূর্ণ। বসন্তপুর অধিকার করে উপরোক্ত রাস্তা দুটোর উপর প্রভাব বিস্তার করার অর্থ একশ' বর্গমাইল মুক্ত এলাকা হাতের মধ্যে আসা এবং এই সংকটময় দিগুলোতে এটা একটা সাংঘাতিক ব্যাপার।

ইছামতী নদীর চাইতে বরুনহাটের এই নদীটি পাশে ছোট। কিন্তু দেখতে ভয়ংকর দৈত্যের মতো। এই অবস্থায় খেয়া পার হওয়া সাংঘাতিক বিপজ্জনক। অযথা সময় নষ্ট না করে সুযোগসন্ধানী এক নৌকার মাঝিকে বেশী টাকা দিয়ে নদী পার হলাম। কোন যানবাহন ছিল না। দীর্ঘ পাঁচ মাইল রাস্তা হেঁটে হিংগলগঞ্জে ক্যাপ্টেন হুদার আস্তানায় পৌছতে হবে। ভয়ানক শীত। তার উপরে বৃষ্টিতে সারা শরীর ভিজে গিয়েছিল। হাঁটু পরিমাণ কাদা ভেঙ্গে ক্যাপ্টেন হুদার ঘাঁটিতে পৌছালাম। সামান্য একটু উচু জায়গায় তাঁবু খাটিয়ে ক্যাপ্টেন হুদা আস্তানা গেড়েছিল। তাঁবু ভেদ করে বৃষ্টির পানি পড়ছে। ক্যাপ্টেন হুদাকে বড় বিষন্ন মনে হলো। উঁচু জায়গাটার চারদিকে বৃষ্টির পানি জমে সমুদ্রের মত মনে হলো। প্রবল বৃষ্টির মধ্যে আমাকে আসতে দেখে হুদা যেন নতুন প্রাণ ফিরে পেল। মুখে তার দৃঢ়প্রত্যয়ের হাসি। কাছে গিয়ে কুশলাদি জিজ্ঞেস করলাম। 'জয় বাংলা' বলতেই সবাই বৃষ্টি মধ্যে লাফিয়ে পড়ে 'জয় বাংলা' ও 'শেখ মুজিব জিন্দাবাদ' ধ্বনি তুলে আমাদের স্বাগত জানালো। এই দৃশ্য অভূতপূর্ব। ইত প্রাণচাঞ্চল্য আমি আর আগে কখনও দেখিনি। ওদের সেই প্রাণচাঞ্চল্যে খুঁজে পেলাম আগামী দিনের বিজয়োৎসবের গোপন সংকেত। ওদের মনেভাবের উত্তপ্ততা লক্ষ্য করে আমি চিৎকার করে প্রশ্ন করলামঃ 'আজ রাতেই তোমরা কি সবাই যুদ্ধ করতে রাজী আছো?' ৩৫ জন মুক্তিযোদ্ধা ৩৫শত লোকের মত চিৎকার দিয়ে উত্তর দিলঃ 'হ্যা স্যার, আমরা সবাই প্রস্তুত।'' ওদের উচু মানসিক শক্তির পরিচয় পেয়ে আমি খুব ভরসা পেলাম। আগ্রহী কণ্ঠ বললাম, ওকে। এই বলে ওদের বিদায় দিয়ে হুদার তাঁবুতে ফিরে গেলাম এবং আমরা ম্যাপের উপর ঝুঁকে পড়ে কোথায় আক্রমণ চালাতে হবে সবাইকে বুঝিয়ে দিলাম। এ ব্যাপেরে সোবহান নামে একজন হাবিলদার অনেক সাহায্য করেছিল। পাকিস্তানী আক্রমণের আগে সোবহান বসন্তপুর গোয়েন্দার কাজ করেছে। কাজেই সেখানকার সব খবরই তার জানা ছিল। ক্যাপ্টেন হুদার নেতৃত্বে এই অভিযান পরিচালনার ব্যাপেরে সে অত্যন্ত বিশ্বস্ততার পরিচয় দিয়েছিল।

রাত একটায় শত্রপক্ষের বাঙ্কারে ঝটিকা আক্রমণের পরিকল্পনা। উদ্দেশ্যে, ওদের বাঙ্কারে নিক্ষেপ করে কাবু করা এবং পরিত্যক্ত অস্ত্রশস্ত্র নিয়ে তাড়াতাড়ি পালিয়ে আসা। পরিকল্পনাটার শুনতে মধুর ও উত্তেজনাকর লাগলেও- এই ঝড়ের রাতে এই দুঃসাহসিক কাজটা সমাধান করা ছেলেখেলা নয় তবু তারা, বা প্রথম অভিযানের অধিনায়ক ক্যাপ্টেন হুদা, মোটেই দমলো না। খুব জেরে ঝড় বইছিল। একবার ভালাম ঝড়ের রাতে এই বিক্ষুব্দ নদীটা পার হওয়া সম্ভব হবে না। কিন্তু মন থেকে এই নৈরাশ্যকে দূরীভূত করলাম। করলাম কেননা আমাদের বিজয় সম্বন্ধে আমি খুবই আশাবাদী ছিলাম। জানতাম সবাইকে বিস্মিত করে অভিযান সফল হবেই। ব্যাস্তসমস্ত হয়ে সবাই সামান্য খাবার খেয়ে নিলাম। শৌখিন পাচকেরা এসব পাক করেছিল। তারাও অভিযানে শরিক হলো। যখন আমি হুদার কাছে আমার উদ্দেশ্যের কারণ ব্যাখ্যা করছিলাম, তখন হঠাৎ করে আমার মাথায় একটা ধারণা এলো যে, একই সঙ্গে টাউন শ্রীপুরে পাক হানাদারদের অপর একটি ঘাঁটি আক্রমন করব। ভারতের সীমান্তবর্তী শহর 'টাকি'র অপর দিকেই টাউন শ্রীপুর। সেখানে শাজাহান নামে একটা স্কুল শিক্ষকের অধীনে

অনেক ট্রেণ্ড মোজাহিদ আছে। মিঃ শাজাহান বুদ্ধিমান, হাসিখুশী এবং উৎসর্গীকৃত প্রাণ। তিনি টাউন শ্রীপুরের বাসিন্দা ছিলেন এবং প্রশিক্ষণ দিয়ে হালকা অস্ত্রশস্ত্র সজ্জিত একটি মোজাহিদ বাহিনীও গড়ে তুলেছিলেন। তারা টাউন শ্রীপুরের বাসিন্দা হওয়ায় ওখানকার পাকিস্তানী ঘাঁটির সঠিক অবস্থান, রাস্তাঘাট ও অন্যান্য খুটিনাটি সম্বন্ধে বেশ ওয়াকেবহাল ছিল। সুতরাং দুর্যোগময় রাতটার তাৎপর্য আমার কাছে দ্বিগুণ হয়ে উঠলো।

ক্যাপ্টেন হুদাকে বিদায় জানিয়ে আমি ও ডাক্তার শাহজাহান দু'মাইল রাস্তা হেঁটে 'টাকি' এলাম এবং মিঃ শাজাহানের সাথে আলাপ-আলেচানা করলাম। তিনি সন্তুষ্ট চিত্তে আমার অধীনে কাজ করতে রাজী হলেন। মিঃ শাজাহানের অধীনে লেঃ মুখার্জী নামে একজন অসম সাহসী যুবক কাজ করতো। সে পূর্বে যশোরের অধিবাসী ছিল এবং দাবী করতো যে, সে ভারতীয় সামরীক বাহিনীর একজন ভূতপূর্ব অফিসার। বয়স পঁচিশের কাছাকাছি। বেশ শক্তিশালী। অন্য দু'দজন মোজাহি সেকশন লিডার মিঃ মণ্ডল ও সোবহানের সাথে লেঃ মুখার্জী একত্রে ট্রেনিং নিয়েছ। টাউন শ্রীপুরে পাক-হানাদারদের ঘাঁটি আক্রমণ করবো শুনে মুখার্জী উত্তেজিত হয়ে উঠলো। বসন্তপুর অভিযানের মতো এখানেও এদের ইছামতী পার হয়ে যেতে হবে। ইছামতী আরও উত্তরে গোজাডাঙ্গা পর্যন্ত গিয়ে গঙ্গায় পড়েছে। ভারতীয় সীমান্তবর্তী ঘাঁটিগুলোর ঠিক অপর দিকে পাকিস্তানী পর্যবেক্ষণ ঘাঁটি। আমার সেক্টরে ইছামতী নদীর তীর বরাবর দু'তিন মাইল অন্তর পাকিস্তানী ঘাঁটিগুলোর অবস্থান। সর্ব উত্তরে 'শংকরা'। সেখান থেকে দক্ষিণ দিকে টাউন শ্রীপুর, দেবহাটা, খানজী, বসন্তপুর, উখসা ও সর্বশেষ কৈখালি। এসমস্ত পাকিস্তানী ঘাঁটিগুলোর শক্তি বিভিন্ন রকমের। ভাবলাম, আমার প্রথম কাজ হলো, রাতের অন্ধকারে এবং গোপনে ক্রমাগত আক্রমণ চালিয়ে এই বিক্ষিপ্ত পাকিস্তানী ঘাঁটিগুলো আবিস্কার করা। এতে করে গেরিলাদের জন্য কতকগুলো গোপন অবস্থানের পরিকল্পনা করা আমার পক্ষে সুবিধাজনক হবে। যার ফলে একটা মুক্তাঞ্চলে গড়ে তোলা যায়। বাস্তবিক পক্ষে প্রথম অবস্থায় আমার পরিকল্পনা ছিল ভারতীয় সীমান্তে টাকি, হিংগলগঞ্জ ও শমসেরনগর এই তিন জায়গায় আক্রমণ ঘাঁটি করে এর ঠিক বিপরিত দিকে পাকিস্তানী ঘাঁটি টাউন শ্রীপুর, বসন্ত পুর ও কৈখালি অধিকার করা। কিন্তু অস্ত্রশস্ত্র ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্রের অপ্রতুলতা হেতু আমার আশা সফল হয়নি। তবুও আমার কল্পনার উদ্দাম গতি থামেনি। যারা নিজেদের ভাগ্য গড়তে দৃঢ়প্রতিজ্ঞ, আল্লাহ তাদের সাহায্যে এগিয়ে আসেন। এ কথার সত্যতা প্রমাণীত হলো ১৩ই জুন-যখন ক্যাপ্টেন হুদা বাহকের মারফত খবর পাঠালো যে, সেই দুর্যোগময় রাত্রে মুক্তিযোদ্ধারা পাকিস্তানী ঘাঁটি আক্রমণ করে ২০ জন হানাদারকে খতম এবং ৫০টি রাইফেল, দু'টি এল-এম-জি, অনেক অসশস্ত্র, গোলাবরুদ, গ্রেনেড ও বিস্ফোরক দ্রব্য হস্তগত করেছে। মুক্তিযোদ্ধারা ঘুমন্ত শত্রুদের ঘুমন্ত শত্রুদের উপর হামলা চালিয়েছিল। শত্রুপক্ষের স্বয়ংক্রিয় অস্ত্রের গুলিতে আমাদের একজন যুবক সামান্য আহত হয় মাত্র। শত দুঃখের মাঝেও বিজয়গর্বে বুক ফুলে উঠলো। লেঃ মুখার্জি, মিঃ মণ্ডল, সোবহান ও মিঃ শাজাহান আমার সদর দপ্তরে এসে খবর দিল যে, তাদের আক্রমণও সফল হয়েছে। ওদের সবার মুখেই বিজয়ের হাসি। বিজয়োল্লাসে মিঃ শাজাহান আমাকে অভিনন্দন জানালো। আমিও আন্তরিকভাবে ওদেরকে স্বাগত জানালাম। আমার সুন্দরবনের ব্যর্থতার গ্লানি আজ যেন কিছুটা লাঘব হলো। পরক্ষণেই প্রতিহিংসার দাবানল আমার ভেতর আবার দ্বিগুণভাবে জ্বলে উঠলো। মিঃ শাজাহানের নেতৃত্বাধীন মুক্তিযোদ্ধারা ৩৫টি রাইফেল ও প্রচুর পরিমাণ অস্ত্রশস্ত্র অধিকার করেছিল। এই বাড়তি অস্ত্রশস্ত্র হাতে আসায় আমার আক্রমণ পরিচালনা ঘাঁটির পরিধি আরও প্রসারিত করতে মনস্থ করলাম। ওই দিনই মিঃ শাজাহানের সহায়তায় টাকিতে আমার অন্তর্বর্তীকালীন ঘাঁটি স্থাপিত হলো। আধুনিক অস্ত্রশস্ত্রে সজ্জিত পাকিস্তানী দক্ষ সৈন্যর উপর দুর্যোগের মধ্যে হামলা চালিয়ে এই বিরাট সফলতা অর্জন করার জন্য আমি ক্যাপ্টেন হুদা, মিঃ শাজাহান, লেঃ মুখার্জী ও মিঃ মণ্ডলকে অভিনন্দন জানালাম। একই সঙ্গে খুব অল্প সময়ের ভেতর সীমান্তবর্তী সমস্ত পাকিস্তনী ঘাঁটিগুলো আক্রমণ করার ইচ্ছা ওদের কাছে প্রকাশ করলাম। এ ছাড়াও আর একটা জিনিসের উপর জোর দিলাম যে, সীমান্তের ওপারের ছেলেদের জোগাড় করে এই মুহূর্তেই ওদের ট্রেনিং দেবার ব্যবস্থা করতে হবে। এই জন্য টাকি থেকে দুই মাইল দুরে 'টকিপুরে' একটি যুব প্রশিক্ষণ কেন্দ্র খোলার পরিকল্পনা নিলাম। সীমান্তের ওপার থেকে ছেলে জোগাড় করার দায়িত্ব মিঃ শাজাহানকে দিলাম। বসন্তপুর ও টাউন শ্রীপুরে আমাদের সফলতার খবর

সর্বাধিনায়কের কানে শিগগিরই পৌঁছে গেল। ভবিষ্যতে আরও এরকম সফলতা আশা করে তিনি স্বাগত জানালেন।

ইতিমধ্যে সামরিক বাহিনীর অনেক লোক ও স্কুল-কলেজের ছাত্র সীমান্ত পার হয়ে এপারে চলে এলো। ছাত্রদের টাকিপুর যুবকেন্দ্রে ট্রেনিং-এর জন্য এবং সামরিক বাহিনীর লোকদের হুদার ঘাঁটিতে পাঠিয়ে দিলাম। ওদের সাথে বরিশাল থেকে এম, এ, বেগ নামে একজন লোক এসে পৌঁছলো। যুবক, শিক্ষিত ও চটপটে। গায়ের রং কালো, সারা মুখমণ্ডলে প্রতিভা ও চাঞ্চল্যের স্বক্ষর। সে পাকিস্তান সৈন্যবাহিনীতে একজন দক্ষ প্যারাসুট সৈনিক ও একজন ফ্রগম্যান হিসেবে অনেক দুঃসাহসিক কাজে নিযুক্ত ছিল। এই কাজে ওর সমতুল্য বড় একটা কেউ ছিল না। পশ্চিম পাকিস্তনের চেরাটে' দীর্ঘ আট বছরের অভিজ্ঞতা সঞ্চয়ের পর পাকিস্তানের নৌবাহিনীতে 'মিডশীপম্যান' হিসেবে প্রশিক্ষণ নেয়। ওখান থেকে১৯৭১ সালের মার্চ মাসের প্রথম সপ্তাহে সে বাংলাদেশে পালিয়ে আসে। এ রোমঞ্চকর জীবন ছেড়ে পালিয়ে আসার কারণ জিজ্ঞাসা করায় সে উত্তর দিলঃ 'বাংলাদেশ'।

আরোও দুটো সাহসী ছেলেকে সাথে নিয়ে বেগ জুন মাসের তৃতীয় সপ্তাহে হাসনাবাদ পৌঁছলো। বরিশাল জেলার স্বরূপকাঠি থানার কুড়িগ্রাম নামক একটা গ্রামে পাক হানাদারদের সাথে সংঘর্ষের এক চমকপ্রদ কাহিনী শুনালো সে। জায়গাটা স্বরূপকাঠি থানার অনেক ভেতরে। এখানে সারি সারি অনেক পেয়ারা বাগান আছে। দুটো সারির মাঝখানটা নালার মত। সেখানে যে কেউ অনায়াসে আত্মগোপন করে থাকতে পারে। বেগ প্রায় একশ' ঝানু মুক্তিযোদ্ধা নিয়ে দিনের বেলায় এই নালার মধ্যে লুকিয়ে থাকতো এবং রাতের অন্ধকারে ওখান থেকে বেরিয়ে এসে হানাদারদের উপর আঘাত হানতো। সবার কাছে আগ্নেয়াস্ত্র ছিল না। কারো কারো কাছে মান্ধাতার আমলের তীর-ধনুক, বর্শা ইত্যাদী থাকতো। বেগ-এর বাহিনীর অবিরাম আক্রমণে বিধ্বস্ত ও বিপর্যস্ত পাক-হানাদারর একদিন, এক দালালের কাছে খবর পেয়ে দিনের বেলায়ই ওদের উপর আক্রমণ চালাবার জন্য অগ্রসর হলো। বেগও ঠিক সময়মত বাহকের মারফত হানাদারদের অগ্রসর হবার সংবাদ জেনে গেল এবং হাতের কাছে যে সমস্ত আগ্নেয়াস্ত্র ও পুরনো আমলের তীর-ধুনক পাওয়া গেল-তাই নিয়েই ওর লোকজনদের প্রধান প্রধান জায়গায় বসিয়ে দিল। একদিকে নগণ্য অস্ত্রশস্ত্র সজ্জিত বাংলার দুর্জয় মুক্তিবাহিনী, অন্যদিকে আধুনিকতম অস্ত্রশস্ত্রে সজ্জিত পৃথিবীর অন্যতম দুর্ধর্ষ পাকিস্তানী সৈন্য। সবাই প্রস্তুত। কিন্তু প্রাচিন রোম নগরী বা অন্য কোন ইতিহাসপ্রসিদ্ধ যুদ্ধের মত এখানে বেজে উঠলো না কোন রণদামামা। উত্তেজনা চরমে উঠলো যখন দালালরা প্রায় ৫০ জন হানাদারকে সাথে নিয়ে এস পেয়ারা বাগানের ভেতর তল্লাশী চালাতে বললো। হানাদাররা বাগানে ঢুকে খুব সতর্কতার সাথে বাগানের গভীর অভ্যন্তরে প্রবেশ করলো। দক্ষ শিকারীর মত বেগ তার দুঃসাহসিক মুক্তিবাহিনী নিয়ে অসম্ভব রকমের চুপচাপ। কোন সাড়াশব্দ নেই। ওরা অপেক্ষায় ছিল কতক্ষণে শত্রুপক্ষ বন্দুকের নলের আওতায় আসবে। পাক হানাদাররা মুক্তিযোদ্ধাদের 'মুক্তি' বলে ডাকতো। অনেক তল্লাশী চালিয়ে কোন 'মুক্তির' খোজ না পেয়ে হানাদাররা পাকা পেয়ারায় ভর্তি একটা গাছের উপর বিশ্রাম নিতে লাগলো। আর কি! চতুর্দিক থেকে আচমকা ছুটে আসতে লাগলো বন্দুকে গুলি, তীর, বর্শা ইত্যাদি। হতভম্ব হয়ে হানাদাররা চিৎকার করতে করতে এদিক-ওদিক ছুট দিল। ঘটনাস্থলেই ২০ জন হানাদার খতম হলো। বাদবাকিগুলো জীবনের মায়ায় পেয়ারা গাছের ভেতর দিয়ে দৌড়াতে লাগলো। ওদের পলায়নের পালাটাও খুব আরামে কাটলো না। বাগানের বোলতা ও মৌমাছি ভয়ানকভাবে ওদের উপর ঝাঁপিয়ে পড়ে হাতেমুখে হুল ফুটাতে লাগলো।

পরে শুনেছি, পেয়ারা বাগানের এই পরাজয় হানাদারদের মনোবল ভেঙে দিয়েছিল। এই বোকগুলো শেষ পর্যন্ত স্থানীয় লোকজন দ্বারা সম্পূর্ণ পেয়ারা বাগান কেটে ফেলে আগুন ধরিয়ে দেয় যাতে করে ভবিষ্যতে ওরা নিরাপদ হতে পারে। এই ঘটনার পর বেগ তার গোপন আড্ডা দিয়ে অন্য আর একটি জায়গায় গিয়ে 'যাদু' দেখাবার আয়োজন করছিল। ঠিক এই সময় গোলাগুলির অভাব দেখা দিল। তাই ওকে বাধ্য হয়ে সুন্দরবনের গোপন পথ ধরে হাসনাবাদ আসতে হয়েছে। এই সময় বেগের মত একজন দক্ষ লোকের সাহায্য ও

সহযোগিতার খুবই প্রয়োজন ছিল। কেননা, সে নতুন মুক্তিযোদ্ধাদের গেরিলা পদ্ধতি ও কলাকৌশল সম্বন্ধে প্রশিক্ষণ দিতে পারবে। তার ইচ্ছা ছিল বাংলাদেশের অভ্যন্তরে গিয়ে শত্রুদের উপর আঘাত হানবে। কিন্তু ওকে আমি যেতে দিলাম না। প্রয়োজনীয় নির্দেশ দিয়ে ওকে ক্যাপ্টেন হুদার কাছে পাঠালাম। বেগকে পেয়ে ক্যাপ্টেন হুদা ওর কাঁদেও কিছুটা দায়িত্ব চাপিয়ে দিল।

বসন্তপুর ঘাঁটি ও তার পার্শ্ববর্তী অঞ্চলে আক্রমণ পরিচালনা করার দায়িত্ব ওদের একলার উপর ছেড়ে দিয়ে আমার দৃষ্টি আরও দক্ষিণে শমসেরনগরে দিকে নিবদ্ধ করলাম। হাসনাবাদ থেকে শমসেরনগরের দূরত্ব চল্লিশ থেকে পঞ্চাশ মাইল। আক্রমণ পরিচালনার জন্য কৌশলগত কতকগুলো মূল অসুবিধা ছিল। প্রথমতঃ জায়গাটা আমাদের আওতা থেকে অনেক দূরে। যাতায়াত ব্যবস্থা একমাত্র নদীপথ। দ্বিতীয়তঃ যদিও ভারতীয় সীমান্তবর্তী ফাঁড়িতে একটা বেতার ব্যবস্থা ছিল, তবুও আমাদের নিজস্ব কোন বেতারযন্ত্র না থাকায় এতদূর নিয়ন্ত্রণ রক্ষা করা আমাদের পক্ষে কষ্টসাধ্য। তাছাড়াও নতুন আক্রমণ ঘাঁটি স্থাপন করার আগে জনশক্তিও প্রয়োজন উপকরণ সামগ্রীর স্বল্পতার কথা চিন্তা করতে হবে। এই সমস্ত সমস্যা বিদ্যমান থাকা সত্ত্বেও নতুন করে কোন কিছু করতে যাব কিনা এ বিষয়ে নিজে নিজে ভাবছিলাম। সৌভাগ্যবশতঃ একদিন ভোরে ২০০ ট্রেনিংপ্রাপ্ত মুক্তিযোদ্ধা বিহার প্রদেশের 'চাকুলিয়া' থেকে এসে হাজির হলো। এইসব যুবক মুক্তিযোদ্ধারা বাংলাদেশ সরকারের অনুরোধে ভারতীয় সামরিক বাহিনীর তত্ত্বাবধানে 'ক্রাশ প্রোগ্রামে' ট্রেনিং লাভ করে। প্রয়োজনের সময় ওদের পেয়ে খুব স্বস্তি অনুভব করলাম। সংবাদ বাহকে মাধ্যমে আমাদের সর্বাধিনায়কের কাছ থেকে একখানা চিঠি পেয়ে আরও খুশি হলাম। তাতে লেখা ছিলঃ ''ব্যারাকপুরে চার্লি সেক্টর থেকে এই দু'শো' মুক্তিযোদ্ধারা জন্য শীগগীরই অস্ত্রশস্ত্র পেয়ে যাবেন।'' সংবাদটা দ্বিগুণ জোরে আমার কানে বাজতে লাগলো দু'শো' রাইফেল।

সংবাদটা পাওয়ার পরেই মোজাহিদ ক্যাপ্টেন মিঃ শাজাহানকে ডেকে টাকির কাছাকাছি কোথাও একটা ঘাঁটি স্থাপন করার জন্যে স্থান নির্বাচন করতে বললাম। নিরাপত্তার খাতিরে আমি চাইনে যে, প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধারা অদক্ষ মুক্তিযোদ্ধাদের সাথে টাকিপুর যুদ্ধক্ষেত্রে এক হয়ে মিশে থাক। আমার দপ্তরে প্রয়োজনীয় নির্দেশ দিয়ে মিঃ খুরশীদকে নিয়ে জীপে চাপলাম। খুরশীদ তথাকথিত আগরতলা মামলার একজন আসামীও ছিলো। সে সাধারণতঃ লেঃ খুরশীদ নামেই পরিচিত। জীবনের মূল্যবান অংশটা সে পাকিস্তান নৌবাহিনীতে কাটিয়েছে। একথা সে আমাকে প্রায়ই স্মরণ করিয়ে দিত। মিঃ খুরশীদ খুব সরল, সৎ ও দেশপ্রেমিক। মুখে সবসময় হাসি। এই ভদ্রলোকটি বন্ধুবান্ধবের জন্য যে কোন সময় নিজের জীবনকে বিলিয়ে দিতে পারতো। একমুখ দাড়ি-প্রশস্ত দৃষ্টিভঙ্গী। খুরশীদকে একজন পাক্কা গোয়েন্দার মত লাগতো। জন্ম থেকেই সে আশাবাদী। ভয়ানক দুঃসময়ে ওকে আমি হাসতে দেখেছি। তার সাহচর্য পেয়ে খুব আশ্বস্ত হলাম এবং তাকে নিয়ে আমাদের সর্বাধিনায়কের সাথে দেখা করার জন্য তাঁর সদর দপ্তরে রওনা হলাম। কি আর বলবো- তিনি এমন একটা জায়গায় সদর দপ্তর স্থাপন করেছিলেন, যার নাম নিরাপত্তার (!) খাতিরে প্রকাশ করা যায় না। যা হোক, কিছুক্ষণ কথাবার্তা বলে তাঁর সাথে সাক্ষাৎপর্ব শেষ করলাম। কারণ, তিনি স্বল্পভাষী। বেশী কথাবার্তা বলে তাঁর সাথে সাক্ষাৎপর্ব শেষ করলাম। কারণ, তিনি স্বল্পভাষী। বেশী কথাবার্তা পছন্দ করতেন না। কোলকাতাতেই মিঃ খুরশীদ, সুলতান আহমেদ নামে চটপটে এক ভদ্রলোককে আমার সাথে পরিচয় করিয়ে দিল। আলাপ পরিচয়ে বুঝতে পারলাম মিঃ সুলতান আহমেদ বেগের একজন প্রশিক্ষণ-গুরু। এই সংবাদে শুধু সাহসই পেলাম না, রীতিমত উত্তেজিত হয়ে উঠলাম। কেনা, এতে করে আমার নতুন আখড়ায় প্রশিক্ষণপ্রাপ্ত ছেলেদের আরও উন্নত প্রণালীতে শিক্ষা দেওয়ার সুযোগ এস গেল। আর এ জন্য মিঃ সুলতানের তত্ত্বাবধানে কাজ করার জন্য বেগকে নির্দেশও দিলাম।

সুলতান ও খুরশীদকে সংগে করে কর্মচঞ্চল কোলকাতার রাস্তা দিয়ে ব্যারাকপুরের দিকে ছুটলাম। চার্লি সেক্টর খুঁজে বের করতে বেশ সময় লেগে গেল। কেননা, এটা একটা নতুন সংস্থা। আমার ও মেজর ওসমানের সেক্টর থেকে আক্রমণ পরিচালনায় সমন্বয় সাধনের জন্য ভারতীয় সশস্ত্র বাহিনী এই সংস্থা স্থাপন করেছে। সংক্ষেপে চার্লি সেক্টরের পরিচয় হলো- এর অধিনায়ক একজন ব্রিগেডিয়ার, তাঁর অধীনে দু'জন মেজর, দুজন

ক্যাপ্টেন এবং কয়েকজন কেরানী। ব্রিগেডিয়ার জানালেন যে, ভবিষ্যৎ আক্রমণ পরিচালনার জন্য সম্ভাব্য সব রকমের সাহায্যের জন্য তিনিই দায়ী। সব সময় তাঁর ও স্টাফেল সক্রিয় সহযোগিতা পাব বলে আশ্বাস দিলেন। দুর্যোগময় চারটি মাসের ব্যথা-বেদনা, হতাশা ও অনিশ্চয়তার মাঝে এই প্রথমবারের মত সক্রিয় আশ্বাসের বাণী শুনলাম। এই প্রতিশ্রুতি আমাকে ভরসা দিল, সাহস যোগালো। আমর ঝিমিয়ে পড়া মনটাকে আবার আশা- আনন্দের নতুন উদ্দীপনায় সজীব করে আরও কঠিনভাবে শত্রুপক্ষের উপর আঘাত হানার জন্য ফিরে এলাম আমার সদর দপ্তরে হাসানাবাদে।

এক এক দলে ছ'জন করে মোট ষাটজন মুক্তিযোদ্ধাকে জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহে খুলনা পাঠিয়ে দিলাম। উদ্দেশ্য, শহরের ভেতরে ও চতুর্দিকে গেরিলা ঘাঁটি স্থাপন করা। মুক্তিযোদ্ধাদের বলে দিলাম, প্রাথমিক কাজ সমাধা করার পর যারা পথ দেখিয়ে নিয়ে যাবে, তাদেরকে আমার ঘাঁটিতে ফেরৎ পাঠিয়ে দিতে- যাতে করে ওরা চেনা গোপন পথ ধরে পরপর গেরিলা দলকে বাংলাদেশের ভেতরে নিয়ে যেতে পারে। এই গিরিলা পদ্ধতি প্রবর্তন করার প্রথম উদ্দেশ্য হলো বিকল্প গোপন পথ খুঁজে বের করা। দ্বিতীয়তঃ নির্ভরযোগ্য স্থানীয় লোকদের সহায়তায় শহরের ভেতরে ও তার চতুর্দিকে গোপন ঘাঁটি স্থাপন করা। তৃতীয়তঃ পথপ্রদর্শকদের ফেরত পাঠিয়ে খবরাখবর আদান-প্রদান কর। তখনকার দিনে এই কাজগুলো সমাধা করা খুবই কষ্টসাধ্য ছিল। কেননা, পাকিস্তানী পশুগুলোর হিংস থাবা গ্রামবাংলার সব জায়গায় তখন ছড়িয়ে পড়েছে। তবুও অকুতোভয় মুক্তিযোদ্ধারা কঠিন আত্মবিশ্বাসে বলীয়ান। ওদের ভেতর কোন রকম অনিচ্ছা বা বিষাদের ভাব খুঁজে পেলাম না। এমন কি ওদের তীব্র চোখেমুখে দেখতে পেলাম চরম উত্তেজনা ও প্রতিহিংসার দুর্বার আগুন। ওদের এই আত্মবিশ্বাসের দুটো কারন হতে পারে। প্রথমতঃ খুলনার অধিবাসী দ্বিতীয়তঃ পাকিস্তানী হানাদাররা নারকীয় ধ্বংসযজ্ঞে মেতে উঠলেও ভেতরের জনসাধারণের আওয়ামী লীগের উপর আস্থা ছিল। গেরিলাদের কাছে ছিল স্টেনগান গ্রেনেড ও চাকু। ওদের নিরাপত্তা ও পথে যদি ওরা হঠাৎ বিচ্ছিন্ন হয়ে পড়ে অথবা শত্রুর সামনে পড়ে তাহলে ওদের মোকাবেলা করার জন্য কিছু হালকা ধরনের বিস্ফোরক দ্রব্যও সাথে দিয়ে দিলাম। প্রাণঢালা আশীর্বাদ করে আগের নির্দেশানুযায়ী ওদের বিভিন্ন রাস্তায় পাঠিয়ে দিলাম।

সময়টা ছিল ১৪ই জুলাইয়ের রাত্রি। শত্রুপক্ষের সামরিক যন্ত্রটাকে স্তব্ধ করার জন্য শিল্প এলাকায় আমার দ্বিতীয় পর্বের আক্রমণ শুরু হলো। শিল্প এলাকাগুলোর কার্যক্ষমতা অচল করে দিরতে পারলে সামরিক যন্ত্রটাকে বাঁচিয়ে রাখার মত হানাদারদের অর্থের অনটন ঘটবে। এই কাজটা খুবই মর্মান্তিক। কেউই চায় না তার নিজের দেশের শিল্প প্রতিষ্ঠানগুলো ক্ষতিসাধন বা ধ্বংসপ্রাপ্ত হোক। এছাড়া কোন উপায় ছিল না। কেননা, আমাদের সামগ্রিক সাফল্য অর্জনের জন্য এ কাজটা ভয়ানক প্রভাব বিস্তার করবে এবং সেই সঙ্গে শত্রুপক্ষের আক্রমণধারাও পংগু করে দেবে। ইতিমধ্যে ক্যাপ্টেন হুদাও তার ঘাঁটি থেকে আক্রমণের গতি বেশ সন্তোষজনকভাবে বাড়িয়ে দিল। জুলাই মাসের শেষ নাগাদ ৩৫ জনের ছোট্ট বাহিনীটি বাড়তে বাড়তে ৩৩০ জনে এসে দাঁড়ালো। শত্রুপক্ষের উপর রীতিমত আক্রমণ চালিয়ে তারা বেশ কিছুটা সাফল্য অর্জন করলো। বেগের অক্লান্ত সহযোগিতায় হুদা পাকবাহিনীর তিনটি সীমান্ত ঘাঁটি ধ্বংস করে দেয়। এর ভেতর ছিল দক্ষিণে উকসা, বসন্তপুরের উত্তরে দেবহাটা ও খানজী সীমান্ত ফাঁড়ি। মাইন, ডিনামাইট ও গ্রেনেড বিস্ফোরণে ওই ফাঁড়িগুলো সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে গিয়েছিল। উকসা অঞ্চলে পাকিস্তানী সৈন্যরা পাহারায় বেরুলে মুক্তিযোদ্ধারা কিভাবে ওদের কাবু করেছিল, সে সম্বন্ধে হুদা আমাকে একটি চমকপ্রদ কাহিনী শোনালো। ওঁৎ পেতে পাকিস্তানী সৈন্যদের উপর আঘাত হানার জন্য জুলাই মাসের ২৮ তারিখ ক্যাপ্টেন হুদা ১৫ জন মুক্তিযোদ্ধার একটি দল নিয়ে ইছামতি পার হলো। পাকিস্তানী সৈন্যরা উকসা ঘাঁটিতে খুব ভোরে পাহারায় বেরুতো। হুদা ও তার সাথের লোকের একটা খুঁটির সাথে 'জয় বাংলা' পতাকা লটকিয়ে তার চারিদিকে 'এন্টিপার সনাল' মাইন পুঁতে রেখে নিকটবর্তী একটা ধানক্ষেতের মধ্যে লুকিয়ে থাকে। হঠাৎ করে ওরা ফিস ফিস শব্দে শুনতে পেল। পাকিস্তানী সৈন্যরা তাদের দিকে এগিয়ে আসছে। তখনও গাছের ফাঁকে ফাঁকে কিছু কিছু আবছা অন্ধকার। হুদা ও তার সাথের লোকজন জলভর্তি ধানক্ষেতের মধ্যে চুপচাপ প্রস্তুত হয়ে রইলো। কিন্তু দুর্ভাগ্যবশতঃ হানাদাররা

এদিকে আসলো না। উড়ন্ত 'জয় বাংলা' পতাকাটা চোখে পড়তেই মাথাভারী কুত্তার দল তেলে-বেগুনে জ্বলে উঠলো এবং ওটাকে নামিয়ে পুড়িয়ে ফেলার জন্য বিশ্রী ভাষায় গালিগালাজ করতে করতে ছুটে আসলো। আর যায় কোথায়? সমস্ত পৃথিবীটাকে কাঁপিয়ে প্রচণ্ড বিস্ফোরণ। হাতির মত পাকিস্তানী দৈত্যগুলো টুকরো টুকরো হয়ে ছিটকে পড়লো এবং হুদা তার লোকজন ও শত্রুদের পরিত্যক্ত অস্ত্র নিয়ে নিরাপদে ঘাঁটিতে ফিরে এলো।

আমার মনে পড়ে, 'ভট্টাচার্য' নামক দশ বছরের একটি ছেলে বেগের বিশেষ 'বাহিনীতে' যোগ দেয়। এই বিশেষ বাহিনীটির নাম 'হার্ড কোর অব সার্জেন্টস'। এর বিশেষত্ব ছিল বারো বছরের উর্দ্ধে কোন বালককে এই বাহিনীতে নেয়া হতো না। নতুন এসেও, ভট্রাচার্য কঠিন পরিশ্রমের বলে সার্জেন্ট মেজরের পদে উন্নতী হলো। সে নিজে অনেক যুদ্ধে অংশগ্রহণ করেছে। উপরন্তু, চারদিকে শত্রুথাকা সত্ত্বেও তাদের অবস্থান, শক্তি, সাতক্ষীরা- কালিগঞ্জ রাস্তায় পারুলিয়া ব্রীজের খুঁটিনাটি-সব মূল্যবান সংবাদ সংগ্রহের জন্য তার ক্ষুদে বাহিনীকে যোগ্যতার সাথে পরিচালনা করেছি। পারুলিয়া ব্রীজটা লম্বায় প্রায় ১৫০ ফুট। এই ব্রীজের উপর দিয়েই হানাদাররা তাদের রসদসম্ভার, অস্ত্রশস্ত্র কালিগঞ্জ ও বসন্তপুরের নিয়ে যেত। ব্রীজটার উপর হামলা চালানোর দিন ভট্রাচার্য রাতের অন্ধকারের মধ্যে হামাগুড়ি দিয়ে ব্রীজের এক প্রান্তে পাহারারত সান্ত্রীদের কয়েক গজের মধ্যে গিয়ে অপেক্ষা করতে লাগলো। আর এদিকে বেগ ব্রীজের নিচে বিস্ফোরক দ্রব্য রেখে দিল। সংকেত দিতেই এই দশ বছরের সার্জেন্ট মেজরটি ঝোপের আড়াল থেকে শত্রুর দিকে গ্রেনেড ছুড়ে মারলে কোনদিক থেকে গ্রেনেড ছুঁড়েছে টের পাবার আগে সান্ত্রীরা মাটিতে লুটিয়ে পড়লো। তারপর সার্জেন্ট মেজরটি তার ছোট্ট কনুইয়ের উপর ভর করে হামাগুড়ি দিয়ে পূর্বনির্ধারিত স্থানে বেগের সাথে এসে মিলিত হলো এবং নীরব অপেক্ষা করতে লাগলো কখন বিস্ফোরণের ভয়ানক গর্জনটা কানে ভেসে আসবে। দীর্ঘমেয়াদী বিস্ফোরক দ্রব্য বুকে নিয়ে ব্রীজটা অসম্ভব সকমের নীরব ও শান্ত। মগজহীন হানাদার সান্ত্রীরা ভারী বুট পায়ে ব্রীজের অপর প্রান্তে পায়চারি করছিলো। বেগ হাতঘড়িটার দিকে তাকালো। সময় আসন্ন। উহ কি ভয়ানক উত্তেজনা। প্রচণ্ড শব্দ করে ব্রীজের বেশীর ভাগ অংশ উড়ে গেল। আর পোশাক পর পাকিস্তানী পশুগুলো চিরদিনের জন্য ভেসে গেল স্রোতের জলে।

আমাদের উপর্যুপরি সাফল্যে একদিন যেমন মুক্তিযোদ্ধাদের মনোবল উন্নত হলো, অন্যদিকে অনেকগুলো অসুবিধাও দেখা দিল। কেননা, মুক্তিযোদ্ধারা ঘন ঘন আক্রমণ করায় পাক হানাদাররা ক্ষেপে গিয়ে সীমান্ত অঞ্চলের লোকজনের উপর চরম অত্যাচার আরম্ভ করলো। ওদের অকথ্য অত্যাচারের ফলে স্থানীয় লোকজন আমাদের উপর কিছুটা বিরূপ মনোভাবাপন্ন হয়ে উঠলো। এর ফলে আমাদের গেরিলা কৌশল অনেকটা ব্যাহত হলো। বেসামরিক জনসাধারণ আমাদেরকে শত্রুমনে করতো না। কোন অঞ্চল মুক্ত হলে সেখানে আমরা অবস্থান করি, এটা তারা মনে মনে সব সময় কামনা করতো। কিন্তু নানান অসুবিধার জন্য আমরা মুক্তাঞ্চলে থাকতাম না। প্রথমতঃ প্রকৃতপক্ষে কোন জায়গা দখলে রাখা আমাদের উদ্দেশ্য ছিল না, দ্বিতীয়তঃ আমাদের ছেলেরা আত্মরক্ষামূলক যুদ্ধে প্রশিক্ষণ প্রাপ্ত নয়। তৃতীয়তঃ লোকসংখ্যা ও অস্ত্রশস্ত্রের দিক দিয়ে ওরা আমাদের চাইতে অনেক উন্নত। খণ্ডযুদ্ধ চালাবার মত শক্তি আমাদের ছিল না। সুতরাং একমাত্র কৌশল আমাদের সামনে যা খোলা ছিল, সেটা হলো সেই পুরানো কায়দা-'আক্রমণ করো এবং পালিয়ে এসো।' এই কৌশল আবলম্বন করায় যুদ্ধক্ষেত্রের চারদিকের নিরীহ লোকদের জীবনে নেমে আসলো অবর্ণনীয় দুঃখ-কষ্ট। কিন্তু আমাদের কোন বিকল্প পন্থাও ছিল না।

শাসনকার্য পরিচালনার জন্য কিছু লোক হিংগলগঞ্জ রেখে ক্যাপ্টেন হুদা ইতিমধ্যেই তার দপ্তর উকসা নিয়ে এসেছে। উকসায় তাঁকে পর্বতপ্রমাণ সমস্যার সম্মুখীন হতে হয়েছিল। কেননা, নদীর তীর বরাবর উঁচু বাধ ছাড়া আর কোন জায়গা ছিল না, যেখানে মুক্তিযোদ্ধারা শত্রুর মোকাবেলা করার জন্য ঘাঁটি গেড়ে বসতে পারে। বাঁধের নীচে যতদূর চোখ যায় শুধু কর্দমাক্ত ধানক্ষেত। অন্য কোন উপায় না থাকায় বৃষ্টির হাত থেকে বাঁচার জন্য গর্ত খুঁড়ে তার মধ্যে মাথা গুঁজতে হতো। তাড়াতাড়িতে খোঁড়া এই ব্যূহগুলো প্রবল বৃষ্টির ঝাপটা সহ্য করতে পারতো না। এই মুক্তিযোদ্ধারা অনেক সময় বৃষ্টির মধ্যে দাঁড়িয়ে ভিজতো। বেশীর ভাগ সময়আধপেটাখেয়েদিন কাটাতো। কেননা, রান্নাবান্না করার অনেক অসুবিধাও ছিল। যুদ্ধে পাঠিয়ে দিয়ে হুদা ওদের মনোবল বাঁচিয়ে

রেখেছিল। ভাবতে অবাক লাগে, মুক্তিযোদ্ধাদের খাওয়ার চাইতে যুদ্ধের দিকে আসক্তি ছিল বেশী। শত্রুর উপর হামলা করার জন্য ক্যাপ্টেন হুদা ও সহ-অধিনায়ক বেগ দুশো মুক্তিযোদ্ধা নিয়ে একদিন রাতে শ্যামনগরের দিকে অগ্রসর হলো। সময়টা এমনভাবে নির্ধারিত করা হয়েছিল যে রাত্রে রওনা হয়ে ভোর হওয়ার কিছু আগেই শ্যমনগর পৌছে যায়-যাতে করে মুক্তিযোদ্ধাদের ছোট ছোট দলে ভাগ করে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বসিয়ে দেয়ার জন্য যথেষ্ট সময় হাতে পাওয়া যায়।

ছোট ছোট ছেলেদের পক্ষে ধানক্ষেতের মধ্য এই দীর্ঘ পথ হেঁটে যাওয়া খুব আরামদায়ক ছিল না। নিচে পায়ে কাঁটার আঘাত, উপরে ঠাণ্ডা বাতাস আর বৃষ্টি মাথায় নিয়ে ওরা অন্ধকারের ভেতর এগিয়ে চললো শ্যামনগরের দিকে। পথের সাময়িক বাধাকে ওরা ভ্রক্ষেপই করলো না। কেননা ওদের অন্তরে ছিল বাংলার সোনালী ভবিষ্যৎ আর শত্রুর প্রতি হিংসার চরম আগুন। সারাদিন তীব্র সংঘর্ষের পর সন্ধ্যা নামতেই শত্রুপক্ষের কামান, মর্টার, মেশিনগান স্তব্ধ হয়ে গেল এবং হানাদাররা চরম পরাজয় বরণ করলো। যুদ্ধক্ষেত্রের কিছু পেছনে শত্রুপক্ষের পঞ্চাশজনের একটা দল বেতারযন্ত্র ও ভারি অস্ত্রপাতি নিয়ে আবস্থান করছিল। ওদের মর্টার ও কামানের গুলি শ্যামল-শস্যক্ষেত পুড়িয়ে ছারখার করে দিল। কিন্তু আমাদের বিশেষ ক্ষতি করতে পারলো না। শত্রুপক্ষের লোকজন পালিয়ে যাবার সময় পথে গোপন স্থানে লুকিয়ে থাকা আমাদের ছেলেরা অতর্কিত ওদের উপর হামলা চালিয়ে খতম করে দেয়।

শ্যামনগর থেকে পালাবার দুটো মাত্র পথ খোলা ছিল। একটা ভেটখালির দিকে, অন্যটা বসন্তপুরের দিকে। এই দুটো রাস্তাতেই হাবিলদার সোবহান ও মুক্তিযোদ্ধা লিয়াকতের অধীনে আমাদের ছেলেরা ওঁৎ পেতে বসে ছিল। লিয়াকত দুর্দান্ত সাহসী। নবেম্বর মাসের কোন সময়ে বাংলাদেশ সশস্ত্র বাহিনীতে অফিসার পদের প্রশিক্ষণের জন্য চলে যায়। শ্যামনগরের উপরে এই আক্রমণ আমার সেক্টরে একটা বিরাট বিজয়। এই বিজয়ে জনসাধারণেরও মনোবল অনেকাংশে বেড়ে গেল। শত্রুপক্ষের ক্ষতির তুলনায় আমাদের তেমন বিশেষ ক্ষতি হয়নি। ওদের অনেক লোকজন মারা যায়। আমাদের চারটি ছেলের মধ্যে মারাত্মকভাবে দু'জন জখম হয়। আর দু'জন সামান্য আঘাত পায়।

শ্যামনগর মুক্ত হওয়ায় জনগণের চক্ষু খুলে গেল। ওরা এই প্রথমবারে মত মুক্তিবাহিনীর শক্তির পরিচয় পেল। হুদার কাছে খবর পাঠালাম, যেভাবেই হোক একটা নির্দিষ্ট সময় পর্যন্ত শ্যামনগর আমাদের দখলে রাখতেই হবে। কেননা, আমার ইচ্ছা দখলক্রত রাস্তা ধরে খুলনা, মংলা ও চালনা পোর্টে মুক্তিবাহিনী পাঠিয়ে দিয়ে শত্রুর উপর আঘাত হানবো। আমার নির্দেশমত হুদা ও বেগের উপর শ্যামনগরের সমস্ত দায়িত্ব ছেড়ে দিয়ে কালিগঞ্জ-বসন্তপুর অঞ্চলে শত্রুপক্ষের উপর হামলা জোরদার করার জন্য সে নিজেই হিংগলগঞ্জে ছুটে এলো।

পদাতিক বাহিনীর দ্বারা সাহায্যপুষ্ট শত্রুপক্ষের একদল সৈন্য এই অঞ্চলে ঘাঁটি গেড়ে বসেছিল। ওরা নদীপথে ইছমতী দিয়ে যাতায়াত করতে পারতো না। কিন্তু ওদের গানবোটগুলো কালিগঞ্জ বরাবর যমুনা নদী দিয়ে দক্ষিণে পাইকগাছা পর্যন্ত পাহারা দিত। যাতায়াত ও সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার এটাই প্রধান রাস্তা। শত্রুদের সরবরাহ ব্যবস্থা বিচ্ছিন্ন করার জন্য উত্তর-পূর্বদিকে যমুনার তীর বরাবর গেরিলা ঘাঁটি স্থাপন করার জন্য ক্যাপ্টেন হুদাকে একটা পরিকল্পনা তৈরী করে দিলাম। যখন খবর পাওয়া গেল যে, পাকিস্তানী গানবোটগুলো যমুনায় পাহারা দিয়ে বেড়াচ্ছে, তখন ভারতীয় সেসাবাহিনীর একটা দল 'রিকয়েললেস' রাইফেল নিয়ে হিংলগঞ্জ এসে ঘাঁটি গাড়লো। এই দূরপাল্লার রাইফেল দিয়ে গানবোটগুলোকে সহজেই আঘাত করা যায়। সেন বর্মা নামে একজন অল্পবয়স্ক লেফটেন্যান্ট এই বাহিনীর অধিনায়ক। ভারতের প্রধান নির্বাচনী কমিশনার মিঃ সে বার্মার পুত্র। পূর্বে বরিশাল জেলার অধিবাসি ছিলেন। এ সময় ভারতীয় সৈন্যরা সরাসরী মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করতো না। প্রয়োজনবোধে মুক্তিযোদ্ধারা কোন সাহায্য চাইলে ভারতীয় সৈন্যরা পিছন থেকে শত্রুপক্ষের উপর গোলাবর্ষণ করতো। কিন্তু প্রতিভাদীপ্ত যুবক এই সেন বর্মাকে বাধা দেবে? সে ক্যাপ্টেন হুদার ইছামতী

পার হয়ে হানাদারদের উপর ক্ষিপ্রগতিতে আক্রমণ চালিয়ে আবার এপারে ফিরে আসতো। ক্যাপ্টেন হুদা লেঃ সেন বর্মাকে সহযোগী হিসাবে পেয়ে খুবই খুশী হলো।

আক্রমণ পরিচালনায় হুদার যোগ্যতার উপর সম্পুর্ণ আস্থা রেখে আমি ফ্লাইট সার্জেন্ট সলিমুল্লাহকে নিয়ে শমসেরনগরে যুদ্ধ পরিচালনা ঘাঁটি স্থাপন করার পাকাপোক্ত সিদ্যান্ত নিলাম। সলিমুল্লাহ শক্তিশালী ও সাহসী। তখনকার পরিস্থিতি মোকাবিলা করার জন্য তাকেই উপযুক্ত মনে করলাম। হাসনাবাদে আমার যে লঞ্চটি ছিল তাকে করে ত্রিশজন মুক্তিযোদ্ধাকে সলিমুল্লাহর অধীনে শমসেনগর পাঠিয়ে দিলাম। শমসেরনগর অনেক দূরে রায়মংগল নদীর তীরে অবস্থিত। এই জায়গাটার অনেক রকমের অসুবিধা ছিল। কিন্তু আমার সার্বিক যুদ্ধ পরিচালনার জন্য স্থানটার গুরুত্ব ছিল অপরিসীম। প্রথমতঃ আমি চাচ্ছিলাম সমগ্র সুন্দর বনাঞ্চলে আধিপত্য বিস্তার করে বাংলাদেশের অভ্যান্তরে গেরিলা ঘাঁটিগুলোতে প্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহের জন্য একটা নিরাপদ রাস্তা। দ্বিতীয়তঃ আমি ভাবছিলাম বাংলাদেশের অভ্যান্তরে একটা আক্রমলকারী দল পাঠিয়ে বরিশাল, পটুয়াখালী ও গোপালগঞ্জে যেসব বিক্ষিপ্ত মুক্তিবাহিনী শত্রুপক্ষের উপর আক্রমণ পরিচালনা করে তাদের সাথে একটা সুষ্ঠ যোগাযোগ স্থাপন করা। মুক্তিযোদ্ধাদের কোন তাঁবু, রেশন ও পোশাক না থাকা সত্ত্বেও সলিমুল্লাহ হৃষ্টচিত্তে শুধুমাত্র সাহসের উপর ভর করে আগস্ট মাসের শেষদিকে শমসেরনগরে ঘাঁটি স্থাপন করতে উঠে পড়ে লেগে গেলো। বর্ষা ঋতুতেই সে ঘাঁটি বানাবার মনস্থ করলো। শমসেরনগরে ভারতীয় সীমান্তবর্তী ফাঁড়ির আধ মাইল দক্ষিণে নদীর তীরে বাঁশ দিয়ে একটা ঘাঁটির মত তৈরী করা হলো। এর চতুর্দিকে কাদাপানি। ওকে যে কাজের ঘাঁটিটার চারদিক জলকাদা। আসলে সলিমুল্লাহ সাহেব একজন কেতাদুরস্ত লোক। বর্ষা ও কাদামাটির ভেতর যখন মুক্তিযোদ্ধাদের নিয়ে বেরিয়ে পড়তো, তখন ফ্লাইট সার্জেন্ট সলিমুল্লাহকে খুবই খুশী মনে করত। বিশেষভাবে তাগিদ দেয়ায় তার ছেলেদের জন্য বর্ষাতি পাঠিয়ে দিলাম। সপ্তাহ শেষে প্রয়োজনীয় রেশনপত্র পাঠিয়ে দিতাম। সলিমুল্লাহর তেমন আর কোন অভিযোগ ছিল না। শুধু প্রধান লঞ্চচালক মোশাররফ মিয়া মাঝে মাঝে অস্ত্রশস্ত্রের একটা বড় তালিকা নিয়ে হাজির হতো।

শমসেরনগর যাবার কিছুদিন পরেই কৈখালিতে পাক বাহিনীর উপর উপর্যুপরি কয়েকবার হামলা চালিয়ে সীমান্তবর্তী ঘাঁটিটা অধিকার করি এবং সরাসরি এপারে সলিমুল্লাহ আর একটা ঘাঁটি স্থাপন করে। ইতমধ্যে সুন্দরবনের 'রাজা' নওয়াবদীর সাথে তার পরিচয় হয়। সুন্দরবন এলাকায় এই নওয়াবদী রূপকথার সেই কালো দৈত্যটার মত। বেশ বড় মুখমণ্ডল। সারামুখ ভর্তি দাড়ি। প্রায় ছ'ফুট লম্বা। দেহগঠন অত্যান্ত সুদৃঢ়। সারা সুন্দরবন এলাকায় সে একটা ভয়ানক ত্রাস। তার একমাত্র ব্যবসা চোরাচালানি। পূর্বের কুকীর্তি সত্ত্বেও, যখন আমি সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে তার সাথে দেখা করলাম তখন আমার কাছে সে অত্যান্ত লাজুক, ভদ্র ও অতিথিপরায়ণ বলে মনে হলো। হ্যাঁ, মনে পড়ছে, তারিখটা ৩রা সেপ্টেম্বর।

আমার সেক্টরের একটা লঞ্চে করে যাচ্ছিলাম। আমার অধীনস্থ লঞ্চগুলো শীগগীরই 'বাংলাদেশ নেভি' নামে পরিচিত হলো। সেপ্টেম্বরের শেষদিক আমার নৌ-বাহিনীতে ৬ টা মটর লঞ্চ যোগাড় করা হয়। এগুলো শত্রুবাহিনীর কাছ থেকে ছিনিয়ে নেয়া হয়েছিল। শুধুমাত্র যাতায়াত ব্যবস্থার জন্য নিয়োজিত রাখার চাইতে আমি ভাবলাম, এগুলোকে অস্ত্রশস্ত্রে সজ্জিত করে গানবোটের কায়দায় ব্যবহার করা ভাল। সর্বধিনায়ক কর্নেল ওসমানীর কাছে আমি আমার পরিকল্পনার কথা জানাতেই তৎক্ষণাৎ রাজী হয়ে গেলেন। তারপর অধিনায়ক মুখার্জীর আন্তরিক প্রচেষ্টায় ভারতীয় বাহিনীকে অনেক বুঝিয়ে-সুঝিয়ে আমার ছ'টি লঞ্চের জন্য ৫০টি ব্রাউনিং বিমানবিধ্বংসী মেশিনগান নিয়ে এলাম। হালকা মেশিনগান ও ছোট ধরনের অস্ত্রশস্ত্র চালাবার জন্য এক একটি লঞ্চে দশজন করে নাবিক মোতায়েন করলাম। আমার ভাগ্য ভাল যে, আমি সব নৌ-বাহিনীর লোকজন পেয়ে গিয়েছিলাম। আগে তারা পাকিস্তান নৌ-বাহিনীতে চাকরিরত ছিল। বদরে আলম নামে একজন বেশ অভিজ্ঞ লোকের অধীনে নৌ-বাহিনীর এইসব লোকজনকে একত্র করলাম। যুদ্ধের সময় বদরে আলমকে সম্মানসূচক লেফটেন্যান্ট পদে ভূষিত করা হয়। লেঃ খুরশীদ এই নৌ-বাহিনী গড়তে আমাকে সাহায্য করেছে। এইসব

লোকদের যোগাড় করার জন্য সে একসেক্টর থেকে আর এক সেক্টরে অক্লান্তভাবে ঘুরে বেরিয়েছে। ছেলেরা মানের মত কাজ পাওয়ায় ওর উপর খুব কৃতজ্ঞ হলো। আমার এই সংস্থাটি পরে 'বাংলাদেশ নৌবাহিনী' নামে পরিচিত হয়ে ভয়ানক উত্তেজনার সৃষ্টি করেছিল। এই বাহিনীর উপর প্রথম কাজ দেয়া হলো, সুন্দরবনের অভ্যন্তরে গেরিলা ঘাঁটিগুলোতে প্রয়োজনীয় জিনিসপত্র রীতিমত সরবরাহ করা। দ্বিতীয়তঃ নদীতে আক্রমণাত্বক পাহারা দেয়া। তৃতীয়তঃ নৌ-সংক্রান্ত কাজকর্ম সুসমাধা করা। নৌ-সংক্রান্ত কাজকর্ম বলতে বুঝায়-মুক্তিযোদ্ধাদের একটি নির্দিষ্ট ঘাঁটিতে নামিয়ে দেয়া। তারপর কাজ সমাধা হলে আবার তাদের ফিরিয়ে নিয়ে আসা।

সেপ্টেম্বরের ৩ তারিখ রাত্রে যার সাথে দেখা হয়েছিল, সুন্দরবনের 'রাজা' সেই নওয়াবদী প্রসঙ্গে ফিরে আসি। হাসনাবাদ থেকে দীর্ঘ পাঁচ ঘণ্টা লঞ্চে থাকার পর শমসেরনগর পৌছলাম। তখন রাত গাঢ় অন্ধকার। মুষলধারে বৃষ্টি হচ্ছিল। এত অন্ধকার যে দু'গজ সামনে পর্যন্ত দেখা যায় না। চালকের পক্ষে লঞ্চ চালনা করা বেশ কষ্টকর হয়ে উঠলো। সার্চলইটের আলোতে বেশীদুর দেখা যায় না। প্রমত্তা রায়মঙ্গল এর উপর ভেসে বেড়াচ্ছি। হঠাৎ তীর থেকে আমাদের উপর টর্চলাইটের আলো এসে পড়লো। অনুসন্ধানে জানতে পারলাম যে, ওটা ভারতের সীমান্ত ফাঁড়ির আলো। ওই ফাঁড়ির লোকেরা সলিমুল্লাহর আস্তানায় পৌছতে আমাদেরকে যথেষ্ট সাহায্য করলো। এই সময় বৃষ্টির মধ্যে দেখতে পেয়ে সলিমুল্লাহ আনন্দে আত্মহারা। ওখানকার সব ছেলের সাথে আমি দেখা করলাম। বৃষ্টির ঝাপটা এসে বাঁশের ঘরের মধ্যে ঢুকছিল। এই বর্ষার রাত্রেই সুন্দরবনের 'রাজা' নওয়াবদীর সাথে আমার দেখা হয়। পাক-বর্বরদের নৃশংস অত্যাচারে টিকতে না পেরে সুন্দরবনের হরিনগর গ্রামের তার পৈতৃক ভিটামাটির মায়া ত্যাগ করে ঝড়ের মধ্যেই পরিবারের সবাইকে তিনটি নৌকায় নিয়ে নওয়াবদী বেরিয়ে পড়ে। সুন্দরবনের রাজার চোখে জল। সে স্বপ্নেও ভাবতে পারেনি যে, তার জীবনে এমন দুঃখের দিন কখনো আসবে এবং পিতৃপুরুষের ভিটেমাটি ছেড়ে চলে যেতে হবে। হারিকেনের আবছা আলোতে দেখতে পেলাম তার চোখে প্রতিহিংসার আগুন। চপলমতি ছোট্ট বালকের মত হঠাৎ সেই শক্ত মানুষটা ডুকরে কেঁদে উঠলো। সে আমাকে জানালো যে, মাত্র চারটা রাইফেল পেলে আজ রাত্রেই তার পরিবারের লোকজন নিয়ে সে গ্রামে ফিরে যাবে। তক্ষুনি তাকে চারটা রাইফেল দিয়ে দিলাম। নিকষ কালো লোকটা প্রচণ্ড উল্লাসে সাদা দাঁতগুলো বের করে দুরন্ত বাতাসের সাথে দৈত্যের মত অন্তর্হিত হলো। এর ফলে শীগগীরই সে সুন্দরবনের গভীরে আমাদের গেরিলা ঘাঁটি প্রসারিত করতে নিষ্ঠার সাথে সাহায্য করেছিল।

বেগের একটি 'যুদ্ধবাহিনী' ছিল। তারা সবাই স্বেচ্ছাসেবী। বাংলাদেশের যে কোন জায়গায় যে কোন ঝুঁকি নিতে তারা সর্বদা প্রস্তুত থাকেতো। সংখ্যায় সব মিলিয়ে দুশো হবে। সবাই যুদ্ধ করার মত উপযুক্ত। যা কল্পনা করেছিলাম- সেই প্রস্তুতি, সেই উৎকর্ষতা ওদের মাঝে দেখতে পেয়ে আমি সুন্দরবনের গভীরে গেরিলা ঘাঁটি স্থাপন করার লোভ সামলাতে পারলাম না। সুন্দরবনটা দেখতে প্রায় ভিয়েতনামের হো চি মিন সড়কের মতো। কোন কারণে যুদ্ধ বিলম্বিত হলে, প্রাকৃতিক গুপ্তস্থানে ভরপুর এই সুন্দর বনাঞ্চল ছাড়া বাংলার আর কোন জায়গা এতটা সুবিধাজনক নয়। ব্যূহ রচনার কৌশলাদি ঠিকমত নিরূপণ করে এই অঞ্চলে যদি ঘাঁটি স্থাপন করা যায় তাহলে মুক্তিযুদ্ধ যে কোনভাবে যে কোন সময়সীমা পর্যন্ত চালিয়ে নেয়া সম্ভব হবে। এই পরিকল্পনা মনে রেখে কৈখালিতে সলিমুল্লাহর জায়গায় বেগকে বসিয়ে দেয়ায় আমি তাকে শ্যামনগর থেকে নিয়ে এলাম। কাজ শুরু করার প্রাথমিক পদক্ষেপ হিসাবে বেগকে বুড়ি গোয়ালিনী, হরিনগর ও মুন্সিগঞ্জে ঘাঁটি স্থাপন করার দায়িত্ব দিলাম। ফ্লাইট সার্জেন্ট সলিমুল্লাহর নেতৃত্বে রাতের বেলায় অতর্কিত হামলা চালিয়ে দু'জন পাকিস্তানী সৈন্য ও কয়েকজন রাজাকার খতম করে এক সপ্তাহ আগে এই 'বুড়ি গোয়ালিনী' অধিকার করা হয়। বুড়ি গোয়ালিনীতে বন বিভাগের অফিস ও একটা শক্তিশালী ট্রান্সমিটার ছিলো।

দুঃসাহসিক কাজের জন্য সলিমুল্লাহকে সম্মানসূচক লেফটেন্যান্ট পদে উন্নীত করা হয়। এই বুড়ি গোয়ালিনী অধিকার করা আমাদের পক্ষে একটা বিরাট সফলতা। কেননা, এখান থেকেই পাক সৈন্যরা সুন্দরবনের ভেতরে ও অগ্রভাগে আমাদের চলাচলের উপর নজর রাখতো এবং খবর সংগ্রহ করতো। উল্লেখ করা যেতে পারে যে,

এই ট্রান্সমিটারটাই আমার যাত্রার উদ্দেশ্যটা ব্যর্থতার পর্যবসিত করেছিল। সলিমুল্লার কাছ থেকে দায়িত্ব নেওয়ার পর বেগ ও তার বাহিনী শত্রুপক্ষের হামলা করার জন্য অস্থির হয়ে উঠলো। গানবোটগুলির উপর আঘাত করার জন্য বেগ সবসময় ওঁৎ পেতে প্রস্তুত হয়ে থাকতো। বুড়ি গোয়ালিনি পতনের পর পাক হানাদাররা মাঝে মাঝে আমাদের ঘাঁটির নিম্নাঞ্চল গানবোট নিয়ে পাহারায় বেরুতো। অক্লান্ত পরিশ্রম করে ও উপর্যুপরি কয়েকবার আক্রমণ চালিয়ে হরিনগর ও মুন্সিগঞ্জ থেকে হানাদার বাহিনী বিতাড়িত করে বেগ সেখানে গোপন ঘাঁটি স্থাপন করলো। এইসব ঘাঁটি থেকে বিতাড়িত হবার পর পাক হানাদাররা সহসা পাল্টা আক্রমণ করতো না। কোন কারণে তারা যেন নরম হয়ে গেল। আমরা কখনও আক্রমণ করলে হানাদাররা খুবই ভীতসন্ত্রস্ত হয়ে উঠতো। বোধ হয় ওদের ভয় ধরেছিল যে, আমরা ওদের চারদিক দিয়ে ঘিরে ফেলেছি। কেননা একদিকে সুন্দরবনের উপরিভাগ থেকে বেগ ও তার দুঃসাহসী যোদ্ধারা শত্রুদের উপর ক্রমাগত আক্রমণ চালাচ্ছিল, আর অন্যদিকে দক্ষিণ শরণখোলা থেকে কঠিন আঘাত হানছিল ক্যাপ্টেন জিয়া।

মাত্র সীমান্ত পরিধির ভেতর সীমাবদ্ধ এই যুদ্ধে আমি খুশী ছিলাম না। কেননা, সীমান্ত এলাকা থেকে মাত্র কয়েক মাইল জুড়ে আমাদের মুক্তাঞ্চল গড়ে উঠেছে এবং পাকিস্তানের সুশিক্ষিত সৈন্যবাহিনীর বিরুদ্ধে সার্বিক বিজয় অর্জন করতে আমাদের বহু বছর লাগতে পারে। কারন ওরা বৃত্তাকারে সুদৃঢ় ব্যূহ রচনা করে দীর্ঘসূত্রতার কৌশল অবলম্বন করছে এবং যতই সময় যাচ্ছে, ওরা নিজেদের অবস্থার খুবই মজবুত করে নিচ্ছে। যদিও পাকিস্তানী হানাদাররা বৃত্তাকার যুদ্ধে লিপ্ত ছিল, তবুও তারা মানসিক দিক দিয়ে একদম ভেঙ্গে পড়েছিল। তৎসত্ত্বেও ওদের উপর বড় রকমের আঘাত হানার মত অবস্থান আমাদের ছিল না। তাছাড়া, মুক্তিযোদ্ধারা গেরিলা যুদ্ধ পদ্ধতি সম্বন্ধেও খুব বেশী পারদর্শী নয়। তাড়াতাড়িতে যেটুকু প্রশিক্ষণ পেয়েছিল, তাতে কোন কোন খন্ডযুদ্ধে সবাইকে একত্রে জড় হয়ে শত্রুর মোকাবেলা করতে দেখা গেছে। এটা আমাদের পক্ষে আত্মঘাতী স্বরুপ। যখনই আমাদের বড় রকমের একটা বিপর্যয় এসেছে, তখনই দেখা গেছে যে, এটা ওদের একত্রে জড় হবার চিরাচরিত অভ্যাসের পরিণত। যা হোক, সময়ে যুদ্ধ করে সফলতা আমরা অর্জন করেছি, তা থেকে পরিষ্কারভাবে উপলব্ধি করতে পেরেছি যে, যুদ্ধকৌশল নয়-আক্রমণের গতিধারা ও আক্রমণাত্মক মনোভাবটাকে যদি বাঁচিয়ে রাখতে পারি, তাহলে ভবিষ্যতে আমাদের সফলতা আসবেই।

এই রুপরেখাটা মনে রেখে বিশদভাবে পরিকল্পনা তৈরী করলাম যে, দেশের প্রতি আনাচে-কানাচে মুক্তিযোদ্ধাদের ছড়িয়ে দিতে হবে ও আক্রমণের ক্ষেত্রকে প্রসারিত করতে হবে প্রতি থানায়। থানা থেকে গ্রামে। গ্রাম থেকে ঘরে ঘরে- যেন শত্রুরা পিছনে দেখতে 'আজরাইল' ওদের সামনে। যে হারে প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধারা আমার নতুন ক্যাম্প 'বাকুনদিয়া' এসে জড় হচ্ছিল, তাতে ওদের জন্য যদি প্রয়োজনীয় অস্ত্রশস্ত্র যোগাড় করা যায়, তাহলে এই পরিকল্পনার রূপায়ণ মোটেই কষ্টকর নয়। বাকুদিয়া বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যস্ততম ও বৃহত্তম পাদপীঠ- যেখানে মুক্তিগামী মানুষের এই মৃত্যুঞ্জয়ী কাফেলা প্রবল প্রাণোদ্দামে ভরপুর হয়ে এই প্রশিক্ষণ কেন্দ্র হতে উল্কার মতো ছুটে গিয়েছিল ঐ মানুষখেকো বাঘ ও হিংস্র জন্তুর অবাধ লীলাক্ষেত্র সুন্দরবনের গভীর অভ্যন্তরে এবং বাংলার মাঠে-ঘাটে, প্রতিটি গ্রামে ও গঞ্জে।

গেরিলা অভিযান

৯ নং সেক্টর আমার অধীনে সর্বসাকুল্যে তিনখানা জীপ, একটি বাস ও একটি ট্রাক ছিল। এর ভেতরে মেজর ওসমানের কাছ থেকে নেয়া টয়োটা জীপটাও আছে। আমি ভাগ্যবান যে, গেরিলা পদ্ধতি প্রবর্তনের সময় এই যানবাহনগুলো পেয়েছিলাম। গাড়ী ও ট্রাকগুলো বৃষ্টির মধ্যে অনেক সময় চলতে পারতো না। এই গাড়িগুলোর অবস্থা খুবই শোচনীয় ছিল। কোননা মুক্তিযুদ্ধের প্রথম দিকে এই গাড়ীগুলো বাংলাদেশ থেকে নিয়ে আসা হয়। তারপর থেকে এর কোন রক্ষণাবেক্ষণই হয়নি। অবশ্য শেষের দিকে ১৯৭১ সালের আগস্ট মাসের কোন এক সময়ে ব্যারাকপুরের চার্লি সেক্টর পশ্চিম রণাঙ্গনের 'জয়বাংলা' গাড়ীগুলোর রক্ষণাবেক্ষণের দায়িত্ব নেয়।

এ কাহিনীর একটা দিক মাত্র। নৌকায় খালবিল দিয়ে গেরিলা পাঠানোর চেয়ে স্থলপথে পাঠানোর অনেকটা কম সমস্যা- সংকুল। স্থলপথে যারা যাবে তাদের শুধু রেশনের টাকা দিয়ে দিলেই সমস্যার সমাধান হয়ে যায়। কিন্তু যারা জলপথে যাবে, তাদের জন্য চাই পথঘাট ভাল চেনে এইরকম উপযুক্ত মাঝি। এইমসয় ওই রকম মাঝি যোগাড় কারা খুবই দুষ্কর ছিল। ভাগ্য ভাল, এ ব্যাপারে আদম সন্তান পাচার করে এই রকম একজন চোরাচালানীর সাক্ষাত পেয়ে গেলাম। সারাজীবন সুন্দর বনের খাল বিল দিয়ে সে চোরাকারবার করেছে। সুতরাং মানচিত্রের চাইতেও সুন্দরবনের গোপন পথঘাটের খবর তার কাছে সঠিকভাবে পাওয়া যেত। সে প্রাণ দিয়ে কাজ করছে এবং কয়েক হাজার মুক্তিযোদ্ধাকে পথ দেখিয়ে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে বরিশাল, ভোলা ও পটুয়াখালীতে নিরাপদে পোঁছে দিয়েছে। তার নাম রইজুদ্দিন। এক সময়ের কোটিপতি। আজ তার সর্বস্ব পাকহানাদাররা কেড়ে নিয়েছে। বয়স পঞ্চাশের মাঝামাঝি, পতলা, কালো। এই রইজুদ্দিন ভয়ানক ধূর্ত ও চটপটে একদিন সে গর্ব করে বললো, ''স্যার, হানাদারদের বাপের সাধ্য নেই আমাকে ধরে। কোননা, এই দীর্ঘ পঁচিশ বৎসর ওদের চোখে ধুলো দিয়ে 'কাম' করে আসছি। কিন্তু খোদাকে বিশ্বাস করি। তিনি নারাজ হলে যে কোন মুহূর্তে আমি ধরা পড়তে পারি।

জুলাই মাসে ৬০ জন লোকের একদল মুক্তিযোদ্ধা খুলনার উদ্দেশ্য যাত্রা করেছিল। আরও দল, পথ দেখিয়ে নিয়ে যাবার পথপ্রদর্শকদের আগষ্ট মাসের শেষ সপ্তাহে ফেরত পাঠিয়ে দেবার কথা ছিল। কিন্তু ওরা মাত্র চারজন ফিরে এসে খবর দিল যে, রাজাকারদের জন্য খুলনায় থাকা খুবই কষ্টকর হয়ে উঠেছে। মুসলিম লীগের পান্ডরা বাঙ্গালীদের দিয়ে এই রাজাকার বাহিনী গঠন করেছে। জুন মাস থেকেই রাজাকার বাহিনীতে লোক ভর্তি বেড়ে যায়। কেননা, ওই সময়ে বেশীভাগ জোয়ান ছেলেরা প্রশিক্ষণের জন্য সীমান্ত পার হয়ে ভারতে চলে আসে। তখন থেকে আগষ্ট মাসের মাঝামাঝি সময় পর্যন্ত বাংলাদেশের অভ্যন্তরে একটা থমথমে ভাব। এই সময়ে রাজাকারদের ঘৃণ্য সহযোগিতায় পাক-বর্বররা নৃশংস হত্যাযজ্ঞের মাত্রা বহুলাংশে বাড়িয়ে দেয়। এর উপর এই সময়ে বিহারী মুসলমানদের নিয়ে গঠিত আর একটা বাহিনী দেশব্যাপী লুন্ঠন, ধর্ষণ ও নারকীয় হত্যাযজ্ঞে মেতে উঠলো। এমনকি, ওদের প্রভুদের পশুপ্রবৃত্তিকে খুশি করার জন্য এই পা-চাটা কুকুরের দল নারী হরণ পর্যন্ত করতে এতটুকু সংকোচ বা দ্বিধা করলো না। এইসব হৃদয়বিদারক খবর শুনে আমরা যে কিরূপ মর্মাহত হয়েছিলাম, তা ভাষায় প্রকাশ করা সম্ভব নয়। সেই সঙ্গে প্রতিহিংসার অনির্বাণ শিখা প্রতিটি মুক্তিযোদ্ধার অন্তরে দাউ দাউ করে জ্বলতে লাগলো। সারা জুলাই মাস ধরে পুরো বর্ষা। দপ্তরে দপ্তরে প্রতিটি মুক্তিযোদ্ধা, অধিনায়ক এখনই এই মুহূতে শত্রুবাহিনীর উপর ঝাঁপিয়ে পড়ার জন্য প্রস্তুত। সবাই যুদ্ধংদেহী চিৎকারে ফেটে পড়লো। বর্ষাকালেই শত্রুর বিষদাঁত ভেঙ্গে ফেলে বাংলার পবিত্র মাটিতে যুদ্ধ করার চিরদিনের জন্য স্তব্ধ করে দিতে হবে। মোট কথা জুলাই, আগস্ট- এই দু'মাস মুক্তিযোদ্ধা ও রাজনীতিবিদ উভয়ের কাছেই ভয়ানক উত্তেজনাপূর্ণ। জাতির এই ক্রান্তিলগ্নে সবচেয়ে জরুরী কাজ হলো- বৃত্তাকার যুদ্ধে, শক্তি কেন্দ্রীভূত না করে বেশী সংখ্যায় দেশের অভ্যন্তরে মুক্তিযোদ্ধা পাঠিয়ে রাজাকার ও অন্যান্য গজিয়ে ওঠা সহায্যকারী সংগঠনগুলোর প্রসার এখনই স্তব্ধ করে দেয়া। আমাদের সর্বাধিনায়ক যে পরিকল্পনা তৈরী করেছিলন, তাতেও এই গেরিলা বাহিনী প্রবর্তনের উপর বেশী জোর দেয়া হয়েছিল। তাই আমিও গেরিলা বাহিনী প্রবর্তনের জন্য একটা বিশদ পরিকল্পনা তৈরী করলাম। এই পরিকল্পনা অনুযায়ী ফরিদপুর, বরিশাল, খুলনা ও পটুয়াখালী এই চারটি জেলাকে ১৯ টি অঞ্চলে বিভক্ত করা হলো। আগের কার্যক্রম অনুযায়ী এক একটি অঞ্চলে দু' একটি থেকে তিনটি থানা থাকবে। বাংলাদেশের অভ্যন্তরে আগে হতেই যেসব গেরিলা ঘাঁটি ছিল-তা সর্বমোট ৮৩টি। প্রতিটি জেলা, প্রতিটি অঞ্চল, প্রতিটি থানার দায়িত্ব যথাক্রমে একজন সামরিক অফিসার, একজন জুনিয়ার কমিশন অফিসার, অথবা অভিজ্ঞ নন-কমিশন অফিসার এবং বাছাই করা একজন ছাত্রের উপর ন্যস্ত থাকবে। সকল পর্যায়ে এদের সাথে থাকবে একজন করে সহ- অধিনায়ক।

আরও স্থির করলাম যে, উপরের সংখ্যানুযায়ী একই অনুপাতে রাজনৈতিক নেতারাও তাদের সহকারীদের নিয়ে এ ঘাঁটিতে থাকবেন-যেন গেরিলারা রাজনৈতিক নেতৃবৃন্দের সহযোগিতায় কার্যকরীভাবে আক্রমণের

তীব্রতা বৃদ্ধি করতে পারে। কেননা, আমি জানি যে, বাংলাদেশের অভ্যন্তরে রাজনৈতিক শক্তি সঞ্চয় ব্যতিরেকে, শুধুমাত্র সামরিক আক্রমণ পরিচালনা করেই আমরা আমাদের লক্ষ্যে পৌঁছতে পারবো না। রাজনৈতিক শক্তি এসে যোগ না দিলে যে কোন রকম সামরিক সফলতা, ঐক্যবদ্ধ, সমঝোতা ও সমন্বয়ের অভাবে চরম লক্ষ্যে পৌঁছা যাবে না। যা হোক, আমাদের সর্বাধিনায়ক এবং চার্লি সেক্টরের অধিনায়ক ব্রিগেডিয়ার এন. এ. সালিক আমার পরিকল্পনাটা অনুমোদন করলেন এবং তাড়াতাড়ি এর বাস্তবায়নের জন্য নির্দেশও দিলেন।

বিভিন্ন কেন্দ্রে গেরিলাদের প্রশিক্ষণ দেওয়া হত। আমি চারটি কেন্দ্রের খবর জানতাম। সেগুলো হলো, চাকুলিয়া ও মূর্তি বিহার প্রদেশে, একটি মেঘালয়ে ও অপরটি বীরভূম জেলায়। বিভিন্ন কেন্দ্রের ছেলেদের নিকটবর্তী প্রশিক্ষণ কেন্দ্রে পাঠিয়ে দেওয়া হতো। বাংলাদেশের সাহায্য ও পুর্নবাসন মন্ত্রী জনাব কামরুজ্জামান ভারতীয় সাহায্য ও পুর্নবাসন মন্ত্রীর সহযোগীতায় এই যুব এই প্রশিক্ষণ কেন্দ্রগুলো পরিচালনা করতেন। বাংলাদেশ সরকার ভারত সরকারের সাথে আলোচনা করে সাধারন নীতিমালা গ্রহন করেন যে, পঞ্চাশ হাজার লোককে গেরিলা ও বিশ হাজার লোককে নিয়মিত সামরিক ট্রেনিং দিতে হবে। জুলাই মাসে সব সেক্টর কমান্ডারের যে আলোচনা সভা ডাকা হয়, তাতে মিঃ তাজউদ্দীন আহমদ (তখনকার প্রবাসী সরকারের প্রধানমন্ত্রী) একথা প্রকাশ করেন। আমাদের কেউ কেউ গেরিলা ও সৈন্য সংখ্যা এই নির্দিষ্ট অংকে সীমাবদ্ধ রাখার কারন জিজ্ঞেস করলেন। কেননা আমরা মনে করতাম যে, নূন্যতম সংখ্যার হয়তো সীমারেখা বেঁধে দেওয়া যেতে পারে। কিন্তু উর্ধ্বতম সংখ্যার কোন সীমারেখা থাকা উচিত নয়। মনে হল এর কারন তিনি নিজেও জানতেন না। কাজেই অত্যন্ত দুঃখজনকভাবে এর কারন ব্যাখ্যা করতে তিনি ব্যর্থ হলেন। ভাবতে এখনও আশ্চর্য লাগে যে, মাত্র এই দুটো বাহিনীর উপর নির্ভর করে এত তাড়াতাড়ি তিনি বিজয়ের আশা করেছিলেন কোন আশ্বাসের উপর ভর করে?

১৫ই ডিসেম্বর, ১৯৭১ সালঃ গতরাতে মুষলধারে বৃষ্টি থাকার মিত্র-বাহিনী সামনে এগুতে পারলো না। আজকে সর্বাত্মক প্রচেষ্টা চালানো হবে। এদিকে লেঃ দত্তের তত্ত্বাবধানে দৌলতপুর ও খুলনার কয়েকটা নির্দিষ্ট জায়গায় বিমান হামলা চালানো হলো। বারবার বিমান হামলায় খুলনা ধ্বংস হয়ে যাচ্ছে দেখে মনে ব্যথা অনুভব করলাম এবং পাক হানাদাররা এখনও আত্মসমর্পণ না করায় মনে মনে ওদের অভিশাপ দিতে লাগলাম। আজকে একটা মর্মান্তিক ঘটনা ঘটে গেল। আমাদের একজন মুক্তিযোদ্ধা বুলেটের আঘাতে প্রাণ হারায়। ক্যাম্পর আর একজন মুক্তিযোদ্ধা রাইফেলের ম্যাগাজিন খালি ভেবে ট্রিগারে টিপ দেয়, যার ফলে এই মর্মান্তিক দৃশ্যের অবতারনা হয়। মুক্তিযোদ্ধাটি একজন এস-এস-সি পরীক্ষার্থী। মুকড়া স্কুল প্রাঙ্গণে ওকে সমাহিত করা হয়েছিল। স্থানীয় স্কুল কর্তৃপক্ষকে অনুরোধ করলাম, তারা যেন শহীদ মুক্তিযোদ্ধার স্মৃতিকে বাঁচিয়ে রাখার জন্য তার নামে স্কুলটির নামকরণ করে।

১৬ই ডিসেম্বর, ১৯৭১ সালঃ দিনটা মেঘাচ্ছন্ন। কিছুটা ক্লান্তিও বিষণ্ণ বোধ করতে লাগলাম। গতরাত্রের পরিকল্পনামাফিক মিত্র বাহিনীর এক'স্কোয়াড্রন ট্যাংক' খুলানার দিকে অগ্রসর হলো। কিন্তু ফলাফলের কোন খবর পেলাম না।

সকাল দশটা। শাহপুর স্কুলে কতকগুলো ছেলের দাঁড়িয়ে সাথে ছিলাম। ক্যাপ্টেন হুদার জীপ এসে থামতেই সে একটা দুষ্ট ছেলের মত লাফিয়ে পড়ে গভীর আবেগে আমাকে জড়িয়ে ধরলো।এ-রকম করতে আগে তাকে কখনও দেখিনি। তার এই ব্যবহার দেখে খবই বিস্মিত হলাম। সে এক রকম কাঁপতে কাঁপতে বললো, 'অত্যন্ত সুখবর স্যার, পাক সৈন্যরা আত্মসমর্পণ করেছে এবং ভারতের সশস্ত্র বাহিনীর জেনারেল জ্যাকপ ইতিমধ্যে ঢাকায় অবতরণ করেছেন।'

সংবাদটা অবিশ্বাস্য মনে হলো। কেননা, কল্পনাও করতে পারিনি যে, ওই হিংস্র পশুগুলো এত তাড়াতাড়ি আত্মসমর্পণ করবে। তবুও এ সংবাদটা শুনে আমার সারা দেহে তপ্ত রক্তস্রোত বইতে লাগলো। চিৎকার করে ছেলেদের উদ্দেশ্য বললাম, 'আমরা যুদ্ধে বিজয়ী হয়েছি।'

আমার জীবনে সবচেয়ে আনন্দঘন মুহূর্ত। ছেলেরা সবাই আনন্দে আত্মহারা হয়ে চিৎকার করতে লাগলো। ওদের মধ্যে কেউ কেউ ডিগবাজি খেয়ে ঘাসের উপর গড়াগড়ি করতে লাগলো। সবাই এক সঙ্গে গলা ফাটিয়ে চিৎকার করে উঠলো, 'তোমার নেতা, আমার নেতা-শেখ মুজিব।'

আমি এবং হুদা মিত্রবাহিনীর ৯নং ডিভিশনের সদর দপ্তরে গিয়ে মেজর জেনারেল দলবীর সিংহকে তাঁর বাহিনীর অপর দু'জন অধিনায়কসহ খোশ মেজাজে বসা দেখলাম। আমাদের দেখে তাঁরা সবাই উল্লসিত হলেন এবং আমাদের স্বাগত জানালেন।

সময় বেলা ১২টা। কামানগুলো নীরব। আমরা একটা ট্রানজিস্টারের কাছে বসে ঢাকার খবরাখবর শুনতে লাগলাম। শুনলাম পাকিস্তান সশস্ত্রবাহিনীর অধিনায়ক লেঃ জেনারেল নিয়াজী তাঁর অধীনস্থ সমস্ত সৈন্য নিয়ে সকাল সাতটায় মিত্র-বাহিনীর লেঃ জেনারেল অরোরার নিকট আত্মসমর্পণ করেছেন।একদিকে আমাদের ঐতিহাসিক বিজয়ের আনন্দ, অপরদিকে ওদের অপমানজনক পরাজয়ের তীব্র গ্লানি।

যাহোক, এদিকে খুলনাকে নিয়ে বড্ড দুর্ভাবনায় পড়লাম। তখন পর্যন্ত এখানকার শত্রুপক্ষের আত্মসমর্পণ করার কোনই লক্ষণ দেখা গেল না। উত্তেজনায় জেনারেল দলবীর সিং টেবিল ধাপড়ে বললেন, 'যদি ওই শয়তানগুলো এখন আত্মসমর্পণ না করে, তাহলে আমার নিকট যে গোলন্দাজ বাহিনী আছে, তা পাঠিয়ে দিয়ে ওদের মাটির সাথে মিশিয়ে দেব।'

সময়ের চাকাটা ঠিকমতই চলতে লাগলো। কিন্তু আমাদের সামনে যে শত্রুরয়েছে, তারা যেন স্থবির। সবাই আমরা বসে। প্রতি মুহূর্তে আশা করছি এইবার বুঝি হানাদাররা আত্মসমর্পণ করবে। সূর্য ডুবে গেল, কিন্তু আত্মসমর্পণের কোন আভাস পাওয়া গেল না। আজ ঢাকার শত্রুপক্ষ আত্মসর্পণ করলো। কিন্তু খুলনায় আত্মসমর্পণ করতে ওরা অস্বীকৃতি জানালো। মনে হলো, খুলনায় শত্রুপক্ষের কমান্ডার অত্যন্ত শক্ত লোক। আমি আমার হেডকোয়ার্টারে ফিরে গেলাম।

রাতটা ভয়ানক অস্বস্তিতে কাটলো। আমরা কেউ ঘুমাতে পারলাম না। মিত্রবাহিনীর কামানগুলো আবার সক্রিয় হয়ে উঠলো। মাঝে মাঝে প্রত্যুত্তরে শত্রুপক্ষের কাছ থেকেও জবাব আসছিল। ওদের গোলাবারুদ হয়তো শেষ হয়ে আসছে। আমি আশাবাদী ছিলাম যে, আগামীকালই আমরা বিজয়ীর বেশে খুলনায় প্রবেশ করতে পারবো। বিগত ন'মাসের স্মৃতিচারণ করতে গিয়ে আজ আমার চোখ দিয়ে জল পড়তে লাগলো।

১৭ই ডিসেম্বর,১৯৭১ সালঃ গত রাতে ক্যাপ্টন হুদার সাথে পরামর্শ করে ঠিক করলাম যে, মুক্তিবাহিনীর অধিকাংশ লোককে লেঃ মোহাম্মদ আলির তত্তাবধানে দৌলতপুর রোড দিয়ে খুলনায় পাঠিয়ে দিতে হবে। ওদের ভেতর ষাটজন মুক্তিযোদ্ধাকে গাড়িতে চাপিয়ে প্রস্তুত করে রাখলাম, যেন ওরা নির্দেশ পাওয়া মাত্র আমাদের সাথে খুলনার উদ্দেশ্যে রওনা হতে পারে। সকাল বেলা সবাই প্রস্তুত। চরম বিজয়ের অভিযানের উত্তেজনায় সবাই কাপঁছে। ক্যাপ্টেন হুদা, ডাঃ শাজাহান ও মোস্তাফাকে সাথে নিয়ে সকাল সাতটার মিত্রবাহিনীর হেডকোয়ার্টারে গিয়ে পৌঁছালাম। গাড়ীতে যেসব মুক্তিযোদ্ধা প্রস্তুত করে রাখা হয়েছিল তারা আমাদের পিছে পিছে রওনা হলো। রাস্তায় শত শত গাড়ীর ভীড়। অধীর আগ্রহে অপেক্ষা করছে কখন মিত্রবাহিনীর সদর দপ্তর থেকে গাড়ী ছাড়ার সংকেত সবুজ বাতি জ্বলে উঠবে এবং খুলনার দিকে অগ্রসর হবে। মিলিটারী পুলিশ স্ট্যান্ডের নিকট সবার আগে আমাদের গাড়ী দাঁড় করালাম। ৯নং মুক্তিবাহিনীর অধিনায়ক হিসাবে আমাকে স্বীকৃতি দেয়ায় মিত্র বাহিনী আমাকে গাড়ী পার্ক করার অনুমতি দিল। অন্যথায় কোন বেসামরিক লোককে মিলিটারী পোস্টের একশো গজের মধ্যে গাড়ী পার্ক করার অনুমতি দেয়া হতো না। পিছন দিকে চেয়ে দেখলাম অসংখ্য দেশী-বিদেশী সাংবাদিক, ফটোগ্রাফার গাড়ীর চারদিকে ভিড় করে আছে। আমি হেডকোয়ার্টার পর্যন্ত হেঁটে গেলাম।কারও উপর কারো নিয়ন্ত্রন ছিল না। সবাই ব্যস্ত-সমস্ত। বিজয়ের লগ্নটা আজ কত না প্রাণবন্ত। প্রতিটি মুহূর্ত

উত্তেজনাময়-ঐতিহাসিক।প্রতি শ্বাস-প্রশ্বাস বিজয়ের আনন্দে মুখর। বহু প্রতীক্ষিত স্বপ্নের ফলশ্রুতি। সবাইকে খুশী মনে হলো।কিন্তু অন্তর খুলে কেউ হাসতে পারলো না। মনের অস্থিরতায় সবাই আড়ষ্ট হয়ে এলো।

জেনারেল দলবীর সিং-এর সাক্ষাৎ করলাম। তিনি অধীর আগ্রগে অপেক্ষা করছেন। কেননা, প্রধান স্টাফ অফিসার, আত্মসমর্পণকারী পাকিস্তানী কমান্ডার নিয়ে ইতিমধ্যেই রওনা হয়েছেন। এখনও এসে পৌঁছাননি। সময় অতি মন্থর গতিতে চলতে লাগলো। এক-একটি মুহূর্ত যেন এক-একটি ঘণ্টা। মিত্রবাহিনীর ৯নং ডিভিশনের স্টাফ অফিসার কর্নেল দেশ পান্ডে জেনারেল দলবীর সিংকে বললেন, 'ব্রিগ্রেডিয়ার হায়াত খান ও তাঁর সাথের সাতজন লেঃ কর্নেল এসে পৌঁছে গেছেন।'

উত্তেজনার চরম মুহূর্ত। জেনারেল দলবীর সিং গভীর স্বরে হুকুম দিলেন, 'ওদের এখানে নিয়ে আসুন।' আমরা হেডকোয়ার্টার বিল্ডিং-এর উপর তলায় বসা ছিলাম। নিচের দিকে চাইতেই দেখলাম সাংঘাতিক অবস্থা।সামরিক বাহিনী ফটোগ্রাফাররা আত্মসমর্পণকারী পাকিস্তানী কমান্ডারদের ফটো নেয়ার জন্য, ওরা গাড়ী থেকে নামার সাথে সাথে ঘিরে ধরলো। এত ভীড় যে, নিয়ন্ত্রণ করা কিছুতেই সম্ভব নয়। উৎসাহী সাংবাদিক ও ফটোগ্রাফাররা এতদিন ধরে পাগলের মত অধীর আগ্রহে অপেক্ষা করছিল।

যাহোক, পাকিস্তানী কমান্ডারদের নিয়ে আসা হলো। আমি চারিদিকে তাকাচ্ছিলাম ওদের ভেতর আমার চেনা কেউ আছে কিনা। হ্যাঁ, ওদের ভেতর আমার চেনা দু'জন ছিল। একজনের নাম লেঃ কর্নেল ইমতিয়াজ ভয়ায়েচ। পাকিস্তানী মিলিটারী একাডেমীতে যখন আমি ক্যাডেট ছিলাম তখন ওখানে তিনি ক্যাপ্টন ছিলেন। অপরজন লেঃ কর্নেল শামস্। তার সাথে আম জানা শোনা ছিল। ব্রিগেডিয়ার হায়াতকেও একবার কি দু'বার পশ্চিম পাকিস্তানে দেখেছি। তখন তাঁদের মনে হতো খুব ভদ্র, বিনয়ী। কিন্তু বাংলাদেশে তাঁরাই অভদ্র, অযোগ্য প্রমাণিত হয়েছে। বসতে তাঁদের চেয়ারে দেয়া হলো। জেনারেল দলবীর সিং অত্যন্ত সৌজন্যমূলক ব্যবহার করলেন তাদের সাথে। বিজয়ী ও বিজিতের কোন সামঞ্জস্য রাখলেন না। তিনি ওদের চা-পানে আপ্যায়িত করলেন। জেনারেল দলবীর সিং-এর মার্জিত রুচিবোধ ও ব্যবহার দেখে সত্যিই আমি মুগ্ধ হয়েছিলাম। ব্রিগেডিয়ার হায়াতের সাথে আমার পরিচয় করিয়ে দিয়ে বললেন, 'এই যে ইনি হচ্ছেন মুক্তি-কমান্ডার। আগে আপনাদেরই একজন ছিলেন।'

আত্মসমর্পণের খুঁটিনাটি বিষয় সমাপ্ত হলো। ব্রিগেডিয়ার হায়াত খান তার ব্রিগেড মেজরকে ডেকে বললেন, মেজর ফিরোজ, তুমি এখনই চলে যাও এবং সৈন্যদের হুকুম শুনিয়ে দাও, যে যেখানে আছে সেখানেই অস্ত্র সম্বরণ করতে। ওদের বলে দিও আমরা আত্মসমর্পণ করেছি।'

শেষের কথাগুলো যখন তিনি উচ্চারণ করলেন, তখন তাঁর সারা মুখমন্ডলে বেদনা ও গ্লানির উৎকট রেখাগুলো প্রকট হয়ে উঠলো। বেলা এগারটার সময় মেজর ফিরোজ তার সাথের অন্যান্য অফিসারদের নিয়ে জীপে করে খুলনার দিকে রওনা হলেন। ঠিক তাঁর পিছনেই ব্রিগেডিয়ার হায়াত খান। তাঁর পিছনে ৯নং ডিভিশনের একটা জীপে আমি ও লেঃ কর্নেল দত্ত পাশাপাশি বসা। মিঃ দত্তকে বেসামরিক গণসংযোগ অফিসারের দায়িত্ব দিয়ে পাঠিয়েছেন। আমাদের জীপের পিছনে ক্যাপ্টন হুদা, মোস্তাফা ও ডাঃ শাজাহান।

আত্মসমর্পণকারী পাক-সৈন্যরা রাস্তার দু'ধারে অবস্থান গেড়ে বসেছিল। এই রক্তপিপাসু নরখাদকরা আজ বন্দী। অবনত মস্তকে মন্থর গতিতে হেঁটে চলেছে।দ্বিতীয় মহাযুদ্ধে আত্মসমর্পণকারী ইতালীয় সৈন্যের মত হানাদাররা দীর্ঘ লাইন দিয়ে চলতে লাগলো। ধীরে ধীরে আমরা খুলনা নিউজপ্রিন্ট মিলের ভেতর ঢুকলাম। এখানে ব্রিগেডিয়ার হায়াত খানের হেডকোয়ার্টার। চারিদিক শান্ত,নীবর। মিত্রবাহিনীর একজন ব্রিগেডিয়ারের তত্তাবধানে আত্মসমর্পণকারী সৈন্যদল মার্চ করে এগিয়ে এলো। চেয়ারে বসে ব্রিগেডিয়ার হায়াত খান দীর্ঘশ্বাস ছেড়ে বললেন, 'ভদ্রমহোদয়গণ, পূর্ব পাকিস্তানে বসে শেষবারের মত এক কাপ চা দিয়ে আপ্যায়ন করা ছাড়া দেবার মত আমার কিছুই নেই।'

'মৃত পূর্ব পাকিস্তানের পরিবর্তে বাংলাদেশ বলবেন কি? আমি একথা বলতেই ব্রিগেডিয়ার হায়াত অসহায়ের মত আমার দিকে চেয়ে রইলেন। উপায়ন্তর না দেখে নিতান্ত অনিচ্ছাসত্ত্বেও তিনি তাঁর ভুল সংশোধন করে নিলেন। চা খেয়ে আমরা সবাই সার্কিট হাউসে যাবার জন্য প্রস্তুত হলাম। এই যাত্রাটা খুবই আনন্দকর। আমরা খুলনা শহরের কাছাকাছি আসতেই রাস্তার দু'পাশের লোকজন গগনবিদায়ী চিৎকারে আমাদের স্বাগত জানালো। 'জয়বাংলা' ধ্বনিতে চারিদিক মুখরিত। আজ মনে হলো 'জয় বাংলা' বাস্তব সত্য। প্রত্যেক বাড়ির চূড়ায়, দোকানে বাংলাদেশের পতাকা। প্রতিটি নারী-পুরুষ ও শিশুর হাতেই বাংলাদেশের পতাকা। হাত নেড়ে উল্লসিত জনতার অভিনন্দনের জবাব দিলাম। সবার মুখেই হাসি। শিগগিরই আমরা সার্কিট হাউজে পোঁছালাম। আমাদের মুক্তিযোদ্ধারা দলে দলে এদিকে আসতে লাগলো। সার্কিট হাউসের উপরে বাংলাদেশের পতাকা শোভা পাচ্ছে। বুকটা গর্বে ফুলে উঠলো। সমুন্নত পতাকার দিকে একদৃষ্টিতে চেয়ে রইলাম। হাজার হাজার উৎসুক মানুষ সার্কিট হাউস ঘিড়ে রয়েছে এবং সবাই সামনে আসার জন্য প্রাণপণ চেষ্টা করছে।

যে পাকিস্তানী যুদ্ধবন্দীরা নিরীহ বাঙালীদের উপর এতদিন অমানুষিক নির্যাতন চালিয়েছে, তাদের একনজর দেখার জন্য জনতা বাঁধভাঙা স্রোতের মত ছুটে আসতে চাইলো। জনতার অসম্ভব ভীড় নিয়ন্ত্রণ করার জন্য মুক্তিযোদ্ধাদের নিয়োগ করা হয়েছে।কিন্তু জনতার চাপ এত বেশী যে, মুক্তিযোদ্ধারা কিছুতেই ওদের সামলাতে পারছে না। সার্কিট হাউজের দরজায় নামতেই এত ভীড়ের মধ্যেও পিষ্ট হতে হতে জনতা আমাদের দেখার জন্য প্রাণপণ চেষ্টা করতে লাগলো। কেউ আনন্দে হাততালি দেয়, কেউ গলা ফাটিয়ে চিৎকার করে, কেউবা পাগলের মত ছুটে এসে চুমু খায়। কি অপূর্ব দৃশ্য! মানবতার কি মহান বহিঃপ্রকাশ। সব হারাবার দুর্বিষহ জ্বালা ভুলে গিয়ে নতুন দিনের নতুন সূর্যকে কত আপন করে কাছে নিতে চায়। মহামানবের তীর্থসলিলে অবগাহন করে অবহেলিত জনতা আজ যেন নতুন প্রাণের সন্ধান পেয়ে জীবন্ত হয়ে উঠেছে। ওরা আজ মুক্ত, ওরা আজ স্বাধীন। প্রতিটি জিনিস আজ নিজস্ব। ইতিমধ্যেই একটা হেলিকপ্টার জেনারেল দলবীর সিংকে নিয়ে সার্কিট হাউজে অবতরণ করলো। লম্বা, উন্নত চেহারার অধিকারী জেনারেল দলবীর সিং সার্কিট হাউজ পর্যন্ত হেঁটে আসলেন এবং আত্মসমর্পণের পর্বের খুঁটিনাটি বিষয় ঠিক না করা পর্যন্ত তিনি অপেক্ষা করলেন। সবুজ ঘাসের উপর লাল কার্পেট বিছানো। তার উপর একটি টেবিল ও একটা চেয়ার।

ঐতিহাসিক মুহূর্তটি সমাগত। সুশিক্ষিত আট হাজার পাকিস্তানী সৈন্য ও তাদের কমান্ডারদের আত্মসমর্পণ। যে দাম্ভিক পাকিস্তানী সৈন্যরা হিংস্র কুকুরের মত ঘেউ ঘেউ করতো, তারা আজ নিরীহ মেষশাবকের মত আত্মসমর্পণ করলো। জেনারেল দলবীর সিং চেয়ারে উপবিষ্ট। ব্রিগেডিয়ার হায়াত খান তার সাথের আটজন কর্নেল নিয়ে মার্চ করে তাঁর সামনে এসে থামলেন। পাকিস্তানী কমান্ডাররা যখন সার্কিট হাউস থেকে বেরিয়ে মার্চ করে আসছিল, তখন বাইরে আপেক্ষমাণ হাজার লোক আনন্দে ফেটে পড়লো। কেউ হাততালি দেয়। কেউবা শিস দেয়। কি গ্লানিকর পরাজয়! কত বড় শাস্তিমূলক অনুষ্ঠান। জেনারেল দলবীর সিং-এর পাশে দাঁড়িয়ে দেখলাম, পাকিস্তানী অপরাধীগুলো এটেনশান হয়ে দাঁড়িয়ে আছে। অনুষ্ঠান খুবই সাদাসিধা। জেনারেল দলবীর সিং আত্মসমর্পণের দলিল পাঠ করলেন এবং পা-বাহিনীর পরাজিত কমান্ডার ব্রিগেডিয়ার হায়াত খান মাথা নুইয়ে কম্পিত হাতে দলিলে স্বাক্ষর দিলেন। সোজা হয়ে ব্রিগেডিয়ার হায়াত খান ও তাঁর সাথের অন্যান্য অফিসাররা কোমরের বেল্ট খুলে মিত্রবাহিনীর কাছে অর্পণ করলেন। এই সময় সমস্ত ফটোগ্রাফার ফটো নেয়ার জন্য উঠে-পড়ে লেগে গেল। দেখে মনে হলো যেন একটা বিয়ের পর্ব। উর্ধ্বতন সামরিক অফিসারদের পক্ষে এই রকম গ্লানিকর আত্মসমর্পণ আমি আর কখনও দেখিনি। অত্যন্ত অপমানজনক পরাজয়।

শিরোনাম	সূত্র	তারিখ
১৮। ৯নং সেক্টরে সংঘটিত যুদ্ধের অন্যান্যের বিবরণ	বাংলা একাডেমী দলিলপত্র	১৯৭১

সাক্ষাৎকারঃ মেজর মেহেদী আলী ইমাম*
১৫-১০-১৯৭৪

নয় নম্বর সেক্টর গঠন করা হয় খুলনায় কিছু অংশ, ফরিদপুরের কিছু অংশ এবং পুরো বরিশাল ও পটুয়াখালী জেলা নিয়ে। এই সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন মেজর এম,এ,জলিল। স্বাধীনতা সংগ্রামের প্রথমার্ধে মে মাসের শেষ পর্যন্ত এই সমস্ত এলাকায় আমি, লেঃ নাসির, ক্যাপ্টন হুদা, লেঃ জিয়া যুদ্ধ পরিচালনা করছিলাম। মে থেকে জুলাই পর্যন্ত বরিশাল ও পটুয়াখালী আর্মি খুলনার সুন্দরবন এলাকায় লেঃ জিয়া এবং সীমান্তবর্তী এলাকায় ক্যাপ্টন হুদা ছিলেন। জুলাইয়ের পর থেকে নয় নম্বর সেক্টর পুনরায় সংগঠিত করা হয় এবং বরিশাল জেলার দায়িত্ব পাকিস্তান থেকে পালিয়ে আসা ক্যাপ্টন শাহজাহানকে (ওমর), পটুয়াখালী আমাকে, সুন্দরবন ও খুলনার কিছু অংশ লেঃ জিয়াকে দেয়া হয়। পিরোজপুর ও বাগেরহাট এলাকা সুবেদার তাজুল ইসলামকে এবং ক্যাপ্টন হুদাকে খুলনার সীমান্তবর্তী অঞ্চলের দায়িত্ব দেয়া হয়। সেক্টর হেডকোয়ার্টার টাকীতে ছিলেন মেজর জলিল। এর এডজুট্যান্ট ছিলেন ফ্লাইট সার্জেন্ট ফজলুল হক ও মফিজ। এদের সাথে ছিল ক্যাপ্টন আরেফিন। নয় নম্বর সেক্টরের মুক্তিযোদ্ধাদের প্রধান প্রশিক্ষণ শিবিরের প্রধান ছিলেন সুবেদার গোলাম আজম। নয় নম্বর সেক্টরের নৌবাহিনীর দায়িত্বে ছিলেন চীফ পেটি অফিসার এম, ইউ, আলম। সুন্দরবনে লেঃ জিয়ার অধীনে ছিলেন ফুল মিয়া ও মধু।

জুলাই মাসের মাঝামাঝি সময়ে আমি পটুয়াখালী জেলার ১০টা থানা এলাকার লোকদের প্রশিক্ষণের ব্যবস্থা করি এবং প্রশিক্ষণ দিতে থাকি। কিন্তু আমাদের অস্ত্রের খুবই অভাব ছিল। তাই স্থির হল স্থানীয় এলাকার লোকদের যাদের বন্দুক আছে তা যোগাড় করতে হবে। বন্দুক বেশীর ভাগ মুসলিম লীগারদের হাতে ছিল, তাই বাধ্য হয়ে রাতে আক্রমণ চালিয়ে বন্দুক ছিনিয়ে নিতে থাকি। অস্ত্রশস্ত্র ছাড়াও আমাদের খাদ্যেরও অভাব ছিল। তাই বড় বড় মহহাজনদের বাধ্য করি খাদ্যশস্য দিতে। মুক্তিযুদ্ধের জন্য লোক ভর্তি করা হতে থাকে। প্রথমে আমাদের কার্যকলাপ তিনটি থানার মধ্যে সীমাবদ্ধ ছিল। থানা তিনটি ছিল মঠবাড়িয়া, বেতাগী ও বামনা।এসময় আমার বাহিনীর হাতে ১৫/২০টা রাইফেল ও ৩০/৪০টা বন্দুক ছিল। কিন্তু গোলাবারুদের খুবই অভাব ছিল। আমরা এ সময় মাঝে মাঝে থানা আক্রমণ করে গোলাবারুদ ও অস্ত্রশস্ত্র ছিনিয়ে নিতে থাকি।

ইতিমধ্যে এক শ্রেণীর দুষ্কৃতকারী মুক্তিযোদ্ধাদের নাম করে গ্রামে গ্রামে ডাকাতি শুরু করে দেয়। ফলে জনমনে মুক্তিযুদ্ধের প্রতি বিরূপ মনোভাব সৃষ্টি হয়। জনগণ সে সময় মুক্তিযোদ্ধাদের নাম শুনলে ভয় পেয়ে যেত। আমি বুঝতে পারলাম জনগণকে দুষ্কৃতকারীদের হাত থেকে বাঁচাতে না পারলে আমাদের সংগ্রাম ও চেষ্টা ব্যর্থ হয়ে যাবে। জনসমর্থন ছাড়া মুক্তিযুদ্ধ চালানো সম্ভব নয়।

পটুয়াখালী জেলার ১০টি থানার প্রতি দুটি থানা মিলিয়ে একটি করে জোন গঠন করি। পটুয়াখালীর যোগাযোগ ব্যবস্থা খুব খারাপ। এক থানা থেকে আর এক থানার বেশ দূরত্ব ছিল।তাই এই সময় পটুয়াখালী জেলার মোট ৫টা জোন ছিল ও শুধু মঠবাড়িয়া থানার একটা জোন করা হয়। এক-একটা জোনে ১০/১৫টা বন্দুক ও ৪/৫টা রাইফেল দিয়ে বেশ কিছু মুক্তিযোদ্ধা পাঠিয়ে দিই। তাদের কাজ ছিল কোন এলাকায় ডাকাতি আরম্ভ হলে সঙ্গে সঙ্গে সেখানে ডাকাতদের দমন করতে হবে। মুক্তিযোদ্ধারা কোন এলাকায় ডাকাতি হবে শুনলে

* ১৯৭১ সালে ক্যাপ্টন হিসাবে কর্মরত ছিলেন।

সঙ্গে সঙ্গে অনেক নৌকা নিয়ে সেখানে চলে যেত। ডাকাতদের পিছু ধাওয়া করা হত। এভাবে জনগনের মনোবল ফিরিয়ে আনা হয়। মুক্তিযোদ্ধারা যে এলাকা দিয়ে যেত, সেখানে 'জয়বাংলা' বঙ্গবন্ধু 'জিন্দাবাদ' ইত্যাদি শ্লোগান দিত। এসব শ্লোগান এবং অনেক নৌকা দেখে জনগনের মনে ধারনা হত এখানে অনেক মুক্তিযোদ্ধা এসে গেছে। এভাবে জনগনের মনে মুক্তিযোদ্ধাদের সম্পর্কে শ্রদ্ধার ভাব জাগানো হয়। ইতিমধ্যে থানাতে থানাতে আওয়ামী লীগ ও অন্যান্য স্বাধীনতাকামী জনগণের নিয়ে থানা সংগ্রাম পরিষদ পুনরায় গঠন করা হয়েছে।

ইতিমধ্যে আমি খবর পাই মেজর জলিল প্রাণে বেঁচে আবার পশ্চিম বাংলার গেছেন এবং সেখানে অস্ত্রশস্ত্র যোগাড়ের চেষ্টায় আছেন। খুলনা, বরিশাল, ফরিদপুরের কিয়দংশ এবং পটুয়াখালীকে নিয়ে একটা সেক্টর গঠন করা হয়েছে। এই সেক্টর ৯ নম্বর সেক্টর হিসাবে পরিচিত। এবং কমান্ডার হয়েছেন মেজর জলিল। আমি মেজর জলিলের কাছে লোক পাঠাই কিছু অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ পাওয়ার জন্য। কেননা, এ সময়ে আমার হাতে সামান্য কিছু রাইফেল ও বন্দুক ছিল কিছু কিন্তু গোলাবারুদ একেবারেই ছিল না। আমাদের অনেক সময় ৫০০ টাকা দিয়ে অনেক লোকের কাছ থেকে রাইফেল ও বেশকিছু টাকা দিয়ে গোলাবারুদ যোগাড় করতে হয়। তিনি আমাকে খবর পাঠান এ ব্যাপারে চেষ্টা চালাচ্ছেন। তিনি আরও নির্দেশ দিয়ে পাঠান মুক্তিযোদ্ধাদের সংগঠিত ও প্রশিক্ষণ দেওয়ার জন্য।

আমি কোন সময়ে ব্যক্তিগতভাবে পটুয়াখালী ও বরিশাল ছেড়ে যাওয়া পছন্দ করিনি। আমার বিশ্বাস ছিল, এলাকার জনগনের সাথে ঠিকমত কাজ করলে এখানে থেকেই আমি মুক্তিযুদ্ধ চালিয়ে যেতে পাবর। জনগনই হচ্ছে মুক্তিযুদ্ধের প্রকৃত শক্তি। তাদেরকে নিয়ে সংগঠন গড়ে তুলতে পারলে আমরা শত্রুদের পর্যুদস্ত করতে সক্ষম হব। বার বার শত্রুকে আঘাত করে দুর্বল করে দিতে পারলেই আমাদের লক্ষ্যে আমরা সহজেই পৌঁছতে পারব। ৯ মাস মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে আমি এলাকার জনগণকে ছেড়ে ভারতে যাইনি। তাদের মধ্যে থেকেই শত্রুদের আঘাত করে পর্যুদস্ত করতে সক্ষম হয়েছিলাম।

মেজর জলিলের নির্দেশ পাবার পর আমি সমগ্র পটুয়াখালী জেলাকে ৫টি এলাকায় ভাগ করি এবং ৫ জনকে এর নেতৃত্ব দিই। বামনা-পাথরঘাটা থানার দায়িত্ব দিই আলমগীরের হাতে। বেতাগী ও বরগুনা থানার দায়িত্ব থাকে হাবিলদার জলফু মিয়ার কাছে। আমতলী খেপুপাড়ার দায়িত্ব দিই নায়েব সুবেদার হাতেমের হাতে। গলাচিপা ও পটুয়াখালী ভার দিই ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র হুদার হাতে। মির্জাগঞ্জ ও বাউফলের দায়িত্ব দিই আলতাফ হায়দার ও হাবিলদার বাকেরের কাছে। এদের আমি নিজ নিজ এলাকায় গিয়ে সমগ্র এলাকায় রেকি করে ঘাঁটি গড়ে তোলার নির্দেশ দেই। কেননা নিজেদের ঘাঁটি না গড়ে তুলতে পারলে পাকসেনাদের বিরুদ্ধে লড়াই করা যাবে না, এটা বুঝেছিলাম। আমার নির্দেশমত তারা নিজ নিজ এলাকায় চলে যায়। তাদের আমি বলি অস্ত্রশস্ত্র পেলেই তাদের পৌঁছে দিব। মঠবাড়িয়ার ও বামনা থানার কিছু অংশ নিয়ে বুকাবুনিয়াতে সদর দপ্তর স্থাপন করি, যেখানে আমার অধীনে সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত মজিদ ছিল। এছাড়াও বুকাবুনিয়াতে মুক্তিযোদ্ধাদের জন্য ট্রেনিং ক্যাম্প গঠন করি। স্বাধীনতা সংগ্রামের পুরো নয় মাসই এখানে পটুয়াখালী জেলার উৎসাহী যুবকদের প্রশিক্ষণ দেয়া হত এবং ক্যাম্পকে একটা স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্রে রূপান্তরিত করা হয়। যুদ্ধ চলাকালীন এই ক্যাম্প চারবার পাকসেনাদের দ্বারা আক্রান্ত হয়। বুকাবুনিয়া ক্যাম্পের প্রশিক্ষণের দায়িত্বভার দিই সুবেদার আনসার আলীর হাতে। মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে এখানে ছেলেদের প্রশিক্ষণ দেয়া হয়। পাকসেনারা বুকাবুনিয়া ক্যাম্প আক্রমণ করার সাহস পায়নি। এছাড়াও পরবর্তীকালে মঠবাড়িয়া থানার রাজার হাট, বেতাগী থানার করুনায় মুক্তিযোদ্ধাদের দুটি ট্রেনিং ক্যাম্প খোলা হয়। এই দুটি ক্যাম্প পরিচালনার দায়িত্ব ছিল যথাক্রমে নায়েক আজিজ ও হাবিলদার গোলাম মাওলার কাছে। পটুয়াখালী জেলার বিভিন্ন স্থানে আমার মুক্তিযোদ্ধারা প্রায় প্রতিদিনই গেরিলা পদ্ধতিতে আক্রমণ চালিয়ে রাজাকার, পুলিশ ও পাকসেনাদের কাছ থেকে কিছু অস্ত্র ছিনিয়ে নিতে শুরু করে।

ইতিমধ্যেই আমি খবর পাই লেঃ জিয়া সুন্দরবনে আছেন এবং মেজর জলিল তার কাছে আমার জন্য অস্ত্রশস্ত্র পাঠিয়েছেন। অস্ত্রশস্ত্র যোগাড়ের জন্য রুহুল আমিনকে নিয়ে আমি লেঃ জিয়ার কাছে সুন্দরবনে যাই। সুন্দরবনের বগীতে ফুল মিয়া একটা ঘাঁটি গেড়েছেন। সেখানে রুহুল আমিন নিয়ে আমি ফুল মিয়ার সাথে দেখা করি। জানতে পারি লেঃ জিয়া সুন্দরবনের অন্য ক্যাম্প মধুর ওখানে গেছেন।দুইদিন পর লেঃ জিয়া বগীতে ফিরে এলে তাঁকে আমার প্রয়োজনীয় কথা জানাই। লেঃ জিয়া আমাকে ৭টা এস-এল-আর, ২০টা ৩০৩ রাইফেল, ২টা এনারগা গ্রেনেড ও গোলাবারুদ দেন। এসব অস্ত্রশস্ত্র নিয়ে বুকাবুনিতে ফিরে আসি। ৬টি এলাকার দায়িত্ব যাদের দিয়েছিলাম, তারা তাদের নিজ নিজ এলাকায় রেকি করে বুকাবুনিয়ায় এসেছিল। তাদের প্রত্যেককে আমি ১টা করে এস-এল-আর ও ৬টা করে রাইফেল, গ্রেনেড ও গোলাবারুদ ভাগ করে দিই। তাদের আমি পাকবাহিনীর সাথে সরাসরি আক্রমণ যেতে নিষেধ করি। কেননা, সে সময়ে আমাদের শক্তি খুবই কম ছিল। পাকবাহিনীর পিছন দিক থেকে আক্রমণ করে ব্যস্ত রাখতে বলি। আমি তাদের আরও নির্দেশ দিই রাজাকার-আলবদরদের উপর হামলা করার জন্য। রাজাকার-আলবদররা আমাদের কার্যকলাপে বেশ বাধার সৃষ্টি করছিল এবং জনগনের উপর অত্যাচার করত। জনগনের সমর্থন পাবার জন্য আমাদের এসব কার্যকলাপের প্রয়োজন ছিল। আমি তাদের থানা আক্রমণ করার নির্দেশ দিই শত্রুদের ভীতসন্ত্রস্ত করার জন্য।

জুলাই মাসের মাঝামাঝি আমি প্রথম গুরুত্বপর্ণ অপারেশন চালাই। বুকাবুনিয়ার ভৌগোলিক গুরুত্ব ছিল অপরিসীম। পটুয়াখালী ও বরিশাল সীমান্তের মধ্যে পটুয়াখালীর বামনা ও বরিশালের মঠবাড়িয়া ও কাঁঠালিয়া থানার সীমান্তের মধ্যে অবস্থিত। বিশখালী নদী হয়ে কাঠাঁলিয়া ও বামনা হয়ে বুকাবুনিয়া আসা যায়। বুকাবুনিয়া থেকে ১ মাইল দূরে রাজারহাট অবস্থিত। রাজারহাটে দালালদের প্রতিপত্তি ছিল খুব। আমি বুঝতে পারলাম। এদের উপর হামলা না করলে আমরা নিশ্চিন্তে কার্যকলাপ চালিয়ে যেতে পারব না। এইসব দালাল অনেক নিরীহ হিন্দুদের উপর অত্যাচার চালিয়ে হত্যা করেছিল। তাই একদিন আমরা অকস্মাৎ রাতে তাদের ঘাঁটিতে হামলা চালাই। আমাদের আক্রমণে তাদের ২ জন মারা যায় এবং ১৫ জনকে বন্দী করা হয়। এর ২/৩ দিন পর মঠবাড়িয়া থানা থেকে পুলিশ আসে। তারা কিছুদিন থেকে রাজারহাট ছেড়ে পালিয়ে যায়। এ আক্রমণের পর রাজারহাট আমাদের নিয়ন্ত্রণে আসে। দালালদের কার্যকলাপ বন্ধ হয়ে যায়। আমাদের বুকাবুনিয়া ক্যাম্পও নিরাপদ হয়।

মুক্তিযোদ্ধাদের এই প্রতিরোধের ফলে বুকাবুনিয়াতে মুক্তিযোদ্ধাদের মনোবল বেড়ে যায় এবং জনগণের মনোবলও বেড়ে যায়। আগে যে একটা গুজব ছিল যে বুকাবুনিয়াতে প্রায় ৪০০/৫০০ সশস্ত্র মুক্তিযোদ্ধা আছে সেটা এখন সত্য বলে প্রমানিত হয়। আশপাশের থানার পুলিশরা ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে। বুকাবুনিয়ার মুক্তিবাহিনী সদর দফতরের গুরুত্ব অনেক বেড়ে যায়।

বামনা থানা থেকে পুলিশ পাকিস্তান সেনাবাহিনীর লোকজন ও রাজাকাররা এক সাথে বামনা বাজারে যেত। তারা নিরীহ জনগনের উপর অত্যাচার চালাত। দোকানে মিষ্টি ও চা খেয়ে পয়সা দিত না। এ খবর পাবার পর আমি তাদের শাস্তি দিবার জন্য বামনা থানা ও বাজারের মধ্যে আগষ্টের প্রথম দিকের কোন একদিনে এ্যামবুশ পড়ে যায়। আমাদের আক্রমণে ওদের ৭/৮ জন নিহত ও কয়েকজন আহত হয়। ৫টা রাইফেল আমাদের হস্তগত হয়। এতে বামনা বাজারের লোকদের মনোবল অনেক বেড়ে যায়।

কাঁঠালিয়া থেকে ৩ মাইল দূর আমুয়াবাজার একটা গুরুত্বপূর্ণ বন্দর। হাটের দিন পাকসেনারা কয়েকজন রাজাকারকে নিয়ে বাজরের লোকদের মাইকে বলে যে মুক্তিযোদ্ধাদের যেন সহযোগিতা করা না হয়। তাদেরকে আক্রমণ করার জন্য কাঁঠালিয়া-আমুয়াবাজারের মধ্যে এক সেতুর নিকটে এ্যামবুশ পাতা হয়। এ ঘটনাটি ঘটে জুলাই মাসের শেষে। সেদিন ৫ জন পাকসেনা ১০জন রাজাকারকে সঙ্গে নিয়ে সেতুর উপর উঠলে আমাদের এ্যামবুশ পড়ে যায়। এর ফলে ২ জন পাকসেনাসহ ৪জন নিহত হয়। আমরা ৪টা রাইফেল দখল করি। এই

আক্রমণের পর কাঁঠালিয়া থানার রাজাকার এবং শান্তি কমিটির লোকদের মধ্যে ভীতির সঞ্চয় হয়। শান্তি কমিটির লোকেরা কাঁঠালিয়া ছেড়ে পালিয়ে যায়। ৪০ জন রাজাকার কাঁঠালিয়া ছেড়ে যায়। ৫ জন রাজাকার আমাদের সঙ্গে যোগ দেয়।

পটুয়াখালী থেকে পাকসেনারা পায়রা নদী দিয়ে বামনা-বরগুনা না গিয়ে অনেক ঘুর-পথে মির্জাগঞ্জের পাশ দিয়ে খালের মধ্যে দিয়ে লঞ্চে যেত। আগষ্টের প্রথম আমরা তাদের গতিবিধিতে বাধা দেবার জন্য মির্জাগঞ্জের নিকটে খালের দু'ধারে এ্যামবুশ পাতি। ১টি লঞ্চ করে যখন পাকসেনারা যাচ্ছিল তখন মির্জাগঞ্জের নিকটে আমাদের এ্যামবুশ পড়ে যায়। লঞ্চটি আমাদের হামলায় খুবই ক্ষতিগ্রস্ত হয়। সঠিক হতাহতের সংখ্যা জানা না গেলেও পরে লোকমুখে জানা যায় যে, পাকসেনাদের ১০ জন নিহত হয়েছে।

বিশখালী নদীতে পাকসেনারা গানবোটে করে পাহারা দিত। রাতে তারা পাহারা দিত বলে আমাদের গতিবিধির জন্য অসুবিধার সৃষ্টি হয়। দিনের বেলার তারা থানার থানার নামত এবং এলাকার অবস্থা সম্বন্ধে জিজ্ঞেস করত। নদী খুব বড় থাকায় তারা আমাদের রাইফেলের আওতায় বাইরে থাকতো, গুলিতে কিছু হত না। সেজন্য আগষ্টের শেষে পরিকল্পনা নিই দিনের বেলা যখন গানবোট থানার নিকট যাবে তখন আমরা নিকটে থেকে হামলা চালাব। সেইমত আমরা আগে থেকেই বামনা থানার নিকটে অবস্থান নিয়ে তৈরী থাকি। বিকেল ৫টার সময় যখন গানবোট তীরে আসে তখন আমরা শত্রুর গানবোটের উপর আচমকা গুলি চালাতে থাকি। এই গুলির জন্য তারা প্রস্তুত ছিল না। গানবোটের সারেং ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে। ফলে গানবোটাট নদীর পাড়ে ধাক্কা খেয়ে ক্ষতিগ্রস্ত হয়। তারা বামনায় না থেমে কাঁঠালিয়ার দিকে যায়। সেখানেও তারা এই ঘটনার সম্মুখীন হয়। এরপর শত্রুরা বন্দরে বা থানার নামা বন্ধ করে দেয়, কিন্তু দিনেও রাতে নদীর মধ্যে দিয়ে চলাচল করতে থাকি।

আগষ্ট মাসের শেষ সপ্তাহে সমগ্র পটুয়াখালী এলাকায় আমরা আমাদের তৎপরতা বাড়িয়ে তুলি এবং পাকসেনাদের গতিবিধি অনেক কমে যায়। আগষ্টের শেষে মেজর জলিল ৫০ জন ট্রেইন্ড যুববকে আমার এলাকায় পাঠিয়ে দেন। তারা তাদের সঙ্গে অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ নিয়ে আসে। তারা ২টা এল-এম-জিও নিয়ে আসে। ইতিমধ্যে আমার অস্ত্রের সংখ্যা ২০০-তে দাঁড়ায় ও গোলাবারুদ অভাব কিছুটা পূরণ হয়। এই সময় আমি পটুয়াখালী জেলার দুই শহরে পটুয়াখালী ও বরগুনাতে মুক্তিযোদ্ধাদের অনুপ্রবেশ করাই এবং তারা শহরে তাদের কার্যকলাপ শুরু করে। বরগুনা শহরের আশপাশের খাল দিয়ে বিশেষভাবে তৈরী সামরিক উদ্দেশ্যে ব্যবহারপযোগী গানবোট চলাচল করত। আমরা তার উপর হামলা চালাতাম এবং প্রয়োজন হলে বরগুনায় ঢুকে আক্রমণ চালাতাম। পাকসেনাদের আমরা সমানাসামনি আক্রমণ না চালিয়ে গেরিলা কায়দায় আক্রমণ চালাতাম।

আগষ্টের শেষের দিকে পাকসেনারা আমাদের মহিষপুর ক্যাম্পে আকস্মিকভাবে হামলা চালায়। মহিষপুর ছিল তালতলী বন্দরের নিকটে অবস্থিত। এখান থেকে মুক্তিযোদ্ধারা আমতলী ও কুয়াকাটা থানায় হামলা চালাত। এ মহিষপুর থেকে বঙ্গোপসাগরের দূরত্ব ছিল খুবই কম। মহিষপুরের পিছনে জঙ্গলে ভর্তি ছিল। পাকসেনারা দালালদের কাছ থেকে আমাদের মহিষপুর অবস্থানের খবর পেয়ে পটুয়াখালী থেকে লঞ্চে ও গানবোটে করে মহিষপুরে আসে। পাকসেনারা ১টি দল মহিষপুর থেকে ৬/৭ মাইল দূরে নেমে হেঁটে আমাদের অবস্থানের দিকে এগিয়ে আসতে থাকে। অন্যান্য সৈন্যরা গানবোটে করে নদী হয়ে মহিষপুরের সামনে এসে আমাদের উপর আক্রমণ চালায়। সকাল টার সময় পাকসেনারা তিনদিক থেকে আক্রমণ চালায়। আমরা এ আক্রমণের জন্য প্রস্তুত ছিলাম না। নদীর ধার থেকে আক্রমণ হতে পারে এ আশংকা আমাদের ছিল কিন্তু স্থলপথে আক্রমণ হবে এ আমাদের কল্পনাতীত ছিল। তাদের আমাদের আক্রমণে হতবুদ্ধি হয়ে দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে শত্রুদের মোকাবিলা করি। বরিশাল ও পটুয়াখালী এলাকা সম্বন্ধে পাকসেনাদের জ্ঞান ছিল খুবই কম এবং এ জন্যে তারা এখানে খুব ভীতি ছিল। হামলা মোকাবিলার করার সঙ্গে সঙ্গে পাশ্ববর্তী গ্রাম থেকে আমাদের সমর্থনে জনগণ চিৎকার শুরু করে দেয়। এতে শত্রুরা ভীতসন্ত্রস্ত হয়ে মহিষপুর এলাকা পালাতে শুরু করে। এ যুদ্ধে ১১ জন পাকসেনা ও ১১ জন রাজাকার নিহত ও অনেক আহত হয়। তারা অস্ত্রশস্ত্র ও প্রচুর গোলাবারুদ ফেলে পালিয়ে যায়।

আমাদের দুজন শহীদ হন। যে দুজন শহীদ হয়েছিলেন তারা কৃষক। আকস্মিক আক্রমণে তারা হতবুদ্ধি হয়ে যান। মহিষপুর থেকে অবস্থান তুলে নিয়ে আমরা অন্যত্র চলে যাই। পাকসেনারা পরে এসে মহিষপুরের পার্শ্ববর্তী গ্রামটি জ্বালিয়ে দেয়।

আগষ্টের শেষে ১৬ বছরের এক মুক্তিযোদ্ধা পটুয়াখালী সার্কিট হাউসে অবস্থানরত পাকসেনাদের লক্ষ্য করে ২টি গ্রেনেড নিক্ষেপ করে। এতে তাদের কেই মারা না গেলেও বেশ কয়েকজন আহত হয়।

সেপ্টম্বরের প্রথম সপ্তাহে পাকসেনারা পটুয়াখালীর নিকটবর্তী গ্রামে প্রবেশ করে ৫/৭ জন যুবক-বৃদ্ধকে মুক্তিযোদ্ধা সন্দেহে গ্রেপ্তার করে এবং তাদের মেরে ফেলবার জন্য নদীর পাড়ে নিয়ে যায়। মুক্তিযোদ্ধারা এ খবর পেয়ে দ্রুত সে অবস্থানে গিয়ে পাকসেনাদের উপর গুলি চালায়। পাকসেনারা এতে ভীতসন্ত্রস্ত হয়ে বন্দীদের ছেড়ে পালিয়ে যায়। যাদের বন্দী করা হয়েছিল তাদের মধ্যে একজন নিহত হয়। এর ফলে জনগণের মনে মুক্তিযোদ্ধাদের উপর আস্থা বেড়ে যায়।

সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে মুক্তিযোদ্ধাদের মনোবল বেড়ে যায় এবং তাদের গ্রুপগুলোর মধ্যে প্রতিযোগিতা শুরু হয়ে যায় কারা কত ভাল অপারেশন করছে তাই নিয়ে। দালালরা গ্রাম ছেড়ে শহরে আশ্রয় নেয়। পাকসেনাদের গতিবিধি অনেক কমে যায়। পাকসেনাদের গ্রামে দেখলেই মুক্তিযোদ্ধারা তাদের উপর হামলা চালাত। পটুয়াখালী, বরগুনা ও ৮টি থানা সদর এলাকা ছাড়া সমগ্র পটুয়াখালী এলাকা ছাড়া সমগ্র পটুয়াখালী এলাকা আমাদের নিয়ন্ত্রণে চলে আসে।

বস্তুতঃপক্ষে এই সময় পটুয়াখালী জেলার সমস্ত থানা দপ্তর ছাড়া বাকি সমগ্র এলাকা মুক্তিযোদ্ধারা নিয়ন্ত্রণে নিয়ে আসে। সারা সেপ্টেম্বর মাসই দুর্জয় মুক্তিফৌজ ক্রমাগত শত্রুর উপর ছোটখাটো হামলা চালায়। বস্তুতঃপক্ষে শহর ছাড়া সমস্ত এলাকায় শত্রুর গতিবিধি সম্পূর্ণরূপে বন্ধ করে দেয়। এই সময় সমস্ত মুক্তিফৌজের মধ্যে একটা চর্মরোগ দেখা দেয়ায় মুক্তিযোদ্ধারা অবরুদ্ধ শত্রুর ঘাঁটির উপর আক্রমণ চালাতে পারেনি। তথাপি এই মাসে মুক্তিফৌজ প্রায় শ'খানেক অস্ত্র শত্রুর কাছ থেকে ছিনিয়ে নিতে সক্ষম হয়েছিল।

সেপ্টেম্বরের শেষার্ধ থেকে মুক্তিযোদ্ধারা তাদের আক্রমণ আবার জোরদার করতে শুরু করে। মুক্তিযোদ্ধাদের মনোবল ভেঙ্গে গেছে, অস্ত্র নেই-পাকসেনারা এটা মনে করে আবার গ্রামের দিকে ঢুকতে ব্যর্থ প্রয়াস চালায়। এই সময় পাকিস্তান কর্তৃপক্ষ জনগনের মধ্যে বিভ্রান্তি এবং ভুল বোঝাবুঝি সৃষ্টি জন্য প্রচারণা চালাতে থাকে যে, 'তথাকথিত মুক্তিযোদ্ধারা' প্রকৃতপক্ষে ভারতের সৈন্য এবং হিন্দু। এরা মুসলমান ধর্ম, কৃষ্টি সমাজ ব্যবস্থা ধ্বংস করার ষড়যন্ত্রে লিপ্ত। এই প্রচারণায় জনগণ মোটেই বিভ্রান্ত হয়নি। কারন, মুক্তিযোদ্ধারা তাদেরই পরিচিত লোক।

মুক্তিযোদ্ধারা সর্বদা ভাবতো জয় তাদের সুনিশ্চিত। কারন পাকিস্তান সেনাবাহিনী কোণঠাসা হয়ে গেছে। তাই এই সময় মুক্তিযোদ্ধারা আগের মত অতটা সতর্ক থাকত না। এর পরিণতিতে অক্টোবর মাসের মাঝামাঝি বরগুনার দক্ষিণে কুয়াকাটা কাছাকাছি একদল মুক্তিযোদ্ধা পাকিস্তানী সৈন্যদের দ্বারা আক্রান্ত হয়। মুক্তিযোদ্ধারা বরগুনার দিকে আসছিল। চারটা নৌকায় করে অতর্কিতে পাকিস্তান সেনাবাহিনীর তাদের উপর প্রচন্ড গোলাবর্ষণ শুরু করে। আক্রান্ত হয়ে বাধ্য হয়ে মুক্তিযোদ্ধারা জঙ্গলের ভেতর ঢুকে পড়ে। পাকবাহিনীর প্রায় আড়াই দিন ধরে গুলি ছুঁড়তে থাকে। সেই গোলাগুলির সময় আমাদের কিছু অস্ত্রশস্ত্র নদীতে ডুবে যায়। সেখানে থাকাকালীন মুক্তিযোদ্ধাদের খাবার-দাবারের ভীষণ অসুবিধা হয়।

সেখান থেকে আমরা বরগুনা শহরের দিকে অগ্রসর হতে থাকি। বরগুনা থেকে আড়াই মাইল দূরে পাকিস্তানী চেকপোস্টের উপর মুক্তিযোদ্ধারা হামলা চালায়। চেকপোস্টের ১২ জন পাকিস্তানী সৈন্য ছিল। স্থানীয় জনগণ ও মুক্তিযোদ্ধারা ঐ চেকপোস্টের ঘিড়ে ফেলে। রাত বারটার দিকে তাদের উপর আচমকা হামলা চালানো হয়। মাত্র দেড় ঘণ্টার যুদ্ধে ঐ চেকপোস্ট মুক্তিযোদ্ধারা দখল করে ফেলে। এখানে মুক্তিযোদ্ধারা ২৮ জনকে

বন্দী করতে সক্ষম হয়-যার মধ্যে ৬ জন পাকসেনা ছিল, বাকি ছিল রাজাকার। এখানে একটা এল-এম-জি, ৭টা চাইনিজ ও ৩০৩ রাইফেল, প্রচুর গুলি ও হ্যান্ড গ্রেনেড আমরা দখল করতে সক্ষম হই। বরগুনার শহরের নিকটে এত বড় একটা ক্যাম্প পতনের পর পাকিস্তান সেনাবাহিনীর মধ্যে ত্রাহি ভাব সৃষ্টি হয়। পাকসেনারা খুব ভীতসন্ত্রস্ত হেয় পড়ে। উদাহরণস্বরূপ, পটুয়াখালী থেকে একজন সুবেদার পালিয়ে ঢাকা যেতে চেষ্টা করে। কিন্তু পথে সে ধরা পড়ে।

অক্টোবরের শেষ সপ্তাহে মেজর জলিল আমাকে ভারত যেতে বললেন। মুক্তিযোদ্ধাদের মনোবল বৃদ্ধির জন্য তিনি বেশ কিছুসংখ্যক মুক্তিযোদ্ধা এবং অস্ত্রশস্ত্র পাঠিয়ে দেন। ব্যক্তিগতভাবে আমি ভারতে যাবার পক্ষপাতি ছিলাম না। আমি মনে করতাম যে আমাদের সত্যিকার আক্রমণাত্মক অভিযান শুরু হওয়ার আগ মুহূর্ত পর্যন্ত বাংলাদেশের অভ্যন্তরে গেরিলা কায়দায় তৎপরতা চালিয়ে পাকসেনাবাহিনীকে ভীতসন্ত্রস্ত রাখাটাই বেশী প্রয়োজন। যাই হোক, হেডকোয়ার্টারের নির্দেশে নভেম্বরের প্রথম দিকে আমি ভারত যেতে মনস্থির করে ফেললাম। যদিও আমার মুক্তিযোদ্ধারা মানসিক দিক হাতাশ হয়ে পড়ছিল। তথাপি সমস্ত বেইস কমান্ডাদেরকে ডেকে প্রয়োজনীয় নির্দেশাবলী লিখিতভাবে সবাইকে দিয়ে দিই এবং নভেম্বর মাসের প্রথম দিকে আমি দুবার আবহাওয়া দরুন যাওয়া স্থগিত রাখি। আমার ট্রেনিং ক্যাম্পে প্রায় ৭০০ মুক্তিযোদ্ধা ছিল। আমি ৩৫০ জন মুক্তিযোদ্ধাকে সামান্য অস্ত্রশস্ত্র দিয়ে প্রায় দুহাজার নৌকাযোগে ভারতে পাঠিয়ে দিই। ৫/৭ দিন পর বাকি ৫০ জন মুক্তিযোদ্ধা এবং প্রায় ৮০০ শরণার্থী নিয়ে আমি ঈদুল ফিতরের দিনে ভারতে রওনা হই। নভেম্বরের শেষ নাগাদ। এই দুর্গম পথের মাঝে মাঝে ছিল পাকসেনাবাহিনীর গানবোটের পাহারা। এই অবস্থার মধ্য দিয়ে অর্ধাহারে-অনাহারে চলতে চলতে নভেম্বরের শেষ সপ্তাহ ভারতের হাসনাবাদ গিয়ে পৌঁছি।

স্বাক্ষরঃ মেহেদী আলী ইমাম

সাক্ষাৎকারঃ লেঃ শামসুল আরেফিন*
২৮-৩-১৯৭৩

মুজিবনগরে বাংলাদেশ সেনানিবাসে হাজির হই ১১ ই মে। সেখানে থেকে ফিল্ড কমিশন নিয়ে ৯ নং সেক্টরে পাঠিয়ে দেয়। খুলনা, বরিশাল, পটুয়াখালী ৯ নম্বরের অধীনে ছিল। প্রথম হিঙ্গলগঞ্জ অপারেশন ক্যাম্পে আসি। এখানে দেড় মাস থাকি।

১৩ ই মে থেকে ৬ ই জুলাই পর্যন্ত আমি ক্যাপ্টন হুদার নেতৃত্বে ৪টি অপারেশন যান-খাঞ্জিয়া বি-ও-পি, বসন্তপুর বি-ও-পি, কালিগঞ্জ থানা হেডকোয়ার্টার এবং উকশা বি-ও-পি (খুলনা)।

৭ই জুলাই খুলনা জেলার প্রধান হিসাবে আসি এবং খুলনা জেলার আশাশুনি থানার বড়দল এলাকায় (বাংলাদেশ) আমার ঘাঁটি স্থাপন করি। আমার সঙ্গে ১০০ জন এফ-এফ এবং ১৫ জন নিয়মিত বাহিনীর সদস্য ছিল। ১১ই জুলাই পাইকগাছা থানার কপিলমুনির রাজাকার ঘাঁটি আক্রমণ করি। সারারাত যুদ্ধ করে আমরা ফিরে আসি। বড়দলে একটি ট্রেনিং সেন্টার খুলি এবং লোক ভর্তি করতে থাকি।

জুলাই মাসের শেষের দিকে আমার উপর নির্দেশ আসে মঙ্গলা পোর্ট আক্রমণ করবার জন্যে। ইতিমধ্যে ১০ জন ন্যাভাল কমান্ডোসহ একজন লিডিং সীম্যান (ফ্রান্স থেকে পালিয়ে এসেছিল), এম,বি, আলকে অস্ত্রসহ আমার কাছে পাঠানো হয়। ন্যাভাল ১১ জন সহ আমরা ২১ জন মিলে মঙ্গলা পোর্টে রওনা হই। আমি কমান্ডিং অফিসার ছিলাম। সুন্দরবনের ভিতর লাওতাড়াতে ঘাঁটিতে আসি, যেখানে পূবেই আমার কিছু বাহিনী ছিল। ৯ই

* পাকিস্তানী মিলিটারী একাডেমীতে জেন্টেলম্যান ক্যাডেটরূপে প্রশিক্ষণ গ্রহনকালে সেখানে থেকে পালিয়ে এসে বাংলাদেশের মুক্তিযুদ্ধে যোগ দেন।

আগস্ট রাত ১২/১ টার সাঁতা দিয়ে বাহিনী চলে আসে মঙ্গলা পোর্টে দিকে। সাঁতার গিয়ে চুম্বক মাইন লাগিয়ে চলে আসে তিনটি জাহাজে। আধঘণ্টা পরে মাইন বিস্ফোরিত হয়, আমরা সঙ্গে সঙ্গে ফায়ার ওপেন করি। আমরা সবাই নিরাপদে আসি। জাহাজ তিনটি ডুবে যায়। ১১ ই আগষ্ট তারা পুনরায় যায়। সেদিন দুটি জাহাজ আমরা ধ্বংস করি। ঐ দিন গফুর নামে একজন ন্যাভালকে হারাই। তবে দু'দিন পরে সে আমাদের ক্যাম্পে ফিরে আসে।

১২ ই আগষ্ট ভোরে পাক নেভী দু'দিক থেকে আমাদের ঘাঁটির উপর আক্রমণ চালায়। আমরা ওখান থেকে পিছু হটতে বাধ্য হই। আমরা মূল ঘাঁটিতে ফিরে আসি। মূল ঘাঁটিতে এসে প্রত্যেক থানাতে একটি করে ঘাঁটি তৈরীর জন্য ব্যস্ত হয়ে পড়ি। রাজনৈতিক কর্মীসহ মুক্তিবাহিনী গঠন করে খুলনার দিকে অগ্রসর হতে থাকি। আমাকে সহায়তা করতেন এম-সি-এ গফুর।

আগষ্ট মাসের শেষের দিকে খুলনা জেলার আশাশুনি থানাতে রাজাকার ও পাকিস্তানী ডেককোয়ার্টার আক্রমণ করি। একদিন অবরোধ করার পর দ্বিতীয় দিনে সাতক্ষীরা থেকে পাকবাহিনীর এবং খুলনা থেকে নেভী এসে আমাদের উপর আক্রমণ চালায়। ১২/১৪ ঘণ্টা ধরে যুদ্ধ হয় ওদের সঙ্গে। পাকবাহিনী ২ জনকে ধরে ফেলে এবং মনোরঞ্জন হালদার নামে একজন মুক্তিসেনা মারা যায়। আমরা ৩ জন মিলিশিয়াসহ ১৬ জন রাজাকারকে হত্যা করে ২৬ টি অস্ত্র উদ্ধার করি। পাকসেনারা পিছু হটে চলে যায়।

সেপ্টেম্বর মাসের প্রথম দিকে পাইকগাছা থানার বাকাঘাঁটি পাকবাহিনী অতর্কিতে আক্রমণ করে। ওখানে আমাদের দলের দুজনকে ধরে নিয়ে যায়। একজন মারা যায় এবং ১ জন আহত হয়। আমরা বাকাঘাঁটি ছেড়ে অন্যত্র চলে যাই। ৭ দিন পর বাকাঘাঁটি পুনরায় দখল করি। এসময়ে প্রধান উপদেষ্টা এবং সহকারী ছিলেন জনাব বার্বর আলী (বর্তমানে জাতীয় পরিষদ সদস্য)।

এরপর ক্রমশ ঘাঁটির সংখ্যা বাড়াতে থাকি। হেডকোয়ার্টার বড়দল থেকে বদলী করে পাইকগাছা থানার হাতিয়ারডাঙ্গাতে নিয়ে আসি এবং ৪টি প্রশিক্ষণ কেন্দ্র খুলি। মুক্তিবাহিনী এবং নেভী দুটোরই ট্রেনিং হতো। সেপ্টেম্বর মাসের শেষের দিকে পাইকগাছা গরুইখালী গ্রামে থেকে অস্ত্রসহ ২২ জন রাজাকারকে ধরে নিয়ে আসে ঐ মাসেই পাইকগাছা থানা আক্রমণ করি এবং থানা স্টাফসহ ৬/৭ রাজাকারকে ধরে নিয়ে আসি।

অক্টোবর মাসের প্রথমে দুটো দল দু'দিকে পাঠাই-একটি দাকোপ থানায়, অন্যটি তালা থানাতে। দাকোপ থানার খাটালি গ্রাম থেকে ১৭ জন রাজাকারকে অস্ত্রসহ ধরে নিয়ে আমার বাহিনী তালা থানার দল ১৮ মাইল রাস্তার মোড়ে পাকবাহিনীর মুখোমুখি হয়। যশোর-পাটকেলঘাটা রাস্তা নষ্ট করে দেয়। যাবতীয় যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করে দেয়। অক্টোবরের মাঝামাঝি সময়ে নির্দেশ আসে সুন্দরবনের ভিতর নিউজপ্রিন্ট মিল আক্রমণ করার জন্যে। ঐ ঘাঁটিতে বোট এবং শিপ ছিল 'লালশেরা'। আমরা ঐগুলি ডুবিয়ে দিই মাইন দিয়ে। এখানে আমার ভাই আয়ুবআলী গাজী প্রধান সহকারী ছিল। ভাই পরবর্তীকালে মারা যায়।

অক্টোবরের শেষের দিকে আবার মঙ্গলা পাট আক্রমণ করি। এবার তিনটি শিপ ডুবিয়ে দিই। এসময় বাজুয়াতে আমাদের সাথে ভীষণ যুদ্ধ হয়। আমাদের কোন ক্ষতি হয়নি। পাক পক্ষ বাজুয়া ঘাঁটি ছেড়ে চলে যায়। বাজুয়াতে আমাদের ঘাঁটি স্থাপন করে খুলনাতে অস্ত্রশস্ত্র পাঠিয়ে দিই আমাদের লোকের কাছে।

১৯ শে নভেম্বর পাকবাহিনীর ক্যাম্প কালিগঞ্জ থানা আমরা আক্রমণ করি। দিনটি ছিল ঈদের দিন। পাকবাহিনী বহু অস্ত্রশস্ত্র ফেলে পালিয়ে যায়। এ যুদ্ধে কমান্ডিং অফিসার ছিলেন ক্যাপ্টেন হুদা।

২৫শে নভেম্বর কপিলমুনি পাইকগাছা থানা আমরা আক্রমণ করি। এখানে আমার প্রধান সহকারী ছিলেন মিঃ রহমতুল্লাহ (নেভী), কামরুজ্জামান (টুকু) এবং বাবর আলী। তিনদিন যুদ্ধের পর ৩৫০টি রাইফেল উদ্ধারসহ ১০৭ জনকে গ্রেফতার করি। আমার ২ জন শহীদ হন ল্যান্সনায়েক গাজী ও আনোয়ার। ২ জন আহত হন। এই

সময় আমার আর একটি দল আশাসুনি থানা হেডকোয়ার্টার আক্রমণ করে। থানা স্টাফসহ দেড়শ' রাইফেল, ২ জন পাঞ্জাবী পুলিশ, ৫৭ জন রাজাকার ধরে নিয়ে আসে। আশাসুনি থানার ব্যাঙদোহাতে আমার একটি দল আক্রমণ চালিয়ে ৩ জন পাঞ্জাবী পুলিশ ২ জন মিলিশিয়া এবং দেড়শ' রাইফেলসহ ১০০ রাজাকার গ্রেফতার করা হয়।

২০ শে নভেম্বর আমার হেডকোয়ার্টার বৈঠাঘাটাতে স্থানারিত করি। এসময় চালনা বাজারের সব রাজাকার আত্মসমর্পণ করে। ২৮শে ডুমুরিয়া থানার বার আড়িয়া বাজার আক্রমণ করি। আজিজ সহ আমাদের ৩ জন মারা যায়। বিপুল অস্ত্রশস্ত্রসহ ১৬ জন রাজাকার আমরা ধরে নিয়ে আসি।

৮ই ডিসেম্বর মেজর জয়নাল আবেদীন ইঞ্জিনিয়ার আমার সাথে যোগ দেন। ১০ই ডিসেম্বর খুলনা বেতার ভবন আক্রমণ করি। সারারাত যুদ্ধ করি, কিন্তু জোয়ারের পানি আসার জন্যে আমরা ফিরে আসি। আমাদের ২ জন আহত হয়। এ সময় অয়ারলেস মারফত কর্নেল মঞ্জুর সাহেবের সাথে আমার যোগাযোগ হয় এবং তিনি খুলনা আক্রমণের পরিকল্পনা দেন। ১৫ই ডিসেম্বর ভোরবেলা খুলনা আক্রমণ করি। দু'ভাবে আক্রমণ করি-একটি জলপথে, অপরটি স্থলপথে। নদীপথে কমান্ডার ছিলাম আমি এবং স্থলপথে ছিলেন মেজর জয়নাল আবেদীন, বাবর আলী নেভী রহমতুল্লাহ। সকাল ৬টার দিকে খুলনা জেলা জয় করি এবং বাংলাদেশের পতাকা তুলে দিই ১৬ ই ডিসেম্বর। আমার বাহিনীর কিছু সেনা (৫ জন) মারা যায়।

বাঙ্গালী জাতীয়তাবাদে উদ্বুদ্ধ হয়ে পাঞ্জাবী শোষণ থেকে মুক্তি লাভের জন্যে অস্ত্র ধরি।

স্বাক্ষরঃ এম, আরেফিন
২৮-৩-৭৩

সাক্ষাৎকারঃ মোঃ নুরুল হুদা
১৮-৯-১৯৭৩

২৬শে এপ্রিল পাকবাহিনী পটুয়াখালী দখল করে ও নানা স্থানে তারা ব্যাপক আক্রমণ ও অত্যাচার আরম্ভ করে। নগন্য অস্ত্রশস্ত্র নিয়ে ওখানে অবস্থান করা আর সম্ভব হলো না। তাই অস্ত্রশস্ত্র সংগ্রহ ও প্রয়োজনীয় প্রশিক্ষণের জন্য ভারতচলে গেলাম। পটুয়াখালী থেকে সুন্দরবন হয়ে ভারত যেতে আমাকে ও অপর দুজন সঙ্গী আতাহার ও ইউসুফকে অতিক্রম করতে হয়েছিল এক বিপদসঙ্কুল সুর্দীঘ পথ। ভারত গিয়ে আমরা প্রথমে দেখা করলাম মেজর জলিল ও ক্যাপ্টেন হুদার সঙ্গে। তাঁরা তখন হাসনাবাদে। মে মাসের শেষের দিকে আমাদের ভর্তি করে দেয়া হলো ৯ নং সেক্টরের তকীপুর ক্যাম্পে। তখন তকীপুর ক্যাম্প ছিল ৯ নং সেক্টরের একমাত্র ক্যাম্প। ঐ অভ্যর্থনা ক্যাম্পে আমাদের নিয়ে মোট সংখ্যা দাঁড়িয়েছিল ৭০ জনে। কিছুদিন ওখানে থাকার পরে জুনের শেষের দিকে আমাদের পাঠানো হলো বিহারের চাকুলিয়া প্রশিক্ষণ কেন্দ্রে। ওখানে আমাদের গেরিলা প্রশিক্ষণ দেয়া হলো। ৬ সপ্তাহের গেরিলা প্রশিক্ষণ শেষ করে ফিরে এলাম ৯ নং সেক্টরে।

আগষ্ট মাসের এক রাত্রে আমরা বরিশাল সাব- সেক্টরের জন্য নিযুক্ত কমান্ডার ক্যাপ্টেন ওমরের (শাজাহান) নেতৃত্বে বাগদা বর্ডার দিয়ে বাংলাদেশে প্রবেশ করলাম। আমরা বরিশালের বানারিপাড়া থানার বাড়াকুঠা স্কুলে শিবির স্থাপন করলাম। আসার পথে যশোরের একস্থানে আমরা পাকবাহিনীর বাধার সম্মুখীন হই। সংঘর্ষে লিপ্ত না হয়ে আমরা অন্য পথে অগ্রসর হই। আমরা যখন ফরিদপুরের হুলারহাটের কাছাকাছি, তখন আমরা একটি বিমান ও একটি গানবোট দ্বারা অনুসৃত হই। কিন্তু ক্যাপ্টেন ওমরের বিচক্ষণতার জন্য আমরা ওদের চোখে ধুলো দিয়ে বরিশালের দিকে অগ্রসর হতে সক্ষম হই। যেহেতু আমাদের সমস্ত তৎপরতা প্রধানতঃ বরিশাল জেলার মধ্যে সীমাবদ্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছিল, সে জন্য আমরা পথিমধ্যের সমস্ত সংঘর্ষ এড়িয়ে যাই।

আমরা জেলায় প্রবেশ করার পরের দিনই পাতারহাটের অনতিদূরে ক্যাপ্টেন ওমরের নেতৃত্বে পাকবাহিনীর একটি গানবোট ও দুটো লঞ্চ আক্রমণ করি এবং প্রত্যক্ষ সংঘর্ষে লিপ্ত হই। এই সংঘর্ষে বেশ কয়েকজন পাকসৈন হতাহত হয়। ক্রমে ক্রমে আমাদের তৎপরতা বৃদ্ধি পেতে থাকে। বরিশালের মুক্তিবাহিনীর ছোট ছোট দলগুলো একে একে ক্যাপ্টেন ওমরের একক নেতৃত্বে আমাদের সাথে যোগ দিল। আমাদের শক্তি আরও বেড়ে গেল। একে একে জয়শ্রী , উজিরপুর, বানারিপাড়া প্রভৃতি স্থানে সাফল্যজনক অপারেশর চালানো হয়।

প্রথম দু'টি স্থানে আমি প্রত্যক্ষভাবে জড়িত ছিলাম না। গেরিলা কমান্ডো জামালের নেতৃত্বে আমি, নুরু, ওদুদ, হাকিম, ইসমাইল, সাখাওয়াত, আলতাফসহ ৮০ জনের একটি দল সেপ্টেম্বরের মাঝামাঝি বানারিপাড়ায় অপারেশন চালাই। ৪ ঘণ্টা যুদ্ধের পরে আমি, সাখাওয়াত, আলতাফ উইথড্রয়াল সংকেত পাওয়ার পর থানার ঘাট থেকে থানার একটি লঞ্চ নিয়ে শিবিরে চলে আসি। এখানে বিপক্ষ দলের কয়েকজন হতাহত হয়। ওখানে কিছুদিন থাকার পর ক্যাপ্টেন ওমরের কতগুলি যুদ্ধ সম্বন্ধীয় তথ্য ও গুরুত্বপূর্ণ রিপোর্ট নিয়ে সেক্টর হেডকোয়ার্টারে চলে আসি। এখানে একজন লোকের কথা উল্লেখ না করলেই নয়। তার সাহায্য না পেলে দুর্গম ও বিপদসঙ্কুল অরণ্য সুন্দরবনের ভিতর দিয়ে হাজার হাজার মুক্তিযোদ্ধাদের চলাচল ও তৎপরতা চালানো হয়ত অসম্ভব না হলেও অতটা সহজসাধ্য হোত না। এই লোকটির নাম রয়জদ্দিন-শিক্ষক আলোক থেকে বঞ্চিত। এই লোকের কাছে আসি উজ্জ্বল দেশপ্রেমের নিদর্শন পেয়েছি। সুন্দরবন এলাকায় পাকবাহিনীর অবস্থান ও সম্ভাব্য আনাগোনা ছিল তার নখদর্পণে। সুন্দরবনের দুর্গম ও অজ্ঞাত পথ দিয়ে জীবনের ঝুঁকি নিয়ে জীবনের ঝুঁকি নিয়ে সে মুক্তিবাহিনীর পথপ্রদর্শকের ভূমিকা পালন করতো। সুন্দরবন দিয়ে আসা-যাওয়ার শতাধিক পথ তার জানা ছিল। আমি এবং আমার তিনজন সঙ্গী কবীর, খালেক ও নওশের এই রয়জদ্দিন মাঝির সাহায্যে ভারত এস পোঁছাই। ভারতে এসে মেজর জলিল সঙ্গে দেখা করি। তিনি তখন থাকতেন টাকি সেক্টর হেডকোয়ার্টারে। গুরুত্বপূর্ণ কাগজপত্রগুলি পেয়ে উনি খুশি হলেন। ঐদিনই উনি আমাকে একটা দল নিয়ে পটুয়াখালী জেলার আসার জন্য প্রস্তুত হতে বলেন।

আমি ৬০ জনের একটি দল সংগঠন করলাম। সেপ্টেম্বর মাসের একরাতে আরও অন্যান্য দলসহ প্রায় ৪০০ মুক্তিযোদ্ধা রয়জদ্দিন মাঝির সাহায্যে সুন্দরবন দিয়ে সুন্দরবনের একটি ঘাঁটি বগীর দিকে অগ্রসর হই। বগী পোঁছাতে প্রায় ৮/১০ দিন লেগে যায়। আমাদের অভ্যর্থনা জানায় সুন্দরবন এলাকার কমান্ডার ক্যাপ্টেন জিয়া। বগী থেকে যার যার নির্দেশিত এলাকায় যাবার প্রস্তুতি নিতে থাকি। পাকবাহিনীটের পায় আমাদের অবস্থান। গানবোট আক্রমণ চালায় আমাদের ক্যাম্পে। মর্টার সেলিং চালাতে থাকে অনবরত। কিন্তু আমাদের কাছে লং-রেইঞ্জ ফায়ারিং অস্ত্রশস্ত্র না থাকায় এল-এম-জি-আর,৩০৩ রাইফেল নিয়ে নদীর কূলে পজিশন নিয়ে থাকি। ওরা প্রায় ২ মাইল দূর থেকে শেলিং করে। কাছে আসতে সাহস না পেয়ে ছ'ঘণ্টা অনবরত শেলিং করার পর গানবোট নিয়ে চলে যায়। রাতে আমরা আমাদের অবস্থান সুন্দরবনের আরো একটু ভেতরের দিকে সরিয়ে নিই। পরের দিন সকালে আবার গানবোট আক্রমণ চালায় এবং সকাল ১১ টার দিকে ওরা চলে যায়। সাত মাইল প্রশস্ত বগী নদীতে সন্ধ্যা ৭ টার দিকে পাড়ি শুরু করে রাত ১০ টার ওপারে চলে আসি। যার যার দল নিয়ে এবং পথপ্রদর্শক নিয়ে আমরা আমাদের নির্দেশিত এলাকার দিকে পায়ে হেঁটে রওনা দিই।

সেক্টর হেডকোয়ার্টার থেকে প্রয়োজনীয় কতকগুলো কাগজপত্র দিয়ে মেজর জলিল আমাকে পটুয়াখালী জেলার সাব-সেক্টর কমান্ডার ক্যাপ্টেন মেহেদীর সাথে দেখা করার নির্দেশ দিয়েছিলেন। ক্যাপ্টেন মেহেদী আলী ইমাম তখন ধামুরাহাটের কাছাকাছি বুকাবুনিয়ায় থাকতেন। তার ছদ্মনাম ছিল ক্যাপ্টেন কুমার। আমার তারিখটা ঠিক মনে নেই, তবে সেপ্টেম্বর মাসের প্রথম দিকে আমি আমার দল নিয়ে তাঁর সাথে দেখা করি। আমাদের পেয়ে তিনি খুশী হলেন। সাথে সাথে তিনি সকল এলাকা থেকে ছোট ছোট দলগুলোকে তার হেডকোয়ার্টারে ডেকে পাঠালেন। সমস্ত জেলার ১০টা থানাকে তিনি মোট পাঁচটা ভাগে ভাগ করলেন। প্রতিটি জোনের জন্য একজন করে জোনাল কমান্ডার ঠিক করে দিলেন।

পটুয়াখালী ও গলাচিপা থানা নিয়ে জোন গঠন করা হয় তার দেয়া হয়েছিল আমার উপর। সবকিছু ঠিকঠাক হওয়ার পরে আমি আমার দল নিয়ে আমার নির্দেশিত জায়গায় চলে আসি। আমার সাথে যারা ছিল তাদের সকলের নাম আমার মনে নেই। তবে যাদের নাম মনে আছে তাদের নাম এখানে উল্লেখ করছিঃ মোঃ নুরুল হুদা (কমান্ডার), হাবিবুর রহমান (শওকত) (সেকেন্ড-ইন-কমান্ড), খলীফা, মস্তফা, রবীন, ইউসুফ, সুলতান, হাবিব, শাজাহান, কুন্ড, গোমেস, ভূদেব, মান্নান, শরীফ, আবুল, জাহাঙ্গীর, ফোরকান, সুনীল, কাওসার; মন্মথন, লতিফ, আলম এবং আরো অনেকে। মস্তফা এবং কাওসার বুকাবুনিয়া থেকে আমাদের পথপ্রদর্শন করছিল।

ভারত থেকে আবদুল বারেক এম-সি-এ (পটুয়াখালী) আমাদের মুক্তিবাহিনীর হিতাকাঙ্ক্ষী অনেকের নাম দিয়েছিলেন। সেই অনুসারে একদিন পানপট্টির মিঃ রবদের বাড়ি এসে উঠলাম আমি এবং মস্তফা। রব সাহেব বিপুল উৎসাহ আমাদের সাথে সহযোগিতা করলেন। পানপট্টির একটি সাইকেনান শেলটারে আমরা শিবির স্থাপন করলাম। ওখানে বসে পাক বাহিনীর বিভিন্ন ঘাঁটির উপর আক্রমণ চালাবার পরিকল্পনা করতে থাকলাম। পটুয়াখালী জেলার পাক জান্তা প্রধান তখন মেজর ইয়ামীন। আমাদের অবস্থান তার কানে গেল। আমরা গলাচিলা থানা আক্রমণ করার সমস্ত পরিকল্পনা এবং মানচিত্র ঠিক করে ফেলেছি। ৪০ জনের একটি দল নিয়ে আমি গলাচিপা থানা আক্রমণে রওনা হলাম। কিন্তু বাস্তব এবং প্রতিকূল অবস্থান পরিপ্রেক্ষিতে সে রাতে গলাচিপা থানা আক্রমণ করা হল না। এখানে উল্লেখ্য যে, আমরা আমদের অপারেশনগুলো বেশীর ভাগই রাতের দিকে করতাম।

পানপট্টির যুদ্ধঃ তাঁবুতে ফিরে এসেছি রাত তিনটায় ৫/৬ জন সেনট্রি রেখে, বাকী সকালে ঘুমিয়ে নিচ্ছি। ঐ দিন রাত ৪টায় (১৮-১১-৭১) গলাচিপা বন্দরের ৫ বৎসরের বাবলুর ঘুম ভেঙ্গে গেল। তার বাসার সম্মুখ থেকে অনেকগুলো বুটের শব্দ তার কানে এলো। ধড়মড়িয়ে উঠে বসল বাবলু। সাবধানে জানালাটা খুলে দেখল পাকদস্যুর এক বাহিনী বিপুল অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে হেঁটে যাচ্ছে। একটু পরেই কয়েকটা রাজাকারের চাপা আলোচনা থেকে সে বুঝতে পারল পাকদস্যুরা আমাদের ক্যাম্প আক্রমণ করতে পানপট্টি যাচ্ছে। বাবলু ছিল গলাচিপা বন্দরে আমাদের একজন গুপ্তচর। আর তো বাবলুর বসে থাকা চলে না। পিছনের দরজা দিয়ে বাবলু দৌড় আরম্ভ করল। এক নাগাড়ে ছয় মাইল দৌড়ে আমাদের শিবিরের উত্তর পাশের নদীটির পারে ছুটে চলে এলো। দুর্ভাগ্য! ঘাটে খেয়া নেই। কিন্তু তাতে কি। বাবলু ঝাঁপিয়ে পড়ল নভেম্বরের ঠান্ডা নদীতে। সাঁতরিয়ে চলে এলো এপার। আর একটা দৌড়। তারপরই আমাদের শিবির। আমাকে যখন বাবলু খবরটা দিল তখন সকাল ৬-৩০মিঃ । অন্য সকলে ঘুমে। শওকত ও উঠে গেল। ফল-ইন এর বাঁশি বাজিয়ে দিল শওকত। সবাই ছুটে এল ফল-ইন-এ। সংক্ষেপে বুঝানো হল ব্যাপারটা। শওকতকে পাঠালাম সাইক্লোন শেলটারের ছাদে। সেটা ছিল আমাদের ও-পি। বাইনোকুলার লাগিয়ে শওকত পাকবাহিনীর গতিবিধি সব বলে দিতে লাগল। আমি সে অনুসারে ঢেলে সাজালাম আমার দলের সবাইকে। আগে থেকেই আমাদের বাঙ্কার করা ছিল। আবুল ছিল প্রথম এল-এম-জি ম্যান। ভূদেব, সুনীল ও শরীফ ছিল ওর গার্ড এবং সহকারী। সাইক্লোন শেলটারটা ছিল দোতলা দালান। দক্ষিণ দিক থেকে একটা কাঁচা রাস্তা শেলটারের পশ্চিম পাশ ঘেঁষে সোজা উত্তর দিকে গলাচিপার দিকে চলে গেছে। এই রাস্তা ধরে কিছুদূর আসলে পানপট্টির সেই ছোট নদীটা সমনে পড়বে। নদী পার হয়ে রাস্তা ধরে চলে গেলে একেবারে গলাচিপা পৌঁছা যায়। শেল্টারটার সামনে একটা টিনের স্কুল, তারপর একটা খালের কূলে কূলে কয়েকটা বাড়ি এবং ঠিক পশ্চিম পার্শ্বের বাড়িগুলো লতাপাতায় ঘেরা-যা আমাদেরকে আড়াল করে রেখেছিল। উত্তর দিকের সেই রাস্তাটার দু'পাশে একটু দূরে দু'একটা বাড়ি। পূর্ব দিকটার অনেকখানি জুড়ে ধানের মাঠ। দক্ষিণ- পশ্চিম কোণে কাছাকাছি কোন বাড়ি নেই।

ও-পি থেকে শওকতের অবজারভেশন অনুযায়ী পশ্চিম দিকের শক্তি বাড়িয়ে দিলাম। রবিন, কুন্ড, মস্তফা, কাওসার, গোমেস ওদেরকে রাখলাম পশ্চিম দিকের একটা বাড়ির পশ্চিম পাশে ৫০ গজ ব্যবধানে কভার করে। শওকতের তথ্য অনুযায়ী পাকসেনারা পশ্চিম দিক দিয়ে আমাদের সেন্টারের দিকে মার্চ করতে পারে। রবিনদের

একটু দূরেই একটা বাঁধ। আমাদের ক্যাম্পের দিকে পশ্চিম থেকে যদি খানসেনাদের আসতে হয় তবে ঐ বাঁধ পেরিয়ে আসতে হবে। শওকত দেখল খানসেনাদের একটা দল উত্তর দিকের রাস্তার পাশে পজিশন নিয়ে শুয়ে আছে। বাকী তিনটা দলের একটা আমাদের সেন্টারের পশ্চিম পাশ দিয়ে দক্ষিণ দিকে অগ্রসর হচ্ছে। আর বাকী দুটো দল পশ্চিম দিক থেকে আমাদের ক্যাম্পের দিকে আসছে। এই দুটোর একটা দল পশ্চিম দিকের একটা বাড়ির মধ্যে আত্মগোপন করে রইল। বাকীটা ২৫/৩০ জনে বিভক্ত হয়ে আগে-পাছে আমাদের ক্যাম্পের দিকে অগ্রসর হচ্ছে। ওদের এই চতুর্থ দলে সর্বমোট প্রায় ৭০/৮০ জন খানসেনা ও দালাল সেনা।

শওকতের কাছ থেকে প্রয়োজনীয় তথ্য নিয়ে সকল পজিশনে আমাদের প্লানটা জানিয়ে দিলাম। এস-এল-আর, ৩০৩ রাইফেল, ৩৬-এইচ-ই গ্রেনেড নিয়ে সবাই মাটির সাথে লতাপাতার সাথে এক হয়ে গেছি আর এক দুই করে আসল সময়ের অপেক্ষা করছি। শওকতের কথাই ঠিক হলো, রবিনদের সামনের সেই বাঁধটার দিকে পাকসেনারা অগ্রসর হচ্ছে। প্রথম ব্যাচে ২৫/৩০ জন। ১৫/২০ জন পশ্চিমা খান আর বাকীগুলো রাজাকার, পুলিশ। রবিনরা তাক করে শুয়ে আছে। অতি সতর্কতার সাথে খানদের দল বাঁধের উপর উঠে এসেছে। ৩/৪ জন বাঁধ পার হয়ে গেছে। অমনি রতনদের দল ট্রিগার টিপল। গুড়ুম গুড়ুম কয়েকটা শব্দ এবং সাথে সাথে গোমেজ ছুড়ে মারল গ্রেনেড। ২টা পুলিশ ও ৬টা খানসেনা লুটিয়ে পড়ল। ছিটকিয়ে গেল খানদের দল। পুলিশ রাজাকারদের সামলাতে তাদের বন্দুক উঁচিয়ে রাখতে হল। খানদের দল পিছিয়ে গেল খানিকটা। এটা ঘটল সকাল ৮ টার দিকে। আমরা চুপচাপ। শওকত আবার চলে গেল ওপিতে-দেখল ওদের গতিবিধি। পাকা তিন ঘণ্টা ধরে ওরা ওদের ছিটকিয়ে পড়া সাথীদের পশ্চিমে একটা বাড়ির আড়ালে একত্রিত করল। এর মধ্যেই খবর এল ৩৭৫ জনের এই দলটি পরিচালনা করছেন পটুয়াখালী জেলার পাক জান্তা প্রধান মেজর ইয়ামিন নিজে। আমরা দলে ছিলাম ৬০ জন মাত্র। অস্ত্রশস্ত্রের মধ্যে একটা এল-এম-জি, এস-এল, আর, ৬টা স্টেনগান, ৩৫টা ৩০৩ রাইফেল। ওদের কাছে ২টা ২" মর্টার, ৭/৮ টা এল-এম-জি, চাইনিজ স্বয়ংক্রিয় রাইফেলসহ বহু আধুনিক হালকা অস্ত্রশস্ত্র। আমাকে খবরটা দিয়েছিল ওদেরই দলের একটা পুলিশ। প্রথমবারের গোলাগুলির সুযোগে পালিয়ে এসে আমাকে খবরটা দিয়ে সে আবার চলে গেল। একটু ঘাবড়ে গেলাম। কিন্তু মনের দুর্বলতা কাউকে টের পেতে দিলাম না। সকলকে সাহস দিয়ে চাঙ্গা রাখলাম। প্রথম দফায় খানদের হটিয়ে দিয়ে এবং ৮ জনকে খতম করে প্রত্যেকের মনেই আনন্দ লেগেছে।

আনুমানিক বেলা ১ টার দিকে ওরা আবার আমাদেরকে তিনদিক দিয়ে ঘিরে ফেলল। দক্ষিণ দিকটা খোলা রেখে পশ্চিম-উত্তর ও পূর্ব দিক থেকে ওরা আক্রমণ চালাল। পূর্বদিক দিয়ে ওরা আমাদের ক্যাম্পে আসতে পারবে না, এ ব্যাপারে আমি নিশ্চিন্ত ছিলাম। কারণ ঐ দিকটার ছিল অনেকখানি ধানের মাঠ। বহু দূরে থেকেই ওদেরকে দেখা যাবে। ভয় হল উত্তর এবং পশ্চিম দিকটা নিয়ে। এই দুটো দিক শক্তিশালী করলাম। সব ধরনের ঝংকার তুলে বেপরোয়া হয়ে খানদের দল এগিয়ে আসতে লাগল। আমরাও মরীয়া হয়ে পাল্টা জবাব দিলাম। সুবিধা ছিল ধান খেতের মধ্যে পালিয়ে পালিয়ে আসলেও আমরা ওদের গতিবিধি দেখতে পাই। কিন্তু ওরা আমাদের টিকিটিরও সন্ধান পায় না। ওদের দল থেকে আর্তনাদের শব্দ আমরা যতই শুনছি সাহস আমাদের ততই বাড়ছে। তবুও ওরা থামে না। কয়েকটা ২" মর্টারের শেল আমাদের ট্রেঞ্চের আশেপাশে পড়ল। মাটি নরম থাকায় বাস্ট করল না সেগুলো।

ঠিক এমনি সংকটের সময়ে বুদ্ধিমত্তার পরিচয় দিল আমাদের এল-এম-জি গ্রুপ। এল-এম-জি'টা নিয়ে দাঁড়িয়ে গেল আবুল। চোরা গলিপথ দিয়ে বিভিন্ন কোণে আরম্ভ করল ফায়ার। একবার পশ্চিম দিকের বাড়িগুলো উপর, আবার একটা দৌড়ে সেখান থেকে সরে এসে উত্তর দিকে ওদের পজিশন বরাবর, আবার তার পর মুহূর্তে পূর্ব দিকে ওদের পজিশনের দিকে মুখ রেখে। ওদেকে এস-এল-আর, স্টেনের স্বয়ংক্রিয় ফায়ারিং তো চলছেই। রাইফেল বসে নাই। গ্রেনেডও ফুটছে দুটো একটা। সে এক গগনবিদারী শব্দতান্ডব। খানদের পজিশন থেকে চেঁচামেচি-কান্নাকাটি আরও বাড়ল। পুলিশ-রাজাকারদের রাইফেল পয়েন্ট রাখাও আর সম্ভব হল না। রাইফেল ফেলে যে যেদিকে পারলো পালালো। অল্প কয়েকজন পা-চাটা বাঙ্গালী দালাল, তখনও মেজর

ইয়ামিনের চারদিকে ঘুরছে। আমি ছিলাম পশ্চিম পার্শ্বে আমাদের পজিশনের সবচেয়ে সামনের লাইনে। সিভিল ড্রেসে চীনা রাইফেল হাতে লম্বা একটা লোক নজরে পড়ল। তার সাথে কয়েকটি খানসেনা। প্রায় এক হাজার গজ দূরে ছিল ওরা। তাক করে টিপলাম এস-এল-আরের ট্রিগার। শুয়ে পড়ল সিভিল ড্রেসধারী। ভাবলাম শেষ। কিন্তু শেষ হয় নাই। শুনেছি তিনিই ছিলেন মেজর ইয়ামিন। ঐ যে শুলেন আর উঠলেন গিয়ে ১ মাইল দূরে একটা নদীর পাড়ে, যেখানে তার জন্য স্পীডবোট তৈরী ছিল- অর্থাৎ প্রায় ১ মাইল পথ তিনি কখনও রোলিং কখনও ক্রলিং করে কোন রকমে কাদামাখা হয়ে স্পীডবোটে উঠে এক চম্পটে পটুয়াখালী।

ওদের আক্রমণের দ্বিতীয় পর্যায়ে আমরা প্রধম দিকে ওদের কয়েকজনকে খতম করি এবং তার পরে পূর্বে পরিকল্পনা অনুসারে তিনদিকে সমানে গুলি ছোড়া আরম্ভ করি, তার উপরে ছিল আবুলের এল-এম-জি চালানোর কৌশল। এতে করে ওরা আমাদের বিরাট বাহিনী ভেঙ্গে ছত্রভঙ্গ হয়ে পড়ে। মোটামুটি বিকেল ৪ টার দিকে অপর পক্ষের আর কোন সাড়া শব্দ পেলাম না। যে যেখান দিয়ে পেরেছে পালিয়ে বেঁচেছে। ৩০/৩৫ টা লাশ রেখে "মুক্তি বহুত হারামী হায়" বলে মামা আপন প্রাণ বাঁচা সার বলে পৃষ্ঠপ্রদর্শন করল।

আমাদের দলের রবিনের ডানহাতে একটা গুলি লেগেছিল। কিন্তু কাউকে না জানিয়ে গামছা দিয়ে বেঁধে সে শেষ পর্যন্ত যুদ্ধ করেছে। আমার দলের অর্ধেকের বয়েস ছিল বিশের নীচে এবং কারো বয়সই ২৮-এর উপরে ছিল না। একটা জিনিস লক্ষ্য করেছি যে, ২০-এর নীচের কচি ছেলেগুলো সবচেয়ে নয়, আমি যে ক'টা যুদ্ধের সাথে প্রত্যক্ষভাবে জড়িত ছিলাম তার প্রায় সব যুদ্ধের বাস্তব অভিজ্ঞতা থেকে এ কথা বলা যায়।

পল্লীর পর্ণকুটিরের আধা-শিক্ষিত অশিক্ষিত মানুষদের দেশপ্রেমের কথা কোনদিন ভুলতে পারব না। ওরা বন্দুক চালাতে পারে না। আধুনিক অস্ত্রের সামনে তারা তাই নিরূপায়। কিন্তু প্রাণের যে আবেগের পরিচয় তারা বিশেষ করে ঐ পানপট্টির যুদ্ধের দিনে দেখিয়েছিল তার মর্যাদা দেবার মত যোগ্যতা আমার নেই। গ্রামবাসীরা জানত, আমরা সকালে কিছু মুখে দিতে পারি নাই। পাক হানাদারদের রেইঞ্জের দূরের গ্রামে আমাদের জন্য মুড়ি, চিড়ে, গুড়, শতে শতে ডাব কেটে বালতি ভরে জীবনের ঝুঁকি নিয়ে লোকেরা পৌঁছিয়ে দিয়েছিল। ছোট ছোট জঙ্গলের বাঁকে বাঁকে তারা আটার রুটি ,গুড় এসব যে যেখান থেকে পেরেছে পাঠিয়ে দিয়েছিল- নিয়ে এসেছিল। বিকেল ৫ টার সময় আসা আরম্ভ করল ভাত, তরকারি, ডাল ইত্যাদি। এসকল খাদ্যসামগ্রী এত বেশী হারে এসে জমা হল যে আমরা ১৫ দিন বসে খেয়েও শেষ করতে পারতাম না।

গলাচিপা আক্রমণঃ ৩/৪ দিন পরে ঠিক করলাম ওদের ঘাটি আক্রমণ করতে হবে। শওকতকে প্রধান করে জাহাঙ্গীর, মোস্তফা, হাবিবসহ ৩৫ জনের একটা দল পাঠালাম গলাচিপা আক্রমণ করতে। ওরা ঠিক পরিকল্পনা মত আক্রমণ করল। মারা গেল বিপক্ষের কয়েকজন। দিন শেষ হয়ে গেল। ওরা ফিরে এল শিবিরে। আবার পরিকল্পনা করল সেই রাতেই আক্রমণ করার। কিন্তু রাত আর আসতে পারল না। দুপুরের দিকে সদলবলে থানা ছেড়ে পটুয়াখালীর দিকে চম্পট। খবরটা পেলাম রাতে। শওকত লাফিয়ে পড়ল। তখনই ১০ জনের একটা দল নিয়ে সে চলে গেল গলাচিপায়। পরের দিন বাকী সকলকে নিয়ে আমিও গিয়ে পৌঁছলাম। পটুয়াখালী থেকে জাতিসংঘের একটা ছোট জাহাজে কয়েকজন পুলিশ দিয়ে মেজর ইয়ামিন একটা দল পাঠালেন পর্যবেক্ষণ করতে, অর্থাৎ গলাচিপার খবরাখবর সংগ্রহ করতে।

শব্দ শুনে রেডি হলাম। কিছুক্ষণ পর চোখে পড়ল জাতিসংঘের জাহাজটা গলাচিপা বন্দরের দিকে এগিয়ে আসছে। আমরা ওঁৎ পেতে থাকলাম। আওতার মধ্যে আসার সাথে সাথে আক্রমণ চালালাম। প্রায় ১ মাইল এলাকা নিয়ে আমরা পজিশন নিয়েছিলাম। বাঙালি পুলিশগুলো তাদের হাতের অস্ত্রশস্ত্র সব নদীতে ফেলে দিল। শেষ পর্যন্ত কূলে ভিড়লো জাহাজটি। চেষ্টা করেছিল কাটিয়ে যেতে, কিন্তু পারল না। দখল করলাম জাহাজটি। ওটার নাম ছিল ' বাট্টি-মে-বি'। মালয়েশিয়ার লোক ছিল ক্রু। তাদের কাছ থেকে আমাদের এয়ার ফোর্স-এর

শাজাহান, মজিদ, মিজান শিখে নিল জাহাজটি চালাবার পদ্ধতি। মালয়েশিয়ানদের সসম্মানে জাহাজ থেকে উঠিয়ে যত্ন সহকারে তাদেরকে রাখলাম গলাচিপার একটি হোটেলে। জাহাজটাকে আমরা আমাদের যুদ্ধের কাজে ব্যবহার করলাম।

ডিসেম্বরের পাঁচ তারিখ। হাতেম আলী, আলমগীর, আজাদ, বারেক, ওদের সকলের নিকট ব্যক্তিগত চিঠি পাঠালাম পটুয়াখালী আক্রমণ করার প্ল্যান দিয়ে।

ডিসেম্বরের ১০ তারিখ। রাত ১০ টার সময় বারেক তার দল নিয়ে পটুয়াখালীর উত্তর পার দিয়ে, আমি লোহালয়া অর্থাৎ পটুয়াখালীর পূর্ব দিক দিয়ে, হাতেম আলী ও আলমগীর দক্ষিণ দিক দিয়ে এবং আজাদ পটুয়াখালীর পশ্চিম পার দিয়ে আক্রমণ চালাবে। পাঁচ কমান্ডারের একটা বৈঠক আহবান করলাম বগাবন্দরে। এখানে উল্লেখ করা যেতে পারে যে, বগাবন্দর বাউফল থানার অন্তর্গত এবং পঞ্চম আলীর দল বাউফল থানা দখল করে নিয়েছিল। তখন পর্যন্ত গলাচিপা, বাউফল, বামনা ও বেগাতী থানা মুক্তিবাহিনীর দখলে।

খেপুপাড়া আক্রমণঃ ৬ই ডিসেম্বর আমরা খেপুপাড়া আক্রমণ করার পরিকল্পনা করলাম। জাহাজ এবং আরও একটা লঞ্চ নিয়ে রওয়ানা হলাম। খেপুপাড়ার ২ মাইল দূরে তিনটা দলে বিভক্ত হলাম। শাজাহান (এয়ার ফোর্স-এর) যাবে জাহাজে। লঞ্চটা ওখানেই থাকবে। শাজাহানের সাথে থাকবে এল-এম-জিসহ ১৫ জন রাইফেলধারী। সে খেপুপাড়ার থানার ঘাটে জাহাজ ভিড়াবে স্বাভাবিক ভাবে। অন্যরা পজিশন নিয়ে থাকবে। থানার শত্রুপক্ষ ভাববে তাদেরই গানবোট। জাহাজটা অনেকটা গানবোটের মতই দেখতে। বিশেষ করে রাত্রে। পরিষ্কার উর্দুতে শাজাহান থানার দারোগাকে ডাকবে এবং সকলকে জাহাজে উঠে আসার নির্দেশ দেবে। শাজানের দেহাকৃতি পাঞ্জাবীদের মতই ছিল। শাজাহান পাকিস্তান আর্মির ক্যাপ্টেনের অভিনয় করবে। জাহাজের সামনে ওরা এসে শাজাহের নির্দেশ মতো ফল-ইন করবে। সাথে সাথে জাহাজ থেকে এলমে-জি এবং রাইফেলের গুলিতে শেষ করা হবে সবগুলোকে। আমরা এর আগেই দুটো দল নিয়ে থানা ঘিরে ফেলব এবং থানার দিকে এলোপাতাড়ি গুলি করে থানায় ঢুকে পড়ব। পরিকল্পনাটা ছিল এমনি সুন্দর। শওকতকে একটা ছোট খালের পুল পার হয়ে থানার উত্তর দিক দিয়ে পজিশন নিতে পাঠালাম। আমি একটা দল নিয়ে থানার পূর্ব দিক দিক দিয়ে একটা ছোট খালের পুল পার হয়ে থানার ৫০ গজের মধ্যে প্রস্তুত থাকব। শওকতের সাথে ইউসুফ, দেলোয়ার সহ ২৫ জনের একটা দল এবং আমার সাথে বাবুদা, হাবীব, রবীনসহ ২৫ জনের একটা দল। এখানে উল্লেখ করা দরকার যে, সরদার জাহাঙ্গীর একটা দল নিয়ে গলাচিপা এসেছিল। তার দলের সদ্য ছিল ৯ জন। তারা আমার দলে যোগ দিয়ে দলকে শক্তিশালী করল। ক্যাপ্টেন মেহেদীর নির্দেশক্রমে গলাচিপা ও পটুয়াখালী থানার মুক্তিবাহিনীর অন্যান্য ছোট দলগুলিও আমার একক নেতৃত্ব মেনে নিয়ে কাজ করা শুরু করেছিল।

হাবীব খেপুপাড়ার ছেলে। সে সকলের সামনে, তার পিছনে আমি, আমার পিছনে বাবুদা। খেপুপাড়ায় কোনদিন যাইনি। হাবীব ছিল একমাত্র পথ-ঘাট চেনা ছেলে। পুলের উপর উঠতে যাব, অমনি শত্রুর পক্ষের পেট্রোল পার্টির সামনে পড়ে গেলাম। ওরা আমাদের উপর গুলি করল। কিন্তু আমাদের কারও গায়ে গুলি লঅগাতে পারে নাই। তার পরই আরম্ভ হল থানা থেকে গুলি করা। আমরা আর পুল পার হতে পারলাম না। ওদিকে আমাদের জাহাজ থেকে পরিকল্পনা কার্যকরী হবার আগে গোলাগুলির শব্দ পেয়ে ওরাও থানার দিখে গুলি ছুড়লো । আমরা সারারাত থানা ঘিরে রাখলাম। সকালে আমি চলে এলাম। শওকতের উপর সমস্ত ভার দিয়ে সমস্ত দল ওখান থেকে সরিয়ে আনলাম। চলে এলাম বগাবন্দর। আমার সাথে আনলাম বাবুদা, মাস্টার সাহেব,লতিফ, বাবুল, ফোরকান, দেলোয়ার এদের কয়েকজনকে।

বগাবন্দর থেকে পাক জলযানের উপর আক্রমণঃ বগা এসে পৌছালাম ৮তারিখ রাত আটটার সময়। পটুয়াখালী থেকে বগাতে টেলিফোন এলো যে পাক বাহিনী পালিয়ে যাচ্ছে। বগা তখন মুক্ত এলাকা। ওখানে পঞ্চম আলীর দলের ১৫/১৬ জনের ঘাঁটি ছিল। আমাকে পেয়ে ওরা খুশী হল। বগা পোস্ট অফিসে গিয়ে

পটুয়াখালীর সাথে যোগাযোগ করলাম। রাত নয়টার সময় দুটো লঞ্চে পাক জান্তার দল ও দালালদের দল পালিয়ে আসল পটুয়াখালী থেকে। কিন্তু তাদের যেতে হবে বগাবন্দরের নদী দিয়ে। বাউফলে ফোনে জানালাম সবকিছু। ফোন পেয়ে বাউফল থেকে একটা দল রওনা হল বগার দিকে। দুরত্ব ৮ মাইল। পটুয়াখালী থেকে যথারীতি আমরা খবর পেতে থাকলাম। পটুয়াখালীর তখনকার ডি-সি আব্দুল আউয়ালের সাথে যোগাযোগ করলাম এবয় খবরের সত্যতা প্রমাণ করলাম।

আমরা ২০ জনের মত লোক রাইফেল হাতে বগা নদীর কূলে পজিশন নিলাম। রাত দশটার সময় লঞ্চ দুটো আমাদের রেইঞ্জের মধ্যে এমে গেল। গুলি ছুড়লাম। ওরাও ছুড়ল ৩/৪ টা এল-এম-জির ব্রাশ। লঞ্চ দুটো রাখতে পারলাম না। ফুল স্পীড-এ চালিয়ে রেইঞ্জের বাইরে চলে গেল।

৯ তারিখ সকাল ৮ টার সময় ভারতীয় বিমান বোম্বিং করল পটুয়াখালীতে। আমরা পটুয়াখালী চলে গেলাম। খবর পেয়ে অন্যান্য দলের কিছু কিছু মুক্তিবাহিনী চলে এসেছিল। থানা, পুলিশ ক্যাম্প সব দখলে নিয়ে নিলাম এবং প্রত্যেক পজিশন পয়েন্টে পড়া গার্ড মোতায়েন করলাম। ওদিকে শওকত পরের বারে খেপুপাড়া আক্রমণ করে এবং থানার সমস্ত অস্ত্রশস্ত্রসহ খেপুপাড়া থানা দখল করে নেয়। ৯ই ডিসেম্বরের মধ্যে আমরা পটুয়াখালীর সমস্ত থানা সহ পটুয়াখালী কে মুক্ত ঘোষণা করলাম। তখন আমার কমান্ডে প্রায় ১৫০০ মুক্তিবাহিনী।

সাক্ষাৎকারঃ শামসুল আলম তালুকদার

মে মাসের প্রথম সপ্তাহে মুক্তিবাহিনী ক্যাপ্টেন জিয়ার নেতৃত্বে শরণখোলা থানা আক্রমণ করলে পুলিশবাহিনী সাথে সাথে অস্ত্র দিয়ে দেয়-৩২ টি রাইফেল এবং আরও অনেক গোলাগুলি পাওয়া গিয়েছিল। ওখান থেকে ক্যাপ্টেন জিয়া কিছু অস্ত্র আমাকে দেন এবং বেঙ্গল রেজিমেন্টের হাবিলদার আজিজকে (ফুলমিয়া) দেন।

আমি আমার কিছু লোক ,খাবার এবং অস্ত্র নিয়ে সুন্দরবনের ভোলা নদীর পশ্চিম পাড়ে শরণখোলা এবং চানপায়ে রেঞ্জ অফিসের মধ্যবর্তী স্থান ধানসাগর নামক অফিসের বিতরে প্রথম ঘাঁটি গাড়ি। পরিকল্পনা নিই গ্রাম আক্রান্ত হলে সবাইকে এই ঘাঁটিতে নিয়ে এসে পরবর্তীতে পাক বাহিনীর উপর গেরিলা আক্রমণ চালাবো।

শরণখোলা থানা এবং মোড়লগঞ্জ থানার অঞ্চল অধিকাংশ হিন্দুগ্রাম। মওলানা ইউসুফের নেতৃত্বে জামাতে ইসলাম, মুসলিম লীগ এবং অন্যান্য পাকিস্তান পন্থীরা ঐ এলাকায় লুটপাট শুরু করে। আমার দলের লোকজন দিয়ে প্রায় ১০টি গ্রুপ করে কিছু অস্ত্র দিয়ে পাহারার ব্যবস্থা করি । মাওলানা ইউসুফের দল শুধু লুট নয় নারীধর্ষণও শুরু করে। আমরা প্রতিরোধ দিলে অবস্থা কিছুটা আয়ত্তে আসে। জুন মাসের প্রথম সপ্তাহে শরণখোলা থানাতে রাজাকার বাহিনী তৈরী হয় পাক রাজস্ব মন্ত্রী মনসুরের নেতৃত্বে। মে মাসের মাঝামাঝি নায়েক সুবেদার মধু তার নিজস্ব দল নিয়ে মোড়লগঞ্জ থানায় যায়। মধু থানাতে পৌঁছুলে আমি এবং মধু যৌথভাবে কাজ শুরু করি। ৪০ জন রাজাকার ইতিমধ্যে মোড়লগঞ্জ থানাতে আসে।

২ রা জুন আমরা যৌথভাবে মোড়লগঞ্জ থানা আক্রমণ করি। ওখানে ভাসানী ন্যাপের সাংগঠনিক সম্পাদক আবু বকর শহীদ হলেন। রাজাকার ৩ জন খতম হয়। ভোর হয়েগেলে আমরা পিছু হটি। তারপর রাজাকাররা বাগেরহাট পালিয়ে যায়। প্রাথমিক অবস্থায় বিক্ষিপ্তভাবে বিভিন্নজন অস্ত্র নিয়ে গিয়েছিল। তার ফলে মোড়লগঞ্জ থানার সোনাখালী, ফুলহাতা, হ্যামড়া, পাঁচগাঁও, ঢুলিগাতি, গজারিয়া ইত্যাদি অঞ্চলে ডাকাতি শুরু হয় ব্যাপকভাবে। হিন্দুবাড়ি লুটপাট, নারীধর্ষণ করে তার সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছিলো। ক্যাপ্টেন জিয়া জুন মাসের মাঝামাঝি আমাদের সাথে যোগ দেন। তিনি তখন দক্ষিণ অঞ্চলের সর্বাধিনায়ক হন। আমি,

হাবিলদার মধু এবং ক্যাপ্টেন জিয়া মিলে ১০০ জন মুক্তিযোদ্ধা নিয়ে ঐসব গ্রামে গিয়ে ৮ জন ডাকাত খতম করি এবং অস্ত্র উদ্ধার করি।

জুন মাসের ২০/২২ তারিখ হবে। পাঁচখানা গানবোট ও ২টি জাহাজে করে প্রায় ৫০০ পাকসেনা এবং ৪০০ রাজাকার মোড়লগঞ্জে উপস্থিত হয়।মোড়লগঞ্জে আমাদের যে ঘাঁটি ছিল সেখান থেকে যাতীয় অস্ত্র এবং সব বাহিনী নিয়ে আমি সুন্দরবনের পুরানো ঘাঁটিতে নিরাপদে চলে যাই। পাকসেনা এবং রাজাকাররা ওখানে গিয়ে আমাদের ক্যাম্প সহ বহু ঘরবাড়ি জ্বালিয়ে দেয় এবং অসংখ্য লোককে হত্যা করে। পরে রাজাকারদের রেখে পাকসেনারা চলে যায়। এরপরে আমরা সুন্দরবনের বিভিন্ন স্থানে ক্যাম্প করা শুরু করি। ক্যাপ্টেন জিয়া এখান থেকে বিভিন্ন অঞ্চলে মুক্তিযোদ্ধাদের সাথে যোগাযোগ আরম্ভ করেন। শরণখোলা দক্ষিণ অঞ্চল সুন্দরবনের ববিতে সুবেদার আনোয়ার এবং হাবিলদার আজিজ (ফুলমিয়া) ২০০-এর উপরে মুক্তিযোদ্ধা নিয়ে আশ্রয় নিয়েছিল। তাদের সাথে তিনি যোগাযোগ করেন এবং জুন মাসের শেষের দিকে রায়েন্দা থানা আক্রমণ করেন সুবেদার আজিজের নেতৃত্বে। ওখানে আনোয়ার সহ আরও ক'জন শহীদ হন। ঐ মাসেই ক্যাপ্টেন জিয়া ভারতে চলে যান অস্ত্রের জন্য।

শরণখোলা, মোড়লগঞ্জ থানাতে রাজাকাররা ত্রাসের রাজত্ব কায়েম করতে থাকে। হিন্দুসহ ন্যাপ এবং আওয়ামী লীগের সমর্থকদের বাড়িঘর ভোগদখল এবং নারীদের উপর অত্যাচার করতে থাকে। লোকজন ধরে হত্যা শুরু করে। এই অবস্থায় আমাদের বাহিনী নিয়ে গেরিলা কায়দায় মাঝে মাঝে আক্রমণ চালাতে থাকি এবং বিক্ষিপ্তভাবে রাজাকারদের খতম করতে থাকি। ইতিমধ্যে হাজার হাজার লোক ঘরবাড়ি মান-ইজ্জত হারিয়ে সুন্দরবনে আশ্রয় নিতে থাকে ভারত যাবার জন্য।

ক্যাপ্টেন জিয়া ১৩ ই আগস্টে ভারত থেকে প্রচুর অস্ত্র নিয়ে আমাদের এখানে আসেন। সেই সাথে ৫০ জন ট্রেনিংপ্রাপ্ত গেরিলা এবং ন্যাভাল কমান্ডো নিয়ে আসেন। ১৪ ই আগস্ট সুন্দরবন এলাকাতে তিনি সকল মুক্তিযোদ্ধার কনফারেন্স ডাকেন। ওখানে তিনি বাংলাদেশে সরকারের নিয়োগপত্র দেখান। সেখানে ৪ টি জেলার গেরিলা কমান্ডিং অফিসার হিসেবে নিয়োগ ছিল। সভায় ১০০০-এর মত মুক্তিযোদ্ধা উপস্থিত ছিল। তিনি এই সভাতে সম্পূর্ণ যুদ্ধ পরিচালনার জন্যে কতকগুলি বিভাগ এবং উপবিভাগ খোলেন এবং মুক্তিযোদ্ধাদের একটি শৃংখলায় নিয়ে আসেন। বিভাগগুলি ছিলঃ (১) অপারেশন বিভাগ (২) খাদ্যের বিভাগ (৩) অর্থ সংগ্রহ বিভাগ (৪) যোগাযোগ বিভাগ (৫) বেতন বিভাগ (৬) হাসপাতাল বা চিকিৎসা বিভাগ (৭) ভারতের সাথে যোগাযোগ বিভাগ (৮)শরণার্থী দেখাশোনা এবং পাঠানোর জন্য বিভাগ (৯) ট্রেনিং বিভাগ (১০) রিক্রুটিং বিভাগ। খুলনা জেলায় যুদ্ধ পরিচালনার জন্য সামরিক সাব- কমিটিও গঠন করা হয়। নিম্নলিখিত লোক নিয়ে কমিটি গঠিত হয় (১) ক্যাপ্টেন জিয়া- কমান্ডিং অফিসার (২) সেকেন্ড- ইন- কমান্ড- শামসুল আলম তালুকদার (৩) আবুল কালাম মহিউদ্দিন- সিকিউরিটি অফিসার (৪) আবুল আসাদ- অপারেশন অফিসার (৫) শহীদুল আলম বাদল- অস্ত্রাগারের দায়িত্ব (৬) নূর মোহাম্মদ হাওলাদার- কনস্ট্রাকশন বিভাগ (৭) মোস্তফা হেলাল- খাদ্যের ভারপ্রাপ্ত। বাগেরহাট মহকুমার জন্যঃ (১) নায়েক সুবেদার মধু-কমান্ডিং অফিসার (২) সাতকক্ষীরার আফজাল (৩) মোড়লগঞ্জ থানার জন্য আলী, (৪) শরণখোলা থানার জন্য হাবিলদার আজিজ (ফুলু)। এছাড়া বাগেরহাটের উত্তর অঞ্চলে এবং খুলনার উত্তর অঞ্চলে যোগাযোগের জন্য লোক নিযুক্ত করা হয়। বরিশালে ক্যাপ্টেন শাজাহান (ওমর) পটুয়াখালীতে ক্যাপ্টেন মেহেদীর সাথে যোগাযোগের জন্য লোক নিযুক্ত করেন। ক্যাপ্টেন জিয়া হাবিলদার মধূ এবং আজিজকে অস্ত্র ভাগ করে দেন এবং বাকি অস্ত্র নিজের কাছে রাখেন।

সুন্দরবনের ঘাঁটিকে খুলনা বিভাগের সামরিক হেডকোয়ার্টার ঘোষণা করা হয়। ঐ সভাতেই ১৩ ই আগস্টে মোড়লগঞ্জ থানা আক্রমণ করা হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়। ১৫ ই আগস্ট সন্ধ্যায় ক্যাপ্টেন জিয়া নিজেই ১০০-এর মত মুক্তিযোদ্ধা নিয়ে মোড়লগঞ্জের উদ্দেশে রওনা হন, মোড়লগঞ্জের পশ্চিমে টাউন হাইস্কুল নামক স্থানে রাত ৩ টায় এসে পৌঁছান। ১০০ লোককে পাঁচটি দলে বিভক্ত করা হয়। কুটিবাড়ি রাজাকার ঘাঁটি দখল করার

জন্য এডজুট্যান্ট খোকনের উপর দায়িত্ব দেয়া হয়। কবিরাজ বিল্ডিং রাজাকার ঘাঁটি দখল করার জন্য নায়েক সুবেদার মধুর উপর ভার দেয়া হয়। সুকুমার বাবুর দালানে রাজাকার ঘাঁটি দখলের জন্য সুবেদার আজিজকে ভার দেওয়া হয় এবং অম্বিকা চরণ হাইস্কুলে রাজাকার ঘাঁটি দখল করার জন্য মোতাহারকে পাঠানো হয়। ক্যাপ্টেন জিয়া এবং আমি ২০ জন নিয়ে রিজার্ভে থাকি। ভোর ৪ টা একই সাথে আক্রমণ চালানো হয়। সকাল ৯ টা পর্যন্ত যুদ্ধ চলে, কিন্তু কোন ঘাঁটি দখল করা সম্ভব হয় না। ইতিমধ্যে রায়েন্দা থানা থেকে এক লঞ্চ রাজাকার আসে মোড়লগঞ্জে। ক্যাপ্টেন জিয়া প্রতিরোধ করেন, রাজাকাররা পিছু হটে। ৯ টার পর ক্যাপ্টেন জিয়া নিজেই আমাকে সহ অম্বিকা হাইস্কুলে আক্রমণ চালান।ওখানে গ্রেনেড ছুড়তে গেলে মুকুল (স্পেশাল গেরিলা কমান্ডো) এবং মোহরাবের হাত-পা ভেঙ্গে যায় রাজাকারদের গুলিতে। ক্যাপ্টেন জিয়া নিজে কাধেঁ করে তাদেরকে মোড়লগঞ্জ কলেজে রেখে যান। আমি নিজে পশ্চিম দিকে এবং ক্যাপ্টেন জিয়া উত্তর দিক থেকে এল-এম-জি ব্রাশ চালিয়ে জানালা ভেঙ্গে ফেলি। আসাদ এবং হেলালকে বিল্ডিংয়ে উঠিয়ে দেওয়া হয়। ভেনটিলেটরের ভিতর দিয়ে ২ জন গ্রেনেড ছুড়তে থাকে। গ্রেনেড ব্রাস্ট হলে বহু রাজাকার মরতে থাকে, তবু তারা আত্নসমর্পণ করেনি। পরবর্তীকালে ক্রমাগত ১০ টি গ্রেনেড ফেলা হয়। রাজাকাররা চিৎকার শুরু করে। ক্যাপ্টেন জিয়া উত্তর দিকের জনালা দিয়ে লাফিয়ে ঘরের ভিতর পড়ে স্টেনগান দিয়ে ব্রাশ ফায়ার শুরু করে। ৫ জনের সাথে সাথে মৃত্যু ঘটে। ২২ জনকে হ্যান্ডস আপ করিয়ে বাইরে নিয়ে আসেন। বাইরে আরও ২ জনের মৃতদেহ পাওয়া যায়। স্কুলে তখন ম্যাট্রিক পরীক্ষা হচ্ছিলো। ৮০০ ছেলেকে বাইরে বের করে দেওয়া হয়। যাবতীয় কাগজপত্র পানিতে ফেলে দেয়া হয়। আমি এবং ক্যাপ্টেন জিয়া ছেলেদের সামনে ভাষণ দেই এবং বাংলাদেশের পক্ষে কাজ করার জন্য উপদেশ দেই । ছেলেরা সবাই 'জয় বাংলা' শ্লোগান দিয়ে বাড়িতে চলে যায়। ওখানে জিয়া ৪ জন শিক্ষককে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদের জন্য। পথে আমি এবং ক্যাপ্টেন জিয়া এক স্থানে বিশ্রাম নেবার অবসরে ব্যক্তিগত শত্রুতা তাকায় নায়েক সুবেদার মধূর নির্দেশে ৪ জন শিক্ষক সহ ২২জন রাজাকারকে মধুর সহকারী অধিনায়ক আমজাদ মল্লিক গলা কেটে হত্যা করে। ক্যাপ্টেন জিয়া মধুকে কারণ দর্শাও নোটিশ দেন। এই নিয়ে মধুর সাথে আমাদের বেশ কথাকাটাকাটি হয়। ফেরার পথে কুটিবাড়ি থেকে ২জন রাজাকার উলঙ্গ অবস্থায় পালাচ্ছিল, কিন্তু মাঠে কৃষকরা ধরে গরুর জোয়াল দিয়ে পিটিয়ে হত্যা করে পানিতে ফেলে দেয়। বেলা ১২ টার দিকে আমরা সবাই সুন্দরবনে যাত্রা করি। যাবার পথে প্রতিটি গ্রামের মানুষ আমাদের শুভেচ্ছা জানায় এবং চাল, ডাল, মুরগী, খাসি, দিয়ে আমাদের নৌকা ভর্তি করে দেয়। পথের মাঝে শুনলাম পাকসেনারা এসে গোলাগুলি চালাচ্ছে মোড়লগঞ্জে। একটি ক্যাম্প আমরা দখল করি এবং ৪৪ টি রাইফেল উদ্ধার করি।

১৭ ই আগস্ট আমরা শুনলাম আওয়ামী লীগ নেতা ডাঃ আব্দুল মজিদ, বিপ্লবী ছাত্র ইউনিয়নের সভাপতি মারুফ হোসেন, ভাসানী ন্যাপের থানা সহ-সভাপতি সাহের আলীকে পাকসেনারা ধরে এনে হত্যা করেছে। এছাড়া গ্রামের নিরীহ আরও বহুজনকে হত্যা করেছে ও ঘরবাড়ি জ্বালিয়ে দিয়েছে। ঐ ক্যাম্পে জিয়া মুক্তিযোদ্ধাদের কনফারেন্স ডাকেন এবং বরিশাল জেলার কয়েকটি থানা আক্রমণ করার জন্য কয়েকটি দল গঠন করেন। সুবেদার আজিজ এবং লতিফের নেতৃত্বে ২০ জনের একটি দল ভান্ডারিয়া থানার জন্য, কমান্ডার হাবিবের নেতৃত্বে ২০ জনের একটি দল কাউখালী থানার জন্য, সুবেদার রুস্তমের নেতৃত্বে ২০ জনের একটি দল রাজাপুর থানার জন্য পাঠান হয়। এছাড়া ক্যাপ্টেন জিয়ার নেতৃত্বে ৫০ জনের একটি দল মঠবাড়িয়া থানা দখলের জন্য শরণখোলা রেঞ্জ অফিসে রওনা হয়। ভোরবেলায় পৌঁছাতেই গানবোটের শব্দ পাওয়া যায়। শরণখোলা রেঞ্জ অফিসে সুবেদার ফুলুর নেতৃত্বে ১০০জনের মত মুক্তিযোদ্ধা ছিল।

১৮ ই আগস্ট ভোরে ভোলা নদীর দু'পাড়ে মাত্র ১০ জন করে ২০ জন রেখে জিয়া সবাইকে সুন্দরবনের ভিতরে যাবার নির্দেশ দেন। কিছুক্ষণের মধ্যে ৭টি গানবোট ফরেস্ট অফিসের উত্তর দিকে এসে পড়ে। মোড়লগঞ্জে পাকসেনা এবং রাজাকাররা চরমভাবে মার খেলে তার প্রতিশোধ নেবার জন্য গানবোটগুলি পাঠানো হয়েছিল। ৪ খানা গানবোট শরণখোলা রেঞ্জ অফিস অতিক্রম করে উত্তর দিকে যাবার পরে পরবর্তীতে ৩ খানা গানবোটের উপর ভোলা নদীর দুই পার থেকে মুক্তিযোদ্ধারা গুলিবর্ষণ করে। সুবেদার গফফার রকেট লাঞ্চার

থেকে গোলা নিক্ষেপ করে একটা গানবোট বিধ্বস্ত করে। গানবোটটি গুলি খেয়ে দক্ষিণ দিকে ৩ মাইল পর্যন্ত গিয়ে ডুবে যায়। পরবর্তীকালে পাঞ্জাবীদের ৪ টি মরা লাশ নদীতে ভাসতে দেখা যায়। বাদবাকি ৬ টি গানবোট থেকে খানসেনারা মর্টার, আর-আর, হেভী মেশিনগান, লাইট মেশিনগান থেকে আমাদের উপর প্রবলভাবে গোলাবর্ষণ করে এবং মুক্তিযোদ্ধারা তার পাল্টা জবাব দিতে থাকে। এমনি করে ভোর থেকে বিকেল ৪ টা পর্যন্ত ভীষণভাবে গোলাগুলি করেও পাড়ে উঠতে ব্যর্থ হয়ে তারা যে পথে এসেছিল সে পথে ফিরে চলে যায়। মুক্তিযোদ্ধারা ত্যারাব্যাকা হাট নামক স্থানে একত্রিত হয় এবং কাজার থেকে চিড়া মুড়ি কিনে খাওয়া-দাওয়া করে। ক্যাপ্টেন জিয়া এবং আমি শরণখোলা রেঞ্জ অফিস এবং বগি ফরেস্ট অফিস ও শরণখোলা থানার দক্ষিণ অঞ্চলে সাধারণ মানুষের নিরাপত্তার জন্য ৫০জন সাহসী মুক্তিযোদ্ধাকে সশস্ত্রভাবে রেখে আমাদেরকে গন্তব্যস্থান ধানসাগরে চলে যাই। এই সময় তারা যেন কোন আক্রমণ না করে। পরবর্তীকালে বরিশাল জেলার বিভিন্ন থানাতে অপারেশন করার জন্য তাদের পাঠান হয়েছিল। তারা বীরত্বের সাথে সেসব জায়গায় অপারেশন করে এবং বহু রাজাকার ও খানসেনাকে হত্যা করে অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করতে সক্ষম হয়।

ক্যাপ্টেন জিয়া পরবর্তীকালে মুক্তিযোদ্ধাদের একটা কনফারেন্স ডাকেন এবং সেখানে এই সিদ্ধান্ত হয় যে খুলনা, পটুয়াখালী, বরিশালের কলেজ এবং স্কুলে যেসব যুবক ছেলে আছে তাদেরকে সুন্দরবনে নিয়ে নতুন করে মুক্তিযুদ্ধের ট্রেনিং দিতে হবে। সেই অনুযায়ী ওখান থেকে ২০ মাইল দক্ষিণে হেলা নদী থেকে তাম্বল নদীতে ঢুকে তেতুলবাড়িয়া খাল দিয়ে উত্তর দিকে ঢুকে ছোট্ট খালের দুই পাশে সুন্দরী কাঠদিয়ে গোলপাতার ঘর করি। প্রতম অবস্থায় খুলনা জেলার মুক্তিযোদ্ধাদের হেডকোর্য়াটার এখানেই করা হয়।

পরবর্তীকালে শরণখোলা থানার মুক্তিযোদ্ধাদের কমান্ডার নিযুক্ত করা হয় সুবেদার আজিজের পরিবর্তে সুবেদার গফফারকে। কারণ আজিজ (ফুলুমিয়া) ছিল অত্যন্ত অত্যাচারী। বিনা অন্যায়ে নিজের ইচ্ছামত অনেক মুক্তিযোদ্ধাকে গুলি করে মেরেছে এবং সাধারণ মানুষের উপর অনেক অন্যায়-অত্যাচার করেছে। ক্যাপ্টেন জিয়া সুবেদার আজিজকে বন্দী করে ভারত পাঠিয়ে দেন। অন্যদিকে ক্যাপ্টেন জিয়া তাম্বুলবুনিয়া নদীর দুই পার্শ্বে ছোট খালগুলির মধ্যে অনেক ঘর তৈরী করার নির্দেশ দিলেন। এক এক গ্রুপের জন্য এক এক জায়গায় ব্যবস্থা করলেন। তাম্বুলবুনিয়া খালের পূর্বদিকে একটি খালে তিনি ছাত্রদের জন্য একটি ক্যাম্প তৈরী করেন। সেখানে অনেক জায়গা নিয়ে ট্রেনিং দেবার জন্য সুন্দরীগাছ কেটে একটি খোলা মাঠ তৈরী করলেন। সেই মাঠে বাংলাদেশী জাতীয় পতাকা তোলা হতো এবং যুবকদের রীতিমত সামরিক কায়দায় ট্রেনিং দেয়া হত। উক্ত ছাত্রদের ক্যাম্পের দায়িত্ব হয়েছিল পরিতোষ কুমার ও লিয়াকত আলী খানের উপরে। একদিকে শারীরিক পরিশ্রম করে ট্রেনিং দেয়া হত, অন্যদিকে গেরিলা যুদ্ধ সম্পর্কে ক্লাস নেয়া হতো। সময় সময় সামরিক কায়দায় শারীরিক পানিশমেন্ট দেয়া হতো। উক্ত ছাত্রদের ক্যাম্পের সুন্দরী গাছ কেটে অনেক জায়গা নিয়ে পুকুর কাটা হয়েছে। টিনের দোচালা ঘর করা হয়েছিল। আসামীদের রাখার জন্য জেলখানা রাখা হয়েছে। খাদ্য রাখার জন্য গোডাউন ঘর করা হয়েছিল। আসামীদের দেখাশুনার জন্য জেলের কর্মকর্তা এবং স্টাফ নিযুক্ত করা হয়েছিল। ছাত্রদের ক্যাম্পে বিশ খানার মত বড় এবং ছোট নৌকা রাখা হয়েছিল। মাঝে মাঝে ক্যাপ্টেন জিয়া এবং আমি অতর্কিতে দেখাশুনার জন্য ক্যাম্প ভিজিট করতাম। তাম্বুলবুনিয়া নদীর পার্শ্বে তেতুলবাড়িয়া হতে হেডকোয়ার্টার নিয়ে আসা হয়। সেখানে নানা প্রকার ঘর করা হলোঃ

(ক) খুলনা জেলা কমান্ডিং অফিসের জন্য অফিস ঘর তৈরী করা হলো। সেখানে সামরিক কায়দায় সব প্রস্তুতি নেয়া হল।

(খ) সহকারী অধিনায়কের জন্য অফিস করা হলে এবং টাইপিস্ট ইত্যাদির ব্যবস্থা করা হলো।

(গ) প্যারেড মাঠ তৈরী করা হলো। সেখানে যোদ্ধাদের একত্রিত করা এবং অপারেশন যাবার পূর্বে সব ফল-ইন- করিয়ে চারদিকে পাঠান হতো।

(ঘ) মুক্তিযোদ্ধাদের খাওয়ার জন্য আলাদা ক্যাম্প করা হয়েছিল। রান্না করার জন্য আলাদা লোক নিয়োগ করা হয়েছিল। আলাদা আলাদা গ্রুপ করে খাওয়ার ব্যবস্থা ছিল। রান্না পরিদর্শনের জন্য আলাদা লোক ছিল।

(ঙ) হাজার হাজার মুক্তিযোদ্ধার খাওয়ার জন্য একদল লোক নিযুক্ত করা হয়েছিল, যারা মাছ ধরে খাওয়াবে এবং অন্য আর এক দল ছিল, যারা হরিণ শিকার করে আনবে।

(চ) মুক্তিযোদ্ধাদের রোগ বা দুর্ঘটনাজনিত আঘাত নিরাময়ের জন্য ৪ জন বিজ্ঞ ডাক্তার ছিল এবং হাসপাতালও খোলা হয়েছিল। হাসপাতালে নানা ধরণের ঔষধ ছিল।

(ছ) সমস্ত মুক্তিযোদ্ধাদের নানাবিধ সুবিধা দেয়ার জন্য গুদাম ছিল। গুদামে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র ছিল, যা প্রয়োজন অনুযায়ী ওখান থেকে দেয়া হতো।

(জ) বিভিন্ন স্থান থেকে নানা ধরণের জিনিসপত্র রাখার জন্য আলাদা একটি ঘর তৈরী করা হয়েছিল। তার মান ছিল ইমার্জেন্সী স্টোর। ওখানে নানা ধরণের জিনিস জমা রাখা হয়েছিল। উক্ত মালপত্র দেয়ার জন্য ৫ জনকে নিয়ে একটি ইমার্জেন্সী কমিটি গঠন করা হয়েছিল এবং একজন ইমার্জেন্সী অফিসার নিযুক্ত করা হয়েছিল।

(ঝ) মহিলাদের জন্য আলাদা ক্যাম্প ছিল। সেখানে মহিলারা ট্রেনিং নিত। মহিলাদের কমান্ডার ছিল খুরশিদ জানে আলম তালুকদার। মহিলারা প্রতিদিন প্রায় এক হাজারের মত রুটি তৈরী করত। তারা কাপড়ও সেলাই করত। তাদেরকে ৩০৩ রাইফেল, এস-এল-আর, এস-এম-জি, এল-এম-জি চালানোর প্রশিক্ষণ দেয়া হোত। নিজেরা নৌকা চালাতো।

(ঞ) ভারত হতে যে সমস্ত নেভাল কমান্ডো আসত তাদের জন্য আলাদা ক্যাম্প ছিল। তাদের প্রতি ক্যাম্পের পক্ষ থেকে স্পেশাল কেয়ার নেওয়া হতো।

(ট) হেডকোয়ার্টার সমস্ত অস্ত্র ক্যাম্পে ক্যাম্পে যদিও ভাগ করে দিয়েছিল তবুও বিরাট অস্ত্রাগার ছিল। অস্ত্র দেখাশুনা ও পরীক্ষা-নিরীক্ষার জন্য আলাদা ডিপার্টমেন্ট ছিল।

গেরিলা ক্যাম্পঃ সুন্দরবনে দুই প্রকার ট্রেনিং দেয়া হতো। একদল ডাইরেক্ট ফাইট করবে। আর এক দল গেরিলা কায়দায় যুদ্ধ পরিচালনা করবে। তাই গেরিলাদের জন্য একটি আলাদা ক্যাম্প তৈরী করা হয়েছিল। তার কমান্ডার ছিল শহীদ আলী। সেখানে কমান্ডিং অফিসারের জন্য অফিস ছিল। প্যারেড গ্রাউন্ড ছিল। কোত ছিল। গুদাম ছিল। খোনে প্রায় ৫ শত গেরিলা যোদ্ধা ছিল। অপারেশনে যাবার পূর্বে তারা হেডকোয়ার্টারে আসত এবং সেখান থেকে যাত্রা করত।

প্রত্যক্ষ সৈন্যদের ক্যাম্পঃ তাম্বুলবুনিয়া নদীর পূর্ব পার্শ্বে একটি খালের মধ্যে রীতিমত সামরিক বাহিনীর ক্যাম্প করা হলো। তার দায়িত্ব দেওয়া হলো বাংলাদেশের সি-এন-সি কর্নেল ওসমানীর স্পেশালিষ্ট আলতাফকে। তার অধীনে এক হাজারের মত সৈন্য ছিল। তারা অত্যন্ত সাহসী যোদ্ধা ছিল।

রেকি পার্টিঃ রেকি পার্টির কমান্ডার পরিতোষ কুমার পালকে করা হলো। হেডকোয়ার্টার থেকে ১৫ মাইল দক্ষিণে তাম্বুলকুনিয়ার পূর্ব পাশে পাঙ্গাশিয়া নামক খালের মধ্যে তাদের ক্যাম্প করা হলো। সেখান হতে গানবোট, লঞ্চ বা জাহাজের গতিবিধি লক্ষ্য করে প্রতিদিন হেডকোয়ার্টারে রিপোর্ট পাঠানো হতো। মূলতঃ তার উপর দায়িত্ব ছিল খুলনা এবং বরিশালের শত্রুদের যোগাযোগ পর্যবেক্ষণ করা। হেডকোয়ার্টারে তৈরী করার পর এক মাসের মত সময় লেগেছিল সব ঠিক করে নিতে। তারপর যুদ্ধের পালা শুরু হলো।

বগিঃ বরিশাল-খুলনা জেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে বলেশ্বর নদী। এই নদী ৬ মাইলের মত প্রশস্ত। বগি শরণখোলা থানার দক্ষিণ অঞ্চলে জনবহুল এলাকা সংলগ সুন্দরবন ফরেস্ট অফিস। বলেশ্বর নদীর পূর্ব সীমান্তে অবস্থিত এই বগিতে আমাদের যোগাযোগের প্রধান ঘাঁটি করা। বগিতে আমাদের মজবুত সৈন্য বাহিনী ছিল। গানবোটের সাথে প্রতিদিন যুদ্ধ চলত। শত চেষ্টা করেও গানবোট হতে পাক সেনারা তীরে উঠতে পারেনি।

বগির যুদ্ধঃ আগস্ট মাসের দিকে বরিশাল-পটুয়াখালী-ফরিদপুর থেকে প্রায় এক লক্ষ শরণার্থী খানসেনা ও রাজাকারদের অত্যাচারে বগিতে আশ্রয় নিল। এমনি এক সময়ে হঠাৎ ৫ খানা গানবোট বগিতে আমাদের ক্যাম্পের উপর গুলি চালায়। তারা বলেশ্বর নদী হতে সব স্বয়ংক্রিয় অস্ত্র দিয়ে গুলি করে। মর্টার ও আর-আরের গুলিতে মাটি কেপেঁ উঠেছিল। তখন আমাদের মাত্র ২০ জন মুক্তিযোদ্ধা ৫ খানা গানবোটের মোকাবেলা করে। যখন গানবোট তীরের দিকে আসতে থাকে তখন মুক্তিযোদ্ধারা চুপচাপ। গানবোট যখন নদীর কিনারে আসে এবং খানসেনারা তীরে উঠবার জন্য গানবোটের উপরে ওঠে, ঠিক এমনি সময়ে মুক্তিবাহিনী এল-এম-জির ব্রাশ ফায়ার করে- অনেক খানসেনারা মারা যায়। দুইদিন যাবৎ যুদ্ধ চলে, কিন্তু তারা তীরে উঠতে পারেনি।

এদিকে গানবোটের ভয়ে শরণার্থীরা গ্রাম ছেড়ে বগি নদী পার হয়ে সুন্দরবনের মধ্যে প্রবেশ করে। ৪জন শরণার্থী মারা যায় মর্টারের গুলিতে। অনেক ছোট ছেলেমেয়ে হারিয়ে যায়। পরবর্তীকালে ক্যাপ্টেন জিয়া ও আমি ২৫ জন লোক নিয়ে একটি কমিটি গঠন করি এবং তাদের ভারতে পাঠাবার ব্যবস্থা করি।

ভারত থেকে ৯নং সেক্টরের কমান্ডার মেজর জলিল ১৫/২০ দিন অন্তর শত শত মুক্তিযোদ্ধাকে বগিতে পাঠাতেন এবং অস্ত্র পাঠাতেন। আমরা তাদের বরিশাল জেলায় কমান্ডিং অফিসার ক্যাপ্টেন শাজাহান ও পটুয়াখালী জেলায় কমান্ডিং অফিসার ক্যাপ্টেন মেহেদীর নিকট কাঠকাটা নৌকায় অতি সাবধানে পাঠাতাম। যুদ্ধের শেষ মুহূর্ত পর্যন্ত এরূপ চলত।

শরণখোলা রেঞ্জ অফিসঃ এটাও মুক্তিযোদ্ধাদের একটি ঘাঁটি ছিল। এটাকে বলা হতো পশ্চাৎভূমি। হেডকোয়ার্টার হতে এসে প্রথম এখানে স্থান নেয়া হতো, তারপর নির্দেশ অনুসারে যাত্রা করা হতো। এখানে স্থানীয় জনসাধারণ মুক্তিযোদ্ধাদের সাহায্য পাঠাতো। শরণখোলা রেঞ্জ অফিস হতে উত্তর দিকে গিয়ে মুক্তিযোদ্ধারা রাজাকার ধরে আনতো এবং বিচার-আচার করা হতো।

পাকিস্তান হাটের যুদ্ধঃ একদিন শোনা গেল 'পাকিস্তান' নামক একটি হাট রয়েছে শরণখোলা থানায়। সেখানে রাজাকাররা জনসাধারণের ঘরবাড়ি জ্বালিয়ে দিয়েছে। তখন শহীদ আসাদ মাত্র ১০ জন মুক্তিযোদ্ধা নিয়ে আক্রমণ করে। দেড়শত রাজাকার রয়েছে ওখানে। দুইঘন্টা যুদ্ধ চলে। মুক্তিযোদ্ধারা রাজাকারদের হটিয়ে দিয়ে ৩ জনকে বন্দী করে নিয়ে আসে এবং দুটি রাইফেল পায়।

তাফালবাড়িতে যুদ্ধঃ তাফালবাড়িতে আমাদের একটি ক্যাম্প ছিল। রাজাকার এবং পাঞ্জাবী পুলিশরা হঠাৎ ক্যাম্পে আক্রমণ করে এবং ক্যাম্পের চারদিক ঘিরে ফেলে। দীর্ঘ তিন ঘন্টা যুদ্ধ চলে। ইতিমধ্যে বগি ক্যাম্প হতে ২০ জন নিয়ে যখন পিছন হতে আক্রমণ চালানো হয়, তখনি পাকসেনারা ছিন্নভিন্ন হয়ে যায়। ৪জন রাজাকার মারা যায়। ১০ টি রাইফেল উদ্ধার করাহয়।

বরিশালের মাপলাজাড়ঃ বরিশাল জেলায় মাঠবাড়িয়া থানায় মাপলাজাড় নামক স্থানে ব্যাপক অত্যাচার করে এবং সেখানকার জনসাধারণ খুব অসুবিধা ভোগ করে। বগি ক্যাম্প হতে ১৫ জন মুক্তিযোদ্ধা রাত্রে গোপনে এক বাড়িতে আশ্রয় নেয়। বেলা ১০ টার সময় পাঞ্জাবী পুলিশ এবং রাজাকার ৫০ জন গ্রামে এসে ঘরবাড়ি জ্বালিয়ে দিতে থাকে। মাত্র ১৫ জন মুক্তিযোদ্ধা গেরিলা কায়দায় আক্রমণ করে। সেখানে ১০ জন শত্রু

প্রাণ হারায় এবং বাকীরা পালিয়ে যায়। ৫ জনকে বন্দী করে নিয়ে আসা হয় এবং ১২ টি রাইফেল উদ্ধার করা হয়।

সাক্ষাৎকারঃ ডাঃ মোহাম্মদ শাহজাহান

মেজর জলিলকে ৯ নং সেক্টরের সেক্টর কমান্ডার নিযুক্ত করা হয় এবং হাসনাবাদ ৯ নং সেক্টরের হেডকোয়ার্টার স্থাপন করা হয়। তারপর হাসনাবাদ থেকে টাকীতে হেডকোয়ার্টার স্থানান্তরিত করা হয় এবং স্বাধীনতার পূর্বমুহূর্ত পর্যন্ত সেখানে হেডকোয়ার্টার ছিল।

টাকীর নিকটবর্তী তাকিপুরে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ ক্যাম্প খোলা হয়। শাহ জাহান মাস্টার টাউন শ্রীপুর হাইস্কুলের হেড মাস্টার ছিলেন। তিনি তার এলাকার মুক্তিযোদ্ধাদের সংগঠিত করেন। সে এলাকার ছেলে এবং যারা আমাদের সাথে ছিল সবাইকে নিয়ে প্রথম তাকিপুরে ট্রেনিং শুরু হয়।

প্রথম দিকে আমাদের খাবার সমস্যা প্রকট ছিল। সেখানে প্রায় ১৮২ জন মুক্তিযোদ্ধা ট্রেনিং নিচ্ছিল। ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী প্রথম অবস্থায় আমাদের অনেক সাহায্য করেছে। ৭২ ব্যাটালিয়ন বি-এস-এফ'র কমান্ডার মুখার্জীর সহযোগিতার কথা অবিস্মরণীয়।

খারাপ খাদ্য, পানীয় এবং খারাপ অবস্থায় থাকার জন্য অধিকাংশ মুক্তিযোদ্ধার জ্বর এবং নানারকম পেটের অসুখ শুরু হয়। এদের চিকিৎসার জন্য বি-এস-এফ থেকে (৭২ ব্যাটালিয়ন) ঔষধ সাহায্য দেয়া হয়। আমি নিজে সে মুক্তিযোদ্ধাদের চিকিৎসার ভার নিয়েছিলাম।

দিন দিন মুক্তিযোদ্ধার সংখ্যা বাড়তে লাগল। জুন মাসে প্রথম ভারতে মুক্তিযোদ্ধাদের গেরিলা ট্রেনিং শুরু হয় বিহারে। আমরা প্রথম বেইস বিহারে পাঠাই তাকিপুর থেকে। প্রশিক্ষণ প্রাপ্ত গেরিলারা বিহার থেকে ফিরে আসলে আমাদের তৃতীয় ক্যাম্প বাকুন্দিয়াতে খোলা হয়। এখানে কেবল ট্রেনিংপ্রাপ্ত গেরিলাদের রাখা হত।

আমাদরে দ্বিতীয় ক্যাম্প ছিল হিংগলগঞ্জে। এটা খোলা হয় জুন মাসে। এখান থেকেই ১২ জন মুক্তিযোদ্ধা সর্বপ্রথম খুলনার কালীগঞ্জ থানা আক্রমণ করে (জুন) এবং সফলতা অর্জন করে। তারপর মাঝে মাঝে এখান থেকে ভিতরে গিয়ে ছোটখাট অপারেশন চালাত।

আমার সাথে কয়েকজন মেডিক্যালের ছাত্র ছিল। তাদের মধ্যে ঢাকা মেডিক্যাল কলেজের ছাত্র জাহিদ, মুজিবর এবং চট্টগ্রাম মেডিক্যাল কলেজের ছাত্র সরল এবং মৃণাল এদের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

প্রথমদিকে প্রত্যেকটা ক্যাম্পের সাথে একটি করে আউটডোর ছিল। কয়েকটা স্পেশাল বেড রাখা হতো কেবলমাত্র গুরুতরভাবে আহত রোগীদের জন্য। এখান থেকে পরে আমরা ভারতীয় হাসপাতালে পাঠিয়ে দিতাম। তারা এ ব্যাপারে আমাদেরকে যথেষ্ট সাহায্য-সহযোগিতা করেছে। উল্লিখিত চারজন ছেলে চারটি ক্যাম্পের মেডিক্যাল অফিসার হিসেবে কাজ করছিল। আমি প্রত্যেকটি ক্যাম্প মাঝে মাঝে গিয়ে সুপারভাইজ করে আসতাম। অধিকাংশ গেরিলা অপারেশন হিংগলগঞ্জ ক্যাম্প থেকেই পরিচালনা করা হত। তাই প্রায়ই আমাকে সেখানে যেতে হতো।

সেপ্টেম্বর মাসে টাকীতে সর্বপ্রথম ১৫ বেডের হাসপাতাল খোলা হয়। এখানে অস্ত্রোপচারের কোন ব্যবস্থা ছিল না। প্রকৃতপক্ষে একটা ট্রানজিট হসপিটাল এর কাজ করত- আহত মুক্তিযোদ্ধাদের। এখানে রাখা হত ফার্স্ট এইড দেয়ার জন্য এবং পরে ভারতীয় হাসপাতালে পাঠিয়ে দেয়া হত। ২২ শে নভেম্বর কালীগঞ্জ থানা

মুক্তিযোদ্ধারা দখল করে। একই সাথে শ্যামনগরও দখল করা হয়। হিংগলগঞ্জ থেকে সমস্ত মুক্তিযোদ্ধা শ্যামনগর ও কালীগঞ্জে ঘাঁটি স্থাপন করে।

২৩/২৪ সেপ্টেম্বর বাকুন্দিয়া থেকে মুক্তিযোদ্ধারা সাতক্ষীরার দিকে অগ্রসর হয়। সাতক্ষীরার প্রায় ১১ মাইল দূরে কুলিয়াতে পাকিস্তানী সৈন্যদের সাথে যুদ্ধ হয়। এই যুদ্ধ ৬ই ডিসেম্বর পর্যন্ত চলে।

২৪শে নভেম্বর কালীঞ্জ থেকে মুক্তিযোদ্ধারা কুলিয়ায় মুক্তিযোদ্ধাদের সাহায্যে এগিয়ে আসে। কুলিয়ার যুদ্ধে একজন মুক্তিযোদ্ধা শহীদ হন এবং ছয়জন আহত হন। ৬ই ডিসেম্বর মেজর জয়নাল আবেদীন আমাদের সেক্টরে যুদ্ধে অংশগ্রহণ করেন। ৬ই ডিসেম্বর পাকিস্তান সেনাবাহিনী পিছু হটতে শুরু করে এবং খুলনার দিকে চলে যায়।

৩ রা ডিসেম্বর থেকে ভারতীয় সেনাবাহিনী বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে এবং মুক্তিযোদ্ধাদের সাথে বিভিন্ন এলাকা মুক্ত করতে থাকে।

৬ ই ডিসেম্বর একটি লঞ্চ এবং একটা গানবোট নিয়ে জনাব নূরুল ইসলাম মঞ্জুর ৪০০ মুক্তিযোদ্ধা সমভিব্যহারে বরিশালের দিকে রওনা হয়ে যান। ১০/১১ই ডিসেম্বর তারা বরিশাল পৌঁছেন। ইতিমধ্যে বরিশালের সাবসেক্টর কমান্ডার ক্যাপ্টেন ওমর বরিশাল দখল করে নিয়েছিলেন।

খুলনা শত্রুমুক্ত হয় ১৭ই ডিসেম্বর। খুলনাতে পাকিস্তানী সেনাবাহিনীর অধিনায়ক ছিলেন ব্রিগেডিয়ার হায়াত খান। তিনি ১৭ই ডিসেম্বর বাংলাদেশ-ভারত যৌথ কমান্ডের কাছে আত্নসমর্পণ করেন।

সাক্ষাৎকারঃ রাজিনা আনসারী

নভেম্বর মাসে আমি বুকাবুনিয়া পৌঁছি। জনাব আলমগীর বুকাবুনিয়ায় এক হিন্দুবাড়িতে থাকার ব্যবস্থা করে দেন। ট্রেনিং শেষ হবার পর আমি আলমগীর সাহেবের সাথে কয়েকটি অপারেশনে অংশগ্রহণ করি। তাঁর নেতৃত্বাধীনে আমি পটুয়াখালী, আমতলী, পাথরঘাটা ইত্যাদি স্থানে পাকসেনাদের সাথে সম্মুখসমরে অবতীর্ণ হই।

আমতলী থানা অপারেশনঃ আমতলী থানা অপারেশনের কথা আমার আজও মনে আছে। ৫০ জনের একটি দল নৌকায় করে আলমগীরের নেতৃত্বে বুকাবুনিয়া থেকে আমতলী থানা আক্রমণ করার জন্য ভারতের দিকে রওনা দেয়।আমিও ঐ দলের সদস্য ছিলাম। পরদিন রাত ৮ টায় বুকাবুনিয়া থেকে ২৪/২৫ মাইল দুরে আমতলীতে পৌঁছি। আমতলী এলাকার আরও ৫০ জন মুক্তিযোদ্ধা আমাদের সাথে অংশগ্রহণ করেন। আমরা ১০০ জন মিলে রাত ১ টার সময় আমতলী থানা আক্রমণ করি। আমাদের সাথে ছিল ২ টা হালকা মেশিনগান ও রাইফেল। আমতলী থানায় পাকসেনা, রাজাকার ও পুলিশ মিলে ছিল ১৫০ জনের মত। ওরা আমাদের প্রচন্ডভাবে বাধা দেয়। আড়াই ঘন্টা ধরে উভয়পক্ষের মধ্যে প্রচন্ড গোলাগুলি চলে। আমি আমার মুক্তিযোদ্ধা ভাইদের যুদ্ধের সময় মনোবল বাড়িয়ে তুলতে সাহায্য করি। এ যুদ্ধে পাকসেনাদের ২০ জন নিহত এবং অনেক আহত হয়। এরপর আমরা নিরাপদে আমতলী অবস্থান পরিত্যাগ করে বুকাবুনিয়া চলে আসি। আমাদের কেউ এ যুদ্ধে নিহত হননি।

এছাড়া আমি আহত মুক্তিযোদ্ধাদের সেবা-শুশ্রুষা করি। ক্লান্ত মুক্তিযোদ্ধাদের সেবাযত্ন ছাড়াও তাদের থাকা- খাওয়ার সুবন্দোবস্ত করার দায়িত্ব আমার উপর ছিল। স্বাধীন হবার পর ক্যাপ্টেন মেহেদী আমাকে আমার বাবা-মার কাছে পাঠিয়ে দেন।

স্বাক্ষরঃ রাজিনা আনসারী

সাক্ষাৎকারঃ স, ম, বাবর আলী
২৪-৬-১৯৭৩

১৫ই মে খুলনা জেলার সাতক্ষীরা মহকুমার ভোমরা বর্ডারে কাস্টমস হাউসে আমরা বাঙালী ই-পি-আর ও পুলিশদের নিয়ে একটি শিবির খুলি।

মে মাসের প্রথম দিকে পাক-মিলিটারী অতর্কিতে বেলা ১০টার দিকে এই শিবির আক্রমণ করে। কিন্তু পাক-মিলিটারী ১ ঘন্টা যুদ্ধ চলার পর পিছু হটতে বাধ্য হয়।

তার পরের দিন পাক-মিলিটারী পুনরায় উক্ত ঘাঁটি আক্রমণ করে। ঐ আক্রমণ অত্যন্ত প্রবল হওয়ায় আমরা উক্ত শিবির পরিত্যাগ করে ভারতে ইটিন্ডিয়া নামক স্থানে এসে উঠি এবং একটা শিবির স্থাপন করি। এই যুদ্ধে আমাদের কোন ক্ষয়ক্ষতি হয়নি। কিছুদিন পরে পাক-মিলিটারী ভোমরা ক্যাম্প পরিত্যাগ করায় আমরা পুনরায় ভোমরা ক্যাম্পে আসি।

১৯৭১-এর ১৮ ই মে পাক-সেনারা বিপুল বিক্রমে আমাদের ভোমরা শিবির দখল করার জন্য আসে। গভীর রাত্রে তারা আমাদের শিবির আক্রমণ করে। বৈকাল ৫ টার সময় মিলিটারীরা হটে যাওয়ার পর এই যুদ্ধ শেষ হয়। এই যুদ্ধে পাক-মিলিটারীর বহু অফিসার ও সৈন্য নিহত হয়। আমরা পাকসেনার ২ জন ক্যাপ্টেন ও একজন সৈনিকের লাশ আনতে সক্ষম হই। আমাদের পক্ষেও ২ জন শহীদ হন।

১৯৭১-এর জুন মাসের প্রথম সপ্তাহে ১১জনের একটা দল নিয়ে মাত্র ৪ টি রাইফেল, ১১টা গ্রেনেড ও কয়েকটি বেয়োনেট নিয়ে বাংলাদেশের অভ্যন্তরে ঢুকি। জুনের ১০ তারিখে টাকী ক্যাম্পে ফিরে যাই।

১৯৭১-এর ১২ই জুন গভীর রাতে ইছামতী নদী পার হয়ে দেবহাটা থানার টাউন শ্রীপুর গ্রামের মিলিটারী ঘাঁটি আক্রমণ করতে যাই, কিন্তু গিয়ে দেখি ঐ ঘাঁটিতে কোন মিলিটারী নেই। রাত্রে আমরা ঐ গ্রামেই অবস্থান করার সিদ্ধান্ত নিই। কিন্তু শান্তি কমিটির লোকেরা খবর পেয়ে ভোর না হতেই আমাদেরকে ঘেরাও করে ফেলে। মৃত্যু ছাড়া কোন গতি না দেখে মিলিটারীর সাথে গুলি বিনিময় শুরু করি। প্রায় ৫ ঘন্টাকাল যুদ্ধ চলার পর ১৯ জন মিলিটারীর লাশ ফেলে রেখে মিলিটারীরা পিছু হটে যায়। আমাদের পক্ষে কাজল, নাজমুল ও নারায়ণসহ ৭ জন নিহত ও ১০/১৫ জন আহত হয়। ইছামতী নদী সাঁতরিয়ে আমরা টাকীতে ফিরে আসি। এ যুদ্ধ হয় ১৩ ই জুন।

এর কয়েকদিন পর প্রচুর অস্ত্রশস্ত্র নিয়ে বাংলাদেশের ভিতরে ঢুকি এবং আশাশুনি থানার বড়দল নামক স্থানে শহীদ কাজলের নামানুসারে কাজলনগর শিবির খুলি।

বড়দলের এই শিবির পাকসেনারা সন্ধান পেয়ে আক্রমণ করে। পাকসেনারা প্রচুর অস্ত্রশস্ত্রে সুসজ্জিত থাকায় এবং আমাদের কাছে আক্রমণ প্রতিহত করার মত অস্ত্র না থাকায় পালিয়ে যাই।

জুলাই মাসে গড়ুইখালীতে রাজাকার ক্যাম্প আক্রমণ করি এবং প্রচুর ৩০৩ রাইফেল ও গুলি উদ্ধার করি। এই মাসের শেষের দিকে পাইকগাছা থানা আক্রমণ করি। পুলিশ বিনাশর্তে আমাদের কাছে আত্মসমর্পণ করে এবং আমরা তাদের যাবতীয় অস্ত্রশস্ত্র দখল করি।

আশাশুনি থানার কেয়ারগাতি নামক স্থানে আমরা আর একটা নতুন শিবির স্থাপন করি। শিবির স্থাপনের কয়েকদিন পরেই গানবোটসহ পাকসেনারা শিবির দখল করার চেষ্টা করলে সেখানে বিপুল সংঘর্ষ হয়। অবশেষে আমরা পিছু হটতে বাধ্য হই। পাকসেনারা ও রাজাকাররা কেয়ারগাতি, জামালনগর, গোয়ালডাঙ্গা, ফকরাবাদ এই কয়টি গ্রাম সম্পূর্ণরূপে পুড়িয়ে দেয়। ইতিমধ্যে বিশ্বকবি শিবির, বঙ্গবন্ধু শিবির, শহীদ নারায়ণ শিবির, কবি নজরুল শিবির, শেরেবাংলা শিবির, সোহরাওয়ার্দী শিবির, শহীদ নাজমুল শিবির প্রভৃতি শিবির স্থাপন করি এবং

এ সকল শিবিরে ছেলেদের অস্ত্র প্রশিক্ষণ দিতে থাকি। এই সময় মুজিব বাহিনীর হাই কমান্ডের নির্দেশে ভারতের দেরাদুনে মুজিব বাহিনীর প্রশিক্ষণ গ্রহণ করি। তারপর প্রচুর অস্ত্রশস্ত্র নিয়ে বাংলাদেশের ভিতরে প্রবেশ করি।

১৯৭১-এর আগস্ট মাস থেকে আমরা চালনা ও মংলা বন্দরে বিদেশী শিপ, গানবোট ও খুলনা নিউজপ্রিন্ট মিলের লালশিরা জাহাজসহ কয়েকটা বার্জ ডুবিয়ে দিতে সক্ষম হই।

১৫ই সেপ্টেম্বর পাইকগাছা থানার রাড়ুলী ইউনিয়নের বাঁকা গ্রামে পাকসেনা ও রাজাকাররা মিলিতভাবে কয়েকটি গানবোটসহ আমাদের শিবির আক্রমণ করে। তারা অতি সন্তর্পণে এই আক্রমণ চালায়। দুই ঘন্টা গুলিবিনিময়ের পর আমরা পিছু হটি। এই যুদ্ধে কামরুল(খোকন), মালেক, এনায়েত, আইনুদ্দীন, শঙ্কর শহীদ হয়। অপর পক্ষে পাকসেনা ও রাজাকারদের বহু সৈন্য ও রাজাকার নিহত হয়।

১৭ই সেপ্টেম্বর আশাশুনি থানার গোয়ালডাঙ্গা নামক স্থানে রাজাকার ও প্যারামিলিশিয়া বাহিনীর সাথে এক সম্মুখসমর হয়। এই যুদ্ধে প্রায় ৪০/৫০ জন রাজাকার ও প্যারামিলিশিয়া নিহত হয় এবং আমরা ৭০/৭৫টি রাইফেল উদ্ধার করি। আমাদের পক্ষে এই যুদ্ধে মনোরঞ্জন শহীদ হয়।

খুলনা জেলার আশাশুনি থানার চাপড়ায় রাজাকারদের একটা শক্তিশালী ঘাঁটি ছিল। প্রত্যেক সপ্তাহে ১/২ বার আমরা এই ঘাঁটিতে আক্রমণ চালাতাম ও অস্ত্রশস্ত্র উদ্ধার করতাম।

১৯৭১-এর অক্টোবরের মাঝামাঝিতে খুলনা জেলার তালা থানার মাগুরাতে একটা শিবির স্থাপন করি। ঐ মাসের শেষদিকে সূর্যাস্তের একটু আগে কয়েক গাড়ী মিলিটারী অতি সন্তর্পণে এসে আমাদের শিবির ঘেরাও করে। আমরা মিলিটারীর আক্রমণ প্রহিত করার চেষ্টা করলে তা ব্যাহত হয়। ফলে আমরা পিছু হটি। এই যুদ্ধে সুশীল, আকবর, বক্কার শহীদ হয়। পাকসেনারা চলে গেলে মাগুরায় এক কবরে ৩টি লাশ সমহিত করা হয়।

খুলনা জেলার পাইকগাছা থানার কপিলমুনিতে রাজাকার ও প্যারামিলিশিয়াদের একটা মজবুত ঘাঁটি ছিল। ইতিপূর্বে আমরা এই ঘাঁটি আক্রমণ করে ব্যর্থ হই। নভেম্বর মাসের শেষ সপ্তাহে আমাদের সর্বশক্তি নিয়োগ করে ঐ ঘাঁটি আক্রমণ করি। ৭২ ঘন্টা দিবারাত্রি সমানে যুদ্ধ চলার পর উক্ত ঘাঁটির পতন হয়। এই যুদ্ধে মোট ১৫২ জন প্যারামিলিশিয়া, রাজাকার ও খানসেনা নিহত হয়। আমাদের পক্ষে গাজী, আনোয়ার (আনু) শহীদ হয় এবং খালেক, তোরাবসহ কয়েকজন আহত হয়।

ডিসেম্বরের ১২ তারিখে আমরা খুলনা শহরের ১০ মাইলের ভিতরে পৌঁছাই এবং ২/১ জন করে শহরের ভিতরে খোঁজখবরের জন্য ঢুকিয়ে দেই। ১৪ই ডিসেম্বর তারিখে খুলনা বেতারের মিলিটারী ঘাঁটির ওপর আক্রমণ চালাই। ইতিমধ্যে যশোর ক্যান্টনমেন্টের পতন হয় এবং সেখানকার যাবতীয় মিলিটারী খুলনায় এসে আশ্রয় নেয়। ইতিমধ্যে আমরা বেশ কয়েকবার খুলনা ঢুকতে গিয়ে ব্যর্থ হই।

১৬ই ডিসেম্বর সারারাত যুদ্ধ করার পর ১৭ই ডিসেম্বর সকাল নয়টায় আমরা খুলনা শহরে প্রবেশ করতে সক্ষম হই এবং খুলনা শহীদ হাদিস পার্কে আনুষ্ঠানিকভাবে আমি প্রথম স্বাধীন বাংলার পতাকা তুলে মুক্তিবাহিনীর অভিবাদন গ্রহণ করি।

স্বাক্ষরঃ স, ম, বাবর আলী
বাংলাদেশ জাতীয় সংসদ সদস্য
২৪-৬-৭৩

সাক্ষাৎকারঃ ক্যাপ্টেন (অবঃ) নূরুল হুদা

মেজর জলিলকে ৯ নং সেক্টরের দায়িত্ব নেওয়ার পর প্রাথমিক পর্যায়ে পাক ঘাঁটি শ্রীপুর,বসন্তপুর এবং কৈখালী দখলের জন্য তার বিপরীতে টাকী, হিঙ্গলগঞ্জ এবং শমসের নগরে মুক্তিবাহিনীর ঘাঁটি নির্মাণের পরিকল্পনা

নিলেন। তিনি প্রথমে টাকীতে হেডকোয়ার্টার স্থাপন করে পরে হিঙ্গলগঞ্জে আমার নেতৃত্বাধীন প্রথম বেইস ক্যাম্প স্থাপন করেন। পাকসেনাদের শক্ত ঘাঁটি ছিলো শংকরা শ্রীপুর, দেবহাটা, খানজী, উকসা এবং কৈখালী। আমি বসন্তপুর পাক ঘাঁটি আক্রমণের সিদ্ধান্ত নিই। একই সময়ে টাকী বেইস থেকে শ্রীপুর পাক ঘাঁটি আক্রমনের সিদ্ধান্ত নেয়া হয়। হাবিলদার সোবহান ইছামতী পেরিয়ে 'রেকী' করে সকল তথ্য সংগ্রহ করলেন।

১২/১৩ ই জুন রাতে আমি মুক্তিবাহিনীর একটি প্লাটুন নিয়ে পাক ঘাঁটির দিকে অগ্রসর হই। অপরদিকে ইছামতী পেরিয়ে হাবিলদার সোবহান এবং শাজাহানের নেতৃত্বে একটি করে প্লাটুন শ্রীপুর পাক ঘাঁটির দিকে অগ্রসর হয়। আমাদের এই দুটো দলই রাত ১২ টার পর অকস্মাৎ পাক ঘাঁটি আক্রমণ করে বসে। পাকসেনারা এই আক্রমণের জন্যে মোটেও প্রস্তুত ছিল না। তারা ভাবতেও পারেনি, এই দুর্যোগের রাতে প্রমত্তা ইছামতী নদী পেরিয়ে আমরা তাদেরকে আক্রমণ করতে পারি। আমার তীব্র আক্রমণের মুখে পাকিস্তানীরা চরমভাবে মার খায়। সংঘর্ষে ২০ জন পাকসেনা নিহত এবং কয়েকজন আহত হয়। আমরা ৫০টি রাইফেল, দুটি এল-এ-জি এবং বেশকিছু গোলাবারুদ উদ্ধার করি। অপরদিকে জনাব শাজাহানের নেতৃত্বে শ্রীপুরেও মুক্তিবাহিনীর আক্রমণ সফল হয়। পাকসেনাদের হতাহতের সংখ্যা জানা না গেলেও মুক্তিবাহিনী ৩৫ টি রাইফেল এবং বেশকিছু গোলাবারুদ উদ্ধার করে। দু'টি অপারেশনের কোন ক্ষয়ক্ষতি ছাড়াই আমরা ভোর বেলা মূল ঘাঁটিতে ফিরে আসি।

জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহে আমি মুক্তিবাহিনীর ১৬০জন লোক নিয়ে পাক ঘাঁটি খাঞ্জি বি-ও-পি, আক্রমণ করি। রাত ১০টায় আমি আমার বাহিনী নিয়ে লক্ষ্যের দিকে অগ্রসর হই। আমার বাহিনীকে তিনটি কলামে বিভক্ত করি। ডান দিকে এটি কলাম নিয়ে আমি নিজে রইলাম। বামদিকের কলামটিতে লেঃ বেগ এবং হাবিলদার সোবহান রইলেন। অপর কলামটি 'কাটআফ' পার্টি হিসেবে থাকলো। বি-ও-পিতে পাকসেনাদের শক্তি ছিলো দুই প্লাটুন। আমাদের তিনটি কলামই যথাযথ স্থানে পৌঁছে গেলো। প্রথমে নায়েব সুবেদার গুফর ৩" মর্টারের সাহায্যে পাকিস্তানী অবস্থানের উপর গোলা নিক্ষেপ শুরু করেন। উভয় পক্ষের ব্যাপক সংঘর্ষ ৩০মিনিট স্থায়ী হয়। আমাদের তীব্র আক্রমণের মুখে পাকসেনারা পালিয়ে সাতক্ষীরা এবং দেবহাটার মধ্যস্থলে পারুলিয়া নামক স্থানে আশ্রয় নেয়। আহত অবস্থায় ৪ জন পাকসেনা বন্দী হয়। নিহতের সংখ্যা সঠিক জানা যায়নি। আমরা পাকসেনাদের কাছ থেকে ২" মর্টার,এস-এম-জি,৭৬২ চায়নিজ রাইফেল এবং বেশকিছু গোলাবারুদ ও রেশন-সামগ্রী উদ্ধার করি। এই বিজয়ে মুক্তিবাহিনীর সদস্যদের মনোবল বহু গুণে বৃদ্ধি পায়।

আমি হিঙ্গলগঞ্জে ঘাঁটি স্থাপনের কিছুদিনের মধ্যেই উকসা পর্যন্ত আমার ঘাঁটি বিস্তৃত করি। আগস্ট মাসের শেষের দিকে পাকসেনারা উকসা ঘাঁটি আক্রমণ করে। আমরাও প্রস্তুত ছিলাম। ফলে শেষ পর্যন্ত পাকসেনারা দারুণ ক্ষয়ক্ষতি স্বীকার করে পালিয়ে যেতে বাধ্য হয়। এই অপারেশন সম্পর্কে বাংলার মুক্ত এলাকা থেকে প্রকাশিত 'বিপ্লবী বাংলাদেশ' পত্রিকায় 'উকসা-গোবিন্দপুরে নয় ঘন্টা যুদ্ধ-গোবিন্দপুর মুক্ত' শিরোনামে সংবাদ প্রকাশিত হয়েছিল।

২০ শে আগস্ট তারিখে আমি ১৫০ জন মুক্তিযোদ্ধা নিয়ে শ্যামনগরে আক্রমনের জন্যে অগ্রসর হই। লেঃ বেগ, সুবেদার ইলিয়াস, নায়েব সুবেদার গফুর, হাবিলদার সোবহান, হাবিলদার আবদুল হক প্রমুখ মুক্তিযোদ্ধাগণও আমার সাথে ছিলেন। উকসা হেডকোয়ার্টার থেকে রওয়ানা হয়ে রাত দু'টায় আমরা শ্যামনগর শত্রব্যূহের কাছাকাছি পৌঁছে যাই। শ্যামনগর ওয়াপদা কলোনীতে অবস্থানরত পাকসেনাদের একটি প্লাটুন ছিলো। পাকসেনাদের প্রতিরক্ষা অত্যন্ত সুদৃঢ়। আমি আমার বাহিনীকে তিনটি কলামে ভাগ করি এবং একটি কলামে আমি নিজে থাকি। সড়কের অপর পাশে একটি কলামের সঙ্গে রইলেন লেঃ বেগ। নায়েব সুবেদার আবদুল গফুর ও হাবিলদার সোবহান রইলেন অপর কলামে। আমাদের অস্ত্র ছিলো ৮টি এল-এম-জি এস, এম-জি ১২টি , ২" মর্টার ৩টি এবং অবশিষ্ট এস-এল-আর ও রাইফেল।

রাত দুটোর পরই নায়েব সুবেদার গফুর ২" মর্টার নিয়ে প্রথম পাক অবস্থানের উপর আঘাত হানতে শুরু করেন। এদিকে পাকসেনাদের প্রচন্ড বাধা অতিক্রম করে আমি ও লেঃ বেগ কিছুতেই সামনের দিকে অগ্রসর হতে পারছিলাম না। রাত ৪টার দিকে কালিগঞ্জ থেকে পাকসেনাদের আর একটি প্লাটুন নির্বিবাদে শ্যামনগর চলে আসে। উভয়পক্ষে প্রচন্ড সংঘর্ষ চলতে থাকে। দু'পক্ষেরই মারাত্নক ক্ষয়ক্ষতি হয়। শেষ পর্যন্ত আমাদের ত্রিমুখী আক্রমণের মুখে পাকসেনারা চরমভাবে মার খেয়ে পালিয়ে যেতে বাধ্য হয়। সকাল ৯ টায় শ্যামনগর আমাদের নিয়ন্ত্রণে চলে আসে। সংঘর্ষে ৪ জন পাকসেনা নিহত এবং ৪ জন আহত অবস্থায় আমাদের হাতে বন্দী হয়। এই সংঘর্ষের পর শ্যামনগর থানা আমাদের নিয়ন্ত্রণে এলেও সুবেদার ইলিয়াসসহ ৮ জন মুক্তিযোদ্ধা এই যুদ্ধে শহীদ হন এবং ৬ জ কে পাকসেনারা ধরে নিয়ে যায়। ঐ দিন সকালে ২৫ জন রাজাকার আত্মসমর্পণ করে। আমরা শ্যামনগর থানায় স্বাধীন বায়লার পতাকা উত্তোলন করি। স্বাধীন বাংলা থেকে প্রকাশিত 'জয়বাংলা' পত্রিকার ২১ আগস্ট ১৯৭১-এর সংখ্যায় এ সম্পর্কিত সংবাদ পরিবেশন করা হয়েছিল।

ফ্রগম্যানের তৎপরতাঃ ৯ নং সেক্টরের ফ্রগম্যানরা নদীপথে তৎপরতা চালিয়ে বেশ সাফল্য অর্জন করতে থাকে। এইসব দক্ষ ফ্রগম্যানরা ভারতীয় তত্ত্বাবধানে প্রশিক্ষণ দেয়া হয়।

ফ্রগম্যানদের ৩০ জনের একটি দলকে আসাদুল্লাহর নেতৃত্বে শমসেরনগর পাঠানো হয়। উক্ত দলটি মঙ্গলা ও চালনা বন্দরে পাকিস্তানী বাণিজ্যিক নৌকাহিনীর উপর হামলা চালানোর জন্যে প্রস্তুতি নিতে থাকে। অপর দল ক্যাপ্টেন জিয়ার নেতৃত্বে ত্রিকোণ দ্বীপে যেখানে পাকিস্তানীদের গোপন ঘাঁটি আছে বলে মনে করা হচ্ছিলো সেখানে পাঠানোর সিদ্ধান্ত নেয়া হয়। প্রতিকূল আবহাওয়া এবং অন্যান্য বাস্তব অসুবিধার জন্যে 'ত্রিকোণ' দ্বীপে হামলা চালানো সম্ভব না হলেও, প্রথম দল চালনা এবং মঙ্গলাতে পরিকল্পনা অনুসারে সাফল্যের সথে আক্রমণ চালায়। এরপর সিদ্ধান্ত হলো, ১৬ই সেপ্টেম্বর হামলা চালানো হবে। চালনা বন্দরে তখন ৮ টি জাহাজ এলোমেলোভাবে নোঙ্গর করা ছিলো। এটি জাহাজের জন্যে দু'জন করে ফ্রগম্যান নির্দিষ্ট করা হলো এবং চারটি করে মোট আটটি 'লিম্পেট মাইন' প্রতি দলে দেয়া হলো।

সেপ্টেম্বরের ১৫/১৭ তারিখ ২টা ৩০ মিনিটে ১৬ জন ফ্রগম্যান পশুর নদীতে নেমে পড়ে। ১৪ জন ফ্রগম্যানকে রিজার্ভে রাখা হলো।রাত তখন ৪টা বেজে ৩০ মিনিট। দ্রুতগতিতে ১৬ জন ফ্রগম্যান ৮টি জাহাজে 'লিম্পেট মাইন' লাগিয়ে চলে আসে। ভোর ৫টা বেজে ৩০ মিনিট চালনা বন্দর থেকে গগনবিদারী আওয়াজ শোনা যায় অত্যন্ত সফল ঐ অভিযানে ৮টি জাহাজের মধ্যে সেদিন ৭টি জাহাজই ধ্বংস হয়েছিলো।

১৬ই অক্টোবর নৌবাহিনীর আলমের নেতৃত্বে চালনা বন্দরে আর এক বড় রকমের অভিযান চালানো হয়। এই অভিযানে ফ্রগম্যানরা চারটি জাহাজ ধ্বংস করেছিলো। জাহাজ চারটির মধ্যে বিশেষ করে 'লাইটনিং' এবং 'আল-মুরতজা'র ধ্বংসের কথা উল্লেখযোগ্য। এই অপারেশনে ফ্রগম্যান আনোয়ারের সাহসিকতা বিশেষভাবে উল্লেখ করা যায়।

নৌবাহিনীর রহমতুল্লাহর নেতৃত্বে ফ্রগম্যানের অপর দল নভেম্বর মাসেও অত্যন্ত সফল অভিযান চালায়। রহমতুল্লাহ নৌবাহিনীর একজন দক্ষণ অফিসার।তাঁর আত্মত্যাগ, সাহসিকতা, নিরলস নিষ্ঠা এ দেশের মানুষ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে।

অক্টোবর মাসে ৯ নং সেক্টরের বেশ কয়েকটি তরুণ অফিসার যোগদান করেন। লেঃ মোহাম্মদ আলী, লেঃ আহসান উল্লাহ এবং লেঃ শচীদ্রের নাম বিশেষভাবে উল্লেখ করা যায়। অফিসার তিনজন আমার নেতৃত্বে কালিগঞ্জ, পারুলিয়া প্রভৃতি স্থানের অভিযানের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

কালিগঞ্জ অপারেশনঃ নভেম্বরের ২০ তারিখে কালিগঞ্জে পাকবাহিনীর সাথে একটি সংঘর্ষ হয়। কালিগঞ্জ ওয়াপদা কলোনীতে পাকসেনাদের একটি কোম্পানী অবস্থান করছিলো। এছাড়া ছিলো পশ্চিমা রেঞ্জার এবং বেশ

কিছু রাজাকার। আমি আমার বাহিনী নিয়ে হেডকোয়ার্টার উকসা থেকে রওনা হয়ে লক্ষ্যস্থলের নিকট এসে পৌঁছি। এই সময়ে একটি কলাম নিয়ে লেঃ আহসান উল্লাহ এবং নায়েব সুবেদার সোবহান শত্রুঘাঁটির কাছাকাছি এসে পড়েন। সাথে ছিলো মাত্র দু'টি প্লাটুন। ২০/২১ শে নভেম্বর ভোর ৫ টায় আমরা পাকসেনাদের উপর হামলা চালাই। মিত্রবাহিনীর ৩য় রাজপুত হিঙ্গলগঞ্জ থেকে আমাদেরকে আর্টিলারী সাপোর্ট দেয়। ভোর ৫টা থেকে সকাল ৭টা পর্যন্ত উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ চলে। এই দু'ঘন্টা স্থায়ী সংঘর্ষে কোন পক্ষেরই কোন হতাহতের সংবাদ পাওয়া যায়নি। তবে প্রায় ৪০ জন পাকসেনা মুক্তিবাহিনীর হাতে ধরা পড়ে। লেঃ আহসানউল্লাহ নিজেই ২২ জন পাকসেনাকে বন্দী করেন। নায়েব সুবেদার গফুর ও ৬জন খানসেনাকে বন্দী করেন। কালিগঞ্জ শত্রুমুক্ত হয়।

শিরোনাম	সূত্র	তারিখ
১৯। ১১নং সেক্টরে সংঘটিত যুদ্ধের বিবরণ	বাংলা একাডেমীর দলিলপত্র	.....১৯৭১

সাক্ষাৎকারঃ লেঃকর্নেল(অবঃ) আবু তাহের
১০-৬-১৯৭৫

জুলাই মাসের ২৫ তারিখে বাংলাদেশের পথে ভারতে রওনা হই। আমার সঙ্গে মেজর জিয়াউদ্দিন. ক্যাপ্টেন পাটোয়ারী, মেজর মঞ্জুর ও তার স্ত্রী-ছেলেমেয়ে এবং ব্যাটম্যান রওনা হন। পথে নানা বাধাবিপত্তি অতিক্রম করে আমরা ২৭শে জুলাই দিল্লী এবং আগস্ট মাসের প্রথম সপ্তাহে মুজিবনগর পৌঁছাই।

আগস্ট মাসের দ্বিতীয় সপ্তাহে বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল এম, এম,জি, ওসমানী মেঘালয় ও তৎসংলগ্ন এলাকায় সরেজমিন যুদ্ধের অবস্থা অবলোকনের জন্য পাঠালেন।

পাকিস্তান থেকে আমরা যাঁরা পালিয়ে এলাম তাঁদের মধ্যে মেজর জিয়াউদ্দিনকে ১ম বেঙ্গল রেজিমেন্ট, মেজর মঞ্জুরকে ৮নং সেক্টরের, ক্যাপ্টেন পাটোয়ারীকে ১ম বেঙ্গল রেজিমেন্টের একটি কোম্পানী এবং আমাকে ১১নং সেক্টরের পরিচালনা ভার দেওয়া হয়।

সেনাবাহিনী প্রধানের নির্দেশে আমি আগস্টের ১২তারিখে মেঘালয় এসে পৌঁছাই। এই এলাকার মুক্তিবাহিনীর ছেলেরা ভারতীয় বাহিনীর কমান্ডে ইতিপূর্বেই যুদ্ধ চালিয়ে যাচ্ছিলো। কামালপুর ছিল পাকিস্তানী সেনাদের মস্ত ঘাঁটি।সিদ্ধান্ত নিলাম কামালপুর আক্রমনের।

১৫ই আগস্ট আমি নিজে মাত্র ১৫০ জন মুক্তিযোদ্ধা নিয়ে সন্ধ্যার দিকে কামালপুর পাক ঘাঁটি আক্রমণ করি। আমাদের অস্ত্র বলতে ছিল এল-এম-জি, রাইফেল এবং কিছু স্টেনগান। আমাদের আক্রমণ দু'ঘন্টা স্থায়ী হয়।আমাদের আক্রমণে ১৫/১৬ জন পাকিস্তানী নিহত হয়। অপরদিকে মুক্তিযোদ্ধা আহত হলো ১৫ জন।

আমার আক্রমণের পূর্বে এই এলাকা কোন সেক্টরের আওতায় ছিল না। আমি সেনাবাহিনীর সদর দফতরে এই এলাকাকে একটি সেক্টরে পরিণত করার আবেদন করলে আবেদন মঞ্জুর হয়। আমার সেক্টরের নাম হলো ১১নং সেক্টর। কমাণ্ড আমাকেই দেয়া হলো।

ময়মনসিংহ এবং টাঙ্গাইল জেলা নিয়ে আমার সেক্টর গঠিত হয়। সেক্টরের দায়িত্ব নেবার পর সমগ্র এলাকাকে কয়েকটি সাবসেক্টরে বিভক্ত করি। সাবসেক্টরগুলো হলোঃ (১) মানকার চর (২) মহেন্দ্রগঞ্জ (৩) পুরাকাশিয়া (৪) ডালু (৫) বাগমারা (৬) শিববাড়ি (৭) রংড়া এবং (৮) মহেশখালী।

সমগ্র এলাকাতে অফিসারের তীব্র অভাব অনুভব করলাম। সেপ্টেম্বর মাসে আমাকে দু'জন অফিসার দেয়া হলো- (১) স্কোয়াড্রন লীডার হামিদুল্লাহ এবং (২) লেঃ মান্নান। এই সময় মেজর জিয়াউর রহমান তাঁর ব্রিগেড নিয়ে সিলেট এলাকাতে চলে যান। অফিসার দু'জনকে আমি দু'টি সাব-সেক্টরের দায়িত্ব দিলাম। মানকার চর সাব-সেক্টরের দায়িত্ব দায়িত্ব দিলাম স্কোয়াড্রন লীডার হামিদুল্লাহকে এবং মহেশগঞ্জ সাব-সেক্টরের দায়িত্ব দিলাম লেঃ মান্নানকে।

* পাকিস্তান স্পেশাল সার্ভিসেস-এ মেজর পদে কর্মরত থাকাকালে সেখান থেকে পালিয়ে বাংলাদেশের মুক্তিযুদ্ধে যোগ দেন।

সেক্টরের দয়িত্ব নেবার পর পরই প্রাথমিক পর্যায়ে মানকারচর থেকে ডালু পর্যন্ত সরাসরি আমার নিয়ন্ত্রনে নিয়ে আসি। অবশিষ্ট এলাকা ভারতীয় বাহিনীর ব্রিগেডিয়ার সান্ত সিংহের কমান্ডে থাকে। ব্রিগেডিয়ার সান্ত সিংহের হেডকোয়ার্টার ছিল তুরাতে। ট্রেনিং ক্যাম্পের প্রধান ও ছিলেন তিনি। সেক্টরে এসে লক্ষ করলাম মুক্তিযোদ্ধারা বিভিন্ন পাক পয়েন্টে বি-এস-এফ বাহিনীর নির্দেশে সরাসরি আক্রমণ পরিচালনা করছে। তৃতীয়তঃ বাহিনী বিশৃঙ্খল, বিপর্যস্ত। মুক্তিবাহিনীকে পুরোপুরি বাহিনী হিসেবে গড়ে তোলার জন্য এবং দীর্ঘস্থায়ী সংগ্রামের জন্য বাহিনীকে পুনর্গঠিত করতে শুরু করলাম। সম্মুখসমর বাদ দিয়ে গেরিলা পদ্ধতিতে আক্রণ চালাবার নির্দেশ দিলাম। বাংলাদেশের অভ্যন্তরে হত্যা না করে বন্দী করে নিয়ে আসা এবং মুক্তিবাহিনীর বি- এস- এফ ক্যাম্পে দমন নিষিদ্ধ ঘোষণা করলাম এবং যুদ্ধনীতির সাথে সাথে ছেলেদেরকে রাজনীতি- সচেতন ও করে তুলতে শুরু করলাম।

সেপ্টেম্বর মাসে পর্যন্ত আমার সে রে প্রায় বিশ হাজারের মত মুক্তিযোদ্ধা কাজ করছিল। সর্বমোট বাহিনীর মধ্যে তিন হাজার নিয়মিত এবং ১৭ হাজারের মত গণবাহিনী ছিল।

মুক্তক্ষেত্রে আমি নিয়মিত ও গণবাহিনীকে একত্রে অপারেশনে পাঠিয়েছি। অপারেশনের দৃষ্টিকোণ থেকে আমি মনে করি নিয়মিত ও গণবাহিনীকে একত্রে অপারেশনের দৃষ্টিকোণ থেকে আমি মনে করি নিয়মিত আবং গণবাহিনীকে পৃথক করে ফিল্ড অপারেশনে পাঠানো ঠিক নয়। যারা অল্প দিনের প্রশিক্ষণপ্রাপ্ত ছিল তাদেরকে পৃথকভাবে ফিল্ডে পাঠালে নিয়মিত বাহিনীর সঙ্গে থাকলে অভিজ্ঞতা তারা লাভ করতো সে অভিজ্ঞতা থেকে তারা বঞ্চিত হচ্ছিলো- আমি ঐ সব কারণে একটি মাত্র ফোর্স করলাম। আমি আরও সিদ্ধান্ত নিলাম নিয়মিত বাহিনী পুরোপুরি গড়ে না ওঠা পর্যন্ত গেরিলা পদ্ধতিতেই যুদ্ধ চালিয়ে যাওয়ার।

সামরিক দিক থেকে ময়মনসিংহের চাইতে টাংগাইল অত্যান্ত গুরুত্বপূর্ণ ছিল। ময়মনসিংহ রেখে টাংঙ্গাইল- জামালপুর হয়ে ঢাকা পৌঁছানো বেশী গুরুত্বপূর্ণ মনে করলাম। রংপুর এবং বগুড়া ৭নং সেক্টরের অধিনে থাকলেও যোগাযোগের সুবিধার জন্য ঐ সেক্টরের অনেক অপরেশন আমার মাধ্যমেই হয়েছে। আগষ্ট মাসেই টাঙ্গাইলের কাদের সিদ্দিকী আমার সঙ্গে যোগাযোগ করেন এবং আমার মাধ্যমেই হয়েছে। আগস্ট মাসেই টাঙ্গাইলের কাদের সিদ্দিকী আমার সঙ্গে যোগাযোগ করেন এবং আমার সেক্টরের অধীনে আমার কমান্ডে থাকেন। ময়মনসিংহের ভালুকা এলাকাতে অবসরপ্রাপ্ত সৈনিক মেজর অফিসারের দেশপ্রেম, সাহস ও কর্মনিষ্ঠা শ্রদ্ধার সঙ্গে স্মরণযোগ্য। সেপ্টেম্বর মাসেই ভারতীয় বাহিনীর ৯২ মাউন্টের ব্রিগেড আমার সাহায্যে আসে। ব্রিগেডের কমান্ডার ছিলেন ব্রিগেডিয়ার ক্লেয়ার। এই ব্রিগেডে তিনটি ইসফ্যান্টি এবং ২টি আর্টিলারী রেজিমেন্ট ছিল। এই বাহিনীতে কর্নেল শোডি একটি ব্যাটালিয়ন কমাণ্ড করতেন। এই ব্রিগেডটি আসায় আমার এবং আমার বাহিনীর সাহস, উদ্দীপনা ব্যাপকভাবে বেড়ে যায়। ভারতীয় অফিসারবৃন্দের সাহস, কর্মতৎপরতা এবং অমায়িক ব্যবহার আমাকে মুগ্ধ করে।

আমার আওতায় রৌমারী থানা বরাবরের জন্য মুক্ত ছিল। এখানে একটি মুক্তিবাহিনীর ট্রেনিং ক্যাম্প খুলি এবং ট্রেনিং দেওয়ার শুরু করি। নভেম্বর মাস পর্যন্ত সকলের হাতে অস্ত্র দেওয়া না গেলেও দশ হাজারের মত মুক্তিযোদ্ধা প্রশিক্ষনপ্রাপ্ত হয়েছিল। এই থানাতে প্রশাসন ব্যবস্থা পুরোপুরি চালু হওয়ারও নির্দেশ দিয়েছিলাম। কিন্তু রাজনৈতিক নেতৃবর্গের কাদা ছোড়াছুড়ির ফলে পূর্ণ প্রশাসন ব্যাবস্থা চালু করা সম্ভব হয়নি।

মেজর জিয়াউর রহমান তাঁর ব্রিগেড নিয়ে চলে গেলে রৌমারী থানাকে মুক্ত রাখা বেশ মুশকিল হয়ে পড়ছিল। কারল পাক ঘাঁটি চিলমারী থেকে পাকিস্তানীরা যে কোন সময় এসে রৌমারীর উপর হামলা চালাতে পারে। আর তাই চিলমারী শত্রুমুক্ত করার পরিকল্পনা গ্রহন করলাম।

চিলমারী যুদ্ধঃ সেপ্টেম্বর মাসের শেষের দিকে প্রায় দুই ব্যাটালিয়ন মুক্তিযোদ্ধা এবং ভারতীয় মাউন্টেন ব্রিগেডের একটি সেকশন সঙ্গে নিয়ে অতর্কিত চিলমারী আক্রমণ করলাম। এখানে পাকিস্তানীদের দুটি কোম্পানী

ছিল-একটি বেলুচ রেজিমেন্টের, অপরটি মিলিশিয়া বাহিনীর। ব্যাপকভাবে উভয় পক্ষের সংঘর্ষে উভয় পক্ষের বেশ ক্ষয়ক্ষতি হয়। মুক্তিবাহিনীর ৪ জন নিহত এবং বেশকিছু আহত হয়। পাকিস্তানীদের ১০০ জন নিহত হয়।

অক্টোবর মাসের প্রাথমদিকে আরও পাঁচজন অফিসার পেলাম । তারা হলেন ৯১০ লেঃ কামাল (২) লেঃ আলিম (৩) লেঃ তাহের (৪) লেঃ মিজান এবং (৫) লেঃ হাশেম । লেঃ কামাল এবং লেঃ তাহেরকে ডালু সাবসেক্টরে, লেঃ হাশেমকে পুরাকাশিয়াতে এবং লেঃ মিজানকে মহেন্দ্রগঞ্জ সাবসেক্টরে কাজ করতে বলা হলো।

আমার হেডকোয়র্টারে কেবলমাত্র গরীব কৃষকদের নিয়ে একটি ট্রেনিং ক্যাম্প খুলি। প্রাথমিক পর্যায়ে ২৫০ জন কৃষক নিয়ে কাজ শুরু করি। এইসব কৃষক পরবর্তীতে যুদ্ধের ময়দানে ব্যাপকভাবে যে কোন সামরিক ট্রেইণ্ড সৈনিকের চাইতে দক্ষতা প্রদর্শন করেছিল। তার কারণ বোধ হয় কৃষকের অধিকাংশই ছিল পাকিস্তানীদের দ্বারা অত্যাচারিত। আর তাই তাদের বুকে জ্বলছিল প্রতিহিংসার আগুন।

অক্টোবর মাসের মাঝামাঝি ডালুর বিপরীতে হালুয়াঘাটের দক্ষিণে পাকসেনাদের একটি শক্ত ঘাঁটি ভারতীয় আর্টিলারীর সাহায্যে আক্রমণ করা হয়। মুক্তিবাহিনীর তিনটি কোম্পানী যথাক্রমে লেঃ হাশেম, লেঃ কামাল এবং লেঃ তাহের, অপরদিকে ভারতীয় দুটি কোম্পানীর (রাজপুত বাহিনী) সহযোগিতায় আক্রমণে করা হলো। পাকিস্তানীরা একটি কোম্পানী নিয়ে পূর্ণ সামরিক সম্ভারে প্রস্তুত ছিল। আমাদের বাহিনী পাক ঘাঁটি দখল করলেও বেশীক্ষণ অধিকার করে থাকতে পারেনি। পিছন দিক থেকে পাকিস্তানীদের একটি ব্যাটালিয়ান তীব্রভবে আক্রমণ চালালে মুক্তি বাহিনী 'পকেট' ছড়ে চলে আসতে বাধ্য হয়।

অক্টোবর মাসের শেষের দিকে নেত্রকোনা এবং কিশোরগঞ্জের বিস্তীর্ণ হাওড় অঞ্চল আমাদের নিয়ন্ত্রনে চলে আসে। আমি চিন্তা করলাম যদি মূল হিসাবে কামালপুর, জামালপুর, টাঙ্গাইল এবং ঢাকাকে টারগেট করি, তাহলে স্বাভাবিকভাবেই ময়মনসিংহের পতন হতে বাধ্য। তাই ঐ টারগেটকে সামনে রেখে আমার সামরিক তৎপরতা অব্যাহত রাখলাম।

অক্টোবর মাসের শেষের মাঝামাঝি থেকে কামালপুর, জামালপুর, বাহাদুরাবাদ ঘাট, বক্সীগঞ্জ এবং চিলমারীতে আক্রমণের তীব্রতা বাড়িয়ে দিই। পাকসেনারাও বিভিন্ন স্থান থেকে সৈন্য নিয়ে এসে ঐসব ঘাঁটিতে মোতায়েন করে প্রতিরক্ষা জোরদার করতে থাকে।

নভেম্বর মাসে মুক্তিবাহিনীর শক্তি সম্পর্কে আমি বেশ আশাবাদী হলাম। ভারতীয় সেনাবাহিনীর পর্যায়ে নিয়ে আসার সিদ্ধান্ত নিলাম। আমার ভাবনা অনুযায়ী নিয়মিত বাহিনীর একটি ব্রিগেড গঠনের অনুমতি চেয়ে সেনা দফতরে একটি আবেদন পাঠালাম। সেনাবাহিনী প্রধান আমার আবেদন প্রত্যাখ্যান করলেন। অথচ এই সময় গেরিলা বাহিনীকে নিয়মিত বাহিনীতে রূপান্তরিত করার উপযুক্ত সময় এসেছিল।

১৩/১৪ নভেম্বর ৫টি কোম্পানী নিয়ে ভোর ৩টা কামালপুর আক্রমণ করা হয়। মুক্তিবাহিনীর লেঃ মিজান, ক্যাপ্টেন মান্নান এবং মুক্তিযোদ্ধা সাঈদের তিনটি কোম্পানী এবং ভারতীয় বাহিনীর দুটি কোম্পানী মিলে আক্রমণ পরিচালনা করা হয়। ভারতীয় আর্টিলারী আমাদের সাহায্যে করে। আমাদের উদ্দেশ্য ছিল কামালপুর আক্রমণ করে পাকিস্তানীদের হত্যা করা- কামালপুর নয়। আমাদের তীব্র আক্রমণে পাকসেনাদের ২টি কোম্পানী একজন মেজরসহ নিশ্চিহ্ন হয়। আমরা জয়ের আনন্দে অধীর। তখন সময় সকাল ৯টা। গুলির। আঘাতে আমি গুরুতররূপে আহত হই। আমার একটি পা নষ্ট হয়ে যায়। আমাকে সঙ্গে সঙ্গে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এবং ভারতের বিভিন্ন হাসপাতালে দীর্ঘদিনের চিকিৎসায় আমি সুস্থ হয়ে উঠি। আমার চিকিৎসার ক্ষেত্রে ভারতীয় কর্তৃপক্ষের আন্তরিকতা- সাহায্য- সহানুভূতি কোনদিন ভূলবার নয়। এমনকি ভারতের প্রধানমন্ত্রী ভারতরত্ন শ্রীমতী ইন্দিরা গান্ধী পুনা হাসপাতালে আমাকে দেখে নানা কুশল জিজ্ঞাসা করেন। বাংলাদেশ মুক্ত হওয়া পর্যন্ত আমি সেক্টরে ফিরে যেতে পারিনি। আমার অনুপস্থিতিতে স্কোয়াড্রন লীডার হামিদুল্লাহ সেক্টরের দায়িত্ব হাতে নেন।

বাংলাদেশের অভ্যন্তরের আমার এলাকায় সম্পূর্ণ নিজের প্রচেষ্টায় ভালুকা এলাকাতে মেজর আফসার, রৌমারী এলাকাতে সুবেদার আলতাফ এবং টাঙ্গাইল এলাকায় কাদের সিদ্দিকী প্রচুর নিজস্ব বাহিনী গড়ে তুলে পাকিস্তানীদের বিরুদ্দে অপারেশন চালান।

বাংলাদেশের সামগ্রিক যুদ্ধকে তিনটি ভাগে ভাগ করা যায়।

(১) সশস্ত্র গণঅভ্যুত্থানঃ যেখানে বাঙ্গালী ট্রপস যোগ দিয়েছিল- মার্চ, এপ্রিল। (২) দ্বিতীয় স্তরঃ গেরিলা যুদ্ধ শুরুর প্রস্তুতি- মে. জুন, জুলাই (৩) তৃতীয় স্তর: গেরিলা যুদ্ধ অব্যাহত থাকে। আমাদের গেরিলা ফোর্সকে নিয়মিত বাহিনীতে নিয়ে যাবার যে পর্যায় এসেছিল তা কাজে লাগানো হয়নি।

কয়েকটি অপারেশনের বর্ণনা

\ চিলমারীঃ যুদ্ধের ইতিহাসে একটি বিস্ময় \

বিশাল ব্রহ্মপুত্রের অপর তীরে অবস্থিত চিলমারীর দুর্ভেদ্য শত্রব্যুহে এক প্রচন্ড হানা দিয়ে আমরা শত্রর বিপুল ক্ষতিসাধন করি। এই আক্রমণের মুক্তিবাহিনীর মূল আক্রমণ ভেবে সে এলাকায় বৃহৎ আকারের শত্রু সমাবেশ ঘটে। এধরনের আক্রমণ কে শুধুমাত্র দ্বিতীয় মহাযুদ্ধকালীন মিত্রবাহিনীর ইংলিশ চ্যানেল অতিক্রমণের কয়েকটি ঘটনার সঙ্গে তুলনীয়। এক্ষেত্রে সুশিক্ষিত কয়েক ডিভিশন ছাত্রীসেনা এবং স্পেশাল ফোর্স অংশগ্রহণ করেছিলেন। সে যুদ্ধের পরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়নে কয়েক ডজন জেনারেল অংশগ্রহণ করেছিলেন।

যুদ্ধের ইতিহাসে চিলমারী বন্দর আক্রমণ একটি উজ্জল ঘটনা। এই যুদ্ধ বাংলার সোনার ছেলেদের নিয়ে গঠিত আমার সেক্টরের প্রাইভেট আর্মি দ্বারা সংঘটিত হয়।

রৌমারীর মুক্তাঞ্চলে মাত্র ১৫ দিনের অনুশীলনপ্রাপ্ত এ সমস্ত ছেলের নিয়মিত খাবারের সরবরাহ ছিল না, হাতখরচ ব্যবস্থা ছিল না এবং শুধুমাত্র দখলীকৃত অস্ত্রের উপরই তাদের নির্ভর করতে হতো। কোন অনুমোদিত ট্রেনিং ক্যাম্পে অনুশীলনপ্রাপ্ত না হওয়ায় এসমস্ত মুক্তিযোদ্ধারা সেক্টর কমান্ডারের প্রাইভেট আর্মি হিসেবে পরিচিত ছিল। তাদের চিলমারী আক্রমণ পরিকল্পনায় দক্ষতা এবং সাহস ও নৈপুণ্যের সাথে তার বাস্তবায়নের বিষয় যুদ্ধবিদ্যার ছাত্রদের কাছে অনুপ্রেরণার উৎস হয়ে থাকে।

১১নং সেক্টরের সেক্টর কমান্ডার হিসেবে যখন আমি দায়িত্ব গ্রহন করি তখন বেশ অনেকগুলো চরের সমন্বয়ে গঠিত বিশাল রৌমারী এলাকা মুক্ত ছিল। এর প্রতিরক্ষা আমাদের জন্য একটা চ্যালেঞ্জ হয়ে দাড়িয়েছিলো, কারণ মুজিব নগর থেকে অস্থায়ী বাংলাদেশ সরকারকে আমরা সেখানে প্রতিষ্ঠা করতে চেয়েছিলাম। মেজর জিয়ার (বর্তমানে মেজর জেনারেল) ব্রিগেডের দুটো বেঙ্গল রেজিমেন্ট এই মুক্তাঞ্চল প্রতিরক্ষার কাজে নিয়োজিত ছিল। শুধুমাত্র কোদালকাঠী চর ছাড়া ব্রহ্মপুত্রের পূর্বপারের সকল এলাকা মুক্ত ছিল। কোদালকাঠিতে শত্রসৈন্যের অবস্থান স্থানীয় গ্রামবাসীদের জন্য ত্রাসের কারণ হয়ে দাড়িয়েছিলো। এ সকল শত্রসৈন্য প্রায়ই পার্শ্ববর্তী গ্রামগুলোতে ঢুকে পড়ে গ্রামবাসীদের উপর অত্যাচার চালাতো।

নভেম্বর মাসের মাঝামাঝি মেজর তাহেরের নেতৃত্বে ৮টি কোম্পানীকে নিয়ে ভারতীয় সৈন্যসহ কামালপুর আক্রমণ করা হয়। রাত ১২টার দিকে ডিফেন্স পজিশনে চলে যাই। ভোর ৪টা ৩০মিনিটে আমরা কামালপুর আক্রমণ করি। আমরা ১০ জন মুক্তিযোদ্ধা মেজর তাহেরের সঙ্গে ছিলাম। আমাদের ওপর নির্দেশ ছিল কামালপুর দখলের পরপরই অস্ত্রশস্ত্র দখল করে নিয়ে আসতে হবে। ভোর ছ'টার দিকে মেজর তাহের সহ আমরা নয়াপাড়ার শেষপ্রান্তে গিয়ে পৌঁছাই। আমাদের অস্ত্র ছিল ২টি স্টেন, ৮টি এস-এল-আর এবং আমার সঙ্গে একটি অয়্যারলেস সেট ছিল। মেজর তাহেরের সঙ্গে একটি অয়্যারলেস সেট ছিল এবং তার সঙ্গে সর্ব মুহূর্তের জন্য একটি ছড়ি থাকতো।

রাস্তার পাশে আমরা পজিশন নিলাম। উভয়পক্ষে ব্যাপক সংঘর্ষ চলছে। সকাল প্রায় ৮টার দিকে একটি শেল মেজর তাহেরের বাঁ পায়ে এসে পড়ে। মেজর তাহের চিৎকার করে ওঠেন। আমি তার ছড়ি এবং অয়্যারলেস সেটটি নিয়ে নিই। আমি এবং সফি মেজর তাহেরকে ধরে পেছনে নিয়ে আসি। লেঃ মিজান তাড়াতাড়ি এসে ধরলেন। আমরা কাঁদছিলাম। মেজর তাহের চুপ করতে বলে সবাইকে অগ্রসর হতে বললেন। সেদিন কামালপুর দখলের পূর্ব মুহূর্তে এই দুর্ঘটনার পর কামালপুর আর দখল করা সম্ভব হয়নি। ভারতীয় বাহিনী মেজর তাহেরকে নিয়ে যায়।

৩০শে নভেম্বর আমরা প্রায় ৫০০ জন মুক্তিযোদ্ধা কামালপুর ঘিরে রাখি। কামালপুর পুরোপুরি অবরুদ্ধ করে রাখি।

৩০শে নভেম্বর ভারতীয় বাহিনীর একটি সম্পূর্ণ শেষ হয়ে যায়। ৪ঠা ডিসেম্বর পাকসেনারা কামালপুরে আত্মসর্মপণ করে। বিকাল ৪টায় ভারতীয় অফিসার আমাকে ডেকে জানতে চাইলেন কে চিঠি এবং পতাকা নিয়ে কামালপুর যেতে পারবে। মুক্তিযোদ্ধা বশীরকে নির্বাচন করি। আমার জাম্পারটি সবুজ রংয়ের ফুলহাতা ছিল। বশীরকে তা দিয়ে দিই ভারতীয় অফিসারের কথা মত। বশীর জাম্পারটি পরে আমার স্টেনটি নিয়ে রওনা হয়ে যায়। অপরদিক থেকে সঞ্জু নামক মুক্তিযোদ্ধাকে পাঠানো হয়েছিল। সন্ধ্যা ৬টায় বশীর এবং সঞ্জু ফিরে আসে। পাকসেনারা ছিল ১৬১ জন এবং দু'জন অবাঙ্গালী অপারেটর ছিল। দু'জনের মধ্যে ১জন মেয়েও ছিল। পাক সেনারা ভারতীয় বাহিনীর কাছে আত্মসর্মপণ করে। কামালপুর মুক্ত হয়। পরে ১১ই ডিসেম্বর জামালপুর মুক্ত হয়। মেজর তাহেরকে উদ্ধার করার জন্য সরকার আমাকে বীরপ্রতীক উপাধিতে ভূষিত করেন।

মিজানুর রহমান খান
১১-১২-১৯৭৫

সাক্ষাৎকারঃ লেঃ কর্নেল এম, এ, মান্নান*
১১-১২-৭৯

আমি (৩০-৩১ জুলাই 'জেড' ফোর্সের কামালপুর সংঘর্ষে) আহত হওয়ার পর আমাকে নিয়ে যাওয়া হয় পুনা। সেখানে একদিন চিকিৎসার পর হেলিকপ্টার যোগে আমাকে নিয়ে যাওয়া হয় ১৫১ বেইস হাসপাতাল গৌহাটিতে। সেই হাসপাতালে আমি এক মাসাধিককাল চিকিৎসাধীন ছিলাম। আগষ্ট মাসের শেষের দিকে জেঃ জিয়া আমাকে দেখতে সেখানে যান। ক্রমে আমি কিছুটা আরোগ্য লাভ করি। আমি খবর পাই যে, আমার

* ১৯৭১ সালে লেফটেন্যান্ট হিসাবে কর্মরত ছিলেন। পরবর্তীতে লেঃ কর্নেল পদে উন্নীত হন। বিবরণটি প্রকল্প কর্তৃক ১১-১২-৭৯ তারিখে গৃহীত সাক্ষাৎকার থেকে সংকলিত।

পেরেন্টস কলকাতার দিকে গেছেন। তখন আমি জেঃ জিয়ার কাছে ক'দিনের ছুটি প্রার্থনা করি। তিনি আমার ছুটি মঞ্জুর করেন। আমি কলকাতা চলে যাই। সেখানে ৪/৫ দিন থাকার পর জেনারেল ইসলামের কাছে খবর পাই যে, সমস্ত সেক্টর কমান্ডার ৮ থিয়েটার রোডে কনফারেন্স ডাকা হয়েছে এবং জেনারেল জিয়াও কনফারেন্সে আসবেন। ঐ কনফারেন্সে বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের গুরুত্বপূর্ণ সেক্টরসমূহের রুপরেখা ও নানাবিধ পরিকল্পনা প্রণয়ন করা হয়। এরপর আমি আমার ১নং বেঙ্গল রেজিমেন্টের ইউনিটে ফিরে আসি। তারপর শুনতে পাই যে ১১ নং সেক্টর নামে একটি নতুন সেক্টর গঠিত হয়েছে যার হেড কোর্য়াটার মহেন্দ্রগঞ্জে।কর্নেল তাহের সেক্টর কমান্ডারের দায়িত্ব নেন। আমি যেহেতু অসুস্থ ছিলাম তাই আমাকে দুই নং সাবসেক্টরে দেওয়া হয়। সেক্টর এক্সিকিউটিভ হিসাবে আমি দায়িত্ব ভার গ্রহণ করি।

এই সেক্টরে আমার যোগদান করা থেকে শুরু করে দেশ স্বাধীন হওয়া পর্যন্ত ছোট বড় উল্লেখযোগ্য ঘটনাগুলোই আমি বলবো।

কামালপুরে পাকিস্তান আর্মির যে ঘাঁটি ছিল তা অত্যন্ত সুদৃঢ় ছিল। ঐ ঘাঁটির সমস্ত বাংকারগুলো ছিল সিমেন্টের আর-সি-সি বাংকার। কমিউনিকেশন ট্রেঞ্চ দিয়ে সেগুলো কানেক্টেড ছিল। কামালপুর অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘাঁটি ছিল। তাই তারা এটাকে খুব শক্ত করেছিল, কারণ কামালপুরে যোগাযোগ বিস্তৃত ছিল বক্সিগঞ্জ, শেরপুর, জামালপুর, মধুপুর হয়ে ঢাকা পর্যন্ত। তাই এই সেক্টর পাকিস্তানীদের কাছে যেমন গুরুত্বপূর্ণ ছিল তেমনি আমাদের দিক থেকেও ছিল গুরুত্বপূর্ণ লক্ষ্য। পাকিস্তানীরা জানতো এই সেক্টরে তাদের পতন হলে ঢাকা পৌঁছা তাদের পক্ষে মুশকিল হয়ে পড়বে। আমি আমার সহকর্মীদের বলেছিলাম, কামালপুরের পতন হলে সাতদিনের ভিতর ঢাকার ও পতন ঘটবে। মূলতঃ কামালপুরের পতন হলো ৪ তারিখ বিকেলে এবং এর কয়েক দিনের মধ্যে ঢাকার ও পতন হলো। এই বাহিনীর ঢাকা পৌঁছাতে সময় লাগলো ৭/৮ দিনের মত। উল্লেখ্য, কামালপুরে যে ট্রুপস ঢুকেছিল তারাই প্রথম ঢাকা পৌঁছেছিল। কামালপুরে যুদ্ধে পাকিস্তানীদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছিল। অবশ্য তারা যুদ্ধের ব্যাপারে প্রচুর মিথ্যা প্রচারণা চালিয়েছিল। তাদের প্রচারাণার এক-দশমাংশ সম্ভবত সত্য।

আমি এই সেক্টরে যোগদানের পর আরও অনেক ঘটনা বা যুদ্ধ হয়, যেমন ধানুয়া-কামালপুরের যুদ্ধ। ধানুয়াকামালপুর কামালপুরের পরেই একটি গ্রাম। এই গ্রামটির কন্টিনিউয়েশান ভারত সীমান্তের ওপারের গ্রাম পর্যন্ত বিস্তৃত। সীমিত হাতিয়ার নিয়ে যেহেতু আমার পাকিস্তানীদের সুগঠিত ক্যাম্প থেকে উৎখাত করতে পারছিলাম না তাই বিকল্প পন্থায় ধানুয়াকামালপুর থেকে এ্যামবুশ করার চেষ্টা করছিলাম একটা ডিফেন্স নিয়ে। এই ধানুয়াকামালপুর একটা কন্টিনিউয়েশান ছিল ফিরোজপুর হয়ে বক্সিগঞ্জের দিকে। এই পথে আমাদের মুক্তিযোদ্ধাদের নিয়ে আমি ৪ থেকে ৬ সপ্তাহের মধ্যে ৬/৭ খানা পাকিস্তানী আর্মির গাড়ি মাইনের সাহায্যে ধ্বংস করতে সক্ষম হয়েছিলাম। বক্সিগঞ্জ থেকে কামালপুরের দুরুত্ব ৭ মাইল। পরবর্তী পর্যায়ে তারা কোনো গাড়ী নিয়ে কখনো মাইনের ভয়ে এই দূরুত্ব অতিক্রম করতে পারেনি। অতিক্রম করতে চাইলেও গরু কিংবা মহিষের গাড়ী দিয়ে আগে পথ পরীক্ষা করে নিতো। তারপরও পরীক্ষিত পথে তারা বির্পযয়ের সম্মুখীন হয়েছিল। আমার মনে আছে, একদিন আমরা ছোট একটি দল নিয়ে কামালপুর এবং বক্সিগঞ্জের মাঝখানে এ্যামবুশ লাগিয়ে পাকিস্তানীদের অপেক্ষায় বসে ছিলাম। কামালপুরের পাকিস্তানীদের জন্যে খাবার-দাবার সরবরাহ হতো বক্সিগঞ্জ থেকে। এ পথে সন্দেহজনক এক লোক যাওয়ার সময় আমরা তাকে ধরি এবং এক অফিসারের জন্যে প্রেরিত খাবার-দাবার এবং পাকিস্তানীদের কিছ চিঠিপত্র হস্তগত করি। উর্দু- ইংরেজীতে লেখা ঐসব চিঠির পাঠ উদ্ধার করে আমরা জানতে পারি দিন আর বেশী নয়, তারা হ্যান্ডসআপ করবে।

আরও একটি ঘটনা- তারিখ ঠিক মনে পড়ছে না। সেদিন আমরা ৬০/৭০ জনকে নিয়ে আখক্ষেতের ভিতর ডিফেন্স নিয়েছি। পাকিস্তানীরা বেরিয়ে আসে।তাদের সাথে প্রচন্ড গোলাগুলি হয়। এতে পাকিস্তানীদের যথেষ্ট ক্ষয়ক্ষতি হয়। আমার দুই জনের একটা ছোট্ট দল ছিল। তাদের নাম মনে পড়ছে না। ১১ নং সেক্টরের ১১৩ জনের যে লিস্ট আছে তাদের কেউ হবেন। তারা ট্রেঞ্চের পিছনে বসা ছিল। সেখান থেকে তারা

পাকিস্তানীদেরকে আক্রমণে ব্যস্ত ও মরীয়া হয়ে উঠেছিল। এক পর্যায়ে বুলেট শেষ হয়ে গেলে এরা পাকিস্তানীদের হাতে মারা যায়। দ্বিতীয় মহাযুদ্ধে জাপানীদের মত লাস্ট বুলেট এরা লড়াই করেছিল। এদেরকে বাংলাদেশে নিয়ে এসে সামরিক মর্যাদায় দাফন করি। এদের স্মৃতিফলক বর্তমান।

ধানুয়াকামালপুরে আমরা যে ডিফেন্স নিয়েছিলাম তার একটি ঐতিহাসিক ঘটনা সেপ্টেম্বর মাসের কোন সময়ে ঘটেছিল। সেটা পরিচালনা করেছিলেন প্রথম বেঙ্গলের একটি কোম্পানী। অধিনায়ক ছিলেন মেজর জিয়াউদ্দিন। তার সাথে অফিসার ছিল বর্তমান কর্নেল পাটোয়ারী। তারা ধানুয়াকামালপুরে ডিফেন্স নিলেন। পাকিস্তানীরা এসে আক্রমণ করে, ফলে প্রচন্ড সংঘর্ষ বাধে। পাকিস্তানীদের প্রায় ৩০/৪০ জন মারা যায়, আমাদের পক্ষে মাত্র একজন আহত হয়। পাকিস্তানীদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। সেই অপারেশনে আমরা পাঞ্জাবীদের একটা মৃতদেহ নিয়ে আসতে সক্ষম হই। মৃতদেহের কপালে গুলি লাগে। এই মৃতদেহ আমাদের সকল সৈন্যকে দেখানো হয়। ফলে তাদের মনোবল বেড়ে যায়। অবশ্য পরে মুসলমান হিসেবে কবর দেওয়া হয়। পরে আমরা যখন ফিরে যাই তখন শুনতাম পাকিস্তানীরা কার নাম ধরে ডাকছে। সম্ভবতঃ মৃত লোকটিরই।

এ ছাড়াও কামালপুরে এমন কোন দিন ছিল না যে পাকিস্তানীরা শান্তিতে বসবাস করতে পারতো। কামালপুর-বক্সিগঞ্জে পাকিস্তানীদের যে টেলিফোন যোগাযোগ ছিল তা আমরা কেটে দিতাম। এক পর্যায়ে ১০/১২ জনের একটা ছোট দলকে এ ধরনের অপারেশনে পাঠাই। তারা প্রথমে টেলিফোনের তার কেটে দিয়ে ওঁৎ পেতে অপেক্ষা করতে থাকে। পরে যখন পাকিস্তানীদের তার ঠিক করার পার্টি আসে তখন তাদের উপর আক্রমণ করে বসে। গোলাগুলি করে। পাকিস্তানীদের ক্ষতিসাধন করে ফিরে আসে। আমাদের কোন ক্ষতিই হয়নি।

আরও একটি ঘটনা। অক্টোবর মাসের কোন এক সময় ইন্ডিয়ান আর্মির একটি ব্যাটালিয়ন দিয়ে পাকিস্তানীদের উপর আক্রমন চালানো হল। সেই আক্রমণে ইন্ডিয়ার একটি কোম্পানী কামালপুরের একটু পিছনে এ্যামবুশ করে। যখন তাদের উপর আক্রমণ চলছিল তখন মুক্তিযোদ্ধাদের দু'টি কোম্পানীও তাদের সাথে ছিল। কামালপুরের ফোর্সকে সহায়তা করার জন্য বক্সিগঞ্জ থেকে মর্টার নিয়ে তিনটি পাকিস্তানী গাড়ী আসছিল। তখন রাস্তায় এ্যামবুশ করে গাড়ী সমেত পাকিস্তানীদের খতম করা হয়।

তারপর সম্ভবতঃ নভেম্বর মাস হবে। ইন্ডিয়ান আর্মির মাউন্টেন বিগ্রেডের একটি ব্যাটালিয়ন নিয়ে কামালপুর আক্রমণ করানো হয় এবং একটি ব্যাটালিয়ন দিয়ে কামালপুর- বক্সিগঞ্জের মাঝে এ্যামবুশ লাগানো হয়। আমাদের দু'টি কোম্পানী। একটির কমান্ডার আমি নিজে, সেটা নিয়ে আমি একটা ব্লকিং পজিশন তৈরী করি। সেটা কামালপুর মেইন পজিশন থেকে প্রায় ১৫০ গজ দুরে। আমার বিপরীতে ছিলেন বর্তমান মেজর মিজান। তার কোম্পানী সমেত তাঁকে নিয়ে একটি ব্লকিং পজিশন তৈরী করা হয়। আমাদের উপর নির্দেশ ছিল আমরা আখ ক্ষেতের ভিতর ট্রেঞ্চ খুঁড়ে পজিশন নিয়ে বসে থাকবো, যেন পাকিস্তানীরা এই দিক থেকে পালিয়ে যেতে না পারে। যখন আমরা এই পজিশনে পৌঁছালাম তখন রাত প্রায় সাড়ে তিনটা। আমাদের সাপোর্টে ছিল ইন্ডিয়ান একটি আর্টিলারী রেজিমেন্ট এবং একটি মর্টার বাহিনী। তারা কামালপুরের উপর শেলিং করছিল। সকালের দিকে যোগাযোগের জন্য আমাদের কাছে ছোটছোট অয়্যারলেস সেট দেয়া হয়। কর্নেল তাহের থাকলেন ব্রিগেডিয়ার ক্লেয়ারের সঙ্গে যিনি ৯৫ মাউন্টেন ব্রিগেডের ব্রিগেড কমান্ডার ছিলেন। ওখানে তিনি তাদের সাথে এই অপারেশনটা কো-অর্ডিনেশন করছিলেন। আমি যখন আমার পজিশনে পৌঁছে গেলাম তখন ছিল সকাল সাড়ে চারটা। তখন ইন্ডিয়ান আর্টিলারী ফায়ার করছিল। বেশ কতগুলো আর্টিলারী শেল আমাদের পজিশনের উপর এসে পড়লো। আরা এই কোম্পানীতে মোট ১০৯ জন ছেলে ছিল। তার মধ্যে ৯ জন আমার অত্যন্ত বিশ্বস্ত ছিল। এরা ভীতসন্ত্রস্ত হয়ে এলোপাতারি দৌড়াদৌড়ি করে পালিয়ে যেতে লাগলো। মাত্র ক'জন ছেলে নিয়ে আমি সেই পজিশনে পৌঁছালাম। তারপর অয়্যারলেস সেটে কর্নেল তাহেরের সাথে যোগাযোগ করি এবং আমাদের পজিশনের উপর শেলিংয়ের বিস্তারিত ব্যাপার তাকে জানাই এবং ফায়ারিং বন্ধ করার জন্য তাঁকে অনুরোধ করলাম। আমি বুঝে উঠতে পারলাম না ফায়ারিং কোন পক্ষের, কারণ এই পজিশনের ওপর ফায়ার

করার কোন কথা ছিল না। তিনি ফায়ার বন্ধ করলেন। সম্ভবতঃ রেঞ্জিংয়ে কোন ডিফিকাল্টি ছিল, যার জন্য এটা হয়েছিল। পরে তাঁকে আমি ফায়ারিং কারেকশন জানাই। তখন সকাল হয়ে আসছে। কর্নেল তাহের এক পর্যায়ে আমাকে জিজ্ঞেস করলেন লেঃ মিজানের সাথে আমার কোন যোগাযোগ আছে কিনা। আমি বললাম এখন নেই। তিনি বললেন তাকে কল দাও, আমিও তার খোঁজ নিচ্ছি। তিনি ৫/৬ জনকে নিয়ে মিজানের পজিশনের দিকে গেলেন। প্রায় ৪৫ মিনিট থেকে ঘন্টাখানেক পর আমি সেটে কান্নার আওয়াজ শুনতে পারলাম। কান্না বিজড়িত কণ্ঠে বেলাল বলতে লাগলো শেলিং-এ তাহের ভাইয়ের পা বিধ্বস্ত হয়ে গেছে। মিজানের পজিশনের কাছে পাকিস্তানীরা তাকে দেখতে পেয়ে ৬০ এম-এম মর্টার থেকে শেলিং করে। তার একটি পা নষ্ট হয়ে যায়। ৩০/৪৫ মিনিট পর একটি হেলিকপ্টার এস কর্নেল তাহেরকে নিয়ে যায়। ১০-১১টা পর্যন্ত সেই পজিশনে থাকলাম। পরে আমার কাছে এক মেসেঞ্জার একটা কাগজ নিয়ে আসেন, কর্নেল তাহেরের লেখা। তাতে লেখা ছিল আমাকে এই সেক্টরের দায়িত্ব দেয়া হয়েছে। লেখাটুকু পুরোপুরি স্মরণ নাই। সম্ভবতঃ এ ধরনের "Clear the road from here to Dacca. Look after my bodys. I leave everything to you and God bless you." আরও অনেক কিছু ছিল। আমি অত্যন্ত মর্মাহত হলাম। কারণ আজ এই সেক্টরের দায়িত্ব আমার উপর দেয়া হয়েছে। আমি জানি না এই দায়িত্ব আমি সুষ্ঠভাবে পালন করতে পারবো কিনা। আমার মনে হচ্ছিল যেন আকাশটা আমার মাথায় ভেঙ্গে পড়েছে। যা হোক, সেই অবরুদ্ধ অবস্থায় আমরা বিকেল পর্যন্ত সেখানে থাকলাম। স্কোয়াড্রন লীডার হামিদউল্লাহকে এই দায়িত্ব না দিয়ে আমার উপর তিনি এই দায়িত্ব দেন। অবশ্য পরে হামিদউল্লাহ আসার পর তিনি নামে মাত্র কমান্ডার রইলেন। অপারেশনের দায়িত্ব আমার উপর দেন, কারণ তিনি বিমানবাহিনীর লোক। অপারেশনের এইসব ব্যাপারে তিনি ততো অভিজ্ঞ নন। কর্নেল তাহের আহত হওয়ার আমরা সবাই মর্মামত হই। একটা বিরাট শূন্যতারও সৃষ্টি হয়েছিল। অনেকটা গোটা পরিবার আকস্মিক পিতৃহীন হয়ে পড়ার মত। যাহোক অনেক কষ্টে আমি এই পরিস্থিতি সামলে নিয়ে ছিলাম। কর্নেল তাহের গৌহাটিতে চিকিৎসাধীন থাকাকালে আমি সেখানে গিয়ে তার সাথে দেখা করে যুদ্ধ বিষয়ক পরামর্শ করি এবং সেক্টরে ফিরে আসি।

ডিসেম্বরের তিন তারিখ ভারত আনুষ্ঠানিক যুদ্ধ ঘোষণা করে। ১ তারিখ থেকে আমরা কামালপুর অবরুদ্ধ করে রাখি। আমাদের সাথে ছিল এক ইন্ডিয়ান রেগুলার ব্যাটালিয়ান, মুক্তিযোদ্ধা তিন কোম্পানী। আর ৯৫ মাউন্টেন ব্রিগেডের দুইটি ব্যাটালিয়ন কামালপুর বাইপাস করে কামালপুর পতনের আগেই বক্সিগঞ্জের দিকে চলে যায়। তখন পাকবাহিনী বক্সিগঞ্জ থেকে পিছু হটে যাচ্ছে। ৪ তারিখ সকালে ইন্ডিয়ান এয়ারফোর্সের দুটি বিমান কামালপুরের উপর স্ট্রাফিং শুরু করে। দ্বিতীয়বার আক্রমণ হয় ১২টা কি ২টায়- তৃতীয়বারের আক্রমণের কথা ছিল বিকাল চারটায়। ইতিমধ্যে পাকিস্তানী বাহিনী যথেষ্ট হেস্তনেস্ত হয়েছে। আমরা অয়্যারলেস সেটে ইন্ডিয়ানদের কনগ্র্যাচুলেশন শুনছিলাম। এক পর্যায়ে কামালপুরে তাদের যে ফোর্স ছিল তারা কন্টাক্ট করে ব্যাটালিয়ন হেডকোর্য়াটারের সাথে এবং সাহায্য চেয়ে পাঠায় ফোর্সের জন্য। তারা জানালো তাদের কিছু করণীয় নাই। এটা বুঝে তখন জেনারেল হিরা, ব্রিগেডিয়ার ক্লেয়ার ও আমি তিনজনে বসে বুঝাপড়া করে একটা সারেন্ডার নোট তৈয়ার করি। একজন ফ্রিডম ফাইটারকে একটি সাদা ফ্ল্যাগ হাতে দিয়ে তা কামালপুর ঘাঁটি ভিতর পাঠাই। প্রায় ঘন্টাখানেক পরে সে যখন ফেরে নাই, তখন আমি অত্যন্ত চিন্তিত হয়ে পড়লাম। দ্বিতীয়বার আর একটি ছেলেকে অয়ারলেস সেট সাথে দিয়ে আমার সাথে যোগাযোগ রেখে কামালপুর ঘাঁটিতে পাঠাই। সে ওখানে যাওয়ার পর পাকসেনার দ্বিতীয় ছেলেটিকে রেখে প্রথম ছেলেটিকে পাঠিয়ে দেয়। তাকে আমরা জিজ্ঞাসাবাদ করি। সে জানালো, আমাকে তারা উপরে শেলিং হচ্ছে বলে নীচে বাংকারে নিয়ে যায়। রুটিটুটি খেতে দেয়। তারা আমার সাথে ভাল ব্যবহার করে। যা হোক দ্বিতীয় ছেলেটির সাথে কয়েকবার সেটে যোগাযোগ করার চেষ্টা করলাম। পারলাম না। সে তখন তাদের সাথে আলোচনায় ব্যস্ত ছিল। তাছাড়া তারা তাকে সেটে কথা বলতে দিতে এলাউ করেনি। কিছুক্ষন পর সে যখন সেটে আসলো তখন যোগাযোগ হলো। ছেলেটি জানালো তারা সারেন্ডার করতে প্রস্তুত আছে। তখন আমি তাকে বললাম যে, আমি আর একজনকে পাঠাচ্ছি, তাদের জে-সি-ও বা অফিসার লেবেলের কাউকে তার সাথে আসতে বলো। সে গেল। যাওয়ার পর পাকিস্তান

আর্মির একজন জে-সি-ও, মিলিশিয়া কাপড় পরা, সম্ভবতঃ মিলিশিয়াই হবে-ছেলেটির সাথে এসে আমাদের সাথে যোগাযোগ করে এবং সারেন্ডার- এর কথা ব্যক্ত করে। তখন আমরা তাদেরকে সারেন্ডার-এর পদ্ধতি বলে দিই। সে ফিরে যায় এবং হাতিয়ার মাটিতে রেখে সবাইকে সারেন্ডার করায়। আমরা তাদের সব হাতিয়ার এবং সকলকে আমাদের পজিশনে নিয়ে আসি। এদের মধ্যে একজন অফিসার, ইনি সম্ভবতঃ ক্যাপ্টেন হাসান কোরেশী, একজন জে-সি-ও, এবং ১০০ জনের মত সিপাই, ৩০ জনের মত রেঞ্জার এবং কিছুসংখ্যক রাজাকার ও ছিল। এদেরকে আনা হলো। সমস্ত হাতিয়ার আনা হলো। আমরা যে হাতিয়ার পেলাম তার মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হলো এম-জি ৩৬টি এবং আরও ছোটখাট হাতিয়ার। যারা সারেন্ডার করে তাদেরকে রাখার ও খাওয়া-দাওয়ার ব্যবস্থা করা হলো। তখন সন্ধ্যা ঘনিয়ে এসেছে, আমি অবরুদ্ধ ২৪ ঘন্টা ব্যস্ত ছিলাম। খাওয়া-দাওয়া ছিল না। তাই বিশ্রামে চলে যাই। Next day morning about 8-O'clock I came back to the same place and there I found one Indian Capt. and one Indian Major. They were talking to Capt. Quoreishi etc.

যুদ্ধবন্দী আচরণ সংক্রান্ত কথাবার্তা হলো। তারপর দিন আমরা বক্সিগঞ্জ পৌছালাম। ব্রিগেডিয়ার ক্লেয়ার সেখানে একটি রেস্ট হাউজে ছিলেন। আমাকে দেখে জড়িয়ে ধরলেন এবং কনগ্র্যাচুলেশন জানালেন। বললেন Mannan, our country recognize your country as a sovereign state. Now your morale should be high. We are going to fight a real battle to the pakistanis.

বক্সিগঞ্জে তখন কোন পাকিস্তানী ছিল না। তারা জামালপুরের দিকে চলে গেল। আমি আমার মুক্তিবাহিনী নিয়ে জামালপুরের দিকে অগ্রসর হলাম। আমি আগেই বলেছিলাম তাদের দুটি ফোর্স কামালপুর বাইপাস করে চলে গিয়েছিল। এই ফোর্সগুলো যখন টাঙ্গাইলের দিকে যাচ্ছিল তখন ইন্ডিয়ান ফোর্স তাদেরকে বাধা দেয়, যেন তারা টাঙ্গাইল যেতে না পারে। তারা যখন বাধা পেল তখন এক ব্যাটালিয়ন নান্দাইল হয়ে ময়মনসিংহের দিকে যে রাস্তা ছিল সেদিকে যেতে চেষ্টা করে। তারাও বাধাপ্রাপ্ত হলো। আমি আমার ফ্রিডম ফাইটারদের নিয়ে শেরপুর হয়ে জামালপুরের দিকে অগ্রসর হচ্ছিলাম। তখন আমি প্রচন্ড গোলাগুলির শব্দ শুনতে পাচ্ছিলাম। তখন আমি নদী পার হতে পারি নি, কারণ নদীতে কোন ফেরীর বন্দোবস্ত ছিল না। আর আমি দেখতে পাচ্ছিলাম দুটি ইন্ডিয়ান এয়ারক্রাফ্ট জামালপুরের উপর ভীষণভাবে গুলিবর্ষণ করে চলেছে। আমি তুমুল গোলাগুলির আওয়াজ শুনতে পাচ্ছিলাম। প্রায় ঘন্টা দু'য়েক সংঘর্ষের পর সব শান্ত হলো। ইন দি মিন টাইম আমি ব্রহ্মপুত্র নদ ক্রস করে জামালপুর সাইডে পৌঁছে গেলাম এবং অগ্রসর হতে লাগলাম। খবর পেলাম, পাকসেনাদের পুরো কনভয় ডেস্ট্রয় করা হয়েছে এবং প্রায় ৬ জন অফিসার সহ ৩৬০ জন পাকসেনাকে সেখানে বন্দী করা হয়েছে। তাদেরকে ইন্ডিয়ান আর্মি ঘেরাও করে জামালপুর পি.টি.আই-তে রাখে। তখন আমি সেখানে যেয়ে তাদের সাথে দেখা করি। বন্দী ছয় জন অফিসারের মধ্যে একজন মেডিক্যাল কোরের সদস্য ছিলেন। আর একজন সিনিয়র মেজর ছিলেন, যিনি এই ব্যাটালিয়নের ও-সি ছিলেন। তার নাম মনে নেই, তিনি পাঠান এবং কর্নেল তাহেরের কোর্স মেট। তার সাথে কর্নেল তাহের সর্ম্পকে আলোচনা হচ্ছিল। আলাপ-আলোচনার মধ্যে একজন ইন্ডিয়ান গার্ড রেজিমেন্টের সি-ও এসে যোগ দেন। পাক সিনিয়র মেজর আমাকে প্রশ্ন করেন, Mannan, we are fighting among us. আমি জবাব দেই, স্যার আপনারা পহেলা মার্চ থেকে ২৫শে মার্চ যে হত্যাকান্ড করেছেন তার রিআ্যাকশন স্বরুপ এ ছাড়া আমাদের কিছু করণীয় ছিল না। তারপর আমি তাঁকে আরও ঘটনার কথা বললাম। তিনি বললেন Happy news that you are independent but I wish you are not like Bhutan. আমি প্রত্যুত্তরে বলি, Sir, if we can get rid of you, we can get rid of any one. We will never replace one master by another.

যাহোক, জামালপুর থেকে আমরা ময়মনসিংহের দিকে অগ্রসর হতে থাকলাম আর ইন্ডিয়ান আর্মির যে দু'টি ব্যাটালিয়ন ছিল তারা টাঙ্গাইলের দিকে অগ্রসর হলো। আমি সেই দিকে যেতে চেয়েছিলাম। কিন্তু জেনারেল নাগরা, যিনি এই ডিভিশনের কমান্ডার ছিলেন, তিনি আমাকে সেদিকে যেতে বারণ করেন। তিনি বললেন,

তোমার সেদিকে যাওয়া প্রয়োজন হবে না। তুমি বরং এখানে লোকাল এ্যাডমিনিস্ট্রেশন এবং অন্যান্য সবকিছু তদারক কর। যা হোক আমি আমি লোকাল এ্যাডমিনিস্ট্রেশন এবং সবকিছু যা যা অর্গানাইজ করার দরকার ছিল সবকিছু অর্গানাইজ করার চেষ্টা করলাম। আমি আমাদের ছেলেদের জামালপুর হাই স্কুলে ক্যাম্প করে তাদেরকে সেখানে থাকতে দিলাম। ইতিমধ্যে আমি সংবাদ পেলাম যে, জামালপুর থেকে মাইল দেড়েক দুরে পাক রাজাকার থেকে উদ্ধারকৃত ৩০০টির মত হাতিয়ার জড়ো করেছে এবং কোথায়ও সেগুলো সরিয়ে ফেলার চেষ্টা করছে। আমি সেখানে গেলাম এবং তাদের সাথে কথা বললাম। তারা জানালো এই সমস্ত হাতিয়ার পাবনা যাবে। পরে আমি সেগুলো সীজ করলাম। হাতিয়ার গুলো নিয়ে তারপরের দিন ময়মনসিংহে আসি। এসে দেখি ময়মনসিংহ ও মুক্ত। এটা আনুমানিক ১০ই ডিসেম্বর। আমার হেড কোর্য়াটার টাউন হলে খুলি এবং আমার ফৌজ অর্গানাইজ করি। তারপর সিভিল এ্যাডমিনিস্ট্রেশন চালানোর জন্য আমরা নিজেরা উদ্যোগ নিই।

১১নং সেক্টরের আরও যুদ্ধ বিবরণ*

মেজর তাহের আগস্ট মাসে ১১ নং সেক্টরে আসেন। কিন্তু এর আগে বিখ্যাত পাকবাহিনীর কামালপুর বাংকারে সদাসর্বদা ক্ষুদ্র ক্ষুদ আঘাত হানতে থাকে অল্প সামরিক শিক্ষাপ্রাপ্ত অথচ গভীর মনোবলের ভিত্তিতে গঠিত বাংলার বীর মুক্তিযোদ্ধাগণ। এখানে মাঝে মাঝে বিভিন্ন সময়ে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের জুনিয়র অফিসাররাও যুদ্ধে অংশগ্রহণ করতেন। এসময়ে তরুণ মুক্তিযোদ্ধারা কামালপুর শত্রু শিবিরে ছোটখাট গেরিলা আক্রমণ চালিয়ে কিছু কিছু করে পাক- সৈন্য হত্যা করে দস্যুদের সদা ব্যতিব্যস্ত ও সন্ত্রাসের মধ্যে রাখতো। এই সময় বাংলার স্বাধীনতার যুদ্ধক্ষেত্রে আর একটি অমর নাম শহীদ সালাউদ্দিন কামালপুর রণাঙ্গনে উপস্থিত ছিলেন। তাছাড়া অন্যান্যের মধ্যে যাদের নাম উল্লেখযোগ্য তাদের মধ্যে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ক্যাপ্টেন হাফিজ ও লেঃ মান্নান এবং মুক্তিফৌজ কমান্ডারদের মধ্যে যারা নির্দিষ্ট ভুমিকা রাখেন, তারা হচেছন কমান্ডার মুক্তা, কমান্ডার হেলাল, কমান্ডার পান্না, কমান্ডার ফয়েজুর। এর মধ্যে হেলাল কোম্পানীর একটি দিক রয়েছে। সেটা হল পাক-বাহিনীর কামালপুর বাংকারে এই শক্তিশালী পাক-ঘাটিটিকে ১১ নং সেক্টর থেকে মোট ১৮ বার ছোট-বড় আক্রমণ করা হয়েছে। তার মধ্যে হেলাল কোম্পানী মোট ১৪টি সক্রিয় অংশগ্রহণ করেছে এবং ৪ঠা ডিসেম্বর কামালপুর মুক্ত হওয়ার আগ পর্যন্ত এই কোম্পানী এখানে যুদ্ধরত অবস্থায় ছিল।

একদিন, সম্ভবতঃ ২৪শে জুলাই তারিখে, ইস্ট বেঙ্গল রেজিমেন্টের দু'জন জুনিয়র অফিসার ক্যাপ্টেন শহীদ সালাউদ্দিন ও লেঃ মান্নান কামালপুরে শত্রুশিবিরে বাংকারে সশরীরে উপস্থিত হয়ে দু'জন খানসেনাকে হত্যা করে একটা চাইনিজ ও একটা জি-থ্রি রাইফেল নিয়ে আসে।

কামালপুরে রণাঙ্গনের একটি স্মরণীয় দিন ৩১শে জুলাই তারিখ। শেষ রাত্রের দিকে কামালপুর বাংকারে এক বিরাট ধরনের দুর্ধর্ষ আক্রমণ করা হলো। এই দুর্ধর্ষ আক্রমণের নেতৃত্ব দিচ্ছেন সম্মুখভাগে ক্যাপ্টেন শহীদ সালাউদ্দিন, লেঃ মান্নান ও ক্যাপ্টেন হাফিজ। বীর মুক্তিযোদ্ধাগণ তুমুলভাবে লড়ে যাচ্ছেন এবং পিছন থেকে ব্যাক্তিগতভাবে মুক্তিযোদ্ধাদের পরিচালনা করছেন মেজন মঈনুদ্দীন। কর্নেল জিয়াও তাঁর সদর দপ্তর নিয়ে এ সময় উপস্থিত ছিলেন। মোট কথা এই দুর্ধর্ষ আক্রমণটি সেদিন খুবই গুরুত্বপূর্ণ ভুমিকা রেখেছিল। যুদ্ধক্ষেত্রে কিছুটা ভুল বুঝাবুঝি না হলে হয়তো সেই দিনই কামালপুর মুক্তিবাহিনীর দখলে আসতো- ভুল বুঝাবুঝি উৎরে যেয়ে তবুও হয়তো বা কামালপুর দখল করা সম্ভব হতো যদি সেদিন বাংলার বীর সন্তান ক্যাপ্টেন সালাউদ্দিন শহীদ না হতেন।

যুদ্ধক্ষেত্রে ক্যাপ্টেন হাফেজ একটি কোম্পানীকে কমান্ড করছিলেন। আর একটা একটি কোম্পানীকে কমান্ড করছেন স্বয়ং শহীদ সালাউদ্দিন। নির্দিষ্ট সময়ে শহীদ সালাউদ্দিন নির্ধারিত জায়গায় পৌঁছলেন কিন্তু হাফিজ

* জুলাই ১৯৭২-এর সাপ্তাহিক 'বিচিত্রা'য় প্রকাশিত ''লেঃ কর্ণেল আবু তাহের- স্বাধীনতা সংগ্রামের বীর সৈনিক'' শীর্ষক খালেদুর রহমান-রচিত প্রতিবেদন থেকে সংকলিত।

একশ গজ পিছিয়ে ছিলেন। এর মধ্যেই আরটিলারী ফায়ার শুরু হয়ে যায়। কিছুক্ষণ পর ক্যাপ্টেন সালাউদ্দিন কামালপুর ক্যাম্পের ভিতরে চলে যান এবং আরটিলারী ফায়ার বন্ধ করতে পারেন। ওদিকে ক্যাপ্টেন হাফিজ আরটিলারীকে একশগজ আগের ফায়ার দিতে বলেন এবং আরটিলারী অফিসার ক্যাপ্টেন হাফিজ সাহেবের সিগনাল ও গোলা বর্ষণ করেন। ফলে সালাউদ্দীন কোম্পানীর বেশ কিছু ছেলে হতাহত হন এবং ক্যাপ্টেন সালাউদ্দিন স্বয়ং আঘাতপ্রাপ্ত হন। তবুও তিনি দমেননি। শত্রুদের অনেকেই মারা পড়ছিল এবং কেউ কেউ পালাতে চেষ্টা করছিল ও একজন পালিয়েও ছিল। ইতিমধ্যেই শত্রুপক্ষের মেশিনগান ফায়ার পশ্চিম দিক থেকে অর্থাৎ কামালপুর পোস্ট অফিস ও গোডাউনের মাঝামাঝি থেকে সালাউদ্দীন কোম্পানীর দিকে আসতে থাকে। দুর্ধর্ষ সৈনিক সালাউদ্দীন ভেবেছিলেন ঐ এম-জিটাকে স্তব্ধ করে দিতে পারলেই বিখ্যাত কামালপুর দখলে আসবে এবং এই ভেবে তিনি একাই গিয়েছিলেন সেই এম-জিটাকে মারতে। তিনি যখন গোডাউনের কাছ থেকে ফায়ার করবেন, ঠিক সেই সময়েই পোস্ট অফিসের দিক থেকে একটি এল-এম-জি হঠাৎ গর্জে উঠলো এবং বাংলার বীর সন্তান ক্যাপ্টেন সালাউদ্দীনের বুক ঝাঁঝরা করে দিয়ে গেল। ক্যাপ্টেন সালাউদ্দীন বীরের মত শহীদ হলেন। তাঁর মৃতদেহ আনা সম্ভব হয়নি এবং তার মৃতদেহ আনতে গিয়ে ১৭জন বেঙ্গল রেজিমেণ্ট সৈন্য আহত হয়েছিলেন। পরে শোনা গেছে শহীদ সালাউদ্দীনের লাশ পাক সেনারা সামরিক কায়দায় সমাধিস্থ করেছে।

সেদিন এই র্মমন্তদ যুদ্ধে শুধু ক্যাপ্টেন সালাউদ্দীন শহীদ হননি, আরও দু'জন জুনিয়র অফিসার, ক্যাপ্টেন হাফিজ ও লেঃ মান্নান গুরুতরভাবে আহত হন এবং আরও তিনজন জুনিয়র কমিশন্ড অফিসার আহত হন। সেদিনের আক্রমণে মুক্তিবাহিনীর পক্ষে বেঙ্গল রেজিমেণ্টসহ মোট ৬১জন সৈন্য বীরের মত শহীদ হন। অপরদিকে পাকবাহিনী হারায় একজন অফিসারসহ মোট ৭০ জন সৈন্য। সেদিন কামালপুর দখল করা সম্ভব হয়নি।

তারপর অমিতবিক্রমে কামালপুর আক্রমণ করা হয়েছিল। সেদিন ছিল ৯ই আগস্ট। এই আক্রমণে মুক্তিযোদ্ধাদের ভুমিকাই বেশী। তাছাড়া বেঙ্গল রেজিমেণ্টের কিছু সৈন্যও ছিল। ৯ই আগস্ট রাত ৮-৩০ মিনিটে হেলাল কোম্পানীর ৩৭জন ছেলে বক্সিগঞ্জ-কামালপুর সড়কে এ্যামবুশ নিয়ে থাকে এবং তারা টেলিফোনের তার কেটে দিয়ে পাক বাহিনীর তার যোগাযোগ বিচ্ছিন্ন করে দেয়। এই দলের নেতৃত্ব দিচ্ছিলেন বীর মুক্তিযোদ্ধা কমান্ডার হেলাল। সেই রাত্রিটি ছিল মেঘাচ্ছন্ন, বিদ্যুৎ চমকাচ্ছিল।

এই এ্যামবুশে থাকাকালীন বক্সিগঞ্জ থেকে কামালপুর গমনরত দু'জন রাজাকারকে এইদল গ্রেফতার করে দুটি রাইফেল ও ১০ রাউন্ড গুলি উদ্ধার করে। এদের কে মহেন্দ্রগঞ্জে ক্যাম্পে পাঠিয়ে দিয়ে এই দল এখানেই এ্যামবুশে থাকে। কিছুক্ষণ এখানে এ্যামবুশে থাকার পর এই দলের টু-আই-সি বিচক্ষন লতা দেখতে পেল তাদের পজিশন থেকে দশ হাত দুরে দুজন রাজাকারসহ পাকবাহিনীর বিরাট বাহিনী পজিশন নিচ্ছে। সঙ্গে সঙ্গে লতা দিক নির্দেশ করে ফায়ার- এর আদেশ দিল। ফলে পাক দস্যুরা আর পজিশন নিতে পারেনি। ৭টা এস-এল-আর ও একটি এল-এম-জি দিয়ে বৃষ্টির মত গুলি ছুড়লো হেলাল-লতার দল। গুলির আঘাতে পাকবাহিনী দলের কমান্ডার আহত হয়ে গেল, তারপর অকথ্য মুক্তিবাহিনীর দলকে গালাগালি করতে লাগলো। ওরা সার্চ শুরু করলো। ততক্ষণে হেলাল কোম্পানীর দল ওখান থেকে উইথড্র করে চলে এসেছে। কিন্তু সবাই বিচ্ছিন্ন অবস্থায়। সবাইকে পাওয়া গেল কিন্তু লতা ও আর একটি ছেলেকে হেলাল খুঁজে পেল না। পরে ওরা রাত ১২টার সময় নির্দিষ্ট স্থানে এলো এবং খবর দিল একজন কর্নেল আহত ও ৪৭ জন পাক সৈন্য খতম হয়েছে। এই দুর্ধর্ষ আক্রমণে হেলালের কৃতিত্বের জন্য ওর কোম্পানীর নাম সেদিন টাইগার দেওয়া হয়েছিল। তারপর মেজর তাহের আগস্ট মাসের ১১ তারিখে মহেন্দ্রগঞ্জে ১১ নং সেক্টর পরিদর্শনে আসেন।

মুক্তিযোদ্ধা কমান্ডার হেলাল লেঃ কর্নেল তাহেরের নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করে কামালপুর রণাঙ্গনে অভুতপূর্ব কৃতিত্বের স্বাক্ষর রাখেন। ২৬শে অক্টোবর এক সময়ে তিনি তার দল সহকারে কর্নেল তাহেরের নির্দেশে কামালপুরের পেছনে গেদ্দা ও উঠানুরপাড়ায় পর পর তিনদিন এ্যামবুশে থেকে বিস্ফোরণ ঘটানোর কাজ করেন।

তার মাইন বিস্ফোরণে এই এলাকার পাক-বাহিনী খুবই বিপর্যস্ত হয়ে পড়ে। এক সময় এক মাইন বিস্ফোরণে ৪৫জন খান সেনা আহত হয়।

লেঃ কর্নেল তাহের এই হেলাল কোম্পানীর বিশেষ কৃতিত্ব দেখে নভেম্বর মাসে বক্সীগঞ্জ আক্রমণ করার জন্য পাঠান। এর মধ্যে কর্নঝোরাতে তিনি পাক বাহিনীর সঙ্গে এক তুমুল সংঘর্ষে ৪জন খানসেনাকে খতম করেন। বাকী খানসেনা পালিয়ে প্রাণ রক্ষা করে। ঐ সময় হলাল লেঃ কর্নেল তাহেরের নির্দেশে এই কোম্পানী ফিরে আসে এবং পরে এক প্লাটুন মুক্তিযোদ্ধা সহকারে মেলান্দাহানার পাটের গুদাম ধ্বংস করার আদেশ পায়। হেলাল কোম্পানী এই নির্দেশ মেলান্দাহর দিকে যাত্রা করে। এর মধ্যে কোন এক নদীতে পাকবাহিনী দালালদের ১২০০ মণী নৌকা ধ্বংস করে এবং পাক বাহিনীর সঙ্গে এখানে এক সংর্ঘষ বাধে। তারা তিনদিক থেকে এই হেলাল কোম্পানীকে আক্রমণ করে। তরুন মুক্তিযোদ্ধা কমান্ডার অতি বিচক্ষণাতার সাথে আক্রমণ প্রতিহত করে ১৩জন শত্রুসেনাকে খতম করেন। পরে তার বাহিনীকে এগিয়ে নিয়ে মেলান্দহ যাত্রার পথি দুরমুরির পুল ধ্বংস করেন। পুল ধ্বংসের সময় পুলরক্ষী বাহিনী ও রাজাকারদের সাথে এক সংঘর্ষে তিনি ১৭ জন রাজাকারকে খতম করে ৬টি রাইফেল উদ্ধার করে তাহেরের কাছে জমা দেন।

তারপর ১৪ই নভেম্বর। এই ঘটনাটির কথা মহেন্দ্রগঞ্জ ক্যাম্পের কয়েক হাজার মুক্তিযোদ্ধাসহ এই এলাকার বাসিন্দা ইন্ডিয়ার জনসাধারণ চিরদিন মনে রাখবে।

১৩ই নভেম্বর দিবাগত রাত্রি ৩-২০ মিনিট লেঃ কর্নেল তাহের মুক্তিফৌজ কোম্পানী কমান্ডার হেলাল, সাঈদ (লেঃ কর্নেল তাহেরের ছোট ভাই), পান্না, লেঃ মান্নান, গোয়েন্দা অফিসার মোঃ মনিরুজ্জামান, আবেদীন, ভুইয়া- এদের সবাইকে ডাকলেন এবং বল্লেন, আজকে কামালপুরে শক্তিশালী আক্রমণ করা হবে। তিনি কিভাবে কোথা থেকে আক্রমণ করা হবে তা সবাইকে বুঝিয়ে দিলেন। তিনি কোম্পানী কমান্ডারদের মোট ৮৫ জন মুক্তিযোদ্ধা নিয়ে কামালপুরের আশেপাশের কোন এক গ্রামে এ্যামবুশ নিয়ে থাকতে বল্লেন কোনরকম সাড়াশব্দ ব্যতিরেকে। তিনি আরও বলে দিলেন, তার নির্দেশ না পাওয়া পর্যন্ত যেন কোন রকম গুলি বর্ষণ করা না হয়-আর যদি পাক-বাহিনী পালাতে চেষ্টা করে, তবে যেন তাদেরকে ধরা হয়।

যথাসময়ে যুদ্ধ শুরু হয়ে গেল। যুদ্ধ পরিচালনা করছেন লেঃ কর্নেল তাহের স্বয়ং। তিনি অয়ারলেসের মাধ্যমে মুক্তিফৌজের রণাঙ্গনের খবর রাখছেন এবং প্রয়োজনীয় নির্দেশ দিচ্ছেন। সকাল ৯-৩০ মিঃ হঠাৎ তুমুল সংঘর্ষ থেমে গেল। পাকবাহিনীর ওদিক থেকে কোন রকম গুরি আসছে না। সবাই মনে করলো ওরা সবাই খতম। মুক্তিফৌজের মনে দারুণ উৎফুলভাব পরিলক্ষিত হচ্ছিলো সে সময়।এই মুক্তিযোদ্ধাদের রণাঙ্গনে কর্নেল তাহের একটি অয়ারলেস সেট নিয়ে দৌড়ে গেলেন, কি ব্যাপার। তখন তার সঙ্গে ছিল তার দুই ভাই বেলাল ও বাহার- তারা উভয়েই আসন্ন জয়ের জন্য খুবই আনন্দিত। লেঃ কর্নেল মুক্তিযোদ্ধা কমান্ডারদের জিজ্ঞাসাবাদ করছেন, ঠিক এই সময় লেঃ মিজান এস খবর দিল কামালপুর ক্যাম্প এখনই চার্জ করতে হবে। কর্নেল তাহের ভাবছেন কোন দিক থেকে কামালপুর চার্জ করা হবে। ঠিক এমন সময় একটি গোলা এসে তাঁর পায়ে লাগলো। আর্ত চিৎকারের সঙ্গে সব মুক্তিযোদ্ধা দৌড়ে ঘটনাস্থলে আসে। এসে দেখতে পায় এক অসহণীয় করুণ দৃশ্য-তাহের রণনেতা কর্নেল তাহের চিরদিনের মত তার একটি পা হারিয়েছেন। সঙ্গে সঙ্গে মুক্তিফৌজদের মধ্যে কান্নার রোল পড়ে গেল যারা নাকি কিছুক্ষণ দুর্ধর্ষ পাক সৈন্যকে হত্যা করেছে- তারা সবাই শিশুর মত কাঁদছে। কিন্তু লেঃ কর্নেল তাহের, সেই অসীম সাহসী রণনেতা, এত বড়ো কঠিন আঘাত পেয়েও একটুও বিচলিত হননি। তখন তার মাত্র চারটি কথা ছিল, (১) যুদ্ধ চালিয়ে যাও-(২) ঐ জায়গা দখল কর (যে জায়গায় তিনি আহত হয়েছেন), (৩) কামালপুর দখল করতে হবে, (৪) আমি আসছি এবং এসে যেন দেখতে পাই কামালপুর থেকে ঢাকার রাস্তা পরিষ্কার।- তারপর আহত লেঃ কর্নেলকে কাঁধে করে নিয়ে আসে অশ্রুসিক্ত চোখে মুক্তিযোদ্ধা মিঠু (এই মুক্তিযোদ্ধা খুবই কৃতিত্বপূর্ণ ভুমিকা রেখেছে কামালপুর রণাঙ্গনে), সুজা, লেঃ মিজান. ভূইয়া ও আবেদীন। তারা গারোডোবা পর্যন্ত নিয়ে আসে তাঁকে। ওখান থেকে হেলিকপ্টারে লেঃ

কর্নেল তাহেরকে ভারতের পুনার হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ডাক্তারগণ কর্নেল তাহেরকে দেখে বলেছেন- তিনি যদি জ্ঞান হারাতেন তবে তাকে বাঁচানো সম্ভব হতো না। কর্নেল তাহেরের নেতৃত্বে সেদিনের সেই কামালপুরের সবচেয়ে উল্লেখযোগ্য যুদ্ধে পাকবাহিনী ১৩৫ জন সৈন্য হারায়। ধ্বংস হয়েছিল ৬টি ট্রাক. ১টি জীপ এবং বহুসংখ্যক হাতিয়ার।

তারপর লেঃ কর্নেল তাহেরের অনুপস্থিতে এই সেক্টরটি সংযুক্তভাবে নেতৃত্ব দেন মেজর আজিজ, লেঃ মান্নান ও এয়ারফোর্সের অফিসার জনাব আবু তাহের সাহেবের বড় ভাই জনাব আবু ইউসুফ। এই সময়ে কর্নেল আহত হওয়ার পর মুক্তিযোদ্ধারা প্রতিনিয়তই কামালপুর আক্রমণ করতে থাকে।

১৬ই নভেম্বর তারিখের এক আক্রমণে খানসেনাদের মেজর রিয়াজ আহত হয় ও ১২ জন খান সেনা নিহত হয়।

২০শে নভেম্বর তারিখের আর এক আক্রমণে এই দিনের আগের রাত্রে পাকবাহিনীর রিইনফোর্সমেন্ট করার সময় ৮০ জন পাকসেনা মারা পড়ে। এই সময় প্রতিটি আক্রমণের সময়ে কামালপুরকে ঘেরাও অবস্থায় রেখে আক্রমণ করা হয়।

১লা ডিসেম্বর আর এক আক্রমণের সময় সমূহ ক্ষতির সম্মুখীন হতে হয় পাকবাহিনীকে। এখানে একটি কথা বলে রাখা দরকার যে, কোম্পানী কমান্ডার হেলালসহ মেজর তাহেরের সহোদর বড় ভাই জনাব আবু ইউসুফ, ছোট ভাই কমান্ডার সাইদ (এক্সপ্লোসিভ এক্সপার্ট), বেলাল বাহার (এক্সপ্লোসিভ এক্সপার্ট) ও আনোয়ার হোসেন (এক্সপ্লোসিভ এক্সপার্ট)- এই পাঁচ ভাই প্রত্যেকটি যুদ্ধে অংশগ্রহণ করেছেন।

৪ঠা ডিসেম্বর কয়েকজন অফিসারসহ বেলুচ, পাঠান এবং পাঞ্জাবী সৈন্য-মোট ১৬২ জন পাক সৈন্য মুক্তিফৌজ ও মিত্রবাহিনীর কাছে আত্মসর্মপণ করে।

পাক বাহিনীর শিবিরে গিয়ে অসীম সাহসী মুক্তিযোদ্ধা সঞ্জু বাকযুদ্ধে অবতীর্ণ হয়েছিল। শেষ পর্যন্ত তারই জয় হয়। পাকবাহিনীর অফিসারকে দিয়ে সারেন্ডারপত্র সই করিয়ে সঞ্জুই প্রথম বাংলাদেশের পতাকা উড়ায়। তারপর ৬ তারিখে বক্সীগঞ্জ ও মোরাপুর মুক্তিবাহিনীর দখলে আসে। ৭ তারিখে দখল হয় দেওয়ানগঞ্জ ও বাহাদুরাবাদ ঘাট। এই বাহাদুরাবাদ ঘাট দখল কারী কমান্ডার ফয়েজুর রহমান জামালপুরের দিকে অগ্রসর হন। তারপর তুমুল সংঘর্ষে ৪০ জনের মতে পাকসেনা নিহত এবং ৬০০ জনের উপর শত্রুসেনা বন্দী হলে ১১ই ডিসেম্বর সকাল বেলা তিনিই জামালপুরের বুকে প্রথম স্বাধীনতার পতাকা উঠান। তারপর মেজর আজিজ লেঃ কর্নেল তাহেরের পরিকল্পনা অনুযায়ী টাঙ্গাইলের পথে রওনা হন।

শিরোনাম	সূত্র	তারিখ
২১। 'জেড' ফোর্স গঠন ও তার যুদ্ধ তৎপরতা।	বাংলা একাডেমীর দলিলপত্র	.....১৯৭১

সাক্ষাৎকারঃ মেজর অলি আহমেদ*

মুক্তিযুদ্ধে বাংলাদেশের প্রথম ব্রিগেড 'জেড' ফোর্স গঠিত হয় ৭ই জুলাই। মেজর জিয়াউর রহমানের নামানুসারে এই ব্রিগেডের নামকরণ করা হয় 'জেড' র্ফোস (জিয়া র্ফোস)। বাংলার স্বাধীনতা যুদ্ধে 'জেড' র্ফোস এক বিশেষ অবদান রেখেছে। এই ফোর্সে তিনটি নিয়মিত পদাতিক বাহিনী ছিলো- যথাক্রমে ১ম ইস্ট বেঙ্গল, ৩য় ইস্ট বেঙ্গল এবং ৮ম ইস্ট বেঙ্গল ব্যাটালিয়ন। ব্রিগেড কমান্ড করেন তৎকালীন মেজর জিয়াউর রহমান (বর্তমান মেজর জেনারেল)। আমি নিজে ব্রিগেডের ব্রিগেড মেজরের দায়িত্ব পালন করি।

১ম ইস্ট বেঙ্গল রেজিমেন্টে যেসব অফিসার কর্তব্য পালন করেছিলেন তাঁরা হলেনঃ

কমান্ডিং অফিসারঃ মেজর মঈনুল হোসেন চৌধুরী। আগস্ট মাস থেকে মেজর জিয়াউদ্দিন এই ব্যাটালিয়নের দায়িত্ব নেন। মেজর জিয়াউদ্দিন পাকিস্তান থেকে পালিয়ে এসে বাংলার মুক্তিযুদ্ধে অংশ নেন।

সেকেন্ড-ইন-কমান্ডঃ ক্যাপ্টেন বজলুল গণি পাটোয়ারী এ্যাডজুট্যান্ট এবং কোর্য়াটার মাস্টারের দায়িত্ব পালন করেন ফ্লাইট লেফটেন্যান্ট লিয়াকত আলী খান।

ব্যাটালিয়নে ৪টি কোম্পানী যাঁরা কমান্ড করেছেন তাঁরা হলেনঃ

'এ' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন মাহবুব।

'বি' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন হাফিজউদ্দীন।

'সি' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন আব্দুল কাইয়ুম চৌধুরী।

'ডি' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন বজলুল গণি পাটোয়ারী।

লেঃ আনিসুর রহমান এবং লেঃ এম, ওয়াকার হাসানও এই ব্যাটালিয়নে কাজ করেছেন।

৩য় বেঙ্গল ব্যাটালিয়নে যাঁরা দায়িত্ব পালন করেছেন তাঁরা হলেনঃ

কমান্ডিং অফিসারঃ মেজর শাফায়েত জামিল।

সেকেন্ড ইন- কমান্ডঃ ক্যাপ্টেন মহসীন।

'এ' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন আনোয়ার হোসেন।

'বি' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন আকবর হোসেন।

'সি' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন মহসীন।

'ডি' কোম্পানী কমান্ডারঃ লেঃ নুরুন্নবী চৌধুরী।

* ১৯৭১ সালে ক্যাপ্টেন হিসেবে ৮ বেঙ্গলে কর্মরত ছিলেন।

এছাড়া লেঃ মঞ্জুর, লেঃ ফজলে হোসেন, ফ্লাইট লেফটেন্যাণ্ট আশরাফুল আলম প্রমুখ অফিসার এই ব্যাটালিয়নের বিশেষ ভূমিকা পালন করেন। এই ব্যাটালিয়নে নায়েক সুবেদার আজিজের নেতৃত্বে একটি সার্পোট প্লাটুনও ছিল।

৮ম বেঙ্গলে যেসব অফিসার কমান্ড করেছেন তাঁরা হলেনঃ

কমান্ডিং অফিসারঃ মেজর এ, টি, এম আমিনুল হক।

সেকেন্ড ইন- কমান্ডঃ ক্যাপ্টেন খালেকুজ্জামান চৌধুরী।

'এ' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন খালেকুজ্জামান চৌধুরী।

'বি' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন সাদেক হোসেন।

'সি' কোম্পানী কমান্ডারঃ ক্যাপ্টেন মোদাসসের হোসেন।

'ডি' কোম্পানী কমান্ডারঃ লেঃ মাহবুবুর রহমান।

এছাড়া লেঃ এমদাদুল হক, লেঃ কাজী মনিবুর রহমান, লেঃ ওয়ালি-উল ইসলাম, লেঃ বাকের প্রমুখ তরুণ অফিসাররা এই ব্যাটালিয়নে কাজ করেন।

'জেড' ফোর্স কামালপুর, বাহদুরাবাদ ঘাট, দেওয়ানগঞ্জ থানা, চিলমারী, হাজীপাড়া, ছোটখাল, গোয়াইনঘাট, টেংরাটোলা,গোবিন্দগঞ্জ, সালুটিকর বিমানবন্দর, ধলাই চা-বাগান, ধামাই চা-বাগান, জাকিগঞ্জ, আলি ময়দান, এম সি কলেজ, ভানুগাছা, কানাইয়ের ঘাট, বয়মপুর, ফুলতলা চা-বাগান, বড়লেখা, লাতু, সাগরনাল চা-বাগান ইত্যাদি স্থানে পাকসেনাদের সঙ্গে সংঘর্ষে নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করে।

সাক্ষাৎকারঃ মেজর আমিন আহমদ চৌধুরী*
'জেড' ফোর্সের অপারেশনসমূহঃ ১ম ইস্ট বেঙ্গলের কামালপুর যুদ্ধ

মুক্তি সংগ্রামে শত্রুর সাথে মুখোমুখি লড়াই শুরু করি আগস্ট'৭১-এর পর থেকে। এর আগে আমরা ছিলাম ডিফেন্সে, আর শত্রুরা আমাদের উপর আক্রমণ করতো। বিলোনিয়া যুদ্ধের পর থেকে শত্রুরা আত্মরক্ষামূলক যুদ্ধের ভুমিকা গ্রহণ করে, আর আমরা আক্রমণকারীর। আমাদের ব্রিগেডের ('জেড' ফোর্স) প্রথম আক্রমণ পরিচালনা করেন মেজর (বর্তমানে লেঃ কর্নেল) মইনুল ইসলাম চৌধুরী। (১ম ইস্ট বেঙ্গল) ডেলটা কোম্পানী নিয়ে ক্যাপ্টেন সালাউদ্দীন মমতাজ ও ব্রেভো কোম্পানী নিয়ে ক্যাপ্টেন হাফিজ এ আক্রমণের ব্যুহ রচনা করেন। আর ক্যাপ্টেন মাহবুব (পরে সিলেট রণাঙ্গনে শহীদ হন) কাট-অফ পার্টি নিয়ে ওঁৎ পেতে বসেন শত্রুর ডিফেন্সের পেছনে। আক্রমণ করাকালীন একটি বস্তুর প্রয়োজন হয় বেশী, তা হলো সিংহহৃদয়। ইংরেজীতে যাকে বলে লায়নর্হাট। ডিফেন্সে যারা থাকে তারা বাংকারে থাকে, ফলে স্বভাবতই ছোট ছোট হাতিয়ার এমন কি ডাইরেক্ট আর্টিলারী শেল থেকে রক্ষা পায়। সে জন্যই সাধারনতঃ দেখা যায় যে, একটি ডিফেন্সকে আর্টিলারী থেকে শুরু করে ট্যাংক ও বিমান হামলা করে সেই ডিফেন্সকে তছনছ করে ফেলার পরেও মাত্র দু-একজন সাহসী যোদ্ধা অকুতোভয় মনোবলে বলীয়ান হয়ে বাংকার থেকে সেই প্রচন্ড গোলাগুলির মাঝে মাথা নিচু করে মুখ থুবরে পড়ে না থেকে আক্রমণকারীর আক্রমণ সম্পূর্ণরুপে ব্যর্থ করে দেয়। সকল প্রকার সুষ্ঠ আক্রমণই ব্যর্থ হয়ে যায় যদি পূর্বাহ্নে পরিকল্পনা গ্রহণ না করা হয়। আর সুষ্ঠ পরিকল্পনা নেওয়া তখনই সম্ভব হয় যখন কমান্ডার নিজে চুপি চুপি শত্রুশিবির দেখে আসে। মিলিটারী ভাষায় এই চুপি চুপি দেখে আসার নাম হচ্ছে রেকি পেট্রোলিং। বাংলা মায়ের দামাল ছেলে ক্যাপ্টেন সালাউদ্দিন মমতাজ ছিলেন এক অভূতপূর্ব ব্যতিক্রম, অনন্যসাধারণ সৈনিক- পাকিস্তানের

* ১৯৭১ সালের মার্চে ক্যাপ্টেন পদে কর্মরত ছিলেন।

কোয়েটা থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহে পালিয়ে এসে মুক্তিবাহিনীতে যোগ দেন- যোগ দেওয়ার পর থেকে শত্রুর উপর প্রচন্ড আঘাত হানার জন্য অস্থির হয়ে পড়েন।

ময়মনসিংহের কামালপুর বি-ও-পি ছিল শত্রুদের দুর্ভেদ্য ঘাঁটি, কারণ জল ও স্থল উভয় পথেই কামালপুর- ময়মনসিংহ- ঢাকা সড়কের প্রবেশদ্বার ছিল এ কামালপুর। তাই শত্রুরা এখানে বাংকারগুলো অত্যন্ত মজবুত করে তৈরী করে। বাংকারের প্রথম আস্তরে মাটি ও টিনের দেয়াল, তারপর ৬ ইঞ্চি থেকে ১ ফুট ব্যবধানে রেলের লোহার বীম। এই একই প্রকার ব্যবধানে পাকা সিমেন্টের আস্তর। বাংকারের ওভারহেড কাভারের বেলায়ও একই প্রকার প্রস্তুতি নেওয়া হতো- প্রত্যেকটি বাংকারই প্রায় ঘরের মত উঁচু, অন্যদিকে সমস্ত ডিফেন্স টানেলের মারফত যোগাযোগের ব্যবস্থা ছিল। এদিকে মাইন, বুবিট্র্যাপ ও বাঁশের কঞ্চি সমস্ত ডিফেন্সটিকে দুর্ভেদ্য দুর্গের মত করে রেখেছিল। পরপর দুদিন রেকি করার পরেও সালাউদ্দীন স্বচক্ষে শত্রুশিবির দেখার জন্য লেঃ মান্নানকে সাথে করে তৃতীয়বারের মত রেকি পেট্রোলিং নিয়ে নিজে শত্রুশিবিরের দিকে গেলেন। বি-ও-পি'র কাছে পৌঁছে জমির আলীর উপর লেঃ মান্নান, সুবেদার হাসিম, নায়েক শফি, ও দলের অন্যান্য সবাইকে রেখে শুধু সুবেদার হাইকে সঙ্গে করে শত্রুর বাংকারগুলো রেকি করতে গেলেন। বলাবাহুল্য, পাকিস্তানীরা রাত্রিতে সব সময় সেকেন্ড ডিফেন্সে চলে যেত। কামালপুর রণাঙ্গনে শত্রুরা সাধারণতঃ দিনের বেলায় অনেক এলাকা জুড়ে ডিফেন্স নিয়ে থাকত, কিন্তু রাত্রিবেলায় দূরের বাংকারগুলো ছেড়ে দিয়ে ছোট অথচ ঘন ডিফেন্সে চলে যেত। খালি বাংকারগুলি দেখে সালাউদ্দীন ও হাই আরও ভিতরে চলে গেলেন। এমতাবস্থায় দুজন শত্রুসেন সম্ভবতঃ পেট্রোলিং করে ফিরে আসার সময় এদের দুজনের মুখোমুখি হয়ে পড়ে। একশত পাঁচ পাউন্ড ওজন আর ৫'-৫'' উচ্চতা বিশিষ্ট ক্যাপ্টেন সালাউদ্দীন মুহূর্তে ঝাঁপিয়ে পড়ল লম্বা খানসেনার উপর, যার হাতে ৩০৩ রাইফেল। অন্ধকারে খানসেনা ভ্যাবাচ্যাকা খেয়ে ''আমি খালেদ'' বলে নিজেকে সঙ্গীর কবল থেকে ছাড়াতে গিয়ে নিজের ভুল বুঝতে পারল সে। আসলে তারা মুক্তিবাহিনী দ্বারা আক্রান্ত হয়েছে। মুহূর্তের মধ্যে খানসেনা সালাউদ্দীনের হালকা দেহ মাটিতে ফেলে দিয়ে গলা টিপতে শুরু করল। সালাউদ্দীন 'মান্নান' বলে চিৎকার করে উঠলেন। মান্নান ছুটে এসে স্টেন ধরে জিজ্ঞেস করলো ''উপরে কে?'' সালাউদ্দীন গোংড়ানীর স্বরে বললো ''উপরো তো ঐ শালা''। লেঃ মান্নান গাব গাছের নিচে তাড়াতাড়ি পজিশন নিলেন। এদিকে সুবেদার হাইকে 'হ্যান্ডস আপ' বলার সাথে সাথে রাইফেলের বাঁট দিয়ে আঘাত করে খানসেনার জি-থ্রি রাইফেল কেড়ে নিলেন। কিন্তু খানসেনা মুহূর্তের মধ্যে পেছনের বাংকারে ঢুকে পড়লো। আর নায়েক শফি, যে এতক্ষণ ইতস্ততঃ করছিল গুলি করবে কি করবে না (কেননা ঘুটঘুটে অন্ধকারে কার গায়ে গুলি লাগে বলা মুশকিল), মুহূর্তের মধ্যে ধাবমান শত্রুর দিকে গুলি ছুড়ল। অবশ্য ওই গুলি হাই ও খানসেনার মাঝখান দিয়ে চলে যায়। এদিকে শত্রুর বাংকার থেকে গুলি ছুড়ল। সম্ভবতঃ অন্ধকারে ঠাহর করতে পারেনি বলে বাঁ পাশের দালানে গিয়ে লাগে। সংগে সংগে হাই বাংকার লক্ষ্য করে স্টেনের এক ম্যাগাজিন গুলি ছুড়ল। গুলি ছুড়ে জি-থ্রি রাইফেলসহ ক্যাপ্টেন সালাউদ্দীনের দিকে এগিয়ে এলো। গাবগাছের পাশ দিয়ে যাবার সময় মান্নান আস্তে করে জিজ্ঞেস করলো- কে? ত্বরিত বেগে 'আমি হাই' বলে সালাউদ্দীনের উপরে অবস্থানরত খান সেনাকে স্টেনের ব্যালে দিয়ে গুঁতো দিল। উপরের লোকটি সালাউদ্দীনকে ফেলে দৌড়াতে শুরু করল। সুবেদার হাই ওকে লক্ষ্য করে গুলি ছুড়ল। অতঃপর রাইফেল দুটি নিয়ে ওরা ত্বরিত বেগে শত্রুশিবির ত্যাগ করে।

নিশ্চিত মৃত্যুর মুখ থেকে বেঁচে এসে সালাউদ্দীনের সাহস গেল আরও বেড়ে । এ রেকী পেট্রোলিং থেকে দুটি জিনিস বিশেষভাবে পরিলক্ষিতহয়। তাহলো, সুবেদার হাই ও ক্যাপ্টেন সালাউদ্দীনের অদম্য সাহস ও অদ্ভুদ প্রত্যুৎপন্নমতিত্ব। কিন্তু এতে আবার একটি গুরুত্বপূর্ণ গোপনীয়তা প্রকাশ পায় যে মুক্তিবাহিনীর আক্রমণ আসন্ন, ফলে রাতারাতি শত্রুরা তাদের সৈন্য সংখ্যা বাড়িয়ে ফেললো, তাতে করে কামালপুরে পাকবাহিনীর ৩১- বেলুচ ব্যাটালিয়নের সৈন্য সংখ্যা দাঁড়ালো দুই কোম্পানীতে (রাজাকার ছাড়া)। দুদিন পর ৩০-৩১শে জুলাই প্রথম ইস্ট বেঙ্গল (সিনিয়র টাইগার) রাতের আঁধারে রওনা হলো। প্রথমে সালাউদ্দীনের ডেল্টা কোম্পানী, ফলো আপ কোম্পানী হলো ক্যাপ্টেন হাফিজের ব্রাভো, যার পিছে হলো ব্যাটালিয়ন 'আর' গ্রুপ এবং এই 'আর' গ্রুপে ছিলেন

মেজর (বর্তমানে লেঃ কর্নেল) মঈন এবং তার সাথে ছিলেন কর্নেল (বর্তমানে মেজর জেনারেল) জিয়াউর রহমান। সম্ভবতঃ ব্রিগেডের প্রথম এ্যাটাক সরেজমিনে তদারক করার জন্য কর্নেল জিয়া নিজেও এ্যাটাকিং ট্রুপসের সাথে রওনা হন। আক্রমণের এইচ-আওয়ার ছিল ৩০/৩১শে জুলাই-এর রাত ৩-৩০ মিনিট। কিন্তু গাইডের অভাবে প্রথম ইস্ট বেঙ্গল এফ-ইউ-পি' তে সময়মত পৌঁছাতে পারেনি। ফলে ৩-৩০ মিনিটের সময় টাইমপ্রোগ্রাম মোতাবেক আমাদের নিজস্ব আর্টিলারী ফায়ার যখন শুরু হয় (ফায়ারের সংকেতধ্বনি ছিল হিস করে অয়ারলেসের উপর শব্দ করা) তখনও আমাদের ছেলেরা এফ-ইউ-পি' তে পৌঁছার জন্য প্রাণপণ দৌড়াচ্ছে। কাদামাটিতে এতগুলো লোকের এই দৌড়াদৌড়ির ফলে যথেষ্ট শব্দ হয়, তাতে করে দুশমনের পক্ষে আক্রমণের ডাইরেকশন নির্ধারণ করা একেবারে সহজ হয় এবং নিমেষের মধ্যে তাদের আর্টিলারী ফায়ার এসে পড়তে থাকে। এদিকে প্লাটুন পর্যায়ে ডেপথ (টু-আপ) হওয়ার ফলে লোক আগে-পিছে হয়ে যায়। ফলে কমান্ড কন্ট্রোল কায়েম করা মুশকিল হয়ে পড়ে। অন্যদিকে এসেম্বলি এরিয়া থেকে পূর্ব নির্ধারিত এফ-ইউ-পি' তে আসার মাঝপথে আমাদের নিজস্ব আর্টিলারী ফায়ার শুরু হওয়াতে প্রথম ইস্ট বেঙ্গল তৎক্ষণাৎ সেই অবস্থাতেই কোনক্রমে ফর্ম-আপ হতে থাকে। ফলে সে কি চিৎকার আর হট্টগোল। আবার ডাইরেকশনের অভাবে এডভান্স করাকালীন একে অন্যের উপর চড়ে বসে। আর অপেক্ষাকৃত নীচু কর্দমাক্ত জমির উপর আসার সাথে সাথে পাকিস্তানী ও আমাদের যুগ্ম আর্টিলারী ক্রস-ফায়ারিং-এর নীচে আসার ফলে আমাদের বেশকিছু ছেলে হতাহত হয়ে পড়ে। অন্যদিকে অয়ারলেস সেট জ্যাম হওয়াতে সংযোগ সম্পূর্ণরুপে বিচ্ছিন্ন হয়। তাতে বিশৃঙ্খলা চরমে পৌঁছায়। অবস্থা দেখে মনে হচ্ছিল হাটবাজার বসেছে আর নীলকর আদায়কারী সাহেবদের দেখে কে কোথায় পালাবে পথ পাচ্ছে না। এ অবস্থায় প্রথম ইস্ট বেঙ্গলের পক্ষে আক্রমণের ব্যূহ রচনা করা আদৌ সম্ভব ছিল না। বরং সৈন্যদের পক্ষে পালিয়ে আসাটাই অত্যন্ত স্বাভাবিক ছিল। কারণ ।এ্যাটাকিং ট্রুপস যদি ঠিকমত ফর্ম-আপ না হতে পারে তবে তাদের পক্ষে আক্রমণ করার প্রশ্নই ওঠেনা। ১৯৬৫ সনের যুদ্ধে বার্কি সেকটর বিআরবি'র ওপারে ভারতের এক ডিভিশন সৈন্য যখন ফর্ম-আপ হচ্ছিল তদানীন্তন পাকিস্তান তিনটি মাত্রা ট্যাংক আচম্বিতে সে সৈন্যদলের উপর হামলা চালায়। ফলে, ভারতীয় পালিয়ে যায়। যুদ্ধের ময়দানে এ ঘটনা অহরহ ঘটেছে এবং ঘটবে। এদিকে কর্নেল জিয়াউর রহমান বাঘের মত গর্জে উঠলেন,'কাম অন, এ্যাট এনি কস্ট উই উইল লাঞ্চ দি এ্যাটাক'। মেজর মঈন (বর্তমানে লেঃ কর্নেল) অয়ারলেস ছেড়ে গলা ফাটিয়ে চিৎকার করছিলেন। আর ক্যাপ্টেন সালাউদ্দীন ও হাফিজ এক প্রান্ত থেকে আরেক প্রান্তে ছুটে বেড়াচ্ছেন। সে এক অদ্ভুত দৃশ্য। একদিকে প্রথম ইস্ট বেঙ্গল প্রসিডিউরের চামড়া পর্যন্ত তুলে ফেলছে, অন্যদিকে ক্যাপ্টেন সালাউদ্দিন মেগাফোনে বাংলা-ইংরেজী-উর্দুতে মিশিয়ে অকথ্য ভাষায় গালি দিচ্ছিল তার সৈন্যদলকে। কারুর বা কলার ধরে লাইন সোজা কারে আগের দিকে (টারগেটমুখী) মুখ করে দিচ্ছে, আর কাউকে বা হাফিজ স্টেনের বাঁট দিয়ে মারছে। মোগল-রাজপুতের প্রথম যুদ্ধে আশিটি যুদ্ধে বিজয়ী রানা সংগ্রাম সিংহের বিপুল রণাভিঙ্গ সৈন্যবাহিনীকে দেখে আকারে ছোট মোগল বাহিনী ভড়কে গিয়েছিল যুদ্ধের প্রারম্ভেই। কিন্তু ভেলকিবাজির মত বাবর সে সৈন্যবাহিনীকে বাগে এনে বিপুল বিক্রমে আক্রমণ করে শেষ পর্যন্ত জয়ী হন। তাই সামরিক নেতা হিসাবে ইতিহাসে বাবরের স্থান অতি উঁচুতে । ক্যাপ্টেন সালাউদ্দীন ও হাফিজের কৃতিত্ব বুঝি সেখানেই। মাঝে বিশৃংখলার মাঝে শুধুমাত্র মনের জোর ও অদম্য সাহসে বলীয়ান হয়ে সালাউদ্দিন ও হাফিজ প্রতিবন্ধকার ও প্রতিকূলতা অতিক্রম করে নিজ নিজ কোম্পানীকে অভীষ্ট লক্ষ্যে উপনীত সক্ষম হন এবং নিঃসন্দেহে মুক্তিযুদ্ধের ইতিহাসে সর্বশ্রেষ্ঠ আক্রমণ সুচারুরূপে সম্পন্ন করেন। যুদ্ধের ময়দানে ফলাফলটা সকল সবকিছুর সবকিছুর পরিমাপক নয়, বরং ঘটনাটি কিভাবে সংঘটিত হলো সেটাই সবচেয়ে লক্ষণীয়।

দ্বিতীয় মহাসমরে মন্টগোমারীর কাছে রোমেল চরমভাবে মার খেলেন। দিনের পর দিন, রাতের পর রাত, মাসের পর মাস, মাইলের পর মাইল পশ্চাদপসরণ অভিয়ান অব্যাহত রাখতে হয়েছে রোমেলকে সাহারার দুস্তর মরুর পথে পথে। অথচ মন্টগোমারীর বিজয়াভেযানের চেয়ে রোমেলের সেই পশ্চাদভিযানই সকলের মনে অণুপ্রেরণা যোগায়। তাই বুঝি রোমেল শুধুমাত্র রোমেলই।

এফ- ইউ- পি'র চরম বিশৃংখলা থেকে সামান্য রেহাই পেয়ে প্রথম বেঙ্গল সবেমাত্র অগ্রসর হয়েছে অমনি পাকিস্তানী আর্টিলারীর সেলভো ফায়ার এসে পড়লে, সংগে সংগে আমাদের হতোদ্যম সৈন্যরা মাটিতে শুয়ে পড়ল- শেষ মুহুর্ত বুঝি আর আক্রমণ করা সম্বব হলো না দেখে ক্যাপ্টেন সালাউদ্দীন একেবারে দিশেহারা হয়ে পড়লেন। একদিকে সমগ্র বাংগালী জাতির মান-ইজ্জতের প্রশ্ন অন্যদিকে দুশো ছেলের জীবন। সালাউদ্দীল তার "ক্ষ্যাপা, দুর্বাসা ছিন্নমস্তা চন্ডী-রনদা সর্বনাশী, জাহান্নামের আগুরে বসে হাসছে পুষ্পের হাসি"- মারছে লাথির পর লাথি। কারো বা কলার চেপে ধরে অকথ্য ভাষায় গালি দিচ্ছিল- 'বেশরম' বেগায়রত, শালা নিমকহারামির দল- আগে বাড়ো'। আবার সৈন্যদলের মন চাংগা করার জন্য নিজের অবস্থান জাহির হয়ে যাবে জেনেও পাকবাহিনীকে লক্ষ্যে করে মেগাফে নে উর্দুতে বলেছিল, 'আভিতক ওয়াকত হায়, শালালোকে সারেন্ডার করো। নেহীতো জিন্দা নেহি ছোড়েংগা। "তার পরের ইতিহাস প্রতিটি বাংগালীর প্রতিটি বাংগালীর গৌগালীর গৌরবের ইতিহাস। এ যেন শুধুমাত্র ইতিহাস নয়, মুক্তিকামী মানুষের প্রালবন্যার ইতিহাস। বাংগালী সৈন্যরা তখন ছুটছে ঝড়ের মতো করতালি দিয়ে স্বর্গমর্ত্য করতলে। বঙ্গোপসাগরের উত্তাল তরঙ্গমালার মত প্রথম ইস্ট বেঙ্গল মূহুর্তের মধ্যে ভাসিয়ে দিল পাক বাহিনীর ডিফেন্সের প্রথম সারির বাংকারগুলো। সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগারের মত গুরুগর্জন করে সিনিয়র টাইগার 'জয় বাংলা' আর 'আকবর' ধ্বনিতে প্রকম্পিত করে তুললো যুদ্ধের ময়দানকে। বাংকার অতিক্রম করে বিশ-পঁটিশটা ছেলে কমিউনিটি সেন্টার ঢুকে পড়লো। তাদের মাত্র দু- একজন আহত অবস্থায় ফেরত আসতে পেরেছিল আর বাকি সবাই হাতাহাতি যুদ্ধে শাহাদৎ বরণ। প্রচন্ডভাবে তখন হাতাহাতি যুদ্ধ চলছে। বাঘের থাবাকে য়ত্রতত্র ভূপাতিত পাকসৈন্যরা। পিছনে কখন আমাদের পক্ষের লাশ আসা শুরু হয়ে গেছে। কর্নেল জিয়া তখন কলছেন, আই উইল একসেপ্ট নাইনটি ফাইভ পারসেন্ট ক্যাজুয়েলটি বাট... দেম আউট মঈন'। আহত ক্ষতবিক্ষত জোয়ানরা বলেছে, 'স্যার-নিয়ে এলেন কেন? আর সামান্য বাকী- কি হত আমি না হয় মরে যেতাম।' গর্বে বুক ফুলে উঠছিল। পিছনের উঁচু পাহাড়ে দাঁড়িয়ে থাকা দর্শকেরাও বুঝতে পারছিলেন বাঙ্গালীরা শুধু বসে বসে (এমনকি না খেয়ে) কবিতা লিখে কিংবা গাল-গল্প করে আর শ্লোগান দিয়ে ভাবালুতার মাঝে দিন কাটায় না। যুদ্ধও করতে জানে বৈকি। আজকে শুধু আফসোস হচ্ছে যে, আজকের পেপার-টাইগার যদি সেদিন যুদ্ধের ময়দানে থাকতেন তবে সম্ভবত আজ আর তারা আমাদেরকে 'খোদার খাসী' রলার দুঃসাহস প্রকাশ করতেন না। ক্যাপ্টন সালাউদ্দীনের গায়ে তখনও সেই রিলিফের সাদা শার্টটা ছিল। মহানগরীর নিউ মার্কেটে গিয়ে মার্কেটিং করার অবসর তার ছিল না, না ছিল সংগতি কিংবা তেমন নীচু মনোবৃত্তি। তবে হ্যাঁ, বন্য পশুদের মত আমরা জঙ্গলে জঙ্গলে ঘুরেছি। তাই বুঝি লুঙ্গি মালকোচা বেঁধে সিভিল অফিসার তৌফিক এলাহি যশোর রণাঙ্গনকে কাঁপিয়ে রাখতে সমর্থ হয়েছিলেন।

এদিকে মাইন-ফিল্ডে ফেঁসে যাওয়া সুবেদার হাই-এর প্লাটুনের ডানে অবস্থানরত ক্যাপ্টেন সালাউদ্দীন বুঝতে পারলেন যে, শত্রুরা মাইন-ফিল্ডের পেছনের বাংকারগুলো ছেড়ে দিয়ে পেছনে সেকেন্ড লাইনে সরে গিয়ে কাউন্টার এ্যাটাকের প্রস্তুতি নিচ্ছে। ক্যাপ্টেন সালাউদ্দীন মেগাফোনে হাইকে প্লাটুনের নিয়ে ডানে যেতে বললেন। প্রথম আক্রমণ শুরুকালে সুবেদার হাই-এর লোকসংখ্যা ছিল ৪০ জন। কিন্তু লক্ষ্যে পৌঁছা পর্যন্ত সংখ্যা দাঁড়াল ১৫ হতে ২০ জনে। এদিকে মাইনের আঘাতে নায়েক শফির হাত উড়ে গেল আর ধারমান শত্রুদের পিছু নেওয়াকালে জোয়ানরা বারবার সালাউদ্দীনকে অনুরোধ করলো,'স্যার, পজিশনে যান' (মাটিতে শুয়ে পড়া)। সালাউদ্দীন ধমকে উঠলো 'বেটা-স্যার করে চিৎকার করিস না, মত্রুরা আমার অবস্থান টের পেয়ে যাবে। চিন্তা করিস না তুই বেটা আমার কাছে এসে দাঁড়া, গুলি লাগবে না, ইয়াহিয়া খান আজও আমার জন্য গুলি বানাতে পারেনি। দু'দিকে বৃষ্টির মত গুলির মাঝে দাঁড়িয়ে একাথা বলা চাট্টিখানি ব্যাপার নয়। তাই বুঝি আজও ১ম ইস্ট বেঙ্গল রেজিমেন্ট কেঁদে কেঁদে খুঁজে বেড়াচ্ছে তাদের প্রাণপ্রিয় সালাইদ্দিনকে। দ্বিতীয় বার মেগাফোনে 'হাই' বলার সাথে সাথে ক্যাপ্টেন সালাউদ্দীনের সামনে ২/৩টি বোমা এসে পড়লো। মুহূর্তের মধ্যে সালাউদ্দিন ধরাশায়ী হলেন । তার দেহটা প্রথম বামে, পরে আধা ডানে ও শেষ দড়াম করে পেছনের দিকে পড়ে গেল। আশপাশের জোয়ানরা ছুটে আসে, 'স্যার, কলেমা পড়েন' কিন্তু বাংলার একান্ত গৌরব সালাউদ্দীন উত্তর দিল, 'আমার কলেমা পড়ার দরকার নেই। খোদার কসম, যে পেছনে হটবি তাকে গুলি করবো।' তারপর বিড় বিড়

করে আবার বলে উঠলো, 'মরতে হয় এদেরকে মেরে মর-বাংলাদেশের মাটিতে মর।' এমন মরণ দুনিয়ার ইতিহাসে যে বিরল তা হয় তবে এ মৃত্যুতে আছে আনন্দ, আছে গর্ব। উঁচু মাটির টিঁবিতে পড়ে থাকা সালাউদ্দীনের লাশটা ২/৩ জন জোয়ান শত্রুর এলাকা থেকে টেনে আনতে চেষ্টা করলো, কিন্তু ব্যর্থ হয়ে সকলেই মৃতুবরণ করে। পরিশেষে একটি বিহারী ছেলে ৮টি গুলি খেয়েও শেষবারের মত চেষ্টা করে নিজে গুরতরভাবে আহত হয় এবং লাশটি আনতে ব্যর্থ হয়। সালাউদ্দীনের গায়ে তখনও সেই সাদা শার্টটা ছিল যা তার খুলে ফেলার কথা ছিল, কারণ, সাদা শার্ট রাত্রিবেলায় বেশী দেখা যায়। শেষ পর্যন্ত ক্যাপ্টেন সালাউদ্দীনের ঘড়ি, স্টেন ও অন্যান্য কাগজ নিয়ে আসা হয়।

ওদিক ক্যাপ্টেন হাফিজ বেঁচে গেলেন অলৌকিভাবে। হাতের স্টেন তোপের মুখে উড়ে গেলেও সামান্য আহত হয় বাংলাদেশের শ্রেষ্ঠ ফুটবলার বেঁচে গেলেন, কিন্তু ৬০০ গজ পিছনে এফ-ইউ-পি তত্ত্বাবধানে কর্মরত লেঃ মান্নান উরুতে গুলি খেয়ে গুরুতরভাবে আহত হলেন, যদিও বা একই জায়গায় একই ভাবে ফ্লাইং অফিসার লিয়াকতও শুয়ে ছিলেন। অন্যদিকে আহত ক্যাপ্টেন হাফিজকে উদ্ধারকল্পে ল্যান্স নায়েক রবিউল ছুটলো শত্রুঅভিমুখে। কয়েক কদম যাওয়ার পর দুই হাতেই গুলি এসে লাগল, তথাপি তার প্রাণপ্রিয় তথা বাংলাদেশের অমূল্য রত্ন ক্যাপ্টেন হাফিজকে উদ্ধার করার সংকল্প থেকে এতটুকু টলাতে পারেনি। যথাস্থানে পৌঁছে দেখে হাফিজকে অন্য কেউ নিয়ে গেছে। পড়ে থাকা অয়ারলেস ও রকেট লাঞ্চার উঠাবার সময় রবিউলের বুকে গুলি লাগল। রবিউল মুখ থুবড়ে পড়ে গেল। পাশের জোয়ান সাহায্যের ভয়ে পাশ কেটে চলে গেল। রাগে-দুঃখে রবিউল গ্রেনেডটা হাতে নিয়ে (উদ্দেশ্য, বন্দী হবে না) জীবনের আশা ত্যাগ করে নিকটবর্তী আখক্ষেতের দিকে দিল ভোঁ দৌড়। বৃষ্টির মত শত্রুর গুলি আসছিল। কিন্তু আশ্চর্য, রবিউলের গায়ে লাগল না। কোনমতে টেনে-হেঁচড়ে আখক্ষেতে গিয়ে পৌঁছতেই রবিউলের প্রতীতি জন্মালো সে সহজে মরছে না, আর অন্যের সাহায্য ব্যতীতই সে বাঁচতে পারবে। বাঁ হাত থেকে ফিনকি দিয়ে রক্ত বের হচ্ছে। ডান হাতের হাড়টি বের হয়ে আছে। নাকে মুখে রক্তের ছোপ। এ অবস্থায় পালিয়ে যেতে দেখে এগিয়ে এসেছিল গ্রামের গৃহবধূরা, যদিও গৃহস্বামীরা প্রত্যাশী নয়। তাই গৃহবধূরা, যদিও গৃহস্বামীরা দরজায় দাঁড়িয়ে ইতস্তত করছিল। নিজের সাথী যখন মুখ ফিরিয়ে চলে গেল তখন সে আর কারো সাহায্য প্রত্যাশী নয়। তাই গৃহবধূদের হাত ছাড়িয়ে সে এগিয়ে যেতে চেষ্টা করলো কিন্তু পরের ইতিহাস আজও তার কাছে ঝাপসা হয়ে আছে। তার বিশ্বাস দুই রমণীর কাঁধে ভর দিয়ে সে এফ-ইউ-পি এরিয়া পর্যন্ত পৌঁছবে। এদিকে সালাউদ্দীনের মৃত্যুর পর আমাদের সৈন্যদল ছত্রভংগ হয়ে গেলেও সেই অবস্থায় ছোট ছোট গ্রুপে ওরা শত্রুর বাংকারগুলোর উপর আঘাতের পর আঘাত হানতে থাকে। বেলা তখন ৭টা বাজে। অযথা লোকক্ষয় না করে উইথড্র করা শ্রেয় জেনেও মেজর (বর্তমানে লেঃ কর্নেল) মঈন তার সৈন্যদলকে কিছুতেই পশ্চাদপসরণ করাতে পারছিলেন না। আমাদের আর শত্রুর লাশে কমিউনিটি সেন্টার ভরে গিয়েছে। শেষ পর্যন্ত বেলা সাড়ে কিংবা নিখোঁজ আর দুইজন অফিসারসহ ৬৬ জন আহত হয়। শত্রুদের লাশ তিনটা ট্রাক বোঝাই করে নিয়ে যেতে গ্রামের লোকেরা দেখেছে। পরদিন হেলিকপ্টারে পাক বাহিনীর উচ্চপদস্থ অফিসাররা, সম্ভবতঃ জি-ও-সি আসেন কামালপুর পরিদর্শন করতে। বলাবাহুল্য, ঐ দিনই পাক বেচতারে কামালপুর যুদ্ধের ভয়াবহ বর্ণনা করতে গিয়ে বলা হয় যে, প্রায় ৪০০ দুষ্কৃতকারী নিহত হয়েছে। এক অপারেশনে এত বড়সংখ্যক দুষ্কৃতকারীর নিহত হওয়ার সংবাদ ইয়াহিয়ার বেতারে আর কখনো প্রচার করা হয়নি।

ফলাফলঃ বাংকারে বসে থাকা খানসেনাদের মনে ভীতি সঞ্চার করাই এ যুদ্ধের সবচেয়ে বড় সাফল্য। এ যুদ্ধে প্রমাণিত হলো বাঙ্গালীরা দূর থেকেই আর পালিয়ে যাবে না বরং বাংকার থেকে খানসেনা তাড়ানোই তাদের উদ্দেশ্য। তাই বুঝি এই আক্রমণের পর থেকে খানসেনারা ইস্ট বেঙ্গল রেজিমেন্ট তথা কামালপুরের নাম শুনলেই আঁতকে উঠত। তখনকার দিনে পাক শিবিরে বন্দী মেজর আজিজের ভাষায় বলতে হয় পাকিস্তানীদের নিজেদের মতে কামালপুর হলো পাকসৈন্যদের মরণঘাঁটি। জিজ্ঞাসাবাদের সময় আজিজকে জিজ্ঞাসা করা হতো, ''হয়ার ইজ ধানিয়া কামালপুর কিংবা হয়ার ইজ উত্তর ইস্ট বেঙ্গল রেজিমেন্ট''। কথা প্রসংগে সেই জুলাই-আগস্ট (১৯৭১)

মাসে পাক অফিসাররা কখনও বা হঠাৎ বলে ফেলতো ''ইওর বেঙ্গল রেজিমেন্ট ইজ ফাইটিং লাইক রিয়াল টাইগার্স''। আক্রমণটি ব্যর্থ হলেও এর চরম সাফল্য এ উক্তির মাঝেই নিহিত আছে। তাই বুঝি পরবর্তীকালে বন্দী শিবির থেকে পালিয়ে মেজর আজিজ শত দুঃখ কষ্টকে অবনত মস্তকে মেনে নিয়ে যুগ সৃষ্টিকারী কামালপুর রণাঙ্গনে যোগ দেন।

\ বাহাদুরাবাদ ঘাট আক্রমণ \

'জেড' ফোর্সের দ্বিতীয় আক্রমণ পরিচালনা করেন লেঃ কর্নেল শাফায়াত জামিল (৩য় ইস্ট বেঙ্গল রেজিমেন্ট) ৩১শে জুলাই তারিখে। প্রায় ৩৫০ জন লোক নিয়ে দেওয়ানগঞ্জ-বাহাদুরাবাদ ঘাট আক্রমণের জন্য ৩য় ইস্ট বেঙ্গল রেজিমেন্ট রওনা হয়। ঐ অঞ্চলের একটি আই-এ পাস ছেলের বলরামপুর গ্রামের নাসের ছিল এই আক্রমণের পথপ্রদর্শক, যার দূরদর্শিতার ফলে ৩য় ইস্ট বেঙ্গল রেজিমেন্ট ৩টি বড় বড় নদী ক্ষীপ্র গতিতে সকলের অগোচরে ১১টি নৌকাসহ অতিক্রম করতে সক্ষম হয় এবং গানবোটে পাহারারত পাকসৈন্যদের শূন্যদৃষ্টি এড়িয়ে পাশ কেটে ১৫/২০ মাইল পথ নিরাপদে অতিক্রম করে রাত নিটার সময় পূর্ব নিদিষ্ট এফ-ইউ-পিহতে পৌঁছতে সক্ষম হয়। ক্যাপ্টেন আনোয়ারের অধীনে আলফা কোম্পানী নৌকাঘাটে (হাইড আউট) পাহারারত থাকে আর ১২ নম্বর প্লাটুন ই-পি-আর'এর নায়েক সুবেদার আলী আকবরের অধীনে কাট অফ পার্টির কাজ করে।

'ডি' কোম্পানী লেঃ নূরুন্নবীর অধীনে বাহাদুরাবাদ ঘাট আক্রমণের জন্য অগ্রসর হয়। নায়েক সুবেদার বুলু মিয়া ১১ নম্বর প্লাটুন নিয়ে যায় যাত্রীবাহী ট্রেনের দিকে। আর সুবেদার ১০ নম্বর প্লাটুন নিয়ে যায় রেলওয়ে জেটির দিকে। তখন ভোর হয় প্রায়। রেল লাইনের ওপাশে তখন দুশমনরা 'স্ট্যান্ড-টু'র জন্য প্রস্তুত হচ্ছিল। এদিকে একটি যাত্রীবাহী ট্রেন তখন রেললাইনের উপর শানটিং করছিল। গাড়ী শানটিং করে পিছে যাওয়া সাথে সাথে সুবেদার করম আলী প্লাটুনের রকেট লাঞ্চটির নিজে কাঁধে করে এগিয়ে গিয়ে প্রথমে মালগাড়ীতে অবস্থানরত জেনারেটর এবং পর মুহূর্তে অগ্রসরমান শানটিং গাড়ীর ইঞ্জিনকে ফায়ার করে অকেজো করে দেন। আর সাথে সাথে ডানে অবস্থানরত সুবেদার ভুলু মিয়ার প্লাটুন ফায়ার শুরু করে এবং গ্রেনেড পার্টি রেলের প্রত্যেকে কামরায় গ্রেনেড ছুড়তে শুরু করে। প্রায় প্রত্যেক কামরাতেই ৩/৪ জন করে খাকি পোশাক পরিহিত লোক শুয়েছিল। এদিকে এ্যাকশন পার্টি (২টি প্লাটুন) ইউথড্রয়ালের সাথে সাথে ৩" মর্টার গর্জে ওঠে। ফলে স্থায়ীভাবে যে দুটি শ্রেণীর কামরা আর্মি গার্ডের জন্য রাখা হয়েছিল তা ধসে পড়ে। এছাড়া রেলওয়ে স্টেশন, বহু রেলওয়ে বগী এবং ঘাটে অবস্থানরত মালগাড়ীর বহনকারী স্টীমার এবং জেটির ছাদের উপর দুশমনের মেশিনগানের বাংকার ভীষনভাবে বিধ্বস্ত হয়। স্টেশন এরিয়া থেকে উইথড্র করাকালে দুশমনের একটি গুলি নায়েক সুবেদার ভুলু মিয়ার বাম বাহুতে লেগে পিঠ দিয়ে বের হয়ে যায়। এই আক্রমণকালে নায়েক সুবেদার ছাড়া আমাদের পক্ষে আর কেউ হতাহত হয়নি। পর দিন সুবেদার করম আলী গেলেন পার্শ্ববর্তী ব্রীজ উড়াতে। ব্রীজ উড়ানোর আওয়াজ শুনে দেওয়ানগঞ্জে অবস্থানরত পাকসৈন্যরা বাহাদুরাবাদ ঘাটের দিকে ধাবমান হল-সঙ্গে সঙ্গে আলফা ও ডেল্টা কোম্পানী ক্ষিপ্র গতিতে দেওয়ানগঞ্জ বাজার, সুগার মিল ও রাজাকার হেডকোয়ার্টার পর্যায়ক্রমে আক্রমণ করে সেই এলাকা সম্পূর্ণরুপে তছনছ করে দেয়।

তিনদিন বিজয়ের বেশে অবস্থান করার পর ৩য় ইস্ট বেঙ্গল রেজিমেন্ট নিজ ক্যাম্পে ফেরত আসে। এই আক্রমণটিকে একটি পরিপূর্ণ সার্থক আক্রমণ বলা চলে। এই সফলতার প্রধান কারণ হচ্ছে চৌকস গাইড ধীরস্থির ও সিংহ-হৃদয়ের অধিকারী কর্নেল শাফায়াত জামিলের সুষ্ঠু পরিকল্পনা ও দক্ষ পরিচালনা এবং ৩য় ইস্ট বেঙ্গলের ই-পি-আর ও বেঙ্গল রেজিমেন্টের লোক অধিক সংখ্যায় থাকার জন্য ব্যাটল প্রসিডিউর মোতাবেক কার্যক্রম বাস্তবায়িত করতে পেরেছিলেন বলেই। কিন্তু পূর্ব বর্ণিত ১ম ইস্ট বেঙ্গলের কামালপুর আক্রমণকে (৩০/৩১শে জুলাই) পূণাঙ্গ সার্থক আক্রমণ বলা চলে না কারণ এলাকা দখল করে নিজেদের কব্জার মধ্যে রাখার

প্রয়াস আমরা করিনি এবং ক্যাপ্টেন সালাউদ্দীনের মৃত্যুর পর পরই শত্রুরা ডিফেন্স ছেড়ে দিয়ে আমাদেরকে পাল্টা আক্রমণ করে, ফলে আমাদের হতোদ্যম, ক্ষতবিক্ষত সৈন্যরা আরো ভড়কে যায়, যার ফলে সালাউদ্দীনের লাশটাও ফেরত আনা সম্ভাব হয়নি- এমন প্রচন্ড আক্রমণের মুখে সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েও অতি অল্প সময়ের মধ্যেই শত্রুদের এই পাল্টা আক্রমণ সত্যই প্রশংসার যোগ্য। এ ধরনের আত্মরক্ষামূলক মনোভাবকে মিলিটারী ভাষায় 'এ্যাগ্রেসিভ ডিফেন্স' বলা হয়। ১ম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের আক্রমণ যেহেতু ডেলিবারেট ছিল সেহেতু আর্টিলারী ফায়ারে টাইম প্রোগ্রাম মোতাবেক কিন্তু আক্রমণকালে এ জিনিসটা প্রকট হয়ে উঠেছিল যে ইংগিতে বা 'অনকল' রাখাই যেন ভাল ছিল, তাতে করে মনে হয় মাঝপথে আর্টিলারীর ক্রস-ফায়ারে যে হতাহত হয়েছিল তা এড়ানো যেত। এতদসত্ত্বেও, কামালপুর আক্রমণ বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাসে এক চমকপ্রদ অধ্যায়ের সূচনা করে। এই আক্রমণের পূর্ব পর্যন্ত রেইড ও এ্যামবুশ করা ছাড়া বাংকারে বসে থাকা শত্রুর বিরুদ্ধে পরিপূর্ণভাবে মুখোমুখি লড়াইতে আমরা অবতীর্ণ হইনি। কিন্তু এই আক্রমণেই প্রমাণিত হল, বাঙ্গালীরা ব্রীজ উড়াতে কিংবা রাতের আঁধারে রেইড ও এ্যামবুশ করতে যেমন পারদর্শী, তেমনি হাতাহাতি যুদ্ধেও সমপারদর্শী। ঐ সময়ে এমন একটি এ্যাকশনের সবিশেষ দরকার ছিল। কারণ তখন পর্যন্ত খন্ড খন্ড যুদ্ধে পরাজিত হয়ে আমরা পিছু হটতে সীমান্তের ওপারে চলে যেতে বাধ্য হই। কারণ তখন পর্যন্ত খন্ড খন্ড যুদ্ধে পরাজিত হয়ে আমরা পিছু হটতে হটতে সীমান্তের ওপারে চলে যেতে বাধ্য হই। ফলে স্বভাবতঃই মনোবল কিছুটা ভেংগে পড়ে। তাই মনোবল চাংগা করার জন্য, বিশেষ করে আমাদের স্বল্প ট্রেনিংপ্রাপ্ত ছেলেদের মনে সাহস বাড়ানোর জন্য এবং এ বিশ্বাস জন্মাবার জন্য যে খান সেনাদেরকে বাংকার থেকে তাড়ানো তেমন কষ্টসাধ্য ব্যাপার নয়, যদি কেউ গুলিতে ভয় না করে। সালাউদ্দীন মেজর প্রাণ দিয়ে আমাদের মনে এ প্রতীতি জন্মিয়েছিলেন। নির্যাতিত, অবহেলিত ও পদদলিত মানবতার প্রতীক স্পার্টাকাস হয়তো বা নিজে মরে যায় কিন্তু ক্ষণে ক্ষণে জন্ম নেয় নিষ্পেষিত মানবাত্মার লেলিহান বহ্নিশিখায় ইতিহাসের অমর বীরেরা। তাই বুঝি সালাউদ্দীনের মৃত্যু বাংলাদেশের অগ্রগামীতার অভিযানে এক স্বর্ণোজ্জ্বল অধ্যায়-আপন মহিমায় সমুজ্জ্বল।

\ নকশী বি-ও-পি আক্রমণ \

৩রা আগস্ট আমি ৮ম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ব্রেভো ও ডেল্টা এই দুই কোম্পানী যোদ্ধা নিয়ে আক্রমণ করলাম নকশী বি-ও-পি। এর আগে আমি তিনদিন পুরা বি-ও-পি রেকি করেছি। নকশী বি-ও-পি'র পূর্বতন সুবেদার হাকিম ও তার সাথীরা আমাকে এ বিষয়ে সক্রিয় সাহায্য করেছেন। তার কারণ, এই বি-ও-পি তাদের নখদর্পণে ছিল।

প্রথম দিন আমি নিজে সুবেদার হাকিমসহ নকশী বি-ও-পি'র আশেপাশে রেকি একটি উঁচু টিলা থেকে। বাইনোকুলারে সুবেদার হাকিম আমাকে বলছিল কোথায় শত্রুদের বাংকার, বারবড আয়ার, বাঁশের কঞ্চি, মাইন ফিল্ড, কুক হাউস, মসজিদ ও বি-ও-পি'র প্রবেশ পথ, কোথায় কত সান্ত্রী থাকতে পারে ইত্যাদি। তারপর গারো পাড়ায় গিয়ে চুপি চুপি দেখা করলাম শত্রুশিবিরে আমাদের প্রেরিত বাবুর্চির সংগে। বাবুর্চি বললো, সে ৪৫ জন আর্মির খাওয়া পাকিয়েছে এবং আরো ৬৫ জন আর্মির লোক আসছে এবং ৫০/৬০ জন রাজাকারও বিভিন্ন ডিউটিতে আছে। দ্বিতীয় দিন প্লাটুন কমান্ডারকে নিয়ে আমি আবার স্বচক্ষে হালছটি গ্রাম, শালবন ও নালা পথ রেকি করে কোথায় কোন হাতিয়ার হবে এবং কোথায় এফ-ইউ-পি'র (ফর্ম আপ প্লেস) হবে সকলকে পই পই করে দেখিয়ে দিলাম। পহেলা আগস্ট আমি পুরো সেকশন কমান্ডারদের নিয়ে পূর্ব নির্দিষ্ট জায়গা আবার দেখিয়ে দিলাম যাতে করে রাতের আধাঁরে ভুল না করে। এদিকে সাপোর্টিং হাতিয়ার মেশিনগান, ১০৬ মিঃ মিঃ ও ৭৫ মিঃ মিঃ আর-আর-এর জন্য বাংকার বানাবার জন্য ২৫টি আড়াইমণী চটের বস্তা নিয়ে এলাম। এত প্রস্তুতি নেয়া সম্ভব হয়েছিল শালবনের ঘন আড়ালের জন্যই। অবশ্য পাকিস্তানীরা উত্তর দিকে বি-ও-পি'র চতুর্পাশ্বে প্রায় ৬০০ গজ এলাকায় সমস্ত গাছপালা, জংগল পরিষ্কার করে ফিলিং জোনের ফিল্ড অব ফায়ার একেবারে সাফ রেখেছিল। তৃতীয় দিনে রেকি করার কালে হালছটি গ্রামের নালার পাশে আমরা তখন একটি আমগাছের মাথায় লাল ফুলকে মানুষ (টাইপার) মনে করে থমকে দাঁড়ালাম। পরে নিজেদের ভুল বুঝতে পেরে এক গাল হাসি হাসতে যাব এমন

সময় ঝুপ করে একটি শব্দ হলো, মনে হলো একটি লোক নালার ভিতর দিয়ে পালাচ্ছে। আমার সেকশন কমান্ডাররা জড়সড় হয়ে একে অপরের মুখোমুখি হয়ে পজিশনে গেল। দেখে জ্বলে গেলো। আসলে তাদের আরো ছড়িয়ে পড়ে একে অপরের বিপরীত দিকে মুখ খরে (ডায়মন্ড ফর্মেশন) অলরাউন্ড ডিফেন্স নেওয়া উচিত ছিল। বুঝলাম আরো অনেক ট্রেনিং-এর দরকার। ভাগ্যিস ঝুপ করে আওয়াজ হয়েছিল নালাতে পাড় ভেঙ্গে ধসে পড়া মাটি থেকে। তা না হলে গোল হয়ে বসে থাকা আমার দলটিকে নিমেষের মধ্যে শেষ করে দেয়া একজন শত্রুসৈন্যর পক্ষেই যথেষ্ট ছিল। ফেরত আসার সময় একটি গারো মেয়ে আমাকে দেখে চুপ করে পাহাড়ের গাছের সাথে মিশে রইল। আমি ধারণাই করতে পারিনি যে অমন ফাঁকা জায়গায় কোন মানুষ লুকিয়ে থাকতে পারে।

২রা আগস্ট বিকালে কর্নেল জিয়াউর রহমান স্বচক্ষে আমার প্ল্যান মোতাবেক হাতিয়ারের অবস্থানগুলো দেখলেন। রাতে রাস্তা থেকে গাড়ী পড়ে যাওয়াতে তখন বিশৃংখলা সৃষ্টি হয় তখন ব্রিগেড হেড-কোয়ার্টারে ১ম ইস্ট বেঙ্গল ক্যাপ্টেন মাহবুব (যিনি পরে ৮ই ডিসেম্বরে সিলেট রণাঙ্গণে শহীদ হন) আমাকে বললেন, ''স্যার মনে কনফিউশন থাকলে এ্যাটাক করতে যাবেন না।'' আমি হেসে বললাম, ''বেওকুফের মত মরতে আমি রাজী নই।'' ৩রা আগস্ট রাত ১২টার দিকে এসেম্বলী এরিয়া থেকে রওনা হবো-দেখি বাহাদুরাবাদ ঘাটে বিজয়ী বীর কর্নেল শাফায়াত জীপ নিয়ে হাজির-''আমিন, রিমেম্বার, ডোন্ট গো ফর ইমপসিবল টাস্ক অল বাই ইওরসেলফ-অল দি বেস্ট।

এসেম্বলি এরিয়া থেকে আমার সৈন্যরা অত্যন্ত সাবলীল গতিতে এফ-ইউ-পি'তে পৌঁছায়। এমনকি মাঝপথে নালা ক্রস করার সময়ও কোন শব্দ করেনি, কারণ পূর্ববর্তী দু'রাত বিনা শব্দে পানির উপার চলার প্র্যাকটিস করেছিলাম। অন্যদিকে একই সময়ে দুই প্লাটুন রাংগাটিয়াতে যায় কাট-আপ পার্টি হিসাবে। যদিও ই-পি-আর'ও গার্ড ছিল তথাপি মনে হয় এফ-ইউ-পি মাকিং করলে যে সামান্য বিশৃংখলাটুকু হয়েছিল তাও হত না। সৈন্যরা যখন এফ-ইউ-পি'তে যাচ্ছে আমি তখন ৮/১০ জ এফ-এফ ছাত্র নিয়ে এম-জি ও আর-আর'এর এম্যুনিশন বাংকারে পৌঁছিয়ে দিই। উদ্দেশ্য, ওদের মনে সাহস যোগানো। কারণ যুদ্ধের ফলাফল এদের উপর অনেকখানি নির্ভর করছিল। বাংকারের পিছে অবস্থানরত সুবেদার হাকিম তখন রীতিমহত ক্ষেপে গেছেন, কারণ ইন নিজে তো খাবার পাননি, নিজের ছেলেরা যারা সারারাত ঐ আড়াইমণী বস্তায় বালি ভরে বাংকার বানিয়েছে ওরাও পায়নি। দেমাক ঠান্ডা রেখে বললাম ''সব ভুলি নাই, তবে আপনাদের রুটি পিছনে এসেম্বলী এরিয়াতে রয়ে গেছে, কাউকে পাঠিয়ে দিয়ে নিয়ে আসুন।'' এফ-ইউ-পি'তে আমার কমান্ডিং অফিসার মেজর আমিন আমাকে একাকী শত্রুঅভিমুখে ঠেলে না দিয়ে আমার সাথে নিজেও যেতে চাইলেন। আমি সেই দুঃসাহসিক বীর যোদ্ধাকে ইকনমির কতাটা বুঝাতে চাইলাম। নিছক ভাবাবেগে কাজ হবে না- এক সংগে দুজন অফসার হারানো মুক্তিবাহিনীর নিছক বোকামি। রাত ৩-৩৫ মিনিটে এফ-ইউ-পি'তে পজিশন নিলাম। আমার ডানে ১২ নং প্লাটুন আমার এক ভাগ্নে আই-এ ক্লাশের ছাত্র জহিরুল আনোয়ার ওরফে সানু সাধারণ সৈনিক হিসেবে আমার পাশেই ছিল। আশ্চর্য, আজ আত্মীয়তার প্রশ্নটা তেমন করে দেখা দিচ্ছে (যেহেতু স্বজনপ্রীতি আমাদের মজ্জাগত হয়ে আছে) সেদিন কিন্তু এ প্রশ্নটা তেমন করে দেখা দেয়নি। সেদিন প্রতি রন্ধ্রে রন্ধ্রে ঝংকৃত হয়েছিল- 'ওই জিজ্ঞাসে কোন জন? কান্ডারী বল ডুবিছে মানুষ, সন্তান মোর মার''। তাই বুঝি ঘূণাক্ষরেও যুদ্ধের ময়দানে আমার ভাগ্নের উপস্থিতি আমি টের পাইনি।

এফ-ইউ-পি'তে পজিশন নিয়ে ৩-৪৫ মিনিটে অয়ারলেসে বললাম -'জোরে মার।' সঙ্গে সঙ্গে আমাদের আর্টিলারী গর্জে উঠলো। বুঝতে পারলাম আর্টিলার আওয়াজের ধমকে আমার স্বল্প ট্রেনিংপ্রাপ্ত সৈনিকরা এফ-ইউ-পি'তে মাটির সাথে মিশে যেতে চাইছে। মাটি কামড়ে পড়ে থাকাটা আরো প্রকট হয়ে উঠলো যখন নিজেদের এই প্রি-এইচ আওয়ার আর্টিলারী গোলাবর্ষণ কালে দু'তিনটি রাউন্ড ভুলবশত ঠিক আমাদের এফ-ইউ-পি'তে এসে পড়ে-যদিও বা টারগেট থেকে এফ-ইউ-পি ছিল প্রায় এক হাজার গজ দূরে। মনে হয়, এফ-ইউ-পি, শত্রুশিবির ও আমাদের আর্টিলারী পজিশন এক লাইনে ছিল বলে সহজে আর্টিলারীর গোলা এসে এফ-ইউ-পি'তে

পড়ছিল। অবশ্য পূর্বাহ্নে আর্টিলারীর কর্মক্ষমতা সম্বন্ধে সন্দিহান হলে কিংবা এত নিম্নমানের হতে পারে এ ধারণা থাকলে আমি হয়ত ডাইনে হালছটি গ্রামের শালবনকে এফ-ইউ-পি বানাতাম। হালটি গ্রামের শালবনটি শত্রুশিবির থেকে মাত্র তিনশ'গজ দূরে ছিল। কিন্তু যেহেতু আমাদের আক্রমণের বেশ কিছুদিন আগে ঐ শালবনকে এফ-ইউ-পি বানিয়ে এফ-এফ কোম্পানী বি-ও-পি'র উপর আক্রমণ করেছিল, তাই আমি ঐ শালবনটিকে এফ-ইউ-পি বানাইনি। অন্যদিকে পূর্বদিন আমার পরিকল্পনা ছিল সামনের নালাকে এফ-ইউ-পি বানিয়ে আর্টিলারীর 'ফায়ার অন কল' রেখে (দরকার মহত ব্যবহার করা) আক্রমণ করা। তাতে করে রাতের আধারে শত্রুর অজান্তে আমরা শত্রুশিবিরের ২/৩ শ' গজ ভিতরে পৌঁছে যেতাম আর নিজস্ব আর-আর ও মেশিনগান দিয়ে শত্রুকে আচম্বিতে ঘায়েল করে শত্রুর ব্যূহ অভ্যন্তরে প্রবেশ করতে পারতাম বলে আমার বিশ্বাস ছিল। আর বিশেষ দরকার মত আর্টিলারী সাপোর্ট তো ছিলই। কিন্তু শেষ পর্যন্ত অবস্থার চাপে পূর্ব পরিকল্পনা বদল করে প্রি-এইচ আওয়ার (আক্রমণের পূর্বাহ্নে) গোলাবর্ষণের কার্যক্রম নিতে বাধ্য হলাম। কিন্তু ভাগ্যের পরিহাস, যুদ্ধের আগেই এফ-ইউ-পি'তে নিজেদের আর্টিলারীর এই দু-তিনটি রাউন্ড এসে পড়াতে আমার ছয়টি ছেলে ঘচনাস্থলে গুরুতর রুপে আহত হয়। ফলে পুরা প্লাটুন আহতদের শুশ্রুষার নামে এফ-ইউ-পি'তেই থেকে যায়। এতে যথেষ্ট শোরগোলও হয়। অপরদিকে প্রচন্ড গোলাগুলির মাঝে আমাদের আর্টিলারী গর্জে ওঠার মিনিট খানেকে ভিতর পাকিস্তানী আর্টিলারী গর্জে ওঠে। একবার মাটিতে শুয়ে পড়ে তারপর আবার দাঁড়িয়ে অগ্রসর হওয়া যথেষ্ট সাহসের কাজ বৈকি-বিশেষ করে আমার দুই কোম্পানীর জন্য। কারণ আমার দুই কোম্পানীতে (৮তম ইস্ট বেঙ্গল) দুশো জনের মধ্যে তখন মাত্র ১০ জন সামরিক বাহিনীর লোক, গোটা আটেক ই-পি-আর এবং দু তিনজন পুলিশের লোক ছাড়া বাকী সবাই সাতদিনের ট্রেনিং প্রাপ্ত গ্রামবাংলার একান্ত সাধারণ মানুষ। প্রি-এইচ আওয়ার গোলাবর্ষণের সাথে সাথে আমার ডানে অবস্থিত মেশিনগান ও আর -আর প্রচন্ডভাবে গর্জে ওঠে। সঙ্গে সঙ্গে হালছটি গ্রাম থেকে ই-পি-আর'এর প্লাটুনটি ভাঁওতা দেয়ার জন্য আক্রমণের ব্যূহ রচনা করে শত্রুদের ভ্যাবাচ্যাকা খাইয়া দিল। এই কার্যক্রমগুলো অত্যন্ত সুষ্ঠু ও সাবলীল গতিতে হতে থাকে। ই-পি-আর'এর আক্রমণ চলাকালীনই আমরা চুপি চুপি এক্সটেনডেড লাইন ফরমেশন করে পায়ে পায়ে এগুতে থাকি। এ অবস্থায় সুবেদার জালাল যথেষ্ট দৌড়াদৌড়ি করলেও পরবর্তীকালে তার আর সাক্ষাৎ পাইনি। এফ-ইউ-পি ছাড়ার সাথে সাথে একটি ছেলে কাঁদো কাঁদো স্বরে বলে উঠলো, ''স্যার বাঁ দিক থেকে গুলি আসছে যে'' -ভাবখানা এই গুলি তার পিছু ধাওয়া করছে। হাসি পেলেও চিৎকার করে উঠলাম- ''বেটা গুলি আসবে না তো বৃষ্টিধারা আসবে?'' ৫০০ গজ আগে নালার কাছে পৌঁছে শুধু ২" মর্টারওয়ালাদেরকে নালার পাড়কে আড়াল রেখে ৩০০ গজ আগে শত্রুশিবিরের উপর ফায়ার করার নির্দেশ দিলাম। এই নির্দেশ না দিলেই যেন ভাল হতো, কারণ আমার এই নির্দেশের সুযোগ আমার স্বল্প-ট্রেনিংপ্রাপ্ত সৈনিকরা নালাতে আড়াল নিয়ে নেয়, তাতে কমান্ডার কন্ট্রোল একেবারে শিথিল হয়ে পড়ে। নায়েক সুবেদার কাদের ও বাচ্চুর অধীনে ৫ও ৬ নং প্লাটুন বি-ও-পি'র গেটের ভিতর দিয়ে প্রবেশ করার কথা ছিল, কিন্তু তারাও নালার ভেতরে আড়াল নিয়ে মাথা নিচু করে আন্দাজে ফায়ার করতে শুরু করে। সম্ভবতঃ এই জন্যই এফ-ইউ-পি ত্যাগ করার পর ফায়ার এন্ড মুভ পদ্ধতিতে আক্রমণ করা মিলিটারী একাডেমীতে (পাকিস্তান) বিতর্কের বস্তু ছিল এবং প্রায়ই বলা হতো এফ-ইউ-পি ছাড়ার পর ডোন্ট গো টু দি গ্রাউন্ড এগেইন। নালাতে আমার সৈন্যদের এমন কান্ড দেখে শত্রুশিবিরের নিকটবর্তী এসেও আমি চিৎকার না করে পারিনি, এমন কি কাউকে কাউকে পর্যন্ত লাথিও মেরেছিলাম। শেষ পর্যন্ত উপায়ান্তর না দেখে করার চেপে ধরে আমি জোর করে আগে পাঠাতে চেষ্টা করি। আমার বামে হাবিলদার নাসির অত্যন্ত সাহসের সাথে ক্ষিপ্তগতিতে এগুতে থাকে এবং আমি নিজে নায়েক সিরাজকে সাথে করে ডানে বাংকারের দিকে এগুতে থাকি। আমাদের এই মনোবল দেখে তখন পলায়নরত। ইতিমধ্যে আমরা এসল্ট লাইন ফর্ম করি এবং সঙ্গে সঙ্গে 'চার্জ' বলে হুংকার দিই এবং পর মুহূর্তে 'ইয়া আলী' বলে আমার সৈন্যরা সংগীন উঁচু করে বেয়নেট চার্জের জন্য রীতিমত দৌড়াতে শুরু করে। এদের উত্তেজনাকে বাড়াবার জন্য নায়েক সুবেদার মুসলিম 'নারায়ে তকবির' ধ্বনি করলে সৈন্যরা ঘন ঘন 'আল্লাহ আকবর' ধ্বনি করে সমস্ত যুদ্ধের ময়দানকে প্রকম্পিত করে তোলে। আনন্দের আতিশয্যে আমার সিগনালম্যান অয়ারলেস সেট আমার সামনে এনে ধরলে আমি ধমকে

উঠলাম 'তুমি নিজেই যা পার বলে পাঠাও'। পিছু পিছু সে অয়ারলেসে জোরের সংগে বলে বেড়াচ্ছিল, ''হয়ে গেছে, আর একটু বাকি..বাংকারে বাংকারে যুদ্ধ জয় হচ্ছে''....ইত্যাদি। ঠিক এমন সময় শত্রুদের আর্টিলারীর শেলভো ফায়ার (এয়ার ব্রাস্ট) এসে পড়লো আমাদের উপর। সংগে সংগে বেশ কয়েকজন ঢলে পড়ল, যার ভেতর সম্ভবতঃ হাবিলদার নাসিরও ছিল। আমাদের সৈন্যরা ছত্রভঙ্গ হয়ে গেল। আমার ডান পায়ে এসে একটা শেল লাগল, আঘাতটার গুরুত্ব উপলব্ধি করার আগেই জোশের সাথে এগিয়ে গেলাম আরো পঞ্চাশ গজ। শত্রুবাংকার মাত্র পাঁচগজ বাকি। আমাদের গুটিকতক ছেলে তখন পলায়নরত শত্রুদেরকে মারছে। কেউ কেউ মাইন-ফিল্ডে ফেঁসে গিয়ে শত্রুর মাইনে উড়ে যাচ্ছে। কেউবা শত্রুর গুলি খেয়ে পড়ে যাচ্ছে। এমতাবস্থায় অনার্সের ছাত্র শামসুল আলম মাইন কিংবা শত্রুর তোপের মুখে উড়ে গেল। ঐ বিশ-পঁচিশটা ছেলের মন চাংগা রাখার জন্য জোরে জোরে চিৎকার করে উঠলাম- ''বি-ও-পি একেবারে তছনছ হয়ে গেছে। আগে অগ্রসর হও'' -যদিওবা বি-ও-পি'র মাটির দেওয়াল আগের মতই ঠিক খাড়া ছিল। এমন সময় আমার বাম পায়ে বাঁশের কঞ্চি বিঁধলো, আমি পড়ে গেলাম। সম্ভবতঃ পড়ে যাওয়ার আগের মুহূর্তে আহত এক খানসেনা এলো সংগীন নিয়ে। বাচ্চা ছেলে লালাম (অষ্টম শ্রেণীর ছাত্র এবং এক সুবেদার মেজরের ছেলে) আগেই খতম করে দিল খানসেনাকে। এদিকে যারা মাথা নিচু করে আন্দাজে ফায়ার করছিল তাদের ফায়ারে আমাদের দুটি ছেলে জখম হল'। করার কিছুই নেই তখন। এর আগে এফ-ইউ-পি থেকে এডভান্স করাকালীন নালাতে অবস্থান করা কালে অমন মাথা নিচু করে আন্দাজে ফায়ার করার জন্য আমি একটি ছেলের কাছ থেকে রাইফেল কেড়ে নিয়ে পেছনে পাঠিয়ে দিই। মাটিতে পড়ে গিয়ে আমি দুটি ধাবমান শত্রুকে গুলি করে ডানদিকে বাংকারে অবস্থানরত শত্রুসেনাকে গুলি করার জন্য বিহারী ছেলে হানিফকে ঘন ঘন নির্দেশ দিচ্ছিলাম। অবশ্য হানিফ তখন ভীষণভাবে অনুরোধ করছিল। ''স্যার, আব পিছে চলে যাইয়ে, ম্যায় কভারিং দে রাহাহু''। বলা বাহুল্য, বিহারী ছেলে হানিফ ছিল আমার ব্যক্তিগত প্রহরী। বরিশালের এক বাংগালী মেয়েকে বিয়ে করেছিল হানিফ। বেশ কয়েকটা অপারেশন করার পরেও সন্দিহান হয়ে মুক্তিবাহিনী তাকে গ্রেফতার করে। বন্দীশিবিরে স্পষ্ট বাংলায় সে আমাকে বলল, ''স্যার, আমি বেঈমান না, একটা চান্স দিন, জান দিয়ে প্রমাণ করবো।'' পিঠ চাপড়িয়ে আমি বললাম- ''হানিফ আজ থেকে তুমি আমার পারসোনাল গার্ড। পারবে?'' ''স্যার, আমার জান থাকতে আপনার গায়ে গুলি লাগবে না'' -প্রত্যয় ভরা কণ্ঠে উত্তর দিয়েছিল হানিফ।

সত্যি সে জীবিত থাকাকালীন আমার পায়ে গুলি লাগেনি (যদিও শেল লেগেছে)। হানিফকে দ্বিতীয়বার নির্দেশ দেবার আগেই হিস শব্দ হল, হানিফ ঢলে পড়ল, মনে হয় ওর মাথায় গুলি লেগেছিল। তার মাথায় স্টীল হেলমেট ছিল না। ক্রল করে ওর হ্যাবারসেকে ধাক্কা দিয়ে ক্ষীণস্বরে বলে উঠলাম 'হানিফ'- কোন সাড়া আসল না। প্রাণটা কেঁদে উঠল। সাথে সাথে শত্রুর গুলিতে পাশের মাটি উড়ে গেল। বুঝতে পারলাম শত্রু আমাকে দেখে ফেলেছে। সাইড রোল করে সরে যাওয়ার চেষ্টা করাকালীন বামদিক থেকে একটা গুলি এসে আমার ডানহাতের কনুইতে লাগল। ঝাঁ করে যেন বিদ্যুৎ প্রবাহিত হল, হাতের ষ্টেনটা ছিটকে পড়ল। বাঁ হাতে তা কুড়িয়ে নিলাম। কব্জিটা বেঁকে নিচের দিকে ঝুঁকে পড়লো। ফিনকি দিয়ে রক্ত বের হচ্ছে। ফিল্ড-ড্রেসিংটা বের করব-একঝাঁক গুলি এসে পাশের জমির আইলটা উড়িয়ে দিল। বুঝতে পারলাম শত্রুর পাঁচগজের ভিতর আর থাকা সম্ভব নয়। আমার দু'ধারে শুধু লাশ আর লাশ। কারণ, এর আগের মুহূর্তে এস-ও-এস (সেইভ আওয়ার সোল) এয়ার ব্রাস্ট, আর্টিলারী ফায়ারে আমাদের যে ৮/১০ জন লোক শত্রুর বাংকারে ঢুকে পড়েছিলো তার ধরাশায়ী হলো। তার মধ্যে নায়েক সিরাজ এবং পুলিশের ল্যান্স নায়েক সুজা মিয়াও ছিল। পাশে তাকিয়ে দেখি একটি কচি ছেলের লাশ। ছেলেটি কিছুক্ষণ আগে শত্রুর গুলিতে ভ্যাবাচ্যাকা খেয়ে শত্রুর ডান বাংকার এড়িয়ে কোনাকুনি আরো ডানে অধিকতর নিরাপদ স্থানে হালছটি গ্রামের দিকে যেতে চেষ্টা করছিল।

শত্রুশিবিরে পাঁচ গজের ভিতর থেকে বের হওয়ার জন্য ফিল্ড-ড্রেসিং আর বের না করে সাইড রোল শুরু করলাম। উদ্দেশ্য, ডানের ঢালু জমি দিয়ে অধিকতর নিরাপদ রাস্তাতে পশ্চাদপসরণ করা। কিছুক্ষণ সাইড রোল করার পর তাকিয়ে দেখি আসলে ডানে না গিয়ে আমি কোনাকুনি শত্রু শিবিরের দিকে যাচ্ছি। মাথাটা ঠান্ডা

রাখতে হবে, তাই একটু দম নিয়ে পিছনে তাকিয়ে লক্ষ্য ঠিক করে নিলাম। শরীর থাকতে থাকতেই আমাকে হাজার গজ দূরে শালবন এলাকায় পৌঁছতে হবে। ক্রলিং শুরু করব, এমন সময় দেখি বাচ্চা ছেলে সালাম, যে পঞ্চাশ গজ ক্রস করে পিছনে হটে গিয়েছিল, হঠাৎ করে আবার দৌড়ে এসে পড়ে থাকা একটা এল-এম-জি নিয়ে 'জয় বাংলা' বলে হুংকার দিয়ে শত্রুবেষ্টনীর দিকে ধাবিত হলো। ছত্রভংগ হয়ে যাওয়া শত্রুতখন পুনরায় কাউন্টার এ্যাটাক করার জন্য মাটির দেয়ালের পিছে জমায়েত হচ্ছিল এবং ঘন ঘন 'আল্লাহ আকবর' ধ্বনি করছিল। 'ওরে তোরা আমার মা-বাপ সবাইকে মেরেছিস, আমি ছেড়ে দেব?' বিড় বড় করে পাগলের মত সালাম শত্রুবেষ্টনীর মধ্যে ঢুকে পড়ল। অতি কষ্টে একবার ডাক দিলাম-'সালাম চলে এস।' কিছুক্ষণ আগে যে আমার জীবন রক্ষা করেছিল সেই সালামকে আর ফিরিয়ে আনতে পারিনি। অথচ বাচ্চা বলে এবং তার সংসারে একমাত্র জীবিত ব্যক্তি আমি তাকে যুদ্ধে সামিল করিনি। কিন্তু সে পালিয়ে এসে এসেম্বলী এরিয়াতে আমাদের সাথে চুপি চুপি যোগ দেয়। বাংলার শ্যামল গালিচার দুর্বাদলের মাঝে এমনি করে লুকিয়ে আছে হাজারো সালাম।

সমস্ত যুদ্ধক্ষেত্রটা তখন মহাশ্মশান, মৃতদেহ ছাড়া আর কোন জ্যান্ত মানুষ নেই-বৃষ্টির মত গুলিবর্ষণ হচ্ছে দু'দিক থেকে। শালবনে অবস্থানরত আমার মেশিনগান তখন ঘন ঘন গর্জে উঠেছে। তাই আমি নিজেদের ফায়ার থেকে বাঁচার জন্য ডাইনে অপেক্ষকৃত নিচু ধানক্ষেতের ভিতর দিয়ে এগুতে শুরু করি। এমন সময় কে যেন চিৎকার করে উঠলো-'এরে আঁই বাঁচতে চাই, তোরা কেউকি আঁর কথা শুনতাছ না। এরে আঁরে লই যা।' প্রাণটা কেঁদে উঠলো, যদিও করার কিছুই ছিল না। তবুও দাঁত খিঁচিয়ে বললাম, ''বেটা চিৎকার করিস না।'' তবে তার কাছে যাওয়ার কথা চিন্তা করার আগেই ঐ এলাকা বরাবর একটি আর্টিলারী শেল এসে পড়লো। মাথাটা নিচু করে মুখ থুবড়ে পড়ে থাকাকালে আঁচ করলাম স্বয়ংক্রিয় অস্ত্রের গুলিতে আমার পাশের মাটি উড়ে গেল। আমি তাড়াতাড়ি বাঁ হাত ঠেলে ঠেলে নিজের আহত শরীরটাকে নালার দিকে নিয়ে গেলাম। ইতিমধ্যে আর কোন চিৎকার শুনিনি। নালার কাছে পৌঁছে সর্বশক্তি নিয়োগ করে খাড়া হয়ে চলতে টলতে টলতে কেমন করে জানি নালাটা পার হয়ে গেলাম আজ বলতে পারব না। মনে হচ্ছে বাঁচতে হবে এই জোরেই বুঝি নালাটা পার হয়েছিলাম। আর পাড়ে ওঠার সাথে সাথেই ধপ করে পড়ে গেলাম। তবুও স্বস্তিবোধ করলাম এই মনে করে যে, শত্রুথেকে অনেক দূরে গেছি এবং অপেক্ষাকৃত ঢালু জায়গায়। সেখানে এসেছি তাতে শত্রুর স্থল আর্ম ফায়ার থেকে প্রায় বেঁচে গেলাম। শরীরটা ক্রমশই ঠান্ডা হয়ে আসছিল, তাই বুঝি সমস্ত জোর দিয়ে খাড়া হয়ে দৌড় দিতে চেষ্টা করলাম। কিন্তু স্বস্তির নিঃশ্বাস ফেলার আগেই টের ফেলাম ১০/১২ জন শত্রুসেনা এগিয়ে আসছে আমার দিকে। পিছনে নালার ওপারে আমার এক হতভাগ্য আহত জোয়নকে পেয়ে এক গাল হাসি হেসে ওরা গুলি করল। তারপর কিছুক্ষণ কোন সাড়াশব্দ পেলাম না। তারপর হঠাৎ করে শত্রুর দল থেকে এক বাংগালী আরেক বাংগালীকে বলছে, 'মকবুল এদিকে আয়, পাওয়া গেছে।' বোধ হয় ঠেলে ঠেলে আসার ফলে কর্দমাক্ত মাটিতে রাস্তা হয়ে গিয়েছিল আমার পালাবার পথ। সাথে হাতের ও ধানক্ষেতের আড়ালে আড়ালে প্রায় ৩০০ গজ আসার পর ধানক্ষেত শেষ হয়ে গেল। এর পরের ২০০ গজ সম্পূর্ণ খোলা ময়দান। ঐদিকে কর্দমাক্ত মাটিতে কোমর পর্যন্ত পানিতে থাকার ফলে শরীর ঠান্ডা হয়ে গেছে, ভীষণ শীত করছিল। ভাবলাম আর বোধ হয় বাঁচা সম্ভব নয়। আমাদের তরফ থেকে কোন জনপ্রাণীরই চিহ্ন নাই। যে মেশিনগান এতক্ষণ ধরে প্রচন্ড বেগে ফায়ার করছিল সেও চুপ হয়ে গেছে। এফ-ইউ-পি তত্ত্বাবধানে যারা ছিল তারাও চলে গেছে। আমার নিজস্ব কোন ঘড়ি ছিল না। আক্রমণের আগে আমার রকেট লাঞ্চারওয়ালা তার নিজের ঘড়িটা আমাকে দিয়েছিল। ঘড়িটার দিকে একবার তাকালাম। বেলা তখন ৮টা ১০ মিনিট। রোদটা পিঠে লাগছিল। তৃষ্ণায় বড় কাতর হয়ে পড়েছি। কেবলই মনে হচ্ছিল আমার একটা জওয়ান যদি একটা কাভারিং ফায়ার দেয় তবেই আমি রক্ষা পাই। শত্রুতখন পঞ্চাশ গজ দূরে আমায় খুঁজে বেড়াচ্ছে। ক্রমেই আমি তলিয়ে

যাচ্ছি। শেষবারের মত টেনে-হেঁচড়ে বিক্ষত দেহটাকে আর্টিলারী শেলে সৃষ্ট একটি কালো মাটির গর্তে নিয়ে গেলাম। শত্রুযাতে সহজে দেখতে না পায়-গলা পর্যন্ত ধীরে ধীরে বাঁ হাতের কর্দমাক্ত কালো মাটি দিয়ে লেপে দিয়ে স্টীল হেলমেট মাথার নীচে দিয়ে শুয়ে রইলাম। অপেক্ষায় রইলাম চরম মুহূর্তের, চোখ আপনা থেকেই বুজে আসছে, স্টেনটা বাঁ হাতে ধরা। বন্দী হবো না কোন ক্রমেই, বরং মেরে মরব। তবুও মনেপ্রাণে মরার কথাটা চিন্তা করতে পারছিলাম না। কেন জানি মনে হচ্ছিল এত অল্প বয়সে মরে যাব। চোখ দুটোকে আর খুলে রাখতে পারছিলাম না। ঠিক সময় আমার কমান্ডিং অফিসার মেজর আমিনের কণ্ঠস্বর ভেসে আসলো শালবন থেকে-''আমিন, আস্তে আস্তে আসার চেষ্টা কর।'' আহত হওয়ার তিনঘন্টা পর এই প্রথমবারের মত সক্রিয় সাহায্য পেলাম। বস্তুত, আমার নিহত বা নিখোঁজ হওয়ার সংবাদে কর্নেল জিয়াউর রহমানের নির্দেশে মেজর আমিন তখন কমান্ডো প্লাটুন নিয়ে আমার মৃতদেহ খুঁজতে বের হয়েছিলেন। আমার কাছে ক্রল করে আসতে ইতস্তত করছিল দেখে মেজর আমিন নিজেই খালি হাতে ক্রল শুরু করলেন। সাথে সাথে হাবিলদার তাহের মেজর আমিনের পিছু নিল। আমার কাছে এসে উভয়ে পর্যায়ক্রমে আমার পা ধরে মৃতদেহের মত টানতে শুরু করলো। পিঠের চামড়া উঠে যাচ্ছে, বিক্ষত ডান পায়ের ব্যাথার ডুকরে উঠলেও দাঁত কামড়ে রইলাম। সম্ভবতঃ আনন্দের আতিশয্যে ব্যথা ভুলেও গেলাম, লেফটেন্যান্ট মোদাসসের তখন চিৎকার করছে শালবন থেকে-'তাড়াতাড়ি করেন স্যার।' তার দুই এল-এম-জি-ওয়ালাকে হত্যা করে পায়ে পায়ে এগুচ্ছে। আমাদের দুই এল-এম-জি,ওয়ালা কেঁদে কেঁদে বলছে-''আপনাদের ধরে ফেললো যে স্যার।'' দাঁত খিঁচিয়ে আমরা বললাম-''বেটা ফায়ার কর।'' আমাদের উপর দিয়ে ফায়ার করতে হবে তাই জোয়ানরা ইতস্তত করছিল। শত্রুতখন আমাদের উপর চার্জ করে আর কি! সংগে সংগে এল-এম-জি গর্জে উঠলো। ৬/৭টি খান সেনা তৎক্ষণাৎ লুটিয়ে পড়লো। মকবুল আর তার সাথী দালালকে আমরা হাতেনাথে ধরে ফেললাম। দুটি খানসেনা পালিয়ে বাঁচলো। কিন্তু সংগে সংগে শত্রুর আর্টিলারী ফায়ার এসে পড়তে লাগলো। বৃষ্টির মত আর্টিলারী ফায়ারের মাঝে মেজর আমিন আমাকে কাঁধে নিতে চেষ্টা করলেন। কিন্তু পরিশ্রান্ত মেজর আমিন নিজেই আমাকে নিয়ে নালায় পড়ে গেলেন। ''স্যার প্লীজ আপনি চলে যান, তাহের আমাকে নিয়ে আসবে'' আমি বলে উঠলাম। শেষ পর্যন্ত জোর করে আমি তাহেরের দিকে হাত বাড়ালাম। ''স্যার প্লীজ আপনি চলে যান'', আবার বললাম। আর বৃষ্টির মত আর্টিলারী ফায়ারের মধ্যে হাবিলদার তাহের আমাকে কাঁধে নিয়ে দিল এক ভোঁ দৌড়। ভীষণভাবে হাঁপাচ্ছিল তাহের। হাঁপাতে হাঁপাতে বলছে, ''স্যার চিন্তা করবেন না, মরলে দু'জন একসাথেই মরব।''

নকশী বি-ও-পি আক্রমণকালে যারা শহীদ বা নিখোঁজ হয়েছেন তাঁরা হলেনঃ ১। হাবিলদার নাসিরউদ্দিন ২। সিপাই মোহাম্মদ আলী ৩। সিপাই সিরাজুল হক ৪। ল্যাঃ নাঃ আবুল কালাম ৫। ল্যাঃ নাঃ মোঃ ইউসুফ মিয়া ৬। সিপাই হুমায়ন কবীর ৭। সিপাই মোঃ সুজা মিয়া ৮। সিপাই শামসুজ্জামান ৯। সিপাই আবদুস সাত্তার ১০। সিপাই ফয়েজ আহমদ ১১। সিপাই আবদুস সালাম ১২। সিপাই মোঃ হানিফ, এক্স ই-পি-আর ১৩। সিপাই আবদুস সালাম ১৪। সিপাই সদর উদ্দিন ১৫। সিপাই ফজলুল হক ১৬। সিপাই আবদুস সামাদ ১৭। সিপাই জামাল হোসেন ১৮। সিপাই আবু ইসমাইল ১৯। নায়েক আবদুস সালাম ২০। নায়েক সৈয়দ ফুল মিয়া ২১। নায়েক সতর উদ্দিন ২২। নায়েক হায়েত আলী ২৩। নায়েক আবদুল কুদ্দুস ২৪। রবিউল আলম ২৫। সিপাই শাহজাহান আলী ২৬। সিপাই মনসুর আলী।

৩১শে জুলাই ৭১ কামালপুর যুদ্ধে নিহত কিংবা নিখোঁজদের তালিকাঃ ১। ক্যাপ্টেন সালাউদ্দিন মমতাজ ২। সিপাই মোহাম্মদ আলী ৩। ল্যান্স নায়েক গোলাম মোস্তফা ৪। সিপাই মতিউর রহমান ৫। সিপাই রহিতুল্লাহ ৬। সিপাই আমিনুল ইসলাম ৭। সিপাই আবদুল লতিফ ৮। সিপাই রবিউল ইসলাম ৯। সিপাই রফিকুল ইসলাম ১০। সিপাই আবদুল ওয়াহাব ১১। সিপাই সদরউদ্দিন ১২। ল্যাঃ নায়েক সিরাজুল ইসলাম ১৩। সিপাই মোস্তফা কামাল ১৪। আনোয়ার হোসেন ১৫। আবদুস সোবহান।

সাক্ষাৎকারঃ ক্যাপ্টেন মাহবুবর রহমান
৫-৯-৭৩

During the 4th week of June 71 Col Osmani, C-in, Bangladesh Army posted Major Shafaat Jamil from 4 E Bengal Regt as the new Commanding Officer of 3 E Bengal Regt. Capt Motiur Rahman disembarked from the aircraft with our new CO. We were extremely glad to see him, but he was not to be with us as he was posted elsewhere. Along with him arrived a surprise for us. In the 1st week of July it was informed through a secret source that 3 E Bengal Regt will move to some other part of Bangladesh to carryout operation. And suddenly in short notice the battalion started off for its new destination. After 5/6 days journey the battalion re3ached at a place called Tel Dhala in the state of Meghalaya. There the first brigade of Bangladesh Army was formed. This brigade was put under the command of Major Zia-ur-Rahman which was later on named 'Z' force after the name of ifs first commander.

In Tel Dhala the strength of the battalion was made full by recruiting new boys from EPR, Police, Ansar, Mujahid and Students and training them.

After going through proper training the comd 'Z' force distributed "area of operation" to the individual battalion. The battalions were to carry out certain operation in their area of responsibilities during the course of their training. During this time our battalion carried out different operations in Bahadurabad Ghat. Dewangonj, Jamalpur and earned good fame. In Rangpur this battalion had been holding certain areas of Roumari, Ulipur, Chilmari which the Pak Army after repeated attacks could never occupy.

In Kodal Kati, Hazir Char, Roumari Pak Army lost many motor launches, steamers , arms and ammunitions, lost may lives to this battalion. It is notable that during this period Bangladesh Army was unable to hold any land inside Bangladesh other than 3 E Bengal Regt. Many well-known personalities like photographer and a journalist sent by Edward Kennedy in order to witness the liberated areas of Mukti Bahini came to Roumari which was occupied by 3 E Bengal Regt and was free since then. It was shown to them how 3 E Bengal fought with the enemy and got victory with its brave Mukti Bahini. It was also shown how this battalion occupied enemy territory, got arms and ammunition, motor launch from the enemy. An interview with Major Ziauddin Commanding Officer of 1 E Bengal Regt also shown. In that, Major Ziauddin tells how he crossed over from Rawalpindi.

In the second week of September the area of operation for 3 E Bengal was changed by Col Osmani with the consultation of Commander of friendly forces and once again the battalion started for an unknown destination. After few days of journey it came to Shillong. It was decided there that this battalion would attack Chhatak and Sunamgonj and occupy them. From there they would launch another attack on Sylhet town and occupy it. The battalion left Shillong and concentrated at a place called Pathorghata. In Pathorghata after going through some discussions and thorough planning the battalion commander issued certain orders to his company commanders. Capt Mohammad Anwar Hossain, Officer Commanding "A" Company and Major Akbar Hossain, Officer

Commanding ‘B’ Company were told to attack Chhatak. Company Commander ‘D’ Company Lt Nurunnabi Khan was told to advance via Telab towards East of Chhatak. Company Commander 'C' Company Major Mohsin Uddin Ahmed was told to attack Bangla Bazar and advance towards Tengra Tila.

Sylhet: According to the plan, in the second week of October, 'A' Company, B Company and Battalion HQ marched off for Chhatak. The battalion HQ was left behind at a place called Vijai Nagar and 'A' and 'B' company continued marching on till they were very close to the wall of Chhatak Cement Factory. B Company took up defence on the slope of a hillock the Eastern side of the factory.

With the help of 106 MM and 75 MM Recoilless Rifle they blew off S to 6 bunkers of the Pak defence. The troops inside the bunkers started running out of them. To them brust of LMG was fired. In it many Pak Army personnel were killed. In this clash one water transport full of ammunition was sunk in the river. On the other side of the river the means of communication was good and the Pak Army got reinforcement from Sylhet. They also brought artillery and started shelling on our side. After 6 days of fierce fighting both the companies were brought back to Baliura.

Tengra Tila: Company Commander C Coy Major Mohsin Uddin Ahmed attacked Tengra Tila and captured it . After this, he wanted to attack Doara Bazar and with this end in view he told his company to cross a river. The local collaborators on the other side of the river gave the information about our location to the Pak Army. Therefore, when our troops were still in the river trying to cross it the Pak Army surprised us by firing on us from all sides, Due to this surprising attack on us in the middle of the river the shock, havoc and confusion was so great that all our troops had to be pulled out of the river, and we all returned to Bangla Bazar.

On the direction given by Gen MAG Osmani, C-in C of Bangladesh Army, 'A' and 'C' company was asked to attack Kala Bazar and Tengra Tila respectively and advance towards Doara Bazar, A company commander Capt Mohammad Anwar4 Hossain, his 2IC 2 Lt Manzoor Ahmed and 'D' company commander Lt Nurunnabi his 2IC Sub Ali Newaz were asked to march toward Sylhet via Goain Ghat . These two companies were overall being commanded by Major Shafaat Jamil. On the 3rd week of October in one dark night Major Shafaat Jamil after crossing a long distance on foot reached with his two companies at Goain Ghat. He distributed his people to different places like: the Police station, Circle Office, Agriculture Office, etc. As there was a river by the side of Goain Ghat it took some time for us to cross it. And in that short time local collaborators gave information about our location to the Pak Army. As a result, there was a clash with the Pak Army which continued for three days. The Pak Army in the clash lost many lives. On our side there were 4 to 5 casualties and 7 to 8 wounded.

In the second week of November again an order was issued to capture Radha Nagar Tea Estate and then Goain Ghat. Major Shafaat jamil sent Cap, Mohammad Anwar Hossain Company Commander A Company to Nayapara. 'D' Company and battalion HQ put a defence at Luni and Pratappur . On 7 Dec Major Shafaat Jamil launched an attack on Choto Khel and Doari Khel. Choto Khel fell to us and the Pak Army had to give many

lives in this attack. We captured huge amount of arms and ammunition, ration , maps etc. From our side L/Naik Mosharaf Hossain was martyred in this battle and Major Shafaat Janmil got wounded. He was later on evacuated to the hospital at Shillong. In the absence Of Major Shafaat Jamil Capt Mohammad Anwar Hossain took over the command and captured Chota Khel. Doari Khel and Radha Nagar.

On 8 Dec Goain Ghat fell to us and there too we captured many leftover things by Pak Army. On the direction of Bharat Govt. Capt Mohammad Anwar Hossain Handed over Goain Ghat to the BSF of India and started marching toward Salita Bari with his two companies in order to capture Shalutikar airport of Sylhet. In Salita Bari there were already two companies of freedom fighters and one battalion of Indian Infantry which was commanded by a colonel. According to the direction of the Indian colonel these two companies attacked the airport on 10 Dec. In this attack 15 to 20 Pak army personnel died and two were captured. Three LMGs and few rifles were also captured in this attack. There were no casualties from our side.

On 12 Dec A and D company with another company of Indian BSF attacked Companygonj and captured Chhatak it. `B' and `C' companies after occupying tengra Tila and Doara Bazar captured Chhatak. On 13 Dec A and D company joined rest of the two companies i. e., C and B companies at Chhatak.

On 15 Dec Major Shafaat Jamil with four companies and his battalion HQ attacked Gobindagonj. Many Pak soldiers died in this attack and the remaining fled away to Sylhet.

Again on 16 Dec at Lamagazi another battle took place between this battalion and the Pak Army. In that clash we capture 6 mortars, 2 machine guns, and a huge amount of ammunition.

On 17 Dec. we kept on driving the Pak Army towards Shalutikar airport where they surrendered to the Allied Force.

সাক্ষরঃ মাহবুবুর রহমান
ক্যাপ্টেন
৩য় ইস্ট বেঙ্গল

সাক্ষাৎকারঃ ক্যাপ্টেন আব্দুল কাইয়ুম চৌধুরী

৩০-১১-১৯৭৩

সেক্টর কমান্ডার খালেদ মোশাররফের নির্দেশে কোনাবনে প্রথম প্রতিষ্ঠ করি বাংলাদেশ গোলন্দাজ বাহিনী। ৫৯ মাউন্টেন রেজিমেন্টের একটি ব্যাটারী দিয়ে এর যাত্রা। এই ব্যাটারীর সাথে প্রায় দেড় মাস থাকার পর আমি প্রয়োজনের তাগিদে পাকিস্তান থেকে আগত ক্যাপ্টেন পাশার কাছে আমার দায়িত্ব হস্তান্তর করে প্রথম বেঙ্গল রেজিমেন্টের কোম্পানী কমান্ডার হিসানে যোগদান করি।

প্রথম বেঙ্গল রেজিমেন্টে তখনি কমান্ডিং অফিসার ছিলেন তদানীন্তন মেজর (বর্তমানে কর্নেল) মাঈনুল হোসেন চৌধুরী। এই রেজিমেন্টাটি তদানীন্তন পাকিস্তান সামরিক বাহিনীতে সিনিয়র টাইগার হিসাবে পরিচিত ছিল। সিনিয়র টাইগার তখন কামালপুর অপারেশনে ব্যস্ত ছিল। এই ব্যস্ততার মধ্যে আমি আমার দায়িত্ব ভার গ্রহন করি। যেহেতু প্রথম বঙ্গেল রেজিমেন্টের এলাকাভিত্তিক দায়িত্ব ছিল ময়মনসিংহ থেকে রংপুর পর্যন্ত সেহেতু আমাকে রংপুরের কোদালকাটি নামক স্থানে শত্রুর উপর হামলা চালাবার জন্য নির্দেশ দেওয়া হয়। এখানে উল্লেখযোগ্য যে, আমার সাথে সাথে মেজর জিয়াউদ্দীন ব্যাটালিয়ানের নতুন কমান্ডিং অফিসার হিসাবে দায়িত্ব গ্রহন করেন। তার নির্দেশ আমি কোদাল মাটিতে সাময়িকভাবে ডিফেন্স স্থাপন করি। পরদিন পুরা এলাকা দেখার পর রাত্রি প্রায় ২ টার সময় শত্রুঘাঁটি পুরোপুরি ঘেরাও করে ফেলি। শত্রুরা চারদিক অবরুদ্ধ হবার পুর আমাদের উপর আক্রমণ চালায়। এ সময় এক প্লাটুনের উপর সাংঘাতিকভাবে আক্রমণ চলে এবং তারা প্রায় আমার থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। সাথে সাথে আমি শত্রুর উপর প্রতি-আক্রমণ চালাই। আক্রমণের ফাঁকে প্রায় হাতাহাতি চলতে থাকে। আক্রমণের ফলে উভয় পক্ষে যথেষ্ট হতাহতের পর শত্রুপিছু হটতে বাধ্য হয়। শত্রু উপায়ন্তর না দেখে নিরীহ গ্রামবাসীর উপর তাদের জিঘাংসা চরিতার্থ করে।

ধলাই অপারেশন(২৮শে অক্টোবর, ১৯৭১): ধালাই সিলেট জেলার একটি অংশ। বাংলাদেশ মুক্তিযুদ্ধে ধালাই রণাঙ্গন প্রখ্যাত ছিল। এই অপারেশনটা চালাবার জন্য প্রথম রেজিমেন্টকে দায়িত্ব দেওয়া হয়। যদিও এটি ছিল পাক-বাহিনীর দুর্ভেদ্য ঘাঁটি তথাপি প্রথম বেঙ্গল রেচিমেন্টের এ-কোম্পানী কমান্ডার ক্যাপ্টেন মাহবুব (শহীদ) তার কোম্পনী নিয়ে একবার শত্রুর উপর আঘাত হানেন। কিন্তু স্বপক্ষের বেশ কিছু আহত সৈনিক নিয়ে তাকে ফিরে আসতে হয়। এদের মধ্যে যারা মারাত্মকভাবে আহত হন তাদের মধ্যে প্রথম দুইজন হচ্ছেন সুবেদার ইব্রাহীম এবং অন্যজন হচ্ছেন রকেট লাঞ্চার-এর নাম্বার ওয়ান হাওয়ালদার সোবহান। এদের দু'জনকেই ঘটনাস্থল থেকে হেলিকপ্টারে মুক্তিবাহিনী বেইস হসপিটালে পাঠানো হয়। এরপর আমি সফলতার সঙ্গে খেজুরীচর টারগেটকে দখল করার পর তদানীন্তর ব্যাটালিয়ন কমান্ডার ধালাই দখল করার ভার আমার উপর ন্যস্ত করেন। যদিও আমি জানতাম এই রণাঙ্গন থেকে ফিরে আসার সম্ভাবনা খুবই কম ছিল তথাপি দৃঢ়তার সঙ্গে আমাকে দায়িত্ব গ্রহণ করতে হয়েছিল। এই প্রসঙ্গে একদিন ক্যাপ্টেন (বর্তমানে মেজর) হাফিজউদ্দিন ঠাট্টা করে বলেছিলেনঃ তোমার নতুন যে প্যান্টটা তৈরী করেছ তা অন্ততঃ একবার পরে যাও। নতুবা মরে গেলেও হয়ত দুঃখ থেকে যাবে।

১৯৭১ সালের ২৭শে অক্টোবর রণাঙ্গনের দামামা বেজে ওঠে। যেহেতু পুরা ব্যাটালিয়ন এতে অংশগ্রহণ করেছিল সেহেতু পরিকল্পনা অনুযায়ী 'এ'এবং 'ডি' কোম্পানী ২৭শে অক্টোবর রণাঙ্গনের দিকে যাত্রা করে। তাদের দায়িত্ব ছিল পেছন থেকে যাতে শত্রুযোগাযোগ করতে না পারে সেদিকে লক্ষ্য রাখা এবং শত্রুযাতে সৈন্য এবং রসদ-সরঞ্জামাদি পরিবহন করতে না পারে তা নিশ্চিত করা। ধালাই এলাকায় বেশ এক অংশ জুড়ে পাকিস্তানী সৈন্য মোতায়েন করা হয়েছিল। এমনকি প্রত্যেকটা বাংকার কংক্রিটে নির্মাণ করা হয়েছিল। বাংকারগুলো এমন ধরনের ছিল যে এর ভেতর থেকে বের হবার প্রয়োজন খুব একটা হতো না। কারণ রসদ সরঞ্জামাদি প্রচুর পরিমাণে মওজুত থাকত। রণকৌশলের দিক থেকে সন্মুখ সমরে ঝাঁপিয়ে পড়াছিল আমার পরিকল্পনা। সেদিক থেকে বিচার করে ২৭শে অক্টোবর সকাল ৪টার সময় আমি কোম্পানী নিয়ে অগ্রসর হই। বলাবাহুল্য, ক্যাপ্টেন নুর প্রথমবারের মত সেদিন আমার সাথে যোগ দেন। তিনি আমার এক নম্বর প্লাটুন নিয়ে বাম দিক থেকে অগ্রসর হতে থাকেন এবং আমি দুই নম্বর ও তিন নম্বর প্লাটুন নিয়ে ডান দিক দিয়ে অগ্রসর হতে থাকি। টারগেট থেকে যখন আমি প্রায় ৫০ গজ দুরে ছিলাম তখন কিছু গোলগুলির আওয়াজ শুনি। অয়ারলেসে জানতে পারলাম যে ক্যাপ্টেন নুর প্রায় শত্রুঘাঁটির ভিতরে ঢুকে গেছে। এই সময় আমি সুযোগ বুঝে শত্রুর উপর আক্রমণ চালাই। এখন শুধু বুলেটের আওয়াজ ছাড়া আর কিছুই শোনা যায় না। শত্রুপ্রত্যক্ষভাবে আমার সাথে যুদ্ধে লিপ্ত হয়। অবশেয়ে শুত্রুর অধিকাংশ আমার উপর নিয়োজিত হয়। সুতরাং এ সময়ে ক্যাপ্টেন বেশ হতাহত হয়। তিনি একটু পিছে এসে ডিফেন্স নেন এবং আহতদেরকে পেছনে

পাঠাবার বন্দোবস্ত করেন। আমিও আর অগ্রসর হতে পারছিলাম না। তাই ডান দিকের বেশ একটা অংশ দখল করে শত্রুর নাকের ডগার উপরে বসে যাই। আমার সাথের বেশ কিছুসংখ্যক সৈন্য হতাহত হয়েছিল, তাদের মধ্যে সবচেয়ে বেশী শৌর্যবীর্যের পরিচয় দিয়েছিলেন বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান। এই যুদ্ধে আরও দু'জন জোয়ান তাদের দৃঢ়তা ও বিচক্ষণতার পরিচয় দেন-তাদের একজন হলের হাওলাদর মকবুল হোসেন ও অপরজন সিপাই আব্দুর রহমান, যিনি দুলে পুলিশবাহিনী থেকে আমাদের সাথে যোগ দেন। তুমুল যুদ্ধের পর ব্রিগেড কমান্ডার জিয়াউর রহমান সাহেব আমাকে যেখানে ছিলাম সেখানে থাকতে নির্দেশ দেন।

পাত্রখোলা চা-বাগানের যুদ্ধঃ এখানে উল্লেখ করা যেতে পারে যে, 'এ' 'বি' এবং 'ডি' কোম্পানী যারা পাত্রখোলা চা বাগানের মধ্যে তাদের আধিপত্য করেছিলেন তাদের উপর বেশ কয়েকটা আক্রমণ চলে। কিন্তু আক্রমণের ফলে যথেষ্ট হতাহতের পর শত্রুপিছু হটতে বাধ্য হয়। যেহেতু এই স্থানটা দখল করা ছিল একন্ত প্রয়োজন সেহেতু বড় ধরনের একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। ২৯শে অক্টোবর সকাল ৫টার সময় ভারতীয় সেনাবাহিনীর দ্বিতীয় জাঠ ব্যাটালিয়ন আমাদের সাথে যুদ্ধে অংশগ্রহণ করে, কিন্তু সেখানেও আমরা বেশ একটা সুবিধা করতে পারিনি। পর্যায়ক্রমে এক ব্রিগেড ভারতীয় সৈন্য এক ডিভিশন আর্টিলারী নিয়ে আমাদের সাথে অংশ গ্রহণ করে। এভাবে একটানা পাঁচদিন যুদ্ধের পর শত্রুপক্ষ আত্মসমর্পণ করতে বাধ্য হয়। উল্লেখযোগ্য যে, যুদ্ধে ভারতীয় ব্রিগেড কমান্ডার এবং দ্বিতীয় জাঠ ব্যাটালিয়নের কমান্ডিং অফিসার আহত হন। এই যুদ্ধে শত্রুপক্ষ যথেষ্ট দৃঢ়তার পরিচয় দেয়।

ধালাই যুদ্ধের ফলাফলঃ পাকিস্তান সেনাবাহিনী অনবরত পাঁচদিন যুদ্ধের পর আত্মসমর্পণ করতে বাধ্য হয়। তাদের মধ্যে অবশ্য প্রায় এক ব্যাটালিয়ন সৈন্য নিশ্চিহ্ন হয়ে যায়। বাকী সৈন্যদের মধ্যে অনেকে ধরা পড়ে এবং অনেকে পালিয়ে যায়। পরাজয়ের একমাত্র কারণ ছিল শত্রুর লাইন অব কমিউনিকেশন চতুর্দিক থেকে কেটে দেওয়া হয়। তাই সম্মুখসমরে তারা সুবিধা করতে পারেনি। এ যুদ্ধে হতাহতের সংখ্যা পুরোপুরি নির্ণয় করা সম্ভব হয়নি। তবুও আনুমানিক বলা চরে আমাদের নিহতের চেয়ে আহতই বেশী হয়েছে। অন্যদিকে, শত্রুর নিহতের সংখ্যা ছিল অনেক বেশী। ধালাই যুদ্ধে পরাজয়ের পর সিলেটে শুত্রু বাহিনীর ছোটাছুটি অনেক পরিলক্ষিত হয়। কারণ যে ক'টি বিখ্যাত ঘাঁটি ছিল তার মধ্যে ধালাই ছিল অন্যতম। এখান থেকেই প্রায় ৫০ মাইল এলাকাকে নিয়ন্ত্রণে রাখা হতো।

সিলেটে যুদ্ধ পরিকল্পনাঃ ১৯৭১ সালের ২০শে নভেম্বর প্রথম বেঙ্গল রেজিমেন্ট সিলেটে সমস্ত শত্রুর দুর্ভেদ্য ঘাঁটি দখল করার জন্যে সিলেটের ভিতর দিয়ে 'এডভান্স টু কন্ট্যাকট' চালাবার জন্য পরিকল্পনা করা হয়। ২০শে নভেম্বর ঈদের নামাজের পর ভারতের সীমানা অতিক্রম করে বালা গ্রামের কিছু পিছন অবস্থান করি। সমস্ত এলাকা দেখার পরে রাত প্রায় আটটার সময় পুরা ব্যাটালিয়ন নিয়ে আমরা কয়েকটি টারগেটের দিকে অগ্রসর হই। উল্লেখযোগ্য যে, বিস্তীর্ণ এলাকা জুড়ে বেশ কয়েকটি টারগেট এখানে ছিল। এদের মধ্যে যেগুলোতে সৈন্যসংখ্যা বেশী ছিল সেগুলোর মধ্যে আটগ্রাম, চারগ্রাম ও বালা বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়া বিক্ষিপ্ত ছোট ছোট কতকগুলো শত্রু ছাউনি থাকতে সন্মুখে অগ্রসর হওয়া বেশ দুস্কর ছিল। কিছুদুর অগ্রসর হওয়ার পরেই চারদিক থেকে ছোট ছোট অস্ত্রের গোলাগুলি আসতে থাকে, ফলে আমাদেরকে কিছুক্ষণের জন্য অবস্থান নিতে হত। পুরা ট্রুপসকে পিছনে রেখে কোম্পানী কমান্ডারকে তার দল নিয়ে রেকি করতে হত, তারপর আবার পথ চলতে হতো। এভাবে রাত প্রায় ২টার সময় আমি 'সি' কোম্পানীকে নিয়ে বালায় অবস্থিত টারগেট থেকে প্রায় ১০০ গজ দুরে ডিফেন্স নিই। এখানে উল্লেখযোগ্য যে, ৪৫ গুর্খা বাহিনী ও আমাদের সাথে অংশগ্রহণ করেছিল। ৪৫গুর্খা বাহিনীর সাথে ছিল আমাদের 'ডি' কোম্পানী। তাদের দায়িত্ব ছিল আটগ্রামের শত্রু ঘাঁটি দখল করা। সব কোম্পানী নিজের নিজের দায়িত্ব পালন করার জন্য সুবিধামত টারগেটের নিকটবর্তী কোন জায়গায় হাইড-আউট করেছিল। শত্রু বাঙ্কারগুলো ইতস্তত বিক্ষিত থাকাতে আমাদের নড়াচড়া একটু সাবধানেই করতে হতো। আমাদের এইচ-আওয়ার ছিল সকাল ৬টা। সুতরাং এইচ-আওয়ারের পাঁচ মিনিট আগে গোলন্দাজ বাহিনীকে ডাকা হয়-যাকে বলা হয় প্রি-আওয়ার গোলাবর্ষণ। ৫

মিনিট নর্মাল ফায়ার এর পর গোলন্দাজ চুপ হয়ে যায়। তার সাথে বালা, চারগ্রাম ও আটগ্রামের উপর বঙ্গশার্দুল ও গুর্খারা ঝাঁপিয়ে পড়ে। অর্ধ ঘন্টার ও বেশী সময় তুমুল গোলগুলির পর তিনটি শত্রু ঘাঁটিই আমাদের করায়ত্ত হয়। এদের মধ্যে শত্রুর সরচেয়ে বেশী ক্ষয়ক্ষতি হয় আটগ্রামে। এটা শত্রুর ব্যাটালিয়ন হেডকোয়ার্টার এবং দুর্ভেদ্য ঘাঁটি ছিল। এখানে বেশকিছু এ্যামুনিশন ডাম্প ও ছিল। অবশ্য শত্রু সহজেই আত্মসমর্পণ কেরেনি। যথেষ্ট হতাহতের পর কিছু আত্মসমর্পণ করে এবং কিছু এদিক ওদিক পালিয়ে যায়। আটগ্রামের শত্রুর হতাহতের সংখ্যা ছিল প্রায় ১০০জন, এদের মধ্যে ৪জন অফিসার ছিলেন। যথেষ্ট গোলবারুদ আমাদের হস্তগত হয়। এখানে শত্রুবেশকিছু গোলাবারুদ ফেলে যায় এবং হতাহতের সংখ্যা ছিল শত্রু পক্ষে ১০-১৫জন এবং অস্ত্রসংবরণ করে ৭জন। চারগ্রামে অবশ্য শত্রু যথেষ্ট ছিল। কিন্তু আমাদের আক্রমণের আশংকা বুঝতে পেরে তারা পশ্চাদপসরণ করে এবং কোনরকম বাধা ছাড়াই আমরা চারগ্রাম দখর করি। এখানে অবশ্য হতাহতের সংখ্যা তেমন উল্লেখযোগ্য নয়।

বালা দখল করার পর আমরা করিমগঞ্জের দিকে রওনা হই। করিমগঞ্জ ভারতীয় সেনাবাহিনীর সাহায্যে অষ্টম বেঙ্গল রেজিমেন্ট দখল করতে সমর্থ হয়। অষ্টম বেঙ্গল রেজিমেন্টের কমান্ডার ছিলেন মেজর (বর্তমানে লেঃ কর্নেল) এ. জে. এম আমিনুল হক।

এরপর করিমগঞ্জ থেকে আমরা বৈয়ামপুর রওনা হই এবং বৈয়ামপুর আমাদের দখল নেয়ার পরিকল্পনা কির। কিন্তু বৈয়ামপুর যাবার পথে পাকসেনা আমাদের উপর এ্যামবুশ করে। ফলে আমাদের দু'জন যোদ্ধা শহীদ হন, দু'জন নিখোঁজ হন এবং ৬জন গুরুতরভাবে আহত হন। ফ্লাইট লেফটেন্যান্ট লিয়াকত গুরুতররুপে আহত হন। তিনি আহত হবার পর আমি সি কোম্পানী ক্যাপ্টেন নূরকে হস্তান্তর করে 'এ' কোম্পানী দায়িত্ব গ্রহণ করি। বৈয়ামপুর ছিল করিমগঞ্জ থেকে প্রায় ৩৫/৪০ মাইল দুরে। এ যুদ্ধে ক্যাপ্টেন মাহবুব আর্টিলারী শেলিং করেন। পাকসেনারাও আর্টিলারী শেলিং করা থেকে বিরত ছিল না। আর্টিলারী শেলিং বিনিময়ের এক পর্যায়ে ক্যাপ্টেন মাহবুব হঠাৎ চিৎকার করে ওঠেন। শেলিং এর টুকরা তার শরীরে আঘাত করে। অতঃপর ক্যাপ্টেন মাহবুবকে সরিয়ে নেয়া হয়। কিছুক্ষণ পর তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন এবং শহীদ হন। তাঁর সিগনালারও শহীদ হন এবং রানার আহত হন। মুক্তিযুদ্ধের ইতিহাসে এই তিনজন মুক্তিসেনার নাম অবিস্বরণীয় থাকবে যুগ যুগ ধরে, এই আশাই আমি রাখি। পরদিন সকালে ৩১তম রেজিমেন্ট আমাদেরকে আক্রমণ করে। কিন্তু এ আক্রমণে তারা ব্যর্থ হয় এবং তিনজন অফিসার ও তিনজন সুবেদার নিহত হয়। ১২ জন পাঞ্জাবী আমাদের হাতে বন্দী হয়।

এর পরদিন সকালে আমরা বৈয়ামপুর থেকে শহীদপুরের দিকে যাত্রা করি এবং এখানেও যুদ্ধে অংশ গ্রহণ করি। আমাদের নয়জন হতাহত হন। তারপর আমরা কচুয়া পর্যন্ত অগ্রসর হই এবং ডিফেন্স নিই। ই-পি-আর বাহিনী ইতিপুর্বেই কানাইঘাট দখল করেছিল। আমরা সেখানে গিয়ে উপস্থিত হই।

রণকৌশলের দিক থেকে বিচার করলে কোন দূরদর্শী সেনাবাহিনীই তার শত্রুকে পেছনে ফেলে রাখতে চায় না, কারণ পিছনের আক্রমণকে প্রতিহত করা অনেক সময় বেশ কষ্টসাধ্য হয়ে পড়ে। সে জন্যে আমরা শত্রু ঘাঁটির মধ্য দিয়ে এডভান্স টু কন্টাকট শুরু করি। কানাইঘাট থেকে বিকেল ৫টার সময় আমরা সিলেট এম. সি. কলেজ অভিমুখে যাত্রা করি। কারণ আমরা জানতাম এম. সি. কলেজকে পাকিস্তানী বাহিনী বিরাট একটা দুর্গে পরিণত করেছিল। সেই দুর্গকে অররোধ করে দখল করাই আমাদের প্রধান লক্ষ্য ছিল। পরদিন বিকেল ৫টার সময় আমরা কেওয়াচরা চা বাগানে ডিফেন্স স্থাপন করি। রাত্রিবেলা পেট্রোল পার্টি পাঠানো হয়েছিল শত্রুর গতিবিধির খোঁজখবর নেয়ার জন্য। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমার পেট্রোল পার্টি শত্রুর এ্যামবুশে পড়ে এবং একজন নিখোঁজ হয়। শত্রুর অবস্থান সম্পর্কে খোঁজখবর পাওয়ার পর সকালবেলা আমি আমার কোম্পানীকে নিয়ে সন্মুখে অগ্রসর হচ্ছিলাম। কিন্তু শত্রুদ্বারা বাধাপ্রাপ্ত হয়ে কতক্ষণ ডিফেন্স থাকি। এই দুই ঘন্টার মধ্যেই অন্যান্য

কোম্পানীও আমার বামদিকে গিয়ে অবস্থান নেয়। আমার কোম্পানীকে ফর্ম-আপ করে শত্রুর উপরে চার্জ করি। ফলে আমার একজন শহীদ এবং কয়েকজন আহত হন। শত্রু পিছু হটতে বাধ্য হয়। তাদের পক্ষেও যথেষ্ট হতাহত হয়। সেদিন সেখানেই অবস্থান করার পর সন্ধ্যার সময় আমরা এম, সি, কলেজ অভিমুখে যাত্রা করি। পরদিন সকাল চারটার সময এম, সি, কলেজের টিলার উপরে এসে আমরা শত্রুর গতিবিধি লক্ষ্য করছিলাম। শত্রু কিন্তু আমাদের উপস্থিতি সম্বন্ধে একটুও সজাগ ছিল না। সুতরাং ডিফেন্সের ভিতর দিয়ে এদিক-ওদিক ঘোরাঘুরি করছিল। আমরা এক ফাঁক দিয়ে পজিশন নেয়ার বন্দোবস্ত করছিলাম কিন্তু যথেষ্ট পাঞ্জাবী সেনা একসঙ্গে দেখাতে নিজেকে আর দাবিয়ে রাখতে পারছিলাম না। তাই পজিশন না নিয়েই ছয়টা মেশিনগান দ্বারা তিন দিক থেকে ফায়ার শুরু করলাম। শত্রুর মাথায় যেন বজ্র ভেঙ্গে পড়ল। তারা পাগলের মত এদিক-ওদিক ছোটাছুটি করছিল। এর ভিতরেই বেশকিছু পাঞ্জাবী সৈন্য নিহত হয়। কিছু সৈন্য হাত তুলে স্যালেন্ডার করে। আর্টিলারী রেজিমেন্ট তাদের অস্ত্র নিয়ে তাড়াহুড়া করে স্মল আর্মস রেঞ্জের বাইরে চলে যায়। শত্রুপক্ষে বেশকিছু হতাহতের পর তারা আমাদের অবস্থান থেকে আরও একটু উঁচু টিলা দখল করে। তাদের সমস্ত শক্তি তারা টিলার উপর নিয়োগ করে। এরপর আমাদের 'ডি' এবং 'বি' কোম্পানীর উপরে কয়েকটা মেশিনগান দিয়ে ফায়ার শুরু করে এবং তার সঙ্গে সঙ্গে আর্টিলারী ফায়ারও চলতে থাকে। পরে 'বি' এবং 'ডি' কোম্পানীর যথেষ্ট ক্ষতি সাধিত হয়। তাদের একজন প্লাটুন কমান্ডার সুবেদার ফয়েজসহ বেশকিছু লোক নিহত হয়। যারা আহত হয়েছিল তাদেরকে আমরা পিছনে নিয়ে যাই। এভাবে আরও কতক্ষণ যুদ্ধ চলার পর 'বি' এবং 'ডি' কোম্পানী একটু আড়ালে গিয়ে অবস্থান করে। তারপর আমার উপর 'ডি' এবং 'বি' কোম্পানীর দায়িত্ব অর্পিত হয়। আমি শত্রুকে আর এক পা-ও সম্মুখে এগুতে দিইনি। কিছুক্ষণ যুদ্ধের পর আমার দুইজন লোক আহত হয়।

১৫ই ডিসেম্বর থেকে ১৭ই ডিসেম্বর এগারটা পর্যন্ত আমাদের সঙ্গে পাকবাহিনীর যুদ্ধ চলতে থাকে এবং আর্টিলার সমর্থনে আমরা কিছুদূর এগুতে সমর্থ হই। তারপরেই আসে আত্মসমর্পণের পালা। পাকবাহিনী তাদের সমস্ত হাতিয়ার আমাদের নিকট সমর্পণ করে।

পরিশেষে বলতে হয়, পৃথিবীর ইতিহাসে এমনি যুদ্ধ পরিচালনা করা বাঙ্গালী ছাড়া আর কারও পক্ষে সম্ভব হয়নি। যেখানে ছিল না বল, জন, অস্ত্রশস্ত্র সেখানে গড়ে ওঠে এক দুর্ধর্ষ সেনাবাহিনী। এদের নেতৃত্বে পুরো জাতিই মুক্তিবাহিনীর রুপ ধারণ করে। বাঙ্গালী যে যেখানেই ছিল কিছু সংখ্যক লোক ছাড়া বাকী সবাই প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে এই মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে। সবশেষে আমি স্মরণ করি তাদেরকে, যারা মাতৃভূমির জন্যে নিজের শেষ রক্তটুকু বিলিয়ে দিয়েছেন। আমি স্মরণ করি তাদেরকে, যারা এই মুক্তিযুদ্ধের চরম দুঃসময়ে আমার সাথে ছিলেন এবং আমাকে প্রেরণা যুগিয়েছেন।

স্বাক্ষরঃ ক্যাপ্টেন এম, এ, কাইয়ুম চৌধুরী
৩০-১১-১৯৭৩

সাক্ষাৎকারঃ মেজর বজলুল গনি পাটোয়ারী*
....১৯৭৩

পাকিস্তানের ঝিলাম থেকে ১৯৭১-এর ২৫-২৬শে জুলাই শিয়ালকোট দিয়ে ভারতের পূর্ব পাঞ্জাব হয়ে কয়েকজন সঙ্গী নিয়ে আমি পালিয়ে আসি। ভারতে পৌঁছানোর পর ভারতীয় সেনাবাহিনীর তত্ত্বাবধানে আমাকে ও আমার সঙ্গী আমার সঙ্গীদের নয়াদিল্লী নিয়ে যাওয়া হয়। সেখানে ১০ দিন জিজ্ঞাসাবাদ করার পর ৭ই আগস্ট মুজিব নগরে পৌঁছাই। ৮ তারিখে পোস্টিং হয়ে মেঘলয় সেক্টর ১১-এর প্রথম বেঙ্গলের সহ-অধিনায়ক ও কোম্পানী কমান্ডার হিসাবে কাজে যোগ দিই। আমি ঐ বাহিনীর 'ডি' কোম্পানীর কমান্ডার ছিলাম-যুদ্ধ শেষ হওয়া পর্যন্ত।

* ১৯৭১ সালে ক্যাপ্টেন হিসাবে কর্মরত ছিলেন।

আমার প্রথম অপারেশন হয় সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে কামালপুর (ময়মনসিংহ) বি-ও-পি'তে। ঐ যুদ্ধে পাক বাহিনীর আনুমানিক ৩০ জন নিহত ও ৩৩ জন আহত হয়। এ সংবাদ স্থানীয় জনগণ কর্তৃক পাওয়া যায়। আমাদের পক্ষের ২ জন শহীদ ও তিনজন আহত হন। ঐ যুদ্ধে পাক বাহিনী থেকে একখানি রাইফেল ও প্রচুর এ্যামুনিশন উদ্ধার করা হয় এবং একজন শত্রুর লাশও উদ্ধার করা হয়। সেপ্টেম্বর মাসের শেষের দিকে ব্যাটালিয়নকে মুভ করান হয় ৪ নং সেক্টরে (সিলেটের দিকে)। অক্টোবর মাসে ব্যাটালিয়ন বিভিন্ন স্থানে রেইড ও এ্যামবুশ করে, যেমন-চাবাগান, শ্রীমঙ্গল রেল স্টেশন, পাথরখোলা, রাজঘাট, খেজুরীচরা ইত্যাদি স্থানে। পাথরখোলাতে যুদ্ধ করার পর কিছু যুদ্ধবন্দীকে নিয়ে আসা হয় ও কিছু অস্ত্র উদ্ধার করা হয়।

নভেম্বর মাসের ২য় সপ্তাহে সিলেটের জাকিগঞ্জ ও আটগ্রাম রাস্তার দিকে আমার বাহিনী অগ্রসর হতে থাকে। নভেম্বর মাসের ৩য় সপ্তাহে সিলেটের কানাইঘাটের কাছে গৌরীপুরে এসে আমরা অপেক্ষা করি। কানাইঘাট ছিল পাক বাহিনীর ডিফেন্স। সেখানে যুদ্ধ হয়। যুদ্ধে ১২৫ জন পাকসেনা নিহত ও ৬ জন বন্দী হয়। ৪টি মেশিনগান, ১৫টি এল-এম-জি ও ৩৬/৩৭টি রাইফেল উদ্ধার করা হয়। ঐ যুদ্ধে পাকবাহিনীর মেজর সারওয়ারও (৩১ পাঞ্জাব ব্যাটালিয়ন) নিহত হয়।

আমার বাহিনী ডিসেম্বর মাসের ৯/১০ তারিখে সিলেট এম, সি, কলেজে উপস্থিত হয়। ঐ এলাকায় ৫ দিন যুদ্ধ হয়। আমাদের ১২/১৩ জন নিহত ও ৩৬ জন সৈন্য আহত হন এবং পাকবাহিনীর ২০০-এর মত নিহত হয়। ১৭ই ডিসেম্বর সিলেট জেলায় পাক বাহিনী যৌথ বাহিনীর কাছে আত্মসমর্পণ করে।

সাক্ষাৎকারঃ মেজর মোহাম্মদ আনোয়ার হোসেন*

১০ই জুন 'জেড' ফোর্সে যোগদানের জন্য ৩য় বেঙ্গল রেজিমেন্টের এডভান্স পার্টি হিসাবে ৪ জন জে-সি-ও ও ১১৯ জন জোয়ান নিয়ে হিলি থেকে তেলঢালার উদ্দেশ্যে রওনা হই। ১৪ই জুন তেলঢালায় পৌঁছে। তেলঢালায় ১ম বেঙ্গল রেজিমেন্ট, ৩য় বেঙ্গল ও ৮ম বেঙ্গলের অফিসার ও জোয়ানদেরকে একত্রিত করে যুদ্ধের জন্য পুনর্গঠন করা হয়। ছাত্র-যুবকদেরকেও সৈনিক হিসাবে ভর্তি করে প্রশিক্ষণ দেওয়া হয়। ২৮শে জুলাই পর্যন্ত পূর্ণোদ্যমে প্রশিক্ষণ চলে। ৩য় বেঙ্গল রেজিমেন্টের অধিনায়ক ছিলেন তৎকালীন মেজর (বর্তমান কর্নেল) শাফায়াত জামিল সাহেব। আরও ছিলাম 'জেড' ফোর্সের 'এ' কোম্পানী কমান্ডার আমি ক্যাপ্টেন আনোয়ার হোসেন, 'বি' কোম্পানী মেজর আকবর, 'সি' কোম্পানী কমান্ডার মেজর মহসীন, 'ডি' কোম্পানী কমান্ডার লেঃ নূরুননবী।

'জেড' ফোর্সের প্রথম অপারেশন হিসাবে ৩য় বেঙ্গল রেজিমেন্টকে ময়মনসিংহ জেলার বাহাদুরাবাদ ঘাট, দেওয়ানগঞ্জ বাজার ও দেওয়ানগঞ্জ চিনির কলের পাক-বাহিনীর ঘাঁটির উপর আক্রমণ করার নির্দেশ দেওয়া হয়।

২৯শে জুলাই সন্ধ্যা সাড়ে ছয়টায় অধিনায়ক শাফায়াত জামিল এবং আমরা 'এ' ও 'ডি' কোম্পানী বাহাদুরাবাদ ঘাটের উদ্দেশে রওনা হই। সারা রাত ৩০ মাইল পায়ে হেটে বাহাদুরাবাদ ঘাটের অনতিদূরে ব্রহ্মপুত্র নদের অপর পাড়ে চরে পৌঁছি। সারাদিন জোয়ানগণ বিশ্রাম নেয়। বিকালে অধিনায়ক ও আমরা ২ কোম্পানী কমান্ডার এলাকা রেকি করি।

৩১শে জুলাই সন্ধ্যা সাড়ে সাতটায় ২ কোম্পানী বাহাদুরাবাদ ঘাটের উদ্দেশে রওনা হয়। রাত্রি সাড়ে এগারটায় ব্রহ্মপুত্র নদ পার হয়ে বাহাদুরাবাদ ঘাটে পৌঁছি। রাত্রি ১২টার সময় আমরা ২ কোম্পানী অতর্কিতভাবে পাক ডিফেন্সের উপর আক্রমণ করি। পাকবাহিনীর সহিত ১ ঘন্টা গুলি বিনিময় হয়। পরে পাকবাহিনীদের গোলাবারুদ বোঝাই একটি বার্জ ডুবে যায় এবং পাকবাহিনীর ১০০ সৈন্যের মত হতাহত হয়। সেখানে আমরা

* ১৯৭১ সালে ক্যাপ্টেন হিসাবে কর্মরত ছিলেন।

৩"" মর্টার, রকেট লাঞ্চার ও মেশিনগান ব্যবহার করি। রাত্রি ভোর হওয়ার আগেই পুনরায় ব্রহ্মপুত্র নদ পার হয়ে ২ মাইল ভিতরে অপর এক চরে আমরা সকলে আত্মগোপন করি।

১লা আগস্ট পাকবাহিনীর একটি হেলিকপ্টার সারাদিন আমাদের খুঁজে বেড়ায় কিন্তু আমরা খুব সতর্ক থাকায় আমাদের সন্ধান পায়নি। তারপর আমরা দেওয়ানগঞ্জ অপারেশনের জন্য প্রস্তুত হই।

২রা আগস্ট সন্ধ্যার সময় ৬টা নৌকাযোগে দেওয়ানগঞ্জে বাজার ও চিনি কলের দিকে রওনা হই। পথে বাহাদুরবাদ ঘাট ও দেওয়ানগঞ্জের মাঝখানে একটি রেলওয়ে ব্রীজ লেঃ নুরুন্নবী উড়িয়ে দেন, যাতে পাকবাহিনী বাহাদুরবাদ সহজে আসতে না পারে। গভীর রাতে দেওয়ানগঞ্জের অনতিদুরে গিয়ে আমরা 'এ' কোম্পানী নিয়ে দেওয়ানগঞ্জের সুগার মিলে পাক ডিফেন্সের দিকে অগ্রসর হই। লেঃ নুরুন্নবী দেওয়ানগঞ্জ বাজারের দিকে চলে যান। রাত্রি পৌনে চারটায় একই সময়ে নিজ নিজ টারগেটের উপর আক্রমণ চালাই। ৪৫ মিনিট এই হামলা চলে। আমাদের আক্রমণে দেওয়ানগঞ্জ সুগার মিল ক্ষতিগ্রস্ত হয় এবং বহু পাকসেনা হতাহত হয়। দেওয়ানগঞ্জ বাজারে রাজাকার প্রশিক্ষন ক্যাম্প ও রেলওয়ে স্টেশনের বহু ক্ষতি সাধিত হয়। সেই সময় সেখান থেকে নৌকাযোগে আমরা অপর চরে আত্মগোপন করি। আমাদের এই দুটি আক্রমণে ঐ এলাকার স্থানীয় জনগণ ও স্থানীয় এফ-এফ কমান্ডার আমাদের সর্বপ্রকার সাহায্য করেন।

২রা আগস্ট আমরা তেলঢালার উদ্দেশ্যে রওনা হই। ৫ই আগস্ট আমরা তেলঢালায় এসে পৌঁছি।

৮ই আগস্ট আমার 'এ' কোম্পানী নিয়ে রৌমারী থানাকে আমাদের দখলে রাখার উদ্দেশ্যে কীর্তিমারী চরে ডিফেন্স নিই, পরে কোদালকাটির চর, পীরের চর ও চর সাজাইতে আমার বিভিন্ন প্লাটুনকে ডিফেন্সে লাগাই। উক্ত চরে ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত ডিফেন্সে থাকি। এই পাঁচ সপ্তাহে পাকবাহিনী কয়েকবার নদীপথে হামলা চালায়, কিন্তু প্রতিবারই আমাদের হাতে আক্রান্ত হয়ে পিছনে হটে যায়। এখানে পাক বাহিনীর অনেক সৈন্য আহত হয়। আমাদের পক্ষে পনের জন জোয়ান আহত হয়। এই পাঁচ সপ্তাহে আমরা চীলমারী থানার কয়েকটি গেরিলা অপারেশন করি।

১৬ই সেপ্টেম্বর প্রথম বেঙ্গল রেজিমেন্টের লেঃ কাইয়ুম তার কোম্পানী নিয়ে আমাদের নিকট থেকে দায়িত্ব ভার গ্রহন করেন। আমি আমার কোম্পানী নিয়ে তেলঢালায় ফিরে আসি। ৪ঠা অক্টোবর পর্যন্ত তেলঢালার আশেপাশে কয়েকটি ছোট ছোট অপারেশন করি।

৬ই অক্টোবর 'জেড' ফোর্স তেলঢালা ছেড়ে দিয়ে তৎকালীন ৪ ও ৫ সেক্টরের দিকে সেক্টর কমান্ডার লেঃ কর্ণেল মীর শওকত আলী ছাতক আক্রমণের জন্য আমাদের কোম্পানী কমান্ডারদের নিয়ে আলোচনায় বসেন। ১০ তারিখ সকালে উক্ত এলাকা রেকি করা হয়। ১১ তারিখ রাত্রে ছাতকের সন্নিকটে মহড়াটিলা নামক জায়গা দখল করে ফেলি। আমার বাম পার্শ্বে মেজর আকবর তার কোম্পানী নিয়ে জয়নগর টিলাতে ডিফেন্স নেন। ১২ তারিখ সকালে পাক বাহিনী আমাদের গতিবিধি দেখতে পায় এবং সেখানে পাক বাহিনীর সাথে আমাদের সংঘর্ষ হয়। আমরা সেখানে সর্বাধুনিক হাতিয়ার ব্যবহার করি। এই যুদ্ধে পাকবাহিনীর ২ জন অফিসার নিহত হয় ও একজন কর্নেল আহত হয়। তাছাড়া বহু পাকসেনা হতাহত হয়। ঐ দিন রাত্রিতে আমরা সেখানেই থেকে যাই।

১৩ তারিখ রাত্রি ৯ ঘটিকার সময় সুরমা নদীর পাড়ে নড়াই গ্রাম ও সিমেন্ট কারখানার উপর আক্রমণ করি। আমাদের আক্রমণে পাকবাহিনী পিছু হটে যায়। আমরা নড়াই গ্রাম ও সিমেন্ট কারখানা দখল করে ফেলি এবং রাত্রেই সেখানে ডিফেন্স করি।

১৪ তারিখ সকালে পাক বাহিনীর একটি লঞ্চ ছাতক আসার পথে রকেট লাঞ্চারের সাহায্যে সেটিকে ডুবিয়ে দিই। সেখানে ৯ জন খান সেনা নিহত হয় এবং রাজাকার ইসাহাকসহ ৯ জন আমাদের হাতে ধরা পড়ে। এখানে ১৪ টি রাইফেল উদ্ধার করি। সারা দিন তাদের সাথে আমাদের যুদ্ধ চলে। আমাদের ৩ জন আহত হয়।

১৫ তারিখ আমরা ছাতক ঘিরে ফেলি। সেই দিন পাকবাহিনীর একটি গানবোট নদী পার হওয়ার চেষ্টা করলে রকেট লাঞ্চারের সাহায্যে ডুবিয়ে দিই। সেখানে ত জন খান সেনা নিহত হয়।

হয়। আমরা মাঝির ছদ্মবেশে রাতে চাঁদপুরের নিকট দিয়ে নদী পাড়ি দিই। এমন সময় আমরা ঝড়ের মুখে পতিত হই। এর ফলে আমাদেরকে চরের মধ্যে বেশ কিছু সময় নৌকা নিয়ে অপেক্ষা করতে হয়েছিল। রাত্র ১১টা থেকে ৩টা পর্যন্ত আমাদের অভিযান চলার কথা ছিল। আমরা ঠিক সময় আমাদের অভিযন আরম্ব করি কিন্তু দুঃখের বিষয় ভাগ্য আমাদের সুপ্রসন্ন ছিল না। সবই আল্লাহর ইচ্ছা। অবশ্য আমাদের অভিযানের সংকেতধ্বনি বাজানো হয়েছিল তখনকার বাংলাদেশ বেতার কেন্দ্র থেকে। আমাদের সংকেত ছিল পঙ্কজ মলিকের লেখা একটা গানের কলি- বধূ আসবে পালকি চড়ে ইত্যাদি। আমাদের অভিযান মুরু হওয়ার কথা ছিল ১৪ই আগস্ট দিবাগত রাত্রে কিন্তু ঐ দিনটি মেঘাচ্ছন্ন দুর্যোগপূর্ণ থাকায় আর তাছাড়া আমাদের পৌঁছানোর নিরাপত্তা না থাকায় অভিযান দুইদিন পিছিয়ে দেওয়া হয়েছিল।

১৭ই আগস্ট রাত ১১টায় আমি আমার প্রথম অভিযান চালাই। এর আগে আমি দিনের বেলায় চাঁদপুর শহর ও নদীপথ ভালভাবে পরিদর্শক করে আসি, যাকে 'রেকী' বলা হয়। আমি ছেলেদের ছয়টি দলে ভাগ করে প্রত্যেককে একটি করে লিমপেট মাইন পেটে বেথে উল্টাভাবে সাতার দিয়ে টারগেটের দিকে অগ্রসর হতে নির্দেশ দিই। সংগে আমিও পিছনে রওনা দেই দুইটি মাইনসহ। দুজন ছাড়া সবাই তাদের টার্গেটে মাইন লাগাতে সমর্থ হয়। আমার লক্ষ ছিল সবচাইতে বড় একটি গমের জাহাজ। এজন্য আমি দুটি মাইন নিয়ে অন্য দুজন ছেলেসহ প্রথমে গমের জাহাজের নিচে ডুব দিয়ে নিজ হাতে মাইন লাগাই এবং সংগে আমার সঙ্গী দুজনও মাইন লাগায়। এরপর সাতরিয়ে পদ্মার মুখে এসে পড়ি। এমন সময় সৈন্যবাহী জাহাজ গাজী আমাদেরকে সম্মুখে বাধা দেয়। তখন এদিকে জাহাজে লাগানো মাইন ধুম ধুম শব্দে ফুটতে শুরু করেছে। জাহাজের ভিতরে তখন হৈ হুল্লোড় চিৎকার শুরু হয়ে গিয়েছে। দুই ধার থেকে তখন প্রহরা বাহিনী নদীর মধ্যে অজস্র গুলি ছুড়তে আরম্ভ করেছে। আমার দল তখন গুলির মুখে টিকতে না পেরে ছত্রভঙ্গ হয়ে যে যার দিকে সম্ভব আত্নরক্ষার জন্য দ্রুত সরে পড়ে। অন্য দুই দলসহ আমরা ছয়জন তখন পদ্মা নদীরমুখে গাজী জাহাজের সামনে বাধা প্রাপ্ত হই। তখন আমি একটা বার্জ এর গা ধরে কিছু সময় নিজেকে লুকিয়ে রাখি। প্রায় ভোর হয়ে আসছিল। এদিকে জাহাজও আর সরে না, আমরাও আমাদের পথ চলতে পারি না। কিছু সময় অপেক্ষা করার পর আমার দলের শেষে লাগানো একটি মাইন জেটির কাছে বিস্ফোরিত হয় এবং গাজী তাড়াতাড়ি নদীর মুখে থেকে নদীর ভিতরে চলে যায়। তখন আমরা ঐ সুযোগে তাড়াতাড়ি পদ্মার মুখ পার হয়ে এক পাটক্ষেতের পাশে ঢুকে পড়ি। এমন সময় সকাল হয়ে গেছে। আমরা তখন ৬জন মাত্র একত্রে আছি বাকী যে যার মত পেরেছে নিজেকে বাচানোর জন্য ছুটে গেছে। পূর্ব নির্দেশ মোতাবেক যেখানে আমাদেরকে নৌকায় উঠারে কথা ছিল সেই পূর্বনির্ধারিত স্থানে নৌকা না পাওয়ায় আমরা সবাই বিমূঢ় হয়ে পড়ি। আমাদের তখন শূন্য হাত, কোন অস্ত্র নেই। আছে শুধু সাতার কাটার জন্য পায়ে ফিন। এ অবস্থায় আমি দলবসলসহ এক পাশের বাড়িতে গিয়ে উঠি এবং জোরপূর্বক এক নৌকায় উঠে বসি। নৌকার মালিক আমাদের দেখে জোরে চিৎকার দেয়। আমরা নৌকা নিয়ে অল্প কিছুদূর এসেছি মাত্র এমন সময় চারদিক থেকে আমাদেরকে প্রায় ১০০ নৌকা ঘিরে ফেলে। নৌকাগুলো ঐ সময় নদীতে ইলিশ মাছ ধরছিল। মাঝিরা আমাদেরকে ঘেরাও করে আমাদের দিকে আসতে থাকে। নিকটে আসার পর আমাদের অবস্থা বুঝতে পেরে আমাদেরকে ডুবুরী বলে চিৎকার দেয় এবং আমাদের হিন্দুস্তানী বলে চিহ্নিত করে। আমরা নৌকা প্রায় ধরা পড়ার উপক্রম। সামনে পিছনে সবদিকে পথ বন্ধ। সব নৌকার মাঝিরা চেচামেচি শুরু করে দিয়েছে। তখন বেলা উঠেছে, আমাদেরকে স্পষ্ট দেখা যাচ্চে। এমন সময় আমাদের মাথায় উপস্থিত বুদ্ধি খেলে যায়। আমি আমাদের ছেলেদেরকে সবগুলি ফিন উপরের দিকে উচিয়ে ধরতে বলি। যে বলা সেই কাজ। আমি তখন চিৎকার করে বলি, আমাদের পথ ছাড়, নতুবা আমরা তোমাদেরকে গুলি করে মেরে ফেলবো। আমার হাতে টর্চ লাইট থাকায় সেটা তাদের দিকে উচিয়ে ধরি এবং পথ ছাড়তে বলি। ওদিকে অনবরত চাঁদপুর বন্দরে আমাদের লাগানো মাইন ফাটা আরম্ভ হয়েছে। আমি তাদেরকে ভয় দেখিয়ে বলি ঐ যে শব্দ শুনতে পারছ, আর এই যে আমাদের কাছে বোমা দেখছো, এটা তোমাদের উপর ছেড়ে দেব। যেমন বলা, আর যায় কোথায়, সবাই তখন নৌকা নিয়ে যার দিকে পালাতে শুরু করলো। এর

ফলে আমরা নৌকা বদল করে নান্নু নামক এক ছেলের অন্য এক নৌকায় উঠি। পরে শুনতে পাই, আমাদেরকে সাহায্য করার জন্য ছেলেটিকে পাকবাহিনী গুলি করে মেরে ফেলে।

এরপর আমি সোজা পশ্চিম দিকে নৌকা চালিয়ে কলমচোরা গ্রামে গিয়ে উপস্থিত হই। ওখানকার চেয়ারম্যন দেওয়ান সাহেব তার বাড়িতে দুপুর বারোটার সময় আমাদের খাবারের ব্যবস্থা করেন। ক্ষুধায় আমাদের তখন জান বেরিয়ে যাওয়ার উপক্রমন হয়েছিল। আমাদের পরনে তখন মাত্র একটা জাংগিয়া ছাড়া আর কিছু ছিল না। অবশ্য তিনি আমাদের প্রত্যেককে একখানা করে লুঙ্গি দিয়েছিলেন আর কাউকে বা গেঞ্জি আর কাউকে বা শার্ট। আমাকে আগেই নান্নু ছেলেটা তার একটা গামছা ও গায়ের শার্ট খুলে গিয়েছিল। আমরা খাওয়ার সময় সংবাদ পাই যে, আমাদের ধরার জন্য পাকসেনা ও বেশকিছু রাজাকার আমাদের দিকে আসছে। এমতবস্থায় আমরা তাড়াতাড়ি অল্প কিছু নাকে মুখে দিয়ে ওখান থেকে সরে পড়ি। সন্ধ্যার সময় স্টুয়ার্ড মুজিবর রহমানের বাড়িতে গিয়ে উঠি এবং রাত্রি যাপন করি অন্য এক বাড়িতে। সারারাত কোন রকম অনিদ্রায় কাটিয়ে দিই। সকাল হওয়ার সংগে সংগে আমি ছেলেদের খোজে বের হই। অনেক খোজাখুজির পর দুজনের দেখা পাই এবং তাদেরকে সংগে করে আমি চলে আসি সফরমানী গ্রামে ইব্রাহীম (হাইস্কুলের প্রধান শিক্ষক) সাহেবের বাড়িতে। এসে শুনতে পাই গতকাল্য চাঁদপুর বন্দরে যে অভিযান চালানো হয় তার জন্য মাস্টার সাহেবকে পাকবাহিনী দায়ী করে এবং পরের দিন তাকে গুলি করে হত্যা করে। বাড়িতে যা কিছু মালামাল ছিল সব কিছু লুট করে নিয়ে যায়। নারী নির্যাতন করতেও ছাড়ে নাই। ঘটনা শুনে মনে ভীষন ব্যাথা পাই এবং প্রতিজ্ঞা করি যে, এর প্রতিশোধ নেবই নেব খোদা যদি বাঁচিয়ে রাখেন। মাস্টার সাহেবের দুই ছেলে সাজু ও নিলুসহ আমি আমাদের শিবির আগরতলায় যাওয়ার জন্য তৈরী হতে থাকি। এমন সময় আরও দুজন বিমান বাহিনীর লোক আমার সংগে যোগ দেয়।

শিবিরে এসে শুনতে পাই আমি পাকসেনাদের হাতে ধরা পড়েছি এবং আমি তাদের নিকট আত্নসমর্পন করেছি। এই খবর পাকিস্তান রেডিও থেকে জোরে ফলাও করে প্রচার হয়েছিল। অবশ্য প্রথম অভিযানের দীর্ঘ ১১ দিন আমার কোনরূপ খোজখবর ছিল না। এতে আমার শিবিরের সকলের মনে দারুন প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছিল। আমার আগমনে সবাই একসংগে হর্ষধ্বনি দিয়ে আমাকে ঘাড়ে উঠিয়ে আনন্দে হাততালি দিতে শুরু করলো। দুদিন যেতে না যেতে আমার ডাক পড়ে কলিকাতা ফিরে যাওয়ার জন্য। আমাকে বোমারু বিমান করে কলিকাতা নিয়ে যাওয়া হয়। কলিকাতায় এসে সুনতে পেলাম অন্যান্য নৌ-অভিযানের মধ্যে সবচাইতে বেশি জাহাজ চাঁদপুর ডুবেছিল। এবং চাঁদপুরের সংবাদ বি বি সি সংবাদ সংস্থা পর্যন্ত পরিবেশন করেছিল।

দ্বিতীয় আক্রমন: কলিকাতা থেকে আবার পলাশী শিবিরে চলে আসে। ইতিমধ্যে আমার জন্য নতুন করে অভিযান চার্ট তৈরী করে রাখা হয়েছে। আমাকে খুলনার মঙ্গলা পোর্ট অপারেশন করতে হবে। এর আগে যে দলকে আমরা মঙ্গলা পোর্ট অপারেশন করতে দিয়েছিলাম তারা বেশী একটা সুবিধা করে উঠতে পারেনি। প্রথম মঙ্গলা দলের অধিনায়ক ছিলেন আমার বন্ধু আহসানুল্লাহ।

আমি এবার ৩০জন ছেলে সংগে করে মঙ্গলা অপারেশননের জন্য তৈরী হতে লাগলাম। আগস্ট মাসের শেষদিন আমি ৩০ জন ছেলেসহ কলিকাতার ব্যারাকপুর চলে আসি। ওখানে আমাদের জন্য বিশ্রাম শিবির তৈয়ার করা ছিল। ব্যারাকপুর থেকে আমরা প্রয়োজনীয় গোলাবারুদ সহ ৯নং সেক্টর মেজর জলিল সাহেবের সংগে যোগ দিই। আমাকে সাহায্য করার জন্য মেজর জলিল আমাকে লেঃ শামসুল আরেফিন সাহেবকে সংগে দেন। আরও দেন ২০০ জন স্থল গেরিলা বাহিনী। স্থল গেরিলা বাহিনী আমাদেরকে সাহায্য করবে আর প্রয়োজনবোধে পাকবাহিনীর সংগে যুদ্ধ চালাবে। বাকুন্দিয়া শিবির থেকে আমরা আবার হিঙ্গলগঞ্জ শিবিরে চলে আসি। এখানে দুদিন অপেক্ষা করার পর লেঃ শামসুল আরেফিন সহ আমি দলবল নিয়ে বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করি।

আমরা সাধারনত রাত্রিবেলায় চলাফেরা করতাম। দিনের বেলায় কোন জংগলে অথবা গ্রামের নির্জন বাড়িতে শিবির করতাম। এবং সব সময় যুদ্ধের জন্য প্রস্তুত থাকতাম যাতে পাকবাহিনী আমাদেরকে আক্রমন করলে আমরা তার মোকাবেলা করতে পারি। এভাবে দুদিনে ৮০ মাইল পথ পেরিয়ে প্রায় ৩০০ লোকের একটা গেরিলা দল নিয়ে আমরা মঙ্গলা পোর্টের কাছে কৈলাশখালী গ্রামে আমাদের শিবির স্থাপন করি।

কৈলাশখালী গ্রামে লোকজন বেশী ছিল না। অধিকাংশ বাড়ছিল পরিত্যাক্ত। আমরা সুন্দরবনের ধারে এক হিন্দু ভদ্রলোকের বাড়িতে আশ্রয় নিই। আর অন্যান্য স্থলবাহিনী ছেলেদেরকে আমরা কয়েক ভাগে ভাগ করে পরিত্যাক্ত বাড়িতে রাখি, যাতে আমাদের উপর হঠাৎ পাকসেনা আক্রমন করলে সুবিধা করে উঠতে না পারে।

কৈলাশখালী গ্রামে একদিন বিশ্রামের পর আমি ও আমার বন্ধু শামসুল আরেফিনসহ আমরা মঙ্গলা পোর্টে 'রেকী' করার জন্য যাই ছোট এক নৌকাযোগে। ঐ সময় খিজির নামে এক মুক্তিযোদ্ধার সংগে আমাদের পরিচয় হয়। মঙ্গলা পোর্ট-এর নিকট সে আগে থেকেই গেরিলা তৎপরতা চালাচ্ছিল। আমাদের পেয়ে সে আরও সাহস অর্জন করলো। খিজির ওখানকার বাসিন্দা হওয়ায় আমাদের রাস্তাঘাট চলাচলে সুবিধা হয়েছিল। আরেফিন আমি খিজির ও নৌকা চালানোর জন্য আরও কয়েকজন ছেলেসহ আমরা ঠিক সন্ধ্যার আগে মঙ্গলা পোর্ট 'রেকী' করে আসি। পরদিন আমরা সন্ধ্যার সময় বড় বড় ছ'খানা নৌকায় মঙ্গলা পোর্টের কাছে এসে উঠি। স্থলবাহিনীকে আমরা তিন জায়গায় পজিশন মত বসিয়ে রাখি। যদি কোনরূপ আক্রমন হয় তারা পাল্টা জবাব দেবে। অবশ্য আরেফিন সাহেব এসব বন্দোবস্ত করেন। আমি আমার নৌ কমাণ্ডো ছেলেদেরকে বুকে বাধা মাইনসহ বিভিন্ন ভাগে ভাগ করে নিজে এক দলসহ নদীতে সাতার দেই। আমাদের সংগে থাকতো শুধু ছোট একটি ছুরি, একজোড়া ফিন আর একটা লিমপেট মাইন। আর গ্রুপ লিডারের কাছে থাকতো একটি অথবা দুটি করে হাতবোমা। কোন জাহাজে চারজন, কোন জাহাজে ছজন এইভাবে ভাগ করা ছিল। আমার সংগে ছিল চারজন। আমার যে জাহাজটাতে মাইন লাগানোর কথা তা নদীর অপর প্রান্তে বাধা ছিল। যাদের টার্গেট নিকটবর্তী ছিল তারা সেখানে তা লাগিয়ে যে যার মত নিজেকে নিয়ে কেটে পড়ে। আমার জাহাজে যখন পৌঁছি তখন আমার একজন ছেলে তীব্র স্রোতের মধ্যে আমাদের দল ছাড়া হয়ে যায়। আমি ডুব দিয়ে জাহাজের গায়ে যখন মাইন লাগাচ্ছিলাম, তখন অন্য দল দ্বারা পূর্বে লাগানো মাইন বাস্ট হয়ে নদীর মধ্যে জাহাজ ডুবতে শুরু করেছে। আমি দ্রুত আমার কাজ শেষ করে অন্য ছেলে দুটিসহ ফিরে আসার চেষ্টা করি। এমন সময় জাহাজ থেকে খুব জোরে হুইসেল বাজানো আরম্ভ হয়। অনবরত এস ও এস (সেভ আওয়ার সোল) সংকেত ধ্বনি হতে থাকে। সংগে সংগে বন্দররক্ষী বাহিণী আমাদের লক্ষ্য করে নদীর মধ্যে গুলি ছুড়তে শুরু করে। নদীর মধ্যে বৃষ্টির গুলি চলছে। আমাদের মোতায়েন স্থলবাহিনীও পাল্টা জবাব দিচ্ছে। উভয়পক্ষে ভীষন রকম গোলাগুলি। নদীর উপরে আকাশ লালে লাল। সমস্ত বন্দরের আলো নেভানো। আমি আমার দলসহ নদীর কিনারায় আসতেই আমার উপর উঠে পড়ে একটি ছোট উদ্ধারকারী লঞ্চ। লঞ্চটির আলো বন্ধ ছিল। আর আমি উল্টাভাবে সাতার দিচ্ছিলাম। আমার মাথায় লঞ্চটি জোরে আঘাত করে। জোরে আঘাত পাওয়ায় আমার জ্ঞান হারানোর অবস্থা হয়। আমি তখন জোরে ডুব দিয়ে নিজেকে রক্ষা করার জন্য শ্রোতের অণুকুলে পানির নিচে চলতে আরম্ভ করি। জাহাজের নিচ থেকে নিজেকে রক্ষা করার পর পানির উপর ভেসে উঠে আমার কোন সংগী পেলাম না। তখন একা একা স্রোতের প্রতিকুলে গা ভাসিয়ে সাতার কাটতে থাকি। রাত্রি প্রায় তিনটার সময় আমার পায়ের নিচে মাটি লাগে তখন আমি সাতার ছেড়ে বুকে ভর দিয়ে নদীর কিনারায় উঠে বসি। এমন সময় আমার কানের পাশ দিয়ে শো শো শব্দে গুলি চলে যায়। আবার মাটিতে শুয়ে পড়ি। লক্ষ্য করে দেখি আমার থেকে মাত্র বিশ ত্রিশ গজ দুরে পাকসেনাদের বাংকার। ওর মধ্য থেকে অনবরত আমার দিকে গুলি আসছে। কোন উপায় না দেখে আমার কোমর থেকে শেষ গ্রেনেডটি বার করলাম। গ্রেনেডের চাবি দাত দিয়ে খুলে ফেললাম এবং জোরে বাংকারের মুখ লক্ষ্য করে ছুড়ে মারলাম এবং নিচের দিকে গড়িয়ে পড়লাম। আমার গ্রেনেড শব্দ করে ওঠার সংগে সংগে বাংকার থেকে গুলি ছোড়া বন্ধ হয়ে যায়। আমি তাড়াতাড়ি উঠে আমাদের নৌকা যেদিকে ছিল

সেদিকে দৌড় দিই। কিছুদুর যাওয়ার পর আমার সংগে একজন ছেলের দেখা হয়, ওকে সংগে করে আমি আবার পথ চলতে শুরু করি। এদিকে নদীর উভয় পাশ থেকে ভীষণ গোলাগুলি চলছে। আমরা মাথা নিচু করে নৌকার দিকে আসতে থাকি। প্রকৃতপক্ষে আমি এত দূরে চলে গিয়েছিলাম যে নির্দিষ্ট স্থানে আসতে প্রায় দুঘন্টা লাগে। আমার জন্য সবাই অধীর আগ্রহে অপেক্ষা করছিল। নদীতে ছটার মধ্যে পাচটা জাহাজ ডুবে গেছে আর একটি জাহাজ কাত হয়ে পড়ে আছে।

আমাকে পাওয়ার সংগে শামসুল আরেফিন ও খিজির সংগে সংগে গোলাগুলি বন্ধ করার জন্য আমাদের বাহিনীকে নির্দেশ দেন। গেরিলা বাহিনী একত্র করার পর লোক গণনাকালে আমার দুইজন নৌকমাণ্ডো কম দেখতে পাই। তাদের জন্য আরও প্রায় আধ ঘন্টা অপেক্ষা করা হলো। এদিকে পূর্ব আকাশ একেবারে ফর্সা হয়ে আসছে। আর অপেক্ষা করা সম্ভব নয় দেখে আমি নৌকা ছাড়ার জন্য নির্দেশ দেই। পাকসেনার আওতার বাইরে এসে এক নারিকেল বাগানে এসে কিছু ডাব ও নারিকেল পেড়ে খেয়ে সকালের নাস্তা সেরে দুপুরে শিবিরে ফিরে দেখি আমার ছেড়ে আসা ছেলে দুটি আমার আগেই শিবিরে পৌঁছেছে। ঐদিন বিকাল বেলা পোস্ট মাস্টার সাহেব আমাদেরকে জানান যে, পাকসেনাদের মনোবল খুবই ভেঙ্গে পড়েছে। আরও জানা গেল, গোলাবারুদ ভর্তি দুটি জাহাজ চিটাগাং বন্দরে পাঠানোর জন্য একেবারে নদীর ধারে রাখ হয়েছে। এ ছাড়া আশে পাশে কয়েকখানা খাদ্য জাহাজও আছে।

আমি বিকালবেলা আমার অন্য সহকর্মী দ্বিতীয় কমাণ্ডার মালেকের সংগে অল্প কয়েকজন বাছা বাছা নৌ কমাণ্ডো ছেলে এবং আরেফিন ও খিজিরের একটি গ্রুপসহ মাত্র বারটা লিমপেট মাইন নিয়ে দুইটি নৌকা করে আবার নদীর ধারে চলে আসি। আগের দিন আমাদের আক্রমণ উল্টা দিক থেকে চালানো হয়েছিল। এবারে বনের পাশ ঘেষে সন্ধ্যার আগেই সি-এন্ড বি রাস্তায় এসে পড়ি। রাস্তা থেকে জাহাজের সমস্ত নিরাপত্তা ব্যবস্থা দেখতে পাই। তাতে মনে হলো,আমাদের কাজ খুব সহজ হবে। তিনটি জাহাজের উপর মাত্র কয়েকজন লোক দেখলাম।

আমার দ্বিতীয় কমাণ্ডার মালেক জাহাজ তিনটির অপারেশনে নিজে সংগে থাকার অনুমতি চাইল। কাল বিলম্ব না করে সন্ধ্যার অন্ধকার নেমে আসার সাথে সাথে সে অন্য দুইদলসহ চারটি করে মাইন নিয়ে নদীতে নেমে পড়ে। দূরত্ব বেশী না থাকায় ১৫ মিনিটের মধ্যে জাহাজের গায়ে মাইন লাগিয়ে নিকট ফিরে আসে। তাদেরকে নৌকায় যেতে নির্দেশ দিয়ে আমরা গাছের আড়ালে আত্নগোপন করে মাইন ফাটার অপেক্ষায় থাকলাম। এত তাড়াতাড়ি যে আমরা তিনটি জাহাজে মাইন লাগাতে পারবো তা ধারণা করতে পানিনি। বেশী সময় অপেক্ষা করতে হল না। ১৫মিনিটের মধ্যেই গোলবারুদ ভর্তি জাহাজে প্রথম মাইন বিস্ফোরিত হয়। সংগে সংগে বিকট আওয়াজ করে তিনটি জাহাজ প্রায় আধঘন্টার মধ্যে ডুবতে আরম্ভ করে। যখন বন্দররক্ষীদের নিকট থেকে গুলি ছোড়া আরম্ভ হয় তখন আমরা আমাদের অবস্থান গোপন রাখার জন্য পাল্টা গুলি ছুড়তে আমার প্রতিরক্ষা বাহিনীকে নিষেধ করি। ওখানে আর কাল বিলম্ব না করে দলবলসহ শিবিরে ফিরে আসি। পরদিন দুপুরে কোন রকমে চারটা পেটে দিয়ে আমরা ওখান থেকে নৌকাযোগে সরে পড়ি এবং গোলাবারুদ সংগ্রহ করার জণ্য পুনরায় বাকুন্দিয়া শিবিরে মেজর জলিল সাহেবের নিকট ফিরে আসি। মেজর জলিল আমাকে বুকে জড়িয়ে ধরেন এবং আমাকে অশেষ ধন্যবাদ দেন। তিনি পরদিন আমাকে বারাকপুরে যেতে নির্দেশ দেন।

মঙ্গলা পোর্টে পর পর দুইটি অপারেশনে নয়টা জাহাজ ডুবেছিল। এ সংবাদ বড় বড় অক্ষরে আনন্দ বাজার পত্রিকায় ফলাও করে প্রচার কর হয়। তাছাড়া পৃথিবীর অন্যন্য সংবাদ সংস্তা যেমন বিবিসি, ভয়েস অব আমেরিকা থেকেও নাকি প্রচার করা হয়েছিল। তখন হিন্দুস্থান নেভী নাকি এস ও এর সংকেত ডায়মণ্ড হারবার থেকে শুনতে পেয়েছিল।

আমরা চালনা বন্দরেও ছোট ছোট দলে ভাল হয়ে অপারেশন চালাতাম। ছোট নৌকা আমাদের কাছে যথেষ্ট ছিল। ছোট নৌকায় যেমন দ্রুত চলাচল করা যেত তেমনি নিরাপত্তা ও ছিল। আমরা যে জায়গায় থাকতাম, সেখানথেকে অনেকদুরে গিয়ে অপারেশন করে আসতাম। ফলে আমাদের অবস্থান পাকসেনাদের দৃষ্টিগোচর হতো না। একদিন দিনের বেলা মাঝি সেজে এক জাহাজে মাইন লাগিয়ে চলে আসি। এক ঘন্টা পর জাহাজখানা ডুবে যায়। একদিন সংবাদ পেলাম যে দুইখানা আমেরিকান জাহাজ পোর্টের মধ্যে নোংগর করেছে, তার মধ্যে একখানা বোমা ও একখানা অস্ত্র গোলাবারুদ রয়েছে। এ কথা শোনার পর ভীষন আলোড়নের সৃষ্টি হলো। যেমন করে হোক জাহাজ দুইটি ডুবাইতেই হবে। ঐ রাত্রে আকাশের অবস্থা খুবই খারাপ ছিল। প্রবল বেগে বাতাস বাইতেছিল। নদীতে খুব বড় বড় ঢেউ উঠছিল। এই সময় আমাদের লক্ষ্যর চন্য উপযুক্ত মনে করে সন্ধ্যার পরপরই ২৪ জন ছেলেসহ আমি নিজে তৈরী হলাম। রহমত উল্লা, আরেফিনও নদীর ধারে পজিশন নেওয়ার জন্য প্রস্তুত হলেন।

বনের মধ্য থেকে বের হয়ে আমাদের ছোট নৌকা বিলের মধ্য দিয়ে পোর্টের দিকে অগ্রসর হতে লাগল। লক্ষ্যের নিকটবর্তী হয়ে আমরা কিছু সময় সুযোগের অপেক্ষায় থাকতাম। এর মধ্যে স্থল বাহিনীকে বিভিন্ন স্থানে পজিশন নিয়ে পাল্টা আক্রমণের জন্য তৈরী থাকতে বললাম। এদিকে পোর্ট থেকে সার্চলাইট চারদিকে নজর রাখা হচ্ছে কিছু সময় অপেক্ষা করার পর এক সুযোগ নেমে পড়ি চার ভাগে ভাগ হয়ে ৪টা জাহাজ ডুবানোর জন্য। আমার জাহাজটা ছিল একটু দুরে। ঐ জাহাজটাতে ছিল অনেক গোলাবারুদ তাতে কড়া পাহারা ছিল। কোন ছেলে ঐ জাহাজটাতে যেতে সাহস পেল না। আমি ৬জন সাহসী ছেলে সহ নিজে রওয়ানা দিলাম। এদিকে বাকী তিনটি জাহাজে ছেলেরা প্রায় পৌঁছে গেছে। আমি জাহাজের নিকট পৌঁছা মাত্রই আমার উপর সার্চ লাইট এসে পড়ে। পাহারারত সান্ত্রী আমাকে দেখতে পেয়ে আমার দিকে গুলি চালায়। গুলিটি আমার বাম হাতের কুনুইয়ে লেগে যায়। তখন আমি আমার কোমর থেকে একটা গ্রেনেড বের করে দাত দিয়ে পিনটা খুলে ফেলি। গুলি করার সংগে সংগে আমি পানিতে ডুব দিয়েছিলাম। ফলে বাকী গুলি আমার আর লাগেনি। তখন উপর থেকে আমাদের উপর ডেপথ চার্জ করা হয়। এবং পাহারাদার চিৎকার করে বলতে থাকে 'ক্যাপ্টেন সাহাব, ক্যাপ্টেন সাহাব, মুক্তি আ' রাহা হাঁয়'। আমি আমার গ্রেনেড জাহাজের উপর ছুড়ে মারি। সংগে সংগে জাহাজে আগুন ধরে যায়। এদিকে সার্চ লাইট লক্ষ্য করে আমার দল গুলি চালায়, ফলে সার্চলাইট বন্ধ হয়ে যায় আমার দুটি ছেলে ডেপথ চার্জের ফলে ভীষণভাবে আহত হয়। আমি তখন বাকী ৪জনসহ ডুব দিয়ে জাহাজের গায়ে মাইন লাগিয়ে দিই। তখন আমার মৃত্যুভয় চলে গেছে। মরার আগে আমি জাহাজকে ডুবিয়ে মরবো। গ্রেনেড মারার ফলে জাহাজে আগুন ধরে যাওয়ায় আমাদের উপর আর আক্রমন হয়নি। তদুপরি আমাদের স্থলবাহিনী ওপর থেকে পাল্টা আক্রমন চালাচ্ছিল। ভীষণ গোলাগুলি চলতে থাকে। পোর্টে ব্ল্যাক আউট ঘোষনা করে আমাদেরকে ধরার জন্য স্পীডবোট নিয়ে নদীর মধ্যে খোজাখুজি শুরু করে দেয় পাকসেনারা। আমি তখনও জাহাজের গা ধরে কচুরিপানা মাথায় দিয়ে জাহাজের নিচে অপেক্ষা করছিলাম। বেশিক্ষন অপেক্ষা করতে পারলাম না। কেননা, আমার নির্দিষ্ট সময় পার হয়েগেলে মাইন ফেটে যাবে। আমার মাইন এর সময় ছিল ৪৫মিনিট। এসময়ের মধ্যে ৫০০ গজ দূরে না যেতে পারলে মাইন এর শব্দে বুক ফেটে মারা যাবো। আর দেরী করা নিরাপদ নয় দেখে বাধ্য হয়ে ওখান থেকে আহত ছেলে দুটোকে সংগে করে রওয়ানা দিতে গিয়ে দেখি তারা তখনও মাইন লাগাতে পারেনি। ফিরে চেয়ে দেখি আমার সঙ্গী বাকি ৪জন আমাকে ছেড়ে চলে গেছে। আহত ছেলে দুটির অবস্থা এতবেশি খারাপ হয়ে গেছিল যে ডুব দিয়ে জাহাজের গায়ে মাইন লাগানোর মত ক্ষমতা ছিল না। তাড়াতাড়ি মাইন দুটি নিয়ে জাহাজের গায়ে লাগিয়ে দিই। এবং দুইজনকে আমার সংগে আমার বাহুতে এক হাত রেখে সাতার দিতে বলি। তারা এত দুর্বল ছিল যে, সাতারের ক্ষমতা তাদের রহিত হয়ে গিয়েছিল। আমারও বাম বাহু থেকে রক্ত বার হচ্ছিল। কিছুদূর সাতার কাটার পর আমিও ভীষণ পরিশ্রান্ত হয়ে পড়ি। এমন সময় আমার দিকে একখানা স্পীডবোট আসতে দেখে ৩ জন মিলে ডুব দিই। স্রোত এত বেশী ছিল যে, ডুব দেওয়ার পর আমরা দলছাড়া হয়ে পড়ি। তখন ছেলে দুটি যে কোন দিকে চলে গেল দেখতে পেলাম না। স্পীডবোট উপর দিয়ে চলে গেলে আমি পানির উপর উঠে আর ওদের সাথী

হতে পারলাম না। তখন একই কুলে গিয়ে উঠি। তখনও উভয় পক্ষে ভীষন গোলাগুলি চলছে। খুব বেশী রক্ত ঝরাতে আমিও প্রায় অবশ হয়ে পড়ি। ছেলে দুটোকে রক্ষা করতে না পেরে মনের অজান্তে চোখ দিয়া অশ্রু গড়িয়ে পড়লো। বেশ কিছু সময় বিশ্রাম নেয়ার পর কোমরের গামছা ছিড়ে হাতে বাধন দিই, তাতে রক্ত ঝরা বন্ধ হয়ে যায়। ছেলে দুটোকে রক্ষা করতে না পেরে ভারাক্রান্ত মনে ওয়াপদা বাধ পার হয়ে আমার নির্দিষ্ট জায়াগার দিকে এগোতে থাকি। এমন সময় নদীর মধ্যে মাইন ফাটা আরম্ভ হয়ে গেছে। এস ও এস শব্দে সারা পোর্ট ধ্বনিত হয়ে উঠেছে।

শিবিরে ফেরার পর আমরা বেশ কয়েক দিনের জণ্য অবরুদ্ধ হয়ে পড়ি। তখন বনের পার্শ্ববর্তী নদীমুখ গানবোট দিয়ে পাকবাহিনী পাহারা দিতে আরম্ভ করেছিল। বেশ কয়েকটি গানের আমাদের চলার পথে বাধা সৃষ্টি করে। আমাদের ঐ সময় গোলাবারুদ প্রায় শেষ হয়ে আসে। এ সময় পাকিস্তানীরা ঘোষনা করে যে, মংলা বন্দরে কোন জাহাজ ৭২ মাইলের মধ্যে আসতে পারবে না। যে জাহাজগুলি ঐ সময় ছিল সেগুলিকেও সমুদ্রের মধ্যে চলে যেতে নির্দেশ দেয় পাক সরকার। তখন বন্দর খালি হয়ে যায়। ঐ সময় গানবোট ও প্রয়োজনীয় জাহাজ ছাড়া আর কোন জাহাজ বন্দরে ছিল না।

আমাদের তৎপরতায় মংলা বন্দরে জাহাজ চলাচল বন্ধ হয়ে যায়। আমরাও প্রায় অবরুদ্ধ হয়ে পড়ি। তাছাড়া আমাদের গোলাবারুদ শেষ হয়ে যাওয়াতে অপারেশন একরূপ বন্ধ হয়ে যায়। এই অবস্থায়ও আমি পাক জাহাজ অর্থাৎ গানবোটের উপর আক্রমন চালানোর চেষ্টা করি, কিন্তু গোলাবারুদ কম থাকায় সম্ভব হয়ে ওঠেনি। তবে আমরা কলাগাছে মাইন বেধে জোয়ারের সংগে ছেড়ে দিতাম। কিছু সময় পর জোয়ারের স্রোতের সংগে ভেসে গিয়ে মাইন নদীর মধ্যে ফেটে যেতো। এতে পাকসেনারা ভীষণভাবে ভীতসন্ত্রস্ত হয়ে পড়তো। আমরা কচুরিপানা একত্র করে তাতে ডিলো পেন্সিল সেট করে জোয়ারের সংগে ভাসিয়ে দিতাম। কিছু সময় পর নদীর মধ্যে বন্দরের কাছে গিয়ে তাতে আগুন ধরে যেতো, এতে সারা নদীতেই আগুন ধরে যেত। এইভাবে আমরা পাকসেনাদের মনে প্যানিক সৃষ্টি করি।

আমাদের তৎপরতায় পাকসেনারা অতিষ্ট হয়ে আমাদের জোর অনুসন্ধান চালাতে আরম্ভ করে। হেলিকপ্টারযোগে বনের উপর দিয়ে ভয়ে ভয়ে আমাদের সন্ধান করতে থাকে। পরে আমাদের গোপন শিবির জানতে পেয়ে আমাদের উপর একদিন হঠাৎ বিমান আক্রমণ চালায়। এতে আমাদের বেশ কয়েকটি ছেলে আহত হয়। আমরা শিবির পরিবর্তন করে আরও গভীর বনের মধ্যে চলে যাই এবং নতুন শিবির স্থাপন করি। গোলাবারুদ শেষ হয়ে আসায় আমি এসময় রহমতউল্লাহ সাহেবকে শিবিরে রেখে আবার মেজর জলিলের নিকট চলে যাই গোলাবারুদ সংগ্রহ করার জন্য। আমাকে তখন কলিকাতায় পাঠিয়ে দেওয়া হয়। আমি কলিকাতা চলে আসি। ৮নংথিয়েটার রোডে ওসমানী সাহেবের সঙ্গে আমাকে দেখা করিয়ে দেওয়া হয়। তখন ওসমানী সাহেব আমাকে আমাদের চৌধুরী সাহেব ও নজুরুলের সংগে মিলিয়ে দেন এবং আমাদেরকে শিবিরে অপেক্ষা করতে নির্দেশ দেন। আমি কয়েকদিন অপেক্ষা করার পর কল্যানী শিবিরে চলে আসি। ওখান থেকে আবার আমাদের পলাশী শিবিরে প্রেরন করা হয়। পলাশীতে এসে দেখতে পেলাম শিবিরে আমার জন্য ২০০ ছেলে অপেক্ষা করছে ফুলছড়িঘাট অপারেশন করার জন্য। আরও শুনতে পেলাম ফুলছড়িঘাটে আমার বন্ধু রকিব অপারেশন করতে গিয়ে মারা পড়েছেন। শুনতে পেলাম চলিত জাহাজে মাইন লাগাতে গিয়ে জাহাজের নিচে পড়ে তিনি মারা যান। রকিব আমার বিশিষ্ট বন্ধু ছিল। তার মৃত্যুতে আমার মনে ভীষণ আঘাত লাগলো। বেশ কয়েকদিন পর আবার আমি তৈরী হতে থাকি। এমন সময় এক সন্ধ্যায় শুনতে পেলাম পাক সরকার হিন্দুস্থানের সরকারের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা করে দিয়েছে।

স্বাঃ বদিউল আলম
১১-৬-৭৯

ON THE WATER FRONTS SPECTACULAR ACHIEVEMENT

The recent successful guerilla action in the Bangladesh waters is being viewed by the observers as a new dimension to the gradually intensifying activities of the freedom fighters. Their most significant achievement has been the sinking of nine ocean-going ships in the waters of Bangladesh

On the night of August 16, the Liberation Forces sank six cargo ships consisting of two American, two Chinese, one Japanese and one Pak flags at Mongla port (Khulna) all of them were of medium size. These ships were carrying arms and ammunitions and other supplies for the Pakistan army.

On August 16, brave commandos carried out a daring operation inside the Chittagong port and blew up the Shipas Al Abbas and Formosa with the capacities of 15,000 tons and 12500 tons respectively. The ship Al Abbas was launched by Ayub Khan in 1968 A barge loaded with jute products was sunk by the guerillas the same day.

A report from the Liberation Forces Headquarters says that special groups of guerillas in a week of wide spread operations captured 23 steamers launchers and barges and sank or damaged eight River crafts in Sylhet Dacca, Chandpur and Chittagong.

On August 23, 1971 a gunboat was sunk in the satkhira area. On August 21, the Liberation Forces captured one launch carrying food stuff and other goods from Dacca to Sylhet in the Chandpur area. In Chandpur the Commandos carried out another successful operation and destroyed two steamers and one big barge with Cargoborder.

On August 15, the guerillas captured one cargo launch, four barges and 16 launches from the Sachna area of Sunamgonj.

Guerilla activities have completely blocked the approach of the Chittagong port at present. It is reported that Lt. General Tikka Khan came to Chittagong personally next day to assess the damage. Some senior naval officers in charge of the Chittagong port and all the sentries on duty at the port had been arrested following the success of guerilla fighters.

MARINE COMMANDOS VITAL BLOW

The Marine Commandos of Bangladesh have again struck a vital blow at the sagging morale of the occupation army. Following the sinking of a number of sips by the Bangladesh Navy men in August and September, the Pakistan army took extreme precautionary measures to keep the port areas immune from guerilla onslaughts. Unhindered by this, marine commandos have successfully crippled the Greek oil tanker 'Burmah Jade'. An A. P. report from Dacca (quoting official sources) says chat a series of

---

* গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুজিবনগর প্রকাশিত ‘Bangladesh’ পত্রিকা ২৫ আগষ্ট ৭১-সংখ্যার রিপোর্ট।
* গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুজিবনগর প্রকাশিত ‘Bangladesh’ পত্রিকার ১০ আগষ্ট ৭১-সংখ্যার রিপোর্ট।

Explosions in a Chittagong port jetty has caused a Pakistan oil tanker "Mahtab Javed" to capsize and sink on November 3. The report further says that the port officials charged the Bangladesh guerillas with being responsible for explosions. We accept this charged the Bangladesh guerillas with being responsible for explosions. We accept this charge gladly.

Some berths of the Chittagong port are now completely out of commission. These naval actions have produced a far reaching effect in so far as these to the enhancement of insurance rates in the London Insurance Market for cargoes sailing to and from Bangladesh.

শিরোনাম	সূত্র	তারিখ
২৩। বাংলাদেশ বিমানবাহিনী গঠন ও তার যুদ্ধ তৎপরতা	বাংলাদেশ একাডেমীর দলিলপত্র	১৯৭১

সাক্ষাৎকারঃ এয়ার ভাইস মার্শাল আবদুল করিম খোন্দকার*
১৮-১০-১৯৭৩

১৫ই মে সকালে আমার আগরতলাতে পৌঁছি। ১৬ই মে সকালে আমি কলকাতার উদ্দেশ্যে রওনা হই। কর্নেল ওসমানির সাথে আমার দেখা হয়। ১৯/২০শে মে দিল্লিতে যাই ভারতীয় বিমানবাহিনীর সাথে যোগাযোগ করার জন্য। আমাদের উদ্দেশ্য ছিল বিমান সংগ্রহ করে একটি বিমানবাহিনী গঠন করা এব্যাপারে সম্ভাব্য ভারতীয় সাহায্যের জন্য আমার সাথে যারা ছিল তারাও ইতিমধ্যে দিল্লী পৌঁছে যায়। সেখানে ভারতীয় বিমানবাহিনীর কর্মকর্তাদের সাথে আমার বিস্তারিত আলোচনা হয়। আমরা আমাদের বক্তব্য পেশ করলাম। আলোচনা করে বুঝতে পারলাম যে, রাজনৈতিক এবং নানাবিধ কারণে তারা এখন আমাদেরকে বিমান দিয়ে সাহায্য করতে পারবে না। তবে সময় আসলে তারা আমাদেরকে সাহায্য করবে। তারা পাকিস্তান বিমান বাহিনী সম্বন্ধে অনেক গুরত্বপূর্ণ গোপনীয় তথ্য জেনে নেয়।

মে মাসের শেষের দিকে আমরা কলকাতায় চলে আসলে। তারপর সিদ্ধান্ত নেয়া হয় যে আমরা স্থলযুদ্ধে অংশগ্রহন করব। এই সময় আমাকে ডেপুটি চীফ অফ স্টাফের দায়িত্ব দেয়া হয়।

মুক্তিবাহিনীর প্রশিক্ষণ এবং অপারেশনঃ বিমান বাহিনীর অন্যান্য অফিসারদের বিভিন্ন সেক্টরে মুক্তিযুদ্ধে অংশগ্রহনের জন্য পাঠিয়ে দেয়া হয়। মুক্তিবহিনীর জন্য রিক্রুটমেন্ট, ট্রেনিং এবং তাদেরকে বিভিন্ন সেক্টরে পাঠানো এসব দায়িত্ব আমার ছিল। অস্ত্রশস্ত্র যোগাড় করার দায়িত্বও আমার ছিল। অস্ত্রশস্ত্র যোগাড় কারার দায়িত্বও আমার ছিল। অস্ত্রশস্ত্র ও ট্রেনিংপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের বিভিন্ন সেক্টরের প্রয়োজনানুসারে দেয়া হত। বিদেশী কোন রাষ্ট্র থেকে আমরা সরাসরিভাবে কোন সাহায্য পেতাম না। ভারত সরকার থেকে আমরা অস্ত্রশস্ত্র পেতাম। কিছু অয়ারলেস সেট আমেরিকা থেকে বাঙ্গালীরা পাঠিয়েছিল।

প্রথমে প্রত্যেক মাসে ২/৩ হাজার মুক্তিযোদ্ধাকে গেরিলা প্রশিক্ষণ দেয়া হত। কিন্তু পরে প্রত্যেক মাসে ১০/১২ হাজার গেরিলাকে প্রশিক্ষণ দেয়া হত। শেষ পর্যন্ত প্রায় ১ লক্ষ ১ হাজার গেরিলাকে ট্রেনিং দেয়া হয়েছিল। প্রথমে প্রত্যেক গেরিলাকে এক মাসের ট্রেনিং দিয়ে ভিতরে পাঠানো হত। কিন্তু পরে ট্রেনিং-এর সময় কমিয়ে দু''সপ্তাহ করা হয় যাতে করে বেশী লোককে ট্রেনিং দেয়া যেতে পারে। যখন দেখা গেল দু''সপ্তাহের ট্রেনিং-এ গেরিলারা ভাল কাজ করতে পারছে না তখন এটা বাড়িয়ে তিন সপ্তাহ করা হল।

গেরিলা ট্রেনিং শেষ হবার পর গেরিলাদের প্রথমে ভারতীয় সেক্টর কমাণ্ডারের কাছে রিপোর্ট করতে হত। পরে ভারতীয় সেক্টর কমাণ্ডারদের সাথে আলাপ করে ঠিক করা হল যে গেরিলারা বাংলাদেশের সেক্টর কমাণ্ডারদের কাছে রিপোর্ট করবে।

ট্রেনিং শেষ হবার পর গেরিলাদেরকে ভারতীয় কর্তৃপক্ষ প্রয়োজনমত অস্ত্র দিত না বা দিতে পারত না। অনেক সময় মাত্র একটা গ্রেনেড দিয়ে তাদেরকে অপারেশনের জন্য পাঠানো হত। এতে অনেক সময়ের অপচয় হয়েছে এবং অনেক গেরিলাকেও আমরা হারিয়েছি। পরে এ ব্যাপার নিয়ে ভারতীয় সামরিক কর্তৃপক্ষের সাথে আমাদের বিতর্ক হয়। অবশ্য পরে গেরিলাদেরকে অস্ত্র দেয়া হত।

---

* ১৯৭১-এর মার্চে গ্রুপ ক্যাপ্টেন হিসাবে কর্মরত ছিলেন।

গেরিলা বাহিনীতে স্কুল-কলেজের ছাত্র এবং যুবকরা বেশির ভাগ যোগ দিয়েছিল। ট্রেনিং শেষ করার পর প্রত্যেক সেক্টরে কতজন গেরিলা পাঠানো হবে তা হেডকোয়ার্টার থেকে নির্ধারণ করে দেয়া হয়েছিল এবং অস্ত্রশস্ত্রের পরিমানও নির্ধারণ করে দেয়া হয়েছিল। গেরিলা যুদ্ধের প্রাথমিক পর্যায়ে গেরিলারা সুশৃংখলভাবে কাজ করছিল না। অবশ্য তার কারণও অনেক ছিল, যেমন- তারা অস্ত্রশস্ত্র পেত না, নেতৃত্ব ও সংগঠন ছিল না। পরে আমরা ভারতীয় গোয়েন্দা বিভাগের লোকজনসহ বসে ঠিক করে দিতাম কোথায় গেরিলা অপারেশন চালাতে হবে কখন চালাতে হবে এবং অপারেশনের পর আমাদেরকে তার বিশদ বিবরণ জানাতে হবে। প্রকৃতপক্ষে তখন থেকেই গেরিলা যুদ্ধ কার্যকরী হয়েছিল।

গেরিলা যুদ্ধের শক্তি বৃদ্ধির সাথে সাথে বাংলাদেশের অভ্যন্তরে গ্রাম এলাকায় পাকিস্তান সেনাবাহিনীর চলাচল মারাত্নক বিপন্ন হয়ে উঠেছিল। কোথায় যে মুক্তিযোদ্ধারা আছে তাও তারা বলতে পারত না। সব সময় একটা ভয় তাদের মধ্যে ছিল। মুক্তিবাহিণীর এই সাফল্য পাকিস্তান সেনাবহিনীর বাংলাদেশে পরাজয়ের অন্যতম প্রধান কারণ।

প্রথম দিকে বিমান বাহিনীর সমস্ত পাইলট টেকনিশিয়ান স্থল যুদ্ধে অংশগ্রহন করেছিল। পরে স্থির করা হল একটা এয়ার ফোর্স ইউনিট গঠন করতে হবে। ভারতীয় বিমান বাহিনী আমাদেরকে একটা অটার, একটা অলওয়েট হেলিকপ্টার এবং একটা ডিসি-৩ ডাকোটা বিমান দিয়েছিল।

পাইলটের মধ্যে ছিল স্কোয়াড্রন সুলতান মাহমুদ, ফ্লাইট লেফটেন্যান্ট বদরুল আলম, ফ্লাইট লেফটেন্যান্ট শামসুল আলম, ক্যাপ্টেন মরহুম মালেক, ক্যাপ্টেন মরহুম শরফুদ্দিন, ক্যাপ্টেন সাত্তার, ক্যাপ্টেন মুকিত, ক্যাপ্টেন শাহাব, ক্যাপ্টেন আকরাম, এবং এয়ার ফোর্সের প্রায় ৭০ জন টেকনিশিয়ান। যেহেতু আমাদের কমসংখ্যক পাইলট এবং বিমান ছিল সেহেতু আমরা পরিকল্পনা নিলাম যে আমরা এমনভাবে অপারেশন চালাব যাতে করে আমাদের পাইলট বা বিমান না হারায় বা ক্ষয়ক্ষতি হয়। এই সমস্ত বিমান বোমা, রকেট এবং মেশিনগান দিয়ে সজ্জিত করা হয়। ২৮শে সেপ্টেম্বর ন্যাগাল্যান্ডের ডিমাপুরে বিমানবন্দরে এদেরকে একত্রিত করা হল। আমরা রাতে আক্রমন চালাব ঠিক করলাম। প্লেনগুলোকে মাটির ওপর ৩০০ ফুটের নিচে দিয়ে ফ্লাই করার সিদ্ধান্ত নেয়া হল। কেননা ৩০০ ফুটের নিচে উড়লে রাডার স্ক্রিনে তা ধরা পরে না।

কোন নেভিগেশন সাহায্য ছাড়াই আমরা রাতে ট্রেনিং শুরু করি। বনজঙ্গলের মধ্যে গাছের ঠিক উপর দিয়েই আমরা উড়তাম। নিকটবর্তী এক পাহাড়ের চুড়ায় সাদা প্যারাসুট ফেলে সেটাকে টারগেট করে মেশিনগান, রকেট, বোমা ছোড়া হত বা নিক্ষেপ করা হত। আমি নিজে বিমানে উঠে ট্রেনিংয়ে সাহায্য করতাম। সারারাত ধরে ট্রেনিং এর কাজ চলত। অল্পদিন পরেই বুঝতে পারলাম যে নিচু লেভেলে উড়ে বাংলাদেশের অভ্যন্তরে গিয়ে আমরা কার্যকরভাবে অপারেশন চালাতে পারব।

৩রা ডিসেম্বর পাকিস্তান ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা করে। এই যুদ্ধ ঘোষনার আগে ভারতের মাটি থেকে আমরা যদি বিমান হামলা চালাতাম তাতে অনেক অসুবিধা ছিল। তাই ভারতের সাথে এ ব্যাপারে আমাদের একটা বোঝাপড়া হয়েছিল কখন আমরা আক্রমন চালাব। সবশেষে সেই সুযোগ আসল।

৩রা ডিসেম্বর রাত দুটোর সময় একই সময়ে আমাদের বিমান চট্টগ্রাম বন্দরের নিকটবর্তী অয়েল ডাম্প এবং নারায়নগঞ্জের কাছে গোদানাইলে বিমান হামলা চালায় এবং এ হামলা খুব কার্যকরী হয়েছিল। এর পর থেকে আমরা বিমানে দিনের বেলাতেও আক্রমন চালাতাম। মুক্তিবাহিনী এবং ভারতীয় বাহিনীকে আমরা এয়ার সাপোর্ট দিয়েছি। এমন অনেক জায়গা ছিল যেগুলো ভারতীয় পাইলটরা চিনত না বা জনত না, সেখানে আমাদের পাইলটরা গিয়ে আক্রমন চালিয়েছে। যুদ্ধর অগ্রগতির সাথে সাথে বিশাল এলাকা মুক্ত হতে লাগল। প্রথমত মুক্তি এলাকাগুলোর প্রশানস সেক্টর কমাণ্ডারদের উপর ন্যস্ত করা হয়। আমরা বুঝতে পেরেছিলাম যে যুদ্ধ খুব সুন্দরভাবে চলছে। ১৪ই ডিসেম্বর পর্যন্ত আমরা বুঝলাম যে পাকিস্তান সেনাবাহিনী আত্নসমর্পণ করবে।

১৬ই ডিসেম্বর তৎকালীন প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদ আমাকে ডেকে পাঠালেন। সেখানে তৎকালীন প্রসিডেন্ট সৈয়দ নজরুল ইসলাম, জনাব মনসুর আলী, খন্দকার মুশতাক সবাই উপস্থিত ছিলেন। আমাকে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অত্মসমর্পন অনুষ্ঠানে যাবার জন্য বলা হয়। আমি ভারতীয় সামরিক বাহিনীর হেডকোয়ার্টারের সাথে যোগাযোগ করি। আমাকে দমদম বিমানবন্দরে যেতে বলা হয়। আমি কলকাতা দমদম বিমানবন্দরে গেলাম। সেখানে জেনারেল আরোরা, জেনারেল জেকব এবং ভারতীয় সামরিক বাহিনীর অনেক উচ্চপদস্থ অফিসার ছিল। আমরা বাংলাদেশের পথে প্রথমে আগরতলাতে আসলাম। সেখান থেকে হেলিকপ্টারে রওনা হলাম।

ঢাকা বিমানবন্দরে রানওয়ে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। রাস্তাঘাটে খুব বেশি লোকজন ছিল না। এ অবস্থা আমরা বিমানে বসে লক্ষ করছিলাম। বিমানবন্দরে খুব একটা ভিড় ছিল না। আমরা বিমান থেকে অবতরন করলাম। জেনারেল নিয়াজী আমাদেরকে সংবর্ধণা জানালেন।

আমরা বিমানবন্দর থেকে সোজা রেসকোর্সের মাঠে গেলাম। সেখানেও আস্তে আস্তে লোকের ভিড় হচ্ছিল। ৭ই মার্চ বঙ্গবন্ধু যেখান থেকে ভাষন দিয়েছিলেন সেখানে আত্মসমর্পন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। জনগন আনন্দে উল্লাসে ফেটে পড়েছিল। তারা জেনারেল আরোরাকে কাঁধের উপর উঠিয়ে নেয় এবং বিজয়োল্লাসে মেতে ওঠে। জেনারেল নিয়াজীকে খুব বিমর্ষ দেখা হচ্ছিল।

ভারতীয় সরকার এবং জনগন আমাদের মুক্তিযুদ্ধে অভূতপূর্ব সাহায্য এবং সহযোগিতা করেছেন। ভারতকে সবসময় অত্যন্ত সতর্কতার সাথে পরিস্থিতি পর্যবেক্ষন করতে হয়েছে। বিশ্ব জনমতের প্রতিক্রিয়া কি, সেটাও লক্ষ্য রাখতে হয়েছে। তাদেরকে অনেক অনেক ভেবেচিন্তে আমাদের মুক্তিসংগ্রামে সাহায্য করতে হয়েছে।

আমি বলতে চাই তারা আবেগের বশবর্তী হয়ে কেনা কিছু করেনি। অত্যন্ত সতর্কতার সাথে পরিস্থিতিকে পর্যবেক্ষন করেছে এবং ধীরে ধীরে এগিয়ে গেছে। রাজনৈতিক কুটনৈতিক এবং সামরিক দিক থেকে বিচার করলে দেখা যাবে তারা অত্যন্ত দক্ষতার সাথে সবকিছু করেছে। ভারতের প্রধানমন্ত্রী মিসেস ইন্দিরা গান্ধী বিশ্বের বিভিন্নদেশ সফর করে বিশ্ব নেতৃবৃন্দকে উপমহাদেশের ঘটনাবলী অবহিত করেছিলেন। আমার মনে হয় ভারত যুদ্ধের জণ্য প্রথমে প্রস্তুত ছিলনা। কিন্তু বিভিন্ন দেশ সফর করার পর হয়ত ভারত যুদ্ধের সিদ্ধান্ত নিয়েছিল।

ভারত প্রথমে আমাদেরকে স্বীকৃতিও দেয়নি। কারণ, যদি ভারত আমাদের প্রথমে স্বীকৃতি দিত তাহলে হয়ত বিশ্বজনমত যুদ্ধের জন্য ভারতকে দোষারোপ করত। অবশ্য ভারতীয় সেনাবহিনীর কিছু কিছু অফিসারের কার্যকলাপ জনসাধারনের মধ্যে অসন্তোষ সৃষ্টি করেছে। যুদ্ধে ভারতের জয়ের তিনটি প্রধান কারণ ছিলঃ ১। মুক্তিযোদ্ধারা অপারেশন চালিয়ে পাকিস্তান সেনাবাহিনীর যাতায়াত ব্যবস্থাকে পর্যুদস্ত করে দিয়েছিল। সেনাবাহিনীর চলাচলে কোন নিরাপত্তা ছিল না। তাদেরকে সব জায়গায় প্রতিরোধের সম্মুখীন হতে হয়েছিল। ২। ভারতীয় বিমান বাহিনীর অভূতপূর্ব সাফল্য যুদ্ধের মোড় ঘুড়িয়ে দিয়েছিল। বিমান বহিনীর আক্রমণে পাকিস্তান সেনাবাহিনীর সব জায়গা থেকে পিছু হটতে বাধ্য হয়। ভারতীয় সেনাবাহিনী আমাদের সাহায্যে পাকিস্তান সেনাবাহিনীর সমস্ত গোপনীয় তথ্য জেনে নেয়।

স্বাক্ষরঃ আবদুল করিম খন্দকার
১৮-১০-১৯৭৩

শিরোনাম	সূত্র	তারিখ
২৪। বিভিন্ন সেক্টরে চিকিৎসা তৎপরতা	বাংলাদেশ একাডেমীর দলিলপত্র	১৯৭১

সাক্ষাৎকারঃ কর্নেল মোহাম্মাদ শামসুল হক
১৭-৯-১৯৭৩

৩রা মে আমি ঢাকা ত্যাগ করি এবং দেশের বাড়িতে যাই (মতলব থানা কুমিল্লা জেলা)। ওখানে আমরা স্থানীয় রাজনৈতিক নেতা ও কর্মীদের নিয়ে এক সংক্ষিপ্ত রাইফেল ট্রেনিংয়ের ব্যাবস্থা করি। ওখান থেকে আমি লোক পাঠালাম আগরতলায়। মেসেঞ্জার এসে খবর দিল যে, সেখানে মুক্তিযোদ্ধাদের চিকিৎসার জন্য ডাক্তারের খুবই প্রয়োজন।

আমি আমার পরিবারকে গ্রামে রেখে মে মাসের দ্বিতীয় আগরতলার উদ্দেশ্যে রওনা হই। আগরতলায় পৌঁছে বাংলাদেশের অফিস কৃষ্ণনগরে আমার উপস্থিতি জানাই। ঐ দিন সন্ধ্যায় মেজর জিয়াউর রহমানের সাথে আমার দেখা হয়। ঐ দিন রাত জিয়াউর রহমানের সাথে ১নং সেক্টরের হরিনাতে যাই এবং ১ নং সেক্টরের মেডিকেল অফিসারের দায়িত্ব গ্রহণ করি। ১নং সেক্টরের বিভিন্ন সাব সেক্টরের মুক্তিযোদ্ধাদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করি। কিছু ছেলেদের ফার্স্ট এইড ট্রেনিং দিই। তারপর আমাকে আগরতলায় নিয়ে আসা হয়। এবং ইস্টার্ন সেক্টরের মেডিকেল সার্ভিসেস এর সহকারী পরিচালকের দায়িত্ব দেয়া হয়। নভেম্বরের প্রথম সপ্তাহে আমাকে মুজিবনগরে ডাইরেক্টর জেনারেল, মেডিকেল সার্ভিসেস, বাংলাদেশ ফোর্স এর দায়িত্ব দেয়া হয়। আমার দায়িত্ব ছিল ১০টি সেক্টরে এবং তিনটি ব্রিগেড মেডিকেল অফিসার নার্সিং ও ঔষধপত্র প্রভৃতি পাঠানো। ভারতের বিভিন্ন সমাজসেবামূলক সংগঠন এবং ভারতীয় সেনাবাহিনী থেকে ঔষধপত্র পেতাম।

আমাদের বিশ্রামগঞ্জে একটি বাংলাদেশ হাসপাতাল ছিল। এখানে প্রায় ২৮০টি বেড ছিল। বাকি সমস্ত সেক্টরে এবং সাব সেক্টরে অগ্রবর্তী ড্রেসিং স্টেশন প্রতিষ্টা করা হয়। এ সকল প্রতিষ্টানের কাজ ছিল আহত এবং অসুস্ত মুক্তিযোদ্ধাদের প্রয়োজনীয় জীবন রক্ষাকারী চিকিৎসা করে তাদের ভারতীয় সেনাবাহিনীর ফিল্ড হাসপাতাল অথবা বেসামরিক হাসাপাতালে পাঠিয়ে দেয়া। এ ব্যাপারে ভারতীয় সেনাবাহিনীর ফিল্ড হাসপাতাল এবং বেসামরিক হাসপাতালগুলো আমাদের পুরোপুরি সাহায্য করেছে।

বাংলাদেশ ফোর্সের হাসপাতাল যেটা বিশ্রামগঞ্জে ছিল সেই হসপিটাল প্রতিষ্ঠার ব্যাপারে লন্ডনের বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন ঔষধপত্র যন্ত্রপাতি টাকা পয়সা এবং ডাক্তার দিয়েও সাহায্য করেছেন। ডাক্তার জাফর উল্লাহ চৌধুরী, ডাক্তার মোমেনের অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য।

ডিসেম্বরে পাক-ভারত যুদ্ধ শুরু হওয়ায় আমাদের মনোবল বেড়ে গেল। আমরা বুঝতে পারলাম যে, কিছু দিনের মধ্যে আমাদের বাংলাদেশের ভিতরে যেতে হবে। তাই প্রত্যেক সেক্টরে নির্দেশ দিয়ে দিলাম মেডিকেল অফিসার এবং স্টাফদের তারা যেন ঔষধপত্র যন্ত্রপাতি সবকিছু নিয়ে প্রত্যেক সেক্টরের নিকটবর্তী সি-এম-এইচ এ রিপোর্ট করে।

পাকিস্তান সেনাবাহিনী আত্নসমর্পনের পূর্বে বাংলাদেশের সমস্ত সি-এম এইচগুলোর (ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, রংপুর, যশোর) তোষক, কম্বল প্রভৃতি সব পুড়িয়ে দিয়ে যায়।

বাংলাদেশে আসার পর বিভিন্ন এলাকার পাকিস্তান সেনাবাহিনী কর্তৃপক্ষ পরিত্যক্ত ঔষধপত্র ও অন্যান্য দ্রব্যসামগ্রী আমরা সংগ্রহ করি।

বিভিন্ন সেক্টরে সামরিক বাহিনীর মোট দশজন ডাক্তার ছিলেন। বাংলাদেশের বিভিন্ন মেডিকেল কলেজের যে সমস্ত ছাত্র ভারতে গিয়েছিল তাদের মধ্য থেকে বিভিন্ন সেক্টরে এবং সাবসেক্টরে মেডিকেল এ্যাসিট্যান্ট নিয়োগ করা হয়। প্রত্যেকটা সেক্টরে অন্ততপক্ষে যদি একজন করে সামরিক বাহিনীর ডাক্তার থাকত তাহলে মুক্তিযোদ্ধাদের চিকিৎসা আরো সুষ্ঠুভাবে হত।

স্বাক্ষরঃ মোহাম্মদ শামসুল হক
কর্নেল
১৭-৯-৭৩

শিরোনাম	সূত্র	তারিখ
২৪। বিভিন্ন সেক্টরে চিকিৎসা যোগাযোগের তৎপরতা	বাংলাদেশ একাডেমীর দলিলপত্র	১৯৭১

সাক্ষাৎকারঃ মেজর এম, এইচ, বাহার
২০-০১-৭৪

আগরতলা থেকে আমি রামগড়ে চলে আসি। সেখানে তখন মেজর জিয়ার নেতৃত্বে শুভপুর পুলের কাছে যুদ্ধ চলছিল। আমি যোগাযোগ ব্যবস্থার উন্নতি করতে চেয়েছিলাম। কিন্তু যন্ত্রপাতি এবং প্রশিক্ষণপ্রাপ্ত লোকের অভাবে সেটা সম্ভবপর হয়নি। আমি আবার আগরতলাতে চলে আসি। সেখানে আমাদের সিগনালের কিছু লোক একত্রিত হয়েছিল। সেখানে তাদের জন্য একটা ক্যাম্প স্থাপন করা হয়। এই ব্যাপারে বি-এস-এফ-এর কর্নেল বানার্জী আমাকে অনেক সাহায্য করেছিলেন। সেখানে আমি সেনাবাহিনী, বিমানবাহিনী, নৌবাহিনী, ইপি আর এবং পুলিশের প্রশিক্ষণপ্রাপ্ত লোকের সাহায্য আগরতলা থেকে চারটি সেক্টরের সাথে রামগড়, মেলাঘর, তেলিয়াপাড়া এবং করিমগঞ্জে বেতার যোগাযোগ স্থাপন করি। সেক্টর থেকে সাবসেক্টর পর্যন্ত বেতার ও লাইন যোগাযোগের বন্দোবস্ত করা হয়।

আগরতলা থেকে আমি জুলাই মাসে কলিকাতার ৮নং থিয়েটার রোডে অবস্থিত মুজিবনগরে চলে যাই পশ্চিম দিকে যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য। কর্নেল ওসমানী আমাকে ডেকে পাঠিয়েছিলেন। তখন বিদেশ থেকে আমেরিকা, বৃটেন, দুবাই এই সমস্ত দেশে অবস্থানরত প্রবাসী বাঙ্গালীরা উন্নত মানের যোগাযোগ ব্যবস্থার যন্ত্রপাতি সংগ্রহ করে মুজিবনগরে পাঠাতে শুরু করেন। এই সমস্ত যন্ত্রপাতি আমাদের অনেক কাজে এসেছিল।

মুজিবনগরে স্থানাভাব হেতু আমি আমার লোকজন, যন্ত্রপাতি নিয়ে ৮নং সেক্টর হেডকোয়ার্টার কল্যাণী (নদীয়া জেলা) চলে গেলাম। ডিসেম্বর মাস পর্যন্ত ঐখান থেকে আমি কাজ চালিয়েছি।

স্বাক্ষরঃ এম,এইচ, বাহার
মেজর
২০-১-৭৪

শিরোনাম	সূত্র	তারিখ
২৬। চূড়ান্ত পযায়ে সংঘটিত যুদ্ধের বিবরণ	.....	১৯৭১

চূড়ান্ত যুদ্ধে মুক্তিবাহিনী

১৯৭১ সালের নভেম্বর মাসের শেষের দিকে প্রতিটি সেক্টর এলাকায় মুক্তিযোদ্ধাদের সাহস, ক্ষিপ্রতা ও অবশ্যম্ভাবী বিজয় দেখে পাকিস্তানী বাহিনী দিশেহারা হয়ে পড়ে। সীমান্ত অঞ্চলে বিরাট এলাকা মুক্তিবাহিনী দখল করে নেয়। সারাদেশে গেরিলা তৎপরতা এতো বৃদ্ধি পায় যে পাকসেনারা আতংকগ্রস্ত হয়ে পড়ে এবং তাদের মনোবল সম্পূর্ণ ভেঙ্গে পড়ে।

পরিস্থিতি ক্রমশঃ পাকিস্তানী ও ভারতের মধ্যে সর্বাত্মক যুদ্ধের দিকে এগিয়ে যাচ্ছিলো। প্রায় এক কোটি শরণার্থী ভারতে আশ্রয় নেয়ার জন্য ভারতের অর্থনীতিতে প্রবল চাপ সৃষ্টি হয়। ভারত বৃহৎ শক্তিবর্গকে একটি রাজনৈতিক সমাধানের জন্য বারবার অনুরোধ জানানোর জন্য কোনো ফলপ্রসূ সমাধানে পৌঁছানো সম্ভব হয়নি। বিবিসির সাথে ২ আগস্ট এক সাক্ষাৎকারে ইয়াহিয়া খান ঘোষণা করেন,''পূর্ব পাকিস্তানী ও ভারতের সীমান্ত বরাবর সংঘর্ষ অব্যাহত থাকলে তা ভয়াবহ যুদ্ধে পরিণত হতে পারে।'' আমেরিকান টেলিভিশন সংস্থার সাথে এক সাক্ষাৎকারে ১১ আগস্ট ইয়াহিয়া খান বলেন, ''দুটো দেশই এখন যুদ্ধের খুব কাছাকাছি এসে পড়েছে। আমি হুঁশিয়ার করে দিতে চাই যে, পাকিস্তানকে রক্ষার জন্য আমরা যুদ্ধ করবো।''

ইয়াহিয়া খান প্যারিস থেকে প্রকাশিত 'লা ফিগারো' পত্রিকার সাথে এক সাক্ষাৎকারে ১ সেপ্টেম্বর বলেন, 'আমি এই মর্মে সমগ্র বিশ্বকে হুঁশিয়ার করে দিতে চাই যে তারা যদি মনে করে বিনা যুদ্ধে তারা এক বিন্দু জমি দখল করতে পারবে তবে তারা মারাত্মক ভুল করছে। এর অর্থই হবে সর্বাত্মক যুদ্ধ।' পূর্বাঞ্চলীয় কমাণ্ডার অধিনায়ক লেঃ জেঃ এ, এ, কে, নিয়াজী ৭ই অক্টোবর পাকিস্তান টাইমস-এ প্রকাশিত এক ঘোষণার বলেন, 'যদি ভারত পাকিস্তানের সঙ্গে যুদ্ধ চায়, তাহলে সে যুদ্ধ হবে ভারতের ঘাঁটিতে।'

পাকিস্তানী সমরনায়কদের এসব বল্গাহীন বক্তব্যে এটা পরিষ্কার হয়ে উঠেছিলো যে ভারত ও পাকিস্তান সর্বাত্মক যুদ্ধে জড়িয়ে পড়তে পারে। এমন একটি সর্বাত্মক পাকিস্তান চীন ও আমেরিকার সরাসরি হস্তক্ষেপ আশা করেছিলো। অবশেষে ইয়াহিয়া ২৫ নভেম্বর আমেরিকান সংবাদ সংস্থা এসোসিয়েটেড প্রেসের সঙ্গে সাক্ষাৎকারে ঘোষণা করলেন 'আগামী দশদিন পরে আমাকে এই রাওয়ালপিন্ডিতে বসে থাকতে দেখবেন না। আমি তখন সীমান্তে যুদ্ধ করবো।' ইয়াহিয়া খান তার কথা অক্ষরে-অক্ষরে পালন করলেন। পাকিস্তান বিমান বাহিনী ৩ ডিসেম্বর বিকেল পৌনে ছ'টার সময় অমৃতসর, পাঠানকোট, শ্রীনগর, যোধপুর ও আগ্রার বিমানবন্দরগুলোতে অঘোষিত বোমার্ষণ করে সর্বাত্মক যুদ্ধের সূচনা করলো।

স্মরণাতীতকালের ইতিহাসে এই প্রথম একটি আক্রমণকারী দল অতিসহজেই বাংলাদেশের অভ্যন্তরে ঢুকে পড়তে সক্ষম হয়। এর কারণ, সমগ্র দেশবাসী আক্রমণকারীদলকে শুধু অভ্যর্থনাই জানায়নি অত্যাচারী হানাদার বাহিনীর পরাজয়ের জন্য তারা আক্রমণকারীদলকে সর্বপ্রকার সাহায্য করেছে।

বাংলাদেশ অসংখ্য নদী-নালার দেশ। আক্রমণকারীকে বিলম্বিত ও প্রতিহত করার জন্য নদী-নালা অত্যন্ত অসুবিধাজনকভাবে ব্যবহার করা যায়। কয়েকটি নদী খুবই বিশাল। পাকা রাস্তা দিয়ে এক অঞ্চল থেকে অন্য অঞ্চল যেতে হলে অসংখ্য নদী অতিক্রম করতে হবে। এই বিশাল নদীগুলো সমগ্র দেশকে কয়েকটি ভৌগোলিক

'রোববার'-স্বাধীনতা দিবস সংখ্যা ১৯৮৩-তে প্রকাশিত মেজর (অবঃ) রফিকুল ইসলাম, পিএসসি-রচিত প্রতিবেদন থেকে সংকলিত।

এলাকায় বিভক্ত করেছে। রাস্তার উপরে ব্রীজগুলো ভেঙ্গে দিলে আক্রমণকারীকে বিরাট সমস্যার সম্মুখীন হতে হবে। এছাড়া বিরাট এলাকা ক্রমাগতভাবে নিচু ও জলাধারে পূর্ণ। এই সমস্ত এলাকায় ভারি অস্ত্রসহ অগ্রসর হওয়া দুঃসাধ্য ব্যাপার।

যুদ্ধ-কৌশল অনুযায়ী পশ্চিম ও উত্তর দিক থেকে আক্রমণের সম্ভাবনা ছিলো সব চাইতে বেশি, কারণ সমস্ত পাকা রাস্তা উত্তর ও পশ্চিম দিক থেকে বাংলাদেশের অভ্যন্তরে ঢুকেছে এবং বড় বড় নদীগুলো উত্তর থেকে দক্ষিণ দিকে প্রবাহিত। তাছাড়া পশ্চিম ও উত্তরাঞ্চলে ভারতীয় বাহিনী যুদ্ধের সম্ভার ও যোগাগোগ ব্যবস্থা সুদৃঢ় করেছিলো।

মেঘালয় সীমান্ত থেকে অপেক্ষাকৃত শক্ত মাটির জন্য সৈন্য চলাচল সম্ভব ছিলো। কিন্তু গৌহাটি থেকে শিলং পর্যন্ত একটি মাত্র পাকা রাস্তা এবং তারপরই পাহাড়ী এলাকা দিয়ে সীমান্ত আসার পথ। এই এলাকায় বড় ধরনের সামরিক অভিযান সম্ভব ছিলো না বলেই সৈন্য সমাবেশ ছিলো সীমিত।

ত্রিপুরা ও শিলচর এলাকায় গোলাবারুদ ও রসদসম্ভার পর্যাপ্ত মজুত করা হয়নি। ব্রহ্মপুত্র উপত্যকা থেকে ধর্মনগর পর্যন্ত রেল লাইন বিস্তৃত। তারপর একটি মাত্র রাস্তা ধরে দক্ষিণ দিকে আগরতলা পর্যন্ত আসা যায়। পরিষ্কারভাবে অনুমান করা যায় যে এখানে বড় ধরনের অভিযান সম্ভব ছিলো না। অক্টোবরের শেষের দিকে অবশ্য পাকিস্তানীদের ভারতীয় সৈন্য সমাবেশের কথা জানতে পারে।

যেভাবেই হোক ভারতীয় বাহিনীকে সীমান্ত এলাকায় বাধা দিয়ে বিলম্ব ঘটানোই ছিলো নিয়াজীর পরিকল্পনা। সীমান্তে সব ক'টি পাকা রাস্তার উপরে শক্ত প্রতিরক্ষাব্যূহ রচনা করে অগ্রসরমান সম্মিলিত বাহিনীকে প্রতিহত করাই ছিলো এর উদ্দেশ্য। ১৪০০ মাইল বিস্তৃত সীমান্ত এলাকায় শক্ত-ঘাঁটি, প্রচুর গালাবারুদ এবং রসদপত্র সরবরাহ নিশ্চিত করে নিয়াজী অনির্দিষ্টকালের জন্য সম্মিলিত বাহিনীকে বিলম্বিত করতে চাইলেন।

অন্যদিকে সম্মিলিত বাহিনী এইসব শক্ত প্রতিরক্ষা অবস্থানগুলো এড়িয়ে যাওয়ার পরিকল্পনা করে। প্রথম লক্ষ্য ছিলো ক্ষিপ্রতা ও গতি। বিদ্যুৎ গতিতে খুব কম সময়ের মধ্যে যুদ্ধ শেষ করতে হবে। দ্বিতীয়তঃ সীমান্তের সবদিক দিয়ে আক্রমণ পরিচালনা করে পাকসেনাদের ছড়িয়ে পড়তে বাধ্য করা। তৃতীয়তঃ ছড়িয়ে পড়া পাকবাহিনী যেন একত্রিত হয়ে পদ্মা ও মেঘনার মাঝামাঝি এলাকায় সৈন্য সমাবেশ না করতে পারে তা নিশ্চিত করা। চতুর্থতঃ পাকা রাস্তা বাদ দিয়ে কাঁচা রাস্তা দিয়ে অগ্রসর হয়ে পাকিস্তানী প্রতিরক্ষা ব্যূহকে এড়িয়ে যাওয়া। পঞ্চমতঃ মনস্তাত্ত্বিকভাবে যুদ্ধ চালিয়ে পাকিস্তানী বাহিনীর মনোবল ভেঙ্গে দিতে হবে-যাতে তারা যুদ্ধ না করে আত্মসমর্পণ করে।

পাকিস্তানী সমরনায়করা সম্ভবত ভেবেছিলেন ভারত সরকারকে প্রতিষ্ঠা করার জন্য শুধুমাত্র সীমান্ত এলাকায় কয়েকটি জেলা বা মহকুমা শহর দখল করেই ক্ষান্ত হবে। সম্ভবত এই কারণেই তারা সীমান্ত এলাকায় শক্ত প্রতিরক্ষার পরিকল্পনা করেন। পাকিস্তানী জেনারেলরা যুদ্ধের গতি ও পরিণত সম্পর্কে উপলব্ধি করতে সক্ষম হননি। ফলে, ঢাকা রক্ষা করার জন্য প্রয়োজনীয় বাধা দিতে ব্যর্থ হয় পাকবাহিনী। বড় ধরনের যুদ্ধ শুরু হওয়ার আগেই পলায়নপর পাকসেনারা আত্মসমর্পণ করে।

পাকিস্তানীদের সৈন্য সমাবেশ ছিল নিম্নরূপঃ

যশোর এলাকাঃ নবম ডিভিশন জেনারেল আনসারীর নেতৃত্বে যশোর এলাকায় মোতায়েন করা হয়। ১০৭ ব্রিগেড যশোরে এবং ৫৭ ব্রিগেড ঝিনাইদহে অবস্থিত ছিলো। এছাড়া ২টি ফিল্ড রেজিমেন্ট আর্টিলারী ও একটি রেকি এবং সাপোর্ট ব্যাটালিয়ন ছিলো।

উত্তর বাংলাঃ মেজর জেনারেল নজর হোসেন শাহের নেতৃত্বে ১৬ ডিভিশনকে উত্তর বাংলা রক্ষার দায়িত্ব দেয়া হয়। ১৬ ডিভিশনের সদর দফতরে নাটোরে অবস্থিত ছিলো। ২৩ ব্রিগেড রংপুরে এবং ২০৫ ব্রিগেড বগুড়া

এলাকায় মোতায়েন করা হয়। একটি ফিল্ড রেজিমেণ্ট আর্টিলারী, ২টি মর্টার ব্যাটালিয়ন, একটি রেকি ও সাপোর্ট ব্যাটালিয়ন এবং একটি আমার্ড রেজিমেণ্ট ছিলো।

পূর্ব এলাকাঃ মেজর জেনারেল আবদুল মজিদ কাজীর নেতৃত্বে চতুর্দশ ডিভিশনকে পূর্বাঞ্চল রক্ষার দায়িত্ব দেয়া হয়। পরে মেজর জেনারেল জামসেদের নেতৃত্বে ৩৬ ডিভিশন ঢাকায় ও মেজর জেনারেল রহিমের নেতৃত্বে ৩৯ ডিভিশন চাঁদপুরে গড়ে তোলা হয়। অবশ্য এই দু'টি ডিভিশন কোনক্রমেই পাকশক্তি বৃদ্ধিতে সাহায্য করেনি, কারণ বিভিন্ন ইউনিট পুনর্বিন্যাস করেই এই ডিভিশন দু'টি গড়ে তোলা হয়। ১১৭ ব্রিগেড কুমিল্লায়, ২৭ ব্রিগেড ময়মনসিংহ ও ২১২ ব্রিগেড সিলেটে মোতায়েন করা হয়। সিলেটে একটি ফিল্ড রেজিমেণ্ট আর্টিলারী ও দুইটি মর্টার ব্যাটারী ও মাত্র চারটি ট্যাংক ছিলো।

চট্টগ্রাম এলাকাঃ চট্টগ্রামে ৯৩ ইণ্ডিপেডেণ্ড ব্রিগেড অবস্থিত ছিলো যার অধিনায়ক ছিলেন ব্রিগেডিয়ার আতাউল্লা।

অপর দিকে ভারতীয় ইস্টার্ন কমাণ্ডার অধিনায়ক লেঃ জেনারেল জগজিৎ সিং অরোরার অধীনে ছিলো তিনটি নিয়মিত কোর, একটি কমিউনিকেশন জোন ও প্রায় এক লাখ মুক্তিযোদ্ধা সমন্বিত ১১টি সেক্টর।

দ্বিতীয় কোরঃ কৃষ্ণনগরে ছিলো দ্বিতীয় কোরের সদর দপ্তর। লেঃ জেনারেল টি, এন, রায়না ছিলেন কোর কমাণ্ডার। এতে ছিলো নবম ও চতুর্থ পাবর্ত্য ডিভিশন। এছাড়া ছিলো টি-৫৫ (রাশিয়ান) ট্যাংক সমন্বয়ে গঠিত একটি মাঝারি আমার্ড রেজিমেণ্ট, একটি পিটি-৭৬ (রাশিয়ান) ট্যাংকসজ্জিত একটি হালকা ট্যাংক রেজিমেণ্ট, ১৩০ মিলিমিটার (রাশিয়ান) একটি মাঝারি গোলন্দাজ ইউনিট ও ব্রিজিং ইউনিট।

তেত্রিশ কোরঃ তেত্রিশ কোরের সদর দপ্তর ছিলো শিলিগুড়িতে। লেঃ জেনারেল এম, এল, থাপান ছিলেন এই কোরের কমাণ্ডার। ৬ পার্বত্য ডিভিশন ও ২টি ব্রিগেড নিয়ে এই কোর গঠিত হয়। এছাড়া পিটি-৭৬ (রাশিয়ান) ট্যাংক সমন্বয়ে একটি হালকা আমার্ড রেজিমেণ্ট, একটি মাঝারি গোলন্দাজ রেজিমেণ্ট (বৃটিশ৫.৫") ও একটি ইঞ্জিনিয়ার ব্রিজিং ইউনিট ছিলো।

চতুর্থ কোরঃ চতুর্থ কোরের সদর দপ্তর ছিলো আগরতলায়। লেঃ জেনারেল সাগত সিং এই কোরের কমাণ্ডার ছিলেন। অষ্টম, সাতান্ন ও তেইশ পার্বত্য ডিভিশন নিয়ে এই কোর গঠিত হয়। এছাড়া দুই স্কোয়াড্রন পিটি-৭৬ট্যাংক ও একটি মাঝারি গোলন্দাজ রেজিমেণ্ট (বৃটিশ ৫.৫") ছিলো।

১০১ কমিউনিকেশন জোনঃ ১০১ কমিউনিকেশন জোনের সদর দপ্তর ছিলো গৌহাটিতে। মেজর জেনারেল জি, এস, গিল ছিলেন এর কমাণ্ডার। যুদ্ধে জেনারেল গিল আহত হলে মেজর জেনারেল নাগরা কমাণ্ডার নিযুক্ত হন। একটি পদাতিক ব্রিগেডের সমান ছিলো এর আকার ও শক্তি। এছাড়া সমস্ত সীমান্ত এলাকা জুড়ে ছিলো মুক্তিবাহিনীর ১১টি সেক্টর।

দ্বিতীয় কোর ফ্রন্টে জেনারেল রায়নার কমাণ্ডে দুই ডিভিশন সৈন্য মধুমতি নদীর দিকে ধাবিত হয়। পদ্মা থেকে শাখা নদী মধুমতি দক্ষিণ দিকে প্রবাহিত হয়ে সুন্দরবন এলাকায় পতিত হয়েছে। এই ফ্রন্টের দায়িত্ব ছিলো পদ্মার পশ্চিম তীরবর্তী সমস্ত এলাকা মুক্ত করা। দ্বিতীয় কোর কমাণ্ডার পাকিস্তানী শক্ত প্রতিরক্ষার উপরে আক্রমণ অব্যাহত রেখে দ্রুতগতিতে একাধিক দলে মধুমতির দিকে অগ্রসর হওয়ায় পরিকল্পনা গ্রহণ করেন।

একটি দল কুষ্টিয়ার দিকে, অন্য একটি মাগুরা হয়ে যশোর বরাবর এবং অপর একটি দল খুলনা ও বরিশালের দিকে অগ্রসর হতে থাকে। খুলনা-যশোর-কুষ্টিয়া রেলওয়ে সংযোগ বিচ্ছিন্ন করে দেয়া হয়। আট নম্বর সেক্টর কমাণ্ডার লেঃ কর্নেল মনজুরের নেতৃত্বে আগেই মুক্তিবাহিনী চৌগাছা দখল করে। ২৪ নভেম্বর সংঘটিত চৌগাছা যুদ্ধে পাকসেনারা ৪টি শাফি ট্যাংক হারায়। একটি ভারতীয় ব্রিগেড ধানক্ষেতের মধ্য দিয়ে যাত্রা শুরু

করে। একইভাবে কুষ্টিয়ার পথে দর্শনা আক্রমণ করা হয়। আট নম্বর সেক্টরের মুক্তিযোদ্ধারা ডিসেম্বরের তিন তারিখে সিংহঝুলিতে পৌঁছায়। ঝিকরগাছার পতন হয় ডিসেম্বরের পাঁচ তারিখে। তারপর তিনদলে বিভক্ত হয়ে যশোর আক্রমণ করা হয়। উত্তরে দিকের দলটি যশোর-ঝিনাইদহ সড়ক ধরে আক্রমণ অব্যাহত রাকে। মধ্যবর্তী দলটি ধানক্ষেতের ভিতর দিয়ে চিতের বিল এলাকা দিয়ে অগ্রসর হয়। দক্ষিণ দিকে বেনাপোল-যশোর সড়কে অগ্রসর হয় অপর একটি দল।

ডিসেম্বর পাঁচ তারিখে কোটচাঁদপুরে যশোর-কুষ্টিয়া রেলওয়ে জংশন দখল করে রেলওয়ে যোগাযোগ বিচ্ছিন্ন করে দেয়া হয়। অগ্রসরমান এই দলটি উত্তর দিকে ধাবিত হয় এবং ৭ ডিসেম্বর আরও ৩০ মাইল অগ্রসর হয়ে ঝিনাইদহ দখল করে। ঝিনাইদহ যুদ্ধে মেজর মুস্তাফিজ আহত হন।

লেঃ জেনারেল নিয়াজী ৫ ডিসেম্বর রাত পাকবাহিনীকে পেছনে সরে আসতে নির্দেশ দেন। সম্ভবত ঢাকার পথে পেছনে এসে মেঘনার তীরে সৈন্য সমাবেশ করে ঢাকা রক্ষা করার পরিকল্পনা ছিলো। কিন্তু তা আর সম্ভব ছিলো না, কারণ যশোর-ঢাকা সড়ক মিত্রবাহিনীর দখলে চলে গেছে। মধুমতি অতিক্রম করে মিত্রবাহিনীর একটি দল খুলনার দিকে এবং অপর একটি দল কুষ্টিয়ার দিকে অভিযান অব্যাহত রাখে। পাকিস্তানী নবম ডিভিশন যশোর সেনানিবাস ছেড়ে মাগুরার দিকে চলে যায়। ৬ ডিসেম্বর যশোর মুক্ত হয়। পরবর্তীকালে মেহেরপুর দখলের পর চুয়াডাঙ্গা ও কুষ্টিয়ার দিকে যাত্রা অব্যাহত থাকে।

ডিসেম্বর ১২ তারিখে ফরিদপুরের ভাটিয়াপাড়ার মুক্তিবাহিনীর সাথে পাকসেনাদের সংঘর্ষ হয়। লেঃ সিদ্দিক ও ক্যাপ্টেন হুদা এই যুদ্ধে নেতৃত্ব দেন। লেঃ সিদ্দিকী ১৪ ডিসেম্বর এই যুদ্ধে একটি চোখ হারান। মুক্তিবাহিনী আক্রমণ প্রচণ্ড রূপ ধারণ করে এবং ১৮ ডিসেম্বর ১৫০ জন পাকসেনা আত্মসমর্পণ করে।

মেজর জলিলের নেতৃত্বে নয় নম্বর সেক্টরের মুক্তিবাহিনী বীর বিক্রমে অগ্রসর হচ্ছিলো। ৩ ডিসেম্বর সাতক্ষীরা শত্রুমুক্ত হয়। ১০ ডিসেম্বর মিত্র ও মুক্তিবাহিনী খুলনা দখল করে। ৭ ডিসেম্বর বরিশাল মুক্ত হয় এবং পাকসেনারা ক্যাপ্টেন বেগ ও নূরুল ইসলাম মঞ্জুর কাছে আত্মসমর্পণ করে। ১৭ ডিসেম্বর পাকবাহিনীর ব্রিগেডিয়ার হায়াত তার সৈন্যসামন্তসহ আত্মসমর্পণ করে।

৩৩ কোর ফ্রন্টে পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন দল পাকিস্তানী শক্ত প্রতিরক্ষা অবস্থানগুলোকে আক্রমণ করে এবং মূল আক্রমণ পরিচালিত হয় হিলিতে।

একটি ব্রিগেড জলপাইগুড়ি সীমান্তে এবং অন্য একটি ব্রিগেড কুচবিহার সীমান্তে অবস্থিত পাকঘাঁটি আক্রমণ করে। এক ডিভিশন সৈন্য হিলি আক্রমণ করে। হিলিতে পাকসেনারা প্রচণ্ড যুদ্ধ করে।

ডিসেম্বর পাঁচ তারিখে পীরগঞ্জ ও খানপুর দখল হয়। ৭ ডিসেম্বর লালমনিরহাট শত্রুমুক্ত হয়। দুর্গাপুর ৮ ডিসেম্বর দখল হয় এবং ৯ ডিসেম্বর রংপুর ও দিনাজপুর পাকঘাঁটি আক্রমণ করা হয়।

মিত্রবাহিনীর একটি দল হিলিকে এড়িয়ে পলাশবাড়ির দিকে অগ্রসর হয়।

উইং কমান্ডার এম, কে, বাশারের নেতৃত্বে ছয় নম্বর সেক্টরের মুক্তিযোদ্ধারা ৫ ডিসেম্বর ধরলা নদী অতিক্রম করে কুড়িগ্রাম দখল করে। পাকসেনারা কুড়িগ্রাম থেকে পালিয়ে লালমনিরহাটে চলে যায়। ৬ ডিসেম্বর তিস্তা নদীর তীরে মুক্তিবাহিনী অবস্থান নেয়। ৩ ডিসেম্বর তারিখে ভজনপুর সাব-সেক্টরের মুক্তিযোদ্ধারা ঠাকুরগাঁও বীরগঞ্জ দখল করে। ১২ ডিসেম্বর রংপুর ও সৈয়দপুর সেনানিবাস ছাড়া সমগ্র এলাকা মুক্তিবাহিনীর দখলে আসে। পাকসেনারা ১৭/১৮ ডিসেম্বর আত্মসমর্পণ করে।

সাত নম্বর সেক্টরে মুক্তিযোদ্ধারা নবাবগঞ্জের দিকে অভিযান শুরু করে। ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীরের নেতৃত্বে এই অভিযান শুরু হয়। অপর একটি দল লেঃ রফিকের নেতৃত্বে মহানন্দ নদী অতিক্রম করে রোহনপুর-

নাচোল-আমনুরা বরাবর অগ্রসর হয়ে নবাবগঞ্জ আক্রমণ করে। অপর একটি দল লেঃ রশিদের নেতৃত্বে গোমস্তাপুর হয়ে নবাবগঞ্জ অভিমুখে যাত্রা করে। ১৩ ডিসেম্বর বারঘরিয়ার নদী অতিক্রম করে প্রতিটি বাংকার চার্জ করার সময় এই নির্ভীক যোদ্ধা শহীদ হন। এই সেক্টরের তপন ও হামজা সাবসেক্টরে সৈন্যরা হিলি থেকে বগুড়া হয়ে দিনাজপুরের দিকে অগ্রসর হয়। মেজর গিয়াসের নেতৃত্বে লালগোলা সাবসেক্টরের মুক্তিযোদ্ধারা পদ্মা নদী পার হয়ে রাজশাহী আক্রমণ করে এবং শেখপাড়া সাব-সেক্টর কমাণ্ডার মেজর রশিদের নেতৃত্বে মুক্তিবাহিনীর অপর একটি দল পাবনা অভিমুখে যাত্রা করে। পাকসেনারা রাজশাহী ছেড়ে নাটোরে আশ্রয় নেয়। ১৭ ডিসেম্বর সমবেত পাকসেনারা নাটোরে আত্মসমর্পণ করে।

এদিকে যশোর দখলের পর লেঃ আকতার কালিগঞ্জের দিকে এবং লেঃ অলীক কুমার গুপ্ত ঝিনাইদহের দিকে অগ্রসর হয়। মিত্রবাহিনী খুলনার দিকে অগ্রসর হয়। রূপদিয়া ও নোয়াপাড়া দখলের পর শিরমনিতে যুদ্ধ শুরু হয়। এখানে পাকিস্তানী ১৫ এফ এফ রেজিমেণ্ট সুদৃঢ় প্রতিরক্ষা ব্যূহ রচনা করে। পশ্চিমে জলাধার আর পূর্বদিকে নদী। পাকসেনারা এখানে প্রবলভাবে বাধা দিতে সক্ষম হয়। পাঁচ দিনব্যাপী প্রচণ্ড যুদ্ধের পর শিরমনির পতন হয় ১৬ ডিসেম্বর সকালে। মেজর জয়নাল আবেদীনের নেতৃত্বে মুক্তিবাহিনী রূপসা নদীর তীরে এসে পৌঁছায় এবং খুলনা আক্রমণ করে। ৭ ডিসেম্বর সাতক্ষীরার পতন হয়। নবম সেক্টর সৈন্যরা লেঃ হুদার নেতৃত্বে এবং অষ্টম সেক্টর সৈন্যরা ক্যাপ্টেন মাহবুবের নেতৃত্বে সাতক্ষীরা দখল করে।

ক্যাপ্টেন তৌফিক এলাহি, ফ্লাইং অফিসার কালাম ও লেঃ নূরুন্নবী কুষ্টিয়ায় প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ করেন। মেজর আযম চৌধুরী দুই কোম্পানী নিয়ে ৬ ডিসেম্বর মেহেরপুর দখল করেন ও পরদিন চুয়াডাঙ্গা শত্রুমুক্ত করেন।

ফরিদপুরের দিকে অগ্রসরমান যৌথ বাহিনী কামারখালি ঘাটে ৮ ডিসেম্বর পাকিস্তানীদের সাথে সংঘর্ষ আসে। মধুমতি নদীর সকল সম্ভাব্য অতিক্রম স্থানে পাকসেনারা প্রহরারত ছিলো। লেঃ মোস্তফা স্থানীয় জনগণের কাছ থেকে নৌকা সংগ্রহ করে। ১৪ এপ্রিল মধুমতি নদী অতিক্রম করে মুক্তিবাহিনী পাকসেনাদের পিছু হটিয়ে দেয়। মিত্রবাহিনী এয়ারব্রিজ অপারেশন করে মধুমতি অতিক্রম করে।

চার নম্বর সেক্টর এলাকায় ৭ ডিসেম্বর পাকসেনারা মুক্তিবাহিনীর আক্রমণের ফলে দরবশত ছেড়ে হরিপুরে পলায়ন করে। ১১ ডিসেম্বর পাকবাহিনী নদী পার হয়ে মুক্তিবাহিনী ওপর আক্রমণ করে। এই আক্রমণের ফলে মুক্তিবাহিনী বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়। ১২ ডিসেম্বর মুক্তিবাহিনীর হরিপুর আক্রমণ করে এবং ১৩ ডিসেম্বর হরিপুর শত্রুমুক্ত হয়। ডিসেম্বর ১৫ তারিখে পাকিস্তানী ঘাঁটি খাদিমনগরের ডান দিক থেকে মিত্রবাহিনী ও বাম দিক থেকে সেক্টরবাহিনী আক্রমণ করে। সিলেট মুক্ত হয় ১৭ ডিসেম্বর।

পাঁচ নম্বর সেক্টরে ৩ ডিসেম্বর গোয়াইনঘাটে পাকবাহিনীর সাথে মুক্তিবাহিনীর যুদ্ধ হয। ৩ ডিসেম্বরেই গোয়াইনঘাট মুক্ত হয়। ৪ ডিসেম্বর করিমগঞ্জ থেকে মৌলবীবাজার হয়ে সিলেটের পথে যাত্রা শুরু করে মিত্রবাহিনী। ৬ ডিসেম্বর সুনামগঞ্জ মুক্ত হয়। সেক্টর কমাণ্ডার লেঃ কর্নেল শওকত ছাতক আক্রমণ করেন ৭ ডিসেম্বর এবং ঐ দিনই রাত আটটায় ছাতক দখল হয়। মেজর শাফায়াত জামিল সালুটিকর বিমান বন্দরের দিকে অগ্রসর হতে থাকেন। ৯ ডিসেম্বর গোবিন্দগঞ্জ আক্রমণ করে মুক্তিবাহিনী। ১৫ ডিসেম্বর এই বাহিনী বিশ্বনাথ দখল করে। প্রায় তিনশ' মুক্তিযোদ্ধার একটি দল নিয়ে ক্যাপ্টেন নবী রাধানগর গোয়াইনঘাট আর্টিলারী সাপোর্ট ছাড়াই আক্রমণ করে দখল করেন। এর আগে ভারতীয় গুর্খা রেজিমেন্ট দুইবার আক্রমণ করে বিফল হয়।

চতুর্থ কোর ফ্রন্টে তিন ডিভিশন ভারতীয় সৈন্য ও মুক্তিবাহিনী উত্তরে মেঘালয় সীমান্ত থেকে ত্রিপুরার দক্ষিণে ফেনী পর্যন্ত ২৪০ মাইল বিস্তৃত এলাকায় ধাবিত হয়। এই কোরের দায়িত্ব ছিলো সুরমা নদী থেকে মেঘনার

পূর্বতীর পর্যন্ত বিস্তৃত এলাকা মুক্ত করা। চট্টগ্রাম যাওয়ার রেল-সংযোগ বিচ্ছিন্ন করে দিয়ে মেঘনা পার হয়ে ঢাকার পথে অভিযান করার পরিকল্পনা নেয়া হয়।

পরিকল্পনা মোতাবেক জেনারেল সগত সিং এক ডিভিশন সৈন্য শিলচর-করিমগঞ্জ হয়ে সিলেটের দিকে পাঠান। অন্য একটি ডিভিশন আখাউড়া-আশুগঞ্জ বরাবর পাঠানো হয়। পরিকল্পনা মতো অপর ডিভিশনটি তিন দলে বিভক্ত হয়ে প্রথম দলটি কুমিল্লা আক্রমণ অব্যাহত রাখে এবং অন্য দল দুটির একটি লাকসাম-চাঁদপুর এলাকায় এবং অপরটি ফেনী থেকে দক্ষিণে অগ্রসর হতে থাকে।

মুক্তিবাহিনী করিমগঞ্জ জয় করে মুন্সীনগরের দিকে এগিয়ে চলে। মুন্সীনগরের পতন হয় ৫ ডিসেম্বর। এরপর একটি দল মৌলবীবাজারের দিকে অগ্রসর হয়। ডিসেম্বর ৮ তারিখে মৌলবীবাজার দখল হয়। অন্য একটি দল সিলেট অভিমুখে যাত্রা শুরু করে।

সিলেট আক্রমণ সহজসাধ্য ছিলো না। নদী অতিক্রম অপারেশনের জন্য যথেষ্ট ব্রীজ তৈরির যন্ত্রাদি ছিলো না। রাতের অন্ধকারে হেলিকপ্টারের সাহায্যে এয়ার ব্রিজিং অপারেশন শুরু হয়। পরদিন সাকলে এই দলটি সিলেটের উপকণ্ঠে আসতে সক্ষম হয়।

চতুর্থ কোরের যে ডিভিশনটি আখাউড়া অভিমুখে যাত্রা শুরু করে-জেনারেল সগত সিং মেঘনা অক্রিম করে ঢাকার দিকে অভিযানের সিদ্ধান্ত নেন। মুক্তিবাহিনীর তিন নম্বর সেক্টর ও 'এস' ফোর্স তখন আখাউড়ায় পাকবাহিনীর সাথে সংঘর্ষে লিপ্ত।

আখাউড়া থেকে রেলওয়ে লাইন আশুগঞ্জের দিকে চলে গেছে। চলাচলের কোনো রাস্তা ছিলো না। শায়েস্তাগঞ্জ থেকে ভৈরববাজার প্রায় এক মাইল দীর্ঘ নদী একটি বিরাট বাধা হিসেবে দেখা দেয়।

অগ্রবর্তী ব্রিগেড আখাউড়া ঘিরে ফেলে এবং গঙ্গাসাগরের দিকে এগিয়ে চলে। এইসময়ে পাকিস্তানী স্যাবরজেট বিমানগুলো হামলা চালায়। ভারতীয় জঙ্গী বিমান পাল্টা আক্রমণ চালালে পাকিস্তানী বিমানগুলো পালিয়ে যায়। ৫ ডিসেম্বর আখাউড়ার পতন হয়।

ভারতীয় ৩১১ পার্বত্য ব্রিগেড, ৭৩ পার্বত্য ব্রিগেড তখন নরসিংদীতে অবস্থান করছিলো। মিত্রবাহিনী ১২ ডিসেম্বর ডেমরা দখল করে। 'এস' ফোর্স পদব্রজে বোলতাপুল হয়ে রূপগঞ্জ দিয়ে বালু নামক স্থানে নদী অতিক্রম করে ডেমরা পৌঁছায় ১৩ ডিসেম্বর। ১৬ ডিসেম্বর ১০টা পর্যন্ত সংঘর্ষ অব্যাহত থাকে। 'কে' ফোর্স দুই দলে বিভক্ত হয়ে একদল চট্টগ্রামের দিকে এবং অপর দল চাঁদপুরের দিকে অগ্রসর হয়। দশম ইস্ট বেঙ্গল মিত্রবাহিনীর ৮৩ ব্রিগেডের সাথে যৌথভাবে ফেনী শহর দখল করে। এই বাহিনীকে নোয়াখালী সদরে রাজাকার ও আলবদর বাহিনী বাধা দেয় কিন্তু তীব্র আক্রমণের মুখে তারা নিশ্চিহ্ন হয়ে যায়। ঐদিনই তারা চট্টগ্রামের দিকে অগ্রসর হয়। ফেনী থেকে চট্টগ্রামের দূরত্ব ছিলো মাত্র ৬৫ মাইল। যৌথ বাহিনী ১৩ ডিসেম্বর কুমিরা পৌঁছায় দুপুর বারোটায়। ক্যাপ্টেন আইনুদ্দিনের নেতৃত্বে নবম বেঙ্গল এবং ক্যাপ্টেন গাফফারের নেতৃত্বে চতুর্থ বেঙ্গল প্রবল পরাক্রমে চট্টগ্রামের দিকে অগ্রসর হতে থাকে।

এখানে সবিশেষ উল্লেখযোগ্য যে, 'এস' ফোর্স কমাণ্ডার লেঃ কর্নেল শফিউল্লাহ দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্টকে আখাউড়ার প্রতিরক্ষার নিয়োজিত রেখে ভৈরবের দিকে অগ্রসর হতে থাকেন। পরিকল্পনা অনুযায়ী 'এস' ফোর্স মাধবপুর হয়ে ব্রাহ্মণবাড়িয়া সরাইল পৌঁছায় ডিসেম্বর ৮ তারিখে। আখাউড়ার যুদ্ধে লেঃ বদিউজ্জামান শহীদ হন। পরিকল্পনা হয় ব্রাহ্মণবাড়িয়ার দক্ষিণ থেকে অগ্রসর হয়ে একটি দল শহরে ঢুকবে, অপর দল উত্তর দিক থেকে সিলেট সড়ক দিয়ে ব্রাহ্মণবাড়িয়া পৌঁছাবে- আর মিত্রবাহিনী আখাউড়া-ব্রাহ্মণবাড়িয়া রেললাইন এবং উজানী সর-ব্রাহ্মণবাড়িয়া সড়ক হয়ে অগ্রসর হবে। 'এস' ফোর্সের ১১ বেঙ্গলকে চান্দুরার উত্তরে রোড ব্লক করে চান্দুরা থেকে সরাইল পর্যন্ত এলাকা শত্রুমুক্ত করেন। ১১ বেঙ্গল পাইকপাড়ায় এলে মেজর নাসিম

শাহবাজপুর, সরাইল এবং ব্রাহ্মণবাড়িয়ার দিকে অগ্রসর হতে আদেশ দেন। এই সময় একটি দুর্ঘটনা ঘটে। পাকিস্তানীদের একটি গাড়ী তেলিয়াপাড়া থেকে মেজর ভূঁইয়াকে অতিক্রম করে চলে আসে। 'এস' ফোর্স কমাণ্ডার নিজেদের গাড়ী মনে করে গাড়ী থামান। গাড়ী থামলে দেখা গেল গাড়ীতে পাকসেনা। পাকিস্তানী সুবেদারের সাথে কর্নেল শফিউল্লাহর হাতাহাতি শুরু হয়। পাকসেনার গুলীবর্ষণে কর্নেল শফিউল্লার কোমরের পিস্তলটি বিধ্বস্ত হলো কিন্তু অলৌকিকভাবে তিনি বেঁচে যান। মেজর নাসিমসহ ১১ জন গুরুতরভাবে আহত হন। মেজর মতিন ১১ বেঙ্গলের অধিনায়ক নিযুক্ত হন। ৭ ডিসেম্বর শাহবাজপুর আক্রমণ করে শত্রুমুক্ত করেন। ৮ ডিসেম্বর মেজর ভূঁইয়া ও 'এস' ফোর্সের দলটি সরাইল হয়ে আগুগঞ্জের দিকে অগ্রসর হয়।

পাকবাহিনীর ১৪ ডিভিশন সুদৃঢ় ঘাঁটি নির্মাণ করেছিলো। ১০ ডিসেম্বর ১৮ রাজপুত রেজিমেন্ট পাকিস্তানী ব্যূহ ভেদ করে আগুগঞ্জে ঢুকে পড়ে। 'এস' ফোর্স ও তিন নম্বর সেক্টর সৈন্যরা বিপুল বিক্রমে এই যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে। ১০/১১ ডিসেম্বর পাকসেনারা আগুগঞ্জ ছেড়ে ভৈরব চলে যায় এবং ভৈরব ব্রিজটি ধ্বংস করে। ১১ ডিসেম্বর ভারতীয় ১৯ পাঞ্জাবকে হেলিকপ্টার যোগে নদীর অপর পাড়ে নামানো হয়। দ্বিতীয় বেঙ্গল ও তিন নম্বর সেক্টর সৈন্যরা পায়ে হেঁটে নরসিংদী অগ্রসর হয়। ১১ বেঙ্গল ভৈরব অবরোধ করে রাখে।

কুমিরাতে পাক ঘাঁটি ছিলো খুবই শক্তিশালী। ক্যাপ্টেন জাফর ইমাম দশম বেঙ্গলের এক কোম্পানী কুমিরায় রেখে পাহাড় পার হয়ে হাটহাজারী যাত্রা করেন। ১৪ ডিসেম্বর মুক্তিবাহিনী হাটহাজারী পৌঁছে যায়। চতুর্থ বেঙ্গল চট্টগ্রাম-রাংগামাটি সড়ক দিয়ে হাটহাজারীর সন্নিকটে এসে পড়ে। নবম বেঙ্গলও এখানে এসে পৌঁছায়। ১৫ ডিসেম্বর হাটহাজারীতে সন্নিকটে এসে পড়ে। নবম বেঙ্গলও এখানে পৌঁছায়। ১৫ ডিসেম্বর হাটহাজারীতে অবস্থানরত পাকসেনাদের ওপর মুক্তিবাহিনী আক্রমণ চালায়। পাকিস্তানী অফিসার মেজর হাদী এক কোম্পানী পাকসেনাসহ আত্মসমর্পণ করে। অপরদিকে পকসেনারা কুমিল্লা ছেড়ে ফৌজদারহাটে এসে অবস্থান নেয়। সম্মিলিত বাহিনী ফৌজদারহাট আক্রমণ করে। ১৬ ডিসেম্বর চট্টগ্রাম অবস্থানরত পাকসেনারা আত্মসমর্পণ করেন।

এক নম্বর সেক্টরে মুক্তিযোদ্ধারা ক্যাপ্টেন মাহফুজের নেতৃত্বে ছাগলনাইয়া দখল করে। ক্যাপ্টেন মাহফুজ 'কে' ফোর্সের সাথে যোগ দিয়ে ফেনী-চট্টগ্রাম সড়ক ধরে একটি দল মুহুরী নদী ধরে এবং অপর দলটি চট্টগ্রামের দিকে অগ্রসর হতে থাকে।

ক্যাপ্টেন মাহফুজ সম্মিলিত বাহিনীর সাথে ৯ ডিসেম্বর জোরারগঞ্জ এসে পৌঁছায়। জোরারগঞ্জ যুদ্ধে ১২ জন মুক্তিযোদ্ধা শহীদ হন। পাকসেনারা মুক্তিবাহিনীর তীব্র আক্রমণের ফলে পিছু হটতে থাকে। শুভপুর ব্রিজটি পলায়নপুর পাকবাহিনী ধ্বংস করে দেয়।

সীতাকুণ্ড দখলের জন্য ক্যাপ্টেন মাহফুজ ডান দিক থেকে অগ্রসর হয় এবং মিত্রবাহিনী সম্মুখভাগে এগিয়ে চলে। যৌথবাহিনী চন্দ্রকান্তের মন্দিরে এসে পৌঁছলে পাকসেনারা আর্টিলারীর সাহায্যে প্রবলভাবে বাধা দেয়। ১১ ডিসেম্বর সীতাকুণ্ডের পতন হয়। ১৪ ডিসেম্বর এই বাহিনী কুমিরায় অবস্থানরত দশম বেঙ্গলের সাথে যোগদান করে।

চতুর্থ কোর ও মুক্তিবাহিনী যৌথভাবে দ্রুতগতিতে ঢাকার ভেতরে ঢুকে পড়ে। অপর একটি দল চট্টগ্রামের দিকে ধাবিত হয়। দ্বিতীয় কোর ও মুক্তিবাহিনী মধুমতি অতিক্রম করে অগ্রসর হতে থাকে। একটি দল মাগুরার দিক ও অন্য দলটি যশোর দখলের পর খুলনার দিকে অগ্রসর হয়। ১৪ ডিসেম্বর ভারতীয় বাহিনী ফরিদপুর দখল করে। দৌলতপুরের পতন হয় একই দিনে। পাকসেনাদের কুষ্টিয়া যশোরের দিকে পালানোর পথ বন্ধ হয়ে যায়।

উত্তর-পশ্চিম দিকে লালমনিরহাটের পতন হয়। এর আগে জয়মনিরহাট যুদ্ধে লেঃ সামাদ শহীদ হন। ১২ ডিসেম্বর ঘোড়াঘাট দখল হয় এবং মিত্রবাহিনী ও মুক্তিবাহিনী বগুড়ার দিকে অগ্রসর হতে থাকে। গোবিন্দপুর পরদিন শত্রুমুক্ত হয়। ১৪ ডিসেম্বর বগুড়ার পতন হয়।

১০১ কমিউনিকশন জোন এলাকায় সম্মিলিত বাহিনী তুরা থেকে জামালপুরের দিকে ধাবিত হয়। পাকবাহিনীর একটি ব্রিগেড এই এলাকায় মোতায়েন ছিলো। ব্রিগেড সদর দপ্তর ও দুইটি ব্যাটালিয়ন ময়মনসিংহে এবং একটি ব্যাটালিয়ন জামালপুরে প্রতিরক্ষা অবস্থান নেয়।

ডিসেম্বর ৯ তারিখে সম্মিলিত বাহিনী জামালপুরের নিকটবর্তী অঞ্চলে পৌঁছে যায়। একটি দল ব্রাহ্মপুত্র অতিক্রম করে জামালপুরকে বিচ্ছিন্ন করে দেয়। পাকবাহিনী ময়মনসিংহ থেকে একটি ব্যাটালিয়ন জামালপুরে স্থানন্তরিত করে।

১১ নম্বর সেক্টরে মুক্তিবাহিনী হালুয়াঘাট ও নালিতাবাড়ি হয়ে ময়মনসিংহের দিকে ধাবিত হয়। ৬ ডিসেম্বর ময়মনসিংহ শত্রুমুক্ত হয়। জামালপুরের মিত্র ও মুক্তিবাহিনীর সাথে পাকসেনাদের এক প্রচণ্ড যুদ্ধ হয়। ১১ ডিসেম্বর পাকবাহিনী পরাজিত হয়। মেজর জেনারেল গিল গুরুতরভাবে আহত হলে মেজর জেনারেল নাগরা অধিনায়ক নিযুক্ত হন। পাকসেনাদের একটি দল টাঙ্গাইল চলে যায়। সম্মিলিত বাহিনী টাঙ্গাইলের দিকে অগ্রসর হয়।

১২ ডিসেম্বর টাঙ্গাইলে ছত্রী সেনার একটি ব্যাটালিয়ন অবহরণ করে। জামালপুর যুদ্ধে পরাজিত পাকসেনারা টাঙ্গাইলের দিকে অগ্রসর হচ্ছিলো। পাকিস্তানীদের পালাবার সকল পথ রুদ্ধ হয়ে যায়, কারণ ১০১ কমিউনিকেশন জোনের সৈন্যরা টাঙ্গাইলে পৌঁছে যায়। ১৩ ডিসেম্বর পাকবাহিনী টাঙ্গাইলে আত্মসমর্পণ করে। পলায়নপর বিপুলসংখ্যক পাক সেনা গ্রামবাসীর হাতে নিহত হয়। সম্মিলিত বাহিনী ঢাকার পথে মির্জাপুরের দিকে যাত্রা করে। ১৪ই ডিসেম্বর যৌথ দল টঙ্গীর কাছাকাছি এসে পড়ে। এই বাহিনী কালিয়াকৈর হয়ে সাভার এসে পৌছে। কিছুক্ষনের মধ্যেই সম্মিলিত বাহিনী ঢাকার উপকণ্ঠে মীরপুর ব্রীজের কাছে এসে পড়ে। ১১ই নভেম্বর নাগরা তার এডিসি'র মারফত নিয়াজীকে আত্মসমর্পনের উপদেশ দিয়ে পত্র পাঠালেন।

১৬ই ডিসেম্বর পাকিস্তানী ১৪ই ডিভিশন কমান্ডার মেজর জেনারেল জামশেদ মীরপুর ব্রীজের কাছে এসে ভারতীয় জেনারেল গান্ধর্ব নাগরার কাছে আত্মসমর্পন করে। মুক্তিবাহিনী লক্ষ লক্ষ মানুষের জয়গান ও উল্লাসের মধ্যে ঢাকা দখল করে।

পাকিস্তান বিমানবাহিনীর পুর্বাঞ্চলে মাত্র এক স্কোয়াড্রন ১৮ স্যাবর জেট বিমান ছিলো। সর্বাত্মক যুদ্ধের দ্বিতীয় দিনে পাকিস্তানীরা বিমান শক্তি সম্পুর্ণভাবে হারায়। ভারতীয় বিমানবাহিনী একচ্ছত্র আধিপত্য লাভ করে।

ভারতীয় নৌবাহিনী ফ্লিট এয়ারক্র্যাফট ক্যারিয়ার 'ভিক্রান্ত' বঙ্গোপসাগরে ঢুকে সমুদ্র পথের গতিরোধ করে। 'ভিক্রান্ত' থেকে যুদ্ধ বিমানগুদেলা চট্রগ্রাম বন্দর, বিমান বিমান বন্দর ও চালনা বন্দর আক্রমন করে। এই যুদ্ধ জাহাজের প্রধান কর্তব্য ছিলো সমুদ্র পথে পাকসেনা পালিয়ে যেতে না দেয়া এবং সমুদ্র পথে কোন সাহায্য যাতে নাসতে পারে তা নিশ্চিত করা।

পাকিস্তান পূর্বাঞ্চালীয় নৌবাহিনীর কয়েকটি মাত্র গানবোট সর্বাত্মক যুদ্ধের প্রথম কয়েকদিনের মধ্যেই ধ্বংসপ্রাপ্ত হয়। ১২ অক্টোবর 'পদ্মা ও পলাশ' নামে দু'টি গানবোট সমন্বদেয় বাংলাদেশ নৌবাহিনী সংযোজিত করা হদয়। ৬ ডিসেম্বর যশোরের পতনের পর 'পদ্মা ও পলাশ' এবং ভারতীয় গানবোট 'পানভেল' হিরণপয়েন্ট মঙ্গলা বমদর এবং খুলনার খালিশপুরে পাক নৌ ঘাঁটি পি,এন, এস 'তিতুমীর' দখলের জন্য অগ্রসর হয়। ৯ই ডিসেম্বর কোনো বাধা ছাড়াই এই গানবোটগুলো হিরণপয়েন্ট পৌঁছায়। পরদিন ১০ ডিসেম্বর অভিযান শুরু হয়।

বেলা ১২টার সময় খুলনা শিপইয়ার্ডের সন্নিকটে আকাশে তিনটি জংগী বিমান দেখা যায়। ভারতীয় নাবিক বলেন যে, বিমানগুলো ভারতীয়। আকস্মিকভাবে জংগী বিমানগুলো বোমাবর্ষণ শুরু করে। ভারতীয় নাবিক

সবাইকে জাহাজ ত্যাগ করতে বলেন। ইঞ্জিন আর্টিফিসার মুক্তিযোদ্ধা রুহুল আমিন উপরে এসে চিৎকার করে জানতে চান 'জাহাজ থামতে কেন বলা হয়েছে। আমরা মৃত্যুর ভয়ে ভীত নই-এগিয়ে যাবোই।'' বীরশ্রেষ্ঠ রুহুল আমিন 'পলাশ'-এর উপরে পাকিস্তানী বোমাবর্ষণের ফলে শহীদ হন।

৬ ডিসেম্বর ভারত বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে। জাতিসংঘের সাধারণ পরিষদ যুদ্ধ বিরতির জন্য প্রস্তাব পাস করে। রাশিয়া এই প্রস্তাবে ভেটো দেয় এবং বৃটেন ও ফ্রান্স ভোটদানে বিরত থাকে। ইয়াহিয়া খান প্রত্যাশিত আমেরিকান ও চীনের সরাসরি হস্তক্ষেপ থেকে বঞ্চিত হন। পাকিস্তানী এক লক্ষ সৈন্যের শোচনীয় পরাজয় ও আত্মসমর্পণের মধ্য দিয়ে মুক্তিবাহিনীর পরম বিজয় সূচিত হলো-পৃথিবীর মানচিত্রে সংযোজিত হলো স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ।

শিরোনাম	সূত্র	তারিখ
২৭। মিত্রবাহিনীর তৎপরতা ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্য	'বাংলা নামে দেশ'-অভীক সরকার সম্পাদিত কলিকাতা, ১৯৭২, পৃষ্ঠা ৯৮-১৩৯	১৯৭১

৩ ডিসেম্বর, ১৯৭১। মধ্যরাত্রি থেকেই পুরোদমে শুরু হয়ে গেল ভারত পাক যুদ্ধ। এবং সেই সঙ্গে শুরু হয়ে গেল বাংলাদেশের মুক্তিযুদ্ধের চূড়ান্ত পর্যায়। চতুর্দিক থেকে বাংলাদেশের দখলদার পাকবাহিনীর উরপ আক্রমণ শুরু করল ভারতীয় সেনা, বিমান এবং নৌবাহিনী। আর বাংলাদেশের মুক্তিযোদ্ধারা।

সব যুদ্ধই কোনও একটা মুহূর্তে শুরু হয়। কিন্তু তা বলে কোনও যুদ্ধই ঠিক আকস্মিক শুরু হয় না। প্রত্যেকটা যুদ্ধের পেছনে থাকে দীর্ঘদিনের প্রস্তুতি। থাকে বিস্তারিত পরিকল্পনা। যুদ্ধের সম্ভাবনা দেখা দিলেই শুরু হয় সেই প্রস্তুতি আর পরিকল্পনা। দুপক্ষেরই প্রস্তুতি আর পরিকল্পনা। যেমন এ যুদ্ধেরও ছিল। এবারের ভারত পাক যুদ্ধের। এবং তারই মূল অংশ বাংলাদেশের মুক্তি সংগ্রামের চূড়ান্ত লড়াইয়েরও।

এপ্রিল-মে থেকেই ভারতীয় এবং পাকিস্তানী প্রতিরক্ষা বাহিনী বাংলাদেশ সম্পর্কে তাদের নিজ নিজ পরিকল্পনা রচনার কাজ শুরু করে দিয়েছিল। আর সেই সঙ্গেই শুরু হয়েছিল প্রস্তুতি। সাধারণত লক্ষ্যটা স্থির করে দেন রাষ্ট্রনায়করা। সমরনায়করা সেই অনুসারে তাদের পরিকল্পনা রচনা করেন এবং প্রস্তুতি গড়েন।

এপ্রিল মাসের শেষদিকেই ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর সামনে ভারত সরকার বাংলাদেশের মুক্তি সংগ্রামের কয়েকটা দিক তুলে ধরেছিলেন। বলেছিলেনঃ (এক) বাংলাদেশের মুক্তি সংগ্রাম চালাবে মূলত বাংলাদেশের মুক্তিবাহিনী। ভারতীয় সেনাবাহিনী ট্রেনিং এবং অস্ত্রশস্ত্র দিয়ে মুক্তি বাহিনীকে সাহায্য করবে। (দুই) মুক্তি বাহিনীকে ভারত সরকার সাহায্য দিচ্ছে বলে পাক বাহিনী যদি ভারতের উপর হামলা করে তাহলে ভারতীয় সেনাবাহিনীকে সেই আক্রমণের জবাব দিতে হবে। (তিন) বাংলাদেশের সমস্যার যদি কোনও রাজনৈতিক সমাধান না হয় তাহলে ভারতীয় প্রতিরক্ষা বাহিনীকেও বাংলাদেশের মুক্তি সংগ্রামের চূড়ান্ত লড়াইয়ের নামতে হতে পারে। (চার) যদি চূড়ান্ত লড়াইয়ে ভারতীয় প্রতিরক্ষা বাহিনীকে নামতে হয়ই তাহলে তার লক্ষ্য হবে রাজধানী ঢাকাসহ গোটা বাংলাদেশকে দখলদার পাক বাহিনীর কবলমুক্ত করা। (পাঁচ) মুক্তি সংগ্রামে যদি প্রত্যক্ষভাবে ভারতীয় প্রতিরক্ষা বাহিনী নামে তাহলে রাজধানীসহ গোটা বাংলাদেশকে খুব দ্রুতগতিতে মুক্ত করতে হবে। (ছয়) বাংলাদেশের মুক্তি যুদ্ধে ভারতীয় বাহিনীর অংশ নেওয়া মানেই হবে পাকিস্তানের সঙ্গে ভারতের যুদ্ধ। সুতরাং লড়াই শুধু পূর্বে হবে না, হবে পশ্চিমেও। এবং (সাত) পাক-ভারত লড়াই হলে উত্তর সীমান্তে চীনের কথাও মনে রাখতে হবে।

এই নির্দেশের উপর ভিত্তি করেই ভারতীয় প্রতিরক্ষা বাহিনী দুভাবে তাঁদের পরিকল্পনা রচনা করল এবং প্রস্তুতি গড়ে তুলল। (এক) মুক্তি বাহিনীকে ট্রেনিং দেওয়া এবং তাদের অস্ত্র সরবরাহ করা। (দুই) বাংলাদেশের মুক্তি সংগ্রামের চূড়ান্ত পর্যায়ের লড়াইয়ের জন্য পরিকল্পনা রচনা করা এবং তার প্রস্তুতি গড়ে তোলা।

বাংলাদেশের মুক্তিযুদ্ধের চূড়ান্ত পর্যায়ে পরিকল্পনা রচনা করতে গিয়ে আমাদের প্রতিরক্ষা বাহিনীকে প্রথমেই কতকগুলি অসুবিধার কথা বিবেচনা করতে হয়। প্রথমত, বাংলাদেশের প্রকৃতি। বাংলাদেশে অসংখ্য নদীনালা। কতকগুলি নদী বিশাল। আর, বাংলাদেশের প্রায় সর্বত্র জলাভূমি এবং এইসব জলাভূমিতেও শীতকালেও কিছু কিছু জল জমে থাকে। দ্বিতীয়ত, বাংলাদেশের নদীনালাগুলি অধিকাংশই উত্তর থেকে দক্ষিণে প্রবাহিত। তাই পশ্চিম থেকে পূর্বে অগ্রসর হওয়া অত্যন্ত কঠিন। অথচ ভারত থেকে বাংলাদেশে কোনও বড় সেনাবাহিনীকে পাঠাতে হলে নানা কারণে পশ্চিম দিক থেকে পাঠানোই সুবিধা। তৃতীয়ত, বাংলাদেশে রাস্তাঘাট অত্যন্ত কম। সামান্য কয়েকটি মাত্র পাকা রাস্তা আছে। সেগুলিও অসংখ্য নদীনালার ওপর দিয়ে গিয়েছে। চতুর্থত, প্রয়োজনীয় সংখ্যায়

সৈন্য, বিমান এবং জাহাজ-বোট পাওয়া যাবে না। বাংলাদেশে পাক দখলদার বাহিনীতে মোট সৈন্য এবং আধা সৈন্য প্রায় চার ডিভিশন। সামরিক বিশেষজ্ঞদের হিসাব মত ঘাঁটি থেকে কোনও সেনাবাহিনীকে উচ্ছেদ করতে হলে আক্রমণকারীর অন্তত তিনগুণ শক্তি চাই। অর্থাৎ বাংলাদেশের মুক্তিসংগ্রামের জন্য অন্তত বারো ডিভিশন ভারতীয় সৈন্য প্রয়োজন। অথচ তা পাওয়া যাবে না। কারণ, পশ্চিম খন্ডেও বহু সৈন্য, বিমান এবং জাহাজ রাখা প্রয়োজন। আর, উত্তরের জন্যও কিছু সৈন্য এবং বিমান মজুত রাখতে হবে। পঞ্চমত, এইসব অসুবিধা সত্ত্বেও খুব দ্রুত ঢাকাসহ বাংলাদেশকে মুক্ত করতে হবে-কিন্তু বাংলাদেশে এমন সতর্কভাবে লড়াই চালাতে হবে যাতে সাধারণ নাগরিকের কোনও ক্ষতি না হয়, দেশের কোনও সম্পদ ধ্বংস না হয় এবং লড়াইটা চলে শুধু পাক বাহিনীর সঙ্গে। অর্থাৎ তাড়াতাড়ি লড়াই শেষ করতে হবে, কিন্তু আর পাঁচটা লড়াইয়ের মত সর্বাত্মক লড়াই করা যাবে না। এই পরিস্থিতিতে ভারতীয় প্রতিরক্ষা বাহিনী বাংলাদেশের চূড়ান্ত লড়াইয়ের জন্য একটা বিস্তারিত পরিকল্পনা রচনা করল।

সেই পরিকল্পনা পাঁচটা লক্ষ্য। প্রথম ও প্রধান লক্ষ্য, ক্ষিপ্রতা। ভারতীয় প্রতিরক্ষা বাহিনী স্থির করল যদি যুদ্ধে নামতেই হয় তাহলে দু' সপ্তাহের মধ্যে ঢাকা পৌঁছতে হবে। কেন্দ্রবিন্দু ঢাকা। একমাত্রসেই দিকেই এগোতে হবে। অন্যান্য শহর বা ঘাঁটি দখলের জন্য সময় বা শক্তি নষ্ট করা হবে না। সেগুলিকে এড়িয়ে যেতে হবে।

দ্বিতীয় লক্ষ্য, শত্রুপক্ষকে ধোঁকা দেওয়া। তাকে বোঝাতে হবে যে তার চেয়ে অন্তত চারগুণ শক্তি নিয়ে ভারতীয় বাহিনী আক্রমণ করছে। আর তাকে দেখাতে হবে যে ভারতীয় বাহিনী সবদিক থেকেই আক্রমণ করতে যাচ্ছে যাতে শত্রুপক্ষ তার সৈন্যবাহিনী কোনও একটা এলাকায় জড় না করতে পারে এবং বাংলাদেশের চতুর্দিকে ছড়িয়ে রাখতে বাধ্য হয়।

তৃতীয় লক্ষ্য, সেই ছড়িয়ে পড়া পাকবহিনীকে আবার একত্রিত হতে না দেওয়া-যাতে পাক বহিনী রিগ্রুপড হয়ে কোনও দ্বিতীয় পর্যায়ের লড়াইয়ে না নামতে পারে এবং যাতে বিভিন্ন অঞ্চল থেকে সৈন্য সরিয়ে এনে তারা ঢাকা রক্ষার জন্য পদ্মা ও মেঘনার মাঝামাঝি অঞ্চলে কোনও শক্ত ব্যূহ না রচনা করতে পারে।

চতুর্থ লক্ষ্য, ভারতীয় বাহিনী যাতে পাক বাহিনীর সঙ্গে কোনও কোনও বড় দীর্ঘ যুদ্ধে লিপ্ত না হয়ে পড়ে এবং যেন ভারতীয় বাহিনীর ক্ষতি যথাসম্ভব কম হয়। ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর পরিচালকরা এটাও জানতেন যে কোথাও কোন বড় দীর্ঘমেয়াদী যুদ্ধ হলে তাতে বাংলাদেশের সাধারণ মানুষের ক্ষতি হবে এবং জাতীয় সম্পদও ধ্বংস হতে বাধ্য। এই জন্য ভারতীয় বাহিনী প্রথম থেকেই টিক করল বাংলাদেশে ঢুকতে হলে বড় সড়কগুলি এড়িয়ে যাবে। এবং এগোবে কাঁচা পথ দিয়ে-যেখানে পাকবাহিনী তাকে আশা করবে না, যেখানে পাক-বাহিনীর প্রতিরক্ষা ব্যূহ বা মাইন থাকবে না, যেখানে শত্রুপক্ষ ভারী অস্ত্রশস্ত্র আনতে পারবে না এবং যেখানে জনবসতি খুবই কম থাকবে।

পঞ্চম লক্ষ্য, গোড়া থেকেই এমনভাবে আক্রমণটা চালানো এবং পরিচালনা করা যাতে বাংলাদেশের দখলদার পাকবাহিনীর মনোবল লড়াইয়ের প্রায় শুরুতেই ভেঙ্গে দেওয়া যায় এবং যাতে তারা শেষ পর্যন্ত লড়াই না করে আগেই আত্মসমর্পণ করতে বাধ্য হয়।

এই পাঁচটা লক্ষ্য সামনে রেখে ভারত বাংলাদেশের প্রায় চতুর্দিকে এইভাবে তার সেনাবাহিনীকে সাজালোঃ

২ নং কোর। সদর দফতর-কৃষ্ণনগর। প্রধান- লেঃ জেঃ টি, এন, রায়না। দুটো পার্বত্য ডিভিশন ৯ম ও ৪র্থ। তৎসহ টি-৫৫ এস রুশ ট্যাঙ্কে সজ্জিত একটি মাঝারি আর্মার্ড রেজিমেন্ট, পিটি-৭৬ সাঁতারু রুশ ট্যাঙ্ক সজ্জিত আর এক হাল্কা ট্যাঙ্ক রেজিমেণ্ট, একটা মাঝারি আর্টিলারি রেজিমেন্ট-১৩০ মিলিমিটার দূরপাল্লার রুশ কামানসহ ব্রিজ তৈরী করতে পারে এমন একটি ইনজিনিয়ারিং ইউনিট। ৯ম ডিভিশন তার প্রধান ঘাঁটি করল ২৪ পরগনার বয়রার কাছাকাছি। ৪র্থ ডিভিশনের মূল ঘাঁটি হল কৃষ্ণনগর গেদের মাঝামাঝি।

৩৩নং কোর। সদর দফতর-শিলিগুড়ি। প্রধান- লেঃ জেঃ এম, এল, থাপান। ৬ এবং ২০নং পার্বত্য ডিভিশন। তৎসহ রুশ পিটি-৭৬ এস ট্যাঙ্কেসজ্জিত একটা হাল্কা আর্মার্ড রেজিমেন্ট, বৃটিশ ৫.৫ ইঞ্চি কামানে সজ্জিত একটি মাঝারি আর্টিলারি রেজিমেন্ট এবং ব্রিজ তৈরি করার একটি ইনজিনিয়ারিং ইউনিট। ২০নং পার্বত্য ডিভিশন প্রধান ঘাঁটি করল বালুরঘাটের কাছে। ৬নং ডিভিশন কোচবিহার জেলায়।

এই ৩৩নং কোরের আর একটা অংশের ঘাঁটি হল গোহাটিতে। পরিচিতিঃ ১০১নং কমিউনিকেশন জোন। প্রধানঃ মেঃ জেঃ জি এস, গিল। শক্তিঃ দুই ব্রিগেড পদাতিক সৈন্য। জামালপুরের কাছে প্রচণ্ড এক লড়াইয়ে জেনারেল গিল আহত হওয়ার পর এই বাহিনীর প্রধান হলেন মেঃ জেঃ জি, নাগরা।

৪ নং কোর। সদর দফতর-আগরতলা। প্রধান- লেঃ জেঃ সগত সিং। ৮, ৫৭ এবং ২৩নং পার্বত্য ডিভিশন। তৎসহ দু' স্কোয়াড্রন পিটি-৭৬ এস রুশ সাঁতারু ট্যাঙ্ক, বৃটিশ ৫.৫ ইঞ্চি কামানে সজ্জিত একটা মাঝারি রেজিমেন্ট এবং ব্রিজ তৈরীর ইনজিনিয়ারিং ইউনিট। ঐ তিনটি পার্বত্য ডিভিশনকে ভাগ ভাগ করে বাংলাদেশের পূর্ব সীমান্তে বিভিন্ন এলাকায় দাঁড় করিয়ে দেওয়া হল।

এটা ভারতীয় সেনাবাহিনীর হিসাব। এর সঙ্গে ছিল কর্নেল ওসমানির অধীনস্থ প্রায় ৬০,০০০ মুক্তিসেনা। এরা মোটামুটি দুভাগে বিভক্ত ছিলঃ মুক্তিফৌজ এবং মুজিববাহিনী বা মুক্তিবাহিনী (এফ-এফ)। ট্রেনিংপ্রাপ্ত ও পুনর্গঠিত মুক্তিবাহিনীর সৈন্যরা নবপর্যায়ে জুন মাস থেকেই বাংলাদেশের ভেতরে লড়াই চালাতে শুরু করেছিল। ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর পক্ষ থেকে এদের সঙ্গে যোগাযোগ রাখতেন মেঃ জেঃ বি, এন, সরকার। যুদ্ধ যখন পুরোদমে শুরু হয়ে গেল এবং যখন ভারতীয় সেনাবাহিনী প্রত্যক্ষভাবে লড়াইয়ে অংশ নিলেন তখন বাংলাদেশের মুক্তিবাহিনী ও ভারতীয় সেনাবাহিনীকে নিয়ে গঠিত হল একটি কমাণ্ড। এই কমান্ডের প্রধান হলেন ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় প্রধান লেঃ জেঃ জগজিৎ সিং অরোরা।

এখানে দুটো জিনিস বোধ হয় আগাম ব্যাখ্যা করে রাখা ভাল। ওপরের তালিকা থেকেই দেখা যাচ্ছে ভারত বাংলাদেশের চতুর্দিকে যে সৈন্য সাজালো তারা অধিকাংশই পার্বত্য ডিভিশনের। পার্বত্য ডিভিশন গঠনে যে কোনও অন্য ডিভিশনের মতই, কিন্তু যেহেতু প্রধানত পাহাড়ে লড়াই করার জন্য পার্বত্য ডিভিশন গঠিত হয় সেই জন্য তাদের অস্ত্রশস্ত্র হয় একটু হাল্কা ধরনের। ট্যাঙ্ক বা ভারী কামান পার্বত্য ডিভিশনে থাকে না। এই জন্যই বাংলাদেশে লড়াইয়ের পরিকল্পনা করতে গিয়ে ভারতীয় প্রতিরক্ষা বাহিনী প্রতিটি পার্বত্য ডিভিশনের সঙ্গে বাড়তি ট্যাঙ্ক ও আর্টিলারি রেজিমেন্ট যোগ করে। এর মধ্যে বেশকিছু রাশিয়ান সাঁতারু ট্যাঙ্কও ছিল। দ্বিতীয়ত, পার্বত্য ডিভিশনের সঙ্গে সাধারণত বড় ব্রিজ তৈরী করার মত ইউনিট থাকে না। কারণ, পাহাড়ের উপরে নদী চওড়া হয় না। অথচ বাংলাদেশ চওড়া নদীতে ভরা। কতকগুলি নদী বিশাল। এই জন্য বাংলাদেশে অপারেশনের দায়িত্ব দেওয়ার সঙ্গে সঙ্গে প্রত্যেকটি পার্বত্য ডিভিশনের সঙ্গে বড় বড় ব্রিজ তৈরীর ইনজিনিয়ারিং ইউনিটও দেওয়া হল।

স্বাধীনত সংগ্রাম শুরু হওয়ার পর থেকে পাকিস্তানের রাষ্ট্রনায়করা বাংলাদেশের জন্য তিন পর্যায়ে তিন কিস্তি সামরিক পরিকল্পনা তৈরী করে। প্রথম পর্যায়, ২৫ মার্চ থেকে এপ্রিলের তৃতীয় সপ্তাহ পর্যন্ত। এই পর্যায়ের পাকিস্তানী সামরিক পরিকল্পনা ছিলঃ সমস্ত শহরগুলিতে ঝটিতি বাঙালীর উপর ঝাঁপিয়ে পড়, যাকেই স্বাধীনতা সংগ্রামী বলে মনে হয় তাকেই শেষ করে দাও। দ্বিতীয় পর্যায়ে, অর্থাৎ যখন ট্রেনিংসহ পুনর্গঠিত মুক্তিবাহিনী গেরিলা কায়দায় আক্রমণ শুরু করল তখন পাক বাহিনীও বাংলাদেশে তার সামরিক পরিকল্পনা পাল্টালো। এই পর্যায়ে তারা শুধু সেনাবাহিনীর উপর নির্ভর করল না। গড়ে তুলল দুটো স্থানীয় বাহিনীও। এর একটা হল রাজাকার বাহিনী- সামান্য ট্রেনিংপ্রাপ্ত অত্যাচারীর দল। আর একটা আলবদর বাহিনী-প্রধানত ধর্মান্ধ যুবক এবং গুন্ডাশ্রেণীর লোকদের নিয়ে গঠিত সামরিক বহিনী। গেরিলা এবং পাক বিরোধীদের খতম করার জন্য পাক সামরিক বাহিনী এই দুই দালাল বাহিনীর সাহায্য নিল। রাজাকার বাহিনীর হাতে অস্ত্রও দেওয়া হল-প্রধানত রাইফেল। নানা রকমের দায়িত্ব পেল তারা। যেমন, গেরিলাদের খুঁজে বের করা, গেরিলাদের সহকারী এবং

আশ্রয়দাতাদের উপর অত্যাচার চালানো ও তাদের নাম-ধাম সেনাবাহিনীকে সরবরাহ করা, ব্রিজ-রেললাইন ইত্যাদি পাহারা দেওয়া। আলবদর বাহিনীকেও মোটামুটি একই রকমের দায়িত্ব দেওয়া হল-এক পাহারা দেওয়া ছাড়া। তাদের সক্রিয় করে তোলা হল প্রধানত শহর অঞ্চলে। শহরে এবং শহরের আশেপাশে যারা যারা পাকিস্তানবিরোধী এবং মুক্তিযোদ্ধাদের সমর্থক তাদের খুঁজে বের করার দায়িত্ব পেল আলবদর। সেনাবাহিনী এই বাহিনীর কাজকর্ম নিয়মিত তদারক করত। এই দুই বাহিনীকেই সেনাবাহিনী ঢালাও সাহায্য দেওয়ারও ব্যবস্থা করেছিল।

মুক্তিবাহিনীকে গেরিলা আক্রমণ যত বাড়তে আরম্ভ করল পাক কর্তৃপক্ষও ততই ক্ষিপ্ত হয়ে উঠল। সাধারণ বাঙালীর উপর সেনাবাহিনী ও তার দুই দালাল গোষ্ঠীর অত্যাচারও ততই বেড়ে চলল। একদিকে যখন সাধারণ মানুষের উপর, বিশেষ করে সাধারণ গ্রামবাসীর উপর অত্যাচার বাড়ল অন্যদিকে তখনই পাক সেনাবাহিনী সীমান্তেই মুক্তিবাহিনীর অনুপ্রবেশ বন্ধ করার জন্য ভারত-বাংলাদেশ সীমান্তের কাছাকাছি চলে আসার চেষ্টা করল। বর্ষাকালে এই কাজে তাদের অসুবিধা হচ্ছিল। কিন্তু বর্ষা একটু কমতেই তারা রাজাকারদের নিয়ে সীমান্তের যত কাছাকাছি সম্ভব চলে আসার চেষ্টা করল। সেপ্টেম্বর মাস নাগাদ এই ব্যাপারটা চূড়ান্ত পর্যায়ে উঠল। ২৭৪টা সীমান্ত চৌকির মধ্যে ওরা প্রায় ২১০টায় পৌঁছে গেল। ২৫ মার্চের পর পাক ফৌজ ও সীমান্ত রক্ষী বাহিনীকে প্রায় সব সীমান্ত চৌকি ছেড়ে দিতে হয়েছিল। এই রকম সময়ে পাক রাষ্ট্রনায়করা ঢাকার কর্তৃপক্ষের জন্য আবার তাদের নতুন নির্দেশাবলী প্রথম ভাগটা ছিল পরিস্থিতি বিশ্লেষণ। সমগ্র আন্তর্জাতিক পরিস্থিতি বিশ্লেষণ করে পাক কর্তৃপক্ষ বললঃ আমরা মনে করি ভারতীয় সেনাবাহিনীর প্রত্যক্ষ সহযোগিতায় বিচ্ছিন্নতাবাদীরা পূর্ব পাকিস্তানের কতকগুলি সীমান্ত অঞ্চল দখল করার চেষ্টা করবে এবং ভারত সরকার সেই দখল করা এলাকায় স্বাধীন বাংলা সরকার নামক বস্তুটিকে প্রতিষ্ঠিত করবে। তারপর সেই তথাকথিত স্বাধীন বাংলা সরকার দেখিয়ে আন্তর্জাতিক কূটনৈতিক চাপ বাড়াবার চেষ্টা করবে। আমাদের মনে হয় না ভারত সরকার গোটা পূর্ব পাকিস্তান দখল করার পরিকল্পনা নিয়ে নামবে। সে সাহস তারা পাবে না। তারা চাইবে সীমান্তের কাছাকাছি কয়েকটা বড় শহরকে নিয়ে একটা তথাকথিত মুক্ত এলাকা গঠন করতে।

এই বিশ্লেষণের উপর ভিত্তি করে ইসলামাবাদ ঢাকাকে নির্দেশ দিলঃ সুতরাং, এমনভাবে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থাকে সাজাতে হবে যাতে ওরা পূর্ব পাকিস্তানের কোনও বড় এলাকা না দখল করতে পারে। আমাদের প্রতিরক্ষা ব্যবস্থা সীমান্তেই সুদৃঢ় করতে হবে। এবং দেখতে হবে যেন ভারতীয় সৈন্যবাহিনী স্বনামে বা বেনামে পূর্ব পাকিস্তানের কোনও অঞ্চলে ঢুকে তা না দখল করতে পারে। সীমান্ত অঞ্চলে এক আধ মাইল ওরা ঢুকে পড়লে ব্যস্ত হওয়ার কিছু নেই। কিন্তু বেশী দূর কিছুতেই এগোতে দেওয়া হবে না।

এই নির্দেশ পেয়েই বাংলাদেশে দখলদার পাক বাহিনীর প্রধান লেঃ জেঃ এ, এ, কে, নিয়াজি বোঝার চেষ্টা করল ভারতীয় সেনাবাহিনী কোন দিকটায় ঢোকায় চেষ্ট করতে পারে। নানাভাবে খবর নিল। পাত্রমিত্রদের নিয়ে বারবার পরামর্শ করল। কিন্তু কিছুতেই বুঝে উঠতে পারল না ভারতীয় সেনাবাহিনী এবং মুক্তিবাহিনী কোন দিক দিয়ে এগিয়ে কোন এলাকা মুক্ত করতে চাইতে পারে। ততদিন সীমান্তে ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর প্রস্তুতি পুরোদমে শুরু হয়ে গিয়েছে। নিয়াজি সব দিকের খবর নিল। এবং দেখল চতুর্দিকে প্রস্তুতি। যে কোনও দিক দিয়ে আক্রমণ হতে পারে। এই অবস্থায় নিয়াজি একটা ''মাষ্টার প্ল্যান'' তৈরী করল। তাঁর পরিকল্পনাটা হল এই রকমঃ সীমান্তের সবগুলি পাকা রাস্তার উপর সুদৃঢ় প্রতিরক্ষাব্যূহ তৈরী করা হবে। ভারতীয় বাহিনী যেখানে যেখানে জড় হয়েছে তার ঠিক উল্টো দিকে সুদৃঢ় বাঙ্কার তৈরী করে তাতে ভারী কামানসহ পাকসেনাদের বসিয়ে দেওয়া হবে। যে রাস্তা দিয়েই ভারতীয় বাহিনী অগ্রসর হওয়ার চেষ্টা করুক সেই রাস্তায়ই তাকে বাধা দেওয়া হবে। ভারতীয় সেনাবাহিনীর মোকাবিলা করবে পাক সেনাবাহিনী। আর অন্যান্য আধা সৈনিকরা লড়বে মুক্তিবাহিনীর সঙ্গে।

পরিকল্পনা পাকা হওয়ার সঙ্গে সঙ্গেই নিয়াজি তার গোটা সেনাবাহিনীকে বাংলাদেশের চতুর্দিকে ছড়িয়ে দিল। সীমান্ত থেকে দেশের ভেতরে দশ-পনেরো মাইল, কোথাও কোথাও ত্রিশ-চল্লিশ মাইল পর্যন্ত বড় বড় সড়কের উপর অসংখ্য বাঙ্কার তৈরী করল এবং প্রধান প্রধান ভারতীয় ঘাঁটির মুখোমুখি ভারী কামান ও ট্যাঙ্কসহ পাক সেনাবাহিনীকে দাঁড় করিয়ে দিল।

ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তারা তাই দেখে ভীষণ খুশি হলেন। তারা বুঝলেন পাখি ফাঁদে পা দিয়েছে। নিয়াজি তার সেনাবাহিনীকে দেশের চতুর্দিকে ছড়িয়ে দিয়েছে, গোটা সীমান্তটা রক্ষা করতে চাইছে এবং বুঝতেই পারছে না যে বাংলাদেশের মুক্তি সংগ্রামে প্রত্যক্ষভাবে যোগ দিলে ভারতীয় সেনাবহিনী ঠিক কোন দিক দিয়ে এগোবে। বাংলাদেশে নিয়াজির হাতে তখন পাক সেনাবাহিনীর প্রায় ৪২টা নিয়মিত ব্যাটালিয়ন। ৩৫ ব্যাটালিয়ন পাকসেনা এবং ৭ ব্যাটালিয়ন পশ্চিম পাকিস্তানী রেনজার। আর আধা সামরিকদের মধ্যে ইস্ট পাকিস্তান সিভিল আরমড ফোরসেসের ১৭টা উইংগ এবং ৫ উইংগ মোজাহেদ। অর্থাৎ মোট নিয়মিত সৈন্য প্রায় ৪০,০০০। এবং আধা সামরিক বাহিনীতে প্রায় ২৪,২০০ লোক। এছাড়াও পাক কর্তৃপক্ষের হাতে বাংলাদেশে আরও প্রায় ২৪,০০০ ইনডাষ্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স ছিল। মোট সৈন্য ছিল মাত্র ৪২ ব্যাটালিয়ন; কিন্তু নামে ডিভিশন ছিল চারটা। ১৪, ৩৯, ৯ ও ১৬। এছাড়াও ৩৬নং ডিভিশন নামে আর একটা ডিভিশন ছিল মেজর জেনারেল জামসেদের অধীনে। প্রধানত আধা-সৈনিকর এই ডিভিশনের আওতায় ছিল।

সীমান্তের চতুর্দিকে এই বাহিনীকে সাজিয়ে দিয়ে নিয়াজি বেশ একটু পরিতৃপ্ত হলেন। তার হাতে তখন গুলিগোলা প্রচুর। নিয়াজি যত সৈন্য চেয়েছিল পাক কর্তৃপক্ষ কখনো তা তাকে দেয়নি, তার চাহিদা মত ট্যাঙ্ক, বিমান ও কামানও পশ্চিম পাকিস্তান থেকে আসেনি। কিন্তু পাকিস্তানের কর্তারা নিয়াজিকে গোলাবারুদ দিতে কোন কার্পণ্য করেনি। যা চেয়েছিল তার চেয়েও বেশী দিয়েছিল। মার্কিন যুক্তরাষ্ট্র এবং চীন থেকে পাঠান প্রচুর গোলাগুলি তখন পাক কর্তৃপক্ষের হাতে। নিয়াজির নবম ডিভিশন তখন যশোরের ঘাঁটিতে। নবম ডিভিশনের সৈন্যরা সাতক্ষীরা থেকে কুষ্টিয়া পর্যন্ত ছড়িয়ে দাঁড়াল। ষোড়শ ডিভিশনের হেডকোয়ার্টার প্রথমে ছিল নাটোরে। সরিয়ে সেটাকে নিয়ে আসা হল বগুড়ায়। গঙ্গা-ব্রহ্মপুত্রের মধ্যবর্তী অঞ্চলের সমগ্র সীমান্তে ষোড়শ পাক ডিভিশনের সৈন্যরা বাঙ্কার করে বসল। ১৪ এবং ৩৯ নং ডিভিশনের ভাগে পড়ল পূর্ব সীমান্ত রক্ষার দায়িত্ব। উত্তর সীমান্তের জামালপুর থেকে দক্ষিণে কক্সবাজার পর্যন্ত ১৪ এবং ৩৯ নং ডিভিশনের সৈন্যরা ছড়িয়ে।

বাংলাদেশের পাকবাহিনীর হাতে ছিল ৮৪টি মার্কিন স্যাফি ট্যাঙ্ক। আর ছিল শ' আড়াই মাঝারি বা ভারী কামান। নিয়াজি তাও সব সীমান্তের কাছাকাছি নিয়ে এল। এবং দৃশ্যমান প্রধান প্রধান ভারতীয় ঘাঁটিগুলির মুখোমুখি দাঁড়াবার জন্য এর প্রায় সব কিছু নিয়ে জড় করল পাঁচটা কেন্দ্রে--চৌগাছা, হিলি, জামালপুর, সিলেট এবং আখাউড়ায়। দু'পক্ষই বুঝেছিল যা হওয়ার শীতকালেই হবে। তাই দুপক্ষই অক্টোম্বর-নভেম্বর মধ্যেই সীমান্তে সৈন্য সামন্ত সাজিয়ে বসল। ওদিকে তখন খোদ পাক সৈন্যবাহিনীও গেরিলাদের আক্রমণে ব্যতিব্যস্ত। গোটা সীমান্ত বরাবর এলাকায় রাত্রে পাক সৈন্যবাহিনীর পক্ষে চলাফেরা অসম্ভব হয়ে দাঁড়াল। নিয়াজি বুঝল এবার একটা বড় দরের কিছু না করতে পারলেই নয়। তখন সীমান্তেও তার নৈ্যবাহিনী দাঁড়িয়ে গিয়েছে। নিয়াজির বুকে তাই বেশ বল। হাজার হাজার লোককে বেগার খাটিয়ে গোটা সীমান্ত জুড়ে হাজার হাজার বাঙ্কারও তৈরী হয়ে গিয়েছে। পাক সেনাবাহিনীর লোকজনেরা সেই সব বাঙ্কারে পজিশনও নিয়ে নিয়েছে। নিয়াজি তাই নতুন হুকুম দিলঃ প্রয়োজনে সীমান্তের ওপারে গিয়ে মুক্তিবাহিনীকে ঘায়েল করে এস।

নভেম্বরেই শুরু হয়ে গেল পাক সেনাবাহিনীর ভারতীয় সীমা অতিক্রম। সর্বত্র এই ঘটনা ঘটতে আরম্ভ করল। চবিবশ পরগণায়, নদীয়ায়, দিনাজপুরে, কোচবিহারে, আসামের বিভিন্ন প্রান্তে এবং ত্রিপুরার নানা অঞ্চলে। ভারতীয় সেনাবাহিনী এবং সীমান্ত রক্ষী বাহিনী অর্থাৎ বি, এস, এফ'ও সঙ্গে সঙ্গে এর প্রত্যুত্তর দিতে আরম্ভ করল। শুরু হয়ে গেল সীমান্তের বিভিন্ন অঞ্চলে গোলাগুলি বিনিময়। এবং প্রায় প্রতিদিনই এই জিনিস বেড়ে চলল।

নভেম্বরের গোড়ায় পাকিস্তানীরা ত্রিপুরায় প্রচণ্ড গোলাবর্ষণ শুরু করল। তারা গোলাগুলি চালাল প্রধানত আখাউড়া অঞ্চল থেকে। এই গোলাবর্ষণে কমলপুর শহর এবং আশেপাশের কতকগুলি গ্রাম বেশ ক্ষতিগ্রস্থ হল। ভারতীয় সেনাবাহিনী এবং সীমান্তরক্ষী বাহিনীও নিয়মিত এর জবাব দিল। ওদিকে তখন মুক্তিবাহিনীও ঢাকা-চট্টগ্রাম রেল লাইন ও সড়ক পথ কেটে দেওয়ার চেষ্টা করছে।

আখাউড়ার কাছে পাকিস্তানীরা একটা বড় ঘাঁটি করেছিল। এর কারণও ছিল। বাংলাদেশের ট্রেন-সড়ক যোগাযোগ ব্যবস্থায় আখাউড়ার স্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ। চট্টগ্রাম-ঢাকা-শ্রীহট্ট-ময়মনসিংহ রেলপথে আখাউড়া প্রধান জংশন। রেলপথ চট্টগ্রাম থেকে এসে আখাউড়ায় দুভাগ হয়ে গিয়েছে। একটা উত্তর-পূর্বে চলে গিয়েছে শ্রীহট্টের দিকে। আর একটা মেঘনা নদী ডিঙ্গিয়ে উত্তরে গিয়েছে ময়মনসিংহের পথে। দক্ষিণে লাইনটা গিয়েছে ঢাকায়। আখাউড়া তাই বেশ গুরুত্বপূর্ণ ঘাঁটি। ভারতের একেবারে লাগোয়া। পাক সমর নায়করা জানত, সুযোগ পেলেই মুক্তিবাহিনী আখাউড়া দখল করে চট্টগ্রাম বন্দরের সঙ্গে বাংলাদেশের বাদ বাকি অঞ্চলের যোগাযোগ ব্যবস্থাকে বিছিন্ন করে দেবে। তারা আরও জানত, লড়াই হলে ভারতীয় সেনাবাহিনীও সঙ্গে সঙ্গে আখাউড়া দখলের চেষ্টা করবে। তাই তারা আখাউড়ায় বেশ একটা শক্ত ঘাঁটি তৈরী করেছিল। এবং এই শক্ত ঘাঁটি থেকেই ত্রিপুরান নানা এলাকায় অবিরাম গোলাবর্ষণ করছিল। কিছুটা দক্ষিণে ফেনীর কাছাকাছি তারা আর একটা বড় ঘাঁটি তৈরী করেছিল। একই উদ্দেশ্য চট্টগ্রাম-ঢাকা-শ্রীহট্ট যোগাযোগ বিছিন্ন চেষ্টায় বাধাদান।

এই ফেনীর ঘাঁটি থেকেও পাকিস্তানীরা ভারতীয় এলাকার উপর প্রচণ্ড গোলাগুলি চালানো শুরু করল। পাঁচ-ছয়দিন এইভাবে চলার পর ভারতীয় প্রতিরক্ষা বাহিনী দেখল এগিয়ে গিয়ে পাক ঘাঁটিগুলি ধ্বংস করে দিয়ে না এলে এই গোলাবর্ষণ বন্ধ করা যাবে না। কারণ, পাকিস্তানীরা কংক্রিটের বাঙ্কার তৈরী করে তার ভেতরে বসে গোলা চালাচ্ছে। দূর থেকে গোলা ছুড়ে কংক্রিটের ঘায়েল করা যাচ্ছে না। তাই পূর্ব সীমান্তের ভারতীয় সৈন্যবাহিনী তখন এগিয়ে গিয়ে পাক ঘাঁটি ধ্বংস করার অনুমতি চাইল দিল্লীতে। সমগ্র পরিস্থিতি বিবেচনা করে দিল্লীও সেই অনুমতি দিয়ে দিল। প্রায় সঙ্গে সঙ্গেই শুরু হল অ্যাকশন। ৮ নভেম্বর জাতীয় ভারতীয় বাহিনী এগিয়ে গিয়ে ত্রিপুরা সীমান্তবর্তী পাক ঘাঁটিগুলিতে জোর আঘাত হানল। পাকিস্তানীরা বাধা দেওয়ার চেষ্টা করল। কিন্তু পারল না। সীমান্তবর্তী ঘাঁটিগুলি ছেড়ে তাদের পালাতে হল।

এই অ্যাকশনের দুটো প্রত্যক্ষ ফল হল। প্রথমত, ত্রিপুরার বিভিন্ন এলাকার উপর কামানের গোলা বর্ষণ ততটা ক্ষমতা আর পাকিস্তানীদের থাকল না। দ্বিতীয়ত, মুক্তিবাহিনীও আরও জোরে পাকবাহিনীর উপর আক্রমণ করার সুযোগ পেল। কারণ, পাকবাহিনী তখন শক্ত ঘাঁটি থেকে উচ্ছেদ হয়েছে।

গোলাগুলি বিনিময় যেমন বাংলাদেশের পূর্ব প্রান্তে চলছিল তেমনি চলছিল পশ্চিম প্রান্তেও। পশ্চিম প্রান্তে সবচেয়ে বেশি চলছিল তিনটি এলাকা-বালুরঘাটে, গেদেতে এবং বয়রায়। অক্টোবরের শেষ থেকে প্রায় প্রতিদিনই পাকবাহিনী এই অঞ্চলে হানা দিচ্ছিল। বিভিন্ন ভারতীয় গ্রামের লোক পাক গোলাবর্ষণের ফলে মারাও যাচ্ছিলেন। নভেম্বরের প্রথম সপ্তাহ থেকে পাকিস্তানীরা এই তিনটি ঘাঁটির উপর বড় বড় কামানের গোলাবর্ষণ শুরু করল। ভারতীয় প্রতিরক্ষা বাহিনী এবং সীমান্ত রক্ষীরা তার জবাবও দিচ্ছিল। কিন্তু এখানেও সেই একই সমস্যা দেখা দিল। পাকিস্তানীরা বাঙ্কারের মধ্যে বসে দূরপাল্লার কামান চালাচ্ছে। কখনও কখনও সেই কামানের গোলাবর্ষণের আড়ালে এসে ভারতীয় গ্রামগুলির উপরও আক্রমণ চালিয়ে যাচ্ছে। ফলে বাধ্য হয়ে এখানেও ভারতীয় সেনাবাহিনীকে এগিয়ে যেতে হল।

বয়রা অঞ্চলে সীমান্ত হল কপোতাক্ষ নদ। বয়রা থেকে একেবারে সোজা মাইল বারো-তেরোর মধ্যেই যশোর ক্যান্টনমেন্ট। ভারতীয় সেনাবাহিনী কপোতাক্ষের পশ্চিম পাড়ে জড় হতেই যশোর ক্যান্টনমেন্ট থেকে পাক সেনাবহিনীও এগিয়ে এসেছিল। কংক্রিটের প্রতিরক্ষা বাহিনী তখন দিল্লীর নতুন নির্দেশ পেয়ে গিয়েছে। সেই নির্দেশের মর্মকথা,

প্রয়োজন হলে সর্বত্র এগিয়ে গিয়ে ওদের ঘাঁটিগুলো ধ্বংস করে দিয়ে আসবে। যেন ওই সব ঘাঁটি থেকে আক্রমণ চালিয়ে ওরা না এপারের মানুষ মারতে পারে। ভারতীয় বাহিনী তাই কপোতাক্ষ অতিক্রম করে এগিয়ে গেল।

সেদিন ২১ নভেম্বর। ওদিক থেকে এগিয়ে এল পাকবাহিনীও। সঙ্গে নিয়ে এল ১৪টা চীনা স্যাফি ট্যাঙ্ক। ভারী ভারী কামান। এবং প্রায় পাঁচ হাজার সৈন্য।

শুরু হল তুমুল লড়াই। ভারতীয় বাহিনীও বাধ্য হয়ে ট্যাঙ্ক নিয়ে এসেছিল। ট্যাঙ্কে, কামানে, মেশিনগানে প্রচণ্ড যুদ্ধ হওয়ার পর দেখা গেল প্রথম রাত্রির লড়াইয়ের শেষে পাকিস্তানের ছয়'ঘন্টা স্যাফি ট্যাঙ্কই ঘায়েল। গোটা আটেক পিছু হটে পালিয়েছে। ভারতীয় বাহিনী কিন্তু সেখানেই পাকবাহিনীকে ছাড়ল না। আরও এগিয়ে গেল। জগন্নাথপুর এবং গরীবপুর ছাড়িয়ে। পাক সেনাবাহিনী ওখানেও বেশ শক্ত প্রতিরক্ষা ব্যূহ তৈরী করেছিল। দ্বিতীয় দিন আরও বড় লড়াই হল। এবং সেখানে আরও সাতটা পাকিস্তানী স্যাফি ট্যাঙ্ক ঘায়েল হল। দ্বিতীয় দিনের লড়াইয়ে পাকিস্তান তার বিমান বাহিনীকে পুরোপুরিভাবে আসরে নামাল। প্রথম দিনের লড়াইয়েই পাক বিমান বাহিনী যোগ দিয়েছিল। কিন্তু বেশীক্ষণের জন্য নয়। ভারতীয় বিমান বাহিনী আসার আগেই তারা পালিয়ে যায়। দ্বিতীয় দিন পাক বিমান বাহিনীর বিমান আকাশে ওড়া মাত্র ভারতীয় বিমানেও আকাশে উড়ল। শুরু হল বিমানযুদ্ধ। দুপুর বেলা। তিনখানা পাক স্যাবর জেট ধ্বংস হল সেই লড়াইয়ে।

তেরটা ট্যাঙ্ক, তিনখানা বিমান এবং বেশ কিছু সৈন্যসামন্ত হারিয়ে পাক সেনাবাহিনী রণে ভঙ্গ দিল। ভারতীয় সেনাবাহিনী আর এগোলা না। কারণ, তখনও দিল্লী থেকে তেমন নির্দেশ আসেনি। তবে, জগন্নাথপুর আর গরীবপুর ছেড়েও তারা চলে এল না। ওইখানেই ঘাঁটি গেড়ে বসে রইল। এখানেও একই ফল হল। ভারতীয় গ্রামের উপর গোলাবর্ষণ বন্ধ হল। মুক্তিবাহিনী যশোর ক্যান্টনমেন্টের চতুর্দিকে আক্রমণ করার সুযোগ পেল।

এই পর্যায়ে তৃতীয় বড় লড়াই হয় বালুরঘাটে। পূর্বে যেমন আখাউড়া, পশ্চিমে তেমনি হিলি। বালুরঘাট অঞ্চলটা কুঁজের মত এগিয়ে গিয়েছে বাংলাদেশের ভেতরে। এই কুঁজেরই শীর্ষবিন্দু হল হিলি। হিলি শহরটা পশ্চিম বাংলার ভেতরে, কিন্তু হিলি রেল স্টেশন বাংলাদেশের মধ্যে। এই হিলি স্টেশন হয়েই চলে গিয়েছে বাংলাদেশের অন্যতম প্রধান রেলপথ- যে রেলপথ বাংলাদেশের উত্তর খন্ডের সঙ্গে বাদ বাকি অঞ্চলের যোগাযোগ রক্ষা করছে।

মুক্তিযুদ্ধ শুরু হওয়ার সঙ্গে সঙ্গে পাকবাহিনী বুঝল মুক্তিসেনারা এই রেলপথটা বিছিন্ন করে দেওয়ার জন্য প্রাণপণ চেষ্টা করবে। তাই শুরু থেকেই তারা হিলি স্টেশনে একটা শক্ত ঘাঁটি তৈরী করল। মুক্তিসেনারা কিন্তু তৎসত্ত্বেও শুরু থেকেই হিলির উপর আক্রমণ চালাচ্ছিল। অক্টোবরের শেষাশেষি ভারতীয় প্রতিরক্ষা বাহিনীও বালুরঘাট অঞ্চলে একটা বড় ঘাঁটি তৈরী করল। পাকিস্তানীরাও ততদিনে হিলির ঘাঁটি আরও শক্ত করেছে। খুব বড় বড় এবং বেজায় মজবুত অসংখ্য বাঙ্কার তৈরী করেছে হিলির চতুর্দিকে। এমনকি রেল ওয়াগন দিয়েও ওরা কয়েকটা শক্ত বাঙ্কার তৈরী করেছিল।

সমগ্র সীমান্তে যখন উত্তেজনা এবং গোলাগুলি চলছে সেই সময় পাকিস্তানী সৈন্যরা ঐ কুঁজের উত্তর ও দক্ষিণ দিক থেকে বালুরঘাটের উপর প্রচণ্ড গোলাবর্ষণ শুরু করল। প্রথম প্রথম কয়েকদিন ব্যাপারটা শুধু গোলাবর্ষণে সীমাবদ্ধ রইল। তারপর তারা এগোবার চেষ্টা করল তাদের আসল উদ্দেশ্য নিয়ে। সেই উদ্দেশ্য দক্ষিণ দিক থেকে প্রচণ্ড আক্রমণ করে ঐ কুঁজটা কেটে দেওয়া এবং ওইভাবে বালুরঘাটে ভারতীয় সামরিক ঘাঁটিটাকে মূল ভূখন্ড থেকে বিছিন্ন করে ফেলা। এজন্য তারা বাংলাদেশের ধামরাহাট এবং সাপাথের মাঝামাঝি অঞ্চল থেকে ট্যাঙ্ক এবং ভারী কামান নিয়ে ভারতীয় এলাকায় ঢুকে পড়ারও চেষ্টা করল। ওদিকে ভারতীয় বাহিনীও তখন চুপচাপ বসে নেই। কুঁজের উত্তর ও দক্ষিণ দিকে পাকিস্তানী সেনাবাহিনীর প্রস্তুতি দেখেই তারা শত্রুপক্ষের উদ্দেশ্যটা বুঝে গিয়েছিল এবং সেইমত প্রস্তুত হচ্ছিল।

নভেম্বর শেষাশেষি এই অঞ্চলে একটা পুরোদমের লড়াই- ই শুরু হয়ে গেল। প্রথম প্রথম ভারতীয় সেনাবাহিনী শুধু ঘাঁটিতে বসেই পাকিস্তানী গোলার জবাব দিচ্ছিল। কিন্তু যে মুহূর্তে ওরা ট্যাঙ্ক নিয়ে এগিয়ে আসার চেষ্টা করল ভারতীয় বাহিনী ও তখন ট্যাঙ্ক নিয়ে এগিয়ে গেল। ২৫, ২৬ ও ২৭ নভেম্বর গোটা অঞ্চল জুড়ে বড় ট্যাঙ্কের লড়াই হয়ে গেল। এবং শেষদিনের লড়াইয়ে পাক সেনারা এত মার খেল যে ধামরাহাটের দিক থেকে পালাতে বাধ্য হল। এই যুদ্ধে পাকিস্তান মোট পাঁচটা ট্যাঙ্ক হারলো। কিন্তু ট্যাঙ্ক হারিয়ে বা লড়াইয়ে বড় মার খেয়ে ও পাকবাহিনী হিলি স্টেশনের ঘাঁটি ছাড়তে চাইল না। ভারতীয় সেনাবাহিনী অবশ্য হিলি স্টেশন দখল করার জন্য তেমনভাবে অগ্রসর ও হল না।

এইভাবে গোটা সীমান্তে অঘোষিত লড়াই চলতে চলতেই শুরু হয়ে গেল পুরোপুরি যুদ্ধ - ঘোষিত হল পাক - ভারত লড়াই। এবং লড়াই ঘোষনার সঙ্গে সঙ্গেই বাংলাদেশের চতুর্দিক দিয়ে এগিয়ে গেল ভারতীয় সেনাবাহিনী আর বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধারা। নিয়াজি তখন চোখে সর্ষে ফুল দেখল। এবং এই সর্ষে ফুলেই বাংলাদেশের পাক সেনা নায়ক ইসলামাবাদ থেকে পূর্ণ যুদ্ধের খবর পেয়েও তারা রণকৌশল পাল্টালো না। তখনও তার সেনাবাহিনী এবং কামান-বন্দুক গোটা দেশের সীমান্তেই ছড়ানো রইল। এবং তখনও নিয়াজি সীমান্তের ভারতীয় সেনাবাগহনীকে প্রতিহত করার জন্য ব্যগ্র। এর মধ্যেও কিছুটা বাস্তব বুদ্ধির পরিচয় দিল পাক নবম ডিভিশনের প্রধান জেনারেল আনসারি। তার সদর ঘাঁটি সরিয়ে নিয়ে যাওয়া হল আর ও বেশ কিছুটা ভেতরে-মাগুরায়। শোনা যায় সেটাও প্রধানত কামানের গোলা খাওয়ার ভয়ে। গরীবপুরের লড়াইয়ের পর খোদা যশোর ক্যান্টনমেন্ট ভারতীয় কামানের রেঞ্জের মধ্যে এসে গিয়েছিল। নবম পাক ডিবিশনের হেডকোয়াটার যশোর থেকে সরলো; কিন্তু সৈন্যসামন্ত যেমন সীমান্তে ছিল তেমনি রইল। তখনও পাক সেনানায়কদের সংকল্প, বাঙ্কারে বসে গোরা চালিয়েই পাক-সৈন্যরা ভারতীয় সেনাবাহিনী ও মুক্তিবাহিনীর অগ্রগতি রোধ করবে।

যে কোনও মুহূর্তে পাকিস্তান সর্বশক্তি দিয়ে ঝাঁপিয়ে পড়তে পারে, এ খবর নভেম্বরের শেষদিকেই ভারতীয় প্রতিরক্ষা বাহিনী পেয়েছিল। তাই যে কোন মুহূর্তে লড়াইয়ে নামার জন্য ভারতীয় সেনা, বিমান এবং নৌবাহিনীও প্রস্তুত ছিল। ৩ ডিসেম্বর সন্ধ্যায় বিমান যখন অতর্কিত ভারতের উপর ঝাঁপিয়ে পড়ল তখন তার জবাব পেতেও মোটেই দেরি হল না। দুই সীমান্তেই জবাব পেল সঙ্গে সঙ্গে। পূর্বেও । পশ্চিমেও।

৩ ডিসেম্বর: ফোর্ট উইলিয়াম থেকে সংকেত পাওয়ার সঙ্গে সঙ্গে ৩ তারিখ রাত্রেই ভারতীয় সেনাবাহিনী চতুর্দিক দিয়ে বাংলাদেশের ঢুকে পড়ল। নবম ডিভিশন এগালো গরীবপুর, জগন্নাথপুর দিয়ে যশোর-ঢাকা হাইওয়ের দিকে। চতুর্থ ডিভিশন মেহেরপুরকে পাশ কাটিয়ে এগিয়ে গেল কালিগঞ্জ-ঝিনাইদহের দিকে। বিংশতিতম ডিভিশন তার দায়িত্ব দুভাগে বিভক্ত করে নিল-একটা অংশ রইল হিলির পাক ঘাঁটির মোকাবিলা করার জন্য। আর একটা অংশ হিলিকে উত্তরে রেখে এগিয়ে চলল পুবে। ষষ্ঠ ডিভিশনও তিনভাগে বিভক্ত হয়ে অগ্রসর হল-একটা তেতুলিয়া থেকে ঠাকুরগাঁর দিকে, আর একটা পাটগ্রাম থেকে কালীগঞ্জের মুখে এবং তৃতীয়টা কোচবিহার থেকে নাগেশ্বরী-কড়িগ্রামের দিকে। উত্তরে মেঘালয়ের দিকে যে দুটো ব্রিগেড তৈরী হয়েছিল তারাও ওই রাত্রিতেই এগিয়ে গেল। একটা ঢালু থেকে নেমে এগিয়ে গেল জামালপুরের দিকে। আর একটা, এক বিশেষ উদ্দেশ্যে, একটু এগিয়ে দাঁড়িয়ে রইল হালুয়াঘাটের মুখোমুখি।

পূর্ব দিক থেকেও একই সঙ্গে ৮, ৫৭ এবং ২৩ নং ডিভিশন নানা ভাগে বিভক্ত হয়ে বাংলাদেশে ঢুকল। একটা বাহিনী এল সুনামগঞ্জ থেকে সিলেটের দিকে। ছোট ছোট তিনটা বাহিনী এগিয়ে চলল হবিগঞ্জ এবং মৌলভীবাজারের পথে। আখাউড় কে সোজাসুজি আঘাত করে একটা গোটা ব্রিগেডই এগিয়ে চলল ব্রাহ্মণবাড়িয়ার দিকে।

ওদিকে কুমিল্লায় ময়নামতি ক্যান্টমেন্টে পাকিস্তানীদের বেশ একটা শক্ত ঘাঁটি ছিল। কমিল্লা সেক্টরের দায়িত্ব ছিল আমাদের ২৩ নং ডিবিশনের উপর। যুদ্ধ শরু হতেই ডিভিশন কুমিল্লা শহরকে পাশ কাটিয়ে।

এগিয় চলল দাউদকান্দির দিকে। ময়নামতি ক্যান্টমেন্টের সঙ্গে লড়াই চালিয়ে যাওয়ার জন্য রেখে গেল মাত্র কয়েক কোম্পানি সৈন্যকে। এই ২৩নং ডিভিশনেরই আর একটা ব্রিগেড চৌদ্দগ্রাম থেকে অগ্রসর হল লাকসামের দিকে। লক্ষ্য চাঁদপুর। পাকবাহিনীও এই আক্রমণ আঁচ করে লাকসাম একটা শক্ত ঘাঁটি তৈরী করে রেখেছিল। এখানেও ভারতীয় বাহিনী সেই একই কৌশল নিল। লাকসামের পাক ঘাঁটিকে ব্যস্ত রাখার জন্য একটা ছোট্র বাহিনীকে রেখে কলামটা এগিয়ে চলল চাঁদপুরের দিকে। পুরে এর একটা বড় বাহিনী এগালো বিলোনিয়া দিয়ে ফেনীর দিকে। লক্ষ্য চট্রগ্রাম যাতায়াতের পথ বন্ধ করে দেওয়া। এই বাহিনীরও সেই একই কৌশল। ফেনীতে পাকিস্তানীরা বেশ শক্ত ঘাঁটি তৈরী করেছিল। শুরুতেই সেই ধখল করার জন্য ভারতীয় বাহিনী কোনও চেষ্টা করল না। একটা ছোট্ট বাহিনী রেখে যাওয়া হল ফেনীর পাক সৈন্যদের ব্যস্ত রাখার জন্য। আর মূল বাহিনীর পাশ কাটিয়ে এগিয়ে চলল দক্ষিণ পশ্চিম। পশ্চিম প্রান্তে বিমান হামলার সঙ্গে সঙ্গে আমাদের বিমান এবং নৌবাহিনী ও আসরে নেমে পড়ল। বাংলাদেশের ভারতীয় বিমান এবং নৌবাহিনীর অ্যাকশন শুরু হল ৩রা মধ্যরাত্রি থেকে। বিমান ও নৌবাহিনীর জঙ্গী বিমানগুলি ঝাঁকে ঝাঁকে উড়ে গিয়ে বাংলাদেশের বিভিন্ন পাক ঘাঁটির ওপর আক্রমণ চালাল। প্রধান লক্ষ্য ছিল অবশ্য ঢাকা ছিল পাক বাহিনীর প্রধান ঘাঁটি। এই ঘাঁটিতে ছিল তাদের জঙ্গী বিমানগুলি। প্রথমে বাংলাদেশে পাক বিমান বাহিনীতে ছিল দুই স্কোয়াড্রন মার্কিনী স্যাবর জেট। যুদ্ধ শুরু হওয়ার কিছুদিন ইয়াহিয়া খাঁর নিদেশে মিগ-১৯ বিমানগুলি পশ্চিম পাকিস্তানে নিয়ে যাওয়া হল। বাংলাদেশে থাকল শুধু স্যাবরগুলি। তারও কয়েকটা ঘায়েল হয়ে গিয়েছিল বয়রার লড়াইয়ে।

বাংলাদেশের কাজে নেমেই ভারতীয় বিমান বাহিনীর প্রধান লক্ষ্য হল পাকিস্তানী জঙ্গী বিমানগুলিকে শেষ দেওয়া-যাতে অন্তরীক্ষে শত্রুপক্ষ কিছুই না করতে পারে, যাতে লড়াইয়ের শুরুতেই আকাশটা মিত্রপক্ষের নিয়ন্ত্রণে চলে আসে।

সেই উদ্দেশ্য নিয়েই ৩রা মধ্যরাত্রে ভারতীয় বিমান বাহিনী একেবারে তেজগাঁও আক্রমণ করল। ঐ বিমানবন্দরেই পাকিস্তানের সব জেট মজুত ছিল। কারণ গোটা বাংলাদেশের তখন ওই একটি মাত্র বিমানবন্দর যেখান থেকে বিমান উড়তে পারে। ভারতীয় মিগ সেই ঘাঁটিতে হানা দেওয়ার সঙ্গে সঙ্গে পাকিস্তানী স্যাবার জেট গুলিও বাধা দিতে এগিয়ে এল। প্রায় সারারাত ধরে চলল ঢাকার বিমানযুদ্ধ। পথম রাত্রির আক্রমণেই পাকবাহিনীর অর্ধেক বিমান ধ্বংস হয়ে গেল। বিমানবন্দর এবং কুর্মিটোলা ক্যান্টনমেন্টও নানাভাবে ক্ষতিগ্রস্ত হল।

ভারতীয় বিমান এবং নৌবাহিনীর বিমানগুলি সেদিন যে শুধু ঢাকা আক্রমণ করেছিল তাই নয়। আক্রমণ করেছিল কুমিল্লা, চাঁদপুর, নারায়লগঞ্জ, চট্রগ্রাম, কক্সবাজার এবং চাঁদপুরের অভিযান চালিয়েছিল প্রধানত নৌবাহিনীর বিমানগুলি। চট্রগ্রাম নৌবন্দরের প্রায় অর্ধেকটাই ধ্বংস হয়ে গেল। বন্দরের তেলের ডিপোগুলিও জ্বলে উঠল দাউ দাউ করে।

এর মধ্যে পাক বিমান বাহিনীর জঙ্গী বিমানগুলি একবার কলকতা শহরেও হানা দেওয়ার চেষ্টা করল। কিন্তু প্রতিবারই তাদের ফিরে যেতে হল। আমাদের বিমান বাহিনীর বিমানগুলি সেদিন প্রায় রাত ধরে কলকাতা শহরকে পাহারা দিয়েছিল।

৪ ডিসেম্বর সকালে প্রতিরক্ষা দফতরের প্রধানরা আলোচনায় বসে দেখলেন ভারতীয় বাহিনী পূর্বখন্ডে ঠিক ঠিকই এগিয়েছে। প্রথমত, তারা কোথাও শহর দখলের জন্য অগ্রসর হয়নি।

দ্বিতীয়ত, কোথাও শক্ত পাক ঘাঁটির সঙ্গে বড় লড়াইয়ে আটকে পড়েনি।

তৃতীয়ত, পাকিস্তানী সমরনায়করা তখনও বুঝতে পারেনি ভারতীয় বাহিনী ঠিক কোনদিন দিয়ে ঢাকা পৌছতে চাইছে। বরং তখনও তারা মনে করছে ভারতীয়বাহিনী সবদিক দিয়েই রাজধানী দিকে অগ্রসর হচ্ছে, এবং তখনও ভাবছে ভারতীয় বাহিনী সীমান্তের মূল পাক ঘাঁটিগুলির উপরই আক্রমন চালাবে।

চতুর্থত, ব্যাপক বিমান এবং স্থল আক্রমণে শত্রুপক্ষকে একেবারে বিহবল করে দেওয়া গিয়েছে।

পঞ্চমত, পাক বিমান বাহিনীকে অনেকটা ঘায়েল করে ফেলা হয়েছে। তাদের বিমান ঘাটিগুলিও বিধ্বস্ত।

ষষ্ঠত, পাকিস্তানের প্রধান নৌবন্দর গুলি অর্থাৎ চট্রাগ্রাম, কক্সবাজার, চালানা,চাঁদপুর এবং নারায়ণগঞ্জে জাহাজ বা স্টীমার ভেড়াবার ব্যাবস্থাও অনেকটা বিপর্যস্ত। এবং

সপ্তমত, বাংলাদেশের সাধারণ নাগরিক এবং বাড়িঘরও মোটেই ক্ষতিগ্রস্ত হয়নি। সেনা, বিমান এবং নৌবাহিনী তাই যুদ্ধের দ্বিতীয় দিনেও পূর্ব লক্ষ্য মতই এগিয়ে চলল।

পশ্চিম দিকে থেকে ভারতীয় সেনাবাহিনী এবং মুক্তিফৌজের সব ক'টা কলামপুরে এগিয়ে চলল। কিন্তু কোথাও তারা সোজাসুজি পাক ঘাঁটিগলির দিক এগালো না। মূল বাহিনী সর্বদাই ঘাঁটিগুলিকে পাশ কাটিয়ে এগিয়ে চলল। এবং ঘাঁটিতে অপেক্ষমাণ পাকবাহিনী যাতে মনে করে যে ভারতীয় বাহিনী তাদের দিকেই এগিয়ে আসার চেষ্টা করছে সেই জন্য প্রত্যেক পাক ঘাঁটির সামনে ভারতীয় গোলন্দাজ বাহিনীর কিছু কিছু লোক রেখে যাওয়া হল।

ওদিকে মূল ভারতীয় বাহিনী যে পাশ কাটিয়ে এগিয়ে যাচ্ছে পাকিস্তানীরা সে খবরও পেল না। কারণ, প্রথমত, তাদের সমর্থনে দেশের লোক ছিল না, যার খবরাখবর দিত পারে। দ্বিতীয়ত, তাদের বিমান বাহিনীও তখন বিধ্বস্ত। সর্বএ উড়ে পাক বিমান ভারতীয় বাহিনীর অগ্রগতির খবরাখবর পাক সেনাবাহিনীকে জানতে পারল না। তৃতীয়ত, বাংলাদেশে পাক বাহিনীর বেতার খবরাখবর পাঠাবার ব্যবস্থাও তেমন ভাল ছিল না। সুতারাং, নিজস্ব ব্যবস্থায়ও তারা খবরাখবর পেল না।

তাই ভারতীয় বাহিনী যখন সোজাসুজি যশোর, হিলি, শ্রীহট্র, কুমিল্লা, ফেনী প্রভৃতি শক্ত পাক ঘাঁটির দিকে না গিয়ে পাশ কাটিয়ে এগিয়ে গেল তখন পাক বাহিনীর অধিনায়করা তা মোটেই বুঝতে পারল না। বরং ভারতীয় গোলন্দাজ বাহিনীর গোলাবর্ষণের বহর দেখে তখনও তারা মনে করছে ভারতীয় বাহিনী সোজাসুজিই এগোবার চেষ্টা করছে। সেইজন্য তখনও তারা মূল সড়কগুলি আগলে বসে রাইল। সীমান্তের কাছাকাছি শহরগুলিতে তখনও পাকবাহিনীতে অধিষ্ঠিত একমাত্র কুষ্টিয়া জেলার দর্শনা ছাড়া। দর্শনা যে মুহুর্তে আমাদের ৪নং পাবত্য ডিভিশনের কামানের পাল্লার মধ্যে এসে গেল পাকিস্তানীরা অমনি শহর ছেড়ে আরও পশ্চিমে পালাল।

এদিকে তখন ভারতীয় বিমান এবং নৌবাহিনীও প্রচণ্ড আক্রমণ চালিয়ে যাচ্ছে। লড়াইয়ের দ্বিতীয় দিনেও ভারতীয় বিমান এবং নৌবাহিনীর জঙ্গী বিমানগুলি বার বার ঢাকা, চট্রগ্রাম, চালনা প্রভিতি এলাকায় সামরিক ঘাঁটিগুলির ওপর আক্রমণ চালাল। ঢাকায় সেদিনও জোর বিমান যুদ্ধ হল। কিন্তু সেইদিনই প্রায় শেষ বিমান যুদ্ধ। অধিকাংশ পাক বিমানই ঘায়েল হল। বিমান বন্দরগুলিও প্রচন্ড ক্ষতিগ্রস্ত হল।

ওদিকে তখন মিত্রবাহিনীও প্রচণ্ড গতিতে এগিয়ে চলেছে- প্রধান সড়ক এবং পাক ঘাঁটিগুলি এড়িয়ে। তখনও পর্যন্ত প্রধান লক্ষ্য, বাংলাদেশের চতুদি কে কে ছড়ানো পাকবাহিনীকে পরস্পরের কাছ থেকে বিচ্ছন্ন করে দেওয়া এবং আবার যাতে একত্র হয়ে ঢাকা রক্ষার জন্য কোন বড় লড়াইয়ে নামতে না পারে তার ব্যবস্থা করা।

৫ডিসেম্বর: লড়াইয়ের তৃতীয় দিনেই স্বাধীন বাংলার আকাশ স্বাধীন হয়ে গেল। বাংলাদেশে পাক বাহিনীর প্রায় সব বিমান এবং বিমানবন্দরই তখন বিধ্বস্ত। গোটা দিন ভারতীয় জঙ্গী বিমানগুলি অবাধে আকাশে উড়ে পাক সামরিক ঘাঁটিগুলিতে প্রচণ্ড আক্রমণ চালাল। ভারতীয় বিমান বাহিনীর হিসাব মত বারো ঘণ্টায় দু''শ

ত্রিশবার। তেজগাঁও এবং কুরমিটোলা বিমান ঘাঁটিতে পঞ্চাশ টনের মত বোমা ফেলল। কুরমিটোলা রানওয়েতে গোটা কয়েক হাজার পাউণ্ড বোমা ফেলায় ছোটখাটো কয়েকটা পুকুরই সৃষ্টি হয়ে গেল। পাক বিমান বাহিনীর শেষ স্যাবর জেট তিনটা ঐখানে আটকে ছিল। রানওয়ে বিধ্বস্ত হওয়ায় ছাউনিতেই সেগুলিকে আটকে থাকতে হয়। ভারতীয় বিমানের আক্রমণে সেদিন বড় রাস্তা দিয়ে পাক সেনাবাহিনীর যাতায়াতও প্রায় বন্ধ হয়ে গেল। পাকবাহিনীর প্রত্যেকটা কনভয়ের উপর ভারতীয় জঙ্গী বিমানগুলি আক্রমণ চালাল। ওদের নববুইটা গাড়ি ধ্বংস হল। ধ্বংস হল পাকিস্তানী সৈন্য বোঝাই বেশ কয়েকটা লঞ্চ এবং স্টীমারও।

জামালপুর আর ঝিনাইদহের পাক সামরিক ঘাঁটিও ভারতীয় বিমানের আক্রমণ বিধ্বস্ত হল।তেজগাঁও এবং কুর্মিটোলের বিমানবন্দর ধ্বংস ভারতীয় জঙ্গী বিমানগলি সারাদিন ধরে গোটা বাংলাদেশের সবক'টা বিমানবন্দরে হানা দিল। উদ্দেশ্য, আর কোথাও পাক বিমান আছে কিনা খুঁজে দেখা। কিন্তু কোথাও আর একটা ও পাক বিমান খুঁজে পাওয়া গেল না। পরে নিজেদেরই অর্থাৎ মিত্রপক্ষেরই কাজে লাগবে এই ভেবে ভারতীয় বিমান বাহিনী অধিকাংশ বিমান বন্দরকেই অক্ষত অবস্থায় ছেড়ে দিল।

পূর্ব খন্ডে ভারতীয় নৌবাহিনী ও সেদিন বিরাট সাফল্য অর্জন করেছে। বঙ্গোপসাগরে পাক সাবমেরিন 'গাজী' সেদিন ভারতীয় নৌবাহিনীর আক্রমণ শেষ হল। সাবমেরিন 'গাজী' ছিল পাক নৌবহরের গর্বেব বস্ত।

ওইদিন ভারতীয় নৌবাহিনী প্রত্যেকটা নিরপেক্ষ রাষ্ট্রের জাহাজকে হুশিয়ার করে দিল। প্রধান হুশিয়ারীটা চট্রগ্রাম বন্দর সম্পর্কে বলা হলঃ আপনারা সবাই চট্রগ্রাম বন্দর ছেড়ে চলে আসুন। আপনাদের স্বার্থ এবং নিরাপত্তার কথা চিন্তা করে আমরা শনিবার চট্রগ্রাম উপর তেমন প্রচণ্ড ভাবে গোলাবর্ষণ করিনি। আজ রবিবার আপনাদের কথা চিন্তা করে আমরা শনিবার চট্রগ্রাম উপর তেমন প্রচণ্ডভাবে গোলাবর্ষণ করিনি। আজ রবিবার আপনাদের বন্দর থেকে বেরিয়ে আসার সুযোগ দেওয়া হচ্ছে। কাল সোমবার আমরা প্রচন্ডভাবে আক্রমণ চালাব। সুতরাং কাল থেকে আপনাদের নিরাপত্তা সম্পর্কে আমরা কোনও নিশ্চয়তা দিতে পারব না।

এই 'ওয়ানিং' এ দু'টো কাজ হল। (এক) বিশ্বের সব দেশ বুঝল বাংলাদেশের বন্দরগুলি রক্ষা করার কোনও ক্ষমতা আরপাক বাহিনীর নেই। এবং (দুই) ভারতীয় নৌবাহিনীর জাহাজ ও বিমানগুলি বাংলাদেশের সব বন্দরকে ঘায়েল করার অবাধ সুযোগ পেল।

এদিকে তখন স্থলে মিত্রবাহিনী ও এগিয়ে চলেছে। পাক স্থলবাহিনীর বিভিন্ন ইউনিটের মধ্যে যোগাযোগ ব্যবস্থা প্রায় বিচ্ছিন্ন। প্রধান সড়কগুলি দিয়ে না এগিয়ে ও ভারতীয় বাহিনী বিভিন্ন সেক্টরে প্রধান প্রধান সড়কের কতকগুলি এলাকায় অবরোধ সৃষ্টি করল। ফলে, ঢাকার সঙ্গে কুমিল্লা, চট্রগ্রাম ও সিলেটের, নাটোরের সঙ্গে ঢাকা ও রংপুরের এবং যশোরের সঙ্গে নাটোর ও রাজশাহীর যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে গেল । শুধু ঢাকার সঙ্গে যশোর এবং খুলনার যোগাযোগ তখনও অব্যহত। কতকগুলি ঘাঁটি সেদিন কিছুটা লড়াইও হল। একটা বড় লড়াই হল লাকসামে। আর একটাহল ঝিনাইদহের কাছে কোট চাঁদপুরে। দু'টো লড়াইয়েই পাক সৈন্যরা বেজায় মার খেল এবং ঘাটি দু'টো ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হল।

এই দু'টো ঘাঁটি দখলের চেয়েও কিন্তু মিত্রবাহিনীর বড় লাভ হল পাকবাহিনীর যোগাযোগ ব্যবস্থাটা প্রায় বিচ্ছিন্ন করে দিত পারায়। এটাই ছিল প্রথম পর্যায়ে তাদের বড় লক্ষ্য, যাতে পাক সেনাবাহিনী কিছু হটে গিয়ে আবার না রিগ্রুপড হতে পারে-ঢাকা রক্ষার লড়াইয়ের জন্য পদ্মা ও মেঘনার মাঝখানে কোন ও নতুন শক্ত ব্যূহ না রচনা করতে পারে। বিভিন্ন বড় সড়কে অবরোধ সৃষ্টি করে মিত্রবাহিনী সীমান্তের ঘাঁটিগুলি থেকে পাকবাহিনীর ঢাকার দিকে ফেরার পথ প্রায় বন্ধ করে দিল। এ ব্যাপারে তাদের আরও সুবিধা হল আকাশে ভারতীয় বিমান বাহিনীর একাদিপত্য প্রতিষ্ঠিত হওয়ায়। গোটা বাংলাদেশের সব বড় সড়ক ও নদীর উপর তখন ভারতীয় জঙ্গী বিমান পাহারা দিচ্ছে। এবং পাক সেনাবাহিনীর কনভয় চোখে পড়লেই তাকে আক্রমণ করছে।

এই রকম যখন অবস্থা তখন নিয়াজিও সবটা বুঝতে পারল। চতুর্দিক থেকে মিত্রবাহিনীর অগ্রগতির খবর পৌঁছল ঢাকায়। আর পৌঁছল পাকবাহিনীর বিপর্যয়ের সংবাদ। নিয়াজি আরও জানতে পারল যে মিত্রবাহিনীর

সবক'টা কলাম মূল পাক ঘাঁটি এবং সুরক্ষিত পথগুলি এড়িয়ে এগিয়ে আসছে। পাক সমরনায়কদের তখন বুঝতে অসুবিধা হল না যে, মিত্রবাহিনীর মূল উদ্দেশ্য বিভিন্ন পাক ঘাঁটির যোগাযোগ কেটে দেওয়া। এবং পেছন থেকে পাক ঘাঁটিগুলির উপর অতর্কিত আক্রমণ করা। নিয়াজি এবং ঢাকার পাক সমরনায়করা ততক্ষণে আরও বুঝে গিয়েছে যে,মিত্রবাহিনী শধু বাংলাদেশের অঞ্চল বিশেষ দখল করতে চায় না- তারা চায় গোটা বাংলাদেশের পাক বাহিনীকে পরাজিত করতে। তারা বুঝল মিত্রবাহিনী ঢাকার দিকে এগোবেই।কিন্তু তখনওতারা এটা ঠিক বুঝতে পারেনি যে, মিত্রবাহিনীর কোন কোন কলাম ঢাকার দিকে এগিয়ে আসবে। নিয়াজি তাই অন্যান্য পাক সমরনায়কদের সঙ্গে পরামর্শ করে সেইদিনই সর্বএ হুকুম পাঠিয়ে দিল-পুল ব্যাক। পুল ব্যাক করে তাদের ঢাকার কাছাকাছি অর্থাৎ পদ্মা- মেঘনার মাঝামাঝি অঞ্চলে ফিরে আসতে বলা হল।

৫ ডিসেম্বর সন্ধ্যে বেলায়ই সেই হুকুম সবগুলি পাক সামরিক ঘাঁটিতে চলে গেল।

৬ ডিসেম্বর : ৬ ডিসেম্বর সূর্য ওঠার আগেই কতকগুলি সীমান্ত ঘাটি থেকে পাকবাহিনীর পিছু হটা শুরু হল। কোনও কোনও ঘাঁটির পাক অধিনায়করা আবার অ্যাডভান্স পার্টি পাঠিয়ে পেছেনের খবর সংগ্রহের চেষ্টা করল। এবং অনেকেই দেখল পেছনের অবস্থাও ভাল নয়। একে তো যোগাযোগ বিচ্ছিন্ন, তার উপর আবার বহু এলাকায় পেছনে গিয়ে ভারতীয় সেনাবাহিনী ঘাঁটি করে বসে গিয়েছে। নিয়াজির 'পুল ব্যাক নিদের্শের পর তাই গোটা বাংলাদেশের পাকবাহিনীতে ইকটা সত্যিকারের অবাজক অবস্থা সৃষ্টি হল।

অধিকাংশ পাক সীমান্ত ঘাঁটির সামনেই থখন এক সমস্যা- সীমান্তে ঘাঁটিতে বসে থাকার চেষ্টা করলেও মৃত্যু অনিবার্য, আবার পিছাতে গেলেও বিপর্যয় অবশ্যম্ভাবী। কয়েকটা সীমান্তে ঘাঁটি থেকে তাই নিয়োজিকে জানান হল, পুল ব্যাক করার চেয়ে শক্ত বাঙ্কারে ঘেরা বসে লড়াই চালিয়ে যাওয়াই শ্রেয়।

কুরমিটোলার নির্দেশ তাই সর্বত্র সমানভাবে পালিত হল না। কোথাও পূর্ণ পুল ব্যাক হল। কোথাও হল আধা - পুল ব্যাক। কোথাও আবার যেমন ছিল তেমনই রইলা। যেসব ঘাঁটিতে ওরা থেকে গেল সেগুলির মধ্যে বিশেষ ভাবে উল্লেখযোগ্য ময়নামতি, চট্রগ্রাম, জামালপুর এবং হিলি। যেসব ঘাঁটি থেকে পালাল সেগুলির মধ্যে সবচেয়ে আগে নাম করতে হয় শ্রীহট্র এবং যশোরের।

শ্রীহট্র এবং যশোরের চতুর্দিকে পাকবাহিনী যতগুলি ঘাঁটি করেছিল সবগুলিই ছেড়ে পালাল। পাক নবম ডিভিশনের ইপর পদ্মার দক্ষিণের গোটা অঞ্চলটা রক্ষার দায়িত্ব ছিল। আগেই বলা হয়েছে যে, আনুষ্ঠানিকভাবে লড়াই শুরু হওয়ার আগেই পাক নবম ডিভিশনের সদর দফতর যশোর ক্যান্টনমেণ্ট থেকে সরিয়ে মাগুরার নিয়ে যাওয়া হয়েছিল। সদর দফতর সরিয়ে নিয়ে যাওয়ার পরও কিন্তু নবম ডিভিশনের সৈন্যসামন্ত ঠিকই সীমান্তে ছিল। চৌগাছায় পরাজয়ের পর তারা তিনভাগে ছড়িয়ে ছিল। ঝিনাইদাহ-মেহেরপুর অঞ্চলে একটা অংশ, ঝিকরগাছার উত্তর-পশ্চিমে আর একটা অংশ এবং সাতক্ষিরা থেকে খুলনা পর্যন্ত আর একটা অংশ।

৫ ডিসেম্বর মাঝরাতে ভারতীয় চতুর্থ ডিভিশন আঘাত হানল ঝিনাইদাহের উত্তর-পশ্চিমের পাকবাহিনীর উপর। প্রায় একসঙ্গে ভারতীয় নবম ডিবিশন ঘা দিল ঝকরগাছ থেকে ঝিনাইদহের পশ্চিমে ছড়ানো অংশটার উপর। এই দুই প্রচণ্ড ধাক্কা খেয়েই পাকবাহিনী একেবারে ছত্রভঙ্গ হয়ে গেল। এবং দুদিক থেকে মিত্রবাহিনীর দুটো কলাম যশোর-ঢাকা হাইওয়ের ওপর এস দাঁড়াল। ততক্ষণে নিয়াজির পুল ব্যাক অর্ডার ও এসে গিয়েছে। ৬ ডিসেম্বর ভোর থেকেই তাই গোটা পাক নবম ডিবিশনের পলায়ন পর্ব শরু হয়ে গেল। ইচ্ছা ছিল গোটা বাহিনীটাই ঢাকার দিকে পালাবে। কিন্তু তা পারল না।কারণ ততক্ষণে ভারতীয় চতুর্থ এবং নবম ডিবিশন যশোর-ঢাকা হাইওয়ের দুটো অঞ্চলে ঘাঁটি করে বসেছে। বাধ্য হয়ে তাই পাক নবম ডিবিশনের একটা অংশ পালাল মাগুরা হয়ে মধুমতী ডিঙ্গিয়ে ঢাকার পথে। আর একটা অংশে পালাল খুলনার দিকে। কুষ্টিয়ার দিক দিয়ে ও পালাল একটা ছোট্র অংশ। সাতক্ষিরা অঞ্চলে যে পাকবাহিনীটা ছিল এতদিন তাদের সঙ্গে লড়াই চালাচ্ছিল প্রধানত মুক্তিবাহিনীর সৈন্যরা এবং বি-এস-এফের সেপাইরা। পুল ব্যাক অর্ডারের সঙ্গে সঙ্গে তারাও

পালাল খুলনার দিকে। পালাবার সঙ্গে সঙ্গে সবক'টা বাহিনীই রাস্তায় ওপারের সব ব্রীজ ভেঙ্গে যাওয়ার চেষ্টা করল। শ্রীহট্রেরও তখন প্রায় একই অবস্থা। দুপা'শ দিয়ে এগিয়ে মিত্রবাহিনীর শ্রীহট্রের পশ্চিমে গিয়ে দাঁড়িয়েছে। পূর্বদিক থেকে একটা গোলান্দাজ বাহিনীও শ্রীহট্রের উপর গোলাবর্ষণ করে চলেছে। শ্রীহট্রের পাক সমরনায়ক পুল ব্যাক অর্ডার পাওয়া মাত্র পিছিয়ে যাওয়া চেষ্টা করল। ইচ্ছা ছিল আশুগঞ্জ থেকে মেঘনা অতিক্রম করে ঢাকার দিকে যাবে। কিন্তু পারল না। কিছুটা পিছিয়েই দেখল,সম্ভাব নয়-মিত্রবাহিনী তার আগেই পথ রোধ করে দাঁড়িয়েছে। তখন গোটা বাহিনীটাকে দুভাগে ভাগ করা হল। একটা থাকল শ্রীহট্রে। আর একটা পেছনের দিকে দাঁড়িয়েছে। তখন গোটা বাহিনীটাকে দুভাগে ভাগ করা হল। একটা থাকলে শ্রীহট্রে। আর একটা পেছনের দিকে পালিয়ে যাবার চেষ্টা করল। দু' দলই লড়াইয়ে হেরে গেল। শ্রীহট্রের বাহিনীটা বাঙ্কারে বসে ভালই লড়ল। ওই বাহিনীকে ঘায়েল করতে ভারতীয় বিমান বাহিনীকে ও বেশ কয়েক টন বোমাবর্ষণ করতে হল। সমগ্র বাংলাদেশেই মিত্রবাহিনী তখন দ্রুত এগিয়ে চলেছে। তখন ও এই লক্ষ্য-যাতে পিছু হটে গিয়ে পাকবাহিনী কোথাও না জড় হতে পারে, যাতে সীমান্তের কোনও পাকসৈন্য না ঢাকায় পৌঁছতে পারে।

৭ ডিসেম্বর: কার্যত যশোরের পতন হয়েছিল আগের দিনই। ৬ তারিখ সন্ধ্যা হত না হতেই পাকবাহিনীর সবাই যশোর ক্যান্টনমেন্ট ত্যাগ করে পালিয়ে যায়। কিন্তু ভারতীয় বাহিনী তখনই সে খবরটা পায়নি। ৭ ডিসেম্বর বেলা সাড়ে এগারটা নাগাদ ভারতীয় নবম ডিবিশনের প্রথম কলামটা উত্তর দিক দিয়ে যশোর ক্যান্টনমেন্টের কাছে এসে পৌছল। তখনও তারা জানে না যশোর ক্যান্টমেন্টর শূন্য। তখনও তাদের কাছে খবর, পাকবাহিনী যশোর রক্ষার জন্য বিরাট লড়াই লড়বে। কিন্তু মিত্রবাহিনীর কলামটা যতই এগিয়ে এল ততই আশ্চর্য হয়ে গেল। কোন ও প্রতিরোধ নেই! সামনে থেকে একটাও গোলগুলি আসছে না!প্রায় বিহবল অবস্থায় যখন কলামটা একেবারে ক্যান্টেনমেন্টর সামনে এসে দাঁড়াল তখন বুঝতে পারল ব্যাপারটা। জন্য দশ-পনেরো লোক ''জয়বাংলা'' ধ্বনি দিয়ে তাদের সামনে এসে দাঁড়াল। জড়িয়ে ধরে তাদের সম্বর্ধনা জানাল। আর জানাল যে, আগের দিন সব পাকসেনা যশোর ছেড়ে পালিয়েছে। ভারতীয় বাহিনী তখন গোটা ব্যাপারটা বুঝল। দেখতে দেখতে বেশ লোক এসে সেখানে জড় হল। তারাই ক্যান্টনমেন্টের ভেতরটা চিনিয়ে দিল ভারতীয় বাহিনীকে। পাক সেনারা যে ট্যাঙ্ক,কামান এবং ট্রাক-জিপ নিয়ে খুলনা পালিয়েছে যশোরের নাগরিকরা তাও ভারতীয় বাহিনীকে জানাল। সঙ্গে সঙ্গে ভারতীয় বাহিনী ছুটল খুলনার পথে।

ওদিকে তখন নবম ডিবিশনের সদর ঘাঁটিতেও সব খবর পৌছে গিয়েছে। ডিভিশনের প্রধান মেঃ জেনারেল দলবীর সিং বয়রা-ঝিকরগাছের পথ ধরে গোটা নবম ডিভিশনের নিয়ে এগিয়ে এলেন যশোর শহরে। যশোর ক্যান্টনমেন্ট পাক নবম ডিভিশনরে মত আমাদের নবম ডিবিশনের সদর দফতর হল।

শ্রীহট্রের ও পতন হল ওই দিনই দুপুরে। প্রথমে ভারতীয় ছত্রীসেনারা নামল শ্রীহট্রের নিকটবর্তী বিমানবন্দর শালুটিকরে। খুব ভোরে। তারপর চতুর্দিক থেকে মিত্রবাহিনী শ্রীহট্রের পাক ঘাঁটিগুলির উপর আক্রমণ চালাল। দুপুর বেলায়ই শ্রীহট্রের পাক সেনানায়ক আত্মসমর্পন করতে বাধ্য হল।

৮ ডিসেম্বর: বৃহস্পতিবার সকালে মিত্রপক্ষের সামরিক নেতার পূর্ব রণাঙ্গনের সমগ্র পরিস্থিতিটা বিশ্লেষণ করে দেখলেন, তাঁদের প্রথম লক্ষ্য সফল হয়েছে। বাংলাদেশের নানা খন্ডে পাক সেনাবাহিনী বিচ্ছিন্ন এবং অবরুদ্ধ। ঢাকার দিকে পালাবার কোন পথ নেই। দক্ষিণে একটা পাকবাহিনী আটকে পড়েছে খুলনার কাছে। ওরের গোটা পাকবাহিনী ও ব্রক্ষপুএ এবং পদ্মার মধ্যবর্তী তিন-চারটা অঞ্চলে অবুরুদ্ধ। একটি বড় বাহিনী, প্রায় একটা ব্রিগেড, হিলির কাছে অবরুদ্ধ। আর একটা ব্রিগেড আটকে রয়েছে জামালপুরে। ময়মনসিংহ থেকে যে বাহিনীটা সরিয়ে শ্রীহট্রের দিকে নিয়ে যাওয়া হয়েছিল সিটা কার্যত ফিনিসড। ময়নামতি ক্যান্টনমেন্টে অবরূদ্ধ আর একটা ব্রিগেড। আর একটা বড় পাকবাহিনী অবরুদ্ধ চট্রগ্রামে। একের সঙ্গে আর একের যোগ দেওয়ার কোন ও সুযোগ নেই। ঢাকার দিকে পিছু হটাও কারও পক্ষেই সম্ভব নয়।

মিত্রবাহিনীর কর্তারা তখন তিনটা ব্যবস্থা নিলেন। প্রথম ব্যবস্থায়, গোটা পাক সেনাবাহিনীকে আত্মসমর্পন করতে বলা হল। দ্বিতীয় ব্যবস্থায়, জেনারেল সগৎ সিংকে বলা হল তাঁর অন্তত তিনটা কলাম খুব দ্রুত ঢাকার দিকে এগিয়ে নিত। তৃতীয় ব্যাবস্থায়, একটা ব্রিগেডকে যথাশীঘ্র সম্ভব হালুয়াঘাটের দিকে থেকে ময়মনসিংহের দিকে নিয়ে আসা হল।

যুদ্ধের শুরুতেই ভারতীয় সেনাবাহিনীর প্রধান জেনারেল মানেকশ বাংলাদেশের দখলদার পাকবাহিনীর উদ্দেশে আত্মসমর্পনের আহবান জানিয়েছিলেন। ৮ডিসেম্বর আবার তার সেই আবেদন নানা ভাষায় বার বার আকাশবাণী থেকে প্রচার করা হল। তিনি পাকসেনাদের আত্মসমর্পণ করতে বললেন এবং সঙ্গে সঙ্গে এই আশ্বাস দিলেন যে, আত্মসমর্পণ করলে পাকবাহিনীর প্রতি জেনেভা কনভেনশনের রীতি অনুসারে সম্মানজনক ব্যবহার করা হবে। জেনারেল মানেকশ বললেন: আমি জানি আপনারা পালাবার জন্য বরিশাল এবং নারায়ণগঞ্জের কয়েক জায়গার জড় হচ্ছেন। আমি এও জানি, এখান থেকে আপনার উদ্ধার করা হবে বা পালাতে পারবেন এই আশাতেই আপনারা ওসব জায়গার নিয়ে মিলিত হচ্ছেন। কিন্তু আমি সমুদ্রপথে আপনাদের পালাবার সব পথ বন্ধ করে দিয়েছি। এজন্য নৌবাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। এখন ওযদি আপনার আমার পরামর্শ না শোনেন এবং ভারতীয় বাহিনীর কাছে আত্মসমর্পন না করেন তাহলে নিশ্চিত মৃত্যুর হাত থেকে কেউ আপনাদের রক্ষা করতে পারবে না।

বাংলাদেশের পূর্ব সীমান্তে থেকে জেনারেল সগৎ সিং এর প্রায় সবক'টা ডিভিশনই তখন প্রচণ্ড গতিতে পশ্চিমের দিকে এগোচ্ছিল। একটা এগোচ্ছিল ব্রাহ্মণবাড়িয়া দখল করে আশুগঞ্জের দিকে। আশুগঞ্জে মেঘনার একটা বাহিনী। ওদিকে সেদিন কুমিল্লার ও পতন ঘটেছে। ওই সেক্টরের সব পাকসৈন্য গিয়ে ময়নামতি ক্যান্টনমেন্টে আশ্রয় নিল। মিত্রবাহিনী প্রধান জেনারেল অরোরা সেদিন হেলিকপ্টারে কুমিল্লা ঘরে এলেন। ময়নামতিকে পাশ কাটিয়ে আর একটা বাহিনী দ্রুত অগ্রসর হল চাঁদপুরের মুখে। সবক'টা বাহিনীরই লক্ষ্য ঢাকা। যদি প্রয়োজন হয় তাহলে যাতে এই বাহিনীর নদী পথেই নারায়ণগঞ্জ-ঢাকার দিকে অগ্রসর হতে পারে। এই বাহিনীর আর বাহিনীর একটা লক্ষ্য ছিল চাঁদপুর বন্দর থেকে মেঘনা ও পদ্মার নদীপথের ওপর নজর রাখা।

বাংলাদেশের লড়াইয়ে নামতে হতে পারে এই কথা ভাবার সঙ্গে সঙ্গে ভারতীয় প্রতিরক্ষা দফতরের কর্তারা ঠিক করে রেখেছিলেন ঢাকার ওপর প্রধান আক্রমণটা করা হবে উত্তর দিক দিয়ে। ময়মনসিংহ টাঙ্গালের পথে একটা বড় বাহিনীকে দ্রুত নিয়ে যাওয়া হবে ঢাকায়। ওপথে নদীনালা খুব কম। সেই উদ্দেশ্যে গোড়া থেকেই তাঁরা গারো পাহাড়ে দু'ব্রিগেড সৈন্য মজুত করেছিলেন। বেশী সৈন্য ওই পথে জড় করেননি, কারণ ভয় ছিল যে, তাহলে পাকিস্তানীরা খবরটা আগাম পেয়ে যাবে এবং আগে থেকেই পথে জড় প্রতিরক্ষাবূহ রচনা করে রাখবে। সেই জন্য ওপথে কম সৈন্য জড় করা হল। এবং ঠিক করে রাখা হল যে পদাতিক সৈন্য টাঙ্গালের কাছাকাছি পৌছবার পর ওখানে একটা ছত্রীবাহিনীও নামানো হবে।

পাক-সমরনায়করাও ধরে রেখেছিল যে ভারত উত্তর দিক দিয়ে একটা বড় সেনাবাহিনী নামাবার চেষ্টা করবেই। সেই জন্য তারা জামালপুরের কাছে একটা শক্ত ঘাঁটি তৈরি করে রেখেছিল। আর একটা ছোট ঘাঁটি করে রেখেছিল হালুঘাটের কাছে। লড়াই শুরু হতেই ১০১ নং কমিউনিকেশন জোনের একটা ব্রিগেড এগালো জামালপুরের দিকে।আর একটা গেল হালুয়াঘাটের কাছে। হালুয়াঘাটের সীমান্তবর্তী ভারতীয় বাহিনী প্রথমে অগ্রসর হল না। দু'চারদিন ওখানেই অপেক্ষা করল। জামালপুরে বড় লড়াই শুরু হতে পাক সামরিক নেতারা তাদের হালুয়াঘাটের বাহিনীকে সরিয়ে নিয়ে গেল জামালপুরের দিকে। আর ময়মনসিংহ থেকে একটা ব্রিগেড নিয়ে শ্রীহট্র -ভৈরববাজার সেক্টরে। তারা তখন ভাবতেও পারেনি যে একটা ভারতীয় ব্রিগেড হালুয়াঘাটের মুখে অপেক্ষা করছে। হালুয়াঘাট থেকে ভারতীয় বাহিনীটা খুব দ্রুত এগিয়ে এল ময়মনসিংহের দিকে। পথে বড়

কোন বাধাই পেল না। কারণ একটা পাকবাহিনী লড়াই করেছে জামালপুরে আর একটা গিয়েছে ভৈরববাজার-সিলেট সেক্টর। একই বিমান আক্রমণ ও বাড়ানো হল। বিমান ও নৌবাহিনীর জঙ্গী বিমানগুলি সারাদিনে অসংখ্যবার বিভিন্ন পাক সামরিক ঘাঁটিতে আক্রমণ চালাল। বিমান আক্রমনের ভয়ে দিনের বেলা পাক সামরিক বাহিনীর চলাচলও প্রায় বন্ধ হয়ে গেল। পরিকল্পনা মতই বিমান আক্রমণ বৃদ্ধি করা হল। লক্ষ্যটা একই। প্রথমত,পাক সেনাবাহিনীকে আবার কোথাও রিগ্রুপড হতে না দেওয়া। এবং দ্বিতীয়ত, তাদের মনোবল ভেঙ্গে দেওয়া ওরা অত্মসমর্পণ করতে বাধ্য হয়।

৯ ডিসেম্বর: ৯তারিখ চতুর্দিক মিত্রবাহিনী ঢাকায় দিকে অগ্রসর হল। তখন তাদের চোখের সামনে শুধু ঢাকা। এর আগেই তাদের প্রথম লক্ষ্যাটা পূর্ণ হয়ে গিয়েছে। অর্থাৎ, মিত্রবাহিনী বাংলাদেশের নানা প্রান্তে ছড়িয়ে থাকা পাকবাহিনীকে বেশ ভালোমত বিচ্ছিন্ন করে ফেলেছে, তাদের ঢাকা ফেরার বা পালাবার প্রায় সব পথ বন্ধ। এবার দ্বিতীয় লক্ষ্যের দিকে এগিয়ে গেল ভারতীয় বাহিনী।

দ্বিতীয় লক্ষ্যটা হল খুব দ্রুত ঢাকার পাকবাহিনী মনোবল সম্পুর্ণ ভেঙ্গে দিয়ে নিয়োজিকে আত্মসমর্পণে বাধ্য করা।

সব দিক থেকেই মিত্রবাহিনী ঢাকার দিকে অগ্রসর হল। পূর্বে পৌছে গেল আশুগঞ্জে, দাউদকান্দিতে এবং চাঁদপুরে। পশ্চিমে বাহিনী পৌছল মধুমতি নদীর তীরে। আর একটা বাহিনী কুষ্টিয়া মুক্ত করে চলল গোয়ালন্দ ঘাটের দিকে। হালুয়াঘাট থেকে এগিয়ে আসা বাহিনীও পৌঁছে গেল ময়মনসিংহের কাছাকাছি। নৌবাহিনীর গানবোটগুলিও ততক্ষণে নানা দিক থেকে এগোচ্ছে ঢাকার দিকে। এবং বিমান বাহিনীর আক্রমণও পুরোদমেই চলছে। সেদিন বিকালে মিত্রবাহিনীর প্রধান জেনারেল অরোরা কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বললেন: আমরা এখন ঢাকার লড়াইয়ের জন্য প্রস্তুত। সাংবাদিকরা জিজ্ঞেস করলেন: পাকিস্তানীরা যদি মাটি কামড়ে ঢাকার লড়াই চালাতে চায় তাহলে আপনি কী করবেন? জেনারেল অরোরা জবাব দিলেন: ওরা কী করবে জানি না। তবে আমরা বড়দের লড়াইয়ের জন্যই প্রস্তুত। জেনারেল অরোরাকে সাংবাদিকরা আবার জিজ্ঞেস করলেন: ঢাককে মুক্ত করার পথে আপনার সামনে সবচেয়ে বড় বাধা কী? আরোরা বললেন: নদী। তারপর আবার বললেন: নদী যদিও বড় বাধা সে বাধা অতিক্রমের ব্যবস্থা আমরা করে ফেলেছি। আমাদের পদাতিক সৈন্য এবং রসদ পারাপারের ব্যবস্থা হয়ে গিয়েছে। আর আমাদের পি,টি ৬৭ ট্যাঙ্কগুলি নিজ থেকেই নদী সাঁতরে যেতে পারবে।

১০ ডিসেম্বর পরদিনই ৫৭ নং ডিভিশন গোটা বিশ্বকে দেখিয়ে দিল মিত্রবাহিনী কিভাবে রাজধানী ঢাকার মুক্তিযুদ্ধে নদীর বাধা অতিক্রম করবে। ভোররাত্রি থেকে ভৈরববাজারের তিন চার মাইল দক্ষিণে হেলিকাপ্টারে করে নামানো শুরু হল ৫৭ নং ডিভিশনের সৈন্য। সারাদিন ধরে মেঘনা অতিক্রমের সেই অভিযান চলল। প্রথম বাহিনীটা ওপারে নেমেই ঘাঁটি গেড়ে বসল। কিছুটা উওরে ভৈরববাজারের কাছেই পাক সৈন্যদের একটা বড় বাহিনী মজুত। ব্রিজেটার একটা অংশ ভেঙ্গে দিয়ে নদীর পশ্চিম পারে ওত পেতে বসে আছে। আকাশে সূর্য ইঠতেই তারা দেখতে পেল হেলিকপ্টার। নদী পার হচ্ছে। কিন্তু দেখেও তারা ঘাঁটি ছাড়তে সাহস পেল না। ভাবল, ওটা বোধহয় ভারতীয় বাহিনীর একটা ধাপ্পা। ওদিকে ছুটে গেলেই আশুগঞ্জ থেকে মূল ভারতীয় বাহিনীটা ভৈরববাজারের ওখানে এসে উঠবে। তারপর ভৈরববাজার-ঢাকা রাস্তা ধরবে। সত্যিই কিন্তু পাকবাহিনীকে ভূল বোঝাবার জন্য এসে মিত্রবাহিনীর একটা বড় কলাম তখন ভাবসাব দেখাচ্ছিল যে তারা আশুগঞ্জ দিয়েই মেঘনা পার হবে।

পাকবাহিনী এইভাবে ভুল বোঝায় মিত্রবাহিনীর সুবিধা হল। একরকম বিনা বাধায় মেঘনা পার হওয়া গেল। হেলিকপ্টারে নদী পার হল কিছু সৈন্য। অনেকে আবার নদী পার হল স্টীমারে এবং লঞ্চে করে। কিছু পার হল স্রেফ দেশী নৌকাতেই। ট্যাঙ্কগুলি নিয়ে কিছুটা সমস্যা দেখা দিয়েছিল প্রথমে। কিন্তু সে সম্যাও দূর হল এক

অভাবনীয় উপায়ে। রাশিয়ান ট্যাঙ্ক সাঁতরাতে পারে ঠিকই। কিন্তু একনাগাড়ে আধঘণ্টার বেশী সাঁতরালেই ট্যাঙ্ক ভীষন গরম হয়ে যায়। অথচ মেঘনা পার হতে আধঘণ্টার অনেক বেশী সময় লাগবে। তখন ঠিক হল, ট্যাঙ্কগুলি যতটা সম্ভব নিজেই সাঁতরে এগোবে। তারপর নৌকাতে দড়ি বেধে ট্যাঙ্কগুলিকে টেনে নদীর ওপারে নিয়ে যাওয়া হবে। স্থানীয় মানুষের অভূতপূর্ব সাহায্য ছাড়া এই বিরাট অভিযান কিছুতেই সার্থক হত না। ওখানের মানুষ যে যেভাবে পারল মিত্রবাহিনীকে সাহায্য করল। শত শত নৌকা নিয়ে এল তারা। সেইসব নৌকা বার বার মেঘনা পারাপার করল। যেখানে থেকে মিত্রবাহিনী নদী পেরিয়েছিল সেখানে কোনও রাস্তাঘাট ছিল না। সেটা ছিল জলা জমি এই জলা জমি দিয়ে কামান বন্দুক ঘাড়ে করে নিয়ে গিয়েছিল ওই এলাকার শত শত শত বাঙ্গালী। বেশ কয়েক মাইল হেঁটে তারপর তারা পৌঁছেছিল ভৈরববাজার-ঢাকা মূল সড়কে। এবং পরদিনই তারা রায়পুর দখল করে নিল।

ওদিকে তখন উত্তরের বাহিনীটা ও দ্রুত এগিয়ে আসছে। ময়মনসিংহের কাছে পৌছে তার দাঁড়াল। খবর ছিল যে ময়মনসিংহের পাকবাহিনীর একটা ব্রিগেড রয়েছে। কিন্তু সে ব্রিগেড়টাকে যে আগেই ভৈরববাজারের দিকে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে মিত্রবাহিনীর একটা ব্রিগেড রয়েছে। কিন্তু সে ব্রিগেডটাকে যে আগেই ভৈরববাজারের দিকে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে মিত্রবাহিনী তা জানত না। তাই মিত্রবাহিনী ময়মনসিংহে বড় লড়াই করার জন্য সেদিনটা ব্রহ্মপুত্র নদীর ওপারে শম্ভগঞ্জে অপেক্ষা করল। অন্যদিকে ভারতীয় বিমান এবং নৌবাহিনীও সেদিন পাক সেনাবাহিনীকে আরও ভয় পাইয়ে দিল। বিমান বাহিনীর জঙ্গী বিমানগুলি ঢাকা বেতার কেন্দ্রটিকে স্তব্ধ করে দিয়ে এল। কুরমিটোলার উপর বার বার রকেট আর বোমা ছুড়ল।

নৌবাহিনীর বিমান আক্রমনে চট্রগ্রাম এবং চালনার অবস্থা ও তখন অত্যন্ত কাহিল। কয়েকটা ভর্তি হয়ে পাকবাহিনী বঙ্গোপসাগর দিয়ে পালাতে গিয়েছিল। একটা জাহাজে নিরগেক্ষ দেশের পতাকা উড়িয়েও কিছু পাকসৈন্য সিঙ্গাপুরের দিকে পালাচ্ছিল। সব ধরা পড়ল। কয়েকটা পাক বাণিজ্য জাহাজ ও মাঝ দরিয়ায় ঘায়েল হল।

১ডিসেম্বর : ১১তারিখ চতুর্দিকে পাক সেনাবাহিনীর প্রতিরোধ ভেঙ্গে পড়ল। বহু পাকঘাঁটির পতন হল সেদিন মুক্ত হল জামালপুর, ময়মনসিংহ, হিলি, গাইবান্ধা, ফুলছড়ি, বাহাদুরাবাদ, পিসপাড়া, দুর্গাদীঘি, বিগ্রাম এবং চন্ডীপুর। বিভিন্ন এলাকায় শত শত পাক সৈন্য আত্মসমর্পণ করল। এক জামালপুরেই আত্মসমর্পণ করল ৫৮১ জন। চাঁদপুরের উওরে মতলববাজারও বহু পাকসৈন্য আত্মসমর্পণ করল। কিছু আবার পেছনের দিকে পাল তে গিয়ে মার খেল। যেমন জামালপুরের বাহিনীর একটা অংশ। জামালপুরের পাকবাহিনী বেশকিছুদিন ধরে ভাল লড়াই ই চালিয়েছিল। মাটি কামড়ে তারা লড়াই চালাচ্ছিল। এই লড়াইয়ে ভারতীয় জেনারেল গিল মারাত্মক আহত হলেন। কিন্তু ১১ তারিখ আর পারল না। একটা বাহিনী আত্মসমর্পণ করল। আর একটা টাঙ্গইলের দিকে পালাল।

উত্তরে ১০১ নং কমিউনিকেশন জোনের একটা ব্রিগেড তখন ময়মনসিংহ দখল করে নিয়েছে। ময়মনসিংহ থেকে সোজা তারা ঢাকা এগাতে পারল না। কারণ রাস্তাটাই সোজা যায়নি। গিয়েছে টাঙ্গাইল ঘুরে। ময়মনসিংহ থেকে ঢাকার রেললাইনটা ছিল সোজাসুজি। কিন্তু পালাবার আগে পাকবাহিনী ব্রাহ্মপুত্রের ওপরের রেল সেতুটা ভেঙ্গে দিয়েছিল ওই পথের আরও কয়েকটা রেলপুল। তাই ভারতীয় বাহিনীকে টাঙ্গাইলের পথেই এগোতে হল। সেইটাই অবশ্য ছিল তাদের পরিকল্পনা।

ওদিকে ভৈরববাজারের দিক থেকেও তখন এগিয়ে ৫৭ নং ভারতীয় ডিভিশন। কিছুটা এগিয়ে তারা দুভাগে ভাগ হয়ে গেল। একটা গেল নরসিংদীর দিকে। বিমান বাহিনীও তখন পুরোদমে আক্রমণ চালাচ্ছে। পাকিস্তানীরা মিত্রপক্ষের সেনাবাহিনী হাত থেকে পালায় তো বিমান বাহিনীর হাতে গিয়ে পড়ে। বিমান বাহিনী সেদিন একমাত্র ঢাকাকে রেহাই দিল। কারণ ভারত সরকার আগেই ঘোষণা করেছিল, ওইদিন ঢাকাও করাচির উপর কোনও আক্রমণ করা হবে না। বিদেশীদের ঢাকা থেকে বের করে আনার জন্য আন্তর্জাতিক বিমান

তেজগাঁওয়ে নামতে দেওয়া হবে। এবং সেজন্য তেজগাঁও বিমানবন্দর সারাতেও দেওয়া হবে। নৌবাহিনী কিন্তু সেদিনও ভীষন সক্রিয়। চট্রগ্রাম, কক্সবাজার এবং চালানার উপর নৌবাহিনীর বিমানগুলি সেদিনও প্রচন্ড আক্রমণ চালাল।

১২ ডিসেম্বর: পরদিন ও ভারতীয় বিমানবাহিনী ঢাকার উপর কোনও অক্রমণ করল না। সেদিন বিদেশীদের নিয়ে ঢাকা থেকে তিনখানা আন্তর্জাতিক বিমান এল কলকাতায়। অবরুদ্ধ ঢাকা থেকে মুক্ত মানুষেরা এল কলকাতায়। বিমানবাহিনী সেদিন অন্যত্র ভীষন ব্যস্ত। ভোররাতেই ছত্রীসেন দের নামানো হল টাঙ্গাইলে। ময়মনসিংহ দিক থেকে মিত্রবাহিনীর ব্রিগেডটাও তখন দ্রুত এগিয়ে আসছে টাঙ্গাইলে। ভোররাত্রে ছত্রীসেনাদের নামানো হল নদীর দক্ষিণে। মীর্জাপুর আর টাঙ্গাইলের মাঝামাঝি।

ভুয়া ছত্রীদের নামানো হয়েছিল প্রথম রাত্রে। কিছু পাকসেনা সেই ভুয়া ছত্রীসেনা খুঁজতে ছুটল।তারপর ভোররাতে নদীর উওরে নামাতে হল আসল ছত্রীসেনা। এক ব্যাটালিয়ন-অর্থাৎ প্রায় এক হাজার। মাটিতে নামতে তারা স্থানীয় অধিবাসীদের সাহায্য পেল। স্থানীয় সবাই সহযোগিতা করতে এগিয়ে এল। বিমান থেকে যে অস্ত্রশস্ত্র ফেলা হয়েছিল স্থানীয় অধিবাসীরা ছোটাছুটি করে তা সব সংগ্রহ করে দিল ছত্রীসেনাদের।

উত্তর দিক তখন জামালপুরের পাকবাহিনীর একটা অংশ পিছু হটে আসছিল। এদের আগমনের খবর জানা ছিল না ভারতীয় বাহিনীর। কারণ, এরা প্রধানত রাতের অন্ধকারে কাঁচা রাস্তা দিয়ে আসছিল। আচমকা এই পাকবাহিনীটা এসে পড়ল ছত্রীসেনাদের সামনে। ওরাও আবার জানত না যে ভারতীয় ছত্রীসেনারা ওখানে নেমেছে। ভারতীয় ছত্রীসেনারাই প্রথমে দেখতে পেল পাকবাহিনীকে। দেখতে পেয়েই দমাদম গুলি চালাল। এবং সেই আচমকা আক্রমণে পাকবাহিনী একেবারে হতভম্ব হয়ে পড়ল।প্রথমেই তারা ছিটকে পড়ল। তারপর রিগ্রুপড হয়ে আবার দক্ষিণে এগোবার চেষ্টা করল। কিন্তু ততক্ষণে ভারতীয় ছত্রীসেনারা পুরোপুরি তৈরী। লড়াই হল। পাকসেনারা কিছুক্ষণ লড়াইয়ের পরই পিছু হটার চেষ্টা হরল। কিন্তু তাও পারল না। কারণ ততক্ষণে ময়মনসিংহের দিক থেকে ১০১নং কমিউনিকেশন জোনের ব্রিগেডটাও এসে গিয়েছে পেছনে। বাধ্য হয়ে পাকবাহিনী আত্মসমর্পণ করল।

টাঙ্গাইলের ছত্রীসেনারা কিছুক্ষণের মধ্যেই ছোট্র বিমানবন্দরটা দখল করে নিল। তারপর থেকেই প্রতি দশ মিনিট অন্তর সেখানে ক্যারিবু বিমানের অবতরণ শুরু হল। এল আরও সৈন্য। এল বহু অস্ত্রশস্ত্র। যুদ্ধের নানা সাজসরঞ্জাম। কয়েক ঘণ্টায় পর ১০১ নং কমিউনিকেশন জোনের ব্রিগেডটাও এসে যোগ দিল তাদের সঙ্গে। এবং দুই বাহিনী একত্রে এগিয়ে চলল ঢাকার পথে মির্জাপুরের দিকে।

ওদিকে তখন ৫৭ নং ডিভিশনও পূর্ব দিক থেকে এগিয়ে যাচ্ছে ঢাকার দিক। সেই দিন তারা নরসিংদী অতিক্রম করে বেশ কিছুটা এগিয়েছে। সেদিনই প্রথম ঢাকায় ভারতীয় কামানের গর্জন শোনা গেল। এবং সেই গর্জন শুনে নিয়োজিসহ ঢাকার পাকবাহিনী অন্তরাত্মা কেঁপে উঠল।

এদিকে কলকাতায় পূর্বাঞ্চলীয় বাহিনীর চিফ অব স্টাফ জেনারেল জ্যাকবও আর কাণ্ড করে বসে আছেন। সকালে সাংবাদিক বৈঠক। জেনারেল জ্যাকব সেখানে সমগ্র যুদ্ধ পরিস্থিতি বোঝাচ্ছিলেন। সাংবাদিকরা তাঁকে এই ছত্রীসেনা নামাবার ব্যাপারটা জিজ্ঞেস করল। জেনারেল জ্যাকব বললেন, হ্যাঁ ছত্রীসেনা নেমেছে। তবে কোথায় নেমেছে, কত নেমেছে আমাকে জিজ্ঞেসা করো না। বিদেশী সাংবাদিকরা এই ব্যাপারে যত প্রশ্ন করেন, জেনারেল জ্যাকব ততই প্রশ্নটাকে এড়িয়ে যাওয়ার চেষ্টা করেন। তারই মধ্যে তিনি ইঙ্গিতে এমন একটা ধারণা দিলেন যে এক ব্রিগেডের বেশি ছত্রীসেনা নামানো হয়েছে এবং ঢাকার কাছাকাছি বিভিন্ন এলাকায় তারা নেমেছে। আন্তর্জাতিক সংবাদ সংস্থাগুলি এই খবর সঙ্গে সঙ্গে বিশ্বে ছড়িয়ে দিল। খবরটা ঢাকায়ও গিয়ে পৌঁছল। এবং

পাক সমরনায়করা সেই খবর পেয়ে বিষম ভয় পেয়ে গেল। তারা ভাবল হয়ত ঢাকার চতুর্দিকেই মিত্রবাহিনী প্রচুর ছত্রীসেনা নামিয়েছে। এবং হয়ত সব খবর তারা তখনও পায়নি। ঢাকার সবাই বুঝল, এবার আর রক্ষা নেই জেনারেল মানেকশর আবেদনও তখন বার বার প্রচারিত হচ্ছে: বাচাঁতে চান তো আত্মসমর্পণ করুন। পালাবার কোন পথ নেই। লড়াই করা বৃথা। আত্মসমর্পণ করলে সব পাকসেনা জেনেভা কনভেনশন অনুসারে ব্যবহার পাবেন।

১৩ ডিসেম্বর: মিত্র সেনাবাহিনী যতই ঢাকার দিকে এগিয়ে আসছিল এবং ঢাকার উপর বিমান হানা যতই বাড়ছিল ঢাকার পাক সামরিক নেতাদের অবস্থাও ততই কাহিল হয়ে উঠেছিল। সাধারণত বিপদে পড়লে জেনারেলরা যা করে প্রথম প্রথম এরাও তাই করল- ইসলামবাদের কাছে বার বার আরও সাহয্য পাঠাবার আবেদন জানাল। বলল: ভারত অন্তত ন''ডিভিশন সৈন্য এবং দশ স্কোয়াড্রন বিমান নিয়ে আক্রমণ শুরু করেছে। সুতারাং আমাদেরও অভিলম্বে আরও কয়েক ডিভিশন সৈন্য এবং কয়েক স্কোয়ড্রন বিমান চাই। ইসলামাবাদ প্রথমে ঢাকার কর্তাদের বলেছিল : তোমরা মাত্র কয়েকটা দিন লড়াইটা চালিয়ে যাও। আমরা দিন সাতেকের মধ্যেই পশ্চিমখন্ডে ভারতীয় বাহিনীকে এমন মার দেব যে তারা নতজানু হয়ে ক্ষমা চাইতে বাধ্য হবে। এবং তখন যুদ্ধেই থেমে যাবে। সুতারাং তোমাদেরও আর কোনও অসুবিধা থাকবে না কিন্তু দিন পাঁচ ছয়ের মধ্যেই ঢাকার পাক কর্তারা বুঝতে পারল, ওদিকেও বেশি সুবিধা হচ্ছে না। ভারতীয় নতজানু হওয়ারও কোনওই সম্ভাবনা দেখা যাচ্ছে না বরং ভারতীয় বাহিনী প্রচন্ড বেগে ঢাকার দিকে এগোচ্ছে। তখন তারা অনেকেই ভয় পেয়ে গেল। ভয় পেল প্রধানত দুটো কারণে। প্রথমে কারণ, পালাবার পথ নেই। কোথাও যে পালিয়ে গিয়ে আত্মরক্ষা করবে তার উপায় নেই। বিমানবন্দরে পালাবার মত কোনও পথ নেই। মাথার উপরে ভারতীয় বিমান। সমুদ্রে ভারতীয় নৌবাহিনীর অবরোধ। স্থলপথে যেদিকেই যাওয়া যাবে, ভারতীয় সেনা। মুক্তিবাহিনী বা স্থানীয় মানুষের হাতে পড়লে মৃত্যু অনিবার্য। তাদের অত্যাচারের ফলে বাংলাদেশের মানুষ কতটা ক্ষেপে আছে সেটা তাদের জানতে তখন বাকি নেই। তাই মিত্রবাহিনী পদ্মা এবং মেঘনার কূলে এসে দাঁড়ানো মাত্রই ঢাকার পাক কর্তাদের মনোবল ভেঙ্গে পড়েছিল। তারা অসহায় বোধ করতে শুরু করেছিল। এর উপর যখন তারা দেখল যে বিভিন্ন অঞ্চলে ছড়ানো পাকবাহিনীও আর ঢাকার দিকে ফিরতে পারছে না তখন তারা অনেকে একেবারে হাত-পা ছেড়ে দিল।

ওদিকে তখন পূর্ব ও উত্তর দিক থেকে মিত্রবাহিনী ঢাকায় প্রায় পনেরো মাইলের মধ্যে পৌঁছে গিয়েছে। ৫৭ নং ডিভিশনের দুটো ব্রিগেড এগিয়েছে পূর্ব দিক থেকে। উত্তর দিক থেকে এসেছে গন্ধর্ব নাগরার ব্রিগেড এবং টাঙ্গাইলে নামা ছত্রী সেনারা। পশ্চিমে সেদিন ৪নং ডিভিশণও মধুমতী পার হয়ে পৌঁছে গিয়েছে পদ্মার তীরে। উত্তর এবং পূর্ব দিক থেকে মিত্রবাহিনীর কামানের গোলা ও পড়া শুরু হয়েছে কুর্মিটোলা ক্যান্টনমেন্টে। এবং বিমান বাহীনীর জঙ্গী বিমানগুলিও বার বার হানা দিচ্ছে ঢাকার সব ক'টা সামরিক ঘাঁটির উপর। পাকবাহিনীর মনোবল ভেঙ্গে দেওয়ার জন্য মিত্রপক্ষ সেদিন সর্বতোভাবে সচেষ্টা। একদিকে চলছে কামানে-বিমানে তীব্র আক্রমণ, আর একদিকে বেতার প্রচারিত হচ্ছে আত্মসমর্পণের আবেদন। জেনারেল মানেকশ: বাণী সেদিন প্রচারিত হল রাও ফরমান আলীর উদ্দেশে। জেনারেল মানেকশ বললেন: আমার সৈন্যরা এখন ঢাকাকে ঘিরে ধরেছে এবং তাদের নিরাপত্তার ব্যবস্থা করা হবে এবং তাদের প্রতি ন্যায়সঙ্গত ব্যবহার করা হবে।

বাংলাদেশের বিভিন্ন এলাকায় সেদিন শত শত পাকসেনা আত্মসমর্পণ করল। এক ময়নামতিতেই আত্মসমর্পণ করল ১১৩৪ জন। কিন্তু তখনও নিয়াজি অবিচল। তখনও সেলড়াই চালিয়ে যেতে দৃঢ়প্রতিজ্ঞ। এবং তখনও তার সঙ্গে একমত হয়ে প্রচণ্ড লড়াই চালিয়ে যাচ্ছে খুলনা, বগুড়া এবং চট্রগ্রামের পাক অধিনায়করা।

১৪ ডিসেম্বর : নিয়াজি তখনও গোঁ ধারে বসে আছে, কিন্তু আর প্রায় সকলেরই হৃদকম্প উঠে গিয়েছে। ১৩ তারিখ রাত থেকে ১৪ তারিখ ভোর পর্যন্ত পূর্ব এবং পশ্চিম দিক থেকে মিত্রবাহিনীর কামান অবিরাম গোলা মেরে চলল। গোলাগুলি পড়ল গিয়ে প্রধানত ঢাকা ক্যান্টনমেন্টে। কিন্তু সে গোলার আওয়াজে সারারাত ধরে গোটা ঢাকা কাঁপল। ঢাকার সবাই সেদিন ভীষন আতঙ্কিত হয়ে পড়ল। বুঝল, আর রক্ষা নেই। গভর্নর মালিক সেদিন সকালেই 'সমগ্র পরিস্থিতি' বিবেচনার জন্য গভর্নর হাউসে মন্ত্রিসভার এক জরুরী বৈঠক ডাকল। এই বৈঠক বসবার ব্যাপারেও আলী এবং চীফ সেকরেটারি মুজাফফর হোসেনের হাত ছিল। তারা তখনও মনে করেছে, আত্মসমর্পন ছাড়া উপায় নেই, রক্ষা নেই।

মন্ত্রীসভার বৈঠক বসল এগারোটা নাগাদ। এবং একটা পাকিস্তানী ওয়ারলেস মেসেজ ধরে মিত্রবাহিনীও প্রায় সঙ্গে সঙ্গেই জেনে গেল সেই বৈঠকের খবরটা। সঙ্গে সঙ্গে সংবাদ চলে গেল ভারতীয় বিমান বাহিনীর পূর্বাঞ্চলীয় হেডকোয়ার্টারে। এবং কয়েক মিনেঠের মধ্যেই এক ঝাঁক ভারতীয় জঙ্গী বিমান উড়ে এল ঢাকা গভর্নর হাউসের উপর। একেবারে নিদিষ্ট লক্ষ্যে তারা ছুড়ল রকেট। গোটা পাঁচেক গিয়ে পড়ল একেবারে গভর্নর হাউসের ছাদের উপর। মিটিং তখনও চলছিল। মালিক এবং তার মন্ত্রীরা ভয়ে প্রায় কেঁদে উঠল।। চীফ সেকরেটারি,আইজি,পুলিশ প্রভৃতি বড় বড় অফিসাররাও মিটিং- এ উপস্থিত ছিল। তারাও ভয়ে যে পারল পালাল। বিমান হানা শেষ হওয়ার পর মালিক সাহেব তার পাত্র মিত্রদের সঙ্গে আবার বসলেন। এবং তারপর আর পাঁচ মিনিটও লাগল না তাদের সিদ্ধান্তে পৌছতে। তারা সঙ্গে সঙ্গে সিদ্ধান্ত করলেন: আমরা সবাই পদত্যাগ করলাম। সেই পদত্যাগের সিদ্ধান্ত তারা সঙ্গে সঙ্গে ঢাকার আন্তর্জাতিক রেডক্রস কমিটি প্রতিনিধি রেনড সাহেকে জানাল এবং তাঁর কাছে আশ্রয় চাইল। রেনড সাহেব তখন ইন্টারকনটিনেন্টাল হোটেলকে রেডক্রসের অধীনে ''নিরপেক্ষ এলাকা'' করে নিয়েছেন। এই ''নিরপেক্ষ এলাকা'' তখন ঢাকার একটি অদ্ভুত জিনিস। গোটা ঢাকা তখনও পাকিস্তানীদের দখলে, শুধু এই হোটেলটা ছাড়া। হোটেলটার উপর রেডক্রসের বিরাট বিরাট পতাকা উড়ছিল। বহু বিদেশী এবং পশ্চিম পাকিস্তানী আশ্রয় নিয়েছিল ওই হোটেল। ১৪ তারিখ সেখানে সদলবলে গিয়ে আশ্রয় নিল মালিক সাহেব। তখন ঢাকায় সবাই মনে করছে ওটাই একমাত্র নিরাপদ আশ্রয়- ভারতীয় বৈমানিকরা কিছুতেই রেডক্রসের বড় বড় পতাকা ওড়া বাড়িতে আক্রমণ করবে না। রেনড সাহেব তার এলাকায় ওদের আশ্রয় দিয়ে খবর পাঠালেন জেনিভায়। সেই বার্তায়: পূর্ব পাকিস্তান সরকারের সর্বোচ্চ অফিসাররা পদত্যাগ করেছেন এবং রেডক্রস আন্তর্জাতিক অঞ্চলে আশ্রয় চেয়েছেন। জেনিভা চুক্তি অনুযায়ী তাদের আশ্রয় দেওয়া হয়েছে। ভারত ও বাংলাদেশ সরকারকে যেন অবিলম্বে সমস্ত ঘটনা জানানো হয়। খবরটা যেন ভারতীয় সামরিক বাহিনীকে জানানো হয়।

মালিক এবং তার গোটা ''পূর্ব পাকিস্তান সরকারের'' এই সিদ্ধান্তের অবস্থা আরও কাহিল হল। ঢাকার উপর তখন প্রচণ্ড আক্রমণ চলছে। আক্রমণ চলছে কামানের। আক্রমণ চলছে বিমানের। প্রধান লক্ষ্য কুরমিটোলা ক্যান্টনমেন্ট। নাগরার বাহিনী তখন টঙ্গির কাছে পৌছে গিয়েছে। এবং পাক শীতলক্ষা নদীর একটা শাখার উপরের ব্রিজটা উড়িয়ে দিয়ে ওপর থেকে তাদের বাধা দেওয়ার চেষ্টা করছে। মূল পাকবাহিনীটা কিন্তু কামান এবং বিমান আক্রমণে প্রায় পাগল হয়ে গিয়ে কুরমিটোলা ছেড়ে ঢাকা বিশ্ববিদ্যায়ে আশ্রয় নিয়েছে। পূর্ব দিকের বাহিনীটা ও প্রায় পৌঁছে গিয়েছে ডেমরায়। তবু নিয়াজি তখনও বলছে: আমি শেষ পর্যন্ত লড়ে যাব। নিয়াজি অবশ্য এ কথাটা বলছিল প্রধাণত মারকিনীদের ভরসায়। মারকিনী সপ্তম নৌবহর যে বঙ্গোপসাগরের দিকে এগোচ্ছে এ খবর চার- পাঁচ দিন আগে থেকেই জানা গিয়েছিল। গোটা দুনিয়ায় তখন সপ্তম নৌবহরের বঙ্গোপসাগরে আগমনে নিয়ে জোর জল্পনা-কল্পনা চলছে। মারকিন সরকার যদিও ঘোষণা করলেন যে কিছু আমেরিকান নাগরিককে অবরুদ্ধ বাংলাদেশ থেকে উদ্ধার করে নিয়ে যাওয়ার জন্যই সপ্তম নৌবহর বঙ্গোপসাগরে যাচ্ছে। আসলে কিন্তু কেউ তা বিশ্বাস করল না। সকলেরই মনে তখন বেজায় সন্দেহ। সকলেরই মনে তখন প্রশ্ন, প্রেসিডেন্ট নিকসন কি ইয়াহিয়ার রক্ষার্থে মারকিন নৌবহরকে আসরে নামাবেন। ঠিক কি মনে প্রশ্ন, প্রেসিডেন্ট নিকসন কি ইয়াহিয়ার রক্ষার্থে নৌবহরকে আসরে নামাবেন? ঠিক কি উদ্দেশ্যে মারকিন সপ্তম নৌবহর বঙ্গোপসাগরে এসেছিল এবং কেনই বা তারা কিছু না করে (বা করতে না পেরে)

ফিরে গেল সে রহস্যের এখনও সম্পূর্ণ কিনারা হয়নি। তবে ইতিমধ্যেই ঢাকায় একটুকু গিয়েছে যে, ইসলামাদের খবর মত ১৪ ডিসেম্বর নিয়াজি আশা করেছিল যে সপ্তম নৌবাহিনীর জঙ্গী বিমানগুলি তার সাহায্যে আসবে নামবে। ইয়াহিয়া নিজে নাকি নিয়াজিকে সে খবর জানিয়েছিল। সেই ভরসায়ই ১৪ তারিখেও নিয়াজি বলে চলেছে: একেবারে শেষ পর্যন্ত শেষ পর্যন্ত লড়াই চালাব।

ওদিকে মিত্রবাহিনী তখন প্রচণ্ডভাবে ঢাকায় সামরিক লক্ষ্যবস্তুগুলির উপর আক্রমণ চালিয়ে যাচ্ছে কিন্তু তখনও তারা ঠিক জানে না যে ঢাকার ভেতরের অবস্থাটা কী। অর্থাৎ পাকবাহিনী কিভাবে ঢাকার লড়াই লড়তে চায় এবং ঢাকায় তাদের শক্তিই বা কতই। সে খবর মিত্রবাহিনী জানে না। নানাভাবে এই খবর সংগ্রহের চেষ্টা হল। কিন্তু আসল খবরটা কিছুতেই পাওয়া গেল না। যা পাওয়া গেল সব ভুল। সেই ভুল খবরগুলির একটা: পাকিস্তানীরা গোটা শহরে ছড়িয়ে পড়ে পরিখা খনন করে হাউস-টু-হাউস লড়াইয়ের জন্য প্রস্তুত হচ্ছে। আর একটা খবর: ঢাকায় পাকবাহিনীর অন্তত দেড় ডিভিশন সৈন্য রয়েছে। এবং রয়েছে প্রচুর পরিমাণে অস্ত্রশস্ত্র। এই দুটো খবরই ভুল ছিল। কিন্তু তখনকার মত এই খবর দুটোই ঠিক মনে হয়েছিল। মিত্রবাহিনী এই অবস্থায় মনে করল যে ঢাকার ভেতরে লড়াই করার জন্য যদি সৈন্যদের এগিয়ে দেওয়া হয় এবং সঙ্গে সঙ্গে যদি বিমান আক্রমণ চালানো হয় তাহলে লড়াইয়ে প্রচুর সাধারণ মানুষ ও মরবে। মিত্রবাহিনী এইটা কিছুতেই করতে চাইছিল না। তাই ওইদিনই তারা একদিক যেমন আবার পাকবাহিনীর কাছে আত্মসমর্পণের আবেদন জানাল এবং তেমনি আর একদিকে ঢাকার সাধারণ নাগরিকদের অনুরোধ জানাল, আপনারা শহর ছেড়ে চলে যান।যত তাড়াতাড়ি পারেন ঢাকা শহর ত্যাগ করুন। উত্তর এবং পূর্ব-রাজধানী দুদিকেই তখন আরও বহু মিত্রসেনা এসে উপস্থিত হয়েছে। চাঁদপুরেও আর একটা বাহিনী তৈরী হচ্ছে নদীপথে অগ্রসর হওয়ার জন্য।

১৫ডিসেম্বর: আগেই বলা হয়েছে, নিয়েজি মারকিন সপ্তন নৌবহরের সাহায্য আশা করছিল। এবং সেই ভরসায়ই দিন শুনছিল। কিন্তু ১৩বা ১৪ তারিখ কোনও একটা সময়ে নিয়াজি বুঝল না, মারকিন সপ্তম নৌবহর তাকে সাহায্য করতে আসরে নামবে না। এই জিনিসটা ঠিক কখন এবং কিভাবে নিয়াজি জানল সেটা বলা মুশকিল। একনও সে তথ্য প্রকাশিত হয়নি। ভবিষ্যতে হয়ত কোনও দিন জানা যাবে এবং তখন বোঝা যাবে আসল ব্যাপারটা। তবে ইতিমধ্যেই যতটা জানা গিয়েছে তাতে দেখা যাচ্ছে ১৪ ডিসেম্বর সকাল থেকেই নিয়াজি সব আশা ছেড়ে দিয়েছে। ওইদিনই সে শর্তসাপেক্ষ আত্মসমর্পণের প্রস্তাব নিয়ে ঢাকার বিভিন্ন বিদেশী দূতাবাসের সঙ্গে আলাপ আলোচনা করল বিশেষত, মারকিনীদের সঙ্গে। ঢাকার মার্কিন দূতাবাসের কর্মীরা সেই প্রস্তাবটা পাঠিয়ে দিলেন দিল্লীর মারকিন দূতাবাসে। তারা আবার খবরটা পাঠালেন ওয়াশিংটনে। তখন ওয়াশিংটন ইসলামাবদের মারকেন দূতাবাস বহু চেষ্টা করেও সেদিন ইয়াহিয়াকে ধরতেই পারল না। ১৫ তারিখ দিল্লীর মারকিন দূতাবাস মারফৎ খবরটা পৌঁছল ভারত সরকারের কাছে- নিয়াজি আত্মসমর্পণ করতে চায়, তবে কতগুলি শর্তসহ। প্রধান শর্ত, পশ্চিম পাকিস্তানীদের সবাইকে চলে যাওয়ার সুযোগ দিতে হবে এবং কাউকে গ্রেফতার করা চলবে না। ভারত সরকার এ প্রস্তাবটা সঙ্গে সঙ্গে নাকচ করে দিলেন। বললেন: শর্তটর্ত নয়; বিনাশর্তে আত্মসমর্পণ করতে। ভারতীয় বাহিনী বাংলাদেশের পাকবাহিনীকে অবশ্য এ আশ্বাস দিতে রাজি যে যুদ্ধবন্দীরা জেনিভা চুক্তিমত ব্যবহার পাবে। নিয়াজি যে পুরো ভেঙ্গে পড়েছে, ঢাকার যুদ্ধ চালাবার মত মনোবল যে তার বা তার বাহিনীর মোটেই নেই এটা কিন্তু ভারতীয় কর্তৃপক্ষ তখনও জানেন না। ঢাকার ভেতরে খবরাখবর ভারতীয় বাহিনী খুব কমই পাচ্ছিল। নিয়াজির শর্তসাপেক্ষ আত্মসমর্পণের প্রস্তাব পেয়ে ভারতীয় বাহিনী মনে করল, এটা নিয়াজির একটা কৌশল। আসলে সে কিছুটা সময় চাইছে যাতে সপ্তম নৌবহরের সাহায্যে সৈন্যসামন্ত পাত্রমিত্র নিয়ে বাংলাদেশ থেকে বেরিয়ে যেতে পারে। নিয়াজি যে প্রস্তাব দিল ভারতীয় কর্তৃপক্ষের কাছে তার একমাত্র মানে দাঁড়াল যুদ্ধবিরতি-আত্মসমর্পণ নয়। কিন্তু মিত্রবাহিনী তখন বিনাশর্তে পাকবাহিনীর আত্মসমর্পণ ছাড়া আর কিছুতেই রাজি নয়। দিল্লীর মারতিন দূতাবাস মারফৎ সেই কথা জানিয়ে দেয়া হল: আমাদের প্রস্তাব ভেবে দেখার জন্য আপনাকে ১৬ তারিখ সকাল ন'টা সময় দেয়া হল।

ভারতীয় বিমান বাহিনী ওই পর্যন্ত কোনও আক্রমণ করবে না। কিন্তু মিত্রপক্ষের স্থল ও নৌবাহিনী যথারীতি অগ্রসর হতে থাকবে। যদি সকাল ৯ টার মধ্যে আত্মসমর্পণের খবর না পাই তাহলে তখন থেকে আবার বিমান বাহিনীর আক্রমণ পুরোদমে শুরু হবে। ঢাকার ভেতর পাকবাহিনীর অবস্থা তখন অত্যন্ত শোচনীয়। তাদের মনোবল একেবারে ভেঙ্গে গিয়েছে।

জেনারেল মানেকশ তাঁর শেষ বার্তায় পিনডিকে বলেছিলেন: সকাল ন'টার মধ্যে বেতার জানতে হবে বিনা শর্তে আত্মসমর্পণ করছেন কিনা। একটা বেতার ফ্রিকোয়েনসিও বলে দিয়েছিলেন।

শোনা যায়, নিয়াজি সেদিন সারারাত ধরে ইসলামাবাদের সঙ্গে যোগাযোগর চেষ্টা করে। এ ব্যাপারে বিভিন্ন বিদেশী দূতাবাসেরও সাহায্য নেয়। কিন্তু কোনও ফলই হল না।

ইয়াহিয়া খাঁকে কিছুতেই পাওয়া গেল না। ওদিকে তখন মিত্রবাহিনীর কামানের গোলার আওয়াজ। বাড়ছে এবং পাকবাহিনীতে এাসও বাড়ছে। ঢাকার অসামরিক পাকিস্তানীরাও আত্মসমর্পণের পক্ষে চাপ বাড়াচ্ছে। চাপ দিচ্ছে কয়েকটা বিদেশী দূতাবাসও।

১৬ ডিসেম্বর: সকালে নিয়োজি আবার কয়েকজন বিদেশী দূতের সঙ্গে কথা বলল এবং শেষ পর্যন্ত স্থির করল যে মানেকশর প্রস্তবই মেনে নেবে। তখন শুরু হল ওই ফ্রিকোয়েনসিতে গেয়ে ভারতীয় বাহিনীর সঙ্গে যোগাযোগের চেষ্টা। কয়েকজন বেদেশীর বসে নিয়াজি বারবার সেই চেষ্টা করতে থাকল। সকাল প্রায় সোয়া আটটা থেকে। কিন্তু কিছুতেই যোগাযোগ করতে পারল না। ন'টা যখন বাজে বাজে তখন গোটা ঢাকা আকাশবাণীর কলকাতা স্টেশন খুলে কান পেতে বসে রয়েছে। তারাও ভীষণ ভীত। তাঁরাও বুঝতে পারছিলেন, ঢাকার লড়াই যদি হয়ই তাহলে তাদেরও অনেকের প্রাণ যাবে। তারাও তখন জানতে একান্ত আগ্রহী নিয়াজি মানেকশর প্রস্তাবে রাজী হয় কিনা। কিন্তু হায়, ন'টার সংবাদে তারা আকাশবাণীর বাংলা খবরে জানতে পারলেন, নিয়াজি কোনও জবাবই দেয়নি! বিসান আক্রমণ বিরতির সময়ও শেষ হয়ে গিয়েছে! ঠিক তখনই নিয়াজি মিত্রবাহিনীর সঙ্গে যোগাযোগ করতে পেরেছে। জানিয়েও দিয়েছে যে তারা বাহিনী বিনা শর্তে আত্মসমর্পণ করবে। তখনই ঠিক হল, বেলা বারোটা নাগাদ মিত্রবাহিনীর চীফ অব স্টাফ জেনারেল জ্যাকব ঢাকা যাবেন নিয়াজির সঙ্গে আত্মসমর্পণের ব্যাপারটা পাকা করতে। ওদিকে তখন জেনারেল নাগরার বাহিনীও প্রায় মীরপুরের কাছাকাছি পৌঁছে গেছে। ঢাকা-টাঙ্গাইল রোড়ের ওপর নাগরায় বাহিনীর আটকে পড়েছিল। টঙ্গির কাছাকাছি। নদীর ওপরের ব্রিজটা পাকিস্তানীরা ভেঙ্গে দিয়েছিল।

১৬ তারিখ ভোর নাগরার বাহিনী নয়ারহাট ফরেস্ট রোড় দিয়ে সাভারের কাছাকছি এসে ঢাকা-আরিচাঘাট রোড়ের উপর পড়ল। পাকবাহিনী এই রাস্তায় ভারতীয় বাহিনীকে আশাই করেনি। তাই ওদিকে কোনও প্রতিরোধের ব্যবস্তাই রাখেনি। এমনকি ব্রীজগুলি পর্যন্ত ভাঙ্গেনি। আরিচাঘাট রোড়ে পড়ে গন্ধর্ব নাগরার বাহিনী সোজা ঢাকার দিকে এগালো। মাত্র কয়েক মাইল। প্রথমেই মীরপুর। পাকবাহিনীর জেনারেল জামসেদ সেখানে গিয়ে নাগরার কাছে আত্মসমর্পণ করল। নাগরার বাহিনী ঢাকা কয়েক মিনিটের মধ্যেই জেনারেল জ্যাকব হেলিকাপ্টারে ঢাকা পৌঁছলেন। নিয়াজির সঙ্গে কথাবার্তা পাকা হল। আত্মসমর্পণের দলিলও তৈরী হল। বিকাল ৪টা নাগাদ সদলবলে ঢাকা পৌঁছলেন মিত্রবাহিনীর প্রধান জেনারেল অরোরা। ৪-২১ মিনিটে ঢাকার রেস কোর্সে জনতার "জয় বাংলা" ধ্বনির মধ্যে নিয়াজি আনুষ্ঠানিকভাবে আত্মসমর্পণ করল। বাংলাদেশের বিভিন্ন অংশে ছড়িয়ে থাকা পাকবাহিনী কাছে ততক্ষণে আত্মসমর্পণের নির্দেশ চলে গিয়েছে। সেদিন লড়াই চলছিল শুধু চট্রগ্রাম এবং খুলনায়। পাক নবম ডিভিশনের প্রধান ওইদিন সকালে নিজে থেকেই আত্মসমর্পণ করেছিল। মধুমতী নদীর পূর্ব তীরে। চট্রগ্রাম শহরেও ভারতীয় সৈন্য তখন প্রায় ঢুকে পড়েছে। আর খুলনার পাকবাহিনীর একটা অংশ তখন খালিশপুরের অবাঙ্গালী জনবসতির মধ্যে ঢুকে পড়ে মিত্রবাহিনীর সঙ্গে যুদ্ধ চালাচ্ছে।

নিয়াজির আত্মসমর্পণের পর সব যুদ্ধই থেমে গেল। ১৬ ডিসেম্বর থেকেই বাংলাদেশ মুক্ত এবং স্বাধীন।

পরিশিষ্ট

শিরোনাম	সূত্র	তারিখ
২৮। স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর অনুসৃত রণনীত ও রণকৌশল	দৈনিক বাংলা ৪-৯ ডিসেম্বর, ১৯৭২	১৯৭১

জেনারেল ওসমানীর সঙ্গে বিশেষ সাক্ষাৎকার
হেয়াদেত হোসাইন মোরশেদ

প্রশ্ন : - মুক্তিবাহিনী কিভাবে সংগঠিত হয়েছিল এবং ২৬ শে মার্চের পর থেকে ৩রা ডিসেম্বর তারা কিান ধরনের রণনীতি ও রণকৌশল আবলম্বন করেছিলেন?

জেনারেল ওসমানী: আপনাদের মনে আছে ২৬ শে মার্চ থেকে শত্রুকে প্রতিরোধ এবং বাঙ্গালীকে দমনে শত্রুদের কার্যক্রম প্রতিরোধ করতে প্রথমে ঝাঁপিয়ে পড়েছিলেন ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বীর বাঙ্গালী সৈনিক, প্রাক্তন ই-পি-আর -এর বীর বাঙ্গালীরা এবং আনসার, মোজাহেদ ও সশস্ত্র পুলিশ বাহিনীর বীর জওয়ানেরা। সঙ্গে সঙ্গে এদরে সাথে এসে যোগ দিয়েছিলেন যুবক ও ছাত্ররা।

সর্বপ্রথমে যুদ্ধ হয় নিয়মিত পদ্ধতিতে। আর এই পদ্ধতিতে যুদ্ধ চালু থাকে মে মাস পর্যন্ত। শত্রুকে ছাউনিতে যথাসম্ভব আবদ্ধ রাখা এবং যোগাযোগ কেন্দ্রসমূহ তাকে কব্জা করতে না দেয়ার জন্য নিয়মিত বাহিনীর পদ্ধতিতে যুদ্ধ করা হয়েছিল। এ জন্যে পদ্ধতি ছিল- যত বেশী বাধা সৃষ্টি করা যায় তা সৃষ্টি করা হবে; যেসব ন্যাচারাল অবস্টাকল বা প্রতিবন্ধক রয়েছে তা রক্ষা করতে হবে এর সাথে সাথে শত্রুর প্রান্তভাগে ও যোগাযোগের পথে আঘাত হানা হবে। মূলত: এই পদ্ধতি ছিলো নিয়মিত বাহিনীর পদ্ধতি। আর সংখ্যায় কম হওয়াসত্ত্বেও নিয়মিত বাহিনী অত্যন্ত বীরত্বের সাথে এই পদ্বতিতে যুদ্ধকরে। এই পর্যায়ে বেশ কয়েকটি বিশেষ উল্লেখযোগ্য যুদ্ধ রয়েছে। যথা:- ভৈরব-আশুগঞ্জের যুদ্ধ। এই যুদ্ধে ইস্ট বেঙ্গল রেজিমেন্টার শত্রুবাহিনীকে চারদিন আটকে রাখা হয়।

তবে একটা বিষয় আমি আলোকপাত করতে চাই। নিয়মিত বাহিনীর যেটা স্বাভঅবিক কৌশল তা আমাদের সংখ্যা কম হওয়ার জন্যে কিছুটা পরিবর্তন করা হয়েছিল। আমরা ছোট ছোট অংশে অর্থাৎ ছোট ছোট পেট্রোল বা ছোট ছোট কোম্পানী প্লাটুনের অংশ দিয়ে শত্রুবাহিনীর তুলনামূলক অধিকসংখ্যক লোককে রুদ্ধ করে রাখি এবং সাথে সাথে শত্রুর ওপর আঘাতও হানতে থাকি। এভাবে চট্রাগ্রাম ও অন্যান্য সর্বপ্রথমে যুদ্ধ শুরু হয়।

সে সময় আমার ও আমার অধিনায়কদের কাছে একথা স্পষ্ট হয়ে উঠে যে, আমার কেবলমাত্র নিয়মিত বাহিনীর পদ্ধতিতে যুদ্ধ করে চলতে পারব না। কারণ আমাদের সংখ্যা তখন সর্বমোট মাত্র ৫টি ব্যাটালিয়ন। এছাড়া আমাদের সাথে প্রাক্তন ই-পি-আর- এর বাঙ্গলী জওয়ানেরা, আনসার, মোজাহেদ, পুলিশ ও যুবকরাও ছিলেন। যুবকদের অস্ত্র দেয়া একটু কঠিন হয়ে পড়েছিল। আমরা ভেতর থেকে যে অস্ত্রগুলো নিয়ে গিয়েছিলাম সেগুলো দিয়ে তাদেরকে তাড়াতাড়ি মোটামুটি প্রশিক্ষণ নিয়ে দাঁড় করিয়েছিলাম। আমাদের বিরুদ্ধে তখন শত্রুবাহিনীর ছিলো তিন-চারটি ডিভিশন। এই তিনটি ডিভিশনকেই নিতম সংখ্যা হিসাবে ধরে নিয়ে আমরা দেখতে পেলাম যে এদেরকে প্রতিরোধ করা, ধ্বংস করা সোজা নয়, সম্ভব নয়। তাই এপ্রিল মাস নাগাদ এটি আমার কাছে পরিষ্কার ছিলো যে আমাদের একটি বিরাট গণবাহিনী এ রকম হতে হবে যেমন মানুষের পেটের অন্ত্রের মধ্যে একটি শক্তিশালী জীবানু অস্ত্রটিকে ধ্বংস করে দিতে পারে ভেতরে থেকে শক্তিশালী গেরিলা বাহিনী

শত্রুর অস্ত্রগলো বিনষ্ট করে দেবে। শত্রুকে ধ্বংস করা সম্ভব হবে না। কারণ তাদের সংখ্যা বেশী তাদের অস্ত্র বেশী, তাদের বিমান রয়েছে, আর আমাদের কাছে বিমান ছিলোনা। এছাড়া সম্বল তাদের অনেক বেশী।

কিন্তু এই সাথে সাথে পরিষ্কার ছিলো যে বাইরে লেখা কলাসিক্যাল ওয়ারফেয়ার করে দেশ মুক্ত করতে হলে বহুদিন যুদ্ধ করতে হবে ইতিমধ্যে আমাদের দেশ ধ্বংস হয়ে যাবে। আমাদের সবচেয়ে বড় জনসম্পদ ধ্বংস হয়ে যাবে। আর বিশেষ কিছু উদ্ধার করার থাকবেনা। সেজন্য এপ্রিল মাসের শেষের দিকে এটাও আমার কাছে পরিষ্কার ছিলো যে আমাদের একটি নতুন পদ্ধতি অবলম্বন করতে হবে সময় কমাবার জন্যে। সেই পদ্ধতিতে বড় একটি গেরিলা বাহিনী গঠন করে ভেতর থেকে শত্রুর আঁঘাত করতে হবে এবং সাথে সাথে নিয়মিত বাহিনীর ছোট ছোট ইউনিট কোম্পানী বা প্লাটুন দিয়ে শত্রুকে আঘাত করতে হবে এবং বিচ্ছিন্ন হওয়ার জন্যে তাকে বাধ্য করতে হবে- সে যেন কনসেনট্রেটিড না থেকে ডিসপার্জড হয়।এই বিচ্ছিন্নতার ফলে তার সংখ্যাগরিষ্ঠতাজনিত শক্তি বিলুপ্ত হয়ে যাবে। সে ছোট ছোট সংযোগের রাস্তা, তার রি-ইনফোস মেন্টের রাস্তা ধ্বংস করে তাকে ছোট ছোট পকেটে আইসোলেট বা বিচ্ছিন্ন করা যাবে।

এজন্য আমার অনেক নিয়মিত বাহিনীরও প্রয়োজন ছিলো। এই প্রয়োজনের কথা আমি মে মাসের শুরুতে সরকারকে লিখিতভাবে জানাই। এবং এর ভিত্তিতে মিত্রদের কাছ থেকে সাহায্যও চাই। তাতে আমরা উদ্দেশ্য ছিলো- (ক) কমপক্ষে ৬০ থেকে ৮০ হাজার গেরিলা বাহিনী ও (খ) ২৫ হাজারের মতো নিয়মিত বাহিনী গড়ে তুলতে হবে। এই বাহিনী সত্বর গড়ে তুলতে হবে।কারণ, একদিকে গেরিলা পদ্ধতি এবং সঙ্গে সঙ্গে শত্রুকে নিয়মিত বাহিনীর কমাণ্ডো ধরনের রণকৌশল দিয়ে শক্তি বণ্টন করার বাধ্য করতে হবে যাতে তার শক্তি হ্রাস পায়।

এই পদ্ধতি আমরা কার্যে পরিণত করি। ক্রমশ: গড়ে উঠলো একটি বিরাট গণবাহিনী- গেরিলা বাহিনী। জুন মাসের শেষের দিক থেকে গেরিলাদের বিভিন্ন জেলায় পাঠানো হয়। প্রথমে বিভিন্ন জায়গায় ঘাঁটি বানানো হয়।এবং জুন মাসের শেষের দিক থেকে আমাদের গণবাহিনী বা গেরিলা বাহিনী এ্যাকশনে নামে। তবে, জুলাই-আগষ্ট মাসের আগ পর্যন্ত শত্রুবাহিনী তাদের ওপর গেরিলা বাহিনীর প্রবল চাপ বুঝতে পারেনি। যদিও শুরু থেকে আমরা কিছুসংখ্যাক যুবককে ট্রেনিং দিয়ে ভেতরে পাঠিয়েছিলাম। তার চট্রগ্রাম বন্দরেও গিয়েছিলো, ঢাকায়ও এসেছিলো। তবে গেরিলাদের শত্রুরা জুলাই মাস থেকে অনুভব শুরু করে।

এর সাথে সাথে আরেক দিকে দৃষ্টি নিবদ্ধ হয়। আমাদের নৌবাহিনী ছিলো না। আমার কাছে নিয়মিত নৌবাহিনীর বহু অফিসার, ওয়ারেন্ট অফিসার ও নাবিক আসেন। ফ্রান্সের মতো জায়গা থেকে কয়েকজন পাকিস্তানের ডুবোজাহাজ ছেড়ে আমাদের সঙ্গে যোগদান করেন। আমি তাদেরকে ভিত্তি করে এবং আমাদের বড় শক্তি যুবশক্তিকে ব্যবহার করে নৌকম্যাণ্ডো গঠন করি। এই নৌকম্যাণ্ডো জলপথে শত্রুর চলাচল ধ্বংস করতে সক্ষম হয়।

১৯৭১ সালের ১৪ ই আগস্ট থেকে আমাদের এই নৌকম্যাণ্ডোদের আক্রমণ শুরু হয়। তারা যে বীরত্ব কৃতিত্ব দেখিয়েছে পৃথিবীর ইতিহাসে তার নজীর নেই। তারা মঙ্গলায় বহু জাহাজ ডুবায়। তারা শত্রুর জন্যে বিভিন্ন অস্ত্র-সামান নিয়ে যেসব জাহাজ আসছিল চট্রগ্রামে সেগুলো ধ্বংস করে। এজন্যে অত্যন্ত দুঃসাহসের প্রয়োজনে ছিলো। তারা শত্রুর দটো বন্দর করে দেয় এবং নদীপথেও তাদের যাতায়াত বন্ধ করে দেয়।

আমদের কৌশল অত্যন্ত ফলপ্রসূ বলে পমাণিত হয়। সেপ্টেম্বরের শেষনাগাদ শত্রুরক্তহীন হয় ওঠে। তার ২৫ হাজারের মতো সৈন্য বিনষ্ট হয়। বহু যানবাহনের লোকসান হয়।৩রা ডিসেম্বর পর্যন্ত শত্রুর এ অবস্থা দাঁড়ায় যে একজন বক্রার রিং- এর দ্বিতীয় রাউন্ডে ক্লান্ত হয়ে ঘুরছে এবং একটা কড়া ঘুষি খেলে পড়ে যাবে- তার যোগাযোগ অবস্থা সম্পূর্ণভাবে বিছিন্ন হয়ে পড়েছিল। যেভাবে আমার উদ্দেশ্য ছিলো সেভাবে বিভিন্ন

জায়গায় তারা ছোট ছোট পকেট বানিয়েছিলো। তারা কোটি কোটি টাকা খরচ করে রি-ইনফোর্স কংক্রিটের বাংকার বানিয়েছিল। সেগুলোর মধ্যে তারা ঢুকে ছিলো। রাতের বেলাতো বেরুতো না-ই, দিনের বেলায়ও বেশীসংখ্যক লোক ছাড়া বেরুতো না। শত্রুর তখন এই অবস্থা দাঁড়িয়েছিল।

অক্টোবর-নভেম্বর থেকেই শত্রু যুদ্ধকে আন্তর্জাতিকীকরণের প্রচেষ্টা চালাচ্ছিল। যাতে তাদের জান বাঁচে, জাতিসংঘের হস্তপেক্ষেপের পর একটা যুদ্ধবিরতি হয়, অবজারভার এসে যায় এবং জাতিসংঘের কাছে সমস্যাটি দিয়ে তাদের জান রাক্ষা হয়-শত্রুপক্ষের এই ছলো প্রচেষ্টা। কারণ, তখন তারা নিশ্চিন্ত হয়ে গিয়েছিলো যে তাদের পরাজয় একেবারে অনিবার্য। জাতিসংঘ যখন হস্তক্ষেপ করলো না তখন তারা একটা আন্তর্জাতিক যুদ্ধের পরিস্থিতি সৃষ্টির প্রচেষ্টা চালালো যাতে জাতিসংঘ এ ব্যাপারে হস্তক্ষেপ করতে বাধ্য হয়। প্রথমে তারা আমাদের ঘাঁটি, পজিশন ও বেসগুলোর ওপর বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে হামলা করে। সাথে সাথে তারা পশ্চিমাবঙ্গ ও ত্রিপুরাঞ্চলেও গোলাগুলি শুরু করে।

আরেকটি ব্যাপার আমি বলতে চাই। আমার কাছে বিমান ছিলো না। তবে শেষের দিকে কয়েকটি বিমান নিয়ে আমি ছোটখাটো একটি বিমানবাহিনী গঠন করেছিলাম। আমি যে বিমান পেয়েছিলাম তা ছিলো দু'টো হেলিকপ্টর, একটি অটার এবং আমার যানবাহনস্বরুপ একটি ডাকোটা। সেই অটার ও হেলিক্টারগুলোতে মেশিনগান লাগিয়ে যথেষ্ট সজ্জিত করা হলো। আমাদের যেসব বৈমানিক স্থলযুদ্ধে রত ছিলেন তাদের মধ্যে থেকে প্রয়োজনীয় সংখ্যক লোক নিয়ে অত্যন্ত কৃতিত্বের সাথে একটি ছোট বিমান বাহিনী গঠন করা হলো। এই বাহিনীর কৌশল ছিলো গুরুত্বপূর্ণ কয়েকটি ঘাঁটিতে হামলা করা এবং ইণ্টারডিকসন অর্থাৎ শত্রুর যোগাযোগের পথকে বন্ধ করে দেবার জন্যে লক্ষ্যবস্তুর ওপর আঘাত হানা।

আপনারা জানেন কিনা জানি না, শত্রুর ওপর প্রথম যে বিমান হামলা হয়েছে তা বাংলাদেশের বীর বৈমানিকেরা করেছে। ২৬ শে মার্চ থেকে ৩রা ডিসেম্বর পর্যন্ত যে যুদ্ধ হয়েছে তাতে যদিও আমাদের কাছে বিমান ছিলো না কিন্তু আমরা বিমান ঘাঁটিগুলোতে আঘাত হেনেছি। শেষের দিকে একজন মুক্তিযোদ্ধা সিলেট বিমান ঘাঁটিতে একটি সি-১৩০ বিমানের ওপর অত্যন্ত বীরত্বের সাথে মেশিনগান চালায়। মেশিনগানের গুলিতে যদিও সি-১৩০ বিমানটি পড়ে যায়নি, তবে কোন রকমে ঢুলু ঢুলু করে চলে গিয়ে শমসেরনগরে নেমেছিলো এবং পরে অনেকদিন মেরামতে ছিল।

প্রশ্নঃ ৩রা ডিসেম্বর থেকে ১৬ই ডিসেম্বর পর্যন্ত সম্মিলিত বাহিনীর রণনীতি রণকৌশল কি ছিলো?

জেনারেল ওসমানী: প্রথমেই এ কথা নিচ্ছি, শেষের দিকে অর্থাৎ ডিসেম্বরের আগে শেষ পর্যায়ে শত্রুবাহিনী ভারতের উপর যথেষ্ট পরিমাণ হামলা শুরু করলো। পরিস্থিতি এমন দাঁড়ালো যে ভারতীয়দের যুদ্ধে নামতে হবে-যদিও উপর থেকে তারা তখনো নির্দেশ পাননি। এমন কি শেষের দিকে যখন যশোর সীমান্তে ভারতের উপর হামলা হয়েছে তখনো উপর থেকে ক্লিয়ারেন্স আসোনি।

একদিনের কথা আমার মনে পড়েছে। সেই অঞ্চলে যুদ্ধরত আমার মুক্তিবাহিনীর উপর মুক্তিবাহিনীর উপর আক্রমণ হচ্ছে। আমাদের কাছে ট্যাঙ্ক ছিলো না। পাকিস্তানী ট্যাঙ্কগুলো ভারতীয় অঞ্চলের উপরও গোলাবর্ষণ করছে। আমি তখন ওদের জিজ্ঞেস করলাম, আপনারা এর জবাব দিচ্ছেন না কেন? তারা বললেন, 'পলিটিক্যাল ক্লিয়ারেন্স নেই। তখন আমার নিয়মিত বাহিনী ও গণবাহিনীর যোদ্ধারা অতি বীরত্ব ও কৃতিত্বের সহিত মোকাবেলা করেছে।

ভারতীয় বাহিনী ৩রা ডিসেম্বর যুদ্ধে নামে। এবং শত্রু আত্মসমর্পণ না করা পর্যন্ত ১৩ দিন যুদ্ধ করেছিলেন। অবশ্য এর আগে তারা আমাদের যথেষ্ট সাহায্য করেছিলেন। ভারতীয় বাহিনীর যখন যুদ্ধে নেমে আসার সম্ভাবনা দেখো দিল তখন আমরা সম্মিলিতভাবে পরিকল্পনা করে একটি রণনীতি অবলম্বন করি। সেই নীতি ছিলো যেহেতু ভারতীয়দের কাছে ট্যাঙ্ক, কামান ও বিমান রয়েছে সেজন্য যেখানে অধিক শক্তিশালী প্রতিরোধ রয়েছে এবং বড়

অস্ত্রশক্তি প্রয়োজন সেখানে তারা প্রথম লক্ষ্য দেবেন এবং আমাদের বাহিনী শত্রুকে 'আউটফ্লাঙ্ক' অর্থাৎ শত্রুকে দু'পাশ দিয়ে অতিক্রম করে- 'ক্রস কান্ট্রি' দিয়ে গিয়ে ব্যূহের পার্শ্বভাগে আক্রমণ করবে অর্থবা ভারতীয়রা সামনের দিকে শত্রুকে ঠেকিয়ে রাখবে এবং আমাদের বাহিনী 'আউটফ্লঙ্ক' করে পেছন দিক দিয়ে আক্রমণ করবে। যেহেতু অঞ্চলগুলো সম্পর্কে আমাদের বাহিনীর অভিজ্ঞতা ছিলো, আমার বাহিনী হাল্কা ছিলো ও ক্ষিপ্রতার সাথে রণাঙ্গনে চলাচলে সক্ষম এবং যেহেতু অঞ্চলাগুলো সম্পর্কে আমাদের বাহিনী সম্পূর্ণ সজাগ ছিলো। সে জন্যে এই কাজগুলো করার দায়িত্ব ছিলো আমাদের উপর। যেখানে অধিকসংখ্যক গোলাবারুদ, বিমান বা ট্যাঙ্কের আক্রমণ করতে হবে সেখানে ভারতীয় বাহিনী শক্তি নিয়োগ করবে।

যেসব অঞ্চল কেবলমাত্র বাংলাদেশ সশস্ত্র বাহিনী অর্থাৎ মুক্তিবাহিনী মুক্ত করেছিলো সেখানে আমাদের বাহিনী সম্পূর্ণভাবে আমাদের নিজেদের পরিকল্পিত পদ্ধতিতেই যুদ্ধ করেন। আমাদের বাহিনী যেসব অঞ্চল এভাবে মুক্ত করে তার মধ্যে উত্তরবঙ্গের কুড়িগ্রাম ও লালমনিরহাট অঞ্চল, সিলেটের সুনামগঞ্জ ও দুতিক অঞ্চল, হবিগঞ্জ, কুমিল্লা, আখাউড়া ও ব্রাহ্মণবাড়িয়ার উত্তরাঞ্চল, চট্টগ্রামের করেহাট, হায়াকু, হাটহাজারী অঞ্চলের 'এক্সেস অব এডভান্স,' কুষ্টিয়ার আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ও মেহেরপুর অঞ্চল, যশোরের মনিররামপুর ও অভয়নগর অঞ্চল, খুলনার বাগেরহাট, সাতক্ষীরা ও কালিগঞ্জ অঞ্চল, ফরিদপুর সদর, মাদারীপুর ও গোপালগঞ্জ অঞ্চল, বরিশাল ও পটুয়াখালী অঞ্চল এবং ঢাকা পৌঁছার শেষ পর্যায়ে ব্রাহ্মণবাড়িয়া, ভৈরব, নরসিংদী, ঢাকা-এই 'এক্সেস অব এডভান্স' রয়েছে। শেষ পর্যন্ত মিত্ররাও এই পদ্ধতিটি বেশী কার্যকর বলে মেনে নিয়েছিলেন। এই পদ্ধতি ছিলো- শত্রুর সেখানে পাকা বাঙ্কার বা রি-ইনফোর্সড কংক্রিটের শক্তিশালী ব্যূহ বা স্ট্রং পয়েন্ট রয়েছে সেখানে গিয়ে সরাসরি ঢুঁ মারা বুরবকের কাজ। এ ক্ষেত্রে যা করতে হবে তা ১৯৪২ সালে জাপানীরা বৃটিশ বাহিনীকে (যাতে আমিও ছিলাম) শিখিয়েছিলো। এক্ষত্রে সামনে দিয়ে শত্রুকে ব্যস্ত রাখতে হবে এবং তাকে 'আউটফ্লঙ্ক' করে ওর পেছনে গিয়ে স্ট্রং পয়েন্ট বানিয়ে বসুন। সে যাবে কোথায় এবং ওর রি-ইনফোর্সমেন্ট ও গেলাবারুদ, রসদ ইত্যাদি আসবে কেথেকে? এইভাবে তাকে বিছিন্ন করে তার ব্যূহের পেছনে ও পার্শ্বভাগে আঘাত করুন। প্রথম প্রথম মিত্রদের অনেকে ভাববেন তাকে বিছিন্ন করে তার ব্যূহকে পেছনে ও পার্শ্বভাগে আঘাত করেন। প্রথম প্রথম মিত্রদের অনেকে ভাবতেন আমরা কি ভীতু নাকি! তারপর একটি অভিজ্ঞাতা হওয়ার পর বুঝলেন যে আমাদের পদ্ধতিই একমাত্র কার্যকর রণপদ্ধতি। এইভাবে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের কেবল একটি ব্যাটালিয়ন শত্রুর ১৪নং ডিভিশনকে আশুগঞ্জের যুদ্ধের পর ঘেরাও কের অকেজো করে দেয়।

তাই যেসব অঞ্চলে আমরা একা যুদ্ধ করেছি সেখানে আমাদের পদ্ধতি ছিলো, শত্রুর শক্তিশালী ঘাঁটিকে বিছিন্ন করে তাকে সম্মুখভাগে ব্যস্ত রেখে তাকে 'আউটফ্লাঙ্ক' করে পেছনে গিয়ে বসা এবং তারপর পার্শ্বভাগ ও পেছনের দিক থেকে আক্রমণ করে তাকে ধ্বংস করা। অভ্যন্তর ভাগের গেরিলাদের (গণবাহিনীর) ও আমাদের নিয়মিত বাহিনীর আক্রমণের সামঞ্জস্য বিধন করা। নির্দেশ থাকতো, গেরিলারা যখন অমুক জায়গায় আক্রমণ করবে তখন দৃষ্টিকে অন্যদিকে ধাবিত করতে হবে এবং শত্রুর যাতে গোলাগুলি ও রি-ইনফোর্সমেন্ট না আসতে পারে তার ব্যবস্থা করবে। গেরিলারা অমুক জায়গায় অমুক পুলটি উড়াবেন। তবে আমরা বড় বড় পুলগুলোতে হাত দিইনি। সেই পুলগুলো শত্রুরাই আত্মসমর্পণের আগে ভেঙ্গেছিলো।

যেখানে সম্মিলিতভাবে কাজ করেছি সেখানে কৌশল ছিলো যেখানে অধিক অস্ত্র, গোলাবারুদ, ট্যাঙ্ক ব্যবহারের প্রয়োজন দেখা দবে, 'এক্সেস অব এডভান্স'-এ ভার শত্রুর স্ট্রং পয়েন্টের উপর চাপ প্রয়োগ করবে এবং বাংলাদেশ বাহিনী 'আউটফ্লাঙ্ক' করে গিয়ে পার্শ্বভাগে বা পেছনের দিক থেকে আক্রমণ করবে।

এর সঙ্গে সঙ্গে এটাও সুস্পষ্ট নীতি ছিলো যে, স্ট্রং পয়েন্টগুরো 'ক্লিয়ার' করার পরবর্তী পর্যায় শত্রুর অন্য পজিশনগুলো আয়ত্ত্ব করতে হবে, সেখানে মুক্তিবাহিনী অর্থাৎ বাংলাদেশ সশস্ত্র বাহিনী এগোবে। তাঁদের অগ্রাভিযানে ভারতীয় গোলন্দাজ বাহিনী যতোটুকু সাপোর্ট দেয়ার ঠিক ততোটুকু দেবে।

প্রঃ মক্তিবাননী ও ভারতীয় বাহিনী যখন একসাথে এগোতে তখন অগ্রবর্তী দল হিসেবে মুক্তিবাহিনী যেতো এবং সাপোর্ট আসতো ভারতীয় বাহিনীর কাছ থেকে-তাই কি?

জেনারেল ওসমানী : দু'রকমের ছিল। সেটা হয়েছে প্রথমে 'স্ট্রং পয়েন্টটি ক্লিয়ার কারার পরে। মনে করুন, শত্রুর খুব শক্তিশালী একটা ঘাঁটি রয়েছে। সেই ঘাটির উপর ভারতীয় বাহিনী ট্যাঙ্ক কামান দিয়ে হামলা করতো। সেই সঙ্গে সঙ্গে মুক্তিবাহিনী 'ক্রস কান্ট্রি' দিয়ে গিয়ে 'আউটফ্লাঙ্ক' করতো। ক্রস কান্ট্রি এগিয়ে যাওয়ার বিশেষ দক্ষতা মুক্তিবাহিনীর ছিল। এর দুটো কারণ ছিল- প্রথমতঃ আমরা ন''মাস নিজের অঞ্চলে যুদ্ধ করে আসছি এবং আমাদের বাহিনী তুলনায় হাল্কা ছিল। দ্বিতীয়তঃ আমাদের সংযোগ ছিল স্থানীয় লোকের সাথে, আমাদের প্রতি তাদের ছিলো পুরো সমর্থন। সেজন্য আমরা সঙ্গে সঙ্গে আউটফ্লাঙ্ক করে শত্রুপার্শ্বভাগ ও পেছন থেকে আক্রমণ করতাম যাতে সে আর টিকতে না পারে। তৎপর যখন অগ্রবর্তী অন্যান্য শত্রুপজিশন আক্রমণ করতে হতো বা এগিয়ে যেতে হতো তখন আমাদের বাহিনী অগ্রসর হতো ও আক্রমণ করতো কারণ অঞ্চলের পথঘাটগুলো আমাদের জানা ছিল, শত্রুর পজিশন সম্পর্কে প্রতি মুহূর্তের খবর আমাদের দেশের অভ্যন্তরে অবস্থিত আমাদের সেলগুলোর থাকতো এবং গেরিলাদের সাথে আমাদের সমন্বয় ও সংযোগ ছিল। আবার এখানেও প্রয়োজন হলে ভারতীয় বাহিনী আমাদেরকে আর্টিলারী বা ভারী কামানের দ্বারা সাপোর্ট দিত।

প্রঃ ক'টি সেক্টর ছিল? হেডকোয়ার্টার কোথায় ছিল?

জেনারেল ওসমানীঃ বাংলাদেশকে আমি ১১টি সেক্টরে ভাগ করেছিলাম। ১১টি সেক্টর একেকজন অধিনায়কের অধীনে ছিল। এবং প্রত্যেক অধিনায়কের একটি সেক্টর হেডকোয়ার্টার ছিল। এবং এই সেক্টর হেডকোয়ার্টারগুলি বাংলাদশের ভেতরেই ছিল। এই সেক্টরগুলোর উপর ভিত্তি করে আমি যুদ্ধটি লড়েছি। কারণ, বাংলাদেশের মত এত বড় একটা 'থিয়েটার' অর্থাৎ দেশব্যাপী রণক্ষেত্রে-যার ১১টি সেক্টরের মধ্যে রয়েছ অসংখ্য নদীনালা ও ব্যাপক দূরত্ব-কেন্দ্রীভূতভাবে দৈনন্দিন যুদ্ধ পরিচালনার জন্যে যুক্ত সামরিক সদর দফতর, উপযুক্ত পরিমাণ অফিসার ও স্টাফ, যোগাযোগ ব্যাবস্থা ও সম্পদ এবং সঙ্গতির প্রয়োজন তা সংগ্রহ করা আমাদের পক্ষে সম্ভব ছিল না। আমার ছিল মাত্র ১০ জন অফিসার বিশিষ্ট একটি ক্ষুদ্র সশস্ত বাহিনীর রণ পরিচালনার হেডকোয়ার্টার। এছাড়া, এতবড় একটা বিরাট অঞ্চলব্যাপী সামগ্রিক যুদ্ধে পরিচালনা আমাদের তখনকার পরিস্থিতিতে শুধু অসম্ভব নয়, অবাস্তবও ছিল। তাই আমি আমার চীফ অব স্টাফ ও অন্যান্য কমাণ্ডারদের কাছে আমাদের জাতীয় লক্ষ্য, আমাদের রাজনৈতিক ও সামরিক বিবেচ্য বিষয়ের সঠিক মূল্যায়ন এবং আমাদের ও শত্রুর কাছে কার্যক্রমের কেন কোন পথ উন্মুক্ত রয়েছে ইত্যাদি বিষয়ে সঠিক চিত্র তুলে ধরি। আমাদের সামরিক লক্ষ্য ও সে লক্ষ্য অর্জনের জন্য যুদ্ধ পরিচালনা সম্পর্কিত আমাদের নির্দেশের (অপারেশনাল ইনস্ট্রাকশন ও অপারেশনাল ডাইরেকটিভ) মাধ্যমে সাধারণভাবে আমাদের বাহিনীর করণীয়, প্রত্যেক সেক্টরে তাদের বিশেষ করণীয়, বিভিন্ন সেক্টরের কার্যক্রমের সমন্বয় সাধন এবং সাংগঠনিক ও যুদ্ধ পরিচালনা বিষয়ে জানতাম। আমার এইসব নির্দেশের পরিপ্রেক্ষিতে প্রতিটি সেক্টর কমাণ্ডারদের সাথে আমি লিয়াজোঁ অফিসার ও মুক্তিযোদ্ধাদের মাধ্যমে যোগাযোগ রক্ষা করতাম। এছাড়া আমার কমাণ্ডারদের সাথে প্রত্যক্ষ যোগাযোগ রক্ষা এবং যুদ্ধের অবস্থা সমন্ধে সরাসরি অভিজ্ঞতা লাভের জন্য আমি এক সেক্টর থেকে যেতাম অন্য সেক্টরে। সে অবস্থায় আমি যখন যে সেক্টরে থাকতাম, সে সেক্টরের হেডকোয়ার্টারই হতো আমার হেডকোয়ার্টার। এভাবে প্রত্যক্ষভাবে পরিস্থিতির সঠিক মূল্যায়ন করতাম ও সে অনুযায়ী নির্দেশ দিতাম। এছাড়া যুদ্ধকালীণ মন্ত্রিসভাকেও আমি যুদ্ধের অগ্রগতি ও সামরিক পরিস্থিতির সম্বন্ধে অবহিত রাখতাম।

যখন বাংলাদেশ সরকার আমাকে সর্বাধিনায়ক হিসেবে নিয়োগ করেন তখন আমি তাদের অনুমোদন লেঃ কর্নেল (বর্তমানে মেজর জেনারেল) এম, এ, রবকে চীফ অব স্টাফ নিয়োগ করি। তিনি আমার পরে সবচেয়ে সিনিয়র ছিলেন। তিনি গণপরিষদেরও সদস্য।

বিভিন্ন সেক্টরের কমাণ্ডার নিয়োগ করিঃ (১) এক নম্বর সেক্টরে প্রথম মেজর (বর্তমানে কর্নেল) জিয়াউর রহমান, পরে মেজর রফিক। (২) দুই নম্বর সেক্টরের কমাণ্ডার মেজর (বর্তমানে কর্নেল) খালেদ মোশাররফ, পরে তিনি যখন 'কে' ফোর্স-এর কমাণ্ডার হয়ে যান তখন বেশ কিছুদিন তিনি দুটাই কমাণ্ড করছিলেন, তিনি আহত হওয়ার পরে মেজর আবু সালেক চৌধুরী কমান্ড করেন 'ক' ফোর্স এবং ২ নম্বর সেক্টরে মেজর হায়দার। (৩) তিন নম্বর সেক্টরের কমান্ডার ছিলেন প্রথমে মেজর (বর্তমানে কর্নেল) শফিউল্লাহ, পরে যখন তিনি 'এস' ফোর্সের কমান্ডার হয়ে যান তখন মেজর (বর্তমানে লেঃ কর্নেল) শফিউল্লাহ, নূরুজ্জামান-বর্তমানে যিনি জাতীয় রক্ষী বাহিনীর ডাইরেক্টর-তাঁর স্থলাভিষিক্ত হন। (৪) চার নম্বর সেক্টরে কমাণ্ডার ছিলেন মেজর (বর্তমানে কর্নেল) চিত্তরঞ্জন দত্ত, যিনি সকল নিয়মিত অফিসার যারা চাকুরীতে রয়েছেন তাদের সকলের মধ্যে সিনিয়র। আইয়ুব আমলে তাকে সুপারসিড করা হয়েছিল। (৫) পাঁচ নম্বর সেক্টরে ছিলেন মেজর (বর্তমানে কর্নেল) মীর শওকত আলী, যিনি যুদ্ধের প্রারম্ভে চট্টগ্রামে ও পার্বত্য চট্রগ্রামে যুদ্ধ করেন। (৬) ছয় নম্বর সেক্টরে ছিলেন উইং কমাণ্ডার (বর্তমানে গ্রুপ ক্যাপ্টেন) বাশার, তিনি বৈমানিক কিন্তু স্থলে অত্যন্ত কৃতিত্বের সাথে যুদ্ধ করেছেন। (৭) সাত নম্বর সেক্টরে কমান্ডার ছিলেন মেজর (পরে লেঃ কর্ণেল) কাজী নূরুজ্জামান। তিনি পেনশনে ছিলেন ও আমার মতো যুদ্ধাবস্থায় এ্যাকটিভ লিস্টে কাজে যোগদান করেছিলেন। আবার পেনশনে চলে গেছেন। (৮) আট নম্বর সেক্টরের শুরুতে কমান্ডার ছিলেন মেজর (বর্তমানে কর্ণেল) ওসমান চৌধুরী এবং আগস্ট মাস থেকে মেজর (বর্তমানে কর্ণেল) মনজুর। (৯) নয় নম্বর সেক্টরে কমাণ্ডার ছিলেন প্রায় শেষের দিক পর্যন্ত মেজর এম. এ. জলিল। তিনি এখন চাকুরীতে নেই। তারপরে ছিলেন মেজর জয়নাল আবেদীন। (১০) দশ নম্বর সেক্টর (নৌকমাণ্ডো-সমুদ্র উপকূলীয় অঞ্চল ও আভ্যন্তরীণ নৌপথ)। এতে নৌকমান্ডোর বিভিন্ন সেক্টরে নির্দিষ্ট মিশনে সংশ্লিষ্ট কমাণ্ডারের অধীনে কাজ করতেন। (১১) এগারো নম্বর সেক্টরে ছিলেন মেজর (পরে লেঃ কর্ণেল) আবু তাহের, ইনি জখমের জন্যে বোর্ড আউট হয়েছেন। এছাড়া, তিনটি ব্রিগেড ফোর্স-জেড ফোস ও এস ফোস কমান্ডার ছিলেন যথাক্রমে জিয়াউর রহমান, খালেদ মোশাররফ ও শফিউল্লাহ। হেডকোয়ার্টারে ডেপুটি চীফ অব ষ্টাফ ছিলেন গ্রুপ ক্যাপ্টেন (বর্তমানে এয়ার কমাণ্ডার) এ, কে, খোন্দকার। চীফ অব স্টাফ রব সাহেব পূর্বাঞ্চলে থাকতেন। ওখানে আমার হেডকোয়ার্টারের একটি অংশ ছিল। ওখানে যতগুলো সমস্যা-প্রশাসন ও রণপরিচালনা সম্পর্কিত-তিনি সরাসরি ব্যবস্থা গ্রহণ করতেন যেটা নীতি গ্রহণ সম্পর্কিত হত সে বিষয়ে আমার নির্দেশ চাওয়া হত।

প্রশ্নঃ নিয়মিত বাহিনীর সংখ্যা কত ছিল এবং কি ধরনের অস্ত্রে তারা সজ্জিত ছিল? গণবাহিনীর মোট সংখ্যা কত দাঁড়িয়েছিল?

জেনারেল ওসমানীঃ নিয়মিত বাহিনীর সংখ্যা বাড়াতে বেগ পেতে হয়েছিল। অস্ত্র নিয়ে বেগ পেতে হতো। বেশীর ভাগ সময় সকলের সদিচ্ছা থাকলেও অনেক জিনিস আমরা পেতাম না। আমার চেষ্টা ও চিন্তা এই ছিল যে, আমি বিভিন্ন অস্ত্র কত তাড়াতাড়ি যোগাড় করতে পারি। কারণ ভারতীয়রা যদি তরা ডিসেম্বর যুদ্ধে না নামতো তাহলে তখন যে পরিস্থিতি ছিল তাতে আমাকে আরো ছয় মাস যুদ্ধ করতে হতো। এতে দেশের আরো অনেক ক্ষতি হত। এজন্য শত্রুকে আরও সত্বর ধ্বংস করার জন্য অনেকগুলো অস্ত্রের আমাদের প্রয়োজন ছিল। সর্বশেষ একটি দেশের সাথে আমার সংযোগ হয়েছিল। সেই দেশটি তখনই অস্ত্র দিতে প্রস্তুত ছিল যদি আমার নিজের বিমান ঘাঁটি থাকতো। সে জন্যে আমি জেড ফোর্সকে (বাংলাদেশ সশস্ত্র বাহিনীর প্রথম ব্রিগেড) সিলেট পাঠিয়েছিলাম। অনেকেই জানতেন না হঠাৎ কেন জেড ফোর্সকে সিলেটের উপর চাপালাম। তারা কেবলমাত্র স্ট্র্যাটেজিক কারণই জানতেন। আমার উদ্দেশ্য ছিল দুটো, বিমানঘাঁটি যত তাড়াতাড়ি পাই তত তাড়াতাড়ি আমি হয়তো অনেক জিনিস সরাসরি আনতে সক্ষম হবো। এছাড়া শত্রুর শক্তিকে অন্যদিকে আকর্ষণ করাও আমার উদ্দেশ্য ছিল।

যাহোক, যুদ্ধের শুরুতে খুব তাড়াতাড়ি একটা বিরাট বাহিনী গড়ে তোলা সম্ভব মনে হত না। কিন্তু আমার মুক্তিবাহিনীর সৈনিকদের, নিয়মিত বাহিনীর অফিসার ও অধিনায়কদের চেষ্টায় আমি যুদ্ধের শেষ পর্যন্ত প্রায় কুড়ি থেকে বাইশ হাজার সৈন্য সম্বলিত নিয়মিত বাহিনী গড়ে তুলেছিলাম। তারা সাধারণ ইনফ্যানট্রি অস্ত্রে সজ্জিত ছিলেন।

দুটো গোলন্দাজ ব্যাটারী আমরা গড়ে তুলেছিলাম। ভারতীয়দের প্রাচীন কিছু, কামান ছিল। ওগুলো দিয়ে প্রথম ব্যাটারীটি গড়ে উঠেছিল। ওর নাম দিয়েছিলাম 'নম্বর ওয়ান মুজিব ব্যাটারী।' এই ব্যাটারী যুদ্ধেও ছিল। এর পরে আমরা দ্বিতীয় ব্যাটারী গঠন করি। আগেরটির চেয়ে একটু ভাল কামান দিয়ে এটি সজ্জিত ছিল। এ ব্যাটারীও যুদ্ধ করে।

আমরা যুদ্ধ আরম্ভ করি প্রায় ৫টি ব্যাটালিয়ন সৈন্য দিয়ে। যুদ্ধের শুরুতেই অনেকগুলোর সংখ্যা পূরণ করতে হয়েছে। যেমন, ইস্টবেঙ্গল রেজিমেন্টের প্রথম ব্যাটালিয়ন-একটি অত্যন্ত ঐতিহ্যবাহী পুরোনো পল্টন। মাত্র ১৮৮ জনকে আমি পেয়েছিলাম। বাকীরা নিহত কিংবা আহত হয়েছিলেন যশোরের যুদ্ধে। তাদের সংখ্যা পূরণ করতে হলো। শেষ পর্যন্ত আমি ৫টি ব্যাটালিয়ন থেকে ৮টি ব্যাটালিয়নে উন্নীত করি। এগুলো ছিল ইস্ট বেঙ্গল রেজিমেন্টের এক, দুই, তিন, চার, আট, নয়, দশ, এগারো নং ব্যাটালিয়ণ। নয়, দশ, এগারো নং ছিল নতুন।

এছাড়া সেক্টর ট্রুপস গড়ে তুলি। সেক্টর ট্রুপস-এর সংখ্যা শেষ পযন্ত ছিল দশ হাজার। যারা প্রাক্তন ইপিআর এবং নিয়মিত বাহিনীর বিভিন্ন ব্রাঞ্চ থেকে এসেছিলেন তাদেরকে ১১টি সেক্টরে নিয়মিত বাহিনীর সেক্টর ট্রুপস হিসেবে গড়ে তোলা হয়েছিল। কোন সেক্টরে চারটি কোম্পানি, কোন সেক্টরে পাঁচটি কোম্পানি, কোন সেক্টরে ছ'টি কোম্পানী-এমনি বিভিন্ন সেক্টরে প্রয়োজন অনুসারে সংখ্যা বিভিন্ন ছিল। তারা সেক্টর কমাণ্ডারের অধীনে যুদ্ধ করতেন।

নিয়মিত ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ব্যাটালিয়ন দিয়ে গঠিত হয়েছিল ব্রিগেড। ব্রিগেডগুলোকে আমি ফোর্স নাম দিয়েছিলাম- জেড ফোর্স, কে ফোর্স, এস ফোর্স। ব্রিগেডগুলোর কমান্ডারদের নামে এই নামকরণ হয়েছিল। জেড ফোর্স কমাণ্ড করতেন জিয়াউর রহমান, কে ফোর্স খালেদ মোশাররফ এবং এস ফোর্স শফিউল্লাহ।

বিভিন্ন সূত্রে সংগৃহীত ও সুবিবেচনার সাথে নির্বাচিত দলিলগুলো থেকে আমাদের স্বাধীনতা যুদ্ধের একটি সার্বিক, প্রামাণ্য ও নিরপেক্ষ চিত্র বেরিয়ে আসবে, আমরা এ আশা পোষণ করছি। সংগৃহীত সমুদয় দলিল একটি স্থায়ী আর্কাইভস্ গঠনে সহায়তা করবে। অনুদঘাটিত ও অনাবিস্কৃত দলিলগুলো ভবিষ্যতে সংগৃহীত হলে পরিশিষ্টের মাধ্যমে সেগুলো মূল দলিলের সংগে সংযোজিত হতে পারে।

প্রকাশিত দলিলগুলো পাঠক সমাজ ও গবেষকদের কাছে সমাদৃত হলে আমাদের শ্রম সার্থক বলে মনে করব।

১৪ সেপ্টেম্বর,
১৯৮২।

মফিজুল্লাহ কবীর
চেয়ারম্যান,
প্রামাণ্যকরণ কমিটি,
বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প।

ভূমিকা

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময়সীমা ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত। এই সময়ে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সংগে সম্পর্কিত সারা বিশ্বে যা কিছু ঘটেছে তার তথ্য ও দলিলপত্র সংগ্রহ এবং সেসবের ওপর ভিত্তি করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনা ও মুদ্রণের দায়িত্ব অর্পিত হয় মুক্তিযুদ্ধ ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্পের ওপর। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীনে এই প্রকল্পটি প্রতিষ্ঠিত হয় এবং এর কাজ শুরু হয় ১৯৭৮ সালের জানুয়ারী থেকে (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ইতিহাস রচনার দায়িত্বপ্রাপ্ত হলেও এই প্রকল্প স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত দলিল ও তথ্যসমূহ প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করে। এর কারণ, সমকালীন কোন ঘটনার বিশেষ করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের মতো একটি যুগান্তকারী ঘটনার ইতিহাস রচনার ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা রক্ষা করা এবং বিকৃতির সম্ভাবনা এড়িয়ে যাওয়া বস্তুত অত্যন্ত দুরূহ। এ জন্যই আমরা ইতিহাস রচনার পরিবর্তে দলিল ও তথ্য প্রকাশকেই অধিক গুরুত্বপূর্ণ মনে করেছি। এর ফলে দলিল ও তথ্যাদিই কথা বলবে, ঘটনার বিকাশ ও ধারাবাহিকতা রক্ষা করবে, ঘটনা পরম্পরার সংগতি রক্ষা করবে।

এই লক্ষ্য সামনে রেখেই কয়েকটি খণ্ডে সংগৃহীত দলিলসমূহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এই পরিপ্রেক্ষিতে প্রকল্পের সামনে একটি বিশেষ বিবেচ্য বিষয় দেখা দেয় এই যে, দলিলপত্র সংগ্রহের সময়সীমা স্বাধীনতা যুদ্ধকেন্দ্রিক হওয়া সত্ত্বেও এ সত্যও সমান গুরুত্বপূর্ণ যে, স্বাধীনতা যুদ্ধের পশ্চাতে বিরাট পটভূমি রয়েছে। স্বাধীনতা যুদ্ধকে এই পটভূমি থেকে বিচ্ছন্ন করে দেখা যায় না। এই পটভূমির ঘটনাবলী- যাকে মুক্তিসংগ্রাম বলে অভিহিত করা যায়- তার অনিবার্য পরিণতিই স্বাধীনতা যুদ্ধকে অবশ্যম্ভাবী করে তোলে। তাই মুক্তিসংগ্রামের স্বরূপ জানা ছাড়া স্বাধীনতা যুদ্ধকে তুলে ধরা সম্ভবই নয়। এই পরিস্থিতিতে স্বাধীনতা যুদ্ধের দলিল প্রকাশের সংগে এর পটভূমি সংক্রান্ত দু'খণ্ড দলিলসংগ্রহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এর ফলে প্রকল্পের দলিল প্রকাশের পরিকল্পনা নিম্নরূপে দাঁড়ায় :

প্রথম খন্ড	ঃ	পটভূমি (১৯০৫-১৯৫৮)
দ্বিতীয় খন্ড	ঃ	পটভূমি (১৯৫৮-১৯৭১)
তৃতীয় খন্ড	ঃ	মুজিবনগর : প্রশাসন
চতুর্থ খন্ড	ঃ	মুজিবনগর : প্রবাসী বাঙালীদের তৎপরতা
পঞ্চম খন্ড	ঃ	মুজিবনগর : বেতারমাধ্যম
ষষ্ঠ খন্ড	ঃ	মুজিবনগর : গণমাধ্যম
সপ্তম খন্ড	ঃ	পাকিস্তানী দলিলপত্র : সরকারী ও বেসরকারী
অষ্টম খন্ড	ঃ	গণহত্যা, শরণার্থী শিবির ও প্রাসংগিক ঘটনা
নবম খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (১)
দশম খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (২)
একাদশ খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (৩)
দ্বাদশ খন্ড	ঃ	বিদেশী প্রতিক্রিয়া : ভারত
ত্রয়োদশ খন্ড	ঃ	বিদেশী প্রতিক্রিয়া : জাতিসংঘ ও বিভিন্ন রাষ্ট্র
চর্তুদশ খন্ড	ঃ	বিশ্বজনমত
পঞ্চদশ খন্ড	ঃ	সাক্ষাৎকার
ষোড়শ খন্ড	ঃ	কালপঞ্জী, গ্রন্থপঞ্জী ও নির্ঘন্ট

চার

মূল পরিকল্পনায় ৭২০০ পৃষ্ঠা মুদ্রণের পরিকল্পনা থাকলেও সংগ্রহের পরিমাণ বিপুল হয়ে যাওয়ায় আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়। নতুন পরিকল্পনা অনুযায়ী প্রতিটি খণ্ড প্রায় ৯০০ পৃষ্ঠা, সর্বমোট ১৫০০০ পৃষ্ঠার মধ্যে সংগ্রহগুলির মুদ্রণ সম্পন্ন করার বাজেট বরাদ্দ অনুমোদিত হয়। এই ভিত্তিতে আমাদের কাজ এগিয়ে যায়।

দলিল ও তথ্যাদি সংগ্রহের ব্যাপারে নীতিমালা আমরা ব্যাপক ও খোলামেলা রেখেছি। তবে পটভূমি সম্বন্ধে দলিল ও তথ্যাদি গ্রহণে কিছুটা সংযত দৃষ্টিভঙ্গী অবলম্বন করি। আমরা শুধু সেইসব তথ্য ও দলিলই পটভূমি খণ্ডে সন্নিবেশিত করার সিদ্ধান্ত নিই, যা বাংলাদেশের বর্তমান ভূখণ্ডের বৈশিষ্ট্য ও এখানে বসবাসকারী জনগণের আশা আকাঙ্খার সংগে প্রত্যক্ষভাবে জড়িত। অর্থাৎ যেসব ঘটনা, আন্দোলন ও কার্যকারণ, এই ভূখণ্ডের জনগণকে মুক্তিসংগ্রামের দিকে উদ্বুদ্ধ ও পরিচালিত করেছে, প্রধানত সেসব সংক্রান্ত দলিল ও তথ্যই এই খণ্ডে কালানুক্রমিকভাবে সাজানো হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে আমরা বাংলাদেশের অতীত ঘাঁটতে বহু দূর-অতীতে প্রত্যাবর্তন করিনি। ১৯০৫ সালের বংগভংগ থেকেই পটভূমি সংক্রান্ত দলিল-তথ্যাদি সন্নিবেশন শুরু করি। আমরা মনে করি, বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যাখ্যায় এই শুরুর সীমাটি বাহুল্যবর্জিত, প্রত্যক্ষ ও যুক্তিগ্রাহ্য।

১৯০৫-এর বংগভংগ এবং তা রদ-এর পর ১৯৪০ সাল পর্যন্ত মধ্যবর্তী এ দীর্ঘ সময়ের আর কোন দলিল এ খণ্ডে সন্নিবেশ করা হয়নি। কারণ ১৯১১ থেকে ১৯৪০ পর্যন্ত এই ভূখণ্ডে অনুষ্ঠিত সকল রাজনৈতিক আন্দোলন সর্বভারতীয় বৃটিশবিরোধী আন্দোলনের অন্তর্ভূক্ত ছিল। ১৯৪০ সালে গৃহীত লাহোর প্রস্তাবে স্বতন্ত্র রাষ্ট্রীয় সত্তারূপে বাংলার প্রতিষ্ঠার সম্ভাবনা নিহিত ছিল। আর তা উত্থাপন করেছিলেন বাংলাদেশেরই সংখ্যাগুরু জনগোষ্ঠীর অবিসংবাদিত নেতা এ, কে, ফজলুল হক। ১৯৪৬ সালে নিতান্ত অবৈধভাবে দিল্লী কনভেনশনে লাহোর প্রস্তাবের যে সংশোধনী করা হয়, তাতে বাংলার স্বতন্ত্র রাষ্ট্রীয়রূপের প্রশ্নকে পরিহার করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগ সম্পর্কে মাউন্টব্যাটেন পরিকল্পনা ঘোষণার পর স্বাধীন ও সার্বভৌম বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা হয়, কিন্তু সে প্রচেষ্টা ব্যর্থ হয় এবং যেভাবে পাকিস্তান প্রতিষ্ঠিত হয় তাতে স্বায়ত্তশাসনের বিষয়টি সম্পূর্ণরূপে উপেক্ষিত হয়। এরই পরিণতিতে পরবর্তীকালে বাংলাদেশের জনগণের সম্মুখে স্বায়ত্তশাসন তথা স্বাধীনতার জন্য সংগ্রাম করা ঐতিহাসিক প্রয়োজন হয়ে দেখা দেয়। এই ঐতিহাসিক প্রয়োজনকে মূর্ত করে তুলেছে এমন সমস্ত দলিলই এ খণ্ডে সন্নিবেশিত হয়েছে।

পটভূমি সংক্রান্ত দলিলপত্র দুটি খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডটি শেষ হয়েছে ১৯৫৮ সালে আইয়ুব খানের ক্ষমতা দখলের সময়সীমায়। এখানে কাল বিভাজন করা হয়েছে একান্তই খণ্ড পরিকল্পনার পৃষ্ঠাসংখ্যার সুবিধার দিকে লক্ষ্য রেখে- কোন বিশেষ ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে নয়।

পটভূমির বেলায় যে ধরনের দলিল ও তথ্যাদি আমরা গ্রহণ করেছি সেগুলি হলো গেজেট বিজ্ঞপ্তি, পার্লামেন্টের কার্যবিবরণী, কোর্টের মামলা সম্পর্কিত রিপোর্ট ও রায়, কমিশন রিপোর্ট, রাজনৈতিক দলের কর্মসূচী ও প্রস্তাব, জনসভার প্রস্তাব, আন্দোলনের রিপোর্ট, ছাত্রদলের প্রস্তাব ও আন্দোলন, গণপ্রতিক্রিয়া, সংবাদপত্রের প্রতিবেদন, বিশিষ্ট ব্যক্তিবর্গের প্রামাণ্য সমীক্ষা ও প্রবন্ধ, রাজনৈতিক পত্র, সরকারী নির্দেশ ও পদক্ষেপ ইত্যাদি। স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদির বেলায় সংগ্রহের ধরন বিস্তৃততর হয়েছে স্বাভাবিকভাবেই। কারণ এই যুদ্ধের সংগে সারা বিশ্ব জড়িত হয়ে পড়েছিল। ফলে কেবল বাংলাদেশের অভ্যন্তরে নয়, সারা বিশ্বের বিষয়াদি জোগাড় করা অপরিহার্য হয়ে দেখা দেয় এবং প্রকল্প সেভাবেই অগ্রসর হয়। এ ব্যাপারে ব্যক্তিগত ডায়েরী, চিঠিপত্র, সাক্ষাৎকার, স্মৃতিকথা, সরকারী নথিপত্র, রণকৌশল ও যুদ্ধসংক্রান্ত লিপিবদ্ধ তথ্যাদি, মুক্ত এলাকায় মুক্তিবাহিনী ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক তৎপরতা, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ, কমিটি গঠন, বিবৃতি, বিশ্বজনমত, বিভিন্ন দেশের পার্লামেন্টের কার্যবিবরণী প্রভৃতি নানা ধরনের তথ্য ও দলিল এই সংগ্রহের অন্তর্ভূক্ত করা হয়। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে নজর রেখেছি যাতে সর্বসাধারণের মনোভাব প্রতিফলনে কোন ফাঁক না থাকে। এই লক্ষ্য সামনে রেখে গণসহযোগিতার প্রতিস্তরের তথ্য সংগ্রহের চেষ্টা করা হয়েছে। প্রতিটি খণ্ডে যতদূর সম্ভব মূল দলিল সন্নিবেশিত করার দিকে বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। তবে যেসব দলিল ঐতিহাসিক গুরুত্ব অর্জন করেছে এবং যেগুলি বাদ দিলে ঘটনার ধারাবাহিকতা রক্ষিত হয় না সেগুলি আমরা প্রকাশিত সূত্র থেকে গ্রহণ করেছি।

এ কাজে একটিই আমাদের প্রধান বিবেচ্য ছিল, সঠিক ঘটনার সঠিক দলিল যেন সঠিক পরিমাণে বিন্যস্ত হয়। আমাদের কোন মন্তব্য নেই, অঙ্গুলি সংকেত নেই, নিজস্ব ব্যাখ্যা-বিশ্লেষণও নেই। আমরা বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ মনোভাব আগাগোড়া বজায় রাখার চেষ্টা করেছি। এই মূল লক্ষ্য সামনে রেখেই দলিল-তথ্যাদি বাছাই, সম্পাদনা এবং বিন্যাস করা হয়েছে। এ ক্ষেত্রে আমরা শুধু এইটুকু সতর্কতা অটুট রেখেছি যাতে কারো প্রতিনিধিত্ব ক্ষুণ্ণ না হয়। দলিলের যথার্থতাই যার যা ভূমিকা ও গুরুত্ব তা যথাযথভাবে তুলে ধরবে। বস্তুত জনসাধারণই এ ধরনের ঘটনার প্রকৃত মহানায়ক। জনসাধারণের মধ্যে অবস্থা পরিবর্তনের ইচ্ছা যখন পরিণত ও অপ্রতিরোধ হয়ে ওঠে, কেবল তখনই জনগনের মধ্য থেকে যোগ্যতম নেতৃত্বের অভ্যুদয় ঘটে। বাংলাদেশের বেলাতেও তাই ঘটেছে। আর তাই এমন সব দল বা সংগঠনের দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে, যে দল বা সংগঠন আমাদের জাতীয় রাজনীতির ক্ষেত্রে হয়তো মুখ্য ভূমিকা বা নেতৃত্ব গ্রহণ করেনি। তবু একাত্তরের অনেক আগেই বাংলাদেশের স্বাধীনতা চিন্তা একটা দেশের একটা জাতির নির্দিষ্ট লক্ষ্যাভিসারী অন্তঃস্রোতকেই সামনে তুলে ধরে। আসলে মহীরুহের চারপাশে জেগে ওঠা অজস্র গাছপালা নিয়েই বনের গঠন-কাঠামো। বনকে জানতে হলে এর সবটাই জানা দরকার।

তবে ব্যাপক প্রতিনিধিত্বের প্রশ্নে সবটুকু হয়তো প্রতিফলিত নাও হয়ে থাকতে পারে। এর দুটো কারণ, প্রথমত গ্রন্থের সীমিত পরিসরে স্থান সঙ্কুলানের প্রশ্ন, দ্বিতীয়ত অনেক তথ্য ও দলিল হাতে না আসা যা বহুক্ষেত্রে যোগাযোগ করেও পাওয়া যায়নি, কিছু ক্ষেত্রে যোগাযোগেরও সুযোগ ঘটেনি। সবাইকে আমরা জায়গা দিতে চেয়েছি এবং ভূমিকা অনুযায়ী গুরুত্ব বিধানের দিকেও লক্ষ্য রেখেছি- এইটেই মূল কথা। এই নীতি পটভূমি ও অন্যান্য খণ্ডে একইভাবে অনুসৃত হয়েছে।

সাড়ে তিন লাখ পৃষ্ঠার মতো দলিল ও তথ্যাদি সংগ্রহসংখ্যার দিক থেকে বিপুল বলতে হবে। তবু আমাদের ধারণা এই যে, বহু দলিল ও তথ্য এখনো সংগ্রহের বাইরে রয়েছে। বাংলাদেশের প্রায় প্রতিটি লোকই কোন না কোন ভাবে স্বাধীনতা যুদ্ধের সংগে জড়িত ছিলেন। গ্রামে গ্রামে ব্যক্তিতে ব্যক্তিতে বহু ঘটনার উদ্ভব হয়েছে, বহু বীরত্বগাথা, বহু ত্যাগ, বিশ্বাসঘাতকতা, অত্যাচার, নিপীড়নের কাহিনী স্তরে স্তরে গড়ে উঠেছে। এর পরিমাণ অনুধাবন করা কঠিন। তাছাড়া সারা বিশ্ব জুড়েও ছিল এ সম্পর্কে সমর্থন ও প্রতিক্রিয়া এবং প্রবাসী বাঙালীদের ব্যাপক তৎপরতা। তাই সংগ্রহের কাজ সম্পূর্ণ হয়েছে তা বলা যায় না। দেশ ও বিদেশের তথ্য সংগ্রহের কাজ তাই কেবল বাড়তে পারে, শেষ সীমায় পৌঁছানোর ঘোষণা দেয়া এখনই সম্ভব নয়। এর জন্য দীর্ঘ পরিক্রমা ও সক্রিয়তার প্রয়োজন।

সীমিত সময়ের জন্য আমাদের প্রকল্পের আয়ু; তদুপরি আমাদের লোকবলও মাত্র চারজন। এই অবস্থায় এই বিশাল কাজের কতখানি বাস্তবায়ন সম্ভব তা ভাববার বিষয়। তবু আমরা অসাধ্য সাধনের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং যতদূর সফল হয়েছি তাতে স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত তথ্য ও দলিলের ভিত্তিভূমি রচিত হয়েছে, নির্দ্বিধায় এ কথা বলা যায়। এখন এর বিকাশ ও উন্নয়নের অপেক্ষা রাখে মাত্র। তথ্য ও দলিল সংগ্রহ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে এ কথা বলা য়ায়।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্রপত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে- কিন্তু দলগতভাবে নয়, ব্যক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানুরূপ সাড়া না পাবার কারণ হিসেবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি : প্রথমত, ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনতা, যার ফলে খুব কমসংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়ত, ভিত্তিহীন সংশয়- বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ার আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সততা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা

ছয়

যথেষ্ট সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাংগতার সম্ভাবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যোগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশাঙ্কা, তা আমাদের দলিল খণ্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাতছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিছু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরানো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি। এ ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখারও সুযোগ দিতে রাজী হননি- অর্থাৎ তাঁর হাতের দলিলটি তিনি বেরই করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি। ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ এ কথাও সত্যি যে, স্বাধীনতাসংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এই সংগে আমরা দুঃখের সংগে উল্লেখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহণের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হয়েছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্রে প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত হলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খণ্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশে-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুণ্ণ হলে এ কাজ দুরূহতর হবে, এমনকি এটা সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পার। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলর প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :

ডঃ সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়।
ডঃ সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।
ডঃ এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।
ডঃ কে, এম, করিম, পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।
ডঃ কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ শামসুল হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
জনাব হাসান হাফিজুর রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভুল ও গ্রহণযোগ্য কি না তা পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত সিদ্ধান্তানুযায়ী যে সকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গৃহীত হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদির কিছু কিছু কমিটি নাকচ করেন; কিছু নতুন দলিল ও তথ্য যা গ্রন্থের উৎকর্ষের জন্য নেহাৎ জরুরী তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা

হয়েছে। তবে এ-ক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমশিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময়ে হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে। ফলে খণ্ডবিশেষে সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খণ্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খণ্ডের জন্য আমরা প্রামাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদূর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খণ্ডটি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তূপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েছে। আনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন; তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেননি, প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খণ্ডে দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খণ্ডের দলিলের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খণ্ডেই নির্ঘন্ট ও কালপঞ্জী দেয়া হয়েছে। শেষ খণ্ডে গ্রথিত হচ্ছে সকল খণ্ডের নির্ঘন্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন খণ্ডে কী আছে তা একনজরে জানা সম্ভব হবে।

প্রামাণ্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায় আছে তাতেই ছাপা হবে; কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষায় মূল দলিলগুলি আমরা সংকলনে স্থান দিয়েছি। তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষার বেশ কিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। স্কান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী ও ইন্দোনেশীয় প্রভৃতি ভাষায় বেশ কিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জন্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোন কোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছি যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এর ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলিল ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প-প্রকাশিত খণ্ডগুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভূল ও সচ্ছল হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণার উৎস; তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যের অন্তর্ভুক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সঙ্গে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার- বিশেষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এ দেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন, যত দিন যাবে তাদের সংগে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং

জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলিল ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি, এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল-দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উল্লেখ করা খুবই সংগত মনে করছি। প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহুসংখ্যক দলিল এ, এম, এ, মুহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সংগে জড়িত অনেকে তাঁদের দলিলপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুমা রাশীদা রউফ, আজিজুল হক ভূইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহির উদ্দীন আহমদের নাম উল্লেখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইব্রাহিম মোহাম্মদ। মুজিবনগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য-সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমদ, মাঈদুল হাসান, আবদুস সামাদ, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলিল দিয়ে সাহায্য করেছেন বদরুদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলিল, ডঃ সাঈদ-উর-রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাক স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদি দিয়েছেন। উল্লিখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকাণ্ডের সংগে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলিল সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদির উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদি সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকতার সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খণ্ডগুলির প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়- স্বাধীনতা যুদ্ধের দলিলসংগ্রহ খণ্ডগুলির পেছনে রয়েছে যাঁদের অক্লান্ত শ্রম ও নিরলস সাধনা, তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক- সৈয়দ আল ঈমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়- গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরু করে দলিলসমূহের সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান-সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান
সম্পাদক

দলিল প্রসঙ্গঃ বিদেশী প্রতিক্রিয়া-ভারত

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালীন ভারতের সরকারী ও বেসরকারী প্রতিক্রিয়া এবং ভূমিকা সম্পর্কিত দলিলপত্র বর্তমান খণ্ডে সন্নিবেশিত হয়েছে। 'বাংলাদেশ প্রশ্নে ভারতের সরকারী প্রতিক্রিয়া', 'বাংলাদেশ প্রশ্নে ভারতের বিভিন্ন রাজ্য সরকার ও বিধান সভাসমূহ', 'বাংলাদেশ প্রশ্নে ভারতের বেসরকারী প্রতিক্রিয়া', 'ভারতীয় রাজ্যসভায় বাংলাদেশ প্রসঙ্গ' এবং ভারতীয় লোকসভায় বাংলাদেশ প্রসঙ্গ'-এই পাঁচটি শিরোনামে দলিলসমূহকে বিন্যাস করা হয়েছে।

বাংলাদেশে পাকিস্তানের সেনাবাহিনীর হত্যাযজ্ঞ শুরু হবার পরদিন ২৬ মার্চেই ভারতীয় লোকসভায় প্রসঙ্গটি আলোচিত হয়। ৩১ মার্চে ভারতের রাজ্য ও লোকসভার যৌথ অধিবেশনে প্রধানমন্ত্রী উত্থাপিত এক প্রস্তাব গ্রহণের মধ্য দিয়ে পাকিস্তান সরকারের তীব্র নিন্দা এবং বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের প্রতি সমর্থন জ্ঞাপন করা হয়। ২৬ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পাকিস্তানী সেনাবাহিনীর আত্মসমর্পণ পর্যন্ত নয় মাসের বিভিন্ন সময়ে দেশে ও বিদেশে প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং প্রতিরক্ষামন্ত্রী সহ সরকারী নেতৃবৃন্দের উল্লেখযোগ্য বক্তৃতা, বিবৃতি ও সাক্ষাৎকারসমূহ এই খণ্ডে সন্নিবেশিত হয়েছে। যুদ্ধ চলাকলীন বিভিন্ন সময়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর বিদেশ সফরকালে এবং সোভিয়েত ইউনিয়নসহ কয়েকটি দেশের পররাষ্ট্রমন্ত্রীবর্গের ভারত সফরকালে প্রকাশিত যুক্ত ইশতেহার ও বিবৃতিসমূহ বর্তমান খণ্ডে সংকলিত হয়েছে। ১৬ থেকে ২০ অক্টোবর পর্যন্ত যুগোশ্লাভিয়ার প্রেসিডেন্ট মার্শাল টিটোর ভারত সফর ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ (পৃ: ১০০-১০৩)। ২৩ অক্টোবর থেকে নভেম্বর পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্র, বৃটেন ও ফ্রান্সসহ পাশ্চাত্যের কয়েকটি দেশে ভারতের প্রধানমন্ত্রীর সফরকালে প্রকাশিত যুক্ত ইশতেহার, বিবৃতি, সাক্ষাৎকার ও বিভিন্ন সমাবেশে তাঁর ভাষণসমূহও এখানে উদ্ধৃত হয়েছে। পরিস্থিতির ব্যাখ্যা করে ১৫ নভেম্বর ভারতের প্রধানমন্ত্রী কর্তৃক মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টকে লিখিত চিঠিটি এই খণ্ডে মুদ্রিত হয়েছে।

সরকারীভাবে ১৯৭১-এর ৬ ডিসেম্বর বাংলাদেশকে স্বীকৃতি দেয়া হলেও স্বীকৃতির দাবী উত্থাপিত ও আলোচিত হয়ে আসছিলো প্রথম দিক থেকেই। পশ্চিমবঙ্গ বিধানসভায় স্বীকৃতির সর্বসম্মত প্রস্তাব গৃহীত হয় ৮ মে (পৃঃ ২৩০-২৮১)। রাজ্যসভায় দাবীটি উত্থাপিত হয় ২৫ মে (পৃঃ ৫৩৩-৫৩৭)। এ ছাড়া শরণার্থী সমস্যা, পাকিস্তানকে দেয়া মার্কিন অস্ত্র, চীনের সমর্থন, সীমান্ত পরিস্থিতি এবং মুক্তিযোদ্ধাদের সাহায্যসহ বাংলাদেশ সংক্রান্ত সকল প্রশ্নেই রাজ্যসভা ও লোকসভার কার্যবিবরণী এই খণ্ডে সন্নিবেশিত হয়েছে।

সরকার এবং পার্লামেন্টের বাইরে বাংলাদেশের সমর্থনে গড়ে ওঠা সকল শ্রেণীর জনগণের আন্দোলন ও তৎপরতার চিত্রও মিলবে গ্রন্থের বিভিন্ন দলিলপত্র ও সংবাদপত্রের প্রতিবেদন থেকে। 'সংগ্রামী স্বাধীন বাংলাদেশ সহায়ক সমিতি','কোলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতি', 'বাংলাদেশ সহায়ক শিল্পী সাহিত্যিক বুদ্ধিজীবী সমিতি', 'ইয়োথ ফর বাংলাদেশ' সহ বিভিন্ন সংস্থার তৎপরতার সম্পর্কিত দলিলপত্র এই খণ্ডে মুদ্রিত হয়েছে। এই সময়ের আরেকটি গুরুত্বপূর্ণ ঘটনা ছিলো ১৮ সেপ্টেম্বর থেকে দিল্লীতে অনুষ্ঠিত তিন দিনব্যাপী বাংলাদেশ প্রশ্নে আন্তর্জাতিক সম্মেলন (পৃঃ ৪৬৫-৪৭৯)। এই সম্মেলনে বাংলাদেশের সমর্থনে সশস্ত্র বিশ্ব বাহিনী গঠনের প্রস্তাব গৃহীত হয়েছিল (পৃঃ ৪৬৯-৭০)। এছাড়া ক্ষমতাসীন ও বিরোধী প্রতিটি রাজনৈতিক দল, শ্রমিক ও ছাত্র সংঘঠনেরই বাংলাদেশ প্রশ্নে প্রস্তাব, বিবৃতি, ও তৎপরতা সংক্রান্ত তথ্যসমূহ এ খণ্ডে সন্নিবেশিত হয়েছে। ভারতীয় সংবাদপত্রসমূহের ভূমিকারও উল্লেখ রয়েছে এই গ্রন্থে।

এই খণ্ডের দলিলপত্রসমূহের সূত্র হিসেবে ভারত সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশিত 'বাংলাদেশ ডকুমেন্টস' ১ম ও ২য় খণ্ড, ভারতের তথ্য ও বেতার মন্ত্রণালয় প্রকাশিত 'ইয়ার্স অফ এন্ডীভার', লোকসভা ও রাজ্যসভার কার্যবিবরণী, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যবিবরনী, বিভিন্ন সংগঠনের মূল দলিল, পুস্তিকা ও প্রচারপত্র এবং বিশেষতঃ ভারতের বিভিন্ন সংবাদপত্রের প্রতিবেদনসমূহ ব্যবহৃত হয়েছে। রাজ্য ও লোকসভায় সদস্যদের ভাষণে ইংরেজী ছাড়া ব্যবহৃত হিন্দীসহ অন্যান্য ভাষা অনুবাদ বাংলায় মুদ্রন করা হয়েছে। কতিপয় স্থলে কার্যবিবরণীর কম গুরুত্বপূর্ণ ও অসংশ্লিষ্ট অংশ বাদ দেয়া বা সম্পাদনা করা হয়েছে।

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1, 1977, Page 503

Ministry of Information & Broadcasting

*** *** ***

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং-তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/231 Dated 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University
2.	Professor Salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3.	Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies, Rajshahi.
4.	Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5.	Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University
6.	Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University
7.	Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University
8.	Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University
9.	Mr. Hasan Hafizur Rahman	O.S.D., History of Bangladesh War of Liberation Project

The following shall be the terms of reference of the Committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of documents are required for the purpose.

Syed Asgar Ali
Section Officer

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/10493/(25) Dated : 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh war of Liberation" with the following members:

1.	Dr. Mofizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Prof. Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4.	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies, Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K. M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D., History of Bangladesh War of Liberation Project	Member-Secretary

2. The following shall be the terms of reference of the Committee:

   To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

   To determine validity and price of documents are required for the committee.

M.A. Salam Khan
Section Officer

সূচীপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১।	বাংলাদেশের ওপর পাকিস্তান সৈন্যের আক্রমণে উদ্বেগ প্রকাশ করে ভারতের লোকসভার প্রস্তাব	১
২।	পাকিস্তানের নৃশংসতার প্রশ্নে রাষ্ট্রসংঘের নির্লিপ্তির সমালোচনা করে প্রেরিত ভারতের লিপি	২
৩।	ইয়াহিয়ার প্রতি চীনের প্রকাশ্য সমর্থন ভারতকে নিরস্ত করবে নাঃ প্রধানমন্ত্রীর ঘোষনা	৩
৪।	সীমান্তে হামলার ব্যাপারে পাকিস্তানের প্রতি ভারতের হুঁশিয়ারী	৪
৫।	পাকিস্তানের অপপ্রচারের বিরুদ্ধে ভারতের প্রতিবাদ	৫
৬।	পাকিস্তানের আক্রমণ বরদাস্ত করা হবে নাঃ প্রতিরক্ষামন্ত্রীর ঘোষণা	৭
৭।	ভারতের মাটিতে গোলা নিক্ষেপের জন্য পাকিস্তানের প্রতি ভারতের সতর্কবাণী	৮
৮।	সীমা ছাড়লে গুরুতর পরিণতি হবেঃ পাকিস্তানের প্রতি ভারতে হুঁশিয়ারী	৯
৯।	পাকিস্তানের ঘটনাপ্রবাহ ভারতের উপর চাপ সৃষ্টি করবেঃ প্রধানমন্ত্রীর সরতর্কবাণী	১০
১০।	বাংলাদেশের প্রতি ভারতের স্বীকৃতি প্রশ্নে প্রধানমন্ত্রীর বক্তব্য	১১
১১।	জাতিসংঘের ‘সোশাল কমিটি অব দি ইকনমিক এণ্ড সোশাল কাউন্সিল’-এ ভারতের স্থায়ী প্রতিনিধি সমর সেনের ভাষণ	১৩
১২।	বাংলাদেশের আন্দোলন সমর্থনের জন্য বিশ্বশান্তি কংগ্রেসের প্রতিনিধিদের প্রতি প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর আহবান	১৯
১৩।	বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম সফল হবেঃ প্রধানমন্ত্রীর আশা প্রকাশ	২০
১৪।	‘যথাসময়ে বাংলাদেশকে স্বীকৃতি দেয়া হবে’ঃ প্রধানমন্ত্রী কর্তৃক শরণার্থী সমস্যার ওপর গুরুত্ব আরোপ	২১
১৫।	‘যে কোন পরিণতির জন্য ভারত প্রস্তাত’ঃ পাকিস্তানের প্রতি প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সতর্কবাণী	২৫
১৬।	শরণাথীদের প্রত্যাবর্তনের জন্য বিশ্বকে নিশ্চয়তা দিতে হবেঃ প্রতিরক্ষা মন্ত্রীর মন্তব্য	২৬
১৭।	বাংলাদেশের জনগণকে ভারত সাহায্য দিয়ে যাবেঃ প্রধানমন্ত্রীর ঘোষণা	২৮
১৮।	পাকিস্তানের ওপর প্রভাব খাটানোর আহবান জানিয়ে প্রেসিডেন্ট সাদাতের প্রতি প্রধানমন্ত্রীর চিঠি	২৯
১৯।	বাংলাদেশ পরিস্থিতির মোকাবেলা করা হবেঃ ইন্দিরা গান্ধীর হুঁশিয়ারী	৩০
২০।	বাংলাদেশের রাজনৈতিক সমাধান প্রয়োজনঃ ওয়াশিংটনে ভারতের পররাষ্ট্রমন্ত্রী শরণ শিংয়ের ভাষণ	৩২
২১।	ইন্দিরা গান্ধীর ঘোষণাঃ শরণার্থীদের নিরাপত্তার সাথে দেশে ফেরৎ পাঠাতে আমি প্রতিজ্ঞ	৪৪
২২।	বাংলাদেশ প্রশ্নে ভারতের ভূমিকা বিশ্বে প্রশংসিত হচ্ছে-শিল্পমন্ত্রীর অভিজ্ঞতা বর্ণনা	৪৫
২৩।	বাংলাদেশ প্রশ্নে যে কোন শীর্ষ সম্মেলনের আগে অবশ্যই হত্যাকাণ্ড ও নির্যাতন বন্ধ করতে হবেঃ শ্রীনগরে প্রধানমন্ত্রীর ঘোষণা	৪৭
২৪।	পাকিস্তান যুদ্ধ চাপানোর চেষ্টা করছেঃ প্রতিরক্ষামন্ত্রীর মন্তব্য	৪৯
২৫।	পাকিস্তানে সাহায্য বন্ধের প্রশ্ন কয়েকটি দেশ বিবেচনা করছেঃ লণ্ডনে পররাষ্ট্রমন্ত্রীর বিবৃতি	৫০
২৬।	ভারত-জি,ডি,আর যুক্ত বিবৃতি	৫২
২৭।	বাংলাদেশের জনগণের কাছে গ্রহনযোগ্য সমাধানই সংকট নিরসনের একমাত্র পথঃ পররাষ্ট্রমন্ত্রীর বিবৃতি	৫৪

চৌদ্দ

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
২৮।	বাংলাদেশ প্রশ্নে কোনো হঠকারী নীতি নয়ঃ প্রধানমন্ত্রীর ঘোষণা	৫৬
২৯।	জাতিসংঘ আর্থ-সামাজিক কাউন্সিলে ভারতীয় পর্যবেক্ষক দলের নেতা এন, কৃষ্ণণের ভাষণ	৫৭
৩০।	প্রতিরক্ষা বাহিনীকে প্রস্তুত থাকতে হবেঃ প্রতিরক্ষামন্ত্রীর বক্তৃতা	৫৮
৩১।	জাতিসংঘ মহাসচিবের সহকারীকে প্রদত্ত ভারতের জবাব	৫৯
৩২।	ভারত-সোভিয়েট বিশ বৎসর মেয়াদী ‘শান্তি, বন্ধুত্ব ও সহযোগিতা’’ চুক্তির বিবরণ	৬৩
৩৩।	নয়াদিল্লীর ইণ্ডিয়া গেটে অনুষ্ঠিত জনসভায় ইন্দিরা গান্ধী	৬৬
৩৪।	মুজিবের বিচারের ব্যাপরে পাকিস্তানের ওপর প্রভাব খাটানোর আবেদন জানিয়ে রাষ্ট্রপ্রধানদের কাছে প্রেরিত প্রধানমন্ত্রীর বার্তা	৬৯
৩৫।	‘মুজিবের বিচার হবে’’ ঘোষণায় উদ্বেগ প্রকাশ করে জাতিসংঘ মহাসচিবের প্রতি পররাষ্ট্রমন্ত্রীর বার্তা	৭০
৩৬।	ভারত-ইন্দোনেশিয়া যুক্ত ইশতেহার	৭১
৩৭।	বিশ্বশান্তি পরিষদ মহাসচিবের সাথে প্রধানমন্ত্রীর সাক্ষাৎকার	৭৪
৩৮।	ভারত-নেপাল যুক্ত ইশতেহার	৭৭
৩৯।	বাংলাদেশ প্রশ্নে নিরপেক্ষ দেশগুলির প্রতি ভুমিকা গ্রহণের আহবনঃ জাতিসংঘে পররাষ্ট্র সচিবের বিবৃতি	৭৯
৪০।	পাকিস্তানের যুদ্ধের হুমকির পরিপ্রেক্ষিতে প্রতিরক্ষামন্ত্রীর বিবৃতি	৮১
৪১।	মস্কো বিশ্ববিদ্যালয়ে ইন্দিরা গান্ধীর ভাষণের সারাংশ	৮২
৪২।	বাংলাদেশ প্রশ্নে পাকিস্তানের সাথে কোনো আলোচনা হবে নাঃ জাতিসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধির ঘোষণা	৮৩
৪৩।	সিমলায় অনুষ্ঠিত সর্বভারত কংগ্রেস কমিটির অধিবেশনে পররাষ্ট্রমন্ত্রীর ভাষণ	৮৪
৪৪।	পাকিস্তান যুদ্ধ বাধালে ভারতের সৈন্যরা দখল করা পাকিস্থানী এলাকা ছাড়বে না- প্রতিরক্ষামন্ত্রীর ঘোষণা	৯২
৪৫।	নিউইয়র্ক টাইমস্ প্রতিনিধি শ্যানবার্গের সাথে ইন্দিরা গান্ধীর সাক্ষাৎকার	৯৪
৪৬।	সীমান্ত পরিস্থিতি মারাত্মক সত্ত্বেও ভারত যুদ্ধ এড়াতে চায়ঃ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রীর ভাষণ	৯৭
৪৭।	টিটোর ভারত সফর শেষে প্রকাশিত ভারত-যুগোশ্লাভ যুক্ত ইস্তেহার	১০০
৪৮।	‘পাল্টা আঘাত হানতে দু’মিনিটের বেশী সময় লাগবে না-প্রতিরক্ষামন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীর ঘোষণা	১০৪
৪৯।	ভারতের সংযমকে দুর্বলতা মনে করলে পাকিস্তান মারাত্মক পরিণতির সম্মুখীন হবে- রাষ্ট্রপতির সতর্কবাণী	১০৫
৫০।	দেশবাসীর উদ্দেশে প্রধানমন্ত্রীর বেতার ভাষণ	১০৬
৫১।	জাতিসংঘ দিবসে পররাষ্ট্রমন্ত্রীর বক্তৃতা	১০৭
৫২।	ব্রাসেলসে ইন্দিরা গান্ধীর ভাষণ	১০৮
৫৩।	‘যুদ্ধের হুমকি থাকলে সীমান্তে সৈন্যও থাকবে’’-প্রতিরক্ষামন্ত্রীর ঘোষণা	১০৯
৫৪।	পশ্চিম জার্মান টেলিভিশনে প্রচারিত প্রতিরক্ষামন্ত্রীর সাক্ষাৎকার	১১০
৫৫।	অষ্ট্রীয় বেতারে প্রচারিত প্রধানমন্ত্রীর সাক্ষাৎকার	১১২
৫৬।	ভিয়েনায় রাষ্ট্রীয় ভোজসভায় প্রধানমন্ত্রীর ভাষণের সারাংশ	১১৪
৫৭।	ভিয়েনায় প্রধানমন্ত্রীর বক্তৃতার সারাংশ	১১৫
৫৮।	যুদ্ধ চাপিয়ে দেওয়া হলে অবস্থার মোকাবিলায় ভারত প্রস্তুতঃ অর্থমন্ত্রীর মন্তব্য	১১৭

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
৫৯।	লণ্ডনস্থ "ইণ্ডিয়া লীগ"-এ প্রধানমন্ত্রীর ভাষণের সারাংশ	১১৯
৬০।	বি-বি-সি'তে প্রচারিত মার্ক টালীর সাথে প্রধানমন্ত্রীর সাক্ষাৎকার	১২৪
৬১।	ওয়াশিংটনে নিক্সন প্রদত্ত ভোজসভায় ইন্দিরা গান্ধীর ভাষণ	১৩৪
৬২।	ওয়াশিংটনের প্রেসক্লাবে প্রধামন্ত্রীর বক্তৃতা ও প্রশ্নোত্তর	১৩৮
৬৩।	যুক্তরাষ্ট্রের কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের প্রধানমন্ত্রীর বক্তৃতা	১৪৮
৬৪।	যুক্তরাষ্ট্রের টেলিভিশন অনুষ্ঠানে প্রচারিত প্রধানমন্ত্রীর সাক্ষাৎকার	১৫২
৬৫।	প্যারিসে রাষ্ট্রীয় ভোজসভায় প্রধানমন্ত্রীর ভাষণ	১৫৯
৬৬।	'বিশ্ব এখন বাংলাদেশ সংকট সম্পর্কে আগের চাইতে বেশী সচেতন'ঃ বিদেশ সফর শেষে প্রধানমন্ত্রীর মন্তব্য	১৬১
৬৭।	নিউজউইক-এর সাথে প্রধানমন্ত্রীর সাক্ষাৎকার	১৬৩
৬৮।	বনস্থ বিথোভেন হলে প্রধানমন্ত্রীর ভাষণ	১৬৫
৬৯।	আত্মরক্ষায় প্রয়োজনে ভারতীয় সেনাবাহিনী সীমান্ত অতিক্রম করবেঃ সরকারী মুখপাত্রের ঘোষণা	১৭৩
৭০।	মুজিবকে মুক্তি দিয়ে রাজনৈতিক সমাধানের পথে আসার জন্যে ইয়াহিয়ার প্রতি প্রধানমন্ত্রীর আহবান।	১৭৫
৭১।	""আমরা আমাদের জাতীয় স্বার্থে যা ভালো তাই করবো""-প্রধানমন্ত্রীর ঘোষণা	১৭৬
৭২।	কোলকাতার জনসভায় প্রধানমন্ত্রীর বক্তৃতা	১৭৮
৭৩।	যুদ্ধ চলাকালে সমস্ত্র বাহিনীর উদ্দেশে প্রচারিত প্রধানমন্ত্রীর বাণী	১৮২
৭৪।	দিল্লী বিশ্ববিদ্যালয়ে প্রধানমন্ত্রীর ভাষণ	১৮৩
৭৫।	'নিউইয়র্ক টাইমস''-এর সাথে পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎকার	১৯৭
৭৬।	যুক্তরাষ্ট্রের টেলিভিশনের সাথে পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎকার	১৯৯
৭৭।	নিক্সনের প্রতি ইন্দিরা গান্ধীর চিঠি	২০০
৭৮।	যুক্তরাষ্ট্রের টেলিভিশনের সাথে পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎকার	২০৩
৭৯।	জাতিসংঘে পররাষ্ট্রমন্ত্রীর সাংবাদিক সম্মেলন	২০৬
৮০।	'লেট পাকিস্তান স্পীক ফর হারসেলফ'	২১১
	সংসদীয় দলিলপত্র	
৮১।	বাংলাদেশের প্রশ্নে ভারতের বিভিন্ন রাজ্যসভা ও বিধানসভার প্রতিক্রিয়া	২২২
৮২।	বাংলাদেশকে আশু স্বীকৃতি দানের জন্যে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার সদস্যের আহবান	২২৩
৮৩।	কোলকাতার বুদ্ধিজীবী সমাবেশে বাংলাদেশের সমর্থনে পশ্চিমবঙ্গের পাঁচজন মন্ত্রী	২২৫
৮৪।	শরণার্থী ত্রাণে সকল রাজ্যকে এগিয়ে আসার জন্য পশ্চিমবঙ্গ সরকারের আহবান	২২৬
৮৫।	শরণার্থীদের আশ্রয়ের প্রশ্নে পশ্চিমবঙ্গ বিধানসভায় রাজ্যপালের ভাষণ	২২৮
৮৬।	বাংলাদেশকে অস্ত্রসহ সকল প্রকার সাহায্যদানের দাবীর প্রশ্নে পশ্চিমবঙ্গ সরকার এবং বিরোধী নেতাদের ঐকমত্য	২২৯
৮৭।	পশ্চিমবঙ্গ বিধানসভায় সর্বসম্মত প্রস্তাবঃ "বাংলাদেশকে স্বীকৃতি দিন"	২৩০
৮৮।	বুদ্ধিজীবীদের উদ্যোগে সংগ্রামী স্বাধীন বাংলাদেশ সহায়ক সমিতি গঠিত	২৮২
৮৯।	পূর্বাঞ্চলের পাঁচজন মুখ্যমন্ত্রীর আহবানঃ 'শরণার্থী প্রশ্নকে জাতীয় সমস্যা গণ্য করা হোক'	২৮৩

ষোল

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
৯০।	প্রধানমন্ত্রীর সাথে পশ্চিমবঙ্গ মুখ্যমন্ত্রীর শরণার্থী সমস্যা আলোচনা	২৮৫
৯১।	শরণার্থীদের পশ্চিমবঙ্গের বাইর পাঠানোর জন্য কেন্দ্রের প্রতি রাজ্য মন্ত্রিসভার দাবী	২৮৬
৯২।	সীমান্ত পরিস্থিতি ও বেসামরিক প্রতিরক্ষার প্রশ্নে পশ্চিমবঙ্গ সরকারের উচ্চ পর্যায়ের বৈঠকের ওপর প্রতিবেদন	২৮৮
৯৩।	শরণার্থীদের সাথে পাকিস্তানী দুস্কৃতকারীরা ভারতে অনুপ্রবেশ করছেঃ আসামের অর্থমন্ত্রীর উক্তি	২৮৯
৯৪।	শরণার্থীদের ভেতরে বাংরাদেশবিরোধীদের তৎপরতা চলছেঃ আসামের মন্ত্রীর বিবৃতি	২৯০
৯৫।	উড়িষ্যায় বাংলাদেশের শরণার্থীদের আশ্রয়দান প্রসংগে রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে মুখ্যমন্ত্রীর আলোচনা	২৯১
৯৬।	উড়িষ্যায় বাংলাদেশের শরণার্থীদের আশ্রয়দানের প্রশ্নে রাজ্য সরকারের অভিমত	২৯২
৯৭।	পাকিস্তানের দুস্কৃতিকারীরা আসামে ধ্বংসাত্মক তৎপরতা চালাচ্ছে বলে প্রধানমন্ত্রীর কাছে মুখ্যমন্ত্রীর রিপোর্ট	২৯৩
	ভারতের বেসরকারী প্রতিক্রিয়া	
৯৮।	বাংলাদেশে পাকসেনাদের হত্যাকাণ্ডের প্রতিবাদে পশ্চিমবঙ্গে সভা ও মিছিল	২৯৫
৯৯।	বাংলাদেশে গণহত্যার প্রতিবাদে পশ্চিমবঙ্গের লেখক ও বুদ্ধিজীবীদের বিবৃতি	২৯৬
১০০।	বাংলাদেশের ঘটনাবলীতে ভারতের বিভিন্ন মহলের প্রতিক্রিয়া	২৯৭
১০১।	বাংলাদেশে হত্যাকাণ্ডের প্রতিবাদে কোলকাতায় নাগরিক সমাবেশ	৩০০
১০২	কোলকাতায় মাকর্সবাদী কমিউনিস্ট পার্টির জনসমাবেশে বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের দাবী	৩০১
১০৩।	সারা বিশ্বের প্রতি পাকিস্তানের বিরুদ্ধে প্রতিবাদ জনানোর আহবান জানিয়ে কংগ্রেস নির্বাহী পরিষদের প্রস্তাব	৩০৩
১০৪।	বাংলাদেশ গণহত্যার প্রতিবাদে কোলকাতায় ডাক্তারদের মিছিল	৩০৫
১০৫।	বাংলাদেশের সমর্থনে সারা পশ্চিমবঙ্গে হরতাল পালিত	৩০৬
১০৬।	স্বীকৃতি দানের আহবান জানিয়ে প্রকাশিত একটি সম্পাদকীয়	৩০৯
১০৭।	পশ্চিমবঙ্গ মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বাঙলাদেশের সাহায্যে ''মুক্তিসংগ্রাম সহায়ক সমিতি' গঠিত	৩১১
১০৮।	সাহায্যের আহবান জানিয়ে শিল্পী, সাহিত্যিক, বুদ্ধিজীবী সমিতির বিবৃতি	৩১৩
১০৯।	বাংলাদেশে গণহত্যার প্রতিবাদে কোলকাতায় অধ্যাপকদের বিক্ষোভ মিছিল	৩১৫
১১০।	কোলকাতায় ছাত্র-যুবকদের বিক্ষোভ মিছিল	৩১৬
১১১।	বাংলাদেশকে স্বীকৃতি দানে ভারত সরকারের এত দ্বিধা কেন? বিবেকানন্দ মুখোপাধ্যায় লিখিত নিবন্ধ	৩১৭
১১২।	বাংলাদেশের সমর্থনে দিল্লীতে সর্বভারতীয় সাহায্য সংস্থা গঠিত	৩২০
১১৩।	জাতিসংঘ থেকে পাকিস্তানকে বহিস্কারের দাবী জানিয়ে বাংলাদেশ সহায়ক শিল্পী সাহত্যিক বুদ্ধিজীবী সমিতির প্রস্তাব	৩২২
১১৪।	পাকিস্তানী নৃশংসতার বিরুদ্ধে কোলকাতার শিখ সম্প্রদায়ের প্রতিবাদ	৩২৪
১১৫।	বাংলাদেশ তহবিলে সাহায্যদানের জন্য ক্ষুদ্র শিল্প সমিতির আহবান	৩২৫
১১৬।	মসজিদের উপর মোবাবর্ষণের প্রতিবাদে পশ্চিমবঙ্গের মুসলিম সম্প্রদায়	৩২৬
১১৭।	শরণার্থীদের সাহায্যের জন্য ভারতের বুদ্ধিজীবদের আবেদন	৩২৭
১১৮।	বাংলাদেশকে স্বীকৃতির জন্য ভারতের মুসলিম বুদ্ধিজীবীদের আহবান	৩২৮

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১১৯।	বোম্বেতে বাংলাদেশ সহায়ক সমিতি গঠিত	৩৩০
১২০।	ইয়াহিয়া খানের বর্বরতার বিরুদ্ধে ভারতের মুসলিম নেতাদের বিবৃতি	৩৩১
১২১।	গান্ধী শান্তি ফাউণ্ডেশন কর্তৃক বাংলাদেশের সমর্থনে জাতিসংঘ ও বিভিন্ন দেশের প্রতিনিধিদল পাঠানোর সিদ্ধান্ত	৩৩২
১২২।	পাকসেনাদের নৃশংসতার বিরুদ্ধে কোলকাতার মুসলমান সমাজের প্রস্তাব	৩৩৩
১২৩।	বাংলাদেশ প্রশ্নে আচার্য বিনোবার সাক্ষাৎকার	৩৩৪
১২৪।	সকল দেশের প্রতি ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশীপ সোসাইটির আহবান	৩৩৭
১২৫।	বাংলাদেশ জাতীয় সমন্বয় কমিটির সমাবেশে বাংলাদেশকে স্বীকৃতি দান	৩৩৯
১২৬।	বাংলাদেশে দুর্গত মানুষের সাহায্যে এগিয়ে আসার জন্যে ভারতের ৪৪ জন অধ্যাপক, লেখক ও বুদ্ধিজীবীর আবেদন	৩৪১
১২৭।	জাতিসংঘ মহাসচিবের প্রতি পশ্চিমবঙ্গের বৌদ্ধ সম্প্রদায়ের আবেদন	৩৪৪
১২৮।	বাংলাদেশকে স্বীকৃতির প্রশ্ন-বি, এল, শর্মার পর্যালোচনা	৩৪৬
১২৯।	বিরোধী নেতাদের সাথে প্রধানমন্ত্রীর বৈঠকঃ বাংলাদেশকে আশু স্বীকৃতি দানের সম্ভাবনা নেই	৩৪৯
১৩০।	বাংলাদেশ দ্য ট্রুথ	৩৫১
১৩১।	ঈদ সমাবেশে বাংলাদেশকে স্বীকৃতি দানের দাবী	৩৬৭
১৩২	বাংলাদেশকে স্বীকৃতির প্রশ্নে আনন্দবাজার প্রত্রিকার সম্পাদকীয়	৩৬৯
১৩৩।	গান্ধী শান্তি ফাউণ্ডেশনের সভায় বাংলাদেশ প্রশ্নে জয়প্রকাশ নারায়ণের ভাষণ	৩৭১
১৩৪।	স্বীকৃতির প্রশ্নে ভারতের বিশিষ্ট আইনজ্ঞ ও শিক্ষাবিদদের অভিমত	৩৭৩
১৩৫।	কায়রোতে সাংবাদিক ও বুদ্ধিজবিদের সমাবেশে জয়প্রকাশ নারায়ণ	৩৭৪
১৩৬।	কোলকাতার আর্চবিশপের বিবৃতিঃ 'শরণার্থীদের নিরাপদ প্রত্যাবর্তনের ব্যবস্থা করতে হবে'	৩৭৫
১৩৭।	অবিলম্বে বাংলাদেশকে স্বীকৃতি দিতে হবেঃ অধ্যাপক সমর গুহ এম-পি''র নিবন্ধ	৩৭৭
১৩৮।	বাংলাদেশে অত্যাচার বন্ধ করার জন্য বিশ্ব শিক্ষক সমিতি ফেডারেশনের দাবী	৩৮২
১৩৯।	বাংলাদেশকে সহায়তার উদ্দেশ্যে সারা ভারতে ট্রেড ইউনিয়ন সংস্থা গঠিত	৩৮৩
১৪০।	সাবেক পররাষ্ট্র মন্ত্রী দিনেশ সিং-এর নিবন্ধ	৩৮৪
১৪১।	জয়প্রকাশ নারায়ণ কর্তৃক বাংলাদেশ প্রশ্নে বিশ্ব সফরের অভিজ্ঞতা বর্ণনা	৩৮৭
১৪২।	স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি দিন'-একটি সম্পাদকীয়	৩৮৯
১৪৩।	লণ্ডনে জয় প্রকাশ নারায়ণ কর্তৃক বাংলাদেশ প্রশ্নে বিশ্বকে সক্রিয় হবার আহবান	৩৯১
১৪৪।	ইয়োথ ফর বাংলাদেম-এর একটি আবেদন	৩৯২
১৪৫।	প্রধানমন্ত্রীর কাছে গারো পাহাড়ের কেন্দ্রীয় ত্রাণ সংস্থার স্মারকলিপি	৩৯৫
১৪৬।	স্বীকৃতি দানের জন্য মিঃ এম, সি, চাগলার দাবী	৩৯৭
১৪৭।	শরণার্থীদের দায়িত্ব সকল রাজ্যকেই নিতে হবেঃ কমিউনিষ্ট নেতা রাজেশ্বর রাওয়ের মন্তব্য	৩৯৯
১৪৮।	সারভেন্টস অফ ইণ্ডিয়া সোসাইটির সভাপতি কর্তৃক জাতিসংগের ভূমিকার সমালোচনা	৪০০
১৪৯।	বাংলাদেশ প্রশ্নে পাশ্চাত্যের প্রতি জয়প্রকাশ নারায়ণের আহবান	৪০২
১৫০।	বাংলাদেশকে স্বীকৃতির প্রশ্নে কেন্দ্রীয় সরকারের বিলম্বের সমালোচনা	৪০৪
১৫১।	মাসর্কবাদী কমিউনিষ্ট পার্টি কর্তৃক বাংলাদেমকে স্বীকৃতি প্রদানে কেন্দ্রের বিলম্বের সমালোচনা	৪০৬
১৫২।	পাকিস্তানে মার্কিন অস্ত্রের বিরুদ্ধে করকাতার ইয়োথ ফর বাংলাদেশ-এর বিক্ষোভ মিছিল	৪০৭

আঠার

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১৫৩।	বাংলাদেশের ওপর দক্ষিণ-পূর্ব এশিয়ার নিরাপত্তা নির্ভর করছেঃ সিংগাপুরে জয়প্রকাশ	৪০৮
১৫৪।	ভারতের কমিউনিষ্ট পার্টির প্রস্তাবঃ বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের অস্ত্র ও সামরিক শিক্ষাসহ সর্বপ্রকার সাহায্য দিতে হবে	৪১০
১৫৫।	বাংলাদেশের অনুকূলে জনমত সৃষ্টির উদ্দেশ্যে জয়প্রকাশ নারায়ণের বিবৃতি	৪১২
১৫৬।	বাংলাদেশ সম্পর্কে ভারতের সোশ্যালিস্ট ওয়ার্কার্স পার্টির বক্তব্য	৪১৫
১৫৭।	বাংলাদেশের সংগ্রামকে সহায়তা করার জন্য সর্ব-আসাম বাংলাদেশ সহায়ক সমিতির আহবান	৪১৯
১৫৮।	ইয়াহিয়ার বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর প্রতি জয়প্রকাশ নারায়নের আহবান	৪২২
১৫৯।	জনসংঘের সভাপতি বাজপেয়ী কর্তৃক অবিলম্বে বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের দাবী	৪২৪
১৬০।	বাংলাদেশকে স্বীকৃতির প্রশ্নে সবাই একমত, তবু সরকার নীরব কেন?	৪২৫
১৬১।	জয়প্রকাশ নারায়ণের দাবীঃ অবিলম্বে বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দেয়া হোক	৪২৭
১৬২।	সেন্ট্রাল এ্যাকশন কমিটি অব বাংলাদেশ-এর বিবৃতি এবং খসড়া প্রস্তাব	৪৩০
১৬৩।	বাংলাদেশকে স্বীকৃতি দানের দাবীতে সরার পশ্চিমবঙ্গে ছাত্র ধর্মঘট	৪৩৫
১৬৪।	সাবেক সেনাবাহিনী প্রধান কর্তৃক বাংলাদেশ প্রশ্নে সরকারী নীতির সামালোচনা	৪৩৬
১৬৫।	শেখ মুজিবের মুক্তির দাবীতে কলকাতায় বিরাট সমাবেশ	৪৩৮
১৬৬।	মুজিবকে রক্ষার জন্য বিশ্বের প্রতি ভারতের কমিউনিষ্ট পার্টির আহবান	৪৪০
১৬৭।	মালাদ নাগরিক বাঙলাদেশ সহায়ক সমিতির সাধারণ সম্পাদকের রিপোর্ট	৪৪১
১৬৮।	‘ব্লীডিং বাংলাদেশ’’-কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতির সভাপতির বক্তব্য	৪৪৪
১৬৯।	মার্কসকবাদী কমিউনিষ্ট পার্টি কর্তৃক বাংলাদেশের ঘটনার পরিপ্রেক্ষিতে চীনের ভুমকার সমালোচনা	৪৪৫
১৭০।	বাংরাদেশের সমর্থনে পশ্চিমবঙ্গ জমিয়তে উলামার বক্তব্য	৪৪৬
১৭১।	ইণ্ডিয়ান জুনিয়র চেম্বারের একটি পুস্তিকা	৪৪৮
১৭২।	এ্যাকশন কমিটি বাংলাদেশ এর একটি পুস্তিকা	৪৫৫
১৭৩।	‘মুজিব নিহত হলে ভারত দায়ী হবে’’ঃমিঃ রাজনারায়ণের মন্তব্য	৪৬১
১৭৪।	নজরুলের পুত্র কর্তৃক কবিকে দেয়া পাকিস্তান সরকারের ভাতা প্রত্যাখ্যান	৪৬২
১৭৫।	গান্ধী শান্তি ফাউণ্ডেশন বাংলাদেশের জন্য স্বাধীনতা অভিযাত্রার আয়োজন করবে	৪৬৩
১৭৬।	বিশ্ব শান্তি আন্দোলনের নেতৃবৃন্দ কর্তৃক অবিলম্বে বাংলাদেশ সমস্যার সমাধান দাবী	৪৬৪
১৭৭।	দিল্লীর আন্তর্জাতিক সম্মেলনে অবিলম্বে মুজিবকে মুক্ত করার দাবী	৪৬৫
১৭৮।	দিল্লীতে অন্তর্জাতিক সম্মেলনে বাংলাদেশের মুক্তির জন্য সশস্ত্র বিশ্ববাহিনী গঠনের আহবান	৪৬৯
১৭৯।	দিল্লী সম্মেলনে বাংলাদেশের মানুষের দুর্দশা লাঘবে জাতিসংগের প্রচারণার আহবান	৪৭১
১৮০।	দিল্লীর আন্তর্জাতিক সম্মেলনে বাংলাদেশকে স্বীকৃতি প্রশ্ন	৪৭২
১৮১।	বিশ্বের প্রতি বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের জন্য দিল্লী আন্তর্জাতিক সম্মেলনের আহবান	৪৭৫
১৮২।	পৃথিবীর বিভিন্ন দেশে ‘ফেণ্ডস অব বাংলাদেশ’’ সংস্থা গঠনের সিদ্ধান্ত	৪৭৭
১৮৩।	দিল্লী আন্তর্জাতিক সম্মেলন প্রতিনিধি দলের বাংলাদেশে প্রবেশের সিদ্ধান্ত বাতিল	৪৭৮
১৮৪।	বাংলাদেশ সরকারের ওপর ভারত সরকারের প্রভাবের প্রশ্নে স্বতন্ত্র পার্টির বক্তব্য	৪৮০
১৮৫।	বাংরাদেশ প্রশ্নে কেন্দ্রীয় সরকারের ভূমিকা নমনীয় বলে জনসংঘ কেন্দ্রীয় কমিটির অভিযোগ	৪৮১
১৮৬।	পাকিস্তানের যুদ্ধপ্রস্তুতির মোকাবেলার প্রশ্নে আসাম প্রাদেশিক কংগ্রেস কমিটির প্রস্তাব	৪৮৩

উনিশ

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১৮৭।	পাকিস্তানের হুমকি মোকাবেলার ব্যাপারে সরকারের সাথে তিনটি বিরোধীদলের সহযোগিতা	৪৮৫
১৮৮	বাংলাদেশের প্রশ্নে জয়প্রকাশ নারায়ণের বিবৃতিসমূহের সংকলন	৪৮৭
১৮৯	"এ ক্রাই ফর হেল্প""-মহারাষ্ট্র বাংলাদেশ এইড কমিটির স্মারণিকা	৪৯৩
১৯০।	বাংলাদেশ ও ভারতের ভবিষ্যৎ-জয়প্রকাশ নারায়ণ লিখিত নিবন্ধ	৪৯৫
১৯১।	কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতির রিপোর্ট	৫০১
	ভারতীয় রাজ্যসভায় বাংলাদেশ প্রসঙ্গ	
১৯২।	রাজ্যসভায় বিতর্ককালে প্রধানমন্ত্রীর মধ্যবর্তী ভাষণ	৫২৭
১৯৩।	বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী কর্তৃক উত্থাপিত প্রস্তাব	৫২৯
১৯৪।	বাংলাদেশের শরণার্থীজনিত পরিস্থিতিতে শ্রম ও পুনর্বাসন মন্ত্রীর বিবৃতি	৫৩১
১৯৫।	বাংলাদেশকে স্বীকৃতির দাবীর প্রশ্নে পররাষ্ট্র মন্ত্রীর জবাব	৫৩৩
১৯৬।	ভারতে তারিক আলীর উপস্থিতিতে আলোচনা	৫৩৮
১৯৭।	পাকিস্তানে অস্ত্র সরবরাহ থেকে বিরত থাকার ভারতীয় আহবান ব্রিটেন কর্তৃক প্রত্যাখ্যানের ওপর পররাষ্ট্র মন্ত্রীর বিবৃতি	৫৪১
১৯৮।	বাংলাদেশের শরণার্থীদের প্রশ্নে আলোচনার জবাবে প্রধানমন্ত্রীর বিবৃতি	৫৫৭
১৯৯।	পাকিস্তানকে মার্কিন অস্ত্র সরবরাহের রিপোর্টের ওপর আলোচনা	৫৬১
২০০।	বিদেশ সফর শেষে প্রত্যাগত পররাষ্ট্রমন্ত্রীর বিবৃতি	৫৯১
২০১।	সাম্প্রতিক পরিস্থিতির ওপর প্রতিরক্ষা মন্ত্রীর বিবৃতি	৫৯৩
২০২	পাকিস্তানে মার্কিন অস্ত্রের অব্যাহত সরবারাহের ওপর আলোচনা	৫৯৭
২০৩	পাকিস্তানের প্রেসিডেন্ট কর্তৃক ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার হুমকির পরিপ্রেক্ষিতে আলোচনা ও পররাষ্ট্র মন্ত্রীর বিবৃতি	৬১৯
২০৪।	বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের দাবী জানিয়ে উত্থাপিত প্রস্তাব ও আলোচনা	৬৩৯
২০৫।	ইয়াহিয়া কর্তৃক মুজিবের বিচার ও প্রাণদণ্ডের হুমকির পরিপ্রেক্ষিতে আলোচনা ও প্রধানমন্ত্রীর বিবৃতি	৬৯০
২০৬।	পূর্ব সীমান্তে সৃষ্ট মারাত্মক পরিস্থিতির উপর আলোচনা	৭০৮
২০৭।	বাংলাদেশ প্রশ্নে জাতিসংগের তৃতীয় কমিটিতে চীন কর্তৃক পাকিস্তানের পক্ষে ভূমিকা গ্রহণের পরিপ্রেক্ষিতে আলোচনা	৭১৭
২০৮।	বিদেশ সফরের ওপর আলোচনাকালে প্রধানমন্ত্রীর বিবৃতি	৭২৮
২০৯।	পাকিস্তান কর্তৃক যুদ্ধ চাপিয়ে দেয়ার পরিপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রীর বিবৃতি	৭৩২
২১০।	বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে প্রদত্ত প্রধানমন্ত্রীর বিবৃতি	৭৫০
২১১।	যুদ্ধের সর্বশেষ পরিস্থিতির ওপর প্রতিরক্ষা মন্ত্রীর বিবৃতি	৭৬১
	সংসদীয় দলিলপত্রঃ ভারতীয় লোকসভায় বাংলাদেশ প্রসঙ্গ	
২১২।	বাংলাদেশে পাকিস্তানী সেনাবাহিনকীর হত্যাযজ্ঞ সম্পর্কে আলোচনা	৭৬৫
২১৩।	বাংলাদেশের ঘটনাবলী সম্পর্কে ভারতের পররাষ্ট্র মন্ত্রীর বিবৃতি ও তৎসংক্রান্ত আলোচনা	৭৬৯
২১৪।	বাংলাদেশ সম্পর্কে প্রস্তাব গ্রহণ প্রসঙ্গে আলোচনা	৭৮৭
২১৫।	বাংলাদেশের ঘটনাবলীর ওপর প্রধানমন্ত্রীর উত্থাপিত প্রস্তাব	৭৯০

বিশ

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
২১৬।	সীমান্তে পাকিস্তানী সেনাবাহিনীর আক্রমণাত্মক তৎপরতার সম্পর্কে বিতর্ক	৭৯৩
২১৭।	বাংলাদেশ থেকে আগত শরণার্থীদের সম্পর্কে প্রধানমন্ত্রীর বিবৃতি	৮০৫
২১৮।	সীমান্তে পাকিস্তান সেনাবাহিনীর ওপর আলোচনা	৮০৮
২১৯।	বাংলাদেশকে স্বীকৃতিদান প্রসঙ্গে বিরোধী সদস্যদের প্রস্তাব ও বিতর্ক	৮১২
২২০।	পাকিস্তানে মার্কিন যুক্তারাষ্ট্রের অস্ত্র প্রেরণ সম্পর্কে পররাষ্ট্রমন্ত্রীর বিবৃতির ওপর বিতর্ক	৮২৭
২২১।	কয়েকটি দেশে সফর প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর বিবৃতি ও তার ওপর আলোচনা	৮৩৫
২২২।	বাংলাদেশকে স্বীকৃতিদানের জন্য উত্থাপিত প্রস্তাবের ওপর আলোচনা	৮৪১
২২৩।	মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক পাকিস্তানকে অস্ত্র সরবরাহের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে আলোচনা	৮৭০
২২৪।	পাকিস্তানের সামরিক জান্তা কর্তৃক মুজিবকে হত্যার হুমকি প্রসঙ্গে আলোচনা	৮৭৬
২২৫।	সীমান্তে পাকিস্তানের সৈন্য সমাবেশ সম্পর্কে প্রতিরক্ষমন্ত্রির বিবৃতি ও আলোচনা	৮৮৯
২২৬।	পাশ্চাত্যের কয়েকটি দেশ সফর শেষে প্রধানমন্ত্রীর বিবৃতি	৮৯৮
২২৭।	পাক-ভারত সীমান্ত পরিস্থিতি ও অনুপ্রবেশকারী পাকিস্তানী স্যাবর জেট বিমান সম্পর্কে আলোচনা	৯০১
২২৮।	পাকিস্তানে জরুরী অবস্থা ঘোষণার পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর বিবৃতি	৯০৪
২২৯।	পাকিস্তান কর্তৃক ভারতের ওপর আক্রমণের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর বিবৃতি ও তৎসংক্রান্ত আলোচনা	৯০৬
২৩০।	পাকিস্তানের আক্রমণের পর যুদ্ধ পরিস্থিতি সম্পর্কে প্রতিরক্ষা মন্ত্রীর বিবৃতি	৯২১
২৩১।	বাংরাদেশকে স্বীকৃতি প্রদান করে প্রধানমন্ত্রীর বিবৃতি ও তৎসংক্রান্ত আলোচনা	৯২৩
২৩২।	পাকিস্তানের আক্রমণের পর সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে প্রতিরক্ষ মন্ত্রীর বিবৃতি	৯৪১
২৩৩।	ভারত মহাসাগরে মার্কিন যুক্তরাষ্ট্রের সপ্তম নৌবহরের তৎপরতা সম্পর্কে আলোচনা	৯৪৩
২৩৪।	নির্ঘন্ট	৯৫১

বাংলাদেশ প্রশ্নে ভারতের সরকারী প্রতিক্রিয়া

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের ওপর পাকিস্তানী সৈন্যের আক্রমনের উদ্বেগ প্রকাশ করে ভারতের লোকসভার প্রস্তাব*	বাংলাদেশ ডকুমেন্টস-১ম খন্ড (পররাষ্ট্র দপ্তর-প্রকাশিত)	৩১ মার্চ, ১৯৭১

TEXT OF THE RESOLUTION MOVED BY THE PRIME MINISTER OF INDIA IN THE PARLIAMENT ON MARCH 31, 1971

"This House expresses its deep anguish and grave concern at the recent developments in East Bengal. A massive attack by armed forces, dispatched from West Pakistan has been unleashed against the entire people of East Bengal with a view to suppressing their urges and aspirations.

Instead of respecting the will of the people so unmistakably expressed through the election in Pakistan in December 1970, the Government of Pakistan has chosen to flout the mandate of the people.

The Government of Pakistan has not only refused to transfer power to legally elected representatives but has arbitrarily prevented the National Assembly from assuming its rightful and sovereign role. The people of East Bengal are being sought to be suppressed by the naked use of force, by bayonets, machine guns, tanks, artillery and aircraft.

The Government and people of India have always desired and worked for peaceful, normal and fraternal relations with Pakistan. However, situated as India is and bound as the people of the sub-continent are by centuries old ties of history, culture and tradition, this House cannot remain indifferent to the macabre tragedy being enacted so close to our border. Throughout the length and breadth of our land, our people have condemned, in unmistakable terms, the atrocities now being perpetrated on an unprecedented scale upon an unarmed and innocent people.

This House expresses its profound sympathy for and solidarity with the people of East Bengal in their struggle for a democratic way of life.

Bearing in mind the permanent interests which India has in peace, and committed as we are to uphold and defend human rights, this House demands immediate cessation of the use of force and the massacre of defenseless people. This House calls upon all peoples and Governments of the world to take urgent and constructive steps to prevail upon the Government of Pakistan to put an end immediately to the systematic decimation of people which amounts to genocide.

This House records its profound conviction that the historic upsurge of the 75 million people of East Bengal will triumph. The House wishes to assure them that their struggle and sacrifices will receive the whole hearted sympathy and support of the people of India."

---

* বাংলাদেশের ঘটনাবলী সম্পর্কে ভারতের প্রথম প্রতিক্রিয়া ২৭ মার্চের লোকসভা ও রাজ্যসভার কার্যবিবণীতে দ্রষ্টব্য ।

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের নৃশংসতার প্রশ্নে রাষ্ট্রসংঘের নির্লিপ্তির সমালোচনা করে প্রেরিত ভারতের লিপি	দৈনিক 'যুগান্তর'	২ এপ্রিল, ১৯৭১

রাষ্ট্রসংঘে ভারতের লিপি
পাকিস্তানের ব্যাপারে নিশ্চেষ্টতা অমার্জনীয়

রাষ্ট্রসংঘ, ১লা এপ্রিল (পি টি আই)- পশ্চিম পাকিস্তানী সৈন্যরা বাংলাদেশে মানুষের উপর যে হারে নির্যাতন শুরু করেছে, তা বর্তমানে এমন এক স্তরে এসে পৌঁছেছে যে, তা পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার মনে করে নিশ্চেষ্ট থাকার আর সময় নেই। আন্তর্জাতিক মনবগোষ্ঠী কর্তৃক একটি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা অত্যাবশ্যক হয়ে উঠেছে-ভারত গতকাল বাষ্ট্রসংঘকে এই কথাটি স্মরণ করিয়ে দিয়েছে ।

রাষ্ট্রসংঘের সেক্রেটারী জেনারেল উ থান্টের কাছে ভারতের এই অভিমত একটি পত্রাকারে পেশ করা হয়। রাষ্ট্রসংঘ ভারতের স্থায়ী প্রতিনিধি শ্রী সমর সেন পত্রটি পেশ করেন এবং পত্রটি তাঁর অনুরোধে রাষ্ট্রসংঘ সদস্যদের নিকট প্রচার করা হয়। পরে রাষ্ট্রসংঘের একটি ইস্তাহার হিসাবে তা প্রকাশ করা হয় ।

শ্রী মহঃ ইলিয়াস রাজীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রস্তাব নিয়ে আজকে এসেছেন, আমি সেই প্রস্তাব সমর্থন করছি। আজ আমরা যে প্রস্তাব নিয়ে আলোচনা করছি, তা অত্যন্ত গুরত্বপূর্ণ ব্যাপার। আমরা সবাই জানি বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ যে রক্তক্ষয়ী সংগ্রাম করছেন, এই সংগ্রাম দীর্ঘদিনের পুঞ্জিভূত অন্যায় অত্যাচার এবং শোষণের বিরুদ্ধে এই সংগ্রাম। এই সংগ্রাম যারা আজকে পূর্ব বাংলার মানুষের উপর চাপিয়ে দিয়েছে ইয়াহিয়া এবং তার সামরিক শাসকগোষ্ঠী, তারা পশ্চিম পাকিস্তানের সাধারণ মানুষকে বোঝাবার চেষ্টা করছে এবং বোঝাচ্ছে যে, পূর্ব বাংলার মানুষ এই সংগ্রামের মধ্য দিয়ে পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে নতুন একটা স্বাধীন সার্বভৌম রাষ্ট্র গঠন করতে চাচ্ছে। এটা অত্যন্ত ভুল কথা, মিথ্যা কথা। আমরা জানি পূর্ব বাংলার মানুষ শাসকগোষ্ঠীর অন্যায় অত্যাচার ও শোষণের বিরুদ্ধে যখন আওয়াজ তুলেছিলেন তখন তো তারা একথা কোনদিন বলেননি যে, এরা পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে চায়। আজ যে ছয়-দফা দাবির ভিত্তিতে আওয়ামী লীগ সংগ্রাম চালিয়ে যাচ্ছে, সেই ছয়-দফা দাবির ভিত্তিতে স্বায়ত্তশাসনের দাবি ইয়াহিয়া খাঁ পদদলিত করেছে, উপেক্ষা করেছে, তার ফলে এখন যে সংগ্রাম চলেছে এই রক্তক্ষয়ী সংগ্রামকে পূর্ব পাকিস্তানের সশস্ত্র সামরিক বাহিনী পূর্ব বাংলার অগণিত মানুষকে হত্যা করছে-ইতিমধ্যে লক্ষ লক্ষ মানুষকে হত্যা করেছে এবং আগামী দিনেও আরও অনেক শহরকে ধ্বংস করেছে, অনেক শিক্ষাকেন্দ্র, বাড়িও গুরুত্বপূর্ণ কেন্দ্র তারা ধ্বংস করে দিয়েছে। এইসব ধ্বংসলীলা, অত্যাচার ও নিষ্পেষণ কেন? এটা শুধু এই জন্য যে, বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষ তাদের যে অধিকার, বাঁচবার যে অধিকার, সেই অধিকারকে তারা প্রতিষ্ঠিত করতে চেয়েছিল, যার জন্য ইয়াহিয়া শাসকগোষ্ঠী ঐ রকম অন্যায় অত্যাচার করে যাচ্ছে। আমাদের কাছে অর্থাৎ ভারত সরকারের কাছে পূর্ব বাংলার সংগ্রামী মানুষ সাহায্য ও সহানুভূতি চাচ্ছে। যদিও সাহায্য ও সহানুভূতি আমরা তাদের কিছু কিছু দিচ্ছি। কিন্তু তাদের রাষ্ট্রের স্বীকৃতি দেওয়ার যে ব্যাপার-ভারত সরকার যদি সেই স্বীকৃতি দিতে দেরি করেন, তাহলে সেখানকার মানুষের দুঃখকষ্ট দুর্গতি যা হয়েছে ও হচ্ছে, সেই দুঃখ- দুর্গতি আরও বাড়বে, বেশি হবে। সেইজন্য আজকে তাদের স্বীকৃতি দেওয়াটা বড় প্রশ্ন। বাংলাদেশকে স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে অবিলম্বে স্বীকৃতি দেওয়াটাই হচ্ছে জরুরী ব্যাপার আমাদের ভারত সরকারের কাছে। এটাই সমধিক গুরত্বপূর্ণ কাজ। এবং এই আশা এবং ভরসা আমরা করছি যে, পূর্ব বাংলা জয়ী হবে সেখানে এমন একটা সরকার কায়েম করবে যেখানে কৃষক, শ্রমিক, মেহনতী মানুষ বাঁচবার মত সুযোগ পাবে, এই আশা এবং ভরসা নিয়ে আজকের এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীকান্ত মৈত্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের এই ঐতিহাসিক এবং স্বরনীয় যে প্রস্তাবটি এসেছে, সেই প্রস্তাবটি আমি সমর্থন জানাচ্ছি। এবং বিরোধী দলের যেসব নেতারা এই হাউস-এ একটা

সর্বসম্মত প্রস্তাব করার যে প্রচেষ্টা করেছেন তাদের আমি আন্তরিক অভিনন্দন এবং শুভেচ্ছা জানাচ্ছি। আমাদের দু'পক্ষের ব্যবধান যতই হোক না কেন, আজকের দিনে যদি একমত হয়ে একটা প্রস্তাব নিই, সেই প্রস্তাবের গুরুত্ব আন্তর্জাতিক এবং সেই প্রস্তাব পাস হওয়ার একান্ত প্রয়োজনীয়তা ছিল। আজকে সর্বাগ্রে আমি মনে করি যে, সবচেয়ে বড় প্রয়োজন হচ্ছে স্বাধীন বাংলাকে স্বীকৃতি দেওয়ার প্রয়োজনীয়তা প্রশ্ন। আন্তর্জাতিক রাজনীতি আপনারা জানেন। যে কয়টি শর্ত স্বীকৃত হলে আন্তর্জাতিক আইনে একটা রাষ্ট্রকে স্বীকৃতি দেওয়া চলে, আর প্রত্যেকটি টেস্ট বা পরীক্ষাতেই এই স্বাধীন বাংলা উত্তীর্ণ হয়েছে। আইনে আছে আপনারা জানেন, টেরিটরি পপুলেশন, অর্গানাইজেশন সভরেন্টি বোথ এক্সটার্নাল অ্যান্ড ইন্টারন্যাশনাল, এই চারটি শর্ত যদি উত্তীর্ণ হতে পারে তবে যে-কোন রাষ্ট্র এবং যে-কোন জাতি আত্মনিয়ন্ত্রনের ভিত্তিতে স্বীকৃতি পেতে পারে। বিগত বিশ্বযুদ্ধের সময় আমরা জানি এই পূর্ব এশিয়াতে নেতাজী সুবাসচন্দ্র বসুর নেতৃত্বে আজাদ হিন্দু সরকার গঠিত হয়েছিল, সেই আজাদ হিন্দ সরকারেরও স্বীকৃতি মিলেছিল আন্তর্জাতিক রাষ্ট্রের কাছ থেকে। পৃথিবীর ন'টি রাষ্ট্রের কাজ থেকে। এবং সেখানেও এই পপুলেশন, অর্গানাইজেমন, সভরেন্টি, টেরিটরি, এই চারটি পরীক্ষাতে তার সরকার উত্তীর্ণ হয়েছিল। গত যুদ্ধের সময় দেখছিলাম ফ্রান্সের জেনারেল দ্য গল তার নিজের দেশ থেকে পালিয়ে এমিসার গভর্নমেন্ট করে গভর্নমেন্ট ইন এক্সাইল- ফরাসী থেকে ইংল্যান্ড এসে বসেছিলেন এবং সেখানে তার পেছনে এই সমস্ত টেস্টে উত্তীর্ণ হবার তার কোন কারণই ছিল না এবং সেদিন তিনি হননি। তা সত্ত্বেও পৃথিবীর বিভিন্ন দেশ দ্য গলের গভর্নমেন্ট ইন এক্সাইলকে স্বীকৃতি দিয়েছিলেন। আজকে কেন বাংলাদেশের সরকার স্বীকৃতি পাবে না। স্বীকৃতি নিশ্চয়ই তারা পাবে এবং তার জন্য সমস্ত রকমের চাপ পশ্চিম বঙ্গ সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গের জনগণের পক্ষ থেকে আমরা দেব এই বিষয়ে বিরোধী পক্ষের সঙ্গে একমত। কিন্তু আমি একটা প্রশ্ন করছি, মাননীয় সুবোধবাবু কয়েকটি তাত্ত্বিক প্রশ্ন তুলেছেন। তাত্ত্বিক প্রশ্ন নিয়ে মতভেদ থাকবেই। কিন্তু আমি বলছি যে, ওপার বাংলায় যে বিরাট ঐতিহাসিক আন্দোলন চলেছে, তার সম্বন্ধে তারই দলের নেতা শ্রী শিবদাস ঘোষ মহাশয়ের বক্তৃতা আমি শুনিনি কিন্তু কাগজে পড়েছি, তাতেও স্বীকার করতে কোন দ্বিধা থাকা উচিত নয় যে, ওপার বাংলায় এই যে বিরাট আন্দোলন সাড়ে সাত কোটি মানুষের হচ্ছে, এরা মার্কস পড়ে নেতৃত্বে দিচ্ছেন না, মার্কস, চেগুয়েভারা, স্ট্যালিন, লেলিন, ট্রটস্কি, মাও-সে-তুং- এদের তত্ত্বের উপর নিভৃর করে লড়াই করছে না, অতি সাধারণ মানুষ রাজনৈতিক তত্ত্বকে ছেড়ে দিয়ে স্বাধীনতার জন্য সর্বস্ব ত্যাগ করে লড়াইয়ে নেমেছে। জীবন তত্ত্বের চেয়ে অনেক বড়। তত্ত্বও নিয়ে আমরা পড়ে থাকি, তাহলে আমরা দেখব জীবন তত্ত্বকে ছাড়িয়ে চলে যাচ্ছে। জীবনের জন্য তত্ত্ব, তত্ত্বের জন্য জীবন নয়। মাননীয় সুবোধবাবু তিনি স্পেনের সিভিল ওয়্যারের কথা বলেছেন। স্পেনের সিভিল ওয়ারের ইতিহাস পুঙ্খানুপুঙ্খভাবে পড়েছি, আজকে এখানে স্মরণ করবার নানা কারণ আছে, আমি তাকে ধন্যবাদ দিই যে, তিনি স্পেনের গৃহযুদ্ধের কথা তুলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় স্পেনের গৃহযুদ্ধে অন্যতম বড় শিক্ষা হয় যে, সেদিন পৃথিবীর বিভিন্ন রাষ্ট্রের প্রজাতান্ত্রিক স্পেনের পিছনে আসেনি। এবং সেদিন ফ্রাঙ্কো যে সমর্থন ফ্যাসিস্ট রাষ্ট্রদ্বয়ের কাছ থেকে পেয়েছিলেন তারা হলেন জার্মানি ও ইটালী এবং তারই ফলে ফ্রাঙ্কো জিতেছিলেন এবং প্রজাতান্ত্রিক স্পেনের সংগ্রামী ভাইরা সেদিন নিশ্চিহ্ন হয়ে গিয়েছিল। কিন্তু আর একদিক থেকে খুব ট্রাজিক হলেও স্বীকার করতে হয় যে, স্পেনের গৃহযুদ্ধের ইন্টারন্যাশনাল ওয়ারকিং ক্লাস সেদিন এগিয়ে আসেনি। বর্গানুর মত একজন কমিনিস্ট নেতা যিনি কমিউনিস্ট ইন্টারন্যাশনাল সেক্রেটারিয়েট ছিলেন তাঁর বিখ্যাত পুস্তক কমিউনিস্ট ইন্টারন্যাশনালে তিনি স্বীকার করে গেছেন যে, স্পেনের গৃহযুদ্ধে দুঃখের সঙ্গে স্বীকার করতে হচ্ছে যে পৃথিবীর কোন সমাজতান্ত্রিক কি বুর্জোয়া দেশের শ্রমিক শ্রেণী সেদিন এগিয়ে আসেনি যা তাদের আসা উচিত ছিল। অথচ একটা ফ্যাসিস্ট রাষ্ট্র তার সমস্ত শক্তি নিয়ে প্রজাতান্ত্রিক স্পেনের বিরুদ্ধে সমর্থন জানিয়েছিল। এখানেও তাই ঘটতে চলেছে। আজকে আমরা যদি গণতান্ত্রিক শক্তিকে সমর্থন না করি, আমরা যদি বাংলাদেশের যে বিরাট মুক্তিযুদ্ধ চলেছে তাকে সর্বতোভাবে সমর্থন না জানাই তাহলে ফ্যাসিবাদের সেখানে উদ্ভব হবে এবং আমরা ইতিহাসের কাঠগড়ায় উঠব। সুতরাং স্বীকৃতি আমাকে দিতেই হবে। তত্ত্বের কথা বলেছেন- তত্ত্বের সেই ইন্টারন্যাশনাল ওয়ার্কিং ক্লাস সলিডারিটি

কোথায়? এত তো সিংহালের কথা একজন সদস্য বলেছেন, আমি তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, সিংহলে যুক্তফ্রন্ট হয়েছিল শ্রীমতি বন্দনায়কের নেতৃত্বে। সেখানকার ট্রটস্কিপন্থী এবং বিপ্লবী সমস্ত দল যুক্তফ্রন্ট তৈরী করে সরকার করলেন। যেদিন যুক্তফ্রন্ট সরকার তৈরী হল সেদিন ময়দানে প্রথম বিজয় উৎসবের সমাবেশে ডাঃ কোটশা সিলভা, সেখানে ট্রটস্কি দলের নেতা, আন্তর্জাতিক বিশ্ব বিপ্লবের নেতা তিনি বক্তৃতা দিয়ে বলেছিলেন তামিল উদ্ভব ভারতবাসীরা তোমরা এবার চলে যাও, আমাদের দেশের সিংহলের মানুষের খাবারের ব্যবস্থা করতে হবে। ওয়ার্কিং ক্লাস অফ দি ওয়ার্ল্ড ইউনাইট কোথায়? ভিয়েৎনামে একটা মাইলাই হয়েছিল, তাতে লক্ষ মানুষ মরেছে আমেরিকার সাম্রাজ্যবাদীদের সামনে। কিন্তু কোথায় আমেরিকার শ্রমিকশ্রেণী তার বিরুদ্ধে দাঁড়াল? নিউ লেফট লিবারেল যারা উদারণপন্থী তরুণ যুবকের দল, শিক্ষা, অধ্যাপক, সাধারণ মানুষ তারা তো আমেরিকার যুদ্ধবাজদের বিরুদ্ধে দাঁড়ায়নি? কই আমেরিকার কলকারখানায় শ্রমিকরা প্রোডাকশন বন্ধ করে দেয়নি যে, না, ভিয়েতনামের শ্রমিক কৃষক ছাত্র যুবক নারীর উপর নির্বিচারে আমেরিকার সেনাবাহিনী গুলী চালাচ্ছে, বোমাবর্ষন করছে, নেপাম বোমা ফেলেছে, আমরা এ মারণাস্ত্র তৈরী করব না। ওয়ার্কিং ক্লাস সলিডারিটি এ কথা তো লেনিন বলেছিলেন, কিন্তু ইতিহাসের সে জীবনতত্ত্বে আমি তো কোন মিল দেখছি না। চীনে যাঁরা সমাজতন্ত্রের কথা বলছেন তাঁরা আজকে ইয়াহিয়া খানকে সম্পূর্ণ সমর্থন দিচ্ছেন। মাননীয় সদস্য হরেকৃষ্ণ কোঙার মহাশয়কে আমি খুব বিনয়ের সঙ্গে বলছি, তাঁকে কোন আঘাত করব না, রাজনীতিতে আমার সঙ্গে তার মতের তুমুল পার্থক্য আছে ও থাকবে। তিনি কয়েকটা প্রশ্ন তুলেছেন, তিনি একটা তুলনামূলক বক্তৃতা ভারত সরকারের সঙ্গে করেছন এবং সব সময় আশঙ্কা প্রকাশ করেছেন যে, বাংলাদেশের আন্দোলন সম্বন্ধে যদি স্পষ্টভাবে প্রচার ঠিক না হয়ে থাকে তাহলে বিদেশী রাষ্ট্ররা তার সুযোগ নিয়ে এই আন্দোলনের বিরুদ্ধে যাবে। কিন্তু আমি তাকে দুঃখের সঙ্গে বলছি যে, তিনি যে বক্তৃতা করলেন সেই বক্তৃতা যদি ঝাপিয়ে বিলি করা যায় তাহলে পাকিস্তান এমব্যাসি তার সবচেয়ে বেশি সুযোগ নেবেন। তাবে আশার কথা এই যে, আমাদের বিধানসভার প্রসিডিংস ছেপে যখন বেরুবে তখন ২-৩টা সরকার অদলবদল হয়ে যাবে, ২-৩টা বিধনসভা বসবে এবং সেটা যাবে না, এটা আশার কথা। আরও তিনি বলেছেন কেন মিলিটারি থাকবে। আজকে যে মুহূর্তে স্বীকৃতি দেয়া হবে সে মুহূর্তে প্রস্তুত থাকতে হবে যুদ্ধের জন্য, যে কথা মাননীয় সদস্য বিশ্বনাথ মুখার্জি তুলে ধরেছেন। আমি জিজ্ঞাসা করছি তখন কি মাননীয় সদস্য হরেকৃষ্ণ কোঙার এবং অন্যান্য দলেরা বললেন যে, না চীন সমাজতান্ত্রিক দেশ? মনে রাখবেন ১৯৬৫ সালে ভারত-পাকিস্তানের যুদ্ধে কি হুমকি দিয়েছিল। নানান কারণে পৃথিবীতে যুদ্ধ হয়েছে, হেলেন অকট্রয় নিয়েও যুদ্ধ হয়েছে। নারী নিয়ে যুদ্ধ হয়ে গেছে এক কালে। কিন্তু ভেড়া চুরির অভিযোগে একটা সমাজতান্ত্রিক রাষ্ট্র বিশ্বযুদ্ধের হুঙ্কার দিতে পারে সে এক চীন সাম্রাজ্য দেখিয়েছিল যে, ভারত চীনের ৯০০ ভেড়া চুরি করে নিয়ে গিয়ে ছিল। তার জন্য তারা ৯০ ঘন্টার আল্টিমেটাম দিলেন। আমাদের তৎকালীন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রী ভয় পেয়ে গিয়েছিলেন কারণ তাঁর শক্তি ছিল না। কিন্তু আজকে স্বীকৃতি দেওয়ার সাথে সাথে চীন রণহুঙ্কার দিলে প্রস্তুত থাকতে হবে, তখন কি বলবেন সোস্যালিস্ট কান্ট্রি ক্যান নট কমিট অ্যাগ্রেশন। সমাজতন্ত্রিক দেশ জীন আক্রমণ করতে পারে না। তখন কি আবার ভারতবর্ষ আক্রমণস্থলে আক্রমণকারী রাষ্ট্র এবং আক্রান্ত রাষ্ট্রের মার্ক্সিস্ট শ্রেণী চরিত্র নিয়ে বিচারে বসবেন? জিজ্ঞাসা করছি বলতে হবে আপনাকে। ভারতবর্ষ স্বীকৃতি দিক আমরা চাই, কিন্তু স্বীকৃতি দিলে তার পরিণতি স্বরূপ যদি বিশ্বযুদ্ধ আসে, যদি চীন বা যে কোন রাষ্ট্র ভারতবর্ষের উপর হামলা করে তাহলে আমরা সবাই কি তখন হাত মিলিয়ে সরকারের পিছনে দাঁড়িয়ে লড়াইয়ের জবাব দেব, পাকিস্তানের বিরুদ্ধে লড়তে বলব? বলুন না? তখন দেখবেন তখন আবার শ্রেণীতত্ত্বের আলোচনা এসে যাবে। আজকে যখন লড়াই আসবে তখন সৈন্য আসবেই। আমি, জ্যোতিবাবু, হরে কৃষ্ণবাবু ধুতি-পাঞ্জাবী পরে লড়ব না।

(শ্রী হরেকৃষ্ণ কোঙারঃ দয়া করে আপনার সাথে আমার নাম জড়াবেন না। সি আই এ-র এজেন্ট।) কে কার এজেন্ট? একটা কথা মনে পড়ছে শ্রদ্ধেয় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর ঐতিহাসিক উপন্যাস দেবদাস লিখবার পর বাংলাদেশের একজন খ্যাতনামা সাহিত্য সমালোচক, তিনি আজ পরলোকে। তিনি ঐ বইয়ের অত্যন্ত প্রশংসা শুনে সহ্য করতে না পেরে লিখলেন ‘‘হ্যাঁ শরৎবাবু গণিকালয়ের যে ছবি এঁকেছেন বড়ই নিখুঁত

এবং বড়ই বাস্তবগ্রাহ্য এবং চমৎকার।'' যখন শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কাছে এই সমালোচনাটা পড়ে শোনানো হল তিনি তখন বললেন, ''অভিজ্ঞ ব্যক্তির কাছেই ধরা পড়েছে- এইটাই আমার সান্ত্বনা।'' তা সি আই এ সম্বন্ধে এত খবর যারা রাখেন তাঁরা সি আই এ স্পেশালিস্ট। ওঁরা সি আই এ বলে দুনিয়াকে খেপাচ্ছেন। এই তো নকশালপন্থিদের সি আই এ বলছেন। সবাই সি আই এ; তবে আপনারা কারা? সুতরাং! এত খবর রাখছেন কি করে? দালালের খবর দালালরাই রাখে। 'দালালস্য দালাল' যারা তারা রাখে।

(সরকার পক্ষের সদস্যগণের তুমুল টেবিল চাপড়ানি ও উল্লাস)

সুতরাং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে ঐতিহাসিক প্রস্তাব এসেছে তাকে আমরা সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছে। আমি .....

(বিরোধী পক্ষের বাধাদান)

আমরা বক্তৃতার সময় যতই ওরা বাঘা দিন ও 'দালাল' বলে গালাগালি দিন আমি কখনই দাঁড়াইনি বা ভবিষ্যতেও করব না এ আশ্বাস প্রত্যেককে দিচ্ছি। কিন্তু মনে রাখবেন কাচের ঘরে বাস করে রাস্তার লোককে ইট মারলে বড় বিপদ হয়। Don't pelt stones at passers-by while you are living in a glass house. রাস্তার ধারে কাচের ঘরে বাস করে লোককে ইট ছুড়লে যা পরিণতি হয় তার জন্য আপনারা প্রস্তুত থাকবেন। সরকারী আশ্রয় দালালি করে মেলে না। সত্য কথা বলে যাব। তাতে আপনাদের কাছে দালাল হতে পারি। চিরদিন ভারতবর্ষের আপামর জনসাধানণের দালাল হব। চীনের দালাল হব না, আমেরিকার দালাল হব না এবং বিড়লার দালাল হব না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় খেয়েও পেট ভরছে না। আমেরিকার কাছ থেকে, চীনের কাছ থেকে, রাশিয়ার কাছ থেকে খেয়েও পেট ভরেনি, শেষকালে টাটা-বিড়লার কাছে গিয়ে হাত পাতছে। সুতরাং ওসব কথা বলে লাভ নেই।

(সরকার পক্ষের তুমুল হর্ষধ্বনি)

ওসব নাটক করে লাভ নেই। আমরা জানি হু ইজ হু অ্যান্ড হোয়াট ই হোয়াট। এখনও চ্যালেঞ্জ করছি হরেকৃষ্ণবাবু ও তার দলের কাছে- বলুন-ভারতবর্ষ অস্ত্র দিক, আমরা দাঁড়িয়ে বলছি পাকিস্তান কি চীন হামলা করলে আমরা এক সাথে দাড়িয়ে লড়ব। ঘরের লড়াই আমরা বিচার করব। কিন্তু সে উত্তর আসবে না। সুতরাং এখান থেকে ই বুঝবেন আসল লক্ষ্যটা কি।

আমি আমার বক্তব্য শেষ করবার আগে আবার বলছি যে, বাংলাদেশে ----------

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে তো হাউসের শান্তি রক্ষা করতে হবে। তা না হলে এটা তো একতরফা যাবে না। আপনাকে তো আমাকে প্রোটেক্ট করতে হবে। তা না হলে প্রিভিলেজ আমারও ভায়োলেটেড হবে।

আজকে তাই বলছি, যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি এবং ওপার বাংলায় যে ঐতিহাসিক লড়াই চলছে তাকে কেউ ব্যর্থ করে দিতে পারে না। যাঁরা বলছেন ওপার বাংলা থেকে আমাদের প্রেরণা পাবার কিছু নেই তাঁরা ভুল। যদি ভিয়েৎনাম থেকে প্রেরণা পাওয়া যেতে পারে, যদি রুশ বিপ্লব থেকে প্রেরণা পাওয়া যেতে পারে তাহলে আমি বলব ভারতবর্ষের ৫৩ কোটি মানুষ আজকে সবচেয়ে বেশি প্রেরণা পাবে ওপার বাংলার বঙ্গবন্ধু মুজিবের নেতৃত্বে যে লড়াই হচ্ছে। এবং সর্বশেষে বিশ্বকবি রবীন্দ্রনাথের কথায় বলিঃ-

(বিরোধী পক্ষের হাস্যরোল)

বিশ্বকবির নাম হতেই এত ব্যঙ্গ কেন বুঝতে পারছেন। কারণ রবীন্দ্রণাথ ওদের কাছে বুর্জোয়া কবি।

"মৃত্যুর অন্তরে পশি অমৃত না পাই যদি খুঁজে
সত্য যদি নাহি মেলে, দুঃখ সাথে যুঝে
পাপ যদি নাহি মরে আপনার প্রকাশ লজ্জায়,
অহঙ্কার নাহি মরে আপনার অসহ্য সজ্জায়।"

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এইরকমভাবে একটা অশালীন আচরণ যদি একটা দল করে তাহলে অন্যায় হয়। ------- (এ ভয়েসঃ প্রেস লিখছে।) প্রেস আমাদের লোক নয়। প্রেস আপনাদের ভয় করে, আমাদের ভয় করে না। আপনারা আনন্দবাজার -------- যুগান্তরের সাংবাদিকদের মেরেছেন, ভ্যান জ্বালিয়ে দিয়েছেন। ঐ আনন্দবাজারের লোকেদের সঙ্গে আপনাদের দলের নেতা জ্যোতিবাবু গ্র্যান্ড হোটেলে ভোজন করেছেন। ঐ আনন্দবাজার, হিন্দুস্থান স্ট্যান্ডার্ড, যুগান্তর ইত্যাদিরা ফলাও করে আপনাদের খবর বের করে। ---------- (গোলমাল) "বীরের রক্তস্রোত, মাতার অশ্রুধারা; এর যত মূল্য সে কি করার ধূলায় হবে হারা" এত রক্তস্রোত কখনও ব্যার্থ হবে না। মুজিবরের নেতৃত্বে যে আন্দোলন চলছে সেই আন্দোলন জয়যুক্ত হবেই । ওঁরা কারুর প্রেরণা পান, না পান তাতে কিছু আসে যায় না। আমরা প্রেরণা পেয়েছি, গোটা বিশ্ব প্রেরণা পেয়েছে। জয় হিন্দ।

শ্রী অনিলকুমার মান্নাঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি গণতান্ত্রিক কোয়ালিশন সরকারের মুখ্যমন্ত্রী বাংলাদেশকে স্বীকৃতিদানের যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব অন্তরের সঙ্গে সমর্থন করছি। সেই সঙ্গে সমর্থন জানাই আজ বিরোধী পক্ষ ও সরকার পক্ষ একত্রিত হয়ে এই বিরাট মানুষের অধিকার অর্জনের যে অধিকার সেই অধিকারকে আজ উভয় পক্ষ মেনে নিয়েছেন এবং তাই তাঁদের জানাই আমাদের অন্তরের আন্তরিকতা। আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, বিরোধী নেতা তাঁর বক্তব্যে একটা কথা বলে গেছেন যে, আজ এই প্রস্তাব শুধু প্রস্তাব থেকে যাবে না। এর ভেতরে আন্তরিকতা আছে- আমি এ বিষয়ে তাঁর সঙ্গে একমত। আমি বলতে চাই যে, আজ এক মাস অতিক্রান্ত হয়ে গেল পশ্চিম পাকিস্তানের জঙ্গীশাহী শাসনের বর্বর অত্যাচারে ওপার বাংলার হাজার হাজার শিশু, বৃদ্ধ নরনারী তাদের জীবনের সমস্ত দিয়ে লুণ্ঠিত হচ্ছে, নিষ্পেষিত হচ্ছে। আজও তারা ঐ রকম জঙ্গীশাহী ট্যাঙ্ক, বুলেটের কাছে নিষ্পেষিত হচ্ছে, কিন্তু ঐ জঙ্গীশাহী শাসনের অবসান করতে পারেনি। কিন্তু আজও তারা পূর্ব বাংলার ওপারে মানুষের উপর নির্যাতন এবং পশ্চিম শাহী জংলী শাসনের অবসান করতে পারেনি। কিন্তু আজও তারা পূর্ব বাংলার ওপারে মানুষের উপর নির্যাতন এবং পশ্চিমশাহী জঙ্গলী শাসনের অবসান করতে পারেনি, তাদের সেই প্রস্তাব প্রস্তাবেই থেকে গেছে, তাদের মুখের কথা মুখের কথাই থেকে গেছে। তার সুরাহা করতে বা সেই জংলী শাসনের অবসানকল্পে কোনরকম একটা প্রস্তাব ভারত সরকার বা পৃথিবীর অন্য কোন রাষ্ট্র করেনি। যারা আজকে পৃথিবীর বড় বড় রাষ্ট্র, যাদের কথায় পৃথিবীর প্রতিটি মানুষ উঠে বসে আজ তারা কোথায়, আজকে তারা নীরব কেন? আমি তাদের প্রশ্ন করি বাঙ্গালী জাতির প্রতি তাদের কি কোন কর্তব্য নেই? আজকে পূর্ব বাংলার এই যুদ্ধ কি ইতিহাসের যুদ্ধের মতই থেকে যাবে? একটা দেশ আর একটা দেশকে জোর করে দখল করছে, তাদের ভূখন্ড হরণ করে নিয়েছে-এই সমস্ত মানুষগুলির বাঁচার অধিকারকে পশ্চিমীশাহী জংলী শাসন বছরের পর বছর ধরে হরণ করে রেখেছে, সেই অধিকারকে অর্জন করার জন্য আজকের এই সংগ্রাম। আজকে আমরা দেখতে পাচ্ছি যে, ভারত সরকার তাদের স্বীকৃতি দিচ্ছে না। আজকে আমি ইন্দিরা সরকারকে প্রশ্ন করব কেন তোমরা ওপারের বাঙ্গালীর বাঁচার অধিকার কে আজও স্বীকৃতি দিচ্ছ না। আজকে আন্তর্জাতিক স্বীকৃতিতে কোন বাধা নেই, কারন পূর্ব বাংলা তাদের নিজস্ব ভূখন্ড এবং সেখানে ৯৯.৬ দশমিক গণতান্ত্রিক ভোটে জনগণ তাদের রায় দিয়েছে, সেখানে জাতীয় সভার সভ্যদের নির্বাচিত করেছে অথচ কেন তাহলে আজকে ভারত সরকার তাদের স্বীকৃতি দিচ্ছে না- এই প্রশ্ন আজকে প্রতিটি ভারতবাসীর, এই প্রশ্ন আজকে বাঙ্গালী জাতির, এই প্রশ্ন আজকে প্রতিটি শোষিত মানুষের। যখন আমরা দেখতে পাচ্ছি পশ্চিম বাংলার হাজার হাজার মানুষ দুবেলা খেতে পাচ্ছে না, যখন তারা তাদের জীবনকে মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছে তখন আমরা দেখতে পাচ্ছি যে, পূর্ব বাংলা থেকে হাজার হাজার মানুষ এসে ভারতের বিশেষ করে পশ্চিম বাংলার এই সমস্যাকে আরও সমস্যাসঙ্কুল করে তুলছে। আজকে ইন্দিরা সরকার বোধহয় মনে করছে যদি আমরা পূর্ব বাংলাকে স্বীকৃতি দেই তাহলে আবার অন্য কোন রাষ্ট্র চীন, রাশিয়া বা আমেরিকা আমাদের আক্রমণ করবে বা

অন্য কোন রাষ্ট্র আমাদের আক্রমণ করবে- এই ভয়ই ইন্দিরা সরকারের প্রধান বাধা। কিন্তু তাঁরা দেখেছেন যে, ১৯৬২ সালে যখন চীনের দ্বারা আমাদের দেশ আক্রান্ত হয়, যখন ১৯৬৪ সালে পাকিস্তান আমাদের আমাদের দেশ আক্রামণ করে তখন এটা প্রমাণ হয়ে গেছে যে, ভারতবর্ষের মানুষ তার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে, তারা দেখিয়েছে যে, ঐরকমভাবে নিজেদের আত্নপ্রতিষ্ঠার জন্য যে কোন সংগ্রামের পেছনে তারা রয়েছে, তার জন্য নিজেদের শক্তি, নিজেদের রক্ত, নিজেদের সমস্ত অধিকারকে তারা বিলিয়ে দিয়েছে। যে কোন আন্তর্জাতিক শক্তি, যে কোন রাষ্ট্র যদি আমাদের ভারতকে আক্রমণ করে -আমরা একতাবদ্ধ হয়ে সমস্ত জাতি যদি রুখে দাঁড়াই তাহলে কোন শত্রু আমাদের উপর ঝাঁপিয়ে পড়তে পারবে না এই বিষয়ে আমরা সুনিশ্চিত। তাই আমি বলতে চাই , পূর্ব বাংলার মানুষের অধিকার রক্ষার জন্য ভারত সরকারকে অবিলম্বে স্বীকৃতি দিতে হবে, শুধু ঐ প্রস্তাবের ভেতর সীমাবদ্ধ না রেখে আমাদের জনমত সংগ্রহ করতে হবে, আমাদের এখানে ভারত সরকারের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলতে হবে,যে আন্দোলনের ফলে বাধ্য হয়ে ভারত সরকার এবং অন্যান্য আন্তর্জাতিক রাষ্ট্রগুলি তাদের স্বীকৃতি দেবে এবং বাঙ্গালী জাতির আত্মনিয়ন্ত্রণের অধিকারকে তারা মেনে নেবে এই বলেই আমি শেষ করছি। জয় হিন্দ।

শ্রী প্রয়াগ মন্ডল ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে প্রস্তাব বাংলাদেশ সম্বন্ধে রেখেছেন সেই প্রস্তাব আমি সমর্থন করছি এবং সর্মথন করার সঙ্গে সঙ্গে বলছি যে, এই প্রস্তাব সম্বন্ধে কোন আন্তরিকতা আছে কিনা সেই প্রশ্ন বিভিন্ন দিক থেকে উঠেছে এবং এটা ওঠাই স্বাভাবিক। কারণ আমরা জানি অনেক সময় অনেক প্রস্তাব নেওয়া হয়ে থাকে কিন্তু সেই প্রস্তাবগুলি ঠিকভাবে কার্যকরী হয় না প্রস্তাব বা চুক্তিগুলি নেওয়া এক কথা এবং এগুলিকে কার্যে পরিণত করা আর এক কথা। সুতরাং আমি একমত যে এটার মধ্যে আন্তরিকতা আছে কিনা । নেহেরু লিয়াকৎ যে চুক্তি ছিল সেই চুক্তি মানা হয় নি। তাছাড়া জেনেভা এগ্রিমেন্ট যেটা আছে এটাও হয়ত মানা হয়নি এবং আমাদের পূর্ব বাংলা থেকে ইয়াহিয়ার জঙ্গীশাহী আক্রমণ সেটা আমাদের পশ্চিম বাংলার ৪-৫ কিলোমিটারের মধ্যে হয়ত এসে পড়েছে এবং অনেক লোক সেখানে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমি আরও বলতে চাই যে, আমাদের এই সমস্ত ক্ষতিগ্রস্ত লোকদের পূর্ব বাংলার ক্ষতিগ্রস্ত লোকদের মত গণ্য করতে হবে। আমি বলতে চাই সরকার পক্ষকে যে, এই প্রস্তাব শুধু কাগজে না লিখে মুখ্যমন্ত্রী তো দিল্লী যাচ্ছেন, তিনি বলুন কেন্দ্রীয় সরকারকে যে এদের স্বীকৃতি দিতে হবে। আমি আনন্দিত যে, এই প্রস্তাবের মধ্যে অস্ত্রশস্ত্র কথাটি আছে এবং তার সঙ্গে আছে প্রয়োজনীয় দ্রব্যাদি । এখানে আমি একটু বলতে চাই, অস্ত্রশস্ত্র কথাটাকে গৌণ করে মুখ্য হিসাবে যদি চাল, মুড়ি, বিড়ি এগুলিকে ধরা হয় তাহলে খারাপ হবে এবং এই প্রস্তাবের কোন অর্থ থাকবে না। তাই আমি বলছি এক মাস বারো দিন পরে কেন এই প্রস্তাব নিতে হবে, এটা আপনারা তো ইচ্ছা করলেই করতে পারেন। আপনার দিল্লীতে গিয়ে বলুন বা সমস্ত জায়গা থেকে দিল্লীতে গিয়ে আবেদন করুন যে, সেই সরকারকে স্বীকৃতি দেওয়া হোক বা অস্ত্রশস্ত্র দেওয়া হোক। যাই হোক এছাড়া এই প্রস্তাবের মধ্যে অন্যান্য যে সমস্ত কথা রয়েছে যে, ইয়াহিয়া খান খারাপ লোক বা তার গণহত্যা অভিযানকে ধিক্কার জানানো হোক- এগুলি জানিয়ে লাভ নেই কারণ এক একটা শ্রেণীর এক একটা চরিত্র থাকে এবং সেই চরিত্র মত সে কাজ করে যাচ্ছে। প্রতিক্রিয়াশীলদের পায়ের তলা থেকে যখন মাটি সরে যায় তখন তারা সন্ত্রস্ত হয়ে উঠে এবং শেষ কামড় দিয়ে যাওয়ার চেষ্টা করে এবং সেটাই পূর্ব বাংলায় হচ্ছে এবং তার ঢেউ এখানে এসেছে। ঠিক ইলেকশনের আগে প্রেসিডেন্ট রুলের সময় আমরা দেখেছি যে, বিভিন্ন জায়গাতে গ্রামে সি আর পি মিলিটারী পাঠিয়ে দেওয়া হয়েছে, কিন্তু আমাদের সীমান্তে চীন আছে, যে কোন সময় তারা আক্রমণ করতে পারে। এগুলি প্রতিক্রিয়াশীলদের পয়েন্ট, এক ঠেকা দেওয়ার জন্য তাঁরা অনেক কথা বলেনে। এগুলি যাঁরা করেন সেই সরকার কি করে পূর্ব বাংলার অন্দোলনকে সমর্থন জানাবেন? যা হোক সরকার পক্ষ থেকে শুনলাম যে, তাঁদের নাকি আন্তরিকতা আছে। ভাল কথা আনন্দের কথা । আমাদের এই পশ্চিম বাংলার মানুষ যখন জাগবে, যারা অত্যাচারিত, নিষ্পেষিত তারা একদিন না একদিন জাগবে এটা খুব পরিষ্কার । তখন তাঁরা মন্ত্রিসভায় থাকুন আর নাই থাকুন, পশ্চিম বাংলার নাগরিক হিসাবে তাদের যে আন্দোলন হবে তাকে অন্ততঃ অন্তর থেকে সমর্থন জানাব এই বলে আমি শেষ করছি।

শ্রী অজিত কুমার গাঙ্গুলী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাব আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। শুধু মুখ্যমন্ত্রী মহাশয় এই প্রস্তাব এনেছেন বলেই নয়, বঙ্গবন্ধু মুজিবুর রহমান যেমন বাংলাদেশের মানুষকে সেখানে সমস্ত শক্তিকে ঐক্যবদ্ধ করেছেন, আজকে এই হাউসে এই যে প্রস্তাব এসেছে সেটা চার কোটি পশ্চিমবঙ্গবাসীর প্রতিভূ এই বিধানসভা সদস্যদের পক্ষ থেকে এসেছে। সেজন্য এর একটা মৌলিক গুরুত্ব আছে। সাধারণভাবে অনেক সময় অনেক প্রস্তাব এখানে সমর্থিত হয়, সেটা একটা দিক, আজকে উপাধ্যক্ষ মহাশয়, যদি প্রস্তাবটা দেখেন, দেখবেন এটা শুধু সমর্থনসূচক নয়। এই প্রস্তাবের একটা গভীর তাৎপর্য রয়েছে। প্রতিটি প্যারাতে দেখবেন একটা কার্যকরী সমন্বিত ধারা রয়েছে। আমি সেদিক সম্বন্ধে আপনার মাধ্যমে এই সভায় উপস্থিত করতে চাই। সেটা হচ্ছে- আপনি লক্ষ্য করেছেন, বাংলাদেশে যে লড়াইটা হচ্ছে সেই লড়াই অত্যাচারীর বিরুদ্ধে লড়াই নয়, এটা একটা ঔপনিবেশিক দাসত্ব থেকে মুক্তির লড়াই। লিবারেশন স্ট্রাগল ফ্রম কলোনিয়াল অপ্রেশন। এটা আমাদের বুঝতে হবে। আমারও বাড়ি পুর্ববঙ্গে। আপনারা প্রায়ই বনগাঁর নাম শুনে থাকেন, সেই বনগাঁ থেকে ঝিকরগাছা ১৯ মাইল দূরে গেলে দেখতে পাবেন সেখানে নতুন বাড়ি ১১ খানার বেশী হয়নি এই অত্যাচারী শাসনের অধীনে। ওখানে বেনাপোলের বাজার, নাভারণ বাজার, ঝিকরগাছা বাজার যতদুরে যাবেন দেখতে পাবেন কত অন্যায় হয়েছে। একটা ঔপনিবেশিক দেশকে সেই অবস্থায়ই রেখে দিয়েছে। আমরা এটা বুঝি কেননা আমরা এই ঔপনিবেশিক দাসত্বের মধ্যে ছিলাম, আমরা জানি বৃটিশের অত্যাচার কি, সেই অত্যাচারের কাহিনী মনে রেখে আমরা এই জিনিস উপলব্ধি করতে পারি। কারণ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে তীব্র লড়াই পশ্চিমবঙ্গবাসী করেছিল। আজকে ওখানে যে লড়াই চলছে, সেই লড়াইয়ের প্রতি সেদিক দিয়ে আমাদের সহানুভূতি আরও গভীর। এরা কি অত্যাচারই না করেছিল। আপনি উপাধ্যক্ষ মহাশয়, জানেন ইয়াহিয়া জন্তু-জানোয়ারকেও ছাড়িয়ে গেছে। যশোরে পোলের হাট বলে একটা জায়গা আছে। সেখানে বাড়িতে চার জন মরা পড়ে আছে। একটা কুকুর, পোষা কুকুরই হবে, সেই মড়াগুলোকে শুকুনের হাত থেকে রক্ষা করাবার জন্যই হয়ত পাহারা দিচ্ছে। একটা কুকুরের যে বোধ আছে ইয়াহিয়ার সে বোধও নেই। শিশু নারী বৃদ্ধ নির্বিচারে হত্যা করে চলেছে। সাড়ে সাত কোটি মানুষ কোথায় এসে দাঁড়িয়েছে। আপনি নিশ্চয়ই খবর রাখেন, মাননীয় সদস্যরা অনেকে জানেন, খবরের কাগজে দেখে থকবেন, লোকমুখেও শুনে থাকবেন এই লড়াইয়ের কাহিনী। তাদের অনেকে দশ-বার দিন পর্যন্ত স্নান করতে পারেনি, তার মধ্য থেকেই লড়েছে, তাদের দেহ বন্ধ হয়ে আসছে কিন্তু এর মধ্যে থেকেই সেখানে লড়াইয়ের মোকাবিলা করতে হচ্ছে। এই অবস্থার মধ্যে তারা এতদিন রয়েছে। এক মাসের বেশি হয়ে গেল আজ পর্যন্ত তাদের স্বীকৃতি দিতে পারলেন না। প্রথম দিকে কথা উঠেছিল কিভাবে সমর্থন দেব? গভর্নমেন্ট কোথায় ? তারপর সেখানে প্রতিষ্ঠিত হল, এখন সে প্রশ্ন উঠতে পারে না। প্রশ্ন হতে পারে, আমরা তো দিতে পরি কিন্তু পৃথিবীতে তো অনেক দেশ আছে কই কিছু তাঁরা তো করলেন না? কেন্দ্রীয় সরকার যদি এই ভেবে বসে থাকেন যে আরও অন্যান্য দেশ সমর্থন করুন তখন আমরাও সমর্থন করব, তাহলে বুঝতে হবে, খানিকটা মজা দেখার মনোভাব নিয়ে তার থাকছেন।এখানে এই প্রস্তাব এককভাবে হয়েছে এবং জ্যোতিবাবু বলেছেন আমরা দিল্লী যেতে চাই। আমি বলি দিল্লী যাবেন তাতে আমাদের সমর্থন আছে, কিন্তু মনে রাখবেন দিল্লী সব নয়। আমরা যখন একসঙ্গে বসে প্রস্তাব রচনা করেছি তখন কেন তাকে কার্যকরী করার ব্যবস্থা করতে পারব না? কেন তার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করতে পারব না? কাজেই আমি মনে করি যখন এককভাবে সর্ববাদীসম্মত প্রস্তাব এসেছে তখন একে কার্যকরী করার জন্য একটা সুপরিকল্পনা আমাদের একসঙ্গে বসে করতে হবে যাতে অদূরভবিষ্যতে এর জন্য আমরা ব্যবস্থা করতে পারি। আপনারা নিশ্চয়ই জানেন যুদ্ধে যেমন সামনের ফ্রন্ট লড়াই করে ঠিক তেমনি রিয়ারেরও একটা কাজ থাকে। এখানে যারা এসেছে, এই সরকার তাদের বাস্তুহারা বলে মনে করেন। তাঁরা মনে করেন না যে, লক্ষ লক্ষ সৈনিক এসেছে ওই রিয়ারের। এদের শুধু খাওয়া- দাওয়ার ব্যবস্থাই নয়, মুখ্যমন্ত্রী মনে রাখবেন এই সমস্ত সৈনিক যারা এসেছে তাদের অস্ত্র দিয়ে, ট্রেনিং দিয়ে এরকম ব্যবস্থা করতে হবে যাতে তারা আবার ওখানে যেতে পারে। আমি সুবোধবাবুর সঙ্গে সুর মিলিয়ে বলছি আমাদের দেশেও ভলান্টিয়ার রেইজ করতে হবে এবং তাদের হাতে অস্ত্র দিতে হবে। সেটা তারা আমার বুকে মারবে, না কার বুকে মারবে সেই

আতঙ্ক করে কোন লাভ নেই। দরকার হলে যারা উপনিবেশ করতে চায় তাদের বিরুদ্ধে লড়াই করতে হবে একথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহম্মদ সামায়ুন বিশ্বাস : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় বাংলাদেশের নির্যাতিত সাড়ে সাত কোটি জনসাধারণের সমর্থন এবং তাদের সর্বপ্রকার সাহায্য করার জন্য যে প্রস্তাব এনেছেন মুসলিম লীগের তরফ থেকে আমি সেই প্রস্তাবকে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। বলা বাহুল্য ইন্ডিয়ান ইউনিয়ন অব মুসলিম লীগের সভাপতি জনাব কায়েদেমুল্লা ইসমাইল সাহেব এবং পশ্চিম বাংলা রাজ্য মুসলিম লীগের সভাপতি সেকেন্দার আলি মোল্লা বাংলদেশের নিপীড়িত লোকের সমর্থনে এক যুক্ত বিবৃতি দিয়েছেন। খুবই পরিতাপের বিষয় সংবাদপত্রগুলি এই মুসলিম লীগের প্রতি বৈমাতৃসুলভ আচরণ করেন এবং সেইজন্যই বিরোধীপক্ষ অনেক কথা সোচ্চারে বলেছেন। আর একটা কথা বলছি, যখন আমরা এই গভর্নমেন্টের অংশীদার তখন মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন না করার প্রশ্ন কি উঠতে পারে? কাজেই আমরা এই প্রস্তাব সমর্থন করছি। এই প্রসঙ্গে আমি জ্যোতিবাবুকে একটা কথা জিজ্ঞাসা করতে চাই। তিনি যে কিছুদিন আগে কমিউনিস্ট দেশগুলি ঘুরে এলেন সেখানে তিনি এই বাংলাদেশের নিপীড়িত লোকদের জন্য কোন বক্তব্য রেখেছেন কি? অথবা বাংলাদেশের জনগণকে সমর্থন করবার জন্য কোন সক্রিয় ভুমিকা নিতে বলেছেন কিংবা সরাসরি তিনি কোন বক্তব্য রেখেছেন কি? এই পর্যন্ত সংবাদপত্র পড়ে যা দেখেছি তাতে তিনি সেইরকম কোন বক্তব্য রাখেননি। কাজেই এখানে এক রকম কথা বললেন এবং অন্যভাবে শলা-পরামর্শ করবেন এটা বিস্ময়কর। দ্বিতীয় কথা মুসলিম লীগ সম্বন্ধে একটা চার্জ এনেছেন। পরিতাপের বিষয় যে, আমরা বারবার বলেছি যে, মুসলিম লীগ সাম্প্রদায়িক দল নয়, আসলে মুসলিম লীগের জন্ম হয়েছে তাদের প্রতি বৈমাতৃসুলভ আচারণ দেখাবার ফলে। যদি নিরপেক্ষ দৃষ্টি থাকত তাহলে হয়ত এই মুসলিম লীগের জন্ম হত না। আমরা নব কংগেসকে সমর্থন জানিয়েছি সত্য। যখন জাতীয় কংগ্রেস যুক্ত ছিল তখন তাদের প্রতি আমাদের আস্থা ছিল না। তাদের মধ্যে বৈমাতৃসুলভ আচরণ ছিল এটা অত্যন্ত বেদনার কথা। তাই তাদের পাশে আমরা দাঁড়াতে পরিনি। আজকে আমরা নব কংগ্রেসকে সমর্থন জানিয়েছি - কারণ তাদের প্রতি আমাদের পূর্ণ সমর্থন আছে। এক্ষেত্রে উল্লেখযোগ্য যে, যখন যুক্তফ্রন্ট সরকার বার বার সরকার গঠন করেছেন তখন তারা এই সমস্ত মুসলিমদের প্রতি দৃষ্টি দেয়নি। তখন তারা ছলে বলে কৌশলে অন্য কথা বলেছেন। তারা সাম্প্রদায়িক চার্জ এনে অনেক কথা বলেছিলেন। তখন তারা কৌশলে অন্য কথা বলেছেন। আপনারা যেভাবে ব্যঙ্গ করে বা কুৎসা করে চলেছেন তাতে জনকল্যাণ হওয়া শক্ত। আপনাদের এই কি প্রতিযোগিতার পরিচয়? কেরলে যখন মুসলিম লীগের সঙ্গে কমিউনিস্ট দল জোট বেঁধেছিল তখন কি মুসলিম লীগ সাম্প্রদায়িক দল ছিলন না? তখন যদি না হয়ে থাকে তাহলে নব কংগ্রেসের সঙ্গে মিলিত হল বলে তারা সাম্প্রদায়িক হল কি করে। আজকে বাংলাদেশের জনগন হিন্দু মুসলমান এক মনে এক প্রানে আমাদের কাছে সাহায্য চাচ্ছে এবং সেই সাহায্যের ভিত্তিতে আমরা যে প্রস্তাব কার্যকরী করবার জন্য আমরা এক মন এক প্রাণ হয়েছি।

(গোলমাল)

আজ যদি চীন হুমকি দেয় তাহলে জ্যোতিবাবু কি আগিয়ে যাবেন না, না পিছিয়ে যাবেন? আর একটা প্রশ্ন রাখছি যে, প্রতিদিনের আমাদের সমস্যা আছে, আমদের সকলেরই সমস্যা আছে এবং এই সমস্যা থাকা সত্বেও আমি এই স্বীকৃতি জানিয়ে আমি বিদায় নিচ্ছি।

শ্রী মহম্মদ আমিন : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, বাংলাদেশের বিষয়ে যে প্রস্তাব মুখ্যমন্ত্রী এনেছেন তা আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে একটি মন্তব্যের প্রতি আমি লক্ষ্য রাখছি। একটু আগে শুনলাম কংগ্রেস বেঞ্চ থেকে কেউ বললেন যে, কমিউনিষ্ট লিডারের বাড়িতে নাকি সি আর পি পাহারা দেবার জন্য। তিনি কোথা থেকে জানালেন জানি না। তবে শুনে মনে হল যে, কংগ্রেস হলেই কি মিথ্যা কথা না বললে হয় না? এই রকম একটা কথা তাঁরা বললেন কি করে? আমি বলতে পারি যে কোন সি পি এম লিডারের বাড়িতে কোন সি আর পি নাই। একথা সম্পুর্ণ অসত্য। দ্বিতীয়তঃ এখানে অনেক মাননীয় সদস্যের কথা

শুনলাম। একটু আগে মুসলিম লীগের একজন যুক্তি দিয়ে বললেন যে, এখানে মুসলিম লীগ করা হয়েছে তার কারণ মুসলীমদের প্রতি বৈষম্যমুলক আচরণ করা হত। তিনি এইটুকুই কেন বললেন আমি জানি না। তাঁর এটা বলা উচিত ছিল এবং আমাদের পার্টি এই কথাই বলেছে যে, কংগ্রেসী রাজত্বে মুসলমানদের প্রতি শুধু বৈষম্যমুলক আচরণই নয়, তাদের দ্বিতীয় শ্রেনীর নাগরিক বানিয়ে রাখা হয়েছে। একথা বলার সৎসাহস তাঁদের নেই কিন্তু আমাদের পার্টি বলেছে এবং আমরা সংগ্রামও করেছি। সংখ্যালঘুদের যে সমস্যা সেটা আমরা জানি কিন্তু তাদের সমর্থনের জন্য মুসলিম লীগের গঠন করার দরকার হয়না। তাই যাঁরা মুসলিম লীগের সদস্য আছেন তাদের ভেবে দেখতে অনুরোধ করবে যে আজকে পাকিস্তানে যা হচ্ছে সেই পাকিস্তানই কি করে হল। অতীতের সেই তিক্ত অভিজ্ঞতা কি আমরা ভুলে যাব। আমি খুশি হলাম সাত্তার সাহেব যখন বললেন যে, এতদিন পরে প্রমান হল দ্বিজাতিতত্ত্ব ভুল, এটা শুনে। এটা প্রমান হবেই, কিন্তু অনেক ক্ষয়ক্ষতির পরে। এত মূল্য দিতে হবে স্বাধীনতার একথা কেউ জানে না। আমার মনে পড়ে না যে, এইভাবে কোন দেশ স্বাধীন হয়েছে যাতে লক্ষ লক্ষ মানুষ তাদের ঘরবাড়ি পুড়ে গিয়েছে, তাদের হত্যা করা হয়েছে। এত নির্যাতন পৃথিবীর ইতিহাস খুঁজে পাওয়া যাবে না। আজকে যাঁরা মুসলিম লীগ করছেন তাঁদের মনে সত্যিই জানি না মুসলমানদের ভাল করার ইচ্ছা আছে কিনা, তা যদি থেকেও থাকে তাহলে এটা কি বুঝতে পারছেন না যে, মুসলিম লীগ করা মানেই হিন্দু সাম্প্রদায়িকতা মাথা চাড়া দিয়ে উঠবে। তাঁরা কি বুঝতে পারছেন যে, মুসলিম লীগ বাড়লেই জনসজ্ঞও বাড়তে বাধ্য। তখন বাংলাদেশের আবহাওয়া বিষাক্ত হবে এবং তাতে সবচেয়ে বেশি ক্ষতি হবে সংখ্যালঘু সম্প্রদায়ের, যাদের কথা নিয়ে তাঁরা বলছেন। তারপরে ওঁরা বলেছেন ডেমোক্রেটিক কোয়ালিশন এলিয়াস, ১৪৪ এই হচ্ছে ডেমোক্রেটিক কোয়ালিশ। যেদিন স্যার, এই গভর্নমেন্টের জন্ম হল সেইদিন থেকে ১৪৪ ধারা । আর স্যার, আমার বিশ্বাস, যেদিন এর মৃত্যু ঘটবে সেদিন পর্যন্ত ১৪৪ ধারাকে টেনে নিয়ে যাওয়া হবে, যা ইতিপূর্বে হয়েছে। বাংলাদেশের মানুষের সে অভিজ্ঞতা আছে, ১৪৪ ধারা মিলিটারি, সি আর পি, এসব দেখা গিয়েছে। সংগ্রামের মাঠে তাঁর ফয়সালা হবে একথা বলেছেন আমাদের কমরেড হরেকৃষ্ণ কোঙার। তিনি বলেছেন, সংগঠনের জোর যদি আমাদের থাকে, মানুষকে যদি আমরা ঐক্যবদ্ধ করতে পারে তাহলে দেখে নেব। আর একটি কথা বলেই আমি শেষ করব। স্যার, বাংলাদেশে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা হঠাৎ হয়ে যায়নি। এখানে অনেক মাননীয় সদস্য বলেছেন, আমি সেকথার পুনরাবৃত্তি করতে চাই না, শুধু এইটুকুই বলব, পাকিস্তান হবার পর থেকেই এই আন্দোলন চলছে। কোনদিনই পাকিস্তানের জনগন এই স্বেচ্ছাচার শাসনকে মেনে নেয়নি। পাকিস্তান হবার পর থেকেই তাঁরা দাবি করে আসছেন গণতন্ত্রের, যে দাবি এমন কিছুই ছিল না। ২৫শে মার্চের আগে পর্যন্ত তাঁদের এইটুকুই দাবি ছিল। সেখানে এ ইয়াহিয়া খান যিনি এত অত্যাচার করলেন তিনি এটাকে মিলিটারি দিয়ে দাবিয়ে দিতে চেয়েছেন। পাকিস্তানের জনগণকে আমি এই কথাই বলতে চাই যে, আমাদের বাংলাদেশের এই আন্দোলন সম্পর্কে যে মনোভাব সেটা শুধু এই জন্য নয় যে, পাকিস্তান আমাদের প্রতিবেশী, তার থেকেও যেটা বেশি সেটা হল ২৩ বছর আগে আমরা একাই ছিলাম। আমাদের একই ভাষা, একই ঐতিহ্য, একই ইতিহাস, একই সমস্ত জিনিস- আমাদের কোন জিনিসে কোন পার্থক্য করা যায় না। আমাদের দেশে যখন জাতীয় মুক্তি আন্দোলন বেড়ে গেল, বিদেশী সম্রাজ্যবাদীরা যখন বুঝল যে, সরাসরি এই দেশে আর শাসন করা যায় না তখন তারা এই ষড়যন্ত্র করেছিল। তারা দেখলেন যে ধর্মের নামে এর মধ্যে একটা বিবেধ আনা যায়, এবং একথা বললে সম্পূর্ন হবে না। তারপর মুসলিম লীগ পাকিস্তানের দাবি তুলল এবং তারপর দেশ বিভক্ত হল। শুধু এইটুকু বললেই সম্পূর্ণ বলা হবে না। কেন না, মুসলিম লীগ তাতে কৃতকার্য হত না যদি এই ষড়যন্ত্রের শেষের দিকে কংগ্রেস নেতারা লিপ্ত হয়ে যেতেন। সেজন্য বলছি, এতবড় অন্যায় যা হল তার জন্য সেই কংগ্রেস এবং সেই মুসলিম লীগ দায়ী। যাদের কোন দিন ইতিহাস ক্ষমা করবে না। আজকে দেখছি ইতিহাসের পরিহাস । সেই দুটি দল আবার মিলিতভাবে এখানে ডেমোক্রেটিক কোয়ালিশন করছে এবং আমাদের কাছে শিক্ষা দেবার চেষ্টা করছে যে, তারা নাকি দেশের ভাল করছে । মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার শেষ কথা বলে আমার বক্তব্য শেষ করছি। আমাদর নেতা জ্যোতিবাবু যে কথা বলেছেন যে আমরা নিশ্চই এই প্রস্তাবটি পাস করাব। কিন্তু এর মধ্যে ঐ ট্রেজারী বেঞ্চের লোকদের কতটা আন্তরিকতা

আছে সেটা আমাদের ভেবে দেখতে হবে সেভাবে এটাকে বিচার করতে হবে। আমরা আশা করি এই প্রস্তাবকে কার্যকরী করার জন্য আমরা সমস্ত শক্তি নিয়ে এগিয়ে যাব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রফুল্ল কুমার সরকার: মাননীয় স্পীকার মহাশয়, আজ মুখ্যমন্ত্রী যে প্রস্তাব বাংলাদেশে সম্পর্কে এই সভায় উপস্থাপনা করেছেন, আমি ভারতীয় জনসঙ্ঘ দলের পক্ষ থেকে সেই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন প্রসঙ্গে আমি কিছু আলোচনা এই সভার সামনে উত্থাপন করতে চাই। মাননীয় স্পীকার মহাশয় নিশ্চয়ই জানেন যে দ্বিজাতিতত্ত্বের পর ভিত্তি করে পাকিস্তান সৃষ্টি হয়েছিল। তৎকালীন মুসলিম সম্প্রদায়ের নেতা মুসলিম লীগ নেতা জিন্না সাহেব ভারতবর্ষের মুসলমান সমাজকে বুঝিয়েছিলেন একথা যে, ভারতবর্ষের মুসলমান তারা জাতি হিসাবে ভারতীয় নয় ভারতবর্ষের মুসলমান জাতি হিসাবে মুসলমান এবং তার জন্য একটা আলাদা রাষ্ট্র চাই। বৃটিশ সরকার মুসলিম লীগের এই দাবির ভিত্তিতে তৎকালীন ভারতবর্ষের কংগ্রেস দলের নেতৃবৃন্দ এই দাবিকে স্বীকার করে নিয়ে ভারতবর্ষকে দ্বিধা বিভক্ত করেছিল। একদিকে পাকিস্তান আর একদিকে ভারতবর্ষ তৈরী করা হয়েছিল। বাংলাদেশ বিভক্ত হয়েছিল এবং বাংলাদেশের একটা অংশ পূর্ব পাকিস্তান নামে খ্যাত হয়েছিল। কিন্তু মুসলিম লীগের এই সাম্প্রদায়িক প্ররোচনার জন্য ভারতবর্ষ বিভক্ত হয়েছিল এবং তৎকালীন কংগ্রেস নেতৃবৃন্দ মুসলিম লীগের এই দাবী স্বীকার করে নিয়ে যে ভূল করেছিল আজকে বহু রকমভাবে ভারতবর্ষের জনতাকে এবং পুর্ববঙ্গের জনতাকে তার খেসারত দিতে হচ্ছে। স্পীকার মহাশয় ধর্মের ভিত্তিতে রাষ্ট্র গঠন করা যায় না। ধর্ম এক হলেও একটা জাতি হয় না। আজকে দিবালোকের মত এটা পরিষ্কার হয়ে গেছে যে, মুসলমান হিসাবে তারা যে জাতি গঠন করতে চেয়েছিল - পাকিস্তানের এক অংশের মুসলমান আর এক অংশের মুসলমানদের উপর আক্রমণ চালাচ্ছে। পাঞ্জাবী, বেলুচী মুসলমানরা বাঙ্গালী মুসলমানদের উপর আজকে অত্যাচার চালাচ্ছে। জাতি হিসাবে ধর্ম দিয়ে যে জাতি গড়া যায় না এটা তার পরিষ্কার নিদর্শন। এবং দ্বিজাতিতত্ত্ব সম্পুর্ণরূপে ভ্রান্ত নীতির প্রতিষ্ঠিত হয়েছিল তা আজকে প্রমাণিত হয়েছে। স্পীকার মহাশয়, আজকে মুজিবুর রহামানকে দেশদ্রোহী বলা হচ্ছে। মুজিবুর রহমান দেশদ্রোহী নয় এবং আওয়ামী লীগ প্রকৃতপক্ষে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের প্রতিনিধিত্বমূলক সরকার। এই কথা আমি এইজন্য বলছি যে পুর্ববঙ্গে আজকে যে ঘটনা সংঘটিত হচ্ছে সেই ঘটনার পটভুমিকা হচ্ছে দীর্ঘদিন ধরে ভারতবর্ষ বিভক্ত হবার পর থেকে পাকিস্তান সৃষ্টি হবার পর থেকে পশ্চিম পাকিস্তান কর্তৃক পুর্ব পাকিস্তানের জনগনের উপর যে নির্মম শাসন এবং শোষণ চালিয়ে আসা হচ্ছিল, শুধু মাসন এবং শোষণ নয় তাদের কালচারের উপর তাদের কৃষ্টির উপর বাঙ্গালী সভ্যতার উপর বাংলা ভাষার উপর যে ভাবে অত্যাচার চালানো হচ্ছিল, বাঙ্গালী জাতিকে যেভাবে শ্বাসরোধ করে মারার উপক্রম করা হয়েছিল আজকের ঘটনাবলী তারই বিস্ফোরণ মাত্র। মুজিবর পাকিস্তানকে বিচ্ছিন্ন করে দিতে চাননি। মুজিবর চেয়েছিলেন যে পাকিস্তানের সংবিধান এমন ভবে তৈরী করা হোক যে, সংবিধানের মধ্যে পশ্চিম পাকিস্তান পুর্ব পাকিস্তানকে শোষণ, শাসন, অত্যাচার করতে না পারে তার জন্য ব্যবস্থা থাকবে। কিন্তু কেন্দ্রে একটা সরকার থাকুক এটা মুজিবর রহমান বা আওয়ামী লীগ চেয়েছিলেন এবং প্রাদেশিক স্বায়ত্তশাসনের দাবিও আওয়ামী লীগের পক্ষ থেকে রাখা হয়েছিল। কিন্তু ইয়াহিয়া আর ভুট্রো ষড়যন্ত্র করে। কিন্তু আওয়ামী লীগ বিপুল ভোটাধিক্য জয়লাভ করেছিলেন এবং পুর্ব বঙ্গের মানুষদের একত্রিত করে সংগটিত করে এক জায়গায় এনেছিলেন। তার ফলে পশ্চিম পাকিস্তানী সামরিক শাসকরা ভীত এবং সন্ত্রস্ত হয়েছিলেন। তাই কিভাবে এই জাতিকে নস্যাৎ করা যায় সেই চক্রান্ত তাঁরা করেছিলেন এবং তারপর ১১ দিন ধরে সেখানে আলাপ-আলোচনার নাম করে ভিতরে ভিতরে সামরিক সমস্ত প্রস্তুতি চালিয়ে তাঁরা গণতন্ত্রের প্রতি বিশ্বাসঘাতকতা করেছিলেন এবং গণতন্ত্রের বিশ্বাসঘাতকতা করে হঠাৎ ২৫ তারিখে আলোচনা ভেঙ্গে দিয়ে আবার নতুন করে সামরিক শাসন প্রবর্তন করেছিলেন। তখন সঙ্গে সঙ্গে যুদ্ধ ঘোষনা হয়ে গেল, এবং মুজিবর স্বাধীনতা ঘোষনা করলেন। তাই আজকে বাঙ্গালী জাতি সেখানে মরণপণ করে স্বাধীনতার জন্য লড়ছেন। আমরা বাঙ্গালী হিসাবে মনে করি ওরা আমাদের স্বজাতি, তারা বাঙ্গালী জাতি, পাকিস্তানী নয়, মুসলমান নয়, বাঙ্গালী জাতি। সেখানে হিন্দুরাও স্বাধীনতার জন্য লড়ছেন, মুসলমানরাও স্বাধীনতার জন্য লড়ছেন।কাজেই সেখানকার স্বাধীনতা সংগ্রামকে বাঙ্গালী জাতী হিসাবে - এটা আমাদের দেশের একটা অংশ ছিল, ভারতবর্ষের একটা অংশ ছিল , সেই অংশ ঐ

সামরিক একনায়কতন্ত্রের কবল থেকে ছিনিয়ে আনবার জন্য আমাদের সর্বপ্রকার সাহায্য দান করা প্রয়োজন। যদি অস্ত্রসাহায্যের প্রয়োজন হয় সেই সাহায্য আমাদের করতে হবে। আমি সঙ্গে সঙ্গে উল্লেখ করতে চাই যে, আজকে বিরোধী দলের মাননীয় নেতা তাঁর বক্তব্যের সময় মুসলিগ লীগ সম্পর্কে কটাক্ষ করেছেন, এখন এই কটাক্ষের সময় নয়। আর একটি কথা আমি এখানে উল্লেখ করতে চাই যে, সীমান্তের ওপার থেকে দশ লক্ষের বেশী লোক এখানে এসে উপস্থিত হয়েছে এবং তারা সম্পূর্ণ নিরাশ্রয় এবং আরও বহুসংখ্যক লোক আমাদের এখানে এসে উপস্থিত হবে। আমি মুর্শিদাবাদের সীমান্ত থেকে এসেছি। আমাদের এলাকা থেকে সংবাদ পেয়েছি যে, প্রতিদিন ১০ হাজার করে লোক একমাত্র জলঙ্গী সীমান্ত অতিক্রম করে উপস্থিত হচ্ছে। হাজার হাজার মানুষ রাস্তার উপর অবস্থান করছেন এবং হাজার হাজার মানুষের কোনরকম আশ্রয়ের ব্যবস্থা করা হয়নি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি সরকারের কাছে অনুরোধ রাখবেন যেন এই সমস্ত লোকদের জন্য উপযুক্ত আশ্রয়ের ব্যবস্থা অবলম্বন করা হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোপাল বসুঃ মিঃ স্পীকার, স্যার লবীর বিভিন্ন জায়গায় ঘোরাফেরা অধিকার আপনি খর্ব করতে চান? আপনি কে এস বি-র লোকদের এখানে থাকতে অনুমতি দিয়েছেন, তা না হলে তারা এখানে কি করে আসে? সেদিনও এই নিয়ে গোলমাল হয়েছে, আজকে আবার তারা এখানে এসে ঘোরাফেরা করছে। আমি জানি আপনি পারমিশন দেননি, অথচ তারা এখানে ঘোরাফেরা করছে। আমাদের মেম্বারদের অসুবিধা সৃষ্টি করছে। এটা যদি এইভাবে চালান তাহলে আপনি আমাদের বলে দিন যে, পারমিশন দিয়েছি - তাহলে আমরা বুঝতে পারছি আপনার অনুমতি আছে, আর যদি না হয় সেটা খুলে বলুন। আর যদি না হয় -সেটা আপনি পারমিশন দেবেন না- আমাদের অধিকার ক্ষুন্ন করবার জন্য নয়, অধিকার রক্ষা করবার জন্য। কাজেই ওটা যাতে বন্ধ হয়- তার জন্য স্ট্রিক্টলি আপনার অফিসে বলুন।

মিঃ স্পীকারঃ এর আগেও আপনাদের অভিযোগ আমি লক্ষ্য করেছিলাম। আজও আপনি অভিযোগ করলেন। আমি দেখব যাতে কোন মাননীয় সদস্যের অধিকার ক্ষুণ্ন না হয়।

শ্রী দিলীপ কুমার রায়: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে যে প্রস্তাব রেখেছেন, তাঁর প্রতি আমার পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখতে চাই। তার সাথে সাথে ওপার বালার যারা শোষণ থেকে মুক্তির জন্য সংগ্রাম করছে, তাদের জানাই আমার অভিনন্দন।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৪৭ সালে হিন্দু-মুসলমান এর দুই জাতি - এই ভিত্তিতে ভারতকে ভাগ করা হয়েছিল। সেদিন আমরা ফরওয়াড ব্লকের তরফ থেকে তীব্র করেছিলাম। আজকে অনেক মাননীয় সদস্য এখানে উপস্থিত আছেন, তাঁরা সেদিন তাদের দ্বিজাতিতত্ত্বকে মেনে নিয়ে এই দেশ বিভাগকে স্বীকার করে নিয়েছিলেন। আজ ওপার বাংলায় যা ঘটছে তা নিঃসন্দেহে প্রমাণ করে যে, দ্বিজাতিত্ত্ব ভ্রান্ত এবং তাঁদের বক্তব্যও ভ্রান্ত।

মাননীয় স্পীকার, স্যার, আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, ওপার বাংলায় ইয়াহিয়া সরকার যে বর্বর আক্রমণ চালাচ্ছে, সেই ঘটনার বিবরন দেওয়ার ভাষা আমি খুঁজে পাচ্ছি না। তবু আমি বলতে চাই- ওপারের যে আন্দোলন, যে আন্দোলন জাতীয়তাবাদের আন্দোলন দেশপ্রেমের সংগ্রাম গণতন্ত্র রক্ষার সংগ্রাম। কিন্তু আমরা কি দেখছি! ভোটে নির্বাচিত প্রতিনিধিদের হাতে,আজকে অনেক প্রগতিশীল রাষ্ট্র যারা সাম্রাজ্যবাদ ও পুঁজিবাদের বিরুদ্ধে সোচ্চার, তারা নীরব হয়ে আছে। দক্ষিণ আফ্রিকা, রোডেশিয়া, আরব এদের প্রশ্নে যারা সোচ্চার, ভিয়েৎনামের নামে যারা মুখরিত, আজকে তাদের নীরবতা কি কারণ খুঁজে পাচ্ছি না। আমি মনে করি, এই হাউসের পক্ষ থেকে এই নীরবতা বিরুদ্ধে ধিক্কার জানানো হোক।

আমি সীমান্ত কোচবিহার জেলার প্রতিনিধি। আমি সেখানে বিভিন্ন জায়গায় গিয়েছি, মুক্তিফৌজের অনেকের সঙ্গে কথাবার্তা বলছি। আমি তাঁদের অটুট মনোবল লক্ষ্য করছি।তাঁরা আমায় এই কথা বলেছেন,

আমাদের দেশে দুর্ভিক্ষ আসেনি, আমাদের দেশ বন্যাপীড়িত নয়, আমাদের দেশে মহামারী দেখা দেয় নাই। কাজেই শুধু অন্নবস্ত্রের এই সাহায্য দিলে চলবে না, আমাদের অস্ত্র দিন যাতে ইয়াহিয়া সরকারের আক্রমণকে প্রতিহত করতে পারি। এই দুঃখের দিনে আমরা আক্রান্ত হলেও ভারত সরকার নীরব। আজকে যে প্রস্তাব দেওয়া হয়েছে অস্ত্রশস্ত্র দেওয়ার জন্য তার উল্লেখ করে আমি বলতে চাই- শুধু অস্ত্রশস্ত্র নয় আমাদের এমন গণআন্দোলন ও জনমত সৃষ্টি করতে হবে যাতে বিশ্বের অন্যান্য রাষ্ট্র স্বাধীন বাংলা সরকারকে স্বীকৃতি দেয় এবং সর্বতোভাবে সাহায্য করে তাদের সংগ্রামকে সাফল্যমণ্ডিত করতে সচেষ্ট হয়। এই প্রসঙ্গে আমি বলতে চাই ওপার বাংলা থেকে লক্ষ লক্ষ উদ্বাস্তু এই বাংলায় এসেছে। আমি দেখেছি আমাদের হলদিবাড়ি থানায় প্রায় দু,লক্ষ লোক এসেছে। মাননীয় মন্ত্রী সন্তোষ রায় মহাশয় সেখানে গিয়েছিলেন, কিন্তু আজকে ১৫-১৬ দিন হল লক্ষ লক্ষ লোক যারা গাছতলায় পড়ে রয়েছে, কোন আশ্রয় পাচ্ছে না, কোন খাদ্য পাচ্ছে না, তাদের কোন ব্যবস্থা হচ্ছে না,আমি মন্ত্রিমহাশয়কে সব কথা জানিয়েছি অথচ এখন পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয়নি। কাজেই সরকারী দানের কথা উল্লেখ করে বলতে চাই যে, যুদ্ধকালীন ব্যবস্থা যেরকমভাবে নেওয়া হয়, সেইরকমভাবে যেন আতি সত্বর এই ব্যবস্থা করা হয়। এই দাবি রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তিরিবরণ ভাদুড়িঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকের এই সভায় আমাদের মুখ্যমন্ত্রী শ্রী অজয় কুমার মুখোপাধ্যয় যে প্রস্তাব রেখেছেন, সেই প্রস্তাবের বিশেষ সারমর্ম দেখছি দিল্লীর মসনদে গণতন্ত্রের ধ্বজাধরী কংগ্রেস সরকার সেই মসনদে সুপ্রতিষ্ঠিত। যে কংগ্রেস সরকার গনতন্ত্রের কথা না বলে, প্রগতিবাদের কথা না বলে, সকাল বেলা জল গ্রহন করেন না, সেই সরকারের কাছে আজকে আমাদের বাংলাদেশের স্বাধীন সরকারের দাবি এবং ইয়াহিয়া সরকারের আধুনিক অস্ত্রশস্ত্র বাংলাদেশের জনগণের উপর যে ব্যবহার হচ্ছে তার বিরুদ্ধে আধুনিক অস্ত্রশস্ত্রের প্রয়োজনের দাবি জানানো হয়েছে। মনে হচ্ছে এই দাবি যেন একটা কাগজে লেখা ছাড়া আর কিছু নয়। কেননা, আজকে দীর্ঘদিন পরে দেখছি-প্রায় দেড় মাস হয়ে গেল নিছক একটা ভাঁওতা দিয়ে ইন্দ্রিরা সরকার সামান্য একটা ইঙ্গিত দিয়েছেন যে, ঘোষণা দেবই, অস্ত্রশস্ত্র দেবই। এই ঘোষনা দিলেই আমাদের অস্ত্রশস্ত্র দিতে বেশী দেরী লাগবে না। কিন্তু দেখছি আজকে প্রায় দেড় মাস হয়ে গেল এখনও সেই ঘোষণা এল না, অস্ত্রশস্ত্রের কথা তো আলাদা। সেই সঙ্গে সঙ্গে দেখতে পাচ্ছি পূর্ব বাংলার জনগণ ইয়াহিয়া সরকারের অত্যাচারে আমাদের মা বোনেরা যেভাবে আজকে পদ্মা পেরিয়ে এবং বিভিন্ন বর্ডার পেরিয়ে আমাদের এই অঞ্চলে বাংলাদেশ তথা ভারতবর্ষে আশ্রয় নিয়েছে,তার প্রতি কণামাত্র সাহায্য তো দুরের কথা, সমবেদনা পর্যন্ত দেখাতে পারছে না, এটি দুঃখের বিষয়। যে কংগ্রেস সরকার বাংলাদেশের মুসলীম লীগের সঙ্গে কোয়ালিশন করেছেন, সেই মুসলিম লীগের কোন সদস্যকে আজকে দেখতে পাচ্ছি না। বেলেডাঙ্গায় প্রায় এক মাস আগে মস্ত বড় জনসভা করে, মুসলিম লীগের মন্ত্রিগণ কথা বলেছেন এবং প্রচুর লোক তাঁদের কাছে প্রশ্ন করেছিলেন যে, আপনারা পূর্ব বাংলায় যে জনযুদ্ধ বা গণমুক্তির যুদ্ধ চলছে, সেই যুদ্ধের ব্যাপারে আপনাদের ভূমিকা কি? বড় দুঃখ, লজ্জা, ক্ষোভের সঙ্গে আজকে আমাকে সভায় বলতে হচ্ছে যে, তাঁদের মুখ দিয়ে একটা কণা কথাও বেরোয়নি। তাঁর কাছে অনেক মুসলমান ছেলে, আমার দলের মুসলমান লোক চিরকুট দিয়ে বলেছিলেন যে মোল্লা সাহেব বলুন পূর্ব পাকিস্তানে যে লড়াই চলছে সেই লড়াই সম্পর্কে আপনাদের ভূমিকা কি? সেই ভূমিকা আমরা গণতন্ত্রের ধ্বজাধারী কংগ্রেসীরা যে কোয়ালিশন সরকার প্রতিষ্ঠিত করেছে তাদের কাছে কতখানি আশা করব। ওরা আবার গনতন্ত্রের কথা বলেন। ভাঁওতা দিয়ে সংখ্যাগরিষ্ঠতা বজায় রেখেছেন। আমরা তাই দেখতে পাচ্ছি অবিলম্বে কথাটা তাঁরা ব্যবহার করেছেন। আমরা পূর্বেই দেখেছি এই সমস্ত কথা ব্যবহার করা হয় সাধারণ মানুষকে ধোঁকা বা ভাঁওতা দেবারে জন্য। আমরা তাই বলতে চাই অবিলম্বে কথাটা বাদ দিয়ে একটা সময় বেঁধে দেওয়া হোক দশ দিন কি সাত দিন কি পনের দিন সেই সময়ের ভেতর যদি ইন্ডিয়া সরকার আমাদের দাবি মেনে না নেন, তাহলে আন্দোলনের মাধ্যমে তা আমাদের আদায় করে নিতে হবে এই কথা এই সভায় সমস্ত সদস্যের বিবেক বুদ্ধির প্রশ্ন নিয়ে বলা উচিত। জয়নাল আবেদিন মহাশয় অনেক বড় বড় সুন্দর সুন্দর কথা বললেন। কিন্তু তাঁদের কাছে আমার প্রশ্ন তাঁরা তো বলেছিলেন আকারে ইঙ্গিতে যে আমরা স্বাধীনতা ঘোষনা করে দিচ্ছি, অস্ত্রশস্ত্র দিচ্ছি। কিন্তু কোথায় দিচ্ছেন ? কই তাঁদের ইন্দ্রিরা সরকার তো এখনও

দিচ্ছেন না। বড় গলা করে জোতদার জামিদারদের বিরুদ্ধে বলেছিলেন, কিন্তু বাংলাদেশের অবস্থা আমরা দেখতে পাচ্ছি। সামান্য গরীব জমির মালিক সী আর পি-র অত্যাচারে জোতদাদের সহযোগিতায় জমি থেকে উৎখাত হচ্ছে। এই সমস্ত দেখে আমাদের লজ্জা ক্ষোভ লাগে। আমরা সরকারের চরিত্র দেখতে পাচ্ছি। এই সরকারের কাছে মৌলিক একটা প্রস্তাব দিলেই আমাদের সমস্ত দাবি আদায় হবে না। আমাদের দাবি আদায় করতে হবে আন্দোলনের মাধ্যমে। গণ- আন্দোলন ছাড়া প্রতিক্রিয়াশীল চক্রের কাছ থেকে কোন দাবি আদায় করা যাবে না। মিঃ স্পীকার, স্যার, কবির সুরে একটা কবিতা আমার মনে জেগে উঠছে -

সাবাস বাংলাদেশ-
এ পৃথিবী অবাক তাকিয়ে রয়,
জ্বলে পুড়ে মরে ছারখার তবু
মাথা নোয়াবার নয়।

মিঃ স্পীকার, স্যার, বাংলাদেশের যে সমস্ত অগনিত যুবক, ছাত্র, অগণিত ভাই, বোন, যে বিপ্লবী চেতনা, যে বিপ্লবী উন্মেষ তুলে ধরেছেন তাকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুধীরচন্দ্র বেরাঃ মাননীয় স্পীকার মহোদয়, আমি মুখ্যমন্ত্রী কর্তৃক যে প্রস্তাব এই সভায় আনা হয়েছে তা সর্বান্তঃকরনে এবং পুর্ণভাবে সমর্থন করি। আমি এখান দেখলাম আলোচনার মাধ্যমে এই প্রস্তাব সমর্থণ করতে গিয়ে কোন কোন রাজনৈতিক দল নিজেদের রাজনৈতিক মূলধন বাড়াবার চেষ্টা করেছেন। এটা আমি তীব্রভাবে নিন্দা করছি। পূর্ব বাংলার এই স্বাধীনতা সংগ্রাম বিশেষ গুরুত্বপুর্ণ। কারন স্বাধীনতার জন্য মানুষের সংগ্রাম জন্মগত। মাননীয় অধ্যক্ষ মহাশয়,আপনি যদি ইতিহাসের দিকে তাকিয়ে দেখেন তাহলে দেখবেন মানুষ তার আত্মনিয়ন্ত্রণাধিকার অর্জনের জন্য অনেক রক্ত, অনেক জীবন দিয়েছে। আমেরিকার স্বাধীনতার যুদ্ধ থেকে আরম্ভ করে ফরাসী বিপ্লব প্রভৃতির মধ্য দিয়ে এ কথাই স্বীকৃত হয়ে এসেছে যে প্রতিটি জাতির তার স্বাধিকার রক্ষার অধিকার থাকবে, তার আত্মনিয়ন্ত্রাণাধিকার থাকবে। পূর্ব বাংলার লোক যখন তাদের সেই স্বাধিকার প্রয়োগ করতে গেল তখন সাম্রাজ্যবাদী মদগর্বী ইয়াহিয়ার আঘাত লাগল; তিনি পাল্টা আঘাত লাগালেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন পূর্ব বাংলার যে সংগ্রাম, হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খৃষ্টানের যে মিলিত সংগ্রাম এর নজির ভারতবর্ষের ইতিহাসে পাওয়া খুবই দুর্লভ এবং এই সংগ্রামের নজির পৃথিবিতে আছে কিনা সন্দেহ। এই স্বাধীনতা সংগ্রাম তিনটি পর্যায়ে বিভক্ত দেখতে পাই। প্রথম হচ্ছে -অহিংস অসহযোগ আন্দোলন, দ্বিতীয় হচ্ছে- সশস্ত্র সংগ্রাম এবং তৃতীয় হচ্ছে- স্বাধীনতা ঘোষণা। ভারতবর্ষের মধ্যে অনেক অভিযোগ করেছেন- কংগ্রেস সরকার দেড় মাস পর্যন্ত ঘুমিয়েছিলেন। তাঁরা যদি একটু ভেবে দেখেন তাহলে দেখবেন বাংলাদেশ স্বাধীনতা ঘোষনা করার আগ পর্যন্ত এটা পাকিস্তানের আভ্যন্তরীণ ব্যাপার ছিল এবং আন্তর্জাতিক আইনে আমরা সেখানে হস্তক্ষেপ করতে পারতাম না। কিন্তু যে মুহুর্তে তাঁরা সরকার তৈরী করেছেন এবং স্বাধীনতা ঘোষনা করেছেন সেই মুহুর্ত থেকে সংগ্রামী রূপ বদলে গিয়েছে এবং আজকে তাদের স্বীকৃতি দিলে সার্বভৌম সরকার হবে এবং তার উপর হস্তক্ষেপ করলে আন্তর্জাতিক আইন লঙ্ঘনের আওতায় পড়ে। দুঃখের বিষয়, আজ বড় শক্তি, বিগ পাওয়ার্স যাদের বিগ ব্রাদার্স হওয়া উচিত ছিল, তারা স্বীকৃতি দেয় নি এবং আমরা স্বীকৃতি দাবি করছি কারণ আমরা মনে করি বাংলাদেশ সরকার।

Government of the people' by the people and for the people shall never perish from this earth.

এই বলে বাংলাদেশের সরকার এবং জনগণকে অভিন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri A. H. Bester witch: Mr. Speaker, Sir, before we finish I rise on a point of order. Yesterday we had a talk regarding transport arrangement but it is unfortunate that from the Government side we have received on information, or even an indication that

arrangements would he made regarding transport to carry the members as they used to have that privilege previously. I heard yesterday that certain parties have made arrangement for themselves but that does not suit the purpose of all members. There were arrangement for the transport since 1692 but suddenly today when I came here I find all arrangement upset. That is why I raised this matter and the Government side promised to make some arrangements but nothing has been done up till now.

Mr. Speaker: Mr. Bestwitch, I enquired of this from other members. You made the suggestion to me that there must be some conveyance arrangements for the members to go back to their residences. I consulted some of the members of the Opposition Party. They told me that they have their own arrangements. On this side also I have got no proposal from the Chief Whip of the Government Party, nor is there such a proposal from the Chief whip of the Opposition Party. So I find that Mr. Besterwitch alone is pressing me hard for his conveyance but no other honorable member just like him has pressed me that arrangement for transport should be made. If a sufficient number of honorable member want conveyance from this House to be arrangement by me of by the Government and if the leader of different parties or the Whips of different parties approach me, I can take up the member with the Government.But up till now, excepts Mr. Besterwitch, no one else has approached me. So, I have thought it not justified move the Government in the matter. At any rate, if you have got serious grievance, I will request you to consult also the Whips and Leaders of the different political parties and to meet me in my Chamber. Then, I will request the Government to make necessary arrangement.

Shri A. H.Besterwitch: Sir, in 1962 and 1967 also it with Besterwitch who brought up this subject of conveyance for the member and, again this time also it is Besterwitsh on behalf of other members, who has brought up this matter. If arrangements are made by some member for themselves that does not be help water for other members. We are poor people. We cannot make such arrangement. We have to talk all way because taxis or buses are not available at late hoarse in the night.

Mr. Speaker: unfortunate Mr. Besterwitch, no one is supporting your proposal.

Shri Sudhin Kumer: There are quite a few who would avail of the opportunity if it is proved by you or the Government.

Mr. Speaker: I will request the hon'ble members to meet me on 12th or 13th in my Chamber.

Shri South Banerjee: Sir, it is no good consulting all the members of the House. The Government had been doing all these things for the last few years. Let Government make the same arrangement this time also. What is the harm?

Mr. Speaker: I was told by Mr. Gopal Basu and some other members that they had made their own arrangement.

শ্রী জ্যোতি বসুঃ ঐ ব্যবস্থাটা কংগ্রেস গভর্নমেন্টেরও ছিল। তিনটা রুটে তিনটা বাস ছিল। যে রুট দিয়ে যে যে বাস যেত মেম্বাররা সেই বাসে চলে যেতেন। এখন আমরা নিজেরাই ব্যবস্থা করছি। কারন জীবন নিয়ে টানাটানি। বাস থেকে টেনে নিয়ে মারছে। ওপক্ষ একটা ব্যবস্থা করেছেন। কিন্তু অন্যেরা এইসব বাস অ্যাভেল করতে পারছেন না। সেজন্য বলছি যে সোমবার থেকে একটা কিছু ব্যবস্থা যদি করেন তাহলে ভালই হয়।

মিঃ স্পীকারঃ আমার কোন আপত্তি নেই।

শ্রী রাম চ্যাটার্জি : আমাদের যেটা আছে সেটা রাখতে হবে। কারুর পকেট থেকে দিতে বলছি না। গভর্নমেন্টের খরচে বাস আসে যায়। এতে এক পক্ষ লাভ করবে আর এক পক্ষ লাভ করবে না, সেটা হবে না। আমাদের মেম্বাররা হাঁটতে হাঁটতে ফিরছে,আর এক পক্ষ বাসে করে চলেছে সেটা হবে না।

Shri Ajit Kumar Panja: So far as Government is concerned, until now neither has there been request nor any direction from any of the members for making transport arrangement. However, if such request is made we will certainly look into the matter.

শ্রী গোপাল বসুঃ আপনি তো একটা অ্যারেঞ্জমেন্ট করে দিলেই পারেন।

মিঃ স্পীকারঃ আপনারা নিজেরাই বলেছিলেন যে, আপনাদের নিজেদের ব্যবস্থা করে নিয়েছেন, আমিও দেখলাম অলমোস্ট অল দি মেম্বার্স তাঁরা নিজেদের ব্যবস্থা করে নিয়েছেন। হয়ত দু-চার জনের কিছু অসুবিধা হতে পারে সেজন্যই বোধ হয় তাঁরা কিছু বলেননি।

শ্রী সুবোধ ব্যানার্জিঃ গভর্নমেন্ট শুনেছেন, অ্যারেঞ্জমেন্ট করবেন। এতে এত আলোচনার দরকার কি আছে? ওঁরা তো শুনেছেন। আগে যেরকমভাবে চলত সেই রকম একটা অ্যারেঞ্জমেন্ট করবেন। আটটা বেজে গেছে। আমাদের শুধু জীবন নয়, প্রেস গ্যালারীও আছে। ওদেরও আমাদের দেখতে হবে। কাজেই আমরা একটু তাড়াতাড়ি ফিনিস করি।

Mr. Speaker: Now I request the Chief Minister to give a reply.

Shri Ajoy Kumar Mukhopadghyay: I have nothing more to add to what I have already stated.

Shri Subodh Banerjee: It's a very good reply.

Mr. Speaker: The discussion is over.

The motion of Shri Ajoy Kumar Muherjee that,-

"বিগত ডিসেম্বর মাসে অনুষ্ঠিত নির্বাচনে মুজিবুর রহমাননের নেতৃত্বে পরিচালিত আওয়ামী লীগের অসামান্য ও ঐতিহাসিক সাফল্যের মধ্যে প্রকাশিত জনগণের সুস্পষ্ট রায়কে পদদলিত করিয়া বাংলাদেশের সাড়ে সাত কোটি জনগনের বিরুদ্ধে পাকিস্তানের সামরিক শাসকচক্রের যে নারকীয় গনহত্যাভিযান চালাইতেছেন পশ্চিমবঙ্গ বিধানসভা তাকে তীব্র ধিক্কার জানাইতেছে এবং বাংলাদেশের জনগণ পূর্ণ জাতীয় স্বাধীনতার জন্য যে মরণপন সশস্ত্র সংগ্রাম চালাইতেছেন তার প্রতি অকুণ্ঠ সমর্থন ও সেই সঙ্গে সংগ্রামী জনগণকে আন্তরীক অভিন্দন জানাইতেছে।

পাকিস্তানের সামরিক শাসকচক্র যাহাতে অবিলম্বে এই বর্বর গণহত্যা বন্ধ করিতে এবং বাংলাদেশ হইতে তাহার সমস্ত সামরিক বাহিনী তুলিয়া লইতে বাধ্য হয় তাহার জন্য উপযুক্ত কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এই বিধানসভা ভারত সরকারসহ অন্যান্য দেশের সরকারের নিকট আবেদন করিতেছে।
"My feeling and conviction after talking to various people, including refugees, and leaders of Bangladesh Government, is that the guerillas war will go on. I have no doubt in my mind that Bangladesh will certainly win its freedom."

AID TO PAKISTAN

Mr. Narayan said any aid given to Pakistan could only feed the West Pakistani military machine and those giving the aid would bear the responsibility for the genocide in East Bengal.

Appealing to world leader to act, now when there was still time, Mr. Narayan said that the leaders of the "free world" must openly come out to condemn these crimes. They must stop all aid to Islamabad. They should press the Yahya regime to end fighting, send the army back to the barracks release all political prisoners including Sheikh Mujibur Rahman and ask them to seek political settlement.

Mr. Narayan said that the world should not be surprised if Sheikh Mujibur Rahman and others. Even refuse to shake hands with President Yahya Khan on the ground that his hands are dripping with Bengal people’s blood.

But it was for the West Pakistan leaders to negotiate peaceful settlement with the Bangladesh leaders, he said – PTI.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশকে স্বীকৃতির প্রশ্নে কেন্দ্রীয় সরকারের বিলম্বের সমালোচনা	'টাইমস অফ ইন্ডিয়া'	১৬ জুন, ১৯৭১

CENTRE'S NIGGLING OVER RECOGNITION RESENTED
(Form our own Correspondent)

MADRAS, JUNE 15,-- Though Tamil Nadu is far away from West Bengal which is bearing the full but of maintaining the unprecedented influx of refugees from Bangladesh, people here are as much aroused against the genocide by the Yahya khan regime.

Innumerable representations are daily pouring into the local daily press by irate leaders who accuse the Government of India with tardiness in recognizing Bangladesh.

This is but one of the many dozens of published letters addressed daily to the local press by angry regards on what they feel "inaction of the Government of India in not recognizing Bangladesh.

The three–member Bangladesh Parliamentary delegation headed by Mr. Phani Majumdar in the course of its three day stay in the city did its best to educate the public on the actual conditions prevailing in the unhappy land. Mr. Mujumder hoped that the influx of refugees would be raised by India in the Secretary Council. Mr. Shah Mozzam, another member of the delegation stated that Bangladesh had its own representative in the UN and the matter if refugees would be raised by him along with the question of recognizing the Bangladesh Government and to the refugees.

Mrs. noorjehan Murshid, the third member of the delegation, pointed out that it was too much for India to maintain the refugees, the victim of Yahya khan's blood thirsty military regime.

She described the establishment of camps by the Yahya regime in Bangladesh as "fraud and trap to round up people and drive them further into India".

There could be no wage stability unless the Government is compelled to abandon its policy of Inflation, Mr. P. Ramamurthy, General Secretary of the General Council of the Centre of Indian Trade Unions, said inaugurating the four – day meeting of the centre in Combatore this week.

He wanted in the alternative a statutory guarantee of full neutralization of the rise in the cost of living for all sections of the people.

He described the "inflationary policy of the Government as an open robbery of the people."

Mr. Ramamurthy called for the widest possible unit of trade unions in the country for action and a united front of all central labor organizations. He welcomed the eight–point declaration by representatives of major trade unions and that would be sufficient basis for rallying the workers for united action against the Government.

The eight–point declaration wanted abolition of property rights, nationalization of monopoly capital without compensation, genuine land reforms, a wage policy providing for real wages provision of full employment and unemployment relief, public control of all necessities of daily life, moratorium on all public debts and change in industrial and financial policy to free the economy from foreign influence.

Those who attended this meeting included Mr. P. Sundarayya, Mr. Jyoti Bassu, Mr. Umanath, Mr. K. ramani, Mr. A Balasubarmaniam and Mr. Basava Punniah, About 120 labour leader's attended this conference. This is the first annual meeting of the General Council after formation of the center of Indian trade Unions.

As usual Mr. Ramamurty was a big report which he read from a written pamphlet. He analyzed the Central Budget and said that thought the deficit was stated to be 320 crores, it could as well be Rs.500 crores.

After analyzing the index of wholesale prices Mr. Ramamurthy doubted whether the Indian economy was posed for a big advance as claimed by the authorities. The first sign of a developing economy he pointed out was rising employment, but the results of last year and the year before showed deterioration in employment.

Citing the Federation of Indian Chambers of Commerce and Industry report Mr. Ramamurthy said the number of unemployed in the first half of 1970-71 in the country was 13 million the number of man days last rose from 17 million in 1967-68 to 19 million in 1969 when the economy was said to turn the corner, he said.

Mr. Ramamurthy’s criticism against the "green revolution" was also frank. Compared with the production of 89.34million tons in 1964-65. He pointed out the achievement of 95.05 million tons in 1967-68 appeared to be barely three per cent increase per annum.

শিরোনাম	সূত্র	তারিখ
মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অধিবেশনে বাংলাদেশকে স্বীকৃতি প্রদানে কেন্দ্রের বিলম্বের সমালোচনা	স্টেটম্যান	১৮জুন,১৯৭১

CPI (M) Resolution

CENTER CRITICIZED FOR ‘RESILING’ ON RECOGNITION ISSUE

COMBATORE, June 17.- The politburo of the CPI(M) has criticized the Government of India for "resiling" on the question of recognizing the Government of the Bangladesh, and "harping" on the question of finding a political solution says PTI.

The Politburo, the top – policy making body of the party which has been in session here since yesterday, said the Government had evidently done so under pressure from the USA and certain other quarters."

Eight out of the members participated in the day–long closed door discussions on policy matters. Mr. B.T. Ranadive who is not well, was the only absentee. The party’s resolution was released to the Press last night.

The resolution said; ‘the failure to recognize the provisional Government and render all material assistance had tremendously hampered the struggle of the people of Bangladesh and led to migration of over 5 million people of Bangladesh into India has refugees. this huge refugee influx has created huge problems for India and particularly to the border States of West Bengal, Tripura, Assam and Meghalaya, thus it is the Government of India that is responsible for the situation by its failure to recognize the Provisional Government and render all; material assistance to it.

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানের মার্কিন অস্ত্রের বিরুদ্ধে কোলকাতার 'ইয়োথ ফর বাংলাদেশ ' এর উদ্যোগে বিক্ষোভ মিছিল	হিন্দুস্তান স্ট্যান্ডার্ড	২০ জুন, ১৯৭১

PROTEST AGAINST US SHIPMENT OF ARMS TO PAKISTAN

A mass demonstration was held by members of Youth for Bangladesh outside the USIS in Calcutta in Wednesday evening. Slogans the arms shipments made to Pakistan by the USA in a deceptive and surreptitious manner, despite the embargo proclaimed to have been placed by the American Government on arms supplies to Pakistan were raised.

Mr. Bhajan nag, Secretary of Youth For Bangladesh addressed the gathering. A copy of the protest note was left with the USIS for transmission to the US Government.

Mr. Mihir Sen, Chairman of the Youth for Bangladesh, in a statement condemned the two–faced diplomacy and heartless cynicism of the Nixon administration.

"We are being treated to the incomprehensible spectacle of American C–130 planes flying life–saving relief materials for the victims of Pakistan's outrage on one hand and death–dealing military planes being surreptitiously shipped posthaste to Pakistan to kill and main more Bengalis and to turn further millions into, refugees, on the other, "Mr. Sen said.

"Surely this perfidious act on the part of the US Government will remain for a long time as the worst instance of two-faced diplomacy and of morbid cynicism in international politics.

"We demand that the US government freeze the entire cargo abroad these two ships on arrival at Karachi and undertake not to make further shipments of arms or even of spares till Bangladesh becomes independent.

"We demand that the Government of India should make the above the condition precedent for acceptance or use of materials sent by the USA for relief work" Mr. Sen concluded.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের ওপর দক্ষিণ-পূর্ব এশিয়ার নিরাপত্তার প্রশ্ন নির্ভর করছে বলে সিংগাপুরে জয়প্রকাশ	হিন্দুস্তান স্ট্যান্ডার্ড	২৫ জুন, ১৯৭১

S.-E. ASIA'S SECURITY INVOLVED IN BANGLADESH ISSUE; JP

SINGAPORE, JUNE 24- India's leaders, Mr. Jayapraksh Narayan, today warned that unless the political problem of East Bengal was settled soon, the security of South and South – East Asia would be in danger, report agencies.

Mr. Narayan told a press conference that Big Powers of the world should put pressure on Pakistani President Yahya khan to make a political settlement in East Bengal to avoid a catastrophe.

He said the civil war in East Bengal brought a "colossal burden upon India economically, politically and socially.

"It is essential to end material rule in East Bengal, The people in jail, including sheikh Mujibur Rahman," should be freed.

Then he added the Pakistan Government should begin negotiations with Mr. Rahman, "the representative of the people of Bangladesh."

"I doubt if the people of Bangladesh will be contented anything less than an independent Bangladesh, as the provisional Premier of Bangladesh the other day said Pakistan is dead and buried in the heaps of Bengali corpses'

Asked about world opinion. towards the Bangladesh independence movement and brutal treatment by Pakistani troops towards the Bengalis he said " They are now conscious about it, but some are still undermining the nationalistic spirits of Bengalis, thinking that Pakistani troops will gradually subdue them.

"But don't forget that 90 percent of the revolutions in the former British India came from East Bengal, It is not possible for freedom'

"Bangladesh will be free" he said. "The sooner Pakistan realizes it the for all of us in South and South East Asia"

He said; "Bangladesh is in a strategic position as far as South – East Asia is concerned, and if the Bangladesh movement does not succeed a Maoist movement will fill the vacuum there."

Asked whether Bangladesh soldiers were getting any arms help from outside, Mr. Narayan said: "Yes, in London, I met people who are collecting funds to buy arms and ammunition."

On reports of U.S arms shipments to Pakistan, he said he requested American officials to halt all economic and military aid to Pakistan until martial rule is ended and power is handed over to elected representatives.

In Beirut Indian's Minister for Agriculture, Mr. Fakharuddin Ali Ahmed, arrived early yesterday on the first stage of his four of West Asia to acquaint its leaders with the gravity of developments in Bangladesh and the massive problem faced by India on account of influx of over six million refugees.

Mr. Ahmed is expected to meet the Lebanese Foreign Ministry on Friday.

In East Berlin. Dr. Karan Singh, India's Minister for Tourism and civil Aviation, has said that country could not take responsibility for the refugees who fled to India from Bangladesh after the recent fighting there.

"India cannot take over the responsibility for all these millions of refugees who have flowed into over-populated parts, of India like a tidal wave, the East German news agency, ADN quoted him as saying yesterday.

"Conditions must be created in East Bengal to enable the refugees to return safely," he added.

Dr. Karan Singh, who came here as special envoy of the Indian Prime Minister, said he was very satisfied with the talks he had on Monday with the East German Prime Minister, Mr. Willi Stophn and the Foreign Minister, Mr. Otto Winzer.

শিরোনাম	সূত্র	তারিখ
ভারতের কমিউনিস্ট পার্টির প্রস্তাব: 'বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের অস্ত্র ও সামরিক শিক্ষাসহ' সর্বপ্রকার সাহায্য দিতে হবে।	কালান্তর	২৬ জুন, ১৯৭১

অস্ত্র, সামরিক শিক্ষা ও সর্বপ্রকার সাহায্য দিতে হবে

বাংলাদেশের মুক্তিযোদ্ধা প্রসঙ্গে কমিউনিস্ট পার্টির দাবী

"বাংলাদেশকে মুক্ত করার জন্য বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের অস্ত্র ও সামরিক শিক্ষাসহ সর্বপ্রকার সাহায্য করতে হবে"- ভারতের কমিউনিস্ট পার্টির পশ্চিম বঙ্গ রাজ্য পরিষদের এক বিবৃতিতে এই দাবী করেন। বাংলাদেশের সরকারকে এখনো স্বীকৃতি না দেওয়ার জন্য এই বিবৃতিতে ভারত সরকারের সমালোচনা করা হয়েছে। এবং অবিলম্বে বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দেওয়ার জন্য দাবী জানানো হয়েছে। বাংলাদেশের সমস্যাকে জাতীয় সমস্যা হিসেবে দেখার জন্য এবং সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সংগ্রাম করা ও শরনার্থীদের সেবায় ঝাঁপিয়ে পড়ার জন্য কমিউনিস্ট পার্টি সদস্য, সমর্থক এবং জনসাধারণকে আবেদন জানিয়েছেন।

বাংলাদেশ সম্পর্কে একটি জাতীয় সংহতিমূলক দৃষ্টিভঙ্গি অবলম্বনের জন্য প্রধানমন্ত্রীকে মুখ্যমন্ত্রী সম্মেলন আহবানের জন্য ও পার্টি দাবী জানিয়েছেন।

ভারতের কমিউনিস্ট পার্টির পশ্চিমবঙ্গ রাজ্য পরিষদ গত ১৬ ও ১৭ জুন তারিখে দুই দিনব্যাপী অধিবেশনে মিলিত হন। এই অধিবেশনের অন্যান্য আলোচ্যসূচীর মধ্যে বাংলাদেশের বর্তমান মুক্তিযুদ্ধেরও পর্যালোচনা হয়। এই অধিবেশনে ভারতের কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক শ্রী রাজেশ্বর রাও এবং কেন্দ্রীয় সম্পাদকমন্ডলীর সদস্য শ্রী ভবানী উপস্থিত ছিলেন। রাজ্য পরিষদের এই সভায় রাজ্য জুড়ে যে নৃশংস ভ্রাতৃঘাতী আন্তঃপার্টি সংঘর্ষ চলছে সে বিষয়েও আলোচনা হয় এবং এই হানাহানি বন্ধের জন্য কিছু কার্যকরী ব্যবস্থা সম্পর্কেও এই সভায় আলোচিত হয়।

অধিবেশন শেষে এক বিবৃতিতে বলা হয় যে, বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের সমর্থন ও সংহতি জানানো সারা ভারতবর্ষের জনগণের এখন জরুরী কর্তব্য বলে কমিউনিস্ট পার্টির পশ্চিম বঙ্গ রাজ্য পরিষদ মনে করেন। প্রায় ষাট লক্ষাধিক মানুষ ইয়াহিয়া চক্রের অত্যাচারের মুখে দেশ ছেড়ে এই দেশে শরণার্থী হিসাবে এসেছেন। মুক্তিযোদ্ধারা যাতে তাদের দেশকে যথাসত্ত্বর মুক্ত করতে পারে তার জন্য মুক্তিযোদ্ধাদের অস্ত্র, সামরিক শিক্ষা ও অন্যান্য সম্ভাব্য সর্বপ্রকার সাহায্য করতে হবে। এর ফলেই গৃহহীন মানুষ তাদের ঘরে ফিরে যেতে পারবে বলে পরিষদ মনে করে। এই প্রয়োজনেই বাংলাদেশ সরকারকে অবিলম্বে স্বীকৃতি দেওয়া প্রয়োজন বলে রাজ্য পরিষদ মনে করে। এই স্বীকৃতি দানের বিষয়ে কিছু না করার জন্য কমিউনিস্ট পার্টির রাজ্য পরিষদ ভারত সরকারের সমালোচনা করেছেন এবং পর্টি তার সমস্ত শাখাকে বাংলাদেশের স্বীকৃতির দাবিতে ব্যাপক আন্দোলন গড়ে তোলার জন্য বলেছেন।

পার্টির জন্য পরিষদ তার সমস্ত শাখাকে বিভিন্ন শরণার্থী শিবিরের ব্যবস্থাদি উন্নতি করার জন্য কাজ করতে বলেছেন। শরণার্থী শিবিরে যাঁরা আছেন তাঁরা যাতে আশ্রয়, খাদ্য, ওষুধ রীতিমতো পান এবং যাঁরা বিভিন্ন ব্যক্তির কিংবা আত্মীয় বাড়িতে আছেন, তাঁদের প্রয়োজনে তাঁরাও যাতে সাহয্য পান তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। বৃদ্ধ, শিশু ও মহিলাদের যাতে যথাসম্ভব ভালোভাবে রাখা যায় যুবকদের যাতে

মুক্তিবাহিনীতে যোগদানের জন্য অনুপ্রাণিত করা যায় তার জন্য পার্টি কর্মীগণ বিভিন্ন শরণার্থী শিবিরগুলিতে সক্রিয়ভাবে কার্যক্রম গ্রহণ করবেন।

শরণার্থী শিবির পরিচালনায় কেবলমাত্র নেতিবাচক স্বরূপ উদঘাটন নয় পরন্ত ব্যর্থতা ও দুর্বলতাগুলিকে কাটানোর জন্য পার্টি কর্মীদের সক্রিয় হস্তক্ষেপ করতে হবে যাতে শরণার্থীদের সুষ্ঠু ও কার্যকরীভাবে সাহায্য করা যায়।

কমিউনিস্ট পার্টির রাজ্য পরিষদ মনে করে, বাংলাদেশের এই সমস্যাকে জাতীয় সমস্যা হিসেবে দেখতে হবে রাজ্য পরিষদ বাংলাদেশের শরণার্থী বিষয়ে উড়িষ্যা সরকারের মনোভাব এবং মেঘালয়ে দাঙ্গার বিষয়ে গভীর ক্ষোভ প্রকাশ করেছেন। বংলাদেশ প্রসঙ্গে একটি জাতীয় সংহতিমূলক দৃষ্টিভঙ্গি অবলম্বন এবং সীমান্ত রাজ্যগুলির স্কন্ধভার ভাগ করে নেওয়ার প্রয়োনীয়তা সম্পর্কে সকল রাজ্যগুলিকে সচেতন করার উদ্দেশ্যে মুখ্যমন্ত্রীসমূহের সম্মেলন আহবানের জন্য পার্টি প্রধানমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছেন। এ কারণস্বরূপ বলা হয়েছে যে যদি বাংলাদেশের সংগ্রাম ব্যর্থ হয় তাহলে ভারতের গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ শক্তিগুলো সাম্প্রদায়িকতা ও প্রতিক্রিয়ার জোয়ারে ভেসে যাবে।

সাম্প্রদায়িক শক্তিসমূহের যারা গোলযোগ করার চেষ্টা করছে তাদের বিষয়ে হুশিয়ার থাকার জন্য কমিউনিস্ট পার্টি পশ্চিমবঙ্গের জনসাধারণের কাছে আহবান জানিয়েছে। পার্টি স্থির করেছে যে বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে সংহতি জ্ঞাপক অভিযানই বর্তমানে কমিউনিস্ট পার্টির অন্যতম মূল কার্যসূচী। ট্রেড ইউনিয়নসমূহ শ্রমিকদের মধ্য কিষান সভা কৃষকদের মধ্যে এবং যুব, ছাত্র, মহিলাদের মধ্যে বাংলাদেশের মুক্তিযুদ্ধের তাৎপর্য সম্পর্কে ব্যাখ্যা করতে হবে। এই মুক্তিযুদ্ধের পক্ষে ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক সমস্ত মানুষের সমাবেশ ঘটাতে হবে।

পশ্চিমবঙ্গে বর্তমানে আন্তঃপার্টি ভ্রাতৃঘাতী হত্যাকাণ্ড জনিত গুরুতর পরিস্থিতির জন্য উদ্বেগ প্রকাশ করে রাজ্য পরিষদ এই সিদ্ধান্ত এসে পৌঁছেছে যে খুনীদের গ্রেফতার করতে এবং ব্যক্তি সন্ত্রাস রোধে পলিসী অক্ষমতার পটভূমিকা শুধু প্রশাসনিক ব্যবস্থা নয় প্রত্যেকটি রাজনৈতিক দলের মধ্যে চুক্তির মাধ্যমে এবং রাজনৈতিক দলগুলির সক্রিয় হস্তক্ষেপের মাধ্যমে এই ধরনের সন্ত্রাস বন্ধ সম্ভব। রাজ্য পরিষদ এবং ব্যক্তি সন্ত্রাসবিরোধী অন্যান্য পার্টির সদস্যদের সম্মেলন আহবান করে এই সন্ত্রাসের বিরুদ্ধে একটি ঐক্যবদ্ধ কর্মসূচী গ্রহণ করা হোক।

সর্বশেষে বাংলা কংগ্রেসের ভাঙ্গন জড়িত পরিস্থিতি ও রাজ্য পরিষদে আলোচিত হয়। পর্টির বক্তব্য এই যে শ্রী সুশীল ধারাকে মন্ত্রিসভায় নেওয়া উচিত নয়।

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের অনুকূলে জনমত সৃষ্টির উদ্দেশ্যে বিদেশ সফরশেষে সংবাদপত্রে পদত্ত জয়প্রকাশ নারায়ণের অভিজ্ঞতা ও বলিষ্ঠ বিবৃতি	বিবৃতি	২১ জুন,১৯৭১

PRESS STATEMENT

A. Left Delhi 16th May and returned 27th June – In all 47 days.

B. Places visited: Cairo, Rome, Belgrade, Moscow, Helsinki, Stockholm, Boon, Paris, London, Washington, New York, ottawa, Vancouver, Tokyo, Bangkok (for rest–no interviews), Djakarta, Singapor, Kuala Lumpur, Bangkok (to catch Air India flight to Dehli).

1. I had under taken this mission as a servant of peace on behalf of the Sarva Seva, Sang and the Gandhi Peace Foundation, I am very thankfull indeed, for all the help, financial and otherswise, that I received from them.

2. Equally, I must express my warm appreciation of all the help and hospitality that we received from our country's representatives in all the capitals we visited. we are most thankfull to them in practicular and to the Government of India in general for all that they did to make my mission as useful as possible.

3. It ws not to beg for aid for refugee relief or only talk about human suffering and to arouse the moral conscience of the world that I under took the arduous trip. Succour for millions of refugees who have fled to India, as well as succour for many millions more subjected to terror in Bangladesh and faced with famine and epidemic there, is of course urgent and I naturally spoke about it. As for the moral conscience of the world or what is left of it , the press everywhere except for Cairo, have done, and I think are still doing, a wonderful job.

4. My greater concern was with the political issue involved and need for their urgent resolution, because as I tried to point out, to those whom I met, the refugee problem and the humanitarian problem were only by products of the underlying political probem.

5. Thanks to the world press as well as to other sources of information including their own diplomatic channels, I found that governments were fairly well posted in regard to the political aspects of the question. I think it was generally felt that the Government of Pakistan by using its brutal might to suppress the democratic verdict of the people of Bangladesh had put into jeopardy the very survival of Pakistan as a united nation. Yet, I found the spokesmen of some governments clutching at the straw of hope that some links between the two wings might still be preserved. Therefore, they all seemed to be pressing Pakistan to stop military operations and seek a political accommodation-this was the popular term in Washington-with the leaders of Bangladesh. When questioned if they

had accommodation with stooges in their mind, they were emphatic in declaiming any such thought. Again, when confronted with the view that after what the Pakistan army had done in Bangladesh no self-respecting Bengali would accept even a "tenous link" with West Pakistan, wishful thinking took the place of hard reason.

6. The fact of the matter is, and left this be understood clearly in this country, that the great powers are all anxious to preserve the status quo in terms of the balance of power already established in the world. Some of them are particularly keen to preserve the balance on South Asia which has been created by them through a deliberate policy of neutralising India by lostering up Pakistan.

7. The adverse consequences of a prolonged guerilla warfare in Bangladesh for the stability and progress of the sub-continent are also realised, but the hope is nourished that somehow the evil might be warded off.

8. Some of the policy-makers in world capitals still remain to be convinced of the inevitability of the emergence of a strong resistance movement in Bangladesh. It is not until the freedom fighters in Bangladesh convincingly disprove the Pakistani claims of "normalcy" that they can be expected to face the realities of the situation.

9. For the rest they will continue to "friendly" advice to president Yahya to put his house in order and may even refuse to provide all the aid he wants from them.

10. In any event, it is India that is immediately concerned and will have to face the consequence of Pakistan's action and I found no evidence anywhere that anyone was prepared to pull the chestnuts out of the fire for us.

11. Some of the economic burden of caring after the refugees they may be prepared to share - though our estimate of numbers perhaps appeared exaggerated to them - but it is obvious that the social and political burdens will have to be borne by India alone. And heaven knows these burdens are far heavier then the economic ones.

12. The decision of the Aid Pakistan Consortium is a welcome decision. But, first of all, it dose not rule out bilateral aid members of the consortium, and, secondly, it remains to be seen if a quisling set-up in Bangladesh, such as the President of Pakistan seems to be evisaging, will be accepted by the consortium as a fulfillment of its conditions.

13. To sum up the impressions of my tour, we in India mist understand that we cannot expect others to solve our difficulties for us. We have to do that ourselves. Secondly, we have to decide if continued suppression of the people of Bangladesh, with all its attendant economic, political and social consequences, will be in our national interest. This is not the same as asking whether a break-up of Pakistan will be in India's national interest. President Yahya khan and his advisers have already succeeded in breaking up their nation. The question to be answered is whether the attempt by West Pakistan to occupy Bangladesh by force, with all its present and future consequences for us, is a spectacle which we can continue to behold with little more than brave words. For myself, I am quite clear in my mind that it would be a grave betrayal of India's national interests to delay action much longer.

14. It is quite obvious from the shocking statement made by President Yahya Khan yesterday that Islamabad has neither the willingness nor the ability to devise a satisfactory political solution of the problem it has created in Bangladesh. It is not contemplating any agreement with the elected leaders of Bangladesh and is in fact planning to hold farcical new elections in a large number of constituencies to legitimise its colonial stranglehold over Bangladesh. It should now be clear to us and to the whole world that it is chimerical to expect the present rulers of Pakistan to revise their basic attitudes to Bangladesh. This has, in fact, made the hope, of a political settlement in Pakistan more unrealisable than before.

15. Everyone, I met abroad was full of praise for the Prime Minister's restraint and statesmanship in dealing with a difficult crisis. I too admire her for that. But she must decide now if the time for action has not arrived. Action, not from any altruistic motives of rescuing East Bengalis from Pakistan terror and restoring to them their lost democracy, but to prevent Yahya Khan from exporting his internal chaos into this country and achieving a demographic re-distribution of his population at our cost, and, above all, to defend our national security and our political, economic and social institutions. I concede that the Prime Minister must choose her time because she alone is in a position to know and weigh all the pros and cons involved. But even to a private citizen like me the basic consideration are clear and it is on that ground that my plea for action is being advanced.

NEW DELHI
June 29, 1971 JAYAPRAKASH NARAYAN

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ সম্পর্কে ভারতের সোশ্যালিস্ট ওয়ার্কার্স পার্টির বক্তব্য	পুস্তিকা	জুলাই , ১৯৭১

বাংলাদেশ সম্পর্কে বক্তব্য

প্রধানমন্ত্রী ইন্দ্রিরা গান্ধী ও অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রীদের ভাষণ ও বিবৃতি থেকে মনে হয় নয়াদিল্লীর আশা আন্তর্জাতিক চাপের ফলে বাংলাদেশের জনগণের সমস্যা আগামী ছয় মাসের মধ্যে শেষ হবে। এ মন্ত্রীদের ধারণা যে, যে ৭০ লাখ শরণার্থী পশ্চিম বাংলা, আসাম, মেঘালয় ও ত্রিপুরাতে এসেছে তারা ঐ সময়ের মধ্যে স্বেচ্ছায় তাদের জন্মভূমিতে ফিরে যাবে।

আওয়ামী লীগের নেতা যাঁরা মুজিবনগর থেকে বাংলাদেশ সরকার চালাচ্ছেন তাঁরাও এ রকমই আশাবাদী। এদের সকলেরই ধারণা ইয়াহিয়া গোষ্ঠী আজ ভীষণ চাপের তলায় আছে। শুধু যে দেশের আর্থিক সমস্যা প্রবল হয়ে তাদের দুর্বল করেছে তা নয়। রুশ ও আমেরিকা প্রমুখ শক্তিশালী দেশগুলিও মুজিবুরের সঙ্গে রাজনৈতিক বোঝাপড়া বা মীমাংসার জন্য চাপ দিচ্ছে।

কেউ কেউ একথাও বলেন ইয়াহিয়া খান শেখ মুজিবের নরমপন্থী সহযোদ্ধাদের সঙ্গে মীমাংসা না করে পারবেন না। পশ্চিম পাকিস্তানের সামরিক গোষ্ঠীকে বাঁচাবার এ ছাড়া আর পথ নেই। দেরী হলে বিপ্লবের নেতৃত্ব বামপন্থী বা চরমপন্থীদের হাতে চলে যাবে। তখন কোন মীমাংসাও হবে না আর এ গোষ্ঠীকেও বাঁচিয়ে রাখা চলবে না। মুক্তিফৌজের গেরিলা আক্রমণের জোর এখন আগের তুলনায় অনেক বেশী, ফৌজের শক্তিও বেড়েছে, অনেক নতুন লোক অস্ত্র শিক্ষা পেয়েছে। এ সমস্তই ঠিক কিন্তু উদ্দেশ্য হলো ইয়াহিয়া গোষ্ঠীর উপর চাপ বৃদ্ধি। গেরিলা আক্রমণের পক্ষে বর্ষাকাল খুবই উপযোগী। একই পাক সৈন্যের মনোবল ক্রমেই হ্রাস পাচ্ছে। তার উপর গেরিলাদের তৎপরতা চলছে বেড়ে। ফলে পাক সেনাবাহিনী ভেঙ্গে পড়তে বাধ্য। এ হলো আওয়ামী লীগের নেতাদের বিচার। ইচ্ছা পূরণ ছাড়া একে আর কি বলা যায়।

মুক্তিফৌজের যে সমস্ত নেতারা হাতে হাতিয়ার নিয়ে লড়াই করছেন তাঁরা কিন্তু এতোটা আশাবাদী নন। অল্প কিছুদিন আগে জাতীয় আওয়ামী পার্টির মৌলানা ভাসানী এক সাংবাদিক সম্মেলনে বলেন যে অন্য বামপন্থী দলগুলি গ্রামে গ্রামে সর্বদলীয় কর্মপরিষদ গড়েছে । উদ্দেশ্য হলো পাকিস্তানের বিরুদ্ধে দীর্ঘস্থায়ী যুদ্ধের জন্য গণপ্রস্তুতি।

তাঁকে জিজ্ঞাসা করা হয় যে সংগ্রাম দীর্ঘস্থাযী হলে কি নতুন নেতৃত্বের উদ্ভব হবে না। উত্তরে তিনি একটি গুরুত্বপূর্ণ মন্তব্য করেন, বাঘ কখনো মানুষের রক্তের স্বাদ ভুলতে পারে না। বাংলাদেশে শিক্ষিত বেকারের সংখ্যা ১৩ লক্ষ। হাতে হাতিয়ার পেলে মানুষের চাল-চলন, ধ্যান-ধারনা ও আচার ব্যবহার সবই বদলে যায়। অধ্যাপক মোজাফফর আহমেদের জাতীয় আওয়ামী পার্টি, পূর্ব বাংলার কমিউনিস্ট পার্টি (মস্কোপন্থী) ও অন্য কমিউনিস্ট গোষ্ঠী (যারা এককালে মাও নীতি ঘেঁষা ছিল) এ সমস্ত দলের নেতাদের ধারণা বিপ্লব কষ্টসাধ্য ও দীর্ঘায়িত হবে। এর জন্য প্রয়োজন সশস্ত্র মোকাবেলার উপযুক্ত রণকৌশল ও বাংলাদেশের অভ্যন্তরে জনগণের রাজনৈতিক প্রতিরোধের কার্যক্রম। বৈপ্লবিক দলগুলির মধ্যে পূর্ব বাংলা কমিউনিস্ট পার্টি যার নেতা মতিন আলাউদ্দীন ও কমিউনিস্ট গ্রুপ যার নেতা আব্দুল জাফর ও রাসেদ খান মেনন। তৃতীয়টি হলো পূর্ব বাংলা কমিউনিস্ট পার্টি (মার্ক্সিলেনিনিস্ট)- এর নেতা মহম্মদ তোহা। এ দলটি পিকিংপন্থীর কছ ঘেঁষেই চলে। কাজেই

বর্তমান বিপ্লব সম্পর্কে এর নীতি দ্বিধাগ্রস্থ ও অস্পষ্ট। কিন্তু তাতেও পাকিস্তানী জঙ্গী বাহিনীর হাতে এক মার খেতে হয়েছে।

মুক্তিফৌজের নেতাদের মধ্যে কারু কারু অভিমত যে জমি ও শিল্প নিয়ন্ত্রণ জাতীয় শ্রমিক কৃষকদের নিজস্ব দাবী মেনে নিলে ভারতে শরণার্থীদের সংখ্যা কিছু কম হতো। প্রকৃত চাষীদের মধ্যে জমি বেটে দেওয়ার কথা বাংলাদেশ সরকারের পক্ষে এখনো ঘোষণা করা সম্ভব। শিল্প ও অন্যান্য শ্রমিক এরা অনেকেই স্বদেশ ছেড়ে এদেশে আসেনি ও মাধ্যম শ্রেণী স্বার্থ পোষণ কার্যক্রম গ্রহন করতে রাজি নন। তাঁদের যুক্তি এ কাজ করলে মুক্তি ফৌজের মধ্যে অন্তর্বিরোধ দেখা দেবে। এর অর্থ হলো জোতদার, ব্যবসায়ী, দোকানী ও সম্পত্তিশালী ব্যক্তিরা যাঁরা এখন আওয়ামী লীগের সমর্থক তাঁরা লীগ গড়া ছেড়ে দিতে পারেন। আওয়ামী লীগের নেতারা বামপন্থীদের আরও একটি দাবী মানতে রাজী নন। বামপন্থীরা চেয়েছিলেন সমস্ত প্রতিরোধকারী শক্তিদের নিয়ে জাতীয় মুক্তিফ্রন্ট হোক। দাবী প্রত্যাখ্যানের যুক্তি জনগণের সমর্থন শুধু আওয়ামী লীগেরই আছে।

বাংলাদেশ জাতীয় শ্রমিক লীগের অস্থায়ী সভাপতি মহম্মদ শাজাহান বলেন, বাংলাদেশ সংঘবদ্ধ শিল্প শ্রমিকর সংখ্যা প্রায় ৪০ লক্ষ। এদের মধ্যে বেশীর ভাগই ইউনিয়নের সদস্য। সামরিক শাসন বাধা দিতে পারেনি। এক লাখের উপর শ্রমিক পাকিস্তানী জঙ্গী বাহিনরি সঙ্গে যুদ্ধে প্রাণ দিয়েছে। তাঁর বক্তব্য ১৯৭৬ সালে আওয়ামী লীগ নারা লাগান যার জমি তার। ১৯৭০ সালে ঢাকার মে দিবস সমাবেশে শেখ মুজিব যে বাণী পাঠান তাতে একথা বলা ছিল, সেদিন আর দূরে নয় যেদিন শ্রমিকরাই হবে উৎপাদন শক্তির মালিক এর উপর সামাজিক কর্তৃত্ব স্থাপনের প্রধান ধাপ হিসেবে তিনি ব্যাংক, ইনসিওরেন্স কোম্পানী, পাট রফতানী ব্যবসায়ী, মূল শিল্পসমূহ ও জনস্বার্থ সম্পৃক্ত সেবা প্রতিষ্ঠান প্রভৃতির রাষ্ট্রীয়করণ সমর্থন করেন। আওয়ামী লীগের ম্যানিফেস্টো ন্যায়ভিত্তিক সাম্যবাদী সমাজ গঠনে প্রতিজ্ঞাবদ্ধ ও সমাজতান্ত্রিক অর্থনীতিতে আস্থাশীল। প্রথম প্রদক্ষেপ হিসাবে কোন কোন শিল্প ব্যক্তিগত মালিকানা লোপ করা হবে তারও ফিরিস্তি আছে ম্যানিফেস্টোতে।

উপরন্তু মুজিব নাকি ৭ই মার্চ তারিখে নির্দেশ দেন যে আওয়ামী লীগের নেতারা হঠাৎ গ্রেফতার বা নিহত হলে জনগণ যে বিভিন্ন মতাবলম্বী লোকদের নিয়ে বিভিন্ন স্তরে কর্মপরিষদ গড়ে ফেলে। সর্বতোভাবে পাক সৈন্যদের সঙ্গে অসহযোগ করে রেল ও সড়ক পরিবহন ব্যবস্থা বানচাল করে দিয়ে এবং প্রত্যেক গ্রামকে প্রতিরোধের দুর্গে পরিণত করে।

বিদ্রোহী জনগন এ নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করেছে। কিন্তু বাংলাদেশ সরকারের বিভিন্ন ঘোষণার বিপ্লবের এ জাতীয় ভবিষ্যৎ পরিণতির কোনো আভাস বা ইঙ্গিত নেই। বাংলাদেশের বিপ্লবী বামপন্থীদের এ খুঁত, এ ত্রুটি দুর করতে হবে।

এ প্রসঙ্গে বলা যায় যে, পাক সৈন্যদের নৃশংসতা বন্ধ করতে হলে চাই জনগণের হাতে আস্ত্র। আত্মরক্ষার জন্য জনগনের হাতে তুলে দিতে হবে হাতিয়ার। সমস্ত গণবিপ্লবেই এমন একটা সময় আসে যখন জনগনের হাতে হাতিয়ার তুলে দেওয়া ছাড়া আর কোন উপায়ই বিপ্লবকে বাঁচান যায় না। বর্তমান ও পাকিস্তানী সেনাবাহিণীর সন্ত্রাসের জবাব দেবার এবং জনগনের মনোবল দৃঢ় করার জন্য চাই জনতাকে সশস্ত্র করা। আজ মুক্তিফৌজে আছে ৩০,০০০ সৈনিক। আরও ৩০,০০০- এর চলছে শিক্ষা পর্ব।

মুক্তিফৌজের নেতাদের আজ কাজ হলো গেরিলা আক্রমণের সঙ্গে স্থানীয় জনগণের প্রতিরোধের সমন্বয় ঘটান। জনগনের সক্রিয় সহযোগ ছাড়া শুধু গেরিলা আক্রমণ মারফত বিপ্লবের বিস্তৃতি ঘটান সম্ভব নয়। জনগণকে এমন কিছু দিতে হবে যার জন্য তারা লড়তে ও মরতে রাজী হয়। শুধু স্বাধীনতার নামে এ কাজ হয়

না, হতে পারে না। অন্য কথায় বলতে গেলে বর্তমান বুর্জোয়া গণতান্ত্রিক বিপ্লবকে সমাজতান্ত্রিক বিপ্লবে রূপ দেবার জন্য সচেষ্ট হতে হবে।

না, হতে পারে না। অন্য কথায় বলতে গেলে বর্তমান বুর্জোয়া গণতান্ত্রিক বিপ্লবকে সমাজতান্ত্রিক বিপ্লবে রূপ দেবার জন্য সচেষ্ট হতে হবে।

ভারতে ৭০ লক্ষ শরণার্থীর প্রবেশ অসুবিধা ও বিপদ নিশ্চয়ই দেখা দিয়েছে। তাতে এখানকার বুর্জোয়া সরকারের সুবিধা ও হয়েছে এ সমস্যার উপর সমস্ত গুরুত্বারোপ করতে এমন বুর্জোয়া রাজনীতিক আছেন যারা বলেন -ইয়াহিয়া সরকার যদি বাংলাদেশে গণহত্যার জন্য দিনে ১ কোটি টাকা খরচ করে আমরা দৈনিক খরচ করছি ১ কোটি টাকা ৫০ লক্ষ শরনার্থীকে প্রাণে বাঁচাতে।

এ অর্থ বাংলাদেশ এখন আর শুধু পাকিস্তানের ঘরোয়া ব্যাপার নয়। এটা এখন ভারতের ঘরোয়া সমস্যা হয়ে দাঁড়িয়েছে। শরনার্থীদের ভরন-পোষন ও আশ্রয়ে ব্যবস্থা করতে আজ ভারতের বুর্জোয়া শাসকরা ন্যায়ত ধর্মত দায়ী ভারতের পার্লামেন্ট সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাস করেছিল বাংলাদেশের জনগণের মুক্তি আন্দোলনের সমর্থনেও তার সঙ্গে সংহতি জানিয়ে।

নয়াদিল্লী অবশ্য বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দেয়নি। বিশ্বের দবারে শরনার্থীদের জন্য সাহায্য ভিক্ষা করাই এর প্রধান কাজ। সাম্রাজ্যবাদী শক্তিরা বিশেষ করে আমেরিকা বৃটেন যাদের পাকিস্তানের দুই অংশেই প্রচুর মূলধনের বিনিয়োগ আছে তাদের বিবেককে শান্ত করার জন্য শরণার্থীদের জন্য কিছু ওষুধপত্র পাঠাচ্ছে।

এদিকে চীনের মাও আমলাতন্ত্র ইয়াহিয়া সরকারকে প্রকাশ্যে মদদ যোগাচ্ছে আর সোভিয়েট আমলাতন্ত্র তার দায় সেরেছে বাংলাদেশের জনগনকে মৌখিক সহানুভূতি জানিয়ে। পূর্ব বাংলার কমিউনিস্ট পার্টির যে প্রতিনিধিদল সোভিয়েট কমিউনিস্ট পার্টির চর্তুবিংশতিতম সম্মেলনের জন্য মস্কো যায় সে দল গভীর আশাভঙ্গ নিয়ে ফিরে এসেছে। সোভিয়েট নেতাদের বাংলাদেশ সম্পর্কে কোন ঔৎসুক্য এ দল দেখেনি। সোভিয়েট নেতারা শরণার্থী পুনর্বাসনের জন্য আমেরিকার সঙ্গ সহযোগিতা ছাড়া আর কিছু করতে প্রস্তুত নন বলে এ প্রতিনিধিদলের ধারণা।

বিপ্লবের বিভিন্ন তাৎপর্য যতোই পরিষ্কার হচ্ছে ভারতের রাজনীতিকদের মতামত ততই পার্থক্য দেখা যাচ্ছে। এখন আর বাংলাদেশের জনগণের সংগ্রামের সমর্থনে পূর্বের ঐকমত্যে নেই। বাংলাদেশের সংগ্রামের ভিতর এখন অনেক বিচ্ছেদ ও বিভেদের ভূত দেখছেন। তাদের শুধু একথা মনে করিয়ে দিলেই চলবে যে বিচ্ছেদ ও বিভেদ ইচ্ছা করলেই ঘটান যায় না আর তা ঘটবার হলে কিছুতেই ঠোকান যায় না। ইয়াহিয়া খানের হাতে কমপক্ষে ১০ লক্ষ লোকের প্রাণ গেছে। কিন্তু তাতে বাংলাদেশ সংগ্রাম কাবু হয়নি। আবার সিপিএম শত চেষ্টা করলেও পশ্চিমবাংলায় বাংলাদেশের গণবিদ্রোহ সৃষ্টি করতে পারবে না।

এখানে একথা অপ্রাসঙ্গিক নয় যে বাংলাদেশ সম্পর্কে এ দেশে যে প্রথম যে স্বস্তিবোধ দেখা দিয়েছিল তা সবটাই ন্যায্য ও যুক্তিযুক্ত নয়। ধর্মীয় রাষ্ট পাকিস্তানের অবমাননায় অনেক ভারতবাসীই তাঁর উগ্র জাতীয়তাবাদের লাভ দেখেছেন। কিছু লোক হিন্দু সাম্প্রদায়িক মনোভাব নিয়ে বাংলাদেশের বিদ্রোহকে দেখেছেন। আর পুঁজিপতিরা ত তাদের উৎপন্ন মালের জন্য বাজারের প্রসার হবে এ স্বপ্নে মশগুল। বাংলাদেশের বিপ্লবের প্রকৃত অর্থ যতই পরিষ্কার হবে ততই প্রতিক্রিয়াশীল দলগুলি এ সমস্যাকে সাম্প্রদায়িক মোচড় দেবে। বাংলাদেশে সফল সমাজতান্ত্রিক বিপ্লবকে পুঁজিপতিদের ভীষণ ভয়। এ বিপ্লবের ফল তাদের সপক্ষে হবে মারাত্মক।

এ কথা অবশ্যই স্বীকার্য যে বাইরের লোকের পক্ষে বাংলাদেশের বিপ্লবের রূপ ও তাৎপর্য নির্দিষ্ট করে দেওয়া সম্ভব নয়।

ভারতের বিপ্লবী বামপন্থীরা যদি বাংলাদেশ বিপ্লবের স্বরুপ বুঝতে পারেন। বিপ্লব যে সামাজিক শক্তিগুলিকে শৃঙ্খলমুক্ত করেছে তাদের গতিপ্রকৃতি যদি তাঁরা তাদের ধরতে পারেন তবেই বাংলাদেশ বিপ্লবের হবে সর্ববৃহৎ সাহায্য। এছাড়া অবশ্য ভৌতিক ও নৈতিক সমর্থন ও সাহায্য করতেই হবে মিথ্যা ভয় ও অপপ্রচারে বামপন্থীদের কোনো লাভ নেই।

এ বিপ্লব এক অভূতপূর্ব গণতান্ত্রিক বিপ্লব। চীন বিপ্লবের পর এটাই এশিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা। যদি এ বিপ্লবকে সফল করতে হয় তবে একে সমাজতান্ত্রিক বিপ্লবে পরিণত করতে হবে আর সে কাজে নেতা হবে বাংলাদেশেরই শ্রমিক শ্রেণী।

বাংলাদেশে সমাজতান্ত্রিক বিপ্লবের সাফল্য চাই। ভারত, পশ্চিম পাকিস্তান ও বাংলাদেশের শ্রমিক শ্রেনীর বিপ্লবী সংহতি চাই।

সোশালিস্ট ওয়ার্কার্স পার্টি
(চতুর্থ কমিউনিস্ট আন্তর্জাতিক ভারতের সংখ্যা)

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশের সংগ্রামকে সহয়তা করার জন্য 'সর্ব আসাম বাংলাদেশ সহায়ক সমিতি'র আহবান	পুস্তিকা	জুলাই, ১৯৭১

বংলাদেশের সংগ্রামকে সহায়তা করুন
সর্ব আসাম বাংলাদেশ সহায়ক সমিতি

সভাপতি শ্রী শরৎ সিংহ
উপ-সভাপতি ডঃ ঘনশ্যাম দাস
-শ্রী ফনী বরা

সাধারন সম্পাদক-
শ্রী ধীরেশ্বর কলিতা
শ্রী বিশ্ব গোস্বামী
শ্রী দেবেন্দ শর্মা

শ্রী বিশ্ব গোস্বামী কর্তৃক প্রকাশিত
প্রথম প্রকাশ জুলাই, ১৯৭১
বাংলাদেশের সংগ্রামকে সহায়তা করুন
সর্ব আসাম বাংলাদেশ সহায়ক সমিতির আহবান

সামরিক শাসকের অত্যাচার এবং ঔপনিবেশিক শোষণের বিরুদ্ধে বাংলাদেশের জনগণ বিদ্রোহ করেছে। সারা বিশ্বের প্রগতিশীল জনগণ বাংলাদেশের জনগনের সহায়তার জন্য সহানুভূতির সাথে এগিয়ে এসেছে। ভারত সরকার সকল রাজনৈতিক দল এবং ভারতের জনগণ মুক্তিযোদ্ধাদের প্রতি সমর্থন জানিয়েছে কিন্তু এই সহায়তা ও সহানুভূতি যথেষ্ট হয়নি।

বাংলাদেশের পরিস্থিতি লাখ লাখ উদ্বাস্তুকে দেশত্যাগ করে আসাম, মেঘালয়, ত্রিপুরা, পশ্চিম বঙ্গসহ সাবেক পূর্ব পাকিস্তানের সীমান্তবর্তী রাজ্যসমূহে আশ্রয় নিতে বাধ্য করেছে। উদ্বাস্তুর স্রোত আমাদের রাজ্য আসামকেও নাড়া দিয়েছে। সাম্প্রদায়িক মনোভাবাপন্ন হিন্দু এবং মুসলমান উভয়ই বর্তমান পরিস্তিতিতে নিজেদের উদ্দেশ্য সিদ্ধিতে ব্যস্ত হয়ে উঠেছে। আমাদের দেশের জনগণকে এ ব্যাপারে সজাগ ও সচেতন হবে। তদুপরি আরো কিছু মানুষ রয়েছে যারা বাংলাদেশের মুক্তিযুদ্ধের তাৎপর্য এবং তার বিজয়ের সুদূরপ্রসারী গুরুত্ব উপলব্ধি করতে পারছে না।

এই আলোকেই আমরা এই পুস্তিকার দ্বারা আমাদের দেশের জনগণের মধ্যে বাংলাদেশের মুক্তি আন্দোলন এবং তার বিজয়ের সাথে উদ্বাস্তুসহ আমাদের দেশের সমস্যা কি ভাবে জড়িত তা ব্যাখ্যার চেষ্টা করেছি।

আমরা আশা করবো যে এই পুস্তিকা বাংলাদেশের মুক্তি আন্দোলনের পক্ষে আমাদের দেশের জনগণকে ঐক্যবদ্ধ করবে বিভেদ সৃষ্টিকারী সাম্প্রদায়িক আর বিদেশী শত্রুকে উৎখাত করতে সাহায্য করবে।

বাংলাদেশের ওপর পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনীর আক্রমণ

উনিশশ একাত্তর সনের ২৫ শে মার্চ বাংলাদেশের জনগণের সাথে চরম বিশ্বাসঘাতকতা করে পাকিস্তানের সামরিক শাসকগোষ্ঠী অমানুষিক গণহত্যা অভিযান শুরু করে। এই নারকীয় হত্যাযজ্ঞের শিকার হয়েছে বাংলাদেশের সকল জনবসতি, স্কুল, কলেজ, ছাত্রাবাস, অধ্যাপক, শিক্ষক, উকিল এবং ডাক্তারগনসহ বুদ্ধিজীবীরা। লক্ষ লক্ষ মানুষ হয়েছে গৃহহারা, অত্যাচারের মুখে এক বিশাল জনস্রোত প্রবেশ করেছে আসাম, মেঘালয়, ত্রিপুরা এবং পশ্চিম বঙ্গে।

সভ্যতার ইতিহাসে এই অত্যাচারের তুলনা নেই। চেংগিসখান আর হিচলারের বীভৎস হত্যাকাণ্ড ও ইয়াহিয়ার কাছে ম্লান হয়ে গেছে। এই বর্বরতার উদ্দেশ্য হলো পূর্ব বাংলার জাতীয়তাবাদী ও প্রগতিশীল শক্তিসমূহকে চিরকালের জন্য উৎখাত করা। হিন্দু মুসলমান সকল সম্প্রদায়ের ছাত্র যুবক বুদ্ধিজীবিদের হত্যা করে পূর্ব পাকিস্তানকে পশ্চিম পাকিস্তানের পূর্ণাঙ্গ উপনিবেশে পরিণত করাই ইয়াহিয়ার উদ্দেশ্য। পশ্চিম পাকিস্তানী জমিদার সামরিক গোষ্ঠীর বিরুদ্ধে পূর্ব বাংলার সামন্তবিরোধী জাতীয়তাবাদী সংগ্রামকে ধবংস করতে পারলে পাকিস্তানের বালুচি সিন্ধি আর পাখতুনদের জাতীয়তাবাদী আন্দোলনকে দমন করাও সহজ হবে। কিন্তু ইয়াহিয়া চক্র অসাধ্য সাধনের চেষ্টা করছে, ইতিহাসের চাকাকে পেছনে ঘোরানো যায় না। পাকিস্তানী শাষক গোষ্ঠীর চবিবশ বছরের অনুসৃত নীতির ঐতিহাসিক পরিণতিই বাংলাদেশের বর্তমান মুক্তি সংগ্রাম। পাকিস্তানের ধবংসের বর্তমান পর্যায়ের জন্য দায়ী ইয়াহিয়া চক্র এবং তার সাম্রাজ্যবাদী ও সামন্তবাদী মিত্ররা। প্রাদেশিক স্বায়ত্তশাসন এবং প্রতিটি জাতিগোষ্ঠীর ন্যায্য অধিকার স্বীকার না করে পাকিস্তান রক্ষা করা সম্ভব নয়।

মুক্তিযুদ্ধ সকলের সংগ্রাম

পাকিস্তানী শাসক গোষ্ঠীর এই অকথ্য অত্যাচারের মুখে বাংলাদেশের জনগণ প্রতিরোধ গড়ে তুলেছে। প্রথম অবস্থা ইস্ট বেঙ্গল রাইফেল, বেঙ্গল রেজিমেন্ট আর পুলিশ বাহিনী পাকিস্তানী সেনাবাহিনীর মোকাবেলা করে। বর্তমানে হাজার যুবক মুক্তিবাহিনীতে যোগদান করে ইতিমধ্যেই যুদ্ধ নেমে গেছে। তাদের পেছনে আছে ব্যাপক জনগণের সমর্থন। পাকিস্তানী বাহিনী জনগণ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন। ভিয়েতনামে মার্কিনী এবং দক্ষিণ ভিয়েতনামের সরকারী সৈন্যদের মতো তাদের অবস্থা মুক্তিবাহিনী ইতিমধ্যেই গেরিলা কৌশল অবলম্বন করে রাজধানী ঢাকার ওপর আঘাত হানা শুরু করেছে। তারা এখনো চূড়ান্ত আঘাত হানতে পারেনি এই জন্য যে মুক্তিবাহিনীর সেনারা নতুন এবং অনভিজ্ঞ, অন্যদিকে পাকিস্তানী বাহিনী আমেরিকা ও চীনের সাহায্যপুষ্ট এবং আধুনিক মারণাস্ত্রে সজ্জিত। কিন্তু জনগণের সক্রিয় সমর্থনে মুক্তিবাহিনী যে চূড়ান্তভাবে বিজয়ী হবে তাতে কোন সন্দেহ নেই।

বাংলাদেশের মুক্তি সংগ্রামের সুফল

বাংলাদেশের জনগন আজ আধুনিক মারণাস্ত্রে সুসজ্জিত এক পাশবিক শক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ। এই ঐক্য সম্ভব হয়েছে এ জন্য যে আওয়ামী লীগ ন্যাশনাল আওয়ামী পার্টি এবং অন্যান্য রাজনৈতিক দলসমূহ পাকিস্তানী শাসক গোষ্ঠীর হীন প্রচেষ্টা ব্যর্থ করে দিয়ে হিন্দু মুসলীম অসাম্প্রদায়িক ঐক্য গড়ে তুলতে পেরেছে। এই সংগ্রামী ঐক্য ফাটল ধারানোর জন্য ইয়াহিয়া চক্র মুসলীম লীগ ও জামাত-ই-ইসলামীসহ সাম্প্রদায়িক দলসমূহকে দিয়ে প্রচষ্টা ব্যর্থ হয়েছে সে জন্য ইয়াহিয়া খান নতুন করে দালাল সৃষ্টির প্রচেষ্টা চালাচ্ছে। ভারতকে উস্কানি দিয়ে পৃথিবীর জনমতকে বিভ্রান্ত করার উদ্দেশ্যে পাকিস্তান সীমান্তের সংঘর্ষ সৃষ্টি করছে।

এই পরিস্তিতিতে আমাদের ওপর গুরুদায়িত্ব এসে পড়েছে। বাংলাদেশের মানুষ গণতন্ত্র, মানবিক অধিকার ও শোষণের কবল থেকে মুক্তির জন্য সংগ্রামে লিপ্ত হয়েছে। আমাদের দেশের জনগণও গণতন্ত্র, মানবিক অধিকার ও শোষণের কবল থেকে মুক্তির জন্য সংগ্রামে লিপ্ত হয়েছে। আমাদের দেশের জনগণও গণতন্ত্র রক্ষা এবং শোষনহীন সমাজের জন্যে সংগ্রাম করে আসছে। তাই বাংলাদেশের সংগ্রাম সফল হলে তা আমাদেরও সহায়তা করবে। মুক্তি সংগ্রাম জয়যুক্ত হলে বাংলাদেশে সাম্প্রদায়িক আর প্রতিক্রিয়ার শক্তি পরাজিত হবে, গনতন্ত্র

প্রতিষ্ঠিত হবে এবং ফলে আমাদের দেশেও সাম্প্রদায়িক ও প্রতিক্রিয়ার শক্তি দুর্বল হবে। অন্যদিকে বাংলাদেশের সংগ্রাম পরাজিত হলে উভয় দেশেই সাম্প্রদায়িক আর প্রতিক্রিয়াশীল শক্তি মাথা তুলে দাঁড়াবে এবং ফলে আমাদের দেশে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা বিপন্ন হবে। স্বাধীন বাংলাদেশের জন্ম হলে সাম্প্রদায়িক ভিত্তিতে রাষ্ট্র গঠনের অলীক কল্পনা চিরকালের জন্য বিলুপ্ত হবে।

গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ বাংলাদেশের জন্ম হলে ভারতের সাথে উন্নত এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপিত হবে। দুই দেশের মাঝে বাণিজ্যিক প্রসার ঘটবে। দেশ বিভাগের পরে পাকিস্তানী শাসক গোষ্ঠীর ভারতবিরোধী মনোভাবের ফলে দুই দেশের মধ্যে বাণিজ্য বন্ধ হয়ে যায়। আগে পূর্ব বঙ্গ থেকে আমদানীর ফলে মাছ ও অন্যান্য খাদ্যদ্রব্য আসামে অনেক যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়। বাংলাদেশ স্বাধীন হলে সে বাণিজ্য বন্ধ হয়ে যাওয়ায় আসাম ও মেঘালয় রাজ্যদ্বয় বিশেষভাবে লাভবান হবে। উদ্বাস্তুরাও সকলে ফিরে যাবে।

বাংলাদেশের মুক্তিসংগ্রাম জয়যুক্ত হলে আমেরিকার যুদ্ধজোট আর চীনের চক্রান্ত ব্যর্থ হবে আমাদের সীমান্তবর্তী বাংলাদেশ হবে বন্ধুরাষ্ট্র এবং ফলে সাম্রাজ্যবাদবিরোধী শক্তি আরো সফল হবে।

উদ্বাস্তু সমস্যা

পাকিস্তানী দস্যু বাহিনীর অকথ্য অত্যাচারের মুখে লক্ষ লক্ষ মানুষ বাংলাদেশ থেকে পালিয়ে ভারতে প্রবেশ করেছে। আসাম আর মেঘালয়েই এসেছে কয়েক লক্ষ। এদের মধ্যে শিশু, নারী আর বৃদ্ধের সংখ্যাই বেশী। এই ছিন্নমূল সর্বস্বান্ত মানুষদের আশ্রয় ও সকল প্রকার সহযোগিতা করা আমাদের মানবিক কর্তব্য।

এই লক্ষ লক্ষ উদ্বাস্তু স্থায়ীভাবে থাকলে মানুষের অস্তিত্ব বিপন্ন হবে আসাম ও মেঘালয়ের জনগণের মাঝে এমনিতর ধারণা বদ্ধমূল হতে চলেছে। কিন্তু ভারত সরকার ইতিমধ্যেই ঘোষণা করেছে যে উদ্বাস্তুদের সাময়িকভাবে রাখা হবে। বাংলাদেশ হলেই তাদের ফেরত পাঠানো হবে। উদ্বাস্তু সমস্যা এক জাতীয় সমস্যা। এ কথা বুঝতে হবে যে বাংলাদেশের মুক্তি সংগ্রাম জয়যুক্ত হলেই কেবল তাদের ফেরত পাঠানোর মতো পরিবেশ সৃষ্টি হবে।

পরিস্তিতি আমাদের ওপর দুটি দায়িত্ব এনে দিয়েছে। একদিকে উদ্বাস্তদের রক্ষণাবেক্ষণ ও সাহায্য শুশ্রূষা করা এবং অন্যদিকে মুক্তিযোদ্ধাদের অস্ত্রশস্ত্র ও সমর্থন যোগানো, যাতে তারা সংগ্রামে জয়লাভ করতে পারে। ইতিমধ্যেই তারা বেশ কিছু সাফল্য অর্জন করেছে। আমাদের সক্রিয় সমর্থন পেলে তারা নিশ্চিতভাবেই বিজয়ী হবে। এ জন্যই আমাদের সকলকে এই সংগ্রামের সাফল্যের জন্য এগিয়ে আসতে হবে। এর জন্য প্রয়োজন আমাদের মধ্যে ঐক্য ও শান্তি বজায় রাখা। আমাদের মধ্যে বিভেদ সৃষ্টি হলে ইয়াহিয়া চক্রই লাভবান হবে। তাই সাম্প্রদায়িক ও বিভেদকামী শক্তির বিরুদ্ধে সতর্ক থাকতে হবে।

আমাদের সমর্থন ও সহযেগিতায় বাংলাদেশের সংগ্রামের অগ্রতির সাথে আন্তর্জাতিক সমর্থনও এগিয়ে আসবে। ইতিমধ্যেই প্রগতিশীল বহু রাষ্ট্র বাংলাদেশের জনগণের সমর্থণে এগিয়ে এসেছে। মার্কিনীরা ইয়াহিয়া চক্রকে সামরিক সাহায্য ও সমর্থন দিয়ে পাকিস্তানী শাসক গোষ্ঠীকে ইন্ধন যোগাচ্ছে। চীন সরকারও ইয়াহিয়া চক্রকে সমর্থন দিয়ে মুক্তি সংগ্রামের প্রতি চরম বিশ্বাসঘাতকতা করেছে। কিন্তু আমেরিকা ও চীনের এই চক্রান্ত সত্ত্বেও মুক্তিসংগ্রামের বিজয় সুনিশ্চিত। এই সংগ্রাম পাকিস্তানের ইতিহাসের এক অবধারিত পরিণতি। আর এর জন্য সম্পূর্ণরূপে দায়ী পাকিস্তানের শাষকগোষ্ঠী।

বাংলাদেশের মুক্তি সংগ্রাম সমগ্র এশিয়ার জন্য এক ঐতিহাসিক তাৎপর্যপূর্ণ ঘটনা। এই সংগ্রাম স্বাধীনতা, গণতন্ত্র আর শোষন মুক্তির সংগ্রাম। এর বিজয় সুনিশ্চিত। এই বিজয় যত শীঘ্র হবে ততই আমাদের উভয় দেশের জন্যই মঙ্গল। আসুন, আমরা সকলে এই সংগ্রামকে সফল করার জন্য সঠিকভাবে নিজেদের দায়িত্ব পালন করি।

(অসমীয় ভাষায় প্রকাশিত মূল গ্রন্থ থেকে সংক্ষেপে অনূদিত)

শিরোনাম	সূত্র	তারিখ
ইয়াহিয়ার বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর প্রতি জয়প্রকাশ নারায়ণের আহবান	হিন্দুস্তান স্ট্যান্ডার্ড	৯ জুলাই, ১৯৭১

TIME FOR PM TO DECIDE NOW AGAINST YAHYA: JP
(By a Staff Reporter)

Looking remarkable fit for his 68 years even in the hot and humid atmosphere of the Press Club on Thursday evening and in spite of conjunctivitis which made him wear dark glasses. Mr. Jayprakash Narayan, back from his crusading tour of the world for the cause of Bangladesh, said he had little to add to what he had said in Delhi previously.

The great powers, Mr. Narayan said, were still interested in South East Asia. some of them were perhaps willing to share with India the burden of the evacuees but none would pull the chestnuts out of the fire for Bangladesh or India.

The time had come, he said, for Mrs. Gandhi to decide whether action should be taken against the Yahya regime which was exporting internal chaos to India.

Since his Delhi statement, Mr. Narayan added, two things had happend. The U.S.A had shipped arms to Pakistan under whatever pretext it might have been. And despite the stoppage of aid by the Aid-Pakistan Consortium, she was considering resumption of aid,

This went plump against the assurances Mr. Swaran Singh and he had received in Washington. U. S. policy makers had made it clear to Mr. Narayan that they wanted to see political accommodation made with the real 'representatives of Bangladesh not with stooges.

What was behind this? Mr. Narayan gave two explanations. The powerful Pentagon had close personal relations with the military rules of Pakistan. Secondly, Mr. Nixon while he was Vice-President during the Eisen-hower administration had visited the sub-continent and submitted a report advocating large - scale arms supply to Pakistan, which unlike- non- aligned India, was thought to be a stable and constant ally. History Mr. Narayan caustically pointed out, had flasified this assessment of stability. But, there was no indication of Mr. Nixon having departed from it a wee hit.

The Soviet attitude, according to Mr. Narayan, was some-what more helpful. The Russian President Mr. Podgorny, was the only head of a State who had expressed disapproval, -albeit mild-of Pakistani action in his letter to Yahya Khan.

Mr. Narayan had only been to Cairo in the Arab countries and at that time it was in the throes of political disorder. He was however disappointed by the lukewarm interest of the people and the inadequate coverage by the Press in Cairo which contrasted sharply with what he found in Indonesia or Malaysia.

Did Mujib commit a blunder by switching over from non-violent resistance to fighting? "I cannot sit in judgment on Mujib", said Mr. Narayan. In any event he saw signs of non-violent resistance in the offensive of the ill-equipped Bangladesh forces. Yahya who obviously took his lessons from Hitler was clearly determined to stamp out the freedom movement. As a true Gandhite Mr. Narayan said that a situation which would have led to the degrading of human dignity called for the taking up arms.

Then came up the crucial question. What should India do? Mr. Narayan made his point in no uncertain terms, "I had said even before the formation of the Bangladesh Government and repeat now, India must recognize the concept of Bangladesh and give it all possible assistance."This might conceivable to lead to Pakistani military action against India but that was an unavoidable risk. He hastened to add that he was no warmonger and was against India taking a warlike initiative. And following India recognition of Bangladesh, he hoped material help would flow to the afflicted area from other countries.

Mr. Narayan could not say how long it would take for the evacuees to return safely to their homes. Six monthes, may be a year. But the right conditions for their return must be-and, he hoped, would be-created. And that of course meant Bangladesh throwing off Yahya's military Yoke.

শিরোনাম	সূত্র	তারিখ
জনসংঘের সভাপতি বাজপায়ী কর্তৃক অবিলম্বে বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের দাবী	স্টেটসম্যান	১২ জুলাই, ১৯৭১

PM FLOUTING PLEDGE ON BANGLADESH: Vajpayee
(From Our Own Correspondent)

BHOPAL, JULY 11,- The Jana Sangh President Mr. Atal Behari Vajpayee today alleged that the Prime Minister was flouting the pledge given in parliament for an effective action with regard to the Bangladesh problem.

Speaking to newsmen, he ruled out the possibility of war with Pakistan merely on the ground of recognition to Bangladesh by India.

"Under pressure of super powers Mrs. Gandhi is not recognizing Bangladesh as an independent nation," he said.

The long-drawn guerilla struggle between the Mukti Fouj and the West Pakistan Army would deteriorate the situation in the eastern part of the country comprising West Bengal, Assam, Nagaland and Bihar. Arms and ammunition were being smuggled to neighboring India States by Naxalites and others.

He urged the prime Minister to immediate convene a meeting of the National Integration Committee and wanted her "not to sidetrack the burning issue of Bangladesh under the bogey of Communalism."

Agencies add: Recognition of Bangladesh should no longer be delayed otherswise the history to Tibet might be repeated here. After recognition all sort of aid including military aid could be made available to them, Mr. Vajpayee added.

Mr. Vajpayee alleged that a sum of Rs. 42 lakhs had been withdrawn through fraudulent means from the branch of Nationalised bank in Ahmedabad sometimes before the recent mid term poll.

Talking to newsmen, Mr. Vajpyaee said that according ti his original in formation, Rs. 80 lakhs had been withdrawn but the Union Finance Minister Mr. Y. B. Chavan in a letter to him yesterday, had said that the amount involved was Rs. 42 lakhs.

Mr. Chavan had also stated in his letter that some persons, including some employees, had been taken into custody and a part of the amount had been recovered since, Mr. Vajpayee said.

Mr. Vajpayee, however, declined to name the bank and said the case was similar to the one that occurred at the State Bank of India in Delhi.

He wanted a high power commission to inquire into the two cases.

শিরোনাম	সূত্র	তারিখ
'বাংলাদেশের স্বীকৃতির প্রশ্নে সবাই একমত, তবু সরকার নীরব কেন? মিঃ সমর গুহ, এম, পির প্রবন্ধ	আনন্দবাজার	১২ জুলাই, ১৯৭১

বাংলাদেশের স্বীকৃতির প্রশ্নে সবাই একমত, তবু সরকার নীরব কেন?

বাংলাদেশকে অবিলম্বে স্বীকৃতি দেওয়ার প্রশ্নে ভারতের জাতীয় জনমত প্রায় সর্বসম্মতভাবে এক। ভারতের অধিকাংশ বিধানসভা, প্রতিটি বিরোধী দল, উচ্চ সারির আইনজীবী এবং অগণিত জনসভা বাংলাদেশের আশু স্বীকৃতি দাবী করছে। একমাত্র মুসলিম লীগ এবং মজলিস- ই মাসারওয়াত ছাড়া প্রতিটি মুসলিম সংগঠন এবং রাজ্য বিধান সভা ও পার্লামেন্টের মুসলিম সদস্যরাও এই দাবী সমর্থন করেছেন। বাংলাদেশকে আশু স্বীকৃতিদানের প্রস্তাব নিয়ে সম্প্রতি পার্লামেন্টে যে বিতর্ক হয়েছে তার পরিপ্রেক্ষিতে কংগ্রেস পার্লামেন্টারি দলে পরপর তিনদিন যে আলোচনা হয়েছে, তাতে সব বক্তাই শুধু যে স্বীকৃতি দাবী করেছেন তাই নয়, পাকিস্তানের বিরুদ্ধে আরও কঠোর ব্যবস্থা গ্রহণ করার জন্য ও সরকারের কাছে তীব্রভাবে অনেক দাবী জানিয়েছেন। পার্লমেন্টের দুদিনের বিতর্কে প্রায় প্রতিটি সদস্য আশু স্বীকৃতি দানের প্রস্তাব সমর্থন করেছেন। ফ্রী ভোট হলে প্রস্তাবটি ভোটাধিক্যে গৃহীত হত। অর্থাৎ সারাদেশ এবং রাজনীতিকেরা প্রায় সবাই একমত। শুধু সরকার আশ্চর্যজনকভাবে নীরব । একটি গণতান্ত্রিক দেশে সরকার ও জাতীয় জনমতের এমন পার্থক্য অত্যন্ত অসংগত।

বাংলাদেশ ও বিশ্বজনমত

বাংলাদেশের উপরে ইয়াহিয়াশাহীর গণহত্যার বর্বর অভিযানের বিরুদ্ধে এবং বাঙ্গালীর স্বাধিকারের সমর্থনে আজ বিশ্বের সংবাদপত্র এবং জনমত সোচ্চার-এমন আন্তর্জাতীয় ঘটনা, যুদ্ধোত্তর বিশ্বের ইতিহাসে খুব বেশী ঘটেনি।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্রপত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে- কিন্তু দলগতভাবে নয়, ব্যক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানুরূপ সাড়া না পাবার কারণ হিসেবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি : প্রথমত, ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনতা, যার ফলে খুব কমসংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়ত, ভিত্তিহীন সংশয়- বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ার আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সততা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা

যথেষ্ট সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাংগতার সম্ভাবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যোগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশাঙ্কা, তা আমাদের দলিল খণ্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাতছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিছু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরানো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি। এ ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখারও সুযোগ দিতে রাজী হননি- অর্থাৎ তাঁর হাতের দলিলটি তিনি বেরই করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি। ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ এ কথাও সত্যি যে, স্বাধীনতাসংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এই সংগে আমরা দুঃখের সংগে উল্লেখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহণের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হয়েছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্রে প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত হলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খণ্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশে-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুণ্ণ হলে এ কাজ দুরূহতর হবে, এমনকি এটা সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পার। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলর প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :

ডঃ সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়।
ডঃ সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।
ডঃ এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।
ডঃ কে, এম, করিম, পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।
ডঃ কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ শামসুল হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
জনাব হাসান হাফিজুল রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভুল ও গ্রহণযোগ্য কি না তা পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত সিদ্ধান্তানুযায়ী যে সকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গৃহীত হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদির কিছু কিছু কমিটি নাকচ করেন; কিছু নতুন দলিল ও তথ্য যা গ্রন্থের উৎকর্ষের জন্য নেহাৎ জরুরী তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা

হয়েছে। তবে এ-ক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমশিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময়ে হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে। ফলে খণ্ডবিশেষে সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খণ্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খণ্ডের জন্য আমরা প্রামাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদূর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খণ্ডটি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তূপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েছে। আনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন; তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেননি, প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খণ্ডে দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খণ্ডের দলিলের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খণ্ডেই নির্ঘন্ট ও কালপঞ্জী দেয়া হয়েছে। শেষ খণ্ডে গ্রথিত হচ্ছে সকল খণ্ডের নির্ঘন্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন খণ্ডে কী আছে তা একনজরে জানা সম্ভব হবে।

প্রামাণ্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায় আছে তাতেই ছাপা হবে; কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষায় মূল দলিলগুলি আমরা সংকলনে স্থান দিয়েছি। তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষার বেশ কিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। স্কান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী ও ইন্দোনেশীয় প্রভৃতি ভাষায় বেশ কিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জন্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোন কোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছি যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এর ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলিল ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প-প্রকাশিত খণ্ডগুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভূল ও সচ্ছল হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণার উৎস; তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যের অন্তর্ভুক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সঙ্গে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার- বিশেষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এ দেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন, যত দিন যাবে তাদের সংগে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং

জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলিল ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি, এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল-দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উল্লেখ করা খুবই সংগত মনে করছি। প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহুসংখ্যক দলিল এ, এম, এ, মুহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সংগে জড়িত অনেকে তাঁদের দলিলপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুমা রাশীদা রউফ, আজিজুল হক ভূইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহির উদ্দীন আহমদের নাম উল্লেখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইব্রাহিম মোহাম্মদ। মুজিবনগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য-সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমদ, মাঈদুল হাসান, আবদুস সামাদ, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলিল দিয়ে সাহায্য করেছেন বদরুদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলিল, ডঃ সাঈদ-উর-রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাক স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদি দিয়েছেন। উল্লিখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকাণ্ডের সংগে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলিল সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদির উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদি সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকতার সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খণ্ডগুলির প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়- স্বাধীনতা যুদ্ধের দলিলসংগ্রহ খণ্ডগুলির পেছনে রয়েছে যাঁদের অক্লান্ত শ্রম ও নিরলস সাধনা, তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক- সৈয়দ আল ঈমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়- গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরু করে দলিলসমূহের সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান-সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

সম্পাদক

দলিল প্রসঙ্গঃ বিদেশী প্রতিক্রিয়া-জাতিসংঘ ও অন্যান্য রাষ্ট্র

বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র ত্রয়োদশ খন্ডে জাতিসংঘে অনুষ্ঠিত উক্ত বিষয়ের উপর বিভিন্ন বির্তক ও প্রস্তাব এবং বিশ্বের বিভিন্ন রাষ্ট্রের প্রাতক্রিয়া সংক্রান্ত দলিলসমূহ অন্তভূর্ক্ত করা হয়েছে।

দলিলের প্রাপ্যতা অন্যান্য খন্ডের বিভাজন এবং সন্নিবেশের কাজকে প্রভাবিত করেছে। তবে ত্রয়োদশ খন্ডে এই সমস্যা ছিল অন্যরূপ। এখানে বিশাল এবং বিরাট সংগ্রহ থেকে দলিল বাছাই করাই ছিল প্রধান সমস্যা। অতএব সম্পাদনা এবং নির্বাচন দুরূহ ছিল।

বিশ্বব্যাপী বিভিন্ন রাষ্ট্র, ব্যক্তি বা সংগঠন বাংলাদেশ আন্দোলনের প্রতি যে বলিষ্ঠ সমর্থন যুগিয়েছিল, তার একটি সঠিক চিত্র তুলে ধরাই এ খন্ডের মূল উদ্দেশ্য। এ উদ্দেশ্য সামনে রেখে যাবতীয় দলিল নির্বাচিত ও উপস্থাপিত করা হয়েছে। তবে ব্যতিক্রমধর্মী প্রতিক্রিয়াও এতে সংযোজিত করা হয়েছে।

মূল বিভাজনগুলোর ভিত্তি হচ্ছে, ব্যক্তি বা সংগঠনের ভূমিকা এবং গুরুত্ব। যে সকল রাষ্ট্রীয় বা ব্যক্তিগত প্রতিক্রিয়া কোনো মূল বিভাজনে অন্তর্ভুক্ত করা যায়নি সেগুলো একত্রিত করা হয়েছে একটি আলাদা বিভাজনে।

মূল বিভাজনগুলো হচ্ছে স্বাধীন বাংলাদেশ সংগ্রামেঃ

(ক) যুক্তরাজ্যের ভূমিকা - পৃষ্ঠা ১ থেকে ১৯৮ পর্যমত

(খ) মার্কিন যুক্তরাজ্যের ভূমিকা - পৃষ্ঠা ২০১ থেকে ৫৫৪ পর্যন্ত

(গ) সোভিয়েত ইউনিয়নের ভূমিকা- পৃষ্ঠা ৫৫৭ থেকে ৫৮২ পর্যন্ত

(ঘ) গণপ্রজাতন্ত্রী চীনের ভূমিকা - পৃষ্ঠা ৫৮৫ থেকে ৬০৮ পর্যন্ত

(ঙ) অন্যান্য রাষ্ট্রীয় নেতৃবর্গের ভূমিকা ও বিবৃতি- পৃষ্ঠা ৬১১ থেকে ৬৯৮ পর্যন্ত

(চ) জাতিসংঘ- পৃষ্ঠা ৭২১ থেকে ৯৬৮ পর্যন্ত

যুক্তরাজ্যের সরকারী ও বেসরকারী ভূমিকা এসেছে কমন্স সভার কার্যবিবরণী, বিভিন্ন সাহায্য সংস্থা এবং নেতৃবর্গের বিবৃতি ও তাদের কর্মতৎপরতার মাধ্যমে। পাশাপাশি এসেছে রাজনৈতিক দলের প্রস্তাবসমূহ।

মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধের প্রতিক্রিয়ার বিবরণ পাওয়া যাবে কংগ্রেসের কার্যবিবরণী, নেতৃবর্গের বিবৃতি, বিভিন্ন সংগঠনের প্রচারকার্য এবং মার্কিন নাগরিকদের কর্মতৎপরতা সংক্রান্ত দলিলপত্রে। এছাড়া কংগ্রেস সদস্যদের কাছে লিখিত বা তাদের দ্বারা লিখিত চিঠিপত্রও সংযোজিত করা হয়েছে।

সোভিয়েত ইউনিয়নের ভূমিকা তুলে ধরা হয়েছে সরকারী দলিলপত্রের মাধ্যমে। এই ভূমিকার পরিচিতি এসেছে নেতৃবর্গের বিবৃতি এবং রাষ্ট্রীয় দলিলে। গণপ্রজাতন্ত্রী চীনের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য।

জাতিসংঘ এবং জাতিসংঘের অঙ্গসংগঠনের দলিলপত্র সর্বশেষ উপস্থিত করা হয়েছে। এই অংশে আছে জাতিসংঘ নিরাপত্তা ও সাধারণ পরিষদের বির্তক ও প্রস্তাব, মহাসচিবের আবেদন এবং অন্যান্য সংগঠনের কর্মকর্তাদের বক্তব্য , বিবৃতি ও কার্যবিবরণী।

সামগ্রিকভাবে এই খন্ডে প্রচেষ্টা ছিল বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের প্রতি সারা বিশ্বে যে ব্যাপক প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়, তারই একটি প্রতীকী চিত্র উপস্থিত করা ।

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1, 1971, Page 503

Ministry of Information & Broadcasting

*** *** ***

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং-তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে-
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/231 Dated 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University
2.	Professor Salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3.	Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies, Rajshahi.
4.	Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5.	Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University
6.	Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University
7.	Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University
8.	Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University
9.	Mr. Hasan Hafizur Rahman	O.S.D., History of Bangladesh War of Liberation Project

The following shall be the terms of reference of the Committee:

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of document are required for the purpose.

Syed Asgar Ali
Section Officer

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/10493/(25) Dated : 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh war of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Professor Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4.	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies, Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K. M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D., History of Bangladesh War of Liberation Project	Member-Secretary

2. The following shall be the terms of reference of the Committee:

To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

To determine validity and price of document are required for the committee.

M.A. Salam Khan
Section Officer

সূচীপত্র

স্বাধীন বাংলাদেশের সংগ্রামে যুক্তরাজ্যেও ভূমিকা

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
১।	বৃটিশ পররাষ্ট্র সচিব ডগলাস হিউম-এর মন্তব্য ও বাংলাদেশ পরিস্থিতি সম্পর্কে বিতর্ক	১
২।	বাংলাদেশে সামরিক শক্তি প্রয়োগের সমালোচনাঃ পররাষ্ট্র সচিব হিউমের বিবৃতি	৪
৩।	পাকিস্তানকে সাহায্য ও ত্রাণ সামগ্রী প্রদান সম্পর্কে বিতর্ক	৭
৪।	বৃটিশ প্রধানমন্ত্রীর বিবৃতি ও সংশ্লিষ্ট বিষয়ে বিতর্ক	৯
৫।	পাকিস্তানকে প্রদত্ত বৃটিশ সাহায্য প্রসঙ্গে পররাষ্ট্র সচিবের বিবৃতি	১২
৬।	পাকিস্তানকে বৈদেশিক সাহায্য দান সম্পর্কে বিতর্ক	১৩
৭।	ত্রাণ সাহায্য প্রদান ও পররাষ্ট্র সচিব ইউমের বিবৃতি	১৪
৮।	বাংলাদেশ পরিস্থিতির প্রত্যক্ষদর্শী এম, পি,দের বিবরণ ও কমন্স সভার প্রস্তাব	১৮
৯।	পাকিস্তানকে সাহায্য দান ও শরণার্থী ত্রাণ সম্পর্কিত পররাষ্ট্র সচিবের বিবৃতি ও এ সংক্রান্ত বিতর্ক	৮০
১০।	ত্রাণ সাহায্য ও সংকট সমাধানে বৃটিশ সরকারের ভূমিকাঃ পররাষ্ট্র সচিবের বক্তব্য	৮৩
১১।	বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধানে কমন্স সভায় পররাষ্ট্র সচিবের বিবৃতি	৯৩
১২।	বাংলাদেশের শোচনীয় পরিস্থিতি সম্পর্কে বিবৃতি ও বিতর্ক	৯৫
১৩।	বৃটিশ ত্রাণতৎপরতা সম্পর্কে পররাষ্ট্র সচিবের বক্তব্য	১০০
১৪।	উপমহাদেশীয় পরিস্থিতি সম্পর্কে কমন্স সভায় পররাষ্ট্র সচিবের মন্তব্য	১০১
১৫।	পাক-ভারত পরিস্থিতি সম্পর্কে বৃটিশ পররাষ্ট্র সচিবের বিবৃতি	১০৩
১৬।	পাক-ভারত যুদ্ধঃ বৃটিশ কমন্স সভায় পররাষ্ট্র সচিবের বিবৃতি	১০৫
	স্বাধীন বাংলাদেশের সগ্রামে বৃটিশ জনগণের ভূমিকা	
১৭।	বাংলাদেশের ঘটনাবলী সম্পর্কে কমন্স সভার সদস্য রাসেল জন স্টোন-এর বক্তব্য	১০৯
১৮।	বাংলাদেশে নির্যাতন বন্ধের দাবীতে লর্ড সভার সদস্য লর্ড ব্রকওয়ের ভাষণ	১১০
১৯।	বাংলাদেশে দুর্ভিক্ষের আশঙ্কাঃ অক্সফাম ও 'ওয়ার অন ওয়ান্ট' সংস্থার রিপোর্ট	১১১
২০।	পূর্ববংগে গণহত্যা সম্পর্কে শ্রমিক দলীয় সদস্য মিঃ ব্রুস ডগলাস ম্যান-এর বক্তব্য	১১৬
২১।	মি: ডগলাস ম্যান কর্তৃক পাকিস্তানের উপর অর্থনৈতিক অবরোধ আরোপের দাবী	১১৮
২২।	বাংলাদেশের ঘটনাবলীর উপর জন স্টোনহাউসের সাক্ষাৎকার	১২০
২৩।	পাকিস্তানে প্রেরিত বৃটিশ পণ্যসমগ্রীর বীমা সুবিধা বিলোপ	১২১
২৪	পাকিস্তানে বৃটিশ সাহায্য বন্ধের দাবী	১২২
২৫	বাংলাদেশে নির্যাতনের উপর সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদনের পুনঃপ্রচার	১২৪
২৬	পূর্ববাংলা ট্রাজেডীর প্রত্যক্ষদর্শী শ্রমিক দলীয় এম,পি, মিঃ মাইকেল বার্নস এবং ওয়ার অন ওয়ান্ট সভাপতি ডোনাল্ড চেসওয়ার্থ-এর বিবৃতি	১২৬

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
২৭।	১২০ জন শ্রমিক দলীয় এম,পি, কর্তৃক বাংলাদেশকে স্বীকৃতি দানের দাবী	১২৮
২৮।	বাংলাদেশে গণহত্যাঃ ইন্টারন্যাশনাল ফ্রেন্ডস অব বাংলাদেশ কর্তৃক গৃহীত প্রস্তাব	১৩০
২৯।	বাংলাদেশে ত্রাসের রাজত্বঃ চারজন বৃটিশ এম,পি-র ঘটনা বর্ণনা	১৩১
৩০।	শরণার্থীদের দুর্দশা সম্পর্কে 'দি টাইমস' সম্পাদকের কাছে লেডি আলেকজান্দ্রা মেট কাফ-এর চিঠি	১৩৩
৩১।	এম, পি, মিঃ আর্থার বটমলে ও টবী জেসেল-এর বক্তব্য	১৩৪
৩২।	শ্রমিক দলের কমিটিতে পাকিস্তান পরিস্থিতি আলোচনা	১৩৫
৩৩।	পাকিস্তান ও ভারত সফর শেষে বৃটিশ এম,পি-র বিবৃতি	১৩৭
৩৪।	বাংলাদেশে গণহত্যাঃ দুইজন আইরিশ এম,পির বিবৃতি	১৪০
৩৫।	বাংলাদেশের পরিস্থিতির ওপর অপারেশন ওমেগার প্রচারপত্র	১৪২
৩৬।	এ্যাকশন বাংলাদেশের ভূমিকা ও কর্মসূচী	১৪৪
৩৭।	বাংলাদেশের ঘটনাবলীর উপর তিনজন এম,পি-র বক্তব্য	১৪৭
৩৮।	এম,পি, মিঃ আর্থার বটমলের বক্তব্য	১৪৮
৩৯।	বৃটিশ এম,পি, পিটার শোর-এর বক্তব্য	১৪৯
৪০।	বৃটিশ এম,পি, বার্নার্ড ব্রেইন-এর বিবৃতি	১৫০
৪১।	পাকিস্তানকে আর্থিক সাহায্য দেওয়া উচিত নয়ঃ বৃটিশ এম,পি, পিটার শোর-এর বক্তব্য	১৫৩
৪২।	অক্সফামের পরিচালক মিঃ কার্কলের বিবৃতি	১৫৪
৪৩।	কুয়ালালামপুর কমনওয়েলথ সম্মেলনে মিঃ আর্থার বটমলের বক্তৃতা	১৫৫
৪৪।	বৃটিশ ওভারসীস সোশ্যালিস্টি ফেলোশীপ-এর সভায় বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে বক্তৃতা দানের আমন্ত্রণ	১৫৬
৪৫।	লেবার পার্টি কর্তৃক পাকিস্তানের সমালোচনা	১৫৭
৪৬।	ন্যাশনাল ইউনিয়ন অফ স্টুডেন্টস-এর আবেদন	১৫৯
৪৭।	স্বাধীন বাংলার সংগ্রামে বৃটিশ শ্রমিক দলের সমর্থন জানিয়ে হেরল্ড উইলসনের পক্ষে লিখিত চিঠি	১৬১
৪৮।	স্বাধীন বাংলার সংগ্রামে লেবার পার্টির সমর্থনসূচক এম,পি মিকার্ডোর চিঠি	১৬২
৪৯।	বাংলাদেশের উপর ষাট ব্যক্তির প্রতিবেদন	১৬৩
৫০।	অধিকৃত বাংলাদেশের ত্রাণকর্মরত অপারেশন ওমেগা কর্মীর কারাবরণ	১৯৬
৫১।	ভারতীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের যুক্তরাজ্য কমিটির আবেদন	১৯৭
	স্বাধীন বাংলাদেশের সংগ্রামে মার্কিন যুক্তরাষ্ট্রেও ভূমিকা	
৫২।	যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দফতর মুখপাত্রের বাংলাদেশ সংক্রান্ত বিবৃতি	২০১
৫৩।	সিনেটর বায়ার্ডকে লিখিত পররাষ্ট্র কর্মকর্তার চিঠি	২০৫
৫৪।	সিনেটর জে ডাবলু ফুলব্রাইটকে লিখিত পররাষ্ট্র কর্মকর্তার পত্রগুচ্ছ	২০৭
৫৫।	মার্কিন সরকারের শরণার্থী ত্রাণ সংক্রান্ত বিবৃতি	২১২
৫৬।	ডঃ গ্রীনোর উদ্দেশে পররাষ্ট্র দপ্তর কর্মকর্তার চিঠি	২১৪

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ ত্রয়োদশ খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
৫৭।	সিনেটর কেনেডীর কাছে লিখিত পররাষ্ট্র দফতরের পত্রগুচ্ছ	২১৭
৫৮।	আন্তর্জাতিক উন্নয়ন এজেন্সীর রিপোর্ট (অংশ)	২২৪
৫৯।	পররাষ্ট্র দফতর কর্তৃক পাকিস্তানে অস্ত্র প্রেরণ প্রশ্নে কংগ্রেস সদস্য মাইকেল হ্যারিংটনের পত্রের জবাব ও বিবৃতি	২২৬
৬০।	প্রেসিডেন্ট নিক্সনের সাংবাদিক সম্মেলন	২২৮
৬১।	মার্কিন আন্তঃএজেন্সী কমিটির শরণার্থী ত্রাণ সম্পর্কিত রিপোর্ট	২২৯
৬২।	আন্তর্জাতিক উন্নয়ন এজেন্সীর রিপোর্ট (অংশ)	২৩১
৬৩।	কংগ্রেসের নিকট অতিরিক্ত অর্থ আবেদনকালে বাংলাদেশ সম্পর্কে প্রেসিডেন্ট নিক্সন	২৩৪
৬৪।	পররাষ্ট্র দপ্তর কর্মকর্তা কর্তৃক সিনেটর বার্চ বের পত্রের জবাব	২৩৫
৬৫।	পাক-ভারত সংঘর্ষ থেকে দূরে থাকার জন্য যুক্তরাষ্ট্র সব কিছু করবেঃ রজার্স	২৩৮
৬৬।	হেনরী কিসিঞ্জারের ৭ই ডিসেম্বর '৭১-এর সাংবাদিক সম্মেলন	২৩৯
৬৭।	ওয়াশিংটন স্পেশাল এ্যাকশন গ্রুপ বৈঠকের কার্যবিবরণী	২৫১
৬৮।	ওয়াশিংটন স্পেশাল এ্যাকশন গ্রুপের ৮ ডিসেম্বর, '৭১-এর বৈঠকের কার্যবিবরণী	২৬৪
৬৯।	পরিশিষ্ট-কঃ পাক-মার্কিন পারস্পরিক প্রতিরক্ষা চুক্তি	২৭০
৭০।	পরিশিষ্ট-খ	২৭৪
	যুক্তরাষ্ট্র কংগ্রেসের দলিলপত্র	
৭১।	বাংলাদেশের শোকাবহ ঘটনা সম্পর্কে সিনেটর হ্যারিসের মন্তব্য	২৭৭
৭২।	বাংলাদেশের পরিস্থিতি সম্পর্কে সিনেটর কেনেডী	২৭৯
৭৩।	কংগ্রেস সদস্য হলপার্ন-এর বক্তব্য	২৮০
৭৪।	মার্কিন সামরিক সাহায্য কর্মসূচীর পুনঃপর্যালোচনা দাবী	২৮১
৭৫।	বাংলাদেশের প্রশ্নে সিনেটর মাস্কি	২৮৪
৭৬।	পাকিস্তানে সামরিক সাহায্য বন্ধের জন্য সিনেটর মন্ডেল, সিনেটর কেস-এর প্রস্তাব-২১	২৮৫
৭৭।	সিনেটর প্রক্সমায়ার-এর বিবৃতি	২৮৭
৭৮।	কংগ্রেস সদস্য মিঃ শিউয়ের-এর বিবৃতি	২৮৯
৭৯।	বাংলাদেশ থেকে ডঃ জন রোড কর্তৃক সিনেটর স্যাক্সবীকে লিখিত চিঠি	২৯১
৮০।	বাংলাদেশে দুর্ভিক্ষের হুমকি মোকাবিলায় কেনেডীর আহবান	২৯৪
৮১।	কংগ্রেস সদস্য ওয়াল্ড-এর বক্তব্য ও ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের প্রতিবাদ	২৯৬
৮২।	বাংলাদেশের ঘটনা সম্পর্কে সিনেটর পীল-এর মন্তব্য	২৯৯
৮৩।	সিনেটর মন্ডেল-এর বিবৃতি ও টেলিগ্রাম	৩০০
৮৪।	কংগ্রেস সদস্য ম্যাকেভিটকে লিখিত শ্যামেল পরিবারের চিঠি	৩০২
৮৫।	প্রতিনিধি পরিষদে ই, গালাঘের-এর বক্তৃতা	৩০৪
৮৬।	পাকিস্তানে সামরিক সাহায্য স্থগিতকরণে সিনেট পররাষ্ট্র সম্পর্ক কমিটির রিপোর্ট	৩০৭
৮৭।	প্রতিনিধি পরিষদের প্রস্তাব-৩০৩	৩১৫
৮৮।	প্রতিনিধি পরিষদের প্রস্তাব-৩০৪	৩১৬

আঠার

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
৮৯।	অস্ত্র প্রেরণ অবশ্যই বন্ধ করতে হবেঃ সিনেটর চার্চ-এর বক্তৃতা	৩১৭
৯০।	প্রতিনিধি পরিষদ পররাষ্ট্র উপ-কমিটি গৃহীত শুনানিঃ রবার্ট ডর্ফম্যান-এর বিবৃতি	৩২১
৯১।	ভারতে বাংলাদেশের শরণার্থীঃ কেনেডীর বক্তৃতা ও চিঠি	৩২৯
৯২।	শরণার্থী শিবির পরিদর্শনঃ ই, গালাঘের-এর বিবৃতি	৩৩২
৯৩।	সিনেটর চার্চ-এর বক্তৃতা ও বৈদেশিক সাহায্য বিধি বিলে স্যাক্সবী-চার্চ সংশোধনী	৩৩৪
৯৪।	পাকিস্তান সংকটের পরিপ্রেক্ষিতে গালাঘের-এর বক্তৃতা	৩৩৬
৯৫।	‘পাকিস্তানে সর্বপ্রকার মার্কিন সাহায্য বন্ধ করতে হবে’ঃ ই, গালাঘের	৩৪৪
৯৬।	আমেরিকার পাকিস্তান নীতির সমালোচনা	৩৪৭
৯৭।	পাকিস্তানে মার্কিন অস্ত্র সাহায্যঃ সিনেটর চার্চ-এর বক্তৃতা ও প্রাসঙ্গিক দলিল উদ্ধৃতি	৩৪৯
৯৮।	পাকিস্তানে অস্ত্রের নতুন চালানঃ সিনেটর হার্টের মন্তব্য	৩৫৬
৯৯।	প্রস্তাব নয়, আইনের মাধ্যমে অস্ত্র প্রেরণ বন্ধ করতে হবেঃ সিনেটর সিমিংটন	৩৫৭
১০০।	মিঃ প্রেসিডেন্ট, পূর্ব পাকিস্তানে আমরা যুদ্ধে লিপ্ত হয়ে পড়েছিঃ সিনেটর টানি	৩৫৮
১০১।	অস্ত্রের চালান পাঠানো একটি মারাত্মক ভুলঃ সিনেটর স্যাক্সবীর বক্তৃতা	৩৬২
১০২	ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয় অধ্যাপকগণের পত্র	৩৬৫
১০৩।	বাংলাদেশের ঘটনার প্রতি সিনেটর স্যাক্সবীর দৃষ্টি আকর্ষণ	৩৬৭
১০৪।	সিনেটর ম্যাকগভার্ন-এর ভাষণ	৩৭১
১০৫।	বাংলাদেশ আজ গণহত্যার দৃষ্টান্ত: সিনেটর প্রক্সমায়ার	৩৭৩
১০৬।	সিনেটর ফুলব্রাইটের ভাষণ	৩৭৪
১০৭।	মন্ডেল-ফ্রেজার যৌথ প্রস্তাব	৩৭৬
১০৮।	বাংলাদেশে বায়াফ্রার ঘটনার পুনরাবৃত্তি হচ্ছেঃ সিনেটর পিয়ার্সনের ভাষণ	৩৭৮
১০৯।	সিনেটর স্যাক্সবীর আবারও ভাষণ	৩৮০
১১০।	কংগ্রেস সদস্য রায়ান-এর বক্তৃতা	৩৮১
১১১।	আমেরিকার জাতীয় প্রেসক্লাবে কেনেডীর বক্তৃতা	৩৮৪
১১২।	ম্যাসাচুটস আইন সভার প্রস্তাব	৩৯১
১১৩।	বাংলাদেশে শরণার্থী ত্রাণে অতিরিক্ত বরাদ্দের বিলঃ সিনেটর কেনেডী	৩৯৩
১১৪।	কংগ্রেস সদস্য ফ্রিলিংঘুসেন-এর সমীক্ষা	৩৯৫
১১৫।	বাংলাদেশের আত্মনিয়ন্ত্রণাধিকার ছাড়া সংকটের অবসান নাইঃ রোজেনথল	৩৯৭
১১৬।	বাংলাদেশের শরণার্থীঃ সিনেটর পার্সির বক্তৃতা	৩৯৯
১১৭।	সিনেটর হ্যারিসের প্রস্তাব ও বিবৃতি	৪০০
১১৮।	পাকিস্তানে সমরসম্ভার প্রেরণ বন্ধে কেনেডীর সন্তোষ	৪০২
১১৯।	সিনেটর এ্যালেন-এর বক্তৃতা	৪০৪
১২০।	সংকট গভীরতম হচ্ছেঃ ফ্রিলিংঘুসেন	৪০৬
১২১।	সিনেটের প্রস্তাব-২০৭, সিনেটর হ্যারিসের বক্তৃতা ও নিক্সনের উদ্দেশে সিনেটরদের পত্র	৪০৭
১২২।	বাংলাদেশের প্রতি ভারতের স্বীকৃতিতে সিনেটর বায়ার্ড	৪১২

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ ত্রয়োদশ খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
১২৩।	শরণার্থীরা স্বগৃহে না ফেরা পর্যন্ত সংঘর্ষ থামবে নাঃ সিনেটর কুপার	৪১৩
১২৪।	নিরাপত্তা পরিষদে সোভিয়েত ভেটোঃ কংগ্রেস সদস্য রেকিক ও ফোর্ড-এর মন্তব্য	৪১৫
১২৫।	ভারত-পাকিস্তান যুদ্ধের প্রশ্নে কংগ্রেস সদস্য মিঃ সাইক্স	৪১৭
১২৬।	ভারতের প্রতি মার্কিন মনোভাবের সমালোচনা	৪১৮
১২৭।	সিনেটর কেনেডীর মক্তৃতা	৪২০
১২৮।	সিনেটর মাক্সির ৪-দফা প্রস্তাব	৪২৬
১২৯।	উপমহাদেশের পরিস্থিতি সম্পর্কে ই, গালাঘের-এর বক্তৃতা	৪২৮
১৩০।	বাংলাদেশকে যুক্তরাষ্ট্রের অবশ্যই স্বীকৃতি দিতে হবেঃ ম্যাকক্লসকি	৪৩৩
১৩১।	যুক্তরাষ্ট্রের উচিত বাংলাদেশকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দেওয়াঃ হেলস্টস্কির বক্তৃতা ও প্রস্তাব	৪৩৪
১৩২	দক্ষিণ এশিয়ায় মার্কিন নীতি সম্পর্কে কেনেডীর ভাষণ	৪৩৭
১৩৩।	পাকিস্তানের জন্য মার্কিন যুদ্ধ জাহাজঃ সিনেটর স্টিভেনশন-এর বিবৃতি	৪৪২
১৩৪।	এন্টারপ্রাইজ বঙ্গোপসাগরে কেন? সিনেটর ইগলটন-এর বক্তৃতা	৪৪৪
১৩৫।	ভারতের ভূমিকা সম্পর্কে কংগ্রেস সদস্য ফ্রিলিংঘুসেন	৪৪৬
১৩৬।	রেরকি কর্তৃক জাতিসংঘের সমালোচনা	৪৪৭
১৩৭।	যুক্তরাষ্ট্র ও পাক-ভারত যুদ্ধঃ ফ্যাসেল-এর বক্তৃতা	৪৪৮
১৩৮।	পল ম্যাকক্লস্কির ৩ দফা	৪৫০
১৩৯।	বিটলস সঙ্গীতানুষ্ঠানে বাংলাদেশে শান্তির আবেদন	৪৫১
১৪০।	বাংলাদেশ একটি নতুন জাতিঃ সনেটর চার্চ	৪৫২
	স্বাধীন বাংলাদেশের সগ্রামে আমেরিকার জনগণের ভূমিকা	
১৪১।	পাকিস্তান সংকটের পটভূমি	৪৫৫
১৪২।	‘পূর্ব পাকিস্তান বায়াফ্রা নয়’	৪৬১
১৪৩।	এনো ব্রাউন টেলার-এর প্রতিবেদন	৪৬৩
১৪৪।	‘আমেরিকান ফ্রেন্ডস অন পাকিস্তান’-এর প্রতিবাদ	৪৬৫
১৪৫।	যুক্তরাষ্ট্র নির্মিত পাকিস্তানের সমরাস্ত্র সম্পর্কে চেস্টার বাউয়েলস-এর বিবৃতি	৪৬৬
১৪৬।	পূর্ব পাকিস্তানকে বাঁচানো সম্ভব	৪৬৮
১৪৭।	সনেটর জন পেস্টোর-এর চিঠি	৪৬৯
১৪৮।	বাঙালী বুদ্ধিজীবি হত্যার প্রতিবাদ	৪৭০
১৪৯।	সনেটর ম্যাস্কির চিঠি	৪৭৫
১৫০।	মার্কিন পররাষ্ট্র সচিব রজার্সকে লিখিত গ্রীনোর চিঠি	৪৭৬
১৫১।	ওয়াশিংটনে পাকিস্তান দূতাবাসের সম্মুখে বিক্ষোভ	৪৭৯
১৫২।	পাকিস্তানে সাহায্য বন্ধের আহবান	৪৮০
১৫৩।	নিউইর্ক টাইমস প্রতিনিধির উদ্দেশ্যে জন রোডের চিঠি	৪৮১
১৫৪।	যুক্তরাষ্ট্রের পাকিস্তান নীতি পরিবর্তনের আহবানঃ এ, ডি, এ, কনভেনশন	৪৮৩
১৫৫।	মিসেস নিক্সনকে লিখিত ডানহাম-এর চিঠি	৪৮৪

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ ত্রয়োদশ খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
১৫৬।	ডঃ নালিনকে লিখিত সিনেটর কেনেডীর চিঠি	৪৮৭
১৫৭।	পাকিস্তানে সামরিক সাহায্য বন্ধের চেষ্টায় সিনেটর মন্ডেল	৪৮৮
১৫৮।	মার্কিন পররাষ্ট্র উপ-সচিবকে লিখিত গ্রীনোর চিঠি	৪৮৯
১৫৯।	বাঙালীদের অধিকার স্বীকার করে নেওয়ায় সুপারিশ	৪৯২
১৬০।	পাকিস্তান সংকটে মার্কিন সাহায্যের ভূমিকা ব্যাখ্যা	৪৯৩
১৬১।	পাকিস্তানে সাহায্য স্থগিতের প্রস্তাবে হিউজেস-এর সমর্থন	৪৯৭
১৬২।	'ইস্ট পাকিস্তান নিলিফ ফান্ড'-এর আবেদন	৪৯৮
১৬৩।	পূর্ব বাংলার জনগণের সমর্থনে বিক্ষোভে যোগদানের আহবান	৪৯৯
১৬৪।	সমরাস্ত্রবাহী পাকিস্তানী জাহাজের প্রতি বিক্ষোভ	৫০১
১৬৫।	শেখ মুজিবের প্রতি অনুকম্পা প্রদর্শনের জন্য কংগ্রেস সদস্য মর্স-এর চিঠি	৫০৪
১৬৬।	বাংলাদেশের জন্য তহবিল গঠনের আবেদনঃ মুহিতকে লিখিত এফ, বি, মালিক-এর চিঠি	৫০৫
১৬৭।	মার্কিন নাগরিক কর্তৃক সামরিক সাহায্যবাহী জাহাজ অবরোধ	৫০৬
১৬৮।	'ফ্রেন্ডস অব ইস্ট বেঙ্গল'-এর ভূমিকা	৫১২
১৬৯।	শরণার্থী সমস্যা সম্পর্কে ডঃ টেইলর-এর প্রতিবেদন	৫১৪
১৭০।	অক্সফাম আমেরিকার চাঁদা সংগ্রহ	৫১৬
১৭১।	দক্ষিণ এশীয় কানাডা সম্মেলনে মার্কিন নাগরিকদের বিবৃতি	৫১৭
১৭২।	বাংলাদেশ সমর্থক আমেরিকানদের তৎপরতা	৫১৮
১৭৩।	উপমহাদেশীয় পরিস্থিতি সম্পর্কে নিক্সনকে লিখিত খোলা চিঠি	৫২২
১৭৪।	বাংলাদেশের অনুকূলে জনমত সৃষ্টির নির্দেশনাবলী	৫২৭
১৭৫।	'বাংলাদেশ ইনফরমেশন সেন্টার'-হএর তৎপরতা	৫৩০
১৭৬।	হোয়াইট হাউসের সামনে বিক্ষোভে অংশগ্রহণের আহবান	৫৩৫
১৭৭।	বিশ্বব্যাংক স্থপতির অসহযোগ ঘোষণা	৫৩৬
১৭৮।	পাইপের শহরে দশদিন	৫৩৮
১৭৯।	বাংলাদেশের শরণার্থীদের জন্য অর্থ সংগ্রহ	৫৩৯
১৮০।	বাংলাদেশের অভ্যন্তরে গৃহীত চলচ্চিত্র সংক্রান্ত প্রতিবেদন	৫৪৩
১৮১।	নিক্সনের কাছে মার্কিন বুদ্ধিজীবি মহলের আবেদন	৫৪৫
১৮২।	শরণার্থীদের জন্য অর্থ সংগ্রহ সংক্রান্ত প্রতিবেদন	৫৪৭
১৮৩।	বাংলাদেশের সমর্থনে কবিতা পাঠের আসর	৫৫১
১৮৪।	ডঃ কিসিঞ্জারের মন্তব্যের ওপর প্রতিবেদন	৫৫২
	স্বাধীন বাংলাদেশের সংগ্রামে সোভিয়েত ইউনিয়নের ভূমিকা	
১৮৫।	ইয়াহিয়ার কাছে পদগোর্নির বার্তা	৫৫৭
১৮৬।	বাংলাদেশের ঘটনাবলীতে উদ্বেগঃ কোসিগিনের বক্তৃতা	৫৫৮
১৮৭।	সোভিয়েত-ভারত যুক্ত বিবৃতি	৫৫৯
১৮৮	সোভিয়েত পররাষ্ট্র মন্ত্রীর ভাষণ	৫৬১
১৮৯	সোভিয়েত-ভারত যুক্ত বিবৃতি	৫৬২

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
১৯০।	নয়াদিল্লীতে পদগোর্নির ভাষণ	৫৬৬
১৯১।	পূর্ব পাকিস্তানের অবস্থা সম্পর্কে সোভিয়েত নারী কমিটির বিবৃতি	৫৬৭
১৯২।	সোভিয়েত ইউনিয়নে অনুষ্ঠিত প্রতিবাদ	৫৬৮
১৯৩।	উপমহাদেশীয় অবস্থা সম্পর্কে 'তাস'	৫৬৯
১৯৪।	সংঘাতের শান্তিপূর্ণ সমাধানের আহবানঃ ব্রেজনেভ-এর বক্তৃতা	৫৭১
১৯৫।	বাংলাদেশের সংগ্রাম সম্পর্কে সোভিয়েত ইউনিয়নের প্রথম প্রকাশ্য ঘোষণা	৫৭২
১৯৬।	সংঘাত নিরসনে রাজনৈতিক ব্যবস্থা গ্রহণের আগ্রহঃ পদগোর্নির বক্তৃতা	৫৭৪
১৯৭।	সোভিয়েত পররাষ্ট্র বিভাগের বিবৃতি	৫৭৫
১৯৮।	সোভিয়েত গণসংগঠনসমূহের বিবৃতি	৫৭৭
১৯৯।	বাংলাদেশে নির্যাতন বন্ধের জন্য সোভিয়েত শ্রমিকদের দাবী	৫৮০
	স্বাধীন বাংলাদেশের সংগ্রামে গণপ্রজাতন্ত্রী চীন সরকারের ভূমিকা	
২০০।	পিপলস্ ডেইলীর ভাষ্য	৫৮৫
২০১।	পাকিস্তানের অখন্ডতা রক্ষায় চীনা সমর্থনের আশ্বাস	৫৮৭
২০২	ভুট্টোর সম্মানে প্রদত্ত ভোজসভায় চীনের ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রীর বক্তৃতা	৫৮৮
২০৩	বাংলাদেশ প্রশ্নে চীন	৫৮৯
২০৪।	পাকিস্তানের প্রতি চীনের পরামর্শ	৫৯১
২০৫।	জাতিসংঘ শরণার্থী কমিটিতে গণচীনের প্রতিনিধির বক্তৃতা	৫৯২
২০৬।	উপমহাদেশীয় পরিস্থিতি সম্পর্কে গণচীনের প্রতিনিধি	৫৯৩
২০৭।	বাংলাদেশ প্রশ্নে নিরাপত্তা পরিষদে গণচীনের প্রতিনিধি	৫৯৪
২০৮।	উপমহাদেশীয় যুদ্ধে চীন পাকিস্তানকে সমর্থন করবেঃ চীনা প্রধানমন্ত্রীর বক্তৃতা	৫৯৬
২০৯।	নিরাপত্তা পরিষদে গণচীনের প্রতিনিধির বক্তৃতা	৫৯৮
২১০।	পাক-ভারত যুদ্ধ প্রশ্নে চীনের ভাষ্য	৫৯৯
২১১।	গণচীনের পররাষ্ট্রমন্ত্রীর বক্তৃতা	৬০২
২১২।	পাক-ভারত যুদ্ধ প্রশ্নে সোভিয়েত ভেটোর সমালোচনা	৬০৩
২১৩।	পাক-ভারত যুদ্ধ ও প্রাসঙ্গিক ঘটনাবলী সম্পর্কে চীন সরকারের বিবৃতি	৬০৫
	স্বাধীন বাংলাদেশের সংগ্রামে আন্তর্জাতিক বেসরকারী সংগঠনসমূহের ভূমিকা	
২১৪।	যুগোশ্লাভ লীগ ফর পীস-এর বিবৃতি	৬১১
২১৫।	ফোর্থ ইন্টারন্যাশনাল-এর বিবৃতি	৬১২
২১৬।	বুদাপেষ্ট বিশ্বশান্তি পরিষদ-এর প্রস্তাব	৬১৫
২১৭।	হেলসিংকী সোশ্যালিষ্ট ইন্টারন্যাশনাল সম্মেলনের প্রস্তাব	৬১৭
২১৮।	আন্তর্জাতিক ইসলামী সংস্থার আহবান	৬১৮
২১৯।	আর্জেন্টিনীয় বুদ্ধিজীবীদের আহবান	৬১৯
২২০।	'লীগ অব রেডক্রস সোসাইটির' উদ্বেগ	৬২১
২২১।	'ফ্রেঞ্চ এপিসকপেট'-এর বিবৃতি	৬২২
২২২।	আফ্রো-এশীয় গণসংহতির প্রস্তাব	৬২৩
২২৩।	ভেনেজুয়েলান বিশ্বশান্তি ও মানবাধিকার পরিষদ-এর বিবৃতি	৬২৪

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
২২৪।	আন্তর্জাতিক সমাজকল্যাণ পরিষদ-এর বিবৃতি	৬২৫
২২৫।	বাংলাদেশ সম্পর্কিত বিশ্বব্যাংক-এর প্রতিবেদন	৬২৬
২২৬।	আন্তর্জাতিক বিষয়ক চার্চ কমিশনের বিবৃতি	৬৪৭
২২৭।	ভেনেজুয়েলার শিল্পী ও বুদ্ধিজীবীদের আবেদন	৬৪৯
২২৮।	ফিলিপাইনীয় ক্যাথলিক সম্প্রদায়ের আবেদন	৬৫১
২২৯।	নরওয়ের ওয়ার্ল্ড ফেডারেলিস্ট সংস্থার প্রস্তাব	৬৫৩
২৩০।	রেডক্রস লীগের ত্রাণ তৎপরতা	৬৫৪
২৩১।	বাংলাদেশ সংহতি কমিটি সিলোন-এর প্রতিবাদলিপি	৬৫৫
২৩২।	ল্যাটিন আমেরিকান পার্লামেন্টের প্রস্তাব	৬৫৬
২৩৩।	পাগওয়াশ সম্মেলনের বাংলাদেশ বিষয়ক কমিটির বিবৃতি	৬৫৭
২৩৪।	৫৯তম প্যারিস আন্তপার্লামেন্টারী সম্মেলনে বাংলাদেশ প্রসঙ্গ	৬৫৮
২৩৫।	'বাংলাদেশ রিলিফ কমিটি অব কোরিয়া'-র সাধারণ সম্পাদকের চিঠি	৬৬৩
২৩৬।	লন্ডন সোশ্যালিষ্ট ইন্টারন্যাশনাল-এর বিবৃতি	৬৬৫
২৩৭।	কমনওয়েলথ পার্লামেন্টারী সম্মেলনে প্রতিনিধিদের বক্তব্য	৬৬৬
২৩৮	দিল্লী আন্তর্জাতিক সম্মেলনের প্রস্তাব ও প্রতিনিধিবৃন্দের ভাষণ	৬৬৮
২৩৯।	বাংলাদেশ প্রশ্নে ফিনল্যান্ডের ছাত্র সমাজ	৬৯১
২৪০।	স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের আন্তর্জাতিক প্রধানের আবেদন	৬৯২
২৪১।	ফ্রান্সের বাংলাদেশ সংহতি কমিটির মেনিফেস্টো	৬৯৪
২৪২।	হাঙ্গেরীয় শান্তি পরিষদ প্রধান-এর বিবৃতি	৬৯৬
	বাংলাদেশ প্রশ্নে বিশ্বের বিভিন্ন রাষ্ট্রনেতৃবর্গ	
২৪৩।	বাংলাদেশ প্রশ্নে বিশ্বের বিভিন্ন রাষ্ট্রনেতৃবর্গের বিবৃতসমূহ	৭০১
২৪৪।	ইন্টারন্যাশনাল কমিশন অব জুরিস্ট-এর সংবাদ বিজ্ঞপ্তি	৭২১
২৪৫।	জাতিসংঘ শরণার্থী হাই কমিশনার-এর বিবৃতি	৭২৩
২৪৬।	মানবাধিকার কমিশন প্রতিবেদনের ওপর জাতিসংঘে নিযুক্ত ভারতের স্থায়ী প্রতিনিধি সমর সেনের বিবৃতি	৭২৮
২৪৭।	জাতিসংঘ আর্থ-সামাজিক কাউন্সিল-এর সোশ্যাল কমিটিতে নিউজল্যান্ড প্রতিনিধির বিবৃতি	৭৩২
২৪৮।	জাতিসংঘ মহাসচিব-এর আবেদন	৭৩৩
২৪৯।	জাতিসংঘ মহাসচিব-এর আবেদন	৭৩৫
২৫০।	জাতিসংঘ শরণার্থী হাই কমিশনারের সাংবাদিক সম্মেলনের রেকর্ড	৭৩৭
২৫১।	আর্থ-সামাজিক কাউন্সিল অধিবেশনে জাতিসংঘ মহাসচিবের বিবৃতি	৭৪৩
২৫২।	আর্থ-সামাজিক কাউন্সিল অধিবেশনে শরণার্থী হাই কমিশনারের বিবৃতি	৭৪৪
২৫৩।	আর্থ-সামাজিক কাউন্সিল অধিবেশনে ভারতীয় পর্যবেক্ষক দল নেতার বিবৃতি	৭৪৫
২৫৪।	আর্থ-সামাজিক কাউন্সিল অধিবেশনে ইন্টার-এজেন্সী বিষয়ক কর্মকর্তার বিবৃতি	৭৪৬
২৫৫।	আর্থ-সামাজিক কাউন্সিল অধিবেশনে যুগোশ্লাভ প্রতিনিধির বিবৃতি	৭৫০

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
২৫৬।	আর্থ-সামাজিক কাউন্সিল অধিবেশনে নিউজিল্যান্ড প্রতিনিধির বিবৃতি	৭৫২
২৫৭।	জাতিসংঘ মহাসচিবের শরণার্থী ত্রাণ-সংক্রান্ত স্মারক	৭৫৫
২৫৮।	জাতিসংঘ উপসংস্থার কাছে বেসরকারী বিশ্ব সংস্থাসমূহের আবেদন	৭৫৬
২৫৯।	জাতিসংঘ মহাসচিবের ত্রাণ সংক্রান্ত স্মারকের প্রতি ভারত সরকারের জবাব	৭৫৮
২৬০।	প্রেসিডেন্ট ইয়াহিয়ার কাছে প্রেরিত আন্তর্জাতিক জুরি কমিশনের টেলিগ্রামের অনুলিপি	৭৬২
২৬১।	আন্তর্জাতিক জুরি কমিশন প্রতিনিধি সালবার্গ-এর বিবৃতি	৭৬৩
২৬২।	ইয়াহিয়ার কাছে প্রেরিত আন্তর্জাতিক জুরি কমিশনের তারবার্তা	৭৬৯
২৬৩।	জাতিসংঘ শরণার্থী হাই-কমিশন-এর কার্যনির্বাহী কমিটির সভায় প্রিন্স সদরুদ্দীন আগা খান-এর বিবৃতি	৭৭০
২৬৪।	জাতিসংঘ শরণার্থী হাই কমিশন-এর কার্যনির্বাহী কমিটি অধিবেশনে ভারত সরকারের পুনর্বাসন সচিবের বিবৃতি	৭৭৪
২৬৫।	জেনেভায় জাতিসংঘ শরণার্থী হাই কমিশনার-এর সাংবাদিক সম্মেলন	৭৭৮
২৬৬।	সাধারণ পরিষদ-এর তৃতীয় কমিটিতে প্রিন্স সদরুদ্দীন আগা খানের বিবৃতি	৭৮০
২৬৭।	ভারতীয় প্রতিনিধি সমর সেনের বিবৃতি	৭৮৭
২৬৮।	জাতিসংঘ শরণার্থী ত্রাণ সংক্রান্ত প্রতিবেদনের ওপর আলোচনার সারাংশ	৭৯৪
২৬৯।	সাধারণ পরিষদের তৃতীয় কমিটিতে নেদারল্যান্ডস ও নিউজিল্যান্ডের সংশোধিত খসড়া প্রস্তাব	৮০২
২৭০।	সাধারণ পরিষদের তৃতীয় কমিটিতে গৃহীত প্রস্তাব	৮০৪
২৭১।	তৃতীয় কমিটির প্রতিবেদনের ওপর সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত প্রস্তাব	৮০৫
	বাংলাদেশ প্রশ্নে জাতিসংঘ সাধারণ ও নিরাপত্তা পরিষদ	
২৭২।	নিরাপত্তা পরিষদ প্রেসিডেন্ট সমীপে উ-থান্ট-এর স্মারকলিপি	৮০৯
২৭৩।	পূর্ববাংলা পরিস্থিতি ব্যাপারে জাতিসংঘ কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন মহাসচিবের মুখবন্ধ (অংশ)	৮১২
২৭৪।	প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে ও প্রেসিডেন্ট ইয়াহিয়াকে প্রদত্ত উ-থান্ট-এর পত্র	৮১৬
২৭৫।	জাতিসংঘ মহাসচিবকে প্রদত্ত প্রেসিডেন্ট ইয়াহিয়ার জবাব	৮১৭
২৭৬।	জাতিসংঘ মহাসচিবকে প্রদত্ত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জবাব	৮১৮
২৭৭।	নিরাপত্তা পরিষদে পূর্ববাংলা পরিস্থিতি সম্পর্কে জাতিসংঘ মহাসচিবের প্রতিবেদন	৮২০
২৭৮।	নিরাপত্তা পরিষদে জাতিসংঘ মহাসচিবের প্রতিবেদন	৮৩০
২৭৯।	নিরাপত্তা পরিষদে বিভিন্ন রাষ্ট্রের খসড়া প্রস্তাব	৮৩২
২৮০।	সাধারণ পরিষদে বিভিন্ন সদস্যরাষ্ট্রের খসড়া প্রস্তাব	৮৩৮
২৮১।	সাধারণ পরিষদে গৃহীত প্রস্তাব	৮৪১
২৮২।	ঢাকা থেকে জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক ব্যক্তিবর্গকে স্থানান্তর করা সম্পর্কে উ-থান্ট-এর প্রতিবেদন	৮৪৩
২৮৩।	জাতিসংঘ মহাসচিবকে প্রদত্ত আগাশাহীর পত্র	৮৪৭
২৮৪।	জাতিসংঘ মহাসচিবকে প্রদত্ত সমর সেনের পত্র	৮৪৯

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ ত্রয়োদশ খন্ড

ক্রমিক	বিষয়	পৃষ্ঠ
২৮৫।	নিরাপত্তা পরিষদ প্রেসিডেন্ট সমীপে জর্জ বুশ এর পত্র	৮৫৩
২৮৬।	নিরাপত্তা পরিষদে বিভিন্ন রাষ্ট্রের খসড়া প্রস্তাব ও সংশোধনী	৮৫৪
২৮৭।	বাংলাদেশ প্রশ্নে সাধারণ পরিষদ বিতর্কের সারাংশ	৮৬৬
২৮৮।	সাধারণ পরিষদে সর্দার শরণ সিং-এর বিবৃতি (অংশ)	৮৬৮
২৮৯।	সাধারণ পরিষদে মাহমুদ আলীর বিবৃতি	৮৭২
২৯০।	সাধারণ পরিষদে মাহমুদ আলীর বিবৃতি (অংশ)	৮৮০
২৯১।	পাকিস্তানী বিবৃতির জবাবে সমর সেন	৮৮৭
২৯২।	ভারতের স্থায়ী প্রতিনিধি সমর সেন-এর বিবৃতি	৮৯০
২৯৩।	জাতিসংঘ সাধারন পরিষদে আগাশাহীর বিবৃতি	৮৯৫
২৯৪।	জাতিসংঘের নিরাপত্তা পরিষদে বাংলাদেশ প্রসঙ্গ : পাকিস্তানী প্রতিনিধি মিঃ আগাশাহীর বিবৃতি	৯০০
২৯৫।	ভারতীয় প্রতিনিধি মিঃ সমর সেনের বিবৃতি	৯১৫
২৯৬।	মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি জর্জ বুশ-এর বিবৃতি	৯২৩
২৯৭।	ফরাসী প্রতিনিধি মিঃ মরিজ-এর বিবৃতি	৯২৭
২৯৮।	চীনা প্রতিনিধি মিঃ হুয়াং হুয়ার বিবৃতি	৯২৯
২৯৯।	সোভিয়েত প্রতিনিধি মিঃ জ্যাকব মালিকের বিবৃতি	৯৩০
৩০০।	যুক্তরাজ্য প্রতিনিধি স্যার কলিন ক্রোর বিবৃতি	৯৩৭
৩০১।	ফরাসী প্রতিনিধি মিঃ মরিজ-এর বিবৃতি	৯৩৮
৩০২।	সোভিয়েত প্রতিনিধি মিঃ জ্যাকব মালিকের বিবৃতি	৯৪৩
৩০৩।	ভারতীয় প্রতিনিধি মিঃ সমর সেনের বিবৃতি	৯৪৪
৩০৪।	পাকিস্তানের প্রতিনিধি মিঃ আগাশাহীর বিবৃতি	৯৫১
৩০৫।	মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি জর্জ বুশ-এর বিবৃতি	৯৫৭
৩০৬।	পাকিস্তানী প্রতিনিধি মিঃ আগাশাহীর বিবৃতি	৯৬০
৩০৭।	ভারতীয় প্রতিনিধি মিঃ সমর সেনের বিবৃতি	৯৬৩
৩০৮।	ভারতীয় প্রতিনিধি মিঃ সমর সেনের বিবৃতি	৯৬৪
৩০৯।	সোভিয়েত প্রতিনিধি মিঃ জ্যাকব মালিকের বিবৃতি	৯৬৭
	বিভিন্ন প্রতিনিধির বক্তব্য	
৩১০।	সাধারণ পরিষদে বিতর্কের সংক্ষিপ্তসার	৯৬৯
৩১১।	নিরাপত্তা পরিষদে আলোচনার সংক্ষিপ্তসার	৯৭৭
	সংযোজন	
৩১২।	বাংলাদেশে জাতিসংঘ তৎপরতার সংক্ষিপ্ত চিত্র	৯৭৮
৩১৩।	নির্ঘন্ট	৯৮১

শিরোনাম	সূত্র	তারিখ
বৃটিশ পররাষ্ট্র ও কমনওয়েথ বিষয়ক সচিব স্যার ডগলাস হিউম-এর মন্তব্য এবং বাংলাদেশ পরিস্থিতি সম্পর্কে বিতর্ক	কমনস্ সভার কার্যবিবরণী	২৯ মার্চ, ১৯৭১

PAKISTAN

The Secretary of State for Foreign and Commonwealth Affairs (Sir Alec Douglas -Home): With your permission, Mr. Speaker, and that of the House, I should like to make a statement on the situation in Pakistan.

The whole House will join me in regretting the loss of life in Pakistan, a fellow member of the Commonwealth and in hoping for a restoration of normal conditions. As the House will appreciate this is an internal matter affecting relations between two parts of a sovereign country, and I will not be expected to speculate on political matters which are the concern of the Pakistan Government. Her Majesty's Government are, however, watching the situation very closely, and we remain in constant touch with the Pakistan authorities.

A fortnight ago, on the advice of the Deputy High Commissioner in Dacca, some 200United Kingdom and Commonwealth women and children were evacuated from East Pakistan. In the past few days of disturbances, we have had no reports of any injury to members of the British Community in East Pakistan, who now number about 700. The British Council offices and library in Dacca were attacked in the course of operations on the night of 25th March in the area of the university; the damage cannot yet be properly assessed, but no member of the Council Staff was hurt. There are no other reports of damage to British property, but, as communications from East Pakistan have been restricted and communications between Dacca and other parts of the Province disrupted, the House will appreciate that our information may not be complete. I shall keep the House informed.

Mr. Healey: I thank the Foreign Secretary for that report. The whole House shares hit deep sorrow at recent events in Pakistan. We recognize that at the moment information must necessarily be incomplete, and we welcome the Right Hon. Gentleman's assurance that he will make another statement when more information is available.

The House will be particularly concerned for the safety of British lives and property, and in this connection I should like the Right Hon. Gentleman to answer two questions. First, does he know who was responsible for the attack on the British Council offices in Dacca, and are steps being taken to obtain compensation for any damage caused? Second, has he an assurance from the authorities in East Pakistan that all assistance will be given should it be necessary to evacuate further British personnel?

Sir Alec Douglas-Home: The answer to the Right Hon. Gentleman's last question is, "Yes", although the Deputy High Commissioner, as we understand it, does not advise further evacuation at this time. The Army was responsible, as we understand it, for the

attack, on the British Council offices. We have brought the matter to the notice of the Pakistan authorities and we shall in due course ask for compensation.

Mr. Thorpe: We share the sadness which the Foreign Secretary has expressed about these events in a Commonwealth country with which we showed our solidarity at the time of the floods.

In view of the unhappy experience of this country's involvement in another Commonwealth civil war, namely, in Nigeria, will the Foreign Secretary confirm that, apart from offering our good offices if they should be required, there will be no further involvement, and, in particular, there will be no question of supplying arms to either side?

Sir Alec Douglas-Home: I have said that we have no intention of getting involved in this matter, which is a civil matter for the authorities in Pakistan. As regards arms, no new-contracts have been entered into with Pakistan for a good many months now. I shall review this question, but I think that nothing imminent arises.

Sir F. Bennett: I am delighted to learn that Her Majesty's Government have no intention or thought of intervening in an internal matter, which could only make things a great deal worse, but could my Right Hon. Friend tell us whether the same restraint is being exercised elsewhere, since what is already a horrible matter could become a great deal worse if any other outside Power-quite apart from Great Britain-intervened?

Sir Alec Douglas-Home: I have not heard that any outside Power is intervening or intends to intervene.

Mr. Shore: These are deplorable events. Will the Foreign Secretary impress upon the Pakistan Government the abhorrence felt by very many people in this country at the brutal and repressive measures which they are taking against the East Bengal people, and will be impress upon them also that we are most concerned that their troops should be withdrawn, that the killing should stop, and that Sheikh Mujib and his followers should not be the victims of repression? Further, will the Right Hon. Gentleman do everything in his power to impress upon the Pakistan Government that the people of Bengal have the right to decide their own future, and, if need be, to decide on a separate future for themselves?

Sir Alec Douglas-Home: I do not think that it would be helpful for me to comment on those matters at this time. Everyone abhors violence. The President of Pakistan, as we understand it, was faced with a situation in which his country might have been divided in half. We must allow the Pakistan authorities to deal with this matter without our intervention.

Mr.Wilkinson: I associate myself with the expressions of deep regret at the tragic events which have be fallen Pakistan, a Commonwealth partner with which we have personal as well as historic links. When my Right Hon. Friend speaks of a British community of about 700 in Pakistan, does that include Pakistanis of British citizenship who have gone on short trips to East Pakistan, or does he mean British people only? Further, will my Right Hon. Friend, through the usual diplomatic channels, try to obtain information about the relatives of East Pakistani citizens who have connections in this country who might be affected by the troubles?

Sir Alec Douglas-Home: The figure of 700 does not include Pakistanis. At the time when we brought out the 200 United Kingdom citizens, the Deputy High Commissioner was in touch with most of the families in Pakistan. Everyone understands how difficult it is to get communication with those up-country, but at that time we took out all who wanted to come. At the moment, the Deputy High Commissioner, as we understand it-although communications are difficult-does not advise further evacuation, but plans are laid should people wish to have.

Mr. Alexander W. Lyon: May I press the Foreign Secretary on the questions of arms? There appear to be considerable differences between the situation and the Baiafran situation. It is recognized that we do not supply arms at the moment. Will the Foreign Secretary give an undertaking that, if the Pakistan Government did ask for arms, he would make a statement to the House before coming to any decision about it?

Sir Alec Douglas -Home: That is a hypothetical situation which we had better leave at present.

Mr. Judd: I agree with the Right Hon. Gentleman that we must be careful not to intervene in what is essentially an internal affair, but would he not agree that one of the causes of frustration in Pakistan is the disproportionate amount of economic assistance going to West Pakistan as compared with East Pakistan, and will he assure the House that, in the aftermath of this unfortunate incident, we shall do everything possible within the aid consortium to encourage full economic assistance to the eastern half of Pakistan?

Sir Alec Douglas-Home: The ironic aspect of this situation was that for the first time it was possible for an East Pakistani to be Prime Minister of a united Pakistan, and this opportunity has slipped.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশে সাময়িক শক্তি প্রয়োগের সমালোচনাঃ পররাষ্ট্র সচিব হিউম-এর বিবৃতি ও বাংলাদেশের সামগ্রিক পরিস্থিতি সম্পর্কে বিতর্ক	কমনস্ সভার কার্যবিবরণী	৫ এপ্রিল, ১৯৭১

PAKISTAN

The Secretary of State for Foreign and Commonwealth Affairs (Sir Alec Douglas-Home): With your permission, Mr. Speaker, and that of the House, I wish to make a further statement about the situation in Pakistan.

Since I last reported to the House, the conflict in East Pakistan has continued. Our information about what has taken place is still not complete, but there can be no doubt that many lives have been lost. The whole House and country will join me in urging an end to the strife, a start on reconciliation and on the task of bringing relief to the injured and the homeless.

Over the past weeks, we followed with anxiety the course of political negotiations in Pakistan, and my Right Hon. Friend the Prime Minister had expressed to President Yahya Khan his concern that political differences should be settled by agreement. We were aware of the endeavors of the President to achieve this end, and we hoped that he would be successful. We feared that violence would do permanent damage to the constitutional fabric of Pakistan. To our great regret, negotiations collapsed and military force was used.

We are deeply concerned at the loss of life and suffering of all sections of the Pakistan community and welcome the President's statement that his aim remains the transfer of power to the elected representatives of the people. It is our earnest hope that this objective will be achieved.

Her Majesty's Government have no intention of interfering in Pakistan's internal affairs, and I wish again to emphasize that this is our position. It is the people of Pakistan themselves who must decide their own destinies, and intervention from outside will only complicate a very difficult and distressing situation.

The British Government and public gave dramatic evidence of their deep compassion for the East Pakistanis who suffered in the cyclone last year. We again stand ready to play our part in an international effort to help in mitigating suffering in East Pakistan, should we be asked to do so.

The House will wish to know that we have still received no report of injury or damage to British subjects or property in East Pakistan, apart from the attack on the British Council premises in Dacca which I reported in my earlier statement. It has, however, not been possible to contact some British subjects known to be in outlying areas. In these circumstances the Deputy High Commissioner advised that women and children and those

Whose presence was not essential should leave the country if, in their judgment, they could make the journey to Dacca in safety. As a result, about 100 United Kingdom nationals have left Dacca by air, by Royal Air Force and civil aircraft, since my last statement; and about 40 have left Chittagong by sea.

I should like to express my gratitude to the Deputy High Commissioner Mr. Sergeant and his staff in Dacca, to the members of the British *community* in East Pakistan, and to the members of the Royal Air Force and the Merchant Marine, who have been cool, resourceful, and effective in a very difficult and dangerous situation.

Mr. Healey: The House will welcome what the Right Hon. Gentleman said about the Government's intention to give material aid to those who are suffering in the present situation, and also what the Right Hon. Gentleman said about the evacuation already carried out of British subjects. We join in the tribute he has paid to those responsible for carrying out that evacuation so competently in such difficult circumstances.

In view of the very convincing reports of indiscriminate bloodshed in East Pakistan and the patent risk of external intervention in these events, may I underline to the Right Hon. Gentleman the importance of Her Majesty's Government using any influence they can bring to bear on the two issues to which the Right Hon. Gentleman has himself referred? These are, first, that there should be an immediate end to the bloodshed and, secondly, that there should be a peaceful solution of the political problems of East Pakistan in accordance with the wishes of the people of that territory, expressed with such remarkable unanimity in the recent elections.

All of us in this House will, I am sure, be deeply concerned about the physical safety of Sheikh Mujibur Rahman and the other leaders of the people in East Pakistan. Has the Right Hon. Gentleman any information to give the House about their present whereabouts and situation? Can he assure the House that he will express to the Pakistan Government the desire of all of us on both sides of the House that people so recently elected with such an overwhelming vote should be treated with the respect they deserve in a democracy?

The Sheffeld Morning Telegraph 67-68
Shelvan Kar, K,S, 562
Shi Is, Edward 472,473
Shivers, Lenneth 298
Shore, (Peter) 2,6,7, 10, 17, 30-32, 36-40,80, 88, 110, 149, 153, 156, 678
Siddiqui, M,S, 549
Sidi Aly, Mohamed Ould 597
Sik, Endre 696
Sikes (Congress Member) 417
Silber, John R, 473
Silverman, Julius 34,43, 58-60
Silverston, Marilyn 189
Singh, J,D, 121
Singh, Nthal 128, 596-97
Singh, Sardar Swaran 93, 344-45, 559, 606, 703,868-71
Sisco, Jesoph J, 251-53, 259, 260, 261, 262, 263, 264, 265, 266,407
Sisson, J, Richard 366
Su-points demand 6667, 386, 464, 495,663,689
Skachkov, sa 562
Staven, Gordon 1%
Smith, Ian 686
Smith, Jay Holmes 522-26
Smith, Kenneth 550
Smith, Leslie 519
Soeharto (President) 717
Soligo R, 459
Solow, robert 545

Sondhi M L (India) 690
Sook-Ja Hong 663-64
Soorian M, (Malaysia) 684-87
Soviet Women's Committee 567
On Soviet Veto 415-16
South Asia Conference 517
St, Louis Post-Dispatch 319
Suck Tiger 191
Staal Frits J, 297
Stark Craig 298
Statement of the Commission of the charches on International Affairs 647-4S
Statement of French Episcopate 622
Statement of The Hungarian Peace Council 696-97
Statement of the International Islamic Rogani stat ion 618
Statement of the International Social Welfare Council 625
Statement of the London Socialist International 665
Statement of Pugwash Committee on Sciencc and World affairs 657
Statement of the Venzuelan Council for World Peace and Human Rights 624
The Statman 717,874, 909
Steel David 87
Stein Aurel 696
Stein Livia 298
Stephens Alan (Rev,) 182
Stem Fritz, 473
Stem, J,J, 459
Stevenson (Senator) 309, 363-64,442-43
Stewart, Michael 27-28,29,32, 62-63,66-86
Stockwin, Harvey 30
Stonehouse, John 12,13, 25, 51-57,75-76,90,79, 120, 128, 183
Stoner, James A,F, 465
Stoph, Willi 713,716
Stottlemycr, Fred (Mr, & Mrs,) 205-06
Subramanyam, FC 877-78

Sulzeburger, C,L 380
The Sunday Times 20, 66-67, 163, 165, 179, 369, 765, 892
On Suspension of Military assistance to Pakistan 307-20
Swamy, S 909
Sweeney, Bob 188
Symington (Senator) 357
Symmes, Harrison M, 235-37
Szule, Tad 349-55, 357
T
Tagore, Rabmdra Nalh 390, 531, 684-85
Tarafdar, Islam 550
Taylor, Anna Bruun 463-64,479, 480,493-496, 497
Taylor, Carl E, 514-15
Taylor, Dick 513,535,538
Taylor, Richard 503, 506-11

Tellenhach, Gerd 473
Templeton, H,C, 666
Tenbruck, Fre,endnch H, 473
Teresa (Mother)163, 167-68
Thielicke, Helmut 474
Third World Review 144
Thomas, John W, 463-65,465
Thompson, George 161
Thompson. Richard 40-45. 47. 51. 88
Thorne. D. Wynne 465
Thorpe (Mr.) 2,6. 16
Tiger man. Stanley 536-37
The Times 73-74. 103-04, 122-23, 146. 591,679. 874,910
The Times of India 121
Timely (Mr,) 82
Tinker, Jerry 217
Tito, Josip Broz 750
Tobin, James 545
Tomalin, Nicholas 163, 165, 168-74
Toronto Telegram 163
Troell, Lars (Dr,) 621
Townes, Charles 474
Trevor Huddleston, Reverend 153
Trial ot Sheikh Mujibur Rahman 15, 25, 762, 767-68, 769, 898
Tripp, Stephen R, 231
Tunney, V, (Senator) 358-61, 363-64,409,411
U
U Thant 25,47,76-77, 80, 83, 84, 93, 95, 96, 97, 100,128, 135, 190, 212,215, 220, 651, 653,708, 725, 733-34, 735-36, 742, 743,751,755, 771, 809-11,812-15,816

817, 818-19, 820-829, 830-31,843-46, 868, 871,882-83
On U.S. arms to Pakistan 207.208. 209-II. 217-18. 219-23. 226-27. 240-41. 349-55. 356. 357. 359-61. 362-64.402-03. 442-43. 805-06
U.S. policy towards Pakistan (Criticism) 347-48
United Nations Diaster Relief Agency 136
United Relief Service 185
Urey, Harold C, 474
Ultey, Garrick 544

V
Vander, Ernst H, 474
Velander, Robert 259
Venkateswaran, A,P, 562
Vincentnathan, S, George 298
Vorster, John 686
Voznesensky, Andrei (Russian Poet) 551
Vurtures over Bangladesh (article) 67-68

W
Wald, Geroge 550
Waldie (Congress member) 296-298
Waldman, Anne 551
Waller, John 255, 259, 264
War on Want 53,98,111-15, 126-27, 179, 184, 187
Warazazi, H, (Mrs,) 800
Ward, Barbara 465
The Washington Daily News 123

The Washington Post 319, 362,459,464 ,
Washington Special Action Group meeting 251-263, 264 269
The Washington Star 304,362, 501
Weakened Magazine 191
Weiner, Myron 545, 550
Weis (Dr,) 723
Weisbraod, David 550
Welander, Robert 255, 264
Wellisx, Stanislaw 465
Westmoreland. William 258. 260.261
Wetzel. Winston W. 465
Wiehen, Michael H. 626
Wiesner, Jernome B. 465
Wilcox. Wayne 465
Wiles. Perter John dela Fo&se474
Wilkinson (mr,) 3,7, 8,13
Williams, Mary Patricia 298
Williams, Maurice M, 251-53, 257, 258, 259, 260, 261, 262, 263, 264, 265, 266, 267,363 64, 409
Wilson, David A, 474
Wilson, Harold 85-86,90,91, 128, 131, 617
Wilson, James Q, 474
Wilson, Robert A, 366
Winger, Eugene P, 474
Wolport, Stanely 517
Wood, Richard 7, 8, 12, 13,23-27,40, 75-79,82
Wood, William Barry 474
Woodward, C, Vann 474
Woodhouse (Mr,) 16
Woollacott, Mami 165, 176-78
Wright, Gordon 474
Wyatt, Woodrow 48

Y
Yeats 551
Young Liberals 144
Yugoslav League for Peace, Independence
and Equality of Peoples 611
Yusuf, A,K,M 890

Z
Zumwalt (Amiral) 258

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ
দলিলপত্র

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্র :চতুর্দশ খন্ড

বিশ্ব জনমত

সম্পাদক : **হাসান হাফিজুর রহমান**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্রঃ চতুর্দশ খন্ড

প্রকাশক	:	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য মন্ত্রণায়ল-এর পক্ষে গোলাম মোস্তফা হাক্কানী পাবলিশার্স বাড়ি # ৭, রোড # ৪ ধানমন্ডি, ঢাকা-১২০৫ ফোন : ৯৬৬১১৪১, ৯৬৬২২৮২ ফ্যাক্স : (৮৮০২)৯৬৬২৮৪৪ E-mail : info@paramabd.com
কপিরাইট	:	তথ্য মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রথম প্রকাশ	:	নভেম্বর, ১৯৮২ অগ্রহায়ণ, ১৩৮৯
পুনর্মুদ্রণ	:	ডিসেম্বর, ২০০৩ অগ্রহায়ণ, ১৪১০
পুনর্মুদ্রণ	:	জুন, ২০০৯ জ্যৈষ্ঠ, ১৪১৬
প্রচ্ছদ	:	বকুল হায়দার
মুদ্রাকর	:	মোঃ আবুল হাসান হাক্কানী প্রিন্টিং এন্ড প্যাকেজিং সড়ক # ৯, লেইন # ২, বাড়ি # ১ ব্লক # এ, সেকশন # ১১, মিরপুর, ঢাকা-১২১৬

HISTORY OF BANGLADESH WAR OF INDEPENDENCE
DOCUMENTS, VOL-6

Published by: Golam Mustafa
Hakkani Publishers
House # 7, Raod # 4, Dhanmondi, Dhaka-1205
Tel: 9661141, 9662282, Fax: (8802) 9662844
E-mail: info@paramabd.com

On behalf of Ministry of Information
Government of the People's Republic of Bangladesh

Copyright: Ministry of Information
Government of the People's Republic of Bangladesh

Printed by: Md. Abul Hasan
Hakkani Printing & Packaging
Raod # 9, Lane # 2, House # 1
Block # A, Sec # 11, Mirpur, Dhaka-1216

First Published: November, 1982
Reprint: December, 2003
Reprint: June, 2009

ISBN: 984-433-091-2 (set)

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ

দলিলপত্র : চতুর্দশ খন্ড

সচিব
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা, বাংলাদেশ

পুনর্মুদ্রণ প্রসঙ্গে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় ১৯৭৭ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্প গ্রহণ করে। পরবর্তীকালে এই প্রকল্প স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত দলিল ও তথ্যসমূহ প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করে। ইতিহাস রচনার ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা রক্ষা করা ও বিকৃতির আশংকা এড়িয়ে যাবার জন্যই ইতিহাস রচনার পরিবর্তে দলিল ও তথ্য প্রকাশকেই অধিকতর গুরুত্বপূর্ণ মনে করা হয়েছে। আর সে প্রকল্পের ফসলই ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র''। প্রায় ১৫,০০০ পৃষ্ঠায় ১৫ খন্ডে এসব দলিলপত্র প্রণয়ন করে ১৯৮২ সালে তা প্রকাশ করা হয়। এই প্রকল্পের সঙ্গে জড়িত গবেষক ও সম্পাদকবৃন্দের আক্লান্ত পরিশ্রমের ফসল এই দলিলপত্র গ্রন্থমালা।

প্রথম প্রকাশের পরপরই বস্তুনিষ্ঠতা ও নিরপেক্ষতায় ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র'' গ্রন্থমালা সর্বমহলে ব্যাপকভাবে সমাদৃত হয়।

এই গ্রন্থমালা প্রকাশের অল্প সময়ের মধ্যেই এর সমুদয় কপি বিক্রি হয়ে যায়। পরবর্তীকালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত সকল গবেষণায় এই গ্রন্থমালা রেফারেন্স হিসেবে ব্যবহৃত হতে থাকে।

''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র'' গ্রন্থমালার চাহিদা উত্তরোত্তর বাড়ছে। বিভিন্ন মহল থেকে তথ্য মন্ত্রণালয়ে গ্রন্থমালার চাহিদাপত্র আসতে থাকায় মন্ত্রণালয় ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র'' গ্রন্থমালা সীমিত সংখ্যায় পুনর্মুদ্রণের সিদ্ধান্ত গ্রহণ করে। প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা শেষে পুনর্মুদ্রণের দায়িত্ব অর্পণ করা হয় দেশের প্রখ্যাত প্রকাশনা প্রতিষ্ঠান 'হাক্কানী পাবলিশার্স'কে। পুনর্মুদ্রণের ক্ষেত্রে তথ্যের কোন ব্যত্যয় বা ব্যতিক্রম যাতে না হয়, সে ব্যাপারে সর্বাত্মক সতর্কতা অবলম্বন করা হয়েছে। গত দুই দশকে প্রকাশনা প্রযুক্তিতে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়েছে। ফলে পুনর্মুদ্রিত দলিলপত্রের অঙ্গসৌষ্ঠব আরও সুন্দর ও দৃষ্টিনন্দন হয়েছে।

আমার দৃঢ় বিশ্বাস, ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র'' গ্রন্থমালার সংস্করণটি বরাবরের মতই পাঠক ও গবেষকদের কাছে আদৃত হবে।

ঢাকা
ডিসেম্বর ২০০৩

(নাজমুল আলম সিদ্দিকী)
ভারপ্রাপ্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রেস-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-তম/প্রেস-১/২এফ-২/৯৭/বিবিধ-১/৯৬৯ তারিখঃ ৩০ অক্টোবর ২০০৩

প্রেরক : অঞ্জলী রানী চক্রবর্তী
সিনিয়র সহকারী সচিব (প্রেস-১)

প্রাপক : জনাব গোলাম মোস্তফা
স্বত্বাধিকারী
মেসার্স হাক্কানী পাবলিশার্স
মমতাজ প্লাজা (৪র্থ তলা)
ধানমন্ডি, ঢাকা।

বিষয় : ''বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র (১৫ খন্ড)'' পুনর্মুদ্রণের নিমিত্তে প্রচ্ছদ ও অঙ্গসজ্জার নমুনা অনুমোদন।

সূত্র : তাঁর ০৮ অক্টোবর ২০০৩ তারিখের আবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনের সাথে প্রাপ্ত নমুনা অনুযায়ী প্রচ্ছদ, প্রিন্টার্স লাইন ও অঙ্গসজ্জা মোতাবেক বিষয়োক্ত গ্রন্থাবলী চূড়ান্ত মুদ্রণের অনুমোদন প্রদান করা হলো। মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত/অনুমোদিত প্রচ্ছদ নির্দেশক্রমে এতদ্-সাথ ফেরত প্রদান করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত,

(অঞ্জলী রানী চক্রবর্তী)
সিনিয়র সহকারী সচিব (প্রেস-১)

প্রকাশকের কথা

প্রতিটি দেশ বা জাতির জন্য তার স্বাধীনতা সংগ্রামের ইতিহাস একটি অমূল্য সম্পদ। সে আলোকে বাংলাদেশের ১৯৭১ সনের স্বাধীনতা যুদ্ধ এবং তৎপূর্বের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস আমাদের কাছে এক গৌরবময় সম্পদ। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস প্রণয়নের জন্য ১৯৭৭ সনে তৎকালীন সরকার বাংলাদেশের স্বাধীতা যুদ্ধের ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্প গ্রহণ করে। নিরপেক্ষতা ও যথার্থতা বজায় রাখার জন্য স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের দলিলাদি সংগ্রহ ও যাচাইপূর্বক তা সংকলন করা হয়। তারই ফলশ্রুতি 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র' গ্রন্থাবলী। বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় ১৯৮২ সনে ১৫ খন্ডে এই গ্রন্থাবলী প্রকাশ করে। এ উদ্দেশ্যে গঠিত কমিটির সম্মানিত সদস্যগণের অক্লান্ত পরিশ্রমের ফসল এই গ্রন্থাবলী।

এই গ্রন্থাবলী প্রকাশ হওয়ার অল্প দিনের মধ্যে তার পুরো স্টক ফুরিয়ে যায়। এই গ্রন্থাবলী স্বাধীনতা যুদ্ধ-বিষয়ক সকল গবেষণা কর্মের গুরুত্বপূর্ণ রেফারেন্স হিসেবে ব্যবহৃত হচ্ছে এবং হবে। কিন্তু স্টক না থাকায় বাংলাদেশের বর্তমান জনগোষ্ঠীর একটি বৃহৎ অংশ আমাদের স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের প্রকৃত ইতিহাস জানা থেকে দীর্ঘদিন যাবৎ বঞ্চিত রয়েছে এবং এর দুষ্প্রাপ্যতা অনেক গবেষণা কর্মে ব্যাঘাত ঘটাচ্ছে।

এমতাবস্থায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় কর্তৃক **বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র** গ্রন্থাবলী পুনর্মুদ্রণের সিদ্ধান্তটি অত্যন্ত সময়োপযোগী বলে আমরা মনে করি।

বাংলাদেশ সরকার কর্তৃক এ রকম একটি জাতীয় গুরুত্বপূর্ণ কর্মকান্ডের দায়িত্ব আমাদেরকে অর্পণ করায় আমরা গৌরবান্বিত। এরই ভিত্তিতে গ্রন্থাবলীর বিষয়সূচি সম্পূর্ণ অপরিবর্তিত রেখে নতুন আঙ্গিকে নির্ভুলভাবে পুনর্মুদ্রণের আপ্রাণ চেষ্টা করেছি। আশা করি, পুনর্মুদ্রিত গ্রন্থাবলী পাঠক-গবেষকদের চাহিদা মেটাতে সক্ষম হবে।

বিশাল এই কর্মকান্ডে যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন, আমরা তাঁদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি।

০৭ ডিসেম্বর ২০০৩

(গোলাম মোস্তফা)
স্বত্বাধিকারী
হাক্কানী পাবলিশার্স

মুখবন্ধ

বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের নয় সদস্যবিশিষ্ট প্রামাণ্যকরণ কমিটির তরফ থেকে এই দলিল সংগ্রহের প্রকাশনা সম্পর্কে দুটি কথা নিবেদন করছি। এ প্রকল্পের উৎপত্তি ও গঠন, এর মূল উদ্দেশ্য ও কার্যপদ্ধতি সম্পর্কে ভূমিকায় বিস্তারিত বলা হয়েছে।

বিপুলায়তন ও সংগৃহীত উপাত্ত থেকে প্রকাশিতব্য দলিলসমূহ নির্বাচন কমিটির সদস্যবৃন্দ নিরপেক্ষ ভূমিকা পালনে যথাসাধ্য চেষ্টা করেছেন। তাঁরা ঘন্টার পর ঘন্টা ধরে দলিলাদির পান্ডুলিপি ধৈর্য ধরে পরীক্ষা করেছেন, বিস্তারিত আলোচনা-সমালোচনার মাধ্যমে সংযোজন ও সংশোধনের জন্য মূল্যবান উপদেশ দিয়ে প্রকল্প বাস্তবায়নে সহায়তা করেছেন। আমাদের কোন মন্তব্য ছাড়াই দলিলগুলো সরাসরি পাঠক ও গবেষকদের কাছে উপস্থিত হচ্ছে। দলিলপত্র যথাসম্ভব মূলসূত্র থেকে উদ্ধারের চেষ্টা করা হয়েছে। প্রকাশিত দলিলগুলো প্রামাণ্যকরণ কমিটি অনুমোদন করে দিয়েছেন।

প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠাব্যাপী দলিল থেকে প্রাথমিক নির্বাচনের গুরুদায়িত্ব পালন করেছেন প্রকল্পে নিয়োজিত বিভিন্ন গবেষকবৃন্দ। তাঁরা জনাব হাসান হাফিজুর রহমানের নেতৃত্বে এবং পরে প্রফেসর কে এম মহসীনের তত্ত্বাবধানে এ দায়িত্ব যথাযথ নিষ্ঠা ও আন্তরিকতার সংগে পালন করছেন।

প্রামাণ্যকরণ কমিটির সকল সদস্যকে এবং প্রকল্পের গবেষকবৃন্ধকে তাঁদের প্রশংসনীয় ভূমিকার জন্য আমি অশেষ ধন্যবাদ জানাই। সেই সঙ্গে প্রয়াত বাংলাদেশের বিশিষ্ট কবি ও সাংবাদিক জনাব হাসান হাফিজুর রহমানকেতাঁর বিশেষ অবদানের জন্য শ্রদ্ধার সঙ্গে স্মরন করি ।

বিভিন্ন সূত্রে সংগৃহীত ও সবিবেচনার সাথে নির্বাচিত দলিলগুলো থেকে আমাদের স্বাধীনতা যুদ্ধের একটি সার্বিক, প্রামাণ্য ও নিরপেক্ষ চিত্র বেরিয়ে আসবে, আমরা এ আশা পোষণ করছি। সংগৃহীত সমূদয় দলিল একটি স্থায়ী আর্কাইভস্ গঠনে সহায়তা করবে। অনুদঘাটিত ও অনাবিস্কৃত দলিলগুলো ভবিষ্যতে সংগৃহীত হলে পরিশিষ্টের মাধ্যমে সেগুলি মূল দলিলের সংগে সংযোজিত হতে পারে।

প্রকাশিত দলিলগুলো পাঠক সমাজ ও গবেষকদের কাছে সমাদৃত হলে আমাদের শ্রম সার্থক বলে মনে করব।

২৫ জুন,
১৯৮৪।

মফিজুল্লাহ কবীর
চেয়ারম্যান,
প্রামাণ্যকরণ কমিটি,
বাংলাদেশ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্প।

ভূমিকা

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময়সীমা ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত। এই সময়ে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সংগে সম্পর্কিত সারা বিশ্বে যা কিছু ঘটেছে তার তথ্য ও দলিলপত্র সংগ্রহ এবং সেসবের ওপর ভিত্তি করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনা ও মুদ্রণের দায়িত্ব অর্পিত হয় মুক্তিযুদ্ধ ইতিহাস লিখন ও মুদ্রণ প্রকল্পে ওপর। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের অধীনে এই প্রকল্পটি প্রতিষ্ঠিত হয় এবং এর কাজ শুরু হয় ১৯৭৮ সালের জানুয়ারী থেকে (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ইতিহাস রচনার দায়িত্বপ্রাপ্ত হলেও এই প্রকল্প স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত দলিল ও তথ্যসমূহ প্রকাশনার সিদ্ধান্ত গ্রহণ করে। এর কারণ, সমকালীন কোন ঘটনার বিশেষ করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের মতো একটি যুগান্তকারী ঘটনার ইতিহাস রচনার ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতা রক্ষা করা এবং বিকৃতির সম্ভাবনা এড়িয়ে যাওয়া বস্তুত অত্যন্ত দুরূহ। এ জন্যই আমরা ইতিহাস রচনার পরিবর্তে দলিল ও তথ্য প্রকাশকেই অধিক গুরুত্বপূর্ণ মনে করেছি। এর ফলে দলিল ও তথ্যাদিই কথা বলবে, ঘটনার বিকাশ ও ধারাবাহিকতা রক্ষা করবে, ঘটনা পরম্পরার সংগতি রক্ষা করবে।

এই লক্ষ্য সামনে রেখেই কয়েকটি খন্ডে সংগৃহীত দলিলসমূহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এই পরিপ্রেক্ষিতে প্রকল্পের সামনে একটি বিশেষ বিবেচ্য বিষয় দেখা দেয় এই যে, দলিলপত্র সংগ্রহের সময়সীমা স্বাধীনতা যুদ্ধকেন্দ্রিক হওয়া সত্ত্বেও এ সত্যও সমান গুরুত্বপূর্ণ যে, স্বাধীনতা যুদ্ধের পশ্চাতে বিরাট পটভূমি রয়েছে। স্বাধীনতা যুদ্ধকে এই পটভূমি থেকে বিচ্ছন্ন করে দেখা যায় না। এই পটভূমির ঘটনাবলী- যাকে মুক্তিসংগ্রাম বলে অভিহিত করা যায়- তার অনিবার্য পরিণতিই স্বাধীনতা যুদ্ধকে অবশ্যম্ভাবী করে তোলে। তাই মুক্তিসংগ্রামের স্বরূপ জানা ছাড়া স্বাধীনতা যুদ্ধকে তুলে ধরা সম্ভবই নয়। এই পরিস্থিতিতে স্বাধীনতা যুদ্ধের দলিল প্রকাশের সংগে এর পটভূমি সংক্রান্ত দু'খন্ড দলিলসংগ্রহ প্রকাশের সিদ্ধান্ত প্রকল্প গ্রহণ করে। এর ফলে প্রকল্পের দলিল প্রকাশের পরিকল্পনা নিম্নরূপে দাঁড়ায় :

প্রথাম খন্ড	ঃ	পটভূমি (১০৫-১৯৫৮)
দ্বিতীয় খন্ড	ঃ	পটভূমি (১৯৫৮-১৯৭১)
তৃতীয় খন্ড	ঃ	মুজিবনগর : প্রশাসন
চতুর্থ খন্ড	ঃ	মুজিবনগর : প্রবাসী বাঙালীদের তৎপরতা
পঞ্চম খন্ড	ঃ	মুজিবনগর : বেতারমাধ্যম
ষষ্ঠ খন্ড	ঃ	মুজিবনগর : গণমাধ্যম
সপ্তম খন্ড	ঃ	পাকিস্তানী দলিলপত্র : সরকারী ও বেসরকারী
অষ্টম খন্ড	ঃ	গণহত্যা, শরণার্থী শিবির ও প্রাসংগিক ঘটনা
নবম খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (১)
দশম খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (২)
একাদশ খন্ড	ঃ	সশস্ত্র সংগ্রাম (৩)
দ্বাদশ খন্ড	ঃ	বিদেশী প্রতিক্রিয়া : ভারত
ক্রয়োদশ খন্ড	ঃ	বিদেশী প্রতিক্রিয়া " জাতিসংঘ ও বিভিন্ন রাষ্ট্র
চর্তুদশ খন্ড	ঃ	বিশ্বজনমত
পঞ্চদশ খন্ড	ঃ	সাক্ষাৎকার
ষোড়শ খন্ড	ঃ	কালপঞ্জী, গ্রন্থপঞ্জী ও নির্ঘন্ট

চার

মূল পরিকল্পনায় ৭২০০ পৃষ্ঠা মুদ্রণের পরিকল্পনা থাকলেও সংগ্রহের পরিমাণ বিপুল হয়ে যাওয়ায় আমাদের সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়। নতুন পরিকল্পনা অনুযায়ী প্রতিটি খণ্ড প্রায় ৯০০ পৃষ্ঠা, সর্বমোট ১৫০০০ পৃষ্ঠার মধ্যে সংগ্রহগুলির মুদ্রণ সম্পন্ন করার বাজেট বরাদ্দ অনুমোদিত হয়। এই ভিত্তিতে আমাদের কাজ এগিয়ে যায়।

দলিল ও তথ্যাদি সংগ্রহের ব্যাপারে নীতিমালা আমরা ব্যাপক ও খোলামেলা রেখেছি। তবে পটভূমি সম্বন্ধে দলিল ও তথ্যাদি গ্রহণে কিছুটা সংযত দৃষ্টিভঙ্গী অবলম্বন করি। আমরা শুধু সেইসব তথ্য ও দলিলই পটভূমি খণ্ডে সন্নিবেশিত করার সিদ্ধান্ত নিই, যা বাংলাদেশের বর্তমান ভূখণ্ডের বৈশিষ্ট্য ও এখানে বসবাসকারী জনগণের আশা আকাঙ্খার সংগে প্রত্যক্ষভাবে জড়িত। অর্থাৎ যেসব ঘটনা, আন্দোলন ও কার্যকারণ, এই ভূখণ্ডের জনগণকে মুক্তিসংগ্রামের দিকে উদ্বুদ্ধ ও পরিচালিত করেছে, প্রধানত সেসব সংক্রান্ত দলিল ও তথ্যই এই খণ্ডে কালানুক্রমিকভাবে সাজানো হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে আমরা বাংলাদেশের অতীত ঘাঁটতে বহু দূর-অতীতে প্রত্যাবর্তন করিনি। ১৯০৫ সালের বংগভংগ থেকেই পটভূমি সংক্রান্ত দলিল-তথ্যাদি সন্নিবেশন শুরু করি। আমরা মনে করি, বাংলাদেশের মুক্তিসংগ্রামের ব্যাখ্যায় এই শুরুর সীমাটি বাহুল্যবর্জিত, প্রত্যক্ষ ও যুক্তিগ্রাহ্য।

১৯০৫-এর বংগভংগ এবং তা রদ-এর পর ১৯৪০ সাল পর্যন্ত মধ্যবর্তী এ দীর্ঘ সময়ের আর কোন দলিল এ খণ্ডে সন্নিবেশ করা হয়নি। কারণ ১৯১১ থেকে ১৯৪০ পর্যন্ত এই ভূখণ্ডে অনুষ্ঠিত সকল রাজনৈতিক আন্দোলন সর্বভারতীয় বৃটিশবিরোধী আন্দোলনের অন্তর্ভূক্ত ছিল। ১৯৪০ সালে গৃহীত লাহোর প্রস্তাবে স্বতন্ত্র রাষ্ট্রীয় সত্তারূপে বাংলার প্রতিষ্ঠার সম্ভাবনা নিহিত ছিল। আর তা উত্থাপন করেছিলেন বাংলাদেশেরই সংখ্যাগুরু জনগোষ্ঠীর অবিসংবাদিত নেতা এ, কে, ফজলুল হক। ১৯৪৬ সালে নিতান্ত অবৈধভাবে দিল্লী কনভেনশনে লাহোর প্রস্তাবের যে সংশোধনী করা হয়, তাতে বাংলার স্বতন্ত্র রাষ্ট্রীয়রূপের প্রশ্নকে পরিহার করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগ সম্পর্কে মাউন্টব্যাটেন পরিকল্পনা ঘোষণার পর স্বাধীন ও সার্বভৌম বাংলা প্রতিষ্ঠার প্রচেষ্টা হয়, কিন্তু সে প্রচেষ্টা ব্যর্থ হয় এবং যেভাবে পাকিস্তান প্রতিষ্ঠিত হয় তাতে স্বায়ত্তশাসনের বিষয়টি সম্পূর্ণরূপে উপেক্ষিত হয়। এরই পরিণতিতে পরবর্তীকালে বাংলাদেশের জনগণের সম্মুখে স্বায়ত্তশাসন তথা স্বাধীনতার জন্য সংগ্রাম করা ঐতিহাসিক প্রয়োজন হয়ে দেখা দেয়। এই ঐতিহাসিক প্রয়োজনকে মূর্ত করে তুলেছে এমন সমস্ত দলিলই এ খণ্ডে সন্নিবেশিত হয়েছে।

পটভূমি সংক্রান্ত দলিলপত্র দুটি খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ডটি শেষ হয়েছে ১৯৫৮ সালে আইয়ুব খানের ক্ষমতা দখলের সময়সীমায়। এখানে কাল বিভাজন করা হয়েছে একান্তই খণ্ড পরিকল্পনার পৃষ্ঠাসংখ্যার সুবিধার দিকে লক্ষ্য রেখে- কোন বিশেষ ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে নয়।

পটভূমির বেলায় যে ধরনের দলিল ও তথ্যাদি আমরা গ্রহণ করেছি সেগুলি হলো গেজেট বিজ্ঞপ্তি, পার্লামেন্টের কার্যবিবরণী, কোর্টের মামলা সম্পর্কিত রিপোর্ট ও রায়, কমিশন রিপোর্ট, রাজনৈতিক দলের কর্মসূচী ও প্রস্তাব, জনসভার প্রস্তাব, আন্দোলনের রিপোর্ট, ছাত্রদলের প্রস্তাব ও আন্দোলন, গণপ্রতিক্রিয়া, সংবাদপত্রের প্রতিবেদন, বিশিষ্ট ব্যক্তিবর্গের প্রামাণ্য সমীক্ষা ও প্রবন্ধ, রাজনৈতিক পত্র, সরকারী নির্দেশ ও পদক্ষেপ ইত্যাদি। স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদির বেলায় সংগ্রহের ধরন বিস্তৃততর হয়েছে স্বাভাবিকভাবেই। কারণ এই যুদ্ধের সংগে সারা বিশ্ব জড়িত হয়ে পড়েছিল। ফলে কেবল বাংলাদেশের অভ্যন্তরে নয়, সারা বিশ্বের বিষয়াদি জোগাড় করা অপরিহার্য হয়ে দেখা দেয় এবং প্রকল্প সেভাবেই অগ্রসর হয়। এ ব্যাপারে ব্যক্তিগত ডায়েরী, চিঠিপত্র, সাক্ষাৎকার, স্মৃতিকথা, সরকারী নথিপত্র, রণকৌশল ও যুদ্ধসংক্রান্ত লিপিবদ্ধ তথ্যাদি, মুক্ত এলাকায় মুক্তিবাহিনী ও বাংলাদেশ সরকারের প্রশাসনিক তৎপরতা, জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ, কমিটি গঠন, বিবৃতি, বিশ্বজনমত, বিভিন্ন দেশের পার্লামেন্টের কার্যবিবরণী প্রভৃতি নানা ধরনের তথ্য ও দলিল এই সংগ্রহের অন্তর্ভূক্ত করা হয়। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে নজর রেখেছি যাতে সর্বসাধারণের মনোভাব প্রতিফলনে কোন ফাঁক না থাকে। এই লক্ষ্য সামনে রেখে গণসহযোগিতার প্রতিস্তরের তথ্য সংগ্রহের চেষ্টা করা হয়েছে। প্রতিটি খণ্ডে যতদূর সম্ভব মূল দলিল সন্নিবেশিত করার দিকে বিশেষ লক্ষ্য রাখা হয়েছে। তবে যেসব দলিল ঐতিহাসিক গুরুত্ব অর্জন করেছে এবং যেগুলি বাদ দিলে ঘটনার ধারাবাহিকতা রক্ষিত হয় না সেগুলি আমরা প্রকাশিত সূত্র থেকে গ্রহণ করেছি।

এ কাজে একটিই আমাদের প্রধান বিবেচ্য ছিল, সঠিক ঘটনার সঠিক দলিল যেন সঠিক পরিমাণে বিন্যস্ত হয়। আমাদের কোন মন্তব্য নেই, অঙ্গুলি সংকেত নেই, নিজস্ব ব্যাখ্যা-বিশ্লেষণও নেই। আমরা বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ মনোভাব আগাগোড়া বজায় রাখার চেষ্টা করেছি। এই মূল লক্ষ্য সামনে রেখেই দলিল-তথ্যাদি বাছাই, সম্পাদনা এবং বিন্যাস করা হয়েছে। এ ক্ষেত্রে আমরা শুধু এইটুকু সতর্কতা অটুট রেখেছি যাতে কারো প্রতিনিধিত্ব ক্ষুণ্ণ না হয়। দলিলের যথার্থতাই যার যা ভূমিকা ও গুরুত্ব তা যথাযথভাবে তুলে ধরবে। বস্তুত জনসাধারণই এ ধরনের ঘটনার প্রকৃত মহানায়ক। জনসাধারণের মধ্যে অবস্থা পরিবর্তনের ইচ্ছা যখন পরিণত ও অপ্রতিরোধ হয়ে ওঠে, কেবল তখনই জনগনের মধ্য থেকে যোগ্যতম নেতৃত্বের অভ্যুদয় ঘটে। বাংলাদেশের বেলাতেও তাই ঘটেছে। আর তাই এমন সব দল বা সংগঠনের দলিল অন্তর্ভুক্ত করা হয়েছে, যে দল বা সংগঠন আমাদের জাতীয় রাজনীতির ক্ষেত্রে হয়তো মুখ্য ভূমিকা বা নেতৃত্ব গ্রহণ করেনি। তবু একাত্তরের অনেক আগেই বাংলাদেশের স্বাধীনতা চিন্তা একটা দেশের একটা জাতির নির্দিষ্ট লক্ষ্যাভিসারী অন্তঃস্রোতকেই সামনে তুলে ধরে। আসলে মহীরুহের চারপাশে জেগে ওঠা অজস্র গাছপালা নিয়েই বনের গঠন-কাঠামো। বনকে জানতে হলে এর সবটাই জানা দরকার।

তবে ব্যাপক প্রতিনিধিত্বের প্রশ্নে সবটুকু হয়তো প্রতিফলিত নাও হয়ে থাকতে পারে। এর দুটো কারণ, প্রথমত গ্রন্থের সীমিত পরিসরে স্থান সঙ্কুলানের প্রশ্ন, দ্বিতীয়ত অনেক তথ্য ও দলিল হাতে না আসা যা বহুক্ষেত্রে যোগাযোগ করেও পাওয়া যায়নি, কিছু ক্ষেত্রে যোগাযোগেরও সুযোগ ঘটেনি। সবাইকে আমরা জায়গা দিতে চেয়েছি এবং ভূমিকা অনুযায়ী গুরুত্ব বিধানের দিকেও লক্ষ্য রেখেছি- এইটেই মূল কথা। এই নীতি পটভূমি ও অন্যান্য খণ্ডেএকইভাবে অনুসৃত হয়েছে।

সাড়ে তিন লাখ পৃষ্ঠার মতো দলিল ও তথ্যাদি সংগ্রহসংখ্যার দিক থেকে বিপুল বলতে হবে। তবু আমাদের ধারণা এই যে, বহু দলিল ও তথ্য এখনো সংগ্রহের বাইরে রয়েছে। বাংলাদেশের প্রায় প্রতিটি লোকই কোন না কোন ভাবে স্বাধীনতা যুদ্ধের সংগে জড়িত ছিলেন। গ্রামে গ্রামে ব্যক্তিতে ব্যক্তিতে বহু ঘটনার উদ্ভব হয়েছে, বহু বীরত্বগাথা, বহু ত্যাগ, বিশ্বাসঘাতকতা, অত্যাচার, নিপীড়নের কাহিনী স্তরে স্তরে গড়ে উঠেছে। এর পরিমাণ অনুধাবন করা কঠিন। তাছাড়া সারা বিশ্ব জুড়েও ছিল এ সম্পর্কে সমর্থন ও প্রতিক্রিয়া এবং প্রবাসী বাঙালীদের ব্যাপক তৎপরতা। তাই সংগ্রহের কাজ সম্পূর্ণ হয়েছে তা বলা যায় না। দেশ ও বিদেশের তথ্য সংগ্রহের কাজ তাই কেবল বাড়তে পারে, শেষ সীমায় পৌঁছানোর ঘোষণা দেয়া এখনই সম্ভব নয়। এর জন্য দীর্ঘ পরিক্রমা ও সক্রিয়তার প্রয়োজন।

সীমিত সময়ের জন্য আমাদের প্রকল্পের আয়ু; তদুপরি আমাদের লোকবলও মাত্র চারজন। এই অবস্থায় এই বিশাল কাজের কতখানি বাস্তবায়ন সম্ভব তা ভাববার বিষয়। তবু আমরা অসাধ্য সাধনের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়েছিলাম এবং যতদূর সফল হয়েছি তাতে স্বাধীনতা যুদ্ধসংক্রান্ত তথ্য ও দলিলের ভিত্তিভূমি রচিত হয়েছে, নির্দ্বিধায় এ কথা বলা যায়। এখন এর বিকাশ ও উন্নয়নের অপেক্ষা রাখে মাত্র। তথ্য ও দলিল সংগ্রহ করতে গিয়ে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তাতে এ কথা বলা য়ায়।

দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা ছিল ব্যাপক এবং খোলামেলা। ব্যক্তিগত যোগাযোগ ছাড়াও এ উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময়ে পত্রপত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করেছি এবং মুক্তিযোদ্ধা সংসদ, শিক্ষা প্রতিষ্ঠান, পত্রপত্রিকার দপ্তর, গ্রন্থাগার এবং ইউনিয়ন পরিষদের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণীর জনগণের কাছে প্রেরণ করেছি কয়েক হাজার প্রশ্নমালা কিন্তু দুঃখজনকভাবে আশানুরূপ সাড়া মেলেনি। প্রতিটি রাজনৈতিক, ছাত্র, শ্রমিক এবং কৃষক সংগঠনের সাথেই যোগাযোগ করা হয়েছে- কিন্তু দলগতভাবে নয়, ব্যক্তিগতভাবে কেউ কেউ দিয়ে গেছেন নিজস্ব সংগ্রহের দলিলপত্র। আবেদনের জবাবে আশানুরূপ সাড়া না পাবার কারণ হিসেবে আমরা দুটি বিষয় লক্ষ্য করেছি : প্রথমত, ইতিহাসের গুরুত্ব সম্পর্কে অসচেতনতা, যার ফলে খুব কমসংখ্যক মানুষই দলিলপত্র সংগ্রহ বা সংরক্ষণ করে থাকেন এবং দ্বিতীয়ত, ভিত্তিহীন সংশয়- বিশেষ করে কারো কারো প্রতিক্রিয়ার আমাদের মনে হয়েছে যে, ইতিহাস প্রণয়নের প্রচেষ্টাটি সরকারী হওয়ায় এর সততা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে তাঁরা

যথেষ্ট সন্দিহান এবং ফলে দলিলপত্র প্রদানের মাধ্যমে পরিকল্পিত ইতিহাসকে সমৃদ্ধ করার পরিবর্তে অপূর্ণাংগতার সম্ভাবনাকেই যেন তাঁরা মেনে নিয়েছেন। ব্যাপক ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে এই সমস্যা আমরা অনেকটা কাটিয়ে উঠেছি। সরকারী উদ্যোগের কারণে ইতিহাসের নিরপেক্ষতা সম্পর্কে যে আশাঙ্কা, তা আমাদের দলিল খণ্ডগুলি নিরসন করবে বলে আমরা মনে করি।

এছাড়াও আমরা লক্ষ্য করেছি, এমন অনেকের কাছেই দলিল ও তথ্যাদি রয়েছে যা তাঁরা হাতছাড়া করতে রাজী নন। অনেকেই কিছু ছেড়েছেন, কিছু হাতে রেখে দিয়েছেন। আবার কারো কারো প্রত্যাশা, দলিলাদি পুরানো হলে সেগুলি অনেক বেশী লাভের উৎস হয়ে উঠতে পারে। আমরা মূল দলিলের ফটোকপি রেখে অনেককেই তাঁর মূল কপি ফেরত দিয়েছি। এ ক্ষেত্রেও অনেকেই ফটোকপি রাখারও সুযোগ দিতে রাজী হননি- অর্থাৎ তাঁর হাতের দলিলটি তিনি বেরই করেননি ভবিষ্যতের আশায়। সরকার দলিল সংগ্রহের ব্যাপারে কোন অর্ডিন্যান্স পাস করেননি। ফলে দলিল পাওয়ার জন্য আমরা ব্যক্তিগত অনুরোধ ও প্রয়াস চালাতে পারি, আইনগত চাপ সৃষ্টি করতে পারি না। অথচ এ কথাও সত্যি যে, স্বাধীনতাসংক্রান্ত দলিল মাত্রই জাতীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ উপকরণ, তাকে ব্যক্তিগতভাবে বা প্রতিষ্ঠানগতভাবে কুক্ষিগত করে রাখা উচিত নয়।

এই সংগে আমরা দুঃখের সংগে উল্লেখ করি যে, এই প্রকল্প শুরু হবার আগেই স্বাধীনতা যুদ্ধের বিশিষ্ট নেতাদের অনেককে আমরা হারিয়েছি। ফলে তাঁদের কাছে রক্ষিত দলিলপত্র পাওয়ার কিংবা তাঁদের সাক্ষাৎকার গ্রহণের সুযোগ থেকে আমরা বঞ্চিত হয়েছি।

এইসব বাধাবিঘ্নের মধ্যেই আমাদের এগিয়ে যেতে হয়েছে। ফলে আমাদের এতদসংক্রান্ত যে বুনিয়াদ তৈরী হয়েছে তা অতীতের ত্রুটি সংশোধনে এবং ভবিষ্যতের সম্ভাবনার ক্ষেত্রে প্রস্তুত করতে সহায়ক হতে পারে। যে তথ্যগত ফাঁক থেকে যাচ্ছে তা পূরণ হওয়া দরকার। সম্ভব হলে অপ্রকাশিত দলিলপত্র থেকে কিংবা ভবিষ্যতে আরো দলিলপত্র সংগৃহীত হলে তা থেকে নির্বাচন করে অতিরিক্ত খণ্ড প্রকাশ করে এই ফাঁক পূরণের চেষ্টা করা যাবে। দেশে-বিদেশের দুষ্প্রাপ্য দলিল সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখা একান্ত জরুরী বলেই আমরা মনে করি। এ ধারা ক্ষুণ্ণ হলে এ কাজ দুরূহতর হবে, এমনকি এটা সম্পূর্ণ করা অসম্ভব হয়ে উঠতে পার। এ ব্যাপারে স্থায়ী কর্মসূচী সুফলদায়ক হবে সন্দেহ নেই।

দলিল এবং তথ্য প্রামাণ্যকরণের জন্য সরকার নয়-সদস্যবিশিষ্ট একটি প্রামাণ্যকরণ কমিটি গঠন করেন (পরিশিষ্ট দ্রষ্টব্য)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন প্রো-ভাইস চ্যান্সেলর প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মফিজুল্লাহ কবীর এই প্রামাণ্যকরণ কমিটির চেয়ারম্যান।

কমিটির সদস্যরা হলেন :

ডঃ সালাহউদ্দীন আহমদ, প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ আনিসুজ্জামান, প্রফেসর, বাংলা বিভাগ, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়।
ডঃ সফর আলী আকন্দ, পরিচালক, ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী।
ডঃ এনামুল হক, পরিচালক, ঢাকা যাদুঘর।
ডঃ কে, এম, করিম, পরিচালক, জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার।
ডঃ কে, এম, মহসীন, সহযোগী প্রফেসর, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ডঃ শামসুল হুদা হারুন, সহযোগী প্রফেসর, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
জনাব হাসান হাফিজুল রহমান, সদস্য-সচিব।

প্রকল্পের কর্মীবৃন্দ নির্দিষ্ট গ্রন্থের জন্য দলিলাদি বাছাই করে প্রামাণ্যকরণ কমিটির সামনে পেশ করেন। প্রামাণ্যকরণ কমিটি সেগুলি নির্ভুল ও গ্রহণযোগ্য কি না তা পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই করেন। কমিটির সর্বসম্মত সিদ্ধান্তানুযায়ী যে সকল দলিল ও তথ্য প্রামাণ্য বলে গৃহীত হয়, কেবলমাত্র সেগুলিই গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রন্থের জন্য পেশকৃত দলিলাদির কিছু কিছু কমিটি নাকচ করেন; কিছু নতুন দলিল ও তথ্য যা গ্রন্থের উৎকর্ষের জন্য নেহাৎ জরুরী তা সংগ্রহের জন্য নির্দেশ দেন। প্রকল্পের পক্ষ থেকে তাঁদের এই নির্দেশ যথাসাধ্য পালন করা

হয়েছে। তবে এ-ক্ষেত্রে অনেক সময় প্রকল্পকে বেশ দুরূহ সমস্যার সম্মুখীন হতে হয়েছে। একেই লোকবল নগণ্য, তার ওপর স্বাভাবিক কাজ সেরে নিতান্ত দুষ্প্রাপ্য দলিলের সন্ধানে প্রকল্পের কর্মীদের হিমশিম খেতে হয়েছে। তবুও কর্মীরা লেগে থেকেছেন এবং অধিকাংশ ক্ষেত্রেই সফলও হয়েছেন। তবে সংগ্রহ যথাসময়ে হয়তো হয়নি, অনেক সময় গড়িয়ে গেছে। ফলে খণ্ডবিশেষে সংযোজন অধ্যায় যোগ করতে হয়েছে। বিশেষভাবে পটভূমি খণ্ড সংকলনে এই পরিস্থিতি প্রকট হয়ে দেখা দিয়েছিল। উদাহরণস্বরূপ বলা যায় যে, ১৯০৫ সালের মূল গেজেট বিজ্ঞপ্তিটি পাওয়া যাচ্ছিল না। পটভূমি খণ্ডের জন্য আমরা প্রামাণ্য গ্রন্থ থেকে এই বিজ্ঞপ্তিটি উদ্ধৃত করি। কিন্তু প্রামাণ্যকরণ কমিটি যতদূর সম্ভব মূল দলিল সংকলনের পক্ষপাতী। তাই মূল দলিল সংগ্রহের চেষ্টা নতুনভাবে নেয়া হয়। ঢাকা গেজেটে এই বিজ্ঞপ্তি ছাপা হয়নি। কোলকাতা গেজেটেও নয়। ইতিমধ্যে পটভূমি খণ্ডটি প্রেসে চলে যায়। এই গেজেটের ফাইল লোকচক্ষুর অন্তরালে ছিল, হঠাৎ অন্য কাগজের স্তূপের ভেতর ধূলিধূসরিত অবস্থায় পাওয়া যায়। তমিজুদ্দিন খানের রীট আবেদনের মূল দলিল খুঁজতে গিয়ে অপরিসীম পরিশ্রমের পরও তা পাওয়া যায়নি। এর মূল কপি সিন্ধু হাইকোর্টে রয়েছে। আনা সম্ভব হয়নি। সুতরাং তা উদ্ধৃতির আকারেই গিয়েছে। এ থেকে প্রামাণ্যকরণ কমিটির সংকলনের কাজ নিখুঁত ও সুষ্ঠু করার জন্য অটল আগ্রহ ও আন্তরিকতাই ব্যক্ত হয়। প্রকল্পের কর্মীরাও তাঁদের এই অনুভূতির যথাসাধ্য মর্যাদা দিয়েছেন; তাঁদের নির্দেশাবলী বাস্তবায়নে কসুর করেননি, প্রায় ক্ষেত্রেই সফল হয়েছেন। পটভূমি খণ্ডে দলিলসমূহ কালানুক্রম অনুযায়ী সাজানো হয়েছে। অন্যান্য খণ্ডের দলিলের বেলাতেও কমবেশী এই নীতি অনুসৃত হয়েছে। প্রতিটি খণ্ডেই নির্ঘন্ট ও কালপঞ্জী দেয়া হয়েছে। শেষ খণ্ডে গ্রথিত হচ্ছে সকল খণ্ডের নির্ঘন্ট এবং কালপঞ্জী; ফলে পাঠকদের পক্ষে কোন খণ্ডে কী আছে তা একনজরে জানা সম্ভব হবে।

প্রামাণ্যকরণ কমিটির সিদ্ধান্ত ছিল দলিলসমূহ মূল যে ভাষায় আছে তাতেই ছাপা হবে; কিন্তু কার্যক্ষেত্রে এতে বিশেষ অসুবিধে দেখা দেয়। বাংলা ও ইংরেজী ভাষায় মূল দলিলগুলি আমরা সংকলনে স্থান দিয়েছি। তাছাড়া উর্দু, হিন্দী, আরবী ও রুশ ভাষার বেশ কিছু গুরুত্বপূর্ণ দলিল অনুবাদসহ সংকলনের অন্তর্ভুক্ত হয়েছে। স্কান্দেনেভীয়, ফরাসী, জার্মান, জাপানী ও ইন্দোনেশীয় প্রভৃতি ভাষায় বেশ কিছু দলিল ও তথ্য থাকা সত্ত্বেও তার অনুবাদ করা এবং গ্রন্থে সেসবের স্থান দেয়া এখনও সম্ভবপর হয়নি। এগুলি ভবিষ্যতের জন্যে জমা রইল। প্রাসঙ্গিকতা ও পরিসরের কথা বিবেচনা করে কোন কোন দলিল সংক্ষিপ্ত করা হয়েছে, তবে সে ক্ষেত্রে আমরা বিশেষভাবে লক্ষ্য রেখেছি যাতে মূলের বিকৃতি না ঘটে।

বর্তমানে আমাদের সংগ্রহে প্রায় সাড়ে তিন লাখ পৃষ্ঠার দলিল ও তথ্যাদি জমা হয়েছে। এর ভেতর ১৫ হাজার পৃষ্ঠা ছাপা হচ্ছে। বাকি দলিল ও তথ্যাদি ছাপার বাইরে রয়ে যাবে। এছাড়া সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত থাকায় আরও দলিলপত্র সংগৃহীত হবে। এগুলির গুরুত্বও কম নয়। অর্থাৎ এগুলির ওপর গবেষণা করা এবং তার ওপর ভিত্তি করে প্রকল্প-প্রকাশিত খণ্ডগুলির বাইরেও নতুন তথ্য সংবলিত মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধ সংক্রান্ত গ্রন্থ প্রকাশের সম্ভাবনা অবারিত থেকে যাবে। এ সুযোগ সম্প্রসারিত করা দেশ ও জাতির স্বার্থেই একান্ত অপরিহার্য। কারণ এ সম্পর্কে যত বেশী বস্তুনিষ্ঠ তথ্যাদি জাতি জানতে পারবে আমাদের অগ্রযাত্রা তত বেশী নির্ভূল ও সচ্ছল হবে। তাছাড়া এ আমাদের অনন্ত অনুপ্রেরণার উৎস; তাই এ সম্পর্কিত প্রতিটি ছত্র পরম যত্ন, দায়িত্ব ও আগ্রহে সংরক্ষিত করা দেশ ও সরকারের নৈতিক কর্তব্যের অন্তর্ভুক্ত। বস্তুত প্রায় প্রতিটি আত্মসচেতন দেশই তাদের অভ্যুদয়ের সঙ্গে জড়িত ঘটনাবলী সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের জন্য স্থায়ী আর্কাইভস প্রতিষ্ঠা করে থাকেন এবং এ সংগ্রহের কাজ ও এর ওপর গবেষণার কর্মসূচী অব্যাহত রাখেন। বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের ব্যাপারে এ সম্ভাবনার বাস্তবায়ন করার সুযোগ সৃষ্টি সমানভাবে দরকার- বিশেষভাবে এ কারণে যে, এ সংগ্রামে এ দেশের সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেছিলেন, যত দিন যাবে তাদের সংগে যোগাযোগ তত বৃদ্ধি পাবে, নতুন নতুন তথ্য আর্কাইভস-এর সংগ্রহ সমৃদ্ধতর করতে থাকবে। এ সুযোগ বিনষ্ট করা দুর্ভাগ্যজনক ছাড়া আর কিছুই বলা যাবে না।

প্রকল্পের বিপুল পরিমাণ দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দিয়ে যাঁরা আমাদের সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। এ পর্যায়ে কিছু প্রতিষ্ঠান, সংগঠন, ব্যক্তি ও কর্মীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। ঢাকা যাদুঘর, বাংলা একাডেমী, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, বাংলাদেশ অবজারভার লাইব্রেরী, দৈনিক বাংলা লাইব্রেরী, জাতীয় সংসদ লাইব্রেরী এবং

জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার বিভিন্নভাবে আমাদেরকে সাহায্য করেছেন। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় যাদুঘর এবং দিনাজপুর কালেকটরেট হতেও আমরা কিছু দলিল ও তথ্যাদি পেয়েছি। এছাড়া তথ্য মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার এবং সামরিক গোয়েন্দা পরিদপ্তর (ডি, এম, আই)-এর সৌজন্যে বহুসংখ্যক দলিল-দস্তাবেজ আমরা সংগ্রহ করতে পেরেছি। তাঁদের সক্রিয় সহযোগিতার জন্য আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ব্যক্তিগত উদ্যোগে ও ব্যক্তিগত সংগ্রহ থেকে অনেকে দলিলপত্র দিয়ে প্রকল্পকে সাহায্য করেছেন। তাঁদের মধ্যে কিছু নাম এখানে উল্লেখ করা খুবই সংগত মনে করছি। প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী কিছুসংখ্যক মূল্যবান দলিল প্রকল্পকে দিয়েছেন। বিদেশে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন এবং মার্কিন কংগ্রেসের বহুসংখ্যক দলিল এ, এম, এ, মুহিতের সৌজন্যে আমরা পেয়েছি। প্রবাসে বাংলাদেশ আন্দোলনের সংগে জড়িত অনেকে তাঁদের দলিলপত্র প্রকল্পকে দিয়েছেন। তাঁদের মধ্যে মরহুমা রাশীদা রউফ, আজিজুল হক ভূইয়া, ডঃ এনামুল হক, আমীর আলী, সাখাওয়াত হোসেন ও জহির উদ্দীন আহমদের নাম উল্লেখযোগ্য। বিদেশ হতে কিছু মূল্যবান দলিল পাঠিয়েছেন মাহমুদুল হক এবং খোন্দকার ইব্রাহিম মোহাম্মদ। মুজিবনগর সরকার এবং স্বাধীন বাংলা বেতারের দলিলপত্র সংগ্রহের ক্ষেত্রে যাদের সাহায্য-সহযোগিতার কথা আমরা বিস্মৃত হব না তাঁরা হলেন হাসান তৌফিক ইমাম, মওদুদ আহমদ, মাঈদুল হাসান, আবদুস সামাদ, দেবব্রত দত্তগুপ্ত, শামসুল হুদা চৌধুরী ও আলমগীর কবীর। পটভূমি পর্যায়ের কিছু গুরুত্বপূর্ণ দলিল দিয়ে সাহায্য করেছেন বদরুদ্দীন উমর, কাজী জাফর আহমদ, অজয় রায়, ইসমাইল মোহাম্মদ, যতীন সরকার, শেখ আবদুল জলিল, ডঃ সাঈদ-উর-রহমান এবং আমিনুল হক। ইসমত কাদির গামা, শামসুজ্জামান মিলন, উৎপল কান্তি ধর, স্বপন চৌধুরী ও রেজা মোস্তাক স্বাধীনতা যুদ্ধের দলিল ও তথ্যাদি দিয়েছেন। উল্লিখিত সকলকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া আমাদের বিপুল সংগ্রহের বিরাট কর্মকাণ্ডের সংগে জড়িত রয়েছেন আরও অনেকে। এই স্বল্প পরিসরে তাঁদের প্রত্যেকের নাম উল্লেখ করা সম্ভব নয়। আমাদের আর্কাইভস-এর দলিল সংরক্ষণ খাতায় তাঁদের সকলের নাম দলিলাদির উৎস হিসেবে লিখিত রয়েছে। তাঁদেরকেও ধন্যবাদ।

দলিল ও তথ্যাদি সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রামাণ্যকরণ কমিটির অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। কমিটির সদস্যগণ পরম ধৈর্য, যত্ন ও আগ্রহ সহকারে দলিলাদির প্রাসঙ্গিকতা ও মূল্য বিচার করেছেন। তাঁরা শুধু দলিলাদির সত্যতা যাচাই করেননি, প্রকল্পের উন্নয়ন এবং বিশেষ করে খণ্ডসমূহের তথ্যসমৃদ্ধি ও সৌকর্য বৃদ্ধির জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন। এ ক্ষেত্রে আমরা বিশেষভাবে কমিটির চেয়ারম্যান প্রফেসর মফিজুল্লাহ কবীরের কথা আন্তরিকতার সংগে স্মরণ করছি।

দলিল সংগ্রহ খণ্ডগুলির প্রকাশনার ব্যাপারে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই। এই সংগে বাংলাদেশ সরকারের মুদ্রণ বিভাগ এবং দি প্রিন্টার্স-এর প্রতিও আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি।

সবশেষে আরও কয়েকজনের কথা বলতে হয়- স্বাধীনতা যুদ্ধের দলিলসংগ্রহ খণ্ডগুলির পেছনে রয়েছে যাঁদের অক্লান্ত শ্রম ও নিরলস সাধনা, তাঁরা এই প্রকল্পের চারজন গবেষক- সৈয়দ আল ঈমামুর রশীদ, আফসান চৌধুরী, শাহ আহমদ রেজা এবং ওয়াহিদুল হক। শুধুমাত্র চাকরির দায়িত্বে নয়- গবেষণার স্পৃহা ও প্রকল্পের কাজের সংগে একাত্মতায় তাঁরা দলিল ও তথ্যাদি সংগ্রহের কাজ হতে শুরু করে দলিলসমূহের সংগ্রহ, বাছাই, সম্পাদনায় সহায়তা, প্রেসকপি তৈরীকরণ, মুদ্রণ তত্ত্বাবধান-সর্ববিধ কাজ সীমিত ও সংকীর্ণ সময়ের মধ্যে সম্পন্ন করেন। এছাড়া সুকুমার বিশ্বাস ও রতনলাল চক্রবর্তীর শ্রম ও নিষ্ঠার কথা উল্লেখযোগ্য। প্রশাসনিক দিক থেকে আবদুল হামিদের গভীর দায়িত্ববোধ এবং নিরলস তৎপরতা প্রকল্পের স্বাভাবিক কাজকর্ম অব্যাহত রাখতে সাহায্য করেছে।

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা আত্মহুতি দিয়েছেন, যাঁরা নির্যাতিত হয়েছেন, যাঁরা ত্যাগ স্বীকার করেছেন, সর্বব্যাপী প্রতিকূল পরিবেশে যাঁরা দেশপ্রেমের দীপশিখা অমলিন রেখেছেন, যাঁরা আমাদের কর্মের পথে প্রতি মুহূর্তের প্রেরণাস্বরূপ তাঁদের সকলের উদ্দেশে গভীর শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে স্বাধীনতা যুদ্ধের দলিলপত্রের এই সংগ্রহ আমরা দেশের মানুষের হাতে তুলে দিচ্ছি।

হাসান হাফিজুর রহমান

সম্পাদক

সংযোজন

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস প্রকল্পের সাবেক পরিচালক জনাব হাসান হাফিজুর রহমানের আকস্মিক মৃত্যুর পর তথ্য মন্ত্রণালয়ের দু'জন উপসচিব কিছুকাল প্রকল্পের দায়িত্বে ছিলেন এবং এরপর পরিচালকের দায়িত্ব আমার ওপর অর্পণ করা হয় । হাসান হাফিজুর রহমানের জীবদ্দশায় প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে এগিয়ে চলছিল তবে তিনি চার খন্ডের মুদ্রিত রূপ দেখে যেতে পেরেছিলেন আর ছয় খন্ড মুদ্রণের জন্য প্রেসে পাঠানো হয়েছিল। এই প্রকল্প বাস্তবায়নের জন্য তাঁর আন্তরিক উৎসাহ ও নিরলস পরিশ্রমের কথা আমরা সশ্রদ্ধচিত্তে স্মরন করছি।

স্বাধীনতা যুদ্ধের ইতিহাসের দলিলপত্র সংকলন ও মুদ্রণের গুরুদায়িত্ব সম্পর্কে সংশ্লিষ্ট সকলে সচেতন ছিলেন। ফলে হাসান হাফিজুর রহমানের মৃত্যুর পর প্রকল্পের কাজের স্বাভাবিক গতি ব্যাহত হয়নি। প্রামাণ্যকরণ কমিটির গঠন পূর্বানুরুপ থাকে এবং এই কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্পের অন্তর্ভুক্ত কোন বিষয় পরিবর্তন করা হয়নি।পূর্বে গৃহীত নীতির ভিত্তিতে এবং কর্মরত গবেষক ও অফিস কর্মচারীদের নিয়ে প্রকল্পের অবশিষ্ট কাজ চলতে থাকে। তবে প্রকল্পের জন্য নির্ধারিত সময়ের সীমাবদ্ধতার জন্য দলিল ও তথ্যাদি সংগ্রহ এবং সেগুলোর সম্পাদনা যুগপৎভাবে করতে হয়েছে বলে দলিল খন্ডসমূহের ক্রম অনুযায়ী মুদ্রণের ধারাবাহিকতা রক্ষা করা যায়নি। কোন কোন খন্ডের বিষয় সম্পর্কিত পর্যাপ্ত দলিল ও তথ্যপ্রাপ্তির বিলম্বই তার একমাত্র কারণ।

প্রামাণ্যকরণ কমিটি কর্তৃক অনুমোদিত ভুমিকাটি পরবর্তী খন্ডগুলিতেও অপরিবর্তিতভাবে সন্নিবেশ করা হয়েছে। আমাদেও মূল লক্ষ্য ছিল সবগুলো দলিলখন্ডের মধ্যে গুণগত ও পদ্ধতিগত সামঞ্জস্য অক্ষুন্ন রাখা এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সকল খন্ডের মুদ্রণ ও প্রকাশনা সম্পন্ন করা। এ কাজ সুষ্ঠুভাবে করতে পারলেই দায়িত্ব পালনে আমরা সমর্থ হয়েছি বলে ভাবতে পারব।

কে এম মোহসীন

দলিল প্রসঙ্গ : বিশ্ব জনমত

চতুর্দশ খন্ডের বিষয়বস্তু হচ্ছে আন্তর্জাতিক গণমাধ্যম। ১৯৭১ সালে বাংলাদেশের ঘটনাবলী বিভিন্ন দেশের পত্র-পত্রিকা এবং বেতার প্রচারে ব্যাপকভাবে স্থান পায়। বস্তুতঃপক্ষে প্রায় প্রতিদিনের খবরের কাগজে বাংলাদেশের বিভিন্ন ঘটনার রিপোর্ট বা সম্পাদকীয় মুদ্রিত হয়। এখানে উল্লেখ্য যে, প্রায় সব প্রকাশনাই ছিল বাংলাদেশে আন্দোলনের পক্ষে অথবা সেই সময় এই দেশের মানুষের অবর্ণনীয় দুঃখকষ্টের ওপর রচিত নিবন্ধ।

এই খন্ড নির্মাণে প্রকল্প দলিলপত্রের ভিত্তিতে কয়েকটি দেশ ভিত্তিক বিভাজন করেছেন। সমগ্র গ্রন্থ ৫ টি অধ্যায়ে বিভক্ত করা হয়েছে। প্রথম অধ্যায়, মার্কিন যুক্তরাষ্ট, পৃষ্ঠা ১-৩১৪, দ্বিতীয় অধ্যায়, যুক্তরাজ্য, পৃষ্ঠা ৩১৭-৪৬১ তৃতীয় অধ্যায়, বিবিসি, পৃষ্ঠা ৪৬৫-৫৫৮; চতুর্থ অধ্যায়, বিশ্ব-রাষ্ট্র সমুহ, পৃষ্ঠা ৫৬১-৬৬৫; পঞ্চমত অধ্যায়, ভারত, পৃষ্ঠা; ৬৬৯-৯৮০।

গনমাধ্যামের ক্ষেত্রে কেবলমাত্র বিবিসি থেকে প্রচারিত সংবাদ ও প্রতিবেদনসমুহ অন্তর্ভুক্ত করা হয়েছে। এর কারণ হচ্ছে অন্যান্য বেতার কেন্দ্র থেকে প্রচারিত সংবাদ ও নিবন্ধসমূহ চেষ্টা সত্ত্বেও সংগ্রহ করা সম্ভব হয়নি। বিবিসি এ ব্যাপারে সহযোগিতা দেখায়। এছাড়া এই বেতার কেন্দ্রের খবরসমূহ ছিল পশ্চিমী বেতার কেন্দ্রগুলি কর্তৃক প্রচারিত তথ্যসমুহের প্রতিনিধিমূলক।

মার্কিন পত্র-পত্রিকা থেকে নির্বাচনকালে যতদূর সম্ভব বিভিন্ন সংবাদের গুরুত্ব এবং প্রতিনিধিত্বমূলক চরিত্র উপস্তিত করার চেষ্টা করা হয়েছে। নিউইয়র্ক টাইমস, ওয়াশিংটন পোস্ট, বাল্টিমোর সান, টাইম ও নিউজউইক ম্যাগাজিন, ওয়ালস্ট্রিট জার্নাল ইত্যাদিতে প্রকাশিত খবরাদিতে প্রধান্য পেয়েছে। কেননা এই পত্রিকাগুলো হচ্ছে যুক্তরাষ্ট্রের জনমত গঠনে সবচেয়ে শক্তিশালী এবং এগুলো ৭১ সালে বাংলাদেশের পক্ষে প্রচার কার্যে অগ্রণী ভূমিকা পালন করেছে। তুলনামূলকভাবে স্বল্প পরিচিতি কিছু পত্র-পত্রিকার সংবাদ নিবন্ধও সংযোজিত হয়েছে। যেসব প্রতিবেদন সেসময় বাংলাদেশের মানুষের কাছে জনপ্রিয় হয়েছিল তার বেশ কয়েকটি এই খন্ডে ছাপানো হয়েছে।

যুক্তরাজ্য থেকে প্রকাশিত বিভিন্ন পত্র-পত্রিকার ক্ষেত্রেও উপরোক্ত নীতিমালা মেনে চলা হয়েছে। তৎকালীন যুক্তরাজ্যের গণমাধ্যম বাংলাদেশের আন্দোলনকে ব্যাপকভাবে বিশ্ববাসীর সামনে উপস্তিত করে। বিবিসি থেকে প্রচারিত অনুষ্ঠানসমুহের মধ্যে একটি ছিল সাপ্তাহিক সংবাদ পরিক্রমা। এই অনুষ্ঠানে যুক্তরাজ্যে প্রকাশিত প্রভাবশালী পত্রিকা সমূহের সংবাদ ও প্রতিবেদন এবং তাদের ওপর মন্তব্য প্রচার করা হতো। অতএব, এই দুই অধ্যায় একে অন্যের পরিপুরক হিসেবে এই গ্রন্থে স্থান পেয়েছে।

চতুর্থ অধ্যায় বিন্যাসকালে যতদূর সম্বভ চেষ্টা করা হয়েছে বিশ্বজনমতের একটি প্রতিনিধিত্বমূলক চিত্র তুলে ধরার। এই উদ্দেশ্যে যেসব পত্র-পত্রিকা প্রকল্পের সংগ্রহে ছিল সেগুলো থেকে যতদূর সম্ভব একটি বিস্তৃত রূপ উপস্থিত করা হয়েছে। কিছু কিছু দেশের অনুপস্থিতির কারণ হচ্ছে আমাদের সংগ্রহের অভাব।

১৯৭১ সালে ভারতের সমস্ত পত্র-পত্রিকায় বাংলাদেশের সংক্রান্ত সংবাদই সবচেয়ে বেশি প্রধ্যান্য পায়। যেহেতু ভারতের পররাষ্ট্র এবং অভ্যন্তরীণ প্রধান বিষয় ছিল বাংলাদেশ সমস্যা সেহেতু ভারতীয় খবর এবং বাংলাদেশ সংক্রান্ত খবরের মধ্যে এমন কোন পার্থক্য ছিল না। পঞ্চম খন্ডের এ অধ্যায় সম্পাদনা করতে গিয়ে দলিলের ব্যাপকতাই ছিল আমাদের সামনে এক প্রধান সমস্যা। এই সমস্যা উত্তরণে প্রকল্প যথাসম্ভব চেষ্টা করেছে সেই সব সংবাদ নিবন্ধকে স্থান দিতে যেগুলি সরাসরি বাংলাদেশের অবস্থান এবং আন্দোলন সম্পর্কিত। একই সাথে বাংলাদেশ প্রসঙ্গে ভারতীয় নীতি সংক্রান্ত দলিলসমুহও অন্তর্ভুক্ত করা হয়েছে। বিভিন্ন দল ও গোষ্ঠীর ভূমিকাও বাদ যায়নি। অর্থাৎ সরকারী কর্মকান্ডের বাইরে যেসব তৎপরতা ছিল সেদিকেও নজর দেয়া হয়েছে।

বার

কেবলমাত্র একটি খন্ডে সমগ্র বিশ্বজনমতের প্রতিচ্ছবি পাঠকের সামনে উপস্থিত করা দুঃসাধ্য ব্যাপার। প্রকল্প চেষ্ঠা করেছে তার একটি প্রতিনিধিত্বমূলক চিত্র তুলে ধরতে। এর মধ্যে কিছু পরিচিতি প্রতিবেদনও হয়ত বাদ পড়তে পারে তবে প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল ১৯৭১ সালে আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশ আন্দোলনের প্রতি সমর্থন এবং সহানুভূতির একটি নির্বাচিত দলিল-সমগ্র নির্মাণ করা।

পাঠকের কাছে কিছু কিছু সংবাদ এবং প্রতিবেদন হয়তো পরস্পর বিরোধী মনে হতে পারে। এটাই স্বাভাবিক, কারণ, ঘটনাসমূহ বিভিন্ন সাংবাদিক অবলোকন করেছেন তাঁদের নিজস্ব প্রেক্ষিতে থেকে। তাছাড়া তথ্যেরও কিছু কিছু গরমিল থাকা অস্বাভাবিক নয়। কারণ সে সময় কোন কেন্দ্রীয় তথ্য সরবরাহের ব্যবস্থা ছিল না। এমনকি বলা যেতে পারে যে সে অবস্থায় নির্ভূল সংবাদ সংগ্রহ করা ছিল প্রায় অসম্ভব। সংগৃহীত তথ্য এবং অনুমানের ওপর ভিত্তি করেই এইসব রিপোর্ট রচিত হতো। আশা করা যায় এই ধারাটি পাঠক উপলব্ধি করবেন এবং ৭১-এর বাংলাদেশের ঘটনাবলীর একটি সামগ্রিক চিত্র এই খন্ডের মাধ্যমে উপস্থাপিত হবে।

কে এম মোহসীন

পরিশিষ্ট

[এক]

The Bangladesh Gazette, Part II September 1, 1971, Page 503

Ministry of Information & Broadcasting

*** *** ***

বিজ্ঞপ্তি

ঢাকা, ২৩শে আগস্ট ১৯৭৭

নং-তথ্য/৪ই-২৫/৭৭/৪১৪৮১- স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনার উদ্দেশ্যে দৈনিক বাংলার প্রাক্তন সম্পাদক জনাব হাসান হাফিজুর রহমানকে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত অফিসার পদে ১৯৭৭ সনের ১লা জুলাই হইতে জনস্বার্থে এক বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইল।

২। চুক্তির শর্তানুযায়ী তিনি তাঁহার বেতন ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে-
আবদুস সোবহান
উপ-সচিব

পরিশিষ্ট

[দুই]

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/231 Dated 18-7-1978

RESOLUTION

In connection with the Writing and Printing of the History of Bangladesh War of Liberation the Government have been pleased to constitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh War of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir	Pro-Vice Chancellor, Dacca University
2.	Professor Salahuddin Ahmed	Chairman, Department of History, Jahangirnagar University
3.	Dr. Safar Ali Akanda	Director, Institute of Bangladesh Studies, Rajshahi.
4.	Dr. Enamul Huq	Director, Dacca Museum.
5.	Dr. K. M. Mohsin	Associate Professor, Deptt. of History, Dacca University
6.	Dr. Shamsul Huda Harun	Associate Professor, Deptt. of Political Science, Dacca University
7.	Dr. Ahmed Sharif	Professor and Chairman, Deptt. of Bengali, Dacca University
8.	Dr. Anisuzzaman	Professor, Deptt. of Bengali, Chittagong University
9.	Mr. Hasan Hafizur Rahman	O.S.D., History of Bangladesh War of Liberation Project

The following shall be the terms of reference of the Committee:\

(a) To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

(b) To determine validity and price of document are required for the purpose.

Syed Asgar Ali
Section Officer

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

MINISTRY OF INFORMATION & BROADCASTING

DACCA

No. 51/2/78-Dev/10493/ (25) Dated : 13-2-1979

RESOLUTION

In partial modification of Resolution issued under No. 51/2/78-Dev/231, dated 18.7.78 Govt. have been pleased to reconstitute and Authentication Committee for the Project "Writing and Printing of a History of Bangladesh are of Liberation" with the following members:

1.	Dr. Mafizullah Kabir Pro-Vice Chancellor, Dacca University	Chairman
2.	Professor Salahuddin Ahmed Chairman, Department of History, Jahangirnagar University	Member
3	Dr. Anisuzzaman Professor, Deptt. of Bengali, Chittagong University	Member
4.	Dr. Safar Ali Akanda Director, Institute of Bangladesh Studies, Rajshahi.	Member
5.	Dr. Enamul Huq Director, Dacca Museum.	Member
6.	Dr. K. M. Mohsin Associate Professor, Deptt. of History, Dacca University	Member
7.	Dr. Shamsul Huda Harun Associate Professor, Deptt. of Political Science, Dacca University	Member
8.	Dr. K. M. Karim Director, National Library and Archives, Dacca	Member
9.	Mr. Hasan Hafizur Rahman O.S.D., History of Bangladesh War of Liberation Project	Member-Secretary

2. The following shall be the terms of reference of the Committee:

To verify, endorse and authenticate the collected data and documents to be included in the History of Bangladesh War of Liberation.

To determine validity and price of document are required for the committee.

M.A. Salam Khan
Section Officer

সূচীপত্র

প্রথম অধ্যায়

পত্র-পত্রিকা : যুক্তরাষ্ট্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১।	ঢাকায় বিদ্রোহ দমনে কামান ব্যবহার	১
২।	অবস্থা সৈন্যদের নিয়ন্ত্রণে	৪
৩।	সেনাবাহিনী কর্তৃক বিদেশী সাংবাদিক বহিষ্কার	৮
৪।	ট্যাঙ্কের বিরুদ্ধে লাঠি	৯
৫।	ইয়াহিয়ার পূর্ব পাকিস্তান আক্রমণ পূর্ব-পরিকল্পিত	১১
৬।	বিক্ষুদ্ধ পাকিস্তান	১৮
৭।	পাকিস্তানের মর্মান্তিক ঘটনা	১৯
৮।	ট্যাঙ্ক দ্বারা শহর ধ্বংস	২০
৯।	পূর্ব পাকিস্তানের আভ্যন্তরীণ সংঘাত	২১
১০।	পাকিস্তানের নামে (সম্পাদকীয়)	২২
১১।	দ্বন্দের মূলে	২৩
১২।	পাকিস্তানের ভয়ঙ্কর খেলা	২৫
১৩।	পাকিস্তানীরা বাঙালীদের নিশ্চিহ্ন করছে	২৭
১৪।	পাকিস্তানে গৃহযুদ্ধ	২৯
১৫।	পাকিস্তান : পতনের পদধ্বনি	৩৫
১৬।	বাংলায় রক্ত বন্যা	৩৮
১৭।	দেশত্যাগীদের মতে ভয়ঙ্কর যুদ্ধ চলছে	৩৯
১৮।	আমরা সবাই বাঙালী	৪২
১৯।	প্রথম রাউন্ডে পশ্চিম পাকিস্তানের বিজয়	৪৪
২০।	পাকিস্তান : একটি আদর্শের মৃত্যু	৪৬
২১।	হত্যাযজ্ঞের মধ্যে বাঙালীদের মন্ত্রিসভা গঠন	৫০
২২।	পাকিস্তানে বিদ্রোহীরা স্বীকৃতি চায়	৫৩
২৩।	বাঙালী যোদ্ধাদের সঙ্গে	৫৪
২৪।	গুলী না রুটি	৫৭
২৫।	অর্থনৈতিক দুর্যোগ	৫৮
২৬।	পূর্ব-পাকিস্তানের হত্যালীলা (সম্পাদকীয়)	৬০
২৭।	বাঙালী সৈনিকের ভয়ঙ্কর অভিজ্ঞতা	৬১
২৮।	পাকিস্তানের অস্ত্র মার্কিন যুক্তরাষ্ট্রে তৈরি	৬৪
২৯।	এই যুদ্ধে নারকীয় অবস্থা কেবল এক পক্ষেরই	৬৬
৩০।	কুষ্টিয়ার যুদ্ধ	৬৮
৩১।	একটি মুমূর্ষ আদর্শ	৭০
৩২।	সীমান্তের দিকে চাপ	৭৪

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
৩৩।	শকুণ আর বুনো কুকুর	৭৬
৩৪।	পাকিস্তান ঃ একটি ভগ্নপ্রায় স্বপ্ন	৭৯
৩৫।	পূর্ব-পাকিস্তান দুর্যোগোত্তর যন্ত্রণা	৮০
৩৬।	মৃতের শহর ঢাকা	৮২
৩৭।	পাশবিক হত্যা (সম্পাদকীয়)	৮৪
৩৮।	ঘৃণ্য হত্যাকান্ড	৮৫
৩৯।	একজন মেজরের বিদ্রোহ	৮৭
৪০।	যুদ্ধ না অপমান	৮৯
৪১।	নির্যাতিত বাঙালী (সম্পাদকীয়)	৯১
৪২।	পাকিস্তানের কথা	৯২
৪৩।	বিকল্প চিন্তা	৯৩
৪৪।	পূর্ব-পাকিস্তানে গণহত্যা	৯৫
৪৫।	পাকিস্তান : বিনষ্ট ভাবমূর্তি পুনরুদ্ধার প্রয়াস	৯৮
৪৬।	পাকিস্তানে সাহায্য বন্ধের জন্য সিনেটরদের বিবৃতি	১০০
৪৭।	অনিশ্চিত আশ্রয়	১০২
৪৮।	পূর্ব-পাকিস্তানে হত্যাযজ্ঞ (সম্পাদকীয়)	১০৪
৪৯।	ভয়ঙ্কর দুর্যোগ	১০৫
৫০।	ঘৃণ্য হত্যাকান্ড	১০৬
৫১।	বাঙালী শরনার্থী : দুঃখের শেষ নেই	১০৮
৫২।	নিষেধাজ্ঞা সত্ত্বেও পাকিস্তানে মার্কিন অস্ত্র প্রেরণ	১১১
৫৩।	অস্ত্র যখন ধর্মতাত্ত্বিক সমস্যা	১১৫
৫৪।	পাকিস্তানী সৈন্যদের গ্রাম আক্রমণ	১১৭
৫৫।	টিক্কাখানের পৈশাচিক রক্তস্নান	১১৯
৫৬।	মার্কিন সরকার পাকিস্তানে সাহায্যদান অব্যাহত রাখবে	১২২
৫৭।	পাকিস্তানকে সাহায্য দেয়া কেন?	১২৪
৫৮।	বাঙালী নিধনে সাহায্য	১২৬
৫৯।	পূর্ব পাকিস্তানের অর্থনীতি বিপুলভাবে ক্ষতিগ্র	স১২৭
৬০।	একটি বিদেশী সৈন্য বাহিনীর কর্তৃক আরাপ	১৩০
৬১।	দক্ষিণ এশিয়া : দুযোর্গের পদধ্বনি	১৩৩
৬২।	পাকিস্তানের জন্য মার্কিন অস্ত্র : একটি গ্লানির ইতিহাস	১৩৫
৬৩।	পাকিস্তান	১৩৭
৬৪।	ভারত	১৩৯
৬৫।	পশ্চিম পাকিস্তানীদের বাঙালী দমন অব্যাহত	১৪১
৬৬।	পাকিস্তানের নিন্দা	১৪৬
৬৭।	পাকিস্তানের উদ্দেশ্যে প্রেরিত অস্ত্র ভর্তি জাহাজ প্রতিরোধের কয়েকটি সংবাদ	১৪৭
৬৮।	বাঙালীরা রুখে দাঁড়িয়েছে	১৫৫
৬৯।	একটি বিভক্ত দেশ	১৫৭
৭০।	পাকিস্তানের ওপর একটি প্রস্তাব	১৬৩

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
৭১।	যন্ত্রণা এবং বিপদ (সম্পাদকীয়)	১৬৫
৭২।	মার্কিন যুক্তরাষ্ট্রের দায়িত্ব	১৬৮
৭৩।	ভিয়েতনাম যুদ্ধের মত	১৭০
৭৪।	জাতিসংঘের সাহায্য দল	১৭২
৭৫।	একটি জাতিকে হত্যা করা হচ্ছে	১৭৪
৭৬।	সোনার বাংলা ধ্বংস অভিযান	১৮২
৭৭।	পূর্ব পাকিস্তানের বিপর্যস্ত মানুষ	১৯২
৭৮।	কূটনীতিকদের পাকিস্তানী পক্ষ ত্যাগ	১৯৪
৭৯।	ভারতের সাথে চুক্তি সোভিয়েতের যুদ্ধ এড়াবার চেষ্টা	১৯৬
৮০।	সিদ্ধান্তের সময়	১৯৯
৮১।	বাংলায় কি ‘চরম’ সিদান্ত নেয়া হচ্ছে?	২০০
৮২।	আমরা সাহায্য করতে পারি তবে অস্ত্র দিয়ে নয়	২০২
৮৩।	মার্কিন বিমানে বাংলায় সৈন্য পাঠানো হচ্ছে	২০৪
৮৪।	ঘনিষ্ঠ বন্ধু	২০৬
৮৫।	শরণার্থীরা বলেন সৈন্যরা হত্যাকান্ড চালিয়ে যাচ্ছে	২০৯
৮৬।	পাকিস্তানের অভ্যন্তরীন সমস্যা	২১১
৮৭।	পাকিস্তান ভারত যুদ্ধ	২১২
৮৮।	নীরব দর্শকের ভূমিকা	২১৪
৮৯।	তারা কি থাকবে না ফিরে যাবে	২১৫
৯০।	পাকিস্তান-ভারতের উপর যুদ্ধের ছায়া	২১৭
৯১।	পূর্ব পাকিস্তানের বীভৎস অবস্থা সব আশা ধবংস করেছে	২১৯
৯২।	সিনেট কর্তৃক পাকিস্তানে সাহায্য বন্দের প্রস্তাব	২২৪
৯৩।	পাকিস্তানের অবস্থা সংকটজনক	২২৬
৯৪।	বাংলাদেশের জন্য যুদ্ধ	২২৮
৯৫।	মার্কিন যুক্তরাষ্ট পাকিস্তান ও ভারতকে সংযত হতে বলেছে	২৩০
৯৬।	এশিয়ার নাজুক পরিস্থিতি	২৩২
৯৭।	সাহায্য কমিয়ে দেয়া একটি নিষ্ঠুর সিদ্ধান্ত	২৩৩
৯৮।	পাকিস্তান ও ভারতের সৈন্য মুখোমুখি	২৩৪
৯৯।	গণহত্যা বন্ধ না হওয়া পর্যন্ত ভারত সৈন্য পিছু হটাবে না	২৩৬
১০০।	শান্তির প্রতি হুমকি	২৩৮
১০১।	সৈন্য প্রত্যাহার করলেই সমস্যার সমাধান হবে না	২৩৯
১০২।	দক্ষিন এশিয়ার বিপর্যয় এড়ানোর পন্থা	২৪০
১০৩।	যুদ্ধের সম্ভাবনা	২৪৩
১০৪।	বাংলাদেশের যুদ্ধে পাকিস্তানের ক্ষয়ক্ষতি	২৪৪
১০৫।	শান্তির প্রতি নতুন হুমকি	২৪৫
১০৬।	যুদ্ধের আলামত	২৪৭
১০৭।	বাংলার যুদ্ধ	২৪৯
১০৮।	বিদেশী সাহায্যের নতুন দিক	২৫১

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১০৯।	পূর্ব পকিস্তানে উপ-নির্বাচন	**২৫৩**
১১০।	যুদ্ধ অত্যাসন্ন	**২৫৫**
১১১।	সন্ত্রাস পূর্ব পাকিস্তানের একমাত্র পরিস্থিতি	**২৫৯**
১১২।	পরাজয়োন্মুখ যুদ্ধ	**২৬০**
১১৩।	পাক সেনার আক্রমণের পর একটি শহর	**২৬৫**
১১৪।	যুদ্ধ না শান্তি	**২৬৬**
১১৫।	উপমহাদেশের জন্য সাহায্য অপ্রতুল	**২৬৭**
১১৬।	মধ্যস্থতার সময় এখনও আছে	**২৬৮**
১১৭।	দক্ষিণ এশিয়া	**২৬৯**
১১৮।	ভারত কখন আক্রমন করবে	**২৭০**
১১৯।	পূর্ব পাকিস্তান : পুনর্দখলকৃত উপনিবেশ	**২৭২**
১২০।	নিরাপত্তা পরিষদের উচিত মূল সমস্যার দিকে তাকানো	**২৭৩**
১২১।	মূল সমস্যার সমাধানকরণ	**২৭৪**
১২২।	পাকিস্তানের হঠকারিতা	**২৭৫**
১২৩।	বাংলায় যুদ্ধ	**২৭৬**
১২৪।	মুক্ত যশোরে বাঙ্গালী	**২৮৬**
১২৫।	হর্ষোৎফুল্ল বাঙ্গালীরা ভারতীয় সৈন্যদের স্বাগত জানাচ্ছে	**২৮৭**
১২৬।	উচ্ছ্বসিত বাঙ্গালীদের স্বাধীনতা উদযাপন	**২৮৮**
১২৭।	নিক্সন এবং দক্ষিণ এশিয়া	**২৯০**
১২৮।	পশ্চিম বঙ্গের চিঠি	**২৯২**
১২৯।	হর্ষধ্বনির মধ্যে দিয়ে ভারতীয়দের ঢাকা প্রবেশ	**৩০০**
১৩০।	বিজয়োল্লাস	**৩০৩**
১৩১।	যুদ্ধের গর্ভ থেকে একটি জাতির জন্ম	**৩০৪**
	দ্বিতীয় অধ্যায়	
	পত্র-পত্রিকাঃ যুক্তরাজ্য	
১৩২।	ট্যাঙ্কের দ্বারা বিদ্রোহ দমন	**৩১৭**
১৩৩।	পাকিস্তানের হত্যাকান্ড	**৩২৪**
১৩৪।	বাংলার দুর্যোগ	**৩২৫**
১৩৫।	বাংলার জন্য কাঁদো	৩২৬
১৩৬।	পূর্ব পাকিস্তানে হত্যালীলা	৩২৯
১৩৭।	অস্ত্রের মুখে একতা	৩৩১
১৩৮।	পাকিস্তানের রক্তাক্ত পথ	৩৩৪
১৩৯।	একটি সাহায্যের আবেদন	৩৩৫
১৪০।	ক্ষমতার সীমানা	৩৩৮
১৪১।	পরিকল্পিত হত্যা	৩৪১

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১৪২।	হাজারো সন্ত্রস্ত মানুষ এখনো ঢাকা থেকে পালাচ্ছে	৩৪৫
১৪৩।	বাগাড়ম্বর ও বাস্তব	৩৪৭
১৪৪।	বাংলাদেশের রক্ত	৩৪৯
১৪৫।	হত্যা এবং প্রতিরোধের যুদ্ধ একই সাথে চলছে	৩৫১
১৪৬।	শেখ মুজিবের দল সামরিক প্রতিরোধের জন্য প্রস্তুত ছিল না	৩৫৫
১৪৭।	বাংলাদেশের স্বপ্ন মিলিয়ে যাচ্ছে	৩৫৮
১৪৮।	পাকিস্তান : কথা বলার সময় এসেছে	৩৬৫
১৪৯।	বিশ্বের সাম্প্রতিকতম শরনার্থী	৩৬৭
১৫০।	স্তব্ধ বিবেক	৩৬৮
১৫১।	অবিশ্বাস্য দুর্ভোগ	৩৭০
১৫২।	বাংলার পিড়ীত জনগণ	৩৭৩
১৫৩।	কলেরা ‘নিয়ন্ত্রণে বাইরে’	৩৭৪
১৫৪।	গণহত্যা	৩৭৬
১৫৫।	যুদ্ধ এবং শরনার্থী পরিস্থিতি	৩৯৬
১৫৬।	ধর্মান্ধ ও পাষন্ডদের রাজত্ব	৩৯৯
১৫৭।	বাঙ্গালীদের দেশত্যাগ এখনো চলছে	৪০৬
১৫৮।	বাংলায় পাকিস্তানীদের দিন শেষ হয়ে আসছে	৪০৮
১৫৯।	বাংলাদেশর অবস্থা ভাল নয়	৪১০
১৬০।	পূর্ব পাকিস্তানে দুর্ভিক্ষ অনিবার্য	৪১১
১৬১।	বাংলাদেশকে স্বাধীন করতেই হবে	৪১৩
১৬২।	আরো শরণার্থী আসতে পারে	৪১৬
১৬৩।	পাকিস্তানীদের প্রতিশোধমূলক হত্যা	৪১৭
১৬৪।	নিরস্ত্র বাঙ্গালীদের ওপর অত্যাচার অব্যাহত	৪১৮
১৬৫।	গেরিলারা ১২ মাস ব্যাপী যুদ্ধেও লক্ষ্য স্থিও করেছে	৪২০
১৬৬।	গেরিলাবাহিনী রাস্তায় রাস্তায় যুদ্ধ শুরু করেছে	৪২২
১৬৭।	যে যুদ্ধ বিশ্বের প্রতি হুমকিস্বরূপ	৪২৩
১৬৮।	অবরুদ্ধ ঢাকা	৪২৫
১৬৯।	জীবিত এবং মুক্ত	৪২৭
১৭০।	বাংলাদেশ মুক্ত	৪৩০
১৭১।	স্বাধীন বাংলা	৪৩২
১৭২।	পাকিস্তানীদের প্রতিরোধ ব্যবস্থা যথেষ্ট নয়	৪৩৩
১৭৩।	ঢাকার উপর ছত্রী সেনা	৪৩৫
১৭৪।	পশ্চাদগামী পাকিস্তানীদের প্রতিশোধ	৪৩৬
১৭৫।	ঢাকা কোটি মানুষের যুদ্ধ	৪৩৮
১৭৬।	সাত কোটি মানুষের যুদ্ধ	৪৪১
১৭৭।	গেরিলারা এখন ঢাকার ভিতরে	৪৪৯

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১৭৮।	ঢাকা ধ্বংসের মুখোমুখি	৪৫০
১৭৯।	স্বাধীন বাংলাদেশের সরকার কর্তৃক যশোরে ক্ষমতা গ্রহণ	৪৫২
১৮০।	বাংলাদেশে পাকিস্তানীদের পরাজয় অবধারিত	৪৫৪
১৮১।	১।নিয়াজীর প্রসত্মতি ২।ইয়াহিয়ার সৈন্য বাহিনীর লজ্জা	৪৫৫
১৮২।	ঢাকায় সমাপ্তি	৪৫৮
১৮৩।	বর্তমান বাংলাদেশ	৪৫৯
১৮৪।	বাংলাদেশর বিরাট বিজয়	৪৬০
	তৃতীয় অধ্যায় **বিবিসি, লন্ডন**	
১৮৫।	স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশের ঘটনাবলীর ওপর বিবিসি প্রচারিত সংবাদ	৪৬৫
১৮৬।	বিবিসি ‘এশিয়া বিষয়ক আলোচনায়’ বাংলাদেশ প্রসঙ্গ	৪৮৩
১৮৭।	বাংলাদেশ সম্পর্কে বিবিসি প্রচারিত অনুষ্ঠানমালাঃ ‘সাম্প্রতিক ঘটনাবলী’	৫২৭
১৮৮।	বাংলাদেশের ঘটনাবলীর ওপর প্রেরিত প্রতিবেদন	৫৩৫
১৮৯।	বাংলাদেশের আন্দোলন সম্পর্কিত বিবিধ প্রতিবেদন	৫৪৯
	চতুর্থ অধ্যায় পত্র-পত্রিকাঃ বিশ্বরাষ্ট্রসমুহ	
১৯০।	বিশৃংখলার আর্বতে	৫৬১
১৯১।	দুর্যোগের আর্বতে পাকিস্তান	৫৬২
১৯২।	পূর্ব পাকিস্তান	৫৬৩
১৯৩।	বাংলাদেশের জনগণের বিরুদ্ধে পাক বর্বর অভিযানের ওপর দুটি সোভিয়েত পত্রিকার মন্তব্য	৫৬৪
তথাপি সব কেঁচে গন্ডুষ হয়ে গেল কেন? বাদশা খান নিজের অভিজ্ঞতা থেকে এর উত্তর দিয়েছেন। জিয়ার আমলে উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে অনুরূপ জুলুম হয়েছিল। পাকিস্তানের সবে জন্ম হয়েছে। সীমান্ত প্রদেশের বিধানসভায় তখন ছিল বাদশা খানের দলের সংখ্যাগরিষ্ঠতা। পঞ্চাশ জন সদস্যের মধ্যে তেত্রিশ জনই ছিলেন তাঁর দলের। জিন্না সাহেব জোর করে সেই দলের মন্ত্রিসভা ভেঙে দিয়ে সংখ্যালঘু দলকে মন্ত্রিসভা গঠন করতে ডাকলেন। কেবল তাই নয়, বান্নু যাবার পথে বাদশা খানকে গ্রেপ্তার করা হল। তাঁর বিরুদ্ধে অভিযোগ, তিনি ইপির ফকিরকে দেবার জন্য পাঁচ লক্ষ টাকা সঙ্গে নিয়ে যাচ্ছিলেন। আরো রটিয়ে দেওয়া হল, পাকিস্তানকে তিনি বালির ঢিপি এবং এক লাথিতে তিনি তা উড়িয়ে দেবেন। প্রচার চলল, বাদশা খান বিশ্বাসঘাতক ও হিন্দুদের দালাল। সঙ্গে সঙ্গে বহু লোককে গ্রেপ্তার করা হল। এই গ্রেপ্তারের প্রতিবাদ করতে ও নামাজ পড়তে জুম্মাবারে যারা বারবারায় এসে জমায়েত হল তাদের উপর চলল বোমা ও মেশিনগান। শত শত নরনারী ও শিশু প্রাণ হারাল। তারপর সারা প্রদেশে চলল লুণ্ঠন, মারপিট ও নানাবিধ লাঞ্ছনা। হাজার হাজার খোদাই খিদমৎগারকে (বাদশা খানের অনুগামী) ধরে জেলে বন্দী করা হল। জিন্নার পুতুল সরকার খোদাই খিদমৎগার আন্দোলন ও তার মুখপত্র ''পুশতুন'' নিষিদ্ধ করে দিল।

বাদশা খান বলেছেন, সেদিন সংখ্যাগুরুদের উপর সংখ্যালঘু কর্তৃক চাপিয়ে দেবার জন্য পাকিস্তানের জনক খোদ জিন্না সাহেব যে পন্থা অবলম্বন করেছিলেন আজ সংখ্যাগরিষ্ঠ আওয়ামী লীগকে দাবিয়ে ভুট্টোর সংখ্যালঘিষ্ঠ পিপলস পার্টিকে পাকিস্তানের ক্ষমতায় বসাবার জন্য সেই একই বলপ্রয়োগের নীতি গ্রহণ করেছেন সামরিক রাষ্ট্রপতি জেনারেল ইয়াহিয়া খান। বাদশা খান চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিয়েছেন যে গুরু যে পথ নিয়েছিলেন শিস্যও সেই পথ ধরেই চলেছেন।

তিনি স্পষ্টতই বলেছেন, বলপ্রয়োগের দ্বারা পাকিস্তানের জনসাধারণকে আর ভুলিয়ে রাখা সম্ভব নয়। যদি একসঙ্গে থাকতে হয় তবে ভাই ভাই হয়ে থাকতে হবে-সমমর্যাদা ও সমান অধিকার স্বীকার না হয় তবে পশ্চিম পাকিস্তানের অঙ্গ রাজ্যগুলোর সংখ্যালঘুরা সামরিক শাসকের কাছে কী-ই বা প্রত্যাশা করতে পারে? পশ্চিম পাকিস্তানের অঙ্গ রাজ্যগুলোকে মিলিয়ে আবার যদি একটি প্রদেশে পরিণত করা হয় তা শাসন ক্ষমতায় যদি ভুট্টোর দল এসে বসে, তবে পাখতুনরা তা কিছুতেই বরদাস্ত করবে না বলে বাদশা খান হুঁশিয়ারি দিয়েছেন। কারণ তাঁ মতে তা হবে দাসত্ব ও শোষণকে বরণ করে নেওয়া।

বাদশা খান পাকিস্তানের কল্যাণকামী বলেই একটি প্রস্তাব দিয়েছেন। বর্তমান পাক সরকার যদি প্রয়োজন বোধ করেন তাঁকে মধ্যস্থ মানতে পারেন। সম্মতি পেলে তিনি সিন্ধু, বেলুচিস্তান, সীমান্ত প্রদেশ ও পাঞ্জাব থেকে কয়েকজন প্রতিনিধি নিয়ে বাংলাদেশে যাবেন। তার আগে পাক সরকারকে কথা দিতে হবে যে, তাঁরা শান্তি চান। মুজিব ও তাঁর সমর্থকরা বাদশা খানের প্রস্তাবে সম্মত হবেন কি-না সেটা বড় কথা নয়, শান্তিপূর্ণ পথে সমাধান সম্ভব কি-না তার চেষ্টা করে দেখবেন তিনি। তাঁর প্রস্তাবে পাক সরকারের কোন সাড়া পাওয়া যায়নি এখনো পর্যন্ত। সাড়া পাওয়া যাবে বলেও মনে হয় না। সদিচ্ছা থাকলে আওয়ামী লীগের গণতান্ত্রিক অধিকারকে এভাবে পিষ্ট করে ইয়াহিয়া খান বাংলাদেশে রক্তগঙ্গা বইয়ে দিতেন না।

শিরোনাম	সূত্র	তারিখ
২৯৬। ১১ জুন দেশের শ্রমিক শ্রেণী 'বাংলাদেশ' দিবস পালন করবে	কালান্তর	২৫ মে, ১৯৭১

১১ জুন দেশের শ্রমিক শ্রেণী ''বাংলাদেশ'' দিবস পালন করবে

নয়াদিল্লী, ২৩মে (ইউএনআই)- আগামী ১৯ জুন ভারতের শ্রমিক শ্রেণী সারা দেশব্যাপী ''বাংলাদেশ'' দিবস প্রতিপালন করবে।

বাংলাদেশের সঙ্গে সংহতি রক্ষার জন্য গঠিত ভারতের জাতীয় ট্রেড ইউনিয়ন কমিটি উপরোক্ত সিদান্ত গ্রহণ করেছে।

সম্প্রতি এআইটিইউসি, আইএনটিইউসি, সিটু, এইচএমএস, এইচএমপি এবং ইউটিইউসি (উভয় গ্রুপ)-র প্রতিনিধিদের নিয়ে এই মিলিত জাতীয় ট্রেড ইউনিয়ন কমিটি গঠিত হয়েছে।

কমিটির প্রেসিডেন্ট ড. মৈত্রেয়ী বসু আজ এখানে সাংবাদিকদের জানান, যে শেখ মুজিবের বিনা শর্তে মুক্তির এবং ভারত 'বাংলাদেশ' স্বীকৃতির দাবিকে জয়যুক্ত করাই হবে এই কমিটির মূল লক্ষ্য।

শিরোনাম	সূত্র	তারিখ
২৯৭। নির্যাতনের চিত্র	ন্যাশনাল হেরাল্ড	২৬ মে, ১৯৭১

NATIONAL HERALD, MAY26, 1971

PICTURE OF ATROCITIES

Karimganj, May 25 - A large number of young girls now lodged in several concentration camps in Sylhet District of Bangladesh serving as "call girls of Yahya's dogs", two professors from East Bengal told newsmen yesterday.

Giving a picture of the "grisly atrocities" being perpetrated by the Pakistan army on the inmates of these camps, they said "these young women are kept in scanty clothes without any saris and are subjected to the cartal desire of the army men whenever these brutes want an outlet of their passion".

The two educationists who preferred to remain anonymous said, that the "occupation army in its frenzy of violence and oppression, had recently adopted a new device to slander the Bangladesh people and the freedom movement itself. The army men. They said, had been asking their hirelings to loot house and bazars and taking photographs. These photographs were now being sent to foreign countries for television shows with the misleading caption of "looting of non-Bengali houses by Bengalis" or "Hindus looting houses of Muslims."

They also condemned the "heinous and motivated propaganda" of Radio Pakistan aimed at driving a cleavage in communal harmony. "The world will not be fooled" by this crude device, they said. PTI.

শিরোনাম	সূত্র	তারিখ
২৯৮। মেঘালয় সীমান্তে গোলাবর্ষণ	হিন্দুস্থান স্ট্যান্ডার্ড	২৬ মে, ১৯৭১

HINDUSTAN STANDARD, MAY 26, 1971

MEGHALAYA BORDER SHELLED
NINE BSF MEN KILLED

Shillong, May 25 - While 22 persons including nine Indian Border Security Force men were killed today in heavy shelling by Pakistani troops in Dalu Sector in Meghalaya's Garo Hills district, according to official reports, the Assam Chief Minister. Mr. Mahendramohan Choudhury, told the Assembly this evening that the BSF had 'successfully repulsed' Pakistani aggression in three different sectors of the Assam - Bangladesh border, agencies report.

The Chief Minister who was making a statement in the Assembly on Pakistani attacks on Indian territory in Assam said, the Assam Government had asked the prime Minister and Defense Minister "to take immediate action to clear the Pakistani Army from our areas and to safeguard the sanctity of our territory."

Mr. Choudhury said the civilian population in four bordering villages had evacuated to safer places because of Pakistani intrusion deep into Indian territory in Garo Hills and Karimganj sectors.

The villages were Dalu in Garo Hills of Meghalaya, and Sutarkandi, Jerapatta and Gobindpur in Karimganj sector, he said.

In the shelling in Dalu sector, besides the 22 killed, 11 civilians received injuries when Pakistani shells and machine-gun bullets, aimed at the Indian border outpost (Dalu) fell deep into jungled interior, the official report s said.

According to the reports one BSF Junior Commissioned Officer was kidnapped by Pak-troops.

The reports quoted civilian rescuers as fearing the casualties on the Indian side might rise as they were still scanning the woods in search of bodies.

About 200 Pakistani troops were also reported patrolling in Killapara area inside the Indian territory in this sector. But the area was under complete control of India in the evening.

Our Tura Correspondent says: The gang of Pakistani troops, armed with rifles, machine guns and mortars, which intruded into Dalubazar on Garo Hills border of Meghalaya at about 7 a.m. today numbered about 100 and resorted to indiscriminate firing for about an hour.

According to an unconfirmed non-official report the dead includes a woman and a four-year-old child. Some of the seriously wounded have been brought here for treatment in civil hospital. The casualty list includes Garos, non-Garo local residents and Bangladesh evacuees camped at Dalubazar and around.

Replying to an adjournment motion, moved by Mr. Phani Bora leader of troops the Communist group, Mr. Choudhury said that the attacking Pakistani troops made some initial gains, but the ultimate victory has been with the Indian border Security Force, agencies continue. Mr. Choudhury shared the concern of members of both side of the House about Pakistan's aggressive activities along the Assam-East Bengal border and said: "It is too early to say how the situation will take a turn".

The Chief Minister, however assured the House that the Indian Border Security Forces were fully prepared to met any eventuality.

Giving details of the "unprovoked aggressive activities" of the Pakistani Army, the Chief Minister said that attacks had taken place in three different sectors stretching from Sutarkandi in the Karimganj sub-division of South Assam to Dalu in Meghalaya.

The Chief Minister said that the Pakistani troops had captured the Indian border outpost of Sutarkandi and Jorapatta village in Karimganj sector yesterday afternoon.

The Indian border security forces launched a counter-offensive later in the day and recaptured the two places.

In the Garo Hills sector of Meghalaya, the Pakistani Army has been creating a tense situation by firing towards Dalu Tillapara and Chaipani areas.

About 200 Pakistani Army personnel were reportedly patrolling at Tillapara, inside Indian territory this morning. They were chased out of the village after an exchange of fire in which both sides suffered some casualties said that Pakistani troops had been heavily shelling the Indian side of Latu village in Karimganj sector and Dalu outpost in Meghalaya-Garo Hills district.

The troops burnt many houses in Indian villages and killed and kidnapped civilians. Mr. Choudhury said that though there was no Pakistani troops on the Indian soil now, the State Government was concerned about the aggressive posture of the Pak Government.

The Chief Minister said that the Pakistani Army had directed firing towards the Sutarkandi outpost of the Indian Border Security Forces since the evening of May 23.

According to latest reports reaching the Government a grim fighting was going on between the Pakistani Army and the Bangladesh liberation forces near the East Bengal village of Latu across the Indian village of Mohishashon in the Karimganj sector.

Referring to the developments along the Garo-Hills Mymensingh sector of the Meghalaya East Bengal border, the Chief Minister said that the Pakistani troops had been restoring to heavy mortar shelling at Datu, Tillapara, and Chaipai areas since last night, creating a tense situation.

One Indian villager was killed and six others wounded in the Pakistani shelling of Dalu last evening. There have also been some casualties on the side of the border security forces.

Some Indians were kidnapped by the Pakistani army from Tillapara and Chaipani areas early this morning.

Our Shikarpur Correspondent adds: Pat troops have been firing on the border of Shikarpur since 8 a.m. Perhaps they are back to retaliate the death of three of them who are shot dead on May 22 when they entered India and forcibly carried off 11 goats. Pak troops have been deployed along the Kushtia border. Shikarpur BSF has moved to the border. Further details are awaited

---

শিরোনাম	সূত্র	তারিখ
২৯৯। শরনার্থী শিবিরে বাঙালী নিধন	হিন্দুস্থান স্ট্যান্ডার্ড	২৭ মে, ১৯৭১

HINDUSTAN STANDARD, MAY 27, J971

BENGALIS BUTCHERED IN CONCENTRATION CAMPS

May 25. - An engineer from East Bengal, who arrived here recently from Dacca on his way to Sweden, revealed the barbarous acts being committed by the military administration which have a very close resemblance to these perpetrated by Nazi Germany during the last war.

The engineer, whose near relatives arc still on the other side of the Padma, described the "concentration camps where Bengalis are being taken and butchered indiscriminately at night. The military authorities, who are trying hard to put on a show of "normal life" in East Bengal have stopped shooting the inmates and instead slit their stomachs with knives, the reason being that the sound of gunfire frightens others and does not add credence to the claim of normalcy.

According to the engineer's knowledge, there are at least four such camps in Dacca. Narayangang. Godnai 1 and Tongi.

He said that although most of the factories around Dacca and Narayangang are not functioning, the troops get people to smoke the boilers to give the impression that all is functioning as usual.

Attendance in various government offices and other commercial and industrial organizations is very low. There have been instances of government officials, being picked up from their homes and never being seen or heard of again.

Many army officers arc being called upon to make coffins for their dead soldiers and when they cannot cope with the task, the troops just round up any ablebodied persons in sight and put them to do the job.

শিরোনাম	সূত্র	তারিখ
৩০০। বাংলাদেশকে স্বীকৃতি দানের প্রশ্নে ভারত সরকারের দ্বিধা কাটেনি	কালান্তর	২৭ মে, ১৯৭১

বাংলাদেশকে স্বীকৃতি দানের প্রশ্নে ভারত সরকারের দ্বিধা কাটেনি
লোকসভায় শ্রীমতি গান্ধীর বক্তব্যের মর্মার্থ

নয়াদিল্লী, ২৬মে-বাংলাদেশ সম্পর্কে আট ঘন্টার লোকসভা বিতর্কের জবাবদানকালে প্রধানমন্ত্রী শ্রীমতি মিসেস ইন্দিরা গান্ধী আজও স্বীকৃতিদান সম্পর্কে সদস্যদের সম্মিলিত আকাঙ্খা পূরণ করতে পারেন নি। আজও তিনি বলেছেন, ‘‘‘‘আমরা ঝুঁকি নিতে ভয় পাই না। দরকার হলেই ঝুঁকি নেব।’’’’ অথচ তাঁর দলের বিশিষ্ট সদস্য শ্রী দীনেশ সিং বলেছেন, ইতিমধ্যেই ভারত অনেকটা দেরী করে ফেলেছেন। প্রধানমন্ত্রীর বক্তব্য থেকে একটা জিনিস খুব সুস্পষ্ট হয়ে গিয়েছে যে, বিশ্বের অন্যান্য রাষ্ট্রগুলি কি করে সেদিকে ভারত তাকিয়ে আছে।

ইউএনআই-এর সংবাদে প্রকাশ, প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা লোকসভায় বলেছেন, বাংলাদেশে যে সঙ্কটজনক অধ্যায় সূচিত হয়েছে সে ব্যাপারে আন্তর্জাতিক সমাজকে হস্তক্ষেপ করতে হবে। এই অঞ্চলের শান্তি ও নিরাপত্তা যাতে পুনঃপ্রতিষ্ঠিত হয় ও বজায় থাকে তা দেখা বিদেশী দেশগুলোর কর্তব্য। আর তা করতে ব্যর্থ হলে তার পরিণতি খুব বিপজ্জনক।

শ্রীমতি গান্ধী বলেন, বাংলাদেশে যা ঘটেছে তা রাজনৈতিক বা অর্থনীতিক সমস্যা নয়। এ হচ্ছে সমগ্র অঞ্চলের মানুষের জীবণমরণ লড়াই। তিনি বলেন, একটি গোটা জাতিকে ধ্বংস করার সুপরিকল্পিত প্রয়াস থেকে আজকে বাংলাদেশে এই পরিস্থিতির উদ্ভব হচ্ছে। আর সেই গণহত্যার কার্যকরণ পরিণতিস্বরূপ হাজার পুরুষ নারী শিশুকে হত্যা করা হচ্ছে বা লাখো মানুষকে শরনার্থী করে, ভারতে পাঠিয়ে দেয়া হচ্ছে।

শ্রীমতি আজ পুনর্বার বলেন, আমরা বাংলাদেশকে স্বীকৃতি দানের প্রশ্নটি প্রতিনিয়ত ভেবে দেখছি। এ ব্যাপারে বা অন্য ব্যাপারে আমরা যে সিদ্ধান্তই গ্রহণ করি না কেন তা স্বাধীনভাবে বিচার বিবেচনা করে গ্রহণ করব। আমাদের বৃহত্তর স্বার্থের কথা মাথায় রেখে সিদ্ধান্ত করব।

প্রধানমন্ত্রী আজ সদস্যদের প্রতিশ্রুতি দেন, বাংলাদেশের প্রশ্নে সব বিরোধী দলের নেতৃবৃন্দের সঙ্গে সংযোগ রক্ষা করে চলবেন।

তিনি সদস্যদের বলেন, পাকিস্তানের নির্বাচনে যে রায় প্রকাশিত হয়েছে গণতন্ত্রের এর চেয়ে কোন সুস্পষ্ট প্রকাশ হওয়া কি সম্ভব? তিনি বলেন, গণতন্ত্রের অনেক গালভরা ঝুলি শুনেছি। মিত্র দেশগুলি দাবি করেন, গণতন্ত্র বাঁচাবার জন্য নাকি তারা দ্বিতীয় বিশ্বযুদ্ধে নেমেছিলেন কিন্তু এখন তারা কোথায়?

তিনি বলেন, কোন কোন দেশ বাংলাদেশের মানুষকে বিছিন্নতাকামী আখ্যা দিয়েছেন। তিনি স্মরণ করিয়ে দেন যে, পাকিস্তানের অধিকাংশ মানুষ পূর্বাঞ্চলে বাস করে। কিন্তু গণতান্ত্রিক ব্যবস্থায় সংখ্যাধিক্যের কতকগুলি অধিকার আছে। আর পূর্বাঞ্চলের মানুষ যদি সেই অধিকারগুলো বুঝে নিতে চান তবে তাদের বিছিন্নতাকামী আখ্যা দেওয়া কি সমীচীন হয়েছে?

তিনি বলেন সাড়ে সাত কোটি মানুষ ধ্বংস হয়ে যাচ্ছে এ কারণেই ভারতের কঠোর মনোভার প্রকাশিত হয়নি, বাংলাদেশের মর্মান্তিক ঘটনার ছাপ ভারতের অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক জীবনে এসে পড়েছে। এই হচ্ছে অবস্থার বাস্তব রূপায়ন। এ কোন প্রচার নয়।

পূর্বাহ্নে প্রাক্তন মন্ত্রী শ্রী দীনেশ সিং বলেন, ভারত কোন ইতিবাচক ভূমিকা গ্রহণ করলে তবে বিদেশী রাষ্ট্রগুলি বাংলাদেশের ঘটনার সঙ্গে নিজেদেরকে জড়িত করবে। তিনি বলেন, অনেক দেরী হয়েছে। আর কালবিলম্ব না করে ভারত সরকারের ইতিবাচক ভূমিকা গ্রহণ করা উচিত।

তিনি বলেন, বাংলাদেশকে স্বীকৃতি দেবার পিছনে অনেকগুলি সাংবিধানিক ও বৈধ যুক্তি আছে।

পিএসপি শ্রী সমর গুহ বলেন, বাংলাদেশের ব্যাপারে ভারত সরকার ইতিমধ্যেই অনেকখানি জড়িয়ে পড়েছে। এখন সে দেশকে স্বীকৃতি দিলে অবস্থার গুণগত পরিবর্তন হবে।

নির্দল সদস্য শ্রী কৃষ্ণমেনন বলেন, একদিন করে স্বীকৃতি দিতে দেরী হচ্ছে বাংলাদেশের পরিস্থিতিও জটিলতর হচ্ছে। শ্রী মেনন মনে করেন বাংলাদেশের উপদ্রুপ অবস্থা পিছনে সে সাম্রাজ্যবাদী শক্তি লুকিয়ে আছে তাদের রুখবার জন্যও বাংলাদেশকে স্বীকৃতি দেওয়া প্রয়োজন।

তিনি বলেন, পাকিস্তানের পুরোপুরি অস্ত্র সরবরাহ বন্ধ করার জন্য ভারত সরকার বৃটেন ও আমেরিকার ওপর চাপ সৃষ্টি করুন।

তিনি মনে করেন, সক্ষম শরনার্থীদের বাংলাদেশের ফিরে গিয়ে মুক্তিযোদ্ধাদের নৈতিক সাহায্যদান করা উচিত।

কালান্তর, ২৭ মে, ১৯৭১

শিরোনাম	সূত্র	তারিখ
৩০১। অবিলম্বে বাংলাদেশ সরকারকে স্বীকৃতির দাবিতে পৌরসভার প্রস্তাব	কালান্তর	২৮ মে, ১৯৭১

অবিলম্বে বাংলাদেশ সরকারকে স্বীকৃতির দাবিতে পৌরসভার প্রস্তাব

কলকাতা, ২৬ মে-বাংলাদেশের মুক্তি সংগ্রামের সমর্থনে আজ কলকাতা পৌরসভার বিশেষ অধিবেশনে একটি প্রস্তাব গ্রহণ করা হয়। প্রস্তাবে ‘‘‘‘অনতিবিলম্বে বাংলাদেশের সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র ও তার সরকারকে স্বীকৃতি এবং অস্ত্রশস্ত্রসহ সর্বপ্রকার কার্যকরী সাহায্য’’’’ দেবার জন্য ভারত সরকারের কাছে দাবি জানানো হয় এবং ‘‘‘‘পশ্চিমবাংলার বিধানসভায় বাংলাদেশের স্বীকৃতিদান সম্বন্ধে সর্বসম্মত প্রস্তাব গৃহীত হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত ভারত সরকার তাহা কার্যে রূপান্তরিত না করায় এই প্রস্তাবে গভীর ক্ষোভ ও দুঃখ প্রকাশ করা হয়। ‘‘‘‘প্রস্তাবকে কার্যকরী করার জন্য ভারত সরকারের উপর চাপ সৃষ্টি করার উদ্দেশ্যে’’’’ পশ্চিম বাংলার জনগণকে প্রস্তাবে আহবান জানানো হয়েছে।

প্রস্তাবে ‘‘‘‘বাংলাদেশ থেকে আগত শরনার্থীগণকে যথার্থ সাহায্য ও সেবা করার উদ্দেশ্যে মেয়রের নেতৃত্বে একটি সাহায্য ভান্ডার খোলার’’’’ কথা বলা হয়।

প্রস্তাবের পক্ষে একমাত্র আরএসসি ছাড়া আর সমস্ত দলের সদস্য ভোট দেন।

সভার শুরুতে বাংলাদেশের মুক্তি আন্দোলনের বিবরণসহ মেয়র শ্রী শ্যামসুন্দর গুপ্ত একটি বিবৃতি দেন। পরে মেয়রের অনুপস্থিতিতে ডেপুটি মেয়র শ্রী পান্না লাল দাস সভার কাজ পরিচালনা ও মেয়রের আসন থেকে মূল প্রস্তাবটি উত্থাপন করেন।

প্রস্তাবটি সমর্থন করে অল্ডারম্যান শ্রী কমলাপতি রায় (সিপিআই) বলেন, যে বর্তমানে বাংলাদেশের মানুষের মুক্তির প্রশ্নটি হোল প্রধান বিষয়; এবং বাংলাদেশের মানুষের সঙ্গে ভারতের ভাগ্য জড়িত থাকা সত্ত্বেও বাংলাদেশের সরকারকে স্বীকৃতি না দেওয়ার পক্ষে পার্লামেন্ট যে সমস্ত যুক্তি দেখান হয়েছে তা মেনে নেওয়া যায় না। সিপিএম সদস্যরা তাঁদের বক্তৃতায় মূল প্রস্তাবকে সমর্থন করলেও বাংলাদেশ ও ভারতের মধ্যেকার সীমান্ত বেড়া তুলে নেবার জন্য দাবি করেন। এসইউসি এবং কংগ্রেস সদস্যরা তাদের বক্তৃতায় মূল প্রস্তাবকে সমর্থন করেন। প্রস্তাবের সমর্থনে সবশ্রী শিবকুমার খান্ন, ডাঃ কে পি ঘোষ, শ্যামল দত্ত প্রমুখ পৌরপিতাগণ বক্তৃতা দেন।

প্রস্তাবের তিনটি ধারাই আর এসপি সংশোধনী দেয়। অপর একটি ধারায় সমস্ত সমাজতান্ত্রিক রাষ্ট্রের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করা হয়। এদের এইসব সংশোধনীর পক্ষে শুধু নিজেদের ৮ জন সদস্য ভোট দেন। সংশোধনী পরাজিত হলে দলের সদস্যরা মূল প্রস্তাবে ভোট দানে বিরত থাকেন।

সংশোধনীগুলিতে বাংলাদেশকে স্বীকৃতির জন্য ১৫ দিন সময়সীমা বেঁধে দিতে চাওয়া হয় ও স্বীকৃতি না দিলে ১৫ দিন পরে গণআন্দোলন করার কথা বলা হয়। সংশোধনী উত্থাপন করে আরএসপি সদস্য অন্য সব রাজনৈতিক দলের বিরুদ্ধেই বিষোদগার করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
৩০২। পাকিস্তানে গোপন তথ্য পাচার রাজ্যসভায় সরকারী বিবৃতির দাবী	কালান্তর	২৮ মে, ১৯৭১

পাকিস্তানে গোপন তথ্য পাচার
রাজ্য সভায় সরকারী বিবৃতির দাবী

নয়াদিল্লী, ২৭ মে, (ইউএন)- দু''জন মন্ত্রী এবং একজন সংসদ সদস্য পাকিস্তান সরকারকে গোপন তথ্য সরবরাহ করেছে বলে কলকাতার দৈনিক সংবাদপত্রে যে সংবাদ প্রকাশিত হয়েছে, কয়েকজন সদস্য আজ রাজ্যসভায় উক্ত বিষয়টি উত্থাপন করেন। কোন কোন সদস্য সংবাদপত্রের সংবাদও উদ্ধৃত করেন।

শ্রী লোকনাথ মিশ্র (স্বতন্ত্র) সভায় সংবাদপত্রের রিপোর্টের কিয়দাংশ পাঠ করেন।

উক্ত রিপোর্টে বলা হয়েছে, পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট মন্ত্রিসভার জনৈক মন্ত্রী খুবই গোপনীয় ফাইলপত্র পাকিস্তান সরকারকে সরবরাহ করছেন। এই রাজ্যের জনৈক সুপরিচিত সংসদ সদস্য পাকিস্তানের গুপ্তচর হিসেবে কাজ করে পাকিস্তান থেকে টাকাও পেয়েছেন। শ্রী মিশ্র উক্ত মন্ত্রী ও সংসদ সদস্যের নাম প্রকাশের ও অবিলম্বে তাদের গ্রেফতারের দাবি জানান।

এই বিষয়টি খুবই গুরুতর বলে তিনি সরকারকে একটি বিবৃতি দিতে অনুরোধ জানান। তিনি বলেন, এতে দেশে নিরাপত্তাই শুধু বিপন্ন হয়নি পার্লামেন্টের মর্যাদা হানি ঘটেছে।

শ্রী ভূপেশ গুপ্তও অনুরূপ রিপোর্ট পশ্চিমবঙ্গের কোন কোন বাংলা দৈনিক সংবাদপত্রেও প্রকাশিত হয়েছে বলে বলেন, এবং তিনি রিপোর্টের কোন সত্যতা আছে, না রিপোর্টটি জাল, সে সম্পর্কে সরকারকে একটি বিবৃতি দিতে অনুরোধ জানান।

শিরোনাম	সূত্র	তারিখ
৩০৩। বাংলাদেশে হস্তক্ষেপ ও সুদৃঢ় নীতির দাবীতে-	কম্পাস	২৯ মে, ১৯৭১

সম্পাদকীয়

বাংলাদেশে হস্তক্ষেপ ও সুদৃঢ় নীতির দাবীতে

বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দানের ব্যাপারে আন্তর্জাতিক ক্ষেত্রে চাপ আসতে পারে, এজন্যই ভারত সরকার ইতস্তত করছেন। সাধারণভাবে এরকম একটা ধারণাই এখন জনসাধারণ্যে দেখা যাচ্ছে। ভারত বাংলাদেশকে স্বীকৃতি দিলেও বিশ্বের অন্যান্য রাষ্ট্রগুলি হয়তো ভারত সরকারকে অনুসরণ করে বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দেবে না। এটাই নাকি ভারতের পক্ষে স্বাধীনভাবে স্বীকৃতি দেওয়ার পথে যথেষ্ট বাধার কারণ।

কিন্তু বাস্তবক্ষেত্রে বিদেশী রাষ্ট্রগুলির মনোভাব কি দাঁড়াতে পারে, তা পর্যালোচনা করা প্রয়োজন।

চীন সুস্পষ্ট ভাষায় ভারতকে এই মর্মে হুঁশিয়ার করে দিয়েছে যে পাকিস্তানের অভ্যন্তরীণ ব্যাপারে ভারত যেন আর নাক গলায়। সর্ব প্রথমে চীনের হুমকির বিষয়ে আলোচনা করা দরকার।

পূর্ব বাংলার ঘটনাবলীতের উদ্বেগ প্রকাশ করে ১৯৭১ সালের ৩রা এপ্রিল সোভিয়েট রাশিয়া পাকিস্তানের কাছে এক নোট পাঠিয়েছিল। এর পরেই আসে ১৯৭১ সালের ৬ই এপ্রিল চীনের তরফে ভারতের প্রতি হুঁশিয়ার বাণী। চীনের এই হুঁশিয়ারীর পরেই এদেশে অনেকেই বলতে শুরু করলেন, ‘‘‘আর কিছু করার প্রয়োজন নেই’’’, বাংলাদেশের ব্যাপারে ভারত যেন আর জড়িয়ে না পড়ে।

অবশ্য চীনের ঐ নোটের তাৎপর্য খুব সতর্কতার সঙ্গে অনুধাবন করলে দেখা যায়-

(ক) সম্ভবতঃ রাশিয়ার নোটের প্রত্যুত্তরে পাকিস্তানের অনুরোধে বা চাপে চীন ভারতের প্রতি ঐ ধরনের হুঁশিয়ারী দিতে থাকতে পারে। যদি চীন সত্যিই তার হুঁশিয়ারী সম্পর্কে সিরিয়াস হয়ে থাকে, তাহলে তাকে অবশ্যই ভারত ও রাশিয়ার বিরুদ্ধে ব্যবস্থা নিতেই হবে। আর এরকম ব্যবস্থা নেওয়ার অর্থই হলো বিশ্বযুদ্ধকে ডেকে আনা। কিন্তু এই মুহূর্তেই যে চীন বিশ্বযুদ্ধের জন্য প্রস্তুত, তা কারুর মত নয়। শুধু হুমকি দিয়েই চীন পাকিস্তানের সঙ্গে তার বন্ধুত্বকে বজায় রাখতে চেয়েছে-তার বেশী কিছু নয়।

(খ) চীন যে হুঁশিয়ারী দিয়েছে, তাতে কোথাও পূর্ববাংলার আন্দোলন ও দাবীর ন্যায্যতা সম্পর্কে যেমন কিছু বলেনি, তেমনি ঐ আন্দোলন ও দাবীর সম্পর্কে অন্যভাবে কোন বক্তব্য রাখেনি। চীন শুধু ভারতের হস্তক্ষেপেরই নিন্দা করেছে। এর অর্থ হলো পূর্ব বাংলার স্বায়ত্তশাসনের প্রশ্নটি সম্পর্কে বিবেচনার পথ সে খোলাই রেখেছে। এ প্রশ্ন নিয়ে তখনই সে বিবেচনা করবে, যখন তার স্বার্থের প্রশ্ন দেখা দিবে।

(গ) যদি পাকিস্তান চূড়ান্ত পরিণতিতে সম্পূর্ণরূপে শত্রুভাবাপন্ন দুটি ইউনিট ভেঙ্গে পড়ে আর ঐ ইউনিট দু’’টি একে অপর থেকে স্বাধীন হয়ে যায় তাহলে চীন এবং অন্যান্য শক্তিগুলিকে (যুক্তরাষ্ট্র, সোভিয়েট রাশিয়া ও বৃটেন) একটিকে ছেড়ে আর একটিকে বেছে নিতে হবে। অবশ্য উপরোক্ত রাষ্ট্রগুলির প্রত্যেকেই পাকিস্তানের ঐক্যাবস্থা বজায় রাখতে আগ্রহী। কারণ, সাধারণভাবে এশিয়ায় এবং বিশেষভাবে ভারত উপমহাদেশে নিজেদের আন্তর্জাতিক রণকৌশল স্বার্থ বজায় রাখার জন্য তারা প্রত্যেকেই ঐক্যবদ্ধ পাকিস্তানকে ব্যবহার করার সুযোগ পাবে। এতে তাদের দুটি উদ্দেশই সিদ্ধ হবে- ভারতের বিপক্ষে পাকিস্তানকে দাঁড় করিয়ে সাম্য সৃষ্টি করা এবং

নিজ নিজ রাজনৈতিক স্বার্থে পাকিস্তানকে সামরিক ঘাঁটি হিসেবে ব্যবহার করা। কিন্তু পাকিস্তান বিভক্ত হয়ে যাওয়ার সঙ্গে সঙ্গেই পশ্চিম পাকিস্তানকেই বেছে নেবে- পূর্ব বাংলাকে নয়। পশ্চিম পাকিস্তানই সত্যিকারের পাকিস্তান। পূর্ব পাকিস্তান তথা পূর্ব বাংলা ত' 'পশ্চিম পাকিস্তানের উপনিবেশ। ভারত এবং রাশিয়ার মধ্যে যাতে সামরিক দিক দিয়ে সংযোগ না ঘটতে পারে, সে উদ্দেশ্যে এ দুটি দেশের মধ্যে পশ্চিম পাকিস্তানকে গোঁজ হিসেবে ব্যবহার করা যাবে। চীনকে পশ্চিম পাকিস্তান তার প্রথম শ্রেণীর বিপক্ষে বন্দর করাচীকে ব্যবহার করার জন্য দেবে। চীন আজ রাশিয়া ও যুক্তরাষ্ট্রের পশ্চিম এশিয়া এবং উত্তর আফ্রিকায় ঘাঁটি গড়তে পারেনি। পশ্চিম পাকিস্তানের মাধ্যমে চীন সহজেই ঐ দুটি অঞ্চলে প্রবেশের সুযোগ পাবে।

(ঘ) অবশ্য চীন যে তার ভৌগোলিক রাজনৈতিক হিসাবের খাতা থেকে পূর্ব বাংলাকে একেবারে খারিজ করে দেবে, তা নয়। সে পূর্ববাংলার প্রশ্নটিও খোলা রেখেছে। যাতে আওয়ামী লীগেই নেতৃত্ব একই সাথে ভারতের সঙ্গে কলংকিত হয় এটা দেখবার জন্যই চীন অপেক্ষা করছে। মুজিবর রহমান ও তার দল সুস্পষ্টরূপে ভারতের সমর্থক। এবং বাংলাদেশের জনসাধারণও মুখ্যত ভারতের সমর্থক। ইয়াহিয়া খানের নির্মম নিপীড়নে ভারতের প্রতি বন্ধুভাবাপন্ন আওয়ামী লীগ নেতৃত্ব যদি পরাজিত ও কলংকিত হয়, সেক্ষেত্রে পূর্ব বাংলায় রাজনৈতিক ক্ষেত্রে হতাশা ও শূন্যতা দেখা দেবে। তা পূরণের জন্য সেখানে চীনপন্থী রাজনৈতিক দলগুলো এগিয়ে আসবে। আর তখন চীন পূর্ব বাংলার রাজনীতিতে প্রবেশ করতে ইতস্তত করবে না। সে অবস্থায় চীন শুধু পূর্ব বাংলার প্রশ্নেই আবদ্ধ থাকবে না। সম্ভবত: সিকিম, ভুটান, নেপাল ও ব্রহ্ম সমেত আসাম, নেফা, নাগাল্যান্ড, ত্রিপুরা, মণিপুর এবং পশ্চিম বঙ্গকে নিয়ে সারা পূর্ব ভারতে সাধারণভাবে মুক্তিযুদ্ধ শুরু করার জন্য পূর্ব বাংলাকে ঘাঁটি হিসেবে ব্যবহার করা হবে। ভারত কি এ অবস্থা ঘটতে দেবে? এটা কি ভারতের পক্ষে আত্মহত্যার শামিল নয়?

(ঙ) ১৯৬২ সালে নেফায় যেদিন চীন তার সৈন্য সামন্ত নিয়ে ঢুকেছিল তখন ভারতের প্রতিরক্ষা অবস্থা যা ছিল, তা আজকের দিনের অর্থাৎ ১৯৭১ সালের চীন বনাম ভারতের প্রতিরক্ষা ব্যবস্থার বিচারে সম্পূর্ণ ভিন্ন। সে সময় প্রতিরক্ষা ব্যবস্থা বলতে সত্যিকারের যা বোঝায়, তা ভারতের ছিল না। তাতেও সে সময়ে ''থাগ-লা'' ; থেকে ''ফুট হিলস'' আসতে একমাস লেগেছিল। এখন উত্তরাঞ্চলে শত্রুকে রুখবার জন্য পাহাড়ী পরিবেশে যুদ্ধক্ষম আধুনিক অস্ত্রশস্ত্রে সুসজ্জিত নয় ডিভিশন সৈন্যকে ভারত উত্তরের পার্বত্য অঞ্চলে নিযুক্ত করেছে। চীন ভুটানকে আক্রমণ করতে পারব না। ভুটান রাষ্ট্রসংঘের সদস্য। এক্ষেত্রে ভুটান আক্রান্ত হলে বিশ্বের অন্যান্য শক্তিগুলিও জড়িয়ে পড়বে। বাংলাদেশের মুক্তিফৌজকে বিপুল সাহায্য দেওয়ার উদ্দেশ্যে যদি ভারত হস্তক্ষেপ করে, তাহলে অনতিবিলম্বে বাংলাদেশ পাক-বাহিনীকে নির্মূল করে দিতে পারবে। এরকম অবস্থায় পূর্ব বাংলায় অবস্থিত পাকিস্তানী বাহিনীকে চীন সত্যিকারের কোন সাহায্যই দিতে পারবে না। চীনের পক্ষে ভারতের নয় ডিভিশন সৈন্যের বেড়াজাল ছিন্ন করে পাকিস্তানী বাহিনীকে সাহায্য দেওয়া সহজ হবে না। তাছাড়া, যত বড় শক্তিই হোক না কেন, হিমালয় ডিঙ্গিয়ে ভারতীয় উপত্যকায় প্রবেশ করে কোন শক্তির পক্ষেই যুদ্ধ করা সম্ভব হবে না- যুদ্ধের সরবরাহ পথ এতই বিপদসঙ্কুল ও অনিশ্চিত যে সমর কৌশল প্রশ্নটি অসম্ভব হয়ে উঠবে। আর তাছাড়া সাধারণত চীনকে যুদ্ধের জন্য অন্য দেশে ঢুকে পড়তে দেখা যায় না। কেবলমাত্র কোরিয়াতে এর ব্যতিক্রম ঘটেছিল। তবে সেখানেও নিজের প্রতিরক্ষার স্বার্থেই চীন ব্যতিক্রম ঘটিয়েছিল। এটা মনে রাখা প্রয়োজন যে, এখনও পর্যন্ত চীন ভিয়েতনামে কোন সশস্ত্র বাহিনী পাঠায়নি।

(চ) এখন চীন এবং রাশিয়ার মধ্যে যে সম্পর্ক বর্তমান, তা হলো প্রকাশ্য বৈরিতার। কিন্তু ১৯৬২ সালে ঐ দুটি রাষ্ট্রের মধ্যে সে রকম সম্পর্ক ছিল না। তাছাড়া সে সময় কিউবায় পারমাণবিক বোমারু বিমানের ঘাঁটি স্থাপনের প্রশ্নে যুক্তরাষ্ট্রের সঙ্গে রাশিয়ার বিরোধ আসন্ন হয়ে উঠেছিল, আর সে জন্য রাশিয়া অনেকাংশে প্রতিহতও হয়েছিল। চীনও সে সময় রাশিয়া ও যুক্তরাষ্ট্রের মধ্যে যে বিপজ্জনক পরিণতির উদ্ভব হয়েছিল, তার সুযোগ নিয়েছিল। এখন সিংকিয়াং থেকে শুরু করে মাংগোলিয়া পর্যন্ত দু'দেশের মধ্যে বিরাজমান সুবিস্তৃত সীমান্ত জুড়ে চীনকে বিপুল সৈন্য বাহিনী নিয়োগ করতে হয়েছে। এটা মনে রাখা দরকার যে, সোভিয়েট-চীন সীমান্ত অঞ্চল পৃথিবীর মধ্যে দীর্ঘতম।

উপরোক্ত বিষয়গুলি বিবেচনা করে বলা যায় যে, চীন যে হুঁশিয়ারী দিয়েছে তা ধর্তব্যের মধ্যে না আনাই উচিত হবে। তাই আমরা পাকিস্তানকে তার ইচ্ছামত বাংলাদেশ ও তার সংগ্রামী নেতৃত্বকে ধ্বংস করতে দিতে পারি না।

ভৌগোলিক-রাজনৈতিক পরিস্থিতির কারণেই রাশিয়া ও পাকিস্তান, বিশেষত: পশ্চিম পাকিস্তান সম্পর্কে বিশেষ আগ্রহী। চীন এবং যুক্তরাষ্ট্রের খপ্পর থেকে পাকিস্তানকে ছিনিয়ে আনতে রাশিয়া চায়। নিঃসন্দেহে বলা যায় যে, আন্তর্জাতিক ক্ষেত্রে এখন রাশিয়ার দৃষ্টিভঙ্গি রক্ষণশীল। রাশিয়াও স্থিতাবস্থার সঙ্গে মানিয়ে নিয়ে চলতে চায়। প্রতিরক্ষা এবং অন্যান্য কারণের জন্য ভারত যুক্তরাষ্ট্রের চাইতে সোভিয়েট রাশিয়ার ওপরই বেশী নির্ভরশীল। কিন্তু রাশিয়ার উদ্বেগ নিয়ে ভারতের পক্ষে মাথ ঘামানোর প্রয়োজন নেই। কারণ, ভারত দৃঢ়তার সঙ্গে তার নীতি অনুযায়ী এগিয়ে গেলে, রাশিয়া কোন অবস্থাতেই ভারতকে পরিত্যাগ করতে পারবে না। কেননা, তাহলে তাকে সমগ্র এশিয়াতেই তার (রাশিয়ার) বর্তমান আত্মরক্ষা ব্যবস্থা পরিত্যাগ করতে হবে।

বর্তমানে আমেরিকায় বাংলাদেশ বিরোধীদের চাইতে সমর্থকদের সংখ্যাই বেশী। এখন সেখানকার প্রভাবশালী মহল পশ্চিম পাকিস্তানকে বাংলাদেশের অবস্থার জন্য নিন্দা করছে। অবশ্য মার্কিন সরকার ভারতের বিরুদ্ধে পাকিস্তানকে সমর্থন করে এখনও সেই পুরোনো খেলাই খেলছে।

স্বাধীন সত্তা নিয়ে পূর্ব বাংলায় নব অভ্যুদয় ঘটেছে তাকে এখন ইংল্যান্ডের শ্রমিকদল সাহায্য সমর্থন করতে প্রায় অঙ্গীকারাবদ্ধ। পশ্চিম পাকিস্তানী সৈন্যবাহিনী যে নারকীয়তা ও নির্মমতার মধ্য দিয়ে পূর্ব বাংলায় হত্যাকান্ড চালিয়ে যাচ্ছে, তা সেখারনকার ক্ষমতাসীন রক্ষণশীল দলও সমর্থন করতে পারছে না।

ব্রহ্মদেশ, সিংহল, নেপাল, সিকিম প্রভৃতি ভারতের চর্তুর্দিকস্থ ছোট ছোট রাষ্ট্র পূর্ব বাংলার পরিস্থিতিতে ভারত কী রকম আচরণ করে এটা দেখার জন্যই অপেক্ষা করছে। যদি ভারত তার কর্তব্য সম্পাদনে ব্যর্থ হয়, তাহলে ভারতের প্রতি এখনও তাদের যেটুকু আস্থার ভাব আছে, সেই ভাবটুকু একেবারেই কেটে যাবে এবং তারা আত্মরক্ষার জন্য অন্যান্য বৃহৎ শক্তির জন্য ঝুঁকে পড়বে।

অবশ্য ভারত সরকারও এসব বিষয়ে অবহিত। আন্তর্জাতিক শক্তিগুলির তথাকথিত চাপেই যে ভারত বাংলাদেশকে স্বীকৃতি দানের পক্ষে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে ইতস্তত করছে তা-ও বলা যায় না। এ ব্যাপারে অন্যান্য শক্তির ওপর ভারত সত্যিই কোন দোষারোপ করতে পারে না। এক্ষেত্রে সিদ্ধান্তটা নেবার ভার ভারতকেই নিতে হবে- ঐ সব রাষ্ট্রকে নয়।

বাংলাদেশের ব্যাপারে জড়িয়ে পড়ার মত শক্ত নীতি গ্রহণের ক্ষেত্রে কেন্দ্রীয় মন্ত্রিসভায় শ্রীমতি ইন্দিরা গান্ধীর সংখ্যাগরিষ্ঠতা নেই তা বলা যায় না। তাছাড়া, আজ কি একটি মাত্র ব্যক্তির হুকুমে, তাঁর নিজের শাসনেই, ভারত সরকার চলছে না? কেন্দ্রীয় মন্ত্রিসভায় অন্যান্য মন্ত্রীদের অস্তিত্বটা তাঁর মর্জির উপরই নির্ভর করে। নিজেরই ইচ্ছামত প্রধানমন্ত্রী মন্ত্রীসভা গঠন করতে পারেন- ভাঙ্গতেও পারেন।

ভারতের ঐক্যবদ্ধ জনমত হল, বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দেওয়া হোক- আর খোলাখুলিভাবে উপযুক্ত পরিমাণ সাহায্য দেওয়া হোক।

এ প্রশ্ন নিয়ে পাকিস্তানের সঙ্গে যুদ্ধ বাধলে আমাদের সমর বিভাগের সেনাপতিরা যে বিরোধিতা করবে তা সত্য নয়। অবশ্য তাদের মধ্যে সকলেই খুব উৎসাহী নাও হতে পারেন। কিন্তু যুদ্ধ অথবা শান্তি যাই হোক না কেন, এসব বিষয়ে সিদ্ধান্ত নেন রাজনৈতিক কর্তৃপক্ষ, সমর বিভাগ নয়। রাজনৈতিক কর্তৃপক্ষের নির্দেশ মান্য করাই ও আদেশ পালন করাই সামরিক বিভাগের কাজ। সমর বিভাগের ওপর সিদ্ধান্ত নেওয়ার ভার অর্পণ করলে, তারা সব সময় উপযুক্ত প্রস্তুতির অভাবের ছুতো দেখিয়ে যুদ্ধকে পরিহার করতে চাইবে। আর প্রস্তুতি

কথাটা সবসময়ই আপেক্ষিক অর্থে ব্যবহৃত হয়ে থাকে; প্রস্তুতি বলতে প্রকৃতপক্ষে যা বুঝায়, সে অর্থে এমনকি যুক্তরাষ্ট্রে, সোভিয়েট রাশিয়া এবং চীনের মত শক্তিও প্রস্তুত নয়। প্রস্তুতি পর্বের সীমা থাকে না; উপরন্তু যদি আমরা দেখি যে কোন ন্যায্য কারণের জন্য এবং ভারতের প্রতিরক্ষার জন্য যুদ্ধ করতে গিয়ে আমরা অপ্রস্তুত অবস্থায় আছি, তাহলে কেন বছর বছর আমাদের বাজেটে সমর বিভাগের জন্য ১১৫০ কোটি টাকা বরাদ্দ করি? আর বাস্তবিকই আমাদের সামরিক বিভাগ প্রধানমন্ত্রীর নির্দেশ পালনে অস্বীকৃত হয়নি।

এই ব্যাপারে কোন কিছু না করতে গেলে যে খরচ হবে তার পরিমাণ প্রত্যক্ষভাবে কিছু করতে গেলে, এমনকি একখন্ড সম্ভাব্য যুদ্ধ করতে হলেও তার চেয়ে বেশী হবে। বাংলাদেশ থেকে কমপক্ষে এক কোটির মত উদ্বাস্তুকে আশ্রয় দেওয়ার জন্য এখনই ভারতকে প্রস্তুত থাকতে হবে। এই উদ্বাস্তুদের মধ্যে বাঙ্গালী হিন্দুদের সংখ্যাই দাঁড়াবে ৯০ লক্ষের মত। বাংলাদেশে সত্যিকারের গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ রাষ্ট্র স্থাপিত না হলে বাঙ্গালী হিন্দু উদ্বাস্তুরা কখনও দেশে ফিরে যাবে না। বাংলাদেশের উদ্বাস্তুদের জন্য মাথাপিছু ব্যয় দৈনিক দু'টাকা করে ধরা হলে, ভারতকে তাদের জন্যে দৈনিক দু কোটি টাকা ব্যয় করতে হবে। ঐ উদ্বাস্তুদের ভরণ পোষণ ও পুর্নবাসনের বোঝা রাষ্ট্রসংঘ বহন করবে না এবং বহন করতে পারে না। একমাত্র প্যালেস্টাইনের উদ্বাস্তুদের ক্ষেত্রেই এর ব্যতিক্রম ঘটেছে। অবশ্য সেই ব্যতিক্রমও ঘটেছে, যুদ্ধের পর সন্ধির শর্ত পালনের বাধ্যবাধকতা হিসেবে। বাংলাদেশের ক্ষেত্রে সরকারীভাবে কোন যুদ্ধ ঘোষিত হয়নি- তাই সন্ধির শর্তের কোন প্রশ্নই এখানে নেই। কিছুকালের জন্য বিশ্ব সংস্থাগুলি কিছু সাহায্য দিতে পারে কিন্তু তারা নিশ্চয়ই উদ্বাস্তুদের জন্য দায়দায়িত্বের ভারগ্রহণ করবে না।

এসব উদ্বাস্তুর ভারে ভারতের অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়বে। যদি ভারতে পূর্ব বাংলার সব বাঙ্গালী হিন্দুরাই চলে আসতে বাধ্য হয়, তাহলে সারা দেশে সাম্প্রদায়িক পরিস্থিতির মধ্যে বিরাট ওলট-পালট ঘটবে এবং পরিণামে ভারতেও ভীষণ সাম্প্রদায়িক রক্তবন্যা বইতে পারে। এর ফলে এ দেশের রাজনৈতিক ভারসাম্যও বিপর্যস্ত হবে- শেষ পর্যন্ত কেন্দ্রে বর্তমান মন্ত্রীসভার এবং ভারতের পূর্ব অঞ্চলের রাজ্যসমূহের মন্ত্রীসভাগুলির পতন ঘটবে। সে অবস্থায় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ শিকেয় তুলে রাখতে হবে এবং উন্নয়নমূলক কাজগুলিকে বন্ধ রাখতে হবে। জনগণের নৈতিক মেরুদন্ড দ্রুত ভেঙ্গে পড়বে। তখর ভারতের ভেতরই গড়ে উঠবে বিচ্ছিন্নতাবাদী মনোভাব। আর, চূড়ান্ত পর্যায়ে ভারত যুদ্ধকেও এড়িয়ে যেতে পারবে না। আহ যদি যুদ্ধ হয়ই, তাহলে এ যুদ্ধের যে খরচা পড়বে তার চাইতে দশগুণ বেশী খরচা পড়বে ভবিষ্যতের যুদ্ধে- যে যুদ্ধ ঘটবে পাকিস্তানের ইচ্ছায় ও পাকিস্তানের সুবিধামত।

আমাদের এই উপমহাদেশের অগ্রগতির যাত্রাপথে বাংলাদেশ হল হারানো সূত্র। সাম্প্রদায়িকতার জগদ্দল পাথরে ধাক্কা খেয়ে ভারতকে তার আদর্শ থেকে সরে আসতে হয়েছে। পাকিস্তানবাদ এবং দ্বিজাতিতত্ত্বের সত্যিকারের জবাব হিসেবেই বাংলাদেশের অভ্যুদয় ঘটেছে। ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক এবং প্রগতিশীল ও ভারতের প্রতি বন্ধুভাবাপন্ন রাষ্ট্র হিসেবে বাংলাদেশের আবির্ভাব ঘটলে, এই উপমহাদেশ থেকে সাম্প্রদায়িকতা, বর্ণভেদ এবং সঙ্কীর্ণতাবাদের মত সব শক্তিগুলিই বিলীন হয়ে যাবে। বাংলাদেশ আমাদের সামনে এক বিরাট সুযোগ এনে দিয়েছে- যা হয়তো আগামী আর এক শতাব্দীর মধ্যে আবার আমরা পাব না।

ভারত বাংলাদেশকে স্বীকৃতি দিলে যদি পাকিস্তান ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে, তাহলে পাকিস্তান যে পূর্ব বাংলার কয়েক দিনের বেশী টিকে থাকতে পারবে না, তা সে ভালভাবেই জানে। কিন্তু এই ভীষণ সম্ভাবনা থাকা সত্ত্বেও পাকিস্তানের পক্ষে যুদ্ধ ঘোষণা ছাড়া আর কোন পথ নেই। কারণ, পাকিস্তানের জঙ্গী শাসকরা নিজেদের জনগণের হাত থেকে রেহাই পাওয়ার জন্য ভারতের কাছে পরাজয় বরণকেই শ্রেয় মনে করবে। পশ্চিমাঞ্চলেই চূড়ান্তভাবে যুদ্ধের নিষ্পত্তি হবে। এজন্য উত্তরাঞ্চল থেকে সৈন্যদের সরিয়ে আনার প্রয়োজন হবে না। পূর্বাঞ্চলে পাকবাহিনীকে উচ্ছেদ করা হলে, - যা কয়েকদিনের ব্যাপার মাত্র - আমরা স্বচ্ছন্দেই পূর্বাঞ্চল থেকে পশ্চিমফ্রন্টে শক্তি বৃদ্ধি করতে পারব। সম্ভবত এক মাসেরও অধিক কাল পশ্চিম পাকিস্তান যুদ্ধে টিকে

থাকতে পারবে না। এ অবস্থায় পশ্চিম পাকিস্তান চূড়ান্ত পর্যায়ে ধসে যাবে। অথবা এমনও হতে পারে যে, ভারত বাংলাদেশকে স্বীকৃতি দেওয়া সত্ত্বেও পাকিস্তান যুদ্ধ ঘোষণা নাও করতে পারে। বর্তমানে পশ্চিম পাকিস্তানে যে উন্মোদনা দেখা দিয়েছে, তাতে বলা যায় যে, রাজনৈতিক সমস্যার সমাধানের জন্য গণতান্ত্রিক নির্বাচিত জনগণের প্রতিনিধিদের হাতেই পূর্ব বাংলাকে সমর্পণ করে যুদ্ধে পরাজয় বরণের মত দূরদর্শিতা বিজ্ঞতা পশ্চিম পাকিস্তানের জঙ্গী শাসক গোষ্ঠীর মধ্যে নাও থাকতে পারে।

শত্রুপক্ষকে পিছন থেকে ব্যতিব্যস্ত করে শেষ করে দেওয়ার জন্য বাংলাদেশের জনগণকে গেরিলা দল সংগঠন করতে বলা হয়েছে। এ অনেকটা লম্বা-চওড়া নির্দেশ দেওয়ার মত ব্যাপার। এমনকি যদি তারা শেষ পর্যন্ত এরকম স্থায়ী শক্তি সংগঠন করতেও পারেন, তবুও ঐ শক্তিকে নির্দিষ্টরূপে দিতে কয়েক বছর কেটে যাবে। আর চীন ও রাশিয়া কারুর মতামতের অপেক্ষা না করে ভিয়েতনামকে যেমনভাবে বিপুল পরিমাণ সাহায্য দিয়েছিল এবং আজও দিচ্ছে, ঠিক তেমনভাবে যে কোন অবস্থার সম্মুখীন হওয়ার জন্য প্রস্তুত থেকে যদি ভারত বিপুল পরিমাণ সাহায্য দিতে অঙ্গীকারাবদ্ধ না হয়, তাহলে এ ধরনের গেরিলা শক্তির নেতৃত্ব ভারতের পক্ষে খুব সহায়ক হবে না। তাছাড়া, মুক্তিফৌজকে অত গোপনে ঐভাবে বিপুল পরিমাণ সাহায্য দেওয়া যাবে না। মুক্তিফৌজকে বিপুল পরিমাণ সাহায্য দেওয়ার জন্যও ভারতকে অবশ্যই সর্বপ্রথমে বাংলাদেশকে স্বীকৃতি দিতে হবে।

উপরন্তু ভারত বাংলাদেশকে স্বীকৃতি না দেওয়া পর্যন্ত বাংলাদেশের জনসাধারণের মধ্যে নিজেদের সম্পর্কে এবং বাংলাদেশ সরকার সম্পর্কে আত্মবিশ্বাসের ভাব বজায় থাকবে না। বাংলাদেশের জনগণকে অস্ত্রশস্ত্র দিয়ে সুসজ্জিত করার আগে তাদের নৈতিক ও রাজনৈতিক দিক দিয়ে শক্তিমান করে দিতে হবে। নৈতিক মানদন্ডহীন জাতিকে যতই অস্ত্র দেওয়া হোক না কেন, কোনদিনই ঐ জাতি অস্ত্র ব্যবহার করতে পারবে না।

ভারতের মতো উপমহাদেশে নেতা হবেন সুমহান, আর তার রাজনৈতিক দূরদর্শিতার মধ্যে থাকবে যুগপৎ দূরদৃষ্টি ও শক্তি। এই দেশকে শাসনের ভার ক্ষুদে শ্রেণীর রাজনৈতিকদের হাতে দেওয়া যায় না। মহান দেশরূপে যদি ভারত পরিগণিত হয়, তাহলে তাকে বর্তমান পরিস্থিতি অনুযায়ী দায়িত্বভার বহন করতেই হবে। এ বিষয়ে ইতস্তত করলে চলবে না। এই জাতিকে তার লক্ষ্যে পৌঁছিয়ে দেওয়ার জন্য সুমহান কাজও সুদৃঢ় প্রতিজ্ঞার প্রয়োজন। কেবলমাত্র সুমহান কাজ ও সুদৃঢ় প্রতিজ্ঞাই সমগ্র জাতিকে উদ্বুদ্ধ করতে পারে। তাহলেই এ দেশ এক বিরাট শক্তিতে পরিণত হবে এবং সকলের সম্মানের পাত্র ও শ্রদ্ধার পাত্র হয়ে দাঁড়াবে। ভারতের সামনে যে দায়িত্ব উপস্থিত, তা যদি সে এড়িয়ে যেতে চায়, তাহলে তার ধ্বংস অনিবার্য ও নিশ্চিত।

সম্পাদকীয়, কম্পাস : ২৯শে মে, ১৯৭১

শিরোনাম	সূত্র	তারিখ
৩০৪। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ভারতের ভূমিকা	কম্পাস	২৯ মে, ১৯৭১

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ভারতের ভূমিকা

সুদিন ভট্টাচার্য

আপাতঃ দৃষ্টিতে মনে হয় ইয়াহিয়া খাঁ বোধ হয় যা চেয়েছিলেন তাই হতে চলেছে। পূর্ব বাংলার প্রায় এক কোটি হিন্দু এবং কয়েক লক্ষ শিক্ষিত সংস্কৃতিবান মুসলমান সে দেশ থেকে বিতাড়িত হয়ে ভারতের আশ্রয় নেওয়ার পথে। এর ফলে সুচতুর রাজনীতিবিদ ভুট্টোর আশা পূর্ণ হবে- বাঙ্গালীরা পাকিস্তানে সংখ্যালঘু সম্প্রদায়ের পরিণত হবে। তার প্রতিক্রিয়া হবে সুদূরপ্রসারী। পূর্ব বাংলায় গণবিপ্লবের সময় পাকিস্তান সরকার যেমন মাসাধিকতাল ধরে গড়ে দৈনিক ১ কোটি টাকা সামরিক ব্যয় করতে বাধ্য হয়েছেন এবং প্রায় ৭০ কোটি টাকার মত বৈদেশিক মুদ্রা রোজগার করতে অক্ষম হয়েছেন তেমনি ভারতকেও প্রতিদিন আশ্রয়প্রার্থীদের ভরণপোষণের জন্য একই প্রকার অর্থ ব্যয় করতে হবে তা ছাড়া সামাজিক এবং রাজনৈতিক কুফল তো আছেই।

কিন্তু কেন এমন হতে চলেছে? আওয়ামী লীগ নেতৃত্বের ব্যর্থতা? পাকিস্তানী সৈন্যদের অসাধারণ উন্নতমানের অস্ত্রাদি এবং দক্ষতা ? না ভারতের ব্যর্থতা ? এই তিনটি বিষয় একে একে আলোচনা করা যাক-

(১) আওয়ামী লীগ খুব বেশী দিনের দল নয়। নেতৃত্বও তরুণ। এর সুবিধা ও অসুবিধা দুইই আছে। অহিংস সংগ্রামের অভ্যস্ত নেতৃত্ব হিংস সংগ্রামের প্রস্তুতি চালাতে স্বভাবতঃই অক্ষম হয়েছিলেন। দ্বিতীয়ত : এঁদের সমর্থকদের একাংশ, ছাত্ররা আদর্শনিষ্ঠ এবং সাম্প্রদায়িকতার ঊর্ধ্বে থাকলেও দূর গ্রামাঞ্চলে তাদের প্রভাব ততটা কার্যকর হয়নি। সেখানে এখনও লীগ যুগের ধর্মান্ধতার রেশ কম বেশী রয়ে গিয়েছে। ইয়াহিয়া চক্র এই সুযোগ কাজে লাগিয়েছেন। তৃতীয়তঃ শেখ মুজিবের ব্যক্তিত্ব এবং নেতৃত্ব ছিল এই দলের সবচেয়ে বড় ভরসা। ২৫শে মার্চ রাত্রে মুজিবর রহমান পাকিস্তানী সৈন্যদের হাতে গ্রেফতার হওয়ায় তার দল অনেক পরিমাণে দিশাহারা হয়ে পড়ে। সশস্ত্র সংগ্রাম সম্পর্কে লীগের নেতৃবৃন্দের বিন্দুমাত্র ধারণা থাকলে তারা বিদ্রোহ করার জন্য ২৫শে মার্চ পর্যন্ত অপেক্ষা করতেন না এবং সৈন্যদের হতো পুলিশ ও ইপিআরকে নিরস্ত্র এবং প্রায় নিশ্চিহ্ন হতে দিতেন না এবং প্রথম দিনেই তারা ঢাকা বিমানঘাঁটি দখল করবার চেষ্টা করতেন।

(২) পাকিস্তান মোটামুটি শক্তিশালী দেশ। 'টাইম' পত্রিকার তথ্য যদি ঠিক হয় তকে বুঝতে হবে যে দেশের ঐ সৈন্যদলে প্রতি ১০০ জনের মধ্যে মাত্র একজন পূর্ব বাংলার মানুষ। মাত্র ৫/৬ ব্যাটেলিয়ন সৈন্য পূর্ব বাংলার- তার মধ্যেও বহু অবাঙ্গালী সৈন্য ও অফিসার ছিল। এর মধ্যেও অর্ধেক ছিল পশ্চিম অংশে। সুতরাং বিদ্রোহের দিনে মাত্র হাজারখানেক সামরিক শিক্ষিত বাঙ্গালী পূর্ব বাংলায় উপস্থিত ছিলেন ইপিআর প্রকৃতপক্ষে সীমান্ত পুলিশ। এদের অল্প সংখ্যক ষ্টেন, এলএমজি ২" ও ৩" মর্টার ছিল। কিন্তু সামরিক শিক্ষার মানের দিক দিয়ে এরা খুব পশ্চাৎপদ। আনসারদের অস্ত্রশস্ত্র খুব কমই ছিল, সামরিক শিক্ষার মানও ছিল শোচনীয়। শুধুমাত্র আওয়ামী লীগের প্রতি আনুগত্য ও স্বদেশ প্রেমের দ্বারা তো যুদ্ধ করা যায় না- বিশেষতঃ পূর্ব বাংলার খোলামাঠে এবং গ্রীষ্মকালের ফসলহীন ক্ষেতের উপর যুদ্ধ হলে জিতবার কোন আশাই থাকে না আধুনিক সৈন্য বাহিনীর বিরুদ্ধে।

পাকিস্তানের সামরিক শক্তি "ষ্টেটসম্যান" -এর হিরন্ময় কার্লেকার মহাশয় যা দিয়েছেন ততটা নয়- "ইনষ্টিটিউট অব ষ্ট্রাটেজিক ষ্টাডিজ" -এর মতে তার চেয়ে অনেক কম। নিয়মিত সৈন্য প্রায় ২ লক্ষ ৭০ হাজার,

কাশ্মীরের আধাসৈন্য প্রায় ৩০ হাজার। এছাড়া আছে স্কাউট, রেঞ্জার ইত্যাদি অনিয়মিত কিন্তু মোটামুটি দক্ষ সৈন্য আর ৪০/৫০ হাজারের মত। অস্ত্রশস্ত্রে ঐ ২৭০০০০ সৈন্য বেশ আধুনিক, বাকীরা সেকেলে। মার্কিন বদান্যতায় পাওয়া এবং ১৯৬৫'র ক্ষয়ক্ষতি থেকে রেহাই পাওয়া ৪০০ মাঝারি ট্যাঙ্ক এবং রাশিয়া ও চীন থেকে পাওয়া ৩০০-এর মত মাঝারি ট্যাঙ্ক আছে। হাল্কা ট্যাঙ্ক (মার্কিন ও চীনা) এবং উভচর ট্যাঙ্ক (রাশিয়ান পিটি-৭৬) মিলেও আরও ২০০-এর মত হতে পারে। কামান বেশীর ভাগই পুরানো ২৫ পাউন্ডার হলেও অল্পসংখ্যক মার্কিন ও রুশ খুব ভারী কামান ও ভালোজাতের চীনা মর্টার ও রকেটও আছে। পূর্ব বাংলায় কিন্তু এই বাহিনীর সাত ভাগের এক ভাগও ছিল না ২৫শে মার্চ। এবং তার পরের একমাসে- বিদেশীদের মতে আরও ১০/১২ হাজার সৈন্য আমদানি করা হয় জাহাজ ও বিমান পথে। আর ছিল ২০/২২ খানার মত পুরাতন স্যাবর জেট বিমান। অল্পসংখ্যক হেলিকপ্টার, 'গানশিপ' ও ছিল পূর্ব বাংলায়।

আওয়ামী লীগের "রেগ-টেগ সার্কাস" -এর তুলনায় ৩০/৪০ হাজার নিয়মিত সৈন্য এবং তাছাড়া ৪০ শতাংশ লেজুড় যথেষ্ট শক্তিশালী এ কথা বলাই বাহুল্য। ইপিআর- এর কোন রণসম্ভাই এই বাহিনীর বা স্যাবর জেটগুলির মোকাবিলা করবার পক্ষে উপযুক্ত নয়। সুতরাং ফল যা হওয়ার হয়েছে।

(৩) ভারতের শোচনীয় ব্যর্থতার ইতিহাস বড়ই করুণ। এমন সুবর্ণ সুযোগ যে দেশ গ্রহণ করতে না পারে সে দেশের নেতৃত্ব ক্ষমার অযোগ্য। পাকিস্তান ভারতের শত্রুদেশ। ১৯৬৫ সালের পর থেকেই দুই দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য বন্ধ, কোন প্রকার কূটনৈতিক সৌজন্যে প্রদর্শনও হয় না। পাকিস্তানের একমাত্র কাম্য হল ভারতের সর্বনাশ হোক। যেনতের প্রকারে ভারত সামরিক ও আর্থিক দিক দিয়ে দুর্বল হোক। নাগা মিজো তামিলরা বলুক যে আমরা ভারতের মধ্যে থাকবো না। চীন ও ভারত এশিয়ার এই দুইটি প্রধান শক্তি পরস্পর শত্রুতার মধ্যে কালযাপন করুক- পাকিস্তান এই চায়। তার বিনিময়ে ভারত ক্রমাগত চাইছে যে, পাকিস্তান আমাদের সঙ্গে ব্যবসা-বাণিজ্য করুক। ভদ্র আচরণ করুক ইত্যাদি। এর চেয়ে হাস্যকর মূর্খতা আর কি হতে পারে। জার্মানীর মদগর্বী প্রাশিয়ান জাঙ্কারদের মত সৌর্যবীর্যগর্বী পাঞ্জাবী আফ্রিদি বেলুচরাও ভাবে যে ভারত আমাদের কি ক্ষতি করতে? আমাদের সহায় চীন, তুরস্ক, ইরান, সৌদি আরব এবং লিবিয়া- এই শেষোক্ত দেশ দু'টি তেল বিক্রির টাকার একটা বড় অংশ যেমন ইসরাইলীদের বিরোধী আরবরা পাচ্ছে তেমন এর একটা উল্লেখযোগ্য অংশ পাচ্ছে হিন্দু বিরোধীর ভূমিকায় পাকিস্তান। সামরিক শক্তির দিক থেকে একমাত্র চীন শক্তিমান। তুরস্ক ও ইরানের কিছু আধুনিক রণসম্ভার আছে কিন্তু সাহায্য দেওয়ার মত কিছু না। স্টেইটম্যান (১২ মে) এ কূলদীপ নায়ার লিখেছেন যে ইরান ও তুরস্ক পাকিস্তানকে এফ-৫ এবং এফ-৮২ বিমান দিয়েছে। অদ্ভুদ কথা। ঐ এফ-৫ মার্কিনরা ১৯৬২ সালে ভারতকে দিতে চেয়েছিল। ভারত নিতে রাজী হয়নি। মান্ধাতার আমলের এফ-৮২ (না ছাপার ভুল- এফ-৮৬?) কি করবে। ভারতে প্রায় ৩-৪ শত মিগ-২১ ও এস-২২ যাদের গতিবেগ উপরোক্ত বিমানদ্বয়ের গতিবেগের দ্বিগুণ- তাদের সামনে ২০/২৫ খান ঐ বিমান কি করবে? ইরানে খান কয়েক ফ্যান্টম (এফ-৪ এফ) আছে কিন্তু ঐ কখনোই বা কি হবে। কিন্তু ভবিষ্যতে ভারতের এই বর্তমান সুবিধা নাও থাকতে পারে। সুতরাং এমন সুবর্ণ সুযোগ ভারতের হারানো উচিত নয় এবং শেষ পর্যন্ত কূলদীপ নায়ারও অবশ্য বলেছেন- "ইন্ডিয়া কেন স্টিল ইসু এন আলটিমেটম টু পাকিস্তান টুন স্টপ দি ইনফ্লাক্স অফ রিফিউজীস অর ফেছ দি কন্সকুইনসেস"।

নীচে এশিয়ার কয়েকটি দেশের সৈন্য ও বিমানের সংখ্যা দেওয়া গল- চীন (১) নিয়মিত সৈন্য ২৫ লক্ষ, ৬টি আর্মার্ড ডিভিশন, ৪০০০ ট্যাঙ্ক (২) ২৫০০ যুদ্ধবিমান- অধিকাংশ মীগ- ১৭ ও ১৯, সামান্য সংখ্যক ২১ এবং ৩০০ ইলিউসিন-২৮ (ক্যানবেরার চেয়ে মন্থরগতি এবং কম উচ্চে উড়তে পারে)।

ভারত- (১) নিয়মিত সৈন্য ১০ লক্ষ, ৩ আর্মার্ড ডিভিশন বা সমসংখ্যক ব্রিগেড ও রেজিমেন্ট, ১০০০ মাঝরি ও ৪০০ হাল্কা ট্যাঙ্ক (২) প্রায় ৭০০০ যুদ্ধ বিমান- এক তৃতীয়াংশ শব্দের দ্বিগুণ গতিবেগ সম্পন্ন, ৭০ বেমারু। ৪০০০ কামান।

পাকিস্তান- (১) নিয়মিত সৈন্য প্রায় ৩ লক্ষ, ২ আর্মার্ড ডিভিশন, ৭০০ মাঝারি, ১০০ হালকাআ ট্যাঙ্ক (২) প্রায় ৩০০ যুদ্ধ বিমান- মাত্র ৩০ টি শব্দের দ্বিগুণ গতিবেগ সম্পন্ন (মীরাজ)। ১০০০ কামান।

তুরস্কের শক্তি পাকিস্তানের চেয়ে একটু বেশী এবং ইরানের শক্তি বহুগুণ কম। সৌদি আরবের ২৫ খানা শব্দের দ্বিগুণ অধিক গতিবেগ সম্পন্ন লাইটনিং বিমান আছে। যেহেতু চীন সম্ভাবিত কোন যুদ্ধে জড়িয়ে পড়বার কোন সম্ভাবনাই নেই বলা চলে, কারণ তাকে রাশিয়া ও আমেরিকার মোকাবিলা করতে হয় এবং ভারতের সঙ্গে যুদ্ধ করা তার নীতিও নয়। তখন পাকিস্তান কোন সাহসে ভারতের সঙ্গে লড়তে চায়? পাঞ্জাবী মিলিটারী আভিজাত্যের দর্প চূর্ণ করার এবং তথাকথিত আজাদ কাশ্মীর পুনরুদ্ধার করবার, চিরকালের মত নাগামিজো সমস্যার সমাধান করবার মত এমন সুযোগ আর কখনু আসবে না। কারণ এখন পাকিস্তানের মাত্র ৮ ডিভিশন সৈন্য পশ্চিমে আর চার ডিভিশন পূর্ব দিকে। সুবর্ণ সুযোগ।

আর ভারত আজ যদি ভয় পেয়ে পিছিয়ে যায়- বস্তুতঃ ভয় পেয়ে অকারণে ভারত পিছিয়েই গেছে- তবে ইতিহাস তার জন্য ক্ষমা করবে না। প্রায় এক কোটি নবাগতের ভরণ পোষণের ব্যবস্থা করতে তাকে দেউলিয়া হতে হবে এবং কেউ তাকে এ বিষয়ে সাহায্য করতে আসবে না। কারণ মার্কিনরা জানে রুশরাও জানে ভারতকে এখন সাহায্য করার অর্থ হল এশিয়াতে আর একটি ''চীনের'' সৃষ্টি করা। তার চেয়ে সামরিক ভারসাম্যের নিস্ফল ধোঁকাবাজি চলতে থাকুক। মরুক ভারত আশ্রয় প্রার্থী সমুদ্রে হাবুডুবু খেয়ে।

বলতে বাধা নেই যে সাম্প্রতিক সাধারণ নির্বাচনে বিপুল সংখ্যাধিক্যে জয়লাভ করায় ইন্দিরাজীর প্রতি অনেক বিরূপ জনেরও একটু শ্রদ্ধার ভাব উদয় হচ্ছিল। পূর্ব বাংলার প্রতি আচরণের অপ্রতুলতায়, ব্যর্থতায় আজ তারা সকলেই ক্ষুদ্ধ হয়েছেন এ কথা বলাই বাহুল্য। এর ফলে ভারতের রাজনীতি এই কষ্টার্জিত স্থিতিশীলতা আর বেশিদিন স্থায়ী হবে বলে মনে হয় না। কার্যাকালে যার বল কার্যকর নয় এমন মানুষ কখনও কারো শ্রদ্ধার পাত্র হতে পারে না। বাংলা দেশের ভবিষ্যৎ নির্মাণে ভারতের ব্যর্থতা সত্যিই বেদনাদায়ক। পাকিস্তানী জঙ্গীবাদের জয় হলে এশিয়া ভূখন্ডে গুরুতর বিপর্যয় ঘটতে পারে। এবং তার জন্য ভারতের দায়িত্ব হবে পাকিস্তানের চেয়ে কম নয়।

শিরোনাম	সূত্র	তারিখ
৩০৫। লোকসভায় কমিউনিষ্ট সদস্যদের পাক ডেপুটি হাইকমিশনার সম্পর্কে ভারতের আচরণের নিন্দা	কালান্তর	১ জুন, ১৯৭১

লোকসভায় কমিউনিষ্ট সদস্যদের পাক ডেপুটি হাইকমিশনার সম্পর্কে ভারতের আচরণের নিন্দা

(বিশেষ প্রতিনিধি)

নয়াদিল্লী, ৩১ মে- আজ লোকসভায় কমিউনিষ্ট সদস্য এস কে ভেলায়ুধন কলকাতায় পাক ডেপুটি হাইকমিশনার মেহেদী মাসুদের প্রতি ভারত সরকারের আচরণের তীব্র নিন্দা করলে বৈদেশিক দপ্তরের মন্ত্রী শরণ সিং-এর পক্ষে সভাকে শান্ত করা মুস্কিল হয়ে পড়ে।

ক্ষুদ্ধ ভেলায়ূধন জানতে চান পাকিস্তান সরকার যখন ঢাকার ভারতীয় দূতাবাসের কর্মকর্তাদের অন্তরীণ করে তখন তার প্রতিশোধাত্মক ব্যবস্থা হিসেবে ভারত সরকার কলকাতার পাক ডেপুটি হাই কমিশনারকে কেন অন্তরীণ করেননি?

সরকারকে এই আচরণকে কাপুরুষোচিত আখ্যা দিয়ে তিনি বাংলাদেশ মিশনের সদস্যদের সঙ্গে পাক ডেপুটি হাইকমিশনারের সাক্ষাতের অনুমতি দানের তীব্র নিন্দা করেন।

জবাবে বৈদেশিক দপ্তরের মন্ত্রী স্বীকার করেন যে মেহদী মাসুদ কলকাতার পাক ডেপুটি হাইকমিশন দপ্তরের প্রাক্তন কর্মীদের সঙ্গে সাক্ষাতের সুযোগ লাভের দাবি করেছিলেন। কিন্তু তিনি জানেন না যে মেহদী ঐ সব কর্মী যারা বর্তমানে বাংলাদেশের প্রতি তাদের আনুগত্য পরিবর্তন করেছেন তাদের বাড়ি বাড়ি দেখা করার জন্য গেছেন।

পাক ডেপুটি কমিশনারের প্রতি সদয় ব্যবহার করার কারণ স্বরূপ শ্রী শরণ সিং বলেন ভারত সরকারের প্রধান লক্ষ ছিল ঢাকা থেকে ভারতীয় দূতাবাসের কর্মীদের বের করে আনা।

অনুরূপ কারণেই ইন্দিরা কংগ্রেস সদস্য এল কে দাশ চৌধুরী মাসুদকে বহিষ্কার করার দাবি প্রত্যাখ্যান করেন। তিনি যুক্তি হিসেবে আর বলেন, যদিও মাসুদ পাক ডেপুটি হাইকমিশনের কূটনৈতিক সদস্য নন কেন না কলকাতায় ঐ দপ্তরের বর্তমান অস্তিত্ব নেই তবুও ভারত সরকার জেনেভা কনভেনশন অনুযায়ী কিছু সুযোগ সুবিধা দিতে বাধ্য।

ভেরায়ূধনের আর এক প্রশ্নের জবাবে শ্রী শরণ সিং জানান যে, ঢাকায় ভারতীয় দূতাবাসের কর্মীদের ফিরিয়ে আনার জন্য ভারত সরকার পাকিস্তান সরকারের সঙ্গে অনবরত যোগাযোগ করছেন। এই বিষয়ে ভারত সরকার উভয় দেশে বহু স্থানীয় রাষ্ট্রের দিল্লীস্থ দূতাবাসের সঙ্গেও যোগাযোগ করছেন।

লোকসভায় কমিউনিস্ট দলের নেতা ইন্দ্রজিত গুপ্ত বাংলাদেশের মুক্তি আন্দোলনের সম্পর্কে প্রকৃত সংবাদ বিদেশের সরকারগুলিকে কি রকম ওয়াকিবহাল রাখছেন তার নির্দিষ্ট জবাব দাবি করেন।

জবাবে বৈদেশিক দপ্তরের রাষ্ট্রমন্ত্রী সুরেন্দ্র পাল সিং জানান ভারতে প্রতিনিধিরা সংশ্লিষ্ট সরকারগুলিকে বাংলাদেশের খবরাখবর দিয়েছেন। তাছাড়া এ দেশে যেসব বিদেশী দূতাবাস আছে সরকার তাদের কাছেও বিভিন্ন সময়ে এ বিষয়ে জানিয়েছেন।

বিদেশী রাষ্ট্রগুলির এবং জাতিসংঘ সম্পাদকের দৃষ্টি বাংলাদেশ সম্পর্কে সংসদের প্রস্তাব এবং প্রধানমন্ত্রীর বক্তৃতার প্রতি আকর্ষণ করা হয়েছে।

এই কূটনৈতিক কার্যকলাপের ফলে বেশ কয়েকটি সরকার মানবতার খাতিরে বাংলাদেশের জনসাধারণের জন্য সেবামূলক কাজের প্রতি উৎসাহ প্রকাশ করেছে। কিন্তু বাংলাদেশের মুক্তি আন্দোলন সম্পর্কে অধিকাংশ সরকারই কোন নির্দিষ্ট নীতি গ্রহণ করেনি।

শিরোনাম	সূত্র	তারিখ
৩০৬। বাংলাদেশে পাক ফৌজী বর্বরতা অবিশ্বাস্য কিন্তু সন্দেহাতীত	কালান্তর	১ জুন, ১৯৭১

বাংলাদেশে পাক ফৌজী বর্বরতা অবিশ্বাস্য কিন্তু সন্দেহাতীত

(স্টাফ রিপোর্টার)

কলকাতা, ৩০শে মে, 'ওয়ার অন ওয়াণ্ট' -এর সভাপতি মিঃ ডোনাল্ড চেসওঅর্থ এবং ব্রিটিশ পার্লামেণ্টের সদস্য মিঃ এম বার্নেস বাংলাদেশ থেকে আগত শরনার্থীদের শিবির পরিদর্শনের পর আজ এখানে এক সাংবাদিক সম্মেলনে বলেন, পূর্ব বাংলায় পাকিস্তানী ফৌজের বর্বরতা ও হত্যাকান্ড সম্পর্কে সন্দেহের কোনও কারণ নেই এবং পাকিস্তানকে যেসব দেশ অস্ত্র ও অন্যান্য সাহায্য দিয়েছে, তাঁদের দায়িত্ব রয়েছে পাকিস্তানের উপর প্রয়োজনীয় চাপ সৃষ্টি করার - যাতে পূর্ব বাংলা থেকে সৈন্য প্রত্যাহৃত হয় এবং সেখানকার প্রশ্নের একটা প্রকৃত গণতান্ত্রিক মীমাংসা সম্ভব হয়।

মিঃ বার্নেস বলেন, যদি ধরা যাক ৬ মাস পরেও এই সমস্যা অসমাধিত থাকে, মুক্তিফৌজের সঙ্গে পাকফৌজের সংঘর্ষ এবং শরনার্থীদের আগমণ অব্যাহত থাকে, তাহলে ভারত ও পাকিস্তানের মধ্যে উত্তেজনা বাড়বে এবং তাতে একটা গুরুতর পরিস্থিতির উদ্ভব হতে পারে। বাংলাদেশের বর্তমান ট্র্যাজেডির সমাধানের একটা উপায় বিশ্বের রাষ্ট্রগুলিকে অবশ্যই বার করতে হবে।

যে সব দেশ পাকিস্তানকে অস্ত্র ও অন্যান্য সাহায্য দিয়েছে, এই ব্যাপারে তাদের দায়িত্বের কথা উল্লেখ করে মিঃ বার্নেস বলেন, পাকিস্তানের সমস্ত নাগরিকের উন্নয়ন ও প্রতিরক্ষার জন্য যে সাহায্য ও অস্ত্র দেওয়া হয়েছিল, পাকিস্তান সরকার তাকে ঐ দেশের অধিবাসীদের এক অংশের বিরুদ্ধে ব্যবহার করছে। কোনও দেশ এবং পাকিস্তান যাতে সাহায্যের এহেন অপব্যবহার না করতে পারে, তার জন্য পাকিস্তানকে উন্নয়নমূলক সাহায্য ও অস্ত্র সাহায্যদানকারী দেশগুলির এক্ষেত্রে বসে একটা উপায় বার করা উচিত। তিনি জানান।

''এইড কনসোর্টিয়াম'' (সাহায্যদানকারী রাষ্ট্রপুঞ্জ) আগামী জুলাই মাসে বৈঠকে মিলিত হয়ে এ বিষয়ে তাদের ইতিকর্তব্য স্থির করবে।

মিঃ ডোনাল্ড চেসওঅর্থ জানান যে, গত বছর পূর্ববঙ্গে ঘূর্ণিঝড়ে দুর্গত মানুষের সাহায্যের জন্য তাদের বেসরকারী সাহায্য সংস্থা ১৫ লক্ষ পাউন্ড সংগ্রহ করে যার অধিকাংশই ব্যয়িত হয়নি। তারা এখন মনে করেন, ঐ টাকার একটা অংশ পূর্ববঙ্গ থেকে ভারতে আগত শরনার্থীদের জন্য ব্যয়িত হওয়া উচিত। কিন্তু ঐ টাকা যেহেতু ঘূর্ণিঝড়ে সাহায্যার্থে সংগৃহীত হয়েছিল, সেই হেতু শরনার্থীদের জন্য এ টাকা ব্যয় করায় আইনগত জটিলতা আছে। তাঁদের এখানে আসবার অন্যতম প্রধান উদ্দেশ্য ছিল, শরনার্থীদের মধ্যে পূর্ব বাংলার ঘূর্ণিঝড়ে দুর্গত মানুষ আছে কিনা তা নির্ধারণ করা। তাঁরা পশ্চিমবঙ্গ, আসাম ও ত্রিপুরায় শরনার্থীদের তিনি বলেন, পূর্ব বাংলায় যা হচ্ছে, তা এমনি অবিশ্বাস্য ও অবর্ণনীয় যে, দেশে ফিরে গিয়ে ইংল্যান্ডের মানুষকে একথা বুঝানো তাঁর পক্ষে কঠিন হবে যে, তিনি বাংলাদেশের ঘটনা সম্পর্কে যা বলছেন, তা অতিরঞ্জিত নয়।

তিনি আশঙ্কা প্রকাশ করেন যে, ওপার বাংলায় এক ব্যাপক দুর্ভিক্ষ দেখা দিতে পারে, যা হয়তো আকারে ১৩৫০ সালের দুর্ভিক্ষের মতোই ভয়াবহ হবে। ওখানে যা ঘটছে তা যে শান্তির পক্ষে বিপজ্জনক তাই নয়, সমস্যার আকার এতো বড়ো যে, বাইরে থেকে তা অনুমান করা কঠিন। সমস্যার এই ব্যাপ্তি সঠিকভাবে উপলদ্ধি করার জন্য ব্রিটেনের বর্হিদেশীয় উন্নয়ন দপ্তরের মন্ত্রীকে তিনি এখানে এসে অবস্থা দেখে যাবার প্রস্তাব করবেন বলে জানান।

তিনি বলেন, ব্রিটেন বাংলাদেশের ব্যাপারে ১০ লক্ষ পাউন্ড সাহায্য দেবার কথা ঘোষণা করেছে। কিন্তু সমস্যার ব্যাপ্তি এবং ব্রিটেনের মতো একটি শিল্পোন্নত দেশের পরিপ্রেক্ষিতে এই সাহায্য কমপক্ষে এক কোটি পাউন্ড হওয়া উচিত।

শিরোনাম	সূত্র	তারিখ
৩০৭। ভাসানী রাজনৈতিক সমাধানের সম্ভাবনা নাকচ করেছেন	অমৃতবাজার পত্রিকা	১৫ জুন, ১৯৭১

THE STATESMAN, JUNE 1, 1971

BHASANI RULES OUT A POLITICAL SOLUTION

By Special Representative

The National Awami Party leader, Maulana Bhasani, on Monday ruled out the possibility of arriving at a political settlement of the Bangladesh issue. He did so almost in identical terms as the Awami League leaders had done a few days ago. There might be setbacks. But our fight against Pakistan would continue, if necessary for a hundred years. Either we win or die" he added.

Talking to reporters somewhere in Bangladesh the Maulana said even if attempts were made for a political settlement either by someone in Bangladesh or abroad the 75 million people of Bangladesh would reject it outright. The reason was that the people had lost their faith in the Pakistan Government, more so after its recent atrocities perpetrated on the people of Bangladesh which was something unheard of in human history.

However, he would not mind a referendum being held under the U.N. auspices to ascertain the wishes of the people of Bangladesh. He was sure that not even one per cent of the people would vote against independence. This could also give the lie to the Pakistani propaganda that the present Bangladesh freedom movement was sponsored by India. Why do not countries like the USA, USSR, Britain or China which were friendly to Pakistan send out their journalists to make an independent study of the Army atrocities?

For long popularly known as a friend of China the Maulana was asked if he proposed to visit countries like China or Russia to en list support for the Bangladesh cause. His reply was clear and specific. If, he said, they had not been prompted yet to discharge their moral responsibility in regard to the Bangladesh situation, he had doubts if his visits would achieve any useful purpose. He was sorry that except for India, no other country be it socialist or imperialist had taken any note of their plight.

বাংলাদেশ থেকে আগত লক্ষ লক্ষ শরণার্থীদের মধ্যে শুধু ত্রাণসামগ্রী পৌঁছে দিলেই আমাদের কর্তব্য শেষ হয়ে যায় না, দায়িত্ব লাঘবও হয় না। এদের সুসংগঠিত একটি ফলপ্রসূ শক্তিতে পরিণত করার জন্য আমাদের একটি সুনির্দিষ্ট পরিকল্পনা প্রয়োজন এবং অনতিবিলম্বে সে পরিকল্পনাকে বাস্তবে পরিণত করাও অত্যন্ত আবশ্যক। বাংলাদেশ থেকে আগত তরুণ ছাত্র, বুদ্ধিজীবী, আইন ব্যাবসায়ী, চিকিৎসক, ইঞ্জিনিয়ার প্রত্যেককেই এই অবশ্য কর্তব্য সম্পর্কে সচেতন হতে হবে এবং এই বাংলার মানুষের উদ্যোগী হতে হবে। এই পরিকল্পনা রূপায়ণে পশ্চিম বাংলা সরকারও বাংলাদেশ সরকারের যৌথ দায়িত্ব রয়েছে। তাদের পক্ষ থেকে কতকগুলি বাধ্যতামূলক নির্দেশ জারী করতে হবে।

গেরিলা যুদ্ধের জন্য ভারত সরকারের সহযোগিতায় বাংলাদেশের তরুণদের বিশেষ ট্রেনিং দান করা এবং এই রণকৌশলে তাদের সুদক্ষ ও সুশিক্ষিত করে তোলা বাংলাদেশ সরকারের কর্মসূচির অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। কিন্তু এখন পর্যন্ত স্বেচ্ছাসেবকদের সংখ্যাগত এবং গণগুত পরিস্থিতি কিছুমাত্র সন্তোষজনক নয়। গেরিলা যুদ্ধের প্রাথমিক কর্মপন্থার জন্যই এখন পর্যন্ত সম্ভবত সাত থেকে আট হাজারের বেশী তরুণ তালিকাভূক্ত হননি।প্রকৃত ট্রেনিং কতটা দেওয়া হচ্ছে সে সম্পর্কে অবশ্য আমরা কিছু জানি না, কারণ স্বাভাবিকভাবেই তা গোপন সামরিক দপ্তরের বিষয়।

কতসংখ্যক তরুণকে এ কাজে পাওয়া যেতে পারে সে সম্পর্কে বহু পরস্পরবিরোধী রিপোর্ট আসছে। তবে প্রায় ষাট লক্ষ উদ্বাস্তুদের মধ্যে ১৮ থেকে ৩০ বছর বয়সের অন্তত পাঁচ ছয় লক্ষ তরুনের নাম রেজিস্ট্রারে থাকা উচিত। ভারত সরকার এবং অন্যান্য স্বেচ্ছাসেবী সংস্থা শরণার্থীদের মধ্যে ছড়িয়ে থাকা এই যুবকদেরও অন্নবস্ত্রদান এবং রক্ষণাবেক্ষণের দিকে লক্ষ্য রাখছেন। কিন্তু কেন এই পাঁচ ছয় লক্ষ তরুণকে বাধ্যতামূলক ভাবে প্রাথমিক সামরিক শিক্ষার জন্য তালিকাভুক্ত করা হচ্ছে না? এনসিসি পদ্ধতির ট্রেনিং (পিটি, প্যারেড, বন্দুক চালনা, ফার্স্ট এইড, সমাজ কল্যাণ ও রাজনীতি সম্পর্কে প্রাথমিক জ্ঞান, ক্যাম্পের শরণার্থী সেবার মধ্য দিয়ে বাস্তব অভিজ্ঞতা সবই এই শিক্ষণ সূচীর মধ্যে পড়বে) দেওয়াটা তো বিপজ্জনক কিছু নয় ভারতীয়। ছাত্রদের জন্য এনসিসি বাধ্যতামূলক, কিন্তু তার সঙ্গে ছাত্রদের রাজনৈতিক মতপথ জড়িয়ে তো কেউ দুশ্চিন্তা করে না।

কোনো শত্রু পক্ষীয় লোক যাতে এই বিশেষ ট্রেনিং-এর সময় শিক্ষণকারী তরুণদের মধ্যে অনুপ্রবেশ করে আত্মগোপন করে থাকতে না পারে তার জন্য স্ক্রুটিনী ও স্ক্রীনিং করার পরে এই সুশিক্ষত ও সুসংহত বিশাল যুব বাহিনী থেকে বাংলাদেশের মুক্তিবাহিনী এবং কম্যান্ডো ও গেরিলা গ্রুপের জন্য নিরবচ্ছিন্নভাবে দীর্ঘদিন সৈন্য জোগানে সম্ভব। সমস্ত তরুণদের যদি আলাদাভাবে একটি সুশৃঙ্খল সংগঠনের মধ্যে সতর্ক বিধিনিষেধের নিয়ন্ত্রণে রাখা যায় তাহলে স্ক্রুটিনী ও স্ক্রীনিং-এর কাজ অনেকটা সহজ হয়ে যাবে।

এই অজস্র শরণার্থীদের শৃঙ্খলাবদ্ধ করা একটি বিরাট দায়িত্ব এবং প্রচন্ড সমস্যা। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ব্যবস্থাটাই এতে দিশাহারা হয়ে পড়তে পারে। উপরন্তু এই হত দরিদ্র, শৃঙ্খলাহীন ভারতে এই দেশত্যাগী হৃতসর্বস্ব মানুষের স্রোত যে অর্থনৈতিক ও সামাজিক সংকট সৃষ্টি করবে সেই পরিস্থিতিতে শত্রুপক্ষের ষড়যন্ত্রকারীরা ধূমায়িত সাম্প্রদায়িক সুযোগ নিতে চেষ্টা করবে। কিন্তু বাংলাদেশের সমস্ত শরণার্থী যুবকদেরই

যদি নিয়মশৃঙ্খলার আওতায় আনা যায় তবে তার প্রভাবে সমগ্র শরণার্থী স্রোতই নিয়ন্ত্রিত হবে। এই তরুণেরা শরণার্থীদের শারীরিক ও মানসিক স্বাস্থের দিকে লক্ষ্য রাখবেন। অতএব, সর্বাগ্রে বাংলাদেশ থেকে আগত যুবশক্তিকে পূর্ণত শৃঙ্খলাবদ্ধ করার মধ্যেই রয়েছে এই বিপর্যস্ত পরিস্থিতিকে সুনিয়ন্ত্রিত করার চাবিকাঠি।

প্রত্যেক কর্মী ও সংগঠককে ট্রেনিং দিয়ে শরণার্থী যুবশক্তিকে সুসংগঠিত করা ও সুনিপুণভাবে যুবশিবিরগুলি পরিচালনা করা নিঃসন্দেহে একটি অত্যন্ত কঠিন কাজ। তবে অজস্র কর্মী পাওয়া সম্ভব। বহু শিক্ষিত ব্যক্তি, নানাবিধ কাজে যুক্ত মধ্যবিত্ত সাধারণ মানুষ, যথা, অধ্যাপক, শিক্ষক, আইন ব্যবসায়ী, সাহিত্যিক, ডাক্তার ও ইঞ্জিনিয়াররা আজ বাংলাদেশ থেকে পশ্চিম বাংলায় আশ্রয় গ্রহণ করেছেন। তাদের সকলকে এই উদ্দেশ্যে সঙ্ঘবদ্ধ করা প্রয়োজন। চাকুরীর সন্ধানে, আশ্রয়ের সন্ধানে, উদ্দেশ্যহীনভাবে বৃথা ঘুরে তাঁদের লাভ নেই। স্বদেশীয় মানুষ ও যুবকদের পক্ষ থেকে এ সম্পর্কে আদেশ জারি করা উচিত। আমরা আশা রাখি যে, যদি জাতীয় স্বার্থে একটি বিরাট ফলশ্রুতিপূর্ণ পরিকল্পনার আয়ত্তে এঁদের নিয়ে আসা যায় তাহলে এঁদের অধিকাংশই জীবনের বিভ্রান্ত লক্ষ্যকে পুনরায় ফিররে পাবেন। ইতিহাস, জনস্বাস্থ্য, ভুগোল, অক্ষর পরিচয়, ব্যবস্থাপনা, রাজনীতিজ্ঞান, সহায়হীন শরণার্থী সেবায় আত্মনিয়োগ সমস্তই এই পরিকল্পনার বিষয়ীভূত হবে।যদি টেকনিক্যাল ট্রেনিংয়ের জন্য যথেষ্ট লোক না পাওয়া যায় তাহলে ভারতীয়দের মধ্যে থেকে কর্মী সংগ্রহ করে শূণ্যস্থান পূর্ণ করা যাবে।

এটা স্বাভাবিক যে মুসলমান শরণার্থীদের চেয়ে হিন্দু শরণার্থীরা সংখ্যায় বেশী হবেন। এই হিন্দু শরণার্থীদের মনোবলই সবচেয়ে বেশী বিধ্বস্ত দেখা যাবে এবং বেশির ভাগ হিন্দু যুবকেরা বাংলাদেশে আর ফিরে যাবার ইচ্ছা পোষণ করবে না। কিন্তু যদি বাংলাদেশ এবং ভারতের সর্বস্তরের নেতারা একযোগে এদের মধ্যে ব্যাপক, গভীর এবং সুশৃঙ্খলভাবে রাজনৈতিক কাজ করে যান তাহলে বাংলাদেশের প্রতি তাদের আস্থা ও বিশ্বাস আবার ফিরে আসবে। শরণার্থীদের মধ্যে বহু হিন্দু তরুণ সবকিছু সত্ত্বেও এখনো মুক্তি সংগ্রামে যোগ দিতে ইচ্ছুক। ট্রেনিং, অস্ত্রশস্ত্র, পরিকল্পনা ইত্যাদি সহযোগে এদের সুশিক্ষিত করে তুললে বাংলাদেশে পশ্চিম পাকিস্তানী সামরিক চক্রকে সার্বিভাবে প্রত্যাঘাত করার মুহূর্তে এঁরা এগিয়ে যাবেন।

এ কাজে প্রচুর টাকা দরকার এতে কোন সন্দেহ নেই। কিন্তু শরণার্থীদের ভরণপোষণের জন্য টাকা আমাদের জোগাড় করতেই হবে। বিক্ষিপ্ত বা আধাখেঁচড়াভাবে নয়, এত বড় একটা যুবশক্তিকে প্রকৃত টেনিং দিতে হলে যে আরো কিছু বেশি টাকা দরকার তা সত্য। কিন্তু এই অর্থব্যয় পরিণামে উভয়ত লাভজনক হবে। শরণার্থীদের ব্যাবস্থাপনা এবং বাংলাদেশ মুক্তিসংগ্রামের জন্যে এক বিরাট শক্তিকে গড়ে তোলা দু'টি কাজই এতে সার্থক হবে। তবে পরিচ্ছন্ন শৌচাগার, পানীয়জল, পোষাক-পরিচ্ছদ, বৈদ্যুতিক ব্যবস্থা, গ্রন্থাগার, চিকিৎসা ব্যবস্থা এই সমস্ত প্রয়োজনীয় জিনিস ছাড়া যুব-শিবিরগুলির কাজ আরম্ভ করা ঠিক নয় । যাতে অতি প্রয়োজনীয় সাধারণ জিনিসগুলোর অভাবে তাদের মধ্যে অসন্তোষ ও বিরক্তি দেখা না দেয় সেদিকে আমাদের লক্ষ্য রাখতেই হবে।

যদি ভারত আজ এ দায়িত্ব যোগ্যভাবে গ্রহণ ও পালন করতে পারে তবে একদিন স্বাধীন বাংলাদেশ এজন্য ভারতকে আন্তরিক প্রীতি ও সৌহার্দ্য জ্ঞাপন করবে- আর অদূরভবিষ্যতে বাংলাদেশকে পুনর্গঠিত করার কাজে স্বাধীন বাঙালিরা এই লক্ষ লক্ষ সুশিক্ষত সুনিয়ন্ত্রিত যুবকদের নিয়োগ করতে পারবেন। আজ যা অসহনীয় বোঝা মনে হচ্ছে, ভবিষ্যতে তা-ই এক বিশাল সজীব সোনার খনি বলে পরিগণিত হবে। চূড়ান্ত দুঃখজনক পরিস্থিতিকেও পরম মঙ্গলের প্রতি পরিচালিত করার এটাই একমাত্র পথ।

কিন্তু কে এই বিরাট পরিকল্পনার দায়িত্ব নেবেন এবং তা কার্যকরী করবেন? আজ অত্যান্ত তীক্ষ্ম এবং দ্ব্যর্থহীন পদ্ধতিতে প্রত্যেকের দায়িত্ব প্রত্যেকের সামনে পরিস্কারভাবে তুলে ধরতে হবে। বাংলাদেশ সরকারের প্রতিনিধি, এবং ভারত ও বাংলাদেশ সরকারের সামরিক কর্মচারীদের নিয়ে একটি উচ্চ ক্ষমতাশালী সংস্থা গঠন

করতে হবে। প্রখ্যাত অর্থনীতিবিদ, সমাজতত্ত্ববিদ, মনস্তত্ত্ববিদ ও সমাজকর্মীদের উপদেষ্টা হিসেবে নিতে হবে। দু'টি দেশের যৌথ ভবিষ্যতের পরিপ্রেক্ষিতে সকলকে আমরা প্রস্তাবটি ভেবে দেখতে অনুরোধ করছি। ক্ষিপ্র সিদ্ধান্ত গ্রহণ না করলে পরিস্থিতি আয়ত্তের বাইরে চলে যাবে। মনে রাখা দরকার 'শরণার্থীদের ফিরে যাওয়ার ব্যবস্থা করতে হবে' বিশ্বের দরবারে এটা কাতরকণ্ঠে বলে বেড়ালেও দায়িত্বটা 'বিশ্ববিবেক' বা 'বিশ্বমানবতার' নয়, তাদের দোষারোপ করার চেয়ে নিজেদের কতকগুলি কমিটমেন্ট এ আসা বেশি প্রয়োজন। এক্ষুণি শরণার্থীরা ফিরতে পারবেন না। সম্মুখে দীর্ঘদিন এবং দীর্ঘপথ। উভয় দেশকেই এই মহান দুঃখ বহন করার শক্তি অন্তর থেকে অর্জন করতে হবে। বলহীনের কাছে কিছুই লভ্য নয়।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩৬। ফুলবাড়ী সীমান্তে পাকবাহিনীর গোলাবর্ষণ	দি স্টেটম্যান	১৯ জুন, ১৯৭১

THE STATESMAN, JUNE 19, 1971

PAK ARMY SHELLS PHULBARI OUTPOST:
3 INDIANS HURT

Krishnagar, June I8-Three Indian villagers and a Bangladesh evacuee were injured today in one of the longest shelling by Pakistani troops at the Indian-border outpost of Phulbari, about 90 kilometers from here, report agencies.

The Pakistanis used light machineguns, mortars and 25 pounders in their attack which lasted for over seven hours from 4 this morning.

There was no casualty on the Indian side.

The injured were admitted to hospital here.

Pakistani shells also landed at Gede, Dahokula and Sikarpur.

The Indian Border Security Force returned the fire at all the places and the exchange was continuing tonight.

A Pakistani observation plane was seen circling over the Kushtia region close to the border, Indian air space, however, was not violated.

Meanwhile, Bangladesh liberation forces who were in control of Koripara outpost in Kushtia sector of south-western Bangladesh which they wrested on June 16 today withdrew from the area this morning towards Tentulbaria as the Pakistanis brought in reinforcements in battalion strength. The Mukti Fouj had taken up fresh defensive positions in Tentulbaria.

Kadipara outpost is opposite to Fulbari (Nadia district of West Bengal).

Our Karimganj correspondent adds: The Mukti Fouj is advancing steadily in Bangladesh opposite Karimganj and sounds of mortars and light machine guns were heard by the people of Karimganj on Wednesday morning.

The Mukti Fouj has blown up Dolney Bridge between Latu and Barlekha.

Shilua tea garden authorities were working as Pak Army agents, so the Mukti Fouj has blown up the factory of the aforesaid tea garden. Two Muslim League leaders were proceeding in a motor car to the Pak Army camp to give this information when a guerilla party blew up the motor car killing both the Leaders.

Muktibahini activities have also been reported from opposite the Sutarkandi sector on the Karimganj border.

On June 15 the Pak Army killed three Hindus and molested two women at Balaut near Karimganj town in Bangladesh.

Tetulia is now under control of liberation forces who are fiercely fighting Pak troops in Pachagarh and Thakurgaon sectors of Dinajpur and inflicting heavy casualties on them, our Raiganj correspondent adds.

Bodies of many Pak troops bearing bullet injuries are floating down river Tangon to Bangshihari of West Dinajpur.

Our Agartala Office adds: In a fierce battle for three continuous days since June 9 at Karerhat in Ramgarh sector Bangladesh forces killed 200 Pak troops according to a delayed report received from across the border. One hundred fifty dead bodies of Pak soldiers were on exhibition on June 11 at Karerhat. On June 12, however, the Bangladesh forces had to retreat from Karerhat when the reinforced Pak Army launched attacks on the former.

Nearly 20,000, men. women and children-mostly Muslims -crossed the border on Wednesday at Mohanpur alone following Pak Army's indiscriminate shelling throughout the whole night on Tuesday in an area of 20 sq miles in the southernmost part of Sylhet district opposite to Mohanpur and Sidhan.

Streams of evacuees were seen moving in foot towards Agartala in the entire eight mile route from Sidhan to Mohanpur. The evacuees said the shelling was so heavy that about 30 villages had been burnt in one night rendering 50,000 villagers homeless and killing many.

For the first time foreign aid for Bangladesh evacuees sheltered in Tripura were received yesterday. A Canadian Air Force Hercules aircraft delivered 49,000 pounds of Australian aid today at Agartala. The consignment included polythene sheets, tarpaulins, anti-biotic medicines and food-stuffs valued at Rs. eight lakhs. The aircraft has been chartered by the Australian Government to carry aid materials to India and Nepal. Graeme K. E. Noonan, Second Secretary and Consul, Australian High Commission in New Delhi who delivered the aid Tripura Government told Hindustan Standard that for a week from June 19 one aircraft each day will be carrying shelter materials for Bangladesh evacuees direct from Australia to Agartala.

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩৭। মার্কিন অস্ত্রে বাংলাদেশে রক্ত ঝরানো চলবে না	কালান্তর	২৫ জুন, ১৯৭১

মার্কিন অস্ত্রে বাংলাদেশে রক্ত ঝরানো চলবে না

৮টি শরণার্থী শিবিরে কেলোগের সামনে মার্কিন বিরোধী বিক্ষোভ

বনগাঁ, ২৪ জুন- মার্কিন সরকারের শরণার্থী দপ্তরের প্রতিনিধি শ্রী ফ্রাঙ্ক কেলোগ আজ সীমান্ত অঞ্চলের শরণার্থী শিবিরগুলি পরিদর্শন করতে এলে কমপক্ষে ৮টি স্থানে মার্কিন অস্ত্র সাহায্যের প্রতিবাদে এক বিরাট সংখ্যক জনতার বিক্ষোভের সম্মূখীন হন।

বিক্ষোভকারীরা তাঁর সামনে 'খুনী ইয়াহিয়াকে অস্ত্র সরবরাহ বন্ধ কর', 'দ্বি-মুখী নীতি বন্ধ কর' ও 'মার্কিন অস্ত্রে বাংলাদেশে রক্ত ঝরানো চলবে না' প্রভৃতি শ্লোগানসহ বিক্ষোভ প্রকাশ করেন বলে ইউএনআই জানিয়েছেন।

যশোহর রোড ও বাগদা রোডের বিভিন্ন স্থানে, বনগাঁ সদর হাসপাতালে ও মালঞ্চ শরণার্থী শিবিরে মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে প্রচন্ড বিক্ষোভ দেখানো হয়।

মালঞ্চ শিবিরে শ্রী কেলোগ উপস্থিত হওয়া মাত্র শরণার্থীরা তাঁকে বিভিন্ন ধরনের প্রশ্নে জর্জরিত করে তোলেন। দু'জন শরণার্থী তাঁকে সরাসরি প্রশ্ন করে জানতে চান,-তাঁর এখানে আসার উদ্দেশ্য কি। শরণার্থী দু'জন বলেন, যখন তোমার দেশ পাকিস্তানে অস্ত্র সরবরাহ করেছে তখন তুমি এখানে কোন উদ্দেশ্যে এসেছো?

প্রশ্নের জবাবে শ্রী কলোগের সহযোগী মার্কিন কনসাল জেনারেল হার্বার্ট বলেন যে, তাঁরা শরণার্থীদের জন্য আরও বেশী পরিমাণ সাহায্য দানের উদ্দেশ্যেই এখানে এসেছেন।

শ্রী কেলোগ বনগাঁ সদর হাসপাতালে পৌঁছুলে সেখানেও তাঁকে সৈন্যদের গুলিতে আহত শরণার্থীরা রয়েছেন।

প্রসঙ্গতৎ উল্লেখযোগ্য যে, এই হাসপাতালে ইয়াহিয়ার সৈন্যদের গুলিতে আহত শরণার্থীরা রয়েছেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান অধ্যাপক সৈয়দ আলী আহসান বাংলাদেশের বুদ্ধিজীবীদের পক্ষ থেকে তাঁর কাছে এক স্মারকলিপি পেশ করেন।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের সার্জেন ডঃ টি হোসেন শ্রী কেলোগের সামনে ৪টি অল্পবয়স্ক ছেলে মেয়ে হাজির করিয়ে তাদের অবস্থা দেখান।

এই ছেলেমেয়েদের চোখগুলি ইয়াহিয়ার সৈন্যের আক্রমণে নষ্ট হয়ে গেছে বলে তিনি উল্লেখ করেন।

পরিশেষে শ্রী কেলোগের স্বীকার করতে হয়েছে যে, পূর্ববঙ্গের অভ্যন্তরে সাংঘাতিক কিছু একটা ঘটে গেছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩৮। মার্কিন সাম্রাজ্যবাদের অপকৌশল ও বাংলাদেশের মুক্তিসংগ্রাম	কালান্তর	২৫ জুন, ১৯৭১

(সম্পাদকীয়)

মার্কিন সাম্রাজ্যবাদের অপকৌশল ও বাংলাদেশের মুক্তিসংগ্রাম

জাতীয় মুক্তি সংগ্রামের বিরুদ্ধে সাম্রাজ্যবাদের বিশেষতঃ মার্কিন সাম্রাজ্যবাদের প্রত্যক্ষ সামরিক অভিযান ও পরোক্ষ সাহায্য আজ আর গোপন নয়। বিশ্বে এমন কোন দেশ নেই যেখানে স্বাধীনতার সংগ্রামকে দমন করার জন্য মার্কিন সাম্রাজ্যবাদ সামরিক সাহায্য করছে না। এটাই হচ্ছে সাম্রাজ্যবাদের ধর্ম। বাংলাদেশের ক্ষেত্রেও তার ব্যাতিক্রম হয়নি।

এতদিন যাবৎ মার্কিন সরকার বাংলাদেশে পাকিস্তান সামরিক কর্তৃপক্ষের অত্যাচারের বিরুদ্ধে কুম্ভিরাশ্র বিসর্জন করে বাংলাদেশের রাজনৈতিক মহলে বিভ্রান্তির সৃষ্টির কৌশল গ্রহণ করেছিল। এখন তারা প্রতারকের মুখোশ ফেলে দিয়ে সরাসরি পাকিস্তানী জাহাজ বোঝাই করে অস্ত্র প্রেরণ করেছে বাংলাদেশের মুক্তি সংগ্রামকে ধ্বংস করার জন্য। পেন্টাগন থেকে স্বীকার করা হয়েছে যে মার্কিন যুক্তরাষ্ট্রের দেয়া অস্ত্র বোঝাই জাহাজ করাচী অভিমুখে রওনা হয়েছে। সারা বিশ্বের মানুষ যখন ইয়াহিয়া খানের জাতিহত্যার বিরুদ্ধে নিন্দা ও প্রতিবাদে সোচ্চার, যখন বাংলাদেশের মুক্তি সংগ্রামের প্রতি আন্তর্জাতিক সমর্থন ক্রমেই ব্যাপক হয়ে উঠেছে, তখনই মার্কিন সরকার তার ভেক পরিবর্তন করে পাকিস্তানকে সরাসরি সামরিক সাহায্য দানে অগ্রসর হয়েছে। তার চায় পাক-ভারত উপমহাদেশের দ্বিতীয় ভিয়েতনাম সৃষ্টি করতে। সাড়ে সাত কোটি মানুষের বাংলাদেশের মুক্তি সংগ্রামকে ধ্বংস করাই মার্কিন সাম্রাজ্যবাদের বিশ্বরণনীতির অংশ। পাকিস্তানের সামরিক শাসনের পেছনে যে মার্কিন সাম্রাজ্যবাদের দৃঢ় সমর্থন রয়েছে এবং মার্কিন সহায্যপুষ্ট হয়েই যে বাংলার মানুষের বিরুদ্ধে ইয়াহিয়ার জাতিহত্যা অভিযান চলেছে তা আজ দিবালোকের মতো পরিস্কার। অতএব, এই সত্যের সম্যক উপলব্ধি না হলে, মর্কিন সাম্রাজ্যবাদ সম্পর্কে সর্বপ্রকার প্রত্যাশা পরিত্যাগ না করলে জাতীয় মুক্তি সংগ্রামের শক্তিসমূহ ঐক্যবদ্ধ হতে পারে না। এটা যেমন সার্বজনীন সত্য, তেমনই বাংলাদেশের পক্ষেও সত্য এবং বাস্তব। রক্তের বিনিময়ে বাংলাদেশের মুক্তিকামী মানুষকে এ সত্য উপলব্ধির পরীক্ষা দিতে হচ্ছে।

বাংলাদেশের আওয়ামী লীগ নেতাদের একাংশ পাকিস্তানের সামরিক শাসনের বিরুদ্ধে মার্কিন সাম্রাজ্যবাদ থেকে রাজনৈতিক ও নৈতিক সমর্থন প্রত্যাশা করছেন বলেই এখনও বাংলার জাতীয় মুক্তিসংগ্রামে সংহতি বা ঐক্য সৃষ্টি হয়নি। বাংলাদেশের মুক্তি-সংগ্রামের বিরুদ্ধে পাকিস্তান সরকারকে মার্কিনী সামরিক সাহায্যদান নিশ্চয় আওয়ামী লীগ নেতাদের মোহমুক্ত করবে। বাংলাদেশে মার্কিন সাম্রাজ্যবাদ ও তাদেরই ভৃত্য ইয়াহিয়ার বিরুদ্ধে সার্বিক জাতীয় মুক্তিফ্রন্ট গঠন যে অপরিহার্য এই সত্যটিকে আর অস্বীকার করার উপায় নেই। দলমত নির্বিশেষে যাঁরাই মুক্তিসংগ্রামে অত্মনিয়োগ করেছে তাঁদের ঐক্যের মধ্যেই সংগ্রামের দুর্বার শক্তি নিহিত রয়েছে। এটাই হল এশিয়া ও আফ্রিকার বিভিন্ন দেশের মুক্তিসংগ্রামের অভিজ্ঞতা। এই মূল্যবান অভিজ্ঞতা বাংলাদেশের মুক্তি সংগ্রামীদের জন্য অমূল্য সম্পদ। আধুনিক মারণাস্ত্রে সুসজ্জিত শত্রুর বিরুদ্ধে সার্বিক জাতীয় ঐক্য ব্যতীত অপর কোন পথ নেই। একমাত্র এই পথেই বাংলার শ্রমিক, কৃষক মধ্যবিত্ত এবং জাতীয় বুর্জোয়ারা ঐক্যবদ্ধ হতে পারে। একমাত্র এই পথেই বাংলাদেশের মানুষ ইয়াহিয়ার বিরুদ্ধে সশস্ত্র প্রতিরোধ গড়ে তুলতে পারে।

সার্বিক জাতীয় মুক্তি ফ্রন্টের যে সশস্ত্র বাহিনী সৃষ্টি হবে সেই বাহিনী সাধারণ মানুষের সাহায্যপুষ্ট হয়ে বাংলার স্বাধীনতার পথ উন্মুক্ত করবে, শত্রুকে নিধন করে মুক্ত অঞ্চল গঠনের মাধ্যমেই স্বাধীন বাংলা প্রতিষ্ঠিত করবে। এই সার্বিক ঐক্যের পথ হল গণতন্ত্র বিকাশের ঐতিহাসিক পথ। এই ঐক্যের বিনাশ নেই, পরাজয় নেই। একমাত্র এই পথেই বাংলাদেশের মুক্তি সংগ্রাম জয়যুক্ত হতে পারে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৩৯। মার্কিন সরকারকে সাফ জবাব দেওয়ার সাহস ভারত সরকারের নেই	কালান্তর	২৫ জুন, ১৯৭১

রাজ্য সভায় ভূপেশ গুপ্তর অভিযোগ

মার্কিন সরকারকে সাফ জবাব দেওয়ার সাহস ভারত সরকারের নেই
পাকিস্তানকে মার্কিন অস্ত্র সরবরাহ নিয়ে তীব্র উত্তেজনা

নয়াদিল্লী, ২৪জুন-মার্কিন সমরাস্ত্র বোঝাই দুই পাকিস্তানী জাহাজকে কেন্দ্র করে আজ রাজ্যসভায় এক দৃষ্টি আকর্ষণী প্রস্তাবে আলোচনাকালে পররাষ্ট্রমন্ত্রী সর্দার শরণ সিং অত্যন্ত বেকায়দায় পড়েন।

ইউএনআই জানাচ্ছে, এক সময়ে কামিউনিস্ট সদস্য শ্রী ভুপেশ গুপ্তর সঙ্গে শরণ সিং এর তীব্র কথা কাটাকাটি হয়। শ্রী গুপ্ত অভিযোগ করেন, মার্কিন সরকারকে স্পষ্ট ভাষায় নিন্দা করার সাহস, ইচ্ছা এবং সিদ্ধান্ত এই সরাকারের নেই।

দৃঢ়তার সঙ্গে তিনি দাবী করেন, পাকিস্তানকে অস্ত্র সরবরাহ না করার প্রতিশ্রুতি যে মার্কিন সরকার ভঙ্গ করেছে তার উপযুক্ত জবাব দেওয়ার জন্য ভারত আমেরিকার তেল এবং অন্যান্য ব্যবসায়িক স্বার্থ বাজেয়াপ্ত করা হোক।

শ্রী গুপ্ত বলেন, মার্কিন সরকার এই ভাষাই বোঝে।

শ্রী শরণ সিং সদস্যদের কাছে মার্কিন সরকারের যে অভিমত ভারত সরকার জেনেছে তার এক বিস্তৃত বিবরণ দেন।

দৃষ্টি আর্কষণীয় প্রস্তাবটি ছিল, ফরোয়ার্ড ব্লক সদস্য চিত্ত বসুর।

পররাষ্ট্রমন্ত্রী শরণ সিং সদস্যদের কাছে এক বিবৃতিতে বলেন যে, দু'টি জাহাজ মার্কিন অস্ত্রশস্ত্র নিয়ে পাকিস্তানের পথে রওয়ানা হয়েছে সেই সমরাস্ত্র সরবরাহ বন্ধ করার জন্যে মার্কিন সরাকারের কাছে দাবী করা হয়েছে। এবং সঙ্গে সঙ্গে অতীত চুক্তির দোহাই দিয়ে আর নতুন কোন অস্ত্র সরবরাহ করা হবে না এই প্রতিশ্রুতি চাওয়া হয়েছে। শ্রী সিং এও জানান , মার্কিন যুক্তরাষ্ট্র এই বিষয়ে জরুরী দৃষ্টি দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন, 'আমরা ওদের কাছে থেকে জবাবের প্রতীক্ষায় আছি।'

শ্রী সিং সদস্যদের উদ্বেগকে শ্রদ্ধা জানিয়ে বলেন, ২২ জুন, নিউইয়র্ক টাইমস যে সংবাদ দিয়েছে তা সঠিক। গত ৮ মে এবং সর্বশেষ ১১ জুন 'সুন্দর বন' আর 'পদ্মা' পাকিস্তানী পতাকা উড়িয়ে নিউইয়র্ক থেকে রওনা হয়েছে এবং তাতে মার্কিন সমরাস্ত্র আছে।

তিনি জানান, ২২ জুন সন্ধ্যায় ওয়াশিংটনে ভারতের রাষ্ট্রদূত মার্কিন স্বরাষ্ট্র দপ্তরের আন্ডার সেক্রেটারির সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলেন। নয়াদিল্লীর মার্কিন দূতাবাসেও বিষয়টি জানানো হয়।

শ্রী সিং বলেন, মার্কিন সরকারের বক্তব্য হলো ২৫ মার্চ এর পর পাকিস্তানকে কোন সমরাস্ত্র সরবরাহের অনুমতি বা রপ্তানি লাইসেন্স দেওয়া হয়নি। ঐ জাহাজের মালগুলি আগের অর্ডার অনুযায়ী সরবরাহ হয়ে থাকতে পারে এবং এতে হয়ত এমন কিছু আছে যার জন্য রপ্তানি লাইসেন্সের প্রয়োজন হয় না। জাহাজে ৮টি বিমান থাকার কথা মার্কিন সরকার অস্বীকার করেছে। আর কোন নতুন জাহাজ যাবে কি-না সে সম্পর্কে সরকারেরর কাছে কোন তথ্য নেই বলে জানিয়েছেন তবে তাঁরা খোঁজ করে দেখেছেন। মার্কিন স্বরাষ্ট্র দপ্তরের আন্ডার সেক্রেটরী জানিয়েছেন এতে কিছু সমরাস্ত্র থাকতে পারে।

শ্রী সিং এর জবাবে অসন্তুষ্ট সদস্যদের কেউ কেউ দাবি করেন ভারতের উচিত মাঝ দরিয়ায় জাহাজ দু'টির পথ আটকানো। জবাবে শ্রী সিং বলেন ঐ কর্মধারা হবে একটি সুচিন্তিত পরিকল্পনার ফল। সাধারনতঃ সংঘর্ষে লিপ্ত দুই দেশের মধ্যে যুদ্ধ সম্প্রসারণের সময়ে ঐ ধরনের পদক্ষেপ নেওয়া হয়। অতএব সেকথা চিন্তা করেই এই কাজে হাত দেওয়া উচিত।

অন্য কয়েকজন সদস্য দাবি করেন এই কাজকে ভারত সরকার 'অবন্ধু জনোচিত শত্রুতামূলক কাজ' বলে ঘোষণা করুক এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণের অধিকার সরকারের আছে এ কথা জনিয়ে দেওয়া হোক।

জবাবে শ্রী সিং বলেন, সভার সঙ্গে সরকারও উদ্বিগ্ন এবং দৃঢ়ভাবে মনে করে আরও সরবরাহ বন্ধ করা মার্কিন সরকারের কর্তব্য। সেক্ষেত্রে মার্কিন সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিল তা সম্পূর্ণ নাকচ করা হবে এবং বাংলাদেশে ইয়াহিয়া খান যে বর্বতার অপরাধ করেছে তা মার্জনা করা হবে। তছাড়া 'অবন্ধুজনোচিত এবং শত্রুতামূলক কাজ' এই কথাটা আন্তর্জাতিক ক্ষেত্রে অন্য অর্থ বহন করে।

কমিউনিস্ট নেতা ভূপেশ গুপ্ত অভিযোগ করেন ভারত সরকারের সাহস, সমাধান ও সিদ্ধান্ত গ্রহণের অভাব রয়েছে। পালাম বিমান ঘাঁটিতে শরণ সিং-এর মন্তব্য প্রসঙ্গে জিজ্ঞাসা করেন যে, নিউইয়র্ক টাইমস-এর সংবাদ ভূল হতে পারে শ্রী সিং-এর এ কথা চিন্তা করার কারণ কি হতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশে ইয়াহিয়া বাহিনীর গণহত্যা ঢাকা দেওয়ার চেষ্টা করছে এ কথা মার্কিন সরকারকে ভারতের জানিয়ে দেওয়া উচিত।

এছাড়াও শ্রী গুপ্ত দাবি করেন যে, তেল ব্যাবসা সহ সমস্ত মার্কিনী ব্যবসায়িক স্বার্থের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই ভাষাই মার্কিন যুক্তরাষ্ট্র বোঝে, 'আপনাদের ভাষা' নয়।

তিনি আরও আভিযোগ করেন, নিউইয়র্কস্থিত ভারতীয় রাষ্ট্রদূত এল কে ঝা ভারতের মনোভাব সঠিকভাবে পাদপ্রদীপের আলোকে তুলে ধরতে ব্যর্থ হয়েছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪০। বিক্ষুব্ধ ভারতের দাবি: মার্কিন অস্ত্র বোঝাই পাক জাহাজ আর যেন না এগোয়	যুগান্তর	২৫ জুন, ১৯৭১

বিক্ষুব্ধ ভারতের দাবি :
মার্কিন অস্ত্র বোঝাই পাক জাহাজ আর যেন না এগোয়

(দিল্লী অফিস থেকে)

২৪শে জুন- মার্কিন অস্ত্রশস্ত্রসহ যে দু'টি পাকিস্তানী জাহাজ নিউইয়র্ক থেকে করাচীর পথে রওনা হয়ে গেছে তাদের মাঝপথে থামিয়ে দিয়ে পাকিস্তানকে এই অস্ত্রশস্ত্র না দিবার জন্য ভারত মার্কিন সরকারকে আহবান জানিয়েছেন। পাকিস্তানকে মার্কিন অস্ত্রশস্ত্র দেওয়া সম্পর্কে এক দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে পররাষ্ট্র মন্ত্রী সর্দার স্বরণ সিং আজ সংসদে বলেন যে, মার্কিন সরকার জানিয়েছে যে, এই মাসে দু'টি পাকিস্তানী জাহাজ সামরিক সাজ-সরঞ্জাম নিয়ে নিউইয়র্ক ত্যাগ করেছে এবং ২৫ মার্চের আগে প্রদত্ত অনুমতি অনুসারেই এই সব অস্ত্রশস্ত্র ও সাজ-সরঞ্জাম পাকিস্তানকে দওেয়া হয়েছে।

এই অস্ত্রশস্ত্র পাকিস্তান যাতে না পায় সে জন্য মার্কিন সরকারকে চেষ্টা করতে বলা হয়েছে।

সর্দার স্বরণ সিং রাজ্যসভার সদস্যদের জানান যে, পূর্বে অনুমতি অনুসারেও পাকিস্তানকে যাতে আর কোন অস্ত্রশস্ত্র এখন না দেওয়া হয় সেজন্য ভারত সরকার মার্কিন কর্তৃপক্ষের নিকট থেকে আশ্বাস চেয়েছেন।

মার্কিন সরকার বিষয়টি বিবেচনা করে দেখছেন এবং আমরাও ওয়াশিংটন থেকে উত্তরের জন্য অপেক্ষা করছি ।

পররাষ্ট্র মন্ত্রী আরও বলেন যে, ভারত সরকার মার্কিন কর্তৃপক্ষকে জানিয়েছেন যে, বর্তমানে যখন পাক সামরিক কর্তৃপক্ষ বাংলাদেশের নিরীহ নিরস্ত্র জনতার ওপর নির্যাতন চালাচ্ছে তখন পাকিস্তানের সামরিক শক্তি বৃদ্ধিতে শুধু এই উপমহাদেশেরই নয়, সমগ্র অঞ্চলের শান্তি বিঘ্নিত হবে।

তছাড়াও এতে শুধু পাকিস্তানের প্রতি ক্ষমা দেখানো হবে না, আরও নির্যাতন চালিয়ে যাওয়ার উৎসাহ দান করা হবে।

তিনি বলেন, আমরা জানিয়েছি যে, এটা নিছক টেকনিক্যাল ব্যাপার নয়। একটি বিরাট অঞ্চলের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক নিরাপত্তার প্রশ্নও এটির সঙ্গে জড়িত।

পররাষ্ট্রমন্ত্রী জানান, বাংলাদেশে গণতন্ত্রের ওপর যে বলাৎকার চলছে স্বাধীনতা ও গণতন্ত্রে বিশ্বাসী মার্কিন সরকার পাক কর্তৃপক্ষের কোন প্রকার অস্ত্রশস্ত্র সামরিক সাজ-সরঞ্জাম দিয়ে তাতে সাহায্য করবেন না বলে ভারত আশা করে। যতদিন না ইসালামাবাদ কর্তৃপক্ষ বাংলাদেশের নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা ছেড়ে দিয়ে শরণার্থীদের আগমন রোধ করে ভারত থেকে শরণার্থীদের দেশে ফেরার ব্যবস্থা করেন ততোদিন যেন মার্কিন সরকার ইসলামাবাদকে সাহায্য দানে বিরত থাকেন।

সভার সকল শ্রেণীর সদস্যদের উদ্বেগে সম-অংশীদার হয়ে পররাষ্ট্র মন্ত্রী বলেন যে, গত ৮ই ও ২১শে মে পদ্মা ও সুন্দরবন নামক দু'টি পাক জাহাজ মার্কিন অস্ত্রশস্ত্র নিয়ে করাচীর পথে রওনা হয়ে গেছে বলে নিউইয়র্ক টাইমসে যে সংবাদ প্রকাশিত হয়েছে তা মোটামুটি ঠিক।

চিত্ত বসু এবং ২০ জন সদস্য দৃষ্টি আকর্ষণী প্রস্তাব পেশ করেছিলেন। পররাষ্ট্রমন্ত্রী আরও জানান যে, ওয়াশিংটনস্থ ভারতীয় রাষ্ট্রদূত সংবাদ পাবার সঙ্গে সঙ্গেই ২২শে জুন মার্কিন পররাষ্ট্র দপ্তরের সহাকারী সচিবের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করেন। ২৩শে জুন নয়াদিল্লীতে মার্কিন দূতাবাসের সঙ্গে বিষয়টি আলোচিত হয়।

মার্কিন সরকার জানিয়েছেন ২৫শে মার্চের পর পাকিস্তানকে অস্ত্রশস্ত্র প্রদানের কোন অনুমতি দেওয়া হয়নি বা ব্যবসায়িক ভিত্তিতে অস্ত্রশস্ত্র ক্রয় সংক্রান্ত কোন চুক্তি অনুমোদন করা হয়নি, অথবা এই দিনের পর পুরনো কোন লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি করা হয়নি।

ভারতের অনুরোধে বিবেচনা করা হচ্ছে

নয়াদিল্লী, ২৪ শে জুন (ইউএন আই)-ভয়েস অব আমেরিকার এক রিপোর্টে জানা গিয়েছে যে, সামরিক সরঞ্জাম নিয়ে দু'টি পাকিস্তানী জাহাঁজ করাচীর পথে রওনা হয়েছে তাদের যাত্রা বন্ধ করার জন্য ভারতের অনুরোধ মার্কিন সরকার গুরুত্বের সঙ্গে বিবেচনা করেছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪১। ধরা পড়েছে মার্কিন ফাঁকি	আনন্দ বাজার পত্রিকা	২৫ জুন, ১৯৭১

সম্পাদকীয়

ধরা পড়েছে মার্কিন ফাঁকি

মার্কিন সমর সম্ভার নিয়ে পাক-জাহাজগুলো করাচীর দিকে এগুচ্ছে। সংসদে উত্তেজনা বাড়ছে। সবাই জানে বাংলাদেশের কপালে দুঃখ অনেক। যারা গণতন্ত্র রক্ষায় উৎসর্গিত প্রাণ বলে কথিত তাঁরাই সেজেছেন ভক্ষক। তাঁদের অস্ত্র ব্যবহৃত হবে বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলন দমনে। ভারতের জনসাধারণ ক্ষুদ্ধ এবং রাগে ফেটে পড়েছেন বাংলাদেশের জনতা। শরণার্থীরা প্রতিবাদমুখর । ওরা ঘেরাও করছেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের পরিদর্শনে। দুর্গত মানুষগুলো বুঝতে পারছে না মার্কিন কর্তৃপক্ষের দ্বৈতনীতি। এদিকে তাঁরা শরণার্থীদের দুঃখ-দুর্দশায় চোখের জল ফেলছেন, অপরদিকে বাংলাদেশের দুষমনদের হাতে তুলে দিচ্ছেন মারণাস্ত্র। মানুষ মারার ব্যবসা এবং মানবতার উচ্চগ্রামী নিনাদের মধ্যে সামঞ্জস্য রাখা কঠিন কাজ। ওয়াশিংটনের যুক্তি দুর্বল। তাঁরা প্রতশ্রুতি দিয়েছিলেন, বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সমাধানের আগে কোন মার্কিন অস্ত্র যাবে না পাকিস্তানে। দুনিয়ার সামনে নতুন করে প্রমাণিত হয়েছে, মার্কিন প্রতিশ্রুতি ভূয়া। তার নেই কোন বাস্তব মূল্য। ওঁদের কথায় এবং কাজে ধরা পড়েছে লজ্জাজনক অসংগতি। সংসদ সদস্যদের উত্তেজনা খুবই স্বাভাবিক। তাঁদের প্রশ্নবাণে নাজেহাল কেন্দ্রীয় সরকার। সাঝদরিয়া থেকে পাক-জাহাজের মার্কিন সম্ভার তুলে নেবার দাবি জানাচ্ছেন নয়াদিল্লী। অবাস্তব পাঁয়তারা। জ্ঞানপাপীকে জ্ঞানদান অসম্ভব।

পররাষ্টমন্ত্রী স্বরণ সিং বিব্রত। কত আশা নিয়ে তিনি গিয়েছিলেন আমেরিকায়। প্রেসিডেন্ট নিক্সনের সঙ্গে তিনি করেছিলেন আলাপ-আলোচনা। অখন্ড বিশ্বাস নিয়ে ফিরেছেন তিনি দেশে। লিখিত বিবৃতিতে স্বরণ সিং বলেছেন, গণতন্ত্রের একনিষ্ঠ সেবক মার্কিন সরকার সত্যভ্রষ্ট হবেন না। তারপরই হাতেনাতে ধরা পরেছে গণতন্ত্রের মহামান্য সেবকদের কান্ডকারখানা। স্বরণ সিং-এর সার্টিফিকেট প্রকৃতপক্ষে সত্যের অপলাপ। এই লাইন ক'টি বাদ দেবার জন্য সংসদে উঠেছিল দাবি। কেটে দিলে হয়ত খুশী হতেন মাননীয় সদস্যরা। কিন্তু তাতে মার্কিন সরকারের টনক নড়ত না। ভারতের দেওয়া সুনাম কিংবা বদনামে তাঁরা থোড়াই কেয়ার করেন। পাক-ভারত শক্তিসাম্য বজায় রাখা তাঁদের নীতি। চীনের সঙ্গে পাল্লা দিয়ে মার্কিন কর্তার করবেন পাক - তোষণ। তাতে যদি গণতন্ত্র কিংবা বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষ জাহান্নামে যায়, যাক। এ নিয়ে মাথা ঘামাবার সময় নেই আমেরিকার। বলদর্পিত ধনীদের চিন্তাধারা আলাদা। উন্নয়নশীল দেশগুলোর হাত-পা তাদের লেজের সঙ্গে বাঁধা। ওরা জানে কিছুক্ষণ ছটফটনির পর গরীবেরা ধর্না দেবে তাদের দরজায়। টাকা পেলেই সব ঠিকঠাক হয়ে যাবে। আন্তর্জাতিক শালীনতার মাপকাঠি বানাবে তারাই। অবশিষ্ট দুনিয়া মেনে নেবে ওদের নিরূপিত সভ্যতার নিত্যনতুন সংজ্ঞা। বেশি দিন আগের কথা নয়, ১৯৬৫ সালে মার্কিন অস্ত্র নিয়ে আয়ুব খান লাড়াই-এ নেমেছিলেন ভারতের বিরুদ্ধে। তখনও মার্কিন কর্তৃপক্ষের বিরুদ্ধে এসেছিল প্রতিশ্রুতি খেলাপের অভিযোগ। তাতে কান দেবার দরকার বোধ করেনি আমেরিকা। মার্কিন অস্ত্র ইসরাইলে গেলে ক্ষেপে ওঠে আরব দুনিয়া। ওরা বলে এসব অস্ত্র ব্যবহৃত হবে ইসরাইলী নির্যাতিত আরব হননে। এসব অস্ত্র যখন পাকিস্তানে যায় তখন তারা নীরব। অনেকে নীরব। অনেকে মনে মনে খুশী। একথা তাদের ধারণায় আসে না যে, মার্কিন মারণাস্ত্র প্রযোজ্য হবে বাংলাদেশের বাঙালি হননে। এগুলো ব্যবহার করবেন নরঘাতক ইয়াহিয়া খান। ওরা ভাবে, মুসলমান ইয়াহিয়া নির্বিচারে বাঙালি হিন্দু-মুসলমান খুন করলে দোষ নেই। যত দোষ ইসরাইল যদি আরব নিধনযজ্ঞ চালায়। বর্তমান দুনিয়ায় একমাত্র আমেরিকাই বিবেক বর্জিত সুবিধাবাদী নয়, অন্যেরাও বড় কম যায় না।

দুর্ভাগ্য ভারতের। এই স্বার্থদুষ্ট দুনিয়ার মুখের দিকে চেয়ে আছে নয়াদিল্লী। লক্ষ লক্ষ শরণার্থীর ভারে নুইয়ে পড়ছে তাঁদের অর্থনৈতিক কাঠামো। আকাশে জমা হচ্ছে সামাজিক অর্থনৈতিক বিপ্লবের কালমেঘ। শরণার্থীদের স্বদেশে ফেরত না পাঠালে নয়। যাঁকে পর্যুদস্ত করলে এদের প্রত্যাবর্তনের পথ হবে।

সুগম, তাঁর হাতই জোরদার করছেন মার্কিন সরকার। বারবার হুমকি দিচ্ছেন নয়াদিল্লী-বাংলাদেশ সমস্যার রাজনৈতিক সামাধানে দুনিয়া এগিয়ে না এলে ভারত নেবে তার নিজস্ব ব্যবস্থা। এ নিজস্ব ব্যবস্থাটা যে কি তা হয়ত নিজেই যানে না প্রধানমন্ত্রী। নয়াদিল্লীর তর্জন গর্জনে পাত্তা দিচ্ছে না কেউ। সবাই ভাবছে, ভারত সরকার যত গর্জায় তত বর্ষান না। সোভিয়েত রাশিয়ার কূটনৈতিক তৎপরতা নাকি গত কয়েকদিনে বেশ বেড়ে গেছে। বৃটিশ সরকার শূণ্যে ফানুস ফাটিয়েছেন -পূর্ব বাংলার গ্রহণযোগ্য রাজনৈতিক সমাধান দরকার। তা না হলে কোন বৃটিশ সাহায্য নাকি যাবে না পাকিস্তানে। ফরাসীরা আদর্শের চেয়ে অস্ত্রের ব্যবসাটা ভাল বুঝেন। আদর্শের কচকচানীতে ওঠে বুদবুদ। আর অস্ত্রের ব্যবসায়ে আসে টাকা। বুদবুদের চেয়ে টাকার দাম বেশি। ইয়াহিয়াকে নিস্ক্রিয় করার জন্য দুনিয়া কি করেছে, জানেন না ভারতের জনসাধারণ। নয়াদিল্লীর কথায় অনেকেরই নেই কোন আস্থা । ওঁদের মূল্যায়ন মিলছে না বাস্তব অবস্থার সঙ্গে। বিশ্বজনমতের একটা দাম অবশ্যই আছে। কিন্তু সবার উপরে বাহুবল। এই বলের সার্থক প্রয়োগ করতে পারলে বিশ্বজনমতের মোড় ঘুরতে বেশি সময় লাগে না। নয়াদিল্লী আত্মস্থ হোন। বৃহৎ রাষ্ট্রগুলো তাদের ফাঁকি দিচ্ছে। ভারতের জনমতও বিগড়ে যাচ্ছে। নয়াদিল্লীর শক্তির উৎস নিম্নগামী। আর দেরী নয়। স্বাধীন বাংলাদেশকে বাস্তব করে তুলুন। তা না হলে ভারতের ভরাডুবি অনিবার্য।

সম্পাদকীয়-আনন্দ বাজার পত্রিকা, ২৫ জুন, ১৯৭১।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪২। কোন সমাধান না হলে ভারত যে কোন ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য। উর্দু পত্রিকার সম্পাদকদের সভায় বাংলাদেশ প্রসঙ্গে অভিমত	কালান্তর	২৮ জুন, ১৯৭১

কোন সামাধান না হলে ভারত যে কোন ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য : উর্দু পত্রিকার সম্পাদকদের সভায় বাংলাদেশ প্রসঙ্গে অভিমত

নয়াদিল্লী, ২৭ জুন- 'বিশ্বের রাষ্ট্রগুলিকে বিশেষ করে বৃহৎ শক্তিবর্গকে এখন এ কথা পরিস্কারভাবে জানিয়ে দেওয়ার সময় হয়েছে যে যথাশীঘ্র বাংলাদেশ সমস্যার সামাধান না হলে ভারত একান্ত অনিচ্ছার সঙ্গেই তার গুরুত্বপূর্ণ স্বার্থগুলি রক্ষার জন্য প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণে বাধ্য হবে।'

ইউ এন আই জানাচ্ছে, আজ উর্দু পত্রিকার সম্পাতকদের তিন দিনের আলোচনার শেষে সাধারণতভাবে এই অভিমত ব্যক্ত হয় । সম্পাদকরা বাংলাদেশ সম্পর্কে ভারত সরকারের নীতির প্রতি পূর্ণ সমর্থন ঘোষনা করেন ।

তিন দিনব্যাপী এই আলোচনা চক্রে দেশের বিভিন্ন রাজ্যে উর্দু পত্রিকার প্রায় পাঁচশ' জন সম্পাদক অংশগ্রহন করেন ।

সেমিনার ইয়াহিয়া খানের সামরিক প্রশাসনকে এখনও সমরাস্ত্র যোগান দেওয়ার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র ও অন্য কয়েকটি দেশের আচরণের তীব্র নিন্দা করেন।

বাংলাদেশের লক্ষ লক্ষ শরণার্থীর প্রতি আন্তরিক সহানুভুতি জানিয়ে সম্পাদকরা বলেন, সমস্যাটি কেবল মানবিক নয়। পাকিস্তানের সামরিক জুন্টার সীমাহীন নৃশংসতা ও নিষ্ঠুরতার নিরীহ শিকারদের কেবল খাদ্য এবং আশ্রয় দিয়ে সমস্যার সমাধান সম্ভব নয়।

তাঁরা বলেন, 'মুক্তি এবং ঔপনিবেশিকতাবাদী শক্তির মধ্যে এই সংঘর্ষের সামাধান কেবল বাংলাদেশের জনগণের গণতান্ত্রিক আকাঙ্খার স্বীকৃতির ভিত্তিতেই সম্ভব'।

দেশে এবং বিদেশে উর্দু পত্রিকার বিরুদ্ধে কায়েমী স্বার্থ যে কুৎসা করছে এঁরা তার প্রতিবাদ করেন। এঁরা দাবি করেন উর্দু সংবাদপত্রগুলি 'আমাদের জাতীয় নীতি' রূপায়িত করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

এ দেশে বাংলাদেশের মুক্তি সংগ্রাম এবং পাক-ফৌজের দ্বারা অনুষ্ঠিত নৃশংসতাকে ভারতে এবং বিদেশের কোন কোন মহল সাম্প্রদায়িক বলে চালানোর যে চেষ্টা করেছে সম্পাদকরা তার তীব্র প্রতিবাদ করেন।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪৩। একটি রাজনৈতিক সমাধান (সম্পাকীয়)	দি স্টেটম্যান	৩০ জুন, ১৯৭১

Editorial

THE STATESMAN, JUNE 30, 1971
A MILITARY SOLUTION

New Delhi has shown considerable political maturity in resisting pressures for direct action to create conditions in which the refugees from East Bengal can return to their homes; India could only further complex situation, with incalculable consequences for herself as well for others, by seeking a military solution to the problems created by the East Bengal events. It would be unfortunate if president Yahya Khan's broadcast on Monday is seen as justifying the views that there is no alternative to direct intervention; while it was being suggested openly or by implication, that a reasonable political settlement might still be possible. General Yahya has now made it clear that what he is seeking in East Bengal is nothing but a military solution. He claims that conditions in East Bengal have returned to normal; yet martial law will continue. The National Assembly will be convened, but it will not be allowed to frame a constitution nor will the party which won a majority of the Assembly seats be represented in the House. Indeed such Awami League members as may be allowed to sit in the Assembly will clearly have to disown their allegiance to the party, the others will be disqualified and replaced by Islamabad's nominees through by elections whose outcome will surely be decided in advance.

In plain words, the West Pakistani colonial domination over East Bengal will continue to be mentioned by military force, but puppet civilian Government and certain pseudo-democratic appendages will now be introduced to give this repressive rule a semblance of legality. This will be far more dangerous than a naked military dictatorship, after a time many helpless people in East Bengal may resign themselves to this monstrous deception and the world outside may conveniently find in this resignation some evidence of popular acceptance. The world must decide now whether it will allow the Yahya regime to get away with this cruel trick which will be-the final negation of every democratic principle. The Nixon Administration has not covered itself with glory over the arms shipments to Pakistan, but it is still for many committed to the idea of a political settlement and may still be in a position to make Islamabad abandon its search for a permanent military solution. Other countries, which have more specifically urged the Pakistan Government to seek a settlement with the Awami League must immediately reinforce their pressure. President Yahya Khan's choice of a military solution does not oblige others to arrive at the same conclusion. So-called strong action can only be an evasion of the responsibility of seeking a political answer to the East Bengal crisis.

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪৪। মুক্তিযোদ্ধাদের আক্রমণে নিহত সাড়ে তিন হাজার পাক অফিসারের মৃতদেহ করাচীতে কবরস্থ	কালান্তর	৩ জুলাই , ১৯৭১

মুক্তিযোদ্ধাদের আক্রমণে নিহত সাড়ে তিন হাজার পাক অফিসারের মৃতদেহ করাচীতে কবরস্থ। দড়ি বেঁধে বাংলাদেশ থেকে জাহাজ বোঝাই মেয়ে চালান :

করাচী প্রত্যাগত প্রত্যক্ষদর্শীর বিবরণ

কলকাতা, ২ জুলাই-গত ২৫ মার্চ থেকে ২ মাসের ভেতর পাক বাহিনীর সাড়ে তিন হাজার উচ্চপদস্থ কর্মী ও মৃতদেহ ঢাকা থেকে করাচী পেশোয়ারে নিয়ে যাওয়া হয়েছে এবং সেখানে কবর দেওয়া হয়েছে। খান সৈন্যদের দৃষ্টি এড়িয়ে করাচী থেকে সীমান্ত পার হয়ে আসা প্রত্যেক্ষদর্শী জনৈক পাক বিমান বাহিনীর কর্মী আমাদের সঙ্গে সাক্ষাৎকারে এ কথা জানান। পাক বিমান বাহিনীর কমিটি আজ কলকাতা এসে পৌঁছেছেন।

২৫ মার্চ থেকে এ পর্যন্ত কর্মীটি নজরবন্দী অবস্থায় ছিলেন। তিনি জানান. ২৬ মার্চ ভোরে বিমান বাহিনীর কর্মীদের শিবিরে এসে খান সৈন্যবাহিনীর অফিসারেরা বাঙালী কর্মীদের আলাদা করে এবং তাঁদের নিরস্ত্র করে দেয়। খান সৈন্যবাহিনী বাঙালি কর্মীদের এমনকি সংরক্ষণ বিভাগের কাজ থেকে এবং মেনটেনেন্স বিভাগের কাজ থেকেও সরিয়ে এনেছে।

এই প্রত্যক্ষদর্শী জানান, বাংলাদেশে খান সৈন্যবাহিনীর বহু সৈনিক ও অফিসার যে মুক্তিযোদ্ধাদের হাতে মার খেয়েছে, তাঁরা করাচীতে বসেই টের পেয়েছেন।

খান সৈন্য বাহিনীর উচ্চপস্থ কর্মী ও অফিসার যাদের মৃতদেহ করাচী এবং পেশোয়ারে বিমানযোগে বিমানবন্দরে বহন করে নিয়ে যাওয়া হয়েছে এমন সংখ্যা প্রায় সাড়ে তিন হাজার। তিনি জানান, করাচীতে ড্রাইডেন সিনেমা হলের পাশে সরকারী কবরস্থানে এবং প্রতিরক্ষা বিভাগের কবরস্থান ও পেশোয়ারের কবরস্থানে এইসব মৃতদেহ কবর দেওয়া হয়েছে। এই মৃত ব্যক্তিদের নাম করাচীর 'বি আর অর্ডারে' লিপিবদ্ধ আছে। প্রত্যক্ষদর্শী এই বিমান বাহিনীর কর্মীটি আরও জানান যে, বাঙালি সৈনিকদের নিরস্ত্র করে রাখার পর তাদেরকে নজরবন্দী অবস্থায় দিন কাটাতে হয়েছে। এবং সেই সময় বর্তমান শাসকগোষ্ঠী বাংলাদেশের কত উন্নতি করেছে এবং বর্তমানে বাংলাদেশের অবস্থা যে কত শান্ত তা প্রচার করে প্রদর্শিত সিনেমা এই নজরবন্দী বাঙালিদের দেখতে হয়েছে।

মেয়েদের দড়ি দিয়ে বেঁধে করাচী নিয়ে যাওয়া হয়েছে।

এই প্রত্যক্ষদর্শী আরো জানান যে, চট্টগ্রাম বন্দরে এফ এন এস ঢাকা, বাবর এবং এফ এন এস খাইবার নামে যে তিনটি জাহাজ ছিল, সেই জাহাজ তিনটি করাচী ফিরে যাওয়ার পথে বহু বাঙালি মেয়েকে করাচীতে নিয়ে গিয়েছে। তিনি জানান এই সমস্ত মহিলাদের যখন করাচী বন্দরে নামানো হয় তখন এঁদের হাত পরস্পর দড়ি দিয়ে বাঁধা ছিল এবং প্রত্যেকেরই কোমরেও দড়ি বাঁধা ছিল। এই সমস্ত মহিলাদের এখন বিত্তশালী লোকের ক্রীতদাসী কিংবা রক্ষিতা হিসেবে রাখা হয়েছে।

করাচী থেকে বাংলাদেশে এখন কেউ করাচীতে আসছে না

এই প্রত্যক্ষদর্শী আরো জানান যে, খান সৈন্যবাহিনীর যে সমস্ত কর্মী করাচীতে ৮০ টাকা বেতন পেতেন তাদের বর্তমানে ইয়াহিয়া চক্র চারশত টাকা বেতন দিয়ে বাংলাদেশে পাঠাতে চায় কিন্তু এতদসত্ত্বেও কেউ বাংলাদেশে আসতে ইচ্ছুক নয়।

বেলুচীস্তানে ব্যাপক অত্যাচার

এই প্রত্যক্ষদর্শী আরো জানান যে, বেলুচীস্তানে ইয়াহিয়া চক্রের বিরুদ্ধে ব্যপক বিক্ষোভ হচ্ছে। তিনি বলেন খান সৈন্যবাহিনী বিক্ষুব্ধ মানুষকে দমনের জন্য ব্যাপক অত্যাচার চালাচ্ছে। তারা গ্রামে গ্রামে ভ্রাম্যমাণ জঙ্গী আদালত বসিয়েছে এবং খান সৈন্য-বিরোধী মানুষের সম্পত্তি কেড়ে নিচ্ছে।

বিমান বাহিনীর এই কমিটি জানান যে, তিনি এখন তাঁর পিতা-মাতার সঙ্গে মিলিত হবেন এরপর মুক্তি যুদ্ধের সৈনিক হিসেবে যোগ দেবেন। তিনি জানান করাচীতে এখনো বিমান বাহিনীর বহু বাঙালি কর্মী নিরস্ত্র এবং নজরবন্দী অবস্থায় আছেন।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪৫। পাকিস্তানকে অস্ত্র দেওয়া না দেওয়া	যুগান্তর	৩ জুলাই , ১৯৭১

সম্পাদকীয়

খোদ আসামী নিক্সন

আমেরিকা আরও অস্ত্র পাঠাচ্ছে পাকিস্তানে। এগুলো ব্যবহৃত হবে বাংলাদেশের মারণযজ্ঞে। বিবেক বলে কোন পদার্থ নেই মার্কিন কর্তাদের। মিথ্যার প্রলেপ দিয়ে ঢাকতে চেয়েছিলেন তাঁরা নিজেদের অপরাধ। গত ক'দিন ধরে প্রচার চলছিল, যত নষ্টের গোড়া আমলাতন্ত্র। ওরাই অনাসৃষ্টির জন্য দায়ী। মার্কিন নীতি-নির্ধারকরা নিষেধাজ্ঞা জারি করেছেন পাকিস্থানের অস্ত্র প্রেরণের উপর । তার ফাঁক ফোকর দিয়ে অস্ত্র যাচ্ছে পাকিস্থানে । এই ছেদো প্রলাপ একেবারে ঝাঁঝরা হয়ে গেছে। আসল রহস্য বেরিয়ে পড়েছে। খোদ আসামী আমলাতন্ত্র নন, প্রেসিডেন্ট নিক্সন নিজে। তিনিই খারিজ করেছেন আমলাতন্ত্রের পরামর্শ। ব্যক্তিগত দায়ত্বে অস্ত্র জোগাচ্ছেন ইয়হিয়া খানকে। অজুহাত পুরানো, পাকিস্তানকে অস্ত্র না দিলে দেশটা চলে যাবে চীনের খপ্পরে। চীনের খপ্পর থেকে পাক-জঙ্গীশাহীকে বাঁচাবার জন্য প্রেসিডেন্ট নিক্সন ডেকে আনছেন বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের সর্বনাশ। হাটে হাড়ি ভেঙেছেন শ্রী জয়প্রকাশ নারায়ণ। ওয়াশিংটনে তিনি দেখা করেছিলেন মার্কিন কর্তাদের সঙ্গে। তাঁরা বলেছিলেন, বাংলাদেশের সত্যিকারের জনপ্রতিনিধিদের সঙ্গে ইসলামাবাদে একটা বোঝাপড়া দরকার। কাজের বেলায় দেখা যাচ্ছে অন্যরকম । বোঝাপড়ার বদলে বাংলাদেশকে সাবাড় করার মদত দিচ্ছে আমেরিকা। প্রেসিডেন্ট আইনেস হাওয়ারের আমলে নিক্সন ছিলেন ভাইস প্রেসিডেন্ট। তিনি তখন রিপোর্ট দিয়েছিলেন, জোটনিরপেক্ষ ভারতকে বিশ্বাস নেই। পাকিস্তানই সত্যিকারের বন্ধু। তাকেই দেওয়া উচিত, বিপুল পরিমাণ অস্ত্র সাহায্য। তারপর দুনিয়া চেহারা অনেক বদলিয়েছে। পদে পদে ধরা পড়েছে মার্কিন মূল্যায়নের ভূল ভ্রান্তি। প্রেসিডেন্ট নিক্সন শিখেন নি কিছু। সাবেকী মন দিয়ে তিনি ধরে আছেন মার্কিন প্রশাসন তরীর হাল।

নয়াদিল্লী রাগে ফেটে পড়ছেন। ভারতীয় জনমত উত্তাল। কিসিঞ্জারের স্বস্তিবচনে জনতার উষ্মা বাড়ছে। পররাষ্ট্রমন্ত্রী স্বরণ সিং দিশাহারা। বড় আশা নিয়ে তিনি গিয়েছিলেন আমেরিকায়। অগাধ বিশ্বাস ছিল তাঁর মার্কিন রাষ্ট্রনায়কদের উপর। শেষ পর্যন্ত তাঁর কপালে জুটল বিশ্বাসঘাতকতা। যা বলছিল তা করল না আমেরিকা। ভারতে আগত শরণার্থীদের জন্য ওয়াশিংটন দেবেন টাকা । আর ইয়াহিয়া শরণার্থী তৈরির যন্ত্রে তাঁরা ঢালবেন অঢেল তেল। এই মার্কিন দ্বৈতনীতি বর্তমান দুনিয়ার নিদারুণ অভিশাপ। ইসলামাবাদে নরপশুদের অকৃত্রিম দোস্ত প্রেসিডেন্ট নিক্সনই নাকি স্বাধীন বিশ্বের জিম্মাদার এবং গনতন্ত্রের অতন্দ্র প্রহরী। দক্ষিণ ভিয়েতনামের জন্য তিনি চান স্বায়ত্ত্বশাসন এবং বাঁচার অধিকার। আর বাংলাদেশ সম্পর্কে তাঁর বিধান-ইসলামাবাদের জঙ্গীশাহীর ক্রীতদাসত্ব কিম্বা এবং সর্বাত্মক সংহার। প্রধানমন্ত্রী শ্রীমতি গান্ধী হৈচৈ করে বেড়াচ্ছেন। মাঝে মাঝে ওয়াশিংটনের উপর কড়া বাক্যবাণ ঝাড়ছেন। তাতে লাভ নেই কিছু। পাকিস্তানের সঙ্গে মার্কিন কর্তাদের গোপন আঁতাত দীর্ঘদিনের। ওঁরা কিছুতেই ছাড়বেন না আশ্রিত খুণীদের। এমন আশ্রিত বাৎসল্যের কাছে বিবেকের বিলাস প্রত্যাশা অর্থহীন।

এখন কি করবেন নয়াদিল্লী? ইয়াহিয়া উপর ছাড়বেন না সত্যিকারের কোন আন্তর্জাতিক চাপ। বেঁকে দাঁড়িয়েছে আমেরিকা। মার্কিন জনমত তাকে সিধে করতে পারবে কিনা সন্দেহ। সোভিয়েত রাশিয়ার অবস্থা ধরি মাছ না ছুঁই পানি । অন্য যাঁরা চেঁচামেচি করছেন তাদের প্রভাব সীমিত । আরব দুনিয়ার ধর্মবোধ বড় বেশি জাগ্রত। তাদের দৃষ্টিতে ইয়াহিয়া ঐশ্লামিক ঐক্যের ধ্বজাধারী। বাংলাদেশের হিন্দুরা কাফের এবং মুসলমানরা ধর্মচ্যুত। পাইকারী হারে তাদের নিধন কিম্বা বিতাড়নে কোন দোষ নেই। ইয়াহিয়া যদি মুসলমান না হয়ে ইহুদী, খৃষ্টান কিম্বা হিন্দু হতেন তবে হয়ত আরব নেতাদের টনক নড়ত। আগুনে তাতান বালুর উপর ধান দিলে এগুলো

যেমন ফটফট করে ফুটে ঠিক তেমনি তারা ফুটতেন। নাসেরের মিশর ছিল প্রগতিবাদী বলে পরিচিত। এখন সেখানে কায়েম হয়েছেন প্রেসিডেন্ট আনোয়ার সাদত। তিনি দোস্তী করেছেন পাক সুহৃদ সৌদি আরবের সঙ্গে। ১৯৬৭ সালের খার্তুম চুক্তি অনুযায়ী মিশর পাচ্ছে সৌদির খয়রাতি টাকা। এখন আরও এগিয়ে গিয়েছেন প্রেসিডেন্ট সাদত। নাসের বলতেন, আরব দুনিয়ার ঐক্যের ভিত্তি সাধারণতন্ত্র এবং সমাজবাদ। আর সাদতের মতে আরবের শক্তির উৎস ধর্ম। সৌদি আরবের বাদশা ফয়সল মহা খুশী। তিনি মিশরকে দেবেন ইসরাইল বিরোধী মদত। বিনিময়ে সাদত জোরদার করবেন ফয়সলের ঐশ্লামিক ঐক্য অভিযান। কিসের আশায় সময় কাটাচ্ছেন নয়াদিল্লী? দুনিয়ায় বিবেক বলে কোন কিছুর অস্তিত্ব নেই । যা আছে তা শুধু সঙ্কীর্ণ আত্মস্বার্থ। ভাল কথার যুগ শেষ হয়েছে। বর্তমান যুগটা শক্তির যুগ। যার বাহুতে আছে বল এবং মনে আছে সঙ্কল্পের দৃঢ়তা তাকেই সেলাম জানাবে দুনিয়া। নিজের পায়ে দাঁড়ান নয়াদিল্লী। স্বীকৃতি দিন স্বাধীন বাংলাদেশকে। দুর্বার করে তুলুন মুক্তিফৌজের সংগ্রাম। এ পথেই আসবে বাংলাদেশ সমস্যার সমাধান এবং শরণার্থীদের স্বদেশ প্রত্যাবর্তন।

সম্পাদকীয়- যুগান্তর , ৩ জুলাই, ১৯৭১।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪৬। পাকিস্তানী প্রচারণার বিরুদ্ধে হুশিয়ারী	দি স্টেটম্যান	৪ জুলাই, ১৯৭১

THE STATESMAN, JULY 4, 1971

MUSLIM NATIONS WARNED AGAINST PAK PROPAGANDA

From Our Special Representative,

New Delhi, July 3.-A spokesman of the Bangladesh Government today appealed to the Muslim nations of the world not to be hoodwinked by Pakistani propaganda. Was it Islamic, he asked, for Pakistani soldier to rape young Muslim girls, to kill Muslim doctors and intellectuals, to burn the property of Muslim villagers and to massacre Muslim women and children?

The Muslim nations, he said, should put these questions to themselves and then only take a stand on the reign of terror let loose in Bangladesh by the military regime in Islamabad.

Mr. Amjadul Huq, the spokesman of the Bangladesh Mission here, told a Press conference that his Government regretted the attitude of the Muslim nations. He attributed the present attitude of these countries to the "heinous propaganda being made in the name of Islam by the Pakistani military warlords."

Bangladesh, he added, was a fait accompli and there could be no compromise on the basis of a united Pakistan in the name of Islam. The Pakistanis were utilizing the name of a great religion for mischievous purposes and for misleading the Muslim world. By raising the slogan that the existence of the largest Islamic country was being threatened the military rulers were justifying the butchery of millions of peaceful and unarmed Muslim citizens of Bangladesh.

The resumption of arms supplies to Pakistan by the USA had in this context come as a great shock and disappointment to the freedom fighters. "We urge the U.S. Government that it should immediately stop the arms shipments to Pakistan and also demand an assurance that no further shipments of military hardware will be made to Pakistan for these will only be used to perpetuate military oppression and to further intensify the campaign of genocide" he said.

Mr. Huq wondered why international organizations like the Human Rights Commission had not cared to take Pakistan to task for the genocide perpetrated in Bangladesh. "When 75 million people of Bangladesh arc fighting war of freedom, justice, democratic rights and peace, what is the position of these international organizations?" he asked.

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪৭। মুক্তিযোদ্ধাদের জন্য অস্ত্র দাবি	দি স্টেটম্যান	৫ জুলাই, ১৯৭১

THE' STATESMAN, JULY5, 1971

SANGH WANTS ARMS AID FOR FREEDOM FIGHTERS

From Our Special Representative

Udaipur. July 4. - The Jana Sangh will launch a mass satyagraha from August I, in New Delhi to urge the Government to recognize Bangladesh and give its provisional Government all moral and material support including military assistance to enable it to free the country from the clutches of West Pakistani military rule.

This was announced by the party president Mr. Atal Behari Vajpayee at the General Council session this morning.

Mr. Vajpayee also announced that the satyagraha would continue for 11 days till August 11 and on the last day of the current session of Parliament-August 12-about 200,000 Jana Sangh volunteers would demonstrate in front of Parliament House in protest against the Governments inaction on the Bangladesh issue. He however, said the party would give up the agitation plan and offer all possible support to the Centre if it agreed to accept the Sangh's demands by August 1.

During the debate on the Bangladesh resolution many delegates said that the leadership was only asking the Government to take firm action; it gave the impression as if the party itself had no duty to discharge on the Bangladesh Issue. Replying to them Mr. Vajpayee said it was the Jana Sangh founder Dr. Shyama Prasad Mukherjee, who had resigned from the Central Government on the East Bengal refugee issue. It had also launched a mass movement for Jammu and Kashmir at the time of the Goa invasion. The party therefore, would not keep quiet when thousands of people were being butchered in Bangladesh, he added.

After Mr. Vajpayee's Speech the resolution on Bangladesh was adopted with certain amendments, adds UNI. These included release of Sheikh Mujibur Rahman and his followers arrangements for military training to refugees to enable them to win their freedom and screening of evacuees.

The resolution put before the country a six-point programme of action and directed all its party units to educate and mobilize public opinion to force the Government to act in the wider interest of the country.

It opposed dispersal of refugees to far off places. It demanded that refugee camps be put up on the Bangladesh border so as to facilitate their return as soon as the occupation forces of Pakistan were thrown out of the new republic. It called for effective military action to repel Pakistani aggression on the Indian borders.

The resolution also demanded effective curb on Sheikh Abdullah and others who had consistently refused to condemn Pakistan's military junta for its genocide in Bangladesh.

It said that steps should be taken to secure cooperation of all patriotic organizations and elements in the task of repelling Pakistani aggression securing Justice for Bangladesh people and safeguarding the honor of integrity and security of India.

The resolution caned for basic reappraisal of India's foreign-policy.

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪৮। ব্রিটিশ সংসদীয় দলের বিবৃতি প্রচার করা যাবে না: পাক জঙ্গী সরকারের ফরমান	যুগান্তর	৩ জুলাই , ১৯৭১

ব্রিটিশ সংসদীয় দলের বিবৃতি প্রচার করা যাবে না :

পাক জঙ্গী সরকারের ফরমান

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লী, ৫ জুলাই- চারজনের যে ব্রিটিশ পারলামেন্টারি প্রতিনিধি দলটি বাংলাদেশ পরিস্থিতি সম্পর্কে প্রত্যক্ষ অভিজ্ঞতা লাভের জন্য ভারত ও পাকিস্তান ঘুরে গিয়েছেন তাঁদের কোন সাক্ষাৎকার বা বিবৃতি প্রকাশ বা বেতার প্রচার পাকিস্তান সরকার সম্পূর্ণ নিষিদ্ধ করেছেন।

ওই প্রতিনিধি দলের কার্যকলাপের ছবি তোলাও পাক সরকার নিষিদ্ধ করেছেন। এ থেকে বোঝা যাচ্ছে যে, বাংলাদেশের পরিস্থিতি সম্পর্কে প্রতিনিধি দলের মূল্যায়ন ও তাঁদের বিবৃতিতে পাক বাহিনীর নৃশংসতার বিবরণ প্রকাশ পাওয়ায় জঙ্গী সরকার বিরক্তি বোধ করেছেন। পাক সরকার পাকিস্তানীদের বাংলাদেশ সম্পর্কে যে মিথ্যা সংবাদ দিয়ে আসছিলেন, ব্রিটিশ প্রতিনিধি দলের বিবৃতি ও মন্তব্য থেকে তাঁদের সে ভূল ধারণা ভেঙে যাক জঙ্গী মহল তা আদৌ চান না।

চারজনের ওই প্রতিনিধি দলে রক্ষণশীল ও শ্রমিক উভয় দলেরই সদস্য ছিলেন ব্রিটিশ সরকার ওই প্রতিনিধি দলকে পাঠিয়েছিলেন। প্রাক্তন কমনওয়েলথ রিলেসন্স মন্ত্রী শ্রী আরথার বটমালি ছিলেন ওই প্রতিনিধি দলের নেতা।

আটক ব্যক্তিদের সম্পর্কে খোঁজ খবর

ইউ এন আই জানাচ্ছেন, যেসব পশ্চিম পাকিস্তানী পূর্ববঙ্গ থেকে চলে এসে ভারতে আশ্রয় গ্রহণ করেছেন পাকিস্তানের অনুরোধে ও মানবতার খাতিরে ভারত পাকিস্তানকে তাঁদের খবরাখবর জানাতে সম্মত আছে। তবে আন্তর্জাতিক আইনের বিধান ও আইন অনুযায়ী পাকিস্তানকেও তাদের জেলে আটক ২৫০ জনেরও বেশি ভারতীয়ের খবরাখবর জানাতে হবে।

আজ সরকারী মহল থেকে ওই তথ্য পাওয়া গিয়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৪৯। পাকিস্তানের মিথ্যা কূটনৈতিক প্রচার	যুগান্তর	৬ জুলাই , ১৯৭১

ভারতে আটক রাখা সম্পর্কে পাকিস্তানের মিথ্যা কূটনৈতিক প্রচার

৬ই জুলাই-পাকিস্তান সরকার এবার এক নতুন মিথ্যা কূটনৈতিক প্রচার শুরু করেছেন। পাক সরকার রাষ্ট্রসঙ্ঘের সেক্রেটারী জেনারেল উথান্ট, রাষ্ট্রসঙ্ঘের শরণার্থী দপ্তরের হাইকমিশনার প্রিন্স সদরুদ্দীন ও কয়েকটি বিদেশী মিত্র রাষ্ট্রের কাছে অনুরোধ জানিয়েছেন যে, ভারতীয় জেলে যেসব পাকিস্তানী রয়েছে তাদের প্রত্যাবর্তনে তাঁরা যেন সাহায্য করেন।

পাক বৈদেশিক দপ্তর থেকে অভিযোগ করা হয়েছে যে, বাংলাদেশে হাঙ্গামার জন্য চা-বাগান, ব্যাংক, বাণিজ্যিক সংস্থা ও সরকারী কিছু সংখ্যক কর্মচারী ভারতে চলে যেতে বাধ্য হয়েছে এবং ভারত সরকার নাকি তাদের গ্রেফতার করে জেলে পুরেছেন।

পাকিস্তান সংবাদপত্র, রেডিও ও টেলিভিশনেও ভারতের বিরুদ্ধে এই মিথ্যা প্রচার চলছে।

পাক সরকার আরও অভিযোগ করেছেন যে, ধৃত ব্যক্তিদের খবরাখবরের জন্য কয়েকটা চিঠি লিখেও তাঁরা কোন জবাব পাননি।

ভারত সরকার জানিয়েছেন যে, বাংলাদেশ থেকে যেসব পশ্চিম পাকিস্তানী ভারতে আশ্রয় গ্রহণ করেছে তাদের সংবাদের জন্য পাকিস্তান সরকারের অনুরোধ ভারত সরকার 'মানবতার ভিত্তিতে' বিবেচনা করে দেখতে প্রস্তুত আছেন। তবে পাকিস্তানের জেলে যে ২৫০ জনেরও বেশি ভারতীয় এখন কষ্টভোগ করছেন আন্তর্জাতিক আইন ও বিধি অনুযায়ী তাঁদের কথাও পাকিস্তানকে বিবেচনা করতে হবে। পাক জেলে আটক এই ভারতীয়দের অপরাধ কি, তাঁরা কেমন এবং কোথায় আছেন সে সম্পর্কে পাকিস্তানের কাছে চিঠি লিখে ভারত কোন জবাব পায়নি।

বাংলাদেশের যেসব লোককে ভারতে আটক করে রাখা হয়েছে বলে পাকিস্তান মিথ্যা প্রচার চালাচ্ছে এবং যাদের নামের তালিকা পাক সরকার দিয়েছেন তারা সংখ্যায় মাত্র ৩১ জন এবং সকলেই পশ্চিম পাকিস্তানী, তারা পূর্ব বঙ্গের লোক বলে পাক সরকার যে দাবি করেছেন তা মিথ্যা । জনৈক সরকারী মুখপাত্র বলেন যে, বাংলাদেশ থেকে ৭০ লক্ষ লোক ভারতে আশ্রয় গ্রহণ করেছেন কিন্তু তাদের জন্য পাক সরকারের কোন মাথাব্যথা নেই। মাত্র ৩১ জন পশ্চিম পাকিস্থানীর জন্যই পাক সরকার চিন্তিত ।

পাকিস্তানের জেলে আটক ভারতীয়দের মধ্যে সাংবাদিকরাও আছেন। ভারতীয় সীমান্ত এলাকা থেকে এপ্রিলের গোড়ার দিকে তাঁদের অপহরণ করা হয়েছে। তাঁদের খবরাখবরের জন্য পাক সরকারের কাছে চিঠি লিখেও কোন জবাব পাওয়া যায়নি।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৫০। পাকিস্তানে মার্কিন অস্ত্র সাহায্য বন্ধের জন্য ভারতের দাবি	দি স্টেটম্যান	৮ জুলাই, ১৯৭১

THE STATESMAN, JULY 8, 1971

INDIA DEMANDS TOTAL BAN ON U.S. ARMS AID TO PAKISTAN

From our Special Representative

New Delhi, July 7. - President Nixon's special emissary and adviser on security affairs Dr. Henry Kissinger was told by Indian leaders here today of the grave situation created on the sub-continent by the continued supply of arms to Pakistan by the USA.

Both the Prime Minister and the Foreign Minister are understood to have told him in the most emphatic terms that they did not accept the American interpretation that only non-lethal weapons were supplied or that it was the result of bureaucratic bungling.

Dr Kissinger was told in plain words that apart from its impact in the military sense. Dr. Kissinger apparently it was only marginal-the political implications of the decision far outweighed any other consideration.

Mr. Swaran Singh reportedly drew Dr Kissinger's attention to the adverse effect of the "continued and continuous" arms aid to Pakistan, including the supply of so-called non-lethal weapons which could only be used to activate the most deadly engines of destruction. The arms aid to Pakistan he was told, posed a serious threat to the peace and the security of the sub-continent more so when it was viewed in the context of the $2 million U.S. arms aid received by Pakistan between 1954 and 1965.

ভারতীয় বাহিনী আজ পশ্চিম পাকিস্তানীদের হাতে যে সকল জায়গা মুক্ত করেছে, তা হল ময়মনসিংহ সেক্টরে জয়ন্তীয়াপুর ও গোঁয়াইঘাট, শ্রীহট্ট সেক্টরে লাটু, জুরি, কুলাউড়া ও মুন্সীবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কসবা ও কুট্টি। এখানে তিতাস নদীর উপর উজানীসার ব্রিজটি ভারতীয় বাহিনী অক্ষত অবস্থায় দখল করেছে।

পঞ্চমুখী অভিযান

বাংলাদেশের ভেতরে পঞ্চমুখী অভিযান চালিয়ে সৈন্যবাহিনী যে দুর্বার গতিতে এগিয়ে চলেছে, আজ সকালে ফেনী, কুলাউড়া ও লাটু দখলের মধ্যে দিয়ে তা প্রমাণিত হয়েছে।

পূর্বাঞ্চল কম্যান্ডের চীফ অব ষ্টাফ মেজর জেনালে জে এফ আর জ্যাকব এদিক সকাল এগারটায় এক সাংবাদিক বৈঠকে ঘোষণা করেনঃ একদিকে যশোর শহরের থেকে প্রায় চার মাইল দূরে প্রচন্ড লড়াই চলেছে।

ভারতীয় সেনাবাহিনীর অগ্রগতি বিশ্লেষণ করতে গিয়ে মেজর জেনারেল জানানঃ ভৌগোলিক দিক থেকে এবং মাটি ও নদী নালার জন্য আমাদের স্থলবাহিনী বাংলাদেশের ভেতরে অগ্রসর হতে অসুবিধে অবশ্যই দেখা দিচ্ছে। বিশেষ করে যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত খারাপ।

সামরিক বাহিনীর জনৈক মুখপাত্র আরো বলেনঃ প্রথম সেক্টরে অর্থাৎ গঙ্গা পদ্মা ও সমুদ্রের ধারা ঘেরা এলাকায় ভারতীয় সেনাবাহিনী আপাততঃ এগিয়ে গিয়ে যশোর শহরের সীমান্তে পৌঁছে গেছে। প্রায় তিন মাইল দূরে প্রচন্ড লড়াই চলেছে। দর্শনা, জীবননগর দখল করেছে। আর সেনাবাহিনী চুয়াডাঙ্গা ও মেহেরপুরের ওপর প্রবল চাপ দিয়ে চলেছে। তাছাড়া মুখপাত্র বলেন, ব্রহ্মপুত্রের কাছে উত্তর সেক্টারে পার্বত্য অঞ্চলে প্রবল লড়াই চলেছে। নবাবগঞ্জের সামনে যুদ্ধ হচ্ছে। বোদা, ঠাকুরগাঁও দখল করে ভারতীয় জোয়ানরা আরো নীচের দিকে নেমে চলেছে।

কালিগঞ্জের দিকে ভারতীয় সেনাবাহিনীর অগ্রগতির উল্লেখ করে মুখপাত্র জানান, কালিগঞ্জ, কমলপুর আত্মসমর্পণ করেছে। বকসিগঞ্জ শহরও দখল হয়েছে। কানারিঘাটের দিকে ভারতীয় সেনাবাহিনী দুর্বারগতিতে এগিয়ে চলেছে। শামসের নগর বিমান ঘাঁটি সম্পূর্ণরূপে বিধ্বস্ত। মৌলভীবাজার দখলে এসেছে। পাক বাহিনীর ১২ নম্বর ফ্রনটিয়ার ফোর্স রেজিমেন্ট সম্পূর্ণভাবে বিধ্বস্ত হয়েছে। লাকসাম দখলের পর তারা মুকাদ্দরগঞ্জের দিকে এগিয়ে যাচ্ছে।

মেজর জেনারেল জানিয়েছেনঃ বেলোনিয়া পকেট সম্পূর্ণভাবে ভারতীয় সেনার হাতে এসে গেছে।

বিদেশী সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মেজর জেনারেল বলেন, পাক সৈন্যদের হতাহতের তুলনায় ভারতীয়দের কমসংখ্যক সৈন্য আহত বা নিহত হয়েছে। তবে পাকিস্তানী সেনারা প্রবলভাবে লড়ছে। তিনি আরো বলেন এখন পর্যন্ত ৩১৭ জন পাক সৈন্য নিহত হয়েছে। ১৯৯ জন আহত এবং ৪২৬ জনকে আজ পর্যন্ত আটক করা হয়েছে। একজন মুখপাত্র একথাও বলেন, কিন্টনের সাতটি লরী ভর্তি পাক সেনা ধৃত হয়েছে। পাক সেনাবাহিনী সবচেয়ে যে কয়টি জায়গায় ভারতীয় সেনাকে বাধা দিয়েছিলি ও দিচ্ছে, তার মধ্যে আখাউড়া, লাকসাম যশোর আছে।

অপর এক প্রশ্নের উত্তরে সামরিক বাহিনীর মুখপাত্র বলেন, ধৃত পাক সেনাদের সঙ্গে জেনেভা চুক্তি অনুযায়ী সৌজন্যমূলক ব্যবহার করা হচ্ছে। শত্রুসেনাদের আত্মসমর্পণ করতে বলা হয়েছে। তারা যদি আত্মসমর্পণ করে, তবে রক্তক্ষয় কম হবে। তিনি আরো জানান, ধৃত পাক সেনারা বলেছে, তাদের কাছে সর্বশেষ যে বার্তা এসেছে, তাতে বলা হয়েছে, ভারতীয় সেনাবাহিনীকে আটকে রাখ। আমরা সাহায্য পাঠাচ্ছি। ইতিমধ্যে পশ্চিমাঞ্চলে আমরা অমৃতশহর, শ্রীনগর দখল করে নিয়েছি। তিনি একথাও বলেন, এসব মিথ্যা বলা হচ্ছে। পাক সেনাদের মধ্যে নিহতের সখ্যা তিন-চার শয়ের মত হবে।

পাকিস্তানের পনেরোটি স্যাবার জেট এই ভুখন্ডে ভূপাতিত করা সম্ভব হয়েছে। তাদের ২২টি মার্কিনী ট্যাংক বিধ্বস্ত হয়েছে। তারা বিভিন্ন স্থানে পোড়া মাটি নীতি অনুসরণ করে চলেছে।

মেজর জেনারেল বলেন, ভারতীয় সেনাবাহিনী তীব্রবেগে এগিয়ে চলেছে। আমাদের নৌবাহিনী সমুদ্রপথে বাঁধা দিচ্ছে এবং আমাদের বিমান বাংলাদেশের আকাশের ওপর প্রভূত্ব করছে।

ইষ্টার্ণ কম্যানন্ডের মুখপাত্র বলেন যে, কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার কাজিপুর পাক সৈন্য মুক্ত হয়েছে। ঝিনাইদহে পাক সেনাবাহিনীর সদর দপ্তরের দিকে অগ্রসর হওয়ার সময় ভারতীয় সৈন্যরা গুরুত্বপূর্ণ খালিসপুর সেতুটি দখল করেছে।

মুখপাত্রটি বলেন, হাতিবান্ধা থেকে অগ্রসরমান ভারতীয় সৈন্যরা রংপুর জেলার উত্তরে লালমনিরহাটের দিকে অনেক দূর এগিয়ে গেছে।

কুমিল্লাখন্ডে আমাদের সৈন্যরা বরচাঁদ ও একতাবপুর মুক্ত করার পর গোমতী নদী পার হয়ে গেছে।

মেঘালয়খন্ডে ভারতীয় সৈন্যরা কমলপুরের ৪০ কিঃ মিঃ দক্ষিণে জামালপুর ও চরবাংলি দখল করার পর ময়মনসিংহ জেলার দিকে অনেক দূর এগিয়ে গেছে। পশ্চিমবঙ্গখন্ডে ভারতীয় সৈন্যরা ঠাকুরগাঁও-এর ২৭ কিঃ মিঃ দক্ষিণ-পূর্বে বীরগঞ্জ এবং রংপুরের ২৫ কিঃ মিঃ উত্তরে কালিগঞ্জ আজ সকালে দখল করেছে।

হিলির ১৫ কিঃ মিঃ উত্তর-পূর্বে নবাবগঞ্জ এবং যশোরের ৩০ কিঃ মিঃ উত্তর-পশ্চিমে কোটচাঁদপুরও ভারতীয় বাহিনীর দখলে এসেছে।

ভারতীয় সৈন্যবাহিনী মুক্তিবাহিনীর সহযোগিতায় সমস্ত খন্ডেই পাক সৈন্যদের ওপর প্রবল চাপ সৃষ্টি করে চলেছে।

বিমান বাহিনীর ভূমিকা

শিলং-এ ইষ্টার্ণ এয়ার কম্যান্ডের এয়ার মার্শাল দেওয়ান সাংবাদিকদের বলেছেন যে, কুমিল্লার উপর ভারতীয় বিমান আর একটি পাকিস্তানী স্যাবর জেট বিমানকে গুলিবিদ্ধ করে ভূপাতিত করেছে। এই নিয়ে বাংলাদেশে ১৫টি পাকিস্তানী বিমান ধ্বংস হলো। এখন পর্যন্ত এই খন্ডে ভারতের ৫টি বিমানের ক্ষতি হয়েছে।

১৮৬ বার হানা

তিনি বলেন যে, ভারতীয় বিমান বাহিনী ১৮৬ বার আক্রমণাত্মক হানা দিয়ে পশ্চিম পাকিস্তানীদের সামরিক লক্ষ্যবস্ত ও ঘাঁটিগুলির ব্যাপক ক্ষতি করেছে। ভারতীয় বিমান আজ কুর্মিটোলা ও তেজগাঁও বিমান ঘাঁটিতে ২৪ পাউন্ডের বোমা ফেলে বিমান ঘাঁটি দুটিকে সম্পূর্ণ অকেজো করে তুলেছে।

নয়াদিল্লী, ৬ই ডিসেম্বর (ইউ এন আই)- ভারতের সঙ্গে বাংলাদেশে আখাউড়ার ট্রাঙ্ক টেলিফোন অফিস চালু হয়েছে বলে আজ এখানে সরকারীভাবে জানান হয়েছে। জনসাধারণ এই টেলিফোনে যোগাযোগ করতে পারেন বলেও জানান হয়েছে।

২টি পাক ট্যাঙ্কার আটক

দিল্লীতে সরকারী মুখপাত্র জানিয়েছেন যে, পাকিস্তানের জন্য সম্ভারবাহী ২টি বড় ট্যাংকারকে আজ ভারতীয় নৌ বাহিনী মেঘনা নদীর উপকূলে আটক করেছে। বিমানবাহী নৌবহন খুলনার চালনা ও মঙ্গলা বন্দরের লক্ষ্যবস্তুগুলির উপর আক্রমণ চালিয়েছে। খুলনার উপকূলে একটি পাক বাণিজ্য জাহাজ ভারতীয় বিমানকে লক্ষ্য করে গোলা ছুড়লে বিমান বাহিনী জাহাজটিকে আক্রমণ করে।

আগরতলা বিপদমুক্ত

আগরতলা অফিস থেকে অনিল ভট্টাচার্য জানাচ্ছেন, মুক্তিবাহিনী ও ভারতীয় বাহিনী এখন আখাউড়া এবং কুমিল্লা জেলায় আরও কয়েকটি গুরুত্বপূর্ণ পাকিস্তানী ঘাঁটি অধিকার করায় আগরতলা এখন বিপদমুক্ত বলা যেতে পারে।

ভারতীয় বাহিনী এখন আগরতলার সর্ব উত্তরে অবস্থিত ধর্মনগর থেকে জুড়ি রেল ষ্টেশন পর্যন্ত (ধর্মনগর থেকে ১২ মাইল) এলাকা দখল করে নিয়েছে।

শ্রীহট্টের শালুটিকর বিমান ক্ষেত্রের তিন মাইলের মধ্যে ভারতীয় বাহিনী পৌঁছে গেছে। শ্রীহট্টের কোটাক ও লালখন্ড চা-বাগান ভারতীয় বাহিনী দখল করেছে এবং শ্রীমঙ্গল ও শায়েস্তাগঞ্জের মধ্যে যোগাযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে।

বাংলাদেশের পূর্বাঞ্চলে পাক বাহিনীর সেরা দূর্গ ময়নামতি ক্যান্টনমেন্ট ছেড়ে পাক বাহিনীর একাংশ চাঁদপুর চলে গিয়েছিল। এখন চাঁদপুর ও ময়নামতির মধ্যে তাদের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। পাকবাহিনী এখন ক্রমশঃ পিছু হটে যাচ্ছে।

কুমিল্লা -ফেনী খন্ডে ৭০০ জন পাক সৈন্য নিহত হয়েছে।

শ্রীহট্টের কয়েকটি থানা এলাকা মুক্তিবাহিনী দখল করেছে এবং সেখানে বাংলাদেশ সরকার চালু হয়েছে। ৩রা ডিসেম্বর ভারতীয় বাহিনী যখন চট্টগ্রাম আক্রমণ করে তখন স্থানীয় অধিবাসীরা 'জয় বাংলা' ও বিভিন্ন ধ্বনি দিয়ে অভিনন্দন জানায়। চট্টগ্রাম বেতার কেন্দ্রের নাট্যরূপ লেখককে মুক্তিবাহিনী গুলি করে খতম করেছে।

আগরতলা থেকে ১০ কিলোমিটার দূরে বাংলাদেশের মুক্তাঞ্চল আখাউড়াতে আজ এক বিরাট সমাবেশের মাঝে বাংলাদেশের পতাকা উত্তোলিত হয়। মুক্তিপরিষদের সশস্ত্র বাহিনীর সহযোগিতায় অসামরিক প্রশাসন দেখার জন্য ঐ এলাকায় প্রশাসনিক কাঠামো স্থাপিত হয়েছে।

বাংলাদেশের দক্ষিণ পূর্ব অঞ্চলের মুক্তি পরিষদের চেয়ারম্যান শ্রী জহুর আহমদ চৌধুরী পতাকা উত্তোলন করে বলেন, বাংলাদেশের রাজধানী ঢাকায় স্থানান্তরিত করার দিন আর দূরে নেই।

বাংলাদেশ সরকারকে স্বীকৃতি এবং বাংলাদেশের জনগণকে সাহায্যদানের জন্য তিনি প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর, তাঁর সরকার ও ভারতের জনগণের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ই বি আর-এর বিশেষ ভূমিকা

কলকাতায় ইষ্টার্ণ কম্যান্ডের মুখপাত্র জানিয়েছেন যে, লাকসাম সেক্টটরে ভারতীয় বাহিনীকে সক্রিয়ভাবে সাবেক ইষ্টবেঙ্গল রেজিমেন্টের লোকেরা সাহায্য করেছে এবং ফেণী দখলে ইষ্টবেঙ্গল রেজিমেন্ট উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে।

হিলির উত্তর পশ্চিমে রংপুরের হাতীবান্দা ভারতীয় বাহিনী দখল করেছে। ব্রাহ্মণবাড়িয়া থেকে ৯ কিলোমিটার দূরে সুলতানপুরে ভারতীয় বাহিনী এক কোম্পানী ইঞ্জিনিয়ার, ৭টি গাড়ী ও সামরিক সাজ-সরঞ্জাম, আটক করেছে। ব্রাহ্মণবাড়িয়া দখলের পর ভারতীয় বাহিনীকে ভৈরববাজারের দিকে রওনা হতে হবে। ভৈরববাজার ঢাকার উত্তরে টঙ্গি যাবার পথে।

প্রত্যক্ষদর্শীর বিবরণ

ঢাকা, ৬ই ডিসেম্বর- ভারতীয় বিমান বাহিনীর বিমানগুলি পশ্চিম দিক থেকে আঘাত হেনে আজ ঢাকা শহরকে বিচ্ছিন্ন করে দিয়েছে।

ভারতীয় বিমান বাহিনীর মিগ ২১ ওয়াই এবং সুহই-৭ এস গত শনিবার ভোরে শহরের ওপর বোমা বর্ষণ শুরু করে এবং আধ ঘণ্টা পর বিকেল পর্যন্ত বোমা বর্ষণ চলে। পরে রাতের অন্ধকারে আবার শুরু হয়।

প্রত্যক্ষদর্শীদের বিবরণীতে প্রকাশ, বিমান হানার ফলে সম্ভবতঃ ১২ জন পাকিস্তানী মারা গেছে। ভারতের দুটি বিমান খোয়া গেছে। উইং কম্যান্ডার বলে চিহ্নিত জনৈক বিমান চালককে বন্দী করা হয়েছে।

বিমানগুলোর মূল লক্ষ্য ছিল ঢাকা বিমান বন্দর। পূর্বাঞ্চলে এখানেই পাকিস্তান বিমান বাহিনীর প্রধান ঘাঁটি এবং বহির্বিশ্বের সঙ্গে যোগাযোগের ইহাই একমাত্র প্রাণকেন্দ্র।

রাষ্ট্রসংঘ বিভিন্ন বেসরকারী সংস্থা এবং বিভিন্ন দূতাবাসের ইউরোপীয়দের পরিবারবর্গকে ইন্টার কন্টিনেন্টাল হোটেলে সরিয়ে দেওয়া হয়েছে। তারা সেখানে দেশ ত্যাগের অপেক্ষায় আছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৯৫। বাংলাদেশ স্বীকৃতি পেলঃ 'জয় বাংলা'' ধ্বনির মধ্যে লোকসভায় ঘোষণা	যুগান্তর	৭ ডিসেম্বর, ১৯৭১

বাংলাদেশ স্বীকৃতি পেলঃ
'জয় বাংলা' ধ্বনির মধ্যে লোকসভায় ঘোষণা

(দিল্লী অফিস)

৬ই ডিসেম্বর-ভারত সরকার আজ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দিয়েছেন। এই স্বীকৃতির ফলে এই উপ-মহাদেশে একটি স্বাধীন সার্বভৌম গণতান্ত্রিক সাধারণতন্ত্রের অভ্যুদয় আনুষ্ঠানিকভাবে ঘোষণা হলো।

প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী আজ সকালে সংসদের যুক্ত অধিবেশনে বাংলাদেশকে স্বীকৃতিদানের গুরুত্বপূর্ণ ঘোষণাটি করেন এবং উভয় সভার সদস্যগণই দাঁড়িয়ে এই ঘোষণাকে স্বাগত জানান। সেই সঙ্গে সংসদ কক্ষে প্রবল হর্ষধ্বনি উত্থিত হয় এবং সদস্যবর্গ উৎসাহ আবেগে মিলিত ধ্বনি তুলেন- 'জয় বাংলা, 'বাংলাদেশ জিন্দাবাদ'।

প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের নতুন সরকার 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' নামে অভিহিত হবে। এই সভা নিশ্চয়ই চান যে, আমি বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও তাঁদের অন্যান্য সহকর্মীদের কাছে আমাদের ঐকান্তিক সম্বর্ধণা ও আন্তরিক অভিনন্দন পৌঁছে দিই।

সংসদের অধিবেশন আরম্ভ হওয়ার অব্যবহিত পরেই শ্রীমতী গান্ধী একটি বিবৃতি দিয়ে বলেন, বাংলাদেশের জনগণ বিরাট বাধার বিরুদ্ধে সংগ্রাম করে 'স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করেছেন।

শ্রীমতী গান্ধী বলেন যে, বাংলাদেশ ও ভারতের সরকার ও জনগণ স্বাধীনতা ও গণতন্ত্রের জন্য যে একসাথে কাজ করছেন, তার ভাল প্রতিবেশীর দৃষ্টান্ত স্থাপন করবে।

শ্রীমতী গান্ধী বলেন, একমাত্র এরূপ একটি নীতিই এই অঞ্চলে শান্তি, স্থায়িত্ব ও প্রগতির দৃঢ় প্রতিষ্ঠা করতে পারে।

প্রধানমন্ত্রী ঘোষণা করেন যে, বাংলাদেশ সরকার ভারতে আগত শরণার্থীদের দ্রুত প্রত্যাবর্তনের এবং তাঁদের জমিজমা ও জিনিসপত্র ফিরিয়ে দেবার ব্যবস্থা করার জন্য পুনরায় উৎকণ্ঠা প্রকাশ করেছেন। ভারত স্বাভাবিকভাবেই এই প্রচেষ্টা কার্যকরী করার ব্যাপারে সর্বতোভাবে সাহায্য করবে।

বেলা সাড়ে দশটার সময় শ্রীমতী গান্ধী এই নাটকীয় বিবৃতি প্রদানের জন্য উঠে দাঁড়ান এবং বিবৃতি পাঠের সঙ্গে সঙ্গে হর্ষধ্বনি ওঠে।

শ্রীমতী গান্ধী বাংলাদেশ সরকারকে স্বীকৃতিদানের প্রসঙ্গে এলে লোকসভায় অভূতপূর্ব উৎসাহ পরিলক্ষিত হয়; সদস্যগণ দাঁড়িয়ে উঠে বিপুল হর্ষধ্বনি সহকারে ঐতিহাসিক ঘোষণাকে অভিনন্দন জানান।...

শিরোনাম	সূত্র	তারিখ
৩৯৬। স্বাগত বাংলাদেশঃ বাংলাদেশের স্বীকৃতির ওপর একটি সম্পাদকীয়	যুগান্তর	৭ ডিসেম্বর, ১৯৭১

স্বাগত বাংলাদেশ

সোমবার, ৬ই ডিসেম্বর। ইতিহাসের এক যুগান্তকারী দিন। অধীর আগ্রহের বাঞ্ছিত অবসান। বাংলাদেশকে কূটনৈতিক স্বীকৃতি দিয়েছেন নয়াদিল্লী। প্রায় আট মাস আগে সার্বভৌম রাষ্ট্ররূপে যার প্রথম আবির্ভাব, আজ তার পূর্ণ অভিষেক সমাপ্ত। নবজাতকের মাথায় কল্যাণ বারি বর্ষণ করেছেন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী। ভারতের পঞ্চান্ন কোটি নরনারীর অন্তরের শুভেচ্ছা মিশান রয়েছে তার সঙ্গে। লোকসভায় প্রধানমন্ত্রী যখন ঘোষণা করছিলেন ভারত সরকারের সিদ্ধান্ত তখন আনন্দমুখর হয়ে উঠেছিল পরিষদ কক্ষ। দলমত নির্বিশেষে সবার কণ্ঠ গিয়েছিল মিশে। স্বাগত জানাচ্ছিলেন তাঁরা বিশ্বের সর্বকনিষ্ঠ রাষ্ট্রটিকে। উচ্চল হৃদয়ের এই সাদর অভিবাদন গোটা ভারতের তৃপ্ত বাসনার প্রতিধ্বনি। হয়ত চমক লেগেছে ইসলামাবাদের জঙ্গীশাহীর। সাড়ে সাত কোটি বাঙালীকে ধ্বংস করার জন্য তাঁরা ছুড়েছিলেন কামানের গোলা। তাঁদের সেই নিক্ষিপ্ত গোলা থেকে জন্ম নিয়েছে নতুন রাষ্ট্র। ভবিষ্যৎ সমৃদ্ধির সম্ভাবনায় সে প্রাণবন্ত। তাকে দাবিয়ে রাখতে পারে না দুনিয়ার কোন স্বৈরাচারী শক্তি।

বাংলাদেশ তার স্বাধীনতা আপোষে পায়নি, লড়াই করে ছিনিয়ে নিয়েছে। দিতে হয়েছে তাকে রক্ত মূল্য। যা সে পেয়েছে তা রাখার জন্য দরকার আরও রক্তের। পূবের বাঙালী তার জন্য তৈরি। বাংলাদেশের প্রতিবেশী ভারত। গত আট মাস ধরে অসহ্য যন্ত্রণা ভোগ করেছে সে। সীমান্তের ওপার থেকে প্রতিদিন ভেসে আসত আর্তমানুষের বুক ফাটা কান্না, ধর্ষিতা নারীর রক্ষার মিনতি এবং মায়ের কোল জড়িয়ে ধরা অসহায় শিশুর ভয়ার্ত চীৎকার। আবার পরক্ষণেই পাক পশুদের উন্মত্ত উল্লাসের মধ্যে মিলিয়ে যেত সব। সীমান্তের বাঁধ ভেঙ্গে ঘাতকের খাঁড়া কেড়ে নিতে পারেনি ভারত। তাঁদের চোখের জল মুছাতে ত্রুটি করেননি এদেশের পঞ্চাশ কোটি নরনারী। সাময়িক সান্ত্বনায় ভরেছে ওদের মন, কিন্তু প্রানে আসেনি শান্তি। স্বদেশ যাদের শত্রুকবলিত তারা কি করে পাথর চাপা দিতে পারেন জীবনের সমস্ত অনুভূতি? আহত সিংহের মত গর্জে উঠেছিল বাঙালী। করেছিল স্বাধীন বাংলাদেশের প্রতিষ্ঠা। মুক্তিবাহিনী ধরেছিল অস্ত্র। আঘাতে আঘাতে জর্জর করে তুলেছিল দখলদার পাক বাহিনীকে। ইয়াহিয়ার অত্যাচারে নিরস্ত্র জনতার রূপান্তর ঘটেছে জাতীয় সেনা বাহিনীতে। তাদের ভরসাস্থল ভারত, পঞ্চান্ন কোটি নরনারীর আশীর্বাদ তাদের পাথেয় এবং স্বাধীনতার উদগ্র আকাংক্ষা তাদের প্রেরণা। আধুনিক অস্ত্রসজ্জিত একটি দস্যুদলের সঙ্গে ক্ষীণকায় বাঙালীর দীর্ঘস্থায়ী লড়াই সাম্প্রতিক ইতিহাসের এক অনন্য সাধারণ ঘটনা। ওরা গোটা দুনিয়ার বিস্ময় এবং ভবিষ্যৎ মুক্তিসেনানীদের সার্থক পথিকৃৎ। এঁদের ভাগ্যের সঙ্গে নিজের ভাগ্য মিশিয়ে দিয়েছে ভারত। ইয়াহিয়া দিয়েছে তাঁর জঙ্গী উত্তর। ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন তিনি। জলে, স্থলে এবং অন্তরীক্ষে চলেছে রক্তক্ষয়ী সংগ্রাম। বাংলাদেশে পাকবাহিনী পর্যুদস্ত। এখন শুধু তাদের আত্মসমর্পণের অপেক্ষা। পশ্চিম রণাঙ্গন জ্বলছে। জঙ্গীশাহীর শোষণ দুর্গ পুড়ে একেবারে ছাই হবার আগে তা নিভবে না। কোনমতেই ভারত এ আগুন নিভাতে দেবে না। গত তেইশ বছরের পাক আবর্জনার কোন চিহ্নই সে রাখবে না বর্তমান সংগ্রাম- সামন্ততন্ত্রী পাক দস্যুদের নিঃশেষ করার শেষ সংগ্রাম।

ইচ্ছা করে নয়াদিল্লী নেননি এই রক্ত পিছল বন্ধুর পথ। ইসলামাবাদের উন্মাদের দল তাদের ঠেলে দিয়েছে এ পথে। আজ ভারত এবং স্বাধীন বাংলাদেশ সহযাত্রী। মুক্তিযোদ্ধাদের খুন মিশে যাচ্ছে ভারতীয় জওয়ানদের রক্তের সঙ্গে। ওদের সম্মিলিত আঘাত পড়ছে নরপশুদের উপর। কিসের বন্ধনে বাধা পড়েছে অসমসাহসী ভারতীয় জওয়ান এবং দুর্বার মুক্তিসেনা। কোথায় পেয়েছে তারা উল্কার গতি? কেন একসঙ্গে মিশে যাচ্ছে তাদের

প্রাণের স্পন্দন? ধর্মনিরপেক্ষ এবং গণতন্ত্রী ভারত আদর্শের মূল্য দিতে জান। পাকিস্তানের সাম্প্রদায়িক বদ্ধ জলার মধ্যে বাংলাদেশ ফুটন্ত পদ্ম। তার সারা অঙ্গে রয়েছে গণতন্ত্র এবং ধর্শনিরপেক্ষতার ছাপ। আদর্শের এই ঐক্য চেতনা ভারত এবং বাংলাদেশকে টেনে এনছে কাছাকাছি। তাই নবীনে মাথায় প্রবীণ ঢেলেছে প্রথম অভিষেকের কল্যাণ বারি। তার হাতে পরিয়ে দিয়েছে সৌভ্রাতৃত্বের রাখী। আন্তর্জাতিক সমাজের পাদপ্রদীপের সামনে আসার আগেই নবজাতককে গলা টিপে মারতে চেয়েছিল কায়েমী স্বার্থবাদীর দল। দুহাতে তাকে আড়াল করে রেখেছে ভারত। ইয়াহিয়ার অস্ত্র পড়েছে তার পিঠে। ভ্রক্ষেপ করেনি সে। জমির লোভ তার নেই। আদর্শের জন্য যেকোন ত্যাগ স্বীকারে সে প্রস্তুত। বাংলাদেশকে কূটনৈতিক স্বীকৃতি দানের সঙ্গে সঙ্গে ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করেছে পশ্চিম পাকিস্তান। এটা অপ্রত্যাশিত নয়। একসঙ্গে থাকতে পারে না কল্যাণব্রতী এবং মানবদ্রোহী দু'টি রাষ্ট্র। বাংলাদেশে যারা গণহত্যার নায়ক, যারা লক্ষ লক্ষ নরনারীকে ভিটে ছাড়া করার নিপীড়ক যন্ত্র এবং যারা নারীর ইজ্জত অপহারক তারা নিঃসন্দেহে সভ্য সমাজের অপাঙক্তেয়। পূর্বের নবীন সূর্য্যকে অভিনন্দন জানাতে ভারত যখন ব্যস্ত তখন অন্ধকারের জীবগুলো খুঁজে বেড়াচ্ছে বিবরাশ্রয়। রেহাই পাবে না ওরা। ভারতের সার্বভৌম মর্যাদার উপর আঘাত হেনেছে বর্বরের দল। চরম শাস্তি তাদের পাওনা। কোথায় আজ পাক দোস্তদের শয়তানি চক্র? একসঙ্গে গাঁটছড়া বেঁধে তারা করেছে উন্মত্ত নর্তন। ঠেকাতে পেরেছে কি স্বাধীন বাংলাদেশের অগ্রগতি? থামাতে পেরেছে কি তারা জওয়ানদের প্রচন্ড প্রত্যাঘাত? নির্বোধ ইয়াহিয়া এবং নির্বোধ তাঁর পারিষদ দল। ওদের ধ্বংস অনিবার্য। বাংলাদেশ খুঁড়েছে অত্যাচারী স্বৈরতন্ত্রীর কবর। তাতে ইসলামাবাদের শব নামাবে ভারত। আর এই কবরে মাটি দেবে ভারত এবং বাংলাদেশের সাড়ে বাষট্টি কোটি নরনারী। এ দু'টি রাষ্ট্রের বন্ধুত্বের বুনিয়াদ পরস্পরের বুকের পাঁজরে গড়া এবং শহীদের তাজা রক্তে সিঞ্চিত। এ বন্ধন অক্ষয় এবং ভবিষ্যতের অপরূপ আলোকে ভাস্বর। স্বাগত সার্বভৌম বাংলাদেশ, স্বাগত তার রাহুমুক্ত জনতা এবং স্বাগত তার সরকার। জয় বাংলা।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৯৭। পাক-ভারত-বাংলাদেশ যুদ্ধের খবর	হিন্দুস্থান ষ্টান্ডার্ড	৮ ডিসেম্বর, ১৯৭১

HINDUSTAN STANDARD. DECEMBER 8, 1971

JAWANS LIBERATE JESSORE, SYLHET

By Amitava Das Gupta

With the liberation of Jessore and Sylhet by the Indian Army on Tuesday the war in Bangladesh seems to have entered a crucial stage. Liberation of these two important towns marked the first anniversary of the election in Bangladesh, which was the turning point in the liberation movement.

The crackdown on the defense positions of the Pakistani Army at Jessore by the advancing Indian columns was quite spectacular and remarkable in the sense that the enemy had dug in for a bitter fight at this divisional headquarters at the cantonment (the other two divisional headquarters of the Pakistani forces are located at Natore and Dacca). The disintegration of the Pakistani defense at this strategic position has really opened up a wide area in the Khulna sector for steady advance of the Indian troops. In fact, the Pakistanis had already abandoned Mongla Port and evacuated Khulna.

The liberation of Jessore and Sylhet, an important tea town at the Surma valley in Bangladesh, precisely indicates that the Indian Army has established total supremacy over the Pakistani armed forces in most of the strategic areas in the eastern sector. Barring Dacca no other important place is now left to the Pakistani Army for purposes of organizing serious resistance to the advancing Indian columns.

Insofar as fighting in the Jessore sector is concerned, the Pakistani troops, deeply entrenched in the cantonment, had been trying to offer resistance to the Indian Army for the last 36 hours. In fact, when contact was established by the Indian troops with the Pakistani Army in the Jessore cantonment on Monday morning, bitter fighting followed. It was estimated that the Pakistani troops in brigade strength was offering resistance from their defense positions. On Tuesday morning, however, when the Indian troops made a determined push towards the cantonment the backbone of the Pakistani defense started cracking. This was indicated by the fact that the Indian troops could liberate the strategic airfield near the cantonment on Tuesday morning. This was possible by a determined attack by the Indian Army on the cantonment and its defense positions all around.

This was followed by another attack on the cantonment proper by the Indian Army and this indeed completely broke the Pakistani defense in this area. Following heavy fighting the Indian troops succeeded in taking possession of the cantonment by Tuesday afternoon. The Pakistanis actually withdrew to Jessore town itself but this too proved ineffective in the face of continuing pressure from the Indians. By nightfall the Pakistani troops had to withdraw to the eastern side of the river cutting through Jessore town possibly to gain some time to cover up their retreat. In the process, Jessore town became wholly free of Pakistani troops.

A significant feature about the fighting in Jessore is that the Indian troops after liberation of the town and the cantonment did not have to face a serious mopping up problem. This was perhaps explained by the hurried retreat made by the Pakistanis essentially to reinforce the defense positions around Dacca. This retreat was covered up by the resistance the enemy offered to the Indian troops for two days and a night. At any rate, it was reported that the Pakistani troops were withdrawing in the direction of Magura.

The same picture actually emerged from the fighting around Sylhet town. Eight IAF helicopters dropped Indian troops on this town which took the Pakistanis completely by surprise.

Although details of this fighting were not immediately known it appeared that the Pakistani troops gave up considering the hopelessness of the entire situation. If the bulk of the Pakistani forces in this sector was being withdrawn to Dacca the same was the process in the case of Faridpur and Kushtia. Whatever might be the objective of such withdrawal the fact remained that the Indian troops had by a remarkable move cut off Comilla from the Moynamoti cantonment Simultaneously, Comilla town was bypassed and the Indians were heading towards an important road-link between Comilla and Daudkandi possibly to reach the nearest point on Meghna. In another thrust the Indian troops had liberated Maulvi Bazar by advancing from the side of Shamsernagar and were steadily proceeding towards Chandpur, an important riverine port serving Dacca and Sylhet.

An Army spokesman explained major and quick thrusts were being maintained all over the eastern sector essentially to keep the enemy guessing all the time. In the Jessore sector, Jhenida, an important communication centre was liberated. This place about 25 miles north of Jessore was quite important from the point of view of Pakistan's defense in this area. The Army spokesman made it quite clear to newsman that in the entire operation the Indian Army had received excellent cooperation from the Mukti Bahini. He made it clear as well that in the overall strategy liberation of important towns was not quite militarily important. The Indian Army was only trying to smash the Pakistani defense wherever possible.

Agencies add: "The Pakistanis are on the run and the pace of retreat is quite fast since last night," an official spokesman said in Delhi.

Pakistanis virtually acknowledged its deteriorating position in occupied Bangladesh when the official radio said that Jessore had been vacated by its troops. Similar reports have been received from Brahmanbaria.

Pakistani forces have abandoned Mongla and evacuated Khulna, according to reports reaching Eastern Naval Command headquarters in Vishakhapatnam.

The Navy attack mounted by units and naval aircraft of the eastern fleet resulted in all Pakistani naval craft and army troops leaving these two places.

Sylhet town was liberated by the Indian Army at 11.30 a.m. on Tuesday.

Earlier, the Indian troops liberated Shalutikor airfield on the outskirts of Sylhet.

Sylhet town and the airport were captured in a two-pronged attack mounted by the Indian land and the airborne troops.

Disclosing this. Air Marshal H. C. Dewan, said that eight helicopters were pressed into operation for the first time in the presenoffensive with over 100 troops to hasten the fall of Sylhet town and the airport.

An army spokesman said, advancing columns after crossing the Gomti river, had succeeded in isolating the well fortified Moynamoti cantonment from the west by cutting the road to Brahmanbaria.

Other Pakistani bastions liberated in the last 24 hours included Meherpur, Kaliganj. Sunamganj, Chhatak. Pakistani forces were converging on Faridpur and Kushtia towns with the ostensible aim of finding a way to the capital city of Dacca through Goalundo Ghat on the Padma.

Further up in the Hili area of Dinajpur district, fighting was still going on against the heavily fortified Pakistani positions. The Indian forces launched a new thrust towards the Pakistani brigade at Hili from Phulbari in the rear sandwiching the enemy forces both from the north and west.

In the Mymensingh sector, Indian columns had reached the outskirts of Jamalpur and operations were well in progress to clear this town on the route to Jagannathganj Ghat on the Jamuna-which would ultimately provide a bridgehead to Bogra on the west bank.

In a resume of operations over the last 24 hours Maj. Gen, J. F. R. Jacob. Chief of the General Staff, Eastern Command, told newesmen in Calcutta that other notable gains recorded were the liberation of Lalmonirhat airfield of Rangpur district in the north and the total "isolation" of Comilla cantonment and town in the south-east sector of Bangladesh.

Regarding the thrust on Dacca through Akhaura, the General said Indian forces had made contact with the enemy's defenses at Brahmanbaria on the route to Bhairab Bazar and Tongi junction, which is just south of the capital city.

Summing the progress of operations, Gen. Jacob said that once the outer crust of the Pakistani defenses was smashed, the advance would be more rapid than at present. He explained the Pakistanis had heavily fortified certain towns and centers with bunkers, minefields and artillery positions to block the Indian advance.

The emphasis on the present operations. Gen. Jacob said, was not on taking the towns as such "We do not want to attack the civilian population. It is just not our policy." He added.

In the Meghalaya sector, Sunamganj in Sylhet district was liberated by Indian forces.

As one sub-divisional head quarters after the other fell to the Indian forces and Mukti Bahini there were reports of increased activity against the Pakistani occupation forces in rural areas of Dacca district.

Men of the former East Bengal Rifles, fighting shoulder to shoulder with Indian liberation forces, liberated a number of thanes in the Mymensingh district.

In fact, they spearheaded the liberation of Lalmonirhat and were the first to reach the town where the Pakistani occupation forces had an air base. The Bangladesh freedom fighters were now cutting the enemy lines of communication and logistic support.

শিরোনাম	সূত্র	তারিখ
৩৯৮। পাক-ভারত-বাংলাদেশ যুদ্ধের খবর	যুগান্তর	৯ ডিসেম্বর, ১৯৭১

কুমিল্লা দখল, ময়নামতীতে প্রচন্ড লড়াই

(ষ্টাফ রিপোর্টার)

কলকাতা, ৮ই ডিসেম্বর-ভারতীয় বাহিনী এবং বাংলাদেশের মুক্তিবাহিনী আজ বাংলাদেশের পূর্বাঞ্চলে অত্যন্ত গুরুত্বপূর্ণ কুমিল্লা শহর, কুমিল্লা বিমানক্ষেত্র এবং কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া শহর দখল করেছে। তারপর কুমিল্লা শহরের অদূরে ময়নামতী ক্যান্টনমেন্টের ওপর প্রচন্ড চাপ দিয়ে চলেছে। তারা ময়নামতী ক্যান্টনমেন্টকে সম্পূর্ণ ঘিরে ফেলেছে।

যশোর খন্ডে ভারতীয় বাহিনী আজ ঝিনাইদহ থেকে এগিয়ে গুরুত্বপূর্ণ যোগাযোগ কেন্দ্র মাগুরা দখল করেছে। খুলনার দিকে রূপদিয়া দখল করেছে এবং খুলনার দিকে এগিয়ে চলেছে।

বিমানবাহী রণতরী থেকে বিমানবাহিনী চট্টগ্রাম বিমান ক্ষেত্র, মিলিটারী ব্যারাক এবং কক্সবাজারে বোমা ফেলেছে। চালনা ও মঙ্গলা বন্দরের ওপরও আক্রমণ চালাচ্ছে। গতকাল অধিকৃত রংপুর-দিনাজপুর খন্ডের পীরগঞ্জে আজ পাক বাহিনীর প্রচন্ড প্রতি-আক্রমণ রোধ করা হয়েছে। এখানে পাক বাহিনীর প্রচুর ক্ষতি হয়েছে।

মুক্তিবাহিনী চট্টগ্রাম জেলার রামগড় এলাকা মুক্ত করেছে।

ভারতীয় বাহিনীর ইষ্টার্ণ কম্যান্ডের সর্বাধিনায়ক লেঃ জেঃ অরোরা আজ দুপুরে দখলীকৃত কুমিল্লা বিমানঘাঁটি পরিদর্শন করেন। তিনি যখন বিমানঘাঁটিতে অবতরণ করেন, তখন স্থানীয় লোকেরা তাঁকে বিপুলভাবে সম্বর্ধনা জানান।

শ্রীহট্ট খন্ডে ভারতীয় বাহিনী শ্রীমঙ্গল অধিকার করেছে।

ভারতীয় নৌবাহিনী বঙ্গোপসাগরে বাংলাদেশের সমস্ত বন্দরগুলি অবরোধ করে সাগরে পূর্ন কর্তৃত্ব স্থাপন করেছে।

ভারতীয় বাহিনী অগ্রবর্তী সৈন্যদলগুলি এখন রাজধানী ঢাকা দখল করার জন্য জোর কদমে এগিয়ে চলেছে।

যে সৈন্যদল দু'দিন আগে ফেনী দখল করেছিল, তারা গতকাল রাত্রে চাঁদপুর নদী বন্দরের সঙ্গে সংযোগ স্থাপন করেছে। বিস্তারিত বিবরণ জানা যায়নি। যে দলটি আখাউড়া মুক্ত করেছে তারাও গতকাল রাত্রে কুমিল্লার ৩২ কিলোমিটার পশ্চিমে এলিয়টগঞ্জ মুক্ত করেছে এবং আজ ঢাকা ৩৫ কিলোমিটার পূর্বে দাউদকান্দির সঙ্গে যোগাযোগ করেছে।

পাকিস্তানী বাহিনীর একটি গুরুত্বপূর্ণ ক্যান্টনমেন্ট সৈয়দপুরের ওপর মুক্তিবাহিনী প্রচন্ড আক্রমণ চালাচ্ছে। খবর পাওয়া গেছে যে উত্তর দিক থেকে সৈয়দপুরে যাবার রাস্তায় একটি গুরুত্বপূর্ণ মোড় মুক্তিবাহিনী দখল করেছে।

জানা গেছে যে, ভারতীয় বাহিনী ও মুক্তিবাহিনী দিনাজপুর জেলা শহরের ওপর তিনদিক থেকে আক্রমণ চালাচ্ছে।

বীরগঞ্জ-দিনাজপুর খন্ডে কান্তনগরে একটি সেতু উড়িয়ে পাকিস্তানী বাহিনী ভারতীয় বাহিনীর অগ্রগতি রোধ করার চেষ্টা করেছে। এখানে প্রচন্ড লড়াই চলছে।

ময়মনসিংহ খন্ডে ভারতীয় বাহিনী জামালপুর মহকুমা শহরের দক্ষিণে ঘাঁটি গেড়ে বসেছে। জামালপুর শহর দখলের জন্য জোর লড়াই চলছে।

ময়মনসিংহ সদর শহর দখলের জন্য সৈন্য বাহিনী এগিয়ে চলেছে।

পদ্মার পশ্চিম তীরে কুষ্টিয়া শহর ভারতীয় বাহিনী ও মুক্তিবাহিনী একযোগে ঘিরে ফেলেছে তারা পদ্মার উত্তরে রাজশাহী ও পাবনার সঙ্গে দক্ষিণ তীরে গোয়ালনন্দ ঘাঁটের সঙ্গে সংযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে।

ভারতীয় বাহিনী ও মুক্তিবাহিনী একযোগে খুলনার ওপর গোলাবর্ষণ করছে। আশেপাশে থেকে পাকিস্তানী সৈন্যরা এখানে এসে জড়ো হয়েছে। চুড়াডাঙ্গা শহরে ওপরও প্রচন্ড গোলাবর্ষন করা হচ্ছে।

শীহট্ট খন্ডে শ্রীহট্ট শহর এবং খাদিমনগরসহ শহরের উপকণ্ঠ এলাকা পাকসৈন্য মুক্ত করা হচ্ছে। কুষ্টিয়া জেলার বৈদ্যকুটচৌরা টেম্পলহীল এবং হাজিগঞ্জ রেল স্টেশনগুলি ভারতীয় বাহিনীর দখলে এসেছে।

ভারতীয় সেনাবাহিনী ও মুক্তিবাহিনী সম্মিলিতভাবে অভিযান চালিয়ে খুলনা জেলার সাতক্ষীরা শত্রুকবল মুক্ত করছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৩৯৯। পাক-ভারত-বাংলাদেশ যুদ্ধের খবর	আনন্দবাজার পত্রিকা	১০ ডিসেম্বর, ১৯৭১

চাঁদপুর মুক্ত, চুয়াডাঙ্গা মুক্ত, জওয়ানরা কুষ্টিয়ার উপকণ্ঠে

সুখরঞ্জন দাসগুপ্ত

মুক্তির নিশান উড়ছে চুয়াডাঙ্গায়। উড়ছে চাঁদপুরে। এদিকে ঝিনাইদহ থেকে এড়িয়ে একটি ভারতীয় বাহিনী কুষ্টিয়ার উপকণ্ঠেও পৌঁছে গিয়েছে।

বৃহস্পতিবার সংসদে প্রতিরক্ষা মন্ত্রী শ্রী জগজীবন রাম বলেন, রংপুর আর দিনাজপুরের পতন আসন্ন।

এই অঞ্চলে ভারতীয় বাহিনী নতুন করে ঝড় হয়ে নতুন উদ্যমে রংপুরের দিকে এগিয়ে চলেছে। আর দিনাজপুর শহরের দশ মাইল ভিতরে কাউঠানগর সেতুর ওপর তীব্র লড়াই চলছে।

কুমিল্লার সন্নিহিত ময়নামতি এখন খান সেনার হাতে। তবে তাদের পালাবার সব রাস্তা বন্ধ করে দেওয়া হয়েছে। ময়নামতি ছাউনির আশপাশের পাহাড়ে আর শত্রুসৈন্য নেই। ঢাকার ২২ মাইল উত্তর-পূর্বে আশুগঞ্জ ফেরীঘাট মিত্রসেনার দখলে।

যশোহর এলাকায় ভারতীয় সেনা এক হাজার টন গোলাগুলি ফোকটে পেয়ে যায়। পালানোর তাড়ায়, দখলদারের এসব ফেলে গিয়েছে। যশোহরের দক্ষিণে রূপদিয়ায় একজন মেজর এবং ৪০ জন সৈন্য নিহত।

ভারতীয় বাহিনী ক্রমে ক্রমে খুলনার দিকে এগোচ্ছে।

ময়মনসিংহ অঞ্চলে মিত্র সেনা জামালপুর সম্পূর্ণভাবে ঘিরে ফেলেছে। যে কোন মুহূর্তে এর পতন হতে পারে।

প্রতিরক্ষা বাহিনীর এক প্রেসনোটে বলা হয় : কোন শত্রু যাতে জল পথে পালাতে না পারে সেজন্য নৌবাহিনীর বঙ্গোপসাগরে নজর রেখেছে।

ভারতীয় বাহিনী এখন মেঘনার তীরে, চাঁদপুরের পূর্বদিকে। সেখানে থেকে নদীর উপর নজর রেখে চলেছে। প্রায় ৫০০ পাক সেনাসহ একটি বড় জাহাজকে প্রথমে ট্যাংক থেকে তারপর বিমান থেকে বোমা ফেলে আক্রমণ করা হয়। জাহাজটিতে আগুন জ্বলতে দেখা যায়।

নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, বাংলাদেশের রাজধানী ঢাকা থেকে শত্রুসৈন্য নিশ্চিহ্ন করার জন্য রাত্রে আমাদের জওয়ানেরা বিমান পথে আঘাত হানছে।

পাক বাহিনী নদী পথে পলায়নের জন্য বরিশাল, খুলনা ও চট্টগ্রামের আশেপাশের নদী হয়ে সমুদ্র পথে বঙ্গোপসাগরের দিকে ছুটছে। ভারতীয় বাহিনী এদিন সন্ধ্যার মধ্যে অন্তত সৈন্য বোঝাই তিনটি জাহাজ আটক করে। একটি জাহাজের সৈন্যরা সাদা পতাকা উড়িয়ে ভারতীয় জওয়ানদের কাছে আত্মসমর্পণ করেছে।

ভারতীয় বাহিনী উত্তরে পলাশবাড়ি, দক্ষিণে চাঁদপর এবং পশ্চিমে আশুগঞ্জ দিয়ে ঢাকা এলাকায় পাক বাহিনীকে ঘিরে রেখেছে।

পূর্বাঞ্চলের জিওসি লেঃ জেঃ কজগজিৎ সিং অরোরা বৃহস্পতিবার সন্ধ্যায় জানান, বাংলাদেশের ভিতরে এবং যশোহর ও খুলনার মধ্যে আটকে পড়া পাক বাহিনী মেঘনা ও পদ্মা দিয়ে পালাবার চেষ্টা করছে। তাদের উপর ভারতীয় বিমান বাহিনী ক্রমাগত বিমান থেকে বোমা ফেলেছে।

জেনারেল বলেন, এখন পাকিস্তানী বাহিনী দু'দিকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। একটি অংশ রয়েছে হিলির উত্তরে আর অন্যটি বাংলাদেশের দক্ষিণ দিকে। উত্তরে যে বাহিনী আছে তার সংখ্যা এক ব্রিগেড। তিনি বলেন, ভারতীয় বাহিনী পাক বাহিনীকে যশোহর থেকে দক্ষিণ দিকে তাড়িয়ে নিয়ে গিয়েছে।

জেনারেল আরও বলেন, ব্রহ্মপুত্রের তীর ঘেঁষে উত্তর দিক থেকে যে ভারতীয় বাহিনী অগ্রসর হচ্ছে-তারা ময়মনসিংহ সদর শহর থেকে প্রায় ৫০ কিলোমিটার দূরে জামালপুর ঘিরে রেখেছে। মেঘালয় সীমান্তের হাদুয়াঘাটের দিক থেকে আর একটি সৈন্যদল ময়মনসিংহ এর দিকে এগোচ্ছে। শ্রীহট্ট এলাকায় লড়াই চলছে।

জনৈক সাংবাদিকের প্রশ্নের উত্তরে তিনি বলেন, ময়নামতি দুর্গে পাকবাহিনীকে ভারতীয় বাহিনী ঘিরে রেখেছে।। সৈয়দপর ক্যান্টনমেন্টেও লড়াই চলছে।

একজন বিদেশী সাংবাদিকের প্রশ্নের জবাবে জেনারেল দৃঢ়তার সঙ্গে জানান, শরণার্থীদের জন্য রাষ্ট্রপুঞ্জ যেসব যানবাহন দিয়েছিলেন, তার একটিকেও বাংলাদেশের এই অভিযানে নামানো হয়নি।

তিনি বলেন, মুক্তিবাহিনী ভারত বাহিনীর সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করছে। এছাড়া যোগাযোগ বিচ্ছিন করা, আগে থেকে খবরাখবর সংগ্রহ করা ইত্যাদি ব্যাপারে মুক্তিবাহিনীর গেরিলাদের কার্যকলাপ যুদ্ধরত ভারতীয় সেনাবাহিনীকে যথেষ্ট সাহায্য করছে।

জেনারেল অরোরা আরো বলেন, মুক্তিবাহিনীর লোকজনেরা কয়েকটি থানার ভার হাতে নিয়েছেন এবং স্থানীয় লোকদের দেখাশুনা করছেন।

তিতাস নদী পেরিয়ে অমীয় দেবরায়

আগরতলা, ৯ ডিসেম্বর-তিতাস নদী পেরিয়ে সকালে ব্রাহ্মণবাড়িয়া যেতে যেতে দেখলাম পথের দু'ধারে পাক সেনারা পরিত্যক্ত শত শত বাংকার পড়ে রয়েছে। সারা শহর আনন্দ উৎসবে মেতে উঠেছে। মাইকে মুজিবের গলা শুনে চমকে উঠলাম। মুজিব কি ফিরে এসেছে? না-মুজিব নয়, এ মুজিবের কণ্ঠস্বর রেকর্ড করা। ঢাকার মাঠে তার ঐতিহাসিক বক্তৃতার রেকর্ডটি চালিয়ে লোকে বারবার তার কণ্ঠস্বর শুনছে।

এখান থেকে আখাউড়া প্রায় ১৩/১৪ মাইল। আখাউড়ার দিকে এগোচিছ। দেখি বহু লোক যারা বাড়িঘর ছেড়ে চলে গিয়েছিলেন তারা ফিরে আসছেন। তারা বলেন, গত চার মাসের মধ্যে এই প্রথম গ্রামে ফেরার সুযোগ হচ্ছে। এর আগে পাক সেনাদের ভয়ে তারা আসতে পারেননি।

উত্তর খন্ডে

শিলিগুড়ি থেকে দীনেন চক্রবর্তী জানান, ভারতীয় সেনাবাহিনী আজ উত্তর রণাঙ্গণে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ সড়কঘাঁটি রংপুর জেলার পলাশবাড়ি ও শাদুল্লাপুর দখল করে নিয়েছেন। সামরিক দিক থেকে এই দুইটি ঘাঁটি দখলের তাৎপর্য বাংলাদেশের উত্তর খন্ডে রংপুর-দিনাজপুর ও বগুড়া জেলায় পাকবাহিনী এখন সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন এবং অবরুদ্ধ।

কোনদিক থেকে আর পালানোর রাস্তা নেই। যমুনা পেরিয়ে ঢাকা-তাও না। ভারতীয় সেনাবাহিনীর একজন পদস্থ অফিসার সাংবাদিকদের বলেন, রংপুর জেলার গাইবান্ধার উত্তরে রেলপথটিও তারা সম্পূর্ণরূপে বিধ্বস্ত করে দিয়েছেন। ফলে রংপুর ও গাইবান্ধার মধ্যে রেল সংযোগ বিচ্ছিন্ন।

পীরগঞ্জের এগার মাইল দক্ষিণে পলাশবাড়ি এবং পলাশবাড়ির প্রায় ২৫ মাইল দক্ষিণ-পূর্ব শাদুল্লাপুর। ওই দুইটি ঘাঁটি দখল করার পর আজ মুক্তিবাহিনী এবং ভারতীয় জওয়ানরা এখন রংপুর ও দিনাজপুর শহরের দিকে এগোচ্ছে।

অল্পের জন্য

পাকবাহিনীর মেজর জেনারেল নাজির হোসেন ও তার দু'জন বিগ্রেডিয়ার এবং একজন লেঃ কর্নেল গত মঙ্গলবার ভারতীয় জওয়ানদের তোপের মুখে থেকে বেঁচে গিয়েছেন। মেজর জেনারেল হোসেন বগুড়া থেকে রংপুর গিয়েছিলেন শলাপরামর্শের জন্য। পীরগঞ্জ যে ভারতীয় বাহিনী দখল করেছে সে খবর তারা রাখতেন না। তাই পীরগঞ্জ দিয়ে যখন মেজর জেনারেল বগুড়ার দিকে যাচ্ছিলেন তখন ভারতীয় বাহিনী গুলিবর্ষণ করে। নাজির হোসেনের গাড়িটি দ্রুতগতিতে বাঁদিকে ঘুরে চলে যায়। কিন্তু পাক বাহিনীর একজন লোঃ কর্নের মারা যায়।

শিরোনাম	সূত্র	তারিখ
৪০০। মুক্তিসংগ্রাম ঢাকার দ্বারপ্রান্তে	আনন্দবাজার পত্রিকা	১০ ডিসেম্বর, ১৯৭১

মুক্তি সংগ্রাম ঢাকার দ্বারপ্রান্তে

রাজনৈতিক সংবাদদাতা

বাংলাদেশের স্বাধীনতার লড়াই এখন বাংলার রাজধানীর দ্বারপ্রান্তে চতুর্দিক থেকে ভারতীয় সেনাবাহিনী এবং মুক্তিসেনারা ঢাকার দিকে এগোচ্ছে। মাঝে কয়েকটা নদী, পদ্মা আর মেঘনার শাখা-প্রশাখা। তারপরই ঢাকা। এবং তারপরই ঢাকার লড়াই-বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের চূড়ান্ত লড়াই।

এই চূড়ান্ত লড়াই-ই কি বাংলাদেশের সবচেয়ে বড় লড়াই হবে, পাক সেনাবাহিনী কি ঢাকায় দখল বাজায় রাখার জন্য মাটি কামড়ে যুদ্ধে করবে? কেউ জানে না। তবে ভারতীয় বাহিনী সেই বড় লড়াইর জন্য প্রস্তুত হয়েই ঢাকার দিকে এগোচ্ছে। বৃহস্পতিবার বিকেলে পূর্বাঞ্চলীয় সেনাধ্যক্ষ লেঃ জেঃ জগজিৎ অরোরা সাংবাদিকদের সেই কথাই জানালেন।

বললেনঃ ওরা কী করবে জানি না। তবে আমরা সেজন্য প্রস্তুত হয়েই এগোচ্ছি।

মুক্তিসংগ্রামীরা এগোচ্ছেন সব দিক থেকে। আশুগঞ্জ এখন মুক্ত। কিন্তু ওখানে মেঘনার ওপারের বিরাট পুলটা পাক সেনাবাহিনী ভেঙ্গে দিয়ে গিয়েছে। আর একটা বাহিনী এগোচ্ছেন দাউদকান্দির দিক দিয়ে। দাউদকান্দি থেকে পাক বাহিনী পালিয়েছে। উত্তর দিক থেকে মুক্তিসংগ্রামীরা এগোচ্ছেন জামালপুর হয়ে। ওদিক থেকে অবশ্যই পথ এখনও অনেকটা। তবে পথে কোনও বড় নদী নেই। এদিকে অর্থাৎ পদ্মার দিকে আমাদের সেনাবাহিনী মধুমতীর তীরে। মধুমতী পার হলেই পদ্মা-তারপরই ঢাকা। কুষ্ঠিয়া মুক্ত করে আর একটা বাহিনী এগোতে চলেছে গোয়ালন্দ ঘাটের দিকে। গুরুত্বপূর্ণ নদীবন্দর চাঁদপুর থেকেও আমাদের বাহিনী ঢাকার দিকে এগোবার জন্য প্রস্তুত।

ঢাকা মুক্ত করার চূড়ান্ত লড়াইয়ে পুরোদমে যোগ দেবেন সব কটা বাহিনী-সেনা, বিমান এবং নৌ। বিমান বাহিনী লড়াইর প্রথম দিন থেকেই ঢাকা আক্রমণ শুরু করে দিয়েছেন। ঢাকার সামরিক এবং অসামরিক দুই বিমানবন্দরই এখন অকেজো। নৌবাহিনীও এগিয়ে আসছেন দুই নদীতে-পদ্মা এবং মেঘনায়। ঢাকা দখলের চূড়ান্ত লড়াইয়ে নৌবাহিনীর গানবোটগুলিও পুরোদমে যোগ দেবেন।

জেনারেল অরোরাকে সাংবাদিকরা জিজ্ঞেস করেছিলেন, ঢাকাকে মুক্ত করার পথে আপনার সামনে সবচেয়ে বড় বাধা কী? জেনারেল একটা কথায় জবাব দিলেনঃ নদী। এবং তারপরই বললেন, নদী অতিক্রমের ব্যবস্থা আমরা করে ফেলেছি।

আমাদের পদাতিক বাহিনী ও রসদ পারাপারের জন্য ব্যবস্থা চাই, কিন্তু আমাদের পিটি-৬৭ ট্যাংকগুলি নিজে থেকেই নদী সাঁতরে যেতে পারবে। তার জন্য স্টীমার বা লবির প্রয়োজন নেই।

বাইরে থেকে বা গোটা বাংলাদেশের অন্যান্য অঞ্চল থেকে ঢাকা রক্ষার জন্য সৈন্য আনাও পাক বাহিনীর পক্ষে এখন আর সম্ভব নয়। এর দুটো কারণ; প্রথম কারণ, আমাদের সেনাবাহিনী তাদের পালাবার পথ আটকে দিয়েছেন। সিলেট সেক্টরে তারা অবরুদ্ধ। উত্তরখন্ডে দিনাজপুর-রংপুর অঞ্চলেও আটকে গিয়েছে। দ্বিতীয় কারণ, বাংলাদেশের আকাশে ঢাকার সব পথের ওপর নজর রাখছেন। পাকসৈন্যবাহী স্টিমার বা বোট দেখলেই আক্রমণ চালাচ্ছেন।

ঢাকার পাক বাহিনীর কত সেনা আছে? সে হিসাবও কেউই জানেন না। জেনারেল অরোরা এইদিনও বলেন, গোটা বাংলাদেশে ওদের চারটা ডিভিশন ছিল। এবং আমাদের সামরিক বাহিনী আগে বলেছিলেন, ঢাকায় রয়েছে একটা ডিভিশন। যদি তাই হয় এবং যশোর সিলেট ও কুমিল্লা অঞ্চল থেকে কিছু পাকসৈন্য গিয়ে সত্যিই ঢাকায় আশ্রয় নিয়ে থাকে তাহলে ঢাকায় অন্তত দেড় ডিভিশন সৈন্য রয়েছে। কিন্তু সত্যিই কি ওদের অত সৈন্য ঢাকায় আছে? ঢাকার লড়াই শেষ হলেই তা জানা যাবে-তার আগে নয়।

ঢাকায় ওদের দূরপাল্লার ভারী কামানই বা কত রয়েছে? বাংলাদেশে এখন পাক বিমান বাহিনীর কোনও অস্তিত্ব নেই। তাই ঢাকার লড়াইয়ে ওদের মূলত নির্ভর করতে হবে দুরপাল্লার ভারী কামানের উপর। গোটা বাংলা যুদ্ধে এখন পর্যন্ত কোথাও পাক বাহিনী ভারী দূরপাল্লার কামান ফেলে যায়নি। যদি ওরা আগেভাগেই ভারী দূরপাল্লার কামানগুলি পশ্চিম পাকিস্তানের জন্য সরিয়ে না নিয়ে গিয়ে থাকে তাহলে ঢাকার চূড়ান্ত লড়াইয়ে সে সব কামান দেখা যাবেই। হিলির যুদ্ধে নভেম্বর মাসেই ওরা ৩৫ মাইল পাল্লার কামান ব্যবহার করেছিল। ৩৫ মাইল পাল্লার দু'চারটি কামান শুধু সীমান্তের লড়াইয়ে ব্যবহার করে ওরা ভারতীয় বাহিনীকে ধাপ্পা দিতে চেয়েছিল, না সত্যিই ওই ধরনের কামান ওরা বাংলাদেশে আরও অনেক রেখেছিল ঢাকার লড়াইয়ে তাও বোঝা যাবে।

ঢাকা থেকে ইউ পিআই এক খবরে জানিয়েছেন, আজ ভারতীয় সৈন্যরা অগ্রসর হওয়ায় পশ্চিম পাকিস্তানী সৈন্যরা আত্মরক্ষামূলক ব্যবস্থা গ্রহণের অগ্রবর্তী ঘাঁটিগুলি থেকে নগরীর মধ্যে পশ্চাদপসরণ করেছে।

ভারতীয় সৈন্যরা অগ্রসর হওয়ার সঙ্গে সঙ্গে গোলার আওয়াজও শোনা যাচ্ছে।

আমাদের লন্ডন অফিসের খবরে বলা হয়েছে, ঢাকা থেকে সেখানে টেলিফোনে প্রাপ্ত সংবাদে জানা গিয়েছে, অগ্রসরমান ভারতীয় বাহিনীর গোলার আওয়াজ শোনা যাচ্ছে। অবস্থা খুবই সংকটজনক। ঢাকা শহর প্রায় বিচ্ছিন হয়ে পড়েছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৪০১। পাক-ভারত-বাংলাদেশ যুদ্ধের খবর	যুগান্তর	১১ ও ১২ ডিসেম্বর, ১৯৭১

দুর্বার গতিতে ঢাকার পথে
হেলিকপ্টার ও স্টিমারে মেঘনা অতিক্রমঃ নোয়াখালী মুক্ত
চালনা ও মঙ্গলা বন্দরে ভারতীয় নৌ-বহর

(সুখরঞ্জন সেনগুপ্ত)

কলকাতা, ১০ই ডিসেম্বর-ঢাকার পথে ভারতীয় সৈন্যবাহিনী আজ দুরন্ত মেঘনা অতিক্রম করেছে। মেঘনার পূর্ব পাড়ে আশুগঞ্জ থেকে বিদ্যুৎগতিতে ষ্টীমার ও হেলিকপ্টারে ভারতীয় বাহিনী পশ্চিম পাড়ে ভৈরব বাজারে অবতরণ করেছে।

এখানে মেঘনা উত্তর-দক্ষিণে প্রবাহিত এবং নদীর প্রস্থ দু'মাইলেরও বেশী। পশ্চিম পাকিস্তানী সৈন্যরা এখানে ভৈরববাজারের গুরুত্বপূর্ণ সেতু ভেঙ্গে দিয়েছে।

মুক্তিবাহিনীর কলাম ভারতীয় বাহিনীর সাহায্যে আজ নোয়াখালী মুক্ত করেছে। চট্টগ্রাম বন্দরের উত্তরে নোয়াখালীর মুক্তি অত্যন্ত উল্লেখযোগ্য। নোয়াখালীর মুক্তির বিশদ বিবরণ জানা যায়নি।

চালনা-মঙ্গলা দখল

খুলনার কাছে চালনা ও মঙ্গলা বন্দর আজ মুক্তি বাহিনী ও ভারতীয় সীমান্ত নিরাপত্তা বাহিনী মুক্ত করেছে। ভারতীয় নৌবাহিনী এদের সাহায্য করেছে। ভারতীয় নৌবাহিনীর জাহাজগুলো আজ সকাল সাতটায় বন্দরে প্রবেশ করে।

ইষ্টার্ণ কম্যান্ডের একজন মুখপাত্র সাংবাদিকদের জানান যে, চাঁদপুর থেকে পলায়নের চেষ্টা করে ব্যর্থ হওয়ার পর প্রায় ৯০ জন পাকিস্তানী সৈন্যকে আটক করা হয়েছে।

যশোর সেক্টরে ভারতীয় বাহিনী খুলনার পথে রূপদিয়া, চেঙ্গুটিয়া, হরিশংকরা, ডাঙ্গামারা দখল করে ফুলতলার কাছাকাছি পৌঁছেছে। ভারতীয় বাহিনী সড়কের উপর একটি অতিকায় ব্যারিকেড বানিয়ে খুলনার উত্তরে পশ্চিম পাকিস্তানীদের একটি কলামকে বিচ্ছিন্ন করে দিয়েছে। এই অভিযানে ৩০টি গাড়ী, ৬টি রিকয়েললেস গান ও ৪টি ভারী মর্টার দখল করা হয়েছে।

দিনহাটা থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন যে, রংপুর জেলার গুরুত্বপূর্ণ শহর লালমনিরহাট এবং একটি থানা সদর দপ্তরও পাকিস্তানীদের হাত থেকে কেড়ে নেয়া হয়েছে। এই অঞ্চল থেকে পাক সেনাদের এত তাড়াতাড়ি চলে যেতে হয়েছিল যে, পাক চমুদের অর্ধভুক্ত পাত্র এবং কাগজের ওপর খাপ খোলা ফাউন্টেনপেনও সেখানে পাওয়া গিয়েছে।

রংপুর সেক্টরে ভারতীয় বাহিনী দুরা, বরচাংগ্রাম মুক্ত করে বীরগঞ্জকে বিচ্ছিন্ন করে দিয়েছে। রংপুর এলাকায় পশ্চিম পাকিস্তানী সৈন্যদের একটি ব্রিগেড রয়েছে এবং এই ব্রিগেডের সৈন্যরা ভারতীয় বাহিনীর অগ্রগতিকে কোন কোন জায়গায় অল্প বাধা দিচ্ছে। ভারতীয় বিমান বাহিনী রংপুর, বিসপাড়া গাইবান্ধা ও সৈয়দপুরের ওপর আক্রমণ চালিয়ে রেল যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত করে দিয়েছে।

ময়মনসিংহ সেক্টরে পশ্চিম পাকিস্তানীদের সৈন্য ছাউনীগুলিকে ভারতীয় বাহিনী সম্পূর্ণভাবে অবরুদ্ধ করেছে এবং শত্রুদের পলায়নের কোন পথ নেই।

ইষ্টার্ণ কম্যান্ডের মুখপাত্র বলেন যে, পশ্চিম পাকিস্তানী সৈন্যরা বাংলাদেশের তেরশ মাইল সীমান্ত সৈন্য সমাবেশ করেছিল। এখন বিভিন্ন দিক তারা বিচ্ছিন্ন হয়ে পড়ায় কোন স্থানে পশ্চিম পাকিস্তানীদের বিশেষ কোন জমায়েত নেই।

যশোর সেক্টরে কুষ্টিয়া, ভেড়ামারা ও নবাবপাড়ায় ভারতীয় সৈন্যদের সঙ্গে পশ্চিম পাকিস্তানী সৈন্যদের তুমুল লড়াই চলছে।

বাংলাদেশের পূর্বাংশে লাকসামে পশ্চিম পাকিস্তানীরা তুমুল লড়াইর পর পরাস্ত হয়েছে। ২৩ নম্বর পাঞ্জাব ব্যাটেলিয়ানের দু'জন অফিসার ও ৪১৫ জন সৈন্যকে বন্দী করা হয়েছে।

কুমিল্লার ময়নামতি ক্যান্টনমেন্টের অবরুদ্ধ পাকিস্তানী সৈন্যরা গতকাল সম্ভবত পালিয়ে যাবার পথ খুঁজবার জন্য ভারতীয় বাহিনীর উপর গুলিবর্ষণ করে। ভারতীয় সৈন্যদের পাল্টা গুলিবর্ষণে ৩০ জন পাক সৈন্য নিহত হয়েছে। ভারতের দু'জন মারা গেছে। এখানে পাকিস্তানীরা ট্যাংক ব্যবহার করেছিল।

ময়মনসিংহ, হিলি, কুষ্টিয়া শত্রুমুক্ত

(সুখরঞ্জন সেনগুপ্ত)

কলকাতা, ১১ই ডিসেম্বর-ভারতীয় ও মুক্তি বাহিনরি সম্মিলিত সেনাদলের অভিযানের মুখে আজ কুষ্টিয়া, ময়মনসিংহ, জামালপুর, হিলির পতন হয়েছে।

মেঘনার পশ্চিম পাড়ে ভৈরব বাজার থেকে ভারতীয় বাহিনীর যথেষ্ট অগ্রগমন হয়েছে। কিন্তু এখানে ভারতীয় বাহিনী ঢাকার পথে কতটা এগিয়েছে তা নির্দিষ্টভাবে বলতে ইষ্টার্ণ কম্যান্ডের মুখপাত্র অস্বীকার করেন। তবে তিনি বলেন যে, ভারতীয় বাহিনী ও মুক্তিবাহিনী মেঘনার পূর্বপাড়ে বিভিন্ন দিক থেকে ঢাকার পথে অগ্রসরমান।

খুলনার পথে ভারতীয় বাহিনী নোয়াপাড়া দখল করার পর এখন দৌলতপুর ক্যান্টনমেন্ট থেকে মাত্র ৮ কিলোমিটার দূরে।

ভারতীয় বাহিনী আজকের অভিযানে ছোটবড় ১২টি শহর দখল করেছে এবং ১ জন ব্যাটেলিয়ন কম্যান্ডার, ১৬ জন জেসিও সহ ২ হাজারের বেশী পাকিস্তানী সৈন্যকে বন্দী করেছে।

হিলি শহর মুক্ত

সামরিক বাহিনীর ঐ মুখপাত্র আরও জানান যে, দিনাজপুর-রংপুর খন্ডে ভারতীয় বাহিনী পাক-বাহিনীকে ঘেরাও করে রেখেছে। ওখানে আনুমানিক চার হাজার পাকসেনা আছে। তাদের আর বেরিয়ে যাবার কোন পথ নেই।

বাংলাদেশের উত্তরাঞ্চলে পাক-বাহিনীর বড় ঘাঁটি বগুড়ায় প্রায় ২০ মাইলের মধ্যে ভারতীয় বাহিনী আজ দুপুরে পৌছেঁ গেছে।

দিনাজপুর ও রংপুর শহর দু'টির যে কোন সময়ে পতন ঘটতে পারে

পাক বাহিনীর ক্ষয়ক্ষতি হিলি থেকে স্টাফ রিপোর্টার শ্রীকল্যাণ বসু আরও জানিয়েছেনঃ হিলির নিকটবর্তী বাহাদুনিয়া ও গোবিন্দগঞ্জে যুদ্ধে ১২০ জন পাক সেনা ও একজন অফিসার নিহত হয়েছে। বিধ্বস্ত অবস্থায় ৪টি পাকিস্তানী ট্যাঙ্ক কামানসহ দখল করা হয়েছে। ২৪ ঘণ্টার যুদ্ধের পরিণতিতে ভারতীয় সেনাবাহিনীর পক্ষে হিলি, গোবিন্দগঞ্জ, বাহাদুরিয়া, ফুলঝুরি সম্পূর্ণভাবে শত্রুমুক্ত হয়েছে।

হতাবশিষ্ট পাকসেনারা সিরাজগঞ্জ হয়ে ঢাকায় পালাবার জন্য মরিয়া হয়ে পথে খুঁজছে।

শিরোনাম	সূত্র	তারিখ
৪০২। পালাতে দেব না, হুঁশিয়ার-মানেকশ	আনন্দবাজার পত্রিকা	১২ ডিসেম্বর, ১৯৭১

পালাতে দেব না, হুঁশিয়ার
-মানেকশ

বিশেষ সংবাদদাতা

নয়াদিল্লী, ১২ ডিসেম্বর-বাংলাদেশ থেকে পাকিস্তানী সৈন্যদের পালাতে দেওয়া হবে না। তাদের পালাবার পথ বন্ধ করার জন্যি ভারতীয় সশস্ত্র বাহিনীগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। স্থল বাহিনীর সর্বাধিনায়ক জেনারেল মানেকশ আজ বেতারে বাংলাদেশে দখলদার বাহিনীর সেনাপতিদের উদ্দেশ্যে এই হুঁশিয়ারি প্রচার করেছেন।

জেনারেল মানেকশ বলেন, পাকিস্তানীরা যে পাঁচটি বাণিজ্যিক জাহাজে করে পালাতে মতলব করেছে তা তিনি জানতে পেরেছেন। তিনি হুঁশিয়ার করেন দেন-"খবরদার এরকম চেষ্টা করবেন না। যদি করেন আপনাদের বাণিজ্যিক জাহাজগুলি তো ধ্বংস হবেই-সেই সঙ্গে আপনাদের সৈন্যরাও মারা যাবে।"

মেজর জেনারেল রাও ফারমান আলির উদ্দেশ্যে এই বেতারবার্তা। রাও ফারমান আলি হচ্ছেন বাংলাদেশের অসামরিক পুতুল সরকারের সামরিক উপদেষ্টা এবং চট্টগ্রামে পাকিস্তানী নৌবাহিনীর ফ্লাগ অফিসার কম্যান্ডিং।

জেনারেল মানেকশর এটিই শেষ হুঁশিয়ারী। জেনারেল বলেন, "আমি সৈনিকদের জীবন বাঁচাতে চাই। এজন্যই আমার হুঁশিয়ার।"

এই বেতার বার্তার আগে জেনারেল মানেকশ বিশেষভাবে জেনারেল ফারমান আলির নিকট আর একটি হুঁশিয়ারি প্রচার করেছিলেন। এতে তিনি পাকিস্তানী সশস্ত্র বাহিনীগুলিকে বাংলাদেশে অগ্রসরমান ভারতীয় বাহিনীর নিকট আত্মসমর্পণের পরামর্শ দেন। পাকিস্তানী সেনাপতিকে তিনি বলেন, অন্যথায় আপনার অধীনস্থ সৈনিক ও নাগরিকদের জীবনহানির জন্য একমাত্র আপনিই দায়ী হবেন।"

জেনারেল মানেকশ অধিকৃত বাংলাদেশে পাকিস্তানী সেনাপতির উদ্দেশ্যে আবার বলেন, আমার সৈন্যবাহিনী চার দিক থেকে আপনাদের ঘিরে ধরছে। আমি আপনার সৈন্যদের এখনই আমার সেনাবাহিনীর নিকট আত্মসমর্পণ করার জন্য বারবার পরামর্শ দিয়ে আসছি। সমুদ্রপথে কিংবা আকাশ পথে কোন দিকেই তাদের আর পালাবার জো নেই। পশ্চিম পাকিস্তান থেকে যে আপনাদের নিকট কোন সাহায্য আসবে সে আশাও নেই। প্রতিরোধ নিরর্থক। প্রতিরোধ করা মানেই আপনার অধীনস্থ বহু নির্দোষ সৈনিকের মৃত্যু। "

তিনি বলেন, "আপনার যেসব সামরিক ও আধাসামরিক লোক ইতিমধ্যে আমার বাহিনীর নিকট আত্মসমর্পণ করেছেন তাদের জন্য আমি পূর্ণ নিরাপত্তা ও জেনেভা চুক্তি অনুযায়ী সদ্ব্যবহারের ব্যবস্থা করেছি। আপনারা যদি আত্মসমর্পণ করে আমার রক্ষণাবেক্ষণে না আসেন তবে পশ্চিম পাকিস্তানী নারী-পুরুষ ও শিশুদেরও জীবন খুবই বিপন্ন। আমি আপনার সেনা ছাউনিগুলির বিরুদ্ধে যথেষ্ট কম বল প্রয়োগ করেছি যাতে লোকক্ষয় বেশী না হয়, কিন্তু আমি আর সময় দিতে অক্ষম। আমি আবার বলছি, আপনারা আমার পরামর্শে কান দিন। অন্যথায় সৈন্য ও অন্যান্য নাগরিকদের মৃত্যুর পুরা দায়িত্ব আপনার উপরই বর্তাবে।"

জেনারেল মানেকশ'র বেতার বার্তা আজ প্রথমে বেলা দেড়টায় এবং আবার বিকাল তিনটায় জেনারেল ফারমান আলির উদ্দেশ্যে আকাশবাণী থেকে প্রচারিত হয়।

জাহাজঘাঁটায় জাহাজ তৈরি

জেনারেল ফারমন আলির উদ্দেশ্যে প্রচারিত হুঁশিয়ারিতে জেনারেল মানেকশ বলেন, 'আমি জানতে পেরেছি গুপ্তা খেয়ায় (চট্টগ্রাম) দু'টি উপকূল জাহাজ তৈরী হয়ে আছে। আপনাদের রানওয়ে অক্ষত এবং আপনাদের বিমান প্রতিরক্ষা জোরদার করেছেন। আমি আরও জানি আপনাদের পাঁচটি বাণিজ্য জাহাজ আত্মগোপন করে আছে এবং পাইলট আর কে ৬২৩ সন্ধ্যা ছ'টা নাগাদ স্পীড বোটে রওয়ানা হবার জন্য তৈরী। এই অবস্থায় মোকাবিলার জন্য আমি আমার বাহিনীগুলিকে নির্দেশ দিয়েছি।''

জেনারেল মানেকশ বলেন, ''আপনারা যদি এরকম কোন চেষ্টা করেন আপনাদের বাণিজ্য জাহাজগুলি তো ধ্বংস হবেই আপনার সৈন্যরাও মারা যাবে। সৈনিকদের জীবন বাঁচাতে চাই বলেই আমার হুঁশিয়ারী।''

জেনারেল ফারমান আলি পশ্চিম পাকিস্তানী সৈন্য ও বেসামরিক লোকজনদের বাংলাদেশ থেকে পশ্চিম পাকিস্তানে সরিয়ে নেবার জন্য ইতিমধ্যেই রাষ্ট্রপুঞ্জের সাহায্য চান বলে জানা গিয়েছে। নিরাপত্তা পরিষদের সদস্যরা তার অনুরোধ বিবেচনা করতেও নাকি বলেন। কিন্তু ইয়াহিয়া খান জেনারেল ফারমনা আলির অনুরোধ অগ্রাহ্য করতে বলেন। পাকিস্তান রেডিও নাকি বলেছে, ফারমান আলির আবেদন অনুমোদিত।

শিরোনাম	সূত্র	তারিখ
৪০৩। পাক-ভারত-বাংলাদেশ যুদ্ধের খবর	হিন্দুস্থান ষ্টান্ডার্ড	১৩ ডিসেম্বর, ১৯৭১

HINDUSTAN STANDARD, DECEMBER 13, 1971

INDIAN TROOPS PARA DROPPED NEAR DACCA

By Amitava Das Gopta

Indian troops were paradropped in selected areas in the vicinity of Dacca at 4 p.m. on Saturday. Simultaneously, Indian ground forces were closing in on the capital from more than one direction.

The advancing column from the bridge head established on the west bank of the Meghna on Friday liberated Narshinghdi on Sunday and maintained their march towards Dacca. On Sunday night the column was within 30 miles of the city.

With this the war for the liberation of Bangladesh can be said to have reached its final stage. Operation Dacca is proceeding extremely well and according to plan.

The paratroopers landed in strength were in contact with the enemy and have inflicted heavy casualties on the later. Fighting was going on as last reports came in. according to an Eastern Command spokesman. One Pak officer and 22 other ranks were killed and 12 were taken prisoners. A curfew, it is learnt, has meanwhile been clamped on Dacca by the Pakistani authorities.

Reporting continued fighting and a Pakistani counter offensive in the area, the spokesman said, "We are satisfied with the progress to Dacca".

On the Bhairabbazar-Dacca axis, Indian forces from Narsinghdi were racing forward for a link up with the Indian paratroopers and the columns moving down south from Mymenshing town, he said.

Maj. Gen. Jacob, Chief of Staff, Eastern Command, told newsmen on Sunday the major part of Bangladesh all around Dacca had been liberated.

This perhaps has given an additional advantage 10 the Indian troops. However in the matter of Operation Dacca they have to operate within the limits of difficulties posed by the terrain around Dacca. The maneuverability of the troops is extremely limited because of rivers and marshy land. But considering all this they are doing extremely well.

To give additional support to the Indian troops engaged in operation Dacca the Mukti Bahini has already begun harassing tactics inside Dacca. They have already contacted the enemy at several points and given them a good fight.

Right now operations Dacca is being developed on the basis of two major thrusts one from Maymensingh via Tangail and the other from the bridgehead across the Meghna south of Bhairabbazar. The thrust from the Bhairabbazar point towards the south is

proceeding satisfactorily white in the north. Indian troops have been moving quite rapidly from Mymensingh in the directions of Tangail.

Maj. Gen. Jacob told newsmen that several thrusts were actually being developed towards Dacca. Considering the terrain, the rivers and marshes and the large number of bridges destroyed by the Pakistani troops some problems of logistics were bound to develop. Even then Indian troops were advancing extremely fast especially because the Pakistanis were fighting quite desperately. The tempo of the fighting was quite bitter he said.

The important point about operation Dacca is that Indian troops have crossed the Meghna, which is about 1,200 yards wide and they are all proceeding towards Dacca. For purposes of reinforcements every effort is being made to get the advantage of local experience, steamers etc. Without disclosing any part of the Indian strategy it can be said that building up of forces is continuing with the help of steamers, helicopters and other rivercraft.

Against this background perhaps can be explained the effoerts of they key Pakistani personnel at Dacca to get out of Bangladesh. This they had tried to do by stealthy air fights and other means, but it is presumed they have not succeeded in their attempt so far.

Explaining the advances now being made by Indian troops along various sectors. Maj. Gen. Jacob said that the Indian troops were right now launching a major attack on Khulna and "we hope to be there soon".

Kushtia which was heavily defended was liberated on Saturday. There was bitter fighting there. The enemy engaged Indian tanks and set up numerous bankers. But after overpowering the enemy at this point Indian troops were now proceeding towards the Padma.

Further east, after taking Maymensingh Indian troops are marching towards Tangail. Right now they are near the dense Madhupur forest. Similarly Indian troops are proceeding south from Jamalpur. In the Sylhet sector mopping up operation is going on and Pakistani troops are moving about in a scattered manner and occasionally shots are being fired in the air to Signal them about the position of Indian troops giving them a chance to surrender.

Giving a description of the casualties Maj. Gen. Jacob said that Pakistani casualties were quite heavy. In one action Indian casualties have also been heavy in most cases these have been light to moderate. The Pakistanis are still holding out at Mainamati garrison. It was not the intention of Indian troops to indulge in unnecessary killing. They will therefore be given another chance to surrender. If they do not they will be adequately dealt with.

Agencies add : Indian troops on Sunday reached Khulna Cantonment (Daulatpur) and heavy fighting was going on when last reports came in.

Replying to questions the Army spokesman said the Pakistanis appeared to be making "a last ditch stand" in the Khulna area before they surrendered. Since both

The Deputy High Commissioner of India in London rang up in the morning and told me that the Indian Prime Minister Mrs. Indira Gandhi would meet the British Prime Minister Mr. Edward Heath in the afternoon at his official residence at Chequers. She would therefore like to have a meeting with me before that. She wanted to know the attitude of the countries I visited recently. In response to the request, I arrived at Claridges Hotel at 11. A. M. It so happened that the officer of the Scotland Yard who met me at Claridges saw me more than once about my security. I was at once taken by the Dy. High commissioner to the drawing room of Mrs. Gandhi's suite. Mrs. Gandhi came in a minute's time. This was first meeting with after she exchanged the greetings, she asked me about the reaction in the countries I visited recently about the demand for independence of Bangladesh. To that I told her that I received assurances of support from the people and the Govt. of these countries for our independence movement but to my request for recognition by the governments of those countries the uniform answer was that even the neighboring country of India did not recognize our govt. That would show that even India does not consider that our government was really an effective government. I told her that was a disappointing situation. Then I also said that although we felt very grateful to the people of India for giving shelter to those who had left Bangladesh, we really expected recognition of that government. I said I really did not know if pundit Jawaharlal Nehru could have remained satisfied by giving shelter only to the people who went over to India Mrs. Gandhi said that although she did not give formal recognition she was giving all facilities to the provisional government to function formal announcement would create certain situation. Pakistan would never take it quietly. She said they would attack India. It is true that Pakistan would ultimately be defeated but we have developed infrastructure of industries throughout the country. By initial air bombing they might be able to destroy all our ears of struggle in this field. Therefore although we have decided to help Bangladesh on humanitarian ground, my primary responsibilities is to the people of India as their Prime Minister has also to be borne in mind. I have therefore tried to do both and give recognition to Bangladesh at an appropriate time.

I told her of course that we have nothing to offer except friendship on the basis of sovereign equality.

---

* বিচারপতি চৌধুরী তার সাক্ষাৎকারের এই অংশটি নিজেই ইংরেজীতে যেভাবে লিখে দিয়েছেন ঠিক সেভাবেই মুদ্রিত হল।

* I met her second time at Dhaka after independence.

Referring to friendship of Bangladesh with India she said that it should be left to the people of Bangladesh to decide after the independence. As far as she was concerned her only expectation was that a democracy would be functioning in a neighboring country.

এরপর আমি অস্ত্র পঠানোর জন্য আমাদের অর্থ সংগ্রহের ব্যাপারে কথা উঠাই। আমি বলি যে, আমরা টাকা সংগ্রহ করলেও অস্ত্র কিনতে পারছি না। ভারত যদি কিনে পাঠাবার ব্যবস্থা করে তবে আমরা টাকাটা তাদের হাতে দিতে পারি। মিসেস গান্ধী তখন আমাকে জিজ্ঞেস করেন, আমরা কত টাকা সংগ্রহ করেছি। আমি উত্তর দিই প্রায় চার লক্ষ পাউণ্ড। তিনি বলেন যে, একটি মুক্তিযুদ্ধে যে পরিমান অস্ত্রের দরকার সে পরিমান অস্ত্র এই টাকায় কেনা সম্ভব নয়। এছাড়া অনির্ধারিতভাবে অস্ত্র পৌঁছালে তা বিরোধী শক্তির হাতেও পড়তে পারে। মুজিব নগর সরকারের সাথে তিনি যোগাযোগ করছেন এবং তাদের মাধ্যমে অস্ত্র বিতরণ করছেন। বিচ্ছিন্নভাবে অস্ত্র পৌঁছালে আইনগত সমস্যাও দেখা দিতে পারে। তিনি আমাকে বলেন যে, এই বৈদেশিক মুদ্রা পরবর্তীকালে একটি স্বাধীন দেশের জন্য খুবই প্রয়োজনে আসবে। আমি তাঁকে জানাই যে, বৃটিশ পররাষ্ট্র দপ্তর আমাকে বলেছে, একজন বিচারক হিসেবে নিশ্চয়ই অস্ত্র পাঠাবার সাথে জড়িত হবো না এই আশ্বাস তারা পাকিস্তান সরকারকে দিয়েছেন। এটি একধরনের চাপ। অতএব কোন কিছু করতে হলে ভারতীয় দূতাবাসের মাধ্যমেই করতে হবে। আমার এই কথা শুনে মিসেস গান্ধী উঠে পাশের কক্ষে যান এবং পাশের কক্ষ থেকে ভারতীয় হাইকমিশনারকে নিয়ে আসেন। তিনি হাইকমিশনারকে বলেন যে, বিচারপতি চৌধুরী যা পাঠাতে চান, অস্ত্রই হোক বা অন্য কিছু হোক, তিনি যেন তৎক্ষণাৎ ব্যবস্থা করেন। এরপর তিনি বাংলাদেশ আন্দোলনের শুভ কামনা করে আমাদের সাক্ষাৎকারের ইতি টানেন।

কয়েকদিন পরেই মুজিবনগর সরকারের তরফ থেকে টেলিগ্রাম আসে যে, আসন্ন জাতিসংঘ সাধারণ অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতা হিসেবে আমাকে নিউইয়র্ক যেতে হবে। ষোলজন সদস্যের একটি দল নির্বাচিত হয়। এঁরা হলেন (১) আব্দুস সামাদ আজাদ (২) ফণিভূষন মজুমদার (৩) এম,আর সিদ্দিকী (৪) সৈয়দ আব্দুস সুলতান (৫) ডঃ মফিজ চৌধুরী (৬) প্রফেসার মোজাফফর আহমেদ (৭) ফকির শাহবুদ্দীন (৮) এ্যাডভোকেট সিরাজুল হক (৯) ডঃ এ, আর, মল্লিক (১০) খুররম খান পন্নী (১১) এস, এ, করিম (১২) আব্দুল মুহিত (১৩) রেহমান সোবহান (১৪) মাহমুদ আলী (১৫) আবুল ফাতহ।

আমরা বেলমন প্লাজা নামে একটি সাধারণ হোটেলে আমাদের অফিস স্থাপন করি এবং বিভিন্ন দেশের সদস্যদের সাথে বাংলাদেশের পক্ষে বক্তব্য প্রচার করতে থাকি। আমার বিশ্বাস প্রায় সবগুলো দেশের সদস্যদের সাথে যোগাযোগ করতে সক্ষম হই। এছাড়া আমরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আমাদের প্রচার কাজ চালাতে থাকি। আমি হারভার্ড, এম,আই, টি, ইয়েল, কলাম্বিয়া, নিউইয়র্ক সিটি এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ছাত্র শিক্ষকদের কাছে বক্তৃতা করি। শত শত শিক্ষক ও ছাত্রদের সমাবেশে বক্তৃতা করি। প্রতিটি শ্রোতা ছিলেন আমাদের পক্ষে। এসময় আমাকে সাহায্য করতেন কাজী রেজাউল হাসান। তিনি ইঞ্জিনিয়ার। তিনি অনেকগুলি ওয়াকিটকি পাঠান মুক্তিযুদ্ধকে সাহায্য করার জন্য। আমরা হারভার্ড বিশ্ববিদ্যালয়ের অতিথি হিসেবে বোষ্টনে ছিলাম। আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রধান ইথিয়েল ডি সোলাপুল একটি ভোজসভার আয়োজন করেন যেখানে প্রায় ২৫জন অধ্যাপক উপস্থিত ছিলেন। এই অধ্যাপকগণ ছিলেন অত্যন্ত প্রভাবশালী যেহেতু আমেরিকান ষ্টেইট ডিপার্টমেন্টের পরামর্শদাতা হিসেবে সকলেই কার্যরত ছিলেন। তাঁরা নিজেরাও আগ্রহী ছিলেন যেহেতু সরাসরিভাবে বাংলাদেশের অবস্থা জানার এটি একটি সুযোগ ছিল। হারভার্ড ল-স্কুলে আমি একটি বক্তৃতা দিই। আমি বলি যে, বাংলাদেশ স্বাধীন, কেবলমাত্র স্বীকৃতির অপেক্ষাই রয়েছে। এম,আই, টি অডিটোরিয়ামে আমি প্রায় দেড় ঘন্টা বক্তৃতা দিই এবং আমাদের পক্ষে তুমুল জনমতের লক্ষণ দেখতে পাই। আমি বারবার বলি যে, আমি ব্যক্তিগতভাবে কোন রাজনৈতিক ব্যক্তি নই। কিন্তু আমার জন্মভূমির উপর যা ঘটছে তারপর আমার পক্ষে চুপ করে থাকা সম্ভব নয়। একটি আত্মসম্মানবোধসম্পন্ন জাতি হিসেবে স্বাধীনতা ঘোষণা ছাড়া আমাদের আর কোন উপায় ছিল না। আমার পক্ষে একটি বড় সুবিধা ছিল যে, আমি যখন বাংলাদেশের পক্ষে আমার আনুগত্য

প্রকাশ করি তখন আমি ছিলাম একটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। অতএব তারা আমাকে সেইভাবে সম্মান দেখায়।

নিউইয়র্কে ফিরে এসে আবার লবিং-এ আমরা ব্যস্ত হই। এ সময় বাংলাদেশ সীমান্তে পাকিস্তানী বাহিনীর সাথে মিত্র বাহিনীর যুদ্ধ শুরু হয়। পাকিস্তান যুদ্ধ বিরতির জন্য প্রচার চালায়। আমরা বাধা দেই। আমরা বলি একটি নির্যাতিত জাতি যখন জয়লাভ করতে যাচ্ছে তখন বিরতি অসম্ভব। কিন্তু আজ যখন দেশ শত্রুমুক্ত হতে যাচ্ছে তখন যুদ্ধবিরতির প্রশ্ন ওঠে কেন? আমি নিউইয়র্কের জাতিসংঘের দফতরে রয়টার অফিসে বেশীরভাগ সময় থাকতাম। যেহেতু অবস্থা সম্পর্কিত শেষ খবর ওখানেই পাওয়া যেতো। এমন সময় ১৬ই ডিসেম্বর টেলেক্স দেখলাম, খবর এল যে, নিয়াজী আত্মসমর্পণ করেছে। ঢাকা মুক্ত। বাংলাদেশ স্বাধীন। এই খবর সারা পৃথিবীতে ছড়িয়ে পড়ল। আমি ধীর চিত্তে, শান্ত মনে এই সংবাদ গ্রহণ করলাম এবং পরম করুণাময় আল্লাহর হাজার শুকরিয়া আদায় করলাম।

-আবু সাঈদ চৌধুরী
ফেব্রুয়ারী, ১৯৮৪।

ব্যারিষ্টার আমিরুল ইসলাম

১৯৭০ সালের ৭ই ডিসেম্বর জাতীয় পরিষদে এবং ১৭ই ডিসেম্বর প্রাদেশিক পরিষদের নির্বাচন আনুষ্ঠিত হয়। নির্বাচনে বঙ্গবন্ধুর নেতৃত্বাধীন আওয়ামী লীগ উভয় পরিষদে নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। পৃথিবীর ইতিহাসে কোন একটি দলের পক্ষে এত বেশী আসন লাভ করার নজির ইতিপূর্বে আর দেখা যায়নি। নির্বাচনে বাংলার মানুষ আওয়ামী লীগের ৬ দফার পক্ষে সম্পূর্ণভাবে তাদের রায় ঘোষণা করেন।

নির্বাচনের পর '৭১ সালের ৩রা জানুয়ারী ঢাকার রেসকোর্স ময়দানে এক বিশাল জনসমুদ্রে বঙ্গবন্ধু ঘোষণা করেন আওয়ামী লীগের কেউ বেঈমানী করলে জ্যান্ত কবর দেবেন। জনসভার প্রারম্ভে বঙ্গবন্ধু নবনির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যদের শপথ গ্রহণ করান। এই ধরনের গণশপথ পৃথিবীর ইতিহাসে ব্যতিক্রমী ঘটনা। এর কিছুদিন পর নির্বাচনপূর্ব প্রতিশ্রুতি অনুযায়ী শাসনতন্ত্র রচনার জন্য আওয়ামী লীগ সংসদীয় দল একটি সাব-কমিটি গঠন করে। দলের নির্দেশ অনুযায়ী সাব-কমিটি শাসনতন্ত্র রচনার কাজ শুরু করে। ২৭শে ফেব্রুয়ারী পাকিস্তান পিপলস পার্টির নেতা জুলফিকার আলী ভূট্টো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে আলোচনার উদ্দেশ্যে এক বিরাট প্রতিনিধি দল নিয়ে ঢাকায় আসেন। নির্বাচনের পর পর ভূট্টো ৬ দফাভিত্তিক শাসনতন্ত্র রচনার বিরোধিতা শুরু করেন। আলোচনার মাধ্যমে সমঝোতায় আসার জন্য আলোচনার দরজা বঙ্গবন্ধু খোলা রাখেন। ভুট্টো ও তার প্রতিনিধিদলের সাথে সর্বপ্রকার যোগযোগ রক্ষার দায়িত্ব আওয়ামী লীগ সংসদীয় দলের হুইপ হিসেবে বঙ্গবন্ধু আমার ওপর অর্পণ করেন। ভূট্টো ও তার প্রতিনিধিদলকে যথেষ্ট সম্মান ও সৌজন্য দেখানো হয়। ভুট্টো বঙ্গবন্ধু এবং আওয়ামী লীগ নেতাদের সাথে কয়েক দফা বৈঠকে মিলিত হন। আমাদের দলের কয়েকজন নেতা এবং ভুট্টোর প্রতিনিধি দলের সদস্যরা একদিন নৌপথে লঞ্চের মধ্যে এক বৈঠকে মিলিত হন।

ভুট্টোর কয়েকজন বিশিষ্ট সহকারীর সাথে আমার আলোচনা হয়। এদের মধ্যে শীর্ষস্থানীয় সহকারী ব্যারিষ্টার কামাল আছফার আমার সার্কিট হউস রোডের বাসভবনে আমার সাথে দেখা করেন। ভুট্টোর দলের নেতাদের সাথে আলোচনার পর একটা জিনিস বুঝতে পারি। তারা ইতিমধ্যেই ধরে নিয়েছে যে, বাংলাদেশ স্বধীন হয়ে যাবে। ভুট্টো ও তার সহযোগীদের অনমনীয় মনোভাব থেকে এটা সুস্পষ্ট বুঝা গিয়েছিল। বঙ্গবন্ধুর বাসভবনে আলোচনার পুর্বে ও পরে ভুট্টোকে ইন্টারকন্টিনেন্টাল হোটেল থেকে আনা-নেয়ার দায়িত্ব ছিল আমার ওপর। এক দিন আলোচনার পর ভুট্টোকে নিয়ে গাড়ীতে করে যখন হোটেলে যাচ্ছিলাম, তখন তাকে ভীষণ গম্ভীর দেখি। আমি গাড়ীতেই ভুট্টোকে বলি আমাদের এমন একটি শাসনতন্ত্র রচনা করা উচিত যাতে বাংলাদেশের এবং পশ্চিম

পাকিস্তানের বিভিন্ন ভাষাভাষী সাধারণ মানুষের আশা-আকঙ্ক্ষার প্রতিফলন ঘটবে। আর তা যদি না করা হয় তাহলে সামরিক শাসনের বেড়াজাল থেকে পাকিস্তান কোন দিন মুক্তি পাবে না। আমার কথায় প্রচ্ছন্ন এই ইঙ্গিত ছিল যে, শাসনতন্ত্র রচনায় আমাদের সাথে সহযোগিতা না করলে ভূট্টোর কোন লাভ হবে না। বরং সামরিক জান্তারই বেশী সুবিধা হবে। আমার কথার জবাবে ভুট্টো একটি তাৎপর্যপূর্ন উক্তি করেন। তিনি বলেন, 'ডোন্ট ফরগেট আমিরুল ইসলাম, দ্যাট আই গট লারজেষ্ট নাম্বার অব ভোটস ইন দি ক্যানটনমেন্ট'। এই একটি কথায় বুঝে নিতে আমার জন্য যথেষ্ট ছিল যে, পাকিস্তানের সামরিক জন্তার সাথে ভুট্টোর কি সম্পর্ক রয়েছে। অন্যান্য দিনের মত ভুট্টো সেদিন হোটেলে না গিয়ে তখনকার গভর্নর হাউসে যাবার ইচ্ছা প্রকাশ করেন। আমি তাকে সেখানে নামিয়ে দেয়ার সময় দেখলাম, সিঁড়ির নীচে গভর্নরের এ ডি সি ভুট্টোর জন্য অপেক্ষা করছেন। তিনি ভুট্টোকে বলেন জেনারেল আকবর ফোনে তার জন্য অপেক্ষা করছেন।

আমার মনে হয় এ দুটো ঘটনা আলোচনার ভবিষ্যৎকে সন্দিহান করে তোলে। ফিরে এসে আমি বঙ্গবন্ধুকে এই ঘটনা জানাই। ৩১শে জানুয়ারী ভুট্টো সদলবলে ঢাকা ত্যাগ করেন। যাবার কালে ভুট্টো বলে যান আলাপ আলোচনার মাধ্যমে শাসনতন্ত্র তৈরী করা হবে। কিন্তু করাচী ফিরে ভুট্টোর সুর বদলে যায়। তিনি বলতে থাকেন সংখ্যাগরিষ্ঠতার জোরে শাসনতন্ত্র চাপিয়ে দেয়ার এখতিয়ার আওয়ামী লীগের নেই। আসন্ন গনপরিষদের অধিবেশনে তিনি যোগ দেবেন না এবং পশ্চিম পাকিস্তান থেকে অন্য কাউকে যোগ দিতে দেবেন না। পশ্চিম পাকিস্তানে গিয়ে তিনি জেনারেলদের সাথে বৈঠকে মিলিত হন। বিভিন্ন ঘটনাবলী থেকে সম্পষ্ট প্রতীয়মান হয় যে, পাকিস্তান সামরিক জান্তার জেনারেলদের ক্ষমতা হস্তান্তরের কোন সদিচ্ছা নেই। কেন না তারা বুঝতে পারে জনগণের প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর করা হলে সামরিক জান্তার স্বার্থ ক্ষুণ্ণ হবে। আর এই প্রাসাদ ষড়যন্ত্রে জেনারেলদের সাথে গোপনে ভুট্টোও হাত মিলান।

ফেব্রুয়ারী মাসে আমাদের দ্বিতীয় দফা ও শেষ প্রচেষ্টা ছিল পাকিস্তানের জন্য একটি শাসনতন্ত্র রচনা। পহেলা মার্চ সকালে আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির বৈঠকে শাসনতন্ত্র রচনাকারী কমিটির পক্ষ থেকে খসড়া শাসনতন্ত্র পেশ করা হয়। এই বৈঠকে পাঞ্জাবের মালিক সরফরাজসহ পশ্চিম পাকিস্তানের কয়েকজন নেতা উপস্থিত ছিলেন। আমাদের প্রণীত খসড়া শাসনতন্ত্র কেন্দ্রীয় কমিটির অনুমোদন লাভ করে। এই ব্যাপারে পরিবর্তন ও পরিবর্ধনের দায়িত্ব বঙ্গবন্ধু সংসদীয় দলের ওপর ন্যস্ত করেন।

সকালের বৈঠকের পর হোটেল পূর্বাণীতে বিকেলের বৈঠকের স্থান ধার্য করা হয়। ইতিমধ্যে বাংলাদেশ সময় বেল ১টা ৫মিনিটে প্রেসিডেন্ট ইয়হিয়া খান পাকিস্তান বেতারে প্রচারিত এক বিবৃতিতে ৩রা মার্চ অনুষ্ঠিতব্য জাতীয় পরিষদের অধিবেশনে আনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করেন। বাংলার মানুষকে বিক্ষুব্ধ করার জন্য এই একটি ঘোষণাই যথেষ্ট ছিল। ঢাকা শহরের সকল শ্রেনীর মানুষ এই ঘোষণার প্রতিবাদে রাস্তায় নেমে আসে। জনতার জোয়ারে ভেসে যায় ঢাকার প্রতিটি অলিগলি রাজপথ। মিছিলকারী জনতার হাতে ছিল বিভিন্ন ধরনের লাঠি ও লোহার রড। জনতার মুখে একটি শ্লোগানই শোনা যায় 'বীর বাঙ্গালী অস্ত্র ধর, বাংলাদেশকে স্বাধীন কর'। '৬দফা, না এক দফা, এক দফা এক দফা। সারা শহর থেকে খণ্ড খণ্ড মিছিল পল্টন ময়দানে এসে জমায়েত হয়। পল্টনের সভায় বক্তৃতা করেন তোফায়েল আহমেদ, নুরে আলম সিদ্দিকী আ, স, ম, আবদুর রব, শাজাহান সিরাজ, আবদুল কুদ্দুস মাখন, আবদুল মান্নান প্রমুখ। এই সভায় ডঃ কামাল হোসেন ও আমি উপস্থিত ছিলাম। জনতা সেই মুহূর্তে বঙ্গবন্ধুর উপস্থিতি কামনা করছিল। আওয়ামী লীগ সংসদীয় দলের বৈঠক উপলক্ষে বঙ্গবন্ধু ও সংসদ সদস্যরা হোটেল পূর্বণীতে উপস্থিত হয়েছেন।

বেলা সাড়ে চারটায় হোটেলে আয়োজিত এক জনাকীর্ণ সাংবাদিক সম্মেলনে বঙ্গবন্ধু অহিংস ও অসহযোগ আন্দোলনের কথা ঘোষণা করেন। তিনি বলেন, আমরা যে কোন পরিস্থিতির মোকাবেলা করতে প্রস্তুত। অধিবেশন স্থগিত ঘোষণার প্রতিবাদে বঙ্গবন্ধু ২রা মার্চ ঢাকায় এবং ৩রা মার্চ সারাদেশে পুর্ন হরতাল পালনের আহবান জানান। তিনি বলেন, আগামী ৭ই মার্চ রেসকোর্সের ময়দানে এক জনসভায় তিনি ভবিষ্যৎ কর্মসূচী ঘোষণা

করবেন। শেখ সাহেব সাংবাদিক সম্মেলনে বক্তৃতাকালে হোটেল প্রাঙ্গণে হাজার হাজার লোক উপস্থিত ছিলেন। আওয়ামী লীগ সংসদীয় দলের পক্ষ থেকে ভবিষ্যৎ কর্মসূচী গ্রহনের জন্য বঙ্গবন্ধুকে সর্বময় ক্ষমতা দেয়া হয়। তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসেবে গণ্য হবে। ২রা মার্চ থেকে সারাদেশে অসহযোগ আন্দোলনর শুরু হয়। নীতি নির্ধারণী বিষয়াদি ঠিক করার জন্য প্রতিদিন এই বৈঠক বসে। বঙ্গবন্ধু, সৈয়দ নজরুল ইসলাম, এম, মনসুর আলী, খন্দকার মোশতাক আহমেদ, তাজউদ্দিন আহমদ এবং এ, এইচ কামরুজ্জামানকে নিয়ে দলীয় হাইকমাণ্ড গঠন করা হয়। তাজউদ্দিন আহমদকে কর্মসুচী বাস্তবায়নের দায়িত্ব দেয়া হয়। তাঁকে সাহায্য করার জন্য ডঃ কামাল হোসেন এবং আমাকে বলা হয়। কেন্দ্রীয় সংগ্রাম কমিটির পক্ষ থেকে সংগ্রাম কমিটির গঠনের জন্য সকল জেলা, মহকুমা ও থানাকে নির্দেশ দেয়া হয়। আমার দায়িত্ব ছিল প্রতিদিন সন্ধ্যায় সকল জেলার সংগ্রাম পরিষদের সাথে যোগাযোগ করে তাদের বক্তব্য লিপিবদ্ধ করা। তাছাড়া ঢাকা শহরের বিভিন্ন সরকারী, বেসরকারী সংস্থার সাথে যোগাযোগ প্রতিষ্ঠার দায়িত্বও আমার ওপর ছিল। ব্যাংক কর্মচারী, ডাক, তার, টেলিফোন বিভাগের কর্মচারীদের সাথে আমরা যোগাযোগ করি। তাজউদ্দিন আহমদের নেতৃত্বে ডঃ কামাল হোসেন ও আমি প্রতিদিন সন্ধ্যায় বৈঠকে বসে আন্দোলনের কর্মসূচী তৈরী করি। এসব বৈঠক কখনও বঙ্গবন্ধুর বাসভবনে আবার কখনও ডঃ কামালের চেম্বারে অনুষ্ঠিত হত। অর্থনৈতিক পরিস্থিতি মোকাবেলার তীক্ষ্ণ মেধাশক্তি ছিল তাজউদ্দিন আহমদের। মাঝে মাঝে ব্যাংকের পদস্থ কর্মকর্তা বৈঠকে উপস্থিত থাকতেন। টেলিফোন বিভাগের একজন বড় অফিসার নুরুল হক সাহেব তখন খুবই সহযোগিতা করেন। তাঁকে পাক বাহিনী ২৫শে মার্চের রাতে হত্যা করে।

পশ্চিম পাকিস্তানে সকল প্রকার টেলেক্স, তার বন্ধ করে দেয়া হয়। শুধুমাত্র বিদেশী সাংবাদিকদের জন্য নির্দিষ্ট কথায় টেলেক্স সুবিধা দেয়া হয়। প্রতিদিন সন্ধ্যার পর আমরা তিন জন উদ্ভূত অবস্থার প্রেক্ষিতে একটা খসড়া তৈরী করে রাত আটটার দিকে বঙ্গবন্ধুর সাথে দেখা করতাম। কোন বিষয়ে সিদ্ধন্ত নিতে ব্যর্থ হলে বঙ্গবন্ধু তার সমাধান করে দিতেন। এরপর সংবাদপত্রে যা দেয়ার তা দিয়ে দেয়া হত। নতুন কোন সিদ্ধান্ত থাকলে জেলা সংগ্রাম কমিটিকে জানিয়ে দেয়া হতো। সে সময় চট্টগ্রাম এবং খুলনা আন্দোলনের জন্য ছিল খুবই গুরুত্বপূর্ণ। চট্টগ্রাম থেকে আওয়ামী লীগ নেতা জহুর আহমেদ চৌধুরী, এম আর সিদ্দিকী, এম, এ, হান্নান, আবদুল হান্নান প্রমুখ এবং খুলনা থেকে শেখ আবদুল আজিজ আমাদের সাথে যোগযোগ রক্ষা করতেন। ঢাকা শহরের আওয়ামী স্বেচ্ছাসেবক বাহিনীকে সর্বদা সতর্ক রাখা হয়। তাছাড়া জনগনের সুবিধার্থে আওয়ামী লীগের পক্ষ থেকে কন্ট্রোল রুম স্থাপন করা হয়।

বঙ্গবন্ধুর বাসভবনে লাইব্রেরী কক্ষটিকে আফিস হিসেবে ব্যবহার করা হয়। সকাল থেকে রাত ১২টা পর্যন্ত বঙ্গবন্ধু এখানে থাকতেন। তাজউদ্দিন আহমদ এবং ডঃ কামাল হোসেন নীতি নির্ধারণী হাইকমান্ডের বৈঠকে প্রায়ই ব্যস্ত থাকতেন বলে অফিসের দায়িত্ব বেশীর ভাগ সময় আমাকে পালন করতে হত। প্রতিদিন বিভিন্ন ধরনের লোক নানা সমস্যা নিয়ে ছুটে আসতেন। সারা দিন ধরে বাজত টেলিফোন। এগুলির সঠিক সমাধানের দায়িত্ব ছিল কন্ট্রোল রুমের। বাসভবনের নীচের কক্ষটিতে টেলিফোন ও কাগজপত্র নিয়ে আমরা কাজ করতাম। হাইকম্যান্ডের অধিকাংস বৈঠক হত বঙ্গবন্ধুর কক্ষে। বাড়ীর প্রাঙ্গণে সর্বদাই থাকত অগণিত উৎফুল্ল জনতার এবং সাংবাদিকদের ভিড়।

বঙ্গবন্ধুর ১লা মার্চের আহবানে ২রা মার্চ থেকে সারা দেশে অহিংস ও অসহযোগ আন্দোলন শুরু হয়। ৩রা মার্চ ছাত্রলীগ আয়োজিত পল্টনে বিরাট জনসভায় বঙ্গবন্ধু বক্তৃতা করেন। বঙ্গবন্ধু তাঁর বক্তৃতায় দেশের মুক্তি না হওয়া পর্যন্ত খাজনা ট্যাক্স বন্ধ রাখার আহবান জানান। বঙ্গবন্ধুর উপস্থিতিতে ছাত্রলীগের পক্ষ থেকে স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়। 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের এই সঙ্গীতকে বাংলাদেশের জাতীয় সঙ্গীত ঘোষণা করা হয়। তাছাড়া সেদিনের সভা মঞ্চে বাংলাদেশের মানচিত্র খচিত স্বাধীন বাংলাদেশের পতাকাও দেখা যায়। ৬ই মার্চ প্রেসিডেন্ট ইয়াহিয়া খান পুনারায় ২৫শে মার্চ

জাতীয় পরিষদের অধিবেশন আহবান করেন। বাংলার মাঠে ঘাটে, হাটে বাজারে সর্বত্র আন্দোলন দানা বেঁধে উঠে। এদিকে বিভিন্ন স্থানে সামরিক জান্তার গুলীতে বেশ কিছু লোক হতাহত হয়।

বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ নিয়ে জল্পনা-কল্পনা চলতে থাকে। বঙ্গবন্ধু ১লা মার্চ নিজেই বলেছেন ৭ই মার্চে রেসকোর্সের জনসভায় তিনি গুরুত্বপূর্ণ কর্মসূচী ঘোষণা করবেনা। বিভিন্ন দেশ থেকে বহু সাংবাদিক বাংলা দেশে আসেন। ধানমন্ডির ৩২নম্বর সড়কে বঙ্গবন্ধুর ৬৭৭ নম্বর বাড়ী সংগ্রামের সূতিকাগারে পরিণত হয়। সকালে বিকালে দেশী বিদেশী সাংবাদিক এই বাড়ীতে এসে ভীড় জমান। তারা সুযোগ পেলেই বঙ্গবন্ধুর নিকট থেকে বিভিন্নভাবে আন্দোলন ও ভবিষ্যত কর্মসূচী জানতে চান।

আর পাক বাহিনীও সুযোগের প্রতীক্ষায় থাকে। শোনা যায়, রেসকোর্সের জনসভাকে লক্ষ্য করে ঢাকা সেনানিবাসে কামান বসানো হয়। শেখ মুজিব যদি স্বাধীনতা ঘোষণা করেন তাহলে জনসভায় গোলা বর্ষণ করা হবে।

ইতিমধ্যে লক্ষ্য করলাম বঙ্গবন্ধু অলৌকিক ক্ষমতার অধিকারী হয়ে উঠেছেন। সারা দেশের মানুষের প্রাণঢালা ভালবাসা ও সমর্থন তাঁকে দৃঢ় আত্মপ্রত্যয়ী করে তুলেছে। তখন তার একটি কথাই ছিল বঙ্গালীর মনের কথা।

বঙ্গবন্ধুর মনের কথা তাজউদ্দিন আহমদের জানা ছিল। বঙ্গবন্ধুর ইঙ্গিতই তাঁর জন্য যথেষ্ট ছিল। বিভিন্ন সাংবাদিক সম্মেলনে বঙ্গবন্ধুর বক্তব্যের খসড়া আমরা রচনা করে দিতাম। নেতার নির্দেশ অনুযায়ী তা করা হতো। তাজউদ্দিন আহমদ মুষ্টিবদ্ধ হাত মুখে রেখে কান পেতে কথা শুনতেন। একজন নিখুঁত শিল্পীর মত আমাদের রচিত খসড়াগুলো তিনি শুনতেন। এরপর তিনি বক্তব্যের খসড়া বঙ্গবন্ধুর কাছে নিয়ে যেতেন। আমাদের রচিত খসড়া বেশীর ভাগ ক্ষেত্রেই বঙ্গবন্ধুর পছন্দ হতো। কোন কোন সময় তিনি কিছু পরিবর্তন করতেন। ৭ই মার্চের বক্তৃতা সম্পর্কে আওয়ামী লীগের বৈঠকে দীর্ঘ আলোচনা হয়। আলোচনার পর বক্তব্যের ব্যাপারে বঙ্গবন্ধুকে সর্বময় ক্ষমতা দেয়া হয়। বঙ্গবন্ধু আমাদেরকে খসড়া বক্তব্য লেখার জন্য নির্দেশ দেন। ৭ই মার্চ অপরাহ্নে বঙ্গবন্ধুর পায়ের কাছে বসে রেসকোর্সের ময়দানে মন্ত্রমুগ্ধের মত তাঁর বক্তব্য শুনছিলাম। তিনি সেদিন তাঁর বক্তব্যের মাধ্যমে বাঙ্গালী জাতির পথ নির্দেশ করেন। তিনি বাঙ্গালী জাতির দীর্ঘদিনের ক্ষোভ নির্যাতন ও নিষ্পেষণের কথা উল্লেখ করেন, বাঙ্গলী জাতিকে মরণপণ যুদ্ধের প্রস্তুতির আহবান জানান। সঙ্গে সঙ্গে তিনি জাতিকে স্বাধীনতা ও মুক্তির বাণী শোনান। বক্তৃতা একদিকে ছিল যেমন আবেগময়ী অপরদিকে ছিল নির্ভূল যুক্তি ও গভীর আত্মপ্রত্যয়ী।

প্রকৃতপক্ষে পহেলা মার্চ থেকে বঙ্গবন্ধুর নির্দেশে বাংলাদেশ পরিচালিত হয়। বক্তৃতার পর বঙ্গবন্ধু বলেন আমি স্বাধীনতা ঘোষণা করে আমার দায়িত্ব পালন করেছি। এখন দেশবাসীর দায়িত্ব হল হানাদার বাহিনীকে দেশ থেকে বিতাড়িত করা। বাংলার মুক্তিযোদ্ধা মুক্তিপাগল মানুষ সে দায়িত্ব পালন করেছে একাত্তরের ১৬ই ডিসেম্বর।

কেউ কেউ বঙ্গবন্ধুর ৭ই মার্চের বক্তৃতাকে আব্রাহাম লিংকনের গেটিসবার্গ বক্তৃতার সাথে তুলনা করেন। বঙ্গবন্ধু জীবনে ৭ই মার্চের আগে ও পরে অসংখ্য বক্তৃতা করে গেছেন। ৭ই মার্চের বক্তৃতার সাথে তাঁর অন্য কোন বক্তৃতার তুলনা হয় কি? মুক্তিযুদ্ধকালে ৭ই মার্চের বক্তৃতায় উদ্বুদ্ধ হয়ে মুক্তিযোদ্ধারা মরণপণ সংগ্রামে ঝাঁপিয়ে পড়েছে। তাই আমি মনে করি, ৭ই মার্চের বক্তৃতা এক অনন্য বক্তৃতা, যার সাথে পৃথিবীর অন্য কোন বক্তৃতারই তুলনা চলে না। তাই বাঙ্গালী জাতি যতদিন বিশ্বের বুকে বেঁচে থাকবে ততদিনই এই বক্তৃতার দ্বারা আলোড়িত হবে। বাঙ্গালী জাতির জীবনে এই বক্তৃতা অক্ষয় হয়ে থাকবে।

৭ই মার্চের বক্তৃতায় বঙ্গবন্ধু আন্দোলনের নয়া কর্মসূচী ঘোষণা করেন। দেশের সর্বত্র শহরে বন্দরে নগরে গ্রামে গঞ্জে হানাদার বাহিনীর বিরুদ্ধে জনসভা, বিক্ষোভ মিছিল ও শোভাযাত্রা অনুষ্ঠিত হতে থাকে। ১৫ই

মার্চ আওয়ামী লীগের পক্ষ থেকে দলের সাধারণ সম্পাদক তাজউদ্দিন আহমদ ৩৫টি নির্দেশ জারী করেন। এই নির্দেশের মাধ্যমে প্রকৃতপক্ষে বঙ্গবন্ধু বাংলাদেশের সর্বময় দায়িত্ব গ্রহণ করেন। ১৭ই মার্চ ছিল বঙ্গবন্ধুর জন্মদিন। এদিন সকালে বঙ্গবন্ধু আওয়ামী লীগের এক বৈঠক ডাকেন। বৈঠকে বঙ্গবন্ধু উদ্ভূত পরিস্থিতিতে মতামত ব্যক্ত করার জন্য সকলের প্রতি আহবান জানান। বৈঠকে উপস্থিত দুই-একজন ছাড়া সকলেই এই অভিমত ব্যক্ত করেন যে পাক সশস্ত্র বাহিনীর মোকাবেলা সশস্ত্রভাবেই করতে হবে। এই বৈঠকে অন্য একটি বিষয় নিয়ে আলোচনা হয়। সেটা হল এই পরিস্থিতিতে আমরা বিদেশের কাছ থেকে কি রকম সাড়া বা সাহয্য পেতে পারি।

আমি এই বৈঠকে আমার বক্তব্য তুলে ধরি। চার্চিলের 'উই আর এলোন অন দি ব্রিজ' এই উদ্ধৃতি দিয়েই বক্তৃতা শুরু করি। বাংলাদেশের আন্দোলন সম্পর্কে বিদেশের সাথে আমাদের যোগাযোগ ছিল না। সত্তরের ১২ই নভেম্বরের ঘূর্ণিঝড়ের পর বাংলাদেশের মানুষের প্রতি বিশ্ববাসীর সমর্থন বাড়তে থাকে। এরপর জাতীয় সাধারণ নির্বাচনে বঙ্গবন্ধুর নেতৃত্বে আওয়ামী লীগের নিরংকুশ বিজয় সারা বিশ্বের দৃষ্টি আকর্ষণ করে। এরপর ঐতিহাসিক আন্দোলনের খবর বহির্বিশ্বের পত্র-পত্রিকায় ব্যাপকভাবে প্রকাশিত হয়। কিন্তু বিদেশের কোন সরকার বা উচ্চপর্যায়ের লবির সাথে আমাদের কোন যোগাযোগ ছিল না। তৎকালীন পাকিস্তান সরকারের কূটনৈতিক তৎপরতা ছিল বিশেষভাবে উল্লেখযোগ্য। সে তুলনায় আমাদের বলতে গেলে কোন যোগাযোগই ছিল না।

আমার বক্তৃতার পর তাজউদ্দিন আহমদ বক্তৃতা করেন। তিনি আমার বক্তব্য সমর্থন করে কর্তব্য সম্পর্কে ইঙ্গিত দেন। তিনি বঙ্গবন্ধুর নেতৃত্বে ও জনগণের ঐক্যের ওপর গুরুত্ব অরোপ করেন। তাজউদ্দিন আহমদ বলেন যুদ্ধে পাকিস্তানের সাথে মোকাবেলা করা আমাদের পক্ষে সম্ভব নয়। তাই সংগ্রামকে গণভিত্তিক সশস্ত্র সংগ্রামে পরিণত করতে হবে। সভাপতির ভাষণে বঙ্গবন্ধু সশস্ত্র যুদ্ধের মোকাবেলায় সকলকে প্রস্তুত থাকার ইঙ্গিত দেন।

এদিকে ঢাকায় প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ও তার সহকর্মীদের সাথে বঙ্গবন্ধু ও তাঁর সহকর্মীদের আলোচনা অব্যাহত থাকে। ২৩শে মার্চ পাকিস্তান দিবসে স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদের আহবানে প্রতিরোধ দিবস পালন করা হয়। ঐ দিন বঙ্গবন্ধুর বাসভবনসহ বাংলাদেশের সর্বত্র স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়।

ঐদিন সন্ধ্যায় বঙ্গবন্ধুর পক্ষ থেকে প্রেসিডেন্টের কাছে শাসনতন্ত্রের একটি খসড়া পেশ করা হয়। এই খসড়াটি মূল অংশগুলো মেনে নেয়া হবে প্রেসিডেন্টের পক্ষ থেকে এ ধরনের একটা ধারণা দেয়া হয়। চূড়ান্ত সিদ্ধান্ত জানাবার কথা পরবর্তী বৈঠকে। ২৪শে মার্চ প্রেসিডেন্টের পক্ষ নীরব থাকে এবং সামরিক বাহিনী দেশের বিভিন্ন স্থানে নির্যাতন শুরু করে। ইতিমধ্যে আমরা খবর পেয়ে গেছি যে প্রত্যহ বিমানে করে পাকিস্তান থেকে সৈন্য আনা হচ্ছে।

চট্টগ্রাম থেকে আমরা খবর পেলাম পশ্চিম পাকিস্তান থেকে 'সোয়াত' জাহাজে করে অস্ত্র এসেছে। বঙ্গবন্ধু হাজী গোলাম মোর্শেদের মাধ্যমে চট্টগ্রামে মেজর জিয়ার কাছে একটি নির্দেশ প্রেরণ করেন। খবরটি ছিল সোয়াত জাহাজ থেকে যেন অস্ত্র নামাতে না দেয়া হয়। এ ব্যাপারে মেজর জিয়া কোন সক্রিয় ভূমিকা পালন না করায় পারবর্তীকালে তাঁর সঙ্গে আর যোগযোগ করা হয়নি।

২৩শে মার্চ সকালে ঢাকা থেকে জেলা সদরে আওয়ামী লীগ সংগ্রাম কমিটির কাছে একটি নির্দেশ প্রেরণ করা হয়। নির্দেশে বলা হয়. যে কোন সময় পাক বাহিনী আমাদের ওপর হামলা চালাতে পারে। পাল্টা আঘাত হানার জন্য সকলকে প্রস্তুত থাকতে হবে। বাংলাদেশের পতাকা ইতিমধ্যেই দেশের সর্বত্র তৈরী হয়ে গেছে।

২৪শে মার্চ বিকেল থেকেই বঙ্গবন্ধু সকলকে ঢাকা ছেড়ে যাবার নির্দেশ দেন। বঙ্গবন্ধু তার পেছনের ঘরে প্রায় প্রত্যেকের সাথে এক মিনিট করে কথা বলেন। অনেক সময় ভিড়ের মধ্যে বাথরুমেও কারো করো সাথে তিনি কথা বলেন।

২৫শে মার্চ তারিখেও এ ধরনের শলাপরামর্শ চলে। বঙ্গবন্ধু একে একে সকলকে বিদায় দিচ্ছেন। বিকেল থেকেই যেন ৩২ নাম্বারের বাড়ীতে থমথমে ভাব বিরাজ করতে থাকে। বিকেল প্রায় ৪টায় আমার বন্ধু তৎকালীন ইউনাইটেড ব্যাংকের ভাইস প্রেসিডেন্ট জনাব রিজভী বঙ্গবন্ধুর বাসায় এসে আমাকে জিজ্ঞাসা করেন কথা বলার সময় আছে কিনা। সময় থাকলে তার সাথে চা খেতে যাওয়ার আমন্ত্রণ জানান। রিজভীর বাসা বঙ্গবন্ধুর বাড়ী থেকে ২০০ গজ দূরে। আমি রিজভীর সাথে তার বাসায় গেলাম। রিজভী আমাকে বলেন, অস্বাভাবিক একটা কিছু ঘটতে যাচ্ছে। এদেশ বসবাসের কোন যোগ্য থাকবে না। তিনি এখনই স্ত্রী-পুত্র নিয়ে সেনানিবাসে তার ভগ্নিপতির বাসায় চলে যাচ্ছেন। রিজভী তার পাঠান দারোয়ানের সাথে আমার পরিচয় করিয়ে দিয়ে বলেন, আমি কোন সময় গেলে যেন আমাকে থাকার আশ্রয় দেয়া হয়। তিনি বলেন, ইচ্ছা করলে আমি তার বাড়ী ব্যবহার করতে পারি। পেছনের একটি দরজা দেখিয়ে বলেন, বিপদের সময় পলায়নের রাস্তা রয়েছে। পরে জেনেছিলাম শহিদুল্লাহ কায়সার কিছুদিন এই বাড়ীতে ছিলেন।

বঙ্গবন্ধুর বাসায় ফিরে এসে তাড়াতাড়ি হাতের কাজগুলো শেষ করি। রিজভীর কাছে শোনা বক্তব্য এক ফাঁকে বঙ্গবন্ধুকে জানাই। বঙ্গবন্ধু শুনে গম্ভীর হয়ে যান। এর ক'দিন পূর্বে এরকম একটি আত্মগোপনের কথা নিয়ে আমরা বঙ্গবন্ধুর সাথে আলোচনা করি। আমরা বঙ্গবন্ধুকে পরিবর্তিত পরিস্থিতিতে আত্মগোপনের জন্য চাপ দেই। তিনি আত্মগোপন করতে দৃঢ়ভাবে অস্বীকার করেন। তাজউদ্দিন আহমদ বলেন, আত্মগোপনের জন্য তিনি পূর্ব থেকেই বঙ্গবন্ধুকে বলে আসছেন। কিন্তু তিনি কিছুতেই রাজী হচ্ছেন না।

বঙ্গন্ধু একদিন তাঁর বেডরুমে হাইকম্যান্ডের বৈঠকের সময় তাজউদ্দিন আহমদ ও আমাকে ডাকেন। আমি আমারসহ হুইপ আবদুল মান্নানকে নিয়ে সেখানে যাই। বৈঠকে আত্মগোপনের জন্য আমরা সকলে মিলে বঙ্গবন্ধুকে চাপ দেই। তিনি প্রশ্ন করেন, আমাকে নিয়ে তোরা কোথায় রাখবি? বাংলাদেশে আত্মগোপন সম্ভব নয়। আমার হয়তো মৃত্যু হবে, কিন্তু বাংলাদেশ স্বাধীন হবেই।

২৫শে মার্চ বিকেলে আমার আবর ইচ্ছা হলো আত্মগোপন করার জন্য বঙ্গবন্ধুকে আনুরোধ জানাই। মনে মনে ঠিক করলাম, তাজউদ্দিন আহমদ ও ডঃ কামাল হোসেন আসলে সকলে মিলে বঙ্গবন্ধুকে পুনরায় শেষ অনুরোধ জানাবো। তাঁরা দু'জন অন্য কাজে বাইরে ছিলেন। আমি জাতির উদ্দেশে বঙ্গবন্ধুর শেষ বক্তব্যের খসড়া তৈরী করতে ব্যস্ত। আমার খসড়া প্রস্তুত হলো। বঙ্গবন্ধু একটু দেখে ঠিক করে দেন। রাত সাড়ে আটটার দিকে বঙ্গবন্ধু সাংবাদিকদের সামনে পরবর্তী কর্মসূচী ঘোষণা করেন।

আমি বঙ্গবন্ধুর বাসা থেকে বেরিয়ে পাশে বদরুন্নেছা আহমদের বাসায় খোঁজ নিতে যাই। নুরুদ্দিন ভাই বলেন, সেনানিবাস থেকে শিগগিরই ট্যাংক বেরিয়ে আসবে। কিছুক্ষণের মধ্যেই হয়তো জনতার ওপর আক্রমণ শুরু হবে। আমি বঙ্গবন্ধুর বাড়ীতে ফিরে এসে দেখি তিনি ওপরে চলে গেছেন। বঙ্গবন্ধুর বাসা থেকে আবার বেরিয়ে আসি। আমি এখনো আশা করছি তাজউদ্দিন আহমদ ও কামাল হোসেনকে নিয়ে বঙ্গবন্ধুর সাথে শেষ আলোচনা করবো। তাজউদ্দিন ভাইয়ের বাড়ীতে গিয়ে দেখি নূরজাহান মোর্শেদ এম,পি বসে আছেন। বাড়ীর ভেতরে তাজউদ্দিন ভাই জোরে জোরে ভাবীর সাথে কথা বলছেন। কথা বুঝলাম তাজউদ্দিন ভাইয়ের মন খারাপ। কি করবো বুঝে উঠতে পারছিলাম না। কিছু না বলেই এই বাড়ী ত্যাগ করি। উদ্দেশ্য কামাল হোসেনের সাথে দেখা করা। গাড়ীতে নূরজাহান মোর্শেদকে নিয়ে নিলাম। বিশ্ববিদ্যালয় চত্বরে তার বাসায় নামিয়ে দিতে যেয়ে তাকে বল্লাম, আজ রাতটা বড় খারাপ। তাকে নামিয়ে আমার বাসায় আসার পথে দেখি পাক সৈন্যরা বেতার ভবন দখল করে নিয়েছে।

সার্কিট হাউজ রোডের ৪নম্বর বাড়ীতে আমি থাকি। কামাল হোসেন থাকেন ৩ নম্বর বাড়ীতে। আমার বাড়ীতে যাওয়ার পূর্বে কামাল হোসেনের বাড়ীতে যাই। তিনি বাড়ীর বাইরে দাঁড়িয়ে আহমেদূল কবীর ও তাঁর স্ত্রীকে বিদায় দিচ্ছেন। বিদায়ের সময় লম্বা না করার জন্য আমি তাঁদের তাড়া দিলাম। তাঁদের বিদায় দিয়ে ডঃ কামাল কি করা যায় বলে আমাকে জিজ্ঞাসা করেন। বললাম পূর্ব পরিকল্পনা অনুযায়ী আপনি প্রস্তুত হোন। আমি বাসায় লীলাকে বলে আসি।

১লা মার্চ থেকে বাড়ীতে দুপুরে খাওয়ার সময় আসি। স্ত্রী ও পুত্র-কন্যার সাথে এক প্রকার কথাবার্তা হয় না বল্লেই চলে। আমার শ্বশুর আওয়ামী লীগের অন্যতম প্রতিষ্ঠাতা খান সাহেব এম, ওসামান আলী ১৯শে মার্চ ইন্তেকাল করেন। স্ত্রী তখনো শোক কাটিয়ে উঠতে পারেনি। পিতৃহারা স্ত্রীকে সান্তনা দেয়ার সময়ও আমার হয়ে ওঠেনি।

ঘরে প্রবেশ করে লীলাকে বললাম, আমাকে এখন চলে যেতে হবে। সে শুধু জানতে চাইলো আমার কাছে টাকা আছে কিনা। পকেটে ২/১০ টাকা থাকতে পারে। আমার পরনে পাজামা, গায়ে পাঞ্জাবী, আর পায়ে সেন্ডেল। 'ভালো থাক' এ কথা বলেই স্ত্রীর কাছ থেকে বিদায় নিয়ে চলে এলাম। পূর্বের মত দেয়াল টপকিয়ে বাসা থেকে বেরিয়ে কামাল হোসেনের বাসায় আসি। তিনি প্রস্তুত ছিলেন।

পথে দেখি শাহবাগের মোড়ে জনতা গাছ কেটে ব্যারিকেড সৃষ্টি করেছে। এই পথে বঙ্গবন্ধুর বাড়ীতে যাওয়ার রাস্তা বন্ধ। বহু কষ্টে কর্মীদরে সহযোগিতায় রাস্তার ব্যারিকেড সরিয়ে বঙ্গবন্ধুর বাসায় পৌছি। বঙ্গবন্ধু যে আত্মগোপন করতে নারাজ গাড়ীতে ডঃ কামালকে সে কথা জানাই। ৩২ নম্বরের বাড়ীতে প্রবেশ করে দেখি বঙ্গবন্ধু নীচের তলায় খাবার শেষ করেছেন। দৃশ্যটি দেখে আমার 'লাষ্ট সাপারের' কথা মনে পড়লো। বঙ্গবন্ধুর পরনে লুঙ্গি ও গায়ে গেঞ্জী ছিল। আমাদের দু'জনকে দেখে তিনি দরজায় আসেন। আমরা সংক্ষেপে শহরের অবস্থা জানিয়ে বঙ্গবন্ধুকে আমাদের সাথে চলে যাবার জন্য পুনরায় অনুরোধ জানাই। বঙ্গবন্ধু তার পূর্ব সিদ্ধান্তে অটল। তিনি বললেন, তোমরা প্রতিজ্ঞা পাঠ করেছ, আমি যা নির্দেশ করবো তাই শুনবে। তারপর তিনি আমাদের দু'জনের পিঠে দু'হাত রেখে বলেন, 'কামাল, আমীরুল আমি কোনদিন তোমাদেরকে কোন আদেশ করিনি। আমি তোমাদের আজ আদেশ করছি, এই মুহূর্তে তোমরা আমার বাড়ী ছেড়ে চলে যাও। আর তোমাদের দায়িত্ব তোমরা পালন করবে'। আর শহরের অবস্থার কথা শুনে তিনি বলেন, আমি বাড়ী ছেড়ে চলে গেলে হানাদাররা আমার জন্য ঢাকা শহরের সকল লোককে হত্যা করবে। আমার জন্য আমার জনগণের জীবন যাক এটা আমি চাই না।

বঙ্গবন্ধুর বাড়ী থেকে মোহাম্মদ মুসার বাড়ীতে যাই। আমার গাড়ী সেই বাড়ীতে রেখে মুসার গাড়ীতে উঠি মুসার ড্রাইভার গাড়ী চালায়। আমরা তাজউদ্দিন আহমদের বাড়ীতে গিয়ে উপস্থিত হই। তাজউদ্দিন ভাইকে সর্বশেষ পরিস্থিতি অবহিত করি। তাঁকে জানাই, বঙ্গবন্ধু সকলকে আত্মগোপনের নির্দেশ দিয়েছেন। তিনি ইতস্তত করেন।

এ সময়ে বি ডি আর-এর একজন হাবিলদার এসে আমাদের বলে গেলেন, বি ডি আর-এর সকল বাঙ্গালী সদস্যরা বেরিয়ে পড়েছে। আজ রাতে তারা পাক বাহিনীর হামলার আশংকা করছে। তাজউদ্দিন ভাইকে তাড়াতাড়ি তৈরী হতে বল্লাম। তিনি ভেতরে গেলেন। সময় গড়িয়ে যাচ্ছে। ডঃ কামালকে খুবই চিন্তিত দেখাচ্ছিল। ডঃ কামাল গাড়ীযোগে অন্যত্র যেতে চাইলেন। আমি বল্লাম, এটা ঠিক হবে না। তাজউদ্দিন আহমদের কিছুটা দেরী হলো। তিনি বেরিয়ে আসলেন। তার পরনে লুঙ্গি ও গায়ে পাঞ্জাবী। কাঁধে একটি ব্যাগ ঝোলানো রয়েছে। আর তার ঘাড়ে একটি রাইফেল। তার এই বেশ দেখে আমি বল্লাম, শিকারে যাচ্ছেন নাকি?

তাজউদ্দিন ভাই গত কিছুদিন যাবৎ আমাদের অস্ত্র প্রশিক্ষণ গ্রহণের কথা বলছিলেন। তিনি ইতিমধ্যে রাইফেল ট্রেনিং নিয়ে নিয়েছেন। আরহাম সিদ্দিকী তাকে এই রাইফেল যোগাড় করে দেন। কিন্তু এই রাইফেল পরবর্তীকালে আমাদের জন্য সমস্যা হয়ে দাঁড়ায়। রাইফেল বেশী দূর নিয়ে যাওয়া সম্ভব হয়নি।

সময় দ্রুত গড়িয়ে যাচ্ছে। কিছুক্ষণের মধ্যেই হয়তো এই এলাকায় পাক সৈন্য এসে যাবে। পুরাতন ঢাকার একটা বাড়ীতে সকলের একত্রিত হবার কথা ছিল। কিন্তু বঙ্গবন্ধু তাঁর বাসভবন থেকে বাইরে আসতে রাজী না হওয়ায় সেই সিদ্ধান্ত বাতিল হয়ে যায়। বঙ্গবন্ধুর বাড়ী ছেড়ে না যাবার সিদ্ধান্তে নেতাদের মন ভেঙ্গে যায়। তাজউদ্দিন আহমদ ভগ্নমনোরথ আবস্থায় বাড়ীতে বসে ছিলেন। তিনি নিজেকে এক রকম ভাগ্যের ওপর ছেড়ে দিয়েছিলেন। আঘাত হানার পূর্বেই আমাদের নেতা বঙ্গবন্ধুকে রক্ষা করার চেষ্টা করি। এরপর ভাবলাম, ১লা মার্চ থেকে তাজউদ্দিন আহমদ, ডঃ কামাল হোসেন ও আমি একত্রে কাজ করেছি। এই ৩ জনকে যে কোন মূল্যে একত্রে থাকতে হবে। ১৫ নম্বর সড়কের কাছাকাছি এলে ডঃ কামাল গাড়ী থামাতে বলেন। তিনি বলেন, সকলে এক বাড়ীতে না থেকে আমি এখানে আমার এক আত্মীয়ের বাড়ীতে থেকে যাই।

আমার চরম অনিচ্ছা সত্ত্বেও বাধা দিতে পারলাম না। তবে মনে মনে খুবই বিরক্ত হলাম। কামাল হোসেন আমার ঘনিষ্ঠ বন্ধু। কিন্তু তার একক সিদ্ধান্ত নেয়ার ধরনটা মেনে নিতে পারলাম না। তবুও কামাল হোসেন গাড়ী থেকে নেমে গেলেন। কথা রইলো পরদিন সুযোগ পেলেই তিনি মুসা সাহেবের বাড়ীতে যাবেন। আমরাও সেখানে যাব, না হয় যোগাযোগ করে সিদ্ধান্ত নেব। কিন্তু এটা আর হয়ে ওঠেনি। ডঃ কামাল মুসা সাহেবের বাড়ী যেতে পারেননি, আর আমরাও পারিনি ডঃ কামালের সাথে যোগাযোগ করতে। পরবর্তীকালে তিনি পাক বাহিনীর হাতে ধরা পড়েন। নির্যাতিত হন পাকিস্তানী কারাগারে। আর আমরা বঞ্চিত হই তার সুযোগ্য নেতৃত্ব থেকে। ডঃ কামালের সেদিনের একক সিদ্ধান্ত আজও আমাকে পীড়া দেয়। যদ্দিন তিনি পাকিস্তানী কারাগারে থেকে ফিরে না এসেছেন, তদ্দিন নিজেকে খুবই অপরাধী মনে হয়েছে। কেন সেদিন জোরে বাধা দিতে পারিনি।

ইতিমধ্যে ধানমন্ডির বিদ্যুৎ চলে গেলো। রাস্তা জনমানব শূন্য। আমাদের স্বেচ্ছাসেবকদের দুই একটা গাড়ী মাঝে মধ্যে বিদ্যুৎ চমকানোর মত দেখা যায়। কালবিলম্ব না করে লালমাটিয়ায় রেলওয়ের এককালের চীফ ইঞ্জিনিয়ার গফুর সাহেবের বাড়ীর কাছে গিয়ে দু'জন নেমে গেলাম। ড্রাইভার গাড়ী নিয়ে মুসা সাহেবের বাড়ী চলে গেলো।

গফুর সাহেব আমাদের জন্য প্রস্তুত ছিলেন না। আমরা তাকে পূর্বে কোন খবর দেইনি। তবুও তিনি আমাদের স্বাভাবিক ভাবে গ্রহণ করলেন। আমরা বাড়ীতে ঢুকার ৫/৭মিনিটের মধ্যেই এক প্রচণ্ড শব্দে সমস্ত ঢাকা শহর কেঁপে উঠলো। পরে জেনেছি এটা ছিল আঘাত শুরু করার সংকেত।

শুরু হলো চারদিক থেকে ব্রাশ ফায়ার। অবস্থা জানতে আমি ও তাজউদ্দিন ভাই বাড়ীর ছাদে যাই। পাক বাহিনীর ব্যপক হামলার মাঝে আমাদের ছেলেদের ৩০৩রাইফেলের বিচ্ছিন্ন শব্দ। 'জয় বাংলা' ধ্বনি শুনতে পাই। পাশাপাশি মোহাম্মদপুরের কয়েকটি বাড়ি থেকে 'পাকিস্তান জিন্দাবাদ' ধ্বনি শোনা গেলো। আমরা মোহাম্মদপুর এলাকার কাছাকাছি ছিলাম। তবে একদিক থেকে আমাদের বাড়ী নিরাপদ মনে হলো। কেননা অবাঙ্গালী অধ্যুষিত মোহম্মদপুর এলাকায় পাক বাহিনী কোন হামলা করবে না। আক্রমণের ব্যাপকতা ও আকস্মিকতায় একেবারে 'থ' হয়ে গেছি।

আমাদের ওপর হামলা হবে একথা জানতাম। সেটা হবে রাজনীতিবিদ, ছাত্র ও কর্মীদের ওপর। কিন্তু আধুনিক সমর সজ্জিত পাক বাহিনী নিরস্ত্র বাঙ্গালীর ওপর বর্বরভাবে ঝাঁপিয়ে পড়বে, তা ভাবতে পারিনি। পৃথিবীর ইতিহাসে এ ধরনের নজির আর কোথাও দেখিনি। গফুর সাহেবের বাড়ীর অসম্পূর্ণ ছাদের ইট-সুরকীর

ওপর বসে আমরা দু'জন পাকসৈন্যদের হামলার মুখে ভয়ার্ত মানুষের আর্তচিৎকার শুনছি। এক সময় তীব্র নীলাভ এক উজ্জ্বল আলোতে ঢাকা শহর আলোকিত হয়ে উঠল। বিভিন্ন স্থানে দাউ দাউ করে আগুন জ্বলছে। আগুনের কালো ধোঁয়ায় ঢাকার আকাশ ক্রমশঃই কালো হয়ে উঠছে।

মধ্যরাতের দিকে ব্রাশ ফায়ার ও বিকট শব্দ শুনে তাজউদ্দিন আহমদ বলে ওঠেন, এবার দস্যুরা ৩২ নাম্বার বঙ্গবন্ধুর বাড়ীতে হামলা করছে। এ সময় তিনি কেঁদে উঠলেন। বঙ্গবন্ধু কি তাঁর বাসা থেকে বেরিয়েছেন? বঙ্গবন্ধু যখন কোন আবস্থাতেই বাসা থেকে বেরিয়ে যেতে অসম্মত হন , তখন আমাদের সর্বশেষ অনুরোধ ছিল, তাঁর বাড়ীর পেছনে জাপানীদের অফিসে যেন তিনি চলে যান। এ সময় বঙ্গবন্ধুর কথা, তার পরিবার পরিজনের কথা, দলের বিভিন্ন নেতাদের কথা বার বার মনে হতে লাগলো।

এক সময় আমরা দুইজন ছাদ থেকে নেমে এলাম। নীচে এসে অনেকক্ষণ বসে রইলাম। শুধু ভাবছি আর ভাবছি। এমনিভাবে রাত ভোর হতে চলল। চারদিক থেকে গুলির শব্দ আসছে। শরীর ও মন অবসন্ন হয়ে উঠছে।

সকালে আমি বাথরুমে গেলাম। আয়নায় নিজের চেহারা দেখলাম। মনে হলো এক রাতে একটা শতাব্দী পার হয়ে গেছে।

পাশে পড়ে ছিল গফুর সাহেবের ব্লেড। ১৯৬১ সালে লণ্ডনে ব্যারিষ্টারী পড়ার সময় সযত্নে রক্ষিত ফ্রেঞ্চ দাড়ি কেটে নিলাম। বাথরুম থেকে বেরিয়ে আসার পর তাজউদ্দিন ভাই অবাক বিস্ময়ে আমার দিকে তাকালেন। বুঝলাম, দাড়ি কাটা কাজ দেবে। ২৬ শে মার্চ সকালে দু'জন বসে গত রাত থেকে ঘটনাগুলো বুঝবার চেষ্টা করলাম। নিজেদের কর্তব্য স্থির করতে দেরী করিনি। এই অস্বাভাবিক পরিস্থিতিতে প্রথম কাজ হলো এই বাড়ী ত্যাগ করা। বাড়ীর সামনে দিয়ে পাক বাহিনীর টহলদার জীপ আসা-যাওয়া করছে রুমাল বেঁধে জীপে করে পাক সেনাদের সাথে ঘুরছে। তারা বঙ্গালী নেতা-কর্মীদের বাড়ীঘর, অবস্থান পাক বাহিনীকে দেখিয়ে দেয়ার কাজে সহযোগিতা করছে আন্দাজ করলাম।

স্থানীয় সংগ্রাম কমিটির একটি চালাঘরে কয়েকজন কর্মী আত্মগোপন করে রয়েছে। তাদের কাছে একটা রেডিও ছিল। ওরা রেডিওর খবরাখবর শুনছে।

২৬শে মার্চ সন্ধ্যায় প্রেসিডেন্ট ইয়াহিয়া বক্তৃতা দেন। আমরা দেয়ালে কান পেতে বেতারে ইয়াহিয়ার বক্তৃতা শুনি। পাক প্রেসিডেন্ট বক্তৃতায় আওয়ামী লীগ ও বঙ্গবন্ধু সম্পর্কে বিষোদগার করেন। জনগণকে শতকরা ৯৭ ভাগ ভোট লাভকারী আওয়ামী লীগকে প্রেসিডেন্ট ইয়াহিয়া খান বেআইনী ঘোষণা করেন। ইয়াহিয়ার গলা থেকে সুতীব্র ক্রোধ বেরিয়ে আসে। ইয়াহিয়ার বক্তৃতা ও গত কয়েক ঘন্টার নৃশংস হত্যাকাণ্ড আমরা মিলিয়ে দেখার চেষ্টা করি।

দু'জনে ঠিক করলাম, পাক বাহিনীর এই বর্বরোচিত হামলার খবর যে কোনভাবে বিশ্ববাসীকে জানাতে হবে। ২৫শে মার্চে ঢাকায় গণহত্যার খবর ভারত বা বিশ্বের কোন বেতারে প্রচার হয়নি। তবে ২৬শে মার্চ রাতে অষ্ট্রেলিয়া বেতার ঢাকার গণহত্যার খবর প্রচার করে।

পাক বাহিনী আমাদের বাড়ী সার্চ করতে পারে এই আশংকায় আমরা কিছুটা চিন্তিত হয়ে পড়ি। প্রথম সমস্যা তাজউদ্দিন আহমেদের রাইফেল। যদ্দিন আমরা এই বাড়ীতে ছিলাম, এর সমাধান করতে পারিনি। দ্বিতীয় সমস্যা, আমাদের তিনজন পুরুষ মানুষ ছাড়া এ বাড়ীতে কোন মেয়ে মানুষ নেই। মেয়ে লোক না থাকাতে আমাদের অবস্থান নিয়ে প্রশ্নের সৃষ্টি হতে পারে।

এই অবস্থায় তাজউদ্দিন ভাই এর নাম মহম্মদ আলী আর আমার নাম রহমত আলী ঠিক করে নেই। সার্চ হলে বলা হবে মহম্মদ আলী চাঁদপুরে গফুর সাহেবের ঠিকাদারীর কাজ তদারকি করেন। আর আমার বাড়ী পাবনা, আমি গৃহস্বামীর ভাই এর ছেলে। ঢাকায় বেড়াতে এসেছি।

২৬শে মার্চ সারাদিন গফুর সাহেবের বাড়ীতে আটক থাকি। বাইরে কার্ফু। চারদিকে মিলিটারী জীপ টহল দিচ্ছে। ফিজিক্যাল এডুকেশন কলেজের উপর সেনাবাহিনী ক্যাম্প করেছে। উপরে সার্চ লাইটের মতো কি যেন একটা বসানো হয়েছে। এটা দেখে মনে হয় একটা যুদ্ধের ছাউনী। কলেজের ছাদের ওপরে মেশিনগান তাক করে ওরা কন্ট্রোল রুম থেকে সকল এলাকা পাহারা দিচ্ছে। আমরা যে বাড়ীতে আছি সে বাড়ী থেকে সব দেখা যাচ্ছে। আমরা আশংকা করছি যে কোন মুহূর্তে বাড়ী বাড়ী তল্লাশী শুরু হতে পারে।

পরদিন ঘুম থেকে উঠে লক্ষ্য করলাম, কার্ফু ও গোলাগুলির মধ্যেও সাধারণ মানুষের গতি অব্যাহত রয়েছে। সামনে রাজপথ দিয়ে লোকজনের চলাচল নেই। কিন্তু ভেতরের রাস্তা দিয়ে সাধারণ মানুষ চলাচল করছে। ছোট ছোট ছাপড়া দোকানগুলো ঝাপ উঠিয়ে সওদা বিক্রয় করছে। কাজের মেয়েরা কলসী দিয়ে পানি নিচ্ছে। মনে মনে ঠিক করলাম, সাধারণ মানুষের মধ্যে মিশে গেলে আমার চলাচলেও কোন অসুবিধা হবে না।

আমি একাই বাড়ী থেকে বেরিয়ে পড়ি। যে কোনভাবে সাত মসজিদ রোড পার হতে হবে। আমার অবস্থান থেকে সাত মসজিদ রোড বেশ দূরে। আমার খুবই পরিচিত কুষ্টিয়ার আতাউল হক সপরিবারে সাত মসজিদ রোডের কাছাকাছি থাকেন। গলি দিয়ে পার হচ্ছি। পথে একজন মৌলানাকে পেলাম। এমনিতেই তার সাথে কথা বলি। তিনি লালমাটিয়ার পুরাতন অধিবাসী। মৌলানা সাহেব আতউল হককে চিনেন। তার সাহায্যে আতাউল হকের বাড়ীতে পৌঁছি। মৌলানাকে বললাম, আমি হক সাহেবের আত্মীয়, পাবনা থেকে এসেছি। ওরা আমাকে দেখে প্রথমে চিনতে পারেনি। পরে জড়িয়ে ধরে বাড়ীর ভেতর নিয়ে গেল।

মৌলানাকে ঐ বাড়ীতে আমার আত্মীয় মহম্মদ আলী আছেন, তাকে নিয়ে আসার জন্য বললাম। কিছুক্ষণ পর মহম্মদ আলী এসে হাজির হলেন।

হক সাহেবের বাড়ীতে আমাদের নাশতা তৈরী করতে ওরা ব্যস্ত হয়ে পড়ে। এরই মধ্যে আমি আবার বেরিয়ে পড়েছি। বিভিন্ন বাড়ীর পেছনের অলিগলি দিয়ে পথ চলছি। আমার আশংকা হচ্ছিল এই বাড়ী থেকে বেরোতে না পারলে আটকে পড়ার সম্ভাবনা রয়েছে। কোন কোন স্থানে হামাগুড়ি দিয়ে সাত মসজিদ রোডে পৌঁছার চেষ্টা করছি। হঠাৎ করে একটি মিলিটারী জীপ এই রাস্তায় ঢুকে পড়ে। রাস্তায় ঢুকেই ওরা এলোপাথাড়ি গুলি ছুড়ে। আমি একটি বাড়ির পাশে নিজেকে লুকিয়ে রাখি। জীপটি ফিরে যেতেই আমি আতাউল হকের বাড়ীতে ফিরে আসি। কিছুক্ষণ পর এ ধরনের গোলাগুলি চরম আকার ধারণ করে। কোথাও আগুন জ্বলছে। ভয়ার্ত মানুষের আর্তচীৎকারে পরিবেশ ভয়াবহ হয়ে ওঠে।

আতাউল হকের ঘরের বেড়া ও চাল টিন দিয়ে তৈরী। টিনের বেড়া ফুটো করে গুলী যে কোন একজনের গায়ে লাগতে পারে। গৃহকর্ত্রী বলেন, পাশের পাকা বাড়ীতে চাকর ছাড়া অন্য কোন লোকজন নেই। আমরা ইচ্ছা করলে দেয়াল টপকে সেখানে যেতে পারি। তার কথায় আমি পাশের পাকা বাড়ীতে যাই। তাজউদ্দিন ভাই ঐ বাড়ীতে গেলেন না।

এলোপাতাড়ি গুলি প্রায় আধ ঘন্টা ধরে চলে। পরে শুনেছি, এটা ছিল প্রথম পর্যায়ের অপারেশন। পাক বাহিনীর উদ্দেশ্য ছিল পরিবেশকে আতংকিত করে ঢাকাবাসীকে গ্রামের দিকে ঠেলে দেয়া। বস্তি এলাকা পুড়িয়ে দেয়া হয়েছে। নীড়হারা বস্তির হাজার হাজার মানুষ বিভিন্ন স্থানে আশ্রয় নিয়েছে। আতাউল হকের নির্মাণাধীন বাড়ীর ভেতরে খোলা আকাশের নীচে বস্তির বহু লোক আশ্রয় নিয়েছে। ছিন্নমূল মানুষগুলো সামান্য আসবাবপত্র

ও ছোটছোট ছেলেমেয়েদের কোলে দিয়ে এসেছে এখানে। কার্ফু জারী থাকা অবস্থায়ও এলোপাতাড়ি গুলি চলে। এমন সময় একটি মাইকে কেউ বলে গেল, কিছুক্ষণের জন্য কার্ফু তুলে নেয়া হয়েছে।

সে সময় একজন ছাত্র এ বাড়ীতে আসে। সে আমাদেরকে চিনতে পারে। তার মুখে শহরের টুকরো টুকরো খবর পেলাম। আমাদের প্রধান জিজ্ঞাসা ছিল ৩২ নাম্বারে কি হয়েছে? ছাত্রটি সঠিক কিছু বলতে পারলো না। তবে বঙ্গবন্ধুর ব্যাপারে দু'ধরনের খবর শুনেছে। কেউ বলেছে বঙ্গবন্ধু সরে গেছেন। আবার কেউ বলেছে তাঁকে গ্রেফতার করা হয়েছে।

বাইরে কার্ফু না থাকায় আমরা বাড়ী ছাড়ার সিদ্ধান্ত নেই। আমাদের দুজনের হাতে ১টি করে বাজারের থলি। যেন আমরা বাজার করতে যাচ্ছি। তাজউদ্দিন ভাই এর পরনে লুঙ্গি ও পাঞ্জাবী, মাথায় সাদা টুপি। বাজারের থলির নীচে তার নিজের ব্যাগ রাখা হয়েছে।

আমরা সাত মসজিদ রোডে পৌঁছি। আর একটু এগিয়ে ডান দিকে মোড় নিলে ১৯নম্বর রাস্তা। সেটা পার হলেই রায়ের বাজার। এমন সময় আমাদের পেছনে একটি মিলিটারী জীপ এলো। জীপটি চলে যেতেই আমরা আবার রাস্তায় চলে আসি। ডানে মোড় নিলে লালমাটিয়ার সীমানা পেরিয়ে ১৯ নম্বর সড়ক। ডানে মোড় নেব এ সময় তাজউদ্দিন ভাই থমকে দাঁড়ান। আর একটু এগুলেই ডান পাশে তার বাড়ী। তিনি তার বাড়ী যেতে চাইলেন। আমি জোর আপত্তি জানাই। যুক্তি দিলাম, আপনার বাড়ী নিশ্চই আক্রান্ত হয়েছিল। হায়েনার দল এখনো বাড়ীর আশেপাশে আড়ি পেতে বসে থাকতে পারে। তাজউদ্দিন ভাই-এর মনে পড়লো তার ঔষধগুলোর কথা। সেগুলো বাড়ীতে রয়ে গেছে। বাড়ীতে আর যাওয়া হলো না।

ডান দিকে মোড় নিয়ে আমরা রায়ের বাজারে পৌঁছি। এখানে আওয়ামী লীগ কর্মীদের একটি শক্ত ঘাঁটি তখনো রয়েছে। নির্ভীক কর্মীরা সংগ্রাম কমিটির অফিস পাহারা দিচ্ছে। এদের সাহস দেখে একদিকে যেমন বিস্মিত হলাম. অপরদিকে আমার হাসিও পেল। কেননা প্রবল প্রতিদ্বন্দ্বী সামরিক জান্তার বিরুদ্ধে এ ধরনের মোকাবেলা সাহসের দিক দিয়ে অপ্রতিদ্বন্দ্বী হলেও কৌশলের দিক দিয়ে একেবারেই সমর্থনযোগ্য নয়।

পাক বাহিনীর হামলা এখানে তখনো আসেনি। এলাকাবাসীর মনে ভয়ের লেশমাত্র নেই। সংগ্রাম পরিষদের আহবায়ক ও অন্যান্য নেতাকর্মীদের সাথে আমাদের কথা হলো। তারা আমাদের কাছে এই মুহূর্তের করণীয় জানতে চাইল। আমরা সংক্ষেপে তাদের কয়েকটি নির্দেশ দেই।

রায়ের বাজার থেকে দুজন লোককে দুদিকে পাঠালাম। একজন গেল ৩২ নাম্বারে বঙ্গবন্ধুর খোঁজখবর জানতে, আর অপরজনকে পাঠালাম মুসা সাহেবের বাসায় ডঃ কামাল এসেছেন কিনা তা জানার জন্য। ৩২ নাম্বারের খোঁজ নিয়ে আমাদের প্রেরিত লোক ফিরে এসে জানায় বঙ্গবন্ধুর বাড়ীর সামনে পুলিশ নিহত হয়ে পড়ে রয়েছে। বাড়ীতে কোন লোকজন নেই। পরস্পর জানতে পেরেছে বঙ্গবন্ধুকে গ্রেফতার করে নিয়ে গেছে। আর মুসা সাহেবের বাড়ীতে খোঁজ করে জানা গেল, ডঃ কামাল হোসেন সেখানে পৌঁছুতে সমর্থ হননি।

সংগ্রাম কমিটির এই অফিসে চারদিক থেকে বিচ্ছিন্নভাবে খবর আসছে। মানুষের মুখে মুখে খবর প্রচার হয়ে যাচ্ছে। বিভিন্ন সূত্রে জানা গেল শেখ ফজলুল হক মনি, সিরাজুল আলম খান, আবদুল রাজ্জাক, তোফায়েল আহমদ প্রমূখ নদী পার হয়ে জিনজিরার দিকে চলে গেছেন। শেখ কামাল ও শেখ জামাল বাসা থেকে পালিয়ে গেছে। সৈয়দ নজরুল ইসলাম, মনসুর আলী, কামরুজ্জামান প্রমুখ নেতৃবৃন্দের কোন খোঁজ-খবর জানতে পারলাম না।

কিছুক্ষণের মধ্যে আমরা এ স্থান ত্যাগ করব। সেখানে জমায়েত নেতাকর্মীদের বললাম, সংগ্রামকে বঙ্গবন্ধুর নির্দেশ মোতাবেক গ্রামে গঞ্জে ছড়িয়ে দিতে হবে। আমরা বঙ্গবন্ধুর নির্দেশ মোতাবেক বেরিয়েছি। তারা সময়ে সময়ে নির্দেশ পাবে।

ইতিমধ্যে আমরা অনেক ভেবেছি। পাক বাহিনীর নগ্ন হামলার জবাব দিতে হবে। বাংলার দামাল যুবকদের পুনর্গঠিত করতে হবে। ২৭শে মার্চ রায়ের বাজারের কর্মীদের কাছ থেকে আমরা বিদায় নিলাম। এই বিদায় ছিল মর্মস্পর্শী। তাজউদ্দিন ভাইকে আমি বলি, এখন পথই আমাদের ঠিকানা, পথই আমাদের সঠিক পথে পৌঁছে দেবে। বিদায়ের সময় রায়ের বাজারের একজন কর্মী জিজ্ঞাসা করেন আমাদের পরিবারের জন্য কিছু বলার আছে কিনা। আমরা দু'জনে দু'টুকরো কাগজ নিয়ে কিছু লিখে তাদের হাতে দিলাম। কর্মীরা পৌঁছে দেয়ার দায়িত্ব নিলেন। তাজউদ্দিন ভাইয়েরটা পৌঁছুল, আমারটা কর্মীরা পৌঁছাতে পারেনি। শুনেছি আমার বাড়ীওয়ালী কাউকে বাড়িতে ঢুকতে দেননি। আমার খোঁজে কেউ আসলে তাকে ভয় দেখাতেন।

পরবর্তীকালে দু'জনে আলাপ করে দেখেছি স্ত্রীর কাছে আমাদের দু'জনার লেখার মধ্যে আশ্চর্য রকমের মিল ছিল। আমাদের বক্তব্যের সারমর্ম ছিল আমরা এক অনিশ্চিত ভবিষ্যতের দিকে পা বাড়িয়েছি। কবে এর শেষ হবে জানি না। আট কোটি মানুষের সাথে মিশে যাও। যদি বেঁচে থাকি, তাহলে দেখা হবে।

আমরা আবার যাত্রা করি। তাজউদ্দিন আহমদের পায়ে কাপড়ের জুতা। হাঁটতে তার কষ্ট হচ্ছে। হাঁটতে হাঁটতে তার পায়ে ফোসকা পড়ে যায়। জুতা খুলে তিনি হাঁটতে থাকেন।

আমরা রায়ের বাজার থেকে নদী পার হয়ে নবাবগঞ্জ থানায় যাব। অগণিত লোক পার হয়ে যাচ্ছে। পার হয়ে হেঁটে চলেছি। ঢাকা থেকে ভাগ্যাহত মানুষ যাচ্ছে। চারিদিকে শুধু মানুষ আর মানুষ। পাক বাহিনীর বর্বর অত্যাচারে লোকজন ঢাকা ছেড়ে চলে যাচ্ছে। মানুষের মিছিলে সর্বশ্রেণীর মানুষ রয়েছে। এই মিছিলে আমরা মিশে গেছি। কেউ জানে না। আমরা কারা। শুধু জানি আমিও ওদের একজন। চলতে চলতে এক সময় হয়তো এক বৃদ্ধার মাথার পুঁটলিও নিজের তাতে নিয়েছি। কখনো বা কোন ছোট শিশুকে কোলে করে পার করে দিয়েছি।

আমাদের গতি দ্রুত। ক্ষুধা তৃষ্ণায় কাতর হাজার হাজার মানুষ উত্তপ্ত বালির ওপর দিয়ে চলেছে। রাস্তার দু'পাশে গ্রামের মানুষ মিছিলের মানুষকে উদার হস্তে খাওয়াচ্ছে, আশ্রয় দিচ্ছে। ডেকে ডেকে মানুষকে খাওয়াচ্ছে। আতিথেয়তার প্রতিযোগিতা ছিল প্রতিটি গৃহে। সেদিন বাংগালীর জন্য বাংগালীদের দরদ দেখেছিলাম, এতে আমি নিশ্চিন্ত হই যে বাংলার স্বাধীনতা কেউ ঠেকাতে পারবে না।

চলার পথে একজন সিপাই যুবকের সাথে কথা হলো। তার পরনে লুঙ্গি। ২৫শে মার্চ রাতে সে রাজারবাগ পুলিশ লাইনে ছিল। সে রাতে কিভাবে মৃত্যুর হাত থেকে বাঁচলো, কিভাবে তার সঙ্গী সাথীরা পাক বাহিনীর বর্বরতার শিকার হলো, এই ভয়াবহ কাহিনী তার মুখ থেকে শুনলাম। অন্য একজন শিপাই। সে মিটফোর্ড হাসপাতালে একজন রাজবন্দীর পাহারায় ছিল। অতি কষ্টে সে জীবন নিয়ে চলে এসেছে।

কাফেলাতে শুধু জীবন্ত মানুষ নয়, এখানে রয়েছে লাশ। কয়েক দিনের পুরোনো লাশও রয়েছে। প্রিয়জনের মৃতদেহ ওরা ঢাকা থেকে গ্রামের বাড়ীতে নিয়ে যাচ্ছে। পথে পথে অনেক জানাজা হতে দেখলাম। ঢাকাতে যারা শহীদ হয়েছে তাদের লাশ সারা দেশে ছড়িয়ে পড়ছে।

পথিমধ্যে তাজউদ্দিন ভাইকে অনেকে চিনে ফেলে। একজন আওয়ামী লীগ কর্মী আমাদের আপত্তি সত্ত্বেও এক প্রকার জোর করে তার বাড়ী নিয়ে গেলেন। তার জোর দাবী কিছু মুখে দিয়ে যেতে হবে।

আমরা ক্ষুধা তৃষ্ণা এক প্রকার ভুলে গেছি। চা ও বিস্কুট খেলাম। কিছু বিস্কুট পকেটে নিয়ে আবার পথ চলা শুরু করি।

যাবার আগে কর্মীদের উদ্দেশে বলে গেলাম, সংগ্রাম কমিটির আওতায় সব কিছু পরিচালনা করতে হবে। শত্রুদের ওপর কড়া নজর রাখতে হবে। শত্রুদের খবর পেলে আত্মরক্ষার ব্যবস্থা করতে হবে।

পথ চলতে চলতে এক সময় বেলা পড়ে গেল। সামনে নদী ।এই নদী পার হলে নবাবগঞ্জ থানা পার হয়ে আমরা দোহার থানায় যাব। খেয়া নৌকায় লোকজনকে পার করে দেয়া হচ্ছে। তবুও নদীর দু'ধারেই মানুষের ভিড়। তবে মানুষকে পার করে কেউ কোন পয়সা নিচ্ছে না। আশেপাশের মানুষ নিজেদের নৌকা দিয়ে ভাগ্যাহত জনতাকে পার করে দিচ্ছে। আমরাও অন্যান্য যাত্রীর সাথে একটি নৌকায় পার হই। নৌকাওয়ালা পয়সা নিতে রাজী হলো না।

ওপারে নেমেই দেখি একজন যুবক দাঁড়িয়ে। আমাদেরকে জড়িয়ে ধরল। সে যেন আনন্দে আত্মহারা। যুবক মোটর সাইকেল নিয়ে এসেছে। সে বলল, আপনাদের নেয়ার জন্যই আমরা এখানে অপেক্ষা করছি।

মোটর সাইকেলে দুইজনের বেশী ওঠা যায় না। প্রথমে তাজউদ্দিন ভাইকে নিয়ে গেল তার গ্রামে। আমি হাঁটতে থাকি। পরে আমাকেও নিয়ে গেল। সে গাঁয়ে আওয়ামী লীগের এক বিশিষ্ট নেতার বাড়ীতে আমাদের থাকার ব্যাবস্থা হলো। স্বাভাবিকভাবেই আমরা ক্ষুৎপিপাসায় কাতর। বাড়ীর সামনে পানি ভরা পুকুর। সন্ধ্যা হওয়া সত্ত্বেও দু'জনে গোছল করি। এরপর বৈঠকে বসি। ইতিমধ্যে এই বাড়ীতে অনেক লোক জমা হয়ে গেছে। স্থানীয় নেতা-কর্মীদের সাথে বিস্তারিত আলোচনা শেষে প্রয়োজনীয় নির্দেশ দেয়া হলো।

আহার শেষে দু'জন এক চৌকিতেই ঘুমাতে যাই। পরদিন ভোরে আমাদের যাওয়ার জন্য ২টি মোটর সাইকেলের ব্যবস্থা করা হয়। আমাদের অবস্থান থেকে পদ্মার দূরত্ব ৫০ মাইল। মোটর সাইকেলযোগে রওয়ানা হয়ে রোদ উঠতে না উঠতে আমরা সুবেদ আলী এম পি এ'র বাড়ীতে পৌঁছি। সুবেদ আলী টিপু ব্যারিষ্টারী পড়তে বিলেত গিয়েছিলেন। বিলেতে থাকাকালে তার সাথে আমার পরিচয়। তিনি একজন উৎসাহী দলীয় সদস্য।

এই বাড়ীতে আমরা আবার বৈঠকে বসি। সেখানে কৃষক নেতা জিতেন বাবুর সাথে দেখা হলো। তিনি ন্যাপ-এর সদস্য। ঘন্টাখানেক পরে আমরা আবার যাত্রা করি। কিছুক্ষণের মধ্যেই আমরা অপর একজন এম,পি এ আশরাফ চৌধুরীর বাড়ীতে পৌঁছে যাই। গৃহস্বামী মাত্র ১ ঘন্টা আগে বাড়ী পৌঁছেছেন। তিনি ২৫শে মার্চের কাল রাতে ঢাকায় ছিলেন। বিরাট দ্বিতল বাড়ী। পানি এসে স্নানের ব্যবস্থা করা হয়। এখানে কিছু খেয়ে আবার পথ চলা শুরু করি। পথ দেখাবার জন্য স্কুলের একজন বাঙ্গালী দফতরী আমাদের সাথে রয়েছেন। পদ্মার তীরে পৌঁছতে সন্ধ্যা হয়ে গেল। প্রমত্ত পদ্মার বুকে তখন প্রচণ্ড ঢেউ। কয়েকটি নৌকা তীরে বাঁধা রয়েছে। বহু অনুরোধ সত্ত্বেও কোন নৌকা আমাদের ওপারে নিয়ে যেতে সাহস পেল না। অগত্যা তীর থেকে আমরা আগারগাঁও নামক একটি গ্রামে ফিরে এলাম। আমাদের দলীয় একজন কর্মী-বন্ধুর বাড়িতে রাত্রি যাপন করি।

বাড়ীর লোকেরা তাঁতের কাজ করে খায়। স্নান করে খেতে যাব, হঠাৎ স্বাধীন বাংলা বেতারের আনুষ্ঠান কানে ভেসে আসলো। ঘোষক বেতারে বলছেন, বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণা করেছেন। অস্ত্রশস্ত্র নিয়ে চট্টগ্রামের লালদীঘি ময়দানে হাজির হতে বেতারে নির্দেশ দেয়া হলো। প্রথমে এদের নাম-ধাম কিছুই বুঝা গেল না। ঠাওর করে উঠতে পারলাম না, কারা কোত্থেকে এই বেতার চালাচ্ছে। পরে বেতারে মেজর জিয়ার কণ্ঠ শোনা গেল। তিনি বঙ্গবন্ধুর নেতৃত্বে স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার আহবান জানান।

মেজর জিয়ার আহবান বেসামরিক, সামরিক তথা বাংলার সর্বশ্রেণীর মানুষকে সংগ্রামে উজ্জীবিত করে। পরদিন এই বেতার থেকে টিক্কা খানের আহত হবার খবর শুনি। তাছাড়া মুক্তিযোদ্ধাদের বিজয়ের অনেক খবর প্রচার করা হয়।

আমরা দু'জন গভীরভাবে উপলব্ধি করলাম যে অবিলম্বে একটি সরকার গঠন করা প্রয়োজন। পরদিন ভোরবেলা আবার রওয়ানা হই। পদ্মা তখন শান্ত। মাঝ নদীতে চর পড়েছে। আমাদের তাই দুই অংশে পার হতে হবে। আমাদের সাথে আশরাফ আলী চৌধুরীর স্কুলের পিওন রয়েছে।

পদ্মার ঘাটে ছোট বড় অনেক নৌকা। অনেক নৌকা খুলনা বরিশালে ধান কাটতে যাচ্ছে। আমরা ভাবছি এবারে ফসল কেটে সব নৌকা কি ঘরে ফিরতে সমর্থ হবে? এমনিভাবে ভাবতে ভাবতেই নদী পার হওয়ার জন্য নৌকায় উঠছি। সাধারণ মানুষের সাথে কথা বলছি। সকলের মনেই ভীতির ভাব। এমন সময় আইডব্লিউটিএ'র একটি মোটর যান দেখা গেল শব্দ করে আমাদের দিকে আসছে। কেউ কেউ এটাকে পাক সামরিক বাহিনীর মোটর যান ভেবে আশংকা প্রকাশ করে। আমি বললাম, এত তাড়াতাড়ি ওরা ঢাকা ছেড়ে আসতে পারে না। মোটর যানটি কছে আসার পর দেখা গেল এতে কিছু সাধারণ যাত্রী রয়েছে। পরে শুনেছি, পাক বাহিনী যাতে ব্যবহার না করতে পারে এ জন্য শ্রমিকরা এই বোটগুলোকে নিয়ে এসেছিল।

আমরা নদীর ওপারের খবর জানি না। সেখানে একটি বাজার দেখা যাচ্ছে। একটি নৌকা করে আমরা নদীর ওপারে যাই। আর নদীর এপার থেকেই পথ দেখাতে আসা স্কুলের পিওনকে বিদায় করে দেই।

বাজারের পাশেই একটি মাঠ। মাঠে কেউ লাঙ্গল চালাচ্ছে কেউ বা অন্যান্য কাজ করছে। চারদিকে পরিস্থিতি স্বাভাবিক মনে হলো। এই অবস্থায় আমরা বাজারে গিয়ে পৌঁছি। বাজারে গিয়েই সেখানাকার সংগ্রাম পরিষদের কর্মীদের সাথে দেখা হলো।

আমরা এখান থেকে ফরিদপুর যাব। সেখান থেকে পায়ে হেঁটে ছাড়া অন্য কোন পথে যাওয়ার সুযোগ নেই। এমনকি পায়ে হাঁটা পথও ভাল নয়। খাল, বিল, নালা পেরিয়ে যেতে হবে। তবে ঘোড়ায় চড়ে যাওয়া যায়। অগত্যা আমরা দুটি ঘোড়াই ভাড়া নেই । এই বাজার থেকে ৭ মাইল দূরে ফরিদপুর শহর। ঘোড়ায় চড়ে শহরের এক প্রান্তে নামি। সেখান থেকে রিক্সাযোগে আওয়ামী লীগ নেতা ও এম,পি ইমামউদ্দিনের বাড়িতে উপস্থিত হই। বাড়ীতে পা দিয়েই বুঝলাম লোকজন বেশ শংকিত। গত রাতে শহর থেকে লোকজন গ্রামে চলে গেছে। ঢাকা থেকে লোকজন এসে সেখানকার ভায়াবহ পরিস্থিতির কথা বর্ণনা দিয়েছে। ঢাকার মর্মান্তিক হত্যাযজ্ঞের কথা শুনেই লোকজন রাতের বেলা শহর থেকে চলে যায়।

ইমামউদ্দিনের স্ত্রী খুবই সাহসী মহিলা। বাড়ীতে তিনি একা। ইমামউদ্দিন বাড়ীতে নেই, তিনি সংগ্রাম পরিষদের নেতা-কর্মীদের নিয়ে আশেপাশের পুলিশ ও বি ডি আর-এর সাথে যোগাযোগ রক্ষা করছেন। স্ত্রীর কাছ থেকে খবর পেয়ে ইমাম সাহেব বাড়ী আসেন। তাড়াতাড়ি ডালভাত রান্না হলো। শহরের লোক আশংকা করছে এখানে যশোরের পাক সৈন্যরা যে কোন সময় হামলা করতে পারে।

আমরা সবে মাত্র খেতে বসেছি। এমন সময় খবর এলো পাক সৈন্য এদিকে আসছে। কোন দিক দিয়ে আসছে সে সময় তা বুঝা গেল না। চারদিক লোকজন ছুটোছুটি করছে প্রাণ ভয়ে। মনে মনে ঠিক করলাম এখান থেকে মাগুরার পথে রওয়ানা হবো। সেখান থেকে যশোর সেনানিবাস ও আশেপাশের খবর পাওয়া যাবে।

স্থানীয় নেতাকর্মীদের সাথে আলোচনা শেষে আমরা ফরিদপুর ত্যাগ করি। রাস্তার বিভিন্ন অংশ কেটে দেয়া হয়েছে পাক সৈন্যর গতি রোধ করার জন্য। একটা রিক্সাযোগে আমরা কামারখালীর পথে চলেছি। কোথাও কোথাও নিজেরা রিক্সা পার করেছি। এমন সময় ফরিদপুরের দিকে একটি জীপ আসতে দেখি। জীপটি কার তা দেখার জন্য আমরা রাস্তার আড়ালে চলে যাই। কিছুক্ষণ পর বুঝলাম জীপটিতে অসামরিক লোক রয়েছে। জীপে চালকের সাদা পোশাক পরিহিত একজন ভদ্রলোক বসা। রাস্তায় এসে জীপটি নামাবার ইঙ্গিত দেই। পরিচয় নিয়ে জানলাম তিনি রাজবাড়ীর মহকুমা প্রশাসক। নাম শাহ ফরিদ। তাঁর কাছে টুকরো টুকরো খবর পেলাম।

শাহ ফরিদ মেহেরপুর গিয়েছিলেন। সেখান থেকে তিনি চুয়াডঙ্গার সাথে যোগযোগ করেছেন। তিনি জানান, মেহেরপুরের মহকুমা প্রশাসক তওফিক ইলাহী চুয়াডাঙ্গার পুলিশ ও বি ডি আর এর সাথে যোগাযোগ করে পাক বাহিনীর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেছেন। ঝিনাদহ, যশোর, রাজবাড়ী ও কুষ্টিয়ার জনগণ পাক

সৈন্যের বিরুদ্ধে অবরোধ সৃষ্টি করছে। সেখানে চলছে যুদ্ধের প্রস্তুতি। এসব খবর শুনে আমরা দু'জন আশান্বিত হই।

শাহ ফরিদ আমাকে চিনল কিনা বুঝলাম না। ঢাকার পরিস্থিতি তাকে জানাই। আমি বললাম, আমরা আওয়ামী লীগ হাই কম্যান্ডের পক্ষ থেকে এই এলাকার পরিস্থিতি সরেজমিনে দেখতে এসেছি। পরে শাহ ফরিদ পাক বাহিনীর হাতে ধরা পড়েন।

রাজবাড়ী ও ফরিদপুরের পুলিশ ও বিডিআরদের কুষ্টিয়ার মুক্তিসংগ্রামীদের সাথে মিলিত হবার কথা ছিল। কিন্তু শেষ পর্যন্ত তা আর হয়ে ওঠেনি। আরো কিছুক্ষণ এগিয়ে রিক্সা ছেড়ে দেই। স্থানীয় একটি বাসে অন্যান্য কয়েকজন যাত্রীর সাথে আমরাও উঠি। কিছুদূর যেয়ে বাসটি আর যেতে পরলো না। এখন আমার সাথে অনেক যাত্রী। কামারখালী পৌঁছতে সন্ধ্যা হয়ে গেলো।

সামনে নদী পার হতে হবে। একটি মাত্র খেয়া নৌকা। যাত্রী বেশি। নদীর স্রোত অত্যন্ত প্রবল। নৌকা প্রায় ডুবে যাওয়ার অবস্থা। অনেক কষ্টে নদী পার হলাম। আকাশে চাঁদ ঝলমল করছে। হাঁটতে আমাদের বেশ সুবিধা হলো। এখান থেকে মাগুরা ৮ মাইল। আমাদের সাথে আরো অনেকে রয়েছে। তারা ঢাকা থেকে এসেছে। এদের মধ্যে কিছু ছাত্র-যুবকও রয়েছে। আমরা এদের মধ্যে অচেনা রয়ে গেছি, যেমনি ছিলাম সারা পথে। ঘনিষ্ঠ কর্মী ছাড়া কারো কাছে নিজেদের পরিচয় দেইনি।

সন্ধ্যাবেলা কামারখালী ঘাটে রেডিও শুনি। রেডিওর কাছে বহু লোক ভিড় করে। বেতারে টুকরো টুকরো খবর প্রচার করা হয়। 'মুক্তিবাহিনীর গুলিতে টিক্কা খান আহত,' পাক বাহিনী পালিয়ে যাচ্ছে ইত্যাদি। বেতারে সকলকে সতর্ক থাকার আহবান জানানো হয়।

সবশেষে একটা কথা বলা প্রয়োজন মনে করি। অনেককেই মন্তব্য করতে শুনি যে, যারা মুজিবনগরে গিয়ে সরকারের চাকুরীতে নিয়োগ লাভ করেছেন তারা মহাসুখে দিন কাটিয়েছেন। কথাগুলি মোটেই সঠিক নয়। তাদের অধিকাংশই নিদারুণ দুঃখ-দুর্দশার মধ্যে দিন কাটিয়েছেন। তাদের না ছিল সুস্থ থাকার পরিবেশ, না ছিল আর্থিক সংগতি। মন্ত্রী থেকে প্রথম শ্রেণীর অফিসার পর্যন্ত সবাইকে দেয়া হোত সর্বমোট ৫০০/- টাকা, মাসিক এলাউন্স হিসেবে। তাই দিয়ে অফিসারগণ কোন মতে তাদের পরিবারসহ থাকা-খাওয়ার ব্যবস্থা করে নিতেন। মন্ত্রীবর্গ ও অস্থায়ী রাষ্ট্রপতির জন্য অবশ্য থাকা-খাওয়ার অন্য ব্যবস্থা ছিল। সবার সঠিক খবর বলা কঠিন। তবে একান্ত ব্যক্তিগত হলেও আমি বলতে চাই বাংলাদেশের রিলিফ কমিশনার হিসেবে নিয়োজিত থাকাকালীন আমি আমার এক পুত্র সমেত ৯৩/১এ বৈঠকখানা রোডে এক মেসে এক সিটে থাকতাম। মাসিক ভাড়া ৮ টাকা। কোনমতে কলকাতার মত স্থানে নিজেকে চালিয়ে বাকী টাকা পরিবারের জন্য পাঠাতে হতো। কষ্ট করেছি কম নয়। তবু এ কথা বলব, আমরা অনেকের চেয়েই ভালো ছিলাম। আমাদের মনে বুকভরা আনন্দ ছিল। দেশকে স্বাধীন করবো। স্বাধীনতা যুদ্ধে সক্রিয়ভাবে আত্মনিয়োগ করবার সুযোগ কজনের ভাগ্যে জোটে। তাই আমরা ধন্য।

জয় গোবিন্দ ভৌমিক
জুন, ১৯৮৪।

দেওয়ান ফরিদ গাজী

৭ই মার্চ থেকে এপ্রিলের ২৮ তারিখ পর্যন্ত আমি সিলেটের বিভিন্ন স্থানে সংগ্রাম পরিষদ গঠন, স্বেচ্ছাসেবক, আনসার, সাবেক ই, পি, আর, পুলিশ, ছাত্রকর্মীদের সহযোগে সিলেটের বিভিন্ন স্থানে প্রতিরোধ গড়ে তোলার ব্যবস্থা করি। সিলেট শহর, গোপালগঞ্জ, মৌলভীবাজার, শেরপুর প্রমুখ স্থানে প্রতিরোধ যুদ্ধ পরিচালনায় সক্রিয় অংশ নেই। মেঘালয়ের করিমগঞ্জে অবস্থানকালে আমি প্রায় ৩ হাজার মুক্তিযোদ্ধা সংগঠন করে তাদের থাকা-খাওয়া ও ট্রেনিং এর ব্যবস্থা করি। আমি বাংলাদেশ সরকারের বেসরকারী উপদেষ্টা হিসেবে কাজ করি। যুদ্ধ পরিচালনা এবং জনমত সৃষ্টি প্রভৃতি দায়িত্বও পালন করি। উত্তর-পূর্ব জোনের প্রশাসনিক পরিষদের প্রধান হিসেবেও দায়িত্ব পালন করি। মিত্রবাহিনির সহযোগে যুদ্ধের শেষ পর্যায়ে জাকিরগঞ্জ, খামাইঘাট, গোয়াইনঘাট,

জৈন্তাপুর, বিয়ানীবাজার প্রভৃতি স্থানসমূহে একের পর এক দখল করে আমরা দখলকৃত বাংলাদেশে প্রবেশ করি এবং প্রতিটি জায়গায় বেসামরিক প্রশাসন গঠন করি।

গোয়াইনঘাট এবং জৈন্তাপুর এলাকা খান সেনারা সম্পূর্ণরূপে বিধ্বস্ত করে এবং সদর থানার উত্তরাঞ্চলও বিশেষ করে ক্ষতিগ্রস্থ হয়। ২৬শে মার্চ খান সেনারা সিলেট শহরে ত্রিশজনেরও অধিক লোককে হত্যা করে। এদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে কুতুবউদ্দিন, আবদুল মুসাবিবর, পঞ্চা বাবু ও পাচু সেন। নয় মাসের উল্লেখযোগ্য ঘটনা হলো শেরপুরের যুদ্ধে ক্যাপ্টেন আজিজের সাহসিকতা। এই যুদ্ধে ক্যাপ্টেন আজিজ মাত্র কয়েকজন সৈন্য নিয়ে খান সেনাদের একটি বিরাট বাহিনীর সংগে দীর্ঘ সাত দিন ধরে প্রাণপণে যুদ্ধ করেন।

দেওয়ান ফরিদ গাজী
গণপরিষদ সদস্য
(সাবেক এম, এস, এ,সিলেট-৮)
২৪ জুন, ১৯৭৩।

দেবব্রত দত্ত গুপ্ত

১৯৭১ সনের ২৩শে মার্চ পর্যন্ত আমি নোয়াখালীর চৌমুহনী কলেজে অধ্যাপনা করেছি্ ২৩ শে মার্চ সন্ধ্যায় আমি তৎকালীন কিছু স্বাধীনতা সংগ্রাম ও রাজনৈতিক নেতৃবৃন্দের কাছ হতে জরুরী নির্দেশ পেয়ে কুমিল্লা শহরে চলে আসি এবং ২৫শে মার্চ স্বাধীনতা সংগ্রাম শুরু হওয়ার অব্যবহিত পরেই, শহর ছেড়ে কুমিল্লার মুরাদনগর থানার চুড়লিয়া গ্রামে চলে যাই। গ্রামে স্বাধীনতার স্বপক্ষে জনমত গঠন ও অন্যান্য প্রাসঙ্গিক কাজ শেষ করে ১৫ই এপ্রিল '৭১ কুমিল্লার গ্রামাঞ্চলের বেশ কিছুসংখ্যক যুবক ও রাজনৈতিক নেতৃবৃন্দসহ বুড়িচং থানার নাইঘর নয়নপুর হয়ে ভারতের ত্রিপুরা রাজ্যের বক্সনগরে গিয়ে পৌঁছি। তারপর বক্সনগর হতে সোনামুড়া হয়ে ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলাতে যাই এবং সেখানে যুদ্ধকালীন বাংলাদেশ মিশন ও প্রশাসনিক দপ্তরের সাথে যোগাযোগ করি। সে সময় বাংলাদেশ সরকারের পূর্বাঞ্চলীয় বেসামরিক প্রশাসনিক দপ্তর ছিল আগরতলা কৃষ্ণনগর এলাকায় কয়েকটি বাড়ীতে। অবশ্য রাজনৈতিক নেতৃবৃন্দের একটি উল্লেখযোগ্য অংশ তখন আগরতলা শহরের 'কুঞ্জবন' এলাকায় এবং ছাত্র নেতৃবৃন্দের অধিকাংশই অবস্থান করতেন আগরতলার গোলবাজারের ''শ্রীধর ভিলায়''।

যেহেতু আমি অধ্যাপনা জীবনে বাংলাদেশের ভাষা-সংস্কৃতি, জাতীয়তাবাদ ও স্বাধীনতা আন্দোলনের সাথে বিভিন্নভাবে জড়িত ছিলাম সুতরাং তৎকালীন স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণকারী রাজনৈতিক ও অন্যান্য পর্যায়ের নেতৃবৃন্দ আমাকে ডঃ হাবিবুর রহমানসহ পূর্বাঞ্চলের যুব প্রশিক্ষণ, সমন্বয় সাধন এবং পরিচালনার দায়িত্বের সাথে জড়িত থাকতে অনুরোধ করেন। আমিও এই ধরনের একটি পবিত্র সুযোগের সন্ধানেই অধীর আগ্রহে অপেক্ষা করছিলাম। সুতরাং সুযোগ যখন এল, তখন এক মুহূর্তও বিলম্ব না করে সানন্দে কাজে ঝাঁপিয়ে পড়লুম। সময়টা ছিল তখন ১৫ই মে, ১৯৭১ইং।

১৯৭১ সনের মার্চ মাসে, দেশের ভিতরে স্বাধীনতা সংগ্রাম তীব্র হওয়ার সাথে সাথে বাংলাদেশের ছাত্র, শিক্ষক, যুবক, কৃষক, রাজনৈতিক নেতা ও কর্মীসহ সমাজের বিভিন্ন স্তরের আবাল বৃদ্ধ বনিতা নির্বিশেষে, হাজার হাজার মানুষ স্বাধীনতা সংগ্রামে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করার উদ্দেশ্যে এবং বেঁচে থাকার তাগিদে, সীমান্ত অতিক্রম করে দেশের বিভিন্ন প্রত্যন্ত অঞ্চল দিয়ে, ভারতের ত্রিপুরা রাজ্যে প্রবেশ করতে আরম্ভ করে। বাংলাদেশের মানচিত্রের দিকে তাকালে এটা অত্যন্ত সুস্পষ্টভাবে অনুধাবন করা যায় যে, ভৌগলিক দিক দিয়ে ত্রিপুরা রাজ্য ও বাংলাদেশের সীমান্তের অবস্থান অত্যন্ত সন্নিকটবর্তী এবং সহজগম্য। ফলে মুক্তিযোদ্ধা ও

শরণার্থীগণ তুলনামূলকভাবে অন্যান্য অঞ্চল হতে এই অঞ্চল দিয়ে অতি সহজেই স্বাধীনতার জন্য বাংলাদেশের সীমান্তবর্তী বিভিন্ন বনাঞ্চলে এবং গ্রামে, আশ্রয় নিতে আরম্ভ করে। প্রসঙ্গক্রমে এখানে উল্লেখযোগ্য যে, ত্রিপুরা রাজ্যের ভৌগলিক অবস্থান, রাস্তা-ঘাটের দুর্গমতা এবং অন্যান্য প্রাকৃতিক সুযোগ-সুবিধা মুক্তিযোদ্ধা এবং শরণার্থীদেরকে উল্লেখযোগ্য সংখ্যায় এই অঞ্চলে আগমন করতে উৎসাহিত করেছিল। তাই যুদ্ধ আরম্ভ হবার অব্যবহতি পরে অর্থাৎ ১৯৭১ সনের এপ্রিল মাসের মাঝামাঝি সময় হতেই পূর্বাঞ্চলীয় বাংলাদেশ সরকার এবং তৎকালীন লিবারেশন কাউন্সিল ভারত সরকারের প্রশাসনিক কর্তৃপক্ষের সাথে আলাপ-আলোচনা করে শরণার্থীদের জন্য আশ্রয় শিবির স্থাপন করার সাথে সাথে বাংলাদেশের ভেতর হতে আগত বিভিন্ন পর্যায়ের অস্ত্র প্রশিক্ষণার্থী লক্ষ লক্ষ যুবকের জন্য ত্রিপুরা রাজ্যের বিভিন্ন অঞ্চলে প্রয়োজনীয় সংখ্যক যুবক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করে। এই সময় মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করতে ইচ্ছুক যুবকের জন্য ৩ ধরনের প্রশিক্ষণ ক্যাম্প ত্রিপুরা রাজ্যের বিভিন্ন অঞ্চলে স্থাপন করা হয়েছিল। প্রশিক্ষণ কেন্দ্রগুলোর নাম নিম্নে উল্লেখ করা হলঃ

১। অভ্যর্থনা কেন্দ্র (Reception Camp)

২। যুব প্রশিক্ষণ কেন্দ্র (Youth Training Camp)

৩। সামরিক প্রশিক্ষণ কেন্দ্র (Army Training Camp)

মুক্তিযুদ্ধে অংশগ্রহণে ইচ্ছুক এবং প্রশিক্ষণার্থী বিভিন্ন শ্রেণীর যুবকদের মধ্যে যে সব যুবক সামরিক প্রশিক্ষণ গ্রহণের যোগ্যতা অর্জন করেনি বা সামরিক প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুকও নয়, সে সব যুবককে উপযুক্ত ও প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে, যুদ্ধ চলাকালে এবং পরবর্তীকালে যুদ্ধে ধবংসপ্রাপ্ত দেশ গড়ার সৈনিকরূপে 'ভিত্তি ফৌজ' হিসেবে গড়ে তোলার উদ্দেশ্যে, একটি স্কীম প্রণয়নের দায়িত্ব তৎকালীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ থেকে নিম্নে উল্লেখিত ব্যক্তিদের ওপর ন্যস্ত করা হয়েছিলঃ

জনাব ড. হাবিবুর রহমান ওরফে ড. আবু ইউসুফ, জনাব মাহবুব আলম, জনাব তাহের উদ্দীন ঠাকুর, অধ্যাপক দেবব্রত দত্ত গুপ্ত।

উপরোক্ত এই কমিটির আহ্বায়ক হিসেবে কাজ করেছেন ড. হাবিবুর রহমান। ড. রহমান স্বাধীনতা পূর্ববর্তীকালে তিতাস গ্যাসের জেনারেল ম্যানেজার ছিলেন। পরবর্তীকালে তিনি বাংলাদেশ সরকারের গ্যাস, অয়েল ও মিনারেল রিসোর্সের ১৯৭৫ সন পর্যন্ত চেয়ারম্যান এবং সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব মাহবুব আলম যুদ্ধের সময় পররাষ্ট্র সচিব এবং পরবর্তীকালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিশেষ সচিব, স্বনির্ভর হিসেবে দায়িত্ব পালন করেছেন। জনাব ঠাকুর যুদ্ধের সময় এম, এন, এ এবং পররাষ্ট্র দপ্তরের একজন পরিচালক ছিলেন। দেশ স্বাধীন হবার পর তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও বেতার দপ্তরের প্রতিমন্ত্রী হিসেবে কাজ করেছেন।

যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে পরিচালনার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (মুজিব নগর) একটি 'ইয়থ ট্রেনিং কন্টোল বোর্ড' গঠন করেছিলেন। অধ্যাপক ইউসুফ আলী এই বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন। এই বোর্ডের তত্ত্বাবধানে মুজিবনগর, পূর্বাঞ্চল (ত্রিপুরা রাজ্যকেন্দ্রিক) ও পশ্চিমাঞ্চলের (পশ্চিম বঙ্গকেন্দ্রিক) এই দুইটি ইয়থ ক্যাম্প ডাইরেকটরেট গঠন করা হয়েছিল। তবে, এই সময়ের মধ্যে পশ্চিমাঞ্চলের যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলো বিভিন্ন কারণে তেমন 'শক্ত' এবং 'মজবুত' হয়ে গড়ে উঠতে পারেনি। পশ্চিম অঞ্চলের যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন জনাব আহমদ রেজা।

ইয়থ ট্রেনিং ক্যাম্পগুলোর দৈনন্দিন কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত পদগুলো সৃষ্টি করা হয়েছিলঃ

---

* ডঃ হাবিবুর রহমান, যুদ্ধের সময় ডঃ আবু ইউসুফ, এই ছদ্মনাম ব্যবহার করতেন।

ক্যাম্প প্রধান (১) উপ-ক্যাম্প প্রধান (১); ক্যাম্প তত্ত্বাবধায়ক (২); ছাত্র প্রতিনিধি (২); স্বাস্থ্য অফিসার (২); পলিটেকিলে মটিভেটর (৪); ফিজিকেল ইনস্ট্রাকটর (৪)।

তাছাড়া প্রাথমিক পর্যায়ে ইয়থ ক্যাম্প ডাইরেকটরেট যে সব ব্যক্তিকে নিয়ে গঠন করা হয়েছিল, তাঁদের নামও এখানে উল্লেখ করা হলঃ

সর্বজনাব মাহবুব আলম, প্রকল্প সমন্বয়কারী; ড. হাবিবুর রহমান, পরিচালক (প্রশিক্ষণ); অধ্যাপক নূরুল ইসলাম চৌধুরী, এম, এন, এ; জনাব মুজাফফর আহমদ, এম,পি,এ; জনাব খারেদ মুহম্মদ আলী, এম, এন, এ; জনাব বজলুর রহমান, রাজনৈতিক নেতা; অধ্যাপক দেবব্রত দত্ত গুপ্ত, উপ-পরিচালক এবং প্রশিক্ষণ সমন্বয়কারী; জনাব মোশারফ হোসেন, হিসাব রক্ষণ অফিসার।

প্রসঙ্গক্রমে উল্লেখযোগ্য যে, উপরোক্ত কার্যক্রম, পরিচালনা ব্যবস্থা ও আনুষঙ্গিক নীতি-পদ্ধতির মধ্যে পরবর্তীকালে কিছুটা পরিবর্তন এবং পরিবর্ধন করা হয়েছিল। কিন্তু সে সব পরিবর্তন তেমন উল্লেখযোগ্য নয় বলে এখানে উল্লেখ করা হল না।

১। অভ্যর্থনা কেন্দ্র (Reception Camp)

স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ করার জন্যে বিভিন্ন নদী, নালা, খাল-বিলসহ দুর্গম রাস্তা-ঘাট পায়ে হেঁটে ও নৌকাযোগে অতিক্রম করে ক্লান্ত, শ্রান্ত ও অবসন্ন অবস্থায় যখন হাজার হাজার যুবক ত্রিপুরা রাজ্যে প্রবেশ করত, তখন এই সমস্ত রিসিপশন ক্যাম্পের মধ্যে যুবকদেরকে ৭ দিনের জন্য ধরে রাখার ব্যবস্থা করা হত। এই সময় যুবকেরা বিশ্রাম, খাওয়া, সাধারণ পোশাক, চিকিৎসা ও নিরাপত্তার সুযোগ লাভ করত। এইসব ক্যাম্পের পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও অন্যান্য ব্যবস্থাপনার সার্বিক দায়-দায়িত্ব সাধারণত বাংলাদেশ ও ভারত সরকারের প্রতিনিধিদের ওপরই ন্যস্ত ছিল। তবে, অধিকাংশ দেশেই বাংলাদেশের পক্ষ হতে একজন এম,পি-এ/এম,এন,এ-কে, ক্যাম্প প্রধান/উপ-প্রধান হিসেবে দায়িত্ব দেয়া হত।

২। যুব প্রশিক্ষণ কেন্দ্র (Youth Training Camp)

অভ্যর্থনা কেন্দ্রগুলোতে ৭ দিনের বিশ্রাম, খাওয়া ও চিকিৎসার পর একটি সুনির্দিষ্ট প্রোফরমার মাধ্যমে স্বাধীনতা সংগ্রামে যোগদানে ইচ্ছুক যুবকদেরকে ৪৫ দিনের প্রশিক্ষণের জন্য বাছাই করে, যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে সাধারণত তিন ধরনের প্রশিক্ষণ দেয়া হতো। এই প্রশিক্ষণ কোর্সগুলো নিম্নরূপ ছিলঃ

ক। পলিটিকেল মটিভেশন (Political Motivation)

এই ধরনের প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল, যুদ্ধে অংশগ্রহণের ইচ্ছুক যুবকদেরকে রাজনৈতিকভাবে সচেতন করে তোলা এবং বাঙালী জাতীয়তাবাদ, বাঙালী সংস্কৃতি ও বাংলাদেশের স্বাধীনতার গুরুত্ব ও প্রয়োজনীয়তা ইত্যাদি সম্পর্কে উদ্বুদ্ধ করা।

খ। উৎপাদন ও উন্নয়নমূলক কাজের প্রশিক্ষণ (Base work Training)

এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল, স্থানীয় সম্পদ, শক্তি ও সংগঠনের মাধ্যমে বাংলাদেশের গ্রামীণ অর্থনীতি ও সমাজ ব্যবস্থাপনাসহ উৎপাদন এবং উন্নয়নমূলক কর্মকান্ডে দেশের যুবশক্তি কি ভূমিকা পালন করতে পারে, সে সম্পর্কে প্রশিক্ষণ দান করা। তাছাড়া, এই স্বাধীনতা সংগ্রাম যদি দীর্ঘস্থায়ী হয়, তবে যাতে বাঙালী একটি জাতি হিসেবে টিকে থাকার জন্যে নিজস্ব সম্পদ, শক্তি, যোগ্যতা, অভিজ্ঞতা, নেতৃত্ব, কর্মপ্রচেষ্টা ও কঠোর শ্রমের দ্বারা আপাতত শহুরে অর্থনীতিকে বাদ দিয়ে (যেহেতু শহরগুলো শত্রুদের দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছিল) নিজেরাই

নিজেদের পায়ে দাঁড়িয়ে স্বাবলম্বী হয়ে বেঁচে থাকার দীর্ঘস্থায়ী সংগ্রামে উপযুক্ত করে নিজেদেরকে গড়ে তুলতে সক্ষম হয়, সে সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়াও এই ব্যবস্থার অন্যতম উদ্দেশ্য ছিল।

গ। হালকা অস্ত্রের প্রশিক্ষণ (Light Arms Training)

এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল, এই প্রশিক্ষণার্থী যুবকদেরকে পি,টি,করানো, 'গ্রেনেড' নিক্ষেপ, দেশের ভিতরে শত্রুদের যাতায়াতে বিঘ্ন সৃষ্টি করার জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে 'মাইন' পোঁতা, মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী 'গেরিলা'সহ বিভিন্ন পর্যায়ের সংগ্রামী যুবক, সৈনিক, পুলিশ, আসনার ও অন্যান্য পর্যায়ের লোকদের সাথে গোপন এবং প্রয়োজনীয় যোগাযোগসহ তত্ত্ব এবং তথ্য সরবরাহের কাজে (রেকি এবং ওপি করা) সহযোগিতা করা ইত্যাদি।

প্রসঙ্গক্রমে উল্লেখযোগ্য যে, আমাদের স্বাধীনতা সংগ্রাম ছিল একটা জনযুদ্ধ। সুতরাং এই জনযুদ্ধের প্রধান শক্তির উৎস ছিল দেশের আপামর সাধারণ মানুষ। যেহেতু আমাদের স্বাধীনতা সংগ্রামের প্রাথমিক পর্যায়ে আমরা বিভিন্ন কারণে গেরিলা পদ্ধতির যুদ্ধকেই বেছে নিয়েছিলাম সুতরাং এই যুদ্ধে দেশের জনগণের সক্রিয় সহযোগিতা ছাড়া জয়লাভ করা কোন অবস্থাতেই সম্ভবপর ছিল না। কারণ, জনতা হলো 'পানি' এবং গেরিলারা হলো 'মাছ'। সুতরাং পানি দূষিত হলে যেমন মাছ বেঁচে থাকতে পারে না, তেমনি জনতার সহযোগিতা না পেলেও 'গেরিলা' পদ্ধতির জনযুদ্ধ কোনো অবস্থাতেই সাফল্যমণ্ডিত হয় না। আমাদের পরম সৌভাগ্য এই যে, মুক্তিযুদ্ধ চলাকালে দেশের সাধারণ মানুষ, যে কোন মূল্যের বিনিময়ে নিজেদের গেরিলারূপী দামাল ছেলেদেরকে আশ্রয়, প্রশ্রয়, খাদ্য ও বিভিন্নমুখী সহযোগিতা প্রদান করতে কখনো কুণ্ঠাবোধ করেনি। সুতরাং দেশের স্বাধীনতা যুদ্ধের সবচেয়ে বড় শক্তি ও সম্পদ ছিল এই দেশের সাধারণ মানুষ।

ভিত্তি ফৌজ (V.F.) এবং যুব প্রশিক্ষণ

দেশের স্বাধীনতা সংগ্রামের সময়, দেশের ভিতর হতে লক্ষ লক্ষ ছাত্র যুবক ও কৃষকেরা যখন প্রয়োজনীয় অস্ত্র প্রশিক্ষণ গ্রহণ এবং দেশের স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করার জন্য সীমান্ত অতিক্রম করে বিভিন্ন প্রশিক্ষণ শিবিরগুলোতে উপস্থিত হচ্ছিল, তখন বিভিন্ন যুক্তিসঙ্গত কারণেই শিবিরে অবস্থানকারী সব শ্রেণীর লোকদেরকে অস্ত্র প্রশিক্ষণ দেয়া সম্ভবপর ছিল না। তাছাড়া বিদেশে থেকে যেমন এক বিপুলসংখ্যক অস্ত্র প্রার্থীর জন্য তাদের ইচ্ছানুযায়ী প্রয়োজনীয় অস্ত্র সংগ্রহ করা দুঃসাধ্য ছিল, তেমনি Arms without command and control-অত্যন্ত বিপজ্জনক পরিস্থিতি এবং ঘটনার সৃষ্টি করতে পারে, এইসব ধারণায় ভাবান্বিত হয়ে সবাইকে 'অস্ত্র' প্রশিক্ষণ না দেবারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল।

প্রসঙ্গক্রমে উল্লেখযোগ্য যে, যেহেতু আমাদের স্বাধীনতা সংগ্রাম প্রাথমিক পর্যায়ে গেরিলা পদ্ধতির ছিল সুতরাং কোন অবস্থাতেই Conventional Army-র সাথে সরাসরি মোকাবেলা করা যুদ্ধ-বিজ্ঞান সম্মত হতো না। দ্বিতীয়ত, একটি যুবককে হালকা (লাইট) এবং মাঝারি ধরনের অস্ত্র পরিচালনায় প্রশিক্ষণ দিয়ে দক্ষ করতে হলেও কমপক্ষে ৬ মাস সময়ের প্রয়োজন। কিন্তু তৎকালীন পরিবেশ এবং পরিস্থিতি অনুযায়ী, সব যুবককে অস্ত্র প্রশিক্ষণের জন্য এত সময় দেয়অ আমাদের পক্ষে কোনো অবস্থাতেই সম্ভবপর ছিল না। তাছাড়া এখানে উল্লেখিত এইসব সমস্যা ব্যতীত তৎকালে অন্যান্য বহুবিধ রাজনৈতিক, প্রশাসনিক, প্রাতিষ্ঠানিক ও আদর্শগত সমস্যা এবং কারণ ছিল, যার জন্যও প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে অবস্থানকারী সব মানুষকে 'অস্ত্র' প্রশিক্ষণে প্রশিক্ষিত করা তৎকালীন নেতৃবৃন্দ এবং কর্মকর্তাগণ প্রয়োজন মনে করেননি। সুতরাং 'অভ্যর্থনা শিবির' হতে যে সমস্ত যুবককে ৪৫ দিনের প্রশিক্ষণের জন্য যুব প্রশিক্ষণ কেন্দ্রে রিক্রুট করা হত, সে সব যুবকের মাঝ থেকে একমাত্র তাদেরকেই 'সামরিক' প্রশিক্ষণের জন্য ভারতের বিভিন্ন সামরিক প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করা হতো যাদের শিক্ষাসহ শারীরিক, মানসিক ও প্রয়োজনীয় রাজনৈতিক যোগ্যতা ছিল। এই পদ্ধতি ও ব্যবস্থার ফলে যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোর যে হাজার হাজার যুবকদের সরাসরি সামরিক প্রশিক্ষণ দেয়া সম্ভব হতো না, সে সব

যুবকদের ওপরে উল্লেখিত প্রক্রিয়ায় প্রশিক্ষণ দিয়ে 'ভিত্তি ফৌজ' (সামরিক ও অর্থনৈতিক) হিসেবে গড়ে তোলার চেষ্টা করা হত। এখানে 'ভিত্তি' বলতে মাটিকে এবং 'ফৌজ' বলতে সামাজিক চেতনাসম্পন্ন এবং তৎকালে ভিত্তি ফৌজকে দেশের ভিতরে ও বাহিরে স্বচ্ছন্দে চলাফেরা করার জন্য যে আইডেন্টিটি কার্ড দেয়া হত, তার একটি নমুনা নিম্নে উল্লেখ করা হল।

বিপদ আশংকায় নষ্ট কর
বাংলাদেশ ভিত্তি-ফৌজ বাহিনীর নির্দেশ পত্র

এতদ্বারা জানান যাইতেছে যে, নাম ..... বয়স ..... পিতা ..... গ্রাম ..... থানা ..... জিলা ..... কে বাংলাদেশ ভিত্তি-ফৌজ বাহিনীর ..... নং স্বেচ্ছাসেবক কর্মী হিসেবে গ্রহণ করা হইল।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অপর নির্দ্দেশ অনুসারে বাংলাদেশের গ্রামে গ্রামে স্বাবলম্বী-কর্মশৃঙ্খলার ভিত্তিতে এবং পঞ্চায়েতী শাসনের মাধ্যমে মুক্তিকামী জীবন যাপন (ও) সমাজ শৃঙ্খলার দূর্গ গঠনের প্রশিক্ষণ নির্দ্দেশ এই কর্মীকে দেওয়া হইল।

মোহর

বাংলাদেশ মুক্তি পরিষদের পক্ষ হইতে
স্বাক্ষর .....
তারিখ .....

যুব অভ্যর্থনা ও প্রশিক্ষণ কেন্দ্রগুলোর নাম ও স্থান

	প্রশিক্ষণ কেন্দ্রগুলোর নাম	স্থান
১)	ইছামতি ওয়াই/টি	দুর্গা চৌধুরী পাড়া অঞ্চল
২)	একীনপুর ওয়াই/টি	ঐ
৩)	বিলুনিয়া ওয়াই/টি	বিলুনিয়া মহকুমা
৪)	সাররুম ওয়াই/টি	সাররুম
৫)	সোনার বাংলা ওয়াই/টি	হাঁপানিয়া
৬)	মড়াটিলা ওয়াই/টি	ঐ
৭)	মাছিমা ওয়াই/টি	সোনামুড়া মহকুমা
৮)	বঙ্গবন্ধু ওয়াই/টি	হাঁপানিয়া
৯)	কাঁঠালিয়া ওয়াই/টি	সোনামুড়া মহকুমা
১০)	বঙ্গশার্দ্দুল ওয়াই/টি	হাঁপানিয়া
১১)	কৈশাশহর ওয়াই/টি	কৈলাশপুর মহকুমা
১২)	রাজনগর ওয়াই/টি	উদয়পুর মহকুমা
১৩)	যমুনা ওয়াই/টি	হাঁপানিয়া
১৪)	বড়মুড়া ওয়াই/টি	সোনামুড়া মহকুমা
১৫)	হাতীমাড়া ওয়াই/টি	ঐ
১৬)	গোমতী ওয়াই/টি	দুর্গা চৌধুরী পাড়া
১৭)	পালাটোনা ওয়াই/টি	উদয়পুর মহকুমা

	প্রশিক্ষণ কেন্দ্রগুলোর নাম	স্থান
১৮)	শ্রীনগর ওয়াই/টি	বেলুনিয়া মহকুমা
১৯)	শীল ছড়া ওয়াই/টি	সাররুম মহকুমা
২০)	সোনাক্ষিরা ওয়াই/টি	করীমগঞ্জ মহকুমা
২১)	হারমা ওয়াই/টি*	বেলুনিয়া মহকুমা
২২)	বক্সনগর ওয়াই/টি	সোনামুড়া মহকুমা
২৩)	তিতাস ওয়াই/টি	হাঁপানিয়া
*২৪)	বিজনা ওয়াই/টি*	ঐ
২৫)	ব্রহ্ম পুত্র ওয়াই/টি	ঐ
২৬)	গোমতী ওয়াই/টি	ঐ
২৭)	চড়াই লাল ওয়াই/টি	উদয়পুর মহকুমা
২৮)	গকুল নগর ওয়াই/টি	সদর মহকুমা
২৯)	১নং মিলিটারী হোল্ডিং ক্যাম্প	দুর্গা চৌধুরী পাড়া
৩০)	২নং মিলিটারী হোল্ডিং ক্যাম্প	ঐ
৩১)	৩নং মিলিটারী হোল্ডিং ক্যাম্প	ঐ

যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোর সাথে সরাসরি জড়িত এম,পি ও এম,এস*, এদের নামঃ

	ক্রমিক ক্যাম্পের নাম	স্থানের নাম	দায়িত্বপ্রাপ্ত এম পি এ এবং এম এন এ-দের নাম
১)	গোমতী-২	দুর্গা চৌধুরী পাড়া	জনাব আমীর হোসেন, এম পি এ
২)	বিজনা	ঐ	জনাব সৈয়দ এমদাদুল বারী, এম পি এ
৩)	ইছামতী	ঐ	জনাব জামাল উদ্দিন আহমদ, এম পি এ
৪)	ব্রহ্মপুত্র	হাঁপানিয়া	জনাব আফতাব উদ্দিন ভূঁইয়া, এম পি এ
৫)	তিতাস	ঐ	জনাব কাজী আকবর উদ্দিন, এম পি এ
৬)	গোমতী-১	ঐ	জনাব আলী আজম, এম পি এ
৭)	মুনা	ঐ	জনাব সফীউদ্দিন, এম পি এ
৮)	সোনার বাংলা	ঐ	জনাব শামসুল হুদা, এম পি এ
৯)	বঙ্গ সারদুল	ঐ	জনাব দেওয়ান আবুল আববাস, এম পি এ
১০)	এম এ আজিজ*	হরিনা	জনাব মির্জা আবুল মনসুর, এম পি এ
১১)	হরিনা ওয়াই/সি	হরিনা	জনাব এম এ হান্নান, সাধারণ সম্পাদক চট্টগ্রাম জেলা আওয়ামীলীগ

* তারকা চিহ্নিত ক্যাম্পগুলোকে ভাগ করে, এক একটি ভাগের নামকরণ বিভিন্ন নদীর নামে করা হয়েছিল।

	ক্রমিক ক্যাম্পের নাম	স্থানের নাম	দায়িত্বপ্রাপ্ত এম পি এ এবং এম এন এ-দের নাম
১২)	পালাটোনা	উদয়পুর	ক্যাপ্টেন মুহম্মদ সুজাত আলী, এম এন এ
১৩)	রাজনগর	রাজনগর	অধ্যাপক এ হানিফ, এম এন এ
১৪)	বড়মুড়া	কাঁঠালিয়া	জনাব জালাল উদ্দিন আহমদ, এম এন এ
১৫)	চড়ইলাম-১	চড়ইলাম	জনাব সাখাওয়াত উল্লাহ, এম পি এ
১৬)	চড়ইলাম-২	চড়ইলাম	জনাব ওয়ালি উল্লাহ নওজোয়ান, এম এন এ
১৭)	পদ্মা	গকুল নগর	জনাব এস হক, এম পি এ
১৮)	কৈলাশহর	কৈলাশপুর	জনাব তৈবুর রহীম, এম পি এ
১৯)	আশারামবাড়ী	খোয়াই	জনাব মোস্তফা শহিদ, এম পি এ
২০)	ধর্মনগর	ধর্মনগর	জনাব মোশাররফ হোসেন, এম পি এ
২১)	এম এ আজিজ ওয়াই /সি-২	হরিণা	জনাব এ বি এম তালেব আলী, এম পি এ
২২)	চোতাখোলা	বিলোনিয়া	জনাব সিরাজুল ইসলাম, এম পি এ
২৩)	মিলিটারী হোল্ডিং ক্যাম্প	ডি সি পাড়া	জনাব রফিক উল্লাহ, এম পি এ
*২৪)	কাঁঠালিয়া	কাঁঠালিয়া	জনাব আলহাজ আলী আকবর, এম পি এ
২৫)	একীনপুর	একীনপুর	জনাব মো: আ: সোবহান, এম পি এ
২৬)	পালাটোনা-২	উদয়পুর	জনাব আবদুল্লা আল হারুন, এম পি এ
২৭)	মনু	খোয়াই	জনাব মো: ইলিয়াস, এম পি এ
২৮)	বাগাফা	বিলোনিয়া	জনাব আবু নাসের চৌধুরী, এম পি এ

প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে ব্যবহৃত 'ছদ্ম নামে'র তালিকাঃ

স্বাধীনতা যুদ্ধকালে, বিশেষত অক্টোবর মাসের মাঝামাঝি সময়ে, এই যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোর মধ্যে কয়েকটির নাম, অবস্থান, কর্মতৎপরতা এবং আনষঙ্গিক ঘটনাবলীর খবরাখবর কিছুটা শত্রুপক্ষের গোচরীভূত হয়ে পড়ে। ফলে কিছু সংখ্যক যুব প্রশিক্ষণ কেন্দ্রকে 'ছদ্মনাম' ধারণ করতে হয়। নিম্নে যে সব যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে 'ছদ্মনাম' ধারণ করতে হয়েছিল, সেগুলোর নাম উল্লেখ করা হলঃ

ক্রমিক	পুরাতন নাম	স্থান	নতুন নাম
১)	পদ্মা	চড়ইলাম	ক্রিকেট
২)	মেঘনা	”	গলফ
৩)	গংগা	গকুল নগর	টেনিস
৪)	যমুনা	”	হকি
৫)	মুহুড়ী	হরিণা	ফুটবল
৬)	তিস্তা	বিজনা	পলো
৭)	কল্যাণপুর	খোয়াই	সুইমিং

বিশেষ প্রয়োজনে ক্যাম্পগুলোর 'ছদ্ম নাম' বাংলাদেশের বিভিন্ন নদ-নদীর নামানুসারে রাখা হয়েছিল।

* মরহুম জনাব এম এ আজিজ চট্টগ্রাম আওয়ামী লীগের একজন জনপ্রিয় নেতা ছিলেন। সুতরাং যুদ্ধের সময় তাঁর নাম অনুসারে দুটি যুব প্রশিক্ষণ কেন্দ্রের নামকরণ করা হয়েছিল।

যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোর সাথে ভারতীয় সেনাবাহিনীর যেসব কর্মকর্তা সরাসরিভাবে জড়ি ছিলেন তাঁদের নামঃ

ব্রিগেডিয়ার মাস্টার-সার্বিক তত্ত্বাবধান এবং সহযোগিতা; ব্রিগেডিয়ার সাবেক সিং-সার্বিক তত্ত্বাবধান এবং সহযোগিতা;;মেজর সুব্রামননিয়াম--সহকারী পরিচালক, সেন্ট্রাল রিলিফ; ক্যাপ্টেন বিভুরঞ্জন চ্যাটার্জী-চড়ইলাম যুব প্রশিক্ষণ কেন্দ্র; মেজর মিত্র-তত্ত্বাবধায়ক; ক্যাপ্টেন ডি পি ধর-কল্যাণপুর যুব প্রশিক্ষণ কেন্দ্র; ক্যাপ্টেন আর পি সিং-গকুল নগর যুব প্রশিক্ষণ কেন্দ্র; ক্যাপ্টেন এস কে শর্মা-চড়ইলাম যুব প্রশিক্ষণ কেন্দ্র; ক্যাপ্টেন ডি, এস মঈনী-বাগাফা যুব প্রশিক্ষণ কেন্দ্র; ক্যাপ্টেন জি এস রাওয়াত-গকুল নগর যুব প্রশিক্ষণ কেন্দ্র; ক্যাপ্টেন নাগ-চোতাখোলা যুব প্রশিক্ষণ কেন্দ্র।

যুব প্রশিক্ষণ কেন্দ্রের সাথে জড়িত ভারত সরকারের বেসামরিক প্রতিনিধিদের নামঃ

ড. শ্রী ত্রিগুনা, সেন, শিক্ষামন্ত্রী (ভারত); শ্রী সচীন্দ্রলাল সিং, মুখ্যমন্ত্রী (ত্রিপুরা রাজ্য); শ্রী কে, পি, দত্ত, পরিচালক, শিক্ষা দপ্তর, (ত্রিপুরা রাজ্য); শ্রী মনুভাই বিমানী, বাংলাদেশ এসিস্টেন্স কমিটি (ভারত)।

প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে একসাথে সাধারণত পাঁচশত থেকে আড়াই হাজার পর্যন্ত যুবককে প্রশিক্ষণ দেবার ব্যবস্তা করা হযেছিল। এই সময় বিভিন্ন অসুবিধা থাকা সত্ত্বেও সর্বমোট প্রায় এক লক্ষ যুবককে প্রাথমিক ভাবে প্রশিক্ষণ দেবার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হযেছিল। কিন্তু এদের মধ্যে মাত্র পঞ্চাশ হাজার যুবককে 'ভিত্তি ফৌজের' উপযোগী করে, বিশেষ ধরনের প্রশিক্ষণ দেবার ব্যবস্থা করা হয়েছিল। অবশিষ্ট যুবকদেরকে প্রয়োজনীয় সময়, অর্থ, সম্পদ ও উপকরণের অভাবে প্রশিক্ষণ দেয়া সম্ভব হয়নি।

যুব প্রশিক্ষণ কেন্দ্রের সাথে জড়িত বাংলাদেশের সামরিক কর্মকর্তাদের নামঃ

ক্যাপ্টেন রফিকুল ইসলাম-১নং সেক্টর; ক্যাপ্টে জাফর ইমাম-১ নং সেক্টর; মেজর আবদুল মতিন-১নং সেক্টর; মেজর খালেদ মোশাররফ-২নং সেক্টর, মেজর সফিউল্লাহ-৩নং সেক্টর; ক্যাপ্টেন নুরুজ্জামান-৩নং সেক্টর, মিজর সি এর দত্ত-৪নং সেক্টর।

প্রশিক্ষণ কেন্দ্রগুলোর সাথে জড়িত ছাত্র ও যুব নেতৃবৃন্দঃ*

জনাব আ স ম আবদুর রব, প্রাক্তন সহ-সভাপতি, ঢাকা বিশ্ববিদ্যালয়, কেন্দ্রীয় ছাত্র ইউনিয়ন, জনাব শেখ ফজলুল হক মনি, তৎকালীন যুব নেতা; জনাব আবদুল কুদ্দুস মাখন, প্রাক্তন যুব ও ছাত্র নেতা; জনাব নূরে আলম সিদ্দিকী, প্রাক্তন যুব ও ছাত্র নেতা; জনাব সৈয়দ রোজউর রহমান, ছাত্র নেতা, কুমিল্লা, জনাব মাইনুল হুদা, ছাত্র নেতা, কুমিল্লা; শহীদ স্বপন কুমার চৌধুরী, যুব ও ছাত্র নেতা; জনাব মোস্তাফিজুর রহমান, ছাত্র নেতা, নোয়াখালী।

যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোর সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত বাংলাদেশের ব্যক্তিবর্গের নামঃ

জনাব জহুর আহমদ চৌধুরী, এম এন এ (চট্টগ্রাম), অধ্যাপক নূরুল ইসলাম, এম এন এ (চট্টগ্রাম), অধ্যাপক ইউসুফ আলী, এম এন এ (দিনাজপুর), যুব প্রশিকষণ কেন্দ্রগুলোর পরিচালক মন্ডলীর সভাপতি; অধ্যাপক খোরশেদ আলম, এম এন এস (কুমিল্লা), অধ্যক্ষ আবুল কালাম মজুমদার, এম এন এ (কুমিল্লা);

---

* এখানে উল্লেখিত বাংলাদেশী সামরিক কর্মকর্তাগণ ব্যতীত আরও যে সব সামরিক অফিসার যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোর সাথে জড়িত ছিলেন, তাঁদের নামের তালিকা বিবরণ দাতার কাছে না থাকার দরুন এখানে উল্লেখ করতে পারেননি বলে তিনি প্রকাশ করেছেন।

জনাব আহমদ আলী, এম এন এ (নোয়াখালী), জনাব নূরুল হক, এম এন এ (নোয়াখালী), জনাব খালেদ মোহাম্মদ আলী, এম এন এ (নোয়াখালী; জনাব লুৎফুল হাই সাচ্চু, এম এন এ (ব্রাহ্মণবাড়ীয়া); জনাব আলী আজম , এম এন এ (ব্রাহ্মণবাড়িয়া); জনাব মুহাম্মদ রাজা মিয়া, এম পি এ (কুমিল্লা), জনাব মো: আবদুল আউয়াল, এম এন এ (কুমিল্লা); জনাব হাজী আবুল হাসেম এম পি এ (কুমিল্লা); জনাব আবদুর রউফ, রাজনৈতিক নেতা (কুমিল্লা); জনাব মুহাম্মদ আফজাল খান, রাজনৈতিক কেনতা(কুমিল্লা); জনাব কাজী জহিরুল কাইয়ুম, এম এন এ (কুমিল্লা); ফ্লাইট লেফটেনান্ট এ বি সিদ্দিকী, এম পি এ (কুমিল্লা); জনাব খাজা আহমদ, এম এন এস (নোয়াখালী); জনাব আবদুল মালেক উকিল, এম এন এ (নোয়াখালী). জনাব আবদুল করিম বেপারী (মুন্সিগঞ্জ), এডভোকেট হামিদুর রহমান, রাজনৈতিক নেতা (ব্রাহ্মণবাড়ীয়া); কর্নেল আবদুর রব (পরে তিনি জেনারেল হয়েছেন); জনাব এইচ টি ইমাম, প্রাক্তন জেলা প্রশাসক, রাঙ্গামাটি; জনাব রকিব উদদ্দীন আহমদ, প্রাক্তন এস ডি ও (ব্রাহ্মণবাড়ীয়া), জনাব এম আর সিদ্‌কী, এম এন এ (চট্টগ্রাম); জনাব সাইদুর রহমান, সমাজকর্মী, (কুমিল্লা); জনাব আবু মিয়া, সমাজকর্মী, নেপোরমা, কুমিল্লা; শ্রী রাখাল ভট্টাচার্য, সরকারী কর্মচারী, বাংলাদেশ সরকার; ডা. আবদুছ ছাত্তার এম পি এ, জনাব জাবেল আলী মোক্তার (চাঁদপুর); জনাব মকবুল আহমদ এডভোকেট (চাঁদপুর); জনাব মীর হোসেন চৌধুরী (কুমিল্লা); জনাব আমীর হোসেন এম পি এ (কুমিল্লা); জনাব বিসমিল্লাহ মিঞা, এম পি এ (নোয়াখালী), জনাব শহীদ উদ্দীন ইস্কান্দার এম পি এ (নোয়াখালী); জনাব জালাল আহামদ, এম পি এ (কুমিল্লা; অধ্যাপক মুহাম্মদ খালেদ, এম পি এ (চট্টগ্রাম); ক্যাপ্টেন আবুল কাসেম, এম পি এ (চট্টগ্রাম); জনাব মীর্জা আবুল মনসুর, এম পি এ (চট্টগ্রাম) জনাব আবদুর রশিদ ইঞ্জিনিয়ার এ, পি এ; ড. এ কে হাসান, আঞ্চলিক প্রশাসক, মুজিব নগর; জনাব মোশারফ হোসেন চৌধুরী, উপ-পরিচালক (একাউন্টস); জনাব গোলাম রফিক, (শিল্পী); জনাব শহীদ কাদরী, প্রোগ্রাম অফিসার, যুব প্রশিক্ষণ কেনদ্র, জনাব আনোয়ার হোসেন স্টাফ অফিসার, যুব প্রশিক্ষণ কেনদ্র, জনাব মুকতুল হোসেন, পিয়ন, যুব প্রশিক্ষণ কেনদ্র; জনাব শাহাব উদ্দিন, ড্রাইভার, যুব প্রশিক্ষণ কেনদ্র, জনাব অজিত কুমার নন্দি, হিসাব রক্ষক, যুব প্রশিক্ষণ কেন্দ্র; জনাব সঞ্জীব কুমার রায়, স্টেনোগ্রাফার, যুব প্রশিক্ষণ কেনদ্র, জনাব গাজী গোলাম মোস্তফা, রাজনৈতিক নেতা; শ্রী সুখলাল সাহা (পলিটিকলে মটিভেটর); জনাব আজিজুল হক, সমাজকর্মী (কসবা); জনাব অহীদ মিঞা, ড্রাইভার; অধ্যক্ষ আবু আহমদ (ব্রাহ্মণবাড়ীয়া); জনাব কুতুবুর রহমান, ছাত্র নেতা।

আমাদের দেশের স্বাধীনতা যুদ্ধ বিভিন্ন কারণে সম্পূর্ণভাবে নিজেদের মাটিতে থেকে আরম্ভ করা সমাপ্ত করা সম্ভব হয়নি। স্বাধীনতা সংগ্রামের সময় আমাদের যুদ্ধের প্রয়োজনীয় উপকরণ সরবরাহেরও অত্যন্ত অভাব ছিল। এমদসত্ত্বেও বীর বাঙালীরা এবং তাঁদের অকুতোভয় সন্তেনেরা বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে সামান্য কয়েকদিনের প্রশিক্ষণ গ্রহণ করে দেশের আপামর জনসাধারণের সক্রিয় সহযোগিতা ও প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায় যেভাবে রক্তক্ষয়ী সংগ্রাম করেছে তা নিংসন্দেহে পৃথিবীর ইতিহাসে এক অন্যন্য সাধারণ ঘটনা। সুতরাং বাঙ্গালী জাতির এই ত্যাগ, তিতিক্ষা ও শ্রমের তাৎপর্যকে বেঁচে থাকা দেশের অবশিষ্ট মানুষগুলো গভীরভাবে উপলব্ধি করুক ইহাই বোধ হয় শহদিানের আত্মার একমাত্র আকুতি।

দেবব্রত দত্ত গুপ্ত
অক্টোবর, ১৯৮২

মণি সিং

নির্বাচন অনুষ্ঠানের পর থেকে ২৫ মার্চ পর্যন্ত আমি কারাগারে বন্দী ছিলাম। দীর্ঘদিন আত্মগোপনে থেকে কাজ করার পর ১৯৬৭ সালে আমি গ্রেপ্তার হই এবং ১৯৬৯ সালের মহান গণঅভ্যুত্থানের সময় জনগণ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার এবং অন্যান্য রাজবন্দীদের মুক্তির দাবি দেশের আনাচে-কানাচে ধ্বনিত করে

তোলে, সেই পটভূমিতে ফেব্রুয়ারী মাসে আমরা মুক্তি পাই। কিন্তু সারিক শাসন জারি ও ইয়াহিয়া খান ক্ষমতায় আসার পর ১৯৬৯ সালের জুলাই মাসে আমাকে আবার গ্রেপ্তার করা হয়। ১৯৭১ সালের ২৫শে মার্চের পর বন্দীরা রাজশাহী জেল ভেঙ্গে আমাকে বের করে নেয়ার আগে পর্যন্ত আমি আটক ছিলাম। কাজেই উল্লিখিত সময়ে আমি ব্যক্তিগতভাবে পার্টি ও জনগণের রাজনৈতিক সংগ্রামে সরাসরি যোগ দিতে পারিনি। তবে আমাদের পার্টির তখনকার ভূমিকা আমার জানা আছে, সেটা সংক্ষেপে বলছি।

১৯৭০ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত সাধারণ নির্বাচনের ফলাফলের বিশ্লেষণ ও পরিস্থিতির মূল্যায়ন আমাদের পার্টির কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে করা হয়। আমরা নির্বাচনের ফলাফলকে পূর্ব বাংলার জনগণের ঐক্যবদ্ধ অভ্যুত্থান এবং একটি আকাঙ্খার বহিঃপ্রকাশরূপে দেখি। আমাদের বিশ্লেষণে বলা হয়েছিল যে নির্বাচনে আওয়ামীল লীগের ৬-দফার পক্ষে রায়ের মধ্য দিয়ে বাঙালী জাতীয়তাবাদী চেতনা আরও বিকাশ লাভ করেছে এবং বাঙ্গালী জাতির আত্মনিয়ন্ত্রণের আকাঙ্খা প্রকাশ পেয়েছে। আমাদের পার্টি নীতিগতভাবেই সকল জাতির আত্মনিয়ন্ত্রণাধিকার প্রতিষ্ঠানকে ন্যায্য মনে করে এবং প্রকৃতপক্ষে আমাদের পার্টিই প্রথম বাংলাদেশের জনগণের পূর্ণ আত্মনিয়ন্ত্রণের দাবি ধ্বনিত করে।

নির্বাচনের ফলাফল মূল্যায়ন করে আমরা আরও দেখলিছাম যে আওয়ামী লীগ কেবল ''পূর্ব পাকিস্তানের'' জনগণেরই সর্বাত্মক সমর্থন পায়নি, তৎকালীন পাকিস্তানের জাতীয় সংসদে সংখ্যাগরিষ্ঠতার জোরে গোটা পাকিস্তানের সরকার গঠনের অধিকারও লাভ করেছে। কিন্তু আমরা মূল্যায়নে বলেছিলাম যে পাকিস্তানী শাসকগোষ্ঠী ও প্রতিক্রিয়াশীল শক্তিগুলি এবং এই শাসকদের মদদকারী সাম্রাজ্যবাদ কিছুতেই নির্বাচনের এই ফলাফল মেনে নেবে না এবং তা বানচাল করার জন্য ষড়যন্ত্র করবে। বিশেষত ৬-দফার সঙ্গে ছাত্র সমাজের ১১-দফাও তখন জনগণের মধ্যে জনপ্রিয় ছিল এবং বিজয়ী দলের নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১১-দফাকে সমর্থন দিয়েছিলেন। ১১-দফায় সাম্রাজ্যবাদ ও একচেটিয়া পূঁজির স্বার্থের বিরুদ্ধে আওয়াজ তোলা হয়েছিল, ফলে তাঁর ঐ নির্বাচনের দাবি কিছুতেই মানতে পারে না। এ-কারণে পাকিস্তানে আওয়ামী লীগের সরকার গঠন ছিল অনিশ্চিত এবং এমতাবস্থায় বাংলাদেশ স্বাধীনতা সংগ্রামের দিকেই অগ্রসর হবে এবং সে সংগ্রামের জন্য জনগণকে প্রস্তুত করা দরকার।

১৯৭০ সালের নির্বাচন সম্পর্কে আমাদের পার্টির এই বিশ্লেষণ পরবর্তী ঘটনাবলী সঠিক বলেই প্রমাণিত হয়। ১৯৭১ সালের ফেব্রুয়ারী মাস নাগাদ নির্বাচনের ফলাফল বানচালের জন্য পাকিস্তানী শাসকগোষ্ঠী এবং ভুট্টো প্রমুখের ষড়যন্ত্র পরিস্কার হয়ে ওঠে এবং জাতীয় সংসদের যে অধিবেশন প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের ঘোষণা অনুযায়ী ৩রা মার্চ হওয়ার কথা ছিল তা অনিশ্চিত হয়ে পড়ে। ঐ সময় ২৫শে ফেব্রুয়ারী আমাদের পার্টির কেন্দ্রীয় কমিটি এক প্রস্তাবে রাজনৈতিক দাবি হিসেবে ঘোষণা মোতাবেক জাতীয় সংসদের অধিবেশন, সেখানে জাতিসমূহের আত্মনিয়ন্ত্রণের অধিকারের স্বীকৃতিসম্বলিত শাসনতন্ত্র প্রণয়ন এবং প্রেসিডেন্ট কর্তৃক ঐ শাসনতন্ত্র অনুমোদন ও ক্ষমতা হস্তান্তর করার দাবি উত্থাপন করে। সে সঙ্গে ঐ প্রস্তাবে বলা হয় যে নির্বাচনের রায়কে কার্যকরী করতে না দেয়া হলে বাংলাদেশের জনগণের আন্দোলন একটি পৃথক রাষ্ট্র গঠনের দিকে যেতে পারে। এ পরিস্থিতিতে আমাদের কর্তব্য হবে বাঙালীদের জাতীয় আত্মনিন্ত্রণের নীতি অনুসারে ঐ সংগ্রামে শরীক থাকা এবং ঐ নীতি অনুসারে সমস্ত গণতান্ত্রিক এবং প্রগতিশীল শক্তিকে ঐক্যবদ্ধ করে এই সংগ্রামকে সঠিক পথে চালিত করতে চেষ্টা করা।

১লা মার্চ ইয়াহিয়া খান কর্তৃক জাতীয় সংসদের অধিবেশন হবে না-এই ঘোষণার মধ্য দিয়ে আমরা শাসকগোষ্ঠীর ষড়যন্ত্র কার্যকর হতে দেখলাম। ঐ দিন জনগণ স্বতঃস্ফূর্তভাবে রাস্তায় নেমে স্বাধীনতার আওয়াজ তুলল। পরিস্থিতি সম্পর্কে আমাদের মূল্যায়ন ছিল যে পাকিস্তানের শাসকগোষ্ঠী বাঙালী জাতির এই অভ্যুত্থান দমন করার জন্য সর্বাত্মক শক্তি প্রয়োগ করবে এবং স্বাধীনতার জন্য সশস্ত্র সংগ্রামের প্রয়োজন হবে। সে জন্য জনগণকে প্রস্তুত করা দরকার।

এ ছিল পরিস্থিতি সম্পর্কে আমাদের রাজনৈতিক বিশ্লেষণ। কিন্তু এটা করেই আমরা বসে থাকিনি। আমাদের পার্টি বেআইনী এবং আত্মগোপনে ছিল। ছাত্র, শ্রমিক, কৃষক প্রভৃতি গণসংগঠনের মাধ্যমে এবং অন্যান্য গণতান্ত্রিক শক্তির সঙ্গে আমাদের যতটুকু যোগাযোগ এবং সম্পর্ক ছিল তা কাজে লাগিয়ে আমরা আমাদের মূল্যায়নের ভিত্তিতে প্রচারকার্য চালিয়েছি। পার্টির নামোল্লেখ না করে আমরা 'একতা' নামে যে সাপ্তাহিক পত্রিকা প্রকাশের সুযোগ গ্রহণ করেছিলাম তার মাধ্যমেও আমরা দেশপ্রেমিক শক্তি ও জনগণকে প্রস্তুত করার জন্য প্রচার চালিয়েছি। প্রকৃতপক্ষে উল্লিখিত সময়ের মধ্যে আমরা সম্ভাব্য স্বাধীনতা সংগ্রামের জন্য সাধ্যমতো আমাদের পার্টি ও জনগণকে প্রস্তুত করে তুলিছিলাম।

১লা মার্চের পর ৭ই মার্চ বঙ্গবন্ধু রেসকোর্সের জনসমাবেশ থেকে ''এবারের সংগ্রাম, স্বাধীনতা ও মুক্তির সংগ্রাম'' বলে ঘোষণা দিয়ে যে অসহযোগ আন্দোলনের সূচনা করেন, আমরা তার পুরোপুরি সমর্থক ছিলাম। ইয়াহিয়া খান যখন ঢাকায় বঙ্গবন্ধুর সঙ্গে আলোচনায় বসেন, তখন আলোচনার বিরোধিতা করাকে আমরা যুক্তিসঙ্গত মনে করিনি, কিন্তু আমাদের পার্টির মুল্যায়ন ছিল যে ঐ আলোচনায় কোনো অপসরফা হবে না, কেননা জনগণ স্বাধীনতার আকাঙ্খা ব্যক্ত করেছে এবং পাকিস্তানী শাসকগোষ্ঠী ও সাম্রাজ্যবাদীরা এটা মেনে নিতে পারে না। আমাদের পার্টি তখন জনগণের সচেতনতা জাগরুক রাখার জন্য এবং আসন্ন যেকোনো ধরনের সংগ্রাম চালিয়ে যাওয়ার জন্য জনগণকে মানসিকভাবে প্রস্তুত করতে ঢাকাসহ সম্ভব মতো দেশের সব জায়গায় স্বেচ্ছাসেবক বাহিনী গঠন, তাদের কুচকাওয়াজ ও ট্রেনিং ইত্যাদির ব্যবস্থা করি। তখন ছাত্রসমাজের শক্তিশালী প্রগতিশীল সংগঠন ''পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়ন'' আমাদের পার্টির প্রভাব থাকায় তাদের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় 'ইউ ও টি সি'র- সহায়তায় তরুণ-তরুণীদের রাইফেল ট্রেনিং এবং কুচকাওয়াজের আয়োজন করা হয়েছিল। ডেমরা এলাকার কিছুসংখ্যক শ্রমিককেও আমরা স্বেচ্ছাসেবক করে এ-ধরনের ট্রেনিং-এ যুক্ত করেছিলাম। এ-সব কার্যক্রমের উদ্দেম্য ছিল জনগণকে দেখিয়ে উদ্বুদ্ধ ও তাদের মনোবল বৃদ্ধি করা এবং সশস্ত্র সংগ্রাম সম্পর্কে মানসিকভাবে সচেতন ও প্রস্তুত করে তোলা। এক কথায় ঐ সময়টাতে আমাদের পার্টির ভূমিকা ছিল অবশ্যম্ভাবী স্বাধীনতা সংগ্রামের জন্য সাধ্যমতো সকল দেশপ্রেমিক শক্তিকে ঐক্যবদ্ধ, জনগণকে সচেতন ও প্রস্তুত করে তোলা। আমাদের পার্টির কেন্দ্রীয় কমিটি ২৫শে মার্চের আগেই বুঝতে পেরেছিল যে অবস্থা ক্রমেই সশস্ত্র সংগ্রামের দিকে অগ্রসর হয়ে যাচ্ছে। উল্লেখ করা যায় যে, ৯ই মার্চ ঢাকায় উপস্থিত কেন্দ্রী কমিটির সদস্যদের এক বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী সশস্ত্র সংগ্রামের যথাসম্ভব প্রস্তুতির জন্য একটি সার্কুলার প্রচার করা হয়েছিল। তবে তখনকার পরিস্থিতিতে কোনো কোনো জেলায় সার্কুলারটি বিলম্বে পৌছে এবং পার্টির তখনকার শক্তিসামর্থ্য সশ্রস্ত্র সংগ্রামের পরিস্থিতিতে কোনো কোনো জেলায় সার্কুলারটি বিলম্বে পৌঁছে এবং পার্টির তখনকার শক্তিসামর্থ্য সশস্ত্র সংগ্রামের ব্যাপক প্রস্তুতির উপযুক্তও ছিল না। সেই পরিস্থিতিতে ২৫শে মার্চ জনগণের বিরুদ্ধে পাকিস্তানী বাহিনীর সশস্ত্র আক্রমণ শুরু হয়।

সামগ্রিক অবস্থা সম্পর্কে আমাদের রাজনৈতিক বিশ্লেষণ ছিল এই যে জনগণ জাতীয় আত্মনিয়ন্ত্রণের আকাঙ্খা ব্যক্ত করেছে এবং বিশেষত সমগ্র পাকিস্তানে আওয়াম লীগ সংখ্যাগরিষ্ঠতা অর্জন, পশ্চিম পাকিস্তানে ভুট্টোর দলের সংখ্যাগরিষ্ঠতা অর্জন এবং বাঙ্গালীদের জাতীয় অধিকারের দাবির সঙ্গে ১১-দফায় সাম্রাজ্যবাদ-সামন্তবাদ-একচেটিয়া পুঁজিবিরোধী আকাঙ্ক্ষা ব্যক্ত হওয়ায় পাকিস্তানে একটা সরকার গঠন এবং বাঙালীদের দ্বারা শাসিত হওয়ার অবস্থা পাকিস্তানী শাসকগোষ্ঠী ও সাম্রাজ্যবাদ কিছুতেই মেনে নেবে না। কাজেই বাঙ্গালীদের স্বাধীনতা সংগ্রাম অনিবার্য এবং তা সশস্ত্র সংগ্রামের পথে যাবে। সে জন্য জনগণকে ঐক্যবদ্ধ ও প্রস্তুত করাই মুখ্য কাজ এবং তা খুব দ্রুত করতে হবে।

সামগ্রিক অবস্থা মুল্যায়নের আরও একটি দিক আমাদের পার্টির ছিল। তা হচ্ছেঃ আমরা সচেতন ছিলাম যে আমাদের জাতীয় স্বাধীনতা সংগ্রামের কতকগুলি দুর্বলতা থাকবে। মধ্যস্তরের জনগণের যে দল আওয়ামী লীগের নেতৃত্বে ঐ স্বাধীনতা সংগ্রামের সূচনা হয়েছিল তাঁদের মধ্যে আন্তর্জাতিক সাম্রাজ্যবাদের চরিত্র ও তার বিরুদ্ধে আপসহীন সংগ্রামের প্রয়োজনীয়তা সম্পর্কে চেতনার ঘাটতি ছিল। এবং শ্রমিক-কৃষক মেহনতী মানুষের সংগঠন শক্তি ছিল দুর্বল। বিভিন্ন শ্রেণীর মানুষ স্বতঃস্ফূর্তভাবে আওয়ামী লীগের সমর্থনে ঐক্যবদ্ধ হয়েছিল। আমরা

অনিবার্য ঘটনা-ধারায় পিছনে না থেকে সর্বশক্তি দিয়ে সংগ্রামে অংশগ্রহণের মাধ্যমে সংগ্রামের গতিধারায় অন্যান্য দেশপ্রেমিক শক্তি ও জনগণের অভিজ্ঞতার ভিত্তিতে তাদের সচেতন হয়ে ওঠার প্রক্রিয়ায় ঐ দুর্বলতাগুলো কাটানো প্রয়োজন বলেই তখন সিদ্ধান্ত করেছিলাম। তাছাড়া স্বাধীনতা সংগ্রামে জয়লাভের জন্য জাতীয় ঐক্য এবং জাতীয় মুক্তির সমর্থক আন্তর্জাতিক শক্তিসমূহের সমর্থন সংগঠিত করার প্রয়োজনীয়তাও আমরা উপলব্ধি করেছিলাম। উল্লেখ্য যে, ২৫শে মার্চের আগেই ঢাকায় উপস্থিত কেন্দ্রীয় নেতৃত্ব সিদ্ধান্ত নিয়ে বিভিন্ন দেশে পরিস্থিতি ব্যাখ্যা করে পত্র পাঠায়।

স্বেচ্ছাসেবকদের সংগঠিত করা ও প্রচার চালানোর মাধ্যমে প্রতিরোধের শক্তিগুলোকে প্রস্তুত করার চেষ্টার কথা আগেই বলেছি। ২৫শে মার্চ পাকবাহিনীর সশস্ত্র আক্রমণ শুরু হলে আমাদের পার্টির ছাত্র-যুবক-শ্রমিক-স্বেচ্ছাসেবকরা যেখানে যতটুকু সম্ভব হয়েছে আওয়ামী লীগ ও ন্যাপ প্রভৃতি দেশপ্রেমিক শক্তির সঙ্গে মিলিতভাবে প্রতিরোধরত বেঙ্গল রেজিমেন্ট ও ইপিআর বাহিনীর সহায়ক ভূমিকা পালন করেছে। এপ্রিলের মাঝামাঝি নাগাদ এই প্রাথমিক প্রতিরোধ ভেঙ্গে পড়লে প্রথমে শহর থেকে গ্রামে এবং পরে বাধ্য হয়ে আমাদের কর্মীরা ভারতে চলে যায়। তাঁরা আমাদের পার্টি ও গণসংগঠনের সমর্থক ও ইচ্ছুক তরুণদেরও সংগঠতি করে মুক্তিবাহিনীর ট্রেনিং-এর জন্য ভারত যেতে থাকেন। অনেক বিপন্ন পরিবারও ভারতে গিয়ে আশ্রয় নিতে বাধ্য হয়।

সীমান্ত অতিক্রম করার প্রাক্কালে আমি রাজশাহী জেলে বন্দী ছিলাম। বাইরে সমগ্র জাতি যে মুক্তির জন্য উদ্বেল হয়ে উঠেছে তা বুঝতে পারতাম। বুঝতে পারতাম সামনে অপেক্ষা করছে এক নিদারুণ রক্তাক্ত সংগ্রাম। রাজশাহী শহরে ই পি আর-এর ক্যাম্প ছিল। পাকবাহিনীর ক্যাম্পও ছিল। ২৫শে মার্চ পাকবাহিনী ই পি আর ক্যাম্প আক্রমণ করে। ই পি আর প্রতিরোধ করে। আমি গোলাগুলির আওয়াজ শুনি এবং কিছু কিছু গোলাগুলি জেলখানার কাছে এসে পড়তে থাকে। ফলে বন্দীদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। গোলাগুলির মাঝ পড়ে বন্দী অবস্থায় মৃত্যু ঘটতে পারে। অন্য সকল আমাকে এসে বলে যে আপনি ডি আই জি-কে বলুন জেলের গেট কুলে সকলকে মুক্তি করে দিতে। ডি আই জি কে বললাম, কিন্তু রাজি হন না। তখন বন্দীরা সিদ্ধান্ত নেয় জেল ভেঙ্গে বের হবে। বাইরে জনতাও জেলা ভাঙ্গা সমর্থন করে। বন্দী ও জনতা মিলে জেলের ময়লা ফেলার দরজা ভেঙ্গে ফেলে। আমরা বের হয়ে আসি। আমার সঙ্গে আরও কয়েকজন রাজনৈতিক বন্দী ছিলেন। জনতাই আমাদের পদ্মা নদীর ধারে নিয়ে গিয়ে নৌকায় উঠিয়ে দেয় এবং বলে যে, শহরে থাকা আপনাদের জন্য নিরাপদ নয়, আপনারা নদীর ওপারে চলে যান। নৌকাযোগে নদী পার হয়ে বুঝতে পারি যে, আমরা ভারতের মাটিতে পা দিয়েছি। কারণ পদ্মার ওপারেই ভারত।

এই সময়ে জেলের ভেতরের বিচিত্র কোনো অভিজ্ঞতা নেই। কিন্তু মার্চ মাসের একটি অসাধারণ ঘটনা চিল। ৭ই মার্চ বঙ্গবন্ধু রেসকোর্সে 'স্বাধীনতার সংগ্রাম' বলে ডাক দেয়ার পর ঐ ভাষণ ও ঘোষণার জন্য আমি বঙ্গবন্ধুকে অভিনন্দন ও সমর্থন জানিয়ে রাজশাহী জেল থেকে একটি টেলিগ্রাম করতে চাই। জেল কর্তৃপক্ষ বলেন যে, ''আপনি তো টেলিগ্রাম করতে পারবেন না, কারণ আপনি ডেটিনিউ। আপনার টেলিগ্রাম পাঠাতে পুলিশের স্পেশাল ব্রাঞ্চের অনুমোদন লাগবে।'' আমি বললাম, ''তবে অনুমোদন নিয়ে আসুন''। তাঁরা বললে যে, ''এখন অনুমোদন আনা যাবে না, কারণ পুলিশের স্পেশাল ব্রাঞ্চ অফিসে কেউ কাজ করছে না, তারা অসহযোগ আন্দোলনে যোগ দিয়েছে।'' পুলিশের গোয়েন্দা বিভাগও অসহযোগ আন্দোলনে শরীক হয়েছে এমন অভিজ্ঞতা আমার রাজনৈতিক জীবনে ইতপূর্বে আর ছিল না। তখন জেলের ভেতর থেকে আমি বুঝতে পারি যে সমগ্র জাতি স্বাধীনতার জন্য কতখানি ঐক্যবদ্ধ হয়েছে।

প্রতিরোধ শুরু হওয়ার আগে থেকেই বিভিন্ন গণতান্ত্রিক দলের সঙ্গে আমাদের আত্মগোপনরত পার্টির সম্পর্ক ছিল। বিশেষত ন্যাশনাল আওয়ামী পার্টির (মোজাফফর) আমাদের পার্টির ঐতিহ্যগত ঘনিষ্ঠ সর্ম্পক ছিল। ন্যাপের অসাম্প্রদায়িক, সাম্রাজ্যবাদ বিরোধী এবং সমাজতন্ত্রের সমর্থক ভূমিকার জন্য আমাদের পার্টির সঙ্গে তাদের রাজনৈতিক ও নীতিগত মিল ছিল বেশী। অসহযোগ আন্দোল, প্রতিরোধ ও মুক্তিযুদ্ধের বিভিন্ন

পর্যায়ে এই দুই পার্টি ঘনিষ্ঠ সহযোগিতায় কাজ করেছে। মুক্তিযুদ্ধের সময় ন্যাপের (এবং ছাত্র ইউনিয়নের) সঙ্গে মিলিতভাবে আমাদের পার্টি গেরিলা বাহিনী গড়ে তোলে। অনেক স্থানে একত্রে ক্যাম্প করা হয়।

আওয়ামী লীগের সঙ্গে ১৯৬০-৬১ সাল অর্থাৎ আইউব-বিরোধী আন্দোলনের সূচনা থেকেই আমাদের পার্টির সহযোগিতামূলক সম্পর্ক ছিল। আমাদের পার্টি আত্মগোপনে থাকতে বাধ্য হলেও ১৯৭১-এর মুক্তিযুদ্ধের পূর্ব সময়টাতে আওয়ামী লীগের নেতা বঙ্গবন্ধু শেখ মুবিজুর রহমানের সঙ্গে রাজনৈতিক বিষয়ে আমাদের মতবিনিময় ও পরামর্শ হয়েছে। ১৯৭৭০-এর নির্বাচনের ফলাফল পাকিস্তানী শাসকরা যে মেনে নেবে না এবং বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম অনিবার্য এবং তা সশস্ত্র সংগ্রাম হতে পারে এ বিষয়ে বঙ্গবন্ধু এবং আমাদের পার্টি ঐক্যমত্যে পৌঁছেছিল। বঙ্গবন্ধু আমাদের বলেছিলেন যে সশস্ত্র প্রতিরোধ এবং স্বাধীনতা সংগ্রামের পক্ষে আন্তর্জাতিক সমর্থনের জন্য যোগাযোগের ক্ষেত্রে কমিউনিস্ট পার্টির সহযোগিতা তাঁর জন্য মূল্যবান হবে, কেননা আওয়ামী লীগের এক্ষেত্রে অভিজ্ঞতা ও যোগাযোগের অভাব রয়েছে।

বঙ্গবন্ধু আজ বেঁচে নেই। তিনি ঘাতকের হাতে প্রাণ হারিয়েছেন্ তাঁর স্মৃতিতে স্মরণ করে আমি বলতে চাই কে কমিউনিস্ট পার্টি সম্পর্কে তিনি যে মূল্যায়ন ও প্রত্যাশা করেছিলেন মুক্তিযুদ্ধে আমরা তা পূরণ করতে পেরেছি।

১৯৭১ সালের এপ্রিলে আওয়ামী লীগ প্রথম স্বাধীন বাংলাদেশের সরকার গঠন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ঘোষণা করার পরই দেশের ভেতর আমাদের পার্টির কেন্দ্রীয় কমিটি ও সম্পাদকমন্ডলীর উপস্থি সদস্যরা এক বৈঠকে বসে সিদ্ধান্ত নিয়ে স্বাগত জানায় এবং প্রথম স্বাধীন বাংলাদেশ সরকারের সঙ্গে সহযোগিতার কথা ঘোষণা করে। আমাদের পার্টির ঐ প্রথম প্রকাশ্য বিবৃতি বিদেশে সংবাদপত্র ও বেতারে প্রচারিত হয়েছিল। এর ফলে স্বাধীনতা সংগ্রামে পার্টির ভূমিকা দেশে-বিদেশে জনগণ জানতে পারে। আমাদের পার্টির বহু সদস্য সমর্থক বাংলাদেশ সরকারের অধীনে মুক্তিবাহিনীর ট্রেনিং গ্রহণ করে। তবে এক্ষেত্রে সরকার ও আওয়ামী লীগের সঙ্গে আমাদের পার্টির কিছু কিছু দ্বিমত ও সমস্যার সৃষ্টি হয়েছিল।

অন্যান্য দলের মধ্যে কাজী জাফর আহমদ ও রাশেদ খান মেননদের দলের সঙ্গেও আমাদের দেখা সাক্ষাৎ হয়। এরা মাওবাদী নীতি অনুসরণ করলেও ২৫ মার্চের পর সীমান্ত পেরিয়ে ভারতে যায়। এরা স্বাধীনতার প্রতি সমর্থন দিলেও আওয়ামী লীগের প্রতি দৃষ্টিভঙ্গি, স্বাধীনতার শক্তিগুলোর ঐক্য এবং স্বাধীনসাতর আন্তর্জাতিক শত্রুমিত্র সম্পর্কে এঁদের নীতির সঙ্গে আমাদের প্রভূত পার্থক্য ছিল। মুক্তিযুদ্ধকালে এঁরাসহ কিছু মাওবাদী শক্তি আওয়ামী লীগকে বাদ দিয়ে একটি 'বামপন্থী ফ্রন্ট' গঠনের যে প্রস্তাব দিয়েছিল তাকে আমরা বিভেদাত্মক ও স্বাধীনতা সংগ্রামকে দুর্বল করার প্রয়াসী বলে ভ্রান্ত মনে করে প্রত্যাখ্যান করি এবং আওয়ামী লীগসহ জাতীয় ঐক্য গঠনের নীতি অনুসরণ করি। স্বাধীনতার বিরোধীতাকারী দলগুলোকে আমরা শত্রুবলে চিহ্নিত করি।

২৫ মার্চের পরে জেল ভেঙ্গে মুক্ত হওয়ার পর কয়েকজন সহকর্মীসহ আমার নিরাপত্তা ও মুক্তিযুদ্ধের প্রয়োজন উপলব্ধি করে জনতাই আমাদের ঠেলে নিয়ে পদ্মা পার করিয়ে দেয় একথা আগেই বলেছি। কাজেই দেশের ভিতরে আমাদের পার্টির সংগঠিত হওয়ার ব্যাপারে আমি ব্যক্তিগতভাবে জড়িত থাকতে পারিনি।

আমাদের পার্টির অন্য নেতারা ২৫ মার্চের পর সঙ্গে সঙ্গেই দেশত্যাগ করেননি। তাঁরা পরিস্থিতি অনুযায়ী ভেতের থেকে প্রতিরোধ সংগঠিত করার কাজ শুরু করেন। অচিরেই ঢাকায় থাকা অসম্ভব এবং সকলের থাকা অপ্রয়োজনীয় মনে হলে আমাদের পার্টির নেতৃবৃন্দ তৎকালীন কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক আবদুস সালাম, খোকা রায়, মোহাম্মদ ফরহাদ, জ্ঞান চক্রবর্তী সাইফউদ্দিন মানিক, মনজুরুল আহসান খান প্রমুখ ঢাকা জেলার বেলাতো থানার রায়পুরায় ঘাঁটি করে অবস্থা করেন। কিছু কমরেডকে অধিকৃত রাজধানীতে রেখে যাওয়া হয়। রায়পুরা এলাকা পাকবাহিনীর পদানত হলে আমাদের নেতৃবৃন্দ ভৈরবের দিকে আশুগঞ্জে সরে গিয়ে অবস্থান নেন। নেতৃবৃন্দ দেশে থেকে পার্টির বিভিন্ন পর্যায়ে সংগঠনের সঙ্গে যোগাযোগ পুনঃস্থাপন এবং পুনর্গঠিত হয়ে

সশস্ত্র প্রতিরোধ ভূমিকা পালনের চেষ্টা চালাচ্ছিলেন। আশুগঞ্জে বেঙ্গল রেজিমেন্টের প্রতিরোধ ভেঙ্গে পড়লে এপ্রিলের তৃতীয় সপ্তাহে নেতৃবৃন্দের থাকা অসম্ভব হয়ে পড়ে এবং প্রকৃতপক্ষে এলাকার জনগণ তাঁদেরকে ক্রমে সীমান্তের দিকে নিয়ে যায়। সীমান্ত অতিক্রম করার আগেই কেন্দ্রীয় নেতৃত্ব বিভিন্ন জেলা সংগঠনের জন্য নির্দেশ দিয়ে ক্যাডার পাঠাতে সক্ষম হন।

পাকবাহিনীর আক্রমণ, নির্বিচার গণহত্যা, অগ্নিসংযোগ, লুটতরাজ প্রভৃতির মুখে সীমান্ত এলাকার জেলাগুলো থেকে হাজার হাজার মানুষ ভারতে চলে যায়। আমাদের পার্টির বহু কর্মী-সমর্থক সপরিবারে ভারতে চলে যেতে বাধ্য হয়। অন্যান্য দলের রাজনৈতিক কর্মীরাও চলে যায়। আমাদের হিসেবে আমাদের পার্টির নেতা, সমর্থক ও কর্মীগণ এবং তাদের পরিবারবর্গ মিলিয়ে ৬ হাজার নরনারী পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও মেঘালয় এই তিনটি ভারতীয় রাজ্যে গিয়ে ছড়িয়ে পড়েছিল। এই সময় গোটা পার্টির সংগঠন সাময়িকভাবে বিচ্ছিন্ন হয়ে পড়েছিল। বিভিন্ন জেলায় দেশের মধ্যে আমাদের কিছু কমরেড থেকে গিয়েছিলেন। প্রবাসে সকলের জন্য আশ্রয়, খাদ্য প্রভৃতির ব্যবস্থা করা এবং ভিতরে বাইরে সকল পর্যায়ের পার্টি সংগঠনের সাথে পুনরায় যোগাযোগ স্থাপন করা এবং সংগঠন গুছিয়ে নেয়া এবং সর্বোপরি কালবিলম্ব না করে গেরিলা বাহিনী গড়ে তোলা প্রভৃতি অত্যন্ত দুরূহ কাজ তখন পার্টির সামনে ছিল। আমাদের নেতা-কর্মীদের সব কিছু দৃঢ়তার সাথে হাসিমুখে সহ্য করা, অসম সাহসিক প্রয়াস এবং ভারতীয় কমিউনিস্ট পার্টিসহ অন্যান্য দেশপ্রেমিক শক্তির সাহায্যের ফলে অতি অল্প সময়ে আমরা কাজগুলো গুছিয়ে তুলি। এ-পর্যায়ে আমাদের সংগঠিত হওয়ার কাজের ধারাগুলো ছিল সংক্ষেপে নিম্নরূপঃ (ক) কমিউনিস্ট পার্টি, ন্যাপ ও ছাত্র ইউনিয়েনের যৌথ ক্যাম্প স্থাপন-ভারতের কমিউনিস্ট পার্টি ও অন্যান্য দেশপ্রেমিকদের সহায়তায়-সীমান্তবতী ভারতের তিনটি রাজ্যেই এবং তাদের আহার-বাসস্থানের ব্যবস্থা। (খ) দু'ধরনের ক্যাম্প ছিল-পার্টির বয়স্ক সদস্যদের পরিবারবর্গসহ আশ্রয়ের জন্য এবং তরুণদের জন্য যাদেরকে লড়াইয়ের উপযুক্ত মনে করা হবে ও ট্রেনিং দিয়ে পাঠানো হবে। (গ) ক্রমশ স্বাধীন বাংলাদেশ সরকারের সহায়তা গ্রহণ এবং আমাদের ক্যাম্পে সংগঠিত তরুণদের সরকারের মুক্তিবাহিনীর ট্রেনিং-এ প্রেরণ। (ঘ) আমাদের পার্টি, ন্যাপ ও ছাত্র ইউনিয়নের মিলিত একটি নিজস্ব গেরিলা বাহিনী গঠন। এতে প্রথমে ট্রেনিং দানে প্রভূত 'টেকনিক্যাল' অসুবিধায় পড়তে হয়েছিলেন। কিন্তু পরে ভারত সরকারের অনুমতি নিয়ে তা গঠন করা সম্ভব হয়। (ঙ) আগরতলায় এবং মুক্তিযুদ্ধের শেষদিকে কোলকাতয়াও কেন্দ্রী কমিটির কার্যালয়ে গঠন করে কাজ করা। (চ) আমাদের নিজস্ব গেরিলা বাহিনীকে বাংলাদেশ সরকারের সঙ্গে যোগাযোগ রেখেই দেশের ভেতরে যুদ্ধ করতে পাঠানো। (ছ) দেশের ভেতরের সমরেডদের সঙ্গে যোগযোগ স্থাপন এবং অনুপ্রবিষ্ট গেরিলাদের তাদের সহায়তা গ্রহণ। (জ) আমদের ক্যাম্পে মুক্তিযোদ্ধা তরুণদের রাজনৈতিক শিক্ষার ব্যবস্থা। (ঝ) কেন্দ্রীয় কমিটি কর্তৃক 'মুক্তিযুদ্ধ' নামে একটি সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশ করে তা সকল ক্যাম্পে, শরণার্থী ও মুক্তিযোদ্ধাদের মধ্যে ও দেশের ভেতরেও প্রচারের ব্যবস্থা করা।

আমাদের পার্টি, ন্যাপ ও ছাত্র ইউনিয়নের গেরিলা বাহিনীতে ৫ হাজার তরুণকে ট্রেনিং দিয়ে মুক্তিযুদ্ধে পাঠানো হয়। এছাড়া আমাদের প্রচেষ্টায় আমরা ১২ হাজার তরুণ সংগ্রহ ও সমাবেশ করে স্বাধীন বাংলাদেশ সরকারের মুক্তিবাহিনীতেই পাঠাই। অর্থাৎ আমরা মোট ১৭ হাজার তরুণ মুক্তিযোদ্ধাকে ট্রেনিং ও যুদ্ধের জন্য সংগঠিত করি। তবে যুদ্ধের পরে এই তরুণরা অনেকে লেখাপড়া, অনেকে চাকরি, কৃষিকাজ ও ব্যবসা প্রভৃতি নিজ নিজ পেশায় ফিরে যায় এবং রাজনৈতিকভাবে সংগঠিত ছিল না।

ভারতে যাওয়ার পরই ১৯৭১ সালের মে মাসে কেন্দ্রীয় কমিটি মিলিত হয়ে এর প্রথম বৈঠকে স্বাধীনতা সংগ্রামের মৌলিক চরিত্র, সংগ্রামের শক্তি এবং শত্রুমিত্র প্রভৃতি সম্পর্কে মূল্যায়ন করে একটি দলিল গ্রহণ করেছিল। ঐ দলিলে পাকিস্তানের ঔপনিবেশিক ধরনের শাসন-শোষণের স্বরূপ নির্দেশ করে আমাদের সশস্ত্র সংগ্রামকে জাতীয় স্বাধীনতা এবং মুক্তির সংগ্রাম বলে মূল্যায়ন করা হয়েছিল। মূল্যায়নে বলা হয়েছিল যে স্বাধীনতার জন্য জনগণের দৃঢ় একতা এবং মুক্তিবাহিনীর বীরত্ব ও ত্যাগ আমাদের স্বাধীনতা সংগ্রামের প্রধান শক্তি। এবং প্রতিবেশী ভারত, সোভিয়েত, ইউনিয়নসহ সমাজতান্ত্রিক শিবির, বিশ্ব কমিউনিস্ট আন্দোলন ও

দুনিয়ার শান্তি, স্বাধীনতা, গণতন্ত্র ও প্রগতিকামী শক্তি আমাদের স্বাধীনতার বন্ধু এবং অন্যদিকে মার্কিন সাম্রাজ্যবাদ, মাওবাদী চীন ও দুনিয়ার অন্যান্য প্রতিক্রিয়াশীলরা পাকিস্তানের সমর্থক ও আমাদের স্বাধীনতার শত্রু বলে মূল্যায়ন করা হয়েছিল। এই মূল্যায়ন সঠিক বলেই প্রমাণিত হয়েছে।

মে মাসের পরেও মাঝে মাঝে কেন্দ্রীয় কমিটির সভা করা সম্ভব হয়েছে, যদিও আমাদের কমরেডরা ভারতের তিনটি রাজ্যে ও দেশের মধ্যেও ছড়িয়ে থাকায় তা খুব কষ্টসাধ্য ছিল।

ভারতের তিনটি রাজ্যেই (পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, মেঘালয়) সীমান্তবর্তী শহরে আমাদের পার্টি, ন্যাপ ও ছাত্র ইউনিয়নের যৌথ ক্যাম্প ছিল। দু'ধরনের ক্যাম্প ছিলঃ পার্টির বয়স্ক সদস্যদের পরিবারবর্গসহ এবং যুদ্ধে পাঠানোর জন্য তরুণদের 'ইয়ুথ ক্যাম্প'।

দেশ থেকে যাওয়ার সময় আমাদের কমরেডদের সঙ্গে যে যৎসামান্য অর্থসম্পদ ছিল তা-ই ছিল আমাদের প্রাথমিক সহায়। পরে ভারতীয় নাগরিকদের দ্বারা গঠিত সহায়ক সমিতি থেকে আমরা অর্থ ও অন্যান্য সাহায্য পেয়েছিলাম। আমাদের প্রতিষ্ঠিত কিছু ক্যাম্প আমরা বাংলাদেশ সরকারের আর্থিক ব্যবস্থাপনায় মিলিয়ে দিয়েছিলাম। পরে অল্প সংখ্যক ক্যাম্পই আমাদের নিজেদের নিয়ন্ত্রণে ছিল।

এছাড়া ইংল্যান্ড ও আমেরিকায় প্রবাসী আমাদের পার্টির সমর্থকরা অর্থ সাহায্য সংগ্রহ করে পাঠাতেন। বাংলাদেশে পাকবাহিনীর নৃশংসতা ও বাঙালীদের সাহসিক যুদ্ধের খবর বিভিন্ন দেশের সংবাদপত্রে ছাপা হওয়ার পর সারা দুনিয়ায় একটা আলোড়ন সৃষ্টি হয়েছিল। এ পটভূমিতে মুক্তিযুদ্ধের শেষের মাসগুলোতে দুনিয়ার বিভিন্ন দেশ থেকে সাহায্য সংগ্রহের কাজটা লন্ডনে আমাদের কমরেড ও সমর্থকরা সমন্বিত করে আমাদের কাছে অর্থ পাঠাতেন।

আমাদের ক্যাম্পে সংগঠিত তরুণদের অধিকাংশকেই যেহেতু সরকারী মুক্তিবাহিনীতে পাঠিয়ে দেয়া হত তাই খুব বেশী খরচের বোঝা আমাদের বহন করতে হয়নি। আর আমাদের নিজস্ব গেরিলা বাহিনীর ছেলেরা দেশের ভেতরে এসে জনগণের সহায়তায় আহার বাসস্থানের ব্যবস্থা করতো।

আওয়ামী লীগের সঙ্গে আমাদের সম্পর্কের কথা আগেই কিছু বলেছি। সবচেয়ে বড় ঐকমত্য ছিল বাংলাদেশের স্বাধীনতার প্রশ্নে; সশস্ত্র সংগ্রামের মাধ্যমে তা অর্জনের প্রশ্নে আমরা একমত ছিলাম।

আমরা আওয়ামী লীগসহ স্বাধীনতার পক্ষের সকল শক্তির বৃহত্তম জাতীয় ঐক্য গড়ে তুলতে সচেষ্ট ছিলাম। এই প্রচেষ্টা তেমন সফল হয়নি। শেষের দিকে বাংলাদেশ সরকারের ''পরামর্শদাতা কমিটি'' গঠিত হয় এবং তাতে আমাদের পার্টির প্রতিনিধিরূপে আমি ছিলাম। সশস্ত্র সংগ্রামের অগ্রগতির পর্যায়ে আমাদের উভয় দলের কিছু দৃষ্টিভঙ্গিগত পার্থক্য ছিল। আমরা মুক্ত এলাকা গড়ে তুলে সেখানে প্রগতিশীল অর্থনৈতিক ও প্রশাসনিক নীতি গ্রহণ ও কার্যকর করার মাধ্যমে ভবিষ্যৎ বাংলাদেশের মডেল জনগণের কাছে তুলে ধরার প্রয়োজনীয়তা উপলব্ধি করতাম এবং ঐ রকম রণকৌশল গ্রহণের কথা বলতাম। আমরা স্বাধীনতা সংগ্রামকে কেবল সাধারণ জাতীয়তাবাদী দৃষ্টিকোণ থেকে দেখতাম না। মেহনতী মানুষ শোষণ ও নির্যাতনমুক্ত সুখী জীবন গড়ার আকাঙ্খা থেকেই স্বাধীনতা চাইত। আমরা স্বাধীনতা সংগ্রামের মধ্য দিয়ে শ্রমিক কৃষক মেহনতী মানুষের দৃঢ় ও শক্তিশালীরূপে সংগঠিত হয়ে ওঠার লক্ষ্য সামনে রেখেছিলাম। মুক্তাঞ্চল গড়ে তুলে প্রগতিশীল অর্থনৈতিক ও প্রশাসনিক পদক্ষেপ কিছু নিতে পারলে সারা দেশের মেহনতী জনগণ স্বাধীনতা সংগ্রামে আরও উৎসাহ ও অনুপ্রেরণা নিয়ে এগিয়ে আসতো। আমরা জাতীয় স্বাধীনতা সংগ্রামে নিজস্ব শক্তির ওপর নির্ভর করার ওপর জোর দিতাম। এই সকল বিষয়ে আওয়ামী লীগের স্পষ্ট ধারণা ছিল না।

আওয়ামী লীগের একাংশের তরুণদের দ্বারা 'মুজিব বাহিনী' নামে একটি পৃথক বাহিনী হবার পর তাদের সঙ্গে এবং বিশেষ করে আমাদের সমর্থক গেরিলাদের দেশের ভেতরে প্রেরণের প্রশ্নে সরকারের সঙ্গে আমাদের কিছু অসুবিধা দেখা দিত। এ সব সমস্যা সমাধানের জন্য পরে একটি কোঅর্ডিনেশন কমিটি গঠিত হয়েছিল।

তবে সার্বিকভাবে আওয়ামী লীগের সঙ্গে আমাদের সুসম্পর্ক বজায় ছিল। কমিউনিস্টরা সব সময় তাদের আন্তর্জাতিক কর্তব্য হিসেবেই যে কোনো জাতির ন্যায্য সংগ্রাম-জাতীয় স্বাধীনতা ও জাতীয় মুক্তির সংগ্রামকে সমর্থন করে। এই নীতি থেকে বস্তুত আমাদের প্রচেষ্টা ছাড়াই আমাদের মুক্তিযুদ্ধের শুরু থেকেই ভারতীয় কমিউনিস্ট পার্টি আমাদের জাতীয় সংগ্রামকে সমর্থনে এগিয়ে আসে এবং বাংলাদেশের পক্ষে ভারতে জনমত গঠনে প্রভূত সহায়তা করে। এ জন্য তাঁরা নিজেরাই প্রচার গড়ে তোলে। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম, বিশেষত পাক বাহিনীর নিষ্ঠুর নির্যাতন ও গণহত্যা এবং প্রায় এক কোটি ছিন্নমূল নরনারী ও শিশুর ভারতে আশ্রয় গ্রহণ ইত্যাদি ভারতের জনগণের মধ্যে বাংলাদেশের জনগণ ও স্বাধীনতা সংগ্রামের পক্ষে গভীর আবেগ সৃষ্টি করেছিল। তারা, বিশেষত সীমান্তবর্তী রাজ্যগুলোতে বাংলাদেশের শরণার্থী ও উদ্বাস্তুদের আশ্রয় দিতে যে অসুবিধার সম্মুখীন হয়েছিলেন তা হাসিমুখে সহ্য করেছিলেন। ভারতের কমিউনিস্ট পার্টি এই জনমতকে আরও বিস্তৃত ও সংহত করার জন্য অবদান রেখেছে। ভারতের বিরোধী দক্ষিণপন্থী রাজনৈতিক শক্তির মধ্যে বাংলাদেশের স্বাধীনতার প্রশ্নে কিছু কিছু বিভ্রান্তি ও বিরুদ্ধ মত ছিল। কোনো কোনো প্রশ্নে কংগ্রেসেরও দোদুল্যমানতা ছিল। এক্ষেত্রে ভারতের অভ্যন্তরে একটি রাজনৈতিক লড়াই ছিল। এই লড়াইয়ে বাংলাদেশের পক্ষে সি পিআই-র সুস্পষ্ট ভূমিকা দ্বারা আমাদের সংগ্রাম লাভবান হয়েছে।

আগেই বলেছি যে, ২৫শে মার্চের আগেই আমরা ভ্রাতৃপ্রতিম পার্টিগুলোর কাছে আমাদের সম্ভাব্য স্বাধীনতা সংগ্রামের সহায়তার জন্য পরিস্থিতি ব্যাখ্যা করে চিঠি পাঠাই। এরপর ভারতে যাওয়ার পর মে মাসে আমাদের পার্টির কেন্দ্রীয় কমিটির কয়েকজন নেতৃস্থানীয় সদস্য ভারতীয় কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির সঙ্গে এক বৈঠকে বসে আমাদের স্বাধীনতা সংগ্রাম সম্পর্কে বিস্তৃত আলোচনা করেছিলেন। সেপ্টেম্বর মাসে ভারতের কোচিনে অনুষ্ঠিত ভারতের কমিউনিস্ট পার্টির কংগ্রেসে আমাদের পার্টির একটি প্রতিনিধিদল পাঠানো হয়েছিল এবং সেখানে আমাদের স্বাধীনতা সংগ্রাম সম্পর্কে বিস্তৃত জানানোর সুযোগ গ্রহণ করা হয়েছিল। তবে উল্লেখ করা প্রয়োজন যে ভারতের কমিউনিস্ট পার্টি আগে থেকেই আমাদের স্বাধীনতা সংগ্রামের পক্ষে আন্তর্জাতিক ক্ষেত্রে প্রচারের উদ্যোগ নিয়েছিল।

সকলেই জানেন যে রণক্ষেত্র থেকে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের টেবিল পর্যন্ত সর্বত্র প্রতিবেশী ভারত ব্যতীত সোভিয়েত ইউনিয়নসহ বিশ্ব সমাজতান্ত্রিক শিবির এবং আন্তর্জাতিক প্রগতি ও শান্তির শক্তিসমূহের সক্রিয় সমর্থন বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বিজয়ের একটি অন্যতম প্রধান উপাদান। আমাদের পার্টি আমাদের স্বাধীনতা সংগ্রামের পক্ষে বিশ্বের সমাজতান্ত্রিক, প্রগতিশীল ও শান্তির শক্তিসমূহের সমর্থন ও সাহায্য সমাবেশ করার কাজে উদ্যোগ নিয়েছিল। আমাদের পার্টিই উদ্যোগী হয়ে এপ্রিল মাসে বিশ্ব শান্তি পরিষদের সাধারণ সম্পাদক রমেশ চন্দ্রের সঙ্গে যোগাযোগ করে তাঁর সহায়তায় তিন সদস্যের একটি প্রতিনিধিদল বিদেশে পাঠায়। এই দলের সদস্য ছিলেন আওয়ামী লীগের আবদুস সামাদ আজাদ, ন্যাপের দেওয়ান মাহবুব আলী (ফেরার পথে দিল্লীতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন) এবং কমিউনিস্ট পার্টির ডা. সারোয়ার আলী। এই ''শান্তি প্রতিনিধিদল'' ইউরোপের বিভিন্ন রাজধানী সফর করে প্রগতিশীল শক্তিসমূহের কাছে বাংলাদেশে ইয়াহিয়া বাহিনীর ভয়াবহ গণহত্যা এবং আমাদের স্বাধীনতা সংগ্রামের বিষয় তুলে ধরেন। এটাই ছিল বিদেশে বাংলাদেশের প্রথম প্রতিনিধিদল। তখন পর্যন্ত কোলকাতা ছাড়া বিদেশে কোথাও বাংলাদেশ সরকারের মিশন সংগঠিত হয়নি।

উল্লেখ করা প্রয়োজন যে, আমাদের স্বাধীনতা সংগ্রামের শুরুতে বিদেশে এমনকি প্রগতিশীল মহলেও আমাদের সংগ্রাম সম্পর্কে নানারূপ প্রশ্ন বিদ্যামন ছিল। বিদেশে পাকিস্তানীদের মিথ্যা প্রচার খণ্ডন করার বিশেষ প্রয়োজন ছিল। ১৯৭০-এর নির্বাচনে জনগণের রায়ের প্রকৃত তাৎপর্য এবং আমাদের সংগ্রাম যে ''বিচ্ছিন্নতাবাদী তৎপরতা'' নয় ও জনগণের ব্যাপক সমর্থনপুষ্ট জাতীয় আত্মনিয়ন্ত্রণের ন্যায্য সংগ্রাম, একথাও বিদেশে প্রচারের প্রয়োজন ছিল। অন্য দেশের মুসলমানদের মধ্যে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামকে ''মুসলিম দেশ পাকিস্তান ভাঙ্গার জন্য অন্য দেশের ষড়যন্ত্র'' বলেও একটা বিভ্রান্তি ছিল। আমরা চিঠিপত্র ও প্রচার পত্রের মাধ্যমে বিদেশে এইসব ভ্রান্তি মোচনের চেষ্টা করেছি। সশস্ত্র স্বাধীনতা সংগ্রাম শুরু হবার কিছুকাল আগে হতেই আমরা নিশ্চিত

শ্রী বীরেন্দ্রনাথ দত্ত, বিশিষ্ট রাজনীতিবিদ; মার্চ মাসে তাঁকে কুমিল্লা ক্যান্টমেন্টে নির্মমভাবে হত্যা করা হয়। শ্রী অতীন্দ্র ভদ্র, শহরের বিশিষ্ট আইন ব্যবসায়ী; একই সময়ে তকেও ক্যান্টনমেন্টে নিয়ে হত্যা করা হয়। শ্রী অসীম রায়' কুমিল্লা ভিক্টরীয়া কলেজের পদার্থবিদ্যা বিভাগের ল্যাব শিক্ষক, প্রবীণ রাজনীতিবিদ অতীন রায়ের পুত্র, একই সময়ে পাক বাহিনীর হাতে ধৃত হয়ে মৃত্যুবরণ করেন। শোনা গিয়েছে কুমিল্লার তৎকালীন পুলিশ সুপার ও ডিসি নিহত হন সে সময়ে।

অন্যান্য অঞ্চলে নিহত বিশিষ্ট ব্যাক্তিবর্গঃ অধ্যাপক হাবিবুর রহমান, রাজশাহী বিশ্ববিদ্যারয়ের গনিত বিভাগের প্রধান, ১৬ই এপ্রিল তাঁকে সেনাবাহিনীর লোকজন ধরে নিয়ে যায়। আর ফিরে আসেননি। শ্রী সুখরঞ্জন সমাদ্দার, সংস্কৃত বিভাগের অধ্যাপক, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ১৪ই এপ্রিল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের স্বীয় বাসভবন থেকে তাঁকে চিরকালের জন্য নিয়ে যাওয়া হয় জনাব মামুন, ডিআইজি, রাজশাহী, ২৬শে মার্চ তাঁকে থরে নিয়ে যাওয়া হয় পরে পাক জল্লাদ বাহিনী তাঁকে নির্মমভাবে হত্যা করে। জনাব নজরুল হক সরকার, রাজশাহী বারের এডভোকেট, জেলা আওয়ামিলীগের সভাপতি, ২৫শে মার্চের পরে কোন এক সময় পাক বাহিনীর হাতে ধরা পড়ে নিহত হন। লেঃ কঃ মঞ্জুরুর রহমান অধ্যক্ষ ঝিনাইদহ ক্যাডেট কলেজ' ১৮ই এপ্রিল তাঁরিখে তাঁর কলেজের বাংলোর সামনে মাঠে তাকে বর্বর পাক বাহিনী হত্যা করে। জনাব হালিম খান, অধ্যাপক ঝিনাইদহ ক্যাডেট কলেজ; একই তারিখে একই স্থানে এই অধ্যাপককেও হত্যা করা হয়। এ সময় একই সাথে কলেজের কয়েকজন ৪র্থ শ্রেণীর কর্মচারীকে হত্যা করা হয়। জনাব মাশুকুর রহমান, গনিতজ্ঞ, চট্টগ্রামে একটি বীমা কোম্পানীর পদস্ত অফিসার ছিলেন। অসহযোগ আন্দোলনকালে যশোরের বাড়ীতে চলে যান' মুক্তিযুদ্ধের প্রথম পর্যায়ে সশস্ত্র সংগ্রামে শহীদ হন। জনাব আব্দুল জব্বার, বগুড়া শহরের এডভোকেট; ১৭ই মে তাঁকে পাক হানাদার বাহিনী তাঁর গ্রামের বাড়ীতে হত্যা করে। ডা.জিকরুল হক,সৈয়দপুর শহরবাসী, সংস্কৃতিবান, আওয়য়ামী লীগ সদস্য, এপ্রিল মাসে তাঁকে আরও কয়েকজন সহকর্মীর সাথে পাকহানাদার বাহিনী সৈয়দপুর সেনানিবাসে বন্দী করে রাখে, ১২ই এপ্রিল এদের সবাইকে নির্মমভাবে হত্যা করা হয়। লেঃ মোহাম্মদ আনোয়ারুল আজীম, উত্তরবঙ্গস্থ গোলাপুর সুগার মিলের প্রশসিক, ৫ই মে ঐ মিলে দ্বিশতাধিক শ্রমিক ও কয়েকজন অফিসারসহ তাকেও পাক বাহিনীর বর্বর সদস্যরা হত্যা করে। ডা. শামসুদ্দিন, সিলেট মেডিকেল কলেজের প্রফেসরঃ ৯ই এপ্রিল আরও কয়েকজন হাসপাতাল কর্মীর সাথে তাঁকে পাক বাহিনীর ঘাতকরা হত্যা করে। এঁদের মধ্যে ছিলেন ডা. শ্যামলকান্তি লালা। ডা. লেঃ কঃ জিয়াউর রহমান, সিলেট মেডিকেল কলেজের অধ্যক্ষ্য, জুলাই সাসের শেষ দিকে পাক হানাদার বাহিনী তাঁকে তাঁর বাসভবন থেকে ধরে নিয়ে যায়, আর ফিরে আসেননি। ডা. লেঃ কঃ নুরুল আবসার মো: জাহাঙ্গীর; ৩০শে মার্চ ঢাকা ক্যান্টনমেন্টের বাসা থেকে ধরে নিয়ে যায়, আর ফিরে আসেসননি। খুব সম্ভব তাঁকে কুমিল্লা ক্যান্টনমেন্টে হত্যা করা হয়। মোহাম্মদ

ইসমাইল মিয়া, রংপুর শহরবাসী, বিশিষ্ট ব্যবসায়ী ও স্থানীয় আওয়ামী লীগের সদস্য, ৩০শে মে আরও কয়েকজন পরিবারের সদস্যদের সাথে তিনি পাক বাহিনীর হাতে নৃশংসভাবে নিহত হন। এছাড়া এপ্রিল মাসে শহরের ১১ জন গণ্যমান্য ব্যক্তিকে একত্রে বেধেঁ হত্যা করে নরপিশাচেরা। জনাব মশিউর রহমান, যশোরের বিশিষ্ট আওয়ামী লীগ নেতা; ৪ঠা এপ্রিল তিনি পাক বাহিনীর হাতে ধরা পড়েন। বেশ কিছুদিন তাঁকে যশোর ক্যান্টনমেন্টে অমানুষিক অত্যাচারের পর সম্ভবত ২৮/২৯ এপ্রিল নির্মমভাবে হত্যা করা হয়। যশোর শহরের পলিটেকনিক স্কুলের প্রিন্সিপালকে ৬/৭ই এপ্রিল হত্যা করে। একই সাথে তাঁর বন্ধু ডঃ ওবায়দুল হককেও গুলি করে মারে পাক জল্লাদরা। জেলা জজ সাহেবের নাজির; তাঁকে একই সময়ে পথিমধ্যে পাক বাহিনীর সৈন্যরা হত্যা করে। জনাব আহসানুল্লাহ, খেজুরা গ্রাম, সম্ভ্রান্ত কৃষক, এপ্রিল মাসের মাঝামাঝি ঐ গ্রামে প্রবেশ করে পাক সৈন্যরা সস্ত্রীক আহসানুল্লাহকে হত্যা করে এবং তাঁর বাড়ী লুট করে। যশোরের কসবা এলাকায় পোষ্টাল সুপারিনটেন্ডন্টের পুত্রসহ সাতজনকে একই সাথে গুলি করে মারে পাক সৈন্যরা এপ্রিল মাসের প্রথম দিকে । জনাব এ করিম, সাব ইন্সপেক্টর অব পুলিশ, যশোহর; এপ্রিল মাসে তাঁকে কোর্টের সামনে গুলি করে হত্যা করা হয়। একই সময়ে জনৈক বৃদ্ধ উকিলকেও নিহত করে পাক সেনারা। বসন্ত কুমার দাস, সাবজজ, যশোর; ১লা মে তারিখে আরও ১১ জন ব্যাক্তির সাথে পাক বাহিনীর জনৈক ক্যাপ্টেন তাঁকে গুলি করে হত্যা করে। এছাড়া যশোর শহরের আরও ১৭ জন বিশিষ্ট নাগরিককে হত্যা করে এপ্রিল- মে মাসের মধ্যে। জনাব আহসান আলী, জামালপুরবাসী, ন্যাপ নেতা ও সাংবাদিক, ২৮শে জুলাই মাসে পাক বাহিনীর কুখ্যাত অনুচর আলবদরের হাতে তিনি নির্মমভাবে নিহত হন। অধ্যাপক মোয়াজ্জেম হোসেন, বাগেরহাট পিসি কলেজের অর্থনীতি অধ্যাপক, মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। ২৮শে অক্টোবর নিহত হন পাক বাহিনীর অনুচরদের গুলিতে। অধ্যাপক ফজলুল হক, গণিতের অধ্যাপক, রাজশাহী সরকারী মহাবিদ্যালয়, ২৫শে এপ্রিল তাঁর নওগাঁর বাসভবনে পাক হানাদার বাহিনীর হাতে মৃত্যুবরণ করেন। জল্লাদেরা একই সাথে তাঁর মা, বোন ও ভাইকে নির্মমভাবে হত্যা করে। জনাব আব্দুল কাইয়ুম মনোবিজ্ঞানের অধ্যাপক, রাজশাহী বিশ্ববিদ্যালয়; নভেম্বর মাসে তাঁকে পাক হানাদার বাহিনীর নরপশুরা বাসা থেকে ডেকে নিয়ে গিয়ে হত্যা করে। অধ্যাপক রফিকুল ইসলাম, দর্শনের অধ্যাপক, কুষ্টিয়া কলেজ; ২৮শে জুন তারিখে তাঁকে পাকিস্তনী সৈন্যরা গ্রেপ্তার করে নিয়ে যায়। আর কোনোদেন ফিরে আসেননি। জনাব মহসীন আলী দেওয়ান, বগুড়া- শেরপুর কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ্য ৩রা জুন বগুড়ার বাসভবন থেকে বর্বর পাক সেনারা তাঁকে গ্রেপ্তার করে নিয়ে যায়, আর ফেরেননি। শ্রী সুমঙ্গল কুন্ডু, দিনাজপুর বারের এডভোকেট, ৯/১০ই এপ্রিল দিনাজপুর শহরে আরও কয়েকজন বিশিষ্ট নাগরিকের সাথে তাঁকে পাক বাহিনীর অনুচরেরা নির্মমভাবে হত্যা করে। এছাড়া দিনাজপুর শহরের আশেপাশে অনেক গ্রাম জ্বালিয়ে দেয়া হয় এবং অসংখ্য নারীপুরুষকে মেশিনগানের গুলিতে সারিবদ্ধভাবে হত্যা করা হয়। এছাড়া বাংলাদেশের সর্বত্র হাজার হাজার লোক ঐ সময় পাকিস্তানী বর্বর সেনাবাহিনীর গুলির শিকার হয়েছেন, বহু নারী নির্যাতিতা ও ধর্ষিতা হয়েছেন। এই হিসাব হয়তো আর কোনাদিদনই পাওয়া যাবে না।

বাংলাদেশ শিক্ষক সমিতির কর্ম তৎপরতাঃ ''বাংলাদেশ শিক্ষক সমিতি'' একাত্তরের মে মাসে কলকাতা বিশ্ববিদ্যালযের দ্বারভাঙ্গা বিল্ডিং- এ সর্বস্তরের দেশত্যাগী শিক্ষদের সমাবেশে গঠিত হয়। সে সভায় একটি কার্যকরী সংসদও নির্বাচিত হয়। সভাপতিঃ ডঃ এ আর মল্লিক, উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। কার্যকরী সভাপতিঃ জনাব কামারুজ্জামান, ঢাকা জুবিলি হাই স্কুলের প্রধান শিক্ষক এবং সংসদ সদস্য । সহ-সভাপতিঃ ড. ফারুক খলিল, অধ্যাপক গণিত বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও অধ্যক্ষ দেওয়ান আহমেদ। সম্পাদকঃ ড. আনিসুজ্জামান, রীডার বাংলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। পরে জুলাই মাস থেকে ড. অজয় রায়, রীডার, পদার্থবিদ্যা বিভাগ, ঢাক বিশ্ববিদ্যালয়, সহসম্পাদকঃ জনাব গোলাম মুর্শিদ, শ্রী রাম বিহারী ঘোষ ও জনাব এস এম আনোয়ারুজ্জামান। কোষাধ্যক্ষঃ ড. খান সারওয়ার মুর্শেদ, অধ্যাপক ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। সদস্য ১২ জন।

এই সমিতি প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিলঃ (১) মুক্তিযুদ্ধের সহায়ক শক্তি হিসেবে সর্বস্তরের শিক্ষক সমাজকে সংগঠিত করা এবং মুক্তিযুদ্ধ সম্পর্কিত বিভিন্ন কার্যে নিয়োজিত করা। (২) ভারতবর্ষসহ দেশ-বিদেশে মুক্তিযুদ্ধের

পক্ষে জনমত গড়ে তোলা। (৩) মুক্তিযুদ্ধ ও বাংরাদেশ সম্পর্কিত তথ্যমুলক রচনা, পুস্তিকাদি প্রকাশ করা ও অন্য সংগঠনকে প্রকাশ করতে সহায়তা করা। (৪) শরণার্থী শিক্ষকদের অস্থায়ীভাবে পুনর্বাসনের চেষ্টা ও সম্ভাব্য আর্থিক অনুদান। (৫) প্রয়োজনে মুক্তিযোদ্ধাদের আর্থিক সহায়তা দান এবং মুক্তিযুদ্ধের প্রয়োজনীয় বেসামরিক উপকরণ সংগ্রহ ও বিভিন্ন রনাঙ্গনে প্রেরণ করা । (৬) প্রচারনা ও মনস্তাত্বিক যুদ্ধে সহায়তা করা।

ইতিপূর্বে এপ্রিল মাসে ''কোলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতি'' কোলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের উদ্যোগে গঠিত হয়। এই সমিতির প্রধান কর্মকর্তারাছিলেনঃ সভাপতিঃ আধ্যাপক সত্যেন্দ্র নাথ, উপচার্য, কোলকাতা বিশ্ববিদ্যালয়।কার্যকরী সভাপতিঃ অধ্যাপক পিকে, বোস, উপ-উপচার্য (একাডেমিক) কোলকাতা বিশ্ববিদ্যালয়। কোষাধ্যক্ষঃ শ্রী এইচ এম মজুমদার, উপ-উপাচায (অর্থ সংক্রান্ত), কোলকাতা বিশ্ববিদ্যালয়। সম্পাদকঃ অধ্যাপক দীলিপ চক্রবর্তী, অধ্যাপক অর্থণীতি বিভাগ, সিটি কলেজ, কোলকাতা। এখানে উল্লেখ্য যে এই দুই সহযোগী প্রতিষ্ঠান কাঁধে কাঁধ মিলিয়ে একত্রে মুক্তিযুদ্ধের পক্ষে কাজ করে যায়। প্রায় একই সাথে সকল স্তরের বুদ্ধিজীবিদের সংগঠন বাংলাদেশ লিবারেশন কাউন্সিল অব ইন্টেলিজেন্টশিয়া গড়ে তোলা হয়। এর সভাপতি ছিলেন ডঃ খান সারওয়ার মুর্শেদ, সম্পাদক সহসম্পাদক ছিলেন যথাক্রমে চলচ্চিত্র পরিচালক জহির রায়হান ও ড. বেলায়েত হোসেন। এখানে উল্লেখ্য যে, এই সংগঠনের প্রযোজনায় জহির রায়হান 'Stop Genocide' ছবিটি নির্মাণ করেন। তরুণ লেখক ও সাংস্কৃতিসেবীদের উদ্যোগে গঠিত হয় ''বাংলাদেশ সাংসাংস্কৃতিক সংগ্রাম শিবির প্রমুখ অনেকই এর সাথে যুক্ত ছিলেন। এই সংঠন মুলত কাজ করেছে- যেসব স্থানে শরণার্থী আশ্রয় নিয়েছেন তাদের সাথে স্থানীয় জনগণেরে শান্তি, সম্প্রীতি ও সাম্প্রদায়িক ঐক্য বজায় রাখার লক্ষে, তারা নানা স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশের মুক্তিযুদ্ধের কথা প্রচার করত। এছাড়া গঠিত হয় সাংবাদিক সমিতি 'চলচ্চিত্র শিল্পী ও কুশলী সমিতি' চলচ্চিত্র শিল্পী ও কুশলী সমিতি' বাংলাদেশ ভলান্টিয়ার্স কোর প্রভৃতি।

শিক্ষক সমিতি গঠিত হওয়ার সাথেই সমিতির প্রতিনিধিরা শরণার্থী শিবিরসমুহে ঘুরে এবং তালিকাভূক্ত হয়েছিলেন এদের মধ্যেঃ বিশ্ববিদ্যালয় শিক্ষক ১৫০ কলেজ শিক্ষ ১০৫০; স্কুল শিক্ষক ৫০০০। সমিতি গঠিত হওয়ার সাথে সাথেই দুটি প্রতিনিধিদল বাংলাদেশ সরকার ও ভারতীয় প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করে । ভারতীয় প্রধানমন্ত্রীর সাক্ষাৎ কামনা করে সমিতির সভাপতি প্রধানমন্ত্রীকে একটি চিঠি প্রেরন করেন।

ভারতীয় প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকারী প্রতিনিধিদল অর্ন্তভুক্ত ছিলেনঃ বাংলাদেশ শিক্ষক সমিতির পক্ষে ড. এ আর মল্লিক ও ড. আনিসুজ্জামান, আর কোলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ সহায়ক সমিতির পক্ষে ড. অনিরুদ্ধ রায়, অধ্যাপক অনিল সরকার, সৌরিন্দ্রঃ ড. এ আর মল্লিক, ড. আনিসুজ্জামন ও জনাব কামরুজ্জমান।

বিশ্বব্যাপী শিক্ষকদের সহযোগিতা কামনা করে সমিতি একটি ছাপানো আবেদনপত্র বিভিন্ন দেশের শিক্ষকদের ও শিক্ষক সংগঠনের কাছে প্রেরণ করে। আবেদনটি ছিল নিম্নরুপঃ

BANGLADESH SIKSHAK SAMITI
(Bangladesh Teachers Association)
Darbhanga Building, Calcutta University, Calcutta-12, India

July 1, 1971

Dear Friend,

Perhaps you are aware that in face of unparalleled atrocities committed by the Pakistan Army on the people of Pakistan, now Bangladesh, a large number of

teachers of all levels has crossed into India. Since the communities of teachers had played a significant role for over two decades in the movement for democracy, secularism and a just social order in for in the country, its members became naturally enough a special target of the Pakistan Army, Many teachers have been killed, others who are trapped in the occupied Zone are being harassed and persecuted a few have been forced at gin point to issue statements in support of the action of Pakistan Army. As a result , members of this harassed community are trekking into India every day. The teachers from Bangladesh, now in temporary exile in India, have formed an association of their own, on whose behalf we are writing you today.

About 100 University teachers , 1000 College teachers, and 3000 school teachers have registered their names with us, Several thousand others in different bordering state of India are yet to make contact with the Association. Most of these teachers have come with their families and all without any means to support themselves.

Having regard to the contribution that this community has made in the past and their expectant role in the reconstruction of society as and when the country achieves freedom, it is felt that we make all efforts to save it from impending doom. We drawn up a number of schemes for providing the teachers with temporary academic occupation research Publication and teaching the evacuee children in the refugee camps. The execution of this programme will require financial assistance from non-Government sources, in addition to what the Government of India the Government of Bangladesh may be in a position to make.

In the circumstances we appeal to you the members of the academic community the world over to contribution generously to the fund of our association. Contributions may be sent to the Bangladesh Sikshak Samiti, Darbhanga Building, Calcutta University, Calcutta 12 India.

Sincerely yours
Dr. A R. Mallik
Vice-Chancellor,
University of Chittagong
&
Bangladesh Shikshak
Samiti.

সমিতি বিভিন্ন সময়ে ভারতের নানা স্থানে মুক্তিযুদ্ধের পক্ষে জনমত সৃষ্টি ও সহায়মা কামনায় বিভিন্ন প্রতিনিধী প্রেরণ করে । এদের মধ্যে উল্লেখযোগ্য হলোঃ জুন মাসে প্রেরিত উত্তর ভারত প্রতিনিধিদল। ড. এ আর মল্লিক, ড. আনিসুজ্জামান ও জনাব সুবিদ আলী এমপিএ। এই দলটি এলাহাবাদ, আলিগড়, দিল্লি-আগ্রা ও লক্ষ্ণৌ প্রভৃতি অঞ্চল সফর করে। জুলাই মাসে প্রেরিত মধ্যপ্রদেশ প্রতিনিধিদলঃ মাজহারুল হক, ড.অজয় রায়, অধ্যাপক সামসুল আলম সায়িদ। এঁরা জববলপুর, ভূপাল, উজ্জয়িনী, রেয়া, রায়পুর প্রাভৃতি অঞ্চল পরিভ্রমণ করেন। সেপ্টেম্বর মাসে প্রেরিত মহারাষ্ট্র প্রতিনিধিদলঃ ডঃ এ আর মল্লিক ও অধ্যাপক সৈয়দ আলী আহসান বম্বে সহ মহারাষ্ট্রের বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। এছাড়া ঐ মাসে অধ্যাপক মাজহারুল ইসলাম কেরালা ভ্রমণ করেন। এছাড়াও বাংলাদশ সম্পর্কিত নানা সভা ও সম্মেলনে ভারতের বিভিন্ন স্থানে শিক্ষক সমিতি প্রতিনিধি প্রেরণ করে। এ ছাড়াও বাংলাদেশ সরকার জাতিসংঘে যে প্রতিনিধিদল প্রেরণ করেন এতে সমিতির ড. এ আর মল্লিক অন্তর্ভুক্ত ছিলেন।

শরণার্থী শিক্ষকদের অস্থায়ী পুনর্বাসনের জন্য সমিতি কিছু প্রকল্প গ্রহণ করেঃ

(1) শিবিরসমুহে ক্যাম্প স্কুল স্থাপনঃ আগরতলাসহ মেঘালয়, আসাম ও পশ্চিমবঙ্গের সমগ্র সিমান্ত এলাকায় অবস্থিত শরণার্থী শিবির সমুহে সমিতি বেশ কিছু ক্যাম্প স্কুল স্থাপন করে এবং উল্লেখযোগ্য সংখ্যক স্কুল ও শিক্ষকের অস্থায়ী প্রতি এলাকায় একজন করে উপপরিচালক ও ছিলেন। সার্বিক দায়িত্ব ও সমন্বয় সাধনের জন্য একটি উপদেষ্টা কমিটি ছিল, যার সদস্য ছিলেন ডঃ অজয় রায়, জনাব নূর মোহাম্মদ মিঞা এবং শ্রীমতী সুচন্দ্রিমা রায়।

(2) যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ উদ্বাস্ত পুনর্বাসন প্রকল্পঃ এই প্রকল্পের উদ্দেশ্য ছিল উদ্বাস্তদের সমস্যা সংক্রান্ত তথ্য আহরন ও যুদ্ধ শেষে উদ্বাস্তদের ত্বরিত পুনর্বসিনে সহয়তা দানের জন্য কর্মপন্থা নির্ধারণ। এই প্রকল্পের পরিচালক ছিলেন প্রফেসর মোশাররফ হোসেন।

(3) উদ্বাস্ত ও যুব শবিরসমুহে সামাজিক ও সাংস্কৃতিক গতিময়তা (Socio- Cultural Dynamics: এর পরিচালক ছিলেন ডঃ এ আর মল্লিক এবং উপপরিচালক ছিলেন শ্রী অনুপম সেন।

(4) ভাংলাদেশে স্কুল ও কলেজ স্তরে বিজ্ঞান শিক্ষাদান সমস্যাঃ পরিচালক ছিলেন ড. অজয় রায়।

(5) উদ্বাস্ত শিবিরসমুহ থেকে লোকসাহিত্যের উপকরণ সংগহঃ পরিচালক ড.মাজহারুল ইসলাম।

বাংলাদেশ সরকারের প্লানিং সেলের সহযোগিতায় এইসব প্রকল্প তৈরী করা হয়। এই সব প্রকল্পের মধ্য দিয়ে সমিতি বিপুলসংখ্যক বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুল শিক্ষকদের অস্থায়ীভাবে পুনর্বাসন করতে সক্ষম হয়। আমাদের এই সব কর্মসূচিতে আর্থিক ও উপকরণ দিয়ে সহযোগিতা করেছিলঃ ইন্টারন্যাশনাল রেকিউ কমিটি (IRC) যার স্থানীয় প্রতিনিধি ছিলেন শ্রী তরুণ মিত্র, শ্রী জয় কপ্রকাশ নারায়ণ, কোলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতি, পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, মধ্য প্রদেশের বিভিন্ন সংগঠন, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সার্ভিসের ভারতীয় জাতীয় শাখা।

এতদ্ব্যতীত সমিতি ভারতবর্ষে ও বিদেশে কিছু বিশ্ববিদ্যা য়ে ও গবেলণা প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষককে অস্থায়ীভাবে সগায়তা করে। সমিতি মুক্তাঞ্চলে বেসামরিক প্রশাসন পরিচালনায় বাংলাদেশ সরকারকে সহায়তা দানের জন্য বেশকিছু স্কুল ও কলেজরে শিক্ষকের নাম সরকারের কাছে প্রেরণ করে। এদের অনেককেই মুক্তাঞ্চলে গিয়ে প্রশাসনিক কার্যে অংশগ্রহণ করেছিল।

দেশে-বিদেশে মুক্তিযুদ্ধের পক্ষে জনমত সৃষ্টিও বাংলাদেশ সম্পর্কে যথাযথ ধারণা সৃষ্টির উদ্দেশ্যে সমিতি কতিপয় প্রকাশনা বের করে এবং অন্য সংস্থা কর্তৃক প্রকাশনার ব্যাপারে তথ্য সরবরাহ করে । এই সব প্রকাশনায় বাংলাদেশ বুদ্ধিজীবী সম্প্রদায় অংশ গ্রহণ করে। কতিপয় প্রকাশনার নাম এখানে উল্লেখিত হল।

(1) Bangladesh : A Reality, (2) Report on Bangladesh, (৩) মুক্তিযোদ্ধাদের প্রতি । এই তিনটি বাংলাদেশ শিক্ষক সমিতি কর্তৃক প্রকাশিত। (৪) Bangladesh- The Truth (5) Conflict in east Pakistan (৬) মুক্তিযুদ্ধে বাংলাদেশ (৭) আমাদের বাঁচার দাবী ৬ দফা কর্মসূচী- শেখ মুজিবুর রহমান (৮) Bangladesh- Throes of A New Life (9) Pakistanism and Bengali Culture (10) Bangladesh– Through the lens (১১) বাংলাদেশের মুক্তিযুদ্ধ। (১২) Bleeding Bangladesh (13) Bangladesh: The Background, পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষক সমিতি প্রকাশিত; (১৪) রক্তাক্ত বাংলা, মুক্তধারা (স্বাধীনবাংলা সাহিত্য পরিষদ) কর্তৃক প্রকাশিত; (১৫) জাগ্রত বাংলাদেশ্ত আহমদ ছফা, বাংলাধেশ সাংস্কৃতিক সংগ্রাম শিবিরের উদ্যোগে মুক্তধারা কর্তৃক প্রকাশিত; (১৬) এবারের সংগ্রাম

স্বাধীনতার সংগ্রাম- গাজীউল হক, ইন্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং কোলকাতা, পাকশিত। এছাড়াও বিভিন্ন সমিবিবাংলাদেশ সম্পর্কিত তথ্য ও মুক্তিযোদ্ধের পরিস্থিতি ও গণহত্য সম্পর্কিত প্রতিবেদন বিশ্বের বিভিন্ন সংস্থা, বিশিষ্ট ব্যক্তিবর্গ, সঙবাদপত্র এত্যাদিতে প্রেরন করে। আমাদের এই কর্মতৎপরতার ফলে বিশ্বব্যাপী মুক্তিযুদ্ধের পক্ষে জনমত গড়ে ওঠে।

কোলকাতা বিশ্ববিদ্যালয় বাংরাদেশ সহায়ক সমিতির সক্রিয় সহযোগিতা উদ্যোগে আমরা কতিপয় প্রতিনিধিদল বিদেশেও প্রেরন করি বাংলাদেশের পক্ষে সমর্থন পাওয়ার উদ্দেশ্যে। এই দুই সমিতরি পক্ষ থেকে শ্রীযুক্ত ন্নিাথ ব্যানাজ্বী (১৯২২ সালে কাব লে 'মকতবই হাবিবিয়ার শিক্ষক ছিলেন) আফগানিস্তান গমন করেন '৭১-এর অক্টোবর মাসে। তিনি সেখানের বাদশা খান ও তদীয় পুত্র ন্যাপ নেতা ওয়ারী খানের সাথে, তআফগান পার্লামেন্টের সদস্যদেশের পক্ষে মুক্তিযৃদ্ধের প্রতি সমর্থন লাভে চেষ্টা করেন। এ ছাড়া তিনি কাবুল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিভিন্ন সংবাদপত্রের সম্পাদকদের সাথে আলোচনায় বাংলাদেশ সম্পর্কে প্রকৃত তথ্য ও মুক্তিযুদ্ধের প্রচরণার কাজে পরিভ্রমণ করেন। এছাড়া কোলকাতা বিশ্ববিদ্যালয়ের ইউরোপীয় ভাষাসমুহের বিভাগের প্রধান ফাদার পি ফাঁলো (P. Fallon) আমাদের দুই সমিতির পক্ষ থেকে জুন মাসে ভ্যাটিকান শহরের মহামান্য পোপের সাথে সাক্ষা করে বাংলাদেশের সার্বিক পরিস্থিতি সম্পের্কে পোপকে জ্ঞাত করান ববেং আমাদের সমর্থনে বক্তব্য তুলে ধরেন। পরে তিনি একই উদ্দেশ্যে ইউরোপের কয়েকটি দেশ ভ্রমণ করেন। পরে তিনি একই উদ্দেশ্যে ইউরোপের কয়েকটি দেশ ভ্রমন করেন।

সমিতি বাংলাদেশ মুক্তিযুদ্ধ সম্পর্কিত বিভিন্ন তথ্য, পুস্তক, দলিল ইত্যাদি সংরক্ষণের জন্য বাংলাদেশ আর্কাইভস কমিটি গঠন করেন। বরে পরিচালক ছিলেন অধ্যাপক সৈয়দ আলী আহসান। এছাড়া কোলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতির উদ্যোগে ও সহযোগিতায় আমাদের বাংলাদেশ তথ্য ব্যাংক গঠন করি। এই ব্যাংক দেশী-বিদেশী দৈনিক পত্রিকা, জার্নাল প্রভৃতি থেকে বাংরাদেশ মুক্তিযুদ্ধ ও আনুষঙ্গিক তথ্য সংগ্রহ করার কাজে ব্যাস্ত থাকে। ঢাকা বিশ্ববিদ্যায়ের ১৪ জন ছত্র-ছত্রীকে এই কার্যে নিযুক্ত করা হয়েছিল এবং পরিচালকের দায়িত্বে ছিলেন জনাব জামিল চৌধুরী। পরে ড. এ আর মজুমদারকে এই দায়িত্ব অর্পণ করা হয়। এই প্রকল্পে আমরা প্রবিন ভারতীয় সাংবাদিক শ্রী দুর্গাদাস তরফদার এবং শ্রী রামরায়ের অকুণ্ঠ সহোযোগিতা পাই। যুদ্ধ শেষে ব্যাংক সংগৃহীত তথ্যাবলী ঢাকা যাদুগরে হস্তান্তর করা হয়। অন্যদিকে বাংলাদেশ আর্কাইভস সংগৃহীহ কাগজপত্রাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নিয়ে যাওয়া হয়।

অন্যান্য সহযোগী সহায়ক সংগঠনের সহায়তায় আমরা মুক্তিযুদ্ধে তিন প্রকার সহায়তা দানের চেষ্টা করি।

(১) সীমিত সাধ্যে কিছু কিছু মুক্তিযোদ্ধাদের আর্থিক অনুদান। (২) মুক্তিযুদ্ধে প্রয়োজনীয় বেসামরিক উপকরণ যেমন কম্বল, শীতবস্ত্র, পোশাক, জুতা ইত্যদি ও বিভিন্ন রণাঙ্গনে মুক্তিযোদ্ধা যুবশিবিরসমুহে প্রেরনের ব্যাবস্থা। (৩) যুদ্ধাহত মুক্তিযোদ্ধদের চিকিৎসার ব্যাবস্থা করা প্রোয়োজনীয় জীবন রক্ষাকারী ঔষধপত্র ও চিকিৎসা সামগ্রী সংগ্রহ ও বিভিন্ন রণাঙ্গনে প্রেরণ। এ ব্যাপারে আমরা বাংলাদেশ ভলান্টিয়ার্স কোর- এর সাথে একসঙ্গে কাজ করেছি। এ প্রসঙ্গে ঐ সংগঠনের পরিচালক জনাব আমিরুল ইসলাম ও উপপরিচালক জনাব মামুনুর রশীদ কর্মতৎপরতার কথা স্মরণযোগ্য।

কোলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতির উদ্যোগে গঠিত মেডিকেল ইউনিট এ ব্যাপারে আমাদের সর্বাদিক সহায়তা করে। শ্রীমতি মৃন্ময়ী বোসের নেতৃত্বাধীন পরিচা্লক এই ইউনিট ভারতীয় রেড ক্রসের সহযোগিতায় এবং শ্রীমতি পদ্মজা নাইডুর ব্যক্তিগত প্রচেষাটা অব্যাহতভাবে ঔষধ ও চিকিৎসা সামগ্রী সংগ্রহ করতে সক্ষম হয়। শিক্ষক সমিতির পক্ষে এই প্রচেষ্টার নিরলসভাবে কাজ করেন বেশ কিছু সদস্য এদের মধ্যে নিহত গোপাল সাহা, সকুমার বিশ্বাস, ইমরুল কায়সার প্রভৃতির নাম এই মুহুর্তে মনে পড়ছে।

সমিতি গোপনে অস্ত্র সংগ্রহের চেষ্টাতে ও সহযোগিতা করছে। যুক্তরাষ্টে অধ্যাপক লতিফ চৌধুরীর নেতৃত্বে গঠিত বাংলাদেশ মুক্তিযুদ্ধ সহায়ক সমিতি যে অর্থ সংগ্রহ করে তা অস্ত্র সংগ্রহের কার্যে ব্যয় করার উদ্দেশ্যে আমাদের সাথে যোগাযোগ করে। এই উদ্দেশ্যে ঐ সংগঠনের একজন প্রতিনিধি কোলকাতায় আমাদের সাথে সাক্ষাৎ করেন । আমরা মুক্তিবহিনীর প্রতিনিধির সাথে তার যোগাযোগ ঘটিয়ে দেই এবং স্থির হয় যে, বাংলাদেশ সররকারের আমেরিকায় প্রতিনিধিদের সাথে আলাপ করে এ ব্যাপারে সঠিক কার্যপদ্ধতি গ্রহণ করা হবে। মুক্তিযুদ্ধ সরাসরি সহায়তা প্রদানের জন্য ওয়ার্ল্ড ইউনিভর্সিটির ভারতীয় জাতীয় কমিটির কার্যকরী সম্পাদক শ্রী ভি এন থিয়াগ রাজন আমদের সাথে যোগাযোগড় ঘটিয়ে দেই। তিনি এ ব্যাপারে সর্বাত্মক ও কার্যকরী সহায়তার প্রতিশ্রুতি দেন।

উপরিল্লিখিত কর্মতৎপরতা ও প্রচেষ্টায় কোলকাতা বিশ্ববিদ্যালয় সহায়ক সমিতি ছাড়াও পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যারয় ও কলেজ শিক্ষক সমিতি, বাংলাদেশ সংগ্রাম সহায়ক সমিতি, ন্যাশনাল কো-অর্ডিনেশন কমিটি ফর বাংলাদেশ, শ্রীমতী পদ্মজা নাইডু পরিচালিত বাংরাদেশ এইড কমিটি আমাদের সর্বত্মক সহযোগিতা প্রদান করে।

শিবির কর্মাধ্যক্ষদের অনুরোধে শিক্ষ সমিতি মুক্তিযুদ্ধে আদ্মুদ্ধ করার উদ্দেশ্যে বেশ কিছু স্কুল ও কলেজের শিক্ষ কে আমরা প্রেরণ করি। নিযুক্ত শিক্ষকগণ নিষ্ঠার সাথে দের দায়িত্ব পালন করেন। এছাড়া মাঝে মাঝেই সমিতির প্রতিনিধিরা বিভিন্ন রণাঙ্গন পরিদর্শন করে মুক্তিযুদ্ধ সম্পর্কিত তথ্য সংগ্রহের কাজ ও করেছেন। এ ব্যাপারে অধ্যাপক আব্দুল হাকিমের নাম শ্রদ্ধার সাথে উল্লেখ্য। আমি নিজেও সমিতির সম্পাদক হিসেবে সীমান্ত এলাকায় অবস্থিত মুক্তিযোদ্ধা শিবির পরিদর্শন করে তথ্য সংগ্রহ করছি। একদিনের ঘটনা আমার বেশ মনে পড়ে। শিবিরটি মুর্শিদাবাদের লালগোলা সীমান্তে । আমরা ক'জন কিছু ঔষধ ও অন্যান্য বেসামরিক উপকরণ সরবরাহ করতে গিয়েছিলাম। দিনটি ছিল ২২শে নভেম্বর। শিবিরে শোকের ছায়া। রাজশাহীর নবাবগঞ্জ থেকে তিন মাইল দূরে প্রচণ্ড যুদ্ধ চলছে। আমরা হারিয়েছি ৭ জন মুক্তিযোদ্ধাকে আর বামাদের বাহিনী ২৫টি বাঙ্কার ধবংশ করেছে ও অসংখ্য পাক সৈন্যকে হদত্যা করেছে, আর ১২জন রাজাকারকেধরা হয়েছে। বন্দী রাজাকারদের দেখলাম। এর দিন কায়ক আগে নায়েক কাসেম শান্তি কমিটির চেয়ারম্যানসহ দু'জন রাজাকারকে গ্রেফতার করে। ক্যাপ্টেন গিয়াস এই সেক্টরে যুদ্ধ পরিচালনা করছিলেন। নায়েক কাসেম ঐ দিনের বাঙ্কারে অবস্থিত পাক বাহিনীর একজন মেজর ও ক্যাপ্টেনকে ধরতে গিয়ে নিহত হন। এছাড়া ঐ দিনের যুদ্ধে আমাদের পক্ষে আর যারা শাহাদাৎবরণ করেছিলেন তারা হলেন- মোহর আলী (ইপিআর), জিল্লুর রহমান (মুজাহিদ), আব্দুল হক (ছাত্র) এবং আরও দুজন ছাত্র। বেশ ক'জন আহত হয়েছেন। আমরা আহতদের চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করলাম। একজন ছাড়া আরও মৃতদেহ নিয়ে আসা সম্ভব হয়নি। আমরা অভিবাদন জানালাম সেই বীর শহীদদের।

মনস্তাত্ত্বিক যুদ্ধ ও প্রচণা কাজের সাংগঠনিক দিকের সাথে সংশ্লিষ্ট ছিলেন এবং মুখ্য ভুমিকা পালন করেন। ড. বেলায়েত হোসেন এ কাজের সাংগঠনিক দিকের সাথে সংশ্লিষ্ট ছিলেন এবং মুখ্য ভূমিকা পালন করেন।

সরাসরি মুক্তিযুদ্ধেও বেশ কিছু শিক্ষক যোগ দিয়েছিলেন। সে সময় আমরা যাদের নাম সংগ্রহ করেছলাম তাদের মধ্যে কয়েকজনের নাম মনে পড়ছে। অধ্যাপক আব্দুল মান্নান (কর্মাষ, ঢাকা বিশ্ববিধ্যালয়), নূরুন্নবী (ফার্মেসী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়), মোয়াজ্জেম হোসেন (বাগেরহাট কলেজ), আবু বকর সিদ্দিক (আয়ুব ক্যাডেট কলেজ, রাজশাহী), হামিদুল হক (কচুয়া হাই স্কুল)। আবং অধ্যাপক হান্নান প্রমুখ। এদের মধ্যে মোয়াজ্জেম হোসেন ও জনাব আবু বকর সিদ্দিকী শাহাদাৎবরণ করেছিলেন আমরা সে সময় সংবাদ পেয়েছিলাম।

মুক্তিযুদ্ধে ও সরকার পরিচালনায় সহায়তা দানের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত প্ল্যানিং সেল মুখ্যতঃ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও বুদ্ধিজীবিদের দ্বারা পরিচালিত হয়। এই সেলের সভাপতি ছিলেন অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী (ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্টবিজ্ঞানের অধ্যাপক)। অণ্যান্য সদস্যরা হলেনঃ অধ্যাপক খান সারওয়ার মুর্শেদ (ইংরেজী বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়,) অধ্যাপক মোশাররফ হোসেন (অর্থনীতির অধ্যাপক, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ড.আনিসুজ্জামান (বাংলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়) ও ড. এস আর বোস। বাংলাদেশ সরকারের নির্দেশে অতিরিক্ত দায়িত্ব হিসেবে আমি সেলের শিক্ষা বিভাগের সথে সংযুক্ত ছিলাম। আমাদের বিভাগের (Education and Social Service Division) অন্তর্ভূক্ত ছিলঃ (1) Formation of Education policy for Secular democratic Socialist Bangladesh (2) Collection of data and views in connection with reform of the examination system (3) Preparation of a report on the problems of Primary and Secondary Education in Bangladesh (4) Preparation of a on the problems of Scientific and Technical Education in Bangladesh (5) Estimating the damage caused to educational institutions in Bangladesh and studying the Socio- Psychological Problems of educational restoration and rehabilitation (6) Studying the problems of demobilized freedom fighters, students, non- students and permanently disabled in the liberation war.

আগষ্ট মাসে পাকিস্তানের কারাগারে অবরুদ্ধ বঙ্গবন্ধু শেখ মুজিবের বিচার প্রহসন সংবাদ প্রচারিত হওয়ার সাথে সাথেই শিক্ষক সমিতি এবং বাংলাদেশ কাউন্সিল অব ইন্টেলিজেন্টশিয়া যৌথ উদ্যোগে কোলকাতায় এক জনসমাবেশ ও বিক্ষোভ তিছিলের আয়োজন করে (১৩ই আগস্ট)। সেদিন শহরের বেশ কিছু অংশ প্রদক্ষিন করে আমরা এই বিচার প্রহসন বন্ধকরার দাবীতে কোলকাতার সকল বিদেশী দূতাবাসে আমাদের স্মারকলিপি প্রদান করি। এর পর পরই পৃথিবীর নান স্থানে শেখ মুজিবের বিচারের বিরুদ্ধে বিক্ষাভ প্রদর্শিত হতে থাকে এবং পাকিস্তানী সরকারের ওপর চাপ প্রয়োগ হতে থাকে বিশ্বের বিভিন্ন মহল থেকে।

আগষ্ট মাসে সিনেটর এডওয়ার্ড কেনেডী বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে প্রকৃত অবস্থা জানতে ও উদ্বাস্তদদের অবস্থা পরিদর্শনের এলে বাংলাদেশের বুদ্ধিজীবীদের ও শিক্ষকদের পক্ষ থেকে ড.এ আর মলিকের নেতৃত্বে একটি প্রতিনিধিদল তার সাথে সাক্ষাৎ করে তাকে একটি স্বারকলিপি প্রদান করে। এই স্বারকলিপিতে বাংলাদেশের অবস্থা জানিয়ে যুক্তরষ্টের জনগণ ও সরকারের সমর্থন কামনা করা হয়। এই স্মারকলিপির একটি প্রতিলিপি আমরা যুক্তরাষ্টের দূতাবাসের মাধ্যমে প্রেসিডেন্ট নিক্সনের কাছে প্রেরণ করি।

সেপ্টেম্বর মাসে তদান্তীন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দ্রা গান্ধী পশ্চিমবঙ্গের সীমান্ত এলাকায় অবস্থিত শরণার্থী শিবিরসমুহ পরিদর্শনে এলে আমরা পুনরায় তার সাথে সাক্ষাৎ করি এবং বাংলাদেশ সরকারকে স্বীকৃতি দানের জন্য আহ্বান জানাই। শ্রীমতী গান্ধী আমাদের আশ্বাস দেন যে তা যতাসময়েই করা হবে।

এছাড়া জুলাই -আগষ্ট মাসের দিকে ড. হেনরী কিসিঞ্জার দিল্লী আগমন করলে আমাদের প্রতিনিধি ড. মযহারুল হক দিল্লি গমন করে তাঁর সাক্ষাৎ কামনা করেন এবং আমাদের পক্ষ থেকে যুক্তরাষ্ট সরকারের বাংলাধেশ নীতি পরিবর্তনের দাবীতে একটি স্মারকলিপি তাঁকে প্রদান করেন।

এতদসত্ত্বেও আমেরিকান সরকারের বাংরাদেশ বিরোধী নীতি অব্যাহত থাকে এবং পাকিস্তান সরকারকে নানাভাবে সহায়তা দান চলতে থাকে। এই নীতির প্রতিবাদে সমিতির পক্ষ থেকে আমরা পুনরায কোলকাতাস্থ যুক্তরাষ্টীয় কনসাল জেনারেলের মাধ্যমে নিক্সন সরকারের দৃষ্টি আকর্ষণ করি।

নয় মাসব্যাপী যুদ্ধকালে বিভিন্ন শ্রেণীর বহু পরিদর্শক আমাদের সাথে সাক্ষাৎ করেছেন এবং নানাভাবে আমাদের মুক্তিযুদ্ধে অনুপ্রাণিত করেছেন।

আন্তর্জাতিক উদ্ধার কমিটি (International Rescue Committee); জুন মাসে এই কামিটির পক্ষে অ্যাম্বেস্যাডার অ্যাঞ্জিয়ার বিডল ডিউক (Ambassador Angier Biddle duke), মর্টন হামবুর্গ (Morton Hamburg, General Counsel- IRC) মিসেস লীথ (Mrs. Lee Thaw– Director, IRC), ড.দানিয়েল এল, ওয়ানডার (Dr. Daniel L. Wadner- prof. of Surgery, Albert Einst College of Medicine N.T) এবং মিঃ টমাস ডব্লিউ ফিপস (Mr.Thomas w. Phipps– an author) আমাদের সাথে আলোচনায় মিলিত হন। ওজঈ আমাদের বিভিন্ন প্রকল্পে বিশেষ করে ক্যাম্প স্কুল প্রকল্পে সহায়তা দানে সম্মত হয়।

জাপানে গঠিত 'বাংলাদেশ সলিডরিটি ফ্রন্ট- এর সাধারন সম্পাদক অধ্যাপক সেৎসুরে সুরুসিমা (Set sure Tsurushima) 'জাপান-বাংলাদেশ ফ্রেন্ডশীপ অ্যাসোসিয়েশন'-এর কর্যকরী সংসদের একজন সদস্য মিঃ টি, সশিকে (T.susuki) এবং মিঃ তেসিকা (Temisuka– a TV / Cameraman) আমাদের সাথে সাক্ষাৎ করেন । তাদের সামগ্রিক পরিস্থিতি সম্পর্কে জ্ঞাত করান হয়।

ইতিহাসবিদ অধ্যাপক এ এল বাসাম (অ্যাসোসিয়েশন ন্যাশনাল ইউনিভার্সিটি) জুনমাসের দিকে আমাদের সাথে আলোচনায় মিলিত হন এবং আমাদের সমস্যা সম্পর্কে তাঁকে অবহিত করান হয়। তিনি অষ্ট্রেলিয়ায় আমাদের হয়ে বাংলাদেশের পক্ষে কাজ করার প্রতিশ্রুতি দেন।

ওয়ার্ল্ড কাউন্সিল অব ওয়ার্ল্ড ফেডারেলিষ্ট অ্যসোসিয়েশন- এর সভাপতি অধ্যাপক ন্যূড নেইলসন (Knud Neilson) এবং WSCE, (Geneva)- এর মিঃ ঝ্যাক ল্যাকশির্ক (Jack Laksirch) সেপ্টেম্বর-অক্টোবরে আমাদের সাথে এক আলোচনায় মিলিত হন। তাঁদেরকে কয়েকটি শরণার্থী শিবির ঘুরিয়ে দেখান হয়।

স্ক্যান্ডেনেভীয় দেশগুলির কয়েকজন সাংবাদিক এস এ নেলসন (ষ্টকহোম) এ এম স্কিপার (A.M. Skipper- Denmark) ভিএসবি বলকার্ট (V.S.B Balkert-Denmark), এম আই ওয়জহা (M.I. Ojha-Sweden) আমাদের সাথে সাক্ষাৎ করে মুক্তিযুদ্ধ সম্পর্কে সার্বিক পরিস্থিতি জানতে চান। তাঁরা মুক্তাঞ্চল পরিদর্শনের ইচ্ছা প্রকাশ করলে তাঁদের একাত্মতা প্রকাশ করেন।

মর্কিন যুক্তরাষ্টের শিকাগোয় গঠিত Friends of the Bangladesh Movement- এর পক্ষ থেকে মিসেস এভেলিন চৈৎকিন (Evelyn Chaitkin) কোলকাতায় এলে তাঁকে আমাদের বিভিন্ন ক্যাম্প স্কুল ঘুরিয়ে দেখান হয়। তিনি এই প্রকল্পে আমাদের সহোযোগিতার আশ্বস প্রদান করেন।

সুদীর্ঘ নয় মাসব্যাপী যুদ্ধে বহু সহায়ক সংগঠন আমাদের সাথে নানাভাবে সহযোগিতা করেছে- তাদের সকলের নাম লিপিবদ্ধ করা সম্ভব নয়।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র ও তার ভুমিকার কথা আজ সবারই জানা। শরণার্থী প্রায় সকল শিল্পীই এই কেন্দ্রের অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন। বুদ্ধিজীবী ও শিক্ষকরা ও এই কেন্দ্রের অনুষ্ঠানে নিয়মিত অংশগ্রহণ করেছেন।

অবরুদ্ধ বাংলাদেশের অভ্যন্তরেঃ নানা অসুবিধার মধ্যে থেকে এবং বিপদকে মাথায় নিয়ে বুদ্ধিজীবিরা নানাভাবে দেশের অভ্যন্তরেও প্রতিরোধ সংগ্রামে অশং নিয়েছেন। বিভিন্ন গেরিলা ইউনিটের সহায়তায় আমরা দেশের বিভিন্ন অঞ্চলের সাথে যোগাযোগ রক্ষা করতে সচেষ্ট কয়েছি ও তথ্য সংগ্রহ করি।

ঢাকায় ডঃ আজাদ ও আন্যান্যদের সাথে আমাদের যোগাযোগ অব্যাহত ছিল। সংবাদ পচ্ছিলাম ঢাকা বিশ্ববিদ্যালযের বেশ ক'জন শিক্ষক প্রতিরোধ-আন্দোলনে যুক্ত রয়েছেন। শত বিপদের মধ্যেও তাঁরা একটি কাগজ গোপনে বের করেছেন। নাম 'প্রতিরোধ'। ঢাকায় আমার আর একটি যোগাযোগ বিন্দু সুলতানা (ছদ্মনাম)। তিনি আমাদের লন্ডন যোগাযোগ বিন্দুর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের খবর নিয়মিত পাঠাতেন। থাঁর প্রেরিত খবরে ঝানা গিয়েছিল ১ লা জুলাই তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সকল শিক্ষককে যোগদান করতে বলা হলেও বেশকিছু শিক্ষক ঐ আদেশ উপেক্ষা করেছে। বিশ্ববিদ্যালয়ে ছাত্র উপস্থিতি খুব কম । তাঁর মাধ্যমে ও অন্য সুত্র থেকে তখন যে খবর আমরা পেয়েছিলামঃ অনুপস্থিত শিক্ষকদের একটি তালিকায় শহীদাশক্ষকদেরও অনুপস্থিত হিসেবে দেখান হচ্ছে। ভারতে আশ্রয়প্রার্থী শিক্ষকদের তালিকার সাথে মিলিয়ে দেখা গেল বেশ ক'জন শিক্ষক দেশের অভ্যন্তরে আত্মগোপন করে আছেন। এঁদের মধ্যে রয়েছেনঃ ডঃ আহম্মদ শরীফ, ডঃ মনিরুজ্জামান ও অধ্যাপক আকরাম হোসেন (বাংরা বিভাগ); শহীদুল হক মুন্সি; অধ্যাপক নূরন্নবী ও অধ্যাপক আনোয়ার হোসেন।

নতুন উপাচার্য হয়েছেন ডঃ সাজ্জাদ হোসেন। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন এলাকায় প্রায় প্রতিদিন চলছে গেরিলা অপারেশন। সাথে সাথে পাকিস্থানীদের অত্যাচার।

রশীদুল হাসান ও আহসানুল হক (ইংরেজী বিভাগ), সালাউদ্দিন আহমদ (সমাজবিজ্ঞান), ডঃ আবুল খাযের (ইতিহাস), রফিকুল আসলাম (বাংরা), আ ন ম শহীদুল্লাহ (গনিত)- ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ ক'জন শিক্ষক ও বেশ ক'জন উচ্চপদস্থ সরকারী কর্মচারীকে গ্রেপ্তার করে কনসেনট্রেশন ক্যাম্পে বন্দী করে রাখা হয়েছে। সরকারী পদস্থ অপিসারদের মধ্যে রয়েছেন লোমান হোসেন (টেলিফোন বিভাগ), জনাব ইউসুফ (শিক্ষা বিভাগ)। বহু শিক্ষ ও ডাকার বিশিষ্ট নাগরিককে পাকবাহিনীর অনুচরেরা প্রাণনাসের হুমকি দিয়ে চিঠি প্রদান করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত কয়েকজন শিক্ষককে চাকুরী থেকে অব্যাহতি দেয়া হয়েছেঃ অধ্যাপক এাব এম হাবিবুল্লাহ (ইসলামের ইতিহাস); অধ্যাপক মহম্মদ এনামুর হক (অতিরিক্ত শিক্ষক (বাংলা বিভাগ)। আর নীচের কয়েকজন শিক্ষককে সাবধান করে দেয়া হয়েছেঃ অধ্যাপক মুনীর চৌধুরী, ডঃ নিলীমা ইব্রাহীম (বাংলা) ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী (ইংরেজী)। এছাড়া ১ লা জুলাই থেকে অনুপস্থিত সকল শিক্ষককে বরখাস্ত করা হয়েছে।

নভেম্বর মাসের মাঝামাঝিতে তিনদিন তিনরাত্রি ধরে ঢাকার আশেপাশের গ্রামে বুড়িগঙ্গার ওপারে কামরঙ্গীরচর, নান্দাইল, কামার খাঁ, রুহিলা, বইৎপুর প্রভৃতি এলাকায় অসংখ্য নরনারী, শিশু ও বৃদ্ধকে হত্যা করা হয়। হত্যাকান্ডে অংশ নেয় পাক সৈন্যরা ও তাদের অনুচর রাজাকার বাহিণী। সাথে সাথে চলে নারী নির্যতন ও ধর্ষণ। সংবাদদাতার মতে প্রায় হাজার খানেক নরনারীকে হত্যা করা হয়েছে।

খবর পাওয়া গেল ঢাকাবাসীরা বিশেষ করে নিম্ন আয়ের জনগন পশ্চিম পাকিস্তনী দ্যব্য বর্জন করেছে, ঢাকায় জয়বাংরা বাজার বেশ সুখ্যাতি অর্জন করেছ।

অন্যান্য অঞ্চল থেকে খবরঃ আমার নিয়মিতভাবে খবর পাচ্ছিরাম যে টাংগাইল এলাকায় বিরাট মুক্তাঞ্চল গড়ে তুলেছে কাদের সিদ্দিকীর নেতৃত্বে পরিচালিত মুক্তিবাহিনী। আগষ্টের ষে খবর এল যে, এই বাহিনী সিরাজকান্দি ঘাটে একটি অস্ত্র জাহাজ দখল করেছে। আমরা জানতে পেরিছিলাম এই বাহিনীর সাথে অধ্যাপক নূরুন্নবী ছাড়াও আরও কয়েকজন অধ্যাপক সক্ষে রয়েছেন। এরা হলেন কাগমারী কলেজের অধ্যাপক নূরুল আমীনও অধ্যাপক রফিক আজাদ।

বিভিন্ন সূত্র থেকে আমরা খবর পাচিছলাম ষংখ্যারঘু নাগরিকদের ওপর আবার নতুন করে অত্যাচার শুরু হয়েছে তথাকথিত সাধারণ ক্ষমা ঘোষনণার পরও। তথাকথিত ক্ষমা ঘোষনায় বিশ্বাস করে যেসব সংখ্যালঘু সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে প্রবেশ করেছে তাদের কনসেনট্রেশন ক্যাম্পে নিয়ে গিয়ে হত্যা করা হচ্ছে।

এছাড়া যেসব সংখ্যালঘু বিশিষ্ট নাগরিক পালিয়ে আসতে পরেনি তাদের ওপর নানাবিধ অত্যাচার করা হচ্ছে, তাদের কছে থেকে টাক আদায় করা হচ্ছে, জমিজমা বাড়ীঘর দখল করা হচ্ছে, জোর করে ধর্মান্তরিত করার চেষ্টাও চলছে। বিভিন্ন সুত্র থেকে খবর পাওয়া গেল যে নিম্নলিখিত কয়েকজন ব্যক্তি বাধ্য হয়েছেন সপরিবারে মুসলমান নাম গ্রহণ করতেঃ

শ্রী জয়ন্ত চক্রবর্তী, অধ্যাপক (পদার্থবিদ্যা), ময়মনসিংহ এ এম কলেজ, শ্রী রবীন্দ্র চক্রবর্তী অধ্যাপক, শিক্ষক- প্রশিক্ষণ কলেজ, ময়মনসিংহ, শ্রী পূর্ণ চন্দ্র দত্ত, পভাষক (মনস্তত্ব), ঢাকা বিশ্ববিদ্যালয়, শ্রী সুখেন্দু সোম, অধ্যাপক (গনিত), বরিশাল কলেজ, শ্রী নিত্যগোপাল, অধ্যাপক (বানিজ্য), নাসিরাবাদ কলেজ ময়মনসিংহ।

খবর এল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক দুজন শিক্ষ- জনাব মুজিবুর রহমান (গনিত) এবং জনাব সালেহ আহমেদ (সংখ্যাতত্ব) কে কনসেনট্রেশন ক্যাম্পে ধরে নিয়ে যাওয়া হয়েছে এবং মাসের পর মাস ধরে শারীরিক ও মানসিক অত্যাচার চালান হচ্ছে।

ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষদরে ভূমিকাঃ ২৩শে এপিল (১৯৭১) পর্যন্ত কৃষি বিশ্ববিদ্যালয়ে উড়ছিল স্বাধীন বাংলার পতাকা। সেদিন হানাদার বাহিনী রুখতে ছাত্র ও সৈনিকদর সাথে এগিয়ে এসেছিলেন কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ। উপাচার্য ডঃ কাজী ফজলুর রহমানের নতৃত্বে তারা গড়ে তুলেছিলেন সংগ্রাম পরিষদ। এই পরিষদ একদিকে মেজর সফিউল্লাহর নেতৃত্বে পরিচালিত মুক্তিযোদ্ধে সহায়তা করেছে, অন্যদিকে অরক্ষিত অসহায় অবাঙ্গালী নাগরিকদের রক্ষার দায়িত্ব পালন করেছ। সেদিন এই প্রতিরোধ যুদ্ধে ছাত্র ছাড়াও অরক্ষিত অবস্থায় অবাঙ্গালী নাগরিকদের রক্ষার দায়িত্ব পালন করেছে। সেদিন এই প্রতিরোধ যুদ্ধে যেসব শিক্ষ নেতৃত্ব দিয়েছিলেন তাঁরা হলেন ডঃ শামসুল ইসলাম, ডঃ আব্দুল ওয়াদুদ, মোস্তফা হামিদ হোসেন, ডঃ আব্দুল লতিফ মিঞা, জনাব শামসুদ্দিন খান; আর কর্মচারীদের মধ্যে ছিলেন মোহাম্মদ হোসেন, শরিয়তউল্লহ, চাঁন মিয়া, সৈয়দ নাজমুদ্দিন হোসেন। কিন্তু প্রতিরোধভেঙ্গে পড়ল- ২৩শে এপ্রিল পাক বাহিনী প্যবেশ করল ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ে। হানাদার বাহিনী যেসব শিক্ষককে লাঞ্ছিত ও শরীরিকভাবে নির্যাতন করেছিল তাঁরা হলেনঃ ১। উপাচার্য ডঃ কাজী ফজলুর রহমান, ২। ডীন ডঃ শামসুল ইসলাম, ৩। ডঃ মুস্তফা হামিদ হোসেন, ৮। বিশ্ববিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক জনাব জাহিদুর রহিম, ৯। কর্মচরী জনাব জলিল ও মিঃ ডেভিড।

আর অধিকৃত আমলে যেসব শিক্ষক ও কর্মচারী জল্লাদ বাহিনীর হাতে সেদিন নিহত হয়েছিলেন তাঁরা হলেনঃ

জনাব আশরাফুল ইসলাম ভূঁইয়া, শিক্ষক মুহাম্মদ আক্কাস আলী, ছাত্রাবাস কর্মচারী মধুসূদন, মৎস্য বিভাগের কর্মচারী, মুহাম্মদ নূরুল হক, ছাত্রাবাস কর্মচারী, গাজী ওয়াহিদুজ্জামান, কর্মচারী, মুক্তিযুদ্ধে শহীদ হন ১৫ই নভেম্বর, মুহাম্মদ হাসান আলী, কীটতত্ব বিভাগের ল্যাব আ্যসিস্টেন্ট, গিয়াসউদ্দিন, ছাত্রাবাস কর্মচারী।

কিন্তু এতেও পিছপা হননি কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ। গোপন সহযোতিা ও প্রতিরোধ যুদ্ধ চালিয়ে গেছেন অবরুদ্ধ এলাকা থেকে। এর ফলে চাকরিচ্যুতির নির্দেশ আসে অনেক শিক্ষকের প্রতি। চাকরিচ্যুত হন। উপাচার্য স্বয়ং। শিক্ষকদের মধ্যে অধ্যাপক মোস্তফা হামিদ হোসেন (পদার্থবিদ্যা) , জনাব আলী নেওয়াজ (বাংলা), জনাব শামসুজ্জামান খান (বাংলা), জনাব আব্দুরজ্জাক (বাংলা), আব্দুল বাকী (উদ্ভিবিদ্যা), আব্দুল হক (উদ্ভিদবিদ্যা), আব্দুল হালিম (কৃষি শিক্ষা), মুহাম্মদ হোসেন (পরীক্ষাসমুহের নিয়ন্ত্রক)।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকর্মীদের গ্রেপ্তারের সংবাদে বিচলিত হয়ে পড়লাম। ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি (IRC) স্থানীয় প্রতিনিধি শ্রী তরুন মিত্র , আমেরিকান মহলের সাথে বেশ জানাশুনা তাঁর। তাঁর সাথে দেখা করে সহকর্মীদের নাম দিলাম। অনুরোধ করলাম আই সি-র কর্মকর্তাদের মাধ্যমে ঢাকা কর্তৃপক্ষকে

চাপ দিতে-অন্ততঃ তাদের জীবন যেন নিরাপদ থাকে। কথা দিলেন যথাসাধ্য চেষ্টা করবেন। মেসেজ ত্বরিত পাঠবেন আই আর সি-র হেড অফিসে। তাছাড়া যোগাযোগ করবেন আমেরিকান দূতাবাসের সংগেও। সমিতির সম্পাদক হিসেবে বিভিন্ন দুতাবাসে ও বিদেশের বিশিষ্ট ব্যাক্তিবর্গের কাছে (জাতিসংঘের সেক্রেটারী জেনারেলসহ) জরুরী বার্তা পাঠালাম।

জয়নুল আবেদীন, রাষ্টবিজ্ঞানের অধ্যাপক, ঢাকা থেকে চলে এসেছেন। ওঁর কাছ থেকে ঢাকার বিস্তারিত খবর পাওয়া গেলে। ঢাকায় গেরিল দের কর্মতৎপরতার কথা জানা গেল। খবরে পাওয়া গেল মুনীর চৌধুরীর, অধ্যাপক হাবিবুল্লাহর কবি শামসুর রহমনের, হাসান হাফিজুর রহমানের। তিনি আরও জানালেন-ঢাকার কয়েকজন বুদ্ধিজীবী ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিরোধ আন্দোলন চালিয়ে যাচ্ছেন সাহসিকতার সাথে।

ঢাকা থেকে আমার ছাত্র ও সহকর্মী ডঃ একরামুল ইসলমের কাছ থেকে বার্তা এসেছে। ও জামালপুরের একটি স্থানীয় গেরিলা ইউনিটের সাথে কাজ করছে। ঢাকা থেকে টাকা পয়সা, ঔষধপত্র সরবরাহ করতে চেষ্টা করছে। কিন্তু অস্ত্রের বেশী পয়োজন । যথাস্থানে যোগাযোগের ব্যাবস্থা করে দেয়া হল।

অবশেষে এল সেই দিন ৩রা ডিসেম্বর। সন্ধা সাতটায় এলগিন রোডে নেতাজীভবনে সম্বর্ধনা সভা-উত্তর ইউরোপীয় কয়েকটি দেমের ডেমোক্রেটিক সোস্যালিষ্টিদের একটি প্রতিনিধিদলের আগমন উপলক্ষে। বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ সম্পর্কে অবহিত করান হচ্ছে তাদের । হঠাৎ শিক্ষক সমিতির জকৈ কর্মী সভা থেকে আমাকে ডেকে নিয়ে এল। জানাল, পাকিস্তানী বিমান ভারতের গভীরে নানস্থানে হামলা চালিয়েছে। আনমেদ চিৎকৎ করে উঠছিলাম সেদিন। আমাদের স্বাধীনতা আসন্ন । যুদ্ধ শুরু হল। ভারতীয় বাহিনী যোগ দিলেন আমাদের সাথে মিত্র বাহিনীরূপে।

তারপর সাফল্য আর সাফল্য। প্রতিদিনআ পতন হতে লাগল বিভিন্ন শহরে। ঐস্বাধীনতা। ঢাকা আর কতধূর। যশোর মুক্ত। মুক্ত দিনাজপুর, ঠাকুরগাঁও, ময়মনসিংহ। ঢাকা অবরুদ্ধ। মুক্তিবাহিনী ঢাকার উপকণ্ঠে। গেরিলারা অভ্যনাতরে । বিজয় আসন্ন।

কিন্তু এরই মধ্যে হৃদয়বিদারক খবর এল। ব্রাহ্মণবাড়িয়ায় ১৩ ই ডিসেম্বর পাকসৈন্য ও তাদের অনুচরেরা হত্যা করেছে ৪০ জন বিশিষাট নাগরিককে। বিচলিত হয়ে পড়লাম, আসঙ্কা করলাম হয়তো ঢাকাতেও অনুরূপ ঘটেছে বা ঘটতে চলছে। কোলকাতায় মিত্র বাহিনীর সদর দপ্তরের সাথে বি, এস এফ এরসাথে যোদাযোগ করে আবেদন জানালাম যে করেই হোক, ঢাকাস্থ বুদ্ধিজীবিদের, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জীবন রক্ষা করতে হবে। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে ঘন ঘন আবেদন জানন হল-নাগিরিকদের নিরাপদ স্থানে সরে যাওয়ার। কিন্তু আমাদের সব চেষ্টা ব্যর্থ হল। স্বাধীনতার প্রাকমুহুর্তে আমরা হারালাম শ্রেষ্ঠ সন্তানদের-চরম মূল্য দিতে হল স্বাধীনতার।

তবু এর মধ্য দিয়ে এল স্বাদীনতা। মুক্তি। বিজয়। আত্মসমর্পণ করল পাকিস্তানী বাহিনী, বিনাশর্তে, যৌথ কম্যান্ডের কাছে। দিনটি ১৬ই ডিসেম্বর, ১৯৭১।

বিনা দ্বিধায় স্বীকার করব মুক্তিযুদ্ধের দিনগুলিই ছিল আমার জীবনের স্বর্ণোজ্জ্বল দিন। মুক্তিযুদ্ধের পক্ষে কাজ করার যে সুযোগ ঈশ্বর আমায় দিয়েছিলেন সেজন্য আমি চিরকৃতজ্ঞ। নানা স্মৃতিতে ভাস্বর এই দিনগুলি কখনও মৃত্যুর সম্মুখীন হয়েছি, কখনও হতাশায় ভুগেছি, আবার খখনও আনন্দেউদ্বেল চিত্তে শিহরিত হয়েছি। নানাজনের কাছে নানভাবে সহায়তা লাভ করেছি, এজীবনের জন্য নানাজনের কাছে কৃতজ্ঞ। নাম করতে গেলে তালিকা হবে দীর্ঘ, তাই কারও নাম কবর ন, সকলের কাছে ক্ষমা চাইব। কিন্তু তবু চান্দিনার কাছে একটি ছোট খালের ধারে, ঝোপের আড়ালে অবস্থিত পর্ণকুটিরে যে বৃদ্ধা মহিলা আমাকে আশ্রয় দিয়েছিলেন মায়ের স্নেহে, নিঃশঙ্কোচে, তার কথা কি কোনদিন ভুলতে পারব ?

ডঃ অজয় রায়

নির্ঘন্ট

অ
অক্সফাম ২৬১
অন্ধ্রপ্রদেশ ৩০০
অপারেশন সার্চলাইট ৩১৩
অবাঙ্গালী অফিসার ৬৫, ৬৬, ২৩৯, ২৪৪
অবাঙ্গালী ইপিআর/জওয়ান ২৩৯,২৪৬
অবাঙ্গাল((বিহারী) ১৪, ৫৯, ৭৭, ১৪০-৪১, ২২৭, ২২৯, ২৬১-৬২, ৩১৮, ৩২৩
নাগরিক ৩৩৪
অভ্যর্থনা শিবির ৯৭
অমুসলমান বাঙালী ২৯
'অমৃত' ২৬০
অমৃত বাজার পত্রিকা ২৫৪
অরুন্ধতী, মিস ১০৮
অরোরা, জেনারেল, (ভারতীয় সশস্ত্র বাহিনীর পূর্বঞ্চলীয় কমান্ডার) ২২, ২৫, ২৩২, ২৪৩, ২৪৭, ৩০২-৩০৩
অল ইন্ডিয়া পঞ্চায়েত পরিষদ ২৬১
অসলো বিশ্ববিদ্যালয় ৪৮
অসহযোগ আন্দোলন(অহিংস) ১৩, ১৫, ২৫, ৩১, ৫৩, ১২৭, ১৩৫, ২১৫, ২১৭, ২২৩, ২২৫
অষ্ট্রেলিয়া বেতার ৫৯
অস্ত্র সরবরাহের প্রস্তাব ১২
অস্ত্র সংগ্রহ ১২০, ৩৩০

আ
আইয়ুব, হাবিলদার মেজর ২৯৫
আউয়াল, আব্দুল ৬
আওয়ামী লীগ
৩১,৩৮,৫০,৫৪,৫৫,৫৯,৬৬,৭১,৭৩,১২৭,১৩১,১৩৫-৪০,২১৪,২১৫-২১৭,২১৯,২২১,২৩৪-৩৫
আওয়ামী ওলামা লীগ ২৫৯
এম এন এ/এম পি এ(স্বতন্ত্র) কার্যকরী কমিটির বৈঠক ১০১, ১০৪-৫
কেন্দ্রীয় সংগ্রাম কমিটি ৫৩
খসড়া শাসনতন্ত্র (পাকিস্তানের জন্য) ৫২,৫৫,
জেলা সংগ্রাম কমিটি ৫৩
নিখিল পাকিস্তান ৩৬
নীতি নির্দ্ধারণী হাই কম্যান্ড ৫৩,৫৬,৬৫,৭১
নেতা ও কর্মী ৫,৬,১৫,১৮,৬১,৬৫,৮০,৮৫-৮৭, ৯২, ৯৭, ৯৮, ১০৫, ১১০, ১১২, ১১৪, ১১৬, ১৩৩, ১৩৫, ১৩৯, ১৯৬, ২২৭-২৯, ২৩০, ২৩২, ২৩৫, ২৪৫-৪৭, ৩১৮
নেতৃত্ব ৮৮, ২১৫
পরিষদ অধিবেশন (১৯৭১) ২৩৫
পরিষদ সদস্যদের সপথ ৫১
মহিলা আওয়ামী স্বেচ্ছাসেবক বাহিনী ২২৪
শাসনতন্ত্র সাব কমিটি ৫১-৫২
সরকার ৩১
স্বেচ্ছাসেবক বাহিনী ৫৩, ২৪৫-৪৬
হোটেল পূর্বাণীর বৈঠক ৫২-৫৩
আকন্দ, সফর আলী , ডঃ ৩৩৫
আকবর, পাকিস্তানী জেনারেল ৫২
আকাশবাণী ২৪০, ২৪৯,২৫২-৫৩,২৬১,৩১৪,৩১৭
আক্কাছ, আজিজুর রহমান, এম এন এ ৪০
আখতারুজ্জামান, ডঃ চট্ট, বি, বি ৫
আগরতলা ৩৮, ৩০৯, ৭০, ৭৫-৭৯, ৮৪, ৮৭, ১০১, ১১২, ২০৫, ২২৪, ২৫০, ৩২৮
আওয়ামী লীগ সংসদীয় দলের বৈঠক ৭৯
সরকার ৩০৮
আজগরী ১১৩
আজাদ, আবুল কালাম ৩৩০
আজাদ, আবদুস সামাদ ১০, ৫০, ৮৩, ৯৫, ১৩৬, ২২০
আজিজ, ক্যাপ্টেন ২০৪,২৩০
আজিজ মুস্তফা, শিল্পী ১০৯
আজিমুদ্দিন, অধ্যাপক (শহীদ) ২৬
আতহার, এস এম ডঃ ১
আনওয়ারুজ্জামান, এস এম ৩২৫
আনওয়ারুজ্জামান, মেজর ২৩১
আনওয়ারুল আজীম, লেঃ ২৩৪
আন্তর্জাতিক উদ্বাস্তু সমিতি ৩১০
আন্তর্জাতিক জুরিষ্ট কমিশন ৪৩

আন্তজাতিক পার্লামেন্টারী ইউনিয়ন ৪৬
আনা টেইলর মিসেস ১১৯
আনসার ১৪, ৩৪, ৩৭, ১০২, ১২৮, ১৪০, ২০৪, ২২৪, ২৪২, ২৪৫-৪৬
আনিস মোল্লা, ইপি, আর ২৪৬
আনিসুজ্জামান, ডঃ ১-৩,৫-৮,১০,৯০-৯১, ২৫০, ৩০০, ৩১২, ৩২০-২১, ৩২৫-৩২৬, ৩২৮, ৩৩১
আফতাব, ক্যাপ্টেন ৫
আবু, ক্যাপ্টেন (শহীদ) ২০
আবু জাফর , অধ্যাপক ৩০৯-৩১০
আবু তালিব ৩২৩
আবেদীন শামসুল ৩২৩
আবদুল রউফ, যুবনেতা ৭০,৭৭
আব্দুর রউপ, সুবেদার মেজর ২২৭, ২২৯
আবদুর রব, কর্নেল(অব) এমএনএ, চীফ অব ষ্টাফ বাংলাদেশ সশস্ত্র বাহিনী ২১, ৩৮, ২৩০-৩২
আব্দুর রব, আ স ম ৪৯, ৫৩, ৮৮
আবদুর রব, ছাত্র(চট্ট বি বি) ৫
আবদুর রহীম ২৩৮
আবদুর রাজ্জাক ৬১, ৭৩, ৮৮
আবদুর রাজ্জাক (কৃষি বি বি) ৩৩৪
আবদুর রাজ্জাক ,(অধ্যাপক) ৩২২
আবদুল আজিজ, শেখ ৫৩, ৬৫, ১০৫
আবদুল আলীম, আনসার কম্যান্ডার আবদুল ওয়াদুদ,ডঃ ৩৩৪
আবদুল করিম, অধ্যাপক ১-২
আবদুল কাইয়ুম অধ্যাপক ১১৫
আবদুল কাদের ২
আবদুল খালেক, আই,জি, পুলিশ ২৫-৩৪, ৯৮, ২০৪
আবদুল খালেক, ও সি ৩২৩
আবদুল গণি, সুবেদার ৩
আবদুল জাববার ৩৩
আবদুল জাববার, এ্যাডভোকেট ৩২৪
আবদুল বাকী ৩৩৪
আবদুল মান্নান ২৮, ৪৪, ৫৩, ৫৬, ৭৮, ৮০, ৮১, ৮৩, ৮৯, ১০৩, ১৩২, ২৩৫
আবদুল মান্নান, ডঃ কাজী ৩০৯
আবদুল মান্নান শেখ ৪৪
আবদুল মালেক উকিল, ৭, ৩৫-৪১, ১০১, ২৩৩, ২৩৪, ২৪২
আবদুল মোমেন ২০৪
আবদুল লতিফ, এস ডি ও, দিনাজপুর ৩৩৫
আবদুল হক ৩৩৪
আবদুল হক, এম এন এ ২৩০
আবদুল হক, এম পি এ ৯৮
আবদুল হাই, ডঃ ২৫০
আবদুল হাকিম , অধ্যাপক ৩৩০
আবদুল হাফিক ৩০৯
আবদুল হালিম ৩৩৪
আবদুল্লা, শেখ ৯৫
আবদুল হাকিম, এবস, পি (শহীদ) ৩৭
আবদুল হাকিম, ডাক্তার ৪৩
আবদুস সামাদ (সচিব) ২০৪
আবদুস সালাম ২১৭
আবদুস সুলতান, সৈয়দ ১০, ১১, ৫০, ৭১, ১১০, ১৯৫
আবুল খায়ের, ডঃ ৩৩৩
আবুল ফাতাহ ১০,৫০
আবুল বশর, ডাঃ ৫
আবুল বাশার ১৩৫
আবুল মঞ্জুর, মেজর ১৩৮-৩৯
আবেদীন, জয়নুল, অধ্যপক ৩৩৪
আমিরুল ইসলাম, ব্যারিষ্টার ৮, ৪৪, ৫০-১১০, ২৪৭, ২৩৫, ২৪০, ৩৩০
আমেরিকান সোসাইটি ফর ইন্টারন্যাশনাল ১১৫
আরচার ব্লাড ১১৫
আর্নল্ড, অ্যালভিন, এফ ৩৩২
আলবদর ১৪, ৩০, ১১৪, ১৩৮, ২২৪, ৩০২, ৩২৫
আলম, আলোকচিত্রী ১০০
আলম, খুরশিদ ১৩, ৪৫, ১১৪
আলম খুরশিদ, এম পি এ ৩১৯
আলম দিদারুল, ক্যাপ্টেন ২৯৬
আলমগীর, মহিউদ্দীন, ডঃ ১৩, ১১৪-১৫, ১২১
আলম, শাসসুল ১৩৮
আল শামস ৩০
আলী, আকবর ২০৪
আলী, আজহার, ডঃ ৩২৩

আলী, আমীর ৪৭
আলী, আহমদ ২০৪
আলী, আহসান ৩২৫
আলী, আহসান সৈয়দ অধ্যাপক ১, ২, ৫-৭, ১০, ২৫০, ৩০৫-১২, ৩২৮-২৯
আলী, ইউসুফ, অধ্যাপক ৩৫, ৩৯, ৮১, ২২৭, ২৩২-৪৪, ২৫৭
আলী, ইন্নাস, ডঃ ৩১৮,৩২২
আলী, ইমাম ৩২৩
আলী, ওসমান, এম, খান সাহেব ৫৭
আলী, ছাবেদ, সুবেদার ১৩০
আলী, টি এম (সুবেদার মেজর) ১১৩
আলী, নাসিম ১৩৬
আলী নেওয়াজ ৩৩৪
আলী মাকসুদ ২৫৭
আলী মনসুর এম পি এ, খুলনা ২২৩-২২৪
আলী মনসুর, (আওয়ামী লীগ নেতা) ২৮, ২৯, ৩৪, ৪০, ৫৩, ৬১, ৭৩-৭৮, ৮০, ৮৩, ৯১, ১০৬, ১২৭, ২৪০
আলী মাহমুদ, বাঙ্গালী কূটনীতিক ৪৫, ৪৬, ১০৫
আলী, মাহমুদ (জাতিসংঘে পাক-প্রতিনিধি)১১, ১১৬-১১৭
আলী, মীর শওকত, মেজর ২০,২৫০
আলী, মুহম্মদ, অধ্যাপক ২
আলী মুস্তফা, এম এন এ ২৩০
আলী মোহর ইপিআর ৩৩০
আলী রহমত ৯১
আলী শরাফত ৩৩২
আলী শাহাদাত, ডঃ ৩২২
আলী, সরোয়ার ডাঃ ২২০
আলী, সুবিদ(এম পি এ) ৮, ৬৩, ৩২৮
আলী, হোসেন (কলকাতাস্থ বাংলাদেশ মিশন প্রধান) ৭, ৩৮, ৮২, ৮৩, ১০৩, ১৪১, ২০২, ২৩৫, ২৪১, ২৫৬, ২৫৭, ২৬১, ৩১০
বেগম আলী ৮২
আসাম ৩০, ১৭, ৩২৮
সরকার ৯৯
আহমেদ আফসার আলী, এম এন এ ১৩-১৪
আহমদ এজাজ, (যুক্তরাষ্ট্র প্রবাসী পাকিস্তানী) ১১৯
আহমদ, এম, এম ১১৫-১৬
আহমেদ কাওসার ৩২৩
আহমেদ কামাল উদ্দিন ২০৪
আহমদ ছফা ৩২৮
আহমদ,জাকির ৩৮
আহমেদ, জিয়াউদ্দিন ২০৪
আহমদ তসদ্দুক ৮২
আহমদ,তাজউদ্দীন, প্রধানমন্ত্রী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৭, ৯, ১০, ১৩, ১৪, ২২, ২৮, ২৯, ৩৩, ৩৬, ৩৮, ৩৯, ৫৩-১১০, ১৩৫, ১৩৬, ১৯৬, ২০২, ২০৩, ২৩২, ২৩৩, ২৪১, ২৪৭, ৩১১, ৩১২, ৩২১, ৩২৬
আহমেদ তোফায়েল ৫৩, ৬১, ৭৩, ৭৫-৭৬, ৮৮, ১৪০
আহমদ,দেওয়ান, অধ্যক্ষ ৯৩, ৩২৫
আহমদ, ফয়েজ ৭, ২২৮, ৩০৬
আহমদ, ফয়েজউদ্দিন ২০৪, ২৩৭
আহমদ, মওদুদ ১০, ৮৪, ১০৩, ৩০৮, ৩০৯
আহমদ, মফিজউদ্দীন ডঃ ২০৪, ২৩৭
আহমদ মমতাজউদ্দীন, অধ্যাপক ২
আহমদ, মুজাফফর (ন্যাপ) ৫০, ১০৫
আহমদ রেজা ২৪২
আহমদ শফি, ডঃ ৩৩৪
আহমদ শরীফ, ডঃ ৩৩৩
আহমদ সামসুদ্দীন ৩২৩
আহমদ সাদউদ্দীন ৩৩৩
আহমেদ সাবের ১১১-১৩
আহমদ সালেহ, এম এন এ ১২০
আহমদ সালেহ,ডঃ ৩০৯, ৩৩৪
আহমদ হাসান ১৯৫
আহসান, মঞ্জুরুল ২১৭
ই
ইউ এন আই ২৫৭, ২৫৯
ইউ এস (যুক্তরাষ্ট্র) ৯, ৯৬, ১০৬-০৭
এইড ১২১
কংগ্রেস ১১৫-১৭,১২০
প্রেসিডেন্ট(নিক্সন) ১১৮-১৯, ৩৩১
পররাষ্ট্রমন্ত্রী ১১৮

পররাষ্ট্র বিভাগ (ষ্টেট ডিপার্টমেন্ট) ১১৪-১৫
সরকার ১২, ১০৪, ১১৬, ৩৩২
হাইস অব রিপ্রেজেন্টেটিভ ১১৬
ইউনূস, ডঃ ১১৪
ইউসুফ ৩৩৩
ইউসুফ ১১০, ১১২
ইউসুফ এ এস আই জেড ২৩৯
ইকবাল, (মুক্তিযোদ্ধা)১৫
ইকবাল হল, (ঢাকা বিশ্ববিদ্যালয়) ১৮, ২৫, ৩১৪, ৩৩২
ইন্টারকন্টিনেন্টাল হোটেল গ্রেনেড নিক্ষেপ ১০২
ইন্টারন্যাশনাল এ্যাসোসিয়েশন ফর কালচারাল ফ্রিডম ৩০৮-১০
ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বাংলাদেশ দিল্লী ২৬১, ৩১১
ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি (আই আর সি) ১১, ৩১০, ৩২৮, ৩৩২, ৩৩৪
ইন্দো-সোভিয়েত কালচারাল সোসাইটি ৩১১
ই পি আর (ইষ্ট পাকিস্তান রাইফেল)/বিডিআর ৩, ৫, ১৪-১৬, ২৬, ২৯, ৩১, ৩৩, ৩৫, ৩৭, ৫৭, ৬৪-৬৬, ৯৭, ১১০, ১১১-১২
ইফতিখার, ছাত্র ৫
ই বি আর (ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট) ২-৩, ১১৩, ১২৯, ২১৬, ২২৪, ২৩১, ২৫০, ৩১৭
ইমামউদ্দিন, এম, পি এ ৬৪
ইলিয়াস মোঃ এমএনএ ২৩০
ইয়ানিত শেখ, হ্যান্স ৪৬
ইষ্ট পাকিস্তান লীগ অব আমেরিকা নিউইয়র্ক ১১৪
ইসরাইল ৪৬
ইসলাম, একরামুল , ডঃ ৩৩৫
ইসলাম, ওয়ালিউল ২০৪
ইসলাম, জহিরুল ৩২৩
ইসলাম, জহুরুল ৪৬
ইসলাম, নজরুল ১৪২
ইসলাম,মযহারুল, ডঃ ১০, ৩০৯-১০, ৩২৮
ইসলাম, রফিকুল, ক্যাপ্টেন ৯০, ৩১৭
ইসলাম রফিকুল, অধ্যাপক ৩৩৩
ইসলাম, রফিকুল (কুষ্টিয়া কলেজ) ৩২৫
ইসলাম, শরীফুল ২৩৫
ইসলাম, শহীদুল ৮২
ইসলাম শামসুল, ডঃ (কৃষি বিশ্ববিদ্যালয়) ৩৩৪
ইসলাম সৈয়দ নজরুল অস্থায়ী রাষ্টপ্রতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২৮, ২৯, ৩৮-৪০, ৫৩, ৬১, ৭৬-৭৮, ৮০, ৮১, ৯১, ১০১, ১০৮, ১১০, ১৯৬, ২০২, ২৪০, ২৪৩, ২৪৭
ইসলামাবাদী, শাহজাহান ১১২-১৩

উ
উইলিয়াম পিটারস ৪৩
উইলিয়াম, মরিস , ইউ ইস এইড ১১৯
উত্তর ভারত বাংলাদেশ প্রতিনিধিদল ৩২৮

এ
একতা (সাপ্তাহিক) ২১৫
এখলাসউদ্দীন, ডঃ ২৫০
এগার(১১) দফা কর্মসূচী ১৩৪, ২১৪-১৫
এন্ডারসন পেপার ১১৯
এনাম, ক্যাপ্টেন ১১২-১৩, ১৩৮
এভেলিন, মিসেস চৈৎকিন ৩৩২
এম এস এ/এম পি এ (আওয়ামীলীগ) ৬৮, ৭৩, ৭৬, ৮০, ৯২, ৯৭, ১০৪, ২৪০
যুব প্রশিক্ষণ কেন্দ্র সংশ্লিষ্ট ২১০-১১
শিলিগুড়ি বৈঠক ৯২
সম্মেলন, ২২৯
এমি, ৭
এয়ারপোর্ট(ঢাকা) ১৯
এয়ারফোর্সেস বাঙ্গালী অফিসার ১৯
এলভারস্যান ৮২
এস পি, পাবনা ১৫
এস ফোর্স ২২
ও
ওজহা, এম আই ৩৩২
ওভান, জেনারেল, ভারতীয় ৮৮, ২৯৬
ওয়াটবার্গে কিনটেন ৪৭
ওয়াডনার, দানিয়েল এল, ডঃ ৩৩২
ওয়ার অন ওয়ান্ট প্রতিনিধিদল ৮৯, ৯৩
ওয়াল্ড ইউনিভার্সিটি সার্ভিসের ভারতীয় জাতীয় কমিটি ৩২৮, ৩৩০
‘ওয়ার্ল্ড কাউন্সিল অব ওয়ার্ল্ড ফেডারেলিষ্ট এ্যাসোসিয়েশন’ ৩৩২

ওয়ালী আশরাফ ৩০৪
ওয়াল্টন, ট্রেভন, জে ৩৩২
ওসমান, মেজর ৬৫, ৬৭, ৬৯, ৭০, ৮৪, ৩১৭
বেগম, মেজর ওসমান ৬৯-৭০
ওসমান জামাল ২, ৫, ৬, ৮, ৩০৯
ওসমানী এম এ জি, কর্ণেল, অবঃ ৭, ২০, ২২, ২৪, ২৫, ২৮, ৩১, ৩৩, ৩৪, ৩৮, ৩৯, ৭৮-৮০, ৮৭-৮৯, ১০৪, ১৪১, ২০৩, ২২৪, ২৩০, ২৪৭, ২৫৭

ক
কবীর, আলমগীর ১৩৩, ৩১১
কবীর আহমেদুল ৫৭
কবীর, মফিজুল্লাহ, প্রফেসর ৩২২
কবীর, শাহরিয়ার ১৩২
কমিউনিষ্ট পার্টি ২১, ১০৫
'কমিউনিষ্ট বিপ্লবীদের পূর্ব বাংলা সমন্বয় কমিটি ১৩৪, ১৩৮
করিম, ক্যাপ্টেন ২৪২
করিম, এ (পুলিশ) ৩২৫
করিম, এনায়েত ৩৭, ১১৭
করিম, এস এ ১০, ৫০, ১১৭
করিম, ফজলুল অধ্যাপক ১১১
কলকাতা ৭৯, ৮৪, ৮৫, ৮৭
প্রেসক্লাব ৮০-৮১
বেতার ৮২
হাইকোর্টের আইনজীবীরা ৮০
কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ সহায়ক সমিতি ৭-৯, ৮৫, ৮৬, ১১০-১১, ৩২৫-২৬, ৩২৮-৩০
মেডিকেল ইউনিট ৩৩০
কলহান(সচিব, ভারত সরকার) ২০২
কলেরা রিসার্চ ল্যাবরেটারী, ওয়াশিংটন ১১৬
কাউল, টি এন ৯৬
কাজিমউদ্দিন, সুবেদার মেজর ২২৮
কাজী ইকবাল ১৩১
কাজী, জাফর আহমদ ১৩৪-৩৯, ২১৭
কাজী রফিকউদ্দিন ২০৪
কাজী লুৎফল হক ২০৪
কাজী হাসান ৩২৩
কাদের, ক্যাপ্টেন ৬
কামরুজ্জামান, এ এইচ(হেনা) আওয়ামী লীগ নেতা ২৮, ২৯, ৩৩, ৩৯, ৫৩, ৬১, ৭৩, ৭৫-৭৮, ৮০, ৮৩, ৯১, ৯৭-৯৮, ১০৬, ১৯৬, ২০২, ২০৩, ২৩২, ৩১০-১২
কামরুজ্জামান এম পি ৭, ৮, ৯১, ৩২৫-২৬, ৩২৮
কামালউদ্দিন ২৮, ১০৪
কামাল আফসার, ব্যারিষ্টার ৫১
কামাল, শেখ ৬১
কামেল বখত, সৈয়দ ১৩৮
কালকাট, জেনারেল (ভারতীয়) ২৩২
কালকুর, শ্রী ইউ আর ২৫৭
কায়ছার, আতাউর রহমান ১২৯
কায়সার, ইমরুল ৩৩০
কিননীসাইত, স্যার হিউ ১১৮
কিসিঞ্জার, ডঃ হেনরী ৯৬, ১১৯, ২৯৮-৩০০, ৩৩২
কুন্ডু, শ্রী সুমঙ্গল, এ্যাডভোকেট ৩২৫
কুণ্ডেশ্বরী বালিকা বিদ্যালয় হোষ্টেল ৫
কুমিল্লা সেনানিবাস ১২৮
কৃপালনী, শ্রী আচার্য ৪০
কৃষক ২৯, ৩১, ২১৫, ২
সমিতি ১৩৪
কৃষ্ণনগর ৮৬, ৮১
স্বেচ্ছাসেবক সম্মেলন ৯৩
কেইস, সিনেটর ১১৫
কেনেডী টেড ১০৩
কেনেডী, সিনেটর এডওয়ার্ড ১২, ১১৫, ১১৭, ২৯৮, ৩৩১
কে ফোর্স ২২
কেরালা ৩২৮
কৈরালা, বি পি, (নেপালের প্রাক্তন প্রধানমন্ত্রী) ১০
কোরেশী, তারেক রসুল, লেঃ কঃ পাক আর্মি ২৩৭-৩৯
কোরেশী, মাহমুদ শাহ, ডঃ ৫, ৬, ৩০৯
ক্রেইগ ব্যাক্সাটার ১১৪

ক্ষ
ক্ষমতার দ্বন্দ্ব ১০৪
ক্ষমতা হস্তান্তর ১৮, ৫২, ১১৬, ২১৪

ক্ষিতিশ, পুলিশ ইনসপেক্টর ২৮

খ
খন্দকার, আবদুল করিম ডেপুটি চীপ অব ষ্টাফ, বাংলাদেশ সশস্ত্র বাহিনী ১৭-২২,৩৪,২০৩
খন্দকারা আসাদুজ্জমান ২৮, ২৯, ৩৪, ১৯৮, ২০১-০২, ২০৩-০৪
খন্দকার মুস্তাক আহমদ ২৮, ২৯, ৪০, ৫৩, ৭৬-৮০, ৮৩, ৯১, ১০৩-০৬, ১২৭, ২৪০-৪১
খাতুন, সানজিদা ১৩২
খাদিম, এ আর খান ৩২২
খান, আজম ২৩৪
খান, আফকাল ২৯৫
খান, আবদুল হালিম ৩২৪
খান, এ আর ১১৫
খান এ এম, ইয়াহিয়া, জেনারেল ১৭, ১৯, ২৬, ৫২, ৫৩, ৫৫, ৫৯, ১০৮, ১১৬, ২১৩, ২১৫, ৩১৪
ইয়াহিয়া-মুজিব আলোচনা ৫৫
খান, এ কে ১২৯
খান, জি এ (এ্যাডভোকেট) ১৯৯
খান, জে, আর ১১, ১২
খান, টিক্কা, লেঃ জেনারেল ৬৩
খান নূরুল কাদের ২৮, ২৯, ৩৪, ৬৬, ৮৩, ১০০, ১৪১, ১৯৬, ২০২-০৪, ২৪৯
খান ফজলুর রহমান, (স্থপিত) ১২, ১১৬
খান ফারুক আজিজ ডঃ ৩০৯
খান মোহাম্মদ আইয়ুব (পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট) ২৩৩
খান রাজ্জাক ১১৯
